THE

# PRAKRITIBADA,

OR AN

ILLUSTRATED

# ETYMOLOGICAL DICTIONARY

OF THE

## SANSKRIT AND BENGALI LANGUAGES

CONTAINING

ALL THE WORDS IN USE, IN LITERATURE, SCIENCE, ARTS AND THE ORDINARY AFFAIRS OF LIFE, WHETHER BENGALEE OR SANSKRIT, TRACED TO THEIR ULTIMATE SOURCES, PRIMARY AND RADICAL MEANINGS INSERTED, QUOTATIONS FROM BEST AUTHORS CITED, HISTORICAL AND MYTHOLOGICAL REFERENCES, COMPARISON OF GREEK AND LATIN WITH SANSKRIT WORDS, OBSOLETE AND SLANG WORDS, WITH THEIR DERIVATIONS AND EXPLANATIONS.

BY THE LATE


RÁMAKAMALA VIDYÁLANKÁRA.


FOURTH EDITION.

*THOROUGHLY REVISED, IMPROVED AND ENLARGED,*

BY


RAMESHA CHANDRA BANDYOPADHYAYA.


# সচিত্র প্রকৃতিবাদ অভিধান,

প্রচলিত বাঙ্গালা, সংস্কৃত ও নূতন সঙ্কলিত শব্দ এবং বাঙ্গালা ভাষায়
তাহার অর্থ ও ব্যুৎপত্তি প্রভৃতি বিনির্ণয় সমেত।

ধাতুবিবেক, প্রবেশিকা ব্যাকরণ, সংক্ষিপ্ত প্রকৃতিবাদ অভিধান, বিদগ্ধমুখমণ্ডন
প্রভৃতির গ্রন্থকার


মহাত্মা ৺ রামকমল বিদ্যালঙ্কার প্রণীত।


চতুর্থ সংস্করণ।

শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক
পরিবর্দ্ধিত ও সংশোধিত।


PUBLISHED BY RAMESHA CHANDRA BANDYOPADHYAYA,
41, MIRZAPORE LANE, SAKHARITOLLAH.

CALCUTTA.

PRINTED BY KISORIMOHAN SEN, AT THE BARAT PRESS.
92, BOWBAZAR STREET.


মূল্য ৬্‌ ছয় টাকা মাত্র।

## *OPINIONS OF EMINENT SANSKRIT SCHOLARS AND OF THE PRESS*

ON THE

# ILLUSTRATED PRAKRITIBAD DICTIONARY.

7, DURHAM GARDENS, OXFORD.
*25th. January, 1890.*

DEAR SIR,

When using your Bengali Dictionary to-day, I could not remember whether I had thanked you for it. I wrote a short note of it for the academy, but I have been so much occupied of late that I am afraid I may have forgotten to acknowledge the receipt of your valuable gift. Whenever I refer to your Dictionary I find it very useful, particularly with regard to words referring to every day life.

Accept my best thanks and believe me

Yours sincerely
(Sd.) F. MAX MULLER.

CALCUTTA
*The 21st. April, 1890.*

The Dictionary was originally compiled by Pandit Ram Kamal Bhattacharya. It has been thoroughly revised and considerably enlarged by his son in the present edition. It contains numerous scientific words and woodcuts. Though not free from inaccuracies, the work is a very useful one, and is the best of its kind in the Bengali language. The new matter which the editor introduced seems to have cost him a good deal money. I think, therefore, that work deserves public patronage.

(Sd.) Mahamahopadhyaya Mohesh Chandra Nyayaratna, C. I. E.,
Principal, Sanskrit College.

NARIKELDANGA.
*April 4, 1890.*

DEAR SIR,

I thank you for your kind present of a copy of the "Prakritibada Abhidhana." I have glanced over some of its pages, and I think it is an accurate and a comprehensive Dictionary of the Bengali language.

Yours truly
(Sd.) GOOROO DASS BANERJEE,
*Justice*, High Court
AND
*Vice-chancellor*,
Calcutta University.

## RAMKOMUL VIDYALANKAR'S SOCHITRA PROKRITIBAD AVIDHAN.*

We have received a copy of the New Edition of this well known Bengali Dictionary, thoroughly revised, improved and enlarged by Babu Romesh Chunder Bundopadhya, for review. It is a decent-looking volume of 1,678 pages, Royal Octavo, strongly bound in cloth and leather, and profusely illustrated with wood-cuts. The letter-press consists of an exhaustive vocabulary of words to be found in litera-

---

* By the late Ramkomul Vidyalankar, 4th edition, throughly revised, improved and enlarged. Published by Romesh Chunder Bundopadhya, 41, Mirjapore Lane, Sankhariollah, Calcutta, and printed by Kissori Mohun Sen at the Barat Press, 92, Bow Bazar Street. Price Rs. 6.

ture, science, art and common parlance with their etymology, definitions and references fully explained. As the correct and discriminating handling of these three subjects constitutes the true elements of the usefulness of a dictionary, the Editor has we are glad to notice, brought all his learning, industry and researches to bear upon them to make the work a first-class book of reference of undisputed authority. In dealing with the etymology of words he has in many cases reduced their origin and derivation from a critical examination and comparision of words of a corresponding element in Sanskrit, Latin and Greek. The words *mata, peta, and ashwa* (horse) *debar, arya, hindu* are for instance typical illustrations of our meaning. The definitions that he has given, whether radical of collateral, are clear, distinct and appropriate, and have their sanction in usage in the best author extant, ancient and modern. And what enhances the value of the present edition is the quotations cited from standard works to help the referer in a correct understanding of the different shades of meaning, which the words convey. Historical and mythological references have also been imported into the lexicon on a large scale, wherever the Editor has found it necessary to do so either in tracing the origin of words or in explaining their allegorical and metaphorical significations. The pictorial illustration of the animal and vegetable kingdom with those pertaining to the ten Avatars, the planetary system and important works of arts are a novel feature in a Bengali Dictionary, and will, we doubt not, prove of immense service to those consulting the work. The work in its present shape is, indeed, a valuable accession to the stock of the Bengali language, and in every sense keeps pace with the giant strides with which our vernacular is advancing. The plan, in which it has been conceived makes it popular to all, inasmuch as it can meet the requirements of the scholars and the lay readers alike. We have, therefore, no hesitation in commending the work to the acceptance of the public, and trust they will extend their patronage to the Editor, who, we understand, has made tremendous sacrifices in bringing out the present improved edition. The Education Department would also do well to encourage of circulation of the Dictionary, as it is the best of its kind in the language, and deserves an extensive sale. We shall, indeed, be happy to see the work in the hands of every student.

We cannot conclude this notice without saying a word of warning to the public. We learn from the perusal of the proceedings of a case, appended to the work, that an unscrupulous Grob Street book-seller, named Baroda Prosad Mozumdar, having committed a daring act of plagiarism by publishing this 'Prokritibad' under a different name, was made to pay a compensation of the Rs. 200 to the present Editor, Babu Romesh Chunder Bundopadhya, who is no other than the son of the greater lexicographer Ramkomul Vidyalankar, by the arbitration of Pundits Krishnakomul Bhuttachrji and Dwarka Nath Vidyabhusan. In buying this Dictionary, one ought to take the precaution to see that the spurious thing is not palmed off on him.

*INDIAN MIRROR.*

*8th. March 1890.*

বলিতে আহ্লাদ হয় পণ্ডিতবর ৺রামকমল বিদ্যালঙ্কার প্রণীত প্রকৃতিবাদ অভিধানের সচিত্র চতুর্থ সংস্করণ, আমাদের বঙ্গভাষার অভিধানাভাব অনেক পরিমাণে পূরণ করিয়াছে। "সচিত্র প্রকৃতিবাদ অভিধান" বৃহৎ আকারের ( সুপার রয়াল আট পেজি ফর্ম্মার ) সতেরশ পৃষ্ঠা পরিমিত, দশ টাকা দামের ওয়েবষ্টরের ইংরাজি অভিধানের মত। দেখিলেই আহ্লাদ হয়। মনে একটু আত্ম গৌরবের উদয় হয়। * * *

এত বড় বৃহৎ ব্যাপারে বিস্তর ত্রুটি অবশ্যই আছে; কিন্তু প্রতি সংস্করণে যে এই অভিধানের ক্রমিক উন্নতি হইবে, এই চতুর্থ সংস্করণ দেখিয়া, এরূপ ভরসা করা ও সাধারণকে দেওয়া অন্যায় হইবে না। একটি বিশেষ ত্রুটির কথা বলিব। পারিভাষিক শব্দ সকলের যেরূপ ভাবে সাধারণতঃ ব্যাখ্যা করা হইয়াছে; তাহাতে শব্দার্থ অনেকস্থলে বিশদ হয় নাই। একটি দৃষ্টান্ত দেওয়া যাইতেছে;——

# চতুর্থবারের বিজ্ঞাপন।

"প্রকৃতিবাদ অভিধান" চতুর্থবার মুদ্রিত ও প্রচারিত হইল। এইবারে পূর্ব্বাপেক্ষা বাঙ্গালা, সংস্কৃত এবং নবাবিষ্কৃত বৈজ্ঞানিক (Scientific) শব্দ বহুলপরিমাণে সংযোজিত করিয়া দেওয়া হইয়াছে। সংস্কৃত এবং বাঙ্গালা ভাষার কবিগণকৃত রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতিতে ব্যবহৃত এবং মহাকবি কালিদাস, ভবভূতি, শ্রীহর্ষ প্রভৃতি এবং প্রাচীন কবি বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস, কবিকঙ্কণ, ভারতচন্দ্র, মাইকেল প্রভৃতির কাব্যকলাপে ব্যবহৃত প্রচলিত ও অপ্রচলিত শব্দের মৌলিক এবং বিবিধ অর্থ এবং যে যে স্থলে যেরূপে ও যে অর্থে তাঁহারা সেই সেই শব্দ প্রয়োগ করিয়াছেন, তাঁহাদের কাব্য হইতে সেই সকল প্রয়োগও উদ্ধৃত করিয়া ঐ সকলের সুসঙ্গত ব্যাখ্যা পর্য্যন্ত সন্নিবেশিত করিতে সাধ্যমত ক্রটী হয় নাই। এবার সংস্কৃত পাঠার্থীদিগের বোধসৌকর্য্যার্থ প্রত্যয়ের উপর বিশেষ লক্ষ্য করা হইয়াছে। মুগ্ধবোধমতে সেই প্রত্যয়গুলি গৃহীত হইয়াছে, এবং তাহার যাহা অবশিষ্ট থাকে তাহাও বন্ধনীর পূর্ব্বে রাখা হইয়াছে; যেমন অ(ষঞ্), ই(ক্তি), অ(ক্ত); ইহাতে বুঝিতে হইবে যে ষঞের ষ ঞ্, ইৎ অ থাকে, ক্তির ক্ত ইৎ ই থাকে ইত্যাদি। পূর্ব্বে যে যে শব্দগুলি যাবনিক বলিয়া উল্লিখিত ছিল সেইগুলি কোন্ কোন্ ভাষা হইতে গৃহীত হইয়াছে তাহাও উল্লেখ করা হইয়াছে। অষ্টাবিংশতি নক্ষত্র, রাশিচক্র, দশ অবতার ও মুদ্রা প্রভৃতির প্রতিকৃতি সমুদায় সন্নিবেশিত করা হইয়াছে। এই সংস্করণ সম্পূর্ণরূপ ব্যবহারোপযোগী করিবার জন্য নূতন নূতন উপাদান সংগ্রহ করিয়া সংযোজিত হইয়াছে। তাহাতে কিরূপ গঠিত হইয়াছে বলিতে পারি না। আমার উদ্যমে যদি পাঠার্থীদিগের কিঞ্চিন্মাত্রও উপকার সাধিত হয়, তাহা হইলে শ্রম সফল জ্ঞান করিব। দর্শক ও পরীক্ষক মহোদয়গণের নিকট সবিনয় নিবেদন এই যে, যে সময়ে এই প্রকৃতিবাদ অভিধানের যে কোন অংশে ভ্রমপ্রমাদ বা অশুদ্ধি কিংবা কোন অসঙ্গত অর্থ দর্শন করিবেন, অনুগ্রহ প্রকাশ করিয়া সেইগুলি সময়ানুসারে আমার গোচরে আনিলে আমি বারান্তরে সংশোধন করিয়া দিব। মহাত্মাদিগের এতাদৃশ অনুগ্রহ লাভ করিতে পারিলে কখন না কখন প্রকৃতিবাদ নির্দ্দোষ হইতে পারে, এই আশায় অপেক্ষা করিয়া রহিলাম। পূর্ব্ব সংস্করণ অপেক্ষা এইবার গ্রন্থখানি দ্বিগুণকলেবরে বর্দ্ধিত হইলেও আমি সাধারণের সুবিধার জন্য এক টাকামাত্র মূল্য বৃদ্ধি করিলাম, নিজের লাভের কিম্বা শ্রমের মূল্য যৎসামান্যমাত্র রাখিলাম। ইতি—

২৩শে মাঘ, ১২৯৫ সাল।

শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
৪১ নং মৃজাপুর লেন, শাঁখারিটোলা, কলিকাতা।

# TESTIMONIALS.

BAPTIST MISSION PRESS.

No. 1. 5th October, 1866.

HAVING seen the first 256 pages of a new Dictionary of the Bengalee language, in Bengalee, by Pundit Ramkomul Bidyalunkar, and having cursorily inspected the work now and then, it gives me great pleasure to be able to state that in my opinion it will be an excellent work, combining accuracy and fulness with an unusual degree of compactness. A vast amount of information is so condensed as to be brought into a very moderate compass. I most sincerely wish the work, when ready, may become popular, for it amply deserves popularity.

(Sd.) J. WENGER.

No. 2.

THE *Procritibad* being now finished, it gives me much pleasure to testify what great pains the author has bestowed on it. The Dictionary is the first of the kind that has until now been published, and was worked out and finished under my eyes as it were, and with great pleasure I hailed every new form as it came out of the press. Every one who wants to read Bengali will find it of great assistance, and I am sure, no one will regret having bought it. It well deserves general patronage.

CHRIST-CHURCH ;
CORNWALLIS SQUARE,
20*th Nov.* 1866.

(Sd.) C. BOMWETSCH.

No. 3.

I HAVE examined Ramkomul Vidyalankar's Bengali Dictionary the *Prokriti-Bad*, and I believe it will be very valuable accession to the language ; its etymologies are good and its definitions are concise and accurate.

CALCUTTA, *Nov.* 28, 1866. (Sd.) J. LONG.

No. 4.

I HAVE examined parts from Pandit Ram Kamal Vidyalankar's Bengali Dictionary called প্রকৃতিবাদ, and certainly it appears a rich addition to our Bengali Library. The Pundit has very well supplied the long-felt desideratum, and his book may render material service to students who study Bengali and begin Sanskrit. I think it is the best of its kind, and may very well supersede others at the present state of our Bengali lexicography.

(Sd.) MOHESH CHUNDER SHARMA.
*Sanskrit College.*

No. 5.

THE want, we had to feel for a long time, of a good Dictionary of the Bengali tongue, has at length been richly supplied by the publication of *Procritibad.* Containing as it does the root, inflection and literal meaning of every word, and the gender of every substance, we doubt not the work

will be highly useful to every student who wishes to acquire a thorough knowledge of the Bengali language, and enable many to dispense with the assistance of a teacher.

(Sd.) SHYMA CHURN MOOKERJEA.
*Hindu School.*

No. 6.

*It is a very useful compilation. With such a help at their command, the Presidency College boys will need little more than a little application to acquire that knowledge of the vernacular which is demanded in the University Examinations, and the tuition of a vernacular Professor will be superfluous to one that is not idle. I myself had once conceived the idea of rendering Wilson's Dictionary with such adaptations as might be calculated to be especially serviceable to a Bengali ; But ill-health obliged me to give it up. I would only suggest to the present compiler that he may make his book more useful by giving current names of the vegetables, birds, &c, so far as possible on a little inquiry.*

(Sd.) K. K. BUTTACHARJEA.
*Presidency College.*

No. 7.

I HAVE carefully looked over the new Bengali Dictionary *Prakitibad.* It appears that the author has bestowed much pains in preparing the work. The Book is useful and certainly deserving of the patronage of the Public.

HOOGLY NORMAL SCHOOL,
*The 6th Nov.* 1866.

(Sd.) BROMO MOHUN MULLICK.

No. 8.

THE Bengali Dictionary about to be published by Pundit Ramcomul Bhuttacharjea, appears to me after a cursory inspection, to be the best of its kind. I have no doubt that from this book the Bengali student unacquainted with the Sanskrit will receive material assistance.

(Sd.) GOPAL CHUNDER GOOPTA.
*Hoogly College.*

## সোমপ্রকাশ হইতে উদ্ধৃত।

সন ১২৭৩। ৩রা পৌষ। সোমবার।

প্রকৃতিবাদ। একখানি বাঙ্গালা অভিধান। শ্রীযুক্ত রামকমল বিদ্যালঙ্কার ইহার সঙ্কলন করিয়াছেন। ইহাতে প্রকৃতি-প্রত্যয়যোগে প্রতিশব্দের ব্যুৎপত্তি ও লিঙ্গাদি নির্ণয় করা হইয়াছে। কোন কোন স্থলে প্রমাণও সংগৃহীত হইয়াছে, শব্দের যে অর্থ করা হইয়াছে তাহাও সুসঙ্গত হইয়াছে। ফলতঃ এখানি সংক্ষিপ্ত উৎকৃষ্ট অভিধান হইয়াছে একথা অনায়াসে নির্দ্দেশ করা যাইতে পারে। ইহার প্রামাণ্যবিষয়ে এই বলিলেই পর্য্যাপ্ত হইবে। সংগ্রহকার উইলসন সাহেবের অভিধান, রাজা রাধাকান্ত দেবের শব্দকল্পদ্রুম রায় মুকুট ও ভরত মল্লিক প্রভৃতি কৃত অমরকোষের টীকা অবলম্বন করিয়া ইহার সঙ্কলন করিয়াছেন।

( সন ১২৮৭ সালের ১লা ভাদ্রের সহচর হইতে উদ্ধৃত। )

# পণ্ডিত রামকমল বিদ্যালঙ্কারের "প্রকৃতিবাদ অভিধান" ও পুস্তকবিক্রেতা শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদার প্রকাশিত "প্রকৃতি-নির্ণয় অভিধানের" মোকদ্দমা।

মহাশয়,

"ধাতুবিবেকের" গ্রন্থকার পণ্ডিত রামকমল বিদ্যালঙ্কার মহোদয় ক্রমাগত দশ বৎসর পরিশ্রম করিয়া, প্রত্যেক শব্দের প্রকৃতি-প্রত্যয়-সংবলিত নূতন প্রণালীতে যে শব্দশাস্ত্র মুদ্রিত করিয়াছিলেন, তাহার তৃতীয় সংস্করণের সমকালে বি, পি, এম, এস্ প্রেসের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু বরদাপ্রসাদ মজুমদার, পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী ও দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় নামক দুই ব্যক্তিদ্বারা উক্ত অভিধানের অবিকল নকল 'প্রকৃতি-নির্ণয়' নামে একখানি শব্দগ্রন্থ প্রস্তুত করাইয়া মুদ্রিত করান। উইলসন্ সাহেব হইতে আরম্ভ করিয়া, প্রকৃতিবাদ অভিধানের পূর্ব্ব পর্য্যন্ত যতগুলি শাব্দিক আবির্ভূত হইয়াছেন, প্রকৃতিবাদের গ্রন্থকর্ত্তা ভিন্ন অন্য কেহই এতাবৎ প্রত্যেক শব্দের ধাতু, বাচ্য, প্রত্যয়, সমাস, প্রতিশব্দের ইতিবৃত্ত, শিষ্ট প্রয়োগ প্রভৃতি প্রয়োগ করিয়া সুশৃঙ্খলাবদ্ধরূপে সর্ব্বাঙ্গসুন্দর শব্দার্থ পুস্তক প্রণয়নে সমর্থ হন নাই। প্রকৃতি-নির্ণয়, এই আখ্যা হইতেই যখন উভয়ের প্রকৃতিগত বিলক্ষণ সৌসাদৃশ্য বিদ্যমান দেখা যাইতেছে, তখন "প্রকৃতি-নির্ণয়ের অভ্যন্তর উদ্ঘাটনের আবশ্যকতা কি" বিজ্ঞমাত্রেই বলিবেন। আমরা ঐ পর্য্যন্ত বলিয়া নীরব থাকিতে অসমর্থ। কেননা, যাহা আমরা বলিতেছি, তাহার সত্যতা, প্রমাণসাপেক্ষ। বিদ্বেষ-বুদ্ধি-পরিচালিত হইয়া কোন কথা ব্যবহার করিতেছি না। আমরা সত্যের ভৃত্য। অতএব উভয়ের মধ্যে কে প্রকৃতপক্ষে অপরের উচ্ছিষ্টগ্রাহী একবার বিচার করিয়া দেখা যাউক।

১। নিম্নস্থ শব্দরাশির প্রকৃত্যাদি বিন্দুমাত্রও বিনা পরিবর্ত্তনে প্রকৃতি-নির্ণয়ে গৃহীত হইয়াছে। কবন্ধন, কচ্ছটিকা, জতুরস, তবক্ষীর, নির্ম্মথ্যদারু, বালসূর্য্য, শৌলক ইত্যাদি।

২। ধাতু, শব্দ ও প্রত্যয়ের মধ্যে সংযুক্ত বিযুক্ত চিহ্ন ঠিক প্রকৃতি-নির্ণয়ে প্রযুক্ত দৃষ্ট হয়। এই কথা প্রকৃতিবাদ ভিন্ন অন্য কোনও অভিধানে নাই।

৩। চিত্র (জন্তু উদ্ভিজ ইত্যাদির প্রতিমূর্ত্তি), ইংরাজী প্রতিবাক্য সহিত নবাবিষ্কৃত বৈজ্ঞানিকশব্দ, প্রকৃতিবাদ ব্যতিরিক্ত অন্যত্র পাওয়া দুর্ঘট। প্রকৃতি-নির্ণয়ের সংগ্রাহকেরা অম্লানবদনে সে গুলিকে স্বীয় কুক্ষিস্থ করিয়া উদারতা এবং আদর্শগ্রহণের পরাকাষ্ঠা দর্শাইয়াছেন।

৪। প্রকৃতিবাদে যে সমস্ত সাঙ্কেতিক চিহ্ন গৃহীত হইয়াছে, তাহার মধ্যে অধিকাংশ চিহ্ন-সঙ্কেত নূতন উদ্ভাবিত।

সং...... সংজ্ঞা (ইহা অপরাপর গ্রন্থে

বিং — বিশেষ্য।

will be highly useful to every student who wishes to acquire a thorough knowledge of the Bengali language, and enable many to dispense with the assistance of a teacher.

(Sd.) SHYMA CHURN MOOKERJEA.
*Hindu School.*

No. 6.

It is a very useful compilation. With such a help at their command, the Presidency College boys will need little more than a little application to acquire that knowledge of the vernacular which is demanded in the University Examinations, and the tuition of a vernacular Professor will be superfluous to one that is not idle. I myself had once conceived the idea of rendering Wilson's Dictionary with such adaptations as might be calculated to be especially serviceable to a Bengali ; But ill-health obliged me to give it up. I would only suggest to the present compiler that he may make his book more useful by giving current names of the vegetables, birds, &c, so far as possible on a little inquiry.

(Sd.) K. K. BUTTACHARJEA.
*Presidency College.*

No. 7.

I HAVE carefully looked over the new Bengali Dictionary *Prakitibad.* It appears that the author has bestowed much pains in preparing the work. The Book is useful and certainly deserving of the patronage of the Public.

HOOGLY NORMAL SCHOOL, *The* 6*th Nov.* 1866. } (Sd.) BROMO MOHUN MULLICK.

No. 8.

THE Bengali Dictionary about to be published by Pundit Ramcomul Bhuttacharjea, appears to me after a cursory inspection, to be the best of its kind. I have no doubt that from this book the Bengali student unacquainted with the Sanskrit will receive material assistance.

(Sd.) GOPAL CHUNDER GOOPTA.
*Hoogly College.*

## সোমপ্রকাশ হইতে উদ্ধৃত।

সন ১২৭৩। ৩রা পৌষ। সোমবার।

প্রকৃতিবাদ। একখানি বাঙ্গালা অভিধান। শ্রীযুক্ত রামকমল বিদ্যালঙ্কার ইহার সঙ্কলন করিয়াছেন। ইহাতে প্রকৃতি-প্রত্যয়যোগে প্রতিশব্দের ব্যুৎপত্তি ও লিঙ্গাদি নির্ণয় করা হইয়াছে। কোন কোন স্থলে প্রমাণও সংগৃহীত হইয়াছে, শব্দের যে অর্থ করা হইয়াছে তাহাও সুসঙ্গত হইয়াছে। ফলতঃ এখানি সংক্ষিপ্ত উৎকৃষ্ট অভিধান হইয়াছে একথা অনায়াসে নির্দ্দেশ করা যাইতে পারে। ইহার প্রামাণ্যবিষয়ে এই বলিলেই পর্য্যাপ্ত হইবে। সংগ্রহকার উইলসন সাহেবের অভিধান, রাজা রাধাকান্ত দেবের শব্দকল্পদ্রুম রায় মুকুট ও ভরত মল্লিক প্রভৃতি কৃত অমরকোষের টীকা অবলম্বন করিয়া ইহার সঙ্কলন করিয়াছেন।

( সন ১২৮৭ সালের ১লা ভাদ্রের সহচর হইতে উদ্ধৃত। )

# পণ্ডিত রামকমল বিদ্যালঙ্কারের "প্রকৃতিবাদ অভিধান" ও পুস্তকবিক্রেতা শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদার প্রকাশিত "প্রকৃতি-নির্ণয় অভিধানের" মোকদ্দমা।

মহাশয়,

"ধাতুবিবেকের" গ্রন্থকার পণ্ডিত রামকমল বিদ্যালঙ্কার মহোদয় ক্রমাগত দশ বৎসর পরিশ্রম করিয়া, প্রত্যেক শব্দের প্রকৃতি-প্রত্যয়-সংবলিত নূতন প্রণালীতে যে শব্দশাস্ত্র মুদ্রিত করিয়াছিলেন, তাহার তৃতীয় সংস্করণের সমকালে বি, পি, এম, এস্ প্রেসের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু বরদাপ্রসাদ মজুমদার, পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী ও দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় নামক দুই ব্যক্তিদ্বারা উক্ত অভিধানের অবিকল নকল 'প্রকৃতি-নির্ণয়' নামে একখানি শব্দগ্রন্থ প্রস্তুত করাইয়া মুদ্রিত করান। উইলসন্ সাহেব হইতে আরম্ভ করিয়া, প্রকৃতিবাদ অভিধানের পূর্ব্ব পর্য্যন্ত যতগুলি শাব্দিক আবির্ভূত হইয়াছেন, প্রকৃতিবাদের গ্রন্থকর্ত্তা ভিন্ন অন্য কেহই এতাবৎ প্রত্যেক শব্দের ধাতু, বাচ্য, প্রত্যয়, সমাস, প্রতিশব্দের ইতিবৃত্ত, শিষ্ট প্রয়োগ প্রভৃতি প্রয়োগ করিয়া সুশৃঙ্খলাবদ্ধরূপে সর্ব্বাঙ্গসুন্দর শব্দার্থ পুস্তক প্রণয়নে সমর্থ হন নাই। প্রকৃতি-নির্ণয়, এই আখ্যা হইতেই যখন উভয়ের প্রকৃতিগত বিলক্ষণ সৌসাদৃশ্য বিদ্যমান দেখা যাইতেছে, তখন "প্রকৃতি-নির্ণয়ের অভ্যন্তর উদ্ঘাটনের আবশ্যকতা কি" বিজ্ঞমাত্রেই বলিবেন। আমরা ঐ পর্য্যন্ত বলিয়া নীরব থাকিতে অসমর্থ। কেননা, যাহা আমরা বলিতেছি, তাহার সত্যতা, প্রমাণসাপেক্ষ। বিদ্বেষ-বুদ্ধি-পরিচালিত হইয়া কোন কথা ব্যবহার করিতেছি না। আমরা সত্যের ভৃত্য। অতএব উভয়ের মধ্যে কে প্রকৃতপক্ষে অপরের উচ্ছিষ্টগ্রাহী একবার বিচার করিয়া দেখা যাউক।

১। নিম্নস্থ শব্দরাশির প্রকৃত্যাদি বিন্দুমাত্রও বিনা পরিবর্ত্তনে প্রকৃতি-নির্ণয়ে গৃহীত হইয়াছে। কবন্ধন, কচ্ছটিকা, জতুরস, তবক্ষীর, নির্ম্মথ্যদারু, বালসূর্য্য, শৌলক ইত্যাদি।

২। ধাতু, শব্দ ও প্রত্যয়ের মধ্যে সংযুক্ত বিযুক্ত চিহ্ন ঠিক প্রকৃতি-নির্ণয়ে প্রযুক্ত দৃষ্ট হয়। এই কথা প্রকৃতিবাদ ভিন্ন অন্য কোনও অভিধানে নাই।

৩। চিত্র (জন্তু উদ্ভিজ ইত্যাদির প্রতিমূর্ত্তি), ইংরাজী প্রতিবাক্য সহিত নবাবিষ্কৃত বৈজ্ঞানিকশব্দ, প্রকৃতিবাদ ব্যতিরিক্ত অন্যত্র পাওয়া দুর্ঘট। প্রকৃতি-নির্ণয়ের সংগ্রাহকেরা অম্লানবদনে সে গুলিকে স্বীয় কুক্ষিস্থ করিয়া উদারতা এবং আদর্শগ্রহণের পরাকাষ্ঠা দর্শাইয়াছেন।

৪। প্রকৃতিবাদে যে সমস্ত সাঙ্কেতিক চিহ্ন গৃহীত হইয়াছে, তাহার মধ্যে অধিকাংশ চিহ্ন-সঙ্কেত নূতন উদ্ভাবিত।

সং...... সংজ্ঞা ( ইহা অপরাপর গ্রন্থে
বিং — বিশেষ্য।

১মা—হিং...প্রথমান্যপদার্থ বহুব্রীহি।
২য়া—হিং...দ্বিতীয়ান্য ঐ ঐ।
ইত্যাদি।

প্রকৃতি-নির্ণয় গ্রন্থে পরিভাষাপ্রকরণ দেখিতে পাইলাম না, সুতরাং পরিভাষায় যাহা ব্যাখ্যাত হইবে, তাহার অস্তিত্ব কিরূপে সম্ভব হয়?

৫। প্রকৃতিনির্ণয়ে প্রকৃতিবাদের গুণভাগের এইরূপে সমাবেশ নাই, প্রত্যুত দোষ ও ভ্রম কোথায় অবিকল, কোথায় বা অধিকতর অপকৃষ্ট হইয়াছে। যথা;—প্রকৃতিবাদের আণুবিক বিপ্রকর্ষণ, আণুবিক আকর্ষণ, আকুঞ্চিনীয়তা, কেশমানর্জ্জন প্রভৃতি শব্দের বর্ণাশুদ্ধিও যথাবৎ প্রকৃতিনির্ণয়ে বিরাজমান! কি ভয়ানক কথা!! মহাভারতের ব্যাখ্যাস্থলে আদর্শ পুস্তকে 'সমেত্য' পরিবর্ত্তে 'সমস্য' এই অশুদ্ধ পাঠ, নকলেও তাহা ঠিক। প্রকৃতিবাদের অনবধানতা হেতু ১৩টী মনুর নাম দিয়া ১৪ মনু বলা হইয়াছে। 'নির্ণয়েও' ঐরূপ।

৬। ন্যায় শব্দের অঙ্কপাত প্রকৃতিবাদে যে নিয়মে প্রদত্ত আছে, প্রকৃতিনির্ণয়ে ও সেইরূপ করিতে যাওয়ায়, গ্রন্থে সুন্দর ভ্রান্তি দেখিলাম। সেটী এই;—প্রকৃতিবাদে ন্যায় প্রতিপাদক শব্দ ক খ ইত্যাদি ক্রমে প্রতি শব্দের স্থলে উদ্ধৃত হইয়াছে ও সেই স্থানে কোন সংখ্যা দিয়া উক্ত হইয়াছে; ন্যায় প্রকরণে সেই সংখ্যায় ন্যায় দেখ। প্রকৃতিনির্ণয়ও এই কার্য্য করিয়া বাহাদুরী দেখাইব ভাবিয়া ভ্রমে পড়িয়াছেন। কোন কম্পোজিটার প্রকৃতিবাদের মুদ্রিত পত্র লইয়া 'ন্যায়' কম্পোজ করিয়া থাকিবে, আর কেহ বা হয় ত অন্য পত্র লইয়াছিল, যাহাতে সেই ন্যায়বাক্যও ছিল। সংশোধনের সময় কার্য্যে কিছুই ঘটিয়া উঠে নাই। বোধ হয় প্রকৃতিবাদের যে মুদ্রিত পৃষ্ঠা দেখিয়া কম্পোজ করিয়াছিল, তাহাই মিলাইয়া দেওয়াতে, ঐরূপ ভ্রম হইয়া থাকিবে। অন্যত্র প্রকৃতিবাদের ন্যায়াঙ্ক অবিকল এমন কেন হয়?

আর আমরা এসমন্ধে অধিক প্রমাণ দি না। এখন মোকদ্দমার ফল, পাঠকবর্গের সমীপে প্রকাশ করিতেছি। বিদ্যালঙ্কার মহাশয়ের পুত্র শ্রীযুক্ত বাবু রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাবু বরদাপ্রসাদ মজুমদারের নামে উল্লিখিত রূপ অন্যায্য গ্রহণাপরাধের ক্ষতিপূরণস্বরূপ ১০০০ টাকার দাবীতে ছোট আদালতে (প্রথম জজের নিকট) অভিযোগ করেন। মধ্যস্থ দ্বারা মীমাংসিত হইবার প্রার্থনা হইয়া, প্রথমে পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্নকে সালিস মান্য করা হয়, পণ্ডিতবর তাহাতে অসম্মতি প্রকাশ করেন। যাহা হউক অবশেষে সোমপ্রকাশের সম্পাদক বিজ্ঞবর দ্বারকানাথ বিদ্যাভূষণ ও শ্রীযুক্ত বাবু কৃষ্ণকমল বিদ্যাম্বুধি ভট্টাচার্য সালিসের কার্য্য করিয়া বাঙ্গালাদেশের উপকার করিলেন। বাদীর পক্ষে উকীল বাবু উদয়কৃষ্ণ বসু বি, এলের এবং উপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি, এলের কার্য্যপ্রণালীতে এই মোকদ্দমার জয় হইল। প্রতিপক্ষের উকীল সালিস মান্যের পরও পণ্ডিত সত্যব্রত সামাশ্রমী ও জগন্মোহন তর্কালঙ্কারের অভিপ্রায় জানিতে প্রার্থনা করেন। এই প্রার্থনা ন্যায়ানুগত না হইলেও সালিস মহাশয়েরা তাহা গ্রহণ করিয়াছিলেন। সামাশ্রমী ও তর্কালঙ্কার মহাশয় প্রকৃতিনির্ণয়ের জন্ম প্রকৃতিবাদ হইতে স্পষ্টাক্ষরে নির্দ্দেশ করেন। অতঃপর আইনের বন্ধ

প্রকার তর্কাদির পর ক্ষতিপূরণ স্বরূপ ২০০ টাকা ও তাহার অনুরূপ ব্যয় এবং ২ জন সালিসের ২ দিনের বিচারের কারণ ১২৮ টাকা বরদা বাবুকে দিতে আজ্ঞা হইয়াছে। বোধ করি, মজুমদারের ইহাতেই দিব্য জ্ঞান হইবে। এইটী এখন হইতে নজীর হইল। এখন হইতে যন্ত্রাধ্যক্ষ, পুস্তক-বিক্রেতা, পুস্তকপ্রকাশক ও গ্রন্থকারগণ সাবধান হউন।

শ্রীমহেন্দ্রনাথ রায়,
আর্য্যদর্শনের কার্য্যাধ্যক্ষ।

"প্রকৃতিনির্ণয়" যে আপাদমস্তক ভ্রম-প্রমাদে পরিপূর্ণ তাহা মহেন্দ্র বাবুর প্রবন্ধে সম্পূর্ণ প্রতীত হইতেছে। এতদ্ব্যতীত আমারও ইচ্ছা ছিল যে প্রকৃতিনির্ণয়সংক্রান্ত কতকগুলি ভ্রম দর্শাইয়া তৎক্রেতৃবর্গের এবং সাধারণের মনস্তুষ্টি করি, কিন্তু বাহুল্যভয়ে তৎসমুদয় প্রদর্শন করিতে পারিলাম না। তন্মধ্যে একটী প্রকটিত হইল। যিনি প্রকৃতিনির্ণয় ক্রয় করিয়াছেন তিনি অনুগ্রহ করিয়া একবার "ঋষ্যশৃঙ্গ" শব্দটীর প্রতি দৃষ্টিপাত করুন। গ্রন্থকার ঋষ্যশৃঙ্গ শব্দের অর্থস্থলে "দশরথের ভগিনীপতি" লিখিয়াছেন। গ্রন্থকার শব্দের এইরূপ অর্থ করিয়া আমাদের চিরপ্রচলিত একটী রহস্য বাক্যের রসভঙ্গ করিয়াছেন। সাতকাণ্ড রামায়ণ পড়িয়া একজন অন্য ব্যক্তিকে জিজ্ঞাসা করিতেছে "হে গা সীতা কি রামের মা?" আমার বোধ হয়, সীতা শব্দের অর্থ স্থলেও গ্রন্থকারদ্বয় "রামের জননী" বলিয়া অর্থ করিয়াছেন; যাঁহারা ঋষ্যশৃঙ্গ শব্দের অর্থ "দশরথের ভগিনীপতি" লিখিয়াছেন, তাঁহারা যে সীতা শব্দের অর্থস্থলে 'রামের মা' লিখিবেন ইহার বিচিত্রতা কি!! যদি ছাগদ্বারা শস্যাদিচূর্ণন সম্পন্ন হইত, তবে মহিষাদির আবশ্যকতা কি? গ্রাহকবর্গ এইরূপ উপযুক্ত গ্রন্থকারের গ্রন্থের উপর বিশ্বাস করিলে অভিধান ব্যবহারোদ্দেশ্যের বিপরীত ফল সম্ভাবনা। চন্দনতরুভ্রমে যেন কেহ বিষবৃক্ষের আশ্রয় না করেন।

শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
প্রকাশক।

## IN THE CALCUTTA COURT OF SMALL CAUSES.

BETWEEN
Romesh Chunder Banerjee
*Vs.*
Boroda Prosad Mozoomdar
and
Bolloram Paul—

In the above case referred to our arbitration we after hearing the parties their witnesses find that the Defendants by publishing their work the Prakritinirnoya have infringed the copyright in Plaintiff's Book called the Prakritibad and we therefore find that the Plaintiff is entitled to recover the sum of Rs. (200) Two hundred from the defendants and we further direct that the cost of making this award be entered in the record as payable to Pundit Dwarka Nath Vidyabhusan Rs. 64 and to Baboo Krsina Commul Bhuttacharjee Rs. (64) to be borne by the Defendants.

(Sd.) DWARKA NATH SURMAH.
(Sd.) KRISNA KUMAL VATTACHARJEE.
*Arbitrators.*

1st August, 1880.

Given under the Seal of this Court.
*Dated the 13th August,* 1880.

C. Y. C. BOLST.
*(True Copy)* *Al. Clerk.*

# প্রথম বারের বিজ্ঞাপন।

বর্ষীয়সাং সংস্বপি শাসনেষু নব্যেঽভিধানে ন সতামুপেক্ষা।
স্বতোস্তমঃ পুষ্পবতোঃ প্রকামং ন কিং প্রদীপে ভবতি প্রযত্নঃ॥

পণ্ডিতাগ্রগণ্য ডাক্তার উইলসন সাহেবের অভিধান, শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেবের শব্দকল্পদ্রুম, ভরতমল্লিক ও রায় মুকুট প্রভৃতি মহাত্মাদিগের অমরকোষের টীকা এবং অন্যান্য সংস্কৃত-গ্রন্থ সকল অবলম্বন করিয়া ছাত্রবর্গের কতকগুলি প্রচলিত শব্দের ব্যুৎপত্তি প্রভৃতি বিনির্ণয় পূর্ব্বক অর্থ প্রতীতির জন্য এই প্রকৃতিবাদ অভিধান সঙ্কলিত হইল। গ্রন্থস্থ বন্ধনীমধ্যে যে ব্যুৎপত্তি করা হইয়াছে, তাহাতে কেবল ধাতু প্রত্যয়াদির উল্লেখমাত্র আছে, আদেশ আগম ও গুণ বৃদ্ধ্যাদির প্রায় উল্লেখ করা হয় নাই, যেমন পাক, দায়ক, করণ, বৈদিক ইত্যাদি স্থলে পচ ধাতুর চ স্থানে ক, দা ধাতুর উত্তর য— আগম, কৃ ধাতুর ঋকারের গুণে অর, বেদের একারের বৃদ্ধি ঐকার। ধাতু প্রত্যয়াদির উল্লেখ থাকিলে প্রয়োগদৃষ্টে যথাসম্ভব গুণবৃদ্ধ্যাদির কল্পনা করিয়া লইলেই ইষ্টসিদ্ধি হইতে পারিবে; এবং সংস্কৃত ব্যাকরণে যেরূপ প্রত্যয় আছে তাহা অবিকল না লিখিয়া যাহা অবশিষ্ট থাকে তাহাই লিখিত হইয়াছে। যেমন ঘঞের ঘ্ ঞ্ ইৎ অ থাকে; শতৃর শ ঋ ইৎ, অৎ থাকে; শানের শ্ ইৎ, আন থাকে; ক্তের ক ইৎ, ত থাকে; ষণের ষণ্ ইৎ, অ থাকে; ষিকণের ষ্ অণ ইৎ, ইক থাকে ইত্যাদি। বঙ্গভাষায় ছাত্রদিগের বোধসৌকর্য্যার্থে সমাসের কিছু কিছু পরিবর্ত্ত করা হইয়াছে, যেমন, কুপুরুষ সুজন জ্ঞানদ পাদপ পঙ্কজ মহী[illegible] ভুজগ ইত্যাদি স্থলে সংস্কৃত ব্যাকরণ অনুসারে নিত্য তৎপুরুষ সমাস হয়, কি[illegible] সুজনাদি স্থলে কর্ম্মধারয় এবং জ্ঞানদ প্রভৃতি স্থলে দ্বিতীয়াদি তৎপুরুষ সমাস উল্লিখিত হইয়াছে। কৃৎ প্রত্যয় যোগে যেখানে কর্ম্মের উত্তর ষষ্ঠী হয়, সেখানেও ষষ্ঠী তৎপুরুষের পরিবর্ত্তে দ্বিতীয়া তৎপুরুষ উক্ত হইয়াছে। যথা—বিশ্বব্যাপী, বিশ্বব্যাপক, জগদ্ধাত্রী ইত্যাদি। নঞ্ যুক্ত (অ কিম্বা অন্ যুক্ত) শব্দস্থলে প্রায় নঞ্ তৎপুরুষের উল্লেখ করা হয় নাই। যথা—অখাত, অক্ষম, অনশন ইত্যাদি। যেখানে নঞ্ যুক্ত শব্দ দৃষ্ট হইবে সেখানে নঞ্ তৎপুরুষ সমাস বলিয়া বুঝিয়া লইতে হইবে।

কলিকাতা।
সম্বৎ ১৯২৩।

শ্রীরামকমল শর্ম্মা।

# দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

"প্রকৃতিবাদ অভিধান" দ্বিতীয় বার মুদ্রিত ও প্রচারিত হইল। মহাত্মা ৺রামকমল বিদ্যালঙ্কার যে সকল প্রচলিত সংস্কৃত, বাঙ্গালা ও নূতন সঙ্কলিত শব্দ সংগ্রহ করিয়া গিয়াছিলেন, তদ্ব্যতীত এবারে কতিপয় শব্দশাস্ত্রবিশারদ মহোদয়গণের সাহায্যে আরও অনেক শব্দ সন্নিবেশিত হইয়াছে। সমুদয় শব্দের বাঙ্গালা ভাষায় অর্থ ও ব্যুৎপত্তি এবারে আরও বিশদ করিয়া লেখা গিয়াছে, এবং যে যে স্থান অশুদ্ধ ছিল তৎসমুদয় সংশোধিত হইয়াছে। প্রথম সংস্করণের পরিশিষ্টে যে সমস্ত শব্দ সংযোজিত ছিল, এবার সেই সমুদয় শব্দ অকারাদিক্রমে যথাস্থানে সন্নিবেশিত হইয়াছে; এবং ওয়েবষ্টার প্রভৃতি ইংরাজী অভিধানে যেরূপ মধ্যে মধ্যে চিত্র দেওয়া আছে, ইহাতেও সেইরূপ নিতান্ত প্রয়োজনীয় কতকগুলি চিত্র দেওয়া গিয়াছে; এবং সেই সকল চিত্র যথাক্রমে সংগ্রহ করিয়া পরিশিষ্টাকারে শেষেও সংযোজিত হইয়াছে। প্রথম সংস্করণে যতগুলি শব্দ ছিল, এবারে প্রায় তাহার দ্বিগুণ দেওয়া হইয়াছে, সুতরাং ইহার আয়তনও প্রায় পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ হইয়াছে; কিন্তু সাধারণের সুবিধার জন্য মূল্য এক টাকা মাত্র বর্দ্ধিত করা হইল। অভিধানখানিকে সাধারণের বিশেষ উপযোগী করিবার জন্য ক্রমাগত দশ বৎসর যথেষ্ট পরিশ্রম করিয়াছি, কিন্তু কতদূর কৃতকার্য্য হইয়াছি বলিতে পারি না। এক্ষণে ইহা পূর্ব্বের ন্যায় সর্ব্বত্র পরিগৃহীত হইলেই সমুদয় শ্রম সফল বোধ করিব। ইতি। সন ১২৮৪ সাল, ২০ শে ফাল্গুন।

---

# তৃতীয় বারের বিজ্ঞাপন।

দ্বিতীয় সংস্করণ অপেক্ষা এই বারে বহুল পরিমাণে বাঙ্গালা সংস্কৃত ও নূতন সঙ্কলিত বৈজ্ঞানিক শব্দ (Scientific words) কতিপয় শব্দশাস্ত্রবিশারদ পণ্ডিতের সাহায্যে সংযোজিত হইয়াছে এবং শব্দের বিবিধভাবপ্রকাশক অর্থ শিষ্ট প্রয়োগ অর্থাৎ প্রাচীন কবিগণের (কালিদাস, ভবভূতি শ্রীহর্ষ প্রভৃতি) কাব্য হইতে পদ উদ্ধৃত করিয়া যে স্থলে শব্দের যেরূপ অর্থ তাহার প্রমাণও যথেষ্ট পরিমাণে প্রদর্শিত হইয়াছে। ফলতঃ এই অভিধানখানি যাহাতে বাঙ্গালা ও সংস্কৃত শিক্ষার্থীদিগের বিশেষরূপ ব্যবহারোপযোগী হয়, তজ্জন্য সাধ্যমত চেষ্টা করিতে ত্রুটি করি নাই। গ্রন্থের কলেবর ক্রমশঃ উৎকৃষ্ট উপকরণে বর্দ্ধিত হইলেও সাধারণের সুবিধার জন্য পূর্ব্বাপেক্ষা মূল্য এক টাকা কমান গিয়াছে। এখন প্রকৃতিবাদ সাধারণের মনস্তুষ্টি করিতে পারিলে শ্রম সফল জ্ঞান করিব।

৪১ নং, মিরজাপুর লেন, শাঁখারিটোলা।
১০ই চৈত্র। সন ১২৮৭ সাল।

শ্রীরমেশচন্দ্র বন্দোপাধ্যায়।
প্রকাশক।

---

# পরিভাষা।

যে সকল সংস্কৃত, সংস্কৃতজ ও দেশজাদি শব্দ নিতান্ত প্রচলিত বোধ হইয়াছে, তাহাই এই প্রকৃতিবাদে সন্নিবেশিত করিয়াছি। ( ), [ ] এই বেষ্টনীদ্বয়ের মধ্যে প্রায় প্রত্যেক শব্দের ব্যুৎপত্তি করা হইয়াছে। শব্দবিভাগের জন্য—'এই কষিটুকু ও প্রকৃতি প্রত্যয়ের বিভিন্নতাসূচক '+' এই ঢেরা চিহ্ন বিন্যাস করিয়াছি। '+' এই চিহ্নের পূর্ব্ব ভাগে শব্দ কিংবা ধাতু ও তদর্থ এবং পরভাগে প্রত্যয়, কর্ত্তৃবাচ্যাদির সাঙ্কেতিক চিহ্ন ও প্রত্যয়ার্থ লিখিত হইয়াছে। স্থলবিশেষে ফলিতার্থ ও সমাসের উল্লেখ করা গিয়াছে। ( ) এই বেষ্টনীর অন্তে শব্দের সংজ্ঞা বিশেষণত্বাদি বিভেদসূচক চিহ্ন ও কোন্ শব্দ কোন্ অর্থে কোন্ লিঙ্গে প্রয়োগ হয়, তৎপ্রদর্শনার্থে সাঙ্কেতিক চিহ্ন বিন্যস্ত হইয়াছে। অনাবশ্যক বোধে সংস্কৃতজ ও দেশজাদি শব্দের লিঙ্গ উল্লেখ করা হয় নাই। একার্থ প্রতিপাদক শব্দের মধ্যে ',' এই নখচিহ্ন ও ভিন্ন ভিন্ন অর্থ প্রতিপাদক শব্দের মধ্যে '।' দাঁড়ি চিহ্ন দিয়াছি। যে যে সাঙ্কেতিক চিহ্ন গৃহীত হইয়াছে তাহা নিম্নে প্রকটিত হইতেছে।

ক...কর্ত্তৃবাচ্য
র্ম্ম...কর্ম্মবাচ্য
ণ...করণবাচ্য
সম্প্র... সম্প্রদানবাচ্য
পা...অপাদানবাচ্য
ধি...অধিকরণবাচ্য
ভা...ভাববাচ্য

সং...সংজ্ঞা
বিং...বিশেষণ
অং...অব্যয়
ক্রিং—বিং...ক্রিয়ার বিশেষণ
সর্ব্বং...সর্ব্বনাম
শিং...শিষ্টপ্রয়োগ অর্থাৎ পণ্ডিতদিগের উদ্ধৃতবাক্য

পুং...পুংলিঙ্গ
স্ত্রীং...স্ত্রীলিঙ্গ
ক্লীং...ক্লীবলিঙ্গ
ত্রিং...তিন লিঙ্গ
দ্বিং...দ্বিবচনান্ত
বহুং...বহুবচনান্ত
প্রং...প্রত্যয়
উপং...উপসর্গ

২য়া—ষ...দ্বিতীয়া তৎপুরুষ
৩য়া—ষ...তৃতীয়া তৎপুরুষ
৪র্থী—ষ...চতুর্থী তৎপুরুষ
৫মী—ষ...পঞ্চমী তৎপুরুষ
৬ষ্ঠী—ষ...ষষ্ঠী তৎপুরুষ
৭মী—ষ...সপ্তমী তৎপুরুষ
ব্যং—স...অব্যয়ীভাব সমাস
য়ং—স...কর্ম্মধারয় সমাস
দ্বং—স...দ্বন্দ্ব সমাস
গুং—স...দ্বিগু সমাস


১মা—হিং...প্রথমান্যপদার্থ বহুব্রীহি
২য়া—হিং...দ্বিতীয়ান্যপদার্থ বহুব্রীহি
৩য়া—হিং...তৃতীয়ান্যপদার্থ বহুব্রীহি
৪র্থী—হিং...চতুর্থ্যন্যপদার্থ বহুব্রীহি
৫মী—হিং...পঞ্চম্যন্যপদার্থ বহুব্রীহি
৬ষ্ঠী—হিং...ষষ্ঠ্যন্যপদার্থ বহুব্রীহি
৭মী—হিং...সপ্তম্যন্যপদার্থ বহুব্রীহি

2254


## জান্তবশ্রেণী ।


মরাল
বক
শকুনি
অজগর
আঞ্জিনেয়
উদ্বিড়াল
উর্ণনাভ
কৃকলাস
কাঁকড়া
গুটিপোকা
ঝিল্লি
নেউল
ভেক
উই
জোনাকীপোকা
মক্ষিকা

যন্ত্র।




অক্ষচক্র



অণুবীক্ষণ

শারীর-বিদ্যা।



অস্থিপঞ্জর

"নাড়ীবলয় ; সং, ক্লীং, ঘটিকা-জ্ঞানার্থ বলয়াকার যন্ত্র ; লগ্নাদি-জ্ঞানার্থ নাড়ীরূপ-কালজ্ঞানোপায় যন্ত্র বিশেষ।"

যন্ত্রটা যে কিরূপ তাহারত কিছুই বুঝিলাম না—কিন্তু অভিধানকার কিছু বুঝাইয়া দিলে ভাল হইত। আসল কথা, পারিভাষিক শব্দের এবং দ্রব্যবাচক শব্দের অধিকতর বিশদব্যাখ্যা আবশ্যক। যেমন ক্রটি বিস্তর, তেমনই গুণও বিস্তর। একরূপ গুণের কথা বলি।

চৈতন্যচরিতাদি বাঙ্গালা বৈষ্ণব গ্রন্থে অনেক শব্দ একরূপ অর্থে ব্যবহার আছে, যে এখন আর সেই সকল শব্দের সেরূপ ব্যবহার হয় না। সুতরাং সেই সকল স্থলে ভাবার্থ পরিগ্রহ করা কঠিন হয়। এই অভিধানে সেই সকল প্রাচীন অর্থ দেওয়া আছে। একটি দৃষ্টান্ত দেওয়া যাইতেছে ;———

অঙ্গীকার (অঙ্গ-কার) কৃ করা—অ (ঘঞ্)-ভাবে) করণ। যাহা অঙ্গে ছিল না তাহা স্বীয় অঙ্গ করা। ঈ (চ্বি)-অভূত তদ্‌ভাবার্থে) সং, পুং, ১। পূর্ব্বে যাহা অঙ্গে ছিল না, তাহা স্বীয় অঙ্গকরণ ; যথা ;——

"পিতা মাতা গুরুগণ আগে অবতরি,
রাধিকার ভাববর্ণ অঙ্গীকার করি।"
* * * *
নবদ্বীপে শচীগর্ভে শুদ্ধ দুগ্ধসিন্ধু।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণপূর্ণ ইন্দু।

(চৈতন্যচরিতামৃত।)

২। দিব, করিব, যাইব, উল্লেখ করিয়া প্রতিজ্ঞা করা, স্বীকার, স্বীকরণ, অঙ্গীকরণ, প্রতিশ্রুতি, প্রতিশ্রবণ।

চৈতন্যচরিতামৃত, অন্নদামঙ্গলাদি গ্রন্থে ব্যবহৃত শব্দের এইরূপ ব্যাখ্যা, এই অভিধানের নানা গুণের মধ্যে একটি গুণ।

ফলকথা ইহাতে গুণ দোষ যতই থাকুক বাঙ্গালার একখানি বিশিষ্টরূপ অভিধানের বিশেষ অভাব হইয়াছিল, সেই অভাব প্রকৃতিবাদ অভিধানে অনেক পরিমাণে পূরিত হইয়াছে, এইজন্য বিদ্যালঙ্কার মহাশয়ের পুত্র আমাদের ধন্যবাদের পাত্র। এরূপ অতি প্রয়োজনীয় গ্রন্থের অচিরকালমধ্যে বহুল প্রচার হইলেই আমাদের সার্থক হইবে।

নবজীবন
১২৯৬ বৈশাখ ও জ্যৈষ্ঠ
৫৬।৫৭
বাঙ্গালা অভিধান শীর্ষক প্রবন্ধ।
৫৭১ পৃষ্ঠা।

# প্রকৃতিবাদ অভিধান।

HARAJAH'S LIBRARY COOCHBEHAR

## অ

**অ**—আদ্যস্বর। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। অবর্ণের হ্রস্ব, দীর্ঘ ও প্লুত আছে, এবং ইহা স্বরভেদে উদাত্ত, অনুদাত্ত, স্বরিত ও উচ্চারণভেদে অনুনাসিক ও নিরনুনাসিক প্রতীত হয়। সামান্যতঃ নিষেধবাচক, স্বতন্ত্র প্রয়োগ হয় না। (অব্ রক্ষাকরা +অ(ড)—ক। যিনি রক্ষা করেন) সং, পুং, বিষ্ণু। শিষ্টপ্রয়োগ—"অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্ত মহেশ্বরঃ। মকারস্ত স্মৃতো ব্রহ্মা প্রণবস্ত ত্রয়াত্মকঃ॥" কবিবর ভারতচন্দ্র অকার অর্থে ব্রহ্মকে নির্দ্দেশ করিয়াছেন; যথা—"অকার কেবল ব্রহ্ম একাক্ষর কোষে। অঃ কি কর অঃস্বরূপা রাথ মোরে তোষে॥" (অন্নদামঙ্গল)॥ ক্রিং—বিং, অং, অভাব। বিং, অং, ভিন্ন। অপ্রশস্ত। কুৎসিত। ঈষৎ। সদৃশ। বিরুদ্ধ। খেদ। অনুকম্পা। সম্বোধন। নঞ্ স্থানে আদিষ্ট অ অন্যশব্দের পূর্ব্ববর্ত্তী হইয়া বিশেষ বিশেষ অর্থের বোধক হয়; যথা—সাদৃশ্য, অভাব, অন্যত্ব, অল্পতা, অপ্রাশস্ত্য ও বিরোধ এই ছয় প্রকার অর্থ প্রকাশ করে। শিং—"তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥"

১। সাদৃশ্য অর্থে—যেমন অব্রাহ্মণ, ব্রাহ্মণ সদৃশ অর্থাৎ ব্রাহ্মণ সদৃশ অন্য কোন জাতি, ক্ষত্রিয় কিম্বা বৈশ্য।

২। অভাব অর্থে—যেমন অযত্ন অর্থাৎ যত্নের অভাব। সেইরূপ অসঙ্গতি, অনিয়ম, অসংস্থান ইত্যাদি।

৩। অন্যত্ব অর্থে—যেমন অঘট, অর্থাৎ ঘট ভিন্ন অন্য কোন পদার্থ, যথা পটাদি।

৪। অল্পতা অর্থে—যেমন অনুদরী অর্থাৎ অল্পোদরী।

৫। অপ্রাশস্ত্য অর্থে—যেমন অকাল অর্থাৎ অপ্রশস্ত কাল। অপশু অর্থাৎ অপ্রশস্ত পশু (গো অশ্ব ভিন্ন পশু মাত্রেই অপশু)। [সুরবিরোধী।

৬। বিরোধ অর্থে—যেমন অসুর অর্থাৎ স্বরবর্ণের পূর্ব্বে থাকিলে অন্ হয়। যেমন, অনাদর, অনিচ্ছা, অনুচিত ইত্যাদি।

**অই** (অদস্ শব্দের অপভ্রংশ) সম্মুখে, ওখানে। যথা—"অই শশী অই থানে।" পদ্যে "অই শব্দের পরিবর্ত্তে কবিগণ কখন কখন "ওই" শব্দ ব্যবহার করিয়া থাকেন; যথা—"ওই শুন পুনঃ বাজে মজাইয়ে মনরে—রাধিকারমণ।" (ব্রজাঙ্গনা কাব্য)॥ কাব্যে যতি ও ছন্দাদির অনুরোধে "অই" পরিবর্ত্তে "ঐ" এবং "ও" ব্যবহার হইয়া থাকে; যথা—"ঐরাবত পতি করে ঐ পদে কামনা।" (অন্নদামঙ্গল)॥ "ও নহে তারকাবলী নব ফেনচয়॥" প্রাচীন কবিগণ "অই" শব্দের পরিবর্ত্তে "উহ" ব্যবহার করিয়াছেন; যথা—"কাহার রমণী কে উহ জান। আকুল করি গেও হামারি পরাণ।" (বিদ্যাপতি)॥

অঋণী (অঋণিন্, অ — ঋণিন্ ঋণগ্রস্ত, যে ধারে) বিং, ত্রিং, ঋণী নয়, যে কারও কিছু ধারে না। ২। ঋণমুক্ত, যে ঋণপরিশোধ করিকরিয়াছে। ৩। কৃতজ্ঞতাসূচক কর্ম্ম দ্বারা উপকাররূপ ঋণ হইতে মুক্ত; যথা—"অদ্য ইহার অপরিমিত শোণিত সলিলে ভ্রাতার ও বন্ধুর তর্পণ করিয়া আমি তাহাদের নিকট অঋণী হইব।" অর্থাদি ঋণ ব্যতিরেকে অন্য তিন প্রকার ঋণ আছে; যথা—অগ্নিষ্টোম যাগাদি দ্বারা দেবঋণ, দান দ্বারা ঋষিঋণ এবং সন্তানোৎপাদন দ্বারা পিতৃলোকের ঋণ পরিশোধ করিলে অঋণী হইতে হয়। শিষ্টপ্রয়োগ—১"ঋণং দেবস্য-যাগেন ঋষীণাং দান কর্ম্মণা। সন্তত্যা পিতৃলোকানাং শোধয়িত্বা পরিব্রজেৎ॥"

অংশ (অন্‌শ্ ভাগকরা + অ(ঘঞ্) — ভাবে) সং, পুং, ভাগ। যে কোন বস্তুর যে কোন ভাগ; যথা—"তিন অংশ জল ও একাংশ ঔষধ।" ২। বিভাগ, বণ্টন; যথা—"বিষয় অংশ করিয়া দেওয়া হইয়াছে।" ৩। একদেশ, স্থান; যথা—"ভারতবর্ষের কোন অংশে বিন্ধ্যাচল।" ৪। ঈশ্বরের ভাগ, অবতার; যথা-"সৃষ্ট্যাদির নিমিত্তে যেই অংশের অবধান। সেই ত অংশের কহি অবতার নাম" ॥ (চৈতন্যচরিত)। ৫। অঙ্গ, অবয়ব; যথা—"শ্রীরাম ভরত আর শত্রুঘ্ন লক্ষ্মণ। এক অংশ চারি অংশে হৈল নারায়ণ॥" ৬। ভূপরিধির ৩৬০ ভাগের এক এক ভাগকে অংশ বলে। ৭। রাশিচক্রের ত্রিংশ-ভাগের একভাগ। ৮। ভগ্নাংশ। ৯। বিষয়, সম্বন্ধ; যথা-"তিনি সর্ব্বাংশে ভাল।" "তিনি জাত্যাংশে শ্রেষ্ঠ।" ১০। (অন্‌শ্ ভাগকরা + অ(অন্) — ক) স্কন্ধ, কাঁধ।

অংশক (অংশ দেখ, অক — ক) সং, পুং, জ্ঞাতি। ক্লীং, দিন। ভাগ।

অংশকূট (অংশ স্কন্ধ — কূট শিখর) সং, ক্লীং, বৃষের স্কন্ধের উপরিস্থিত উন্নত ভাগ, ককুদ।

অংশগত (অংশ — গত প্রাপ্ত) বিং, ত্রিং, ভাগভুক্ত; যথা—"তাহার বিষয় অংশগত হইয়াছে।" ২। ভাগসম্বন্ধীয়; যথা—"অংশগত দোষ।"

অংশন (অন্‌শ্ ভাগ করা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, বিভাগ করা, বিভজন, খণ্ড খণ্ড করা। ২। ভাগ, অংশ; যথা—"তুমি নরাধিপ হও বিষ্ণু অংশন।" (চৈতন্য-চরিতামৃত)।

অংশনীয় (অন্‌শ্ ভাগকরা + অনীয় — র্ম্ম) — বিং, ত্রিং, ভাগ করিবার যোগ্য, যাহা ভাগ করা উচিত বা করিতে হইবেক, বিভাজ্য, বিভজনীয়।

অংশভাক্ (অংশভাজ্, অংশ — ভাজ্ [ভজ্ ভাগকরা + ০(বিণ্) — ক] যে ভাগ করে) সং, পুং, উত্তরাধিকারী, অংশী।

অংশমান (অংশ + আন(শানচ্) — ক) বিং, ত্রিং, যে ভাগ করিয়া লইতেছে।

অংশল (অংশ বল, সামর্থ্য + ল — অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্। (অংশ — লা গ্রহণ করা + অ — ক) অংশগ্রাহক।

অংশহর (অংশ হর [হৃ হরণ করা + অ(অন্) — ক] যে হরণ করে) বিং, ত্রিং, অংশগ্রাহী, যে অংশ লয়। ২। যে অংশলোপ করে।

অংশাংশ (অংশ — অংশ। ৬ষ্ঠী — স। ভাগের ভাগ) সং, পুং, [illegible] ভাগ। ২। কলা; যথা—"অংশের অংশ যেই কলা তার নাম।" (চৈতন্যচরিতামৃত)। ৩। (অংশ — অংশ, দ্বন্দ্ব — স) সং, পুং, ভিন্ন ভিন্ন ভাগ।

অংশাংশি (অংশ — অংশ) সং, ক্লীং, পরস্পর অংশ করণ, যথাযোগ্য ভাগ।

অংশিত (অংশ + ত — র্ম্ম) বিং, ত্রিং, যাহা বিভাগ করা হইয়াছে, বিভক্ত।

অংশী (অংশিন্, অন্‌শ্ ভাগকরা + ইন্ — ক, বা ইন্ — বিশিষ্টার্থে) বিং, ত্রিং, যে অংশ পাইতে পারে, কোন বিষয়ে যার অংশ আছে, ভাগী, ভাগার্হ। ২। অংশবিশিষ্ট, যাহাতে অংশ আছে অর্থাৎ অংশের আধার; যথা—'কৃষ্ণ যদি অংশ হইত অংশী নারায়ণ।" (চৈতন্যচরিতামৃত)

অংশিনী (অংশী দেখ, ঈ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অংশবিশিষ্টা; যথা—"অবতারি কৃষ্ণ যৈছে করেন অবতার। অংশিনী রাধা

হৈতে তিন গণের বিস্তার ॥" (চৈতন্য-চরিতামৃত)

অংশু (অশ্ ব্যাপা+উ—ক, সংজ্ঞার্থে। যে ব্যাপে) সং, পুং, কিরণ। (জ্যোতির্ম্ময় পদার্থ মাত্রেরই অংশু আছে। কবিরা চাকচিক্যশালী পদার্থের অংশু নির্দ্দেশ করিয়া থাকেন, যেমন—নখাংশু) ২। সূত্রাদির সূক্ষ্মাংশ, আঁস; যথা—"পীতবর্ণ অংশুপট্টে শোভে বনমালী।" "শ্রীফলৈরংশু পট্টানাম্।" (বিষ্ণুপুরাণ)। ৩। সূর্য্য। ৪। বস্ত্র।

অংশুক (অংশু তন্তুসূক্ষ্মভাগ—ক [কাশ্ দীপ্তি পাওয়া+অ—ক] যে দীপ্তি পায়। যাহা অংশুদ্বারা প্রকাশ পায়, ৩য়া—ষ) সং, ক্লীং, বস্ত্র। সূক্ষ্ম বস্ত্র। উত্তরীয় বস্ত্র। তেজপাত। (অংশু+ক—স্বার্থে) অংশু দেখ।

অংশুকায় (Rayed-animals, অংশু কিরণ—কায় দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের কর্ম্মেন্দ্রিয় সকল অংশুবৎ অর্থাৎ কিরণের মত, যথা—প্রবালকীট, তারামৎস্য ইত্যাদি।

অংশুধর (অংশু কিরণ—ধর [ধৃ ধরা+অ (অন্)—ক] যে ধরে। যিনি অংশু ধরেন, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য। ২। সূর্য্যবংশীয় অসমঞ্জরাজা; ইনি সগররাজার পুত্র, এবং দিলীপের পিতামহ।

অংশুমৎ (অংশু কিরণ+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কিরণবিশিষ্ট, দীপ্তিমান্। সং, পুং, সূর্য্য। সূর্য্যবংশীয় রাজা।

অংশুমৎফলা (অংশুমৎ প্রভাযুক্ত—ফল। যাহার প্রভাযুক্ত ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

অংশুমতী (অংশু প্রভা+মৎ—অস্ত্যর্থে। যে প্রভাযুক্ত) সং, স্ত্রীং, শালপর্ণী বৃক্ষ, শালপাণী গাছ।

অংশুমান্ (অংশুমৎ, অংশু+মৎ—অস্ত্যর্থে। যাহার অংশু আছে) সং, পুং, সূর্য্য। সূর্য্যবংশীয় রাজাবিশেষ; ইনি অসমঞ্জের পুত্র ও সগররাজার পৌত্র। বিং, ত্রিং, অংশুবিশিষ্ট।

অংশুমালা (অংশু—মালা শ্রেণী) সং, স্ত্রীং, কিরণমালা, জ্যোতিঃসমূহ।

অংশুমালী (অংশুমালিন্, অংশুমালা+ইন্—অস্ত্যর্থে। যাহার অংশুমালা আছে) সং, পুং, সূর্য্য। দ্বাদশসংখ্যা। (কবিবর মাইকেল মধুসূদন 'অংশুমালী' শব্দের অর্থ অংশুমালাবিশিষ্ট এবং বিশেষণরূপে প্রয়োগ করিয়াছেন যথা—"দিনমণি যেন অংশুমালী।" (মেঘনাদবধ কাব্য।)

অংশুল (অংশু প্রভা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রভাযুক্ত, উজ্জ্বল, দেদীপ্যমান্। (অংশু প্রভা অর্থাৎ বুদ্ধিপ্রতিভা+ল—অস্ত্যর্থে) সং, পুং, চাণক্যমুনি।

অংশুশিরালদেহ (Radiata, অংশু—শিরাল শিরযুক্ত—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহস্থ শিরা সকল একমূল হইতে অংশুর ন্যায় সর্ব্বদিকে সমরূপে বিস্তীর্ণ হয়, যথা—পুরুভুজাদি।

অংশুহস্ত (অংশু কিরণ—হস্ত। জলাদি আকর্ষণ হস্তনিষ্পাদ্য ক্রিয়া যাহার অংশু দ্বারা সম্পাদিত হয়। ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

অংস (অম্ রুগ্ন হওয়া+স—সংজ্ঞার্থে। যে ভারাদি দ্বারা রুগ্ন অর্থাৎ পীড়িত হয়। বা অন্স+অ(অন্)—ক) সং, পুং—ক্লীং, স্কন্ধ, কাঁধ, দুইটী স্কন্ধের অর্দ্ধাঙ্গুলি পরিমিত স্নায়ুবিশিষ্ট স্থানের নাম অংস। (অংস্ ভাগ করা+অ(ঘঞ্)—ভাবে)পুং, বিভাগ।

অংসকূট (অংস স্কন্ধ—কূট শিখর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ককুদ্, ষাঁড়ের ঝুঁটি।

অংসত্র (অংস স্কন্ধ—ত্র [ত্রৈ ত্রাণ করা+অ—ক] যে রক্ষা করে) সং, ক্লীং, স্কন্ধাবরক কবচবিশেষ।

অংসফলকাস্থি (Scapula, অংস স্কন্ধ—ফলক—অস্থি) সং, ক্লীং, হস্ত চালনা করিবার সময় উভয় স্কন্ধের পশ্চাৎদিকে যে ত্রিকোণাকার অস্থিদ্বয় চালিত হইতে দেখা যায়।

অংসভার (অংস স্কন্ধ—ভার যাহাকে বহন করা যায়) সং, ক্লীং, স্কন্ধে যাহাকে বহন করা যায়, স্কন্ধধৃতভার, কাঁধের বোঝা।

অংসল (অংস স্কন্ধ+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্, বলশালী, মহাকায়, মহাবল।

অংহতি, অংহতী, (অন্‌হ্‌ গমনকরা+অতি —ভাবে অথবা অন্‌—হন্‌ [বধকরা] গমন করা+তি(ক্তি)—ভাবে কিম্বা হন্‌+তি —ণ। হন্‌=অংহ) সং, স্ত্রীং, দান। রোগ। ত্যাগ।

অংহঃ (অংহস্‌, অন্‌হ্‌ গমন করা+অস্‌ —র্ম্ম, সংজ্ঞার্থে। যাহার দ্বারা অধোগমন করে) সং, ক্লীং, পাপ।২। স্বধর্ম্মত্যাগ। শিং —১'লোভানৃতং বীর্য্যমনার্য্যমংহোজ্যেষ্ঠা।'

অংহ্রি (অংহ দেখ+রি (ক্রি)—ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা গমন করা যায়) সং, পুং, চরণ। চতুর্থাংশ। বৃক্ষমূল।

অংহ্রিপ (অংহ্রি পাদ—প [পা পান করা +অ(ড)—ক] যে পান করে। যে পাদ অর্থাৎ মূল দ্বারা রস পান অর্থাৎ আকর্ষণ করে, ৩য়া—ষ) সং, পুং, বৃক্ষ।

অংহ্রিস্কন্ধ (অংহ্রি চরণ—স্কন্ধ, ৬ষ্ঠী—য) সং, পুং, গুল্‌ফ, গোড়ালি।

অক (অ—ক সুখ) সং, ক্লীং, পাপ। দুঃখ। (অক্‌ বক্রগমন করা+অ(অল্‌)—ভাবে) সং, পুং, বক্রগতি।

অকচ (অ—কচ কেশ,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেশরহিত, নেড়া। (মস্তক নাই বলিয়া) সং, পুং, কেতুগ্রহ।

অকট্‌কিনা (অকঠিন শব্দজ) বিং, অকঠিন, কাঠিন্যরহিত, অপ্রতিবন্ধক।

অকণ্টক (অ—কণ্টক কাঁটা, ক্ষুদ্র শত্রু, ৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, কণ্টকহীন, যেখানে কাঁটা নাই, যথা—অকণ্টক পথ। শত্রু-রহিত, নিরুপদ্রব, নির্ব্বিঘ্ন, নিরাপদ; যথা— অকণ্টক রাজ্যভোগ। রাজ্য অকণ্টক হইয়াছে।

অকথনীয় (অ—কথনীয় বলিবার উপযুক্ত) বিং,ত্রিং, যাহা কহিবার উপযুক্ত নয়, যাহা বলা উচিত নয়, অকথ্য, অবাচ্য, অবক্তব্য।

অকথা (অ কুৎসিত—কথা) সং, স্ত্রীং, কুকথা, কুৎসিত কথা, অশ্লীল কথা, যে কথা মুখে আনা উচিত নয়।

অকথ্য (অ—কথ্য) বিং, ত্রিং, বলিবার অযো-গ্য, যাহা বলা উচিত নয়, যথা—"তিনি যেরূপ অকথ্য অশ্রাব্য শব্দ সকল প্রয়োগ করিয়া থাকেন তাহা শুনিলে লজ্জায় অধোমুখ হইতে হয়।" ২। যাহা কথা দ্বারা প্রকাশ করা যায় না, যাহা বলা অসাধ্য; যেমন "শেষ খণ্ডে শচী দুঃখ অকথ্য কথন।" (চৈতন্যভাগবত)

অকপট (অ—কপট ছল) বিং, ত্রিং, কপট-হীন, ছলশূন্য, সরল; যথা, অকপট হৃদয়ে। ২। ক্রিং—বিং, কপট ব্যতিরেকে, কপট না করিয়া, সরলভাবে; যথা—"অকপটে চাহ মাপ তাপ শান্তি হবে।" ৩। নিঃস্বার্থ-ভাবে; যথা, "হে ভানো! তুমিই মুমুক্ষু-দিগের গতি, তুমি লোক সকল ধারণ, প্রকাশ, পবিত্র ও অকপটে প্রতিপালন করিতেছ।"

অকম্প (অ—কম্প স্পন্দন, লড়ন) বিং, ত্রিং, কম্পনশূন্য, স্থির; যথা "অকম্প চামর শিরে।" (মেঘনাদ)

অকম্পন (অ—কম্প কাঁপা+অন—ভা) সং, ক্লীং, কম্পনশূন্য, স্থির। পুং, রাব-ণের সেনাপতি।"—অকম্পন, রণে ধীর,যথা ভূধর, পড়েছে সহ অতিকায় রথী।(মেঘ)

অকম্পিত (অ—কম্পিত) বিং, ত্রিং, কম্পন-শূন্য; যথা—অকম্পিত কলেবর। (অ— কম্প+ত(ক্ত) ভাবে। কম্পিত অর্থাৎ বুদ্ধি চাঞ্চল্য নাই ইহার এই অর্থে) সং, পুং, বৌদ্ধদিগের গণাধিপতিবিশেষ।

অকর (অ—কর হস্ত, রাজস্বাদি, ৬ষ্ঠী— হিং) বিং, ত্রিং, হস্তরহিত। যথা— "অকর গ্রহণ করে।" ২। রাজস্ব বিহীন, (নিষ্কর অধিক প্রয়োগ)। রা—স্ত্রীং,আমলকী।

অকরণ (অ—করণ) সং, ক্লীং, নিবৃত্তি, না করা; যথা-"বিবাহের অকরণে স্পষ্ট দোষ শ্রুতিদৃষ্ট হইতেছে।" ২। অনুচিত কর্ম্ম। ৩। (অ—করণ দেহ ও ইন্দ্রিয়াদি যার নাই) সং, পুং, সর্ব্বকর্ম্ম শূন্য পর-মাত্মা।

অকরণি (অ—কৃ করা+অনি—ভাবে, শা-পার্থে) সং, স্ত্রীং, অভিসম্পাত, শাপ, আক্রোশ। বৈফল্য।

অকরণী (Rational, অ—করণী সূক্ষ্মরূপে যে রাশির মূল বহিষ্কৃত না হয়) সং, স্ত্রীং,

যে রাশির মূল আকর্ষণ করিতে হইলে কোন ভাগশেষ থাকে না; যথা—$\sqrt{}$১৬ = ৪ ; $\sqrt{}$২৭ = ৩। $\sqrt{}$এই চিহ্নকে করণী কহে।

অকরণীয় (অ—করণীয় করিবার উপযুক্ত) বিং, ত্রিং, করণের অযোগ্য, কর্ত্তব্য নয়, করা উচিত নয়, অকর্ত্তব্য।

অকরুণ (অ—করুণা দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার করুণা নাই, নির্দ্দয়, নিষ্ঠুর।

অকর্ণ (অ অভাব—কর্ণ কাণ। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বধির, শ্রবণেন্দ্রিয়শূন্য ; যথা—"অচক্ষু সর্ব্বত্র চান, অকর্ণ শুনিতে পান"। (অন্নদামঙ্গল)।২। (অ অভাব—কর্ণ রাধেয়) কর্ণশূন্য ; যথা "অকর্ণ বা অনর্জ্জুন হবে ভব আজি।" ৩। (অ—কর্ণ হাল) যে নৌকার হাইল নাই,হালশূন্য। ৪। (সর্পের কাণ নাই চক্ষুর দ্বারা কর্ণেরকার্য্য হয় বলিয়া) সং, পুং, সর্প।

অকর্ত্তন (অ—কর্ত্তন [উচ্চস্থ ফলাদি কর্ত্তন করিবার ক্ষমতা] কাটা) সং, পুং, বামন, খর্ব্ব।

অকর্ত্তব্য (অ—কর্ত্তব্য করিবার উপযুক্ত) বিং, ত্রিং, অনুচিত, যাহা করিবার উপযুক্ত নয়।

অকর্ত্তা (অ—কর্ত্তা [কর্তৃ শব্দের প্রথমার এক বচন] ) সং, পুং, যে কর্ত্তা নহে ; যথা—"এ সংসারে কে কর্ত্তা কে অকর্ত্তা স্থির করা যায় না।"

অকর্তৃত্ব (অ—কর্তৃত্ব) সং, ক্লীং, অপ্রভুত্ব, কর্তৃত্বের অভাব ; যথা-"তাহার অকর্তৃত্বই এই সংসারে বিপদের কারণ।"

অকর্ম্ম (অ—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, অকার্য্য, কুৎসিত কার্য্য, গর্হিত কার্য্য ; যথা—" সম ধর্ম্মাধর্ম্ম সম কর্ম্মাকর্ম্ম।" (অন্নদা মঙ্গল) ২। কর্ম্মাভাব—কর্ম্মত্যাগ বা কর্ম্ম সন্ন্যাস ; যথা—"ইহলোকে বিবেকিগণ কর্ম্ম ও অকর্ম্ম বিষয়ে মোহিত হইয়া আছেন।"

অকর্ম্মক (অ—কর্ম্মন্+ক—যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কর্ম্ম নাই। কর্ম্মে অনুপযুক্ত। যে ক্রিয়ার কর্ম্ম থাকে না।

অকর্ম্মণ্য (অ—কর্ম্মণ্য কর্ম্মের যোগ্য) বিং, ত্রিং, কর্ম্মণ্য নয়, কর্ম্মের অযোগ্য, কোন কর্ম্মের নয়। বস্তু ও ব্যক্তি উভয়ের বিশেষণ হয়।

অকর্ম্মা (অকর্ম্মন্, অ—কর্ম্মন্) বিং, ত্রিং, যে কোন কর্ম্ম সম্পন্ন করিতে পারে না, যে কোন কর্ম্মে লাগে না, যাহা দ্বারা কোন কর্ম্ম হয় না। কেবল ব্যক্তির বিশেষণ হয়।

অকলঙ্ক (অ—কলঙ্ক। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কলঙ্করহিত, নির্দ্দোষ, নির্ম্মল ; যথা,—"অকলঙ্ক উমাশশী।"

অকল্ক (অ—কল্ক দম্ভ, মলা ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কল্করহিত, দম্ভরহিত। কা—স্ত্রীং, সং, জ্যোৎস্না।

অকল্পিত (অ—কল্পিত কল্পনাযুক্ত) বিং, ত্রিং, কল্পিত নয়, কাল্পনিক নয়, প্রকৃত, যথার্থ, বাস্তবিক, অকৃত্রিম।

অকল্য (অ—কল্য সুস্থ। যে সুস্থনয়। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রোগী, পীড়িত।

অকল্যাণ (অ—কল্যাণ মঙ্গল) সং, ক্লীং, অমঙ্গল, অশুভ, অশিব।

অকষ্ট (অ—কষ্ট ক্লেশ)বিং,ত্রিং,ক্লেশরহিত।

অকষ্টকল্পনা—অনায়াসসাধ্য কল্পনা বা রচনা অর্থাৎ যে রচনা লেখকের লেখনী হইতে স্বতঃ বিনির্গত হয়।

অকষ্টবন্ধ (অকষ্ট যায় পর নাই কষ্ট—বন্ধ বন্ধন) সং, অপ্রতিকার্য্য আপদ্, বিষম সঙ্কট, অধিক দুঃখ। "পেয়ে বহুকষ্ট, বাহির প্রকোষ্ঠে, অকষ্টবন্ধের ন্যায়।" (বাসবদত্তা)

অকস্মাৎ (অ—কস্মাৎ [কিম্—স্মাৎ = হইতে] কাহা বা কোথা হইতে। কোন স্থান হইতে নহে। পূর্ব্বলক্ষণ বিনা কোথা হইতে উপস্থিত হইল তাহার স্থিরতা নাই, ইহাই অকস্মাৎ শব্দের প্রকৃত অর্থ ) ক্রিং—বিং, অং, হঠাৎ, বিনা কারণে, অসম্ভাবিতরূপে।

অকা (প্রাকৃত) নির্ব্বোধ, বোকা।

অকাট্য (অ—কাট্য [কট্ গমন করা+য—র্ম্ম ] খণ্ডনীয়) বিং, ত্রিং, যাহা খণ্ডন করা যায় না; যথা—"অকাট্য প্রমাণ।" ২। যাহা কাটা যায় না।

অকাণ্ড (অ—কন্ দীপ্তিপাওয়া+ড—প্রং। অ = আ) ক্রিং—বিং, অং, অকস্মাৎ। সং,

পুং—ক্লীং, অসময়। (যাহার কাণ্ড অর্থাৎ স্কন্ধ নাই) স্কন্ধশূন্য বৃক্ষ।

অকাতর (অ—কাতর) বিং, ত্রিং, অব্যাকুল, অনভিভূত। ২। নির্ভয়, নিঃশঙ্ক। ৩। ক্রিং—বিং, অক্ষোভে, অক্লেশে, অনায়াসে; যেমন "তিনি অকাতরে অর্থপ্রদান ও ভূমিদান করিয়াছেন।"

অকায় (অ—কায় দেহ। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরীর বিহীন। ২। সং, পুং, পরমাত্মা। ৩। রাহুগ্রহ (মহাভারতে—রাহু ছদ্মবেশে দেবগণের সহিত অমৃতপান আরম্ভ করিলে, নারায়ণ জানিতে পারিয়া তাহার মস্তক ছেদন করেন। অমৃত তাহার কণ্ঠদেশ পর্য্যন্ত গমন করায় সে অমরত্ব লাভ করিল বটে কিন্তু শরীর বিহীন হইল।

অকার (অ+কার—স্বার্থে) সং, পুং, স্বরবর্ণের আদ্য অক্ষর "অ"।

অকারণ (অ—কারণ) ক্রিং-বিং, বিনা কারণে, অনর্থক, নিরর্থক, নিষ্প্রয়োজনে, যথা—

"অকারণে কলহ করা অকর্ত্তব্য।"

"অকারণে ধরি এ আজানু বাহু দণ্ড
"অকারণে ধরি আমি ধনুক প্রচণ্ড॥"
কৃত্তিবাস রামায়ণ।

২। বিং, ত্রিং, কারণশূন্য, উদ্দেশ্যবিহীন। যথা—"অকারণ কার্য্যোৎপত্তি।" "অকারণ মিত্র।"

অকারান্ত (অকার—অন্ত শেষ) বিং, ত্রিং, যে শব্দের শেষে অকার আছে; যথা—ফল, কারণ ইত্যাদি।

অকার্য্য (অ কুৎসিত—কার্য্য) সং, ক্লীং, অসৎ কার্য্য, কুকর্ম্ম, গর্হিত কর্ম্ম, অসৎ কর্ম্ম; যথা—"শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্য দ্বারাও সুহৃদ্দের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন।" (কাদম্বরী)। বিং, ত্রিং, অকর্ত্তব্য।

অকাজ—অকার্য্য দেখ।

অকেজো—যাহা কোন কার্য্যে লাগে না।

অকাল (অ অপ্রশস্ত—কাল সময়) সং, পুং, অপ্রকৃত কাল, যার যে কাল নয়; যথা অকালের ফল, অকালমৃত্যু। "অকালে জলদধ্বনি।" ২। অশুদ্ধকাল, গুরুশুক্রের বৃদ্ধাস্তবাল্যাদিকাল, মলমাস প্রভৃতি; শুভ কর্ম্মের অযোগ্যকাল। শিং—"অকালে বীক্ষিতো বিষ্ণুর্হন্তি পুণ্যং পুরাকৃতং।" ৩। অপূর্ণ বা অপ্রাপ্ত সময়। যথা

"—বীরবাহু বীরচূড়ামণি চলি যবে
গেলা যমপুরে অকালে। (মেঘনাদবধ।)

৪। দুর্ভিক্ষ, যে সময়ে আহারের দ্রব্য দুষ্প্রাপ্য হইয়া উঠে। যথা—"পাগলে কি না বলে, অকালে কি না খায়।" বিং, ত্রিং, কৃষ্ণবর্ণের অভাব।

অকালকুষ্মাণ্ড (অকাল অকালজাত—কুষ্মাণ্ড কুমড়া) সং, ক্লীং, অকালজাত কুমড়া। ইহা বলিদানাদি কোন কার্য্যে লাগে না, দুলক্ষণাক্রান্ত—তজ্জন্য যে ব্যক্তি কার্য্যে অক্ষম তাহাকেও অকালকুষ্মাণ্ড বলে।

অকালকুসুম (অকাল—কুসুম। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অসময়ের ফুল।

অকালজ (অকাল অসময়—জ যে উৎপন্ন) বিং, ত্রিং, অসময়োৎপন্ন। অপূর্ণকালোৎপন্ন।

অকালজলদোদয় (অকাল—জলদ মেঘ—উদয়, ৭মী—ষ+৬ষ্ঠী—ষ) সং, পুং, অসময়ে মেঘোদয়, কজ্ঝটিকা, কুয়াসা।

অকালসহ (অ—কা[illegible]-সহ যে সয়) বিং, ত্রিং, যার কাল [illegible] না, যার বিলম্ব সয় না, অধৈর্য্য, অস্থির। যাহাতে কালবিলম্ব সয় না; যথা—অকালসহ বিষয়ে বিলম্ব করা অবিধেয়।

অকাল্পনিক (অ—কল্পনা+ইক—প্রং) বিং, ত্রিং, কাল্পনিক নয়, প্রকৃত, যথার্থ, যাহা কল্পনাসম্ভূত নয়।

অকিঞ্চন (অ—কিঞ্চন কিছু। যাহার কিছুই নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার কিছু নাই, নিঃস্ব, দীন, দরিদ্র; যথা—"যাচমান অকিঞ্চন ব্রাহ্মণকে।" ২। সামান্য, ইতর। "আমাদিগের অনুচিকীর্ষা বৃত্তি কি শুদ্ধ তাঁহাদিগের অকিঞ্চন গুণের বা দোষের অনুকরণ করিতে শিক্ষা দিয়াই চরিতার্থ থাকিবেন।" (রচনাবলী)। এই শব্দ কখন কখন বিশেষ্যরূপে ব্যবহৃত হয়। যথা—"কৃপা প্রভু কর অকিঞ্চনে।"

অকিঞ্চনতা—স্ত্রীং } (পূর্ব্বে দেখ+তা,
অকিঞ্চনত্ব—ক্লীং } ত্ব—ভাবে) সং. কিছুমাত্র সঙ্গতি না থাকা, নিঃস্বতা, দীনতা, দরিদ্রতা, নির্দ্ধনতা।

অকিঞ্চিৎ (অ—কিঞ্চিৎ কিছু) বিং, ত্রিং, যাহাতে কিছু নাই, অতি সামান্য; যথা— অকিঞ্চিৎ ঘটনা।

অকিঞ্চিৎকর (অ—কিঞ্চিৎ—কর যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যাহা কিছুই করে না, যাহাতে কিছুই হয় না। ২। তুচ্ছ, সামান্য; যথা—"ক্ষত্রিয়েরা প্রাণ পরিত্যাগ অতি অকিঞ্চিৎকর জ্ঞান করে।"

অকীর্ত্তি (অ—কীর্ত্তি যশঃ) সং, স্ত্রীং, অযশঃ, অখ্যাতি, নিন্দা, দুর্নাম; যথা—"তোমার অকীর্ত্তি কীর্ত্তন করিবে।"

অকীর্ত্তিকর(অ—কীর্ত্তি যশঃ—কর যে করে) বিং, ত্রিং, অযশস্কর, যাহাতে অকীর্ত্তি হয়, নিন্দাকর, অখ্যাতিকর।

অকুণ্ঠ (অ—কুণ্ঠ্ আলস্য করা+অ—ক) বিং, ত্রিং, অসঙ্কুচিত, যাহা নমিত হয়না; যথা—"জ্বলিতানল অকুণ্ঠধার পরশু প্রাপ্ত হইয়া।" ২। প্রতিভাযুক্ত। ৩। অক্ষুব্ধ।

অকুণ্ঠিত (অ—কুণ্ঠ্ আলস্য করা+ত—ক) বিং, ত্রিং, অসঙ্কুচিত, প্রশস্ত; যথা—অকুণ্ঠিতভাবে, অকুণ্ঠিত হৃদয়ে। ২। অক্ষুব্ধ। "অকুণ্ঠিতা উন্মোচনে গাত্র অলঙ্কার"।

অকুতোভয় (অ—কুতঃ [কিম্+তঃ= হইতে] কোন স্থান হইতে—ভয় শঙ্কা। যার কোন স্থান হইতে ভয় নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশঙ্ক, নির্ভয়, যে কাহাকেও ভয় করে না, যে কোন কারণে ভয় পায় না।

অকুতোভয়তা (অকুতোভয় দেখ, তা (ত্বাচ্) —ভাবে) সং, স্ত্রীং, নিতান্ত নির্ভয়তা, কাহাকেও ভয় না করা, কোন কারণে ভয় না পাওয়া।

অকুলন, অকুলান (অ—কুল্ রাশিকরা+ অন—ভা) সং, অনাটন, অভাব।

অকুলীন, অকুল(অ—কুলীন) বিং, ত্রিং, কুল-মর্য্যাদাশূন্য, নীচকুলোদ্ভব; "কি করিবে কুলে তার বিদ্যা নাহি যার। বিদ্যাবান্ অকুলীন মান্য দেবতার।"
২। বল্লালসেন কৃত কুলবন্ধন বহির্ভূত।

অকুপ্য (অ—কুপ্য স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর সকল প্রকার ধাতু) সং, ক্লীং, স্বর্ণ, রৌপ্য।

অকূপার (অ—কু পৃথিবী—পার তীর। যার পারে পৃথিবী নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমুদ্র। শিং—১ "সমুদ্রোঽপ্যকূপার উচ্যতেঽকূপারো ভবতি মহাপারঃ। (অ—কূপ —খ্ব গমনকরা+অ(ষণ্)—ক) কচ্ছপ। কূর্ম্মরাজ। শিং—"কচ্ছপোঽপ্যকূপারউচ্যতেঽকূপারো ন কূপমৃচ্ছতীতি।" সূর্য্য। শিং—"আদিত্যোঽপ্যকূপার উচ্যতেঽকূপার ভবতি দূরপারঃ।" পর্ব্বত।

অকূর্চ্চ (অ—কূর্চ্চ কাপট্য) বিং, ত্রিং, কাপট্যরহিত। সং, পুং, বুদ্ধ।

অকূল (অ—কূল তীর) বিং, ত্রিং, যাহার তীর নাই অর্থাৎ অতি বিস্তৃত, কূলহীন, অপার; যথা—অকূল সাগর। ২। অসীম। "সমান সবার তরে অকূল অপার"। ৩। বিপদ; "ছিল যারা অনুকূল, তারা হল প্রতিকূল, যায় চলে অকূলে ফেলিয়া।" বাসবদত্তা।

অকূলপাতার (অকূল যার কূল নাই—পাতার [পাথস্ শব্দজ] জল) সং, অগাধজল। মহাবিপদ্; যথা—"আকুল পরাণ মোর অকূল-পাথারে।" (বিদ্যাসুন্দর)।

অকৃত (অ—কৃত) বিং, ত্রিং, যাহা কৃত নয়, যাহা করা যায় নাই, অননুষ্ঠিত, অসম্পাদিত; যথা—অকৃতাদর। ২। অসঙ্কল্পিত, অস্থিরীকৃত; যথা—তিনি কর্ত্তব্য বিষয়ে অকৃতনিশ্চয়। ৩। নিরর্থক, বিফল; যথা—অকৃতাত্মা।

অকৃতকর্ম্মা (অকৃতকর্ম্মন্, অকৃত—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অকেজো, অপটু।

অকৃতকার্য্য (অ—কৃতকার্য্য) বিং,ত্রিং, বিফল-মনোরথ।

অকৃতঘ্ন (অ—কৃত উপকার—ঘ্ন যে নাশ করে) বিং, ত্রিং, কৃতজ্ঞ।

অকৃতজ্ঞ (অ—কৃতজ্ঞ যে উপকার স্বীকার করে, ২য়া—ষ) বিং, ত্রিং, কৃতজ্ঞ নয়, যে

ব্যক্তি উপকার স্বীকার না করে, উপকারকের সহিত সদ্ব্যবহার করে না, উপকারকের অনিষ্টচিন্তা করে।

অকৃতজ্ঞতা (অ—কৃতজ্ঞতা) সং, স্ত্রীং, অকৃতজ্ঞের ব্যবহার, উপকার স্মরণ না করা, উপকারকের সহিত অসদ্ব্যবহার করা, উপকারকের অনিষ্টচিন্তা করা।

অকৃতদার (অ—কৃত— দার ভার্য্যা, ৬ষ্ঠী—হিং) বিং, পুং, যে বিবাহ করে নাই, অনূঢ়, অবিবাহিত, অপরিণীত, অকৃতবিবাহ।

অকৃপ (অ—কৃপা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়।

অকৃতাপরাধ (অকৃত—অপরাধ) বিং, ত্রিং, যে অপরাধ করে নাই, নিরপরাধ, অপরাধশূন্য। ক্রিং—বিং, বিনা অপরাধে, অপরাধ ব্যতিরেকে।

অকৃতার্থ (অ—কৃত—অর্থ প্রয়োজন। ৩য়া—ষ) বিং, ত্রিং, বিফলমনোরথ, অকৃতকার্য্য; যথা—"আপনি কৃতার্থই হউন, আর অকৃতার্থই হউন, আমরা আপনার পূজা করিতে যত্ন করিব।"

অকৃতাহ্নিক (অকৃত—আহ্নিক দিনকৃত্য উপাসনা) বিং, ত্রিং, দৈনিক ক্রিয়ানমুষ্ঠাতা, দৈনিক ক্রিয়া বিহীন।

অকৃতিত্ব (অকৃতিন্ অক্ষম+ত্ব—ভাবে) সং, ক্লীং, অক্ষমতা, অযোগ্যতা, কোন ক্ষমতা না থাকা।

অকৃতী (অকৃতিন্, অ—কৃতিন্) বিং, ত্রিং, কৃতী নয়, অক্ষম, অযোগ্য, ক্ষমতাহীন, যোগ্যতাহীন, কার্য্যে অদক্ষ; যথা-"আমি মা অকৃতী অতি জ্ঞানহীন মূঢ়মতি।"

অকৃত্য (অ—কৃত্য কার্য্য) সং, ক্লীং, নিন্দিত কার্য্য। বিং, ত্রিং, যাহা করা উচিত নয়।

অকৃত্রিম (অ—কৃ করা+ত্রিম (ত্রিমক্)—নিবৃত্তার্থে) বিং, ত্রিং, কৃত্রিম নহে, কাল্পনিক নয়, যথার্থ; যথা--"এ কথা অকৃত্রিম বোধ হইতেছে।" ২। অকপট, ছলশূন্য; যথা—অকৃত্রিম স্নেহ, অকৃত্রিম প্রণয়, অকৃত্রিম ব্যবহার। ৩। খাঁটি, বিশুদ্ধ, অমিশ্রিত, যথা—অকৃত্রিম তৈল, অকৃত্রিম ঘৃত, অকৃত্রিম স্বর্ণ।

অকৃপ (অ—কৃপা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃপাশূন্য, নির্দ্দয়, অকরুণ।

অকৃষ্ট (অ—কৃষ্ কর্ষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অকর্ষিত, যাহাতে চাস দেওয়া যায় নাই; যথা—অকৃষ্টভূমি।

অকৃষ্টপচ্য (অ—কৃষ্ট চসাক্ষেত—পচ্ পাক করা+য (ক্যপ্)—ক, র্ম্ম। ৫মী—ষ) বিং, ত্রিং, অকৃষ্ট অর্থাৎ পতিত ক্ষেত্রে স্বয়ং পক্ব।

অকৃষ্ণ (অ—কৃষ্ণ কাল) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ শূন্য। ২। পীত; যথা—

"কৃষ্ণবর্ণ শব্দের অর্থ দুই ত প্রমাণ।
কৃষ্ণ বিনু তার মুখে নাহি আসে আন।
দেহ কান্ত্যা হয় তেহ অকৃষ্ণ বরণ।
অকৃষ্ণ বরণে কহি পীত বরণ।"
চৈতন্যচরিতামৃত।

অকৃষ্ণকর্ম্মা (অকৃষ্ণকর্ম্মন্, অ—কৃষ্ণ কালবর্ণ—কর্ম্মন্ কার্য্য। যার কৃষ্ণ কর্ম্ম অর্থাৎ পাপকর্ম্ম নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুষ্কর্ম্মরহিত, নিষ্পাপ; যথা—"অকৃষ্ণকর্ম্মা শান্তনুতনয়।"

অকেশরপরাগকোষ (Sessile Anther) সং, পুং—ক্লীং, কেশরবিহীন পরাগ কোষ।

অকৈতব (অ—কৈতব মিথ্যা) বিং, ত্রিং, অকপট, ছলশূন্য অকৃত্রিম, কৈতবহীন।

"অকৈতব কৃষ্ণ প্রেম যেন জাম্বুনদ হেম
সেই প্রেম নৃলোকেনা হয়।
চৈতন্যচরিতামৃত।

অকোট (অ—কুট্ বক্র হওয়া+অ—প্রং। যে বক্রভাবে বাড়ে না) সং, পুং, গুবাক, সুপারিগাছ।

অকৌশল (অ—কুশল+অ(ষ্ণ)—ভা) সং, ক্লীং, অপটুতা। কৌশলাভাব, বিরোধ, মনোভঙ্গ, অস্বরস।

অক্কা (অক দুঃখ—ক শব্দার্থ 'কৈ' ধাতুজ+অ(ড)—ক। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মাতা, জননী।

অক্কা পাওয়া—মরিয়া যাওয়া; যথা—"বাবা অক্কা পেলে" (বুড়ো বকেশ্বর)।

অক্ত (অনূজ্ মাখা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লিপ্ত, মিশ্রিত; যথা—"তৈলাক্ত, রুধিরাক্ত, ঘর্ম্মাক্ত কলেবর।" এই শব্দটি শব্দযোগ

ভিন্ন প্রায় স্বতন্ত্র প্রয়োগ হয় না। (অনু-চ্ অথবা অনৃজ্ গমন করা+ত(ক্ত)—র্ম্ম) গত।

অক্রিয় (অ—ক্রিয়া। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অক্রিয়ান্বিত, কুকর্ম্মবিশিষ্ট। ধর্ম্মকর্ম্ম-রহিত। সং, পুং, সর্ব্বকর্ম্ম শূন্য পরমাত্মা। য়া—স্ত্রীং, ক্রিয়াভাব, অশাস্ত্রীয় ক্রিয়া। অবৈধ ক্রিয়া।

অক্রিয়াচরণ (অক্রিয়—আচরণ) সং, ক্লীং, কুব্যবহার।

অক্রুর (অ—ক্রূর অসরল) বিং, ত্রিং, সরল। "কে বলে অক্রুর তোর অক্রুর হৃদয়।" সং, পুং, যদুবংশীয়; শফল্কের ঔরসে গান্দিনী গর্ভে ইহার জন্ম; ইহাতে ইনি গান্দিনী সুত নামেও খ্যাত; পরন্তু কৃষ্ণের পিতৃব্যবলিয়া লোকে পরিচিত।

অক্রেয় (অ—ক্রী ক্রয়করা+য—র্ম্ম) বিং, ত্রিং, আক্রা, যাহা ক্রয় করিতে পারা যায় না, যাহা রীতিমত মূল্যে না হইয়া অধিক মূল্যে বিক্রীত হয়, মহার্ঘ, দুর্ম্মূল্য।

অক্রোধ (অ—ক্রোধ চিত্তবিকার) সং, পুং, ক্রোধাভাব। ২। আশ্রমিগণের অহিংসা, ক্ষান্তি, সত্য, দান, শৌচ প্রভৃতি দশ ধর্ম্মান্তর্গত ধর্ম্মবিশেষ। শিং—১ "ধৃতিক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয় নিগ্রহঃ। ধীর্ব্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণম্॥" ৩। বিং, ত্রিং, ক্রোধশূন্য, যাহার ক্রোধ শান্তি হইয়াছে। "অক্রোধ পরমানন্দ মোর গৌর হরি।" (চৈতন্যচরিতামৃত)

অক্রোধন (অ—ক্রোধন) বিং, ত্রিং, ক্রুদ্ধ স্বভাব নয়, যে সহসা ক্রুদ্ধ হয় না, অসন্তোষের কারণ ঘটিলেও যার ক্রোধ জন্মে না, যে অনায়াসে ক্রোধ সম্বরণ করিতে পারে, অকোপন, অরোষণ। ২। সং, পুং, কুরুবংশীয় রাজকুমার, ইনি অযুতায়ুসের পুত্র।

অক্লান্ত (অ—ক্লান্ত) বিং, ত্রিং, ক্লান্তিরহিত, অশ্রান্ত, অনবসন্ন, যার ক্লান্তি বোধ হয় না, যে পরিশ্রম করিয়া কাতর হয় না।

অক্লিষ্ট (অ—ক্লিষ্ট ক্লেশ প্রাপ্ত) বিং, ত্রিং, ক্লিষ্ট নয়, শ্রম করিয়া ক্লেশ বোধ করে না; যথা—অক্লিষ্টপরিশ্রম। ২। যাহার হ্রাস বা নিবৃত্তি হয় না; যথা—অক্লিষ্ট যত্ন, অক্লিষ্ট উৎসাহ, অক্লিষ্ট অধ্যবসায়।

অক্লিষ্টকর্ম্মা (অক্লিষ্টকর্ম্মন্, অ—ক্লিষ্ট ক্লেশযুক্ত—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে অক্লেশে কর্ম্ম সমাধা করে;—যথা "তুমি সেই মহাবল পরাক্রান্ত অক্লিষ্টকর্ম্মা কৃষ্ণকে অবগত হইতে সমর্থ হও নাই।"

অক্লিষ্টকান্তি (অ—ক্লিষ্ট ক্লেশপ্রাপ্ত, বিবর্ণ—কান্তি) বিং, ত্রিং, যাহার কান্তি বিবর্ণ হয় না।

অক্লীব (অ—ক্লীব) বিং, ত্রিং, অবন্ধ্য, সফল। বীর। ধৈর্য্যশালী।

অক্লেদ্য (অ—ক্লিদ্ ক্লিন্নহওয়া+য-র্ম্ম) বিং, ত্রিং, অপচ্য; যথা—'ইনি (জীবাত্মা) শস্ত্রে ছেদিত, অগ্নিতে দগ্ধ, জলে ক্লেদিত বা বায়ুতে শোষিত হন না; অতএব অচ্ছেদ্য অদাহ্য, অক্লেদ্য, ও অশোষ্য।'


অক্লেশ (অ—ক্লেশ) ক্রিং—বিং, ক্লেশ ব্যতিরেকে, বিনা ক্লেশে, সহজে, অনায়াসে। সং, পুং, ক্লেশাভাব।

অক্ষ (অক্ষ ব্যাপা+অ[অন]—ক) সং, পুং, পাশক, পাষ্টি; ইহা অঙ্গুলির ন্যায় দীর্ঘ এবং চৌপলা, অস্থি বা হস্তিদন্তে সচরাচর নির্ম্মিত হইয়া থাকে। ২। বৈদ্যশাস্ত্রে—এককর্ষ পরিমাণ অর্থাৎ একভরি বা ষোল মাষার ভার। ৩। ভূগোলে—গোলকপৃষ্ঠে বিষুব রেখার উভয় পার্শ্বের যে কোন স্থানের দূরত্ব। ৪। খগোলে—রবিমার্গ হইতে কোন নক্ষত্র বা গ্রহের দূরত্ব পরিমাণ। ৫। গ্রহগণের পরিভ্রমণের পথ, রাশিচক্রের অবয়ব। ৬। ব্যবহারশাস্ত্র, বিবাদবিচ্ছাতত্ত্ব। আত্মা। জ্ঞাতার্থ। শকট। রথ। রথাদির অবয়ববিশেষ। চক্র। চক্রের মধ্য-মণ্ডল। সর্প। গরুড়। বিভীতক বৃক্ষ, বহেড়া গাছ। রুদ্রাক্ষ বৃক্ষ। রাবণের পুত্র। জন্মান্ধ। কুস্তি। লবণবিশেষ। ক্লীং, ইন্দ্রিয়; যথা—অধোক্ষজ। রুদ্রাক্ষবীজ; যথা—অক্ষমালা। তুঁতে। রসাঞ্জন। শূন্য।

অক্ষকূট (অক্ষ চক্ষু—কূট তারা) সং, পুং, নেত্রের তারা।

অক্ষক্রীড়া (অক্ষ পাশক—ক্রীড়া খেলা। ৩য়া—ষ) সং, স্ত্রীং, দ্যূতক্রীড়া, পাশা-খেলা।

অক্ষচক্র (Wheel and Axle, অক্ষ—চক্র। দ্বং—স) সং, ক্লীং, স হ জে গুরু ভার উত্তোলন করিবার যন্ত্রবিশেষ।



অক্ষচক্র যন্ত্র।

এই যন্ত্রদ্বারা অল্পায়াসে অধিক বল প্রযুক্ত হয়। এই যন্ত্রে একটী দণ্ড সংযুক্ত চক্রের সাহায্যে (অর্থাৎ সেই চক্রের পরিধিতে বলপ্রয়োগ দ্বারা) ঐ দণ্ডে বেষ্টিত রজ্জুসংলগ্ন ভার উত্তোলিত করা যায়। এই দণ্ডকে অক্ষ বলে। কূপ হইতে জল তুলিতে ও জাহাজের নঙ্গর উঠাইবার জন্য অক্ষচক্র প্রায় ব্যবহৃত হয়।

অক্ষজ (অক্ষ ইন্দ্রিয়—জ জন্মান। যে অস্থি হইতে জন্মে। ৫মী—ষ) সং, পুং, বজ্র। (দধীচি মুনির অস্থি দ্বারা বজ্র নির্ম্মিত এই জন্য ইহাকে অক্ষজ বা অস্থিজ বলা যায়)

অক্ষত (অ—ক্ষত [ক্ষণ্ হিংসাকরা+ত(ক্ত)—র্ম্ম] হিংসিত) বিং, ত্রিং, ক্ষত নয়, আঘাতশূন্য, অহিংসিত;—"মহারাজের শরীর অক্ষত দৃষ্ট হইতেছে।" ২। অবিদারিত; যথা—"অক্ষতযোনি।" ৩। অখণ্ডিত (অবিসম্বাদী, অবিরোধী) "যে সকল সত্য অক্ষত হইয়া রহিয়াছে।" ৪। দাগ বা আঁচড়শূন্য, অর্থাৎ নিখুঁত; যথা—'অক্ষত বস্ত্র, অক্ষত বিল্বপত্র। ৫। সং, পুং—ক্লীং, বহুং, আতপতণ্ডুল। শিং—১'অক্ষতেনার্চ্চয়েৎ বিষ্ণুং।' ৬। যব ৭। লাজা, খই ৮। ক্লীং, সমস্ত শস্য। তা—স্ত্রীং, পুরুষসংসর্গ বিরহিতা স্ত্রী। ২। কর্কটশৃঙ্গী বৃক্ষ।

অক্ষতযোনি (অক্ষত—যোনি) সং, স্ত্রীং, যে বিবাহিতা স্ত্রীর পুরুষসঙ্গ হয় নাই, কুমারী।

অক্ষদণ্ড, মেরুদণ্ড (Axis) পৃথিবীর মধ্যদেশভেদী ও উভয়কেন্দ্র সংস্পর্শী কাল্পনিক সরলরেখা। ঐ কল্পিত ব্যাসোপরি পৃথিবীর পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে প্রতিদিন আবৃত্তি হয়।

অক্ষদর্শক } (অক্ষ ব্যবহার [ঋণদানাদি
অক্ষদৃক্ } বিবাদ]—দৃশ্, দর্শক যে দেখে, যিনি অক্ষ ... দেখেন, ২য়া—ষ) সং, পুং, বিচারক ... অক্ষদ্রষ্টা, ব্যবহারদ্রষ্টা।

অক্ষদেবন (অক্ষ—দেবন ক্রীড়া) সং, ক্লীং, পাশক্রীড়া, পাশাখেলা।

অক্ষদেবী } (অক্ষদেবিন্, অক্ষ পাশক—
অক্ষদ্যূ } দেবিন্ [দিব্ ক্রীড়াকরা+ইন (ণিন্)—ক] ক্রীড়ক। অক্ষ—দিব্+০ (ক্বিপ্)—ক। যে অক্ষ দ্বারা ক্রীড়া করে, ৩য়া—ষ) সং, পুং, পাশাখেলক, দ্যূতকারী, পাশক্রীড়ক; যথা—"মহারাজ ধৃতরাষ্ট্র দুরোদর বিধান করিয়াছেন তুমি সেই অক্ষদেবীকে দেখিবে।"

অক্ষধর (অক্ষ চক্র, রথাবয়ব বা তাহার কীলকরূপ কণ্টক—ধর যে ধরে। ২য়া—ষ) সং, পুং বিষ্ণু। চক্র। শেওড়া গাছ। বিং, ত্রিং, পাশা কিম্বা চক্রধারক মাত্র।

অক্ষধুর্ (অক্ষ চক্র—ধুর্ অগ্র, ৬ষ্ঠী—ষ) রা—স্ত্রীং, সং, চক্রাগ্র।

অক্ষধূর্ত্ত (অক্ষ পাশক—ধূর্ত্ত, ৭মী—ষ) সং, পুং, দ্যূতক্রীড়াকারক, পাশক্রীড়ক, জুয়ারি।

অক্ষধূর্ত্তিল (অক্ষ শকট—ধূর্ত্তি ভার—ল [লা গ্রহণ করা+অ—ক] যে লয়। ৬ষ্ঠী—ষ এবং ২য়া—হিং) সং, পুং, শকট-বাহক। বৃষ।

অক্ষপাদ (অক্ষ জ্ঞান—পাদ গমন। যাঁহার জ্ঞানেতে গমন, ৬ষ্ঠী হিং, কিম্বা বিদ্বন্মোদতরঙ্গিনীতে—পাদ জ্ঞাত। যিনি অক্ষদ্বারা জ্ঞাত অর্থাৎ বিখ্যাত, ৩য়া—ষ। পুরাণে কথিত আছে ব্যাসদেব গৌতমমুনিকৃত ন্যায়-শাস্ত্রের দোষ প্রকাশ করিলে মুনিবর ক্রুদ্ধ হইয়া চক্ষু দ্বারা ব্যাসের মুখ দর্শন করিব না বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন; ব্যাসদেব ভীত হইয়া তাহাকে প্রসন্ন করিলে মুনিসত্তম নিজ চরণে চক্ষুর সৃষ্টি

করিয়া ব্যাসের মুখ দর্শন করিয়াছিলেন তজ্জন্য গৌতমমুনি অক্ষপাদনামে খ্যাত ) সং, পুং, গৌতমমুনি, ন্যায়শাস্ত্রপ্রণেতা। চক্রাঙ্গ ।

অক্ষম ( অ — ক্ষম সমর্থ ) বিং, ত্রিং, যার কোন ক্ষমতা নাই, অকৃতী, অযোগ্য, যোগ্যতাহীন ; যথা—সে নিতান্ত অক্ষম । ২ । দুর্ব্বল, অপটু ; যথা—রোগে অক্ষম হইয়া পড়িয়াছি । ৩ । অপারক, অসমর্থ ; যথা—আমি এ বিষয়ে উত্তর দিতে অক্ষম । (অ — ক্ষমা) ক্ষমাহীন । মা — স্ত্রীং, ঈর্ষা । ক্রোধ । অসহিষ্ণুতা । অশক্তি ।

অক্ষমালা (অক্ষ রুদ্রাক্ষ — মালা, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, রুদ্রাক্ষমালা। জপমালা। বশিষ্ঠপত্নী, অরুন্ধতী ; (গগনমণ্ডলের উত্তরদিকে সপ্তর্ষিমণ্ডল মালাকারে বশিষ্ঠ সমীপস্থা অরুন্ধতীকে বেষ্টন করিয়া অবস্থিতি করে।)

অক্ষয় (অ — ক্ষয় বিনাশ । যাহার ক্ষয় নাই, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, ক্ষয়রহিত, অবিনাশী, অনশ্বর,অবিনশ্বর, চিরস্থায়ী । সর্ব্বদা বর্ত্তমান ; যথা—অক্ষয়কীর্ত্তি । “অক্ষয় পরমাত্মা ।” শিং—১ “গয়ায়ামক্ষয়বটে পিতৃণাং দত্তমক্ষয়ং ।” ২ । যাহা নিঃশেষিত হয় না অর্থাৎ ফুরায় না ; যথা--‘অক্ষয়ধন ।” ৩। সং, পুং, পরমাত্মা । ৪ । নিরবচ্ছিন্ন; যথা অক্ষয় স্বর্গবাস। অক্ষয়তূণ— এখানে যে তূণের নাশ নাই বা যে তূণ ফুরায়না এরূপ অর্থ না বুঝাইয়া যে তূণস্থ বাণ ফুরায়না এইরূপ অর্থ হইবে ।

অক্ষয়তৃতীয়া (যে তৃতীয়া তিথিতে কর্ম্মফলের ক্ষয় হয় না) সং, স্ত্রীং, চান্দ্রবৈশাখের শুক্লতৃতীয়া। এই শুক্লা তৃতীয়াতে সত্যযুগের আরম্ভ ও যবের উৎপত্তি হয় ।

অক্ষয়বট—প্রয়াগ, ভুবনেশ্বর প্রভৃতি তীর্থস্থানে এক একটী বটবৃক্ষ রোপিত আছে । প্রবাদ এই যে, ঐ সকল বৃক্ষে জলসেক এবং পূজা করিলে অক্ষয় ফল লাভ হয় । জগন্নাথ পুরীতেও অক্ষয়বটের বিবরণ পাওয়া যয়ে । “সুধন্য অক্ষয়বট, সুধন্য সিন্ধুর তট, ধন্য নীলাচল তপোবন ।” কবিবর মাইকেল মধুসূদন বৈতরণী তটে অক্ষয়বটের ও নির্দ্দেশ করিয়াছেন ; যথা — “অক্ষয় নামেতে বট বৈতরণী তটে ।”

অক্ষয়া (অক্ষয়+অ — অস্ত্যর্থে। যাহাতে অক্ষয় পুণ্য বর্ত্তমান আছে আ — স্ত্রীং) সং, স্ত্রীং, বার তিথি ঘটিত যোগ বিশেষ। (সোমবারে অমাবস্যা রবিবারে সপ্তমী মঙ্গলে চতুর্থী ও বৃহস্পতিতে অষ্টমী হইলে তাহার নাম ‘অক্ষয়া’ ; ইহাতে কর্ম্মফলের ক্ষয় হয় না ।

অক্ষয্য (অক্ষয়+য [ষ্য] — ভাবে) সং, ক্লীং, অক্ষয়ত্ব । (অ — ক্ষি ক্ষয়পাওয়া+য — র্ম্ম) ঘৃতমধুযুক্ত জল। বিং,ত্রিং,ক্ষয়ের অযোগ্য ।

অক্ষর (অ — ক্ষর [ক্ষর্ ক্ষরিত হওয়া+ অ(অন্) — ক] ক্ষরণ । যাঁর ক্ষরণ নাই,৬ষ্ঠী — হিং) সং, ক্লীং, ব্রহ্ম, পরমেশ্বর, পরমাত্মা।২।জীবাত্মা । (তত্ত্বজ্ঞান বলে যখন জীবাত্মা প্রকৃতিকে ক্ষর ও মহদাদি গুণবিশিষ্ট এবং আপনারে নির্গুণ প্রকৃতি হইতে সম্যক্‌রূপে পৃথক ও পরমাত্মার সহিত অভিন্ন বলিয়া অবগত হয়েন অর্থাৎ যখন প্রাকৃত গুণ সকলকে নিন্দা করিয়া পরব্রহ্মের অনুসরণ পূর্ব্বক পরমাত্মাতে মিলিত হয়েন তখনই তাঁহাকে অক্ষর বলিয়া নির্দেশ করা যায় ।) (কালীপ্রসন্ন মহাভারত) ৩ । শিব । ৪ । বিষ্ণু । ৫ । গগন(ইহা অবিনশ্বর চিরকালই একভাবে স্থিত)। ৬। ধর্ম্ম । ৭ । তপস্যা।৮ । অপামার্গ, আপাংগাছ । ৯ । মোক্ষ । ১০ । উদক, জল । ১১। (অশ্ ব্যাপা+সর — ক। যে বেদাদি শাস্ত্রব্যাপে) শব্দের এক একটী ক্ষুদ্রতম অংশ, অকারাদিবর্ণ । ১২ । সং, স্ত্রীং, সাংখ্যমতে — প্রকৃতি ; যথা—“সৃষ্টি ও প্রলয় কার্য্য সম্পাদন নিবন্ধন প্রকৃতিরে অক্ষরবলিয়া নির্দ্দেশ করা যায়”। ১৩। বিং, ত্রিং, ক্ষরণশূন্য, ক্রিয়াশূন্য ; যথা— “তুমি সত্যস্বরূপ অদ্বিতীয় অক্ষরব্রহ্ম ।” ১৪ । নিত্য, স্থির ; যথা —‘বেদান্ত যাঁহারে কয় ব্যাপ্ত চরাচর । যাহাতে ঈশ্বর শব্দ যথার্থ অক্ষর ॥” (বিক্রমোর্ব্বশী)

অক্ষরচনণ } (অক্ষর+চন,চুঞ্চু — খ্যাতার্থে । যে অক্ষর অর্থাৎ বর্ণ-
অক্ষরচুঞ্চু }

বিন্যাসদ্বারা খ্যাত) বিং, ত্রিং, লিপি কর্ম্মে নিপুণ, সুলেখক।

অক্ষরজননী (অক্ষর—জননী। অক্ষরের জননী অর্থাৎ যাহা হইতে অক্ষর উৎপন্ন হয়। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লেখনী, কলম।

অক্ষরজীবী } অক্ষরজীবক } (অক্ষর—জীবক, জীবী যে প্রাণধারণ করে, অক্ষর অর্থাৎ লিপিদ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া—ষ) সং, পুং, লেখক।

অক্ষরজীবিকা (অক্ষর—জীবিকা জীবনোপায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, লিপিকর, মসিজীবী।

অক্ষরতূলিকা (অক্ষর—তূলিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লেখনী, কলম।

অক্ষরন্যাস } অক্ষরবিন্যাস } (অক্ষর—ন্যাস ও বিন্যাস) সং, পুং, লিপি, পত্রিকা। ২। (অক্ষর—ন্যাস, বিন্যাস [নি ও বি, নি—অস্ ক্ষেপণকরা+অ—ভা] ক্ষেপণ অর্থাৎ সংস্থাপন। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরিপাটীরূপে শ্রেণীবদ্ধ করিয়া অক্ষর লিখন, অক্ষর সংস্থাপন; যথা—"এ ভুজঙ্গ নির্ম্মোক নহে ভূর্জ্জপত্রগত অক্ষরবিন্যাস।" (বিক্রমোর্ব্বশী)। ৩। অক্ষরবিন্যাস প্রণালী; শিং—১ "সমানি সমশীর্ষাণি ঘনানি বিরলানি চ।"

অক্ষরমুখ (অক্ষর—মুখ, ৬ষ্ঠী—হিং। যাহার মুখে অক্ষর অর্থাৎ অক্ষরাত্মক শাস্ত্র বা অক্ষর সকল বিদ্যমান আছে) বিং, ত্রিং, অক্ষরজ্ঞ, শাস্ত্রাভিজ্ঞ। ২। সং,পুং, শিষ্য, ছাত্র। ৩। (অক্ষর—মুখ আদি, প্রথম। ষষ্ঠী—ষ। সং, ক্লীং,সর্ব্ব বর্ণের আদিবর্ণ "অ।"

অক্ষরসংস্থান (অক্ষর—সংস্থান আকৃতি আরোপণ, ৬ষ্ঠী—য +৭মী—হিং, যাহাতে অক্ষরের সংস্থান অর্থাৎ স্থিতি আছে বা অক্ষরের সংস্থান)সং, ক্লীং, লিখন, লিপি। "শিং—লিখিতাক্ষর সংস্থানং"

অক্ষরুচক; সং, ক্লীং, সৌবর্চ্চল লবণ।

অক্ষ-রেখা (Linos of Latitnde) নিরক্ষরেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর দক্ষিণ উভয়দিকেই যে সকল মণ্ডলাকার রেখা গোলকের পূর্ব্বপশ্চিমে ব্যাপিয়া আছে।

অক্ষবতী (অক্ষ পাশক+বৎ [বতু]—অস্ত্যর্থে, ঈ [ঈপ্]—স্ত্রীলিঙ্গে।) সং, স্ত্রীং, পাশাখেলা।

অক্ষবাট (অক্ষ যুদ্ধ—বাট স্থান। ৬ষ্ঠী—ষ) সং, পুং, মল্লভূমি, কুস্তির আখড়া। ২। (অক্ষ পাশক্রীড়া—বাট বাসস্থান। ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্যূতস্থান। পাশাখেলার ছক।

অক্ষবৃত্ত, অক্ষসমান্তরাল (Parallols of Latitude) নিরক্ষবৃত্তের সমান্তরাল এবং নিরক্ষবৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র বৃত্ত কল্পিত হয়।

অক্ষসূত্র (অক্ষ—সূত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জপমালা।

"একাসনে অনশনে অন্নদার ধ্যান মনে অক্ষসূত্র কমণ্ডলুধারী।" (অন্নদামঙ্গল)

২। (অক্ষ জপমালা—সূত্র+৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে সূত্রে জপ-মালা গ্রথিত হয়।

অক্ষাংশ (Degree, অক্ষ—অংশ) ভূগোলবেত্তারা বিষুবরেখার উত্তর দক্ষিণ অথবা পূর্ব্বপশ্চিম ভূ ... ৩৬০ ভাগে বিভক্ত করেন। ইহার এক এক ভাগ এক এক অক্ষাংশ।

অক্ষাগ্রকীলক (অক্ষ চক্র—অগ্রকীলক অগ্রকার খিল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চাকার খিল।

অক্ষান্তি (অ—ক্ষান্তি ক্ষমা) সং,স্ত্রীং, ঈর্ষা। অক্ষমা, অসহিষ্ণুতা। শিং—১ "অক্ষান্তি সারসর্ব্বস্বং দুর্ব্বাসসমবেহি মাম্।"

অক্ষারলবণ (অ—ক্ষার—লবণ) সং, ক্লীং, সৈন্ধবাদি লবণ। গব্য ঘৃত ও দুগ্ধ আতপতণ্ডুল মুগ তিল যব ইত্যাদি অশৌচকালীন হবিষ্য দ্রব্য। শিং—১ "গোক্ষীরং গোঘৃতঞ্চৈব ধান্যমুদ্গাস্তিলা যবাঃ। সামুদ্রং সৈন্ধবঞ্চৈব সক্ষারলবণং স্মৃতং॥"

অক্ষি (অক্ষ্ ব্যাপা+ই—ক। যে রূপকে ব্যাপে) সং, ক্লীং, চক্ষুঃ।

অক্ষিক, অক্ষীক (অক্ষ্ ব্যাপা+ইক, ঈক—ক) সং, পুং, রঞ্জনবৃক্ষ, আচফুলেরগাছ।

অক্ষিকূটক (অক্ষি—কূটক গোলক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চক্ষুর্গোলক, চক্ষুর তারা।

অক্ষিগত (অক্ষি—গত শূকাদির ন্যায় যে ব্যথাদায়ক, য়ং—স) বিং, ত্রিং, দ্বেষ্য, বৈরাস্পদ, রিপু। ঘৃণাস্পদ। নয়নগোচর।

অক্ষিব, অক্ষীব (অ—ক্ষীব্ কফাদিফেলা, দর্পকরা+অ—ণ। রুক্ষবীর্য্যত্ব হেতু তৎ সেবনে কফাদি ফেলা যায় না যাহার দ্বারা) সং, পুং, শোভাঞ্জন বৃক্ষ। সং, ক্লীং, সামুদ্রলবণ। (অ—ক্ষীব উন্মত্ত) বিং, ত্রিং, অনুন্মত্ত।

অক্ষিবিকূণিত (অক্ষি চক্ষুঃ—বিকূণিত [বি—কূণ্ সঙ্কোচকরা+ত—র্ম্ম] সঙ্কোচিত) সং, ক্লীং, কটাক্ষপাত, অপাঙ্গদর্শন।

অক্ষীণ (অ—ক্ষীণ দুর্ব্বল) বিং, ত্রিং, অকৃশ; যথা—"যাহাদের যোদ্ধাগণের বাক্য প্রকৃষ্ট ও বলবীর্য্য অক্ষীণ আছে।

অক্ষীণবৃত্ত (অক্ষীণ দৃঢ়—বৃত্তি নিষ্ঠা। ৬ষ্ঠী—হিং বা ৭মী—ষ) বিং, ত্রিং, বেদ বোধিত আচার নিষ্ঠ; যথা—"অক্ষীণবৃত্ত হইলে ব্রাহ্মণ কদাচ হীন হন না।"

অক্ষুণ্ণ (অ—ক্ষুণ্ণ) বিং, ত্রিং, ক্ষুণ্ণ নয়, যাহাকে ক্ষুণ্ণ হইতে হয় নাই, যাহাকে কোন বিষয়ে নিরাশ হইয়া দুঃখ পাইতে হয় নাই। ২। অপরিশীলিত, অচ্ছিন্ন, পূর্ণ। যথা—"অক্ষুণ্ণ ভূভাগ অর্থাৎ যে ভূভাগে কেহ কখন যায় নাই।" "জ্ঞান-মহার্ণব পুরোভাগে অক্ষুণ্ণ রহিয়াছে।" ৩। অনবগাঢ়, অনালোড়িত; যথা—অক্ষুণ্ণ হ্রদ অর্থাৎ যে হ্রদে কেহ কখন অবগাহনাদি করে নাই। ৪। স্বস্থ, সুস্থ; যথা 'যদি ঈশ্বর প্রসাদে আমাদের শরীর অক্ষুণ্ণ থাকে।' ৫। অক্ষুব্ধ; যথা—অক্ষুণ্ণমনা। ৬। অবিকৃত; যথা—"চরমে শোকস্থায়ী করুণরস অক্ষুণ্ণ আছে বলিয়া" (কাব্যনির্ণয়)

অক্ষুব্ধ (অ—ক্ষুব্ধ ক্ষোভপ্রাপ্ত) বিং, ত্রিং, ক্ষুব্ধ নয়, ভয়ের কারণ বা বিপদ ঘটিলে যে ব্যাকুল হয় না, ক্ষোভশূন্য, অব্যাকুল, অনাকুল, অনাকুলিত; যথা—অক্ষুব্ধহৃদয়।

অক্ষেত্র (অ—ক্ষেত্র স্থান) সং, ক্লীং, যে ক্ষেত্রে শস্যোৎপত্তি হয় না, মরুভূমি। ২। অপাত্র, অযোগ্যপাত্র।

অক্ষেম (অ—ক্ষেম মঙ্গল) সং, ক্লীং, অমঙ্গল। শিষ্টপ্রয়োগ — ১, "অক্ষেমং কিমু সাম্প্রতম্।'

অক্ষোট, অক্ষোড় (অক্ষ ব্যাপা+ওট, ওড়—ক) সং, পুং, আখ্‌রোট গাছ। অক্ষোট বৃক্ষ ও ফল উভয়েরই নাম অক্ষোট, ইহার যাবনিক আখ্‌রোট নামই প্রসিদ্ধ। আখ্‌রোট প্রথমাবস্থায় অপক্ব মাকাল ফলের ন্যায় দেখায়, ইহার দুইটী আবরণ থাকে। ফল পক্ব হইলে প্রথম আবরণটী আপনা হইতে খসিয়া বা পচিয়া যায়। বাদামের আবরণের ন্যায় কঠিন দ্বিতীয় আবরণটী ভাঙ্গিয়া তন্মধ্যস্থ শস্য বাহির করিয়া লইতে হয়। আখরোট গাছ বয়ড়া গাছের ন্যায় বৃহৎ এবং ইহার পত্র পার্শ্ব হইতে বৃহতী বা স্থলপদ্ম-পত্র পার্শ্বের ন্যায় খণ্ডিত। আখ্‌রোট কাবুল, পারস্য ও ইউনাইটেডষ্টেট প্রভৃতি প্রদেশে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। ইউনাইটেডষ্টেটের আখ্‌রোট কৃষ্ণবর্ণ।

অক্ষোভ (অ—ক্ষোভ কাতরতা, চঞ্চলতা। যাহার ক্ষোভ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষোভরহিত। ২। যে অপ্রস্তুত হয় না। ক্রিং—বিং, ক্ষোভব্যতিরেকে। ৩। সং, পুং, হস্তিবন্ধন স্তম্ভ, আলান। ৪। ক্ষোভাভাব; ভগ্নোৎসাহশূন্যতা; যথা—'বিফল মনোরথ হেতু আক্ষেপ, চঞ্চলতা বা কাতরতা শূন্য তরুণগণ সুখসৌভাগ্যের অদ্বিতীয় হেতু সাহস ও অক্ষোভ গুণে একান্ত বঞ্চিত থাকেন।' (রচনাবলী) ৫। ক্লেশশূন্যতা; যথা—সেই জীবিতকালের ক্ষুদ্র ক্ষুদ্র অংশ গুলি অম্লান বদনে ও অক্ষোভে অপব্যয়িত করেন।" (রচনাবলী)

অক্ষোভ্য (অ—ক্ষুভ্ চঞ্চল হওয়া, কাতর হওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, অধৃষ্য। অবিচলনীয়। "নমুচিরাজ শ্রীবিহীন হইয়াও অক্ষোভ্য সাগরের ন্যায় অবিচলিত চিত্তে কাল হরণ করিতে লাগিলেন।"

অক্ষৌহিণী (অক্ষ গজাদি সমূহ—উহিনী [উহ্ তর্ককরা, পাওয়া+ইন্(ণিন্)—ক] যে পায়, ঈ(ঈপ্)—স্ত্রীং, ২য়া—য) সং, স্ত্রীং, ১,০৯,৩৫০ পদাতি ; ৬৫,৬১০ অশ্ব ; ২১,৮৭০ হস্তী এবং ২১,৮৭০ রথ, সমুদায়ে ২,১৮,৭০০ এতাবৎ সৈন্য।

অমরকোষে—

একেভৈকরথা ত্র্যশ্বা পত্তিঃ পঞ্চপদাতিকা।
পত্ত্যঙ্গৈস্ত্রিগুণৈঃ সর্ব্বৈঃ ক্রমাদাখ্যা যথোত্তরং। সেনামুখং গুল্মগণৌ বাহিনী পৃতনা চমূঃ। অনীকিনী দশানীকিন্যক্ষৌহিণ্যথ সম্পদি।

পদাতি—অশ্ব—হস্তি—রথ

৫ + ৩ + ১ + ১ = পত্তি
৩

১৫ + ৯ + ৩ + ৩ = সেনামুখ
৩

৪৫ + ২৭ + ৯ + ৯ = গুল্ম
৩

১৩৫ + ৮১ + ২৭ + ২৭ = গণ
৩

৪০৫ + ২৪৩ + ৮১ + ৮১ = বাহিনী
৩

১২১৫ + ৭২৯ + ২৪৩ + ২৪৩ = পৃতনা
৩

৩৬৪৫ + ২১৮৭ + ৭২৯ + ৭২৯ = চমূ
৩

১০৯৩৫ + ৬৫৬১ + ২১৮৭ + ২১৮৭ =
১০ অনীকিনী

১০৯৩৫০ + ৬৫৬১০ + ২১৮৭০ + ২১৮৭০
= অক্ষৌহিণী

অখট্টি (অ—খট আকাঙ্ক্ষা করা+টি—ভাবে) সং, পুং, অশিষ্ট ব্যবহার, আখটি, আবদার।

অখণ্ড (অ—খণ্ড অংশ,ভাগ। যাহার অংশ নাই। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, খণ্ডহীন, খণ্ড করা নয়, পূর্ণ, সমগ্র ; যথা—"অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।" ২। অক্ষত, নিখুঁত ; যথা—অখণ্ড বিল্বপত্র। ৩। অবিভক্ত ; যথা—অখণ্ড প্রতাপ।

অখণ্ডদণ্ড—একাধিপত্য ; যথা—
"ছিল যবে পরা কিরীট কুণ্ডল,
ছিল যবে দণ্ড অখণ্ড প্রবল॥"

অখণ্ডদ্বাদশী—চান্দ্র অগ্রহায়ণের শুক্লা-দ্বাদশী। এই দ্বাদশীতে কর্ম্মফলের খণ্ডন হয় না।

অখণ্ডন (অ—খণ্ডন নিরাকার বলিয়া) সং, পুং, পরমাত্মা। বিং, ত্রিং, অখণ্ড।

অখণ্ডনীয় (অ—খণ্ডনীয়) বিং, ত্রিং, যাহা খণ্ডন করিতে পারা যায় না, যাহা অন্যথা করিতে পারা যায় না, যাহা পরিবর্ত্ত বা বা উল্লঙ্ঘন করিতে পারা যায় না,অকাট্য ; যথা—"অখণ্ডনীয় প্রমাণ।

অখণ্ডিত (অ—খণ্ডিত) বিং, ত্রিং, খণ্ডিত নয়, অবিভক্ত, জোড়া,লিপ্ত; যথা—"কোন কোন পশুর খুর অখণ্ডিত"। ২ যাহা খণ্ডন হয় নাই ; যথা অখণ্ডিত সত্য।

অখণ্ডিতপত্র সং, ক্লীং, যে পত্রের পার্শ্বদেশ বিভক্ত নহে ; যেমন আম, কাঁঠাল ইত্যাদির পত্র।"

অখণ্ডিতবাহু—যে [illegible] বাহু বিভক্ত হয় নাই।

অখাত (অ—[illegible] খোড়া+ত—র্ম্ম। যাহা খনিত নয়) সং, পুং—ক্লীং, দেবখাত, স্বাভাবিক খাত। ২। ভূগোলে উপসাগর, সমুদ্রাংশ ; যথা—ওবি অখাত।

অখাদ্য (অ অপ্রশস্ত—খাদ্য ভোজনীয়) বিং, ত্রিং, খাইবার অনুপযুক্ত। যথা—"অঘোরপন্থীদিগের অখাদ্য কিছুই নাই। ২। অস্বাস্থ্যকর খাদ্য ; যথা—খেঁশারির দাল অখাদ্য বলিয়া পরিত্যাগ করা উচিত। ৩। ধর্ম্মবিরুদ্ধ খাদ্য, ধর্ম্ম সম্বন্ধে যাহা খাওয়া উচিত নয় ; যথা—গোমাংসাদি হিন্দুদিগের অখাদ্য।

অখিন্ন (অ—খিদ্ খেদকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, খেদশূন্য, দুঃখবিহীন। অশ্রান্ত।

অখিল (অ—খিল শূন্য, পৃথক্কৃত। যাহাতে শূন্য নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, সকল, সমস্ত, সমুদায় ; যথা—"অখিলভুবন"।

অখ্যাত (অ—খ্যাত প্রসিদ্ধ) বিং, ত্রিং, অপ্রসিদ্ধ, অপ্রতিষ্ঠিত।

অখ্যাতি (অ কুৎসিৎ—খ্যাতি [খ্যা বলা +তি—ভা] কথন) সং, স্ত্রীং, অযশঃ, নিন্দা, অপবাদ।

অগ (অ—গ [গম্ গমনকরা+অ (ড)—ক] যে গমন করে। যে গমন করে না) সং,পুং, পর্ব্বত। বৃক্ষ। সূর্য্য। জ্যোতিঃশাস্ত্রে—সূর্য্য বক্রগতি দ্বারা গমন করে না বলিয়া অগ। আর্য্যভট্ট ও পিথাগোরস প্রভৃতি পণ্ডিতগণের মতে সূর্য্য গতি বিহীন বলিয়া অগ। সর্প।

অগঙ্গ (অ—গঙ্গা, ৭মী—হিং) বিং, ত্রিং, গঙ্গাহীন দেশ; যে ভূমি গঙ্গা হইতে চারিক্রোশের অধিক দূরে অবস্থিত।

অগজ (অগ পর্ব্বত, বৃক্ষ ইত্যাদি+জন্ জন্মান+অ(ড)—ক) বিং, ত্রিং, পর্ব্বত-জাত। বৃক্ষজাত। (অ—গজ) গজশূন্য।

অগণন (অ—গণ্ সংখ্যা করা+অন (অনট্)—ভা) বিং, ত্রিং, যাহার গণনা হয় না, গণিয়া উঠিয়া যায় না, অগণ্য, অগণনীয়, অসংখ্য, অসংখ্যেয়।

অগণনীয় (অ—গণ্ সংখ্যা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অসংখ্য। অগ্রাহ্য, যে ব্যক্তি গণনীয় নহে।

অগণিত (অ—গণ্ সংখ্যা করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, অসংখ্য; যথা—

"প্রতি শৃঙ্গ পঙ্ক, মৃগ লক্ষ লক্ষ
পশুগণ অগণিত।
(কাশীদাস মহাভারত)

২। যাহা সংখ্যা করা যায় নাই, অসংখ্যাত। যাহা গণিতে পারা যায় নাই।

অগণ্য (অ—গণ্ সংখ্যা করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অগ্রাহ্য, যে ব্যক্তি গণনীয় নহে সামান্য; যথা—"অগণ্য কাজে, ছি ছি জঘন্য সাজে, ঘোর অরণ্যমাঝে কেন কাঁদিলাম।" ২। অসংখ্য, যাহা গণনা করিতে পারা যায় না; যথা—"অগণ্যদ্বিষং সহ তিনশগ্রীক।"

অগতি (অ—গতি গমন ইত্যাদি,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গতিহীন,যার গতি নাই, নিতান্ত নিরুপায়। "অগতি জনের গতি ভুবন পাবন।" ২। সং, স্ত্রীং, উপায়াভাব, যে ব্যক্তির উপায় নাই; যথা—"জয় জয় নিত্যানন্দ অগতির বন্ধু।"

অগত্যা (অ—গত্যা [গতি+আ=তে, দ্বারা] গমনদ্বারা) ক্রিং—বিং, অং, গতি না থাকাতে, অন্য গতি নাই বলিয়া, আর কোন পথ বা উপায় নাই এজন্য, অনুপায়ে, সুতরাং, কাজে কাজে।

অগদ (অ—গদ রোগ যাহাহইতে রোগ নাই, ৫মী—হিং) সং,পুং, ঔষধ (যাহার রোগ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুস্থ, নীরোগ। ধন্বন্তরিপ্রণীত অষ্টভাগের মধ্যে ষষ্ঠভাগ (অ—গদা) গদাহীন।

অগদঙ্কার (অগদং অরোগীকে—কার [কৃ+অ (ষণ্)—ক] যে করে। যে রোগীকে অরোগী করে, ২য়া—ষ। অথবা অগদ—কৃ+অ(খণ্)—ক) সং, পুং, বৈদ্য। চিকিৎসক।

অগন্তব্য (অ—গন্তব্য গমনের যোগ্য স্থান) বিং, ত্রিং, অগম্য দেখ।

অগম (অ—গম [গম্ গমন করা+অ—ক] যে গমন করে। যে গমন করে না) সং, পুং, পর্ব্বত। বৃক্ষ। বিং, ত্রিং, গতিহীন।

অগমতা (অগমশব্দজ। মান্য ব্যক্তিকে স্থাবর জ্ঞানে তুচ্ছকরা) সং, স্ত্রীং অপমান, অসম্ভ্রম, অমর্য্যাদা।

অগম্য (অ—গম্ গমন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, গমনের অযোগ্য, যেখানে যাওয়া উচিত নহে। ২। যেখানে যাওয়া যায় না, দুর্গম্য, যেখানে যাওয়া দুর্ঘট; যথা—অগম্য প্রদেশ। ৩। অতি কষ্টে যাহা বুঝিতে পারা যায়, দুর্ব্বোধ; যথা—

"অচিন্ত্য অগম্য কৃষ্ণ অবতারলীলা।
সেই ব্রহ্ম ভাগবতে আপনি বলিলা।"

ম্যা—স্ত্রীং, সে স্ত্রীকে সম্ভোগ করা বিহিত নহে, যে স্ত্রীর সহিত সংসর্গ করিলে মহাপাতক হয়। সাধারণতঃ বিবাহিতা স্ত্রী ভিন্ন অন্য সমস্তই স্ত্রীই অগম্যা। বিপ্রপত্নী, গুরুপত্নী, রাজপত্নী, পুত্রবধূ ও ভগিনী প্রভৃতি অগম্যা।

অগম্যাগমন (অগম্যা—গমন) সং, ক্লীং, অগম্যা স্ত্রীকে সম্ভোগ করা।

অগস্ত্য, অগস্তি (অগ পর্ব্বত—স্তৈ স্তম্ভিত-করা+অ(ড)—ক। অথবা অগ—অগ্ গমন করা ইত্যাদি+তি—ক। যাবৎ আমি দক্ষিণদিক্ হইতে না আসি, তাবৎ তুমি প্রতীক্ষা করিও, এই নিয়ম বদ্ধ করিয়া যিনি সূর্য্যাদির গতি রোধকারী বিন্ধ্য পর্ব্বতকে স্তম্ভিত করিয়া ছিলেন, ২য়া—ষ) সং, পুং, মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশীগর্ভজাত মুনি, কুম্ভ-সম্ভব। বক পুষ্প। অগস্ত্য নক্ষত্র।

অগস্ত্যোদয় (অগস্ত্য—উদয়। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভাদ্রমাসের সপ্তদশ বা অষ্টাদশ দিনে অগস্ত্যমুনির নক্ষত্ররূপে উদয় হয়। অগস্ত্যোদয় হইলে শরৎ ঋতুর চিহ্ন প্রকাশ হইতে আরম্ভ হইয়া থাকে, এবং জল ও মেঘাদি পরিষ্কার হয়। যথা—

"জয়লাভে দেবের প্রসন্ন হউক মন।
অগস্ত্য উদয়ে জল বিমল যেমন।"
(নিবাতকবচবধ)

অগস্ত্যযাত্রা (অগস্ত্য—যাত্রা। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভাদ্রমাসের প্রথম দিন। এই দিনে অগস্ত্যমুনি বিন্ধ্যাচলের নিকট হইতে দক্ষিণাভিমুখে যাত্রা করিয়াছিলেন, তজ্জন্য মাসের প্রথম দিন মাত্রেই অগস্ত্যযাত্রা বলিয়া খ্যাত। এই যাত্রার পর তিনি আর প্রত্যাগত হয়েন নাই বলিয়া এই দিনে যাত্রা নিষেধ।

অগস্ত্যসংহিতা (অগস্ত্য—সংহিতা ধর্ম্ম-শাস্ত্র। অগস্ত্যসংগৃহীত সংহিতা। মধ্যপদ-লোপী) সং, স্ত্রীং, অগস্ত্যসংগৃহীত ধর্ম্ম-শাস্ত্র।

অগা (অজ্ঞ শব্দজ কি ?) নির্ব্বোধ, বোকা; যেমন—অগারাম।

অগাত্মজা (অগ পর্ব্বত—আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী।

অগাধ (অ—গাধ [গাধ প্রতিষ্ঠিত হওয়া+অ (অল্)—ভা] প্রকৃষ্টস্থিতি। যাহার প্রকৃষ্ট স্থিতি নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতলস্পর্শ, যাহার তল স্পর্শ করিতে পারা যায় না; যথা—অগাধ সমুদ্র। ২। গভীর; যথা এই সরোবরে অগাধ জল। ৩। প্রগাঢ়,অসাধারণ; যথা—অগাধ বুদ্ধি বিদুর; অগাধবিদ্যা। ক্লীং, গর্ত্ত।

অগার,আগার (অগ স্তম্ভভূতবৃক্ষ—আর [আ—রা গ্রহণকরা+অ (অন্)—ক] যে গ্রহণ করে। যে স্তম্ভভূত বৃক্ষ [খুঁটি] গ্রহণ করে। ২য়া—ষ) সং, ক্লীং, গৃহ; যথা—

"দোহাই রাজার লুঠিলি অগার,
ধরিয়া খাইলি জাতি।"(বিদ্যাসুন্দর)

অগির (অ—গ শব্দকরা+অ—প্রং। স্ব—ইর, অথবা অগ্ গমনকরা+ইর—প্রং) সং, পুং, স্বর্গ। সূর্য্য। অগ্নি। রাক্ষস।

অগু (অ—গো কিরণ ইত্যাদি) সং, পুং, রাহুগ্রহ। বিং, ত্রিং, কিরণরহিত। গোশূন্য।

অগুণ (অ—গুণ) সং, পুং, অহিত, অনুপকার, দোষ; যথা—"দ্রব্যের গুণাগুণ পরীক্ষা না করিয়া।" বিং, ত্রিং, গুণহীন, নির্গুণ।

অগুণকারক (অ[গু]ণ—কারক যে করে) বিং, ত্রিং, যাহাতে অগুণ করে, অহিতকারক, অনুপকারক।

অগুরু (অ—গুরু ভারি। যাহা হইতে গুরু নাই। ৫মী—হিং) সং, স্ত্রীং, শিংশপা-বৃক্ষ। পুং—ক্লী সুগন্ধি কাষ্ঠবিশেষ। কৃষ্ণচন্দন। হরিদ্রাবর্ণ অগুরু, কৃষ্ণাগুরু ওশিংশপা বা অগুরুশিংশপা এই তিনের সাধারণ নাম অগুরু, তন্মধ্যে প্রথমোক্তটী অগুরুচন্দন। ইহার তিন প্রকার নামই প্রসিদ্ধ, যথা—অগুরু, অগরু, ও অগুরু-চন্দন। ইহা শীতল এবং সুগন্ধযুক্ত বলিয়া অঙ্গে বিলেপিত হয়। যথা—"রূপের সাগর, গুণের নাগর, অগুরু চন্দনগায়। (অন্নদামঙ্গল)। বিং, ত্রিং, উপদেশক বিহীন। ৪। লঘু। ৫। গৌরব-রহিত।

অগূঢ়গন্ধ (অ—গূঢ় লুকায়িত—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হিঙ্গু, হিং।

অগোচর (অ—গোচর ইন্দ্রিয় বিষয়) বিং, ত্রিং, যাহা বুঝিতে বা গ্রহণ করিতে পারা যায় না; যথা—বুদ্ধির অগোচর। "মনের অগোচর পাপ নাই।" নয়নের

অগোচর, পরোক্ষ, অপ্রত্যক্ষ, অজ্ঞেয়, অবিজ্ঞেয়, অপরিজ্ঞেয়। ২। ক্রিং—বিং, পরোক্ষে, অজ্ঞাতসারে; যথা—"আমার অগোচরে এই কর্ম্ম করা হইয়াছে।

অগোর (অগুরু শব্দের অপভ্রংশ) অগুরু শব্দ দেখ; যথা—"সুবাসিত গন্ধ আদি অগোর চন্দন।"

অগৌকস্ (অগ পর্ব্বত—ওকস্ স্থান। ৬ষ্ঠী—হিং) সং, পুং, সরভ। পক্ষী। সিংহ। বিং, ত্রিং, পর্ব্বতবাসী।

অগৌণ (অ—গৌণ বিলম্ব) ক্রিং—বিং, শীঘ্র, অবিলম্বে, ত্বরিতে; যথা—"অগৌণে সুসজ্জিত হইতে আদেশ করিলেন।"

অগৌর (অগুরু শব্দের অপভ্রংশ) অগুরু শব্দ দেখ; যথা—"অগৌর চন্দন রামা নিল বাটী পূরে।" (কবিকঙ্কণচণ্ডী)

অগ্নায়ী (অগ্নি+ঈ(ঙীপ্)—পত্নী অর্থে) সং, স্ত্রীং, অগ্নির ভার্য্যা, স্বাহা। শিং—১ "বরুণানী নচাগ্নায়ী তস্যাঃ সীমন্তিনী সমা।" (ভট্টি)। ত্রেতাযুগ।

অগ্নি (অগ কিম্বা অনগ্ গমন করা+নি—ক, সংজ্ঞার্থে। যে ঊর্দ্ধে গমন করে। লাটিন Ignis এবং সংস্কৃত অগ্নি শব্দের বিলক্ষণ সৌসাদৃশ্য আছে) সং, পুং, কিরণবিশিষ্ট জ্বলনশীল স্বনাম খ্যাত পদার্থ, বহ্নি, আগুন। ইহা ক্ষিত্যাদি পঞ্চভূতাত্মক তৃতীয় ভূত তেজেরই প্রকার ভেদমাত্র। শব্দ স্পর্শ ও রূপবিশিষ্ট বলিয়া ইহা ত্রিগুণাত্মক। শ্রুতি অনুসারে—আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজের উৎপত্তি হইয়াছে। যথা—"আকাশাদ্বায়ুর্ব্বায়োরগ্নিরগ্নেরাপোহদ্ভ্যঃ পৃথিবী।" অগ্নি তিন প্রকার; যথা—ভৌম, দিব্য ও জাঠর। কাষ্ঠাদি পার্থিব পদার্থ হইতে উৎপন্ন অগ্নিকে ভৌম; জল বায়ু হইতে উৎপন্ন বিদ্যুৎ, উল্কা, বজ্র প্রভৃতিকে দিব্য; এবং ভুক্ত অন্ন পানাদি পরিপাককারী উদরস্থ অগ্নিকে জাঠরাগ্নি বলা যায়। ২। মহাভারতে—দেবরূপী অগ্নি ধর্ম্মের ঔরসে ও বসুভার্য্যার গর্ভে উৎপন্নাগ্নিই প্রথম অগ্নি। দক্ষকন্যা স্বাহা ইহার সহধর্ম্মিণী। ৩। স্বর্ণ। ৪। কোণবিশেষ; পূর্ব্ব ও দক্ষিণদিকের মধ্যবর্ত্তী কোণ; অগ্নি দক্ষিণ পূর্ব্ব দিকের অধিপতি জন্য ঐদিক অগ্নিকোণ নামে খ্যাত।

অগ্নিক (অগ্নি—ক প্রকাশার্থ 'কৈ'ধাতুজ। যে অগ্নিবৎ প্রকাশ পায়) সং, পুং, ইন্দ্রগোপ নামে রক্তবর্ণ কীট।

অগ্নিকণ (অগ্নি—কণ অংশ, স্ফুলিঙ্গ। ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নিকণিকা, স্ফুলিঙ্গ।

অগ্নিকর্ম্ম (অগ্নি—কর্ম্ম। ৭মী—ষ) সং, ক্লীং, অগ্নিহোত্রাদি কর্ম্ম। ২। অন্ত্যেষ্টিক্রিয়া।

অগ্নিকলা (অগ্নি—কলা) সং, স্ত্রীং, অগ্নির দশ প্রকার অবয়ব। শিং—"ধূম্রার্চ্চিরূষ্মা-জ্বলিনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী। সুশ্রীঃ সুরূপা কপিলা হব্য কব্য বহেহপি। যাদীনাংদশবর্ণানাং কলাধর্ম্ম প্রদা অমূঃ।"

অগ্নিকাণ্ড (অগ্নি—কাণ্ড ব্যাপার) সং, পুং—ক্লীং, গৃহাদি দাহ। ২। আগ্নেয়াস্ত্র প্রয়োগ, গোলাগুলিবর্ষণ।

অগ্নিকার্য্য (অগ্নি—কার্য্য ক্রিয়া) সং, ক্লীং, অগ্নি দ্বারা কার্য্য, মৃতব্যক্তির দাহ ক্রিয়া।

অগ্নিকুক্কুট (জলন্তনুড়া ঠিক কুক্কুটাকার দেখায় বলিয়া অগ্নিকুক্কুট নাম হইল। ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নিযুক্ত তৃণ, জলন্তনুড়া।

অগ্নিকুণ্ড (অগ্নি—কুণ্ড খাত। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অগ্ন্যাধান স্থান। ২। অগ্নি জ্বালিবার গর্ত্ত; যথা—"অগ্নিকুণ্ড জ্বালি রতি সতী হৈতে চায়।" (অন্নদামঙ্গল।)

অগ্নিকুমার (অগ্নি—কুমার। ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। (অগ্নিদেব সপ্তর্ষিগণের ভার্য্যা অরুন্ধতী প্রভৃতির রূপলাবণ্যে মোহিত হইয়াছিলেন; দক্ষ দুহিতা স্বাহা তাঁহার চিত্তবিকার বুঝিতে পারিয়া অরুন্ধতী ব্যতীত অপর ছয় ঋষি পত্নীর রূপ ধারণ পূর্ব্বক তাঁহার সহিত ছয়বার বিহারান্তে অগ্নিরেতঃ কাঞ্চনকুণ্ডে নিক্ষেপ করেন, সেই তেজোময় স্কন্নরেত হইতে কার্ত্তিকেয়ের জন্ম হয় বলিয়া তিনি অগ্নিকুমার নামে খ্যাত।

অগ্নিকোণ (অগ্নি পূর্ব্বদক্ষিণ কোণের অধিষ্ঠাত্রীদেবতা বলিয়া অগ্নিকোণ নাম হইল,

৬ষ্ঠী—ষ) সং, পুং, পূর্ব্বদক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ।

অগ্নিক্রিয়া (অগ্নি—ক্রিয়া। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বিধিপূর্ব্বক অগ্নিকৃত দাহ।

অগ্নিক্রীড়া (অগ্নি—ক্রীড়া। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, আগুণ খেলা, বাজি পোড়ান, নানা বর্ণের আগুন প্রজ্জলিত করা।

অগ্নিগর্ভ (অগ্নি—গর্ভ। যাহার গর্ভদেশ অগ্নির ন্যায় জারক। ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নিজারবৃক্ষ। ২। (অগ্নি গর্ভে যাহার) সূর্য্যকান্তমণি ; আতসীপাথর। র্ভা—স্ত্রীং, শমীবৃক্ষ (এই বৃক্ষের গর্ভে অগ্নি লুক্কায়িত ছিলেন)। বিং, ত্রিং, যাহার ভিতরে অগ্নি আছে।

অগ্নিচিৎ(অগ্নি—চিৎ[চি চয়নকরা+০(ক্বিপ্)—ক] যে চয়ন করে। যে অগ্নি চয়ন করে, ২য়া—ষ) সং, পুং, সাগ্নিক, অগ্নিহোত্রী ব্রাহ্মণ ; যে মন্ত্রপূর্ব্বক বহ্নি স্থাপন করিয়া নিত্য হোমকরে। (অগ্নি—চি+০ (ক্বিপ্)—ভাবে) সং, ক্লীং, অগ্ন্যাধান।

অগ্নিচিত্যা (অগ্নি—চিত্যা [চি চয়ন করা+ক্যপ্—ভাবে। নিপাতন] চয়ন) সং, স্ত্রীং, অগ্নি চয়ন।

অগ্নিজ (অগ্নি—জ যে জন্মায়। অগ্নির উদ্দীপনের জন্য যে জন্মায়। ৪র্থী—ষ)সং, পুং, অগ্নিজার বৃক্ষ। ২। (অগ্নি হইতে জন্ম যাহার। ৫মী—ষ) কার্ত্তিকেয়। সং, ক্লীং, স্বর্ণ (মহাভারতে—সুবর্ণকে অগ্নির অপত্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন)

অগ্নিজিহ্ব (অগ্নি—জিহ্বা, ৬ষ্ঠী—ষ। দেবগণ অগ্নিরূপ জিহ্বা দ্বারা দ্রব্যাস্বাদন করেন অর্থাৎ আহুত দ্রব্যসকল ভোজন করেন) সং, পুং, দেবতা। ২। (বরাহমূর্ত্তি ধারণ কালে অগ্নিজিহ্ব হইয়াছিলেন বলিয়া) বিষ্ণু। হ্বা—স্ত্রীং, অগ্নির সপ্তশিখা ; যথা—করালী, ধূম্রিনী, শ্বেতা, লোহিতা, নীললোহিতা, পদ্মরাগা, সুবর্ণা, এই সপ্ত প্রকার মূর্ত্তি অগ্নির জিহ্বারূপে বর্ণিত আছে। ২। লাঙ্গলীবৃক্ষ, বিষলাঙ্গলিয়া বৃক্ষ।

অগ্নিজ্বালা (রক্তবর্ণ পুষ্প বলিয়া যে অগ্নির জ্বালার অর্থাৎ শিখার ন্যায়, ১মা—হিং) সং, স্ত্রীং, জলপিপ্পলী। ধাতকীবৃক্ষ। (অগ্নি—জ্বালা, ৬ষ্ঠী—ষ) অগ্নিশিখা।

অগ্নিতপ্ত (অগ্নি—তপ্ত) বিং, অগ্নিতে উত্তপ্ত। অগ্নির মত উষ্ণ।

অগ্নিত্রয় (অগ্নি—ত্রয় তিন) সং, ক্লীং, গার্হপত্য, আহবনীয়, ও দাক্ষিণ্য এই তিন প্রকার অগ্নি।

অগ্নিদ (অগ্নি—দ যে দেয়) বিং, ত্রিং, যে আততায়ী গৃহ দগ্ধ করিবার জন্য অগ্নি দান করে। শিং—১ "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারীচ ষড়েতে আততায়িনঃ।"

অগ্নিদগ্ধ (অগ্নি—দগ্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, যাহা বা যে ব্যক্তি অগ্নিতে দগ্ধ হইয়াছে ; যথা—অগ্নিদগ্ধকলেবর। ২। শাস্ত্রবিধানানুসারে যাহাকে অগ্নি দ্বারা দগ্ধ করা হইয়াছে। ৩। সং, পুং, পিতৃলোক।

অগ্নিদগ্ধপ্রস্তর (Volcanic rocks, অগ্নি—দগ্ধ—প্রস্তর) সং, ক্লীং, অগ্নি সংযোগে উৎপন্ন প্রস্তর। ভূতত্ত্ববেত্তারা পৃথিবীর সমস্ত প্রস্তরকে দুই ভাগে বিভক্ত করিয়াছেন ; যথা—অগ্নিদগ্ধ বা আগ্নেয় প্রস্তর ও বারুণ প্রস্তর। আগ্নেয় প্রস্তরের যে বর্ত্তমান অবস্থা দেখিতে পাই তাহা অগ্নিসংযোগে দ্রব হইয়া শীতল হইলে পর উৎপন্ন হইয়াছে।

অগ্নিদাতা (অগ্নি—দাতা যে দান করে) সং, পুং, যে অন্ত্যেষ্টিক্রিয়া বিধানে মৃত দেহ দাহন করে।

অগ্নিদেবা (অগ্নি—দেব দেবতা। অগ্নি যাহার দেবতা, ৬ষ্ঠী—হিং। আ—স্ত্রীলিঙ্গে। জ্যোতিষে—অশ্বিনী ভরণী প্রভৃতি ২৭টী নক্ষত্রের অধিদেবতা নির্দিষ্ট আছে ; কৃত্তিকা নক্ষত্রের অধিষ্ঠাতা দহন অর্থাৎ অগ্নি এই নিমিত্ত কৃত্তিকা নক্ষত্রের নাম অগ্নিদেবা হইল ) সং, স্ত্রীং, কৃত্তিকানক্ষত্র।

অগ্নিপক্ব (অগ্নি—পক্ব) বিং, ত্রিং, যাহা অগ্নিতে পাক করা হইয়াছে।

অগ্নিপরীক্ষা (অগ্নি—পরীক্ষা। ৩য়া—ষ) সং, স্ত্রীং, অগ্নি দ্বারা শুদ্ধাশুদ্ধ নির্ণয় করণ।

অগ্নিপ্রস্তর (অগ্নি—প্রস্তর পাথর) সং, পুং, চকমকির পাথর।

অগ্নিবাহ (অগ্নি—বাহু) সং, পুং, ধূম। প্রিয়ব্রতের ঔরসে ও কাম্যার গর্ভে জাত রাজপুত্রবিশেষ।

অগ্নিভ (অগ্নি—ভ দীপ্ত্যর্থ 'ভা' ধাতুজ। যে অগ্নিবৎ দীপ্তি পায়) সং, ক্লীং, স্বর্ণ। (অগ্নি—ভ নক্ষত্র। ৬ষ্ঠী—ষ) কৃত্তিকা-নক্ষত্র (অগ্নিদেবা দেখ) বিং,ত্রিং, অগ্নিবর্ণ।

অগ্নিভূ (অগ্নি—ভূ [ভূ হওয়া+০(ক্বিপ্)—ক] যে হয়। মহাদেবের তেজ ধারণে দেবী অসমর্থা হইলে সেই তেজ অগ্নিতে নিক্ষিপ্ত হয়, তাহা হইতে কার্ত্তিক হন, ৫মী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। ক্লীং, জল। বিং, ত্রিং, অগ্ন্যুৎপন্ন।

অগ্নিমণি (অগ্নি—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্ত মণি, আতসীপাথর।

অগ্নিমন্থ (অগ্নি—মন্থ [মন্থ্ মন্থনকরা+অ (ঘঞ্)—র্ম্ম] মথিত। ইহার কাষ্ঠ ঘর্ষণে শীঘ্র অগ্নি উঠে বলিয়া ইহা মথিত হয়, ৪র্থী—ষ) সং, পুং, গণিকারিকা বৃক্ষ।

অগ্নিমান্দ্য (অগ্নি জঠরাগ্নি—মান্দ্য হ্রাস। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরিপাকশক্তির হ্রাস, অজীর্ণ রোগ, ক্ষুধামান্দ্য (Dyspepsia) ইহা একটী সাধারণ পীড়া, পাকাশয় ও অন্ত্রের স্বাভাবিক ক্রিয়ার কোন রূপ ব্যতিক্রম উপস্থিত হইলে অগ্নিমান্দ্য বা অজীর্ণ সমুৎপন্ন হয়।

অগ্নিমারুতি (অগ্নিমারুত+ই—অপত্যার্থে, অথবা অগ্নি জঠরানল—মারুতি হনুমান্। যে মুনির হনুমানের ন্যায় পরিপাক শক্তিআছে। মহাভারতে—মেষবেশধারী বাতাপি নামক দৈত্যকে এই মুনি পরিপাক করিয়া ছিলেন) সং, পুং, অগস্ত্য-মুনি।

অগ্নিমুখ (যাঁহাদের অগ্নিই মুখ, হোমীয় দ্রব্যাদি (ঘৃতাদি) যাঁহারা অগ্নিরূপ মুখ দ্বারা ভক্ষণ করেন। ৬ষ্ঠী—হিং) সং,পুং, দেবতা। (যাঁহাদের মুখে অগ্নি আছে, ৬ষ্ঠী—হিং) ব্রাহ্মণ। (দাহকত্ব হেতু যাহারা অগ্নির মুখের ন্যায়) চিত্রকবৃক্ষ। ভেলাগাছ। শিং—"অগ্নিমুখো দ্বিজে দেবে ভল্লাতে চিত্রকে কচিৎ।" স্ত্রী-ক্লীং, ভেলাগাছ। বিষলাঙ্গলীয়াবৃক্ষ। গায়ত্রীমন্ত্র ; শিং—১"কদাচিদপি নো বিদ্বান্ গায়িত্রীমুদকে জপেৎ। গায়ত্র্যগ্নিমুখী যস্মাত্তস্মাদুত্থায় তাং জপেৎ।"

অগ্নিমূল্য (অগ্নি—মূল্য। যাহার মূল্য অগ্নিবৎ অর্থাৎ মূল্যাধিক্য জন্য যাহাতে হাত দেওয়া যায় না) বিং, ত্রিং, দুর্ম্মূল্য, মহার্ঘ, উচ্চমূল্য।

অগ্নিযন্ত্র (অগ্নি—যন্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামান, বন্দুক।

অগ্নিরক্ষণ (অগ্নি—রক্ষণ। যাহা দ্বারা বা যাহাতে অগ্নি রক্ষা করা যায়) সং, ক্লীং, অগ্নিহোত্র। অগ্নিহোত্রগৃহ। অগ্ন্যাধান।

অগ্নিরজা (অগ্নিরজস্, অগ্নি—রনুজ্ [রং যুক্ত হওয়া] দীপ্তি পাওয়া+অস্—প্রং। যে অগ্নির ন্যায় দীপ্তিপায়) সং, পুং, ইন্দ্র-গোপ নামক কীট।

অগ্নিরেতঃ (অগ্নিরেতস্,অগ্নি—রেতস্ শুক্র। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অগ্নিশুক্র। সুবর্ণ।

অগ্নিবর্ণ (অগ্নি—বর্ণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অগ্নির ন্যায় বর্ণ, রক্তবর্ণ ; যথা—"অগ্নিবর্ণ রথখানি চারি অশ্বে বয়।" সং, পুং, রাম-চন্দ্রের পৌত্র, কুশরাজার পুত্র।

অগ্নিবাহ, অগ্নিবাহন (অগ্নি—বাহ,বাহন। ৬ষ্ঠী—ষ। অগ্নির বাহন বলিয়া সং, পুং, ছাগ।)

অগ্নিশর্ম্মা (অগ্নিশর্ম্মন্, শর্ম্মন্ ব্রাহ্মণের উপাধি, এই শর্ম্মা অগ্নির ন্যায় উষ্ণ) বিং, ত্রিং,মহাক্রোধী ; যথা—"মাটী হতে দেহ তব মাটী হতে হবে। কিসে অহঙ্কার কিসে অগ্নিশর্ম্মা তবে।" সং, পুং, ঋষি-বিশেষ।

অগ্নিশিখ, অগ্নিশেখর (যাহার অগ্নির ন্যায় শিখা অর্থাৎ কেশর, ৬ষ্ঠী—হিং) সং,ক্লীং, কুঙ্কুম। শিং—'অথাগ্নিশিখমুদ্দিষ্টং কুসুম্ভে কুঙ্কুমেঽপি চ। লাঙ্গলি কাথোষধৌ চ বিশল্যায়াঞ্চ যোষিতি।' বিং, ত্রিং, অগ্নি-তুল্য অগ্রভাগ বিশিষ্ট।'

অগ্নিশিখা (অগ্নিশিখার ন্যায় বা অগ্নির ন্যায়

শিখা অর্থাৎ দীপ্তি যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিষলাঙ্গলিয়া বৃক্ষ। (তীক্ষ্ণত্ব হেতু অগ্নিশিখার ন্যায়) জুঁয়াতা শাক। (৬ষ্ঠী—ষ) অগ্নিজ্বালা, আগুণের শিখা (রসায়নে—দাহ্যবস্তুর অঙ্গার ও উদজান ভাগ তাপ প্রভাবে পৃথক্‌ভূত হইয়া বায়ুস্থ অম্লজানের সহিত রাসায়নিক সংযোগে অগ্নিশিখার উৎপত্তি হইবে।

অগ্নিষ্টোম } (অগ্নি—স্তোম [স্তু স্তুতিকরা+ অগ্নিষ্টুৎ } ম(মন্)—ধি] স্তুতি। অগ্নি—স্তু +০ (ক্বিপ্)—ধি। যাহাতে অগ্নির স্তুতি হয়, ৭মী—হিং) সং, পুং, যাগবিশেষ; বসন্ত কালে পঞ্চদিন সাধ্য অগ্নিষ্টোম যজ্ঞ বহু প্রজা সৃষ্টিকল্পনায় প্রথমতঃ প্রজাপতি কর্ত্তৃক অনুষ্ঠিত হয়। বেদজ্ঞ ও সাগ্নিক ব্রাহ্মণগণই ইহার অধিকারী। এই যজ্ঞে ঋত্বিক্ ১৬ জন। ইন্দ্র, অগ্নি ও বায়ু প্রভৃতি ইহার দেবতা এবং সোমরস প্রধান দ্রব্য।

অগ্নিষ্ঠ (অগ্নি—ষ্ঠ ["স্থা' ধাতুজ] যে থাকে) সং, পুং, কটাহ, কড়া।

অগ্নিসংস্কার (অগ্নি—সংস্কার, ৩য়া—ষ) সং, পুং, অগ্নি দ্বারা শোধন। বিধি পুর্ব্বক দাহাদি কার্য্য।

অগ্নিসখ (অগ্নি—সখা বন্ধু, ৬ষ্ঠী—য। অগ্নি প্রজ্বলিত হইবার বায়ু অনন্যসহায় বলিয়া।) সং, পুং, বায়ু।

অগ্নিসহায় (অগ্নি—সহায় বন্ধু) সং, পুং, বায়ু। বনকপোত।

অগ্নিস্তম্ভ (অগ্নি—স্তম্ভ [স্তন্ভ্ রোধ করা +অ—র্ম্ম] রোধ। যাহা দ্বারা অগ্নির দাহিকা শক্তি নিবারিত হয়) সং, পুং, ঔষধ বা মন্ত্র দ্বারা অগ্নির দাহিকা শক্তি নিবারণ। ২। (অগ্নি—স্তম্ভ, ৬ষ্ঠী—ষ) স্তম্ভাকারে অগ্নি, আগুণের থাম; যথা—

"দেহ এ ত্রিশূল মম মায়ায় সুন্দরি।
তমোময় যমদেশে অগ্নিস্তম্ভ সম
জ্বলি উজলিবে দেশ। (মেঘনাদবধ)

অগ্নিষ্বাত্ত (অগ্নি—স্ব আপন—আত্ত গৃহীত। অথবা অগ্নিষু—আত্ত [আ—দা+ত (ক্ত) —র্ম্ম] গৃহীত। পিতৃউদ্দেশে অগ্নিতে আহুতি প্রদত্ত হইলে যাহারা তাহাদের আপনার বলিয়া গ্রহণ করে) সং, পুং—বহুং, মরীচি সন্তান উপদেবতাগণ, পিতৃলোক; যথা— "অগ্নিষ্বাত্তাদি সপ্তসংখ্যক পিতৃগণ স্বয়ম্ভু কর্ত্তৃক কল্পিত হইয়াছে।"

অগ্নিহোত্র (অগ্নি—হোত্র [হু হোমকরা+ত্র—ধি] হোম, ৭মী—ষ) সং, পুং—ক্লীং, সাগ্নিকের প্রাত্যহিক হোম। এই হোম সাগ্নিকগণ প্রত্যহ প্রাতে ও সায়ংকালে করিয়া থাকেন। ইহা দুই প্রকার, মাসসাধ্য ও যাবজ্জীবন সাধ্য। যাবজ্জীবন সাধ্য হোমের রক্ষিত অগ্নির দ্বারা তাঁহাদের অন্তিমে দাহকার্য্য হয়। (অগ্নি—হু হোম করা+ত্র—ণ)সং, পুং, ঘৃত।

অগ্নিহোত্রী (অগ্নিহোত্রিন্, অগ্নি—হোত্রিন্ [হোত্র+ইন্—অস্ত্যর্থে] হোতা, ৭মী—ষ) সং, পুং, নিত্য হোমকর্ত্তা, সাগ্নিক।

অগ্নীধ্ } অগ্নি—ইধ্ [ইন্ধ্ দীপ্তকরা+র(রক্) অগ্নীধ্ } —ক] যে দীপ্তকরে। অগ্নি—ইন্ধ্+০(ক্বিপ্)—ক। যে অগ্নি দীপ্ত করে। ২য়া—ষ) সং, পুং, অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ, যে কর্ম্মাগ্নি রক্ষা করে, ঋত্বিক্‌বিশেষ। রাজাবিশেষ জম্বুদ্বীপের অধিপতি প্রিয়ব্রত রাজার জ্যেষ্ঠ পুত্র কাম্যার গর্ভজাত। ধা— স্ত্রীং, অগ্নিসন্ধুক্ষণ।

অগ্নীন্ধন (অগ্নি—ইন্ধন [ইন্ধ্ দীপ্ত করা+অন—ভা] উদ্দীপন। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আগুন জ্বালন, ঘৃতাহুতি দ্বারা অগ্নি জ্বালন। (অগ্নি—ইন্ধন [ইন্ধ্ দীপ্ত করা+অন—ক] উদ্দীপক। যে অগ্নিকে প্রদীপ্ত করে) অগ্নি জ্বালিবার কাষ্ঠ, পোড়া কাঠ।

অগ্ন্যগার, অগ্ন্যাগার (অগ্নি—অগার, আগার গৃহ) সং, ক্লীং, সাগ্নিকের হোমগৃহ।

অগ্ন্যস্ত্র (অগ্নি—অস্ত্র) সং, ক্লীং, আগ্নেয়াস্ত্র, কামান বন্দুক প্রভৃতি অগ্নিবাণ।

অগ্ন্যাধান (অগ্নি—আধান [আ—ধা ধারণ করা+অন (অনট্)—ভা] স্থান। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বেদমন্ত্র দ্বারা অগ্নি স্থাপন; যথা—"পূর্ব্বমৃতা স্ত্রীর যথাবিধি অন্ত্যেষ্টি ক্রিয়া নির্ব্বাহ করিয়া পুনরায় দারপরিগ্রহ ও পুনরায় অগ্ন্যাধান করিবেক।" (বহুবিবাহ)

অগ্ন্যাহিত (অগ্নি—আহিত স্থাপিত) সং, পুং, আহিতাগ্নি, সাগ্নিক।

অগ্ন্যুৎপাত (অগ্নি—উৎপাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নভঃস্থ অগ্নিকৃত অশুভসূচক উপদ্রব; যথা ধূমকেতু, উল্কা ও বজ্রপাত। ২। যে কোন প্রকারে অগ্নির দ্বারা উপদ্রব; যথা—গৃহ দাহ ও আগ্নেয়গিরির অগ্ন্যুপদ্রব।

অগ্র (অগ্, অন্গ গমনকরা+র(রক্)—র্ম্ম। যে আদিতে গমন করে) বিং, ত্রিং, আদ্য, প্রথম; যথা—"অগ্রে আমার প্রশ্নের প্রত্যুত্তর কর।" ২। প্রধান, শ্রেষ্ঠ; যথা—অগ্রমহিষী, অগ্রযোদ্ধা। ৩। প্রাপ্য; যথা—অগ্রভূমি। ৪। সং, ক্লীং, উপরিভাগ; যথা—"গৃহাগ্রে উড়িছে ধ্বজ।" (মেঘ) ৫। শেষভাগ; যথা—সূচ্যগ্র, কুশাগ্র। ৬। আলম্বন, অবলম্বন; যথা—একাগ্রচিত্ত। ৭। পূর্ব্ব; যথা—পিতার অগ্রে পুত্রের মৃত্যু। ৮। সমূহ; যেমন—দ্রব্য সামগ্রী সমগ্র। ৯। সম্মুখ; যথা—

"আমার অগ্রেতে তারে করিব ঘাতন।
কেমনে দেখিব আমি শুনহ অর্জ্জুন॥"
(কাশীদাস মহাভারত)

১০। পূর্ব্বভাগ; যথা—অগ্রকায়। ১১। চূড়া, শৃঙ্গ, শীর্ষদেশ; যথা—পর্ব্বতাগ্র।
"রথের অগ্রেতে বৈসে বীর হনুমান্।"
"কৈলাসাগ্রে সমাসীনং মহাদেবং"। ১২। উত্তম। ১৩। পল পরিমাণ। ১৪। অধিক। ক্রিং—বিং, আগে, পূর্ব্বে; যথা—অগ্রে জানিতাম না। শিং—"অগ্রং পুরস্তাদুপরি পরিমাণে পলস্য চ। আলম্বনে সমূহে চ প্রান্তে চ স্যান্নপুংসকং। অধিকে চ প্রধানে চ প্রথমে চাভিধেয়বৎ॥" (মেদিনী)

অগ্রকায় (অগ্র—কায় দেহ) সং, পুং, দেহপূর্ব্বভাগ; যথা—
"উঠাইয়া অগ্রকায় ফণা বিস্তারিয়া যায়
ফণামণি জ্বলে ধক্ ধকে।"

অগ্রগ (অগ্র—গ [অগ দেখ] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যে অগ্রে গমনকরে, যে সকলের আগে যায়, অগ্রগামী, যথা—"মগধরাজ সেনাগণের অগ্রগ হইয়া চলিলেন।"

অগ্রগণ্য (অগ্র—গণ্য গণনীয়) বিং, ত্রিং, অগ্রে গণনীয়, সর্ব্বাগ্রে যার গণনা অর্থাৎ উল্লেখ করিতে হয়; যথা—মূর্খের অগ্রগণ্য, অহঙ্কারীর অগ্রগণ্য, কালিদাস কবিদিগের অগ্রগণ্য।

অগ্রগামী (অগ্রগামিন্, অগ্র—গামিন্ [গম্ গমনকরা+ইন্(ণিন্)—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রসর, পুরোগামী।

অগ্রজ (অগ্র—জ [জন্ উৎপন্ন হওয়া+অ (ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠভ্রাতা, অগ্রজন্মা। যথা—"কহিলা অনুজ নমি অগ্রজের পদে।" ২। সং, পুং, ব্রাহ্মণ (বর্ণের মধ্যে ব্রাহ্মণ অগ্রে সৃষ্ট হইয়াছিল বলিয়া)

☞ কোন ব্যক্তির অধিক পত্নী থাকিলে, যে সন্তান প্রথম স্ত্রীর গর্ভে জন্মিবে, সেই জ্যেষ্ঠ হইবে, এমন ব্যবস্থা নহে। যে অগ্রে জন্মিবে সেই অগ্রজ বা জ্যেষ্ঠ। শিং—"সদৃশস্ত্রীষু জাতানাং পুত্রাণামবিশেষতঃ। ন মাতৃতো জ্যৈষ্ঠমস্তি জন্মতোঃ জ্যৈষ্ঠমুচ্যতে।" (মনুসংহিতা) ধৃতরাষ্ট্র জ্যেষ্ঠ, পাণ্ডু নৃপতি তাঁহার অনুজ। কিন্তু তদনুসারে দুর্য্যোধন জ্যেষ্ঠ হন নাই। যুধিষ্ঠির অগ্রে জন্মিয়াছিলেন বলিয়া তিনিই জ্যেষ্ঠ এবং রাজ্যের অধিকারী। শিং—১ "জন্মতস্তু প্রমাণেন জ্যেষ্ঠ রাজা যুধিষ্ঠির।"

অগ্রজন্মা (অগ্রজন্মন্, অগ্রে ব্রহ্মার মুখ হইতে জন্ম যাঁহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ। ব্রহ্মা। (অগ্রে জন্ম যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ।

অগ্রজাতক, অগ্রজাতি (অগ্র—জাতক যে জন্মে। জাতি কুল, শ্রেণি) সং, পুং, ব্রাহ্মণ।

অগ্রণী (অগ্র—নী [নী লওয়া+০(ক্বিপ্)—ক] যে লইয়া যায়, যে অগ্রে লইয়া যায়, ৭মী—ষ) বিং, ত্রিং, শ্রেষ্ঠ, অধ্যক্ষ। দক্ষ। সং, পুং, সেনাপতি। অগ্নি।

অগ্রতঃ (অগ্রতস্, অগ্র+তঃ=তে) ক্রিং বিং, অং, অগ্রে, প্রথমে। সম্মুখে।

অগ্রতঃসর (অগ্রতঃ—সর [সৃ গমনকরা+অ—ক] যে গমন করে) বিং, ত্রিং, অগ্রগামী।

শিখা অর্থাৎ দীপ্তি যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিষলাঙ্গলিয়া বৃক্ষ। (তীক্ষ্ণত্ব হেতু অগ্নিশিখার ন্যায়) জুঁয়াতা শাক। (৬ষ্ঠী—য) অগ্নিজ্বালা, আগুনের শিখা (রসায়নে—দাহ্যবস্তুর অঙ্গার ও উদজান ভাগ তাপ প্রভাবে পৃথক্‌ভূত হইয়া বায়ুস্থ অম্লজানের সহিত রাসায়নিক সংযোগে অগ্নিশিখার উৎপত্তি হইবে।

অগ্নিষ্টোম } (অগ্নি—স্তোম [স্তু স্তুতিকরা+
অগ্নিষ্টুৎ } ম(মন)—ধি] স্তুতি। অগ্নি—স্তু +০ (ক্বিপ্)—ধি। যাহাতে অগ্নির স্তুতি হয়, ৭মী—হিং) সং, পুং, যাগবিশেষ; বসন্ত কালে পঞ্চদিন সাধ্য অগ্নিষ্টোম যজ্ঞ বহু প্রজা সৃষ্টিকল্পনায় প্রথমতঃ প্রজাপতি কর্তৃক অনুষ্ঠিত হয়। বেদজ্ঞ ও সাগ্নিক ব্রাহ্মণগণই ইহার অধিকারী। এই যজ্ঞে ঋত্বিক্ ১৬ জন। ইন্দ্র, অগ্নি ও বায়ু প্রভৃতি ইহার দেবতা এবং সোমরস প্রধান দ্রব্য।

অগ্নিষ্ঠ (অগ্নি—ষ্ঠ ["স্থা" ধাতুজ] যে থাকে) সং, পুং, কটাহ, কড়া।

অগ্নিসংস্কার (অগ্নি—সংস্কার, ৩য়া—য) সং, পুং, অগ্নি দ্বারা শোধন। বিধি পুর্ব্বক দাহাদি কার্য্য।

অগ্নিসখ (অগ্নি—সখা বন্ধু, ৬ষ্ঠী—য। অগ্নি প্রজ্জলিত হইবার বায়ু অনন্যসহায় বলিয়া।) সং, পুং, বায়ু।

অগ্নিসহায় (অগ্নি—সহায় বন্ধু) সং, পুং, বায়ু। বনকপোত।

অগ্নিস্তম্ভ (অগ্নি—স্তম্ভ [স্তনভ্ রোধ করা +অ—র্ম্ম] রোধ। যাহা দ্বারা অগ্নির দাহিকা শক্তি নিবারিত হয়) সং, পুং, ঔষধ বা মন্ত্র দ্বারা অগ্নির দাহিকা শক্তি নিবারণ। ২। (অগ্নি—স্তম্ভ, ৬ষ্ঠী—ষ) স্তম্ভাকারে অগ্নি, আগুনের থাম; যথা—

"দেহ এ ত্রিশূল মম মায়ায় সুন্দরি।
তমোময় যমদেশে অগ্নিস্তম্ভ সম
জ্বলি উজলিবে দেশ। (মেঘনাদবধ)

অগ্নিষ্বাত্ত (অগ্নি—স্ব আপন—আত্ত গৃহীত। অথবা অগ্নিষু—আত্ত [আ—দা+ত (ক্ত) —র্ম্ম] গৃহীত। পিতৃউদ্দেশে অগ্নিতে আহুতি প্রদত্ত হইলে যাহারা তাহাদের আপনার বলিয়া গ্র... করে) সং, পুং—বহুং, মরীচি সন্তান ...দেবতাগণ, পিতৃলোক; যথা—"অ...ত্তাদি সপ্তসংখ্যক পিতৃগণ স্বয়ম্ভু কর্তৃক কল্পিত হইয়াছে।"

অগ্নিহোত্র (অগ্নি—হোত্র [হু হোমকরা+ ত্র—ধি] হোম, ৭মী—য) সং, পুং—ক্লীং, সাগ্নিকের প্রাত্যহিক হোম। এই হোম সাগ্নিকগণ প্রত্যহ প্রাতে ও সায়ংকালে করিয়া থাকেন। ইহা দুই প্রকার, মাসসাধ্য ও যাবজ্জীবন সাধ্য। যাবজ্জীবন সাধ্য হোমের রক্ষিত অগ্নির দ্বারা তাঁহাদের অন্তিমে দাহকার্য্য হয়। (অগ্নি—হু হোম করা+ত্র—ণ) সং, পুং, ঘৃত।

অগ্নিহোত্রী (অগ্নিহোত্রিন্, অগ্নি—হোত্রিন্ [হোত্র+ইন—অস্ত্যর্থে] হোতা, ৭মী—য) সং, পুং, নিত্য হোমকর্ত্তা, সাগ্নিক।

অগ্নীধ্র } অগ্নি—ইধ্র [ইন্ধ্ দীপ্তকরা+র(রক্)
অগ্নীধ্ } —ক] যে দীপ্তকরে। অগ্নি—ইন্ধ্+০(ক্বিপ্)—ক। যে অগ্নি দীপ্ত করে। ২য়া—য) সং, পুং, অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ, যে কর্ম্মাগ্নি রক্ষা করে, ঋত্বিক্‌বিশেষ। রাজাবিশেষ; জম্বুদ্বীপের অধিপতি প্রিয়ব্রত রাজার জ্যেষ্ঠ পুত্র কাম্যার গর্ভজাত। ধা— স্ত্রীং, অগ্নিসন্ধুক্ষণ।

অগ্নীন্ধন (অগ্নি—ইন্ধন [ইন্ধ্ দীপ্ত করা+ অন—ভা] উদ্দীপন। ৬ষ্ঠী—য) সং, ক্লীং, আগুন জ্বালন, ঘৃতাহুতি দ্বারা অগ্নি জ্বালন। (অগ্নি—ইন্ধন [ইন্ধ্ দীপ্ত করা+ অন—ক] উদ্দীপক। যে অগ্নিকে প্রদীপ্ত করে) অগ্নি জ্বালিবার কাষ্ঠ, পোড়া কাঠ।

অগ্ন্যগার, অগ্ন্যাগার (অগ্নি—অগার, আগার গৃহ) সং, ক্লীং, সাগ্নিকের হোমগৃহ।

অগ্ন্যস্ত্র (অগ্নি—অস্ত্র) সং, ক্লীং, আগ্নেয়াস্ত্র, কামান বন্দুক প্রভৃতি অগ্নিবাণ।

অগ্ন্যাধান (অগ্নি—আধান [আ—ধা ধারণ করা+অন (অনট্)—ভা] স্থান। ৬ষ্ঠী—য) সং, ক্লীং, বেদমন্ত্র দ্বারা অগ্নি স্থাপন; যথা—"পূর্ব্বমৃতা স্ত্রীর যথাবিধি অন্ত্যেষ্টি ক্রিয়া নির্ব্বাহ করিয়া পুনরায় দারপরিগ্রহ ও পুনরায় অগ্ন্যাধান করিবেক।" (বহুবিবাহ)

অগ্ন্যাহিত (অগ্নি—আহিত স্থাপিত) সং, পুং, আহিতাগ্নি, সাগ্নিক।

অগ্ন্যুৎপাত (অগ্নি—উৎপাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নভঃস্থ অগ্নিকৃত অশুভসূচক উপদ্রব; যথা ধূমকেতু, উল্কা ও বজ্রপাত। ২। যে কোন প্রকারে অগ্নির দ্বারা উপদ্রব; যথা—গৃহ দাহ ও আগ্নেয়গিরির অগ্ন্যুপদ্রব।

অগ্র (অগ্, অনৃগ গমনকরা+র(রক্)—র্ম। যে আদিতে গমন করে) বিং, ত্রিং, আদ্য, প্রথম; যথা—"অগ্রে আমার প্রশ্নের প্রত্যুত্তর কর।" ২। প্রধান, শ্রেষ্ঠ; যথা—অগ্রমহিষী, অগ্রযোদ্ধা। ৩। প্রাপ্য; যথা—অগ্রভূমি। ৪। সং, ক্লীং, উপরিভাগ; যথা—"গৃহাগ্রে উড়িছে ধ্বজ।" (মেঘ) ৫। শেষভাগ; যথা—সূচ্যগ্র, কুশাগ্র। ৬। আলম্বন, অবলম্বন; যথা—একাগ্রচিত্ত। ৭। পূর্ব্ব; যথা—পিতার অগ্রে পুত্রের মৃত্যু। ৮। সমূহ; যেমন—দ্রব্য সামগ্রী সমগ্র। ৯। সম্মুখ; যথা—

"আমার অগ্রেতে তারে করিব যাতন।
কেমনে দেখিব আমি শুনহ অর্জ্জুন॥"
(কাশীদাস মহাভারত)

১০। পূর্ব্বভাগ; যথা—অগ্রকায়। ১১। চূড়া, শৃঙ্গ, শীর্ষদেশ; যথা—পর্ব্বতাগ্র। "রথের অগ্রেতে বৈসে বীর হনুমান্।" "কৈলাসাগ্রে সমাসীনং মহাদেবং"। ১২। উত্তম। ১৩। পল পরিমাণ। ১৪। অধিক। ক্রিং—বিং, আগে, পূর্ব্বে; যথা—অগ্রে জানিতাম না। শিং—"অগ্রং পুরস্তাদুপরি পরিমাণে পলস্য চ। আলম্বনে সমূহে চ প্রান্তে চ স্যান্নপুংসকং। অধিকে চ প্রধানে চ প্রথমে চাভিধেয়বৎ॥" (মেদিনী)

অগ্রকায় (অগ্র—কায় দেহ) সং, পুং, দেহপূর্ব্বভাগ; যথা—

"উঠাইয়া অগ্রকায় ফণা বিস্তারিয়া যায়
ফণামণি জ্বলে ধক্ ধকে।"

অগ্রগ (অগ্র—গ [অগ দেখ] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যে অগ্রে গমনকরে, যে সকলের আগে যায়, অগ্রগামী, যথা—"মগধরাজ সেনাগণের অগ্রগ হইয়া চলিলেন।"

অগ্রগণ্য (অগ্র—গণ্য গণনীয়) বিং, ত্রিং, অগ্রে গণনীয়, সর্ব্বাগ্রে যার গণনা অর্থাৎ উল্লেখ করিতে হয়; যথা—মূর্খের অগ্রগণ্য, অহঙ্কারীর অগ্রগণ্য, কালিদাস কবিদিগের অগ্রগণ্য।

অগ্রগামী (অগ্রগামিন্, অগ্র—গামিন্ [গম্ গমনকরা+ইন্(ণিন্)—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রসর, পুরোগামী।

অগ্রজ (অগ্র—জ [জন্ উৎপন্ন হওয়া+অ (ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠভ্রাতা, অগ্রজন্মা। যথা—"কহিলা অনুজ নমি অগ্রজের পদে।" ২। সং, পুং, ব্রাহ্মণ (বর্ণের মধ্যে ব্রাহ্মণ অগ্রে সৃষ্ট হইয়াছিল বলিয়া)

☞ কোন ব্যক্তির অধিক পত্নী থাকিলে, যে সন্তান প্রথম স্ত্রীর গর্ভে জন্মিবে, সেই জ্যেষ্ঠ হইবে, এমন ব্যবস্থা নহে। যে অগ্রে জন্মিবে সেই অগ্রজ বা জ্যেষ্ঠ। শিং—"সদৃশস্ত্রীষু জাতানাং পুত্রাণামবিশেষতঃ। ন মাতৃতো জ্যৈষ্ঠমস্তি জন্মতোঃ জ্যৈষ্ঠমুচ্যতে।" (মনুসংহিতা) ধৃতরাষ্ট্র জ্যেষ্ঠ, পাণ্ডুনৃপতি তাঁহার অনুজ। কিন্তু তদনুসারে দুর্য্যোধন জ্যেষ্ঠ হন নাই। যুধিষ্ঠির অগ্রে জন্মিয়াছিলেন বলিয়া তিনিই জ্যেষ্ঠ এবং রাজ্যের অধিকারী। শিং—১ "জন্মতস্তু প্রমাণেন জ্যেষ্ঠ রাজা যুধিষ্ঠির।"

অগ্রজন্মা (অগ্রজন্মন্, অগ্রে ব্রহ্মার মুখ হইতে জন্ম যাঁহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ। ব্রহ্মা। (অগ্রে জন্ম যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ।

অগ্রজাতক, অগ্রজাতি (অগ্র—জাতক যে জন্মে। জাতি কুল, শ্রেণি) সং, পুং, ব্রাহ্মণ।

অগ্রণী (অগ্র—নী [নী লওয়া+০(ক্বিপ্)—ক] যে লইয়া যায়, যে অগ্রে লইয়া যায়, ৭মী—ষ) বিং, ত্রিং, শ্রেষ্ঠ, অধ্যক্ষ। দক্ষ। সং, পুং, সেনাপতি। অগ্নি।

অগ্রতঃ (অগ্রতস্, অগ্র+তঃ=তে) ক্রিং বিং, অং, অগ্রে, প্রথমে। সম্মুখে।

অগ্রতঃসর (অগ্রতঃ—সর [সৃ গমনকরা+অ—ক] যে গমন করে) বিং, ত্রিং, অগ্রগামী।

অগ্রদানী (প্রেতোদ্দেশে যাহাকে অগ্রে দান করা যায়) সং, পুং, পতিত ব্রাহ্মণ; যে ব্রাহ্মণজাতি প্রেতসম্প্রদানের ষড়াঙ্গ তিলাদি দান গ্রহণ করে। শিং—১"লোভী বিপ্রস্য শূদ্রানামগ্রে দানং গৃহীতবান্। গ্রহণাৎ তিলদানানামগ্রদানী বভূব সঃ।"

অগ্রনেতা (অগ্রনেতৃ, অগ্র—নেতা যে লইয়া যায়) সং, পুং, যে অগ্রে লইয়া যায়। ২। সেনাপতি; যথা—"ভীমসেন সেনাগণের অগ্রনেতা হইলেন।"

অগ্রপর্ণী (অগ্র—পর্ণ পাতা ৬ষ্ঠী—হিং। ঈ—স্ত্রীং) সং, স্ত্রীং, আলকুশী গাছ।

অগ্রপশ্চাৎ (অগ্র—পশ্চাৎ। দ্বং—স) ক্রিং—বিং, পূর্ব্বাপর, আবহমান কাল, ভূত ভবিষ্যৎ; যথা—অগ্রপশ্চাৎ বিবেচনা করিয়া কর্ম্ম করা উচিত।

অগ্রপাণি (অগ্র—পাণি হস্ত) সং, পুং, হস্তাগ্র। দক্ষিণহস্ত।

অগ্রভাগ (অগ্র—ভাগ) সং, পুং, প্রথমোদ্ধৃত ভাগ; যথা—'অগ্রভাগ লয়ে। ভবানীর নামে দিলা একভাব হয়ে।' (অন্নদামঙ্গল) ২। শেষভাগ; যথা—কুশেরঅগ্রভাগ।

অগ্র-ভূমি; সং, স্ত্রীং, প্রধান আশ্রয়। প্রাপ্যস্থান বা বস্তু।

অগ্রমাংস (অগ্র—মাংস। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বক্ষঃস্থলে পদ্মাকৃতি মাংসভাগ, বুকের কলিজার অগ্রভাগের মাংস, (ফুলকা)। ২। মাংসবৃদ্ধিরূপ রোগ বিশেষ (দূষিত ভাবে যকৃতির মাংসবৃদ্ধি।)

অগ্রযায়ী (অগ্রযায়িন্, অগ্র—যায়িন্ [যা যাওয়া+ইন্ (ণিন্)—ক] যে যায়, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রগামী।

অগ্রসর, অগ্রসার (অগ্র—সর, সার [সৃ গমন করা+অ (ট)—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যে অগ্রে যায়, অগ্রগ, অগ্রযায়ী; যথা—আপনি অগ্রসর হউন। ।২। যে কোন কর্ম্মে সকলের অগ্রে প্রবৃত্ত বা উদ্যোগী হয়; যথা,—তিনি সকল কর্ম্মে অগ্রসর হন।

অগ্রসন্ধ্যা; (অগ্র—সন্ধ্যা) সং, স্ত্রীং, পূর্ব্বসন্ধ্যা, ঊষা।

অগ্রসামান্যবন্ধনী (Anterior common ligament) সং, স্ত্রীং, পৃষ্ঠবংশ বা মেরুদণ্ড কতকগুলি অঙ্গুরীয়াকার অস্থিখণ্ড দ্বারা নির্ম্মিত। এই অস্থিখণ্ডগুলি বা কশেরুকা সকল পরস্পর উপর্য্যুপরি সংস্থাপিত এবং একপ্রকার স্থিতিস্থাপকতা, অনপসার্য্যতা ও নমনীয়তা গুণবিশিষ্ট উপাস্থিময় শ্বেত পদার্থ দ্বারা দৃঢ়রূপে সম্বন্ধ আছে, এই পদার্থকে বন্ধনী কহে। মেরুদণ্ডের সম্মুখভাগস্থ বন্ধনীকে অগ্রসামান্যবন্ধনী কহে।

অগ্রস্ত্রী (অগ্র পূর্ব্ব—স্ত্রী) সং, স্ত্রীং, প্রথম বিবাহিতা স্ত্রী; যথা—"ক্ষত্রিয়ের অগ্রস্ত্রী বৈশ্যা।

অগ্রহায়ণ (অগ্র—হায়ন বৎসর, হেমন্ত শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরৎ, এই ছয় ঋতু গণনায় যে বৎসরের অগ্র, ৬ষ্ঠী—ষ। অমরকোষে এরূপ লিখিত আছে যে, পূর্ব্বকালে অগ্রহায়ণ মাসে বৎসর আরম্ভ হইত এবং কার্ত্তিক মাসে বৎসর শেষ হইত এই জন্য মার্গশীর্ষমাসের নাম অগ্রহায়ণ হইয়াছে। অগ্রহায়ণ মাস হইতে বৎসরের প্রথম মাস কেন গণনা করা হইত তাহার কারণ আছে। পূর্ব্বে সাধারণ লোকেরা চন্দ্র সূর্য্যের গতি দেখিয়া বৎসর গণনা করিতে পারিত না। তজ্জন্য তাহারা স্বাভাবিক সামান্য লক্ষণ দেখিয়া বৎসর নির্ণয় করিত। "অগ্রহায়ণ" অর্থাৎ অগ্র শ্রেষ্ঠ—হায়ণ ব্রীহি। যে সময়ে শ্রেষ্ঠ ব্রীহি উৎপন্ন হয়। সামান্য লোকেরা ব্রীহির উৎপত্তি দেখিয়া বৎসর গণনা করিত ইহা স্পষ্ট বুঝা যাইতেছে। আরও এখনকার মত পূর্ব্বের লোকেরা ধানের বাড়ী খাইত। কোন্ সময়ে মহাজনেরা ঋণ দিতেছেন এবং কেমন সময়ে সেই ঋণ পরিশোধ করিতে হইবে, মাস সন তারিখ বলিলে অজ্ঞ লোকেরা তাহার কিছু অর্থ বুঝিতে পারিত না। তজ্জন্য স্বভাবের এক একটী স্পষ্ট লক্ষণ দেখাইয়া বণিকেরা সময়ে বুঝাইয়া দিতেন) সং, পুং, হেমন্তের প্রথম মাস।

অগ্রাহ্য ( অ—গ্রাহ্য গ্রহনীয় ) বিং, ত্রিং, গ্রাহ্য নয়, গ্রাহ্য করিবার উপযুক্ত নয়, হেয়, অবজ্ঞেয়, অশ্রদ্ধেয় ; যথা—অগ্রাহ্য কথা। ২। যাহা গ্রহণ করা উচিত নয়, গ্রহণের অনুপযুক্ত ; যথা—"মদ্যমদেয়ম-পেয়মগ্রাহ্যং । ৩। যাহা গ্রহণ করা অপ্রশস্ত ; যথা—"অগ্রাহ্যং শিব নির্ম্মাল্যং পত্রং পুষ্পং ফলং জলং।" (পুরাণ)

অগ্রিম, অগ্রিয়, অগ্রীয় (অগ্র+ইম, (ডিম) ইয়, ঈয় — ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, জ্যেষ্ঠ, পূর্ব্বোৎপন্ন। প্রধান। ২। অগ্রে দেয় ; যথা – অগ্রিম মূল্য।

অগ্রীয়গর্ভতন্ত ( Apical Style, অগ্রীয় অগ্রভাগেস্থিত — গর্ভতন্ত ডিম্বকোষের উপরিস্থিত দীর্ঘ সূক্ষ্মবৎ অংশ) সং, পুং, পুষ্পদণ্ডের অগ্রভাগ অধিকার করিয়া পুংকেশর সকলের মধ্যে যে রূপান্তরিত পত্র অবস্থিত আছে তাহাকে ফলাম্বু বা গর্ভকেশর বলা যায়। ঐ ফলাম্বুর নিম্নস্থ শূন্যগর্ভ অংশকে ডিম্বকোষ এবং উপরিস্থ দীর্ঘ সূত্রবৎ অংশকে গর্ভতন্ত বলে। যে গর্ভতন্ত ডিম্বকোষের অগ্রভাগ হইতে উত্থিত হয় তাহার নাম অগ্রীয়গর্ভতন্ত।

অগ্রেদিধিষু (অগ্রে প্রধান—দিধিষু দুই বার বিবাহিতা স্ত্রী। যাহার প্রধান দিধিষু, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, পুনর্ভূ বিবাহকারী, যাহার ভার্য্যার পূর্ব্বে একবার বিবাহ হইয়াছিল। (৭মী—ষ) যু, যূ—স্ত্রীং, জ্যেষ্ঠা সহোদরা অবিবাহিতা থাকিতে অগ্রে বিবাহিতা কনিষ্ঠা ভগিনী।

অগ্রেবণ (অগ্র—বন। বনের অগ্র) সং, ক্লীং, বনাগ্রভাগ। আগ্রা।

অগ্রেসর ( অগ্রে—সর [ সৃ গমন করা+অ (ট)—ক] যে সরে) বিং, ত্রিং, অগ্রগামী প্রধান।

অগ্র্য (অগ্র+য—ভবার্থে। যে অগ্রে হয়) বিং, ত্রিং, আদ্য। প্রধান। উত্তম।

অঘ ( অঘ্ পাপ করা+অ (অল্)—ভাবে ) সং, ক্লীং, পাপ। কলঙ্ক। দুঃখ। ব্যসন। ( অঘ্ পাপকরা+অল্ (অ)—ক ) পুং, অসুরবিশেষ। ( অঘাসুর দেখ )

অঘট, অঘটন ( অ—ঘট, ঘটন—যাহা ঘটে ) বিং, ত্রিং, অসম্ভব, যাহা ঘটেনা, যাহা ঘটা সম্ভব নয়। যথা—

"ক্রোশ শতপথ চলে যায় কত
মারুত মত ত্বরায় রে।
দখিলে চটক, অঘট ঘটক
দোহার ঘটক ধায় রে।

"আমার এই ঐশিকী অঘটন-ঘটনা চাতুরী নিরীক্ষণ কর।"

অঘটনঘটনা ( অঘটন—ঘটনা ) সং, স্ত্রীং, যাহা ঘটিবার নয় তাহা সংঘটন, অসম্ভব ঘটনা। যথা "অঘটন ঘটন পটীয়সী।"

অঘমর্ষণ ( অঘ—মর্ষণ [মৃষ্ খণ্ডন করা+অন—ক] নাশক। যে অঘ নাশ করে, ২য়া—য) বিং, ত্রিং, পাপনাশন। ক্লীং, বেদের মন্ত্রবিশেষ ; যথা –(সামগের সন্ধ্যায়) ওঁ ঋতঞ্চ সত্যঞ্চ ও ধ্রুবদাদিং মুমুচান ইত্যাদি। সং, পুং, তন্মন্ত্র প্রণেতা ঋষি।

অঘাসুর—অসুর বিশেষ। বকাসুর ও পুতনার কনিষ্ঠ ভ্রাতা এবং কংসের ভৃত্য। কৃষ্ণ নন্দালয়ে শৈশব সময়ে যখন অবস্থান করেন, তখন তাঁহার বিনাশার্থ রাজা কংসের আদেশে বকাসুর ও পুতনা তথায় আসিয়াছিল, কিন্তু কৃষ্ণকে বিনাশ করা দূরে থাকুক কৃষ্ণকর্ত্তৃকই তাহারা বিনষ্ট হইল, তাহাতে উহাদিগের কনিষ্ঠ অঘাসুর স্বীয় ভ্রাতা ও ভগিনীর বিনাশকারী সেই কৃষ্ণকে বধ করিতে মায়াদ্বারা অতি বৃহৎ অজগর শরীর ধারণ করিয়া মুখব্যাদান পূর্ব্বক পথে শয়ন করিয়া রহিল। পর্ব্বতগুহা মনে করিয়া কৃষ্ণসহচর গোপালগণে প্রথমতঃ তাহার মুখে প্রবিষ্ট হইল। কৃষ্ণ তদ্দর্শনে তাহার বিনাশ ও গোপালগণের রক্ষা করিতে আপনি ও তাহার মুখে প্রবেশ পূর্ব্বক গলদেশে গিয়া নিজ শরীর এমত বিস্তার করিলেন যে ঐ অঘাসুরের প্রাণবায়ু নিরোধ হইয়া মস্তক ফাটিয়া বহির্গত হইল তাহাতে তাহার মৃত্যু হইল, এবং সেই বায়ুরসহিত কৃষ্ণ ও গোপালেরা ও বাহির হইয়া পড়িলেন।

অঘোর ( অ – ঘোর [ঘুর্ ভয়ঙ্কর হওয়া+অ (অন্)—ক] ভয়ঙ্কর। যাহা হইতে আর ভয়ঙ্কর নাই, ৫মী – হিং, বা অ সদৃশ — ঘোর ভয়ানক ) বিং, ত্রিং, অভয়ানক অর্থাৎ সৌম্যরূপ বিশিষ্ট; যথা —"অঘোরঃ শিবঃ। ২। অত্যন্ত ভয়ানক, প্রচণ্ড, দুর্দ্ধর্ষ; যথা—অঘোর নিদ্রা। ৩। সং, পুং, শিব।

"অঘোর মন্ত্রেতে শিখা বাঁধে তৎক্ষণ।
সুদর্শন মন্ত্র করে হৃদয়ে রক্ষণ।"
কবিরঞ্জন বিদ্যাসুন্দর।

রা – স্ত্রীং, (অঘোর শিব+অ – অত্যর্থে। আ—স্ত্রীলিঙ্গে। যাহাতে শিবের উপাসনা হয়) ভাদ্রমাসের কৃষ্ণাচতুর্দ্দশী; এই চতুর্দ্দশীতে শিবপূজা করিলে শিবলোক প্রাপ্ত হয়।

অঘোরপন্থী (অঘোর শিব, ভয়ানক – পন্থী পথিন্ শব্দজ)সং,পুং,শৈবসম্প্রদায় বিশেষ। ইহাদের আদিস্থান বরপুর অঞ্চলে (আধুনিক বরদা)। তদ্ভিন্ন কাতিওয়ার, কেরারী এবং অন্যান্য স্থানেও বিস্তর অঘোরী ছিল। এখন রাজওয়াড়ের অন্তর্গত আবুপর্ব্বতে অঘোরপন্থী শৈব দেখা যায়। ইহারা নিতান্ত অপরিষ্কার নির্ঘৃণ ও বিকাররহিত। মদ্য, মাংস, এমন কি নিজের মলমূত্র পর্য্যন্ত খাইয়া থাকে। কি কাঁচা, কি পক্ক, কি দুর্গন্ধ অখাদ্য, লোকে যাহা দিবে অঘোরীরা অম্লান মুখে তাহাই ভক্ষণ করে। কারণ, নির্ব্বিকার হওয়া ইহাদের ধর্ম্মনীতির প্রধান সূত্র। কোথাও শবদাহ হইলে অঘোরপন্থীরা মদ্যের সঙ্গে সেই মনুষ্য মাংস তুলিয়া ভোজন করে। ইহাদের মাথায় বড় বড় চুল, কাহারও মস্তকে জটা। কেশ রুক্ষ, অবিশৃঙ্খল। মুখভরা দাড়ী গোঁপ। কৌপিন ও বহির্ব্বাস পরা। মুখ পরিষ্কার করে না। মদ্যপান করিবার জন্য ইহাদের সঙ্গে কপাল মাত্র অর্থাৎ মানুষের মাথার খুলি থাকে। অন্যান্য ধর্ম্মসম্প্রদায়ের লোকদের সঙ্গে যেমন মালা কি অন্যান্য বিশেষ পরিচ্ছদ থাকে, অঘোরিদের তদ্রূপ কিছুই নাই। ইহাদের নিকট ধর্ম্ম কথা শুনিতে চাহিলে কিছুই বলে না। বরদারাজ্যে অঘোরেশ্বর নামে ইহাদের একটী মঠ ছিল। অঘোরস্বামী সেই খানে বাস করিতেন। এক্ষণে সম্প্রদায় ক্রমশঃ নির্মূল হইয়া আসিতেছে। ক্বচিৎ কখন অঘোরপন্থী যোগিদিগের ইতস্ততঃ ভ্রমণ করিতে দেখা যায়। অঘোরপন্থীর মত নূতন নহে। অতি প্রাচীনকালেও এই সম্প্রদায় বিদ্যমান ছিল তাহার প্রমাণ পাওয়া যায়। মার্কোপলো প্লিনী, আরিষ্টটল প্রভৃতি বিদেশীয় পণ্ডিতগণ ইহাদের বিষয় কিছু কিছু উল্লেখ করিয়াছেন। পারস্য দেশেও বহুকাল পূর্ব্বে এই প্রকার এক সম্প্রদায়ের সাধক বাস করিত। সে কারণ অনুমান হইতেছে, অঘোরী শৈব দেশবিদেশে বিস্তীর্ণ হইয়াছিল। কখন কখন বঙ্গদেশের স্থানে স্থানে অঘোরী স্ত্রীলোক দলবদ্ধ হইয়া আসে। তাহাদের মাথায় জটা, গলায় নানাবিধ প্রস্তর ও স্ফটিকের মালা ঘাগরা পরা; কাহারও হাতে ত্রিশূল। তাহারা জনপদের মধ্যে মহা উপদ্রব করে। ২। দুরাচার, উন্মার্গগামী সম্প্রদায়; এই নিমিত্ত যাহাদিগের খাদ্যাখাদ্যের বিচার নাই তাহাদিগকে অঘোরপন্থী বলে।

অঘোস্ (অ – হন্ বধকরা+ওস্ (ডোস্)—ধি) অং, সম্বোধন সূচক।

অঘ্ন } (অ – হন্ বধকরা+অ (অক),
অঘ্ন্য } য (যক্)—র্ম্ম,নিপাতন। সৃষ্টিকর্ত্তা বলিয়া যিনি হনন করেন) সং, পুং, ব্রহ্মা। ঘ্না, ঘ্ন্যা – স্ত্রীং, গবী, গাই। বিং, ত্রিং, বধের অযোগ্য।

অঙ্ক (অনক্ লক্ষ্যকরা+অ(অল্)—ণ, ভা। যাহার দ্বারা লক্ষ্য করা যায়) সং, পুং, চিহ্ন, আঁক; যথা—"রতিবলয়পদাঙ্কে চাপমাসজ্য কণ্ঠে।"(কুমারসম্ভব)। "মৃগাঙ্ক শেখর দিগম্বর" (অন্নদামঙ্গল)। ২। কলঙ্ক; "একো হি দোষো গুণসন্নিপাতে

নিমজ্জতীন্দোঃ কিরণেম্বিবাঙ্কঃ।"
"সে শশাঙ্ক সকলঙ্ক এ যে মম অঙ্ক-হীন।' ৩। ক্রোড় ; যথা—"শৈশবকালে বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে যাইতাম।"(কাদম্বরী)। ৪। রেখা; যথা—
"যোগেশ্বর ফিরি, বহুরিক পানিধরি
কুশল করব বনদেব।
ইহা এক অঙ্ক বঙ্ক বিশঙ্কউ
বনহু পশুপতি সেব।" (বিদ্যাপতি)
৫। ভূষণ ; যথা—বৃষাঙ্ক (বৃষ অঙ্ক অর্থাৎ ভূষণ যার=শিব)। ৬। সংখ্যা সংস্থাপন, সংখ্যাজ্ঞাপক চিহ্ন ; যথা—১ ২ ৩ ৪ ইত্যাদি। ৭। সমীপ ; যথা—"প্রেম্নোপকণ্ঠং মুহুরঙ্ক ভাজো রত্নাবলী-মম্বুধিরাববন্ধ।" (মাঘ)। ৮। অপরাধ, দোষ। ৯। চিত্রযুদ্ধ ; অস্ত্র শস্ত্র প্রভৃতি সমুদয় যুদ্ধোপকরণ লইয়া কৃত্রিম যুদ্ধ দ্বারা প্রকৃত যুদ্ধ প্রণালী প্রদর্শন করাই ইহার উদ্দেশ্য। ১০। নাটকের প্রত্যেক পরিচ্ছেদ বা সর্গ। ইহাতে বর্ণিত বিষয়ের স্থূল ২ তাৎপর্য্য একপ্রকার শেষ হয়। নাটকে অঙ্কসংখ্যা প্রায় দশের অধিক দেখা যায় না। ১১। দেশভেদে—অঙ্ক শব্দে সিংহাসনারোহণ হইতে বর্ষ গণনা। ১২। রূপক বা অভিনয়বিশেষ ; নাটকাদি দৃশ্যকাব্যে কোন বস্তু বা ব্যক্তি বিশেষের অনুকরণই প্রধান বিষয়, তজ্জন্য উহার নাম রূপক বা অভিনয়। এই দৃশ্য কাব্যের অঙ্কে ইতিবৃত্তের স্থূল স্থূল অংশের অভিনয় শেষ হয় বলিয়া অঙ্ককেও রূপক বিশেষ বলা যায়। ১৩। শরীর। ১৪। স্থান।

অঙ্কতি (অন্চ্ গমনকরা+অতি—প্রং। চ=ক। যে গমন করে) সং, পুং, বায়ু। ২। (অন্চ্ পূজা করা+অতি—র্ম্ম) ব্রহ্মা। ৩। অগ্নি। ৪। অগ্নিহোত্রী।

অঙ্কন (অঙ্ক দেখ+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, চিহ্নকরণ। সংখ্যালিখন। জামিতিতে—রেখাপাতন।

অঙ্কপাত (অঙ্ক—পাত) সং, পুং, অঙ্ক-সংস্থাপন।

অঙ্কপালি, অঙ্কপালিকা, অঙ্কপালী (অঙ্ক ক্রোড়-পালি,পালিকা পালী [পাল্ পালন করা +ই,ঈ—ভাবে] যে পালিত হয়) সং, স্ত্রীং, আলিঙ্গন। (অঙ্ক—পালী [পল্ পালন করা+ই—ক] যে পালন করে। যে অঙ্কের দ্বারা পালন করে। ৩য়া—ষ) ধাত্রী। বেদিকাখ্যগন্ধ দ্রব্য।

অঙ্কশাস্ত্র (অঙ্ক—শাস্ত্র) সং, ক্লীং, গণিত-শাস্ত্র, বীজগণিত, পাটীগণিত প্রভৃতি।

অঙ্কিত (অঙ্ক চিহ্নকরা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চিহ্নিত ; যথা—
"পরিধান শুক্ল-পক্ষ-চ্ছবি কুশচীর।
মৃগাঙ্কে অঙ্কিত যেন শরীর শরীর।"
(নিবাতকবচবধ)
২। চিত্রিত ; যথা—তাহার সৌম্যমূর্ত্তি আমার মনোমধ্যে অঙ্কিত করা রহিয়াছে। ৩। লক্ষিত, যাহাকে লক্ষ্য করা হইয়াছে। ৪। গণিত।

অঙ্কী (অঙ্কিন, অঙ্ক চিহ্ন, ক্রোড়+ইন—বিশিষ্টার্থে) সং, ক্লীং, পার্শ্ব। স্ত্রীং, অঙ্ক্য, মৃদঙ্গ। বিং, ত্রিং, কলঙ্কী ; যথা—
"অঙ্কী কলানিধি, যে বাক্যে জলধি
পাইল কটুত্ব লোন।" (কাশীদাস)

অঙ্কুর, অঙ্কূর (অঙ্ক দেখ, উর ঊর—ক, সংজ্ঞার্থে। যাহা দ্বারা লক্ষ্য করা যায়) সং, পুং, বীজ বপন বা রোপণ করিলে সর্ব্বপ্রথম যাহা নির্গত হয়,অচিরজাত,বীজোদ্ভূত, আঁকুড় ; যথা—ধান্যের অঙ্কুর, যবের অঙ্কুর ইত্যাদি। ২। মুকুল ; যথা—"চূতাঙ্কুরস্বাদকষায়কণ্ঠঃ।" (কুমারসম্ভব)
"বসন্তাদি ঋতু সহ সদা যথা কাম।
চূতাঙ্কুর শরহস্তে বিহরে প্রকাম॥
(নিবাতকবচবধ)
৩। অগ্রভাগ ; যথা—কুশের অঙ্কুর।
৪। অভিনবোৎপন্ন বস্তু ; যথা—
"উরজ অঙ্কুর, চিরে ঝাঁপয়সি
থোর থোর দশরায়। (বিদ্যাপতি)
উরজ অঙ্কুর অর্থাৎ নূতনোৎপন্ন কুচ অর্থাৎ কুচকলিকা।
৫। আদি, আরম্ভ ; যথা—

"নাহ দরশ সুখ বিহি কৈলে বাদ।
অঙ্কুরে ভাঙ্গল বিনি অপরাধ।"
(বিদ্যাপতি)

৬। জল। ৭। রক্ত। ৮। লোম।

অঙ্কুরক (অঙ্কুর+ক–স্বার্থে। যাহা তৃণাদি দ্বারা পরিবর্দ্ধিত হয়) সং, পুং, নীড়, পাখীর বাসা।

অঙ্কুরিত (অঙ্কুর+ইত–জাতার্থে) বিং, ত্রিং, জাতাঙ্কুর, অঙ্কুরোদ্গম, যাহার অঙ্কুর নির্গত হইয়াছে; যথা—বীজ অঙ্কুরিত হইয়া বৃক্ষে পরিণত হইয়াছে। ২। মুকুলিত; যথা—'চূতকলিকা অঙ্কুরিত হইলে।' (কাদম্বরী)। ৩। প্রকাশিত, আবির্ভূত; যথা—

"রথস্কন্ধ অঙ্গ, অঙ্গস্পর্শে পুলকিত।
মনোজ হইল যেন আসি অঙ্কুরিত।"
(বিক্রমোর্ব্বশী)

অঙ্কুশ, অঙ্কুষ (অন্‌ক্‌ গমনকরা+উশ,উষ–ণ, সংজ্ঞার্থে। যে মর্ম্মস্থানে গমন করে) সং, পুং–ক্লীং, লৌহনির্ম্মিত সূক্ষ্মাগ্র দণ্ড-বিশেষ, এই দণ্ড দ্বারা মস্তকে প্রহার করিয়া হস্তীকে চালায় অথবা উহার দুষ্টতা দমন করে, হস্তিতাড়ন দণ্ড, ডাঙ্গশ।

অঙ্কুশদুর্দ্ধর (অঙ্কুশ–দুর্‌ দুঃখ–ধর যে ধারণ করে। যাহাকে অঙ্কুশ দ্বারা কষ্টে বশ করা যায়, ৩য়া–ষ) সং, পুং, দুরন্ত হস্তী।

অঙ্কোট, অঙ্কোঠ, অঙ্কোল (অঙ্কদেখ+ওট, ওঠ, ওল–সংজ্ঞার্থে। কীলকাকার কণ্টক দ্বারা যাহাকে লক্ষ্য করা যায়)। সং, পুং, আঁকড়গাছ।

অঙ্ক্য (অঙ্ক ক্রোড়+য–র্ম্ম। ক্রোড়ে স্থাপন করিয়া যাহা বাদন করা যায়) সং, পুং, মৃদঙ্গ, পাখোয়াজ।

অঙ্গ (অন্‌গ্‌ গমন করা, বোধকরা+অ(অল্‌)–ক, ণ। শীতাদি দ্বারা যে চলে অথবা যাহার দ্বারা আকৃতিবোধ হয়) সং, ক্লীং, অবয়ব, শরীরের অংশ; যথা–হস্ত, পদ, উদর ইত্যাদি। ২। শরীর, দেহ; যথা–"কে বলে অনঙ্গ অঙ্গ, দেখা নাহি যায়।" ৩। অপরিহার্য্য অংশ, যে অংশ না হইলে সম্পন্ন হয় না; যথা—যে কর্ম্মের যে অঙ্গ, এ কর্ম্মের অঙ্গই এই। ৪। কোন বস্তুর একদেশ; যথা–রথাঙ্গ (রথচক্র) ৫। উপায়। ৬। মন; যথা–'হিরণ্যগর্ভাঙ্গভুবং মুনিং হরিঃ।' (মাঘ)। ৭। আকৃতি, অবয়ব (অনুরূপ) যথা—'কীর্ত্তনাঙ্গের গীত।' ৮। অংশ; যথা—

"অঙ্গ শব্দে অংশ কহে শাস্ত্র পরমাণ।
অঙ্গের অবয়ব উপাঙ্গ ব্যাখ্যান।
অদ্বৈত নিত্যানন্দ চৈতন্যের দুই অঙ্গ।
অঙ্গের অবয়ব গণ কহিয়ে উপাঙ্গ।"
(চৈতন্যচরিতামৃত)

৯। বেদের মন্ত্রবিশেষ। ১০। বেদের অবয়ব গ্রন্থ: শিক্ষা কল্প ব্যাকরণ ছন্দঃ নিরুক্ত জ্যোতিষ এই ছয়টী। ১১। প্রধান উপযোগী উপকরণ; যথা–চতুরঙ্গবল (হস্তী, অশ্ব, রথ ও পদাতিক); যথা–'যিনি স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ ও বল এই রাজা স [illegible]কীয় সাত অঙ্গের প্রতি অত্যাচার [illegible]। তিনি গুরুই হউন বা মিত্রই হ[illegible] তাঁহার বিনাশ করা রাজার অবশ্য কর্ত্তব্য।" ১২। জ্যোতিষে–জন্মাদি লগ্ন। ১৩। ব্যাকরণে-প্রত্যয় পরে থাকিলে তৎপূর্ব্ববর্ত্তী প্রকৃতি। ১৪। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ। ১৫। কোন কোন স্থলে অঙ্গ আপন ইত্যাদি অর্থের বোধক হয়; যথা—অঙ্গীকার। ১৬। বিং, ত্রিং, গৌণ, অপ্রধান। ১৭। পুং–বহুং, দেশ বিশেষ, ভাগলপুরও সন্নিহিত প্রদেশের নাম পূর্ব্বে অঙ্গ ছিল, চম্পানগর উহার রাজধানী ছিল। ১৮। অং, সম্বোধনসূচক। ১৯। স্বীকার।

অঙ্গগ্রহ (অঙ্গ–গ্রহ যে [গ্রহণ করে] আক্রমণ করে) সং, পুং, গাত্রবেদনা। ২। আকর্ষণী, ধনুষ্টঙ্কার, খেঁচারোগ; "অঙ্গগ্রহ নামে
ভয়ঙ্কর যমচর গ্রহিছে প্রবলে
ক্ষীণ অঙ্গ—।" (মেঘনাদবধকাব্য)

অঙ্গজ (অঙ্গ–জ [জন্‌ উৎপন্ন হওয়া+অ (ড)–ক] যে জন্মে। অঙ্গ হইতে যে জন্মে, ৫মী–ষ) সং, পুং, পুত্র; যথা—"রঘুজ অজ অঙ্গজ বিখ্যাত ভুবনে।" (মেঘনাদবধ।)

২। (অঙ্গ মন—জ যে জন্মে) মনোভব, কাম। ৩। রোগ। ৪। কেশ। ৫। ক্লীং,রক্ত। ৬। বিং, ত্রিং, অঙ্গ হইতে জাত, শরীরোৎপন্ন; যথা—

"শিব নিন্দা শ্রবণে করিব প্রতিকার।
তোমার অঙ্গজতনু রাখিব আর॥

জা—স্ত্রীং, কন্যা। (কবিকঙ্কণচণ্ডী)

অঙ্গজনু—পুত্র ও কন্যা; যথা—"ভরদ্বাজ অঙ্গজনু।" (কাশীদাস)। বিং, ত্রিং, শরীরোৎপন্ন। "তব অঙ্গজনু তেজিব এতনু তবে যাবে মোর পাপ। (অন্নদামঙ্গল।)

অঙ্গত্র, অঙ্গত্রাণ (অঙ্গ শরীর—ত্র, ত্রাণ [ত্রৈ রক্ষা করা+অ, অন—ক] যে রক্ষা করে) সং, পুং, অঙ্গরক্ষক, বর্ম্ম, সাঁজোয়া।

অঙ্গদ (অঙ্গ দেহৈকভাগ—দ [দয় গ্রহণ করা, দে পোষণ করা, দৈ পরিষ্কার করা +অ(ড)—ক] যে গ্রহণ করে। যে অঙ্গ অর্থাৎ বাহু গ্রহণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, কেয়ূর, বাহুভূষণ, বাজু। যথা—"অঙ্গদ বলয় সর্প সর্পের পইতা। চক্ষু খেয়ে হেন বরে দিলেক দুহিতা॥" (কবিকঙ্কণচণ্ডী)। ২। পুং, বালিরাজার পুত্র। দা—স্ত্রীং, দক্ষিণদিগ্‌হস্তিনী, পিঙ্গলা।

অঙ্গন, অঙ্গণ (অঙ্গ দেখ+অন (অনট্)—ধি, ভা। যাহাতে গমন করে) সং, ক্লীং, চত্বর, প্রাঙ্গণভূমি, আঙ্গিনা, উঠান্। ২। (অন্‌গ্ গমন করা+অন(অনট্)—ভাবে) গমন।

অঙ্গনা (অঙ্গ দেহ+ন—প্রশংসার্থে। যাহার প্রশস্ত অঙ্গ আছে। আ(আপ্)—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অঙ্গসৌষ্ঠবশালিনী স্ত্রী, নারী; যথা—"অঙ্গনা ভূষণ প্রিয়া সে দেশ রক্ষণে।" ২। উত্তর দিক্ হস্তিনী। ৩। কন্যারাশি।

অঙ্গনাপ্রিয় (অঙ্গনা নারী—প্রিয়, ৬ষ্ঠী—ষ। প্রসিদ্ধি আছে নারীগণ ইহার পুষ্প দ্বারা অঙ্গ ভূষিত করে) সং, পুং, অশোকবৃক্ষ। ২। দক্ষিণদিগ্‌গজবিশেষ ৩। বিং, ত্রিং, স্ত্রীলোকের প্রীতিকর।

অঙ্গন্যাস (অঙ্গ দেহ—ন্যাস। ৭মী—ষ) হৃদয়াদিতে মন্ত্র ভেদের ন্যাস) সং, পুং, ভিন্ন ভিন্ন নির্দ্দিষ্ট মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয় মস্তক শিখা নেত্র বাহু ও করতলস্পর্শ।

অঙ্গপালি (অঙ্গ—পাল্ বন্ধন করা, পালন করা+ই—ধি। যাহাতে অঙ্গের সম্যক্ প্রকার বন্ধন হয়) সং, স্ত্রীং, আলিঙ্গন।

অঙ্গপ্রত্যঙ্গ (অঙ্গ—প্রতি সম্বন্ধীয়—অঙ্গ) সং, ক্লীং, সকল অবয়ব।

অঙ্গপ্রায়শ্চিত্ত (অঙ্গ—প্রায়শ্চিত্ত) সং, ক্লীং, অশৌচকালে সমুৎপন্ন অঙ্গাশুদ্ধির শোধনার্থ কর্ত্তব্য প্রায়শ্চিত্ত।

অঙ্গভঙ্গ, অঙ্গভঙ্গী (অঙ্গ দেহ—ভঙ্গ, ভঙ্গী। ৬ষ্ঠী—ষ)সং,পুং, অঙ্গচালনা দ্বারা ভাবভঙ্গী প্রকাশ বা মনোভাবব্যক্তীকরণ; যথা।—

"ননী ছানা খাওয়াইয়া, রস রঙ্গ শিখাইয়া
অঙ্গভঙ্গ দেখাইয়া, তুমি কৈলা কামী।"
(ভারতচন্দ্র)

"হেন অঙ্গভঙ্গী করি নাচে গৌরচন্দ্র।"
দেখিয়া সবার হয় অতুল আনন্দ।
(চৈতন্যভাগবত)

অঙ্গমর্দ্দ, অঙ্গমর্দ্দক, অঙ্গমর্দ্দী (অঙ্গ—মর্দ্দ, মর্দ্দক, মর্দ্দী [মৃদ্ মর্দ্দনকরা+অ(অন), অক(ণক), ইন্(ণিন্)—ক] যে মর্দ্দন করে) বিং, ত্রিং, অঙ্গসংবাহক, সেবক।

অঙ্গরক্ষণী, অঙ্গরক্ষিণী (অঙ্গ — রক্ষণী, রক্ষিণী [রক্ষ্ রক্ষা করা+অন(অনট্)—ণ, ইন্(ণিন্)—ক। ঈ(ঙীপ্)—স্ত্রীলিঙ্গে] রক্ষিত। যৎ কর্ত্তৃক অঙ্গরক্ষিত হয়) সং, স্ত্রীং, আঙরাখা। ২। কবচ, অঙ্গত্রাণ, সাঁজোয়া। ৩। কোট, পিরাণ ইত্যাদি।

অঙ্গরক্ষা (অঙ্গ—রক্ষা) সং, স্ত্রীং, কবচ, সাঁজোয়া। ২। কোট, পিরাণ ইত্যাদি, আংরাখা।

অঙ্গরাগ (অঙ্গ—রাগ [রন্‌জ্ রংকরণ + অ (ঘঞ্)—ভাবে] রংকরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দন কুঙ্কুমাদিদ্বারা গাত্র লেপন। (অঙ্গ—রন্‌জ রং করা+অ(ঘঞ্)—ণ। যাহার দ্বারা ভূষিত হয়) লেপনদ্রব্য।

অঙ্গরাজ্, অঙ্গরাজ (অঙ্গ—রাজ্ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক। অঙ্গ—রাজন্+

ষ) সং, পুং, অঙ্গদেশের রাজা, অঙ্গদেশাধিপতি, কর্ণ।

অঙ্গরুহ (অঙ্গ—রুহ [রুহ্ উৎপন্ন হওয়া +অ(ক)—ক] যে জন্মে। অঙ্গ হইতে যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, লোম। পশম। পালখ।

অঙ্গবিক্ষেপ (অঙ্গ—বিক্ষেপ ক্ষেপণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গভঙ্গী, নৃত্যাদিকালে অঙ্গসঞ্চালন, কৌতুক দেখাইবার নিমিত্ত হস্তপদাদি অঙ্গের চালন।

অঙ্গবৈকৃত (অঙ্গ—বিকৃত বিকার প্রাপ্ত+অ(ষ্ণ)—ভাবে) সং, পুং, অঙ্গবিকার, ভঙ্গী। ইঙ্গিত, ইসারা।

অঙ্গসংস্কার (অঙ্গ—সংস্কার পরিষ্কার, ষষ্ঠী—ষ) সং, পুং, কুঙ্কুমাদি দ্বারা শরীর শোভা করণ, শরীর মার্জ্জন।

অঙ্গসৌষ্ঠব (অঙ্গ—সৌষ্ঠব সৌন্দর্য্য) সং, ক্লীং, অঙ্গের সৌন্দর্য্য, কোন অবয়বের গঠনে কোন দোষ না থাকা।

অঙ্গহার (অঙ্গ—হার হরণ। অঙ্গ সকলের হরণ অর্থাৎ এস্থান হইতে অন্য স্থানে নয়ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, অঙ্গবিক্ষেপ, নৃত্যাদি কালে অঙ্গভঙ্গী।

অঙ্গহীন (অঙ্গ—হীন চ্যুত। ৩য়া—ষ) বিং, ত্রিং, অবয়ব হীন। ২। যার এক বা তদধিক অঙ্গ না থাকে। ৩। হস্তপদাদি অঙ্গের যথোপযুক্ত পরিমাণ শূন্য, বিকলাঙ্গ। ৪। অসম্পূর্ণ, কোন অংশে ন্যূন; যথা—অঙ্গহীন কর্ম্ম। ৫। দ্রব্যকালাদি উপকরণ শূন্য; যথা—"আকুল হইল পূজা হয় অঙ্গহীন।" (অন্নদামঙ্গল)

অঙ্গাঙ্গি (অঙ্গ—অঙ্গ। অন্যায়াঙ্গকে স্বীয় অঙ্গ করা, অথবা অঙ্গ—দ্বিত্ব, ই—প্রং) অং, স্ব স্ব পক্ষীয় লোকের প্রতি পক্ষপাত, আপন আপন পক্ষীয় লোকের টানাটানা; যথা—তাহারা বড় অঙ্গাঙ্গি করে।

অঙ্গাঙ্গিভাব (অঙ্গাঙ্গি—ভাব) সং, পুং, আত্মীয়তা। গৌণ মুখ্যভাব।

অঙ্গাধিপ (অঙ্গ দেশবিশেষ—অধিপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গদেশের রাজা, কর্ণ।

অঙ্গার (অন্গ্ পাওয়া+আর (আরন্)—ক, সংজ্ঞার্থে। যে রক্তবর্ণত্ব বা কৃষ্ণবর্ণত্ব পায়) সং, পুং—ক্লীং, আঙ্গরা, কয়লা। ২। কালী, কলঙ্ক; যথা—কুলাঙ্গার। ৩। পুং, মঙ্গলগ্রহ। ৪। ক্লীং, রক্তবর্ণ। বিং, ত্রিং, রক্তবর্ণ বিশিষ্ট।

অঙ্গারক (অঙ্গার+ক—তুল্যার্থে। যিনি অঙ্গারের ন্যায় রক্তবর্ণ) সং, পুং, কুরণ্টক বৃক্ষ (ভীমরাজ)। ২। (অঙ্গার+ক—স্বার্থে)পুং—ক্লীং, অঙ্গার। পুং, মঙ্গলগ্রহ। (অঙ্গার +ক—অল্পার্থে) অগ্নিস্ফুলিঙ্গ। ক্লীং, জ্বরঘ্ন তৈল বিশেষ; ইহা অঙ্গে ও সন্ধিস্থানে মর্দ্দন করিলে জীর্ণজ্বর নাশ হয়।

অঙ্গারকমণি (অঙ্গারক মঙ্গলগ্রহ—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ। রক্তবর্ণত্ব হেতু ইহা মঙ্গলগ্রহের প্রিয়) সং, পুং, প্রবাল।

অঙ্গারধানী, অঙ্গারধানি (অঙ্গার—ধানিকা [ধা ধারণ করা +অন—ক] যে ধারণ করে। যে অঙ্গার ধারণ করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, অঙ্গার ধারণ পাত্র, ধুনচী, আগুনের মালসা।

অঙ্গারপর্ণ (অঙ্গার—পর্ণ পাতা, ৬ষ্ঠী—হিং। যাহার পত্র অঙ্গারের ন্যায়) সং, ক্লীং, চিত্ররথ গন্ধর্ব্বের উদ্যান। ২। (অঙ্গারপর্ণ +অ — অস্ত্যর্থে) সং, পুং, চিত্ররথ গন্ধর্ব্ব।

অঙ্গারপুষ্প (অঙ্গার—পুষ্প, যাহার পুষ্প অঙ্গার সদৃশ লোহিত বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

অঙ্গারবল্লরী, অঙ্গারবল্লী (যাহার অঙ্গারবৎ রক্তবর্ণ বল্লরী অর্থাৎ মঞ্জরী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুঁচ। করঞ্জবিশেষ।

অঙ্গারশকটী (অঙ্গার—শকটী ক্ষুদ্র শকট, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, আগুন রাখিবার পাত্র, আঙ্গটা।

অঙ্গারাম্ল (Carbonic Acid, অঙ্গার—অম্ল অম্লজান, দ্বং—স) সং, পুং, অঙ্গার ও অম্লজানের রাসায়নিক সংযোগে উৎপন্ন বাষ্প; ইহা দুই প্রকারএকাম্ল-অঙ্গার ও দ্ব্যম্ল-অঙ্গার।

অঙ্গারিকা (অঙ্গার+ইক—বিদ্যমানার্থে। আ—স্ত্রীং) সং, স্ত্রীং, আঙ্গটা। ইক্ষুকাণ্ড। পলাশপুষ্পের কুঁড়ি।

অঙ্গারিত (অঙ্গার+ইত—প্রং) বিং, ত্রিং, দগ্ধপ্রায় কয়লা পড়া।

অঙ্গাবরণ (অঙ্গ—আবরণ) সং, ক্লীং, অঙ্গের আবরণ বস্ত্র, যাহা দ্বারা অঙ্গ আচ্ছাদন করা যায়।

অঙ্গিকা (অঙ্গ+ই—আচ্ছাদনার্থে। ক—স্বার্থে। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কাঁচুলী।

অঙ্গিরাঃ (অঙ্গিরস্, অঙ্গ জ্ঞান+ইরস্—অস্ত্যর্থে, অথবা অন্গ্ গমনকরা+ইরস্-নামার্থে) সং, পুং, সপ্তর্ষির একজন, বৃহস্পতির পিতা, ব্রহ্মার মানসপুত্র।

অঙ্গী (অঙ্গিন্, অঙ্গ+ইন্—অস্ত্যর্থে। যার অঙ্গ আছে) বিং, ত্রিং, শরীরী। ২। মুখ্য, প্রধান; শিং—"যদ্যঙ্গীস্যাদ্রসান্তরে।"

অঙ্গীকরণ (অঙ্গ স্ব—কৃ করা+অন (অনট্)। —ভাবে। ঈ (চ্বি)—অভূততদ্ভাবার্থে) সং, ক্লীং, অঙ্গীকার দেখ।

অঙ্গীকার (অঙ্গ—কার [কৃ করা+অ (ঘঞ্) —ভাবে] করণ। যাহা অঙ্গে ছিল না তাহাকে স্বীয় অঙ্গ করা। ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) সং, পুং, ১। পূর্ব্বে যাহা অঙ্গে ছিল না তাহা স্বীয় অঙ্গকরণ; যথা—"পিতা মাতা গুরুগণ আগে অবতরি
রাধিকার ভাববর্ণ অঙ্গীকার করি।
* * * *
নবদ্বীপে শচীগর্ভে শুদ্ধ দুগ্ধসিন্ধু।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণ পূর্ণ ইন্দু।"
(চৈতনচরিতামৃত)

২। দিব করিব যাইব উল্লেখ করিয়া প্রতিজ্ঞা করা, স্বীকার, স্বীকরণ, অঙ্গীকরণ, প্রতিশ্রুতি, প্রতিশ্রবণ।

অঙ্গীকৃত (অঙ্গ স্ব—কৃত [কৃ করা+ত(ক্ত) —র্ম্ম] যাহা করাহইয়াছে ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, যে বিষয়ে অঙ্গীকার করা হইয়াছে, স্বীকৃত, প্রতিশ্রুত।

অঙ্গুরি, অঙ্গুরী (অন্গ্ গমন করা, পাওয়া+উরি—ণ, সংজ্ঞার্থে। যে গ্রহণ জন্য গমন করে) সং, স্ত্রীং, অঙ্গুলি। ২। পদবৃদ্ধাঙ্গুলি। ৩। (যাহা ভূষণজন্য পাওয়া যায়) অঙ্গুলিভূষণ, আঙ্গটী।

অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক (অঙ্গুরি অঙ্গুলি+ঈয়, ক,—ইদমর্থে। অঙ্গুলির ইহা এই অর্থে) সং, পুং—ক্লীং, অঙ্গুলী ভূষণ, আঙ্গটী। ২। (Ring of the planet Saturn) শনিগ্রহ দেখিতে অতি আশ্চর্য্য, তাহার চতুর্দ্দিকে তিনটী বেড় আছে, তাহাদিগকে অঙ্গুরীয়ক কহে।

অঙ্গুল (অন্গ্ গমন করা + উল—সংজ্ঞার্থে। যে গ্রহণের নিমিত্ত গমন করে) সং, পুং, আঙ্গুল, করশাখা। ২। বাৎস্যায়নমুনি। ৩। অঙ্গুষ্ঠ। ৪। ক্লীং, অষ্ট যবোদর পরিমাণ, সারি সারি আটটি যব রাখিলে তাহার মধ্যস্থানের যত পরিমাণ।

অঙ্গুলি, অঙ্গুলী (অন্গ্ গমন করা+উলি, উলি—সংজ্ঞার্থে। যে গ্রহণ জন্য গমন করে) সং, স্ত্রীং, হস্তপদশাখা, আঙ্গুল। ২। গজকর্ণিকার বৃক্ষ (হাতশুড়োর গাছ)। ৩। হস্তিশুণ্ডের অগ্রভাগ।

অঙ্গুলিগ (অঙ্গুলি—গ যে গমন করে, ওয়া—হিং) বিং, ত্রিং, যে সকল জীব অঙ্গুলির উপর ভর দিয়া গমন করে।

অঙ্গুলিতোরণ (অঙ্গুলি—তোরণ দ্বারাগ্রে নিখাত স্তম্ভদ্বয়োপরি নানা রত্নময় ধনুকাকার কাষ্ঠ) সং, পুং, চন্দনাদিদ্বারা ললাটে অর্দ্ধ চন্দ্রাকৃতি তিলক; শক্তি উপাসকেরা এই তিলক সর্ব্বদা ব্যবহার করেন।

অঙ্গুলিত্র, অঙ্গুলিত্রাণ (অঙ্গুলি-ত্র, ত্রাণ [ত্রৈ রক্ষা করা+অ(ড)-ক, অন(অনট্) —র্ম্ম। যে রক্ষা করে) সং, ক্লীং, জ্যাকর্ষণ জন্য ধানুষ্কের চর্ম্মর্ম্মিত অঙ্গুলির আবরণ, অঙ্গুলিবদ্ধচর্ম্ম, চামাটী; যথা—"অর্জ্জুন অঙ্গুলিত্র ধারণ ও শরাসন গ্রহণ পুর্ব্বক উত্তরদিকে প্রস্থান করিলেন।" ২। দস্তানা।

অঙ্গুলিমুদ্রা (অঙ্গুলি—মুদ্রা [মুদ্র্ চিহ্ন করা+অ—র্ম্ম] অঙ্কিতভূষণ, ৬ষ্ঠী—ষ)

সং, স্ত্রীং, অনামাঙ্কিত অঙ্গুলিভূষণ। শিং—১ "উপহিতস্মৃতিরঙ্গুলিমুদ্রয়া।" (শকুন্তলা)

অঙ্গুলিমোটন (অঙ্গুলি—মোটন [মুট চূর্ণ করা+অন(অনট্—ভা) মট্‌কান, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ, আঙ্গুলমট্‌কান।

অঙ্গুলিসন্দেশ (অঙ্গুলি—সন্দেশ) সং, পুং, অঙ্গুলিদ্বারা সঙ্কেত।

অঙ্গুলীপঞ্চক (অঙ্গুলী—পঞ্চক পাঁচসংখ্যক) সং, পুং, অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা এই পাঁচ আঙ্গুল।

অঙ্গুলীসম্ভূত (অঙ্গুলি—সম্ভূত উৎপন্ন, জাত, ৭মী—ষ) সং, পুং, নখ। বিং, ত্রিং, অঙ্গুলিজাত।

অঙ্গুষ্ঠ (অঙ্গু হস্ত—ষ্ঠ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে। যে অঙ্গুতে প্রধানরূপে থাকে, ৭মী—ষ) সং, পুং, বৃদ্ধাঙ্গুল, বুড়া আঙ্গুল; যে অঙ্গুলির উদরে যবরেখা আছে তাহাকে অঙ্গুষ্ঠ কহে।

অঙ্গূষ (অনগ্ গমন করা+ঊষ—প্রং) সং, পুং, নকুল। বাণ।

অজ্ঞঃ (অজ্ঞস,অন্‌ষ্ গমন করা+অস্—ণ। যাহারদ্বারা অধোগমন করে) সং,ক্লীং,পাপ।

অঙ্ঘ্রি (অঙ্ঘ দেখ+রি—ণ। যাহার দ্বারা গমন করা যায়) সং, পুং, চরণ; যথা—

"দ্বিকর কমল কমলাঙ্ঘ্রি তল
ভুজ-কমলের দণ্ড।" (কাশীদাস)

২। বৃক্ষমূল। ৩। চতুর্থাংশ, শ্লোকের এক এক চরণ।

অঙ্ঘ্রিপ (অঙ্ঘ্রি—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে। যে মূল দিয়া সিক্ত তোয়াদি পান অর্থাৎ আকর্ষণ করে, ৩য়া—ষ) সং, পুং, পাদপ, বৃক্ষ।

অচক্ষুঃ (অচক্ষুস, অ—চক্ষুঃ নেত্র। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নেত্রহীন, দর্শনেন্দ্রিয় শূন্য; যথা—"অচক্ষুঃ সর্ব্বত্র চান, অকর্ণ শুনিতে পান। ২। ক্লীং, কুৎসিত চক্ষু।"

অচঞ্চল (অ—চঞ্চল অস্থির) বিং, ত্রিং, স্থির; যথা "রত্নময় কর্ণপুর, তিমির করয়ে দূর, অচঞ্চল বিজুলি কপোলে।" (কবিকঙ্কণ চণ্ডী)

অচণ্ডী; সং, স্ত্রীং, শান্ত গাভী।

অচতুর (অ—চতুর নিপুণ) বিং, ত্রিং, অপটু, অকৌশলী। যে ফেরফার জানে না বা বুঝেনা)। রা—স্ত্রীং, যথা—"বালা অচতুরা সরলতাময়"

অচর (অ—চর গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, স্থাবর, স্থিতিশীল; যথা—

"ব্যাপ্তং যেন চরাচরম্।"

অচল (অ—চল [চল্ গমন করা, চলা+অ(অন্)—ক] যে চলে) বিং, ত্রিং, গতিবিহীন; যথা—"শিখরী অচল, এ দেখি সমল, শশাঙ্ক সমল, সকলে বলে।" দৃঢ়, স্থির, অবিচলিত; যথা—অচল সিদ্ধান্ত, অচল অঙ্গীকার। ২। অব্যবহৃত; যথা—সে গ্রামে অচল হইয়া রহিয়াছে। ৩। যাহা দ্বারা কাজ চলে-না; যথা এ লেখা অচল। ৪। দোষযুক্ত; যথা—এ টাকা অচল। ৫। প্রচলিত নয়; যথা—পল্লিগ্রামে পাই পয়সা অচল। ৬। নির্ব্বাহের উপায় শূন্য; যথা—আমার সংসার অচল। ৭। ক্রিয়া শূন্য (স্পন্দ হীন)। যথা—"অচল বামার মূর্ত্তি।" সং, পুং, পর্ব্বত। যথা—"অটল অচল যথা দাঁড়াইলা বলী সে রৌরবে।" (মেঘনাদবধ)। ৯। প্রস্তর, পাষাণ; যথা—"অচল হৃদয়ে, অচল যুগল কর" ১০। শঙ্কু, গোঁজ। ১১। (মহাদেবের একটী নাম স্থানু বলিয়া) শিব। ১২। আত্মা। ১৩। (সর্ব্ব ক্রিয়া শূন্য বলিয়া) সং,ক্লীং,ব্রহ্ম। লা—স্ত্রীং; অচঞ্চলা (চিরস্থায়ী) যথা—"রাখিলেন রাজলক্ষ্মী অচলা করিয়া।" অচলা মুক্তি, অচলা বুদ্ধি, অচলা ভক্তি। ২। পৃথিবী (হিন্দু-শাস্ত্র মতে ইহার গতি নাইবলিয়া)।

অচলকীলা (অচল পর্ব্বত—কীলা শঙ্কু। ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী।

অচিকিৎসনীয় (অ—চিকিৎসনীয়) বিং, ত্রিং, যার চিকিৎসা নাই, চিকিৎসা দ্বারা যাহার প্রতিকার হইতে পারেনা, চিকিৎসা দ্বারা যার প্রতিকার হওয়া দুর্ঘট বা অসম্ভব, অচিকিৎস্য।

অচিকিৎসা (অ—চিকিৎসা) সং, স্ত্রীং, কুচিকিৎসা। ২। চিকিৎসার অভাব।
অচিকিৎস্য (অ—চিকিৎস্য) বিং, ত্রিং, অচিকিৎসনীয় দেখ।
অচিৎ (অ—চিৎ জ্ঞান। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অজ্ঞান, মূর্খ। ২। সং স্ত্রীং, রামানুজ সম্প্রদায়ী বৈষ্ণবগণের মতে পদার্থের প্রকার ভেদ. তাঁহারা বলেন যে পদার্থ তিন প্রকার, যথা—চিৎ অচিৎ ও ঈশ্বর। জীবাত্মাকে ভোক্তা ও নিত্য চেতন স্বরূপ বলিয়া চিৎ, এবং প্রত্যক্ষ গোচর যাবতীয় পদার্থকে অচিৎ কহেন। অচিৎ জড়াত্মক ও ত্রিবিধ ভাগে বিভক্ত, যথা—অন্ন জলাদি ভোজ্যবস্তু, ভোজন পাত্রাদি ভোগোপকরণ এবং শরীরাদি ভোগায়তন।
অচিন্তনীয় (অ—চিন্তনীয়) বিং, ত্রিং, চিন্তার অতীত, যাহা ভাবিয়া স্থির করা যায়না, যাহা ঘটিবে বলিয়া মনে করা যায়না, অচিন্ত্য, অভাবনীয়, অতর্কণীয়।
অচিন্তিত (অ—চিন্তিত) বিং, ত্রিং, যাহা ভাবা যায় নাই, যাহা ঘটিবে বলিয়া মনে করা করা যায় নাই, অভাবিত, অতর্কিত। যথা—"কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্নকল্পিতের ন্যায় সহসা উপস্থিত হয়।" (কাদম্বরী)
অচিন্ত্য (অ—চিন্ত ভাবনা করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অচিন্তনীয়, যাহা চিন্তার বিষয়ীভূত নহে; চিন্তাতীত। যথা—
"অচিন্ত্য রচনা বিশ্ব যেই করিল রচনা।
কি ভুলে ভুলিয়া মন বারেক তাঁরে ভাবনা।"
২। সং, পুং, ঈশ্বর; যথা—
"বৃষ্ণিবংশ ধ্বংস করি হৃষীকেশ
এড়াইয়া যত সংসারের ক্লেশ
নিশ্চিন্ত অচিন্ত্য হইলা শেষে।"
(অপূর্ব্ব-স্বপ্ন কাব্য)
অচির (অ—চির দীর্ঘকাল,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘনয়, অল্প, যথা—'অচিরকালে এই কর্ম্ম সম্পন্ন হইবে। ২। অল্পকাল স্থায়ি; যথা 'অচিরদ্যুতি।' ৩। ক্রিং—বিং, শীঘ্র, সত্বর, অনতিবিলম্বে। যথা—'কীর্ত্তির কিরীট রত্ন লভিবে অচিরে।'

অচিরক্রিয় (অচির অল্পক্ষণব্যাপি—ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে চিরক্রিয় নহে, যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সম্পাদন করে।
অচিরদ্যুতি, অচিরপ্রভা, অচিররোচিস্, অচিরাংশু (অচির অল্পক্ষণব্যাপি—দ্যুতি, প্রভা, রোচিস্, অংশু দীপ্তি, যাহার প্রভা অল্পক্ষণস্থায়ী। ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ক্ষণপ্রভা, বিদ্যুৎ।
অচিরস্থায়ী (অচিরস্থায়িন্, অচির শীঘ্র—স্থায়ী যে থাকে) বিং, ত্রিং, ক্ষণিক।
অচিরাৎ (অ—চিরাৎ চিরকাল হইতে। অথবা অচির—অৎ গমনকরা+০(ক্বিপ্)—ক। যে অচিরকে পায়) ক্রিং—বিং, অবিলম্বে, শীঘ্র; যথা—"তিনি অচিরাৎ বৃহৎ যজ্ঞের অনুষ্ঠান করিলেন।"
অচিহ্নিত (অ—চিহ্নিত অঙ্কিত) বিং, ত্রিং, যাহা কোন চিহ্নদ্বারা পরিচিত নহে।
অচিহ্নিতকর্ম্মচারী (Uncovenanted Servants) যে সকল কর্ম্মচারীর সহিত রাজার কোন নির্ব্বন্ধ নাই।
অচেতঃ (অচেতস্, অ—চিত জ্ঞান+অস্ প্রং, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জ্ঞানশূন্য, তত্ত্বজ্ঞানশূন্য; যথা—
"যে জন চেতনামুখী সেই সদা সুখী।
যে জন অচেত চিত্ত সেই সদা দুঃখী।"
(অন্নদামঙ্গল)
অচেতন (অ—চেতনা জ্ঞান। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চেতনা শূন্য, জীবন হীন, জড়, যার চেতনা নাই; যথা—"যে সকল বস্তুর জীবন নাই যেখানে রাখ সেই খানেই থাকে এবং একস্থান হইতে অন্যস্থানে যাইতে পারেনা তাহাদিগকে অচেতন পদার্থ কহে।" যথা—জল, মৃত্তিকা, কাষ্ঠ প্রভৃতি। (বোধোদয়)
২। রোগ শোক মোহ প্রভৃতি কারণে যার চেতনা আচ্ছন্ন হয়, মূর্চ্ছিত, বিচেতন, অচৈতন্য, জীবন আছে অথচ সংজ্ঞা বা বাহ্যজ্ঞান শূন্য, সংজ্ঞাহীন; যথা—"অলস অবশ দুহু অঙ্গ অচেতন ক্ষণ রহি চেতন পায়ে।" (বিদ্যাসুন্দর)

অচৈতন্য (অ—চৈতন্য) বিং, ত্রিং, চৈতন্য রহিত, সংজ্ঞাশূন্য, মূর্চ্ছিত, অচেতন, বিচেতন; যথা—"তখন স্বরূপ ও রামানন্দ দুই শিষ্য অচৈতন্য চৈতন্যদেবকে সচৈতন্য করিলেন।" (উপাসকসম্প্রদায়)

অচ্ছ (অনচ্ পূজা করা+ছ—র্ম্ম। যে পূজিত হয়। অথবা অ—চ্ছ [ছো ছেদন করা+অ(ড)—ক] যে দৃষ্টিচ্ছেদ প্রতিবন্ধকতা করেনা। ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, স্বচ্ছ, নির্ম্মল, মলহীন, পরিষ্কৃত; যথা—"অচ্ছতোয়া সর।" ২। (অ—চ্ছ [ছা—ভক্ষণ করা+অ—ক] যে প্রণাশিত জন্তু ভক্ষণ করেনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভল্লুক। ৩। স্ফটিক। ৪। অং, সম্মুখে।

অচ্ছত্র (অ—ছত্র রাজচ্ছত্র। যেখানে রাজচ্ছত্র নাই) বিং, ত্রিং, অরাজক, রাজহীন।

অচ্ছভল্ল (অচ্ছ সম্মুখে—ভল্ল [ভল্ল্ বধ করা+অ—ক] যে বধ করে। যে সম্মুখে বধ করে) সং, পুং, ভল্লুক। অচ্ছ, ভল্ল, দুই শব্দও হয়।

অচ্ছিদ্র (অ—ছিদ্র। ৭মী—হিং) বিং, ত্রিং, যাহাতে ছিদ্র নাই, নিশ্ছিদ্র, ছিদ্র রহিত; যথা—অচ্ছিদ্র পাত্র। ২। (অ—ছিদ্র কার্য্যে অনবধানতা হেতু ত্রুটী,৭মী—হিং) বিং, ত্রিং, দোষশূন্য, নির্দোষ; যথা—"তিনি কোন কার্য্যই অচ্ছিদ্র করিয়া নির্ব্বাহ করিতে পারেন নাই।" ৩। অঙ্গহীন নয়, সাঙ্গ, সম্পূর্ণ; যথা—"অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ মৎকৃতৈতৎদমুককর্ম্মাচ্ছিদ্রমস্তু।"

অচ্ছিদ্রাবধারণ (অচ্ছিদ্র—অবধারণ) সং, ক্লীং, অঙ্গহানি-শূন্যরূপে অবধারণ।

অচ্ছিন্ন (অ—ছিন্ন) বিং, ত্রিং, অবিভক্ত, অখণ্ডিত।

অচ্ছেদ্য (অ—চ্ছেদ্য [ছিদ্ ছেদন করা +য—র্ম্ম] ছেদন যোগ্য) বিং, ত্রিং, যাহা ছেদন করিতে পারা যায়না। ২। যাহা ছেদন করা উচিত নয়।

অচ্ছোদ (অচ্ছ নির্ম্মল—উদক জল, ৬ষ্ঠী—হিং। উদক=উদ) বিং, ত্রিং, স্বচ্ছ জলবিশিষ্ট (তড়াগাদি)। সং, ক্লীং, হিমালয় প্রদেশে অচ্ছোদনামক সরোবর। নির্ম্মল জল বলিয়া ইহার নাম অচ্ছোদ হইয়াছে। কিম্পুরুষ পর্ব্বতের অদূরে এই মনোহর সরোবর, ইহার তীরে মহাশ্বেতার আশ্রম ছিল। (কাদম্বরী)

অচ্যুত (অ—চ্যুত [চ্যুত ক্ষরিতহওয়া+অ(ক)—ক] ভ্রংশ। নিজ পদ হইতেযাঁহার ভ্রংশ নাই,৬ষ্ঠী—হিং অথবা অ—চ্যু গমন করা + ত(ক্ত)—ভাবে। মহাভারতে একস্থানে অচ্যুত শব্দের অর্থ 'ক্ষয়বিহীন' অন্যস্থানে "চরম মুক্তি হইতে অভিন্ন" এইরূপ লিখিত আছে। বিষ্ণুপুরাণের টীকাকার রত্নাকরভট্টের মতে অচ্যুত শব্দের অর্থ স্পষ্ট বস্তুর সহিত যাহার সংহার হয় না। স্কন্দ পুরাণের টীকায় অচ্যুত শব্দের অর্থ "যিনি স্বীয় স্বভাব হইতে অবিচলিত" বলিয়া অর্থ করেন।) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। বিং, ত্রিং, স্থির। অনশ্বর।

অচ্যুতাগ্রজ (অচ্যুত কৃষ্ণ—অগ্রজ জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণজ্যেষ্ঠ, বলরাম। ২। ইন্দ্র (কশ্যপের ঔরসে অদিতির গর্ভে বিষ্ণু বামন রূপে অবতীর্ণ হইবার অগ্রে তদীয় গর্ভে ইন্দ্রের জন্ম হয়)

অচ্যুতাবাস (অচ্যুত বিষ্ণু—আবাস বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্বারকা, বৈকুণ্ঠ। ২। অশ্বত্থ বৃক্ষ।

অজ (অ—জ [জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক] যে জন্মে। যিনি কাহারও গর্ভে জন্মেন নাই) সং, পুং, ঈশ্বর। "নহি জাতো না জায়েহহং ন জনিষ্যে কদাচন। ক্ষেত্রজ্ঞঃ সর্ব্ব ভূতানাম্ ত স্মাদহমজঃ স্মৃতঃ।" (ভারত) ২। ব্রহ্মা। ৩। বিষ্ণু। ৪। মহেশ্বর। (সত্ব রজঃ তমঃ এই ত্রিগুণাত্মক পরমপুরুষ ঈশ্বর অজ এবং তিনিই সৃষ্টি, স্থিতি, প্রলয় কার্য্যের জন্য উক্ত ত্রিবিধ গুণানুসারে যথাক্রমে ব্রহ্মা বিষ্ণু ও শিব নামে অভিহিত হইয়াছেন)। ৫। জীবাত্মা। যথা—"ইহার (জীবাত্মার) জন্ম নাই মৃত্যু নাই, ইনি পুনঃ পুনঃ উৎপন্ন বা

বর্দ্ধিত হন না ; ইনি অজ, নিত্য, শাশ্বত ও পুরাণ।" (কালীপ্রসন্ন মহাভারত) ৬। দশরথের পিতা ; যথা —

"রঘুজ অজ অঙ্গজ।" (মেঘনাদবধ)

৭। (অজ্ গমন করা + অ(অন্) — ক। যে তৃণ ভোজনার্থে গমন করে) সং, পুং, ছাগ ; যথা—

"তব হে জনম অতি বিপুলে
ভুবন বিদিত অজের কুলে।"

* এখানে অজ শব্দের অর্থ ব্যঙ্গোক্তিতে 'ছাগ' ও 'রামচন্দ্রের পিতামহকে' নির্দেশ করা হইতেছে। ৮। মেষ ( দক্ষযজ্ঞভঙ্গ কালে অজ (ব্রহ্মা) মেষরূপ ধারণ করিয়া পলায়ন করিয়াছিলেন। জ্যোতিষে—অজ শব্দে প্রথমরাশি মেষকে বলা যায়। (অ বিষ্ণু—জ [ জন্ জন্মান + অ (ড) — ক ] যে জন্মে)। কন্দর্প, বিষ্ণু অর্থাৎ কৃষ্ণের ঔরসে জন্মিয়াছিলেন এবং চন্দ্র বিষ্ণুর মন হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া চন্দ্র ও কন্দর্পেরনাম অজ হইল)। ৯। কাম। ১০। চন্দ্র। ১১। ধাতুবিশেষ, মাক্ষিকধাতু। ১২। বিং, ত্রিং, জন্মরহিত। জা—স্ত্রীং, ১৩। ছাগী। ১৪। সাঙ্খ্যমতে—সত্ব, রজঃ তমোরূপা প্রকৃতি, মায়া।

অজকব ( অজ বিষ্ণু—ক ব্রহ্মা + ব—অস্ত্যর্থে। যাহাতে ব্রহ্মা ও বিষ্ণু বিদ্যমান আছেন বা অজ বিষ্ণু—ক ব্রহ্মা—ব [বা সন্তুষ্ট করা + অ — ণ] ত্রিপুরাসুর বধ কালে যদ্দ্বারা ব্রহ্মা ও বিষ্ণু প্রীত হন ] সং, ক্লীং, শিবের ধনুঃ, পিনাক। ২। (অজক ছাগ —বা সন্তুষ্টকরা + অ — ক) বর্ব্বরীবৃক্ষ, বাবুই গাছ।

অজকা (অজ ছাগ + ক — বিকার বা পুরীষার্থে) সং, স্ত্রীং, ছাগ গলস্থিত স্তনাকৃতি মাংসখণ্ড। ২। ছাগপুরীষ।

অজগ ( অজ বিষ্ণু—গ [ গম্ গমন করা, পাওয়া + অ(ড) — ক] যে গমন করে। যে বিষ্ণুকে পায়)সং, ক্লীং, শিবধনুঃ। ২। (অজ ছাগ—গ যে গমন করে বা প্রাপ্ত হয়। যজ্ঞাঙ্গরূপে যে অজ প্রাপ্ত হয়) অগ্নি। ৩। (অজ ব্রহ্মা—গ [গম্ গমন করা, পাওয়া গৈ গান করা + অ — র্ম্ম] ব্রহ্মা কর্তৃক যিনি প্রাপ্ত বা গীত) বিষ্ণু।

অজগন্ধা ( যাহার অজের ন্যায় গন্ধ, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, বন গোয়ান।

অজগর (অজ ছাগ—গর [গৃ ভোজনকরা + অ অন)* — কা যে ভোজন করে। যে ছাগ ভোজন করে, ২য়া — ষ ) সং, পুং, এক জাতীয় বৃহৎ সর্প এত বৃহৎ যে আস্ত ছাগল গিলিয়া ফেলে, বোড়া সাপ।



অজগর।

অজগব ( অজগু [ অজ বিষ্ণু—গো বৃষ। প্রলয় কালে বিষ্ণু যাহার বৃষ হইয়াছিলেন। শিব + অ — ইদমর্থে। অথবা অজ বিষ্ণু গব ( গো বাণ + অ — বহুব্রীহিসমাসে = গব) বাণ। বিষ্ণু যাহাতে ত্রিপুরাসুর বধ কালে শরত্ব প্রাপ্ত হন) সং, ক্লীং, পিনাক, শিবের ধনুঃ। যৎকালে বেণ রাজার দক্ষিণ হস্ত মন্থন করাতে পৃথুর উৎপত্তি হইয়াছিল তৎকালে মহাদেবের এই ধনুক স্বর্গ হইতে পতিত হয়। অজগব, আজগব, অজগাব, অজকব, অজকাব এই পাঁচটীশব্দই একার্থ ; যথা —

"বদন্ত্য জগবং শম্ভোর্ধনুরাজগবং পরে।
অজগাবং পরে চাহু বদন্ত্যজকবং পরে।
অজকাবং পরেপ্যেবংপঞ্চরূপং প্রকীর্ত্তিতং॥"

অজজীবক (অজ ছাগাদি — জীবিকা জীবনোপায়। ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, যে ছাগ মেষাদি ক্রয় বিক্রয় করিয়া জীবিকা নির্ব্বাহ করে, ছাগপালক, মেষপালক।

অজদেবতা (অজ — দেবতা, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, অগ্নি।

অজননি ( অ — জননি জন্ম ) সং, স্ত্রীং, অনুৎপত্তি, না জন্মান।

অজন্মা (অজন্মন্, অ — জন্মন্ উৎপত্তি, ৭মী — হিং) সং, পুং, মোক্ষ। ২। বিং, ত্রিং, জন্মশূন্য, উৎপত্তির অভাব ; যথা—"কোন কোন বৎসর জলপ্লাবন অনাবৃষ্টি প্রভৃতি

দুর্ঘটনা নিবন্ধন শস্য অজন্মা হইলে।" ৩। (অ—কুৎসিত —জন্মা। ৬ষ্ঠী—হিং) জারজ।

**অজন্য** (অ—জন্য [ জন্ জন্মান+ই (ণিচ্) প্রেরণার্থে + য — র্ম্ম ] জনিত। পুরুষ ব্যাপার দ্বারা যাহা জনিত নয় ) সং, ক্লীং, অশুভসূচক দৈবকৃত ভূকম্পাদি উৎপাত।

**অজপ**(অ কুৎসিৎ—জপ্ পাঠকরা+অ (ড) —ক ) সং, পুং, কুপাঠক, অযৌক্তিক পাঠক। ২। (অজ—প [ পা পালন করা +অ(ড)—ক ] যে পালন করে) বিং, ত্রিং, অজপালক।

**অজপা** (অ—জপ [জপ্ জপকরা+অ (অল্) —র্ম্ম]জপনীয়। আ—স্ত্রীলিঙ্গে। যাহাজপিবার নহে অর্থাৎ অনায়াসে জপা যায় ) সং, স্ত্রীং, স্বাভাবিক শ্বাস প্রশ্বাস বহির্গমন ও প্রবেশ দ্বারা "হং, সঃ" ইত্যাকার মন্ত্র জপ ; যথা—

"সেই রামা চন্দ্র সূর্য্য অঞ্জলি করিয়া।
অন্নদার পদে দেই অজপা জপিয়া।"

শিষ্টপ্রয়োগ — (অন্নদামঙ্গল)।

"নাভেরুচ্ছাস নিশ্বাসাৎ হৃদয়াগ্রে ব্যবস্থিতঃ।
ষষ্টি শ্বাসৈর্ভবেৎ প্রাণঃ ষট্ প্রাণা নাড়িকামতাঃ
ষষ্টি নাড্যাহ্যহোরাত্রং জপসংখ্যাক্রমোমতঃ।
একবিংশতি সাহস্রং ষট্ শতাধিকমীশ্বরি।
জপ্যতে প্রত্যহং প্রাণীসান্দ্রানন্দময়ীং পরাং।
বিনা জপেন দেবেশি জপোভবতি মন্ত্রিণঃ।
অজপেয়ং ততঃ প্রোক্তা ভবপাশ নিকৃন্তনী।"
(দক্ষিণামূর্ত্তিসংহিতা।)

অর্থাৎ ষষ্টিশ্বাসে প্রাণ, ছয় প্রাণে এক নাড়িকা হয়। এইরূপ ষষ্টি নাড়িকা বা ২১৬০০ বার অহোরাত্রে জপসংখ্যা। এই জপসংখ্যাই প্রাণীর দিবারাত্রের নিশ্বাস প্রশ্বাস ক্রিয়ামাত্র। উচ্ছাস দ্বারা "হং" ও নিশ্বাস দ্বারা "সঃ" এই অক্ষরদ্বয় স্বভাবতই উচ্চারিত হইয়া থাকে সুতরাং প্রাণীজপ না করিলেও এই "হংস" মন্ত্র আপনা হইতে উক্ত সংখ্যানুসারে জপ হয় ; এই নিমিত্ত "হংস" মন্ত্রকে অজপা বলা যায়।

২।(অ—জপ্ জপকরা+অ(অল্)—ভাবে) প্রাণবায়ু। (স্বাভাবিক নিশ্বাস প্রশ্বাস রূপ প্রাণবায়ুই "হংস" মন্ত্র বা অজপা) ; যথা—

'উচ্ছাসৈরেব নিশ্বাসৈ র্হংস ইত্যক্ষরদ্বয়ং।
তস্মাৎ প্রাণশ্চহংসাখ্য আত্মাকারেণ সংস্থিতঃ
(তন্ত্র)।

"দেখ দেখ সাবধান, ধন জন অভিমান
কূপেতে পতিত হ'য়ে মজোনা।
অজপা হতেছে শেষ বাড়িল আশা অশেষ,
নির্গুণ বিশেষ বোঝনা।"

---

"অজপা হিমের প্রায়, কৃতান্ত তপন তায়,
তীক্ষ্ণ করে করে নাশ প্রতি ক্ষণে ক্ষণে।"

৩। তান্ত্রিকদিগেরআরাধ্যা দেবী।

**অজপাদ** (অজ—পাদ। ৬ষ্ঠী—হিং) সং, পুং, একাদশ রুদ্রের মধ্যে একটী রুদ্র। ২। পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র ; এই নক্ষত্রের অধিদেবতা অজপাদ ; যথা—"পূর্ব্বভাদ্র-পদাধিপ হয় অজপাদ।" (পঞ্জিকা)

**অজমীঢ়** (অজম্ [বিষ্ণুকে ] কৃষ্ণকে—মিহ চেষ্টা করা, ভালবাসা+ত(ক্ত)—র্ম্ম) সং পুং, যুধিষ্ঠির। ২। (অজ দশরথের পিতা —মীঢ় [মিহ অভিষিক্ত হওয়া+ত—র্ম্ম যেখানে অজরাজা যজ্ঞে অভিষিক্ত হইয়াছিলেন) সং, পুং, দেশ বিশেষ, অধুনা আজমীর নামে খ্যাত। ৩। চন্দ্রবংশীয় রাজাবিশেষ ; হস্তীরাজার পুত্র।

"অজমীঢ় মহারাজ হস্তীর নন্দন।
তার পুত্র রাজা হৈল নাম সম্বরণ।"
(কাশীদাস মহাভারত)।

**অজম্ভ** ( অ—জম্ভ দন্ত। যাহার দন্ত নাই ৬ষ্ঠী—হিং ) সং, পুং, ভেক, বেঙ্। ২। সূর্য্য (দক্ষযজ্ঞ ভঙ্গকালে সূর্য্য দন্তহীন হইয়া ছিলেন বলিয়া )। ৩। বিং, ত্রিং দন্তশূন্য।

**অজয়** (অ—জি জয়করা+অ ( অল্ )-ভাবে) সং, পুং, জয়াভাব, পরাজয় ; শি —সুখ দুঃখে সমেকৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।" ২। নদবিশেষ। ইহার উৎপত্তি স্থান হাজারিবাগের উত্তর পূর্ব্বাংশস্থিত পাহাড়। তথা হইতে সাঁওতাল পরগণ

ও বীরভূমের দক্ষিণাংশ এবং বর্দ্ধমানের উত্তর প্রদেশ দিয়া প্রবাহিত হইয়া কাটোয়ার নিকট গঙ্গার সহিত মিলিত হইয়াছে। কবি জয়দেব গোস্বামী আবাস ভূমি কেন্দুবিল্বগ্রাম ইহার উত্তর তীরে অবস্থিত। ৩। (অজ ছাগ—যা গমন করা+অ—ক। যে অজবাহনে গমন করে) সং, পুং, অগ্নি। ৪। বিং, ত্রিং, অজেয়; যথা—

"আয়ু যশঃপ্রদ অজয় সম্পদ
পাইতে যাহার বুলি।" (কাশীদাস)।

য়া—স্ত্রীং, সিদ্ধি, ভাঙ্।

অজয্য (অ—জি জয়করা+য—র্ম্ম,শক্যার্থে) বিং, ত্রিং, যাহা বা যাহাকে জয় করিতে পারা যায় না, অজেয়, অবিজেয়, অপরাভবনীয়, দুর্জ্জয়।

অজর (অ—জরা বার্দ্ধক্য। যাঁহাদের বৃদ্ধত্ব নাই। ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। ২। বিং, ত্রিং, জরারহিত, বার্দ্ধক্য হীন। শিং—"অজরামরবৎ প্রাজ্ঞঃ বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ।"

"অজর অমর, হয় সেই নর
তুমি যারে কর দয়া।"

৩। যাহা জীর্ণ নয়, অত্যন্ত কঠিন; যথা—"অর্জ্জুন গাণ্ডীবে অজরা জ্যা যোজনা করিলেন। রা—স্ত্রীং, ঘৃতকুমারী।

অজর্য্য (অ—জৃ জীর্ণ হওয়া+য—ক। নিপাতন) সং, ক্লীং, সৌহার্দ্য, সঙ্গত; যথা—"তেন সঙ্গতমর্য্যেণ রামাজর্য্যং কুরুক্রতম্।" (ভট্টি)। ২। অনপায়।

অজস্র (অ—জস্র[জস্ ত্যাগ করা+র—ক, শীলাদ্যর্থে] যে ত্যাগ করে। যে মুক্তি ত্যাগ করে না) সং, ক্লীং নিরন্তর, সতত, সর্ব্বদা। যথা—"অজস্র রুধিরধারা।"

অজহৎস্বার্থা; সং, স্ত্রীং, স্বার্থবল্লক্ষণা।

অজহল্লিঙ্গ (অ—জহৎ [হা ত্যাগ করা+অৎ(শতৃ)—ক] যে ত্যাগ করে—লিঙ্গ) সং, পুং, যে শব্দ বিশেষণরূপে প্রয়োগেও স্বলিঙ্গ ত্যাগ করে না।

অজাজি, অজাজী(অজ স্বাভাবিক মন্দাগ্নিত্ব—অজ [অজ্ ক্ষেপণ করা+অ—ক] ক্ষেপক। যে মন্দাগ্নিত্ব ক্ষেপণ করে, ২য়া—ষ। অথবা অজ ছাগ—অজ, অজী [অজ ত্যাগকরা+ই, ঈ—সংজ্ঞার্থে] ছাগ সর্ব্বভক্ষ হইলেও তীব্রগন্ধজন্য যাহা ত্যাগ করে অর্থাৎ ভক্ষণ করে না) সং, স্ত্রীং, জীরা।

অজাজীব (অজ—আজীব জীবিকা। যাহার অজই জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাগোপজীবী, ছাগ-মেষ-ব্যবসায়ী।

অজাতশত্রু } (অ—জাত—শত্রু, অরি।
অজাতারি } যাঁহার শত্রু জন্মে নাই। অথবা অ—জাত জন্তুমাত্র, প্রাণী—শত্রু, অরি। যিনি প্রাণীমাত্রের শত্রু নন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যুধিষ্ঠির, যিনি কখন কাহার দ্বেষ করেননা; যথা—"যাহা হউক রাজা যুধিষ্ঠির ধন্য, তাহার অজাত শত্রু নাম ও অযথার্থ নয়।" ২। স্বনাম খ্যাত মগধদেশীয় রাজা। (মহারাজ জরাসন্ধ পুত্র সহদেব মগধরাজ্য শাসন করিয়া লোকান্তর গমন করিলে আরও ৩৪ জন রাজা ক্রমান্বয়ে মগধসিংহাসনে অধিকার করেন। তৎপরে অজাতশত্রু মগধের রাজা হইয়াছিলেন) ৩। বিং, ত্রিং, যাহার শত্রু নাই। যথা—পঞ্জাবাধিতি অজাতশত্রু রঞ্জিত ভারতবর্ষের মানচিত্র দর্শন করিয়া।"

অজানেয় (অজ—আ—নী লইয়া যাওয়া+য—র্ম্ম) সং, পুং, উত্তমাশ্ব।

অজি (অজ্ গমন করা, ক্ষেপণ করা+ই—প্রং) সং, পুং, প্রভাব, তেজঃ। বিং, ত্রিং, গতিবিশিষ্ট।

অজিত (অ—জি জয় করা+ত—র্ম্ম। যিনি পরাজিত নহেন) সং, পুং, বিষ্ণু; যথা—

"অপ্রমিত তেজঃ অজিত বংশজ
ঈষিতে করিল ধ্বংস।" (কাশীদাস)

২। শিব। ৩। বুদ্ধদেব। ৪। বিং, ত্রিং, যাহাকে জয় করিতে পারাযায় নাই, অবিজিত, অপরাজিত। "তুমি তজ্জন্যই জয়লব্ধ দ্রৌপদীকে অজিত বলিয়া প্রতিপন্ন করিতেছে। ৫। অবশ, অনায়ত্ত, অবশীকৃত।

অজিতেন্দ্রিয় (অ—জিতেন্দ্রিয় অথবা অজিত—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—হিং। যৎ কর্ত্তৃক ইন্দ্রিয় পরাজিত নহে) বিং, ত্রিং, জিতেন্দ্রিয় নয়, যার ইন্দ্রিয় সকল বশীভূত নয়, যে ইন্দ্রিয়ের দমন করিতে অক্ষম, অবশেন্দ্রিয়, রিপুপরতন্ত্র, ইন্দ্রিয়পরায়ণ।

অজিন (অজ্ পাওয়া+ইন—র্ম্ম, সংজ্ঞার্থে। ব্রতাকাঙ্ক্ষীরা যাহা প্রাপ্ত হন) সং, ক্লীং, মৃগচর্ম্ম। পশুচর্ম্ম। চর্ম্ম।

অজিনপত্রা
অজিনপত্রী
অজিনপত্রিকা } (অজিন চর্ম্ম—পত্রা, পত্রী, পত্রিকা পক্ষ। যাহার চর্ম্মময় পক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং চামচিকা, বাদুড়।

অজিনযোনি (অজিন—যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগ।

অজির (অজ্ গমন করা+ইর [কির]—ধি, সংজ্ঞার্থে। যাহাতে গমনাগমন করে) সং, ক্লীং, প্রাঙ্গন ভূমি, অঙ্গন, উঠান্। ২। বিষয়। ৩। শরীর। ৪। (অজ গমন করা+ইর—ক) বায়ু। ৫। ভেক। রা—স্ত্রীং, চণ্ডী।

অজিহ্ম (অ—জিহ্ম বক্র। যে বক্র নহে) বিং, ত্রিং, সরল, অবক্র।

অজিহ্মগ (অজিহ্ম—গ [গম্ গমনকরা+অ (ড)—ক] যে গমন করে। যে সোজা গমন করে) সং, পুং, বাণ, শর। ২। বিং, ত্রিং, সরলগামী।

অজিহ্ব (অ—জিহ্বা রসনা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভেক (ভেক দেবগণকে অগ্নির রসাতলে লুক্কায়িত থাকার সংবাদ দেওয়ায় তদীয় (অগ্নির) অভিশাপে তাহার জিহ্বা নষ্ট হইল) ২। বিং, ত্রিং, জিহ্বারহিত।

অজীর্ণ (অ—জৄ জীর্ণ হওয়া+ত—র্ম্ম) সং, ক্লীং, অপাক, অপচার, পরিপাক না হওয়া, জীর্ণ না হওয়া; (Indigestion) পাকাশয়ের কার্য্য সকল সুচারুরূপে সম্পাদিত না হইলে অর্থাৎ কোন কারণে ভুক্তদ্রব্য ও পাচক রসের ক্রিয়ার বৈষম্য ঘটিলে অজীর্ণ রোগের উৎপত্তি হয়)। যথা—আমার অজীর্ণ রোগ হইয়াছে। ২। বিং, ত্রিং, যাহা জীর্ণ হয় নাই, যাহা পরিপাক হয় নাই; যথা—**অজীর্ণ অন্ন অত্যন্ত** অগুণকারক।

অজীব (অ—জীব জীবন) বিং, ত্রিং, মৃত। অবসন্ন। নির্জ্জীব।

অজীবনি (অ—জীব্ বাঁচা+অনি—ভাবে, আক্রোশার্থে) সং, স্ত্রীং, অভিশাপ জন্য মৃত্যু। শিং—"অজীবনিস্তবভূয়াৎ।" ধিগ্-জীবন।

অজেয় (অ—জেয়) বিং, ত্রিং, যাহাকে জয় করা অসাধ্য, অপরাভবনীয়।

অজ্জুকা (অর্জ্জ্ অর্জ্জন করা+উক—ক, সংজ্ঞার্থে। আ—স্ত্রীলিঙ্গে। র স্থানে জ। যে ধনাদি অর্জ্জন করে) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—বেশ্যা।

অজ্ঞ (অ—জ্ঞ [জ্ঞা জানা+অ—ক] যে জানে। যে কিছুই জানেনা), বিং, ত্রিং, যে কিছুই জানেনা মূর্খ, মূঢ়, বিশেষ জ্ঞানশূন্য; যথা—'অজ্ঞদাস বিজ্ঞতম তুমি।' ২। সাধারণ জ্ঞানশূন্য; যথা—"অজ্ঞ-ব্যক্তির হিতাহিত বিবেচনা নাই।"

অজ্ঞতা (অজ্ঞ—তা+ভাবে) সং, স্ত্রীং, মূর্খতা, মূঢ়তা, জ্ঞানহীনতা।

অজ্ঞাত (অ—জ্ঞাত অবগত) বিং, ত্রিং, যাহা জানা যায় নাই বা যে জানিতে পারে নাই, অবিদিত, অবিজ্ঞাত, অপরিজ্ঞাত, অনবগত, অজানিত; যথা—"অজ্ঞাত কুলশীলস্য বাসদেয়ো ন কদাচিৎ।" ২। অপ্রকাশিত, গুপ্ত; যথা—"পাণ্ডবদিগের অজ্ঞাতবাস।" ক্রিং—বিং, অজানিতরূপে।

অজ্ঞাতযৌবনা—সং, স্ত্রীং, অপ্রকাশিতযৌবনা যাহার যৌবন অনুভব করিতে পারা যায় না, মুগ্ধনায়িকার প্রকারভেদ; যথা—
"হয়েছে যৌবন যার নহে অনুভব।
অজ্ঞাতযৌবনা তাকে বলে কবিসব।"
(রসমঞ্জরী)

অজ্ঞাতসার (অজ্ঞাত—সার গমন) ক্রিং—বিং, অগোচরে, অজানিতরূপে; যথা—"নিদ্রা আমার অজ্ঞাতসারে নেত্রদ্বয় নিমীলিত করিল।"

অজ্ঞান (অ—জ্ঞান) বিং, ত্রিং, যার জ্ঞান নাই, সাধারণ জ্ঞানহীন; যথা—অজ্ঞান

বালক। ২। চৈতন্যশূন্য ; যথা—"অজ্ঞান হইয়া আমি পড়িনু ভূতলে।" (মেঘনাদ) ৩। সং, ক্লীং, জ্ঞানাভাব। ৪। অবিদ্যা ; মায়া ; যথা—'অজ্ঞানসম্ভূত সংশয়চ্ছেদ করিয়া কর্ম্মযোগ অনুষ্ঠান কর।"

অজ্ঞানতা (অজ্ঞান+তা (ত্বাচ্)—ভাবে) সং, স্ত্রীং, অজ্ঞতা, মূর্খতা, মূঢ়তা।

অজ্ঞেয় (অ—জ্ঞেয় [ জ্ঞ জানা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানিতে পারা যায় না, যাহা বুঝিতে পারা যায়না, অবিজ্ঞেয়, অপরিজ্ঞেয়, অনবগম্য, জ্ঞানাতীত; যথা— তুমি স্বয়ম্ভূ, সনাতন, অধৃষ্য ও অজ্ঞেয়।"

অঞ্চল (অন্চ্ গমন করা + অল — ক, সংজ্ঞার্থে। যে সীমা পর্য্যন্ত গমন করে বা যেখানে গমন করা যায়) সং, পুং, বস্ত্রের প্রান্তভাগ, আঁচলা (স্ত্রীলোকের বস্ত্রের প্রান্তভাগ) ; যথা ;—"অঞ্চলে ঢাকিতে চাহে কমলের গন্ধ।" (বিদ্যাসুন্দর)
২। প্রান্তভাগ ; যথা ;—
"নয়নক অঞ্চল চঞ্চল ভান।
জাগল মনমথ মুদিত নয়ান।"
(বিদ্যাসুন্দর)
৩। প্রদেশ ; দেশের অংশ ; যথা—পূর্ব্ব অঞ্চল, পশ্চিম অঞ্চল।

অঞ্চলপ্রভাব (অঞ্চল স্ত্রীলোকের বস্ত্রপ্রান্ত —প্রভাব বল, ক্ষমতা। ৬ষ্ঠী—ষ। অঞ্চল অর্থাৎ স্ত্রীলোকের ক্ষমতা) সং, পুং, প্রণয়িনীর প্রাদুর্ভাব ; যথা—"বাবা যম ! তুমি আহার কর,তোমাকে সমভিব্যাহারে লইয়া বিষ্ণুঠাকুরের নিকট লইয়া যাইব, লক্ষ্মীর দ্বারা অনুরোধ করাইব। আজ কাল অঞ্চলপ্রভাপ অতীব প্রবল।

অঞ্চিত (অন্চ্ পূজাকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত ; যথা—"বিরিঞ্চি অঞ্চিত পদ দিলা বলি মাথে। (মেঘনাদবধ)। ২। আকুঞ্চিত, বক্রীকৃত ; শিং—"অঞ্চিত সব্যপাদঃ।" (কুমারসম্ভব)। ৩। উত্থিত ; যথা - রোমাঞ্চিত। ৪। গ্রথিত। ৫। ভূষিত।

অঞ্জন (অন্জ্ দীপ্তি পাওয়া+অ (অনট্) — ণ। যদ্দারা নয়ন দীপ্তিবিশিষ্ট হয়) সং, ক্লীং, চক্ষু রঞ্জনের বস্তু, কজ্জল। ১। মসি, মালিন্য ; যথা—"নিত্য-নিরঞ্জন।" (অন্জ্+অন (অনট্) —ভা) ২। ম্রক্ষণ। ৩। গমন। ৪। ব্যক্তকরণ ৫। দীপশিখার কালিমা। ৬। (অঞ্জন+অ—অস্ত্যর্থে। যে অঞ্জনবৎ কৃষ্ণবর্ণ) সং, পুং, পশ্চিম দিগ্‌গজ। ৭। পর্ব্বতবিশেষ। ৮। জ্যেষ্ঠী, আজনাই। ৯। বৈদ্যশাস্ত্রে—বিকারাদি ও চক্ষুরোগে গুড়িকাঞ্জন,ক্ষুদ্রাঞ্জন ও স্রোতাঞ্জন প্রভৃতি নানাবিধ অঞ্জন ব্যবহৃত হইয়া থাকে। ১০। দেবার্চ্চনায়—ছয় প্রকার অঞ্জন ব্যবহার প্রসিদ্ধ ; যথা —
"সৌবীরং জাম্বলং তুত্থং ময়ুর শ্রীকরংতথা।
দর্ব্বিকা নীলমেঘশ্চ অঞ্জনানি ভবন্তি ষট্।"
(কালিকাপুরাণ)

অঞ্জনা (অঞ্জন+অ—অস্ত্যর্থে। যে অঞ্জনবৎ কৃষ্ণবর্ণ বিশিষ্টা) সং, স্ত্রীং, হনূমানের মাতা, কেশরী বানরের স্ত্রী। কুঞ্জর তনয়া নামে এক বিদ্যাধরী রাজর্ষি বিশ্বামিত্রের অভিসম্পাতে বানরীরূপ পরিগ্রহ করিলে তাহার গর্ভে অঞ্জনার জন্ম হয়। ২। পশ্চিম দিকের হস্তিনী। ৩। অলঙ্কারশাস্ত্রে—শব্দশক্তিভেদ, ব্যঞ্জনাবৃত্তি।

অঞ্জনাবতী (অঞ্জন+বৎ (বতু)—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঈশানকোণ হস্তিনী ; অঞ্জন নামে দিগ্‌গজের পত্নী।

অঞ্জনা-হৃদয়-নন্দন ; সং, পুং, হনূমান।

অঞ্জনিকা (অঞ্জন+ক—অস্ত্যর্থে। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আঞ্জিনা, আঁজনাই। (অঞ্জনা+ক—স্বার্থে) প্রতীক নামে দিগ্‌গজের স্ত্রী।

অঞ্জলি (অন্জ্ প্রকাশ পাওয়া+অলি—ধি, সংজ্ঞার্থে। যাহার দ্বারা বিনয় ব্যক্ত হয়) সং, পুং, দুই হাত একত্র চিৎ করিয়া গণ্ডুষের আকার করিলে যেরূপ হয়, করপুট, আঁজলা। ২। পরিমাণ বিশেষ।

অঞ্জলিকারিকা (অঞ্জলি—কারিকা করণ। সংস্পর্শ মাত্রেই যাহার পত্রপুট অঞ্জলি সদৃশ সংপুটিত হয়, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লজ্জাবতী লতা। পুত্তলিকা।

অঞ্জলিবন্ধ (অঞ্জলি—বন্ধ) সং, ক্লীং, অঞ্জলিবাঁধা, অঞ্জলিকরা।

অঞ্জস্ } (অন্জ্ ব্যক্ত করা+অস্, অস
অঞ্জস } ক) বিং, ত্রিং, অবক্র, সরল। সমান। যথার্থ।

অঞ্জসা (অঞ্জ [অন্জ প্রকাশ করা+অ (অল্) —ভাবে] ব্যক্ততা—সা [সৈ ক্ষয় হওয়া সো নাশ করা, পাওয়া+০ (ক্বিপ্)—ক] যে নাশ করে। যে ব্যক্ততা নাশ করে, ২য়া—ষ) ক্রিং—বিং, অং, শীঘ্র। বিং, অং, যথার্থ, ঠিক।

অঞ্জিষ্ঠ, অঞ্জিষ্ণু (অন্জ্ দীপ্তি পাওয়া+ ইষ্ঠ, ইষ্ণু—ক। যে স্বভাবতঃ বিশ্ব প্রকাশক) সং, পুং, সূর্য্য।

অঞ্জিহিষা (অন্হ্ গমনকরা+স (সন্)—ইচ্ছার্থে। অ—ভাবে) সং, স্ত্রীং, গমনেচ্ছা।

অটন (অট্ গমন করা+অন—ভা) সং, ক্লীং, গমন, ভ্রমণ, যেমন—পর্য্যটন।

অটনি, অটনী (অট্ গমন করা+অনি—ক, সংজ্ঞার্থে। যাহা হইতে গুণ গমন করে) সং, স্ত্রীং, ধনুকের অগ্রভাগ, কোটি।

অটমান (অটন দেখ+আন—ক) বিং, ত্রিং, গমনশীল।

অটল (অ—টল্ বিহ্বল হওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, অচঞ্চল, স্থির; যথা—
"অটল অচল যথা—দাঁড়াইলা বলী
সে রৌরবে।" (মেঘনাদবধ)
২। দৃঢ় (যে চলে না); যথা—
"চলিল কুমার যেন কুমার অটল।"
(বিদ্যাসুন্দর)

অটবি, অটবী (অট [অট্ গমন করা+ অ—ক] গমনকারী—বি পক্ষী। যাহাতে গমনকারী পক্ষী থাকে, অথবা অট্ ভ্রমণ করা+অবি—ধি।. যেখানে বৃদ্ধাবস্থায় গমন করে, ৭মী—হিং) সং, স্ত্রীং, বন, জঙ্গল।

অটাট্যা (অট্ গমনকরা+য—পুনঃ পুনঃ অর্থে, য(ক্যপ্)—ভাবে) সং, স্ত্রীং, পর্য্যটন, ভ্রমণ, টোটা।

অটুট (অত্রুটি শব্দজ) বিং, অভগ্ন, সম্পূর্ণ।

অট্ট (অট্ট অনাদর করা+অ(ঘঞ্)—র্ম্ম, যাহার নিকট অন্যান্য গৃহ অনাদৃত অর্থাৎ উপহসিত হয়) সং, পুং, অট্টালিকা। ১। প্রাসাদের উপরিস্থ গৃহ। ২। প্রাকারের সৈন্যগৃহ (গুমটী ঘর)। ৩। হট্ট, হাট। সং, ক্লীং, অন্ন।। বিং, ত্রিং, উচ্চ, অতিশয়; যথা—'অট্টহাস।'

অট্টট্ট (অট্ট—অট্ট) অং, অতিশয় উচ্চ (শব্দ বা হাস্য)।

অট্টহাস (অট্ট—হাস হাস্য, য়ং—স) সং, পুং, উচ্চহাস।

অট্টহাসক (অট্টহাস+ক—সাদৃশ্যার্থে। অথবা কৈ প্রকাশ পাওয়া। যে অট্টহাসের ন্যায় প্রকাশ পায়) সং, পুং, কুঁদ ফুলের গাছ (ইহার পুষ্প অতিশয় শুভ্র বলিয়া)।

অট্টহাসী (অট্টহাসিন্, অট্টহাস+ইন্—অস্ত্যর্থে অথবা অট্ট—হাসী যে হাস্য করে, যে অট্টহাস করে) সং, পুং, শিব।

অট্টাল } (অট্ট প্রাসাদগৃহ+অল্ পর্য্যাপ্ত
অট্টালক } হওয়া+অ(অন্)—ক। ক—স্বার্থে। যে প্রাসাদগৃহের ন্যায় পর্য্যাপ্ত হয়) সং, পুং, অট্টালিকোপরি গৃহ।

অট্টালিকা (অট্টালক+আ—স্ত্রীলিঙ্গে। অক স্থানে ইক) সং, স্ত্রীং, ইষ্টক বা প্রস্তর নির্ম্মিত রাজগৃহ, প্রাসাদ।

অট্টালিকাকার (অট্টালিকা—কার যে করে) সং, পুং, রাজমিস্ত্রী; চিত্রকর ঔরসে শূদ্রাণীর গর্ভে জাত শঙ্কর জাতি পূর্ব্বে রাজমিস্ত্রীর কার্য্য করিত। শিং—১ "কুলটায়াঞ্চ শূদ্রায়াং চিত্রকারস্য বীর্য্যতঃ। বভুবাট্টালিকাকারঃ পতিতো জার দোষতঃ।"

অড়র, অড়হর (দেশজ) সং, কলায়বিশেষ, অড়হর।

অঠেল (প্রাকৃত শব্দ) যাহা ঠেলা যায় না, প্রচুর; যথা—অঠেল জিনিস। ২। অকাট্য; যথা—তাহার কথা অঠেল।

অণক } (অণ্ শব্দকরা + অ(অন্)—
অনক } ক। ক—অল্পার্থে) বিং, ত্রিং, নীচ। নিন্দনীয়।

অণব্য (অণু সূক্ষ্মধান্য+য—প্রং) সং, ক্লীং, যে ক্ষেত্রে চীনানামক ধান্য জন্মে।

অণি } (অণ্ শব্দ করা+ই—ক) সং,
অণী } পুং—স্ত্রীং, চক্রের ধুরার প্রান্তস্থ খিল। সূচ্যাদির অগ্রভাগ। প্রান্ত, সীমা।

অণিমা (অণিমন্, অণু সূক্ষ্ম+ইমন্—ভাবে) সং, পুং, অণুত্ব, সূক্ষ্ম পরিমাণ। ২। ঐশ্বর্য্য বিশেষ; অষ্টবিধ ঐশ্বর্য্যের মধ্যে অণিমা একটী ঐশ্বর্য্য; অতিসূক্ষ্মাবস্থা, স্বীয় শরীরকে স্বেচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা, দেবগণ ও সিদ্ধগণ ইহার প্রভাবে নিজ শরীর ইচ্ছানুরূপ সূক্ষ্ম করিয়া সকলের অলক্ষ্য ভাবে সর্ব্বস্থানে বিচরণ করেন; যথা—

ধর্ম্ম অর্থ কাম মোক্ষ যার নাম
শিবের সেই অণিমা গো।
(অন্নদামঙ্গল)

অণীয়ান্, (অণীয়স্, অণু+ঈয়স্ (ঈয়সু) অত্যর্থে) বিং, ত্রিং, অণুতম, অতি সূক্ষ্ম।

অণু (অণ্ শব্দ করা+উ—ক, সংজ্ঞার্থে। যে অল্প শব্দিত অর্থাৎ কথিত হয়) বিং, ত্রিং, অল্প, ক্ষুদ্র, ঈষৎ, যথা—"অণুমাত্র সংশয় নাই।" সূক্ষ্ম; যথা—ভুরু অণু কামধনু হেমতনু সাজে।" ২। সং, পুং, ক্ষুদ্র, সূক্ষ্ম পরমাণু প্রভৃতি। (অন্ বাঁচা+উ—ণ। যাহার দ্বারা বাঁচা যায়) ৩। ধান্যবিশেষ, সূক্ষ্ম ধান্য চীনাধান্য।

অণুক (অণু সূক্ষ্ম+ক—প্রং) বিং, ত্রিং, নিপুণ। ক্ষুদ্র।

অণুচ্ছেদ (Article) সং, পুং, ভিন্ন ভিন্ন [বিষয়।

অণুভা (অণু সূক্ষ্ম—ভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

অণুমাত্র (অণু+মাত্র—পরিমাণার্থে) বিং, ত্রিং, অল্পপরিমাণ।

অণুবীক্ষণ (Microscope, অণু সূক্ষ্ম—বীক্ষণ [বি—ঈক্ষ দর্শন করা+অন—ণ] দর্শন। যাহা দ্বারা সূক্ষ্ম সূক্ষ্ম বস্তু দেখা যায়) সং, ক্লীং, চক্ষুর অগোচর ক্ষুদ্র পদার্থ সকল যে যন্ত্রের দ্বারা দেখা যায়; এই যন্ত্র নলাকারইহার একপার্শ্ব সূক্ষ্ম ও একপার্শ্ব অপেক্ষাকৃত স্থূল। ইহাতে এক বাততোধিক খণ্ড স্বচ্ছ কাচ থাকে। ইহার সূক্ষ্ম পার্শ্ব হইতে নলমধ্যদিয়া দৃষ্টি চালনা করিলে চক্ষের অগোচর ক্ষুদ্রতম বস্তু বৃহৎ দেখায়।


অণুবীক্ষণ।

অণুব্রীহি (অণু—ব্রীহি ধান্য) সং, পুং, সূক্ষ্ম ধান্য।

অণ্ড (অম্ গমন করা+ড—ক, সংজ্ঞার্থে। যাহা হইতে শাবক নির্গমন করে) সং, ক্লীং, ডিম্ব, ডিম। ২। (অণ্ডাকার বলিয়া) মুষ্ক। ৩। শুক্র। ৪। মৃগনাভি।

অণ্ডকটাহ (অণ্ড ব্রহ্মাণ্ড—কটাহ কড়া। যাহাতে প্রাণিকৃত শুভাশুভ কর্ম্মের পাক সাধন হয়) সং, ক্লীং, ব্রহ্মাণ্ড, বিশ্ব।

অণ্ডকোশ } (অণ্ড—কোষ আশ্রয় স্থান,
অণ্ডকোষ } ৬ষ্ঠী—ষ) সং, পুং, মুষ্ক, বৃষণ।

অণ্ডজ (অণ্ড—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে। যাহারা অণ্ড হইতে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, ডিম্বজাত। পুং, সর্প। মৎস্য। পক্ষী। কৃকলাস। জা—স্ত্রীং, মৃগনাভি, কস্তূরী।

অণ্ডাকার } (অণ্ড—আকার, আকৃতি অব-
অণ্ডাকৃতি } য়ব। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অণ্ডের ন্যায় আকার, ডিম্বাকার, বাদামিয়া।

অণ্ডালু (অণ্ড+আলু—প্রং) সং, পুং, ডিম্বযুক্ত (মৎস্য), অণ্ডওয়ালা।

অণ্ডীর (অণ্ড+ঈর—প্রং) সং, পুং, শক্ত, বলবান্ পুরুষ। সমর্থ।

অতএব (অতঃ [ইদম্+তঃ—হেত্বর্থে] এই হেতু—এব নিশ্চয়বোধক। এই হেতুই) অং, এই কারণ, এই জন্য, এই হেতু।

অতথ্য (অ—তথ্য যাথার্থ্য) বিং, ত্রিং, মিথ্যা, অসত্য, অলীক, অবাস্তব।

অতথ্যভাষী (অতথ্য—ভাষী যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।

অতথ্যবাদী (অতথ্য মিথ্যা—বাদী যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।

অতঃ (ইদম্+তস্—প্রং) অং, অতএব, এই হেতু।

অতঃপর (অতঃ ইহার—পর) অং, ইহার পর, পশ্চাৎ।

অতট (অ—তট আলম্বন। যেখানে তট অর্থাৎ আলম্বন স্থান বা সমীপভাগ নাই, ৭মী—হিং) সং, পুং, পর্ব্বতাদির উচ্চ

স্থান, প্রপাত, ভৃগু। নদ্যাদির আড়ুলি।

অতনু ; বিং, ত্রিং, বিপুল। অনঙ্গ।

অতন্দ্র ( অ—তন্দ্রা অল্পনিদ্রা ) বিং, ত্রিং, তন্দ্রাহীন, সতর্ক, সাবধান, অনলস, মনোযোগী।

অতন্দ্রিত ( অ—তন্দ্রিত অলস ) বিং, ত্রিং, অনলস, সাবধান, অবিরাম ; যথা—'সবিতা অতন্দ্রিত হইয়া নিরন্তর এইরূপ কালচক্রে ভ্রমণ করিতেছেন।"

অতর্কণীয় ( অ—তর্কণীয় ) বিং, ত্রিং, যাহা তর্ক দ্বারা নির্ণয় করিতে পারা যায় না, যাহা ঘটিবে বলিয়া অগ্রে বুঝিতে পারা যায় না, অভাবনীয়, অচিন্তনীয়।

অতর্কিত ( অ—তর্কিত ) বিং, ত্রিং, যাহা ঘটিবে বলিয়া মনে ভাবা যায় নাই, অচিন্তিত, অভাবিত, অসম্ভাবিত। ক্লীং, অলক্ষিত, হঠাৎ. যেমন — অতর্কিত চর।

অতর্কিতচর ( অতর্কিত—চর ) বিং, ত্রিং, যাহা ঘটিতে পারে বলিয়া কেহ কখন মনে ভাবে নাই।

অতল (ইদম্ [ভূখণ্ডের] এই—তল নিম্নপ্রদেশ। ইদম্—অ)সং, ক্লীং, সপ্ত পাতালের প্রথম পাতাল। সপ্তপাতাল ; যথা—অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল এবং পাতাল। ২। (অ—তল নিম্ন, যাহার নিম্ন নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তলশূন্য।

অতলস্পর্শ, অতলস্পৃক্ ( অ—তল—স্পর্শ। যাহার তলস্পর্শ অর্থাৎ অধঃস্পর্শ নাই, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, যাহার তল স্পর্শ করিতে পারা যায়না, অগাধ, অতিগভীর। যথা—সমুদ্র অতলস্পর্শ।

অতস (অৎ সতত গমন করা+অস-সংজ্ঞার্থে) সং, পুং বায়ু। আত্মা। সী— স্ত্রীং, পুষ্প বৃক্ষ বিশেষ। মসিনা। শণ।

অতি ( অৎ সতত গমন করা+ই—ক, যে অতিশয়াদি অর্থে সর্ব্বদা গমন করে ) অং, উপং, অধিক, অতিশয় ; যথা—অতি যত্ন, অতি সমাদর, অতি শীঘ্র, অতিসত্বর। ২। অসঙ্গত, অনুচিত ; যথা—অতি দান, অতি লোভ, অতিগর্ব্ব। ৩। উৎকর্ষ। ৪। পূজন। ৫। অসম্ভাবন। ৬। প্রশংসা।

অতিকথা (অতি অতিক্রান্ত—কথা) সং, স্ত্রীং, ব্যর্থভাষণ, বৃথা বাক্য।

অতিকায় (অতি উৎকট—কায় দেহ) সং, পুং, রাক্ষস বিশেষ, রাবণের পুত্র। ইনি অতিশয় বলবান্ ছিলেন প্রকাণ্ড শরীর এই জন্য ইহার নাম অতিকায়। এই রাক্ষস লক্ষ্মণের সহিত যুদ্ধ করিয়া অবশেষে তাঁহার হস্তে নিধন হয়। বিং, ত্রিং, প্রকাণ্ডদেহবিশিষ্ট।

অতিকৃচ্ছ্র ( অতি—কৃচ্ছ্র কষ্টসাধ্য প্রায়শ্চিত্ত ) সং, ক্লীং, প্রায়শ্চিত্ত বিশেষ ; ৯ দিন এক এক গ্রাস ভোজন ও তিন দিন অনশন। শিং—১ "একৈকম্ গ্রাসমশ্নীয়াৎ ত্র্যহাণি ত্রীণি পূর্ব্ববৎ। ত্র্যহঞ্চোপবসেদন্ত্যমতিকৃচ্ছ্রং চরন্ দ্বিজঃ। (মনু) ২। অতিকষ্ট।

অতিকৃতি ( অতি — কৃতি [কৃ করা+তি (ক্তি)—ভাবে] বিংশাক্ষর ছন্দঃ) সং, স্ত্রীং, পঞ্চবিংশাক্ষরা বৃত্তি।

অতিক্রম (অতি বাহিরে—ক্রম্ পাদবিক্ষেপ করা+অ (অল্ ভা ) সং, পুং, লঙ্ঘন, উল্লঙ্ঘন, বাহিরে যাওয়া ; যথা—নিয়ম অতিক্রম, সীমা অতিক্রম। ২। অধিক হওয়া। ৩। বিপর্য্যয়, অন্যথাচরণ। ৪। শত্রুকে আক্রমণ। ৫। অনাদর। ৬। কর্ম্মনিষ্পন্ন হইলে ও ক্রিয়া প্রবৃত্তি।

অতিক্রমণীয় (অতি বাহিরে—ক্রম পা ফেলা +অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অতিক্রম করা যাইতে পারে, যাহা অতিক্রম করা উচিত, লঙ্ঘনীয়, উল্লঙ্ঘনীয়।

অতিক্রান্ত ( অতিক্রম দেখ, ত (ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, গত, অতীত ; যথা—সময় অতিক্রান্ত হইয়াছে। ২। লঙ্ঘিত, উল্লঙ্ঘিত ; যথা—নিয়ম অতিক্রান্ত হইল, সীমা অতিক্রান্ত হইয়াছে। ৩। আক্রান্ত। ৪। অনাদৃত।

অতিগণ্ড; সং, পুং, বিষ্কুম্ভাদি যোগের মধ্যে ৬ষ্ঠ যোগ।

অতিগন্ধ ( অতি অতিক্রম—গন্ধ, ৬ষ্ঠী—

হিং ) সং, পুং, চম্পক বৃক্ষ। বিং, ত্রিং, **অতিশয় গন্ধবিশিষ্ট।**

অতিচার (অতি [স্ব স্ব ভোগকাল] অতিক্রম—চার [ অন্য রাশিতে] গমন ) সং, পুং, গ্রহগণের স্ব স্ব রাশি অতিক্রম করিয়া শীঘ্র গমন। ২। অতিশয় গমন।

অতিচ্ছত্র ( অতি—চ্ছত্র ছাতা ) সং, পুং, বেঙ্গের ছাতা। ভূতৃণ। জলতৃণ।

অতিজগতী (অতি অতিক্রান্ত—জগতী দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, ত্রয়োদশাক্ষরা বৃত্তি।

অতিজব (অতিশয়—জব বেগ) বিং, ত্রিং, অতিশয় বেগবান্। পুং, অতি বেগ।

অতিতর (অতি+তর—দুয়ের মধ্যে একের উৎকর্ষঅর্থে) বিং, ত্রিং, অত্যন্ত। যথা—
"তাহার কামিনী চন্দ্রিনী পদ্মিনী
দোহে প্রেম অতিতর।" (অন্নদা)।

অতিতরাম্ (অতি+তরাম্ (চতরাম্)—প্রং) অং, অত্যধিক। শিং—১ "বেগবানতিতরামায়াতি চেন্মারুতঃ।"

অতিথি (অং সতত গমন করা+ইথি (ইথিন্)—ক, সংজ্ঞার্থে। যে সতত গমন করে। অথবা অ—তিথি, যাহার কোন প্রকার নির্দ্দিষ্ট তিথি নাই যে কোন দিনে হউক উপস্থিত হয়। কিম্বা যে সমগ্র তিথি বাস করে না কেবল একরাত্রি মাত্র থাকে। শিং—"একরাত্রন্তু নিবসন্নতিথি ব্রাহ্মণঃ স্মৃতঃ। অনিত্যং হি স্থিতো যস্মাত্তস্মাদথিতিরুচ্যতে।" অথবা যে অপরিচিত ব্যক্তি আহার বা অবস্থিতির নিমিত্ত গৃহস্থের বাটীতে উপস্থিত হয় কিন্তু স্থিতি করেনা (এস্থলে তিথি "স্থিতি" শব্দের অপভ্রংশ) শিং—১ "যস্য ন জ্ঞায়তে নাম নচ গোত্রং ন চ স্থিতিঃ। অকস্মাদ্গৃহমায়াতি সোঽতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ।") সং, পুং—স্ত্রীং, অভ্যাগত, আগন্তু। ২। পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ। ইনি কুশরাজার ঔরসে এবং নাগরাজভগিনী কুমুদ্বতীর গর্ভে জন্মগ্রহণ করেন। ৩। বিং, ত্রিং, গোচর; যথা—নয়ন পথের অতিথি।

অতিডীন (অতি—ডীন নভোগতি, উড়া) সং, ক্লীং, পক্ষিদিগের অতি দীর্ঘ গমন।

অতিদেশ (Apply, অতি—দিশ্ আরোপ করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ। [অসাধ্য।

অতিদৈব; বিং, ত্রিং, দেবতাদিগেরও

অতিধৃতি (অতি—ধৃতি অষ্টাদশ অক্ষর ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, ঊনবিংশাক্ষর ছন্দোবিশেষ।

অতিনৌ ( অতিক্রান্ত নৌ—নৌকা ) বিং, ত্রিং, নৌকা হইতে তীরে উত্থিত। ক্লীং —অতিনু।

অতিপতন—ক্লীং } (অতি অতিক্রম—
অতিপাত—পুং } পতন, পাত [ পত্ গমন করা+অন (অনট্),অ (ঘঞ্),—ভা) অতিক্রম, লঙ্ঘন শিং —১ "ন চেৎ কার্য্যাতিপাতঃ।" ( শকুন্তলা ) ২। কর্ত্তব্য কর্ম্মে অনাস্থা।৩। অকর্ত্তব্যে আস্থা। ৪। ক্ষতি, হানি।

অতিপত্তি; সং, স্ত্রীং, অনিষ্পত্তি।

অতিপথ ( অতিপথিন্,অতি অতিশয় [সুন্দর] —পথিন্ পথ) সং, পুং, উত্তম পথ।

অতিপাতক (অতি—পাতক পাপ) সং, ক্লীং, মাতা, দুহিতা, ও পুত্রবধূ গমনরূপ ত্রিবিধ গুরুতর পাতক।

অতিপ্রসঙ্গ—পুং } ( অতি অতিক্রম—
অতিপ্রসক্তি—স্ত্রীং } প্রসঙ্গ, প্রসক্তি আসক্তি) সং, পুং, অত্যন্ত আসক্তি। ২। অলক্ষ্যে লক্ষণ গমন। ৩। পুনঃ পুনঃ উক্তি, অতি বিস্তার, বাহুল্য, বিস্তর, বাড়াবাড়ি। [বলবান্।

অতিবল ( অতি—বল ) বিং, ত্রিং, অতিশয়

অতিবলা—স্ত্রীং, বিদ্যাবিশেষ। বিশ্বামিত্রমুনি কৃশাশ্ব মুনির নিকট এই বিদ্যা প্রাপ্ত হন, পরে তিনি আপনার আশ্রমে রাক্ষসের দৌরাত্ম্য নিবারণার্থ যে কালে রামকে লইয়া যান, সেই সময়ে রামকে এই বিদ্যা শিক্ষা দিয়া তাড়কা রাক্ষসীর বনে তাঁহাকে প্রবেশ করান। এই বিদ্যা প্রভাবে ক্ষুধা তৃষ্ণার বাধা ঘটে না। ( রামায়ণ ও রঘুবংশ )। শিষ্টপ্রয়োগ—"গৃহাণ দ্বে ইমে

বিদ্যেবলামতিবলাং তথা। ন তে শ্রমো জরা ব্যাভ্যাং ভবিতা নাঙ্গ বৈকৃতং। ন চ সুপ্তং প্রমত্তং বা ধর্ষয়িষ্যন্তি নৈঋতাঃ। ন চ তে সদৃশো রাম! বীর্য্যেণানো ভবিষ্যতি। * * * * ততো রামো জলং স্পৃষ্ট্বা প্রাঞ্জলিঃ প্রণতঃ স্থিতঃ। প্রতিজগ্রাহ তে বিদ্যে বিশ্বামিত্রাৎ তপোধনাৎ।" ২। পীতবর্ণ বেড়েলা। ৩। গোরক্ষচাকুল্যা।

অতি-ভূমি; সং, স্ত্রীং, আধিক্য। শিং—১ "প্রাপ্য মন্মথমদাদতিভূমিং দুঃসহ স্তনভরাঃ সুরতস্যঃ।" (মাঘ)। ২। মর্য্যাদাতিক্রম।

অতিমঙ্গল্য (অতি—মঙ্গল + য(ষ্য)—হিতার্থে) সং, পুং, বিল্ববৃক্ষ। বিং, ত্রিং, অতিশয় মঙ্গলজনক।

অতিমাত্র (অতি অতিক্রম—মাত্রা অল্প। যে মাত্রাকে অতিক্রম করিয়াছে, ২য়া—য) বিং, ত্রিং, অধিক, অত্যন্ত, অতিশয়।

অতিমান (অতি অত্যন্ত—মান অভিমান) সং, পুং, অনুচিত অভিমান। শিং—১ "অতিদানে বলির্বদ্ধ অতিমানে চ কৌরবাঃ। অতিরূপে হৃতা সীতা সর্ব্বমত্যন্তগর্হিতং।" ২। (অতি অতিক্রান্ত—মান প্রমাণ) বিং, ত্রিং, প্রমাণাধিক।

অতিমানুষ (অতি অতিক্রম—মানুষ। যে মনুষ্যচরিত্রকে অতিক্রম করিয়াছে, ২য়া—য) বিং, ত্রিং, অলৌকিক, লোকাতীত; যথা—"তাহার অতিমানুষ কার্য্যে মোহিত হইয়াছি।"

অতিমুক্ত (অতি অতিক্রম—মুক্তা। শুক্রবর্ণ পুষ্প বলিয়া যে মুক্তাকে অতিক্রম করিয়াছে, ২য়া—য) সং, পুং, মাধবীলতার গাছ। ২। তিনিশ বৃক্ষ। ৩। (অতি—মুক্ত [মুচ্ মুক্তহওয়া + ত(ক্ত)—ক] গত। কৈবল্যমুক্তি প্রাপ্ত) বিং, ত্রিং, নির্ব্বাণমুক্তিপ্রাপ্ত। ৪। নিঃসঙ্গ। ৫। বন্ধ্য।

অতিমুক্তক; সং, পুং, তিনিশ বৃক্ষ। তিন্দুক বৃক্ষ, গাবগাছ। পুষ্পবৃক্ষ বিশেষ, মল্লিনী।

অতিমোদা (অতি অতিশয়—মোদ আনন্দ। যাহার গন্ধে অতিশয় আনন্দোদয় হয়, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নবমল্লিকা। ২ বিং, ত্রিং, অত্যন্ত আনন্দবিশিষ্ট।

অতিরথ (অতি—রথ) সং, পুং, যোধবিশে যে ব্যক্তি অসঙ্খ্য যোদ্ধার সহিত যু করণে সমর্থ। শিং—১ "অমিতা যোধয়েদ্‌যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ।"

অতিরসা; সং, স্ত্রীং, যষ্টিমধু। মূর্ব্বা রাস্না। লতাফট্‌কী।

অতিরাত্র (অতি—রাত্রি + অ—অস্ত্যে যাহা এক রাত্রে সমাধা হয় না)। স পুং, একরাত্রি সাধ্য যজ্ঞবিশেষ, ব্রহ্মা পশ্চিম মুখ হইতে ইহার উৎপত্তি। ২ চাক্ষুষমনুর পুত্র, ইঁহার গর্ভধারিণীর না নবলা।

অতিরিক্ত (অতি অতিক্রম—রিক্ত শূন্য যে শূন্যকে অতিক্রম করিয়াছে, ২য়া—য বিং, ত্রিং, অধিক, বেশী, জিয়াদা। শ্রেষ্ঠ ভিন্ন। শূন্য। উন্নত।

অতিরেক (অতি অতিক্রম—রেক [রি বিযুক্ত করা + অ(ঘঞ্)—ভা] বিয়োগ যে বিয়োগকে অতিক্রম করিয়াছে, ২য়া—য) সং, পুং, আধিক্য। প্রচুরতা। প্রাধান্য ভেদ।

অতিরোগ ( . ত—রোগ পীড়া) সং, পুং ক্ষয়রোগ। বিং, ত্রিং, অত্যন্ত রোগযুক্ত।

অতিরোমশ (অতি—রোমশ [রোমন্ + শ —অস্ত্যর্থে] অধিক রোমযুক্ত) সং, পুং বন্যছাগ। ২। বৃহৎ বানর। ৩। বিং ত্রিং, অতিশয় রোমযুক্ত।

অতিলঙ্ঘন; সং, ক্লীং, অতিক্রম।

অতিলোমশা (অতিরোমশ ন্যায়) সং স্ত্রীং, নীলবুহ্না।

অতিবর্ত্তন (অতি বাহিরে—বৃৎ বিদ্যমা থাকা + অন (অনট্)—ভা) সং, ক্লীং অতিক্রম, লঙ্ঘন, অতিপাত।

অতিবর্ত্তনীয় (অতি বাহিরে—বৃৎ স্থিতি করা + অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রমণীয়, লঙ্ঘনীয়।

অতিবর্ত্তিত (অতি বাহিরে—বর্ত্তিত [বৃৎ স্থিতি করা + ত(ক্ত)—র্ম্ম] স্থিত) বিং ত্রিং, অতিক্রান্ত, লঙ্ঘিত।

…বর্ত্তী ( অতিবর্ত্তিন্, অতি – বর্ত্তী যে বিদ্যমান থাকে ) বিং, ত্রিং, অতিক্রমী।

অতিবর্ত্তুল ; সং, পুং, কলায় বিশেষ, বাঁটুলা কড়াই।

অতিবাদ ( অতি – বদ্ বলা + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, অত্যুক্তি। অপ্রিয় বাক্য। কঠোর বাক্য।

অতিবাদী (অতিবাদিন্, অতি অতিক্রম— বাদী যে বলে) বিং, ত্রিং, যে সকলকে অতিক্রম করিয়া বলে, সকলের মত খণ্ডন করিয়া যে আপনার মত প্রবর্ত্তনা করে।

অতিবাহন (অতি – বাহি যাপন করান + অন (অনট্) – র্ম্ম ) সং, ক্লীং, যাপন, কাটান ; যথা—সময়াতিবাহন।

অতিবাহিত ( অতি – বাহি বহান + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যাপিত, যাহা কাটানহইয়াছে ; যথা—সময় অতিবাহিত হইয়াছে।

অতিবিষা ; সং, স্ত্রীং, আতইচ।

অতিবৃত্ত ( অতি অতিক্রান্ত – বৃত্ত [ বৃৎ বিদ্যমান থাকা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। উদ্বৃত্ত।

অতিবৃষ্টি (অতি অত্যন্ত – বৃষ্টি বর্ষণ) সং, স্ত্রীং, শস্যোৎপত্তি নাশক অধিক বর্ষণ। শিং – ১ 'অতিবৃষ্টিরনাবৃষ্টি শলভাঃ মূষিকাঃ খগাঃ। ২। "নিরীতিভাবং গমিতেঽতিবৃষ্টয়ঃ।" ( নৈষধ )

অতিবেল ( অতি অতিক্রম – বেলা সীমা। যে বেলাকে অতিক্রম করিয়াছে, ২য়া – ষ) বিং, ত্রিং, ক্লীং, অধিক, অসীম। অতিক্রান্তমর্য্যাদ। অং, বেলাতিক্রম।

অতিব্যাপ্তি (অতি অতিশয় – ব্যাপ্তি ব্যাপন) সং, স্ত্রীং, অতিশয় ব্যাপন। ২। অলক্ষ্যে লক্ষণ গমন। শিং – পরিগণনং (প্রত্যয়ানাং) অব্যাপ্ত্যতিব্যাপ্তিদোষবারণায় "

অতিশর্করী ; সং, স্ত্রীং, পঞ্চদশাক্ষরা বৃত্তি।

অতিশক্তি (অতি অত্যন্ত – শক্তি কর্ম্মসাধন সামর্থ্য অথবা শারীরিক বল) সং, স্ত্রীং, অতি সামর্থ্য, অধিক বীর্য্য। শিং— ১ "স বীর্য্যমতিশক্তিভাগি।" ২। বিং, ত্রিং, (অতি অতিক্রান্ত – শক্তি। ৬ষ্ঠী – হিং) অতিশয় বলবিক্রমশালী।

অতিশক্তিতা (অতিশক্তি দেখ, তা (ত্বাচ্) – ভাবে) সং, স্ত্রীং, বিক্রম।

অতিশয় ( অতি – শী অতিরিক্ত হওয়া + অ – ক, ভা ) বিং, ত্রিং, অধিক, অতিরিক্ত। সং, পুং, আধিক্য।

অতিশয়িত ( অতি – শী অতিরিক্ত হওয়া + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, অধিক।

অতিশয়োক্তি (অতিশয় – উক্তি) সং, স্ত্রীং, স্বরূপ হইতে অতিরিক্ত বর্ণন। ২। কাব্যালঙ্কারবিশেষ, উপমানের সহিত উপমেয়ের সম্পূর্ণ সৌসাদৃশ্য জানাইবার নিমিত্ত উপমেয়কে উপমান বলিয়া নিশ্চয়রূপে নির্দ্দেশ।

অতিশায়ন ( অতি – শায়ি + অন(অনট্) – ভাবে ) সং, ক্লীং, আধিক্য। প্রকর্ষ।

অতিশায়ী (অতিশায়িন্, অতি – শী শয়ন করা + ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, যাহা অধিক হয়।

অতিসন্ধান ( অতি – সন্ধান ) সং, ক্লীং, বঞ্চনা।

অতিসর্গ – পুং } ( অতি – সৃজ্ ত্যাগ
অতিসর্জ্জন – ক্লীং } করা + অ ( ঘঞ্ ), অন ( অনট্ ), – ভা ) সং, বিসর্জ্জন, ত্যাগ। দান, উৎসর্গ। নিয়োগ। বধ।

অতিসাম্যা ; স্ত্রীং, যষ্টিমধু লতা।

অতিসার, অতীসার ( অতি অতিশয় – সৃ গমন করা + অ – ণ। যাহার দ্বারা অতিশয় পুরীষ নির্গত হয় ) সং, পুং, উদরাময়, পেটের পীড়া।

অতিসারকী ( অতিসারকিন্, অতিসার + ইন্(কিন্) – রোগার্থে ) বিং, ত্রিং, উদরাময়ী, অতিসার রোগযুক্ত, পেটরোগা।

অতিসৃষ্ট ( অতিসর্গ দেখ, ত – র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। ত্যক্ত। নিযুক্ত।

অতিসৌরভ (অতি – সৌরভ। ৬ষ্ঠী – হিং। অতিশয় গন্ধবিশিষ্ট বলিয়া ) সং, পুং, আম্রবৃক্ষ। বিং, ত্রিং, অতিশয় গন্ধবিশিষ্ট।

অতিহসিত – ক্লীং } (অতি অতিশয় –
অতিহাস – পুং } হসিত, হাস = হাস্য ) সং, ভীষণ হাস্য, অশ্বধ্বনির ন্যায় হাস্য।

অতীত (অতি—ই গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ভূত, গত, যাহা হইয়া গিয়াছে। অতিক্রান্ত। মৃত।

অতীন্দ্রিয় (অতি অতিক্রম—ইন্দ্রিয়। যে ইন্দ্রিয়কে অতিক্রম করিয়াছে, ২য়া—য) বিং, ত্রিং ইন্দ্রিয়াতীত,ইন্দ্রিয়ের অগোচর, চক্ষু কর্ণ প্রভৃতিদ্বারা যাহা জানিতে-পারা যায় না, পরোক্ষ, অপ্রত্যক্ষ।

অতীব (অতি+ইব—অবধারণার্থে কিম্বা অত্ গমন করা+ঈব—প্রং) অং, অতিশয়, অধিক।

অতুল (অ—তুলা [তুল্ সদৃশ হওয়া+অ—ভাবে] যে তুল্য নহে, অথবা অ—তুল্য তুলনা। যাহার তুলনা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনুপম, অসদৃশ, অপরিমেয়। পুং, তিলবৃক্ষ।

অতুল্য (অ—তুল্য) বিং, ত্রিং, যাহার তুল্য নাই, অসদৃশ, অসমান। "অতুল্যমহসামার্দ্ধং রামেণ মম বিগ্রহঃ। (ভট্টি)।

অতুলিত (অতুল+ইত—প্রং) বিং ত্রিং, যাহা তুলনা দেওয়া যায়না; যথা—বিদ্যাধরী দল যথা, হায়রে ভূতলে অতুলিত।" (মেঘনাথবধ)।

অতৃপ্ত (অ—তৃপ্ত) বিং, ত্রিং, যাহার তৃপ্তি জন্মে নাই, অবিতৃপ্ত, অপরিতৃপ্ত। ২। যাহার আশা মিটে নাই, যেমন—অতৃপ্ত নয়ন।

অতৈল (অ সদৃশ—তৈল) সং, ক্লীং, তিল ভব স্নেহ সদৃশ, সর্ষপাদির রস।

অৎক (অত্ সতত গমন করা+ক—প্রং) সং, পুং, শরীরাবয়ব। পথিক।

অত্তা (অৎক দেখ+ত—ক, আ—প্রং) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—মাতা ও শ্বশ্রূ। জ্যেষ্ঠা ভগিনী।

অত্যধিক (অতি—অধিক) বিং, ত্রিং, অত্যন্ত অধিক, যত অধিক হওয়া বা করা উচিত নয়।

অত্যন্ত (অতি অতিক্রান্ত—অন্ত শেষ বা সীমা। যে অন্ত অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অধিক, অতিশয়। বাড়াবাড়ি, অসঙ্গত, অনুচিত, যত হওয়া বা করা উচিত নয়; যথা—"সর্ব্বমত্যন্ত গর্হিতং।

অত্যন্তসংযোগ (অত্যন্ত—সংযোগ সম্বন্ধ ব্যাপ্তি) সং, পুং, ব্যাপ্তি।

অত্যন্তসুকুমার; সং, পুং, কঙ্গুনী বৃক্ষ।

অত্যন্তাভাব (অত্যন্ত—অভাব। অন্ত অতিক্রম করিয়া অভাব অর্থাৎ নিত্য অভাব সং, পুং, অত্যন্ত অভাব, একেবারে অভাব।

অত্যম্ল; সং, ক্লীং, বৃক্ষাম্ল, তেঁতুল।

অত্যম্লপর্ণী; সং, স্ত্রীং, লতাবিশেষ।

অত্যম্লা; সং, স্ত্রীং, বনবীজপুর, মধুটাবা।

অত্যন্তীন (অত্যন্ত+ঈন—গচ্ছত্যর্থে বিং, ত্রিং, অত্যন্তগামী, অতিশয় বেগ বিশিষ্ট। শিং—১ "লক্ষ্মীং পরম্পরীণ ত্বমত্যন্তীনত্বমুন্নয়।" (ভট্টি)

অত্যয় (অতিক্রম—ই গমন করা+অ (অল্ —ভাবে) সং, পুং, বিনাশ, ধ্বংস, লোপ মৃত্যু। অপচয়। অপগম। অতিক্রম দোষ। দণ্ড। দুঃখ।

অত্যর্থ (অতি অতিক্রম—অর্থ নিবৃত্তি। নিবৃত্তি অতিক্রম করিয়াছে, ২য়া— সং, ক্লীং অত্যন্ত, অধিক, বিস্তর।

অত্যল্প (অতি অতিশয়—অল্প) বিং, ত্রি যৎকিঞ্চিৎ, অতি অল্প।

অত্যষ্টি } (অতি অতিক্রান্ত—অ
অত্যষ্টী } অষ্টী ষোড়শাক্ষরা বৃত্তি
সং, স্ত্রীং, সপ্তদশাক্ষরা বৃত্তি।

অত্যাচার (অতি অতিক্রম—আচার আচর সং, পুং, অসৎ আচরণ, অভদ্র আচর ২। অন্যায় আচরণ, দৌরাত্ম্য, উপদ্রব

অত্যাচারী (অত্যাচারিন্, অত্যাচার ইন (ণিন)—ক) সং, পুং, যে ব্যক্তি অত চার করে, অত্যাচারকারী।

অত্যাজ্য (অ—ত্যজ ত্যাগ করা+য(ঘ —ণ, শক্যার্থে) বিং, ত্রিং, ত্যাগ অযোগ্য, যাহা পরিত্যাগ করিবার অপরিত্যাজ্য।

অত্যাধান; সং, ক্লীং, উপশ্লেষ।

অত্যায়ত (অতি—আয়ত বিস্তৃত) বি ত্রিং, অতি আয়ত, অতি বিস্তৃত।

অত্যারূঢ় (অতি—আরূঢ় [আ—রূহ্ আরোহণ করা+ত (ক্ত)—ভাবে] সং, ক্লীং, অতিবৃদ্ধি। (অতি—আ—রুহ্ আরোহণ করা + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, প্রবৃদ্ধ।

অত্যারূঢ়ি (অতি—আরূঢ়ি) সং, স্ত্রীং, অতিবৃদ্ধি, অত্যুন্নতি।

অত্যাল ; সং, পুং, রক্তচিত্রক বৃক্ষ।

অত্যাহিত (অতি—আ—ধা [ধারণ করা] অনিষ্ট হওয়া+ত (ক্ত)—ভা। ধা স্থানে হি) সং, ক্লীং, অমঙ্গল। মহাভয়।

অত্যুক্তি (অতি—উক্তি) সং, স্ত্রীং, অধিক উক্তি, স্বরূপ হইতে অতিরিক্ত বর্ণন, অত্যন্ত বাড়াইয়া বলা, অসম্ভব বলা, উৎকট বর্ণনা, অসম্ভব বর্ণনা।

অত্যুক্‌থা (অতি—উক্‌থা ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, দ্বাদশাক্ষর ছন্দঃ।

অত্যুৎকট (অতি—উৎকট) বিং, ত্রিং, অত্যন্ত উগ্র।

অত্যুৎকৃষ্ট (অতি—উৎকৃষ্ট) বিং, ত্রিং, অতি-উৎকৃষ্ট, অত্যুত্তম।

অত্যূহ (অতি—উহ [যে তর্ক করে] শব্দ করে) সং, পুং, পক্ষিবিশেষ, ডাকপাখী। হা—স্ত্রীং, নীলিকা। শেফালিকা।

অত্র (ইদম্ বা এতদ্ এই+ত্র—তে। সপ্তমী বিভক্তি স্থানে ত্র) অং, এই স্থানে, এই খানে।

অত্রত্য (অত্র এখানে+ত্য(ত্যণ্)—ভবার্থে) বিং, ত্রিং, এতদ্দেশীয়, এই দেশের। এই স্থানের, এখানে উৎপন্ন, এই স্থান সংক্রান্ত।

অত্রভবান্ (অত্রভবৎ, অয়ং এই অর্থে= অত্র—ভবৎ [ভা দীপ্তি পাওয়া + অৎ (ডবতু)—প্রং) বিং, ত্রিং, পূজ্য, মান্য। শিং—'জয়মত্রভবান্নূনমরাতিষ্বভিলাষুকঃ।' (ভারবি)

অত্রস্ত (অ—ত্রস্ত ভীত) বিং, ত্রিং, অভীত, যে ভয় পায় নাই।

অত্রি (অত্রিন্, অত্ সতত গমন করা+রি—সংজ্ঞার্থে। যিনি সতত ধর্ম্মপথে গমন করেন অথবা অদ্+ত্রিন্—ক।) সং, পুং, সপ্তর্ষির মধ্যে এক ঋষি, চন্দ্রের জনক। (ইহার নেত্র হইতে চন্দ্র উৎপন্ন হন।)

অত্রিজাত (অত্রি—জাত। যিনি অত্রি মুনির নেত্র হইতে উৎপন্ন হইয়াছেন, ৫মী—হিং) সং, পুং, চন্দ্র।

অথ, অথো (অর্থ্ যাচ্ঞাকরা + অ (ড), ও (ডো)—ক। র—লোপ) অং, অনন্তর। মঙ্গল। সংশয়। প্রশ্ন। দৃঢ়তা। সমুচ্চয়। চিহ্ন। এক্ষণে, অতএব। আরম্ভ। সাকল্য। অনুজ্ঞা। প্রকরণ।

অথকিং (অথ সংশয়—কিং কি। ইহাতে সংশয় কি? সুতরাং স্বীকার) অং, স্বীকার, হাঁ, আর কি।

অথচ (অথ—চ ও) অং, আরও।

অথবা (অথ সংশয়—বা বিকল্প) অং, পক্ষান্তর বোধক ; যথা—অদ্য অথবা কল্য যাইব।

অথর্ব্ব (অথর্ব্বন্, অথ মঙ্গল—ঋ গমন করা +বন্ (বনিপ)—ক। যে মঙ্গলে গমন করে, অথবা অথর্ব্ব মুনিবিশেষ, নিপাতন। "অথর্ব্বনাম্না মুনিনা প্রোক্তো বেদঃ অথর্ব্বা।") সং, ক্লীং, চতুর্থ বেদ। এই বেদ ব্রহ্মার উত্তর দিগের মুখ হইতে বিনিঃসৃত। ভাগবতে লিখিত আছে অথর্ব্ব বেদ ব্রহ্মার পূর্ব্বদিগের মুখ হইতে বহির্গত। বিষ্ণুপুরাণে লিখিত আছে প্রথমে যজুঃ নামে এক বেদ ছিল, পরে দ্বাপর যুগে ব্রহ্মার আজ্ঞায় ব্যাস তাহা চারিভাগে বিভক্ত করেন, করিয়া পৈলকে ঋক্‌বেদ, বৈশম্পায়নকে যজুর্ব্বেদ, জৈমিনিকে সাম-বেদ এবং সুমন্তকে অথর্ব্ববেদ শ্রবণ করাইতে নিযুক্ত করিলে। অথর্ব্ব যে বেদ মধ্যে গণ্য ইহা সকলে কহেনা। মনুতে ঋক্, যজুঃ ও সাম এই তিনটী বেদের উল্লেখ আছে। অমরকোষেও তাহাই লিখিত। সামবেদের ছন্দোজ্ঞ উপনিষদে কথিত আছে অথর্ব্ব চতুর্থ বেদ এবং ইতিহাস ও পুরাণ পঞ্চম বেদ। উইলসন্ সাহেব বলেন অথর্ব্ব বেদ মধ্যে গণ্য নয় কেবল বেদের ক্রোড়পত্র। ২। পুং, বেদের ব্রাহ্মণ ভাগ। ৩। বশিষ্ঠ।

৪। বিং,ত্রিং, রোগ, বার্দ্ধক্য প্রভৃতি কারণ বশতঃ অশক্ত ও অকর্ম্মণ্য।
অথর্ব্বণ (অথর্ব্ব+ণ—প্রং) সং, পুং, শিব।
অথর্ব্বণি (অথর্ব্ব+নি—প্রং) সং,পুং, অথর্ব্ব-বেদজ্ঞ-ব্রাহ্মণ।
অথর্ব্ববিদ্ (অথর্ব্ব—বিদ্ জানা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, অথর্ব্ব-বেদজ্ঞ-ব্রাহ্মণ।
অদণ্ডনীয়(অ—দণ্ড+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহার দণ্ড হওয়া উচিত নয়, অদণ্ড্য।
অদণ্ড্য (অ—দণ্ড+য—অর্হার্থে) বিং, ত্রিং, অদণ্ডনীয় দেখ।
অদত্ত (অ—দত্ত) বিং, ত্রিং, দত্ত নয়, যাহা দান করা হয় নাই, অসমর্পিত।
অদত্তা; সং, স্ত্রীং, যে কন্যাকে পরিণয়ার্থ দান করা যায় নাই অর্থাৎ যে কন্যার বিবাহ হয় নাই, অনূঢ়া, অপরিণীতা, অবিবাহিতা।
অদন্ত (অ—দন্ত) বিং, ত্রিং দন্তহীন, যাহার দন্ত নাই অর্থাৎ দন্ত হয় নাই অথবা পড়িয়া গিয়াছে।
অদন (অদ্ ভোজন করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, ভক্ষণ। (অদ্—অন (অনট্)—র্ম্ম) ভক্ষ্যবস্তু।
অদভ্র (অ—দভ্র অল্প। অল্প নহে) বিং, ত্রিং, অনল্প, প্রচুর, অধিক, বহু।
অদর্শন (অ—দর্শন দৃষ্টি) সং, ক্লীং, দর্শনাভাব, দৃষ্টির বাহিরে যাওয়া। বিনাশ। বিং, ত্রিং, দৃষ্টির বহির্ভূত, দৃষ্টির অগোচর।
অদল; সং, পুং, হিজ্জল বৃক্ষ। বিং, ত্রিং, দলরহিত। লা—স্ত্রীং, ঘৃতকুমারী।
অদস্, সর্ব্বং, ত্রিং, উনি। উহা। (অ—দস্ উৎক্ষেপণ করা+০(ক্বিপ্)—ধি) ত্রিং, অং, অপুরোবর্ত্তী, যাহাকে অঙ্গুলি দ্বারা নির্দ্দেশ করিতে পারা যায় না। পরোক্ষ।
অদাতা (অদাতৃ, অ—দাতৃ যে দান করে) বিং, ত্রিং, যে দাতা নয়, ধন সত্ত্বে ও দান করিতে কাতর। শিং—' "অদাতা বংশদোষেন কর্ম্মদোষেণ দরিদ্রতা।"২।'অদাতা পুরুষস্ত্যাগী ধনং সংত্যজ্য গচ্ছতি।'
অদাহ্য (অ-দাহ্য [দহ দগ্ধ করা+য (ঘ্যণ্)—র্ম্ম, অর্হার্থে] দহনীয়) বিং, ত্রিং, দগ্ধের অযোগ্য। ২। শাস্ত্র বিধানমুসারে অগ্নি-সংস্কারের অযোগ্য। ৩। যাহা দহনশীল নয় (Incombustible)
অদিতি (অ—দো ছেদন করা+তি (ক্তি)—র্ম্ম। বৃহত্ব হেতু যাহাকে ছেদন করা যায়না) সং, স্ত্রীং, পৃথিবী। ২। (অ—দা দানকরা+ইতি—সংজ্ঞার্থে। যিনি বেদনা দেননা অথবা অ বিরোধার্থে—দিতি দনুজমাতা) দক্ষপ্রজাপতির কন্যা; কশ্যপের পত্নী; ইহার গর্ভে ইন্দ্রাদি দেবতারও জন্ম হয় এই জন্য ইনি দেবমাতা বলিয়া বিখ্যাত। বিষ্ণু বামন অবতারে ইহার গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন।
অদিতিজ, অদিতিনন্দন (অদিতি—জ জাত, নন্দন পুত্র, ৫মী—হিং) সং, পুং, দেবতা। [তর। ধনী।
অদীন (অ—দীন কাতর) বিং, ত্রিং, অকা-
অদূর (অ বিরোধার্থে—দূর। দূরত্ববিরোধি অর্থাৎ সামীপ্য অর্থে) বিং, ত্রিং, অতি নিকট। শিং—'পরস্পরাক্ষিসাদৃশ্যমদূরোজ্ঝিতবর্ত্মসু।" (রঘু)।"অদূরে হেরিলা রক্ষপতি রণক্ষেত্র।" (মেঘনাদবধ)
অদৃক্ (অদৃশ্, অ—দৃশ্ চক্ষুঃ) বিং, ত্রিং, দৃষ্টিরহিত, অন্ধ।
অদৃশ্য (অ—দৃশ্য) বিং, ত্রিং, দৃষ্টির অগোচর, যাহা দেখিতে পাওয়া যায় না।
অদৃষ্ট(অ—দৃশ্ দেখা+ত(ক্ত)—ভা, র্ম্ম) সং, ক্লীং, ভাগ্য, ভাগ্যধেয়। অদৃষ্ট করণ আপদ্। ধর্ম্মাধর্ম্ম, পাপপুণ্য। বিং, ত্রিং, অনীক্ষিত, যাহা দেখা যায় না, দৃষ্টিবহির্ভূত।
অ-দৃষ্ট-চর, অ-দৃষ্ট-পূর্ব্ব বিং, ত্রিং, যাহা পূর্ব্বে কখন দৃষ্ট হয় নাই।
অদৃষ্টি (অ বিরোধার্থে বা অভাবার্থে—দৃষ্টি দর্শন) সং, স্ত্রীং, ক্রূরদৃষ্টি, সরোষদৃষ্টি, বিরক্তিসূচকদৃষ্টি। (অ অভাবার্থ—দৃষ্টি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দৃষ্টিশূন্য।
অদেয় (অ—দেয় দিবার যোগ্য) বিং, ত্রিং, দেয় নয়, যাহা দেওয়া উচিত নয়, যাহা দিতে পারা যায় না।
অদ্ধা (অৎ সতত গমন করা—ধা ধারণ করা+০(ক্বিপ্)—ক) অং, সত্য, যথার্থ।

অদ্ভুত ( অং আশ্চর্য্যজনক অব্যয় – ভূ হওয়া + উত (ডুত) – ধি ) বিং, ত্রিং, বিস্ময় জনক। আকস্মিক। সং, ক্লীং, বিস্ময়, আশ্চর্য্য। পুং, রসবিশেষ।

অদ্ভুতসার ; সং, পুং, খদিরসার।

অদ্মর ( অদ্ ভোজনকরা + মর (ক্মর) – ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ভোজনপ্রিয়, পেটুক।

অদ্য ( ইদম্ – অহন্, সপ্তম্যন্ত। নিপাতন। ) অং, বর্ত্তমান দিনে, আজি। এক্ষণে।

অদ্যকার ( অদ্য + কার – ভবার্থে ) বিং, অদ্যতন, এই দিনের।

অদ্যতন ( অদ্য + তন (ষ্টন) – ভবার্থে ) বিং, ত্রিং, অদ্য যাহা হইয়াছে, অদ্যকার, আজি যাহা উৎপন্ন হইয়াছে, বর্ত্তমান দিবস সংক্রান্ত।

অদ্যশ্বীন (অদ্য – শ্বস্ কল্য + ঈন – প্রং) বিং, ত্রিং, যাহা আজি কালি হইবে।

অদ্যশ্বীনা ( অদ্য – শ্বস্ কল্য + ঈন্ – প্রং। আ—স্ত্রীং) সং, স্ত্রীং, আসন্নপ্রসবাগাভী, যে গাভী অদ্য কিম্বা কল্য প্রসব করিবে।

অদ্যাপি (অদ্য – অপি = ও) অং, অজিও, এখন ও, অদ্য পর্য্যন্ত, এ কাল পর্য্যন্ত।

অদ্যাবধি } (অদ্য – অবধি, প্রভৃতি) অং,
অদ্যপ্রভৃতি } অদ্যারভ্য, আজ অবধি, আজ হইতে।

অদ্রি (অ – দ্রি [দ্রা পলায়ন করা + ই – সংজ্ঞার্থে ] যে পলায়ন করে। যে পলায়ন করে না, কিম্বা অদ্ ভোজন করা + রি – ক, সংজ্ঞার্থে ) সং, পুং, পর্ব্বত। বৃক্ষ। সূর্য্য। পরিমাণবিশেষ।

অদ্রিকর্ণী ; সং, স্ত্রীং, অপরাজিতা।

অদ্রিকীলা (অদ্রি পর্ব্বত – কীলা শঙ্কু, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, পৃথিবী, ভূমি।

অদ্রিজ (অদ্রি পর্ব্বত – জ [ জন্ জন্মান + অ (ড) – ক ] যে জন্মে, ৭মী – হিং) বিং, ত্রিং, পর্ব্বতজাত (বস্তু), পার্ব্বতীয়। সং, ক্লীং, শৈলেয় নামক গন্ধদ্রব্য, শিলাজতু। গিরিমাটী। জা – স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। সৈংহলী-বৃক্ষ।

অদ্রিভিদ্ (অদ্রি – ভিদ্ [ ভিদ্ ভেদ করা + ০(ক্বিপ্) – ক ] যে ভেদ করে ) সং, পুং, গোত্রভিদ্, ইন্দ্র।

অদ্রিরাট্, অদ্রিরাজ (অদ্রিরাজ্, অদ্রি – রাজ্, [ রাজ্ দীপ্তি পাওয়া + ০ (ক্বিপ্) – ক] রাজ [ রাজন্ + অ(ষ)] ৬ষ্ঠী – ষ) সং, পুং, গিরিরাজ, হিমালয় পর্ব্বত।

অদ্রিসার ( অদ্রি – সার সারাংশ ) সং, পুং, লৌহ। বিং, ত্রিং, লৌহের ন্যায় কঠিন।

অদ্রীশ (অদ্রি – ঈশ পতি, ৬ষ্ঠী – ষ) সং, পুং, শিব। হিমালয় পর্ব্বত।

অদ্বয় (অ – দ্বয়, ৬ষ্ঠী – হিং) সং, ক্লীং, ব্রহ্ম। পুং, বৌদ্ধ। বিং, ত্রিং, দ্বয়-শূন্য, দ্বিতীয় রহিত।

অদ্বয়বাদী ( অদ্বয়বাদিন্, অদ্বয় অদ্বিতীয় – বাদী যে বলে। যাঁহারা অদ্বিতীয় অর্থাৎ এক ঈশ্বর বলেন, ২য়া – ষ) সং, পুং, বৌদ্ধ। বিং, ত্রিং, অদ্বৈতবাদী, যে দ্বিতীয় স্বীকার করে না, যে একের অধিক ঈশ্বর মানে না। একব্রহ্মবাদী ; তাহাদের মত এই যে, ব্রহ্মই সত্য এবং এই ব্রহ্মাণ্ডই তাহার প্রত্যক্ষসিদ্ধিস্বরূপ। যেমন রজ্জু প্রকৃত সর্প না হইলে সর্পবৎ প্রতীতি হয় সেইরূপ এই বিশ্বের সমুদয় দ্রব্যাদি এক ব্রহ্মের আদর্শস্বরূপ।

অদ্বিতীয় (অ – দ্বিতীয়, যাহার দ্বিতীয় নাই, ৬ষ্ঠী – হিং ) বিং, ত্রিং, দ্বিতীয় রহিত, যাহার দ্বিতীয় অর্থাৎ সমান নাই। অতুল্য। সং, ক্লীং, ব্রহ্ম। "একমেবাদ্বিতীয়ং।" শিং – ১"ন চাশ্বিনেয়ঃ সহিনাদ্বিতীয়ঃ। ( নৈষধ )।

অদ্বৈত (অ – দ্বৈত দ্বিতীয়ত্ব, ৬ষ্ঠী – হিং ) সং, ক্লীং, ব্রহ্ম। বিং, ত্রিং, দ্বৈত-রহিত, অভেদ ; শিং – ১"অদ্বৈতং সুখদুঃখয়োরণুগুণং সর্ব্বাস্ববস্থাসু যৎ" (উত্তরচরিত)

অদ্বৈতবাদী – অদ্বয়বাদী দেখ।

অধঃ (অধস্, অধর + অস্ – প্রং। র – লোপ, নিপাতন) অং, অধোভাগে, নিম্নে।

অধঃকৃত (অধস্ – কৃত) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। পরাভূত।

অধঃপাত (অধস্ নীচে – পাত পতন) সং,

ক্লীং, অধঃপতন। উচ্ছন্ন যাওয়া; যথা - তুমি অধঃপাতে যাও।

অধঃপুষ্পী; সং স্ত্রীং, গোজিহ্বা। তৃণ-বিশেষ। চোরাখড়িকা, ভাঁট্‌ই।

অধঃশিরাঃ (অধঃশিরস্‌, অধঃ নীচে—শিরস্‌ মস্তক) বিং, ত্রিং, যার মস্তক অধোদিকে।

অধঃস্থ (অধস্‌ নীচে—স্থ থাকা) বিং, ত্রিং, নীম্নস্থিত, নীচদেশস্থিত। অধস্তন।

অধন (অ—ধন) বিং, ত্রিং, যার ধন নাই, নিঃস্ব, নির্দ্ধন, ধনহীন। শিং—১ "অধনো হি ধনং লব্ধ্বা তৃণবৎ মন্যতে জগৎ।"

অধন্য; বিং, ত্রিং, মন্দভাগ্য।

অধন্যতা (অ—ধন্য+তা (ত্বাচ)—ভাবে) সং, স্ত্রীং, দুর্ভাগ্য।

অধম (অব্‌ রক্ষা করা+অম—ক। ব=ধ। কিম্বা অধস্‌+ম—স্থিতার্থে। স্‌—লোপ, নিপাতন। যে নিম্নে থাকে) বিং ত্রিং, অপকৃষ্ট, তুচ্ছ, জঘন্য, নীচ। নিন্দিত।

অধমর্ণ (অধম—ঋণ। অপচয় হেতু যাহার ঋণ অধম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ঋণী, যে অন্যের নিকট ঋণ করে, ঋণগ্রস্ত, খাতক, দেনাদার, ধেরো।

অধমাঙ্গ (অধম—অঙ্গ, য়ং—স) সং, ক্লীং, পাদ, চরণ।

অধর (অ—ধর [ধৃ ধরা+অ (অল্‌)—র্ম্ম] যে ধরে। যে স্বয়ং ধরিতে পারে না) সং, পুং, নীচের ঠোঁট। বিং, ত্রিং নীচ, অধম। নিম্ন। পুং, দ্বিং, ওষ্ঠ এবং অধর।

অধরতস্‌<br>অধরাৎ<br>অধরেণ<br>অধরস্তাৎ } (অধর+তস্‌, আৎ, এন, স্তাৎ—প্রং) অং, নীচে, নিম্নে।

অধরামৃত (অধর—অমৃত। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অধর-রস।

অধরীকৃত (অধর—কৃত। ঈ(চ্বি)—অভূত-তদ্ভাবার্থে) বিং, ত্রিং, অধঃকৃত। পরাভূত।

অধর্ম্ম (অ—ধর্ম্ম) সং, পুং, পাপ, দুষ্কৃত, ধর্ম্ম-বিরুদ্ধ। বিং, ত্রিং, পুণ্যশূন্য।

অধর্ম্মী (অধর্ম্মিন্‌, অধর্ম্ম+ইন্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধর্ম্মভ্রষ্ট, যে অধর্ম্ম আচরণ করে, যাহার ধর্ম্মবোধ নাই, পাপী, অধার্ম্মিক।

অধর্ম্ম্য (অ—ধর্ম্ম+য—হিতার্থে) বিং, ত্রিং, ধর্ম্মবিরুদ্ধ। শিং—"পঞ্চানাং তু ত্রয়ো ধর্ম্ম্যাদ্বাবাধর্ম্ম্যৌ স্মৃতাবিহ।" (মনু)

অধশ্চর (অধস্‌ অধোভাগে, নীচে—চর যে গমন করে) বিং, ত্রিং, অধোগামী। সং, পুং, চোর।

অধশ্চোর (অধস্‌—চোর+অ—স্বার্থে) সং, পুং, নীচ চোর, সিঁদাল চোর।

অধস্তন (অধস্‌+তন (ট্যুল্‌)—ভবার্থে) বিং, ত্রিং, নীচের দিকের, নিম্নস্থিত, অধঃস্থ, অধঃস্থিত। ২। নিম্নে উৎপন্ন।

অধস্তাৎ (অধর বা অধস্‌+অস্তাৎ বা তাৎ—প্রং) অং, অধোভাগে, নিম্নে, পশ্চাৎ, নীচের দিকে।

অধামার্গব; সং, পুং, ধামার্গববৃক্ষ, আপাঙ্গ-[গাছ।

অধার্ম্মিক (অ—ধার্ম্মিক) বিং, ত্রিং, ধার্ম্মিক নয়, পাপিষ্ঠ।

অধি (আ—ধা ধারণ করা+ই(কি)—ধি। আ=অ) উপং, অং, উপরি। আধিক্য। প্রাধান্য। অতিক্রম। অধিকার। ঐশ্বর্য্য। আধিপত্য।

অধিক (অধি আধিক্য—ক [কৈ শব্দকরা+অ(ড)—ক] যে শব্দ করে। যে আধিক্য কহে, ২য়া—ষ) বিং, ত্রিং, অতিরিক্ত, জিয়াদা, অনেক। বলবান্‌। উত্তম। সং, ক্লীং, অর্থালঙ্কারবিশেষ, আধার ও আধেয়, উভয়ের মধ্যে যেখানে একের আধিক্য বর্ণিত হয়।

অধিকন্তু (অধিকং অধিক—তু=ও) অং, আরও, অধিকের মধ্যে, বাড়ার ভাগ।

অধিকরণ (অধি উপরি-কৃ করা+অন(অনট্‌)—ধি। যাহার উপর করা যায়) সং, ক্লীং, কারকবিশেষ; সামীপ্য, একদেশ-সম্বন্ধ, বিষয়, ব্যাপ্তি—এই চতুর্ব্বিধ আধার। যাহার উপরে বা ভিতরে কোন বস্তু বা ব্যক্তি থাকে। আধার, পাত্র। মীমাংসা দর্শনের গ্রন্থ বিশেষ। দ্রব্য। বিচারালয়, আদালত। [(অনট্‌)—ভাবে] আধিপত্য, দখল করা।

অধিকরণিক (অধিকরণ ধর্ম্মাধিকরণ+ইক—ক) সং, পুং, অধিকরণে অর্থাৎ ধর্ম্মাধিকরণে নিযুক্ত বিচার কর্ত্তা, প্রাড়্‌বাক্।

অধিকর্দ্ধি (অধিক—ঋদ্ধি ধন) বিং, ত্রিং, সর্ব্বাংশে সুখী। অত্যন্ত ধনশালী।

অধিকর্ম্মিক (অধিকর্ম্মন্+ইক—প্রং) সং, পুং, হট্টাধ্যক্ষ, হাটের দারগা।

অধিকাঙ্গ (অধিক—অঙ্গ) সং, ক্লীং, কটিবন্ধন। বিং, ত্রিং, অতিরিক্তাঙ্গবিশিষ্ট।

অধিকার (অধি—কৃ করা + অ(ঘঞ্) —ভাবে) সং, পুং, দখল; যথা—অমুক ভূমি অমুকের অধিকার আছে। ২। স্বত্ব, স্বামিত্ব; যথা পৈতৃক ধনে পুত্রের অধিকার। ৩। সম্পর্ক; যথা—তাহার এ বিষয়ে কথা কহিবার অধিকার নাই। ৪। শাসন, রাজত্ব; যথা—রাজার অধিকার। ৫। প্রবেশ; যথা—তাহার শাস্ত্রে অধিকার আছে। ৬। ভার; যথা—এক এক জনের হস্তে এক এক বিষয় অধিকার আছে। ৭। আধিপত্য। ৮। নিয়োগ। ৯। আরম্ভ। ১০। অনুষ্ঠান ১১। স্বীকার। ১২। রাজাদের ছত্র চামারাদি ধারণ। ১৩। ব্যাকরণ প্রসিদ্ধ অনুবৃত্তি। ১৪। প্রকরণ। ১৫। (অধি—কৃ করা+অ (ঘঞ্)—র্ম্ম) পদ।

অধিকারী (অধিকারিন্, অধিকার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্বামী, স্বত্ববান্, যাহার অধিকার আছে। ২। প্রধান অধ্যক্ষ; যথা—যাত্রাদলের অধিকারী, বৈষ্ণবদিগের অধিকারী।

অধিকৃত (অধিকার দেখ, ত(ক্ত)—ক,র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয় অধিকার করা হইয়াছে, আয়ত্ত। নিযুক্ত। সং, পুং, অধ্যক্ষ, অধিকারী। ২। যাহার হস্তে কার্য্যনির্ব্বাহের ভার থাকে।

অধিক্ষিপ্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তিরস্কৃত। নিন্দিত। প্রেরিত। স্থাপিত। নিক্ষিপ্ত।

অধিক্ষেপ (অধি—ক্ষিপ্ [ক্ষেপণ করা] নিন্দা করা+অ(অল্)—ভা) সং, পুং, তিরস্কার। নিন্দা। প্রেরণ।

অধিগত (অধি—গম্ পাওয়া, জানা+ত(ক্ত) —ক, ভা) বিং, ত্রিং, স্বীকৃত। লব্ধ, প্রাপ্ত। জ্ঞাত, বিদিত। অধীত, শিক্ষিত।

অধিগম (অধি—গম্ [গমন করা, পাওয়া] জানা+অ(অল্)—ভা) সং, পুং, প্রাপ্তি, লাভ, উপার্জ্জন। জ্ঞান। স্বীকার। শিক্ষা।

অধিগম্য (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য। জ্ঞেয়।

অধিজ্য (অধি—জ্যা ধনুকের ছিলা। জ্যাকে অধিকার করিয়া যে বর্ত্তে, ব্যং—স) সং, ক্লীং, জ্যাযুক্ত ধনুক, ছিলাপরান ধনুক।

অধিত্যকা (Table land, অধি উপরি+ত্যক (ত্যকণ্)—ভবার্থে। আ (আপ্) —স্ত্রীলিঙ্গে। যে উপরি হয়) সং, স্ত্রীং, পর্ব্বতের উপরি বিস্তৃত ভূমি।

অধিদেব—পুং
অধিদেবতা—স্ত্রীং
অধিদৈবত—ক্লীং
} (অধি প্রধান—দেব, দেবতা, দৈবত; সূর্য্যমণ্ডলবর্ত্তী বৈরাজপুরুষ দেবতাদিগের অধিপতি বলিয়া অধিদৈবত বলে) সং, অধিষ্ঠাত্রী দেবতা। ২। অন্তর্যামী পুরুষ।

অধিপ
অধিপতি
} (অধি—প, পতি, যে পালন করে। যিনি পালন করেন) সং, পুং, স্বামী, অধিকারী। রাজা। প্রভু।

অধিভূ (অধি—ভূ হওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, স্বামী, প্রভু। রাজা।

অধিভূত (অধি উপরি—ভূত ক্ষিত্যাদি) সং, ক্লীং, বিনশ্বর দেহাদি পদার্থভূত সকলকে অধিকার করিয়া থাকে এই নিমিত্ত উহাকে অধিভূত বলা যায়। শিং—১ "ভূতং প্রাণীমাত্রং অধিকৃত্য ভবতীত্যধিভূতমুচ্যতে।"

অধিমাস (অধি অধিক—মাস) সং, পুং, মলমাস।

অধিযজ্ঞ (অধি অধিকৃত—যজ্ঞ, বাসুদেব অর্জ্জুনকে কহিতেছেন, "আমি এই দেহ যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা রূপে অবস্থান করিতেছি। এই জন্য অধিযজ্ঞ বলিয়া অভিহিত হইয়া থাকি") সং, পুং, কৃষ্ণ।

অধিরথ (অধি উপরি—রথ) সং, পুং, কর্ণের পিতা, তিনি সারথির কর্ম্ম করিতেন; যথা—'বিবেশাতিরথো রঙ্গং যষ্টিপ্রাণোহ্বয়ন্নিব।' (মহাভারত)

অধিরাট্ } (অধিরাজ্, অধি প্রধান—রাজ্
অধিরাজ } [রাজ্ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক। অধি—রাজন্+অ(ষ)) সং, পুং, সম্রাট, সার্ব্বভৌম।

অধিরোপণ (অধি—রোপণ [রুহ্-ণিচ্=রোপি অধিরোহণ করান+অন(অনট্)—ভাবে। অথবা [রুপ্ মুগ্ধ হওয়া+অন (অনট্)—ভা] আরোহণ) সং, ক্লীং, আরোহণ করান। ধনুকে শরযোজনা।

অধিরোহণ (অধি—রুহ্ আরোহণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আরোহণ।

অধিরোহণী } (অধি উপরি—রুহ্ আরো-
অধিরোহিণী } হণ করা+অন (অনট্)—ণ। অধি—রুহ্ আরোহণ করা+ইন্ (ণিন্)—ক। ঈ(ঈপ্)—স্ত্রীলিঙ্গে। যাহার দ্বারা উপরে আরোহণ করা যায়) সং, স্ত্রীং, কাষ্ঠ বা ইষ্টকাদি নির্ম্মিত সোপান, সিঁড়ী।

অধিবাস (অধি—বাস [বস্ বাসকরা+অ (ঘঞ্)—ধি] বাসস্থান) সং, পুং, নিবাস। ২। (অধি—বাস [বস্-ণিচ্=বাসি সংস্কার করা+অ(ঘঞ্)—ভা] সুগন্ধীকরণ) সং, সুগন্ধের নিবিড় সংসর্গ, গন্ধ মাল্য ধান্য দূর্ব্বা ফল প্রভৃতি দ্বারা সংস্কার করণ; যেমন পূজার পূর্ব্ব দিবসে প্রতিমার, বিবাহ দিবসে বর কন্যার অধিবাস করিয়া থাকে। ২। পরিমল। ৩। স্থাপন।

অধিবাসন (অধি—বাসন [বাসি সংস্কার করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, গন্ধ মাল্যাদি দ্বারা সংস্কার। ২। যজ্ঞারম্ভের পূর্ব্বে দেবতা স্থাপন।

অধিবাসিত (পূর্ব্বে দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, গন্ধ মাল্যাদি দ্বারা কৃত সংস্কার। স্থাপিত।

অধিবাসী (অধিবাসিন্, অধি—বাসী যে বাস করে) বিং, ত্রিং, যে সকল লোক বসতি করে, নিবাসী লোক; যথা—সে অমুক গ্রামের বা দেশের অধিবাসী।

অধিবিদ্য (অধি—বিদ্যা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বিদ্বান্।

অধিবিন্না (অধি পূর্ব্বে—বিন্ন [বিদ্ লাভ করা+ত(ক্ত)—র্ম্ম] যে লব্ধ হয়। যাহাকে পূর্ব্বে পাওয়া গিয়াছে) সং, স্ত্রীং, দ্বিতীয় বার বিবাহিত পুরুষের জীবিতা প্রথম স্ত্রী, যে স্ত্রী বিদ্যমান থাকিতে স্বামী পুনরায় বিবাহ করিয়াছে।

অধিবেত্তা (অধিবেত্তৃ, অধি—বিদ্ লাভ করা+তৃ (তৃন্)—ক) সং, পুং, স্ত্রী বিদ্যমান থাকিতে যে পুনরায় বিবাহ করিয়াছে।

অধিবেদন (পূর্ব্বে দেখ, অন (অনট্)—ভা) সং, ক্লীং, প্রথম স্ত্রী সত্ত্বে দ্বিতীয়বার বিবাহ করণ, স্ত্রী থাকিতে পুনরায় বিবাহ করা।

অধিশয়িত; বিং, ত্রিং, অধিষ্ঠিত। শয়িত।

অধিশ্রয়ণ (অধি—শ্রী [পাক করা] অন্নাদি চড়ান+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং পাকার্থ চুল্লীর উপরি স্থাপন। ২। পাব করণ। (Focus) আলোকের কিরণ সকল দূরবীক্ষণের মুকুরের মধ্য দিয়া গমন করিয়া যে স্থানে মিলিত হয়।

অধিশ্রয়ণী } অধি—শ্রী [পাক করা] অন্নাদি
অধিশ্রয়িণী } চড়ান+অন (অনট্)—ধি, আধার অর্থে। যাহাতে অন্নাদি চড়ান যায়। ইন্ (ণিন্)—ক) সং, স্ত্রীং, চুল্লী উনন।

অধিশ্রিত (অধি—শ্রি আশ্রয় করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আশ্রিত। প্রাপ্ত স্থাপিত।

অধিশায়িত; বিং, ত্রিং, অধিষ্ঠিত। শয়িত।

অধিষ্ঠাতা (অধিষ্ঠাতৃ, অধি—স্থা থাকা+তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, যে অধিষ্ঠান করে স্থিতিকারী, অবস্থিত। অধ্যক্ষ। ত্রী—স্ত্রীং, স্থিতিকারিণী। আশ্রয়দাত্রী।

অধিষ্ঠান (অধি—স্থা থাকা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সন্নিধান, স্থিতি, উপস্থিতি উপবেশন। আশ্রয়। যাহার উপর অবস্থিতি করে। অধিকরণ। উপস্থিত হওয়া। (অধি—স্থা থাকা+অন(অনট্)—ধি) নগর আধার। (অধি—স্থা থাকা+অন(অনট্)—ণ) প্রভাব। চক্র।

অধিষ্ঠিত (অধি—স্থা থাকা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যেখানে অধিষ্ঠান করা গিয়াছে, অবস্থিত। ২। আবির্ভূত।

অধীত (অধি—ই অধ্যয়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অধ্যয়ন করা হইয়াছে, পঠিত। (অধি—ই অধ্যয়ন করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, অধ্যয়ন।

অধীতি (অধি—ই অধ্যয়ন করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অধ্যয়ন।

অধীতী (অধীতিন্, অধীত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ছাত্র, অধ্যয়নকারী। যাহার পাঠ সমাপ্ত হইয়াছে।

অধীন (অধি অধিগত—ইন প্রভু। যে প্রভুর অধিগত অর্থাৎ প্রাপ্ত, ২য়া—ষ) বিং, ত্রিং, আয়ত্ত, বশতাপন্ন, বশ, বশবর্ত্তী, অনুগত, আজ্ঞানুবর্ত্তী, বাধ্য, আশ্রিত।

অধীনতা (অধীন + তা— ভাবে) সং, স্ত্রীং, পরের বশে থাকা, অন্যের আজ্ঞানুবর্ত্তিতা, অন্যের আজ্ঞানুসারে চলা।

অধিনানদী (Tributary river) যে নদী প্রধানা নদীর গর্ভে আসিয়া পতিতা হয়।

অধীয়ান্ (অধীয়ৎ, অধি—ই [গমন করা] স্মরণ করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, স্মরণকারী। ২। (অধি—ই [গমন করা] অধ্যয়ন করা + অৎ(শতৃ)—ক) অনায়াসে পাঠকারী।

অধীয়ান (অধি—ই [গমন করা] অধ্যয়ন করা+আন(শান)—ক) বিং, ত্রিং, অধ্যয়নকারী, ছাত্র, বিদ্যার্থী।

অধীর (অ—ধীর স্থির) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল। ধৈর্য্যহীন, অসহিষ্ণু। ভীত। কাতর। রা—স্ত্রীং, বিদ্যুৎ, চঞ্চলা। নায়িকাবিশেষ।

অধীরতা (অধীর+তা—ভাবে) সং, স্ত্রীং, অস্থিরতা, চঞ্চলতা। ধৈর্য্যহীনতা।

অধীশ } অধীশ্বর } (অধি প্রধান—ঈশ, ঈশ্বর=প্রভু) সং, পুং, মহারাজ, প্রণতাশেষ-সামন্ত রাজা। প্রধান রাজা, যে রাজা অন্য কাহাকেও কর দেন না, সম্রাট্, চক্রবর্ত্তী। বিং, ত্রিং, প্রভু, কর্ত্তা।

অধুনা (ইদম্ এই+সপ্তম্যন্ত। নিপাতন সিদ্ধ) অং, সম্প্রতি, ইদানীং। এক্ষণে, বর্ত্তমান সময়ে।

অধুনাতন (অধুনা+তন (ট্টন)—ভবার্থে) বিং, ত্রিং, আধুনিক, ইদানীন্তন, বর্ত্তমান কালীন, ইদানীং জন্মিয়াছে বা ঘটিয়াছে।

অধৃষ্ট (অ—ধৃষ্ প্রগল্ভ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অপ্রগল্ভ, বিনীত, সলজ্জ, যে জাঁক জমক করে না।

অধৃষ্য (অ—ধৃষ্ পরাজয় করা+য (ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, অনভিভবনীয়, যাহাকে অভিভব করা যায় না, যাহার নিকটে যাওয়া যায় না বা যাইতে ভয় হয়, দুর্দ্ধর্ষ, দুরাধর্ষ। [স্ত্রীং, দুর্দ্ধর্ষতা।

অধৃষ্যতা (অধৃষ্য+তা—ভাবে) সং,

অধৈর্য্য (অধীর+য(ঞ্য)—ভাবে) বিং, ত্রিং, ধৈর্য্যহীন, ব্যাকুল। অস্থির, চঞ্চল। উতলা, যার বিলম্ব সয় না, অকালসহ।

অধোংশুক (অধস্ নিম্ন—অংশুক বস্ত্র) সং, ক্লীং, পরিধান বস্ত্র, ধুতি প্রভৃতি।

অধোক্ষজ (অধোক্ষ অধ ইন্দ্রিয় অর্থাৎ পাদ—জ যে জন্মে। ৫মী—ষ। যিনি এক কল্পে মহাদেবের পাদ হইতে জন্মিয়াছিলেন, অথবা অধোক্ষ জিতেন্দ্রিয়। যিনি জিতেন্দ্রিয়দের প্রত্যক্ষীভূত হন। মহাভারতে—অধঃপ্রদেশে কৃষ্ণের ক্ষয় নাই বলিয়া তাঁহার নাম অধোক্ষজ হইল) সং, পুং, বিষ্ণু। ২। অতীন্দ্রিয়।

অধোগতি (অধস্ নীচে—গতি গমন) সং, স্ত্রীং, নীচগতি, অপকৃষ্ট দশাপ্রাপ্তি। ২। নরক গতি; যথা—গুরুনিন্দা অধোগতি।

অধোঘণ্টা; সং, স্ত্রীং, অপামার্গ, আপাংগাছ।

অধোজিহ্বিকা(অধস্-জিহ্বা+ক—অল্পার্থে) সং, স্ত্রীং, আলজিভ্।

অধোদৃষ্টি (অধঃ নিম্নে—দৃষ্টি দর্শন) বিং, ত্রিং, যোগাভ্যাসকালীন নাসিকাগ্রভাগে দৃষ্টিবিশিষ্ট। নিম্নদৃষ্টি।

অধোভুবন (অধস্ নিম্ন—ভুবন জগৎ, যং—স) সং, ক্লীং, পাতাল।

অধোমর্ম্ম (অধোমর্ম্মন্, অধস্—মর্ম্ম শরীরের সন্ধিস্থান) সং, ক্লীং, গুহ্যদ্বার।

অধোমুখ } (অধস্ নিম্ন—মুখ, বদন।
অধোবদন } নিম্নে মুখ যাহার, ৬ষ্ঠী—হিং, অথবা অধস্ অধঃকৃত—মুখ, ৩য়া—হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, নতমুখ, হেঁটমুখো, নিম্নমুখ, যার মুখ নিম্নদিকে থাকে। ২। অধোবদন, যে লজ্জা বা অন্য কোন কারণ বশতঃ সঙ্কুচিত হইয়া অধোদিকে মুখ করিয়া থাকে, কাহার পানে মুখ তুলিয়া চাহিতে পারে না। ৩। জ্যোতিষে—নক্ষত্রগণবিশেষ; যথা—"মূলাশ্লেষা কৃত্তিকা চ বিশাখা ভরণী তথা। মঘা পূর্ব্বত্রয়ং চৈব অধোমুখ গণঃস্মৃতঃ॥"

অধোমুখা; সং, স্ত্রীং, গোজিহ্বাবৃক্ষ।

অধোলোক (অধস্ নিম্ন—লোক জগৎ, য়ং—স) সং, পুং, পাতাল।

অধোবায়ু (অধস্ অধোগামী—বায়ু) সং, পুং, অপানবায়ু। শিং—১ "ক্ষুতেঽধোবায়ুগমনে জম্ভনে জপমুৎসৃজেৎ।"

অধোবিন্দু (Nadir) গগনমণ্ডলের যে স্থান আমাদিগের পদতলের ঠিক অধোদিকে স্থিত।

অধ্যক্ষ (অধি উপরি—অক্ষ [ব্যাপা] সম্পন্ন করা+অ(অন)—ক) সং,পুং, প্রধান কর্ম্ম সম্পাদককর্ত্তা। প্রভু। যাহার হস্তে কোন বিষয়ের তত্ত্বাবধানের ভার থাকে, তত্ত্বাবধায়ক। ২। ক্ষীরিকাবৃক্ষ। ৩। (অধি—অক্ষ ইন্দ্রিয়, যাহা ইন্দ্রিয়কে অধিকার করিয়া বর্ত্তে) বিং, ত্রিং, প্রত্যক্ষ, ইন্দ্রিয় গোচর।

অধ্যক্ষতা (অধ্যক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, কর্ত্তৃত্ব, প্রভুত্ব। তত্ত্বাবধারণের ভার, তত্ত্বাবধায়কতা।

অধ্যঞ্চ্ (অধি—অনচ্ গমন করা+০(বিচ)—ক) বিং, ত্রিং, অগ্রসর। ২। অধিক। ৩। (অধি—অনচ্ পূজাকরা+০(ক্বিপ্)—র্ম্ম) পূজ্য।

অধ্যগ্নি (অধি সমীপে—অগ্নি, ব্যং—স) অং, অগ্নিসমীপে। সং, ক্লীং, বিবাহ কালে অগ্নিসমীপে কন্যাকে দত্ত ধন।

অধ্যণ্ডা; সং, স্ত্রীং, আলকুশী। ভূম্যামলকী।

অধ্যয়ন(অধি—ই পাঠ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, পাঠ, পঠন। ২। বেদাশাস্ত্রের আলোচনা।

অধ্যর্দ্ধ (অধি অধিক—অর্দ্ধ) বিং, ত্রিং, সার্দ্ধ, একের অধিক অর্দ্ধ, ডেড়।

অধ্যবসায় (অধি—অব—সো [ নষ্ট করা] উৎসাহ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, যত্ন, অবিশ্রান্ত উদ্যোগ, কর্ম্ম নির্ব্বাহ বিষয়ে অবিচলিত উৎসাহ, অবলম্বিত কার্য্যসাধনে তৎপর। ২। নিশ্চয়।

অধ্যশন (অধি অধিক—অশন ভোজন) সং, ক্লীং, অজীর্ণে ভোজন। শিং—"অজীর্ণে ভুঞ্জাতে যত্তু তদধ্যশন চাতে।"

অধ্যবসায়ারূঢ় (অধ্যবসায়—আরূঢ়) বিং, ত্রিং, কোন কার্য্য নির্ব্বাহ করিব বলিয়া যে দৃঢ়নিশ্চয় করিয়াছে।

অধ্যবসায়ী (অধ্যবসায়িন্, অধ্যবসায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যার অধ্যবসায় আছে, যে সংকল্পিত কার্য্য নির্ব্বাহে অবিচলিত যত্ন করে, অধ্যবসায়শীল।

অধ্যাত্ম (অধি—আত্মন্+অ—প্রং। যে আত্মাকে অধিকার করিয়া বর্ত্তে, ব্যং—স) অং, পরমাত্মবিষয়ক, আত্মসম্পর্কীয়, চিত্তবিষয়ক। দেহবিষয়ক। পরব্রহ্ম।

অধ্যাত্মতত্ত্ববিৎ (অধ্যাত্ম—তত্ত্ব গূঢ় কারণ—বিৎ যে জানে) বিং, ত্রিং, পরমাত্ম বিষয়ক নিগূঢ় কারণজ্ঞ।

অধ্যাপক (অধ্যাপি অধ্যয়ন করান+অক (ণক)—ক) সং, পুং, যিনি পড়ান, যিনি অধ্যয়ন করান, উপদেশক, শাস্ত্র শিক্ষক, আচার্য্য, উপাধ্যায়, পাঠ গুরু।

অধ্যাপন—ক্লীং } (অধ্যাপি পড়ান+
অধ্যাপনা—স্ত্রীং } অন(অনট্)—ভা, আ (আপ্)—স্ত্রীলিঙ্গে) সং, অধ্যয়ন করান, শিক্ষাদান।

অধ্যাপয়িতা (অধ্যাপয়িতৃ, অধ্যাপি পড়ান+তৃ (তৃন্)—ক) অধ্যাপক দেখ।

অধ্যায় (অধি—ই পাঠ করা+অ(ঘঞ্)—যাহা অধ্যয়ন করা যায়) সং, পুং গ্রন্থের পরিচ্ছেদ; সর্গ, বর্গ, স্কন্ধ, অঙ্ক, উল্লাস, উচ্ছ্বাস, কাণ্ড, স্তবক, পটল, প্রক

পাঠ, পর্ব্ব, আহ্নিক প্রভৃতি।শিং-১"সর্গো বর্গঃ পরিচ্ছেদোদ্ঘাতাধ্যায়াঙ্কসংগ্রহাঃ। উচ্ছ্বাসঃ পরিবর্ত্তশ্চ পটলঃ কাণ্ডমেবচ। স্থানং প্রকরণঞ্চৈব পর্ব্বোল্লাসাহ্নিকানি চ। পুরাণাদৌপরিচ্ছেদা অনেকে পরিকীর্ত্তিতা॥ অন্যমতে-"সঙ্কল্পিতে স্তোত্রপাঠে সংখ্যাং কৃত্বা পঠেৎ সুধীঃ। অধ্যায় প্রাপ্য বিরমেন্ন তু মধ্যে কদাচন। কৃতে বিরামে মধ্যেতু অধ্যায়াদিং পুনঃ পঠেৎ।"

ধ্যারূঢ় ( অধি—আরূঢ় ) বিং, ত্রিং, যে আরোহণ করিয়াছে। অধিক।

ধ্যারোপ ( অধি—আরোপ ) সং, পুং, আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা। যেমন—রজ্জু প্রকৃত পক্ষে সর্প না হইলেও তাহাকে সর্প জ্ঞানকরা ইত্যাদি।

ধ্যারোপণ (অধি—আরোপণ) সং, ক্লীং, আরোপকরা। স্থাপন।

ধ্যাবাহনিক(অধি—আবাহন+ইক (ষ্ণিক) —প্রং) সং, ক্লীং, বিবাহের পর স্বামিগৃহ গমন কালে পিতৃকুল হইতে প্রাপ্ত ধন। "যং পুনর্লভতে নারী নীয়মানা হি পৈতৃকাং। অধ্যাবাহনিকং নাম স্ত্রীধনং পরিকীর্ত্তিতং।"

ধ্যাস ( অধি—অস্ [ ক্ষেপণ করা ] কল্পনা করা+অ (ঘঞ্) —ভা ) সং, পুং, আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা। (অধি—আস্ উপবেশন করা+অ(ঘঞ) —ভাবে ) উপবেশন। অধিষ্ঠান।

ধ্যাসন (অধি—আস্ উপবেশনকরা+অন (অনট্) —ভা ) সং, ক্লীং, অধিষ্ঠান, অধিরোহণ। উপবেশন।

ধ্যাসিত ( অধ্যাসন দেখ+ত(ক্ত)—ধি ) বিং,ত্রিং, বাসকরা স্থান, ভূমি, গৃহ প্রভৃতি। অধি—আস্ + ত(ক্ত)—ক ) অধিষ্ঠিত। শিং—১ "ধেন্বা তদধ্যাসিতকাতরাক্ষ্যা" (রঘু)। ( অধি—আস্-ণিচ্+ত(ক্ত)—র্ম্ম) অধিরূঢ়। নিবেশিত।

ধ্যাসীন (অধ্যাসন দেখ,আন(শান)—ক ) বিং, ত্রিং, উপবিষ্ট; যে বসিয়া আছে।

ধ্যাহরণ—ক্লীং } (অধি—আ—হৃ
ধ্যাহার—পুং } [ হরণ করা ] উহ্য করা+অন(অনট্), অ(ঘঞ্)—ভা ) সং, উহ্য করা, অসম্পূর্ণ বাক্যের পুরণার্থ পদান্তর যোজনা। তর্ক।

অধ্যাহার্য্য ( অধি—আহার্য্য ) বিং, ত্রিং, উহ্য। অনুসন্ধেয়।

অধ্যুষিত (অধি—উষিত [বস্ বাস করা+ত (ক্ত)—ধি) বিং ত্রিং, অধ্যাসিত, যে স্থানে বাস বা উপবেশন করা যায়। অধিষ্ঠিত। উপবিষ্ট।

অধ্যুষ্ট ( অধি—বস্ বাসকরা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, প্রসিদ্ধ। [ শকটাদি।

অধ্যুষ্ট্র ( অধি—উষ্ট্র ) সং, পু, উষ্ট্র বাহন যুক্ত

অধ্যূঢ় (অধি—উঢ় যাহা বহন করা যায় ) বিং, ত্রিং, বৃদ্ধিশীল। সমৃদ্ধ।

অধ্যূঢ়া ( অধি অগ্রে—উঢ়া বিবাহিতা। যে অগ্রে বিবাহিতা) সং, স্ত্রীং, অধিবিন্না, যে স্ত্রীর পতি পুনর্ব্বার বিবাহ করে।

অধ্যেতা ( অধ্যেতৃ, অধি—ই অধ্যয়ন করা +তৃ (তৃন্)—ক ) সং, স্ত্রীং, যে অধ্যয়ন করে, ছাত্র, শিষ্য, পাঠক, বিদ্যার্থী, অধীয়ান্।

অধ্যেষণ(অধি—ইষ্ ইচ্ছাকরা+অন(অনট্) —ভা ) সং,ক্লীং, ণা—স্ত্রীং,বিনয় পূর্ব্বক জিজ্ঞাসা। প্রার্থনা। [চঞ্চল, অস্থির।

অধ্রুব (অ—ধ্রুব স্থির) বিং, ত্রিং, অনিশ্চিত।

অধ্ব ( অধ্বন্, অত্ সতত গমন করা+বন্ (ক্বনিপ্)—ধি, সংজ্ঞার্থে। ত্=ধ। যাহাতে সতত গমন করা যায় ) সং, পুং, পথ। শিং—১ "লঙ্ঘিতমধ্বানং বুবুধে ন বুধোপমঃ।" ( রঘু )। ( অত্+বন্—ক ) ২। সময়। ৩। পরাভব ; ( অত্+বন্—ণ ) অবয়ব। উপায়। ( অত্+বন্—ভাবে ) আক্রমণ।

অধ্বগ (অধ্বন্—গ [গম্ গমন করা+অ(ড) —ক ] যে গমন করে। যে পথে গমন করে, ২য়া—ষ ) বিং, ত্রিং, পথিক। সং, পুং, সূর্য্য। উষ্ট্র। গা—স্ত্রীং, গঙ্গা।

অধ্বগভোগ্য ; সং, পুং, আম্রাতক বৃক্ষ।

অধ্বগামী ( অধ্বগামিন্, অধ্বন্ পথ—গামী যে গমন করে) বিং,ত্রিং, পথগামী, পথিক।

অধ্বজা ; সং, স্ত্রীং, স্বর্ণুলী বৃক্ষ।

অধ্বনীন } (অধ্বন্+ঈন,য—সাধ্বর্থে)
অধ্বন্য } বিং, ত্রিং, যে দেশে দেশে ভ্রমণ করে। পথভ্রমী, পথিক, পর্য্যটনকারী। শিং—১ "ক্ষিপ্রং ততোঽধ্বন্য তুরঙ্গয়ায়" (ভট্টি)। সূর্য্য।

অধ্বর (অধ্বন্ পথ—রা দান করা+অ(ড)—ক। যে স্বর্গ পথ দান করে, ২য়া—ষ) সং, পুং, যজ্ঞ। শিং—১ "তমধ্বরে বিশ্বজিতি ক্ষিতীশম্" (রঘু)।
"জয় বিষাক্ত কণ্ঠক, কৃতান্ত বঞ্চক,
ত্রিশূলধারক, হতাধ্বর।" (অন্নদামঙ্গল)।
(অ—ধ্বৃ কুটিল হওয়া+অ(অন্)—ক) অষ্টবসুর একজন। বিং, ত্রিং, মনোযোগী। সাবধান।

অধ্বরথ (অধ্বন্ পথ—রথ। যাহার পথই রথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পথের বিষয়ে অভিজ্ঞদূত। পথ গমনোপযুক্ত রথ।

অধ্বর্য্যু (অধ্বর+য, উ—প্রং। অ—লোপ কিম্বা অধ্বর—যু [যু যোগকরা+০(ক্বিপ্)—ক] যে যোগ করে। যিনি অধ্বর যোগ করেন, ২য়া—ষ) সং, পুং, যজুর্ব্বেদজ্ঞ-ঋত্বিক্। [আপাংগাছ।

অধ্বশল্য (অধ্বন্—শল্য শলাকা) সং, পুং,

অধ্বান্তশাত্রব; সং, পুং, শ্যোনাকবৃক্ষ।

অনংশ (অন্—অংশ গ্রহণোপযুক্ত অধিকার) বিং, ত্রিং, ভাগানার্হ, অনধিকারী।

অনংশুমৎফলা; সং, স্ত্রীং, অংশুমৎফলা। কদলী।

অনক (অন্ শব্দকরা+অ, ক—নিন্দার্থে) বিং, ত্রিং, অধম।

অনক্ষ (অন্—অক্ষ অক্ষিশব্দজ অথবা অক্ষচক্র) বিং, ত্রিং, চক্রশূন্য। ইন্দ্রিয়-রহিত।

অনক্ষর (অন্ কুৎসিত—অক্ষর বর্ণ। যাহাতে অশ্লীল বর্ণ আছে, ৭মী—হিং) সং, ক্লীং, অবক্তব্য, নিন্দা। বিং, ত্রিং, বর্ণজ্ঞান-হীন, মূর্খ।

অনগ্নি (অন্—অগ্নি) বিং, ত্রিং, অগ্নিহীন, দাহকার্য্য-রহিত।

অনঘ (অন্—অঘ পাপ। যাহাতে পাপ নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, নির্ম্মল, পবিত্র। নিষ্পাপ। দুঃখহীন। মনোজ্ঞ।

অনঙ্গ (অন্—অঙ্গ শরীর। হরনেত্রাগ্নি-দগ্ধ বলিয়া ইহাঁর অঙ্গ নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প। ২। ক্লীং, (নিরবয়ব বলিয়া) আকাশ। ৩। (ন্যায়বৈশেষিক মতে—চিত্তের অণুত্ব হেতু নিরবয়ব) চিত্ত। ৪। বিং ত্রিং, অঙ্গহীন।

অনঙ্গাসুহৃদ্ (অনঙ্গ কামদেব—অসুহৃদ্ শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

অনচ্ছ (অন্—অচ্ছ নির্ম্মল। যে নির্ম্মল নহে) বিং, ত্রিং, সমল, ঘোলা। অপরিষ্কৃত।

অনঞ্জন (অন্—অনজ্ [গমন করা] অঞ্চিত করা+অন(অনট্)—ভা, র্ম্ম) বিং, ত্রিং, অঞ্জনশূন্য। দোষরহিত। সং, ক্লীং, আকাশ। পরব্রহ্ম।

অনটন (অন্—অটন চলন) সং, ক্লীং, অভাব, অপ্রতুল।

অনড়ুজ্জিহ্বা; সং, স্ত্রীং, গোজিহ্বা।

অনডুহী, অনুড়াহী (অনডুহ বা অনড়াহ+ঈ—পত্নী-অর্থে) সং, স্ত্রীং, স্ত্রী গো।

অনড্বান্ (অনডুহ্, অনস্ শকট—বহ্ বহন কার+০(ক্বিপ্)—ক। যে শকট বহন করে, ২য়া—ষ) সং, পুং, বৃষ, বলদ।

অনতিক্রম } (অন্—অতিক্রম, অতি-
অনতিক্রমণ } ক্রমণ) সং, পুং, অতিক্রম না করা, লঙ্ঘন না করা, অলঙ্ঘন, অনুল্লঙ্ঘন, অনতিবর্ত্তন।

অনতিক্রমণীয় (অন্—অতিক্রম+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রমণীয় নয়, যাহা অতিক্রম করা উচিত নহে, অলঙ্ঘনীয়, অনুল্লঙ্ঘনীয়, অনতিবর্ত্তনীয়।

অনতিদীর্ঘ (অন্—অতি—দীর্ঘ) বিং, ত্রিং, অধিক দীর্ঘ নয়।

অনতিদূর (অন্—অতি—দূর) বিং, ত্রিং, অধিক দূর নয়।

অনতিপরিস্ফুট (অন — অতি—পরিস্ফুট বিকাশশীল) বিং, ত্রিং, অতি পরিস্ফুট নয়, বড় স্পষ্ট নয়।

অনতিযত্ন (অন্—অতি—যত্ন) ক্রিং—বিং, অল্প যত্নে, বিশেষ যত্ন ব্যতিরেকে।

অনতিবর্ত্তন (অন্—অতিবর্ত্তন) সং, ক্লীং,

অতিক্রম না করা, লঙ্ঘন না করা, অনতিক্রম, অনতিক্রমণ, অলঙ্ঘন, অনুল্লঙ্ঘন।

অনতিবর্ত্তনীয় (অন্—অতিবর্ত্তনীয়) বিং, ত্রিং, অনতিক্রমনীয়, অলঙ্ঘনীয়, অনুল্লঙ্ঘনীয়।

অনতিবিলম্ব (অন্—অতি—বিলম্ব) ক্রিং-বিং, অধিক বিলম্ব ব্যতিরেকে, অধিক বিলম্ব না করিয়া।

অনতিবিস্তৃত (অন্—অতি—বিস্তৃত) বিং, ত্রিং, অধিক বিস্তৃত নয়।

অনদ্য; সং, পুং, গৌরসর্ষপ।

অনধিক (অন্—অধিক) বিং, ত্রিং, অধিক নয়, অল্প, ঈষৎ, কিঞ্চিৎ।

অনধিকার (অন্—অধিকার) সং, পুং, অধিকারের অভাব, সত্বের অভাব, অধিকার না থাকা।

অনধিকারচর্চ্চা (অন—অধিকার স্বত্ব—চর্চ্চা অনুশীলন) সং, স্ত্রীং, যে বিষয়ে অধিকার নাই, তাহাতে হস্তক্ষেপ বা সেই বিষয়ের চর্চ্চা।

অনধিকারী (অনধিকারিন্,অন্—অধিকারিন্) বিং, ত্রিং, অধিকারী নয়, যার অধিকার নাই, নিরধিকার, অধিকারশূন্য।

অনধিকৃত (অন্—অধিকৃত) বিং, ত্রিং, অধিকৃত নয়, যে বিষয়ে অধিকার হয় নাই, যে বিষয় অধিকার করা যায় নাই।

অনধিগত (অন্—অধিগত প্রাপ্ত) বিং, ত্রিং, অপ্রাপ্ত। অজ্ঞাত, অবিদিত। অনধীত, অপঠিত।

অনধীত (অন্—অধীত) বিং, ত্রিং, যাহা অধ্যয়ন করা হয় নাই, অপঠিত।

অনধ্যায় (অন্—অধ্যায় অধ্যয়ন) সং, পুং, অধ্যয়নাভাব। যে দিবসে অধ্যয়ন নিষিদ্ধ, যে কালে বা দিনে পাঠ নিষেধ। উৎসবাদি উপলক্ষে যে সময়ে বিদ্যালয়ের কর্ম্ম স্থগিত থাকে। বচনাভাব।

অননুকরণীয় (অন্—অনুকরণীয়) বিং, ত্রিং, অনুকরণীয় নয়, যাহার অনুকরণ করিতে পারা যায়না অথবা করা উচিত নয়।

অননুজ্ঞাত (অন্—অনুজ্ঞাত) বিং, ত্রিং, অনুজ্ঞাত নয়, যে বিষয়ে অনুমতি লাভ হয় নাই, অননুমত।

অননুভূত (অন্—অনুভূত) বিং, ত্রিং, অনুভূত নয়, যে বিষয় অনুভব হয় নাই।

অননুভূতপূর্ব্ব (অন্—অনুভূত—পূর্ব্ব) বিং, ত্রিং, যহাপূর্ব্বে কখন অনুভূত হয় নাই।

অননুমত (অন্—অনুমত) বিং, ত্রিং, অননুজ্ঞাত দেখ।

অননুমোদিত (অন্—অনুমোদিত) বিং, ত্রিং, যাহা অনুমোদিত নয়, যে বিষয়ের অনুমোদন করা যায় নাই।

অননুশীলন (অন্—অনুশীলন) সং, পুং, অনুশীলনের অভাব, অনুশীলন না থাকা, অনুশীলন ত্যাগকরা।

অননুশীলিত (অন্—অনুশীলিত) বিং, ত্রিং, অনুশীলিত নয়, যে বিষয়ের অনুশীলন করা যায় নাই।

অননুষ্ঠিত (অন্—অনুষ্ঠিত) বিং, ত্রিং, যাহার অনুষ্ঠান হয়নাই,যাহা করা যায়নাই, অকৃত।

অনন্ত (অন্—অন্ত শেষ, বিনাশ। যাহার বিনাশ নাই, ৬ষ্ঠী—হিং। শিষ্টপ্রয়োগ—১"নাস্ত্যন্তো যস্য বেদেষু পুরাণেষু চতুর্যু চ। শাস্ত্রেষ্বন্যেষুযোগেষু তেনানন্তো বিত্তুর্বুধাঃ" অথবা যাহার গুণের অন্ত নাই। শিং—১"গন্ধর্ব্বাপ্সরসঃ সিদ্ধাঃ কিন্নরোরগচারণাঃ। নান্তং গুণানাং জানন্তি তেনানন্তোঽয়মুচ্যতে) সং, পুং, বিষ্ণু। ২। (বহুশীর্ষক হেতু) শেষনাগ, সর্পরাজ। ৩। বলদেব। ৪। মেঘ। ৫। ৬। বৃক্ষবিশেষ, সিন্ধবারবৃক্ষ, নিসিন্দাগাছ। ৭। ক্লীং, ব্রহ্ম; "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম"। ৮। (নিত্য বলিয়া ইহার বিনাশ নাই) আকাশ। ৯। বিং, ত্রিং, অক্ষয়, অনশ্বর; যথা—"সঙ্গে বরাঙ্গনা শচী অনন্তযৌবনা।"(মেঘনাদ) ১০। অন্তহীন, ইয়ত্তাশূন্য বস্তু সকল।" শিং—১ "অনন্তরত্ন প্রভবস্য যস্য" (কুমার)।

অনন্তা—স্ত্রীং (অনন্ত দেখ, আ (আপ্)—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী। দুর্গা। (বহুস্থান ব্যাপক বলিয়া) দূর্ব্বা। গুড় চি।

আমলকী। শ্যামালতা। অনন্তমূল। অগ্নিশিখা বৃক্ষ। পিপ্পলী। দুরালভা। হরিতকী। অগ্নিমন্থবৃক্ষ। স্বর্ণক্ষীরী।

অনন্তচতুর্দ্দশী ( অনন্ত বিষ্ণু—চতুর্দ্দশী। বিষ্ণুর আরাধনার্থ চতুর্দ্দশী ) সং, স্ত্রীং, ভাদ্রশুক্লা চতুর্দ্দশী ( ইহাতে অনন্তব্রত করিয়া থাকে )।

অনন্তর (অন্—অন্তর ব্যবধান, নঞ—ষ) সং, ক্লীং, পশ্চাৎ, অব্যবধান। সমীপ। (যাহার ব্যবধান নাই ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, পশ্চাদ্বর্ত্তী। নিকটবর্ত্তী, সন্নিহিত। অব্যবহিত।

অনন্তরকরণীয় (অনন্তর পশ্চাৎ—করণীয় কর্ত্তব্য) বিং, ত্রিং, পশ্চাৎ কর্ত্তব্য, যাহা পরে করা উচিত।

অনন্তরজ ( অনন্তর—জ [ জন্ জন্মান+অ ( ড )—ক ] যে জন্মে) বিং, ত্রিং, পশ্চাৎজাত, অনুজ। অনুলোমজাত।

অনন্তবিজয় ( অনন্ত—বিজয় জয়। যাহার ধ্বনিদ্বারা অনন্তকে বশীভূত করে ) সং, পুং, যুধিষ্ঠিরের শঙ্খ।

অনন্তব্রত ( অনন্ত—ব্রত উপাসনা, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, ভাদ্রশুক্লা চতুর্দ্দশীতে কর্ত্তব্য স্বনাম প্রসিদ্ধ ব্রত।

অনন্তশীর্ষা (অনন্তশীর্ষন্, অনন্ত অসীম—শীর্ষন্ মস্তক) সং, পুং, বাসুকি। বিং, ত্রিং, অসীমমস্তক।

অনন্য (অন্—অন্য। অন্য নহে, নঞ—ষ) বিং, ত্রিং, অভিন্ন, অন্য নয়, অন্য সম্পর্ক শূন্য, যার অন্য কোন বিষয়ের সহিত সংস্রব নাই; যথা—অনন্যমনে অর্থাৎ অন্য কোন বিষয়ে মন না দিয়া। ( অনন্যজ দেখ ) সং, পুং, বিষ্ণু।

অনন্যকর্ম্মা ( অনন্যকর্ম্মন্, অন্—অন্য—কর্ম্মন্ কার্য্য ) বিং, ত্রিং, যার অন্য কোন কর্ম্ম নাই, অর্থাৎ যে কোন বিশেষ কার্য্য নির্ব্বাহের নিমিত্ত আর সকল কর্ম্ম পরিত্যাগ করে।

অনন্যগতি ( অন্—অন্য—গতি ) বিং, ত্রিং, যার অন্য গতি নাই, গত্যন্তর বিহীন, নিতান্ত নিরুপায়, নিতান্ত নিরাশ্রয়।

অনন্যগতিক (অন্—অন্যগতি। যাহার অন্যগতি নাই, ৬ষ্ঠী—হিং। ক—স্বার্থে) বিং, ত্রিং, গত্যন্তর রহিত, একাশ্রয়।

অনন্যজ (অন্—অন্য—জ যে জন্মে। যিনি মন ভিন্ন অন্যেতে জন্মেন নাই কিম্বা অনন্য [ "সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ" এই প্রসিদ্ধ বাক্য হেতু যাঁহা হইতে আর অন্য নাই ] বিষ্ণু—জ যে জন্মে। যিনি বিষ্ণু হইতে জন্মিয়াছেন, ৫মী—ষ) সং, পুং, বিষ্ণুজাত, কন্দর্প, মদন।

অনন্যদৃষ্টি ( অন্—অন্য—দৃষ্টি ) বিং, ত্রিং, যার অন্য কোন দিকে বা বিষয়ে দৃষ্টি নাই।

অনন্যধর্ম্মা ( অনন্যধর্ম্মন্, অন্—অন্য—ধর্ম্মন্ ধর্ম্ম ) বিং, ত্রিং, যাহার অন্য কোন ধর্ম্ম নাই, যে এক মাত্র ধর্ম্ম অবলম্বন করে।

অনন্যনিবৃত্তি ( অন্—অন্য—নিবৃত্তি ) বিং, ত্রিং, যাহা অন্য হইতে নিবৃত্ত হয়না।

অনন্যমনা (অনন্যমনস্, অন্—অন্য—মনস্ মন) বিং, ত্রিং, যাহার অন্য কোন দিকে মন নাই।

অনন্যবৃত্তি ( অন্—অন্য—বৃত্তি স্থিতি, প্রবৃত্তি। যাহার অন্যেতে বৃত্তি নাই কিম্বা যাহার অনন্য অর্থাৎ একরূপা বৃত্তি, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, একমাত্র বৃত্তি। একাগ্র, একতান। একাগ্রচিত্ত।

অনন্যসাধারণ (অন্—অন্য—সাধারণ) বিং, ত্রিং, অন্যের সহিত সমান নয়; যথা—অনন্যসাধারণ যশ অর্থাৎ সেরূপ যশ আর কাহারও নাই। ২। যাহাতে অন্যের অংশ বা অধিকার নাই; যথা—অনন্যসাধারণ ধন।

অনন্বয় (অন্—অন্বয়) সং, পুং, অর্থালঙ্কার বিশেষ, যেখানে এক বস্তুতেই উপমান উপমেয় উভয় ধর্ম্ম পর্য্যবসিত হয়। বিং, ত্রিং, অন্বয়শূন্য।

অনন্বিত (অন্—অন্বিত) বিং, ত্রিং, পূর্ব্বাপর সংলগ্ন নহে, পূর্ব্বাপর বিরুদ্ধ, অসংলগ্ন, অসম্বদ্ধ, অসঙ্গত। ২। বিরহিত।

অনপত্যতা ( অন্—অপত্য সন্তান সন্ততি +তা—ভাবে ) সং, স্ত্রীং, অপত্যরাহিত্য, সন্তানাভাব।

অনপরাধ (অন্—অপরাধ) সং, পুং, নির্দ্দোষতা। বিং, ত্রিং, নির্দ্দোষ।

অনপরাধী (অনপরাধিন্, অন্—অপরাধী দোষী) বিং, ত্রিং, নিরপরাধ, নির্দ্দোষ।

অনপায়ী (অনপায়িন্, অন্ — অপায়িন্ বিনাশী। যে বিনাশী নহে) বিং, ত্রিং, অপায়-রহিত, অবিনাশী। শিং—১"অনপায়িনি সংশ্রয়দ্রুমে গজভগ্নে।" (কুমার)

অনপেক্ষ (অন্—অপেক্ষা) বিং, ত্রিং, যে কোন বিষয়ে কাহার অপেক্ষা রাখে না, নিরপেক্ষ।

অনপেক্ষকারী (অনপেক্ষাকারিন্ অন্—অপেক্ষা—কারী যে করে) বিং, ত্রিং, যে কাহারও অপেক্ষানা রাখিয়া কর্ম্ম করে।

অনপেক্ষতা (অনপেক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, কোন বিষয়ে কাহারও অপেক্ষা না রাখা।

অনপেক্ষিত (অন্—অপেক্ষিত) বিং, ত্রিং, অপেক্ষিত নয়, যে বিষয়ের প্রত্যাশা করা যায় নাই, যাহা ঘটিবে বলিয়া মনে করা যায় নাই, অসম্ভাবিত, অতর্কিত।

অনপেত (অন্—অপেত অপগত বা বহির্গত) বিং, ত্রিং, অপেত ভিন্ন, বিদ্যমান; যথা—ধর্ম্মাৎ অনপেতং ধর্ম্ম্যম্ অর্থাৎ ধর্ম্ম হইতে বহির্গত বা চ্যুত নয়। ২। যুক্ত, বিশিষ্ট।

অনভিজাত (অন্—অভিজাত কুলীন) বিং, ত্রিং, অভিজাত নয়, ভদ্রবংশে জন্মে নাই, অকুলীন, যে ব্যক্তি সৎকুলজাত নহে, নীচবংশপ্রসূত।

অনভিজ্ঞ (অন্—অভিজ্ঞ) বিং, ত্রিং, অভিজ্ঞ নয়, যাহার অভিজ্ঞতা জন্মে নাই, যাহার কোন বিষয়ে জ্ঞান জন্মে নাই, অজ্ঞান, মূর্খ। ২। অনিপুণ।

অনভিপ্রেত (অন্—অভিপ্রেত) বিং, ত্রিং, অভিপ্রেত নয়, অনভিমত।

অনভিভবনীয় (অন্—অভিভবনীয়) বিং, ত্রিং, যাহা অভিভব করা যায়, অপরাজেয়।

অনভিভূত (অন্—অভিভূত) বিং, ত্রিং, অনাকুল। অপরাজিত। অব্যাহত।

অনভিমত (অন্—অভিমত সম্মত) বিং, ত্রিং, অসম্মত, অভিমত নয়, অনভিপ্রেত।

অনভিব্যক্ত (অন্—অভিব্যক্ত) বিং, ত্রিং, অভিব্যক্ত নয়, অস্পষ্ট, অব্যক্ত, অস্ফুট, অবিস্পষ্ট, অপরিস্ফুট।

অনভিলষণীয় (অন্—অভিলষণীয়) বিং, ত্রিং, অভিলষণীয় নয়, বাঞ্ছনীয় নয়, যাহা ঘটুক বলিয়া অভিলাষ করা যায় না।

অনভিলষিত (অন্—অভিলষিত) বিং, ত্রিং, অভিলষিত নয়, যাহা ঘটুক বলিয়া ইচ্ছা করা যায় নাই।

অনভিলাষ (অন্—অভিলাষ) সং, পুং, অভিলাষ না থাকা, অনিচ্ছা।

অনম (অ—নম [নম্ নমস্কার করা+অ(অন্)—ক] যে প্রণাম করে। যে নত হয় না) সং, পুং, ব্রাহ্মণ, যে নত হয় না।

অনম্বর (অন্—অম্বর) বিং, ত্রিং, অম্বররহিত, নগ্ন। ২। সং, ক্লীং, আকাশ; যথা—"অনম্বর পথে সুকেশিনী"(মেঘনাদ) ৩। (যাহার কচ্ছ অর্থাৎ কাছা দেওয়া অম্বর অর্থাৎ বস্ত্র পরিধান করেনা) পুং, বৌদ্ধবিশেষ।

অনয় (অ—নয় নীতি, সৌভাগ্য) সং, পুং, দুর্নীতি। দুর্দ্দৈব, বিপদ। (অন্—অয় সৌভাগ্য) বিং, ত্রিং, নীতিশূন্য, দুর্ভাগ্য। ব্যসন।

অনর্গল (অন্—অর্গল খিল, প্রতিবন্ধক। যাহার প্রতিবন্ধক নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অপ্রতিবন্ধ, স্বচ্ছন্দচারী। যথা—"হে ভানো! তোমার পথ অনর্গল ও অনাবৃত।" ২। অর্গলহীন। ৩। ক্রিং—বিং, বাধা বা প্রতিবন্ধক ব্যতিরেকে; যথা—অনর্গল কথা কহিতেছে।

অনর্ঘ (অন্—অর্ঘ মূল্য) বিং, ত্রিং, অমূল্য।

অনর্ঘরাঘব; সং, ক্লীং, মুরারিমিশ্র রচিত নাটকবিশেষ।

অনর্থ (অন্—অর্থ প্রয়োজন, বিধেয়) সং, পুং, অনভিলষিত বিষয়, অনিষ্ট, অশুভ। শিং—১ "একৈকমপ্যনর্থায় কিমু তত্র চতুষ্টয়ম্।" ২। (যাহাতে অর্থ বিদ্যমান

নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, অর্থশূন্য, নিরর্থক, নিষ্ফল।

অনর্থক (অন্—অর্থ+ক—প্রং) ক্রিং—বিং, বৃথা, নিরর্থক, নিষ্প্রয়োজন, অকারণে। বিং, ত্রিং, ব্যর্থ; যথা—অনর্থক পরিশ্রম। সং, ক্লীং, অসম্বদ্ধ প্রলাপ।

অনর্থপাত (অনর্থ-পাত ঘটনা) সং, পুং, অনিষ্ট ঘটনা, বিপদ ঘটনা, অশুভ ঘটনা।

অনর্থহেতু (অনর্থ—হেতু) বিং, ত্রিং, অনর্থের কারণ, অনর্থের মূল, যে অনর্থ ঘটায়।

অনর্হ (অন্—অর্হ যোগ্য) বিং, ত্রিং, অযোগ্য।

অনল (অন বাঁচা+অল(কল্)—ণ, সংজ্ঞার্থে, যাহা দ্বারা বাঁচা যায়। কিম্বা অ—নল [নল বন্ধন করা+অ (অল্)—ভা] বন্ধন। যাহার বন্ধন নাই, অথবা অন্—অল পর্য্যাপ্ত হওয়া, বহুদহন করিয়া যাহার তৃপ্তি হয় না। ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি, আগুন। ২। (অন বাঁচা+অল (কল্)—ক) অষ্টবসুর মধ্যে ৬ষ্ঠ বসু। ৩। পিত্ত। ৪। রাংচিতা। ৫। চিত্রক। ৬। ভল্লাতক।

অনলপ্রভা; সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী লতা।

অনলি; সং, পুং, বকবৃক্ষ।

অনল্প (অন্—অল্প। যাহা হইতে অল্প নাই। ৫মী—হিং) বিং, ত্রিং, অধিক। মহৎ।

অনবকাশ (অন্—অবকাশ) সং, পুং, অবকাশের অভাব, অবকাশ না থাকা, অনবসর, অবকাশবিরহ।

অনবগত (অন্—অবগত) বিং, ত্রিং, অবগত নয়, অজ্ঞাত, অবিদিত।

অনবগীত (অন্—অবগীত নিন্দিত) বিং, ত্রিং, যে বিষয়ে কেহ কখন দোষারোপ করে নাই, অনিন্দিত, দোষশূন্য, অবিগর্হিত।

অনবদ্য (অন্—অবদ্য [অ—বদ্ বলা+য—নিন্দার্থে] নিন্দনীয়। নিন্দনীয় নহে) বিং, ত্রিং, নির্দোষ, অনিন্দনীয়। শিং—১ "অনবদ্যতৃণার্দিনো মৃগান্।" (নৈষধ)। ২। অনুমোদনীয়।

অনবধান (অন্—অবধান মনোযোগ) সং, ক্লীং, অমনোযোগ, অযত্ন, উপেক্ষা, অপ্রণিধান। ২। (যাহার অবধান নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অমনোযোগী, উপেক্ষাকারী, যত্নহীন।

অনবধানতা (অনবধান+তা—ভাবে) সং, স্ত্রীং, অবধানশূন্যতা, অমনোযোগিতা, অযত্ন, উপেক্ষা, অমনোযোগ।

অনবমাননীয় (অন্—অব বিপরীত—মান্ পূজা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং অনবজ্ঞেয়, অবজ্ঞার অযোগ্য।

অনবরত (অন্—অবরত [অব—রম্ (ক্রীড়া করা) বিশ্রাম করা+ত (ক্ত)—ভা] যাহাতে বিরাম নাই ৭মী—হিং) বিং, ত্রিং, নিরন্তর, সর্ব্বদা। ক্রিং—বিং, অজস্র, অবাধে, অবিশ্রামে, সতত, নিরন্তর। [প্রধান।

অনবরার্দ্ধ্য (অন—অবর—অর্দ্ধ্য) বিং, ত্রিং,

অনবলম্ব—পুং }
অনবলম্বন—ক্লীং } (অন্—অবলম্বন আশ্রয়) সং, অবলম্বন-রহিত, নিরাশ্রয়। শিং—১"ন পরং পথি পক্ষপাতিতাঽনবলম্বে কিমু? মাদৃশেঽপি সেতি।" (নৈষধ)

অনবলোভন (অন্—অব—লুভ্ লাভাকাঙ্ক্ষী হওয়া+অন (অনট্)—ভা) সং, ক্লীং, চতুর্থমাস-কর্ত্তব্য গর্ভসংস্কার।

অনবসর (অন্—অবসর) সং, পুং, অবসর না থাকা, অনবকাশ, অবসরাভাব। ২। অসময়, অনুপযুক্ত সময়।

অনবস্কর (অন্—অবস্কর ময়লা) বিং, ত্রিং, নির্ম্মল, পরিস্কৃত।

অনবস্থা (অন্—অবস্থা স্থিরতা) সং, স্ত্রীং, অবস্থাভাব। ২। স্থিরতা না থাকা, নিয়ম না থাকা। ৩। অবিশ্রান্তি, তর্কদোষ বিশেষ, যে তর্কে উপপাদ্য ও উপপাদকের বিরাম নাই।

অনবস্থিত (অন—অবস্থিত স্থির) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল, যার কোন বিষয়ে স্থিরতা নাই। শিং—১"দয়িতাস্বনবস্থিতং নৃণাম্।" (কুমার)

অনবস্থিতচিত্ত (অনবস্থিত—চিত্ত। ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, যার চিত্তের স্থিরতা নাই, যার ক্ষণে ক্ষণে মত পরিবর্ত্ত হয়, অস্থিরচিত্ত, অব্যবস্থিতচিত্ত।

অনবহিত ( অন্—অবহিত অবধানযুক্ত ) বিং, ত্রিং, অবধানশূন্য, অমনোযোগী, যত্নহীন, উপেক্ষাকারী, অপ্রণিহিত।

অনশন (অন্—অশন ভোজন) সং, ক্লীং, অভোজন, উপবাস। বিং, ত্রিং, ভোজনশূন্য।

অনশ্বর ( অ—নশ্বর নাশশীল ) বিং, ত্রিং, অক্ষয়, অবিনাশী, চিরস্থায়ী, অবিনশ্বর।

অনস্ ( অন্ বাঁচা+অস্—ক, সংজ্ঞার্থে। ইহার দ্বারা বাঁচে, যে হেতু ইহা জীবিকোপায় ) সং, ক্লীং, শকট, গাড়ী, রথ। ২। প্রাণী। (অন্ বাঁচা+অস্—ণ। যাহার দ্বারা বাঁচে ) ৩। অন্ন। ৪। মাতা। ৫। পিতা। (অন্ বাঁচা+অস্—ভাবে)। ৬। জীবন। ৭। জন্ম।

অনসূয় ( অন্—অসূয়া ) বিং, ত্রিং, যে অসূয়া করে না, অসূয়াবিহীন।

অনসূয়া (অন্—অসূয়া, ৬ষ্ঠী—হিং+নঞ—ষ) সং, স্ত্রীং, অত্রিপত্নী; ইনি দক্ষের কন্যা, প্রসূতির গর্ভজাতা। দণ্ডকারণ্যে গমনকালীন রাম, লক্ষ্মণ ও সীতা অত্রিমুনির আশ্রমে আতিথ্য স্বীকার করেন। অত্রিপত্নী অনসূয়া সীতাকে বসন ভূষণে সজ্জিত করিয়াছিলেন এবং আশ্চর্য্যরূপ অঙ্গরাগ লেপন করিয়াছিলেন। ২। শকুন্তলা-সখী; শকুন্তলা কণ্বমুনির আশ্রমে যে সময়ে অবস্থান করেন সেই সময়ে অনসূয়া নাম্নী একটী সুশীলা কন্যা তাহার সহচরী ছিল। ৩। অসূয়াভাব। শিষ্টপ্রয়োগ —১ "ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি মন্দগুণানপি। নান্যদোষেষু রমতে সানসূয়া প্রকীর্ত্তিতা"।

অনহঙ্কৃত ( অন্—অহঙ্কৃত ) বিং, ত্রিং, অহঙ্কৃত নয়, যাহার মনে অহঙ্কার নাই, নিরহঙ্কার, অহঙ্কাররহিত, অহঙ্কারবিহীন।

অনাকর্ণনীয় ( অন্—আকর্ণনীয় শ্রোতব্য ) বিং, ত্রিং, অশ্রোতব্য।

অনাকাল ( অন্—আকাল ) সং, ক্লীং, [দুর্ভিক্ষ।

অনাকুল ( অন্—আকুল ) বিং, ত্রিং, অব্যগ্র, আকুল নয়, যে শোক ক্ষোভ দুঃখ কষ্ট ভয় বা ক্রোধ ঘটিলে অস্থির হয়না, অনাকুলিত, অব্যাকুল। স্থির। অসঙ্কীর্ণ।

অনাকুলিত ( অন্—আকুলিত ) বিং, ত্রিং, অনাকুল দেখ।

অনাগমন ( অন্—আগমন ) সং, ক্লীং, আগমনের অভাব, না আসা, অনুপস্থিতি।

অনাগত (অন্—আগত উপস্থিত) বিং, ত্রিং, আগত নয়, অনুপস্থিত। ২। যাহা ঘটে নাই, ভবিষ্যৎ, ভাবী।

অনাগতবিধাতা ( অনাগতবিধাতৃ, অনাগত ভাবী—বিধাতা প্রতিবিধানকর্ত্তা ) বিং, ত্রিং, যে ভবিষ্যতের জন্য সংস্থান বা উপায় করিয়া রাখে, ভবিষ্যকারী।

অনাগতার্ত্তবা (অন্—আগত উপস্থিত—আর্ত্তব স্ত্রীরজঃ, ৬ষ্ঠী—হিং। আ (আপ্)—স্ত্রীং।) সং, স্ত্রীং, কুমারী, যে কন্যা ঋতুমতী হয় নাই।

অনাঘ্রাত ( অন্—আঘ্রাত ) বিং, ত্রিং, আঘ্রাত নয়, আঘ্রাণ করা নয়, যার আঘ্রাণ লওয়া যায় নাই।

অনাচার ( অন্—আচার আচরণ ) সং, পুং, কদাচার, গর্হিত আচার, অভদ্র আচার। বিং, ত্রিং, আচরণহীন।

অনাচারী ( অনাচারিন্, অনাচার+ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, যার আচার ব্যবহার গর্হিত, কদাচারী।

অনাজ ( দেশজ ) সং, শস্য, তরকারী।

অনাটন ( অন্—অটন অচল ) সং, অকুলান, অপ্রতুল, অভাব। [নির্ব্বোধ।

অনাড়ি (দেশজ) বিং, অনভিজ্ঞ, জড়,

অনাতপ (অন্—আতপ রৌদ্র) সং, পুং—ক্লীং, আতপাভাব, রৌদ্রাভাব, ছায়া।

অনাতুর (অন্—আতুর) বিং, ত্রিং, অরুগ্ন। ২। অক্লিষ্ট; শিং—১ "ভেজে ধর্ম্মমনাতুরঃ।" ( রঘু )।

অনাত্মনীন (অন্—আত্মন্+ঈন্(খীন্)—প্রং) বিং, ত্রিং, নিজাহিত, স্বানিষ্টজনক।

অনাত্মজ্ঞ (অন্—আত্মন্ আপনা—জ্ঞ যে জানে) বিং, ত্রিং, যে আপনাকে জানে না অর্থাৎ আপনি কেমন লোক বুঝিয়া চলে না, অনাত্মবেদী।

অনাত্মজ্ঞতা ( অন্—আত্মজ্ঞতা ) সং, স্ত্রীং, আপনার অবস্থা বা ক্ষমতা না বুঝিয়া চলা।

অনাত্মবেদিতা (অনাত্মবেদিত্ব, অনাত্মবেদিন্ অনাতজ্ঞ+তা—ভাবে) সং, স্ত্রীং, অনাত্মজ্ঞতা দেখ।

অনাত্মবেদী ( অনাত্মবেদিন্, অন্—আত্মন্ আপনা—বেদী যে জানে ) বিং, ত্রিং, অনাত্মজ্ঞ দেখ। নী—স্ত্রীং।

অনাত্মীয় (অন্—আত্মীয়) বিং, ত্রিং, আত্মীয় নয়, পর। ২। বিপক্ষ, বিদ্বেষী।

অনাত্মীয়তা ( অন্—আত্মীয়তা ) সং, স্ত্রীং, আত্মীয়তার অভাব। ২। বিপক্ষতা।

অনাথ (অন্—নাথ প্রভু। যাহার প্রভু নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অস্বামিক, সহায়হীন, নাথহীন,যাহার কেহ রক্ষণাবেক্ষণের কর্ত্তা নাই, নিরাশ্রয়। থা—স্ত্রীং, অসহায়া, বিধবা।

অনাথ-নিবাস (Orphan-asylum) সং, পুং, মাতৃ-পিতৃহীন বালকদের আশ্রয়স্থান।

অনাদর ( অন্—আদর ) সং, পুং—ক্লীং, অযত্ন, অসমাদর, অমার্য্যাদা, অসম্মান। অবজ্ঞা, অপমান। অযত্ন, উপেক্ষা, অবহেলা, অমনোযোগ।

অনাদরণীয় ( অন্—আদরণীয় ) বিং, ত্রিং, আদর করিবার উপযুক্ত নয়, অনাদর বা অবহেলা করিবার যোগ্য।

অনাদি (অন্—আদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আদি-রহিত, উৎপত্তি-রহিত। শিং—১ "জগদাদিনাদিস্ত্বং।" ( কুমারসম্ভব ) ২। (অন্—আদি কারণ বা পূর্ব্বকাল। যাহার আদিকারণ বা পূর্ব্বকাল নাই) সং, পুং, পরমেশ্বর। [ নির্দ্দোষ।

অনাদীনব ( অন্—আদীনব ) বিং, ত্রিং,

অনাদৃত (অন্—আদৃত) বিং, ত্রিং, আদৃত নয়, যার অনাদর হইয়াছে, হতাদর, অবমানিত। ২। যে বিষয়ে অবহেলা করা গিয়াছে, উপেক্ষিত, অবহেলিত।

অনাময় ( অন্—আময় রোগ ) সং, ক্লীং, আরোগ্য, সুস্থাবস্থা, স্বাস্থ্য। শিং—১ 'ব্রাহ্মণং কুশলং পৃচ্ছেৎ ক্ষাত্রবন্ধুমনাময়ম্।'

অনামা } (অ—নামন্ + আ (ডাপ্)—
অনামিকা } প্রং। অ—নামিকা [ নামন্ শব্দজ+কণ্—প্রং। যাহার অন্য নাম নাই) সং, স্ত্রীং, কনিষ্ঠাঙ্গুলির নিকটস্থ অঙ্গুলি।

অনায়ত ( অন্—আয়ত ) বিং, ত্রিং, অবিস্তৃত, যাহা দীর্ঘ নহে। অসংযত। সন্নিহিত।

অনায়ত্ত (অন্—আয়ত্ত অধীন) বিং, ত্রিং, অবশীভূত, অবাধ্য। ২। আয়ত্ত নয়, যাহা আয়ত্ত করিতে পারা যায় না, অসামাল।

অনায়াস (অন্ না, অল্প—আয়াস ক্লেশ, অথবা অন্—আয়াস ক্লেশ ) সং, পুং, অক্লেশ। অল্পায়াস, অল্প পরিশ্রম। শিং— ১ "শরীরং পীড্যতে যেন সুশুভেনাপি কর্ম্মণা। অত্যন্তং তন্নকুর্ব্বীত অনায়াসঃ স উচ্যতে।" ২। বিং, ত্রিং, প্রযত্নশূন্য; শিং—"মমাপ্যেহককস্মিন্ননায়াসে কর্ম্মণি সহায়েন ভবতা ভবিতব্যম্। (শকুন্তলা) ক্রিং — বিং, আয়াস ব্যতিরেকে, বিনা আয়াসে, বিনা চেষ্টায়, বিনা পরিশ্রমে, সহজে, অক্লেশে।

অনায়াসকৃত ( অনা[য়া]সে—কৃত যাহা করা হইয়াছে ) বি[ং], ত্রিং, সহজসাধ্য, যাহা অক্লেশে করা যায়।

অনারত (অন্—আরত [ আ—রম্ ( ক্রীড়া করা ) আরাম করা+ত( ক্ত )—ক। ] বিশ্রাম। যাহাতে বিশ্রাম নাই) বিং, ত্রিং, নিরন্তর, অবিশ্রান্ত।

অনার্জ্জব (অন্—আর্জ্জব ঋজুতা) সং, ক্লীং, কপটতা, সরলতা-রাহিত্য। ২। ( ৬ষ্ঠী—হিং) রোগ। ৩। বিং, ত্রিং, কুটিল।

অনার্ত্তবা (অন্—আর্ত্তবা স্ত্রীরজঃ) সং,স্ত্রীং, অজাত-রজস্কা।

অনার্য্য ( অন্—আর্য্য মান্য ) বিং, ত্রিং, অভদ্র, অসাধু। অপ্রধান। সৎকুলজাত।

অনার্য্যক; সং, ক্লীং, অগুরুকাষ্ঠ।

অনার্য্যজ; সং, ক্লীং, অগুরু।

অনার্য্যতা (অনার্য্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অভদ্রতা, অসাধুতা।

অনালোচিত (অন্—আলোচিত) বিং, ত্রিং, আলোচিত নয়, যার আলোচনা করা

হয় নাই, অপরিশীলিত, অননুশীলিত, অদৃষ্ট। অবিবেচিত।

অনালোড়িত (অন্—আলোড়িত) বিং, ত্রিং, আলোড়িত নয়, যাহা আলোড়িত হয় নাই, অক্ষুণ্ণ।

অনাবিল (অন্—আবিল ঘোলা। ঘোলা নয়) বিং, ত্রিং, নির্ম্মল, অকলুষ। ২। অসন্দিগ্ধ।

অনাবিষ্কৃত (অন্—আবিষ্কৃত) বিং, ত্রিং, যাহা আবিষ্কৃত নয়, যাহা প্রকাশিত হয় নাই, অপ্রকাশিত, অনুদ্ভাবিত।

অনাবিষ্কৃতপূর্ব্ব (অন্—আবিষ্কৃত—পূর্ব্ব) বিং, ত্রিং, যাহা পূর্ব্বে কেহ আবিষ্কৃত করিতে পারে নাই।

অনাবিষ্ট (অন্—আবিষ্ট মনোযোগী) বিং, ত্রিং, আবিষ্ট নয়, যাহার আবেশ নাই, অমনোযোগী।

অনাবৃত (অন্—আবৃত আচ্ছাদিত) বিং, ত্রিং, অনাচ্ছাদিত, আবৃত নয়, খোলা।

অনাবৃত্তি (অন্—আবৃত্তি অভ্যাস) সং, স্ত্রীং, অপুনরাগমন। ২। অনভ্যাস।

অনাবৃষ্টি (অন্—আ সম্যক্—বৃষ্টি বর্ষণ) সং, স্ত্রীং, বর্ষণাভাব, উপযুক্ত বৃষ্টির অভাব, বর্ষাকালে বিশিষ্টরূপ জল না হওয়া, কার্য্যোপযোগী বৃষ্টি না হওয়া। শিং—১ "অতিবৃষ্টিরনাবৃষ্টি শলভাঃ মূষিকাঃ খগাঃ।"

অনাবেশ (অন্—আবেশ) সং, পুং, আবেশ না থাকা, অযত্ন, উপেক্ষা, অবহেলা, অমনোযোগ।

অনাশ্রয় (অন্—আশ্রয়) বিং, ত্রিং, নিরাশ্রয়, আশ্রয়হীন, অসহায়, অশরণ।

অনাসন্ন (অন্—আসন্ন নিকটবর্ত্তী) বিং, ত্রিং, আসন্ন নয়, দূরবর্ত্তী।

অনাস্থা (অন্—আস্থা আদর) সং, স্ত্রীং, আস্থার অভাব, অযত্ন, উপেক্ষা, অবহেলা, অমনোযোগ।

অনাহত (অন্—আহত আঘাতিত। যে আহত নহে) সং, ক্লীং, অধৌত নববস্ত্র। ২। তন্ত্রোক্ত হৃদয়স্থিত সুষুম্নামধ্যস্থ দ্বাদশদল পদ্ম। যেথায় জীবাত্মার বাস তাহারই নাম অনাহত। অনাহত পদ্ম, অনাহত চক্র বলিয়া ও কোন কোন স্থলে নির্দ্দিষ্ট আছে। শিং—১ "শব্দো ব্রহ্মময়ঃ, শব্দোঽনাহতো যত্র দৃশ্যতে অনাহতাখ্যং তৎপদ্মং মুনিভিঃ পরিকীর্ত্তিতং।" ৩। বিং, ত্রিং, নূতন। ৪। অকৃতআঘাত, অক্ষত।

অনাহার (অন্—আহার) সং, পুং, অনশন, উপবাস। আহারাভাব।

অনাহারী (অন্—আহারী যে আহার করে) বিং, ত্রিং, যাহার আহার হয় নাই, উপবাসী।

অনাহ্লাদ (অন্—আহ্লাদ) সং, পুং, আহ্লাদের অভাব, অপ্রীতি, অসন্তোষ।

অনাহূত (অন্—আহূত কৃতাহ্বান) বিং, ত্রিং, অনিমন্ত্রিত।

অনিগীর্ণ (অ—নিগীর্ণ কথিত) বিং, ত্রিং, অনুক্ত, অকথিত।

অনিচ্ছা (অন্—ইচ্ছা) সং, স্ত্রীং, ইচ্ছার অভাব, ইচ্ছা না থাকা, অনভিলাষ। শিং—১ "স্ফুটামনিচ্ছাং বিবরীতুমুৎসুকাম্" (নৈষধ)

অনিচ্ছু (অন্—ইচ্ছু) বিং, ত্রিং, যার ইচ্ছা নাই, ইচ্ছাবিহীন।

অনিত্য (অ—নিত্য চিরস্থায়ী) বিং, ত্রিং, নিত্য নয়, চিরস্থায়ী নহে, যাহার ধ্বংস আছে, অস্থায়ী, বিনাশী, নশ্বর, বিনশ্বর, অচিরস্থায়ী।

অনিত্যতা (অনিত্য + তা—ভাবে) সং, স্ত্রীং, অস্থায়িতা, নশ্বরতা।

অনিদান (অ—নিদান কারণ) বিং, ত্রিং, অহেতুক, অকারণ, কারণ শূন্য।

অনিন্দনীয় (অ—নিন্দনীয়) বিং, ত্রিং, নিন্দনীয় নয়, নিন্দার যোগ্য নয়, অগর্হণীয়, অবিগর্হণীয়।

অনিন্দিত (অ—নিন্দিত) বিং, ত্রিং, যার কেহ কখন নিন্দা করে নাই, অগর্হিত, অবিগর্হিত, অবিগীত।

অনিভৃত (অ—নিভৃত দৃঢ়রূপে ধৃত) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল। ২। প্রকাশিত।

অনিমিষ, অনিমেষ (অ—নিমিষ, নিমেষ চক্ষুর পলক। যাহাদের চক্ষুর পলক

নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। ২। মৎস্য। ৩। সূক্ষ্মকাল পরিমাণ। ৪। বিং, ত্রিং নিমেষ শূন্য, যাহার চক্ষুর পলক পড়ে না, নিঃস্পন্দ, স্পন্দরহিত; যথা—অনিমিষ নয়নে। শিং—১ "শতৈস্তমক্ষ্ণামনিমেষ বৃত্তিভিঃ।" (রঘু)

অনিমিষাচার্য্য (অনিমিষ দেবতা—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, বৃহস্পতি।

অনিয়ত (অ—নিয়ত) বিং, ত্রিং, নিয়ত নয়, যার নিশ্চয় নাই, যার স্থিরতা নাই, অস্থির, অনিশ্চিত।

অনিয়ন্ত্রিত (অ—নিয়ন্ত্রিত দমিত) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল। ২। অনিবারিত।

অনিয়ম (অ—নিয়ম) সং, পুং, নিয়ম লঙ্ঘন, নিয়ম না রাখা, নিয়ম অনুসারে না চলা।

অনিয়মিত (অ—নিয়মিত) বিং, ত্রিং, নিয়মিত নয়, যে বিষয়ের নিয়ম নাই, অনির্দ্ধারিত, অনিরূপিত, অনির্দ্দিষ্ট।

অনিরাকরণীয় (অ—নিরাকরণীয়) বিং, ত্রিং, নিরাকরণীয় নয়, যার নিরাকরণ করিতে পারা যায় না।

অনিরাকৃত (অ—নিরাকৃত নিবারিত) বিং, ত্রিং, নিরাকৃত নয়, যাহার নিরাকরণ হয় নাই। অনিবারিত।

অনিরুদ্ধ (অ—নিরুদ্ধ কৃতরোধ। যিনি কোন যুদ্ধে রুদ্ধ হন নাই) সং, পুং, কামদেবের পুত্র, উষাপতি। ২। দূত, চর। বিং, ত্রিং, অনিবারিত, অপ্রতিরুদ্ধ।

অনিরুদ্ধপথ (অনিরুদ্ধ অপ্রতিরুদ্ধ—পথ পথিন শব্দজ। যে পথ নিরুদ্ধ হয় নাই) সং, ক্লীং, আকাশ। বিং, ত্রিং, অবারিত গতি।

অনিরুদ্ধভাবিনী (অনিরুদ্ধ—ভাবিনী স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, উষানামে বাণ রাজার কন্যা, অনিরুদ্ধের স্ত্রী।

অনিরূপিত (অ—নিরূপিত) বিং, ত্রিং যার নিরূপণ হয় নাই, অনির্দ্দিষ্ট, অনিয়মিত, অনির্দ্ধারিত।

অনির্ণীত (অ—নির্ণীত) বিং, ত্রিং, নির্ণীত নয়, যার নির্ণয় হয় নাই, অনিরূপিত, অনির্দ্ধারিত। ২। অনিশ্চিত।

অনির্ণেয় (অ—নির্ণেয়) বিং, ত্রিং, নির্ণেয় নয়, যার নির্ণয় হয় না, অনির্দ্ধারণীয়।

অনির্দ্দিষ্ট (অ—নির্দ্দিষ্ট) বিং, ত্রিং, নির্দ্দিষ্ট নয়, যার স্থিরতা নাই, অনিরূপিত, অনিয়মিত।

অনির্দ্ধারণীয়; বিং, ত্রিং, অনির্ণেয় দেখ।

অনির্দ্ধারিত (অ—নির্দ্ধারিত) বিং, ত্রিং, নির্দ্ধারিত নয়, অনির্ণীত, অনিরূপিত, অনিয়মিত। ২। অনিশ্চিত।

অনির্ভর (অ—নির্ভর) বিং, ত্রিং, অল্প। লঘু।

অনির্ম্মাল্য; সং, স্ত্রীং, পৃক্কা নামক ঔষধ।

অনির্ব্বচনীয় (অ—নির্ব্বচনীয় বর্ণনীয়) বিং, ত্রিং, যাহা বলিয়া উঠা যায়না, বর্ণনার অসাধ্য, যাহা বাক্য দ্বারা ব্যক্ত করিতে পারা যায় না।

অনির্ব্বাণ (অ—নির্ব্বাণ) বিং, ত্রিং, নির্ব্বাণরহিত। অস্নাত, মজ্জন-রহিত, যথা—অনির্ব্বাণ দন্তী।

অনির্ব্বাদ (অ—নির্ব্বাদ কলহ, অবজ্ঞা) সং, পুং, নির্ব্বিবাদ, অবজ্ঞা না করা।
"অনির্ব্বাদে নির্ব্বাহ করয়ে কত দায়
আহা মরি দেখিলে চক্ষুর পাপ যায়।"
(অন্নদামঙ্গল)

অনির্ব্বাচ্য (অ—নির্ব্বাচ্য নিরূপণীয়) বিং, ত্রিং, যাহা ব্যাখ্যা করা করা যায় না; যাহা নিরূপণ করা যায় না; যথা—
"অনির্ব্বাচ্যা নিরূপমা আপনি আপন সমা
সৃষ্টি স্থিতি প্রলয় আকৃতি।
(অন্নদামঙ্গল)

অনির্ব্বাহ (অ—নির্ব্বাহ) সং, পুং, নির্ব্বাহ না হওয়া, অনিবৃত্তি, অপ্রতুল, অসংস্থান।

অনির্ব্বিন্ন (অ—নির্ব্বিন্ন) বিং, ত্রিং, নির্ব্বিন্ন নয়, যার নির্ব্বাহের উপায় নাই, নিঃস্ব, দুঃখী, দরিদ্র। ২। যে ভয় শোকাদিদ্বারা কাতর হয় না। অখিন্ন।

অনির্ব্বেয় (অ—নির্ব্বেয় নির্ব্বাণের যোগ্য) বিং, ত্রিং, যাহা নির্ব্বাণের যোগ্য নয়। ২। যাহাকে নির্ব্বাণ করিতে পারা যায়না; যেমন, "অনির্ব্বেয় কোপানল।"

অনিবৃতি (অ—নিবৃতি সাচ্ছন্দ্য) সং, স্ত্রীং, অসুখ। অসংস্থান, দারিদ্র্য।

অনিল (অন্ বাঁচা, শ্বাস প্রশ্বাস করা+ইল—ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা বাঁচা যায়) সং, পুং, বায়ু, পবনদেব, বাতাস। ৫ম বসু। (অন—ইলা) বিং, ত্রিং, ইলাশূন্য।

অনিলঘ্নক ; সং, পুং, বিভীতক বৃক্ষ, বহেড়া-গাছ।

অনিলসখ (অনিল—সখ সখিশব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি।

অনিলাময় (অনিল—আময় রোগ। যাহা বায়ুদ্বারা উৎপন্ন হয়) সং, পুং, বাত রোগ।

অনিলান্তক ; সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

অনিবার, (অ—নিবার নিবারণ) বিং, ত্রিং, অনিবার্য্য। অবিরত।

অনিবারণীয় (অ—নিবারণীয়) বিং, ত্রিং, অনিবার্য্য দেখ।

অনিবারিত (অ—নিবারিত) বিং, ত্রিং, যাহা নিবারিত নয়, যার নিবারণ করা যায় নাই, অনিষিদ্ধ, অপ্রতিষিদ্ধ।

অনিবার্য্য (অ—নিবার্য্য নিবারণীয়) বিং, ত্রিং, যাহা নিবারণ করা যায় না, নিবারণের অযোগ্য, অপ্রতিষেধনীয়।

অনিশ (অ—নিশা [উপচার হেতু নিশা শব্দের অর্থ বিরাম কাল] বিরাম কাল। যাহাতে বিরাম কাল নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, নিরন্তর, সতত, অনবরত, সর্ব্বদা। শিং—১ "তদুভয়োরনিশং হি বিরোধিতা কথমহো সমতা মম তাপনে।"

অনিশ্চিত (অ—নিশ্চিত) বিং, ত্রিং, নিশ্চিত নয়, যার নিশ্চয় নাই, যার স্থিরতা নাই, অস্থির, সন্দেহ স্থল। ২। অনির্ণীত, অনিয়মিত।

অনিষিদ্ধ (অ—নিষিদ্ধ) বিং, ত্রিং, নিষিদ্ধ নয়, যার নিষেধ করা যায় নাই, অপ্রতিষিদ্ধ, অনিবারিত।

অনিষ্ট (অন্—ইষ্ট [ইষ্ ইচ্ছাকরা+ত (ক্ত)—ভাবে] বাঞ্ছিত) সং, ক্লীং, অপকার, হানি। ২। (—ত (ক্ত)—র্ম্ম) দুঃখ। পাপ। বিং, ত্রিং, অনভিলষিত, অপ্রিয়।

অনিষ্টাপাত (অনিষ্ট—আপাত ঘটনা) সং, পুং, অমঙ্গল ঘটনা, অশুভ ঘটনা, অপ্রিয়-ঘটনা।

অনীক (অন্ বাঁচা+ঈক (ঈকন্)—ণ, সং, জ্ঞার্থে। যাহার দ্বারা রাজ্য বাঁচে) সং, পুং—ক্লীং, সৈনিক পুরুষ। ২। সৈন্য। ৩। [অ—নী লইয়া যাওয়া+০ (ক্বিপ্)—পা। ক (কণ্)—প্রং। যাহা হইতে ফেরেনা] যুদ্ধ। ৪। সমূহ।

অনীকস্থ (অনীক—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে) সং, পুং, রাজরক্ষি সৈন্য। সৈন্য। হস্তিপক। ধ্বজাদি যুক্ত চিহ্ন। রণবাদ্য। বিং, ত্রিং, যুদ্ধস্থিত।

অনীকিনী (অনীক+ইন্—অস্ত্যর্থে। ঈ (ঈপ্)—স্ত্রীং) সং, স্ত্রীং, সৈন্য দল, ২১৮৭ হস্তী, ২১৮৭ রথ, ৬৫৬১ অশ্ব, ১০৯৩৫ পদাতি—সমুদায়ে ২১৮৭০ এতাবৎ সংখ্যক সৈন্য (অক্ষৌহিণী দেখ)।

অনীতি (অ—নীতি) সং, স্ত্রীং, কুনীতি। ২। নীতিবিরুদ্ধ কার্য্যের অনুষ্ঠান।

অনীদৃক্ } (অনীদৃশ্, অন্—ঈদৃশ্) বিং,
অনীদৃশ } ত্রিং, ঈদৃশ নয়, এরূপ নয়।

অনীশ্বরবাদী (অনীশ্বরবাদিন্, অন্—ঈশ্বর—বাদী যে নিশ্চয় রূপে বলে) সং, পুং, নাস্তিক। যে ঈশ্বর মানে না।

অনীহা (অন্—ঈহা [ঈহ চেষ্টা করা+অ ভাবে] চেষ্টা) বিং, ত্রিং, স্পৃহাশূন্য। অনুৎসাহ। চেষ্টাভাব।

অনু (অন্ বাঁচা, বিদ্যমান থাকা+উ—ক। যে সাদৃশ্যাদি অর্থে বর্ত্তে) উপং, পশ্চাৎ। সদৃশ। অধীন। নিকৃষ্ট। সহ, সহিত। অংশ। পরস্পর। সমীপ। বহির্ভাগ। বীপ্সা। চিহ্ন। অনুক্রম। আয়াস। ইথম্ভাব। হীন। সং, পুং, রাজা যযাতির ঔরসে শর্ম্মিষ্ঠার গর্ভজাত পুত্র।

অনুক (অনু—কম্ অভিলাষ করা+অ (ড)—ক) বিং, ত্রিং, কামুক, কামাসক্ত।

অনুকম্পা (অনু সহিত—কম্প্ কাঁপা, বিচলিত হওয়া+অ—ভাবে) সং, স্ত্রীং, দয়া, অন্যের অবস্থা দেখিয়া আপনাকে তদবস্থ জ্ঞান করা, যথা—অন্যের দুঃখে দুঃখ অনুভব করা, অন্যের বিপদে কাতর হওয়া, অন্যের সুখে সুখী হওয়া, অন্যের মঙ্গল দর্শনে আহ্লাদিত হওয়া।

অনুকম্প্য (পূর্ব্বে দেখ, য—র্ম্ম, অর্হার্থে) বিং, ত্রিং, অনুগ্রাহ্য, কৃপাপাত্র।"দুহিতরমনুকম্প্যামদ্রিরাদায় দোর্ভ্যাম্।" (কুমার)

অনুকরণ (অনু সদৃশ—করণ) সং, ক্লীং, সদৃশীকরণ, প্রতিরূপ করণ, অন্যের অনুষ্ঠানাদি দেখিয়া সেইরূপ করণ।

অনুকরণীয় (অনু অনুসারে—কৃ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অনুকরণ করা উচিত বা আবশ্যক।

অনুকর্ষ (অনু—কৃষ্ [চসা] টানা+অ (অল্)—র্ম্ম) সং, পুং, রথের অধস্থিত কাষ্ঠ। ২। পূর্ব্ব সূত্রোক্ত পদাদির পর সূত্রাদিতে অনুবৃত্তি। ৩। [—অ (অল্)—ভাবে] আকর্ষণ।

অনুকর্ষণ (পূর্ব্বে দেখ, অন (অনট)—ভা) সং,ক্লীং, অনুকর্ষ। আকর্ষণ।

অনুকল্প (অনু নিকৃষ্ট—কল্প পক্ষ) সং, পুং, গৌণ কল্প, হীনকল্প, অপ্রধান কল্প। ২। প্রতিনিধি।

অনুকামীন (অনুকাম ইচ্ছা+ঈন (খীন্)—গমনার্থে) বিং, ত্রিং, স্বেচ্ছাবিহারী। শিং—"অনুকামীনতাং ত্যজ" (ভট্টি)

অনুকার (অনু—কৃ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, অনুকরণ, সদৃশীকরণ।

অনুকারিতা (অনুকারিন্ যে অনুকরণ করে+তা—ভাবে) সং, স্ত্রীং, অনুকরণ করা।

অনুকারী (অনুকারিন্, অনু অনুসারে—কৃ করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, যে অনুকরণ করে। ণী—স্ত্রীং।

অনুকীর্ণ (অনু—কীর্ণ বিক্ষিপ্ত) বিং, ত্রিং, ব্যাপ্ত, বিস্তৃত।

অনুকূল (অনু যোগ্য—কূল বংশ, ব্যং—স। উ=ঊ। অথবা অনু অনুগত—কূল স্নেহবন্ধ) বিং, ত্রিং, সদয়, সহায়, অনুগ্রকারী, যে পোষকতা করে; যথা—তিনি আমার প্রতি অনুকূল, অর্থাৎ আমাকে দয়া করেন বা আমার ইষ্টসিদ্ধি বিষয়ে সহায়তা বা পোষকতা করেন। অনুকূল বায়ু, যে দিকে চলিয়া যাওয়া যায় বায়ুও সেই দিকে গেলে অনুকূল বলে; অনুকূল স্রোত, যে দিকে নৌকা যায় স্রোতও সেই দিকে গেলে অনুকূল স্রোত বলে। এই দুই স্থলে বায়ু ও স্রোত গমন বিষয়ে অনুকূল অর্থাৎ গমনের পোষকতা অর্থাৎ সুবিধা করিতেছে। ২। অনুরক্ত। ৩। যোগ্য। ৪। নায়কবিশেষ, একমাত্র নায়িকাতে আসক্ত। যথা—"একে অনুরাগ যার সেই অনুকূল। দক্ষিণ সে যার ঘরে পরে হয় তুল। ধৃষ্ট সেই দোষ করে পুনঃ করে হঠ। কপট বচনে পটু সেইজন শঠ।" (রসমঞ্জরী)। লা—স্ত্রীং,দন্তীবৃক্ষ।

অনুকৃত (অনু অনুসারে—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অনুকরণ করা হইয়াছে।

অনুক্ত (অন্—উক্ত কথিত। যাহা বলা হয় নাই) বিং, ত্রিং, অকথিত।

অনুক্রম (অনু রীত্যনুসারে—ক্রম্ গমন করা+অ (অল্)—ভা) সং, পুং, যথাক্রম, আনুপূর্ব্বী, পর্য্যায়।

অনুক্রমণিকা (অনু—ক্রম্ [গমন করা] আরম্ভ করা+অন (অনট্)—ভা। কণ্—প্রং) সং, স্ত্রীং গ্রন্থের অবতারণিকা, মুখবন্ধ, ভূমিকা।

অনুক্রোশ (অনু জন্যে—ক্রুশ্ দুঃখকরা+অ (ঘঞ্)—ভা। অন্যের দুঃখ জন্য দুঃখ করা) সং, পুং, দয়া, অনুকম্পা।

অনুক্ষণ (অনু প্রতি—ক্ষণ, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, নিরন্তর, সর্ব্বদা।

অনুগ (অনু পশ্চাৎ—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে। যে পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, অনুযায়ী, পশ্চাদ্গামী।

অনুগত (অনু—গম্ পশ্চাৎ গমনকরা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, যে মতানুসারে চলে, মতবর্ত্তী, মতানুবর্ত্তী, অধীন, আশ্রিত, অনুজীবী। (অনু—গম্+ত (ক্ত)—র্ম্ম) অনুসৃত।

অনুগম (অনু—গম [গম্ গমন করা+অ (অল্)—ভাবে] গমন) সং, পুং, পশ্চাদ্গমন। পরস্পর অবিরোধ সম্পাদন, মীমাংসা। সঙ্গতি। অনুলোম।

অনুগমন (অনু পশ্চাৎ, সঙ্গে—গম্ গমন করা + অন্(অনট্)—ভা) সং, ক্লীং, অনুসরণ, পশ্চাদ্গমন, সঙ্গে যাওয়া। ২। মতানুসারে চলা ৩। অনুমরণ। [দৈর্ঘ্য।
অনুগব (অনু—গো+অ—প্রং) সং, ক্লীং,
অনুগবীন (অনু পশ্চাৎ বা পর্য্যাপ্ত—গো গরু + ঈন্—গমনার্থে। যাহারা গোর পশ্চাৎ বা সঙ্গে যায়) সং, পুং, গো-রক্ষক, রাখাল।
অনুগামী (অনুগামিন্, অনুগমন দেখ, ইন (ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, যে অনুগমন করে, পশ্চাদ্গামী, সহচর।
অনুগুণ (অনু অনুকূল—গুণ) বিং, ত্রিং, অনুকূল। ২। অনুগত। শিং—১"অদ্বৈতং সুখদুঃখয়োরনুগুণং সর্ব্বাস্ববস্থাসু যৎ।"
অনুগৃহীত (অনুগ্রহ+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুগ্রহ পাত্র, যাহাকে অনুগ্রহ করা গিয়াছে।
অনুগ্রহ (অনু—গ্রহ্ [গ্রহণ করা] কৃপা করা +অ(অল্)—ভা) সং, পুং, অন্যের অভীষ্ট সাধন বা অনিষ্ট নিবারণের ইচ্ছা, দয়া, উপকার। ২। প্রসাদ, প্রসন্নতা। ৩। আনুকূল্য।
অনুগ্রাহক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি অনুগ্রহ করে।
অনুগ্রাহী (অনুগ্রাহিন্, অনু—গ্রহ্ গ্রহণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনুগ্রাহক।
অনুগ্রাহ্য (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অনুগ্রহের পাত্র, যাহার প্রতি অনুগ্রহ করা উচিত।
অনুচর (অনু সহিত বা পশ্চাৎ—চর [চর্ গমন করা+অ (অন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, পশ্চাদ্গামী, সহচর, অনুগামী। ২। ভৃত্য, যে সঙ্গে যায় ও আইসে। ৩। যে অন্যের আদেশ অনুসারে কর্ম্ম করে।
অনুচারী (অনুচারিন্, অনু পশ্চাৎ চর্ গমন করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, অনুগামী। ২। ভৃত্য।
অনুচ্চারণীয় (অন্—উচ্চারণীয়) বিং, ত্রিং, যাহা উচ্চারণ করা উচিত নহে বা যাহা উচ্চারণ করিতে পারা যায় না, অনুচ্চার্য্য।

অনুচ্চার্য্য (অন্—উচ্চার্য্য) বিং, ত্রিং, যাহা উচ্চারণের যোগ্য নহে।
অনুচিকীর্ষা (Imitation, অনু সদৃশ বা পশ্চাৎ—চিকীর্ষা [কৃ করা + সন্—ইচ্ছার্থে] করিবার ইচ্ছা) সং, স্ত্রীং, অনুকরণ করিবার ইচ্ছা।
অনুচিকীর্ষিত (অনুচিকীর্ষা + ত(ক্ত)—র্ম্ম, ভা) বিং, ত্রিং, যে বিষয়ের অনুকরণ করিবার ইচ্ছা করা গিয়াছে।
অনুচিকীর্ষু (অনু—কৃ করা+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, যে অনুকরণ করিতে ইচ্ছু।
অনুচিত (অন্—উচিত) বিং, ত্রিং, উচিতনয়, অন্যায্য, অযুক্ত, অবিহিত। ২। অনভ্যস্ত।
অনুচিন্তন (অনু—চিন্তি + অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সর্ব্বদা আন্দোলন।
অনুচ্ছিষ্ট (অন্—উচ্ছিষ্ট এঁটো) বিং, ত্রিং, যাহা উচ্ছিষ্ট নয়। ২। শুদ্ধ, পবিত্র।
অনুজ, অনুজন্মা (অনু পশ্চাৎ—জ [জন্ জন্মান + অ(ড)—ক] যে জন্মে। অন্—জন্মন্ জন্ম) বিং, ত্রিং, পশ্চাজ্জাত, কনিষ্ঠ। ২। সং, ক্লীং, প্রপৌ-ণ্ডরী নামক গন্ধদ্রব্য। জা—স্ত্রীং, কনিষ্ঠা ভগিনী। ৩। [illegible] বলাডুম্বুর। ৪। গন্ধভাদুল্যা।
অনুজিঘৃক্ষা (অনুজিঘৃক্ষ [অনু—গ্রহ্ (গ্রহণ করা) কৃপা করা+স—ইচ্ছার্থে] অনুগ্রহ করিতে ইচ্ছা করা+অ—ভা) সং, স্ত্রীং, অনুগ্রহ করিবার ইচ্ছা।
অনুজীবী (অনুজীবিন্, অনু সহিত বা পশ্চাৎ—জীবী যে বাঁচে। যে প্রভুর পশ্চাৎ বাঁচে অর্থাৎ প্রভুর সেবাদি করিয়া জীবন ধারণ করে, অথবা অনু পশ্চাৎ—জীব্ বাঁচা + ইন্(ণিন্)—ক, শীলার্থে) সং, পুং, অনুবর্ত্তী, সহচর, যে অন্যকে অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে, ভৃত্য, আশ্রিত, চার প্রভৃতি।
অনুজ্ঞা (অনু—জ্ঞা [জানা] অনুমতি করা +অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, আজ্ঞা, হুকুম। অনুমতি, সম্মতি প্রদান।

অনুজ্ঞাত ( অনুজ্ঞা দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আজ্ঞপ্ত, আজ্ঞা প্রাপ্ত, যাহাকে আজ্ঞা করা হইয়াছে। ২। যে বিষয়ে অনুজ্ঞা দেওয়া হইয়াছে, অনুমত।

অনুতপ্ত ( অনুতাপ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অনুতাপগ্রস্ত, যাহার অনুতাপ ঘটিয়াছে, অনুশয়িত।

অনুতর ( অনু—তৃ পার হওয়া+অ(অল্) ণ ) সং, ক্লীং, তরপণ্য, পারানি কড়ী।

অনুতর্ষ—পুং } (অনু—তৃষ পান করিতে
অনুতর্ষণ—ক্লীং } ইচ্ছা করা+অ(অল্)—ভা ) সং, তৃষ্ণা, পিপাসা। ২। অভিলাষ, ইচ্ছা ; শিং—১ "সোপচারমুপশান্তবিচারং সানুতর্ষমনুতর্ষপদেন।" (মাঘ)। ২। (অনু তৃষ পান করিতে ইচ্ছা করা+অ(অল্) —ণ, ধি ) মদ্যপান পাত্র।

অনুতাপ (অনু পশ্চাৎ—তপ্ উত্তপ্ত হওয়া +অ(ঘঞ্)—ভা ) সং, পুং, পশ্চাত্তাপ, অনুশোচনা, কোন অনুচিত কর্ম্ম করিয়া পশ্চাৎ শোক।

অনুৎপন্ন (অন্—উৎপন্ন) বিং, ত্রিং, উৎপন্ন নয়, জন্মেনাই, অজাত।

অনুত্তম ( অন—উত্তম। যাহা অপেক্ষা আর একটি উত্তম নাই, ৫মী—হিং) বিং, ত্রিং, অত্যুত্তম। ২। (নঞ্—ষ) অধম।

অনুত্তর (অন্—উত্তর উত্তম) বিং,ত্রিং, সর্ব্বশ্রেষ্ঠ। ২। উত্তরদানে অসমর্থ ; শিং—১ "ভবত্যবজ্ঞা চ ভবত্যনুত্তরাৎ" (নৈষধ)। ৩। অধম। ৪। দক্ষিণ দিকৃস্থ। ৫। সং, ক্লীং, উত্তর না দেওয়া।

অনুদর ( অন্ অল্প—উদর। যাহার উদর ক্ষীণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃশ,দুর্ব্বল, ক্ষীণমধ্য।

অনুদাত্ত (অন্—উৎ উর্দ্ধ—আ—দা [দান করা ] বলা+ত(ক্ত)—র্ম্ম। যাহা উচ্চ করিয়া উচ্চারণ করা যায় না) সং, পুং, নীচ স্বর। ২। বেদের মন্ত্র-বিশেষ। বিং, ত্রিং, উদাত্ত ভিন্ন।

অনুদার ( অন্—উদার দাতা ) বিং, ত্রিং, অসাধু, অসৎ। ২। ক্ষুদ্র, নীচাশয়। ৩। (অনু অনগত—দারা স্ত্রী) অনগতদার। শিং—১"যস্মিন্ প্রসীদসি পুনঃ স ভবত্যুদারোহনুদারশ্চ।"

অনুদিত (অন্—উদিত উদ্গত ) বিং, ত্রিং, অনুদ্গত। ২। অপ্রকাশিত। ৩। (অন্—বদ্ বলা +ত(ক্ত)—র্ম্ম ) অনুক্ত।

অনুদিন (অনু প্রতি—দিন, ব্যং—স, বীপ্সা অর্থে ) অং, ক্লীং, প্রতিদিন, প্রত্যহ।

অনুদ্দিষ্ট ( অন্—উদ্দিষ্ট ) বিং, ত্রিং, যাহার উদ্দেশ নাই, যে বিদেশগত ব্যক্তির বহুকাল কোন সংবাদ পাওয়া যায় নাই।

অনুদ্দেশ (অন্—উদ্দেশ) সং, পুং, উদ্দেশ না হওয়া, বিদেশগত ব্যক্তির বহুকাল সংবাদ না পাওয়া।

অনুদ্ধত ( অন্—উদ্ধত ) বিং, ত্রিং, উদ্ধত নয়, নম্র, বিনীত।

অনুদ্ধৃত ( অন্—উদ্ধৃত ) বিং, ত্রিং, উদ্ধৃত নয়, উত্তোলিত নয়, যাহা উঠান যায় নাই। ২। যার উদ্ধার হয় নাই।

অনুদ্যোগ ( অন্—উদ্যোগ ) সং, পুং, উদ্যোগের অভাব, চেষ্টা না করা, আলস্য, ঔদাস্য, উপেক্ষা, অবহেলা।

অনুদ্ভিন্ন ( অন্—উৎ উপরি—ভিদ্ ভেদ করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অনুদ্গত, যাহা উঠে নাই। ২। অপরিপুষ্ট।

অনুদ্ভিন্নদেহ ( অনুদ্ভিন্ন অপরিপুষ্ট—দেহ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, যে সকল জীবের শরীর সর্ব্বতোভাবে পুষ্ট হয় নাই।

অনুদ্রুত (অনু পশ্চাৎ—দ্রুত গত, পলায়িত) বিং, ত্রিং, পশ্চাদ্ধাবিত। শিং—১ "ধনুর্দ্ধরৈ রাজসুতৈরনুদ্রুতম্।" ( রঘু ) ২। সং, ক্লীং, সঙ্গীতে—দ্রুতার্দ্ধ মাত্রা, সূক্ষ্মকাল পরিমাণ। শিং—১"অর্দ্ধমাত্রং দ্রুতং জ্ঞেয়ং দ্রুতার্দ্ধঞ্চাপ্যনুদ্রুতং।"

অনুধাবন ( অনু পশ্চাৎ—ধাব্ দৌড়ান+ অন(অনট্)—ভা ) সং, ক্লীং, মনোনিবেশ, অভিনিবেশ। ২। তত্ত্বনিশ্চয়ানুসরণ ; যথা—"মহারাজ যুধিষ্ঠির তাঁহাকে ভস্মাচ্ছন্ন অনলের ন্যায় অনুধাবনে অসমর্থ হইয়া পরম সমাদরে ভরণ পোষণ করিতে লাগিলেন।" ৩। পশ্চাদ্গমন। ৫। অনুসন্ধান।

অনুধাবিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) – ক, র্ম্ম ) বিং, ত্রিং, পশ্চাদ্ধাবিত। ২। অভিনিবিষ্ট।

অনুধ্যান (অনু – ধৈ চিন্তাকরা + অন(অনট্) – ভা ) সং, ক্লীং, মঙ্গল চিন্তা, শুভচিন্তা ; শিং – ১ "যা নঃ প্রীতিবিরূপাক্ষ তদনুধ্যান সম্ভব।" (কুমার)

অনুনয় ( অনু – নী [ লইয়া যাওয়া ] স্তুতি করা + অ(অল্) – ভা) সং, পুং, বিনয়, স্তব স্তুতি, শিষ্টতা, প্রণতি, ক্রুদ্ধ প্রভৃতি দিগকে বিনয় বাক্যে শান্ত বা তুষ্ট করিবার চেষ্টা। ২। প্রার্থনা। ৩। ক্রোধাপনয়ন।

অনুনাদিত (অনুনাদ + ইত – প্রং) বিং, ত্রিং, সদৃশ শব্দবিশিষ্ট।

অনুনাসিক (অনু অনুগত, সহিত – নাসিকা, ব্যং – স সং, পুং, নাসিকা সহযোগে উচ্চার্য্যমাণ বর্ণ ; যথা—ঙ, ঞ, ণ, ন, ম ইত্যাদি।

অনুনীত (অনুনয় + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিনীত, অনুনয়প্রাপ্ত, যে বিনয় বাক্যে শান্তবা তুষ্ট হইয়াছে। ২। প্রার্থিত। ৩। প্রসাদিত।

অনুপ ( অন্ – উপ উপমা ) বিং, ত্রিং, সাদৃশ্যরহিত, অনুপমেয় ; যথা—

"থাকে সব ঠাঁই কেহ দেখে নাই
বেদেতে কহে অনুপ।" (বিদ্যাসুন্দর)

অনুপকার ( অন্ – উপকার ) সং, পুং, অপকার, ক্ষতি, হানি। ২। অগুণ।

অনুপকারক ( অন্ – উপকারক ) বিং, ত্রিং, উপকারক নয়, অনুপকারী, অপকারী। ৩। অগুণকারক।

অনুপকারিণী; সং, স্ত্রীং, ( অনুপকারী দেখ )

অনুপকারী ( অন্ – উপকারী ) বিং, ত্রিং, উপকারী নয়, যে অনুপকার করে, অপকারী, অনুপকারী, অনুপকারক।

অনুপকৃত ( অন্ – উপকৃত ) বিং, ত্রিং, উপকৃত নয়, যার উপকার করা যায় নাই।

অনুপদ ( অনু – পদ, পদের পশ্চাৎ, ব্যং – স ) অং, ক্লীং, পদে পদে। পশ্চাৎ, অনন্তর। বিং, ত্রিং, পশ্চাদ্গামী।

অনুপদিষ্ট ( অন্ – উপদিষ্ট ) বিং, ত্রিং, উপদিষ্ট নয়, যে উপদেশ পায় নাই, অশিক্ষিত।

অনুপদী (অনুপদিন্, অনুপদ + ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, অন্বেষণকারী, অন্বেষ্টা। শিং – ১ "মৃগস্যানুপদী রামো জগাম গজবিক্রমঃ।" (ভট্টি) ২। অনুগামী।

অনুপদীনা (অনুপদ [ অনু সকল – পদ ] গুল্ফাদি সহিত পাদ + ঈন – ব্যাপকার্থে। আ( আপ্ ) – স্ত্রীলিঙ্গে। যে গুল্ফাদি সহিত সকল পাদ ব্যাপে ) সং, স্ত্রীং, পদাচ্ছাদন – মোজা, উপানৎ, বুটজুতা প্রভৃতি।

অনুপপত্তি (অন্ – উপপত্তি সিদ্ধান্ত, যুক্তি) সং, স্ত্রীং, অযুক্তি। ২। উপপত্তির অভাব, অপ্রতুল, অনিবৃত্তি, অসঙ্গতি। ৩। অসংলগ্নতা। ৪। অসিদ্ধি।

অনুপপন্ন ( অন্ – উপপন্ন সিদ্ধ ) বিং, ত্রিং, অযুক্ত। ২। অনুৎপন্ন। ৩। অসিদ্ধ।

অনুপম ( অন্ – উপমা। যাহার উপমা নাই, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, উপমা রহিত, নিরুপম, অনুপমেয়, অত্যুৎকৃষ্ট। মা – স্ত্রীং, অগ্নি কিম্বা নৈঋত কোণের হস্তিনী।

অনুপমেয় ( অন্ – উপমেয় ) বিং, ত্রিং, যার উপমা দিবার স্থল নাই, অনুপম, নিরুপম, উপমারহিত।

অনুপযুক্ত ( অন্ – উপযুক্ত ) বিং, ত্রিং, অযুক্ত, অনুচিত। ২। অক্ষম, অযোগ্য।

অনুপলব্ধি ( অন্ – উপলব্ধি প্রাপ্তি ) সং, স্ত্রীং, অপ্রাপ্তি। ২। প্রত্যক্ষাভাব।

অনুপস্থান ( অন্ – উপস্থান ) সং, ক্লীং, উপস্থিত না হওয়া, অনাগমন, অনুপস্থিতি।

অনুপস্থিত ( অন্ – উপস্থিত ) বিং, ত্রিং, উপস্থিত নয়, অনাগত।

অনুপস্থিতি ( অন্ – উপস্থিতি ) সং, স্ত্রীং, উপস্থিতির অভাব, অনাগমন, অনুপস্থান।

অনুপহত ( অন্ – উপহত আহত ) বিং, ত্রিং, অবিনাশিত।

অনুপাত ( অনু – পাত পতন ইত্যাদি ) সং, পুং, পশ্চাৎ পতন। ২। পশ্চাদ্গমন। ৩। (Ratio) এক রাশির সহিত আর এক রাশির যে সম্বন্ধ।

অনুপাতক ( অনু – পাতক পাপ ) সং, ক্লীং, মহাপাতকের সদৃশ পাতক বিশেষ।

অনুপাতক ৩৫ প্রকার ; যথা—(১) মিথ্যা বচন,(মিথ্যা আত্মশ্লাঘা এবং মিথ্যা পরগ্লানি) (২) রাজার প্রতি খলতা অর্থাৎ দুষ্টামি, (৩) পিতার মিথ্যা দোষ কথন, (৪) বেদ ত্যাগ অর্থাৎ বিস্মৃত হওয়া,(৫) বেদনিন্দা, (৬) মিথ্যা সাক্ষ্য (জানিয়া না বলা ও মিথ্যা বলা,) (৭) বন্ধুবধ, (৮) অন্ত্যজ ব্যক্তির অন্ন ভক্ষণ,(৯) অভক্ষ্য ভক্ষণ (১০) নিক্ষেপ অর্থাৎ গচ্ছিত দ্রব্য হরণ, (১১) মনুষ্য হরণ, (১২) অশ্বহরণ (১৩) রজত হরণ, (১৪) ভূমি হরণ, (১৫) হীরক হরণ, (১৬) মণি হরণ ; এবং ১৯ প্রকার অগম্য গমন।

অনুপান (অনু [ঔষধের] পশ্চাৎ বা সহিত—পান পানীয়) সং, ক্লীং, যাহা মিশ্রিত করিয়া বা যাহার সঙ্গে পান করা যায় ; ঔষধের সহিত বা ঔষধ সেবনান্তে পানীয় রসাদি, ঔষধের সহকারী। ঔষধস্থলেই প্রয়োগ ; যথা—ঔষধের অনুপান।

অনুপুষ্প ; সং, পুং, শর, খাকড়া।

অনুপূর্ব্ব ( অনু অনুগত—পূর্ব্ব ) বিং, ত্রিং, আনুক্রমিক। শিং—১"বৃত্তানপূর্ব্বে চ ন চাতিদীর্ঘে।" (কুমার)। পুং, অনুক্রম।

অনুপ্রবেশ ( Reflection ) সং, পুং, অন্তঃপ্রবেশ, অনুরূপ প্রবেশ ; শিং—"পুপোষ বৃদ্ধিং হরিদশ্বদীধিতেরনুপ্রবেশাদিব বালচন্দ্রমা।" (রঘু)

অনুপ্রস্থ ; বিং, ত্রিং, প্রস্থানুগত, আড়দিকে।

অনুপ্রাস (অনু সদৃশ—প্রাস [প্রস্ বিস্তার করা+অ(অল্) —ভা] বিস্তার ) সং, পুং, তুল্য বর্ণ বিন্যাস, কাব্যের অলঙ্কার বিশেষ ; রচনাতে একবিধ অক্ষরের বারংবার সঙ্ঘটন ; যথা—মধুগন্ধে অন্ধ হইয়া, যদুবংশে অংশে অবতীর্ণ, করতলে করাল করবাল ধারণ ইত্যাদি।

অনুপ্লব ( অনু সহিত বা পশ্চাৎ—প্লব [প্লু লাফিয়া লাফিয়া যাওয়া+অ (অন্)—ক] যে গমন করে) সং, পুং, অনুচর। সহায় ; যথা—'সানুপ্লবঃ প্রভুরপি ক্ষণদা চরাণাম্।'

অনুবন্ধ ( অনু—বন্ধ বন্ধন করা+অ(অল্)—ভা ) সং, পুং, উপক্রম, আরম্ভ। উপলক্ষ, পূর্ব্ব লক্ষণ। বন্ধন। আরোপ। সম্বন্ধ। অনুবৃত্তি। অবিচ্ছেদ। অনুরোধ। ব্যাকরণে কোন কার্য্য নিমিত্ত কল্পিত বর্ণ, যাহাকে 'ইৎ' বলে। [—অ(অল্)—ক] শিশু। মুখ্যানুযায়ী।

অনুবন্ধী ( অনুবন্ধিন্, অনুবন্ধ+ইন্(ণিন্) —ক ) বিং, ত্রিং, সহচারী। অনুবন্ধবিশিষ্ট, অবিচ্ছিন্ন। অনুবর্ত্তী। অনুরোধী। শিং—১ "গুণা গুণানুবন্ধিত্বাত্তস্য সপ্রসবা ইব" (রঘু)। স্ত্রী—স্ত্রীং, হিক্কা। তৃষ্ণা।

অনুবোধ ; সং, পুং, স্নানান্তে গন্ধদ্রব্যের পুনরুদ্দীপন। ২। পশ্চাৎ জ্ঞান।

অনুভব ( অনু—ভূ [হওয়া] বোধ করা+অ(অল্)—ভা ) সং, পুং, উপলব্ধি, জ্ঞান, বোধ।

অনুভাব ( অনু—ভূ [হওয়া] সমর্থ হওয়া ইত্যাদি +অ(ঘঞ্)—ভা ) সং, পুং, প্রভাব, রাজকীয় প্রভাব। সামর্থ্য। রাজাদিগের কোষদণ্ডাদিজাত তেজবিশেষ। মহিমা। মনের উন্নতি, মনের মহত্ত্ব। নিশ্চয়। সঙ্কেত,ইশারা। অলঙ্কার শাস্ত্রে রসব্যঞ্জক ভ্রূভঙ্গাদি। যথা—"ভাবং মনোগতং সাক্ষাৎ ... গতং ব্যঞ্জয়ন্তি যে। তে অনুভাবা—"

অনুভূত ( অনুভব দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, যে বিষয়ের অনুভব হইয়াছে, উপলব্ধ, অবগত, জ্ঞাত।

অনুভূতি ( অনুভব দেখ, তি(ক্তি)—ভা )সং, স্ত্রীং, উপলব্ধি, অনুভব, জ্ঞান। অনুভূতি চতুর্ব্বিধ, যথা—প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি, শাব্দ। শিং—১ "প্রত্যক্ষমপ্যনুমিতিস্তথোপমিতিশাব্দজে।

অনুমত ( অনু—মন্ [বোধ করা] আজ্ঞা করা,স্বীকার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে অনুমতি দেওয়া হইয়াছে, অনুজ্ঞাত। ২। সম্মত, স্বীকৃত। ৩। অনুমোদিত।

অনুমতি ( অনু—মন্ [জানা] আজ্ঞা করা +তি(ক্তি)—ধি, ভা। দেবতারা পিতৃগণের সহিত যাহাতে অনুমতি করেন কিম্বা অনু সহিত—মন সম্মানকরা+তি(ক্তি)—

ধি। যাহাতে দেবলোক ও পিতৃলোকের সহিত ভূতগণকে বলিদান করিয়া পূজা করা যায়) সং, স্ত্রীং, যে পূর্ণিমাতে এক কলা হীন চন্দ্র উদয় হয়, অর্থাৎ শুক্ল চতুর্দ্দশীযুক্ত পূর্ণিমা। ২। অনুজ্ঞা, আদেশ, সম্মতি প্রদান।

অনুমন্তা (অনুমন্তৃ, পূর্ব্বে দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, অনুমতি কারক, আজ্ঞা কারক।

অনুমন্ত্রণ (অনু [মন্ত্রোচ্চারণ হেতু] পশ্চাৎ—মন্ত্রণ) [মন্ত্রের দ্বারা] সংস্কার করণ) সং, পুং, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক যজ্ঞের সংস্কার বিশেষ।

অনুমন্ত্রিত (অনুমন্ত্রণ দেখ, ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক সংস্কৃত।

অনুমরণ (অনু পশ্চাৎ বা সহিত—মরণ) সং, ক্লীং, সহমরণ, পতি বিয়োগান্তে স্বামীর পাদুকা লইয়া জলন্ত চিতায় স্ত্রীর মরণ।

অনুমা (অনু—মা পরিমাণ করা+অ (ঙ) —ভা) সং, স্ত্রীং, অনুমান দেখ।

অনুমান (অনু অনুসারে—মা [মা পরিমাণ করা] নির্ণয় করা, বোধ করা + অন (অনট)—ভাবে) সং, ক্লীং, বোধ; যথা—এর বিষয় তোমার কি অনুমান হয়, আমি এই অনুমান করি। ২। ব্যাপ্য হেতু দ্বারা ব্যাপক বস্তু নিশ্চয়; কার্য্য, কারণ, সহচর প্রভৃতি দর্শনে কারণ কার্য্য সহচর প্রভৃতির জ্ঞান; কার্য্যদর্শনে—যথা, অশ্রুপাত দর্শনে ক্লেশাদির অনুমান; কারণ দর্শনে—যথা, নীলবর্ণ মেঘ দর্শনে বৃষ্টির অনুমান; সহচর দর্শনে—যথা, ধূম দর্শনে অগ্নির অনুমান ইত্যাদি। ৩। অর্থালঙ্কার বিশেষ। ৪। (Corollary) এক বা বহু প্রতিজ্ঞা হইতে যে ফল উপলব্ধি হয় তাহাকে অনুমান কহে।

অনুমাপক (অনু—মাপি [পরিমাণ করান] নির্ণয় করান + অক(ণক)—ক) বিং, ত্রিং, অনুমানজনক, অনুমানের হেতু।

অনুমিত (অনুমান দেখ, ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, হেতু দ্বারা নিশ্চিত। ২। যে বিষয়ের অনুমান করা গিয়াছে।

অনুমিতি (অনু—মা [পরিমাণ করা] নির্ণয় করা + তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অনুভববিশেষ; ব্যাপ্য হেতু দ্বারা ব্যাপকবস্তুর নিশ্চয় জ্ঞান; যেমন—ধূম দেখিলে অগ্নিনিরূপণ। অনুমিতি দুই প্রকার স্বার্থা ও পরার্থা।

অনুমৃত (অনু পশ্চাৎ+মৃ মরা+(ক্ত)ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, সহমৃত। ২। পশ্চাৎ মৃত। শিং—"ভবতা নানুমৃতাহপিলভ্যতে।"(রঘু)

অনুমেয় (অনু—মা [পরিমাণ করা] নির্ণয় করা, বোধ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অনুমানজ্ঞেয়। শিং—"ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ সংস্কারা প্রাক্তনাইব (রঘু।)

অনুমোদন (অনু পশ্চাৎ—মুদ্ [হৃষ্ট হওয়া] অনুমতি দেওয়া+অন(অনট)—ভা) সং, ক্লীং, আহ্লাদ পূর্ব্বক সম্মতি। ২। মতদান, উচিত বলিয়া স্বীকার করা। ৩। প্রবর্ত্তন, প্রবৃত্তি প্রদান।

অনুমোদিত (অনুমোদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অনুমোদন করা গিয়াছে, অনুমত, অনুজ্ঞাত। ২। অনুগামী। ৩। সদৃশ। ৪। প্রোৎসাহিত।

অনুযাত (অনু পশ্চাৎ—যাত গত) বিং, ত্রিং, পশ্চাদ্গত। ২। অনুকৃত।

অনুযাত্র (অনু অনুরূপকৃত—যাত্রা) বিং, ত্রিং, অনুযায়িবর্গ।

অনুযাত্রিক (অনু সহিত বা পশ্চাৎ—যাত্রা গমন + ইক—ক। যাহার পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, অনুচর, সমভিব্যাহারী লোক। শিং—১ "সর্ব্বানেবানুযাত্রিকবর্গান্ ত্বয়া সহ।" (শকুন্তলা)

অনুযায়ী (অনুযায়িন্, অনু সহিত—যা যাওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনুগামী। ২। সেবক, অনুচর। ৩। সদৃশ।

অনুযুক্ত (অনু—যুজ্ [যোগ করা] প্রশ্ন করা, তিরস্কার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জিজ্ঞাসিত। ২। তিরস্কৃত।

অনুযোক্তা (অনুযোক্তৃ, অনুযুক্ত দেখ, তৃ (তৃন্)—ক) সং, পুং, অনুযোগকারী।

অনুযোগ (অনুযুক্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রশ্ন, জিজ্ঞাসা। ২। শিং—১ "ত্বয়া

কিয়দ্বেতি ত্বমন্বযুক্ত" (রঘু)। ২। কেহ অযত্ন অনাদর বা অপকার করিলে তাহার সমক্ষে বা তাহার আত্মীয় ব্যক্তির নিকট আক্ষেপ প্রকাশ। ৩। তিরস্কার। "নাহি কোন ভোগ, মিথ্যা অনুযোগ মা হইয়া কহ কত।" (বিদ্যাসুন্দর)

অনুযোগী (অনুযোগিন্,) বিং, ত্রিং, সম্বন্ধাধার।

অনুযোজক (অনু—যুজ্ যোগ করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে অনুযোগ করে।

অনুযোজ্য (অনু পশ্চাৎ—যুজ্ যোগ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপর অনুযোগ করা যায়।

অনুরক্ত (অনু—রন্জ্ [রং করা] অনুরক্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আসক্ত, অনুরাগ বিশিষ্ট, রত, যাহার অনুরাগ জন্মিয়াছে, প্রীত। ২। (অনু—রঞ্জ রং করা+ত(ক্ত)—র্ম্ম) রঞ্জিত।

অনুরক্তি (অনু—রঞ্জ [রং করা] প্রীত হওয়া +তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অনুরাগ দেখ।

অনুরঞ্জক (অনু—রঞ্জি [রং করান] প্রীত করা+অক(ণক)—ক) সং, পুং, যে অনুরঞ্জন করিতে পারে।

অনুরঞ্জন (অনু—রঞ্জি [রং করান] আপ্যায়িত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রীতিসম্পাদন, সন্তোষজনন, প্রীত করা, তুষ্ট করা, অনুরাগ জন্মান। ২। রঙ্ করা।

অনুরণন (অনু—রণ্ শব্দকরা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, ধ্বনির পশ্চাৎ ধ্বনি, প্রতিশব্দ। অনুগত স্বর।

অনুরত (অনু—রত) বিং, ত্রিং, অনুরক্ত।

অনুরথ্যা (অনু—রথ্যা) সং, স্ত্রীং. ক্ষুদ্রপথ, গলিপথ।

অনুরাগ (অনু—রন্জ্ [রং করা] অনুরক্ত হওয়া, ভাল বাসা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রীতি, স্নেহ; যথা—স্বামীর প্রতি অনুরাগ। ২। আদর, যত্ন; যথা—বিদ্যায় অনুরাগ। ৩। প্রবৃত্তি; যথা—সত্যে অনুরাগ. ধর্ম্মের অনুরাগ।

অনুরাগী (অনুরাগিন্, অনুরাগ+ইন্—অস্ত্যর্থে, অথবা অনু পশ্চাৎ—রন্জ্ [রং করা] অনুরক্ত হওয়া+ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, অনুরাগ যুক্ত, আসক্ত।

অনুরাধা (অনু—রাধ্ সিদ্ধি করা+অ—সংজ্ঞার্থে, আ—প্রং। যে যাত্রাদিতে ইষ্ট সিদ্ধি করে) সং, স্ত্রীং, সপ্তদশ নক্ষত্র।

অনুরুদ্ধ (অনু—রুধ্ রোধ করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, উপরুদ্ধ, যাহাকে অনুরোধ করা গিয়াছে। ২ যে বিষয়ে অনুরোধ করা গিয়াছে। ৩। অনুস্থত।

অনুরূপ (অনু তুল্য—রূপ আকার, অথবা অনু যোগ্য—রূপ, ব্যং—স) বিং, ত্রিং, সদৃশ, তুল্য। ২। যোগ্য। ৩। অনুযায়ী, অনুসারী।

অনুরোধ (অনু—রুধ [রুদ্ধ করা] অনুরোধ করা+অ (অল্)—ভা) সং, পুং, খাতির; যথা—তাঁহার অনুরোধে আমাকে এই কর্ম্ম করিতে হইল। ২। উপরোধ, অভীষ্ট সাধনার্থ প্রবৃত্তি প্রদান, সুপারিস; যথা—অমুকের জন্য অমুককে অনুরোধ করিলাম। ২। অনুরাগ। ৪। প্রতিরোধ। ৫। প্রতীক্ষা ৬। অনুসরণ।

অনুলাপ (অনু পুনঃ পুনঃ—লপ্ বলা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, পুনঃ পুনঃ কথন।

অনুলিপ্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুরঞ্জিত, রঙ্ করা। ২। লিপ্ত।

অনুলেপ (অনু—লিপ্ লেপন করা+অ (অল্)—ভা) সং, পুং, লেপন।

অনুলেপন (অনু—লিপ্ লেপন করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, গন্ধদ্রব্যাদি দ্বারা লেপন। ২। [অন—(অনট্)—ণ। যাহা দ্বারা লেপন করা যায়] লেপন সাধন চন্দনাদি।

অনুলোম (অনু সহিত বা অনুসারে—লোমন্ শরীরের লোম। প্রতিলোম দেখ) সং, পুং, অনুক্রম, যথাক্রম। বিং, ত্রিং, অনুকূল। অং, প্রতিরোমে। ক্রিং—বিং, সহজ দিকে, বিপরীত দিকে নয়। প্রকৃত প্রণালীতে, বিপরীত প্রণালীতে নয়। যথাক্রমে, যার পর যা এই নিয়মে।

অনুলোমজ (অনুলোম যথাক্রমে—জ জাত) বিং, ত্রিং, যথাক্রমে জাত, উত্তম বর্ণের ঔরসে অধম বর্ণজাত; যথা—ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভজাত, ক্ষত্রিয়ের ঔরসে বৈশ্যার গর্ভজাত ইত্যাদি।

অনুল্লঙ্ঘন (অন্—উল্লঙ্ঘন) সং, ক্লীং, উল্লঙ্ঘন না করা, অতিক্রম না করা, অনতিক্রম, অনতিবর্ত্তন।

অনুল্লঙ্ঘনীয় (অন্—উল্লঙ্ঘনীয়) বিং, ত্রিং, উল্লঙ্ঘনীয় নয়, যাহা উল্লঙ্ঘন করিতে পারা যায় না বা করা উচিত নয়, অনতিক্রমণীয়, অনতিবর্ত্তনীয়।

অনুবর্তন—(অনু পশ্চাৎ—বৃৎ বিদ্যমান থাকা + অন(অনট্)—ভা) সং, ক্লীং অনুগমন, পশ্চাদ্গমন। অনুবৃত্তি, সেবা। অনুবন্ধ, অবিচ্ছেদ। পশ্চান্নয়ন। স্থানান্তর গমন। পূর্ব্বসূত্রস্থ পদের পরসূত্রে উপস্থিতি।

অনুবর্ত্তিতা (অনুবর্ত্তিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, অনুবর্ত্তন করা।

অনুবর্ত্তী (অনুবর্ত্তিন্,অনু পশ্চাৎ—বৃৎ বিদ্যমান থাকা+ইন্(ণিন্)—ক) বিং,ত্রিং, যে অন্যের অনুসরণ করে, অন্যের মতানুসারেচলে, পশ্চাদ্বর্ত্তী, সহগামী, অনুগামী।

অনুবল (অনু অনুসারে—বল সামর্থ্য) ক্রিং—বিং, ক্ষমতানুসারে; যথা—
"ব্যাস জপে অনশনে, অন্নদা জানিলে মনে ব্যাসের তপের অনুবলে।" (অন্নদামঙ্গল)

অনুবাক; সং, পুং, বেদের অধ্যায়। সাম বা যজুর্ব্বেদের অংশ বিশেষ।

অনুবাক্যা (অনু—বচ্ বলা+য(ঘ্যণ্)—ণ) সং, স্ত্রীং, দেবতাহ্বান সাধিকা ঋক্।

অনুবাদ (অনু নিন্দা, পুনঃ পুনঃ—বাদ [বদ্ বলা+অ(ঘঞ্)—ভা] কথন) সং,পুং, পুনঃ পুনঃ কথন। ২। ভাষান্তর করণ, এক ভাষার অর্থ ও তাৎপর্য্য লইয়া অন্য ভাষায় সঙ্কলন, তরজমা। ৩। অনুকরণ। ৪। অপবাদ, নিন্দা।

অনুবাদক (অনুবাদ দেখ, অক (ণক)—ক) বিং, ত্রিং, যে ভাষান্তর করে।

অনুবাদিত (অনুবাদ+ইত—প্রং) বিং, ত্রিং, যাহার অনুবাদ হইয়াছে।

অনুবাদী (অনুবাদিন্,অনুবাদ+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনুবাদক। সদৃশ, অনুরূপ।

অনুবাদ্য (অনু—বদ্ বলা+য—প্রং) বিং, ত্রিং, উদ্দেশ্য। অনুবাদনীয়, যাহার অনুবাদ করা আবশ্যক। অনুকরণীয়।

অনুবাসন; সং, ক্লীং, বস্তিক্রিয়াবিশেষ, স্নেহবস্তি, ধূপন।

অনুবিদ্ধ (অনু—ব্যধ্ [বিদ্ধ করা] যোগ করা, গাঁথা ইত্যাদি+ত(ক্ত)—ক, র্ম্ম, ভা) বিং, ত্রিং, সম্পৃক্ত। শিং—১"ন সোঽস্তি প্রত্যয়ো লোকে যঃ শব্দানুগমাদৃতে। অনুবিদ্ধ ইবার্থোঽহি সর্ব্বঃ শব্দেন ভাসতে।" যুক্ত। খচিত। ব্যাপ্ত। গ্রথিত। গুম্ফিত। সং, ক্লীং, গ্রহণ।

অনুবিম্ব; সং, ক্লীং, প্রতিবিম্ব।

অনুবৃত্তি (অনু পশ্চাৎ—বৃৎ বিদ্যমান থাকা +তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পশ্চাদ্গমন। ব্যাকরণে—পূর্ব্বসূত্র হইতে পরসূত্রে উপস্থিতি। সেবা। অনুবন্ধ। অনুরোধ। অনুকরণ।

অনুবেল (অনু—বেলা, ব্যং—স) অং, ক্লীং, সতত, প্রতিক্ষণ, নিরন্তর। শিং—১"ইতিস্ম পৃচ্ছত্যনুবেলমাদৃতঃ।" (রঘু) ২। উপকূলে।

অনুব্যাধ (অনুবিদ্ধ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, সংসর্গ, মিলন। সংযোগ।

অনুব্রজ্যা (অনু পশ্চাৎ—ব্রজ্যা গমন) সং, স্ত্রীং, পশ্চাদ্গমন। শিং—১ "অব্রাহ্মণাধ্যায়নমাপৎ কালে বিধীয়তে। অনুব্রজ্যা চ শুশ্রূষা যাবদধ্যয়নং গুরোঃ।"

অনুশয় (অনু না—শী শয়ন করা+অ(অল্) —ভা। শয়ন বা বিশ্রাম না করা) সং, পুং, অনুতাপ, পশ্চাত্তাপ। পূর্ব্বশত্রুতা। দ্বেষ। ঘৃণা। অনুবন্ধ। অনুধাবন, মনোনিবেশ।

অনুশয়ান (অনু—শী শেষে দুঃখ প্রকাশ করা+আন (শান)—ক) বিং, ত্রিং, যে অনুশয় করে।

অনুশয়িত (অনু—শী শেষে দুঃখ প্রকাশ করা+ইত—প্রং) বিং, ত্রিং, যাহার অনুতাপ ঘটিয়াছে, অনুতপ্ত, অনুতাপগ্রস্ত।

অনুশয়ী (অনুশয়িন্, অনুশয় দেখ, ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, পশ্চাৎ তাপকারী। ২। পাদরোগবিশেষ।

অনুশর (অনু পুনঃ পুনঃ — শৃ বধ করা + অ (অচ) — ক) সং, পুং, রাক্ষস।

অনুশাসন (অনু — শাস্ শাসন করা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, আজ্ঞা। উপদেশ। দান, শিক্ষাদান। নিয়োগ। ব্যুৎপাদন।

অনুশিষ্য (অনু হীন — শিষ্য) সং, পুং, শিষ্যের শিষ্য।

অনুশিষ্ট (অনু অনুসারে — শিষ্ট উপদিষ্ট) বিং, ত্রিং, আদিষ্ট, অনুজ্ঞাত। উপদিষ্ট, শিক্ষিত। কথিত। ব্যুৎপাদিত।

অনুশীলন (অনু — শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া + অন (অনট্) — ভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ আলোচন, অভ্যাস, আন্দোলন। ২। অনুক্ষণ সেবা; শিং — ১ "আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা।"

অনুশীলনীয় (অনু পশ্চাৎ — শীল্ চিন্তা করা + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, অনুশীলনযোগ্য, অনুশীলন করিবার উপযুক্ত, যে বিষয়ের অনুশীলন করা উচিত বা আবশ্যক।

অনুশীলিত (অনু পশ্চাৎ — শীল্ চিন্তা করা + (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অনুশীলন করা গিয়াছে।

অনুশোচন — ক্লীং } (অনু পশ্চাৎ — শুচ্
অনুশোচনা — স্ত্রীং } শোক করা + অন (অনট্) — ভা) সং, যে বিষয় গত হইয়াছে তাহার আলোচনা কিম্বা তাহা লইয়া চিন্তা খেদ অথবা আক্ষেপ করা, পশ্চাত্তাপ। শোক।

অনুষঙ্গ (অনু — সন্জ্ আলিঙ্গন করা + অ (ঘঞ্) — ভা) সং, পুং, দয়া। স্নেহ। প্রণয়। সম্বন্ধ। সম্পর্ক। প্রায়।

অনুষ্টুভ্ (অনু — স্তুভ্ স্তব্ধ হওয়া + ০ (ক্বিপ্) — র্ম্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, অষ্টাক্ষর ছন্দোবিশেষ। ২। সরস্বতী।

অনুষ্ঠাতা (অনুষ্ঠাতৃ, অনু — স্থা [থাকা] অনুষ্ঠান করা + তৃ (তৃন্) — ক) সং, পুং, যে [illegible]

অনুষ্ঠান (অনু — স্থা [থাকা] আরম্ভ করা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, আরম্ভ, প্রথম উদ্যোগ। ২। করণ, নির্ব্বাহ, সম্পাদন। ৩। প্রদান।

অনুষ্ঠিত (অনুষ্ঠান দেখ, ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, আরব্ধ। ২। কৃত, সম্পাদিত।

অনুষ্ঠেয় (অনু — স্থা [থাকা] অনুষ্ঠান করা + য — র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠান যোগ্য। ২। যে বিষয়ের অনুষ্ঠান করিতে হইবে।

অনুষ্ঠ্যূত (অনু — ষ্টিব্ ছেপ ফেলা + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পরস্পর সম্বন্ধ, অবিচ্ছিন্ন।

অনুষ্ণ (অন্ — উষ্ণ তৎপর, তপ্ত। যে তৎপর বা তপ্ত নহে) বিং, ত্রিং, জড়, অলস। ২। শীতল। ৩। সং, ক্লীং, উৎপল।

অনুষ্ণবল্লিকা; সং, স্ত্রীং, নীলদূর্ব্বা।

অনুসন্ধান (অনু — সম্ — ধা [ধারণ করা] অন্বেষণ করা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, কোন বিষয় নির্ণয় করিবার নিমিত্ত চেষ্টা বা যত্ন। ২। অন্বেষণ, খোঁজা।

অনুসন্ধানস্থিকা (অনুসন্ধান — আস্থন্ + ক — প্রং) বিং, ত্রিং, [illegible] তন্ন করিয়া অবগত হইবার ইচ্ছা; যথা — "অনুসন্ধানস্থিকা চিত্তবৃত্তি।"

অনুসন্ধানী (অনুসন্ধানিন্, অনুসন্ধান দেখ, ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, যাহাকে অনুসন্ধান করিতে আইসে, যে বিলক্ষণ অনুসন্ধান করিতে পারে।

অনুসন্ধায়িনী — বিং, ত্রিং, অনুসন্ধায়ী দেখ।

অনুসন্ধায়ী (অনুসন্ধায়িন্, অনু — সম্ — ধা অন্বেষণ করা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, যে অনুসন্ধান করে।

অনুসন্ধিৎসা (অনুসন্ধান দেখ, স — ইচ্ছার্থে। আ — ভা) সং, স্ত্রীং, অনুসন্ধান করিবার ইচ্ছা।

অনুসন্ধিৎসু (অনু — সম্ — ধা অন্বেষণ করা + স — ইচ্ছার্থ। উ — কৃ) বিং, ত্রিং, যে অনুসন্ধান করিবার নিমিত্ত ব্যগ্র।

অনুসন্ধেয় (অনু — সম্ — ধা অন্বেষণ করা + য — র্ম্ম) বিং, ত্রিং, অনুসন্ধানের যোগ্য। ২। যাহা অনুসন্ধান করিতে হইবেক।

অনুসরণ (অনু পশ্চাৎ—স্থ গমন করা+অন (অনট্) — ভা) সং, ক্লীং, অনুগমন, পশ্চাৎগমন, অনুসারে চলা, অনুবর্ত্তন। ২। অনুরূপকরণ। ৩। আচার।

অনুসার (অনু—সৃ গমন করা +অ(ঘঞ্) ভা) সং, পুং, অনুগমন, অনুবর্ত্তন। ২। অনুকরণ। ৩। আচার। ক্রিং—বিং, ৪। অতিক্রম না করিয়া; যথা—শক্তি অনুসারে কর্ম্ম করা; সঙ্গতি অনুসারে ব্যয় করা। ৫। শক্তি ও সঙ্গতি অতিক্রম না করিয়া, অর্থাৎ যেমন শক্তি ও সঙ্গতি তদনুরূপ কর্ম্ম ও ব্যয় করা। ৬। অবলম্বন করিয়া; যথা—উপদেশ অনুসারে চলা, পরামর্শ অনুসারে কর্ম্ম করা।

অনুসারী (অনুসারিন্, অনু পশ্চাৎ—স্থ গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে অনুসরণ করে। ২। অনুযায়ী। ৩। অনুরূপ।

অনুসূয়া (অনু—সূ প্রসব করা+য—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অত্রিমুনির পত্নী।

অনুস্যূত (অনু—সিব্ সেলাই করা+ত(ক্ত) —র্ম্ম) বিং,ত্রিং, গ্রথিত। ২। সতত সম্বন্ধ।

অনুস্বর } (অনু সহিত—স্বর, স্বার!
অনুস্বার } স্বর [ স্বৃ শব্দ করা+অ (অল্)—র্ম্ম। ], স্বার [ স্বৃ+অ(ঘঞ্)—র্ম্ম] স্বরবর্ণ। যে স্বরের সহিতই থাকে) সং, পুং, এক বিন্দু মাত্র বর্ণ 'ং'।

অনুহরণ—ক্লীং } (অনু তুল্য—হৃ হরণ
অনুহার—পুং } করা, লইয়া যাওয়া+ অন(অনট্), অ(ঘঞ্),—ভা) সং, সদৃশী-করণ। ২। সদৃশ গমন।

অনূক (অনু—উচ্ সমবেত করা, মিলিত করা + অ(ক)—প্রং) সং, ক্লীং, কুল, বংশ। ২। শীল, স্বভাব। ৩। পুং, গত জন্ম। ৪। অশ্বাধর।

অনূচান (অনু—বচ্ [বলা] জানা; নত হওয়া + আন(কান)—ক) সং, পুং, শিক্ষাদিষড়ঙ্গসহিত বেদাধ্যায়ী। শিং—১ "ইদমূচুরনূচানাঃ প্রীতিকণ্টকিতত্বচঃ।" (কুমার)। ২। বিং, ত্রিং, বিনীত।

অনূঢ় (অন্—ঊঢ় বিবাহিত) বিং, ত্রিং, যার বিবাহ হয় নাই, অবিবাহিত, অপরিণীত, আইবড়। ঢা—স্ত্রীং।

অনূদিত (অনু—বদ্ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পশ্চাৎ কথিত। ২। ভাষান্তরিত।

অনূদ্য (অনু—বদ্ বলা+য—র্ম্ম) বিং, ত্রিং, অবক্তব্য। ২। সং, পুং, গুরুলোক, যাঁহাদের নামোচ্চারণ অকর্ত্তব্য।

অনূন (অন্—ঊন অল্প। অল্প নহে) বিং, ত্রিং, সম্পূর্ণ, সমগ্র, অখণ্ড, অহীন।

অনূপ (অনু নিকট বা সহিত—অপ্ জল। অ—প্রং। অ=উ। যাহা জলের সহিত) সং, ত্রিং, সজল দেশ, জলপ্রায় স্থান। ২। (অনূপ+অ—প্রং) পুং, মহিষ।

অনূপজ (অনূপ—জ জাত, ৭মী—ষ) সং ক্লীং, আর্দ্রক, আদা।

অনূরু (অন্—ঊরু। যাহার ঊরুদ্বয় নাই, ৬ষ্ঠী—হিং। অকালে ডিম্বস্ফোটনে যাহার অঙ্গ প্রভৃতির সম্পূর্ণতা প্রাপ্ত না হইয়া বিকৃত হইয়াছিল) সং, পুং, অরুণ, সূর্য্যের সারথি।

অনূরুসারথি (অনূরু—সারথি। অরুণ যাহার সারথি, ৬ষ্ঠী—হিং)সং, পুং, সূর্য্য।

অনূচ (অন্—ঋচ্ [ঋচ্ স্তব করা+০(ক্বিপ) —প্রং] ঋক্+অ—সমাসে। ঋক্ যাহার অভ্যস্ত নাই) সং, পুং, অনুপনীত বালক।

অনৃজু (অন্—ঋজু সরল) বিং, ত্রিং, কুটিল, অসরল, বক্র। ২। শঠ, ধূর্ত্ত।

অনৃণী (অনৃণিন্, অন্—ঋণিন্ [ঋণ+ ইন্—অস্ত্যর্থে] ঋণযুক্ত, নঞ—ষ) বিং, ত্রিং, যাহার ঋণ নাই।

অনৃত (অন্—ঋত সত্য) বিং, ত্রিং, মিথ্যা, অসত্য। শিং—১"ন নর্ম্মযুক্তং বচনং হিনস্তি ন স্ত্রীষু রাজন্ ন বিবাহ কালে। প্রাণাত্যয়ে সর্ব্বধনাপহারে পঞ্চানৃতান্যাহুর পাতকানি।" ২। (অন্—ঋত[ঋ হিংসা করা +ত(ক্ত)—ভা] হিংসা। যাহা হইতে কোন হিংসা নাই, ৫মী—হিং) সং, ক্লীং, কৃষিকর্ম্ম, শস্যোৎপাদন ক্রিয়া।

অনৃতভাষিণী; বিং, স্ত্রীং, অনৃতভাষী দেখ।

অনৃতভাষী (অনৃতভাষিন্, অনৃত—ভাষী যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।
অনৃতবাদিনী; বিং, স্ত্রীং, অনৃতবাদী দেখ।
অনৃতবাদী (অনৃতবাদিন্, অনৃত মিথ্যা—বাদী যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।
অনেক (অন্—এক। এক নহে) সর্ব্বং, ত্রিং, এক ভিন্ন—দ্বিং,। ২। বহু বহুল। ৩। ভূরি, প্রচুর প্রভৃত, যথেষ্ট। ৪। নানা।
অনেকজ (অনেক একাপেক্ষা অধিক—জ যে জন্মে) সং পুং, পক্ষী।
অনেকধা (অনেক+ধা(ধাচ)—প্রকারার্থে) অং, নানাপ্রকার, বহুবিধ, বহুধা।
অনেকপ (অন্—এক—প [ পা পান করা+ অ(ড)—ক ] যে পান করে। যে এক দ্বার দিয়া নহে, নাসিকা এবং মুখ দিয়া পান করে, ৩য়া—ষ) সং, পুং—স্ত্রীং, হস্তী। পী—স্ত্রীং, হস্তিনী।
অনেকবিধ (অনেক—বিধা প্রকার) বিং, ত্রিং, নানাপ্রকার।
অনেকশঃ (অনেক+শস(চশস)—বারার্থে) ক্রিং—বিং, অং, অনেকবার, বহুবার। "অনেকশোনির্জ্জিতরাজকস্থ্বিভিঃ।" (ভট্টি)
অনেড়মূক (অন্—এড় বধির—মূক বাক্‌শক্তিরহিত) বিং, ত্রিং, বাক্‌শক্তিরহিত। শঠ।
অনেহাঃ (অনেহস, অন্—এহস্ [আ—হন গমন করা+অস—র্থ। অথবা অন্—ঈহ চেষ্টা করা+অস—ক] যে আগমন করে। যে আগমন করে না) সং, পুং, কাল, সময়।
অনৈক্য (অন্—ঐক্য) সং, ক্লীং, ঐক্যাভাব, ঐক্য না থাকা, পরস্পর অসম্মিলন, বিরোধ। ২। অনেকত্ব।
অনৈকান্ত, অনৈকান্তিক } (অনেক—অন্ত শেষ+অ (ষ্ণ), ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, ব্যভিচারী, দুষ্ট। ২। অস্থির, চঞ্চল।
অনোকহ (অনস্ শকট—অক [অক্ গমন করা+অ—ভা] গমন—হ [হন্ বধ করা +অ(ড)—ক] যে নষ্ট করে। যে শকটের গমন নষ্ট করে, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ। অথবা অন্—ওক স্থান—হ যে নষ্ট করে। সং, পুং, বৃক্ষ, গাছ। শিং—১ "অনোকহাকম্পিতপুষ্পগন্ধি।" (রঘু)
অনৌচিত্য (অনুচিত+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, অযুক্ততা, অনুচিততা, ন্যায়বিরুদ্ধতা।
অন্ত (অম্ গমন করা+ত(তন্)—ভাবে) সং, পুং, নাশ; শিং—১ "অদ্য কান্তঃ কৃতান্তো বা দুঃখস্যান্তং করিষ্যতি।" ২। নিশ্চয়; শিং—১ "উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ। ৩। শেষাবয়ব; যথা—নেত্রান্ত। ৪। প্রান্ত; যথা,—বনান্ত। ৫। সীমা, অবধি; যথা—পক্ষান্ত। ৬। ক্লীং, স্বরূপ; যথা—"মৃদুলতান্তলতামলোকয়ৎ" (মাঘ)। ৭। স্বভাব; যথা—শুদ্ধান্ত। ৮। পুং, ক্লীং, শেষ, অবসান; যথা—নিশান্ত। (অম্ গমন করা+ত(তন্)—ক) ৯। বিং, ত্রিং, নিকটস্থ; যথা—অন্তপাল। ১০। সুন্দর।
অন্তঃকরণ (অন্তর্ ভিতর—করণ ইন্দ্রিয়। যে দেহাভ্যন্তরস্থ ইন্দ্রিয়) সং, ক্লীং, অন্তরিন্দ্রিয়, মন।
অন্তঃকুটিল; সং, পুং, শঙ্খ। বিং, ত্রিং, কুটিলান্তঃকরণ।
অন্তঃপাতী (অন্তঃপাতিন্, অন্তর্ মধ্য—পত পতিত হওয়া+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, অন্তর্গত, মধ্যগত, মধ্যবর্ত্তী; যথা—অমুক গ্রাম অমুক জেলার অন্তঃপাতী, বাঙ্গালা দেশ ভারতবর্ষের অন্তঃপাতী।
অন্তঃপুর (অন্তর্ মধ্য—পুর গৃহ, নগর) সং, ক্লীং, বাটীর যে অংশে স্ত্রীলোকেরা বাস করে, স্ত্রীমহল, অবরোধ।
অন্তঃপুরিকা (অন্তঃপুর+ইক—প্রং) সং, স্ত্রীং, অন্তঃপুরচারী স্ত্রীলোক, কঞ্চুকী; শিং—১ "অস্মৎ প্রার্থনামন্তঃপুরিকাভ্যো নিবেদয়।" (চণ্ডকৌশিক)
অন্তঃশত্রু (অন্তর্ ভিতর—শত্রু) সং, পুং, অন্তরস্থ শত্রু, কামাদি রিপুগণ।
অন্তঃসংজ্ঞ (অন্তর্ আভ্যন্তরীণ—সংজ্ঞা চেতনা) বিং, ত্রিং, আভ্যন্তরীণ জ্ঞানযুক্ত। জ্ঞা—স্ত্রীং, চৈতন্য।

**অন্তঃসত্ত্বা** ( অন্তর্ মধ্য—সত্ত্ব জন্তু। যাহার অন্তরে অর্থাৎ গর্ভে জন্তু আছে, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, গর্ভিণী, গর্ভবতী। ২। ভল্লাতক।

**অন্তঃসলিলবাহিনী** ; বিং, স্ত্রীং, যাহার ভিতর দিয়া জল প্রবাহিত হয়।

**অন্তঃসলিলবাহিনী নদী** ( Subterranean river ) যে নদী পথিমধ্যে নিম্নে কোমল-মৃত্তিকাবিশিষ্ট অতি দৃঢ় পর্ব্বতখণ্ড প্রাপ্ত হইয়া ঐ পর্ব্বতের নিম্নভাগে ঐ কোমল মৃত্তিকা ধৌত করিয়া তৎস্থান দিয়া প্রবাহিত হয়।

**অন্তঃস্থ, অন্তস্থ** (অন্তর্—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, মধ্যস্থিত। ২। (স্পর্শবর্ণ উষ্মবর্ণ এই উভয়ের মধ্যস্থিত বলিয়া ) সং, পুং. য, র, ল, ব—বর্ণ। আকারান্ত অন্তঃস্থা শব্দ ও হয়।

**অন্তঃস্বেদ** ( অন্তর্ মধ্য—স্বেদ মদস্বেদ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, মদস্রাবী হস্তী।

**অন্তক** ( অন্তি নাশকরা+অক(ণক)—ক ) সং, পুং, যম। ২। বিং, ত্রিং, নাশকারী, নাশক।

**অন্তকর** ( অন্ত—কর যে করে ) বিং, ত্রিং, বিনাশকারী। যথা—"অহমন্তকরো নূনং ধ্বান্তস্যেব দিবাকরঃ।" (ভট্টি)

**অন্তকাল** ( অন্ত শেষ—কাল সময় ) সং, পুং, চরমকাল, মৃত্যুকাল।

**অন্তগ** (অন্ত—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, পারগামী। শিং—১"বেদান্তগো ব্রাহ্মণঃ স্যাৎ ক্ষত্রিয়া বিজয়ী ভবেৎ।" ২। প্রান্তবর্ত্তী। ৩। ( অন্ত নাশ—গ প্রাপ্ত ) মৃত।

**অন্ততঃ** (অন্ততস্, অন্ত+তস্=তে, ৫ ) অং, শেষে। নিদানকল্পে, শেষকল্পে। ন্যূনকল্পে। তুল্য।

**অন্তর্** ( অন্ত শেষে—রা গ্রহণ করা+০ (কিপ্)—ধি) অং, মধ্যে। শেষে। চিত্তে। শিং—১"অন্তর্গতং প্রাণভৃতাং বেদ।" (রঘু) স্বীকারে। দূর, ব্যবধান। শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া প্রয়োগ হয়, যথা—অন্তর্গত, অন্তর্দাহ।

**অন্তর** (অন্ত শেষ—র 'রা' ধাতুজ অর্থ দান করা+অ(ড)—ধি) সং, ক্লীং, অবকাশ ; যথা—'মৃণালসূত্রান্তরমপ্যলভ্যম্।'(কুমার) ২। মধ্য ; শিং—১"আবয়োরন্তরে জাতাঃ পর্ব্বতাঃ পরিতোক্রমাঃ।".৩। রন্ধ্র, ছিদ্র ; শিং—১ "প্রহরেদন্তরে রিপুং।" ৪। অবসর ; শিং—১ "অত্রান্তরে চ কলটা কুলবত্ম পান্তে।" ৫। অবধি ; শিং—১ "নিরন্তরাভ্যন্তরবাতবৃষ্টিসু।" (—রা দান করা+অ(ড)—ণ ) ৬। পরিধান বস্ত্র ; যথা—"অন্তরে শাটকাঃ পরিধানীয়া।" (—রা দান করা+অ(ড)—ভাবে ) ৭। অন্তর্দ্ধান ; যথা—"পর্ব্বতান্তবিতোরবি.।" ৮। ভেদ, প্রভেদ ; শিং—১ "শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্।" ৯। বিনা, ব্যতিরেক ; শিং—১ "হরে ত্বদালোকন-মন্তরেণ।" ১০। বহিঃস্থান ; শিং—১ "অন্তরে চণ্ডালগৃহা" অর্থাৎ বাহিরে। ১১। তাদর্থ্য ; শিং—"ত্বামন্তরেণ ঋণং গৃহীতং ত্বদর্থমিত্যর্থঃ। ১২। ব্যবধান ; যথা—নিরন্তর। ১৩। তারতম্য। ১৪। আধিক্য। (—রা গ্রহণ করা+অ(ড)—ক ) ১৫। সদৃশ ; যথা—"হকারস্য ঘকারোহন্তরতমঃ।" ১৬। আত্মীয় ; যেমন—অন্তরঙ্গ। ১৭। আত্মা ; যথা—অন্তঃসংজ্ঞা। ১৮। ভিন্ন ; অন্য, অপর। (এই অর্থে শব্দের যোগ ব্যতিরেকে স্বতন্ত্র প্রয়োগ হয় না ; যথা—গ্রামান্তর, প্রজান্তর, স্থানান্তর ইত্যাদি।)

**অন্তরঙ্গ** ( অন্তর মধ্য—গ যে গমন করে। অথবা অন্তর সদৃশ—অঙ্গ ) সং, ত্রিং, অন্তঃকরণ। ২। আত্মীয়, স্বজন, বন্ধু ; শিং—১"চরম গিরিকুরঙ্গী শৃঙ্গকণ্ডূয়নেন স্বপিতি সুখমিদানীমন্তরঙ্গঃ কুরঙ্গঃ।" "তোরে অন্তরঙ্গ জানি, করিনু যুগলপানি উপকারে আসিতে আমার।" (অন্নদা) ৩। ব্যাকরণে প্রকৃত্যাশ্রিত কার্য্য। ৪। মধ্যস্থিত। [আত্মীয়তা।

**অন্তরঙ্গতা** (অন্তরঙ্গ+তা—ভাবে) সং, স্ত্রীং,

**অন্তরজ্ঞ** ( অন্তর ভেদবিশেষ—জ্ঞ যে জানে ) বিং, ত্রিং, বিশেষজ্ঞ ; শিং—১

"নান্তরজ্ঞাঃ প্রিয়োক্তাঃ প্রিয়ৈরাসাং ন ভূয়তে।" (কিরাতার্জ্জুনীয়)।

অন্তরস্থ (অন্তর—স্থ যে থাকে) বিং, ত্রিং, আন্তরিক, যাহা অন্তরে থাকে, বাহ্যে লক্ষিত হয় না, মনোগত।

অন্তরা (অন্তর্—ই গমন করা+আ(ডা)—ধি) অং, ব্যতিরেক। মধ্যে। সমীপে, নিকটে।

অন্তরাত্মা (অন্তরাত্মন্, অন্তর্ মধ্য—আত্মন্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেহান্তর্ব্বর্ত্তী জীবাত্মা। ২। অন্তঃকরণ।

অন্তরাপত্যা (অন্তর মধ্যে—অপত্য সন্তান সন্ততি। যাহার অন্তরে অর্থাৎ গর্ভে অপত্য আছে, আ(আপ)—স্ত্রীং। ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গর্ভবতী।

অন্তরায়(অন্তর্ মধ্য—ই [অয়] গমন করা+অ (ঘঞ্)—ভাবে) সং, পুং, প্রতিবন্ধ, বিঘ্ন; "ঐ দোষ তাহার উক্ত সমুদায় গুণের অন্তরায় হইয়াছে।" শিং—১ "ত্বমন্তরায়ো ভবসিচ্যুতো বিধিরিতি।" (রঘু) ২। ব্যবধান কারক; শিং—১ 'কৃষ্ণসারস্যান্তরায়ৌ তপস্বিনৌ সংবৃত্তৌ।"

অন্তরাল (অন্তরা মধ্যে—লা গ্রহণকরা+অ(ড)—ক) সং, পুং—ক্লীং, অভ্যন্তর, ব্যবধান, মধ্য, আড়াল শিং—১"ভুতোষ পশ্যন্ বিতৃণান্তরালা।" (ভট্টি)

অন্তরিক্ষ, অন্তরীক্ষ (অন্তর্ মধ্য—ঋক্ষ নক্ষত্র কিম্বা ঈক্ষ্ দেখা+অ(অল)—র্ম্ম। ইহার মধ্যে নক্ষত্র দেখা যায় কিম্বা জগতের মধ্যে ইহা দেখা যায়) সং, ক্লীং, আকাশ, গগন, শূন্য।

অন্তরিত (অন্তর মধ্য+ইত—প্রং) বিং, ত্রিং, ব্যবহিত। আচ্ছন্ন, আবৃত। অন্তর্গত, অন্তপ্রাপ্ত, অন্তর অর্থাৎ গর্ভদেশে আবদ্ধ; যথা—"গিরি (দেখিলা) লড়িছে অন্তরিত পরাক্রমে।" (মেঘনাদ)। ২। মৃত, পৃথকভূত; যথা—"তিনি এই সুখময় পৃথিবী হইতে অন্তরিত হইয়াছেন।" ৩। অপসারিত, বাকী।

অন্তরিন্দ্রিয় (অন্তর্—ইন্দ্রিয়) সং, ক্লীং, মন, অন্তঃকরণ।

অন্তরীপ (অন্তর্ মধ্য—অপ জল। +অ—প্রং। অ=ঈ। জলের মধ্যে যাহা আছে) সং, পুং—ক্লীং, দ্বীপ, জলবেষ্টিত ভূভাগ। (Cape) যে ভূভাগের অগ্রভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া জলমধ্যে প্রবিষ্ট হইয়াছে।

অন্তরীয় (অন্তর পরিধান+ঈয়—ইদমর্থে) সং, ক্লীং, অধোবস্ত্র, ধুতি ইজের প্রভৃতি। শিং—১"নাভৌ ধৃতঞ্চ যদ্বস্ত্রমাচ্ছাদয়তি জানুনী। অন্তরীয়ং প্রশস্তং তদচ্ছিন্নমুভয়ান্তয়োঃ।"

অন্তরে (অন্তর্—ই গমন করা+০(বিচ)—ক) অং, মধ্যে।

অন্তরেণ (অন্তর—ই গমন করা+ন—প্রং) অং, বিনা, ব্যতিরেকে। ২। মধ্যে। ৩। প্রতি।

অন্তর্গড়ু (অন্তর্—গড়ু) সং, পুং, আভ্যন্তরিক গড়ু। ২। বিং, ত্রিং, অপ্রয়োজনীয়। ৩। অলস; শিং—১ "অন্তর্গড়ু নিরর্থকম্।"

অন্তর্গত (অন্তর্ মধ্য—গত প্রাপ্ত) বিং, ত্রিং, হৃদ্গত। মধ্যগত। অন্তর্ভূত, অন্তর্ব্বর্ত্তী, মধ্যবর্ত্তী। বিস্মৃত।

অন্তর্গৃহ (অন্তর্ ভিতর—গৃহ ঘর) সং, ক্লীং, গৃহের অভ্যন্তর, ঘরের ভিতর। ২। অভ্যন্তরস্থিত গৃহ।

অন্তর্ঘন (অন্তর্—হন্ বধ করা+অ(অল)—র্ম্ম) সং, পুং, (দ্বার অতিক্রম করিয়া) সাবকাশপ্রদেশ। শিং—১" তস্মিন্নন্তর্ঘনে পশ্যন প্রঘনে সৌধসদ্মনঃ। (ভট্টি)। ২। অভ্যন্তর প্রদেশ।

অন্তর্জল (অন্তর্—জল) সং, ক্লীং, জল মধ্যে। ২। স্থল-জলে।

অন্তর্জলোৎস (Artesian fountain) সং, পুং, ভূগর্ভস্থিত উৎস।

অন্তর্জ্যোতিঃ (অন্তর্জ্যোতিস, অন্তর্—জ্যোতিস) সং, ক্লীং, অন্তরাত্মা।

অন্তর্দ্দেশ (Valley) সং, পুং, দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান। অভ্যন্তর প্রদেশ।

অন্তর্দ্বার (অন্তর্ মধ্য—দ্বার) সং, ক্লীং, বাটীর মধ্যগত গুপ্ত দ্বার। ২। খিড়কী দ্বার।

অন্তর্দ্ধা—স্ত্রীং
অন্তর্দ্ধান—ক্লীং
অন্তর্দ্ধি—স্ত্রীং
(অন্তর্ মধ্য—ধা ধারণ করা + অ(ঙ), অন (অনট্),ই(কি), —ভা) সং, তিরোধান, লুকান, অদৃশ্য হওয়া, ব্যবধান, দৃষ্টিবহির্ভূত হওয়া।

অন্তর্ভাব (অন্তর—ভূ হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, মধ্যে পতন। অভ্যন্তরে স্থিতি। অন্তর্নিবেশ, অন্তর্গত হওয়া, অন্তর্ভূত হওয়া। ২। আন্তরিক ভাব।

অন্তর্ভূত (অন্তর্ মধ্য—ভূত [ভূ হওয়া+ত(ক্ত)—ক] যে হইয়াছে) বিং, ত্রিং, অন্তর্গত, মধ্যস্থিত,অন্তর্বর্ত্তী, মধ্যবর্ত্তী।

অন্তর্মনাঃ (অন্তর্মনস, অন্তর্ বহির্দেশ—মনস্। যাহার মন বনান্ত পর্য্যন্ত গিয়াছে অথবা অন্তর মধ্য—মনস্ মন। বাহ্যজ্ঞানশূন্যতা হেতু যাহার মন অন্তরেই নিবিষ্ট। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিষণ্ণ, উদ্বিগ্ন, ব্যাকুল। ২। সমাহিতচিত্ত। ৩। গূঢ়চেতাঃ। ৪। যাহার মনের ভাব টের পাওয়া যায় না।

অন্তর্মুখ (অন্তর্—মুখ। যাহার অভ্যন্তরে মুখ) বিং, ত্রিং, যে বাহিরে যায় না। ২। (অন্তর্ পরমাত্মা—মুখ। পরমাত্মা মুখ অর্থাৎ প্রবেশ দ্বার যাহার) বাহ্যবস্তু পরিহার পূর্ব্বক পরমাত্মা বিষয়ে নিবিষ্টচিত্ত।

অন্তর্যামী (অন্তর্যামিন্, অন্তর্ মধ্য—যামিন্ [যম্-ণিঞ=যামি থাকা+ইন্(ণিন্)—ক] যে অবস্থিতি করে। যিনি অন্তরে অবস্থিতি করেন) সং, পুং, অন্তরাত্মা, অন্তর্জ্ঞানী, জীব। ২। জীবের প্রবৃত্তি নিবৃত্তির নিয়ম কর্ত্তা, চিত্তবৃত্তি নিয়ামক, ঈশ্বর। শিং—১"অন্তরাবিশ্য ভূতানি যো বিভর্ত্ত্যাত্মকেতুভিঃ। অন্তর্যামীশ্বরঃ সাক্ষাৎভবেৎ।" ৩। বিং ত্রিং, আন্তরিক ভাববেত্তা।

অন্তর্বংশিক (অন্তর্ মধ্য—বংশ কুল+ইক(ষ্ণিক)—স্থিত্যর্থে) সং, পুং, অন্তঃপুরে অধিকৃত। অন্তঃপুররক্ষক।

অন্তর্বত্নী (অন্তর্ মধ্য+মৎ(বতু)—অন্ত্যর্থে। নিপাতন) সং, স্ত্রীং, গর্ভবতী, গর্ভিণী, অন্তঃসত্ত্বা।

অন্তর্বর্ত্তী (অন্তর্বর্ত্তিন্, অন্তর্—বর্ত্তী যে বিদ্যমান থাকে) বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, অন্তর্গত, মধ্যগত, অন্তর্ভূত।

অন্তর্বাণি (অন্তর্—বাণী। যাহার অন্তঃকরণে শাস্ত্র এবং ব্যাক্যাত্মিকা বাণী আছে। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শাস্ত্রবেত্তা, পণ্ডিত।

অন্তর্বাসঃ (অন্তর্ ভিতর—বাসস্ আচ্ছাদন) সং, ক্লীং, বৈষ্ণব দিগের দ্বিবিধ পরিধানের মধ্যে অন্তর্ব্বাস অন্তঃপরিধেয় বস্ত্র।

অন্তর্ব্বাহ (Inward flow) যদি কোন তরল পদার্থ পরিপূর্ণ পাত্রের একমুখ সূক্ষ্ম চর্ম্মাবৃত করিয়া অন্য এক প্রকার তরল পদার্থ পরিপূর্ণ পাত্রে নিমগ্ন করা যায়, আর যদি ঐ দুইটী তরল পদার্থের পরস্পরের সহিত সংসক্তি থাকে, তাহা হইলে চর্ম্মের মধ্য দিয়া একটী প্রবাহ বাহির হইয়া ভিতরে প্রবেশ করে; আর একটী প্রবাহ ভিতর হইতে বাহিরে আসে। এই দুইটী প্রবাহকে অন্তর্ব্বাহ ও বহির্ব্বাহ বলে। (পদার্থবিদ্যা)

অন্তর্বেদি, অন্তর্বেদী (অন্তর্—বেদি, বেদী মৃত্তিকা স্তূপাকৃতি ভূমি) সং, স্ত্রীং, দুই নদীর মধ্যস্থ দেশ, দোয়াব, ব্রহ্মাবর্ত্ত দেশ; প্রয়াগ হইতে হরিদ্বার পর্য্যন্ত গঙ্গা যমুনার মধ্যদেশ। [—ষ) সং, পুং, গূঢ় হাস্য।

অন্তর্হাস (অন্তর্ মধ্য—হাস হাস্য, ৬ষ্ঠী

অন্তর্হিত (অন্তর্ মধ্য—ধা ধারণ করা +ত(ক্ত)—ক। ধা=হি) বিং, ত্রিং, যার অন্তর্ধান হইয়াছে, তিরোহিত, ব্যবহিত, অপবারিত, অদৃষ্ট। ২। (—ধা ধারণ করা +ত(ক্ত)—র্ম্ম) আবৃত।

অন্তশয্যা (অন্ত শেষ—শয্যা বিছানা) সং, স্ত্রীং, মৃত্যুকালীন ভূমিশয্যা। ২। মৃত্যু। ৩। শ্মশান।

অন্তাবসায়ী (অন্তাবসায়িন্, অন্ত শেষ—অব—সো। নাশ করা+ইন্(ণিন্)—ক। যে নখাদি নাশ করে) সং, পুং, নাপিত। চণ্ডাল।

অন্তিক (অন্ত শেষ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, সন্নিহিত। ২। ক্লীং, সন্নিধান,

নৈকট্য। যথা গৃহান্তিক। ৩। কা—স্ত্রীং, (অন্ত—ক(কণ্) — প্রং) নাট্যোক্তিতে — জ্যেষ্ঠা ভগিনী। ৪। চুল্লী, উনান। ৫। চামারকন্যা।

অন্তিকতম (অন্তিক+তম—অত্যর্থে) বিং, ত্রিং, অতি নিকট।

অন্তিম (অন্ত+ইম(ডিম)—ভবার্থে) বিং, ত্রিং, শেষ, চরম। ২। অন্তকালীন। ৩। অন্তিম সংস্কার। ৪। অতি নিকট।

অন্তেবাসী, অন্তবাসী (অন্তেবাসিন্, অন্তে সমীপে—বাসী যে বাস করে। যে পাঠকালে গুরু সমীপে বাস করে) সং, পুং, ছাত্র, শিষ্য। ২। (অন্তে প্রান্তে। যে নগরাদির প্রান্তে বাস করে) চণ্ডাল, নীচ। ৩। বিং, ত্রিং, সমীপবর্ত্তী।

অন্ত্য (অন্ত শেষ+য—ভবার্থে) বিং, ত্রিং, অন্তিম, চরম। অবশিষ্ট। নীচ, নীচজাতি। শূদ্র। সং, পুং, চণ্ডাল। মৃতাঘাস। ক্লীং, পরার্দ্ধ দশভাগ বা শতভাগ সংখ্যা।

অন্ত্যজ (অন্ত্য নীচ—জ যে জন্মে। যে ব্রহ্মার পাদ হইতে জন্মিয়াছে) সং, পুং, স্ত্রীং, শূদ্র, চতুর্থ বর্ণ। চণ্ডাল। বিং, ত্রিং, নীচ কুল জাত। নীচ, অধম, নীচাশয়।

অন্ত্যজন্মা (অন্ত্যজন্মন্, অন্ত্য নীচ—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীচজাতি। শূদ্র। শিং—১"প্রতিগ্রহস্ত ক্রিয়তে শূদ্রাদপ্যন্ত্যজন্মনঃ (মনু)। চণ্ডালাদি।

অন্ত্যভ (অন্ত্য শেষ—ভ নক্ষত্র) সং, ক্লীং, শেষ নক্ষত্র, রেবতী নক্ষত্র। ২। মীনরাশি।

অন্ত্যবর্ণ (অন্ত্য শেষ—বর্ণ জাতি, অক্ষর, ষং—স) সং, পুং, শেষ অক্ষর। ২। পুং, স্ত্রীং, শূদ্র, চতুর্থ বর্ণ।

অন্ত্যাবসায়ী (অন্তাবসায়ী দেখ) সং, পুং—স্ত্রীং, চণ্ডালাদি সপ্ত জাতি। শিং—১ "চাণ্ডালঃ শ্বপচঃক্ষত্তা সূতোবৈদেহকস্তথা। মগধা যোগবৌ চৈব সপ্তেতেঽন্ত্যাবসায়িনঃ।"

অন্ত্যেষ্টি (অন্ত্য শেষ—ইষ্টি[যজ্ দেবপূজা করা+তি (ক্তি)—ভা। যজ্=ইষ্] যাগ, ষং—স) সং, স্ত্রীং, শেষ যজ্ঞ, শবদাহাদি, চরম সংস্কার, মৃতসংকার, দাহাদি ক্রিয়া।

অন্ত্র (অম্ রুগ্ন হওয়া+ত্র—ণ। কিম্বা অন্ত্ বন্ধনকরা + র—সংজ্ঞার্থে। যে কাল খণ্ডাদি বন্ধন করে) সং, ক্লীং, আঁতড়ি, নাড়ীভুড়ি।

অন্ত্রবৃদ্ধি; পুং, স্ত্রীং, রোগবিশেষ।

অন্দু, অন্দূ—স্ত্রীং, অন্দুক, অন্দূক—পুং } (অন্দ্ বন্ধন করা + উ, ঊ (কু, কূ) — প্রং। অন্দু+ক(কণ্)—স্বার্থে) সং, নিগড়। ২। হস্তিপাদ-বন্ধন-শৃঙ্খল। ৩। স্ত্রী-পাদ-ভূষণ।

অন্ধ (অন্ধ্ দৃষ্টিহীন হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, যাহার দুই চক্ষু নাই, দর্শনশক্তি রহিত। নিবিড়। অন্ধকারময়। (অন্ধ-ত্রি =অন্ধি দৃষ্টিহীন হওয়া+অ(অল্)—ণ) সং, ক্লীং, অন্ধকার। জল।

অন্ধক (অন্ধ দেখ+ক(কণ্)—প্রং) সং, পুং, মুনিবিশেষ। রাজা দশরথ মৃগয়া করিতে গিয়া অন্ধমুনির সিন্ধুক নামে শিশু সন্তানকে হস্তিভ্রমে বধ করিয়া শাপগ্রস্ত হন। লৌকিক প্রবাদ, এই অন্ধমুনির নাম অন্ধক। পরন্ত তাঁহার নামই যে অন্ধক অথবা অন্ধ হওয়াতে লোকে তাহাকে অন্ধক [illegible] রামায়ণ ও রঘুবংশে তাহার নাম [illegible] প্রমাণ নাই। ২। যদু-বংশীয় সাত্বতের সাতটী পুত্র, তন্মধ্যে অন্ধক চতুর্থ। ৩। অসুর বিশেষ; কিরাতার্জ্জুনীয় কাব্যে লিখিত আছে অন্ধককে মহাদেব বিনাশ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম অন্ধকান্তক হইয়াছে। ৪। দেশবিশেষ। ৫। সং, ক্লীং, অন্ধকার। ৬। বিং, ত্রিং, অন্ধ।

অন্ধকরিপু (অন্ধক অসুরবিশেষ—রিপু শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, (অন্ধকাসুরকে বধ করিয়া ছিলেন বলিয়া)। শিব। ২। (অন্ধকার নাশ করেন বলিয়া) সূর্য্য।

অন্ধকার (অন্ধ দৃষ্টিহীন—কার[কৃ করা +অ(ষণ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, তিমির, তমঃ, আলোকের অভাব।

অন্ধকাসুহৃদ্ (অন্ধক অসুরবিশেষ—অসুহৃদ্ শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

অন্ধকূপ (অন্ধ—কূপ, য়ং—স) সং, পুং, অন্ধকারময় কূপ, অব্যবহৃত কূপ, এঁধো পাতকুয়া। ২। (৭মী—হিং) নরকবিশেষ।

অন্ধগোলাঙ্গুলন্যায়—ন্যায় (১) দেখ।

অন্ধতম (অন্ধ+তম—বহুর মধ্যে একের উৎকর্ষার্থে) বিং, ত্রিং, অতিশয় অন্ধকার বিশিষ্ট।

অন্ধতমস (অন্ধ নিবিড়—তমস অন্ধকার, য়ং—স। অ—প্রং) সং, ক্লীং, গাঢ় অন্ধকার, নিবিড়ান্ধকার।

অন্ধতামিস্র (অন্ধ নিবিড়—তামিস্র অন্ধকার, য়ং—স) সং, ক্লীং, নিবিড় অন্ধকার। ২। (৭মী—হিং) নরকবিশেষ; এই নরক নিবিড় অন্ধকারময়।

অন্ধপঙ্গুন্যায়—ন্যায় (২) দেখ।

অন্ধপরম্পরান্যায়—ন্যায় (৮) দেখ।

অন্ধস (অদ্ ভোজন করা+অস্—র্ম্ম। ন—আগম। দ=ধ। যাহা ভোজন করা যায়) সং, ক্লীং, সিদ্ধ তণ্ডুল, অন্ন।

অন্ধহস্তীন্যায়—ন্যায় (১০) দেখ।

অন্ধাহি (অন্ধ দৃষ্টিহীন—অহি সর্প, য়ং—স। ইহার সর্পের ন্যায় গঠন ও চক্ষুঃ ক্ষুদ্র) সং, পুং—স্ত্রীং, কুঁচে।

অন্ধিকা (অন্ধ দেখ+অক—ক) সং, স্ত্রীং, রাত্রি। সর্পী। দ্যূত-ক্রীড়া-বিশেষ। চক্ষুরোগবিশেষ।

অন্ধু (অম্ গমন করা+তু—সংজ্ঞার্থে। জলার্থিরা যাহার নিকট গমন করে) সং, পুং, কূপ, পাতকূয়া।

অন্ধুল; সং, পুং, শিরীষ বৃক্ষ।

অন্ধ্র (অন্ধ দেখ+র—কং) সং, পুং, ব্যাধ। ২। দেশবিশেষ, কলিঙ্গের পশ্চিম। ৩। (অন্ধ্র+অ—প্রং) জাতিবিশেষ।

অন্ন (অদ্ ভোজন করা+ত(ক্ত)—র্ম্ম। দ্, ত=ন্ন) সং, ক্লীং, ওদন, ভাত। ভোজনীয় বস্তু। বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত।

অন্নকোষ্ঠক (অন্ন—কোষ্ঠ শস্যাগার+ক—অল্পার্থে) সং, পুং, তণ্ডুলাদি রাখিবার স্থান, গোলা।

অন্নগন্ধি (অন্ন—গন্ধ ঘ্রাণ) সং; পুং, উদরাময় রোগ।

অন্নদ (অন্ন—দ [দা দানকরা+অ(ড)—ক) বিং, ত্রিং, অন্নদাতা। দা—স্ত্রীং, ভগবতী, বিশ্বেশ্বরী।

অন্নদাতা (অন্নদাতৃ, অন্ন—দাতৃ যে দান করে) বিং, ত্রিং, যে অন্ন দেয়, প্রতিপালক।

অন্নদাস (অন্ন—দাস) সং, পুং, যে অন্নের নিমিত্ত যাবজ্জীবন অন্যের দাসত্ব করে। ২। যে দাসের মত অন্যের অন্ন ধ্বংস করে, ভাতুড়িয়া।

অন্নপূর্ণা (অন্ন ভক্ষ্যদ্রব্য—পূর্ণা তৃপ্তিকর্ত্রী। যিনি অন্নদ্বারা তৃপ্তি করেন, ৩য়া—ষ) সং, স্ত্রীং, ভগবতীর মূর্ত্তি বিশেষ; এই মূর্ত্তি দ্বিভুজ, বামহস্তে স্বর্ণময় অন্নপাত্র, দক্ষিণহস্তে দর্ব্বী অর্থাৎ হাতা, মহাদেবকে অন্ন পরিবেশন করিতেছেন। দক্ষিণামূর্ত্তি-সংহিতায়—অন্নপূর্ণা চতুর্ভুজা। ঐ চারি হস্তে পদ্ম, অভয়, অঙ্কুশ ও দান। কাশীতে ঐ মূর্ত্তি প্রতিষ্ঠিত। ২। বিং, ত্রিং, অন্নে পরিপূর্ণ।

অন্নপ্রাশন (অন্ন—প্রাশন [প্র—অশ্ ভোজন করা+অন(অনট্)—ভা] ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বালক বালিকাদিগের প্রথম অন্নভক্ষণরূপ সংস্কারবিশেষ।

অন্নভোক্তা (অন্নভোক্তৃ, অন্ন—ভুজ্ ভোজন করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে অন্ন ভোজন করে। ২। যাহার সহিত একত্র বসিয়া অন্নভোজন করা যায়। যথা—অন্নভোক্তা কুটুম্ব।

অন্নময়কোষ; সং, পুং, স্থূল শরীর।

অন্নমল; সং, ক্লীং, মদ্য, মদিরা।

অন্নরস (Chyle) সং, ক্লীং, পাকাশয় মধ্য দিয়া ভুক্ত দ্রব্যের গমনকালে তাহা হইতে দুগ্ধবৎ যে রস নির্গত হয়।

অন্নবহনালী (Alimentary Canal) সং, স্ত্রীং, যে নালী দ্বারা ভুক্ত বস্তু শরীরের অন্তরস্থ হয় ও তাহার অসার ভাগ বহির্গত হয়।

অন্নবিকার (অন্ন—বিকার প্রকৃতির অন্যথাভাব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্র। ২। বিষ্ঠা, মল।

অন্নাদ (অন্ন—অদ যে ভোজন করে) বিং, ত্রিং, অন্নভোজী। সং, পুং, বিষ্ণু।
অন্য (অন্ বাঁচা+য—ক) সর্ব্বং, ত্রিং, ভিন্ন, বিভিন্ন, অপর। ২। সদৃশ।
অন্যতম (অন্য+তম—বহুর মধ্যে এক নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে এক।
অন্যতর (অন্য+তর—দুয়ের মধ্যে এক নির্দ্ধারণার্থে) সর্ব্বং, ত্রিং, ভিন্ন। ২। দুয়ের মধ্যে একটি।
অন্যতরেদ্যুঃ (অন্যতরেদ্যুস্, অন্যতর+ এদ্যুস্—দিবার্থে) অং, অন্যতর দিনে। দুয়ের মধ্যে এক দিনে।
অন্যতঃ (অন্যতস, অন্য+তস—প্রং। পঞ্চমী বা সপ্তমী বিভক্তি স্থানে তস্) অং, অন্যত্র। ২। অন্য হইতে।
অন্যত্র (অন্য+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, ভিন্ন স্থানে, অপর বিষয়ে। ২। তদ্ভিন্ন, তদ্ব্যতিরেকে।
অন্যথা (অন্য+থা—প্রকারার্থে) অং, অন্য প্রকার। বিপরীত, বিরুদ্ধ। নতুবা। অসত্য। বিনা।
অন্যথাভাব (অন্যথা—ভাব [ভূ হওয়া+ অ (ঘঞ্)—ভা] হওয়া) সং, পুং, অন্যথা হওয়া, যে রূপ হওয়া উচিত বা আবশ্যক তাহার বিপরীত হওয়া।
অন্যথাসিদ্ধি (অন্যথা—সিদ্ধি সিদ্ধান্ত করা) সং, স্ত্রীং, হেতুর দোষ, হেত্বাভাসবিশেষ, অভাবনীয় কর্ম্মের উৎপত্তি। ২। অন্য প্রকারে সিদ্ধি।
অন্যদা (অন্য+দা—কালার্থে) অং, অন্য সময়ে, সময়ান্তরে। শিং—১"অন্যদা ভূষণং পুংসাং ক্ষমা লজ্জেব যোষিতাং।"
অন্যদীয় (অন্য+ঈয়—প্রং) বিং, ত্রিং, অন্যসংক্রান্ত।
অন্যপুষ্ট (অন্য—পুষ্ট [পুষ্ প্রতিপালন করা+ত(ক্ত)—র্ম্ম] প্রতিপালিত। যে অন্য কর্ত্তৃক অর্থাৎ কাক কর্ত্তৃক [কাকেরা কোকিলের ডিমে তা দিয়া ডিম ফুটায় এবং আধার দিয়া পালন করে] প্রতিপালিত, ৩য়া—ষ) সং, পুং, ষ্টা—স্ত্রীং, কোকিল পরভৃত। শিং—১"অপ্যন্যপুষ্ট প্রতিকূলশব্দাঃ শ্রোতুর্ব্বিতন্ত্রীরিব তাড্যমান (কুমার)। ২। বিং, ত্রিং, পরপুষ্ট।
অন্যপূর্ব্বা (অন্য—পূর্ব্ব) সং, স্ত্রীং, পুনভূ একের সহিত বিবাহ সম্বন্ধ স্থির হইবে পর অন্যের সহিত যে কন্যার বিবা হয়, যে বাগদত্তা কন্যার বিবাহের পূর্বে বরের মৃত্যু হয়, মতবাগ্দানপতিকা।
অন্যপূর্ব্বাগ্রাহী (অন্যপূর্ব্বা—গ্রাহিন্ ( গ্রহণ করে) সং, পুং, যে ব্যক্তি অন্যপূর্ব্বা কন্যাকে বিবাহ করে।
অন্যভৃৎ (অন্য কোকিল—ভৃৎ [ভৃ ভর করা+০(ক্বিপ্)—ক] যে পোষণ করে ২য়া—ষ)সং পুং—স্ত্রীং, কাক।
অন্যভৃত (অন্য [কাক] ভৃত পুষ্ট, ৩য়া—ষ সং, পুং—স্ত্রীং, কোকিল; শিং—১"কল মন্যভৃতাসু ভাষিতম্।" (রঘু)
অন্যমনস্ক (অন্য—মনস্ মন+ক—স্বার্থে যাহার অন্যদিকে মন আছে, ৬ষ্ঠী—হিং বিং, ত্রিং, অন্য চিত্ত, অন্যমনাঃ। অন্যা সক্ত চিত্ত।
অন্যমনাঃ (অন্যমনস্, অন্য—মনস্) বিং ত্রিং, যাহার অন্যদিকে মন আছে, অন্য মনস্ক। বিসর্গ রহিত ও ব্যবহার হয়।
অন্যবিধ (অন্য—বিধা প্রকার) বিং, ত্রিং অন্যপ্রকার, আর এক প্রকারের বস্তু ব ব্যক্তি।
অন্যাদৃক্ } (অন্যাদৃশ্, অন্য—দৃশ্, দৃ
অন্যাদৃশ } [দৃশ্ দেখা + ০(ক্বিপ্), ব (টক্)—ভা] দর্শন। যাহার অন্যমত দর্শন ৬ষ্ঠী—হিং, অথবাঅন্য—দৃশ্ দেখা+ (ক্বিপ্), অ(টক্)—র্ম্ম) বিং, ত্রিং, অন প্রকার, ভিন্ন রূপ, বিভিন্ন আকার। বা যাহা অন্যের মত দেখায়, অন প্রকার দেখায়।
অন্যান্য (অন্য—অন্য, দ্বং—স) বিং, ত্রিং অপরাপর, ভিন্ন ভিন্ন, অন্য অন্য।
অন্যায় (অ—ন্যায় ঔচিত্য) সং, পুং অনৌচিত্য, ন্যায়বহির্ভূত। অবিচার বিং,ত্রিং,অন্যায্য, ন্যায়বিরুদ্ধ, ন্যায়াপেত যাহা ন্যায় সঙ্গত নহে।

অন্যায়তঃ (অন্যায়তস্, অন্যায়+তস্—প্রং) ক্রিং—বিং, অন্যায়পূর্ব্বক।
অন্যায্য (অ—ন্যায্য উচিত) বিং, ত্রিং, অনুচিত। ২। অযোগ্য।
অন্যূন (অ—ন্যূন অল্প) বিং, ত্রিং, ন্যূন নয়, সমগ্র, সম্পূর্ণ। যথা—অন্যূন দশ দিবস অর্থাৎ দশদিনের ন্যূন নয়।
অন্যেদ্যুঃ (অন্যেদ্যুস্, অন্য+এদ্যুস্—দিবার্থে) অং, পরদিনে। ২। অন্যদিনে। "অন্যেদ্যুরাত্মানুচরস্য ভাবম্।" (রঘু)।
অন্যোদর্য্য (অন্য—উদর গর্ভ+য—প্রং) বিং, ত্রিং, বৈমাত্রেয়। শিং—১"অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী নান্যোদর্য্যোধনং হরেৎ।"
অন্যোন্য (অন্য—অন্য। স—অগম। স=ও) বিং, ত্রিং, পরস্পর। সং, ক্লীং, অর্থালঙ্কার বিশেষ।
অন্যোন্যাভাব (অন্যোন্য—অভাব) সং, পুং, পরস্পরের অভাব।
অন্যোন্যাশ্রয় (অন্যোন্য—আশ্রয়) সং, পুং, পরস্পর সাপেক্ষ। ২। তর্কদোষবিশেষ।
অন্বক্ (অন্বচ্, অনু পশ্চাৎ—অনচ্ গমন করা+০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, অনুগামী। অং, ক্লীং, অনুপদ, পশ্চাৎ। "অন্বগ্ যযৌ মধ্যমলোকপালঃ।" (রঘু)।
অন্বঞ্চ (অনু পশ্চাৎ—অনচ্ গমন করা+০ (বিচ্)—ক) বিং, ত্রিং, অনুগামী।
অন্বক্ষ (অনু অনুগত—অক্ষ ইন্দ্রিয়। বিং, ত্রিং, অনুগামী, পশ্চাদ্গামী। (অনু—অক্ষ অক্ষিশব্দজ) অং, ক্লীং, অক্ষিসমীপে, প্রত্যক্ষে, সমক্ষে।
অন্বয় (অনু পশ্চাৎ—অয় [ই গমন করা+অ(অল্)—ধি, ভা) সং, পুং, আদিপুরুষ, বংশ, কুল। শিং—১ "রঘুনামন্বয়ং বক্ষ্যে।" ২। তদন্বয়ে শুদ্ধিমতি প্রসূতঃ শুদ্ধিমত্তর (রঘু)। ২। সন্তান। ৩। ধারা, পরস্পর সম্বন্ধ বাক্য বা পদের শ্রেণী বিন্যাস। ৪। সম্বন্ধ। ৫। সম্পর্ক। ৬। অনুবৃত্তি। ৭। বিদ্যমানতা। ৮। অর্থ।
অন্বয়যোজনা (অন্বয়—যোজনা) সং, স্ত্রীং, বাক্যের অন্তর্গত কর্ত্তা কর্ম্ম ক্রিয়া প্রভৃতি পদের পরস্পর সম্বন্ধ নিরূপণ।
অন্বয়বোধ (অন্বয়—বোধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ পদার্থের পরস্পর সম্বন্ধ নিরূপণ।
অন্বয়-ব্যতিরেক; সং, পুং, তাহা থাকিলে তাহা থাকা, তাহা না থাকিলে তাহা না থাকা।
অন্বয়ব্যতিরেকী (অন্বয়ব্যতিরেকিন্, অন্বয়—ব্যতিরেক+ইন্—প্রং) বিং, ত্রিং, সাধ্যসাধক হেতু—যথা বহ্নিসাধনে ধূম।
অন্বয়ী (অন্বয়িন্, অন্বয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অন্বয়বিশিষ্ট, সম্বন্ধবিশিষ্ট।
অন্বর্থ (অনু অনুগত—অর্থ, ৭মী—হিং। মধ্য-পদ-লোপ) বিং, ত্রিং, যথার্থ, প্রকৃতার্থযুক্ত। "তথৈব সোঽভূদন্বর্থঃ রাজা প্রকৃতিরঞ্জনাৎ।" (রঘু)। ২। সঙ্গত, কৃতার্থ।
অন্ববসর্গ (অনু—অব—সর্গ [সৃজ সৃজন করা অ(ঘঞ্)—ভাবে] সৃজন) সং, পুং, কামাচারানুজ্ঞা।
অন্ববায় (অনু পশ্চাৎ—অব—অয় [ই গমন করা +অ(অল্)—ভাবে) সং, পুং, বংশ, কুল, গোত্র।
অন্বহ (অনু প্রতি—অহন্ দিন+অ—প্রং, ব্যং—স) অং, ক্লীং, অনুদিন, প্রত্যহ।
অন্বাচয় (অনু সহিত—আ—চি চয়ন করা +অ(অল্)—ভা) সং, পুং, অনুষঙ্গ, আনুষঙ্গিকতা।
অন্বাজে (অনু—আ—জি জয় করা + এ(ডে)—ভাবে) অং, দুর্ব্বলের বলাধান।
অন্বাধি (অনু অনুসারে—আধি গচ্ছিত বস্তু) সং, পুং, এক জনের নিকট হইতে অন্যের নিকট গচ্ছিত রাখা। শিং—১ "অর্থমার্গণকার্য্যেষু অন্যস্মিন্ বচনান্মম। দদ্যাস্ত্বমিতি যো দত্তঃ স ইহান্বাধিরুচ্যতে।"
অন্বাধেয় (অনু পশ্চাৎ—আধেয় প্রাপ্ত, লব্ধ) সং, ক্লীং, বিবাহানন্তর ভর্ত্তৃকুল বা পিতৃকুল হইতে লব্ধ স্ত্রীধন। শিং—১"বিবাহাৎ পরতোযত্তু লব্ধং ভর্ত্তৃকুলাৎ স্ত্রিয়া। অন্বাধেয়ং তদুক্তন্তু লব্ধং বন্ধুকুলাত্তথা।"
অন্বাসন (অনু—আস্ উপবেশন করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, উপাসনা। ২। অনুশোচনা। ৩। (অনু—আস্ উপ-

বেশন করা + অন(অনট্) — র্ম্ম) স্নেহবস্তু। ৪। ( অনু — আস্ উপবেশন করা + অন (অনট্) — ধি) শিল্পগৃহ।

অন্বাসিত ( অনু পশ্চাৎ — আসিত [আস্ উপবেশন করা + ত(ক্ত) — র্ম্ম] উপবেশিত) বিং, ত্রিং, পশ্চাদুপবেশিত। ২। সেবিত যথা—"অন্বাসিতমরুন্ধত্যা" (রঘু)

অন্বাহার্য্য ( অনু পশ্চাৎ — আহার্য্য [আ— হৃ আহরণ করা + য — র্ম্ম] আহরণীয়। সাগ্নিকেরা পিতৃযজ্ঞের পর প্রতি অমাবস্যায় যাহা আহরণ করে ) সং, ক্লীং, পিতৃলোকের মাসিক শ্রাদ্ধ। শিং — ১ "যচ্ছ্রাদ্ধং কর্ম্মণামাদৌ যা চান্তে দক্ষিণা- ভবেৎ। আমাবাস্যং দ্বিতীয়ং স্যাদন্বাহার্য্যং বিদুর্বুধাঃ।"

অন্বাহিত (অনু পশ্চাৎ — আহিত স্থাপিত) বিং, ত্রিং, পুনর্গচ্ছিত, এক জনের নিকট হইতে অন্যত্র গচ্ছিত।

অন্বিত, অন্বীত (অনু সহিত — ইত [ই গমন করা + ত(ক্ত) — ক ] গত) বিং, ত্রিং, যুক্ত, বিশিষ্ট ; যথা—গুণান্বিত, প্রতাপান্বিত। ২। মিলিত; যথা—রাজা সৈন্য সহিত অন্বিত হইয়া যাত্রা করিলেন। ৩। সংলগ্ন; যথা— অন্বিত প্রস্তাব। ৪। অন্বয়বিশিষ্ট, প্রত্যেক অবয়বের পরস্পর সম্বন্ধ বিশিষ্ট; যথা — অন্বিত বাক্য।

অন্বিষ্ট ( অনু পশ্চাৎ — ইষ্ বাঞ্ছা করা + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, যাহার অন্বেষণ করা যায়। "যদ্বায়ুরন্বিষ্টমৃগৈঃ।" (কুমার)। ২। আকাঙ্ক্ষিত।

অন্বীক্ষণ (অনু — ঈক্ষণ) সং, ক্লীং, অন্বেষণ।

অন্বীক্ষা (অনু পশ্চাৎ — ঈক্ষা [ঈক্ষ্ দর্শন করা + অ — ভাবে] দর্শন, বেদ বাক্য শ্রবণ করিয়া পশ্চাৎ তদর্থপর্য্যালোচন ) সং, স্ত্রীং, অনুমান, উন্নয়ন।

অন্বেষক (অনু — ইষ্ [ইচ্ছা করা] অনুসন্ধান করা + অক(ণক) — ক ) বিং, ত্রিং, যে অন্বেষণ করে, অনুসন্ধায়ী।

অন্বেষণ (অন্বিষ্ট দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, অলক্ষিত বস্তু বা ব্যক্তির অনুসন্ধান, গবেষণ। ২। আকাঙ্ক্ষা।

অন্বেষণা (অনু — এষণা) সং, স্ত্রীং, তর্কা দ্বারা যথাবোধিত ধর্ম্মাদি অন্বেষণ।

অন্বেষণীয় (অনু — ইষ্ [ইচ্ছা করা] অ সন্ধান করা + অনীয় — র্ম্ম) বিং, ত্রি যাহার অন্বেষণ করিতে হইবে কিং করা উচিত অথবা আবশ্যক, অনুসন্ধে অন্বেষ্টব্য।

অন্বেষিত ( অনু পশ্চাৎ — ইষ-ণ্ডি + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, গবেষিত, কৃতানুসন্ধা

অন্বেষ্টব্য ( অনু — ইষ্ [ইচ্ছা করা] অ সন্ধান করা + তব্য — র্ম্ম) বিং, ত্রি অন্বেষণীয় দেখ।

অন্বেষ্টা ( অন্বেষ্টৃ, অন্বিষ্ট দেখ, তৃ(তৃন্) ক ) বিং, ত্রিং, অনুসন্ধানকারী।

অপ্ (আপ্ পাওয়া + ০(ক্বিপ্) — র্ম্ম। আ অ ) সং, স্ত্রীং, বহুং, বারি, সলিল, জল

অপ ( অ — পা রক্ষা করা + অ(ড) — ক অং, অপকৃষ্ট, অধম ; যথা—অপছা অপছায়া। ২। রহিত, বর্জ্জিত। যথা- অপরূপ। ৩। বিরুদ্ধ, বিপরীত ; যথা- অপমান, অপযশঃ। ৪। কুৎসিত ; যথা- অপাঙ্গ অর্থে কুৎসিত চক্ষুঃ। ৫ অনাদর। অপকর্ষ ; যথা—অপকর্ম্ম ৭। আগম। ৮। বর্জ্জন। ৯। বিয়োগ ১০। বৈপরীত্য ; যথা—অপশব্দ। ১১ বিকৃতি ; যথা—অপচয়। ১২। হ আনন্দ ; যথা—অপচয়। ১৩। নির্দ্দেশ যথা - অপদেশ। ১৪। চৌর্য্য ; যথা- অপহরণ। ১৫। অধঃপ্রদেশ, যথা- অপান।

অপকর্ম্মন্ (অপকর্ম্মন্, অপ কুৎসিৎ — কর্ম্ম- ক্রিয়া, যৎ — স ) সং, ক্লীং, কুকর্ম দুষ্ক্রিয়া। র্ম্মা — বিং, ত্রিং, দুষ্কর্ম্মকারী।

অপকর্ষ (অপ অধম — কৃষ্ ভূমিচসা + (অল্) — ভা) সং, পুং, অপকৃষ্টতা, হীনত নীচতা, জঘন্যতা, অপ্রধানতা। ২ নিম্নাকর্ষণ।

অপকলঙ্ক ( অপ — কলঙ্ক অখ্যাতি ) সং পুং, মিথ্যাপবাদ, অমূলক কলঙ্ক, দুর্নাম।

অপকার ( অপ মন্দ — কার করণ ) সং পুং, অনিষ্ট, হানি, ক্ষতি। ২। দ্বেষ।

অপকারক ( অপকার দেখ, অক(ণক) – ক ) বিং, ত্রিং, যে অপকার করে, অপকারী, অনিষ্টকারী, অহিতকারী, অনুপকারী, ক্ষতিকারক।

অপকারগির্ ( অপকার দ্বেষ – গৃ উদ্গীর্ণ করা + ০(ক্বিপ্) – ক) সং, স্ত্রীং, ভর্ৎসন।

অপকারী (অপকারিন্, অপ মন্দ – কৃ করা + ইন্-ক) বিং, ত্রিং, অনিষ্টকারী, মন্দকারী।

অপকীর্ত্তি (অপ – কীর্ত্তি যশঃ) সং, স্ত্রীং, অপযশঃ, অখ্যাতি, দুর্নাম, কলঙ্ক।

অপকৃত ( অপকারী দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, যার অপকার করা হইয়াছে। ( – ত (ক্ত) – ভাবে) ক্লীং, অপকার।

অপকৃতি ; সং, স্ত্রীং, অপকার।

অপকৃষ্ট (অপকর্ষ দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, নিকৃষ্ট, অধম। ২। অপনীত। ৩। নিম্নাকৃষ্ট।

অপক্রম (অপ কোন স্থান হইতে বা স্থানান্তরে – ক্রম্ গমন করা + অ(অল্) – ভা) সং, পুং, পলায়ন, প্রস্থান।

অপক্রমণ ( অপ – ক্রম্ গমন করা + অন (অনট্) – ভা) সং, ক্লীং, পলায়ন, অপসরণ, অপগম, অপসর্পণ।

অপক্রান্ত (অপ – ক্রান্ত [ক্রম্ গমন করা + ত(ক্ত) – র্ম্ম ] অতিক্রান্ত ) বিং, ত্রিং, অপসৃত, পলায়িত, অপগত।

অপক্রিয়া ( অপ মন্দ বা বিরুদ্ধ – ক্রিয়া করণ) সং, স্ত্রীং, অপকার, হানি ; শিং – ১ "চতুর্থোপায়সাধ্যে তু রিপৌ সান্ত্বমপক্রিয়া।" (মাঘ) ২। কুকর্ম্ম।

অপক্রোশ ( অপ বিরুদ্ধ – ক্রুশ্ চীৎকার করা + অ(অল্) – ভা ) সং, পুং, নিন্দা, ভর্ৎসনা।

অপক্ক ( অ – পক্ক ) বিং, ত্রিং পক্ক নয়, কাঁচা ; যথা—অপক্ক ফল। ২। পাক করা নয় ; যথা—অপক্ক অন্ন।

অপক্ষপাত ( অ – পক্ষ – পাত পতন ) সং, পুং, পক্ষপাতের অভাব, সহায়তা করণ। শিং – ১ "অপক্ষপাতাৎ বক্তব্যম্ সভায়ামিতিনিশ্চয়ঃ।"

অপক্ষপাতী (অপক্ষপাতিন্, অ – পক্ষ সহায়তা – পাতী যে পড়ে ) বিং, ত্রিং, যে এক পক্ষের সহায়তা করে না, যথার্থবাদী।

অপগত (অপ স্থানান্তরে – গত যে গিয়াছে) বিং, ত্রিং, মৃত। প্রস্থিত। অপসৃত, অপক্রান্ত। পলায়িত। রহিত।

অপগম—পুং, } (অপগত দেখ, গম্ গমন
অপগমন—ক্লীং, } করা + অ( অল্ ), অন (অনট্) – ভা )সং, নাশ। প্রস্থান। পলায়ন। নির্গম।

অপগা ( অপ নিম্ন কিম্বা অপ [অপ্ জল + অ – অস্ত্যর্থে ] সমুদ্র – গ যে গমন করে। যে নিম্নে বা সমুদ্রে গমন করে, ৭মী – য) সং, স্ত্রীং, নদী, নিম্নগা, স্রোতস্বতী।

অপগ্রহ ( অপ – গ্রহ ) সং, পুং, প্রতিকূল গ্রহ।

অপঘন ( অপ – হন্ নাশকরা + অ – র্ম্ম। হ = ঘ ) সং, পুং, অবয়ব, অঙ্গ। ২। শরৎকাল। বিং, ত্রিং, নির্মেঘ, মেঘহীন।

অপঘাত ( অপ অপকৃষ্ট – হন্ নাশকরা + অ(ঘঞ্) – ভা। হন্ = ঘাত) সং, পুং, অপকৃষ্ট মৃত্যু, রোগ ব্যতিরেকে কোন আকস্মিক কারণে মৃত্যু।

অপঘাতক } (অপঘাত + অক(ণক), ইন
অপঘাতী } (ণিন্) – ক ) বিং, ত্রিং, অপঘাতকারী।

অপঘৃণ (অপ – ঘৃণা) বিং, ত্রিং, নির্দ্দয়। নির্লজ্জ।

অপচয় (অপ বিপরীত – চয় সঞ্চয়) সং, পুং, ক্ষতি, হ্রাস নাশ, ক্ষয়। ২। ব্যয়।

অপচায়িত (অপ – চায়্ পূজাকরা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, পূজিত। ২। শাণিত। ৩। (অপ – চি-ণিচ্ = চায়ি + ত( ক্ত ) – র্ম্ম) অপব্যয়িত।

অপচার (অপ বিরুদ্ধ – চর্ গমন করা + অ(ঘঞ্ ) – ভা) সং, পুং, স্বধর্ম্মব্যতিক্রম, যে বর্ণের যে ধর্ম্ম তাহার ব্যতিক্রম। ২। অহিতাচার, অত্যাচার। ৩। অপাক, অজীর্ণ রোগ, ভক্ষিত বস্তু সুন্দররূপ পরিপাক না হইলে উদরের যে দোষ জন্মে।

অপচিকীর্ষা (অপ – চিকীর্ষা করিবার ইচ্ছা) সং, স্ত্রীং, অপকারেচ্ছা।

অপচিত (অপ—চি চয়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বস্তুর অপচয় হইয়াছে। ব্যয়িত। ২। ক্ষীণ; যথা—অপচিত বল। ৩। (অপ—চায় পূজা করা+ত(ক্ত) —র্ম্ম) জিত।

অপচিতি (অপ—চায় পূজা করা+তি (ক্তি) —ভাবে) সং, স্ত্রীং, পূজা। "বিহিতাপচিতিমহীভৃতা।" (মাঘ)। (অপ—চি চয়ন করা + তি(ক্তি)—ভাবে)। ২। ক্ষয়। ৩। ব্যয়। ৪। নিষ্কৃতি।

অপচ্ছায় (অপ—ছায়া, ৬ষ্ঠী—হিং।) বিং, ত্রিং, ছায়াশূন্য। য়া—স্ত্রীং, বিকৃত ছায়া, আব ছায়া।

অপজয় (অপ বিপরীত—জি জয় করা+অ(অল্)—ভা) সং, পুং, পরাজয়।

অপঞ্চীকৃত (অ—পঞ্চন্ পাঁচ—কৃত করা হইয়াছে। ঈ—আগম) সং, ক্লীং, সূক্ষ্মভূত। ২। পঞ্চীকৃত নয়।

অপটান্তর (অ—পট—অন্তর) বিং, ত্রিং, অব্যবহিত, সংসক্ত।

অপটী (অ—পট গমন করা+অ—ক। ঈ—স্ত্রীং। যে গমন করিতে দেয় না) সং, স্ত্রীং, বস্ত্রাবরণ, কানাৎ, পর্দ্দা।

অপটীক্ষেপ; সং, পুং, নাট্যে—বিনা পটীক্ষেপ সসম্ভ্রম পাত্রপ্রবেশ।

অপটু (অ—পটু নিপুণ) বিং, ত্রিং, পটু নয়, অশক্ত, অক্ষম, অসমর্থ। ২। অসুস্থ, রোগী।

অপটুতা (অপটু+তা—ভাবে) সং, স্ত্রীং, অশক্তি, অক্ষমতা, অপাটব, অসামর্থ্য।

অপঠিত (অ—পঠিত) বিং, ত্রিং, পঠিত নয়, যাহা পড়া হয় নাই, অনধীত।

অপণ্ডিত (অ—পণ্ডিত শাস্ত্রজ্ঞ) বিং, ত্রিং, শাস্ত্রাদিজ্ঞানরহিত; শিং—১"পুত্রঃশত্রুরপণ্ডিতঃ।"

অপতর্পণ; সং, ক্লীং, লঙ্ঘন।

অপত্য (অ—পত গমন করা+য—ণ। যদ্দ্বারা বংশ পতিত হয় না অর্থাৎ রক্ষা হয়) সং, ক্লীং, সন্তান, সন্ততি। পুত্রও ও কন্যা উভয়কেই বুঝায়।

অপত্যদা; সং, স্ত্রীং, গর্ভদাত্রীবৃক্ষ, লক্ষণা।

অপত্যশত্রু (অপত্য—শত্রু। গর্ভে অপত্য জন্মাইলে তন্নিঃসারণ সময়ে গর্ভস্ফোটনে যাহার বিনাশ হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁকড়া, কর্কট।

অপত্যস্নেহ (অপত্য—স্নেহ, ৭মী—ষ) সং, পুং, সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ।

অপত্রপ (অপ অপগত বা রহিত-ত্রপা লজ্জা। যাহার লজ্জা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ।

অপত্রপা (অপ হইতে বা অপেক্ষা করিয়া—ত্রপা) সং, স্ত্রীং, অন্যহেতু লজ্জা। শিং—১ "অপত্রপা চেতসি চ ন্যষেধৎ।" (নৈষধ) ২। ধৃষ্টতা।

অপত্রপিষ্ণু (অপ—ত্রপ লজ্জিত হওয়া+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, লজ্জাশীল, লাজুক, যে লজ্জা করে।

অপত্রস্ত (অপ—ত্রস্ত [ত্রস ত্রাসযুক্ত+ত (ক্ত)—ক] বিং, ত্রিং, ভীত।

অপথ (অ—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, ক্লীং, পথ না থাকা, কুপথ, মন্দপথ, অসৎ পথ, যে পথে চলা উচিত নয়। ২। পথাভাব।

অপথ্য (অ—পথ্য রোগীর যোগ্য আহার) বিং, ত্রিং, কুপথ্য, রোগীর ভোজনের অযোগ্য, যাহা ভোজন অথবা সেবন করিলে অপকার হয়।

অপন্থা (অপথিন্, অ—পথিন্ পথ) সং, পুং, অপথ দেখ।

অপদ (অ—পদ) বিং, ত্রিং, পদবিহীন। "অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান
অপদ সর্ব্বত্র গতাগতি।" (অন্নদা)

অপদস্থ (অ—পদস্থ) বিং, ত্রিং, পরাজিত, অনাদৃত, অবমানিত।

অপদান্তর (অ—পদ—অন্তর) বিং, ত্রিং, অব্যবহিত, সংযুক্ত।

অপদার্থ (অ—পদার্থ বস্তু) বিং, ত্রিং, অযোগ্য, সার হীন, অসার, অকর্ম্মণ্য। পদার্থ হীন, যাহাতে কোন পদার্থ নাই।

অপদিশ (অপ মধ্য—দিশা দিক্। দুই দিকের মধ্যস্থল, ব্যং—স) অং, ক্লীং, অগ্ন্যাদি কোণ।

অপদেবতা ; সং, স্ত্রীং, ভূত, প্রেত, পিশাচাদি।

অপদেশ ( অপ অপকৃষ্ট—দিশ্ বলা, দান করা+অ(অল্)—ণ) সং, পুং, ছল। ২। চিহ্ন, নাম। ৩। নিমিত্ত। (—অল্—র্ম্ম) ৪। স্থান। ৫। লক্ষ্য। (—অল্—ভাবে) ৬। নির্দ্দেশ।

অপধ্যান (অপ অপকৃষ্ট—ধ্যান) সং, ক্লীং, অমঙ্গল চিন্তা। ২। দুষ্টাভিপ্রায়।

অপধ্বংস (অপ —ধ্বংস্ ধ্বংশ হওয়া+অ (অল্)—ভাবে) সং, পুং, ধিক্কার, নিন্দা। ২। ত্যাগ। ৩। অপঘাত।

অপধ্বস্ত (অপ অপকৃষ্ট—ধ্বন্‌স্ গমন করা বিনষ্ট হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, পরিত্যক্ত। নিন্দিত। চূর্ণিত। পতিত।

অপনয়—পুং } (অপ একস্থান হইতে
অপনয়ন—ক্লীং } —নী লওয়া+অ, অন —ভা) সং, দূরীকরণ। পরিত্যাগ। খণ্ডন। নিবারণ, নিরাকরণ, অপনোদন। অপহরণ। অপকার। প্রমার্জ্জন, মোছা।

অপনীত ( অপনয় দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ত্যক্ত, দূরীকৃত। অপসারিত। অপহৃত। খণ্ডিত, নিবারিত, নিরাকৃত। প্রমার্জ্জিত।

অপনোদ } (অপ—নুদ্ প্রেরণ করা+অ
অপনোদন } (ঘঞ্), অন(অনট্),—ভা) সং, ক্লীং, অপচয়। ২। খণ্ডন, দূরীকরণ, অপসারণ ; যথা—"তস্যাপনোদায় ফলপ্রবৃত্তৌ" (রঘু)

অপপ্রয়োগ (অপ—প্রয়োগ) সং, পুং, অশুদ্ধ প্রয়োগ, ব্যাকরণ বিরুদ্ধ প্রয়োগ।

অপভাষা (অপ অপকৃষ্ট—ভাষা কথন) সং, স্ত্রীং, অসাধুবাক্য, অপকৃষ্ট ভাষা, যে ভাষা ভদ্রলোকের মুখ হইতে নির্গত হয় না, নীচ ভাষা, ইতর ভাষা।

অপভ্রংশ, অপভ্রংস (অপ একস্থান হইতে —ভ্রন্‌শ্, ভ্রন্স্ পতিত হওয়া+অ(অল্)-ভা) সং, পুং, কুৎসিত বাক্য, অপভাষা। ২। ভ্রষ্টভাষা, বিকৃতভাষা, অপরিশুদ্ধভাষা, ব্যাকরণদুষ্ট শব্দ; শব্দের প্রকৃত আকারের কিছু পরিবর্ত্ত হইয়া প্রয়োগ হইলে ঐ শব্দকে অপভ্রংশ বলা যায়, যেমন সজ্জা শব্দের আকার বিকৃত হইয়া সাজ হইয়াছে, এই সাজ শব্দ অপভ্রংশ। ৩। স্খলন। ৪। পতন ; শিং—১ "অত্যারূঢ়ির্ভবতি মহতামপ্যপভ্রংশনিষ্ঠা।" (শকুন্তলা)

অপভয় (অপ অপগত—ভয়। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়।

অপমর্শ, অপমর্ষ (অপ অপকৃষ্ট—মৃশ্, মৃষ্ বিবেচনা করা ইত্যাদি + অ(অল্)—ভাবে) সং, পুং, নিন্দা। অপহরণ।

অপমান (অপ বিপরীত—মান সম্ভ্রম) সং, ক্লীং, অনাদর, অমর্য্যাদা, অবজ্ঞা।

অপমানিত (অপমান+ইত—প্রং) বিং, ত্রিং, যাহার অপমান হইয়াছে, হতমান, হতসম্মান, হতাদর, অনাদৃত, অবমানিত।

অপমৃত্যু (অপ অপকৃষ্ট—মৃত্যু মরণ) সং, পুং, অপঘাত মৃত্যু, রোগ ব্যতিরেকে কোন আকস্মিক কারণে মৃত্যু ; যেমন বিষপান অস্ত্রাঘাত সর্পাঘাত জলমজ্জন প্রভৃতি কারণে মৃত্যু।

অপযশঃ (অপযশস্, অপ অপকৃষ্ট—যশস্ খ্যাতি) সং, ক্লীং, অখ্যাতি, কুযশঃ, দুর্নাম, কলঙ্ক, অকীর্ত্তি, অপকীর্ত্তি।

অপযান (অপ স্থানান্তরে—যান গমন) সং, ক্লীং, অপগমন, পলায়ন। শিং—১ "অপযানেঽপি ন ভবান্ সমর্থো লঘুবক্রিয়ঃ।"

অপর (অ— পৃ পালন করা+অ(অল্) —ণ। কিম্বা অ—পর অন্য) বিং, ত্রিং, অন্য পর, ভিন্ন। ২। প্রতিকূল। ৩। শত্রুভিন্ন ; "তমাসমুদ্রাদপরে পরে নৃপঃ।" (নৈষধ) ৪। পশ্চাদ্বর্ত্তী। "পূর্ব্বাপরৌ তোয়নিধি বগাহ্য।" (কুমার) ৫। শেষ ; যথা—অপরাহ্ণ, অপররাত্র। ৬। সং, ক্লীং, হস্তীর পশ্চাদ্ভাগ বা পদ ; শিং—১ "বদ্ধাপরাণি পরিতো নিগড়ানি।" (মাঘ)। রা—স্ত্রীং, পশ্চিমদিক্। জরায়ু। বৃহতী।

অপরঞ্চ (অপরম্ আর—চ ও) অং, আরও, কিঞ্চ, অপিচ।

অপরক্ত (অপ—রন্‌জ্ অনুরক্ত হওয়া+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, বিরক্ত, অনুরাগশূন্য।

অপরতি ( অপ—রম্ [ক্রীড়া করা] বিশ্রাম করা+তি(ক্তি)—ভা। ম্—লোপ ) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি।

অপরত্র ( অপর+ত্র—কালার্থে ) অং, অমুত্র, পরকালে। ২। অন্যত্র।

অপরপক্ষ ( অপর শেষ—পক্ষ। চন্দ্রের বৃদ্ধি ও হ্রাসের মধ্যে কৃষ্ণপক্ষ শেষ পক্ষ; চৈত্র মাসের শুক্লপ্রতিপদাদি বর্ষারম্ভ হেতু শুক্ল পক্ষ পূর্ব্ব পক্ষ এবং কৃষ্ণপক্ষ অপরপক্ষ ) সং, পুং, কৃষ্ণপক্ষ; ইহাই পিতৃপক্ষ; পূর্ব্বপক্ষ দেবতাদিগের, পরপক্ষ পিতৃগণের।

অপরবক্ত্র; সং, ক্লীং, অর্দ্ধসমবৃত্তবিশেষ।

অপরাগ ( অপ—রন্‌জ্ অনুরক্ত হওয়া + অ(ঘঞ্)—ভা ) সং, পুং, অননুরাগ, বিরাগ, দ্বেষ।

অপররাত্র (অপর শেষ—রাত্র রাত্রি শব্দজ) সং, পুং, শেষরাত্রি, রাত্রির শেষ প্রহর।

অপরস্পর ( অ—পরস্পর ) বিং, ত্রিং, সতত, একেবারে।

অপরাজিত ( অপর অন্য—অ—জিত পরাভূত। যে অন্য কর্ত্তৃক পরাজিত নহে, কিম্বা অ—পরাজিত, নঞ্—ষ ) বিং,ত্রিং, অজিত, অপরাভূত। সং, পুং,(কাহার দ্বারাও যাঁহারা পরাজিত হন না) ২। শিব, ৩। বিষ্ণু। ৪। ঋষিবিশেষ। তা—স্ত্রীং, প্রসিদ্ধলতা। দুর্গা। দূর্ব্বা। ছন্দোবিশেষ। জয়ন্তীবৃক্ষ। অশনপর্ণী। শেফালি। শমীভেদ। শঙ্খিনী। হবুষাভেদ।

অপরাদ্ধ ( অপ অপকৃষ্টরূপে—রাধ্ সিদ্ধি করা, সম্পন্ন করা + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অপরাধী। স্খলিত; শিং—১"নিমিত্তাদপরাদ্ধেষো ধানুষ্কস্যেব বল্গিতম্।" ২। ভ্রান্ত।

অপরাদ্ধপৃষৎক,অপরাদ্ধেষু (অপরাদ্ধ স্খলিত —পৃষৎক, ইষু বাণ, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, যাহার বাণ লক্ষ্যে লাগে নাই।

অপরাধ ( অপ্—রাধ্ সিদ্ধ করা, সম্পন্ন করা+অ(অল্)—ভা ) সং, পুং, দুষ্কৃতি যাজন্য দোষ, পাপ, বিধি আজ্ঞা বা নিয়মের অতিক্রম, ত্রুটি।

অপরাধী ( অপরাধিন্, অপরাধ+ইন্—অস্ত্যর্থে ) বিং,ত্রিং, অপরাধকারী, দোষী, যাহার অপরাধ সপ্রমাণ হইয়াছে।

অপরান্ত ( অপরা পশ্চিমদিক্—অন্ত ) সং, পুং, পশ্চিমদিগন্ত। বিং, ত্রিং, পাশ্চাত্য, পশ্চিম দেশীয়।

অপরামর্শ (অ—পরামর্শ) সং, পুং, ভাল পরামর্শ নয়, অসৎ পরামর্শ।

অপরাহ্ন ( অপর শেষ—অহ্ন [অহন্+অ (ষ)—প্রং। অ—লোপ] দিবস, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, দিনের শেষভাগ, বৈকাল।

অপরিক্লিষ্ট ( অ—পরিক্লিষ্ট ) বিং, ত্রিং, অনায়াসসাধ্য। ২। ক্লিষ্ট নয়।

অপরিগ্রহ (অ—পরিগ্রহ গ্রহণ) সং, পুং, গ্রহণাভাব, অস্বীকার। (৬ষ্ঠী—হিং) পরিব্রাজক।

অপরিচিত (অ—পরিচিত জ্ঞাত) বিং, ত্রিং, যাহার সহিত পরিচয় নাই; যথা—অপরিচিত ব্যক্তি। ২। অজ্ঞাত, অবিদিত; যথা—অপরিচিত স্থান। [অপরিষ্কৃত।

অপরিচ্ছন্ন (অ—পরিচ্ছন্ন) বিং, ত্রিং, মলিন,

অপরিচ্ছিন্ন (অ—পরিচ্ছিন্ন ইয়ত্তা-পরিমিত) বিং, ত্রিং, পরিচ্ছিন্ন নয়, যাহার ইয়ত্তা করিতে পারা যায় নাই, পরিচ্ছেদাতীত, অসীম।

অপরিণত ( অ—পরিণত ) বিং, ত্রিং, কাঁচা, বয়স স্থলেই প্রয়োগ হওয়া উচিত; যথা —অপরিণতবয়স্ক।

অপরিণতবয়স্ক ( অরিণত—বয়স্+ক—প্রং) বিং, ত্রিং, যাহার বয়সের পরিপাক হয় নাই, তরুণবয়স্ক।

অপরিণামদর্শী ( অপরিণামদর্শিন্, অ—পরিণাম—দর্শী যে দেখে ) বিং, ত্রিং, পরিণামদর্শী নয়, শেষে কি ঘটিবে তাহা দেখে না, উত্তর কালে কি ঘটিতে পারে তাহা অগ্রে না ভাবিয়া যে কোন কর্ম্ম করে, অনভিজ্ঞ, অবিবেচক।

অপরিণামদর্শিতা (অপরিণামদর্শিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, পরিণাম দর্শনের অভাব, পরে কি ঘটিবে অগ্রে তাহা না ভাবিয়া কর্ম্ম করা।

অপরিণীত (অ—পরিণীত) বিং, ত্রিং, পরিণীত নয়, অবিবাহিত। [দেখ।

অপরিতৃপ্ত (অ—পরিতৃপ্ত) বিং, ত্রিং, অতৃপ্ত

অপরিত্যাজ্য (অ—পরিত্যাজ্য) বিং, ত্রিং, যে বা যাহা পরিত্যাগ করিবার নয়, যাহা বা যাহাকে পরিত্যাগ করিতে পারা যায় না।

অপরিপক্ক (অ—পরিপক্ক) বিং, ত্রিং, পরিপক্ক নয়, নিপুণ নয়, পটু নয়, অপটু, অনিপুণ, যথা—সে সকল কর্ম্মেই অপরিপক্ক। ২। ভাল পাকা নয়; যথা—অপরিপক্ক ফল।

অপরিমিত (অ—পরিমিত) বিং, ত্রিং, পরিমিত নয়, প্রচুর, যথেষ্ট, অপর্য্যাপ্ত।

অপরিম্লান; সং, পুং, রক্তাম্লানবৃক্ষ।

অপরিমেয় (অ—পরিমেয়) বিং, ত্রিং, যার পরিমাণ হয়না।

অপরিশীলন (অ—পরিশীলন) সং, ক্লীং, অনমুশীলন দেখ।

অপরিশীলিত (অ—পরিশীলিত) বিং, ত্রিং, অননুশীলিত দেখ।

অপরিশুদ্ধ (অ—পরিশুদ্ধ) বিং, ত্রিং, পরিশুদ্ধ নয়, সম্যক্ শুদ্ধ নয়, নিতান্ত নির্দ্দোষ নয়।

অপরিষ্কার (অ—পরিষ্কার) বিং, ত্রিং, অপক্ষত, মলিন, অপরিচ্ছন্ন।

অপরিষ্কৃত (অ—পরিষ্কৃত) বিং, ত্রিং, মলিন, অপরিষ্কার, অপরিচ্ছন্ন।

অপরিসীম (অ—পরিসীমা) বিং, ত্রিং, যার সীমা নাই, অসীম, নিঃসীম।

অপরিস্ফুট (অ—পরিস্ফুট) বিং, ত্রিং, পরিস্ফুট নয়, বড় স্পষ্ট নয়।

অপরিহরণীয় (অ—পরিহরণীয়) বিং, ত্রিং, পরিহরণীয় নয়, যাহা এড়াতে পারা যায়না, অপরিহার্য্য।

অপরিহার্য্য (অ—পরিহার্য্য ত্যাজ্য) বিং, ত্রিং, পরিহারের অযোগ্য, অত্যাজ্য।

অপরূপ (অপ না—রূপ তুল্য। যাহার তুল্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সচরাচররূপ যেরূপ দেখিতে পাওয়া যায় না, আশ্চর্য্য, বিস্ময়কর। ২। কুরূপ।

অপরেদ্যুঃ (অপরেদ্যুস, অপর+এদ্যুস—দিবার্থে) অং, অপরদিনে, পরশ্বঃ।

অপরোক্ষ (অ—পর অতীত—অক্ষ ইন্দ্রিয়। স্—আগম। যাহা ইন্দ্রিয়ের অতীত নহে) সং, ক্লীং, প্রত্যক্ষ, সাক্ষাতে।

অপর্ণা (অ—পর্ণ পত্র। তপস্যাকালে যাঁহার আহার করিতে গলিত পত্রও ছিল না, ৬ষ্ঠী—হিং, অথবা অ না [ভুক্ত]—পর্ণ পত্র। অভুক্ত হইয়াছে পর্ণ যৎকর্ত্তৃক, ৩য়া—হিং। মধ্য-পদ-লোপ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। শিং১—"স্বয়ংবিশীর্ণদ্রুমপর্ণবৃত্তিতাপরাহিকাষ্ঠা তপসস্তয়াপুনঃ। তদপ্যপাকীর্ণ মতঃ প্রিয়ংবদাম্ বদন্ত্যপর্ণামিতি তাং পুরাবিদ।" (কুমার)।

অপর্য্যাপ্ত (অ—পর্য্যাপ্ত প্রচুর) বিং, ত্রিং, পর্য্যাপ্ত অপেক্ষা অধিক, অপরিমিত, অসীম। ২। অসমর্থ। ৩। অসম্পূর্ণ।

অপল (অপ—লা গ্রহণ করা+অ (ড)—ক) সং, পুং, কীলক। ২। আলিপন।

অপলপিত (অপলাপ + ইত—প্রং) বিং, ত্রিং, যাহার অপলাপ করা হইয়াছে, অপহ্নুত, নিহ্নুত।

অপলাপ (অপ বিরুদ্ধ—লপ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ভাঁড়ান, কোন কথা কহিলে অথবা কোন কর্ম্ম করিয়া অস্বীকার, অপহ্নব, অস্বীকার। ২। প্রেম।

অপলাষিকা (অপ—লষ্ অভিলাষ করা + অক—ক) সং, স্ত্রীং, পিপাসা, তৃষ্ণা।

অপবরক (অপ—বৃ আবরণ কর+অ(অন্)—ক। ক—প্রং) সং, পুং, গর্ভগৃহ, অন্তগৃহ।

অপবর্গ (অপ—বৃজ্ ত্যাগ করা+অ(ঘঞ্)—ভা। জ=গ) সং, পুং, মুক্তি, মোক্ষ, জীবাত্মা পরমাত্মার ঐক্য, সংসার বন্ধ মোচন। ২। কেবল পরিত্যাগ। ৩। ফলসিদ্ধি, কোন কর্ম্মের পরিণত ফল। "অপবর্গে তৃতীয়েতি ভণতঃ পাণিনেরপি। (নৈষধ)। ৪। নিষ্পত্তি। ৫। সমাপ্তি; শিং—১"কৃত্বা গতেভাগ্যই-বাপবর্গমতি। (কিরাতার্জ্জুনীয়ম্)। ৬। দান।

অপবর্জ্জন (অপবর্গ দেখ, অন (অনট্)—ভা) সং, ক্লীং, দান, বিতরণ। ত্যাগ, বিসর্জ্জন। পরিহার। ছেদন। মুক্তি।

অপবর্জ্জিত (অপবর্জ্জন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। ২। পরিহৃত। ৩। অপচিত।

অপবর্ত্তক (Measure, অপবর্ত্তন দেখ+অক (ণক)—ক) বিং, ত্রিং, এক রাশি অন্য রাশির শুদ্ধ ভাজক হইলে, তাহাকে ঐ রাশির অপবর্ত্তক কহে, যথা—৪, ১৬এর অপবর্ত্তক।

অপবর্ত্তন (অপ—বৃৎ [বিদ্যমান থাকা] কমান+অন—ভা) সং, ক্লীং, সংক্ষিপ্ত-করণ, কোন অঙ্ককে ক্ষুদ্র অঙ্কদ্বারা বিভজন, তুল্য রূপ অঙ্ক দ্বারা ভাজ্যভাজকের বিভাজন। ২। পরিবর্ত্তন। ৩। বিচলন।

অপবর্ত্তিত; বিং, ত্রিং, পরিবর্ত্তিত।

অপবর্ত্ত্য (Multiple, অপবর্ত্তন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, একরাশি অন্য রাশিদ্বারা শুদ্ধ ভাজ্য হইলে সেই ভাজ্য রাশিকে ঐ অন্য রাশির অপবর্ত্ত্য কহে, যথা—১৬, ৪এর অপবর্ত্ত্য, কারণ ১৬, ৪এর ঠিক চতুর্গুণ, সুতরাং উহার শুদ্ধ ভাজ্য।

অপবাদ (অপ অধম, ঘৃণিত—বাদ [বদ্ বলা+অ(ঘঞ্)—ভা] কথন) সং, পুং, নিন্দা, অপযশঃ; কোন অতি গর্হিত দোষ ঘটাইয়া যে নিন্দা করে তাহাতেই প্রয়োগ হয়। ২। কুৎসিৎ বাদ্য; শিং—১"মধুকরৈরপবাদকরৈঃ। (মাঘ)। ৩। নিয়ম, আজ্ঞা। শিং—"ততোঽপবাদেন পতাকিনীপতেঃ।" (কিরাতার্জ্জুনীয়)। ৪। বিশেষবিধি। অপহ্নব।

অপবাদক (অপবাদ+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে অন্যের অপবাদ করে।

অপবারণ (অপ—বারি আবরণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অন্তর্দ্ধান। ২। ব্যবধান। ৩। বর্জ্জন।

অপবারিত (অপবারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত। ২। ব্যবহিত। ৩। অন্তর্হিত। গোপিত, বর্জ্জিত। ৪। (—ক্ত—ভাবে) ক্লীং, অপবারণ।

অপবাহিত (অপ—বাহি বহান+ত—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত, সরাইয়া দেওয়া।

অপবিত্র (অ—পবিত্র) বিং, ত্রিং, পবিত্র নয়, অশুচি, অশুদ্ধ।

অপবিদ্ধ (অপ—ব্যধ্ তাড়না করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত, নিরস্ত। শিং—১"রক্ষো বিপ্রকৃতাবাস্তামপবিদ্ধশুচৌ।" পরিত্যক্ত। ক্ষিপ্ত, প্রক্ষিপ্ত। সম্প্রেষিত, চূর্ণিত। প্রেরিত। সং, পুং, পুত্রবিশেষ, মাতা পিতা কর্ত্তৃক পরিত্যক্ত যে বালককে পুত্ররূপে গ্রহণ করা যায়।

অপবিষ; সং, স্ত্রীং, নির্ব্বিষীতৃণ।

অপব্যয় (অপ অপকৃষ্ট—ব্যয়) সং, পুং, অপকৃষ্ট ব্যয়, কুকর্ম্মে অর্থ ব্যয়। বৃথা ব্যয়।

অপব্যয়ী (অপব্যয়িন্) বিং, ত্রিং, যে অপব্যয় করে, বৃথাব্যয়ী, অসদ্ব্যয়ী।

অপশঙ্ক (অপ অপগত—শঙ্কা) বিং, ত্রিং, নির্ভয়। ঙ্কা—স্ত্রীং, অপকৃষ্ট শঙ্কা, দুঃশঙ্কা।

অপশদ, অপসদ (অপ অপকৃষ্ট—শদ্, সদ্ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, অধম মনুষ্য, নীচ।

অপশব্দ (অপ অপকৃষ্ট—শব্দ) সং, পুং, অপকৃষ্ট শব্দ। ২। ব্যাকরণদুষ্ট শব্দ, অপভ্রংশ, ইতর শব্দ।

অপশোক (অপ অ[illegible]ত—শোক) বিং, ত্রিং, শোকরহিত। সং, পুং, অশোকবৃক্ষ।

অপষ্ঠু (অপ মন্দরূপে—স্থ যে থাকে+উ(কু)—ক। স্থ=ষ্ঠ) অং, নির্দ্দোষ। শোভন। বিং, ত্রিং, প্রতিকূল। বিপরীত। শিং—১ "অপষ্ঠু পঠতঃ পাঠ্যমধিগোষ্ঠি শঠস্যতে।" (নৈষধ) সং, পুং, কাল।

অপসর—পুং
অপসরণ—ক্লীং
অপসর্পণ—ক্লীং
(অপ স্থানান্তর হইতে বা স্থানান্তরে—সৃ, সৃপ্ গমন করা+অ(অল্),অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্থানান্তর গমন, সরিয়া যাওয়া। পলায়ন, অপক্রমণ, অপসর্পণ, অপগম।

অপসর্জ্জন (অপ—সৃজ্ ত্যাগকরা+অন(অনট্—ভা) সং, ক্লীং, দান, ত্যাগ, বিসর্জ্জন। অপবর্গ, মুক্তি। মারণ, হত্যা।

অপসর্প (অপ মন্দরূপে—সৃপ্ গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, গুপ্তচর, চর। দূত। অপসর্পণ।

অপসর্পণ (অপ—সৃ গমনকরা+অন (অনট্) —ভা) সং, ক্লীং, পলায়ন, অপক্রমণ।

অপসব্য (অপ—সব্য দক্ষিণ) বিং, ত্রিং, দক্ষিণদিক্। ২। বিপরীত দিক্। যথা—"দারুকনন্দন সত্বরে সৈন্যদিগকে অপসব্যস্থ করিল।" ৩। (অপ—সু পীড়া দেওয়া +য—প্রং) প্রতিকূল।

অপসারণ (পশ্চাৎ দেখ, অন (অনট্)—ভা) সং, ক্লীং, চালন, সরান। ২। বহিষ্করণ, দূরীকরণ, নিষ্কাশন।

অপসারিত (অপ স্থানান্তর হইতে—সারি গমন করান, দূরকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিবৃত, খোলা। ২। চালিত। ৩। বহিষ্কৃত, দূরীকৃত, নিষ্কাশিত, তাড়িত, সরাইয়া দেওয়া। ৪। বিস্তারিত।

অপসৃত (অপসর দেখ, ত (ক্ত)—ক) বিং, ত্রিং, অপগত, চলিত, পলায়িত, অপক্রান্ত।

অপস্কর (অপ—কর [ক্রিয় চসা অথবা কৃ করা+অ(অল্)—র্ম্ম। স—আগম, সুশ্রাব্যার্থে) সং, পুং, অক্ষ, যুগ, চক্র প্রভৃতি রথাবয়ব। ২। বিষ্ঠা। ৩। [—অ (অল্)—পা] গুহ্যদ্বার।

অপস্নাত (অপ অপকৃষ্ট অর্থাৎ অমঙ্গল হেতু —স্নাত কৃতস্নান) বিং, ত্রিং, মৃত্যুর পর স্নাত। ২। অশৌচান্তে স্নাত। ৩। সংস্কারার্থ মৃতদেহের স্নান।

অপস্নান (অপ—স্না স্নানকরা+(অনট্)—ভা, ণ) সং, ক্লীং, মৃতস্নান, কোন ব্যক্তি মরিলে তাহাকে উদ্দেশ করিয়া যে স্নান।

অপস্পশ (অপ অপগত—স্পশ চর) বিং, ত্রিং, গূঢ়চর শূন্য। শিং—১ "শব্দবিদ্যেবনো-ভাতি রাজনীতিরপস্পশা।" (মাঘ)। ২। (অ—পস্পাশ পাতঞ্জল ভাষ্য নবাহ্নিক গ্রন্থবিশেষ) পস্পশ-ভাষ্য-রহিত।

অপস্মার (অপ না—স্মার স্মরণ। যাহার দ্বারা স্মরণ থাকে না) সং, পুং, মূর্চ্ছারোগ, মৃগীরোগ।

অপহত (অপ—হত) বিং, ত্রিং, বিনষ্ট।

অপহরণ (অপ কোন দিকে—হৃ হরণ করা, লইয়া যাওয়া+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অন্যায়রূপে অন্যের বস্তু গ্রহণ, চৌর্য্য, চুরি। কাড়িয়া লওয়া।

অপহর্ত্তা (পূর্ব্বে দেখ, তৃ (তৃন্)—ক) সং, পুং, অপহরণকারী, চোর।

অপহসিত (অপ অপকৃষ্ট—হস্ হাস্য করা +ত (ক্ত)—ক, ভা) সং, ক্লীং, কুৎসিত হাস্য, অপকৃষ্ট হাস্য, অশ্রূৎপাদক হাস্য।

অপহস্ত (অপ অপসরাণার্থ—হস্ত) বিং, ত্রিং, গলহস্তাদিদ্বারা অপসারিত, বেহাতী। ২। পুং, অপহরণ।

অপহস্তিত (অপ—হস্ত+ইত—প্রং) বিং, ত্রিং, পরিত্যক্ত। নিরস্ত। হস্তবহির্ভূত।

অপহা (অপহন্, অপ—হন্ বধকরা+০ (কিপ্)—ক) বিং, ত্রিং, বিনাশক, উচ্ছেদকারক।

অপহার (অপহরণ দেখ, অ (ঘঞ্)—ভা) সং, পুং, চুরি যাওয়া। ২। অপচয়, ক্ষতি। ৩। অপনয়ন। ৪। সঙ্গোপন। ৫। ধনস্বামির অনুপযোগী ব্যয়।

অপহারক (অপহরণ দেখ, অক (ণক)—ক) সং, পুং, যে অপহরণ করে, চৌর, ২। ক্ষতিকারক। ৩। স্থানান্তরে লইয়া যাওয়া।

অপহারিত (অপহারি হারান+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, যাহা হারান গিয়াছে, নাশিত, বিনাশিত।

অপহারী (অপহারিন্, অপ—হৃ হরণ করা +ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, যে অপহরণ করে, অপহারক। শিং—১ "ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ।" ণী—স্ত্রীং।

অপহাস (অপ—হস্ হাস্য করা+অ(ঘঞ্) —ভা) সং, পুং, অকারণ হাস্য।

অপহৃত (অপ—হৃ হরণ করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বস্তুর অপহরণ হইয়াছে, চোরিত। ২। অপচিত।

অপহ্নব (অপ—হ্নু গোপন করা, ভাঁড়ান+অ (অল্)—ভাবে) সং, পুং, বস্তু থাকিলেও নাই বলিয়া যে মিথ্যারূপ অপলাপ। ২। চৌর্য্য। ৩। প্রেম, স্নেহ।

অপহ্নুত (অপহ্নুব দেখ, ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপলাপিত দেখ।

অপহ্নুতি (অপ—হ্নু গোপনকরা, ভাঁড়ান+তি (ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অপলাপ, অস্বীকার। ২। জানিয়া গোপনকরা। ৩। অর্থালঙ্কার বিশেষ, উপমেয়ের অসত্যকরণপূর্ব্বক উপমানের সত্যতা ব্যবস্থাপিকা অলঙ্কৃতি। শিং—১ "প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ সাধ্যতে সা ত্বপহ্নুতিঃ।" যথা—"অবাপ্তঃ প্রাগল্ভ্যং পরিণতরুচঃ শৈলতনয়ে কলঙ্কোনৈবায়ং বিলসতি শশাঙ্কস্যবপুষি। অমুষ্যেয়ং মন্যে বিগলদমৃতস্যন্দিশিশিরে রতিশ্রান্ত শেতে রজনিরমণী গাঢ়মুরসি।" (কাব্যপ্রকাশ)

অপাংনিধি (অপাম্ জলরাশির—নিধি [নি—ধা ধারণ করা+ই (কি)—ধি] পাত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, সমুদ্র, জলনিধি। ২। বিষ্ণু।

অপাংনাথ } (অপাম্ জলরাশির—নাথ,পতি
অপাংপতি } স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। ২। বরুণ।

অপাংপিত্ত; সং, ক্লীং, অগ্নি। ২। চিত্রকবৃক্ষ।

অপাক (অ—পচ্ পাক করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, পাকাভাব, অজীর্ণ রোগ, অপচার, উদরাময়। ২। অপক্কাবস্থা। ৩। বিং, ত্রিং, অজীর্ণ। অপক্ক।

অপাকরণ—ক্লীং } (অপ বিরুদ্ধ—আ—
অপাকৃতি—স্ত্রীং } কৃ করা+অন (অনট্), তি (ক্তি)—ভা) সং, প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি। ২। প্রশমন, নিবারণ। ৩। নিরাকরণ। ৪। অপসারণ। ৫। পরিশোধ।

অপাকৃত (অপাকরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশমিত। ২। নিবারিত।

অপাক্ষ (অপ সম্মুখে, কুৎসিত—অক্ষ ইন্দ্রিয় বা অক্ষিশব্দজ) বিং, ত্রিং, ইন্দ্রিয়নিকট, প্রত্যক্ষ। ২। কুৎসিত চক্ষুঃ। ৩। (অপ অপগত—অক্ষ অক্ষিশব্দজ) লোচনশূন্য।

অপাঙ্‌ক্তেয় (অ—পঙ্‌ক্তি+এয় (ঢেয়)—অর্হার্থে) বিং, ত্রিং, সাধুগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজনের অযোগ্য। ২। অশ্রেণীবদ্ধ।

অপাঙ্গ (অপ অপকৃষ্ট—অন্‌গ্ গমন করা+অ(অল)—সংজ্ঞার্থে। অসরলতা হেতু যে অপকৃষ্ট গমন করে, কিম্বা অপ—অঙ্গ আকৃতি) সং, ক্লীং, চক্ষুর প্রান্তভাগ, চক্ষুর কোণ। ২। কটাক্ষ। ৩। তিলক, কপালের ফোঁটা। ৪। বিং, ত্রিং, অঙ্গহীন।

অপাঙ্গক; সং, পুং, আপাংবৃক্ষ। বিং, ত্রিং, অঙ্গহীন।

অপাঙ্গদর্শন (অপাঙ্গ—দর্শন, ৩য়া—ষ, কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কটাক্ষপাত।

অপাটব (অ—পাটব পটুতা, আরোগ্য, নঞ্—ষ+৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অপটুতা। ২। জড়তা। ৩। অসুস্থতা, রোগ।

অপাত্র (অ—পাত্র) সং, ক্লীং, কুপাত্র, অসৎপাত্র, অধমপাত্র। ২। দানাদির অযোগ্য পাত্র। শিং—১ "অপাত্রেষু যদ্দত্তং তৎসর্ব্বং বিফলং ভবেৎ।" (স্মৃতি)

অপাত্রীকরণ (অ—পাত্র—করণ। ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, নয়প্রকার প্রকার পাপমধ্যে পাপবিশেষ। ইহা চারি প্রকার; যথা—নিন্দিত ব্যক্তি হইতে ধন গ্রহণ, বাণিজ্য, শূদ্রসেবা, মিথ্যাকথন। শিং—১ "নিন্দিতেভ্যো ধনাদানং বাণিজ্যং শূদ্রসেবনং। অপাত্রীকরণং জ্ঞেয়মসত্যস্য চ ভাষণম্।" (মনু)।

অপাদান (অপ কোন স্থান হইতে—আদান গ্রহণ, কিম্বা অপ—আ—দা [দেওয়া] গ্রহণ করা+অন(অনট্)—পা। যাহা হইতে কোন বস্তু গৃহীত হয়) সং, ক্লীং, কারক বিশেষ, যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি চলিত, ভীত, গৃহীত, পরাজিত, উৎপন্ন, বিরত ত্রাত বা হয়। যথা—গৃহ হইতে নির্গত, হস্ত হইতে পতিত ইত্যাদি। গৃহ, হস্ত অপাদান।

অপান (অপ নিম্ন বা অপসরণ—অন্ বাঁচা+অ(ঘঞ্)—ণ। উৎসর্জনহেতু যাহারদ্বারা বাঁচা যায়) সং, পুং, মলদ্বারের বায়ু, বাতকর্ম্ম। ২। (অপান+অ—যুক্তার্থে, কিম্বা অপ—অন্ বাঁচা+অ(ঘঞ্)—পা) ক্লীং, মলদ্বার, গুহ্যদ্বার।

অপামার্গ (অপ—আ—মৃজ্ পরিষ্কার করা+অ(ঘঞ্)—ণ। জ=গ। যাহার ক্ষার

দ্বারা বস্ত্রাদি ধৌত করা যায়) সং, পুং, আপাংগাছ।

অপাম্পতি (অপাম্ জলরাশির—পতি স্বামী) সং, পুং, সমুদ্র। ২। বরুণ।

অপায় (অপ স্থানান্তর হইতে বা স্থানান্তরে —ই গমনকরা+অ(অচ্)—ভা) সং, পুং, বিশ্লেষ জনকক্রিয়া। ২। অপগম, স্থানভ্রংশ, চলন। ৩। বিনাশ, ধ্বংস। ৪। বিঘ্ন, প্রতিবন্ধক।

অপায়ী (অপায়িন্, অপায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অপায়যুক্ত। ২। নশ্বর। শিং—১ "অনপায়িনি সংশ্রয়দ্রুমে গজভগ্না পতনায় বল্লরী।" (কুমার)

অপার (অ—পার। যাহার পার নাই, ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, পারহীন, অকূল, অসীম। ২। অগাধ।২। দূরপার।৪। অধিক।৫। যাহা সহজে পার হওয়া যায় না; যথা—অপার সমুদ্র। ৬। সং, ক্লীং, নদ্যাদির অপর তীর।

অপারক (অ—পারক) বিং, ত্রিং, পারক নয়, অশক্ত, অক্ষম, অসমর্থ।

অপার্থ (অপ অপগত—অর্থ) বিং, ত্রিং, ব্যর্থ, বিফল, নিষ্ফল। ২। নিরর্থক। ৩। (অ—পার্থ) পার্থহীন।

অপার্থতা (অপার্থ+তা—ভাবে) সং, স্ত্রীং, ব্যর্থতা, বিফলতা, নিষ্ফলতা।

অপালন (অ—পালন) সং, ক্লীং, পালন না করা, অরক্ষণ।

অপাবরণ (অপ—আ—বৃ আবরণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, আচ্ছাদন। ২। স্বেচ্ছা প্রবৃত্তি। ৩। প্রকাশ হওয়া।

অপাবৃত (অপাবরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনাচ্ছাদিত। ২। স্বেচ্ছাপ্রবৃত্ত। আচ্ছাদিত। ৩ উদ্ঘাটিত। ৪। পিহিত। ৫। স্বতন্ত্র। ৬। স্বাধীন।

অপাবৃত্ত (অপ—আ—বৃত্ হওয়া+ত (ক্ত) —ক) বিং, ত্রিং, ভূমি লুণ্ঠিত, গড়াগড়ি দেওয়া। ২। প্রত্যাবৃত্ত। ৩। প্রতিনিবৃত্ত, ফিরিয়া আসা।

অপাশ্রয় (অপ—আশ্রয়) সং, পুং, প্রাঙ্গনাবরণ, সাঁমিয়ানা, চাঁদোয়া। ২। অধো; যথা—"পর্য্যঙ্কস্যাপাশ্রয়ে।" (কাদ)। ৩। বিং, ত্রিং, (অপ অপগত—আশ্রয়) নিরাশ্রয়।

অপাসঙ্গ (অপ—আসঙ্গ) সং, পুং, তূণ।

অপাসন (অপ—অসন) সং, ক্লীং, মারণ, বধ। ২। অপক্ষেপণ, দূরীকরণ।

অপাস্ত (অপ বিরুদ্ধ—অস্ বিদ্যমান থাকা ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অপগত, বিগত। ২। খণ্ডিত। ৩। নিরস্ত। ৪। অগ্রাহ্য। ৫। দূরীকৃত, অপসারিত। "নিরস্তগাম্ভীর্য্যমপাস্তপুষ্পকম্"। (মাঘ)

অপাহরণ (অপ—আ—হৃ হরণকরা+অন (অনট্)—ভা)সং, ক্লীং,আকর্ষণ। ২। অপনোদন।

অপি(অ—পি গমনকরা+০ (ক্বিপ্)—ক) অং, সম্ভাবনা। ২।নিশ্চয়,অবধারণ। ৩।সন্দেহ। ৪। সমুচ্চয়। ৫। নিন্দা। ৬। অনুজ্ঞা। ৭। প্রশ্ন। ৮। অপর। ৯। অনন্ত। ১০। যুক্তপদার্থ। ১১। কামাচার। ১২। পুনঃ। ১৩। শব্দ। ১৪। সন্দেহ।

অপিগীর্ণ (অপি সম্মুখে—গৃ শব্দকরা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। ২। বর্ণিত। ৩। স্তুত। [অপরঞ্চ, কিঞ্চ।

অপিচ (অপি অপর—চ ও) অং, আরো,

অপিতু (অপি—তু কিন্তু, এবং ইত্যাদি) অং, কিন্তু। ২। যদি।

অপিধান (অপি—ধা [ধারণকরা] আচ্ছাদন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, আচ্ছাদন। শিং—"অমৃতাপিধানমসি স্বাহা।" ২। তিরোধান।

অপিনদ্ধ (অপি—নহ্ বন্ধন করা+ত (ক্ত) —র্ম্ম। হত=দ্ধ) বিং, ত্রিং, পরিহিত, কৃতপরিধান।

অপীনস; সং, ক্লীং, পীনসরোগ। বিং, ত্রিং, পীনসরোগ রহিত।

অপুচ্ছা (অ—পুচ্ছ অগ্রভাগ) সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ। ২। বিং,ত্রিং, পুচ্ছরহিত।

অপুচ্ছাঙ্কুর (Anura, অ—পুচ্ছ—অঙ্কুর) সং, পুং, যাহাদের মস্তক প্রশস্ত, মুখব্যাদান বৃহৎ, পুচ্ছ নাই, পশ্চাৎ পাদের অপেক্ষা পুরঃ পাদ অতি খর্ব্ব এবং উল্লম্ফনের বিশেষ যোগ্য, যথা—মণ্ডূকাদি।

অপুংপ্রভব (Female proginitor) সং, পুং, পিতৃক মাতৃক উৎপাদয়িত্রী, পিতৃক উৎপাদয়িত্রী, যথা—মাতা পিতামহী প্রভৃতি। মাতৃক উৎপাদয়িত্রী, যথা—মাতামহী প্রমাতামহী প্রভৃতি।

অপুত্র } (অ—পুত্র, পুত্রক) বিং, ত্রিং,
অপুত্রক } পুত্রহীন, নিঃসন্তান।

অপুনরাবৃত্তি (অ—পুনর্—আবৃত্তি আগমন) সং, স্ত্রীং, অপুনরাগমন। ২। নির্ব্বাণমুক্তি, অপুনর্জ্জন্ম। ৩। পুনর্ব্বার আর ফিরিয়া না আসা।

অপুনর্ভব (অ—পুনর্ পুনর্ব্বার—ভূ হওয়া +অ(অল্)—ভাবে) সং, পুং, মোক্ষ, পুনর্জ্জন্ম না হওয়া, নির্ব্বাণ মুক্তি। ২। পুনরুৎপত্তি না হওয়া। শিং—১"হেতৌ লিঙ্গে প্রশমনে রোগানামপুনর্ভবে। জ্ঞানং চতুর্ব্বিধং যস্য স রাজার্হো ভিষক্তমঃ।" (চরক)। ৩। বিং, ত্রিং, পুনরুৎপত্তিহীন।

অপুরোদন্তী (Edentata, অপুরোদন্তিন্, অ—পুরস্ অগ্রে—দন্তী যে দন্তবিশিষ্ট) সং, পুং, যে সকল জীবের মুখের অগ্রভাগে কোন দন্ত নাই, যথা—পিপীলিকাভুক্, বজ্রকীট প্রভৃতি।

অপুষ্পফলদ; সং, পুং, কাঁটালবৃক্ষ। পুষ্পব্যতীত জাত ফল বৃক্ষ মাত্র।

অপূপ (অ—পুর্ বিদীর্ণ করা+প—সংজ্ঞার্থে। র্—লোপ, কিম্বা অপ জল—বপ্ বপন করা+অ—র্ম্ম। জল দ্বারা যাহা উপ্ত হয়, ওয়া—ষ) সং, পুং, পিষ্টক, পিটা, রুটি।

অপূরণী; সং, স্ত্রীং, শিমূলবৃক্ষ।

অপূর্ব্ব (অ—পূর্ব্ব) সং, ক্লীং, অদৃষ্ট, পাপ বা পুণ্য। ২। (১মা—হিং) বিং, ত্রিং, আশ্চর্য্য, যেরূপ পূর্ব্বে হয় নাই, অভূতপূর্ব্ব, অতি উৎকৃষ্ট, অতি উপাদেয়।

অপেক্ষা (অপ—ঈক্ষ্ দর্শন করা + অ—ভাবে) সং, স্ত্রীং, প্রতীক্ষা, মুখ চাহিয়া থাকা; যথা—আমি অনেকক্ষণ তোমার অপেক্ষায় রহিলাম; সে কোন বিষয়ে কাহারও অপেক্ষা করেনা কিংবা অপেক্ষায় থাকেনা। ২। তুলনা; যথা—সে দুর্ব্বল বটে কিন্তু তোমার অপেক্ষা বলবান্ অর্থাৎ সে বাস্তবিক বলবান্ নহে কিন্তু তোমার সঙ্গে তুলনা করিতে গেলে তাহাকে বলবান্ বলা যায়। এই অর্থে অব্যয় রূপেও প্রয়োগ হয়। যথা—আমা অপেক্ষা বলবান্, তোমা অপেক্ষা প্রাচীন অর্থাৎ আমার চেয়ে বলবান্ ও তোমার চেয়ে প্রাচীন। ৩। অনুরোধ; "সত্যামপিতপঃ সিদ্ধৌ নিয়মাপেক্ষয়া মুনিঃ।" (রঘু)। ৪। আকাঙ্ক্ষা, স্পৃহা। শিং—১ "সা প্রক্রিয়া যা কথমিত্যপেক্ষা।" ৫। সম্যক্ দর্শন। ৬। বিবেচনা। ৭। উৎকর্ষ বা অপকর্ষবোধক সম্বন্ধ। ৮। মনোযোগ।

অপেক্ষাকৃত (অপেক্ষা—কৃত) ক্রিং—বিং, তুলনাকৃত, যথা—অপেক্ষাকৃত সুন্দর, অর্থাৎ অন্যের অপেক্ষায় সুন্দর, অপেক্ষাকৃত বলবান্, অন্য অপেক্ষা বলবান্; অর্থাৎ বাস্তবিক সুন্দর বা বলবান্ নহে কিন্তু অন্যের সহিত তুলনা করিতে গেলে সুন্দর বা বলবান্ বলা যায়।

অপেক্ষাবুদ্ধি; সং, স্ত্রীং, "এই একটী, এই একটী" ইত্যাকার অনেকত্ববিষয়িণী বুদ্ধি। শিং—১ অনেকৈকত্ব বুদ্ধির্য্যা সাহপেক্ষাবুদ্ধিরিষ্যতে।"

অপেক্ষিত (অপ—ঈক্ষিত দৃষ্ট) বিং, ত্রিং, আকাঙ্ক্ষিত। ২। প্রতীক্ষিত, যার অপেক্ষা করা যাইতেছে। ৩। অনুরোধিত। ৪। বিবেচিত। ৫। পর্য্যবেক্ষিত, দৃষ্ট। ৬। সম্বন্ধ।

অপেত (অপ স্থানান্তর—ই গমন করা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, অপগত। ২। ত্যক্ত। ৩। নির্গত।

অপেয় (অ—পেয় পানযোগ্য) বিং, ত্রিং, পেয় নয়, যাহা পান করা উচিত নয়; যথা—. "মদ্যমদেয়মপেয়মনিগ্রাহ্যং।"

অপেত-রাক্ষসী; সং, স্ত্রীং, তুলসী গাছ।

অপোগণ্ড (অপ অপকৃষ্ট—গম্ গমনকরা +ড—সংজ্ঞার্থে। প = পো) সং, ত্রিং, শিশু, অপ্রাপ্তব্যবহার, নাবালক, নালায়েক, যাহার বয়স পঞ্চদশ বৎসরের অধিক হয় নাই। এই শব্দকে সচরাচর অবগণ্ড বলিয়া উচ্চা-

রণ করে। ২। বিকলাঙ্গ। ৩। ভীরু। ৪। বলিযুক্ত। নিপাতনে অপ লোপ হইয়া পোগণ্ড শব্দ হয়।

অপোঢ় (অপ—উহ্ তর্ক করা; উহ্য করা অথবা বহ্ বহন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। উদ্ঘাটিত। ভীত। নির্ণীত। ত্যক্ত। নিরস্ত।

অপোহ (অপ বিপরীত—উহ্ তর্ক করা+অ (অল্)—ভা) সং, পুং, তর্ক। শিং—১ "সুশ্রূষা শ্রবণংচৈব গ্রহণং ধারণা তথা। উহোঽপোহোঽর্থবিজ্ঞানং তত্ত্বজ্ঞানঞ্চ ধীগুণা।২। নিরাস, অপনোদন।

অপোহিত (অপ—উহিত) বিং, ত্রিং, নিরাসিত। ২। তর্কিত।

অপোদিকা; সং, স্ত্রীং, পূতিকাশাক।

অপৌরুষেয় (অ—পৌরুষেয় পুরুষকৃত) বিং, ত্রিং, যাহা পুরুষের অর্থাৎ মানুষের রচিত নহে, অমানুষ, অমানব।

অপ্পতি (অপ্ জল—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বরুণ।২। সমুদ্র।

অপ্পিত্ত (অপ্ জল—পিত্ত শরীরস্থ ধাতু বিশেষ। শোষকত্ব হেতু যে জলের পিত্ত স্বরূপ বা পানকর্ত্তা) সং, পুং, অগ্নি, আগুন। ২। ক্লীং, চিত্রক বৃক্ষ।

অপ্রকাণ্ড (অ—প্রকাণ্ড গাছের গুঁড়ী, ৭মী—হিং) সং, পুং, কাণ্ডরহিতবৃক্ষ, ঝিণ্টীগাছ, গুল্ম, ঝোপ।

অপ্রকাশ (অ—প্র—কাশ্ দীপ্তি পাওয়া+অ (অল্)—ভাবে) সং,পুং, অনুদয়, প্রকাশাভাব। ২। গোপন। ৩। (অ—প্র—কাশ্ দীপ্তি পাওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, প্রকাশ নয়, যাহা প্রকাশ হয় নাই, গুপ্ত, অপ্রকাশিত।

অপ্রকাশিত (অ—প্রকাশিত) বিং, ত্রিং, অপ্রকাশ দেখ।

অপ্রকাশ্য (অ—প্রকাশ্য) বিং, ত্রিং, প্রকাশযোগ্য নয়, যাহা প্রকাশ করা উচিত নয়, যাহা প্রকাশ করিতে পারা যায় না, গোপনীয়।

অপ্রকৃত (অ—প্রকৃত) বিং, ত্রিং, প্রকৃত নয়, কল্পিত, অবাস্তব, অযথার্থ।

অপ্রগুণ (অ—প্র প্রকৃষ্ট—গুণ উপকরণ বা কার্য্যসমর্থ) বিং, ত্রিং ব্যাকুল। ব্যস্ত।

অপ্রণিধান (অ—প্রণিধান) সং, ক্লীং, অনবধান, অমনোযোগ।

অপ্রণিহিত (অ—প্রণিহিত) বিং, ত্রিং, অনবহিত, মনোযোগশূন্য।

অপ্রজ (অ—প্রজা সন্তান) বিং, ত্রিং, নিঃসন্তান, বন্ধ্য। শিং—১ ভ্রাতৃণামপ্রজঃ কশ্চিৎ "ম্রিয়তে প্রব্রজেত বেতি।" ২। প্রজাশূন্য। জা—স্ত্রীং। শিং—১"অপ্রজা ধারয়ামাস ততস্তাং দুঃখমাবিশৎ।"

অপ্রতিকার্য্য, অপ্রতীকার্য্য (অ—প্রতি বিরুদ্ধ, পরিবর্ত্ত—কৃ করা+য—ভা, র্ম্ম)বিং, ত্রিং, অচিকিৎসনীয়, যাহার প্রতিকার করা অসাধ্য, অপ্রতিবিধেয়।

অপ্রতিবন্ধ (অ—প্রতিবন্ধ বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিবন্ধকরহিত, যে বিষয়ে প্রতিবন্ধ ঘটে নাই, অব্যাহত, অপ্রতিহত।

অপ্রতিভ (অ—প্রতিভা দীপ্তি। যাহার প্রতিভা নাই, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, প্রতিভাশূন্য, হতবুদ্ধি, অপ্রস্তুত, এই শব্দকে সচরাচর অপ্রতিপ ও কেহ কেহ অপ্রদীপ বলে। ২। দীপ্তিহীন। ৩। (অ—প্রতিভা নব নব উন্মেষশালি জ্ঞান, ৬ষ্ঠী—হিং) অপ্রত্যুৎপন্নমতি। ৪। অপ্রগলভ।

অপ্রতিম (অ—প্রতিমা সাদৃশ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার তুলনা নাই, অনুপম, নিরুপম, অতুল্য; যথা—"অপ্রতিম ভবন।"

অপ্রতিরথ (অ—প্রতি প্রতিপক্ষ—রথ রথান্তর। যাহার প্রতিপক্ষ রথান্তর নাই) সং, পুং, অতুল্য যোদ্ধা, যাহার তুল্যযোদ্ধা নাই। ২। সামবেদোক্ত প্রাস্থানিক মন্ত্র। ৩। বিং, ত্রিং, প্রতিযোধহীন। ৪। অতুল্য। ক্লীং, ৫। যুদ্ধার্থ যান। ৬। যুদ্ধ সময়ে যাত্রাকৃত মঙ্গল।

অপ্রতিরুদ্ধ (অ—প্রতিরুদ্ধ) বিং, ত্রিং, অবাধিত, অনিবারিত।

অপ্রতিরূপ (অ—প্রতিরূপ তুল্যরূপ) বিং, ত্রিং, যার প্রতিরূপ নাই, যার সদৃশ নাই, যার সমকক্ষ নাই।

অপ্রতিবিধেয় (অ—প্রতিবিধেয়) বিং, ত্রিং, যার প্রতিবিধান নাই, যার প্রতিকার নাই, অপ্রতিকার্য্য। [ষিদ্ধ দেখ।

অপ্রতিবিদ্ধ(অ—প্রতিষিদ্ধ) বিং, ত্রিং, অনি-

অপ্রতিষেধনীয় (অ—প্রতিষেধনীয়) বিং, ত্রিং, যাহা নিষেধ করিবার নয় বা নিষেধ করা উচিত নয়।

অপ্রতিষ্ঠ (অ—প্রতিষ্ঠা। ৬ষ্ঠী—হিং )বিং, ত্রিং, প্রতিষ্ঠারহিত, যশোহীন। ২। অ-নির্ণীত। ৩। স্থিতিশূন্য।

অ-প্রতি-সমাধেয় ; বিং, ত্রিং, অপ্রতীকার্য্য।

অপ্রতিহত (অ—প্রতিহত আহত) বিং, ত্রিং, যাহার কেহ ব্যাঘাত বা প্রতিবন্ধকতা করিতে পারে নাই, যথা—অপ্রতিহত বেগে গমন, অপ্রতিহত প্রভাবে রাজ্য-শাসন, অব্যাহত, অপ্রতিবন্ধ।

অপ্রতীকার্য্য ; বিং, ত্রিং, অপ্রতিকার্য্য দেখ।

অপ্রতুল (অ—প্র প্রকৃষ্ট—তুলা পরিমাণ, ৬ষ্ঠী—হিং, যে ধনের প্রকৃষ্ট পরিমাণ নাই) সং, ক্লীং, প্রকৃষ্ট পরিমাণাভাব, অনির্ব্বৃতি। ২। অভাব। ৩। অসঙ্গতি।

অপ্রত্যক্ষ ( অ—প্রতি লক্ষ্য—অক্ষ ইন্দ্রিয় ) বিং, ত্রিং, প্রত্যক্ষ নয়, ইন্দ্রিয়গোচর নয়, পরোক্ষ, অতীন্দ্রিয়। ২। ক্লীং, প্রত্যক্ষা-ভাব।

অপ্রত্যয় (অ—প্রত্যয়)সং, পুং, প্রত্যয়াভাব, অবিশ্বাস। শিং—১ "বলবদপি শিক্ষিতা-নামাত্মন্যপ্রত্যয়ং চেতঃ।" (শকু)

অপ্রত্যাখ্যেয় (অ—প্রত্যাখ্যেয়) বিং, ত্রিং, প্রত্যাখ্যান যোগ্য নয়, যার প্রত্যাখ্যান করা উচিত নয় বা করিতে পারা যায় না।

অপ্রধান (অ—প্রধান) বিং, ত্রিং, অনুৎকৃষ্ট। ২। সং, ক্লীং, মুখ্য ভিন্ন, গৌণ। ৩। প্রধান কর্ম্মাঙ্গ।

অপ্রধৃষ্য (অ—প্র—ধৃষ্ পরাজয়করা+য—র্ম্ম) বিং, ত্রি, অধৃষ্য, যাহাকে অভিভব করা যায় না।

অপ্রমত্ত (অ—প্রমত্ত প্রমাদযুক্ত) বিং, ত্রিং, অবধানবিশিষ্ট, সাবধান, অবহিত, সতর্ক। শিং—১ "প্রাণাংপরাজিতো দুঃখাদপ্রমত্তঃ বিধেঃ সতঃ।"

অপ্রমাদ (অ—প্রমাদ) সং, পুং, প্রমাদাভাব, অবধান। ২। বিং, ত্রিং, অপ্রমত্ত, অবহিত।

অপ্রমাণ (অ—প্রমাণ) বিং, ত্রিং, যার প্রমাণ নাই, অপ্রামাণিক, অগ্রাহ্য, হেয়, অশ্রদ্ধেয়, অবিশ্বসনীয়।

অপ্রমিত (অ—প্রমিত) বিং, ত্রিং, অপরিমিত, অপর্য্যাপ্ত। ২। অগণিত, অসংখ্যাত।

অপ্রমেয় (অ—প্রমেয় প্রমাণযোগ্য) বিং, ত্রিং, অপরিমেয়, যাহার পরিমাণ নাই ; যথা—অপ্রমেয়াত্মা। ২। অসংখ্যেয় ; যথা—"অপ্রমেয় বল।" ৩। অবিজ্ঞেয়। ৪। অপরিক্ষেপ্য, যাহা ক্ষেপণ করা যায় না ; যথা—"ধন্মুর্গাণ্ডীবমপ্রমেয়ম্।" ৫। ( যাহাকে কোন কারণে পরিমাণ করা যায় না ) ক্লীং, ব্রহ্ম।

অপ্রবীণ (অ—প্রবীণ) বিং, ত্রিং, প্রবীণ নয়, যার প্রবীণতা জন্মে নাই, অর্ব্বাচীন।

অপ্রশস্ত (অ—প্রশস্ত) বিং, ত্রিং, প্রশস্ত নয়, অপকৃষ্ট, মন্দ ; যথা—অপ্রশস্ত ভবন। ২। নিন্দিত, অশুভ, প্রতিকূল ; যথা—অপ্রশস্ত দিন, অপ্রশস্ত সময়। ৩। অসচ্ছন্দ ; যথা অপ্রশস্ত মনে কোন কর্ম্ম করা উচিত । [ দেখ।

অপ্রশুদ্ধ (অ—প্রশুদ্ধ) বিং, ত্রিং, অপরিশুদ্ধ

অপ্রসন্ন (অ—প্রসন্ন) বিং, ত্রিং, প্রসন্ন নয়, বিরক্ত, অসন্তুষ্ট। ২। ম্লান, ক্ষুব্ধ, দুঃখিত।

অপ্রসিদ্ধ (অ—প্রসিদ্ধ) বিং, ত্রিং, প্রসিদ্ধ নয়, বিখ্যাত নয়, সচরাচর বিশেষরূপে জ্ঞাত নয়, যথা—অপ্রসিদ্ধ লোক, অপ্রসিদ্ধ গ্রাম। শিং—১ "অপ্যপ্রসিদ্ধং যশসে হি পুংসাং।" (কুমার)। ২। "লিঙ্গং সামর্থ্যং রূঢ়িগতং প্রসিদ্ধং মতপ্রসিদ্ধং।" ২। যাহা কেহ কখন দেখে নাই শুনে নাই, যথা—এমন বস্তু অপ্রসিদ্ধ। ৩। অমূলক, অ-প্রামাণিক, কপোলকল্পিত ; যথা—একথা অপ্রসিদ্ধ। ৪। অনিষ্পন্ন।

অপ্রস্তুত (অ—প্রস্তুত) বিং, ত্রিং, প্রস্তুত নয়, অনিষ্পন্ন। ২। লজ্জিত, অপ্রতিভ।

অ-প্রস্তুত-প্রশংসা ; সং, স্ত্রীং, অপ্রকৃতকথন-রূপ অর্থালঙ্কার বিশেষ, প্রস্তুত বিষয়ের অপহ্নব করিয়া অপ্রস্তুত বিষয়ের কথন।

অপ্রহত (অ—প্রহত আঘাত প্রাপ্ত) বিং, ত্রিং, অক্ষুণ্ণ, অনাহত, খিল, অকৃষ্ট। ২। যেখানে লোকের গমনাগমন নাই। ৩। যাহা পা দিয়া মাড়ান যায় না।

অপ্রাকরণিক (অ—প্রকরণ+ইক (ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, অপ্রাস্তাবিক।

অপ্রাকৃত(অ—প্রাকৃত স্বাভাবিক) বিং, ত্রিং, প্রকৃতির কার্য্যভিন্ন, অনৈসর্গিক। যেমন ঈশ্বরের লীলাদি। ২। প্রাকৃত নয়, অসাধারণ, অসামান্য, সচরাচর পাওয়া যায় না, অলোকসামান্য; যথা—তিনি অপ্রাকৃত মনুষ্য অর্থাৎ তাঁহার তুল্য মনুষ্য সচরাচর দেখিতে পাওয়া যায় না।

অপ্রাগ্র্য (অ—প্রাগ্র্য প্রধান) বিং, ত্রিং, অপ্রধান, গৌণ।

অপ্রাপ্ত (অ—প্রাপ্ত) বিং, ত্রিং, প্রাপ্ত নয়, যাহা পাওয়া যায় নাই, অলব্ধ, অনধিগত। ২। যে ব্যক্তি পায় নাই, যে প্রাপ্ত হয় নাই। ৩। (অ—প্রাপ্ত প্রমাণান্তরে অবগত) যাহা অন্যরূপ প্রমাণে অবগত হওয়া যায় না। শিং—১"অপ্রাপ্তপ্রাপকোবিধিঃ।"

অপ্রাপ্তবয়স্ক (অ—প্রাপ্ত—বয়স্+ক—অস্ত্যার্থে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বয়ঃপ্রাপ্ত হয় নাই, যার বয়স্ পনর বৎসর উত্তীর্ণ হয় নাই, নাবালক।

অপ্রাপ্তব্যবহার (অপ্রাপ্ত—ব্যবহার ব্যবহার যোগ্য কাল) বিং, ত্রিং, যে ব্যবহার যোগ্য বয়স্ প্রাপ্ত হয় নাই, অপোগণ্ড, অপ্রাপ্তবয়স্ক, দানাদিকারাদ্যযোগ্য।

অপ্রাপ্তি (অ—প্রাপ্তি) সং, স্ত্রীং, প্রাপ্তির অভাব, না পাওয়া। ২। অভাব, অসদ্ভাব, যথা—এখানে কিছুরই অপ্রাপ্তি নাই। ৩। অসম্ভব। ৪। অনুপপত্তি। ৫। বিং, ত্রিং, লাভশূন্য।

অপ্রাপ্য (অ—প্রাপ্য লভ্য) বিং, ত্রিং, যাহা পাওয়া যায় না, যাহা অনায়াসে পাওয়া যায় না, দুষ্প্রাপ্য, দুর্লভ।

অপ্রামাণিক (অ—প্রামাণিক প্রমাণসিদ্ধ) বিং,ত্রিং, প্রমাণসিদ্ধ নয়, অপ্রমাণ, অগ্রাহ্য, হেয়, অশ্রদ্ধেয়; যথা—অপ্রামাণিক কথা। ২। প্রামাণিক নয়, যাহার কথা বিশ্বাসযোগ্য নয়, যথা—অপ্রামাণিক লোক।

অপ্রামাণিকতা (অপ্রামাণিক+তা—ভাবে) সং, স্ত্রীং, অপ্রামাণ্য, হেয়তা, অগ্রাহ্যতা, অশ্রদ্ধেয়তা, অবিশ্বসনীয়তা।

অপ্রামাণ্য (অ—প্রামাণ্য [প্রমাণ+য (ষ্ণ্য)—প্রং] প্রমাণযোগ্য) সং, ক্লীং, অপ্রামাণিক দেখ। শিং—১"অপ্রামাণ্যং জনয়তি সদা নন্দসূনোর্বিয়োগঃ।" (পদাঙ্কদূত)

অপ্রিয় (অ—প্রিয় রম্য) বিং, ত্রিং, যে প্রীতি জন্মাইতে পারে না, যাহাকে কেহ দেখিতে পারেনা, যথা—সে সকলের অপ্রিয়। ২। প্রীতিজনক নয়, রূঢ়, কর্কশ; যথা—অপ্রিয় বাক্য। ৩। অনিষ্ট, অশুভ; যথা—অপ্রিয় ঘটনা। ৪। অপ্রীতিকর, বিরক্তিজনক; যথা—অপ্রিয় বিষয়। ৫। সং,ক্লীং, নিন্দা। ৬। অনিষ্ট।

অপ্রিয়ভাষিণী—বিং, স্ত্রীং, অপ্রিয়ভাষী দেখ।

অপ্রিয়ভাষী (অপ্রিয়ভাষিন্, অপ্রিয়—ভাষী যে বলে) বিং, ত্রিং, যে অপ্রিয় কথা বলে, রূঢ়ভাষী, কর্কশভাষী, পরুষভাষী।

অপ্রিয়বাদিনী; বিং, স্ত্রীং, অপ্রিয়বাদী দেখ।

অপ্রিয়বাদী (অপ্রিয়বাদিন্, অপ্রিয়—বাদী যে বলে) বিং, ত্রিং, অপ্রিয়ভাষী দেখ।

অপ্রীতি (অ—প্রীতি) সং, স্ত্রীং, অপ্রণয়, বিরোধ, বিবাদ। ২। বিরক্তি, অসন্তোষ।

অপ্রীতকর (অ—প্রীতিকর) বিং, ত্রিং, যাহাতে অপ্রীতি জন্মায়।

অপ্সরাঃ—স্ত্রীং-বহুং } (অপ্সরস্, অপ্+জল
অপ্সরা—স্ত্রীং } —স্থ গমন করা+অস্—ক, সংজ্ঞার্থে। দ্বিতীয় পক্ষে-অ(অন্)—ক। যাহারা সমুদ্রমন্থনে উঠিয়াছিল, কিম্বা যাহারা স্নানার্থ বা বিহারার্থ সর্ব্বদা জলে গমন করে) সং, স্বর্গবেশ্যা, উর্ব্বশী প্রভৃতি।

অফল (অ—ফল) বিং, ত্রিং, যার ফল হয় না, ফলহীন, বন্ধ্যা, বাঁড়া; যথা—অফল বৃক্ষ। ২। যাহাতে কোন লাভ বা উপকার নাই, নিষ্ফল, বিফল; যথা—অফল চেষ্টা। ৩। (ফল হয় না বলিয়া)

সং, পুং, ঝাবুকবৃক্ষ। লা—স্ত্রীং, ভূমি আমলকী। ২। ঘৃতকুমারী।

অফেন (অ কুৎসিত—ফেন নির্য্যাস) সং, ক্লীং, অহিফেন, আফীম। ২। বিং, ত্রিং, ফেনশূন্য।

অবদ্ধ (অ—বদ্ধ) সং, ক্লীং, নিরর্থক। ২। বিং, ত্রিং, অসম্বদ্ধ। ৩। অসংযত। ৪। বন্ধনশূন্য।

অবদ্ধমুখ; বিং, ত্রিং, অপ্রিয়বাদী, দুর্ম্মুখ।

অবধ্য (অ—বধ্য হননীয়) বিং, ত্রিং, বধের অযোগ্য। ২। অযোগ্য বাক্য।

অবন্ধ্য (অ—বন্ধ্য নিষ্ফল) বিং, ত্রিং, বন্ধ্য নয়, নিষ্ফল নয়, সফল, সার্থক; যথা—অবন্ধ্যযত্ন। ২। ফলকালে যার ফল জন্মে, ফলবান্; যথা—অবন্ধ্য বৃক্ষ।

অবল (অ—বল) বিং, ত্রিং, বলহীন, দুর্ব্বল। শিং—১ "অবলস্ব কুলীশি নোঝসান্।" (নৈষধ)। ২। পুং, বরুণ বৃক্ষ। লা—স্ত্রীং, যোষিৎ, নারী। শিং—১ "হৃদয়ে বহসি গিরীন্দ্রৌ ত্রিভুবন জয়িনী কটাক্ষেণ। অবলা ত্বং যদি মন্যে কে বলবন্তো ন জানীম।"

অবহুজ্ঞ (অ—বহুজ্ঞ) বিং, ত্রিং, বহুজ্ঞ নয়, অনেক জানেনা, অল্পজ্ঞ।

অবাধ (অ—বাধা) বিং, ত্রিং, বাধাহীন, যাহাতে বাধা ঘটে না। ২। পীড়াশূন্য। ৩। (অ—বাধ বিরাম) ক্রিং—বিং, বিনা বাধে, বাধ ব্যতিরেকে, বিরাম ব্যতিরেকে।

অবাধ্য (অ—বাধ্য) বিং, ত্রিং, বাধা দিবার অযোগ্য বা অশক্য। ২। বাধ্য নয়, বশীভূত নয়, অবশ্য, অবশীভূত।

অবাধ্যতা (অবাধ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, বাধ্য না থাকা, বশীভূত না থাকা, অবশীভাব।

অবান্ধব (অ—বান্ধব) বিং, ত্রিং, যেথানে বান্ধব নাই, বন্ধুহীন, বান্ধবহীন; যথা—অবান্ধব পুরী, অবান্ধব দেশ।

অবিন্ধন (অপ—ইন্ধন উদ্দীপন। জলই ইহার উদ্দীপন সাধন দ্রব্য) সং, পুং, বাড়বাগ্নি। শিং—১ "অবিন্ধনং বহ্নিমসৌবিভর্ত্তি।" (রঘু)। ২। বজ্রাগ্নি।

অবোধ (অ—বোধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার বোধ নাই, যে বুঝেনা, অজ্ঞান, বোধহীন। ২। সং, পুং, জ্ঞানাভাব। শিং—১ "নিসর্গ-দুর্ব্বোধমবোধ বিক্লবাঃ।" (ভারবি)

অবাধে; অং, নির্ব্বিঘ্নে, অনায়াসে।

অব্জ (অপ্ জল—জ যে জন্মে। যে জলে জন্মে, কিম্বা যে সমুদ্রমন্থনে জন্মিয়াছে) সং, পুং, চন্দ্র। ২। ধন্বন্তরি। ৩। নিচুল বৃক্ষ। ৪। পুং—ক্লীং, শঙ্খ, শাঁখ। ৫। ক্লীং, পদ্ম, অম্বুজ। ৬। দশ অর্ব্বুদ, শতকোটি।

অব্জভোগ (অব্জ শঙ্খ—ভোগ) সং, পুং, পদ্ম-বীজকোষ, পদ্মকন্দ।

অব্জযোনি (অব্জ পদ্ম—যোনি উৎপত্তি স্থান। বিষ্ণুর নাভিকমল যাহার উৎপত্তি স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

অব্জিনী (অব্জ+ইন্—সমূহার্থে। ঈ (ঈপ্)—স্ত্রীলিঙ্গে।) সং, স্ত্রীং, পদ্মিনী। ২। পদ্মের ঝাড়। ৩। পদ্মসমূহ। ৪। পদ্মযুক্ত দেশ।

অব্দ (অব্ রক্ষাকরা+দ—সংজ্ঞার্থে) সং, পুং, বৎসর। ২। পর্ব্বতবিশেষ। ৩। (অপ্ জল—দ যে দানকরে। [illegible]—ষ) জলদ, মেঘ। ৪। মুস্তা।

অব্দসার; সং, পুং, কর্পূরভেদ।

অব্ধি (অপ্ জল—ধি [ধা ধারণকরা+ই (কি)—ক] যে ধারণকরে। যে জল ধারণ করে, ২য়া—ষ, অথবা অপ্ জল—ধা ধারণ করা+ই (কি)—ধি) সং, পুং, জলধি, সমুদ্র।

অব্ধিকফ; সং, পুং, সমুদ্রফেন।

অব্র (অপ্ জল—ভৃ ধারণকরা+অ (ক)—ক, কিম্বা অপ্—ভ্রন্স্ পতিত হওয়া+অ (ক)—পা। যে জল ধারণ করে বা যাহা হইতে জল পতিত হয়) সং, ক্লীং, জলধর, মেঘ। ২। মুতা। ৩। অভ্রক ধাতু।

অব্রহ্মণ্য (অ—ব্রহ্মণ্য [ব্রাহ্মণ পক্ষে যাহা উপযুক্ত] অহিংসা, মৃত্যু) সং, ক্লীং, নাট্যে—"অবধ্য" কথন, "বধ করিও না" এই কথা বলা।

অব্রাহ্মণ (অ অপ্রশস্ত—ব্রাহ্মণ) সং, পুং, ব্রাহ্মণ নয়, ব্রাহ্মণভিন্ন শূদ্রাদি। ২। যাহাতে

ব্রাহ্মণের সমুদয় লক্ষণ নাই, যে ব্রাহ্মণের কর্ত্তব্য কর্ম্ম করেনা, নিন্দিত ব্রাহ্মণ। ৩। (অ সদৃশ—ব্রাহ্মণ) ব্রাহ্মণ সদৃশ, যেমন ক্ষত্রিয় বৈশ্যাদি।

অব্রুবাণ (অ—ব্রুবাণ [ব্রু বলা+আন (শান)—ক] যে বলে) বিং, ত্রিং, বাক্‌শক্তিহীন। ২। যার বুদ্ধিপূর্ব্বক কথা কহিবার বয়স্ হয় নাই বা ক্ষমতা জন্মে নাই, নিতান্ত অল্পবয়স্ক, বালক।

অভক্তি (অ—ভক্তি) সং, স্ত্রীং, ঘৃণা, অশ্রদ্ধা, অবজ্ঞা, হেয়জ্ঞান।

অভক্ষ্য (অ—ভক্ষ্য) বিং, ত্রিং, ভক্ষ্য নয়, যাহা খাওয়া উচিত নয়, অখাদ্য, অভোজ্য, অভক্ষণীয়।

অভদ্র (অ—ভদ্র) বিং, ত্রিং, ভদ্র নয়, যার ভদ্রতা নাই, যেমন অভদ্র লোক। ২। নিন্দিত, গর্হিত, যথা অভদ্র ব্যবহার। সং, ক্লীং, ৩। দুঃখ। ৪ অমঙ্গল, অশুভ।

অভদ্রতা (অভদ্র+তা—ভাবে) সং, স্ত্রীং, অভদ্রের আচরণ।

অভয় (অ—ভয়। রোগহারিত্ব হেতু যাহা হইতে ভয় নাই, ৫মী—হিং) সং, ক্লীং, বেনামূল। ২। নলদবৃক্ষ। ৩। ভয়াভাব; যথা—"প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।" বিং, ত্রিং, যে ভয়ঙ্কর নহে, যার ভয় নাই, ভয়শূন্য নির্ভয়তা। ৪। য়া—স্ত্রীং, ভগবতীরমূর্ত্তিভেদ। এই মূর্ত্তি সিংহবাহিনী, অষ্টভুজা। অসুরবধ করিয়া সুরগণকে অভয় প্রদান করেন বলিয়া ইহার নাম অভয়া। ২। হরিতকী।

অভয়ডিণ্ডিম (অ—ভয়—ডিণ্ডিম ঢক্কা, ৪র্থী—ষ। স্বসৈন্য উৎসাহিত করিয়া অভয়প্রদান করিবার জন্য যাহা বাদিত হয়) সং, পুং, যুদ্ধঢক্কা, জয়ঢাক।

অভয়দক্ষিণা (অভয়—দক্ষিণা) সং, স্ত্রীং, অভয়দান দেখ।

অভয়দান (অভয়—দান) সং, ক্লীং, অভয় দেওয়া, "তোমার ভয় নাই আমি রক্ষা করিব" এইরূপ বলিয়া আশ্বাস বা সাহস দেওয়া, অভয়প্রদান, অভয়দক্ষিণা।

অভয়প্রদান; সং, ক্লীং, অভয়দান দেখ।

অভব্য (অ অপ্রশস্ত—ভব্য) সং, ক্লীং, অমঙ্গল। ২। দুষ্টভাগ্য। ৩। বিং, ত্রিং, দুর্ভাগ্য বিশিষ্ট, অসভ্য, ভদ্রসমাজের অনুপযুক্ত। শিং—"উপনতমবধীরয়ন্ত্য-ভব্যাঃ।" (কিরাতা)

অভব্যতা (অভব্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অভব্যের আচরণ।

অভাগ্য (অ—ভাগ্য) সং, ক্লীং, দুর্ভাগ্য, মন্দ ভাগ্য। ২। বিং, ত্রিং, ভাগ্যহীন, হত ভাগ্য।

অভাজন (অ—ভাজন পাত্র) বিং, ত্রিং, অপাত্র, অযোগ্য, নির্গুণ, ক্ষমতাহীন। "আমি অভাজন পরম ভাজন ঘটক নারদ ভায়া।" (অন্নদামঙ্গল)

অভাব (অ—ভূ হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, না থাকা, অবিদ্যমানতা, অসত্তা। ২। ধ্বংস, মৃত্যু। ৩। অপ্রতুল, অসঙ্গতি, অসংস্থান। ৪। ন্যায়মতে—অভাব অর্থে নিষেধ বা না থাকা। ইহা চারি প্রকার। যথা—প্রাগভাব, ধ্বংস, অত্যন্তাভাবও অন্যোন্যভাব। প্রথমতঃ—ঘটাদি কোন বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তাহার যে অভাব থাকে, তাহাকে প্রাগভাব বলে। দ্বিতীয়তঃ—ঘট পটাদি কোন বস্তু নষ্ট হইলে তাহার যে অভাব হয়, তাহার নাম ধ্বংসাভাব। তৃতীয়তঃ—গৃহ ঘট নয় এইরূপ কথায় দুই বস্তুর পরস্পর যে প্রভেদ বোধ হয়, তাহাকে ভেদাভাব বলে। চতুর্থতঃ—এগৃহে বস্ত্র নাই এরূপ কথা বলিলে যে অভাব বুঝায়, তাহাকে অত্যন্তাভাব বলে। ৫। (অ—ভাব স্থায়িভাব) ভাবশূন্য।

অভাবনীয় (অ—ভাবি চিন্তা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অচিন্তনীয়, যাহা ঘটিতে পারে বলিয়া কখন মনে ভাবা যায় না, অসম্ভাবনীয়।

অভাবিত (অ—ভাবিত) বিং, ত্রিং, যাহা ঘটিতে পারে বলিয়া কখন ভাবা যায় নাই, অচিন্তিত, অসম্ভাবিত। [মৌন।

অভাষণ (অ—ভাষণ কথন) সং, ক্লীং,

অভি (অ—ভা দীপ্তি পাওয়া+ই (কি)—ক) উপং, অং, সাদৃশ্য। ২। অভিমুখ্য।

৩। অভিলাষ। ৪। বীপ্সা। ৫। ইত্থ-ম্ভাব। ৬। চিহ্ন। ৭। নিকট। ৮। সমন্তাৎ। ৯। উৎকর্ষ। ১০। ধর্ষণ। ১১। সম্মুখ। ১২। বিভিন্নতা। ১৩। একীকরণ। ১৪। বিশেষকরণ। গণরত্নে—"অভি পূজাভৃশার্থেচ্ছাসৌম্যাভিমুখ্য সৌরূপ্যবচনাহারস্বাধ্যায়েষু।" পূজার্থে—যথা, অভিবন্দন। ভৃশার্থে—যথা, অভিযুক্ত, অভিনিবেশ। ইচ্ছার্থে—যথা, অভিলাষ। সৌম্যার্থে—যথা, অভিজাত। অভিমুখ্যার্থে—যথা, অভ্যগ্নি, অভিমুখ। সৌরূপ্য—যথা, অভিরূপ। বচনার্থে - যথা, অভিধান। স্বাধ্যায় অর্থে—যথা, অভ্যাস। আহার অর্থে—যথা, অভ্যবহার।

অভিক (অভি—ক [ কম্ ইচ্ছাকরা+অ(ড) —ক ] যে অভিলাষ করে ) বিং, ত্রিং, কামুক, লম্পট। শিং—১ "সোঽধিকারমভিকঃ কুলোচিতং কাঞ্চন স্বয়মবর্ত্তয়ৎসমাঃ।" (রঘু)

অভিক্রম ( অভি সম্মুখে—ক্রম্ গমন করা +অ(অল্)—ভাবে) সং, পুং, যুদ্ধার্থ শত্রুসম্মুখে গমন। ২। আরোহণ। ৩। আক্রমণ। ৪। আরম্ভ। শিং—১"নেহভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।" (গীতা)

অভিক্ষেপ ; সং, পুং, অভিভব।

অভিখ্যা (অভি—খ্যা বলা+অ(ঙ)—ভা, ণ) সং, স্ত্রীং, নাম। (—খ্যা বলা+অ(ঙ)—ভাবে) ২। খ্যাতি, উপাধি। ৩। শোভা। শিং—১"কাপ্যভিখ্যা তয়োরাসীৎ ব্রজতোঃ শুদ্ধবেশয়োঃ। (রঘু) ৪। কীর্ত্তি। ৫। আখ্যান। ৬। মাহাত্ম্য। ৭। প্রসিদ্ধ।

অভিগম—পুং, } ( অভি সম্মুখ—গম্
অভিগমন—ক্লীং } গমনকরা+অ(অল্), অন(অনট্),—ধি, ভা) সং, আশ্রয়। প্রত্যুদ্গমন। ৩। প্রাপ্তি। ৪। সেবা।

অভিগ্রস্ত ( অভি—গ্রস্ত আক্রান্ত ) বিং, ত্রিং, আক্রান্ত। ২। কবলীকৃত। ৩। লুণ্ঠিত।

অভিগ্রহ (অভি সম্মুখ—গ্রহ্ গ্রহণকরা+অ (অল্)—ভা ) সং, আক্রমণ, যুদ্ধার্থ সম্মুখ গমন। ২। অভিগ্রহণ, লুঠ। ৩। স্পর্দ্ধা ৪। গৌরব।

অভিগ্রহণ। অভিগ্রহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, চৌর্য্যকরণ, সম্মুখে হরণ, লুঠ।

অভিঘাত ( অভি—হন্ হিংসাকরা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, আঘাত, দণ্ডাদি বা অস্ত্রাদি দ্বারা নিগ্রহ, ঘর্ষণ। ২। হত্যা। ক্ষয়, ধ্বংশ, বিনাশ। ৩। প্রতিঘাত, তাড়না। শিং—১ "তড়াভিঘাতাদিব লগ্নপঙ্কে।" (কুমার)। ৪। যাতনা।

অভিঘাতী ( অভিঘাতিন্, অভি—হন্ বধকরা+ইন্(ণিন্) —ক। হন=ঘাত। সং, পুং, শত্রু। ২। আঘাতকারী, নাশক।

অভিঘার (অভি—ঘৃ ক্ষরিত হওয়া, দীপ্তি পাওয়া, সেচন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, হোম। ২। (+অ(ঘঞ্)—র্ম্ম) হবনীয় দ্রব্য, সিচ্যমান ঘৃত।

অভিচার ( অভি—চর্ [ গমনকরা ] হিংসাকরা+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, অন্যের অনিষ্ট অভিসন্ধিতে তন্ত্রশাস্ত্রোক্ত প্রণালীতে কোন প্র[illegible] করা, ইহা ছয় প্রকার যথা—মারণ, [illegible]হন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, ব[illegible]রণ। ২। পরহিংসা। ৩। উপপাতক বিশেষ; শ্যেনযজ্ঞাদি দ্বারা অনপরাধীরে প্রাণনশ করা।


অভিচারী ( অভিচারিন্, অভিচার দেখ, ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, অভিচারকর্ত্তা, তন্ত্রাদিশাস্ত্রোক্ত অনিষ্টকারী, যে ব্যক্তি মারণাদি হিংসা কর্ম্ম করে।

অভিজন ( অভি সম্যক—জন্ জন্মান+অ (অল্)—ধি) সং, পুং, বংশ, প্রসিদ্ধ বংশ। শিং—১"ন পরিচয়ং রক্ষতি নাভিজনমীক্ষতে। (কাদম্বরী)। ২। (অভি অভিমত—জন জন্মস্থান ) জন্মভূমি। ৩। (+অ (অল্)—ণ) খ্যাতি, কীর্ত্তি। ৪। পূর্ব্ববন্ধু, পিত্রাদি। ৫। +অ(অন্)—ক) কুলশ্রেষ্ঠ।

অভিজাত ( অভি অভিমত বা প্রশস্ত—জাত জন্ম) বিং, ত্রিং, যে উত্তম বংশে জন্মিয়াছে, সদ্বংশজাত, সৎকুলজাত, সৎবংশোদ্ভব, কুলীন, সুজাত। ২। জ্ঞানী, পণ্ডিত। ৩। যোগ্য। ৪। সুশ্রী। ৫। মধুর। ৬। ন্যায্য। ৭। মনোহর। শিং—১"প্রজল্পিতায়ামভিজাতবাচি।"

অভিজাত-তন্ত্র ( Aristrocracy ) প্রধান ব্যক্তিদের হস্তগত রাজ্য শাসন।

অভিজিৎ (অভি — জিৎ [ জি জয় করা + ০ (ক্বিপ্) — ণ] যে জয় করে) সং, ক্লীং — স্ত্রীং, জ্যোতিষতত্ত্বে — নক্ষত্র বিশেষ, পারিভাষিক নক্ষত্র, উহা দুইটী কিম্বা তিনটী তারকাময়। উত্তরাষাঢ়ার



অভিজিৎ শেষ ১৫ দণ্ড এবং শ্রবণার প্রথম ৪ দণ্ড, এই ১৯ দণ্ডকে অভিজিৎ কহে। কোষ্ঠী-প্রদীপ এবং শিরোমণিসিদ্ধান্তে লিখিত আছে, অভিজিৎ নক্ষত্রে জন্মিলে অতি মনোহর রূপ হয়, এবং সাধুলোকের সমাদৃত ও শান্তস্বভাব হয়। বিশেষতঃ দেব দ্বিজে অনুরাগ, উত্তম কীর্ত্তি ও স্পষ্ট বক্তৃতাশক্তি এ সকলই অভিজিৎ নক্ষত্রে জন্মের ফল; এবং যে, যে বংশে জন্মে, সে, সেই বংশের আধিপত্যও করিতে পারে যথা—"ঐ পুত্র ইন্দ্রদৈবত চন্দ্রসংযুক্ত অভিজিৎ নামক অষ্টম মুহূর্ত্তে মধ্যাহ্ন সময়ে জন্ম গ্রহণ করিলেন।" (কালীপ্রসন্ন মহাভারত — আদিপর্ব্ব)। ২। প্রায়শ্চিত্ত বিশেষ। ৩। ( অভি — জিৎ [ জি জয় করা + ০ (ক্বিপ্) — ধি] কুতপ লগ্ন; দিবসকে পঞ্চদশখণ্ডে বিভাগ করিলে তাহার অষ্টম ভাগ অর্থাৎ অষ্টম মুহূর্ত্তের নাম অভিজিৎ। এই মুহূর্ত্তে শ্রাদ্ধাদি করিলে তাহা অক্ষয় হয়। ৪। যদুবংশীয় ভবের পুত্র।

অভিজ্ঞ (অভি সম্যক্ — জ্ঞ [জ্ঞা জানা + অ (ড) — ক ] যে জানে) বিং, ত্রিং, বহুদর্শী, অনেক দেখিয়া শুনিয়া অথবা স্বহস্তে অনুষ্ঠান করিয়া যাহার জ্ঞান জন্মিয়াছে, যে ঠেকিয়া শিক্ষা পাইয়াছে, জ্ঞানবান্। ২। যে ভোগ বা অনুভব করিয়াছে; যথা — দুঃখাভিজ্ঞ। ৩। নিপুণ। ৪। বিদ্বান্।

অভিজ্ঞতা (অভিজ্ঞ + তা — ভাবে) সং, স্ত্রীং, অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে। ২। নিপুণতা।

অভিজ্ঞা (অভি — জ্ঞা জানা + অ(ঙ) — ভাবে) সং, স্ত্রীং, প্রথমোৎপন্নজ্ঞান, আদ্যজ্ঞান।

অভিজ্ঞাত ( অভি — জ্ঞাত [জ্ঞা জানা + ত (ক্ত) — র্ম্ম] বিদিত ) বিং, ত্রিং, চিহ্নদ্বারা জ্ঞাত। ২। অনুসন্ধান দ্বারা জ্ঞাত।

অভিজ্ঞান ( অভি সম্মুখে — জ্ঞা জানা + অন (অনট্) — ণ ) সং, ক্লীং, "সে এই" এইরূপ জ্ঞানসাধন চিহ্ন, স্মরণের উদ্বোধক বস্তু, দেখিলে স্মরণ হইবে এই অভিপ্রায়ে দত্ত বস্তু, স্মৃতিকারক চিহ্ন, জ্ঞানসাধন। শিং—১"চিহ্নভূতং ত্বভিজ্ঞানং ত্বমস্মে কর্ত্তুমর্হসি।" ২। (+ অন (অনট্) ভাবে) "তাহা এই" এইরূপ জ্ঞান। শিং—১ "তদভিজ্ঞানহেতোর্হি দত্তং তেন মহাত্মনা।"

অভিজ্ঞান-পত্র ( Certificate ) সং, ক্লীং, যে পত্রে কোন ব্যক্তিকে বিশেষ করিয়া জানা যায়।

অভিতঃ (অভিতস্, অভি সম্মুখ বা উভয় + তস্ — সপ্তমীবিভক্তি স্থানে তস্ ) অং, অভিমুখে, সম্মুখে। ২। উভয়তঃ, উভয় দিকে। ৩। সমন্তাৎ, সর্ব্বদিকে। ৪। সামীপ্য, নিকটে। ৫। প্রতি। ৬। শীঘ্র। ৭। সম্পূর্ণরূপে, সাকল্য।

অভিতপ্ত (অভি — তপ্ উত্তপ্ত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, অগ্নিসন্তপ্ত। ২। দুঃখিত।

অভিদ্যোতিত ( অভি — দ্যোতিত [ দ্যুৎ দীপ্তিপাওয়া + ত(ক্ত) — ক] প্রকাশিত ) বিং, ত্রিং, শোভিত। ২। প্রকাশিত। ৩। উল্লাসিত।

অভিদ্রবণ (অভি — দ্রু গমন করা, গলা + অন(অনট্) — ভা ) সং, ক্লীং, বেগে গমন।

অভিদ্রুত (অভি দ্রু গমন করা + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বেগে পলায়িত।

অভিদ্রোহ (অভি — দ্রোহ [দ্রুহ্ হিংসা করা + অ (অল্) — ভা] অনিষ্টাচরণ) সং, পুং, অনিষ্ট চিন্তা, আক্রোশ। ২। অপকার। শিং — ১"নামজাতিগ্রহং তেষামভিদ্রোহেন কুর্ব্বতঃ।" (মনু)

অভিধা (অভি — ধা [ধারণকরা] বলা ইত্যাং + অ(ঙ) — ভা ) সং, স্ত্রীং, নাম, সংজ্ঞা।

২। (+অ(ঙ) – ক)শব্দের শক্তিবিশেষ, যে শক্তিদ্বারা কোষ ব্যাকরণাদি প্রসিদ্ধ অর্থের বোধ হয়।

অভিধান (অভি–ধা [ধারণকরা] বলা ইত্যাদি+অন(অনট্)–ভাবে) সং, ক্লীং, কথন। শিং–১ "তবাভিধানাদ্‌ব্যথতে-নতাননঃ।"(ভারবি)। ২। (+অন (অনট্) –ণ) নাম। ৩। (+অন(অনট্)–ধি) শব্দার্থকোষ, শব্দার্থ প্রকাশক গ্রন্থ।

অভিধাবন; সং, ক্লীং, অনুসরণ।

অভিধেয় (অভিধা দেখ, য–র্ম্ম) বিং, ত্রিং, অভিধাপ্রতিপাদ্য, বাচ্য, প্রতিপাদ্য। ২। শব্দের অর্থ, যে শব্দে যে বস্তু বুঝায় ঐ বস্তু সেই শব্দের অভিধেয়; যথা– অন্ন শব্দের অভিধেয় ভাত, বারি শব্দের অভিধেয় জল। ২। বক্তব্য, বর্ণনীয় বিষয়। ৩। (+য–ণ) ক্লীং, নাম।

অভিধ্যা (অভি–ধ্যৈ চিন্তা করা+অ(ঙ)– ভাবে) সং, স্ত্রীং, পরদ্রব্যে স্পৃহা, পর-ধনে ইচ্ছা। ৩। বিষয় প্রার্থনা। ৪। চিন্তা। ৫। অভিলাষ।শিং-১"সোঽভিধ্যায় শরী-রাৎ স্বাৎ সিসৃক্ষু র্বিবিধাঃ প্রজা।"

অভিধ্যান (অভি–ধ্যৈ চিন্তা করা+অন (অনট্)–ভাবে) সং, ক্লীং, প্রগাঢ় চিন্তা, সবিশেষ অভিনিবেশপূর্ব্বক চিন্তা।

অভিনন্দন (অভি সম্যক্–নন্দ্ [আনন্দিত হওয়া|প্রশংসাকরা ইত্যাদি+অন(অনট্) –ভা) সং, ক্লীং, সেবা। ২। অনুমোদন। ৩। স্বয়ং আনন্দিত হইয়া অন্যকে আনন্দিত করা। ৪। কোন বিষয়ের হর্ষ প্রদর্শনকরা, কাহার মঙ্গল দর্শনে আহ্লাদ প্রকাশ করা। ৫। সন্তোষপূর্ব্বক প্রশংসা করা, স্তব। ৬। স্বীকার। ৭। পুং, বুদ্ধবিশেষ।

অভিনয় (অভি–নী [লওয়া] সজ্জা করা, অনুষ্ঠান করা+অ(অল)–ভা) সং, পুং, নাটকে যে সকল ব্যক্তির বর্ণনা থাকে রঙ্গ-ভূমিতে তাহাদের অবস্থার অনুকরণ অর্থাৎ তাহারা যেরূপ করিয়াছে নাটকে বলিয়া বর্ণিত আছে তাহাদের স্থানে সাজিয়া সেইরূপ করণ, শরীর চেষ্টাদিদ্বারা অবস্থানু-করণ, শরীরসজ্জা, কোন ব্যক্তি বা ব্যাপা-রের অর্থব্যঞ্জক ব্যাপার, অনুরূপ করণ, তুল্য সজ্জা, ছদ্মবেশ, সং সাজা। ২। রস-ভাবাদিব্যঞ্জক চেষ্টা বিশেষ। ৩। প্রসাধন।

অভিনব (অভি–নব নূতন) বিং, ত্রিং, নূতন, নব্য। ২। সং, পুং, স্তব।

অভিনহন (অভি–নহ্ বন্ধন করা+অন (অনট্)–ভা) সং, ক্লীং, দৃঢ় বন্ধন।

অভিনির্ম্মুক্ত (অভি সর্ব্বদা বা সর্ব্বোভাবে –নির্ নিশ্চয়–মুক্ত) সং, পুং, সূর্য্যাস্ত-কালপর্য্যন্ত শয়নকারী, সূর্য্যের অস্তকাল পর্য্যন্ত সুষুপ্ত ব্যক্তি। ২। বিং, ত্রিং, সূর্য্যাস্তকালে নিদ্রিত। ৩। পরিত্যক্ত।

অভিনির্যাণ (অভি সম্যক্–নির্ বাহির–যা যাওয়া+অন(অনট্)–ভা) সং, ক্লীং, শত্রু উপলক্ষ করিয়া যুদ্ধার্থ নিষ্ক্রমণ, জয় করিবার ইচ্ছায় যুদ্ধে গমন, সৈন্যযাত্রা, যুদ্ধযাত্রা।

অভিনিবিষ্ট (অভি–নি–বিশ্ প্রবেশ করা +ত(ক্ত)–ক) বিং, ত্রিং, অন্তঃপ্রবিষ্ট। ২। আগ্রহবিশিষ্ট। ৩। অত্যন্ত মনো-যোগী, অতিশয় যত্নশীল, অভিনিবেশ-শালী।

অভিনিবেশ (অভি ...বিষ্ট দেখ, অ(অল্)– ভা) সং, পুং, আগ্রহ। ২। আবেশ। ৩। মনোনিবেশ, মনোযোগ। ৪। প্রণিধান। ৫। শাস্ত্রাদিতে প্রবেশ। ৬। সবিশেষ যত্ন। ৭। "অবশ্য ইহা কর্ত্তব্য" এইরূপ আগ্রহ বিশিষ্ট মনঃসংযোগ বিশেষ। ৮। যোগ শাস্ত্রমতে–মরণজন্য ভয়জনক অবিদ্যা বিশেষ,এই দেহ অনিত্য,ইহার বিয়োগ না হউক ইত্যাদি মরন নিবারণার্থে আগ্রহ।

অভিনিবেশশালী(–লিন্,) বিং, ত্রিং, অভি-নিবিষ্ট দেখ।

অভিনিষ্পতন (অভি–নিস্–পতন) সং, ক্লীং, নির্গমন।

অভিনীত (অভিনয় দেখ, ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং,সুসজ্জিত, ভূষিত, অভিনয়ের বিষয়ী-ভূত, অভিনয়োপযুক্ত করা। ২। ন্যায্য, যুক্ত। শিং—১"অভিনীততরং বাক্যমিত্যু-বাচ যুধিষ্ঠিরঃ।" ৩। বিনীত। ৪। সহিষ্ণু। ৫। অতিভূষিত। ৬। ক্রোধী।

অভিনীতি (অভি—নীতি যুক্তি) সং, স্ত্রীং, প্রিয়ব্যাক্যাদি যুক্ত যুক্তি। শিং—১"সান্ত্ব-পূর্ব্বমভিনীতিহেতুকম্।"(কিরাতার্জ্জুনীয়) ২। অভিনয়। ৩। অনুকরণ।

অভিনেতা (অভিনেতৃ,অভিনয় দেখ,তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, অভিনয়কর্ত্তা, যে অভিনয় করে, দেহাদির অনুরূপকারী, সজ্জাকারী, সংওয়ালা।

অভিনেয় (অভিনয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অভিনয়-বিষয়, অভিনয়ের যোগ্য, যার অভিনয় করা উচিত বা করিতে হইবেক।

অভিন্ন (অ—ভিন্ন) বিং, ত্রিং, ভিন্ন নয়, যার সঙ্গে অভেদ। ২। অবিদারিত। ৩। অবি-দলিত। ৪। অভগ্ন, দৃঢ়।

অভিপন্ন (অভি—পদ্ গমনকরা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিপদ্গ্রস্ত, বিপন্ন। ২। অপ-রাদ্ধ, অপরাধী। ৩। স্বীকৃত। ৪। পলা-য়িত। ৫। শরণাগত। ৬। অভিগ্রস্ত। ৭। সরল।

অভিপ্রণীত (অভি চতুর্দ্দিকে—প্রণীত) বিং, ত্রিং, বেদবিধি মন্ত্রদ্বারা সংস্কৃত। শিং—১ "জজ্জ্বাল লোকস্থিতয়ে স রাজা যথাধ্বরে বহ্নিরভিপ্রণীতঃ।" (ভট্টি)। ২। আরা-ধিত। ৩। সম্যক্‌রচিত।

অভিপ্রায় (অভি—প্র—ই [গমনকরা] বাঞ্ছাকরা ইত্যাদি+অ (অল্)—ভা) সং, পুং, আশয়। ২। উদ্দেশ, তাৎপর্য্য, অভি-সন্ধি, মনের ভাব। ৩। মত।

অভিপ্রেত(অভিপ্রায় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভীষ্ট, বাঞ্ছিত। শিং—১"কামায় তু ভবেৎ কাম্যমভিপ্রেতার্থ সিদ্ধয়ে।" ২। অভিপ্রায়ের বিষয়।৩। উদ্দেশ্য,যে বিষয়ের অভিপ্রায় করা গিয়াছে। ৪। সম্মত।

অভিভব, অভিভাব (অভি অপকৃষ্ট—ভূ হওয়া+অ(অল্),অ(ঘঞ্)—ভা) সং,পুং, পরাভব, হারা।২। তিরস্কার। ৩। অবমান। ৪। আকুলীভাব।৫। অনাদর।৬।আক্রমণ।

অভিভাবক (অভি—ভূ হওয়া+অক(ণক)—ক) সং, পুং, যে রক্ষণাবেক্ষণ করে, তত্ত্বাবধায়ক। ২। আশ্রয়দাতা। ৩। অভিভবকারী।

অভিভাবিকা—বিং, স্ত্রীং, অভিভাবক দেখ।

অভিভূত (অভিভব দেখ, ত (ক্ত)—ক) বিং, ত্রিং,পরাভূত, পরাজিত, আক্রান্ত, আচ্ছন্ন, বিহ্বল, যথা—শোকে অভিভূত। ২। আয়ত্ত। ৩। অবশ। ৪। আবৃত। ৫। তিরস্কৃত। ৬। অজ্ঞান। ৭। ইতিকর্ত্তব্যতা বিমূঢ়। ৮। আকুল।

অভিভূতি (অভি—ভূ হওয়া+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অভিভব।২। অবজ্ঞা, অনাদর।

অভিমত (অভি—মন্ [বুঝা] ভালবাসা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্মত, অনুমত, মনোনীত, প্রিয়। ২। ইষ্ট, অভিপ্রেত, অভিলষিত। শি—১ "অভিমতফলশংসী চারুপুষ্পোর বাহু।" (ভট্টি) ৩। সং, ক্লীং, মত, অভিপ্রায়।

অভিমনা (অভিমনস্, অভি অভিমুখ—মনস্) বিং, ত্রিং, তৃপ্ত, তুষ্ট। শিং—১ "কান্তিং নাভিমনায়েত কোবা স্থাণুসমো-ঽপি তে।" (ভট্টি)

অভিমন্ত্রণ (অভি সম্মুখে—মন্ত্র্ মন্ত্রণা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আমন্ত্রণ, আহ্বান। ২। সম্বোধন। ৩। অভিপ্রণয়ন।

অভিমন্ত্রিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আহূত।

অভিমন্থ; সং পুং, চক্ষুরোগবিশেষ।

অভিমন্যু (অভী নির্ভয়—মন্যু ক্রোধ। মহাভারতে—কৃষ্ণের প্রিয়তমা ভগিনী সুভদ্রা এক পুত্র প্রসব করেন। তিনি স্বভাবতঃ অভী ও মন্যুমান্ অর্থাৎ নির্ভয় ও ক্রোধান্বিত ছিলেন বলিয়া তাঁহার নাম অভিমন্যু হইল) সং, পুং অর্জ্জুনের পুত্র, পরীক্ষিতের পিতা।

অভিমর (অভি—মৃ মরা+অ(অল্)—আধা-রার্থে) সং, পুং, যুদ্ধ। ২। মরণের নির-পেক্ষ হইয়া কৃতযুদ্ধোৎসাহ। ৩। স্বসৈন্য হইতে ভয়।৪।মারণব্যাপার, বধ ৫। বন্ধন।

অভিমর্দ (অভি—মৃদ্ মর্দ্দন করা+অ(অল্)—ভা) সং, পুং, পীড়ন। ২। যুদ্ধ। ৩। মর্দ্দন। চূর্ণীকরণ, নিষ্পীড়ন। ৪। মদ্য।

অভিমর্ষণ (অভি—মৃষ্ সেচন করা, দানকরা

+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অভ্যুক্ষণ। ২। ওষ্ঠাধর লেহন দ্বারা অপরাধ জ্ঞাপন।

অভিমান (অভি—মন্ বুঝা, বা মানি গর্ব্ব করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার; যথা—ধনের অভিমান, বিদ্যার অভিমান, কুলের অভিমান। ২। আত্মীয় স্থলে অল্পেতেই দুঃখ ক্ষোভ অনাদর বা অপমান বোধকরা; যথা—সে অভিমান করিয়া রহিয়াছে, অভিমানে কথা কহিতেছেনা, এই কথা বলাতে তার বড় অভিমান হইয়াছে। ৩। প্রতীতি। ৪। প্রণয়। ৫। হিংসা। ৬। জ্ঞান।

অভিমানী (অভিমানিন্, অভিমান+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং রূপ, গুণ, সৌন্দর্য্যাদি থাকিলে মনে যে অহঙ্কার উৎপন্ন হয় তদ্বিশিষ্ট; গর্ব্বিত, অহঙ্কৃত, অহঙ্কারী; যথা—ধনাভিমানী, কুলাভিমানী; "কি লজ্জায় আর মুখ দেখাইবি অভিমানি!" (মেঘনাদ) ২। অল্পেই যার দুঃখ ক্ষোভ অনাদর বা অপমানবোধ হয়। নী—স্ত্রীং।

অভিমুখ (অভি সমীপ—মুখ) বিং, ত্রিং, সম্মুখবর্ত্তী। ২। উদ্দেশে ধাবমান, যথা—তিনি গৃহাভিমুখ হইলেন। ৩। সং, ক্লীং, সম্মুখ। যথা—অভিমুখে উপস্থিত হইল। ৪। উদ্দেশ; যথা—নগরের অভিমুখে ধাবমান হইল।

অভিমৃষ্ট (অভি—মৃষ্ট মার্জ্জিত) বিং, ত্রিং, মিলিত, সম্বন্ধ। ২। স্পৃষ্ট। ৩। ঘর্ষিত।

অভিযাচিত (অভি—যাচিত প্রার্থিত) বিং, ত্রিং, সম্মুখে প্রার্থিত। যথা—"অভিযাচিত হইয়া পরস্ত্রী সম্ভোগ করিলে পাপভাগী হইতে হয় না।"

অভিযান (অভি বিরুদ্ধ—যান গমন) সং, ক্লীং, অভিগমন, আক্রমণ। যুদ্ধযাত্রা।

অভিযাত } (অভিযান দেখ, ত(ক্ত)—র্ম্ম।
অভিযুক্ত } অভি—যুজ্ যোগকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শত্রুকর্ত্তৃক অবরুদ্ধ, আক্রান্ত, অভিনিবিষ্ট। ২। যাহার প্রতি অভিযোগ করা যায়, প্রতিবাদী, আসামী। ৩। ভৎর্সিত। ৪। কথিত। ৫। আবিষ্ট।

অভিযোক্তা (অভিযোক্তৃ, অভিযুক্ত দেখ, তৃ (তৃন্)—ক) সং, পুং, অভিযোগকর্ত্তা, বাদী, ফরিয়াদী। ২। আক্রমণকারী।

অভিযোগ (অভিযুক্ত দেখ, অ (ঘঞ্)—ভা। জ=গ) সং, পুং, অপকারেচ্ছায় আক্রমণ। শিং—১ "স প্রাপদপ্রাপ্তপরাভিযোগম্।" (কুমার)। ১। যুদ্ধার্থ আহ্বান। ২। অভিনিবেশ। ৩। আদ্র্যাভিভাব। ৪। শপথ। ৫। ভৎর্সনা। ৬। উদ্যোগ। ৭। কোন ব্যক্তির অপরাধ কথন পূর্ব্বক বিচারকের নিকট বিচারার্থ আবেদন, নালিশ।

অভিরত (অভি—রত) বিং, ত্রিং, অত্যন্ত আসক্ত, অনুরক্ত। ২। প্রীত। ৩। নিযুক্ত।

অভিরতি (অভি—রতি সন্তোষ) সং, স্ত্রীং, আসক্তি, অনুরাগ। শিং—১ "ন মৃগয়াভিরতির্ন দুরোদরম্।" (রঘু)।

অভিরাদ্ধ (অভি—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আরাধিত, পূজিত। ২ প্রসাদিত, সেবিত।

অভিরাম (অভি রম্ অনুরক্ত হওয়া+অ (ঘঞ্)—ধি যাহাতে মন অনুরক্ত হয়) বিং, ত্রিং, রম্য, সুন্দর, মনোহর, প্রিয়, প্রীতিজনক। শিং—১ "শ্রোত্রাভিরামাঃ শৃণ্বন্তো রথনেমি স্বনোন্মুখৈঃ।" ২ গ্রীবাভঙ্গাভিরামং মুহুরনুপততিস্যন্দনে দত্তদৃষ্টি।" (শকু)

অভিরুচি (অভি—রুচ্ রোচক হওয়া+ই—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা, স্পৃহা, অভিলাষ। প্রবৃত্তি। ২ দীপ্তি।

অভিরূপ (অভি—রূপ্ রূপযুক্ত করা+অ (অল্)—র্ম্ম, কিম্বা অভি লক্ষণীয়—রূপ। যাহার রূপ লক্ষণীয় হইয়াছে) বিং, ত্রিং, মনোহর। প্রিয়। শিং—১ "অভিরূপ গুণভূয়িষ্ঠা পরিষৎ।" (শকু) ২। অনুরূপ; শিং—১ "কামমনভিরূপমস্যা বয়সো বল্কলম্।" বিদ্বান্। পণ্ডিত। সং, পুং, শিব। বিষ্ণু। (উৎকৃষ্ট রূপ বলিয়া) চন্দ্র। কন্দর্প।

অভিরোধ; সং, পুং, পীড়ন।

অভিলষণীয় (অভিলষিত দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অভিলাষ করিবার যোগ্য, বাঞ্ছনীয়, স্পৃহণীয়, আকাঙ্ক্ষণীয়।

অভিলষিত (অভি—লষ্ ইচ্ছাকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অভিলাষ করা গিয়াছে, বাঞ্ছিত, অভীষ্ট, ইষ্ট, আকাঙ্ক্ষিত। ২। (+ত(ক্ত)—ভাবে) ক্লীং, বাঞ্ছা।

অভিলাপ (অভি—লপ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, সঙ্কল্পের অঙ্গভূত বাক্য। শিং—১ "কাম্যাভিলাপসহিতঃ কুশতিলত্যাগরূপঃ সঙ্কল্পঃ।" ২। শব্দ।

অভিলাব (অভি—লূ ছেদন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ছেদন। ২। বিধ্বংস।

অভিলাষ (অভিলষিত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, ইচ্ছা, স্পৃহা। ২। অনুরাগ। ৩। লোভ।

অভিলাষী } অভিলাষুক } (অভিলাষিন্, অভিলষিত দেখ. ইন্ (ণিন্), উক(ঞুক), —ক) বিং, ত্রিং, অভিলাষযুক্ত, সস্পৃহ। লোভী। লুব্ধ। লোলুপ, ইচ্ছুক।

অভিলাষিণী—বিং, স্ত্রীং, অভিলাষী দেখ।

অভিবাদ (অভি বিপরীত—বাদ কথন) সং, পুং, অপ্রিয়বাক্য, অপবাদ, অখ্যাতি। ২। বন্দনা।

অভিবাদক (অভি—বাদি বন্দন করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে অভিবাদন করে, বন্দনশীল। শিং-১"আয়ুষ্মান্ ভবসৌম্যেতি বাচ্যবিপ্রোঽভিবাদকঃ।" (মনু) ২। অপ্রিয়বক্তা।

অভিবাদন (অভি—বাদি [বলা] প্রণামকরা+অন—ভা) সং, ক্লীং, নামোচ্চারণ পূর্ব্বক নমস্কার। পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম, বন্দনা।

অভিবাদ্য (অভি—বাদি বন্দনা করা+য—র্ম্ম, অর্হার্থে) বিং, ত্রিং, যাহাকে অভিবাদন করা যায়, অভিবাদন যোগ্য।

অভিবিধি—পুং } অভিব্যাপ্তি—স্ত্রীং } (অভি সর্ব্বতোভাব—বিধি [বি—ধা "ধারণ করা" ব্যাপা+ই—ভা] ব্যাপ্তি) সং, পুং, সর্ব্বতোভাবে ব্যাপ্তি।

অভিবীক্ষণ (অভি চতুর্দ্দিকে—বীক্ষণ অবলোকন) সং, ক্লীং, সম্যক্ অবলোকন।

অভিব্যক্ত (অভি—ব্যক্ত স্পষ্ট) বিং, ত্রিং, প্রকাশিত। ২। স্পষ্ট।

অভিব্যক্তি (অভি—ব্যক্তি [বি—অনজ্ প্রকাশ করা+তি(ক্তিন্)—ভাবে] প্রকাশ) সং, স্ত্রীং, প্রকাশ।

অভিশঙ্কা (অভি—শঙ্কা) সং, স্ত্রীং, সর্ব্বথা শঙ্কা। ২। সংশয়। ৩। ভ্রম। শিং—১ "উপেয়ুষী কল্পলতাভিশঙ্কয়া।" (কিরাত)

অভিশঙ্কী (অভিশঙ্কা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভিশঙ্কাবিশিষ্ট।

অভিশপ্ত (অভি—শপ্ শাপ দেওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভিশাপগ্রস্ত, যাহার প্রতি অভিশাপ হয়, প্রাপ্তাভিশাপ, শাপগ্রস্ত। শিং—১"ন নাম গ্রহণংকুর্য্যাৎ কৃপণস্য গুরোস্তথা। ভার্য্যায়া অভিশপ্তস্য জনকস্য বিশেষতঃ।"

অভিশস্ত (অভি বিরুদ্ধ—শন্স্ প্রশংসা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, "এই ব্যক্তি পরস্ত্রীতে আসক্ত", "এই স্ত্রী পরপুরুষে আসক্ত" ইত্যাদি মৈথুন ব্যাপারে মিথ্যাদূষিত, অপবাদিত, কলঙ্কিত। ২। হিংসিত, আক্রান্ত শিং—১"আতুরামভিশস্তাং বা চৌরব্যাঘ্রাদিভির্ভয়ৈঃ।" (মনুঃ)

অভিশস্তি (অভি—শন্স্ বধকরা+তি (ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অভিশাপ। ২। মিথ্যাপবাদ। শিং—১"ইমাং মিথ্যাভিশস্তিঞ্চ কৃষ্ণস্য সমুদাহৃতং।" (হরিবংশ) ৩। হিংসা। শিং—১"তিতিক্ষন্তে অভিশস্তিং জনানাম্।" ৪। প্রার্থনা, যাচ্ঞা।

অভিশাপ (অভিশপ্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, "তুমিস্বর্ণচুরি করিয়াছ" ইত্যাদি রূপ মিথ্যা দোষারোপ। ২। কোন কারণে রুষ্ট বা অসন্তুষ্ট হইয়া অন্যের অনিষ্ট প্রার্থনা, অন্যের অমঙ্গল ঘটুক বলিয়া একান্ত ইচ্ছা বা প্রার্থনা, শাপ দেওয়া, অনিষ্ট প্রার্থনা, অভিসম্পাত।

অভিষঙ্গ } অভীষঙ্গ } (অভি বিরুদ্ধ, সহিত ইত্যাদি—সনৃজ্ আসক্ত হওয়া+অ (ঘঞ্)—ভা। নৃজ্—ঙ্গ) সং, পুং, অভিশাপ। ২। দিব্য। ৩। অভিভব, পরাজয়। ৪। অপবাদ। ৫। আলিঙ্গন। ৬। সম্পর্ক। ৭। শোক, দুঃখ। ৮। ব্যসন। শিং—১ "তীব্রাভিষঙ্গপ্রভবেণ বৃত্তিম্।" (কুমার)।

২ "বিনোদয়িষ্যন্তি নবাভিষঙ্গাম্।" (রঘু)। ৮। শপথ। ১০। আক্রোশ। (অভি সর্ব্বতোভাবে - সঙ্গ) আসক্তি। শিং - ১"মুহুরিতি বনবিভ্রমাভিষঙ্গাৎ।" (মাঘ)। ভূতাদির আবেশ। শিং - ১ "অভিঘাতাভিচারাভ্যামঙ্গভিষঙ্গাভিশাপতঃ।"

অভিষব - পুং } (অভি - সু স্নানকরা +
অভিষবণ - ক্লীং } অ(অল্), অন(অনট্) - ভা) সং, স্নান। যজ্ঞাদি কর্ম্মের পূর্ব্বে স্নান। ২। যজ্ঞান্ত স্নান এবং সোমরসাদি পান। ৩। মদ্যসন্ধান, মদচোয়ান। ৪। ক্লীং, কাঞ্জিক, কাঁজি। ৫। (অভি - সু স্নান করা + অ(অল্) - সম্প্র) যজ্ঞ।

অভিষিক্ত (অভি - সিচ্ জলাদিসেক করা + ত(ক্ত) - র্ম্ম। চ্ = ক্) বিং, ত্রিং, স্নাত। ২। বিধিপূর্ব্বক পবিত্র জলাদি দ্বারা স্নাপিত। ৩। যার অভিষেক সম্পন্ন হইয়াছে। ৪। কোন কর্ম্মে নিযুক্ত।

অভিষুত (অভি - সু মঙ্গল স্নান করা + ত(ক্ত) - র্ম্ম) সং, ক্লীং, সোমরস। ২। কাঞ্জিক, কাঁজি।

অভিষেক (অভি - সিচ্ জলাদি সেক করা + অ(ঘঞ্) - ভা। চ্ = ক্) সং, পুং স্নান। ২। যথাবিধি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পবিত্র জলাদি দ্বারা স্নান। ৩। রাজার প্রথম সিংহাসনারোহণে প্রক্রিয়া, প্রথম সিংহাসনের নিমিত্ত যে অনুষ্ঠান করে, রাজ্যাধিকারার্থ অভিষেচন। ৪। কর্ম্মে নিয়োগ। ৫। (অভি - সিচ্ - ণিচ্ = সেচি স্নান করান + অ(ঘঞ্) - ভাবে) স্নাপন।

অভিষেণন (অভি বিরুদ্ধ - সেনি সেনা সহ গমন করা + অন(অনট্) - ভা) সং, ক্লীং, যুদ্ধ যাত্রা, জয়ার্থ সসৈন্যে শত্রুর অভিমুখে গমন।

অভিষ্টুত (অভি - স্তু স্তবকরা + ত(ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত। ২। স্তুত, যাহাকে স্তব করা যায়। ৩। বর্ণিত। [ - ত(ক্ত) - ৪। ভাবে) সং, ক্লীং, স্তব।

অভিষ্যন্দ } (অভি - স্যন্দ [ক্ষরা] উন্নত
অভিস্যন্দ } হওয়া + অ(ঘঞ্) - ভা) সং, পুং, অতি স্ফীততা, আধিক্য। ২। অতিশয় উন্নতি। ৩। লোকাধিক্য। ৪। জলাদি ক্ষরণ। ৫। চক্ষুরোগ বিশেষ। ( - স্যন্দ + অ(ঘঞ্) - ক) বিং, ত্রিং, অধিক, উদ্বৃত্ত। শিং - ১"স্বর্গাভিষ্যন্দেব মনম্।"(কুমার)।

অভিষ্যন্দ-নগর; সং, ক্লীং, প্রধান নগরের উদ্বৃত্ত লোকদ্বারা কৃত নগর, নবস্থাপিত নগর।

অভিষ্যন্দ-বমন (অভিষ্যন্দ - বমন) সং, ক্লীং, দেশের উদ্বৃত্ত লোকদিগকে নিঃসারণ।

অভিষ্বঙ্গ (অভি - স্বন্জ্ আসক্ত হওয়া + অ(ঘঞ্) - ভা। ন্জ্ = ঙ্গ) সং, পুং, অনুরাগ, আসক্তি। ২। আলিঙ্গন।

অভিসন্তাপ (অভি অধিক - সন্তাপ, ৭মী - হিং) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম। ২। মনস্তাপ, দুঃখ। ৩। তাপ। ৪। অভিশাপ। ৫। পতন।

অভিসন্ধান (অভি - সং - ধা [ধারণকরা] লক্ষ্যকরা + অন(অনট্) - ভা) সং, ক্লীং, উদ্দেশ। ২। প্রবঞ্চনা, ঠকান। শিং - ১ "পরাভিসন্ধানপরং যদ্যপ্যস্য বিচেষ্টিতম্।" (রঘু) ২। সমুদ্দেশ। ৩। সন্ধি।

অভিসন্ধি (অভিসন্ধান দেখ, ই - ভা) সং, পুং, সম্ভাবনা। ২। ফলাদি উদ্দেশ, অভিপ্রায়, তাৎপর্য্য। ৩। বঞ্চনা, প্রতারণা। ৪। সমুদ্যোগ। ৫। সন্ধি।

অভিসর (অভি পশ্চাৎ বা সমীপ - সর যে গমন করে) সং, পুং, সহায়। অনুচর। শিং - "অথসাভিসরংশরৈস্তরস্বী।" (মাঘ)

অভিসরণ (অভি পশ্চাৎ বা সহিত - সৃ গমন করা + অন (অনট্) - ভা) সং, ক্লীং, অনুগমন, অনুবর্ত্তন। ২। অভিসার, নায়ক নায়িকাদিগের সঙ্কেত স্থানে গমন।

অভিসর্জ্জন (অভি - সৃজ্ ত্যাগকরা + অন (অনট্) - ভা) সং, ক্লীং, দান, ত্যাগ, বিসর্জ্জন। ২। বধ।

অভিসার (অভি সম্মুখ বা পশ্চাৎ - সৃ গমন করা + অ(ঘঞ্) - ভা, ধি, ক)সং, পুং, যুদ্ধ। ২। সম্ভোগাভিলাষে নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানে গমন। ৩। [ + অ(ঘঞ্ - ণ) বল। ৪। সাধন। ৫। [ + অ(ঘঞ্) - ক]

সহায়। ৬। জাতিবিশেষ; ইহারা কাশ্মীরের দক্ষিণ ওপশ্চিম অঞ্চলবাসী ছিল।

অভিসারক } অভি—সৃ গমনকরা + অক
অভিসারী } (ণক), ইন্ (ণিন্), —ক) সং, পুং, কান্তার্থে সঙ্কেতস্থানগামী। ২। যে অভিমুখে গমন করে; যথা—
"জয় কপালধারক কপালমালক
চিতাভিসারক, শুভঙ্কর।" (অন্নদা)

অভিসারিকা (অভিসার দেখ, অক(ণক)—ক) সং, স্ত্রীং, কান্তের নিমিত্ত যে নারী গৃহ হইতে সঙ্কেত স্থানে যায়, যে নায়ক নায়িকার সহিত মিলিত হইবার নিমিত্ত সঙ্কেত স্থানে গমনকরে। শিং—১ "কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভিসারিকা।" ২ "অভিসারয়তে কান্তং যা মন্মথবশংবদা। স্বয়ংবাভিসরত্যেষা ধীরৈরুক্তাভিসারিকা।"

অভিসারিণী (অভি—সারিন্ যে গমন করে) সং, স্ত্রীং, অভিসারিকা দেখ।

অভিসৃষ্ট (অতিসর্জ্জন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। ২। পরিত্যক্ত। ৩। বিসৃষ্ট।

অভিহত (অভি—হন্ বধকরা + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে আঘাত পাইয়াছে, আহত, আঘাতপ্রাপ্ত, অভিঘাতপ্রাপ্ত। ২। তাড়িত। ৩। পরাজিত। ৪। নষ্ট, বিনষ্ট। ৫। ভগ্ন। ৬। গুণিত। শিং—১ "অন্যোন্যহারাভিহতৌহরাংশৌ" (লীলা)

অভিহরণ (অভি—হৃ [হরণকরা] আনা + অন (অনট্) —ভা) সং, ক্লীং, আহরণ, আনয়ন। শিং — ১ "কার্ম্মুকাভিহরণায় মৈথিলঃ।" (রঘু)। ২। অপহরণ, চৌর্য্য। ৩। বিবাহকালীন যৌতুকদান।

অভিহার (অভি—হৃ [হরণকরা] বলপূর্ব্বক লওয়া + অ(ঘঞ্)—ভা) সং, পুং, লুঠ, ডাকাইতি। ২। অপকার করিবার ইচ্ছায় আক্রমণ। ৩। পৌনঃ পুন্য। ৪। বর্ম্মাদি ধারণ। ৫। অভিযোগ।

অভিহিত (অভি—ধা [ধারণকরা] বলা + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উক্ত, নির্দ্দিষ্ট, উল্লিখিত।

অভী (অ—ভী ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়, ভয়রহিত।

অভীক (অভি—কম্ ইচ্ছাকরা + অ(ড)—ক) বিং, ত্রিং, কামুক। শিং—১ "মেদস্বিনঃ সরভসোপগতানভীকান্।" (মাঘ)। ২। ইচ্ছুক। ৩। উৎসুক। ৪। গৃহসমীপ। ৫। অ—ভী ভয়, ৬ষ্ঠী-হিং। ক—স্বার্থে) ক্রূর। ৬। নির্ভয়। ৭। সং, পুং, কবি। ৮। স্বামী।

অভীক্ষ্ণ (অতি—ক্ষ্ণু তীক্ষ্ণকরা + অ(ড)—ক, উ—লোপ। ই—ঈ) বিং, ত্রিং, সতত, বারম্বার। ২। সার্ব্বকালিক। ৩। অতিশয়। শিং—১ "মহারণ্যমনভীক্ষ্ণোপসেবিতম্।"

অভীক্ষ্ণম্ (অভীক্ষ্ণ দেখ, অম্—প্রং) অং, ক্লীং, পুনঃ পুনঃ। ২। সর্ব্বদা। শিং—১ "অভীক্ষ্ণমক্ষুণ্ণতরাহতিদুর্গমম্।" (মাঘ)।

অভীত (অ—ভীত) বিং, ত্রিং, ভীত নয়, অশঙ্কিত, অত্রস্ত।

অভীপ্সিত (অভি পুনঃ পুনঃ—আপ্ পাওয়া + স—ইচ্ছার্থে, ত(ক্ত)—র্ম্ম। আ=ঈ) বিং, ত্রিং, অভিলষিত, অভীষ্ট, বাঞ্ছিত, আকাঙ্ক্ষিত।

অভীপ্সু (অভি—আপ্ পাওয়া + সন্—ইচ্ছার্থে। উ—প্রং) বিং, ত্রিং, ইচ্ছু, অভিলাষুক।

অভীর (অভি—ঈর্ প্রেরণকরা + অ—প্রং। যাহারা গরুদিগকে অভিমুখ করিয়া চালনা করে) সং, পুং, আভীর, গোপজাতি।

অভীরু (অ—ভীরু ভীত। ইহার অনেক মূল বলিয়া ভাঙ্গিবার ভয় নাই) সং, স্ত্রীং, শতমূলী। ২। (নঞ্—ষ) বিং, ত্রিং, ভয়শূন্য। ৩। পুং, ভৈরব। শিং—১ "অভীরুর্ভৈরবোভীরুভূ তোপযোগিনীপতিঃ।"

অভীরুপত্রী (অভীরু—পত্র। যাহার পত্র সঙ্কুচিত হইয়া জন্মায়না) সং, স্ত্রীং, শতমূলী।

অভীশু (অভি—অশ্ ব্যাপা + উ(কু)—ক) সং, পুং, কিরণ। শিং—১ "প্রফুল্লতাপিচ্ছনিভৈরভীশুভিঃ।" (মাঘ)। ২। অশ্বরজ্জু, লাগাম। ৩। স্ত্রীং, অঙ্গুলি।

অভীষু (অভি—ইষ্ বাঞ্ছা করা + উ (কু) —ক) সং, পুং, কিরণ। ২। লাগাম। ৩। কাম। ৪। অনুরাগ। ৫। বিং, ত্রিং, ইচ্ছু।

অভীষুমান্ ( অভীষুমৎ, অভীষু কিরণ+মৎ (মতু) — অস্ত্যর্থে ) সং, পুং, সূর্য্য। শিং — ১ "ক্ষিতিগংকিপ্প রভীষুমানিব।" ( মাঘ ), ২। বিং, ত্রিং, দীপ্তিশালী। ৩। কামুক।

অভীষ্ট (অভি পুনঃ পুনঃ — ইষ্ বাঞ্ছাকরা+ ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত, অভিলষিত। ২। প্রিয়। ষ্টা — স্ত্রীং, রেণুকানামক গন্ধদ্রব্য।

অভীষ্টতম (অভীষ্ট — তম বহুর মধ্যে একের উৎকর্ষার্থে ) বিং, ত্রিং, ঈপ্সিত।

অভীষ্ট-সিদ্ধি ( অভীষ্ট — সিদ্ধি, ৬ষ্ঠী — ষ ) সং, স্ত্রীং, ইষ্টলাভ, বাঞ্ছাপূর্ণ হওয়া, অভিলষিতপ্রাপ্তি।

অভুক্ত (অ — ভুক্ত ভক্ষিত) বিং, ত্রিং, যার ভোজন হয় নাই, অনাহারী, উপবাসী। ২। ভুক্ত নয়, ভোজন করা নয়, যথা— অভুক্ত অন্ন। ৩। ভোগ করা নয়, যার ভোগ হয় নাই, যথা—অভুক্ত বিষয়।

অভূতপূর্ব্ব ( অ — ভূত — পূর্ব্ব ) বিং, ত্রিং, যাহা পূর্ব্বে হয় নাই।

অভূততদ্ভাব ( অভূত প্রকৃতিরূপে আবির্ভূত না হওয়া+তৎ সেই — ভাব। যে কোন পদার্থ যে রূপে পূর্ব্বে ছিল সেই রূপে তাহার আবির্ভাব, যথা — অঙ্গ ছিলনা সেই রূপ অঙ্গ করা এই অর্থে অঙ্গীকার ) সং, পুং, যাহা পূর্ব্বে ছিলনা তাহা হওয়া।

অ-ভূমি ( অ — ভূমি স্থান ) সং, স্ত্রীং, স্থানাভাব, অনাধার, আশ্রয়াভাব, অবিষয়। শিং — ১"অভূদভূমিঃ প্রতিপক্ষজন্মনাং-ভিয়াম্।" (মাঘ)। ২। অপ্রশস্ত ভূমি। ৩। অপাত্র।

অভেদ (অ — ভেদ প্রভেদ, নঞ্ — ষ+৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, যাহার সঙ্গে ভেদ নাই, অভিন্ন, ভেদরহিত, নির্ব্বিশেষ। ২। সং, পুং, ভেদাভাব, ভেদ না থাকা, ঐক্য, একতা, অবিশেষ।

অভেদ্য ( অ — ভেদ্য [ভিদ্ ভেদকরা+য (ঘ্যণ্) — র্ম্ম ] ভগ্ন, ভেদনীয় )বিং, ত্রিং, ভেদাসাধ্য, যাহা ভেদ করিবার যোগ্যনয়, যাহার ভেদ ভঙ্গ বা বিদারণ করিতে পারা যায় না। যেমন— " অভেদ্য কবচ।" ২। ( যাহাকে কোন ধাতু ভেদ করিতে পারে না। ) সং, ক্লীং, হীরক।

অভোগ্য ( অ — ভোগ্য ) বিং, ত্রিং, ভোগ্য নয়, যাহা ভোগ করা উচিত নয়।

অভোগ্যা ; বিং, স্ত্রীং, যে স্ত্রীকে সম্ভোগ করা উচিত নয়।

অভোজ্য (অ — ভোজ্য ভোজনযোগ্য) বিং, ত্রিং, ভোজ্য নয়, যাহা ভোজন করা উচিত নয়, অভক্ষ্য, অখাদ্য, অভক্ষণীয়।

অভ্যক্ত (অভি — অনজ্ ম্রক্ষিতকরা+ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, আপাদমস্তক তৈলাক্ত।

অভ্যগ্র (অভি বিদ্যমানতা — অগ্র সম্মুখ) বিং, ত্রিং, আসন্ন, অগ্রবর্ত্তী, নিকট, সমীপ। ২। অভিনব।

অভ্যঙ্গ — পুং } (অভি — অন্জ্ ম্রক্ষিত
অভ্যঞ্জন — ক্লীং } করা + অ( ঘঞ্ ),অন (অনট্), — ভাবে) সং , তৈল বা তৈলবৎ বস্তুদ্বারা অঙ্গমর্দ্দন, আভাং করিয়া তেল মাখা। ২। (+অ(ঘঞ্), (অনট্), — ণ) যাহার দ্বারা অঙ্গ মর্দ্দিত হয়, তৈলাদি।

অভ্যাক্ষ ; সং, পুং, তিলকল্ক।

অভ্যধিক (অভি — অধিক ) বিং, ত্রিং, অতিশয় অধিক। ২। সর্ব্বোত্তম।

অভ্যনুজ্ঞা ( অভি — অনুজ্ঞা, অনুজ্ঞাদেখ) সং, স্ত্রীং, "ইহা কর" এইরূপ অনুজ্ঞা, অনুমতি, আদেশ। শিং — ১ "কৃতাভ্যনুজ্ঞা গুরুণা গরীয়সা।" (কুমার)। ২। সম্মতি।

অভ্যন্তর (অভি — অন্তর মধ্য ) সং, ক্লীং, অন্তরাল, মধ্য, ভিতর। ২। বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, অন্তর্গত। [অন্তর্ব্বর্ত্তী, মধ্যবর্ত্তী।

অভ্যন্তরীণ (অভ্যন্তর+ঈন — প্রং) বিং, ত্রিং,

অভ্যন্তরীণ-বিবাদ ; সং, পুং, গৃহ-বিচ্ছেদ।

অভ্যমিত ( অভি — অম্ রোগী হওয়া+ ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, রোগী, পীড়িত। ২। অভিগত।

অভ্যমিত্রীণ } (অভি সম্মুখ বা বিরুদ্ধ —
অভ্যমিত্রীয় } অমিত্র শত্রু+ঈন, ঈয়,
অভ্যমিত্র্য } য — অত্যর্থ গমনার্থে ) সং পুং, স্বীয়সামর্থ্যবশে শত্রুসম্মুখে গমনকারী, সম্মুখীন যোদ্ধা। ২। বিং, ত্রিং, শত্রুর সম্মুখীন।

অভ্যর্ণ ( অভি নিকট — অর্দ্ গমন করা + ত(ক্ত) — ক ) বিং, ত্রিং, নিকট, সমীপ, অন্তিক। শিং — ১"অভ্যর্ণমাগস্কৃতমস্পৃশদ্ভিঃ।" (রঘু)।"

অভ্যর্থন ( অভি — অর্থ যাচ্ঞা করা + অন ভা) সং, ক্লীং, না — স্ত্রীং, প্রার্থনা। ২। সম্ভাষা। ৩। সংবর্দ্ধনা, অভ্যাগত ব্যক্তির সৎকার ও সমাদর।

অভ্যর্থনীয় ( অভি — অর্থি প্রার্থনা করা + অনীয় — র্ম্ম ) বিং, ত্রিং, প্রার্থনীয়।

অভ্যর্থিত (অভি — অর্থি প্রার্থনা করা + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত।

অভ্যর্হিত ( অভি — অর্হ যোগ্য হওয়া + ত(ক্ত) - ক ) বিং, ত্রিং, উচিত। ২। শ্রেষ্ঠ। ৩। (+ ক্ত — র্ম্ম) সম্মানিত, পূজিত।

অভ্যবকর্ষণ (অভি — অব — কৃষ্ [ভূমি চসা টানা + অন ( অনট্ ) — ভা ) সং, ক্লীং, আকর্ষণ, শল্যাদি উৎপাটন, উদ্ধারণ।

অভ্যবস্কন্দ — পুং }
অভ্যবস্কন্দন — ক্লীং } (অভি — অব — স্কন্দ্ [গমনকরা] প্রহার করা + অ(অল), অন(অনট্), — ভা) সং, শত্রুর প্রতি প্রহার। ২। আক্রমণ। ৩। অবরোধ।

অভ্যবহরণ — ক্লীং }
অভ্যবহার—পুং } (অভি--অব — হৃ [হরণ করা] খাওয়া + অন (অনট্), অ(ঘঞ্), — ভা) ভোজন, আহার, ভক্ষণ। যথা—"দুরাত্মা রাক্ষস অবিলম্বে তাহাকে ধ্বংসকরিয়া স্বীয় অভ্যবহার কার্য্য সম্পাদন করে।"

অভ্যবহার্য্য (অভ্যবহার দেখ, য — র্ম্ম) বিং, ত্রিং, ভোজ্য, ভক্ষ্য। শিং—১"সর্ব্বত্রৌদরিকস্যাভ্যবহার্য্যমেব।" (বিক্রম)

অভ্যবহৃত ( অভ্যবহার দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত, খাদিত।

অভ্যসন (অভি — অস্ [হওয়া] বারম্বার অনুশীলন করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ আলোচনা, অভ্যাস। "বিদ্যামভ্যসনেনেব প্রসাদয়িতুমর্হসি।" (রঘু)।

অভ্যসূয় ( অভি—অসূয়া। ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, অসূয়ান্বিত। য়া—স্ত্রীং, গুণে দোষারোপ। শিং—১"কেনাভ্যসূয়া পদাকাঙ্ক্ষিণা তে।" ( কুমার )। ২। ঈর্ষা, দ্বেষ। ৩। নিন্দা।

অভ্যস্ত (অভ্যসন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষিত, যাহা অভ্যাস করা হইয়াছে, মুখস্থ, কণ্ঠস্থ। শিং — ১"শৈশবেঽভ্যস্ত বিদ্যানাম্।" ( রঘু )। ২। ব্যাকরণে দ্বিরুক্ত।

অভ্যাকাঙ্ক্ষিত }
অভ্যাখ্যান } ( অভি — আকাঙ্ক্ষিত বাঞ্ছিত ; আখ্যান কথন ) সং, ক্লীং, মিথ্যাভিযোগ, মিছা দাওয়া।

অভ্যাগত (অভি — আ — গম্ গমন করা + ত(ক্ত) — ক। যে গৃহে আগমন করিয়াছে) সং, পুং, অতিথি, গৃহাগত। ২। বিং, ত্রিং, সম্মুখাগত। শিং—১"অভ্যজাতোঽভ্যাগতত্বর্ণতর্ণকান্।" (মাঘ)।

অভ্যাগম ( অভি নিকটে বা সম্মুখে — আগম আগমন ) সং, পুং, যুদ্ধ। ২। বিরোধ। ৩। মারণ। ৪। নিকটে বা সম্মুখে আগমন। শিং — ১"কিং বা মদভ্যাগমকারণং তে।" (রঘু)। ৫। নিকট। ৬। স্বীকার। ৭। ফলোদয়, ফলপ্রাপ্তি অভ্যুত্থান।

অভ্যাগারিক ( অভি — আগারিক [অগার গৃহ + ইক (ষ্ণিক) — ইদমর্থে ] গৃহাসক্ত ) বিং, ত্রিং, পরিবার-পোষণে মনোযোগী, পরিজন ব্যাপৃত।

অভ্যাদান (অভি — আদান গ্রহণ) সং, ক্লীং, সম্মুখবর্ত্তী হইয়া গ্রহণ। ২। আরম্ভ। ৩। প্রথমারম্ভ।

অভ্যাপাত ( অভি — আপাত ) সং, পুং, বিপৎপাত।

অভ্যামর্দ্দ ( অভি — আ — মৃদ্ মর্দ্দন করা + অ(ঘঞ্) — ভাবে ) সং, পুং, যুদ্ধ।

অভ্যাবৃত্তি (অভি — আবৃত্তি) সং, স্ত্রীং, পুনঃ পুনঃ, অসকৃৎ।

অভ্যাশ ( অভি — অশ্ ব্যাপা + অ(ঘঞ্) — ভাবে) সং, পুং, নিকট। ২। আবৃত্তি।

অভ্যাস ( অভি — অস্ বিদ্যমান থাকা + অ(ঘঞ্) — ভাবে) সং, পুং, মুখস্থ করিবার নিমিত্ত বারংবার উচ্চারণ, আবৃত্তি, পুনঃ পুনঃ কথন। ২। বাণক্ষেপ। ৩। নিকট। "চূতযষ্টিরিবাভ্যাসে মধৌ পরভৃতোন্মুখী।"

(কুমার), ৪। ব্যাকরণে—দ্বিত্ব। ৫। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগ। ৬। গণিতে—গুণন। ৭। বিং, ত্রিং, নিকট, সমীপ।

অভ্যাসাদন (অভি—আ—সাদি গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, শত্রুর প্রতি প্রহার। ২। শত্রুর সম্মুখে গমন। ৩। আক্রমণ।

অভ্যাসী (অভ্যাসিন, অভ্যাস+ইন (ণিন) —ক) বিং, ত্রিং, যে অনায়াসে অভ্যাস করে, যে অক্লেশে পাঠ মুখস্থ করে।

অভ্যাহার (অভি—আ—হৃ+অ (ঘঞ) —ভা। অভিহার দেখ) সং, পুং, ডাকাইতি। ২। আক্রমণ। ৩। পৌনঃ পুন্য। ৪। ভোজন।

অভ্যুক্ষণ (অভি—উক্ষ আর্দ্র করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, জলসেচন, কোন বস্তুর উপর জল ছড়ান। শিং—১ "উত্তানেনৈব হস্তেন প্রোক্ষণং পরিকীর্ত্তিতম্। ন্যঞ্চতাভ্যুক্ষণং প্রোক্তং তিরশ্চাবোক্ষণং স্মৃতম্।"

অভ্যুক্ষণীয় (অভি—উক্ষ সেচন করা+অনীয় —র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে অভ্যুক্ষণ করিতে হইবেক।

অভ্যুক্ষিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, যাহাতে জলসেচন হইয়াছে।

অভ্যুচ্চয় (অভি—উৎ—চি একত্র করা+ অ (অল্)—ভাবে) সং, পুং, পুঞ্জ, রাশি, সমুচ্চয়।

অভ্যুচ্ছ্রিত (অভি সম্যক্—উচ্ছ্রিত উন্নত) বিং, ত্রিং, অত্যুন্নত। ২। সমর্থ।

অভ্যুত্থান (অভি—উৎ ঊর্দ্ধ—স্থা থাকা +অন (অনট্)—ভা। স—লোপ) সং, ক্লীং, উদয়, উত্থান। ২। উদ্যম। ৩ উন্নতি, সমৃদ্ধি, অভ্যুদয়। ৪। সুখ্যাতি। ৫। প্রত্যুদ্গমন, গৌরবার্থে উত্থান, অভ্যাগত ব্যক্তির সমাদরার্থে আসন হইতে উত্থান। ৬। প্রতি-কূলে অস্ত্রধারণ। শিং—১ "অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহং।"

অভ্যুত্থায়ী (অভ্যুত্থায়িন, +অভি—উত্থায়ী যে উঠে) বিং, ত্রিং, যে অভ্যুত্থান করে, প্রত্যুদ্গামী, প্রত্যুদ্গামী।

অভ্যুত্থিত (অভ্যুত্থান দেখ, ত(ক্ত)—ক) বি ত্রিং, উত্থিত, উদিত। ২। প্রজ্বলিত শিং—১" অভ্যুত্থিতাগ্নিপিশুনৈরতিথীনা মোম্‌থান্।" (রঘু)। ৩। প্রবৃত্ত। ৪ প্রতিকূলেধৃতাস্ত্র। ৫। অভ্যুদ্গত। ৬ যাহার অভ্যুত্থান হইয়াছে। ৭। সম্মানা আসন হইতে উত্থিত, কৃতাভ্যুত্থান, অভ্যুত্থান করিয়াছে।

অভ্যুদয় (অভি—উদয়) সং, পুং, উত্থা উদয়। ২। মঙ্গল। ৩। উন্নতি, বৃদ্ধি, সমৃদ্ধি শ্রীবৃদ্ধি, সৌভাগ্য, ভাগ্যোদয়। যথা- "নব আমেরিকা নব অভ্যুদয়।" ভবো হিলোকাভ্যুদয়ায় তাদৃশাম।" (রঘু ৪। উৎসব। ৫। অভ্যুদয়সাধন ইষ্ট লাভ। ৬। বৃদ্ধিশ্রাদ্ধ।

অভ্যুদয়-হেতু; দর্শনে—যজ্ঞাদির অনুষ্ঠা দ্বারা যে ধর্ম্মসাধন হয়, তাহাকে অভ্যু দয়-হেতুবলে, তদ্দ্বারা ঐহিক ও পারত্রি সুখ সম্পন্ন হয়।

অভ্যুদাহরণ (অভি—উদাহরণ দৃষ্টান্ত সং, ক্লীং প্রতিকূলে উদাহরণ।

অভ্যুদিত (অভি উৎ ঊর্দ্ধ—ই গমন ক +ত (ক্ত)—ক) বিং, ত্রিং, উদিত, উদ প্রাপ্ত। শিং—১ কিঞ্চিদভ্যুদিতে রবৌ ২। সূর্য্যোদয় হইলেও যে নিদ্রিত থাকে সূর্যোদয়কালশায়ী। ৩। প্রকাশিত। উন্নত। ৬। মঙ্গলার্থ প্রবৃত্ত।

অভ্যুদীরিত (অভি—উৎ—ঈর্ [প্রের করা] বলা ইত্যাং+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রি কথিত। ২। বিক্ষিপ্ত। ৩। আক্ষিপ্ত।

অভ্যুদ্ধৃত (অভি—উদ্ধৃত) বিং, ত্রি সম্যক্ উদ্ধৃত।

অভ্যুদ্যত (অভি সমন্তাৎ—উদ্যত উ যুক্ত) বিং, ত্রিং, উদিত। ২। উত্থিত। প্রবৃত্ত। শিং—১ "কুলমভ্যুদ্যতনূত শ্বরম্।" (রঘু)

অভ্যুপগত (অভি—উপ—গম্ গমন ক স্বীকার করা+ত(ক্ত)—র্ম্ম। ম্—লো বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিশ্রু প্রতিজ্ঞাত। ২। প্রাপ্ত। ৩। আসক্ত ৪। নিকটাগত। ৫। নির্ণীত।

অভ্যুপগম (অভ্যুপগত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, স্বীকার, অঙ্গীকার, প্রতিজ্ঞা, । ২ । নিকটে গমন, উপস্থিত । ৩ । প্রাপ্তি । ৪ আসক্তি । ৫ । নির্ণয় । ৬ । মত ।

অভ্যুপপত্তি (অভি—উপ—পদ্ [গমন করা] কৃপাকরা ইত্যাদি+তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, অনিষ্ট নিবারণপূর্ব্বক অভীষ্ট সম্পাদন রূপ অনুগ্রহ । ২ । সান্ত্বনা । ৩ । স্বীকার । ৪ । রক্ষা । ৫ । উপকার ।

অভ্যুপায় (অভি—উপ—ই [গমনকরা] স্বীকার করা ইত্যাং+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অঙ্গীকার, স্বীকার । ২ । সদুপায় । শিং—১"তৎস্বীকৃতি ব্যতিকরে কইহাভ্যুপায়ঃ । ২ " তস্মিন্ সুরাণাং বিজয়াভ্যুপায়ে ।" (কুমার) ।

অভ্যুপায়ন (অভি—উপায়ন উপহার) সং, ক্লীং, উপঢৌকন, ভেট । শিং—১"তাবানয় সমং গোপৈর্নন্দাদ্যৈঃ সাভ্যুপায়নৈঃ ।"

অভ্যুপেত (অভ্যুপায় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং স্বীকৃত, অঙ্গীকৃত । ২ । উপাগত, প্রাপ্ত । শিং—১ "অহমভ্যুপেতস্ত্বামর্থিভাবাদিতি মে বিষাদঃ ।" (রঘু)

অভ্যূষ } (অভি—উষ, উষ্ দগ্ধ করা+অ
অভ্যূষ } (ক)—ক) সং, পুং, ঈষৎভৃষ্ট শস্যাদি । ২ । পাকাবস্থাগত কলায়াদি । ৩ । পোলিকা । ৪ । রোটী ।

অভ্র (অভ্র্ [গমনকরা] পাওয়া+অ—ক । যে স্থৈর্য্য প্রাপ্ত হইতেছে, কিম্বা অ—ভ্রম্ [চলা] পাওয়া+অ—ক । যে বিকার পায় না অথবা অ—ভৃ পোষণকরা+অ (ক)—ক । যে পোষণ করেনা) সং, ক্লীং, আকাশ । যথা—"অভ্রভেদী চূড়া ।" ২ । (যে বিকার প্রাপ্ত হয় । অথবা অপ্ জল—ভৃ ধারণকরা+অ (ক)—ক । যে জল পোষণ করে) মেঘ । ৩ । (অভ্র+অ(অন্)—ক) অভ্রক ধাতু । ৪ । মুস্তাতৃণ । ৫ । স্বর্ণ । (অভ্র্ গমন করা+অ— প্রং, বা "অ—ভ্রন্শ্" পতিত হওয়া+অ—পা । ন ভ্রশ্যন্তি যতস্তেভ্যো জলান্যভ্রাণি তাম্যুত ইতি নিরুক্তিঃ । অপ—ভ্রন্শ্ পূর্ব্ববৎ । এই রূপ ব্যুৎপত্তিতে বকার যুক্ত অভ্র শব্দ ।

অভ্রংলিহ (অভ্রং আকাশকে—লিহ্ আস্বাদন করা+অ(খশ্)—ক) সং, পুং, বায়ু । ২ । বিং, ত্রিং, গগনস্পর্শী, অতিউচ্চ, অভ্যুন্নত । যথা—অভ্রংলিহ প্রাসাদ । শি—১ "অভ্রংলিহাগ্রং রবিমার্গভঙ্গম্ ।" (ভট্টি)

অভ্রক (অভ্র—ক কৈ ধাতুজ অথবা ক(কণ্) স্বার্থে) সং, ক্লীং, ধাতুবিশেষ, অভ্ ভর ।

অভ্রঙ্কষ (অভ্রং আকাশকে—কষ্ [বধকরা] ঘসা, কিম্বা কৃষ্ চসা+অ(খ)—ক) সং, পুং, বায়ু । ২ । বিং, ত্রিং, গগনস্পর্শী ।

অভ্রপিশাচ (অভ্র গগন—পিশাচ । নীলবর্ণত্বহেতু যে পিশাচতুল্য) সং, পুং, রাহুগ্রহ ।

অভ্রপুষ্প (অভ্র মেঘ—পুষ্প । মেঘাগমে যাহার পুষ্প হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বেতসবৃক্ষ । ২ । (বৃষ্টি মেঘ হইতে পুষ্পের ন্যায় বাহির হয় বলিয়া জলের নাম মেঘপুষ্প হইল, ৬ষ্ঠী—ষ) ক্লীং, জল । ৩ । আকাশকুসুম ।

অভ্রমাংসী ; সং, স্ত্রীং আকাশমাংসী লতা ।

অভ্রমাতঙ্গ (অভ্র মেঘ—মাতঙ্গ হস্তী । মেঘের বা অভ্ররাজ ইন্দ্রের হস্তী, ৬ষ্ঠী—ষ, অথবা অভ্র অভ্রাত্মক—মাতঙ্গ, য়ং—স । মধ্যপদলোপ) সং, পুং, ঐরাবত হস্তী ।

অভ্রমু (অ—ভ্রম্ ভ্রমণকরা+উ—ক, সংজ্ঞার্থে কিম্বা অভ্র মেঘ—মা পরিমাণ করা +উ(ডু)—ক, সংজ্ঞার্থে । নীলবর্ণ বলিয়া যে মেঘের এবং মহাকায় বলিয়া যে আকাশের পরিমাণ অর্থাৎ সমান) সং, স্ত্রীং, পূর্ব্বদিকের হস্তিনী, ঐরাবতের স্ত্রী ।

অভ্রমু-বল্লভ ; সং, পুং, ঐরাবত হস্তী ।

অভ্ররোহ ; সং, ক্লীং, বৈদূর্য্যমণি ।

অভ্রবাটিক ; সং, পুং, আম্রাতক ।

অভ্রাতৃক (অ—ভ্রাতৃ ভ্রাতা+ক—স্বার্থে । যাহার আর ভ্রাতা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভ্রাতৃহীন ।

অভ্রান্ত (অ—ভ্রান্ত) বিং, ত্রিং, যাহার ভ্রম জন্মেনা, ভ্রমশূন্য, ভ্রান্তিশূন্য ।

অভ্রি } (অভ্র্ গমনকরা+ই, ঈ—ক,
অভ্রী } সংজ্ঞার্থে । যে নৌকার মল মার্জ্জনার্থে গমন করে) সং, স্ত্রীং মল পরিষ্কারক কাষ্ঠ কুদ্দাল, কেঠো ।

অভ্রিয় (অভ্র+ইয়-ভবার্থে) বিং, ত্রিং, মেঘ সম্বন্ধীয়, মেঘোৎপন্ন। ২। আকাশীয়, অভ্রসম্বন্ধীয়।

অভ্রেষ (অ-ভ্রেষ্ গমনকরা+অ(অল)-ভাবে) সং, পুং, ঔচিত্য, ন্যায্য। ২। বিং, ত্রিং, গমনশূন্য।

অভ্রোত্থ (অভ্র-উত্থ উত্থিত, যাহা মেঘ হইতে উৎপন্ন হইয়াছে, ৫মী-য) সং, ক্লীং, বজ্র।

অম (অম্ রুগ্নহওয়া+অ(অন্)-ভা) সং, পুং, রোগ, আময়। ২। বিং, ত্রিং, অপক্ব।

অমঙ্গল (অ-মঙ্গল, নঞ্-য+৬ষ্ঠী-হিং) বিং,ত্রিং, মঙ্গলশূন্য, অশুভ, অকল্যাণ। ২। সং, ক্লীং, মঙ্গলাভাব। ৩। পুং, এরণ্ডবৃক্ষ। লা-স্ত্রীং, অশুভজনয়িত্রী।

অমঙ্গল্য (অ-মঙ্গল+য (ষ্য)-প্রং) বিং, ত্রিং, অমঙ্গলজনক।

অমত (অ-মত) বিং, ত্রিং, অসম্মত। ২। সং, ক্লীং, মত না থাকা, অসম্মতি। (অম্ রুগ্নহওয়া+অত-ক)। ৩। সং, পুং, মৃত্যু। ৪। কাল। ৫। রোগ।

অমত্র (অম্ ভোজনকরা+অত্রন্-ধি) সং, ক্লীং, ভোজনপাত্র। ২। জলপাত্র।

অমৎসর (অ-মৎসর) বিং, ত্রিং, যাহার অসূয়াথাকেনা, যে পরশ্রী দেখিয়া কাতর হয়না।

অমনি (দেশজ) বিং, ঐপ্রকার। ২। বিনামূল্য।

অমনুষ্যত্ব (অ-মনুষ্যত্ব) সং, ক্লীং, মনুষ্যত্বের অভাব, মনুষ্যত্ব না থাকা।

অমনোযোগ (অ-মনোযোগ) সং, ক্লীং, মনোযোগের অভাব, মনোযোগ না থাকা।

অমনোযোগী (অমনোযোগিন্, অ-মনোযোগী) বিং, ত্রিং, মনোযোগী নয়, যার মনোযোগ নাই।

অমন্ত্র (অ-মন্ত্র) বিং, ত্রিং, মন্ত্রশূন্য। ত্রা-স্ত্রীং, (অম্ গ্রাসকরা+অত্র-র্ম্ম) চারিগ্রাসপ্রমাণ ভিক্ষান্ন।

অমর (অ-মৃ মরা+অ (অন্)-ক, ভা। যাঁহারা মরেন না, কিম্বা যাঁহাদের মরণ নাই, ৬ষ্ঠী-হিং) সং, পুং, দেবতা। ২। অমরসিংহ কবি; ইনি রাজা বিক্রমাদিত্যের নবরত্নের মধ্যে তৃতীয়। অমরকোষ নামে এতদ্দেশে যে পদ্যে অভিধান গ্রন্থ প্রচলিত আছে, অমরসিংহ তাহার প্রণেতা। কেহ২ বলেন অমরসিংহ জৈন মতাবলম্বী ছিলেন এবং বুদ্ধগয়াতে এক মন্দির প্রতিষ্ঠিত করিয়াছিলেন। বিষ্ণুপুরাণে কথিত আছে বিষ্ণুশরীর হইতে বুদ্ধদেব নির্গত হওত যখন নর্ম্মদাতীরে আসিয়া দৈত্যগণের সহিত সাক্ষাৎ করেন, সেই সময়ে তিনি ময়ূরপুচ্ছধারী ছিলেন। এই কারণে এখন ও জৈনেরা কেহ কেহ ময়ূরপুচ্ছ সঙ্গে রাখিয়া থাকে। ৩। পারদ। ৪। কুলিশবৃক্ষ,অস্থিসংহার বৃক্ষ। ৫। বিং,ত্রিং, মরণশূন্য, যাহার মৃত্যু নাই। ৬। যে নানা সৎ ও প্রধান কার্য্য করিয়া চিরস্মরণীয় হইয়াছে। রা-স্ত্রীং, (অমর +অ (ষ্ণ) -অস্ত্যর্থে। আপ্-স্ত্রীলিঙ্গে)। ইন্দ্রেরপুরী, দেবনগরী। ২। দূর্ব্বা। ৩। গুড়ূচী। ৪। রাখালসসা। ৫। বটবৃক্ষ। ৬। মহানীলীবৃক্ষ। ৭। ঘৃতকুমারী। ৮। বিছাতি। ৯। জরায়ু। ১০। নাভিনালা। কবি মাইকেল মধুসূদন স্ত্রীলিঙ্গে-"অমরা" শব্দ ব্যবহার করিয়াছেন। যথা-"অমরী আমরা, দেব! বরিনু তোমারে।" (মেঘনাদ)

অমরজ; সং পুং দুর্গন্ধখদির বৃক্ষ।

অমরত্ব (অমর+ত্ব-ভাবে) সং, ক্লীং, দেবত্ব। ২। অমরের ধর্ম্ম, মৃত্যু জয়। ৩। চিরস্মরণীয়তা।

অমরদারু (অমর-দারু বৃক্ষ, ৬ষ্ঠী-য। ইহা দেবতদিগের প্রিয় বলিয়া) সং, পুং, দেবদারু বৃক্ষ।

অমরদ্বিজ (অমর দেবতা-দ্বিজ ব্রাহ্মণ, অথবা অমর অমরপূজক-দ্বিজ ব্রাহ্মণ। মধ্যপদলোপ) সং, পুং, দেবল, পূজারি ব্রাহ্মণ।

অমরপুষ্পক (অমর অবিশীর্ণ-পুষ্প+ক-স্বার্থে, ৬ষ্ঠী-হিং) সং, পুং, কল্পবৃক্ষ। ২। কাশতৃণ, কেশ্যা।

অমরপুষ্পিকা; সং, স্ত্রীং, অধঃপুষ্পী বৃক্ষ।

অমর-রত্ন; সং, ক্লীং, স্ফটিক।

অমরাদ্রি ( অমর—অদ্রি পর্ব্বত, ৬ষ্ঠী—ষ। এই পর্ব্বত দেবতাদের বাসস্থান ) সং, পুং, সুমেরু পর্ব্বত। [পুং, স্বর্গ।

অমরালয় ( অমর- আলয়, ৬ষ্ঠী—ষ ) সং,

অমরাবতী ( অমর+মৎ (বতু)—অস্ত্যর্থে। ঈ ( ঈপ্ )—স্ত্রীলিঙ্গে। অ=আ, ম=ব) সং, স্ত্রীং, ইন্দ্রনগরী, ঐ পুরীতে নন্দন-কানন এবং তাহাতে পারিজাত বৃক্ষ, সুরভী গাভী ও চতুর্দ্দন্ত গজ আছে। মেনকা প্রভৃতি অপ্সরা ও গন্ধর্ব্ব বিদ্যাধর গণ ঐ পুরীতে সর্ব্বদা নৃত্যগীতাদি করিয়া থাকে।

অমরেশ, অমরেশ্বর ( অমর দেবতা—ঈশ ঈশ্বর, শ্রেষ্ঠ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।

অমর্ত্ত্য (অ—মর্ত্ত্য মনুষ্য, মরণার্হ। যাঁহারা মনুষ্য বা মরণার্হ নহেন। লাটিন ও গ্রীক ভাষার সহিত এই শব্দটির বিলক্ষণ সৌসাদৃশ্য দেখা যায়; যথা সংস্কৃত= অমর্ত্ত্য; লাটিন=Immortalis; গ্রীক= Ambrotos) সং, পুং, দেবতা, অমর। ২। বিং, ত্রিং, স্বর্গীয়।

অমর্ত্ত্যভুবন; সং, ক্লীং, স্বর্গ।

অমর্য্যাদক (অ—মর্য্যাদা+ক—প্রং) বিং, ত্রিং, যে অকারণে লোকের অমর্য্যাদা করে, যার নিকট লোকের মর্য্যাদা নাই, অনাদর-কারী, অবমাননাকারী।

অমর্য্যাদা ( অ—মর্য্যাদা) সং, স্ত্রীং, অনাদর, অপমান, অসম্মান, অবমাননা।

অমর্ষ ( অ—মর্ষ [মৃষ্ ক্ষমাকরা, সহ্যকরা +অ(অল্)—ভা] ক্ষমা ) সং, পুং, ক্রোধ। ২। কেহ কোন অপরাধ করিলে ক্ষমা করিতে না পারা, অক্ষমা। ৩। অহিষ্ণুতা। ৪। বিং, ত্রিং ক্রোধী।

অমর্ষণ ( অমর্ষ দেখ, অন(অনট্)—ভা, ক) সং, ক্লীং, ক্রোধ। ২। বিং, ত্রিং, ক্রুদ্ধ, ক্রোধী, অসহন। ৩। যে ক্ষমা করিতে পারেনা, যার রাগ পড়েনা, ক্রোধ সংবরণে অসমর্থ।

অমর্ষপরায়ণ ( অমর্ষ ক্রোধ—পরা শ্রেষ্ঠ —অয়ন গতি। ক্রোধই যাহার শ্রেষ্ঠ গতি) বিং, ত্রিং, অত্যন্ত ক্রোধাসক্ত।

অমর্ষিত (অমর্ষ + ইত—যুক্তার্থে) বিং, ত্রিং, অমর্ষযুক্ত।

অমর্ষী (অমর্ষিন্, অমর্ষ + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অমর্ষযুক্ত, ক্রোধী।

অমল (অ—মল আবিল) বিং, ত্রিং, মলহীন, নির্ম্মল, পরিষ্কৃত। ২। শুভ্র। ৩। ক্লীং, অভ্রক ধাতু। লা—স্ত্রীং, ( মলের অপনয়ন হেতু যাহা হইতে মল নাই, ৫মী—হিং ) ৪। ভূমি-আমলকী। ৫। লক্ষ্মী। ৬। সাত-লাবৃক্ষ। ৭। নাভিনালা।

অমলক (অম—লৃ ছেদনকরা+অ(ড)—ক। কণ্—প্রং ) সং., পুং—ক্লীং, আম-লকী। ২। অধিত্যকা বাসস্থান।

অমা ( অ—মা পরিমাণকরা+০(ক্বিপ্)—র্ম্ম ) অং, সহিত। ২। নিকট। ৩। স্ত্রীং, অমাবস্যা। ৪। চন্দ্রমণ্ডলে ষোলটী কলা আছে, তন্মধ্যে অমা নামে একটী মহা-কলা। মালার সূত্রের ন্যায় সেই কলা অপর সকল কলাতে বিদ্ধ। ঐ কল্যা নিত্য, উহার ক্ষয় বা বৃদ্ধি নাই, ঐ কলাকে অপর সমুদয় কলা আশ্রয় করিয়া থাকে।

অমাংস, অমাংসল ( অ অল্প—মাংস, যাহার অল্প মাংস আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃশ, দুর্ব্বল।

অমাতৃক (অ—মাতৃ মাতা+ক—প্রং) বিং, ত্রিং, মাতৃহীন।

অমাত্য (অমা নিকট+ত্য—ভবার্থে, কিম্বা অমা সহিত—অং সতত গমন করা+ য—সংজ্ঞার্থে। যিনি রাজার সহিত দণ্ড এবং নীতিমন্ত্রণায় গমন করেন ) সং, পুং, যে নিযুক্ত ব্যক্তি কার্য্যনির্ব্বাহে সহায়তা করে, মন্ত্রী। ২। সহচর।

অমান্য ( অ—মান্য ) বিং, ত্রিং, মান্য নয়, যার মান নাই, অনাদরণীয়, অবমাননীয়।

অমানব, অমানুষ ( অ—মানুষ, মানব ) বিং, ত্রিং, মনুষ্যাতীত, অলৌকিক। যেমন—"তাহার অমানুষ সাহস।" ২। মনুষ্য ধর্ম্মের বহির্ভূত নয়, যাহার মনুষ্যত্ব আছে; যথা—তিনি অমানুষ নন।

অমানস্য ( অ—মনস্+য (ষ্য)—প্রং ) সং, ক্লীং, মনঃপীড়া, মনোদুঃখ, ব্যথা।

**অমামসী**
**অমামাসী**
**অমাবসী**
**অমাবাসী**
**অমাবস্যা**
**অমাবাস্যা** (অমা সহিত—মস্ পরিমাণ করা+অ(অল্)—র্ম্ম। দ্বিতীয় পক্ষে—(+অ(ষঞ্)—র্ম্ম। তৃতীয় পক্ষে—বস্ বাস করা+অ(অন্)—ক। চতুর্থপক্ষে—(+অ(ঘঞ্)—ক। পঞ্চম পক্ষে—(+য—ধি।) ষষ্ঠপক্ষে—(+য(ষ্যণ্)—ধি। চন্দ্রের দুই কলাত্মক কিরণ সূর্য্যমণ্ডলে প্রবিষ্ট হইয়া অমানাম্নী কলার সহিত বাস করে অথবা অমা সূর্য্যকিরণ, যথা—"অমা নাম রবেরশ্মিশ্চন্দ্রলোকে প্রতিষ্ঠিতঃ।" চন্দ্র যে তিথিতে সূর্য্যকিরণের সহিত বাস করেন কিংবা অমাকলার সহিত সূর্য্য ও চন্দ্র একত্র বাস করেন। ব্রহ্মপুরাণে কথিত আছে পিতৃগণ যে সময়ে পঞ্চদশ কলাত্মক চন্দ্রের সুধা পান করেন সেই অমাবস্যা। স্মৃতি শাস্ত্রে উক্ত আছে ঐ তিথিতে চন্দ্রের পঞ্চদশ কলা ক্ষয় হয়, কেবল অমা কলা মাত্রের উদয় হয়) সং, স্ত্রীং, কৃষ্ণ পক্ষের শেষ তিথি। এই তিথিতে অদৃশ্যরূপে চন্দ্রের উদয় হয়। এই তিথিতে চন্দ্র ও সূর্য্য সমসূত্র-ভাবে অবস্থিতি করে, যে তিথিতে সমস্ত রাত্রি অন্ধকার কিছু মাত্র জ্যোৎস্না থাকেনা।

**অমায়** (অ—মায়া) বিং, ত্রিং, অকপট, সরল। ২। অবঞ্চক। ৩। মায়াশূন্য।

**অমায়িক** (অ—মায়িক কপটাচারী) বিং, ত্রিং, সরল, কপটশূন্য, ছলশূন্য; যথা—অমায়িক ব্যবহার। ২। যে সকলের সঙ্গে সরল ব্যবহার করে; যথা—তিনি অমায়িক লোক। ৩। সরলহৃদয়, সরলান্তঃকরণ।

**অমায়িকতা** (অমায়িক+তা—ভাবে) সং, স্ত্রীং, অমায়িকব্যবহার, সরলহৃদয়তা।

**অমাবাস্য** (অমাবস্যা+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, অমাবস্যাজাত।

**অমিত** (অ—মিত পরিমিত) বিং, ত্রিং, অপরিমিত, যাহার পরিমাণ করা যায় না, অসীম। ২। (অম্ রুগ্ন হওয়া, গমন করা +ত(ক্ত)—ক)। ২। রুগ্ন। ৩। গত।

**অমিতৌজস্** (অমিত অপরিমিত—ওজস্ বল) বিং, ত্রিং, অপরিমিত-বলশালী। শিং—১"স তৈঃ পৃষ্টস্তথা সম্যগমিতৌজা মহাত্মভিঃ।" (মনু)

**অমিততেজা** (—তেজস্, অমিত অপরিমিত—তেজস্ দীপ্তি, ক্ষমতা) বিং, ত্রিং, অপরিমিত বলশালী, যাহার ক্ষমতার পরিমাণ নাই।

**অমিত্র** (অ—মিত্র বন্ধু, নঞ্—ষ, কিম্বা অম্ [গমনকরা] পাওয়া+ইত্র—প্রং। যে বৈর প্রাপ্ত হয়) সং, পুং, শত্রু, মিত্রভিন্ন; যথা—"যে ব্যক্তি বলপূর্ব্বক অন্যকে অনুশাসন করে, সে অমিত্র।

**অমিশ্র** (অ—মিশ্র) বিং, ত্রিং, মিশ্রিত নয়, বিশুদ্ধ, খাঁটী।

**অমিশ্রিত** (অ—মিশ্রিত) বিং, ত্রিং, অমিশ্র দেখ।

**অমী** (অমিন্, অম্ রুগ্নহওয়া+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রোগী।

**অমুক** (অদস্ ইহা বা উহা + কণ্—প্রং। নিপাতন। (অদস—সিঃ টেরকঃ) বিং, ত্রিং, অনির্দ্দিষ্টনামা বা উদ্দিষ্টনামা কোন ব্যক্তি বা বস্তু, ঐ, সেই, যথা—অমুক বস্তু, অমুক ব্যক্তি। ২। সং, সে, তিনি, যথা—অমুক কি বলিলেন। অনিশ্চয়স্থলে এবং নামের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

**অমুক্ত** (অ—মুক্ত [মুচ্ মুক্তহওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপরিত্যক্ত। ২। ক্লীং, ছুরি প্রভৃতি অস্ত্র, যাহা হস্তে ধৃত থাকে। (+ত (ক্ত)—ক) মোক্ষরহিত, অপ্রাপ্ত-মোক্ষ।

**অমুতস্** (অদস্+তস্—প্রং, নিপাতন) অং, উহা হইতে।

**অমুত্র** (অদস্ উহা+ত্র—৫, তে। সপ্তমী স্থানেত্র। নিপাতন।) অং, পরকালে, জন্মান্তরে। শিং—১"যত্তু বাণিজকে দত্তং নেহ নামুত্র তদ্ভবেৎ।" (মনু)

**অমুনি** (দেশজ) ক্রিং—বিং, তৎক্ষণাৎ, তখনই।

**অমুষ্যপুত্র**
**অমুষ্যায়ণ** (অমুষ্য [ষষ্ঠ্যন্ত অদস্ শব্দজ] ইহার—পুত্র সন্তান। অমুষ্যপুত্র বলিলে এই প্রসিদ্ধ বংশের সন্তান বুঝায়) সং, পুং, সৎকুলোদ্ভব, প্রখ্যাত-বংশোদ্ভব।

**অমুদৃক্ষ, অমুদৃক্, অমুদৃশ** (অদস্ ঐ+দৃশ্ দর্শন করা +সক্—র্ম্ম। দ্বিতীয়পক্ষে— অমুদৃশ, দৃশ্ দর্শন করা+০ (ক্বিপ্)—র্ম্ম। ৩য় পক্ষে—দৃশ+টক্—র্ম। অসৌইব দৃশ্যতে এই ব্যুৎপত্তিতে নিষ্পন্ন) বিং, ত্রিং, এবং-প্রকার, এতদ্রূপ, ঐরূপ। "অমূদৃশী তৎকবিবৃন্দবন্দিতা।" (নৈষধ)।

**অমর্ত্ত** (অ—মূর্ত্তি আকৃতি) বিং, ত্রিং, মূর্ত্তিশূন্য, অবয়বশূন্য, আকৃতিরহিত। ২। ন্যায়মতে— অমূর্ত্তদ্রব্য; যথা— আকাশ, কাল, দিক্, আত্মা প্রভৃতি। ৩। বেদান্তমতে— বায়ু, অন্তরীক্ষ। ৪। পুং, শিবের নামভেদ।

**অমর্ত্তগুণ** (অমূর্ত্ত অবয়ববিহীন—গুণ) সং, পুং, ন্যায়মতে—অমূর্ত্তদ্রব্যাশ্রিত গুণ; যথা— আকাশের বিশেষ গুণ শব্দ; কাল এবং দিকের কোন বিশেষ গুণ নাই; আত্মার বিশেষগুণ বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, ভাবনাখ্যসংস্কার, ধর্ম্ম এবং অধর্ম্ম।

**অমূল, অমূলক** (অ—মূল গাছেরগোড়া,আদ্য। যাহার মূল নাই, ৬ষ্ঠী—হিং, ক(কণ্)—স্বার্থে) বিং, ত্রিং, আদিকারণশূন্য। শিং—১ "মূলে মূলাভাবাদমূলং মূলং।" ২। মূলশূন্য, কল্পিত, কাল্পনিক, নির্ম্মূল, অপ্রামাণিক, মিথ্যা। লা—স্ত্রীং, অগ্নিশিখা বৃক্ষ।

**অমূল্য** (অ—মূল্য। যাহার মূল্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মূল্য দিয়াও যাহা পাওয়া যায় না। যথা—"বিদ্যা অমূল্যধন।" ২। যাহার মূল্যনিরূপণ করা যায় না, যাহার মূল্যের ইয়ত্তা নাই, যার এত অধিক মূল্য যে কেহ ক্রয় করিতে পারে না।

**অমৃত** (অ—মৃত মরণ। যাহা হইতে মরণ নাই, ৫মী—হিং) সং, ক্লীং, যে পরম সুস্বাদুবস্তু পান করিলে অমর হয়, দেবতার ভোগ্যবস্তু বিশেষ, সুধা, পীযূষ। প্রথমে পৃথুপদিষ্ট দেবতাদিগের দ্বারা ইন্দ্রকে বৎস এবং পৃথিবীকে গোরূপ করিয়া হিরণ্ময় পাত্রে অমৃতরূপ পয়ঃ দোহন করা হইয়াছিল তাহাতে অমৃত উৎপন্ন হইয়া দুর্ব্বাসার অভিশাপে সমুদ্রগর্ভে নিপতিত হয়; তৎপরে দুর্ব্বাসা কর্ত্তৃক ইন্দ্র অভিশপ্ত হইলে ইন্দ্র বিষ্ণুর নিকট উপস্থিত হন। বিষ্ণু স্বয়ং কূর্ম্মরূপ ধারণ করিলেন এবং মন্দার পর্ব্বতকে মন্থনদণ্ড ও বাসুকিকে মন্থনরজ্জু করিয়া সমুদ্র মন্থন করিলেন তাহাতে পুনরায় অমৃত উৎপন্ন হয়। ২। (প্রাণের হেতুভূত পদার্থ বলিয়া) জল। শিং—১ "অমৃতোপস্তরণমসি স্বাহা।" ২ "অমৃতাপিধানমসি স্বাহা।" ৩। (আয়ুর্জনকত্ব হেতু) ঘৃত। শিং—১ "অমৃতং নাম যৎ সন্তোমন্ত্রজিহ্বেষু জুহ্বতি।" (মাঘ)। ৪। রসায়নাদি দ্বারা পীত হইলে দীর্ঘায়ু করে বলিয়া) পারদ। ৫। যজ্ঞশেষ দ্রব্য। শিং —১ "যজ্ঞশেষোঽমৃতং স্মৃতম।" ৬। (দেহ পোষণ করেবলিয়া) দুগ্ধ। ৭। নবনীত। ৮। তক্র, ঘোল। ৯। অন্ন। শিং—১ "অন্নমমৃতং হি জীবনং"। ১০। (অগ্নির উত্তাপে ক্ষয় হয় না বলিয়া) স্বর্ণ। ১১ বিষ। ১২বৎসনাভ। ১২। মুক্তি, মোক্ষ। ১৩। অযাচিত-লব্ধ বস্তু। ১৪। ঔষধ। ১৫। ভক্ষণীয়দ্রব্য। ১৬। হৃদ্য। ১৭। স্বাদুদ্রব্য। ১৮। যোগবিশেষ। ১৯। (সমুদ্রমন্থনকালে অমৃত মস্তকে করিয়া উত্থিত হইয়াছিলেন) পুং, ধন্বন্তরি। ২০। (অমৃত ভক্ষণ করেন বলিয়া) দেবতা। ২১। (বহু ছেদন করিলে যাহার পুনঃ পুনঃ উৎপত্তি হয়) বারাহীকন্দ। ২২। বনমুদ্গ। ২১। বিং, ত্রিং, মরণহীন। ২২। সুন্দর। ২৩। অমৃততুল্য, আনন্দজনক, প্রিয়। যথা—"অমৃতং বালভাষিতং।" তা—স্ত্রীং, জলবাহিনী সূর্য্যরশ্মি—আনন্দা, মেধ্যা, ভূতনা, পূতনা এই চারিটী। ২। গুড়চী। ৩। ইন্দ্রবারুণী। ৪। জ্যোতিষ্মতী। ৫। গোরক্ষদুগ্ধা। ৬। অতিবিষা। ৭। রক্তত্রিবৃৎ। ৮। দূর্ব্বা। ৯। আমলকী। ১০। হরীতকী। ১১। তুলসী। ১২। পিপ্পলী। ১৩। স্থূলমাংস হরিতকী। ১৪। (অমৃতের সহিত উৎপন্ন হইয়াছিল বলিয়া) সুরা।

**অমৃতকর** (অমৃত—কর দীপ্তি) সং, পুং, চন্দ্র।

**অমৃতকুণ্ড** (অমৃত—কুণ্ড কূপ, ৬ষ্ঠী—ষ) সং,

অমামসী / অমামাসী / অমাবসী / অমাবাসী / অমাবস্যা / অমাবাস্যা ( অমা সহিত—মস্ পরিমাণ করা+অ(অল্)—র্ম্মু। দ্বিতীয় পক্ষে—(+অ(ঘঞ্)—র্ম্মু। তৃতীয় পক্ষে—বস্ বাস করা+অ(অন্)—ক। চতুর্থপক্ষে—(+অ(ঘঞ্)—ক। পঞ্চম পক্ষে—(+য—ধি।) ষষ্ঠপক্ষে—(+য(ঘ্যণ্)—ধি। চন্দ্রের দুই কলাত্মক কিরণ সূর্য্যমণ্ডলে প্রবিষ্ট হইয়া অমানাম্নী কলার সহিত বাস করে অথবা অমা সূর্য্যকিরণ, যথা—"অমা নাম রবেঃ রশ্মিঃ ...প্রতিষ্ঠিতঃ।" চন্দ্র যে তিথিতে অর্ককিরণের সহিত বাস করেন কিম্বা অমাকলার সহিত সূর্য্য ও চন্দ্র একত্র বাস করেন। ব্রহ্মপুরাণে কথিত আছে পিতৃগণ যে সময়ে পঞ্চদশ কলাত্মক চন্দ্রের সুধা পান করেন সেই অমাবস্যা। স্মৃতি শাস্ত্রে উক্ত আছে ঐ তিথিতে চন্দ্রের পঞ্চদশ কলা ক্ষয় হয়, কেবল অমাকলা মাত্রের উদয় হয়) সং, স্ত্রীং, কৃষ্ণ পক্ষের শেষ তিথি। এই তিথিতে অদৃশ্যরূপে চন্দ্রের উদয় হয়। এই তিথিতে চন্দ্র ও সূর্য্য সমসূত্র-ভাবে অবস্থিতি করে, যে তিথিতে সমস্ত রাত্রি অন্ধকার কিছু মাত্র জ্যোৎস্না থাকেনা।

অমায় (অ—মায়া) বিং, ত্রিং, অকপট, সরল। ২। অবঞ্চক। ৩। মায়াশূন্য।

অমায়িক (অ—মায়িক কপটাচারী) বিং, ত্রিং, সরল, কপটশূন্য, ছলশূন্য; যথা—অমায়িক ব্যবহার। ২। যে সকলের সঙ্গে সরল ব্যবহার করে; যথা—তিনি অমায়িক লোক। ৩। সরলহৃদয়, সরলান্তঃকরণ।

অমায়িকতা (অমায়িক+তা—ভাবে) সং, স্ত্রীং, অমায়িকব্যবহার, সরলহৃদয়তা।

অমাবাস্য (অমাবস্যা+য (ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, অমাবস্যাজাত।

অমিত (অ—মিত পরিমিত) বিং, ত্রিং, অপরিমিত, যাহার পরিমাণ করা যায় না, অসীম। ২। (অম্ রুগ্ন হওয়া, গমন করা +ত(ক্ত)—ক)। ২ রুগ্ন। ৩। গত।

অমিতৌজস্ (অমিত অপরিমিত—ওজস্ ... শিং—১"স তৈঃ পৃষ্টস্তথা সম্যগমিতৌজা মহাত্মভিঃ।" (মনু)

অমিততেজা (—তেজস্, অমিত অপরিমিত—তেজস্ দীপ্তি, ক্ষমতা) বিং, ত্রিং, অপরিমিত বলশালী, যাহার ক্ষমতার পরিমাণ নাই।

অমিত্র (অ—মিত্র বন্ধু, নঞ্—ব, কিম্বা অম্ [গমনকরা] পাওয়া+ইত্র—প্রং। যে বৈর প্রাপ্ত হয়) সং, পুং, শত্রু, মিত্রভিন্ন; যথা—যে ব্যক্তি বলপূর্ব্বক অন্যকে অনুশাসন করে, সে অমিত্র।

অমিশ্র (অ—মিশ্র) বিং, ত্রিং, মিশ্রিত নয়, বিশুদ্ধ, খাঁটী। [দেখ

অমিশ্রিত (অ—মিশ্রিত) বিং, ত্রিং, অমিশ্র

অমী (অমিন্, অম্ রুগ্নহওয়া+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রোগী।

অমুক (অদস্ ইহা বা উহা + কন্—প্রং, নিপাতন। (অদস্—সিঃ টৈরকঃ) বিং, ত্রিং, অনির্দ্দিষ্টনামা বা উদ্দিষ্টনামা কোন ব্যক্তি বা বস্তু, ঐ, সেই, যথা—অমুক বস্তু, অমুক ব্যক্তি। ২। সং, সে, তিনি, যথা—অমুক কি বলিলেন। অনিশ্চয়স্থলে এবং নামের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

অমুক্ত (অ—মুক্ত [মুচ্ মুক্তহওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপরিত্যক্ত। ২। ক্লীং, ছুরি প্রভৃতি অস্ত্র, যাহা হস্তে ধৃত থাকে (+ত (ক্ত)—ক) মোক্ষরহিত, অপ্রাপ্ত মোক্ষ।

অমুতস্ (অদস্+তস্—প্রং, নিপাতন) অং, উহা হইতে।

অমুত্র (অদস্ উহা+ত্র—৫. তে। সপ্তমী স্থানে ত্র। নিপাতন।) অং, পরকালে, জন্মান্তরে। শিং—১"যস্তু বাণিজকে দত্তং নেহ নামুত্র তদ্ভবেৎ।" (মনু)

অমুনি (দেশজ) ক্রিং—বিং, তৎক্ষণাৎ, তখনই।

অমুষ্যপুত্র / অমুষ্যায়ণ (অমুষ্য [ষষ্ঠ্যন্ত অদস্ শব্দ] ইহার—পুত্র সন্তান। অমুষ্যপুত্র বলিলে এই প্রসিদ্ধ বংশের সন্তান বুঝায়) সং, পুং, সৎকুলোদ্ভব, প্রখ্যাত

অমূদৃক্ষ, অমূদৃক্, অমূদৃশ (অদস্ ঐ+দৃশ্ দর্শন করা +সক্—র্ম্ম। দ্বিতীয়পক্ষে—অমূদৃশ, দৃশ্ দর্শন করা+০ (ক্বিপ্)—র্ম্ম। ৩য় পক্ষে—দৃশ+টক্—র্ম। অসৌইব দৃশ্যতে এই ব্যুৎপত্তিতে নিষ্পন্ন) বিং, ত্রিং, এবং-প্রকার, এতদ্রূপ, ঐরূপ। "অমূদৃশী তৎকবিবৃন্দবন্দিতা।" (নৈষধ)।

অমূর্ত্ত (অ—মূর্ত্তি আকৃতি) বিং, ত্রিং, মূর্ত্তিশূন্য, অবয়বশূন্য, আকৃতিরহিত। ২। ন্যায়মতে—অমূর্ত্তদ্রব্য; যথা—আকাশ, কাল, দিক্, আত্মা প্রভৃতি। ৩। বেদান্তমতে—বায়ু, অন্তরীক্ষ। ৪। পুং, শিবের নামভেদ।

অমূর্ত্তগুণ (অমূর্ত্ত অবয়ববিহীন—গুণ) সং, পুং, ন্যায়মতে—অমূর্ত্তদ্রব্যাশ্রিত গুণ; যথা—আকাশের বিশেষ গুণ শব্দ; কাল এবং দিকের কোন বিশেষ গুণ নাই; আত্মার বিশেষগুণ বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, ভাবনাখ্যসংস্কার, ধর্ম্ম এবং অধর্ম্ম।

অমূল, অমূলক (অ—মূল গাছেরগোড়া, আদ্য। যাহার মূল নাই, ৬ষ্ঠী—হিং, ক(কণ্)—স্বার্থে) বিং, ত্রিং, আদিকারণ-শূন্য। শিং—১ "মূলে মূলাভাবাদমূলং মূলং।" ২। মূলশূন্য, কল্পিত, কাল্পনিক, নির্ম্মূল, অপ্রামাণিক, মিথ্যা। লা—স্ত্রীং, অগ্নিশিখা বৃক্ষ।

অমূল্য (অ—মূল্য। যাহার মূল্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মূল্য দিয়াও যাহা পাওয়া যায় না। যথা—"বিদ্যা অমূল্য-ধন।" ২। যাহার মূল্যনিরূপণ করা যায় না, যাহার মূল্যের ইয়ত্তা নাই, যার এত অধিক মূল্য যে কেহ ক্রয় করিতে পারে না।

অমৃত (অ—মৃত মরণ। যাহা হইতে মরণ নাই, ৫মী—হিং) সং, ক্লীং, যে পরম সুস্বাদু-বস্তু পান করিলে অমর হয়, দেবতার ভোগ্যবস্তু বিশেষ, সুধা, পীযূষ। প্রথমে পৃথুপদিষ্ট দেবতাদিগের দ্বারা ইন্দ্রকে বৎস এবং পৃথিবীকে গোরূপ করিয়া হিরণ্ময় পাত্রে অমৃতরূপ পয়ঃ দোহন করা হইয়াছিল তাহাতে অমৃত উৎপন্ন হইয়া দুর্ব্বা-তৎপরে দুর্ব্বাসা কর্ত্তৃক ইন্দ্র অভিশপ্ত হইলে ইন্দ্র বিষ্ণুর নিকট উপস্থিত হন। বিষ্ণু স্বয়ং কূর্ম্মরূপ ধারণ করিলেন এবং মন্দার পর্ব্বতকে মন্থনদণ্ড ও বাসুকিকে মন্থনরজ্জু করিয়া সমুদ্র মন্থন করিলেন তাহাতে পুনরায় অমৃত উৎপন্ন হয়। ২। (প্রাণের হেতুভূত পদার্থ বলিয়া) জল। শিং—১ "অমৃতোপস্তরণমসি স্বাহা" ২ "অমৃতাপিধানমসি স্বাহা।" ৩। (আয়ুর্জ্জনকত্ব হেতু) ঘৃত। শিং—১ "অমৃতং নাম যৎ সন্তোমন্ত্রজিহ্বেষু জুহ্বতি।" (মাঘ)। ৪। রসায়নাদি দ্বারা পীত হইলে দীর্ঘায়ু করে বলিয়া) পারদ। ৫। যজ্ঞশেষ দ্রব্য। শিং —১ "যজ্ঞশেষোঽমৃতং স্মৃতম।" ৬। (দেহ পোষণ করেবলিয়া) দুগ্ধ। ৭। নবনীত। ৮। তক্র, ঘোল। ৯। অন্ন। শিং—১ "অন্নমূলং হি জীবনং"। ১০। (অগ্নির উত্তাপে ক্ষয় হয় না বলিয়া) স্বর্ণ। ১১ বিষ। ১২ বৎসনাভ। ১২। মুক্তি, মোক্ষ। ১৩। অযাচিত-লব্ধ বস্তু। ১৪। ঔষধ। ১৫। ভক্ষণীয়দ্রব্য। ১৬। হৃদ্য। ১৭। স্বাদুদ্রব্য। ১৮। যোগবিশেষ। ১৯। (সমুদ্রমন্থন-কালে অমৃত মস্তকে করিয়া উত্থিত হইয়া-ছিলেন) পুং, ধন্বন্তরি। ২০। (অমৃত ভক্ষণ করেন বলিয়া) দেবতা। ২১। (বহু ছেদন করিলে যাহার পুনঃ পুনঃ উৎপত্তি হয়) বারাহীকন্দ। ২২। বনমুদ্গ। ২১। বিং, ত্রিং, মরণহীন। ২২। সুন্দর। ২৩। অমৃতত্যতুল্য, আনন্দজনক, প্রিয়। যথা—"অমৃতং বালভাষিতং।" তা—স্ত্রীং, জলবাহিনী সূর্য্যরশ্মি—আনন্দা, মেধ্যা, ভূতনা, পূতনা এই চারিটী। ২। গুড়চী। ৩। ইন্দ্রবারুণী। ৪। জ্যোতিষ্মতী। ৫। গো-রক্ষদুগ্ধা। ৬। অতিবিষা। ৭। রক্তত্রিবৃৎ। ৮। দূর্ব্বা। ৯। আমলকী। ১০। হরীতকী। ১১। তুলসী। ১২। পিপ্পলী। ১৩। স্থূলমাংস হরিতকী। ১৪। (অমৃতের সহিত উৎপন্ন হইয়াছিল বলিয়া) সুরা।

অমৃতকর (অমৃত—কর দীপ্তি) সং, পুং, চন্দ্র।

ক্লীং, অমৃতকূপ, যাহাতে অমৃত থাকে, সুধাকলস।

অমৃতজটা ; সং, স্ত্রীং, জটামাংসী।

অমৃততরঙ্গিণী ( অমৃত—তরঙ্গিণী নদী, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, জ্যোৎস্না, চন্দ্রিকা।

অমৃতদীধিতি ( অমৃত—দীধিতি কিরণ। যাহার অমৃতরূপ কিরণ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, চন্দ্র।

অমৃতপ (অমৃত—প [ পা পানকরা + অ (ড) —ক ] যে পানকরে। যাহারা অমৃত পান করেন) সং, পুং, দেবতা। ২। (অমৃত—প [পা রক্ষাকরা + অ (ড) —ক] যে রক্ষাকরে। মোহিনীমূর্ত্তি ধারণ করিয়া যিনি অসুরগণের নিকট হইতে অমৃত রক্ষা করিয়াছিলেন) বিষ্ণু। ৩ বিং, ত্রিং, অমৃতপায়ী।

অমৃতফল ; পুং—ক্লীং, পারেবত বৃক্ষ। ২। পটোল। ৩। নাসপাতী।

অমৃতফলা ; সং, স্ত্রীং, দ্রাক্ষা। ২। আমলকী।

অমৃতভাষী ( —ভাষিন্, অমৃত অমৃতেরন্যায় ভাষী যে বলে ) বিং, ত্রিং, যাহার ভাষা অর্থাৎ বাক্য অমৃতের ন্যায় মিষ্ট ; যথা— "কহ হে অমৃতভাষিণি।" ( মেঘনাদ )

অমৃতযোগ ( অমৃত—যোগ ) সং, পুং, জ্যোতিঃশাস্ত্র-প্রসিদ্ধ নক্ষত্র ও বারবিশেষযুক্ত তিথি। রবিতে মূলা, সোমে শ্রবণা, মঙ্গলে উত্তরভাদ্রপদ, বুধে কৃত্তিকা, বৃহস্পতিতে পুনর্ব্বসু, শুক্রে পূর্ব্বফাল্গুনী, শনিতে স্বাতি নক্ষত্রযুক্ত হইলে অমৃতযোগ হয়। ইহাকে নক্ষত্রামৃতযোগ কহে। রবি এবং সোমবারে পূর্ণাতিথি, মঙ্গলবারে ভদ্রা, বুধ এবং শনিবারে নন্দা, গুরুবারে জয়া, শুক্রবারে রিক্তা হইলে তিথ্যামৃতযোগ হয়। শিং—১ "চন্দ্রার্কয়োর্ভবেৎ পূর্ণা কুজে ভদ্রা জয়া গুরৌ। বুধ মন্দৌ চ নন্দায়াং শুক্রে রিক্তাহমৃতাতিথিঃ (জ্যোতিষ)

অমৃতবল্লী ; সং, স্ত্রীং, গুড়ূচী (গুলঞ্চ)।

অমৃতরসা ; সং, স্ত্রীং, কপিলদ্রাক্ষা।

অমৃতসারজ ( অমৃত—সার স্থিরাংশ—জ উৎপন্ন, ৫মী—ষ ) সং, পুং, গুড়, খাঁড়।

২য়া—ষ) সং, পুং, চন্দ্র। ২। ( অমৃত দেবতা—সূ প্রসূতি, মাতা ) সং, স্ত্রীং, দেবমাতা।

অমৃতস্রবা (অমৃত—স্রব ক্ষরণ + আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রুদন্তীবৃক্ষ। ২। লতাবিশেষ, উপবল্লিকা। শিং—১ "উক্তামৃতস্রবা পথ্যা দৈবশিক্তা রসায়নী।"

অমৃতস্রুৎ ( অমৃত—স্রু ক্ষরিত হওয়া + (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, অমৃতক্ষরণশীল, সুধাবর্ষী, অমৃতবর্ষণকারী।

অমৃতান্ধস ( অমৃত—অন্ধস্ অন্ন। যাহাদের অমৃতই অন্ন ৬ষ্ঠী—হিং ) সং, পুং, দেবতা।

অমৃতায়মান ( অমৃত + কাঙ্ (আনচ্)—ষ ) বিং, ত্রিং, যাহা অমৃতের ন্যায় বোধ হয়, অমৃততুল্য, অমৃতোপম। শিং—১ "ভূমিষ্ঠং দেবতামৃতায়মানম্ বচোনিশম্য ..."

অমৃতাশন (অমৃত—অশন যে ভোজন করে, ২য়া—ষ। অথবা অমৃত—অশন ভক্ষ্যদ্রব্য। অমৃতই যাহাদিগের ভোজনীয়) সং, পুং, দেবতা, অমর। [কর্পরীতুথ।

অমৃতাসঙ্গ ; সং, ক্লীং, তুঁতিয়া বিশেষ,

অমৃতাহ্ব ( অমৃত—আহ্বা নাম ) সং, ক্লীং, লঘুবিম্বফলাকৃতি খোরোসান দেশজ নাসপাতি নামক ফল।

অমৃতোপম (অমৃত —উপমা ) বিং, ত্রিং, এমন মধুর যে অমৃতের সঙ্গে উপমা দেওয়া যায়, অমৃতোপম, অমৃতায়মান।

অমৃতোৎপন্ন ; সং, ক্লীং, খর্পরী তুথ। ২। স্ত্রীং, মক্ষিকা।

অমেধাঃ (অমেধস্, অ—মেধস্ ধারণাবতী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, মেধাহীন, নির্ব্বুদ্ধি, অবোধ, মূঢ়, মূর্খ।

অমেধ্য ( অ—মেধ্য পবিত্র ) বিং, ত্রিং, অপবিত্র। শিং—১ "বিষাদপ্যমৃতং গ্রাহ্যম্ অমেধ্যাদপি কাঞ্চনম্।" ( চাণক্য )। ২ যাহা যজ্ঞার্হ নয়, অযজ্ঞিয়। ৩। সং, ক্লীং অপবিত্র বস্তু, যথা—পুরীষাদি মল। শিং —১ "নামেধ্যং প্রক্ষিপেদগ্নৌ।" ( মনু )

... যোগ্য ) বিং

হয় না, অপ্রমেয়, অপরিমেয়। ২। অপরিচ্ছেদ্য, ইয়ত্তাশূন্য। শিং—১ "অমেয়োমিতলোকমস্ত্বনর্থী প্রার্থনাবহঃ।" (রঘু)।

অমেয়াত্মা (—আত্মন্, অমেয় অপরিচ্ছেদ্য—আত্মা। যাহার আত্মা অর্থাৎ স্বরূপের ইয়ত্তা করা যায় না) বিং, ত্রিং, অমিতাত্মা, অপরিচ্ছেদ্যস্বরূপ, মানাতীতবুদ্ধি। পুং, বিষ্ণু।

অমোঘ (অ—মোঘ ব্যর্থ) বিং, ত্রিং, সফল, অব্যর্থ, অবন্ধ্য, সার্থক; যথা—অমোঘাস্ত্র। শিং—১ "অমোঘাঃ প্রতিগৃহ্ণন্তাবর্ঘ্যানুপদামাশিষঃ।"(রঘু)।২। পুং, (সর্ব্বফলদাতা বলিয়া) পরমেশ্বর। ।৩। (সর্ব্বাভীষ্টফল দান করেন বলিয়া) বিষ্ণু। শিং—১ "অমোঘঃ পুণ্ডরীকাক্ষ।" ঘা—স্ত্রীং, (স্নানার্থীদিগের সকল অভীষ্টফল দান করে বলিয়া) নদীবিশেষ। ১। (শত্রুপক্ষে পাতিত হইলে ব্যর্থ হয় না বলিয়া) শক্তিবিশেষ; তাড়কানিধনকালে বিশ্বামিত্র রামচন্দ্রকে অমোঘা ও বিজয়া এই দুই শক্তি প্রদান করিয়াছিলেন। ৩। দেবমাতা। ৪। দুর্গা। ৫। শান্তনু ঋষির পত্নী। ।৬। বিড়ঙ্গবৃক্ষ। ৭। হরীতকী। ৮। (অনেক পুষ্প ও ফল বলিয়া)। পাটলাবৃক্ষ। [সফলতা।

অমোঘত্ব (অমোঘ+ত্ব—ভাবে) সং, ক্লীং

অমোঘরেতাঃ (—রেতস্, অমোঘ অব্যর্থ—রেতস্ বীর্য্য) বিং, ত্রিং, যাহার রেতঃ অর্থাৎ বীর্য্য ব্যর্থ হইবার নহে।

অমোঘবীর্য্য (অমোঘ অব্যর্থ—বীর্য্য) বিং, ত্রিং, যাহার বীর্য্য ব্যর্থ হইবার নহে।

অম্ব (অম্ব্ গমনকরা+অ (অল্)—ভাবে) অং, সম্বোধন। ২। গমন।

অম্বক (অম্ব্ [গমন করা] পাওয়া+অক (ণক)—সংজ্ঞার্থে। যে রূপাদি প্রাপ্ত হয়) সং, ক্লীং, চক্ষুঃ, নেত্র। শিং—১ "আসীনমাসন্ন শরীরপাতস্ত্রিয়ম্বকং সংযমিনং দদর্শ।" (কুমার)।২। তাম্র। ৩। (অম্ব্ গমন করা + অ(অল্)—শ্ব। ক(কণ্)—স্বার্থে। যিনি স্নেহে গমন করেন) সং, পুং, পিতা।

অম্বর (অম্ব্ গমন করা+অর (অরন্)—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, আকাশ।২। বস্ত্র।৩। অম্বুরি-নামক গন্ধ দ্রব্য। ৪। কার্পাস। ৫। অভ্রক ধাতু।

অম্বরমণি; সং, পুং, সূর্য্য।

অম্বরলেখী (অম্বরলেখিন্, অম্বর—লেখী যে লেখে। যে অম্বরে লিখে, ২য়া—ষ) বিং, ত্রিং, অভ্রংকষ, গগনস্পর্শী।

অম্বরিষ } (অম্ব্ গমন করা+ইষ(ইষন্),
অম্বরীষ } ঈষন্ (ঈষন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা। শিং—১ "অশোভত মুখং তস্য জৃম্ভমানস্য ধীমতঃ। অম্বরীষোপমং দীপ্তং বিধূম ইব পাবকঃ।"(রামা)

অম্বরীষ (অম্ব্ গমন করা+ঈষ (ঈষন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, শিব।২। বিষ্ণু।৩। সূর্য্যবংশীয় রাজাবিশেষ, ইনি নাভাগের পুত্র।৪। মান্ধাতার পুত্র, বিন্দুমতীর গর্ভজাত।৫। ঋষিবিশেষ; ইনি পুলহনামক ব্রহ্মর্ষির পুত্র।৬। রাজর্ষিবিশেষ; ইনি বৃষাগির রাজার পুত্র।৭। প্রসুশ্রুতের পুত্র।৮। সূর্য্য।৯। বালক, কিশোর।১০। অনুতাপ। ১০। আমড়াগাছ।১১। নরকবিশেষ। ১২। ক্লীং, যুদ্ধ। ১৩। আকাশ, অন্তরীক্ষ।

অম্বষ্ঠ (অম্ব পিতা—ষ্ঠ [স্থা থাকা+অ(ড) —ক, সংজ্ঞার্থে] যে থাকে। আয়ুর্ব্বেদ অধিকারী বলিয়া যিনি রোগ সময়ে পিতার ন্যায় থাকেন অথবা অম্বা মাতা। যিনি মাতার ন্যায় থাকেন অর্থাৎ পালন করেন কিম্বা অম্ব্ শব্দ করা—স্থা থাকা+অ(ড)—ক) সং, পুং, ব্রাহ্মণের ঔরসে বৈশ্যার গর্ভজাত, বৈদ্য। ২। দেশবিশেষ; ইহা পঞ্জাবের অন্তঃপাতী।৩। জাতিবিশেষ; বোধ হয় গ্রীক গ্রন্থকর্ত্তাদিগের পুস্তকে আম্বাষ্ঠা নামে যে জাতির উল্লেখ আছে, তাহারা এই জাতি হইবে। ভবিষ্যপুরাণে—অম্বুবাহিনীনদীর তটে এই জাতি বাস করিত। বরাহসংহিতায়—ইহারা ভারতবর্ষের মধ্যম দেশবাসী ছিল। মহাভারতে—

উহারা—উত্তর দেশবাসী। ৪। হস্তিপক, মাহুত। (অম্বা মাতা। প্রীতির নিমিত্ত যিনি মাতার ন্যায় থাকেন) ষ্ঠা—স্ত্রীং, যুঁইগাছ। ২। নিয়ই গাছ। ৩। আমরুল-শাক।৪। আমড়া।

অম্বা (অম্ব্ শব্দকরা+অ (অল্)—র্ম, সং-জ্ঞার্থে। যিনি বালক কর্তৃক শব্দিত অর্থাৎ উক্ত হন অথবা অনব্ গমনকরা+অ (অল্)—র্ম। আপ্ স্ত্রীলিঙ্গে। স্নেহে যিনি গমন করেন) সং, স্ত্রীং, মাতা। ২। নাট্যো-ক্তিতে—মাতা। ৩। দুর্গা। ৪। কাশী-রাজের জ্যেষ্ঠ দুহিতা।

অম্বালা (অম্বা—অল্ ভূষিতকরা+অ (অন্)—ক। আ(আপ্)—স্ত্রীলিঙ্গে। অথবা অম্বা—লা গ্রহণ করা+অ (ক)—ক। যিনি অম্বা শব্দ গ্রহণ করেন) সং, স্ত্রীং, মাতা। ২। দুর্গা।

অম্বালিকা (অম্বালা মাতা+ক(কণ্)—স্বার্থে। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মাতা। ২। দুর্গা। ৩। কাশীরাজের কনিষ্ঠা কন্যা, বিচিত্রবীর্য্যের পত্নী, পাণ্ডুর মাতা।

অম্বিকা (অম্বা মাতা+ক (কণ্)—স্বার্থে বা তুল্যার্থে) সং, স্ত্রীং, মাতা। ২। দুর্গার নামান্তর। ৩। কাশীরাজের মধ্যমা কন্যা, বিচিত্রবীর্য্যের পত্নী, ধৃতরাষ্ট্রের মাতা। ৪। দেবমাতা। ৫। জৈনদেবী বিশেষ। ৬। কটুকী। ৭। অম্বষ্ঠা।

অম্বিকানাথ, অম্বিকাপতি (অম্বিকা—নাথ, পতি। ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

অম্বিকেয়(অম্বিকা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, কার্ত্তিকেয়। ২। গণেশ। ৩। ধৃতরাষ্ট্র।

অম্বু (অম্ব্ শব্দকরা+উ—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, জল। ২। বালনাম ঔষধি, বালা।

অম্বুকণা (অম্বু—কণা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, শীকর, জলবিন্দু।

অম্বুকণ্টক, অম্বুকিরাত (অম্বু—কণ্টক, ৬ষ্ঠী—ষ। অম্বু—কিরাত বনচর,ব্যাধ, ৭মী—ষ। হিংস্র স্বভাবহেতু জলে যে কিরাতের ন্যায়)সং, পুং, কুম্ভীর।

অম্বুকীশ, অম্বুকূর্ম (অম্বু—কীশ বানর, কূর্ম কচ্ছপ, ৭মী—ষ) সং, পুং, শিশুমার, শুশুক।

অম্বুকেশর; সং, পুং, ছোলঙ্গনেবুবৃক্ষ।

অম্বুচামর (অম্বু—চামর চমরী-পুচ্ছ) সং, ক্লীং, শৈবাল, শেওলা।

অম্বুজ (অম্বু—জ যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, জলজ, পদ্ম। ২। বজ্র।৩। পুং, চন্দ্র। ৪। হিজল বৃক্ষ। ৫। পুং—ক্লীং, শঙ্খ। ৬। বিং, ত্রিং,জলজাত।

অম্বুজন্ম (অম্বু—জন্ম) সং, ক্লীং, জলজ, পদ্ম।

অম্বুতাল (অম্বু—তাল, ৭মী—ষ) সং, পুং, শৈবাল, শেওলা।

অম্বুদ (অম্বু জল—দ [দা দানকরা+অ (ড)—ক] যে দান করে। যে জল দান করে, ২য়া—ষ) সং, পুং, জলদ, মেঘ। ২। মুস্তক। শিং—১ "কনাসবিশ্বানলদং সহাম্বুদং।" ৩। অভ্রক ধাতু। ৪। বিং, ত্রিং, জলদানকরী।

অম্বুদাগম (অম্বুদ—আগম) সং, পুং, মেঘাগম, বর্ষাকাল।

অম্বুধর (অম্বু—ধর যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, জলধর, মেঘ।

অম্বুধি, অম্বুনিধি (অম্বু জল—ধি [ধা ধারণ করা+ই(কি)—ক] যে ধারণ করে। যে জল ধারণ করে,২য়া—ষ। অম্বু—নিধি ধন, সম্পত্তি। যাহার অম্বু সম্পত্তি হইয়াছে, ৬ষ্ঠী—হিং, অথবা অম্বু জল—ধা, নি—ধা ধারণ করা+ই(কি)—ধি। যাহাতে জল থাকে) সং, পুং, জলধি, সমুদ্র, সিন্ধু, সাগর।

অম্বুধিস্রবা; সং, স্ত্রীং, গৃহকন্যা। ২। ঘৃতকুমারী।

অম্বুপ (অম্বু জল—প যে পান করে, রক্ষা করে) সং, পুং, জলেশ্বর, বরুণ। ২। শতভিষা নক্ষত্র। ।৩। চাকুন্দাগাছ।৪। বিং, ত্রিং, জলপায়ী।

অম্বুভৃৎ (অম্বু—ভৃৎ [ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে। যে অম্বু ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, বারিবাহ। ২। সমুদ্র। ৩। মুস্তক। ৪। অভ্রকধাতু।

অম্বুমান্ (অম্বু+মৎ (মতু)—অস্ত্যর্থে) সং, পুং, কচ্ছ, কূল, নদীর তট। ২। জলবহুল

স্থান। তী—স্ত্রীং, কুরুক্ষেত্র স্থিত নদী বিশেষ। বিং, ত্রিং, জলবিশিষ্ট।

**অম্বুমাত্রজ** ( অম্বু জল—মাত্র সাকল্য, প্রত্যেক প্রকার,অথবা মাত্রা অল্প পরিমাণ —জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন ) সং, পুং, শম্বুক, শামুক।

**অম্বুমুক্** ( অম্বুমুচ্, অম্বু—মুচ্ মোচনকরা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, মেঘ।

**অম্বুর** ( অম্বু—রা গ্রহণকরা+অ(ড)—ক) সং, পুং, দ্বারাধঃকাষ্ঠ, গোবরাট্।

**অম্বুরাশি** (অম্বু—রাশি সমূহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলনিধি, সমুদ্র।

**অম্বুরুহ** ( অম্বু—রুহ [ রুহ্ উৎপন্ন হওয়া +অ(ড)—ক] যে জন্মে। যে জলেতে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, পদ্ম, জলজ। হা—স্ত্রীং, স্থলপদ্মিনী।

**অম্বুরোহিণী** ; সং, স্ত্রীং, নলিনী, পদ্মিনী।

**অম্বুবাচি** / **অম্বুবাচী** (অম্বু জলবর্ষণ—বাচি, বাচী [ বচ্ বলা+ণি—ক ] যে বলে অর্থাৎ সূচনা করে) সং, স্ত্রীং, মিথুন-রাশিস্থ সূর্য্যের আর্দ্রা নক্ষত্রের প্রথমপাদ ভোগকাল। জ্যৈষ্ঠমাসের শেষ দিবসে সূর্য্য যে বারে ও যে কালে মিথুন রাশিতে গমন করেন তাহার পরের সেই বারে ও সেই সময়ে পৃথিবী রজঃস্বলা হন, (সম্ভবতঃ জলবর্ষণে পৃথিবী রসযুক্তা হইয়া বীজাদি ধারণ করিবার উপযোগী হন) ইহার নাম অম্বুবাচী। অম্বুবাচীর তিন দিন বেদাধ্যয়ন ও বীজবপন নিষিদ্ধ; যতি, বিধবা, ব্রহ্মচারী, ও ব্রাহ্মণদিগের স্বপাক ও পরপাক চণ্ডালের অন্নতুল্য। এই সময়ে দুগ্ধ পান করিলে সর্প ভয় থাকেনা। (স্মৃতি)।

**অম্বুবাহ্** / **অম্বুবাহ** (অম্বু—বহ্ বহন করা+০(বিণ্)—ক। ২য় পক্ষে+অ(ষণ্)—ক) সং, পুং, মেঘ। ২। মুস্তক। ৩। অভ্রক-ধাতু। ৪। বিং, ত্রিং, বারিবহনকারী।

**অম্বুবাহনী** ( অম্বু—বহ-ণি=বাহি বহান +অন ( অনট্ )—ণ। ঈপ্—স্ত্রীলিঙ্গে ) সং, স্ত্রীং, জলসেচনী।

**অম্বুবাহী** ( অম্বুবাহিন্, অম্বু—বাহিন্ যে বহন করে ) বিং, ত্রিং, জলবহনকারী। হিনী—স্ত্রীং, সং, কাষ্ঠাদি নির্ম্মিত জল-সেচনী পাত্র।

**অম্বুবাসী** ; সং, স্ত্রীং, পাটলাবৃক্ষ।

**অম্বুবেতস** ; সং, পুং, জলবেতস।

**অম্বুশিরীষিকা** ; সং, স্ত্রীং, জলশিরীষবৃক্ষ।

**অম্বুসর্পিণী**(অম্বু—সৃপ্ গমনকরা+ইন্(ণিন্) —ক,৭মী—ষ) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

**অম্বূকৃত** (অম্বু [ শ্লেষ্মাদিযুক্ত উপচারাদি ] জল—কৃত যাহা করা হইয়াছে,৩য়া—ষ। চ্বি—অভূততদ্ভাবার্থে,উ=ঊ ) বিং, ত্রিং, নিষ্ঠীবনযুক্ত (বাক্য বা রব)। শিং—১ "ভল্লবয়ূনামম্বুরসিত গুরুণিস্থ্যানমম্বূ-কৃতানি।" (উত্তরচরিত)।

**অম্ভঃসার** ( অম্ভস্—সার, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, মুক্তা।

**অম্ভঃসূ** (অম্ভস্ জল—সূ যে উৎপাদন করে ) সং, পুং, ধূম, ধোঁয়া।

**অম্ভস্** ( আপ্ জল+অস্—র্ম্ম,সংজ্ঞার্থে। ম্—আগম। প=ভ, নিপাতন। অথবা অনভ্ শব্দকরা+অস্—ক ) সং, ক্লীং, জল।২। গণিতে চতুর্থ সংখ্যা।৩। জ্যো-তিষে—লগ্নাদি হইতে চতুর্থরাশি। ৪। বৈদিক ছন্দোবিশেষ।৫। সাংখ্যমতে—নব-বিধ তুষ্টির মধ্যে প্রকৃতাখ্যা আধ্যাত্মিকা তুষ্টি।৬। বালানামক ঔষধি। (বহুবচনান্ত হইলে) দেবগণ, মনুষ্যগণ, পিতৃগণ, অসুরগণ।

**অম্ভোজ**(অম্ভস্ জল—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মে, যে জলে জন্মে, ৭মী —ষ ) সং, ক্লীং, পদ্ম, জলজ। শিং—১ "গিরা মুখাম্ভোজমিয়ং যুযোজ।" (নৈষধ)। ২।পুং, চন্দ্র। শিং—১"পিবন্তং ত্বন্মুখাম্ভো-জচ্যুতং হরিকথামৃতং।" ৩। পুং—স্ত্রীং, সারস পক্ষী। ৪। পুং—ক্লীং, শঙ্খ। ৫। বিং, ত্রিং, জলজাত। [শৈবাল।

**অম্ভোজচামর** ( অম্ভোজ—চামর ) সং, ক্লীং,

**অম্ভোজিনী** ( অম্ভোজ+ইন—প্রং। ঈপ্ —স্ত্রীলিঙ্গে ) সং, স্ত্রীং, পদ্মের ঝাড়, পদ্মিনী। ২। পদ্মযুক্ত দেশ। ৩। পদ্মলতা।

অম্ভোদ, অম্ভোধর ( অম্ভস্ জল—দ [দা দানকরা+অ (ড)—ক]অম্বুদ দেখ। অম্ভস্—ধর [ধৃ ধারণ করা+অ (অন্) —ক] যে ধারণ করে, ২য়া—ষ ) সং, পুং, জলধর, মেঘ। ২। মুস্তক।

অম্ভোধি, অম্ভোনিধি ( অম্ভস্ জল—ধি, নিধি। অম্বুধি দেখ, অথবা অম্ভস্ জল—ধা,নি—ধা ধারণ করা+ই(কি)—ধি ) সং, পুং, সমুদ্র। শিং—১"মৈনাকমম্ভোনিধিবদ্ধসখ্যম্।" (কুমার)

অম্ভোরুহ(অম্ভস্ জল—রুহ [রুহ জন্মান +অ (ক)—ক] যে জন্মে। অম্বুরুহ দেখ ) সং, ক্লীং, পদ্ম, জলজ। শিং—১ "হেমাম্ভোরুহশস্যানাং তদ্বাপ্যো ধাম সাম্প্রতম্। (কুমার)।২। সারস।৩। বিং, ত্রিং, জলজাত।

অম্ময় ( অপ্ জল+ময়—তদ্রূপার্থে। প=ম ) বিং, ত্রিং, জলময়, জলবিকার, ফেনাদি। শিং—১"সৌরীভিরিব নাড়ীভিরমৃতাখ্যাভিরম্ময়ঃ।" (রঘু)

অম্র (অম্ ভোজনকরা+র—র্ম, সংজ্ঞার্থে। যাহা ভোজন করা যায়। অথবা অম্ গমন করা। যাহার সৌরভ দূর পর্য্যন্ত গমন করে) সং, পুং, আম্রবৃক্ষ। ক্লীং, আম্রফল।

অম্রাত } ( অম্র—অত গমনকরা+
অম্রাতক } অ(অন্)—ক,সংজ্ঞার্থে। ২য় পক্ষে+ক(কণ্)—স্বার্থে। যে অম্রের ন্যায় গমন করে অর্থাৎ অম্রতুল্য অথবা যার অম্লরস পত্র পুষ্পাদি পর্য্যন্ত ব্যাপ্ত হয়) সং, পুং, আমড়া গাছ। ২। ক্লীং, আমড়া।

অম্ল ( অম্ রুগ্ন হওয়া+ল—ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা রোগ জন্মায় ) সং, পুং, রসবিশেষ, টক্। ম্লী—স্ত্রীং, তেঁতুল গাছ। ২। বিং, ত্রিং, অম্লরসযুক্ত। ৩। ক্লীং, দধ্যম্ল।

অম্লক ( অম্ল+ক ( কণ্ )—অল্পার্থে ) সং, পুং, লকুচবৃক্ষ।

অম্লকাণ্ড ( অম্ল—কাণ্ড গুঁড়ি) সং, ক্লীং, লবণতৃণ।

অম্লকেশর ( অম্ল—কেশর। ইহার অম্লই কেশর ) সং, পুং, বীজপূর, গোঁড়ানেবু।

অম্লচূড় (অম্ল—চূড়া শিখা ) সং, পুং, অম্লশাক।

অম্লজম্বীর; সং, পুং, অম্লনিম্বুক, গোঁড়ানেবু।

অম্লজান (Oxygen) বর্ণহীন অদৃশ্য বাষ্প। ইহা আস্বাদন ও গন্ধ বিরহিত। ভূবায়ুতে ইহা অসংযুক্ত অবস্থায় বাস করে।

অম্লনায়ক ( অম্ল—নী লইয়া যাওয়া+অক —ক ) সং, পুং, অম্লবেতস।

অম্লনিশা ; সং, স্ত্রীং, শটীবৃক্ষ।

অম্লপঞ্চফল ; সং, ক্লীং, অম্লরসযুক্ত পঞ্চ প্রকার ফল। যথা—১। কোল। ২। দাড়িম্ব। ৩। তেঁতুল। ৪। চুকাপালঙ্। ৫। অম্লবেতস। অন্যমতে—জম্বীর, নারঙ্গ, অম্লবেতস, তেঁতুল, টাবালেবু।

অম্লপত্র ( অম্ল—পত্র। অম্লবিশিষ্ট পত্র যাহার) সং, পুং, অশ্মন্তক বৃক্ষ। ত্রী—স্ত্রীং, পলাশীলতা। ২। ক্ষুদ্রাম্লিকা।

অম্লপিষ্ট ; সং, ক্লীং, আমরুলশাক।

অম্লপূর ; সং, ক্লীং, বৃক্ষাম্ল।

অম্লফল ; সং, ক্লীং, তেঁতুল। পুং, আম্রফল।

অম্লভেদন ; সং, পুং অম্লবেতস। [ভেদ।

অম্লরুহা ; সং, স্ত্রীং, মালবদেশজ নাগবল্লী-

অম্ললোণিকা }
অম্ললোণী } সং, স্ত্রীং, আমরুল।

অম্ললোলিকা ( অম্ল—লোলিকা [লূ ছেদন করা+অক (ণক)—ক] যে নাশ করে। যে অম্লরস দ্বারা অরুচি নষ্ট করে, ৩য়া—ষ ) সং, স্ত্রীং, আমরুল শাক।

অম্লবতী ; সং স্ত্রীং, আমরুল।

অম্লবর্গ ; সং, পুং, চাঙ্গেরী, লকুচ, অম্লবেতস, জম্বীর, বীজপূর, নাগরঙ্গ, দাড়িম, কপিত্থ, অম্ল, বীজাম্লক, অম্বষ্ঠা, করমর্দ্দক, নিম্বুক।

অম্লবল্লী (অম্ল অম্লরসযুক্ত—বল্লী লতা) সং, স্ত্রীং, ত্রিপর্ণিকা নামককন্দ বিশেষ।

অম্লবাটিকা (অম্ল—বাটিকা স্থান) সং, স্ত্রীং, নাগবল্লী বিশেষ।

অম্লবাস্তূক (অম্ল অম্লরসযুক্ত—বাস্তূক শাক ভেদ ) সং, ক্লীং, চুকাশাক।

অম্লবীজ ( অম্ল—বীজ কারণ ) সং, ক্লীং, তেঁতুল।

অম্লবেতস ; সং, পুং, স্বনাম প্রসিদ্ধ অম্লরস বৃক্ষ বিশেষ। ২। অম্লকুচাই।

অম্লশাক ; সং, ক্লীং, বৃক্ষাম্ল।২। চুক্র। পুং, অম্লদ্রব্য বিশেষ।

অম্লসার ; সং, পুং, অম্লবেতস। ২। নিম্বুক। ৩। হিন্তাল। ৪। ক্লীং, কাঞ্জিক।

অম্লহরিদ্রা ; সং, স্ত্রীং, শটী। ২। আমআদা।

অম্লাঙ্কুশ ; সং, পুং, অম্লবেতস।

অম্লান (অ—ম্লান মলিন) বিং, ত্রিং, বিমল পরিষ্কৃত, স্বচ্ছ প্রফুল্ল,বিকসিত, অবিষণ্ণ।২। পুং,আমলাবৃক্ষ, মহাসহাবৃক্ষ, আঁষালা।

অম্লানমুখ ( অ—ম্লান—মুখ) ক্রিং—বিং, বিনা সঙ্কোচে, কোন সঙ্কোচ না করিয়া,অন্যায় করিতেছি বলিয়া কিঞ্চিন্মাত্রও কুণ্ঠিত না হইয়া।

অম্লিকা, অম্লীকা (অম্ল+ক(কণ্)—যুক্তার্থে। অ=ই,ঈ। অম্ল যোগ হেতু অম্লিকা) সং, স্ত্রীং, তেঁতুল গাছ।২। পলাশীলতা। ৩। শ্বেতাম্লিকা।৪।ক্ষুদ্রাম্লিকা।৫। অম্লোদ্গার।

অম্লোটক ; সং, পুং, অশ্মান্তক বৃক্ষ, অম্লকুচাই।

অয় (অয়, ইন্ গমনকরা+অ(অল্)—ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা সুখ আগমন করে) সং, পুং, সৌভাগ্য, শুভাদৃষ্ট। ২। শুভদায়ক বিধি। শিং—১"স গুপ্তমূলপ্রত্যন্তঃ শুদ্ধপার্ষ্ণিরয়ান্বিতঃ।" (রঘু)। ৩। দ্যূতক্রীড়ায় পাশকের গতিবিশেষ। ৪। নরকবিশেষ। ৫। (ই [গমন করা] পাওয়া। বণিকেরা যাহা প্রাপ্ত হয়) লাভ।

অয়ঃপিণ্ড (অয়স্—পিণ্ড গোলাকার জড় বস্তু) সং, পুং, লৌহপিণ্ড।

অযত্ন (অ—যত্ন) সং, পুং, যত্নের অভাব, অনাদর, অবহেলা, অনায়াস। বিং,ত্রিং, যত্নহীন।

অযত্নকৃত (অ—যত্ন—কৃত) বিং, ত্রিং, যত্ন দ্বারা কৃত নয়, বিনা চেষ্টায় সম্পন্ন,অযত্নসম্পন্ন, অনায়াসনিষ্পাদিত।

অযথা (অ—যথা) বিং, ত্রিং, অলীক, অপ্রকৃত, অমূলক, অপ্রামাণিক ; যথা—এ কথা অযথা নয়।২। অং,অনুপযুক্তরূপে, অন্যায়রূপে।

অযত্ন-সম্ভূত ; বিং, ত্রিং, যত্নদ্বারা সম্ভূত নয়,বিনা যত্নে উৎপন্ন, বিনা চেষ্টায় উৎপন্ন, অনায়াসসিদ্ধ।

অযথাতথ (অ—যথা যেরূপ—তথা সেরূপ) বিং, ত্রিং, যেরূপ সেরূপ নহে, যেরূপ হওয়া উচিত সেরূপ নহে।

অযথাভূত (Perverted, অ—যথা যেরূপ—ভূত যাহা হইয়াছে) যে রূপ হওয়া উচিত সে রূপ নহে, যেরূপ হইলে আদরণীয় হয় সেরূপ নহে, সম্পূর্ণ লক্ষণাক্রান্ত নহে, অনেক অংশে ন্যূন বা দোষবিশিষ্ট।

অযথাভূত-দর্শন-শাস্ত্র ; দর্শন-শাস্ত্রের যাহা উদ্দেশ্য তাহা প্রতিপন্ন না করিয়া তদ্বিপরীতার্থপ্রতিপাদক।

অযথার্থ ( অ—যথার্থ) বিং, ত্রিং, যথার্থ নয়, অপ্রকৃত, অবাস্তব, অলীক, কৃত্রিম। ২। অন্যায্য, অনুচিত।

অযথার্থতা (অযথার্থ+তা—ভাবে) সং, স্ত্রীং, অবাস্তবতা, অলীকতা, কৃত্রিমতা। ২। অন্যায্যতা, অনৌচিত্য।

অয়ন (অয়, ইন্ গমনকরা+অন(অনট্)—ধি। যাহাতে গমন করা যায়) সং, ক্লীং, পথ। শিং—১ "অগস্ত্যচিহ্নাদয়নাৎ সমীপং।" (রঘু)। ২। স্থান, ভূমি। ৩। যুদ্ধভূমি। ৫। বাসস্থান, গৃহ। ৬। (+অনট্—ণ। যাহার দ্বারা গমন করা যায়) শাস্ত্র ; ভাবসাধন গ্রন্থ। শিং—১"শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চয়ঃ। জ্যোতিষাময়নঞ্চৈব বেদাঙ্গানি ষড়েব তু।" (জ্যোতিষাময়ন=জ্যোতিঃশাস্ত্র)। ৭। যজ্ঞাদিক্রিয়ানুষ্ঠানপদ্ধতি। ৮। (+অন (অনট্)—ভাবে) গতি। ৯। সূর্য্য যাহাতে দক্ষিণ হইতে উত্তরে এবং উত্তর হইতে দক্ষিণে গমন করেন) বিষুবরেখা হইতে সূর্য্যের উত্তরে অথবা দক্ষিণে গমন। দুই অয়ন; মাঘাদি ছয়মাস উত্তরায়ণ ; শ্রাবণাদি ছয়মাস দক্ষিণায়ন। ৪। আশ্রয়, বিশ্রামস্থান। শিং—১

"আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ-নরসূনবঃ। তা যদস্যায়নং পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ।" (মনু)। ১০। জন্ম।

অয়ন-মণ্ডল (Ecliptic) রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্য্যের দৃশ্যমান্ গমনীয় পথ।

অয়নান্তবৃত্ত (Tropics, অয়ন গমন—অন্ত শেষ, সীমা—বৃত্ত। বিষুব-রেখার উভয় পার্শ্বে কিয়দ্দূর অন্তরে অপর যে দুই রেখা কল্পিত আছে, তাহা সূর্য্যের উত্তর ও দক্ষিণ অয়নের সীমা বলিয়া উহাদের নাম "অয়নান্তবৃত্ত" বা "মকর" ও "কর্কটরেখা") সূর্য্যের উত্তর দক্ষিণে গতির সীমানিরূপক রেখা।

অযশঃ (অযশস্, অ—যশস্) সং, ক্লীং, অখ্যাতি, দুর্নাম, অকীর্ত্তি, অপযশ। ২। বিং, ত্রিং, কীর্ত্তিরহিত, লোকনিন্দিত।

অযশস্য (অ—যশস্য যশঃসাধন) বিং, ত্রিং, যাহাতে অযশ হয়, অখ্যাতিকর, অকীর্ত্তিকর।

অযশস্কর (অযশস্—কর যে করে) বিং, ত্রিং, অখ্যাতিজনক, যাহাতে অযশ হয়, অকীর্ত্তিকর, লোকনিন্দাজনক। রী—স্ত্রীং। যথা অযশস্কর নিন্দনীয় অলক্ষ্মী।"

অয়স্ (অয়, ইন্ [গমনকরা] পাওয়া + অস্—ক, সংজ্ঞার্থে। যাহা খনি হইতে পাওয়া যায়। এই শব্দটী লাটিন ও গ্রীক ভাষার সহিত বিলক্ষণ সৌসাদৃশ্য দেখা যায়। সংস্কৃত = অয়স্; লাটিন = Aes; (লাটিন ভাষায় Aes শব্দ কখন ২ লৌহ কখন বা সুবর্ণ অর্থে ব্যবহৃত আছে। সংস্কৃত ভাষায় অয়স্ শব্দ সচরাচর লৌহার্থেই প্রযোজিত হইয়া থাকে, কিন্তু সায়নাচার্য্য ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠমণ্ডলের একাত্তর সূক্তের চতুর্থ ঋকের ভাষ্যে একস্থলে উহা সুবর্ণ-বাচক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন; যথা—"অয়োহনুর্হিরণ্ময় হনুঃ।") প্রাচীন জর্ম্মান = Er; গথিক = Ais; ইংরাজী = Iron; ইংরাজী Iceও সংস্কৃত অয়স্ শব্দের সাদৃশ্য লক্ষিত হয় Ice অর্থে বরফ কঠিন বলিয়া অয়স্তুল্য) সং, ক্লীং, লৌহ। ২। লৌহনির্ম্মিত অস্ত্র; যেমন, কুঠারাদি। ৩। লৌহনির্ম্মিত ঔষধ বিশেষ ৪। ইস্পাত। ৫। অগুরু বৃক্ষ; শিং—১ :"অয়ঃ প্রকীর্ত্তিতং লৌহে তথৈবাগুরুপাদপে।" ৬। (যাহা ঊর্দ্ধে গমন করে) পুং, অগ্নি, বহ্নি।

অয়স্কান্ত (অয়স্ লৌহ—কান্ত কমনীয় কিন্তু এখানে কান্ত শব্দের অর্থ রত্ন। এই জন্য ইহার অপরনাম কান্তিলৌহ) সং, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বকপাথর।

অয়স্কার (অয়স্—কার কর্ম্মকর্ত্তা) সং, পুং, লৌহকার, কামার। ২। জঙ্ঘার ঊর্দ্ধভাগ।

অযাচিত (অ—যাচিত প্রার্থিত) বিং, ত্রিং, যাচিত নয়, যাহা যাচ্ঞা করা যায় নাই, অপ্রার্থিত, অনভ্যর্থিত। ২। পুং, মুনিবিশেষ। ৩। ক্লীং, অপ্রার্থিত ভক্ষ্য দ্রব্য। শিং—১"অমৃতং স্যাদযাচিতম্।" (মনু)।

অযাচ্য (অ—যাচ্ যাচ্ঞা করা + য (ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা প্রার্থনীয় নহে।

অযাজ্য (অ—যাজ্য যজনীয়, যজ্ঞক্রিয়ার যোগ্য) বিং, ত্রিং, শ্রুতি এবং স্মৃতি নিষিদ্ধ যাজন। জাতিকর্ম্মদুষ্ট।

অযাজ্যযাজন (অযাজ্য—যাজন) সং, ক্লীং, পতিতদিগের যাজন।

অযাজ্যযাজী (—যাজিন্) বিং, ত্রিং, যে অযাজ্য যাজনা করে।

অয়ি (অয়, ইন্ গমন করা + ই—ণ) অং, কোমল সম্বোধন; ।২। প্রশ্ন ।৩। অনুনয়, অনুরাগ, সান্ত্বনা। যথা—অয়ি প্রিয়ে! অয়ি জীবিতনাথ! "অয়িঘনোরু! পদানি শনৈঃ শনৈঃ"। (বেণীসংহার) ৪। উৎসাহ।

অযুক্ (অযুজ্, অ—যুজ্ যোগ করা + ০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, অযুগ্ম, বিযোড়।

অযুক্ছদ, অযুগ্মচ্ছদ (অযুক্ অযুক্ত। অযুগ্ম বিযোড়—ছদ পত্র। যাহার পত্র বিযোড় অর্থাৎ এই বৃক্ষের প্রত্যেক পল্লবে সাতটী করিয়া পত্র জন্মায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিম গাছ।

অযুগ (অ—যুগ যোড়) বিং, ত্রিং, বিযোড়, যুগভিন্ন, বিষম। যথা—অযুগনেত্র অর্থে ত্রিনেত্র।

অযুক্ত ( অ—যুক্ত ) বিং, ত্রিং, অনুচিত, যাহা যুক্তিসিদ্ধ নহে, যুক্তিবিরুদ্ধ, যুক্তিবহির্ভূত, অসঙ্গত, অসংলগ্ন। ২। যুক্ত নহে, পৃথক্, অসংযুক্ত, সংযোগরহিত। ৩। বিষয়াসক্তচিত্ত হেতু কর্ত্তব্যপালনে অনবহিত। ৪। অনিযোজিত।

অযুক্তি ( অ—যুক্তি ) সং, স্ত্রীং, অসংযুক্তি, অপরামর্শ,অসং পরামর্শ।২। যোগরাহিত্য, বিয়োগ, সংশ্লেষাভাব। ৩। উপপত্তিবিরহ, বিচারমার্গবিরোধিত। ৪। অনৌচিত্য, অন্যায্য, অনুপযোগিতা।

অযুগ—"অযুক্ছদ" শব্দের পর দেখ।

অযুগ্ম (অ—যুগ্ম যোড়া) বিং, ত্রিং, যুগ্ম নয়, বিষম, বিযোড়, যথা—১,৩,৫,৭, ইত্যাদি। ২। পৃথক্, স্বতন্ত্র।

অযুগ্মচ্ছদ ; "অযুক্ছদ" দেখ।

অযুত (অ—যুত যুক্ত, গণিত) বিং,ক্লীং, দশ সহস্র সংখ্যা, ১০,০০০। ২। বিং, ত্রিং, অসংযুক্ত, সংযোগরহিত। ৩। পুং, ক্রোধনের পিতা।

অযুতনায়ী ( অযুতনায়িন্, অযুত [ পুরুষমেধ যজ্ঞ] দশসহস্র সংখ্যা]—নায়ী যে আনয়ন করিয়াছিল। মহাভারতে—"যিনি অযুতসংখ্যক পুরুষমেধ যজ্ঞ করিয়া 'অযুতনায়ী' এই নাম লাভ করিয়াছিলেন") সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, মহাভৌমের পুত্র।

য়ে ( অয়, ইন্ গমন করা+এ—ণ ) অং, স্মরণ।২। শ্রম, ক্লান্তি।৩। ভয়।৪। ক্রোধ। ৫। বিষাদ। ৬। কোমল সম্বোধন। ৭। সম্ভ্রম ; যথা—অয়ে কান্তে ! মুগ্ধে ! চটুলনয়নে! চন্দ্রবদনে ! প্রসীদেতি।

যোগ ( অ— যোগ ) সং, পুং, যোগাভাব, বিশ্লেষ, বিচ্ছেদ।২। নায়ক নায়িকার পরস্পর বিচ্ছেদ, অনমুরাগ। ৩। অনুপযোগিতা, যোগ্যতাভাব। ৪। পূর্ব্বাপর সম্বন্ধ বিরহ, অসম্বদ্ধতা। ৫। অসম্ভব, সম্ভাবনাবিরহ। ৬। কঠিনোদ্যম। ৭। কষ্ট। ৮। বৈদ্যশাস্ত্রে—বমন, বিরেচনাদি ঔষধের প্রতিলোমপ্রবৃত্তি অথবা অল্পপ্রবৃত্তি ; শিং—১ "যোগঃ সম্যক্ প্রবৃত্তিঃ স্যাদতিযোগোঽতিবর্ত্তনম্। অযোগঃ প্রাতিলোম্যেন নচাল্পং বা প্রবর্ত্তনম্।" ৯। জ্যোতিষ শাস্ত্রে—প্রাণিদিগের অশুভসূচক যোগবিশেষ, কুযোগ। শিং—১"অযোগেষু চ সর্ব্বেষু পূর্ব্বযামং পরিত্যজেৎ। অযোগাশ্চ বিনশ্যন্তি চন্দ্রশুদ্ধিহতা ইমে।" ১০। কূটবিগ্রহনামক গ্রহযুদ্ধ। ১১। বিরাগ, বিদ্বেষ। ১২। বিং, ত্রিং, বিযুক্ত। ১৩। (অয়স্ লৌহ—গ [গম্ গমন করা +অ(ড)—ক) পুং, স্বর্ণকারের কূট, নাই।

অয়োগব ( অয়স্ [ লৌহ ] লৌহবৎ কঠিন —গো বাক্য+অ(ষ)—প্রং, ৬ষ্ঠী—হিং, যাহার লৌহের ন্যায় কঠিন অর্থাৎ কর্কশ বাক্য অথবা অযোগ বিযুক্ত—ব [বা গমন করা+অ(ড)—ক] যে গমন করে ) সং, পুং শূদ্রের ঔরসে বৈশ্যাজাত। শিং—১ "প্রসাধনোপচারজ্ঞমদাসং দাসজীবনম্। সৈরিন্ধ্রং বাগুরাবৃত্তিং সূতে দস্যুরয়োগবে।" (মনু)।

অযোগবাহ ( অযোগ—বাহি বহান+অ—প্রং ) সং, পুং, অনুস্বার বিসর্গাদি বর্ণ।

অয়োগুল ( অয়স্ [ লৌহ ] লৌহনির্ম্মিত —গুল গোলাকার বস্তু ) সং, পুং, লৌহগুলিকা, লোহার গুলি। ২। লৌহচূর্ণাদি নির্ম্মিত ঔষধগুটিকা। [কার বস্তু।

অয়োগোলক ; সং,পুং, লৌহনির্ম্মিত গোলা-

অযোগ্য ( অ—যোগ্য উপযুক্ত ) বিং, ত্রিং, যোগ্য নয়, অনুপযুক্ত, অনুপযোগী। ২। অকর্ম্মণ্য, অক্ষম, অসমর্থ। ৩। অপ্রত্যক্ষ, রূপরহিত, চক্ষুর বিষয়ীভূত নহে।

অযোগ্যম্মন্য ( অযোগ্যং—মন্ বোধ করা +য—প্রং ) সং, পুং, যে আপনাকে অনুপযুক্ত বলিয়া বিবেচনা করে।

অয়োগ্র (অয়স্ লৌহ—অগ্র মুখ। যাহার অগ্রে অর্থাৎ মুখে লৌহ আছে, ৬ষ্ঠী—হিং ) সং, ক্লীং, লৌহমুষল, যদ্দ্বারা উদূখলে ধান্যাদি পরিষ্কার করা যায়, বাণাদি অস্ত্র। ২। লৌহবদ্ধ মুদগর এবং লগুড়াদি। ৩। হাতুড়ি।

অয়োঘন ( অয়স্ লৌহ—হন্ বধ করা +অ(ঘঞ্)—ণ। যাহার দ্বারা লৌহ পিটা

যায়) সং, পুং, লৌহপিণ্ড, মুদ্গর, হাতুড়ি প্রভৃতি। শিং—১ "অয়োঘনেনায় ইবাভিতপ্তং।" (রঘু)।

অযোধ্য (অ—যুধ্ যুদ্ধ করা+য(য্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, যুদ্ধানর্হ, যুদ্ধাশক্য, অজেয়, দুর্দ্ধর্ষ, যাহার প্রতিযোদ্ধা নাই।

অযোধ্যা—স্ত্রীং, কোশলরাজ্যের রাজধানী, সূর্য্যবংশীয় রাজাদিগের নিবাসস্থান ইহা সরযূ নদীতীরে অবস্থিত। বৈবস্বত মনু-কর্ত্তৃক বিনির্ম্মিত এবং দ্বাদশ যোজন বি-স্তৃত; পদ্মপুরাণে—ইহাকে মোক্ষদাপুরী বলিয়া বর্ণিত আছে; যথা—"অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দ্বারাবতী চৈব সপ্তৈতা মোক্ষদায়িকা।" অযোধ্যা এক্ষণে ঔধ্ বলিয়া খ্যাত। এই পুরী দিল্লীনগরী হইতে প্রায় ১৮০ অন্তর পূর্ব্ব দক্ষিণে অবস্থিত ছিল। এক্ষণে সে অযোধ্যা উৎসন্ন হইয়া গিয়াছে, কিন্তু তা-হার চিহ্ন অদ্যাপি লক্ষিত হয়। সরযূ-নদীতীরে অযোধ্যা যেখানে ছিল সেস্থান এখন জঙ্গলাবস্থায় রহিয়াছে, তথায় জীর্ণ-গৃহের ভগ্ন ইষ্টক প্রভৃতি দৃষ্ট হয়।

অযোনি (অ—যোনি) সং, স্ত্রীং, যোনিভিন্ন-স্থান, স্ত্রীদিগের যোনিভিন্ন অন্য প্রদেশ। শিং—১ "অমানুষীষু পুরুষ উদক্যায়াম-যোনিষু। রেতঃসিক্ত্বা জলে চৈব কৃচ্ছ্রং সান্তপনং চরেৎ।" (মনু)। ২। (যাহার যোনি অর্থাৎ উৎপত্তিস্থান নাই। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জন্মরহিত। শিং—১ "জগদযোনিরযোনিস্ত্বং।" (কুমার)

অযোনিজ (অ—যোনি গর্ভ—জ [জন্ জন্মান+অ ড)—ক] জাত) বিং, ত্রিং, যাহা যোনি হইতে উৎপন্ন হয় নাই, অগর্ভজাত; যথা—"ইহা অযোনিজ অন-লের ন্যায় সমস্ত প্রাণীকে নষ্ট করে।" ২। ন্যায়মতে—অযোনিজ শরীর দুই প্রকার স্বেদজ এবং উদ্ভিদাদি। স্বেদজ, যেমন—কৃমিদংশাদি। উদ্ভিজ, যেমন-তরুগুল্মাদি। নারকিদিগের শরীরকেও অযোনিজ বলে। ৩। পুং, পরমেশ্বর। জা—স্ত্রীং, সীতা। শিং—১ "অযোনিজাং রাজসুতাং।" ২। দ্রৌপদী। শিং—১ "অযোনিজা মহাভাগা স্নুষা পাণ্ডোর্মহাত্মনঃ।" (মহাভারত)। ৪। ক্লীং, তীর্থবিশেষ।

অযোনিসম্ভবা (অ—যোনি গর্ভ—সম্ভব উৎপত্তি) সং, স্ত্রীং, সীতা।

অযোনিসম্ভূত (অযোনি—সম্ভূত উৎপন্ন) বিং, ত্রিং, যোনি হইতে যাহা উৎপন্ন হয় নাই, অগর্ভজাত; যথা—"আমি মহর্ষি অঙ্গিরার কুলে সমুৎপন্ন, ভরদ্বাজের পুত্র, অযোনিসম্ভূত, আমার নাম দ্রোণ।"

অয়োমল (অয়স্—মল ময়লা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লৌহমল, লোহার মরিচা।

অয়োমুখ (অয়স্ লৌহ—মুখ। যাহার মুখে লৌহ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লৌহ[illegible] বাণ। শিং—১ "কুম্ভময়ো-মুখেন[illegible]। ২। দানববিশেষ, কশ্যপের তৃতীয়[illegible], দনুর গর্ভ জাত। ৩। বিং, ত্রিং, লৌহময়-মুখ-বিশিষ্ট, লৌহের ন্যায় কঠিন মুখবিশিষ্ট (যেমন বিহগাদি)। [illegible] পর্ব্বতবিশেষ। শিং—১ "অয়োমুখশ্চ গন্তব্যঃ পর্ব্বতো ধাতুমণ্ডিতঃ।" (রামায়ণ)।

অযৌক্তিক (অ—যৌক্তিক) বিং, ত্রিং, যুক্তিসিদ্ধ নয়, যুক্তিবিরুদ্ধ, যুক্তিবহির্ভূত।

অযৌক্তিকতা (অযৌক্তিক+তা—ভাবে) সং, স্ত্রীং, যুক্তিবিরুদ্ধতা।

অর (ঋ গমন করা+অ(অল্)—ণ) সং, ক্লীং, চক্রের নাভি এবং নেমিতে সংযো-জিত কাষ্ঠ, চাকার পাখি। ২। (+অ (অল্)—ক) শীঘ্র। ৩। বিং, ত্রিং, শীঘ্র-গামী। ৪। ক্রিং—বিং, শীঘ্র, ক্ষিপ্র; শি—১ "অরং শীঘ্রে চ চক্রাঙ্গে শীঘ্রগে পুনরন্যবৎ।" (মেদিনী)। অলম্ শব্দের প্রতিশব্দ অর ব্যবহৃত হইলে অর্থ প্রভৃত, পর্য্যাপ্ত, অত্যর্থ, সম্পূর্ণ ও যথোচিত হয়। ৫। পুং, জৈনদিগের কালচক্রের দ্বাদ-শাংশ। ৬। জৈনদিগের অষ্টাদশ তীর্থ-কর। ৭। শৈবাল। ৮। পর্পটবৃক্ষ, পাপড়ি।

অরক (অর যে গমন করে+ক—প্রং) সং, পুং, শৈবাল। ২। পর্পটনামক ঔষধবৃক্ষ।

অরক্ষণীয় (অ—রক্ষ্ রক্ষা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা রক্ষা করিতে পারা

যায় না। ২। যাহা রাখিতে পারা যায় না। **অরক্ষণীয়া**—স্ত্রীং, যথা—অরক্ষণীয়া কন্যা, অর্থাৎ যার বিবাহ না দিয়া আর রাখিতে পারা যায় না।

অরক্ষিত (অ—রক্ষিত) বিং, ত্রিং, রক্ষিত নয়, যার রক্ষণাবেক্ষণ করা যায় নাই, অপালিত, অপ্রতিপালিত। ২। অসঞ্চিত, যাহা যত্নে রক্ষিত হয় নাই।

অরগ্বধ; সং, পুং, আরগ্বধ, সোঁদালী।

অরঘট্ট (অর শীঘ্র—ঘট্ট্ চালিত করা+অ (অল্)—প্রং অথবা অর চক্রাবয়ব সদৃশ কাষ্ঠবিশেষ—ঘট্ট। চক্রাবয়বের ন্যায় কাষ্ঠ বিশেষের দ্বারা যাহা চালিত হয়) সং, পুং, পাতকুয়া, ইঁদারা। ২। কূপ হইতে জল তুলিবার যন্ত্র।

অরঘট্টঘাটিকা (অরঘট্ট কুয়া+ঘাটিকা ঘাট, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কূপের পাড়। ২। কূপের ভিত্তিগর্ত্ত। শিং—১"স কদাচিদায়াতৈরুদ্বেজিতোঽরঘট্টঘাটিকামারুহ্য কূপাৎ ক্রমেণ নিষ্ক্রান্তঃ।"

অরজাঃ (অরজস্,অ—রজস্ ঋতু,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে ঋতুমতী হয় নাই। ২। বিং, ত্রিং, রজোগুণকার্য্য অর্থাৎ কাম ক্রোধাদি রহিত। ৩। রজোরহিত,ধূলিশূন্য, নির্ম্মল।

অরট্ট; সং, পুং, শ্যোনাক বৃক্ষ।

অরণি } অরণী } (ঋ [গমন করা পাওয়া+অনি—প্রং। যে অগ্নি প্রাপ্ত হয়) সং, পুং—স্ত্রীং, ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ, অগ্নিমন্থনকাষ্ঠ। ২। পুং, গণিকারিকাবৃক্ষ। ৩। দুরালভা। ৪। চকমকির পাথর। ৫। (+অনি—ক) সূর্য্য। ৬। অগ্নি।

অরণীকেতু; সং, পুং, গণিকারিকা বৃক্ষ।

অরণ্য (ঋ গমনকরা+অন্য—ধি, সংজ্ঞার্থে। যেখানে পশুরা গমন করে অথবা অরণি+য—প্রং) সং, ক্লীং, বন, কানন। ২। কট্‌ফলবৃক্ষ।

অরণ্যকদলী; সং, স্ত্রীং, গিরিকদলী।

অরণ্যকার্পাসী; সং, স্ত্রীং, বনকার্পাসী।

অরণ্যকুলত্থিকা; সং, স্ত্রীং, কুলত্থা। ২। বনকুত্থলী।

অরণ্যকুসুম্ভ; সং, পুং, বনকুসুম্ভ।

অরণ্যঘোলী; সং, স্ত্রীং, পত্রশাক বিশেষ।

অরণ্যজার্দ্রকা; সং, স্ত্রীং, বন আদা।

অরণ্যজীর; সং, পুং, বনজীরা।

অরণ্যধান্য (অরণ্য—ধান্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নীবার, উড়িধান।

অরণ্যমক্ষিকা (অরণ্য—মক্ষিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দংশ, ডাঁশ।

অরণ্যমুদ্গ; সং, পুং, বনমুগ।

অরণ্যবায়স (অরণ্য—বায়স কাক, ৬ষ্ঠী—ষ) সং, পুং—স্ত্রীং, দ্রোণকাক, ডাঁড়কাক।

অরণ্যবাসিনী; সং, স্ত্রীং, অত্যম্লপর্ণী লতা।

অরণ্যবাস্তূক; সং, পুং, বনবাস্তূক, বন-বেতোশাক।

অরণ্যশালি; সং, পুং, নীবার, বনধান্য।

অরণ্যশূরণ; সং, পুং, বন ওল।

অরণ্যশ্বা (অরণ্যশ্বন্, অরণ্য—শ্বন্ কুকুর) সং, পুং, বৃক, নেকড়িয়া বাঘ। শুনী-স্ত্রীং।

অরণ্যষষ্ঠী; সং, স্ত্রীং, জ্যৈষ্ঠ-শুক্লা ষষ্ঠী। বাঁটাষষ্ঠী, জামাইষষ্ঠী। সুন্দর সন্তান আশয়ে রমণীরা এই দিনে এক হস্তে ব্যজন ধরিয়া অরণ্যে গমন করে এবং কন্দমূলাদি আহার করিয়া ষষ্ঠীদেবীর আরাধনা করিয়া থাকে। শিং—১ "জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে ষষ্ঠী চারণ্যসংজ্ঞিতা। ব্যজনৈককরাস্তস্যা মটন্তি বিপিনে স্ত্রিয়ঃ।"

অরণ্যানী (অরণ্য+আন—মহদর্থে, ঈপ্—স্ত্রীলিঙ্গে।) সং, স্ত্রীং, মহাবন, বৃহৎ বন। ২। অতি বিস্তৃত বন।

অরতত্রপ (অ—রত রমণবিষয়ে—ত্রপা লজ্জা। রমণে যাহার লজ্জা নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুর।

অরতি (অ—রতি সন্তোষ) সং, স্ত্রীং, অপ্রীতি, অনুরাগরাহিত্য। ২। (ঋ গমন করা+অতি—প্রং) বিরক্তি, প্রীতিবিরহ, অননুরাগ। ৩। উৎসাহহীনতা, উদ্যমাভাব, জড়তা। ৪। সুখাভাব, দুঃখ, ক্লেশ, ব্যথা। ৫। ঔৎসুক্য, উদ্বেগ, ইষ্টবিয়োগ হেতু চিত্তের আকুলীভাব; শিং—১ "স্বাভিষ্টবস্ত্বলাভেন চেতসো যানবস্থিতিঃ। অরতিঃ সা তু বিজ্ঞেয়া।" ৬। সুস্থতাভাব। ৭। পিত্তরোগ বিশেষ। ৮। বিং, ত্রিং,

রতিহীন, আসক্তিহীন, নিরুৎসাহ। ৯। প্রীতিরহিত। ১০। সর্ব্বজ্ঞ, পর্য্যাপ্তমতি। ১১। পুং, ক্রোধ, কোপ।

অরত্নি (অ—রত্নি [ ঋ গমন করা+অত্নি (কত্নি)—ক] যটিম হাত) সং,পুং, কনিষ্ঠাঙ্গুলিভিন্ন মুষ্টি। ২। কফোণি।

অরন্ধন (অ—রন্ধন) সং, ক্লীং, পাকাভাব। কন্যারাশির সংক্রমণ দিনে অর্থাৎ ভাদ্র মাসের সংক্রান্তিতে ইহা পালন করিলে বুদ্ধারন্ধন বলে এবং ভাদ্র মাসের যে কোন দিনে পালন করিলে ইচ্ছারন্ধন কহে; শিং—১ "কর্কান্নমদ্যাৎ সিংহান্তে সিংহান্নং সিংহকন্যয়োঃ। মনসাশেষনাগেভ্যো দত্ত্বা সর্ব্বং নিশোধিতম্।"

অরর (ঋ গমন করা+অর(অবন্)—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, কবাট।২। বংশকোষ। ৩। (ঋ+অর—ধি) ছদ, আবরণ, কোষ, খাপ্। ৪। পুং, চর্ম্মকাটিবার ছুরি। ৫। যজ্ঞাঙ্গ। ৬। যুদ্ধ।

অররু (ঋ গমন করা, বধ করা ইত্যাদি+অরু—ক) সং, পুং, শত্রু। যথা—"কে আছে সীতার আর এ অররু-পুরে।"(মেঘ)। ২। অস্ত্রভেদ। ৩। অসুরবিশেষ। ৪। বিং, ত্রিং, গমনশীল।

অররে (অর শীঘ্র—রা [ দানকরা] গ্রহণ করা+এ(ডে)-ক) অং, শীঘ্রতাসূচক সম্বোধন, শীঘ্র প্রত্যুত্তর লাভেচ্ছায় ব্যগ্রতার সহিত সম্বোধন।

অরলু; সং, পুং, শোনাগাছ।

অরব (অ—রব শব্দ) সং, পুং, রবাভাব, শব্দের অভাব। ২। বিং, ত্রিং, নিঃশব্দ, রবহীন,মূক; যথা—"বসেছে অরবে শাখে পাখী।" (মেঘনাদ)।

অরবিন্দ (অর শীঘ্র—বিন্দ্ লাভ করা+অ(শ)—র্ম্ম। ভ্রমর কর্ত্তৃক যাহা শীঘ্র লব্ধ হয়) সং, ক্লীং, পদ্ম। ২। নীলপদ্ম।৩। রক্তোৎপল। ৪। সারসপক্ষী। ৫। তাম্র।

অরবিন্দিনী (অরবিন্দ + ইন্—প্রং, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পদ্মিনী। ২। পদ্মযুক্ত দেশ।

অরসজ্ঞ (অ—রসজ্ঞ) অরসিক দেখ।

অরসিক (অ—রসিক) বিং, ত্রিং, রসিক নয়, রসজ্ঞ নয়, যার রসবোধ নাই, রসবোধ হীন, শিং—১"অরসিকেষু রহস্য নিবেদনম্ শিরসি মা লিখ মা লিখ মা লিখ।"(উদ্ভট)। ২। রসহীন, নীরস। কা—স্ত্রীং।

অরাজক (অ—রাজন্ রাজা। যেখানে রাজা নাই, ৭মী—হিং। ক—স্বার্থে) বিং, ত্রিং, রাজ-শূন্য দেশ, যেখানে রাজা নাই; শিং—১ "অরাজকে হি লোকেস্মিন্ সর্ব্বতো বিদ্রুতে ভয়াৎ।" (মনু)। ২। যেখানে প্রকৃতরূপ রাজশাসন নাই যার যা ইচ্ছা তাই করে কেহ নিবারণ করে না; যথা—দেশ অরাজক হইয়াছে।

অরাতি (অ—রা দান করা+তি—ক। যে সুখ দেয় না) সং, পুং, অরি, শত্রু।

অরাতিতপন } (অরাতি শত্রু—তপন
অরাতিবিনাশন } যে তাপ দেয়, পীড়া দেয়। বিনাশন যে বিনাশ করে) বিং, ত্রিং, শত্রুপীড়ক, বিপক্ষদমনকারী।

অরাম (অ—রাম দশরথের পুত্র) বিং, ত্রিং, রামবিহীন। যথা—"অরাবণ অরাম বা হবে ভব আজি।" (মেঘনাদ)।

অরাল (অর গমনকারী—আ—লা [দানকরা] গ্রহণ করা+অ(ড)—ক) বিং, ত্রিং, বক্র, কুটিল, নত। ২। অ—রা দান করা+ল—সংজ্ঞার্থে) সং, পুং, ধুনা। ৩। বক্র হস্তী, মত্তহস্তী। ৪। বক্রহস্ত। লা—স্ত্রীং, নম্রস্বভাবা স্ত্রী। ২। কুলটা, বেশ্যা।

অরি (ঋ [গমন করা] পাওয়া+ই—ক। যে বিরোধ প্রাপ্ত হয়) সং, পুং, শত্রু, বিপক্ষ, অনিষ্টকারী; যথা—"বিজিতারিপুরঃ পুরঃ।" (রঘু)। ২। রথাঙ্গ, চক্র; শিং—১"গদারিখড়্গা পদ্মধৃক্।" (বিষ্ণুধ্যান)। ৩। কামাদি ছয় রিপু; শিং—১ "কৃতারিষড়্বর্গজয়েন।" (কিরাত)।৪। গণিতে—ছয় সংখ্যা। ৫। জ্যোতিষে—লগ্ন হইতে ষষ্ঠস্থান। ৬। বিট্‌খদির।

অরিত্র (ঋ গমন করা+ইত্র—ণ। যাহার দ্বারা নৌকা গমন করে) সং, ক্লীং, নৌকার হাইল, দাঁড়। ২। গমনসাধন বাহনাদি। ৩। রথাদিচক্র।

অরিন্দম ( অরিম্ শত্রুকে—দম [দম্ দমন করা+অ(খ)—ক ] যে দমন করে। যে অরিকে দমন করে ) বিং, ত্রিং, শত্রু-দমনকারী।

অরিন্দমী (—মিন্, অরিম্—দমী যে দমন করে ) বিং, ত্রিং, শত্রুদমনকারী, শত্রু-বিজয়ী। [ কাসন্দা।

অরিমর্দ ; সং, পুং, কাসমর্দ্দবৃক্ষ, কাল-

অরিমর্দ্দন ( অরি শত্রু—মর্দ্দন [ মৃদ্ চূর্ণ করা+অন—ক ] যে চূর্ণ করে ) বিং, ত্রিং, শত্রু দমনকারক, বিপক্ষবিনাশক। ২। অর্জ্জুনের নামান্তর। ৩। শফল্কের ঔরসে গান্দিনীর গর্ভে জাত, অক্রুরের সহোদর। ৪। কৃষ্ণের নামান্তর।

অরিমেদ ; সং, পুং, বিট্‌খদির, গুয়েবাবলা।

অরিষ্ট (অ—রিষ্ট মঙ্গল বা অমঙ্গল। মন্ত্রাদি দ্বারা নিরস্তত্ব বলিয়া যেখানে অমঙ্গল নাই, ৭মী—হিং ) সং, ক্লীং, সূতিকাগৃহ, আঁতুড়ঘর ; যেমন—অরিষ্টশয্যা। ২। অন্তঃপুর, অবরোধগৃহ ; শিং—১ "অপস্নাত ইবারিষ্টং প্রবিবেশ গৃহোত্তরং।" ৩। শুভ বা অশুভ অদৃষ্ট। ৪। ( যাহা হইতে অশুভ হয় না, ৫মী—হিং ) তক্র, ঘোল। ৫। মদ্য। ৬। মৃত্যুচিহ্ন ; শিং —১ "রোগিণো মরণং যস্মাদবশ্যং ভাবিলক্ষ্যতে। তল্লক্ষণমরিষ্টং স্যাদ্রিষ্টমপাভিধীয়তে।" ৭। ঔষধবিশেষ। ৮। উপদ্রব, অনিষ্টসূচক উৎপাত ; যথা—ভূমিকম্পাদি। ৯। (সেব্যমান্ হইলে যাহা হইতে অশুভ নাই, ৫মী—হিং ) সং, পুং, লশুনবৃক্ষ। ১০। নিম্ববৃক্ষ। ১১। ফেনিলবৃক্ষ, রিটা। ১২। (যাহার রিষ্ট অর্থাৎ অকাল মরণনাই, ৬ষ্ঠী—হিং) কাক। ১৩। কঙ্কপক্ষী, কাঁক। ১৪। অসুরবিশেষ, বলিনামক দানবের পুত্র, কংস অরিষ্টকে কৃষ্ণের বধার্থে গোকুলে প্রেরণ করে পরন্তু ঐ অরিষ্টই কৃষ্ণ কর্ত্তৃক হত হয়। ১৫। বিং, ত্রিং, নিপুণ, কুশল, সমর্থ ; শিং—১ "অরিষ্টস্ত্বষ্ট্রস্য প্রশমনবিধৌ জম্ভদমনঃ।" ১৬। অক্ষত, অহিংসিত। ১৭। অবিনাশী, মৃত্যুহীন। ষ্টা-স্ত্রীং, কটকীফলবৃক্ষ। ২। দক্ষের কন্যা, কশ্যপের ত্রয়োদশ পত্নীর মধ্যে চতুর্থ।

অরিষ্টতাতি ( অরিষ্ট অমঙ্গল+তাতিল্—প্রং ) বিং, ত্রিং, শুভঙ্কর, সুখকর, মঙ্গলজনক ; শিং—১ "জীবাতবে ন মৃত্যবেহথোরিষ্টতাতয়ে।" ২। পুং, সৌভাগ্য বৃদ্ধি, কুশলাতিশয্য; শিং—১ "তদত্রভবতা নিষ্পন্নাশিষাং কামমরিষ্টতাতিমাশাস্মহে।"

অরিষ্টদুষ্টধী ( অরিষ্ট মরণসূচক লক্ষণ হেতু—দুষ্ট দূষিত—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, মরণভীত।

অরিষ্টনেমি ; সং, পুং, বিনতা-গর্ভ-সম্ভূত কশ্যপ মুনির পুত্র। ২। প্রজাপতিবিশেষ ; ইনি দক্ষের চারিটী কন্যা বিবাহ করেন। ৩। বৃষ্ণির প্রপৌত্র, চিত্রকের পুত্র। ৪। যক্ষবিশেষ, সূর্য্যরথে অধিষ্ঠিত যক্ষের নাম অরিষ্টনেমি। ৫। চতুর্ব্বিংশতি তীর্থকর জিনদিগের মধ্যে দ্বাবিংশতি জিন।

অরিষ্টসূদন ( অরিষ্ট অসুরবিশেষ—সূদন যে নাশ করে ) সং, পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। ২। বিং, ত্রিং, অরিষ্টনাশক।

অরিহা ( অরিহন্, অরি—হন্ বধ করা+০ (ক্বিপ্)—ক। যে অরিকে বধ করে, ২য়া—ষ ) বিং, ত্রিং, রিপুঘ্ন, শত্রুনাশক। ২। সূর্য্য।

অরুক্, অরুগ্ন ( অরুজ্, অ—রুজ্ [রুজ্ রুগ্ন হওয়া+০(ক্বিপ্)—ভাবে] রুগ্ন, পীড়িত ) বিং, ত্রিং, নিরোগী, সুস্থ।

অরুচি (অ—রুচি ইচ্ছা, দীপ্তি ) সং, স্ত্রীং, অপ্রীতি, অনভিলাষ, বিরাগ, অশ্রদ্ধা। ২। রুচি না থাকা, আহারে প্রবৃত্তি না থাকা, সকল বস্তুতেই বিতৃষ্ণা। ৩। আহারে অনিচ্ছারূপ রোগ বিশেষ। ৪। অলঙ্কার শাস্ত্রে—দশবিধ স্মরদশার মধ্যে বস্তু-বৈরাগ্যরূপ স্মরদশাবিশেষ। ৫। বিং, ত্রিং, ইচ্ছাহীন। ৬। দীপ্তিহীন।

অরুচিকর ( অরুচি—কর যে করে ) বিং, ত্রিং, অপ্রীতিকর, অসন্তোষজনক।

অরুণ ( ঋ গমন করা+উন(উণন্)—ক ) সং, পুং, সূর্য্য ; যেমন—"বালারুণ কোমলেন" অর্থাৎ বালার্কসুন্দরেণ। ২। সূর্য্য-

সারথি ; বিনতার গর্ভে কশ্যপের ঔরসে ইহার জন্ম, গরুড়ের জ্যেষ্ঠ। ৩। কৃষ্ণ-লোহিতবর্ণ, কৃষ্ণমিশ্রিত রক্তবর্ণ। ৪। কপিলবর্ণ। ৫। অব্যক্তরক্তবর্ণ। ৬। সন্ধ্যা-রাগ ; শিং—১'পততি পরিণতারুণপ্রকাশঃ।' ৭। কুষ্ঠবিশেষ। ৮। নিঃশব্দব্যক্তি, মূক, বোবা। ৯। পুন্নাগবৃক্ষ। ১০। গুড়। ১১। আকন্দগাছ। ১২। বিং, ত্রিং, কৃষ্ণমিশ্রিত রক্তবর্ণবিশিষ্ট। ১৩। রক্তবর্ণযুক্ত। ১৪ সং, ক্লীং, কুঙ্কুম। ১৫। সিন্দূর। ণা—স্ত্রীং, অতিবিষা। ২। শ্যামা। ৩। মঞ্জিষ্ঠা। ৪। ত্রিবৃতা। ৫। ইন্দ্রবারুণী। ৬। গুঞ্জা। ৭। মুণ্ডিতিকা। ৮। অপ্সরাবিশেষ, কশ্যপের ঔরসে প্রধা নাম্নী স্ত্রীর গর্ভে ইহার জন্ম। ৯। প্লক্ষদ্বীপস্থ সাতটী নদীর মধ্যে অরুণা সর্ব্বপ্রধানা নদী। [সং, ক্লীং, রক্তকমল।

অরুণকমল (অরুণ—কমল পদ্ম, য়ং—স)

অরুণলোচন (অরুণ—লোচন নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্তনেত্র। ২। সং, পুং-স্ত্রীং, পারাবত, পায়রা। [সং, পুং, সূর্য্য।

অরুণসারথি (অরুণ—সারথি, ৬ষ্ঠী—হিং)

অরুণাত্মজ (অরুণ সূর্য্যসারথি—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জটায়ু পক্ষী।

অরুণানুজ } (অরুণ সূর্য্য-সারথি—
অরুণাবরজ } অনুজ, অবরজ=কনিষ্ঠ, ৬ষ্ঠী—য) সং, পুং, গরুড়পক্ষী।

অরুণিত (অরুণ+ইত—৫ং) বিং, ত্রিং, অরুণীকৃত, রক্তবর্ণপ্রাপ্ত ; শিং—১ "স্তনাঙ্গরাগারুণিতাচ্চ কন্দুকাৎ।" (কুমার)।

অরুণিমা (অরুণিমন্, অরুণ+ইমন্—ভাবে) সং, পুং লৌহিত্য, রক্তিমা, রক্তত্ব।

অরুণোদয় (অরুণ—উদয়) সং, পুং, সূর্য্যো-দয়ের প্রাক্কাল, সূর্য্যোদয়ের দুই মুহূর্ত্ত অর্থাৎ ৪ দণ্ড কালকে অরুণোদয় কহে ; শিং—১ "রজনীশেষযামস্য শেষার্দ্ধমরু-ণোদয়ঃ" ২. চতস্রোঘটিকাঃ প্রাতররুণো-দয় উচ্যতে।"

অরুণোপল (অরুণ রক্তবর্ণ—উপল প্রস্তর, য়ং—স) সং, পুং, পদ্মরাগমণি, রক্তবর্ণ মণিবিশেষ, চুনী।

অরুন্তুদ (অরুস্ মর্ম্মস্থান, শরীরের সন্ধিস্থান—তুদ [তুদ্ পীড়াদেওয়া+অ(খশ্)—ক] যে পীড়া দেয়, ২য়া—ষ।স=ম্) বিং, ত্রিং, যে মর্ম্মে ব্যথা দেয়, মর্ম্মভেদী, মর্ম্মব্যথাদায়ী, মর্ম্মপীড়াদায়ক, মর্ম্মচ্ছেদী, ক্লেশদায়ক ; শিং—১ "অরুন্তুদমিবালান-মনির্ব্বাণস্য দন্তিনঃ।" (রঘু)। ২। পরুষ, কঠোর, শ্রুতিকটু ; যথা—"কর্ণারুন্তুদম্।"

অরুন্ধতী (অ—রুধ্ রুদ্ধ করা+ত(তন্)—ক, ঈপ্—স্ত্রীলিঙ্গে। যে শুভ কর্ম্ম রোধ করে না) সং, স্ত্রীং, কর্দম মুনির কন্যা, দেবহূতি ইহার মাতা, বশিষ্ঠ ঋষির পত্নী ; ইনি পতিব্রতার ধর্ম্মফলে জগতে যশোভাজন হন, বহুকাল স্বামীসহ ইহ-লোকে অবস্থান করেন, পরে সেই স্বামী বশিষ্ঠের সহিত নক্ষত্রলোকে গমনকরিয়া-ছেন। নিমিত্ত নিদান গ্রন্থে কথিত আছে, নক্ষত্রলোকে সপ্তর্ষিমণ্ডল মধ্যে অরুন্ধ-তীর উদয় হয় এবং যাহার পরমায়ু শেষ হইয়াছে, সে ঐ নক্ষত্র দেখিতে পায় না। এতদ্দেশীয়েরা বিবাহ করিয়া কুশণ্ডিকার সময় মন্ত্র উচ্চারণ পূর্ব্বক সেই নিজ নববধূকে ঐ অরুন্ধতীতারা দর্শন করায়—তাৎপর্য্য এই যে, অরুন্ধতী যেমন পতি-ব্রতাদিগের অগ্রগণ্য রূপে যশোভাজন হইয়াছিলেন, ঐ নববধূও যেন সেইরূপ পতিব্রতা হইয়া পাতিব্রত্য ফল ভোগ করে। ২। দক্ষ প্রজাপতির কন্যা।

অরুন্ধতীজানি (অরুন্ধতী—জায়া) সং, পুং, বশিষ্ঠ।

অরুষ্ক (অরুস্ মর্ম্মস্থান—ক [কৈ পীড়া দেওয়া+অ(ক)—প্রং] যে পীড়া দেয়। স্পর্শমাত্রে ব্রণোৎপাদন করিয়া যে মর্ম্ম-স্থানকে পীড়া দেয়) সং, পুং, ভেলাগাছ।

অরুষ্কর (অরুস্ ক্ষত—কর যে করে) বিং, ত্রিং, মর্ম্মব্যথাদায়ক। ২। ক্ষতকারক। ৩। পুং, ভল্লাতকবৃক্ষ। ৪। ক্লীং, ভল্লাতকফল।

অরুস্ (ঋ গমনকরা+উস্—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, ক্ষত, ঘা। ২। মর্ম্মস্থান। ৩। পুং, সূর্য্য। ৪। রক্তখদির।

অরূপরাশি (Surds) করণী, যাহার ঠিক মূল বাহির হয় না।

অরূষ (ঋ গমন করা+উষ(উষন্)—ক) সং, পুং, সূর্য্য। ২। সর্পবিশেষ।

অরুহা; সং, স্ত্রীং, ভূধাত্রী, ভুঁই আমলা।

অরে (ঋ গমন করা+এ—ণ) অং, ক্রোধ বা অবজ্ঞাসূচক সম্বোধন; যথা—অরে দুরাত্মন্, অরে পাপিষ্ঠ।

অরেরে (অরে—দ্বিত্ব) অং, নীচ সম্বোধন। ২। সক্রোধ আহ্বান।

অরোক (অ—রোক [রুচ্ দীপ্তি পাওয়া+অ (ঘঞ্) —ভাবে] দীপ্তি) বিং, ত্রিং, দীপ্তিহীন।২। ছিদ্রশূন্য।

অরোগ (অ—রোগ) বিং, ত্রিং, যার রোগ হয় না, রোগশূন্য, নীরোগ, রোগহীন। ২। যার রোগশান্তি হইয়াছে, রোগমুক্ত। ৩। সং, পুং, রোগাভাব, স্বাস্থ্য।

অরোগী (অরোগিন্, অরোগ + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রোগহীন, ব্যাধিহীন, সুস্থকায়।

অরোচক (অ—রোচক রুচিকারক) সং, পুং, রোগবিশেষ, অরুচিরোগ।

অরোষণ; বিং, ত্রিং, অক্রোধন দেখ।

অর্ক (অর্ক তাপ দেওয়া+অ(অন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। ২। জ্যোতিষে —রবিবার। (অর্চ্চ্ পূজা করা+অ(ঘঞ্) —র্ম্ম)। ৩। স্ফটিক। ৪। আকন্দগাছ। ৫। তাম্র। ৬। ইন্দ্র। ৭। পণ্ডিত। ৮। বিষ্ণু। ৯। জ্যেষ্ঠভ্রাতা। ১০। কিরণ, আলোক।১১। সর্ব্বদর্শী।১২। পুং—ক্লীং, নির্য্যাস, আরক।

অর্কচন্দন; সং, ক্লীং, রক্তচন্দন।

অর্কতনয় (অর্ক সূর্য্য—তনয় পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যের ঔরসে কুন্তীর গর্ভজাত সন্তান, কর্ণ। ২। মনু। ৩। শনি। ৪। যম। ৫। সুগ্রীব।৬। দ্বিং, অশ্বিনীকুমার দ্বয়। য়া— স্ত্রীং, যমুনা। ২। তপতী নদী (Tapti)

অর্কপত্র (অর্ক সূর্য্য—পত্র, সূর্য্যেরন্যায় তীক্ষ্ণ পত্র যাহার) সং, পুং, আকন্দগাছ। (অর্ক আকন্দগাছ—পত্র, ৬ষ্ঠী—ষ) ২। সং, ক্লীং,আকন্দের পাতা; শিং—১"দেবরাজো ময়ূদৃষ্টো বারিবারণমস্তকে। ভক্ষয়ত্যর্কপত্রাণি।" (বিদগ্ধমুখমণ্ডন)। পত্রা—স্ত্রীং, ইশারমূলবৃক্ষ। [নিম্ববৃক্ষ।

অর্কপাদপ (অর্ক—পাদপ বৃক্ষ) সং, পুং,

অর্কপ্রিয়া (অর্ক—প্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জবাপুষ্প। [হুড়িয়া।

অর্কভক্তা; সং, স্ত্রীং, আদিত্যভক্ত্যা, হুড়-

অর্কবন্ধু (অর্ক সূর্য্য—বন্ধু জ্ঞাতি, মিত্র,৬ষ্ঠী —ষ, সূর্য্যবংশে জন্ম হেতু ইহার নাম অর্কবন্ধু) সং, পুং, গৌতম, বৌদ্ধধর্ম্ম প্রণেতা।

অর্কব্রত (অর্ক—ব্রত। সূর্য্যের আরাধনার্থ ব্রত) সং, পুং, মাঘ মাসের শুক্লা সপ্তমী প্রভৃতি তিথিতে কর্ত্তব্য ব্রত। ২। প্রজাদিগের কর আদায় স্বরূপ রাজাদিগেরব্রত; শিং—১ "অষ্টৌ মাসান্ যথাদিত্যস্তোয়ং হরতি রশ্মিভিঃ। তথাহরেৎ করান্ রাষ্ট্রান্নিত্যমর্কব্রতং হি তৎ।" (মনু)।

অর্কাশ্মা } (অর্কশ্মন্, অর্ক—অশ্মন্,
অর্কোপল } উপল=প্রস্তর) সং, পুং, সূর্য্যকান্ত মণি। ২। চুণি।

অর্গল (অর্জ্ উপার্জ্জন করা+অল(কল)—ণ, সংজ্ঞার্থে) সং, ক্লীং, লা—স্ত্রীং, খিল, কবাট বন্ধনার্থ হুড়কা। ২। গোঁজ। ৩। প্রতিবন্ধক, প্রত্যবায়, অন্তরায়; শিং—১ 'ইপ্সিতং তদবজ্ঞানাদ্বিদ্ধি সার্গলমাত্মনঃ।' (রঘু)। ৪। দেবীমাহাত্ম্যের স্তোত্রবিশেষ। ৫। বিং, ত্রিং, কল্লোল।

অর্গলী } (অর্গল+ঈ—প্রং। অর্গলী
অর্গলিকা } + ক(কণ্)—স্বার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র অর্গল, হুড়কা।

অর্ঘ (অর্ঘ্ ক্রয় করা+অ(অল্)—ভাবে) সং,পুং, মূল্য। ২। (অর্হ্ পূজাকরা+অ (অল্)—ভাবে) পূজা। ৩। (+অ(অল্) —ণ) পূজাসামগ্রীবিশেষ।

অর্ঘ্য (অর্ঘ+য—অর্হার্থে, প্রয়োজনার্থে) বিং, ত্রিং, পূজ্য, অর্ঘদানাদি দ্বারা সম্মানযোগ্য, মান্য। ২। সং, ক্লীং, পূজার সামগ্রীবিশেষ। ৩। দেবতা বা পূজ্য ব্যক্তির পূজার নিমিত্ত আতপতণ্ডুল, দূর্ব্বা, পুষ্প, চন্দন মিশ্রিত জল, পূজাবিধি; শিং—১ "আপঃক্ষীরং কুশাগ্রঞ্চ দধিসর্পিঃ সতণ্ডু-

লম্। যবঃ সিদ্ধার্থকশ্চৈব অষ্টাঙ্গোঽর্ঘ্যঃ প্রকীর্ত্তিতঃ।" (কাশীখণ্ড)। ২ "অনর্ঘ্যমর্ঘ্যেণ তমদ্রিনাথঃ।" (কুমার)। ৪। বন মধু।

অর্চ্চক (অর্চ্চ পূজা করা+অক(ণক)—ক) সং, পুং, পূজক, পূজাকারক।

অর্চ্চন (অর্চ্চ পূজা করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পূজা, দেবাদিপূজন। শিং—১ "ধনধান্য করং নিত্যং গুরুদেব দ্বিজার্চ্চনম্।"

অর্চ্চনা (অর্চ্চ পূজা করা+অন—ভাবে) সং, স্ত্রীং, পূজা; যথা—দেবার্চ্চনা।

অর্চ্চনীয় (অর্চ্চ পূজা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অর্চ্চনাযোগ্য, পূজ্য, পূজনীয়।

অর্চ্চা (অর্চ্চ পূজা করা+অ—ভাবে) সং, স্ত্রীং, প্রতিমা; শিং—১ "আভিরূপ্যেণ চার্চ্চায়াং দেবঃ সান্নিধ্যমৃচ্ছতি।" ২। পূজা।

অর্চ্চি—পুং—স্ত্রীং } (অর্চ্চ দীপ্তি
অর্চ্চিস্—স্ত্রীং—ক্লীং, } পাওয়া+ই, ইস্—র্ম্ম) সং, জ্বালা, অগ্নিশিখা। শিং—১ "বিরম বিরম বহ্নে! মুঞ্চ ধূমানুবন্ধং প্রকটয়সি কিমুচ্চৈরর্চ্চিষামচক্রবালম্।" ২। তেজঃ, প্রভা। শিং—১ "প্রশমাদর্চ্চিষামেতদনুদ্গীর্ণসুরায়ুধম্।" (কুমার)। ৩। কিরণ, অংশু। ৪। কৃশাশ্বের পত্নী।

অর্চ্চিত (অর্চ্চ পূজা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, পূজাবিধি দ্বারা সম্মানিত, উপাসিত। ২। মান্য। ৩। দীপ্ত।

অর্চ্চিষ্মান্ (অর্চ্চিষ্মৎ, অর্চ্চিস্ তেজঃ+মৎ (মতু)—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি। ৩। দেবর্ষিবিশেষ। ৪। বিং, ত্রিং, তেজস্বী, দীপ্তিমান্; যথা—"উনি কলুষশূন্য ও অর্চ্চিষ্মান্।" ৫। প্রজ্জ্বলিত।

অর্চ্চ্য (অর্চ্চক দেখ, য(ঘ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, পূজনীয়, আরাধ্য; শিং—১ "তমর্চ্চ্যমারাদভিবর্ত্তমানম্।" (রঘু)।

অর্জ্জক (অর্জ্জ্ উপার্জ্জন করা+অক(ণক)—ক) বিং,ত্রিং, যে অর্জ্জন করে, যে উপার্জ্জন করে, উপার্জ্জক, রোজকেরে। ২। সং,পুং, বাবুই তুলসী। [ক্লীং, উপার্জ্জন, লাভ।

অর্জ্জন (অর্জ্জক দেখ, অন(অনট্)—ভা) সং,

অর্জ্জয়িতা (অর্জ্জয়িতৃ, অর্জ্জ উপার্জ্জন করা+তৃ(তৃন্)—ক) অর্জ্জক দেখ।

অর্জ্জিত (অর্জ্জ উপার্জ্জন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উপার্জ্জিত।

অর্জ্জুন (অর্জ্জুন শুক্লবর্ণ। মহাভারতে—বিরাটতনয় উত্তরের নিকট অর্জ্জুন আপনার নামের অর্থ করিতেছেন, "আমি এই সসাগরা বসুন্ধরায় সর্ব্বদা নির্ম্মল কর্ম্ম করিয়া থাকি" এই নিমিত্ত লোক আমাকে অর্জ্জুন বলিয়া থাকে) সং, পুং, পাণ্ডুরাজার তৃতীয় পুত্র। ২। কার্ত্তবীর্য্য রাজা; ইতি পরশুরামের হস্তে নিধন প্রাপ্ত হন। শিং—১ "যোঽর্জ্জুনেনার্জ্জুনস্তুল্যো দ্বিবাহুর্ব্বহুবাহুনা।" ৩। (মহৌষধী বলিয়া ইহা অর্জ্জন করা যায়) ৪। ককুভ বৃক্ষ। ৫। শ্বেতবর্ণ। ৬। ময়ূর। ৭। মাতার এক মাত্রপুত্র। ৮। বিং, ত্রিং, শ্বেতবর্ণবিশিষ্ট। ৯। ক্লীং, নেত্ররোগবিশেষ, আঞ্জনি। ১০। তৃণ। নী—স্ত্রীং, ঊষা, অনিরুদ্ধপত্নী। ২। গাভী। ৩। কুট্টিনী। ৪। করতোয়া নদী। ৫। বিং, ত্রিং, শ্বেতবর্ণযুক্ত।

অর্জ্জুনধ্বজ (অর্জ্জুন—ধ্বজ পতাকা) সং, পুং, হনুমান্।

অর্ণ (ঋ গমন করা+ন—ক) সং, পুং—ক্লীং, অকারাদি বর্ণ, অক্ষর; শিং—১ "বর্ণোঽক্ষরং রশ্মিবর্ণঃ স্বরাস্তু কথিতা অচঃ। ব্যঞ্জনানি হলোবর্গাঃকাদয়ষ্টৌ প্রকীর্ত্তিতাঃ।" ২। পুং, শেগুণগাছ। ৩। বিং, ত্রিং, পীড়িত। ৪। ক্লীং, জল।

অর্ণব (অর্ণস্ জল+ব—অস্ত্যর্থে। স্—লোপ) সং, পুং, সমুদ্র, জলধি। শিং—১ "যাদোরত্নৈরিবার্ণবঃ।" (রঘু)। ২। বিং, ত্রিং, জলযুক্ত; শিং—১ "ততঃ সমুদ্রার্ণবাঃ।" (সন্ধ্যামন্ত্র)।

অর্ণবজ (অর্ণব—জ জাত, ৫মী—ষ) সং, পুং—ক্লীং, সমুদ্রের ফেণা। ২। বিং, ত্রিং, সমুদ্রজাত।

অর্ণবতরি—স্ত্রীং } (অর্ণব—তরি, পোত
অর্ণবপোত—ক্লীং } =নৌকা) সং, যে পোতের দ্বারা অর্ণবপথে গতায়াত করিতে পারা যায়, অর্ণবযান, জাহাজ।

অর্ণবমন্দির ( অর্ণব—মন্দির গৃহ, ৬ষ্ঠী—হিং, যাহার অর্ণব মন্দিরের ন্যায় অথবা অর্ণবে সমুদ্রে বাসস্থান যাহার ) সং, পুং, বরুণ।

অর্ণবযান ( অর্ণব—যান বাহন, হস্ত্যশ্ব শকটাদি, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, সমুদ্রপোত, জলযান, জাহাজ।

অর্ণস (ঋ, ঋণ গমন করা+অস—ক, সংজ্ঞার্থে। ন—আগম) সং, ক্লীং, জল, সলিল। শিং—১"সবর্ণমর্ণঃ কণমন্যথাস্য।"(মাঘ)

অর্ণোদ ( অর্ণস্ জল—দ যে দান করে, ২য়া—ষ ) সং, পুং, মেঘ। ২। মুস্তা।

অর্ণোভব ( অর্ণস জল—ভব উৎপত্তি, ৫মী—হিং+৭মী—হিং ) সং, পুং, শঙ্খ। ২। বিং, ত্রিং, জলোদ্ভব।

অর্ত্তন (ঋত গমন করা ইত্যাদি+অন(অনট্) —ভাবে ) সং, ক্লীং, নিন্দা, অপবাদ।

অর্ত্তি ( অর্দ্দ আঘাত করা+তি(ক্তি)—ভা) সং,স্ত্রীং, পীড়া, যাতনা।২। ধনুষ্কোটি, ধনুকের অগ্রভাগ। শিং—১ "নান্নং বাঞ্ছতি নো নিদ্রাময়ৈপেত্যর্ত্তিনিপীড়িতঃ।" (সুশ্রুত)।

আর্ত্তিক ( অর্ত্তি+ক(কণ)—যোগ ) সং, পুং, পিষ্টকবিশেষ, আস্কেপিটে। ২। বিং, ত্রিং, পীড়াযুক্ত, ব্যাধিযুক্ত। কা—স্ত্রীং, নাট্যে —জ্যেষ্ঠাভগিনী।

অর্থ ( অর্থ্ প্রার্থনা করা + অ(অল্)—ভাবে ) সং, পুং, প্রার্থনা। ২। প্রয়োজন। ৩। (+অ(অল)—র্ম্ম। যাহা প্রার্থনা করা যায় ) ধন, ঐশ্বর্য্য। শিং—১ "অর্থেন বলবান্ সর্ব্বঃ।" ৪। ধর্ম্মার্থকামমোক্ষ এই চতুর্ব্বিধ বর্গ মধ্যে ঐহিক ধনজনিত সৌভাগ্য। ৫। বস্তু, পদার্থ, ধনাদি দ্রব্য। শিং—১ "এম্বর্থেষু পশূন্ হিংসন্ বেদতত্ত্বার্থবিদ্দ্বিজ।" (মনু)। ( অর্থেষু = মধুপর্কাদি পদার্থ)। (ঋ গমনকরা+থ(থন্) —র্ম্ম, সংজ্ঞার্থে ) ৬। শব্দের অভিধেয়, শব্দের প্রতিপাদ্য, মানে। শিং—১ "বাগার্থাবিবসম্পৃক্তৌ।" ( রঘু )। অলঙ্কার শাস্ত্রে—অর্থ ত্রিবিধ; যথা—বাচ্য, লক্ষ্য, ব্যঙ্গ। অভিধা দ্বারা যে অর্থ বুঝা যায় তাহাকে বাচ্য বলে। লক্ষণা দ্বারা যাহা বুঝা যায় তাহাকে লক্ষ্য বলে। ব্যঞ্জনা দ্বারা যাহা বুঝা যায় তাহাকে ব্যঙ্গ কহে। শিং—১ "অর্থো বাচ্যশ্চ লক্ষ্যশ্চ ব্যঙ্গশ্চেতি ত্রিধামতঃ। বাচ্যোঽর্থোঽভিধয়া বোধ্য লক্ষ্যলক্ষণয়ামতঃ। ব্যঙ্গো ব্যঞ্জনয়া তাঃ স্যুস্তিস্রঃ শব্দস্যশক্তয়ঃ।" (সাহিত্যদর্পণ)। ৭। স্বরাজ্যের রক্ষা এবং পররাজ্যের অনুসন্ধানাদি রূপ রাজনীতি; শিং—১ "মন্ত্রী স্যাদর্থচিন্তায়ামর্থাস্তন্ত্রাব পাদয়ঃ।" (সাহিত্যদর্পণ)। ৮। উদ্দেশ্য, অভিপ্রায়, অভিসন্ধি; যেমন—সন্তানার্থ। ৯। ( +অ(অল্)—ণ ) কারণ, হেতু, নিমিত্ত; শিং—১ "অতোঽর্থান্ন প্রমাদ্যস্তি।" (মনু)। অতোঽর্থাৎ = এই কারণ হেতু )। ২ "অর্থোঽয়মর্থান্তরলভ্য এব।" ( কুমার )। অর্থান্তর = কারণান্তর। ১০। ( +অ(অল্ —ভাবে ) প্রকার, রীতি, প্রণালী। ১১। নিবৃত্তি, নিষেধ। ১২। তাৎপর্য্য। ১৩ (+অ(অল)—ধি ) বিষয়। ১৪। ফল, প্রয়োজন। ১৫। সৌভাগ্য, সমৃদ্ধি। ১৬। কার্য্য। শিং—১"পতিসেবা গুরৌ বাসো গৃহার্থোঽগ্নি পরিক্রিয়া।" (মনু)। ১৭। ব্যবহারশাস্ত্রে—অভিযোগাদি, নালিষ। ১৮। বিং, ত্রিং, ধনবান্, ঐশ্বর্য্যশালী। ১৯। বিদ্বান্, পণ্ডিত।

অর্থকর ( অর্থ—কর [ কৃ করা+অ(ট)—ক যে করে ) বিং, ত্রিং, প্রয়োজনোপযোগী, কার্য্যকারক। ২। বিত্তোৎপাদক, যাহাতে অর্থলাভ হয়; যথা—বাণিজ্য অর্থকর, অর্থপ্রদ, ধনপ্রদ। রী—স্ত্রীং, যথা—অর্থকরী বিদ্যা।

অর্থকরী; বিং, ত্রিং, অর্থকর দেখ।

অর্থকৃচ্ছ্র (অর্থ—কৃচ্ছ্র, ৬ষ্ঠী—ষ। অথবা অর্থ বিষয়ে কৃচ্ছ্র ) সং, ক্লীং, ধনকষ্ট। ২। দুরূহবিষয়ে কার্য্যাকার্য্য জিজ্ঞাসা। শিং—১"অর্থকৃচ্ছ্রেষু চৈবাহং প্রষ্টব্যো নৈপুণেষু চ।"

অর্থগৃধ্নু (অর্থ—গৃধ্ লোভ করা+নু(ক্নু)—ক) বিং, ত্রিং, ধনলোভী, ধনলুব্ধ।

অর্থতঃ ( অর্থতস্, অর্থ+তস্—প্রং ) অং, বস্তুতঃ। ২। ফলতঃ। ৩। অর্থাৎ।

অর্থতত্ত্ব ( অর্থ—তত্ত্ব যাথার্থ্য ) সং, ক্লীং, প্রকৃত বিষয়, যাথার্থ্য, স্বরূপ।

অর্থদূষণ (অর্থ—দূষণ নাশ) সং, ক্লীং, অপব্যয়। ২। পরধনের অপহরণ, দেয় অর্থ না দেওয়া ইত্যাদি রাজাদিগের ক্রোধাদি অষ্ট প্রকার ব্যসন মধ্যে ব্যসনবিশেষ। শিং—১ "পৈশুন্যং সাহসং দ্রোহঈর্ষ্যাসূয়ার্থদূষণম্। বাকদণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোহপি গণোঽষ্টক।" ২ "পানং স্ত্রী মৃগয়া দ্যূতমর্থদূষণমেব চ।" (হিতোপদেশ)।

অর্থন—ক্লীং } ( অর্থ + অন(অনট্)—
অর্থনা—স্ত্রীং } ভাবে। দ্বিতীয়পক্ষে—অর্থ + অন—ভাবে ) সং, প্রার্থনা, যাচ্ঞা; শিং—১ "অভ্যর্থনা ভঙ্গভয়েন সাধুঃ।"

অর্থপতি ( অর্থ ধন—পতি, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, ধনাধিপ, কুবের। ২। ধনী। ৩। রাজা। শিং—১ "অর্থ্যামর্থপতির্বাচম্।" (রঘু)।

অর্থপর ( অর্থ—পর ) বিং, ত্রিং, ধনলোভী, ধনোপার্জ্জনে আসক্ত। ২। কৃপণ, ব্যয়ভীত।

অর্থপরায়ণ ( অর্থ—পরায়ণ ) বিং, ত্রিং, যে অর্থ বড় ভাল বাসে, অর্থই যার পরম পদার্থ।

অর্থপিশাচ ( অর্থ—পিশাচ, ৭মী—ষ ) বিং, ত্রিং, যে ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম জ্ঞানশূন্য হইয়া ধনের নিমিত্ত লালায়িত হয়, যে ব্যক্তি ন্যায় অন্যায় ধর্ম্মাধর্ম্ম বিচার বিমুখ হইয়া যে কোন উপায়ে অর্থ উপার্জ্জন করে, অত্যন্ত ধনলোভী, নিতান্ত ধনলুব্ধ।

অর্থপ্রয়োগ (অর্থ—প্রয়োগ নিয়োগ, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, অর্থের প্রয়োগ অর্থাৎ বাড়াইবার মানসে বাণিজ্যে সুদে বা অন্য প্রকারে টাকা খাটান, ধনপ্রয়োগ, অর্থবিনিয়োগ, কুসীদ্যবহার, বৃদ্ধিজীবিকা, বৃদ্ধির নিমিত্ত ঋণদান, বাড়ি দেওয়া।

অর্থভেদ (অর্থ—ভেদ) সং, পুং, অর্থের ভেদ, অর্থের বিভিন্নতা, অর্থের বৈলক্ষণ্য।

অর্থলুব্ধ ( অর্থ—লুব্ধ ) বিং, ত্রিং, ধনলোভী, ধনলুব্ধ, অর্থগৃধ্নু।

অর্থবাদ ( অর্থ বস্তু, স্বরূপ—বাদ কথন, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, গুণকীর্ত্তন, প্রশংসা। স্তুতিবাদ; শিং—১ "অর্থবাদ এষঃ, দোষং তু মে কিঞ্চিৎ কথয়, যেন স প্রতিবিধীয়তে।" ( উত্তরচরিত )। ২। সাভিপ্রায় উক্তি; দ্বিবিধ অভিপ্রায়ে প্রযুক্ত হইয়া থাকে; যথা—স্তুত্যর্থবাদ, নিন্দার্থবাদ।

অর্থবান্ ( অর্থবৎ, অর্থ ধন+বৎ(বতু)—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, অর্থযুক্ত, ধনী, ঐশ্বর্য্যশালী। ২। সার্থক, অর্থযুক্ত; শিং—১ "সম্ভাবনং অর্থবতী ক্রিয়াভিঃ।" ২ "অর্থবান্ খলু মে রাজশব্দঃ।" ৩। সাভিপ্রায়, উদ্দেশ্যবিশিষ্ট। ৪। ক্রিং—বিং, প্রয়োজনানুরূপ, যথাপ্রয়োজন।

অর্থবিজ্ঞান ( অর্থ শব্দের প্রতিপাদ্য—বিজ্ঞান জ্ঞান, ৬ষ্ঠী—ষ )সং, ক্লীং, শুশ্রূষাদি অষ্ট প্রকার গুণমধ্যে গুণবিশেষ, শব্দার্থজ্ঞান, শব্দশক্তিগ্রহ।

অর্থবিদ্ ( অর্থ শব্দের প্রতিপাদ্য—বিদ্ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে। যে অর্থ জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, শব্দার্থজ্ঞ, অর্থজ্ঞানবান, তত্ত্বজ্ঞ, জ্ঞানী, কার্য্যাভিজ্ঞ। শিং—১ "বিবক্ষিতার্থবিদস্তৎক্ষণং প্রতিসংহৃতাম্।" (মাঘ)।

অর্থবিনিয়োগ ( অর্থ—বিনিয়োগ ) সং, পুং, অর্থপ্রয়োগ দেখ।

অর্থশাস্ত্র ( অর্থ [ ভূ .নাদি প্রাপক ] ধন—শাস্ত্র, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, অর্থোৎপাদকশাস্ত্র, বৃহস্পতি শুক্রাচার্য্য প্রভৃতি প্রণীত নীতিশাস্ত্র; বৃহস্পতি প্রণীত অর্থশাস্ত্রে দণ্ডনীতি বর্ণিত আছে। ২। কৃষিশাস্ত্র।

অর্থ-শুচি; বিং, ত্রিং, ধর্ম্মপথে থাকিয়া যে অর্থ উপার্জ্জন করে।

অর্থশৌচ ( অর্থ—শৌচ ) সং, ক্লীং, ধনব্যাপারে সাধুতা, সাউখর হওরা। ২। ধর্ম্ম পথে থাকিয়া অর্থ উপার্জ্জন।

অর্থসিদ্ধক; সং, পুং, সিন্দুবারবৃক্ষ।

অর্থসিদ্ধি (অর্থ—সিদ্ধি ) সং, স্ত্রীং, ইষ্টসিদ্ধি, প্রয়োজনসিদ্ধি, সফলতা, সিদ্ধার্থতা।

অর্থহর (অর্থ—হর যে গ্রহণ করে)বিং,ত্রিং, পৈতৃকধনগ্রাহী, ধনাধিকারী। ২। চোর।

অর্থাগম ( অর্থ ধন—আগম আগমন, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, ধনপ্রাপ্তি, বিত্তলাভ। ২। ধনাগম, আয়, উপার্জ্জন।

অর্থাৎ (অর্থ বস্তু, ফল+আৎ। পঞ্চমীস্থানে আৎ) অং, অর্থবশতঃ, তাৎপর্য্য বশতঃ, তাৎপর্য্যাধীন। ২। ফলতঃ, বস্তুতঃ।

অর্থান্তর (অর্থ-অন্তর অন্য, বং-স অথবা অন্য-অর্থ) সং, ক্লীং, অন্য অর্থ, অপর অর্থ, দ্বিতীয় অর্থ। ২। অর্থভেদ, অভিপ্রায়ভেদ। ৩। প্রকৃত বিষয়ের অনাকাঙ্ক্ষিত অর্থ, উপযুক্ত অর্থ উপেক্ষা করিয়া অসম্বদ্ধ অর্থের সিদ্ধান্ত, ফলিতার্থ; যেমন —শব্দ অনিত্য হইলেও শব্দের গুণ আকাশ অর্থ বুঝাইল। শিং—১ "প্রকৃতাদর্থদসম্বন্ধার্থমর্থান্তরম্।"

অর্থান্তর-ন্যাস; সং, পুং, কাব্যের অলঙ্কার বিশেষ—সামান্য দ্বারা বিশেষের, বিশেষ দ্বারা সামান্যের, কার্য্যের দ্বারা কারণের এবং কারণ দ্বারা কার্য্যের সমর্থন।

অর্থাপত্তি (অর্থ—আপত্তি প্রাপ্তি) সং, স্ত্রীং, মীমাংসামতে—সুতরাং প্রাপ্তি, অনুমান বিশেষ—উপপাদ্যের অনুপপত্তি দ্বারা উপপাদকের কল্পনা; যেমন—বৃষ্টি হইলে, বৃষ্টির সহিত যে মেঘের ব্যাপ্তি হইয়াছে এই অনুমান। ন্যায়মতে—ব্যতিরেকের ব্যাপ্তি জন্য অনুমান। শিং—১ "অর্থাপত্তেস্তু নৈবেহ প্রমাণান্তরতেষ্যতে। ব্যতিরেক ব্যাপ্তিবুদ্ধ্যা চরিতার্থা হি সা যতঃ।" (ভাষাপরিচ্ছেদ)। ২। কাব্যালঙ্কার বিশেষ—"মূষিক দণ্ড ভক্ষণ করিয়াছে" বলিলে, যেরূপ দণ্ডস্থিত পিষ্টকেরও ভক্ষণ অর্থ বশতঃ বোধ হয়, সেই রূপ এক অর্থ দ্বারা অপরার্থেরর উপলব্ধি হইলে, অর্থাপত্তি কহে।

অর্থিক (অর্থিন্ ধনবান্—ক শব্দার্থ অথবা আহ্বানার্থ 'কৈ' ধাতুজ অথবা অর্থিন্+ক(কণ্)—প্রং) সং, পুং, নিদ্রিত রাজগণের জাগরণার্থে নিযুক্ত স্তুতিপাঠকাদি, বৈতালিক। ২। বিং,ত্রিং, যাচক, ভিক্ষুক।

অর্থিত (অর্থ প্রার্থনা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার নিকট প্রার্থনা করা গিয়াছে বা যে বস্তু প্রার্থনা করা গিয়াছে, প্রার্থিত, যাচিত। শিং—১ "অর্থিতো হৃদ্মি কৈকেষ্যা বনং গচ্ছেতি রাঘব।" (রামায়ণ)। ২। পৃষ্ট, জিজ্ঞাসিত।

অর্থিতা—স্ত্রীং
অর্থিত্ব—ক্লীং } (অর্থিন্ যাচক+তা, ত্ব—ভাবে) সং, অর্থীরধর্ম্ম। ২। যাচ্ঞা, প্রার্থনা। ৩। ইচ্ছা, অভিলাষ।

অর্থী (অর্থিন্, অর্থ যাচ্ঞা করা+ইন—ক) বিং, ত্রিং, যে অন্যের নিকট যাচ্ঞা করে, প্রার্থক, যাচক, ভিক্ষুক। ২। অভিলাষী, প্রার্থী। ৩। উদ্দেশ্য সাধনেচ্ছু। ৪। ধনবান, অর্থবান্। ৫। সেবক, ভৃত্য। ৬। সহায়, সহচর। ৭। যে বিচারালয়ে কাহার নামে অভিযোগ করে, বাদী।

অর্থে (অর্থ+এ(ডে)—ক) অং, নিমিত্তে।

অর্থোপার্জ্জন (অর্থ—উপার্জ্জন) সং, ক্লীং, পরিশ্রমাদি দ্বারা ধনলাভ, ধনসংগ্রহ।

অর্থ্য (অর্থ+য—সাধু অর্থে) বিং, ত্রিং, ন্যায্য, যুক্তিযুক্ত। ২। (অর্থ+য—অনপেত অর্থে) অর্থযুক্ত, সপ্রয়োজন। শিং—১ "অর্থ্যামর্থপতির্বাচমাদদে বদতাং বরঃ।" ৩। বুদ্ধিমান্, পণ্ডিত। (অর্থ+য—র্ম্ম) ৪। প্রার্থনাযোগ্য, জিজ্ঞাসাযোগ্য। ৫। ক্লীং, শিলাজতু। ৬। গৈরিক।

অর্দন—ক্লীং
অর্দনা—স্ত্রীং } (অর্দ্ পীড়ন করা, যাচ্ঞা করা+অন(অনট্), দ্বিতীয় পক্ষে—অন,—ভাবে) সং, প্রার্থনা। ২। পীড়া। ৩। রণ। ৪। হিংসা, হনন। ৫। বিং, ত্রিং, বিনাশক, হন্তা; যথা—

"জয় কেশীমর্দ্দন, কৈটভার্দ্দন,
গোপিকামোহন, মোহন।" (অন্নদা)

অর্দিত (অর্দন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত, যাচিত। ২। পীড়িত। ৩। হিংসিত, হত। ৪। (+ত(ক্ত)—ক) গত। (+ত(ক্ত)—ভা) ৫। ক্লীং, বায়ু রোগবিশেষ। ৬। পীড়া।

অর্দ্ধ (ঋধ্ বৃদ্ধিপাওয়া+অ(অল)—ণ। যাহার দ্বারা সমুদায় বৃদ্ধি পায়) সং, পুং, অংশ। ২। একদেশ। ৩। সমাংশ। ২। ক্লীং, সমান অর্দ্ধাংশ, ঠিক অর্দ্ধেক; যথা—রাজ্যের অর্দ্ধ, শরীরের অর্দ্ধ। ২। বিং,ত্রিং, দ্বিভাগীকৃত, দুই ভাগ করা; যথা—অর্দ্ধচন্দ্র।

অর্দ্ধক (অর্দ্ধ+ক(কণ্)—স্বার্থে) সং, ক্লীং,

অর্দ্ধ, আধ। এই শব্দকে সচরাচর অর্দ্ধেক বলিয়া থাকে।

অর্দ্ধখার (অর্দ্ধ—খার [খারী+অ(ষ)—প্রং] পরিমাণ বিশেষ) সং, ক্লীং—স্ত্রীং, খারীর অর্দ্ধাংশ।

অর্দ্ধগঙ্গা (অর্দ্ধ—গঙ্গা। ইহাতে স্নান করিলে গঙ্গাস্নানের অর্দ্ধফল লাভ হয় বলিয়া) সং, স্ত্রীং, কাবেরী নদী।

অর্দ্ধচন্দ্র (অর্দ্ধ—চন্দ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্রের অর্দ্ধ, চন্দ্রখণ্ড; যথা—"অর্দ্ধচন্দ্রার্দ্ধ-ভাস্করে।" ২। (অর্দ্ধচন্দ্রাকৃতি বলিয়া) প্রা-দেশ, যাহা গলদেশে অর্পণ করিয়া অপরাধীকে দূরীকরণ করে, গলাধাক্কা। শিং—১ "অর্দ্ধচন্দ্রং দত্ত্বা নিঃসারিতা।" ৩। ময়ূরপুচ্ছের চন্দ্রক। ৪। অর্দ্ধচন্দ্রাকৃতি অগ্রভাগ বিশিষ্ট বাণ। শিং—১ "চতুর্ভি-রর্দ্ধচন্দ্রৈশ্চ জঘান চতুরোহয়ান।" (রামা-য়ণ)। ৫। গজাভরণ-বিশেষ। ৬। স্ত্রীলোক দিগের ললাটদেশে অর্দ্ধচন্দ্রাকার তিলক। ৭। অর্দ্ধচন্দ্রাকার নখক্ষত। ন্দ্রা—স্ত্রীং, কৃষ্ণত্রিবৃৎ, কাল তেউড়ী।

অর্দ্ধচন্দ্রকার (অর্দ্ধচন্দ্র—আকার) বিং, ত্রিং, যার আকার অর্দ্ধচন্দ্রের ন্যায়, অর্দ্ধচন্দ্রা-কৃতি। [অর্দ্ধচন্দ্রাকার দেখ।

অর্দ্ধচন্দ্রাকৃতি (অর্দ্ধচন্দ্র—আকৃতি) বিং, ত্রিং,

অর্দ্ধচন্দ্রিকা; সং, স্ত্রীং, কর্ণস্ফোটালতা।

অর্দ্ধজরতীয় ন্যায়—ন্যায় (৫) দেখ।

অর্দ্ধতিক্ত; সং, পুং, নেপালনিম্ব।

অর্দ্ধনারীশ (অর্দ্ধনারী—ঈশ ঈশ্বর। অর্দ্ধ-নারী সহিত ঈশ, ৩য়া—ষ) সং, পুং, মহা-দেব, শিব। এই মূর্ত্তি মণির ন্যায় চিক্কণ, ত্রিনেত্র, চতুর্ভুজ। হস্তে পাশ, রক্তপদ্ম, নর-কপাল ও শূল।

অর্দ্ধনারীশ্বর (অর্দ্ধ অর্দ্ধাঙ্গ—নারী—ঈশ্বর) সং, পুং, হরগৌরীরূপে শিবের মূর্ত্তিভেদ। শিং—১ "অজেশঃ সর্ব্বঃ সোমেশস্তথা লাঙ্গুলিদারুকৌ। অর্দ্ধনারীশ্বরশ্চোমাকা-ন্ত ··মাঢ়িদণ্ডিনৌ।" (তন্ত্রসার)।

অর্দ্ধনাব (অর্দ্ধ-নৌ নৌকা+অ(ষ)—প্রং) সং, ক্লীং, নৌকার অর্দ্ধভাগ। [অর্দ্ধ, আধপথ।

অর্দ্ধপথ (অর্দ্ধ—পথিন্ পথ) সং, ক্লীং, পথের

অর্দ্ধপাদ (অর্দ্ধ—পাদ) সং, ক্লীং, কপাট বিশেষ। ২। আধ ফুট পরিমাণ।

অর্দ্ধপুলায়িত (অর্দ্ধ—পুলায়িত গতিবিশেষ) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ। শিং—১ শতার্দ্ধার্দ্ধক্রমাদ্দৈর্ঘ্যগুলায়িতবল্গিতৈঃ। উন্মুখস্যাশ্বমুখ্যস্য গতিরর্দ্ধপুলায়িতম্।"

অর্দ্ধভাক্ (অর্দ্ধভাজ্, অর্দ্ধ—ভাক্ [ভজ ভাগ করা+০(ণ্বি)—ক) বিং, ত্রিং, অর্দ্ধাংশ ভাগী।

অর্দ্ধভূমণ্ডল (Hemisphere) ভূগোলে—ভূগোলবেত্তারা ভূমণ্ডলকে কাল্পনিক দুই ভাগে বিভক্ত করিয়া আসিয়া, ইউরোপ, আফ্রিকা প্রভৃতিকে অর্দ্ধখণ্ড এবং আমে-রিকাকে অপরার্দ্ধ নির্দ্দেশ করিয়াছেন।

অর্দ্ধমাণবক (অর্দ্ধ—মাণবক) সং, পুং, দ্বাদশ যষ্টি হার, বারো নার হার।

অর্দ্ধমাত্রা (অর্দ্ধ—মাত্রা পরিমাণ) সং, স্ত্রীং, অর্দ্ধচন্দ্রাকারে ব্রহ্মরূপিণী মহেশ্বরী। যেমন—ওঁম শব্দে এই "ঁ" চিহ্ন। শিং—১ "অকারো ভগবান্ ব্রহ্মা উকারো বিষ্ণুরুচ্যতে মকারো ভগবান্ রুদ্রোঽ-প্যর্দ্ধমাত্রা .হশ্বরী। ২। অর্দ্ধপরিমাণ। ৩। সঙ্গীতে—মাত্রার অর্দ্ধভাগ।

অর্দ্ধরাত্র (অর্দ্ধ—রাত্র [রাত্রি+অ(ষ)—প্রং] রাত্রি, ৬ষ্ঠী—ষ। ই=অ। রাত্রির অর্দ্ধ) সং, পুং, নিশীথ, মধ্যনিশা, দুই প্রহর রাত্রি। ২। মহানিশা; সার্দ্ধপ্রহর হইতে সার্দ্ধতৃতীয় প্রহর পর্য্যন্ত, রাত্রির অষ্টম মুহূর্ত্ত।

অর্দ্ধর্চ (অর্দ্ধ—ঋচ্+অ(ষ)—প্রং) সং, পুং—ক্লীং, অর্দ্ধঋক্, বেদমন্ত্রের অর্দ্ধভাগ।

অর্দ্ধবীক্ষণ (অর্দ্ধ—বীক্ষণ দর্শন, যং—স) সং, ক্লীং, অপাঙ্গদর্শন, কটাক্ষ।

অর্দ্ধশফর; সং, পুং, দণ্ডপাল মৎস্য, দাঁড়ি-মাচ।

অর্দ্ধস্ফুট (অর্দ্ধ—স্ফুট ফুটান, উচ্চারিত) বিং, ত্রিং, আধফুটা; যথা—অর্দ্ধস্ফুটপুষ্প। ২। আধ আধ; যথা—"অর্দ্ধস্ফুট কথা-গুলি অমিয় জড়িত।" (পদ্যপাঠ ৩য়ভাগ)

অর্দ্ধহার (অর্দ্ধ—হার। অর্দ্ধ সম্পন্ন হার) সং, পুং, চৌষট্টিনর হার।

অর্দ্ধাংশ (অর্দ্ধ—অংশ) সং, ক্লীং, অর্দ্ধভাগ।
অর্দ্ধাঙ্গ (অর্দ্ধ—অঙ্গ। শাস্ত্রকারেরা পত্নীকে শরীরের অর্দ্ধ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন. য়ং—স) সং, ক্লীং, শরীরের অর্দ্ধ। ২। পত্নী।
অর্দ্ধার্দ্ধ (অর্দ্ধ—অর্দ্ধ) সং, পুং, সিকি, চতুর্থাংশ।
অর্দ্ধার্দ্ধি (অর্দ্ধ—অর্দ্ধ) অং, অর্দ্ধ অর্দ্ধ করিয়া, দুই সমান অংশ করিয়া, আধাআধি; যথা —অর্দ্ধার্দ্ধি ভাগ।
অর্দ্ধাশন (অর্দ্ধ—অশন ভোজন) সং, ক্লীং, অর্দ্ধভোজন। ২। অর্দ্ধাংশ ব্যাপ্তি।
অর্দ্ধাসন (অর্দ্ধ—আসন) সং, ক্লীং, আসনের অর্দ্ধাংশ। ২। স্নেহদান, স্নেহ প্রকাশ, উপবেশনার্থ আসনের অর্দ্ধদান রূপ স্নেহ-ব্যঞ্জক সম্মান। শিং—১"অর্দ্ধাসনং গোত্র-ভিদাধিতষ্ঠৌ।" (রঘু)। ৩। নিন্দামোচন।
অর্দ্ধেন্দু (অর্দ্ধ—ইন্দু চন্দ্র) সং, পুং, চন্দ্রের অর্দ্ধভাগ, অর্দ্ধচন্দ্র; শিং—১ "জটাজূট-সমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্।" ২। (অর্দ্ধ চন্দ্রের আকার বলিয়া) নখচিহ্ন। ৩। (বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনীর বিস্তাররূপ অর্দ্ধ-চন্দ্রের আকার বলিয়া) গলহস্ত। ৪। অর্দ্ধচন্দ্রাকৃতি বাণ। ৫। প্রৌঢ়াস্ত্রীর যোনি-দেশে অর্দ্ধচন্দ্রাকারে অঙ্গুলি যোজন।
অর্দ্ধোক্ত (অর্দ্ধ—উক্ত) বিং, ত্রিং, অর্দ্ধকথিত, অসম্পূর্ণ কথিত, কিয়দ্দূর পর্য্যন্ত কথিত। শিং—১ "রামভদ্রেত্যর্দ্ধোক্তে মহারাজ।"
অর্দ্ধোক্তি (অর্দ্ধ—উক্তি) সং, স্ত্রীং, অর্দ্ধকথন, অসম্পূর্ণ কথন, সমুদয় না বলা।
অর্দ্ধোদয় (অর্দ্ধ—উদয়। যেখানে সমৃদ্ধ পুণ্যের উদয় হয়) সং, পুং, বার তিথি নক্ষত্র সংযুক্ত যোগবিশেষ। পৌষ কিম্বা মাঘ মাসে রবিবারে ব্যতীপাতযোগ এবং শ্রবণানক্ষত্রযুক্তা হইলে অর্দ্ধোদয় যোগ হয়। শিং—১ "অমার্কপাতশ্রবণৈর্যুক্তা চেন্মাঘপৌষয়োঃ। অর্দ্ধোদয়ঃ স বিজ্ঞেয় কোটিসূর্য্যগ্রহৈঃসমঃ।"(পাশ্চাত্যানির্ণয়ামৃত)
অর্দ্ধোদিত (অর্দ্ধ—উদিত) বিং, ত্রিং, অর্দ্ধো-থিত। ২। অর্দ্ধকথিত।
অর্দ্ধোরুক (অর্দ্ধোরু উরুর অর্দ্ধ+ক(কণ্)—পিধানার্থে, কিম্বা ক [কাশ্ দীপ্তি পাওয়া +অ(ড)—ক] যে দীপ্তি পায়। যে উরুর অর্দ্ধেকে দীপ্তি পায়, ৭মী—ষ) সং, ক্লীং, স্ত্রীদিগের অর্দ্ধোরু পর্য্যন্ত আচ্ছাদন বস্ত্র, কঞ্চুকবিশেষ, কাচ।
অর্পণ—ক্লীং } (অর্পি [ঋ গমনকরা+ই
অর্পণা—স্ত্রীং } (ণিচ্)—নিযুক্ত্যর্থে] গমন করান+অন(অনট্), ২য় পক্ষে + অন—ভা) সং, ক্লীং, দেওয়া; যথা—ভার অর্পণ। ২। দান; যথা—সৎপাত্রে অর্পণ। ৩। স্থাপন, ন্যাস; যেমন—পদার্পণ। ৪। স্বত্ব-ত্যাগ, পরিত্যাগ। শিং—১ "অর্পণং স্বস্য বাক্যার্থে পরস্যান্বয়সিদ্ধয়ে।" (সাহিত্য-দর্পণ)। ৫। নিক্ষেপ।
অর্পয়িতা (অর্পয়িতৃ, অর্পি+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে অর্পণ করে।
অর্পিত (অর্পণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অর্পণ করা হইয়াছে। ২। স্থাপিত, ন্যস্ত। ৩। গচ্ছিত। ৪। দত্ত।
অর্পিস (অর্পণ দেখ, ইস ইসন্)—ক) সং, পুং, হৃদয়, অগ্রমাংস।
অর্ভ (ঋ [গমন করা] পাওয়া+ভ—ক, সং-জ্ঞার্থে। যে বৃদ্ধি প্রাপ্ত হয়) সং, পুং, শিশু, বালক। ২। শিষ্য, ছাত্র। ৩। শিশির। ৪। শাকশস্যাদি, ওষধি। ৫। বিং, ত্রিং, প্রভাহীন, মলিন, অল্পতেজঃশালী।
অর্ভক (অর্ভ+ক(কণ্)—স্বার্থে অথবা ঋধ্ বৃদ্ধি পাওয়া+অক—ক। নিপাতন) সং, পুং, বালক, শিশু। শিং—১ "অভূচ্চ নম্রঃ প্রণিপাতশিক্ষয়া পিতুর্ম্মুদং তেন ততান সোঽর্ভকঃ।"(রঘু) ২। পশুশাবক। ৩। মূর্খ, অজ্ঞ। ৪। বিং, ত্রিং, স্বল্প, ক্ষুদ্র। ৫। কৃশ, ক্ষীণ। ৬। সদৃশ, তুল্য।
অর্ম্ম (ঋ গমন করা+মন্—ক) সং, পুং—ক্লীং, চক্ষুরোগ বিশেষ।
অর্ম্মণ; সং, পুং, দ্রোণপরিমাণ, ৩২ সের।
অর্য্য (ঋ [গমন করা] পাওয়া+য—ক। যে প্রভুত্ব প্রাপ্ত হয়) সং, পুং, স্বামী। ২। (যে কৃষিকর্ম্ম প্রাপ্ত হয়) বৈশ্য। ৩। (যে উত্তমতা প্রাপ্ত হয়) বিং, ত্রিং, শ্রেষ্ঠ। ৪। ন্যায্য। র্য্যা, র্য্যাণী—স্ত্রীং, বৈশ্য-জাতীয়া স্ত্রী। র্য্যী—স্ত্রীং, বৈশ্যপত্নী।

অর্য্যমা (অর্য্যমন্, ঋ গমনকরা+মন্(কনিন্) —ক, সংজ্ঞার্থে। য—আগম। যিনি গমন করেন) সং, পুং, সূর্য্য, অর্কবিশেষ। ২। কশ্যপের ঔরসে দিতির গর্ভে জাত দ্বাদশ আদিত্য মধ্যে স্বনাম খ্যাত আদিত্য। ৩। পিতৃলোকবিশেষ। শিং—১"পিতৃণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্।" (গীতা)। ৪। ঋক্‌বিশেষ। ৫। আকন্দগাছ। ৬। উত্তর-ফল্গুনী নক্ষত্র।

অর্ব্বন (ঋ গমন করা+বন(বনিপ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, ঘোটক, তুরঙ্গম। ২। ইন্দ্র। ৩। গোকর্ণপরিমাণ। ৪। (যে নিন্দায় গমন করে) বিং, ত্রিং, নীচ, অধম। র্ব্বতী—স্ত্রীং, ঘোটকী। ২। কুট্টিনী।

অর্ব্বাক্ (অর্ব্বাচ, অবর পূর্ব্বকাল—অনচ গমন করা+০(ক্বিপ্)—ক। অবর—অর্ব্ব) অং, পূর্ব্ব, আদিম। ২। পশ্চাৎ (কাল)। ৩। মধ্য (কাল)। ৪। বিং, ত্রিং, পরবর্ত্তী। ৫। নিকট। ৬। নিকৃষ্ট।

অর্ব্বাঙ্ (অর্ব্বাচ্, অর্ব্বন্ কুৎসিত—অনচ্ গমনকরা+০(ক্বিপ)—ক) বিং, ত্রিং, নিকৃষ্ট, নীচ। ২। কনিষ্ঠ। ৩। ক্ষুদ্র। ৪। বক্র।

অর্ব্বাচীন (অর্ব্বাচ নীচে+ঈন—ভবার্থে) বিং, ত্রিং, বিরুদ্ধ, বিপরীত। ২। পশ্চাদ্-বর্ত্তী, নূতন। ৩। প্রবীণ নয়; যাহার বয়স হইয়াছে, অথচ বুদ্ধির পরিপাক ও সদসদ্বিবেচনাশক্তি জন্মেনাই। ৪। অধম, নীচ।

অর্ব্বুদ (অর্ব হিংসাকরা+উদ—প্রং অথবা অর্ব্ব [অর্ব্ব+০(বিচ্)—ভাবে]—উদ [উদ্—ইন গমন করা+অ(ড)—ক] বর্গ্য বও হয়) সং, ক্লীং, দশকোটি সংখ্যা। ২। রোগবিশেষ, আব (Ophthalmia)। ৩। পর্ব্বতবিশেষ; এই পর্ব্বত রাজপুতনা অন্তঃপাতি আরাবলী নামক পর্ব্বতশ্রেণী-ভুক্ত, ৫০০০ পাদ উচ্চ এবং শিরোহী হ-হইতে ৯ ক্রোশ অন্তর। অর্ব্বুদ এক্ষণে আবু নামে খ্যাত। মহাভারতে—লিখিত আছে এই পর্ব্বতের উপরি বশিষ্ঠের আ-শ্রম ছিল। শিং—১"ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ হিমবৎ সুতমর্ব্বুদম্।" ৪। জাতিবিশেষ, বোধ হয়, ইহারা মেওয়ার দেশে আবু পর্ব্বত নিকটবাসী ছিল। ৫। স্ত্রীগর্ভস্থিত শুক্রশোণিতাত্মক ধাতু, দ্বিতীয়মাসে ইহাকে অর্ব্বুদ বলে, তৎপরে মাংসপিণ্ড ক্রমশঃ বর্দ্ধিত হইয়া পুত্র রূপে পরিণত হয়।

অর্শ, অর্শস্ (ঋ গমন করা+অ(শ), অস্ ক,—সংজ্ঞার্থে। শ—আগম। বিজয়রক্ষিত বলেন—অর্শশব্দ হিংসার্থ 'শৃ' ধাতুজ (যে অরির ন্যায় প্রাণ নষ্ট করে) সং, ক্লীং, গুহ্যস্থ রোগবিশেষ। (Hemorrhoids)

অর্শস } (অর্শস্+অ, ইন্—অস্ত্যর্থে)
অর্শী } বিং, ত্রিং, অর্শোরোগ যুক্ত।

অর্শোঘ্ন (অর্শস্—ঘ্ন [হন্ বধকরা+অ(টক্)—ক] যে বধ করে। যে অর্শরোগ নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, শূরণ, ওল। ২। ভল্লাতকবৃক্ষ। ৩। বিং, ত্রিং, অর্শ-নাশক। ঘ্নী—স্ত্রীং, তালমূলী।

অর্শোহিত (অর্শস্—হিত। যাহার সেবনে অর্শরোগের হিত হয়। ৭মী—হিং) সং, পুং, ভল্লাতক, ভেলা।

অর্হ (অর্হ্ যোগ্য হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, যোগ্য। ২। উপযুক্ত, ন্যায্য ৩। (অর্হ্ পূজা করা+অ(অল্)—র্ম্ম) পূজ্য, মান্য। ৪। পুং, ইন্দ্র। ৫। পরমেশ্বর।

অর্হণ—ক্লীং } (অর্হ পূজা করা+অন
অর্হণা—স্ত্রীং } (অনট্), অন, আ,—ভা)
অর্হা—স্ত্রীং } সং, পূজা। ২। সম্মান। ৩। পূজার সামগ্রী। ৪। যোগ্যতা।

অর্হণীয় (অর্হি পূজা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পূজনীয়।

অর্হৎ (অর্হ্ দেখ, অৎ(শতৃ)—ক) সং, পুং, বুদ্ধ। ২। বৌদ্ধ, জৈনমতাবলম্বী। ৩। বৌদ্ধক্ষপণক, জৈনসন্ন্যাসী। ৪। বিং, ত্রিং, পূজার্হ। ৫ প্রশংসার্হ। ৬। যোগ্য। ৭। প্রশস্ত।

অর্হন্ত (অর্হ্ যোগ্য হওয়া+অন্ত—ক) সং, পুং, বুদ্ধ। ২। বৌদ্ধক্ষপণক। ৩। বৌদ্ধমতাবলম্বী। ৪। শিব।

অর্হিত (অর্হ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সম্মানিত।

অল ( অল্ ভূষিত করা+অ(অন্)--ক ) সং, ক্লীং, বৃশ্চিকপুচ্ছ,হুল। ২। হরিতাল।

অলং ( অল্ ভূষিত করা+অম্—ক ) অং, ভূষণ; যেমন—অলঙ্কার। ২। সমর্থ, সক্ষম; যথা—"বরেণ শমিতং মোকানলম্ দগ্ধম্ হি তত্তপঃ।" (কুমার) ৩। পর্য্যাপ্তি, সম্পূর্ণতা, প্রাচুর্য্য; যথা—"প্রতিভূঃ স্যাদ লঙ্ঘনঃ। ৪। নিষেধ, বারণ; যথা—"অলং বিবাদেন।" ৫। অত্যর্থ; যথা—"বিজয়া-য়েত্যলমম্বশান্নির্মাম্।" ( কিরাত )। ৬। নিরর্থক, ব্যর্থ। শিং—১ "অলমতিবিস্ত-রেণ।" ৭। অবধারণ। ৮। সমর্থ।

অলক ( অল্ [মুখ] ভূষিতকরা+অক—ক ) সং, পুং—ক্লীং, যে স্ত্রীলোকের গণ্ডস্থলে লম্বমান কেশ, চূর্ণকুন্তল, কোঁকড়া চুল, ঝাপ্টা। ২। অঙ্গলিপ্ত কুঙ্কুম। ৩। মেঘ-বিশেষ, যে সকল মেঘ চূর্ণ কুন্তলাকারে অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে। ৪। পুং, ক্ষিপ্তকুক্কুর। কা—স্ত্রীং, কুবেরের পুরী। ২। আট হইতে দশ বৎ-সর পর্য্যন্ত বয়স্কা বালিকা। ৩। অলর্ক, শ্বেতআকন্দ।

অলকনন্দা (অলক—নন্দা যে আনন্দিত হয়) সং, স্ত্রীং, আট দশবৎসরের বালিকা। ২। ( অলকা—নন্দা [নন্দি আনন্দিত করান +অ(অন্)—ক। আপ্—স্ত্রীং] যে আন-ন্দিত করে) গঙ্গা। গঙ্গা বিষ্ণুর চরণ হইতে নিঃসৃত হইয়া চন্দ্রমণ্ডল প্লাবিত করত ব্রহ্ম লোকে পতিতহন। পরে ব্রহ্মপুরী পরিবেষ্টন করিয়া তাঁহার চারিটী ধারা হয়, ঐ চারিটী ধারা চারিটী নদী, সেই সেই নদীর নাম, সীতা, অলকনন্দা, চক্ষু এবং ভদ্রা। অলক-নন্দা ভারতবর্ষ অভিমুখে দক্ষিণদিগ্ ব্যা-পিয়া সাত ভাগে বিভক্ত হইয়া সমুদ্রে পতিত হইয়াছেন। মহাদেব এই অলক-নন্দাকে শত শত বর্ষ মস্তকে ধারণ করিয়া রাখেন। ইনি তথা হইতে ভূমিতে অব-তীর্ণা হইয়া সগর-সন্তানদিগের নিস্তারের কারণ হন। পদ্মপুরাণমতে—অলকনন্দা দেবলোকের নদী। গঙ্গা ব্রহ্মলোক হইতে মেরু পর্ব্বতের নিম্নে গঙ্গোত্তরীতে নামিয়া অধোগঙ্গা, জাহ্নবী এবং অলকনন্দা নামে ত্রিধারা হন। অধোগঙ্গা পাতালের নদী, জাহ্নবী পৃথিবীর ও অলকনন্দা স্বর্গের নদী।

অলকপ্রিয়; সং, পুং, বৃক্ষবিশেষ।

অলকমেঘ ( Cirrus, অলক চূর্ণিত-কুন্তল —মেঘ ) যে সকল মেঘ আকাশে অল-কের ন্যায় অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে।

অলকস্তর (Cirro-stratus) সং, পুং, মেঘ-বিশেষ, যে সকল মেঘ প্রথমতঃ অলকা-কারে উৎপন্ন হইয়া স্তরমেঘ অর্থাৎ ছাড়া ছাড়া মেঘের সহিত মিশ্রিত হয়।

অলকস্তূপ ( Cirro cumulus ) সং, পুং, যে সকল মেঘ প্রথমতঃ অলকাকারে উৎপন্ন হইয়া স্তূপ মেঘের সহিত মিশ্রিত হয়।

অলকাধিপ ( অলকা সেই নগরী—অধিপ রাজা, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, কুবের।

অলক্ত—পুং
অলক্তক—ক্লীং } (অ—রক্ত। যাহা হই-আর রক্তবর্ণ নাই, ৫মী—হিং। র=ল। ক(কণ্)—স্বার্থে ) সং, পুং, লাক্ষারস, আলতা। শিং—১"অলক্ত-কাক্তাণি পদানি পাদয়ো।" (কুমার)।

অলক্ষণ ( অ—লক্ষণ চিহ্ন, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, শুভচিহ্নবর্জ্জিত, যে লক্ষণ দেখিয়া লোকে অশুভ ঘটনার সম্ভাবনা বোধ করে, দুর্ভগ, কুলক্ষণাক্রান্ত। শিং—১ "ক্লেশাবহার্ভর্ত্তুরলক্ষণাহং।" ( রঘু )। ২। লক্ষণহীন। ৩। সং, ক্লীং, কুলক্ষণ, অশুভচিহ্ন, মন্দচিহ্ন। ৪। দুর্ভাগ্য।

অলক্ষণা (অ—লক্ষণ শুভচিহ্ন) বিং, স্ত্রীং, যে স্ত্রীলোকের লক্ষণ ভাল নয়, যাহার শরীরের লক্ষণ শুভসূচক নয়; যথা—
"অলক্ষণা কুলক্ষণা যে হই সে হই।
মোর আসিবার পুর্ব্বকালী ধন কই।"(অন্নদা)
২। নিজের ও পতি-কুলের দুর্ভাগ্যের কারণ, হতভাগা।

অলক্ষিত (অ—লক্ষিত চিহ্নিত) বিং, ত্রিং, অজ্ঞাত। ২। অদৃষ্ট। ৩। লক্ষিত নয়, অনি-রীক্ষিত। ৪। অতর্কিত। ৫। অকৃতলক্ষণ।

অলক্ষ্মী (অ বিরুদ্ধ—লক্ষ্মী) সং, স্ত্রীং, ল-ক্ষ্মীর নিরোধিনীদেবতা, আলক্ষী, দুষ্টলক্ষ্মী,

দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবতা, যে দেবতার আবির্ভাব হইলে বিপদ ও দুরবস্থা ঘটে ; যথা—"যে ব্যক্তি আলস্যপরায়ণ হইয়া কেবল শয়ান থাকে তাহাকে অলক্ষ্মীর আবেশ হয়।" ইনি লক্ষ্মীর জ্যেষ্ঠা। সমুদ্র মন্থনে অগ্রে ইহাঁর উৎপত্তি পরে লক্ষ্মীর উৎপত্তি হয়। অলক্ষ্মী উৎপন্না হইলে তাঁহাকে সুরাসুর কেহই গ্রহণ করে নাই। পরে দুঃসহ নামে এক মহাতপা ব্রাহ্মণ বিবাহ করিয়া লইয়া যান। স্মৃতি-সংগ্রহকর্ত্তা আচার্য্যচূড়ামণি অলক্ষ্মীর পূজা এইরূপ বিধি দিয়াছেন।—কার্ত্তিক মাসের অমাবস্যার রাত্রে গোময়ের পুত্তলিকা নির্ম্মাণ করিয়া বামহস্তে নির্ম্মাল্য পুষ্প ও কৃষ্ণবর্ণ পুষ্প দ্বারা অলক্ষ্মীকে পূজা করিবে। তাঁহার মূর্ত্তি কৃষ্ণবর্ণ, দ্বিভুজ, কৃষ্ণবস্ত্র পরিধান, লৌহের অলঙ্কারে ভূষিত, কাঁকরের চন্দন সর্ব্বাঙ্গে লিপ্ত, হস্তে ঝাঁটা, গর্দ্দভে আরূঢ়, ইনি সর্ব্বদাই কলহপ্রিয়। ২। দুর্ভাগ্য, দুর্দ্দশা।

**অলক্ষ্মীক** ( অলক্ষ্মী + ক—প্রঃ ) বিং, ত্রিং, "যে ব্যক্তি লোকের মর্ম্মপীড়ক, পরুষভাষী ও বাক্যরূপ কণ্টক দ্বারা অন্যের হৃদয় বিদ্ধ করে তাহাকে অলক্ষ্মীক বলে। তাহার মুখে অলক্ষ্মীর চিহ্ন সুস্পষ্ট প্রতীয়মান হয়।" (কালীপ্রসন্ন মহাভারত)।

**অলক্ষ্য** (অ—লক্ষ্য) বিং, ত্রিং, সমকক্ষ নয়, যাহাকে প্রতিদ্বন্দ্বী বলিয়া গ্রাহ্য করা যায় না। ২। অদৃশ্য, দৃষ্টির অগোচর। ৩। অচিহ্নিত, অনির্দ্দেশ্য, অনিরূপণীয়।

**অলগর্দ্দ** / **অলগর্দ্ধ** / **অলিগর্দ্ধ** } ( অলক্ [ অ—লগ্ সংলগ্ন হওয়া + ০(ক্বিপ্)—ক] অসংলগ্ন—অর্দ্দ গমন করা + অ(অন্)—ক। যে সমস্ত শরীর ভূমিতে সংলগ্ন করিয়া যায় না। দ্বিতীয়পক্ষে—অলক্—অর্দ্ধ। ফণা ধারণ হেতু যাহার অর্দ্ধভাগ ভূমিতে সংলগ্ন নয়। তৃতীয়পক্ষে—অলি ভ্রমর—গর্দ্দ্ রব করা + অ(অন্)—ক। যে অলির ন্যায় রব করে ) সং, পুং, **কেউটিয়া সাপ**। ২। **জলসর্প**। ৩। **নির্ব্বিষ সর্প, ঢোঁড়া সাপ**।

**অলঘু** (অ—লঘু) বিং, ত্রিং, গুরু, দুর্ব্বহ ; যেমন—অলঘু উরু। ২। অশীঘ্র। ৩। প্রবল। ৪। দীর্ঘ। শিং—১"অলঘু প্রসারিত-বিলোচনাঞ্জলি।" (মাঘ)। ৫। গম্ভীর,সারবান্। ৬। লঘুবর্ণ ভিন্ন গুরুবর্ণ আকারাদি।

**অলঙ্করণ** ( অলম্ ভূষিত—কৃ করা + অন (অনট্)—ণ ) সং, ক্লীং, ভূষণ, আভরণ, অলঙ্কার। ২। ( + অন অনট্)—ভাবে ) অলঙ্কার দ্বারা সজ্জিত করা, ভূষিতকরণ।

**অলঙ্কর্ত্তা** (অলঙ্কর্ত্তৃ, অলম্—কর্ত্তা) বিং, ত্রিং, প্রসাধক, ভূষক।

**অলঙ্করিষ্ণু** ( অলম্—কৃ করা + ইষ্ণু—ক ) বিং, ত্রিং, অলঙ্করণশীল। ২। ভূষক।

**অলঙ্কর্ম্মীণ** (অলম্ পারক—কর্ম্মন্ ক্রিয়া + ঈন—ভবার্থে ) বিং, ত্রিং, কর্ম্মণ্য, সম্যক্ কার্য্যদক্ষ, কার্য্যকুশল।

**অলঙ্কার** (অলম্ ভূষিত—কৃ করা + অ(ঘঞ্) —ণ) সং,পুং, যাহারদ্বারা শরীরকে ভূষিত করা যায়, ভূষণ, আভরণ ; যেমন—বস্ত্রালঙ্কার। ২। ভূষিতকরণ। ৩। সাহিত্য-বিষয়ক দোষ গুণ প্রতিপাদক শাস্ত্র। ৪। কাব্যের অলঙ্কার, উপমা, রূপক প্রভৃতি। ৫। শব্দ ও অর্থের গুণ।

**অলঙ্কৃত** ( অলঙ্কার অর্থ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অলঙ্কার দ্বারা সজ্জিত, ভূষিত, সজ্জিত।

**অলঙ্ক্রিয়া** (অলম্ ভূষিত—ক্রিয়া [কৃ করা + অ(শ)—ভাবে] করণ) সং, স্ত্রীং, ভূষিতকরণ, সাজান। ২। ভূষণ।

**অলঙ্ঘন** (অ—লঙ্ঘন ) সং, ক্লীং, লঙ্ঘন না করা, অতিক্রম না করা, অনতিক্রম, অনুল্লঙ্ঘন, অনতিবর্ত্তন।

**অলঙ্ঘনীয়** ( অ—লঙ্ঘনীয় ) বিং, ত্রিং, লঙ্ঘনীয় নয়, যাহা লঙ্ঘন করা উচিত নয়, অনতিক্রমনীয়, অনুল্লঙ্ঘনীয়, অনতিবর্ত্তনীয়।

**অলঙ্ঘ্য** ( অ—লঙ্ঘ্য অতিক্রমণীয় ) বিং, ত্রিং, অনতিক্রমণীয়, যাহা অতিক্রম করা যায় না।

**অলজ্জ** ( অ—লজ্জা ) বিং, ত্রিং, যার লজ্জা নাই, নির্লজ্জ, লজ্জাহীন, ধৃষ্ট।

অলঞ্জর (অলম্ শীঘ্র—জৃ জীর্ণহওয়া+অ (অন্)—ক। যে শীঘ্র ভাঙ্গিয়া যায়) সং, পুং, মৃন্ময় জলাধার, জালা, কলসী।

অলন্তরাম্ (অলম্—তরাম্(চতরাম্)—প্রং) অং, অপেক্ষাকৃত অধিক বা সমর্থ। শিং—১ "পুরোডাশভুজামিষ্টমিষ্টং কর্ত্তুমলন্তরাম্।" (মাঘ)।

অলন্ধূম (অলম্ অত্যর্থ—ধূম) সং, পুং, অত্যন্ত ধূম, ধূমসমূহ।

অলব্ধ (অ—লব্ধ) বিং, ত্রিং, লব্ধ নয়, অপ্রাপ্ত, অনধিগত।

অলভ্য (অ—লভ্য) বিং, ত্রিং, যাহা লাভ করিতে পারা যায় না, অপ্রাপ্য, অনধিগম্য।

অলম্পুরুষীণ (অলম্ সমর্থ—পুরুষ+ঈন—প্রং) বিং, ত্রিং, পুরুষযোগ্য, প্রতিমল্লাদির সহিত যুদ্ধসমর্থ।

অলম্বুদ্ধি (অলম্ ব্যর্থ, পর্য্যাপ্ত—বুদ্ধি) সং, স্ত্রীং, অলংজ্ঞান, নিষ্প্রয়োজন—এই বোধ। শিং—১ "পশ্যন্নপি নালম্বুদ্ধিমবাপ।"

অলম্বুষ (অলম্—বুস্ ক্ষতি করা+অ(ক)—ক। নিপাতন) সং, পুং, রাক্ষসবিশেষ। এই রাক্ষস কুরুক্ষেত্রে অভিমন্যুর সহিত অনেক প্রকার মায়াযুদ্ধ করিয়াছিল, পরিশেষে পরাস্ত হইয়া পলায়ন করে। ২। (+অ—র্ম্ম) প্র-হস্ত। ৩। (+অ—ভাবে) বমন। ষা—স্ত্রীং, স্বর্বেশ্যাবিশেষ। ইনি কশ্যপের প্রধা নাম্নী স্ত্রীর গর্ভে জাত; তৃণবিন্দু রাজা ইহার স্বামী; বিশাল রাজা ইহার পুত্র। ২। লজ্জাবতী লতা। ৩। মুণ্ডীরী, ভুঁইকদম। ৪। কুকশিম। ৫। অন্যের প্রবেশ নিবারণার্থ দত্তরেখা।

অলর্ক (অলং অত্যর্থ—অর্ক্ স্তুতি করা+অ—র্ম্ম। দংশন ভয় বা মৃগদংশন নিমিত্ত যে স্তুত হয়, কিম্বা অলং শীঘ্র—অর্ক্ গমন করা+অ(অন্)—ক। নিপাতন। যে শীঘ্র গমন করে) সং, পুং, প্রেরিত কুকুর, উন্মত্ত কুকুর। ২। শ্বেত আকন্দ। ৩। অসুরবিশেষ; দংশ নামক অসুর ভৃগুর শাপে আট পা বিশিষ্ট, অতি তীক্ষ্ণদন্ত, গাত্রের লোম সূচের ন্যায়, এই রূপ আকৃতি ধারণ করিয়া অলর্ক নামে খ্যাত হইয়াছিল। পরে সেই অলর্করূপী দংশ কর্ণের ঊরুদেশ বিদীর্ণ করিয়া পরশুরামের নয়নগোচর হওয়াতে শাপমুক্ত হইয়া পূর্ব্বশরীর প্রাপ্ত হয়। ৪। অষ্টপাদ, তীক্ষ্ণদন্ত, সূচ্যাকৃতি, লোমবিশিষ্ট শূকরাকার জন্তুবিশেষ। ৫। কাশীরাজ, বৎস রাজার পুত্র, সন্নতের পিতা।

অলবাল (অ—লূ ছেদন করা+আল—র্ম্ম) সং, ক্লীং, বৃক্ষমূলে জলধারণ করিবার জন্য মৃত্তিকাবেষ্টনী, আলি, আলবাল।

অলস, আলস (অ—লস্ শ্লিষ্টহওয়া+অ(অন্)—ক। যে কোন কার্য্যে রত হয় না) বিং, ত্রিং, আলস্যযুক্ত, জড়, শ্রম করিতে যার প্রবৃত্তিনাই, কাতর, শ্রমবিমুখ। ২। কোন কার্য্য নির্ব্বাহ বিষয়ে যার যত্ন ও উৎসাহ নাই। ৩। সং, পুং, বৃক্ষবিশেষ। ৪। পাদরোগবিশেষ, পাঁকুই। সা—স্ত্রীং, হংসপদীলতা।

অলসক (অলস+ক(কণ্)—স্বার্থে) বিং, ত্রিং, অলস। ২। (অলস—কৃ করা+অ(ড)—ক) পুং, উদরাময়বিশেষ।

অলাত, আলাত (অ—লা গ্রহণ করা+ত (ক্ত)—র্ম্ম, সংজ্ঞার্থে। যাহা গ্রহণকরা যায় না) সং, ক্লীং, অর্দ্ধ দগ্ধকাষ্ঠ, অঙ্গার, জলন্ত বা নিবন্ত কয়লা। শিং—১ "কুরুতেঽস্মিন্নমোঘেঽপি নির্ব্বাণালাতলাঘবম্।" (কুমার)

অলাতচক্র (অলাত—চক্র) সং, ক্লীং, চক্রাকার বহ্নি, অঙ্গারচক্র; যথা—"ঐ মহাবীর সমরাঙ্গনে অলাতচক্রের ন্যায় ভ্রমণ করত দ্রোণ, কর্ণকে শরবিদ্ধ করিতে লাগিলেন।"

অলাত-শিলা; সং, স্ত্রীং, পাতুরে কয়লা।

অলাবু—স্ত্রীং—ক্লীং }
অলাবূ—স্ত্রীং } (অ—লব্ মগ্ন হওয়া+উ, ঊ—ক, সংজ্ঞার্থে। নিপাতন। যে জলে মগ্ন হয় না) সং, তুম্বী, লাউ, তিতলাউ।

অলাভ (অ—লাভ) সং, পুং, লাভাভাব, অপ্রাপ্তি, অনধিগম। শিং—১ "সুখদুঃখে সমেকৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।" (গীতা)। ২। ক্ষতি, নাশ, অপগম।

অলার (অল [অল্ পারক হওয়া+অ(অন্)—ক] সমর্থ—আর [ঋ গমন করা+অ

(ষণ্ড)—ণ ] যে গমন করে, যাহার দ্বারা কেহ গমন করিতে পারে ) সং, পুং, দ্বার, কবাট।

অলি, আলি ( অল্ ভূষিত করা+ই—ক, সংজ্ঞার্থে। যে পুষ্প ভূষিত করে) সং, পুং, ভ্রমর। ২। (ভ্রমরবৎ কৃষ্ণবর্ণ বলিয়া অলি নাম হইল ) কোকিল। ৩। কাক। ৪। ( অল বৃশ্চিকলাঙ্গুল + ই—অস্ত্যর্থে ) বৃশ্চিক। ৫। মদ্য। ৬। বৃশ্চিকরাশি।

অলিক (অল্ ভূষিত করা+ইক(ইকন্)—র্ম্ম, সংজ্ঞার্থে। যে ভূষিত হয় বা যাহাকে ভূষিত করা যায়) সং, ক্লীং, ললাট-দেশ। শিং—১ "অসংস্কৃতালকিনীমলিক-লেখাম্।" (কাদম্বরী)।

অলিকুলসঙ্কুল ( অলিকুল—সঙ্কুল ব্যাপ্ত ) বিং, ত্রিং, ভ্রমরকুলব্যাপ্ত। শিং—১"অলি-কুলসঙ্কুল কুসুম নিরাকুল নবদলমালত-মালে।"(জয়দেব)। ২। সং,পুং, কুব্জকবৃক্ষ।

অলিগর্দ্দ ; সং, পুং, "অলগর্দ্দ" দেখ।

অলিজিহ্বা, অলিজিহ্বিকা (অলি—জিহ্বা। অলির ন্যায় জিহ্বা ) সং, স্ত্রীং, জিহ্বা-মূলের উপরিস্থ ক্ষুদ্র জিহ্বা, আলজিভ্।

অলিঞ্জর (অলিম্—জৄ জীর্ণ করা+অ(অন্)—ক। যে শীঘ্র ভাঙ্গিয়া যায়) সং, পুং, মৃন্ময়জলাধার, জালা, জল-কলস। যথা—"তখন তিনি অঞ্জলি দ্বারা মৎস্যকে উদক হইতে উদ্ধার করিয়া শশিকান্তিধবল অলি-ঞ্জরে নিক্ষেপ করত পুত্রভাবে প্রতিপালন করিতে লাগিলেন।"(কা, প্র, মহাভারত)

অলিদূর্ব্বা (অলি—দূর্ব্বা। অলির ন্যায় আকার বলিয়া) সং, স্ত্রীং, মালদূর্ব্বা, মালম্বাস।

অলিন্দ, আলিন্দ ( অল্ ভূষিতকরা+ইন্দ (কিন্দ)—ক, সংজ্ঞার্থে। যাহার দ্বারা গৃহ ভূষিত করা যায় ) সং, পুং, দ্বারের বহিঃ-স্থিত রক, চাতাল, বাটীর সম্মুখে বাঁধান উঠান, বারাণ্ডা ; যথা—

"অলিন্দে সুন্দর হৈমময় স্তম্ভাবলী
হীরাচূড়।" (মেঘ)। ২। জাতিবিশেষ।

অলিপক } ( অ—লিপ্ লেপ দেওয়া+
অলিম্পাক } অক—ক ) সং, পুং—স্ত্রীং, ভ্রমর। ২। কোকিল। ৩। কুকুর।

অলিপত্রিকা ( অলি বৃশ্চিক—পত্র। বৃশ্চিকের ন্যায় পত্র যাহার ) সং, স্ত্রীং, বৃশ্চিকাখ্য ক্ষুপ।

অলিপর্ণী ; সং, স্ত্রীং, বৃশ্চিকালী বৃক্ষ, বিছাটি গাছ।

অলিপ্রিয় ( অলি—প্রিয় প্রিয়বস্তু, অলির প্রিয়বস্তু। কবিরা এই পুষ্পকে অলির বিশেষ প্রিয় বলিয়া বর্ণনা করেন ) সং, ক্লীং, রক্তোৎপল, রক্তপদ্ম, কোকনদ।

অলিপ্রিয়া ; সং, স্ত্রীং, পাটলাবৃক্ষ, পারুল।

অলিমক (অলি—মা পরিমাণ করা+অ(ড)—ক, কর্—স্বার্থে অথবা অল্ ভূষিত করা+মক—প্রং ) সং, পুং, পদ্মকেশর। ২। ভেক। ৩। ভ্রমর। ৪। কোকিল। ৫। মধুকবৃক্ষ।

অলিবাহিনী (অলি—বাহিনী। যাহার গন্ধে অলিকে বহন করিয়া লইয়া যায়) সং, স্ত্রীং, কেবিকাপুষ্প।

অলিমোদা (অলি ভ্রমর—মুদ্ হর্ষ, সন্তুষ্ট করা + অ(অল্)—ভাবে। যে ভ্রমরকে আনন্দিত করে) সং, স্ত্রীং, গণিকারী বৃক্ষ।

অলী, আলী ( অলিন্, আলিন্, অল, আল হুল+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, ভ্রমর। ২। বৃশ্চিক, বিছা

অলীক (অল্ নিবারণকরা+ঈক(ঈকন্)—র্ম্ম) সং, ক্লীং, মিথ্যা, অসত্য। ২। ললাট। ৩। স্বর্গ, আকাশ। ৪। বিং, ত্রিং, মিথ্যা, অমূলক, অপ্রামাণিক। ৫। অসুখকর। ৬। অপ্রিয়। ৭। ক্ষুদ্র, স্বল্প।

অলে, অলেলে ; অং, নাটকাদিতে—দৈত্যা-দির অর্থশূন্য শব্দ।

অলোকসাধারণ (অ—লোক জগৎ—সাধা-রণ) বিং, ত্রিং, অলোকসামান্য দেখ।

অলোকসামান্য (অ—লোক জগৎ—সামান্য সাধারণ ) বিং, ত্রিং, যাহা লোকে সাধারণ নয়, যাহা সচরাচর পাওয়া যায় না, অলো-কসাধারণ, অসাধারণ। ২। অলৌকিক।

অলৌকিক (অ—লৌকিক) বিং, ত্রিং, যে রূপ পৃথিবীতে দেখিতে পাওয়া যায় না, লোকাতীত। ২। ( অ—লোক মানুষ) লৌকিক নয়, লোকব্যবহারে অনভিজ্ঞ, যে

লোকব্যবহার জানে না, লোকের সঙ্গে কেমন করিয়া ব্যবহার করিতে হয় তাহা জানে না।

অলৌকিকতা (অলৌকিক+তা—ভাবে) সং, স্ত্রীং, চমৎকারিত্ব, চমৎকারজনকতা। ২। লোকব্যবহারে অনাদর, লোকব্যবহারে অনভিজ্ঞ, লোকের সঙ্গে কেমন করিয়া ব্যবহার করিতে হয় তাহা না জানা বা তদ্বিষয়ে উপেক্ষা।

অল্প (অল্ নিবারণ করা+প—ক) বিং, ত্রিং, ক্ষুদ্র। ২। ঈষৎ। ৩। তুচ্ছ, অতি সামান্য। ৪। কিঞ্চিৎ, কিছু। ৫। কম।

অল্পক (অল্প+ক(কণ্)—যোগ) বিং, ত্রিং, ক্ষুদ্র। ২। সং, পুং, যবাসবৃক্ষ।

অল্পকেশী (অল্প—কেশী। অল্প কেশের ন্যায় পত্র ইহার) সং, স্ত্রীং, ভূতকেশী বৃক্ষ।

অল্পগন্ধ (অল্প—গন্ধ) সং, ক্লীং, রক্তকৈরব। ২। বিং, ত্রিং, স্বল্পগন্ধ যুক্ত।

অল্পচেতাঃ (অল্পচেতস্, অল্প—চেতস্ মন) বিং, ত্রিং, লঘুচেতাঃ।

অল্পজ্ঞ (অল্প—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং, ত্রিং, যে অল্প জানে, অধিক জানে না, অবহুজ্ঞ, সামান্যজ্ঞানবিশিষ্ট। ২। যে কোন বিষয়ের সবিশেষ জানে না, যে কোন বিষয়ে পারদর্শী নয়।

অল্পতনু (অল্প—তনু শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, খর্ব্বদেহ, বামন। ২। দুর্ব্বল, অল্প অস্থিযুক্ত।

অল্পদর্শী (অল্পদর্শিন্, অল্প—দর্শী যে দেখে) বিং, ত্রিং, যে বিচক্ষণ নয়, যাহার বিজ্ঞতা জন্মে নাই। ক্ষীণবুদ্ধি, অপরিণতমতি।

অল্পধী (অল্প—ধী বুদ্ধি) বিং, ত্রিং, অল্পবুদ্ধি, অল্পপত্র; সং, পুং, ক্ষুদ্রপত্র তুলসী।

অল্পপদ্ম (অল্প অসম্পূর্ণ—পদ্ম) সং, ক্লীং, রক্তপদ্ম।

অল্পপ্রমাণক (অল্প—প্রমাণ+ক—যোগ) সং, পুং, ক্ষুদ্র তরমুজ, খরমুজ। ২। বিং, ত্রিং, ক্ষীণপরিমাণ, ক্ষুদ্রপরিমাণ। ৩। খর্ব্ব, ক্ষুদ্র। ৪। ক্ষীণপ্রত্যয়ী, স্বল্পপ্রমাণবিশিষ্ট।

অল্পপ্রাণ (অল্প—প্রাণ সামর্থ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার ক্ষমতা বা সামর্থ্য অল্প। ২। ক্ষুদ্রপ্রাণ, ক্ষীণজীবী। ৩। (অল্প—প্রাণ প্রাণবায়ু) বর্ণভেদ, যাহাদিগের উচ্চারণে অল্প প্রাণ বায়ুর কার্য্য হয়। বর্গের প্রথম, তৃতীয়, পঞ্চমবর্ণ এবং য র ল ব অল্পপ্রাণ বর্ণ। ইহারা একাদশ প্রকার বাহ্যপ্রযত্ন দ্বারা উচ্চরিত হইয়া থাকে—একাদশ প্রকার বাহ্যপ্রযত্ন যথা;—বিবার, সংবার, শ্বাস, নাদ, ঘোষ, অঘোষ, অল্পপ্রাণ, মহাপ্রাণ, উদাত্ত, অনুদাত্ত, স্বরিত।

অল্পবুদ্ধি (অল্প—বুদ্ধি) বিং, ত্রিং, যাহার বুদ্ধি অল্প, মন্দবুদ্ধি, ক্ষীণমতি, জড়বুদ্ধি।

অল্পভাষী (—ষিন্, অল্প পরিমিত—ভাষী যে কথা বলে) বিং, ত্রিং, যে অধিক কথা কয় না। ২। মিতভাষী, পরিমিতভাষী। ণী—স্ত্রীং।

অল্পমারিষ (অল্প—মৃষ্ খণ্ডন করা+ই—সংজ্ঞার্থে। অথবা অল্প—মারিষ শাক বিশেষ। পত্র কাণ্ড ক্ষুদ্র বলিয়া অল্পমারিষ নাম হইল) সং, পুং, ক্ষুদ্র নটেশাক।

অল্পবয়স্ক (অল্প অনধিক—বয়স+ক—যোগ) বিং, ত্রিং, যার বয়স অল্প, অনধিবয়স্ক। স্কা—স্ত্রীং।

অল্পশঃ (অল্পশস্, অল্প+শস্(চশস্)—প্রং) অং, অল্পে অল্পে, অল্প অল্প করিয়া, অল্প পরিমাণে। শিং—১ "যদি তু প্রায়শোঽধর্ম্মং সেবতে ধর্ম্মমল্পশঃ।" (মনু)।

অল্পসরঃ (অল্পসরস্, অল্প ক্ষুদ্র—সরঃ সরোবর, য়ং—স) সং, ক্লীং, পল্বল, ক্ষুদ্র সরোবর, যাহা গ্রীষ্মকালে শুকাইয়া যায়, ডোবা, গেড়ে।

অল্পসার (অল্প—সার স্থিরাংশ, সামর্থ্য) বিং, ত্রিং, অল্পবল, দুর্ব্বল, সামর্থ্যহীন; যথা—"তন্নিবন্ধন অনেকানেক ক্ষুধিত অল্পসার প্রাণীগণ শমনসদনে গমন করিবে।"

অল্পাকাঙ্ক্ষী (—কাঙ্ক্ষিন্, অল্প অনধিক—আকাঙ্ক্ষিন্ যে আকাঙ্ক্ষা করে) বিং, ত্রিং, যে অধিক আকাঙ্ক্ষা করে না, যে অল্পেই সন্তুষ্ট হয়, অল্পাশয়।

অল্পায়ুঃ (অল্পায়ুস্, অল্প—আয়ুস্ জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার আয়ু অল্প,

যে অধিক দিন বাঁচে না, যে দীর্ঘজীবী নয়, অল্পকালজীবী। ২। অল্পবয়স্ক। ৩। (অল্প আয়ু বলিয়া) পুং—স্ত্রীং, ছাগ।

অল্পাল্প (অল্প—অল্প) বিং, ত্রিং, অতি অল্প। ২। অল্পে অল্পে।

অল্পাশয় (অল্প অনধিক—আশয় আকাঙ্ক্ষা) বিং, ত্রিং, যার অধিক আশয় নয়, অল্পাকাঙ্ক্ষী।

অল্পাহার (অল্প পরিমিত—আহার) সং, পুং, পরিমিত ভোজন, লঘু আহার। ২। বিং, ত্রিং, পরিমিতভোজী।

অল্পাহারী (—রিন্, অল্প পরিমিত—আহারী যে আহার করে) বিং, ত্রিং, যে অল্প খায়, মিতাশী, মিতভোজী, পরিমিতভোজী।

অল্পিষ্ঠ, অল্পীয়ান্ (অল্পীয়স্, অল্প+ইষ্ঠ, ঈয়স্ (ঈয়সু)—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যল্প, অতিক্ষুদ্র।

অল্পেয়ে, অলপ্পেয়ে, অপ্পেয়ে (অল্পায়ুঃ শব্দের অপভ্রংশ) বিং, ত্রিং, অল্পায়ুঃ দেখ। ২। যার সুলক্ষণ নাই; যথা—
"অরে বুড়া আটকুড়া নারদ অল্পেয়ে।
হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে।"

অল্ল (অল্ পর্য্যাপ্ত—লা গ্রহণকরা ইত্যাদি +অ(ক)—ক। যিনি সর্ব্বগ্রাহী, সর্ব্বজ্ঞ, এবং সর্ব্বভক্ষ) সং, পুং, পরমেশ্বর; যবনেরা এই নামে পরমেশ্বরের উপাসনা করিয়া থাকে, আল্লা।

অল্লা (অল্ [অল্ ভূষিত করা+০(ক্বিপ্)—ক] ভূষিত করা—লা [লা গ্রহণ করা+অ(ড)—ক] গ্রহণ করা। আপ্—স্ত্রীং। ভূষিত হইবার জন্য যিনি বালককে গ্রহণ করেন) সং, স্ত্রীং, নাট্যে—মাতা। ২। পরম দেবতা।

অব (অব্ রক্ষা করা+অ(অন্)—ক) অং, উপং, বিস্তার। ২। ন্যূনতা। ৩। বিশ্রাম। ৪। আদেশ। ৫। শোধন। ৬। জ্ঞান। ৭। অসম্মান। ৮। অনাদর। ৯। পুষ্টি। ১০। নিম্নতা। ১১। নিশ্চয়। ১২। ব্যাপ্তি। ১৩। আলম্বন। ১৪। নিয়োগ। ১৫। শুদ্ধি। ১৬। পরিভব। ১৭। পালন। ১৮। বিয়োগ। ১৯। বিজ্ঞান।

অবকট (অব্ রক্ষাকরা+কট(কটচ্)—স্বার্থে) সং, ক্লীং, বৈরূপ্য, বৈপরীত্য। ২। বিং, ত্রিং, নিম্ন। ৩। বিপরীত।

অবকর (অব বিস্তীর্ণতা—কর যে করে। অথবা অব—কৃ বিক্ষেপ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমার্জ্জনী দ্বারা বিক্ষিপ্ত ধূলিআদি, আবর্জ্জনা, ওঁচলা, জঞ্জাল। শিং—১ "অবকরনিকরং বিকিরতি তং কিং কৃকবাকুরিবহংসঃ।" ২। (+অল্—ভাবে) অতিবর্ষণ। ৩। বিক্ষেপ।

অবকর্ষণ (অব—কৃষ্ আকর্ষণকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, স্থানান্তরে লইয়া যাইবার জন্য বলপূর্ব্বক আকর্ষণ। ২। অধোনয়ন, নীচে লইয়া যাওয়া।

অবকলিত (অব—কল্ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। ২। জ্ঞাত। ৩। সঙ্কলিত। ৪। বদ্ধ।

অবকাশ (অব-কাশ্ দীপ্তিপাওয়া+অ(অন্)—ভাবে) সং, পুং, অবসরকাল, নিশ্চিন্ত সময়, যথা—এক্ষণে আমার অবকাশ নাই। ২। ছুটী, কর্ম্ম হইতে বিরাম, যথা—তিনি আপন প্রভুর নিকট এক মাসের অবকাশ লইয়াছেন। ৩। অ[illegible]স্থানদেশ, ব্যাপ্তিরহিতস্থান, দুই [illegible]নার মধ্যবর্ত্তী সময়; যথা—তাহারা কল্য আসিব বলিয়া চলিয়া গেল সে এই অবকাশে পলায়ন করিল। ৪। দ্রব্য সঞ্চয় স্থান। ৫। স্থান, প্রশস্তপ্রদেশ। শিং—১"অবকাশো বিবিক্তোঽয়ং মহানদ্যোঃ সমাগমে।"(রামায়ণ) ৬। অবস্থিতির যোগ্য স্থান; ইহা দুই প্রকার দৈশিক ও কালিক; ক্রিয়ান্তর স্থিতিযোগ্যতাকে কালিক অবকাশ বলে; যথা—"কৃত্বাবকাশে রুচিসংক্লিপ্তম্।"(রঘু) দ্রব্যান্তর স্থিতি যোগ্যতাকে দৈশিক অবকাশ কহে; যথা—"অবকাশং কিলোদন্বানিক্তি।" (রঘু)।

অবকীর্ণ (অব—কৃ বিক্ষেপকরা+ত(ক্ত)—র্ম্ম। ত=ন) বিং, ত্রিং চূর্ণিত। ২। ধ্বস্ত। ৩। ইতস্ততঃ বিক্ষিপ্ত, চারিদিকে ছড়ান। ৪। ন্যস্ত। ৫। ক্লীং, উল্লঙ্ঘন।

অবকীর্ণী (অবকীর্ণিন্, অবকীর্ণ [অব—কৃ

হিংসাকরা+ত(ক্ত)—র্ম্ম] হিংসিত+ইন্ —তৃতীয়ার্থে) বিং, ত্রিং, ব্রতোল্লঙ্ঘনকারী, নিয়মোল্লঙ্ঘনকারী, ক্ষতব্রত। ২। পুং, "কামপ্রযুক্ত স্ত্রীসংসর্গ করিলে ব্রহ্মচারীর ব্রত উল্লঙ্ঘন করা হয়" এই লক্ষণে স্ত্রী-সংসর্গাদি দ্বারা ত্যক্তনিয়ম প্রথমাশ্রমী।

অবকৃষ্ট (অব বাহির—কৃষ্ ভূমিচসা+ত (ক্ত)—র্ম্ম। ত=ট) বিং, ত্রিং তাড়িত, বহিষ্কৃত। ২। অপসারিত। ৩। নিষ্কাশিত, আকৃষ্ট। ৪। অধম, জঘন্য, হেয়। শিং—১ "প্রতিকর্ত্তুং প্রকৃষ্টস্য নাবকৃষ্টেন যুজ্যতে।" (রামায়ণ)। ৫। হীনজাতীয়, অপকৃষ্টবর্ণ। শিং—১ "চান্দ্রায়ণং চরেৎ সর্ব্বানবকৃষ্টান্ নিহন্য তু।" ৬। পুং, গৃহ-সম্মার্জ্জক দাস, যে ব্যক্তি গৃহ পরিষ্কার এবং জল বহন করে তাহাকে অবকৃষ্ট বলে। শিং—১ "পণোদেয়োঽবকৃষ্টস্য ষড়ুৎকৃষ্টস্য বেতনম্। ষাণ্মাসিকস্তথাচ্ছাদো ধান্যদ্রোণস্তু মাসিকঃ।" (মনু)।

অবকেশী (অবকেশিন্,অবকেশ [অব জঘন্য —কেশ চুল। অবকেশ অর্থাৎ ছিন্ন-কেশ, তদ্ধর্ম্ম নৈষ্ফল্য। ধর্ম্মধর্ম্মির অভেদ হেতু এখানে অবকেশের অর্থ নৈষ্ফল্য]+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অফল বৃক্ষ। ২। বিং, ত্রিং, বন্ধ্য, নিষ্ফল। ৩। অল্প কেশ-যুক্ত।

অবক্তব্য (অ—বক্তব্য কথনীয়) বিং, ত্রিং, বক্তব্য নয়, বলা উচিত নয়, যাহা মুখে আনা উচিত নয়, অকথ্য, অবাচ্য, অকথনীয়। ২। যাহা বাক্য দ্বারা বলা যায় না।

অবকোটক (অব—কুট্ বক্র হওয়া+অক (ণক)—ক) সং, পুং, বক।

অবক্রয় (অব—ক্রী ক্রয়করা+অ(অল্)—প্রং) সং, পুং, ভাড়া। ২। মূল্য, দাম।

অবক্রিয়া (অব—ক্রিয়া) সং, স্ত্রীং, অনাদর, ঔদাস্য। ২। অকর্ম্ম।

অবক্রুষ্ট (অব—ক্রুশ্ চীৎকারকরা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, কুশব্দিত। ২। ভৎর্সিত।

অবক্রোশ (অব অপ্রিয়—ক্রোশ চীৎকার) চীৎকার। ২। শাপ। ৩। ভৎর্সনা।

অবক্ষিপ্ত (অব—ক্ষিপ্ ক্ষেপণকরা+ত (ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। ২। যাহাকে ঠাট্টা ও ব্যঙ্গ্যকরা গিয়াছে, সোপহাসোক্ত।

অবক্ষেপ (অব—ক্ষিপ্ ক্ষেপণ করা+অ (অল্)—ভাবে) সং, পুং, অযথাক্ষেপণ, বিক্ষেপ। ২। অধঃক্ষেপণ। ৩। ব্যাজোক্তি, শ্লেষোক্তি।

অবক্ষেপক (অবক্ষিপ্ত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে অবক্ষেপ করে বা করিতে ভাল বাসে।

অবক্ষেপণ (অব—ক্ষিপ্ ক্ষেপণ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, ন্যায়মতে—উৎক্ষেপণাদি পঞ্চ-কর্ম্ম মধ্যে পরিগণিত অধোনিক্ষেপরূপ কর্ম্ম। শিং—১ "উৎক্ষেপণং ততোঽবক্ষেপণমাকুঞ্চনং তথা। প্রসারণঞ্চ গমনম্ কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ।" ২। নিন্দা, অপবাদ। ৩। তিরস্কার।

অবগণিত (অব—গণ্ [গণা] হেয়করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত, ঘৃণিত, অবমানিত, তিরস্কৃত।

অবগণ্ড (অব—গন্ড্ বদনৈকদেশ হওয়া +অ—প্রং) সং, পুং, গণ্ডস্থ ব্রণ, বয়স্-ফোড়া।

অবগত (অব—গম্ [গমন করা] জানা+ত (ক্ত)—র্ম্ম। ম্—লোপ) বিং, ত্রিং, জ্ঞাত, বিদিত, যাহা জানা হইয়াছে। ২। (+ক্ত —ক) প্রস্থিত, অপসৃত। ৩। পরিজ্ঞাত। ৪। নিম্নগত।

অবগতি (অব—গম্ গমন করা+তি(ক্তি) —ভা) সং, স্ত্রীং, বোধ, জ্ঞান; যথা— "তা সবার দুঃখ শুনি কহে এক সতী। অপূর্ব্ব অমার দুঃখ কর অবগতি।"(বিদ্যা) ২। অপগম, অপসরণ।

অবগথ (অব—গম্ গমন করা+থ(থক্)—ক) বিং, ত্রিং, প্রাতঃস্নাত, প্রাতঃস্নায়ী।

অবগদিত (অব—গদ্ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুক্ত, অনুচ্চারিত। ২। অপবাদযুক্ত, নিন্দিত।

অবগন্তব্য (অব—গম্ [গমনকরা] জানা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানিতে হইবেক বা জানা উচিত, জ্ঞেয়, জ্ঞাতব্য, বোদ্ধব্য। ২। পরিহার্য্য, ত্যাজ্য।

অবগম (অব—গম্ গমন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, জ্ঞান, বোধ। ২। প্রস্থান, অপগম।

অবগাঢ় (অবগাহ দেখ, ত(ক্ত)—ক, র্ম্ম) বিং, ত্রিং, নত, নিম্ন। ২। নিমগ্ন। ৩। অতিরিক্ত। ৪। নিবিড়, নীরন্ধ্র। ৫। অন্তঃপ্রবিষ্ট। ৬। স্নাত।

অবগাদ (অব—গম্ গমনকরা+আদক্—ক অথবা অপ্ জল—অগ্ গমন করা+আদক্—ক) সং, পুং, জলদ্রোণী, নৌকার জলসেচন কাষ্ঠপাত্র।

অবগাহ—পুং, অবগাহন—ক্লীং (অব—গাহ্ স্নানকরা+অ(অল্),অন(অনট্)—ভা) সং, জলে নামিয়া স্নান। জলমধ্যে প্রবেশ, জলে অবতীর্ণ হওয়া। ২। মজ্জন। ৩। প্রবেশ। ৪। অন্তঃপ্রবেশ। ৫। (+অল্—ধি) স্নান-ঘাট।

অবগাহিত (অব ভিতরে—গাহ্ প্রবেশকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে অবগাহন করা গিয়াছে, স্নাত, নিমগ্ন।

অবগীত (অব নিন্দিত ইত্যাদি—গীত [গৈ গান করা+ত(ক্ত)—র্ম্ম] উচ্চরিত, যাহা গাওয়া হইয়াছে) বিং, ত্রিং, নিন্দিত, গর্হিত। ২। দুষ্ট। ৩। গীত। ৪। (+ত—ভাবে) সং, ক্লীং, অপবাদ, গীতাদি দ্বারা নিন্দাখ্যাপন। ৫। মন্দগীত, অসাধুগীত।

অবগুণ (অব—গুণ্ মন্ত্রণাকরা ইত্যাদি+অ—প্রং) সং, পুং, দোষ, গুণরাহিত্য।

অবগুণ্ঠন (অব—গুন্ঠ্ বেষ্টন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, স্ত্রীলোকের মুখের আচ্ছাদন। ২। (অনট্—ভাবে) স্ত্রীলোকদিগের শিরঃপ্রাবরণ ক্রিয়া, মুখাচ্ছাদন, প্রাবরণ। ৩। ধূল্যাদিপ্রক্ষণ, সম্মার্জ্জন।

অবগুণ্ঠনমুদ্রা (অবগুণ্ঠন—মুদ্রা) সং, স্ত্রীং, অবগুণ্ঠন জন্য অঙ্গুলিমুদ্রা। শিং—১ "সব্যহস্তকৃতামুষ্টি দীর্ঘাধোমুখতর্জ্জনী। অবগুণ্ঠনমুদ্রেয়মভিতো ভ্রামিতা মতা।"

অবগুণ্ঠিকা (অব—গুন্ঠ্ বেষ্টনকরা+অক(ণক)—ক। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্ত্রীমুখাবরণবস্ত্র। ২। মুখাচ্ছাদন। ৩। যবনিকা।

অবগুণ্ঠিত (অবগুণ্ঠন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঘোমটা দেওয়া, কৃতাবগুণ্ঠন। ২। আচ্ছাদিত, আবৃত।

অবগৃহ্য (অব—গৃহ্য [গ্রহ্ গ্রহণকরা+য(ক্যপ্)—র্ম্ম] গ্রহণযোগ্য) সং, ক্লীং, ব্যাকরণে—বিভক্তি।

অবগোরণ (অব—গুর্ উত্তোলন করা, অথবা গূর্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বধার্থ অস্ত্রাদি উত্তোলন, উদ্যান।

অবগ্রহ, অবগ্রাহ (অব—গ্রহ্ গ্রহণকরা+অ(অল্)—ভাবে, বৃষ্টিপ্রতিবন্ধার্থে) সং,পুং, বৃষ্টিরোধ, অনাবৃষ্টি। শিং—১ "নভোনভস্যয়োর্বৃষ্টিমবগ্রহইবান্তরে।" (রঘু)। ২। গ্রহণ, স্বীকার। ৩। হরণ, অপসারণ। ৪। ব্যাকরণে—পাঠকালীন কিঞ্চিৎকাল বিশ্রাম। ৫। অনাদর। ৬। প্রতিবন্ধক, বাধা। শিং—১ "অবশ্যভবোদ্ধনবগ্রহগ্রহা যথাদিশা ধাবতি বেধসঃ।" (মাঘ)। ৭। (অঙ্কুশ দ্বারা যাহা নিগৃহীত হয়) হস্তীর ললাট। ৮। গজসমূহ। ৯। জ্ঞানবিশেষ, ভ্রমজ্ঞান। ১০। শাপ, নিন্দাসূচক বাক্যপ্রয়োগ। ১১। স্বভাব, প্রকৃতি শিং—১ "তৌ স্বাস্যতস্তেনৃপতে [illegible] শে পরস্পরাবগ্রহ নির্বিকারৌ।" [illegible]। নিগ্রহ। শিং—১ "স্বয়ং বিধাতা সুরদৈত্যরক্ষসামনুগ্রহাবগ্রহয়োর্দৃক্ছয়া।" (মাঘ)। ১৩। তিরস্কার।

অবগ্রহণ (অবগ্রহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রতিরোধ। ২। অবজ্ঞা, অনাদর। ৩। অপাকরণ।

অবঘট্ট (অব নিম্ন—ঘট্ট চালিতকরা+অ—প্রং) সং, পুং, ঘরট্ট। ২। গর্ত্ত।

অবঘাত (অব—ঘাত আঘাত) সং, পুং অপহত্যা (অপমৃত্যু দেখ)। ২। তণ্ডুলাদি কাঁড়া। ৩। অবহনন, তাড়ন, আঘাত; যথা—দন্তাবঘাত। শিং—১ "কর্ণাবঘাতৈরপি তাড্যমানা দূরীকৃতা করিবরেণ।" ৪। সাঙ্ঘাতিক প্রহার।

অবঘাতী (—তিন্, অব—হন্ বধ করা+ইণ(ণিন্)—ক) বিং, ত্রিং, অবঘাতকারক।

অবচনীয় (অ—বচনীয়) বিং, ত্রিং, অবক্তব্য, কথনাযোগ্য। শিং—১ "বাদেষ্ববচনীয়েষু হাদশৈব ব্যতিক্রমে।" (মনু)। ২। অনিন্দ্য।

অবচয় (অব—চয় চয়ন) সং, পুং, পুষ্প ফলাদি ছেদন করিয়া সংগ্রহকরা, চয়ন ; যথা—"অবচয়ি ফুলচয়ে সে নিকুঞ্জবনে
কহিলা প্রমীলা সতী।" (মেঘনাদ)
২। অপচয়।

অবচিত (অব—চি চয়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতচয়ন, চয়নকরা। ২। আহৃত। ৩। সঞ্চিত। ৪। অপব্যয়িত।

অবচূড় (অব নিম্ন—চূড়া শিখা) সং, পুং, ধ্বজাগ্রবদ্ধ অধোলম্বমান বস্ত্র। শিং—১ "পিচ্ছাবচূড়মনুমাধব ধাম জগ্মুঃ। (মাঘ) ২। মাল্য। ৩। চামর। ড়া—স্ত্রীং. চূড়া। ২। মালা। ৩। শিরোভূষণ।

অবচূর্ণিত (অব—চূর্ণ গুঁড়া করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং চূর্ণীকৃত, পিষ্ট।

অবচূল (অব নিম্ন—চূড়া শিখা। ড়=ল) সং, পুং, ধ্বজার অধোবদ্ধবস্ত্র, পতাংশুক। ২। ধ্বজানিবদ্ধ চামর। শিং—১"দিবসকরবারণস্যাবচূলচামরকলাপইব।"(কাদম্বরী)

অবচূলক (অবচূল+ক(কন্)—সাদৃশ্যার্থে) সং, ক্লীং, চামর।

অবচ্ছিন্ন (অব—ছিদ্ নির্ণয়করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যুক্ত, বিশিষ্ট ; যথা—চতুঃসীমাবচ্ছিন্ন। ২। মিলিত, মিশ্রিত ; যথা—দুঃখাবচ্ছিন্ন সুখ, সুখাবচ্ছিন্ন দুঃখ। ২। সঙ্কুচিত। ৩। ইতরব্যাবৃত্ত। ৪। ছিন্ন। ৫। বিভক্ত, বিশ্লিষ্ট। ৬। ন্যায়মতে—অবচ্ছেদকতানিরূপক, অবচ্ছেদের আশ্রয়।

অবচ্ছুরিত (অব—ছুর্ [ছেদনকরা] শব্দকরা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ঘোটকের শব্দ। ২। অট্টহাস, মহাহাস্য। ৩। বিং, ত্রিং, মিশ্রিত। ৪। ব্যাপ্ত। ৫। রূষিত।

অবচ্ছেদ (অব দূর—ছিদ্ ছেদনকরা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরিচ্ছেদ, সীমা। ২। ছিন্নাংশ, খণ্ড। ৩। বিরাম। ৪। একদেশ। ৫। বিচ্ছেদ। ৬। কর্ত্তন। ন্যায়মতে—বিশেষণত্ব। শিং—১ "শব্দার্থজ্ঞানবচ্ছেদে বিশেষস্মৃতিহেতবঃ।"(সাহিত্যদর্পণ)। ৭। ক্রিং—বিং, সাকল্যে, সমুদয় লইয়া ; যথা—দেশাবচ্ছেদে, জাত্যবচ্ছেদে।

অবচ্ছেদক (পূর্ব্বে দেখ, ক—যোগ) বিং, ত্রিং, অবচ্ছেদকারক, ব্যাবর্ত্তক, প্রভেদক। ২। বিং, ত্রিং, বিশেষক, নিয়ামক, বিভাজক। ৩। পরিচ্ছেদক, বিভাজনকারী। ৪। পুং, সীমা। ৫। ন্যায়মতে—ব্যাবর্ত্তক বিশেষণ।

অবচ্ছেদাবচ্ছেদ (অবচ্ছেদ—অবচ্ছেদ) সং, পুং, প্রভেদ নিবারণ পূর্ব্বক সাম্যস্থাপন, ব্যাপকত্ব, সর্ব্বসাকল্য। ২। ক্রিং—বিং, সর্ব্বসাধারণে, অবশিষ্ট না থাকিয়া, বিনা, ব্যতিরেকে ; যথা—সে দেশের অবচ্ছেদাবচ্ছেদে সকল লোকই ধূর্ত্ত।

অবজয়—পুং } (অব—জি জয়করা+
অবজিতি—স্ত্রীং } অ(অল্), তি(ক্তি)—ভাবে) বিজয়, পরাজয়সাধন। শিং—১ "যেনেন্দ্রলোকাবজয়ায়দৃপ্তঃ।" (রঘু)।

অবজ্ঞা (অব অপকৃষ্ট—জ্ঞা বোধ করা+অ(ঙ)—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তিরস্কার, অবমাননা, হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছল্য, ঘৃণা।

অবজ্ঞাত (অবজ্ঞা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে অবজ্ঞা করা হইয়াছে, অনাদৃত, অবমানিত।

অবজ্ঞান (অবজ্ঞা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অবজ্ঞা দেখ।

অবজ্ঞেয় (অব হেয়—জ্ঞা জানা+য—র্ম্ম) বিং. ত্রিং. অবজ্ঞার পাত্র, অবজ্ঞার উপযুক্ত, হেয়, অশ্রদ্ধেয়, অনাদরণীয়।

অবট (অব্ রক্ষা করা+অট(অটন্)—ক, সংজ্ঞার্থে। যাহা হইতে রক্ষা করে) সং, পুং, ভূগর্ত্ত, গহ্বর। ২। কূপ। ৩। অকৃত্রিম গর্ত্ত। ৪। ঐন্দ্রজালিক, কুহকী। ৫। শরীরস্থিত ব্রণাদি-জনিত-ক্ষত।

অবটি, অবটী (অবট দেখ, অটি(অটিন)—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গর্ত্ত। ২। কূপ। ৩। শারীরবিদ্যায়—দেহস্থিত রন্ধ্রাদি।

অবটীট (অব অবনত+নাসিকা, ৬ষ্ঠী—হিং, নাসিকাস্থানে টীটাদেশ) বিং, ত্রিং, নতনাসিক, খাঁদা।

অবটু (অব নিম্ন—টীক্ গমনকরা+উ(ডু)—ক, সংজ্ঞার্থে, কিম্বা অ—বট্ বেষ্টন করা+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গ্রীবা,

খাড়। ২। ভূগর্ত্ত। ৩। কূপ। ৪। পুং, বৃক্ষ-বিশেষ।

অবডীন (অব নিম্ন—ডীন [ ডী উড়া+ত (ক্ত)—ভাবে ] উড়ন ) সং, ক্লীং, পক্ষির অবরোহণরূপ গতিবিশেষ, পক্ষিদিগের অধোগমন। ২। (+ক্ত—ক ) বিং, ত্রিং, উড্ডীন।

অবতংস (অব—তন্স্ ভূষিতকরা+অ(অল্) —ক, ণ ) সং, পুং—ক্লীং, ভূষণ ; যথা — "রঘুবংশাবতংস।" শিং—১ "চারুচন্দ্রাবতংসং।" ২। কর্ণের অলঙ্কার, কর্ণভূষণ। শিং—১ "স্ববাহনক্ষোভচলাবতংসাঃ।" (কুমার)। ৩। শিরোভূষণ। ৪। কিরীট।

অবততি (অব—তন্ বিস্তার করা+তি(ক্তি) —ভা। ন্—লোপ ) সং, স্ত্রীং, সংহতি, সমূহ।

অবতমস (অব ন্যূন—তমস্ অন্ধকার+অ—প্রং) সং, ক্লীং, অল্প অন্ধকার। শিং—১ "অবতমসভিদায়ৈ ভাস্বতাভ্যুদ্গতেন।"

অবতর—পুং } (অব নিম্ন—তৃ [ পার
অবতরণ—ক্লীং } হইয়া যাওয়া ] যাওয়া ইত্যাদি+অ(অল্),অন(অনট্)—ভা) সং, ঊর্দ্ধ হইতে নিম্নে যাওয়া, অবরোহণ, নীচে নামা। ২। প্রবেশ। ৩। উৎপত্তি, অবতার, দেবতাদিগের অংশবিশেষে আবির্ভাব। ৪। নদীর পরপারে গমন, উত্তরণ। ৫। উল্লিখন।

অবতরণিকা ( অবতরণ+ক—যোগ ) সং, স্ত্রীং, ভূমিকা, গ্রন্থের প্রস্তাবনা, আভাষ।

অবতান (অব—তন্ বিস্তারকরা+অ(ঘঞ্) —ভাবে) সং, পুং, বিতান, বিস্তার। ২। আচ্ছাদন, আবরণ। শিং—১ "লতা শতৈরবততামবতানশতস্তথা।" (রামায়ণ)।

অবতার ( অবতর দেখ, অ(ঘঞ্)—ভা ) সং, পুং, স্বর্গাদি হইতে মনুষ্যলোকে দেবাদির আবির্ভাব, মনুষ্যাদি আকারে পৃথিবীতে দেবতার আবির্ভাব অথবা আবির্ভূত দেবতা ; যথা—বিষ্ণুর ১০ অবতার ; ১ম মৎস্য, ২য় কূর্ম্ম,৩য় বরাহ, ৪র্থ নৃসিংহ, ৫ম বামন, ৬ষ্ঠ পরশুরাম, ৭ম রামচন্দ্র, ৮ম কৃষ্ণ-বলরাম, ৯ম বুদ্ধ, ১০ম কল্কী। ৩। উৎপত্তি। শিং—১ "কোঽপ্যেষ সম্প্রতি নবঃ পুরুষাবতারো বীরো ন যস্য ভগবান্ ভৃগুনন্দনোঽপি।" (উত্তরচরিত)। ৪। প্রাদুর্ভাব। শিং—১ "নবাবতারং কমলাদিবোৎপলং।" (রঘু)। ৫। অপসারণ, হরণ। শিং—১ "ভূমের্ভারাবতারায় ব্রহ্মণা প্রার্থিতঃ পুরা।" ৬। অবতরণ, নামা। ৭। (+অ(ঘঞ্)—ণ ) পুষ্করিণ্যাদির সোপানপদ্ধতি, তীর্থ, ঘাট। শিং—১ "রুদ্ধে গজেন সরিতঃ সরুষাবতারে।"

অবতারণ ( অব নিম্ন—তারি [ পার হইয়া যাওয়া ] যাওয়া ইত্যাদি+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, ঊর্দ্ধ হইতে নিম্নে আনয়ন, নীচে নামান, অবরোপণ। ২। প্রস্তাবন। ৩। ভূতাদিগ্রহ। ৪। বস্ত্রাঞ্চল। ৫। অর্চ্চনা। ৬। অপসারণ, হরণ। ণী, ণিকা(+ক(কণ্) —যোগ। আ—স্ত্রীং ) উপক্রমণিকা। ২ সিঁড়ি।

অবতারিত ( অব নিম্নে—তারি [তৃ-ণিচ্=তারি ] আনয়ন করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অবরোপিত, যাহা বা যাহাকে নীচে নামান হইয়াছে। শিং—১ "সন্তানার্থায় বিষয়ে স্বভুজাদবতারিতা।" (রঘু)।

অবতীর্ণ (অবতর দেখ, ত(ক্ত)—ক। ত=ন) বিং,ত্রিং,পৃথিবীতে আবির্ভূত; যথা—বিষ্ণু, রামরূপে দশরথগৃহে অবতীর্ণ হইয়াছিলেন। ২। অপনীত। ৩। নিম্নাগত, উচ্চ হইতে নীচে আগত, অবরূঢ় ; যথা—রথ হইতে অবতীর্ণ। ৪। উত্তীর্ণ, অতিক্রান্ত। ৫। অবগাঢ়।

অবতোকা (অব অপগত—তোক অপত্য। যাহা হইতে অপত্য অবস্রুত হইয়াছে, ৫মী—হিং) সং, স্ত্রীং, স্রবদ্গর্ভা, দৈবাৎ গর্ভস্রাবযুক্তা গবী।

অবদংশ (অব—দন্শ্ দংশনকরা+অ(অল) —র্ম্ম ) সং, পুং, সুরাপানোৎসাহকারক চর্ব্বণদ্রব্য, চাট্।

অবদাত (অব—দৈ শুদ্ধ হওয়া+ত(ক্ত)—ক ) সং, পুং, শ্বেতবর্ণ। ২। পীতবর্ণ ৩। বিং, ত্রিং, শ্বেত, শুক্লগুণ-বিশিষ্ট। ৪। নির্ম্মল। ৫। সুন্দর, মনোজ্ঞ।

অবদাত } (অব—দৈ পরিষ্কারকরা, শুদ্ধ
অবদাতক } করা+ত(ক্ত)—র্ম্ম । ২য় পক্ষে —ক(কণ্)—যোগ) বিং, ত্রিং, শ্বেত, শুক্ল-গুণবিশিষ্ট। শিং—১ "কুন্দৈঃ সবিভ্রমবধূহসিতাবদাতৈঃ।" (ঋতুসংহার)। ২। পীতবর্ণযুক্ত। ৩। নির্ম্মল, বিশুদ্ধ। শিং—১ "অন্যস্মিন্ জন্মনি চ ন কৃতমবদাতম্।" (কাদম্বরী)। ৪। মনোজ্ঞ, মনোহর। ৫। সং, পুং, শুক্লবর্ণ।৬। পীতবর্ণ।

অবদান (অব—দা দান করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সম্পাদিত কর্ম্ম। শিং—১ "সঙ্গীয়মানত্রিপুরাবদানঃ।" (কুমার)। ২। সর্ব্বজন প্রশংসনীয় কর্ম্ম, মনোনীত ব্যবসায়। ৩। পরাক্রম, বিক্রমপ্রকাশ। শিং—১ "প্রাপদস্ত্রমবদানতোষিতাৎ।" (রঘু)। ৪। (—দো ছেদন করা+)ছেদন। ৫। ছেদ, খণ্ড। ৬। (—দৈ শুদ্ধ করা+) শোধন, শুদ্ধীকরণ। ৭। (—দে পালন করা+) পালন। ৮। উশীর, বেণার মূল।

বদারক (পশ্চাৎ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, বিদারণকারী, বিদারণ-কর্ত্তা। ২। সং, পুং, খননাস্ত্র।

দারণ (অব নিম্ন—দারি [দৃ-ণিচ্=দারি] বিদীর্ণ হওয়ান+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, খনন, বিদারণ, খোঁড়া। ২। (+অন—ণ। যাহার দ্বারা বিদারণ করা যায়) খননাস্ত্র, কোদালি, খন্তা, শাবল প্রভৃতি।

দাহ (অব ন্যূন—দাহ সন্তাপ। যাহা হইতে সন্তাপ ন্যূন হয়) সং, ক্লীং, দাহনাশক, উশীর মূল, বেণামূল, খস্‌খস্। ২। জ্বরাদিহেতু দাহ।

দাহেষ্ট (অবদাহ জ্বরাদিহেতু দেহতাপ—ইষ্ট। যাহা অবদাহ নিবারণের ইষ্টকর) ং, ক্লীং, উশীর, বেণামূল।

দাহেষ্টকাপথ (অবদাহ—ইষ্টকাপথ সোপান। অবদাহ নিবারণের জন্য যে সোপান যায়) সং, ক্লীং, উশীর, বেণামূল।

দীর্ণ (অব—দৃ বিদীর্ণ হওয়া+ত(ক্ত)—ক। ত=ন) বিং ত্রিং, গলিত, দ্রবীভূত। ২। বিদীর্ণ, ভিন্ন, বিদলিত। শিং—১ "তদিদং হ্যন্যথাভূতং ব্যবদীর্ণং মনো মম।" (রামায়ণ)।

অবদ্ধ (অ—বন্ধ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, নিরর্থক বাক্য। ২। বিং, ত্রিং, সম্বন্ধহীন। ৩। অসংযত।

অবদ্ধমুখ (অবদ্ধ—মুখ, ৬ষ্ঠী—হিং)বিং, ত্রিং, অপ্রিয়বাদী, দুর্ম্মুখ।

অবদ্য (অ—বদ্ বলা+য—ণ, নিন্দার্থে) বিং, ত্রিং, নীচ, হীন। ২। নিন্দনীয়। ৩। অকথ্য, কথনাযোগ্য। শিং—১ "ঋষ্যমূকে হনবদ্যোঽস্তি।" (ভট্টি)। ৪। সং, ক্লীং, অনিষ্ট, পাপ, দোষ। ৫। নিন্দা। শিং—১ "রাজ্ঞায়ুদবহদনবদ্যাং তামদ্যাদপেতঃ।"

অবধান (অব—ধা ধারণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মনোযোগ, অভিনিবেশ, মনঃসংযোগ, প্রণিধান, চিত্তের একাগ্রতা। শিং—১ "ভবদ্ভিরবধানং দীয়মানমভ্যর্থয়ে।" ২ "অবধানপরে চকার সা প্রলয়ান্তোন্মিষিতে বিলোচনে।" (কুমার)। ২। সাবধানতা।

অবধারণ (অব—ধারি [ধারণ করা] স্থির করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিশ্চয়, নির্ণয়, স্থিরীকরণ। ২। ইয়ত্তাপরিচ্ছেদ, অয়ম্, এবং, ইত্থম্ ইত্যাদি বিষয়পরিচ্ছেদক নিশ্চয়, পরিমাণনিশ্চয়।

অবধারিত (অবধারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার অবধারণ হইয়াছে, নির্দ্ধারিত, নির্ণীত, স্থিরীকৃত, কৃতাবধারণ।

অবধি (অব—ধা ধারণকরা+ই(কি)—ভা) সং, পুং, প্রথম, সীমা; যথা—আজ অবধি, হুগলী অবধি বর্দ্ধমান পর্য্যন্ত। ২। অন্ত, অবসান; যথা—দুঃখের অবধি নাই, জীবনাবধি সম্বন্ধ। ৩। পর্য্যন্ত। ৪। অবধান। ৫। নিয়ম। ৬। (+ই—ণ) সময়। ৭। (+ই—ধি) গর্ত্ত।

অবধীরণ—ক্লীং } (অবধীর্ অবজ্ঞা করা
অবধীরণা—স্ত্রীং } +অন(অনট্), অন—ভা) সং, অবজ্ঞা, হেয়জ্ঞান, অবমাননা। শিং—১ "কৃতবত্যসিনাবধীরণামপরাদ্ধেঽপি যদা চিরং ময়ি।" (রঘু)। ২ "অয়ং স যস্মাৎ প্রণয়াবধীরণামশঙ্কনীয়াং করভোরু! মন্যসে।" (শকুন্তলা)।

অবধীরিত (অবধীরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত, অনাদৃত, উপেক্ষিত। শিং —১"অবধীরিত সুহৃদ্বাক্যস্য ফলমেতৎ।"

অবধীরণীয় (অবধীর্ অবজ্ঞা করা + অনীয় —র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞেয়, উপেক্ষণীয়, অবহেলনীয়।

অবধূত (অব—ধূ [কম্পিত হওয়া] ত্যাগ করা ইত্যাদি + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত, আন্দোলিত। শিং —১"পবনাবধূতবসনান্তৈরেকয়া।" (মাঘ)। ২। বিক্ষিপ্ত, চালিত, প্রসারিত। শিং —১ "অবধূতপঙ্কজপরাগকণাঃ।" ৩। তিরস্কৃত। ৪। অনাদৃত, অবমানিত। শিং —১ "অবধূতং তথাত্মানং মন্যমানো হলায়ুধঃ।" ৫। ত্যক্ত। ৬। অভিভূত। ৭। অভিহত, আহত, পাদাদি দ্বারা স্পৃষ্ট। শিং —১"পক্ষিজগ্ধং গবাঘ্রাতমবধূতমবক্ষুতম্।" (মনু)। ৮। সংসারমায়া-মুক্ত। ৯। সং, পুং, শৈবসম্প্রদায়; যে সমস্ত জটা ও শ্মশ্রুধারী শৈব উদাসীন দণ্ডীদের ন্যায় অমাবস্যায় মস্তকাদি মুণ্ডন না করিয়া সচরাচর জটা ও শ্মশ্রু ধারণ করেন এবং যাঁহাদের সন্ন্যাসগ্রহণ, ষট্‌কর্ম্মসাধন ও নানাবিধ বৃত্তি অবলম্বন করা হয়, তাঁহাদিগকেই অবধূত ও তাঁহাদের বৃত্তিকেই অবধূতী বৃত্তি বলে। মহানির্ব্বাণতন্ত্রে লিখিত আছে; যথা—"দেবি যেরূপে অবধূত হয়, বলিতেছি শ্রবণ কর। তিনি সতত পঞ্চতত্ত্ব সেবায় তৎপর থাকিয়া বীরাচারবিশিষ্ট স্বরূপের জ্ঞান লাভ করিবেন। সন্ন্যাস-সংক্রান্ত সমস্ত উৎকৃষ্ট বিষয়ের যেরূপ বিবরণ করিয়াছি, তিনি সেইরূপ বীরপ্রিয় ভাবে সমুদয় কার্য্যের অনুষ্ঠান করিবেন। দণ্ডী সকলে অমাবস্যার দিনে যেরূপ মস্তকমুণ্ডন করেন, প্রিয়ে! বীরাবধূতে সেরূপ করিবে না। অসংস্কৃত কুন্তল রাশি ও লম্বমান মুক্তকেশ সমূহ ধারণ করিবে। অস্থি-মালায় শোভিত হইবে বা রুদ্রাক্ষ ব্যবহার করিবে। বীরশ্রেষ্ঠ অবধূতে বিবস্ত্র থাকিবে বা কৌপীন ধারণ করিবে এবং শরীরে রক্তচন্দন ও ভস্ম লেপন করিবে।" তন্ত্রে চারি প্রকার অবধূতের বৃত্তান্ত আছে; যথা—ব্রহ্মাবধূত, শৈবাবধূত, ভক্তাবধূত ও হংসাবধূত; যথা —"কখন ব্রাহ্মণ ভাট ব্রহ্মচারী,
কখন বৈরাগী যোগী দণ্ডধারী,
কখন গৃহস্থ কখন ভিখারী,
অবধূত জটাধর হে।" (অন্নদামঙ্গল)।

অবধূতী (অবধূত + ঈ—স্ত্রীং) সং, স্ত্রীং, শিবাদেবী, দুর্গা। শিং —১
"অবধূতঃ শিবঃ সাক্ষাদবধূতঃ সদাশিবঃ।
অবধূতী শিবাদেবী অবধূতাশ্রমং শৃণু।"

অবধূতানী—এ দেশীয় স্ত্রীলোকবিশেষে যেমন ভেক লইয়া বৈষ্ণবী হয়, সেইরূপ পশ্চিমোত্তর প্রদেশীয় কোন কোন স্ত্রীলোক সন্ন্যাসগ্রহণ করিয়া অবধূতানী নাম প্রাপ্ত হয়। সংস্কৃত ভাষায় ইহাকে অবধূতী বলে। ইহারা সন্ন্যাসীদের ন্যায় বিভূতি রুদ্রাক্ষাদি শৈবচিহ্ন ধারণ করে, মধ্যে মধ্যে তীর্থ পর্য্যটন করিতে যায় ও ভিক্ষা করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে। প্রবাদ আছে যে, গঙ্গাগিরি নামে একটী স্ত্রীলোক প্রথম অবধূতানী হয়। সন্ন্যাসীই যেমন সন্ন্যাসীর গুরু, সেইরূপ অবধূতানীর গুরু অবধূতানী (উপাসকসম্প্রদায়, ২য়ভাগ)।

অবধেয় (অব—ধা ধারণ করা + য—র্ম্ম) বিং, ত্রিং, অবধানযোগ্য, যে বিষয়ে অবধান করা উচিত।

অবধ্য (অ—বধ বধের যোগ্য) বিং, ত্রিং, বধানর্হ, বধের অযোগ্য, যাহাকে বধ করা উচিত নয়।

অবধ্যতা—স্ত্রীং } (অবধ্য + তা, ত্ব—ভা)
অবধ্যত্ব—ক্লীং } সং, বধানর্হতা, বধাযোগ্যতা। "দৈবাৎ স্বর্গাদবধ্যত্বং।" (রঘু)

অবধ্বংস (অব—ধ্বন্স্ [বিনষ্ট হওয়া] ত্যাগ করা ইত্যাদি + অ(অল্)—ভা) সং, পুং, ত্যাগ, পরিহার। ২। চূর্ণন। ৩। নিন্দা, পরিবাদ। ৪। বিনাশ।

অবধ্বস্ত (অবধ্বংস দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চূর্ণিত। ২। প্রস্থিত। ৩। গত। ৪। পরিত্যক্ত। ৫। নিন্দিত।

অবন (অব তৃপ্ত হওয়া, রক্ষা করা, যাওয়া ইত্যাদি + অন(অনট্)—ভাবে) সং, ক্লীং

প্রীণন, প্রীতিদান। ২। রক্ষণ। ৩। স্নেহ-প্রকাশ। ৪। গতি, গমন। ৫। অবগমন, প্রাপ্তি। ৬। যাচন, প্রার্থনা। ৭। গ্রহণ, ধারণ। ৮। বধ, হিংসন। ৯। শক্তি, সামর্থ্য। ১০। বৃদ্ধি। ১১। সত্তা। ১২। করণ, ক্রিয়া। ১৩। কাম, স্পৃহা। ১৪। শোভন, অলঙ্কার। ১৫। আলিঙ্গন। ১৬। বহন। ১৭। শ্রবণ। ১৮। প্রবেশ। ১৯। অনুষ্ঠান। ২০। তৃপ্তি। ২১। জ্ঞান।

অবনত ( অব নিম্ন—নম্ নমস্কার করা+ত(ক্ত)—ক। ম্—লোপ) বিং, ত্রিং, নিম্নদিকে লম্বমান, নিম্নীভূত ; যথা—বৃক্ষের শাখা ফলভরে অবনত হয়, তাহার মুখ লজ্জায় অবনত হইয়াছে। ২। পতিত, প্রণত ; যথা—পদাবনত।

অবনতি ( অবনত দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, অনুন্নতি, অধোগতি। ২। অধোনমন; যথা—"ধনুষামবনতিঃ।" ৩। প্রণতি। ৪। বিনয়, অনৌদ্ধত্য। ৫। অধোগমন, সূর্য্যাদির অস্তগমন। যথা—দিনকরেঽবনতিম্।"

অবনদ্ধ ( অব—নহ্ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম। হ, ত=দ্ধ) বিং,ত্রিং, প্রচ্ছন্ন, বসান। ২। আবদ্ধ,আচ্ছাদিত। শিং—১"চর্ম্মাবনদ্ধং দুর্গন্ধি পূর্ণং মূত্রপুরীষয়োঃ।" ( মনু )। ৩। খচিত। ৪। লিপ্ত। শিং—১ "স্নানাবনদ্ধঘনশোণিত শোণপাণিঃ।" ৫। সং, ক্লীং, মৃদঙ্গাদি বাদ্য। ৫। ঢক্কা। ৬। বসন ভূষণ পরিধান।

অবনমিত (অব—নম্-ণিচ্=নমি নোয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বক্রীকৃত।

অবনয়, অবনায়—পুং, অবনয়ন—ক্লীং } ( অব নিম্ন—নী লওয়া+অ(অল্), অ(ঘঞ্), অন(অনট্)—ভা) সং, অবনতি, নমন, অধোনয়ন, অধঃপাতন, নিপাতন।

অবনাট ( অব অবনত+নাসিকা, ৬ষ্ঠী—হিং, নত অর্থে নাসিকাস্থানে নাটাদেশ ) বিং, ত্রিং, অবনতনাসিক, খাঁদা।

অবনাহ ( অব—নহ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, বন্ধন। ২। পরিধান।

অবনি, অবনী (অব্ রক্ষা করা+অনি—ক, সংজ্ঞার্থে। যিনি লোক সকল রক্ষা করেন, কিম্বা যিনি ভূপালকর্ত্তৃক রক্ষিত হন) সং, স্ত্রীং, পৃথিবী, ভূমি। ২। ত্রায়মাণলতা।

অবনিপতি, অবনীপতি ( অবনি পৃথিবী—পতি পালক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূপতি, রাজা, ভূমিপ।

অবনেজন ( অব—নিজ্ ধৌত করা+অন (অনট্)—ভা) সং,ক্লীং, প্রক্ষালন। শিং—১ "ন কুর্য্যাদ্‌গুরুপুত্রস্য পাদয়োশ্চাবনেজনম্।"(মনু)। ২। শ্রাদ্ধকালে পিণ্ডদানার্থ আস্তৃত কুশস্থানে জলসেচন। ২। পিণ্ডোপরি জলসেচন।

অবন্তি ( অব্ রক্ষা করা+অন্তি—ক, সংজ্ঞার্থে ) সং, পুং, দেশবিশেষ, মালবদেশ। ২। জাতিবিশেষ ; ইহারা মালওয়া দেশবাসী ছিল। ন্তি,ন্তী,ন্তিকা-স্ত্রীং, উজ্জয়িনী নগরী, বিক্রমাদিত্যের রাজধানী ; ইহা শিপ্রা নদীর তীরে অবস্থিত, এই পুরী মোক্ষদায়িকা সপ্তপুরীর মধ্যে পরিগণিত। মহাকাল সর্ব্বদাই এই পুরীতে অধিষ্ঠান করেন, তথায় মৃত্যু হইলে মোক্ষ হয়। এই পুরী পাপীদিগের দর্শন স্পার্শনাদিতে অতি দুর্লভ। ২। নদীবিশেষ ; এই নদী পারিপাত্রপর্ব্বত হইতে নিঃসৃতা এবং উজ্জয়িনী নিকটে প্রবাহিতা। উইলফোর্ড সাহেব কহেন অবন্তী শিপ্রানদীর অপর নাম, পরন্তু ব্রহ্মাণ্ডপুরাণ ও ভগবতীভাগবতের মতে শিপ্রা ও অবন্তী,দুই ভিন্ন ভিন্ন নদী। উইলসন্ সাহেবও অবন্তী ও শিপ্রা দুই বিভিন্ন নদী বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

অবন্তিসোম ( অবন্তি সেই দেশ—সূ হওয়া+ম—ভবার্থে। যাহা অবন্তিদেশে হয় ) সং, ক্লীং, কাঁজি, আমানি।

অবন্ধকপ্রয়োগ ( অ—বন্ধক—প্রয়োগ ) সং, পুং, কোন বস্তু বন্ধক না রাখিয়া যে ঋণ দান।

অবন্ধ্য (অ—বন্ধ্য নিষ্ফল) বিং, ত্রিং, সফল, [ফলবান্।

অবপতন (অব—পতন) সং, ক্লীং, অধঃপতন।

অবপন্ন ( অব—পদ্ পাওয়া+ত(ক্ত)—ক ) অধঃপতিত। ২। (অব—পদ্+ত(ক্ত)—র্ম্ম) অধঃপাতিত।

অবপাত (অব—পত্ পতিত হওয়া+অ (ঘঞ্)—ধি) সং, পুং, গজাদি ধারণার্থ তৃণাদি দ্বারা প্রচ্ছন্ন গর্ত্ত, খানা। শিং—১ রোধাংসি নিম্নন্নবপাতমগ্নম্।" (রঘু)। ২। (+অ—ভাবে) অবতরণ, অধঃপতন। শিং—১"কপোতাবপাতভয়াৎ তূষ্ণীং স্থিতঃ।" ৩। নাট্যে—ভয়াদিজনিত পলায়ন সম্ভ্রমাদি বর্ণনা দ্বারা প্রস্তুত বিষয়ের পরিবর্ত্তন। শিং—১ "অবপাতস্তু নিষ্ক্রাম প্রবেশত্রাস বিদ্রবৈঃ।"

অবপ্লুত (অব নিম্ন—প্লু লাফিয়া লাফিয়া যাওয়া+ত(ক্ত)—ভা) বিং, ত্রিং, সহসা অবতীর্ণ, হঠাৎ নামা।

অববুদ্ধ (অব—বুধ্ বোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত। ২। অনুভূত। ৩। জাগরিত।

অববোধ (অব—বুধ জানা+অ(অল)—ভা) সং, পুং, জ্ঞান, বিবেক, তত্ত্বজ্ঞান, পরিজ্ঞান। শিং—১ "প্রতিকূলেষু তৈক্ষ্ণ্যস্যাববোধঃ ক্রোধ ইষ্যতে।" (সাহিত্যদর্পণ)। ২। অনুভব। ৩। জাগরণ, নিদ্রাভাব। শিং—১ "যৌ তু স্বাববোধৌ তৌ ভূতানাং প্রলয়োদয়ৌ।" (কুমার)। ৪। শিক্ষা, উপদেশ। ৫। (—বুধ-ণিচ্=বোধি জানান+) জ্ঞাপন। ৬। জাগরণ।

অবভাস (অব—ভাস(ভাস্ দীপ্তি পাওয়া +অ(অল্)—ভা) দীপ্তি) সং, পুং, প্রকাশ, স্ফুরণ। ২। সাক্ষাৎকার। ৩। অন্যের অন্য রূপে প্রকাশরূপ মিথ্যাজ্ঞান, ভান। ৪। আরোপ।

অবভৃথ (অব—ভৃ পোষণ করা+থ(ক্থন্) —ক, সংজ্ঞার্থে) সং, পুং, যজ্ঞান্তকৃত যজ্ঞ, প্রধান যজ্ঞ পূরণার্থ যাগবিশেষ, যদি কোন অংশে ন্যূনতা ঘটিয়াথাকে এই আশঙ্কা করিয়া সম্ভাবিত ন্যূনতার পরিহারার্থে যে যজ্ঞ করিয়া প্রধান যজ্ঞের সমাপন করে তাহার নাম অবভৃথ। ২। স্নান, যজ্ঞাবশেষ স্নান। শিং—১ "ভুবং কোষ্ণেন কুণ্ডোধ্নী মেধ্যেনাবভৃথাদপি।" (রঘু)।

অবভৃথস্নান (অবভৃথ—স্নান) সং, ক্লীং দীক্ষান্ত স্নান।

অবম (অব্ রক্ষা করা+অম—ক। যাঃ হইতে আত্মাকে রক্ষা করে) বিং, ত্রি অধম, নিকৃষ্ট। শিং—১ "অনলকানলক নবমাং পুরীম্।" (রঘু)। ২। ন্যূন। ৩ জ্যোতিষে—তিথিত্রয়যুক্ত দিন, একদিবে এক তিথির শেষ অপর তিথির আদ্যং স্পর্শ। শিং—১"তিথ্যন্তদ্বয়মেকোদিনবার স্পৃশতি যত্র তদ্ভবত্যবমদিনম্। ত্রিদিন স্পৃক্ তিথিত্রয়স্য স্পর্শনাদহুঃ।"

অবমত (অব ঘৃণিত বা অপকৃষ্ট—মন্ বোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনাদৃত, অবজ্ঞাত, তিরস্কৃত। শিং—১ "সুখং হ্যবমতঃ শেতে সুখঞ্চ প্রতিবুধ্যতে।"(মনু)।

অবমতি (অবমত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অবজ্ঞা, হেয়জ্ঞান। ২। (ক্তিচ্—ক) সং, পুং, প্রভু, স্বামী, নেতা।

অবমন্তা (অবমন্তৃ, অব—মন্ পূজা করা +তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, অবমানকারী, অবজ্ঞাকারী, তিরস্কর্ত্তা। যথা—"বৃদ্ধ ও গুরুর অবমন্তা যে লোকে গমন করে আমিও যেন সেই লোক প্রাপ্ত হই।" শিং—১ "দ্বিজানামবমন্তারং কুরূণামযশস্করম্।" (মহাভারত)।

অবমর্দ (অব— চূর্ণ করা+অ(অল্)—ভা) সং, পুং, পীড়ন, দলন, শত্রুকৃত গাঢ় প্রহার। ২। শত্রুনগরাদির উচ্ছেদ; যথা—"যখন অর্জ্জুন অরাতিগণকে অবমর্দন করিবেন।" ৩। ভিড়।

অবমর্দন (অব—মৃদ্ চূর্ণকরা+অন(অনট্) —ভাবে) সং, ক্লীং, ধ্বংস, পীড়া। ২। বিং, ত্রিং, ধ্বংসকারী, পীড়নকারী।

অবমর্শ—পুং
অবমর্ষ—পুং
অবমর্শণ—ক্লীং
অবমর্ষণ—ক্লীং
(অব—মৃশ্-ষ্ বিবেচনাকরা+অ(অল্), অন (অনট্)—ভা) সং, পর্য্যালোচনা। ২। অক্ষমা, অসহন। ৩। বিলোপ, বিলুপ্তি। ৪। বিস্মৃতি। ৫। নাট্যে—সন্ধির অংশ বিশেষ।

অবমান—পুং
অবমাননা—স্ত্রীং
(অব বিপরীত—মান্ পুজা করা + অ(অল), অন(অনট্)—ভা) সং, স্ত্রীং, অপমান,

অনাদর, অবজ্ঞা। শিং—১ "তত্ত্বজ্ঞানাপদীর্ষাদের্নির্বেদঃস্যাবমাননা।" (সা, দর্পণ)।

অবমানয়িতা (অবমানয়িতৃ, অবমান+তৃ তৃন) —ক) বিং, ত্রিং, যে অন্যের অবমাননা করে।

অবমানিত (অবমাননা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার অবমাননা হইয়াছে, অবমাননাগ্রস্ত, অনাদৃত, অপমানিত, অবজ্ঞাত।

অবমূর্দ্ধশয় (অব অবনত—মূর্দ্ধন্ মস্তক [৬ষ্ঠী—হিং]—শী শয়নকরা+অ অন) —ক। যে অধোমুণ্ড হইয়া শয়ন করে) বিং,ত্রিং, অধোমুখশায়ী। শিং—১"উত্তানশয়াদেবা অবমূর্দ্ধশয়া মনুষ্যাঃ।"

অবমোচন (অব—মুচ্ মুক্ত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পরিত্যাগ। ২। ছাড়িয়া দেওয়া, মুক্ত করা।

অবমোটন (অব—মুট্ চূর্ণকরা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, মোচড়ান।

অবয়ব (অব—যু মিশ্রিত হওয়া+অ অল্) —ক।যে অঙ্গীর সহিত মিশ্রিত হয়) সং, পুং, অঙ্গ, হস্তপদাদি। ২। অংশ। ৩। উপকরণ। ৪। ন্যায়ে—প্রতিজ্ঞাদি-পঞ্চক।

অবয়বী (অবয়বিন, অবয়ব+ইন—অস্ত্যর্থে) বিং,ত্রিং, অবয়বযুক্ত,অঙ্গী। ২। অংশবান, উপকরণবিশিষ্ট। ৩। ন্যায়মতে—প্রতিজ্ঞাদি-পঞ্চপ্রকার অবয়ববিশিষ্ট।

অবর (অ—বর শ্রেষ্ঠ। যে শ্রেষ্ঠ নহে) বিং, ত্রিং, নিকৃষ্ট, অধম। ২। পশ্চাদ্বর্ত্তী, শেষ, অপর, চরম, পশ্চিম; যথা—"জিজ্ঞাসা করিলে যাহারা মিথ্যা কথা কহে তাহাদিগের পর ও অবর একোনপঞ্চাশত্তম ইষ্ট ও পূর্ত্ত নামক কর্ম্ম নষ্ট হইয়া থাকে।" (কা, প্র, ম, ভা,)।৩। কনিষ্ঠ,পশ্চাজ্জাত। শিং—১ "জন্মনা চাবরো হ্যহম্।" ৪। সং, ক্লীং, হস্তি-জঙ্ঘার পশ্চাৎ ভাগ। রা—স্ত্রীং (যদপেক্ষা কিছুই শ্রেষ্ঠ নাই) দুর্গা।

অবরজ (অবর পশ্চাৎ—জ যে জন্মে) সং, পুং, অনুজাত, কনিষ্ঠ, পশ্চাজ্জাত; যথা—"পুষ্কর, কুরুক্ষেত্র, গঙ্গা এবং মগধ এই সকল তীর্থে কেবল স্নান করিলেই পূর্ব্ব সপ্তপুরুষ ও অবরজ সপ্তপুরুষ পাপ-মুক্ত হইয়া উদ্ধার হয়।" শিং—১ "অস্য চাবরজং বিদ্ধি ভ্রাতরং মাং তু লক্ষণম্।" (রামায়ণ)। ২। নিকৃষ্ট, হীনবংশজাত। ৩। পুং, কনিষ্ঠভ্রাতা। ৪। অবরবর্ণ, শূদ্র। শিং—১ "যদি স্ত্রী যদ্যবরজঃ শ্রেয়ঃ কিঞ্চিৎ সমাচরেৎ।" (মনু)। জা —স্ত্রীং, কনিষ্ঠা ভগিনী। শিং—১"রাবণাহবরজা তত্র রাঘবং মদনাতুরা।" (রঘু)।

অবরতঃ } (অবর + তস্, অস্তাৎ—
অবরস্তাৎ } প্রং) অং, পশ্চাৎ, পরে।

অবরতি (অব—রম্ [ক্রীড়া করা] বিশ্রাম করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি, বিশ্রাম, ত্যাগ।

অবরবর্ণ (অবর শেষ—বর্ণ জাতি, যং—স) সং, পুং—স্ত্রীং, চতুর্থ বর্ণ, শূদ্র, বৃষল।

অবরীণ (অব—রী গমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধিক্কৃত, তিরস্কৃত,নিন্দিত।

অবরুগ্ন (অব—রুগ্ন পীড়িত) বিং, ত্রিং, ভগ্ন। ২। পীড়িত, রোগগ্রস্ত।

অবরুদ্ধ (অবরোধ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে রোধ করা গিয়াছে, আটকান গিয়াছে, প্রতিরুদ্ধ, প্রতিহত, ব্যাহত। ২। যাহা ঘেরা বা বেষ্টন করা গিয়াছে, বেষ্টিত, আচ্ছাদিত, পরিবৃত। ৩। কয়েদী। দ্ধা—স্ত্রীং, রাজাদিগের অন্তঃপুরে অবরুদ্ধ কর্ম্মকরী প্রভৃতি অবলাজন।

অবরূঢ় (অব নিম্ন—রুহ্ গমন করা+ত (ক্ত)—ক। হ, ত=ঢ়। উ=ঊ) বিং, ত্রিং, উর্দ্ধ হইতে নিম্নে আগত, অবতীর্ণ।

অবরোধ (অব—রুধ্ আবরণকরা+অ(অল্) —ভা)সং,পুং, প্রতিবন্ধ। ২। আটক, বাধা, প্রতিরোধ। ৩। ঘেরা, বেষ্টন, আচ্ছাদন। ৪। (+অ—ধি) রাজ-স্ত্রীদিগের অন্তঃপুর; যথা—"ধরাধরি করি সখি লইলা দেবীরে অবরোধে।" (মেঘনাদ)। ৫। রাজগৃহ, প্রাসাদ। ৬। (+অ—র্ম্ম) অন্তঃপুর-স্ত্রী।

অবরোধক (অব—রুধ্ রোধ করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, নিরোধকারী, অবরোধকারী। শিং—১ "সুধন্বা বীর্য্যবান্

রাজা মিথিলামবরোধকঃ।' ২। সং, ক্লীং, পশ্বাদিনিবারণার্থ বৃতি, বেড়া। ৩। পুং, অন্তঃপুররক্ষক, বিপক্ষাদি নিবারক। ধিকা —স্ত্রীং, অন্তঃপুররক্ষক স্ত্রী। শিং—১ "যযুস্তরঙ্গাধিরুহোঽবরোধিকা।" (মাঘ)।

অবরোধন (অব—রোধ্ রোধ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, নিরোধ। ২। প্রতিবন্ধ। ৩। (+অন—ধি) রাজাদিগের অন্তঃপুর, রাজ-স্ত্রী-গৃহ।

অবরোধিক (অবরোধ+ইক(ষিক)—প্রং) সং, পুং—স্ত্রীং, অন্তঃপুররক্ষক।

অবরোপণ (অব—রোপণ [রুহ্-ণিচ্=রোপি আরোহণ করান অথবা রুপ্+অন(অনট্)—ভাবে]) সং, ক্লীং, অবতরণ, নামান। ২। অপসরণ, অপনয়ন, উৎপাটন। ৩। অস্তগমন।

অবরোপিত (অবরোপণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবতারিত। ২। উৎপাটিত, অপসারিত, দূরীকৃত।

অবরোহ (অব—রুহ্ আরোহণ করা+অ (অল্)—ভাবে) সং, পুং, অবতরণ, ঊর্দ্ধ হইতে নীচে আগমন। ২। আরোহণ। ৩। লতোদ্গম। ৪। (+অ(অল্)—ক) শাখার ন্যায় লম্বমান শিকড়, নমনা; যেমন—গুড়ূচ্যাদি লতা। ৪। (+অ(অল্)—পা। ভোগাবসানে যাহা হইতে সকলে অবতরণ করে) স্বর্গ।

অবরোহণ (অব—রুহ্ আরোহণ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, ঊর্দ্ধ হইতে অধোগমন, অবতরণ। ২। আরোহণ, অধিরোহণ।

অবরোহশাখী (—খিন্, অবরোহ—শাখী। যাহার শাখা মূল পর্য্যন্ত নিম্নে আইসে এবং পুনঃ পুনঃ ছেদন করিলে পুনরায় জন্মায়) সং, পুং, বটবৃক্ষ।

অবরোহিকা; সং, স্ত্রীং, অশ্বগন্ধা লতা।

অবরোহী (অবরোহিন্, আরোহ দেখ, ইন্-(ণিন্)—ক) বিং, ত্রিং, অবতরণকারী। ২। আরোহণকারী। ৩। সং, পুং, বটবৃক্ষ।

অবর্ণ (অ—বর্ণ স্তুতি, রং) সং, পুং, নিন্দা, অপবাদ, অযশঃ। শিং—১"নচাহবদন্তর্ত্তরবর্ণমার্য্যা।" (রঘু)। ২। 'অ' অক্ষর, অকার। ৩। (অ অপ্রশস্ত—বর্ণ জাতি) নীচ জাতি। ৪। (যার রং নাই, ৬ষ্ঠী—হি) বিং, ত্রিং, বর্ণহীন।

অবলক্ষ (অব—লক্ষ্ [চিহ্ন করা] শুক্ল হও +অ(অল্)—র্ম্ম) সং, পুং, শুক্লবর্ণ। ২ বিং, ত্রিং, শুক্লবর্ণবিশিষ্ট। ৩। মূর্খ।

অবলগিত (অব—লগ্ লাগিয়া যাওয়া+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, নাট্যে—দৃশ্যকাব্যে প্রস্তাবনা-বিশেষ, ত্রয়োদশ বীথ্যঙ্গের মধ্যে পরিগণিত।

অবলগ্ন (অব—লগ্ন সংলগ্ন। যাহাতে বস্ত্রাদি সংলগ্ন হয়) সং, পুং—ক্লীং, কটিদেশ কাকালি, মাজা। ২। বিং, ত্রিং, সংলগ্ন, দৃঢ় সংযুক্ত। শিং—১"বিপুলতরোন্মুখলোচনা বলগ্নম্।" (মাঘ)।

অবলম্ব (অব—লম্ব্ লম্বিতহওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, অবলম্বন, আশ্রয়; যেমন হস্তাবলম্ব। শিং—১ "সাবলম্ব-গমনা মৃদুস্বনা।" (রঘু)। ২। লম্বমান। শিং—১ "তরুজালাবলম্বাঃ।" ৩। (+অ (অল্)—ধি) আশ্রয় স্থান। ৪। (+অ (অল্)—ণ) আশ্রয়সাধন যষ্ট্যাদি। ৪। (+অ(অ—ক) বিং, ত্রিং, অবলম্বী।

অবলম্বন (অব—লম্ব্ লম্বিত হওয়া+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, ভর দেওয়া, ভর রাখা; যথা—যষ্টি অবলম্বন করিয়া চলিতেছে, রজ্জু অবলম্বন করিয়া ঝুলিতেছে। ২। নির্ভর করা; যথা—চাকরী অবলম্বন করিয়া রহিয়াছে; ভিক্ষা অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিতেছে। ৩। আশ্রয় করা, গ্রহণ করা; যথা—সে সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিয়াছে। ৪। গতি, আশ্রয়, যাহাকে নির্ভর বা যাহাকে আশ্রয় করা যায়; যথা—এক্ষণে চাকরীই অবলম্বন, আপনিই আমার অবলম্বন। ৫। ঝুলন।

অবলম্বিত (অবলম্বন দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আশ্রিত, শরণাগত, যাহা বা যাহাকে অবলম্বন করা গিয়াছে। ২। অধোলম্ববান্। ৩। অবনত, অধোগত।

৪। শীঘ্র। ৫। ( +ত—র্ম্ম ) ধৃত। ৬। গৃহীত। ৭। রক্ষিত, পালিত।

অবলম্বী (অবলম্বিন্, অবলম্বন দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, আশ্রয়কারী, অবলম্বনকারী। অন্য শব্দ-যোগে প্রায়ই ব্যবহৃত হয়। যথা—মতাবলম্বী, ধর্ম্মাবলম্বী। ২। উচ্চ স্থান হইতে নিম্নগামী, অধোলম্বী; যথা—"বৃক্ষশাখাবলম্বী।" শিং—১"ভগবতি মরীচিমালিনি অস্তাবলচূড়াবলম্বিনি।"

অবলা ( অ—বল, আ—স্ত্রীং, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, স্ত্রীলোক।

অবলিপ্ত (অব—লিপ্ লেপন করা, অহঙ্কার করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, প্রলিপ্ত, কৃতলেপন। ২। ( +ত—ক ) ধনগর্ব্বিত, অহঙ্কৃত। শিং—১"ন মৈথুনাবলিপ্তৈশ্চ নাত্মৈন্যনাস্ত্যাবসায়িভিঃ।"(মনু) যথা—"হে মহাত্মন্! আপনার বলে অবলিপ্ত হইয়া স্বীয় দোষ অন্যের উপর আরোপ করা কোন মতেই উচিত নহে।"

অবলীঢ় ( অব—লীঢ় চাটা ) বিং, ত্রিং, ভক্ষিত, বিনাশিত। শিং—১ "হরক্রোধজ্বালাবলিভিরবলীঢ়েন বপুষা।" ২। যাহা চাটা হয়, কৃতাবলেহ। ৩। আস্বাদিত। ৪। ব্যাপ্ত। শিং—১ "অগ্নিজ্বালাবলীঢ় প্রতিবল জলধেরন্তরৌর্বায়মানঃ।" (বেণী সংহার)। ৫। দগ্ধ।

অবলীলা ( অব—লীলা ক্রীড়া ) সং, স্ত্রীং, অনায়াস, অক্লেশ; যথা—সে অবলীলায় সকল কর্ম্ম করে। ২। অসঙ্কোচ; যথা—সে অবলীলায় তেমন দুষ্কর্ম্মটা করিল।

অবলুণ্ঠন ( অব নিম্ন—লুণ্ঠ্ লোটা+অন (অনট্)—ভা ) সং, ক্লীং, ভূমিতে লোটা বা গড়াগড়ি দেওরা।

অবলুণ্ঠিত (অবলুণ্ঠন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে অবলুণ্ঠন করে বা করিয়াছে।

অবলেপ (অবলিপ্ত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, গর্ব্ব, দর্প; যথা—"ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অবলেপে।" (মেঘনাদ)। ২। বিদ্বেষ। ৩। দূষণ, নিন্দন। ৪। অধিক্ষেপ। ৫। প্রলেপ, লেপন। ৬। আক্ষেপ। ৭। ক্ষেপণ। শিং—১ "দিঙ্‌নাগানাং পথিপরিহরন্ স্থূলহস্তাবলেপান্।" (মেঘদূত)। ৮। সঙ্গ, সম্বন্ধ। ৯। ভূষণ।

অবলেপন (অবলিপ্ত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রলেপ। ২। ম্রক্ষণ, বিলেপন। ৩। সঙ্গম। ৪। গর্ব্বপ্রকাশ, অহঙ্কার।

অবলেহ ( অব—লিহ্ আস্বাদন করা+অ (অল্)—ভাবে ) সং, পুং, জিহ্বা দ্বারা আস্বাদন, চাটা। ২। (+অ—র্ম্ম। যাহাকে আস্বাদন করা যায় ) লেহ্যঔষধাদি। ৪। (+অ(অন্)—ক) বিং, ত্রিং, লেহনকারী।

অবলেহন (অবলেহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, জিহ্বা দ্বারা আস্বাদন।

অবলোক (অব—লোক্ দর্শন করা+অ (অল্)—ভাবে) সং, পুং, দৃষ্টি, দর্শন।

অবলোকন ( অব—লোক্ দেখা + অন (অনট্)—ভা) সং, ক্লীং, দর্শন, দৃষ্টিপাত, বিলোকন। ২। অনুসন্ধান। ৩। (—লোক দৃষ্টি করা+অন—ণ। যাহার দ্বারা দেখা যায় ) নয়ন, নেত্র। ৪। আলোক।

অবলোকনীয় (অব—লোক্ দেখা+অনীয় র্ম্ম) বিং, ত্রিং, অবলোকনযোগ্য, দর্শনীয়, নিরীক্ষণীয়।

অবলোকিত (অবলোকন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট, নিরীক্ষিত। ২। (+ক্ত—ভাবে) ক্লীং, দর্শন। ৩। সং, পুং, জৈনমুনি, লোকনাথ।

অবল্গুজ ( অ—বল্গু মনোহর—জ জাত ) সং, পুং, সোমরাজী, হাকুচ।

অববাদ (অব অসম্মান—বাদ [ বদ্ বলা +অ ঘঞ্)—ভাবে ] কথন ) সং, পুং, অপবাদ, নিন্দা। ২। আদেশ, আজ্ঞা, শাসন। ৩। বিশ্বাস, প্রত্যয়।

অববাহিকা ( Basin, অব—বাহি বহান+অক(ণক)—ক) সং, স্ত্রীং, যে নদীর উভয় দিকের যতদূরের জল আসিয়া সেই নদীতে পড়ে ততদূরের ভূমি সেই নদীর অববাহিকা।

অবশ ( অ—বশ স্বাধীনতা, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, বশ নয়, অবাধ্য, অনায়ত্ত, অবশীভূত, যথা—সে আমার অবশ। ২। শিথিল, দুর্ব্বল, নিস্তেজ, যথা—বৃক্ষ

বয়সে ইন্দ্রিয় সকল অবশ হইয়া যায়। ৩। অস্বাধীন, কামাদি পরবশ, পরাধীন। ৪। ক্রিং—বিং, অবশ্য, নিশ্চিত।

অবশিষ্ট (অব—শিষ্ শেষ রাখা + ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, পরিশিষ্ট, বাকী, যাহা শেষ থাকে, উদ্বৃত্ত, অতিরিক্ত, পরিশিষ্ট।

অবশীভাব (অবশ—ভাব। ঈ(চ্বি)—অভূত-তদ্ভাবার্থে) সং, ক্লীং, বশীভূত না হওয়া।

অবশেন্দ্রিয় (অবশ অনায়ত্ত—ইন্দ্রিয়) বিং, ত্রিং, যার ইন্দ্রিয় সকল বশীভূত নয়, যে ইন্দ্রিয়ের দমন করিতে পারে না, অজিতেন্দ্রিয়।

অবশেষ (অব—শিষ্ বধ করা, শেষ রাখা + অ(অল্)—ভাবে) সং, পুং, উদ্বৃত্ত, অবশিষ্ট অংশ, অন্ত, অবসান, পরিশেষ; যথা—দুঃখের অবশেষ নাই। ২। গ্রন্থের বা প্রস্তাবের সমাপ্তি সময়; যথা—অবশেষে বক্তব্য এই। ৩। নিঃশেষ। ৪। (অব —শেষ [শিষ্ + অ(অল্)—ক) বিং, ত্রিং, অবশিষ্ট, বাকী।

অবশ্য (অ—বশ্য আজ্ঞাকারী) বিং, ত্রিং, বশীকরণের অযোগ্য, অদম্য, অবাধ্য, অবশ। ২। নিশ্চয়, নিঃসন্দেহ, নিঃসংশয়।

অবশ্যং (অবশ্যম্, অব—শ্যৈ [গমন করা] দৃঢ় হওয়া + অম্(ডম্)—র্ম্ম) অং, ক্লীং, নিশ্চয়, সর্ব্বথা। ২। অনিবার্য্য।

অবশ্যম্ভাবী (অবশ্যম্ভাবিন্, অবশ্যম্—ভূ হওয়া + ইন্(ণিন্)—ভবিষ্যদর্থে) বিং, ত্রিং, যাহা নিশ্চয় হইবে, যাহা কদাচ অন্যথা হইবার নহে।

অবশ্যম্ভাবিত্ব—ক্লীং } (অবশ্যম্ভাবী দেখ,
অবশ্যম্ভাবিতা—স্ত্রীং } ত্ব, তা—ভাবে) সং, হইবার নিশ্চয়তা।

অবশ্যা (অব—শ্যৈ গমন করা + অ (ড)—ক)। আ (আপ্)—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা। ২। (অ—বশ্যা) অনায়ত্তা স্ত্রী।

অবশ্যায় (অব—শ্যৈ [গমন করা] পাওয়া + অ(ণ)—ক। যে শৈত্য প্রাপ্ত হয়) সং, পুং, নীহার, হিম, শিশির, কুজ্ঝটিকা। শিং—১ "অবশ্যায়াবসিক্তস্য পুণ্ডরীকস্য চারুতাম্" (উত্তরচরিত)। ২ "অবশ্যায়কণাস্রাবাশ্চারু মুক্তাফলত্বিষঃ।" (ভট্টি) ২। অভিমান, গর্ব্ব, অহঙ্কার।

অবশ্রয়ণ (অব—শ্রী [পাক করা] অন্ন চড়ান + অন(অনট্)—ভা) সং, ক্লীং, চুল্লী হইতে অবতারণ।

অবষ্টব্ধ (অব—স্তন্ভ্ [স্তব্ধ হওয়া] আবদ্ধ করা, আরম্ভ করা ইত্যাদি + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বদ্ধ, সংযত। ২। বেষ্টিত, জড়িত। ৩। আক্রান্ত, অভিভূত। ৬। স্তব্ধ। ৭। রুদ্ধ। ৮। প্রতিবদ্ধ। ৯। রক্ষিত। ১০ (+ত—ক) আশ্রিত, অবলম্বিত। ১১ জড়ীকৃত, নিষ্পন্দীকৃত, স্তব্ধীভূত। ১২ আসন্ন, সমীপ।

অবষ্টম্ভ (অবষ্টব্ধ দেখ, অ(অল্)—ভা) সং, পুং, রোধ। ২। আশ্রয়, অবলম্বন। ৩ প্রারম্ভ। ৪। সূচনা। ৫। আক্রমণ। ৬ স্তম্ভ। শিং—১ "রথোবষ্টম্ভমাসন পত্রিণা।" [illegible] ৭। প্রতিরোধ, রোধন। ৮। সে[illegible] ৯। স্তব্ধীভাব, স্থিরতা, খাড়া হইয়া [illegible]। ১০। অভিমান, অহঙ্কার। ১১। [illegible] + অ—ক) সুবর্ণ।

অবস (অব্ রক্ষা করা + অস—প্রং) সং, পুং, রাজা। ২। সূর্য্য। ৩। ক্লীং, রক্ষণ।

অবসক্থিকা (অব চতুর্দ্দিকে—সক্থি উরুদেশ + ক(কণ্)—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পর্য্যঙ্কবন্ধ-বস্ত্র, বস্ত্রাদি দ্বারা জানু এবং জঙ্ঘা দৃঢ়বন্ধনপূর্ব্বক উপবেশন। শিং—১ "আসনারূঢ়পাদস্য জানুনো র্জঙ্ঘয়োস্তথা। কৃতাবসক্থিকো যস্তু প্রৌঢ়পাদঃ স উচ্যতে।"

অবসথ } (অ—বস্ বাস করা + অথ
অবসথ্য } (অথচ্)—ধি, সংজ্ঞার্থে। ২য় পক্ষে—য—স্বার্থে। যাহা হইতে উত্তম আর বাসস্থান নাই) সং, পুং, গ্রাম, আবাস। ২। পাঠশালা, আড্ডা, আখড়া।

অবসন্ন (অব—সদ্ অবসন্ন হওয়া + ত (ক্ত) ক। দ, ত = ন্ন) বিং, ত্রিং, ক্লান্ত, গ্লানিযুক্ত, স্ফূর্ত্তিরহিত, যথা—আজি শরীর বড় অবসন্ন হইয়াছে। ২। শিথিল, দুর্ব্বল, নিস্তেজ, যথা—বৃদ্ধ বয়সে ইন্দ্রিয় সকল অবসন্ন হইয়া যায়। ৩। সমাপ্ত, ক্ষয়প্রাপ্ত,

যথা—রজনী অবসন্ন হইল। ৪। বিষন্ন। ৫। ম্রিয়মাণ; যথা—"সজ্জনেরা অবসন্ন বা ব্যথিত হন না।" ৬। অবনত। ৭। বিনষ্ট। ৮। ক্ষীণ, অবসাদ প্রাপ্ত। যথা—"রাজ্য হইতে বিবাসিত হইয়াও তোমার কর্ম্ম অবসন্ন হয় নাই।"

বসর (অব—স্থ গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, অবকাশ, সময়, সুযোগ। ২। যোগ্যকাল, ক্রিয়াস্থিতিযোগ্যতা সম্পাদকরূপ কালিক অবকাশ। শিং—১ "কামস্তু বাণাবসরং সমীক্ষ্য।" (কুমার)। ৩। গোপনে পরামর্শ, গুপ্তমন্ত্রণা। ৪। বৃষ্টি, বর্ষণ। ৫। প্রারম্ভ। ৬। বার, পর্য্যায়। শিং—১ "অথ কদাচিজ্জাতিক্রমাচ্ছশকস্যাবসর-সমায়াতঃ।" ৭। জিজ্ঞাসা নিবৃত্তির জন্য অবশ্য বক্তব্যরূপ সঙ্গতি। ৮। প্রবেশ। ৯। প্রস্তাব। ১০। (+অল্—ধি) বৎসর। ১১। ক্ষণ।

বসর্গ (অব—সৃজ্ সৃষ্টি করা+অ(ঘঞ্)—ভাবে। জ=গ) সং, পুং, স্বেচ্ছাচার, নিরবগ্রহ, "যাহা ইচ্ছা তাই করা" ইত্যাদি রূপ কামাচারানুজ্ঞা।

বসর্প (অব—সৃপ্ গমন করা+অ(অল্)—ভাবে। প্রভুর আদেশহেতু যাহার গমন শ্রেয়ঃ) সং, পুং, দূত, প্রণিধি। ২। গুপ্তচর।

বসর্পিণী (অবসর্প দেখ, ইন্(ণিন্)—ক) সং, স্ত্রীং, জিনদিগের কালভেদ, দশকোটি কোটি সাগর বর্ষে সমাপ্ত হয়।

বসব্য (অব বিপরীত—সব্য বাম) বিং, ত্রিং, বামেতর, দক্ষিণ, ডাইন। ২। প্রতিকূল।

বসাদ (অবসন্ন দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, স্বকার্য্যের অক্ষমতারূপ দৌর্ব্বল্য, অবসন্নতা, শিথিলতা। ২। গ্লানি, ক্লান্তি, জড়তা, স্ফূর্ত্তিহীনতা; যথা—

"যারনারীসুতাসুত সদা অন্নকষ্টযুত,
সর্ব্বদা তাহার অবসাদ।" (অন্নদা)।

৩। বিনাশ, ভ্রংশ, ক্ষয়; যথা—ধৈর্য্যাবসাদ। ৪। বিষাদ, নিরুৎসাহতা, দৈন্য। ৫। অবসান, শেষ।

বসাদন (অব পূর্ব্ব—সদ্ গমন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, নিঃশেষ করণ, সমাপন। ২। বিনাশন। ৩। দুর্ব্বল করণ।

অবসাদিত (অবসাদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষীণ, অবসন্নতাপ্রাপ্ত, বিষাদিত।

অবসান (অব—সো শেষকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিরাম, শেষ, ক্রিয়া সমাপ্তি; যথা—দিবাবসান। ২। মৃত্যু। শিং—১ "পুংসোঽবসানং ব্রজতোঽপি নিষ্ঠুরৈঃ।" ৩। সীমা, পর্য্যন্ত। ৪। নিশ্চয়। ৫। স্থান।

অবসায় (অবসান দেখ, অ(ঘঞ্)—ভা। য—আগম) সং, পুং, শেষ, সমাপ্তি। ২। নিশ্চয়। ৩। ক্রিং—বিং, সমাপন করিয়া, নিশ্চিত হইয়া।

অবসারণ (অব—সারি সরান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, সরান। ২। দূরীকরণ।

অবসিত (অব—সো শেষ করা, জানা ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সমাপ্ত, যার অবসান হইয়াছে, সমাপিত, নিঃশেষিত। শিং—১ "বচস্যবসিতে তস্মিন্ সসর্জ্জ গিরমাত্মভূঃ।" (কুমার)। ২। পরিণত। ৩। (+ত—র্ম্ম) জ্ঞাত, বিদিত। ৪। গত। ৫। নিশ্চিত। ৬। বর্দ্ধিত। ৭। সঞ্চিত। ৮। (+ত—ভা) সং, ক্লীং, অবসান। ৯। (সি বন্ধন করা+ত—র্ম্ম) বদ্ধ।

অবস্কন্দ (অব বিরুদ্ধ—স্কন্দ্ গমন করা+অ(অল্)—ধি) সং, পুং, জয়ার্থীদিগের সৈন্য-নিবেশ স্থান, সৈন্যের ছাউনি, শিবির। ২। (+অ(অল্)—ভাবে) অবরোধ। ৩। আক্রমণ। শিং—১ "অবস্কন্দভয়াদ্রাজা প্রজাগরকৃতশ্রমম্।" ৪। অবগাহন। শিং—১ "স নদ্যবস্কন্দমুপাস্পৃশচ্চ।" (ভট্টি)। ৫। অবতরণ, অবরোহণ।

অবস্কন্দন (অব—স্কন্দন গমন) সং, ক্লীং, অবগাহন। ২। অবতরণ। ৩। আক্রমণ। ৪। রোধ।

অবস্কর (অব নিম্ন—কৄ বিক্ষেপ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, আবর্জন, জঞ্জাল, সমার্জ্জন্যাদিদ্বারা নিক্ষিপ্ত ধূলি আদি। ২। ময়লা, বিষ্ঠা, পুরীষ। ৩। (+অ(অল্)—পা) গুহ্যদেশ। ৪। ময়লা রাখিবার স্থান।

অবস্তাৎ (অব্ + অস্তাৎ — প্রং) অং, পশ্চাৎ, শেষে, অন্তে।

অবস্তার (অব চতুর্দ্দিকে — স্তৃ বিস্তার করা + অ(ঘঞ্) — কর্ম্মণি) সং, পুং, যবনিকা, পর্দা। ২। আস্তরণ।

অবস্তু (অ — বস্তু সার। যাহাতে সার নাই) বিং, ত্রিং, যাহাতে বস্তু নাই, অসার, অপদার্থ। ২। ক্লীং, বেদান্তমতে — অজ্ঞানাদি সকল জড় সমুদায় স্বরূপ মহাপ্রপঞ্চ (Insubstantiality)। শিং — ১"নাবস্তুনো বস্তুসিদ্ধিঃ।" ৩। অপকৃষ্ট পদার্থ। শিং — ১ "অবস্তু নির্ব্বন্ধপরে! কথং নু তে।"(কুমার)।

অবস্থা (অব — স্থা থাকা + অ(ঙ) — ভাবে) সং, স্ত্রীং, দশা, কালকৃত বৈলক্ষণ্য; যথা —সুখের অবস্থা, দুঃখের অবস্থা। ৩। ভাব, প্রকার; যথা — আমি তাঁকে বড় মন্দ অবস্থায় দেখিয়া আসিয়াছি। ৪। ক্লেশ, দুর্গতি; যথা — ক্রমে কত অবস্থাই ঘটিবে। ৫। সময়; যথা — তার এখন অবস্থা কেমন। ৬। স্থিতি। ৭। পরিমাণ। ৮। বৈদ্যকশাস্ত্র মতে — দেহাদির চারি প্রকার কালকৃত দশা; যথা — পনের বৎসর পর্য্যন্ত বাল্য; ত্রিশ বৎসর পর্য্যন্ত কৌমার; পঞ্চাশ বৎসর পর্য্যন্ত যৌবন; পঞ্চাশের উর্দ্ধে বার্দ্ধক্য। স্মৃতিমতে — ৫ বৎসর পর্য্যন্ত কৌমার, ১০ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, ১৫ বৎসর পর্য্যন্ত কৈশোর, ১৬ বৎসর পর্য্যন্ত বাল্য, ৭০ বৎসর পর্য্যন্ত যৌবন, তৎপরে বার্দ্ধক্য এবং ৯০ বৎসরের পর বর্ষীয়ান্ অবস্থা।

অবস্থান (অব — স্থা থাকা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, অবস্থিতি। ২। অবস্থিতিকাল, স্থিতি (সূর্য্যের পথ উত্তর, মধ্যম এবং দক্ষিণ এই তিন অবস্থান অর্থাৎ এই তিন ভাগে বিভক্ত। উত্তর অবস্থানের নাম ঐরাবত, মধ্যমের নাম জারদ্গব এবং দক্ষিণ অবস্থানের নাম বৈশ্বানর)। ৩। দশা, অবস্থা। শিং — ১ "কীদৃক্ তে ব্যসনাবস্থানম্।" ৪। (+ অন — ধি) স্থিতিস্থান, আবাস। [অবস্থা।

অবস্থান্তর (অবস্থা — অন্তর) সং, ক্লীং, অন্য

অবস্থাপন (অব — স্থাপন) সং, ক্লীং, স্থাপিতকরণ, নির্দ্ধারণ, স্থিরীকরণ।

অবস্থাপিত (অবস্থান দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত, স্থিরীকৃত, নির্দ্ধারিত।

অবস্থায়ী/অবস্থায়িন্, অব — স্থা থাকা + ইন্(ণিন্) — ক। য — আগম) বিং, ত্রিং, স্থিতিকারী, স্থিতিশীল।

অবস্থিত (অবস্থান দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, যে স্থিতি করিয়াছে, কৃতাবস্থান। ২। চঞ্চলনয়, স্থির।৩। আশ্রিত। ৪। নিবিষ্ট। নিযুক্ত, উদ্যুক্ত। ৫। অধ্যবসিত, অবিচলিত।

অবস্থিতচিত্ত (অবস্থিত — চিত্ত) বিং, ত্রিং, যার চিত্তের স্থিরতা আছে, যার ক্ষণে ক্ষণে মত পরিবর্ত্ত হয় না, স্থিরচিত্ত।

অবস্থিতি (অবস্থান দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, অবস্থান, বাস। ২। স্থিতি, থাকা। ৩। অনুসরণ, অভ্যাস।

অবস্যন্দন (অব — স্যন্দ্ গমন করা ইত্যাদি + অন(অনট্) — ভা) সং, ক্লীং, হিংসা। ২। ক্ষরণ।

অবস্রংসন (অব — স্রন্স্ পতিত হওয়া + অন(অনট্) — ভা) সং, ক্লীং, অধঃপতন। ২। অধোলম্বায়মানতা। ৩। ক্ষরণ।

অবস্রস্ত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, অধঃপতিত, ক্ষরিত। ২। চ্যুত।

অবহসিত (অব — হসিত) সং, ক্লীং, উচ্চৈঃ হাস্য। [হস্তপৃষ্ঠ।

অবহস্ত (অপ বিপরীত — হস্ত) সং, পুং,

অবহার (অব — হৃ হরণকরা + অ(ণ) — ক যে জলজন্তুকে হরণ করে) সং, পুং, হাঙ্গর। ২। জলহস্তী। ৩। চোর। ৪। (— হৃ হরণ করা + অ(ঘঞ্) — ভাবে) যুদ্ধাদির বিশ্রাম। ৫। স্থানান্তরে নয়ন, যুদ্ধস্থানহইতে সৈন্যদিগকে শিবিরে আনয়ন; যথা — "অনন্তর দ্রোণ দুর্য্যোধন প্রভৃতি সকলে অবহার করিলে অর্জ্জুন শত্রুগণকে ভীত ও যুদ্ধপরাঙ্মুখ জানিয়া স্বসৈন্যগণকে ক্রমে ক্রমে অবহার করিলেন।" শিং — ১ "ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত।" (মহাভারত)। ৫। নিমন্ত্রণ,

আহ্বান। ৬। স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক অন্য ধর্ম্ম গ্রহণ। ৭। দ্যূত, পাশা। ৮। সমীপ। ৯। প্রত্যর্পণ। ১০। (+অ(ঘঞ্) — র্ম্ম) উপহার, দেয় বস্তু।

াহিত (অব — ধা [ধারণ করা] মনোযোগ করা, জানা+ত(ক্ত) — র্ম্ম। ধা = হি) বিং, ত্রিং, বিদিত, জ্ঞাত, পরিচিত।২। অপ্রমত্ত, সাবধান। ৩। সাবধানকৃত। ৪। (+ক্ত — ক) অবধান যুক্ত, মনোযোগী।

াহিত্থ (অবহিস [অ — বহিস বাহিরে] াহিরে নহে — স্থা থাকা+অ(ড) — ভা। া — লোপ। স = ৎ। বাহিরে না থাকা অর্থাৎ অদর্শন) সং, ক্লীং, ত্থা — স্ত্রীং, ভাব গোপন, মনের ভাব গোপন করা, াহে আর এক প্রকার ভাব দেখাইয়া অন্তরের প্রকৃতভাব গোপন করিয়া রাখা। । আকারগুপ্তি, ভয় লজ্জাদি দ্বারা রত্যাদিসূচক মুখরাগাদি আকার গোপন। শিং — ১"ভয়গৌরবলজ্জাদের্হর্ষাদ্যাকারগুপ্তিবহিত্থা। ব্যাপারান্তরসক্ত্যান্যথাবভাষণ ালোকনাদিকরী।" (সাহিত্যদর্পণ)। মারসম্ভবে—পার্ব্বতীর এইটী অবহিত্থ্য সঞ্চারীভাব হইয়াছে; যথা—
এবংবাদিনি দেবর্ষৌ পার্শ্বে পিতুরধোমুখী।
ীলাকমলপত্রাণি গণয়ামাস পার্ব্বতী।"

হীন (অব — হীন) বিং, ত্রিং, পশ্চাৎ তিত।

হল — ক্লীং, হলা — স্ত্রীং, হলন — ক্লীং } (অব — হেড় অনাদর করা+অ(অল্), ২য় পক্ষে — অ, অন অনট্) — ভা। ড় = ল) সং, অবজ্ঞা, অনাদর, অযত্ন, অবধীরণা। ২। অনায়াস।

হলনীয় (অবহেলন দেখ, অনীয় — র্ম্ম) ং, ত্রিং, অবজ্ঞেয়, উপেক্ষণীয়, অবধীরণীয়।

হলিত (অবহেলা দেখ, ত(ক্ত) — র্ম্ম) ং, ত্রিং, অবজ্ঞাত, উপেক্ষিত, অবধীরিত। । সং, ক্লীং, অনাদর।

ক্ (অবাচ, অ — বাচ বাক্য। যাহার ক্য নাই, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, বাক্যহীন, মূক, বোবা।

অবাক্, অবাঞ্চ্ (অবাচ, অব — অন্চ্ গমন করা+০(ক্বিপ্) — ক) অং, অধঃ, নিম্নপ্রদেশ। ২। বিং, ত্রিং, অধোবদন। ৩। বিস্মিত, চমৎকৃত; যথা—"তাহারা তৎক্ষণাৎ আমাকে নিরীক্ষণ করিয়া বিস্ময়স্তিমিত লোচনে অবাক্ হইয়া রহিল।" নিকৃষ্টকাল। ৪। (দক্ষিণদিক্‌কে নিম্ন বোধ করা যায় বলিয়া এই দিকের নাম অবাক্) দক্ষিণদিক্। ৫। দক্ষিণ, দাক্ষিণাত্য।

অবাক্‌পুষ্পী (অবাক্ অধোভাগে — পুষ্প। যাহার পুষ্প অধোমুখে থাকে, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, হেটমুণ্ডী বৃক্ষ। ২। শতপুষ্পী, শুলফা। ৩। মৌরী। ৪। হেটহুলী, চোরহুলী, চোরখড়্‌কী।

অবাক্‌শিরাঃ (অবাক্‌শিরস্, অবাক্ অধোভাগে — শিরস্ মস্তক। যাহার অধোভাগে মস্তক থাকে, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, অবনত মস্তক, নতশীর্ষ; যথা—"কুরুরাজ দুর্য্যোধন জয়দ্রথের বাক্যশ্রবণে তাহারে নিতান্ত ভীত জ্ঞান করিয়া অবাক্‌শিরাঃ ও বিমনায়মান হইয়া চিন্তা করিতে লাগিলেন।" শিং — ১ "অবাক্‌শিরসমুৎপাদম্।" (ভট্টি)। ২ "অবাক্‌শিরাস্তমস্যন্ধে কিল্বিষী নরকং ব্রজেৎ।"(মনু)।

অবাগ্র (অব বিপরীত — অগ্র মস্তক, আগা) বিং, ত্রিং, অধোমুখ, অবনত, নম্র।

অবাঙ্মুখ (অবাক্ অধোভাগে — মুখ। যাহার অধোভাগে মুখ থাকে, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, অধোমুখ, নতমুখ, লজ্জায় অধোবদন; যথা—"দুর্ব্বুদ্ধি দুর্য্যোধন স্বীয় উরুদেশে করাঘাত করিল ও হাসিতে হাসিতে চরণাঙ্গুষ্ঠ দ্বারা ভূমি বিলিখন করত অবাঙ্মুখে রহিল।" শিং — ১"অবাঙ্মুখস্যোপরি পুষ্পবৃষ্টিঃ পপাত বিদ্যাধরহস্তমুক্তা।"(রঘু)।

অবাচী (অবাচ্ দক্ষিণদিক্+ঈ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং দক্ষিণদিক্। ২। অধোদিক্।

অবাচীন (অবাচ্ দক্ষিণদিক্ + ঈন্ ভবার্থে) বিং, ত্রিং, দক্ষিণদেশীয়, দক্ষিণদিকস্থ, দাক্ষিণাত্য। ২। অধোমুখ, নীচ বদন। ৩। অধোগত।

অবাচ্য (অ অপ্রশস্ত—বাচ্য কথনীয়) সং, ক্লীং, নিন্দিত বাক্য, দুর্ব্বচন, নিন্দা। "অবাচ্যবাদাংশ্চবহূন্ বদিষ্যন্তি তবাহিতা।" ২। বিং, ত্রিং, অবক্তব্য, যাহা বলা উচিত নয়, অকথ্য। ৩। অনিন্দিত, নিন্দাযোগ্য। ৪। (অবাচ্+য(ষ্য)—ভবার্থে) দক্ষিণদেশীয়।

অবাঞ্চৎ (অব—অন্চ্ গমনকরা+অৎ(শতৃ)—ক) বিং,ত্রিং, অধোগামী। ২। অধোমুখ।

অবাতবিক্ষোভিত (অ—বাত বায়ু—বিক্ষোভিত চালিত) বিং, ত্রিং, যাহা বায়ু দ্বারা চালিত নহে। [নিরর্গল।

অবাধ (অ—বাধা) বিং, ত্রিং, বাধাশূন্য, অবাধে; অং, নির্ব্বিঘ্নে, অনায়াসে।

অবাধ্য (অ—বাধ্য বশীভূত) বিং, ত্রিং, যে বশীভূত নয়।

অবান্তর (অব অবগত—অন্তর মধ্য, ব্যং—স) বিং, ত্রিং, অন্তঃপাতী, প্রধানের অঙ্গভূত; যথা—"বন্দী কহিলেন, পিতৃযজ্ঞে সামিধেনী মন্ত্র নববিধ ও ত্রিগুণাত্মিকা প্রকৃতি অবান্তর গুণভেদে নয় প্রকার হইয়া বিবিধ সৃষ্টিক্রিয়া সম্পন্ন করে।" ২। বিশেষ। ৩। ক্রিং—বিং, অধিকন্তু, আনুষঙ্গিক। [ভেদের ভেদ।

অবান্তর-বিভাগ; সং, পুং, বিভাগের বিভাগ,

অবান্তর-শাসন; সং, ক্লীং, রাজ্যের অন্তর্গত বিষয় সকল যে শাসনের অধীন।

অবাপিত (অব—আপি [আপ-ণি=আপি] পাওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, প্রাপিত, অধিগমিত। শিং—১ "বিষমাং কুণ্ডলনামবাপিতা।" (নৈষধ)। ২। (অ—বাপিত কৃতবপন) যাহা বপনকরা নহে। যেমন—রোপিতধান্য অর্থাৎ রোয়াধান।

অবাপ্ত (অব—আপ্ পাওরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং লব্ধ, প্রাপ্ত, অধিগত।

অবার (অব নিম্ন—ঋ গমনকরা+অ(ঘঞ্)—ধি) সং, ক্লীং, নদ্যাদির অর্ব্বাকৃতট, নিকটবর্ত্তীতীর, পূর্ব্বপার, এপার, আদি তীর। ২। (অ—বার [বৃ আবরণ করা+অ(ঘঞ্)—র্ম্ম] নিবারণীয়) বিং, ত্রিং, অবারণীয়।

অবারণীয় (অ—বৃ-ণি=বারি নিবারণ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দুর্ব্বার, বারণাশক্য, বারণ করিবার নয়, অনিবার্য্য।

অবারপার (অবার এপার এবং পার ওপার বিদ্যমান যাহার) সং, পুং, সমুদ্র।

অবারিকা (অ—বারি জল+ক—প্রং। যাহাতে জল নাই। অতি শুষ্ক ফল হেতু জল শূন্য) সং, স্ত্রীং, ধন্যা, ধনিয়া।

অবারিত (অ—বারিত) ক্রিং—বিং, যাহাতে বারণ নাই, বারণ ব্যতিরেকে; যথা—সকল লোক অবারিত প্রবেশ করিতেছে। ২। বিং,ত্রিং, রুদ্ধ নয়, নিষিদ্ধ নয়, অনিবারিত, অপ্রতিষিদ্ধ; যথা—অবারিত দ্বার।

অবার্য্য (অ—বৃ-ণি=বারি আবরণ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্ব্বার, অনিবারণীয়।

অবাস্তব (অ—বাস্তব) বিং, ত্রিং, বাস্তব নয়, বাস্তবিক নয়, অলীক, অপ্রকৃত, অমূলক, অযথার্থ। ২। অযৌক্তিক, ভ্রমাত্মক।

অবাস্তবিক; বিং, ত্রিং, অবাস্তব দেখ।

অবাসাঃ (অবাসস্, অ—বাসস্ বস্ত্র। যাহার বস্ত্র নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবস্ত্র, উলঙ্গ, নগ্ন।

অবি (অব্ গমন করা, রক্ষা করা+ই—ক, সংজ্ঞার্থে) সং,পুং, প্রভু, স্বামী। ২। সূর্য্য। ৩। পর্ব্বত। ৪। মেষ। (সংস্কৃত=অবিস্; লাটিন=Ovis; গ্রীক্=Ois) শিং—১ "শ্বশূকরখরোষ্ট্রাণাং গোহজাবিমৃগপক্ষিণাং।"(মনু)। ৫। ছাগ। ৬। মূষিক। ৭। কম্বল। ৮। প্রাচীর। ৯। বায়ু। বি, বী—স্ত্রীং (+ঈ—ক) রজস্বলা-স্ত্রী।

অবিকত্থন (অ—বিকত্থন নিরর্থক বাক্য বলা) বিং, ত্রিং, নিরহঙ্কার, যে আত্মশ্লাঘা করে না, শ্লাঘাশূন্য। শিং—১"প্রিয়ং কুর্য্যাদ কৃপণঃ শূরঃ স্যাদবিকত্থনঃ।" ২ সন্তুষ্টাশ্চ ক্ষমাযুক্তা ভবেয়ুরবিকত্থনাঃ।" (দেবীপুরাণ)। ২। ক্লীং, আত্মশ্লাঘারাহিত্য।

অবিকল (অ—বিকল দোষযুক্ত, অসম্পূর্ণ) বিং, ত্রিং, বিকল নয়, অঙ্গহীন নয়, কোন অংশে ন্যূন বা অধিক নয়, যেরূপ হওয়া

আবশ্যক ঠিক সেইরূপ। ২। অভগ্ন, অ-খণ্ড, সম্পূর্ণ, অবিকৃত। ৩। অবিসংবাদী। শিং—১ "কলমবিকলতালং গায়কৈর্বোধ-হেতোঃ।" (মাঘ)।

অবিকার (অ—বিকার) বিং, ত্রিং, যার বিকার নাই, যার ভাবান্তর হয় না সকল অবস্থাতেই একভাবে থাকে, নির্ব্বিকার, বিকারশূন্য, অপরিবর্ত্তিত, স্থির, বিকৃতি-রহিত। শিং—১ "প্রহৃষ্টেনৈব মনসাসো-হবিকারমুখোনৃপঃ।"

অবিকৃত (অ—বিকৃত বিকারপ্রাপ্ত) বিং, ত্রিং, বিকৃত নয়, যার বিকার হয় নাই, যার ভাবান্তর হয় নাই, অচঞ্চল, বিকার রহিত; যথা—অবিকৃতেন্দ্রিয়।

অবিক্রীত (অ—বিক্রীত) বিং, ত্রিং, বিক্রীত নয়, যাহা বিক্রয় হয় নাই, যাহা বিক্রয় করা যায় নাই।

অবিক্রেয় (অ—বিক্রেয়) বিং, ত্রিং, বিক্রেয় নয়, বিক্রয় করিবার উপযুক্ত নয়, বিক্রয় করা উচিত নয়।

অবিক্লব (অ—বিক্লব) বিং, ত্রিং, প্রশান্ত, অব্যাকুল, বৈক্লব্যহীন, স্থির।

অবিক্ষত (অ—বিক্ষত) বিং, ত্রিং, অক্ষত, আঘাতশূন্য, অবিদ্ধ। শিং—১ "অবিক্ষ-তাঙ্গ।" ২। সমগ্র, অখণ্ডিত, পরিপূর্ণ। ৩। অদূষিত। শিং—১ "বিক্রেতুঃ প্রতিদেয়ং তত্তস্মিন্নে বাহ্যবিক্ষিতম্।" (স্মৃতি)।

অবিক্ষিপ্ত (অ—বিক্ষিপ্ত) বিং, ত্রিং, অস্থির নয়, চঞ্চল নয়, সাবধান, অচঞ্চল। ২। যাহা বিছান নয়, অনিক্ষিপ্ত, ধৃত।

অবিগন্ধিকা; সং, স্ত্রীং, অজগন্ধাবৃক্ষ।

অবিগর্হিত (অ—বিগর্হিত) বিং, ত্রিং, অনি-ন্দিত, অবিগীত, সাধুসম্মত।

অবিগ্ন; সং, পুং, করমর্দ্দক-বৃক্ষ। ২। পানি-আমলা।

অবিগীত (অ—বিগীত) বিং, ত্রিং, বিগীত নয়, অবিগর্হিত, প্রশংসিত, অনিন্দিত। যথা—
"পরাশর ব্রহ্মঋষি তোর পিতা যেই।
অবিগীত ব্রাহ্মণব্রাহ্মণী জন্ম সেই।"(অন্নদা)
২। শিং—১"অবিগীত শিষ্টাচারবিষয়ত্বেন মঙ্গলস্য সফলত্ব সিদ্ধে।"(সি, মুক্তাবলী)।

অবিঘ্ন (অ—বিঘ্ন) অং, বিঘ্নাভাব, প্রতিবন্ধ রহিত। ২। বিং, ত্রিং, নির্ব্বিঘ্ন, নিরাপদ।

অবিচলিত (অ—বিচলিত চঞ্চল) বিং, ত্রিং, বিচলিত নয়, স্থির, দৃঢ়, অব্যাকুল।

অবিচার (অ—বিচার) সং, পুং, অন্যায় বিচার, যেরূপ বিচার হওয়া উচিত সেরূপ নয়, বিচারাভাব, সদসদ্বিবেকরাহিত্য। ২। অবিবেচনা। ৩। অত্যাচার। ৪। বিং, ত্রিং, বিচাররহিত। ৫। বিবেচনাশূন্য।

অবিচ্ছিন্ন (অ—বিচ্ছিন্ন) বিং, ত্রিং, যার বিচ্ছেদ নাই, যার বাধা নাই, যার বিরাম নাই, ধারাবাহিক; যথা—"তাহার গতি অবিচ্ছিন্ন।"

অবিচ্ছেদ (অ—বিচ্ছেদ) ক্রিং—বিং, বিচ্ছেদ ব্যতিরেকে, অবাধে, একক্রমে, ক্রমান্বয়ে। ২। পুং, অখণ্ডতা, সম্পূর্ণতা। ৩। সঙ্গতি, সংশ্লেষ, সম্বন্ধ। ৪। বিং, ত্রিং, বিচ্ছেদ রহিত, অখণ্ড, অবিভক্ত। ৫। ধারাবাহী।

অবিজ্ঞ (অ—বিজ্ঞ) বিং, ত্রিং, যাহার বিজ্ঞতা জন্মে নাই, অপ্রবীণ, অর্ব্বাচীন, মূর্খ, অনভিজ্ঞ, অশিক্ষিত।

অবিজ্ঞাত (অ—বিজ্ঞাত) বিং, ত্রিং, অজ্ঞাত, অবিদিত, অপরিজ্ঞাত, অনবগত। ২। পুং, (অজ্ঞাতরূপ) পরমেশ্বর।

অবিজ্ঞেয় (অ—বিজ্ঞেয়) বিং, ত্রিং, অজ্ঞেয়, অপরিজ্ঞেয়, অনবগম্য, জ্ঞানাতীত।

অবিডীন (অ—বিডীন) সং, ক্লীং, পক্ষি-দিগের অভিমুখে গমন।

অবিত (অব্ রক্ষা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত, পালিত। ২। (+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, রক্ষণ।

অবিতথ (অ—বিতথ অসত্য, নঞ্—স) বিং, ত্রিং, যথার্থ, সত্য, অমিথ্যা, সার্থক। শিং—১ "তদবিতথমবাদীর্গমম ত্বং প্রিয়েতি।" (মাঘ)। যথা—"বৎস! অবিতথৈষা তব ভারতী ভবতু।" ২। অং, ক্লীং, যাথার্থ্য; "অবিতথমাহ প্রিয়ংবদা।" (শকুন্তলা)। থা—স্ত্রীং, "অবিতথা বিতথা সখি! মা গিরঃ।"

অবিত্যজ; পুং, ক্লীং, পারদ।

অবিতৃপ্ত (অ—বিতৃপ্ত সন্তুষ্ট) বিং, ত্রিং, অপরিতৃপ্ত, অসন্তুষ্ট।

অবিতৃষ্ণ (অ—বিতৃষ্ণা) বিং, ত্রিং, যার বিতৃষ্ণা জন্মে নাই, সতৃষ্ণ, সাভিলাষ।

অবিথ্য (অবি+থ্যন্—প্রং) বিং, ত্রিং, মেষ-যোগ্য।

অবিদিত (অ—বিদিত জ্ঞাত) বিং, ত্রিং, বিদিত নয়, অজ্ঞাত, অনবগত, অপরিচিত।

অবিদূর (অ—বিদূর) বিং, ত্রিং, নিকটবর্ত্তী, সমীপস্থ। শিং—১ "ততোঽবিদূরে বন-সংঘসঙ্কটে।" [তুষ্ক।

অবিদূন (অবি+দূন—প্রং) সং, ক্লীং, মেষ-

অবিদ্ধকর্ণা-র্ণী (অ—বিদ্ধ বিভিন্ন—কর্ণ কাণ। যাহার পত্র কর্ণ হইতে ভিন্ন নহে অর্থাৎ কর্ণতুল্য) সং, স্ত্রীং, নিমুইগাছ। ২। অম্বষ্ঠা, আকনাদি। ৩। ভৃঙ্গরাজ।

অবিদ্য (অ—বিদ্যা জ্ঞান। যাহার বিদ্যা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিদ্যাহীন, মূর্খ। শিং—১"অবিদ্যঃ পুরুষঃ শোচ্যঃ।" (চাণক্য)। ২। বিদ্যার অবিষয়ীভূত, জ্ঞানের বিষয় নয়।

অবিদ্যমান (অ—বিদ্যমান) বিং, ত্রিং, বিদ্যমান নয়, অবর্ত্তমান, অনুপস্থিত। ২। সত্ত্বারহিত।

অবিদ্যা (অ—বিদ্যা জ্ঞান) সং, স্ত্রীং, অজ্ঞান, মায়া। (তম, মোহ, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র এই পাঁচ প্রকার অবিদ্যা।) শিং—১ "দেহোঽহমিতি যা বুদ্ধিরবিদ্যা সা প্রকীর্ত্তিতা।" ২। প্রকৃতি।

অবিধান (অ—বিধান বিধি) সং, ক্লীং, অবিধি, অব্যবস্থা, অন্যায় বিধান, শাস্ত্রবিধি-রাহিত্য। শিং—" অবিধানেন যৎ কুর্য্যাৎ তৎ সর্ব্বং বিফলং ভবেৎ।" (স্মৃতি)।

অবিধি (অ—বিধি নিয়ম) সং, পুং, অশাস্ত্র, অনিয়ম। ২। বিং, ত্রিং, নিয়মরহিত, শাস্ত্র-বিধিবিরুদ্ধ।

অবিধেয় (অ—বিধেয় কর্ত্তব্য) বিং, ত্রিং, বিধেয় নয়, অকর্ত্তব্য, অযোগ্য।

অবিন (অব্ রক্ষা করা+ইন(ইনচ)—ক) সং, পুং, সমুদ্র। ২। রাজা। ৩। বহ্নি। ৪। বায়ু। ৫। বিং, ত্রিং, যষ্টা, যাগকর্ত্তা।

অবিনয় (অ—বিনয় শিষ্টাচার) সং, পুং, বিনয়ের অভাব, ধৃষ্টতা, ঔদ্ধত্য, অশিষ্টা-চার। ২। অত্যাচার। ৩। দোষ, অপরাধ বিং, ত্রিং, অবিনীত, উদ্ধত, অশিষ্ট।

অবিনশ্বর (অ—বিনশ্বর) বিং, ত্রিং, অক্ষয় অবিনাশী, যাহা নাশশীল নহে, মরণধর্ম রহিত; যেমন—"অবিনশ্বর স্বর্গধাম।"

অবিনাভাব (অ—বিনা ব্যতিরেকে—ভাব সং, পুং, তদসত্ত্বে তদসত্তা, না থাকিলে না থাকা; যথা—"বহ্নিমান্ ধূমাৎ।"

অবিনাশী (—নাশিন্, অ—বিনাশী) বিং ত্রিং, যার বিনাশ নাই, অক্ষয়, অবিনশ্বর যথা—"অবিনাশী দেবাদিদেব নারায়ণ।"

অবিনীত (অ—বিনীত যে বিনয় করে) বিং, ত্রিং, ধৃষ্ট, উদ্ধত। ২। অশিক্ষিত অসৎ। শিং—১ "নাবিনীতৈর্ব্রজেদ্ধুর্যৈ র্ন চ ক্ষুদ্ব্যাধি পীড়িতৈঃ।" (মনু)। তা—স্ত্রীং অসতী, কুলটা।

অবিপ্লুত (অ—বিপ্লুত [বি—প্লু লাফিয়া লাফিয়া যাওয়া+ত(ক্ত)—ক] বিগত) বিং, ত্রিং, অবিনষ্ট, অক্ষত, অবাধে প্রবর্ত্তিত। শিং—১"অবিপ্লুত ব্রহ্মচর্য্যঃ সবর্ণাং স্ত্রিয়মুদ্বহেৎ" (স্মৃতি)। ২। (+ত(ক্ত)—র্ম্ম) অ[illegible]ত।

অবিপ্রিয় (অবি মেষ—প্রিয়। মেষের প্রিয় বস্তু বলিয়া) সং, পুং, শ্যামাকতৃণ। ২। বিং, ত্রিং, ইষ্ট, প্রতিকূলভিন্ন, বিরক্তিকর-নয়। য়া—স্ত্রীং, শ্বেতালতা।

অবিভক্ত (অ—বিভক্ত) বিং, ত্রিং, বিভক্ত নয়, ভাগ করা নয়, যাহা ভাগ করা হয় নাই, অপৃথক্কৃত, যথা—অবিভক্ত ধন। ২। যাহারা ধন বিভাগ করিয়া লয় নাই, যাহারা পৃথক্ হয় নাই, অকৃতবিভাগ, অপৃথগ্ভূত। যথা—অবিভক্ত ভ্রাতৃগণ।

অবিভাজ্য (অ—বিভাজ্য) বিং, ত্রিং, যাহা ভাগ করা উচিত নয় অথবা যাহা ভাগ করিতে পারা যায় না।

অবিমুক্ত (অ—বিমুক্ত। হরগৌরী বা মুমুক্ষু কর্ত্তৃক অপরিত্যক্ত) সং, ক্লীং, বারাণসী, কাশী। শিং—১ মুনে! "প্রলয়কালেঽপি ন তৎক্ষেত্রং কদাচন। ন বিমুক্তং শিবাভ্যাং যদবিমুক্তং ততো বিদুঃ।" (কাশীখণ্ড)। ২। বিং, ত্রিং, অপরিত্যক্ত, মোচনরহিত।

অবিমুক্তেশ্বর (অবিমুক্ত—ঈশ্বর) সং, পুং, বিশ্বেশ্বর, শিবলিঙ্গ।

অবিমৃষ্য (অ—বি—মৃষ্ বিবেচনা করা+যপ্—প্রং) বিং, ত্রিং, অবিবেচক। ২। নিঃসন্দিগ্ধ।

অবিমৃষ্যকারিতা—স্ত্রীং } (অ—বিমৃষ্য
অবিমৃষ্যকারিত্ব—ক্লীং } বিবেচনা করিয়া—কারিন্ যে করে+তা,ত্ব—ভাবে) সং, বিবেচনা না করিয়া কার্য্য করা, সহসা কোন কর্ম্ম করা, পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করা, অবিবেকতা।

অবিমৃষ্যকারী (অবিমৃষ্যকারিন্, অ—বিমৃষ্য [বি—মৃষ্ বিবেচনা করা+য(যপ্)—প্রং] বিবেচনা করিয়া—কারী যে করে) বিং, ত্রিং, যে সহসা কোন কর্ম্ম করে, যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করে, অবিবেক। ণী—স্ত্রীং।

অবিমৃষ্যভাষী (—ভাষিন্, অ—বিমৃষ্য বিবেচনা করিয়া—ভাষিন্ যে বলে) বিং,ত্রিং, যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কোন কথা বলে।

অবিমৃষ্যবাদী (অবিমৃষ্যবাদিন্, অ—বিমৃষ্য বিবেচনা করিয়া—বাদী যে বলে) বিং, ত্রিং, যে ব্যক্তি বিবেচনা না করিয়া কথা কয়।

অবিরক্ত (অ—বিরক্ত) বিং, ত্রিং, বিরক্ত নয়, যার বিরক্তি জন্মে নাই, বিরক্তিশূন্য। ২। অনুরক্ত, আসক্ত, শিং—১"স্বভাবশূরমস্ত্রজ্ঞমবিরক্তং জিত শ্রমম্।"

অবিরত (অ—বিরত বিশ্রাম। যাহাতে বিশ্রাম নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, অবিশ্রান্ত, যাহার বিরাম নাই, ধারাবাহিক। ২। ক্রিং—বিং, অনবরত, সতত।

অবিরতি (অ—বিরতি নিবৃত্তি) সং, স্ত্রীং, অনিবৃত্তি। ২। বিষয়াদিতে চিত্তের স্থিরতা। ৩। বিরামাভাব।

অবিরল (অ—বিরল [বি—রম্ 'ক্রীড়া করা' বিশ্রাম করা+অল—প্রং। যে বিশ্রাম বিশিষ্ট] ফাক। যে ফাঁক নহে) বিং, ত্রিং, নিবিড়, ঘেঁস, ঘন। ২। নিরন্তর। যথা—"অবিরল অশ্রুধারা।"

অবিরাম (অ—বিরাম) বিং, ত্রিং, যাহার বিশ্রাম নাই; যথা—"অবিরাম গতি।"

অবিরুদ্ধ (অ—বিরুদ্ধ) বিং, ত্রিং, বিরুদ্ধ নয়, বিপরীত নয়, অনুযায়ী; যথা—ইহা তাঁহার মতের অবিরুদ্ধ। ২। নির্দ্দোষ, দোষহীন, যথা—এ কথা সর্ব্বাংশে অবিরুদ্ধ। ৩। সঙ্গত, সংলগ্ন; যথা—পরস্পর অবিরুদ্ধ, পূর্ব্বাপর অবিরুদ্ধ। ৩। অপ্রতিষিদ্ধ, অনিবারিত। ৪। অনুমোদিত, অনুমত, ন্যায্য। ৫। অনুকূল, অনুরক্ত। শিং—১"অবিরুদ্ধং সুখস্থং যো দুঃখমার্গে নিযোজয়েৎ।"

অবিরোধ (অ—বিরোধ) সং, পুং, বিরোধাভাব, বিবাদাভাব, সম্মতি। ২। সমন্বয়। ৩। বিং, ত্রিং, বিরোধরহিত। ক্রিং—বিং, বিনা বিরোধে, নির্ব্বিরোধে, অবিবাদে, নির্ব্বিবাদে।

অবিরোধী (—ধিন্,অ—বিরোধী যে বিরোধ করে) বিং, ত্রিং, বিরোধী নয়, যে কাহার ও সহিত বিরোধ করে না; যথা—"এক্ষণে অবিরোধী শান্তস্বভাব পাণ্ডবদিগকে কে কুপিত করিবে?" ২। অবিরুদ্ধ,অনুযায়ী। নী—স্ত্রীং।

অবিলম্ব (অ—বিলম্ব) ক্রিং—বিং, বিলম্ব ব্যতিরেকে, আশু, শীঘ্র, সত্বর। ২। পুং, বিলম্বাভাব। ৩। বিং, ত্রিং, বিলম্বশূন্য, সত্বর।

অবিলম্বিত, অবিলম্ব (অ—বিলম্বিত, বিলম্ব—বিলম্বন, গৌণ। যাহাতে বিলম্ব নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, ত্বরিত, শীঘ্র, যাহাতে বিলম্ব হয় নাই, ত্বরায় নিষ্পন্ন, আশু সম্পন্ন। ২। ক্রিং—বিং, শীঘ্র, সত্বর।

অবিবক্ষিত (অ—বিবক্ষিত) বিং, ত্রিং, বলিবার নিমিত্ত অভিপ্রেত নয়, যাহা বলিব বলিয়া মনস্থ করা যায় নাই, বিবক্ষারহিত, কথনেচ্ছারহিত, তাৎপর্য্য বিষয়ীভূত। শিং—১ "বহুত্বমবিবক্ষিতম্।" (রঘু)।

অবিবাদ (অ—বিবাদ) ক্রিং—বিং, বিনা বিবাদে, নির্ব্বিবাদে, অবিরোধে, নির্ব্বিরোধে। ২। পুং, বিবাদাভাব, অবিরোধ।

অবিবাহিত (অ—বিবাহিত) বিং, ত্রিং, বিবা-

হিত নয়, যার বিবাহ হয় নাই, অনূঢ়, অপরিণীত, অকৃতদার। তা—স্ত্রীং।

অবিবেক (অ—বিবেক বিবেচনা) সং, পুং, সদসদ্বিবেচনাভাব, অবিমৃষ্যকারিতা, অজ্ঞান। শিং—১"সহসা বিদধীত ন ক্রিয়ামবিবেকঃ পরমাপদাম্পদম্।" ২। ভ্রম, ব্যাকুলতা হেতু মোহ। ৩। একত্র হইয়া কার্য্যকরণ। ৪। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবেচনা-শূন্য, মূঢ়, অজ্ঞ।

অবিবেকতা (অবিবেক+তা—ভা) সং, স্ত্রীং, সদসদ্বিবেকরাহিত্য, মূঢ়তা, অজ্ঞতা, অবিমৃষ্যকারিতা। শিং—১"যৌবনং ধনসম্পত্তিঃ প্রভুত্বমবিবেকতা।"

অবিবেকী (অবিবেকিন, অবিবেক দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সদসদ্বিবেক শূন্য, মূঢ়, শাস্ত্রাদি-উপদেশশূন্য, অবিবেচক। সাঙ্খ্যমতে—অভিন্ন, প্রধান। শিং—১"প্রধানং স্বতো ন বিবিচ্যতে এবং মহদাদয়োঽপি ন প্রধানাদ্বিবিচ্যন্তে।"

অবিবেচক (অ—বিবেচক) বিং, ত্রিং, বিবেচক নয়, যার বিবেচনা নাই, যার ন্যায় অন্যায় বোধ নাই, বিবেচনাশূন্য।

অবিবেচনা (অ—বিবেচনা) সং, স্ত্রীং, অন্যায় বিবেচনা। ২। বিবেচনার অভাব, বিবেচনা না থাকা।

অবিশঙ্কা (অ—বিশঙ্কা ভয়) সং, স্ত্রীং, শঙ্কারাহিত্য, ভয়বিরহ। ২। বিশ্বাস।

অবিশঙ্কিত (অ—বিশঙ্কা+ইত—জাতার্থে) বিং, ত্রিং, অনিষ্ট শঙ্কারহিত, অভয়; যথা—"অবিশঙ্কিত চিত্ত।" শিং—১"বিদধ্যাদবিশঙ্কিতঃ।" (স্মৃতি)

অবিশুদ্ধ (অ—বিশুদ্ধ) বিং, ত্রিং, নির্দ্দোষ নয়, নির্ম্মল নয়, সদোষ, মলিন, অপবিত্র। ২। খাঁটি নয়, মিশ্রিত। ৩। অবিস্পষ্ট, অস্ফুট, অব্যক্ত; যেমন—অবিশুদ্ধ স্বর। ৪। দুষ্ট, খল, অধার্ম্মিক। যথা—"অবিশুদ্ধ প্রকৃতয়ো ধ্বনন্তি মধুপা ইব।"

অবিশেষ (অ—বিশেষ প্রভেদ) সং, পুং, অভেদ, বিশেষাভাব, ভেদরাহিত্য। শিং—১"অবিশেষেণ কর্ত্তব্যং বিশেষান্নরকং ব্রজেৎ।" ২। সাংখ্যমতে—সূক্ষ্মভূতপদার্থ। ৩। (যাহার বিশেষ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিশেষরহিত, অভিন্ন, তুল্য।

অবিশ্রান্ত (অ—বিশ্রান্ত ক্লান্ত) ক্রিং—বিং বিশ্রাম ব্যতিরেকে, অনবরত, অবিরত। ২। বিং, ত্রিং, বিশ্রামরহিত, শ্রান্তিরহিত।

অবিশ্রুত (অ—বিশ্রুত) বিং, ত্রিং, বিখ্যাত নয়, অপ্রসিদ্ধ।

অবিশ্বসনীয় (অ—বিশ্বসনীয়) বিং, ত্রিং, বিশ্বাসযোগ্য নয়, যাহাকে বিশ্বাস করা উচিত নয়, যাহাকে বিশ্বাস করিতে পারা যায় না, অবিশ্বাস্য।

অবিশ্বস্ত (অ—বিশ্বস্ত) বিং, ত্রিং, বিশ্বস্ত নয়, যে বিশ্বাস ভঙ্গ করিয়াছে, যাহাকে বিশ্বাস করিয়া প্রতারিত হওয়া গিয়াছে, অপ্রত্যয়িত, বিশ্বাসানর্হ।

অবিশ্বাস (অ—বিশ্বাস) সং, পুং, বিশ্বাসের অভাব, বিশ্বাস না থাকা, বিশ্বাস না করা, অপ্রত্যয়। ২। ক্রিং—বিং, অবিশ্বস্ত, বিশ্বাসরহিত।

অবিশ্বাসী (—সিন্, অ—বিশ্বাসী) বিং, ত্রিং, যে কাহাকেও বিশ্বাস করে না, যার কাহারও উপর বিশ্বাস নাই। ২। যাহাকে কেহ বিশ্বাস করে না, যার উপর কাহারও বিশ্বাস নাই।

অবিশ্বাস্য (অ—বিশ্বাস্য বিশ্বাসযোগ্য) বিং, ত্রিং, অবিশ্বসনীয় দেখ।

অবিষ (অব গমন করা+ইষ(টিষ)—ক) সং, পুং, সমুদ্র। ২। রাজা। ৩। আকাশ। ৪। বিং, ত্রিং, বিষহীন। ষী—স্ত্রীং, নদী। ২। পৃথিবী। ৩। স্বর্গ। ষা—স্ত্রীং, নির্ব্বিষাতৃণ।

অবিষয় (অ—বিষয়) সং, পুং, অদর্শন, অপ্রকাশ, অস্থিতি, দর্শনাদিবিষয়াভাব। ২। ইন্দ্রিয়াদিকৃতবিষয়জ্ঞানাভাব। ৩। বিং, ত্রিং, অজ্ঞাত, অনবগত। ৪। ইন্দ্রিয় জ্ঞানরহিত, পার্থিব পদার্থ গ্রহণে অসমর্থ। ৫। বিষয়াতীত, অবিষয়ীভূত।

অবিসম্বাদ (অ—বিসম্বাদ) সং, পুং, অবিরোধ, মিলন।

অবিস্পষ্ট (অ—বিস্পষ্ট স্পষ্ট) সং, ক্লীং, অস্পষ্ট বাক্য। ২। বিং, ত্রিং, বড় স্পষ্ট নয়, অস্ফুট, অব্যক্ত। ৩। ক্রিং—বিং, অস্পষ্ট।

বৈহিত ( অ – বিহিত ) বিং, ত্রিং, বিহিত নয়, যার বিধান নাই, অবৈধ, বিধিবিরুদ্ধ, অন্যায্য, অশাস্ত্রীয়। ২। অনুচিত, অকর্ত্তব্য। ৩। অকৃত,অসম্পাদিত। ৪। নিষিদ্ধ।

ী (অব্ রক্ষা করা + ঈ – ক, সংজ্ঞার্থে। ঈ – স্ত্রীলিঙ্গে। যে লজ্জা হেতু রজঃ রক্ষা করে অর্থাৎ গোপন করে) সং, স্ত্রীং, রজস্বলা স্ত্রী, ঋতুমতী।

াচি, অবীচিমান্ (অ – বীচি তরঙ্গ) সং, পুং, নরকবিশেষ, ইহকালে যিনি সাক্ষ্যে, দ্রব্য বিনিময়ে, দানে মিথ্যা কথা কন তিনি াতযোজন উর্দ্ধ গিরিশৃঙ্গ হইতে অধঃশিরাঃ হইয়া অবীচিনরকে নিপতিত হন। । বিং, ত্রিং, তরঙ্গরহিত।

র ( অ – বীর বলবান্, নঞ্ – ষ ) বিং, ত্রিং, দুর্ব্বল, নির্ব্বীর্য্য, সত্ত্বরহিত। ২। ীরশূন্য। শিং – ১"কিং ত্বিদানীমতিক্রান্তে য্যবীরা বসুন্ধরা।" ৩। রা – স্ত্রীং (অ – বীর। আপ্ – স্ত্রীং। যাহার পতি-পুত্র-প-বীর নাই, ৬ষ্ঠী – হিং) পতিপুত্র-হীনা ী, যার পতি ও পুত্র উভয়ই নাই। শিং -১ " পতিপুত্রবতী নারী বীরাপ্রোক্তা নীষিভিঃ।"

় (অ – বুঝ বিবেচনা করা) বিং, ত্রিং, । বিবেচনা করে না, যে বুঝে না।

দ্ধক (অ – বৃদ্ধি + ক – প্রং) বিং, ত্রিং, দ্ধরহিত (ধনাদি)। ২। কুসীদরহিত।

ক্ষণ – ক্লীং } ( অব – ঈক্ষ্ [ দেখা ] ক্ষা – স্ত্রীং } আন্দোলন করা ইত্যাদি অন(অনট্),অ – ভাবে। আপ্ – স্ত্রীং ) ১, দর্শন, অবলোকন। ২। আলোচনা। । মনোযোগ, অবধান, প্রতিজাগরণ। শিং ১ "বর্ণাশ্রমাবেক্ষণজাগরূকঃ।" (রঘু)। । বিচার। ৫। অনুসন্ধান। ৬। পালন। অনুরোধ। ৮। প্রতীক্ষা।

ক্ষণীয় (অব – ঈক্ষ দর্শন করা + অনীয় র্ম্ম)বিং, ত্রিং, দর্শনযোগ্য বা যাহা দেখতে হইবে, নিরীক্ষণীয়, অবলোকনীয়। ং – ১"তপস্বিসামান্যমবেক্ষণীয়া।"(রঘু)। আলোচনীয়।

অবেক্ষমাণ (অব – ঈক্ষ্ দর্শন করা + শানচ্ – র্ম্ম) বিং, ত্রিং, যে দর্শন করিতেছে, নিরীক্ষমাণ, অনুসন্ধানপর।

অবেক্ষিত (অবেক্ষণ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, নিরীক্ষিত, দৃষ্ট, অবলোকিত। ২। পর্য্যালোচিত। ৩। পালিত।

অবেদ্য (অ – বেদ্য [বিদ্ জানা + য(ঘ্যণ্) – র্ম্ম] জ্ঞেয়) বিং, ত্রিং, অজ্ঞেয়, অনবগম্য, জ্ঞানাযোগ্য। ২। অবিবাহ্য, বিবাহের অযোগ্য। শিং – ১ "ব্যভিচারেণ বর্ণানামবেদ্যাবেদনেন চ।" ( মনু )। ২। পুং, গোবৎস, বাছুর।

অবেল ( অব – ইলা বাক্য ) সং, পুং, অপলাপ, অপহ্নব।

অবেলা (অ অকর্ম্মণ্য – বেলা সময়) সং, স্ত্রীং, যে সময়ে কোন বিশেষ কর্ম্ম হইতে পারে না, শেষ বেলা। ২। অসময়, অপ্রকৃত বেলা। ৩। চর্ব্বিত গুবাক্।

অবৈতনিক (অ – বেতন + ইক(ষ্ণিক) – গ্রহণার্থে) বিং, ত্রিং, যে বেতন ভোগী নহে।

অবৈধ (অ বিরুদ্ধ – বিধি নিয়ম + অ(ষ্ণ) – ইদমর্থে) বিং, ত্রিং, বৈধ নয়, বিধিসিদ্ধ নয়, যার বিধি নাই, অবিহিত, অশাস্ত্রীয়, বিধিবিরুদ্ধ। শিং – ১ "অবৈধং পঞ্চমং কুর্ব্বন্ রাজ্ঞো দণ্ডেন শুধ্যতি।"(স্মৃতি)। ২। অনুচিত, অকর্ত্তব্য।

অবোদ (অব – উন্দ্ আর্দ্র হওয়া + অ(ক) – ক) বিং, ত্রিং, ক্লিন্ন, ভিজা। ২। (অব – বদ্ বলা + অ(ক) – ভাবে) সং, ক্লীং, নিরর্থক বাক্য।

অব্দ ( অব্ রক্ষা করা + দ – ক ) সং, পুং, বৎসর। ২। পর্ব্বতবিশেষ। ৩। মেঘ। ৪। মুতা।

অব্যক্ত (অ – ব্যক্ত প্রকাশিত। যিনি ব্যক্ত নহেন) সং, পুং, বিষ্ণু। ২। শিব। ৩। কন্দর্প। ৪। মূর্খ। ৫। ক্লীং, পরব্রহ্ম। ৬। সাংখ্যমতে রূপাদিহীনতা হেতু এবং চক্ষুর অগোচর সর্ব্বপ্রধান কারণ, মহদাদি। ৭। বেদান্তমতে-সূক্ষ্মশরীর নির্ব্বিকার নিরাকার ব্রহ্ম, পরমাত্মা। ৮। প্রকৃতি। ৯। কারণ। ১০। আত্মা। ১১। বিং,ত্রিং, অস্ফুট, অদৃশ্য,

নিরাকার, অবয়ব রহিত। শিং—১"যোঽসাবতীন্দ্রিয়গ্রাহ্যঃ সূক্ষ্মোঽব্যক্তঃ সনাতনঃ।" (মনু)। ১২। অস্পষ্ট। ১৩। অতিসূক্ষ্ম। ১৪। অজ্ঞাত। ১৫। অপ্রকাশিত। ১৬। গণিতে—অজ্ঞাত(রাশি) (Unknown as quantity or number)

অব্যক্তপুষ্পক (Cryptogamus, অ—ব্যক্ত—পুষ্প+ক—যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বৃক্ষের পুষ্প দৃষ্টিগোচর হয় না।

অব্যক্তরাগ (অব্যক্ত অস্পষ্ট—রাগ বর্ণ) সং, পুং, ঈষৎ লোহিত বর্ণ।

অব্যক্তরাশি (অব্যক্ত—রাশি) সং, পুং, গণিতে—অজ্ঞাতরাশি।

অব্যক্তশিরস্ক (Acephala, অব্যক্ত—শিরস্ক, ৬ষ্ঠী—হিং) যাহাদের মস্তক স্পষ্ট ব্যক্ত নহে, যথা—ঝিনুক।

অব্যণ্ডা (অ—বি—অণ্ড। যাহার অণ্ড অর্থাৎ বীজ বিগত হয় না) সং, স্ত্রীং, আলকুশী।

অব্যথ (অ—ব্যথা দুঃখ, ভয়) বিং, ত্রিং, পীড়ারহিত, ব্যথাশূন্য। ২। যে পীড়া দেয় না, পরপীড়াবিমুখ। ৩। পুং, সর্প।

অব্যথা (অ—ব্যথা দুঃখ, ভয়। যাহা হইতে ভয় নাই, ৫মী—হিং) সং, স্ত্রীং, হরীতকী। ২। পদ্মচারিণী।

অব্যথ্য (অ—ব্যথ্য [ব্যথ্ ব্যথা দেওয়া+য (ক্যপ্)—ক। নিপাতন] ব্যথাদায়ক) বিং, ত্রিং, ব্যথাশূন্য, পীড়ারহিত। ২। অব্যথাজনক।

অব্যভিচরিত (অ—ব্যভিচরিত) সং, ক্লীং, অবাধ, বাধারহিত।

অব্যভিচারী (অব্যভিচারিন্, অ—ব্যভিচার+ইন(ণিন্)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যভিচাররহিত, অবিচল। ২। ন্যায়মতে—কোন প্রকার প্রতিকূলহেতু দ্বারা নিবারণ অশক্য, সাধ্যসাধকব্যাপ্তিবিশিষ্ট হেতু। ৩। ব্যভিচার দোষ রহিত, ধর্ম্ম হইতে অবিচলিত। ৪। দৃঢ়, স্থির, অপরিবর্ত্তনশীল, নিত্য। ৫। সত্য, অবিসংবাদী। শিং—১"রূপবৃত্তয়ে ন রূপমিত্যব্যভিচারি তদ্বচঃ।" (কুমার)।

অব্যয় (অ—ব্যয় [বি—ই গমন করা+অ (অল্)—ভাবে] বিশেষরূপে গমন। যে লিঙ্গ সংখ্যা কারকে গমন করে না অর্থাৎ যে একরূপই থাকে) সং, পুং—ক্লীং, যে সকল শব্দের উত্তর বিভক্তি থাকে না। শিং—১"সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু, বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ং।" (অ—ব্যয় নাশ। যাহার নাশ নাই, ৬ষ্ঠী—হিং) ২। সং, পুং, বিষ্ণু। শিং—১"পুরুষায়াপ্রমেয়ায় শাশ্বতায়াব্যয়ায় চ।" (মার্কণ্ডেয়) ৩। শিব। ৪। ক্লীং, আদি এবং অন্তরহিত বিকারশূন্য, পরব্রহ্ম। শিং—১"অনণ্বস্থূলমহ্রস্বমদীর্ঘমজমব্যয়ম্। অরূপ গুণবর্ণাখ্যং তদ্‌ব্রহ্মেত্যবধারয়েৎ।" ৫। বিং, ত্রিং, ধনাদিব্যয়বিমুখ, কৃপণ। ৬। উৎপত্তি বিনাশাদি সর্ব্বক্রিয়াশূন্য, নিত্য, অবিনাশী, অক্ষয়, অপরিচ্ছিন্ন, আদ্যন্তরহিত, বিকারশূন্য, শিং—১ "তমসঃ পরমাপদমব্যয়ং পুরুষং যোগসমাধিনা রঘুঃ।" (রঘু)। য়া—স্ত্রীং, দুর্গা; যথা—

"অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অভয়া।
অপরাধ ক্ষম অগো অব গো অব্যয়া।"

অব্যয়ীভাব (অব্যয়+ঈ (চ্বি)—অভূততদ্ভাবে—ভাব [ভূ হওয়া+অ(ঘঞ্)—ভাবে] অভূতপূর্ব্বে ন অব্যয়ং অব্যয়ং ভবতীতি অর্থাৎ ছিল না অব্যয় হইল অব্যয় এই অর্থে অব্যয়ীভাব) সং, পুং, সমাস বিশেষ, যে সমাসে অনব্যয় শব্দ অব্যয় হয়; যথা—উপকুম্ভ ইত্যাদি স্থলে অনব্যয় কুম্ভাদি পদ অব্যয় হয়। ২। ব্যয়শূন্যতা, অবিনাশিস্বভাব, মরণধর্ম্মরাহিত্য। শিং—১ "দ্বন্দ্বো দ্বিগুরপি চাহং নিত্যং মদ্‌গৃহেঽব্যয়ীভাবঃ। তৎপুরুষ! কর্ম্মধারয় যেনাহং স্যাং বহুব্রীহিঃ। (উদ্ভট)।

অব্যর্থ (অ—ব্যর্থ বৃথা) বিং, ত্রিং, ব্যর্থ নয়, অমোঘ, বিফল নয়, সার্থক, সফল; যথা—অব্যর্থসন্ধান।

অব্যবধান (অ—ব্যবধান) বিং, ত্রিং, যাহার মধ্যে আর ব্যবধান নাই, অব্যবহিত, ব্যবধানশূন্য। ২। অনবহিত, প্রমত্ত।

অব্যবসায় (অ—ব্যবসায়) সং, পুং, ব্যবসায়ের অভাব, চর্চ্চা না থাকা, অনুশীলন

না থাকা, অনমুশীলন, অপরিশীলন, চেষ্টা-বিরহ, উদ্যোগাভাব, ক্রিয়াবৈমুখ্য।

অব্যবসায়ী (—য়িন্, অ—ব্যবসায়ী) বিং, ত্রিং, ব্যবসায়ী নয়, যে ব্যবসায় পরিত্যাগ করিয়াছে, যে আর চর্চ্চা করে না, যে আর অনুশীলন করে না। শিং—১"অব্যবসায়িনমলসং দৈবপরং সাহসাচ্চ পরিহীনম্।"

অব্যবস্থ (অ—ব্যবস্থা বিধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনিশ্চিত।

অব্যবস্থা (অ—ব্যবস্থা) সং, স্ত্রীং, অশুদ্ধ ব্যবস্থা, সে ব্যবস্থা শাস্ত্র ও যুক্তির অনুযায়িনী নহে, শাস্ত্রবিরুদ্ধতা। শিং—"কিমব্যবস্থাকলিতোঽপি কেশবঃ।"(মাঘ)। ২। কোন বিষয়ের প্রণালী না থাকা, বন্দোবস্ত না থাকা, "ইহা কর্ত্তব্য ইহা নয়" ইত্যাদি নিয়মাভাব। ৩। অস্থৈর্য্য, স্থিতিরহিত। শিং—১ "স্থলারবিন্দশ্রিয়মব্যবস্থাম্।" (কুমার)।

অব্যবস্থিত (অ—ব্যবস্থিত) বিং, ত্রিং, সিদ্ধান্তরহিত। ২। নীতিশাস্ত্রাদিব্যবস্থানভিজ্ঞ। ৩। অবিহিত। ৪। "ইহা কর্ত্তব্য ইহা নয়" ইত্যাদি প্রকার নিয়মরহিত। শিং—১ "অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোঽপি ভয়ঙ্করঃ।"

অব্যবস্থিতচিত্ত (অব্যবস্থিত—চিত্ত) বিং, ত্রিং, অনবস্থিতচিত্ত দেখ।

অব্যবঁহার্য্য (অ—ব্যবহার্য্য) বিং, ত্রিং, ব্যবহার্য্য নয়, ব্যবহারযোগ্য নয়, যাহা আর ব্যবহার করিবার উপযুক্ত নাই, অকর্ম্মণ্য, যথা—অমুক বস্তু অব্যবহার্য্য হইয়া উঠিয়াছে। ২। যাহার আচার ও চরিত্র একপ যে তাহারসহিত শয়ন আসন একত্র অবস্থান অযোগ্য; যথা—সে সমাজের অব্যবহার্য্য। শিং—১ "প্রায়শ্চিত্তৈরপৈত্যেনো যদজ্ঞানকৃতং ভবেৎ। কামতোঽব্যবহার্য্যস্তু বচনাদিহজায়তে।" ৩। অনুপভোগ্য। ৪। আদালত অগ্রাহ্য।

অব্যবহিত (অ—ব্যবহিত দূরীকৃত, বিভক্ত) বিং, ত্রিং, ব্যবধানরহিত, সংলগ্ন, নিকটস্থ।

অব্যবহৃত (অ—ব্যবহৃত) বিং, ত্রিং, যার ব্যবহার নাই, যাহা কেহ ব্যবহার করে না। ২। যাহা চলিত হয় নাই, অপ্রচলিত। ৩। যাহার সহিত কেহ ব্যবহার করে না। ৪। ধর্ম্মাধিকরণে ব্যবহাররহিত। ৫। অনুক্ত।

অব্যাকুল (অ—ব্যাকুল) বিং, ত্রিং, ব্যাকুলতা রহিত, চিত্তচাঞ্চল্যশূন্য।

অব্যাকৃত (অ—ব্যাকৃত) বিং, ত্রিং, অভিন্ন, অবিভক্ত। ২। ক্লীং, বেদান্তোক্ত ব্রহ্মভিন্ন জগদুৎপত্তি-বীজ।

অব্যাখ্যেয় (অ—ব্যাখ্যেয়) বিং, ত্রিং, যাহা ব্যাখ্যা করা যাইতে পারে না, দুর্ব্বোধ।

অব্যাঘাত (অ—ব্যাঘাত) ক্রিং—বিং, ব্যাঘাত ব্যতিরেকে, বিনা প্রতিবন্ধকে, নির্ব্বিঘ্নে।

অব্যাজ (অ—ব্যাজ কপটাচারী) সং, পুং, ব্যাজাভাব, ছলাভাব। শিং—১ "ইদং কিলাব্যাজমনোহরং বপুঃ।" (শকু)। ২। অকপটতা, সারল্য। ৩। শীঘ্র, অবিলম্ব। ৪। বিং, ত্রিং, অকপট। ৫। অবাধ।

অব্যাপ্যবৃত্তি (অ—ব্যাপ্য ব্যাপিয়া—বৃত্তি বর্ত্তন, থাকা। ব্যাপিয়া থাকা নহে) বিং, ত্রিং, একদেশ স্থিত, কোথাও স্থিত কোথাও অস্থিত, কখন থাকা কখন না থাকা। ২। সং, স্ত্রীং, কিয়দংশে স্থিতি, একাংশে স্থিতি।

অব্যাহত (অ—ব্যাহত বাধাপ্রাপ্ত) বিং, ত্রিং, অপ্রতিহত, ব্যাঘাতশূন্য, যার কেহ ব্যাঘাত বা প্রতিবন্ধকতা করিতে পারেনা; যথা—অব্যাহতা গতি।—

"হেনকালে বসুন্ধরা অব্যাহতরূপে।
কান্দিয়া কহিছে মজিপতিশোক কূপে।"

২। অকুণ্ঠিত, অব্যর্থ। শিং—১ "অব্যাহতাজ্ঞঃ প্রকাশা হি দেবতা ভূতেষু।"

অব্যাহতি (অ—ব্যাহতি [বি—আ—হন্ আঘাত করা+তি(ক্তি)—ভাবে] ব্যাঘাত) সং, স্ত্রীং, অব্যাঘাত, নিস্তার, পরিত্রাণ। যথা—"মরিলেহ নাহি অব্যাহতি।"(অন্নদা)।

অব্যুৎপন্ন (অ—ব্যুৎপন্ন) বিং, ত্রিং, ব্যুৎপত্তি রহিত। ২। অজ্ঞান, শব্দার্থঅনভিজ্ঞ।

অব্রতী (অ—ব্রতী) বিং, ত্রিং, ব্রতাচরণ পরাঙ্মুখ।

অশকুন (অ—শকুন) সং, ক্লীং, অমঙ্গল, অনিষ্টসূচক কাকাদিদর্শন। শিং—১"সা-

হস্ম নৈবাশকুনীভবেন্মে ভাবিপ্রিয়াবেদক এষ হংসঃ।'' (নৈষধ)। ২। বিং, ত্রিং, অযাত্রিক।

অশকুন্তী ; সং, স্ত্রীং, জলের পানা।

অশক্ত (অ—শক্ত সমর্থ) বিং, ত্রিং, অসমর্থ, অপারগ, শক্তিহীন।

অশক্তি (অ—শক্তি) সং, স্ত্রীং, শক্তির অভাব, শক্তি না থাকা, অপটুতা, অপারকতা, অসামর্থ্য। শিং—১ "শ্রমেণ তদশক্ত্যা বা ন গুণানামিয়ত্তয়া। (রঘু)।

অশক্য (অ—শক্য সম্ভব) বিং, ত্রিং, যাহা সম্পন্ন করিতে পারা যায় না, অসাধ্য, সাধ্যাতীত, শক্তিবহির্ভূত।

অশঙ্ক (অ—শঙ্কা) বিং,ত্রিং, যাহার শঙ্কানাই, নির্ভয়, নিঃশঙ্ক, শঙ্কাহীন। ২। নিশ্চিত।

অশঙ্কনীয় (অ—শঙ্কনীয়) বিং, ত্রিং, শঙ্কা করিবার বিষয় নয়, যাহাতে শঙ্কা নাই। শিং—১"অশঙ্কনীয়াং করভোরু শঙ্কসে।"

অশঙ্কিত (অ—শঙ্কিত) বিং, ত্রিং. ভীত নয়, যে ভয় পায় নাই, অভীত, অত্রস্ত। ২। নিরুদ্বেগ, নিশ্চিন্ত।

অশন (অশ্ ভোজন করা+অন(অনট্)—ভাবে) সং,ক্লীং, ভোজন। ২। (+অনট্—র্ম্ম) ভক্ষ্যবস্তু। শিং—১ "পুজিতং হ্যশনং নিত্যং বলমূর্জঞ্চ যচ্ছতি।" (মনু)। ৩। (অশ্ ভক্ষণ করা+অনট্—ক) সং, পুং, ভক্ষক। ৪। (অশ্ ব্যাপা+অনট্—ভা) অশনবৃক্ষ, পীতশালবৃক্ষ।

অশননলী ; সং, স্ত্রীং, যে নলী দ্বারা গিলিত বস্তু মুখ হইতে জঠরে নীত হয়।

অশনপর্ণী (অশন—পর্ণ পাতা। অশন অর্থাৎ পীতশালের ন্যায় পর্ণ যাহার) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, মারাটী।

অশনাচ্ছাদন (অশন—আচ্ছাদন, দ্বং—স) সং, ক্লীং, অন্ন বস্ত্র, ভাত কাপড়।

অশনায়া (অশন ভক্ষ্যবস্তু+য(ক্য)—ইচ্ছার্থে এবং অ—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং ক্ষুধা, ভক্ষণেচ্ছা, বুভুক্ষা, খাইবার ইচ্ছা। শিং—১ "অন্নাদ্বা অশনায়া নিবর্ত্ততে পানাৎ পিপাসা।" ২ "চ্যুতাশনায়ঃ ফলবদ্বিভূত্যা।" (ভট্টি)।

অশনায়িত (অশনায়া+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্ষুধিত, বুভুক্ষিত।

অশনি (অশ্ ভোজন করা+অনি—ক, সংজ্ঞার্থে। যে পাহাড় পর্ব্বত খায় অর্থাৎ ধ্বংস করে) সং, পুং—স্ত্রীং, বজ্র, মেঘাগ্নি। ২। বিদ্যুৎ। ৩। প্রস্তরবর্ষী উল্কাবিশেষ, বৃক্ষাদিবিনাশক মেঘোৎপন্ন জ্যোতিঃ।

অশরণ (অ—শরণ আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনাথ, নিরাশ্রয়, অসহায়। ২। গৃহশূন্য।

অশরীর (অ—শরীর দেহ। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরীরশূন্য, দেহরহিত। ২। পুং, কামদেব। শিং—১ "নিজমক্ষিমন্দমনিশং নিশিতৈঃ ক্রশিতং শরীরমশরীরশরৈঃ।" ৩। সকল নিষেধরূপ দেহশূন্য পরমাত্মা। ৪। শরীরের অভিমান শূন্য জীবন্মুক্ত। শিং—১ অশরীরং বাবসন্তং প্রিয়াপ্রিয়ে ন স্পৃশতঃ।"

অশরীরিবাক্ (অশরীরিবাচ্, অশরীরিন্ শরীরহীন—বাচ্ বাক্য) সং,স্ত্রীং, আকাশবাণী, দৈববাণী।

অশরীরী (অশরীরিন্, অ—শরীর দেহ+ইন্—অস্ত্যর্থে। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার শরীর নাই ব[illegible]ার শরীর দেখিতে পাওয়া যায় না, নিরাকার, আকারশূন্য। ণী—স্ত্রীং ; যথা—"অশরীরিণী বাণী।"

অশর্ম্ম (অশর্ম্মন্, অ—শর্ম্মন্ সুখ স্বচ্ছন্দ) সং, ক্লীং, ক্লেশ, দুঃখ। শিং—১"একৌঘভূতং তদশর্ম্মকৃষ্ণাং বিভাবরীং ধ্বান্তমিব প্রপেদে।" ২। বিং, ত্রিং, দুঃখিত, পীড়াযুক্ত।

অশাখা (অ—শাখা। যাহার শাখা নাই) সং, স্ত্রীং, শূলীতৃণবৃক্ষ।

অশান্ত (অ—শান্ত) বিং, ত্রিং, শান্ত নয়, শান্তস্বভাব নয়, অস্থির, চঞ্চল, দুরন্ত ; যথা—অশান্ত বালক। ২। দুর্দ্দান্ত, দুর্ব্বৃত্ত, উদ্ধতস্বভাব ; যথা—লোকটা বড় অশান্ত।

অশাসন (অ—শাসন) সং, ক্লীং, শাসনের অভাব, শাসন না থাকা, অরাজকতা।

অশাসনীয় (অ—শাসনীয়) বিং, ত্রিং, যাহাকে শাসন করিতে পারা যায় না।

অশাসিত (অ—শাসিত) বিং, ত্রিং, শাসিত নয়, যাহার শাসিত হয় নাই, যাহার শাসন করিতে পারা যায় নাই।

অশাস্ত্র (অ—শাস্ত্র) সং, ক্লীং, অসৎ শাস্ত্র, যে শাস্ত্র সাধুলোকের গ্রাহ্য নয়। ২। বেদাদি বিরুদ্ধশাস্ত্র। ২। শাস্ত্রাভাব। ৩। অবিধি। ৪। বিং, ত্রিং, শাস্ত্রসম্মত নয়, শাস্ত্রবিরুদ্ধ, শাস্ত্রবহির্ভূত।

অশাস্ত্রীয় (অ—শাস্ত্রীয়) বিং, ত্রিং, শাস্ত্রীয় নয়, শাস্ত্রসিদ্ধ নয়, শাস্ত্রবিরুদ্ধ, শাস্ত্রবহির্ভূত।

অশিক্ষিত (অ—শিক্ষিত শিক্ষাপ্রাপ্ত। যে শিক্ষাপ্রাপ্ত হয় নাই) বিং, ত্রিং, শিক্ষিত নয়, যে লেখা পড়া শিখে নাই, অনভিজ্ঞ, মূঢ়। ২। অসভ্য, অভব্য।

অশিত, আশিত (অশন দেখ, ত(ক্ত)—র্ম) বিং, ত্রিং, ভক্ষিত। ২। (+ক্ত—ক) তৃপ্ত, প্রীত। ৩। (অ—শিত) অশাণিত।

অশিত্র (অশ্ ব্যাপা+ইত্র—প্রং) সং, পুং, চোর। ২। চরু।

অশির (অশন দেখ, ইর—ক, সংজ্ঞার্থে। যিনি বলি খান) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি। ৩। রাক্ষসবিশেষ। ৪। ক্লীং, হীরক। রা—স্ত্রীং, রাক্ষস-স্ত্রী।

অশিব (অ—শিব শুভ) বিং, ত্রিং, অমঙ্গল, অশুভ, অনিষ্টজনক; যথা—"ঐ অশিব-বিধায়ক গৃহের নাম শিব রাখিয়াছিলেন।" ২। ক্লীং, অমঙ্গল।

অশিশু (অ—শিশু) সং, পুং, শিশুভিন্ন।

অশিশ্বী, অশিশ্বিকা (অ—শিশু। যাহার শিশু নাই, ৬ষ্ঠী—হিং। ঈ(ঈপ্)—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শিশুহীনা, পুত্র-কন্যাবিহীনা-স্ত্রী, আঁটকুড়ী।

অশিষ্য (অ—শিষ্য) বিং, ত্রিং, শিষ্যের অযোগ্য।

অশিষ্ট (অ—শিষ্ট শান্ত) বিং, ত্রিং, অশান্ত, দুরন্ত, শিষ্ট নয়। ২। অভদ্র, অসভ্য। ৩। দুর্বৃত্ত, দুরন্ত।

অশিষ্টতা (অশিষ্ট+তা—ভাবে) সং, স্ত্রীং, অশিষ্টের আচরণ, অভদ্রতা, দুর্ব্বৃত্ততা, অসভ্যতা।

অশীতি (অষ্ট—দশন্+তি—প্রং। নিপাতন) সং, স্ত্রীং, একং, আশী সংখ্যা, ৮০। ২। ৮০ সংখ্যক।

অশুচি (অ—শুচি পবিত্রতা) বিং, ত্রিং, শুচি নয়, অশুদ্ধ, অপবিত্র, শাস্ত্রোক্তশৌচ হীন। ২। সং, স্ত্রীং, শুদ্ধিরাহিত্য, অপবিত্রতা। ৩। অবিশুদ্ধাচার, হীনতা, নীচতা।

অশুদ্ধ (অ—শুদ্ধ পবিত্র) বিং, ত্রিং, অপবিত্র, অশুচি। ২। নির্দোষ নয়, নির্ম্মল নয়; যথা—তার মন বড় অশুদ্ধ। ৩। যাহা সংশোধিত হয় নাই, যাহাতে ভুল আছে, অকৃতশোধন, বর্ণাদি অশুদ্ধিযুক্ত; যথা—অশুদ্ধ লেখা।

অশুদ্ধি (অ—শুদ্ধি পবিত্রতা) সং, স্ত্রীং, অপবিত্রতা, শৌচাভাব। ২। অশৌচ। ৩। শুদ্ধির অভাব, ভুল। ৪। বিং, ত্রিং, শুদ্ধিরহিত, অপবিত্র।

অশুভ (অ—শুভ মঙ্গল) সং, ক্লীং, অশিব, অমঙ্গল। ২। (৫মী—হিং) পাপ। ৩। বিং, ত্রিং, অমঙ্গলযুক্ত, অকল্যাণজনক।

অশূন্য (অ—শূন্য খালি) বিং, ত্রিং, শূন্য নহে, পরিপূর্ণ, সম্পন্ন। শিং—১ "ত্বমপি-স্বনিয়োগমশূন্যং কুরু।" (শকুন্তলা)।

অশৃত (অ—শৃত পক্ক) বিং, ত্রিং, অপক্ক, কাঁচা।

অশেষ (অ—শেষ। যাহার শেষ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শেষ হীন, সম্পূর্ণ, সমুদায়; যথা—"অশেষশরীরী শেষ যথা।" (মেঘনাদ)। ২। সং, পুং, শেষাভাব।

অশেষজ্ঞ (অশেষ—জ্ঞ যে জানে) বিং, ত্রিং, যে সমুদয় জানে, যার কিছুই অবিদিত নাই, যার কিছুই জানিতে বাকী নাই।

অশেষতত্ত্বজ্ঞ (অশেষ—তত্ত্ব যাথার্থ্য—জ্ঞ যে জানে) বিং, ত্রিং, অশেষজ্ঞ দেখ।

অশেষবিধ (অশেষ—বিধা প্রকার) বিং, ত্রিং, সর্ব্বপ্রকার। ২। বহুবিধ। ৩। নানাবিধ।

অশোক (অ—শোক। এই বৃক্ষতলে তপস্যা করিতে করিতে গৌরী মনোরথ পাইয়া নষ্টশোকা হইয়াছিলেন বলিয়া ইহার নাম অশোক হইল) সং, পুং, বৃক্ষবিশেষ। সংস্কৃত কবিরা বর্ণনা করিয়া থাকেন যে

বসন্তকালে যুবতী স্ত্রী পদাঘাত না করিলে এই বৃক্ষের পুষ্প জন্মে না। শিং—১"সনূপুররবেণ স্ত্রী-চরণেনাভিতাড়নম্। দোহদং যদশোকস্য ততঃ পুষ্পোদ্গমো ভবেৎ। পাদাহতঃ প্রমদয়া বিকসত্যশোকঃ, শোকং জহাতি বকুলো মুখশীধুসিক্তঃ। আলোকিতঃ কুরুবকঃ কুরুতে বিকাশমালোড়িত স্তিলক উৎকলিকো বিভাতি।" ২ "অসূত সদ্যঃকুসুমান্যশোকঃ" (কুমার)। ৩"কুসুমং কৃতদোহদস্ত্বয়াযদশোকোঽয়মুদীরয়িষ্যতি।" (রঘু)। ২। দশরথের মন্ত্রী। ৩। স্বনামখ্যাত রাজা। ৪। নন্দবংশীয় মগধদেশনৃপতি ; ইহার অধিকারকালে ভারতবর্ষে বৌদ্ধধর্ম্ম প্রচুররূপে ব্যাপ্ত হইয়াছিল। ৫। ক্লীং, পারদ। ৬। বিং, ত্রিং, যাহাকে শোক পাইতে হয় নাই, অথবা যাহার শোক নিবৃত্তি হইয়াছে, শোকহীন, শোকশূন্য। কা—স্ত্রীং, কটকী। ২। জৈন দিগের গৃহদেবতা।

অশোকরোহিণী ; সং, স্ত্রীং, কটুরোহিণী, কটকী।

অশোকষষ্ঠী ( অশোক—ষষ্ঠী ) সং, স্ত্রীং, চৈত্র-শুক্ল-ষষ্ঠী, পুত্রবতী স্ত্রীলোকেরা এই দিনে পুত্রের মঙ্গলার্থ ষষ্ঠীপূজা করে। শিং—১"চৈত্র মাস্যসিতে পক্ষে ষষ্ঠ্যাং ষষ্ঠীং সমর্চ্চয়েৎ। সুখায় পুত্রলাভায় শুক্লপক্ষে তথৈবচ।"

অশোকারি (অশোক—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কদম্ববৃক্ষ।

অশোকাষ্টমী (অশোক শোকরহিত—অষ্টমী) সং, স্ত্রীং, চৈত্রমাসীয় শুক্লাষ্টমী ; এই তিথিতে আটটী অশোকফুলের জল পান করা কর্ত্তব্য ; লিঙ্গপুরাণে কথিত আছে—এই তিথিতে অষ্ট কলিকা যুক্ত জল পান করিলে কেহ শোক পায় না। শিং—১ "মীনে মধৌ শুক্লপক্ষে অশোকাখ্যাং তথাষ্টমীম্। পিবেদশোককলিকাঃ স্নায়ান্নৌহিত্যবারিণি।"

অশোচনীয়, অশোচ্য ( অ—শুচ্ শোক করা+অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং, শোকের অযোগ্য। ২। শোক করিবার বিষয় নয়, যাহার নিমিত্ত শোক করিতে হয় না। শিং—১ "অশোচ্যো নির্ধনঃ প্রাজ্ঞোঽশোচ্যঃ পণ্ডিতবান্ধবঃ।" (চাণক্য)।

অশৌচ (অ—শৌচ শুচিতা, শুদ্ধি) সং, ক্লীং, অশুদ্ধি, শুচি না থাকা। অশৌচ জননাশৌচ, মরণাশৌচ, কালাশৌচ প্রভৃতি নানাবিধ।

অশৌচান্ত (অশৌচ—অন্ত শেষ) সং, পুং, অশৌচনিবৃত্তি, অশৌচের শেষ, অশৌচের সমাপ্তি।

অশ্ম, অশ্মন্ (অশ্ ব্যাপা+ম, মন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, প্রস্তর, পাতর। শিং—১ "অশ্মাপি যাতি দেবত্বং মহদ্ভিঃ সুপ্রতিষ্ঠিতঃ।" ২। পর্ব্বত। ৩। মেঘ।

অশ্মক ; সং, পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ, ইনি সৌদাসের পুত্র, মদয়ন্তীর গর্ভজাত। মদয়ন্তী ঐ পুত্রকে সাত বৎসর গর্ভে ধারণ করেন, পরে ব্যস্ত হইয়া এক তীক্ষ্ণ অশ্ম অর্থাৎ প্রস্তর দ্বারা স্বীয় উদর ছেদন করাতে শিশু [illegible]মিষ্ঠ হয়, ইহাতে তাহার নাম অশ্মক [illegible]ল। ২। জাতিবিশেষ।

অশ্মকদলী [illegible], স্ত্রীং, কদলীবিশেষ।

অশ্মকুট্ট / অশ্মকুট্টক (অশ্মন্ পাতর—কুট্ট, কুট্টক যে পেষণ করে, ভা[illegible] করে) বিং, ত্রিং, ধান্যাদি প্রস্তরে রাখিয়া যে পেষণ করে। শিং—১ "অশ্মকুট্ট ভবেদ্বাপি দন্তোলূখলিকোঽপি বা।" (মনু)। ২। প্রস্তর কুট্টিত। ৩। মুনিবিশেষ।

অশ্মকেতু ; সং, স্ত্রীং, ক্ষুদ্রপাষাণভেদীবৃক্ষ।

অশ্মগর্ভ ( অশ্ম পাতর—গর্ভ ভ্রূণ ) সং, পুং, মরকতমণি, সবুজবর্ণ রত্নবিশেষ।

অশ্মঘ্ন ; সং, পুং, পাষাণভেদবৃক্ষ, স্লাথাজুড়ি।

অশ্মজ (অশ্মন্ পর্ব্বত—জ যে জন্মে। যাহা পর্ব্বতে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, শৈলেয়। ২। গিরিমাটী। ৩। লৌহ। ৪। বিং, ত্রিং, শিলাজাত।

অশ্মজতুক ; সং, ক্লীং, শিলাজতু।

অশ্মদারণ ( অশ্ম পাতর—দারণ [দৃ-ণিচ=দারি বিদারণ করান+অন(অনট্)—ণ] যে বিদারণ করে। যে প্রস্তরকে বিদারণ

করে, ২য়া—ষ ) সং, ক্লীং, পাষাণভেদক অস্ত্র, টঙ্ক। ২। (+অনট্—ভাবে ) ক্লীং, প্রস্তরবিদারণ।

অশ্মান্ত (অশ্মন্ পাতর—অন্ত শেষ। যেখানে পাষাণেরও অন্ত হয়, ৭মী—হিং) সং, ক্লীং, অগ্নিস্থান। ২। উনান। ৩। মৃত্যু। ৪। অশুভ ক্ষেত্র। ৫। বিং, ত্রিং, অনবধি, অসীম। ৬। অশুভ, অমঙ্গল।

অশ্মন্তক ( অশ্মন্—অন্ত+ক—যোগ ) সং, পুং, তৃণবিশেষ, অম্লকুচাই। ২। বৃক্ষবিশেষ, আবুটানামেপশ্চিমে খ্যাত। ৩। ক্লীং, অগ্নিস্থান, চুল্লী। ৪। দীপাধারের আচ্ছাদন।

অশ্মপুষ্প ( অশ্মন্—পুষ্প। অশ্মধর্ম্মে উৎপন্ন হইয়া থাকে বলিয়া ) সং, ক্লীং, শৈলেয়, শৈলজ নামক গন্ধদ্রব্য। ২। শিলাজতু।

অশ্মভাল (অশ্ম পাতর—ভাল [ভাজি চূর্ণ করান+অ(অল্)—ক। জ=ল] যে চূর্ণিত করে। যে পাতরকেও চূর্ণিত করে) সং, পুং, যে লৌহপাত্রে দ্রব্য চূর্ণ করা যায়, হামানদিস্তা।

অশ্মভিদ্ } অশ্মভেদ } (অশ্ম পাতর—ভিদ্, ভেদ যে ভেদ করে ) সং, পুং, পাষাণভেদীবৃক্ষ।

অশ্মযোনি ( অশ্ম পাতর—যোনি। পাতর উৎপত্তিস্থান বলিয়া) সং, পুং, মরকতমণি, পান্না।

অশ্মর (অশ্ম পাতর+র—প্রং) বিং, ত্রিং, প্রস্তরময়, প্রস্তরসম্বন্ধীয়, পাতুরিয়া।

অশ্মরী ( অশ্মর প্রস্তরময়+ঈ—প্রং ) সং, পাথরীরোগ।

অশ্মরীঘ্ন (অশ্মরী পাথুরীরোগ—ঘ্ন যে নাশ করে) সং, পুং, বরুণবৃক্ষ।

অশ্মরীহর (অশ্মরী পাথরীরোগ—হর যে হরণ করে। ইহাতে এই রোগ নাশ করে বলিয়া ) সং, পুং, ধান্যবিশেষ, দেদান।

অশ্মসার ( অশ্ম পাতর—সার স্থিরাংশ। পাতরের সার অর্থাৎ অত্যন্ত শক্ত পাতর, ৬ষ্ঠী—ষ ) সং, পুং—ক্লীং, লৌহ। ২। লৌহমল। [—ক্লীং, পাথরীরোগ।

অশ্মীর (অশ্ম প্রস্তর+ঈর—প্রং) সং, পুং

অশ্মোত্থ ; সং, ক্লীং, শিলাজতু।

অশ্র (অশ্ ব্যাপা+র(রক্)—ক, সংজ্ঞার্থে। যাহা রোদনকালে কণ্ঠ ব্যাপে এবং যাহা শরীর ব্যাপে ) সং, ক্লীং, চক্ষুজল। শিং —১ "সখীভিরশ্রোত্তরমীক্ষিতামিমাম্।" (কুমার)। ২। শোণিত। ৩। কোণ।

অশ্রদ্দধান ( অ—শ্রদ্দধান, শ্রদ্ধান্বিত ) বিং, ত্রিং, যার শ্রদ্ধা নাই, যে শ্রদ্ধা করে না, শ্রদ্ধাহীন, প্রত্যয়হীন, আদররহিত।

অশ্রদ্ধা (অ—শ্রদ্ধা) সং, স্ত্রীং, ঘৃণা। ২। অভক্তি। ৩। অযত্ন। ৪। অনাদর। ৫। প্রত্যয়াভাব, অবিশ্বাস।

অশ্রদ্ধিত (অ—শ্রদ্ধিত) বিং, ত্রিং, যে বিষয়ে বা যাহাকে অশ্রদ্ধা করা হইয়াছে।

অশ্রদ্ধেয় ( অ—শ্রদ্ধেয় ) বিং, ত্রিং, যাহা শ্রদ্ধাযোগ্য নহে, শ্রদ্ধা করিবার উপযুক্ত নয়, অনাদরণীয়।

অশ্রপ (অশ্র রক্ত—প [পা পান করা+অ (ড)—ক] যে পান করে, যাহারা রক্ত পান করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস, নিশাচর।

অশ্রান্ত (অ—শ্রান্ত [শ্রম্ শ্রম করা+ত(ক্ত) —ক] ক্লান্ত) ক্রিং—বিং, ক্লীং, অনবরত, সতত। ২। বিং, ত্রিং, শ্রান্ত নয়, যার শ্রমবোধ হয়নাই। ৩। অবিরত, ধারাবাহী।

অশ্রাব্য (অ—শ্রাব্য শ্রবণযোগ্য) বিং, ত্রিং, যাহা শ্রবণযোগ্য নহে, শ্রুতিকটু।

অশ্রি (আ—শ্রি সেবা করা+০(ক্বিপ্)—ক। কিম্বা অশ্ ভোজন করা, ব্যাপা+রি—সংজ্ঞার্থে। যে রক্ত খায়) সং, স্ত্রীং, খড়্গাদির ধার। শিং—১ "বৃত্রস্যহন্তুঃ কুলিশং কুণ্ঠিতাশ্রীব লক্ষ্যতে।" (কুমার)। ২। গৃহ বা বাটী বা অন্য বস্তুর কোণ।

অশ্রু (অ—শ্রি সেবন করা+উ(ডুন্)—ক, সংজ্ঞার্থে। কিম্বা অশ্ ব্যাপা+রু—সংজ্ঞার্থে। যাহা রোদন কালে কণ্ঠ ব্যাপে) সং, ক্লীং, শোক হর্ষ ভক্তি প্রভৃতি কারণে চক্ষু হইতে যে জল নির্গত হয়, বাষ্প, নয়নজল।

অশ্রুত (অ—শ্রুত) বিং, ত্রিং, শ্রুত নয়, শুনা নয়, যাহা শুনা যায় নাই। ২। শ্রুতিবিরুদ্ধ, বেদবিরুদ্ধ। ৩। শাস্ত্রজ্ঞানশূন্য, মূর্খ। শিং —১ "ভাগং বিদ্যাধনাত্তস্মাৎ স লভেতাশ্রুতোঽপি সন্।" (স্মৃতি)।

অশ্রুতচর } (অ—শ্রুত—চর, পূর্ব্ব) বিং,
অশ্রুতপূর্ব্ব } ত্রিং, যাহা পূর্ব্বে কখন শুনা যায় না।

অশ্রুপাত (অশ্রু—পাত) সং, পুং, অশ্রুর পতন, শোকাদি কারণে চক্ষু হইতে জল নির্গম।

অশ্রুপূর্ণ (অশ্রু—পূর্ণ) বিং, ত্রিং, অশ্রুতে পরিপূর্ণ, অশ্রুপরিপ্লুত, বাষ্পপূর্ণ, বাষ্পাকুল, বাষ্পপরিপ্লুত।

অশ্রুমুখ (অশ্রু—মুখ) বিং, ত্রিং, যার মুখ বহিয়া অশ্রু পড়িতেছে। খী—স্ত্রীং।

অশ্রেয়ঃ (অশ্রেয়স্, অ—শ্রেয়স্) সং, ক্লীং, অমঙ্গল। ২। অনর্থ। ৩। বিং, ত্রিং, অপ্রশস্ত, অনুৎকৃষ্ট। ২। অনিষ্টকর, ক্ষতিকর, অমঙ্গলহেতু। ৩। অধম, হীন, নীচ।

অশ্রেয়স্কর (অ—শ্রেয়স্—কর) বিং, ত্রিং, যাহা শ্রেয়স্কর নহে, অনুচিত।

অশ্রোত্রিয় (অ—শ্রোত্রিয় বিদ্বান্ ব্রাহ্মণ) সং, পুং, বেদাধ্যয়নবিহীন ব্রাহ্মণ। বিং, ত্রিং, শ্রোত্রিয়হীন, বেদজ্ঞব্রাহ্মণশূন্য। শিং—১" হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং হতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।" (চাণক্য)। যথা—"হে বিপ্র! যেমন অশ্রোত্রিয়ের সহিত শ্রোত্রিয়ের ও অরথীর সহিত রথীর বন্ধুতা হওয়া অসম্ভব।"


অশ্লীল (অ—শ্লীল [শ্রী+ল—অস্ত্যর্থে] শ্রীযুক্ত। র=ল। যাহা শ্রীযুক্ত নহে অর্থাৎ বিশ্রী) বিং, ত্রিং, নীচ, কুৎসিত, জঘন্য, অভদ্র, অসাধু, লজ্জাজনক। ২। সং, ক্লীং, লজ্জাজনক গ্রাম্যবাক্য। ভাষা স্থলেই প্রয়োগ হয়; যথা—অশ্লীল ভাষা, অশ্লীল কথা, অর্থাৎ যেরূপ ভাষা ও কথা ভদ্রলোকের ও ভদ্রসমাজে ব্যবহার করা উচিত নয়। (ইহা কাব্যার্থদোষ মধ্যে পরিগণিত।)

অশ্লীলপ্রিয় (অশ্লীল—প্রিয়) বিং, ত্রিং, যে অশ্লীল কথা কহিতে বা শুনিতে ভাল বাসে।

অশ্লীলভাষী (—ভাষিন্, অশ্লীল—ভাষী) বিং, ত্রিং, যে অশ্লীল কথা ব্যবহার করে, অশ্লীলবাদী।


অশ্লীলবাদী (—বাদিন্, অশ্লীল—বাদিন্ যে বলে) বিং, ত্রিং, অশ্লীলভাষী দেখ।

অশ্লেষা (অ—শ্লেষ আলিঙ্গন। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অশ্বিনী প্রভৃতি সাতাশটী নক্ষত্রের মধ্যে অশ্লেষা নবম। ইহার আকার চক্রের ন্যায়। এই নক্ষত্রে জন্মের ফল বৃথা ভ্রমণ, দুষ্টচিত্ততা এবং সর্ব্বদা ক্রোধে ও অসন্তোষে বৃথা কষ্ট প্রদান, ইত্যাদি।



অশ্লেষা।

অশ্ব (অশ্ ব্যাপা, ভোজন করা+ব—সংজ্ঞার্থে। বেগগামিত্বহেতু যে বহু ভূভাগ ব্যাপে, কিম্বা যে ঘাসাদি ভোজন করে) সং, পুং, ঘোটক। ২। পুং-জাতিবিশেষ। শিং—১ "কাষ্ঠতুল্যবপুর্ধৃষ্টো মিথ্যাচারশ্চ নির্ভয়ঃ। দ্বাদশাঙ্গুলমেঢ়শ্চ দরিদ্রস্তু হয়ো মতঃ।"(রতিমঞ্জরী)। ৩। দানববিশেষ। ৪। বৃষ্ণিবংশীয় নৃপতি; ইনি চিত্রকের পুত্র। শ্বী, শ্বা—স্ত্রীং, ঘোটকী।



অশ্ব।

অশ্বকন্দিকা; সং, স্ত্রীং, অশ্বগন্ধা বৃক্ষ।

অশ্বকর্ণ (অশ্ব—কর্ণ কাণ। যাহার পত্র অশ্ব কর্ণের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শাল বৃক্ষ। ২। লতাশাল।

অশ্বখুর (অশ্ব—খুর। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঘোড়ার খুর। ২। (অশ্বখুরের আকৃতি বলিয়া) নখী নামক গন্ধ দ্রব্য। রা, রী—স্ত্রীং, অপরাজিতা।

অশ্বগতি (অশ্ব-গতি, ৬ষ্ঠী-ষ) সং, পুং, ঘোটকের গমন। ২। ছন্দোবিশেষ। ৩। বিং, ত্রিং, অশ্বের ন্যায় গতিবিশিষ্ট, অতি-দ্রুতগামী।


অশ্বগন্ধা (অশ্ব-গন্ধ। অশ্বের ন্যায় গন্ধ-বিশিষ্ট) সং,স্ত্রীং, বরাহকর্ণের ন্যায় পত্র বিশিষ্ট স্বনামখ্যাত ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

অশ্বগোযুগ (অশ্ব+গোযুগ-যুগ্মার্থে) সং, ক্লীং, অশ্বদ্বয়, একযোড়া ঘোড়া।

অশ্বগ্রীব (অশ্ব-গ্রীবা। অশ্বগ্রীবার ন্যায় গ্রীবা যাহার অর্থাৎ ঈষদ্বক্রভাব। ৬ষ্ঠী-হিং) সং, পুং, বৃষ্ণিবংশীয় নৃপতি, চিত্রকের পুত্র, বৃষ্ণির পৌত্র। ২। বিষ্ণুদ্বেষ্টা অসুরবিশেষ, হয়গ্রীব।

অশ্বঘ্ন (অশ্ব-ঘ্ন যে নাশকরে। যাহা অশ্বকে নাশ করে) সং, পুং, করবীর পুষ্পবৃক্ষ।

অশ্বতর (অশ্ব-তৃ গমন করা, পরাভব করা +অ(অল্)-সংজ্ঞার্থে। যে গমনে অশ্বকে পরাভব করে, ২য়া-ষ বা অশ্ব +তর-ক্ষুদ্রার্থে) সং, পুং, গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভে অথবা অশ্বের ঔরসে গর্দ্দভীর গর্ভে জাত পশু, খচর। ২। নাগ বিশেষ; কশ্যপের ঔরসে কদ্রুর গর্ভে সহস্র সংখ্যক নাগের জন্ম হয়, উহারা বহুশিরা, ও মহাবল পরাক্রান্ত। ইহাদিগের মধ্যে অশ্বতর একজন প্রধান। ফাল্গুন মাসে সূর্য্যরথে যে নাগ যোজিত থাকে,সে এই অশ্বতর নাগ। ৩। গন্ধর্ব্ববিশেষ। ৪। পুংবৎস। ৫। (অশ্ব-তৃ গমন করা+অ(অন্)-ক) বিং, ত্রিং, দ্রুতগামী। রী-স্ত্রীং, অশ্বতর-স্ত্রী, খচরী। শিং-১ "স মৃত্যুমুপগৃহ্লাতি গর্ভাদশ্বতরী যথা।"


অশ্বতর।

অশ্বতীর্থ (অশ্ব-তীর্থ) সং, ক্লীং, তীর্থ-বিশেষ। কান্যকুব্জ প্রদেশে যে স্থানে কালীনদী গঙ্গাতে মিলিত হয়, সেই স্থান অশ্বতীর্থ।

অশ্বত্থ (অশ্বঃ [অ-শ্বঃ কল্য। কল্য নহে অর্থাৎ বহুদিন] অনেক কাল-স্থা থাকা +অ(ব)-সংজ্ঞার্থে। যে বহুদিন থাকে। অথবা অশ্বত্থ জল + অ-অস্ত্যর্থে। গ্রীষ্মকালে ধর্ম্মার্থে ইহার মূলে জলসেচন করে অতএব জলবিশিষ্ট বলিয়া ইহার নাম অশ্বত্থ। ক্রমদীশ্বর বলেন—অশ্ব-কর্ণের ন্যায় সদা চলদ্দলত্বহেতু "অশ্ব ইব তিষ্ঠতি" অর্থাৎ যে অশ্বের ন্যায় থাকে) সং, পুং, আশ্বদ গাছ। পদ্মপুরাণে অশ্বত্থ-বৃক্ষের উৎপত্তি বিষয়ে এইরূপ লিখিত আছে,—জলন্ধর নামে এক রাক্ষস ইন্দ্র-পদ প্রাপ্তি বাসনায় ইন্দ্রের সহিত যুদ্ধ করে। সেই যুদ্ধে ইন্দ্র পরাস্ত হইয়া শিবের শরণাগত হন, তাহাতে শিব স্বয়ং জলন্ধরের সহিত তুমুল রণে প্রবৃত্ত হই-লেন। ঐ রাক্ষসের বিন্দা নাম্নী এক পতি-ব্রতা পত্নী ছিল, শিবের সহিত জলন্ধরের যুদ্ধ আরম্ভ হইলে বিন্দা পতির প্রাণরক্ষার্থ বিষ্ণুর তপস্যা করিতে লাগিল, তাহাতে জলন্ধরের বধ কোনরূপেই হয় না। ইহা দেখিয়া দেবতারাও ভয়ে বিষ্ণুর শরণাগত হইলেন। বিষ্ণু জলন্ধরের রূপ ধারণ করিয়া বিন্দার তপোভঙ্গ করিবার নিমিত্ত তাহার করগ্রহণ করিলেন। যেমনই তাহার তপোভঙ্গ হইল অমনি জলন্ধর যুদ্ধে শিবকর্ত্তৃক নিহত হইল। তাহাতে বিন্দা বিষ্ণুর প্রতি শাপ প্রদানে উদ্যত হইলে বিষ্ণু ভীত হইয়া বিন্দাকে সান্ত্বনা করত কহিলেন, তুমি জলন্ধরের সহমৃতা হও, তোমার ভস্মে যে বৃক্ষ জন্মিবে তাহা আমার স্বরূপ হইবে, ঐ বৃক্ষকে পূজা করিলে আমার তুষ্টি জন্মিবে। তোমার ভস্মে তুলসী, ধাত্রী, পলাশ ও অশ্বত্থ, এই চারি বৃক্ষ উৎপন্ন হইবে। ২। গর্দ্দভাণ্ড-বৃক্ষ। ৩। সূর্য্য। ৪। ক্লীং, জল। থা-স্ত্রীং, পূর্ণিমা তিথি।

অশ্বত্থভেদ (অশ্বত্থ-ভেদ ভিন্নপ্রকার) সং, পুং, স্থালীবৃক্ষ।

অশ্বত্থামা (অশ্বত্থামন্, অশ্ব-স্থা থাকা+মন্(মনিন্)-ক। মহাভারতে—দ্রোণের

ঔরসে কৃপীর গর্ভে একপুত্র জন্মে। ঐপুত্র জাতমাত্র উচ্চৈঃশ্রবা অশ্বের ন্যায় ধ্বনি করিল। ঐ ধ্বনি শ্রবণান্তর এই দৈববাণী হইল "এই পুত্র জন্মিবামাত্র অশ্বহ্রেষার ন্যায় গম্ভীর ধ্বনি দ্বারা দিগন্ত সকল প্রতিধ্বনিত করিল, অতএব ইহার নাম অশ্বত্থামা হইবে।" সেই অবধি ইহার নাম অশ্বত্থামা হইল ) সং, পুং, দ্রোণাচার্য্যের পুত্র। [পিপ্পলীকা বৃক্ষ, পিপলী।

**অশ্বত্থী** ( অশ্বত্থ+ঈ—ক্ষুদ্র অর্থে ) সং, স্ত্রীং,

**অশ্বদংষ্ট্রা** ( অশ্ব—দংষ্ট্রা দাঁত। অশ্বদন্তের ন্যায় আকার বলিয়া ) সং, স্ত্রীং, গোক্ষুর বৃক্ষ।

**অশ্বন্ত**—অশ্মন্ত দেখ।

**অশ্বপাল** } (অশ্ব—পাল, পালক যে
**অশ্বপালক** } পালন করে) সং, পুং, অশ্ব রক্ষক, সহিস্। [সং, পুং, মাষপর্ণীবৃক্ষ।

**অশ্বপুচ্ছী** ( অশ্বপুচ্ছের ন্যায় কেশরী ইহার )

**অশ্ববাল** (অশ্বকেশরের আকার পুষ্প বলিয়া) সং, পুং, কাশ, কেশে। ২। অশ্বের কেশর।

**অশ্বমহিষিকা** (অশ্ব—মহিষ + ইক—শত্রুতার্থে) সং, স্ত্রীং, অশ্ব এবং মহিষের ন্যায় নিত্য-বৈরিতা এবং সর্ব্বদা বিরোধ।

**অশ্বমার, অশ্বমারক** ; সং, পুং, করবীর বৃক্ষ।

**অশ্বমুখ** ( অশ্ব—মুখ। যাহার অশ্বের ন্যায় মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কিন্নর। খী—স্ত্রীং, কিন্নরী, কিম্পুরুষ-স্ত্রী। শিং—১ "ভিন্দন্তি মন্দাং গতিমশ্বমুখ্যঃ।"(কুমার)।

**অশ্বমেধ** (অশ্ব—মেধ বলি। যাহাতে বিশেষ লক্ষণাক্রান্ত অশ্বকে সংপ্রোক্ষণ করিয়া কপালে জয়পত্র বন্ধন পূর্ব্বক অবাধে ভ্রমণার্থ ত্যাগ করে এবং এক বৎসরান্তে সেই অশ্ব পুনরাগত হইলে তাহাকে বধ করিয়া হোম করে)সং,পুং, যজ্ঞবিশেষ। মহাভারত মতে—এই যজ্ঞের অশ্ব দুই প্রকার হইতে পারে। এক প্রকার, সর্ব্বশরীর শ্যামবর্ণ ও চিক্কণ, মনোহর স্বর্ণবর্ণ মুখ ও শ্বেতবর্ণ কর্ণ। অন্য প্রকার, সর্ব্বাঙ্গ দুগ্ধফেনের ন্যায় শ্বেত ও শ্যামবর্ণ কর্ণ।

**অশ্বমেধিক** ( অশ্বমেধ + ক—যোগ। ই—আগম ) সং, পুং, অশ্বমেধযজ্ঞের উপযোগী অশ্ব, মেধ্যাশ্ব। ২। ( অশ্বমেধযজ্ঞ অধিকার করিয়া যে গ্রন্থ ) ক্লীং, মহাভারতীয় চতুর্দ্দশপর্ব্ব ; যথা—'অশ্বমেধিকপর্ব্ব।'

**অশ্বমেধীয়** (অশ্বমেধ+ঈয়—হিতার্থে) সং, পুং, অশ্বমেধযজ্ঞীয় অশ্ব। ২। বিং, ত্রিং, অশ্বমেধ-যজ্ঞ-সম্বন্ধীয়।

**অশ্বযুক্**—স্ত্রীং } (অশ্বযুজ্,অশ্ব—যুজ্ যোগ
**অশ্বযুজ**—পুং } করা+০(ক্বিপ্)—ক। ২য় পক্ষে+অ(ক)—ক। যে অশ্বের আকার যুক্ত ) সং, স্ত্রীং, অশ্বিনী নক্ষত্র। ২। পুং, আশ্বিন মাস। শিং—১ "অশ্বযুক্ কৃষ্ণপক্ষে তু শ্রাদ্ধং কুর্য্যাদ্দিনে দিনে।" (স্মৃতি)।

**অশ্বরক্ষ** } (অশ্ব—রক্ষ, রক্ষক যে রক্ষা
**অশ্বরক্ষক** } করে) সং, পুং, অশ্বরক্ষাকর্ত্তা।

**অশ্বরোধক** (অশ্ব—রুধ্ রুদ্ধ করা, আচ্ছাদন করা+অক(ণক)—ক। করবীর দেখ) সং, পুং, করবী গাছ।

**অশ্ববক্ত্র** (অশ্ব—বক্ত্র মুখ। যাহার অশ্বের ন্যায় মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, কিন্নর, কিন্নরী।

**অশ্ববার** } (অশ্ব—বার যে পোষণ করে,
**অশ্ববাহ** } বাহ যে বহন করে। যাহাকে অশ্ব বহন করে) সং, পুং, অশ্বারোহী। শিং—১ "দ্রু... নিশ্চক্রমুরশ্ববারাঃ।" (মাঘ)।

**অশ্ববারণ** (অশ্ব—বৃ-ঞ=বারি আবরণ করা+অন(অনট্)—ভা) সং, পুং, গলকম্বল রহিত গো সদৃশ পশুবিশেষ,গবয়, বনগব।

**অশ্ববিদ্** ( অশ্ব—বিদ্ যে জানে ) সং, পুং, অশ্ববিদ্যাবিশারদ নলরাজা।

**অশ্বশালা** ( অশ্ব—শালা গৃহ। ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, মন্দুরা, ঘোড়ার ঘর, আস্তাবল।

**অশ্বশৃগালিকা** ( অশ্ব—শৃগাল+ইক—শত্রুতার্থে ) সং, স্ত্রীং, অশ্ব-শৃগালের শত্রুতা।

**অশ্বসাদী** ( অশ্বসাদিন্, অশ্ব—সাদী যে গমন করে ) সং, পুং, অশ্বারোহী, ঘোড়সওয়ার। শিং—১ "প্রতিপ্রহারাক্ষমমশ্বসাদী।" (রঘু)।

**অশ্বসেন** ; সং, পুং, সনৎকুমারের পিতা। ২। দ্রোণাচার্য্যের সারথি। শিং—১ "অয়ে কথং তাতসারথিরশ্বসেন।" (বেণীসংহার)। ৩। সর্পবিশেষ, তক্ষকের পুত্র।

অশ্বস্তন (অ—শ্বস্ পরদিন+তন—ভবার্থে) বিং, ত্রিং, আজিকার মত, পরদিনের জন্য নয়। শিং—১ "অশ্বস্তন বিধানেন হর্ত্তব্যং মনুরব্রবীৎ।" (মনু)। ২। যে পরদিনের জন্য কিছুমাত্র সংস্থান করিয়া রাখে না, যা পায় তাই ব্যয় করে, উত্তরকালের জন্য কোন সংস্থান করে না।

অশ্বাক্ষ (অশ্ব—অক্ষি। যাহা অশ্ব অক্ষির ন্যায়) সং, পুং, দেবসর্ষপ বৃক্ষ। [মহিষ।

অশ্বারি (অশ্ব—অরি। ৬ষ্ঠী—ষ) সং, পুং,

অশ্বারূঢ় (অশ্ব— আরূঢ়) বিং, ত্রিং, অশ্বে আরূঢ়, যে অশ্বে আরোহণ করিয়াছে।

অশ্বারোহ (অশ্ব—আরোহ যে আরোহণ করে। যে অশ্বে আরোহণ করে,২য়া—ষ) সং, পুং, যে সৈন্য অশ্বে আরোহণ করিয়া যুদ্ধ করে। ২। বিং, ত্রিং, অশ্বারূঢ়। হা—স্ত্রীং, অশ্বগন্ধাবৃক্ষ।

অশ্বাবরোহক (অশ্ব—অব—রোহক যে বর্দ্ধিত হয়। যে অশ্বের দৈর্ঘ্যে বর্দ্ধিত হয়) সং, পুং, অশ্বগন্ধা।


অশ্বারোহণ (অশ্ব—আরোহণ) সং, ক্লীং, অশ্বে আরোহণ করা, ঘোড়ায় চড়া।

অশ্বারোহী (—হিন্, অশ্ব—আরোহী যে আরোহণ করে) বিং, ত্রিং, যে সর্ব্বদা অশ্বে আরোহণ করে, অশ্বারোহণে যার নৈপুণ্য জন্মিয়াছে। [সর্পবিশেষ।

অশ্বাসন (অশ্ব—অসন) সং, পুং, তক্ষকপুত্র

অশ্বাহ্বা; সং, স্ত্রীং, অশ্বগন্ধা।

অশ্বিনী (অশ্ব+ইন্—অস্ত্যর্থে। এই নক্ষত্রের আকার অশ্ব মস্তকের ন্যায়, এই



অশ্বিনী।

নিমিত্ত ইহাকে অশ্বিনী বলে) সং, স্ত্রীং, দক্ষ প্রজাপতির কন্যা, চন্দ্রের পত্নী। সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে অশ্বিনী প্রথম। ঘোটকের মুখের ন্যায় ইহার আকৃতি। এই অশ্বিনী নক্ষত্রে জন্ম হইলে লোক সর্ব্বপ্রকার সম্পত্তি প্রাপ্ত হয় এবং বিনীত সংস্বভাব ও স্ত্রীবাধ্য হয়। অশ্বিনী নাগবিথী অবস্থানের নক্ষত্ররাশি। ২। অশ্বিনী রূপধারিণী স্বর্বেশ্যাবিশেষ।

অশ্বিনীসুত } অশ্বিনীকুমার } (অশ্বিনী অশ্বীভূত সংজ্ঞা নামা সূর্য্যপত্নী—সুত, কুমার—পুত্র, ৬ষ্ঠী—ষ। মহাভারতের মতে—সংজ্ঞা সূর্য্যের তাপ সহ্য করিতে না পারিয়া আপনার সদৃশ ছায়া নামে এক কামিনীকে নিজ শরীর হইতে বহির্গত করিয়া তাহাকে কহিলেন, তুমি আমার প্রতিনিধিস্বরূপ এখানে থাক, আমি কিছুকাল পিতৃগৃহে চাললাম। সূর্য্য তাহা শুনিয়া বিশ্বকর্ম্মার বাটীতে চলিলেন। সংজ্ঞা যখন সূর্য্যকে পরিত্যাগ করিয়া পিতার বাটীতে যান, তখন তাঁহার পিতা বিশ্বকর্ম্মা তাহার প্রতি ক্রুদ্ধ হইয়া কহিয়াছিলেন,তুমি পতিসেবা পরিত্যাগ করিয়া স্বেচ্ছাচারিণী হইয়া আসিয়াছ, আমি তোমার মুখাবলোকন করিতে চাহি না। সংজ্ঞা পিতার কথা শুনিয়া অভিমানে সে স্থান পরিত্যাগ করিলেন, এবং উত্তর-কুরুবর্ষে গিয়া অশ্বিনীরূপ ধারণপূর্ব্বক ভ্রমণ করিতে লাগিলেন। সূর্য্য বিশ্বকর্ম্মার আলয়ে সংজ্ঞাকে না পাইয়া যোগ দ্বারা জানিলেন তিনি উত্তরকুরুবর্ষে অশ্ব-শরীর ধারণ করিয়া প্রচ্ছন্না আছেন,অতএব সূর্য্যও অশ্বরূপ ধারণ পূর্ব্বক সে স্থানে গমন করিলেন। তথায় কিছু দিন অশ্বিনীসহ অবস্থান করায় তাহার গর্ভে সূর্য্যের যমজ দুই পুত্র সন্তান জন্মে, তাঁহাদিগেরই নাম অশ্বিনীকুমার হইল। ইঁহারা দুইটী একাকৃতি,এবং নিয়ত একত্র অবস্থান করিতেন, কখনই পৃথক্ কোথায় থাকিতেন না। ইঁহারা চিকিৎসা বিদ্যায় অতি সুপণ্ডিত, স্বর্গে ইঁহারা চিকিৎসা করাতে স্বর্বৈদ্য উপাধি প্রাপ্ত হন) সং,পুং, দ্বিং, স্বর্গবৈদ্য।

অশ্বী (অশ্বিন্, অশ্বিনী+অ—অপত্যার্থে, অ—লোপ। স্বামী বলেন—অশ্বারূঢ়ত্ব হেতু অশ্বিন্ শব্দ) সং, পুং, দ্বিং, অশ্বিনী গর্ভে সূর্য্যের ঔরসজাত যমজ সন্তানদ্বয়, স্বর্গবৈদ্য। শিং—১ "কিমশ্বিনৌ সোমরসং পিপাসূ।" (ভট্টি)।

অশ্বীন (অশ্ব+ঈন্(খীন্)—প্রং) বিং, ত্রিং, এক অশ্বের একদিনগম্য।

অশ্বীয় (অশ্ব+ঈয়—প্রং) সং, ক্লীং, অশ্বসমূহ। ২। বিং, ত্রিং, অশ্বহিতকারী, অশ্বসম্বন্ধীয়।

অশ্বোরস (অশ্ব—উরস্ হৃদয়+অ—প্রং, ৭মী—ষ) সং, ক্লীং, প্রধান অশ্ব। ২। বিং, ত্রিং, বিস্তৃতবক্ষঃ বিশিষ্ট, বিশালবক্ষাঃ।

অষড়ক্ষীণ (অ—ষড়ক্ষি [ষট্—অক্ষি] ছয় চক্ষু+ঈন—প্রং। যাহাতে ছয় চখ নাই) বিং, ত্রিং, ষড়চক্ষুর অদৃষ্ট অর্থাৎ তৃতীয় জনের অগোচর, দুই জনের সহিত যে মন্ত্রণা, গুপ্ত।

অষাঢ়—আষাঢ় দেখ।

অষ্ট (অষ্টন্, অশ্ ব্যাপা+অন(কনিন্)—ক। তুঁ(তুট্)—আগম) বিং, ত্রিং, বহুং, আটসংখ্যা, ৮। ২। ৮ সংখ্যক। (অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=অষ্টন্; গ্রীক্=Okto; লাটিন =Octo; জারমান=Aktö; ইংরাজী =Eight; বাঙ্গালা=আট।)

অষ্টক (অষ্টন্+ক(কন্)—প্রং) সং, ক্লীং, অষ্টঅধ্যায় বা অষ্টশ্লোকাত্মক গ্রন্থ। ২। পাণিনিমুনিকৃত অষ্টাধ্যায় বিশিষ্ট গ্রন্থ। ৩। পুং, ঋগ্বেদসূক্ত বিশেষ, প্রত্যেক অষ্টাধ্যায়াত্মক ঋগ্বেদাংশ। ৪। বিশ্বামিত্রের পুত্র, দৃষদ্বতীর গর্ভজাত। ৫। সূর্য্যবংশীয় বিকুক্ষির পুত্র। ৬। বিং, ত্রিং, অষ্ট সংখ্যা পরিমিত ৮। শিং—১ "পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষ্যাসূয়ার্থদূষণম্। বাগ্দণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোঽপি গণোঽষ্টকঃ।" (মনু)। ৭। অষ্ট সংখ্যার সমষ্টি, আটটি।

অষ্টকর্ণ (অষ্ট—কর্ণ। চতুর্মুখ হওয়াতে যাঁহার আটটী কর্ণ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

অষ্টকা (অশ্ ভোজন করা+তক (তকন্)—ধি। যাহাতে সংস্কৃত মাংস পিষ্টকাদি নানাবিধ দ্রব্য প্রদান করিয়া পিতৃগণ উদ্দেশে ব্রাহ্মণ ভোজন করান হয়। এই নিমিত্ত "অষ্টিকা"ও বলা যায়) সং, স্ত্রীং, সপ্তম্যাদি তিন তিথি। ২। পৌষ মাঘ ফাল্গুন এই তিন মাসের কৃষ্ণাষ্টমী। ৩। শ্রাদ্ধবিশেষ। ইহা তিনপ্রকার; গৌণচান্দ্র পৌষ মাসের কৃষ্ণাষ্টমীতে পূপাষ্টকা, মাঘ মাসের কৃষ্ণাষ্টমীতে মাংসাষ্টকা, ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমীতে শাকাষ্টকা করিতে হয়। কোন মতে আশ্বিনকৃষ্ণাষ্টমীকেও অষ্টকা বলে।

অষ্টকাঙ্গ (অষ্টক আটটি—অঙ্গ। যাহার আটটি বিভাগ আছে) সং, ক্লীং, পাশার ছক্।

অষ্টক্ষীর; সং, ক্লীং, ছাগী, মেষী, গবী, মানুষী, হস্তিনী, ঘোটকী, উষ্ট্রী ও মহিষী ইহাদের দুগ্ধ।

অষ্টদিক্‌পাল (অষ্টদিক্ আটদিক্—পাল যে পালন করে) সং, পুং—বহুং। ইন্দ্র পূর্ব্বদিক্; বহ্নি অগ্নিকোণ; যম দক্ষিণ; নির্ঋতি নৈঋতকোণ; বরুণ পশ্চিম; মরুৎ বায়ুকোণ; কুবের উত্তর, ইশ ঈশানকোণ পালন করেন। শিং—১ "ইন্দ্রো বহ্নিঃ পিতৃপতির্নৈঋতো বরুণো মরুৎ। কুবের ইশঃ পতয়ঃ পূর্ব্বাদীনাং দিশাং ক্রমাৎ।" (অমরকোষ)।

অষ্টদিগ্‌গজ; সং, পুং—বহুং, ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক এই আট দিগগজ।

অষ্টধা (অষ্ট আট+ধা—প্রকারার্থে) অং, অষ্ট প্রকারে। ২। আট বার।

অষ্টধাতু; সং, ক্লীং, সোণা, রূপা, তামা, সীসা, কান্তিলোহ, রাঙ্গ, লোহ, ইস্পাত—এই অষ্ট প্রকার ধাতু। শিং—১ "সুবর্ণং রজতং তাম্রং সীসকং কান্তিকং তথা। রঙ্গং লৌহংতীক্ষ্ণলোহমিত্যষ্টৌ ধাতবঃ স্মৃতাঃ।"

অষ্টনাগ (অষ্ট—নাগ) সং, পুং,—বহুং, অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক,

কুলীর, কর্কট, শঙ্খ এই আট প্রকার নাগ। শিং—১ "অনন্তো বাসুকিঃ পদ্মো মহাপদ্মোঽথ তক্ষকঃ। কুলীরঃ কর্কটঃ শঙ্খো হ্যষ্টৌনাগাঃ প্রকীর্ত্তিতাঃ।"

অষ্টনায়িকা (অষ্ট—নায়িকা) সং, স্ত্রীং, মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী এই অষ্ট নায়িকা। শিং—১"মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী চাপরাজিতা। নন্দিনী নারসিংহী চ কৌমারীত্যষ্ট নায়িকাঃ।

অষ্টপাদ,অষ্টপাৎ (—দ্,অষ্টন্ আট—পাদ। যাহার আটটী পা) সং,পুং, শরভ। ২। উর্ণা, লূতা।

অষ্টপাদিকা; সং, স্ত্রীং, হাপরমালী।

অষ্টভৈরব (অষ্ট—ভৈরব) সং, পুং—বহুং, শিং—১"অসিতাঙ্গো রুরুশ্চণ্ডঃ ক্রোধোন্মত্তো ভয়ঙ্করঃ। কপালী ভীষণশ্চৈব সংহারোঽষ্টৌ চ ভৈরবাঃ।"

অষ্টম (অষ্টন্+ম(মট্)—পূরণার্থে) বিং, ত্রিং,আটের পূরণ। মী—স্ত্রীং, তিথিবিশেষ, চন্দ্রের অষ্টম কলার ক্রিয়া যে দিনে হয়। ২। ক্ষীরকাকোলী।

অষ্টমঙ্গল; সং, পুং, অশ্ববিশেষ, যাহার খুর চতুষ্টয়, পুচ্ছ, মুখ, বক্ষঃ, এবং পৃষ্ঠস্থ কেশ শুক্লবর্ণ। ২। অষ্টপ্রকার মঙ্গল দ্রব্য; যথা—ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা। শিং—১"লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌ র্হুতাশনঃ, হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ।" ৩। সিংহ, বৃষ, হস্তী, জলকুম্ভ, ব্যজন, ধ্বজ, শঙ্খ, দীপ—এই ৮ বস্তু।

অষ্টমান (অষ্টন্ আট—মান পরিমাণ) সং, ক্লীং, বৈদ্যক পরিভাষায় কুড়বরূপ অষ্টমুষ্টি পরিমিত পরিমাণ বিশেষ, ৩২ তোলা।

অষ্টমিকা (অষ্টম+ক—যোগ) সং, স্ত্রীং, বৈদ্যক পরিভাষায় চারি তোলা পরিমাণ।

অষ্টমূত্র; সং, ক্লীং, ছাগ, মেষ, গো, মহিষ, ঘোটক, হস্তী, গর্দ্দভ, ও উষ্ট্র ইহাদের স্ত্রী জাতির মূত্র।

অষ্টমূর্ত্তি (অষ্ট আট—মূর্ত্তি আকার। যাঁহার আটটী মূর্ত্তি,৬ষ্ঠী—হিং)সং,পুং, শিব। শিবের অষ্টমূর্ত্তি; যথা—সর্ব্বনামে ক্ষিতিমূর্ত্তি, ভবনামে জল-মূর্ত্তি, রুদ্রনামে অগ্নিমূর্ত্তি, উগ্রনামে বায়ুমূর্ত্তি,ভীমনামে আকাশমূর্ত্তি, পশুপতিনামে যজমানমূর্ত্তি, মহাদেব নামে চন্দ্রমূর্ত্তি, এবং ঈশান নামে সূর্য্যমূর্ত্তি। (তন্ত্রসার)। পরন্ত স্কন্দপুরাণের টীকাকার লেখেন, পঞ্চভূত এবং চন্দ্র, সূর্য্য, ও অগ্নি এই আটটী শিবের মূর্ত্তি। শিং—১"পৃথিবী সলিলং তেজো বায়ুরাকাশমেবচ। সূর্য্যাচন্দ্রমসৌ সোমযাজী চেত্যষ্টমূর্ত্তয়ঃ।" ২ "মূর্ত্ত্যন্তরমষ্টমূর্ত্তিঃ।" (কুমার)।

অষ্টলোহক; সং, ক্লীং, অষ্টধাতুবিশেষ; যথা—সুবর্ণ ১ রজত ২ তাম্র ৩ রঙ্গ ৪ সীস ৫ কান্তলোহ ৬ মুণ্ডলোহ ৭ তীক্ষ্ণলোহ ৮।

অষ্টবর্গ (অষ্ট—বর্গ শ্রেণী) সং, পুং, ঔষধাষ্টক বিশেষ; যথা—জীবক ১ ঋষভক ২ মেদ ৩ মহামেদ ৪ ঋদ্ধি ৫ বৃদ্ধি ৬ কাকোলী ৭ ক্ষীরকাকোলী ৮। জ্যোতিষে—জন্মকালীন শুভাশুভ ফলসূচক অষ্টগ্রহ সমুদায়। রেখাবিশেষের শুভাশুভ চক্রবিশেষ।

অষ্টবসু (অষ্ট—বসু) সং, পুং, আপ, ধ্রুব, সোম, অনল, অনিল, ধর, প্রত্যূষ, প্রভাব।

অষ্টবিধ (অষ্টন্—বিধা প্রকার) বিং,ত্রিং,অষ্ট প্রকার, আট প্রকারের। শিং—১"কৃৎস্নং চাষ্টবিধং কর্ম্ম পঞ্চবর্গঞ্চ তত্ত্বতঃ। অনুরাগাপরাগৌ চ প্রচারং মাণ্ডলস্য চ।" (মনু)।

অষ্টশ্রবাঃ (অষ্টশ্রবস্, অষ্ট আট—শ্রবস্ কর্ণ। চতুর্মুখ হেতু যাঁহার আটটী কর্ণ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং ব্রহ্মা।

অষ্ট-সিদ্ধি; সং, স্ত্রীং, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিতা, বশিতা, কামাবসায়িতা—এই আট প্রকার সিদ্ধি।

অষ্টাংশিত (Octavo,অষ্ট—অংশিত বিভক্ত) বিং, ত্রিং, অষ্ট পৃষ্ঠে বিভক্ত, আটপেজী।

অষ্টাকপাল (অষ্টন্ আট—কপাল কলসের অর্দ্ধাংশ। যে যজ্ঞে সার্দ্ধ অষ্ট কলসী ঘৃত লইয়া হোম করে) সং, পুং, যজ্ঞ-বিশেষ। ২। বিং, ত্রিং, অষ্টকপালে কৃতপাক। ৩। দুঃখী, আটকপালে।

অষ্টাঙ্গ (অষ্ট আট—অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি—এই আট প্রকার যোগ; যথা—"আপনার বুদ্ধি অষ্টাঙ্গসম্পন্ন অশিবনাশিনী ও শ্রুতি-স্মৃতি অনুগামিনী।" ২। অষ্টাঙ্গে প্রণাম; যথা—জানু, পদ, হস্ত, উরস, বুদ্ধি, শিরস, বাক্য, চক্ষুঃ। শিং—১"জানুভ্যাঞ্চ তথা পদ্ভ্যাং পাণিভ্যামুরসা ধিয়া। শিরসা বচসা দৃষ্ট্যা প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ।" ৩। ক্লীং, শরীরের অষ্ট অবয়ব; যথা—দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষুঃ, কণ্ঠ ও মেরুদণ্ড; কিম্বা দুই হস্ত, হৃদয়, কপাল, জানু এবং দুই চরণ অথবা দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষুঃ, মনঃ এবং বাক্য। ৩। সারি-ফলক, (ইহার প্রত্যেক পংক্তিতে অষ্টপদ রূপ অঙ্গ আছে বলিয়া)। ৪। রাজনীতির অঙ্গভূত উপায়ষ্টকা।

অষ্টাত্রিংশ (অষ্টন্—ত্রিংশৎ) বিং, ত্রিং, আটত্রিশ সংখ্যার পূরক।

অষ্টাত্রিংশৎ (অষ্টন্—ত্রিংশৎ) বিং, ত্রিং, আটত্রিশ, ৩৮।

অষ্টাদশ (অষ্টাদশন্, অষ্টন্ আট—দশন্ দশ। অষ্টাধিক দশ, যং—স। মধ্যপদ-লোপ) বিং, ত্রিং, বহুং, আঠার সংখ্যা, ১৮। ২। ত্রিং, আঠার সংখ্যার পূরক।

অষ্টাপদ (অষ্টন্ আট—পদ স্থান। যাহার প্রতি পঙ্‌ক্তিতে আটটি স্থান আছে, ৬ষ্ঠী—হিং। নিপাতন। অ=আ) সং, পুং,—ক্লীং, চৌপাড়ের ঢাল। ২। সারি-ফলক। ৩। পাশার ছক। ৪। চিত্রবিচিত্র ফলক বা বস্ত্র। ৫। স্বর্ণ। শিং—১"আবর্জ্জিতাষ্টাপদকুম্ভতোয়ৈঃ।" (কুমার)। যথা—"কাঠের সেঁউতী মোর হইল অষ্টাপদ।" (অন্নদা)। ৬। কীট। ৭। ধুস্তুর। ৮। পুং, কৈলাস পর্ব্বত। ৯। জন্তুবিশেষ, শরভনামক মৃগ। ১০। কৃমি। ১১। কীলক। ১২। লূতা। ১৩। মর্কট। দী—স্ত্রীং, বনমল্লিকা।

অষ্টাবক্র (অষ্টন্ আট—বক্র বাঁকা, ৬ষ্ঠী—হিং। নিপাতন। মহাভারতে—মাতৃগর্ভ হইতে অধ্যয়নশীল স্বীয় পিতাকে কহিলেন হে তাতঃ! আপনি সমস্ত রাত্রি অধ্যয়ন করেন কিন্তু আপনার অধ্যয়ন সম্যক্ হয় না। আমি আপনার প্রসাদে এই গর্ভস্থাবস্থায় সমুদয় সাঙ্গ বেদ ও সমস্তশাস্ত্র অধ্যয়ন করিয়াছি; অতএব আমি শ্রবণ করিতেছি আপনার শাস্ত্রাদি অধ্যয়ন সম্যক্ হইতেছে না। মহর্ষি কাহোড় শিষ্যগণমধ্যে গর্ভস্থ বালক কর্ত্তৃক এইরূপ অবমানিত হইয়া রোষভরে তাহাকে শাপ প্রদান করিলেন "তুমি গর্ভে থাকিয়া আমার প্রতি এইরূপ অবমাননা বাক্য প্রয়োগ করিতেছ অতএব তোমার কলেবরের অষ্টস্থল বক্র হইবে" পিতার অভিশাপে বালক বক্র হইয়াই জন্ম পরিগ্রহ করিলেন এই নিমিত্ত উহার নাম অষ্টাবক্র হইল) সং, পুং, কাহোড় মুনির পুত্র, সুজাতার গর্ভজাত, ইহার মাতামহের নাম উদ্দালক।

অষ্টাবক্রসংহিতা—যোগশাস্ত্রবিশেষ। অষ্টাবক্র ঋষি জনক রাজাকে মোক্ষধর্ম্মে যে উপদেশ দেন তাহা এই গ্রন্থে লিখিত আছে।

অষ্টাবিংশ (অষ্টন্—বিংশতি) বিং, ত্রিং, ২৮ [সংখ্যার পূরক

অষ্টাবিংশতি (অষ্টন্ আট—বিংশতি কুড়ি। অষ্টাধিক কুড়ি, যং—স) সং, স্ত্রীং, আটাইশ, ২৮।

অষ্টেপৃষ্ঠে; অং, সকলদিকে, সর্ব্বাঙ্গে।

অষ্টি (অস্ ক্ষেপণ করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আঁটি, বীচি। ২। ষোড়শাক্ষর পাদক ছন্দোবিশেষ।

অষ্ঠি (অ—স্থা শেষ থাকা+ই—প্রং) সং, স্ত্রীং, ফলের বীচি, আঁঠি।

অষ্ঠীলা (অষ্ঠি—লা [গ্রহণ করা] সদৃশ হওয়া+অ(ক)—প্রং) সং, স্ত্রীং, বর্ত্তুলাকার পাষাণখণ্ড। ২। বীজ, আঁটি; যথা—"শাল্মলীবৃক্ষেরও অনেক অষ্ঠীলা জন্মে; কিন্তু উহাতে উহার কিছুমাত্র সারবত্তা সমুৎপন্ন হয় না।" ৩। নাভির অধোদেশে পাষাণ-পিণ্ডিকার ন্যায় বাতজন্য ব্যাধিবিশেষ। ৪। আঘাতপ্রযুক্ত নীলীকা অর্থাৎ কাল-শিরা।

অষ্ঠীবান্ (অষ্ঠীবৎ, অস্থি হাড়+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং—ক্লীং, জানু, হাঁটু।
অসংখ্য (অ—সংখ্যা গণনা। যাহার সংখ্যা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অগণ্য, যার সংখ্যা নাই।
অসংখ্যাত (অ—সংখ্যাত) বিং, ত্রিং, যাহার সংখ্যা করা যায় নাই, যার সংখ্যা করিতে পারা যায় নাই, অগণিত।
অসংখ্যেয় (অ—সংখ্যেয়) বিং, ত্রিং, যাহা সংখ্যা করা যায় না, অসংখ্য, অগণন, অগণনীয়। [২। জ্ঞানরহিত।
অসংজ্ঞ (অ—সংজ্ঞা) বিং,ত্রিং, চেতনাহীন।
অসংযত (অসংযম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রুদ্ধ নয়, বন্ধনশূন্য। "অসংযতোঽপি মোক্ষার্থী।" (কাদম্বরী)। ২। অনিয়মিত; যথা—"অসংযত আচার।" ৩। অকৃতসংযম; যথা—"অসংযতচিত্ত।"
অসংযম (অ—সংযম নিবৃত্তি) সং, পুং, ইন্দ্রিয়নিগ্রহাভাব, কামক্রোধাদি অবশীকরণ। [নয়, মিলিত নয়, বিযুক্ত।
অসংযুক্ত (অ—সংযুক্ত) বিং, ত্রিং, সংযুক্ত
অসংযোগ (অ—সংযোগ সম্যক্ যোগ) সং, পুং, সংযোগাভাব, বিশ্লেষ।
অসংলগ্ন (অ—সংলগ্ন) বিং, ত্রিং, সংলগ্ন নয়, অসঙ্গত, পূর্ব্বাপর বিরুদ্ধ।
অসংবর; বিং, ত্রিং, অনিবার্য্য।
অসংবিদান (অ—সং পূর্ব্বে—বিদ্ জানা+আন(শানচ্)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞানরহিত, অজ্ঞ। ২। স্বীকাররহিত, অঙ্গীকাররহিত।
অসংবৃত (অ—সংবৃত আচ্ছাদিত) বিং,ত্রিং, অনাবৃত, আবরণশূন্য, আচ্ছাদনশূন্য।
অসংশয় (অ—সংশয় সন্দেহ, ৬ষ্ঠী—হিং) ক্রিং—বিং, নিশ্চিত, নিঃসন্দেহ, নিঃসংশয়, সংশয় ব্যতিরেকে। শিং—১"অসংশয়ং ক্ষত্রপরিগ্রহক্ষমা।" ২। বিং, ত্রিং, সংশয়রহিত, সন্দেহশূন্য। ৩। ক্লীং, নিঃসন্দেহ।
অসংশনীয় (অ—সংশনীয়) বিং, ত্রিং, সংশয় করিবার বিষয় নহে, যাহাতে সংশয় হইতে পারে না।
অসংশয়ান (অ—সংশয়ান) বিং, ত্রিং, অসন্দিহান দেখ। [অসন্দিগ্ধ দেখ।
অসংশয়িত (অ—সংশয়িত) বিং, ত্রিং,
অসংশ্লিষ্ট-পর্ব্বত (Isolated rock) যে শক্তিতে পৃথিবীর স্তর উৎক্ষিপ্ত করে, তাহা পৃথিবীর একস্থানে বল প্রকাশ করিলে কুব্জাকার এক পর্ব্বত পিণ্ড সম্ভবে তাহাকে 'অসংশ্লিষ্টপর্ব্বত' কহে।
অসংসক্ত (অ—সং সম্যক্ প্রকার—সক্ত আসক্ত) বিং, ত্রিং, সংসর্গরহিত, অসংশ্লিষ্ট।
অসংস্পৃষ্ট (অ—সংস্পৃষ্ট) বিং, ত্রিং, মিলিত নয়, বিযুক্ত, অসংযুক্ত, অসম্পৃক্ত। ২। বিভক্ত হইয়া পৃথক অবস্থিত।
অসংস্কৃত (অ—সংস্কৃত) বিং, ত্রিং, যার সংস্কার হয় নাই, অজাতসংস্কার। ২। অপরিষ্কৃত, অপরিচ্ছন্ন; যথা—"অসংস্কৃত কেশজাল।" ৩। গর্ভাধানাদি সংস্কার রহিত, অনুপনীত। "অসংস্কৃতপ্রমীতস্য পিতা ন শ্রাদ্ধমাচরেৎ।"
অসংস্কৃতবাক্য (অসস্কৃত—বাক্য) সং, ক্লীং, সংস্কৃত ভিন্ন বাক্য, ইতর কথা, অপভাষা।
অসংস্থান (অ—সংস্থান) সং, ক্লীং, অসদ্ভাব, সংস্থান না থাকা, অপ্রতুল, অসঙ্গতি। ২। প্রণালীবিরহ।
অসংসাহসিক (অ—সং সঙ্গত—সাহস+ইক—প্রং) বিং, ত্রিং, যে অসঙ্গত সাহস প্রকাশ, করে দুঃসাহসিক; যথা—সে বড় অসংসাহসিক লোক। ২। যাহা সম্পন্ন করিতে অসঙ্গত সাহস আবশ্যক করে, যাহাতে বিপদ ঘটিবার সম্পূর্ণ সম্ভাবনা; যথা—অসংসাহসিক কর্ম্ম।
অসংসাহসিকতা (অসংসাহসিক+তা—ভাবে) সং,স্ত্রীং,অসংসাহসিকের কর্ম্ম,অসঙ্গত সাহস প্রকাশ করা, দুঃসাহসিকতা।
অসংহত (অ—সংহত) বিং, ত্রিং, অসংলগ্ন, ইতস্ততো বিক্ষিপ্ত। ২। পুং, ব্যূহবিশেষ, সেনাদিগের পৃথক্ বৃত্তি।
অসকৃৎ (অ—সকৃৎ একবার) অং, অনেক বার, মুহুর্মুহুঃ, পুনঃপুনঃ, ভূয়োভূয়ঃ। শিং—"অসকৃদেকরথেন তরস্বিনা।"(রঘু)।

অসগোত্র (অ—সগোত্র) বিং, ত্রিং, সগোত্র নয়, এক গোত্রে উৎপন্ন নয়, ভিন্নগোত্র। শিং—১"অসপিণ্ডা চ মাতুরসগোত্রা চ যা পিতুঃ। সা প্রশস্তা দ্বিজাতীনাং দার কর্ম্মণি মৈথুনে।" (মনু)।

অসক্ত (অ—সক্ত সংলগ্ন, আসক্ত) বিং, ত্রিং, অসংলগ্ন। ২। অনাসক্ত। ৩। অপ্রতিবন্ধ। ৪। বিষয়বিরাগী। ৫। ফলাভিলাষ শূন্য। শিং—১ "অসক্তঃ সুখমন্বভূৎ।"

অসঙ্কুচিত (অ—সঙ্কুচিত) বিং, ত্রিং, সঙ্কুচিত নয়, সঙ্কোচশূন্য, অকুণ্ঠিত, প্রশস্ত।

অসঙ্কুল (অ—সঙ্কুল জনতা) বিং, ত্রিং, পরস্পর অবিরুদ্ধ। ২। অমিশ্র। ৩। বিস্তীর্ণ। ৪। বিস্তৃতপন্থা।

অসঙ্গ (অ—সঙ্গ সহিত, সংসর্গ) বিং, ত্রিং, সঙ্গ-রহিত, নির্লিপ্ত। ২। অপ্রতিহত, অপ্রতিবন্ধ। শিং—১ "অসঙ্গমদ্রিষপি সারবত্তয়া।" (রঘু)। ৩। সং, পুং, পুত্রকলত্রধনাদি ত্যাগরূপ বৈরাগ্য, বিষয়াসক্তি রাহিত্য। ৪। নির্ব্বিষয় পরমাত্মা। ৫। চন্দ্রবংশীয় যুযুধানের পুত্র।

অসঙ্গত (অ—সঙ্গত সংলগ্ন) বিং, ত্রিং, অযুক্ত, যুক্তিবিরুদ্ধ, যুক্তিবহির্ভূত। ২। অসংলগ্ন, সংযোগরহিত। ৩। পূর্ব্বাপরবিরুদ্ধ। ৪। অসম্ভব। ৫। অনুচিত, অন্যায্য। ৬। অসদৃশ, বিষম।

অসঙ্গতি (অ—সঙ্গতি সংলগ্নতা) সং, স্ত্রীং, সঙ্গতিবিরহ, পরস্পরসম্বন্ধাভাব, অসংস্থান। ২। অসংলগ্নতা, পূর্ব্বাপর বিরোধ। ৩। সংসর্গাভাব, সাহায্যরহিত। ৪। অর্থালঙ্কার বিশেষ, কার্য্যকারণের ভিন্নদেশবর্ত্তিতা।

অসচ্চরিত্র (অসৎ—চরিত্র) বিং, ত্রিং, যার চরিত্র ভাল নয়, দুর্বৃত্ত, দুশ্চরিত্র।

অসৎ (অ—সৎ সাধু) বিং, ত্রিং, দোষী, ভাল নয়, সংভিন্ন, মন্দ, নিন্দিত, গর্হিত; যথা—অসৎ কর্ম্ম, অসৎ ব্যবহার। ৩। অসাধু, দুষ্টপ্রকৃতি; যথা—অসৎ লোক। ২। অবিদ্যমান, সদ্ভিন্ন, প্রাগভাব প্রতিযোগী, নিরূপাখ্য, নিঃস্বরূপ। ৩। অং, অনাদর।

অসদাচার; সং, অসতের ব্যবহার।

অসতী (অ—সতী সাধ্বী) সং, স্ত্রীং, ভ্রষ্টা ব্যভিচারিণী। ২। বিং, দুশ্চরিত্রা।

অসত্য (অ—সত্য) সং, ক্লীং, মিথ্যা, অলীক বাক্য। শিং—১ "অসত্যং সাহসং মায়া মাৎসর্য্যং চাতিলুব্ধতা।" ২। বিং, ত্রিং, সত্য নয়, মিথ্যা।

অসত্যবাদী (বাদিন্, অসত্য—বাদিন্ যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।

অসত্যসন্ধ (অসত্য—সন্ধা অভিসন্ধি। বঞ্চনায় অভিসন্ধি যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃতঘ্ন, দুরাত্মা, কপটাচার। শিং—১ "তং জনমসত্যসন্ধং ভগবতি বসুধে! কথং বহসি।

অসদৃশ (অ—সদৃশ) বিং, ত্রিং, অযোগ্য, অনুপযুক্ত, অনুচিত, বিরুদ্ধ, বিসদৃশ। ২। অতুল্য, বিষম। ৩। অনুপম, অসাধারণ। যথা—"অসদৃশ ফল।"

অসদ্গ্রহ (অসৎ অবিদ্যমান বস্তু—গ্রহ আগ্রহ, ৭মী—য) সং, পুং, অসৎ বিষয়ে যত্ন প্রবৃত্তি আগ্রহ বা উৎসাহ, বালকাদির আবদার, অথট্রি।

অসদ্গ্রাহী (—গ্রাহিন্, অসৎ—গ্রাহী যে লয়) বিং, ত্রিং, অনুচিত দানাদিগ্রহণ-কারী, অযথা-শাস্ত্র-গ্রহণশীল, ধনাদিলোভবান্। শিং—১ "দৃঢ়ভক্তিঃ স্থিরপ্রজ্ঞো নাসদ্গ্রাহী ন দুর্ব্বচাঃ।"

অসদ্ভাব (অ—সদ্ভাব) সং, পুং, দুষ্টস্বভাব, দুশ্চরিত্র, দুরভিসন্ধি। ২। অপ্রণয়। ৩। অভাব, অপ্রতুল, অসঙ্গতি, অসংস্থান। ৪। অবিদ্যমানতা, অসত্তা।

অসন, আসন (অস্ প্রেরণ করা, ক্ষেপণ করা+অন—ক, সংজ্ঞার্থে) সং, পুং, সর্জ্জবৃক্ষ, পিয়াসাল। ২। (অস্ ক্ষেপণ করা +অনট্—ভাবে) সং, ক্লীং, ক্ষেপণ।

অসন্তুষ্ট (অ—সন্তুষ্ট) বিং, ত্রিং, সন্তুষ্ট নয়, যার সন্তোষ জন্মে নাই। ২। প্রীত নয়, বিরক্ত। শিং—১ "অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ সন্তুষ্টাইব পার্থিব।" [দেখ।

অসন্তুষ্টি (অ—সন্তুষ্টি) সং, স্ত্রীং, অসন্তোষ

অসন্তোষ (অ—সন্তোষ) সং, পুং, সন্তোষের অভাব, সন্তুষ্ট নাহওয়া। ২। বিরাগ, বিরক্তি।

অসন্দিগ্ধ (অ—সন্দিগ্ধ) বিং, ত্রিং, যার সন্দেহ নাই, অসংশয়িত, সন্দেহশূন্য, অনিষ্টাশঙ্কারহিত, বিশ্বস্ত; যথা—অসন্দিগ্ধ মনে। ২। যাহাতে সন্দেহ নাই, যাহা অন্যথা হইবার আশঙ্কা নাই, স্থির, নিশ্চিত; যথা—অসন্দিগ্ধ বিষয়ে।

অসন্দিহান (অ—সন্দিহান সংশয়ী) বিং, ত্রিং, যে সন্দেহ করে না, অসংশয়ান।

অসন্নদ্ধ (অ—সম্—নহ্ বন্ধন করা+ত (ক্ত)—র্থ) বিং, ত্রিং, সমদ্ভুত, জাত। ২। দৃপ্ত, গর্ব্বিত। ৩। (সম্যক্ পটুত্ব অভাবেও দর্পে অভিমান হেতু) পণ্ডিতম্মন্য, পণ্ডিতাভিমানী। ৪। অকৃতসন্নাহ, কবচহীন।

অসন্নিকর্ষ (অ—সন্নিকর্ষ আকর্ষণ) সং, পুং, মনঃসংযোগ-জনিত জ্ঞানের অভাব। ২। সান্নিধ্যের অভাব, দূরত্ব।

অসন্নিকৃষ্ট (অ—সন্নিকৃষ্ট নিকটবর্ত্তী) বিং, ত্রিং, দূরবর্ত্তী, দূরস্থ।

অসন্নিধান (অ—সন্নিধান) সং, ক্লীং, উপস্থিত না থাকা, অনুপস্থিতি; যথা—"একদা সেই বারবনিতা বিভাণ্ডক ঋষির অসন্নিধানরূপ সুযোগ সন্দর্শনে ইত্যাদি।"

অসপত্ন (অ—সপত্ন শত্রু) বিং, ত্রিং, শত্রুরহিত, নিষ্কণ্টক, বিপক্ষ-ভয়শূন্য; যথা—"অসপত্ন রাজ্য।"

অসপিণ্ড (অ—স সমান—পিণ্ড) বিং, ত্রিং, সপিণ্ডভিন্ন, সপ্তমপুরুষেতর, যে স্ত্রী কিম্বা পুরুষ সাত পুরুষের অন্তর্গত নয়। শিং—১ "অসপিণ্ডা চ যা মাতরসগোত্রা চ যা পিতুঃ।" (মনু)। ২ "অসপিণ্ডঃ সপিণ্ডোবা গৃহীতশ্চোপনায়িতঃ।" (স্মৃতি)।

অসভ্য (অ—সভ্য সামাজিক) বিং, ত্রিং, সভ্য নহে, সভার উপযুক্ত নয়, ভদ্রসমাজের যোগ্য নয়। ২। খল। শিং—১ "অয়স্ত্বসভ্যস্তব জন্ম নো গৃহে শ্রুত্বাগ্রজাং স্তেন্যবধীৎ সুরেশ্বরঃ।" (গীতা)। ৩। অশিষ্ট, দুর্ব্বিনীত। [অসভ্যের ব্যবহার।

অসভ্যতা (অসভ্য+তা—ভাবে) সং, স্ত্রীং,

অসম (অ—সম সমান, একবিধ) বিং, ত্রিং, অতুল্য, অনুপম, পরস্পর সাদৃশ্যরহিত। ২। বিষম, বিযোড়; যেমন—১, ৩, ৫, সংখ্যান্বিত মেষাদি দ্বাদশরাশির মধ্যে মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ অসমরাশি। ৩। পুং, বুদ্ধ।

অসমক্ষ (অ—সমক্ষ) ক্রিং—বিং, অসাক্ষাতে, অগোচরে, পরোক্ষে।

অসমঞ্জস (অ—সমঞ্জস সদৃশ, যুক্তিযুক্ত) বিং, ত্রিং, অসদৃশ। ২। বিষম, অসঙ্গত। ৩। অনুপযুক্ত। ৪। সং, পুং, সগর রাজার জ্যেষ্ঠ পুত্র। ৫। ক্লীং, অসঙ্গত, অযুক্ত। শিং—১ 'অতিপ্রণয়াদেতন্ময়োক্তমসঞ্জসম্।'

অসময় (অ—সময়) সং, পুং, অপ্রকৃত সময়, যার যে সময় নয়, অকাল; যথা—অসময়ের ফল, অসময়ের বৃষ্টি। ২। দুঃসময়; যথা—আমার এখন বড় অসময়। ৩। সময়বহির্গত যাওয়া; যথা—অসময়ে বুদ্ধি যোগায়। অসময়ের সন্তানে উপকার দর্শে না।

অসমর্থ (অ—সমর্থ ক্ষমতাপন্ন, শক্ত) বিং, ত্রিং, অসমর্থ, দুর্ব্বল, অক্ষম, অপটু। ২। (অ—সমর্থ সঙ্গতার্থ) ব্যাকরণে অসঙ্গত অর্থবিশিষ্ট, যে শব্দের যে স্থলে অন্বয় হওয়া উচিত তাহার ব্যতিক্রম।

অসমর্থসমাস (অসমর্থ—সমাস একত্রীকরণ) সং, পুং, যে শব্দের সহিত যাহার অন্বয় হওয়া উচিত তাহা ব্যতিক্রম করিয়া অন্য শব্দের সহিত সমাস; যথা—"অসূর্য্যম্পশ্যেৎ।"

অসমবায়িকারণ (অসমবায়ি—কারণ) সং, ক্লীং, ন্যায়মতে—সমবায়িকারণের আসন্নতর কারণ, সমবায়িকারণে প্রত্যাসন্ন হইয়া যে কারণ হয়, যেমন—ঘটের প্রতি কপালদ্বয়সংযোগ।

অসমস্ত (অ—সমস্ত একত্রীভূত) বিং, ত্রিং, সমাসরহিত, ব্যস্ত, ভিন্ন, সমাসে অযুক্ত। শিং—১ "অসমস্তৈকসমস্তা যুক্তা দশভিগু'ণৈশ্চ বৈদর্ভী।" ২। অসম্পূর্ণ, অসমাপ্ত।

অসমান (অ—সমান) বিং, ত্রিং, অতুল্য, অসদৃশ। ২। স্বজাতীয় ভিন্ন, বিজাতীয়। শিং—১ "সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ। সসমানং দ্বিতীয়েন ধর্ম্মরাজো বচো যথা।" (শুদ্ধিতত্ত্ব)।

অসমাপ্ত (অ—সমাপ্ত) বিং, ত্রিং, সমাপ্ত

নয়, সম্পূর্ণ নয়, অসম্পূর্ণ, শেষরহিত, অনবসিত। শিং—১ "অসমাপ্তে ততস্তস্য বচনে বদতাং বরঃ।" ২। অনিষ্পন্ন।

অসমীক্ষ্যকারিতা (অসমীক্ষ্যকারী+তা—ভাবে) সং, স্ত্রীং, অবিমৃশ্যকারিতা, সম্যক্ বিবেচনা না করিয়া কার্য্যকরণ।

অসমীক্ষ্যকারী (অসমীক্ষ্যকারিন্, অ—সমীক্ষ্য [সং—ঈক্ষ্ দেখা+য—প্রং] দেখিয়া—কারী [কৃ করা+ইন্ (িন্)—ক] যে করে) বিং, ত্রিং, যে সম্যক্ বিবেচনা না করিয়া কোন কর্ম্ম করে, দোষ গুণ না দেখিয়া যে কর্ম্ম করে, দেখা দেখি যে কর্ম্ম করে। ২। জাল্ম, মূর্খ। ণী—স্ত্রীং।

অসমীক্ষ্যভাষী (—ভাষিন্, অ—সমীক্ষ্য সম্যক্ বিবেচনা করিয়া—ভাষিন্ যে বলে) বিং, ত্রিং, যে সম্যক্ বিবেচনা না করিয়া কোন কথা বলে। ণী—স্ত্রীং।

অসমীচীন (অ—সমীচীন) বিং, ত্রিং, অন্যুত্তম, অসঙ্গত। ২। অনুপযুক্ত।

অসম্যক্ (অ—সম্যক্) বিং, ত্রিং, সম্যক্ নয়, সম্পূর্ণ নয়।

অসম্যক্কারী (অ—সম্যক্ সম্পূর্ণরূপে—কারী যে করে) বিং, ত্রিং, যে সম্পূর্ণরূপ কার্য্য করে না; যথা "কিন্তু অসম্যক্কারী ব্যক্তি কখনই অভীষ্ট লাভ করিতে পারে না।"

অসম্পর্ক (অ—সম্পর্ক) সং, পুং, সম্পর্কের অভাব, সম্পর্ক না থাকা। ২। বিং, ত্রিং, সম্বন্ধরহিত।

অসম্পর্কীয় (অ—সম্পর্কীয়) বিং, ত্রিং, যার সহিত কোন সম্পর্ক নাই, অসম্পৃক্ত, সম্পর্করহিত।

অসম্পূর্ণ (অ—সম্পূর্ণ) বিং, ত্রিং, অসমাপ্ত, অনবসিত। ২। পূর্ত্তিশূন্য, যাহা পরিপূর্ণ হয় নাই; যথা—"অসম্পূর্ণ চন্দ্রমণ্ডল।" শিং—১ "ক্রূরগ্রহঃ স কেতুশ্চন্দ্রমসংপূর্ণ মণ্ডলমিদানীম্।" (মুদ্রারাক্ষস)।

অসম্পৃক্ত (অ—সম্পৃক্ত) বিং, ত্রিং, অসম্পর্কীয় দেখ।

অসম্বন্ধ (অ—সম্বন্ধ মিলন; যাহার সহিত কোন মিল নাই) বিং, ত্রিং, সম্বন্ধশূন্য, অসংলগ্ন, পূর্ব্বাপরবিরুদ্ধ। ২ অন্যায্য, অসঙ্গত।

অসম্বন্ধপ্রলাপ (অসম্বন্ধ—প্রলাপ অনর্থক বাক্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসঙ্গত উক্তি, সম্বন্ধশূন্য বাক্য কথন। শিং—১ "পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ। অসম্বদ্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধম্।" (মনু)।

অসম্বদ্ধপ্রলাপী (অসম্বদ্ধ—প্রলাপী যে বলে) বিং, ত্রিং, যে অসম্বদ্ধ কথা বলে, অসম্বদ্ধভাষী। ণী—স্ত্রীং।

অসম্বদ্ধভাষী (—ভাষিন্, অসম্বদ্ধ—ভাষিন্ যে বলে) বিং, ত্রিং, যে অসম্বদ্ধ কথা বলে, অসম্বদ্ধপ্রলাপী। ণী—স্ত্রীং।

অসম্বাধ (অ—সম্বাধ সঙ্কীর্ণ, বাধা, ৭মী—হিং) বিং, ত্রিং, বাধা-রহিত, অন্যোন্য পীড়ারহিত; যথা—"অসম্বাধপথ।" ২। পরস্পর সংঘর্ষরূপ পীড়া রহিত। ৩। বিরল। ৪ জনতা-রহিত। ৫। অবিগম্য। ধা—স্ত্রীং, চতুর্দ্দশাক্ষরপাদক ছন্দোবিশেষ।

অসম্ভব (অ—সম্ভব উৎপত্তি) বিং, ত্রিং, সম্ভব নয়, যাহা সম্ভবে না, যাহা ঘটিতে পারে না, অত্যাশ্চর্য্যহেতু বিশ্বাসের অযোগ্য। ২। পং অলৌকিকীঘটনা। ৩। সম্ভবরাহিত্য।

অসম্ভাবনীয় (অ—সম্ভাবনীয়) বিং, ত্রিং, যার ঘটিবার সম্ভাবনা নাই, সম্ভাবনারহিত।

অসম্ভাবিত (অ—সম্ভাবিত) বিং, ত্রিং, যার সম্ভাবনা করা যায় নাই, যাহা ঘটিবে বলিয়া মনে করা যায় নাই, অভাবিত, অতর্কিত।

অসম্ভাব্য (অ—সম্ভাব্য সম্ভাবনাযোগ্য) বিং, ত্রিং, যাহা সম্ভাবনাযোগ্য নহে, অলৌকিক, নির্ণয়ের অশক্য। শিং—১ "অসম্ভাব্যং ন বক্তব্যং প্রত্যক্ষং যদি দৃশ্যতে।" (চাণক্য)।

অসম্ভ্রম (অ—সম্ভ্রম) সং, পুং, অনাদর, অমর্য্যাদা, মানহানি। ২। চাঞ্চল্যাভাব, স্থৈর্য্য। ৩। বিং, ত্রিং, অচঞ্চল, স্থির।

অসম্ভ্রান্ত (অ—সম্ভ্রান্ত) বিং, ত্রিং, অচঞ্চল, স্থিরপ্রকৃতি, ধীর; যথা—"অসম্ভ্রান্তচিত্তে ভগদত্তের হস্তীর কুম্ভান্তরে নারাচ নিক্ষেপ

করিলেন।" শিং—১"অপ্রাপ্তরতিসম্ভোগা অসম্ভ্রান্তা অমুষ্টটাঃ।" ২। সম্ভ্রমহীন।
অসম্মত (অ—সম্মত অভিমত) বিং, ত্রিং, সম্মত নয়, যার সম্মতি নাই, যার মত নাই, অনভিমত, অননুমত, বিরোধী। শিং—১ 'অসম্মতঃ কস্তব মুক্তিমার্গম্।'(কুমার)। ২। যে বিষয়ে সম্মতি নাই। ৩। অপ্রিয়। ৪। শত্রু। ৫। প্রতিকূল। ৬। অসম্মতিদায়ী। ৭। প্রণয়ী, প্রণার্থ্য। [থাকা, অমত।
অসম্মতি (অ—সম্মতি) সং, স্ত্রীং, সম্মতি না
অসম্মান (অ—সম্মান) সং, ক্লীং, অনাদর, অমর্য্যাদা, অপমান, অবমাননা।
অসম্মিষ্ট (অ—সম্মিষ্ট) বিং, ত্রিং, অমিশ্র, অসংযুক্ত, সংস্রবরহিত।
অসবর্ণ অ—সবর্ণ একজাতীয়) বিং, ত্রিং, ভিন্নজাতীয়, সবর্ণভিন্ন; যেমন ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি। শিং—১"অপি নাম কুলপতেরসবর্ণক্ষেত্রসম্ভবা ভবেৎ।" (শকুন্তলা)। ২ "পাণিগ্রহণসংস্কারঃ সবর্ণাসূপদিশ্যতে। অসবর্ণাস্বয়ং জ্ঞেয়ো বিধিরুদ্বাহকর্ম্মণি।" (মনু)। ২। ভিন্নবর্ণবিশিষ্ট।
অসহ (অ—সহ যে সহ্য করে) বিং, ত্রিং, ক্ষমাশূন্য, সহ্য করিতে অপারক, অমর্ষণ। যথা—"এ অসহভার সতী না পারি সহিতে।" (মেঘনাদ)।
অসহন (অ—সহন [সহ্ সহ্য করা+অন—ক] যে সহ্য করে) সং, পুং, শত্রু। ২। বিং, ত্রিং, অসহিষ্ণু, যে সহ্য করিতে পারে না, ক্ষমাশূন্য, যার কথা গায়ে সয় না, যে অবজ্ঞা বা অপমান সহ্য করিতে পারে না, অসহমান। ২। (+অনট্—ভাবে) ক্লীং, সহনাভাব, অসহিষ্ণুতা। [দেখ।
অসহনীয় (অ—সহনীয়) বিং, ত্রিং, অসহ্য
অসহমান (অ—সহমান) বিং, ত্রিং সহ্য করিতে অসমর্থ, ক্ষমা করিতে অপারক। "ততঃ কোশলেশ্বরোহপি অতিদর্পাৎ পরিভবমসহমানঃ।"
অসহায় (অ—সহায়) বিং, ত্রিং, যার সহায় নাই, নিঃসহায়, সহায়হীন। ২। সঙ্গরহিত। শিং—১ "সোহসহায়েন মূঢ়েন লুব্ধেনাকৃতবুদ্ধিনা।" (মনু)।
অসহায়ী (—য়িন্,অ—সহ সঙ্গে—আয়িন্ যে গমন করে) বিং, ত্রিং, যাহার সঙ্গে কেহ যাইতেছে না, একাকী।
অসহিষ্ণু (অ—সহিষ্ণু সহনশীল) বিং, ত্রিং, যাহার সহিষ্ণুতা নাই, যে সহ্য করিতে পারে না। ২। যার ধৈর্য্য নাই, অধৈর্য্য।
অসহিষ্ণুতা (অ—সহিষ্ণু+তা—ভা) সং, স্ত্রীং, সহিষ্ণুতা গুণের অভাব, ধৈর্য্যহীনতা।
অসহ্য (অ—সহ্য সহনীয়) বিং, ত্রিং, অসহনীয়, যাহা সহিতে পারা যায় না। ২। যাহা সহিতে শরীরের বা মনের কষ্ট হয়, দুঃসহ। "অসহ্যং জ্ঞাতিদুর্ব্বাক্যং।"
অসাক্ষাৎ (অ—সাক্ষাৎ) অং, পরোক্ষে,অপ্রত্যক্ষ, ইন্দ্রিয়াগোচরে। ২। অতুল্য।
অসাক্ষাৎকার (অসাক্ষাৎ—কার) সং, পুং, প্রত্যক্ষাভাব। ২। পরোক্ষজ্ঞান। ৩। প্রত্যক্ষের অবিষয়।
অসাক্ষিক (অ—সাক্ষিন্ সাক্ষাদ্দ্রষ্টা, যে সাক্ষাৎ দেখে+কণ—প্রং) বিং, ত্রিং, যে বিষয়ে সাক্ষী নাই, অবিদ্যমানসাক্ষিক, সাক্ষিহীন। শিং—১"অসাক্ষিকেষু ত্বর্থেষু মিথোবিবদমানয়োঃ।" (মনু)। ২। অধিষ্ঠাতাশূন্য।
অসাধারণ (অ—সাধারণ) বিং, ত্রিং, সাধারণ নয়, সচরাচর ঘটে না, সচরাচর দেখিতে পাওয়া যায় না, অসামান্য; যথা—অসাধারণ বুদ্ধি, অসাধারণ যশঃ। ২। যাহাতে অন্যের সম্বন্ধ নাই, যথা—এ ধন তার অসাধারণ, অনন্যসাধারণ। ৩। বিশেষ। ৪। ন্যায়মতে—স্বপক্ষ বিপক্ষ ব্যাবৃত্ত দুষ্ট হেতু, সাধ্যব্যাপকীভূতাভাব প্রতিযোগ হেতু; যথা "বহ্নিমান্ জলত্বাৎ।"
অসাধারণত্ব,অসাধারণ্য (অসাধারণ+ত্ব, য—ভাবে) সং, ক্লীং, সাধারণত্ব নয়, বিশেষত্ব; যথা—"তিনি শস্ত্রযুদ্ধে অসাধারণ্য লাভ করিয়াছিলেন।"
অসাধু (অ—সাধু সজ্জন) বিং, ত্রিং, সাধুভিন্ন, অসৎ, অভদ্র, দুর্বৃত্ত; যথা—অসাধু লোক। ২। নিন্দিত, গর্হিত; যথা—অসাধু ব্যবহার। ৩। অপ্রিয়, অহৃদ্য। ৪। অসংস্কৃত, অপভ্রংশ। ধ্বী—স্ত্রীং, কুলটা।

অসাধ্য (অ—সাধ্য) বিং, ত্রিং, যাহা সম্পন্ন করা কঠিন বা দুর্ঘট, দুঃসাধ্য, কষ্টসাধ্য ; যাহা সম্পন্ন করিতে পারা যায় না, সাধ্যাতীত ; যাহা আয়ত্ত করিতে পারা যায় না, অনায়ত্ত। ২। যার প্রতীকার হওয়া কঠিন বা অসম্ভব, অচিকিৎসনীয় ; যথা—অসাধ্য রোগ। শিং—১ "অসাধ্যং কুরুতে কোপং প্রাপ্তে কালে গদো যথা।" (মাঘ)। ৩। সাধনার অযোগ্য, প্রমাণাদির দ্বারা সমর্থনার অযোগ্য। ৬। দুর্দম।

অসাময়িক (অসময় + ইক (ষ্ণিক)—ক) বিং, ত্রিং, সময়ের উপযুক্ত নয়, যে সময়ের যেরূপ তদনুরূপ নয়, আকালিক।

অসামান্য (অ—সামান্য সাধারণ) বিং, ত্রিং, অসাধারণ, যাহা সচরাচর ঘটে না, বিশেষ, তন্মাত্রসম্বন্ধী। ২। (অ—সামান্য সমানতা, তুল্যতা) অনুপম।

অসাম্য (অ—সাম্য) সং, ক্লীং, সাদৃশ্যবিরহ, ভেদ। ২। অযোগ্যপথ্য ঔষধাদি, অস্বাস্থ্যকারিত্ব।

অসাম্প্রতম্ (অ—সাম্প্রতম্ উচিত) অং, অযুক্ত, অনুচিত। শিং—১ "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্।" (কুমার)।

অসার (অ—সার স্থিরাংশ। যাহার সার নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, এরণ্ডবৃক্ষ। ২। বিং, ত্রিং, সাররহিত, স্থিরাংশহীন। শিং—১ "অসারঃ খলু সংসারঃ।" ৩। অপদার্থ। ৪। দুর্ব্বল। ৫। ক্লীং, অগুরু।

অসারতা (অসার+তা—ভাবে) সং, স্ত্রীং, সারহীনতা, অস্থিরতা। শিং—১ "ধিগিমাং দেহভৃতামসারতাম্।" (রঘু)।

অসাবধান (অ—সাবধান) বিং, ত্রিং, সাবধান নয়, সতর্ক নয়, প্রমত্ত, প্রমাদী। ২। কর্ত্তব্য বিষয়ে যার সমুচিত যত্ন বা মনোযোগ নাই, অনবহিত।

অসি (অস্ ক্ষেপণকরা+ই—র্ম, সংজ্ঞার্থে। সংস্কৃত=অসি ; লাটিন=Ensis) সং, পুং, খড়্গ, করবাল, খাঁড়া, তরবাল। ২। (মধ্যমপুরুষের একবচন) অং, তুমি। শিং—১ "কৃতবানসি বিপ্রিয়ং ন মে।" ৩। নদী বিশেষ। এই নদী বরণা নদীর দক্ষিণদিকে গঙ্গাতে সংমিলিত হয়, পরে উত্তরমুখী হইয়া বরণাতে সঙ্গতা হইয়াছে। কাশী এই দুই নদীর মধ্যস্থিত হওয়াতে তাহার অপর নাম বারাণসী। স্কন্দপুরাণে লিখিত আছে অসীনদীর সহিত যে স্থানে গঙ্গার সঙ্গম সেই স্থানে স্নান করিলে মুক্তি হয় ; যথা—
"পুণ্যভূমি বারাণসী, বেষ্টিতবরুণা অসি,
যাহে গঙ্গা আসিয়া মিলিত। (অন্নদা)

অসিক (অস্ ক্ষেপণ করা, দীপ্তি পাওয়া +ইক(ইকন্)—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, অধর ও চিবুকের মধ্যভাগ।

অসিক্নী (অ—সিত শুক্ল+ঈ—প্রং। ত=ক্ন। ঈপ্—স্ত্রীং, বয়স হইলেও যাহার কেশ শাদা হয় নাই) সং, স্ত্রীং, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী। ২। নদীবিশেষ। ৩। বীরণ প্রজাপতির কন্যা, দক্ষ প্রজাপতির পত্নী।

অসিগণ্ড (অসি নিক্ষিপ্ত—গণ্ড। যাহাতে গণ্ড নিক্ষিপ্ত হয়, ৭মী—হিং) সং, পুং, ক্ষুদ্র উপাধান, ছোট বালিশ।

অসিচর্ম্ম (অসি—চর্ম্ম ঢাল। দ্বং—স) সং, সং, ক্লীং, ঢাল তলো[illegible]।

অসিচর্য্যা (অসি—চর্[illegible] গতি) সং, স্ত্রীং, অসিচালনা, অসির ব্যবহার বা আচরণ।

অসিত (অ—সিত শুক্লবর্ণ) সং, পুং, কৃষ্ণবর্ণ। ২। শনিগ্রহ। ৩। কৃষ্ণপক্ষ। ৪। ব্যাসশিষ্য মুনিবিশেষ। শিং—১ "অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ং চৈব ব্রবীষি মে।" (গীতা)। ২ "হে মধুসূদন! অসিত দেবল তোমাকে প্রজা-সৃষ্টি বিষয়ে প্রজাপতি বলিয়া কীর্ত্তন করিয়াছেন।" ৬। সূর্য্যবংশীয় ভরতপুত্র নৃপতি। ৭। পর্ব্বতবিশেষ। ৮। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ বিশিষ্ট, শ্যামল ; যথা—"অসিতলোচনা দেবরূপধারিণী ধীবরকন্যা।" ২ "অসিতকেশা।"

অসিতা (অ—সিত শুক্ল+আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী। ২। নীলীবৃক্ষ। ৩। স্বনামখ্যাত স্বর্বেশ্যা। শিং—১ "অসিতাচ সুবাহুশ্চ সুবৃত্তাসুমুখী তথা।" (হরিবংশ)।

অসিতাপাঙ্গী (অসিত কৃষ্ণ—অপাঙ্গ চক্ষুব প্রান্তভাগ+ঈপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, কৃষ্ণবর্ণ চক্ষুবিশিষ্ট।

অসিতার্চ্চিঃ (অসিতার্চ্চিস্, অসিত কৃষ্ণবর্ণ —অর্চ্চিস্ প্রভা। যাহার কৃষ্ণবর্ণ অর্থাৎ ধূমময় প্রভা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

অসিতালু (অসিত—আলু) সং, পুং, নীলালু।

অসিতোৎপল (অসিত—উৎপল পদ্ম, যং —স) সং. ক্লীং, নীলপদ্ম, ইন্দীবর।

অসিদংষ্ট্র (অসি খড়্গ—দংষ্ট্রা দন্ত। যাহার অসির ন্যায় দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর, মকর।

অসিদ্ধ (অ—সিদ্ধ সম্পূর্ণ) বিং.ত্রিং, অপক্ব, অস্বিন্ন। ২। অনিষ্পন্ন, অসম্পন্ন, অসম্পূর্ণ। ৩। প্রামাণিক নয়, প্রমাণ দ্বারা প্রতিপন্ন নয়, অপ্রামাণিক। ৪। সিদ্ধিরহিত, সফলতারহিত। ৫। ন্যায়মতে—আশ্রয়াসিদ্ধত্বাদি তিন প্রকার দোষে দুষ্ট হেতু।

অসিদ্ধি (অ—সিদ্ধি নিষ্পত্তি) সং, স্ত্রীং, অনিষ্পত্তি, সিদ্ধিবিরহ, সফলতারাহিত্য। ন্যায়মতে—আশ্রয়াসিদ্ধি, স্বরূপাসিদ্ধি, ব্যাপ্যত্বাসিদ্ধি এই ত্রিবিধ হেতু দোষ। আশ্রয়াসিদ্ধি; যথা—"কাঞ্চনময় পর্ব্বতো বহ্নিমানিত্যাদি।" স্বরূপাসিদ্ধি; যথা—"পর্ব্বতঃ কাঞ্চনময় বহ্নিমানিত্যাদি।" ব্যাপ্যত্বাসিদ্ধি; যথা—পর্ব্বতো বহ্নিমান্ জলত্বাদিত্যাদি।" [শস্ত্রপরিষ্কারক।

[অ]সিধারক (অসি—ধারক যে ধরে) বিং,ত্রিং,

[অ]সিধারা (অসি—ধারা) সং, স্ত্রীং খড়্গের অগ্রভাগ। শিং—১ "স্বাসিধারাপরিহৃতঃ কামং চক্রস্য তেন মে।" ২ "সুরগজ ইব দন্তৈর্ভগ্নদৈত্যাসিধারৈঃ।" (রঘু)।

[অ]সিধারাব্রত (অসি—ধার—ব্রত) সং, ক্লীং, যুবক যুবতীর একত্রে অবিকৃতচিত্তে অবস্থানরূপ ব্রত। শিং—১"যুবা যুবত্যা সার্দ্ধং যন্মুগ্ধাভর্তৃবদাচরেৎ। অন্তর্নিবৃত্তসঙ্গঃ স্যাদসিধারাব্রতং হি তৎ।" ২ "অসিধারাব্রতমিদং সখে যদরিণা সহ সংবাসঃ।" ৩ সতাং কেনোদ্দিষ্টং বিষময়মসিধারাব্রতমিদম্।"

[অ]সিধাব } (অসি—ধাব্ [ধৌত করা] পরিষ্কার করা+অ(অন্),অক

[অ]সিধাবক } (ণক)—ক। যে খড়্গ শাণায়, ২য়া—ষ) সং, পুং, যে অস্ত্রাদির ধার করে, শাণকর, শিলকর।

অসিধেনু } (অসি—ধেনু ধনুস্ শব্দজ। অসিধেনুকা } ধনুকের ন্যায় অসি। ক—যোগে অসিধেনুকা) সং, স্ত্রীং, ছুরিকা, ছুরি।

অসিপত্র (অসি—পত্র। যাহার অসির ন্যায় পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খড়্গাবৎ পত্র যুক্ত বৃক্ষ, ইক্ষু। শিং—১ "জাতং তমাত্মন্যসিপত্রবৃক্ষম্।" (রঘু)। ২। নরকবিশেষ, যাহাতে খড়্গ ধারের উপর চাপিয়া কাটা হয়। ৩। ক্লীং, খড়্গাকোষ, খড়্গের খাপ্। ৪। ইক্ষুপত্রের আকারের ন্যায় উভয়দিকে ধারবিশিষ্ট খড়্গ। শিং—১ "অত্যাক্ষীৎ স্বাসিপত্রাদীনবভাসং পরশ্বধান্।" (ভট্টি)। ৫। গুণ্ডনামক তৃণ।

অসিপত্রবন (অসি—পত্র—বন) সং, ক্লীং, নরকবিশেষ। এই নরকস্থ বৃক্ষের পত্র সকল খড়্গাকার। যে ব্যক্তি শাস্ত্র-মর্য্যাদা লঙ্ঘন করিয়া স্বেচ্ছানুসারে কুপথগামী হয় সে এই নরকে যায়, ঐ নরকস্থ বৃক্ষের খড়্গাকার পত্র নিয়ত তাহার গাত্র ছেদন করিতে থাকে। বিষ্ণুপুরাণে লিখিত আছে যাহারা অকারণে বৃক্ষচ্ছেদন করে তাহারা এই অসিপত্রবন নরকে যায়।

অসিপুচ্ছ } (অসি খড়্গ—পুচ্ছ, পুচ্ছক অসিপুচ্ছক } =লেজ। যাহার পুচ্ছ অসির ন্যায় ধারাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার, শুশুক।

অসিপুত্রী—ত্রিকা (অসি—পুত্রী কন্যা, ৬ষ্ঠী —ষ। ক—যোগে অসিপুত্রিকা। ক্ষুদ্রত্ব হেতু বলিয়া) সং, স্ত্রীং, ছুরি, ছুরিকা।

অসিমার্গ (অসি—মার্গ) সং, ক্লীং, অসিপথ।

অসিমেদ (অসি—মেদ নির্য্যাস। অসির ন্যায় তীক্ষ্ণ নির্য্যাস যাহার) সং, পুং, বিট্‌খদির।

অসিহেতি (অসি খড়্গ—হেতি ঢাল, ৬ষ্ঠী —হিং) সং, পুং, খড়্গাধারী যোদ্ধা।

অসীম (অ—সীমা প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার সীমা নাই, অনন্ত।

অসু (অস্ হওয়া+উ—ণ, সংজ্ঞার্থে) সং, পুং, বহুং, প্রাণ। শরীরান্তর্গত প্রাণাদি পঞ্চবায়ু, যথা—প্রাণ অপান সমান উদান ব্যান। ২। (+উ—ক। প্রাণই ইহার স্থান বলিয়া) ক্লীং, চিত্ত, চিন্তা। ৩। (+উ—র্ম্ম) উপতাপ।

অসুকর (অ—সুকর সহজ) বিং, ত্রিং, দুষ্কর, ক্লেশসাধ্য; যথা—"অসুকর কার্য্যে ব্যাপৃত দ্রোণাচার্য্যকে।"

অসুখ (অ—সুখ্ সুখী হওয়া+অ(অল্)—ভাবে) সং, ক্লীং, দুঃখ, ক্লেশ, সন্তাপ, পীড়া। ২। বিং, ত্রিং, দুঃখিত, পীড়িত, দুঃখজনক। ২। (+অ(অল্)—র্ম্ম) অশক্য। "শ্রেয়াংসি লব্ধুমসুখানি বিনান্তরায়ৈঃ।"

অসুখাবহ (অসুখ—আ—বহ জন্মান+অন্—ক) বিং, ত্রিং, অসুখের কারণ, যাহাতেঅসুখ জন্মে, দুঃখকর, পীড়াজনক।

অসুখিত (অসুখ+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অসুখগ্রস্ত, পীড়িত।

অসুখী (অসুখিন্, অসুখ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে সুখী নয়, যে অসুখ ভোগ করে, পীড়িত।

অসুন্দর (অ—সুন্দর) বিং, ত্রিং, মনোহর নয়, কুরূপ, কুৎসিত। শিং—১ "কিমপ্যস্তি স্বভাবেন সুন্দরং বাপ্যসুন্দরং।" ২। অনুচিত, অযুক্ত। ৩। গুণীভূত ব্যঙ্গকাব্যের অষ্ট প্রকার ভেদমধ্যে পরিগণিত কাব্যবিশেষ।

অসুভৃৎ }
অসুমৎ } (অসু—ভৃ ভরণ করা+০(ক্বিপ্)—ক। অসু+মৎ (মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রাণী, সজীব, জীবন্ত। ২। (+মান্—পুং, জীবন, প্রাণসাধন।

অসুর (অ বিরোধ—সুর দেবতা। যাহারা দেবতা বিরোধী। কিম্বা অস্ ক্ষেপণ করা ইত্যাদি+উর—সংজ্ঞার্থে। অথবা অ সুরা সুধা। যাহাদের সুধা নাই, ৬ষ্ঠী—হিং। সমুদ্রমন্থন কালে বিষ্ণু মোহিনীরূপ ধারণ করিয়া অসুরদিগকে সুধায় বঞ্চিত করিয়াছিলেন। শিং—১ "সুরাপ্রতিগ্রহাদ্দেবাঃ সুরা ইত্যভিবিশ্রুতাঃ। অপ্রতিগ্রহণাত্তস্য দৈতেয়াশ্চাসুরাঃ স্মৃতাঃ।" (রামায়ণ। ভাগবতে ব্রহ্মা অন্তো নামে বিখ্যাত চতুর্ব্বিধ সৃষ্টিতে প্রবৃত্ত হইলে পূর্ব্বসংস্কার বশতঃ তমোগুণ তাঁহাকে আশ্রয় করে, সেই সময় তাহার জঘন হইতে অসুরগণ উৎপন্ন হয়। ইহারা সুরা অর্থাৎ বারুণীকে অগ্রাহ্য করাতে ইহাদিগের নাম অসুর হয়। পারস্য ভাষার সহিত এই শব্দের সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=অসুর; পারসিক=অহুর) সং, পুং, সুরবিরোধী, দৈত্য, দানব। ২। সূর্য্য। ৩। রাহু। ৪। ময়নামক দানবের পুত্র। এই দানব অত্যন্ত বলবান্ ও পরাক্রমশালী ছিল। তাহার জৃম্ভ অর্থাৎ হাই উঠিলে ইন্দ্রজাল বিদ্যাপ্রভাবে তিনটী পুংশ্চলী স্ত্রী তাহার মুখ হইতে নির্গত হইয়া ত্রিলোক ভ্রমণ করিত। রা—স্ত্রীং, রাত্রি। ২। রাশি। রী—স্ত্রীং, অসুরপত্নী। ২। (দ্বিতীয় ব্যুৎপত্তি দেখ, যাহা নিক্ষেপ করিলে ভূতাপসরণ হয়) রাজিকা, রাইসর্ষা।

[সং, পুং, বিষ্ণু।

অসুররিপু (অসুর—রিপু শত্রু, ৬ষ্ঠী—ষ)

অসুরসা (অ—সু সুমিষ্ট—রস) সং, স্ত্রীং, বর্ব্বরী, বাবুই তুলসী।

অসুরাহ্ব (অসুর—আহ্বা নাম। অসুরের নামে নাম যাহা, তাহার আগমন ভয়ে বা প্রতিরোধ.. যাহা পূজা কালীন বাদিত হয়) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

অসুর্ক্ষণ }
অসূর্ক্ষণ }
অসূক্ষণ } (অ—সূর্ক্ষ অমান্য করা+অন(অনট্)—ভা। এখানে 'অ' শব্দের অর্থ নাই। র—লোপ) সং, ক্লীং, অবজ্ঞা, অনাদর।

অসুলভ (অ—সুলভ) বিং, ত্রিং, সুলভ নয়, যাহা অনায়াসে পাওয়া যায় না, দুর্লভ, দুষ্প্রাপ্য, কষ্টলভ্য।

অসুস্থ (অ—সুস্থ) বিং, ত্রিং, সুস্থ নয়, সচ্ছন্দ শরীরনয়, রুগ্ন, রোগী।

অসুস্থতা (অ—সুস্থতা) সং, স্ত্রীং, অসুস্থের অবস্থা, পীড়িত অবস্থা, অস্বস্থতা, অস্বাস্থ্য।

অসূক্ষ্মদর্শী (—দর্শিন্, অসূক্ষ্ম সূক্ষ্ম নয়—দর্শী যে দেখে) বিং, ত্রিং, যে অতিশয় বুদ্ধিমান্ নয়, যাহার প্রত্যুৎপন্নমতি নাই, যাহার কুশের অগ্রে বুদ্ধি নাই।

অসূয়ক, অসূয়িতা (অসূয়িতৃ, অসূয়া দেখ,

অক(ণক), তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে অসূয়া করে, পরগুণে দোষাবিষ্কারক। অসূয়াবিশিষ্ট। শিং—১ "অসূয়কায় মাং মাদাস্তথা স্যাং বীর্য্যবত্তমা।" (মনু)।

অসূয়া (অসূ অনাদরকরা+অ—ভা, য(ক্য)—আগম) সং, স্ত্রীং, পরগুণে দোষারোপণ, বা গুণে দোষোদ্ঘাটন, পরগুণে দোষাবিষ্কার, নিন্দা। ২। ক্রোধ। ৩। স্পর্দ্ধা। ৪। দ্বেষ।

অসূয়াপরবশ, অসূয়াপর, অসূয়াপরতন্ত্র } (অসূয়া—পর, পরবশ, পরতন্ত্র পরাধীন) বিং, ত্রিং, ঈর্ষাপরবশ, ঈর্ষাযুক্ত।

অসূর্য্যম্পশ্য (অ—সূর্য্যম্ সূর্য্যকে—পশ্য [দৃশ্ দেখা+অ(খশ্)—ক] যে দেখে) বিং, ত্রিং, যে সূর্য্য ও দেখিতে পায় না, যে সূর্য্যের মুখ দেখে না, যাহার গাত্রে সূর্য্যের কিরণ স্পর্শ হয় না; যথা অসূর্য্যম্পশ্যা মহিষী। ২। যেখানে সূর্য্যের কিরণপাত হয় না; যথা—অসূর্য্যম্পশ্য পার্ব্বতীয় ভূভাগ, অসূর্য্যম্পশ্য মুখ। শ্যা—স্ত্রীং, অন্তঃপুরে সতত অবস্থানবশতঃ সূর্য্যাদর্শী রাজপত্ন্যাদি।

অসূর্য্যম্পশ্যরূপা (অসূর্য্যম্পশ্য—রূপ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে স্ত্রীলোকের রূপ সূর্য্যের মুখ দেখে না অর্থাৎ যে স্ত্রী কখন গৃহের বাহির হয় না।

অসৃক্ (অসৃজ্, অ—সৃজ্ সৃষ্টি করা+০(ক্বিপ্)—ক, সংজ্ঞার্থে অথবা অস্ ক্ষেপণ করা+ঋজ্—র্ম্ম। নাড়ীর ইতস্ততঃ যাহা বিক্ষিপ্ত হয়) সং, ক্লীং, রক্ত, রুধির। ২। কুঙ্কুম। ৩। বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ষোড়শযোগ।

অসৃক্প (অসৃক্ রক্ত—প [পা পানকরা+অ(ড)—ক] যে পান করে। যে রক্ত পান করে, ২য়া—ষ) সং, পুং—স্ত্রীং, রক্তপায়ী। ২। রাক্ষস।

অসৃগ্ধরা (অসৃক্—ধর যে ধরে। যে রক্ত ধরে, ২য়া—ষ) সং, স্ত্রীং, ত্বক্, চর্ম্ম।

অসেচনক (অ—সেচন ক্ষরণ। যাহা হইতে চক্ষুঃ ও মনের ক্ষরণ হয় না, ৫মী—হিং। ক—স্বার্থে) বিং, ত্রিং, অতিপ্রিয়দর্শন, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ হয় না, যাহাকে দেখিয়া নয়নের আকাঙ্ক্ষা নিবৃত্তি হয় না; যাহাকে দেখিলে আহ্লাদের সীমা থাকে না, আসেচন, আসেচনক।

অসৌষ্ঠব (অ—সৌষ্ঠব) বিং, ত্রিং, সুষ্ঠুতা রহিত, শোভাহীন, সৌন্দর্য্যরহিত। শিং—১ "গমনমলসং শূন্যা দৃষ্টিঃ শরীরমসৌষ্ঠবম্।" ২। সং, ক্লীং, সৌষ্ঠব না থাকা, কদাকারতা, অসৌন্দর্য্য, পরিষ্ক্রিয়াভাব, মালিন্য। ৩ অঙ্গরস, অকৌশল, মনোভঙ্গ। ৪। অলঙ্কারে—স্মরদশা বিশেষ। শিং—১ 'অসৌষ্ঠবং মলাপক্লিস্তাপস্ত বিরহজ্বরঃ।' (সাহিত্যদর্পণ)।

অস্খলিত (অ—স্খলিত পিছলিয়া পতিত) বিং, ত্রিং, যাহা স্খলিত হয়না, যার অন্যথা হয় না ২। অপ্রতিহত, অব্যাহত। ৩। স্থির, অবিচলিত। ৪। স্খলনরহিত, পতন রহিত শিং-১ "ততঃ প্রভৃত্যস্খলিতপ্রয়াণঃ স প্রত্যহং মৃত্যুসমীপমেতি।"

অস্ত (অস্ ক্ষেপণ করা+ত(ক্ত)—ধি। গ্রহাদির অস্ত অর্থাৎ অদর্শন আছে যাহাতে) সং, পুং, পশ্চিমাচল। ২। ক্লীং, (+ত(ক্ত)—ভাবে) চন্দ্রসূর্য্যাদির অস্ত গমন। ৩। মৃত্যু। ৪। শেষ, অবসান। ৫। লগ্ন হইতে সপ্তম স্থান। ৬। (+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত, পাতিত, চালিত, নিরস্ত। ৭। প্রেরিত। ৮। ত্যক্ত। ৯। অবসিত, অবসানপ্রাপ্ত। শিং—১ "নিরস্তগাম্ভীর্য্যং অপাস্তধৈর্য্যম্।" ২ "শাপেনাস্তংগমিতমহিমা।" (মেঘদূত)।

অস্তক (অস্ত অবসান, অদর্শন+ক—প্রং) সং, পুং, মুক্তি, নির্ব্বাণ মোক্ষ।

অস্তগত (অস্ত—গত, ২য়া—ষ) বিং, ত্রিং, অদর্শন প্রাপ্ত, দৃষ্টিবহির্ভূত। ২। পশ্চিমাচল প্রাপ্ত, অস্তমিত।

অস্তগিরি (অস্ত—গিরি) সং, পুং, যে পর্ব্বতের অপর পার্শ্বে গেলে সূর্য্য দৃষ্টিবহির্ভূত হয়, অস্তাচল, পশ্চিমাচল।

অস্তম্ (অস্ ক্ষেপণ করা+তম্—ভাবে) অং, অদর্শন। শিং—১ "রাজ্যমস্তমিয়েষ্বরম্।" (রঘু)। ২। নাশ।

অস্তমতী; সং, স্ত্রীং, শালপর্ণী বৃক্ষ।

অস্তমন (অস্ত—মন্+অ(অল্)—ভাবে) সং, ক্লীং, অস্তাচল গমন, সূর্য্যের অদর্শন সাধন ভূগোলকক্ষ দ্বারা তিরোধান। শিং —১ "তিরোধানঞ্চ যত্রেতি তদবাস্তমনং রবেঃ। নৈবাস্তমনমর্কস্য নোদয়ঃ সর্ব্বদা সতঃ।" (জ্যোতিষ)।

অস্তময় (অস্তম্—ইন্ গমন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, বিনাশ, অবসান, ক্ষয়। শিং—১"উদয়মস্তময়ঞ্চ রঘূদ্বহাদু-ভয়োমানশিরে বসুধাধিপাঃ।" (রঘু)। ২। অস্তাচল গমন। শিং—১ "করোত্যকালাস্তময়ং বিবস্বতঃ।"(কিরাত)।৩। মহাপ্রলয়।

অস্তমিত ( অস্তম্—ইত [ইন্ গমন করা+ত(ক্ত)—ক] গত, ২য়া—ষ ) বিং, ত্রিং, পশ্চিমাচলগত, অস্তগত। ২। নষ্ট। ৩। বিলুপ্ত। শিং—১ "যেনোঽপি বিলিখন্ ভূমিং দণ্ডেনাস্তমিতত্বিষা।" (কুমার)।

অস্তব্যস্ত (অস্ত—ব্যস্ত) বিং, ত্রিং, অত্যন্ত ব্যতিব্যস্ত, অস্থির, চঞ্চল। ২। অস্তাচলে নিক্ষিপ্ত। ৩। ক্রিং—বিং, তাড়াতাড়ি, ব্যাকুলতাপূর্ব্বক।

অস্তাঘ (অস্থাঘ দেখ) বিং, ত্রিং, অগাধ, অতিগভীর।

অস্তাচল (অস্ত—অচল পর্ব্বত, য়ং—স) সং, পুং, অস্তগিরি, পশ্চিমাচল। শিং—১ "অস্তাচলচূড়াবলম্বিনি ভগবতি কুমুদিনীনায়কে চন্দ্রমসি।"

অস্তি ( অস্ হওয়া+তি(তিপ্)। বর্ত্তমান কালের প্রথম পুরুষের এক বচন অথবা অস্ হওয়া+ক্তি—ভাবে ) অং, বিদ্যমানতা, স্থিতি, সত্ত্বা। ২। বিদ্যমান আছে, হইতেছে।

অস্তিত্ব ( অস্তি+ত্ব—ভাবে ) সং, ক্লীং, স্থায়িত্ব, বিদ্যমানতা, সত্ত্বা।

অস্তিনাস্তি (অস্তি—নাস্তি) অং, সত্ত্বাঽসত্ত্বা, বিদ্যমানতা অবিদ্যমানতা, থাকুক বা নাই থাকুক। শিং—১ "অস্তিনাস্তি ন জানন্তি দেহি দেহি পুনঃ পুনঃ।"

অস্তু ( অস্ হওয়া+তু—প্রং। অনুজ্ঞার প্রথম পুরুষের এক বচন) অং, হউক। ২। ( অস্+তুন্—ভাবে ) অনুজ্ঞা। ৩। অসূয়া। ৪। পীড়া। ৫। প্রশংসা। ৬। প্রকর্ষ। ৭। লক্ষণ। ৮। প্রতিক্ষেপ।

অস্তোদয় (অস্ত—উদয়) সং, পুং, সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত কাল। ২। সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত নিয়ম করিয়া কর্ম্ম করা। ৩। ক্রিং—বিং, সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত।

অস্ত্যান (অ কুৎসিত—স্ত্যৈ শব্দ করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, ভর্ৎসনা, নিন্দা।

অস্ত্র (অস্ ক্ষেপণকরা+ত্র—র্ম্ম, সংজ্ঞার্থে। যাহাকে ক্ষেপণ করা যায় ) সং, ক্লীং, ক্ষেপণীয় প্রহারসাধন দ্রব্য, যাহা বিপক্ষের উপর ক্ষেপণ করে, যদ্দ্বারা বিপক্ষকে প্রহার করে, হাতিয়ার, খড়্গাদি। ২। ধনুঃ। ৩। ক্ষেপণযোগ্য বাণাদি। ৪। শস্ত্রমাত্র।

অস্ত্রকণ্টক ( অস্ত্র—কণ্টক। কণ্টক সদৃশ অস্ত্র) সং, পুং, বাণ।

অস্ত্রচিকিৎসা (Surgery, অস্ত্র—চিকিৎসা। ৩য়া—ষ) সং, স্ত্রীং, অস্ত্রচালনাদি দ্বারা ক্ষতাদিরোগের প্রতীকারকরণ।

অস্ত্রধারী (—ধারিন্, অস্ত্র—ধারী যে ধারণ করে) বিং, ত্রিং, যে অস্ত্র ধারণ করে, ধৃতাস্ত্র। [অস্ত্রজ্ঞ।

অস্ত্রবিদ্ (অস্ত্র—বিদ্ যে জানে) বিং, ত্রিং,

অস্ত্রসায়ক (অস্ত্র—সায়ক [সো নাশ করা +অক(ণক)—ক] যে নাশ করে। যে অন্যান্য অস্ত্র নাশ করে) সং, পুং, নারাচাস্ত্র, লৌহময় বাণ।

অস্ত্রাগার ( অস্ত্র—আগার গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে গৃহে অস্ত্র থাকে, অস্ত্র রাখিবার স্থান, অস্ত্রালয়, আয়ুধাগার।

অস্ত্রাঘাত ( অস্ত্র—আঘাত। ৩য়া—ষ ) সং, ক্লীং, অস্ত্র দ্বারা আঘাত, অস্ত্রপ্রহার।

অস্ত্রালয় ( অস্ত্র—আলয়। ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, অস্ত্রাগার।

অস্ত্রাহত (অস্ত্র—আহত) বিং, ত্রিং, অস্ত্রের দ্বারা আহত, যাহাকে অস্ত্রের আঘাত লাগিয়াছে।

অস্ত্রী (অস্ত্রিন্, অস্ত্র+ইন্(ণিন্)—অস্ত্যর্থে বিং, ত্রিং, অস্ত্রধারী।

অস্থাগ, অস্থাঘ (অ—স্থা [স্থা থাকা+০ (ক্বিপ্)—প্রং ] স্থিতি, সীমা—গ 'গম্' ধাতুজ এবং ঘ 'হন্' ধাতুজ। যাহার সীমা পর্য্যন্ত গমন করা যায় না) বিং, ত্রিং, অগাধ, অতিগভীর।

অস্থান (অ অপ্রশস্ত—স্থান) সং, ক্লীং, কুস্থান। ২। অযোগ্যস্থান, মন্দস্থান, অনুচিতস্থান। শিং—১ "অস্থানে পততামতীব মহতামেতাদৃশী স্যাদ্গতিঃ।" ৩। অযোগ্যপাত্র, অপাত্র। ৪। অপবিত্রদেশ। ৫। বিং, ত্রিং, অতিগভীর, অতলস্পর্শ। ৬। ক্রিং—বিং, অনুচিতস্থল, অযথাকাল।

অস্থানে (অ—স্থানে সপ্তমীর একবচন অর্থ যুক্ত) অং, অযথাকাল, অনবসর, অযুক্ত। শিং—১ "অস্থানে যদি বা স্থানে সততং রজসাবৃতঃ।" (মহাভারত)।

অস্থায়িতা (অস্থায়িন্+তা—ভাবে) সং, স্ত্রীং, স্থায়ী না হওয়া, অচিরস্থায়িতা, নশ্বরতা।

অস্থায়ী (—য়িন্, অ—স্থায়ী [স্থা থাকা+ইন্(ণিন্)—শীলার্থে] যে থাকে) বিং, ত্রিং, স্থায়ী নয়, যাহা চিরদিন বা অধিক দিন থাকে না, অচিরস্থায়ী, অল্পকালস্থায়ী, বিনাশী, নশ্বর, ভঙ্গুর।

অস্থায়ীভাব; সং, পুং, যে ভাবে অবস্থিত হইলে ঈষৎ সঞ্চালন বশতঃই সাম্যভাবের নাশ হয় তাহাকে অস্থায়ীভাব বলে।

অস্থার (অস্থা [অস্থাগ দেখ]—র প্রাপ্ত্যর্থ 'রা' ধাতুজ। যাহার সীমা পাওয়া যায় না) বিং, ত্রিং, অগাধ, গভীর, অতলস্পর্শ।

অস্থাবর (Moveable, অ—স্থাবর স্থিতিশীল) বিং, ত্রিং, স্থাবর ভিন্ন, যাহা এক স্থান হইতে অন্য স্থানে যাইতে পারে, জঙ্গম, গমনশীল, অস্থিতিশীল; যথা—মনুষ্য, পশু, পক্ষী প্রভৃতি। ২। সং, ক্লীং, ব্যবহারশাস্ত্রে—(Moveable property) স্থাবরভিন্নদ্রব্য, জঙ্গমবস্তু, যাহা একস্থান হইতে স্থানান্তরে লওয়া যাইতে পারে; যথা—অস্থাবরবিষয়, টাকা, গাড়ী, প্রভৃতি।

অস্থি (অস্ ক্ষেপণ করা+থি(ক্থিন্)—র্ম্ম) সং, ক্লীং, শরীরস্থ সপ্তধাতুর অন্তর্গত ধাতু বিশেষ, হাড়।

অস্থি-চর্ম্ম-বিশিষ্ট; বিং, ত্রিং, যাহার কেবল অস্থি ও চর্ম্মমাত্র অবশিষ্ট আছে, অতিশয় কৃশ।


অস্থিচর্ম্মাবশিষ্ট (অস্থি—চর্ম্মন্—অবশিষ্ট) বিং, ত্রিং, যার শরীরে অস্থি ও চর্ম্ম অবশিষ্ট আছে, এত ক্ষীণ যে দেখিলে বোধ হয় তাহার শরীরে রক্ত ও মাংস নাই কেবল অস্থি ও চর্ম্ম আছে।

অস্থিজ (অস্থি—জ [জন্ উৎপন্নহওয়া+অ (ড)—ক] যে উৎপন্ন হয়) সং, পুং, অস্থির পরিপাক হেতু তন্মধ্যবর্ত্তী জাত মজ্জা।

অস্থিত-পাটীগণিত (Arithmetic of infinites) এক প্রকার অঙ্ক শাস্ত্র।

অস্থিতুণ্ড (অস্থি হাড়—তুণ্ড মুখ। যাহার মুখ বা ওষ্ঠাধর অস্থিময়, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, পক্ষী।

অস্থিপঞ্জর (অস্থি হাড়—পঞ্জর পিঞ্জর



অস্থিপঞ্জর।

পিঞ্জরাকার অস্থিসমূহ) সং, পুং, রক্ত চর্ম্ম মাংস প্রভৃতি গত হইলে শরীরের

যে অস্থিভাগমাত্র অবশিষ্ট থাকে, কঙ্কাল, শরীরের অস্থিসমূহ।

**অস্থিভক্ষ** (অস্থি—ভক্ষ [ভক্ষ্ ভক্ষণ করা + অ(ষণ)—ক] যে ভক্ষণ করে) সং, পুং, হাড়গিলা পক্ষী। ২। কুকুর।

**অস্থিভঙ্গ** (অস্থি—ভঙ্গ) সং, পুং, পতন প্রহার বা আঘাত দ্বারা জীবৎ শরীরের হাড়ভাঙ্গা, অস্থিভেদ। ২। বৃক্ষবিশেষ।

**অস্থিভূয়িষ্ঠ** (অস্থি—ভূয়িষ্ঠ বহুল) বিং, ত্রিং, বহুল অস্থিবিশিষ্ট। [দেখ।

**অস্থিভেদ** (অস্থি—ভেদ) সং, পুং, অস্থিভঙ্গ

**অস্থিভেদী** (—ভেদিন্, অস্থি—ভেদী [ভিদ্ ভেদ করা + ইন(ণিন্)—ক] যে ভেদ করে) বিং, ত্রিং, যে অস্থি ভাঙ্গিয়া দেয়, যাহাতে অস্থি ভাঙ্গিয়া যায়।

**অস্থিমালী** (অস্থিমালিন্, অস্থিমালা + ইন্—অস্ত্যর্থে। যাহার অস্থিমালা আছে) সং, পুং, শিব। শিং—১ "শূলহস্তোঽস্থিমালী।" ২। বিং, ত্রিং, অস্থিমালাধারী।

**অস্থির** (অ—স্থির স্থায়ী) বিং, ত্রিং, স্থির নয়, চঞ্চল, চপলপ্রকৃতি; যথা—অস্থির বালক। শিং—১ "অস্থিরত্বং ধ্বজনাম্।" (কাদম্বরী)। ২। ব্যাকুল, উৎকণ্ঠিত; যথা—আমার চিত্ত অস্থির হইয়াছে। ৩। যাহার স্থিরতা নাই, অনিশ্চিত, সন্দেহস্থল। ৪। চঞ্চলবুদ্ধি হেতু বিশ্বাসের অযোগ্য। ৫। অস্থায়ী, বিনাশী, নশ্বর।

**অস্থিরচিত্ত** (অস্থির—চিত্ত) বিং, ত্রিং, যাহার চিত্ত অস্থির হইয়াছে, চঞ্চলচিত্ত, আকুল হৃদয়। ২। যার চিত্তের স্থিরতা নাই, অব্যবস্থিতচিত্ত।

**অস্থিরতা**—স্ত্রীং } (অস্থির + তা, ত্ব—ভাবে)
**অস্থিরত্ব**—ক্লীং } সং, চাঞ্চল্য, চাপল্য, চপলবুদ্ধিতা। ২। ব্যাকুলতা। ৩। সন্দেহ, অনিশ্চয়। ৪। অস্থায়িতা, নশ্বরতা।

**অস্থির-বায়ু-মণ্ডল** (Regions of the variable wind and calms) সং, ক্লীং, পৃথিবীর যে অংশ কখন ব্যাত্যাবিশিষ্ট এবং কখন বা নির্ব্বাত থাকে।

**অস্থিশৃঙ্খলা** (অস্থি—শৃঙ্খলা শিকল) সং, স্ত্রীং, গ্রন্থিমানবৃক্ষ, হাড়জোড়া। শিং—১ "কাণ্ডং তদ্বিরহিতমস্থিশৃঙ্খলায়া মাষার্দ্ধং দ্বিদলমকুঞ্চকং তদর্দ্ধম্। সংপিষ্টং ঘৃতমু ততস্তিলস্য তৈলে সংপক্বং বটকমতীব বাতহারি।" (ভাবপ্রকাশ)।

**অস্থিসংহার** (অস্থি—সং—হৃ [হরণ করা যোজনা করা ইত্যাদি + অ(ঘঞ্)—ভা, ধি] সং, পুং, গ্রন্থিমান্ বৃক্ষ, হাড়জোড়া। ২। রী—স্ত্রীং, গ্রন্থিমান্ বৃক্ষ।

**অস্থিসঞ্চয়** (অস্থি—সঞ্চয় একত্রীকরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চতুর্থ দিবসে কর্ত্তব্য দগ্ধদেহের অস্থিসংগ্রহরূপকার্য্য।

**অস্থিসন্ধি** (অস্থি—সন্ধি যোজনস্থান) সং, স্ত্রীং, অস্থিদ্বয়ের মিলনস্থান। ২। দুইটী ভগ্নাস্থির সংযোজন।

**অস্থিসমর্পণ** (অস্থি—সমর্পণ) সং, ক্লীং, মৃতদেহের অস্থি গঙ্গায় নিক্ষেপ।

**অস্থিসার** (অস্থি—সার সারাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মজ্জা। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্ত-মাংস-শূন্য।

**অস্থ্যাধারদেহ** (Vertibrata, অস্থি—আধার—দে... ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দে... আধার অস্থি; যথা—মনুষ্য, পশু, পক্ষী, মৎস্য, কুম্ভীরাদি।

**অস্থূল** (অ—স্থূল) বিং, ত্রিং, সূক্ষ্ম, স্থূলতারহিত। "অনণ্বস্থূলমহ্রস্বমদীর্ঘমজমব্যয়ং।"

**অস্থৈর্য্য** (অ—স্থৈর্য্য) সং, ক্লীং, অস্থিরতা, চাঞ্চল্য। ২। অস্থায়িতা, ভঙ্গুরতা, বিনশ্বরতা, ক্ষয়শীলতা।

**অস্নাতক** (অ—স্নাতক) সং, পুং, স্নাতক নয়, যে ব্যক্তি ব্রহ্মচর্য্য সমাধান পূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হয় নাই; যথা—"তথায় অস্নাতক ও অব্রতী কেহ ছিল না।"

**অস্নাবির** (অ—স্নাবা [স্নায়ু সর্ব্ব শরীর ব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম শিরা বিশেষ + ইর—প্রং] শিরাবিশিষ্ট) বিং, ত্রিং, শিরাবর্জ্জিত। ২। স্থূল-শরীর-শূন্য।

**অস্পর্শ**—পুং } (অ—স্পর্শ, স্পর্শন) সং,
**অস্পর্শন**—ক্লীং } স্পর্শাভাব, অশুচিসংস্পর্শ ত্যাগ করা। শিং—১ "প্রক্ষালনাদ্ধিপঙ্কস্য দূরাদস্পর্শনং বরম্।" ২। বিং, ত্রিং, স্পর্শ রহিত।

অস্পার্শ্য, অস্পার্শনীয় (অ—স্পার্শ্য, স্পার্শনীয় [স্পৃশ্ স্পর্শ করা+য, অনীয়—র্ম্ম] স্পর্শের যোগ্য ) বিং, ত্রিং, স্পর্শের অযোগ্য, অশুচিহেতু স্পর্শের অযোগ্য, এমন পাপিষ্ঠ বা অপবিত্র যে স্পার্শ করা উচিত নয়, অস্পৃশ্য।

অস্পষ্ট (অ—স্পষ্ট) বিং, ত্রিং, স্পষ্ট নয়, যাহা ভাল শুনিতে বা পড়িতে বা বুঝিতে পারা যায় না ; যথা—অস্পষ্ট কথা, অস্পষ্ট লেখা, অস্পষ্ট রচনা। ২। অব্যক্ত, অপরিস্ফুট।

অস্পষ্টতা (অস্পষ্ট+তা—ভাবে) সং, স্ত্রীং, স্পষ্টতার অভাব, অস্ফুটতা, অব্যক্ততা।

অস্পষ্টভাষী (—ভাষিন্, অস্পষ্ট—ভাষী যে বলে) বিং, ত্রিং, যে অস্পষ্ট কথা কয়, যে অস্পষ্ট উচ্চারণ করে। ষিণী—স্ত্রীং।

অস্পৃশ্য (অ—স্পৃশ্ স্পর্শ করা+য(ক্যপ্)—র্ম্ম, অর্হার্থে ) বিং, ত্রিং, স্পর্শের অযোগ্য, অশুচি।

অস্পৃষ্ট (অ—স্পৃষ্ট) বিং, ত্রিং, স্পৃষ্ট নয়, যাহা বা যাহাকে স্পর্শ করা যায় নাই, স্পার্শরহিত, অজাতস্পার্শ।

অস্পৃহ (অ—স্পৃহা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্পৃহারহিত, বাসনারহিত, উদাসীন। হা—স্ত্রীং, বৈরাগ্য, ঔদাসীন্য, অনিচ্ছা। শিং—১ "যথোৎপন্নেন সন্তোষঃ কর্ত্তব্যোহত্যল্পবস্তুনা। পরস্যাচিন্তয়িত্বার্থং সাস্পৃহা পরিকীর্ত্তিতা।" (একাদশীতত্ত্ব)।

অস্ফুট (অ—স্ফুট) বিং, ত্রিং, অব্যক্ত, অস্পষ্ট। ২। অদৃষ্ট, অপ্রকাশিত। ৩। অনুন্মীলিত, অবিকসিত। ৪। ক্লীং, ম্লিষ্ট বাক্য, অব্যক্তবচন।

অস্ফুটবাক্ (—বাচ্, অস্ফুট—বাচ্ বাক্য) বিং, ত্রিং, অস্পষ্টভাষী, লোহল।

অস্মদ্ (অস্ হওয়া+মদ—ক। উত্তম পুরুষ ) সর্ব্বং, ত্রিং, আত্মবাচী সর্ব্বনাম শব্দ, উত্তমপুরুষ, আমি। ২। দেহাভিমানী জীব।

অস্মদাদি (অস্মদ্ আমরা—আদি প্রভৃতি) সং, আমরা প্রভৃতি, আমরা ও আমাদের সদৃশ লোক।

অস্মদীয় (অস্মদ্+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, অস্মৎসংক্রান্ত, আমাদের সম্বন্ধীয়, আমাদিগের। শিং—১"তত্রাগারাং ধনপতিগৃহান্মুত্তরেণাস্মদীয়ম্।"(মেঘদূত)। [উদন।

অস্মন্ত (অশ্মন্ত দেখ) সং, ক্লীং, অগ্নিস্থান,

অস্মি ( অস্ হওয়া+মি—ক। বর্ত্তমান কালের উত্তম পুরুষের এক বচন) অং, অহম্, আমি।

অস্মিতা ( অস্মি+তা—ভাবে ) সং, স্ত্রীং, "আমি এই" এই অহঙ্কার, অহঙ্কার, অহংজ্ঞান। ২। সাংখ্যমতে—প্রধানপুরুষের অভেদরূপ অভিমান, মোহ।

অস্র ( অস্ ক্ষেপণ করা ইত্যাদি+র—র্ম্ম। রোগোপশমনের নিমিত্ত যাহা ক্ষেপণ করা যায় ) সং, ক্লীং, রক্ত। ২। ( দুঃখ হেতু যাহা নিক্ষিপ্ত হয় ) চক্ষের জল। ৩। পুং, কেশ। ৪। কোন বস্তু বা গৃহাদির কোণ।

অস্রকণ্ঠ (অস্র কোণ—কণ্ঠ গলা। যাহার গলদেশ কোণবিশিষ্ট) সং, পুং, বাণ।

অস্রখদির (অস্র রক্তবর্ণ—খদির) সং, পুং, রক্তখদির, বিট্খদির।

অস্রপ (অস্র—প [পা পান করা+অ(ড)—ক ] যে পান করে। যে রক্ত পান করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস। পা—স্ত্রীং, রাক্ষসী। ২। জলোকা, জোঁক।

অস্রপত্রক ( অস্র—পত্র + ক—সংজ্ঞার্থে। যাহার পত্র রক্তবর্ণ) সং, পুং, ভিণ্ডা বৃক্ষ।

অস্রফলা (অস্র—ফল। যাহার ফল লালবর্ণ) সং, পুং, সল্লকী বৃক্ষ।

অস্রবিন্দুচ্ছদা (অস্র রক্ত—বিন্দু—ছদ পত্র। যাহার গাত্রে বিন্দু ২ রক্তবর্ণ চিহ্ন আছে) সং, স্ত্রীং, লক্ষ্মণানামক কন্দ।

অস্ররোধিনী ; সং, স্ত্রীং, লজ্জালুলতা।

অস্রু (অস্ ক্ষেপণকরা+রু—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, চক্ষুর জল, নেত্রাম্বু।

অস্বচ্ছন্দ (অ—স্ব আপনার—ছন্দ, অভিলাষ, অধীনতা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বচ্ছন্দ ভিন্ন, পরাধীন, অনায়ত্ত।

অস্বতন্ত্র (অ—স্ব আপনার—তন্ত্র অভিলাষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরবশ, পরাধীন। ২। আজ্ঞাবহ। ন্ত্রা—স্ত্রীং, পরাধীনা নারী।

অস্বস্ত (অ—সু সুন্দর—অন্ত শেষ, ৫মী—হিং) সং, ক্লীং, অশুভ। ২। চুল্লী, উ-নান। ৩। (অসু শরীরান্তর্গত প্রাণাদি পঞ্চবায়ু—অন্ত শেষ,৬ষ্ঠী—ষ) পুং, মরণ। ৪। বিং,ত্রিং, সীমারহিত। ৫। অতিদুরন্ত, ক্ষয়োন্মুখ, পরিণাম বিরস। "দ্বিষতামুদয়ঃ সুমেধসা গুরুরস্বন্ততরঃ সুমর্ষণঃ।"(কিরাত)। ৬। অশুভোদর্ক, যার ভাবিফল শুভ নয়।

অস্বপ্ন (অ—স্বপ্ন নিদ্রা। যাহাদের স্বপ্ন নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অমর, দেব, দেবতা। ২। বিং, ত্রিং, নিদ্রারহিত।

অস্বর (অ অপ্রশস্ত—স্বর) বিং, ত্রিং, মন্দ-স্বরযুক্ত। শিং—১ "বচনং দীনমস্বরং।" (রামায়ণ)। ২। সং, পুং, স্বরবর্ণ রহিত ব্যঞ্জনবর্ণমাত্র। ৩। উদাত্তাদিস্বর রহিত লৌকিক উচ্চারণ।

অস্বরস (অ—স্বরস আপন মত) সং, পুং, অকৌশল, মনোভঙ্গ।

অস্বর্গ্য (অ—স্বর্গ্য [স্বর্গ+য(ঞ্য)—র্ম্য, হিতার্থে] স্বর্গসম্বন্ধীয়) বিং, ত্রিং, স্বর্গ গমনের প্রতিবন্ধক, যদ্দ্বারা স্বর্গগমনের ব্যাঘাত জন্মে, নরকসাধক, অধোগতির মূল। "অ-স্বর্গ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জনং।"

অস্বস্তি (অ—স্বস্তি মঙ্গল) অং, অমঙ্গল।

অস্বস্থ (অ—স্বস্থ সুস্থ) বিং, ত্রিং, অসুস্থ; যথা—"বৃষ্টিবংশীয় নরনারীদিগকে অস্বস্থ দেখিতেছি, ইহার কারণ কি?"

অস্বাধ্যায় (অ—স্বাধ্যায় বেদাধ্যয়ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে যে দিনে বেদ ও বেদাঙ্গের অধ্যয়ন নিষিদ্ধ, অনধ্যায়কাল, অষ্টমীপ্রভৃতি তিথি। শিং—১"অস্বাধ্যায়ং বষট্‌কারং।" (স্মৃতি)। ২। বিং, ত্রিং, বিধি-পূর্ব্বক বেদাধ্যয়নহীন।

অস্বামিক (অ—স্বামিন্ প্রভু+ক—প্রং, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার স্বামী অর্থাৎ প্রভু বা অধিকারী নাই, স্বামিরহিত, অক-র্তৃক, সাধারণের অধিকৃত, বে-ওয়ারিস। শিং—১ "অটব্যঃ পর্ব্বতাঃ পুণ্যা নদ্যস্তী-র্থানি যানি চ। সর্ব্বাণ্যস্বামিকান্যাহুর্ন হি তেষু পরিগ্রহ।"

অস্বাম্য (অ—স্বাম্য স্বামির ভাব) সং, ক্লীং, স্বামিত্বাভাব, অনধিকার, অনীশতা। শি—১"অস্বাম্যং হি ভবেদেষাং নির্দোষ পিতরিস্থিতে।"

অস্বার্থ (অ—স্ব আপন—অর্থ অভিপ্রায়) বিং, ত্রিং, স্বার্থশূন্য, স্বপ্রয়োজন রহিত। ২। উদ্দেশ্য রহিত, অভীষ্টপ্রয়োজন র-হিত। ৩। ভিন্নার্থক।

অস্বাস্থ্য (অ—স্বাস্থ্য সুস্থতা) সং, ক্লীং, অসুস্থতা, পীড়া। ২। উপদ্রব। শিং—১ "য ইত্থমস্বাস্থ্যমহর্দিবন্দিবঃ।" (মাঘ)।

অস্বীকার (অ—স্বীকার) সং, ক্লীং, স্বীকার না করা, অপলাপ, নিহ্নব, অপহ্নব। ২। অমতপ্রকাশ, অসম্মতি প্রদর্শন।

অস্বীকৃত (অ—স্বীকৃত) বিং, ত্রিং, স্বীকৃত নয়, অননুমোদিত। ২। অপহ্নুত, অপ-লপিত। ৩। যে অস্বীকার করে।

অস্বৈরী (অস্বৈরিন্, অ—স্বৈরিন্ স্বাধীন) বিং, ত্রিং, পরাধীন, পরবশ।

অহ (অ—হ বধার্থ 'হন্' ধাতুজ, অথবা অন্‌হ্ ব্যাপা + অ(অল্)—ভাবে) অং, প্রশংসা। ২। আক্ষেপ। ৩। নিয়োগ। ৪। নিগ্রহ। ৫। নিশ্চয়। ৬। ক্ষমা। ৭। আচা-রাতিক্রম।

অহং (প্রথমান্ত অস্মদ্ শব্দজ) অং, আমি।

অহংমদ; সং, পুং, "আমি বড়" এই প্রকার অভিমান, অহঙ্কার।

অহংযু (অহং+যু—অস্ত্যর্থে। "অহম্" এই অহঙ্কার আছে যার) বিং, ত্রিং, অহঙ্কৃত, গর্ব্বিত। শিং—১ "অহংযুনাথ ক্ষিতিপঃ শুভংযুঃ।"(ভট্টি)। ২। সং, পুং, যোদ্ধা।

অহঃপতি } (অহন্ দিন—পতি, ৬ষ্ঠী—
অহর্পতি } ষ। ন্ =ঃ, র্) সং, পুং, সূর্য্য।

অহঙ্কার—পুং } (অহং—কৃ করা+অ
অহঙ্কৃতি—স্ত্রীং } (ঘঞ্), তি(ক্তি)—ভা) সং, "আমি এই" এইরূপ অভিমান, অভি-মানাত্মিকা অন্তঃকরণপ্রবৃত্তি, আপনাকে বড় জ্ঞান করা, গর্ব্ব। অহঙ্কার মহৎ হই-তে উৎপন্ন। ইহা তিন প্রকার, বৈকারিক, তৈজস এবং ভূতাদি। ভূতাদি অহঙ্কার হইতে আকাশের উৎপত্তি। সাংখ্যমতে—(মহৎ হইতে অহঙ্কারের উৎপত্তি। উহা

সাত্ত্বিক, রাজসিক ও তামসিক এই ত্রিবিধ) আমি করিতেছি, আমার গৃহ, আমার পুত্র, আমি ধনী, আমি পণ্ডিত ইত্যাদি অভিমান। শিং—১ "যুধ্যতেঽহঙ্কৃতিং কৃত্বা দুর্ব্বলো যো বলীয়সা।"

অহঙ্কারী (অহঙ্কারিন্, অহঙ্কার দেখ, ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, যে অহঙ্কার করে, অভিমানী, গর্ব্বিত। [গর্ব্বিত, অহঙ্কারযুক্ত।

অহঙ্কৃত (অহঙ্কার দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং,

অহত (অ—হন্ বধ করা+ত(ক্ত)—র্ম) বিং, ত্রিং, অনাহত, অনুপহত, অক্ষত। ২। অতাড়িত, যাহাকে তাড়না করা যায় নাই (যেমন বাদ্যযন্ত্রাদি)। ৩। সং, ক্লীং, নূতন অংশুক, নববস্ত্র। শিং—১"ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদশং যন্ন ধাবিতম্। অহতং তদ্‌বিজানীয়াৎ পাবনং সর্ব্বকর্ম্মসু।" ২"অহতানি চ বাসাংসি রথং চ শুভলক্ষণং।"

অহন্ (অনৃহ্ ব্যাপা+অন্—সংজ্ঞার্থে অথবা অ—হা ত্যাগকরা+অন(কনিন্)—ক) সং, ক্লীং, দিন, দিবস। শিং—১ "অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যমমন্দিরম্।"

অহম্ (অনৃহ্ ব্যাপা+অম্—ক, অস্ত্যর্থে) অং, অহঙ্কার। ২। অভিমান।

অহমহমিকা (অহম্—অহম্+কণ্—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পরস্পর গর্ব্ব করা, আমিই বড় আমিই বড় বলিয়া পরস্পর অহঙ্কার করা "আমিই অগ্রগণ্য আমিই অগ্রগণ্য" এইরূপ পরস্পরের অভিমান।

অহমিকা (অহম্+কণ্—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অহঙ্কার।

অহম্পূর্ব্ব (অহম্—পূর্ব্ব অগ্র) বিং, ত্রিং, "আমি পূর্ব্বে আমি পূর্ব্বে" এই বলিয়া প্রবৃত্ত। শিং—১ "অহম্পূর্ব্বাঃ পচন্তিস্ম প্রশস্তং পানভোজনং।" (রামায়ণ)।

অহম্পূর্ব্বিকা (অহম্—পূর্ব্ব + কণ্—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, "আমিই পূর্ব্বে আমিই পূর্ব্বে" বলিয়া যোদ্ধৃদিগের পরস্পর আগ্রহ প্রকাশ, "আমি অগ্রে যাইব আমি অগ্রে যাইব" বলিয়া যোদ্ধৃবর্গের অধ্যবসায়। শিং—১"সুগেষু দুর্গেষু চ তুল্যবিক্রমৈর্জবাদহংপূর্ব্বিকয়াযিয়াসুভিঃ।"(কিরাত)

অহম্বুদ্ধি (অহম্—বুদ্ধি বোধ) সং, স্ত্রীং, আপনাকে বড় বলিয়া জ্ঞানকরা, অহঙ্কার।

অহম্মতি (অহম্—মতি বুদ্ধি। 'অহং' এই বুদ্ধি। কেহ বলেন—অহঙ্কার প্রধানা বুদ্ধি) সং, স্ত্রীং, অবিদ্যা, অজ্ঞান।

অহরহঃ (অহন্—অহন্, দ্বং—স) ক্রিং—বিং, প্রতিদিন। ২। সর্ব্বদা।

অহর্দিব (অহন্—দিবা, দ্বং—স) অং, ক্লীং, অহরহঃ।

অহর্নিশ (অহন্ দিন—নিশা রাত্রি, দ্বং—স) অং, ক্লীং, দিন ও রাত্রি ব্যাপিয়া, দিবারাত্র, অহোরাত্র।

অহর্ম্মণি (অহন্—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দিনমণি, সূর্য্য।

অহর্ম্মুখ (অহন্ দিন—মুখ আদি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দিনাদি, প্রত্যূষ, প্রভাত।

অহল্য (অ—হল্য লাঙ্গল দ্বারা কৃষ্ট) বিং, ত্রিং, হলাদি দ্বারা অকৃষ্টভূমি।

অহল্যা; সং, স্ত্রীং, বৃদ্ধশ্বের কন্যা, গৌতম ঋষির পত্নী। গৌতমঋষি একদা স্নানার্থে গমন করিয়াছেন, ইত্যবসরে দেবরাজ ইন্দ্র গৌতমের রূপ ধারণ করিয়া অহল্যার নিকটে আগমন পূর্ব্বক স্বীয় অভিলাষ প্রকাশ করেন। অহল্যা তাঁহাকে দেবরাজ জানিয়াও তাঁহার প্রার্থনায় সম্মতা হন। ইন্দ্র গৌতমাশ্রম হইতে বহির্গত হইতে না হইতে ঋষি আসিয়া উপস্থিত হইলেন। গৌতম ইন্দ্রকে আপনার বেশধারী দেখিয়া সবিশেষ জানিতে পারিয়া ক্রোধে তাঁহাকে শাপ দিলেন। পরে স্বীয় পত্নী অহল্যাকে এই বলিয়া অভিশাপ দেন, পাপীয়সি! তুই যেমন দুষ্কার্য্য করিলি এই আশ্রমে বহুসহস্র বৎসর ভস্মের উপরে অবস্থিতি পূর্ব্বক নিরাহারে বায়ু ভক্ষণ করিয়া অন্যের অদৃশ্যা হইয়া প্রস্তরভাবে থাক্, দিবারাত্র কেবল আপনার দুষ্কর্ম্মের অনুতাপ করিস্। রাম এই আশ্রমে আগমন করিলে তোর শাপ মোচন হইবে, পরে তুই পুনর্ব্বার দেহ প্রাপ্ত হইবি। বহুকাল পরে বিশ্বামিত্র, রাম ও লক্ষ্মণের সহিত মিথিলা গমন কালে গৌতম ঋষির আশ্রমে গমন করেন তাহা-

তেই অহল্যার শাপমোচন হয়। ২। অপ্সরাবিশেষ, রাজা ইন্দ্রদ্যুম্নের পত্নী। শিং—১ "দিবোদাসশ্চ রাজর্ষিরহল্যা চ যশস্বিনী। শরদ্বতশ্চ দায়াদমহল্যা সমসূয়তঃ।"

অহঃ (অহন্) ব্রহ্মার চারি প্রকার শরীর; যথা—জ্যোৎস্না, রাত্রি, অহঃ ও সন্ধ্যা।

অহস্কর (অহন্ দিন—কর [কৃক রা+অ(ট)—ক] যে করে। যিনি দিবস করেন, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য, দিনকর। "অলঙ্কারাস্য বধূরহস্কর।"(মাঘ)। ২। অর্কবৃক্ষ।

অহহ, অহহা (অহ 'অহম্' শব্দজ—হ 'হা' ধাতুজ+অ(ড)—ক) অং, আঃ, খেদ। ২। আনন্দ। ৩। সম্বোধন। ৪। আশ্চর্য্য, বিস্ময়। ৫। প্রকর্ষ; যথা—"অহহ! মহাপঙ্কে পতিতোঽসি।" (হিতোপদেশ)। ২ "অহহ! গহনো মোহমহিমা।"

অহস্থি (অহি—অস্থি, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, সর্পের হাড়।

অহার্য্য (অ—হার্য্য হরণীয়। যাহা হরণ বা স্থানান্তর করা যায় না) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, অহরণীয়, অলড়। ৩। অভেদ্য। শিং—১ "তত্রাত্মভূতৈঃ কালজ্ঞৈরহার্য্যৈঃ পরিচারকৈঃ।" (মনু)। ৪। অবহনীয়।

অহি (আ—হন্ বধকরা+ইন্—ক, সংজ্ঞার্থে। আ=অ। যে সকলের হিংসা করে। ক্রমদীশ্বর বলেন—অ—হা ত্যাগকরা+ই—সংজ্ঞার্থে) সং,পুং, সর্প। ২ বৃত্রাসুর। ৩। (অহ্ ব্যাপা+ই—সংজ্ঞার্থে) সূর্য্য। ৪। পথিক। ৫। রাহু। ৬। খল। ৭। সীসা। ৮। অহিফেন। ৯। সর্পস্বামিক অশ্লেষানক্ষত্র।

অহিংসক (অ—হিংসক) বিং, ত্রিং, হিংসক নয়, কারও হিংসা করে না, কারও অনিষ্ট করে না, অহিংস্র।

অহিংসা (অ—হিংসা ক্ষতি) সং, স্ত্রীং, হিংসাভাব, বাক্য, মন এবং কায় দ্বারা পরপীড়াবর্জ্জন, প্রাণীপীড়া নিবৃত্তি, অশাস্ত্রীয় প্রাণিপীড়নাভাব। শিং—১ "অহিংসা পরমো ধর্ম্মঃ।"(স্মৃতি)। ২। কারও অনিষ্ট না করা, পরের মন্দ চেষ্টায় না থাকা।

অহিংস্য (অ—হিংস্য) বিং, ত্রিং, যার হিংসা করা উচিত নয়, যার কেহ কখন হিংসা করে না, কেহ যার মন্দ চেষ্টা করে না।

অহিংস্র (অ—হিংস্র) বিং, ত্রিং, হিংস্র নয়, কারও অনিষ্টকারী নয়, অহিংসক, বাক্য মন এবং কায়ের দ্বারা পরপীড়াবিমুখ। স্ত্রা—স্ত্রীং, কুলেখাড়া।

অহিকান্ত (অহি সর্প—কান্ত প্রিয়। সর্পে বায়ু ভক্ষণ করিয়া প্রাণ ধারণ করে, এই নিমিত্ত বায়ু সর্পের প্রিয়) সং, পুং, বায়ু।

অহিচ্ছত্র (অহি সর্প—ছত্র ছাতা) সং, পুং, আর্য্যাবর্ত্তের অন্তঃপাতী পঞ্চালরাজ্যের উত্তর অর্দ্ধাংশের নাম অহিচ্ছত্র। পঞ্চালরাজ্য প্রথমে দিল্লী নগরীর উত্তর ও পশ্চিমদিগে হিমালয় পর্ব্বত অবধি চম্বলনদী পর্য্যন্ত বিস্তৃত ছিল। পরে দ্রোণাচার্য্য অর্জ্জুনের সহায়তায় পঞ্চালের রাজা দ্রুপদকে পরাজয় করিয়া ঐ রাজ্য দুই অংশে বিভাগ করেন। গঙ্গার উত্তরকূলবর্ত্তী অর্দ্ধাংশ স্বীয় অধীনে রাখিয়া গঙ্গার দক্ষিণ অর্দ্ধাংশ চম্বলনদী পর্য্যন্ত দ্রুপদ রাজাকে পরাজয় পুনঃপ্রদান করেন। ঐ উত্তর অর্দ্ধাংশের নাম অহিচ্ছত্র। (পাঠান্তরে অহিক্ষেত্র দৃষ্ট হয়)। ২। মেষশৃঙ্গীবৃক্ষ। ত্রা—স্ত্রীং, চিনী। ২। কান্যকুব্জদেশ-প্রসিদ্ধা পুরী।

অহিজিৎ (অহি কালীয়সর্প—জিৎ [জি জয় করা+•(ক্বিপ্)—ক, ২য়া—ষ) যিনি কালীয়সর্পকে জয় করিয়াছিলেন) সং, পুং, শ্রীকৃষ্ণ। ২। (অহি বৃত্রাসুর। যিনি বৃত্রাসুর জয় করিয়াছিলেন) ইন্দ্র।

অহিত (অ—হিত মঙ্গল। যাহা হইতে মঙ্গল নাই, ৫মী—হিং) সং, পুং, শত্রু। শিং—১ "অহিতাননিলোদ্ধূতৈস্তর্জ্জয়ন্নিব কেতুভিঃ।" (রঘু)। ২। বিং, ত্রিং, প্রতিকূল, শত্রুভাবাপন্ন। ৩। অমঙ্গলজনক, অশুভকর। ৪। কুপথ্য, অস্বাস্থ্যকর ভক্ষ্যাদি। শিং—১"অহিতো দেহজোব্যাধি হিতমারণ্যমৌষধং।"

অহিতকারী (—কারিন্, অহিত অমঙ্গল—কারী যে করে) বিং, ত্রিং, অনিষ্টকারী, অপকারী, অনুপকারী, মন্দকারী।

অহিতুণ্ডিক (অহিতুণ্ড সর্পমুখ+ইক(ষ্ণিক) —ধারণার্থে) সং, পুং, সর্পধারক, ভিক্ষার্থ সর্পখেলক, সাপুড়ে।

অহিদ্বিট্ (অহিদ্বিষ্, অহি বৃত্রাসুর—দ্বিট্ [দ্বিষ্ দ্বেষ করা+০(ক্বিপ্)—ক। যে দ্বেষ করে। ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র। ২। (ইহাদিগের স্বভাবসিদ্ধ বৈরিতা বলিয়া) গরুড়। শিং—১ "একাহিরক্ষার্থমহিদ্বিষেহদ্য দত্তোময়াস্মেতি যয়া ব্রবীতি।" ৩। ময়ূর। ৪। নকুল। "অহিদ্বিষস্তম্ভবতা নিশম্যতাম্।"

অহিনকুলতা } অহিনকুলিকা } (অহি—নকুল+তা, ইক—ভাবে) সং, স্ত্রীং, সর্পের ও নকুলের যেরূপ চিরকাল শত্রুতা সেইরূপ শত্রুতা, সাপে নেউলে যেমন ভাব তেমনই, যে শত্রুতার বিরাম নাই, চিরবিরোধ, নিত্যবিদ্বেষ।

অহিপূতন; সং, পুং, শিশুদিগের গুহ্যোদ্ভব ব্রণরোগবিশেষ।

অহিফেন (অহি সর্প—ফেন ফেনা। সর্পের ফেন অর্থাৎ বিষের ন্যায় তীব্র) সং, ক্লীং, আফিং। ২। সর্পগরল, সর্পফেন।

অহিবুধ্ন (অহি—বুধ্ন গ্রীবা। যাহার অহির ন্যায় গ্রীবা। ৬ষ্ঠী—হিং) সং, পুং, উত্তর ভাদ্রপদনক্ষত্র। ২। রুদ্রবিশেষ।

অহির্ব্রধ্ন (অহি—ব্রন্ধ্ বন্ধনকরা+নক্—ক) সর্প যাহার গ্রীবাদেশ বন্ধন করিয়া থাকে) সং, পুং, মহাদেব, শিব। শিং—১ "অজৈকপাদহির্ব্রধ্নঃ পিনাকী চাপরাজিতঃ।" (হরিবংশ)। ২। একাদশ রুদ্রের মধ্যে রুদ্রবিশেষ। ভাগবতে—ভূতের পুত্র, সরূপার গর্ভে জাত। বায়ু ও ব্রহ্মপুরাণমতে—অহির্ব্রধ্ন নামক রুদ্র কশ্যপের পুত্র, সুরভীর গর্ভজাত। বিষ্ণুপুরাণে—যে একাদশ রুদ্রের নাম লিখিত হইয়াছে তন্মধ্যে অহির্ব্রধ্নের নাম দৃষ্ট হয় না। ইহার মতে অহির্ব্রধ্ন বিশ্বকর্ম্মার পুত্র।

অহির্ব্রধ্নদেবতা (অহির্ব্রধ্ন—দেবতা অধিদেবতা। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, উত্তরভাদ্রপাদনক্ষত্র।

অহিভয় (অহি—ভয়) সং, ক্লীং, রাজাদিগের স্বীয় পক্ষ হইতে ভয়। ২। সর্পভয়।

অহিভয়দা (অহিভয়—দা ছেদনার্থ "দো" ধাতুজ) সং, স্ত্রীং, সর্পভয়নাশিকা ভুম্যামলকী।

অহিভুক্ (অহিভুজ্, অহি—ভুক্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে। যে সর্প ভোজন করে. ২য়া—ষ) সং, পুং, গরুড়। ২। ময়ূর। ৩। নকুল।

অহিমতেজাঃ (—তেজস্, অহিম উষ্ণ, শীতস্পর্শশূন্য—তেজস্ দীপ্তি) সং, পুং, সূর্য্য।

অহিমর্দ্দনী (অহি—মর্দ্দনী পীড়নকর্ত্রী) সং, স্ত্রীং, গন্ধনাকুলী নামক কন্দবিশেষ।

অহিমার (অহি—মারি যে মারে+অ(অন্)—ক) সং, পুং, অরিমেদকবৃক্ষ, গুইয়া বাব্‌লা।

অহিমেদক (অহি—মেদক যে নাশ করে। স্পর্শমাত্রে যে অহিকে নাশ করে) সং, পুং, অরিমেদকবৃক্ষ।

অহিলতা (অহি—লতা। অহির ন্যায় লতা) সং, স্ত্রীং, গন্ধনাকুলী। ২। তাম্বুলী।

অহীন (অহি—ইন শ্রেষ্ঠ) সং, পুং, অনন্ত, মহাসর্প, অজগর। ২। বিং, ত্রিং, (অ—হীন) হীন নহে, হীনবর্ণেতর। ৩। ন্যূন নয়, অত্যক্ত, যুক্ত, অবর্জ্জিত। শিং—১ "বেদযজ্ঞৈরহীনানাং প্রশস্তানাং স্বকর্ম্মসু।" (মনু)। ৪। (অহন্ দিবস+খ—প্রং) যাগবিশেষ। শিং—১ "অহীনযজনমশুচিকরম্।" (শ্রুতি) ২ "অভিচারমহীনঞ্চ ত্রিভিঃ কৃচ্ছ্রৈর্ব্যপোহতি।" (মনু)।

অহীনগু (অহীন—গু গো শব্দজ অর্থ কিরণ) সং, পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ; ইনি দেবানীকের পুত্র, পারিযাত্রের পিতা। শিং—১ "অহীনগুর্নাম স গাং সমগ্রামহীনবাহুদ্রবিণঃ শশাস।" (রঘু)।

অহীরণি (অহি—ঈর্ প্রেরণ করা+অনি—ভা। যাহাকে দেখিলে অন্যান্য ইতর সর্পেরা পলায়ন করে) সং, পুং, দ্বিমুখসর্প।

অহীশ্বর (অহি—ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাসুকি, অনন্তদেব, সর্পরাজ।

অহে (অ—হা ত্যাগ করা+এ—ধি অথবা অম্‌হ্ ব্যপা) অং, আপনার সমান বা

নূতন ব্যক্তিদিগকে সম্বোধন করিবার শব্দ; যথা—অহে ভাই, অহে বন্ধু।

অহেতু (অ—হেতু কারণ) বিং, ত্রিং, হেতুশূন্য, কারণশূন্য। ২। সং,পুং, হেতুবিরহ।

অহেতুক (অ—হেতু কারণ, ৬ষ্ঠী—হিং। ক—যোগ) বিং, ত্রিং, অকারণ, কারণরহিত, মূলশূন্য। ২। আকস্মিক। ৩। অকারণ, অনর্থক, নিষ্প্রয়োজন।

অহেরু (অ—হি গমন করা+রু—সংজ্ঞার্থে। অনেক মূল আছে বলিয়া ইহা নড়ে না) সং, পুং, শতমূলী।

অহো (অ—হা ত্যাগ করা+ও(ডো)—ক) অং, সম্বোধন। ২। নিন্দা। ৩। করুণা, দয়া। ৪। অনুতাপ, শোক। ৫। বিষাদ। ৬। প্রশংসা। ৭। শ্রান্তি। ৮। আশ্চর্য্য। ৯। দৈধ। ১০। বিতর্ক। ১১। অতএব। ১২। অসূয়া। ১৩। পাদপূরণ। শিং—১ "অহো ধিগিতি।" ২ "অহো মধুরমাসাং দর্শনম্।" ৩ "অহো মহাপ্রভাবো রাজা দুষ্মন্তঃ।" ৪ "অহো মহত্বং মহতামপূর্ব্বং।"

অহোরাত্র (অহন্—রাত্রি + অ(ষ)—প্রং। দ্বং—স) সং, পুং, দিনরাত্রিমাত্রাত্মক কাল, এক সূর্য্যের উদয় হইতে পর সূর্য্যের উদয়কালের মধ্যবর্ত্তী ত্রিংশ মুহূর্ত্ত, দিবারাত্রি। মনুষ্যদিগের এক মাস পিতৃলোকের অহোরাত্র; মনুষ্যদিগের এক বৎসর দেবতাদিগের অহোরাত্র; মনুষ্যদিগের ৮৬৪০,০০০,০০০ বৎসর ব্রহ্মার অহোরাত্র। ২। অং,ক্লীং, *দিবারাত্র, অবিরত, সর্ব্বদা। শিং—১ "কুরু পুণ্যমহোরাত্রং স্মর নিত্যমনিত্যতাম্।"*

*অহো-বত; অং, সম্বোধন। ২। খেদ। ৩। দয়া। ৪। আশ্চর্য্য। শিং—১ "অহোবতাহসি স্পৃহণীয়বীর্য্যঃ।" (কুমার)।*

অহ্নায় (অ—হ্নু গোপন করা+অ(ঘঞ্)—ভাবে। উ=আব, ব=য। নিপাতন) অং, ঝটিতি, শীঘ্র, তৎক্ষণাৎ। শিং—১ "অহ্নায় সা নিয়মজং ক্রমমুৎসসর্জ।" ২ "অহ্নায় তাবদরুণেন তমো নিরস্তম্।"

---

# আ

**আ** ;—আকার, দ্বিতীয় স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ। ইহার দীর্ঘ এবং প্লুত স্বর আছে। শিং—১ "আকারং পরমাশ্চর্য্যং শঙ্খজ্যোতির্ম্ময়ং প্রিয়ে। ব্রহ্মবিষ্ণুময়ং বর্ণং তথা রুদ্রময়ং প্রিয়ে। পঞ্চপ্রাণময়ং বর্ণং স্বয়ং পরমকুণ্ডলী।" (কামধেনুতন্ত্র)। (আপ্ ব্যাপা+আ(ডা)—ক। প্—লোপ) সং, পুং, মহাদেব, শিব। ২। লোকপিতামহ, ব্রহ্মা। শিং—১ "অ বিষ্ণুঃ প্রতিষেধ স্যাদাঃ পিতামহবাক্যয়োঃ।" ২। অং, স্মৃতি, স্মরণ; যথা—"আ জ্ঞাতং ময়া।" ৩। বাক্য; যথা—আ এবং মু মন্যসে।" ৫। অনুকম্পা; যথা—"আ দেবদত্তো দরিদ্রঃ" ৬। সমুচ্চয়; যথা—"দেবেভ্যশ্চ পিতৃভ্যশ্চ আ।" ৭। স্থান। ৮। নিশ্চয়। ১০। আঙ্ (আপ্ ব্যাপা+ডাঙ্—ক। প্—লোপ) উপং, ঈষৎ, অল্প; যথা—আতুম্র। ২। সীমা, মর্য্যাদা; যথা—আসমুদ্র। ৩। ব্যাপ্তি; যথা—" ... ধাদৈকদেশাৎ।" ২"তদীয়মানীৎ ... স্তনন্ধয়ম্।" (রঘু)। ৪। ক্রিয়াযোগে ...—বিস্তৃতি; যথা—"রুহ্ উঠা, আরুহ উপরে উঠা।" ২। বিপরীত; "গম্ যাওয়া, আগম আসা।" সম্যক্।

**আং** (অম্ গমন করা+০(ক্বিপ্)—প্রং। অ =আ) অং, স্বীকার, হাঁ।

**আংশিক** (অংশ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, একদেশসম্বন্ধীয়। ২। অংশ সম্বন্ধীয়।

**আঃ** (আস্ উপবেশন করা+০(ক্বিপ্)—প্রং) অং, কোপ; যথা—"আঃ কিমেবমুচ্যতে।" ২ "আঃ পাপ দুর্মুখ।" ২। পীড়া; যথা—"আঃ শীতং।" ৩। তর্জ্জন। ৪। স্পর্দ্ধা। ৫। স্মৃতি। শিং—১ "আঃ পাপ দুশ্চরিত চন্দ্রচণ্ডাল!" ২"আঃ পাপে দুর্ব্বিনীতে মহাশ্বেতে!"

**আই** } **আইমা** } (দেশজ) সং, মাতামহী, মাতার মাতা; যথা—

"কার মনে ছিল আই মোর হবে বিয়া।"
"যেই মাত্র বুড়াবর হইল লেঙ্গটা।
আইমা গো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা।"

আইজ, আজ (দেশজ) ক্রিং—বিং, অদ্য, আজু, বর্ত্তমান দিন।

আইল (দেশজ) আলি, ভূমির সীমা।

আইবড় (অবর শব্দজ) বিং, অবিবাহিত, যার বিবাহ হয় নাই।

আইশাশ (আই—শাশ শ্বশ্রূ শব্দের অপভ্রংশ) সং, শাশুড়ীর মা; যথা—
"সুন্দর কহেন মাসী ভাব কেন তবে।
এ বড় আনন্দ মাসী আইশাশ হবে।"

আইসন (দেশজ) সং, আগমন, আসা।

আউওল (পারস্য ভাষায় অর্থ প্রথম) বিং, সর্ব্বোৎকৃষ্ট। ২। যাহাতে সকল প্রকার শস্যই পুরো উৎপন্ন হয় তাহাকে আউওল জমী কহে। [রসে গুড় হয়।

আউক, আক (ইক্ষু শব্দজ) সং, ইক্ষু, যাহার

আউল—"ইহাদের আর একটী নাম সহজ কর্ত্তাভজা। প্রকৃতিসাধন বিষয়ে অনেকানেক সম্প্রদায়ের অনেকরূপ ভাব বর্ণিত হইয়াছে, কিন্তু বোধ হয়, কোন সম্প্রদায় এ বিষয়ে ইহাদিগের ন্যায় উদার ভাব অবলম্বন করিতে পারে নাই। ইহাদের পরমার্থ-সাধন কেবল দুই একটি নিজ প্রকৃতি সহবাসে পর্য্যাপ্ত হয় না, কি প্রকাশ্য কি অপ্রকাশ্য, ইচ্ছানুরূপ বহুতর বারাঙ্গনা ও গৃহাঙ্গনা ইহাদিগের সাধন সম্পাদনে নিযুক্ত থাকে। ফলতঃ ইহারা কিরূপ সরলমতাবলম্বী তাহা কি বলিব? শুনিয়াছি, আপনার প্রকৃতিকে অন্যদীয় সংসর্গে অনুরক্ত দেখিলেও কিছুমাত্র ঈর্ষ্যা ও অসন্তোষ প্রকাশ করে না। প্রত্যুত, ওরূপ অনুষ্ঠান আপন মতানুগত সহজ সাধনের অঙ্গীভূত বলিয়াই অঙ্গীকার করে। বাউল ন্যাড়ারা যেরূপ শ্মশ্রু ও ওষ্ঠ-লোমাদি মুদায় কেশ রাখিয়া দেয়, ইহারা সেরূপ রে না; ঐ উভয়ই ক্ষৌরী হইয়া থাকে। ৫০ বৎসর অতীত হইল, কলিকাতার মবাজারে রঘুনাথ নামে একটি আউল তাহার কতকগুলি শিষ্য ছিল। এক্ষণে প্রদায়ী লোক এপ্রদেশে আর সচরাচর খিতে পাওয়া যায় না।" (ভারতবর্ষীয় াসক-সম্প্রদায়)।

আউস (আশু শব্দের অপভ্রংশ) প্রাবৃট্‌কাল-সম্ভূত ধান্য, আউশধান।

আওজন; আটকান, ঢাকন।

আওটন (দেশজ) ধাতুদ্রব্যের সংযোগ বা সক্তকরণ, গালান। [করণ, আড়ন।

আওড়ন (আবৃত্তি শব্দজ কি?) সং, আবৃত্তি-

আওতা (দেশজ) সং, আবরণ, আচ্ছাদন, ঢাকন; যেমন—"গাছের আওতা।"

আওভাও (হাবভাব শব্দজ কি?) অভ্যর্থনা, সমাদরে গ্রহণ। [ছাল।

আঁইশ, আঁইষ (অংশু শব্দজ কি?) মৎস্যের

আঁক (অঙ্ক শব্দজ) সং, চিহ্ন, দাগ, অঙ্ক, সংখ্যাসংস্থান।

আঁকড়া (দেশজ) যাহা দ্বারা কোন দ্রব্য বাধাইয়া ঝোলান যায়।

আঁকড়ান (দেশজ) আলিঙ্গন, জড়ান।

আঁকড়ি (দেশজ) যাহার দ্বারা লতাতি অবলম্বন করে।

আঁকশলী (সম্ভবতঃ এই শব্দটী অঙ্কশলাকা শব্দের অপভ্রংশ। অঙ্ক অর্থাৎ মধ্যদেশ শলাকা শলা) ঢেঁকীর মধ্যভেদ করিয়া যে কাঠ উভয় পার্শ্বস্থ পোয়ার উপরি স্থিত হয়।

আঁকা (অঙ্ক শব্দের অপভ্রংশ) চিত্রকরা, চিহ্ন করা; যথা—"বারি সংঘটিত ঘটে সুসিন্দূরে আঁকি।" (মেঘনাদ)। ২। বিং, অঙ্কবিশিষ্ট, যাহাতে দাগ হইয়াছে, চুঁয়া, রন্ধনকালীন অতিরিক্ত উত্তাপ বশতঃ যে দ্রব্য অঙ্কিত হয়, ধরে যাওয়া; যথা—"আঁকা পরমান্ন।" [ফেরাণ ঘুরাণ।

আঁকাবাঁকা (অঙ্কবঙ্ক শব্দের অপভ্রংশ কি?)

আঁকুর (অঙ্কুর শব্দজ) অভিনবোৎপন্ন উদ্ভিদ্‌।

আঁকুষি (আকর্ষ বা আকর্ষণী শব্দজ) সং, যাহার দ্বারা ফল পুষ্পাদি আকর্ষণ করিয়া পাড়া যায়, নগা।

আঁখি (অক্ষি শব্দজ) সং, চক্ষু, নেত্র, অক্ষি।

আঁখিঠার—চক্ষুর দ্বারা ইঙ্গিত করা, ইসারা করা।

আঁখিপালট—চক্ষুর অপসরণ; যথা—
"আঁখি পালটিয়া ঘরে যাওয়া হৈল কাল।
ভারত জানয়ে প্রেম এমনি জঞ্জাল।" (বিদ্যা)

আঁচ (দেশজ) সং, উত্তাপ, তাপ, উষ্ণতা।
আঁচড় (দেশজ) নখাদি দ্বারা কোন দ্রব্যে দাগ দেওয়া। ২। আভ্যন্তরিক কোন যন্ত্রণা হইলে হস্তপদাদি দ্বারা মৃত্তিকা খনন অথবা গাত্রে হস্ত বিলিখন; যথা—
"করি জড়াজড়ি গড়াগড়ি
ভূমিতলে নাগরনাগরী কাঁমড়ি আঁচড়ি।"
আঁচর (অঞ্চল শব্দের অপভ্রংশ) বস্ত্রের প্রান্ত-ভাগ, আঁচল; যথা—
"আঁচর ভরিয়া যদি মহানিধি পাই।
তবু হাম পিয়া দূরদেশে না পাঠাই।"
আঁচল (অঞ্চল শব্দজ) সং, স্ত্রীং, বস্ত্রের প্রান্ত-ভাগ; যথা—
"ক্রোধে রাণী ধায় রড়ে, আঁচল ধূলায় পড়ে,
আলুথালু কবরীবন্ধন।" (বিদ্যা)।
আঁচলা (অঞ্চল শব্দজ) প্রতিমাদির বস্ত্রের প্রান্তভাগস্থলেই অধিক প্রয়োগ।
আঁচাআঁচি (দেশজ) পরস্পর দোষানুসন্ধান।
আঁচান (আচমন শব্দজ) সং, ভোজনানন্তর হস্তমুখ প্রক্ষালন।
আঁচিল (দেশজ) উপমাংস রোগবিশেষ।
আঁজন (অঞ্জন শব্দজ) সং, কজ্জল, কাজল।
আঁজনাই (অঞ্জন শব্দজ) জেঠী। ২। চক্ষুরোগ।
আঁজলা (অঞ্জলি শব্দজ) সং, যুক্তকরদ্বয়, করপুট।
আঁট (অট্ট শব্দজ) হাট। ২। সমর্থ হওয়া; যথা—"কে তারে আঁটিবে বিগ্রহে।"(মেঘ)
আঁটকুড়া (দেশজ) সন্তানহীন।
আঁটন (দেশজ) সং, শক্তরূপেবন্ধন, দৃঢ়করণ।
আঁটি (অস্থি শব্দজ) সং, বীজ। ২। তৃণাদির কিয়ৎপরিমিত মুষ্টি।
আঁটুবাটু (দেশজ) কোন কর্ম্ম করিতে অক্ষম হইলে তাহার উদ্যম করা; যথা—
"পাকা গোঁপ দাড়ি, পায়ে পড়ে দিলে ছাড়ি,
চলনে কতেক আঁটুবাটু। (অন্নদা)।
আঁড়িয়া (অণ্ড শব্দের অপভ্রংশ। লম্বমান অণ্ডকোষ হেতু বৃষের নাম আঁড়িয়া কি?) সং, বৃষ। ২। মাতা অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে যে শিশু দুর্ব্বল হয়।
আঁতুড় (দেশজ) সং, সূতিকাগার, প্রসবগৃহ।
আঁৎ (অন্ত্র শব্দজ) সং, নাড়ী, ভুঁড়ি, আঁতড়ি।

আঁৎকান (আতঙ্ক শব্দজ কি?) সং, ভয়করণ, ত্রাস, শঙ্কা।
আঁদিসাঁদি (অন্ধিসন্ধি শব্দজ কি?) ফাঁক, কোণ। ২। শ্রেণীবদ্ধ, শৃঙ্খলা; যথা—
"ঝাঁকড় ঝাঁকড় চুল নাহি আঁদিসাদি
হাত দিলে ধূলা উড়ে যেন কেয়াকাঁদি
আঁধলা (অন্ধ শব্দজ) যাহার চক্ষুঃ নাই; য
—"ভরা পুরা যৌবনে উদাসে বাসি শূন
আঁধলারে দেখাইতে নাহি পাপ পুণ্য
আঁধার (অন্ধকার শব্দজ) সং, তিমির, তম
আঁধারি (দেশজ) অন্ধকার। ২। যে খড় দ্বা চালে আঁধারি দেওয়া যায়। ৩। তক্তা যুড়ি-বার জন্য দ্বিসূক্ষ্মাগ্র প্রেক। [রিণী।
আঁধুয়া (অন্ধ শব্দজ কি?) জঙ্গলাবৃত পুষ্ক-
আঁব (আম্র শব্দজ) সং, চূত, আম।
আঁবুই (দেশজ) ভ্রাতা কিম্বা ভগ্নীর শাশুড়ী।
আঁশ (দেশজ) সং, আম্রাদি ফলের অন্তরস্থ সূক্ষ্মতন্তু, চোঁচ, বস্ত্র-গাত্রোত্থিত অংশু।
আঁশান (দেশজ) ঈষৎ শুষ্ককরণ। ২। আঁশ তোলা।
আঁশাল (অংশুল শব্দজ কি?) আঁশযুক্ত।
আঁস (অংশু শব্দের অপভ্রংশ) বস্ত্র-গাত্রো-ত্থিত সূত্র। [ক্রোশ, শক্রতা।
আকজ (আক্রোশ শব্দজ কি?) সং, আ-
আকট্ (দেশজ) কঠিন, নিষ্ঠুর। ২। মূর্খ।
আকণ্ঠ (আ অবধি—কণ্ঠ গলদেশ) ক্রিং—বিং, ক্লীং, গলদেশ পর্য্যন্ত; যথা—আকণ্ঠ জলমগ্ন অর্থাৎ যাহার কণ্ঠদেশ প-র্য্যন্ত জলে মগ্ন হইয়াছে।
আকণ্ঠমগ্ন (আকণ্ঠ কণ্ঠপর্য্যন্ত—মগ্ন) বিং, ত্রিং, যাহার কণ্ঠদেশ পর্য্যন্ত মগ্ন হইয়াছে।
আকপিল (আ ঈষৎ—কপিল) বিং, ত্রিং, ঈষৎ কপিলবর্ণ, আপিঙ্গ, আপিঙ্গল।
আকপিশ (আ ঈষৎ—কপিশ) বিং, ত্রিং, ঈষৎ কপিশ বর্ণ।
আকম্প—পুং } (আ ঈষৎ—কম্প্
আকম্পন—ক্লীং } কম্পিত হওয়া + অ(অল্), অন(অনট্),—ভাবে) সং, ঈষৎকম্প, অল্প কাঁপা, ঈষৎ বিচলিত হওয়া, বিধূনন। শিং—১"চরণাকম্পৈঃ কম্পয়ন্তীব মেদিনীম্।"
আকম্পিত (আ ঈষৎ—কম্পিত) বিং, ত্রিং,

ঈষৎকম্পিত, আধুত, কম্পবিশিষ্ট ; যথা—"আকম্পিত হৃদয়।" শিং—১ "অনোকহাকম্পিত পুষ্পগন্ধী।" (রঘু)।

আকম্প্র (আ—কম্প্ কাঁপা+র—ক) বিং, ত্রিং, কম্পবিশিষ্ট, ভয়হর্ষাদিকৃত কম্পবিশিষ্ট।

আকর (আ—কৃ [ করা ] উৎপন্ন হওয়া+অ (অন্)—ধি। যাহাতে স্বর্ণ রৌপ্যাদি উৎপন্ন হয়) সং, পুং, ধাতু প্রভৃতি দ্রব্যের উৎপত্তিস্থান, যে স্থান খনন করিয়া ধাতু প্রভৃতি দ্রব্য বাহির করা যায়, খনি। শিং—১ "আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমণেঃ কুতঃ।" ২। উৎপত্তিস্থান। ৩। বংশ ; যথা—অমুকের আকর ভাল অর্থাৎ অমুক উত্তম বংশে জন্মিয়াছে। ৪। আদি, মূল। ৫। আধার, আস্পদ ; যথা—"রায় গুণাকর।" দোষের আকর। ৬। (+অল্—ভাবে) সমূহ, নিবহ। শিং—১ "শব্দাকরকরগ্রাম সমর্থ মণ্ডলমণ্ডলম্।" (কবিকল্পদ্রুম)। ২ "বভুব বজ্রাকরভূষণাগাঃ।" (রঘু)। ৬। (+অন্—ক) শ্রেষ্ঠ, প্রধান।

আকরজ (আকর—জন্ জন্মান+অ(ড)—ক) বিং, ত্রিং, যাহা আকরে জন্মে, খনিজ, আকরিক, আকরোদ্ভব।

আকরজাত (আকর—জাত উৎপন্ন) বিং, ত্রিং, যাহা আকরে জন্মিয়াছে, আকরোৎপন্ন, আকরোদ্ভূত।

আকর-সম্ভূত ; বিং, ত্রিং, আকরজাত দেখ।

আকরিক (আকর খনি+ইক(ঞ্চিক)—প্রং) বিং, ত্রিং, খনিজাত, আকরজাত পদার্থ, স্বর্ণ রৌপ্যাদি। ২। করাদি গ্রহণার্থ খনিতে নিযুক্ত।

আকরোৎপন্ন, আকরোদ্ভব, আকরোদ্ভূত } (আকর—উৎপন্ন, উদ্ভব, উদ্ভূত) বিং, ত্রিং, আকরজাত দেখ।

আকর্ণ (আ অবধি—কর্ণ) ক্রিং—বিং, ক্লীং, কর্ণ পর্য্যন্ত ; যথা—"আকর্ণ আকৃষ্যমান জ্যানির্ঘোষ অশনিশব্দের ন্যায় শ্রবণ গোচর হয়।"

আকর্ণচক্ষুঃ (আকর্ণচক্ষুস্, আকর্ণ কর্ণপর্য্যন্ত—চক্ষুস্) সং, ক্লীং, যে চক্ষু কর্ণ পর্য্যন্ত বিস্তৃত, বড় চোক্।

আকর্ণন (আ—কর্ণ শ্রবণকরা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, শ্রবণ, শুনা।

আকর্ণনয়ন (আকর্ণ—নয়ন) বিং, ত্রিং যাহার নয়ন কর্ণপর্য্যন্ত, আকর্ণনেত্র, আকর্ণলোচন। না—স্ত্রীং।

আকর্ণনীয় (আ—কর্ণি শ্রবণকরা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা শুনিতে হইবে অথবা শুনা উচিত বা শুনিবার যোগ্য, শ্রব্য, শ্রবণীয়, শ্রোতব্য।

আকর্ণয়িতা (আকর্ণয়িতৃ, আ—কর্ণি শ্রবণ করা+তৃন্—ক) বিং, ত্রিং, যে শ্রবণ করে, শ্রোতা, শ্রাবক। য়িত্রী—স্ত্রীং।

আকর্ণলোচন (আকর্ণ—লোচন) বিং, ত্রিং, যাহার লোচন কর্ণদেশ পর্য্যন্ত, আকর্ণনেত্র, আকর্ণনয়ন। না—স্ত্রীং।

আকর্ণিত (আকর্ণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শ্রুত, যাহা শুনা গিয়াছে।

আকর্ষ (আ—কৃষ্ [ কর্ষণ করা ] টানা+অ (অল্)—ভাবে) সং, পুং, আকর্ষণ। ২। ধনুর্দ্ধারীদিগের ধনুর আকর্ষণ। ৩। পাশক্রীড়া। ৪। (+অল্—র্ম্ম) পাশা। ৫। ইন্দ্রিয়। ৬। (+অল্—ণ। যাহার দ্বারা আকর্ষণ করা যায়) আঁকুশি। ৭। অয়স্কান্ত, চুম্বকপাথর। ৮। (+অল্—ধি) পাশফলক।

আকর্ষক (আকর্ষ দেখ, অক(ণক)—ক) সং, পুং, চুম্বকপাতর। ২। বিং, ত্রিং, আকর্ষণকর্ত্তা, আকর্ষণকারী।

আকর্ষণ (আকর্ষ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, টানিয়া আনা, টানিয়া লওয়া, বলপূর্ব্বক আনয়ন ; যথা—"কেশাকর্ষণ।" ২। তন্ত্রোক্ত কর্ম্মবিশেষ দ্বারা স্ত্রীলোকদিগকে আনয়ন। ৩। (Attraction) জড়পদার্থের যে গুণ দ্বারা পরমাণু সমুদায় পরস্পরের প্রতি স্ব স্ব অভিমুখে বল প্রকাশ করে।

আকর্ষণী (আ—কৃষ্ [কর্ষণ করা] টানা+অন (অনট্)—ণ। আপ্—স্ত্রীলিঙ্গে। যাহা দ্বারা আকর্ষণ করাযায়) সং, স্ত্রীং, আঁকুশি। ২। (অনট্—ক) আকর্ষণকারিণী। যথা—"আকর্ষণীশক্তি।"

আকর্ষী (আকর্ষিন্, আ—কর্ষী যে টানে) বিং, ত্রিং, আকর্ষণকারী। র্ষিণী—স্ত্রীং,

আঁকুশি। ২। তন্ত্রশাস্ত্রে—স্ত্রীজনসমাকর্ষণ মন্ত্রবিশেষ; যথা—"কুন্তী যে আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ মাদ্রীকে আকর্ষিণী বিদ্যা প্রদান করিলেন।"

আকর্ষিক (আকর্ষ দেখ, ইক—প্রং) সং, পুং, চুম্বক লৌহ। ২। বিং, ত্রিং, আকর্ষক।

আকলন (আ—কল্ [গণনা করা ইত্যাদি] ইচ্ছা করা, টানা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আকঙ্ক্ষা, অভিলাষ। ২। আকর্ষণ। ৩। গণন। ৪। সংগ্রহ। ৫। বন্ধন, ধারণ। ৬। অনুসন্ধান। শিং—১"সেব্যাপি সানুনয়মাকলনায় যন্তা।" (মাঘ)।

আকলিত (আকলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আকৃষ্ট। ২। বদ্ধ, ধৃত, সংযত। ৩। সংগৃহীত। ৪। গণিত, সংখ্যাত। ৫। আকাঙ্ক্ষিত। ৬। গ্রথিত। শিং—১"সুবর্ণসূত্রাকলিতাধরাম্বরাম্।" (মাঘ)।

আকল্প (আ—কৃপ্ [সমর্থ হওয়া ইত্যাদি] ভূষিতকরা ইত্যাদি+অ(অল্)—ণ) সং, পুং, বেশ,ভূষা,সজ্জা, বেশরচনা। শিং—১ "রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশু মৃগবরাভীতিহস্তং প্রসন্নং।" (শিবধ্যান)। ২"সর্ব্বাঙ্গীণমাকল্পজাতং বিলসিতপাদমাদ্যং যৌবনং স প্রপেদে।" (রঘু)। ২। আভরণ। ৩। (+অল্—ভাবে) উৎকর্ষসাধন, বৃদ্ধি, উন্নতি। ৪। কল্পনা। ৫। পীড়া, ব্যাধি। ৬। (আ অবধি—কল্প) ক্রিং—বিং, ক্লীং, কল্পের অবসান সময় পর্য্যন্ত, প্রলয়কাল পর্য্যন্ত। "আকল্পং নরকং ভুঙ্‌ক্তে।"

আকল্পক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক) সং, পুং, উৎকণ্ঠা। ২। মোহ, অজ্ঞান, অবোধ। ৩। ঔৎসুক্য। ৪। হর্ষ। ৫। গ্রন্থি।

আকষ (আ—কষ্ বধকরা+অ(অল্)—ধি) সং, পুং, কষ্টিপাতর।

আকস্মিক (অকস্মাৎ [অ—কস্মাৎ কোন স্থান হইতে। কিম্ শব্দের পঞ্চমী স্থানে স্মাৎ] কোনস্থান হইতে নহে+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, অকস্মাৎ উৎপন্ন, যাহা ঘটিবে বলিয়া পূর্ব্বে বুঝিতে পারা যায় না, যাহার ঘটনার কারণ অথবা যাহা কোথা হইতে ঘটিল তাহার নির্ণয় হয় না, অহেতুক, আগন্তু, আগন্তুক, অচিন্ত্যনিমিত্তক। ২। অকস্মাদুৎপন্ন। শিং—১"আকস্মিক প্রত্যবভাসাৎ।"

আকাঁড়া (অকণ্ডিত শব্দজ) বিং, ত্রিং, সতুষতণ্ডুল, অপরিষ্কৃত চাউল। ২। মহাবল পরাক্রম।

আকাঙ্ক্ষণীয় (অ—কাঙ্ক্ষ্ অভিলাষ করা +অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আকাঙ্ক্ষা করিতে হয়, অভিলষণীয়, বাঞ্ছনীয়, স্পৃহনীয়, প্রার্থনীয়।

আকাঙ্ক্ষা (আ—কাঙ্ক্ষ্ বাঞ্ছা করা+অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা, অভিলাষ। ২। রমণীয় বস্তু স্পৃহা। শিং—১ "আকাঙ্ক্ষা রমণীয়ত্বাদ্বস্তুনো যা স্পৃহা তু সা।" (সাহিত্যদর্পণ)। ৩। অপেক্ষা, জিজ্ঞাসা, অনুসন্ধান। শিং—১"নাকাঙ্ক্ষা কিংভবতি বিপুল শ্রীমতোঽর্থাস্তরেষু।" (পদাঙ্কদূত)। ৪। ন্যায়মতে—বাক্যার্থজ্ঞানের হেতু বিশেষ। শিং—১ "যৎপদেন বিনা যস্যানন্বয়ভাবকতা ভবেৎ। আকাঙ্ক্ষা বক্তুরিচ্ছা তু তাৎপর্য্যং পরিকীর্ত্তিতম্।" (সাহিত্যদর্পণ)। ৫। অলঙ্কারে—প্রতীতি পর্য্যবসান বিরহ, অন্বয় [illegible]ধের উৎপত্তি হেতু ইচ্ছা বিরহ।

আকাঙ্ক্ষিত (আ—কাঙ্ক্ষ্ বাঞ্ছা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আকাঙ্ক্ষা করা গিয়াছে, ইষ্ট,অভীষ্ট। ২। জিজ্ঞাসিত, জিজ্ঞাসাবিষয়ীকৃত। ৩। অপেক্ষিত, নিরীক্ষিত। ৪। আবশ্যক, প্রয়োজনীয়।

আকাঙ্ক্ষী (—ক্ষিন্, আ—কাঙ্ক্ষ্ বাঞ্ছা করা + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে আকাঙ্ক্ষা করে, ইচ্ছু। ২। অপেক্ষী, জিজ্ঞাসু। শিং—১ "তং ভাবার্থং প্রসবসময়াকাঙ্ক্ষিণীনাং প্রজানাম্।" (রঘু)। ক্ষিণী—স্ত্রীং।

আকায় (আ—চি [একত্র করা] বাস করা+অ(ঘঞ)—ধি) সং,পুং, নিবাস, বাসস্থান। ২। চিতা।

আকার (আ—কৃ [করা] প্রকাশ করা+অ(ঘঞ)—র্ম্ম) সং, পুং, যাহার দ্বারা বস্তু বা ব্যক্তিকে জানা যায়, আকৃতি, মূর্ত্তি। ২।

দেহ। ৩। 'আ' মাত্রবর্ণ। ৪। (+ ঘঞ্‌ —ণ) ইঙ্গিত, অজ্ঞাতভাব, অভিপ্রায়ের অনুরূপ চেষ্টার আবিষ্কারকরণ। শিং—১ "তস্য সংবৃতমন্ত্রস্য গূঢ়াকারেঙ্গিতস্য চ।" (রঘু)। ৫। শোকহর্ষাদি সূচক মুখভঙ্গ্যাদি। ৬। চিহ্ন। ৭। (আ—কারি+ ঘঞ্‌—র্ম্ম) আহ্বান।

আকারগুপ্তি (আকার মুখবিকারাদি—গুপ্তি গোপন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভয় হর্ষাদি হেতুক অজ্ঞাতভাব বা মুখবিকারাদি গোপন, ভয় লজ্জাদি দ্বারা রত্যাদিসূচক মুখরাগাদি আকারগোপন, অবহিত্থা।

আকারগোপন (আকার—গোপন) সং, ক্লীং, যাহাতে আকার দেখিয়া লোকে মনের ভাব বা অভিপ্রায় বুঝিতে না পারে এরূপ করা।

আকারণ (আ—কারি [করান] ডাকা+অন (অনট্‌)—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, আহ্বান, ডাকন। শিং—১ "তৈশ্চ মণিভদ্রাকারণায় কশ্চিৎ প্রেষিতঃ।"

আকারানুভাবকতা (Faculty of Form, আকার—অনুভাবকতা) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা আকারের অনুভব হয়।

আকারিত (আকারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আহূত। ২। অনুমোদিত, অনুমত। ৩। জিজ্ঞাসিত, পৃষ্ট।

আকারোপলক্ষিত (আকার—উপলক্ষিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, আকারবিশিষ্ট, আকারধারী।

আকাল (অকাল শব্দজ) সং, দুর্ভিক্ষ, দুঃসময়।

আকালিক (অ—কাল+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, ক্ষণধ্বংসী, আশুবিনাশী, অচিরস্থায়ী। ২। পূর্ব্বদিনে যে সময়ে উৎপত্তি পরদিবসে তৎসময়ে নাশশীল, নিমিত্তকাল হইতে আরম্ভ করিয়া পরদিনের সেই কাল পর্য্যন্ত স্থায়ী, সমানকালীন জন্ম-বিনাশ-শালী, আরম্ভকাল হইতে তৎসজাতীয়-কাল-স্থায়ী। শিং—১ "এতানাকালিকান্‌ বিদ্যাদনধ্যায়ানৃতাবপি।" (মনু)। ৩। অকালে উৎপন্ন, অকালজাত, অযথাকালে উৎপত্তি, অসময়ে উৎপন্ন। শিং—১ "তপস্বিনঃ স্থাণুবনৌকসস্তামাকালিকীং বীক্ষ্য মধুপ্রবৃত্তিম্‌।" ([illegible]ার)। কী—স্ত্রীং, (আশু বিনাশ হয় বলিয়া) বিদ্যুৎ।

আকালিকপ্রলয় (আকালিক—প্রলয়) সং, পুং, কপিলশাপে অকালে জগৎপ্লাবনরূপ প্রলয়বিশেষ।

আকাশ (আ সর্ব্বতোভাব—কাশ দীপ্তি পাওয়া+অ(অন্‌)—ক। যে সর্ব্বত্র দীপ্তি পায়) সং, পুং—ক্লীং, পঞ্চমভূত, গগন, অন্তরীক্ষ, শূন্য।

আকাশকক্ষা (Horizon, আকাশ—কক্ষা কটিদেশ) সং, স্ত্রীং, বৃত্তাকার গগনস্থ গোলক্ষেত্র, গগনান্তরাল।

আকাশকল্প (আকাশ+কল্প—প্রং) সং, পুং, আকাশগত পরমাত্মা। শিং—১ "ব্রহ্মব্যোম্নোর্ন ভেদোঽস্তি চৈতন্যং ব্রহ্মণোঽধিকম্‌।"

আকাশগ (আকাশ—গ [গম্‌ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, নভোগমনশীল, আকাশগামী, ব্যোমচর। "ইয়মাকাশগা গঙ্গা যস্যাং পুত্রং হুতাশনঃ।" (রামায়ণ)। ২। পুং, পক্ষী, খেচর।

আকাশগঙ্গা (আকাশ—গঙ্গা) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, মন্দাকিনী। শিং—১ "নদত্যাকাশগঙ্গায়াঃ স্রোতস্যুদ্দামদিগ্‌গজে।" (রঘু)।

আকাশচর (আকাশ—চর যে গমন করে) বিং, ত্রিং, আকাশগামী, পক্ষী প্রভৃতি।

আকাশদীপ } (আকাশ—দীপ, প্রদীপ) সং,
আকাশপ্রদীপ } পুং, লক্ষ্মীনারায়ণের উদ্দেশে কার্ত্তিকমাসে আকাশে প্রদীপ দেওয়া। শিং—১ "তুলায়াং তিলতৈলেন সায়ংসন্ধ্যাসমাগমে। আকাশপ্রদীপং যো দদ্যাম্মাসমেকং নিরন্তরম্‌।" (ব্রহ্মাণ্ডপুরাণ)। ২। ফনেস।

আকাশদুহিতা (আকাশ—দুহিতা। আকাশ হইতে শব্দের উৎপত্তি হয়) সং, স্ত্রীং, প্রতিধ্বনি; যথা—"আকাশদুহিতা ওগো শুন প্রতিধ্বনি।" (মেঘ)।

আকাশভাষিত (আকাশ—ভাষিত বাক্য) সং, ক্লীং, নাট্যোক্তিতে—কথিত বাক্য না

শুনিয়াও "কি বলিতেছ" ইত্যাদি রূপ কথন। শিং—১ "কিং ব্রবীষীতি যদ্বাটে বিনা পাত্রং প্রযুজ্যতে। শ্রুত্বেবানুক্তম-প্যর্থং তৎস্যাদাকাশভাষিতম্।"(সাহিত্য)। ২। অদৃশ্যভাবে দেবতাদিগের বচনোদ্ভব, আকাশবাণী।

আকাশমণ্ডল (আকাশ—মণ্ডল) সং, ক্লীং, নভোমণ্ডল, আকাশপরিসর।

আকাশমাংসী; সং, স্ত্রীং, ক্ষেত্রোদ্ভবা সূক্ষ্ম-জটামাংসীলতা।

আকাশমুখী—যে সকল সন্ন্যাসী সতত ঊর্দ্ধ-মুখে থাকেন তাহাদিগকে আকাশমুখী বলে।

আকাশমূলী (আকাশ ভূমি-শূন্যস্থান—মূলী যাহার মূল আছে, ৭মী—হিং) সং, স্ত্রীং, জলের পানা।

আকাশযান } (আকাশ—যান, যন্ত্র) সং,
আকাশযন্ত্র } ক্লীং, ব্যোমযান, বেলুন।

আকাশরক্ষী (—রক্ষিন, আকাশ—রক্ষিন রক্ষক) সং, পুং, দুর্গের বহির্ভাগস্থ প্রাচী-রের উপরিস্থিত চর।

আকাশবচন (আকাশ—বচন) সং, ক্লীং, অলক্ষ্যভাবে কথন, অশরীরিবাক্, দৈব-বাণী। যথা—"কহিলেন অন্নপূর্ণা আকাশ-বচনে।" (অন্নদা)।

আকাশবল্লী; সং, স্ত্রীং, লতাবিশেষ, অমর-বেল, আকাশবেল।

আকাশবাণী (আকাশ—বাণী বাক্য, ৭মী—য) সং, স্ত্রীং, যাহা আকাশ হইতে শুনা যায় অর্থাৎ কে সেই বাণী উচ্চারণ করিল জানিতে পারা যায় না, অশরীরিবাক্য, দৈববাণী; যথা—

"আকাশবাণীতে হাতে পাইলা আকাশ।
বুঝিলা কালিকা মোর পূরাইল আশ।"

আকাশসলিল (আকাশ—সলিল। আকাশ হইতে পতিত জল) সং, ক্লীং, মেঘজল, দিব্যোদক; ইহা চারিপ্রকার—মেঘ হইতে নিসৃত হইলে ধারা; চন্দ্রকর হইতে কার; তুষার হইতে তৌষার; হিমখণ্ড হইতে হৈম বলে।

আকাশে (আকাশ + এ(ঙে)—প্রং) অং, নাট্যোক্তিতে—রঙ্গভূমিতে অদৃষ্ট হইলেও কোন পাত্রকে উদ্দেশ করিয়া সম্ভাষণ; যথা—(আকাশে) প্রিয়ংবদে! কস্যেদম্-শীরানুলেপনং মৃণালবন্তি চ নলিনীদলানি নীয়ন্তে? (এই শুনিয়া) কিং কথয়সি?"

আকিঞ্চন (অকিঞ্চন + অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, দরিদ্র, নিঃস্বতা, আকিঞ্চনতা। ২। চেষ্টা, প্রয়াস, যত্ন।

আকীর্ণ (আ—কৃ বিক্ষেপ করা + ত(ক্ত)—ক। ত = ণ) বিং, ত্রিং, ব্যাপ্ত, সংকুল, বিস্তীর্ণ। ২। বিক্ষিপ্ত। শিং—১ "আকীর্ণ-মৃষিপত্নীনামূটজদ্বাররোধিভিঃ।" (রঘু)।

আকুঞ্চন (আ—কুঞ্চ কোঁকড়ান হওয়া + অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিস্তৃত বস্তুর সংকোচ করিয়া লওয়া, সঙ্কোচ, কোঁকড়ান। ২। বক্রণ, ঈষৎ বক্র করণ, বক্রতাসম্পা-দন। ৩। ন্যায়মতে—উৎক্ষেপণাদি পঞ্চবিধ কর্ম্মান্তর্গত সঙ্কোচরূপ কর্ম্মবিশেষ। শিং—১ "উৎক্ষেপণমতোঽবক্ষেপণাকুঞ্চনং তথা। প্রসারণং চ গমনং কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ।" (ভাষাপরিচ্ছেদ)।

আকুঞ্চনীয় যে ধর্ম্ম প্রযুক্ত জড়াত্মক বস্তু আকুঞ্চিত হয়, যে গুণ থাকাতে চাপাদি দ্বারা জড়বস্তুর আয়তনের হ্রাস হয়।

আকুঞ্চিত (আ ঈষৎ—আকুঞ্চন দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহার আকুঞ্চন করা গিয়াছে, ঈষৎ বক্রীকৃত। ২। সংকুচিত। ৩। সঙ্কোচিত, আভুগ্ন, নমিত; যথা—"আকুঞ্চিত কটাক্ষ।"

আকুণ্ডকুণ্ড (দেশজ) সং, ঘোরতর কলহ, বিবাদবর্দ্ধন।

আকুল (আ—কুল্ [রাশিকরা] ব্যস্ত হওয়া ইত্যাদি + অ(ক)—ক) বিং, ত্রিং, ব্যগ্র, ব্যস্ত, ব্যাপৃত। শিং—১ "বিভবগুরুভিঃ কৃত্যৈস্তস্য প্রতিক্ষণমাকুলা।" ২। ব্যাকুল, উদ্বিগ্ন, কাতর, অর্দ্দিত, পীড়িত, অস্থির-চিত্ত। ৩। বিহ্বল। ৪। অস্বস্থ। ৫। সন্দি-হান। ৬। ভয়চকিত। ৭। সংক্ষোভিত। ৮। আবিষ্ট। ৯। সসম্ভ্রম। ১০। সঙ্কীর্ণ। ১১। অস্পষ্ট। ১২। পরিপূর্ণ। ১৩। বিকলী-কৃত, বিকৃত, প্রকৃতিভ্রষ্ট। ১৪। বিপর্য্যস্ত, বিক্ষিপ্ত। ১৫। (+অ(ক)—র্ম্ম) ব্যাপ্ত।

আকুলতা (আকুল+তা—ভাবে) সং, স্ত্রীং, ব্যাকুলতা, কাতরতা, অস্থিরতা, চাঞ্চল্য, উৎকণ্ঠা।

আকুলত্ব (আকুল+ত্ব—ভাবে) সং, ক্লীং, ব্যাকুলতা, কাতরতা, ঔৎসুক্য। ২। জনসম্বাধ, ভিড়। শিং—১ "মার্গমাহিষমাংসানি বিক্রীণন্তং তপস্বিনং। আকুলত্বাচ্চ ক্রেতৄণামেকান্তে সংস্থিতো দ্বিজঃ।" (মহাভারত)। [অতি আকুল, অত্যন্ত আকুল।

আকুলাকুল (আকুল—দ্বিত্ব) বিং, ত্রিং,

আকুলিত (আকুল+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যস্ত, ব্যাকুলিত, বিক্ষিপ্ত, পীড়িত, সংভ্রমিত, উদ্ভ্রান্ত, বিদ্রুত। শিং—১ "অম্ভোবিহারাকুলিতোঽপি বেশঃ।"(রঘু)। ২। আন্দোলিত, সঞ্চালিত, অবধূত। শিং—১"মন্দানিলাকুলিতচারুমৃদুপ্রবালাঃ।"

আকুলীকৃত (আকুল+ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে—কৃত যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, ব্যাকুলীকৃত, বিক্ষোভিত। শিং—১ "বিত্তাকুলীকৃতমতিঃ পুরুষঃ কিমন্যঃ।"

আকুলীভূত (আকুল+ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে—ভূত যাহা হইয়াছে) বিং, ত্রিং, ব্যাকুলীভূত, উদ্ভ্রান্ত, কাতরীভূত। শিং—১ "সত্যমাকুলীভূতোঽস্মি।"(শকুন্তলা)

আকূত (আ—কূ কাতর হইয়া শব্দ করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, অভিপ্রায়, তাৎপর্য্য। ২। মনের ভাব। ৩। আশয়, ইচ্ছা। শিং—১ "হৃদয়নিহিতং ভাবাকূতং বমদ্ভিরবেক্ষণৈঃ।" ২ "ইতীরিতাকূতমনীলবাজিনঃ।"

আকৃতি (আ—কৃ [করা] ব্যক্ত করা+তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, রূপ, অবয়বসংস্থানবিশেষ, শরীর, মূর্ত্তি। ২। বপুঃ। ৩। প্রকার। ৫। রূপ। ৬। দ্বাবিংশতি অক্ষরা ছন্দো-বিশেষ। ৭। ন্যায়মতে—জাতি। শিং—১ "আকৃতির্জাতি লিঙ্গাখ্যা।" ২ "আকৃতিগ্রহণাজ্জাতিঃ।" (মহাভারত)।

আকৃতিচ্ছত্রা (আকৃতি—ছত্র আচ্ছাদন) সং, স্ত্রীং, ঘোষাতকীবৃক্ষ, শ্বেতঘোষা।

আকৃষ্ট (আ—কৃষ্ [চসা] টানা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আকর্ষণ করা হইয়াছে। ২। বশীকৃত; যথা—'লোভাকৃষ্ট।' ৩। গৃহীত। ৪। প্রলোভিত, মুগ্ধ; যথা—'প্রেমাকৃষ্ট।'

আকৃষ্টি (আ—কৃষ্ [চসা] আকর্ষণ করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, আকর্ষণ, বলপূর্ব্বক আনয়ন। শিং—১ "মৃত্যুকন্যা চ পরিষ্কৃতং সুকৃতিনামাকৃষ্টিমন্ত্রোপমম্।" ২"জ্যাকৃষ্টিবদ্ধখটকামুখপাণিপৃষ্ঠ।"

আকৃষ্যমাণ (আ—কৃষ্ কর্ষণ করা+শানচ্—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আকর্ষণ করিতেছে, প্রাপ্তাকর্ষণ, বলপূর্ব্বকানীয়মান; যথা—"আকৃষ্যমাণ দ্রুপদতনয়া।" শিং—১ "আকৃষ্যমাণে বসনে দ্রৌপদ্যাস্তু বিশাম্পতে।" (মহাভারত)।

আকেকর (আ—কে মস্তকে—কর যে করে। চলনাদি দ্বারা যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে) বিং, ত্রিং, বক্রোক্তি, টেরা; যথা—"অর্জ্জুন তখন জিঘাংসাপরবশ হইয়া আকেকরনেত্রে তাঁহারে নিরীক্ষণ করিতে লাগিলেন।" শিং—১"দৃষ্টিরাকেকরা কিঞ্চিৎ স্ফুটাপাঙ্গে প্রসারিতা। মীলিতার্দ্ধা পুরালোকে তারাব্যাবর্ত্তনোত্তরা।"(নৃত্যবিলাস

আক্কেল (পারস্য শব্দ) জ্ঞান, বুদ্ধি, বিবেচনা।)

আক্রন্দ (আ—ক্রন্দ্ রোদন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, আহ্বান, দূরাহ্বান, উচ্চৈঃশব্দ। শিং—১ "ছেদনেচৈব যন্ত্রাণাং যোক্ত্রশ্ম্যোস্তথৈবচ। আক্রন্দে চাপ্যপৈহীতি ন দণ্ডং মনুরব্রবীৎ।" (মনু)। ২। নাদ, ধ্বনি, শব্দ। শিং—১ "নাগানামাক্রন্দঃ শ্রূয়তে মহান্।" (রামায়ণ)। ৩। ক্রন্দনধ্বনি, রোদন। শিং—১ "তাসামাক্রন্দশব্দেন সহসোদ্ভ্রান্তলোচনাঃ।" ৪। দারুণযুদ্ধ, তুমুলসংগ্রাম। ৫। মিত্র, বন্ধু। ৬। ভ্রাতা, সোদর। ৭। রাজা, স্বামী, নাথ। ৮। বলপূর্ব্বক রাজ্যাদি গ্রহণকারী। ৯। পার্শ্বস্থ রাজার বশবর্ত্তী রাজা।

আক্রন্দিত (আক্রন্দ দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, আর্ত্তনাদ, ক্রন্দন।

আক্রম (আ—ক্রম্ গমন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, অতিক্রম। ২। অতিবর্ত্তন, পরাভব। ৩। অধিক্রম, ব্যাপ্তি,

বিক্ষেপ। ৪। অধিগম, প্রাপ্তি, অধিকার। ৫। আক্রমণ, বলপূর্ব্বক অতিক্রমণ। ৬। বিক্রম, পরাক্রম; যথা—"বিপুল আক্রমে নাশ তারে।" (মেঘনাদ)।

আক্রমণ (আ—ক্রম্ গমন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, হিংসা অপহরণ বা অনিষ্ট প্রভৃতি করিবার মানসে বল পূর্ব্বক অন্যের উপর পড়া, চড়াও করা। ২। অতিক্রম, অতিবর্ত্তন, ছাড়িয়া উঠা। ৩। অধিরোহণ, আরোহণ। শিং—১ "ন দেবলোকাক্রমণং নামরত্বমহংবৃণে।"(রামায়ণ)। ৪। ব্যাপন, বিক্ষেপ। বিজয়ার্থ পরদেশ আস্কন্দন। ৫ উদয়।

আক্রমণীয় (আ—ক্রম্ গমন করা+অনীয়—ম্ম) বিং,ত্রিং, যাহাকে আক্রমণ করিতে হইবেক কিংবা যাহাকে আক্রমণ করা উচিত বা আবশ্যক।

আক্রা (অক্রের শব্দজ) বিং, দুর্ম্মূল্য, মহার্ঘ।

আক্রান্ত (আক্রম দেখ, ত(ক্ত)—ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। ২। অভিভূত। ৩। যাহাকে আক্রমণ করিয়াছে, যাহার উপর আক্রমণ হইয়াছে। ৪। যাহার উপর আক্রমণ করা যায়। ৫। ব্যাপ্ত, আকীর্ণ, সঙ্কুল। ৬। পূর্ণ, আবৃত। ৭। পীড়িত, ব্যথিত। ৮। যুক্ত, সহিত। ৯। অধিগত, অধিকৃত, স্বীকৃত। ১০। বিহ্বল, কাতর, বিবশ।

আক্রান্তি (আ—ক্রম্ গমন করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অতিক্রমণ, আক্রমণ, অভিভব। ২। ব্যাপ্তি, বিক্ষেপ, অধিক্রম। শিং—১ "অথোরুদেশাদবতার্য্য পাদমাক্রান্তিসম্ভাবিতপাদপীঠম্।" (কুমার)। ২। বিক্রম, পরাক্রম।

আক্রামক (আক্রম দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আক্রমণ করে।

আক্রীড় (আ—ক্রীড়্ খেলা করা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, রাজকীয় উদ্যান, রাজার সাধারণ উদ্যান, উদ্যানাদি ক্রীড়াস্থান, রাজোপবন, কেলিকানন, লীলাস্থান। ২। লীলা, বিহার। ৩। উপবন। ৪। (Gymnasium) ক্রীড়াস্থান। ৫। পুরুবংশীয় নৃপতি। ৬। (+ঘঞ্—ভাবে) ক্রীড়া।

আক্রীড়পর্ব্বত (আক্রীড়—পর্ব্বত) সং, পুং, রাজাদিগের বিহারের নিমিত্ত কৃত্রিমশৈল, কেলিপর্ব্বত। শিং—১ "আক্রীড়পর্ব্বতাস্তেন কল্পিতাঃ স্বেষু বেশ্মসু।" (কুমার)।

আক্রীড়ভূমি (আক্রীড়—ভূমি) সং, স্ত্রীং, ক্রীড়াস্থান, বিহারস্থলী।

আক্রুষ্ট (আক্রোশ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তিরস্কৃত। ২। নিন্দিত। ৩। অভিশপ্ত। ৪। অভিযুক্ত। ৫। আহূত।

আক্রোশ—পুং } (আ—ক্রুশ্ [রোদন করা] ক্রোধ করা
আক্রোশন—ক্লীং } ইত্যাদি+অ(অল্), অন(অনট্)—ভা) সং, কটূক্তি,ভৎসনা। ২। অভিসম্পাত, শাপ। ৩। ক্রোধ। ৪। অভিযোগ। ৫। নিন্দা। ৬। আহ্বান।

আক্রোশক (আক্রোশ দেখ+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আক্রোশ করে, অভিযোক্তা, নিন্দক, তিরস্কারক।

আক্লান্ত (আ—ক্লান্ত) বিং, ত্রিং, অতিশয় [ক্লান্ত।

আক্ষপাটিক (অক্ষপাট ক্রীড়াস্থান বা ব্যবহার স্থান+ইক নিযুক্তার্থে) সং, পুং, ধর্ম্মাধ্যক্ষ। ২। বিচারকর্ত্তা। ৩। অক্ষদর্শক।

আক্ষপাদ (অক্ষ—পাদ+অ—প্রং) সং, পুং, নৈয়ায়িক, ন্যায়শাস্ত্রাভিজ্ঞ। ২। ক্লীং, ন্যায়শাস্ত্র।

আক্ষার—পুং } (আ—ক্ষার্ [ফোঁটা
আক্ষারণ—ক্লীং } ফোঁটা পড়া] গমন করা
আক্ষারণা—স্ত্রীং } +অ(ঘঞ্)—ভা। ২য় পক্ষে—আ—ক্ষর্-ণি=ক্ষারি+অন(অনট্)—ভাবে। ৩য় পক্ষে—ক্ষারি+অন-ভাবে। আপ্—স্ত্রীং) সং, পরস্ত্রী-গমন নিমিত্ত পুরুষের এবং পরপুরুষ-গমন নিমিত্ত স্ত্রীলোকের অপবাদ, ব্যভিচারদোষারোপ।

আক্ষারিত (আক্ষার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মৈথুনবিষয়ক অপবাদগ্রস্ত, দূষিত।

আক্ষিক (অক্ষ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, দ্যূতনিমিত্ত, পাশক্রীড়াবিষয়ক। ২। অক্ষেজিত, পাশক্রীড়া দ্বারা অধিকৃত। ৩। সং, পুং, রঞ্জকবৃক্ষ। শিং—১ "আক্ষিকঃ পাণ্ডু

রোপস্নো ব্রণ্যঃ সংগ্রাহকো লঘুঃ।”(সুশ্রুত)। ৪। ক্লীং, দ্যূতনিমিত্ত ঋণ।

আক্ষিপ্ত ( আক্ষেপ দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, যাহাতে আক্ষেপ জন্মিয়াছে ; যথা – আক্ষিপ্ত চিত্ত। ২। নিক্ষিপ্ত, অবধূত। ৩। অধঃক্ষিপ্ত, পাতিত, দূরীকৃত। ৪। বাহিত, আনীত। ৫। অধিক্ষিপ্ত, দূষিত, ভর্ৎসিত। ৬। নিন্দিত। ৭। আকৃষ্ট।

আক্ষিপ্তচিত্ত (আক্ষিপ্ত – চিত্ত) বিং, ত্রিং, যাহার চিত্তে আক্ষেপ জন্মিয়াছে, আক্ষিপ্তহৃদয়।

আক্ষিপ্তহৃদয় (আক্ষিপ্ত – হৃদয়) বিং, ত্রিং, [আক্ষিপ্তচিত্ত দেখ।

আক্ষীব (অক্ষীব দেখ) সং, পুং, শোভাঞ্জনবৃক্ষ। ২। বিং, ত্রিং, মাদকাদি দ্রব্য সেবনে মত্ত।

আক্ষেপ (আ – ক্ষিপ্ [ক্ষেপণ করা] খেদ করা ইত্যাদি + অ(অল্) – ভাবে ) সং, পুং, নিক্ষেপ, ক্ষিপ্রপ্রেরণ। ২। আকর্ষণ। শিং – ১ “বদনমপহরন্তীং তৎকৃতাক্ষেপমীশঃ।” ৩। বিক্ষেপ, বিন্যাস, স্থাপন। শিং – ১“গোরোচনাক্ষেপ নিতান্তগৌরে।” (কুমার)। ৪। অন্যকর্ত্তৃক আকর্ষণ, অপহরণ। “যত্রাংশুকাক্ষেপবিলজ্জিতানাং।” (কুমার)। ৫। ভর্ৎসনা, তিরস্কারবচন। শিং – ১ “বিরুদ্ধমাক্ষেপবচস্তিতিক্ষতঃ।” (কিরাত)। ৬। অপবাদ, নিন্দা। ৭। আক্ষেপণ, উপস্থিতি। শিং – ১“মুখ্যার্থস্যেতরাক্ষেপো বাক্যার্থেঽন্যসিদ্ধয়ে।” ( সাহিত্য )। ৮। অবসান। ৯। ক্ষোভ, মনস্তাপ। ১০। কাব্যের অলঙ্কারবিশেষ, বিবক্ষিত বিষয়ের বিশেষ প্রতিপাদনের নিমিত্ত নিষেধের ন্যায় যে উক্তি।

আক্ষেপক ( আক্ষেপ দেখ, অক(ণক) – ক ) বিং, ত্রিং, নিন্দাকারী, অপবাদকর্ত্তা। ২। সং, পুং, ব্যাধ। ৩। বাতরোগ-বিশেষ। শিং – ১“যদা তু ধমনীঃ সর্ব্বাঃ কুপিতোঽভ্যেতি মারুতঃ। তদা ক্ষিপত্যাশু মুহুর্মুহুর্দেহং মুহুশ্চরঃ। মুহুর্মুহুস্তদাক্ষেপাদাক্ষেপক ইতি স্মৃতঃ।” (নিদান)।

আক্ষোট } আক্ষোড় } (অক্ষ – ওট + অ(ক) – স্বার্থে। ২য় পক্ষে—অক্ষ – ওড় + অ(ক) – স্বার্থে) সং, পুং, আখরোট গাছ।

আক্ষোদন(আ – ক্ষুদ্ চূর্ণ করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, মৃগয়া।

আখটী, আখুটী, আখুট (অখট্টি শব্দজ) বালকেরা যদৃচ্ছাপ্রবৃত্ত হইয়া বাসনানুরূপ দ্রব্য না পাইলে যে দৌরাত্ম্য করে, আবদার ; যথা —“এমন সময়ে রাজভবনের অনতিদূরে এক ব্রাহ্মণশিশু আখুটি করিয়া ক্রন্দন করিতে আরম্ভ করিল।” (বিজয়বসন্ত)।

আঁখড়া (দেশজ) সং, গুণি গায়কের সংগীত চালনারস্থল, আড্ডা, পাঠশালা।

আখণ্ডল (আ – খণ্ড্ ভগ্ন করা + অল(ডল) – ক, সংজ্ঞার্থে। যিনি বজ্র দ্বারা পর্ব্বত ভাঙ্গেন বা শত্রু নাশ করেন) সং, পুং, ইন্দ্র, সহস্রাক্ষ। শিং – ১ “আখণ্ডলঃ কামমিদং বভাষে।” (কুমার)।

আখণ্ডলধনুঃ ( আখণ্ডল – ধনুস্ ) সং, ক্লীং, [ইন্দ্রধনুঃ।

আখ্‌তা (যাবনিক) খাসি ঘোড়া।

আখ } আখন } (আ – খন্ খনন করা + অ(ড), অন – ক, ণ। যাহার দ্বারা মৃত্তিকা খনন করা যায় অথবা যাহা মৃত্তিকা খনন করে) সং, পুং, খনন সাধন—খনিত্র, খন্তা, ছোরা প্রভৃতি।

আখনিক (আ – খন্ খনন করা + ইক – ক, সংজ্ঞার্থে। যে মৃত্তিকা খনন করে) সং, পুং, চোর। ২। মূষিক। ৩। শূকর। ৪। খনন সাধন—খনিত্র, খন্তা। ৫। বিং, ত্রিং, খননকারী।

আখনিকবক } আখর } (আখনিক দেখ, ইকবক, অর – ক, ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা মৃত্তিকা খনন করা যায় বা যে মৃত্তিকা খনন করে) সং, পুং, খনিত্র, খন্তা।

আখর (অক্ষর শব্দের অপভ্রংশ) যথা—

“না মিলিল সুন্দরী শুনি ভয়ে ক্ষীণ,
রোয়ত মাধব অবনিশি দিন।
রা রা ধা ধরি আখর এক
গদ গদ কণ্ঠ নায় হয় পরতেক।”(পদকল্প)

আখরদেওয়া – কীর্ত্তনগানকালে গীতাতিরিক্ত সময়োচিত দুই চারিটী সুমধুর শব্দ প্রয়োগ ; যথা —
মূলগীত—“সীদতি মম হৃদয়মধীরং।
আখর—(উহু মরি মা মরি মা প্রাণ যায়)

মূলগীত—"যদভজমিহ নহি গোকুলবীরং।"
আখর—(কেন তারে ভজলেম না মা)
সাধারণতঃ কীর্ত্তনাদির গানেই আখর-
দেওয়ার রীতি দেখা যায়।

**আখরিয়া** (অক্ষরিয়া শব্দজ। মূল শব্দ অক্ষর) লেখক। যথা—
"শ্রীবিজয়দাস নাম প্রভুর আখরিয়া।
প্রভুর অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া।"

**আখা** (আ—পূর্ব্ব খন্‌ধাতুজ) সং, চুল্লী, উনান।

**আখাত** (অখাত+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং—ক্লীং, অখাত, দেবখাত, অকৃত্রিম জলাশয়।

**আখিরী** (যাবনিক) শেষ, সমাপ্তি, অন্ত।

**আখু** (আ—খন্ খোঁড়া+উ(ডু)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, মূষিক। ২। শূকর। ৩। চোর। ৪। কৃপণবিশেষ। শিং—১ 'বিভবে সতি নৈবাত্তি ন দদাতি জুহোতি ন। তমাহরাখুং ইত্যাদি।" ৫। দেবতাড়বৃক্ষ।

**আখুকর্ণী** (আখু ইন্দুর—কর্ণ। ইন্দুর-কর্ণের ন্যায় পত্র যাহার) সং, স্ত্রীং, লতাবিশেষ, মূষাকাণী।

**আখুগ** (আখু মূষিক—গ যে গমন করে। যিনি মূষিক দ্বারা গমন করেন) সং, পুং, মূষিকবাহন, গণেশ।

**আখুটী** (আখটী দেখ)।

**আখুটে, আকৃখুটে** (অখট্টি শব্দজ) বিং, আব্‌দেরে। যথা—"আকৃখুটে ছেলে।"

**আখুন, আখুন্দ** (যাবনিক) শিক্ষক।

**আখুপর্ণী, আখুপর্ণিকা** (আখু ইন্দুর—পর্ণ পাতা। যাহার পাতা ইন্দুরের কাণের ন্যায়) সং, স্ত্রীং, লতাবিশেষ, ইন্দুরকাণী।

**আখুভুক্** (আখুভুজ্, আখু মূষিক—ভুক্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে। যে মূষিক ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, বিড়াল।

**আখুরথ** (আখু মূষিক—রথ শকট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মূষিকবাহন, গণেশ।

**আখুবিষহা** (আখু ইন্দুর—বিষ—হা যে নাশ করে) সং, স্ত্রীং, দেবতাড় বৃক্ষ। ২। দেবদালী লতা।

**আখেজ** (যাবনিক) বিবাদ, কলহ।

**আখেট—পুং, আখেটন—ক্লীং** (আ—খিট্ [ত্রাসিত করা] মৃগয়া করা+অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, মৃগয়া, পশুপক্ষি শিকার। ২। ত্রাস, ভীতি।

**আখেটক** (পূর্ব্ব ব্যুৎপত্তি দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, শিকারী, যে সকল জীব অপর জন্তু ধরিয়া তাহার মাংসদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ২। মৃগয়াশীল, মৃগহিংসানিযুক্ত। শিং—১"আখেটকস্তু ধর্ম্মেণ বিভবাঃ সূর্য্যবংশে নৃণাম্।" ৩। ত্রাসজনক, ভয়োৎপাদক। ৪। (+কণ্—স্বার্থে) পুং, মৃগয়া। শিং—১ "ন পুনস্তে কদাচিদাখেটকে গতির্ভবিষ্যতি।"

**আখেটিক** (আখেট মৃগয়া+ইক—নিপুণার্থে) সং, পুং, মৃগয়াকুশল কুক্কুর, শিকারী কুক্কুর। ২। যে ব্যক্তি মৃগয়া করে, মৃগয়াচারী। ২। যে ব্যক্তি মৃগয়া দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, মৃগয়াজীবী, ব্যাধ। ৩। বিং, ত্রিং, মৃগয়া-সংক্রান্ত, মৃগয়ার উপযুক্ত; যথা—আখেটিক বেশ, আখেটিক অস্ত্র। ৪। মৃগয়াকর্ত্তা। ৫। ত্রাসজনক, ভয়ঙ্কর।

**আখের** (যাবনিক) শেষ, পরিণাম; যথা—
"দেবী ব[illegible] সেই গাছে গড়ায় সিন্দুর।
হায় হায় আখেরে কি হইবে হিন্দুর।"

**আখোট** (অক্ষোট দেখ) আখরোট ফল।

**আখ্যা** (আ—খ্যা বলা+অ(ঙ)—ণ। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নাম, সংজ্ঞা। শিং—১ "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম।" (কুমার)। ২। (+ঙ—ভাবে) কথন।

**আখ্যাত** (আখ্যা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, নির্দ্দিষ্ট, উল্লিখিত। ২। ব্যাখ্যাত, আহূত। ৩। প্রসিদ্ধ, প্রকাশিত। ৪। সূচিত। ৫। ব্যাকরণে—তিঙন্তপদ, তি প্রভৃতি বিভক্তি। ক্রিয়াপ্রধান। ভাবপ্রধান।

**আখ্যান** (আ—খ্যা বলা+অন(অনট্)—ভা, র্ম্ম) সং, ক্লীং, কথন, প্রখ্যাপন। ২। নামোল্লেখ। ৩। ইতিহাস। ৪। উপন্যাস, কল্পিত বৃত্তান্ত, আখ্যায়িকা। ৫। আর্ষ মহাকাব্যের (রামায়ণ মহাভারতাদির) সর্গ। শিং—১

"অস্মিন্নার্ষে পুনঃসর্গা ভবন্ত্যাখ্যানসংজ্ঞকা।" (সাহিত্যদর্পণ)।

আখ্যায়ক (আ—খ্যা বলা+অক(ণক)—ক) বিং, ত্রিং, কথক, প্রচারক, উদ্ঘোষক, প্রকাশক। ২। বার্ত্তাহর।

আখ্যায়িকা (আখ্যান দেখ, অক—প্রং। য—আগম) সং, স্ত্রীং, উপলব্ধার্থকথা, বিদিত বৃত্তান্ত কথা, ইতিহাস বা উপন্যাসবিষয়ক প্রবন্ধবিশেষ; যেমন—হর্ষচরিতাদি, কাদম্বরী ইত্যাদি।" শিং—১ "আখ্যায়িকা কথাবৎস্যাৎ কবে র্বংশাদিকীর্ত্তনম্। অস্যামন্যকবীনাং চ বৃত্তং গদ্যং ক্বচিৎ ক্বচিৎ।" (সাহিত্যদর্পণ)।

আখ্যায়ী (আখ্যায়িন্, আখ্যান দেখ, ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, কথয়িতা, বক্তা। ২। আবেদনকারী(দূতাদি)। শিং—১"রহস্যাখ্যায়ীব স্বনসি মৃদু কর্ণান্তিকচরঃ।"(শকু)

আখ্যেয় (আ—খ্যা বলা+য—র্ম্ম) বিং, ত্রিং, কথনীয়, বাচ্য, বক্তব্য। শিং—১ "শব্দাখ্যেয়ং যদপি কিল তে যঃ সখীনাং পুরস্তাৎ। (মেঘদূত)।

আগঃ (আগস, ই গমন করা+অস—ক। ই=আগ্। যাহার দ্বারা অধোগমন করে) সং, ক্লীং, অপরাধ, দোষ। শিং—১"সহিষ্যে শতভাগাংসি সূনোস্ত ইতি যত্তয়া।" ২। ক্ষতি। ৩। পাপ, অধর্ম্ম।

আগচ্ছমান (আ—গম্ গমনকরা+শানচ—ক) বিং, ত্রিং যাহা বা যে আসিতেছে; যথা—"আগচ্ছমান অরাতিমণ্ডল।"

আগড়া (দেশজ) সং, তুচ্ছধান্য, শস্যহীন ধান্য।

আগড়ী (দেশজ) বিং, ত্রিং, অগ্রগামী, অগ্রসর।

আগত(আ—গম্ [গমন করা] আসা+ত(ক্ত)—ক। ম্—লোপ) বিং, ত্রিং, যে আসিয়াছে, যাহা ঘটিয়াছে, যাহা পঁহুছিয়াছে। ২। উপস্থিত, আয়াত। ৩। (+ত(ক্ত)—র্ম্ম) প্রাপ্ত, লব্ধ, অধিগত। ৪। (+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, আগমন। ৫। অবস্থান, সংস্থিতি।

আগন্তু, আগান্তু (আ—গম্ [যাওয়া] আসা+তুন্—ক) সং, পুং, অতিথি, অভ্যাগত। ২। অজ্ঞাত কুলশীলাদি নবাগত ব্যক্তি। শিং—১ "অকস্মাদাগন্তুনা সহ বিশ্বাস ন যুক্তঃ।" ৩। আকস্মিক রোগাদি, শল্যভেদ। ৪। বিং, ত্রিং, আগমনশীল। ৫। অনিয়ত, অনিয়তস্থায়ী।

আগন্তুক (আগন্তু দেখ, কণ্—স্বার্থে) বিং, ত্রিং, যে বিষয় অকস্মাৎ ঘটে, যাহা অতর্কিতরূপে উপস্থিত হয়, যাহা ঘটিবে বলিয়া ভাবা যায় না, হঠাৎ উপস্থিত। অনিত্যস্থায়ী, আহার্য্য। ২। আগমনশীল। ৩। সং, পুং, নবাগত ব্যক্তি, অভ্যাগত। ৪। অতিথি। ৫। আগত। ৬। আতিথ্যাদি দ্বারা উপজীবী জন। ৭। অজ্ঞাতস্বামিক পশু আদি। ৮। আকস্মিক রোগ, শল্যভেদ।

আগম (আ—গম্ গমন করা+অ(অল্)—ণ) সং, পুং—ক্লীং, বেদাদি শাস্ত্র। শিং—১ "সিদ্ধং সিদ্ধৈঃ প্রমাণৈস্তু হিতং চাত্র পরত্র চ। আগমং শাস্ত্রমাপ্তানামাপ্তাস্তত্ত্বার্থবেদিনঃ।" এই লক্ষণাক্রান্ত আপ্তবাক্যাত্মক শাস্ত্রমাত্র; যথা—"বহুধাপ্যাগমৈর্ভিন্নাঃ পন্থানঃ সিদ্ধিহেতবঃ।" (রঘু)। (আগম অর্থাৎ তৃতীয় সাংখ্যাদি দর্শন) শিং—১ "ইহ দুরধিগমৈঃ কিঞ্চিদেবাগমৈঃ।" (কিরাত)। (আগম=পুরাণাদি) ২। তন্ত্রশাস্ত্র। (ইহা শিববক্তবক্ত্রাগত, গিরিজাননগত ও বাসুদেব মতসম্মত বলিয়া, 'আগত' 'গত' ও 'মত' এই তিন শব্দের আদি অক্ষর লইয়া নিষ্পন্ন)। শিং—১ "'আ' গতং শিব বক্ত্রেভ্যো-

'গ' তঞ্চ গিরিজাশ্রুতৌ,

'ম' তঞ্চ বাসুদেবস্য

তস্মাদাগমমুচ্যতে।"

৪। শাস্ত্রজ্ঞান, শাস্ত্রপরিশ্রম। "আকারসদৃশপ্রজ্ঞঃ প্রজ্ঞয়াসদৃশাগমঃ।" ৫। (+অল্—ভাবে) পুং, আগমন, উপস্থিতি। "জন্মমৃত্যোরিবাগমম্।" ৬। উপদেশ পরম্পরা। ৭। আশ্রয়। ৮। ব্যবহারশাস্ত্রে—(+অল্—ণ) লেখ্যাদিপ্রমাণ, সাক্ষিপত্রাদি, সন্দিগ্ধ অর্থসাধক পত্রলেখ্যাদি। ৯। (+অল্—ক)

ব্যাকরণে—প্রকৃত্যাদির অনুপঘাতে উপস্থিতবর্ণ, প্রকৃতি প্রত্যয়কে অবিকৃত রাখিয়া তন্মধ্যে প্রবেশ ; যেমন—ইড়াদি। ১০। লাভ, অধিগম, প্রাপ্তি, উপার্জ্জন। ১১। আয়, যেমন অর্থাদির আগম। ১২। আমদানি। শিং—১"আগমং নির্গমং স্থানং তথা বৃদ্ধিক্ষয়াবুভৌ।" ১৩। ধারা, প্রবাহ।

আগমন (আগম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উপস্থিত, আসা, পঁহুছন ; যথা—ভরতাগমন। ২। মৈথুন, স্ত্রীসঙ্গম। শিং—১ "অন্ত্যাগমনপাপস্য পাপঃ পৃচ্ছন্ স নিষ্কৃতিম্।"

আগমবিরোধ (আগম শাস্ত্রাদি—বিরোধ বিরুদ্ধতা) সং, পুং, শাস্ত্রবিরুদ্ধতা, শ্রুতিবিরোধ। ২। অলঙ্কারশাস্ত্রে—কাব্যের অর্থদোষবিশেষ।

আগমবেদী (—বেদিন, আগম—বেদী যে জানে) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ, পণ্ডিত। ২। পুং, শঙ্করাচার্য্যের গুরু গৌড়পাদাচার্য্য।

আগমাবর্ত্তা ; সং, স্ত্রীং, বৃশ্চিকালীবৃক্ষ, বিছাটী।

আগমিত (আ—গম-ণিচ=গমি [গমন করান] অধ্যয়ন করা ইত্যাদি + ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, অধীত, অভ্যস্ত। ২। জ্ঞাত। ৩। প্রাপ্ত।

আগর (দেশজ) সম্বোধন। যথা—
"গুণসাগর নাগর আগর হে।
নট না কর না কর না কর হে।" (অন্নদা)।

আগলন, আগলান (দেশজ) সং, আবরণ, রক্ষাকরণ।

আগস্কৃৎ, আগস্কৃত (আগস্ অপরাধ—কৃৎ, কৃত [কৃ করা + ০(ক্বিপ্)—ক, ২য় পক্ষে + ত(ক্ত)—র্ম্ম] যে করিয়াছে। যে অপরাধ করিয়াছে) বিং, ত্রিং, অপরাধী। ২। পাপী। শিং—১ "অভ্যর্ণমাগস্কৃতমস্পৃশদ্ভিঃ।"(রঘু)।

আগা (অগ্র শব্দজ) সং, অগ্র, ধার, কিনারা। ২। উপরিভাগ ; যেমন দৈয়ের আগা।

আগাও (যাবনিক) আগাম, অগ্রিম।

আগাগোড়া (দেশজ) আদি হইতে অন্তপর্য্যন্ত, সমস্ত ; যথা—"আগাগোড়া অশুদ্ধ।"

আগাছা (দেশজ) অব্যবহার্য্য গাছ।

আগাড়ী (অগ্র শব্দজ) অগ্রবর্ত্তী, অগ্রগামী।

আগাধ (অগাধ+অ—স্বার্থে) বিং, ত্রিং, অগাধ, গম্ভীর।

আগাম (অগ্রিম শব্দজ) অগ্রে।

আগামী (আগামিন্, আ—গম্ [গমন করা| আসা + ইন্(ণিন্)—ক, ভবিষ্যৎকালে) বিং,ত্রিং, যাহা আসিবেক, যাহা ঘটিবেক, যাহা উপস্থিত হইবেক, ভবিষ্যৎ, ভাবী।

আগার (অগার + অ(ষ্ণ)—প্রং) সং,পুং, গৃহ।

আগাল (দেশজ) শেষভাগ, যথা—"চেলের আগাল খুদ।"

আগি (অগ্নি শব্দজ) সং,পুং, আগুন ; যথা—
"এ সখি হৃদয়ে জ্বলত মঝু আগি।
কঠিন পরাণ রহত কথি লাগি।"

আগু—অগ্র, প্রথম ; যথা—"আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস।"

আগুড়ী (আ—পূর্ব্ব গম্ ধাতুজ) বিং, আগামী, অগ্রিম।

আগুদল (অগ্রদল শব্দজ) ব্যগ্রতা পূর্ব্বক অগ্রে যাওয়া। যথা—
"পিশাচ ভৈরব দলে, যক্ষ রক্ষ আগুদলে,
ঘণ্টাকর্ণ নন্দী মহাকাল।" (অন্নদা)।

আগুন (অগ্নি শব্দজ) বহ্নি, আগুন। কপালে আগুন—দুরদৃষ্ট, মন্দ অদৃষ্ট। যথা—
"আর সবে ভোগ করে কত মত সুখ।
কপালে আগুন মোর না ঘুচিল দুঃখ।"
২। সর্ব্বনাশ হওয়া, ধ্বংস হওয়া ; যথা—
"একের কপাল রহে, আরের কপাল দহে,
আগুনের কপালে আগুন।"

আগুনওঠা—ঝগড়া হওয়া, বেধে যাওয়া ; যথা—"উচিত কথা বলিলেই আগুন উঠে।"

আগুনখাগী ; সহমৃতা। ২। অতিশয় ক্রোধান্বিতা।

আগুনলাগা—অগ্নিসংযুক্ত হওয়া। যেমন—ঘরে আগুন লেগেছে। ২। গোলযোগ হওয়া, বিশৃঙ্খল হওয়া ; যথা—ব্যবসায়ে আগুন লেগেছে। ৩। ধ্বংস হওয়া; যথা—সংসারে আগুন লাগুক।

আগুনহওয়া—অতিশয় ক্রোধান্বিত হওয়া ; যথা—"এই কথা শুনিয়া তিনি আগুন হইয়া উঠিলেন।"

আগুনি (অগ্নি শব্দজ) অগ্নি ; যথা—
"বিষের অধিক বিষ পাপ ননদিনী।
দারুণ শাশুড়ী মোর জ্বলন্ত আগুনি।"
আগুপাছু (অগ্রপশ্চাৎ শব্দের অপভ্রংশ) সম্মুখে ও পশ্চাতে। ২। ভূৎ ভবিষ্যৎ ; যথা—"সুজন নাগর পেয়ে আগুপাছু নাহি চেয়ে।" (বিদ্যাসুন্দর)।
আগুয়ান (অগ্রযান শব্দজ) অগ্রসর। যথা—
"পরম সন্তোষে, দুন্দুভি নির্ঘোষে,
ইন্দ্র হইল আগুয়ান।" (অন্নদা)।
২ "একলি চলিলি ধনি হয়ে আগুয়ান।"
আগুলিল (দেশজ) আটক করা।
আগুসরি } (অগ্রসর শব্দজ) অগ্রসর, অগ্র-
আগুসর } গামী ; যথা—
"সব জন তেজিয়া, আগুসরি ফুকরহ।
আড়বদনে তেঁহি ফিরি।" (বিদ্যাপতি)।
২"হাতে অস্ত্র করিয়া ধাইয়া আগুসরে।"
আগৃ (আ—গৃ [মলত্যাগ করা] অঙ্গীকার করা+০(ক্বিপ্)—ভা, র্ম্ম। অথবা আ—গম্ গমন করা+উ(ডূ)—র্ম্ম) সং, স্ত্রীং, প্রতিজ্ঞা, প্রতিশ্রুত, অঙ্গীকার।
আগে (অগ্রেশব্দের অপভ্রংশ) প্রথমে; যথা—
"আগে দিয়া কত দুঃখ, মধ্যে দিলে কত সুখ,
শেষে দুঃখ বাড়ালি দ্বিগুণ।" (অন্নদা)।
২। পূর্ব্বে ; যথা—"আগে দিয়া ভরসা পশ্চাতে কর খুন।" (অন্নদা)।
৩। সম্মুখে ; যথা—
"রত্নাকর ভীত হইল মনুষ্যের আগে।
যোড়হস্ত করিয়া বন্ধন নিল মেগে।"
আগেপাছে (অগ্রপশ্চাৎ শব্দের অপভ্রংশ) সম্মুখে ও পশ্চাতে ; যথা—
"আগে পাছে দানা ধায় প্রথমে বেতাল।"
আগেভাগে (অগ্রভাগ শব্দের অপভ্রংশ) প্রথমেই ; যথা—
"আগেভাগে হরি, বিধি সঙ্গে করি,
গেলা হেমন্তের ঘরে।" (অন্নদা)।
২"পূজা না হইতে মাগে আগেভাগে বর।"
৩ "ক্ষীরের প্রীতিতে নীর আগেভাগে মরে।"
আগোড় (দেশজ) সং, আবরণ, ঝাঁপ।
আগ্ (অগ্র শব্দজ) বিং, আদি, প্রথম।
আগ্‌বাড়ান (দেশজ) অগ্রসর হইয়া আনয়ন।

আগ্নেয় (অগ্নি+এয়(ঢয়)—তদ্দেবতার্থে। ই=এয়) সং, পুং, অগস্ত্যমুনি। ২। ক্লীং, নগরবিশেষ, দেবীকোটা। ৩। রক্ত। ৪। রক্তবর্ণ। ৫। স্বর্ণ। ৬। ঘৃত। ৭। অগ্নিপুরাণ।"অগ্নিনোক্তং পুরাণং যদাগ্নেয়ং বেদসম্মিতম্।" ৮। বিং,ত্রিং,অগ্নি যাহার গর্ভে আছে, অগ্নিগর্ভ ; যথা—আগ্নেয় পর্ব্বত। ৯। অগ্নির সহিত যাহার সংস্রব আছে, অগ্নিসংযোগে যাহার কার্য্য নির্ব্বাহ হয় ; যথা—আগ্নেয় অস্ত্র। ১০। যাহাতে অগ্নি বৃদ্ধি করে ; যথা—আগ্নেয় ঔষধ। ১১। অগ্নি হইতে উৎপন্ন, অগ্নিসম্ভূত। ১২। অগ্নিসম্বন্ধীয়, অগ্নিজন্য, অগ্নিকর। ১৩। যাহা অগ্নির ন্যায় দীপ্তিমান্, অগ্নিবিশিষ্ট ; যথা—"আগ্নেয় অক্ষরে লেখা দেখিলা নৃমণি।"(মেঘ)। ১৪। য়ী—স্ত্রীং,অগ্নিপত্নী, স্বাহা। ১৫। অগ্নিকোণ। ১৬। উরুরপত্নী।
আগ্নেয়-গিরি (Volcano) সং, পুং, যে পর্ব্বত হইতে অগ্নি ও ধাতুনিঃস্রব নির্গত হয়।
আগ্নেয়-প্রস্তর (Volcanic Formation) যে প্রস্তর সকল অগ্নির সাহায্যে তাহাদের বর্ত্তমানাবস্থা প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ তাহারা অগ্নির দ্বারা দ্রব হওনানন্তর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে, ঐ সকল প্রস্তরের নাম "আগ্নেয়-প্রস্তর।"
আগ্নেয়াস্ত্র (আগ্নেয়—অস্ত্র) এই অস্ত্র ঔর্ব্ব সগরকে দিয়াছিলেন। অধুনাতন 'কামান, বন্দুক' আদির ন্যায় শতঘ্নী নামে এক প্রকার ভয়ানক আগ্নেয় অস্ত্র প্রাচীনকালে ব্যবহৃত হইত। স্থলবিশেষে ইহা 'ব্রহ্মাস্ত্র' 'একাঘ্নী'বা'পাশুপত' নামে বিনির্দ্দিষ্ট আছে। ভারতবর্ষ যবনাধিকারভুক্ত হইবার অব্যবহিত পূর্ব্বেও 'রাজস্থান' প্রভৃতি ক্ষত্রপ্রধান প্রদেশে ইহা প্রচলিত ছিল বিখ্যাত 'চন্দ' কবি অনেক স্থলে 'নলনালা' অগ্ন্যস্ত্রের উল্লেখ করিয়াছেন।
আগ্রথন (আ—গ্রথ্ গাঁথা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গাঁথা। ২। বন্ধন।
আগ্রহ (আ—গ্রহ্ [গ্রহণ করা] যত্ন করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং,পুং, অতিযত্ন,

কোন বিষয়ে সবিশেষ যত্ন বা ব্যগ্রতা; যথা—সে আগ্রহ পূর্ব্বক এই কর্ম্ম করিল। ২। অতিব্যগ্রতা। ৩। আক্রমণ। ৪। অনুগ্রহ,প্রসাদ। ৫। সাহায্য। ৬। সামর্থ্য। ৭। গ্রহণ। ৮। অভিনিবেশ, আসক্তি। শিং—১ "ইত্যাগ্রহাদ্বদন্তং তং স পিতা তত্র নীতবান্।" ৯। অতিক্রম, অতিবর্ত্তন।

আগ্রহায়ণ } (অগ্র—হায়ন+অ(ষ্ণ), ইক আগ্রহায়ণিক } (ষ্ণিক)—স্বার্থে) সং, পুং, অগ্রহায়ণ মাস, মার্গশীর্ষ মাস। মতান্তরে —এই নাম বৎসরের আদি মাস।

আগ্রহায়ণী (অগ্রহায়ণ+অ(ষ্ণ)—ভবার্থে। স্ত্রীলিঙ্গে—ঈ) সং, স্ত্রীং, মার্গশীর্ষপূর্ণিমা, অগ্রহায়ণমাসেরপূর্ণিমা। ২। মৃগশিরানক্ষত্র।

আগ্রহারিক (অগ্রহার+ইক—প্রং) সং, পুং, অগ্রদানী ব্রাহ্মণ, মৃতদানগ্রাহী বিপ্র।

আগ্রায়ণ (অগ্র—অয়ন+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, নব নব শস্য নিমিত্ত যাগ, শরৎ এবং বসন্ত বিহিত নবান্নশ্রাদ্ধ।

আঘট্টক (আ—ঘট্ট চালিত করা+অক—ক) সং, পুং, রক্তাপামার্গ বৃক্ষ।

আঘট্টন (আ—ঘট্ট্ চালিত করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, সঙ্ঘট্টন। ২। আঘাত। ৩। কম্পন, সঙ্কলন। না—স্ত্রীং।

আঘাট (অঘট্ট শব্দজ) সং, কুঘাট। ২। (আ—ঘাটি হিংসা করা+অ—প্রং) পুং, সীমা। ২। আপাং গাছ।

আঘাত (আ—হন্ বধকরা+অ(ঘঞ্)—ভা। হন্=ঘাত) সং, পুং, মুষ্টি পদাদি দ্বারা প্রহার, শস্ত্রাদি দ্বারা ভেদ; যেমন—অস্ত্রের আঘাত। ২। বধ। ৩। ছেদন। ৪। তাড়ন। ৫। (+ঘঞ্—ধি) বধস্থান, বধ্যভূমি। শিং—১ "আঘাতং নীয়মানস্য বধস্যেব পদে পদে।" ৬। আঘট্টন।

আঘাতক (আঘাত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, তিকা—স্ত্রীং, যে আঘাত করে।

আঘাতন (আ—হন্-ণিচ্=ঘাতি বধ করান +অন(অনট্)—ধি) সং, ক্লীং, বধ্যগৃহ, হত্যাস্থান। ২। (+অনট্—ভাবে) আহনন, তাড়ন।

আঘাতসহত্ব (Malleability) যে গুণ থাকাতে কতকগুলি বস্তু আঘাত প্রাপ্ত হইলে ভগ্ন না হইয়া পার্শ্বের দিকে বিস্তৃত হয় তাহাকে আঘাতসহত্ব বলে। এই গুণ না থাকিলে কোন বস্তুকে পিটিয়া পাত প্রস্তুত করিতে পারা যাইত না। স্বর্ণ, রৌপ্য, তাম্র, প্লাটিনম্ ইত্যাদি বিলক্ষণ আঘাত সহ।

আঘাতী (—তিন্, আঘাত+ইন্—অস্ত্যর্থে। বিং, ত্রিং, যাহাকে আঘাত লাগিয়াছে।

আঘার (আ—ঘৃ সেচন করা+অ(ঘঞ্)—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, ঘৃত, আজ্য। ২। (+ঘঞ্—ভাবে) হোম। ৩। পাক।

আঘাবিঘা (আঘা আঘাত শব্দজ—বিঘা বিঘ্ন শব্দজ) বাধা, প্রতিবন্ধক।

আঘূর্ণন (আ—ঘূর্ণ্ ভ্রমণ করা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, চক্রের ন্যায় ভ্রমণ, ফিরণ। ২। পরিভ্রমণ, ঘোরান।

আঘূর্ণিত (আঘূর্ণন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঈষদ্ঘূর্ণিত, ভ্রামিত। শিং—১"আঘূর্ণিতো বা বাতেন স্থিতঃ পোতে মহার্ণবে।"

আঘোষিত (আ—ঘোষি শব্দ করান+ত (ক্ত)—র্ম্ম) বিং ত্রিং, প্রচারিত, যাহা ঘোষণা করিয়া [illegible] হইয়াছে।

আঘ্রাণ (আ—ঘ্রা গন্ধগ্রহণ করা, শোঁকা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নাসিকা দ্বারা গন্ধগ্রহণ। ২। সন্তোষ। ৩। তৃপ্তি। (+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, তৃপ্ত, সন্তুষ্ট।

আঘ্রাত (আঘ্রাণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার গন্ধ গ্রহণ করা হইয়াছে, যাহা ঘ্রাণ করা গিয়াছে। ২। আক্রান্ত। ৩। সন্তুষ্ট। ৪। (+ত(ক্ত)—ক) তৃপ্ত। ৫। অতিক্রান্ত, অতিবর্ত্তিত।

আঘ্রায়ক (আ—ঘ্রা গন্ধ গ্রহণ করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে আঘ্রাণ লয়।

আঙ্কুশিক (অঙ্কুশ+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, আঁকুশি।

আঙ্গ (অঙ্গ+অ(ষ্ণ)—প্রং) সং,ক্লীং, কোমল অঙ্গ। ২। বিং, ত্রিং, অঙ্গসম্বন্ধীয়, শারীর, অঙ্গাধিকারীয়। ৩। নাটকাঙ্গসম্বন্ধী, বেদাঙ্গসম্বন্ধী। [লের আভরণ।

আঙটী (অঙ্গুরী শব্দজ) সং, অঙ্গুরীয়ক, আঙু-

আঙ্গার (অঙ্গার+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, অঙ্গাররাশি, অঙ্গারসমূহ। ২। বিং, ত্রিং, অঙ্গারসম্বন্ধীয়।

আঙ্গরা (অঙ্গার শব্দজ) সং, দগ্ধকাষ্ঠ, কয়লা।

আঙ্গরাখা (অঙ্গরক্ষা শব্দজ) গাত্রবসনবিশেষ, জামা।

আঙ্গার্য্যস্তর (Carboniferous Formation) ভূগোলবেত্তারা কহেন যে, বারুণস্তর তিন যুগে উৎপন্ন হইয়াছে, তন্মধ্যে প্রথম যুগে ছয় জাতীয় স্তর উৎপন্ন হয়। ঐরূপ পঞ্চম জাতীয় স্তরকে "আঙ্গার্য্যস্তর" কহে।

আঙ্গিক (অঙ্গ+ইক(ষ্ণিক)—কৃতার্থে) বিং, ত্রিং, অঙ্গ দ্বারা নিষ্পন্ন, অঙ্গভঙ্গি দ্বারা সূচিত, নট নটীদিগের অঙ্গনিষ্পন্ন ভাবব্যঞ্জক ভ্রূবিক্ষেপাদি, নাট্যশাস্ত্রে—ইহা এক প্রকার অভিনয়বিশেষ। "ভবেদভিনয়োঽবস্থা অনুকারঃ স চতুর্ব্বিধঃ। আঙ্গিকো বাচিকশ্চৈবমাহার্য্যঃ সাত্ত্বিকস্তথা।"(সাহিত্যদর্পণ)। ২। অঙ্গজাত, অঙ্গসম্বন্ধীয়। ৩। সং, ক্লীং মৃদঙ্গ বাদ্য। ৪। পুং, মার্দ্দঙ্গিক, মৃদঙ্গবাদক।

আঙ্গিনা (অঙ্গন শব্দজ) উঠান; যথা—
"না এস না এস বঁধূ আঙ্গিনার কাছে।"

আঙ্গিরস (অঙ্গিরস্ ঋষিবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং,পুং, অঙ্গিরস মুনির পুত্র, বৃহস্পতি, দেবগুরু। ২। গোত্রবিশেষ।

আচ্‌কা (আচম্বিত শব্দজ কি?) অকস্মাৎ, হঠাৎ। ২। অসংখ্য।

আচঞ্চল (আ ঈষৎ—চঞ্চল) বিং,ত্রিং, ঈষৎ চঞ্চল, অল্প বিচলিত। [হঠাৎ।

আচমুকা (আচম্বিত শব্দজ কি?) অকস্মাৎ,

আচমন(আ—চম্ ভোজনকরা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, পূজাদি কর্ম্মের পূর্ব্বে বিন্দু বিন্দু জলপানপূর্ব্বক জলদ্বারা দেহ শোধন, সন্ধ্যাবন্দনাদির পূর্ব্বে হস্ত দ্বারা মুখে তিন বার জল দিয়া ওষ্ঠ নাসিকা চক্ষু কর্ণ প্রভৃতি অষ্টঅঙ্গে হস্তস্পর্শ করা। ২। ভোজনোত্তর জল দ্বারা হস্ত মুখ প্রক্ষালন। ৩। হরণ।

আচমনক (আচমন—ক জল। মুখপ্রক্ষালনের জল যাহাতে থাকে, ৭মী—হিং) সং, পুং, নিষ্ঠীবন পাত্র, পিক্‌দান, ডাবর।

আচমনীয় (আচমন দেখ, অনীয়—র্ম্ম) সং, ক্লীং, আচমনীয়জল, মুখ প্রক্ষালনের জল। শিং—১ "উদকং দীয়তে যত্তু প্রসন্নং ফেনবর্জ্জিতং। আচমনায় দেবেভ্যস্তদাচমনমুচ্যতে।" ২। যে বস্তু ভক্ষণ করিয়া রীতিমত আচমন করা আবশ্যক। ৩। ভক্ষ্যদ্রব্য। [হঠাৎ।

আচম্বিং (দেশজ) অং, অকস্মাৎ, দৈবাৎ,

আচরণ (আ—চর্ গমন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, অনুষ্ঠান; যথা—সংকর্ম্মের আচরণ। ২। আচার, ব্যবহার; যথা—তাহার আচরণ ভালনয়।৩। রীতি।

আচরিত (আ—চর্ গমন করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, আচরণ। ২। বিং, ত্রিং, (+ক্ত—র্ম্ম) ব্যবহৃত। ৩। কৃতাচরণ, অনুষ্ঠিত। শিং—১ "দারপুত্র পশূন্ হত্বা কৃত্বা দ্বারোপবেশনম্। যত্রার্থী দাপ্যতেঽর্থং স্বং তদাচরিতমুচ্যতে।"

আচান্ত (আচমন দেখ, ত(ক্ত)—ক। ম্=ন্) বিং, ত্রিং, কৃতাচমন, সমাপ্তাচমনক্রিয়, যে আচমন সমাপ্ত করিয়াছে শিং—১"স্নাত্বা পীত্বা ক্ষুতে সুপ্তে ভুক্ত্বা রথ্যোপসর্পণে। আচান্তঃ পুনরাচামেৎ বাসো বিপরিধায় চ।" (আহ্নিকতত্ত্ব)।

আচাভুয়া (আশ্চর্য্যভূত শব্দজ কি?) অদ্ভুত, আশ্চর্য্য; যথা—
"শাঁখা শাড়ী সিন্দূর চন্দন পান গুয়া।
নাহি দেখি আয়তি কেবল আচাভুয়া।"

আচাম (আচমন দেখ, অ(ঘঞ্)—ভা) সং, আচমন, ভক্ষণ, পান। ২। ভাতের মাড়।

আচার (আ—চর্ [গমন করা] ব্যবহার করা +অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, স্নান আচমনাদি ব্যবহার। শিং—১ "উপনীয় গুরুঃ শিষ্যং শিক্ষয়েচ্ছৌচমাদিতঃ। আচারমগ্নিকার্য্যং চ সন্ধ্যোপাসনমেব চ।" (মনু)। ২। শিষ্টাচার, সদাচার, শিষ্টপরম্পরানুষ্ঠিত পদ্ধতি। ৩। রীতি, পদ্ধতি, নিয়ম; যথা—দেশাচার, কুলাচার। শিং—১ "আচার ইত্যধিকৃতেন ময়া গৃহীতা।"(শকু)। ৪। চরিত্র, ব্যবহারমাত্র। ৫। ব্যবহার শাস্ত্রে—ব্যবহার, বিচার। শিং—১ "আ-

চারেণাবসন্নোঽপি পুনর্লেখয়তে যদি। সোঽভিধেয়ো জিতঃ পূর্ব্বং প্রাঙ্ন্যায়স্থ স উচ্যতে।" [আচারভ্রষ্ট দেখ।

আচারচ্যুত (আচার—চ্যুত) বিং, ত্রিং,

আচারপূত (আচার—পূত পবিত্র) বিং,ত্রিং, আচার দ্বারা পূত, যাহার অনুষ্ঠান সকল নির্দোষ ও পবিত্র, সদাচারী।

আচারভ্রষ্ট (আচার—ভ্রষ্ট) বিং, ত্রিং, আচার হইতে ভ্রষ্ট, যাহার আচার ভাল নয়, আচারহীন, আচারচ্যুত, সদাচাররহিত।

আচারবর্জ্জিত (আচার—বর্জ্জিত) বিং, ত্রিং, নিয়মরহিত, অব্যবস্থিত। ২। সদাচার বহির্ভূত।

আচারবান্ (আচারবৎ, আচার+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, নিয়মবান্, আচারবিশিষ্ট, শিষ্টব্যবহারাশ্রয়ী।

আচারহীন (আচার—হীন) বিং, ত্রিং, সদাচার বহির্ভূত।

আচারী (আচারিন্, আচার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার আচার ভাল, সদাচারী, আচারপূত। ২। সং, স্ত্রীং, হেলেঞ্চা।

আচার্য্য (আ—চর্ [গমন করা] শিক্ষা দেওয়া +য(ঘ্যণ্)—ক) সং,পুং, বেদাধ্যাপক। ২। বৈদিক-মন্ত্র-ব্যাখ্যাকর্ত্তা। ৩। শিক্ষাগুরু। ৪। দ্রোণাচার্য্য। ৫। দৈবজ্ঞব্রাহ্মণ, ব্রাহ্মণ-জাতিবিশেষ। শিং—১ "উপনীয় তু যঃ শিষ্যং বেদমধ্যাপয়েৎ দ্বিজঃ। সকল্পং সরহস্যঞ্চ তমাচার্য্যং প্রচক্ষ্যতে।"

আচার্য্যক (আচার্য্য+কণ্—ইদমর্থে) সং, ক্লীং, আচার্য্যেরকর্ম্ম, উপদেশ।

আচার্য্যা (আচার্য্য দেখ, স্ত্রীলিঙ্গে—আ) সং, স্ত্রীং, বেদমন্ত্রাদি শিক্ষাদাত্রী। ২। শিক্ষা দায়িনী।

আচার্য্যাণী; সং,স্ত্রীং, আচার্য্যপত্নী, গুরুপত্নী।

আচিত (আ—চি একত্র করা ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সঞ্চিত, রাশীকৃত, একত্র সন্নিবেশিত। ২। আচ্ছন্ন, আকীর্ণ, ব্যাপ্ত। শিং—১ "কচাচিতৌ বিষ্বগিবাগজৌ গজৌ।" (মাঘ)। ৩। গ্রথিত, গুম্ফিত। শিং—১ "অর্দ্ধাচিতা সত্বরমুত্থিতায়াঃ।"(কুমার)। ৪। পুং—ক্লীং, দশভার পরিমাণ, ২৫ মন। ৫। শকটোন্মেয়, শকটভার, একগাড়ির বোঝা।

আচূষণ (আ—চূষ্, চূষা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আকর্ষণ, চূষে লওয়া। ২। শৃঙ্গাদি দ্বারা গাত্র হইতে দূষিতরক্ত মোক্ষণ, চোষা। [যাহা চসা হয় নাই।

আচোট (দেশজ) বিং, অনাকৃষ্ট, পতিত,

আছাড় (দেশজ) উৎপতন, অবক্ষেপ, আঘাত; যথা—

কে কারে আছাড়ে, কে কারে পাছাড়ে, কে মানে কাহায়।" (অন্নদা)

আছোলা (দেশজ) অপরিচ্ছন্ন, অপরিষ্কৃত।

আচ্ছন্ন (আ—ছদ্ আবরণকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঢাকা। ২। অভিভূত।

আচ্ছা (দেশজ) অং, হাঁ, স্বীকার।

আচ্ছাদ—পুং } (আ—ছাদি আবরণ
আচ্ছাদন—ক্লীং } করা + অ(ঘঞ্), অন (অনট্)—ভা) সং, আবরণ। ২। (—ণ) ঢাকনি। ৩। বস্ত্র; যথা—গ্রাসাচ্ছাদন। ৪। পরিধান। ৫। বিং, ত্রিং, যাহা দ্বারা ঢাকিয়া দেওয়া যায়; যথা—আচ্ছাদবস্ত্র।

আচ্ছাদক (আচ্ছাদ দেখ, অক(ণক)—ক) বিং,ত্রিং, যে আচ্ছাদন করে, আবরক, যে ঢাকিয়া রাখে, আবর্ত্তক, তিরোধায়ক।

আচ্ছাদনীয় (আ—ছাদি আচ্ছাদন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আচ্ছাদন করিতে হইবে। ২। আচ্ছাদনযোগ্য, যাহার আচ্ছাদন করা উচিত।

আচ্ছাদিত (আচ্ছাদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আচ্ছাদন করা গিয়াছে, আবৃত, ঢাকা, কৃতাচ্ছাদন।

আচ্ছিন্ন (আচ্ছেদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বলদ্বারা গৃহীত, ছিড়িয়া লওয়া। ২। অস্ত্রাদি দ্বারা ছিন্ন।

আচ্ছুক; সং, পুং, আচ্‌ফুলের গাছ।

আচ্ছুরিত (আ—ছুর্ [ছেদন করা] শব্দ করা +ত(ক্ত)—ভা) সং, ক্লীং, সশব্দ হাস্য, উচ্চৈঃস্বরে হাস্য। ২। ঘোড়ার হাসি। ৩। নখে নখে শব্দ। ৪। বিং, ত্রিং, ক্ষত, নখাদি দ্বারা আহত। ৫। ত্রক্ষিত।

আচ্ছুরিতক (আচ্ছুরিত+কণ্—স্বার্থে) সং, ক্লীং, সোৎপ্রাসহাস, পরের অমর্ষজনক হাস্য, সশব্দহাস। ২। ঘোরতর চিঁহি শব্দ। ৩। নখাঘাতবিশেষ, নখেনখে বাদ্য। শিং—১ "সাম্যোন্মুখেনাচ্ছুরিতা প্রিয়েণ দত্তেহথ কাচিৎ পুলকেন ভেদে।"(ভট্টি)। ৪। বিং, ত্রিং, ম্রক্ষিত, মিশ্রিত।

আচ্ছেদ (আ—ছিদ্ [ছেদন করা] বলপূর্ব্বক লওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বলপূর্ব্বক গ্রহণ, ছিনিয়া লওন। ২। ছেদন, কর্ত্তন।

আচ্ছোদন (আ—চুদ্ [প্রেরণ করা] ভোজন করা+অন(অনট্)—ভা, ধি। চ=চ্ছ) সং, ক্লীং, মৃগয়া, পশু পক্ষ্যাদি শিকার।

আজ (আ—অজ্ গমন করা+অ(অন্)—ক) সং, ক্লীং, ঘৃত। ২। (অজ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, অজ-সম্বন্ধীয়, ছাগের (ঘৃতমাংসাদি)। শিং—১ "গব্যমাজং তথা চৌষ্ট্রমাবিকং মাহিষং চ যৎ। অশ্বায়াশ্চৈব-নার্য্যাশ্চ করেণূনাঞ্চ যৎ পয়ঃ।" (সুশ্রুত)। ৩। ছাগমাংসাদিনির্ম্মিত (ভক্ষ্যদ্রব্য)। শিং—১ "আজৈরপি চ বারাহৈর্নিষ্ঠানবরসংচয়ৈঃ।" (রামায়ণ)। ৪। (অজ্ গমনকরা+অ(ঘঞ্)—ভাবে) গমন।

আজক (অজ+ক(কণ্)—সমূহার্থে) সং, ক্লীং, অজসমূহ, ছাগলের পাল।

আজগব (অজগব+অ—প্রং) সং, ক্লীং, শিব ধনুঃ। (অজগব দেখ)।

আজগবী (যাবনিক) হঠাৎ, অনপেক্ষিতরূপে, আচম্বিতে, আচমকা।

আজনন (আ—জনন জন্ম) সং, ক্লীং, পুনর্জন্ম পর্য্যন্ত। ২। যাবজ্জীবন, আমরণ। শিং—১ "তেষামাজননং পুণ্যং কস্য ন প্রীতিমাবহেৎ।"

আজন্ম (আজন্মন্, আ অবধি—জন্মন্) ক্রিং—বিং, ক্লীং, জন্মাবধি, জন্মক্ষণ হইতে। শিং—১ "সোহহমাজন্মশুদ্ধানাম্।" (রঘু)। ২। যাবজ্জীবন।

আজন্মসুরভিপত্র (আজন্ম—সুরভি সৌগন্ধ—পত্র। জন্ম পর্য্যন্ত যাহার পত্র সৌগন্ধবিশিষ্ট) সং, পুং, মরুচকবৃক্ষ।

আজমীঢ় (অজমীঢ়+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, পাণ্ডবপক্ষীয় বিদুর। শিং—১ "তৈঃ সংকৃতঃ স চ তানাজমীঢো যথোচিতং পাণ্ডুপুত্রান্ সমেয়াৎ।" (মহাভারত)। ২। যদুবংশীয় নৃপতিবিশেষ।

আজব (যাবনিক) অদ্ভুত, আশ্চর্য্য; যথা—
"পাতশা কহেন শুন মানসিংহ রায়।
গজব করিলা তুমি আজব কথায়।" (অন্নদা)

আজবক (যাবনিক) অবোধ, নির্ব্বোধ। ২। বাতুল।

আজাড় (দেশজ) মোচন। ২ অবসর।

আজাড়ন (দেশজ) পরিষ্কার করিয়া দেওয়া, মুক্ত করিয়া দেওন।। ২। পালের কাপড়।

আজানু (আ অবধি—জানু) ক্রিং—বিং, ক্লীং, জানুদেশ পর্য্যন্ত।

আজানুবাহু (আজানু জানুপর্য্যন্ত—বাহু) বিং, ত্রিং, যাহার বাহু জানুদেশপর্য্যন্ত লম্বমান, মহাবাহু, দীর্ঘবাহু।

আজানুলম্বিত (আজানু জানুদেশপর্য্যন্ত—লম্বিত) বিং, ত্রিং, জানুদেশপর্য্যন্ত লম্বমান।

আজানুলম্বিতবাহু (আজানু—লম্বিত—বাহু) বিং, ত্রিং, যাহার বাহু জানুদেশ পর্য্যন্ত লম্বমান।

আজানেয় (আজ গমন—আনেয় আনীত। বহুবাধার মধ্যে গমন করিলেও যে আনীত হয় অর্থাৎ যে সংগ্রামমধ্যে অতি প্রহারিত হইলেও আপন স্বামীকে ত্যাগ করে না অথবা অজানেয়+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, উত্তমাশ্ব, কুলীনাশ্ব, শ্রেষ্ঠঘোটক, সুজাতীয় অশ্ব। শিং—১ "শক্তিভির্ভিন্নহৃদয়াঃ স্খলন্তশ্চ পদে পদে, আজানন্তি যতঃ সংজ্ঞা-মাজানেয়া স্ততঃ স্মৃতাঃ।"

আজি (আ—অজ গমন করা+ই(ইণ্)—ভাবে) সং, স্ত্রীং, যুদ্ধ, সংগ্রাম। শিং—১ "তে তু যাবন্ত এবাজৌ তাবাংশ্চ দদৃশে স তৈঃ।" (রঘু)। ২। গমন। ৩। আক্ষেপ। ৪। (+ইণ্—ধি) যুদ্ধভূমি। ৫। সমান ভূমি। ৬। নির্দ্দিষ্ট ক্ষণ। ৭। নিন্দা। ৮। মর্য্যাদা। ৯। (দেশজ) ক্রিং—বিং, অদ্য, এই দিন।

আজিহান ( আ—হা গমন করা + আন (শান) — ক) বিং, ত্রিং, আগমনশীল।

আজীব (আ—জীব্ প্রাণ ধারণ করা + অ (ঘঞ্) — ণ। যাহার দ্বারা বাঁচা যায়) সং, পুং, যাহার দ্বারা প্রাণধারণ করা যায়, জীবিকা, জীবনোপায়।

আজীবন (আজীব দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, আজীব, জীবিকা। ক্রিং—বিং, জীবনকাল ব্যাপিয়া, যাবজ্জীবন।

আজীব্য (আ—জীব্য যাহাতে বা যাহা দ্বারা বাঁচা যায়) বিং, ত্রিং, যাহাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করা যায়, জীবিকাস্থান, আশ্রয়, সহায়, উপজীব্য, অবলম্বন। শিং —১ "আজীব্য সর্ব্বভূতানাম্।" ২। ক্লীং, জীবিকা, আজীবন। শিং—১"ময়া যথোচিতাজীব্যৈঃ সংবিভক্তাশ্চ বৃত্তিভিঃ।"

আজুঃ ( আজুর্, আজু দেখ + কিপ্ — প্রং ) সং, স্ত্রীং, বিনা বেতনে কর্ম্ম করা, অবৈতনিক ভৃত্য।

আজূ ( আ—জু বেগে চলা + ০(কিপ্) — ভাবে। উ=ঊ কিম্বা আ—জন্ জন্মান + ঊ — প্রং) সং, স্ত্রীং, বেতন ব্যতিরেকে কর্ম্ম করা, বেগার। শিং—১"হঠাদভৃতিকঃ ক্লেশো বিষ্টিরাজূশ্চকীর্ত্ত্যতে।"

আজ্ঞপ্ত (আ—জ্ঞা-ণিচ=জ্ঞপি [জানান] আদেশ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহার প্রতি আজ্ঞা হইয়াছে, আদিষ্ট, অনুজ্ঞাত, অনুমত, অনুমতিপ্রাপ্ত। শিং—১ "আজ্ঞপ্তাস্তে ততো দৈত্যাশ্চণ্ডমুণ্ডপুরোগমাঃ।"

আজ্ঞপ্তি (আ—জ্ঞপ্ জানান + তি(ক্তি) — ভাবে) সং, স্ত্রীং, আদেশ, আজ্ঞা।

আজ্ঞা (আ—জ্ঞা [জানা] আদেশ করা + অ(ঙ) — ভা) সং, স্ত্রীং, আদেশ, নির্দ্দেশ, নিয়োগ, আপনার অপেক্ষা নিকৃষ্টব্যক্তিকে কোন কর্ম্ম করিতে বলা। ২। অনুমতি। ৩। জ্যোতিষে—লগ্ন হইতে দশমস্থান।

আজ্ঞাকারী ( আজ্ঞাকারিন্, আজ্ঞা—কারী যে করে। যে আজ্ঞা পালন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে অন্যের আজ্ঞানুসারে কর্ম্ম করে, যে অন্যের আজ্ঞা প্রতিপালন করে, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী। ণী—স্ত্রীং।

আজ্ঞাচক্র (আজ্ঞা—চক্র গোলাকার বৃত্ত) সং, ক্লীং, তন্ত্রশাস্ত্রে—ষট্‌চক্রান্তর্গত ষষ্ঠ চক্র। শিং—১ "আজ্ঞানামাম্বুজং তদ্ধিমকরসদৃশং ধ্যানধামপ্রকাশম্ হক্ষাভ্যাম্ বৈকলাভ্যাং প্রবিলসিতবপুর্নেত্রপত্রং সুশুভ্রম্। তন্মধ্যে হাকিনী সা শশিসমধবলা বক্ত্রষট্‌কং দধানা বিদ্যাং মুদ্রাং কপালং ডমরুজপবটীং বিভ্রতী শুদ্ধচিত্তা। এতৎ পদ্মান্তরালে নিবসতি চ মনঃ সূক্ষ্মরূপং প্রসিদ্ধং।"

আজ্ঞাধীন ( আজ্ঞা—অধীন ) বিং, ত্রিং, আজ্ঞার অধীন, যে কখন আজ্ঞা লঙ্ঘন করে না।

আজ্ঞানুযায়ী (—য়িন্, আজ্ঞা—অনু—যায়ী যে চলে, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, যে আজ্ঞানুসারে চলে, আজ্ঞানুসারী। ২। যেমন আজ্ঞা তদনুরূপ, আজ্ঞানুরূপ; যথা—এ তাহার আজ্ঞানুযায়ী কর্ম্ম। ণী—স্ত্রীং।

আজ্ঞানুরূপ (আজ্ঞা—অনুরূপ) বিং, ত্রিং, যেমন আজ্ঞা তদনুরূপ, আজ্ঞানুযায়ী, আজ্ঞানুসারী।

আজ্ঞানুবর্ত্তী (আজ্ঞানুবর্ত্তিন্, আজ্ঞা—অনু অনুযায়ী—বর্ত্তিন্ যে বিদ্যমান থাকে, ৬ষ্ঠী—ষ) বিং,ত্রি আজ্ঞাকারী, আদেশপ্রতিপালক।

আজ্ঞানুসারী ( —রিন্, আজ্ঞা—অনুসারী যে গমন করে, ৬ষ্ঠী—ষ) বিং,ত্রিং, আজ্ঞানুযায়ী। ণী—স্ত্রীং।

আজ্ঞাপক (আ—জ্ঞা-ণিচ=জ্ঞাপি জানান + অক(ণক) — ক) বিং,ত্রিং, যে আজ্ঞা করে, যে অন্যের প্রতি আজ্ঞা প্রদান করে, নির্দ্দেশক, আদেষ্টা, শাসনকর্ত্তা, নিয়োক্তা।

আজ্ঞাপত্র (আজ্ঞা—পত্র) সং, ক্লীং, যাহাতে আজ্ঞা লিখিত থাকে, আদেশপত্র, হুকুমনামা।

আজ্ঞাপন (আ—জ্ঞা-ণিচ=জ্ঞাপি জানান + অন(অনট্) — ভাবে) সং,ক্লীং, আজ্ঞা করা, আজ্ঞাপ্রদান, আদেশপ্রদান, বিজ্ঞাপন।

আজ্ঞাপিত (আ—জ্ঞাপি [জানান] আদেশ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, আজ্ঞপ্ত।

আজ্ঞাভঙ্গ (আজ্ঞা—ভঙ্গ) সং, ক্লীং, আজ্ঞার

অমান্যতা, আজ্ঞাপ্রতিঘাত, আজ্ঞাপ্রতি-রোধ, হুকুম না মানা।

আজ্ঞাবহ (আজ্ঞা—বহ যে বহনকরে) বিং, ত্রিং, যে অন্যের আজ্ঞা বহন করে, অন্যের আজ্ঞা প্রতিপালন করে, আজ্ঞাকারী।

আজ্ঞাবিঘাত (আজ্ঞা—বিঘাত বিনাশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আজ্ঞাভঙ্গ।

আজ্য (আ—অনুজ্ ম্রক্ষিত করা+য(ক্যপ্)—ণ। ন্—লোপ) সং, ক্লীং, ঘৃত, হোমাদি সাধন হবিঃ। যাগক্রিয়াসাধন তৈল দুগ্ধা-দিকেও 'আজ্য' বলা যায়। যথা—"ঘৃতং বা যদি বা তৈলং পয়োবা দধি যাবকম্। আজ্যস্থানে নিযুক্তানামাজ্যশব্দ বিধীয়তে।" ২"সর্পিবিলীনমাজ্যং স্যাদ্ ঘনীভূতং ঘৃতং বিদুঃ।" ২। শ্রীবাস, তারপিন্।

আজ্যপ (আজ্য—পা পান করা+অ(ড)—ক) বিং, ত্রিং, ঘৃতপায়ী। ২। পুং—বহুং, পিতৃগণবিশেষ। ইহারা পুলস্ত্যের সন্তান এবং বৈশ্যদিগের পিতা। শিং—১ "সোমপা নাম বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং হবির্ভুজঃ। বৈশ্যানামাজ্যপা নাম শূদ্রাণাং তু সুকালিনঃ। সোমপাস্তু কবেঃ পুত্রা হবি-ষ্মন্তোঽঙ্গিরঃ সুতাঃ। পুলস্ত্যস্যাজ্যপাঃ পুত্রা বশিষ্ঠস্য সুকালিনঃ।"

আজ্যভাগ (আজ্য—ভাগ অংশ) সং, পুং, হোমীয় ঘৃতের একদেশ অর্থাৎ অংশ; যথা—"সমস্ত্যাজ্যভাগ। ভবতি।" ২। বৈদিকদিগের ঘৃতের আহুতিবিশেষ। ঋগ্বেদিদিগের অগ্নির উত্তরভাগে স্রুব দ্বারা ঘৃতাহুতি অগ্নিসম্প্রদানক আহুতি; দক্ষিণ ভাগে সোমসম্প্রদানক আহুতি। যজুর্ব্বেদি-দিগের অগ্নির উত্তর দক্ষিণ এবং পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত ঘৃতধারা।


আজ্যভুক্ (-ভুজ্, আজ্য—ভুজ্ ভোজনকরা+০(ক্বিপ্)—ক) সং, পুং, হুতাশন, অগ্নি।

আজাল (দেশজ, আ না—ঝাল) বিং, কটুরস-বিহীন, ঝালরহিত।

আঞ্জনেয় (অঞ্জনা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, অঞ্জনানামক বানরীপুত্র, হনুমান্।

আঞ্জাম (যাবনিক) নির্ব্বাহ। ২। সম্পূর্ণ, সমাপ্তি।

আঞ্জিনেয় (অঞ্জন কজ্জল+এয়(ঢেয়)-প্রং।



আঞ্জিনেয়।

ইহার পৃষ্ঠে নীলবর্ণ চিহ্ন আছে বলিয়া আঞ্জিনেয় নাম হইল) সং, পুং, সরীসৃপ জন্তুবিশেষ, আঞ্জিনে, আঞ্জনাই।

আঞ্জীর; খোবানী খর্জ্জুর।

আট (অষ্টন্ শব্দ) বিং, অষ্টসংখ্যা, ৮।

আটক (দেশজ) সং, আবরণ। ২। বাধা, প্রতিবন্ধক।

আটকন (দেশজ) সং, বন্ধকরণ, রোধকরণ।

আটকপালিয়া (অষ্টকপাল বা আর্ত্তকপাল শব্দজ কি?) দুর্ভাগা, মন্দভাগ্য, দুরদৃষ্ট, হতভাগ্য।

আটকান (দেশজ) বিং, প্রতিবদ্ধ, রুদ্ধ।

আটকাল } (আলোকন শব্দজ কি?)
আটকোল } অনুমান, যুক্তি।

আটপটাঙ্গ; সং, ক্লীং, প্রাগলভ্য, দাম্ভিকতা।

আটপলিয়া (অষ্টপলশব্দজ) অষ্টকোণ, অষ্টপৃষ্ঠ।

আট্পিটা (আট্ অষ্টন্ শব্দজ — পিটা পৃষ্ঠ শব্দজ। আট্টা পৃষ্ঠ যাহার অর্থাৎ অনেক কর্ম্মের ভার আট্টা পিঠ করিয়া বহন করে) বিং, উদ্যোগী, পরিশ্রমী। ২। সর্ব্বদিকেপারক। ৩। সুচতুর। ৪। দুর্ব্বৃত্ত, দুষ্ট, গোঁয়ার।

আটপ্রহর (অষ্টপ্রহর শব্দজ) অষ্টযাম, সমস্ত দিন ও রাত্রি।

আট্লা (দেশজ) আঁটি, বিড়া। ২। গোছা।

আটবিক (অটবী বন+ইক(ঝিক)—ভবা-র্থে) বিং, ত্রিং, অটবীসম্বন্ধীয়, আরণ্যক। ২। সং, পুং, আরণ্যজন, বন্যজাতি, অরণ্য-চর ব্যাধাদি, আরণ্যকসেনা; যথা—"হে সঞ্জয়! স্নেহ ও আটবিক সমবেত সমুদায় পৃথিবী যাহার প্রসাদে প্রতি-পালিত হইয়াছে।" শিং—১ "পরদেশ-প্রবেশে চ কুর্য্যাদাটবিকান্ পুরঃ।"

আটসটা (দেশজ) গণনা, সংখ্যা।

আটা (দেশজ) সং, গোধূমচূর্ণ, গমের গুঁড়া।

আটাসিয়া (অষ্টমাস শব্দের অপভ্রংশ কি ?) অষ্টমমাসেজাত, আটাসে । "আমি কি আটাসে ছেলে ।" (রামপ্রসাদ) ।

আটি (আ—অট্ গমন করা+ই(ইণ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, শরালি পক্ষী । ২ । (দেশজ) তাড়ি, গোছা, বিড়া ।

আটোপ ( আ—টুপ্ [সৌত্রধাতু] অহঙ্কার করা+অ(ঘঞ)—ভা) সং, পুং, গর্ব্ব, দর্প, অহঙ্কার । ২ । সম্ভ্রম । ৩ । সংরম্ভ । শিং —১ "সাটোপমুর্ব্বীমনিশং নদন্তঃ ।"(মাঘ) ২ "সাটোপং পরিক্রম্য ।" (বেণীসংহার) । ৪ । বায়ুজন্য উদরের ডাক, পেটের গুড় গুড় শব্দ । [রস ।

আঠা (দেশজ) সং, ক্বাথ, নির্য্যাস, বৃক্ষের

আঠালু (দেশজ) জন্তুর গাত্রলোমস্থ কীট বিশেষ ।

আঠি (অষ্ঠীশব্দজ) সং, বীজ, বীচি ।

আড় (দেশজ) বিং, প্রস্থভাগ, চৌড়াদিক্ । পরিসর । ২ । বক্র, বাঁকা ।

আড়কাটি (দেশজ) কাণ্ডারী । ২ । দেশবিশেষ ।

আড়কাঠা (আর প্রস্থ—কাঠা কাষ্ঠ । প্রস্থের কাঠ) সং, গৃহের উপরিস্থ প্রস্থকাষ্ঠ, কড়িকাঠ ।

আড়গড়া (দেশজ) অশ্বশালা ।

আড়ঙ্গ (দেশজ) গঞ্জ, আড্ডা ।

আড়্চা (দেশজ) লোভ, লালসা ; ঈষৎ সঙ্কেত । বিং, ত্রিং, বক্র, বাঁকা ।

আড়ং (দেশজ) সং, গঞ্জ, ব্যবসায়স্থান ।

আড়পাপ্ড়া (আড়—পাপড়া পর্ব্বন্ শব্দজ) ক্ষুদ্র এবং মোটা পর্ব্ববিশিষ্ট লাঠি ।

আড়পার (আড় প্রস্থ—পার) সং, নদীর অপর তট, পরপার ।

আড়বাড় (দেশজ) সর্ব্বত্র, সকলস্থানে ।

আড়ম্বর (আ—দম্ [শান্ত হওয়া] জাঁক জমক করা ইত্যাদি+বর—ভাবে । দ=ড়) সং, পুং, তূর্য্যাদি বাদ্যধ্বনি । শিং —১ "অসারস্য পদার্থস্য প্রায়েণাড়ম্বরো মহান্ । ন হি তাদৃক ধ্বনিঃ স্বর্ণে যাদৃক্ কাংস্যে প্রজায়তে ।" ২ । হস্তিধ্বনি । ৩ । যুদ্ধপটহ, রণবাদ্য । ৪ । মেঘধ্বনি । ৫ । আরম্ভ । ৬ । দর্প, গর্ব্ব । ৭ । হর্ষ, আনন্দ । ৮ । আয়োজন, একত্র সন্নিবেশ । ৯ । ক্রোধ, কোপ । ১০ । বাহু প্রভৃতি অঙ্গের মর্দ্দন । ১১ । সমারোহ, জাঁকজমক, ঘটা । ১২ । পক্ষ্ম, অক্ষিলোম ।

আড়মাদলা (আড়—মাদল মর্দ্দল শব্দজ) অসমকোণ বা ধার বিশিষ্ট ।

আড়ষ্ট (দেশজ) অবশ, স্তব্ধ, বিহ্বল ।

আড়সা (দেশজ) জঞ্জাল, আবর্জ্জনা, নিন্দি স্থান । ২ । আড়া, বক্র, বাঁকা । ৩ । ত্যক্ত

আড়াই (সার্দ্ধদ্বয় শব্দজ কি?) অর্দ্ধসহিতদুই

আড়ানী (দেশজ) আতপত্রবিশেষ, বড় পাখা যথা—"ছত্রদণ্ড আড়ানী চামর মৌরছল গোলাম গর্দ্দিশে খাড়া গোলাম সকল ।"

আড়মোড়া ( আড়—মোড়া মর্দ্দন শব্দজ গাত্রভঙ্গি, শরীরভঙ্গি ।

আড়াল (অন্তরাল বা আবর্ত্তন শব্দজ কি আচ্ছাদন, গোপন, ব্যবধান । ২ । পর্দ্দা ।

আড়ি ( আ—অড়্ গমন করা+ই—সং জ্ঞার্থে) সং, পুং, শরালিপক্ষী । পুরাণে— বিশ্বামিত্রের অভিশাপে বশিষ্ঠমুনি আ পক্ষিরূপ প্রাপ্ত হইয়াছিলেন । (দেশজ সং, আইড়মাচ । ২ । পণ, প্রতিজ্ঞা । ৩ দ্বেষ, হিংসা । [বাক্য শ্রবণ

আড়িপাতন (দেশজ) গোপনে থাকিয়া রহ

আড়রি, আড়ুলি (দেশজ) সং, ধার, তট উচ্চস্থান ।

আড্ডা (দেশজ) সং, এক ধর্ম্মাক্রান্ত লোকে উপবেশনস্থল, আখ্ড়া । ২ । উত্তরণ-স্থান

আঢ়ক (আ—ঢৌক্ গমনকরা+অ(অন্)-ক) সং, পুং—ক্লীং, ধান্যাদির পরিমাণপাত্র বিশেষ, চতুঃপ্রস্থপরিমাণ, আড়ী । ২ । দ্রো চতুর্থভাগ । ৩ । দুইমন পরিমাণ । ৪ । বৈ দ্যকমতে—অষ্টশরাব পরিমাণ । ৫ । জ্যো তিষে—পরিমাণবিশেষ, আঢ়া । "শতযোজ বিস্তীর্ণং ত্রিংশদ্‌যোজনমায়তম্ । আঢ়কস ভবেন্মানং মুনিভিঃ পরিকীর্ত্তিতম্ ।" অ পরঞ্চ—"ত্রিংশদ্‌যোজনবিস্তীর্ণং শতযোজ নমায়তম্ । বিংশযোজনগম্ভীরমাঢ়কং পরি কীর্ত্তিতম্ ।" কী—স্ত্রীং, শমীধান্যবিশেষ, অরহর । ২ । তুবরিকা নামক গন্ধ দ্রব্য কেহ কেহ বলেন সুগন্ধি মৃত্তিকা ।

আঢ়কিক } (আঢ়ক+ইক, ঈন—বাপ-
আঢ়কীন } দ্যর্থে) বিং, ত্রিং, আঢ়ক-পরিমিত বীজ বপন যোগ্য (ক্ষেত্রাদি)।

আঢাকা (আ না—ঢাকা আচ্ছাদিত) বিং, অনাচ্ছাদিত, খোলা।

আঢ়ি (আঢ়ক শব্দজ) সং, আঢ়ক দেখ।

আঢ্য(আ—ধ্যৈ চিন্তাকরা+অ(ড)—ক। ধ =ঢ়। যে ধন চিন্তা করে) বিং, ত্রিং, ধনবান্, ঐশ্বর্য্যশালী, সমৃদ্ধিসম্পন্ন; যথা—"আঢ্যগণের ভোজন মাংস প্রধান।" ২। বিশিষ্ট, অন্বিত, যুক্ত; যথা—ধনাঢ্য, গুণাঢ্য। ৩। পূর্ণ, সম্পন্ন।

আঢ্যঙ্করণ (আঢ্য—কৃ করা+খনট্—ণ) সং, ক্লীং, সমৃদ্ধিসাধন, ঋদ্ধিসম্পাদন।

আঢ্যচর (আঢ্য+চর(চরট্)—প্রং) বিং, ত্রিং, পূর্ব্বে যে ধনী ছিল।

আঢ্যম্ভবিষ্ণু } (আঢ্য—ভূ হওয়া+খিষ্ণু,
আঢ্যম্ভাবুক } খুকঞ্—ক) বিং, ত্রিং, যে পূর্ব্বে আঢ্য ছিলনা কিন্তু এক্ষণে হইয়াছে। "আঢ্যম্ভবিষ্ণুর্যশসাকুমারঃ।"(ভট্টি)।

আণ (অণ্ শব্দ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, শব্দ।

আণক (আ—অণ্ শব্দ করা+অক—প্রং) বিং, ত্রিং, ক্ষুদ্র, অল্প, অপকৃষ্ট। ২। সং, ক্লীং, সুরতবিশেষ। শিং—১ "আণকং সুরতং নাম দম্পত্যোঃ পার্শ্বসংস্থয়োঃ।"

আণবিকআকর্ষণ (Molecular attraction) যে শক্তি দ্বারা জড়পদার্থের পরমাণু সকল পরস্পরকে আকর্ষণ করে।

আণবিক-বিপ্রকর্ষণ (Molecular repulsion) যে শক্তি দ্বারা পরমাণু সকল বিপ্রকৃষ্ট হয়।

আণবীন (অণু সূক্ষ্মধান্য-বিশেষ+ঈন(খীন)—প্রং) বিং, ত্রিং, অণুধান্য বপনযোগ্য।

আণি (অন্ শব্দ করা+ইন্—প্রং) সং, পুং—স্ত্রীং অশ্রি, খড়্গাকোটি। ২। অক্ষাগ্রকীলক, রথচক্রাগ্রস্থিতকীলক। ৩। সীমা।

আণ্টাল, আণ্ডাল (দেশজ) ভাঁটা, গুলি।

আণ্ডা (অণ্ড শব্দজ) সং, ডিম্ব, ডিম্।

আণ্ডীর (অণ্ড-ঋ=আণ্ড+ঈর—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বহুডিম্বযুক্ত।

আণ্ডেল (আঢ্য শব্দজ কি?) অতিশয় ধনী, বহু অর্থবিশিষ্ট, প্রচুর ঐশ্বর্য্যশালী।

আতঙ্ক } (আ—তনক্ [কষ্টে বাঁচা] ভয়
আতঙ্গ } পাওয়া ইত্যাদি+অ(ঘঞ্)—ভা। অন্য পক্ষে, ক=গ) সং, পুং, ভয়, শঙ্কা। ২। পীড়া,অস্বাস্থ্য। শিং—১"দৃষ্ট্বা-পথি নিরাতঙ্কং কৃত্বা চ ব্রহ্মহা শুচিঃ।" ৩। যাতনা। ৪। জ্বর। ৫। সন্তাপ। শিং—১ "প্রশ্নেন চ বিজানীয়াৎ দেশং কালং জাতিসাত্ম্যমাতঙ্কং সমুৎপত্তিম্ বেদনা সমুচ্ছ্রায়ম্।" ৬। ক্লেশ, দুঃখ। ৭। মুরজবাদ্য।

আতঞ্চন (আ—তনচ্ গমন করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, দ্রবীভূত দ্রব্যে কোন প্রকার চূর্ণ নিক্ষেপ। ২। গলিত সুবর্ণে সোহাগাদি চূর্ণ ক্ষেপণ। ৩। দুগ্ধে দম্বল দেওয়া। ৪। নিক্ষেপণ, প্রক্ষেপ। ৩। উপদ্রব। ৪। বেগ। ৫। প্রীতিসম্পাদন।

আতত (আ—তন্ বিস্তার করা ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম, ক) বিং,ত্রিং, আরোপিত। ২। প্রসারিত। ৩। বিস্তৃত, ব্যাপ্ত। "শাস্ত্রেষ্বকুণ্ঠিতা বুদ্ধির্মৌর্ব্বীধনুষি চাততা।"(রঘু) ৪। সং, ক্লীং, মুরজ বা ঢক্কাধ্বনি।

আততজ্য (আতত সমন্তাৎ বিস্তৃত—জ্যা ধনুকের ছিলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধিজ্য, আরোপিতমৌর্ব্বীক, বিস্তৃত ছিলাযুক্ত।

আততায়িতা (আততায়িন্+তা—ভাবে) সং, স্ত্রীং, আততায়ী হওয়া, আততায়ীর ব্যবহার।

আততায়ী (আততায়িন্, আতত সমন্তাৎ বিস্তৃত—ই গমন করা+ইন(ণিন্)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি গৃহে অগ্নিদান, বিষপ্রদান, প্রাণবধ, অর্থহরণ, ভূমিহরণ, দারহরণ, প্রভৃতি উৎকট অনিষ্ট করে বা করিতে উদ্যত হয়, বধোদ্যত। ২ চৌরদস্যু অগ্নিদ প্রভৃতি অনিষ্টকারী। শিং—১"অগ্নিদো গরদশ্চৈবশস্ত্রপাণি র্ধনাপহঃ, ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। আততায়িনমায়ান্তং হন্যাদেবাহবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চনঃ।"

আতপ (আ—তপ্ তাপ দেওয়া+অ(অন্) —ক) সং, পুং, সূর্য্যকিরণ, রৌদ্র।

আতপ-তণ্ডুল ; সং, ক্লীং, আলো-চাল।

আতপত্র / আতপবারণ } (আতপ—ত্র [ত্রৈ রক্ষা করা +অ(ড)—ক] যে রক্ষা করে। যে আতপ হইতে রক্ষা করে। ২য় পক্ষে—আতপ—বারণ যে নিবারণ করে। যে আতপ নিবারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, ছত্র, ছাতী। শিং—১,"রাজ্যং স্বহস্তধৃত-দণ্ডমিবাতপত্রম্।" ২ "নৃপতিককুদং দত্ত্বা যূনে সিতাতপবারণম্।" (রঘু)।

আতপত্রছায়া (আতপত্র—ছায়া) সং, স্ত্রীং, ছত্রের আবরণ ; যথা—"যে ব্যক্তি পূর্ব্বে আতপত্রছায়ায় দণ্ডায়মান হইয়া আমি পরের ছায়া আশ্রয় করিলাম বলিয়া খেদ করিত।

আতর / আতার } (আ—তৃ পার হওয়া+অ(অল্)—ণ। ২য় পক্ষে + ঘঞ্—ণ। যাহার দ্বারা পার হয়) সং, পুং, তরপণ্য, নদী পার হইবার নৌকা ভাড়া। শিং—১ "আতর লাঘবহেতোর্মুরহর তরণীং তবা-লম্বেঽহং।" (যাবনিক) সুগন্ধদ্রব্যবিশেষ।

আতর্পণ (আ—তৃপ্ তৃপ্তিকরা+অন(অনট্)—ভা) সং, পুং, সন্তোষ, প্রীতি। ২। তৃপ্ত-করা, প্রীতি-সম্পাদন। ৩। মঙ্গলালেপন, আলিপনা।

আতস (যাবনিক) অগ্নি। ২। উত্তাপ।

আতসবাজি (যাবনিক) অগ্নিক্রীড়া ; যথা—
"বায়ু করিল বল আপনি অনল
হইলা আতসবাজি। (অন্নদা)

আতা (আতৃপ্য শব্দের অপভ্রংশ) ফলবিশেষ।

আতাই ; সং, পুং, যাহারা বিনা বেতনে বাদ্য বা গান করে। (সঙ্গীতরত্নাকর)।

আতান্তর (অত্রান্তর শব্দজ কি ?) দুরবস্থা। ২। শঙ্কট, বিপদ্।

আতায়ী, আতাপী (আতায়িন্, আ—তায় [পালন করা] বিস্তার করা+ইন্(ণিন্)—ক। যে পক্ষ প্রসারণ দ্বারা আত্মাকে পালন করে। ২য় পক্ষে—আ—তপ্ তাপদেওয়া +ইণ্(ণিন্)—ক। যে পক্ষ প্রসারণ দ্বারা তাপ নিবারণ করে) সং, পুং, চিলপক্ষী।

আতারিকাতারি (আতরকাতর শব্দজ) যাতনা, যন্ত্রণা, কাকূক্তি, কাতর্য্য।

আতালিপাতালি (অতলপাতাল শব্দজ কি ?) সর্ব্বত্র। ২। সর্ব্বায়তে। ৩। চারিদিকে।

আতিথেয় (অতিথি+এয় (ঢেয়)—সাধ্বর্থে বা ইদমর্থে) বিং, ত্রিং, অতিথি-সেবা-পরায়ণ, অতিথিসেবায় যত্নবান্, অতিথি পরিচর্য্যায় রত। শিং—১ "প্রত্যুজ্জগমাতিথিমাথেয়ঃ।" (রঘু)। ২। সং,ক্লীং, অতিথিনিমিত্ত ভোজ-নাদি, অতিথিসেবার বস্তু।

আতিথেয়তা (আতিথেয়+তা—ভাবে) সং, স্ত্রীং,অতিথিসেবায় যত্ন, আতিথেয়ের ব্যব-হার ; যথা—"অদ্ভুত আতিথেয়তা।"

আতিথেয়ী; বিং,স্ত্রীং, অতিথি-সেবা-পরায়ণা ; যথা—"আতিথেয়ী কুন্তী ভক্তিসহকারে তাঁহার সেবাবিধি নির্ব্বাহ করিলেন।"

আতিথ্য (অতিথি+য(ষ্ণ্য)—প্রয়োজনার্থে) সং, ক্লীং, অতিথিসেবা, অতিথিসৎকার। ২। অতিথি সেবার উপযুক্ত দ্রব্য, অতিথি নিমিত্ত ভক্ষ্যভোজ্যাদি। ৩। পুং, অতিথি, অভ্যাগত।

আতিদেশিক (অতিদেশ অন্যত্র আরোপণ +ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, অতি-দেশপ্রাপ্ত, অন্যত্র আরোপিত।

আতিশয্য (অতিশয়+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, আধিক্য, অতিরেক। ২। প্রাবল্য।

আতিষ্ঠদ্গু (আ—তিষ্ঠৎ [স্থা থাকা+অৎ (শতৃ)—ক] যে থাকে—গু গো শব্দজ) অং, ক্লীং, যে কালে দোহনার্থ গো সকল দণ্ডায়মান হয়।

আতু (আ—তৃ পার হইয়া যাওয়া+উ—প্রং) সং, পুং, ভেলা, মাড়।

আতুথাতু (দেশজ) সং, অতিশয় স্নেহ, রক্ষার্থ মহাযত্ন।

আতুর (আ—তুর্ ত্বরা করা+অ(ক)—ক। যে অস্বাস্থ্য হেতু ত্বরান্বিত হয়) বিং, ত্রিং, কাতর, অধীর, অভিভূত ; যথা—শোকাতুর। ২। রোগী, পীড়িত। শিং—১ "বৈদ্যানামাতুরঃ শ্রেয়ান্ ব্যসনীয়ো নিয়োগিনাম্।"

আতুরনিবাস (আতুর পীড়িত—নিবাস বাস

স্থান, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, চিকিৎসার্থী পীড়িত ব্যক্তিদিগের থাকিবার স্থান।

আতৃপ্য ( আ—তৃপ্ তৃপ্ত হওয়া+য(ক্যপ্) —প্রং ) সং, পুং, আতাগাছ। ২। ক্লীং, আতাফল। ৩। বিং, ত্রিং, তৃপ্তিযোগ্য, প্রীতিকর।

আতোদ্য (আ—তুদ্ পীড়ন করা+য(ঘ্যণ্) —র্ম্ম) সং, ক্লীং, বীণাদি চতুর্ব্বিধ বাদ্য ; যথা—বীণাদিবাদ্য—তত, মুরজাদিবাদ্য —আনদ্ধ, বংশ্যাদিবাদ্য—শুষির, কাংস্য-তালাদিবাদ্য—ঘন ; এই চারি প্রকার বাদ্য। শিং—১ "আতোদ্যং গ্রাহয়ামাস সমত্যাজয়দায়ুধম্।" (রঘু)।

আত্ত (আ—দা [দানকরা] গ্রহণ করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গৃহীত, প্রাপ্ত।

আত্তগন্ধ } (আত্ত গৃহীত—গন্ধ গর্ব্ব। আত্তগর্ব্ব } আত্ত—গর্ব্ব। যাহার গন্ধ বা গর্ব্ব গৃহীত হইয়াছে, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, হতগর্ব্ব, চূর্ণঅহঙ্কার, পরাভূত। ২। যাহার গন্ধ গ্রহণ করা গিয়াছে, আঘ্রাত। শিং—১"নাত্তগন্ধমবধূয় শত্রুভিঃ।"(মাঘ)। ৩। যে গন্ধ গ্রহণ করিয়াছে, আঘ্রায়ক।

আত্তদণ্ড (আত্ত গৃহীত—দণ্ড) বিং, ত্রিং, যে প্রহারার্থ দণ্ড উদ্যত করিয়াছে, প্রহার করিবে বলিয়া দণ্ড লইয়া প্রস্তুত হইয়া আছে, গৃহীতদণ্ড, দণ্ডপাণি।

আত্তশস্ত্র (আত্ত গৃহীত—শস্ত্র) বিং, ত্রিং, যে প্রহারার্থ শস্ত্র গ্রহণ করিয়াছে, গৃহীত-শস্ত্র, শস্ত্রপাণি।

আত্মকর্ম্ম (—কর্ম্মন্, আত্মন্—কর্ম্ম ) সং, ক্লীং, স্বকর্ম্ম, স্বজাতিকর্ত্তব্যকার্য্য। শিং —১ "আত্মকর্ম্মক্ষমং দেহং ক্ষাত্রোধর্ম্ম ইবাশ্রিতঃ।" (রঘু)।

আত্মকৃত (আত্মন্—কৃত) বিং, ত্রিং, স্বকৃত, স্বহস্তসম্পাদিত, আপনার করা, আপনার অনুষ্ঠিত ; যথা—"আত্মকৃত কর্ম্ম।"

আত্মগত (আত্মন্—গত) বিং,ত্রিং, আপনাতে যাহা আছে, আত্মনিষ্ঠ। ২। ক্রিং—বিং, নাট্যে—স্বগত, মনে মনে, অন্যের অগোচরে, প্রকাশ না করিয়া।

আত্মগুণ (আত্মন্—গুণ) সং, পুং, বুদ্ধি, হর্ষ, কষ্ট, অভিলাষ, ঘৃণা, চেষ্টা, সংখ্যা, পরিমাণ, বিচ্ছেদ, মিলন, বিরহ, ধারণা, গুণ-রাহিত্য, স্মৃতি এই চতুর্দ্দশ গুণ।

আত্মগুণাভিমানী ( —মানিন্, আত্মগুণ—অভিমানী) বিং, ত্রিং, যে আপনার গুণের অভিমান করে। নী—স্ত্রীং।

আত্মগুপ্তা (আত্মন্ আপনি—গুপ্ত রক্ষিত। কণ্ডূ বিস্ফোটক জনকত্ব হেতু যে আত্ম-দ্বারা রক্ষিত হয়, ৩য়া—ষ ) সং, স্ত্রীং, লতাবিশেষ, আলকুশীগাছ। ২। বিং,ত্রিং, স্বরক্ষিত।

আত্মগৌরব ( আত্মন্—গৌরব ) সং, ক্লীং, আপনার গৌরব, স্বীয় গুরুত্ব।

আত্মগ্রাহী ( আত্মগ্রাহিন্, আত্মন্—গ্রাহিন্ যে গ্রহণ করে ) বিং, ত্রিং, আত্মম্ভরি, স্বার্থপর, স্বোদরপূরক।

আত্মঘাত (আত্মন্—ঘাত) সং, ক্লীং, আত্ম-হত্যা, অবৈধবিধিপূর্ব্বক আত্মহনন। ২। অজ্ঞান।

আত্মঘাতী (আত্মঘাতিন্, আত্মন্ আপনি —ঘাতী [হন্ বধ করা+ইন্(ণিন্)—ক] যে হত্যা করে। যে আপনাকে হত্যা করে, ২য়া—ষ ) বিং, ত্রিং, আত্মহত্যাকারী, যে শোকাদি বশতঃ আত্ম যত্নে প্রাণত্যাগ করে, অবৈধ বুদ্ধিপূর্ব্বক আত্মহননকারী। শিং—১"ব্যাপাদয়েৎ বৃথাত্মানং স্বয়ং যো হগ্ন্যুদকাদিভিঃ। অবৈধেনৈবমার্গেণ আত্ম-ঘাতী স উচ্যতে।" ২। অজ্ঞানী,ব্রহ্মজ্ঞান-বঞ্চিত। "অন্ধতামিস্রা হ্যসূর্য্যা নাম তে লোকাস্তেভ্যঃ প্রতিবিধীয়ন্তে য আত্মঘাতিন ইত্যেবমৃষয়ো মন্যন্তে।" (উত্তরচরিত)।

আত্মঘোষ ( আত্মন্ আপনি—ঘুষ্ শব্দ করা+অ—ক। 'কা কা', 'কু কু' এই শব্দ দ্বারা যে আপনাকে ঘোষণা করে, ২য়া—ষ ) সং, পুং, কাক। ২। কুক্কুট, মুরগী।

আত্মজ ( আত্মন্ শরীর—জ [জন্ জন্মান +অ(ড)—ক] যে জন্মে। যে আত্মা হ-ইতে জন্মে, ৫মী—ষ) সং,পুং, পুত্র। শিং —১ "আত্মা বৈ জায়তে পুত্র।" জা—স্ত্রীং, কন্যা। ২। মনোভববুদ্ধি। শিং—১ "বন্দ্যং যুগং চরণয়োর্জ্জনকাত্মজায়াঃ।"

আত্মজন্ম (আত্মন্—জন্ম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পুত্ররূপে আপনার উৎপত্তি। শিং—১ "তস্যামাত্মানুরূপায়ামাত্মজন্মসমুৎসুকঃ।"

আত্মজন্মা ( আত্মজন্মন্, আত্মন্ শরীর—জন্মন্ উৎপত্তি। যাহার শরীর হইতে জন্ম হয়, ৬ষ্ঠী—হিং ) সং, পুং—স্ত্রীং, পুত্র, কন্যা। শিং—১ "অতআহর্তুমিচ্ছামি পার্ব্বতীমাত্মজন্মনে।"

আত্মজ্ঞ (আত্মন্—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং, ত্রিং, আত্মতত্ত্বজ্ঞ, তত্ত্বজ্ঞানবিশিষ্ট, পরমাত্মজ্ঞানী; যথা—"আমি সেই সনাতন আত্মজ্ঞ কেশবের শরণাপন্ন হই।" ২। যে আপনাকে জানে, যে আপনার দোষ, গুণ, ক্ষমতা বা অবস্থা বুঝিতে পারে, আত্মবেদী। ২। পণ্ডিত, বুধ।

আত্মজ্ঞান (আত্মন্—জ্ঞান) সং, ক্লীং, যথার্থরূপে আত্মার জ্ঞান এবং সেই জ্ঞানেই মোক্ষসাধন, পরমাত্মজ্ঞান, ব্রহ্মস্বরূপ পরিজ্ঞান। শিং—১"আত্মজ্ঞানে শমে চ স্যাদ্‌বেদাভ্যাসে চ যত্নবান্।" (মনু)।

আত্মতত্ত্ব (আত্মন্—তত্ত্ব) সং, ক্লীং, আপনার স্বরূপ, আপনার যথার্থ অবস্থা। ২। আত্মার স্বরূপ, আত্মার প্রকৃত অবস্থা। ২। বেদানুসারে—তত্ত্বভাসক নিত্য শুদ্ধবুদ্ধমুক্তসত্য স্বভাব প্রত্যক্ চৈতন্য।

আত্মতত্ত্বজ্ঞ (আত্মতত্ত্ব—জ্ঞ যে জানে) সং, পুং, পরমাত্মযাথার্থ্যজ্ঞ, ব্রহ্মস্বরূপজ্ঞ।

আত্মতা ( আত্মন্+তা—ভাবে ) সং, স্ত্রীং, স্বরূপতা, পরমাত্মত্ব। ২। বন্ধুতা, প্রণয়, সদ্ভাব।

আত্মত্যাগী (-গিন্,আত্ম—ত্যাগী যে ত্যাগ করে) বিং, ত্রিং, শস্ত্র, অগ্নি, বিষ, উদক, উদ্বন্ধন এবং পতনাদি নিমিত্ত ইচ্ছাপূর্ব্বক আত্মহননকারী। ২। অজ্ঞানী, ব্রহ্মজ্ঞানান্ধ।

আত্মদর্শ (আত্মন্ শরীর—দর্শ [দৃশ্ দর্শন করা + অ(অল্)—ধি] দর্শন। যাহাতে শরীরের দর্শন হয়, ৭মী—হিং) সং, পুং, দর্পণ, আদর্শ, মুকুর। শিং—১ "নিশ্বাসবাষ্পাপগমাৎ প্রপন্নঃ প্রসাদমাত্মীয়মিবাত্মদর্শঃ।" (রঘু)। ২। আত্মদর্শন, আত্মসাক্ষাৎকার।

আত্মদর্শন ( আত্মন্ আপনি—দর্শন ) সং, ক্লীং, সর্ব্বপ্রাণীদিগকে আপনার ন্যায় দর্শন। ২। আপনাকে দেখা, আপনার দোষ গুণের দিকে দৃষ্টি রাখা।

আত্মদর্শিতা (আত্মদর্শিন্+তা—ভাবে ) সং, স্ত্রীং, আত্মদর্শী হওয়া।

আত্মদর্শী ( —র্শিন্, আত্মন্—দর্শী যে দেখে) বিং,ত্রিং, যে আপনাকে দেখে, যে আপনার দোষ গুণেরদিকে দৃষ্টি রাখে।

আত্মদোষ ( আত্মন্—দোষ, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, আপন দোষ, নিজদোষ।

আত্মদোষক্ষালন ( আত্মন্—দোষ—ক্ষালন ) সং, ক্লীং, আপনার দোষখণ্ডন, স্বদোষক্ষালন, স্বদোষখণ্ডন।

আত্মদোষখণ্ডন (আত্মন্—দোষ—খণ্ডন) সং, ক্লীং, আপনার দোষখণ্ডন, আত্মদোষক্ষালন, স্বদোষক্ষালন, আত্মশোধন।

আত্মদোষজ্ঞ (আত্মন্—দোষ—জ্ঞ যে জানে) বিং, ত্রিং, যে আপনার দোষ জানে, যে আপনার দোষ বুঝিতে পারে।

আত্মদ্রোহ (আত্মন্—দ্রোহ) সং, পুং, আপনার অনিষ্টকরা, আপনাকে যাতনা দেওয়া।

আত্মদ্রোহী (—হিন্, আত্মন্—দ্রুহ্ পীড়ন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, আত্মপীড়নকারী, আত্মদ্বেষী, আত্মঘাতী। শিং—১ "লুব্ধো হ্যসন্তুষ্টো নিয়তমাত্মদ্রোহী ভবতি।" ২। সদাবিষণ্ণ।

আত্মনিষ্ঠ (আত্মন্ আত্মজ্ঞান—নিষ্ঠা। আত্মজ্ঞানে নিষ্ঠা যার) বিং, ত্রিং, আত্মজ্ঞানান্বেষী, ব্রহ্মনিষ্ঠ মুমুক্ষু। যথা—"যে ব্যক্তি নিয়মানুসারে শরীর ধারণ করিয়া আত্মনিষ্ঠ হয়।" ২। আপনাতে যাহা আছে, আত্মগত।

আত্মনীন ( আত্মন্+ঈন্(খীন্)—হিতার্থে ) বিং,ত্রিং, যাহাতে আপন হিত হয়, আত্মহিতকারী। শিং—১ "তামাত্মনীনামুদধোঢ় রামঃ।"(ভট্টি)। ২। নিজ,আত্মসংক্রান্ত। ৩। পথ্য। ৪। পুং—স্ত্রীং, পুত্র ও কন্যা। ৫। শ্যালক। ৬। বিদূষক।

আত্মনেপদ (আত্মনে আত্মন্ শব্দের চতুর্থীর একবচন—পদ) সং, ক্লীং, ব্যাকরণে

—যে তিঙ্ আত্মকলভাগিত্ব প্রকাশ করে, পরস্মৈপদের ইতরপদ।

আত্মপর (আত্মন্ আপনি—পর অপর। দ্বং—স) বিং, ত্রিং, আপনি এবং অপর; যথা—"সমুত্থিত ধূলিপটল ও শরনিকরে চতুর্দ্দিক আচ্ছন্ন হইলে কাহারও আর আত্মপর বিবেচনা রহিল না।"

আত্মবন্ধু (আত্মন্ আপনার—বন্ধু কুটুম্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আপনার বন্ধু, নিজবন্ধু। ২। দায়ভাগস্থলে—পিতৃস্বসৃপুত্র, মাতুলপুত্র এবং মাতৃস্বসৃপুত্র এই তিনকে আত্মবন্ধু বলে। শিং—১ "আত্মপিতুঃ স্বসুঃ পুত্রাঃ আত্মমাতুঃস্বসুঃ সুতাঃ। আত্মমাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ।

আত্মবুদ্ধি (আত্মন্—বুদ্ধি) সং, স্ত্রীং, আপনার বুদ্ধি, নিজবুদ্ধি, স্বজ্ঞান, আত্মজ্ঞান।

আত্মবোধ (আত্মন্—বোধ) সং, পুং, তত্ত্বজ্ঞান, পরমাত্মসাক্ষাৎকার, ব্রহ্মজ্ঞান। শিং—১ "আত্মবোধাদেকদেশাদালোক্যোপরতৈর্হরিঃ।" (বোপদেব)। ২। আপনার অনুভব, আপনাকে জানা, আত্মবিষয়ক জ্ঞান।

আত্মভব (আত্মন্—ভব জন্ম) বিং, ত্রিং, হৃদয়রূঢ়, মনোগত, মানসজন্মা; যথা—"আত্মভব শোক।" ২। পুং, আত্মসত্তা, স্ববিদ্যমানতা। শিং—১ "অগ্নিরাত্মভবং প্রাদাদ্ যত্র বাগ্ইতি নৈষধঃ।" ৩। কামদেব।

আত্মভূ (আত্মন্ স্বয়ং—ভূ [ভূ হওয়া+০ (ক্বিপ্)—ক] যে হয়। যিনি আপনা হইতে হইয়াছেন, ৫মী—ষ) সং, পুং, মনোভব কামদেব। ২। ব্রহ্মা। শিং—১ "বচস্যবসিতে তস্মিন্ সসর্জ গিরমাত্মভূঃ।" (কুমার)। ৩। বিষ্ণু। শিং—১ "সর্ব্বজ্ঞস্ত্বমবিজ্ঞাতঃ সর্ব্বযোনিস্ত্বমাত্মভূঃ।" (রঘু)। ৪। শিব। শিং—১ "মমাপি চ ক্ষপয়তু নীললোহিতঃ পুনর্ভবং পরিগতশক্তিরাত্মভূঃ।" (শকুন্তলা)। ৫। বিং, ত্রিং, স্বয়ং উৎপন্ন।

আত্মমূলী; সং, স্ত্রীং, দুরালভাবৃক্ষ।

আত্মম্ভরি (আত্মন্ আপনাকে—ভরি [ভৃ পোষণকরা+ই(খি)—ক] যে ভরণপোষণ করে। যে আপনাকে পোষণ করে) বিং, ত্রিং, স্বোদরমাত্রপূরক। শিং—১ "আত্মম্ভরিস্ত্বং পিশিতৈর্নরাণাম্।" (ভট্টি)। ২। যে কেবল আপনার ভরণ করে অর্থাৎ আপন লাভ ও ইষ্টসিদ্ধি বিষয়ে তৎপর, স্বার্থপর, স্বার্থসাধনতৎপর, স্বার্থপরায়ণ।

আত্মম্ভরিত্ব—ক্লীং, আত্মম্ভরিতা—স্ত্রীং (আত্মম্ভরি+ত্ব, তা—ভাবে) সং, স্বোদরমাত্রপূরকত্ব, স্বার্থপরতা।

আত্মযোনি (আত্মন্ স্বয়ং—যোনি উৎপত্তি স্থান। যিনি আপনিই আপনার উৎপত্তি স্থান, ১মা—হিং) সং, পুং, মহাদেব। ২। (আত্মৈব যোনি রুপাদানকারণম্ অস্য) বিষ্ণু। "আত্মযোনিঃ স্বয়ং জাতা।" (বিষ্ণুসং)। ৩। কামদেব। শিং—১ "দদর্শ চক্রীকৃতচারুচাপং প্রহর্ত্তুমভ্যুদ্যতমাত্মযোনিম্।" (কুমার)।

আত্মরক্ষা (আত্মন্—রক্ষা) সং, স্ত্রীং, মহেন্দ্রবারুণীবৃক্ষ, মাকাল। ২। (৬ষ্ঠী—ষ) যাহাতে আপনাকে বিপদে বা কষ্টে পড়িতে না হয় এরূপ উপায় করা, আপনার শরীররক্ষা। ৩। শাস্ত্রে—বিঘ্নকর্ত্তা হইতে আপনার শরীর রক্ষণ। শিং—১ "আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ।" (সন্ধ্যাপ্রয়োগ)।

আত্মরূপ (আত্মন্—রূপ সাদৃশ্য) সং, ক্লীং, আপনার সাদৃশ্য। ২। আপনার রূপে আপনি প্রকাশ; যথা—

"আদ্যা আত্মরূপা আশা পূরাও আসিয়া।
আনিয়াছ আপনি আমারে আজ্ঞা দিয়া।"

আত্মলাভ (আত্মন্ স্বয়ং—লাভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নিজের লাভ। ২। উৎপত্তি। ৩। জ্ঞান, বিবেক, পরমাত্মতত্ত্বজ্ঞান। শিং—১ "নাত্মলাভাৎপরোলাভো নাস্তীতি মুনয়ো বিদুঃ।" (পুরাণ)। ২ "আত্মলাভ পরিণাম নিরোধৈঃ।" (কিরাত)।

আত্মবৎ (আত্মন্—বৎ(চুৎ)—প্রং) অং, আপনার মত, আপনার ন্যায়, আপনাকে বা আপনাতে যেরূপ সেইরূপ। শিং—১ "আত্মবন্মন্যতে জগৎ।" ২ "আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ।" (চাণক্য)।

আত্মবত্তা (আত্মবৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, আত্মসাদৃশ্য, নির্ব্বিকারমনস্কতা, পক্ষপাত-

রাহিত্য, "ইনি আত্মীয়, ইনি পর" ইত্যাদি ভেদবুদ্ধিবিরহ, পক্ষপাতরাহিত্য। শিং—১ "অথবীক্ষ্যরঘুঃ প্রতিষ্ঠিতং প্রকৃতিষ্বাত্মজমাত্মবত্তয়া।" (রঘু)। ২। প্রশস্তাত্মা, উদারাশয়তা। শিং—১ "ব্রহ্মহত্যাকৃতং পাপং ব্যপোহত্যাত্মবত্তয়া।" (মনু)।

আত্মবশ (আত্মন্—বশ) বিং, ত্রিং, আপনার বশ, যে আপন ইচ্ছানুসারে চলিতে পারে, যাহাকে পরের মতে চলিতে হয় না, স্ববশ। শিং—১ "সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং।" ২। সং, পুং, মনোবশীকরণ, আপন ইন্দ্রিয়াদির নিগ্রহ।

আত্মবান্ (আত্মবৎ, আত্মন্+বৎ(বতু)—উপমানার্থে) বিং, ত্রিং, অপ্রমত্ত, অপ্রমাদী, সর্ব্বদা সাবধান, জ্ঞানী, আপন মহিমায় সদাপ্রতিষ্ঠিত, ধৃতিমান্। ২। মনস্বী, জিতেন্দ্রিয়, বশী। ৩। প্রশস্তাত্মা, উদারচেতাঃ। শিং—১ "গৃহে গুরাবরণ্যে বা নিবসন্নাত্মবান্ দ্বিজঃ।" ৪। আত্মহিতৈষী। শিং—১ "তস্মাদস্মিন্ সদা যুক্তো নিত্যং স্যাদাত্মবান্ দ্বিজঃ।" (মনু)।

আত্মবিগ্রহ (আত্মন্ আপনি—বিগ্রহ যুদ্ধ) সং, পুং, লোকেরদের আপনা আপনির মধ্যে যে যুদ্ধ।

আত্মবিচ্ছেদ (আত্মন্—বিচ্ছেদ) সং, পুং, আত্মবিরহ, আত্মবন্ধু বিচ্ছেদ, ঘরোয়া-বিবাদ।

আত্মবিদ্ (আত্মন্—বিদ্ [বিদ্ জানা+০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, আত্মজ্ঞানসম্পন্ন, পরমাত্মতত্ত্বজ্ঞ, ব্রহ্মবিদ্, আত্মজ্ঞ, সুধী। শিং—১ "অধীয়ন্নাত্মবিদ্বিদ্যাম্।" (ভট্টি)। ২। স্বপক্ষজ্ঞাতা। শিং—১ "য ইহাত্মবিদো বিপক্ষমধ্যে।" (মাঘ)।

আত্মবিদ্যা (আত্মন্—বিদ্যা) সং, স্ত্রীং, ব্রহ্মবিদ্যা, যোগশাস্ত্রাদি। ২। অধ্যাত্মবিদ্যা। শিং—১ "আন্বিক্ষিকীঞ্চাত্মবিদ্যাং বার্ত্তারম্ভাংশ্চ লোকতঃ।" (মনু)।

আত্মবিস্মরণ (আত্মন্—বিস্মরণ) সং, ক্লীং, আপনাকে বিস্মৃত হওয়া, আপন দোষ, গুণ, ক্ষমতা বা অবস্থা বুঝিতে না পারা, আত্মবিস্মৃতি।

আত্মবিস্মৃত (আত্মন্—বিস্মৃত) বিং, ত্রিং, যে আপনাকে বিস্মৃত হইয়াছে, যে আপনার গুণ, দোষ, ক্ষমতা বা অবস্থা বুঝিতে পারে না। [আত্মবিস্মরণ দেখ।

আত্মবিস্মৃতি (আত্মন্—বিস্মৃতি) সং, স্ত্রীং,

আত্মবেদী (—বেদিন্, আত্মন্—বেদী যে জানে) বিং, ত্রিং, যে আপনাকে জানে, যে আপনার দোষ, গুণ, ক্ষমতা বা অবস্থা বুঝিতে পারে, আত্মজ্ঞ; যথা—"মহারাজ! আত্মবেদী পুরুষের ন্যায় বহুবিধ ধর্ম্মসংক্রান্ত কথার উল্লেখ করিয়া আমাদিগের শ্রবণযুগল চরিতার্থ করিতেছেন।"

আত্মশল্যা; সং, স্ত্রীং, শতাবরী।

আত্মশুদ্ধি (আত্মন্—শুদ্ধি) সং, স্ত্রীং, আপনার শুদ্ধতা, আপনার দোষাভাব, আপন নির্দোষতা। ২। চিত্তশুদ্ধি, প্রায়শ্চিত্ত দ্বারা আত্মকৃত পাপখণ্ডন।

আত্মশোধন (আত্মন্—শোধন) সং, ক্লীং, আপনাকে শুদ্ধ করা, আপনার দোষক্ষালন, স্বদোষক্ষালন। ২। চিত্তশোধন, প্রায়শ্চিত্ত দ্বারা আত্মকৃত পাপখণ্ডন।

আত্মশ্লাঘা (আত্মন্—শ্লাঘা) সং, স্ত্রীং, আপনি আপনার প্রশংসা করা, আপনি বড় বলিয়া বর্ণন করা, আত্মগর্ব্ব, বিকত্থনা।

আত্মশ্লাঘিতা (আত্মশ্লাঘিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, আত্মশ্লাঘী হওয়া, আত্মশ্লাঘা করা।

আত্মশ্লাঘী (—শ্লাঘিন্, আত্মন্—শ্লাঘ্ প্রশংসা করা+ইন(ণিন্)—ক) বিং, ত্রিং, যে আপনি আপনার প্রশংসা করে, যে আপনাকে বড় বলিয়া বর্ণনা করে, বিকত্থন।

আত্মসংযম (আত্মন্—সংযম) সং, পুং, চিত্তসংযমন, আপন ইন্দ্রিয়াদির নিগ্রহ, জিতেন্দ্রিয়তা; যথা—"আমি জন্মাবধি আত্মসংযম ও ব্রতানুষ্ঠান করিয়া যে সকল পুণ্য সঞ্চয় করিয়াছি।" শিং—১ "আত্মসংযমযোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে।" (গীতা)।

আত্মসংস্রব (আত্মন্—সংস্রব) সং, ক্লীং, আপনার সংস্রব, স্বসংস্রব, স্বসম্পর্ক।

আত্মসম্পর্কীয় (আত্মন্—সম্পর্কীয়) বিং, ত্রিং, যাহার সঙ্গে আপনার সম্পর্ক আছে, স্বসম্পর্কীয়, আত্মসম্বন্ধীয়।

আত্মসম্বন্ধ (আত্মন্—সম্বন্ধ) সং, পুং, আপনার সম্বন্ধ, স্ব-সম্বন্ধ, স্ব-সম্পর্ক।

আত্মসম্বন্ধীয়; বিং, ত্রিং, আত্মসম্পর্কীয়।

আত্মসম্ভব (আত্মন্ শরীর—সম্ভব উৎপত্তি। যাহার আত্মা হইতে উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্র। শিং—১ "চকারনাম্না রঘুরাত্মসম্ভবম্।" (রঘু)। ২। কামদেব। ৩। বিং, ত্রিং, আকাশভূত। বা—স্ত্রীং, কন্যা। ২। বুদ্ধি।

আত্মসম্মত (আত্ম—সম্মত) বিং, ত্রিং, আপনার সম্মত, যাহাতে আপনার সম্মতি আছে, আত্মাভিমত, স্বসম্মত।

আত্মসম্মিত (আত্মন্—সম্মিত সদৃশ) বিং, ত্রিং, আত্মসদৃশ, আপন তুল্য পরিমাণ; যথা—"হে বিপ্রসত্তম! আপনি অনেক উপায়ে এই সমস্তবস্তু আত্মসম্মিত করিয়া তপোনুষ্ঠান দ্বারা মরীচি প্রভৃতি বেধাদিগকে পরাজয় করিয়াছেন।" (কা, প্র, মহাভারত)।

আত্মসাৎ (আত্মন্ আপনি+সাৎ(চসাৎ)—অধীনতার্থে) অং, আপনাতে পর্য্যাপ্ত, আত্মায়ত্ত, আত্মাধীন, আপনার আয়ত্ত, আপনার হস্তগত, আপনার স্বত্বাস্পদীভূত। "দূরিতৈরপি কর্তুমাত্মসাৎ।" (রঘু)।

আত্মসাৎকৃত (আত্মসাৎ—কৃত) বিং, ত্রিং, যাহা আত্মসাৎ করা হইয়াছে, স্বায়ত্তীকৃত, স্বাধীনীকৃত।

আত্মসার (আত্মন্—সার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্বার্থপর।

আত্মহত্যা (আত্মন্—হত্যা) সং, স্ত্রীং, স্বহস্তে আপনার প্রাণবধ করা, উদ্বন্ধন বিষভক্ষণ জলমজ্জন অস্ত্রাঘাত প্রভৃতি দ্বারা আপন প্রাণনাশ করা, আত্মঘাত।

আত্মহা (আত্মহন্, আত্মন্ আপনি—হা হন্ হত্যাকরা+০(ক্বিপ্)—ক) যে হত্যা করে। যে আপনাকে হত্যা করে, ২য়া—ষ) সং, পুং, আত্মঘাতী; যথা—"কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে।" (মেঘ)। ২। আপনার যাথার্থ্যজ্ঞানরহিত, অজ্ঞ। 'যেহযথাসন্তমাত্মানমকর্তারং স্বয়ং প্রভুং। কর্তা ভোক্তেতিমন্যন্তে ত এবাত্মহনো জনাঃ।" ২। (দেবতার উৎসর্গীকৃত দ্রব্যাদি স্বীয় ব্যবহার বশতঃ যাহারা আপনার পরকাল হত্যা করে) দেবল, দেবপূজকব্রাহ্মণ।

আত্মহিত (আত্মন্—হিত) সং, ক্লীং, আপনার হিত, আপনার মঙ্গল, স্বহিত।

আত্মহিতকর (আত্ম—হিতকর) বিং, ত্রিং, যাহাতে আপনার হিত হয়, স্বহিতকর।

আত্মা (আত্মন, আ—অৎ সতত গমন করা+মন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, আপনি, স্বয়ং। ২। স্বরূপ। ৩। ব্রহ্ম, পরমাত্মা। "আত্মা শুদ্ধঃ স্বয়ং জ্যোতিরবিকারী নিরাকৃতিঃ।" ২ "স বা অয়মাত্মা সর্ব্বেষাং ভূতানামধিপতিঃ।" ৩"কথম্ আত্মেতি যোহয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তঃ জ্যোতিঃপুরুষঃ।" ৪। জীব, জীবাত্মা। ৫। দেহ, শরীর। ৬। যত্ন। ৭। ধৃতি, ধৈর্য্য। ৮। বুদ্ধি, মনীষা। ৯। মনঃ। ১০। হৃদয়। ১১। সূর্য্য। ১২। অগ্নি। ১৩। পুত্র। "আত্মা বৈ জায়তে পুত্রঃ।" ১৪। পরব্যাবর্তন। ১৫। স্বভাব, ধৃতি। ১৬। বায়ু। ১৭। অধিষ্ঠাত্রীদেবতা। ১৮। ন্যায়মতে—সংসার্য্যাত্মা; ইহা ইন্দ্রিয় এবং শরীর পরম্পরায় চৈতন্যসম্পাদক, বুদ্ধ্যাদি এবং ধর্ম্মাধর্ম্মের আশ্রয়, পরদেহাদিতে প্রবৃত্তি দ্বারা অনুমেয়, 'অহং' এই পদের আশ্রয় ইত্যাদি। ১৯। "দেহ, ধৃতি, জীবন, স্বভাব ও পরমাত্মা।" পণ্ডিতবর মোক্ষমূলর বলেন, "তাঁহাদের (ভারতবর্ষীয় আর্য্যঋষিগণের) প্রধান উদ্দেশ্য জীবাত্মার সহিত পরমাত্মার মিলন। মায়াধ্বংসেরই ঐ ফল।" আত্মা দ্বিবিধ, জীবাত্মা ও পরমাত্মা।

আত্মাদর (Self-esteem, আত্মন্—আদর, ৭মী—ষ) সং, পুং, আত্মবিষয়ে যত্ন ও আদর; আপনার মান অপমানের প্রতি দৃষ্টি রাখা, আপনাকে নীচ জ্ঞান না করা।

আত্মানুসন্ধান (আত্মন্—অনুসন্ধান) সং, ক্লীং, আপনার বা ঈশ্বরের বিষয়ে অনুসন্ধান।

আত্মাপরাধ (আত্মন্—অপরাধ) সং, পুং, আপনার অপরাধ, স্বাপরাধ, নিজকৃত অপরাধ। শিং—১"আত্মাপরাধবৃক্ষাণাং ফলান্যেতানি দেহিনাম্।" (হিতোপদেশ)।

আত্মাপহার (আত্মন্—অপহার) সং, পুং, অভিপ্রেত সাধনের নিমিত্ত আপন নাম, জাতি, অবস্থা প্রভৃতি গোপন করিয়া অন্য নাম, জাতি, অবস্থা প্রভৃতির উল্লেখ পূর্ব্বক আপন পরিচয় দেওয়া।

আত্মাপহারক (আত্মন্—অপহারক) সং, পুং, যে আপনাকে অপহরণ করে, যে ব্যক্তি অভিপ্রেত সাধনের নিমিত্ত আপন নাম, জাতি, অবস্থা প্রভৃতি গোপন করিয়া অন্য নাম, অন্য জাতি প্রভৃতির উল্লেখ পূর্ব্বক আপন পরিচয় দেয়, আত্মাপহারী, কপট, বঞ্চক। [হারক দেখ।

আত্মাপহারী (—হারিন্) বিং, ত্রিং, আত্মাপ-

আত্মাবলম্বন (আত্মন্—অবলম্বন) সং, ক্লীং, আপনাকে অবলম্বন করা, স্বসংক্রান্ত সকল বিষয় স্বয়ং নির্ব্বাহ করা, কোন বিষয়ে অন্যের সাহায্যের অপেক্ষা না রাখা, আত্মাশ্রয়, স্বাবলম্বন।

আত্মাবলম্বী (—ম্বিন্, আত্মন্—অবলম্বী) বিং, ত্রিং, যে আপনাকে অবলম্বন করে, যে স্বসংক্রান্ত সকল বিষয় স্বয়ং নির্ব্বাহ করে, যে কোন বিষয়ে অন্যের সাহায্যের অপেক্ষা রাখে না, আত্মাশ্রয়ী, স্বাবলম্বী।

আত্মাভিমত (আত্মন্—অভিমত) বিং, ত্রিং, আত্মসম্মত, আপন মতানুযায়ী।

আত্মারাম (আত্মন্—আরাম) বিং,ত্রিং, ব্রহ্মজ্ঞানাদিবশ হেতু আত্মাতেই আপনার পরমানন্দ আস্বাদকারী,আত্মসন্তোষে যে তৃপ্ত, সন্তুষ্টান্তঃকরণ; যথা—"কালী কালী কালী পড় মন, কালীপদে রাখ প্রীতি। ওরে পড় বাবা আত্মারাম, আত্মজনের কর গতি।" (রামপ্রসাদ সঙ্গীত)। শিং—১"আত্মারামাবিহিতরতযোনির্বিকল্পে সমাধৌ।"(বেণী)। ২ "আত্মারামঃ ফলাশী গুরুচরণরতঃ।"

আত্মাশী (আত্মাশিন্, আত্মন্—অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক। যে স্বকুল খায়) সং, পুং, মৎস্য।

আত্মাশ্রয় (আত্মন্—আশ্রয়) সং, পুং, স্বাপেক্ষত্বরূপতর্কদোষ-বিশেষ, স্বীয় স্বাপেক্ষত্ব হেতুক অনিষ্ট প্রসঙ্গরূপ আত্মাশ্রয়; ইহা উৎপত্তি, স্থিতি এবং জ্ঞপ্তি তিন প্রকার; যথা—(ক)"যদ্যয়ংঘট এতদ্‌ঘট জন্যঃস্যাৎ তদা এতদ্‌ঘটানধিকরণক্ষণোত্তরবর্ত্তী ন স্যাৎ।" (খ) "যদ্যয়ং ঘট এতদ্‌ঘটবৃত্তিঃ স্যাৎ এতদ্‌ঘটোব্যাপ্যো ন স্যাৎ।" (গ) যদ্যয়ং ঘট এতদ্‌ঘটজ্ঞানাভিন্নঃ স্যাৎ জ্ঞানসামগ্রীজন্যঃস্যাৎ, এতদ্‌ঘটভিন্ন স্যাদিতি বা সর্ব্বত্রাপাদ্যম্।" (ন্যায়সূত্র)। ২। (৬ষ্ঠী—ষ) আত্মাবলম্বন।

আত্মীয় (আত্মন্ আপনি+ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, আত্মসম্পর্কীয়, স্বকীয়, অন্তরঙ্গ, বান্ধব। শিং—১"প্রসাদমাত্মীয়মিবাত্মদর্শঃ।" (রঘু)। ২। যাহাকে আপনার জন বলিয়া জ্ঞান করা যায়, স্বজন, বন্ধু, অন্তরঙ্গ।

আত্মীয়তা (আত্মীয়+তা—ভাবে) সং, স্ত্রীং, বন্ধুত্ব, অন্তরঙ্গতা। ২। আত্মীয়ের কর্ম্ম বা ব্যবহার।

আত্মোদ্ভব (আত্মন্ শরীর—উদ্ভব উৎপত্তি। যাহার শরীর হইতে জন্ম হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্র,আত্মজ। ২। কন্দর্প। বা—স্ত্রীং, কন্যা। ২। মাষপর্ণীবৃক্ষ।

আত্মোপনিষৎ (আত্মন্—উপনিষৎ) সং,স্ত্রীং, ব্রাহ্ম্যাত্মা, অন্তরাত্ম' ও পরমাত্মাস্বরূপ নিরূপণ গ্রন্থ।

আত্মোপম (আত্মন্—উপমা) বিং,ত্রিং, আত্মসদৃশ, স্বতুল্য, পরমাত্মীয়।

আত্মৌপম্য (আত্মন্—ঔপম্য সাদৃশ্য) সং, ক্লীং, আত্মতুলনা, নিজসাদৃশ্য। শিং—১ "আত্মৌপম্যেন ভূতানাং দয়াং কুর্ব্বন্তি সাধবঃ।"

আত্যন্তিক } আত্যন্তীন } (অত্যন্ত+ইক(ষ্ণিক), ঈন—ভবার্থে) বিং,ত্রিং, অতিশয়িত, অতিরিক্ত, বিস্তর, সম্পূর্ণ, অসীম। শিং—১ "সুখমাত্যন্তিকং যৎতদ্‌বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।" ২। যৎপরোনাস্তি। ৩। ধারাবাহী, অবিচ্ছিন্ন, অশেষ, অনন্ত। ৪। মরণপর্য্যন্ত।

আত্যন্তিকতা (আত্যন্তিক+তা—ভাবে) সং, স্ত্রীং, অত্যাধিক্য।

আত্যয়িক (অত্যয় বিনাশ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, বিনাশ-সম্বন্ধীয়, ক্ষয়হেতুক। শিং—১ "অশিশ্রবন্নাত্যয়িকং

সমেত্য।" (ভট্টি)। ২। পীড়াজনক, দুঃখজনক। ৩। বিপদসূচক। ৪। অশুভনিমিত্তক, অমঙ্গলার্থক।

ত্রেয় (অত্রি মুনিবিশেষ+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, অত্রিমুনির পুত্র—দত্ত, সোম, দুর্ব্বাসাঃ। ২। আয়ুর্ব্বেদাধ্যাপক মুনিবিশেষ; ইনি নাড়ীজ্ঞানপ্রকরণ নামক গ্রন্থপ্রণেতা। ৩। অত্রিবংশোদ্ভব। ৪। শরীরস্থ রস ধাতু। য়িকা—স্ত্রীং, ঋতুমতী, রজস্বলা। য়ী—স্ত্রীং, নদীবিশেষ। ২। অত্রিবংশ্যা স্ত্রী। ৩। অত্রিমুনিপত্নী। ৭। ঋতুমতীস্ত্রী।

থর্ব্বণ (অথর্ব্বন্+অ(ষ্ণ)—জাতার্থে, ইদমর্থে) সং,পুং, কুলপুরোহিত। ২। অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ। ৩। বিং, ত্রিং, অথর্ব্ববেদজ্ঞ। ৪। অথর্ব্ববেদ-বিহিত। "আথর্ব্বণস্যেব ইবাভিচারঃ।" ৫। ক্লীং, অথর্ব্বমুনিপ্রণীত সূক্তসমূহ। ৬। শান্তিগৃহ।

থিবিথি (অস্তব্যস্ত শব্দজ কি?) বিং, ব্যস্ত সমস্ত। যথা—

"আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায়।
অঙ্গুলি হেলায়ে হীরা দুঁহারে দেখায়।"

দকপালিয়া (অর্দ্ধকপাল শব্দজ) সং, ক্লীং, রোগবিশেষ, শিরঃপীড়া।

দং (যাবনিক) আচার, রীতি, ধারা।

দতে (যাবনিক) ব্যবহারতঃ, স্বাভাবিক রূপে।

দত্ত (আ—দা [দান করা] গ্রহণ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আত্ত, গৃহীত, যাহা গ্রহণ করা গিয়াছে। শিং—১ "আদত্তে হি রসং রবিঃ।" (রঘু)।

দদ (যাবনিক) সংখ্যা, গণনা, অঙ্ক।

দদান (আ—দা [দান করা] গ্রহণ করা+আন(শান)—ক] বিং, ত্রিং, যে গ্রহণ করিতেছে, গৃহ্লান।

দমী (যাবনিক, আদম বা Adam) আদমের সন্তান সন্ততি, মানুষ, ব্যক্তি।

দর (আ—দৃ আদর করা+অ(অল্)—ভাবে) সং, পুং, স্নেহ; যথা—সন্তানের আদর। ২। প্রীতি, প্রণয়; যথা—বন্ধুর আদর। ৩। সম্মান, মর্য্যাদা; যথা—অতিথির আদর। ৪। ভক্তি, শ্রদ্ধা; যথা—গুরুলোকের আদর। ৫। আস্থা, যত্ন, অনুরাগ; যথা—সৎকর্ম্মে আদর। ৬। আসক্তি। ৭। আরম্ভ।

আদরণীয় (আ—দৃ আদর করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আদরের যোগ্য, যাহার বা যে বিষয়ে আদর করা উচিত ও আবশ্যক, পূজনীয়, মাননীয়। ২। সেবনীয়, অবলম্বনীয়।

আদরা (আদর্শ শব্দজ) চিহ্ন, অঙ্ক, দাগ।

আদরী (আদরিন্) বিং, ত্রিং, যে অন্যের নিকট আদর পায়, যে সর্ব্বদা আদর পাইয়া নষ্ট হইয়া যায়। ণী—স্ত্রীং।

আদর্শ (আ—দৃশ্ দেখা+অ(অল্)—ধি। যেখানে আপনাকে কিম্বা লিখিতব্য বিষয়কে দেখা যায়) সং, পুং, দর্পণ। যথা—"যেমন আদর্শতলে মুখপ্রতিবিম্ব, পুত্র ও তদ্রূপ পিতার প্রতিবিম্বস্বরূপ।" "আদর্শবিম্বস্তিমিতায়তাক্ষী।" (কুমার)। ২। যে গ্রন্থ দেখিয়া অন্য পুস্তক লেখা যায়, যাহা দেখিয়া লিখিয়া লওয়া যায়, প্রতিপুস্তক। ৩। নমুনা, দ্রব্যের যে অংশ দেখিয়া মনোনীত বা দোষ গুণ পরীক্ষা করা যায়। ৪। টীকা।

আদর্শ-বিদ্যালয় (Model school) সং, পুং, যে বিদ্যালয়ে শিক্ষাদান প্রণালী প্রদর্শিত হয়।

আদা (আর্দ্রক শব্দজ) সং, মূলবিশেষ।

আদাড় (দেশজ) কুস্থান, জঞ্জাল স্থান।

আদাড়ে (দেশজ) অদম্য, দুর্দ্দম্য।

আদান (আ—দা [দান করা] গ্রহণ করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গ্রহণ, স্বীকার, প্রতিগ্রহ। "কুশাঙ্কুরাদানপরিক্ষতাঙ্গুলিঃ।" (কুমার)। ২। স্বীকার। ৩। (+অনট্—র্ম্ম) অশ্বাভরণ। ৪। রোগলক্ষণ। ৫। নী—স্ত্রীং, হস্তিঘোষা বৃক্ষ।

আদানপ্রদান (আদান গ্রহণ—প্রদান দেওয়া) সং, ক্লীং, দেওয়া লওয়া। ২। লেনদেন। ৩। বিবাহসম্বন্ধে কন্যা দান ও গ্রহণ; যথা—

"শ্রীগোপাল ছোট সবে কুলের মুখটী
আদান প্রদানে খ্যাত ত্রিকুল পালটী।"

আদাভাগী ( অৰ্দ্ধভাগী শব্দজ ) অৰ্দ্ধাংশী, অর্দ্ধেকের অংশী।

আদায় (আদান দেখ, য—প্রং) অং, গ্রহণ করিয়া, লইয়া। (বাঙ্গলা ভাষায় এই আদায় শব্দের অর্থ গ্রহণ প্রচলিত হইয়াছে) সং, গ্রহণ, লওন ; যেমন—খাদকের নিকট হইতে ঋণ আদায়।

আদালত ( যাবনিক, Court of Justice ) বিচারস্থান, ধর্ম্মাধিকরণ।

আদি (আ—দা দান করা+ই(কি)—র্ম্ম। যাহা অগ্রে গৃহীত হয়) সং, পুং, পূর্ব্ব, প্রথম। ২। প্রারম্ভ। ৩। প্রাক্‌সত্ত্বা, নিয়তপূর্ব্ববর্ত্তিকারণ, উৎপত্তিহেতু। ৩। পদান্তে গণসূচক। শিং—১ "আদিশব্দ পদান্তে তু গণস্য সূচকো মতঃ।" যথা—স্বাদি, তনাদি, গর্গাদি। ৪। সামীপ্য, ব্যবস্থা, প্রকার, অবয়ব। শিং—১ "সামীপ্যেঽথ ব্যবস্থায়াং প্রকারেঽবয়বে তথা। আদিশব্দং তু মেধাবী চতুর্ষর্থেষু লক্ষয়েৎ।" ৫। আদ্য, মূল। শিং—১ "জগদাদিরনাদিস্ত্বম্।"(কুমার)। ২ "অপ এব সসর্জাদৌ তাসু বীজমবাসৃজত।"(মনু)। ৬। প্রভৃতি; যথা—পুত্রাদি পরিবার, ক্রোধাদি রিপুগন। ৭। (+ই(কি)—ভাবে) গ্রহণ। ৭। বিং, ত্রিং, প্রথম, সর্ব্বপ্রথম ; যথা—আদিপুরুষ, আদিকবি।

আদিকবি (আদি প্রথম—কবি) সং, পুং. প্রথমকবি। ২। ব্রহ্মা। "তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে।"(ভাগবত)। ৩। বাল্মীকি।

আদিকারণ ( আদি—কারণ, ষং—স ) সং, ক্লীং, পূর্ব্বনিমিত্ত, মূলহেতু, প্রথম কারণ। ২। বৈশেষিকাদিমতে—সমবায়িকারণ। ৩। অন্যমতে—উপাদান কারণ। ৪। বৈদ্যকমতে—কারণের কারণ; যথা—কম্পের কারণ জ্বর, জ্বরের কারণ শ্লেষ্মা, সেই শ্লেষ্মা কম্পের কারণ।

আদিকোট—"অহিচ্ছত্রা"র অপর নাম।

আদিগদাধর ; সং, পুং, কাশীস্থ বিষ্ণুর মূর্ত্তিবিশেষ। শিং—১ "দত্তাত্রেয়েশ্বরাৎ পূর্ব্বমেব আদিগদাধরঃ।" ২। গয়াতীর্থস্থিত বিষ্ণুর মূর্ত্তিবিশেষ। ইহার পাদপদ্মে পিণ্ড দান করিতে হয়। শিং—১ "আদ্যেন গদয়াচাসৌ যস্মাদ্দৈত্যঃ স্থিরীকৃতঃ স্থিত ইত্যেব হরিণা তস্মাদাদিগদাধরঃ।" ২ "গয়াশিরশ্ছাদয়িত্বা গুরুত্বাদাস্থিতা শিলা। কালান্তরেণ ব্যক্তশ্চস্থিত আদিগদাধরঃ। তথা ব্যক্তোঽব্যক্তরূপী আসীদাদৌগদাধরঃ। আদিরাদৌ পূজিতোঽত্র দেবৈর্ব্রহ্মাদিভির্যতঃ। [illegible] দৈ্যরত আদিগদাধরঃ।"

আদিতঃ (আদিতস্, আদি+তস্—প্রং) অং, আদিতে। ২। সর্ব্বাগ্রে, পূর্ব্বে, প্রথমে। শিং—১ "পতীন্ প্রজানামসৃজন্মহর্ষীনাদিতো দশ।"(মনু)। ৩. (+তস্—৫মী স্থানে) আদি হইতে। শিং—১ "ইদং শাস্ত্রন্তু কৃত্বাদৌ মামেব স্বয়মাদিতঃ।"

আদিতেয় (অদিতি কশ্যপ-পত্নী+এয়(ঢেয়) —অপত্যার্থে) সং, পুং, অদিতিসন্তান, দেবতা।

আদিত্য (অদিতি+য(ঞ্য)-অপত্যার্থে অথবা —"অ অভাব—আদি তৎপ্রভৃতি+ত্য—ভবার্থে। যিনি অভাবাদি বিপদসমূহে আবির্ভূত হন অর্থাৎ যিনি দারিদ্র্যনাশক") সং, পুং, দেবতা। ২ সূর্য্য। ৩। অর্কবৃক্ষ, আকন্দগাছ। ৪। আদিত্যমণ্ডলস্থিত হিরণ্ময় বিষ্ণু। শিং—১ "স্বয়ম্ভূঃ শম্ভুরাদিত্যঃ।" ৫। দ্বিং, পুনর্ব্বসুনক্ষত্র। ত্যা—বহুং, কশ্যপের ঔরসে দিতির গর্ভে জাত দ্বাদশ আদিত্য ; যথা—বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, অতিতেজা বা উরুক্রম। শিং—১ "ধাতা মিত্রোঽর্য্যমা রুদ্রো বরুণঃ সূর্য্য এব চ।" ভগো বিবস্বান্ পূষা চ সবিতা দশমঃ স্মৃতঃ।" একাদশস্তথা ত্বষ্টা বিষ্ণুর্দ্বাদশ উচ্যতে।" কালিকাপুরাণে—'বিধাতার' পরিবর্ত্তে 'সোম' এই নাম দৃষ্ট হয়। ঋগ্বেদে—আদিত্য সংখ্যা ছয় ;—মিত্র, অর্য্যমা, ভগ, বরুণ, দক্ষ ও অংশ। অন্য স্থানে সাত, অন্যত্রে আট। তৈত্তিরীয়ে—মিত্র, বরুণ, ধাতা, অর্য্যমা, অংশু, ভগ, ইন্দ্র ও বিবস্বান্ এই অষ্ট আদিত্যের নাম পাওয়া যায়। শতপথ ব্রা-

স্কন্দে—দ্বাদশ আদিত্যের উল্লেখ আছে কিন্তু তাহাদিগকে অদিতির পুত্র না বলিয়া দ্বাদশ মাসের স্বরূপ হইয়াছে। (Muir O. S.) কল্পান্তরে—সূর্য্যপত্নী সংজ্ঞা আদিত্যের তেজ সহনে অসমর্থা হইলে তৎপিতা বিশ্বকর্ম্মা সূর্য্যকে দ্বাদশ খণ্ডে বিভক্ত করিয়াছিলেন এবং সেই দ্বাদশ খণ্ড বার মাসে ভিন্ন ভিন্ন নামে উদয় হয়; যথা—"অরুণো মাঘমাসে তু সূর্য্যো বৈ ফাল্গুনে তথা। চৈত্রে মাসি চ বেদজ্ঞো বৈশাখে তপনঃস্মৃতঃ। জ্যৈষ্ঠে মাসি তপেন্দ্রঃ আষাঢ়ে তপতে রবিঃ। গভস্তিঃ শ্রাবণে মাসি যমো ভাদ্রপদে তথা। ইষে হিরণ্যরেতাশ্চ কার্ত্তিকে চ দিবাকরঃ। মার্গশীর্ষে তপেচ্চিত্রঃ পৌষেবিষ্ণুঃ সনাতনঃ। ইত্যেতে দ্বাদশাদিত্যাঃ কাশ্যপেয়াঃ প্রকীর্ত্তিতা।"

আদিত্যপত্র; সং, পুং, ক্ষুপবিশেষ। ২। স্ত্রীং, আকন্দগাছ।

আদিত্যপুষ্পিকা; সং, স্ত্রীং, বকুল আকন্দ।

আদিত্যভক্তা; সং, স্ত্রীং, হুড়াহুড়িয়া।

আদিত্যসূনু (আদিত্য সূর্য্য—সূনু সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বানররাজ, সুগ্রীব। ২। যম। ৩। শনি। ৪। সাবর্ণিমনু। ৫। বৈবস্বতমনু।

আদিৎসা (আদিৎস [আদত্ত দেখ, স—ইচ্ছার্থে] গ্রহণ করিতে ইচ্ছা করা+আ—আ) সং, স্ত্রীং, গ্রহণেচ্ছা।

আদিৎসু (আ—দা দান করা+সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, ত্রিং, গ্রহণেচ্ছু। শিং—১ "আদিৎসুভির্পুরশিল্পিতানি।"

আদিদেব } (আদি—দেব দেবতা।
আদিবরাহ } বরাহ শূকর, ৭মী—য) সং, পুং, নারায়ণ, বিষ্ণু, জগদুপাদানস্বরূপ বাসুদেব। শিং—১ "পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্। পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্।" ২। সূর্য্যের অষ্টশত নামমধ্যে পরিগণিত নামবিশেষ। শিং—১"ধ্বন্তরির্ধূমকেতু আদিদেবো দিতেঃসুতঃ।" ৩। মহাদেব। ৪। ব্রহ্মা।

আদিপুরাণ (আদি আদ্য—পুরাণ) সং, ক্লীং, ব্রহ্মপুরাণ।

আদিপুরুষ } (আদি প্রথম—পুরুষ) সং,
আদিপূরুষ } পুং, প্রথমপুরুষ, যাহা হইতে বংশের গণনা আরম্ভ হয়। শিং—১"দৈত্যানামাদিপুরুষঃ সুরারির্দিতিনন্দনঃ।" ২। জগদাদি নারায়ণ, বিষ্ণু। শিং—১"তে চ প্রাপুরুদন্বন্তং বুবুধে চাদিপুরুষঃ।" (রঘু)।

আদিম (আদি+ম—ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, আদ্য, প্রথমভব (বস্তু)।

আদিরাজ (আদি—রাজন্ রাজা, ষং—স) সং, পুং, পৃথুরাজা। ২। বৈবস্বতমনু। শিং—১ "আদিরাজো মনুরিব প্রজানাং পরিরক্ষিতা।" (রামায়ণ)। ৩। পুরুবংশীয় রাজা; ইনি অবিক্ষিতের পুত্র।

আদিষ্ট (আ—দিশ্ [দান করা] অনুমতি করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আদেশিত, আজ্ঞপ্ত। ২। নিযুক্ত, নিয়োজিত। ৩। উপদিষ্ট, অনুশাসিত। ৪। কথিত, অভিহিত। ৫। ব্যাকরণে—আদেশপ্রাপ্ত, কৃতাদেশবর্ণ, যেমন—ইক স্থানে যণ্ আদেশ হয়; "যণ্" এইটী আদিষ্টশব্দ। ৫। (+ত(ক্ত)—ভাবে) ক্লীং, আদেশ, আজ্ঞা। ৬। উচ্ছিষ্ট।

আদীনব (আ অতিশয়—দীন দৈন্য+ব—অস্ত্যর্থে। যাহাতে অত্যন্ত দৈন্য আছে অথবা আদীন [আ—দী দীন হওয়া+ত(ক্ত)—ভাবে]—ব [বা গমন করা+অ(ড)—ক]) সং, পুং, দোষ। শিং—১ "যদ্বাসুদেবেনাদীনমনাদীনবমীরিতম্।" ২। ক্লেশ, অসুখ। ৩। দুরন্ত, দুর্দ্দম, দুঃখদাতা।

আদীপন (আ সম্যক্—দীপ্ দীপ্ত হওয়া+অন(অনট্)—ভা, ক) সং, ক্লীং, উদ্দীপন, সন্দীপন। ২। আলিম্পনা, আলিপনা।

আদুড় (দেশজ) বিং, অনাবৃত, অনাচ্ছাদিত, আঢাকা।

আদুড়ীয়, আধুড়ীয় (দেশজ) অপরিপক্ক। ২। অপরিমিত।

আদৃত (আদর দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্মানিত, আদরান্বিত, যাহার আদর করা হইয়াছে, যে আদর পাইয়াছে। ২। পূজিত। ৩। অভিমত, অনুমোদিত। ৪।

সাবধান, অবহিত, অপ্রমত্ত। শিং—১ "আত্মানমাদৃতো রক্ষেৎ প্রমাদাদ্ধি বিনশ্যতি।" ৫। (+ক্ত—ক) আদরযুক্ত।

আদৃত্য (আদর দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, আদরণীয়, পূজনীয়, মাননীয়।

আদেশ (আ—দিশ্ [দান করা] অনুমতি করা+অ(অল্)—ভাবে) সং, পুং, আজ্ঞা, অনুমতি, শাসন। শিং—১ "আদেশং দেশকালজ্ঞঃ শিষ্যঃ শাসিতুরানতঃ।" (রঘু)। ২। উপদেশ। ৩। কথন। ৪। আদেশন, দেখান। (+অ(অল্)—র্ম্ম) ব্যাকরণে—প্রকৃতি প্রত্যয়োপঘাতক কার্য্যভেদ, বর্ণস্থানে বর্ণান্তরোৎপত্তি, শব্দ বা বর্ণের আকারান্তর প্রাপ্তি। ৫। জ্যোতিঃ শাস্ত্রফল। শিং—১ "মঙ্গলাদেশবৃত্তাশ্চ ভদ্রাশ্চৈক্ষণিকৈঃসহ।"

আদেশক (আদেশ+অক(ণক)—ক) বিং, ত্রিং, যিনি আদেশ করেন।

আদেশী (আদেশিন্, আ—দিশ্ [দান করা] অনুমতি করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, আদেশকর্ত্তা, আদেষ্টা। শিং—১"কপোল পাটলাদেশি বভূব রঘুচেষ্টিতম্।" (রঘু)। ২। উপদেষ্টা, উপদেশকর্ত্তা। ৩। পুং, দৈবজ্ঞ, গণক।

আদেষ্টা (আদেষ্টৃ, আদেশ দেখ, তৃ(তৃন্)—ক) সং, পুং, উপদেশক, আদেশকর্ত্তা, শাসক। ২। "যজ্ঞবিষয়ে আমার ইষ্টসাধনার্থ যথার্থ কর্ম্ম কর" ঋত্বিগ্‌দিগের প্রতি এইরূপ আদেশকর্ত্তা, যজমান।

আদৌ (আদি+ই—বিভক্তি। ি+ই=ঔ। সপ্তম্যন্ত আদি শব্দের রূপ আদৌ) প্রথমে, অগ্রে, পূর্ব্বে। ২। আরম্ভে, উপক্রমে। [যোগ।

আদ্দাশ (দেশজ) সং, নিবেদন। ২। অভি-

আদ্য (আদি+য(ঞ্য)—ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, আদিম, আদিভব। শিং—১ "আসীন্মহীক্ষিতামাদ্যঃ প্রণবশ্ছন্দসামিব।" (রঘু)। ২। প্রধান, শ্রেষ্ঠ, সর্ব্বোৎকৃষ্ট। শিং—১"তোষিতোহহং নৃপশ্রেষ্ঠ! ত্বয়েহাদ্যেন কর্ম্মণা।" ৩। (অদ্ ভক্ষণ করা য(ণ্যৎ)—র্ম্ম) ভোজনার্হ, শাস্ত্রানুসারে ভক্ষণীয়। ৪। ক্লীং, ভক্ষ্যদ্রব্যমাত্র ধান্য।

আদ্যন্ত (আদি প্রথম—অন্ত শেষ—স) সং, পুং, প্রথমাবধি শেষ পর্য্য

আদ্যপ্রান্ত (আদ্য—প্রান্ত) ক্রিং—বিং, মাবধি শেষ পর্য্যন্ত, পূর্ব্বাপর।

আদ্যমাষক; সং, পুং, মাসক পরিমাণ, মাসা, পাঁচরতি।

আদ্যবীজ (আদ্য—বীজ) সং, ক্লীং, কারণ, আদিকারণ, মুখ্যনিমিত্ত। ২। ধ্যমতে—প্রধান।

আদ্যশ্রাদ্ধ (আদ্য—শ্রাদ্ধ) সং, ক্লীং, অ চান্তের পরদিনে কর্ত্তব্য শ্রাদ্ধ, প্রথমক্

আদ্যা (আদ্য দেখ, আপ্—স্ত্রীং) স্ত্রীং, প্রধানা শক্তি, মহাবিদ্যা, দু শিং—১"সত্যে তু সুন্দরী আদ্যা ত্রেত ভুবনেশ্বরী। দ্বাপরে তারিণী আদ্যা ক কালী প্রকীর্ত্তিতা।" ২। ত্রিং,আদিভূত

আদ্যূন (আ—দিব্ [ক্রীড়া করা] পোষণ +ত(ক্ত)—ক। ব্=ূ। ত=ন। আপনাকে মাত্র পোষণ করে) বিং, ঔদরিক, [illegible]তিশয় পেটুক। ২। বিজিগী রহিত [illegible]। স্বার্থপর। ৪। (আদি—উ ওয়া—ষ) আদিশূন্য।

আদ্যোপান্ত (আদ্য প্রথম—উপ সমী—অন্ত শেষ, দ্বং—স) সং, ক্লীং, পূর্ব পর, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, আদ্যন্ত, ই কনাগাদি।

আদ্রিয়মাণ (আদর দেখ, আন(শান)—[illegible] বর্ত্তমান কাল। য, ম—আগম) বিং, ত্রি যাহাকে আদর করা যাইতেছে।

আধ (অর্দ্ধ শব্দজ) বিং, আধা, অর্দ্ধেক।

আধমন (আ—ধা [ধারণ করা] স্থাপন করা ইত্যাদি+মন(ডমন)—ভাবে) সং, ক্লীং, বন্ধক দেওয়া। শিং—১ "যোগাধমন বিক্রীতং যোগদানপ্রতিগ্রহম্।" (মনু)।

আধর্ষিত (আ—ধৃষ্ বল পূর্ব্বক বদ্ধ করা, প্রগলভ হওয়া ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। ২। অপমানিত। ৩। অভিভূত।

আধলা (অর্দ্ধ শব্দজ) সং, ইষ্টকার্দ্ধ। অর্দ্ধেক।

আধলি (অর্দ্ধ শব্দজ) সং, অর্দ্ধমুদ্রা, আধটাকা।

আধা (অর্দ্ধ শব্দজ) অর্দ্ধেক ; যথা—
"মোর পরাণপুতলী রাধা।
সুতনু তনুর আধা।" (অন্নদা)।

আধাআধি (অর্দ্ধার্দ্ধি শব্দজ) অর্দ্ধ অর্দ্ধভাগ, অর্দ্ধাংশ। ২। অসম্পূর্ণ।

আধাঙ্গা (অর্দ্ধাঙ্গ শব্দজ) অর্দ্ধাঙ্গ, অর্দ্ধেক।

আধান (আ—ধা [ধারণ করা] স্থাপন করা ইত্যাদি+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সম্পাদন, করণ। শিং—১ "প্রজানাং বিনয়াধানাৎ রক্ষণাদ্ভরণাদপি।" (রঘু)। ২। গ্রহণ, ধারণ। ৩। অধিগম, প্রাপ্তি। ৪। সংস্কারপূর্ব্বক বহ্নিস্থাপন, শ্রৌতাগ্নি বা স্মার্ত্তাগ্নির গ্রহণ, অগ্ন্যাধান। শিং—১ "ভার্য্যায়ৈ পূর্ব্বমারিণ্যৈ দত্ত্বাগ্নীনন্ত্যকর্ম্মণি। পুনর্দারক্রিয়াং কুর্য্যাৎ পুনরাধানমেবচ।" (মনু)। ৫। ব্রাহ্মণদিগের প্রতিদিনকর্ত্তব্য বিহিতবহ্নি স্থাপনপূর্ব্বক হোমাদি ক্রিয়া, যজন, হোম। শিং—১ "আধান পশুবন্ধেষ্টিমন্ত্রযজ্ঞতপঃ ক্রিয়া।" ৬। হোমাগ্নিসংস্থাপন, নিত্যকর্ত্তব্যাগ্নিসন্দীপন, হোম। "দেবতাভ্যর্চ্চনংচৈব সমিদাধানমেব চ।"(মনু)। ৭। গর্ভাধান ক্রিয়া। ৮। বন্ধক দেওয়া। শিং—১"বিক্রয়াধানকরণে যাচিতেষু পণান্ দশ।" ৯। উৎপাদন, সাধন। শিং—১ "তস্য স্থিত্বা কথমপি পুরঃ কৌতুকাধানহেতোঃ।" (মেঘদূত)। ১০। সঞ্চার ; যথা—শরীরে বলাধান।

আধানিক (আধান+ঞক—ভবার্থে) সং, ক্লীং, গর্ভাধানসংস্কার। ২। (আধুনিক শব্দজ) বিং, ইদানীন্তন।

আধার (আ—ধৃ ধরা+অ(ঘঞ্)—ণি) সং, পুং, ব্যাকরণে—অধিকরণ কারকবিশেষ। শিং—১ "আধারোঽধিকরণম্। ঔপশ্লেষিকো বৈষয়িকোঽভিব্যাপকশ্চেত্যাধারস্ত্রিধা; যথা—"কট্ আস্তে। স্থাল্যাং পচতি। মোক্ষে ইচ্ছাস্তি। সর্ব্বস্মিন্নাত্মাস্তি।—সামীপ্যাশ্লেষবিষয়ব্যাপ্ত্যাধারশ্চতুর্ব্বিধঃ। ২। অম্বুধারণ, ক্ষেত্রাদিতে জলসেচনার্থ যে স্থানে জল রাখাযায়, বন্ধকন্দরাদি, বাঁধ। ৩। আলবাল, জলাধার-প্রদেশ। শিং—১ "আধারবন্ধপ্রমুখৈঃ প্রযত্নৈঃ সংবর্দ্ধিতানাং সুতনির্ব্বিশেষম্।" (রঘু)। ৪। আশয়, সন্নিবেশ। শিং—১"অপামিবাধারমনুত্তরঙ্গম্।" (কুমার)। ৫। আশ্রয়, অবলম্বন। ৬। যে ধারণ করে, যাহার ভিতরে বা উপরে কোন বস্তু থাকে ; যথা—তৈলাধার ভাণ্ড, পৃথিবী যাবতীয় বস্তুর আধার। ৭। যাহা দ্বারা প্রাণ ধারণ করা যায় ; যথা—পক্ষীর আধার। ৮। স্থান। ৯। পাত্র ; যথা—গুণের আধার। ১০। তন্ত্রে—ষট্চক্র মধ্যে আদ্যচক্রের আধার। শিং—১ "আধারে লিঙ্গনাভৌ তদনু চ হৃদয়ে তালুমূলে ললাটে।" (আনন্দলহরী)।

আধি (আ—ধৈ [চিন্তা করা] স্থাপন করা ইত্যাদি + ই(কি)—ণি, কিম্বা আ—পূর্ব্ব 'ধা' ধাতুজ) সং, পুং, মনঃপীড়া, মনোবেদনা ; যথা—"প্রতীকার দ্বারা ব্যাধির ও অনবধান দ্বারা আধির শান্তি হয়।" শিং—১ "আধিব্যাধিপরিতাপৈরদ্য শ্বো বা বিনাশিনে।" ২। প্রত্যাশা। ৩। ব্যসন, বিপত্তি। শিং—১ "যান্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ো বামাঃ কুলস্যাধয়ঃ।"(শকুন্তলা)। ৪। অধিষ্ঠান, স্থান। ৫। (+ই—ভাবে) স্থাপন। ৬। বন্ধক দেওয়া।

আধিকরণিক (অধিকরণ+ইক(ষ্ণিক)—নিযুক্তার্থে)সং,পুং, বিচারক,মাজিষ্ট্রেট্ প্রভৃতি।

আধিক্য (অধিক+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অধিকতা, অতিশয়তা ; যথা—শুক্রাধিক্য। ২। প্রাধান্য, শ্রেষ্ঠতা, উৎকর্ষ, প্রাবল্য।

আধিক্লিষ্ট (আধি—ক্লিষ্ট ক্লেশপ্রাপ্ত) বিং, ত্রিং, মনঃপীড়ায় দুঃখিত।

আধিজ (আধি—জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক) বিং, ত্রিং, মনঃপীড়া-জনিত, দুঃখহেতুক।

আধিজ্ঞ (আধি দুঃখ ইত্যাদি—জ্ঞ যে জানে) বিং, ত্রিং, ব্যথিত, দুঃখিত। ২। বক্র।

আধিদৈবিক (অধিদেব+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, দেবতাকে অধিকার করিয়া প্রবৃত্ত, দেবতা হইতে যাহা ঘটে বা উৎপন্ন হয়, দৈবজাত, (দেবতা অথবা দিব্

অর্থাৎ আকাশ হইতে উৎপন্ন হয় বলিয়া) যেমন—দাহ শীতাদি জনিত (দুঃখ),অতিবাত অতিবৃষ্টি বজ্রপাতাদি জনিত (দুঃখ)। ২। সাংখ্যমতে—যক্ষ রাক্ষস বিনায়ক গ্রহাদির আবেশ নিবন্ধন আধিদৈবিক (দুঃখ)।

আধিপত্য (অধিপতি+য(ষ্ণ্য) — ভাবে,কর্ম্মণি) সং, ক্লীং, প্রভুত্ব, কর্তৃত্ব, স্বামিত্ব, ঐশ্বর্য্য, প্রাধান্য। ২। রাজকার্য্য প্রজাপালনাদি।

আধিভোগ (আধি গচ্ছিতবস্তু — ভোগ,৬ষ্ঠী — য) সং,পুং, বন্ধক দেওয়া বস্তুর উপভোগ।

আধিভৌতিক (অধিভূত মূলকারণ+ইক(ষ্ণিক) — ভবার্থে) বিং, ত্রিং, ভূত অধিকার করিয়া প্রবৃত্ত, ভূতগণ হইতে যাহা ঘটে বা উৎপন্ন হয়, ভূতাধীন; যথা—"আধিভৌতিক ভব বা উপদ্রব।" ২। সাংখ্যমতে —জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, ও উদ্ভিজ্জজনিত চারি প্রকার দুঃখকে আধিভৌতিক দুঃখ বলে। তাহা মনুষ্য, পশু, মৃগ, পক্ষী, সরীসৃপ, দংশ, মশক, উৎকুণ, মৎকুণ, মৎস্য, মকর, কুম্ভীর ও বৃক্ষাদি স্থাবর বস্তু হইতে উদ্ভূত হয়।

আধিরথি (অধিরথ ধৃতরাষ্ট্রের সারথি+ই(ষ্ণি) — অপত্যার্থে। ইহার মাতা কুন্তী ইহাকে ত্যাগ করিলে অধিরথ ইহাকে পালন করিয়াছিলেন) সং, পুং, কুন্তীপুত্র কর্ণবীর; যথা—"সূর্য্যরশ্মি ও আধিরথের রথ অদৃশ্য হইয়াছিল।"

আধিরাজ্য (অধিরাজ+য(ষ্ণ্য) — ভাবে) সং, ক্লীং, অধিরাজের ভাব, রাজ্যাধিকার,আধিপত্য। শিং — ১ "বভৌ ভূয়ঃ কুমারত্বাদাধিরাজ্যমবাপ্য সঃ।" (রঘু)।

আধিবেদনিক (অধিবেদন সপত্নীকরণ+ইক(ষ্ণিক) — ভবার্থে, দেয়ার্থে) বিং, ত্রিং, অধিবেদনপ্রাপ্ত, অধিবেদনকালে বা তদুপলক্ষে কৃত বা দত্ত দ্বিতীয়বার বিবাহ সময়ে প্রথমা স্ত্রীকে দত্ত(ধনাদি)। শিং — ১ "অধিবিন্নস্ত্রিয়ৈ দেয়মাধিবেদনিকং সমম্। নদত্তং স্ত্রীধনং যস্যৈ দত্তেত্বর্দ্ধং প্রকীর্ত্তিতম্।"

আধিশ্রয়নিক (অধিশ্রয়ণ+ইক(ষ্ণিক) — ভবার্থে) বিং, ত্রিং, অধিশ্রয়ন-সম্বন্ধীয়।

আধিশ্রয়নিকান্তর (Focal distance) সং, পুং, মুকুরের সর্ব্বাপেক্ষা উচ্চ ও অধিশ্রয়ণ এই উভয়ের অন্তর।

আধীকৃত (আধি গচ্ছিত বস্তু — কৃত ক করা হইয়াছে, ঈ — আগম) বিং, ত্রিং, আহিত্য, যাহা বন্ধক রাখা গিয়াছে।

আধুত, আধূত (আ ঈষৎ — ধু, ধূ কাঁপ ত(ক্ত) — ক) বিং, ত্রিং, ঈষৎ কম্পিত, অবধূত, আন্দোলিত, চালিত। শিং "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈরাধূতবনরাজিভিঃ" ২ "পবনাধূতলতাসু বিভ্রমাঃ।" (রঘু)। বিক্ষিপ্ত, অভিভূত, ব্যাকুলিত। শিং — বিষৈর্বহুভিরাধূতং ক্রোধো নান্তরমাবিশৎ

আধুনিক (অধুনা এক্ষণে+ইক(ষ্ণিক) ভবার্থে) বিং, ত্রিং, অল্পদিনের, বহুদিনের নয়, অল্পকালীন, অধুনাতন, ইদানীন্তন, নব্য, সাম্প্রতিক।

আধেয় (আধান দেখ, য — কর্ম্ম) বিং,ত্রিং, আধারের উপর যাহা রাখা যায়। ২। স্থাপনীয় (বস্তু),আধারস্থ। ২। আশ্রিত। ৩। উৎপাদ্য শিং — ১ "সত্ত্বে নিবেশিতেহপ্যৈতি পৃথগজাতিষু দৃশ্যতে আধেয়শক্তি... প্রকৃতি...নঃ।" যথা—পক্ক মৃন্ময়পাত্রে লালবর্ণ যেমন অগ্নি সংযোগ দ্বারা নিষ্পন্ন হইয়া থাকে। (বোপদেব)। ৪। আধান যোগ্য, বন্ধক রাখিবার উপযুক্ত।

আধোয়া (অধৌত শব্দজ) বিং, অপ্রক্ষালিত

আধোরণ (আ — ধোর্ গতি চাতুর্য্য কর +অন — ক। স্ববলে মহাবল হস্তিকে সঙ্কেতাদি দ্বারা চালনা করিয়া যে গতি চাতুর্য্য দেখায়) সং,পুং, হস্তিপক, মাহুত। "অধোরণালম্বিতমগ্র্যবেশম্।" (রঘু)।

আধ্মাত (আ — ধ্মা শব্দ করা, অগ্নিসংযোগ করা+ত(ক্ত) — কর্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, ধ্বনিবিশিষ্ট; যথা—"এই শঙ্খ অর্জ্জুন কর্ত্তৃক আধ্মাত হইয়াও শতধা বিদীর্ণ হইল না।" ২। (+ক্ত — ক) বায়ুপূরিত। ৩। স্ফীত। ৪। দর্পাদি দ্বারা উদ্ধত। "ততো মানাধ্মাতঃ স পততি যদা শোকগহনে।" ৫। অগ্নিসংযুক্ত, দগ্ধ। ৬। বিশালীকৃত, বিবর্দ্ধিত। শিং — ১ "জ্যানির্ঘোষমমন্দদুন্দুভিরবৈরাধ্মাতমুজ্জৃম্ভয়ন্।" (উত্তর-

চরিত)। ৬। বাতরোগবিশিষ্ট। ৭। (+ত —ভাবে) সং, ক্লীং, স্ফীতি। ৮। শব্দ। ৯। দাহ। ১০। বাতরোগজনিত উদরস্ফীতি।

আধ্মান (আধ্মাত দেখ, অন্(অনট্) —ভা) সং, ক্লীং, স্ফীত হওয়া। ২। বাদ্যভাণ্ডাদির তাড়নোত্থিতধ্বনি, স্ফীতি। ৩। উচ্চারণ। ৩। বৃদ্ধি। ৪। পুং, (Flatulence) যে রোগে বায়ুনিরোধ হেতু পাকাশয়ে অত্যন্ত বেদনা, বাতপূর্ণ চর্ম্মপুটকের ন্যায় স্ফীততা ও গুড় গুড় শব্দ উৎপন্ন হয় তাহার নাম আধ্মান, বায়ুরোগবিশেষ, পেটফাঁপা; যথা —উদরাধ্মান। শিং—১ "আধ্মানমিতি জানীয়াদ্ ঘোরং বাতনিরোধজং।" নী— স্ত্রীং, নালিকা নামক গন্ধদ্রব্য।

আধ্যাত্মিক (অধ্যাত্ম + ইক(ষ্ণিক) —ভবার্থে) বিং, ত্রিং, আত্মসম্বন্ধীয়, আত্মা হইতে যাহা উৎপন্ন হয়। আধ্যাত্মিক দুঃখ দুই প্রকার; শারীরিক ও মানসিক। বাত, পিত্ত ও শ্লেষ্মধাতুর ব্যতিক্রম জনিত জ্বরাতিসার প্রভৃতি রোগের নাম শারীরিক দুঃখ। স্ত্রী, পুত্র, ধনাদি প্রিয় পদার্থের বিয়োগ এবং কারারোধ ও কলঙ্করটনাদি অপ্রিয় ঘটনার নাম মানসিক দুঃখ। ২। ব্রহ্মবিষয়ক, ঈশ্বরসম্বন্ধীয়, আত্মবিষয়ক।

আধ্যান (আ—ধ্যৈ চিন্তা করা + অন(অনট্) —ভা) সং, ক্লীং, স্মরণ। ২। দুর্ভাবনা, উৎকণ্ঠাযুক্ত চিন্তা।

আন (অন্যশব্দের অপভ্রংশ) বিং, অপর। ছন্দের অনুরোধে পূর্ব্বতন কবিরা অন্য শব্দের স্থানে "আন" ব্যবহার করিয়াছেন; যথা— "তোমা বিনা পিতার মনেতে নাহি আন, তুমি বনে গেলে পিতা তেজিবেন প্রাণ।"

আনক (আ—অণ্ শব্দ করা + অক(ণক) —ক। যে শব্দ করে) সং, পুং, পটহ, ঢক্কা। ২। ভেরী। ৩। মৃদঙ্গ। ৪। সশব্দ মেঘ। ৫। বিং, ত্রিং, উৎসাহ-কারক। ৬। শব্দায়মান।

আনকদুন্দুভি (জন্মকালে আনক এবং দুন্দুভির বাদন হইয়াছিল বলিয়া আনকদুন্দুভি নাম হইল, তথাহি—বসুদেবো মহাবাহুঃ পূর্ব্বমানকদুন্দুভিঃ। যস্মিন্ যস্য প্রসূতস্য দুন্দুভ্যঃ প্রাণদন্দিবি। আনকানাং চ সংহ্রাদঃ সুমহানভবদ্দিবি।" (হরিবংশ)। ২। সং, পুং, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা। ৩। (আনক—দুন্দুভি) পুং—স্ত্রীং, বড় ঢাক।

আনখ (আ—নখ) ক্রিং—বিং, নখপর্য্যন্ত; যথা—"এমন সময়ে সিংহের ন্যায় পিঙ্গলাক্ষ আনখাগ্র রোমবেষ্টিতকায় স্বাধ্যায়বান্ বিভাণ্ডকঋষি তথায় আসিয়া উপস্থিত হইলেন।"

আনখা (অনীক্ষিত শব্দজ) বিং, অজ্ঞাত, [অজানিত, অপরিচিত।

আনত (আ—নম্ নম্র হওয়া + ত(ক্ত) —ক। ম্—লোপ) বিং, ত্রিং, যাহা নুইয়া রহিয়াছে, নম্রীভূত, অবনত, নত; যথা— "আনতমস্তক, আনতশাখা।" শিং— ১"সকদাচিন্মৃগং বিদ্ধা বাণেনানতপর্ব্বণা।" ২। পতিত; যথা—পদানত। ৩। বিনীত, বিনয়নম্র, শিষ্টাচারাবনত, প্রণত।

আনতি (আনত দেখ, তি(ক্তি) —ভা) সং, স্ত্রীং, প্রণাম, অবনমন। ২। নম্রতা। শিং —১ "আত্মজাতিসদৃশাং কিলানতিম্।"

আনদ্ধ (আ—নহ্ বন্ধন করা + ত(ক্ত) —কর্ম্ম। যে মুখ চর্ম্ম দ্বারা বদ্ধ) সং, ক্লীং, মুরজ মৃদঙ্গাদি;—ইহা সভ্য, বাহির্দ্বারিক, সামরিক, গ্রাম্য ও মাঙ্গল্য এই পাঁচ শ্রেণীতে বিভক্ত। সভ্য যন্ত্র তিন প্রকার— মৃদঙ্গ, তবলা ও ঢোলক; বাহির্দ্বারিক চারি প্রকার—ঢক্কা, ঢোল, নৌবৎ, নাগড়া; সামরিক পাঁচ প্রকার—জগঝম্প, ঢক্কা, তাসা, কাড়া ও দামামা; গ্রাম্য আট প্রকার—ডুকডুকি, খোর্দ্দক, মাদল, জোড়ঘাই, খঞ্জনী, ডমরু, হুড়কা ও ঘুটক; মাঙ্গল্য পাঁচ প্রকার—টিকারা, কাড়া, নাগড়া, ডম্ফ ও খোল। (যন্ত্রকোষ)। ২। বেশভূষাদি। ৩। বিং, ত্রিং, বদ্ধ, আবদ্ধ, গ্রথিত। ৪। বস্ত্রাদিদ্বারা সজ্জিত। ৫। ব্যাপ্ত।

আনন (আ—অণ্ বাঁচা + অন(অনট্) —ণ। যাহার দ্বারা আহার করিয়া বাঁচে) সং, ক্লীং, বদন, মুখ।

আনন্তর্য্য (অনন্তর + য(ষ্ণ্য) —ভাবে) সং, ক্লীং, পশ্চাদ্ভাব, অনন্তরত্ব, পরে হওয়া বা থাকা, অব্যবধান।

আনন্ত্য (অনন্ত অসীম+য(ষ্ণ্য) —ভাবে) সং, ক্লীং, অসীমতা, অন্ত না থাকা। ২। অনন্তরাহিত্য, অক্ষয়তা, দেশকালবস্তু পরিচ্ছেদ শূন্যতা। ২। বাহুল্য।

আনন্দ (আ—নন্দ হৃষ্ট হওয়া অ(অল্)—ভাবে) সং, পুং, হর্ষ। ২। বাসুদেবের বলবিশেষ। ৩। (+অল্—ণ) মদ্য। ৪। আত্মা। ৫। পরমাত্মা, ব্রহ্ম। শিং—১ "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম।" ৬। ছন্দোবিশেষ। ৭। পূর্ব্ব পশ্চিম এবং উত্তর এই তিন দ্বার বিশিষ্ট গৃহ। ৮। শুভবৎসরবিশেষ। শিং—১ "নিষ্পত্তিঃ সর্ব্বশস্যানাং সর্ব্বশস্যসমান্বিতা। ঘৃতং তৈলসমং যাতিআনন্দে নন্দতি প্রজা।" ৯। বিং, ত্রিং, আনন্দবিশিষ্ট, হর্ষযুক্ত, সুখী। ন্দা—স্ত্রীং, বিজয়া। ২। আ[illegible]। ন্দী—স্ত্রীং, আ[illegible] লতা।

আনন্দথু (আ—নন্দ হর্ষ হওয়া+অথু—ভাবে) বিং, ত্রিং, আনন্দযুক্ত, হর্ষী। ২। সং, পুং, হর্ষ।

আনন্দন (আ—নন্দ ণিচ্—নন্দি প্রীত করা +অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, গমনাগমনসময়ে মিত্রাদির আলিঙ্গন, আরোগ্য, স্বাগত প্রশ্নাদি দ্বারা আনন্দ উৎপাদন, সংবর্দ্ধনা, আমন্ত্রণা। ২। স্বাগত-জিজ্ঞাসা। ৩। হর্ষ। ৪। (+অন—ক) বিং, ত্রিং, যে আনন্দ জন্মায়, যাহাকে দেখিলে আনন্দ জন্মে, আনন্দজনক, প্রীতিকর। ৫। প্রমোদকর, সুখজনক।


আনন্দপট (আনন্দ প্রীতিকর—পট বস্ত্র) সং, ক্লীং, নবোঢ়ার বস্ত্র।

আনন্দপ্রভব (আনন্দ—প্রভব যে উৎপাদন করে। সাত্বিকভাবে যাহাতে আনন্দোদয় হয়) সং, ক্লীং, রেতঃ, বীর্য্য।

আনন্দময় (আনন্দ—ময়) বিং, ত্রিং, আনন্দপূর্ণ, সদা আনন্দিত, যাহাকে কখন বিষন্ন বা নিরানন্দ দেখা যায় নাই। ২। বেদান্তমতে—জীব। ৩। সুষুপ্তিসাক্ষী প্রাজ্ঞ। ক্লীং, প্রচুর আনন্দস্বরূপ ব্রহ্ম, পরমাত্মা।

আনন্দময়কোষ (আনন্দময়—কোষ আবরণ) সং, পুং, বেদান্তমতে—পঞ্চকোষ মধ্যে পঞ্চমকোষ অবিদ্যাস্বরূপ কারণ শরীর। ২। সত্বপ্রধানাজ্ঞান। ৩। সুষুপ্তি।

আনন্দলহরী (আনন্দ—লহরী) সং, স্ত্রীং, ইহা গ্রাম্যযন্ত্রমধ্যে পরিগণিত। প্রায় অর্দ্ধহস্ত পরিমিত একটী শূন্যগর্ভ কাষ্ঠের খোল, এক গাছি তন্ত এবং চর্ম্মাচ্ছাদিত একটী মৃণ্ময় বা কাষ্ঠাদিনির্ম্মিত ভাণ্ড এই তিন প্রকার উপকরণে আনন্দলহরী যন্ত্র প্রস্তুত হইয়া থাকে। উল্লিখিত খোলটীর একমুখ অপেক্ষাকৃত কিঞ্চিৎ প্রশস্ত ও চর্ম্ম দ্বারা আচ্ছাদিত



আনন্দলহরী।

থাকা আবশ্যক এবং সেই আচ্ছাদক চর্ম্মের ঠিক মধ্যস্থলে একটী ছিদ্র করিয়া পূর্ব্বকথিত তন্তর একপ্রান্ত আবদ্ধ করিয়া অপর প্রান্ত উক্ত মৃত্তিকাদিনির্ম্মিত ভাণ্ডের আচ্ছাদক চর্ম্মের মধ্যস্থিত ছিদ্রে সংলগ্ন করিতে হয়। যন্ত্রের কাষ্ঠনির্ম্মিত খোলটী বামকক্ষে দৃঢ়রূপে ধরিয়া ভাণ্ডটী বামহস্তে সবলে আকর্ষণ করত দক্ষিণ হস্তে ধৃত শলাকা দ্বারা তন্তে আঘাত করিলে বাদনক্রিয়া নিষ্পন্ন হইবে। বামহস্তের আকর্ষণের ন্যূনাধিক্যেকেই সুরের উচ্চনীচতা সম্পন্ন হইয়া থাকে এই যন্ত্রটীও ভিক্ষুকেরা ব্যবহার করিয়া থাকে। (যন্ত্রকোষ)।

আনন্দি (আ—নন্দ হর্ষ হওয়া+ই—ভাবে) সং, পুং, হর্ষ। শিং—১ "কৌশল্যানন্দিবর্দ্ধনোরামঃ।" (রামায়ণ)।

আনন্দিত (আনন্দ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহার আনন্দ জন্মিয়াছে, আহ্লাদিত, হৃষ্ট।

আনয়ন (আ—নী লইয়াযাওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, এক স্থান হইতে আর একস্থানে উপস্থিত করা, স্থানান্তর প্রাপণ, আনা। [—ষ্য] বিং, ত্রিং, আনেতব্য।

আনয়নীয় (আ—নী লইয়া যাওয়া+অনীয়

আনর্ত্ত (আ—নৃত্ নৃত্য করা+অ(ঘঞ্)—দি) সং, পুং, নৃত্যশালা, রঙ্গভূমি। ২। যুদ্ধ

রণ। ৩। জল। ৪। দেশবিশেষ, দ্বারকা, গুজরাটের এক অংশ। ৫। আনর্ত্তদেশবাসী জন। শিং—১ "আনর্ত্তান্ কালকূটাংশ্চ কুলিন্দাংশ্চ বিজিত্য সঃ।" ৬। স্বনামখ্যাত রাজা, রেবার পিতা। "আনর্ত্তস্য তু দায়াদো রেবা নাম মহাদ্যুতিঃ।" ৭। স্বনামখ্যাত পৌরবরাজা; ইনি বিভুর পুত্র, সুকুমারের পিতা। শিং—১"আনর্ত্তস্তু বিভোঃ পুত্রঃ সুকুমারস্ততোঽভবৎ।"

আনর্ত্তিত (আনর্ত্ত দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আবৃত, কম্পিত। ২। নর্ত্তিত, নাচান।

আনর্থক্য (অনর্থক+য(ষ্য)—ভাবে) সং, ক্লীং, নিষ্ফলতা, বিফলতা, ব্যর্থতা।

আনা (আনয়ন শব্দজ) সং, আনয়ন। (দেশজ) কোন দ্রব্য বা বিষয়ের ষোড়শাংশের এক অংশ; যেমন—অমুক সম্পত্তিতে তাহার এক আনা অংশ আছে। ২। এক টাকার ষোলভাগের একভাগ, চারিপয়সা।

আনাগোনা (আগমন গমন শব্দজ কি?) সং, গমনাগমন, যাতায়াত।

আনাজ (দেশজ) সং, তরকারী, ফলমূলাদি।

আনাড়ী (দেশজ) বিং, অকর্ম্মা, মূর্খ, অজ্ঞান।

আনামৎ } (যাবনিক) মজুত, জমা, স্থিত।
আমানৎ } ২। বিশ্বাস পূর্ব্বক কোন দ্রব্য গচ্ছিত রাখা। ৩। যে টাকা আদালতে জমা দেওয়া যায়।

আনায় (আ—নী লওয়া+অ(ঘঞ্)—ণ। যাহার দ্বারা মৎস্যাদি আনা যায়) সং, পুং, জাল; যথা—

"আনায় মাঝারে বাঘে পাইলে কি কভু ছাড়েরে কিরাত তারে।" (মেঘনাদ)।

২। (+ঘঞ্—ভাবে) আনয়ন।

আনায়ী (আনায়িন্, আনায়+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, জালিক, জালিয়া। শিং—১ "আনায়িনস্তদ্বিচয়ে নদীষ্ণান্।" (রঘু)।

আনায্য (আনায় দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) সং,পুং, দক্ষিণাগ্নি, অগ্নিগৃহের দক্ষিণভাগে স্থাপিত অগ্নি, হোম করিবার নিমিত্তে ঘর হইতে আনিয়া দক্ষিণদিকে রাখা আগুন্। ২। আনয়নের যোগ্য।

আনার (যাবনিক) দাড়িম্ব।

আনারস; বহুনেত্র। ইহা অম্লমধুর, ক্রিমিনাশক ও সারক।

আনাহ (আ—নহ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, যে রোগে বিমার্গগামী বায়ুকর্ত্তৃক আম বা পুরীষ ক্রমে অতিশয় বদ্ধ হইয়া নিঃসৃত হয়না, তাহাকে আনাহ বলে। (ইহা দুই প্রকার, আমজনিত ও মলজনিত) কোষ্ঠ-বদ্ধরোগ, মলমূত্ররোধক রোগ। শিং—১ "আমং শকৃদ্বা নিচিতং ক্রমেণ ভূয়ো বিবদ্ধং বিগুণানিলেন। প্রবর্ত্তমানং ন যথা স্বমেনং বিকারমানাহমুদাহরন্তি।" (নিদান)। ২। দীর্ঘতা, দৈর্ঘ্য। (এখানে আ—পূর্ব্ব নহ্ ধাতুর অর্থ বিশাল হওয়া+অ(ঘঞ্)—ভাবে)।

আনিলি (অনিল পবন + ই(ঞি)—অপত্যার্থে) সং,পুং, অনিলপুত্র, হনুমান। ২। ভীম। ৩। বিং, ত্রিং, অনিল সম্বন্ধীয়। লী—স্ত্রীং, (অনিল এই নক্ষত্রের অধিপতি বলিয়া) স্বাতীনক্ষত্র।

আনীত (আ—নী লওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা আনয়ন করা গিয়াছে।

আনীল (আ ঈষৎ—নীল) সং, পুং, কৃষ্ণবর্ণ অশ্ব। ২। বিং, ত্রিং, ঈষৎ নীলবর্ণ।

আনুকূল্য (অনুকূল+য(ষ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, অনুকূলতা, সাহায্য। ২। পোষকতা। ৩। অনুগ্রহ। ৪। উপকার।

আনুগত্য (অনুগত+য(ষ্য)—ভাবে) সং, ক্লীং, অনুগত হইয়া থাকা, অনুবৃত্তি, তোষামোদ, অনুগমন করা, অনুগ্রহ লাভের প্রত্যাশায় অন্যের উপাসনা, অনুবর্ত্তন, সাহচর্য্য।

আনুপদিক (অনুপদ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, অনুপদে ধাবমান, পশ্চাদগামী।

আনুপূর্ব্ব } (অনু পশ্চাদ্বর্ত্তী—পূর্ব্ব
আনুপূর্ব্ব্য } প্রথম+অ(ষ্ণ), য(ষ্য)—ভা) সং, ক্লীং, র্ব্বী—স্ত্রীং, অগ্রপশ্চাদ্ভাবরূপ ক্রম, যথাক্রম। ২। অনুলোম। ৩। পরিপাটী।

আনুপূর্ব্বিক (অনু পশ্চাৎ—পূর্ব্ব + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যার পর বা এই নিয়মে স্থিত কৃত বা নিষ্পন্ন। ক্রিং—বিং,

যারপর যা এই নিয়মে, পর পর, যথাক্রমে; যথা—"আনপূর্ব্বিক বর্ণন করুন।"

আনুভাব্য (অনুভব+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, অনুভবনীয়, অনুভবসম্বন্ধীয়।

আনুমানিক (অনুমান+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, অনুমানবিষয়ীভূত, অনুমানসিদ্ধ। ২। সাংখ্যমতে—প্রধান প্রকৃতি।

আনুরক্তি (অনুরক্ত+ই—ভাবে) সং, স্ত্রীং, অনুরাগ, আসক্তি।

আনুরূপ্য (অনুরূপ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সাদৃশ্য। ২। যথৌচিত্য।

আনুলোম্য (অনুলোম+য—ভবার্থে) সং, ক্লীং, বর্ণানুক্রম, যথাক্রম, পরিপাটী। শিং—১ "সর্ব্ববর্ণেষু তুল্যাসু পত্নীষ্বক্ষতযোনিষু। আনুলোম্যেন সম্ভূতা জাত্যা জ্ঞেয়াস্ত এব তে।" (মনু)। (আনুলোম্যেন অর্থাৎ ব্রাহ্মণের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে, ক্ষত্রিয়ের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভ অনুক্রমেণ)।

আনুবিধিৎসা; সং, স্ত্রীং, উপকৃতের প্রত্যুপকারেচ্ছা।

আনুশাসনিক (অনুশাসন+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, রাজনীতির অনুশাসন সাধন (মহাভারতান্তর্গত পর্ব্ববিশেষ)।

আনুষঙ্গিক (অনুষঙ্গ সম্বন্ধ+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, প্রকৃতনহে, প্রধান উদ্দেশ্য নহে, অন্য বিষয়ের সঙ্গে যাহা ঘটে বা সম্পন্ন হয়। ২। আবশ্যক। ৩। সঙ্ঘটিত, অপ্রধান, যাহা আর একটার সঙ্গে সঙ্গে ঘটে। [ত্রিং, অনুষ্ঠান-সম্বন্ধীয়।

আনুষ্ঠিক (অনুষ্ঠা+ইক(ষ্ণিক)—প্রং) বিং,

আনূপ (অনূপ+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, অনূপ দেশস্থ জন্তু—মহিষ গণ্ডার শূকর প্রভৃতি। ২। ক্লীং, অনূপদেশজল। ৩। বিং, ত্রিং, জলপ্রায়, জলবহুল, বহুষম্বুযুক্ত।

আনৃণ্য (অন—ঋণ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, ঋণরাহিত্য, ঋণ হইতে মুক্ত হওয়া। ২। প্রত্যুপকার দ্বারা অন্যকৃত উপকারের পরিশোধ। যথা—"তোমা হইতে তোমার ভর্ত্তা আনৃণ্যলাভ করিয়াছেন।"

আনৃশংস্য (অ—নৃশংস+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অক্রূরতা। ২। দয়া, করুণা। ৩। অনুকম্পা। শিং—১ "অর্হণং তৎকুমারীণামানৃশংস্যং হি কেবলম্।" ৪। (অ—নৃশংস+য(ষ্ণ্য)—ভাবে) সম্যক্ ক্রূরতা।

আনেতব্য (আ—নী লওয়া+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা আনয়ন করিতে হইবেক অথবা আনয়ন করা উচিত বা আবশ্যক, আনয়নীয়।

আনেতা (আনেতৃ,আ—নী লওয়া+তৃ(তৃন)—ক) বিং, ত্রিং, আহর্ত্তা, আনয়নকারী।

আঙ্গোট
আনোট } (অঙ্গুরী শব্দজ) পায়ের অঙ্গুরী।
আনোটা

আন্ত (অন্ত+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, অন্তসম্বন্ধীয়। ২। ব্যাকরণে—'অ' বর্ণান্ত।

আন্তর (অন্তর্+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, অন্তর্গত, আভ্যন্তর। ২। অন্তঃকরণসম্বন্ধীয়, মনোগত।

আন্তরিক (অন্তর্+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, যাহা অন্তরে থাকে বাহ্যে লক্ষিত হয় না; যথা—আন্তরিক যাতনা, আন্তরিক রোগ। ২। যাহা অন্যকে দেখাইবার নিমিত্ত নয় কিন্তু মনের সহিত করা যায়; যথা—আন্তরিক স্নেহ। ৩। যাহা মনে বদ্ধ। হইয়া থাকে অপনীত হইবার নহে; যথা—আন্তরিক দ্বেষ।

আন্তরিক-স্রোতঃ (আন্তরিক—স্রোতস্, Main currents of ocean) সং, ক্লীং, পৃথিবীর গতি ও সমুদ্রের কোন আভ্যন্তরিক কারণ প্রযুক্ত সমুদ্রের অভ্যন্তরে যে স্রোতঃ নিয়ত প্রবাহিত হইতেছে।

আন্তরীক্ষ (অন্তরীক্ষ+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, অন্তরীক্ষভব, আকাশসম্বন্ধীয়; যথা—"দিব্য, আন্তরীক্ষ ও পার্থিব এই ত্রিবিধ উৎপাত উপস্থিত হইবে।" ২। ক্লীং, গগন। ৩। মেঘজল, ধারাসলিল; ইহা চারি প্রকার—ধার, কার, তৌষার ও হৈম।

আন্তরীণ (অন্তর্+ঈন—ভবার্থে) বিং, ত্রিং, অন্তরস্থ, অন্তর্ব্বর্ত্তী।

আন্তর্য্য (অন্তর্+য—প্রং) সং, ক্লীং, সাম্য, সাদৃশ্য, তুল্যত্ব। শিং—১"যত্রানেকবিধমান্তর্য্যং তত্র স্থানত আন্তর্য্যং বলীয়ঃ।"

আম্বিকা ; সং, স্ত্রীং, জ্যেষ্ঠা ভগিনী।
আম্রিক (অম্ল+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, অম্লসম্বন্ধীয়।
আন্দাজ (যাবনিক) অনুমান, অনুভব।
আন্দাজী (যাবনিক) আনুমানিক, আনুভাব্য।
আন্দোলন (আন্দোলি দোলা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, অনুশীলন, কোন বিষয় লইয়া তর্ক বিবেচনা বা বাদানুবাদ। ২। কম্পন। ৩। দোলন, এদিক ওদিক গমন। ৪। (+অনট্—ণ) দোলা।
আন্দোলনীয় (আন্দোল দোলা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আন্দোলন করা উচিত বা আবশ্যক।
আন্দোলিত (আন্দোলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, যে বিষয়ের আন্দোলিত হইয়াছে, অনুশীলিত। ২। দোলিত, কম্পিত,চালিত।
আন্ধসিক (অন্ধস্ সিক্ত-তণ্ডুল+ইক(ষ্ণিক) —পাকার্থে) বিং, ত্রিং, অন্নপাচক, সূপকার।
আন্ধার (অন্ধকার শব্দজ) যথা—
"প্রেত ভূত যত, ধায় অগণন,
আন্ধার কৈল ধূলায়।" (অন্নদা)।
আন্মনা (অন্যমনা শব্দজ) বিং, অন্যমনস্ক, অন্যচিত্ত।
আন্বয়িক (অন্বয় বংশ+ইক(ষ্ণিক)—জাতার্থে) বিং, ত্রিং, প্রশস্তকুলজাত, সংকুলোদ্ভব, কুলীন। ২। দিব্যভাবরত কুলাচারী সাধক। ৩। অন্বয়সঙ্গত, সম্বন্ধ।
আন্বাহিক (অহনি অহনি=অন্বহ প্রত্যহ +ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং,ত্রিং, প্রাত্যহিক, প্রতিদিন-সাধ্য (পাকাদি)। শিং—১ "বৈবাহিকেঽগ্নৌ কুর্ব্বীত গৃহ্যং কর্ম্ম যথাবিধি। পঞ্চযজ্ঞবিধানঞ্চ পংক্তিঞ্চান্বাহিকীং গৃহী।" (মনু)।
আন্বীক্ষিকী (অন্বীক্ষা [অনু পশ্চাৎ বা অনুসারে—ঈক্ষ্ দেখা+অা—ভা] আগমশাস্ত্র প্রতিপাদিত বস্তুতত্ত্ব জানিবার পর যে দর্শন+ইক(ষ্ণিক)—প্রয়োজনার্থে। যাহার অন্বীক্ষা প্রয়োজন হইয়াছে, বা অনু [শ্রবণের] পশ্চাৎ—ঈক্ষা মনন+ইক(ষ্ণিক) —তন্নির্ব্বাহার্থে,অর্থাৎ আত্মতত্ত্বের শ্রবণানন্তর তাহার অনুমারূপ মননের নির্ব্বাহক শাস্ত্র) সং, স্ত্রীং, গৌতমাদি প্রণীত ন্যায়শাস্ত্র, তর্কবিদ্যা। ২। অধ্যাত্মবিদ্যা। ৩। দুর্গা। শিং—১ "আত্মবেদনশীলত্বাদন্বীক্ষণপরাহথবা। অন্বীক্ষং কুরুতে যস্মাৎ তস্মাদান্বীক্ষিকী স্মৃতা।"(দেবীপুরাণ)।
আপঃ (আপস্, আপ্ পাওয়া+অস্—র্ম্ম) সং, ক্লীং, জল।
আপ (অপ্ জল+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, অপসমূহ, জলরাশি। (আপ্ পাওয়া +অ—সংজ্ঞার্থে) পুং, অষ্টবসু মধ্যে পরিগণিত বসুবিশেষ। শিং—১ "আপো ধ্রুবশ্চ সোমশ্চ ধরশ্চৈবানিলানলৌ। প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবো নামভিঃ স্মৃতা।"
আপক্ব (আ ঈষৎ—পক্ব পরিণত, পাকা) বিং,ত্রিং, ঈষৎপক্ব, অর্দ্ধপক্ব অসম্পূর্ণপক্ব। ২। ভর্জ্জিত (কলায়াদি)।
আপগা (আপ জলরাশি—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে। যে আপ দ্বারা গমন করে, ৩য়া—ষ। কিম্বা আপ সমুদ্র। যে সমুদ্রে গমন করে, ৭মী —ষ) সং, স্ত্রীং, স্রোতস্বতী, নদী। শিং —১"শিখরিণামিব সাগরমাপগাঃ।"(রঘু)। ২। স্বনামখ্যাত পুণ্যনদীবিশেষ। শিং—১ "আপগা নাম বিখ্যাতা নদীসিদ্ধনিষেবিতা।" (মহাভারত)।
আপণ (আ—পণ্ বাণিজ্য করা+অ(অল্) —ধি) সং, পুং, ক্রয়বিক্রেয়দ্রব্যশালা, দোকান, বিপণি; যথা—"অসংখ্য শকট, আপণ, বেশ্যা, বণিক, বন্দী ও মৃগয়াশীল পুরুষ পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন।" ২। হট্ট, হাট।
আপণিক (আপণ+ইক(ষ্ণিক)—ধর্ম্মার্থে) বিং, ত্রিং, আপণসম্বন্ধীয়, ক্রয়বিক্রয়সংক্রান্ত। ২। সং, পুং, ব্যবসায়ী, যাহারা আপনে ক্রয় বিক্রয় করে, বিক্রেতা, দোকানি। ৩। বাণিজ্যতে দেয় করাদি।
আপতন (আ—পত্ গমনকরা+অন(অনট্) —ভা) সং,ক্লীং, আগমন। ২। অভিধাবন। ৩। পতন, পড়া। ৪। অবরোহণ। ৫। সংঘটন।
আপতিক (আ—পত্ পড়া+ইক—প্রং)

বিং, ত্রিং, অকস্মাদুপস্থিত, দৈবায়ত্ত। ২। পুং—শ্যেনপক্ষী, বাজ।

আপতিত (আপতন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পতিত। ২। যাহা ঘটিয়াছে, উপস্থিত, অকস্মাদাগত। শিং—১ "তৎকিমিদমাপতিতমদ্য রামভদ্রস্য।" ২। আগত। ৩। অবতীর্ণ, অবরূঢ়।

আপত্তি (আ—পদ্ [গমন করা] দুঃখিত হওয়া ইত্যাদি+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং. আপদ, বিপত্তি ব্যসন, বিপদ। ২। প্রাপণ, প্রাপ্তি। ৩। তর্ক। ৪। বাধকতা। ৫। অমত, অসম্মতি। ৬। অনিষ্ট প্রসঙ্গরূপ তর্কদোষ, বাধা-দান, বিপরীত যুক্তি প্রদর্শন। ৭। তিরস্কার, ভৎসনা। [বিপন্ন।

আপদ-প্রাপ্ত (আপদ্—প্রাপ্ত) বিং, ত্রিং,

আপদ্ } (আপত্তি দেখ, ০(ক্বিপ্)—ভাবে,
আপদা } বিকল্পে—আপ্।) সং, স্ত্রীং, বিপদ্। ২। দুঃখ, দুর্ভাগ্য। ৩। দুর্ঘটনা।

আপদগ্রস্ত (আপদ্—গ্রস্ত) বিং, ত্রিং, যে আপদে পড়িয়াছে, আপন্ন, বিপন্ন, বিপদাপন্ন।

আপদ্ধর্ম্ম (আপদ্—ধর্ম্ম) সং, পুং, বিপদকালে অবলম্বিত অন্যায্য ধর্ম্ম, আপদ্কালে মনুষ্যের অবলম্বনীয় ধর্ম্ম; যথা—"হে সঞ্জয়! এক্ষণে আপদ্ধর্ম্ম ও কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর।" (মহাভারতে—আপদ্ধর্ম্ম পর্ব্বাধ্যায়ে দ্রষ্টব্য)।

আপন (আপনি শব্দজ) বিং, নিজ, আত্মীয়, স্বীয়। ২। (আপ্ প্রাপ্ত হওয়া+অন(অনট্)—ভা) ক্লীং, প্রাপণ, প্রাপ্তি। ৩। মরীচ।

আপনি (হিন্দী আপনে শব্দজ) সং, স্বয়ং, নিজ।

আপন্ন (আপত্তি দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আপদ্গ্রস্ত, আপৎপ্রাপ্ত, বিপন্ন। ২। (+ক্ত—র্ম্ম) লব্ধ, অধিগত। ৩। প্রাপ্ত। ৪। পুনঃপ্রাপ্ত, পুনরধিগত।

আপন্নসত্ত্বা (আপন্ন লব্ধ—সত্ত্ব বস্তু। যে গর্ভে অপত্য প্রাপ্ত হইয়াছে, স্ত্রী—হিং) সং, স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা। শিং—১ "সমমাপন্নসত্ত্বাস্তা রেজুরাপাণ্ডুরত্বিষঃ।"

আপমিত্যক (অপমিত্য [অপ—মে প্রতিদান করা+য(যপ্)—প্রং] বিনিময়যুক্ত+কণ্—প্রং) সং, ক্লীং, তুল্যরূপ দ্রব্য বিনিময় করিয়া যে দ্রব্য লওয়া যায়, বিনিময়লব্ধ, পরিবর্ত্তনে প্রাপ্ত।

আপরাহ্ণিক (অপরাহ্ণ+ইক ষ্ণিক) ভবার্থে বিং, ত্রিং, অপরাহ্ণ-সম্বন্ধীয়, যাহা অপরাহ্ণে ঘটে, যাহা অপরাহ্ণে করিতে হয়। ২। দিনকে তিনভাগে বিভক্ত করিয়া তৃতীয় ভাগে ভব (পিতৃশ্রাদ্ধাদি)। কী—স্ত্রী শিং—১ "পিত্রর্থে চাপরাহ্ণিকী।" (স্মৃতি)

আপস্কার (অপস্কার+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, মূল, গাত্রমূল।

আপস্তম্ব (আপ—স্তম্ব) সং, পুং, ধর্ম্মশাস্ত্র-প্রযোজক কল্পসূত্রকার স্বনামখ্যাত মুনি।

আপাক (আ ঈষৎ—পচ্ পাক করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ঈষৎ পাক। ২। (+ঘঞ্—ধি) কুম্ভকারের মৃৎপাত্রদাহন স্থান, পোয়ান।

আপাঙ্গ (অপামার্গ শব্দজ) সং, ক্লীং, বৃক্ষবিশেষ। [পাটলবর্ণ।

আপাটল (আ—পাটল) বিং, ত্রিং, ঈষৎ

আপাণ্ডর } (আ+ঈষৎ—পাণ্ডর, পাণ্ডুর)
আপাণ্ডুর } বিং, ত্রিং, ঈষৎপাণ্ডুবর্ণবিশিষ্ট।

আপাত (আ—পত্ গমন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পতন, ঘটনা, উপস্থিতি। যথা—"অনিষ্টাপাত।" ২। আগমন। ৩। অভিপতন, সমীপাগমন, সমাপত্তি। শিং—১ "খিলীভূতে বিমানানাং তদাপাতভয়াৎ পথি।" (কুমার)। ৪। (+ঘঞ্—র্ম্ম) পথ। ৫। তৎকাল, প্রথমসময়, ঘটনাসময়; যথা—আপাতমধুর, আপাতসুরস, অর্থাৎ সেই সময়ে মধুর ও সুরস বোধ হয় কিন্তু পরিণামে কর্কশ ও বিরস।

আপাতকঠিন (আপাত—কঠিন) বিং, ত্রিং, আপাততঃ কঠিন, পরিণামে নয়।

আপাতকর্কশ (আপাত—কর্কশ) বিং, ত্রিং, আপাততঃ কর্কশ পরিণামে নয়।

আপাততঃ (আপাততস্, আপাত প্রথমসময়+তস্। সপ্তমী স্থানে তস্) অং, সংপ্রতি, ইদানীং এক্ষণে, এক্ষণকার জন্যে, প্রথমতঃ। ২। বিনা কারণে।

আপাতপরুষ (আপাত—পরুষ) বিং, ত্রিং, আপাততঃ পরুষ পরিণামে নয়।

আপাতমধুর (আপাত—মধুর) বিং, ত্রিং, আপাততঃ মধুর পরিণামে নয়; যথা—"আপাতমধুর পাপ কার্য্যকালে বটে, পরিণামে পরিতাপ অবশ্যই ঘটে।"

আপাতবিরস (আপাত—বিরস) বিং, ত্রিং, আপাততঃ বিরস পরিণামে নয়।

আপাতসুরস (আপাত—সুরস) বিং, ত্রিং, আপাততঃ সুরস পরিণামে নয়।

আপাত্য (আ—পত্ গমনকরা+য(ঘ্যণ্)—ক) বিং, ত্রিং, আক্রমণ করিতে আগত। "আপাত্যসৈনিকনিরাকরণাকুলেন।"। ২। আগন্তুক। [পা অবধি মস্তক পর্য্যন্ত।

আপাদমস্তক (আ—পাদ—মস্তক) ক্রিং-বিং,

আপাদিত (আ—পাদি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত, অনুষ্ঠিত।

আপান (আ—পা পান করা+অন(অনট্)—ধি। যেখানে মিলিয়া মদ্য পান করে) সং, ক্লীং, যে স্থানে অনেকে একত্রবসিয়া সুরা পান করে, সুরাপানগোষ্ঠী, পানভূমি; যথা—"যাদবগণ আপানে মদ্যপান দ্বারা মত্ত হইয়া—"। শিং—১ "আপানে পানকলিতা দৈবেনাভিপ্রচোদিতাঃ।" ২। মদ্য বিক্রয়ের স্থান।

আপানভূমি (আপান—ভূমি স্থান) সং, স্ত্রীং, মধুপানস্থান, সুরাপানশালা, পানযোগ্যপ্রদেশ। শিং—১ "যত্রস্ফটিকহর্ম্ম্যেষু নক্তমাপানভূমিষু।" (কুমার)।

আপামর (আ অবধি—পামর) ক্রিং—বিং, ক্লীং, পামর পর্য্যন্ত; যথা—আপামর সাধারণ।

আপালি (আ—পল্ গমন করা+ই—প্রং। অ—আ) সং, পুং, কেশকীট, উকুন।

আপিঙ্গল (আ ঈষৎ—পিঙ্গল) বিং, ত্রিং, ঈষৎ পিঙ্গলবর্ণ, আপিঞ্জর।

আপিঞ্জর (আ—পিঞ্জর) সং, ক্লীং, স্বর্ণ। ২। বিং, ত্রিং, ঈষৎ পিঙ্গলবর্ণ, ঈষৎ পীতবর্ণবিশিষ্ট। শিং—১ "আপিঞ্জরা বদ্ধরজঃকণত্বান্মঞ্জর্য্যুদারাশুশুভেহর্জ্জুনস্য।" (রঘু)।

আপীড় (আ—পীড় পীড়ন করা+অ(অল্)—ণ। যাহার দ্বারা মস্তক পীড়িত হয় অথবা +অল্—র্ম্ম। মস্তক পীড়িত হয় বলিয়া) সং, পুং, শিরোভূষণ, কিরীট, শিখাস্থিত মাল্য। শিং—১ "তস্মিন্কুলাপীড়নিভেবিপীড়িতং সম্যক্ মহীং শাসতি শাসনাঙ্কাম্।" (রঘু)। ২। (+অল্—ভাবে) সম্যক্পীড়া। ৩। পীড়াদান, ক্লেশদান। ৪। আপীড়ন, বন্ধনবিশেষ। ৫। গৃহবহির্নিঃসৃত কাষ্ঠ।

আপীড়ন (আ—পীড় পীড়ন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সম্যক্ পীড়ন, দৃঢ়বন্ধন। ২। গাঢ়ালিঙ্গন, সম্পেষণ। ৩। পীড়াদান।

আপীড়িত (আ—পীড় পীড়নকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্পেষিত, নিষ্পীড়িত। ২। দৃঢ়বদ্ধ। ৩। বেদনাপ্রাপ্ত, অত্যন্ত পীড়িত। ৪। গাঢ়ালিঙ্গিত, দৃঢ়াশ্লিষ্ট। ৫। ভূষিত, শোভিত। শিং—১ "পল্লবাপীড়িতং হৃদ্যং বিহঙ্গৈরনুনাদিতং।" (মহাভারত)।

আপীত (আ ঈষৎ—পীত) বিং, ত্রিং, ঈষৎ পীত, পিঙ্গলবর্ণ; যথা—আপীতবর্ণ বদন। ২। (আ—পা পান করা+ত(ক্ত)—র্ম্ম) সম্যক্ পীত। ৩। ক্লীং, মাক্ষিকধাতু।

আপীন (আ সম্যক্—প্যায় বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক। যে বৃদ্ধি প্রাপ্ত হয়। অথবা পী পান করা+ত(ক্ত)—র্ম্ম। যাহাকে পান করা যায়) সং, ক্লীং, ঊধঃ, গবাদির স্তন, গরুর পালান্, মোড়; যথা—"বৎস সকল দুগ্ধ পান করিলে পর আপীন হইতে শোণিতক্ষরণ হইতেছে।" শিং—১ "আপীনভারোদ্বহন প্রযত্নাদ্ গৃষ্টিগুরুত্বাদ্ বপুষো নরেন্দ্রঃ।" (রঘু)। ২। (আ ঈষৎ, সম্যক্—পীন [প্যায় বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক]) বিং, ত্রিং, ঈষৎ স্থূল। ৩। সম্যক্ স্থূল, স্ফীত, পুষ্ট। ৪। (আ—পী পানকরা+ত(ক্ত)—ধি) পুং, কূপ।

আপীল (Appeal) পুনর্বিচারের প্রার্থনা।

আপূপিক (অপূপ পিষ্টক+ইক(ষ্ণিক)—পাকার্থে) বিং, ত্রিং, পিষ্টকব্যবসায়ী, পিষ্টকবিক্রেতা, ময়রা, হালুইকর, রুটিওয়ালা। ২। পিষ্টকপ্রিয়। ৩। (+ইক—সমূহার্থে) ক্লীং, অপূপ সমূহ।

আপূপ্য (অপূপ পিষ্টক+য(ষ্য)—ইদমর্থে)

সং, পুং, ময়দা ছাতু বেসম প্রভৃতি অপূপ-সাধন বস্তু। [খনন।

আপূর্ত (আ—পূর্ত) সং, ক্লীং, খাতাদি

আপূষ (আ—পূষ্ বৃদ্ধি পাওয়া+অ—প্রং) সং, ক্লীং, রঙ্গ, রাং।

আপৃচ্ছা (আ—প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+অ (ভ)—ভাবে) সং, স্ত্রীং, আভাষণ, আলাপ। ২। জিজ্ঞাসা। ৩। আবাহন।

আপেক্ষিক (অপেক্ষা+ইক(ষ্ণিক)- কৃতার্থে) বিং, ত্রিং, অপেক্ষাকৃত, তুলনাকৃত; যথা —আপেক্ষিক গুরুত্ব, অর্থাৎ বাস্তবিক গুরুত্ব নহে, কিন্তু অন্যের সহিত তুলনা করিলে গুরুত্ব বলা যায়।

আপেক্ষিক গুরুত্ব (Specific Gravity) সম আয়তন সম্পন্ন ভিন্ন ভিন্ন দ্রব্যের গুরুত্বের যে সম্বন্ধ তাহাকে আপেক্ষিক গুরুত্ব বলে।

আপ্ত (আপ্ পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহার উপরে সম্পূর্ণ বিশ্বাস করিতে পারা যায়, বিশ্বস্ত, প্রত্যয়িত, বিশ্বাস-ভূমি। "সাংবৎসরিকমাপ্তৈশ্চ রাষ্ট্রাদাহারয়েদ্‌বলিম্।" (মনু)। ২। যুক্ত, হিত, কুশল। "কুমারভৃত্যা কুশলৈরনুষ্ঠিতে ভিষগ্‌ভিরাপ্তৈরথগর্ভমর্ম্মণি।"(রঘু)। ২ "প্রাজকশ্চেত্তবেদাপ্তঃ।" (আপ্ত=কুশল)। ৩। সত্য, পরমার্থ, প্রকৃত, যথার্থবিগতবাদী। শিং—১ "আপ্তাঃ সর্ব্বেষু বর্ণেষু কার্য্যাঃ কার্য্যেষু সাক্ষিণঃ।" ৪। সন্নিকৃষ্ট, আত্মীয়। শিং—১"বিশুধ্যতি ত্রিরাত্রেণ মাতুরাপ্তাংশ্চ বান্ধবান্।" (মনু)। (আপ্তান্=সন্নিকৃষ্ট সহোদর ভ্রাতৃভগ্ন্যাদি) ৫। বহু, অনল্প, সম্পূর্ণ, অধিক। শিং—১ "যজেত রাজা ক্রতুভির্বিবিধৈরাপ্তদক্ষিণৈঃ।" (মনু)। ৬। বিশ্বাস পূর্ব্বক নিযুক্ত। ৭। অভিযুক্ত, দূষিত। ৮। অভ্রান্ত, ভ্রমপ্রমাদ-রহিত, প্রামাণিক। ৯। হিতোপদেষ্টা, রাগ-দ্বেষাদি বিবর্জ্জিত যথার্থ-বাদী, ভ্রমাদি-শূন্যস্তত্ত্বার্থবেদী। ১০। (+ক্ত—র্ম্ম) যাহা পাওয়া গিয়াছে, প্রাপ্ত, অবাপ্ত, অধিগত। ১১। পুং, ভ্রমপ্রমাদ বিপ্রলিপ্সা কাপট্যাদি রহিত মুনি প্রভৃতি। ১২। বন্ধু, মিত্র। শিং—১"নার্থসম্বন্ধিনো নাপ্তানসহায়ানবৈরিণঃ।" (মনু)। ২ "নিগ্রহাৎ স্বসুরাপ্তানাম্ বধাচ্চ ধনদানুজঃ।"(রঘু)। ১৩। স্বনামখ্যাত নাগরাজ। ১৪। স্ত্রীং, জটা। ১৫। ক্লীং, গণিতশাস্ত্রপ্রসিদ্ধ ভাগফলাদি।

আপ্তকাম (আপ্ত—কাম) বিং, ত্রিং, যাহার কামনা পূর্ণ হইয়াছে, পূর্ণাভিলাষ, পূর্ণমনোরথ; যথা—"রাজা যুধিষ্ঠির ধৌম্যের নিকট এই স্তোত্র প্রাপ্ত হইয়া আপ্তকাম হইয়াছেন।"

আপ্তকারী (—রিন্,আপ্ত—কারী যে করে) বিং, ত্রিং, যাহার উপর বিশ্বাস করিয়া সকল বিষয়ে সম্পূর্ণ ভার দেওয়া যাইতে পারে। শিং—১ "অরক্ষিতা গৃহে রুদ্ধাঃ পুরুষৈশ্চাপ্তকারিভিঃ।"(মনু)। ণী—স্ত্রীং।

আপ্তবাক্ (আপ্তবাচ্, আপ্ত—বাক্ বাক্য) সং, স্ত্রীং, বেদ, আগম, আপ্তশ্রুতি, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতি। শিং—১ "আপ্তবাগনুমানাভ্যাং সাধ্যং ত্বাং প্রতি কা কথা।"(রঘু)।

আপ্তবাক্য (আপ্ত—বাক্য) সং, ক্লীং, আপ্ত-ব্যক্তির বাক্য, গুণ দোষ বিচার না করিয়া যে বাক্যের প্রামাণ্য স্বীকার করিয়া লওয়া যায়।

আপ্তি (আপ্ত প্রাপ্ত, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, লাভ, প্রাপ্তি। শিং—১ 'তপঃ কিলেদং তদবাপ্তিসাধনম্।" (কুমার)। ২। যোগ, সংযোজন। ৩। সম্বন্ধ। ৪। উপযোগিতা, যোগ্যতা। ৫। ব্যাপ্তি।

আপ্য (অপ্ জল+য(ঞ্য)—ব্যাপ্ত্যর্থে) বিং, ত্রিং, জলময়, জলপ্রায়, জলদ। ২। জলবিকার (ফেনাদি)। ৩। (আপ্ পাওয়া +য—র্ম্ম) প্রাপ্তব্য, লভ্য। শিং—১ "কঃ কস্য পুরুষো বন্ধুঃ কিমাপ্যং কস্য কেনচিৎ।" ৪। কর্ম্মশেষভূত (মন্ত্রাদি)। ৫। পুং, চক্ষুর বহির্ভূত দেবগণবিশেষ। শিং—১ "আপ্যাঃ প্রভূতা ঋভবঃ পৃথুকাশ্চ দিবৌকসঃ। লেখা নাম মহারাজ! পঞ্চদেবগণাঃস্মৃতাঃ।" ৬। ক্লীং, কুষ্ঠবৃক্ষ, কুড়।

আপ্যান (আ—প্যায় বৃদ্ধি পাওয়া+ত(ক্ত) —ক) বিং, ত্রিং, আপীন।

আপ্যায়ন (আ—প্যায় [বৃদ্ধি পাওয়া] তুষ্ট

হওয়া + অন(অনট্) – ভাবে) সং, ক্লীং. প্রীণন, তর্পণ, তোষণ। শিং – ১ "অগ্নেঃ সোমযমাভ্যাং চ কৃত্বাপ্যায়নমাদিতঃ।" (মনু)। ২। তৃপ্তি, প্রীতি, সন্তোষ। শিং – ১ "পিতৃপ্রসাদমিচ্ছেয়ং তব চাপ্যায়নং পুনঃ।" ৩। উন্নতি, বৃদ্ধি, অভ্যুদয়। শিং – ১ "লোকস্যাপ্যায়নে যুক্তান্ শ্রাদ্ধ-দেবান্ দ্বিজোত্তমান্।" (মনু)। (লোকস্য আপ্যায়ন = লোকবৃদ্ধি)। ৪। পোষণ, পুষ্টি। ৫। বিং, ত্রিং, পুষ্টিকর, রসায়ন, পোষক। শিং – ১ "আপ্যায়নঃ সংহননঃ শুক্রৌজোবলবর্দ্ধনঃ।" (সুশ্রুত)। ৬। তৃপ্তিকর, আনন্দদায়ক। ৭। বৃদ্ধিকর, উন্নতিসম্পাদক। ৮। পরিপূরক। "দৈবং হিং পিতৃকার্য্যস্য পূর্ব্বমাপ্যায়নং স্মৃতং।" (মনু)। (আপ্যায়ন অর্থাৎ পরিপূরক)।

আপ্যায়িত (আ – প্যায়্ [বৃদ্ধি পাওয়া] তুষ্ট হওয়া ইত্যাদি + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, যাহার প্রীতি জন্মান গিয়াছে, প্রীণিত, সন্তোষিত। ২। তৃপ্ত, সন্তুষ্ট। শিং – ১ "আপ্যায়িতোঽহং ভবতামনেন বচনামৃতেন।" ৩। বর্দ্ধিত, উপচিত। শিং – ১ "এষা সূর্য্যস্য বীর্য্যেণ সোমস্যাপ্যায়িতা-তনুঃ।" ৪। নির্ব্বাপিত। ৫। স্ফীত, পুষ্ট।

আপ্রচ্ছন (আ – প্রচ্ছ্ জিজ্ঞাসা করা + অন(অনট্ – ভাবে) সং, ক্লীং, গমনাগমন সময়ে বন্ধুবর্গের আলিঙ্গন, আরোগ্য, কুশল প্রশ্নাদি জিজ্ঞাসা দ্বারা আনন্দ সম্পাদন, আভাষণ। ২। জিজ্ঞাসা।

আপ্রপদ (আ অবধি – প্রপদ পাদাগ্র, ব্যং – স) সং, ক্লীং, পাদাগ্র পর্য্যন্ত, চরণ-প্রান্তাবধি।

আপ্রপদীন (আ অবধি – প্রপদ পাদাগ্র + ঈন(খীন) – ব্যাপকার্থে) বিং, ত্রিং, স্কন্ধ হইতে পাদাগ্রপর্য্যন্ত লম্বমান(বস্ত্রমাল্যাদি)।

আপ্লব } (আ – প্লু জলে ভাসিয়া যাওয়া
আপ্লাব } + অ(অল্) – ভা। ২য়পক্ষে— + ঘঞ্ – ভাবে) সং, পুং, স্নান, অবগাহন। ২। জলপ্লাবন। ৩। জলপ্রক্ষেপ, জলসেচন। ৪। জলমধ্যে সম্যক্ অবগাহন। ৫। উল্লম্ফন। ৬। গতি। ৭। সম্যক্ আবরণ।

আপ্লবব্রতী } (–তিন্, আপ্লব, আপ্লুত
আপ্লুতব্রতী } স্নান – ব্রত + ইন্ – অস্ত্যর্থে। স্নানরূপব্রতবিশিষ্ট) সং, পুং, স্নাতক-ব্রতী, ব্রহ্মচর্য্যানন্তর গৃহস্থাশ্রমে প্রবেশার্থ স্নাত। ২। বিং, ত্রিং, স্নাতকব্রতী।

আপ্লাবন (আ – প্লাবি জলে ভাসান + অন (অনট্) – ভাবে) সং, ক্লীং, প্লাবন দেখ।

আপ্লাবিত (আপ্লাব + ইত – যুক্তার্থে) বিং, ত্রিং, সিক্ত; যথা—"রুধিরধারায় ধরণী আপ্লাবিত হইল।" ২। জলরাশি দ্বারা প্লাবিত, জলপ্লাবিত।

আপ্লুত (আপ্লব দেখ, ত(ক্ত) – ক) বিং, ত্রিং, অভিষিক্ত, আর্দ্রীকৃত, সিক্ত; যথা—রুধিরাপ্লুত। ২। স্নাত। শিং – ১ "আপ্লুতঃ সর্ব্বপাপেভ্যঃ সমঙ্গায়াং ব্যমুচ্যত।" (মহাভারত)। ৩। উৎপতিত। ৪। (+ক্ত – ভাবে) ক্লীং, স্নান। ৫। রণস্থলে যোদ্ধৃবর্গের বিবিধ প্রকার গতির মধ্যে গতিবিশেষ, উল্লম্ফন। ৬। পুং, স্নাতক, আপ্লবব্রতী।

আফলোদয় (আ – ফল – উদয়) ক্রিং – বিং, ফলোদয় পর্য্যন্ত, যাবৎ ফলোদয় না হয় সে পর্য্যন্ত।

আফলোদয়কর্ম্মা (আফলোদয়কর্ম্মন্, আ অবধি – ফল – উদয় – কর্ম্মন্ কার্য্য) বিং, ত্রিং, ফলসিদ্ধি পর্য্যন্ত কর্ম্মকারী। "সোহমাজন্মশুদ্ধানামাফলোদয়কর্ম্মণাম্।" (রঘু)।

আফলোদয়কারী (– কারিন্, আ – ফল – উদয় – কারী যে করে) বিং, ত্রিং, যে ফলোদয় পর্য্যন্ত কর্ম্ম করে অর্থাৎ যাহার কৃত কর্ম্মের অবশ্য ফলোদয় হয় কখন বিফল হয় না, আফলোদয়কর্ম্মা।

আফসোস্ (যাবনিক) খেদ, দুঃখ।

আফূক; সং, ক্লীং, অহিফেণ, আফিং।

আবওয়াব (যাবনিক) রাজা কিম্বা জমীদারের গৃহীত বিবিধ কর। ২। রাজস্ব ব্যতীত অন্যান্য কর।

আবকারী (যাবনিক) মাদকদ্রব্যের কর।

আবদ্ধ (আ – বন্ধ্ বন্ধনকরা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যাহা বন্ধন করা গিয়াছে, বদ্ধ। ২। আটকান, প্রতিরুদ্ধ; যথা—আমি এক বিষয়ে আবদ্ধ আছি। শিং –

১ "স্যন্দনাবদ্ধদৃষ্টি।" ৩। যাহা বন্ধক দেওয়া গিয়াছে, আহিত; যথা—অমুক বিষয় অমুকের নিকট আবদ্ধ আছে। ৪। পরিহিত, বিরচিত, কল্পিত। শিং—১ "গর্ভাধান ক্ষণপরিচয়ান্নূনমাবদ্ধমালাঃ সেবিষ্যন্তে।" (মেঘদূত)। ৫। সংযুক্ত, সংশ্লিষ্ট। ৬। প্রাপ্ত, লব্ধ। শিং—১ "অস্মিন্নগৃহ্যত পিনাকভৃতা সলীলমাবদ্ধবেপথুরধীরবিলোচনায়াঃ।" ৭। ব্যাপৃত। ৮। পুং, দৃঢ়বন্ধন। ৯। যোক্ত্র, যোত্দড়ি। ১০। অলঙ্কার, ভূষণ। ১১। প্রেম, প্রণয়।

আবন্ধ (আ—বন্ধ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ণ। যাহার দ্বারা যুগের সহিত ঈশাদণ্ড বন্ধন করা যায়) সং, পুং, যোক্ত্র, যোত্দড়ি। ২। যোয়াল। ৩। সম্বন্ধ। ৪। প্রেম, প্রণয়। ৫। ভূষণ। ৬। (+অ(ঘঞ্)—ভা) দৃঢ় বন্ধন। যথা—প্রেমাবন্ধ।

আবরা; সং, ক্লীং, ঈষৎবৃষ্টি। ২। জলরক্ষণ। ৩। যন্ত্রের উপরিভাগ। [ধারা।

আবরু (যাবনিক) মান, সম্ভ্রম। ২। রীতি,

আবলাৎ (যাবনিক) স্থাবরাস্থাবর সম্পত্তি।

আবাদ (যাবনিক) চসা, কৃষ্ট। ২। জনপূর্ণ।

আবাদী (যাবনিক) বাসস্থান। ২। গ্রামনিকটবর্ত্তী স্থান।

আবাধা (আ—বাধ পীড়ন করা, ব্যাঘাত করা+অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, পীড়া। ২। দুঃখ, ক্লেশ। ৩। (+ঙ—ক, *Segment of the base of a triangle*) বিষম ত্রিভুজ ক্ষেত্রের মধ্যস্থিত লম্বরেখার উভয় পার্শ্বস্থ ভূমি।

আবালবৃদ্ধ (আ—বাল—বৃদ্ধ) ক্রিং—বিং, বালক ও বৃদ্ধ পর্য্যন্ত।

আবালবৃদ্ধবনিতা (আ—বাল—বৃদ্ধ—বনিতা) ক্রিং—বিং, বালক বৃদ্ধ ও বনিতা পর্য্যন্ত।

আবুড়াখাবুড়া (দেশজ) অসমান, উচুনীচু, বন্ধুর।

আবুত্ত (আপ [আপ্ পাওয়া+০(ক্বিপ্)—ক] —উত্ত [উং—তন্ বিস্তার করা+অ(ড)—ক] কিম্বা আ সম্যক্—বুধ্ জানা+ত(ক্ত)—ক) সং, পুং, ভগিনীপতি, (নাটকাদিতে প্রযোজ্য।)

আভরণ (আ—ভৃ ধারণ করা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, ভূষণ, অলঙ্কার। শিং—১ "স্যাদ্ভূষণংত্বাভরণং চতুর্দ্ধা পরিকীর্ত্তিতং আবেধ্যং (কুণ্ডলাদি) ২ বন্ধনীয়ং (কুসুমাদিকং) ৩ চ ক্ষেপ্যং (নূপুরাদিকং) ৪ আরোপ্যং(হারাদি) এব তৎ।" ২। সম্যগ্ভরণ, পোষণ।

আভা (আ—ভা দীপ্তিপাওয়া+অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, শোভা, কান্তি। ২। প্রভা, দীপ্তি। ৩। উপমা, সাদৃশ্য। ৪। বাতরোগ বিশেষ, ববুল। শিং—১ "আভা ববুলপর্য্যায়ঃ কথিতঃ কোবিদৈরিহ।" (ভাবপ্রকাশ)।

আভাষ (আ—ভাষ্ বলা+অ(অল্)—ভাবে সং, পুং, অবতরণিকা, মুখবন্ধ, ভূমিকা। ২। অনুষ্ঠান। ৩। প্রবেশিকা। ৪। আভাষণ, আলাপ; যেমন—'মধুরভাষ।'

আভাষণ (আ—ভাষ কথা কহা+অন অনট্)—ভা) সং, ক্লীং, আলাপ, পরস্পর কথাবার্ত্তা। শিং—১ "সম্বন্ধমাভাষণপূর্ব্বমাহুঃ।" (রঘু)। ২। উক্তি।

আভাষিত (আভাষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। ২। প্রসাদিত।

আভাষ্য (আভাষণ দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, আভাষণযোগ্য, আলাপের যোগ্য। শিং—১ "জনমাভাষ্যমিমং ন মন্যসে।" (রঘু)। ২। জিজ্ঞাস্য।

আভাস (আ—ভাস্ দীপ্তিপাওয়া+অ(অল্)—ভা) সং, পুং, দীপ্তি, জ্যোতি, দ্যুতি। ২। প্রতিবিম্ব (*Reflection*); যথা—"চিদাত্মার আভাস স্বরূপ।" ৩। অভিপ্রায়, তাৎপর্য্য, ইঙ্গিত; যথা—"আভাসে আভাসে, সে (কৃষ্ণ) ভাষে কি আশে, দুতাশে পদ না চলে।" (সঙ্গীত)। ৪। সাদৃশ্য। ৫। ন্যায়ে—প্রতিবিম্বাদির ন্যায় অবাস্তব স্বরূপ অবিদ্যা কার্য্য, মৃষাবুদ্ধি। শিং—১ "আভাসস্তু মৃষাবুদ্ধিরবিদ্যাকার্য্যমুচ্যতে। অবিচ্ছিন্নং তু তদ্ব্রহ্ম বিচ্ছেদস্তু বিকল্পতঃ।" (অধ্যাত্মরামায়ণ)।

আভাসমান (আভাস+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, মত দেখায়; যথা—বিরুদ্ধবৎ আভাসমান অর্থাৎ বাস্তবিক বিরুদ্ধ নয় বিরুদ্ধের

মত দেখায়। ২। যাহা ব্যক্ত হয়, যাহা প্রকাশ পায়; যথা—ইহাতে এই আভাসমান হইল, প্রকাশমান, অবভাসমান। ৩। প্রতীয়মান। ৪। দীপ্যমান।

আভাস্বর (আ সর্বত্র—ভাস্ দীপ্তিপাওয়া +বর—সংজ্ঞার্থে)সং,পুং, চৌষট্টিসংখ্যক গণদেবতাবিশেষ। শিং—১ "আত্মা জ্ঞাতা দমো দান্তঃ শান্তির্জ্ঞানং শমস্তপঃ। কামঃ ক্রোধো মদো মোহো দ্বাদশাভাস্বরা ইমে।" ২। বিং, ত্রিং, সম্যক্ দীপ্ত, দীপ্তিশালী।

আভিজন (অভিজন বংশ+অ(ষ্ণ)—ভাবে) সং,ক্লীং, অভিজনের ভাব, কৌলীন্য, গাঁই, পদবী। "তাং পার্ব্বতীত্যাভিজনেন নাম্না।"

আভিজাতিক (অভিজাত বংশ+ইক(ষ্ণিক)—প্রং) বিং,ত্রিং, অভিজাত-সম্বন্ধীয়। ২। বংশঘটিত, কুলপরিচায়ক।

আভিজাতিক-চিহ্ন (Heraldry) কুল-পরিচায়ক চিহ্ন।

আভিজাত্য (অভিজাত সংবংশ+য(ষ্ণ্য) —ভাবে) সং, ক্লীং, বংশমর্য্যাদা, সদ্বংশীয়ত্ব, কৌলীন্য; যথা—"শাস্ত্র ও আভিজাত্য সম্পন্ন।" ২। পাণ্ডিত্য। ৩। লজ্জা।

আভিধানিক (অভিধান+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, অভিধান পুস্তক সংক্রান্ত, অভিধান পুস্তকে যাহা পাওয়া যায়; যথা—আভিধানিক শব্দ।

আভিমুখ্য (অভিমুখ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সম্মুখবর্ত্তী হওয়া, সম্মুখীনত্ব, সাম্মুখ্য। ২। আনুকূল্য, অনুগ্রহ, প্রসাদ। শিং—১ "বিশেষাদাভিমুখ্যেন চরন্তো ব্যভিচারিণঃ।" (আভিমুখ্যেন=রসানুকূল্যেন)।

আভিরূপ্য (অভিরূপ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অভিরূপের ভাব, সৌন্দর্য্য। শিং—১ "আভিরূপ্যাচ্চ বিম্বানাং দেবঃ সান্নিধ্যমৃচ্ছতি।"

আভিষেচনিক (অভিষেচন+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, নৃপদিগের অভিষেচন উপযুক্ত, অভিষেচনার্থ (বস্তু); যথা—"আভিষেচনিক ক্রিয়া।" ২। ক্লীং, যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক বর্ণনাত্মক মহাভারতীয়পর্ব্ব।

আভীক্ষ্ণ } (অভীক্ষ্ণ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—
আভীক্ষ্ণ্য } ভাবে) সং, ক্লীং, পৌনঃপুন্য। ২। আধিক্য, অতিশয়।

আভীর (আ—অভি—ঈর্ প্রেরণ করা+অ (অন্)—ক,সংজ্ঞার্থে অথবা আ—ভী ভয় +র [রা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, ব্রাহ্মণের ঔরসে অম্বষ্ঠার গর্ভে উৎপন্ন জাতিবিশেষ, আহির, গোপ। ভারতবর্ষের উত্তর-পশ্চিম প্রদেশে ইহারা বাস করিত। খৃষ্টজন্মের ২০০ বৎসর পূর্ব্বে মগধে এই নামে এক রাজবংশ ছিল। শিং—১ "তথাহি বৈশ্য ভেদ এবাভীরো গবাদ্যুপজীবী।" ২। দেশবিশেষ। "শ্রীকোঙ্কণাদধোভাগে তাপীতঃ পশ্চিমে পরে। আভীরদেশো দেবেশি! বিন্ধ্যশৈল ব্যবস্থিতঃ।" ৩। আভীরদেশবাসী জন। শিং—১"তে বৈরামাঃ পারদাশ্চ আভীরাঃ কিতবৈঃ সহ।" ৪। ক্লীং. মাত্রাবিশেষ। রী—স্ত্রীং, আভীরপত্নী,আহিরিণী, গোপী, গোয়ালিনী।

আভীরপল্লি, ল্লী (আভীর গোয়ালা—পল্লি পাড়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোপপল্লী, গোয়ালাপাড়া, গোপস্থান।

আভীল (আ—অভি—ইল্ [শয়ন করা] কষ্ট পাওয়া ইত্যাদি+অ(ক)—ক) সং, ক্লীং, শারীরিক যন্ত্রণা। ২। ক্লেশ। ৩। (আ—ভী ভয়+ল—অস্ত্যর্থে। অথবা 'লা' ধাতুর অর্থ গ্রহণ করা+অ(ড)—ক) বিং, ত্রিং, ভয়ানক। শিং—১ "আভীলানি প্রাণিনঃ প্রত্যবশ্যন্।" (মাঘ)। ২। কষ্টযুক্ত, কৃচ্ছ্রগত।

আভুগ্ন (আ ঈষৎ—ভুজ্ বক্র হওয়া+ত(ক্ত)—ক। জ—গ। 'ত' স্থানে ন) বিং, ত্রিং, ঈষদ্বক্র, আকুঞ্চিত। শিং—১"আভুগ্নেন বিবর্ত্তিতা বলিমতা মধ্যেন কম্রস্তনী।" (শকুন্তলা)। ২। চারি ধারে ভগ্ন।

আভেরী আ—ভেরী বাদ্যযন্ত্রবিশেষ) সং, স্ত্রীং, রাগিণী-বিশেষ।

আভোগ (আ—ভুজ্ [খাওয়া] পূর্ণ হওয়া ইত্যাদি+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, সম্পূর্ণতা, পরিপূর্ণতা। শিং—১ " যথায়-

মাভোগস্তপোবনস্য।" (শকুন্তলা)। ২। উপভোগ, সম্যক্ ভোগ। ৩। যত্ন, প্রয়াস। ৪। সঙ্গীতসারে—"কোন শ্লোক কিম্বা কোন গান অথবা ছন্দঃসম্বন্ধে যে কোন বিষয় হউক না কেন, সকলেরই যেমন চারিটী করিয়া চরণ থাকে, তেমনি আলাপেরও চারিটী চরণ নির্দ্দিষ্ট আছে। প্রথমে যেটী দ্বারা মুখবন্ধন করা যায়, অথবা যেটী প্রথম চরণ হয়, তাহার নাম আস্থায়ী; দ্বিতীয় চরণের নাম অন্তরা; তৃতীয় চরণের নাম সঞ্চারী এবং চতুর্থ চরণের নাম আভোগ।" ৫। বিমর্দ্দ। ৬। অযুক্ত গানসমাপক কবিতা, গানের যে পদে ভণিতা থাকে। শিং—১ "যত্রৈব কবিনাম স্যাৎ স আভোগ ইতীরিতঃ।" ৭। বিস্তার। ৮। বরুণচ্ছত্র, সর্পফণা।

আভ্যন্তর (অভ্যন্তর + অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, অভ্যন্তরভব, আন্তর। ২। মানসিক, বাহ্যেতর। শিং—১ "সবাহ্যাভ্যন্তরং শুচি।"

আভ্যুদয়িক (অভ্যুদয় মঙ্গল + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যাহাতে অভ্যুদয় হয়, মাঙ্গলিক; শুভকার্য্য নিমিত্তক; শুভকার্য্য সংক্রান্ত। ২। উন্নতিকর। ৩। ইষ্টলাভার্থ অবশ্যকরণীয়। ৪। ক্লীং, অভ্যুদয় নিমিত্ত শ্রাদ্ধ, বিবাহাদি কালে পিতৃপিতামহ, প্রপিতামহ, প্রমাতামহ, বৃদ্ধ প্রমাতামহের তৃপ্তি উদ্দেশে দধিবদরাক্ষত মিশ্র পিণ্ড কার্য্য কর্ত্তব্য। অভ্যুদয় ভূত ও ভবিষ্যৎ ভেদে দুই প্রকার। ভূত—যথা—পুত্রজন্মাদি; ভবিষ্যৎ—যথা—বিবাহাদি।

আম (আ—অম্ রুগ্ন হওয়া, গমন করা + অ(ঘঞ্)—ণ) বিং, ত্রিং, অপক্ব, অপরিণত, অসিদ্ধ, বহ্ন্যাদি দ্বারা অদগ্ধ, বহ্নিপাকরহিত; যথা—আম পত্র, আম অন্ন। ২। পুং, (+ঘঞ্—ক) অজীর্ণরোগ, অজীর্ণ হইলে উদরে যে দুষ্ট রস জন্মে (Mucus)। ২। রোগমাত্র। ৩। তুষরহিত ধান্যাদি। শিং—১ "শস্যং ক্ষেত্রগতং প্রাহুঃ সতুষং ধান্যমুচ্যতে। আমং বিতুষমিত্যুক্তং স্বিন্নমন্নমুদাহৃতং।" ৪। অং, আনুকূল্য। ৫। স্মরণ।

আমগন্ধি (আম কাঁচা—গন্ধ + ই—প্রং। যাহার অপক্ব গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্গন্ধ, গন্ধযুক্ত (চিতাধূম এবং মাংসাদি)।

আমচুর (আম্রচূর্ণ শব্দজ) আমশী, শুষ্ক আম্র।

আমণ্ড (আ ঈষৎ—মন্ড্ ভূষিত করা + অ—প্রং) সং, পুং, এরণ্ড বৃক্ষ।

আমদানী (যাবনিক) আয়, আগম। ২। বাণিজ্য দ্রব্যাদি আনয়ন।

আমদানীহুমার (যাবনিক, হুমার অর্থ সংখ্যা) আয়ের সংখ্যা। [মধুর।

আমধুর (আ ঈষৎ—মধুর) বিং, ত্রিং, ঈষৎ

আমন (যাবনিক) ধান্যবিশেষ।

আমনস্য } (অ—মনস্, মানস্ অন্তঃ-
আমানস্য } করণ + য(ষ্ণ্য)—বিকারার্থে) সং, ক্লীং, যাতনা, পীড়া, দুঃখ, কষ্ট।

আমন্ত্রণ (আ—মন্ত্র্ [মন্ত্রণা করা] আহ্বান করা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, সম্বোধন, আহ্বান। ২। অবশ্যকর্ত্তব্য নিয়োগ, নিমন্ত্রণ; যথা—শ্রাদ্ধাদিতে ভোজন। ৩। কামাচারানুজ্ঞা। ৪। অভিনন্দন, সম্বর্দ্ধনা। ৫। নিয়োজন, যাহার অকরণে প্রত্যবায় নাই; যেমন—স্থলবিশেষে শয়ন। শিং—১ "অদ্যেতি বৈ ...য়া আমন্ত্রণম্।"

আমন্ত্রিত (আমন্ত্রণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আমন্ত্রণ করা গিয়াছে, আহূত, সম্ভাষিত, অভিনন্দিত। ২। সম্বোধিত। ৩। অভিনন্দিত, নিয়োজিত। ৪। সং, ক্লীং, সম্বোধন পদ।

আমন্ত্রয়িতা (আমন্ত্রয়িতৃ, আ—মন্ত্রি মন্ত্রণা করা + তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে আমন্ত্রণ করে।

আময় (আম [অম্ রুগ্নহওয়া + অ(ঘঞ্)—ভা]—যা যাওয়া + অ(ড)—ক। কিম্বা আমি রোগী হওয়া + অ—ভা) সং, পুং, রোগ, ব্যাধি। "আময়স্তু রতিরাগসম্ভবঃ।" (রঘু)। ২। ক্লীং, কুষ্ঠনাম ওষধি, কুড়।

আময়াবী (আময়াবিন্, আময়—অব্ [গমন করা] পাওয়া + ইন্(ণিন্)—ক। যে রোগ প্রাপ্ত হয়, ২য়া—ষ) বিং, ত্রিং, রোগী, ব্যাধিগ্রস্ত। ২। আমরোগবিশিষ্ট।

আময়িক (Therapeutical, আময় + ইক

(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, রোগোপশমন-সম্বন্ধীয়, আরোগ্যোপযোগী, রোগপ্রতী-কারার্থ ঔষধপ্রয়োগসম্বন্ধীয়।

আমরক্ত (আম অপক্ক—রক্ত) সং, ক্লীং, উদরাময়বিশেষ, রক্তমলস্রাবের পীড়া।

আমরণ (আ—মরণ) ক্রিং—বিং, মরণ পর্য্যন্ত।

আমরণস্থায়ী (—য়িন্, আমরণ—স্থা থাকা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যাহা মরণ-কাল পর্য্যন্ত থাকে, আমরণান্তিক।

আমরণান্ত (আ—মরণ—অন্ত) ক্রিং—বিং, মরণকাল পর্য্যন্ত।

আমরণান্তিক (আমরণান্ত+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যাহা মরণকাল পর্য্যন্ত থাকে, আমরণস্থায়ী।

আমর্শ—পুং } (আ—মৃশ্ পরামর্শকরা,
আমর্শন—ক্লীং } স্পর্শকরা+অ(অল্), অন (অনট্)—ভাবে) সং, ভক্ষণ। ২। স্পর্শ। ৩। ধর্ষণ। ৪। পরামর্শ,উপদেশ। ৫। চিন্তা।

আমর্ষ (আ—মর্ষ ক্ষমা+অ(অল্)—ভাবে, অথবা অমর্ষ দেখ) সং, পুং, ক্রোধ।

আমল (যাবনিক) অধিকারকাল, শাসনসময়; যেমন—আকবরের আমল। ২। অধিকার, দখল; যথা—

"কটকে হইল আলিবর্দ্দির আমল।
ভাইপো সৌলদজঙ্গে দিলেন দখল।"

আমলক—পুং } (আ—মল্ ধারণকরা+
আমলকী—স্ত্রীং } অক(ণক)—র্ম্ম। যাহাকে ঔষধ নিমিত্ত ধারণ করা যায়। বৃহর্দ্ধর্ম্ম পুরাণে ইহার উৎপত্তি এইরূপ লিখিতআছে —"সখিগণ পার্ব্বতীকে জিজ্ঞাসা করিলেন, "কোন্ তরু তুলসী ও বিল্বের ন্যায়, বিষ্ণু ও শিবের প্রিয়?" দেবী বলিলেন "সখিগণ! আমলকীই শিব ও বিষ্ণুর প্রিয়; একসময়, কোন পুণ্যাহে সকল দেবতা প্রভাসে উপ-স্থিত হইয়াছিলেন, তথায় লক্ষ্মী ও আমি হরিহরের পুজার জন্য পরস্পর মনোভাব জ্ঞাপন করিলাম, অনন্তর আমাদের নয়ন হইতে অমল প্রেমাশ্রু বিচালিত হইয়া ভূতলে পতিত হইল, তাহাতে চারিটী বিমলপ্রভ বৃক্ষ জন্মিল। সেই বৃক্ষে বিল্ব ও তুলসীর গুণ একত্রে আছে এবং তাহারই নাম আমলকী।" ইহা মাঘমাসের সিত-পক্ষের একাদশী তিথিতে জন্মিয়াছিল।" (ভারত-কোষ)।) সং, আমলা, আমলকী বৃক্ষ। ২। (আমলকী+অ(ষ্ণ)—প্রং) ক্লীং, ফলবিশেষ।

আমলনামা (যাবনিক) জমী কিম্বা অন্য বি-ষয় অধিকার করিবার জন্য লিখিত আজ্ঞা পত্রাদি।

আমলা (আমলক শব্দজ) সং, আমলকীফল। ২। (যাবনিক) বেতনভোগী কর্ম্মচারী।

আমবাত (Nettlerash, আম পীড়াদায়ক—বাত, য়ং—স) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বাতরোগবিশেষ।

আমশূল; সং, পুং, শূলবেদনা, আমনিমিত্ত উদরের বেদনাবিশেষ। [পোড় ইট।

আমা (আম শব্দজ) সং, অপক্ক ইষ্টক, কাঁচ-

আমাতী(তি)সার; সং,পুং, অতিসারবিশেষ।

আমানৎ (আনামৎ দেখ)।

আমানী (দেশজ) সং, কাঞ্জী, কাঁজী।

আমান্ন (আম অপক্ক—অন্ন, য়ং—স) সং, ক্লীং, অপক্কান্ন, তণ্ডুল, চাউল।

আমাবাস্য (অমাবস্যা+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, অমাবস্যায় কর্ত্তব্য।

আমাশয় (আম—আশয় স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আমস্থলী। ২। রোগবিশেষ।

আমিক্ষা } (আ—মিষ্ সেবন করা+
আমীক্ষা } স(সক্)—র্ম্ম, সংজ্ঞার্থে। আপ্ স্ত্রীং) সং, স্ত্রীং, দুগ্ধবিকার, উষ্ণ দুগ্ধে দধি ক্ষেপণ করিলে যাহা জন্মে, ছানা। শিং—১ "আমিক্ষা সা শৃতোষ্ণে যা ক্ষীরে স্যা-দ্দধিযোগতঃ।"

আমিক্ষীয় (আমিক্ষা+ঈয়(ণীয়)—প্রং) সং, ক্লীং, আমিক্ষার উপকরণ দধি। শিং—১ "আমিক্ষীয়ং দধি ক্ষীরং পুরোডাশ্যং তথৌ-ষধম্।" (ভট্টি)। ২। বিং, ত্রিং, আমিক্ষা-জাত, আমিক্ষোপযোগী।

আমিষ (আ সমন্তাৎ—মিষ্ [স্পর্দ্ধা করা] অভিব্যক্ত হওয়া+অ(ক)—ক অথবা অম্ রুগ্ন হওয়া+ইষ(টিষচ্)—ণ) সং, পুং, ক্লীং, মাংস; যথা—"ফলমূলামিষাহারী হইয়া অরণ্যে গমন করিতেছি। শিং—১

"উপানয়ৎ পিণ্ডমিবামিষস্য।" (রঘু)। ২। ভোগ্যবস্তু। ৩। উৎকোচ, ঘুষ। ৪। লোভসঞ্চয়, তৃষ্ণা। ৫। রূপাদিবিষয়। ৬। সুন্দরবস্তু। ৭। কামগুণ, অভিলাষ। ৮। ভোজন। ৯। লাভ। ১০। লোভ্যবস্তু।

আমিষত্যাগী (—গিন্, আমিষ—ত্যাগী [ত্যজ্ ত্যাগ করা+ইন্(ণিন্)—ক] যে ত্যাগ করে) বিং, ত্রিং, যে আমিষ ভক্ষণ পরিত্যাগ করিয়াছে।

আমিষপ্রিয় (আমিষ মাংস—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কঙ্কপক্ষী, কাঁক। ২। বিং, ত্রিং, মাংসাভিলাষী, মাংসলোলুপ।

আমিষভুক্ (আমিষভুজ্, আমিষ—ভুজ্ [ভুজ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে। যে আমিষ ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভোজী।

আমিষলিপ্সু, আমিষলুব্ধ, আমিষগৃধ্নু (আমিষ—লিপ্সু, লুব্ধ, গৃধ্নু লোভী) বিং, ত্রিং, আমিষাকাঙ্ক্ষী, মাংসলোভী।

আমিষাশী (আমিষাশিন্, আমিষ—আশী [অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মৎস্যমাংসভোজনশীল, মৎস্যমাংস ভোজী।

আমিষী; সং, স্ত্রীং, মিষী। ২। জটামাংসী।

আমীন (যাবনিক) সং, জমীদার যে ব্যক্তিকে জমীজরীফ করিবার নিমিত্ত নিযুক্ত করেন। ২। যে ব্যক্তি স্থানীয় ব্যাপার তত্ত্বাবধারণ করিতে নিযুক্ত হয়। ৩। অধ্যক্ষ, তত্ত্বাবধায়ক, তদারককারী।

আমীর (যাবনিক) ধনী অথচ সম্ভ্রান্ত লোক; যেমন—"আমীর উমরা।"

আমুক্ত (আ—মুচ্ মোচন করা] বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, পরিহিত, ধৃত। ২। ত্যক্ত, নিক্ষিপ্ত।

আমুখ (আ—মুখ আরম্ভ) সং, ক্লীং, প্রস্তাবনা। শিং—১ "সূত্রধারেণ সহিতাঃ সংলাপং যত্র কুর্ব্বতে। নটো বিদূষকো বাপি পারিপার্শ্বিক এব বা। আমুখং নাম তজ্জ্ঞেয়ং সৈব প্রস্তাবনা মতা।"

আমুপ; সং, পুং, বেউড় বাঁশ।

আমুষ্যায়ণ (অমুষ্য [অদস্ শব্দের ৬ষ্ঠীর এক বচন]+আয়ন(ফায়ন)—যুক্তস্য পুত্রার্থে) বিং, ত্রিং, অমুষ্যপুত্র, সদ্বংশীয়, প্রসিদ্ধ বংশোৎপন্ন।

আমুষ্মিক (অমুষ্মিন্+ইক(ফিক)—প্রং) বিং, ত্রিং, পারলৌকিক।

আমূল (আ অবধি—মূল গোড়া, আদ্য) ক্রিং—বিং, ক্লীং, মূল অবধি, প্রথমাবধি। শিং—১ "আমূলশুদ্ধসন্ততি কুলমেতৎ পৌরবং প্রজাবন্দ্যো।" (শকুন্তলা)।

আমূলতঃ (আমূলতস্, আমূল+তস্—পঞ্চমী স্থানে) অং, মূল হইতে।

আমৃষ্ট (আ—মৃজ্ [শুদ্ধ করা] চূর্ণ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম। জ—ষ। ত—স্থানে ট) বিং, ত্রিং, মর্দিত, প্রমার্জ্জিত। শিং—১ "আমৃষ্টবক্ষা হরিচন্দনাঙ্কা।" ২। উচ্ছেদিত, উচ্ছিন্ন।

আমেজ (যাবনিক) মিশ্রিত, মিলিত, সংযুক্ত।

আমোচন (আ—মুচ্ [ত্যাগ করা] সংযুক্ত করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পরিধান, বন্ধন। ২। সংযোগ। ৩। মোচন, মোক্ষণ, মুক্তি।

আমোদ (আ—মুদ্ হৃষ্ট হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, হর্ষ, আনন্দ। ২। (আ—সম্যক্—মোদ [মুদ্ হৃষ্ট হওয়া+অ(অল্)—প] হৃষ্ট। যাহার দ্বারা সম্যক্‌রূপে হৃষ্ট হয়) যে গন্ধের আঘ্রাণে ঘ্রাণেন্দ্রিয়ের পরম পরিতোষ জন্মে, অতি দূরগামী গন্ধ, অতি সুগন্ধ। শিং—১ "আমোদং উপজিঘ্রন্তৌ স্বনিশ্বাসানুকারিণম্।" (রঘু)।

আমোদজনক (আমোদ—জনক উৎপাদক) বিং, ত্রিং, যাহা আমোদ জন্মায়, আমোদন।

আমোদন (আ—মোদি আহ্লাদিত করা+অন(অনট্)—ভাবে) বিং, ত্রিং, যাহাতে আমোদ জন্মে, আমোদজনক। ২। সং, ক্লীং, হর্ষণ, প্রীণন, আনন্দন। ৩। আমোদকরণ, সৌরভসম্পাদন।

আমোদিত (আমোদ+ইত—যুক্তার্থে, কিম্বা আমোদ দেখ, ত(ক্ত)—ক। বিং, ত্রিং, যাহার আমোদ জন্মিয়াছে, আনন্দিত, হৃষ্ট, পুলকিত। ৩। যে স্থান মনোহর গন্ধে পূর্ণ হইয়া আছে, সুরভীকৃত।

আমোদী (আমোদিন্, আমোদ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, হর্ষবিশিষ্ট, আনন্দযুক্ত। ২। সুগন্ধজনক, গন্ধবিশিষ্ট। শিং—১ "নবকুটজকদম্বামোদিনো গন্ধবাহাঃ।" ৩। যে আমোদ করে, আমোদ করা যাহার স্বভাব। ৪। সং, পুং, মুখের গন্ধজনক দ্রব্য, কর্পূরাদিবটিকাকৃত মুখগন্ধ, মুখবাসন বটিকাদি।

আম্নাত (আ—ম্না [অভ্যাস করা] বলা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আখ্যাত, কথিত। ২। বর্ণিত। ৩। অভ্যস্ত। ৪। সম্যক্ অধীত, পঠিত। শিং—১ "যদ্ব্রহ্ম সম্যগাম্নাতং যদগ্নৌ বিধিনাহুতম্।" (কুমার)।

আম্নায় (আ—ম্না [অভ্যাস করা] উপদেশ দেওয়া+অ(ঘঞ্)—ণ, ক, র্ম্ম। য—আগম। যাহার দ্বারা পারম্পর্য্যক্রমে ধর্ম্মাধর্ম্ম উপদিষ্ট হয়। অথবা যে ধর্ম্মাধর্ম্ম উপদেশ দেয়। কিম্বা মুনিগণ কর্ত্তৃক যাহা সম্যক্ অভ্যস্ত হয়) সং,পুং, বেদ, আগম, শ্রুতি, নিগম। শিং—১ "সমাংসো মধুপর্ক ইত্যাম্নায়ং বহুমন্যমানাঃ।" (উত্তরচরিত)। ২। কুলাচার। ৩। গুরুপরম্পরাগত সদুপদেশ, শিক্ষাদান। ৪। সম্প্রদায়। ৫। তন্ত্রশাস্ত্র। ৬। কুল, বংশ। ৭। বংশপরম্পরাগত আচারপদ্ধতি। ৮। (+ঘঞ্—ভাবে) অভ্যাস, আলোচন।

আম্বিকেয় (অম্বিকা+এয় (ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, অম্বিকাপুত্র—ধৃতরাষ্ট্র। (বিচিত্রবীর্য্য অকালে কালগ্রাসে পতিত হইলে, বংশরক্ষার্থ তাহার মাতা সত্যবতী, পুত্রবধূ অম্বিকার গর্ভে সন্তান উৎপাদন করাইবার জন্য প্রথমতঃ ভীষ্মকে আহ্বান করেন, তিনি অসম্মত হইলে পর সত্যবতী ব্যাসদেবকে স্মরণ করেন। ব্যাস উপস্থিত হইয়া মাতার প্রস্তাবে সম্মত হইলেন। ব্যাসের বিকটাকার মূর্ত্তি দেখিয়া কাশীরাজকন্যা অম্বিকা ভীতা হইয়া চক্ষু মুদ্রিত করিয়াছিলেন। পরে অম্বিকার একটী জন্মান্ধ পুত্র হইল উহার নাম ধৃতরাষ্ট্র)। ২। (অম্বিকা অর্থাৎ দুর্গার পুত্র) কার্ত্তিকেয়।

আম্র (অম্র+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, আমগাছ। ২। (আম্র+ষ্ণ) ক্লীং, আম্রফল।

আম্রগন্ধক (আম্র—গন্ধ+কপ্—স্বার্থে। আম্রের ন্যায় গন্ধ যাহার) সং, পুং, সমষ্ঠিলবৃক্ষ। [স্ত্রীং, আম্রচূর্ণ, আমসী।

আম্রপেশী—ষী (যে আম্র পেশীর ন্যায়) সং,

আম্রাত } (আম্র—অৎ গমন করা+অ (অন্)—ক। ২য়—পক্ষে+অক (ণক)—ক। যাহা অম্রের ন্যায় গমন করে অর্থাৎ অম্রের ন্যায়) সং,পুং, আমড়াগাছ। ২। (আম্রাত, আম্রাতক+অ(ষ্ণ)—প্রং) ক্লীং, আমড়া। ৩। আম্রের শুষ্ক রস, আমসত্ব। ২। পুং, কামরূপান্তর্গত তীর্থবিশেষ। এখানে আম্রাতকেশ্বর নামে শিব এবং সিদ্ধিগঙ্গা নামে গঙ্গাদেবী আছেন।
আম্রাতক }

আম্রাবর্ত্ত (আম্র—আবর্ত্ত) সং, পুং, আমড়াগাছ। ২। আম্রশুষ্করস, আমসত্ব।

আম্রেড়ক (আ—ম্রেড় উন্মত্ত হওয়া+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে আম্রেড়ন করে, যে এক বিষয় বারম্বার বলে।

আম্রেড়ন (পশ্চাৎ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, এক বিষয় পুনঃ পুনঃ বলা, বারম্বার কথন, অভ্যাস।

আম্রেড়িত (আ—ম্রেড় [উন্মত্ত হওয়া] পুনঃ পুনঃ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আম্রেড়ন হইয়াছে, দুই তিনবার কথিত, পুনঃ পুনঃ উল্লিখিত। ২। (+ক্ত—ভাবে) ক্লীং, দুই তিনবার উক্তি, উন্মত্তের ন্যায় বারম্বার বলা। ৩। কামাখ্যাতন্ত্রোক্ত দুর্গারাধনার মন্ত্রবিশেষ। [রসযুক্ত।

আম্ল (অম্ল+অ(ষ্ণ)—ভবার্থে) বিং,ত্রিং, অম্ল-

আম্লবেতস ; সং, পুং, অম্লবেতস বৃক্ষ।

আম্লা ; সং, স্ত্রীং, তিন্তিড়ী বৃক্ষ।

আম্লিকা, আম্লীকা ; সং, স্ত্রীং, তিন্তিড়ী বৃক্ষ। ২। অম্লোদ্গার।

আয় (আ—যা [যাওয়া] আসা+অ(ঘঞ্)—ভা। যাহা আইসে অথবা ই, অয় ধাতুর অর্থ 'গমন করা'।) সং, পুং, ধনাগম। ২। প্রাপ্তি। ৩। লাভ, উপস্বত্ব। ৪। অন্তঃপুররক্ষক। ৫। জ্যোতিষপ্রসিদ্ধ একাদশ ভবন।

আয়ৎ (আ—ই গমন করা+অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, আগচ্ছৎ, আগমনশীল।

আয়ত (আ—যম্ [বিরত হওয়া] বড় হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দীর্ঘ। ২। বিশাল। ৩। দূর। শিং—১ "প্রজবিভিরায়তকন্ধরৈঙ্গঃ।" (মাঘ)। ৪। বিস্তৃত; যথা—"দ্বাদশ যোজন আয়ত।" ৫। প্রবৃদ্ধ। ৬। (+ক্ত—র্ম্ম) আকৃষ্ট। শিং—১ "আরক্ষিতানায়তবল্‌গবন্ধৈঃ।" ৭। সংযত। ৮। (আ—যত্ যত্ন করা+অ (অন্)—ক) সম্যক্ যত্নশীল। ৯। সং, ক্লীং, সমকোণবিশিষ্ট বিষম বাহু চতুর্ভুজ ক্ষেত্র। (Rectangle) সমান্তরিক ক্ষেত্রের চারিটী কোণ এক একটী সমকোণ হইলে উহাকে আয়ত কহে। ২। সধবার ভাব, স্ত্রীর স্বামী বিদ্যমানতা; যথা—

"আয়তের চিহ্ন হাতে লোহা একগাছি।
পান বিনা পদ্মিনীর মুখে উড়ে মাছি।"

আয়তচ্ছদা (আয়ত বিস্তৃত—ছদ পত্র। ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

আয়তন (আ সম্যক্—যত্ যত্ন করা+অন(অনট্)—ধি। যেখানে গৃহীরা সম্যক্‌রূপে যত্ন করে) সং, ক্লীং, যজ্ঞবেদি, যজ্ঞস্থান। ২। স্থান, আলয়, গৃহ, বিশ্রামস্থান; যথা—"তিনি তত্ত্বজ্ঞানের আয়তন।" শিং—১ "নাসমীক্ষ্য পরং স্থানং পূর্ব্বমায়তনং ত্যজেৎ।"(চাণক্য)। ২"স্নেহস্তদেকায়তনং জগাম।" (কুমার)। ৩। দেবাদিবন্দনস্থান, পুণ্যতীর্থাদি; যথা—"পৃথিবী ও অন্তরীক্ষে যে সমস্ত তীর্থ, নদী, হ্রদ, তড়াগ, প্রস্রবণ, বাপী ও আয়তন আছে, তৎসমুদায় প্রতি মাসের অমাবস্যাতে সন্নহতী তীর্থে আগমন করে, সন্দেহ নাই।" ৪। পরিমাণ। ৬। পরিসর, প্রস্থ, প্রশস্ত। ৭। ভদ্রাসন, ভিটা, বাস্ত। ৮। ব্যাধিনিদান। ৯।(অনট্—ভাবে) বিস্তার। ১০। সম্যক্‌যত্ন।

আয়ততল (আয়ত বিস্তৃত—তল নিম্ন প্রদেশ) বিং, ত্রিং, তলবিস্তৃত; যথা—"গূঢ় গ্রন্থি সকল তাম্রবর্ণ ও আয়ততল।"

আয়তাক্ষী (আয়ত বিস্তৃত—অক্ষি চক্ষুঃ) বিং, স্ত্রীং, বিশালনেত্রা স্ত্রী।

আয়তি (আ—যা যাওয়া+তি (ডতি)—ক) সং, স্ত্রীং, উত্তরকাল, ভবিষ্যৎকাল, ভাবী শুভসম্ভাবনা, ভবিষ্যতের প্রত্যাশা; যথা—"আমি শুনিয়াছি 'অপুত্র ব্যক্তি নিরয়গামী হয়, অতএব তুমি অপত্যোৎপাদন করিয়া আমার আয়তির শুভ বিধান কর।" শিং—১"ভূয়সী তব যদায়তায়তি।"(মাঘ)। ২। গৌরব, প্রভাব। ৩। (আ—যম্ [বিরত হওয়া+তি(ক্তি)—ভাবে) দৈর্ঘ্য, দীর্ঘতা। শিং—১ "সীমানমত্যায়তয়োঽত্যজন্ত।" (মাঘ)। ৪। প্রাপণ। ৫। মিলন। ৬। যত্ন। ৭। সংযম। শিং—১ "কেশনখানামায়তিভঙ্গঃ।" (কাদম্বরী)। ৮। সঙ্গ, সঙ্গম। ৯। কর্ম্ম। শিং—১ "যথামিত্রং ধ্রুবং লব্ধা কৃশমপ্যায়তিক্ষমম্।" (মনু)।

আয়তীগব (আ—ই গমন করা+অৎ(শতৃ)—গো=গব গরু) অং, ক্লীং, যে কালে গো সকল গৃহে ফিরিয়া আসে। "আতিষ্ঠদ্‌গু জপন্ সন্ধ্যাং প্রক্রান্তামায়তীগবম্।"

আয়ত্ত (আ—যত্ [যত্ন করা] বশ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অধীন, বশতাপন্ন; যেমন—দৈবায়ত্ত, যত্নায়ত্ত।

আয়ত্ততা (আয়ত্ত+[illegible]—ভাবে) সং, স্ত্রীং, অধীনতা, বশী[illegible]তা, বশবর্ত্তিতা।

আয়ত্তি (আয়ত্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অধীনতা। ২। স্নেহ, অনুরাগ। ৩। সীমা। ৪। বল, সামর্থ্য, যোগ্যতা। ৫। দৈর্ঘ্য। ৬। আগ্রহ। ৭। গৌরব। ৮। প্রভাব, কোষদণ্ডজ তেজঃ। ৯। দিন। ১০। শয়ন। ১১। ভবিষ্যৎকাল, উত্তরকাল। ১২। ন্যায়পথাবলম্বিতা, পরিণামস্থিরতা।

আয়না (যাবনিক) আর্শী, দর্পণ।

আয়ন্দা (যাবনিক) উপস্থিত, আগত। ২। আগামী।

আয়মা (যাবনিক) মুসলমান সম্রাটেরা তদ্ধর্ম্মাক্রান্ত বিদ্বান্ ও ধার্ম্মিক মৌলবীদিগের ব্যবহারার্থ বা অন্য কোন ধর্ম্মসংক্রান্ত কার্য্যের নিমিত্ত নিষ্কর অথবা সামান্য করযুক্ত যে জমী প্রদান করিয়াছেন তাহাকে আয়মা কহে।

আয়মাদার (যাবনিক) যে ব্যক্তি আয়মাজমী [অধিকার করে।

আয়স ( অয়স্ + অ(ষ্ণ) – ইদমর্থে, স্বার্থে ) বিং, ত্রিং, লৌহময়, লৌহনির্ম্মিত, লৌহ-সংক্রান্ত ; যথা—"আয়স বাণ।" শিং – ১ "আয়সং হৃদয়ংমন্যে তস্যদুষ্কৃতকর্ম্মণঃ।" ২। সং, ক্লীং, লৌহ। শিং – ১ "স চকর্ষ পরস্মাৎতদয়স্কান্তইবায়সম্।" (রঘু)। ৩। লৌহময় বাণের ফলক, লৌহ-নির্ম্মিত অস্ত্রাদি। সী – স্ত্রীং, বর্ম্ম, লৌহনির্ম্মিত কবচ, অঙ্গরক্ষিণী জালিকা ; যথা—"আয়সী আবৃত দেহ।" (মেঘ)।

আয়স্ত ( আ – যস্ [যত্ন করা, ক্ষেপণ করা] ক্লিষ্ট হওয়া + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, শানিত, তীক্ষ্ণীকৃত। ২। নিক্ষিপ্ত, প্রেরিত। ৩। ক্লেশিত, পীড়িত। ৪। আহত। ৫। (+ক্ত – ক) সযত্ন। ৬। কুপিত। ৭। শ্রান্ত। ৮। উৎসুক। ৯। প্রযত্নশীল।

আয়া (আর্য্যকশব্দজ) সং, পিতামহ বা মাতামহ।

আয়াত ( আ – যাত গত ) বিং, ত্রিং, যে আসিয়াছে, আগত ; যথা—"আয়াতা মধুযামিনী।" ২। সং, ক্লীং, আগমন।

আযান (আ – যা যাওয়া + অন(অনট্) – ণ) সং, ক্লীং, হয়মণ্ডনমাল্য। ২। (+অনট্ – ভাবে) আগমন, উপস্থিতি। শিং – ১ "আযানে বাসি বিদিতো রামস্য বিদিতাত্মনঃ।" ৩। স্বভাব, প্রকৃতি।

আযাম (আয়ত দেখ, অ(ঘঞ্) – ভা) সং, পুং, দৈর্ঘ্য, লম্বতা। শিং – ১ "তেনোদীচীং দিশম নুসরেস্তির্য্যগায়ামশোভী।" (মেঘদূত)। ২। বিস্তার। শিং – ১ "সবিংশমঙ্গুলশতং পুরুষায়াম ইতি। অপিচ যাবানুদ্ধবাহুকঃ পুরুষস্তাবদায়ামম্।" ৩। আযমন, সংযম।

আয়াস (আ – যস্ [ক্ষেপণ করা] ক্লিষ্ট হওয়া + অ(ঘঞ্) – ভা) সং, পুং, শ্রান্তি, ক্লম, পরিশ্রম জনিত শরীরের দুর্ব্বলতা। ২। শ্রম, কষ্ট, দুঃখ ; যথা—"আয়াসে আজি কে, বৎসে, তোমারে ?"(মেঘ)। ৩। অতিযত্ন, প্রযত্ন ; যথা—"সেই দুর্বৃত্তের সমুদয় আয়াস নিষ্ফল হইল।"

আয়াসিত ( আয়াস + ইত – যুক্তার্থে ) বিং, ত্রিং, শ্রান্ত, ক্লান্ত।

আয়াসী (আয়াসিন্) বিং, ত্রিং, যে আয়াস করে, শ্রমী, উদ্যোগী। ২। পরিশ্রান্ত, ক্লান্ত।

আয়ু ( ই, অয় গমন করা + উ(উণ্) – ক অথবা আ – যা যাওয়া + উ(ডু) – ক) সং, পুং – ক্লীং, জীবিতকাল, যতদিন বাঁচিয়া থাকে। ২। জীবন, প্রাণ। শিং – ১ "অহং কেশরিণঃ ক্ষেত্রে বায়ুনা জগদায়ুনা। জাতঃ কমলপত্রাক্ষো হনূমান্নাম বানরঃ।" ৩। পুং, স্বনামখ্যাত চন্দ্রবংশীয় রাজা ইনি নহুষের পিতা। ইহার পিতা ইহাকে জন্মকাল দর্শন করে নাই। ইনি মহর্ষি চ্যবনের আশ্রমে জন্মিয়া পালিত হন। ৪। পুরূরবার পুত্র। ৫। অসুরবিশেষ।

আয়ুঃ (আয়ুস্, ই গমন করা + উস্(ণুস্) – প্রং) সং, ক্লীং, জীবিতকাল। ২। স্থিতিকাল। ৩। ঘৃত ; যথা – আয়ুর্ঘৃতম্। ৪। জ্যোতিষপ্রসিদ্ধ অষ্টমভবন। ৫। পুং, পুরূরবার পুত্র।

আয়ুঃপ্রদ ( আয়ুস্ – প্রদ ) বিং, ত্রিং, আয়ুপ্রদানকারী, আয়ুর্ব্বৃদ্ধিকর ; যথা—"আয়ুঃপ্রদ আশীর্ব্বাদ।"

আয়ুঃশেষ ( আয়ুস্ – শেষ। ৬ষ্ঠী – ষ ) সং, পুং, জীবনাবসান, মৃত্যু। ২। জীবনের অবশিষ্টতা, জীবনশেষ।

আয়ুক্ত ( আ – যুজ্ যোগ করা + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, নিযুক্ত। ২। ব্যাপারিত, নিযুক্ত। "আয়ুক্ত কুশলাভ্যাশ্বাসেবায়াম্।" ৩। কর্ম্মাধ্যক্ষ, কর্ম্মসচিব। ৪। নিপুণ।

আয়ুধ (আ – যুধ্ যুদ্ধ করা + অ(ক) – ণ। যাহা দ্বারা যুদ্ধ করে) সং, পুং, ধনুক প্রভৃতি অস্ত্রশস্ত্র।

আয়ুধধর্ম্মিণী ; সং, স্ত্রীং, জয়ন্তীবৃক্ষ।

আয়ুধাগার (Arsnel, আয়ুধ – আগার গৃহ, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, অস্ত্রগৃহ, যে গৃহে অস্ত্রাদি থাকে, সেলাখানা।

আয়ুধিক, আয়ুধীয় (আয়ুধ + ইক(ষ্ণিক), ঈয় (ণীয়) – প্রং) বিং, ত্রিং, শস্ত্রধারী। ২। শস্ত্রজীবি, যোদ্ধা। শিং – ১ "তর্জ্জয়ন্তি বিস্ফুরিতশস্ত্রাঃ কুমারমায়ুধীয়শ্রেণয়ঃ।"

আয়ুর্দ্রব্য (আয়ুস্ জীবনসাধন – দ্রব্য বস্তু) সং, ক্লীং, ঔষধ।

আয়ুর্যোগ (আয়ুস্ জীবনকাল—যোগ) সং, পুং, ঔষধ। [স্ত্রীং, আয়ুর বৃদ্ধি।
আয়ুর্বৃদ্ধি (আয়ুস্—বৃদ্ধি। ৬ষ্ঠী—ষ) সং,
আয়ুর্বৃদ্ধিকর (আয়ুর্বৃদ্ধি—কর) বিং, ত্রিং, যাহা আয়ুর্বৃদ্ধি করে, আয়ুষ্য, আয়ুষ্কর।
আয়ুর্বেদ (আয়ুস্ জীবন কাল — বেদ শাস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অষ্টাদশ বিদ্যান্তর্গত ধন্বন্তরী প্রণীত বিদ্যাবিশেষ। ইহা অথর্ববেদের অন্তর্গত ; যথা—"বিধাতাথর্ব্বসর্ব্বস্বমায়ুর্ব্বেদং প্রকাশয়ন। স্বনাম্ন সংহিতাংচক্রে লক্ষ শ্লোকময়ীমৃজুং।" (ভাবপ্রকাশ)। কিন্তু চরণব্যূহমতে আয়ুর্ব্বেদ ঋগ্বেদের উপবেদ। ব্রহ্মবৈবর্ত্তে আয়ুর্ব্বেদের উৎপত্তির বিবরণ এইরূপ। "প্রজাপতি, ঋগাদি চতুর্ব্বেদ সৃষ্টি করিয়া, সেই সমুদায়ের অর্থচিন্তা করিতে করিতে আয়ুর্ব্বেদ সৃজন করিলেন ; অনন্তর এই পঞ্চম বেদ সৃষ্ট হইলে, ইহা ভাস্করকে প্রদান করিলেন। ভাস্কর সেই বেদ হইতে সংহিতা প্রস্তুত করিয়া স্বীয় ষোড়শ শিষ্যকে শিক্ষা দিলেন। তাঁহারাও সেই গুরুদত্ত সংহিতা হইতে প্রত্যেকে এক একখানি সংহিতা প্রস্তুত করিলেন।"
আয়ুর্ব্বেদী (আয়ুর্ব্বেদিন, আয়ুর্ব্বেদ+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চিকিৎসাব্যবসায়ী, চিকিৎসক, কবিরাজ। ২। আয়ুর্ব্বেদজ্ঞ।
আয়ুষ্কর (আয়ুস্—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পরমায়ু বৃদ্ধি কারক (বস্তু), আয়ুর্বৃদ্ধিকর।
আয়ুষ্কাম (আয়ুস্—কাম) বিং, ত্রিং, যাহার আয়ুর্বৃদ্ধির অভিলাষ আছে, দীর্ঘজীবিতাভিলাষী। শিং—১ "আয়ুষ্কামেন বপ্তব্যং ন জাতু পরযোষিতি।" (মনু)।
আয়ুষ্মান্ (আয়ুষ্মৎ, আয়ুস+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দীর্ঘায়ুঃ, চিরজীবী। শিং—১ "আয়ুষ্মান্ ভবসৌমেতি।" নাটকাদিতে—ইহা গৌরব সম্বোধনে প্রয়োগ হয়। শিং—১ "আয়ুষ্মন্ রথিনং সূতো বৃদ্ধং তাতেতি চেতরঃ।" ২। সং, পুং, তিথি নক্ষত্রের যোগবিশেষ। ৩। উত্তানপ্রজাপতির পুত্র, সুনৃতার গর্ভজাত।
আয়ুষ্য (আয়ুস্+য(ক্য)—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, যাহাতে আয়ুর্বৃদ্ধি হয়। ২। আয়ুষ্কর, আয়ুজনক। ৩। (+ষ্য—স্বার্থে) ক্লীং, আয়ুঃ। ২। অন্ন, পথ্য। "আয়ুষ্যং প্রাঙ্মুখে ভুঙ্‌ক্তে।" (মনু)।
আযোগ (আ—যুজ্ যোগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, গন্ধমাল্যোপহার। শিং—১ "স দেশো ভ্রমরাযোগঃ প্রদীপ্ত ইব লক্ষ্যতে।" ২। ব্যাপার। ৩। রোধ, তীর।
আয়োগব (অয়োগব+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভজাত জাতিবিশেষ।
আয়োজক (আয়োজন দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আয়োজন করে, আয়োজনকারী, সংগ্রহকারক। ২। উদ্যোগী।
আয়োজন (আ—যুজ্ [যোগ করা] সংগ্রহ করা+অন(অনট)—ভা) সং, ক্লীং, চেষ্টা, উদ্যোগ। ২। আহরণ, সংগ্রহ, সঙ্কলন। অং ক্লীং, যোজন পর্য্যন্ত।
আয়োজনকর্ত্তা (—কর্ত্তৃ, আয়োজন—কর্ত্তা যে করে) বিং, ত্রিং, যে আয়োজন করে।
আয়োজনকারী (—কারিন্, আয়োজন—কারী যে [illegible]) বিং, ত্রিং, যে আয়োজন করে, আয়োজক, আয়োজনকর্ত্তা।
আয়োজিত (আয়োজন দেখ, ত(ক্ত)—ম্ম) বিং, ত্রিং, যাহার আয়োজন হইয়াছে, সংগৃহীত, সঙ্কলিত। ২। একত্র সমাহৃত।
আযোধন (আ—যুধ্ যুদ্ধকরা+অন(অনট)—ভা) সং, ক্লীং, যুদ্ধ, সমর। শিং—১ "আযোধনে কৃষ্ণগতিং সহায়মবাপ্য যঃ ক্ষত্রিয়কালরাত্রিম্।" (রঘু)। ২। বধ, হিংসা। ৩। (+অনট্—ধি) যুদ্ধক্ষেত্র।
আর (ঋ গমন করা+অ(ঘঞ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। শনিগ্রহ। (মঙ্গলগ্রহের বক্রগতি এবং শনিগ্রহের মন্দগতি বলিয়া)। ৩। রেফলবৃক্ষ, মধুরাম্লফল। ৪। ক্লীং, মুণ্ডলোহ (Oxide of Iron)। ৫। পিত্তল। ৬। কোণ। ৭। প্রান্তভাগ। ৮। চক্রাঙ্গকাষ্ঠবিশেষ। ৯। বিং, ত্রিং, গমনকারী। ১০। (+ঘঞ্—ভাবে) পুং, গমন। রা—স্ত্রীং, (+ঘঞ্—

ণ) চর্ম্মকারের বেধনাস্ত্র। ২। ছুরিকা। (হিন্দী আওর শব্দজ) অং, এবং।

আরকূট (আর গমনকারী—কূট শিখর, স্তূপ, য়ং—স। এই ধাতু দ্বারা নানাবিধ পাত্র ও যন্ত্র নির্ম্মাণ করে, এই নিমিত্ত ইহা স্তূপে স্তূপে গমন গমন করে) সং, পুং—ক্লীং, পিত্তল-রাশি, পিত্তলাভরণ। শিং—১ "কিমারকূটাভরণেন ন প্রিয় ইতি।"

আরক্ত (আ ঈষৎ—রন্‌জ্ রংকরা ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঈষৎ রক্তবর্ণ, আলোহিত। ২। গাঢ় রক্তবর্ণ। ৩। সম্যগনুরক্ত।

আরক্তনয়ন, আরক্তনেত্র, আরক্তলোচন (আরক্ত—নয়ন, নেত্র, লোচন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার নয়ন ঈষৎ রক্তবর্ণ হইয়াছে, আলোহিতনেত্র।

আরক্ষ (আ—রক্ষ্ রক্ষা করা+অ(অন্)—ক) সং, পুং, গজকুম্ভের অধোভাগ। শিং—১ "আরক্ষমগ্নমবমত্য সৃণিম্ শিতাগ্রাম্।"(মাঘ)। ২। হস্তিমস্তক চর্ম্ম। ৩। রক্ষা, থানা, ঘাটী। ৪। সৈন্য। ৫। বিং, ত্রিং, রক্ষক, রক্ষাকর্ম্মে নিযুক্ত। ৬। রক্ষাযুক্ত, রক্ষিত। ৭। রক্ষণীয়। "শতসাহস্রমারক্ষং মধ্যগং রক্ষসাং কপিঃ।" (ভট্টি)। ৪। (+অ(অল্)—ভা) পুং, সম্যক্ রক্ষা।

আরগ্বধ (আ—রগ্ [রুজ্ রুগ্ন হওয়া + (কিপ্)—ভা। রু=র] রোগ—বধ্ নষ্টকরা +অ—ক। যে রোগ নষ্ট করে, ২য়া—ষ। নিপাতন) সং, পুং, সোঁদালিগাছ।

আরজ (যাবনিক) আবেদন, নিবেদন; যথা—
"ভাল হেতু করেছিনু হজুরে আরজ।
নহিলে কহিতে মোর কি ছিল গরজ।"

আরজবেগী (যাবনিক) যে ব্যক্তি বিচারপতির নিকট আবেদনপত্র দেয়; যথা—
"আর রামা বলে সই এত ভাল শুনি।
আমার আরজবেগী পতি বড় গুণী।"

আরজী (যাবনিক) সং, বিচারপতির নিকট আবেদন পত্র।

আরট্ট; সং, পুং, দেশবিশেষ। "পঞ্চনদী পর্ব্বত হইতে নিঃসৃত হইয়া যে স্থলে প্রবাহিত হইতেছে সেই স্থানের নাম আরট্ট।"

আরট্টজ (আরট্ট দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, আরট্ট (আরব) দেশীয় অশ্ব। "আরট্টজশ্চটুলনিষ্ঠুরপাতমুচ্চৈঃ।"(মাঘ)। ২। বিং, ত্রিং, আরট্টদেশ সমুৎপন্ন।

আরঢ়ী; সং, স্ত্রীং, স্থলপদ্ম। ২। বামুনহাটী।

আরণি (আ—ঋ গমন করা+অনি—ক, সংজ্ঞার্থে) সং, পুং, জলাবর্ত্ত, জলভ্রম, ঘূর্ণিত জল, পাকমারা জল।

আরণ্য (অরণ্য+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, বন্য, যাহা অরণ্যে জন্মে, অরণ্যজাত, বনসম্বন্ধীয় (পশু প্রভৃতি)। পশু দুই প্রকার আরণ্য এবং গ্রাম্য।

আরণ্যক (অরণ্য দেখ, কণ্—স্বার্থে) বিং, ত্রিং, বন্য, অরণ্যজাত, বনজাত (বৃক্ষ পক্ষি মৃগাদি); যথা—"আরণ্যক মৃগমাংসে অন্নার্থী ব্রাহ্মণগণের—।" ২। সং, পুং, বনপথ। ৩। অরণ্যেভব মুনিপ্রমুখ মনুষ্য। শিং—১ "আরণ্যকোপাত্ত ফলপ্রসূতিঃ।" (রঘু)। ৪। হস্তী। ৫। অধ্যায়। ৬। বিহার, বিহারস্থান। ৭। ন্যায়শাস্ত্র। ৮। গোময়। ৯। ক্লীং, বেদাংশবিশেষ। "আরণ্যকঞ্চ বেদেভ্য ঔষধিভ্যোঽমৃতং যথা।" অর্থাৎ বেদের সার আরণ্যক। অধ্যাপক মোক্ষমূলর বলেন, "ইহা কেবল বানপ্রস্থাশ্রমীদিগের জন্য রচিত হয়, সুতরাং ইহা অরণ্যে পঠিত হইত বলিয়া এই নাম হইয়াছে।"

আরণ্যমুদ্গা; সং, স্ত্রীং, মুদ্গপর্ণী, মুগানি।

আরতি (আ—রম্ [ক্রীড়া করা] ক্ষান্ত হওয়া ইত্যাদি+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি, ক্ষান্তি। ২। নীরাজন, প্রতিমার সম্মুখে প্রদীপ চালনা করা।

আরনাল, আরনালক (আর ['ঋ' ধাতুজ] যে গমন করে—নাল গন্ধ। কণ্—স্বার্থে। যাহার গন্ধ ছাড়ে, ৬ষ্ঠী—হিং, কিম্বা অরনাল [অর শীঘ্র—নল্ বন্ধন করা+অ(ঘঞ্)—ক। যে শীঘ্র মল বন্ধন করে] অন্ন+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, কাঁজি, আমানি। শিং—১ "আরনালং তু গোধূমৈ রামৈঃ স্যান্নিস্তুষীকৃতৈঃ। পকৈর্ব্বা সন্ধিতৈস্তত্তু সৌবীরসদৃশং গুণৈঃ।"

আরব্ধ (আ—রভ্ [বেগে গমন করা] আরম্ভ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আরম্ভ হইয়াছে, উপক্রান্ত, কৃতারম্ভ। ২। অনুষ্ঠিত। ৩। ক্লীং, আরম্ভ।

আরভটি } (আ—রভ্ আরম্ভ করা+
আরভটী } অটি, অটী—র্ম্ম) সং, স্ত্রীং, নাট্যে—রচনাবিশেষ, অভিনয়, নাট্যক্রীড়া-বিশেষ। শিং—১ "মায়েন্দ্রজালসংগ্রাম ক্রোধোদ্ভ্রান্তাদিচেষ্টিতৈঃ। সংযুক্তা বধ-বন্ধাদ্যৈরুদ্ধতারভটীমতা।" ২। মহিমা, গৌরব। ৩। (অর+ঋ=আর শীঘ্র—ভট্ পোষণ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, ধৃষ্টতা। ৪। শূর, বীর।

আরভমাণ (আ—রভ্ আরম্ভ করা+আন (শান)—ক) বিং, ত্রিং, যে আরম্ভ করিতেছে, প্রক্রমমাণ, উপক্রমমাণ।

আরমান (দেশজ) সং, বাসনা, মনোভিলাষ।

আরম্ভ (আ—রভ্ [বেগে গমন করা] আরম্ভ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, প্রথম চেষ্টা। ২। উপক্রম। ৩। প্রস্তাবনা; যথা—গ্রন্থারম্ভ। ৪। উদ্‌যোগ, প্রযত্ন, কর্ম্ম। শিং—১ "আগমৈঃ সদৃশারম্ভ আরম্ভসদৃশোদয়ঃ।"(রঘু)। ৫। অনুষ্ঠান। ৬। উৎপত্তি। ৭। ত্বরা, বেগ। ৮। দর্প, গর্ব্ব। ৯। বধ, হিংসা। ১০। (+ঘঞ্—ণ) উপায়। ১১। (+ঘঞ্—র্ম্ম) ব্যাপার, কার্য্য।

আরম্ভক (আরব্ধ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক।

আরব, আরাব(আ—রু শব্দ করা+অ(অল্), (ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ; যথা—"পশিল সে স্থানে ভৈরব আরাব।" ২"ভৈরব আরবে দেশ পূরিল চৌদিকে।" (মেঘনাদ)। শিং—১"বানরাশ্চক্রু রারবম্। ২,শকুনৈর্দ্দারুণারবৈঃ। ৩, শিখিকুলকল-কেকারব। ৪,আরাবঃ সুমহাংশ্চাসীৎ।"

আরশী (আদর্শ শব্দজ) দর্পণ। ২। মুখাবলোকনোপযোগী স্বচ্ছ পদার্থ; যথা—
"সরসী আরসী মোর।" (মেঘনাদ)।

আরশুলা (দেশজ) সং, কীট-বিশেষ, তৈলপায়িকা।

আরাৎ (আ—রা দান করা+আৎ—ক) অং, দূর। ২। সমীপ, নিকট। শিং—১ "আরাদ্বিদ্বষ্টা ইষবঃপতন্তু। ২, আরাত্তিষ্ঠত মা মহৎ সমীপমুপসর্পত।" ৩। "তমর্চ্যমারাদভিবর্ত্তমানম্।" (রঘু)।

আরাতি (আ—রা দান করা+অতি—ক) সং, পুং, শত্রু।

আরাত্রিক (অ—রাত্রি+ইক(ষ্ণিক)—প্রং, অথবা আ—রাত্রি+কণ্—যোগ। দীপালোক কেবল রাত্রিতেই প্রদর্শিত হয়, ইহা দিবাভাগেও হইয়া থাকে) সং, ক্লীং, আরতি, নীরাজন।

আরাধক (আ—রাধি আরাধনা করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে আরাধনা করে, সেবক, উপাসক।

আরাধন (আ—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উপাসনা, তুষ্টিকরণ। ২। পরিচর্য্যা, সেবা। ৩। অভ্যাস। ৪। পাচন, পাক। ৫। প্রাপ্তি। ৬। বিং, ত্রিং, পূজা-সাধন, সেবাসাধন, সন্তোষণ। শিং—১ "ইদং তু তে ভক্তি নম্রং সতামারাধনং বপুঃ।" (কুমার)।

আরাধনীয় (আ—রাধি আরাধনা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাঁহার আরাধনা করিতে হয়, আরাধ্য, উপাস্য। শিং—১ "সোঽহং কথং নাম তবাচরেয়মারাধনীয়স্য ঋষেবির্ধাতম্।" (রঘু)।

আরাধিত (আ—রাধ্-ণিচ্=রাধি আরাধনা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং,যাহার আরাধনা করা গিয়াছে,উপাসিত। ২। সেবিত। ৩। অভ্যস্ত। ৪। প্রাপ্ত। ৫। সাধিত, আয়ত্ত; যথা—"সম্যগারাধিতাবিদ্যা।"

আরাধ্য (আরাধন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উপাস্য, যাহাকে আরাধনা করা যায়।

আরাধ্যমান (আ—রাধি আরাধনা করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আরাধনা করা যাইতেছে, পূজ্যমান, সেব্যমান, উপাস্যমান। শিং—১ "ইত্থমারাধ্যমানোঽপি ক্লিশ্নাতি ভুবনত্রয়ম্।" (কুমার)। ২। সাধ্যমান।

আরাম (আ—রম্ ক্রীড়া করা+অ(ঘঞ্)—

ধি) সং,পুং, উদ্যান, উপবন, বৃক্ষবাটিকা; যথা—"লোক স্থানে স্থানে কূপ বাপী আরাম ও সভা সকল প্রতিষ্ঠিত ছিল।" শিং —১ "হতে হনুমতারামে সীতা হর্ষমুপাগতা। রুদন্তি রাক্ষসা সর্ব্বে হা হারাম হতোহতঃ।" ২। (+ঘঞ্—ভাবে) বিরাম, বিরতি, শান্তি, নিবৃত্তি; যথা—পীড়ার আরাম। ৩। সুখ, প্রীতি। ৪। স্বাস্থ্য, সাচ্ছন্দ্য। ৫। বিং, ত্রিং, সুস্থ, সচ্ছন্দ, নীরোগ; যথা—সে আরাম হইয়াছে।

আরামশীতলা; সং,স্ত্রীং, সুগন্ধি পত্রবিশেষ, আনন্দী।

আরালিক(অরাল বক্র+ইক(ষ্ণিক)—প্রং। সর্ব্বদা যে পত্রাদির উপর বক্র হয়)সং, পুং, —স্ত্রীং, সুপকার, পাচক। ২। বিং, ত্রিং, বক্রগামী।

আরিকা (আর দেখ, কণ্—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গতি। ২। আহ্বান।

আরিন্দা (যাবনিক) পত্র ও খাজানাবাহককে আরিন্দা কহে।

আরু (ঋ গমন করা+উ(উণ্)—সংজ্ঞার্থে। অ=আ) সং, পুং, কর্কট, কাঁকড়া। ২। শূকর। ৩। বৃক্ষবিশেষ। ৪। পিঙ্গলবর্ণ। ৫। ত্রিং, পিঙ্গল।

আরুরুক্ষা (আ—রুহ্ আরোহণ করা+সন্ —ইচ্ছার্থে)সং, স্ত্রীং, আরোহণের ইচ্ছা।

আরুরুক্ষু (আরুরুক্ষ [আ—রুহ্ আরোহণ করা, সন্—ইচ্ছার্থে] আরোহণ করিতে ইচ্ছা করা+উ—ক) বিং, ত্রিং আরোহণ করিতে উদ্যত বা ইচ্ছু। শিং—১"সমারুরুক্ষুর্দিবমায়ুষঃক্ষয়ে।" (রঘু)।

আরূক; সং, ক্লীং, হিমাচলে প্রসিদ্ধ ওষধিবিশেষ, আড়।

আরূঢ় (আ—রুহ্ [জন্মান] উপরে উঠা+ত(ক্ত)—ক। হ, ত=ঢ়। উ স্থানে ঊ) বিং, ত্রিং, যে আরোহণ করিয়াছে, কৃতারোহণ। [পারাবত বৃক্ষফল।

আরেবত; সং, পুং, আরগ্বধ বৃক্ষ। ২। ক্লীং,

আরোগ্য (অরোগ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, রোগ না হওয়া, স্বাস্থ্য, রোগাভাব। ২। রোগশান্তি, রোগনিবৃত্তি, স্বাস্থ্য।

আরোপ (আ—রোহি আরোহণকরান+অ (অল্)—ভা। হ=প) সং,পুং, অন্য বস্তুতে অন্য ধর্ম্মের স্থাপন; যথা—রজ্জুতে সর্পের আরোপ। ২। মিথ্যাবিক্করণ। ৩। কল্পনা, উদ্ভাবন, কল্পনা করিয়া ঘটাইয়া দেওয়া; যথা—দোষারোপ। ৩। অভেদজ্ঞান।

আরোপণ (আরোপ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ন্যাস,সংস্থাপন। শিং—১ "আদ্রাক্ষতারোপণনমন্বভূতাম্।" (রঘু) ২। আরোপকরণ, অন্যে অন্য ধর্ম্মের অবভাস, আভাষ। ৩। আরোহণ করান। ৪। শরাসন জ্যা সংযোজন। ৫। উন্নমন। ৬। শস্যাদির রোপণ।

আরোপিত (আরোপ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত, ন্যস্ত। ২। গচ্ছিত। ৩। উন্নমিত, উত্থাপিত। ৪। কল্পিত। ৫। এক বস্তুকে অন্যরূপে প্রকাশিত, কৃতারোপণ, অবভাসিত।

আরোপ্যমাণ (আ—রুহ্ আরোহণ করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপ্যমান, অবভাসমান, অভেদ যাহার আরোপ।

আরোহ (আ—রুহ্ আরোহণ+অ(অল্) —ভাবে) সং, পুং, দৈর্ঘ্য, দীর্ঘতা। ২। রাশি। ৩। নিতম্ব, শ্রোণী। ৪। উচ্চতা। ৫। ভার। ৬। পরিমাণবিশেষ, সমুচ্ছ্রয়। ৭। (+ঘঞ্—র্ম্ম) স্ত্রীনিতম্ব, বরারোহা কটি। ৮। (+আ—রুহ্+অ(অন্)—ক) নিষাদী, আরোহী।

আরোহক (আরোহ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আরোহণ করে, আরোহী।

আরোহণ (আরোহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উপরে উঠা, চড়া; যথা—বৃক্ষে আরোহণ। ২। প্ররোহণম্, অঙ্কুরাদি জনন।" ৩। ক্লীং, ণী—স্ত্রীং, (অনট্—ণ) সোপান, সিড়ী।

আরোহিত (আ—রোহি আরোহণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে আরোহণ করা গিয়াছে। ২। যাহাকে আরোহণ করান গিয়াছে।

আরোহী (আরোহিন্, আ—রুহ্ আরোহণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং,

আরোহণকারী। ২। সঙ্গীতে—সাতটি সুরের ক্রমান্বয়ে ঊর্দ্ধগতির নাম অনুলোম বা আরোহণ এবং ক্রমান্বয়ে নিম্নগতির নাম বিলোম বা অবরোহণ; সঙ্গীত ব্যবসায়ীরা এই দ্বিবিধ গতিকেই ক্রমান্বয়ে আরোহী ও অবরোহী বলে।" (সঙ্গীতসার)।

আর্ক্ষ (ঋক্ষ+অ(ষ্ণ)–প্র৽) বিং, ত্রিং, ঋক্ষসম্বন্ধীয়, নক্ষত্রাদি গ্রহসম্বন্ধীয়। ২। ঋক্ষতনয় সংবরণরাজা। ৩। (+ষ্ণ–সমূহার্থে) সং, ক্লীং, ঋক্ষসমূহ। [মধু।

আর্ঘ্য; সং, ক্লীং, আর্ঘা নামক মক্ষিকোৎপন্ন

আর্জ্জব (ঋজু সরল+অ(ষ্ণ)–ভাবে) সং, ক্লীং, ঋজুতা, সরলতা।

আর্ত্ত (আ–ঋত্ [গমন করা] ব্যাকুল হওয়া ইত্যাদি+ত(ক্ত)–ক) বিং, ত্রিং, পীড়িত, অসুস্থ। ২। দুঃখিত, কাতর, শোকাভিভূত। ৩। উদ্বেজিত, বিরক্ত। ৪। অপকৃত, উৎপীড়িত। ৫। আকুল। ৬। বিপন্ন। ৭। বিহ্বল।

আর্ত্তগল; সং, পুং, নীলঝিণ্টী।

আর্ত্তনাদ (আর্ত্ত–নাদ) সং, পুং, কাতর হইয়া যে শব্দ বা চীৎকার করে, আর্ত্তিসূচক শব্দ, কাতরনিনাদ।

আর্ত্তব (ঋতু স্ত্রীকুসুম, বা গ্রীষ্মাদি সময়+অ(ষ্ণ)–স্বার্থে, প্রাপ্তার্থে) সং, ক্লীং, স্ত্রীরজঃ। ২। বিং, ত্রিং, স্ত্রীরজঃ সম্বন্ধীয়। ৩। গ্রীষ্মাদি ঋতু-সম্বন্ধীয়। ৪। ঋতুসংক্রান্ত। শিং—১ "অভিভূয় বিভূতিমার্ত্তবীম্ মধুগন্ধাতিশয়েন বীরুধাম্।" (রঘু)।

আর্ত্তি (আর্ত্ত দেখ, তি(ক্তি)–ভা) সং, স্ত্রীং, পীড়া, রোগ। ২। মনোব্যথা। ৩। (ক্তি–ণ) ধনুকের অগ্র। [পৌরহিত্য।

আর্ত্বিজ (ঋত্বিজ্+অ(ষ্ণ)–প্রং) সং, ক্লীং,

আর্ত্বিজীন (আর্ত্বিজ–ঈন(খীন)–প্রং) বিং, ত্রিং, পুরোহিত। শিং—১ "দক্ষিণ্যদিষ্টং কৃতমার্ত্বিজীনৈঃ।" (ভট্টি)।

আর্ত্বিজ্য (ঋত্বিজ্+য(ষ্ণ্য)–কর্ম্মণি) সং, ক্লীং, পুরোহিতের কর্ম্ম। [সম্বন্ধীয়।


আর্থ (অর্থ+অ(ষ্ণ)–প্রং) বিং, ত্রিং, অর্থ-

আর্থিক (অর্থ+ইক(ষ্ণিক)–প্রং) বিং, ত্রিং, অর্থবোধে যাহার সবিশেষ নৈপুণ্য আছে। ২। যে ব্যক্তি ঋণদানাদি ব্যাপারে অর্থ প্রয়োগ করিয়া থাকে। ৩। অর্থগ্রাহী। ৪। অর্থসম্বন্ধীয়।

আর্দ্র (অর্দ্দ্ গমন করা+র–ক, দীর্ঘ) বিং, ত্রিং, সজল, ভিজা, স্যাঁৎসেতে। ২। নূতন। ৩। মৃদু। ৪। শিথিল। ৫। কাঠিন্যশূন্য, আনুগুণ্যযুক্ত; যথা—'দয়ার্দ্রভাবম্।'

আর্দ্রক (আর্দ্র ভিজা+কণ্–প্রং) সং, ক্লীং, মূলবিশেষ, আদা।

আর্দ্রা; সং, স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত ষষ্ঠ নক্ষত্র। ইহার আকার পদ্মাকৃতি; কেহ কেহ বলেন ইহা মণিতুল্য এবং একটী উজ্জ্বল তারকাবিশিষ্ট। ইহার অধিষ্ঠাত্রীদেবতা শিব।



এই নক্ষত্রে জন্মগ্রহণ করিলে আর্দ্র। ক্ষুধাধিক, রুক্ষশরীরকান্তি, কলহপ্রিয়, কোপযুক্ত এবং অবিনীত হয়। শরণাগত ব্যক্তির প্রতি আর্দ্রচিত্ত হয় না। (কোষ্ঠীপ্রদীপ)।

আর্দ্ধিক (অর্দ্ধ+ইক(ষ্ণিক–প্রং) বিং, ত্রিং, অর্দ্ধাংশভাগী।

আর্য্য (ঋ [গমন করা] পাওয়া+য(ঘ্যণ্)–ক অথবা অর্য্য+ষ্ণ। যে প্রতিষ্ঠা প্রাপ্ত হয়। হিন্দুদিগের নব্যতর গ্রন্থানুসারে "আর্য্য" শব্দের অর্থ—বিশিষ্ট, মান্য ও সৎকুলোদ্ভব। বেদসংহিতায় —হিন্দুধর্ম্মাবলম্বী লোকমাত্রেই 'আর্য্য' বলিয়া কীর্ত্তিত হইয়াছে; যথা—"বিজানীহ্যার্য্যান্ যেচ দস্যবো বর্হিষ্মতে রন্ধয়া শাসদব্রতান্। শাকীভব যজমানস্য চোদিতাবিশ্বেৎতাতে সধমাদেষু চাকন॥" (ঋগ্বেদ সংহিতা ১ম, ৫১ সূ, ৮ ঋক্) অর্থাৎ "ইন্দ্র! তুমি আর্য্য-বর্গকে এবং দস্যুদিগকে বিশেষরূপে অবগত হও। ঐ ব্রতবিরোধীদিগকে নিগ্রহ করিয়া যজ্ঞানুষ্ঠাতা যজমানের অধীন কর। তুমি শক্তিশালী, অতএব যজমানের প্রয়োজক হও। আমি প্রমোদকর যজ্ঞ সমুদায়ে তোমার ঐ সমুদায় কর্ম্মের বিষয় কীর্ত্তন করিতে অভিলাষ করি।" ঋক্‌বেদের অন্যস্থলে আর্য্য ও দস্যু শব্দ যেরূপ স্থলে ও যেরূপ অর্থে লিখিত

হইয়াছে তাহা বিবেচনা করিয়া দেখিলে, আর্য্য শব্দ সমগ্র হিন্দুজাতি-প্রতিপাদকই বোধ হয়। অথর্ব্ববেদ-সংহিতায় সমগ্র লোক শূদ্র ও আর্য্য এই দুই বিভিন্নভাগে বিভক্ত বলিয়া নির্দ্দেশিত হইয়াছে; যথা—

"তয়াহং সর্ব্বং পশ্যামি যশ্চ শূদ্রউতার্য্যঃ।" (অথর্ব্ববেদ সংহিতা ৪ কাণ্ড। ১২০। ৪।)

"প্রিয়ং মা কৃণু দেবেষু প্রিয়ং রাজসু মা কৃণু।
প্রিয়ং সর্ব্বস্য পশ্যত উত শূদ্র উতার্য্যে॥
(অথর্ব্ববেদ সংহিতা ১৯ কাণ্ড। ৬২। ১।)

শতপথ ব্রাহ্মণে ও কাত্যায়ন প্রণীত শ্রৌতসূত্রে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই বর্ণত্রয়েরই আর্য্য বলিয়া পরিচয় পাওয়া যায়। "শূদ্রার্য্যৌ চর্ম্মণি পরিমণ্ডলে ব্যায়চ্ছেতে। (১৩ অ, ৩ক, ৭সূ) এই কাত্যায়নকৃত সূত্রের অর্থে ভাষ্যকার লেখেন,—

"শূদ্রশ্চতুর্থো বর্ণঃ আর্য্যস্ত্রৈবর্ণিকঃ।"

আর্য্য শব্দের অর্থ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন বর্ণ; চতুর্থ বর্ণের নাম শূদ্র। বোধ হয়, শূদ্র-বর্ণ আর্য্য-বংশীয় নহে; আর্য্যেরা ভারতবর্ষে আসিয়া শূদ্রনামক অনার্য্যজাতি বিশেষকে আপনাদের সমাজভুক্ত করিয়া লন। মনুসংহিতায় হিন্দুদিগের আবাসভূমি আর্য্যাবর্ত্ত বলিয়া উল্লিখিত হইয়াছে। যথা—

"আসমুদ্রাত্তু বৈ পূর্ব্বাদাসমুদ্রাত্তু পশ্চিমাৎ।
তয়োরেবান্তরং গির্য্যোরার্য্যাবর্ত্তং বিদুর্বুধাঃ॥"
(মনুসংহিতা দ্বিতীয় অধ্যায়॥)

উত্তরে হিমালয় ও দক্ষিণে বিন্ধ্যাচল এবং পূর্ব্বে পূর্ব্বসমুদ্র ও পশ্চিমে পশ্চিমসমুদ্র এই চতুঃসীমাবদ্ধ ভূভাগের নাম পণ্ডিতেরা আর্য্যাবর্ত্ত বলিয়া জানেন। এই বচন রচনার সময়ে আর্য্য শব্দ হিন্দুদিগের জাতি-গত সাধারণ নাম ছিল বলিতে হইবে। আর্য্যাবর্ত্ত আর্য্যদিগের অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন বর্ণের নিবাসভূমি ছিল ইহা মনুসংহিতায় সুস্পষ্ট প্রকটিত আছে। সুতরাং আর্য্যাবর্ত্ত শব্দের অন্তর্ভূত আর্য্য শব্দ ঐ সমগ্র বর্ণ-ত্রয় প্রতিপাদক বলিতে হইবে। যথা—"এতান্ দ্বিজাতয়ো দেশান্ সংশ্রয়েরন প্রযত্নতঃ। শূদ্রস্তু যস্মিন্ কস্মিন্ বা নিবসেৎ বৃত্তিকর্ষিতঃ।" দ্বিজাতি অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যেরা এই সকল দেশে বসতি করিবেন, শূদ্রেরা ব্যবসায় অনুরোধে যথা তথা বাস করিতে পারে। মনুসংহিতায় আর্য্য অনার্য্য এই উভয়কুলের পরস্পর বিভিন্নতা সুস্পষ্ট প্রতীয়মান হইতেছে। যথা—"জাতো নার্য্যামনার্য্যায়ামার্য্যাদার্য্যো ভবেদ্গুণৈঃ। জাতোঽপ্যনার্য্যাদার্য্যায়াম-নার্য্য ইতি নিশ্চয়ঃ।" অর্থাৎ আর্য্যপুরুষের ঔরসে ও অনার্য্যা নারীর গর্ভে যে সন্তান জন্মে, সে সন্তান শাস্ত্রোক্ত-গুণযুক্ত হইলে আর্য্যত্ব প্রাপ্ত হয়। আর অনার্য্য পুরুষের ঔরসে আর্য্যাস্ত্রীর গর্ভে যে পুত্র জন্মে, সে নিশ্চয় অনার্য্য।

অমরকোষেও লিখিত আছে, বিন্ধ্য ও হিমালয় পর্ব্বতের মধ্যগত দেশ আর্য্যাবর্ত্ত অর্থাৎ আর্য্যদিগের স্থান ছিল। "আর্য্যাবর্ত্তঃ পুণ্যভূমি র্মধ্যং বিন্ধ্যহিমাগয়োঃ।" অর্য্য শব্দের অর্থ বৈশ্য। সুতরাং এককালে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ভিন্ন ভারতবর্ষের সমস্ত আর্য্য বংশীয়েরাই, অর্থাৎ আর্য্যকুলোৎপন্ন অধিকাংশ লোকেই, 'অর্য্য' নাম ধারণ করিত। হয় ত, 'অর্য্য' শব্দ হইতেই আর্য্য শব্দের উৎপত্তি হইয়াছে। কৃষিকার্য্য বৈশ্যদিগের একটি প্রধান বৃত্তি। লাটিন, গ্রীক, এঙ্গ্লোসেক্সন্, ইংরেজী, রুশ, আইরিশ, কর্ণিশ, ওএল্স্ প্রাচীন নর্স, লিথুয়েনিক প্রভৃতি অনেক ইয়ুরোপীয় ভাষায় "হল" ও "কৃষিবাচক" কতকগুলি শব্দ আছে, তাহা 'অর্' ধাতু হইতে নিষ্পন্ন বলিয়া অবধারিত হইয়াছে। ঐ "অর্" ধাতুর অর্থ ভূমিকর্ষণ। ইহাতে বোধ হয়, আর্য্যেরা একত্র সংসৃষ্ট থাকিয়া কৃষিকার্য্য করিতেন এবং তদনুসারে তাঁহারা 'অর্য্য' বা 'আর্য্য' বা তদনুরূপ অন্য কোন নাম প্রাপ্ত হইয়াছিলেন। যদিও সংস্কৃত ভাষায় অবিকল 'অর্' ধাতুর উল্লেখ নাই [সংস্কৃত ভাষায় 'ঋ' ধাতু আছে, তাহা হইতে অর্য্য ও আর্য্য উভয় শব্দই নিষ্পন্ন হইতে পারে] কিন্তু অন্য অন্য অধিকাংশ

আর্য্য ভাষার ঐ সমস্ত কৃষি ও হলবাচক শব্দের পর্য্যালোচনা দ্বারা ঐ ধাতুটি আবিষ্কৃত হইয়াছে।

পারসীকদিগের অবস্তা নামক প্রাচীন শাস্ত্রে ঐর্য্য শব্দ শ্রদ্ধাস্পদ ও লোকসাধারণ এই দুই অর্থে প্রয়োজিত আছে। পারসীকদিগের আদিম স্থানের নাম ঐর্য্যনমূর্ব এজো অর্থাৎ আর্য্যবীজ। তাঁহারা ঐ মূলস্থান হইতে ক্রমশঃ দক্ষিণে ও পশ্চিমে গিয়া অধিবাস করেন তাঁহারা যে যে দেশ অধিকার করেন, অবস্তায় তাহা ঐর্য্যা বলিয়া উল্লিখিত হইয়াছে। গ্রীক গ্রন্থকার ষ্ট্রাবো ঐ সমস্ত জনপদ ও তাহার সমীপবর্ত্তী আর কতকগুলি স্থানকে একত্র আরিআনা বলিয়া উল্লেখ করিয়াছেন। হিরোডোটস্ (VII. 62) মীড দেশীয়দিগকে আরিআই এবং তাঁহার পূর্ব্বে হেলেনিকস্ পারসীক দেশকে আরিয়া বলিয়া বর্ণন করিয়াছেন।

কীলরূপা শিল্পলিপিতে পারসীক সম্রাট্ দরায়ুষের নামের সহিত অরিয় ও অরিয়চিত্র (অর্থাৎ আর্য্য ও আর্য্যবংশীয়) এই দুই বিশেষণ সংযোজিত আছে। পুরাকালীন পারসীকদিগের প্রধান দেবতার নাম অহুর মজদ্ ছিল। তিনি অন্য একশিল্পলিপিতে আর্য্যদিগের দেবতা বলিয়া উল্লিখিত হইয়াছেন। পারসীক দেশের অধুনাতন নাম ইরান্ ঐ অরিয় শব্দেরই বিকৃতি বোধ হয়। কতকগুলি শিল্পলিপিতে দেখিতে পাওয়া যায়, ঐ রাজ্যের পারসীক ভূপতিরা অনেকে আপনাদিগকে ইরান্ বা অনিরান্ অর্থাৎ আর্য্য বা অনার্য্য উভয় জাতীয় লোকদিগের অধীশ্বর বলিয়া বর্ণন করিয়াছেন। পূর্ব্বতন পারসীকদিগের অনেকানেক নাম 'অরিয়' শব্দ-সংশ্লিষ্ট দেখিতে পাওয়া যায়। মহারাজ দরায়ুষের প্রপিতামহের নাম অরিয়ারাম্ন।

আর্ম্মানি ভাষায় অরি শব্দের অর্থ ইরানি ও সাহসিক। ককেসস্ পর্ব্বতের উপত্যকায় কতকগুলি আর্য্যবংশীয় লোক বাস করে, তাহাদের জাতীয় নাম আয়রন্। আর্য্যবংশীয়গণ প্রথমে আসিয়াখণ্ডের মধ্যস্থলে বাস করিতেন। তাঁহাদের মধ্যে কতকগুলি খোরাসান ও রুষদেশ দি[য়া] কৃষ্ণসাগরের উপকূলে ও থ্রেস্‌দেশে গ[মন] করা সম্ভব ও সঙ্গত বলিয়া প্রতিপন্ন হ[ই]য়াছে। ঐ থ্রেসের প্রাচীন নাম আরিয়[া]। আয়র্লণ্ড দ্বীপস্থ কেল্‌ট্ জাতীয়েরা আর্[য্য]বংশীয়দিগেরই একটি প্রাচীন শাখা[বি]শেষ। উহাদের প্রাচীন নাম এর বা এরি[ন]। উহারা প্রাচীন নর্স ভাষায় 'ঈরার্' এ[বং] এঙ্গলোসেকসন্ ভাষায় 'ইরা' বলিয়া প্রসি[]দ্ধ ছিল। আয়র্লণ্ডের পূর্ব্বতন নাম ঈরিউ। অতএব আর্য্যদিগের আর্য্য নামের এক[টি] পুরাতন রূপ আয়র্লণ্ড দ্বীপের প্রসিদ্ধ না[মে] লক্ষিত হইতেছে একথা অসম্ভব নহে। (Lectures on the science of language by Maxmuller.)

ঈশ্বরকৃষ্ণ সাংখ্যসপ্ততির শেষে লিখিয়াছেন—"আর্য্যমতিভিঃ।" বাচস্পতি ইহার ব্যাখ্যা করিয়াছেন "আরাজ্জাতা[ঃ] তত্ত্বেভ্য ই[ত্যা]র্য্যাঃ। আর্য্যা মতির্যস্য [স] আর্য্যম[তিঃ]। আর্য্যমতি অর্থাৎ বিশুদ্ধ ব[া] তত্ত্বনি[র্ণয়ের] নিকটবর্ত্তী শ্রেষ্ঠ বুদ্ধিযুক্ত ব্যক্তি। বাচস্পতির মতে 'আরাৎ' শব্দে[র] উ[ত্ত]র 'য' প্রত্যয় এবং 'পৃষোদরাৎ' নিয়মে 'আর্য্য' শব্দ সিদ্ধ হইয়াছে। ইউরোপীয় পণ্ডিতগণ যে, 'ঈরাণ' হইতে আর্য্যগণের প্রথম আগমন উল্লেখ করিয়াছেন, উল্লিখিত ব্যুৎপত্তির দ্বারা তাহার কথঞ্চিৎ আভাস পাওয়া যায় বটে, কিন্তু তথা হইতে তাঁহাদিগের আগমনবার্ত্তা কোন হিন্দুশাস্ত্রে দেখিতে পাওয়া যায় না। কেহ কেহ অনুমান করেন বর্ত্তমান হিন্দুদিগের আদিপুরুষেরা উত্তর-কুরুতে বাস করিতেন। সেই উত্তরকুরু যে কোথায়, তাহার কোন নিদর্শন প্রাপ্ত হওয়া যায় না। মহাভারতের বনপর্ব্বে লিখিত আছে, যখন পাণ্ডুরাজা পুত্রোৎপাদনের জন্য কুন্তিকে অনুরোধ করিয়াছিলেন, সেই সময় তিনি বলিয়াছিলেন যে 'উত্তরকুরুতে অদ্যাপি স্ত্রীজাতি অনাবৃত আছে।' ইহাতে এস্থান ভারত-

বর্ষের অন্তর্বর্ত্তী বলিয়া বোধ হইতেছে না। বোধ হয়, মধ্য-এসিয়ার কোন স্থান 'উত্তর কুরু' নামে খ্যাত ছিল। ইহা ঈরাণ দেশ হইলেও হইতে পারে। মহাভারতের একস্থানে 'ঈরিণ' শব্দের উল্লেখ আছে। বালুকাময় প্রদেশের নাম ঈরিণ, ইহাই তাহার অর্থ। যথা—'ঈরিণে নির্জ্জলে দেশে'—(বন)।) বিং, ত্রিং, মানী, পূজ্য। ২। শ্রেষ্ঠ। ৩। গুরু। ৪। জ্যেষ্ঠ। ৫। স্বামী। ৬। সংকুলোদ্ভব, সজ্জন। শিং—১ "কর্ত্তব্যমাচরন্ কামমকর্ত্তব্যমনাচরন্, তিষ্ঠতি প্রাকৃতাচারো যঃ স আর্য্য ইতি স্মৃতঃ।" ৭। সঙ্গত, উচিত। (সম্বোধন স্থলে সপ্তমার্থ প্রয়োগ হয়)। ৮। সং, পুং, স্বামী। ৯। সুহৃৎ।

আর্য্যক (আর্য্য পূজ্য+ক (কণ্)—প্রশস্তার্থে [অতিশয় পূজ্য]) সং, পুং, পিতামহ। শিং—১ "বালাং মামার্য্যকস্তভ্যাং ক্রীড়ন্তীং কন্দুহস্তিকাম্।" ২। মাতামহ। ৩। (ক—স্বার্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠ। ৪। মানী। ৫। ক্লীং, পিণ্ডপারাদি পিতৃকার্য্য।

আর্য্যকা / আর্য্যিকা (আর্য্যা+ক—স্বার্থে) সং, স্ত্রীং, মান্যা ও শ্রেষ্ঠা স্ত্রীলোক।

আর্য্যগৃহ্য (আর্য্য—গৃহ্য পক্ষীয়) বিং, ত্রিং, সাধুজনপক্ষীয়, আর্য্যপক্ষীয়। শিং—১ "তমার্য্যগৃহ্যং নিগৃহীতধেনুঃ।" (রঘু)।

আর্য্যচরিত (আর্য্য—চরিত চরিত্র) বিং, ত্রিং, আর্য্যের উপযুক্ত (স্বভাব), সদাচারবিশিষ্ট।

আর্য্যতা (আর্য্য+তা—ভাবে) সং, স্ত্রীং, আর্য্যের ভাব, সদাচার, ধর্ম্মশীলতা; যথা—"তুমিও আর্য্যতা বশতঃ সেই প্রকার আচরণ করিয়াছ।"

আর্য্যপুত্র (আর্য্য সংকুলোদ্ভব—পুত্র, যং—স) সং, পুং, স্বামী, ভর্ত্তা, পতি। ২। গুরুপুত্র, মান্যব্যক্তির পুত্র। (নাটকাদি স্থলে স্বামীকেই আর্য্যপুত্র বলিয়া থাকে। এস্থলে আর্য্য শব্দের অর্থ শ্বশুর)।

আর্য্যভট্ট; সং, পুং, একজন ভারতীয় হিন্দু জ্যোতির্ব্বিদ্। ইনি কুসুমপুর নিবাসী ছিলেন। কোলব্রুক সাহেব বলেন "সম্ভবতঃ ইনি খ্রীষ্টীয় তৃতীয় বা চতুর্থ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। আরবী ও পারসী ভাষার গ্রন্থে ও আর্য্যভট্টের নাম 'আর্য্যভর'। ইনি সর্ব্বপ্রথম পৃথিবীর সূর্য্যকেন্দ্রক পরিভ্রমণ মত প্রকাশ করেন।" ইনি "আর্য্যসিদ্ধান্ত" ও "বীজগণিত" প্রণেতা। (ভারতকোষ)।

আর্য্যমিশ্র (আর্য্য [এখানে আর্য্যশব্দের অর্থ শ্রেষ্ঠতা বুঝাইবে] শ্রেষ্ঠত্ব—মিশ্র মিশ্রিত, ৩য়া—য) বিং, ত্রিং, প্রসিদ্ধ। ২। মান্য। ৩। গৌরবান্বিত। শিং—১ "এবমার্য্যমিশ্রান্ প্রণিপত্য বিজ্ঞাপয়ামি।"

আর্য্যলিঙ্গী (আর্য্যলিঙ্গিন্, আর্য্য—লিঙ্গী লক্ষণবিশিষ্ট) বিং, ত্রিং, আর্য্যের লক্ষণধারী।

আর্য্যবৃত্ত (আর্য্য শ্রেষ্ঠ—বৃত্ত চরিত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাধুচরিত, ধর্ম্মশীল। "রক্ষণাদার্য্যবৃত্তানাং কণ্টকানাঞ্চ শোধনাৎ।" (মনু)। ২। (আর্য্য—বৃত্ত, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, সদাচার। শিং—১ "সত্যধর্ম্মার্য্যবৃত্তে চ শৌচে চৈবারমেৎ সদা।"

আর্য্যব্রত (আর্য্য—ব্রত নিয়ম, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, আর্য্যের কর্ত্তব্য নিয়মবিশেষ। ২। (আর্য্যের ন্যায় ব্রত যাহার) বিং, ত্রিং, শ্রেষ্ঠব্রতধারী। শিং—১ "আর্য্যব্রতশ্চ পাঞ্চাল্যো ন স রাজা ধনপ্রিয়ঃ।"

আর্য্যা (আর্য্য দেখ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পার্ব্বতী, ভগবতী। ২। শ্রেষ্ঠা এবং মান্যা স্ত্রী, শাশুড়ী প্রভৃতি। ৪। ছন্দোবিশেষ, যাহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, দ্বিতীয় চরণে অষ্টাদশ এবং চতুর্থ চরণে পঞ্চদশ মাত্রা থাকে। (হ্রস্ব বর্ণ হইলে এক মাত্রা এবং দীর্ঘবর্ণ হইলে দুই মাত্রা গণনা করিতে হয়)।

আর্য্যাবর্ত্ত (আর্য্য পূজ্য—আবর্ত্ত বাসস্থান, ৬ষ্ঠী—য) সং, পুং, পুণ্যভূমি, হিমালয় ও বিন্ধ্যপর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ। উহা পূর্ব্ব পশ্চিম সমুদ্র ব্যাপিয়া আছে। শিং—১ "আসমুদ্রাত্তু বৈ পূর্ব্বাদাসমুদ্রাত্তু পশ্চিমাৎ। হিমবদ্বিন্ধ্যয়োর্মধ্যমার্য্যাবর্ত্তং প্রচক্ষতে।" (আর্য্য দেখ)।

আর্শথ (যাবনিক) প্রত্যেক প্রজা যত ভূমি অধিকার করে তাহার হিসাব।

আর্শি (আদর্শ শব্দজ) সং, মুকুর, দর্পণ।

আর্ষ (ঋষি+অ(ষ্ণ) — কৃতার্থে বা উক্তার্থে) সং, পুং, বিবাহবিশেষ। শিং — ১ "যত্র বরাৎ গোদ্বয়ং গৃহীত্বা তেনৈব সহ কন্যাদানং। যজ্ঞস্থায়ত্বিজে দৈব আর্ষ আদায় গোযুগং। চতুর্দশ প্রথমজঃ পুনাত্যুত্তরজশ্চ ষট্।" ২। বিং, ত্রিং, ঋষি প্রণীত (পুরাণ কাব্যাদি)। ৩। ঋষিসম্বন্ধীয়। ৪। (ব্যাকরণের সূত্রাদি উল্লঙ্ঘন করিয়া ঋষি-প্রযুক্ত (শব্দাদি); যেমন—আর্ষ প্রয়োগ।

আর্ষেয় (ঋষি+এয়(ঢেয়) — প্রং) বিং, ত্রিং, আর্ষ দেখ।

আর্হত (অর্হৎ+অ(ষ্ণ) — প্রং) সং, পুং, বুদ্ধ বিশেষ, এই মতে আত্মা চিরস্থায়ী, জীবের পরিমাণ দেহ সদৃশ, এবং অর্হৎই পরমেশ্বর। ("আর্হতেরা দিগম্বর। ইহারা বলে, "যদি প্রতি শরীরে এক এক আত্মা নিরন্তর অবস্থান না করে, তাহা হইলে ঐহিক ফলসাধনের নিমিত্ত কৃষিবাণিজ্যাদি কর্ম্মে কোন মতেই লোকের প্রবৃত্তি হইতে পারে না; কারণ আপনার ফলভোগের জন্যই সকলে উপায়ানুষ্ঠান করে; যদি উপায়ানুষ্ঠানকর্ত্তা যে আত্মা, সে ফলভোগ কালে উপস্থিত না থাকে, তবে একের ফল ভোগের নিমিত্ত অপরের প্রবৃত্তি কিপ্রকারে সম্ভব হইতে পারে? আমি কৃষি বাণিজ্যাদি করিয়াছিলাম, আমিই তাহার ফল ভোগ করিতেছি; সকল লোকেরই এই অনুভব হইয়া থাকে। সুতরাং আত্মাকে চিরস্থায়ী বলিয়া অবশ্যই স্বীকার করিতে হইবে।" তিনি সর্ব্বজ্ঞ ও রাগদ্বেষাদি শূন্য। ইহাদের মতে সম্যগদর্শন, সম্যগ্জ্ঞান ও সম্যগচরিত্র এই তিনকে রত্নত্রয় কহে।" (ভারতকোষ)। ২। বিং, ত্রিং, অর্হৎসম্বন্ধীয়, জৈনসম্বন্ধীয়।

আল (অল্-ণিচ্=আলি ভূষিত করান+অ(অন্) — প্রং। বর্ণের উৎকৃষ্টতা হেতু যে অন্য পদার্থে যুক্ত হইয়া ভূষিত করে) সং, ক্লীং, হরিতাল। ২। বিং, ত্রিং, অনল্প, বহুল। ৩। শ্রেষ্ঠ।

আলকাতরা (যাবনিক) পিচ, তার।

আলক্ষ্য (আ — লক্ষ্ লক্ষ্য করা+য(ঘ্যণ) — র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ জ্ঞেয়, লক্ষণদ্বারা অনুমেয়। "আলক্ষ্যপারিপ্লবসারসানি।" ৩ ক্রিং — বিং, সম্যক্ জানিয়া। [খোলা।

আলগা (অলগ্ন শব্দজ) বিং, অবদ্ধ, এলয়া,

আলগোচ (দেশজ) সং, অস্পর্শ, না ছোঁয়া।

আলঙ্কারিক (অলঙ্কার+ইক(ষ্ণিক) — জ্ঞাতার্থে) বিং, ত্রিং, অলঙ্কার শাস্ত্রে নিপুণ, অলঙ্কার শাস্ত্রে যাহার পাণ্ডিত্য আছে, অলঙ্কার-শাস্ত্রজ্ঞ। ২। অলঙ্কার শাস্ত্রের গ্রন্থকর্ত্তা। [ক্ষুদ্র জিহ্বা।

আলজিব (আল — জিব জিহ্বা শব্দজ) সং,

আলণ (অলবণ শব্দজ) বিং, লবণহীন, যাহাতে লবণ নাই। [লাক্ষারস।

আলতা (অলক্ত শব্দজ) সং, স্বনাম প্রসিদ্ধ

আলপনা (আলিম্পন শব্দজ) মঙ্গলালেপন।

আলপিন (যাবনিক) পিন, ক্ষুদ্র প্রেক।

আলভন (আ — লভ্ [লাভ করা] স্পর্শ করা ইত্যাদি+অন(অনট্) — ভা) সং, ক্লীং হিংসা। ২। স্পর্শ। ৩। লেপন। ৪। (+অনট্ — ণ) লেপন-দ্রব্য।

আলম্ব (আ — লম্ব্ [লম্বিত হওয়া] আশ্রয় করা+অ(অন্) — ভা) সং, পুং, অবলম্বন, আশ্রয়। ২। (+অন্ — র্ম্ম) আধার।

আলম্বন (আলম্ব দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, অবলম্বন, আশ্রয়করণ। ২। (+অনট্ — র্ম্ম) শৃঙ্গারাদি রসের বিভাববিশেষ, যাহাকে অবলম্বন করিয়া রস হয়, নায়কাদি। শিং — ১ "আলম্বনোদ্দীপনাখ্যৌ তস্য ভেদোবুভৌ স্মৃতৌ। আলম্বনো নায়কাদিস্তমালম্ব্য রসোদ্গমাৎ।" (সাহিত্যদর্পণ) ৩। বৌদ্ধমতসিদ্ধ প্রত্যয়বিশেষ।

আলম্বিত (আলম্ব দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ধৃত। ২। আশ্রিত, অবলম্বিত।

আলম্বী (আলম্বিন্, আ — লম্ব [লম্বিত হওয়া] আশ্রয় করা+ইন(ণিন্) — ক) বিং, ত্রিং, অবলম্বী, আশ্রয়কারী। শিং — ১ "গজাজিনালম্বি দুকূলধারি বা।" (কুমার)।

আলম্ভ (আ — লভ্ [পাওয়া] বধকরা+অ(ঘঞ্) — ভা) সং, পুং, মারণ, হিংসা, বধ। "অশ্বালম্ভং গবালম্ভং সংন্যাসং পল পৈতৃকম"

২। সংস্পর্শ। "স্ত্রীণাঞ্চ প্রেক্ষণালম্ভমুপঘাতং পরস্য চ।"(মনু)। ৩। (+ঘঞ্—ধি) যুদ্ধ।
আলম্ভ্যা (আলম্ভ দেখ, য—প্রং, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বধার্হা, বধযোগ্যা।
আলয় (আ—লী লীন হওয়া+অ(অল্)—ধি) সং, পুং, গৃহ, বাড়ী, বাসস্থান। ২। আধার; যথা—হিমালয়। ৩। অং, ক্লীং, লয়পর্য্যন্ত। শিং—১ "পিবত ভাগবতং রসমালয়ম্।" [দশায় যে জ্ঞান জন্মে।
আলয়-বিজ্ঞান; সং, ক্লীং, বৌদ্ধমতে সুষুপ্তি
আলর্ক (অলর্ক+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, অলর্কসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, ক্ষিপ্তকুক্কুরের বিষ। শিং—১ "নিহন্তি বিষমালর্কং মেঘবৃন্দমিবানিলঃ।" (সুশ্রুত)।
আলবালা (যাবনিক) ধূমপানার্থ যন্ত্রবিশেষ
আলবাল, অলবাল (আ—লূ ছেদন করা কিম্বা খোঁড়া+আল—র্ম্ম, সংজ্ঞার্থে। যাহা খনিত হয়, কিম্বা আলি সেতু—বল্ ধারণ করা+অ—প্রং। যে আলি ধারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, বৃক্ষমূলে জল দিবার নিমিত্ত বেষ্টনাকার সেতু বিশিষ্ট খাত, চারমাদা। শিং—১ "বিশ্বাসায় বিহঙ্গানামালবালাম্বুপায়িনাম্।" (রঘু)।
আলস্য (অলস+য(ষ্ণ্য)—ভাবে বা কর্ম্মণি) সং, ক্লীং, কার্য্যনির্ব্বাহ বিষয়ে অযত্ন উপেক্ষা অমনোযোগ বা অপ্রবৃত্তি, অলসতা, জড়তা, মান্দ্য, সামর্থ্য-সত্ত্বেও অনুৎসাহ।
আলস্যত্যাগ; সং, পুং, জৃম্ভণ, গাত্রভঙ্গকরণ।
আলাই (দেশজ) আপদ্, বিপত্তি। বিং, অমঙ্গলসূচক। [জুনিমিত্ত।
আলাইবালাই (দেশজ) অশুভ, আপদ্,
আলাংপালাং (দেশজ) বিং, অসংলগ্ন বাক্য। ২। অনুপযোগি কথা। [জ্বলন্ত অঙ্গার।
আলাত (অলাত+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং,
আলাদা (যাবনিক) পৃথক্, স্বতন্ত্র।
আলান (আ—লা [গ্রহণ করা] বন্ধন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, গজবন্ধন স্তম্ভ। শিং—১ "অরুন্তুদমিবালানমনির্ব্বাণস্য দন্তিনঃ।" (রঘু)। যথা—
"ত্যজিয়ে কানন ভূমি, আলানে নিবদ্ধ তুমি,
বন্দীভাবে লোকালয়ে যাপিতেছ দিন।"
২। (+অনট্—ণ) বন্ধনরজ্জু। শিং—১ "আলানে গৃহ্যতে হস্তী বাজী বল্গাসু গৃহ্যতে।" ২ "তদ্‌গজালানতাং প্রাপ্তৈঃ সহ কালাগুরুদ্রুমৈঃ।" ৩। (+অনট্—ভাবে) বন্ধন। শিং—১"গজালানপরিক্লিষ্টৈ রাক্ষোটৈঃ সার্দ্ধমানতাঃ।" (রঘু)।
আলানিক (আলান+ইক(ষ্ণিক)—স্বার্থে) সং, ক্লীং, আলান। ২। গজবন্ধন সাধন কাষ্ঠাদি "আলানিকং স্থাণুমিবদ্বিপেন্দ্রঃ।" (রঘু)।
আলাপ (আ—লপ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অন্যের সহিত কথা কহা, সম্ভাষণ, কথোপকথন, কথাবার্ত্তা। শিং—১ "অয়ে দক্ষিণেন পুষ্পবাটিকামালাপ ইব শ্রূয়তে।" (শকুন্তলা)। ২। জানা শুনা, পরিচয়। ৩। উচ্চারণ। ৪। সঙ্গীতে—"অনুলোম, বিলোম, গমক, মূর্চ্ছনা, তান, লয় সুর অর্থাৎ যে রাগে যে যে সুর যথার্থ রূপে আবশ্যক, এই কয়েকটীর সংযোগে রাগাদিকে প্রকৃষ্টরূপে প্রদর্শন করার নাম আলাপ।"(সঙ্গীতসার) শিং—১"আলাপৈরিব গান্ধর্ব্বমদীপ্যত পদাতিভিঃ।"(মাঘ)।
আলাপন (আ—লাপি কথা কহা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পরস্পর কথোপকথন, আভাষণ; যথা—"নিবারে সতত সতী প্রেম আলাপনে এ কালাগ্নি।"(মেঘ)। ২। স্বস্তিবাচন। "মঙ্গালাপনৈর্হোমৈঃ।"
আলাপনীয় (আ—লাপি কথা কহা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আলাপের যোগ্য, যার সঙ্গে আলাপ করা উচিত, আলাপ্য।
আলাপিত (আ—লাপি কথা কহা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার সঙ্গে আলাপ হইয়াছে। ২। পরিচিত।
আলাপী (আলাপিন্, আ—লাপি কথা কহা+ইন্—ক) বিং, ত্রিং, যাহার সঙ্গে আলাপ আছে; যথা—তিনি আমার আলাপী লোক; যে অন্যের সঙ্গে ভাল করিয়া আলাপ করে; যথা—তিনি বড় আলাপী।
আলাপ্য (আলাপ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, আলাপ-যোগ্য, যাহার সহিত আলাপ করা উচিত। ২। (লপ্-ণি=লাপি) কথনীয়, আভাষ্য।

আলাবর্ত (আল হরিতাল—আবর্ত বাসস্থান। যাহা ঐরূপ পদার্থে চিত্রিত, অথবা আ সমন্তাৎ—অল অত্যর্থ—আ—বৃত [হওয়া] চালিত করা, ঘোরা ইত্যাদি+অ(অল)—ভা) সং, ক্লীং, বস্ত্র নির্ম্মিত ব্যজন, কাপড়ের পাখা।

আলাবু } (অলাবু দেখ) সং, স্ত্রীং, তুম্বী, আলাবূ } লাউ।

আলাস্য (আল বিস্তৃত, বৃহৎ—আস্য মুখ) সং, পুং, কুম্ভীর।

আলি, আলী (অল্ ভূষিত করা, পারক হওয়া ইত্যাদি+ই(ইণ্)—ক, সংজ্ঞার্থে। অথবা ঋ গমন করা+ই—প্রং। যাহার দ্বারা গমন করা যায়। অথবা আ—লী লীন হওয়া+ই—প্রং, যেখানে অম্বু লীন হয়) সং, স্ত্রীং, ক্ষেত্র হইতে জল নির্গত হইয়া না যায় এজন্য চতুর্দ্দিকে যে বন্ধন করে, ভূমির বাঁধ, ক্ষেত্রের আলি। "শতালি পরিষেবিতেতি।" ২। (যে শোভা করে) শ্রেণী। শিং—১"তোয়ান্তর্ভাস্করালীব রেজে মুনিপরম্পরা।" (কুমার)। ৩। (যাহাতে বিশ্বাস লীন হয়) স্ত্রীলোকের সখী। শিং—১ "নিবার্য্যতামালি! কিমপ্যয়ং বটুঃ।" (কুমার)। ৪। সন্ততি। ৫। রেখা। শিং—১ "বিষমহরিচন্দ্রনালিনা।" (মাঘ)। ৬। পুং,ভ্রমর। ৬। বৃশ্চিক। ৭। বিং, ত্রিং, শুদ্ধান্তঃকরণ, সরল। ৮। অনর্থ।

আলিঙ্গন (আ—লিনৃগ্ [গমন করা] আলিঙ্গন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রীতি ও সন্তোষ প্রদর্শনার্থে বাহু বিস্তার পূর্ব্বক শরীর সংযোজন, পরস্পর আশ্লেষ, অঙ্গমিলন, কোলাকোলি প্রভৃতি। শিং—১ "প্রিয়ালিঙ্গনং নির্বৃতিম্।"(রঘু)। আলিঙ্গন সপ্ত প্রকার; যথা—আমোদালিঙ্গন, মুদিতালিঙ্গন,প্রেমালিঙ্গন,মানসালিঙ্গন, রুচ্যালিঙ্গন, মদনালিঙ্গন, বিনোদালিঙ্গন।

আলিঙ্গিত (আ—লিঙ্গ্+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আলিঙ্গন করা গিয়াছে, আশ্লিষ্ট, পরিবদ্ধ। শিং—১"তরুণ্যালিঙ্গিতঃ কণ্ঠে নিতম্বস্থানমাশ্রিতঃ।"

আলিঙ্গ্য (আ—লিনগ আলিঙ্গন করা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, আশ্লেষণীয় ২। সং, পুং, মৃদঙ্গবিশেষ, যাহা বক্ষে রাখিয়া বাজায়। শিং—১"চতুরঙ্গুলহীনো হঙ্ক্যাস্মুখে চৈকাঙ্গুলেন যঃ। যবাকৃতিঃ স আলিঙ্গ্য আলিঙ্গ্য স হি বাদ্যতে।"(রঘু)। ৩। ক্রিং—বিং, আলিঙ্গন করিয়া।

আলিঞ্জর (অলিঞ্জর+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, মৃণ্ময় জলপাত্র, জালা প্রভৃতি।

আলিপনা (আলিম্পন শব্দজ) সং, মঙ্গলার্থ পিটুলি দিয়া দেবস্থান লেপন বা চিত্রকরণ।

আলিম্পন (আ—লিনূপ লেপন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, আলিপনা।

আলিসা (অলস শব্দজ) বিং, অলস, কুড়ে।

আলিসিয়া, আলিসা (দেশজ) সং, ইষ্টকময় গৃহের ছাদের প্রান্তভাগ। ২। নিকাল, কার্ণিস।

আলীঢ় (আ—লিহ্ আস্বাদন করা ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, আস্বাদিত। ২। চাটা। ৩। অস্ত্রক্ষত। শিং—১"সেনান্যমালীঢ়মিবাসুরাস্ত্রৈঃ।"(রঘু)। ৪। (+ক্ত—ভা) সং, ক্লীং, শরাদিক্ষেপণ সময়ে উপবেশন বিশেষ, বাম জানু পশ্চাদ্ভাগে ও দক্ষিণ জানু সম্মুখে বিস্তাররূপে স্থাপন পূর্ব্বক উপবেশন। শিং—১"স্থানানি ধন্বিনাং পঞ্চ তত্র বৈশাখমস্ত্রিয়াম্। বিতস্ত্যন্তরগৌ পাদৌ, মণ্ডলং তোরণাকৃতী। সমানৌস্যাৎ সমপদমালীঢ়ং পদমগ্রতঃ, দক্ষিণংবামমাকুঞ্চ্য প্রত্যালীঢ়ং বিপর্য্যয়ে।" যথা—"অতিষ্ঠদালীঢ়বিশেষশোভিনা।"

আলীঢ়ক (আলীঢ়+ক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বাছুরের খেলা।

আলীন (আ—লী লীন হওয়া, দ্রব করা+ত(ক্ত)—ক। ত=ন) বিং, ত্রিং, ব্যাপ্ত। ২। লয়প্রাপ্ত।

আলীনক (আলীন+ক—সংজ্ঞার্থে। যাহা অল্পমাত্র অগ্নি সংযোগে লীন অর্থাৎ দ্রবীভূত হয়) সং, ক্লীং, রঙ্গ, রাঙ।

আলু (আরু [ঋ গমন করা+উ(উণ্)—ক। যে গমন করে। যে ভূমিতে এবং জলেতে গমন করে অথবা আ—লূ ছেদনকরা+

উ(ডু)—র্ম্ম) সং,স্ত্রীং, ক্ষুদ্র জলাধার, কলসী, ঘটী, ঝারী। ২। পুং—ক্লীং, মূলবিশেষ। ৩। ভেলা। ৪। পুং, চন্দ্র। ৫। পেচক।

আলুথালু (দেশজ) অসংযত, উন্মুক্ত; যথা—"আলুথালু হায় এবে কবরীবন্ধন।"

আলুফা (যাবনিক) অনায়াসে লব্ধ, বিনা ব্যয়ে প্রাপ্ত।

আলুলায়িত (আ—লুল্ বিমর্দ্দন করা+ক্যঙ্, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উন্মুক্ত, অসংযত; যেমন—আলুলায়িত কেশপাশ।

আলূন (আ—লূ ছেদন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঈষচ্ছিন্ন। ২। সম্যক্‌ছিন্ন। শিং—১"তেনামরবধূহস্তৈঃ সদয়ালূনপল্লবাঃ।"

আলেখিয়া—"ইহারা অলখ্ নাম উচ্চারণপূর্ব্বক ভিক্ষা করিয়া অন্যান্য সন্ন্যাসীকে ভোজন করায়, এই নিমিত্ত ইহাদের নাম আলেখিয়া। এইরূপ বারম্বার অলখ্ শব্দ উচ্চারণ করাকে অলখ্ জাগান কহে। ইহারা গির্ণার, পুনা প্রভৃতি অনেক স্থানে অবস্থিতি করে ও মধ্যে মধ্যে তীর্থ পর্য্যটন করিতে যায়। ইহারা ভক্ষ্য-সংগ্রহার্থ সঙ্গে ঝুলী রাখে ও সেই ঝুলী পরম পবিত্র মহিমান্বিত বলিয়া বিশ্বাস করে। ইহাদের ঐ ঝুলী ভৈরব, গণেশ বা কালীদেবীর উদ্দেশে প্রতিষ্ঠিত এবং তদনুসারে ইহারা তিন শ্রেণীতে বিভক্ত। ইহারা গাত্রে একরূপ খেল্‌কা ও কতকগুলি অলঙ্কার ব্যবহার করে। অনেকে রৌপ্য, পিত্তল অথবা তাম্রনির্ম্মিত চারি পাঁচ হারা জিঞ্জিরের মত একরূপ অলঙ্কার পায়ে পরে। তদ্ভিন্ন কেহ কেহ হস্তে ও বাহুদেশে ছল্লা প্রভৃতি রৌপ্যময় অঙ্গুরী ব্যবহার করে। ইহারা ৪০।৫০ হস্ত পরিমিত এক গাছি ঔর্ণ রজ্জু কৌপীনের উপর হইতে কক্ষদেশ পর্য্যন্ত বেষ্টন করে ও সেই রজ্জুর দুই প্রান্তে ঘুঙ্গুর বান্ধিয়া রাখে, ইহাকে মতঙ্গ বলে। ইহাদিগের বামহস্তে ঝুলী খর্পর দক্ষিণ হস্তে চিমটা লইয়া এবং বিভূতি রুদ্রাক্ষাদি অপরাপর উপকরণ গ্রহণ করিয়া ভিক্ষার্থ পর্য্যটন করে।" (উপাসক সম্প্রদায়)।

আলেখ্য (আ—লিখ্ লেখা+য—র্ম্ম) সং, ত্রিং, বর্ণ ও তুলী দ্বারা প্রতিমূর্ত্তি প্রভৃতি লিখন, চিত্রিত প্রতিমূর্ত্তি প্রভৃতি, চিত্রপট, ছবি। ২। (+অনট্—ভাবে)ক্লীং, লিখন। ৩। চিত্রকরণ। শিং—১ "বিধাতুমালেখ্যম শক্নুবন্তঃ।"(মাঘ)। ৪। বিং,ত্রিং, লেখনীয়।

আলেখ্যশেষ (আলেখ্য লিখন, চিত্রকরণ—শেষ অন্ত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, চিত্রাবশিষ্ট, মৃত। শিং—১ "আলেখ্যশেষস্য পিতুর্বিবেশ।" (রঘু)।

আলেপ—পুং }
আলেপন—ক্লীং } (আ—লিপ্ লেপন করা + অ(অল্), অন(অনট্)—ভা) সং, লেপন। ২। আলিপনা।

আলো (আলোক শব্দজ) সং, দীপ্তি, প্রকাশ।

আলোক (আ—লোক্ [দেখা] দীপ্তি পাওয়া ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, দর্শন। শিং—১"আলোকমাত্রেণ সুরানশেষান্।" (কুমার)। ২। (+অল্—ভাবে) দৃষ্টিপথ। ৩। প্রকাশ, দীপ্তি, অন্ধকারের অসদ্ভাব। ৪। আভা, আলো। ৫। জয়ধ্বনি, জয়শব্দ। ৬। স্তুতি, বন্দিভাষণ।

আলোকন (আলোক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দৃষ্টি, দর্শন, দেখা। শিং—১ "ভুবনালোকনপ্রীতিঃ স্বর্গিভির্নানুভূয়তে।" (কুমার)। ২। (লোক-ণ্ডি=লোকি+অনট্—ভাবে) দেখান।

আলোকনীয় (আলোক+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনযোগ্য। শিং—১ "চিত্রন্যস্তা ইবগতাঃ প্রকামালোকনীয়তাম্।"(কুমার)।

আলোক-বিজ্ঞান (Optics) সং, ক্লীং, আলোক ও দর্শন বিষয়ক বিদ্যা।

আলোকিত (আ—লোক্ দেখা+ত(ক্ত)—র্ম্ম)বিং, ত্রিং, দৃষ্ট, নিরীক্ষিত, অবলোকিত।

আলোচন (আ—লোচ্ [দেখা] বারম্বার বিবেচনা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, আন্দোলন, অনুশীলন, চর্চ্চা। ২।দর্শন। ৩। নিরূপণ। ৪। লোচন পর্য্যন্ত। শিং—১"আলোচনান্তং শ্রবণং বিতত্য।"

আলোচনীয় (আ—লোচ্ চর্চ্চা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আলোচনার যোগ্য, যাহার আলোচনা করিতে হইবেক, অনুশীলনীয়।

আলোচিত (আলোচন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আলোচনা করা গিয়াছে, চর্চ্চিত, অনুশীলিত, বিশেষ দর্শনাদি দ্বারা কৃতালোচন। ২। ইতিকর্ত্তব্যতা দ্বারা অবধারিত।

আলোচ্য (আলোচন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, আলোচনার যোগ্য, আলোচনার বিষয়ীভূত। ২। ক্রিং—বিং, আলোচনা করিয়া।

আলোড়ন (আ—লুড়্ লাড়াচাড়া করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিলোড়ন, ঘোঁটন, মন্থন, আবর্ত্তন। শিং—১"ভাবনালোড়নে চাস্য কর্ত্তব্যে ভেষজৈর্হিতৈঃ।" (সুশ্রুত)। ২। সম্মিলন। ৩। আলোচন।

আলোড়িত (আলোড়ন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মথিত, মর্দ্দিত, চূর্ণীকৃত। শিং—১"আলোড়িতঃ কাঞ্চনমুপরাগঃ।" (মাঘ)। ২। সম্মিলিত। ৩। আলোচিত।

আলোল (আ ঈষৎ—লোল চঞ্চল) বিং, ত্রিং, ঈষৎ চঞ্চল। শিং—১ "আলোলপুষ্করমুখোল্লসিতৈরভীক্ষ্ণম্।" (মাঘ)।

আলোলিকা; সং, স্ত্রীং, উলু উলুধ্বনি।

আলোহিত (আ—লোহিত) বিং, ত্রিং, ঈষৎ লোহিত বর্ণ, আরক্ত।

আলোহিতনয়ন, আলোহিতনেত্র, আলোহিতলোচন (আলোহিত—নেত্র, নয়ন, লোচন) বিং, ত্রিং, আরক্তনয়ন।

আল্যা (দেশজ) বালকের আবদার। যথা—"আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে। ওমা ওমা বলি উমা কথা কন ছলে।"

আবনেয় (অবনী পৃথ্বী+এয়(ঞেয়)—অপত্যার্থে। সতী প্রাণত্যাগ করিলে পর, তপস্যা করিতে২ মহাদেবের কপাল হইতে একবিন্দু ঘর্ম্মজল মহীতলে নিপতিত হইয়া এক লোহিতবর্ণ পুত্র জন্মে। পৃথিবী ইহাকে স্নেহবশতঃ ধাত্রীরূপে পালন করিয়াছিলেন বলিয়া ইহার নাম আবনেয় হইল) সং, পুং, মঙ্গলগ্রহ।

আবপন (আ—বপ্ বপন করা, মুণ্ডন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, ধান্যস্থাপনপাত্র, থল্যা। ২। পাত্র, ভাণ্ড। ৩। (+অনট্—ভা) ক্ষুরিকর্ম্ম, কেশাদি মুণ্ড[ন]। ৪। বীজরোপণ, বোনা।

আবরক (Protectives, আবরণ দেখ, ণ(ণক)—ক) বিং, ত্রিং, আচ্ছাদক। ঢাকনি।

আবরণ (আ—বৃ অবরোধকরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, চর্ম্মফলক, ঢাল। [২।] ঢাকনি। ৩। (+অনট্—ভাবে) আচ্ছাদন, ঢাকন; যেমন—নেত্রাবরণ। [৪।] আচ্ছাদনসাধন (প্রাচীর বেড়া ইত্যাদি)। ৫। অবরোধ। ৬। বেদান্তমতে—চৈতন্যে আবরণরূপ অজ্ঞানবিশেষ।

আবরণশক্তি—মায়াশক্তি, যে শক্তির দ্বা[রা] বস্তুর স্বরূপের তিরোধান হয়। যেম[ন] অতি অল্প মেঘ বহুযোজনবিস্তৃত আদিত্য মণ্ডলকে মানবনয়ন হইতে আবৃত ক[রি]তে সমর্থ হয়, সেইরূপ অজ্ঞতা অ[তি] সামান্য হইলেও সুমহৎ, পরমাত্মাকে ম[নু]ষ্যের মনশ্চক্ষু হইতে আবরণ করিয়া রাখিয়াছে। মেঘাচ্ছাদিত সূর্য্যের সত্তা[র] ন্যায় পরমাত্মার সত্ত্বা মনুষ্যের জ্ঞানেচ্ছা সাপেক্ষ।

আবর্জ্জিত (আ—বর্জ্জি ত্যাগ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। ২। প্রক্ষিপ্ত। শিং—১ "নূনমাবর্জ্জিতং ময়া।" "হারাবর্জ্জিতং হোতস্তু য়া বিধিবদগ্নিষু।" ৩। আনমিত, নোয়ান। "আবর্জ্জিতজটামৌলিবিলম্বি শশিকোটয়ঃ।" (কুমার)। ৪। আহৃত। ৫। সংযমিত। ৬। নিয়মিত।

আবর্ত্ত (আ—বৃত্ [হওয়া] ঘোরা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, জলভ্রম, ঘূর্ণিজল। ২। বিবেচনা, চিন্তা। ৩। পরিবর্ত্ত। ৪। ঘূর্ণন। ৫। দেহিদিগের রোমসংস্থান। ৬। পুনঃ পুনশ্চালন, আওটান। ৭। ধাতু গলান। ৮। আবর্ত্তন। ৯। অশ্বের দশবিধ রোমসংস্থানবিশেষ। শিং—১"দ্বাবুরস্যৌ শিরস্যৌ দ্বৌ, দ্বৌ দ্বৌ রন্ধ্রোপরন্ধ্রয়োঃ, একো ভালে হৃপানেচ, দশাবর্ত্তা ধ্রুবাঃ স্মৃতাঃ।" যথা—"ঐ অশ্ব সকল তেজোবল সংযুক্ত, উৎকৃষ্ট জাতিসম্ভূত, সিন্ধুদেশজাত, মারুতগামী ও দশ আবর্ত্তে

অলঙ্কৃত।" ১০। (+অল্—ক) চতুষ্টয় মেঘনায়কের অন্তর্গত মেঘাধিপবিশেষ। ১১। রাজাবর্ত্তনামক মণি। শিং—১"নৃপং তমাবর্ত্তমনোজ্ঞনাভিঃ।" (রঘু)। ১২। দেহান্তবর্ত্তি আবর্ত্তাকার নাড়িসন্নিবেশ-বিশেষ।

আবর্ত্তক (আবর্ত্ত+কণ্—যোগ) সং, পুং, জলভ্রম, ঘূর্ণিজল। ২। অশ্বের রোমসংস্থান-বিশেষ। ৩। মেঘবিশেষ। শিং—১"তদীয়া-স্তোয়দেষ্বদ্য পুষ্করাবর্ত্তকাদিষু।"(কুমার)। ৪। মেরুদণ্ডে যে সকল অস্থি আছে, তাহার প্রতি খণ্ড। ৫। (আবর্ত্ত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, আবরক। ৬। আবৃত্তিকারক।

আবর্ত্তকী; সং, স্ত্রীং, লতাবিশেষ, ভগতবল্লী। ২। ভদ্রদন্তিকা বৃক্ষ।

আবর্ত্তন (আবর্ত্ত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দুগ্ধাদির আলোড়ন, ঘোটন, আওটান। ২। ধাতু-দ্রব্যের দ্রবীকরণ, গলান। ৩। গুণন। ৪। পুনঃপুনঃ করণ। ৫। সূর্য্যের পশ্চিমদিগের অবস্থিত ছায়া হইতে পূর্ব্ব-দিগ্গমনারম্ভকাল। শিং—১ "আবর্ত্ত-নাত্তু পূর্ব্বাহ্ণো হ্যপরাহ্ণস্ততঃ পরং।" ৬। পরিভ্রমণ, ঘূর্ণন, আবর্ত্তন, আচ্ছাদন, বেষ্টন, (প্রাচীরাদি)। ৭। পুং, বিষ্ণু। "আবর্ত্তনো নিবৃত্তাত্মা।" ৮। পুনরাগমন, প্রত্যাবর্ত্তন, ফিরিয়া আসা। নী—স্ত্রীং, (+অনট্—ধি) কোন দ্রব্য গলাইবার পাত্র, মূচী।

আবর্ত্তমান (আ—বৃৎ বিদ্যমান থাকা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে বা যাহা ফিরিয়া আসিতেছে।

আবর্ত্তবতী (আবর্ত্ত জলভ্রম+বৎ—অস্ত্য-র্থে) বিং, স্ত্রীং, চক্রাকারে যাহাতে জল ঘূর্ণিত হয়, আবর্ত্ত বিশিষ্টা; যথা—"আব-র্ত্তবতী স্রোতস্বতী।

আবর্ত্তিত (আ—বর্ত্তি বর্ত্তান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভ্যস্ত। ২। গুণিত। ৩। বি-লোড়িত। ৪। প্রত্যাবর্ত্তিত। ৫। আচ্ছা-দিত, বেষ্টিত।

আবর্ত্তিনী (যাহার মেষ-শৃঙ্গাকারে আবর্ত্ত অর্থাৎ বেষ্টন আছে) সং, স্ত্রীং, অজশৃঙ্গী বৃক্ষ।

আবর্হিত (আ—বর্হ্ বধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উন্মূলিত, সমূলে উৎপাটিত।

আবলি } (আ—বল্ গমন করা+ই—
আবলী } ভাবে) সং, স্ত্রীং, শ্রেণী, পঙ্ক্তি, সারি; যেমন—বৃক্ষাবলি। ২। বংশ।

আবল্গিত (আ—বল্গ্ দৌড়িয়া যাওয়া +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, চঞ্চল। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, চাঞ্চল্য।

আবল্য (অবল+য(ষ্যঞ্)—ভাবে) সং, ক্লীং, দৌর্ব্বল্য, অবশ হওয়া। ২। জাড্য, জ-ড়তা, স্ফূর্ত্তির অভাব।

আবশ্যক (অবশ্যম্ নিশ্চয়+ক(কণ্)—ভ-বার্থে) বিং, ত্রিং, যাহার প্রয়োজন আছে, যাহা না হইলে চলে না, যথা—পাক ক-রিতে গেলে অগ্নি আবশ্যক। ২। প্রয়োজ-নীয়, নৈশ্চয়িক। ৩। অবশ্যকর্ত্তব্য। ৪। সং, ক্লীং, অবশ্যম্ভাব। ৫। নিরবকাশ। শিং —১ "নেহেতাত্র বিশেষেজ্যামন্ত্রাবশ্যকা-দ্বিধেঃ।" [স্ত্রীং, আয়োজন।

আবশ্যকতা (আবশ্যক+তা—ভাবে) সং,

আবসথ (আ—বস্ বাস করা+অথ—ধি) সং, পুং—ক্লীং, স্থান। ২। আশ্রম। ৩। গৃহ, ভুবন। ৪। বাসস্থান। "দূরাদাবসথা-ন্মূত্রং দূরাৎ পাদাবসেচনম্।" (মনু)। ৫। বিশ্রামস্থান। শিং—১ "স কিলাশ্রমমন্ত্য-মাশ্রিতো নিবসন্নাবসথে পুরাদ্বহিঃ।"(রঘু)। ৬। গ্রাম। ৭। ব্রতবিশেষ। ৮। আর্য্যা-চ্ছন্দের গ্রন্থবিশেষ।

আবসথ্য (আবসথ+য(ষ্য)—প্রং) সং, ক্লীং, গার্হস্থাশ্রম। ২। গৃহসম্বন্ধীয় লৌকিক অগ্নি। শিং—১" আবসথ্যং দ্বিজাঃ প্রাজ্-র্দীপ্তমগ্নিং মহাপ্রভম্।" ৩। অগ্ন্যাধান কর্ম্মাঙ্গ বহ্নি। ৪। পঞ্চপ্রকার যজ্ঞাগ্নি মধ্যে বহ্নিবিশেষ, পঞ্চপ্রকার বহ্নি; যথা— আবসথ্য, আবহনীয়, দক্ষিণাগ্নি, অন্বাহার্য্য, গার্হপত্য।

আবসিত (আ—অব—সো [নাশ করা] স্থাপন করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভাণ্ডারে স্থাপিত। ২। রাশীকৃত। ৩।

শূর্প অর্থাৎ কুলাদ্বারা পরিষ্কৃত(ধান্যাদি)। ৪। নির্ণীত। ৫। অবধারিত। ৬। সমাপ্ত।

আবহ (আ—বহ্ [বহা] জন্মান+অ(অন্) —ক) বিং, ত্রিং, যাহা ধারণ করে বা জন্মায়, জনক, উৎপাদক; যথা—"নিত্যসাধুসমাগম কেবল ধর্ম্মের আবহ।" (এই শব্দ প্রায় অন্য শব্দের পরে যোজিত হইয়া প্রযুক্ত হয়; যেমন—শোকাবহ, দুঃখাবহ) ২। প্রাপক। শিং—১ "ক্লেশাবহা ভর্ত্তুরলক্ষণাহং।" (রঘু)। ৩। বহনকারী। ৪। সং, পুং, দাতা। ৫। জনক। ৬। সপ্তবায়ুর অন্তর্গত এক বায়ু, ভূবায়ু। (ইহার ঊর্দ্ধস্থ বায়ুকে প্রবহ বলে)।

আবহন (আবহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উৎপাদন। ২। বহন।

আবহমান (আবহ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, ক্রমাগত, চিরপ্রচলিত, যাহা বরাবর চলিয়া আসিতেছে; যথা—আবহমান কাল।

আবাপ (আ—বপ্ বপন করা ইত্যাদি+অ (ঘঞ্)—ভা) সং, পুং, শত্রুরাজ্যচিন্তা। শিং—১ "তন্ত্রাবাপবিদা যোগৈর্ম্মণ্ডলান্যধিষ্ঠিতা।" (মাঘ)। ২। শত্রুবিষয়ক চিন্তা। ৩। রাজ্যরক্ষা। ৪। নিক্ষেপ। ৫। বীজবপন; যেমন—শস্যাবাপ। ৬। (+ঘঞ্—ণ) কঙ্কণাদি ভূষণ। ৭। (+ঘঞ্—ধি) আলবাল। ৮। উন্নতানত ভূমি। ৯। একত্রাবস্থান। ১০। অন্বয়। ১১। পানবিশেষ, থলিয়া। ১২। প্রধান হোম। ১৩। ভাণ্ড।

আবাপক (আবাপ দেখ, অক—ক) বিং, ত্রিং, বপনকারী। ২। (আবাপ + ক(কণ)—যোগ) সং, পুং, বলয়াদি ভূষণ।

আবাপন (আ—বাপি বস্ত্রবুনান+অন(অনট্) —ণ) সং, ক্লীং, সূত্রযন্ত্র, তাঁত। ২। কেশাদির সম্যক্ মুণ্ডন।

আবারি (আ—বারি অবরোধ করা, আবরণ করা, আবরণ করা+ই—প্রং) সং, স্ত্রীং, হট্টবেশ্ম, হাটের চালি। ২। বিং, ত্রিং, সম্যক্ জলযুক্ত।

আবাল (আ—বল্ [গমনকরা] খননকরা+অ (ঘঞ্)—র্ম্ম) সং, ক্লীং, আলবাল। ২। (অবধি—বাল) বাল্যাবধি, বালককালযাব[ৎ]

আবাস (আ—বস্ বাস করা+অ(ঘঞ্) ধি। যেখানে বাস করা যায়) সং, পুং, গ[ৃহ] ভবন, বাসস্থান। শিং—১ "আবাসেষু বর্হিণান্।" (রঘু)।

আবাহন (আ—বাহি [বহান] আহ্বান ক[রা] +অন(অনট্)—ভা) সং, ক্লীং, আহ্বান। ২। নিমন্ত্রণ। ৩। মন্ত্রোচ্চারণপূর্ব্বক হস্তে[র] প্রক্রিয়া বিশেষ দ্বারা কর্ম্ম স্থলে দেবতা আমন্ত্রণ।

আবাহনী; সং, স্ত্রীং, দেবতা আহ্বানার্থ মু[দ্রা] বিশেষ। "হস্তাভ্যামঞ্জলিং বদ্ধানামিকামূ[ল] পর্ব্বণোঃ। অঙ্গুষ্ঠৌ নিঃক্ষিপেৎ সেয়ং মুদ্রা আবাহনী স্মৃতা।" [ক] সং, স্ত্রীং, নিবা

আবাহিকা (আ—বহ্ বহন করা+অক-

আবাহিত (আ—বাহি বহান+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহার আবাহন হইয়াছে, আহূত, নিমন্ত্রিত।

আবিক (অবি মেষ+ক(কণ্)—ইদমর্থে) সং, পুং, কম্বল, মেষলোমজ (বস্ত্র)। শিং—১ "সর্ব্বক তান্ত রঙ্কুং শাণক্ষৌমাবিকানি চ।" (মনু) ২। বিং, ত্রিং, মেষসম্বন্ধীয়। শিং—১ "আবিকং সন্ধিনীক্ষীরং বিবৎসায়াশ্চ গো পয়ঃ।" (মনু)।

আবিগ্ন (আ—বিজ্ ভীত বা কম্পিত হওয়া +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উদ্বিগ্ন। ২। সং, পুং, করমর্দ্দক। ৩। পানিআমলা।

আবিদ্ধ (আ—ব্যধ্ [তাড়না করা] নিক্ষেপকরা ইত্যাদি + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, কুটিল। ২। নিক্ষিপ্ত। ৩। প্রেরিত। ৪। ভগ্ন। ৫। মূর্খ। ৬। যাহাতে ছিদ্র করা গিয়াছে, বিদ্ধ। ৭। নিরস্ত। ৮। অভিভূত।

আবিধ (আ—ব্যধ্ [তাড়না করা] ছিদ্রকরা +অ(ক)—ণ) সং, পুং, সূত্রধরের কাষ্ঠবেধনাস্ত্র, তুরপুন, ভোমর প্রভৃতি।

আবির্ভবন (আবিস্ প্রকাশ—ভবন [ভূ হওয়া+ অন(অনট্)—ভাবে] হওন) সং, ক্লীং, আবির্ভাব দেখ।

আবির্ভাব (আবিস্ প্রকাশ—ভাব গতি, অবস্থা) সং, পুং, উদয়, প্রকাশ; যথা—

প্রাতঃকালে পূর্ব্বে সূর্য্যের আবির্ভাব হয়। ২। দেবাবতরণ, অধিষ্ঠান; যথা—এই স্থানে দেবতার আবির্ভাব হইয়াছে। ৩। উদ্ভব। ৪। প্রাদুর্ভাব।

আবির্ভূত (আবিস্—ভূত যে হইয়াছে) বিং, ত্রিং, প্রকাশিত। ২। কৃতাধিষ্ঠান। ৩। অধিষ্ঠিত। ৪। অবতীর্ণ। ৫। উদ্ভূত, প্রাদুর্ভূত। শিং—১ "আবির্ভূতা মহাঘোরা যোগিনীকোটিভিঃ সহ।"

আবিল (আ—বিল্ ভেদ করা+অ(ক)—ক যে শোভা নষ্ট করে) বিং, ত্রিং, কলুষিত। শিং—১"ননন্দুরানন্দজলাবিলাক্ষ্যাঃ।" ২। ঘোলা। ৩। আকুল। ৪। সন্দিগ্ধ।

আবিলতা (আবিল+তা—ভাবে) সং, স্ত্রীং, মলযোগ, নির্ম্মলতার অভাব।

আবিষ্করণ (আবিস্—কৃ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, আবিষ্কার দেখ।

আবিষ্করণীয় (আবিষ্কার দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যার আবিষ্কার করিতে হইবেক অথবা করা উচিত বা আবশ্যক।

আবিষ্কার—পুং } (আবিস্—কৃ করা
আবিষ্ক্রিয়া—স্ত্রীং } +অ(ঘঞ্)—ভাবে।
২য় পক্ষে+অ(শ)—ভাবে। আ(প্—স্ত্রীং) সং, নব প্রকাশ, ব্যক্তকরা, অপ্রকাশিত অথবা অপরিজ্ঞাত বিষয়ের উদ্ভাবন।

আবিষ্কারক (আবিষ্কার দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আবিষ্কার করে, প্রকাশক, আবিষ্কর্ত্তা, উদ্ভাবক।

আবিষ্কৃত (আবিস্—কৃত [কৃ করা+ক্ত—র্ম্ম] যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, প্রকটিত, ব্যক্তীকৃত। ২। নব প্রকাশিত। ৩। উদ্ভাবিত।

আবিষ্ট (আ—বিশ্ প্রবেশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভূতাদি কর্ত্তৃক অভিভূত বা অধিকৃত। ২। ব্যাপ্ত। ৩। প্রবিষ্ট। ৪। (+ত(ক্ত)—ক) যাহার আবেশ আছে, সবিশেষ যত্নশীল, অতিশয় মনোযোগী, অভিনিবিষ্ট।

আবিস্ (আ—উ শব্দ করা+ইস্—ক) অং, প্রকাশ, ব্যক্ত। শিং—১"তেষাং আবিরভূৎ ব্রহ্মা পরিম্লানমুখশ্রিয়াম্।" ২। উদ্ভব।

আবীত (আ—বি—ইত গত) বিং, ত্রিং, গত, অতীত। ২। (আ—বী ক্ষেপণ করা ইত্যাদি+ত(ক্ত)—ণ) ক্লীং, দক্ষিণাংশস্থাপিত যজ্ঞসূত্র।

আবীর (আ—বি—ঈর্ গমন করা+অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, রঞ্জক দ্রব্যবিশেষ, ফাগ; যথা—

"হুঙ্কার ছাড়িয়া ফুঁকে উড়াইয়া
ফেলিছে আবির উড়া।" (অন্নদা)।

আবীরচূর্ণ; সং, ক্লীং ফল্গু, ফাগু। হিন্দী ভাষায় আবীর। শিং—১ "আবীরচূর্ণং রুচিরং গৃহ্যতাং পরমেশ্বরঃ।"

আবুক (আ—অব্ রক্ষা করা+উক—ক) সং, পুং, [নাট্যে] পিতা।

আবুত্ত (আ—বুধ্ জানা+ত(ক্ত)—ক, বা আ—অপ্ + উত্ত) সং, পুং, [নাট্যে] ভগ্নীপতি।

আবৃৎ (আ—বৃ আবরণ করা+০(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, আবর্ত্তন। ২। ভ্রামণ। ৩। পুনঃশ্চালন। ৪। পরিপাটী। ৫। সংস্কার। ৬। অনুক্রম।

আবৃত (আ—বৃ আবরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতাবরণ, বেষ্টিত। ২। বিস্তারিত। ৩। ঢাকা, আচ্ছাদিত, তিরোহিত। ৪। অজ্ঞানাবৃত। ৩। ব্যাপ্ত। ৪। পূরিত। ৫। পুং—স্ত্রীং, ব্রাহ্মণের ঔরসে উগ্রাজাত। শিং—১ "ব্রাহ্মণাদুগ্রকন্যায়ামাবৃতো নাম জায়তে।" (মনু)।

আবৃতি (আবরণ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আবরণ, আচ্ছাদন, তিরোধান। ২। বেষ্টন। ৩। (+তি(ক্তি)—ণ) প্রাচীর।

আবৃত্ত (আ—বৃত্ [হওয়া] পড়া ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পঠিত। ২। পুনঃ পুনঃ অভ্যস্ত। ৩। গুণিত। ৪। (+ক্ত—ক) যে ফিরিয়া আসিয়াছে, পুনরাগত। ৫। আগত। ৬। নিবৃত্ত। ৭। চতুর্দশ প্রকার মণ্ডল মধ্যে মণ্ডলবিশেষ।

আবৃত্তি (আবৃত্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পঠন, ব্যাখ্যা না করিয়া গ্রন্থের উচ্চারণ বা পঠন। শিং—১ "আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধদপি গরীয়সী।" ২। অভ্যাস।

৩। গুণন। ৪। আগমন। ৫। ফিরিয়া আসা, পুনরাগমন। শিং—১ "তপোবনাবৃত্তিপথং গতাভ্যাম্।" (রঘু)।

আবেগ (আ—বিজ্ [ভীত হওয়া] ত্বরা করা + অ(ঘঞ)—ভা) সং, পুং, উৎকণ্ঠাজনিত ত্বরা, শীঘ্রতা। ২। চিত্ত সম্ভ্রম। ৩। চিত্তের ব্যাকুলতা, অস্থিরতা, চাঞ্চল্য। যেমন—শোকাবেগ, হর্ষের আবেগ।

আবেগী; সং, স্ত্রীং, বৃদ্ধদারক বৃক্ষ।

আবেদক (আ—বেদি জানান + অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আবেদন করে, নিবেদক, বিজ্ঞাপক। ২। প্রার্থক। ৩। যে নালিশ করে।

আবেদন (আ—বেদি জানান + অন(অনট্)—ভা) সং, ক্লীং, জানান, গোচর করা, নিবেদন, বিজ্ঞাপন। ২। নালিশ করা। ৩। প্রার্থনা। ৪। (*Petition*) আরজী, দরখাস্ত।

আবেদনীয় (আ—বেদি জানান + অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আবেদন করিতে হইবেক অথবা করা উচিত বা আবশ্যক, আবেদ্য, নিবেদনীয়। ২। প্রার্থনীয়।

আবেদিত (আবেদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে আবেদন করা গিয়াছে, নিবেদিত, বিজ্ঞাপিত। ২। প্রার্থিত। ৩। ঋণ দানাদির জন্য রাজার নিকট বিজ্ঞাপিত।

আবেদ্য (আ—বেদি জানান + য—র্ম্ম) বিং, ত্রিং, আবেদনীয় দেখ।

আবেদ্যমান (আ—বেদি জানান + আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের আবেদন করা যাইতেছে, নিবেদ্যমান, বিজ্ঞাপ্যমান। ২। প্রার্থ্যমান।

আবেশ (আ—বিশ্ [প্রবেশ করা] থাকা ইত্যাদি + অ(ঘঞ)—ভা) সং, পুং, অধিষ্ঠান। ২। অনুপ্রবেশ; যথা—ভূতাবেশ। ৩। অপস্মার রোগ, ভূতাদি আবেশ রোগ। "তস্মৈ স্ময়াবেশ বিবর্জ্জিতায়।" (রঘু)। ৪। গর্ব্ব। ৫। মনোযোগ। ৬। আয়ত্তীকরণ। ৭। আন্তরিক যত্ন, সবিশেষ মনোযোগ। ৮। অভিনিবেশ। ৯। সঞ্চার। ১০। অনুরাগ, মত, আসক্তি; যথা—

"এতেত নারদ আরো বিষ্ণুর আদেশে।
শিবের বিবাহ তাহে বাড়িল আবেশে॥"

আবেশন (আবেশ দেখ, অন(অনট্)—[illegible]) সং, ক্লীং, (কার্য্যকরণ হেতু যেখানে মনে অভিনিবেশ আবশ্যক) শিল্পশালা। ২। সূর্য্যাদির পরিধি। ৩। (+অনট্—ভা) প্রবেশ। ৪। ভূতাবেশ। ৫। কোপ। ৬। পরিবেশ।

আবেশিক (আবেশ দেখ, ইক(ষ্ণিক)—প্রা) বিং, ত্রিং, আগন্তুক, অতিথি। ২। (+ইক—স্বার্থে) প্রবেশ। ২। অসাধারণ।

আবেষ্টক (আ—বেষ্ট্ বেষ্টন করা + অক(ণক)—ণ) সং, পুং, প্রাচীর, বৃতি, পাঁচিল, বেড়া প্রভৃতি।

আবোধন (আ—বুধ্ বুঝা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, জ্ঞান, বুদ্ধি।

আশ (অশ্ ভোজন করা + অ(ঘঞ)—ভা) সং, পুং, ভোজন; যেমন—প্রাতরাশ। ২। যে ভোজন করে, (এই শব্দটী প্রায় অন্য শব্দের সহিত প্রযুক্ত হয়; যথা—হুতাশ, আশ্রয়াশ। ৩। কোন সারিকায় তার চাপিয়া আঘাতান্তর সেই আঘাতের অনুরণন থাকিতে থাকিতে বামহস্তের অঙ্গুলীর সংযোগে এক বা ততোধিক সুরে ক্রমান্বয়ে যাওয়ার নাম ঘর্ষণ বা আশ।

আশংসন—ক্লীং } (আ—শন্স্ বলা, ইচ্ছা করা + অন(অনট্), অ
আশংসা—স্ত্রীং } —ভা) সং, আশা, প্রত্যাশা। ২। ইচ্ছা, অভিলাষ; যথা—"যিনি অন্যের অশুভ আশংসা করেন না।" শিং—১ "নিদধে বিজয়াশংসা চাপে সীতাঞ্চ লক্ষণ।" (রঘু)। ৩। কথন। ৪। সম্ভাবনা।

আশংসমান (আ—শংস্ বলা, ইচ্ছাকরা + আন(শান)—ক) বিং, ত্রিং, যে আশংসা করিতেছে।

আশংসিত (আশংসা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আকাঙ্ক্ষিত, ইচ্ছাবিষয়ীভূত। ২। প্রার্থিত। ৩। কথিত। ৪। সম্ভাবিত। ৫। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, আশা, ইচ্ছা। ৬। কথন।

আশংসিতা } (আশংসিতৃ, আশংসা দেখ,
আশংসু } তৃ(তৃন্), উ — ক) বিং, ত্রিং, আকাঙ্ক্ষী, প্রার্থক। ২। যে আশংসা করে, ভাবি শুভেচ্ছাকারী। ৩। ইচ্ছুক। ৪। কথয়িতা। শিং — ১ "লক্ষ্মীঃ পুংযোগমাশংসুঃ কুলটেব কুতুহলাৎ।" (ভট্টি)।

আশক্ত (আ — শক্ পারক হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, সম্যক্‌শক্তিবিশিষ্ট, সমর্থ।

আশঙ্কনীয় (আ — শঙ্ক্ ভয় করা + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে আশঙ্কা করিতে হয়, আশঙ্কাযোগ্য, আশঙ্কাস্থল।

আশঙ্কা (আ — শঙ্ক্ ভীত হওয়া + অ — ভা, আ — স্ত্রীং) সং, স্ত্রীং, ত্রাস, ভয়। ২। অনিষ্ট হইবে অনুমান করিয়া চিন্তা। ৩। সন্দেহ, সংশয়। ৩। সঙ্কোচ। ৪। বিতর্ক।

আশঙ্কাস্থল (আশঙ্কা — স্থল) সং, ক্লীং, আশঙ্কার বিষয়, যে বিষয়ে আশঙ্কা করিতে হয়, আশঙ্কাযোগ্য।

আশঙ্কিত (আ — শঙ্ক্ ভয় করা + ইত — জাতার্থে) বিং, ত্রিং, যাহার আশঙ্কা জন্মিয়াছে, ভীত, ত্রস্ত। ২। সন্দিগ্ধ, সংশয়িত। ৩। যে বিষয়ের আশঙ্কা জন্মিয়াছে।

আশন ; সং, পুং, অশন বৃক্ষ।

আশপাশ (আশ আশা শব্দজ — পাশ পার্শ্ব শব্দজ) ক্রিং — বিং, ইতস্ততঃ, চতুর্দ্দিকে, চারিপার্শ্বে।

আশম্ ; অং, ক্লীং, আনন্দ।

আশমানী (যাবনিক) স্বর্গীয়। আশমানী এবং সুলতানী দুঃখ অর্থে অকস্মাৎ দুঃখ, কোন কারণজনিত নহে।

আশয় (আ — শী শয়ন করা + অ(অল্) — ভাবে) সং, পুং, অভিপ্রায়, তাৎপর্য্য। ২। ইচ্ছা, বাসনা। ৩। (+ অল্ — ধি) আশ্রয়, আধার ; যথা—জলাশয়। ৪। চিত্ত, মনঃ। ৫। অদৃষ্ট। ৬। অভ্যন্তর। ৭। ধর্ম্মাধর্ম্ম। ৮। বিভব। ৯। কর্ম্মজনিত বাসনা নামক সংস্কার বিশেষ ; উহা অন্তঃকরণে অবস্থিতি করে। ১০। অজীর্ণস্থান, কোষ্ঠাগার। ১১। পনস বৃক্ষ।

আশর (আ — শৄ বধকরা + অ(অন্) — ক) সং, পুং, অগ্নি। ২। পুং — স্ত্রীং, রাক্ষস, রাক্ষসী।

আশরফী (যাবনিক) পারস্যদেশীয় স্বর্ণমুদ্রা ; যথা—
"আশরফী বস্ত্র অলঙ্কার আদি যত।
দিলেন গোবিন্দদেবে কব তাহা কত।"

আশা (আ — অশ্ ব্যাপা + অ(ড) এবং আ — প্রং। যে সর্ব্বতোভাবে ব্যাপে) সং, স্ত্রীং, ইচ্ছা, বাঞ্ছা। ২। দিক্ ; যথা— পূর্ব্বাশা, পশ্চিমাশা। শিং — ১ "অগস্ত্যাচরিতামাশামনাশাস্যজয়োযযৌ।" (রঘু)। ৩। দৈর্ঘ্য। ৪। অভিলষণীয় বিষয় ঘটিতে পারিবেক এই বিশ্বাসে সেই বিষয়ের আকাঙ্ক্ষা। ৫। অতি তৃষ্ণা, ভবিষ্যবিষয়ে দৃঢ় বিশ্বাস। ৬। দণ্ড, আশাসোঁটা ; যথা—"আজানুলম্বিত বাহু সুললিত
কামের কনক আশা।" (অন্নদা)।

আশাপুরসম্ভব ; সং, পুং, ভূমিজ গুগ্গুল।

আশাবন্ধ (আশা আকাঙ্ক্ষা ইত্যাদি — বন্ধ বন্ধন, ৬ষ্ঠী — ষ) সং, পুং, আশ্বাস, প্রত্যাশা। ২। তৃষ্ণাবন্ধ। ৩। সমাশ্বাস। ৪। আশারূপবন্ধ। শিং — ১"আশাবন্ধঃ কুসুমসদৃশং প্রায়শোহ্যঙ্গনানাং।" (মেঘদূত)। ৫। (আশা দিক্ — বন্ধ বন্ধন। যে দিকে বন্ধন করে) মাকড়সার জাল।

আশাসোঁটা (যাবনিক) রাজদণ্ড, রাজচিহ্ন।

আশাস্য (আ — শাস্ [শাসন করা] আশীর্ব্বাদ করা ইত্যাদি + য(যাণ্) — র্ম্ম) বিং, ত্রিং, আশাজনক, প্রার্থনীয়। ২। আশীর্ব্বাদসাধ্য। শিং — ১ "আশাস্যমন্যৎ পুনরুক্তমেব।" (রঘু)।

আশিত (আ — অশ্ ভোজন করা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, অশিত, ভুক্ত। ২। অশনের দ্বারা তৃপ্ত। শিং — ১ "নাতিপ্রগে নাতিসায়ং ন সায়ং প্রাতরাশিতঃ।" (মনু)। ৩। (+ ক্ত — ভাবে) ক্লীং, ভোজন। ৪। তৃপ্তি।

আশিতঙ্গবীন (আশিত ভুক্ত — গো গোরু + ঈন(খীন) — প্রাগ্‌ভূতার্থে) বিং, ত্রিং, ঘাসাদি ভক্ষণ দ্বারা যে স্থানে গরু সকল তৃপ্তি পাইত এইরূপ প্রচুর তৃণপূর্ণ ক্ষেত্র, পূর্ব্বে যে স্থানে গোচারণ হইত, পূর্ব্ব গোচারণ ক্ষেত্র। "হিত্বাশিতঙ্গবীনানি।" (ভট্টি)

আশিতম্ভব (আশিত—ভব [ভূ হওয়া+অ(খ)—ণ] উৎপত্তি। যাহার ভোজন দ্বারা তৃপ্ত হয়) বিং, ত্রিং, তৃপ্তিকর (খাদ্য)। ২। ক্লীং, অশনের দ্বারা তৃপ্ত হওন। "ফলৈর্যেষ্বাশিতম্ভবম্ ॥" (ভট্টি)।

আশীঃ (আশিস্, আ—শাস্ [শাসন করা] শুভাকাঙ্ক্ষা করা ইত্যাদি+০(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, অন্যের শুভ প্রার্থনা, অন্যের মঙ্গল হউক বলিয়া অভিলাষ করা, শুভাকাঙ্ক্ষা, অভিলাষ। শিং—১"অমোঘাঃ প্রতিগৃহ্ণন্তাবর্ঘ্যানুপদমাশিষঃ।"(রঘু)। ২। প্রার্থনা। ৩। (+ক্বিপ—ণ) সর্পের বিষদাঁত। ৪। বৃদ্ধিনামক ঔষধি। ৫। (+ক্বিপ—ক) বিং, ত্রিং, আশ্বাসয়িতা।

আশী (আ—অশ্ ভোজন করা, শুভাকাঙ্ক্ষা করা+০(ক্বিপ্)—ণ) সং, স্ত্রীং, সর্পের বিষদন্ত। শিং—১"বিষমাশীভিরনারতং বসন্তঃ।"(মাঘ)। ২। সর্পবিষ (তালুগত দন্তের দ্বারা দংশন করিলে মৃত্যু হয় বলিয়া)।

আশীর্ব্বাদ—পুং } (আশিস্—বাদ, বচন
আশীর্ব্বচন—ক্লীং } কথন, ৬ষ্ঠী—য) সং, পুং, বাক্য দ্বারা অন্যের শুভ অভিলাষ করা. শুভাকাঙ্ক্ষাসূচক বাক্য, মঙ্গলপ্রার্থনা।

আশীর্ব্বাদক (আশিস্—বদ বলা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আশীর্ব্বাদ করে, বাক্য দ্বারা যে অন্যের শুভ অভিলাষ করে, শুভপ্রার্থক।

আশীবিষ (আশী বিষদাঁত—বিষ, ৬ষ্ঠী—হিং। যাহার দাঁতে বিষ থাকে) সং, পুং, সর্প। ২। স্ত্রীং, সর্পী।

আশু (অশ্ ব্যাপা+উ(উণ্)—ক) সং, পুং, —ক্লীং, প্রাবৃট্কালসমুদ্ভব ধান্য, আউস্ ধান। ২। অং, ক্লীং, শীঘ্র।

আশুকারী (আশুকারিন্, আশু—কারিন্ যে কর্ম্ম করে) বিং, ত্রিং, যে শীঘ্র কার্য্যনির্ব্বাহ করিতে পারে, ক্ষিপ্রকারী, শীঘ্রকারী।

আশুগ (আশু শীঘ্র—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং, পুং, বাণ। ২। বায়ু। ৩। সূর্য্য। শিং—১"পপাবনাস্বাদিত পূর্ব্বমাশুগঃ।" (রঘু)। ৪। বিং, ত্রিং, শীঘ্রগামী, যে শীঘ্র গমন করিতে পারে।

আশুগতি (আশু শীঘ্র—গতি গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ু; যথা—

"অনুচর তব আশুগতি পুত্র হন,
আশুগতি গতি।" (মেঘনাদ)।

২। (যং—স) স্ত্রীং, শীঘ্র গমন।

আশুগামী (—গামিন্, আশু—গামী যে গমন করে) সং, পুং, সূর্য্য। শিং—১"আশুগামী তমোঘ্নশ্চ হরিতাশ্বশ্চ কীর্ত্ত্যতে।" বিং, ত্রিং, শীঘ্রগামী।

আশুতর (আশু—তর দুয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে) বিং, ত্রিং, অতি শীঘ্র; যথা—"পবন অমনি চালাইলা আশুতরে সে শব্দবাহকে।" (মেঘনাদ)।

আশুতোষ (আশু—তোষ সন্তোষ। অল্পেই যাহার সন্তোষ জন্মে) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, যে শীঘ্র তুষ্ট হয়।

আশুপত্রী; সং, স্ত্রীং, শল্লকীলতা।

আশুরোষ (আশু—রোষ) বিং, ত্রিং, শীঘ্র যার রোষ জন্মে, অল্পেই যার রোষ জন্মে।

আশুব্রীহি (আশু শীঘ্র—ব্রীহি ধান্য, যং—স) সং, পুং, আউস্ ধান।

আশুশুক্ষণি (আশু—শুষ শুষ্ক করা+সন্ ইচ্ছার্থে, অনি—ক, সংজ্ঞার্থে। যে সর্ব্বদা শুষ্ক করে) সং, পুং, অগ্নি, আগুন। শিং—১"মন্ত্রপূতানিহবীংষি প্রতিগৃহ্ণাত্যেতং প্রীত্যাশুশুক্ষণিঃ।"(কাদম্বরী)। ২। বায়ু।

আশৌচ (অশৌচ+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, অশৌচ। শিং—১ "দশাহং শাবমাশৌচং ব্রাহ্মণস্য বিধীয়তে।" (মনু)।

আশ্চর্য্য (আ—চর্ গমন করা+য(ঘ্যণ)—র্ম্ম। স্—আগম) বিং, ত্রিং, অদ্ভুত, অপূর্ব্ব, বিস্ময়জনক। ২। সং, ক্লীং, বিস্ময়।

আশ্মন (অশ্মন্+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, প্রস্তরসম্বন্ধীয়। ২। প্রস্তরবিকার। শিং—১ "যশ্চাপমাশ্মনপ্রখ্যং সেমুং ধক্তেহন্যদুর্বহম্।" (ভট্টি)। ৩। ক্লীং, প্রস্তরসমূহ। ৪। পুং, সূর্য্যসারথি অরুণ।

আশ্যান (আ ঈষৎ—শ্যান শুষ্ক) বিং, ত্রিং, শুষ্ক, চট্চটে। "পথশ্চাশ্যানকর্দ্দমান্।"

আশ্রম (আ—শ্রম্ তপস্যাকরা+অ(অল্)—ধি) সং,পুং, চতুর্ব্বিধ অবস্থা; যথা:—ব্রহ্মচর্য্য আশ্রম, গৃহস্থাশ্রম, বানপ্রস্থ আশ্রম, সন্ন্যাস বা ভৈক্ষ্য আশ্রম। ২। ঋষিগণের অথবা সংসারবিরত ব্যক্তিদিগের অরণ্য প্রভৃতি বিজন প্রদেশে বাসস্থান, তপোবন; যথা—বাল্মীকির আশ্রম, সন্ন্যাসীর আশ্রম। শিং—১ "তৌ দম্পতী বশিষ্ঠস্য গুরোর্জগ্মতুরাশ্রমম্।" (রঘু)। ৩। মঠ, চতুষ্পাঠী। ৪। বন।

আশ্রমিক } (আশ্রম+ইক(ষ্ণিক)—নিবা-
আশ্রমী } সার্থে। আশ্রমিন্, আশ্রম+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে আশ্রমে থাকে, যে ব্রহ্মচর্য্য প্রভৃতির মধ্যে কোন আশ্রম অবলম্বন করিয়া আছে, আশ্রমস্থ। ২। আশ্রমবিশিষ্ট।

আশ্রয়—পুং } (আ—শ্রি [সেবা করা]
আশ্রয়ণ—ক্লীং } অবলম্বন করা+অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, অবলম্বন। ২। সামীপ্য। ৩। ব্যপদেশ। ৪। (+অনট্—র্ম্ম) গৃহ; যথা—পিতৃমাত্রাশ্রয়। শিং—১ "তমাশ্রয়ং দুষ্প্রসহস্য তেজসঃ।" (রঘু)। ৫। আধার। ৬। বিষয়। শিং—১ "বভূব যৎ প্রেমপরম্পরাশ্রয়ম্।"(রঘু)। ৭। কারণ। ৮। রক্ষক। ৯। সহায়। ১০। রাজাদিগের সন্ধ্যাদি ষড়্গুণান্তর্গত গুণবিশেষ। ১১। বিং, ত্রিং, আশ্রয়কর্ত্তা। ণী—স্ত্রীং। শিং—১ "অহমেত্য পতঙ্গবর্ত্মনা পুনরঙ্কাশ্রয়ণী ভবামি তে।" (কুমার)।

আশ্রয়ণীয় (আশ্রয় দেখ, অনীয়—র্ম্ম,ধি) বিং, ত্রিং, আশ্রয় স্থান, যাহাকে আশ্রয় করা যায়, আশ্রয়যোগ্য।

আশ্রয়ভুক্ (আশ্রয়ভুজ্, আশ্রয়—ভুজ্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে, ৭মী—ষ) যে পক্ষীরা কিছু দিন পর্য্যন্ত পিতা মাতার আশ্রয়ে পালিত হয়; যথা—চিল, কাক ইত্যাদি।

আশ্রয়লিপ্সু (আশ্রয়—লিপ্সু [লভ্ লাভ করা+সন্—ইচ্ছার্থে+উ—ক] লাভেচ্ছু) বিং, ত্রিং, শরণপ্রার্থী, আশ্রয়লাভেচ্ছু।

আশ্রয়াশ (আশ্রয় স্থান—আশ [অশ্ ভোজন করা+অ(অন্)—ক] যে ভোজন করে। যে নিজ স্থান ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, বহ্নি, অগ্নি, বৈশ্বানর, আগুন। শিং—১ "দুর্ব্বৃত্তঃ ক্রিয়তে ধূর্ত্তৈঃ শ্রীমানাত্মবিবৃদ্ধয়ে। কিং নাম খলসংসর্গঃ কুরুতে নাশ্রয়াশবৎ।" ২। চিতার গাছ। ৩। বিং, ত্রিং, যে আশ্রয় নষ্ট করে, যাহাকে আশ্রয় করিয়া থাকে তাহারই অনিষ্ট করে। ৪। আশ্রয়ব্যাপক।

আশ্রয়ী (আশ্রয়িন্, আশ্রয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, আশ্রয়প্রাপ্ত, যে রক্ষাস্থান প্রাপ্ত হইয়াছে; যথা—রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী।" ২ "ময়ূরপৃষ্ঠাশ্রয়িণা গুহেন।"

আশ্রব (আ—শ্রু [শ্রবণ করা] প্রতিজ্ঞা করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রতিজ্ঞা, স্বীকার। ২। ক্লেশ। ৩। (+অল্—ক) বিং, ত্রিং, কথার বাধ্য, বশ্য। শিং—১ "সঙ্গবস্ত ভিষজামনাশ্রবঃ।" (রঘু)।

আশ্রিত (আশ্রয় দেখ, ত(ক্ত)—ক) বিং,ত্রিং, আশ্রয়প্রাপ্ত, যে আশ্রয় লইয়াছে, শরণাগত। শিং—১ "প্রায়শ্চলং গৌরবমাশ্রিতেষু।" ৩। সেবক। ৪। অনুপ্রবিষ্ট। ৫। স্থিত। ৬। আধেয়; যথা—দ্রব্যাশ্রিত গুণ। ৭। ন্যায়মতে—পরমাণু আকাশাদি নিত্যদ্রব্য ভিন্ন সর্ব্বদ্রব্যের অন্তর্ভূত সাধর্ম্ম্য।

আশ্রুত (আশ্রব দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, প্রতিজ্ঞাত, অঙ্গীকৃত। ২। আকর্ণিত, শ্রুত।

আশ্লিষ্ট (আ—শ্লিষ্ আলিঙ্গন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত। শিং—১ "শিখাভিরাশ্লিষ্ট ইবাম্ভসাংনিধিঃ।" ২। ব্যাপ্ত। ৩। সংসক্ত। ৪। শ্লেষোক্তিবিশিষ্ট।

আশ্লেষ (আশ্লিষ্ট দেখ, অ(অল্)—ভা) সং,পুং, আলিঙ্গন। "আশ্লেষলোলুপ বধূস্তনকার্কশ্য সাক্ষিণীম্।" (মাঘ)। ২। মিলন। ৩। একদেশসম্বন্ধ। শিং—১ "সামীপ্যাশ্লেষবিষয়ৈর্ব্যাপ্ত্যাধারশ্চতুর্বিধঃ।" ৪। শ্লেষ।

আশ্ব (অশ্ব+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, অশ্বসমূহ। ২। বিং, ত্রিং, অশ্ববাহ। ৩। অশ্বসম্বন্ধীয়।

আশ্বত্থ (অশ্বত্থ+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, অশ্বত্থ বৃক্ষফল। ২। বিং, ত্রিং, অশ্বত্থ-

সম্বন্ধীয়। শিং—১ "আশ্বং কফহরং মূত্রং কৃমিদদ্রুঘ্ন শস্যতে।" (সুশ্রুত)।

আশ্বমেধিক (অশ্বমেধ+ইক(ষ্ণিক)—হিতার্থে) বিং, ত্রিং, অশ্বমেধ সম্বন্ধীয়। মহাভারতান্তর্গত ব্যাসদেব কৃত যুধিষ্ঠিরের অশ্বমেধ অধিকৃত পর্ব্ববিশেষ।

আশ্বযুজ (আশ্বযুজী অশ্বিনী নক্ষত্রযুক্তা পূর্ণিমা + অ(ষ্ণ)—তদ্‌যুক্তকালার্থে) সং, পুং, আশ্বিনমাস। শিং—১ "ত্যজেদাশ্বযুজেমাসি মুন্যন্নং পূর্ব্বসঞ্চিতম্।" (মনু)। ২। বিং, ত্রিং, আশ্বিনসম্বন্ধীয়। জী—স্ত্রীং, আশ্বিনীপূর্ণিমা।

আশ্বলায়ন (অশ্বলায়ন+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, বেদস্মৃতি প্রণেতা ঋষিবিশেষ। ইনি, স্বীয় গুরু শৌনক প্রণীত আর্ষ্যানুক্রমণি প্রভৃতি দশখানি সূত্রগ্রন্থ অধ্যয়ন করিয়া কর্ম্মজ্ঞ হইয়াছিলেন এবং, দ্বাদশ অধ্যায়যুক্ত শ্রৌতসূত্র, চতুরাধ্যায়িক গৃহ্যসূত্র, এবং ঐতরেয় আরণ্যকের চতুর্থ আরণ্যক প্রণয়ন করেন।" (ভারতকোষ)।

আশ্বাসিত } (আশ্বাস দেখ, ত(ক্ত)—র্ম্ম)
আশ্বস্ত } বিং, ত্রিং, যে আশ্বাস পাইয়াছে।

আশ্বাস (আ—শ্বস্ [নিশ্বাস-প্রশ্বাস ফেলা] প্রত্যাশা করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, আশাদান। ২। অনুনয়। ৩। প্রবোধন। ৪। উৎসাহ দান। ৫। ভীত ব্যক্তি ভয় নিবারণার্থ সান্ত্বনা। ৬। স্নেহ-প্রদর্শন। ৭। বিশ্রাম। ৮। আখ্যায়িকা পরিচ্ছেদ। ৯। নিশ্বাস।

আশ্বাসক (আশ্বাস দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আশ্বাস দেয়। ২। সান্ত্বনাসম্পাদক।

আশ্বাসন (আশ্বাসিত দেখ, অন(অনট্)—ক, ভা) বিং, ত্রিং, আশ্বাসজনক। ২। সান্ত্বনা। শিং—১ "আশ্বাসনঞ্চ কৃষ্ণেন দুঃখার্ত্তায়াঃ প্রকীর্ত্তিতম্।" ৩। সং, ক্লীং, আশ্বাস দান। শিং—১ "তদিদং দ্বিতীয়ং হৃদয়াশ্বাসনম্।" (শকুন্তলা)।

আশ্বাসনীয় (আশ্বাস দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আশ্বাস দেওয়া উচিত বা আবশ্যক।

আশ্বাসিত (আ—শ্বাসি প্রত্যাশা করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আশ্বাস-প্রাপিত। ২। অনুনীত। ৩। আশ্বস্ত। ৪। প্রবোধিত।

আশ্বিন (আশ্বিনী অশ্বিনীনক্ষত্রযুক্তা পূর্ণিমা + অ(ষ্ণ)—তদ্‌যুক্তকালার্থে) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মাস; এই মাসে সূর্য্য কন্যা রাশিস্থ হন। "এই মাসে জন্মিলে রাজার প্রিয়, পণ্ডিত, সুতীক্ষ্ণবুদ্ধি, সুখী, বদান্য, বহুমানশালী ও ভক্ত হয়।" (কোষ্ঠীপ্রদীপ)। ২। নী—স্ত্রীং, ঐ মাসের পূর্ণিমা।

আশ্বিনেয় (অশ্বিনী সূর্য্যপত্নী+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়, নাসত্য, দস্র। ম্যুর (Muir) বলেন, "প্রাচীন ভারতবর্ষীয় ভাষ্যকারগণও আশ্বিনেয়ের বিষয় কিছু স্থির মীমাংসা করিতে পারেন নাই। যাস্ক স্বপ্রণীত নিরুক্তে এইরূপ লিখিয়াছেন—'স্বর্গবাসী-দেবগণের মধ্যে অতঃপর আশ্বিনেয়দ্বয়ের নাম করা যাইতে পারে, ইহাঁদের একজন জল (moisture) ও অপর জন আলোক (light) অবলম্বন করিয়া, ভুবন ভ্রমণ করেন বলিয়া, ইহাঁদের এই নাম হইয়াছে।'—ঔর্ণভব বলেন 'ইহারা অশ্বারোহণে ভ্রমণ করেন বলিয়া ইহাদের এই নাম হইয়াছে।' তবে আশ্বিন কাহাদিগকে বলি? ইহাঁরা কাহারও মতে, 'পৃথিবী ও স্বর্গ' কাহারও মতে 'দিবা ও রাত্রি' অপরের মতে 'সূর্য্য ও চন্দ্র।' এইত গেল বেদের কথা। ইতিবৃত্তবিদ্‌গণ (legendary writers) বলেন, ইহাঁরা দুইজন রাজা এবং পবিত্র কার্য্যমাত্রের সম্পাদক। রজনী দ্বি প্রহরের পর, যখন ক্রমে ক্রমে জগতে আলোকের সঞ্চার হইতে থাকে সেই সময়ে ঊষার অগ্রে ইহারা জগতে পদার্পণ করেন। এই সময়ের অন্ধকারাংশ ইন্দ্রদেব, এবং আলোকাংশ আদিত্যদেব (সূর্য্য)।' অধ্যাপক রথ (Roth) বলেন 'এই অংশদ্বারা ইহাই অনুমিত হয় যে, যাস্ক, আশ্বিনেয়দ্বয়কে ইন্দ্র ও সূর্য্যের সহিত অভেদ বলিয়াছেন।—জর্ম্মণ্যদেশীয় প্রাচ্যসমিতির পত্রি-

কায় তিনি লিখিয়াছেন, 'আশ্বিনেয়দ্বয়, ঊষার পূর্ব্বে, প্রত্যূষে, জগতে আলোক লইয়া প্রবেশ করত, ঊষাকে পথ প্রদর্শন করেন।' ঋগ্বেদের একস্থলে ইহাঁদিগকে বিবস্বান্ ও সরণ্যুর যমজ পুত্র বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। অন্যত্র ইহাঁদিগকে আকাশের পুত্র(দিবোনপত)বলা হইয়াছে। অন্যস্থলে সিন্ধুগর্ভসম্ভূত (সিন্ধুমাতর) বলা হইয়াছে। অপরস্থানে ইহাদিগকে দক্ষসম্ভূত বলা হইয়াছে। সূক্তে ইহাঁদিগের ভগিনীর উল্লেখ দেখিতে পাওয়া যায়; ভাষ্যকারগণ তাঁহাকে ঊষা বলিয়াছেন।—সূক্তে ঊষাকে নিশার ভগিনী বলা হইয়াছে এবং সূক্তে তাঁহাকে ভগ ও বরুণের ভগিনী বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। ঋগ্বেদের অনেকস্থলে ইহাঁদিগকে সূর্য্যাত্মজার পতি বলা হইয়াছে; এইস্থলে টীকাকার বলেন, সূর্য্যদেব স্বীয় তনয়াকে সোমের সহিত বিবাহ দিতে ইচ্ছা করেন। কিন্তু দেবগণের মধ্যে সকলেই তাঁহাকে বিবাহ করিতে ইচ্ছুক ছিলেন, অনন্তর তাঁহারা এই পণ করেন 'যে ব্যক্তি ধাবনে অগ্রগামী হইতে পারিবে, সেই তাঁহার পাণিলাভে সমর্থ হইবে।' তদনুসারে, আশ্বিনেয়দ্বয় তাঁহাকে লাভ করেন। ইহাঁরা যুবা, পুরাতন, মধুবর্ণ, জ্যোতির অধীশ্বর, উজ্জ্বলবর্ণ সুবর্ণজ্যোতিময়, মনের ন্যায় দ্রুতগামী, ভিন্ন ভিন্ন মূর্ত্তিধারী, পদ্মমালাবিভূষিত, বলশালী, ক্ষমতাশীল, ভয়ানক কৌশলী ও জ্ঞানী, অহংকারের সমূলোচ্ছেদকারী, ইহাঁরা সুবর্ণময় রথে ভ্রমণ করেন। ঐ রথ, ঋভুগণের নির্ম্মিত, অদ্বিতীয়, ত্রিচক্র, ত্রিবন্ধ ও ত্রিবন্ধুর। রাসভযুক্ত, ও সহস্রকেতু, ইহাদের কশা 'মধুমতী।' ইহাঁরা দিবসে তিনবার ও রাত্রে তিনবার জগত ভ্রমণ করেন, প্রাতঃকালে তিনবার ও সন্ধ্যাকালে তিনবার আহার দান করেন। ভক্তগণকে তিনবার ধন দান করেন, ইত্যাদি সকল কার্য্যই তিন তিন বার করিয়া থাকেন। ইহাঁরা বৈদ্য এবং অন্ধ প্রভৃতিকে আরোগ্য করেন। ইহাঁরা চ্যবনকে যুবা (চ্যবন দেখ) এবং তুগ্রের পুত্র ভুজ্যুকে মৃত্যুমুখ হইতে উদ্ধার করিয়াছিলেন।" (ভারতকোষ)।

আশ্বীন (অশ্ব+ঈন(খীন)—প্রং) সং, ত্রিং, এক ঘোড়ায় এক দিনে যত পথ যাওয়া যায়, অশ্বের একদিনগম্য।

আশ্বীয় (অশ্ব+ঈয়(খীয়)—সমূহার্থে) সং, ক্লীং, অশ্বসমূহ। ২। বিং,ত্রিং, অশ্বসম্বন্ধীয়।

আষাঢ় (আষাঢ়ী আষাঢ়ানক্ষত্রযুক্তা পূর্ণিমা +অ(অ)—তদ্‌যুক্তমাসার্থে) সং, পুং, প্রসিদ্ধমাস। এই মাসে সূর্য্য মিথুনরাশিগত হন। এই মাসে জন্মিলে—"অনল্পভাষী, প্রমদাভিলাষী, প্রমাদশীল, গুরুবৎসল, ব্যয়শীল হয়।"(কোষ্ঠীপ্রদীপ)। ২। পলাশ কাষ্ঠের দণ্ড। শিং—১ "উপহিতাষাঢ়ম্।" ২ "অথাজিনাষাঢ়ধরঃ প্রগল্‌ভবাক্।" (কুমার)। ৩। দণ্ড। ৪। মলয়পর্ব্বত।

আষাঢ়া (আ—সহ্ সহ্য করা+অ অন্)—ক। আপ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পূর্ব্বাষাঢ়া নক্ষত্র। ২। উত্তরাষাঢ়া নক্ষত্র। টী—স্ত্রীং, আষাঢ়মাসের পূর্ণিমা।

আস (অস্ ক্ষেপণ করা + অ(ঘঞ্)—ণ) সং, পুং, ধনুক। শিং—১ "স সাসিঃ সাসুসূঃ সাসঃ।" (কিরাত)। ২। উপবেশন স্থান। ৩। আসন। ৪। স্থিতি।

আসক্ত (আ সর্ব্বদা—সন্‌জ্ আলিঙ্গন করা+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, প্রীত, অনুরক্ত, আসক্তিবিশিষ্ট। ২। লগ্ন। ৩। সংসক্ত, আবিষ্ট, যত্নবান্। ৪। অং, ক্লীং, নিত্য, সতত, অনবরত।

আসক্তি—স্ত্রীং } (আসক্ত দেখ, তি(ক্তি)),
আসঙ্গ—পুং } অ(ঘঞ্)—ভা) সং, অনুরাগ। ২। অভিনিবেশ। ৩। সাতিশয় মনোযোগ। ৪। সঙ্গ। ৫। মিলন, সহবাস। ৬। ভোগাভিলাষ। ৭। সম্যক্‌সম্বন্ধ। শিং—১ "সশৈবলাসঙ্গমপি প্রকাশতে।" ২ "পাদাকৃষ্ট ব্রততিবলয়াসঙ্গসংজাতপাশঃ (গজঃ)।" ৬। ক্লীং, অনবরত, নিত্য, সতত। ৭। তুবরী, সৌরাষ্ট্রমৃত্তিকা।

আসঙ্গলিপ্সা (Adhesiveness, আসঙ্গ—

লভ্ পাওয়া + সন্ — ইচ্ছার্থে, আ — প্রং। লভ্ = লিপ্) সং, স্ত্রীং, সকলের সহিত একত্রিত হইয়া থাকিবার ইচ্ছা, সংসর্গ-স্পৃহা, সহবাসবাসনা।

আসঞ্জন (আ — সন্‌জ্ আসক্ত হওয়া + অন (অনট্) — ভাবে) সং, ক্লীং, লগ্ন হওয়া। শিং — ১ "ব্রততিবলয়াসঞ্জনাৎ।" (শকু)। ২। বস্ত্রাদি পরিধান। ৩। (সঞ্জ-ণিচ = সঞ্জি + অনট্) যোজন, লগ্ন করা। ৪। উৎ-পাদন।

আসত্তি (আ — সদ্ [গমন করা] নিকটস্থ হওয়া + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, মিলন। ২। সন্নিধি, নৈকট্য। ৩। লাভ। ৪। বুদ্ধির অবিচ্ছেদ। ৫। ন্যায়মতে — পদসন্নিধানকারণ প্রত্যক্ষজনক সন্নিকর্ষ। শিং — ১ "যৎপদার্থস্য যৎপদার্থেনান্বয়োঽপেক্ষিতস্তয়োরব্যবধানেনোপস্থিতিঃ কারণং।"

আসন (আস উপবেশন করা + অন (অনট্) — ধি। যাহাতে উপবেশন করা যায়) সং, ক্লীং, বসিবার স্থান, পীঠাদি ও কম্বলাদি, পিঁড়ি, চৌকি ইত্যাদি। ২। হস্তিস্কন্ধদেশ, যেখানে মাহুত বসিয়া থাকে। ৩। (+ অনট্ — ভাবে) উপবেশন, অবস্থিতি; যথা—"একত্রাসনভোজনৈঃ।" ২ "কোথা হইতে আসন আসন কোন ঠাঁই।" (অন্নদা)। ৪। জিগীষু ও শত্রুর পরস্পর কালপ্রতীক্ষার্থ অবস্থান। ৫। পদ্মাসনাদি উপবেশনবিশেষ; ইহা অষ্টাঙ্গযোগের তৃতীয় যোগ, ইহা পঞ্চ প্রকার; যথা — পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, ব[জ্রা]সন ও বীরাসন। ১ পদ্মাসনের বিধি—"উর্ব্বোরুপরিবিন্যস্য সম্যক্ পাদতলে উভে। অঙ্গুষ্ঠৌ চ নিবধ্নীয়াৎ হস্তাভ্যাং ব্যুৎক্রমাত্তথা। পদ্মাসনমিতি প্রোক্তং যোগিনাং হৃদয়ঙ্গমং।" ২ স্বস্তিকাসনের বিধি—"জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ো বিশেন্মন্ত্রী স্বস্তিকং তৎ প্রচক্ষ্যতে।" ৩ ভদ্রাসনের বিধি—"সীমন্যাঃ পার্শ্বয়োর্ন্যসেদ্ গুল্‌ফযুগ্মং সুনিশ্চলং। বৃষণাধঃপাদপার্ষ্ণিং পাণিভ্যাং পরিবন্ধয়েৎ। ভদ্রাসনং সমুদ্দিষ্টং যোগিভিঃসারকল্পিতং।" ৪ বজ্রাসনের নিয়ম; যথা—"উর্ব্বোঃ পাদৌ ক্রমান্ন্যস্যেৎ কৃত্বা প্রত্যঙ্মুখাঙ্গুলী। করৌ নিদধ্যাদাখ্যাতং বজ্রাসনমনুত্তমং।" ৫ বীরাসনের বিধি; যথা—"একপাদমধঃ কৃত্বা বিন্যস্যোরৌতথেতরং। ঋজুকায়ো বিশেন্মন্ত্রী বীরাসনমিতীরিতং।" (তন্ত্রসার)। ৬। দেবতাপূজাঙ্গ উপচার বিশেষ; যথা—"আসনং আসনং প্রথমং দদ্যাৎ পৌষ্পং দারুজমেব বা।" ৬। (অসন + ষ্ণ) সং, পুং, সর্জ্জকবৃক্ষ, জীবকবৃক্ষ। ৭। না — স্ত্রীং (আস উপবেশন করা + অন — ভাবে। আপ — স্ত্রীলিঙ্গে) অবস্থান।

আসনবন্ধ (আসন — বন্ধ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, পদ্মাসনাদি উপবেশন-বিন্যাস। শিং — ১ "নিষেদুষীমাসনবন্ধধীরঃ।" (কুমার)।

আসন্দী (আস বসিবার স্থান — দ যে দেয় অথবা আ — সম্ — দো ছেদ করা + অ প্রং কিম্বা আস + দ — ধি। ঈপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, ক্ষুদ্র খট্টা, ছোট খাট। শিং — ১ "জাম্বূনদময়ীমাসন্দিকাম্।" (কাদম্বরী)।

আসন্ন (আ — সদ্ [গমন করা] আগমন করা + ত(ক্ত) — [ক]) বং, ত্রিং, উপস্থিত। ২। নিকটবর্ত্তী। ৩। অন্তিম, মুমূর্ষ; যথা— আসন্নকাল।

আসন্নকাল (আসন্ন — কাল সময়) সং, পুং, মৃত্যু সময়। ২। বিপৎকাল।

আসমান (যাবনিক) আকাশ, শূন্য।

আসমুদ্র (আ পর্য্যন্ত — সমুদ্র) ক্রিং - বিং, সমুদ্র পর্য্যন্ত, সমুদ্রের তীর পর্য্যন্ত।

আসমুদ্রকরগ্রাহী (— গ্রাহিন্, আ পর্য্যন্ত — সমুদ্র — কর — গ্রাহিন্ [গ্রহ্ গ্রহণ করা + ইন(ণিন্) — ক] যে গ্রহণ করে) সং, পুং, সসাগরা পৃথিবীর অধীশ্বর, যিনি সমুদ্রতীর পর্য্যন্ত যাবতীয় লোকের নিকট হইতে করগ্রহণ করেন, সম্রাট্, চক্রবর্ত্তী।

আসর (আ — স্ব হিংসা করা + অ(অন্) — ক) সং, পুং, রাক্ষস। ২। (যাবনিক) সভা, মজলিস; যথা—"আপনি আসরে উর।"

আসল (যাবনিক) মূল। ২। সার।

আসব (আ — সু প্রসবকরা + অ(অপ্) — ক। যে মত্ততা জন্মায়) সং, ক্লীং, (চ[লি]ত) মাদক

দ্রব্য, মদ্য। শিং—১“ষচ্চপক্কৌষধাম্বুভ্যাং সিদ্ধং মদ্যং স আসবঃ। আসবস্য বীজদ্রব্য গুণৈ র্জ্ঞেয়া গুণাঃ সমাঃ।” ২। মধু। ৩। তাড়ি। শিং—১ “মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সাসবমিব।”

আসবদ্রু (আসব মদ্য—দ্রু বৃক্ষ। এই বৃক্ষের রসে মদ্য প্রস্তুত হয়) সং, পুং, তালগাছ।

আসবপায়ী (—পায়িন্, আসব মদ্য—পায়ী যেপান করে) বিং, ত্রিং, যে সুরাপান করে, সুরাপায়ী।

আসবসেবী (—সেবিন্, আসব মদ্য—সেবী যে সেবা করে) বিং, ত্রিং, যে সুরা সেবন করে, সুরাপায়ী। [ঘোড়সওয়ার।

আসবার (যবনিক) যানারোহী, অশ্বারোহী,

আসবাব (যাবনিক) দ্রব্যসামগ্রী, গৃহসজ্জা।

আসাদন (আসাদিত দেখ, অন (অনট্)—ভা) সং, ক্লীং, প্রাপ্তি। ২। স্থাপন। ৩। সন্নিধাপন। ৪। পহুঁছন। ৫। মর্দ্দন।

আসাদিত (আ—সাদি [গমন করান] পাওয়া +ত ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত, লব্ধ। ২। সন্নিধাপিত। ৩। আয়োজিত। ৪। সম্পাদিত।

আসামী (যাবনিক, ইহার প্রকৃত অর্থ নাম) প্রজা বা যে কোন ব্যক্তির নিকট খাজানা বা অন্য কোন প্রকার পাওনা হইলে, উহাকে পাওনদারের আসামী কহে। ২। জমীদারীতে আসামী বলিলে সামান্যতঃ প্রজা বুঝায়। ৩। কৃষক। ৪। ব্যবহারে—প্রতিবাদীকে আসামী বলে (Defendant)।

আসার (আ—সৃ গমন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, মুষলধার বৃষ্টি, ধারাসম্পাত, বৃষ্টিপাত। শিং—১ “আসারসিক্তক্ষিতিবাষ্পযোগাৎ।” (রঘু)। ২। শত্রুকে বেষ্টন। ৩। বন্ধুসৈন্য। ৪। প্রবেশ। ৫। বিস্তার। ৬। অনুগত। ৬। প্রসরণ। ৭। (+ঘঞ্—ক) জলকণা। ৮। সুহৃদ্বল। শিং—১ “মেঘৈঃসততাসারং বর্ষদ্ভিঃ। ২ তুহিনকণাসার। ৩ পুষ্পাসার। ৪ রুধিরাসার। ৫ প্রেমরসাসার বর্ষিণা চক্ষুষা।”

আসারবর্ষী (—বর্ষিন্, আসার—বৃষ বর্ষণকরা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে মেঘ হইতে মুষলধারায় বৃষ্টি হয়।

আসিকা (আস্ উপবেশন করা+অ(ঘঞ্)—ভাবে+কণ্—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অবস্থান, স্থিতি।

আসিত (আসন দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উপবিষ্ট। ২। স্থিত। ৩। (+ক্ত—ভাবে) ক্লীং, উপবেশন। ৪। (+ক্ত—ধি) আসন। ৫। অসিতমুনির পুত্র, ইনি শাণ্ডিল্য গোত্রে প্রবর। [অবস্থিতি।

আসিতব্য (আসন দেখ, তব্য—ভা) সং, ক্লীং,

আসিদ্ধ (আ—সিধ্ [গমন করা] রাজাজ্ঞানুসারে ধৃত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিধি ও বিচারকর্ত্তার আদেশানুসারে যাহাকে অবরোধ করা হইয়াছে।

আসিধার (আসি উপবেশন—ধার [ধারা+ষ্ণ] যে ধারণ করে অথবা অসিধারা+ষ্ণ—প্রং) সং, ক্লীং, যুবা ও যুবতী একত্রে অবিকৃতচিত্তে অবস্থানরূপব্রত। শিং—১ “যুবাযুবত্যা সার্দ্ধং যং মুগ্ধভর্ত্তবদাচরেৎ। অন্তর্নিবৃত্তসঙ্গঃ স্যাৎ আসিধারব্রতং হিতং।” যথা—“অভ্যাসাতীব ব্রতমাসিধারম্।” (রঘু)।

আসীন (আস্ উপবেশন করা+আন(শান)—ক) বিং, ত্রিং, উপবিষ্ট, যে বসিয়াছে, স্থিত। ২। অনুদ্যোগী।

আসুতি (আ—সু [প্রসব করা] সুরা স্থাপন করা+তি(ক্তি)—ভা) সং, পুং, মদচোয়ান। ২। প্রসব।

আসুর (অসুর+ষ্ণ) বিং, ত্রিং, অসুরসম্বন্ধীয়। শিং—১ “আসুরং তদ্ভয়েত্তোয়ং পীত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ।” (স্মৃতি)। ২ “যস্মিন্ নবে পুরাণে চ বিশ্বদেবা ন লেভিরে। আসুরং-তদ্ভবেদ্ শ্রাদ্ধং বৃষলং মন্ত্রবর্জ্জিতং।” ২। অশুচি, অপবিত্র। ৩। নিন্দিত, গর্হিত। ৪। অহিতকর, অশুভকর। ৫। ভয়ঙ্কর। ৬। সং, পুং, বিবাহ-বিশেষ, কন্যাকে ও কন্যার পিতা ভ্রাতা প্রভৃতিকে যথাশক্তি ধন দান পূর্ব্বক স্বেচ্ছানুসারে কন্যা গ্রহণ করাকে আসুরবিবাহ বলে। ৭। বিড়্লবণ।

আসুরফেণ; সং, ক্লীং, অহিফেণ।

আসুরিক (অসুর + ইক(ষ্ণিক) - প্রং) বিং, ত্রিং, অসুরসম্বন্ধীয়।

আসুরী ( আসুর+ঈপ্ - স্ত্রীং ) সং, স্ত্রীং, অসুরবৎ আচারযুক্ত আচার। ২। হিন্দুদিগের শুক্ল যজুর্ব্বেদীয় বাজসনেয়িসংহিতার অন্তর্গত কতকগুলি ছন্দের নাম আসুরী; যথা—আসুরী গায়িত্রী, আসুরী উষ্ণি, আসুরী পংক্তি, আসুরী অনুষ্টুভ্, ইত্যাদি। ৩। রাজিকা, রাইসর্ষা। ৪। ত্রিবিধ চিকিৎসান্তর্গত চিকিৎসাবিশেষ, ছেদন, ভেদন প্রভৃতি (Surgery)।

আসেচন } (অসেচন+অ(ষ্ণ) – স্বার্থে।
আসেচনক } কণ—যোগে আসেচনক) বিং, ত্রিং, অতি তৃপ্তিকারক, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ হয় না। ২। সং, ক্লীং, সম্যক সেক; যথা—"তসা সর্পিরাসেচনং কৃত্বা।" ৩। আসেচনসাধন পাত্র।

আসেদিবান্ (আসেদিবস, আ—সদ্ পাওয়া + বস(ক্বসু) – ক, ভূতকাল) বিং, ত্রিং, যে প্রাপ্ত হইয়াছে। ২। আসন্ন।

আসেধ ( আসিদ্ধ দেখ, অ(ঘঞ) – র্ম্ম ) সং, পুং, বিধি ও বিচারকর্ত্তার আদেশ অনুসারে অপরাধীর অবরোধ। ২। প্রতিষেধ।

আসেধ্য (আ – সিধ্ + য – র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আসেধ করিতে হইবেক।

আসেবা; সং, স্ত্রীং, পুনঃপুনঃ প্রবৃত্তি। ২। তৎপরতা। ৩। সম্যক্ সেবা।

আস্কন্দন (আ – স্কন্দ্ [গমন করা] ভৎর্সনা করা ইত্যাদি + অন(অনট্) – ভা) সং, ক্লীং, তিরস্কার। ২। আস্ফালন। ৩। যুদ্ধ। ৪। শোষণ। ৫। বিনাশ। ৬। ধাবন। ৭। আক্রমণ। "চরণাস্কন্দননামিতাচলেন্দ্র।" ৮। হনন। ৯। অশ্বের গতিবিশেষ।

আস্কন্দিত, আস্কন্দিতক ( আ – স্কন্দ-ণিচ্ = স্কন্দি + ত(ক্ত) – ভাবে, ২য় পক্ষে—কণ) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ, বল্গন, প্লুতগতি; যথা—"মন্দগতি আস্কন্দিতে নাচে বাজী রাজী।" (মেঘ)।

আস্তর – পুং } (আ – স্তৃ বিস্তারকরা + আস্তরণ – ক্লীং } অ(অল), অন(অনট্) – ণ) সং, শয্যা। ২। যাহার দ্বারা আচ্ছাদন করা যায়, বিছানার চাদর। ৩। উপরিচ্ছদ ৪। কম্বলাদি। ৫। যাহা পাতিয়া বসা যায় পাতন। ৬। হস্তীর পৃষ্ঠের চিত্রিত কম্বলাদি, ঝুল; যথা—

"পৃষ্ঠদেশে আস্তরণ বটে অতি সুশোভন
অঙ্কুশ আঘাতে কিন্তু হওহে কাতর।"

৬। উত্তরীয় বস্ত্র।

আস্তানা (আস্থান শব্দজ) স্থান। ২। আশ্রম

আস্তাবল (Stable) অশ্বাদি থাকিবার স্থান।

আস্তিক ( অস্তি আছে + ক – কথনার্থে। ঈশ্বর আছেন ইহা যে বলে, অথবা অস্তি + কণ্ – প্রং, পরলোক আছে এই বুদ্ধি যাহার এই অর্থে আস্তিক) বিং, ত্রিং ঈশ্বরবাদী, অনাস্তিক, যে ঈশ্বর ও পরলোকের অস্তিত্ব স্বীকার করে। ২। শাস্ত্রবিহিত কর্ম্মে যাহার শ্রদ্ধা ও বিশ্বাস আছে এবং তৎসমুদায়ের যথাবিধি অনুষ্ঠান করে। ৩। সং, পু[ং, মু]নিবিশেষ, মনসাপুত্র।

আস্তিকতা [(আ]স্তিক + তা – ভাবে) স[ং,] বৈদিক [...] শ্রদ্ধা। ২। আস্তিকের ব্যবহার। [...] ঈশ্বরে ও পরলোকে বিশ্বাস।

আস্তিক্য ( আস্তিক + য(ষ্ণ্য) – ভাবে ) সং, ক্লীং, আস্তিকব্যবহার, আস্তিকতা। শিং ১"আস্তিক্যশুদ্ধভবতঃ প্রিয়বর্ম্মধর্ম্ম।"

আস্তীক ( অস্তি + কণ্ – স্বার্থে। ঈক(ষ্ণীক) – প্রং। মহাভারতে—জরৎকারু অর্থাৎ মনসাদেবী স্বামীর নিকট পুত্র প্রার্থনা করাতে তাঁহার স্বামী "অস্তি" [অর্থাৎ আমার ঔরসে তোমার গর্ভসঞ্চার হইয়াছে] বলিয়া প্রস্থান করেন। এই নিমিত্ত জরৎকারুর পুত্রের নাম আস্তীক হইল। তথাহি—নাম চাস্যা ভবৎখ্যাতং লোকেঽস্তীক ইত্যুত। অস্তীত্যুক্ত্বা গতো যস্মাৎ পিতা গর্ভস্থমেব তম্) সং, পুং, মুনিবিশেষ, মনসাদেবীর পুত্র।

আস্তীন (যাবনিক) জামার হাতা।

আস্তীর্ণ (আ – স্তৃ বিস্তার করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, যাহা পাতা গিয়াছে, বিস্তীর্ণ। ২। পাতিত। ৩। বিস্তৃত, কৃত প্রসারণ। শিং — ১"আস্তীর্ণাজিনরত্নাসু" (রঘু)। ৪। পীড়িত। ৫। আচ্ছাদিত; যথা

—"ধার্ত্তরাষ্ট্রগণ এই সুবিস্তীর্ণ পৃথিবীকে আস্তীর্ণ করিবে।"

আস্তৃত (আ—স্তৃ বিস্তার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তৃত। ২। প্রীণিত। ৩। রক্ষিত।

আস্থা (আ—স্থা [থাকা] আদর করা ইত্যাদি +অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, অবলম্বন, আশ্রয়। ২। শ্রদ্ধা। ৩। যত্ন। ৪। আদর। শিং—১ "অনাস্থা বাহ্যবস্তুষু।" ৫। অপেক্ষা। ৬। মনোযোগ। ৭। (+ঙ—ধি) সভা। ৮। স্থান। ৯। স্থিতি।

আস্থান (আ—স্থা থাকা ইত্যাদি+অন (অনট্)—ধি) সং, ক্লীং, নী—স্ত্রীং, সভা, সমাজ। শিং—১ "তদীয়মাস্থাননিকেতনাজিরম্।" (কিরাত)। ২। (+অনট্—ভা) ক্লীং, যত্ন। ৩। অবলম্বন, আশ্রয়। ৪। আরোহণ। ৫। স্থিতি, অবস্থিতি। ৬। আস্থা। ৭। শ্রদ্ধা।

আস্থায়ী—"সঙ্গীতে প্রথমে যেটীর দ্বারা প্রথবন্ধন করা যায় অথবা যেটী প্রথমচরণ হয় তাহার নাম আস্থায়ী।" (সঙ্গীতসার)।

আস্থিত (আস্থান দেখ, ত(ক্ত)—ক) বিং,ত্রিং, আশ্রিত। ২। প্রাপ্ত। ৩। আরূঢ়। শিং—১ "স্যান্দনস্যাস্থিতৌ।" (রঘু)। ৪। (+ক—র্ম্ম) অধিষ্ঠিত। ৫। আক্রান্ত। ৬। ব্যাপ্ত। ৭। (+ক্ত—ভাবে) ক্লীং, স্থিতি।

আস্পদ (আ—পদ্ গমন করা+অ(অল্)—প্রং। স্—আগম। অথবা আ বা আত্মন্—পদ্+অ(অল)—ধি) সং,ক্লীং,স্থান। ৩। আধার; যথা—শ্রদ্ধাস্পদ, স্নেহাস্পদ। ৪। অধিষ্ঠান। ৫। (+অল্—ভাবে) প্রতিষ্ঠা। ৬। কার্য্য। ৭। পদ। ৮। প্রভুত্ব। শিং—১ "স্তনদ্বয়েঽস্মিন্ হরিচন্দনাস্পদে।" ২ "বোপদেব শ্চকারেদংবিপ্রো বেদপদাস্পদম্।" ৯। লগ্ন হইতে দশম স্থান। শিং—১ "কর্ম্মস্থানঞ্চ দশমং মে ‍ ‍রণমাস্পদং খঞ্চ।" (জ্যোতিষ)।

আস্পন্দন (আ—স্পন্দ্ ঈষৎ কম্পিত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্পন্দন, কম্পন।

আস্পর্দ্ধা (আ—স্পর্দ্ধ্ পরকে পরাভূত করিতে ইচ্ছা করা+অ—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যার যে পরিমাণে সম্ভব হয় না সেই পরিমাণে গর্ব্ব করা, আপনাকে বড় বোধ করিয়া দর্পে কাহাকেও লক্ষ্য না করা, স্পর্দ্ধা। ২। আস্ফালন। ৩। মাৎসর্য্যপ্রকাশ। ৪। পরাভিভবেচ্ছা। ৫। প্রতিযোগিতা।

আস্পর্দ্ধী (আস্পর্দ্ধিন্, আ—স্পর্দ্ধ্ স্পর্দ্ধা করে+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে আস্পর্দ্ধা করে।

আস্ফাল (আ—স্ফল্-ণিচ=স্ফালি গমনকরান +অ(ঘঞ্)—ভা) সং, পুং, হস্তীর কর্ণচালন, হাতির কাণ নাড়া।

আস্ফালন (আস্ফাল দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, গর্ব্বিত বাক্যে আপন উৎকর্ষকীর্ত্তন, আপনার গুণ, ক্ষমতা, পরাক্রম প্রভৃতির উল্লেখ করিয়া গর্ব্বপ্রদর্শন; আত্মশ্লাঘা; আত্মগৌরবকীর্ত্তন। ২। তাড়ন, চালনা,সঞ্চালন; যথা—"চলে দন্তী আস্ফালিয়া শুণ্ড।"(মেঘনাদ)। শিং—১"ঐরাবতাস্ফালনকর্কশেন।"(কুমার)। ২। ধূনন। ৩। সঙ্ঘর্ষ। ৪। কোপপ্রকাশ। শিং—১ "অনবরত ধনুর্জ্জ্যাস্ফালন।" ২ "চক্রুরাস্ফালনং তু তে।"

আস্ফালিত (আস্ফালন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চালিত, সঞ্চালিত। ২। আঘট্টিত, তাড়িত। শিং—১ "অজস্রমাস্ফালিত বল্লকীগুণঃ।" (মাঘ)।

আস্ফোট—পুং } (আ—স্ফুট্ [প্রস্ফুটিত আস্ফোটন—ক্লীং } হওয়া] বধ করা+অ (অল্),অন(অনট্)—ভা) সং,আঘাত। ২। শূরাদির বাহুশব্দ, মল্লদিগের তালঠোকা। শিং—১ "আস্ফোটননিনাদাংশ্চ বালানাং খেলতাং তথা।" ৩। সংঘর্ষণজাত শব্দমাত্র; যথা—লাঙ্গূলাস্ফোট। ৪। বিকাশ। ৫। মুদ্রণ। ৬। ধান আচড়ান। ৭। আস্ফোটবৃক্ষ, আকন্দগাছ। [রোট বৃক্ষ।

আস্ফোটক; সং, পুং, পর্ব্বতজপীলুবৃক্ষ,আখ্-

আস্ফোটনী (আ—স্ফোটি ভেদ করান+অন, ঈ—ণ) সং, স্ত্রীং, তুরপুন, ভোমর প্রভৃতি।

আস্ফোটা; সং, স্ত্রীং, বনমল্লী। ২। নবমল্লী।

আস্ফোত ; সং, পুং, অর্করৃক্ষ। ২। কোবিদার বৃক্ষ। ৩। ভূপলাশ বৃক্ষ।

আস্ফোতা ; সং, স্ত্রীং, অপরাজিতা। ২। বনমল্লিকা। ৩। সারিবাবৃক্ষ। ৪। বনকার্পাস। ৫। হাপরমালী। ৬। গন্ধভাদুলে।

আস্য (অস্ ক্ষেপণ করা, আজ্ঞা করা+য (ঘ্যণ্)—ধি, কিম্বা আ—স্যন্দ্ গমন করা +অ(ড)—ধি। ন্দ্—লোপ। যাহাতে আহার যায় কিম্বা যে আজ্ঞা করে) সং, ক্লীং, বদন, মুখ। ২। বক্ত্র। ৩। মুখমধ্য। ৪। বিং, ত্রিং, মুখভব।

আস্যপত্র ; সং, ক্লীং, পদ্ম।

আস্যলাঙ্গল (আস্য মুখ—লাঙ্গল। যাহার লাঙ্গল তুল্য মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর।

আস্যলোম (আস্যলোমন, আস্য মুখ—লোমন্ লোম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ্মশ্রু, দাড়ী।

আস্যা (আস্য+অ(ক)—প্রং, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মুখস্থিত জিহ্বা। ২। (আস+য(ঘ্যণ্)—ভাবে, আপ্—স্ত্রীং) স্থিতি, গতিরাহিত্য। শিং—১ "আস্যা বর্ণকরীস্থৌল্যসৌকুমার্য্যকরীশুভা।" (সুশ্রুত)। ৩। আসন।

আস্যাসব (আস্য মুখ—আসব [মধু ইত্যাদি] তরল পদার্থ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লাল, থুথু।

আস্রব (আ—স্রু ক্ষরিত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, ক্ষরণ। ২। (+অল্—ণ) ক্লেশ, কষ্ট, দুঃখ।

আস্বনিত (আ—স্বনিত শব্দিত) বিং, ত্রিং সম্যক্ শব্দিত। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, সম্যক্ শব্দ।

আস্বাদ (আ—স্বদ্ আস্বাদন করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, মধুরাদি রস। ২। (+ঘঞ্—ভাবে) রসানুভব, স্বাদগ্রহ, আস্বাদন। শিং—১ "চুতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ পুংস্কোকিলঃ।" ২ "কারান্তরসাস্বাদ।" ৩। পান। ৪। ভোজন।

আস্বাদক (আ—স্বাদি আস্বাদন করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আস্বাদ গ্রহণ করে।

আস্বাদন (আ—স্বাদি আস্বাদন করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আস্বাদগ্রহণ, স্বাদগ্রহ। ২। রসাস্বাদন। ৩। পান। ৪। ভোজন।

আস্বাদনীয় (আস্বাদ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আস্বাদ গ্রহণের যোগ্য, আস্বাদ্য।

আস্বাদিত (আস্বাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আস্বাদ গ্রহণ করা হইয়াছে।

আস্বাদ্য (আ—স্বাদি আস্বাদন করান+য(ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, আস্বাদনযোগ্য। শিং—"আস্বাদ্যতোয়াঃ প্রভবন্তি নদ্যঃ সমুদ্রঃ [illegible]ভবন্ত্যপেয়াঃ।"

আস্বান্ত (আ—স্বন্ শব্দকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, [illegible] সম্যক্ শব্দিত।

আহক (আহক নাসারোগ—[illegible]) সং, পুং, [illegible]জ্বর।

আহত (আ—হন [বধ করা] আঘাত করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আঘাত লাগিয়াছে, আঘাতিত। ২। তাড়িত ; যথা—সমীরণাহত। ৩। মর্দ্দিত ; যথা—পদাহত। ৪। গুণিত। শিং—১ "সূর্য্যাব্ধি সংখ্যয়া দ্বিত্রিসাগরৈরযুতাহতৈঃ।" ৫। জ্ঞাত। ৬। দগ্ধ। ৭। মৃষার্থক (বাক্য) ; যথা—আমি বন্ধ্যার পুত্র ইত্যাদি। ৮। সং, ক্লীং, নূতন বস্ত্র। শিং—১ "ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদশং যন্ন ধারিতম্, আহতং তদ্বিজানীয়াৎ সর্ব্বকর্ম্মসু পাবনম্।" যথা—"আসনেন বসনেন তা পরিদধ্যাৎ।" ৯। (উপভোগ দ্বারা মর্দ্দিত হয় বলিয়া) জীর্ণবস্ত্র। ১০। পুং, ঢক্কা।

আহতলক্ষণ } (আহত জ্ঞাত—লক্ষণ চিহ্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণ দ্বারা বিখ্যাত।
আহিতলক্ষণ }

আহতি (আ—হন্ আঘাত করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, তাড়ন। শিং—১ "প্রভাতবাতাহতিকম্পিতাকৃতিঃ।" (ভট্টি)। ২। আঘাত। ৩। গুণন। শিং—১ "অংশাহতিচ্ছেদবধেন ভক্তা।"

আহর (আ—হৃ হরণ করা+অ(অল্)—

ভাবে) সং,পুং, আহরণ। ২। (+অ(অন) –ক) বিং, ত্রিং, আহরণকারী, সঞ্চয়-কারক। শিং–১ "বনান্তরাদুপাবৃত্তৈঃ সমিৎকুশফলাহরৈঃ।" (রঘু)।

আহরণ (আ–হৃ [হরণ করা] আনা ইত্যাদি +অন(অনট্)–ভা) সং, ক্লীং, সংগ্রহ, সঙ্কলন; যথা—"সমিদাহরণ।" ২। আয়োজন। ৩। অনুষ্ঠান। ৪। একস্থান হইতে অন্যস্থানে আনয়ন। শি–১ "মৃদাহরণ সংঘট্টৌ প্রতিষ্ঠাহ্বানমেব চ।" ৪। উপার্জ্জন। ৫। নির্ব্বাহ। ৬। কারণ। ৭। আহরণীয় (পদার্থ), বিবাহাদির উপঢৌকন পদার্থ। "সত্ত্বানুরূপাহরণো কৃতশ্রীঃ।"

আহরণীয় (আ–হৃ হরণ করা+অনীয়–ম্ম) বিং, ত্রিং, যাহার আহরণ করিতে হইবেক।

আহর্ত্তা (আহর্ত্তৃ, আ–হৃ [হরণ করা] আহরণ করা+তৃ(তৃন্)–ক) বিং, ত্রিং, যে আহরণ করে, আনেতা, সঙ্কলয়িতা; যথা —"যিনি যজ্ঞ সকলের আহর্ত্তা।" ২। অনুষ্ঠাতা; যথা—"আহর্ত্তা ক্রতুনাম্।"

আহব (আ–হ্বে আহ্বান করা+অ(অল্) –ধি। যেখানে বীরগণ আহূত হয়) সং, পুং, যুদ্ধ। শিং–১"ইন্দ্রং ন কশ্চন সহত আহবেষু।" ২। (আ–হু হোম করা+ অ(অল্)–ধি, যে স্থলে হোম করে) যজ্ঞ। শিং–১ "তত্র নাভবদসৌ মহাহবে।" ২"ন ভাত্যয়ংমমাবাসো হতধ্বজইবাহবঃ।"

আহবনীয় (আ–হু হোম করা+অনীয়–ধি) সং, পুং, যজ্ঞাগ্নিবিশেষ, গার্হপত্য হইতে উদ্ধৃত করিয়া হোমার্থ যে অগ্নির সংস্কার করা যায়। "যেহেতু যজ্ঞে হোম আভিমুখ্যের সহিত বর্ত্তমান থাকে, অতএব অগ্নি, আহবনীয় বলিয়া শ্রুত হইয়াছে। যিনি ভক্তি পূর্ব্বক আহব অগ্নিতে আহুতি প্রদান করেন, তিনি পৃথিবী অন্তরীক্ষ অথবা নক্ষত্র সহিত দ্যুলোক জয় করেন।" (ঋগ্বেদ)। ২। বিং, ত্রিং, সম্যক্ হোম করিবার যোগ্য।

আহা; অং, খেদ বা আক্ষেপ বোধক শব্দ।

আহার (আ–হৃ [হরণ করা] ভোজন করা ইত্যাদি+অ(ঘঞ্)–ভা) সং, পুং, ভোজন; যথা—নিরাহার। ২। বহন। ৩। আহরণ। শিং–১ "অয়ং গচ্ছতি ভর্ত্তা মে ফলাহারো মহাবনম্।" ২"ফলাহারোঽস্মি নিষ্ক্রান্তস্ত্বয়া সহ।" ৪। (+ঘঞ্–র্ম্ম, পা) ভক্ষ্যবস্তু।

আহারপ্রিয় (আহার–প্রিয়) বিং, ত্রিং, যে আহার করিতে ভালবাসে, আহারবিষয়ে যাহার সবিশেষ যত্ন ও অনুরাগ আছে।

আহারার্থী (–র্থিন্, আহার–অর্থ প্রার্থনা করা+ইন্(ণিন্)–ক) বিং,ত্রিং, ভোজনাভিলাষী, ভোজনাভিলাষে উপস্থিত।

আহারী (আহারিন্) বিং, ত্রিং, যে বিলক্ষণ আহার করিতে পারে।

আহার্য্য (আহরণ দেখ, য–র্ম্ম) বিং, ত্রিং, যাহা আহরণ করিয়া সিদ্ধ হয়, যত্নসাধ্য কৃত্রিম, অস্বাভাবিক; যথা—আহার্য্য শোভা অর্থাৎ বেশভূষাদি দ্বারা যে শোভা সম্পাদন করা যায়। শিং–১ "আহার্য্য শোভারহিতৈরমায়ৈঃ।" (ভট্টি)। ২। নৈমিত্তিক, কোন নিমিত্ত কারণ বশতঃ যাহা ঘটে। ৩। আরোপিত। ৪। আহরণীয়। ৬। যত্নসাধ্য। ৭। আহারীয়,ভক্ষ্য,ভোজ্য। ৫। লৌকিক এবং উপাসনার (অগ্নি)। যথা—"আহার্য্যেণানাহিতাগ্নিম্।"

আহাব (আ–হ্বে আহ্বান করা+অ (ঘঞ্)–ধি। যেখানে পান নিমিত্ত পশুসকল আহূত হয়) সং, পুং, কূপসমীপস্থ ক্ষুদ্র জলাশয়, গবাদির জলপানার্থ প্রস্তরাদি নির্ম্মিত চৌবাচ্চা। শিং–১ "প্রাবিশন্নাহবপ্রজ্ঞা আহাবমুপলিপ্সবঃ।"(ভট্টি)। ২। (যেখানে বীরগণ আহূত হয়) যুদ্ধ। ৩। অগ্নি। ৪। (+ঘঞ্–ভাবে) আহ্বান। ৫। মন্ত্রবিশেষ দ্বারা আহ্বান। ৫। আহ্বান সাধন মন্ত্রবিশেষ। ৫। (+ঘঞ্–ণ) দ্রোণ কলস।

আহিত (আ–ধা [ধারণ করা] স্থাপন করা ইত্যাদি+ত(ক্ত)–র্ম্ম। ধা=হি) বিং, ত্রিং, ন্যস্ত। শিং–১ "ব্যাবর্ত্তৈনৈরহিপতেরয়মাহিতাঙ্কঃ।" ২। স্থাপিত। ৩। যাহা বন্ধক দেওয়া গিয়াছে, আধীকৃত। ৪।

নিক্ষিপ্ত। ৫। কৃত। ৬। কৃতাধান সংস্কার। ৭। জনিত। ৮। নিষিক্ত। ৯। সংহিত। ১০। অর্পিত। ১১। সম্পাদিত। ১২। জাত। ১৩। আরোপিত। ১৪। অনুভূত।

আহিতলক্ষণ (আহিত কৃত—লক্ষণ চিহ্ন। যাহার নাম বা গুণ কৃত হয় অর্থাৎ বারম্বার উচ্চারিত হয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণ দ্বারা বিখ্যাত। ২। ন্যস্তচিহ্ন। ২। কৃতসন্ধান।

আহিতাগ্নি (আহিত স্থাপিত—অগ্নি যা—হিং) সং, পুং, সাগ্নিক, অগ্নিহোত্রী। "গুরোরপীদং ধনমাহিতাগ্নেঃ।" (রঘু)।

আহিতুণ্ডিক (অহিতুণ্ড সর্পমুখ+ইক ষ্ণিক)—ক্রীড়ার্থে। যে সর্প মুখ দ্বারা খেলা করে) সং, পুং, সাপুড়ে। ২। বিং, ত্রিং, যে সর্পবিদ্যায় নিপুণ।

আহীর, আহীরী (আভীর, আভীরী শব্দজ) আভীর দেখ।

আহুত (আহুতি দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সম্যক্ হুত, যাহা আহুতি দেওয়া গিয়াছে। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং,গৃহস্থের কর্ত্তব্য পঞ্চ যজ্ঞ, মনুষ্যযজ্ঞ।

আহুতি (আ—হু হোম করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, দেবতার প্রীতি উদ্দেশে অগ্নিতে ঘৃত প্রভৃতি দ্রব্য প্রক্ষেপ, হোম। ২। আহবনীয় দ্রব্য; যথা—হবিরাদি। শিং —১ "পুনানং পবনোদ্ধূতৈর্ধূমৈরাহুতি গন্ধিভিঃ।" (রঘু)।

আহুল্য; সং, পুং, ক্ষুপবিশেষ, তরবট।

আহূত (আ—হ্বে আহ্বান করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিমন্ত্রিত, কৃতাহ্বান, আমন্ত্রিত, যাহাকে আহ্বান করা গিয়াছে। ২। সং, ক্লীং, প্রলয় পর্য্যন্ত। শিং—১ "ন ত্যজেৎ কার্ত্তিকে মাসে যাবদাহূতনারকী।"

আহূতি (আহূত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আহ্বান, ডাকা।

আহৃত (আহরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, যাহা আহরণ করা গিয়াছে, আয়োজিত। ২। সঞ্চিত। ৩। আনীত। ৪। সঙ্কলিত।

আহেয় (অহি সর্প+এয়(ঢ়েয়)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সর্পসম্বন্ধীয়।

আহো (আ—অর্হ পূজা করা অথবা হন আঘাত করা+ও(ডো)—ধি) অং, বিকল্প। ২। সন্দেহ। ৩। প্রশ্ন। ৪। বিচার। শিং—১ "তেষাং তু নিষ্ঠা কা কৃষ্ণ সত্ত্বমাহোরজস্তমঃ। ২ দারত্যাগী ভবাম্যাহো পরস্ত্রীস্পর্শপাংশুলঃ।"

আহোপুরুষিকা (আহো অহং—পুরুষ+ক(কণ্)—ইদমর্থে। আপ্—স্ত্রীং, অথবা অহমেব পুরুষঃ=অহোপুরুষ+ইক ষ্ণিক—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, আত্মশ্লাঘা, অহমিকা, আত্মপ্রশংসা, বাহাদুরী। শিং—১ "আহোপুরুষিকাংপশ্য মম।"

আহোস্বিৎ (আহো+স্বিৎ—প্রং) অং, বিকল্প। ২। প্রশ্ন। শিং—১ "স্বর্গে কালং কিয়ন্তং তে তস্থু স্তদপি শংস মে। আহোস্বিৎ শাশ্বতং স্থানং তেষাং তত্র। ২ কিং দেবদত্তঃপচতি। আহোস্বিদ্ ভুঙক্তে। ৩ দেবদত্তঃ পচতি। আহোস্বিৎ পঠতি।"

আহ্ন (অহন্—অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, দিনসমূহ। ২। বিং, ত্রিং, দৈনিক।

আহ্নিক (অহন্ দিন+ইক(ষ্ণিক)—নির্বৃত্তার্থে) বিং, ত্রিং প্রতিদিন যাহা ঘটে বা যাহা করা যায় দিবাকৃত্য, দৈনিক। ২। সং, ক্লীং, প্রতিদিন ক্রিয়মাণ সন্ধ্যাবন্দনাদি কার্য্য। ৩। গ্রন্থের অংশবিশেষ। শিং—১ "কৃত্বা স্বাধ্যায়মাহ্নিকম্। ২ অজ্ঞাহ্নিকং সুরশ্রেষ্ঠো জগতে। ৩ কৃতাহ্নিকক্রিয়।"

আহ্নিকগতি (Diurnal motion) সং, স্ত্রীং, রথচক্র যেমন মেরুদণ্ডের উপর নিয়ত ঘূর্ণিত হয়, পৃথিবীও সেইরূপ প্রতিদিন স্বীয় অক্ষোপরি ঘূর্ণিত হয়, উহার ঐ গতির নাম "আহ্নিকগতি।"

আহ্লাদ (আ—হ্লাদ্ সন্তুষ্ট হওয়া+অ(অল্)—ভা) সং,পুং,আনন্দ,আমোদ, হর্ষ। শিং—১ "শুষ্কস্নায়ুস্বরাহ্লাদাৎ। ২ সাহ্লাদং বচনম্। ৩ সাহ্লাদম্।"

আহ্লাদক (আ—হ্লাদি আহ্লাদ করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে আহ্লাদ জন্মায়।

আহ্লাদন (আ—হ্লাদি আহ্লাদ করান+

অন(অনট্) – ভাবে) সং, ক্লীং, আহ্লাদ-জনন, প্রীণন, প্রীতি।

আহ্লাদিত (আহ্লাদ দেখ,ত(ক্ত) – ভা) বিং, ত্রিং, আনন্দিত, হৃষ্ট। ২। (+ইত – জাতার্থে) যার আহ্লাদ জন্মিয়াছে,জাতাহ্লাদ।

আহ্লাদী (আহ্লাদিন্, আহ্লাদ+ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, আহ্লাদিতস্বভাব।

আহ্বয় – পুং } (আ – হ্বে আহ্বান করা
আহ্বা – স্ত্রীং } +অ(অল্), অ(ঙ) – ণ) সং, নাম, আখ্যা, সংজ্ঞা। শিং – ১ "বৃক্ষে-রপ্যাহ্বয়া ইমে। ২ চরণাহ্বয়াঃ। ৩ কাব্যং রামায়ণাহ্বয়ম্।"

আহ্বান (আহ্বয় দেখ, অন(অনট্) – ভা। সং, ক্লীং, ডাকা, নিমন্ত্রণ। ২। সম্বোধন। শিং – ১ "হস্তে – আহ্বানং নীচং প্রতি। ২ স তত্রগত্বা তস্যাহ্বানায় শব্দং চকার। ৩ সুহৃদাহ্বানং প্রকুর্ব্বীত।"

আহ্বায় (আ – হ্বে আহ্বান করা+অ (ঘঞ্) – ণ) সং, পুং, নাম। ২। (+ঘঞ্ – ভাবে) আহ্বান।

আহ্বায়ক (আহ্বয় দেখ, অক(ণক) – ক) বিং, ত্রিং, যে আহ্বান করে। ২। সং, পুং, দূত। শিং – ১ "আহ্বায়কেভ্যঃ শ্রুত-শত্রুবৃত্তিঃ।" (ভট্টি)।

---

# ই

ই—তৃতীয় স্বরবর্ণ ; ইহার উচ্চারণ স্থান তালু ; ইহার হ্রস্ব দীর্ঘ ও প্লুত স্বর আছে। শিং—১ "ইকারং পরমানন্দসুগন্ধকুসুমচ্ছবিং। হরিব্রহ্মময়ং বর্ণং সদা রুদ্রযুতং প্রিয়ে। সদাশক্তিময়ং দেবি গুরুব্রহ্মময়ং তথা। সদাশিবময়ং বর্ণং পরং ব্রহ্মসমন্বিতং। হরিব্রহ্মাত্মকং বর্ণং গুণত্রয় সমন্বিতং। ইকারং পরমেশানি স্বয়ং কুণ্ডলী মূর্তিমান্।" (অ—ক্তি, অথবা ই গমন করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, কামদেব। ২। অং, খেদ। ৩। কোপ। ৪। নিরাকরণ। ৫। নিন্দা। ৬। বিস্ময়। ৭। সম্বোধন। ৮। আহ্বান। (দেশজ) কেবল, মাত্র ; যথা—আমিই, তুমিই, তাঁহারই ইত্যাদি।

ইংরেজ ; সং, পুং, লণ্ডনদেশ জাত ম্লেচ্ছজাতিবিশেষ। শিং—১ "অধিপা মণ্ডলানাঞ্চ সংগ্রামেষ্বপরাজিতাঃ। ইংরেজা নবষট্ পঞ্চলণ্ডজাশ্চাপি ভাবিনঃ। (মেরুতন্ত্র ২৩ প্রকাশ)।

ইঃ (ইম্ শব্দজ) অং, কোপ, দুঃখ বা সন্তাপবোধক শব্দ। ২। পুং, কামদেব। শিং—১ "ইঃ কামে রতিলক্ষ্ম্যোশ্রী উঃ শিবে ব্রহ্মকাদ্য উঃ।"

ইক্কট ; সং, পুং, তৃণবিশেষ।

ইকার (ই+কার—স্বার্থে) সং, পুং, ইবর্ণ, ই।

ইক্ষু (ইষ্ ইচ্ছা করা+স্ক(ক্সু)—সংজ্ঞার্থে। কিম্বা ঈক্ষ্ দেখা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, আকগাছ। ২। অসিপত্র বৃক্ষ।

ইক্ষুকাণ্ড (ইক্ষু—কাণ্ড। ইক্ষুর ন্যায় কাণ্ড অর্থাৎ গুঁড়ি যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শরমুঞ্জ। ২। কাশতৃণ, কেশে।

ইক্ষুগন্ধা (ইক্ষু—গন্ধ ঘ্রাণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গোখুরী। ২। কাশতৃণ, কেশে।

ইক্ষুচ্ছায় (ইক্ষু—ছায়া) সং, ক্লীং, ইক্ষু সমূহের ছায়া।

ইক্ষুমতী ; সং, স্ত্রীং, নদীবিশেষ ; ইহার অপর নাম ইক্ষুল, সাঙ্কাস্যা নগরী ইহার উপর স্থাপিত। বোধ হয়, ইহা আধুনিক কালীনদী হইবেক। কনিংহাম বলেন ইহার অপর নাম ঈশানী।

ইক্ষুযন্ত্র (ইক্ষু—যন্ত্র কল) সং, ক্লীং, যে যন্ত্র দ্বারা নিষ্পীড়ন করিয়া ইক্ষুরস নির্গত করে।

ইক্ষুযোনি—পুং } ইক্ষুবাটিকা—স্ত্রীং } (ইক্ষু—যোনি উৎপত্তি স্থান) সং, পুঁড়ি আক্।

ইক্ষুরস (ইক্ষু—রস, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকের রস।

ইক্ষুশাকট } ইক্ষুশাকিন } (ইক্ষু+শাকট, শাকিন—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, ইক্ষুক্ষেত্র, আকের ক্ষেত।

ইক্ষুসার (ইক্ষু—সার স্থিরাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, একোগুড়, খাঁড়।

ইক্ষ্বাকু (ইক্ষু—অক্ গমন করা+উ(উণ্)—ক, সংজ্ঞার্থে। এই গাছ প্রায় ইক্ষু-

ক্ষেত্রে হয়, এই নিমিত্ত ইহার নাম ইক্ষ্বাকু অর্থাৎ ইক্ষুতে গমন করে [বেষ্টন করে] ২য়া—ষ, অথবা ইক্ষু—আ—কু করা+উ (ডু)—ক) সং, পুং, কটুতুম্বী, তিত্ লাউ। ২। সূর্য্য-বংশীয় প্রথম রাজা, বৈবস্বত মুনির পুত্র। শ্রদ্ধার গর্ভসম্ভূত। অনেকে [illegible] ইনি সূর্য্যবংশীয় প্রথম রাজা। বিষ্ণু-পুরাণে লিখিত আছে ইনি মনুর নাসিকা হইতে জন্ম গ্রহণ করিয়াছিলেন। শিং—১ "ইক্ষ্বাকুরাজ্ঞঃ সুবলস্য।"

ইঙ্গ (ইঙ্গিত দেখ, অ(ঘঞ্)—ভাবে) বিং, ত্রিং, অদ্ভুত। ২। জঙ্গম। শিং—১"ত্বয়া সৃষ্টভিদং সর্ব্বং যদেঙ্গং যচ্চেনেঙ্গতি।" ৩। সং, পুং, ইঙ্গিত। ৪। জ্ঞান।

ইঙ্গন (ইঙ্গিত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, গমন। ২। চেষ্টা। ৩। চলন। ৪। কম্পন। না—স্ত্রীং, প্রসিদ্ধি।

ইঙ্গিত (ইন্‌গ্ গমনকরা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, হৃদ্‌গত ভাব, যে অঙ্গ চালনাদি দ্বারা মনের ভাব বুঝিতে পারা যায়, সঙ্কেত, ঠার, ইসারা। "তস্য সংবৃতমন্ত্রস্য গূঢ়াকারে-ঙ্গিতস্য চ।" ২। চলন, চাল। ৩। অন্বে-ষণ। ৪। চেষ্টা। ৫। অভিপ্রায়, তাৎপর্য্য। শিং—১ "স বিদ্যাদস্যকৃত্যেষু নির্গূঢ়েঙ্গি-তচেষ্টিতৈঃ। আকারমিঙ্গিতং চেষ্টাং ভৃ-ত্যেষু চ চিকীর্ষিতম্॥ ২ বাহ্যৈর্বিভাবয়ে-ল্লিঙ্গৈ র্ভাবমন্তর্গতং নৃণাম্। স্বরবর্ণেঙ্গি-তাকারৈশ্চক্ষুষা চেষ্টিতেন চ॥"

ইঙ্গিতজ্ঞ (ইঙ্গিত—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, যে ইঙ্গিত বুঝিতে পারে, ইঙ্গিত দেখিয়া যে মনের ভাব বুঝিয়া লইতে পারে।

ইঙ্গুদ (ইঙ্গ গমন—দ যে দান করে, ২য়া—য। অ=উ। অথবা ইঙ্গু [ইন্‌গ্ গমন+উ—ভাবে] গমন—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, দী—স্ত্রীং, তাপসতরু, ইহার ফলে তৈল হয়। পূর্ব্বকালে ঋষিরা এই ফলের তৈল ব্যবহার করিতেন। ২। জ্যোতিষ্মতী, নয়াফট্‌কী।

ইঙ্গুল ; সং, ক্লীং, বৃক্ষবিশেষ, ইহার ফলে তৈল জন্মে, ইঙ্গুলী। পূর্ব্বকালে ঋষিরা এই ফলের তৈল ব্যবহার করিতেন।

ইচড় (দেশজ) সং, অপক্ক কাঁঠাল, তরুণ কণ্টকী ফল।

ইচ্ছুক (ইচ্ছ্ ইচ্ছা করা+অক—ক) বিং, ত্রিং, যে ইচ্ছা করে, ইচ্ছু, অভিলাষী। ২। (+কণ্—প্রং) পুং, টাবালেবু।

ইচ্ছা (ইষ্ বাঞ্ছা করা+অ—ভা। ষ্=চ্ছ) সং, স্ত্রীং, বাঞ্ছা, স্পৃহা ; যথা—"বিষয়ানু-রাগ হইতে কামনা উৎপন্ন হয়, কামনা হইতে ইচ্ছা জন্মে, ইচ্ছা হইতে তৃষ্ণা সংবর্দ্ধিত হয়।"। ২। উৎসাহ।

ইচ্ছাধীন (ই[illegible]—অধীন) বিং, ত্রিং ইচ্ছার অধীন [illegible] করিলেই যাহা ঘটিতে পারে, ইচ্ছা[illegible] [ধীন।

ইচ্ছায়[illegible] চ্ছা—আয়ত্ত) বিং, ত্রিং, ইচ্ছা[illegible]

ইচ্ছাব[illegible] (ইচ্ছা+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, কাম[illegible]। ২। ধনাদিতে স্পৃহাবতী।

ইচ্ছাবসু (ইচ্ছা—বসু ধন) সং, পুং, [illegible]বের।

ইচ্ছু [illegible] } (ইচ্ছা দেখ, উ—ক। ২য় পক্ষে
ইচ্ছুক } ইচ্ছু+কণ্—স্বার্থে) বিং, ত্রিং, ইচ্ছাবিশিষ্ট। [মাছ।

ইচলা (দেশজ) সং, মৎস্যবিশেষ, চিঙ্গড়ী

ইজা (যাবনিক) মিলাইবার জন্য এক ফর্দ্দের ঠিক অন্য ফর্দ্দে লিখিত হয়, তাহা ঐ ফর্দ্দের উপর টানিলে জের ও নীচে টানিলে ইজা কহে।

ইজাদ (যাবনিক) অতিরিক্ত ভূমি।

ইজারা (যাবনিক) একের অধিক নিয়মিত সংখ্যক বৎসরের জন্য কোন গ্রাম হস্ত-বুদ খাজানার নিয়মে জমীদারে নিকট হইতে লইলে উহাকে ইজারা কহে।

ইজ্জল (ইৎ [ই গমন+০(কিপ্)—ক] যে গমন করে—জল। এই গাছের নিকট দিয়া জল গমন করে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিজ্জল বৃক্ষ, হিজল গাছ। ২। জি উলি গাছ। ৩। নিচুল-বৃক্ষ।

ইজ্য (যজ্ পূজা করা+য(ক্যপ্)—র্ম্ম) সং, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি। ২। বিষ্ণু। ৩। জ্যা—স্ত্রীং (+ক্যপ্—ভাবে) দান। ৪।

যজ্ঞ। শিং—১ "জগৎ প্রকাশং তদশেষমিজ্যয়া।" (রঘু)। ৫। পূজা। ৬। সঙ্গম। ৭। গৌ। ৮। কুট্টনী। ৯। (+ক্যপ্—র্ম্ম) বিং, ত্রিং, গুরু, শিক্ষক। ১০। পূজ্য।

ইজ্যাশীল (ইজ্যা যজ্ঞ—শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া + অ(অন্)—ক। যে যজ্ঞে বারম্বার প্রবৃত্ত হয়, ৭মী—ষ) সং,পুং, পুনঃ পুনঃ যজ্ঞকর্ত্তা, যাজক।

ইঙ্কাক ; সং, পুং, ইঁচ্লামাছ, মোচাচিঙ্গড়ী।

ইট (ইষ্টক শব্দজ) সং, দগ্ধমৃত্তিকা, যাহার দ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়।

ইটখোলা (ইট—খোলা স্থান,৬ষ্ঠী—ষ) সং, ইষ্টকক্ষেত্র, পাঁজাখোলা।

ইটচর (ইট্ [ইষ্ ইচ্ছা করা+০(ক্বিপ্)—প্রং] ইচ্ছা—চর যে চরে। যে স্বেচ্ছাতে চরে, ৩য়া—ষ) সং, পুং, ষণ্ড, বৃষ, ষাঁড়। ইট্‌রশব্দও হয়।

ইড়া (ইল্ গমন করা, ক্ষেপণ করা ইত্যাদি +অ(অন্)—ক এবং আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ইক্ষ্বাকু কন্যা, বুধপত্নী। ২। দক্ষকন্যা, কশ্যপপত্নী। ৩। মনুর পত্নী ; খণ্ডপ্রলয়ের পর ইঁহার গর্ভে পুনরায় মনুজবংশ উৎপন্ন হয়। ৪। পৃথিবী। ৫। ধেনু। ৬। ত্বরা। ৭। শরীরস্থ রক্তবাহিকা নাড়ীবিশেষ। ইহা মেরুদণ্ডের বাম পার্শ্বে অবস্থিত আছে। ৮। বাণী, সরস্বতী। ৯। স্বর্গ।

ইড়াচিকা (ইড়া পৃথিবী—চর্ গমন করা +অক—ক। র=লোপ) সং, স্ত্রীং, বরটা, বোল্‌তা।

ইড্য (ইড্ স্তব করা+য—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত্য, স্তবের যোগ্য (পাত্র)।

ইৎকট ; সং, পুং, ওকড়া গাছ।

ইৎকিলা ; সং, স্ত্রীং, রোচনাখ্য গন্ধদ্রব্য।

ইত (ই গমন করা ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গত। ২। প্রাপ্ত। ৩। (+ক্ত—র্ম্ম) জ্ঞাত। ৪। লব্ধ।

ইতইতঃ (ইতস্—ইতস্) সং, এদিকে এ দিকে, এ দিকে আইস।

ইতর (ই ইচ্ছা—তৃ পারহওয়া+অ(অল্) —ক) বিং, ত্রিং, নীচ, অধম। ২। পামর। ৩। অন্য, ভিন্ন, অপর ; যথা—"বামেতর নয়ন স্পন্দন হইতে লাগিল।" শিং—১ "যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।" ২ ন মাতৃ পিতৃবদ্রাজন্ ধাতা ভূতেষু বর্ত্ততে। রোষাদিব প্রবৃত্তোহয়ং যথারমিতরো জনঃ। ৩ নাতিক্রামেত পক্ষী যান্ কুত এবেতরে মৃগাঃ। ৪ ইতরস্তু জনঃ-সর্ব্বঃ।"

ইতরথা (ইতর+থা—প্রকারার্থে) অং, অন্যথা,নতুবা। ২। অন্যপ্রকার, প্রকারান্তর।

ইতরবিশেষ (ইতর—বিশেষ, দ্বং—স) সং, পুং, ভেদাভেদ, ভিন্নতা। ২। অন্য হইতে বিশেষ, তুলনা দ্বারা এক হইতে অন্যের বিশেষ। [পরস্পর, অন্যোন্য।

ইতরেতর (ইতর—ইতর, দ্বং—স) বিং, ত্রিং,

ইতরেতরযোগ ; সং,পুং, দ্বন্দ্ব সমাস বিশেষ, যে সমাসে পদার্থের পরস্পর যোগ বুঝায় : যথা—হরিহর, ভীমার্জ্জুন ইত্যাদি।

ইতরেতরাশ্রয় (ইতরেতর—আশ্রয়) সং, পুং, পরস্পর আশ্রয়, পরস্পরের পরস্পর অবলম্বন, উভয়েরই উভয়কে আশ্রয় করা।

ইতরেতরাশ্রয়ী (—য়িন্,ইতরেতর—আশ্রয়ী) বিং. ত্রিং, যাহারা পরস্পর আশ্রয় করে, যাহারা পরস্পর সাহায্যে কার্য্য নির্ব্বাহ করে।

ইতরেদ্যুঃ (ইতরেদ্যুস্,ইতর অন্য+এদ্যুস —দিবার্থে) অং, অন্যদিনে।

ইতঃ (ইতস্, ইদম্ এই+তস্—প্রং। পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্) অং, এখান হইতে, ইহা হইতে, এখানে। শিং—১ "ইতঃ কষ্টতরং কিং নু। ২ কো মামিতঃ কালপাশাদিব ব্যাধপাশাৎ ত্রাতুং মিত্রাদন্যঃ সমর্থঃ।" ২। ইহাতে, এদিকে।

ইতস্ততঃ (ইতস্ততস্, ইতস্ এখানে—ততস্ সেখানে) অং, অত্র তত্র, এখানে সেখানে, এদিকে সেদিকে। ২। চারিদিকে, চতুর্দ্দিকে, সকল দিকে।

ইতঃপর (ইতস্ ইহার—পর) অং, অতঃপর, ইহার পর।

ইতি (ই গমন করা+তি(ক্তি)—ভাবে) অং, অতএব। ২। এই হেতু। ৩। এই প্রকার। ৪। এই, ইহা। ৫। প্রকরণ। ৬।

সমাপ্তি। ৭। সমাপ্তিসূচক শব্দ। ৮। উপক্রম। ৯। প্রকাশ। ১০। প্রকর্ষ। শিং—১ "ভবাঙ্গপতিতং তোয়ং পবিত্রমিতি পস্পৃশুঃ। ২ স ইতিবাক্যেন হরিপ্রবীর প্রীতোহভবৎ।"

ইতিকথা (ইতি ইহা—কথা কথন। ইহা কথামাত্র, বস্তুতঃ কোন অর্থ নাই) সং, স্ত্রীং, উপকথা, বৃথাকথা, অপ্রয়োজন কথা, নিরর্থক কথন।

ইতিকর্ত্তব্য (ইতি ইহা—কর্ত্তব্য করণীয়) বিং, ত্রিং, ইহা করণের যোগ্য, ইহা উচিত বা আবশ্যক। ২। কোন বিষয় সম্পন্ন করিতে আনুষঙ্গিক যাহা করিতে হয়। শিং—১ "এবং সর্ব্বং বিধায়েদমিতিকর্ত্তব্যমাত্মনঃ।"

ইতিকর্ত্তব্যতা (ইতিকর্ত্তব্য+তা—ভাবে) সং, স্ত্রীং, 'ইহাই কর্ত্তব্য' এই প্রকার জ্ঞান। ২। কোন বিষয় সম্পন্ন করিবার অঙ্গীভূত অনুষ্ঠান সকল।

ইতিকর্ত্তব্যবিমূঢ় (ইতিকর্ত্তব্যবিমূঢ়) বিং, ত্রিং, উচিত বা আবশ্যক নির্ণয় করণে অস্থিরচিত্ত। [ইতোমধ্যে।

ইতিমধ্যে (ইতি—মধ্যে) অং, ইহার মধ্যে,

ইতিবৃত্ত (ইতি এই প্রকার বা তদ্রূপ—বৃত্ত অতীত। এই প্রকার যাহা হইয়াছে, স্বামী বলেন বৃত্ত চরিত্র) সং, ক্লীং, যাহা ঘটিয়াছে, অতীতবৃত্তান্ত, ইতিহাস।

ইতিবৃত্তবেদী (—বেদিন্,) বিং, ত্রিং, ইতিহাসজ্ঞ দেখ।

ইতিহ (ইতি এই প্রকার বা তদ্রূপ—হ সমাচার। এই বৃক্ষে ভূত আছে এই প্রকার পরম্পরাগত কথা) অং, পারম্পর্য্যোপদেশ, পুরাতন কথা।

ইতিহা; সং, স্ত্রীং, জনশ্রুতি, কিংবদন্তী।

ইতিহাস (ইতিহ পরম্পরাগত উপদেশ—আস্ হওয়া+অ(ঘঞ্)—ধি। যাহাতে পরম্পরাগত উপদেশ আছে) সং, পুং, পূর্ব্ববৃত্তান্ত, প্রাচীন কথা, পুরাবৃত্ত। শিং—১ "ইতিহাসপুরাণং পঞ্চমো বেদানাম্।" ২ "ধর্ম্মার্থকামমোক্ষাণামুপদেশসমন্বিতম্। পূর্ব্ববৃত্ত কথাযুক্ত মিতিহাসং প্রচক্ষ্যতে।"

ইতিহাসজ্ঞ (Historian, ইতিহাস—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং,ত্রিং, যে ইতিহাস জানে, ইতিহাস শাস্ত্রে যাহার পাণ্ডিত্য আছে, যে ইতিহাস বিষয়ে গ্রন্থ রচনা করিয়াছে, পুরাবৃত্তজ্ঞ, ইতিবৃত্তবেদী।

ইতিহাসবেদী (—বেদিন্,) বিং, ত্রিং, ইতিহাসজ্ঞ দেখ। [ইতিমধ্যে।

ইতোমধ্যে (ইতস্—মধ্যে) অং, ইহার মধ্যে,

ইত্থং (ইত্থম্, ইদম্ ইহা+থম্—প্রকারার্থে) অং, এইরূপ, এই প্রকার।

ইত্থঙ্কারী (ইত্থঙ্কারিন্, ইত্থম্ এইরূপে—কৃ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে এইরূপ করে।

ইত্থম্ভাষী (—ভাষিন্, ইত্থম্ এইরূপে—ভাষ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে এইরূপ বলে, ইত্থংবাদী।

ইত্থম্ভূত (ইত্থম্—ভূত হইয়াছে। যাহা এইরূপ হইয়াছে) বিং, ত্রিং, এবম্ভূত, ঈদৃশ। ২। এই প্রকার জাত।

ইত্থংবাদী (—বাদিন্, ইত্থম্ এইরূপে—বদ্ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে এইরূপ বলে ইত্থম্ভাষী।

ইত্যবসরে (ইতি অবসরে) অং, এই অবসরে।

ইত্যাদি (ইতি—আদি) অং, এবং এইরূপ। বিং, এই প্রভৃতি, এতৎ প্রভৃতি।

ইত্বর (ই গমন করা+বর(ক্বরপ্)—ক, শীলার্থে। যে স্বেচ্ছাতে সর্ব্বত্র গমন করে) বিং, ত্রিং, গমনশীল, পথিক। ২। নীচ। ৩। দীন, দরিদ্র। ৪। নিষ্ঠুর। ৫। সং, পুং, ষণ্ড। রী—স্ত্রীং, অসতী, ভ্রষ্টা স্ত্রী।

ইদং (ইদম্, ইন্দ্ প্রভুত্ব করা+অম্(কম্)—ক, কিম্বা ই গমন করা+দম্—প্রং) সর্ব্বং, ত্রিং, এই, ইহা, ইনি।

ইদংকার্য্যা; সং, স্ত্রীং, দুরালভাবৃক্ষ।

ইদমীয় (ইদম্—ঈয়(ণীয়)—প্রং) বিং, ত্রিং, এতৎসম্বন্ধীয়, এতদীয়।

ইদানী; সং, স্ত্রীং, বটপত্রী বৃক্ষ।

ইদানীং (ইদানীম্, ইদম্ ইহা+দানীম্—কালার্থে। দম্—লোপ) অং, অধুনা, সম্প্রতি, এই কালে, এক্ষণে, এখন। শিং

—১ "অপীদানীং স তেজস্বী বুদ্ধিমান্ স নৃপাত্মজঃ। ২ ইদানীমপি।" ২। বাক্যভূষণ।

ইদানীন্তন ( ইদানীম্ + তন — ভবার্থে ) বিং, ত্রিং, যাহা ইদানীং জন্মিয়াছে বা ঘটিয়াছে, অধুনাতন, বর্ত্তমানকালীন ; অতি পূর্ব্বকালীন নহে, অল্পকালীন, অনতিপূর্ব্বকালীন, আধুনিক, নব্য, এখনকার।

ইদাবৎসর ( ইদা চিহ্নিত — বৎসর ) সং, পুং, ত্রিংশ সূর্য্যোদয়ে যে মাস হয়, তাহার দ্বাদশ মাসে এক ইদাবৎসর। ইহা বর্ষপঞ্চকের তৃতীয় বর্ষ ; এই বৎসরে অন্নবস্ত্র দানে মহাফল হয়।

ইদ্ধ (ইন্ধ্ দীপ্ত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, দীপ্ত। ২। জ্বলিত। ৩। তেজঃ। ৪। অপ্রতিহত। ৫। পরিষ্কৃত। ৬। আশ্চর্য্য। ৭। (+ক্ত — ক ) সং, ক্লীং, সমূহ। ৮। দীপ্তি।

ইধ্ম (ইন্ধ্ প্রজ্বলিত করা, দগ্ধ করা + ম(মক্) — ণ, সংজ্ঞার্থে। যাহাকে বা যাহা দ্বারা দগ্ধ করা যায়) সং, ক্লীং, কাষ্ঠ, জ্বালানি কাঠ।

ইধ্মবাহ (ইধ্ম — বাহ যে বহন করে, ২য়া — ষ। মহাভারতে—তেজস্বী অগস্ত্য-নন্দন বাল্যকালেই পিতার আলয়ে ইধ্ম অর্থাৎ অগ্নি সন্দীপন কাষ্ঠের ভার বহন করিতেন বলিয়া তাঁহার নাম ইধ্মবাহ হইল) সং, পুং, অগস্ত্যের পুত্র।

ইন (ই গমন করা + ন(নক্) — ক) সং, পুং, সূর্য্য। ২। পতি, প্রভু। ৩। নৃপ, রাজা। ৪। শ্রেষ্ঠ।

ইনাম ( যাবনিক, ইহার প্রকৃত অর্থ দান ) রাজা কোন অধীনস্থ ব্যক্তিকে যে দান করেন ; যথা—

"মজুন্দারে লয়ে গেলা পাতশার পাশে।
ইনাম কি চাহ বলি পাতশা জিজ্ঞাসে।"

২। উপকার করিলে গবর্ণমেণ্ট পুরস্কার স্বরূপ যে নিষ্কর ভূমি কিম্বা অর্থদান করেন। জন।

ইনি (ইদম্ শব্দজ) সর্ব্বং, এই ব্যক্তি, এই

ইন্দম্বর (ইন্দম্ ইন্দ্ ধাতুজ — বর শ্রেষ্ঠ। অন্যান্য পুষ্পাপেক্ষা ইহাই শ্রেষ্ঠ) সং, ক্লীং, নীলপদ্ম।

ইন্দারা (অন্ধু শব্দজ) সং, ক্লীং, ক্ষুদ্রজলাশয়, কূপ, গর্ত্ত, ইঁদারা।

ইন্দি, ইন্দী (ইন্দ্ আধিপত্য করা + ই — ক) সং, স্ত্রীং, লক্ষ্মী।

ইন্দিন্দির ( ইন্দ্ প্রভুত্ব করা, দ্বিত্ব + ইর — প্রং, নিপাতন) সং, পুং, ভ্রমর, মধুকর।

ইন্দিরা (ইন্দি ঐশ্বর্য্য — রা যে দান করে, ২য়া — ষ, অথবা ইন্দ্ আধিপত্য করা + ইর — ক। আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, লক্ষ্মী, বিষ্ণুপত্নী, কমলা, রমা।

ইন্দিরালয় (ইন্দিরা লক্ষ্মী — আলয়, ৬ষ্ঠী — ষ। সৃষ্টিকালীন এই দেবী পদ্ম হইতে জন্মিয়াছিলেন) সং, ক্লীং, পঙ্কজ, অব্জ, পদ্ম।

ইন্দিবর, ইন্দীবর
ইন্দিবার, ইন্দীবার } (ইন্দি [ইন্দিরা শব্দজ] লক্ষ্মী — বর শ্রেষ্ঠ, অভীষ্ট, ৬ষ্ঠী — ষ। এই পুষ্প লক্ষ্মীর অত্যন্ত প্রিয়) সং, ক্লীং, নীলপদ্ম, নীলোৎপল। ২। (ইহার নীলোৎপলাকার পুষ্প বলিয়া ইন্দিবরী) রী — স্ত্রীং, শতমূলী।

ইন্দু (ইন্দ্ প্রভুত্ব করা + উ — ক, সংজ্ঞার্থে। যিনি নক্ষত্র গণ মধ্যে আধিপত্য করেন ; কিম্বা উন্দ্ আর্দ্র হওয়া + উ — প্রং। উ = ই। যিনি সুধায় আর্দ্র হন) সং, পুং, শশী, নিশাকর, চন্দ্র। ২। (চন্দ্রের ন্যায় শুভ্র বলিয়া) কর্পূর।

ইন্দুক ; সং, পুং, অশ্মন্তক বৃক্ষ।

ইন্দুকমল (ইন্দু চন্দ্র — কমল পদ্ম, ষং — স) সং, ক্লীং, শ্বেত পদ্ম।

ইন্দুকলিকা ( ইন্দু — কলিকা। ইন্দুর ন্যায় শুভ্র কলিকা যার) সং, স্ত্রীং, কেতকী। ২। চন্দ্রকলা।

ইন্দুকান্ত (ইন্দু — কান্ত কমনীয়, স্বামী। এই মণি চন্দ্রকিরণে অতি শোভা ধারণ করে) সং, পুং, চন্দ্রকান্তমণি। ২। ন্তা — স্ত্রীং, রাত্রি। ৩। তারা, নক্ষত্র।

ইন্দুজনক (ইন্দু — জনক পিতা, ৬ষ্ঠী — ষ। সমুদ্র মন্থনকালে চন্দ্রের উৎপত্তি হইয়াছিল) সং, পুং, সমুদ্র।

ইন্দুজ (ইন্দু — জ যে জন্মে, ৫মী — ষ) সং, পুং, বুধ। জা — স্ত্রীং, রেবানদী, নর্ম্মদা নদী।

ইন্দুনিভানন (ইন্দু চন্দ্র—নিভ ন্যায়—আনন মুখ। চন্দ্রের ন্যায় বদন যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চন্দ্রবদন ; যথা—"কেন তুমি কাঁদ, ইন্দুনিভাননে, তিত অশ্রুনীরে।" (মেঘনাদ)।

ইন্দুপুত্র (ইন্দু—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, [বুধগ্রহ।

ইন্দুপুষ্পিকা (ইন্দুর ন্যায় পুষ্প যাহার) সং, স্ত্রীং, কলিকারী বৃক্ষ, বিষলাঙ্গলা।

ইন্দুভৃৎ (ইন্দু—ভৃৎ [ভৃ ভরণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করেন, ২য়া—ষ) সং, পুং, চন্দ্রচূড়, শিব।

ইন্দুমতী (ইন্দু+মৎ(মতু)—অস্ত্যর্থে, ঈপ্) সং,স্ত্রীং, পূর্ণিমা। ২। বিদর্ভরাজপুত্রী, অজ রাজার স্ত্রী ও দশরথের মাতা। একদা ইনি পতির সহিত উদ্যানে ভ্রমণ করিতেছিলেন, এমন সময় আকাশপথগামী নারদের বীণাচ্যুত পারিজাত মালা ইহাঁর গাত্রে পতিত হওয়াতে ইনি প্রাণত্যাগ করেন। ৩। তীর্থবিশেষ।

ইন্দুমৌলী (ইন্দু—মৌলী শিরোভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব।

ইন্দুর, ইন্দর (উন্দ্ আর্দ্র হওয়া+উর—সংজ্ঞার্থে। উ=ই। সং, পুং, মূষিক, ইন্দুর। [স্ত্রীং, মুক্তা।

ইন্দুরত্ন (ইন্দু—রত্ন মণি, ৬ষ্ঠী—ষ) সং,

ইন্দুরেখা } (ইন্দু—রেখা, লেখা পঙক্তি,
ইন্দুলেখা } ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চন্দ্রকলা, চন্দ্রখণ্ড। ২। সোমলতা। ৩। গুলঞ্চ। ৪। যমানী।

ইন্দুলোহক ; সং, ক্লীং, রৌপ্য।

ইন্দুবল্লী (ইন্দু—বল্লী লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সোমলতা।

ইন্দুব্রত (ইন্দু—ব্রত পুণ্যজনক বা পাপ ক্ষয়কর কর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চান্দ্রায়ণ ব্রত।

ইন্দ্র (ইন্দ্ আধিপত্য করা+র—ক, সংজ্ঞার্থে। যিনি আধিপত্য করেন) সং, পুং, দেবরাজ। "ইনি দেবগণের অধিপতি। সূর্য্য, সোম, যম, অগ্নি, কালাদি দেবগণ ইহাঁর অধীন। বৈদিক ভারতে ইনি সর্ব্বশ্রেষ্ঠ আদিদেব। মিত্র, বরুণ, অর্য্যমা প্রভৃতি যেমন সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা বলিয়া বর্ণিত, ইন্দ্রও তাহাই। যখন ভারতে পুরাণের আবির্ভাব হয়, তখন ইন্দ্রকে সিংহাসন পরিত্যাগ করিয়া, তিন শ্রেষ্ঠ শক্তির অধীন হইতে হইয়াছিল। সেই তিন শক্তি ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর। একবার ইন্দ্র মহাদেবের মায়ায় নিজের মত পাঁচ জন ইন্দ্র দেখিতে পাইয়াছিলেন, তাহাতে তাঁহার অভিমান কমিয়া যায়, পুরাণবর্ণিত ইন্দ্রের শক্তি বিস্তর খর্ব্ব হইলেও, তাঁহার সহিত গ্রীকদেবগণ মধ্যে মাত্র জিয়সই তুলনেয়। উভয়ের অনেক সাদৃশ্য আছে। ইন্দ্র দেবরাজ, জিয়সও দেবরাজ। ইন্দ্র বজ্রধর, জিয়সও বজ্রধর। দেবশত্রু-দানবদমনে মহর্ষি দধীচির পবিত্র অস্থি দেবশিল্পী বিশ্বকর্ম্মা কর্ত্তৃক বজ্র নামক অমোঘাস্ত্রে পরিণত হইয়াছিল ; ইন্দ্র সেই দৈব অস্ত্রের অপ্রমেয় তেজে দানবর্ষভ বৃত্রের সহিত দানবকুল নির্ম্মূল করিয়াছিলেন ; দেবগণও নির্ভীকচিত্তে স্বর্গে অবস্থান করিয়াছিলেন। হিফেষ্টস আপন পিতা জিয়সের জন্য অশনি নামক অমোঘাস্ত্র প্রস্তুত করিয়াছিলেন ; জিয়স (গ্রীক Zeus, লাটিন Jupiter) সেই অব্যর্থ অস্ত্রে টাইটান (Titen) কুল নির্ম্মূল করিয়াছিলেন, দেবগণও নিশ্চিন্ত হইয়াছিলেন। দেবরাজের অনুগ্রহ না হইলে বৃষ্টি হয় না, মেঘ সকল তাঁহার আদেশ ব্যতীত স্থান হইতে নড়িতেও পারে না। পৃথিবীর উৎপাদিকা শক্তি কাজেই ইন্দ্রের উপর নির্ভর করে। এই গুণে ইন্দ্র এপলো (সূর্য্যে)-র অনুরূপ। জিয়সদেবের মস্তকও নীরদাবৃত।—(বান্ধব, ৩ খ, ১৯৩। ৪ পৃ)। হেলেনিক এপোলোঁ-(Hellenic Apollon)-দেবতার ন্যায় ইন্দ্রেরও সুবর্ণনির্ম্মিত বাণাধার অর্থাৎ তূণীর আছে। কিন্তু ইহাঁর বাণ সমূহ শতপর্ব্ব ও শতপতত্রযুক্ত। ফইবস্ (Phoibos) যেমন হারমিস্ (Hermes) কে তাঁহার পশুরক্ষার্থে সুবর্ণকশা দিয়াছিলেন, সেইরূপ কশা ইন্দ্রেরও হস্তে আছে হেলিয়স্-(Helos)-এর ন্যায়

ইন্দ্রদেব, অগ্নিময় রথে আরোহণ করিয়া স্বর্গে ভ্রমণ করিয়া থাকেন। ইন্দ্রের রথবাহী অশ্বগণের নাম হরিৎ। হেলিয়সের তুরঙ্গগণের নাম চরিত (Charites)। ইন্দ্র-বৃত্র [ পারসিকদিগের জেন্দ-আবেস্তাতে ইহার নাম বেরেথ্ (Verethra) এবং ইন্দ্রের নাম বেরেথ্রঘ্ন (Verethragna= বৃত্রঘ্ন) বলিয়া লিখিত হইয়াছে।—(Cox's M. A. N. II. PP. 353-4)—"বৃত্র এক জন আসিরিয়া দেশীয় দলপতি। পারস্যগ্রন্থ আবেস্তাতে লিখিত আছে, বৃত্রাসুর বব্র (Babylon)-নগরে সমস্ত আর্য্যভূমি (Aria na) একেবারে জনশূন্য করিবার নিমিত্ত উপযাগ করিয়া, অদ্বি-শুবনাম্নী দেবীকে, জয়ের নিমিত্ত আরাধনা করে। কিন্তু তাহার প্রার্থনা অগ্রাহ্য হয়। বৃত্র, তথাপি আপনার কুচক্রে নিরত থাকিয়া, অবশেষে ইন্দ্র কর্তৃক সবংশে নিহত হয়। যদি এইরূপ কোন তুমুল সংগ্রাম ঘটিয়া থাকে, তবে তাহা আর্য্যজাতি ও সমিতিক-(Semitic)-জাতির মধ্যে ঘটিয়া থাকিবেক। যেহেতু ইন্দ্র আর্য্যদিগের রক্ষক ও বৃত্র সমিতিকদিগের দলপতি। এই ঘোর যুদ্ধে জয়লাভ করার জন্য ইন্দ্রদেবকে বেরেথ্রঘ্ন উপাধিতে জেন্দ আবেস্তাতে উচ্চৈঃস্বরে কীর্ত্তন করা হইয়াছে। জেন্দ-আবেস্তান্তর্গত 'বহ্রাম্ যহ্ ত' সমস্তই বেরেথ্রঘ্ন ইন্দ্রের স্তুতিতে পরিপূর্ণ। ইহাতে বৃত্রকে 'অহিদহাক' (? অজিদহাক= (Azidaha ka)=বেদের দাস অহি) বলা হইয়াছে। ঋগ্বেদের ৭.১৭ সূক্তে ইন্দ্রের সহিত বৃত্রাসুরের ঘোর যুদ্ধ এবং তৎসংক্রান্ত অনেক বিষয় বর্ণিত আছে।'—(রমানাথসরস্বতী সম্পাদিত ঋগ্বেদ সংহিতা ১৬৭ পৃষ্ঠার টীকা দেখ)—'বৃত্রের গ্রীক নাম অর্থস (Orthros এবং বৃত্রহা ইন্দ্রের নাম অর্থপণ (Orthropon) বলিয়া লিখিত হইয়াছে।—(Cox's M. A. (N. I. p. 66, II. PP. 48, 319, 327), নমুচি বা নমুকি, (Cf. Amykos, see *ibid*. I. P. 342) অহি, বল, চুমুরি, ধুনি, পিপন, শুষ্ণ প্রভৃতি অসুরদিগকে নিধন করিয়াছিলেন—(*ibid*. PP. 341–343) পুরুষসূক্তে লিখিত আছে, ইন্দ্র অগ্নির সহিত পুরুষের মুখ হইতে নির্গত হইয়াছিলেন।—(Muir O. S. P. 37)—কিন্তু তৈত্তিরীয়ে লিখিত আছে, ইনি অদিতি গর্ভ সম্ভূত।—(*ibid*. P. 25)—অধ্যাপক স্পিজেল (Spiegel) বলেন, জেন্দ-আবেস্তাতে ইন্দ্রের নাম এন্দ্র (Andra) পুলোমদানবকন্যা শচী ইন্দ্রের পত্নী (অথর্ব্ববেদে ইহাঁর নাম দৃষ্ট হয়)। হস্তীর নাম ঐরাবত, অশ্বের নাম উচ্চৈঃশ্রবা, পুরীর নাম অমরাবতী, উদ্যানের নাম নন্দন, রাজপ্রাসাদ বৈজয়ন্ত এবং পুত্রের নাম জয়ন্ত। কিন্তু বহুপুরাণে ইন্দ্র প্রভৃতি দেবগণ অপুত্রক বলিয়া উল্লিখিত হইয়াছেন। কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী স্বপ্রণীত চণ্ডীকাব্যে মালাধর ও নীলাম্বর নামে আরও দুইটি ইন্দ্রপুত্রের উল্লেখ করিয়াছেন। এতদ্ব্যতীত ইন্দ্র বানররাজ ঋক্ষরাজার ক্ষেত্রে বালীকে উৎপন্ন এবং কুন্তীর গর্ভে অর্জ্জুনের জন্ম দান করেন।"(ভারতকোষ)। ২। শ্রেষ্ঠ। ৩। রাজা। ৪। কোন শব্দের পরে প্রয়োগ করিলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়; যথা—দেবেন্দ্র, নরেন্দ্র ইত্যাদি। ৫। যোগবিশেষ। ৬। সূর্য্যের নামান্তর। ৭। কুটজবৃক্ষ। ৮। রাত্রি। ৯। উপদ্বীপবিশেষ। ১০। বেদান্তে—পরমেশ্বর। ১১। বিং,ত্রিং, প্রভু, অধিপতি। ১২। ঐশ্বর্য্যশালী। শিং—১ "বার্ষিকাং শ্চতুরো মাসান্ যথেন্দ্রেহভিপ্রবর্ষতি।" ২ "পালিতা সা পুরী শ্রেষ্ঠা ইন্দ্রেণেবামরাবতী।" ৩ "দেবা ইন্দ্রপুরোগমাঃ।" ১৩। ক্লীং, ইন্দ্রযব।

ইন্দ্রক (ইন্দ্র শ্রেষ্ঠ—ক ['কৈ' ধাতুজ] যে শব্দ করে। শ্রেষ্ঠ লোকেরা যেথানে শব্দ করে, অথবা ইন্দ্র—ক সুখ। ইন্দ্রের সুখের ন্যায় সুখ হয় যাহাতে, ৭মী—হিং, কিম্বা ইন্দ্ আধিপত্য করা+র—ক। কণ্—প্রং) সং, ক্লীং, সভাগৃহ, আস্থান, গৃহ।

ইন্দ্রকল্প (ইন্দ্র—কল্প) বিং, ত্রিং, ইন্দ্রসদৃশ; যেমন—"ইন্দ্রকল্প মহাত্মা ধৃতরাষ্ট্র।"

ইন্দ্রকীল (ইন্দ্র—কীল শঙ্কু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মন্দর পর্ব্বত। ইহা হিমাদ্রি প্রদেশে অবস্থিত। কেহ কেহ বলেন, ইহা মহেন্দ্র পর্ব্বতের অপর নাম; অপরে বলেন, মন্দর পর্ব্বতই ইন্দ্রকীল পর্ব্বত। অর্জ্জুন এই খানে তপস্যা করিয়াছিলেন; এই খানেই কিরাতবেশী মহাদেবের সহিত তাঁহার যুদ্ধ হয়।—(মহাভারত-বনপর্ব্ব)।

ইন্দ্রকুঞ্জর (ইন্দ্র—কুঞ্জর হস্তী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঐরাবত হস্তী।

ইন্দ্রকৃষ্ট (ইন্দ্র [ইন্দ্রহেতুক বর্ষণদ্বারা]—কৃষ্ট কর্ষিত) বিং, ত্রিং, বৃষ্টিজলসম্পন্ন (ধান্য)। শিং—১ "ইন্দ্রকৃষ্টৈর্বর্ত্তয়ন্তি ধান্যৈশ্চৈব নদীমুখৈঃ।"

ইন্দ্রকোষ (ইন্দ্র অত্যুত্তম—কোষ স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মঞ্চ। ২। খট্বা। ৩। গোঁজালা। ৪। বারাণ্ডা।

ইন্দ্রগোপ (ইন্দ্র অত্যুত্তম—গো কিরণ—প যে পালন করে। যে অত্যুত্তম শোভা ধারণ করে, য়ং—স+২য়া—ষ) সং, পুং, রক্তবর্ণ ক্ষুদ্র কীটবিশেষ, মখমলী। শিং— "(শ্রোণিতম্) ইন্দ্রগোপ প্রতীকাশম্। ২ ইন্দ্রগোপমণ্ডূক প্রভৃতয়ঃ উদ্ভিজ্জাঃ।"

ইন্দ্রচন্দন; সং, ক্লীং, হরিচন্দন।

ইন্দ্রচাপ (ইন্দ্র—চাপ ধনুঃ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্রধনুঃ, শক্রধনুঃ।

ইন্দ্রচির্ভিটী; সং, স্ত্রীং, লতাবিশেষ।

ইন্দ্রজাল (ইন্দ্র ইন্দ্রিয়—জাল [জালি আচ্ছাদন করা + অ(ণ)—ক] আনায়, যে আচ্ছাদন করে। যে ইন্দ্রিয় আচ্ছাদন করে অর্থাৎ ভ্রান্তিতে পাতিত করে, ২য়া—ষ) সং, ক্লীং, কুহক, ভোজবাজী। ২। ছল, মায়া, প্রতারণা। শিং—১ "তঞ্চ দোহদমেতস্যা দেব্যা যৌগং ধরায়ণঃ। মন্ত্রযন্ত্রেন্দ্রজালাদি প্রয়োগৈঃ সমপূরয়ৎ। ২ তদ্বিধাত্রা মম ধ্রুবম্। কেনাপি কারণেনেদমিন্দ্রজালং বিতন্যতে।"

ইন্দ্রজালিক (ইন্দ্রজাল+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, বাজীকর, কুহকী। ২। ইন্দ্রজালসম্ভূত।

ইন্দ্রজিৎ (ইন্দ্র—জিৎ [জি জয় করা+০ (ক্বিপ্)—ক] যে জয় করে। যে ইন্দ্রকে জয় করিয়াছে, ২য়া—ষ) সং, পুং, রাবণপুত্র। ইহাঁর আদি নাম মেঘনাদ (মেঘনাদ দেখ)। ইন্দ্র জয় করিয়া এই নাম লাভ করেন। ইনি মায়াপ্রভাবে অদৃশ্য হইয়া যুদ্ধ করিতে পারিতেন। ইনি নাগপাশ শস্ত্রে সুশিক্ষিত ছিলেন। লক্ষ্মণের হস্তে নিহত হন।—(রামা)—২। কাশ্মীরাধিপতি প্রথম বিভীষণের পুত্র; ইহাঁর পুত্রের নাম রাবণ।—(K. K.)

ইন্দ্রতূল (ইন্দ্র—তূল কার্পাস। ইন্দ্রের তূল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ হইতে পতিত সূত্র, আকাশ বুড়ীর সূতা।

ইন্দ্রত্ব (ইন্দ্র+ত্ব—ভাবে) সং, ক্লীং, স্বর্গের আধিপত্য, ইন্দ্রের অসাধারণ ধর্ম্ম, রাজত্ব, প্রাধান্য।

ইন্দ্রদারু (ইন্দ্র—দারু [দারু বৃক্ষ] বৃক্ষ) সং, পুং, দেব-

ইন্দ্রদ্যুম্ন (ইন্দ্র—দ্যুম্ন ধন। ইন্দ্রের ন্যায় ধন যাহার, ৬ষ্ঠী—হিং) অবন্তীর রাজা; ইনি সূর্য্যবংশীয়; যথা—

"আসীৎ কৃতযুগে বিপ্রা ইন্দ্রদ্যুম্ন মহানৃপঃ। সূর্য্যবংশে স্বধর্ম্মাত্মা স্রষ্টুঃ পঞ্চম পুরুষঃ।"

ইনি অতিশয় বিষ্ণুভক্ত ছিলেন। একদা এক জটিলের নিকট শ্রীপুরুষোত্তমবৃত্তান্ত অবগত হইয়া, স্বীয় পুরোহিতের কনিষ্ঠ ভ্রাতা বিদ্যাপতিকে তথায় প্রেরণ করেন। সেই ব্রাহ্মণ, পুরুষোত্তমে গমন করিয়া, নীলাচলে নারায়ণকে দর্শন করিয়া আগমন করত, রাজাকে স্বরূপ জ্ঞাত করিলেন। রাজা সপরিবারে ও প্রজাগণ সঙ্গে জগন্নাথদর্শনে গমন করিয়াছিলেন; মহর্ষি নারদও তাঁহার সঙ্গী হন। যখন বিদ্যাপতি নীলাচলে আগমন করেন, তখন বিশ্বাবসু নামে একজন শবর নারায়ণের আরাধনা করিতেছিল। পথে রাজা অমঙ্গল দর্শন করিতে লাগিলেন। সেই সমুদায় অমঙ্গল দর্শনে রাজা নারদকে জিজ্ঞাসা করিলেন, 'মুনিবর! হরি দর্শন জন্য গমন করিতেছি, এ যাত্রায় অমঙ্গল দর্শন হইতেছে কেন?' নারদ বলিলেন, 'রাজন্! যে দিন বিদ্যাপতি নীলাচল পরিত্যাগ করিয়াছিলেন,

সেই দিবসেই রমাপতি অন্তর্দ্ধান হইয়াছেন।' রাজা এই কথা শ্রবণ করিয়া, মূর্চ্ছিত হইলেন; কিয়ৎক্ষণ পরে সংজ্ঞা পুনরাগত হইলে হাহাকারে রোদন করিতে লাগিলেন। নারদ সান্ত্বনাবাক্যে বলিলেন, 'রাজন্! রোদন ত্যাগ করত বিষ্ণুর দারুময় চারি মূর্ত্তি নির্ম্মাণ করিয়া স্থাপন করুন্।' রাজা জগন্নাথের মন্দির নির্ম্মাণ করিতে আদেশ দিয়া, প্রতিষ্ঠার জন্য, নারদের আদেশে, ব্রহ্মলোকে গমন করিলেন। যখন ইনি ব্রহ্মলোকে গমন করেন, তখন স্বায়ম্ভুব মন্বন্তর কিন্তু যখন প্রত্যাগত হন তখন স্বারোচিষ মন্বন্তরের আদিযুগ। রাজা আসিয়া দেখিলেন, নারায়ণ এবং মন্দির আছেন, আর কেহই নাই, ইনি ব্রহ্মদত্ত পদ্মনিধির মাহাত্ম্যে সমগ্র আয়োজন করিলে, ব্রহ্মা এবং অন্যান্য দেবগণ আসিয়া, জগন্নাথ দেবের প্রতিষ্ঠা করেন।—(জগন্নাথ মঙ্গল)। পাশ্চাত্য পণ্ডিতগণ অনুমান করেন, ১১৯৮ খ্রীঃ অব্দে জগন্নাথের মন্দির স্থাপিত হয়। ২। জনৈক ব্রাহ্মণ; পূর্ব্বজন্মে একজন দুর্দ্ধর্ষ রাজা ছিলেন। বিষ্ণুর প্রসাদে পরজন্মে বিষ্ণুকে লাভ করেন। (কূর্ম্ম)। ৩। এক জন রাজা; ইঁহারপত্নীর নাম অহল্যা (অহল্যা দেখ)। ৪। সরোবরবিশেষ; যথা—"তদনন্তর তিনি গন্ধমাদন হইতে ইন্দ্রদ্যুম্ন সরোবরে ও তথা হইতে হংসকূটে গমন করিলেন"।

"গোদানে গোরুর খুরে মাটী উড়ে যার দূরে,
তাহে এই ইন্দ্রদ্যুম্ন হ্রদ।" (অন্নদা)।

ইন্দ্রদ্রু, ইন্দ্রদ্রুম (ইন্দ্র—দ্রু, দ্রুম বৃক্ষ, ৬ষ্ঠী—ষ। এই বৃক্ষে ইন্দ্রের নিশান বাঁধা আছে বলিয়া ইন্দ্রদ্রু নাম হইল) সং, পুং, অর্জ্জুন বৃক্ষ। ২। কুটজ বৃক্ষ।

ইন্দ্রধনু (ইন্দ্রধনুস্, ইন্দ্র—ধনুস্ ধনুক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শক্র-ধনু, রামধনুক। শিং—১ "রবিকিরণা বহুবর্ণা বাতেন বিলোড়িতা নভসি। শক্রায়ুধ সংস্থানা দৃশ্যন্তে তত্ত্ব ইন্দ্রধনুঃ।"

ইন্দ্রধ্বজ (ইন্দ্র+ধ্বজা পতাকা, ৬ষ্ঠী—ষ। ইন্দ্রের সন্তোষার্থে ধ্বজা) সং, পুং—ক্লীং, ভাদ্রমাসের শুক্লাদ্বাদশী তিথিতে, রাজারা প্রজাবৃদ্ধির মানসে, ইন্দ্রদেবতার প্রীত্যর্থে, এই ধ্বজার পূজা করাইয়া উত্তোলন করাইতেন।—(রামা-অযো-টীকা)—কালিকাপুরাণে ইহার নিয়মাদি এইরূপ লিখিত আছে—বর্ষাকালে সূর্য্য সিংহরাশিগত হইলে, (অর্থাৎ ভাদ্রমাসে) শ্রবণাযুক্তা দ্বাদশীতে রাজ্যের বিঘ্নশান্তির জন্য, রাজপুরোহিত, নানাবিধ বাদ্যনিনাদের সহিত, ইন্দ্রধ্বজের জন্য, সর্ব্বসুলক্ষণাক্রান্ত একটি অর্জ্জুন, অশ্বকর্ণ, প্রিয়ক, ধবক, ঔডুম্বর, দেবদারু, শাল, তাল বা তমাল বৃক্ষ নিশাকালে আমন্ত্রণ পূর্ব্বক, পর দিবস অপরাহ্নে, উহা ছেদন করিয়া, জলে নিক্ষেপ করিবেন; অনন্তর, সেই বৃক্ষ দ্বারা ইন্দ্রধ্বজ নির্ম্মাণ করিবার জন্য, তাহা পুরোদ্বারে আনয়ন করাইবেন; পরে ভাদ্রের শুক্লাষ্টমীতে সেই সুনির্ম্মিত ধ্বজ, বেদীস্থলে প্রবেশ করাইবেন। দ্বাবিংশ হস্ত পরিমিত ধ্বজা অধম, দ্বাত্রিংশ মধ্যম, দ্বিচত্বারিংশ উত্তম এবং দ্বিপঞ্চাশ হস্তপরিমিতই সর্ব্বোত্তম। অনন্তর সুরপতি ইন্দ্রের সম্বন্ধে পঞ্চকুমারী কল্পনা করিয়া, শালময়ী ইন্দ্রমাতৃকা সকল নির্ম্মাণ করিবেন। ধ্বজার পাদপরিমাণে ইন্দ্রকুমারিকা নির্ম্মাণ করিয়া, তদর্দ্ধপরিমাণে ইন্দ্রমাতৃকা নির্ম্মাণ করিবেন। এতদ্ব্যতীত কয়েকটি দ্বিহস্তপরিমিত যন্ত্র সঙ্কলন করিতে হইবে। অনন্তর একাদশীতে সেই ধ্বজার অধিবাস করিয়া, দ্বাদশীতে বিস্তৃত ইন্দ্রমণ্ডল অঙ্কিত করিয়া, তন্মধ্যে প্রথমে বিষ্ণু ও পশ্চাৎ ইন্দ্রের পূজা করিবেন। স্বর্ণ, কাষ্ঠ, তৈজস বা মৃত্তিকা দ্বারা ইন্দ্রের একটি মূর্ত্তি নির্ম্মাণ করিতে হইবে। অনন্তর শুভ মুহূর্ত্তে রাজা ইন্দ্রের সমুত্থান করাইবেন। তাহার পর সৈন্যদলে পরিবৃত হইয়া, বিবিধ মাঙ্গল্য বাদ্যস্বনের সহিত, পুরোহিত সঙ্গে, ধ্বজমণ্ডপে গমন করিবেন ও সেই ধ্বজা বিবিধ ভূষণে ভূষিত করিয়া উত্থাপন করাইবেন। অনন্তর তাহার মূলদেশে ইন্দ্রের প্রতিমা আনয়ন করাইয়া, পুরো-

হিতের দ্বারা ইন্দ্র ও ইন্দ্রধ্বজের পূজা হোমাদি করিবেন। এইরূপে ক্রমাগত সাত দিন উৎসব হইবে; পরে ভরণীর অন্ত্যপাদে অথবা নিশাকালে সকলে নিদ্রিত হইলে, ধ্বজবিসর্জ্জন করিতে হইবে। রাজা স্বয়ং বিসর্জ্জন দেখিবেন না, দেখিলে, ছয় মাসের মধ্যে তাঁহার মৃত্যু হইবে। যদ্যপি বিসর্জ্জনের সময় ইন্দ্রধ্বজ ভাঙ্গিয়া যায়, তাহা হইলেও রাজার মৃত্যু ঘটে। রাজারা এই উৎসব করিলে, জীবিতাবস্থায় অতুলসাম্রাজ্যভোগ করিয়া, অন্তে ইন্দ্রের অমরাবতীতে গমন করেন। (ভারতকোষ)।

ইন্দ্রনীল (ইন্দ্র অত্যুত্তম—নীল নীলবর্ণ+অ—অস্ত্যর্থে) সং, পুং, মরকতমণি, নীলকান্তমণি, পান্না।

ইন্দ্রপুষ্প; সং, ক্লীং, লবঙ্গ। ২। ইন্দ্রযব।

ইন্দ্রপুষ্পা; সং, স্ত্রীং, বিষলাঙ্গলা।

ইন্দ্রপুষ্পিকা; সং, স্ত্রীং, বিষলাঙ্গলা।

ইন্দ্রপ্রস্থ (ইন্দ্র দেবরাজ, রাজা—প্রস্থ যে প্রভুত্ব করে। যেখানে ইন্দ্র আধিপত্য করিয়াছিলেন, ৭মী—হিং) সং, পুং, পার্থনগর, যুধিষ্ঠিরের স্থাপিত নগর, প্রাচীন দিল্লী। এই নগর পাণ্ডবগণের রাজধানী। দিল্লী ও কুতবের মধ্যে ছিল। মহাপ্রস্থান সময়ে যুধিষ্ঠির, ধৃতরাষ্ট্রতনয় যুযুৎসুকে ইহার শাসনভার অর্পণ করিয়াছিলেন। ক্রমে ক্রমে ইহার নাম কটপিথরা (Kot-Pithórá), কিলা আলাই (Kilá Alái), দিল্লী, তোগলকাবাদ, ফিরোজাবাদ ও সাহজাহাঁবাদ হইয়া আসিয়াছে।—(Cun.)—ইহার হিন্দুস্থানী নাম ইন্দরপৎ।

ইন্দ্রভেষজ (ইন্দ্র অত্যুত্তম—ভেষজ ঔষধ) সং, ক্লীং, শুণ্ঠী, শুঁঠ।

ইন্দ্রমহকামুক (ইন্দ্রমহ বর্ষাদিকাল—কামুক রমণাভিলাষী, যাহারা বর্ষাদিকালে কামুক হয়) সং, পুং, কুক্কুর।

ইন্দ্রযব (ইন্দ্র বৃক্ষবিশেষ—যব বীজ, ৬ষ্ঠী—ষ। এই বীজ উদরাময়ে খাওয়ায়) সং, পুং—ক্লীং, যবাকৃতি তিক্তবীজবিশেষ।

ইন্দ্রলুপ্ত (ইন্দ্র অত্যুত্তম—লুপ্ত লোপপ্রাপ্ত, ওয়া—ষ) সং, ক্লীং, কেশনাশক রোগ, টাকরোগ। বাতপিত্ত রোমকূপানুগ হইলে, এই রোগ জন্মে।—(নিদান)।

ইন্দ্রলোক (ইন্দ্র—লোক ভোগভূমি) সং, পুং, অমরাবতী; ইহা বিশ্বকর্ম্মা-বিনির্ম্মিত ৪০০ ক্রোশ পরিধি। ২ ক্রোশ উচ্চ। ইন্দ্রসভাতে একেবারে তেত্রিশকোটি দেবতা ও ৪৮০০০ ঋষির বসিবার স্থান হইতে পারে।

ইন্দ্রবংশা; সং, স্ত্রীং, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম, ও ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবজ্রা; সং, স্ত্রীং, একাদশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম এবং ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবারুণী; সং, স্ত্রীং, ইন্দ্রবারুণিকা, রাখালসসা। ২। রাজাগোমক। ৩। গোরক্ষকাঁকুড়।

ইন্দ্রবৃক (ইন্দ্রদেব হেতু) সং, পুং, দেবদারু।

ইন্দ্রবৃদ্ধা; সং, ব্রণ রোগবিশেষ।

ইন্দ্রশত্রু (ইন্দ্র শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রহ্লাদ। ২। বৃত্রাসুর।

ইন্দ্রসাবর্ণি (ইন্দ্র—সাবর্ণি সূর্য্য-তনয়) সং, পুং, চতুর্দ্দশ অর্থাৎ শেষ মনু। এই মন্বন্তরে অবতার বৃহদ্ভানু। ইন্দ্রের নাম শুচি। পবিত্রচাক্ষুষাদি দেবতা। অগ্নিবাহুশুক্রমাগধাদি সপ্তর্ষি এবং উরুগম্ভীর-বুদ্ধ্যাদি মনুপুত্রগণ হইবেন। (ভাগবত)।

ইন্দ্রসুত (ইন্দ্র—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বালী-রাজা। ২। জয়ন্ত। ৩। মধ্যম পাণ্ডব, অর্জ্জুন। ৪। অর্জ্জুনবৃক্ষ।

ইন্দ্রসুরস; সং, পুং, নিসিন্দাবৃক্ষ।

ইন্দ্রসেন (ইন্দ্র—সেনা, ইন্দ্রসেনার ন্যায় সেনা যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নলরাজার পুত্র; দময়ন্তীগর্ভসম্ভূত। (মহা)। ২। যুধিষ্ঠিরের সারথি। ৩। সূর্য্যবংশীয় পূর্ণের পুত্র। ইহাঁর পুত্রের নাম বীতিহোত্র। (ভাগ)।

ইন্দ্রা; সং, স্ত্রীং, ফণিজ্ঝক বৃক্ষ, কাঁটা জামীর। ২। ইন্দ্রপত্নী, শচী।

ইন্দ্রাণী (ইন্দ্র+ঈপ্—স্ত্রীলিঙ্গে। আন—আগম) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী; ইহার নাম

শচী। ঐতরেয় ব্রাহ্মণে ইন্দ্রপত্নীর নাম প্রাসহা (Prâsahâ)। ২। অষ্ট মাতৃকার একজন। ৩। যোগিনীবিশেষ। ৪। রতিবন্ধবিশেষ। ৫। দুর্গা। শিং—১ "ঐশ্বর্য্যং পরমং যস্যা বশে চৈব সুরাসুরাঃ। ইতি পরমৈশ্বর্য্যে চ ইন্দ্রাণী তেন সা শিবা।" (দেবীপুরাণ)। ৬। নিসিন্দাবৃক্ষ। ৭। নীলসিন্দুবার। ৮। সূক্ষ্মেলা। ৯। স্থূলৈলা।

ইন্দ্রানুজ | (ইন্দ্র—অনুজ, অবরজ কনিষ্ঠ, ইন্দ্র জন্মাইবার পর কশ্যপের ঔরসে অদিতি গর্ভসম্ভূত বামনাবতারের জন্ম হয়। ৬ষ্ঠী—ষ) সং, পুং, বামনদেব, বিষ্ণু। শিং—১"ইন্দ্রানুজানুচর ভূপতয়োঽধ্যবাৎসু।" (মাঘ)।
ইন্দ্রাবরজ |

ইন্দ্রায়ুধ (ইন্দ্র—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ, বৃষ্টিকালীন জলবিন্দু সমূহে সূর্য্যকিরণস্পর্শহেতু দৃশ্যমান ধনুরাকৃতি তেজঃ, রামধনুক। শিং—১ "সনাদং মেঘনাদস্য ধনুশ্চেন্দ্রায়ুধপ্রভম্।" (রঘু)।

ইন্দ্রারি (ইন্দ্র—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসুর, দৈত্য।

ইন্দ্রিয় (ইন্দ্র আত্মা,স্বয়ং+ইয়—লিঙ্গার্থে। আত্মা যাহার উপর প্রভুত্ব করে) সং, ক্লীং, যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে। ইন্দ্রিয় তিন প্রকার; জ্ঞানেন্দ্রিয়, অন্তরেন্দ্রিয় এবং কর্ম্মেন্দ্রিয়। জ্ঞানেন্দ্রিয় পাঁচটি; যথা—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্। অন্তরেন্দ্রিয় চারিটি—মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত। কর্ম্মেন্দ্রিয় পাঁচটি—বাক, পাণি, পাদ, পায়ু ও উপস্থ। বেদান্তমতে—এই চতুর্দ্দশটি ইন্দ্রিয়ের চতুর্দ্দশ দেবতা আছেন; যথা—চক্ষুর সূর্য্য; কর্ণের দিক্; নাসিকার অশ্বিনীকুমারদ্বয়; জিহ্বায় প্রচেতাঃ; ত্বকের বায়ু; মনের চন্দ্র; বুদ্ধির চতুর্ম্মুখ; অহঙ্কারের শঙ্কর; চিত্তের অচ্যুত; বাকের বহ্নি; পাণির ইন্দ্র; পাদের বিষ্ণু; পায়ুর মিত্র; উপস্থের প্রজাপতি। ন্যায়মতে—পৃথিবীর ইন্দ্রিয় ঘ্রাণ, জলের জিহ্বা, তেজের চক্ষুঃ, বায়ুর ত্বক্, আকাশের কর্ণ। শিং—১ "ইন্দ্রিয়াণাং বিচরতাং বিষয়েষ্বপহারিষু। সংযমে যত্নমাতিষ্ঠেদ্বিদ্বান্ যন্তেব বাজিনাম্॥ ২ চিত্তনাশাদ্বিপদ্যন্তে সর্ব্বাণ্যেবেন্দ্রিয়াণি মে। ক্ষীণস্নেহস্য দীপস্য সংসক্তা রশ্ময়ো যথা॥ ৩ শ্রুত্বা স্পৃষ্ট্বা চ দৃষ্ট্বা চ ভুক্ত্বা ঘ্রাত্বা চ যো নরঃ। ন হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ॥" ২। শুক্র, বীর্য্য। ৩। বিং, ত্রিং, ইন্দ্রিয়সম্বন্ধীয়।

ইন্দ্রিয়গোচর (ইন্দ্রিয়—গোচর জ্ঞাত, প্রত্যক্ষ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, ইন্দ্রিয়ের বিষয়, ইন্দ্রিয় দ্বারা যাহা গ্রহণ করা যায়, জ্ঞানগম্য, জ্ঞানপথবর্ত্তী।

ইন্দ্রিয়গ্রাহ্য (ইন্দ্রিয়—গ্রাহ্য) বিং,ত্রিং, ইন্দ্রিয় দ্বারা যাহা গ্রহণ করিতে পারা যায়, ইন্দ্রিয়গোচর।

ইন্দ্রিয়ঘাত (ইন্দ্রিয়—ঘাত) সং, পুং, ইন্দ্রিয়ের ধ্বংস, ইন্দ্রিয়ের শক্তিলোপ।

ইন্দ্রিয়জয় (ইন্দ্রিয়—জয়) সং, পুং, ইন্দ্রিয়ের বশীকরণ, ইন্দ্রিয়নিগ্রহ, ইন্দ্রিয়সংযম।

ইন্দ্রিয়দোষ (ইন্দ্রিয়—দোষ) সং, পুং, ইন্দ্রিয়ের দোষ, ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা, স্ত্রীসম্ভোগ বিষয়ে যথেচ্ছাচার।

ইন্দ্রিয়দোষদূষিত (ইন্দ্রিয়—দোষ—দূষিত) বিং, ত্রিং, ইন্দ্রিয়দোষে দূষিত, যাহার ইন্দ্রিয় অত্যন্ত উচ্ছৃঙ্খল। ২। স্ত্রীসম্ভোগ বিষয়ে যথেচ্ছাচারী।

ইন্দ্রিয়নিগ্রহ (ইন্দ্রিয়—নিগ্রহ) সং, পুং, ইন্দ্রিয়ের বশীকরণ, ইন্দ্রিয়জয়, ইন্দ্রিয়সংযম, জিতেন্দ্রিয়তা।

ইন্দ্রিয়পরায়ণ (ইন্দ্রিয়—পরায়ণ) বিং, ত্রিং, ইন্দ্রিয়সেবায় তৎপর, যে কেবল ভোগসুখকেই সংসারের সার পদার্থ জানে।

ইন্দ্রিয়বশ (ইন্দ্রিয়—বশ বশীভূত) বিং, ত্রিং, ইন্দ্রিয়ের বশ, অজিতেন্দ্রিয়।

ইন্দ্রিয়বিষয় (ইন্দ্রিয়—বিষয়) বিং,ত্রিং, ইন্দ্রিয়গোচর, ইন্দ্রিয়গ্রাহ্য।

ইন্দ্রিয়বৃত্তি (ইন্দ্রিয়—বৃত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ইন্দ্রিয়ের ব্যাপার—দর্শন, শ্রবণ প্রভৃতি।

ইন্দ্রিয়সংযম (ইন্দ্রিয়—সংযম) সং,পুং, ইন্দ্রিয়কে বশীভূত রাখা, ইন্দ্রিয়জয়, ইন্দ্রিয়নিগ্রহ।

ইন্দ্রিয়সেবা (ইন্দ্রিয়—সেবা) সং, স্ত্রীং. ইন্দ্রিয়ের সেবা, ইন্দ্রিয়ের তৃপ্তিসম্পাদন, বিষয়সম্ভোগ, ভোগসুখে আসক্তি।

ইন্দ্রিয়সেবী (—সেবিন্, ইন্দ্রিয়—সেবী যে সেবা করে) বিং, ত্রিং, যে ইন্দ্রিয়ের সেবা করে, ভোগসুখে আসক্ত।

ইন্দ্রিয়ায়তন (ইন্দ্রিয়—আয়তন আলয়, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, ইন্দ্রিয়াধার, শরীর।

ইন্দ্রিয়ার্থ (ইন্দ্রিয়—অর্থ বস্তু, ৬ষ্ঠী—য) সং, পুং, ইন্দ্রিয়-ভোগ্যবস্তু, রূপরসাদি। শিং—১ "ইন্দ্রিয়ার্থেষু সর্ব্বেষু ন প্রসজ্জেত কামতঃ॥ ২ মনাশীতিনির্দ্দশ্য ব্যাবৃত্তসর্ব্বেন্দ্রিয়ার্থস্য।" [সং, পুং, বৃহস্পতি।

ইন্দ্রেজ্য (ইন্দ্র—ইজ্য পূজ্য, ৬ষ্ঠী—হিং)

ইন্ধন (ইন্ধ্ দীপ্ত বা প্রজ্জ্বলিত করা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, জ্বালানিকাষ্ঠ, তৃণকাষ্ঠাদি। শিং—১ "ইন্ধনৈ র্গোময়াভিমিশ্রৈরাদীপয়েৎ।" ২। (+অনট্—ভাবে) উদ্দীপন।

ইভ (ই গমন করা+ভ(ভক্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, করী, হস্তী। ২। নাগকেশর বৃক্ষ। ভী—স্ত্রীং, হস্তিনী।

ইভকণা; সং, স্ত্রীং, গজপিপ্পলী।

ইভদন্তা (ইভ অর্থাৎ হস্তীদন্তের ন্যায় পুষ্প যাহার) সং, স্ত্রীং, নাগদন্তী বৃক্ষ।

ইভমাচল (ইভম্ হস্তীকে—আচল [আ—চল্ 'চলা' আক্রমণ করা+অ—ক] যে আক্রমণ করে। যে হাতীকে আক্রমণ করে, ২য়া—য) সং, পুং, সিংহ।

ইভরাজ } (ইভরাজ্, ইভ হস্তী—রাজন্,
ইভরাট্ } ৬ষ্ঠী—ষ,এবং রাজ্ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, ঐরাবতহস্তী।

ইভষা; সং, স্ত্রীং, স্বর্ণক্ষীরী বৃক্ষ।

ইভাখ্য; সং, পুং, নাগকেশর বৃক্ষ।

ইভোষণা; সং, স্ত্রীং, গজপিপ্পলী।

ইভ্য (ইভ+য(ষ্য)—যোগ্যার্থে) বিং, ত্রিং, ধনী। ভ্যা—স্ত্রীং, হস্তিনী। ২। সল্লকীবৃক্ষ।

ইমন (দেশজ) সং, স্বরমিলন। ২। রাগিণাবিশেষ।

ইয়ৎ (ইদম্ ইহা+য়ৎ(বতু)—পরিমাণার্থে) বিং, ত্রিং, এতাবৎ, এত, এই পরিমাণ। তী—স্ত্রীং।

ইয়ত্তা (ইয়ৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, এত বলিয়া নিরূপণ পরিমাণ বা গণনা, এতাবত্ত্ব, এত পরিমাণ, সীমা, সংখ্যা।

ইরণ } (ঋ গমন করা+অন, ইন—ধি,
ইরিণ } সংজ্ঞার্থে) সং, ত্রিং, মরু, ঊষরভূমি, ক্ষারভূমি। ২। জলবৃক্ষাদি শূন্য (ভূভাগ) ৩। শূন্য। শিং—১ "যথেরিণে বীজমুপ্ত্বা ন বপ্তা লভতে ফলম্।" (মনু)।

ইরম্মদ (ইরা জল, মেঘ [যাহাতে জল হয়]—মদ [মদ্ ক্রীড়া করা+অ(খশ)—ক] যে ক্রীড়া করে বা দীপ্তি পায়, ৭মী—য) সং, পুং, মেঘজ্যোতিঃ, বজ্রাগ্নি; যথা—"দেখেছি দ্রুত ইরম্মদে দেব ছুটিতে পবন পথে।" (মেঘ)। ২। বাড়বাগ্নি। ৩। হস্তী; যথা—"ইরম্মদাকৃতি বাণ ধরিল নৃবীরে।" (মেঘনাদ)।

ইরশাল (যাবনিক, অর্থ প্রেরণ) নায়েব গোমস্তা কর্ত্তৃক সদর কাছারীতে প্রেরিত খাজানা।

ইরা (ই গমন [illegible]+র(রক্)—ক, সংজ্ঞার্থে) আপ্—স্ত্রী সং, স্ত্রীং, বাণী। ২। পৃথিবী; যথা—

"ইচ্ছারূপা ইন্দুমুখী ইন্দ্রাণী ইন্দিরা।
ইন্দীবরনয়না ইঙ্গিতে ইচ্ছ ইরা।" (অন্নদা)

৩। সুরা। ৪। জল। ৫। অন্ন। ৬। কশ্যপের ধর্ম্মপত্নীগণের মধ্যে এক জন। ইহা হইতে বৃক্ষ, লতা, বল্লী ও সমস্ত তৃণ উৎপন্ন হইয়াছিল।

ইরাচর (ইরা জল ইত্যাদি—চর যে গমন করে) সং, ক্লীং, করকা, শিল। ২। বিং, ত্রিং, জলচর। [পুং, কন্দর্প।

ইরাজ (ইরা জল, মদ্য—জ জাত) সং,

ইরাবান্ (ইরাবৎ, ইরা জল+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। ২। অর্জ্জুনের পুত্র, নাগকন্যা উলুপী-গর্ভ-সম্ভূত। ৩। হিমালয়স্থ একটী হ্রদ, ইহা হইতে ইরাবতী নদী উৎপন্ন হইয়াছে। তী—স্ত্রীং, নদীবিশেষ; পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ, রাবী। ২। ব্রহ্মদেশীয় নদীবিশেষ। ৩।

ভবনামক রুদ্রের পত্নী। ৪। বটপত্রীবৃক্ষ, পাষাণভেদীবিশেষ।

ইরিমেদ ; সং, পুং, বিট্‌খদির, গুয়েবাবলা।

ইরিবেল্লিকা ; সং, স্ত্রীং, মস্তকোদ্ভূত ব্রণজন্য পীড়াবিশেষ।

ইরেশ (ইরা সরস্বতী ইত্যাদি—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং,পুং,বিষ্ণু। ২। রাজা। ৩। বরুণ।

ইর্ম্ম (ইর্ম্মন্, ঋ গমন করা, পাওয়া+মন্—প্রং। ঋ=ইর্। যাহার দ্বারা ব্যথা পায়) সং, ক্লীং, ব্রণ, ক্ষত, ঘা।

ইর্ব্বারু } (ইরু বীজ—আরু যে গমন করে
ঈর্ব্বারু } কিম্বা যে পায়। যে বীজ প্রাপ্ত হয়)
ইর্ব্বালু } সং,পুং—স্ত্রীং, কর্কটী, কাঁকুড়।

ইলবিলা ; তৃণবিন্দের কন্যা ; বিশ্রবার পত্নী এবং কুবেরের মাতা। অগ্নিপুরাণে—ইহাকে ইড়বিড়া ও পুলস্ত্যপত্নী বলা হইয়াছে। কৃত্তিবাস স্বপ্রণীত রামায়ণে তৃণবিন্দকন্যাকে স্বয়ম্বরা এবং বিশ্রবার মাতা বলিয়াছেন, তাঁহার মতে বিশ্রবার পত্নীর নাম লতা এবং তাঁহারই গর্ভে কুবের জন্ম গ্রহণ করেন।

ইলা (ইল্ প্রেরণ করা+অ(ক)—র্ম্ম এবং আ—প্রং) সং, স্ত্রীং, বৈবস্বত মনু-কন্যা, বুধপত্নী, পুরুরবার জননী। মনু, একটী যাগ করিয়া, মিত্রাবরুণের উপাসনা করেন, কিন্তু তাহাতে সামান্য ত্রুটি হওয়াতে পুত্রের পরিবর্ত্তে একটী কন্যা হয়। পরে সেই কন্যা বিষ্ণুর বরে, পুরুষত্ব প্রাপ্ত হইয়া, সুদ্যুম্ন নামে খ্যাত হন। পদ্মপুরাণে ইহাঁর নাম ইল। ইনি একদা মৃগয়াব্যাজে শঙ্করশপ্ত কুমারবনে প্রবেশ করত স্ত্রী হন। পুরোহিত বশিষ্ঠ, শঙ্করারাধনা করিয়া, 'তিনি এক মাস পুরুষ ও এক মাস স্ত্রী হইবেন' এই বর লাভ করেন। এইরূপ স্ত্রী অবস্থায় বুধের সহিত তাঁহার মিলন হয় ও তাহাতে পুরুরবার জন্ম হয়। পুরুষ অবস্থায় ইহাঁর তিন পুত্র হয়। তাঁহাদের নাম উৎকল, গয় ও বিমল। ২। ইক্ষ্বাকু রাজার কন্যা। ৩। বৌদ্ধপত্নী। ৪। পৃথিবী। ৫। ধেনু। ৬। বাণী। ৭। মদ্য। ৮। জল। ৯। কশ্যপপত্নীবিশেষ।

ইলাবৃত (ইলা পৃথিবী—আবৃত মনোনীত। ইহা ভূগোলের উত্তমাংশ) সং, ক্লীং, জম্বুদ্বীপের নব বর্ষের মধ্যে চতুর্থ বর্ষ। ইহার চতুঃসীমা—উত্তরে নীল, শ্বেত ও শৃঙ্গবান্ পর্ব্বত, দক্ষিণে নিষধ, হেমকূট ও হিমালয় পর্ব্বত, পশ্চিমে মাল্যবান্ পর্ব্বত, ও পূর্ব্বে গন্ধমাদন পর্ব্বত। ইহার মধ্যস্থলে সুমেরু। (ভাগ)। ২। যেখানে, অভিশপ্ত স্ত্রীরূপী ইল (ইলা) বুধের সহিত বাস করিতেন, সেই স্থানের নাম ইলাবৃত, ইহা কৈলাসে। সন্নিধিতে। যথা কবিকঙ্কণ চণ্ডীতে, চণ্ডী বলিতেছেন—

"ইলাবৃত দেশে ঘর জাতিতে ব্রাহ্মণী।"

ইলি } (ঈলী দেখ, বা ইল্ গমন করা+
ইলী } ই, ঈ—প্রং) সং, স্ত্রীং, ছুরিকা, ছুরী।

ইলীশ (ইল্ গমন করা, চরা+০(ক্বিপ্)—ক, যে [জলে] চরে—ঈশ প্রধান। অতি মিষ্টতা প্রযুক্ত যে জলচরমধ্যে প্রধান। অথবা ইলী ছুরিকা—শ [শুভ্ শোভা পাওয়া+অ(ড)—ক] শোভা পায়, যে ছুরিকাতে শোভা প্রাপ্ত হয়) সং, পুং, মৎস্যবিশেষ।

ইল্বলা (ইল্ শয়ন করা+ল—সংজ্ঞার্থে, নিপাতন। যাহারা মৃগশিরার শিরোদেশে শয়ন করে) সং, স্ত্রীং, মৃগশিরা নক্ষত্রের শিরস্থ পাঁচটী ক্ষুদ্র তারা।

ইল্লিশ } (ইল্ গমন করা+০(ক্বিপ্)—ক,
ইল্লীশ } যে [জলে] চরে—লিশ্ অল্প হওয়া+অ(ক)—ক) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ মৎস্যবিশেষ।

ইল্বল (ইল্ গমনকরা+বল—ক, সংজ্ঞার্থে) সং, পুং, দৈত্যবিশেষ, বাতাপি নামক দানবের ভ্রাতা। ইহারা উভয়ে অনেক ব্রাহ্মণ বধ করিত। বাতাপি, মায়ায় মেষরূপ ধারণ করিত, ইল্বল তাহাকে রন্ধন করিয়া, মুনিদিগকে ভক্ষণ করাইত, পরে মৃতসঞ্জীবনীমন্ত্র উচ্চারণ করত, তাহাকে আহ্বান করিলে, সে মুনির উদর বিদীর্ণ করত বাহিরে আসিত, তাহাতে মুনির মৃত্যু হইত। অগস্ত্য এই উভয়কে কৌ-

শলে বিনাশ করেন। (রামায়ণ)। ২। অতি চঞ্চল মৎস্যবিশেষ। ৩। নক্ষত্রবিশেষ।
ইল্বলবাহ—মহাভারতে "তেজস্বী অগস্ত্যনন্দন বাল্যকালেই পিতার আলয়ে ইধ্ম অর্থাৎ অগ্নিসন্দীপন কাষ্ঠের ভার বহন করিতেন বলিয়া তাহার নাম ইল্বলবাহ হইয়াছিল।
ইব (ইন্‌ব ব্যাপা+অ(ক)—ক) অং, সাদৃশ্য, তুল্যতা, সাম্য। শিং—১ "বাগর্থাবিব সম্পৃক্তৌ।" (রঘু)। ২। উৎপ্রেক্ষা। শিং—১ "গুণাগুণানুবন্ধিত্বাৎ তস্য সপ্রসবা ইব।" (রঘু)। ৩। ঈষৎ। শিং—১ "তদস্তি পর্য্যুষিতমিব।" ২ "আবর্জ্জিতা কিঞ্চিদিব স্তনাভ্যাম্।" ৪। নিয়োগ। ৫। অবধারণ। ৬। বাক্যালঙ্কার। শিং—১ "গৃহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি। ২ পিতেব পালয়েৎ পুত্রান্ জ্যেষ্ঠোভ্রাতৄন্ যবীয়সঃ। ৩ মৃগানুসারিণং সাক্ষাৎ পশ্যামীব পিনাকিনম্।"
ইশ্‌তিহার (যাবনিক) সং, বিজ্ঞাপন পত্র।
ইশাদী (যাবনিক, Witness) সং, সাক্ষী।
ইষ, ঈষ (ইষ্ গমন করা+অ—প্রং কিম্বা ইষ্ যাত্রা+অ(ক)—ধি, অস্ত্যর্থে। যাহাতে জিগীষুদিগের যাত্রা হয়) সং, পুং, আশ্বিনমাস।
ইষিকা, ইশীকা, ইষীকা } (ইষ্ গমন করা+ইক (ইকন্), ঈক(ঈকন্)—ক) সং, স্ত্রীং, হস্তীর চক্ষুর গোলক। ২। তুলি। ৩। কাশ, কুশ।
ইষির (ইষ্ ইচ্ছাকরা+ইর(কির)—ক) সং, পুং, অগ্নি। ২। বিং, ত্রিং, গতিশীল।
ইষু (ইষ্ গমন করা+উ—র্ম্ম। যে হিংসার জন্য গমন করে) সং, পুং, শর, বাণ, তীর। শিং—১ "ইষুর্মুক্তো ধনুষ্মতা। ২ যদিষবঃ সিধ্যন্তি লক্ষ্যে চলে। ৩ অমোঘা ইষবশ্চেমে।" ২। পাঁচসংখ্যার চিহ্ন।
ইষুধি (ইষু বাণ—ধি যে ধারণ করে, ২য়া—ষ, অথবা ইষু বাণ—ধি [ধা ধারণকরা+ই(কি)—ধি]) সং, পুং—স্ত্রীং, বাণাধার, তূণ।
ইষুমান্ (ইষু বাণ+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাণবিশিষ্ট। শিং—১ "ইষুমতি রঘুসিংহে দন্দশূকান্ জিঘাংসৌ।" (ভট্টি)।
ইষ্ট (ইষ্ বাঞ্ছা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত, অভিলষিত। ২। প্রিয়। ৩। প্রশংসিত। ৪। প্রার্থিত। ৫। অভিপ্রেত।
ইষ্ট—ক্লীং, ইষ্টিকা—স্ত্রীং } (যজ্ পূজা করা+ত (ক্ত)—ভা। ২য়—পক্ষে, কণ্—প্রং, আপ্—স্ত্রীং) সং, যজ্ঞাদি কর্ম্ম। শিং—১ "যয়াচেষ্টৎ ক্রতুশতম্।" ২ "বহ্বৈর্বহুবিধৈরিষ্টম্।" ২। এরণ্ডবৃক্ষ।
ইষ্টক—পুং, ইষ্টকা—স্ত্রীং } (ইষ্ বাঞ্ছা করা+তক (তকক্)—র্ম্ম) সং, পুং, দগ্ধমৃৎখণ্ড, ইট।
ইষ্টকাপথ; সং, পুং, ইষ্টক নির্ম্মিত পথ, পাকা রাস্তা। ২। (ইষ্ট—কাপথ) ক্লীং, উশীর, বেণা।
ইষ্টকালয় (ইষ্টক—আলয় গৃহ) সং, ক্লীং, ইষ্টক নির্ম্মিত ঘর। ইহা শীতকালে উষ্ণ ও গ্রীষ্মকালে শীতল হয়। শিং—১ "কূপোদকং বটচ্ছায়া শ্যামাস্ত্রী ইষ্টকালয়ং। শীতকালে ভবেদুষ্ণং গ্রীষ্মকালে চ শীতলং।"
ইষ্টগন্ধ (ইষ্ট প্রিয়—গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুগন্ধবিশিষ্ট। ২। ক্লীং, বালুকা।
ইষ্টতম (ইষ্ট—তম বহুর মধ্যে একের উৎকর্ষ অর্থে) বিং, ত্রিং, সর্ব্বাপেক্ষা অধিক অভিলষিত, অত্যন্ত অভিলষিত। ২। প্রিয়তম।
ইষ্টতর (ইষ্ট—তর দুয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে) বিং, ত্রিং, উভয়ের মধ্যে অধিক অভিলষিত। ২। প্রিয়তর।
ইষ্টদেব (ইষ্ট—দেব) সং, পুং, যিনি তন্ত্র শাস্ত্রোক্ত প্রণালীতে মন্ত্র প্রদান করেন, মন্ত্রদাতা গুরু, গুরুদেব, অভীষ্টদেব, ইষ্টদেবতা। [গুরু।
ইষ্টদেবতা; সং, স্ত্রীং, উপাস্যদেবতা। দীক্ষা-
ইষ্টাপত্তি (ইষ্ট—আপত্তি প্রাপ্তি, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, অভিলষিত প্রাপ্তি, ইষ্টসিদ্ধি। ২। লাভ, উপকার।
ইষ্টাপূর্ত্ত (ইষ্ট কৃতোৎসর্গ—পূর্ত্ত খাতাদি কর্ম্ম, দ্বং—স। আ—আগম) সং, ক্লীং, সাধারণের হিতার্থ যজ্ঞ কূপাদি খনন এবং দেবালয় নির্ম্মাণ প্রভৃতি কর্ম্ম; যথা—"আমি কৃষ্ণের চরণ ও ইষ্টাপূর্ত্ত দ্বারা

শপথ করিয়া কহিতেছি যে, তোমার পুত্রের সহিত তোমাকে বিনষ্ট করিব।" শিং—১ "বাপীকূপতড়াগাদি দেবতায়তনানি চ। অন্নপ্রদানমারামাঃ পূর্ত্তমর্থ্যাঃ প্রচক্ষতে ॥ একাগ্নিকর্ম্মহবনং ত্রেতায়াং যচ্চ হূয়তে। অন্তর্বেদ্যঞ্চ যদ্দানমিষ্টং তদভিধীয়তে।"

ইষ্টালাপ (ইষ্ট—আলাপ, য়ং—স) সং, পুং, সদালাপ, পরস্পর ভদ্র আলাপ।

ইষ্টি (ইষ্ ইচ্ছা করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, ইচ্ছা। ২। (যজ্ পূজা করা +ক্তি—ভাবে) যাগ। শিং—১ "রক্ষাংসি ন ইষ্টিবিঘ্নমুৎপাদয়ন্তি।" ৩। (+ক্তি—র্ম্ম) ছন্দোবিশেষ।

ইষ্ম (ইষ বাঞ্ছাকরা+ম—সংজ্ঞার্থে) সং, পুং, কামদেব। ২। বসন্তকাল। [বসন্তকাল।

ইষ্য ইষ্ ইচ্ছা করা+য—প্রং) সং, পুং,

ইষ্বসন (ইষু বাণ—অসন যে নিক্ষেপ করে, ২য়া—ষ, অথবা ইষু বাণ—অস্ নিক্ষেপ করা+অন(অনট্)—ণ। যাহা দ্বারা বাণ নিক্ষেপ করা যায়) সং, ক্লীং, ধনুক।

ইষ্বাস (ইষু বাণ—অস্ নিক্ষেপ করা+অ (ঘঞ্)—ণ। যাহা দ্বারা বাণ নিক্ষেপ করা যায়) সং, পুং, ধনুঃ। ২। (ইষু বাণ—অস্ ক্ষেপণ করা+অ(ঘঞ্)—ক। ২য়া—ষ) বিং, ত্রিং, ধনুর্দ্ধর, তীরন্দাজ, শরক্ষেপক। [বোধক।

ইস্ (দেশজ) অং, আশ্চর্য্য বোধক, বিস্ময়-

ইস্তাহার (যাবনিক) বিজ্ঞাপন।

ইস্তিম্রারী (যাবনিক) চিরস্থায়ী।

ইহ (ইদম্ ইহা+হ। সপ্তমী স্থানে হ) অং, এই স্থানে, এই কালে ইত্যাদি। শিং—১ "কথমাগমনং চেহ। ২ তেষামিহ ন পুনরাবৃত্তিরস্তি। ৩ দোষানপ্যস্য মে ব্রূহি যদি সন্তীহ।" ২। এই জগতে, নরলোকে; যথা—"ইহলোক।"

ইহকাল (ইহ—কাল সময়) সং, পুং, যতদিন নরলোকে থাকা যায়, জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সময়। [পুং, এই জগৎ, নরলোক।

ইহলোক (ইহ এখানে—লোক জগৎ) সং,

ইহত্য (ইহ+ত্য—ভবার্থে) অং, অত্রত্য।

---

# ঈ

**ঈ** (ঈ গমন করা+০(ক্বিপ্)—র্ম্ম) চতুর্থ স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান তালু। শিং—১ "ঈকারং পরমেশানি স্বয়ং পরমকুণ্ডলী। ব্রহ্মবিষ্ণুময়ং বর্ণং তথা রুদ্রময়ং সদা। পঞ্চদেবময়ং বর্ণং পীতবিদ্যুল্লতাকৃতিং। চতুর্জ্ঞানময়ং বর্ণং পঞ্চপ্রাণময়ং সদা।" (কামধেনুতন্ত্র)। ২। পুং, কন্দর্প। ৩। (অ বিষ্ণু +ঈপ্—পত্নী অর্থে) সং, স্ত্রীং, লক্ষ্মী। ৪। (+ক্বিপ্—ক) অং, কোপ। ৫। দুঃখ।

ঈঃ ; অং, যন্ত্রণা বা ক্রোধাদিবোধক।

ঈকার (ঈ+কার—স্বার্থে) সং, পুং, ঈবর্ণ, ঈ।

ঈক্ষণ (ঈক্ষ্ দেখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দৃষ্টি, দর্শন। ২। (+অনট্—ণ। যাহার দ্বারা দেখা যায়) চক্ষুঃ। শিং—১ "বয়ং সর্ব্বেঽপি সোৎসুকাঃ কৃতেক্ষণাঃ স্থিতাঃ। ২ কৃতঘ্না ধনলোভান্ধাঃ নোপকারেক্ষণক্ষমাঃ।"

ঈক্ষণিক (ঈক্ষণ দর্শন+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, দৈবজ্ঞ, শুভাশুভদর্শী। "মঙ্গলাদেশবৃত্তাশ্চ ভদ্রাশ্চেক্ষণিকৈঃ সহ।"

ঈক্ষণিকা (ঈক্ষণ দর্শন+অক—প্রং। আ—স্ত্রীং) সং, স্ত্রীং, দৈবজ্ঞা, শুভাশুভবক্ত্রী।

ঈক্ষমান (ঈক্ষ্ দর্শন করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে দেখিতেছে, নিরীক্ষমাণ।

ঈক্ষা (ঈক্ষণ দেখ, অ—ভা। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দর্শন, দেখা।

ঈক্ষিত (ঈক্ষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, দর্শন।

ঈক্ষিতা ঈক্ষিতৃ, ঈক্ষণ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, দ্রষ্টা, দর্শক।

ঈড়া, ঈলা (ঈড়্ স্তুতি করা+অ—ভা) সং, স্ত্রীং, স্তুতি, স্তব, প্রশংসা।

ঈড়িত, ঈলিত (ঈড়া দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত। ২। (+ক্ত—ভা) ক্লীং, স্তব। [স্তবের যোগ্য।

ঈড্য (ঈড়া দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত্য,

ঈড্যমান (ঈড়া দেখ, আন(শান)—র্ম্ম। য, য—আগম) বিং, ত্রিং, স্তূয়মান, প্রশংস্যমান, যাহাকে প্রশংসা করা যাইতেছে।

ঈতি (ঈ গমন করা+তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থ শত্রুরাজা, শস্যের এই ষড়্‌বিধ বিঘ্ন। তথাহি—অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ। ২। (+ক্তি—ভাবে) গতি।

ঈদৃক্ষ, ঈদৃশ, ঈদৃশ্—কৃ (ইদম্ ইহা—দৃক্ষ, দৃশ্, দৃশ-ক্ [দৃশ্—দেখা + স(ক্স), অ (টক্), ০(ক্বিপ্)—ভা] দর্শন। ইহার ন্যায় দর্শন যাহার, ৬ষ্ঠী—হিং, অথবা ইদম্—দৃশ্ দেখা+সক্, টক্, ক্বিপ্—র্ম্ম) বিং, ত্রিং, এইরূপ, এতাদৃশ, এবম্ভূত। শিং—১ "এবমীদৃশকং স্বপ্নং দৃষ্ট্যাসি ত্বম্।"

ঈপ্সা (ঈপ্সিত দেখ, অ—ভা) সং, স্ত্রীং, প্রাপ্তীচ্ছা। ২। বাঞ্ছা, ইচ্ছা।

ঈপ্সিত (ঈপ্স [আপ্ পাওয়া+স(সন্)—ইচ্ছার্থে] পাইতে ইচ্ছা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত, অভিলষণীয়। ২। যাহা পাইতে ইচ্ছা হয়। ৩। (+ক্ত—ভা) সং, ক্লীং, মনোরথ। ৪। ইচ্ছা।

ঈপ্সু (ঈপ্সিত দেখ, উ—ক) বিং, ত্রিং, প্রাপ্তীচ্ছু, পাইতে ইচ্ছুক। ২। ইচ্ছুক।

ঈরণ } (ঋ গমন করা+অন, ইনন্—
ঈরিণ } ণি, সংজ্ঞার্থে) বিং, ত্রিং, ঊষরভূমি, ক্ষারভূমি। ২। জলবৃক্ষাদিশূন্য ভূভাগ। "ঈরিণে নির্জ্জলে দেশে।" বোধ হয়, ইহার নামান্তর ঈরাণ। ৩। শূন্য।

ঈরাণ; দেশবিশেষ। অনেকে বলেন "ইহার নামান্তর উত্তরকুরু।"(ঐতিহাসিকরহস্য)।

ঈরিত (ঈর্ কাঁপা, প্রেরণ করা, বলা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। ক্ষিপ্ত, বিসর্জ্জিত। ৩। বিক্ষিপ্ত। ৪। বিসৃষ্ট। ৫। কথিত। ৬। চালিত। ৭। কম্পিত। ৮। (+ক্ত—ভাবে) ক্লীং, কথন।

ঈর্ম্ম (ঈর্ প্রেরণ করা+ম(মক্)—র্ম্ম। যে স্বাস্থ্য ক্ষেপণ করে) সং, ক্লীং, ব্রণ, ক্ষত, ঘা।

ঈর্ষা, ঈর্ষ্যা (ঈর্ষ্য দ্বেষ করা+অ—ভা) সং, স্ত্রীং, পরশ্রীকাতরতা, অক্ষমা, হিংসা। ২। দ্বেষ। ৩। অন্যের সৌভাগ্য ও সুখ সমৃদ্ধি দর্শনে অসুখানুভব। ৪। স্ত্রী ও পুরুষের পরস্পর ব্যভিচারশঙ্কা। শিং—১ "তবেষ্টা নন্থ নাটৈমতা ভার্য্যাঃ—কথমীর্ষাং ন কুরুষে সুগ্রীবস্য সমীপতঃ।"

ঈর্ষালু, ঈর্ষ্যালু (ঈর্ষা দেখ, আলু—প্রং) বিং, ত্রিং, ঈর্ষ্যা করা যার স্বভাব, পরশ্রীকাতর, হিংসাবিশিষ্ট।

ঈর্ষ্যী(ঈর্ষিন্, ঈর্ষা দেখ, ইন্—ক) বিং, ত্রিং, যে ঈর্ষা করে, ঈর্ষা করা যার স্বভাব, ঈর্ষাবিশিষ্ট। শিং—১ "ঈর্ষী ঘৃণী ত্বসন্তুষ্টঃ।"

ঈলা (ঈড় স্তব করা+অ(ক)—র্ম্ম। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পৃথিবী। ২। বাণী, সরস্বতী। ৩। ধেনু।

ঈলি } (ঈর্ গমনকরা ইত্যাদি+অ—প্রং।
ঈলী } ঈ—স্ত্রীলিঙ্গে। র=ল। ইলী দেখ) সং, স্ত্রীং, ক্ষুদ্র গদাকৃতি হস্তদণ্ড, সোঁটা।

ঈলিত (ঈড় স্তুতি করা+ত(ক্ত)—র্ম্ম। ড় =ল) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত।

ঈশ্ (ঈশ দেখ, ০(ক্বিপ্)—ক) সং, পুং, ঈশ দেখ।

ঈশ (ঈশ্ আধিপত্য করা+অ(ক)—ক) সং, পুং, ঈশ্বর। ২। শিব। ৩। বিং, ত্রিং, স্বামী। ৪। নি[illegible]। ৫। শ্রেষ্ঠ, প্রধান। ৬। সমর্থ। সং [illegible]—স্ত্রীং, লাঙ্গলদণ্ড। ২। লাঙ্গলখনিত লম্বাকৃতি ভূভাগ, সীতা। ৩। দুর্গা। ৪। ঈশ্বরী। শিং—১ "স ব্যাঘ্রোঽভবদারণ্যানাং পশূনাং রাজা, স সিংহোঽভবদারণ্যানাং পশূনামীশঃ। ২ ঈশোঽহমপি সর্ব্বস্য।'

ঈশসখ (ঈশ শিব—সখি বন্ধু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের।

ঈশাদন্ত (ঈষা—দন্ত দাঁত। ঈশার ন্যায় দন্ত যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে হস্তীর দন্ত অতি বৃহৎ।

ঈশান (ঈশ+আন(শান)—ক) সং, পুং, মহেশ্বর। ২। একাদশ রুদ্রের অষ্টম রুদ্র। ৩। শিবের অষ্ট মূর্ত্তির অন্তর্গত সূর্য্যমূর্ত্তি। ৪। বিং, ত্রিং, প্রভু। নী—স্ত্রীং, মহেশ্বরী, দুর্গা।

ঈশানকোণ (ঈশান শিব—কোণ, ৬ষ্ঠী—ষ। এই কোণের অধিপতি শিব) সং, পুং, পূর্ব্ব ও উত্তরদিকের মধ্যবর্ত্তী কোণ।

ঈশিতা—স্ত্রীং } (ঈশি [ঈশ্ আধিপত্য
ঈশিত্ব—ক্লীং } করা + ই(ণিন্)—ক]
ঈশ্বর+তা, ত্ব—ভা) সং, ঈশ্বরত্ব, সর্ব্ব-
প্রাধান্য, প্রভুত্ব, আধিপত্য। ২। সামর্থ্য।
৩। অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যের মধ্যে স্বামিত্ব-
রূপ ঐশ্বর্য্য। এই ঐশ্বর্য্য থাকাতে স্থাবরাদি
সর্ব্বভূত ঈশ্বরের আজ্ঞাকারী।

ঈশিতা (ঈশিতৃ, ঈশ দেখ, তৃ(তৃন্)—ক) সং,
পুং, ঈশ্বর। ২। বিং, ত্রিং, সমর্থ। ৩।
প্রধান। ৪। প্রভু, অধিপতি।

ঈশ্বর (ঈশ্ আধিপত্য করা+বর—ক, শী-
লার্থে) সং, পুং, শিব। (দাক্ষিণাত্যে শিবই
ঈশ্বর শব্দের প্রতিপাদ্য। বায়ুপুরাণ মতে
—ঈশ্বর একাদশ রুদ্রের মধ্যে একজন)।
২। ব্রহ্ম। ৩। কন্দর্প। ৪। পাতঞ্জলমতে
—ক্লেশ, জন্ম, কর্ম্ম, বিপাক, আশয় দ্বারা
অপরাভূত চৈতন্য। ৫। পরমেশ্বর। শিং
—১ "ঈশ এবাহমত্যর্থং ন চ মামীশতে
পরে। দদামি চ সদৈশ্বর্য্যমীশ্বরস্তেন কী-
র্ত্ত্যতে। ৬। বিং, ত্রিং, অধিপতি, স্বামী,
প্রভু। ৭। শ্রেষ্ঠ। ৮। সমর্থ। রা, রী—
স্ত্রীং, দুর্গা। শিং—১ "ঈশ্বরীমীশ্বরপ্রি-
য়াম্।" ২। লক্ষ্মী। ৩। সরস্বতী। ৪। যে
কোন শক্তি। ৫। যোগিনীবিশেষ। ৬।
লিঙ্গিনীবৃক্ষ। ৭। বন্ধ্যাকর্কোটকীবৃক্ষ। ৮।
রুদ্রজটালতা। ৯। নাকুলীকন্দ। শিং—১
"রাজ্যে বাপি মহারাজো মাং বাময়িতুমী-
শ্বরঃ। ২ ঈশ্বরাণাং যত্র নৃত্যাদিকং ভবতি,
সা সঙ্গীতশালা।"

শ্বরদ্বেষ (ঈশ্বর—দ্বেষ) সং, পুং, ঈশ্বরে দ্বেষ,
ঈশ্বরের অস্তিত্ব অপলাপ করা।

শ্বরদ্বেষী (—দ্বেষিন্, ঈশ্বর—দ্বেষী [দ্বিষ্
দ্বেষ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে
ঈশ্বরের দ্বেষ করে, যে ঈশ্বরের অস্তিত্ব
অপলাপ করে, যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার
করে না।

শ্বরনিষ্ঠ (ঈশ্বর—নিষ্ঠা। যাহার ঈশ্বরে নিষ্ঠা
আছে। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে ব্যক্তি
সকলই ঈশ্বরের ইচ্ছাধীন এই ভাবিয়া
চলে, ঈশ্বরপরায়ণ।

শ্বরনিষ্ঠা (ঈশ্বর—নিষ্ঠা। ঈশ্বরে নিষ্ঠা, ৭মী
—ষ) সং, স্ত্রীং, ঈশ্বরে নিষ্ঠা, সকলই ঈশ্ব-
রের ইচ্ছাধীন এই ভাবিয়া চলা, ঈশ্বর-
পরায়ণতা।

ঈশ্বরবাদ (ঈশ্বর—বাদ) সং, পুং, যে মতে
ঈশ্বরের অস্তিত্ব প্রভৃতি সংস্থাপন করে।

ঈশ্বরবাদী (—বাদিন্, ঈশ্বর—বাদী যে
বলে) বিং, ত্রিং, যে ঈশ্বরের অস্তিত্ব প্র-
ভৃতি স্বীকার করে।

ঈশ্বরাধীন } (ঈশ্বর—অধীন, আয়ত্ত) বিং,
ঈশ্বরায়ত্ত } ত্রিং, ঈশ্বরের অধীন, ঈশ্বরের
ইচ্ছাধীন, মনুষ্যের ইচ্ছাধীন নয়।

ঈষৎ (ঈষ্ গমন করা, পাওয়া+অৎ—ক।
যে ন্যূনতাকে প্রাপ্ত হয়) অং, অল্প, কি-
ঞ্চিৎ, কিছু। শিং—১ "ঈষন্মীলিতলো-
চনঃ। ২ ঈষৎ সহাস্যং। ৩ ঈষৎকরঃ কটো
ভবতা।"

ঈষৎকর (ঈষৎ কিঞ্চিৎ—কর [কৃ করা+
অ(খল্)—র্ম্ম] যাহা করা যায়) সং, পুং,
অত্যল্প। ২। বিং, ত্রিং, অল্পায়াস সাধ্য।
৩। যাহাতে অত্যল্প কাজ হয়, যাহাতে
কোন ফলোদয় হয় না, অকিঞ্চিৎকর।

ঈষদুষ্ণ (ঈষৎ—উষ্ণ) বিং, ত্রিং, অত্যল্প
উষ্ণ, কিঞ্চিৎ উষ্ণ। [কম, কিঞ্চিৎ ন্যূন।

ঈষদূন (ঈষৎ—ঊন কম) বিং, ত্রিং, কিছু

ঈষা (ঈষ্ গমন করা+অ(ক)—ধি। আপ্
—স্ত্রীলিঙ্গে। যেখান দিয়া লাঙ্গল যায়)
সং, স্ত্রীং, লাঙ্গলপদ্ধতি, সীতা। ২। (+অ
—ক, আপ্) লাঙ্গলদণ্ড, লাঙ্গলের ঈষ।
২। শকটের দীর্ঘকাঠ। ৩। রথাবয়ববিশেষ।

ঈষাদণ্ড } (ঈষা, শা—দণ্ড) সং, পুং, অক্ষ
ঈশাদণ্ড } এবং যুগ ধারণার্থ দণ্ড। শিং—
১"যোজনানাং সহস্রাণি ভাস্করস্য রথোনব।
ঈষাদণ্ডস্তথৈবাস্য দ্বিগুণো মুনিসত্তম।"

ঈষাদন্ত (ঈষা—দন্ত দাঁত। ঈশাদন্ত দেখ)
সং, পুং, ঈষার ন্যায় দীর্ঘদন্ত হস্তী, দাঁ-
তাল হাতী।

ঈষিকা—ষীকা (ঈষ্ আঘাত করা, গমন
করা + ইকন্, ঈকন্—সংজ্ঞার্থে) সং,
স্ত্রীং, হস্তীর নেত্র গোলক। ২। তূলিকা,
তূলি। ৩। কাশতৃণ। ৪। শর প্রভৃতি তৃ-
ণের মাজ, খড়্কে। ৫। অস্ত্রবিশেষ।

শিং—১ "সোঽভিমন্ত্র্য শরেষীকামীষিকাস্ত্রেণ বীর্য্যবান্।"

ঈহমান (ঈহ্ চেষ্টাকরা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে চেষ্টা করিতেছে, চেষ্টমান।

ঈহা (ঈহ্ চেষ্টা করা, ইচ্ছা করা+অ—ভা) সং, স্ত্রীং, চেষ্টা, যত্ন, উদ্যম। ২। ইচ্ছা, আকাঙ্ক্ষা। শিং—১ "ঈহাতশ্চেষ্টনং ভবেৎ। ইচ্ছয়া জায়তে কাম ঈহয়ার্থো বিবর্দ্ধতে। ৩ অতশ্চ ধার্ম্মিকৈঃ পুম্ভিরনীহার্থঃ প্রশস্যতে।"

ঈহামৃগ, ঈহাবৃক (ঈহা চেষ্টা, ইচ্ছা—মৃগ হরিণ। যাহার মৃগ বধ করিবার চেষ্টা। ঈহা—বৃক বাঘ। মৃগ চেষ্টাতে স্থিত বৃক, ৭মী—ষ) সং, পুং, নেকৃড়ে বাঘ, কুকুরাকৃতি ছোটবাঘ, ঘোঘ। ২। দৃশ্যকাব্যান্তর্গত রূপকশ্রেণীর একবিধ। ইহা চারি অঙ্কে সম্পূর্ণ; দেবদেবী ইহার নায়ক নায়িকা। প্রেম ও কৌতুক বর্ণনা ইহার উদ্দেশ্য।

ঈহিত (ঈহা দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, চেষ্টা। ২। ইচ্ছা। ৩। উদ্যোগ। ৪। উদ্যম। শিং—১"সমীহিতার্থসিদ্ধিঃ স্যাৎ।" ৫। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে যত্ন বা চেষ্টা করা গিয়াছে, চেষ্টিত। ৬। ইষ্ট, আকাঙ্ক্ষিত। ৭। (+ক্ত—ক) উদ্যত।

## উ

উ; পঞ্চম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা; ইহার হ্রস্ব দীর্ঘ এবং প্লুত স্বর আছে। ২। (অৎ গমন করা+উ(ডু)—ক) সং, পুং, শিব; যথা—

"উ শব্দে বুঝহ শিব মা শব্দে স্ত্রী তার।
বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার।"

৩। ব্রহ্মা। শিং—১ "উকারং পরমেশানি অধঃকুণ্ডলিনী স্বয়ং। পীত চম্পকসঙ্কাশং পঞ্চদেবময়ং সদা। পঞ্চপ্রাণময়ং দেবী চতুর্ব্বর্গপ্রদায়কং।" ৪। (উ শব্দকরা+০(ক্বিপ্)—ধি) অং, ভোঃ, সম্বোধন। শিং—১"উমেতি মাত্রা তপসে নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম।" (কুমার)। ৫। বিতর্ক। ৬। ক্রোধোক্তি। ৭। দয়া। ৮। বিস্ময়। ৯। নিয়োগ। ১০। পাদপূরণ।


উঃ; অং, ক্রোধ বা দুঃখ বোধক।

উঁচ, উঁচু (উচ্চ শব্দজ) বিং, ত্রিং, উপরিভাগ। [উঠান।

উঁচন (উচ্চ শব্দজ) সং, উত্তোলন, উত্থাপন,

উঁচল (উঞ্ছন শব্দজ) সং, চালন, ঝাড়ন তৃণাদি পরিত্যাগ পূর্ব্বক শস্য একত্রকরণ।

উই (দেশজ) সং, পিপীলিকাবিশেষ, রুই।



উই।

উকা (উল্কা শব্দজ কি ?) স্ফুলিঙ্গ, উড্ডীয়মান অগ্নিকণা।

উকার (উ+কার—স্বার্থে) সং, পুং, উবর্ণ, উ ২। (+কার—স্বরূপার্থে) শিব। শিং—১ অকারো ... দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ।"

উকি (দেশজ) সং, গোপনে থাকিয়া দৃষ্টি করণ। ২। (হিক্কা শব্দের অপভ্রংশ) উদ্গার, ছর্দ্দি।

উকিঝুঁকী (উকি সম্ভবতঃ উৎ—ঈক্ষ শব্দের অপভ্রংশ—ঝুঁকি ঝোঁক শব্দজ) প্রচ্ছন্ন ভাবে দৃষ্টি করা।

উকীল (যাবনিক, Vakil) প্রকৃত অর্থ ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী। ২। বিচারালয়ে যে ব্যক্তি ক্ষমতাপ্রাপ্ত হইয়া অন্যের সাহায্যার্থে প্রতিনিধি স্বরূপ ব্যবহারকার্য্য সম্পন্ন করে। [কীট মস্তকে জন্মে।

উকুণ (উৎকুণ দেখ) সং, পুং, কেশকীট, যে

উক্ত (বচ্ বলা+ত(ক্ত)—র্ম্ম। ব=উ) বিং, ত্রিং, যাহা বলা গিয়াছে, কথিত, ভাষিত। ২। নির্দ্দিষ্ট, উল্লিখিত। ৩। উচ্চারিত। ৪। (+ক্ত—ভা) সং, ক্লীং, কথন। শিং—১ "ইতি চিরন্ত নৈরপ্যুক্তত্বাৎ।"

উক্তি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, কথা, বচন, বাক্য। ২। ক্লীং, কথন। ৩। নির্দ্দেশ, উল্লেখ। ৪। উচ্চারণ। শিং—১

"ক প্রীতিঃ ক চ ত উক্তিঃ। ২ পাটবং সংস্কৃতোক্তিষু।"

উকৃথ (বচ্ বলা+থ(থক্)—র্ম্ম) সং, ক্লীং, সামবেদ, দ্বিতীয় বেদ। ২। সামবেদাংশ। ৩। পুং, যজ্ঞবিশেষ। ইহা যজুর্ব্বেদ, ত্রিষ্টুপছন্দঃ, পঞ্চদশ স্তোম ও বৃহৎ সামের সহিত ব্রহ্মার দক্ষিণ মুখ হইতে উৎপন্ন; যথা—"যজুংষি ত্রৈষ্টুভং ছন্দঃ স্তোমং পঞ্চদশং তথা। বৃহৎসামং তথোক্তঞ্চ দক্ষিণাদসৃজন্মুখাৎ।" (বিষ্ণু)। শিং—১ "উকৃথং সামবিশেষঃ। তল্লক্ষণপরো গ্রন্থবিশেষো লক্ষণয়োকৃথম্।" কৃথা—স্ত্রীং, একাক্ষর ছন্দঃ; ইহা দুই প্রকার। ১ শ্রীঃ সর্ব্বগুরু; যথা—শ্রীস্তে সাস্তাং। ২ উঃ সর্ব্বলঘু; যথা—উরবতু।

উকথশাঃ (—শাস্, উকথ—শাস [কথনার্থ শন্স ধাতুজ+ণিণ্—ক] যে বলে, ২য়া—য) সং, পুং, যজমান। ২। যাজ্ঞিক।

উক্ষ (উক্ষ্ আর্দ্র করা+অ—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, ধৌত।

উক্ষণ (উক্ষ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রোক্ষণ, সেচন। শিং—১ "বশিষ্ঠমন্ত্রোক্ষণজাৎ প্রভাবাৎ।" (রঘু)।

উক্ষতর (উক্ষন্ বৃষ+তর—অত্যর্থে) সং, পুং, বৃহৎবৃষ, বড়ষাঁড়, প্রৌঢ় বৃষ। রী—স্ত্রীং, গতযৌবনা গবী।

উক্ষা (উক্ষন্, উক্ষ দেখ, অন্(কনিন্)—ক, সংজ্ঞার্থে। অন্য ভাষার সহিত এই শব্দের সৌসাদৃশ্য দেখ—সাক্সন=oxa; সুইডিস্=oxe; পারসিক=গাও-আখ্তা; ইংরাজি=ox; ইং-বহুবচন=oxen) সং, পুং, বৃষ, ষাঁড় বা বলদ। ২। ঋষভৌষধি। স্ত্রীং, গবী।

উক্ষাল—উত্তাল দেখ।

উক্ষিত (উক্ষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, অভিষিক্ত। ২। লিপ্ত। [শাস্ত্র।

উখ (দেশজ) সং, সূত্রধর বা কর্ম্মকারদের ঘর্ষ-

উখড়—এক সম্প্রদায় সন্ন্যাসীবিশেষ। ইহারা সর্ব্বদা মদ্য মাংস ব্যবহার করিয়া থাকে।

উখড়ন (উৎখণ্ড শব্দজ) উৎপাড়ন, উন্মূলন; যথা—"তরু উপাড়িয়া, গিরি উখাড়িয়া।"

উখড়ী (দেশজ) সং, নারিকেলমালা প্রভৃতি ও শলাকাদ্বারা নির্ম্মিত এক প্রকার হাতা।

উখর্ব্বল; সং, পুং, তৃণবিশেষ।

উখা, উখ্বা (উখ্ গমন করা+অ(ক)—ধি। আপ্—স্ত্রীং। নিপাতন। যাহাতে পাচ্য দ্রব্য গমন করে) সং, স্ত্রীং, পাকস্থালী, পাকপাত্র, হাঁড়ী। ২। উনন।

উখ্য (উখা+য(ক্য)—পাকার্থে) বিং, ত্রিং, স্থালীপক্ব (মাংসাদি)।

উগরণ (উদ্গীরণ শব্দজ) সং, বমন, ন্যাকার।

উগ্র (উচ্ সমবেত বা মিলিতকরা+র(রক্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, শিব। ২। শিবের অষ্টমূর্ত্তির মধ্যে বায়ুমূর্ত্তি। ৩। শূদ্রাণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত জাতিবিশেষ, আগুরি; কচ্ছপ গোধাদি বধকরা ইহাদিগের ব্যবসায়। ৪। নক্ষত্রগণবিশেষ। পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণ্যাত্মক। ৫। কেরলদেশ। ৬। ধৃতরাষ্ট্রের পুত্র। ৭। শোভাঞ্জনবৃক্ষ। ৮। সং, ক্লীং, ক্রোধ। ৯। বৎসনাভবিষ। ১০। বিং, ত্রিং, ক্রুদ্ধ, কোপন। ১১। তীব্র, প্রখর, কটু, তীক্ষ্ণ। ১২। উৎকট। ১৩। প্রচণ্ড, ভয়ানক, দুর্দ্ধর্ষ। ১৪। ক্রূর, নিষ্ঠুর। শিং—১ "অত্যুগ্ররাক্ষসঃ।" ১৫। রূঢ়, কর্কশ।

উগ্রকর্ম্মা (—কর্ম্মন্, উগ্র—কর্ম্মন্ কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে অনায়াসে ভয়ানক কর্ম্ম করিতে পারে, যে সহজে নিষ্ঠুর কর্ম্ম করিতে পারে, উগ্রকারী।

উগ্রকাণ্ড; সং, পুং, কারবেল্ল, করলা, উচ্ছা।

উগ্রগন্ধ (উগ্র তীব্র, উৎকট ইত্যাদি—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হিঙ্গু, হিং। ২। পুং, রশুন। ৩। কটফল। ৪। চম্পক, চাঁপা। ৫। অর্জ্জকবৃক্ষ। ৭। বিং, ত্রিং, উৎকটগন্ধবিশিষ্ট।

উগ্রগন্ধা; সং, স্ত্রীং, অজমোদা। ২। বচ। ৩। ছিক্কিকৌষধি। ৪। অজগন্ধা। ৫। যবানী।

উগ্রচণ্ডা (উগ্র ভয়ানক—চণ্ডা অতি কোপনা, ষৎ—স) সং, স্ত্রীং, চণ্ডিকাদেবী; দুর্গা এই মূর্ত্তিতে মহিষাসুরের প্রথম মূর্ত্তি বিনষ্ট করেন। এই মূর্ত্তি অষ্টাদশভুজা।

আশ্বিন মাসের কৃষ্ণানবমীতে প্রথমে এই মূর্ত্তি কোটিযোগিনী পরিবৃতা হইয়া প্রাদুর্ভূতা হন। এই মূর্ত্তিতে দক্ষযজ্ঞ ভঙ্গ হয়। ২। অতিশয় কোপনা (স্ত্রী); যথা—"সাজে রক্ষঅনীকিনী উগ্রচণ্ডা রণে।"(মেঘনাদ)।

উগ্রচয়; সং, পুং, ইচ্ছা।

উগ্রচারী (—চারিন্, উগ্র—চর্ চলা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, যে সতত উগ্রভাবে চলে, উগ্রভাবে চলা যার স্বভাব।

উগ্রতা (উগ্র+তা—ভা) সং, স্ত্রীং, উগ্রস্বভাব, উগ্রস্বভাবতা।

উগ্রতারা (উগ্র উগ্রতর[ভয়]—তারা যিনি ত্রাণ করেন। যিনি উৎকট ভয় হইতে ত্রাণ করেন) সং,স্ত্রীং, ভগবতীর মূর্ত্তিভেদ। পূর্ব্বে ইন্দ্রাদি দেবগণ শুম্ভদানব কর্ত্তৃক পরাজিত হইয়া, হিমালয়ের গঙ্গাবতরণ স্থানে মহামায়ার, আরাধনা করিতে গমন করিয়াছিলেন। তাঁহারা আরাধনা করিতেছেন, এমন সময়ে দেবী মাতঙ্গিনী বেশে সেই স্থানে উপস্থিত হইয়া,জিজ্ঞাসা করিলেন, "দেবগণ! তোমরা কাহার উপাসনা করিতেছ?" এই প্রশ্ন করিবামাত্র দেবগণ বিস্মিত হইলেন। ইত্যবসরে সেই মাতঙ্গিনীর কায়-কোষ হইতে দেবী উগ্রতারা আবির্ভূতা হইয়া বলিলেন "সুরগণ! আমার আরাধনা করিতেছেন, আমি তাহাদিগের জন্য শুম্ভাদি দৈত্যগণকে বিনাশ করিব।" এই বলিয়া দেবী গৌরীরূপ ধারণ করিলেন।

উগ্রধন্বা (উগ্রধন্বন্, উগ্র ভয়ানক—ধন্বন্ ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র। ২। শিব। ৩। বিং, ত্রিং, যাহার ধনুক শত্রুরা সহ্য করিতে পারে না, মহাধানুষ্ক, প্রখর ধনুর্দ্ধর; যেমন—উগ্রধন্বা ভীষ্ম।

উগ্রমূর্ত্তি (উগ্র—মূর্ত্তি) বিং, ত্রিং, যে সর্ব্বদা উগ্রভাবে থাকে। ২। যাহার মূর্ত্তি দেখিলে ভয় হয়, ভীষণমূর্ত্তি, ভয়ানকমূর্ত্তি।

উগ্রম্পশ্য (উগ্র—দৃশ্ দর্শনকরা+খশ্—ক) বিং, ত্রিং, ভীমদর্শন। "উগ্রম্পশ্যাকুলেহরণো।" [কটুভাষী,যে কর্কশবাক্য বলে।

উগ্রবক্তা (উগ্র—বক্তা যে বলে) বিং, ত্রিং,

উগ্রশেখরা (উগ্র শিব—শেখরা কিরীট) সং, স্ত্রীং, গঙ্গা।

উগ্রশ্রবাঃ (উগ্রশ্রবস, উগ্র [উৎকৃষ্ট] শ্রুতিধর—শ্রবস্ কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রোমহর্ষণপুত্র সুত। ২। ধৃতরাষ্ট্রের পুত্র। ৩। বিং, ত্রিং, তীক্ষ্ণকর্ণবিশিষ্ট।

উগ্রসেন (উগ্র ক্রুদ্ধ,ভয়ানক—সেনা সৈন্য ৬ষ্ঠী—হিং) সং, পুং, মথুরাদেশের রাজাবিশেষ, আহুকের পুত্র, কংসের পিতা। ২। ধৃতরাষ্ট্রের পুত্র। [কংস।

উগ্রসেনজ (উগ্রসেন—জ জাত) সং, পুং,

উগ্রস্বভাব (উগ্র—স্বভাব) বিং, ত্রিং, যাহার স্বভাব উগ্র, যে সহসা ক্রুদ্ধ হয়, অল্প কারণে যাহার ভয়ানক ক্রোধ জন্মে, যে অনায়াসে ভয়ঙ্কর কর্ম্ম করিতে পারে।

উগ্রা; সং, স্ত্রীং, যবানী। ২। বচ। ৩। ছিক্কিকৌষধি। ৪। উগ্রজাতি-স্ত্রী। ৫। যোগিনীবিশেষ। ৬। ধন্যাক। ৭। প্রখরানারী।

উক্কুন (উং—কুণ শব্দ। ইহার বধে 'উং' শব্দ করে বলিয়া উক্কুণ নাম হইল, সং, পুং, উকুণ, কেশকীট, ডেঙ্গর।

উচ, উচু (উচ্চ শব্দজ) বিং, উন্নত, ঊর্দ্ধভাগ।

উচিত (বচ্ বলা+ইত—র্ম্ম অথবা উচ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ন্যায্য, যোগ্য, কর্ত্তব্য। ২। পরিচিত। ৩। অভ্যস্ত। ৪। উপযুক্ত। ৫। যথার্থ। ৬। যুক্তিসিদ্ধ। ৭। ন্যস্ত। ৮। পরিমিত।

উচিতকারী (—কারিন্, উচিত—কারী যে করে) বিং, ত্রিং, যে উচিত কর্ম্ম করে।

উচিতচারী (—চারিন্, উচিত—চর্ বলা+ইন্(ণিন্)—ক। বিং, ত্রিং, যে রূপে চলা উচিত সেই রূপে যে চলে।

উচিতভাষী } (—ভাষিন্, বাদিন্, উচিত
উচিতবাদী } —ভাষী, বাদী যে বলে)
বিং, ত্রিং, যে উচিত কথা বলে।

উচ্চ (উৎ ঊর্দ্ধ—চি চয়ন করা+অ(ড)—র্ম্ম) বিং, ত্রিং, উন্নত, উচু। শিং—১ "দিব্যানামত্যুচ্চপদজন্মনাম্। ২ ধাং পিতোচ্চতরঃ।"

উচ্চকৈঃ (—কৈস্, উচ্চৈস্ অব্যয়ের পূর্ব্বে +অক্—আগম) অং, উচ্চ, তুঙ্গ। ২।

প্রচুর। শিং—১ " স্তবস্তস্তত্যমুচ্চকৈঃ। ২ দুন্দুভিনাদ উচ্চকৈঃ।"
উচ্চটা (উৎ—চট্ বধ করা, ভেদ করা+অ—প্রং। যে রোগ নষ্ট করে) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। ২। নির্বিষীকরণ। ৩। নাগরমুথা। ৪। ভূম্যামলকী। ৫। লশুন। ৬। আমরুল।
উচ্চণ্ড (উৎ অতিশয়—চণ্ড্ রুষ্ট হওয়া+অ(অচ্)—ক) বিং, ত্রিং, ত্বরান্বিত। ২। প্রচণ্ড, ভয়ানক, অতিকোপন। ৩। উদ্দাম। ৪। দুরন্ত, দুর্দান্ত।
উচ্চতম (উচ্চ—তম বহুর মধ্যে একের উৎকর্ষ অর্থে) বিং, ত্রিং, সর্ব্বাপেক্ষা উচ্চ, অতি উচ্চ।
উচ্চতর (উচ্চ—তর দুয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে উচ্চ। [অবস্থা, ঔন্নত্য।
উচ্চতা (উচ্চ+তা—ভা) সং, স্ত্রীং, উচ্চের
উচ্চন্দ্র (উদ্—চন্দ্র) সং, পুং, রাত্রিশেষ।
উচ্চভাষী (—ভাষিন্, উচ্চ—ভাষ্ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, উগ্রবক্তা, যে ব্যক্তি কড়া কথা বলে।
উচ্চমনাঃ(—মনস্, উচ্চ—মনস্) বিং, ত্রিং, যার মন উচ্চ, মহামনাঃ, উন্নতচিত্ত।
উচ্চয় } (উৎ ঊর্দ্ধ কিম্বা উপরি—চি
উচ্চায় } একত্র করা+অ(অল্), অ(ঘঞ্)—ভাবে) সং,পুং, চয়ন। শিং—১"পুষ্পোচ্চয়ং নাটয়তি।"(শকু)। ২ "সসমিৎ কুসুমোচ্চয়া।" (বেদিঃ)। ২। (+অল্, ঘঞ্—র্ম্ম) পরিধানবস্ত্রগ্রন্থি, নীবি। ৩। রাশি, পুঞ্জ। শিং—১ "সরিতঃ সর্ব্বা গঙ্গাদ্যাঃ সলিলোচ্চয়াঃ।" [২। ঊর্দ্ধগমন।
উচ্চরণ (উদ্—চরণ) সং, ক্লীং, উচ্চৈঃকীর্ত্তন।
উচ্চরিত (উৎ—চর্ [গমন কর] বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং ত্রিং, শব্দায়িত। ২। যাহা উচ্চারণ করা গিয়াছে, কীর্ত্তিত, উক্ত, কথিত, ভাষিত। ৩। নির্দ্দিষ্ট, উল্লিখিত।
উচ্চলিত (উৎ বাহির—চল্ গমন করা+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, নির্গত। ২। প্রস্থিত।
উচ্চাটন (উচ্চ—অটন গমন, য়ৎ—স অথবা উদ্ উপরি—চট্-ণিচ্=চটি ভেদ করান ইত্যাদি+অনট্—ভাবে) সং, ক্লীং, উন্মূলন, উচাটন। ২। চঞ্চলকরণ। ৩। অভিচার কর্ম্মবিশেষ, মনের ব্যাকুলতা জন্মাইবার উদ্দেশে তন্ত্রশাস্ত্রোক্ত অনুষ্ঠানবিশেষ। একপ প্রবাদ আছে, তন্ত্রশাস্ত্র অনুসারে, যাহার উদ্দেশে এই অনুষ্ঠান করে সে সর্ব্বক্ষণ ব্যাকুলচিত্ত হয়। ইহার দেবী—দুর্গা; তিথি—কৃষ্ণাচতুর্দ্দশী ও অষ্টমী; বার—শনি; জপমালা—সাধ্যকেশ গ্রথিত তুরঙ্গদশনসম্ভূত; ফল—বেরীকে দেশত্যাগীকরণ। ৪। উৎকণ্ঠা, বিষাদ। ৫। ব্যাকুলতা, ব্যাকুলীভাব। ৬। উৎপীড়ন, উপদ্রবকরণ।
উচ্চার (উৎ—চর্ [গমন করা] ত্যাগ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, মল, বিষ্ঠা। শিং—১ "মূত্রোচ্চারসমুৎসর্গং দিবা কুর্য্যাদ্‌দঙমুখঃ।" ২। (+ঘঞ্—ভা) উচ্চারণ। শিং—১ "দানে তপসি শৌর্য্যে চ যস্য ন প্রথিতং মনঃ। বিদ্যায়ামর্থলাভে চ মাতুরুচ্চার এব সঃ।"
উচ্চারণ (উৎ—চারি [গমন করান] শব্দ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কথন, শব্দপ্রয়োগ, কীর্ত্তন। ২। বাক্য দ্বারা ব্যক্ত করা। ৩। মুখ দ্বারা শব্দ নির্গত করা।
উচ্চারণস্থান (উচ্চারণ—স্থান) সং, ক্লীং, কণ্ঠ প্রভৃতি, যে স্থান হইতে শব্দের উচ্চারণ সম্পন্ন হয়।
উচ্চারণীয় (উচ্চারণ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চারণযোগ্য, যাহা উচ্চারণ করা উচিত বা উচ্চারণ করিতে পারা যায়।
উচ্চারিত (উচ্চারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা উচ্চারণ করা গিয়াছে।
উচ্চার্য্য (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চারণযোগ্য, কীর্ত্তনীয়।
উচ্চার্য্যমান (উচ্চারণ দেখ, শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা উচ্চারণ করা যাইতেছে।
উচ্চাবচ (উদক্ [উদ্গত]—অবাচ্ [উন্নত, অবনত] এই অর্থে উচ্চাবচ, নিপাতন) বিং, ত্রিং, বিবিধ, নানাপ্রকার। ২। অসমান। ৩। নিম্নোন্নত। ৪। ভালমন্দ;

যথা "যে ভীমসেন বিবিধ যান ও উচ্চাবচ বসন দ্বারা সংকৃত প্রাপ্ত হইতেন।" ২ "উচ্চাবচ মৃগ, মৎস্য ও মৈরেয় প্রভৃতি প্রভূত সুরা সকল সমাহৃত হইল।" শিং —১ "উচ্চাবচা জনপদধর্ম্মা গ্রামধর্ম্মাশ্চ।"

উচ্চিঙ্গট (উদ্ — চিঙ্গট) সং, পুং, উইচিংড়ে। ২। কোপনস্বভাব ব্যক্তি।

উচ্চিত (উদ্ — চিত) বিং, ত্রিং, সংগৃহীত।

উচ্চুঙ্গ ; সং, পুং, পতঙ্গ বিশেষ, উইচিঙ্গড়া।

উচ্চূল (উৎ — চূড়া) সং, পুং, ধ্বজপট, নিশান, পাগ, ইহাতে পট্টকা অবচূল।

উচ্চৈঃ (উচ্চৈস, উৎ অধিক — চি একত্র করা + ঐস(ডৈস) — র্ম্ম) অং, উচ্চ। ২। উন্নত। ৩। প্রচুর, যথেষ্ট, অধিক। শিং —১ "উচ্চৈর্হিরণ্যময়ং শৃঙ্গং সুমেরোঃ। ২ উচ্চৈর্বিহস্য। ৩ সর্ব্বনাশে চ সংজাতে প্রাণা নামপি সংশয়ে। অপি শত্রুং প্রণম্যোচ্চৈঃরক্ষেৎ প্রাণান ধনানি চ।"

উচ্চৈঃশ্রবা (উচ্চৈঃশ্রবস্,উচ্চৈঃ উচ্চ — শ্রবস কর্ণ, ৬ষ্ঠী — হিং) সং,পুং, উন্নতকর্ণ, সমুদ্রজাত শ্বেতবর্ণ, সপ্তমুখবিশিষ্ট ইন্দ্রের বাহন ঘোটক। ২। বিং, ত্রিং, বধির। ৩। উচ্চকর্ণযুক্ত।

উচ্চৈর্ঘুষ্ট (উচ্চৈঃ — ঘুষ্ট [ঘুষ্ রব করা + ত — ভা] শব্দ, যং — স) সং,ক্লীং, ঘোষণা।

উচ্চৈস্তম (উচ্চৈস — তম বহুর মধ্যে একের উৎকর্ষার্থে) বিং, ত্রিং, সর্ব্বাপেক্ষা উচ্চ, উচ্চতম, অধিক উচ্চ।

উচ্চৈস্তর (উচ্চৈস্ — তর দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে উচ্চ, উচ্চতর।

উচ্ছন্ন (উৎ — ছাদি আবরণ করান + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, উৎসন্ন দেখ।

উচ্ছল (উৎ — শল্ গমন করা + অ(অচ) — প্রং) বিং, ত্রিং, অবধারিতক্রমে সর্ব্বতঃ ব্যাপ্ত। শিং — ১ "ছটোচ্ছলচ্ছম্বুকুলাকুলেন।" (মাঘ)।

উচ্ছলিত (উৎ উর্দ্ধ — শল্ গমন করা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, উদ্গত, উৎক্ষিপ্ত। ২। উত্থিত। ৩। উথলিয়া উঠা।

উচ্ছাদন (উৎ — ছাদি আবরণ করা + অন (অনট্) — ভা) সং,ক্লীং, উদ্বর্ত্তন। ২। গন্ধদ্রব্য দ্বারা শরীরের ময়লা তোলা।

উচ্ছাস্ত্র (উৎ — শাস্ত্র। শাস্ত্র হইতে ভ্রষ্ট) বিং, ত্রিং, শাস্ত্রবিরুদ্ধ, অশাস্ত্রীয়।

উচ্ছিখ (উৎ উপরি — শিখা জ্বালা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উদ্গতশিখ। "মাঙ্গল্যোর্ণাবলয়িনি পুরঃ পাবকস্যোচ্ছিখস্য।" ২। উন্নতাগ্র। ৩। পুং, নাগবিশেষ।

উচ্ছিত্তি (উৎ — ছিদ্ ছেদনকরা + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, উচ্ছেদ, সমূলে উৎপাটন। ২। বিনাশ।

উচ্ছিদ্যমান (উৎ — ছিদ্ ছেদন করা + আন(শান) — র্ম্ম) বিং,ত্রিং, যাহার উচ্ছেদ হইতেছে।

উচ্ছিন্ন (উচ্ছিত্তি দেখ, ত(ক্ত) — র্ম্ম। দ্, ত = ন্ন) বিং, ত্রিং, যাহার উচ্ছেদ হইয়াছে, বিনাশিত। ২। উৎপাটিত। ৩। উন্মূলিত।

উচ্ছিলীন্ধ্র (উৎ — শিলীন্ধ্র কদলী পুষ্প) সং, ক্লীং, কোঁড়ক, ছাতা। ২। বিং, ত্রিং, উদ্গতশিলীন্ধ্র,বিকসিত শিলীন্ধ্র যুক্ত। শিং — ১ "উচ্ছিলীন্ধ্রামবন্ধ্যাম।" (মেঘদূত)।

উচ্ছিষ্ট (উৎ — শিষ শেষ রাখা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং ভোজনের পর পাত্রে যাহা অবশিষ্ট থাকে, ভুক্তাবশিষ্ট, এঁটো। ২। ভোজনের পর জল দ্বারা ক্ষালন করা নয় ; যথা—'উচ্ছিষ্ট মুখ।' ৩। যাহাতে অন্ন ব্যঞ্জনাদির সংস্পর্শ হইয়াছে ; যথা —উচ্ছিষ্ট পাত্র, উচ্ছিষ্ট হস্ত, উচ্ছিষ্ট বস্ত্র। ৪। অপভুক্তাবশিষ্ট। ৫। (+ক্ত — র্ম্ম) ত্যক্ত, পরিত্যক্ত। শিং — ১ "নোচ্ছিষ্টং কুর্ব্বতে মুখ্যা বিপ্রুষোঽঙ্গে পতন্তি যাঃ। ন শ্মশ্রূণি গতানাস্যং ন দন্তান্তরধিষ্ঠিতম্। ২ নোচ্ছিষ্টং কস্যচিৎ দদ্যাৎ।"

উচ্ছীর্ষক (উৎ উন্নত — শীর্ষ মস্তক + ক (কণ্) — প্রং। ৭মী — হিং) সং, ক্লীং, উপাধান, বালিশ, তাকিয়া। ২। বিং,ত্রিং, উন্নত মস্তক। ৩। ক্লীং,শিরঃপ্রদেশ। "উচ্ছীর্ষকে শ্রিয়ৈ কুর্য্যাদ্ ভদ্রকাল্যৈ চ পাদতঃ।"

উচ্ছুষ্ক (উৎ উপরি — শুষ্ শুষ্ক হওয়া + ত(ক্ত) — ক। ত = ক) বিং, ত্রিং, উপরি ভাগে শুষ্ক ২। সন্তপ্ত।

উচ্ছূন (উৎ ঊর্দ্ধ—শ্বি বৃদ্ধি পাওয়া+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, স্ফীত, বর্দ্ধিত, ফুলা। ২। উন্নত। ৩। উচ্ছ্বসিত।

উচ্ছৃঙ্খল (উৎ না—শৃঙ্খল শিকল। যাহার শিকল নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিশৃঙ্খল, অনিয়ন্ত্রিত। ২। স্বেচ্ছাচারী। ৩। যে কোন রীতি নিয়ম বা শাস্ত্র অনুসারে চলে না, যে আপন ইচ্ছামত চলে, যথেচ্ছাচারী। শিং—১ "উচ্ছৃঙ্খলেষু তেস্বাসীদুদাসীনঃ। ২ উচ্ছৃঙ্খলবচনৈঃ।"

উচ্ছেদ (উৎ—ছেদ ছেদন) সং, পুং, উৎপাটন, উন্মূলন। ২। বিনাশ, ধ্বংস। শিং—১ "সকলদায়াদানামুচ্ছেদং করিষ্যামি। ২ মা দৌষ্মন্তো বংশ উচ্ছেদং ব্রজেৎ। ৩ কিমিতি সর্ব্বপশূচ্ছেদঃ ক্রিয়তে।"

উচ্ছেদক (উৎ—ছিদ্ ছেদন করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে উচ্ছেদ করে, নাশক, বিনাশক, উৎপাদক।

উচ্ছেদনীয় (উৎ—ছিদ্ ছেদন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উচ্ছেদ করা উচিত বা আবশ্যক, উচ্ছেদযোগ্য, নাশ্য, বিনাশ্য।

উচ্ছোষণ (উৎ—শোষণ [শুষ্ শুষ্ক করা +অন—ক] নীরস করণ) বিং, ত্রিং, ঊর্দ্ধ-শোষক। ২। সন্তাপক। ৩। (+অনট্—ভা) ক্লীং, ঊর্দ্ধশোষণ।

উচ্ছ্রয়, উচ্ছ্রায় (উৎ ঊর্দ্ধ—শ্রি সেবা করা+অ(অল্), অ(ঘঞ্)—ভা) সং, পুং, উচ্চতা; যথা "দেবগণ বিন্ধ্যাচলের উচ্ছ্রায় দর্শন করিয়া অগস্ত্যাশ্রমে উপনীত হইলেন।" ২। উন্নতি। শিং—১ "দম্ভো ধর্ম্মধ্বজোচ্ছ্রয়ঃ। ২ বহুতালোচ্ছ্রয়ং শৃঙ্গম্। ৩ বিশীর্ণশিখরোচ্ছ্রয়ঃ (পর্ব্বতঃ)।"

উচ্ছ্রিত (উচ্ছ্রয় দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উন্নত, ঊর্দ্ধদেশপ্রাপ্ত; যথা—"উচ্ছ্রিত ইন্দ্রধ্বজ।" শিং—১ "উচ্চর্করুচ্ছ্রিতোরঃস্থলনলিনিষণ্ণাম্।" (মাঘ)। ২। উদিত। ৩। উন্নমিত। ৪। উৎপন্ন। ৫। প্রবৃদ্ধ।

উচ্ছ্বসিত (উৎ উপরি—শ্বস্ নিশ্বাস প্রশ্বাস পরিত্যাগ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিকসিত। ২। স্ফীত। ৩। বিশ্লেষিত। ৫। কম্পিত। ৬। উজ্জীবিত। ৭। ত্রুটিত। ৮। হৃষ্ট, আহ্লাদিত। ৯। প্রফুল্ল। ১০। শিথিলীকৃত। ১১। (+ক্ত—ভা) সং, ক্লীং, উচ্ছ্বাস, নিশ্বাস। ১২। স্ফুরণ, কম্পন। শিং—১ "সখী সা খলু ভগবতঃ কণ্বস্য কুলপতেরুচ্ছ্বসিতম্।"

উচ্ছ্বাস (উচ্ছ্বসিত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিকাশ। ২। নিশ্বাস; যথা—

"উচ্ছ্বাসিলা বীরবৃন্দ বিষাদে চৌদিকে
মহীরুহ ব্যূহ যথা উচ্ছ্বাসে নিশীথে।"

৩। শোকহেতু দীর্ঘ নিশ্বাস; যথা—

"স্বনিছে পবন উচ্ছ্বাসে বিলাপী যথা।"

৪। ঊর্দ্ধে উঠা; যথা—

"তপ্ত পাত্রে পয় উচ্ছ্বাসিয়া ধূমপুঞ্জ
ত্রস্ত অগ্নিতেজে।"

৫। স্ফীতি; যেমন—জলোচ্ছ্বাস, আনন্দোচ্ছ্বাস। ৬। প্রাণ। ৭। আশ্বাস। ৮। বিশ্লেষ। ৯। আকাঙ্ক্ষা। ১০। ফাঁক। ১১। উজ্জীবন। ১২। হর্ষ, আহ্লাদ। ১৩। অধ্যায়, পরিচ্ছেদ; যথা—প্রথমোচ্ছ্বাস। শিং—১ "প্রিয়ামুখোচ্ছ্বাস বিকম্পিতমধু। ২ তাসামুচ্ছ্বাসবাতেন মাল্যং বস্ত্রঞ্চ গাত্রতঃ। নাত্যর্থং স্পন্দতে। ৩ মুখোচ্ছ্বাসগন্ধ।"

উচ্ছ্বাসিত (উৎ—শ্বস্-ণি=শ্বাসি নিশ্বাস ফেলান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিশ্লেষিত। ২। উন্মেষিত।

উছট (দেশজ) পদাঙ্গুলিতে আঘাত, টোক্কর; যথা—"উছট লাগিয়া পদ টলে।"

উছল (উচ্ছল শব্দজ) উথলিয়া উঠা। যথা—

"কমল পরিমল, লয়ে শীতল জল,
পবনে চলে চলে, উছল কূলে।"

উজড়ন (দেশজ) উত্তোলন, আজড়ান, খালিকরণ।

উজন (দেশজ) সং, স্রোতের বৈপরীত্য। ২। বিপরীত, উল্টা।

উজ্জয়িনী } উজ্জয়নী } (উৎ অতিশয়—জয়িনী [জি জয় করা+অন(অনট্)—ক। ঈপ্—স্ত্রীলিঙ্গে] যে জয় করে বা জয়ের

স্থান। এখানকার লোকেরা স্বভাবতঃ বিজয়ী বলিয়া এই নগরীর নাম উজ্জয়িনী) সং, স্ত্রীং, বিশালা নগরী। সপ্তমোক্ষদায়িকা পুরীর মধ্যে একটী। মালবদেশে স্থিত। মহারাজ বিক্রমাদিত্য এইখানে রাজত্ব করিতেন। ইহার আরও একটী নাম অবন্তী; বর্ত্তমান নগরীর অর্দ্ধক্রোশ দূরে প্রাচীন নগরী ছিল। সুন্দর সেনের রাজত্ব কালে সেন বা গন্ধর্ব্বসেন নামা একজন গন্ধর্ব্ব এই নগরে ইন্দ্রশাপে গর্দ্দভরূপে বাস করিতেন, সুন্দরসেনের কন্যার সহিত তাহার বিবাহ হয়। একদা সুন্দরসেন স্বীয় জামাতাকে গর্দ্দভ পরিচ্ছদ ত্যাগ করিতে দেখিয়া, তাহার গর্দ্দভবেশ দগ্ধ করেন। গন্ধর্ব্ব সেন সপরিবারে এবং রাজপুরবাসিগণের সহিত অর্দ্ধক্রোশ দূরে আধুনিক নগরী স্থাপন করেন।

উজ্জাসন ( উৎ—জাসি বধ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, হনন, বধ।

উজ্জীবন (উৎ—জীব্ বাঁচা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মূর্চ্ছা বা অচৈতন্যের পর চেতন হওয়া, চৈতন্যলাভ। ২। লুপ্ত-প্রায় হইয়া পুনর্ব্বার প্রবল হইয়া উঠা।

উজ্জীবিত (উজ্জীবন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মূর্চ্ছা বা অচৈতন্যের পর যাহার চৈতন্যলাভ হইয়াছে, চৈতন্যপ্রাপ্ত। ২। লুপ্ত-প্রায় হইয়া যাহা পুনর্ব্বার প্রবল হইয়া উঠিয়াছে।

উজ্জৃম্ভ—পুং, উজ্জৃম্ভিত—ক্লীং } (উৎ উপরি—জৃম্ভ হাইতোলা+অ(ঘঞ্), ত(ক্ত)—ভা) সং, বিকাশ। ২। (+ঘঞ্, ক্ত—ক) বিং, ত্রিং, প্রকাশিত, স্ফুটিত, বিকসিত। "উজ্জৃম্ভবদনাম্ভোজা।"

উজ্ঝিত (উদ্ঝ ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, বর্জ্জিত, উৎসৃষ্ট। "পরস্পরাক্ষিসাদৃশ্যমদূরোজ্ঝিতবর্ত্মসু।"(রঘু)।

উজ্জ্বল (উৎ অতিশয়—জ্বল্ দীপ্তিপাওয়া +অ(অন)—ক) বিং, ত্রিং, দীপ্তিমান্, ভাস্বর, দীপ্ত, চাকচিক্যবিশিষ্ট। ২। পরিষ্কৃত, নির্ম্মল। ৩। শোভমান। ৪। সং, পুং, শৃঙ্গার রস। শিং—১ "স্বাতন্ত্র্যমুজ্জ্বলমবাপ করেণুরাজঃ।" ৫। ক্লীং, স্বর্ণ।

উজ্জ্বলতা ( উজ্জ্বল+তা—ভা ) সং, স্ত্রীং, উজ্জ্বলের অবস্থা, ঔজ্জ্বল্য, চাকচিক্য।

উজ্জ্বলিত (উৎ—জ্বল্ দীপ্ত হওয়া+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, যাহা জ্বলিয়া উঠিয়াছে, দীপ্ত, প্রজ্জ্বলিত।

উঞ্ছ (উঞ্ছ্ খুঁটিয়া লওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, জীবিকার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া, বৃত্তিবিশেষ। শিং—১ "তানুঞ্ছষষ্ঠাঙ্কিতসৈকতানি।" (রঘু)।

উঞ্ছশিল, উঞ্ছশীল, উঞ্ছসিল } ( উঞ্ছ্ খুটিয়া লওয়া + অ (ঘঞ্)—ভাবে—শিল আহরণ, ওয়া—ষ) সং, ক্লীং, উপেক্ষিত শস্যাদি কুড়িয়া লওয়া বৃত্তিবিশেষ। শিং—১ "একৈক ধান্যাদি-গুড়কোচ্চয়নমুঞ্ছঃ,মঞ্জর্য্যাত্মকানেকধান্যোচ্চয়নং শিলঃ।" ২। বিং, ত্রিং, উঞ্ছজীবী, উদ্ধৃত শস্যের শেষ আহরণকর্ত্তা।

উঞ্ছবৃত্তি ( উঞ্ছ—বৃত্তি জীবিকা, ওয়া—য) সং, স্ত্রীং, ক্ষেত্রের স্বয়ং পতিত শস্য খুঁটিয়া লইয়া তদ্দ্বারা প্রাণ ধারণ করা। ২। নানাস্থান হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ আহরণ করিয়া অতি কষ্টে দিনপাত করা। ৩। নীচ কর্ম্ম করিয়া দিনপাত করা, উঞ্ছজীবিকা, সামান্য ব্যবসায়।

উট (উষ্ট্র শব্দজ) সং, ক্রমেলক, লম্বোষ্ঠ, উষ্ট্র। ২। (উ শব্দ করা+ট—ক, সংজ্ঞার্থে) ক্লীং, তৃণ, পর্ণ, কুট।

উটজ (উট তৃণপত্রাদি—জ [জন্ জন্মান +অ(ড)—ক, যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, মুনিদিগের পর্ণরচিত গৃহ, পর্ণশালা, কুটীর, কুঁড়ে। শিং—১ "মৃগৈর্বর্ত্তিতরোমন্থমুটজাঙ্গনভূমিষু।" (রঘু)।

উটন (দেশজ) সং, ধারে ক্রয়করণ।

উঠতি (দেশজ) সং, দ্রব্যাদি বিক্রয়। ২। উন্নতি।

উঠন (উত্থান শব্দজ) সং, স্ফীত হওন, গাত্রোত্থান। ২। (দেশজ) প্রাঙ্গন, আঙ্গিনা।

উঠান ( উত্থাপন শব্দজ ) সং, উত্তোলন। ২। প্রাঙ্গন, আঙ্গিনা।

উড়কুড় (দেশজ) সং, আদ্যন্ত, শেষ, পরিসীমা।

উড়ন, উড়া (উড্ডয়ন শব্দজ) সং, শূন্যে গমন, আকাশে গমন।


উড়নী, উড়ানী (দেশজ) সং, গাত্রবস্ত্রবিশেষ, এক পাটা চাদর।

উড়িয়া (ওড় শব্দজ) সং, উৎকল দেশের লোক, উড়িস্যার লোক।

উড়ী (দেশজ) সং, ধান্যবিশেষ, উড়ুক ধান।

উড়ু (ঈড় স্তুতিকরা+উ—সংজ্ঞার্থে, কিম্বা উৎপূর্ব্ব নভোগমনার্থ ডী ধাতুজ+উড়ু —ক) সং, স্ত্রীং—ক্লীং, তারা, নক্ষত্র। শিং—১ "ইন্দুপ্রকাশস্তিমিতোড়ুতুল্যাঃ।" ২। (উড়+উ—ক) ক্লীং, জল।

উড়ুক্ষমৎস্য (Flying fish) সং, মৎস্যবিশেষ, যে মৎস্য উড়িতে পারে।



উড়ুক্ষমৎস্য।

উড়ুপ, উড়ূপ (উড়ু জল—প[পা রক্ষাকরা +অ(ড)—ক] যে রক্ষা করে। যেজল হইতে রক্ষা করে, ৫মী—য) সং, পুং—ক্লীং, ভেলা, ডোঙ্গা, মাড়্। শিং—১ "তিতীর্ষুর্দুস্তরং মোহাড়ুড়ুপেনাস্মি সাগরম্।" ২। চর্ম্মাবনদ্ধপাত্রবিশেষ। ৩। (উড়ু নক্ষত্র—প পালক, পতি, ৬ষ্ঠী—ষ) পুং, উড়ুপতি, চন্দ্র। শিং—১ "অপশ্যদ্বদনং তস্য রশ্মিবন্তমিবোড়ুপম্।"

উড়ুপতি (উড়ু নক্ষত্র—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিং—১ "রসাত্মকস্যোড়ুপতেশ্চ রশ্ময়ঃ।" (কুমার)। ।জলেশ, বরুণ। [৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ।

উড়ুপথ (উড়ু নক্ষত্র—পথ পথিন্ শব্দজ,

উড়ুম্বর (উড়ুম্ নক্ষত্রকে—বৃ আচ্ছাদন করা+অ(খশ্)—ক। যে ফলরূপ নক্ষত্রগণকে আচ্ছাদন করিতেছে) সং, পুং, উদুম্বর, যজ্ঞ ডুমুর গাছ। ২। (উড়ু+বৃ আবরণ করা+অ(অল্)—ণ) ক্লীং, তাম্র, তামা। ৩। কর্ষ, দুই তোলা পরিমাণ। ৪। (উড়ুম্বর+ঞ—প্রং) ঐ বৃক্ষের ফল। ৫। দেহলী, গোবরাটের নীচের কাঠ। ৬। কুষ্ঠরোগবিশেষ।

উড়ুম্বরপর্ণী (উড়ুম্বর তাম্র—পর্ণ পাতা। যাহার পত্র তাম্রের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দন্তীবৃক্ষ।

উড্ডয়ন (উং—ডী আকাশে গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আকাশবিহার, শূন্যে গমন, উড়া। শিং—১ "গতো বিরুত্যোড্ডয়নে নিরাশতাম্।" (নৈষধ)।

উড্ডয়মান (উড্ডয়ন দেখ, আন(শান)—ক। য, ম—আগম) বিং, ত্রিং, নভোগমনকারী।

উড্ডামর (উং উৎকৃষ্ট—ডামর) বিং, ত্রিং, শ্রেষ্ঠ, সর্ব্বোৎকৃষ্ট। ২। অতিপ্রচণ্ড।

উড্ডীন (উড্ডয়ন দেখ, ত(ক্ত)—ক। ত=ন) বিং, ত্রিং, যে উড়িয়াছে, উৎপতিত। ২। ঊর্দ্ধগত, শূন্যগামী। ৩। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, শূন্যে গমন, উড়ন, ওড়তা।

উড্ডীয়মান (উড্ডয়ন দেখ, আন(শান)—ক। য, ম—আগম) বিং, ত্রিং, যে উড়িতেছে, শূন্যে গমনকারী, আকাশগামী, উড়ন্ত।

উত (বে বুনা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্তন্তসন্তান, স্যূত, বোনা। ২। (উ+ক্ত—র্ম্ম) অং, সন্দেহ। ৩। প্রশ্ন। ৪। সমুচ্চয়। ৫। বিকল্প। ৬। বিতর্ক। ৭। অত্যর্থ। ৮। পাদপূরণ। শিং—১ "ততো জ্ঞাস্যসি মাং সৌতে প্রজ্ঞাচক্ষুষমিত্যুত। ২ উত দণ্ডঃ পতিষ্যতি। ৩ তৎ কিময়মাতপদোষঃ স্যাদুত যথা মে মনসি বর্ত্ততে।" (শকু)।

উতথ্য; সং, পুং, অঙ্গিরার জ্যেষ্ঠপুত্র, বৃহস্পতির জ্যেষ্ঠ। [সং, পুং, গৌতম মুনি।

উতথ্যতনয় (উতথ্য—তনয় পুত্র, ৬ষ্ঠী—ষ)

উতথ্যানুজ / উতথ্যানুজন্মা / উতথ্যাবরজ } (উতথ্যানুজন্মন্, উতথ্য—অনুজ, অনুজন্মন্, অবরজ কনিষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি।

উতাহো (উত—আহো, সমাহারদ্বং—গ) অং, প্রশ্ন। ২। বিকল্প। ৩। বিচার। ৪। চিন্তা।

উত্তাহো-শিং ; অং সন্দেহ। ২। প্রশ্ন।

উতর (উত্তর শব্দের অপভ্রংশ) উত্তর দেখ।

উতরখানা (উত্তর উত্তরশব্দ—খানা স্থান শব্দজ) সরাই, পান্থশালা।

উতরোল ; উচ্চৈঃশব্দ, গণ্ডগোল।

উৎক (উৎ উপরি+ক—প্রং অথবা উৎ+কণ্—প্রং) বিং, ত্রিং, উন্মনাঃ, উদ্বিগ্ন। শিং—১ "অগময়দদ্রিসুতা সমাগমোৎকঃ।" (কুমার)। ২। উৎসুক। শিং—১ "তেনাহমুৎকা ত্বাং দ্রষ্টুমাগতা। ২ চিরদর্শনসোৎকয়া দৃষ্ট্যা। ৩ সোৎকম্পিতপ্রিয়াম্।"

উৎকট (উৎ উপর, বড়+কটচ্—প্রং) বিং, ত্রিং, অতিপ্রবল ; যথা—উৎকট পীড়া। ২। অতি প্রগাঢ় ; যথা—উৎকট চিন্তা। ৩। অসহ্য, দুঃসহ ; যথা—উৎকট শাস্তি, উৎকট তাড়ন। ৪। অত্যধিক ; যথা—উৎকট বৃষ্টি। ৫। উদগ্র। ৬। দুঃসাধ্য। ৭। তীব্র। ৮। বিষম। ৯। (উৎ—কট) সং, পুং, মত্ত হস্তী। শিং—১ "মদোৎকট।" ১০। শর। ১১। রক্তেক্ষু। ১২। ক্লীং, গুড়ত্বক্, তেজপাত। ১৩। দারচিনি। শিং—১ "চন্দ্রাংশুনিকরাভাশ্চ হারাঃ কাসাংচিদুৎকটাঃ। স্তনমধ্যে সুবিন্যস্তা বিরেজুর্হংসপাণ্ডরাঃ। ২ সিংহাবিব উৎকটৌ।"

উৎকটা ; সং, স্ত্রীং, সৈংহলীলতা।

উৎকণ্ঠ ; সং, পুং, শৃঙ্গারের ষোড়শবন্ধান্তর্গত ত্রয়োদশবন্ধ। শিং—১ "নারীপাদৌ চ হস্তেন ধারয়েৎকালকে পুনঃ। স্তনার্পিতকরঃ কামী বন্ধশ্চোৎকণ্ঠসঞ্জকঃ।" ২। (উৎ উন্নত—কণ্ঠ। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদগ্রীব। শিং—১ "রথোস্বনোৎকণ্ঠ মৃগঃ।" (রঘু)।

উৎকণ্ঠা (উৎ অতিশয়—কণ্ঠ্ চিন্তা করা +অ—ভা) সং, স্ত্রীং, উদ্বেগ, চিন্তা, ভাবনা। ২। বেদনা। ৩। ইষ্টলাভার্থ কালক্ষেপে অসহিষ্ণুতা। শিং—১ "যাস্যত্যদ্য শকুন্তলেতি হৃদয়ং সংস্পৃষ্টমুৎকণ্ঠয়া।" (শকুন্তলা)। ২ "উৎকণ্ঠাং বিজহিষ্যসি।"

উৎকণ্ঠিত (উৎকণ্ঠা দেখ, ইত—জাতার্থে) বিং, ত্রিং, যার উৎকণ্ঠা জন্মিয়াছে, উদ্বিগ্ন। ২। উৎসুক। তা—স্ত্রীং, নায়িকাবিশেষ, সঙ্কেতস্থানস্থিতা যে নায়িকা নায়কের আগমনজন্য দুঃখিতা হয়, শীঘ্র যাহার বাসস্থানে স্বামী আগমন না করেন, ফলতঃ যে সময়ে প্রত্যহ আগমন হয় তাহার অতিক্রম যদি হয়, পরে তাহার আগমন কেন হইল না, ইহার কারণ চিন্তা করত যে নারী অতিশয় শোকযুক্তা হয়, তাহার নাম উৎকণ্ঠিতা। শিং—১ "সাস্যাদুৎকণ্ঠিতা যস্যা কালং নেতি ক্রতং প্রিয়ঃ। তস্যানাগমনে হেতুং চিন্তয়ন্তী শুচাভৃশং। ২ আগন্তুং কৃতচিত্তোঽপি দৈবান্নায়াতি যৎ প্রিয়ঃ তদনাগমদুঃখেন বিরহোৎকণ্ঠিতা তু সা।"

উৎকন্ধর (উৎ উন্নত—কন্ধরা গ্রীবা। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উন্নতগ্রীব। শিং—১ "উৎকন্ধরং দারুক ইত্যুবাচ।" (মাঘ)।

উৎকর (উৎ ঊর্দ্ধ—কর [কৃ করা+অ(অল্)—র্ম] যাহা করা যায়। যাহা ঊর্দ্ধদিকে করা যায়) সং, পুং, রাশি, পুঞ্জ, গাদা, কাঁড়ী। শিং—১ "তৃণপর্ণোৎকরযুতং জলম্।" ২। +কৃ বিক্ষেপ করা+অল্—ভাবে ,সারণ। ৩। বিক্ষেপ। ৪। উৎকীর্য্যমান ধূল্যাদি। শিং—১ "অদ্যতে—শিরঃ পাতয়ামি ক্ষিতৌ বেগাৎ বৃষ্টিঃ পাংশূৎকরাণিব।"

উৎকর্ত্তন (উৎ—কৃৎ ছেদনকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, খণ্ড খণ্ড করিয়া কাটা, বহুখণ্ডে ছেদন।

উৎকর্ষ (উৎ অধিক—কৃষ্ চিহ্ন করা+অ(অল্)—ভা) সং, পুং, উৎকৃষ্টতা, উত্তমতা। ২। শ্রেষ্ঠতা। ৩। আধিক্য। ৪। অতিশয়। ৫। বৃদ্ধি, উন্নতি। ৬। স্বকাল হইতে পরকাল কর্ত্তব্য। শিং—১ "উৎকর্ষঃ স চ ধন্বিনাং যদিষবঃ সিধ্যন্তি লক্ষ্যে চলে। ২ উৎকর্ষং পুপুযুর্গুণাঃ।" ৭। (+অন্—ক) বিং, ত্রিং, উৎকৃষ্ট।

উৎকর্ষণ (উৎ—কৃষ্ আকর্ষণ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, অপসারণ, টানিয়া লওয়া ; যথা—"দুর্য্যোধন আপনার বসন উৎকর্ষণ করিয়া—।"

উৎকল (উৎ—কল্ গমন করা+অ(অল্)

—ধি, সংজ্ঞার্থে) সং, পুং, উড়িষ্যাদেশ। ২। সুদ্যুম্ন বা ইলার পুত্র। পুরুষ অবস্থায় ইলার ঔরসে ইহার জন্ম হয়। ৩। ধ্রুবের জ্যেষ্ঠ পুত্র। ৪। (উৎক—লা গ্রহণ করা+অ(ড)—ক। ব্যগ্র হইয়া যে গ্রহণ করে) ব্যাধ। ৫। ভারবাহক, মুটে।

উৎকলিকা (উৎ ঊর্দ্ধ—কল্ গমন করা+অক(ণক)—ক, সংজ্ঞার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ঊর্ম্মি, ঢেউ। শিং—১ "বনাবলীরুৎকলিকাসহস্র প্রতিক্ষণোৎকূলিতশৈবলাভাঃ।" (মাঘ)। ২। পুষ্পের কুঁড়ি। ৩। (উৎ—কল্ [গমন করা] চিন্তা করা+অক, আ—ভাবে) উৎকণ্ঠা, উদ্বেগ। শিং—১ "জাতা নোৎকলিকা। ২ তত্তদুৎকলিকা ভৃতা (মনসা)।"

উৎকলিকাকুল (উৎকলিকা—আকুল) বিং, ত্রিং, উৎকলিকা দ্বারা আকুল, অতিশয় উৎকণ্ঠিত। যথা—"দুর্য্যোধন সাতিশয় উৎকলিকাকুল হইয়া গৃহ হইতে বহির্গত হইলেন।"

উৎকলিকাকুলিত (উৎকলিকা—আকুলিত) বিং, ত্রিং, উৎকলিকা দ্বারা আকুলিত, অতিশয় উৎকণ্ঠিত।

উৎকলিত (উৎ—কল্ [গমন করা] চিন্তা করা, গণনা করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উৎকণ্ঠিত, উন্মনা। ২। প্রবৃদ্ধ, বুদ্ধিমান্। ৩। তরঙ্গিত।

উৎকার (উৎ উপর—কৄ বিক্ষেপ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধান্যোৎক্ষেপণ, ধানসারা, ধানের আগড়া ঝাড়িয়া রাশিকরণ। শিং—১ "উৎকারেষু চ ধান্যানমনভীষ্টপরিগ্রহাঃ।" (ভট্টি)।

উৎকাশ—স (উৎ উপর—কশ্ শব্দ করা, এবং কাস্ রোগ হেতুক কুৎসিত শব্দ করা, কাশ্+অ(অন্)—ভাবে) সং, পুং, কাসরোগবিশেষ, এই রোগ হইলে মুখ হইতে সর্ব্বদা কফ নির্গত হয়, বমনরোগ।

উৎকির (উৎকার দেখ, অ(ক)—ক) বিং, ত্রিং, উৎক্ষেপক। ১ "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈঃ।" (রঘু)। ২ "অত্যন্তহিমোৎকিরানিল। ৩ তীরমন্দারকুসুমোৎকিরবীচিষু।" (কুমার)।

উৎকীর্ণ (উৎ—কৄ বিক্ষেপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষত। ২। যাহা খোদা গিয়াছে, ক্ষোদিত। ৩। উৎক্ষিপ্ত। শিং—১ "রজোভিস্তুরগোৎকীর্ণৈঃ।" (রঘু)। ৪। উল্লিখিত। ৫। বিদ্ধ, কৃতবেধ। শিং—১ মণৌ বজ্রসমুৎকীর্ণে।" (রঘু)। ৬। চিত্রিত, লিখিত। শিং—১ "উৎকীর্ণাপি বিপ্রলভতে।" (কাদম্বরী)। ৭। যাহা ইতস্ততঃ ছড়ান গিয়াছে, বিক্ষিপ্ত।

উৎকীর্ত্তন (উৎ—কীর্ত্ত্ প্রশংসা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বর্ণন। ২। প্রচার, ঘোষণা, চারিদিকে প্রচার করা।

উৎকীর্ত্তিত (উৎ—কীর্ত্ত্ কীর্ত্তন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণিত। ২। প্রচালিত, ঘোষিত।

উৎকুট (উৎ না—কুট্ কুটিল হওয়া+অ(ক)—ক) সং, ক্লীং, উত্তানশয়ন, চিত্ হইয়া শোওয়া।

উৎকুণ (উৎ উপরি—কুণ্ হিংসা করা+অ(ক)—ক। তুলিয়া যাহাকে বধ করা যায়) সং, পুং, কেশকীট, উৎকুণ, উকুন, ডেঙ্গর।

উৎকূট (উৎ না—কূট্ দগ্ধ করা+অ(ক)—প্রং) সং, পুং, ছত্র, ছাতি।

উৎকূলিত (উৎ—কূল তীর+ইত বা+ণিচ+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কূলে উত্তোলিত, কূলপ্রাপ্ত, উদ্বেল। শিং—১ "প্রতিক্ষণোৎকূলিতশৈবলাভাঃ।" (মাঘ)।

উৎকৃতি (উৎ—কৃতি ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, ২৬ অক্ষর ছন্দঃ। উক্তের ঋত্যুক্তি। শিং—১ "বিকৃতিঃ সঙ্কৃতিশ্চৈব তথাতিকৃতিরুৎকৃতিঃ।"

উৎকৃত্ত (উৎ—কৃৎ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং ছিন্ন। ২। উৎক্ষত। ৩। উৎখাত। ৪। যাহা নানা খণ্ডে ছিন্ন, যাহা খণ্ড খণ্ড করা গিয়াছে।

উৎকৃত্যমান (উৎ—কৃৎ ছেদন করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা খণ্ড খণ্ড করিয়া কাটা গিয়াছে, নানাখণ্ডে ছিন্ন।

উৎকৃষ্ট (উৎকর্ষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উৎকর্ষবিশিষ্ট, শ্রেষ্ঠ, প্রধান, উত্তম। ২।

অতিশয় যুক্ত। ৩। প্রকৃষ্ট। ৪। প্রশস্ত। ৫। সম্যক্ আকৃষ্ট। ৩। উর্দ্ধে কৃষ্ট।

উৎকৃষ্টতা (উৎকৃষ্ট+তা—ভাবে) উত্তমতা, শ্রেষ্ঠতা, প্রাধান্য।

উৎকৃষ্টভূম (উৎকৃষ্ট—ভূমি ভূভাগ, ৭মী হিং, অচ্ সমাসান্ত) সং, পুং, প্রশস্ত ভূভাগবিশিষ্ট দেশ।

উৎকোচ (উৎ—কুচ [সঙ্কুচিত হওয়া] অপপ্রদান করা + অ(ঘঞ)—ণ) সং, পুং, ঘুস; যথা—"উৎকোচজীবী।"

উৎকোচক (উৎকোচ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে ঘুস দেয়।

উৎকোচগ্রাহী (—গ্রাহিন্, উৎকোচ—গ্রাহী [গ্রহ্ গ্রহণ করা+ইন্(ণিন্)—ক] যে গ্রহণ করে) বিং, ত্রিং, যে উৎকোচ গ্রহণ করে, ঘুসখোর।

উৎক্রম (উৎ উল্টা—ক্রম্ গমন করা+অ—ভা) সং, পুং, ব্যতিক্রম, বিলোম। ২। উচ্চলন। ৩। নিঃসরণ, নির্গমন। ৪। মরণ।

উৎক্রান্ত (উৎ উপরি—ক্রম্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উদ্গত। ২। (উৎক্রম দেখ) অতিক্রান্ত. উল্লঙ্ঘিত। ৩। মৃত। শিং—১ "উৎক্রান্তানামমিষায়ো পরিষ্টাৎ।" (মাঘ)।

উৎক্রোশ (উৎ—ক্রুশ্ ক্রন্দন করা + অ (অন্)—ক) সং, পুং, কুররপক্ষী। ২। (+অল্—ভাবে) চীৎকার; যথা—"সেনাগণের গর্জ্জন ও উৎক্রোশ।"

উৎক্ষিপ্ত (উৎ ঊর্দ্ধ—ক্ষিপ্ত প্রেরিত) বিং, ত্রিং, উর্দ্ধেক্ষিপ্ত। শিং—১ "ক্ষণং ক্ষণোৎক্ষিপ্ত গজেন্দ্রকৃত্তিনা।" ২। উচ্চাটিত।

উৎক্ষিপ্ত-কম্পন (Perpendicular shocks of earthquake) সং, ক্লীং, ভূমিকম্পবিশেষ, এই প্রকার কম্প সময়ে বোধ হয় ভূমি যেন উর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছে।

উৎক্ষেপ—পুং } উৎক্ষেপণ—ক্লীং } (উৎক্ষিপ্ত দেখ, অ (অল্), অন(অনট্)—ভা) সং, উর্দ্ধে ক্ষেপণ; যথা—"যিনি সমবেত উৎক্ষেপণ করিতে পারেন।" শিং—১ "অতিমাত্র লোহিততলৌ বাহূ ঘটোৎক্ষেপণাৎ।"

উৎক্ষেপক (উৎ—ক্ষিপ্ ক্ষেপণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে উর্দ্ধে ক্ষেপণ করে।

উৎখলা; সং, স্ত্রীং, মুরানামক গন্ধদ্রব্য।

উৎখাত (উৎ উর্দ্ধে—খন্ খোড়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং উৎপাটিত, উন্মূলিত, উপড়ান; যথা—"নারাচ প্রভৃতি শরীর হইতে উৎখাত হইয়া থাকে; কিন্তু হৃদিপ্রবিষ্ট বাকশল্য কোন ক্রমেই উৎখাত করা যায় না।" শিং—১ "রথেনানুৎখাতস্তিমিতগতিনা।" ২। সমূলে বিনাশিত। ৩। বিদারিত। ৪। পদভ্রংশিত। ৫। অবদারিত। ৬। সং, প্রসঙ্গ, উত্থাপন। ৭। (+ক্ত—ভা) ক্লীং, উৎখনন।

উৎখাতকেলি; সং, পুং, বপ্রক্রীড়া, শৃঙ্গাদি দ্বারা বৃষগজ [illegible]র মৃত্তিকা খনন। শিং—১ "উৎখাতকে[illegible] শৃঙ্গাদ্যৈর্বপ্রক্রীড়া নিগদ্যতে।" [illegible] বিং, ত্রিং, আর্দ্র, ভিজা।

উত্ত (উ[illegible] আর্দ্র হওয়া+ত(ক্ত)—ক)

উত্তংস (উ[illegible] উর্দ্ধ—তনৃস্ ভূষিত করা+অ(অন্)—ণ) সং, পুং, কর্ণভূষণ। ২। শিরোভূষণ। শিং—১ "নোত্তংসয়ক্ষিপতি[illegible]তৌ শ্রবণতঃ সা মে স্ফুটেঽপ্যাগসি।"

উত্তপ্ত (উৎ অতিশয়—তপ্ উষ্ণ করা, দগ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উত্তাপবিশিষ্ট, সন্তপ্ত, উষ্ণ। ২। দগ্ধ। ৩। স্নাত। ৪। (+ক্ত—ভাবে) ক্লীং, শুষ্ক মাংস।

উত্তম (উৎ অতিশয়—তম্ ইচ্ছা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, উৎকৃষ্ট। ২। শ্রেষ্ঠ, প্রধান। ৩। চরম। ৪। উপাদেয়। ৫। সং, পুং, বিষ্ণু। শিং—১ "অনাদিনিধনোধাতা বিধাতা ধাতুরুত্তমঃ।" ৬। সুরুচি গর্ভজাত উত্তানপাদ রাজপুত্র। ইনি মৃগয়া ব্যাজে হিমাদ্রি প্রস্থে গমন করিয়া এক যক্ষ হস্তে নিহত হন। শিং—১ "যঙ্কাবিবেকতয়া রাজ্ঞা ভৃত্যানুত্তমপদযোজ্যান্ হীনাধমস্থানে নিয়োজয়তি। ২ উত্তমস্যাপি বর্ণস্য নীচোঽপি গৃহমাগতঃ। ৩ উত্তমঃ পুরুষস্ত্বন্য পরমাত্মেত্যুদাহৃত।" (গীতা)। ৭। তৃতীয় মনু, প্রিয়ব্রত রাজপুত্র। এই মন্বন্তরে সত্যসেন অবতার।

সত্যজিৎ—ইন্দ্র। সত্যবেদ, শ্রুতভদ্র প্রভৃতি—দেবগণ। বশিষ্ঠ প্রভৃতি—সপ্তর্ষি। পবন সৃঞ্জয় প্রভৃতি—মনুপুত্র। ৮। একবিংশতিতম দ্বাপরের ব্যাসের নাম উত্তম।

উত্তমতা (উত্তম+তা—ভাবে) সং, স্ত্রীং, উত্তমের ভাব বা অবস্থা।

উত্তমফলিনী; সং,স্ত্রীং, দুগ্ধিকা বৃক্ষ, ক্ষীরাই।

উত্তমর্ণ (উত্তম প্রধান—ঋণ। উপচয় হেতু যাহার উত্তম ঋণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে অন্যকে ধার দেয়, ঋণদাতা, মহাজন। "উত্তমর্ণোধনস্বামী অধমর্ণস্তু খাদকঃ।"

উত্তম-সংগ্রহ; সং, পুং, নির্জ্জনে পরস্ত্রীর সহিত আলিঙ্গনাদি, পরদার কারণ।

উত্তমসাহস (উত্তম অত্যুত্তম বা অতি গুরুতর—সাহস দণ্ড) সং, পুং, দণ্ডবিশেষ, ১,০০০ বা ৮,০০০ পণ দণ্ড। ২। ১,৮০,০০০ পণ দণ্ড, সর্ব্বোচ্চ দণ্ড। ৩। অতিশয় সাহস, দুঃসাহস।

উত্তমা; সং, স্ত্রীং, ক্ষীরুই গাছ। ২। উৎকৃষ্টা স্ত্রী। ৩। নায়িকাবিশেষ।

উত্তমাঙ্গ (উত্তম প্রধান—অঙ্গ, যং—স) সং, ক্লীং, প্রধান অঙ্গ, মস্তক, শির। শিং—১ "বভৌপতঙ্গাঙ্গ ইবোত্তমাঙ্গে।" (কুমার)। ২"কশ্চিদ্দ্বিষৎখড়্গ হৃতোত্তমাঙ্গঃ।"

উত্তমারণী; সং, স্ত্রীং, ইন্দীবরী।

উত্তমোত্তম (উত্তম—উত্তম) বিং, ত্রিং, অতিশয় উৎকৃষ্ট, শ্রেষ্ঠাপেক্ষা শ্রেষ্ঠ।

উত্তমৌজা (উত্তমৌজস্, উত্তম—ওজস্ বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উৎকৃষ্টতেজস্ক। ২। দশমমন্বন্তরাধিপ মনুর পুত্রবিশেষ।

উত্তম্ভ (উৎ—স্তম্ভ্ স্তব্ধ করা + অ(ঘঞ্) —ভাবে) সং, পুং, স্তম্ভীভাব। ২। নিবৃত্তি, থামা। ৩। উত্তোলন। ৪। বর্দ্ধন।

উত্তম্ভন (উত্তম্ভ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং,অবলম্বন। ২। বর্দ্ধন। ৩।(+অনট্—ণ) ঠেকো, খুঁটি।

উত্তর(উৎ উপরি—তৄ পারহওয়া+অ(অল্)—প্রং, অথবা উৎ—তৄ [প্রকৃতাভিযোগ] উত্তীর্ণ হওয়া+অ(অল্)—ণ) সং, ক্লীং, প্রতিবচন, জবাব। ২। সিদ্ধান্ত। ৩। প্রতিকার। ৪। জিজ্ঞাসিত বিষয়ে আপন মত বা বক্তব্য নির্দ্দেশ। ৫। কেহ কোন আপত্তি বা দোষারোপ করিলে তাহার খণ্ডন, আপত্তি খণ্ডন। ৬। কেহ আহ্বান করিলে তৎশ্রবণসূচক বাক্য। ৭। অর্থালঙ্কারবিশেষ। ৮। (+অনট্—ক) পুং, বিরাটপুত্র। ৯। বায়ু ও ঈশান কোণের মধ্যবর্ত্তী দিক্, উত্তরদিক্। ১০। অব্যবহিত পরবর্ত্তী দেশ বা কাল। ১১। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। ১২। যোগ্য। ১৩। উত্তম। ১৪। দুর্ল্লভ, অসাধারণ; যথা—লোকোত্তর। ১৫। যাহা পরে ঘটিবে, ভাবী, ভবিষ্য; যথা—উত্তরকালে কি হয় বলা যায় না। ১৬। (উত্তর+ষ্ণ) উত্তরদিক্‌সম্বন্ধীয়। ১৭। উপরিস্থ। ১৮। (+অল্—র্ম্ম) উর্দ্ধ্বোর্দ্ধ্য। ১৯। ক্রিং—বিং, অনন্তর, পশ্চাৎ; যথা—"শ্রবণোত্তর তিনি এই কথা বলিলেন।" শিং—১ "প্রত্যুবাচোত্তরং বাক্যম্। ২ এবমুক্ত্বা স বচনং বাষ্পপূরিতলোচনঃ। বাষ্পোপহতয়া বাচা নাশক্রোদ্ধবক্তু মুত্তরম্। ৩ পক্ষস্থ ব্যাপকং সারমসন্দিগ্ধমনাকুলং। অনাগা। মোমিতেবংতন, তদ্‌বিদো বিদুঃ। ৪ সত্যং মিথ্যোত্তরঞ্চৈব প্রত্যবস্কন্দনং তথা। পূর্ব্বন্যায় বিধিশ্চৈবমুত্তরস্যাশ্চতুর্ব্বিধং।" [৭ম কাণ্ড।

উত্তরকাণ্ড (উত্তর দেখ) বাল্মীকি রামায়ণের

উত্তরকাল (উত্তর পশ্চাদ্‌গামী—কাল সময়, যং—স) সং, পুং, ভবিষ্যৎ সময়, যে সময় আসিবে।

উত্তরকালীন (উত্তরকাল+ঈন—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, যাহা উত্তরকালে ঘটিবেক। ২। উত্তরকালসংক্রান্ত।

উত্তরকুরু (উত্তর—কুরু ভূগোলের উত্তরাংশ,যং—স) সং, পুং—ক্লীং, মেরুর দক্ষিণে, শৃঙ্গী পর্ব্বতের অপর পার্শ্বে ইহা দেবতাগণের প্রিয়নিবাস ভূমি। "যথায় সপ্তর্ষিগণের বাস, যথায় মন্দাকিনী নদী, যথায় চৈত্ররথ বন সেই উত্তরকুরুবর্ষ।" কেহ কেহ বলেন ঈরাণ রাজ্যের অপর নাম উত্তরকুরুবর্ষ। ২। জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

উত্তর-কেন্দ্র; সং, পুং, পৃথিবীর উত্তর প্রান্ত,

সুমেরু (North Pole) সন্নিহিত প্রদেশে পৃথিবী ও সূর্য্যের পরস্পর গতি বিপর্য্যয়ে পর্য্যায়ক্রমে ছয়মাস দিবা ও ছয়মাস রজনী হয়। যখন ছয়মাস ক্রমাগত রজনী হয়, সেই সময়ে দিগ্বলয়-রেখা (Horizon) অবধি মধ্যাকাশ (Zenith) পর্য্যন্ত সময়ে সময়ে বিদ্যুৎ বা উল্কার ন্যায় কতিপয় মহাদীপ্তিমতী আলোক রেখা দৃষ্ট হয়। উহা বিদ্যুৎ বা উল্কায় ন্যায় চঞ্চলা নহে। নিয়ত স্থির মূর্ত্তি পরিগ্রহ করিয়া বিরাজমানা থাকে। ইহাকে (Aurora' Borealis বা Northern lights) ঔদীচ্যা উষা বা ঔত্তরিকী প্রভা কহে। ঐরূপ দক্ষিণ কেন্দ্রে অর্থাৎ কুমেরু (South Pole) প্রদেশে (Auroa' Australis বা Southern lights) বৈবস্বতী বিভা বা দাক্ষিণাত্য উষাশব্দে অভিহিত হয়।

উত্তরকোশল (উত্তর — কোশল) সং, পুং, অযোধ্যারাজ্যের সরযূ নদীর উত্তর ভাগস্থ প্রদেশ। ইহার প্রাচীন রাজধানী শ্রাবস্তী। ইরাবতী নদী তটে। শ্রাবস্তীর দক্ষিণে বর্ত্তমান বলরামপুর।

উত্তরকোশলা (উত্তর — কোশলা প্রদেশ, য়ং — স) সং, স্ত্রীং, অযোধ্যা-নগরী। ২। পুং, বহুং, কোশল দেশ। শিং — ১ "রঘুপতেঃ ক গতোত্তরকোশলা।"

উত্তরক্রিয়া (উত্তর পশ্চাৎ — ক্রিয়া কার্য্য, য়ং — স) সং, স্ত্রীং, সাংবৎসরিক শ্রাদ্ধাদি কার্য্য। "প্রেতে পিতৃত্বমাপন্নে সপিণ্ডীকরণাদনু ক্রিয়ন্তে যা ক্রিয়াঃ পিত্র্যাঃ প্রোচ্যন্তে তা ক্রিয়োত্তরা।" ২। প্রতিবচন প্রদান।

উত্তরঙ্গ (উত্তর উপরি — গ [গম্ গমন করা + অ(খশ্) — ক] যে গমন করে, অথবা উত্তর — অঙ্গ, য়ং — স) সং, ক্লীং, দ্বারোপরিস্থ বক্রকাষ্ঠ, কুম্ভীরকা। ২। (উৎ উদ্গত — তরঙ্গ ঢেউ। যাহারতরঙ্গ উত্থিত হইয়াছে, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উদ্গত তরঙ্গ, তরঙ্গিত। শিং — ১ "ভাগীরথীশোণইবোত্তরঙ্গঃ।" (রঘু)।

উত্তরচ্ছদ (উত্তর উপরিস্থিত — ছদ বস্ত্র, য়ং — স) সং, পুং, উপরি আস্তরণ বস্ত্র, বিছানার চাদর। শিং — ১ "সোত্তরচ্ছদমধ্যাস্তু নেপথ্যগ্রহণায় সঃ।" (রঘু)।

উত্তরণ (উৎ উপরি — তরণ গমন) সং, ক্লীং, নদ্যাদি পারহওয়া, উতরণ। ২। কোন স্থানে উপস্থিত হওয়া। ৩। পথিকদিগের কোন স্থানে সে দিবসের নিমিত্ত অবস্থিতি করা।

উত্তরণ-স্থান; সং, ক্লীং, যে স্থানে গিয়া উপস্থিত হওয়া যায়, সরাই, আড্ডা।


উত্তরতঃ (উত্তরতস্, উত্তর + তস্। পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্) অং, উত্তরে। ২। উত্তর হইতে। শিং — ১ "দক্ষিণাগ্রেষু দর্ভেষু কৃত্বা চোত্তরতঃ শিরঃ। তমেবানুমরিষ্যন্তঃ সর্ব্বে সংবিশুর্ভুবি।"

উত্তরদিক্ (উত্তরদিশ্, উত্তর — দিশ্ দিক্, য়ং — স। গরুড় গালবের নিকট উত্তরদিকের বৃত্তান্ত কহিতেছে — এই দিকের প্রভাবে লোক পাপ হইতে উত্তীর্ণ হইয়া মুক্তি লাভ করে, অথবা পূর্ব্বোক্ত নানা প্রকার গুণে সর্ব্বোত্তর হইয়াছে। এই নিমিত্ত ইহা উত্তরদিক্ বলিয়া বিখ্যাত) সং, স্ত্রীং, উদীচী, দিক্‌বিশেষ।

উত্তরপক্ষ (উত্তর [illegible]চাদ্গামী — পক্ষ অনুমেয় বস্তুর অ[illegible]র) সং, পুং, পূর্ব্ব পক্ষের নিরাসক পক্ষ, সিদ্ধান্তপক্ষ। শিং — ১ "প্রাপদন্ পবনব্যাধের্গিরমুত্তরপক্ষতাম্।" (মাঘ)। ২। শুক্লপক্ষে মাসারম্ভ হইলে উত্তরপক্ষ কৃষ্ণপক্ষকে বলে।

উত্তরপাদ (উত্তর — পাদ) সং, পুং, চতুষ্পাদ ব্যবহারের দ্বিতীয়পাদ। শিং — ১ "পূর্ব্বপক্ষঃ স্মৃতঃ পাদো দ্বিতীয়শ্চোত্তরঃ স্মৃতঃ।"

উত্তরফল্গুনী, উত্তরফাল্গুনী (উত্তর পশ্চাদ্গামী — ফল্গুনী, ফাল্গুনী নক্ষত্রবিশেষ, য়ং — স) সং, স্ত্রীং, অশ্বিন্যাদি



উত্তরফল্গুনী।

সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বাদশ নক্ষত্র।

ইহার অধিষ্ঠাত্রী দেবতা অর্য্যমা। ইহাতে জন্মিলে, দানশীল, করুণহৃদয়, সুশীল, বিশালকীর্ত্তি, সুমতি, ধীর ও অত্যন্ত মৃদুস্বভাব হয়। (কোষ্ঠী)।

উত্তরভাদ্রপদ (উত্তর পশ্চাদ্‌গামী—ভাদ্রপদ নক্ষত্রবিশেষ, য়ং—স) সং, পুং, ষড়বিংশ



উত্তরভাদ্রপদ।

নক্ষত্র। ইহাতে জন্মিলে ধনী, কুলীন, ক্রিয়াকুশল, ভূপালমান্য, বলবান্, সৎকর্ম্মকর্ত্তা ও আত্মীয়-ভক্ত হয়। (কোষ্ঠী)।

উত্তরমানস (উত্তর উত্তরস্থ—মানস) সং, ক্লীং, তীর্থবিশেষ। শিং—১ "কালোদকং নন্দিকুণ্ডং তথাচোত্তরমানসং। অভ্যেত্য যোজনশতাৎ ভ্রূণহা বিপ্রমুচ্যতে।"

উত্তরমেরু (North Pole) সং, পুং, পৃথিবীর উত্তরপ্রান্ত।

উত্তরমেরুবৃত্ত (Antartic Circle) মেরু হইতে ২৩॥০ অংশ অন্তরে স্থিত যে যে ক্ষুদ্রবৃত্ত কল্পিত হয় তাহাদিগকে মেরুবৃত্ত কহে, তন্মধ্যে উত্তরদিগের বৃত্তকে উত্তরমেরু কহে।

উত্তরবাদী (—বাদিন্, উত্তর প্রতিবচন—বাদী যে বলে) বিং, ত্রিং, প্রতিবাদী, আসামী।

উত্তরবারুণী ; সং, স্ত্রীং. রাখালশশা।

উত্তরসাধক (উত্তর—সাধক যে সাধন করে) বিং, ত্রিং, যে কোন বিষয়ে সহায়তা করে, সহায়, সাহায্যকারী। ২ আপাততঃ কার্য্য আরম্ভ করে কিন্তু পরে যার সহায়তায় সেই কার্য্য সম্পন্ন হয় তাহাকে উত্তরসাধক কহে।

উত্তরা ; বিরাটরাজকন্যা। অভিমন্যুপত্নী। ইনি বৃহন্নলাবেশী অর্জ্জুনের নিকট গান্ধর্ব্ব বিদ্যা অর্থাৎ নৃত্য-গীত-বাদ্যাদি শিক্ষা করিয়াছিলেন। দ্বাদশবর্ষ বয়সে বিধবা হন। তৎকালে পরীক্ষিৎ ইহাঁর গর্ভে ছিলেন। ইহাঁর মাতার নাম, সুদেষ্ণা, মাতুলের নাম কীচক ও ভ্রাতার নাম উত্তর। (মহা)। ২। (উত্তর+আ) অং, উত্তরদিক্। ৩। উত্তরদিকে।

উত্তরাৎ (উত্তর+আৎ—প্রং) অং, উত্তরদিকে দেশে বা কালে।

উত্তরাধর (উত্তর—অধর) উপরিস্থ ওষ্ঠ। শিং—১ "পুনর্ব্বিবক্ষু স্ফুরিতোত্তরাধরঃ।"

উত্তরাধিকার (উত্তর—অধিকার স্বত্ব) সং, পুং, মৃত ব্যক্তির ধনে ধনীর সহিত সম্পর্ক নিবন্ধন স্বত্ব।

উত্তরাধিকারী (—কারিন্, উত্তরাধিকার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পশ্চাদধিকারী, দায়াদ। ২। কোন ব্যক্তির মৃত্যু হইলে বা অন্য কোন কারণে তাহার সম্পর্ক সূত্রে যে ব্যক্তি তদীয় ধনাদিতে অধিকারী হয়, ওয়ারিস্।

উত্তরাপথ (উত্তর—পথিন্+ড) সং, পুং, উত্তরদেশ।

উত্তরাভাস (উত্তর দোষখণ্ডন—আভাস সদৃশ হওন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুষ্টউত্তর, অপ্রকৃত উত্তর, অসদুত্তর (ব্যবহারে অর্থাৎ আইনে)।

উত্তরায়ণ (উত্তর—অয়ন পথ, গতি ৬ষ্ঠী—ষ+৭মী—হিং) সং, ক্লীং, উত্তরদিগ্বর্ত্তী সূর্য্যের মার্গ। ২। মাঘাদি ছয় মাস। এই সময়ে সূর্য্য বিষুব রেখা হইতে উত্তরদিকে গমন করেন। ইহা দেবতাদিগের দিন ও অসুরদিগের রাত্রি। শিং—১ "সংপ্রাপ্তে উত্তরায়ণে প্রভাত উত্তরায়ণসংক্রান্তির-নন্তদানফলা ভবিষ্যতি।"


উত্তরায়ণান্তবৃত্ত (Tropic of Cancer) সূর্য্যের উত্তরে গতির সীমা নিরূপক রেখা, বিষুব রেখার ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষ রেখা কল্পিত আছে।

উত্তরাশা (উত্তর—আশা দিক্) সং, স্ত্রীং, উত্তরদিক্। ২। (উত্তর—আশা প্রত্যাশা, ৬ষ্ঠী—ষ) প্রতিবচন পাইবার প্রত্যাশা।

উত্তরাশাপতি (উত্তর—আশা দিক্—পতি,

প্রভু। উত্তরাশা অর্থাৎ উত্তরদিকের অধিপতি বলিয়া, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের।

উত্তরাষাঢ়া (উত্তর পশ্চাদ্গামী—আষাঢ়া নক্ষত্রবিশেষ, য়ং—স) সং, স্ত্রীং, একবিংশ



উত্তরাষাঢ়া।

নক্ষত্র। ইহার অধিদেবতা বিশ্ব। ইহাতে জন্মিলে দাতা, করুণাময়, বিজয়ী, বিনীত, সৎকর্ম্মবেত্তা, পত্নীপুত্রবন্ত ও চিরসুখী হয়। (কোষ্ঠী)।

উত্তরাহি (উত্তর—আহি) অং, উত্তরদিক্‌। ২। উত্তরদিকে।

উত্তরাসঙ্গ (উত্তর উপরিস্থিত—আসঙ্গ [আ—সনজ্ আসক্ত হওয়া + অ(ঘঞ্) —র্ম্ম] আসক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং—ক্লীং, আচ্ছাদন বস্ত্র। ২। উত্তরীয় বস্ত্র, উড়ানী, চাদর। শিং—১"স্তনোত্তরাসঙ্গবতীমধীতিনীম্‌।" (কুমার)।

উত্তরী (উত্তরীয় শব্দজ) সং, দোছোট, পৈতের ন্যায় ধৃত বস্ত্র।

উত্তরীয় (উত্তর উপর+ঈয়—ইদমর্থে) সং, ক্লীং, নাভিদেশের উর্দ্ধস্থিত অঙ্গের আচ্ছাদন বস্ত্র। উত্তরীয় বস্ত্র, উড়ানী, দোছোট। শিং—১ "(গিরৌ) হিমোত্তরীয়ারুণ পাণ্ডুসানৌ।" ২ "ধৌতোত্তরীয় প্রতিমচ্ছবীনি।" (মাঘ)।

উত্তরেণ (উত্তর+এনপ্—প্রং) অং, উত্তরদিকে। ২। উত্তরস্থ। শিং—১ "অথোত্তরেণ কৈলাসান্ মৈনাকং পর্ব্বতং প্রতি।" ২ কিঞ্চিৎপশ্চাৎ ব্রজ লঘুগতির্ভূয়এবোত্তরেণ। (মেঘদূত)।

উত্তরেদ্যুঃ (উত্তরেদ্যুস্, উত্তর পশ্চাৎ+এদ্যুস্—দিবার্থে) অং, পরদিনে, আগামী দিবসে, কল্য।

উত্তরোত্তর (উত্তর পশ্চাৎ—দ্বিত্ব) ক্রিং—বিং, ক্লীং, পর পর, ক্রমে ক্রমে। শিং—১ "পত্নী[illegible]রশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা। তৎ[illegible] গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচা[illegible] এষামভাবে পূর্ব্বস্য ধনভাগু[illegible]ঃ।" (যাজ্ঞবল্ক্য)।

উত্তা[illegible] উৎ উপরি—তন্ বিস্তৃত হওয়া + অ(ঘঞ্)—ক) বিং,ত্রিং, উর্দ্ধমুখে স্থিত, চিৎ হওয়া। ২। বিস্তার-রহিত। শিং—১ "উত্তানচঞ্চুপুটেন। ২ পিতৃপাত্রং তদুত্তানং কৃত্বা বিপ্রান্ বিসর্জ্জয়েৎ।"

উত্তানপাদ; সং, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র, ইহাঁর দুই ধর্ম্মপত্নী ছিল। একের নাম সুরুচি ও অপরের নাম সুনীতি। সুরুচির গর্ভে উত্তম ও সুনীতির গর্ভে ধ্রুব জন্মিয়াছিলেন।

উত্তানপাদজ (উত্তানপাদ স্বায়ম্ভুব মনুপুত্র —জ যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, উত্তানপাদ রাজার পুত্র, ধ্রুব।

উত্তানশয় (উত্তান—শয় যে শয়ন করে, য়ং—স) সং, পুং, য়া—স্ত্রীং, অর্ভক, শিশু। ২। বিং, ত্রিং, যে উত্তান ভাবে শয়ন করিয়া থাকে, যে চীৎ হইয়া শয়ন করে, উত্তানশায়ী।

উত্তাপ (উৎ—তপ্ উষ্ণ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং,পুং, তাপ, উষ্মা। ২। উষ্ণতা।

উত্তাপিত (উৎ—তাপি উতপ্ত করান, উষ্ণ হওয়ান+ত(ক্ত)—র্ম্ম, ভা) বিং, ত্রিং, যে উত্তাপ পাইয়াছে, যাহাকে উষ্ণ করা গিয়াছে।

উত্তার (উৎ উপরি—তার [তৃ পার হওয়া +অ(ঘঞ্)—প্রত্যয়ে নিষ্পন্ন, ভাববাচ্যে যে পার হয়) সং, পুং, বমন। ২। উদ্ধরণ। ৩। (উদ্—তার) বিং, ত্রিং, উচ্চ শব্দ প্রভৃতি। ৪। উৎকৃষ্ট। ৫। (উৎ—তারা, ৬ষ্ঠী—হিং) উর্দ্ধগত তারকবিশিষ্ট।

উত্তাল (উৎ—তল্ উন্নত হওয়া+অ(ঘঞ্)—ক) বিং,ত্রিং, উৎকট। ২। মহৎ, শ্রেষ্ঠ। ৩। উন্নত। ৪। ত্বরিত। ৫। তালপ্রমাণ। ৬। ভয়ানক। ৭। প্রতিষ্ঠিত। ৮। বিকটশব্দকারী। শিং—১ "উত্তালতালীবন সংপ্রবৃত্তঃ।" (মাঘ)। ৯। পুং—ক্লীং, প্লবঙ্গম।

উত্তিষ্ঠমান (উৎ—স্থা [থাকা] উঠা+আন (শান)—ক। ম—আগম) বিং, ত্রিং, উত্থানশীল, যে উঠিতেছে। ২। বর্দ্ধমান, বৃদ্ধিশীল। শিং—১ "উত্তিষ্ঠমানস্তু পরৈর্নোপেক্ষ্যঃ পথ্যমিচ্ছতা।" (মাঘ)। ৩। যে উদ্যোগ করিতেছে, উদ্‌যুঞ্জান।

উত্তীর্ণ (উৎ উপরি—তীর্ণ [তৃ পার হওয়া +ত(ক্ত)—র্ম্ম] গত) বিং, ত্রিং, যে পার হইয়াছে, পারগত। ২। নদ্যাদি হইতে উত্থিত; যথা—সে তরণীযোগে নদী উত্তীর্ণ হইল। ৩। নির্গত। ৪। অতিক্রান্ত। ৫। উপস্থিত; যথা—সে অমুক স্থানে উত্তীর্ণ হইল। ৬। নিষ্কৃতিপ্রাপ্ত; যথা—বিপদ হইতে উত্তীর্ণ, অভিযোগে উত্তীর্ণ। ৭। কৃতকার্য্য; যথা—পরীক্ষায় উত্তীর্ণ।

উত্তুঙ্গ (উৎ অতিশয়—তুঙ্গ উচ্চ) বিং, ত্রিং, উচ্চ, উন্নত, অত্যুচ্চ। শিং—১ "প্রোত্তুঙ্গং জয়কুঞ্জরম্।"

উত্তুষ (উৎ উদ্গত—তুষ, ৫মী—হিং) সং, পুং, ভৃষ্টধান্য, খই।

উত্তেজন (উৎ—তিজ্ তীক্ষ্ণকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং শাণাদি দ্বারা তীক্ষ্ণীকরণ। শিং—১"ব্যাঘটনোত্তেজনয়া মণীনাম্।" (মাঘ)। ২। উস্কন। ৩। প্রবর্ত্তন। ৪। ধমকান। ৫। উদ্দীপন। ৬। উৎসাহদান, উৎসাহবর্দ্ধন। ৭। সজীব করা, উদ্‌যুক্ত করা, যাহাতে অযত্ন উপেক্ষা অমনোযোগ বা অনুৎসাহ দূর হইয়া কার্য্য নির্ব্বাহে যত্ন মনোযোগ ও উৎসাহ এরূপ অনুষ্ঠান বা উপদেশ। ৮। উৎপীড়ন, উপদ্রব করা, পীড়াপীড়ি করা।

উত্তেজিত (উত্তেজন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উত্তেজনা করা গিয়াছে। ২। উদ্দীপিত। ৩। শাণিত। ৪। উত্ত্যক্ত, ৫। উৎপীড়িত, বিরক্ত। ৬। প্রবর্ত্তিত। ৭। প্রোৎসাহিত। ৮। (+ক্ত—ভা) সং, ক্লীং, অশ্বগতিবিশেষ; ইহা অশ্বের মধ্যগতি। শিং—১ "উত্তেজিতং মধ্যবেগং যোজনং শ্লথবল্গয়া।"

উত্তোরণ (উৎ উন্নত—তোরণ বহির্দ্বার, ৭মী—হিং) সং, ক্লীং, যে নগরের বহির্দ্বার অর্থাৎ গেট অতি উচ্চ। শিং—১ "উত্তোরণং রাজপথং প্রপেদে।" (কুমার)।

উত্তোলন (উৎ উর্দ্ধ—তোলন ওজন) সং, ক্লীং, উত্থাপন, তোলা, উর্দ্ধে উঠান।

উত্তোলিত (উৎ উর্দ্ধ—তোলি ওজন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উর্দ্ধে উঠান গিয়াছে, যাহা বা যাহাকে তুলিয়া ধরা গিয়াছে, উন্নমিত, উত্থাপিত।

উত্ত্যক্ত (উৎ—ত্যক্ত বর্জ্জিত) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত। ২। পরিত্যক্ত। ৩। বিরক্ত।

উত্ত্রাস (উৎ অতিশয়—ত্রাস ভয়) সং, পুং, ভয়, ত্রাস।

উত্থ (উৎ উপরি—স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, যাহা উঠিয়াছে, উত্থিত। ২। জাত, উৎপন্ন। শিং—১"জাহ্নবীপুলিনোত্থাভিঃ সিকতাভিঃ। ২ রজাংসি সমরোত্থানি। ৩ কুলক্ষয়কারণোত্থং বৈরম্।"

উত্থান (উৎ উপরি—স্থা থাকা + অন (অনট্)—ভা। স—লোপ) সং, ক্লীং, উদয়। ২। উত্থিতি। ৩। উন্নতি। ৪। উৎপত্তি। ৫। শয্যা বা আসন হইতে উঠা। ৬। উঠান; যথা—গাত্রোত্থান। ৭। (+অনট্—ণ) উদ্যোগ। ৮। আলস্যপরিহার। ৯। যত্ন। ১০। উদ্যম। ১১। উৎসাহ। ১২। হর্ষ। ১৩। (+অনট—ধি) রাজ্যচিন্তা। ১৪। পৌরুষ। ১৫। যুদ্ধ, রণ। ১৬। সৈন্য। ১৭। পুস্তক। শিং—১ "ইন্দুমিব নবোত্থানম্। ২ ভ্রাতৃণামবিভক্তানাং যদ্যুত্থানং ভবেৎ সহ। ন পুত্রভাগং বিষমং পিতা দদ্যাৎ কথঞ্চন।"

উত্থানৈকাদশী (উত্থান [উঠা] নিদ্রা হইতে হরির জাগরণ—একাদশী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কার্ত্তিক মাসের শুক্লপক্ষের একাদশী। শিং—১ "শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রেচ পরিবর্ত্ততে। কার্ত্তিকে পরিবুধ্যেত শুক্লপক্ষে হরের্দ্দিনে।" (মৎস্যপুরাণ)।

উত্থাপক (উৎ—স্থাপি স্থিতি করান+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে উঠাইয়া দেয়, যে তুলিয়া ধরে। ২। যে কোন বিষয়ের উত্থাপন করে, যে কোন বিষয়ের প্রস্তাব করে।

উত্থাপন (উৎ—স্থাপি স্থিতি করান+অন (অনট)—ভা) সং, ক্লীং, উঠান, তুলিয়া ধরা, উন্নমন, উত্তোলন। ২। প্রেরণ। ৩। প্রবোধন। ৪। কোন বিষয়ের প্রসঙ্গ করা, প্রস্তাবনা। ৫। উপস্থিত করা। ৬। উদ্বমন। ৬। ক্ষোভণ। শিং—১ "ভার্য্যামুত্থাপনায় শ্বশুরস্য গৃহে সমায়াতঃ। ২ এবং যন্ত্রোপায়ানল্পাংশ্চ শিরোত্থাপন হেতূন্ বুদ্ধ্যাবেক্ষ্য।" (সুশ্রুত)।

উত্থাপনীয় (উত্থাপন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যার উত্থাপন করা উচিত বা আবশ্যক, উত্থাপনযোগ্য, যার উত্থাপন করিতে হইবেক।

উত্থাপিত (উত্থাপন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উঠান গিয়াছে, উত্তোলিত। ২। প্রেরিত। ৩। প্রবোধিত। ৪। ক্ষোভিত। ৫। যাহা উপস্থিত করা হইয়াছে, যে বিষয়ের উত্থাপন হইয়াছে, প্রস্তাবিত।

উত্থিত (উৎ—স্থা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উৎপন্ন। ২। উদ্যত। শিং—১ "ভিত্ত্বোত্থিতং ভূমিমিবোরগাণাং।" (মাঘ)। ৩। উদ্গত। ৪। বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত। ৫। যে বা যাহা উঠিয়াছে।

উত্থিতাঙ্গুলি (উত্থিত বৃদ্ধিপ্রাপ্ত—অঙ্গুলি আঙুল, ৭মী—হিং) সং, পুং, চপেট, চাপড়।

উৎপত (উৎ ঊর্দ্ধ—পত [পৎ গমন করা +অ(অন্)—ক] যে গমন করে) সং, পুং, পক্ষী। ২। বিং, ত্রিং, ঊর্দ্ধগামী।

উৎপতন (উৎ ঊর্দ্ধ—পৎ গমন করা+ অন(অনট্)—ভা) সং, ক্লীং, উৎপত্তি। ২। উদয়। ৩। উৎপ্লবন। ৪। উত্থান। ৫। ঊর্দ্ধগমন, উড্ডয়ন, উড়া। ৬। উৎক্ষেপ।

উৎপতিত (উৎপতন দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উত্থিত। ২। উদিত। ৩। উদ্গত। উড্ডীন।

উৎপতিষ্ণু (উৎপতন দেখ, ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, উৎপতনশীল, ঊর্দ্ধগামী, ঊর্দ্ধগমনবিশিষ্ট। শিং—১ "উৎপতিষ্ণু সহিষ্ণু চ চেরতুঃ খরদূষণৌ।" (ভট্টি)।

উৎপত্তি (উৎ উপরি—পদ্ গমন করা+ তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উদ্ভব, জন্ম। ২। আবির্ভাব। শিং—১ "যস্মাদুৎপত্তিরেতেষাম্। ২ অশ্বত্থফলোৎপত্তিকালে।"

উৎপথ (উৎ হইতে—পথিন্ + ড—প্রং) সং, পুং, বিরুদ্ধপথ, অসৎপথ, কুপথ। শিং —১ "গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য ন্যায্যং ভবতি শাসনং।"

উৎপথগামী (—গামিন, উৎপথ—গামী যে গমন করে) বিং, ত্রিং, যে উৎপথে চলে, উন্মার্গগামী।

উৎপথপ্রতিপন্ন, উৎপথপ্রবৃত্ত (বিং, ত্রিং, যে অসৎপথে চলিতে আরম্ভ করিয়াছে, যে কুপথ অবলম্বন করিয়াছে।

উৎপদ্যমান (উৎপত্তি দেখ, আন(শান)—ক। য, ম—আগম) বিং, ত্রিং, জায়মান, যাহার উৎপত্তি হইতেছে।

উৎপন্ন (উৎপত্তি দেখ, ত(ক্ত)—ক। দ, ত =ন্ন) বিং, ত্রিং, যার উৎপত্তি হইয়াছে, উদ্ভূত, জাত। ২। উত্থিত। ৩। (+ক্ত —র্ম্ম) লব্ধ।

উৎপন্নবুদ্ধি, উৎপন্নমতি (উৎপন্ন—বুদ্ধি, মতি) বিং, ত্রিং, কর্ম্মকালে যার বুদ্ধির উদয় হয়, বিপদের সময় যার বুদ্ধি যোগায়।

উৎপন্নমতিত্ব (উৎপন্নমতি+ত্ব—ভাবে) সং, ক্লীং, কার্য্যকালে বুদ্ধির উদয় হওয়া, বিপদ সময়ে বুদ্ধি যোগান।

উৎপল (উৎ উপরি—পল্ গমন করা+ অল্—প্রং) সং, ক্লীং, পদ্ম। ২। জলপুষ্প। শিং—১ "কমলোৎপলমালিসাশ্রুনেত্রোৎপলাভিঃ (যুবতিভিঃ)। ২ কর্ণোৎপলতাং প্রপেদে।" ৩। কুষ্ঠবৃক্ষ। ৪। বিং, ত্রিং, নির্ম্মাংস, মাংসশূন্য। শিং—১ "গণ্ডস্বেদাপনয়নরুজাক্লান্তকর্ণোৎপলানাম্।" (মেঘ)। —লী—স্ত্রীং, তুষচর্পটী, তুষের চাপড়া।

উৎপলিনী (উৎপল+ইন্—সমূহার্থে, ঈপ্ —স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পদ্মিনী, পদ্মবন, পদ্মসমূহ। ২ জলপুষ্পবিশেষ।

উৎপবন (উৎ উপরি ইত্যাদি—পূ পবিত্র করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কুশ

দ্বারা জলপ্রোক্ষণ। শিং — ১ "দ্রব্যানাঞ্চৈব সর্ব্বেষাং শুদ্ধিরুৎপবনং স্মৃতং।" (মনু)।

উৎপশ্য (উৎ ঊর্দ্ধ — পশ্য [দৃশ্ দর্শন করা + অ(শ) — ক] দর্শন) বিং, ত্রিং, ঊর্দ্ধমুখ। ২। ঊর্দ্ধদৃষ্টি।

উৎপাটক (উৎপাটন দেখ. অক(ণক) — ক) বিং, ত্রিং, যে উৎপাটন করে. উন্মূলনকারী।

উৎপাটন (উৎ ঊর্দ্ধ — পট্-ণিচ্=পাটি গমন করান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, উন্মূলন, উত্তোলন, উপাড়িয়া ফেলা। শিং — ১ "পর্ব্বতোৎপাটন। ২ বিন্দুমত্যা প্রযুক্তস্তু গর্ভস্যোৎপাটনে মম।"

উৎপাটনীয় (উৎপাটন দেখ. অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটনযোগ্য, যাহার উৎপাটন করা উচিত বা আবশ্যক, যাহার উৎপাটন করিতে হইবেক, উন্মূলনযোগ্য।

উৎপাটিত (উৎপাটন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, উন্মূলিত।

উৎপাত (উৎ অকস্মাৎরূপে — পৎ গমন করা + অ ঘ(ঞ) — ভা) সং, পুং, উপদ্রব। ২। দৌরাত্ম্য, অত্যাচার। ৩। দৈব অমঙ্গল ঘটনা, দৈব-নিগ্রহ; যথা — ভূকম্পাদি। শিং — ১ "উৎপাতাংস্ত্রিবিধান প্রাহ নারদো ভগবানৃষিঃ। দিব্যাং শ্চৈবান্তরীক্ষাংশ্চ পার্থিবাংশ্চ। ২ অত্র দেশে মহোৎপাতানাবৃষ্ট্যা দুর্ভিক্ষং সংজাতম্।"

উৎপাতকেতু; সং, পুং, অমঙ্গলচিহ্ন, উল্কাপাত, নির্ঘাত ভূমিকম্প প্রভৃতি।

উৎপাদক (উৎ উপরি — পাদি গমনকরান + অক(ণক) — ক) বিং, ত্রিং, উৎপত্তিকারক। ২। জনক, জন্মদাতা, পিতা। শিং — ১ "উত্তমস্য বিশেষেণ কলঙ্কোৎপাদকো জনঃ। ২ কৌতুকোৎপাদকং বচঃ।" ৩। (উদ্ — পাদ + কণ্ — প্রং) সং, পুং, শরভ।

উৎপাদন (উৎপাদক দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, উৎপত্তিকরণ, জন্মান।

উৎপাদনীয় (উৎপাদন দেখ, অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, যাহার উৎপাদন করিতে হইবেক, উৎপাদনযোগ্য।

উৎপাদয়িতা (উৎপাদয়িতৃ, উৎ — পাদি + তৃন্ — ক) বিং, ত্রিং, যে উৎপন্ন করে, উৎপাদক। ২। জনয়িতা, জনক, জন্মদাতা, পিতা। স্ত্রী — স্ত্রীং উৎপাদিকা ২। জন্মদাত্রী, জননী।

উৎপাদশয়ন (উৎ উপরি — পাদ পা — শয় শয়ন, নিদ্রা। ঊর্দ্ধে পা করিয়া যাহারা শয়ন করে) সং, পুং, টিটির পক্ষী-শিশু।

উৎপাদিত (উৎপাদক দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহার উৎপাদন হইয়াছে, যাহাকে উৎপন্ন করা গিয়াছে। ২। জনিত, জন্মান।

উৎপাদী (উৎপাদিন্, উৎ — পদ + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, জন্যপদার্থ। শিং — ১ "সর্ব্বমুৎপাদি ভঙ্গুরং।" (হিতোপদেশ)।

উৎপাদ্য (উৎপাদক দেখ, য(য্যণ্) — র্ম্ম) বিং, ত্রিং, উৎপাদনযোগ্য, যাহার উৎপাদন করিতে হইবে।

উৎপাদ্যমান (উৎ — পাদি + আন(শান) — ক) বিং, ত্রিং, যাহার উৎপাদন হইতেছে, জন্যমান।

উৎপালী (উৎ সম্মুখে — পল্ রক্ষা করা + অ(অন্) — প্রং। ঈ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আরোগ্য, স্বাস্থ্য।

উৎপিঞ্জর (উৎ বাহিরে — পিঞ্জর পিঁজরা) বিং, ত্রিং, পিঞ্জরমুক্ত, বন্ধনমুক্ত, কারামুক্ত।

উৎপিঞ্জল (উৎপিঞ্জর দেখ। র=ল) বিং, ত্রিং, উৎপিঞ্জর দেখ। ২। পিঙ্গলবর্ণ। ৩। (উৎ — পিঞ্জি + কলন্) অতিশয় ব্যাকুল। শিং — ১ "কুর্ব্বাণমুৎপিঞ্জলজাতপাত্রৈঃ।"

উৎপিৎসু (উৎ উপরে — পত্ পড়া + সন্ — ইচ্ছার্থে, উ — ক) বিং, ত্রিং, উৎপতনেচ্ছু।

উৎপীড় (উৎ — পীড়্ পীড়া দেওয়া + অ (ক) — ক) সং, পুং, ফেন। ২। (+ অল্ — ভাবে) বাধা। ৩। উত্তেজন। ৪। ঠেলামারা। ৫। ঠাসাঠাসি। ৬। প্রবর্ত্তন। ৭। আধিক্য, ছাপাছাপি। ৮। উপদ্রব, পীড়াপীড়ি, ক্লেশ দেওয়া।

উৎপীড়ন (উদ্ — পীড়্ পীড়ন করা + অনট্ — ভাবে) সং, ক্লীং, বাধা। ২। প্রবর্ত্তন। ৩। উত্তেজন। ৪। আধিক্য।

উৎপ্রাস — পুং } ((উৎ — প্র — অস্ ক্ষেপণ করা + অ(অল্), অন
উৎপ্রাসন — স্ত্রীং }

(অনট্)—ভা) সং, ঈষৎ হাস্য। ২। উপহাস। ৩। উৎক্ষেপ।

উৎপ্রেক্ষা—স্ত্রীং } (উৎ—প্র—ঈক্ষ্ দেখা
উৎপ্রেক্ষণ—ক্লীং } বিতর্ক করা+আ, অন—ভা) সং, অর্থালঙ্কারবিশেষ, প্রকৃত বস্তুতে অন্য প্রকার সম্ভাবনা। ২। বিতর্ক। ৩। অনুমান। ৪। উপেক্ষা। ৫। উদ্ভাবন। ৬। দর্শন, দেখা। ৭। অনবধান।

উৎপ্লব } (উৎ ঊর্দ্ধ—প্লব,প্লবন লম্ফন)
উৎপ্লবন } সং,ক্লীং,উল্লম্ফন, লাফান। ২। উন্মজ্জন,জলের উপরে ভাসা। ৩। উদ্রেক। ৪। সন্তরণ। [—ক) সং, স্ত্রীং, নৌকা।

উৎপ্লবা (উৎ উপরি—প্লু লাফান+অ অন্)

উৎফাল (উৎ—ফল্ চলা+অ ঘঞ্) ভাবে। স—লোপ। উ—আ) সং, পুং, লম্ফ, লাফান। ২। বৃদ্ধি।

উৎফুল্ল (উৎ—ফুল্ল্ বিকসিত হওয়া+অ—ক, বা উৎফল+ক্ত—নিপাতনে সিদ্ধ) বিং, ত্রিং, বিকসিত। শিং—১ "উৎফুল্ল নীলনলিনোদরতুল্যভাসঃ।" ২। প্রফুল্ল।

উৎস (উন্দ্ আর্দ্র হওয়া+স—ক, সংজ্ঞার্থে)সং, পুং, প্রস্রবণ, পর্বতের ঝরনা, ফোয়ারা। শিং—১ "উৎসো বা তত্র জায়তাং হ্রদো বা পুণ্ডরীকবান।"

উৎসঙ্গ (উৎ—সনজ্ আলিঙ্গন করা+অ (ঘঞ্)—বি) সং,পুং,ক্রোড়, কোল। শিং—১"ময়া বাল্যে মাতুরুৎসঙ্গশায়িনা। ২ তমুৎসঙ্গেন প্রতিজগ্রাহ। ৩ দ্বিজোৎসঙ্গাৎসমুত্থায়।" ২। (+ঘঞ্—র্ম্ম) উরু। ৩। মধ্যভাগ। "দরীগৃহোৎসঙ্গনিষক্তভাসঃ।" (কুমার)। ৪। ঊর্দ্ধভাগ। "সৌধোৎসঙ্গ প্রণয়বিমুখোমাস্ম ভূরুজ্জয়িন্যাঃ।" (মাঘ)। ৫। ঊর্দ্ধতল। ৬। শৈলকটক। ৭। (+ঘঞ্—ভা) বিং, ত্রিং, নিঃসঙ্গ, সঙ্গরহিত। ৮। উৎসন্ন। ৯। নষ্ট।

উৎসঙ্গিত (উৎসঙ্গ+ইত—প্রং) বিং, ত্রিং, উৎসঙ্গে স্থাপিত, উৎসঙ্গপ্রাপ্ত। ২। সম্পৃক্ত, সংসর্গযুক্ত, মিলিত। শিং—১ "উৎসঙ্গিতোত্তুঙ্গতরঙ্গবাহঃ।" (মাঘ)।

উৎসজ্জন (উৎ—সনজ্ আসক্ত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উৎক্ষেপণ।

উৎসন্ন (উৎ—সদ্ [গমন করা নষ্ট হওয়া+ত ক্ত)—ক। দ্, ত=ন্ন) বিং, ত্রিং, নষ্ট, ধ্বস্ত, বিনাশিত। ২। উত্থিত।

উৎসর্গ (উৎ—সৃজ ত্যাগ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, পরিত্যাগ। ২। দান। ৩। প্রতিষ্ঠা। ৩। দেবতার উদ্দেশে দান। ৪। ব্যাকরণে—সামান্য বিধি। ৫। পুরীষত্যাগ। ৬। সাগ্নিকের কর্ত্তব্য ক্রিয়াবিশেষ। ৭। যাগবিশেষ। শিং—১ "এবং তীর্থেষু সর্ব্বেষু ধনোৎসর্গং নৃপাত্মজা। কল্পিতা দ্বিজমুখ্যানাম্। ২ যদ্গর্হিতেনার্জ্জয়ন্তি কর্ম্মণা ব্রাহ্মণা ধনম্। তস্যোৎসর্গেণ শুধ্যন্তি।"

উৎসর্জ্জন (উৎ—সৃজ্ ত্যাগ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, ত্যাগ। ২। দান।

উৎসর্পণ (উৎ ঊর্দ্ধ—সৃপ্ ধীরে ধীরে গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উল্লঙ্ঘন। ২। ঊর্দ্ধগমন। ৩। ত্যাগ।

উৎসর্পী (উৎসর্পিন্, উৎসর্প ঊর্দ্ধগমন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঊর্দ্ধগামী। শিং—১ "পয়োধরোৎসর্পিষু শীর্য্যমাণঃ।" (মাঘ)। ২। উল্লঙ্ঘনকারী। ৩। প্রবর্দ্ধমান। ৪। উত্তরঙ্গ [—ণী—স্ত্রীং, জিনদিগের কালবিশেষ। [ ণী) সং, স্ত্রীং, ঋতুমতী গো।

উৎসর্য্যা (উৎ—সৃ গমন করা+য য্যণ)—

উৎসব (উৎ—সূ প্রসব করা+অ(অন্)—প্রং। যে সুখ প্রসব করে) সং, পুং, কোন ঘটনা বা নিমিত্ত উপলক্ষে আনন্দ প্রদর্শনার্থ কর্ম্ম, আনন্দজনক ব্যাপার। ২। আনন্দ। শিং—১"পরিরভ্য মহামহোৎসব।" ৩। উৎসেক। ৪। প্রসব। ৫। কোপ। ৬। ইচ্ছা।

উৎসবসঙ্কেত (উৎসব আনন্দজনক—সঙ্কেত অত্যন্ত অনুরাগ বশতঃ স্ত্রী-পুরুষের পরস্পর আহ্বান, ৬ষ্ঠী—হিং। ইহাদের দাম্পত্য নিয়ম নাই, স্ত্রীপুরুষের পরস্পর অনুরক্ত হইলেই, ইহারা স্বেচ্ছা বিহার করিয়া থাকে) সং, পুং, পার্ব্বতীয় জাতিবিশেষ।

উৎসাদন (উৎ—সাদি [বমন করান] বিনাশ

করা + অন(অনট) — ভা) সং, ক্লীং, উদ্বর্ত্তন, তৈল চন্দনাদি দ্বারা পরিষ্করণ, মলশোধন। ২। উৎসন্ন করা, বিনাশন। ৩। উন্মূলন। শিং — ১"উৎসাদনার্থং লোকানাং ধুন্ধুর্নাম মহাসুরঃ।" (ভাগবত)।

উৎসাদনীয় (উৎ — সদ্-ণিচ্=সাদি গমন করান + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, উৎসাদনযোগ্য, যার উৎসাদন করিতে হইবেক অথবা করা উচিত বা আবশ্যক, উচ্ছেদনীয়, নাশ্য, বিনাশনীয়। শিং — ১"কুর্য্যাদুৎসাদনীয়ানি সর্পীয়্যাংলেপনানি চ।"

উৎসাদিত (উৎসাদন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যার উৎসাদন হইয়াছে, উৎপাটিত, বিনাশিত, উন্মূলিত। ২। পরিষ্কৃত, নির্ম্মলীকৃত।

উৎসারক (উৎ — সারি গমন করান + অক (ণক) — ক) বিং, ত্রিং, যে উৎসারণ করে, যে দূর করিয়া দেয়, নিরাসক।

উৎসারণ (উৎ — সারি গমন করান + অন (অনট) — ভা) সং, ক্লীং, সরাইয়া দেওয়া, দূরীকরণ, অপনয়ন, নিরাকরণ। ২। চালন।

উৎসারণীয় (উৎসার দেখ, অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, উৎসারণযোগ্য, নিরসনীয়।

উৎসারিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, দূরীকৃত। ২। চালিত। ৩। স্থানান্তরিত।

উৎসাহ (উৎ অতিশয় — সহ্ সহ্য করা, পাক হওয়া + অ(ঘঞ্) — ভা) সং, পুং, কোন বিষয়ে অনুরাগ উদ্যোগিতা তৎপরতা যত্নশীলতা ব্যগ্রতা বা আগ্রহ। ২। উদ্যম। ৩। উদ্যোগ। ৪। অধ্যবসায়। ৫। স্থিরযত্ন, কোন কার্য্যে দৃঢ়তর যত্ন। শিং — ১"নীতাবিবোৎসাহগুণেণ সম্পদ্।" (কুমার)। ৬। কল্যাণ। ৭। বীররসের স্থায়ীভাব। ৮। হর্ষ। ৯। (+ ঘঞ্ — ণ) সংরম্ভ, সূত্র। শিং — ১ "কার্য্যারম্ভেষু সংরম্ভঃ স্থেয়ানুৎসাহ উচ্যতে। ২ গানে চ কৃতোৎসাহাং প্রতিষেদ্ধুং ন মার্হসি।"

উৎসাহক (উৎসাহ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, যে উৎসাহ দেয়।

উৎসাহন (উৎসাহ দেখ, অন(অনট) — ভা) সং, ক্লীং, উৎসাহদান। ২। (+ অনট্ — ণ) বিং, ত্রিং, যদ্দ্বারা উৎসাহ দেওয়া যায়; যথা — উৎসাহন বাক্য।

উৎসাহনীয় (উৎসাহ + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে বা যাহাকে উৎসাহ দেওয়া উচিত বা আবশ্যক।

উৎসাহবর্দ্ধক (উৎসাহ — বর্দ্ধক) বিং, ত্রিং, যে অন্যের উৎসাহ বৃদ্ধি করে।

উৎসাহবর্দ্ধন (উৎসাহ — বর্দ্ধন [বৃধ্ বৃদ্ধি করা + অন(অনট) — ক] যে বৃদ্ধি করে) সং, পুং, বীররস। ২। (— বৃধ + অনট্ — ভা) ক্লীং উৎসাহবৃদ্ধি, উৎসাহ বাড়ান। ৩। বিং ত্রিং, যদ্দ্বারা উৎসাহ বৃদ্ধি করা যায়; যথা—উৎসাহবর্দ্ধন বাক্য।

উৎসাহশীল (উৎসাহ — শীল স্বভাব) বিং, ত্রিং, যার স্বাভাবিক উৎসাহ আছে, উৎসাহী।

উৎসাহশীলতা (উৎসাহশীল + তা — ভা) সং, স্ত্রীং, স্বাভাবিক উৎসাহ থাকা, উৎসাহিতা।

উৎসাহিত (উৎসাহ + ইত — অস্ত্যর্থে) বিং, ত্রিং, উত্তেজিত। ২। দত্তোৎসাহ, যাহাকে উৎসাহ দেওয়া যায়।

উৎসাহিতা (উৎসাহী দেখ, তা — ভা) সং, স্ত্রীং, স্বাভাবিক উৎসাহ থাকা, উৎসাহশীলতা।

উৎসাহী (উৎসাহিন্, উৎ — সহ্ সহ্য করা + ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, যার উৎ- আছে, উৎসাহশীল।

উৎসিক্ত (উৎসেক দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, গর্ব্বিত। ২। উদ্ধত। শিং — ১"জানীয়াদস্থিরং বাচমুৎসিক্তামনসাং তথা।" (মনু)। ৩। (+ ক্ত — র্ম্ম) উপরিসিক্ত। ৪। উদ্রিক্ত।

উৎসুক (উৎ — সু [প্রসব করা] অনুরক্ত হওয়া + ক(কক্) — ক) বিং, ত্রিং, সাতিশয় যত্নশীল, সবিশেষ উদ্যোগী, অত্যন্ত ব্যগ্র, অত্যন্ত তৎপর। ২। অভীষ্ট বিষয়ে উদ্যুক্ত, ইচ্ছুক। ৩। উৎকণ্ঠিত, আকুলিত। ৪। প্রিয়। ৫। অনুরক্ত। শিং — ১ "মমাপি কণ্বসুতামনুস্মৃত্য মৃগয়াং প্রতি নিরুৎসুকং চেতঃ। ২ প্রকুর্ব্বতে কস্য মনো ন সোৎসুকং।"

উৎসুকতা ( উৎসুক+তা—ভা ) সং, স্ত্রীং, সবিশেষ ব্যগ্রতা, সাতিশয় যত্নশীলতা, অত্যন্ত তৎপরতা। ২। উৎকণ্ঠা, আকুলতা।

উৎসূত্র ( উৎ অতিক্রান্ত—সূত্র নিয়ম ) বিং, ত্রিং, নিয়মবহির্ভূত। শিং—১ "অনুৎসূত্রপদন্যাসা সদ্বৃত্তিঃ সন্নিবন্ধনা।"

উৎসৃজন (উৎ—সৃজ ত্যাগ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ত্যাগ। ২। সমর্পণ।

উৎসৃষ্ট ( উৎসৃজন দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ত্যক্ত,পরিত্যক্ত। ২। দত্ত, উপহৃত। ৩। যার উৎসর্গ হইয়াছে, প্রতিষ্ঠিত, নিবেদিত। ৪। প্রযুক্ত। ৫। বিসৃষ্ট।

উৎসেক (উৎ—সিচ্ [সিক্ত করা] গর্ব্ব করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার, দর্প। শিং—১ "উপদা বিবিশুঃ সম্যক্ নোৎসেকাঃ কোশলেশ্বরম্।" (রঘু)। ২। উদ্রেক। শিং—১ "পাতব্যং শ্বাসকাসঘ্নং শ্লেষ্মোৎসেকে গলগ্রহে।" ৩। উপরিসেক।

উৎসেচন (উৎসেক দেখ, অন(অনট)—ভা) সং, ক্লীং, উপরিসেক। ২। উত্তেজন।

উৎসেধ ( উৎ উপরি—সিধ গমন করা +অ(অল্)—ভা) উচ্চতা। ২। ঔদ্ধত্য। ৩। ( সিধ্+অন—ক। শুক্র শোণিতে বর্দ্ধিত হয় বলিয়া) ক্লীং, দেহ। ৪। বধ। ৫। উপরিভাগ।

উদ্—উৎ (উ+০(ক্বিপ্)—ক) অং, উর্দ্ধ। ২। উচ্চতা। ৩। ঔদ্ধত্য। ৪। বিপরীত। ৫। ত্যক্ত। ৬। উৎকর্ষ। ৭। প্রকাশ। ৮। লাভ। ৯। বিভাগ। ১০। প্রাবল্য; যথা—উদ্বল। ১১। অস্বাস্থ্য। ১২। সামর্থ্য। ১৩। প্রাধান্য। ১৪। বন্ধন। ১৫। মোচন; যথা—উদ্ঘাত। ১৬। নৈকট্য।

উদ, উদক (উন্দ্ আর্দ্র হওয়া, নিপাতন। উদক শব্দ, উদবৎসাধ্য, কেহ বলেন, জলবাচক উদ এবং ক শব্দ যোগে উদক শব্দ নিষ্পন্ন হইয়াছে অথবা +অক(ণক) —ক, নিপাতন) সং, ক্লীং, বারি, জল। শিং—১ " লোহিতোদ। ২ ক্ষীরোদ। ৩ লবণোদ। ৪ সমানোদক।"

উদক্ (উদচ্ দেখ) অং, উত্তরদিক্ দেশ বা কাল। ২। উত্তরাভিমুখ।

উদকক্রিয়া (উদক জল—ক্রিয়া কর্ম্ম, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, প্রেতদিগের প্রীত্যর্থে জলদান, তর্পণাদি। শিং—১"এবং মাতামহাচার্য্যপ্রেতানামুদকক্রিয়া।"

উদকুম্ভ (উদ উদকপূর্ণ—কুম্ভ কলস, বং—স। মধ্য-পদ-লোপ) সং, পুং, উদকপূর্ণকলস। ২। কমণ্ডলু।

উদক্ত (উদ্—অনচ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উর্দ্ধগত। ২। (+ক—র্ম্ম) উত্তোলিত। শিং—১ "উদক্তমুদকং কূপাৎ।"

উদক্যা (উদক জল+য(ক্যণ্)—যোগ্যতার্থে। পবিত্র করিবার জন্য জল যাহার প্রয়োজনীয়) সং, স্ত্রীং, রজস্বলা, ঋতুমতী স্ত্রী।

উদগদ্রি (উদক্ উত্তরদিক্—অদ্রি পর্ব্বত, ৭মী—ষ) সং, পুং, উত্তরস্থগিরি, হিমালয় পর্ব্বত।

উদগয়ন (উদক উত্তরদিক্—অয়ন গমন, ৭মী—য) সং, ক্লীং, উত্তরায়ণ।

উদগ্র (উৎ উপরি—অগ্র শেষ, আগা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘ, উচ্চ, উন্নত। শিং—১"সবৃক্ষ শিখরোদগ্রঃ (ভূমিধরঃ)।" ২। উদ্ধত। শিং ১ "মদোদগ্রা ককুদ্মন্তঃ।" (রঘু) ৩। উৎকট। ৪। বৃহৎ, মহৎ, প্রকাণ্ড। ৫। তীব্র। ৬। উদ্ধৃত।

উদঙ্ক (উদ্ অনচ্ গমন করা + অ ঘঞ্ —ধি) সং, পুং, চর্ম্মপাত্র, কুঁপা। ২। (+ঘঞ্—ণ) সন্দংশ। শিং—১ "হৃদয়োদঙ্কসংস্থানং কৃতাস্থানামসন্নিভম্।" (ভট্টি)।

উদঙ্মুখ (উদচ্ উত্তর—মুখ) বিং, ত্রিং, উত্তরমুখ। শিং—১ "উদঙ্মুখঃ সোহস্ববিদস্ত্রমন্ত্রম্।" (রঘু)।

উদচ্, উদঞ্চ ( উৎ উপরি—অনচ্ গমন করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, উত্তরাভিমুখ। ২। অং, ত্রিং, উত্তরদিক্, দেশ বা কাল। ৩। উর্দ্ধগত। শিং—১ "রবেরুদগাবৃত্তিপথেন। ২ গতিরুদগ্দক্ষিণার্কস্য।"

উদজ (উৎ—অজ্ ক্ষেপণ করা+অ(অল্) —ভা) সং, পুং, পশুপ্রেরণ। ২। ( উদ্—জন্ উৎপন্ন হওয়া+ড—ক) বিং, ত্রিং, উদকজাত।

উদঞ্চন ( উদঞ্চিত দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, উর্দ্ধক্ষেপণ, উদ্গমন। ২। (+ অনট্—র্ম্ম) আচ্ছাদন-পাত্র, ঢাকুনি। ৪। জলোত্তলন পাত্র।

উদঞ্চিত (উৎ উপরি—অন্চ গমন করা পূজা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত। শিং—১ "উদঞ্চিতাক্ষোঽঞ্চিতদক্ষিণোরুঃ।" (ভট্টি)। ২। পূজিত। ৩। আকুঞ্চিত। ৪। (+ক্ত—ক) উদ্গাত।

উদধি (উদ জল—ধি যে ধারণ করে, ২য়া—ষ, অথবা উ জল—ধা ধারণ করা +ই(কি)—ধি) সং, পুং, জলধি, সমুদ্র। শিং—১ "যথোদধীনাং চ বরো মহার্ণবঃ। ২ অপেয়শ্চ মহোদধিঃ। ৩ চন্দ্রোদয়ইবোদধেঃ।" (রঘু)।

উদধিমেখলা ( উদধি—মেখলা কটিভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী।

উদন্ত ( উৎ বিভেদক—অন্ত শেষ ) সং, পুং, বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ। "শ্রুত্বা রামঃ প্রিয়োদন্তম্। (রঘু)। ২। সাধু।

উদন্যা (উদক+য(ক্য)—ইচ্ছার্থে। ক=ন, অ—ভা ) সং, স্ত্রীং, উদক পানেচ্ছা, পিপাসা। শিং—১ "ব্যসান্নুদন্যাং শিশিরৈঃ পয়োভিঃ।" (ভট্টি)।

উদন্বান্ ( উদন্বৎ, উদক+মৎ(বতু)—অস্ত্যর্থে। ম=ব। ক=ন ) সং, পুং, উদধি, সমুদ্র। শিং—১"নবৈরুদন্বানিব চন্দ্রপদৈঃ।"

উদপান (উদ জল—পান [পা পানকরা+ অন(অনট্)—ধি] পানের স্থান, ৬ষ্ঠী—য) সং, পুং—ক্লীং, কূপ সমীপে চৌবাচ্চা। শিং—১ "তথা সরোদপানানাং (সরস্+ উদপানানাং ) সর্ব্বেষাং সাগরোঽগ্রজঃ। নির্জ্জলেষু চ দেশেষু খনয়ামাস্থরুত্তমান্।"

উদমাদা (দেশজ) বিং, নির্ব্বোধ, আতুর।

উদয় (উৎ উর্দ্ধ—ই গমনকরা+অ(অল্)—পা, যাহা হইতে সূর্য্যাদির উদয় হয়) সং, পুং, পূর্ব্বপর্ব্বত, উদয়াচল। ২। (+ অল্—ভা) উৎপত্তি, উদ্ভব; যথা—জ্ঞানোদয়, ফলোদয়। ৩। উত্থান,উঠা। ৪। আবির্ভাব,প্রকাশ; যথা—সূর্য্যোদয়,মেঘোদয়। ৫। উপস্থিতি, যোগান; যথা—বুদ্ধির উদয়। ৬। লাভ। ৭। ফলসিদ্ধি। ৮। পরাভবসামর্থ্য। ৯। বৃদ্ধি। ১০। প্রাদুর্ভাব। ১১। উৎকর্ষ। ১২। ( +অল্—ধি ) লগ্ন। শিং—১ "উদয়ঃ সাগরস্যেব পর্ব্বকালে। ২ নবোদয়ং নাথমিবৌষধীনাম্। ৩ প্রাকাশ্যং স্বগুণোদয়েন গুণিনো গচ্ছন্তি। ৪ উদয়াদুদিতং দীপ্তং জ্বালাপিণ্ডসমপ্রভম্।"

উদয়গিরি (উদয়—গিরি) সং,পুং, প্রাতঃকালে যে পর্ব্বতে সূর্য্যের উদয় হয়, উদয়াচল, উদয়াদ্রি। এই পর্ব্বতের সৌমনা নামে একটি শৃঙ্গ আছে। উহা এক যোজন বিস্তৃত, ও দশযোজন উন্নত। পূর্ব্বে পুরুষোত্তম বিষ্ণু, ত্রৈলোক্য আক্রমণ কালে, ঐ শৃঙ্গে একপদ ও সুমেরুতে দ্বিতীয় পদ স্থাপন করিয়াছিলেন। পৌরাণিকদিকের মতে সূর্য্য এই পর্ব্বত হইতে প্রত্যহ উদয় হন। ২। কটকের ১০ ক্রোশ দক্ষিণে ও ভুবনেশ্বরের ২½ ক্রোশ পশ্চিমে এই নামে একটি পর্ব্বত আছে। ৩। বিদর-Beder) নগর হইতে ২০ ক্রোশ উ-উ-প দিকে অবস্থিত। এই স্থানে পেশোয়া ১৭৬০ খ্রীষ্টাব্দে যুদ্ধে জয় লাভ করেন। ইহার ইংরাজী নাম উদ্গীর (Udghir)। এই যুদ্ধে মহারাষ্ট্রীয়েরা, মোগলদিগের নিকট হইতে আহম্মদনগর, দৌলতাবাদ আশীর্ব্বর, বিজয়পুর (Bijapur) ও অওরঙ্গাবাদ লাভ করেন।

উদয়ন (উদয় দেখ, অন—ক, সংজ্ঞার্থে) সং, পুং, অগস্ত্য। ২। কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থকারক, উদয়নাচার্য্য। ইনি শতানিকের পৌত্র। বুদ্ধদেব যে দিন জন্ম গ্রহণ করেন, ইনিও সেইদিন জন্মিয়াছিলেন। হুয়েন্সাঙ বলেন, বুদ্ধদেব ইহাঁর ধর্ম্মশিক্ষক ছিলেন। (Cun.) রাজধানী কৌশাম্বী। ইহাঁর দুই পত্নী, বাসবদত্তা ও রত্নাবলী। মন্ত্রীর নাম যৌগন্ধরায়ণ। পুত্রের নাম নরবাহনদত্ত। ৩। বৎসরাজ। ৪। বৃষভরাজ। ৫। (+অন্—ভাবে) ক্লীং, উত্থান, উদয়। শিং—১ "পূর্ব্বতঃ সাগরস্যেন চন্দ্রস্যোদয়নং প্রতি।"

উদয়মান (উদয়+আন(শান) - র্ম্ম) বিং,ত্রিং, যাহার উদয় হইতেছে, প্রকাশমান। ২। জায়মান, উৎপদ্যমান।

উদয়াস্ত (উদয় - অস্ত) সং, ক্লীং, উদয় হইতে অস্ত পর্য্যন্ত কাল, প্রাতঃকাল হইতে সন্ধ্যাপর্য্যন্ত সময়। ২। ক্রিং - বিং, উদয় হইতে অস্ত পর্য্যন্ত।

উদয়োন্মুখ (উদয় - উন্মুখ, ৭মী - ষ) বিং, ত্রিং, উদয়ে উন্মুখ, যাহার উদয় হইবার উপক্রম হইয়াছে।

উদর (উদ্ উপর - ঋ গমন করা + অ (অন্) - ক। যে উপরে গমন করে কিম্বা আহার দ্বারা স্ফীত হয়) সং, ক্লীং, জঠর, পেট। ২। (+অল - দি) অভ্যন্তর। শিং - ১ "গিরিকন্দরোদর। ২ বাতেমোদরং পূরয়িত্বা। ৩ কুসুমমিবপিনদ্ধং পাণ্ডুপত্রোদরেণ।" ৩। যুদ্ধ। রী - স্ত্রীং, (উৎ - দৃ বিদীর্ণ হওয়া, ভীত হওয়া+অন্ - ক। ঈপ্ - স্ত্রীলিঙ্গে) উদরস্ফীততা রোগবিশেষ।

উদরগ্রন্থি (উদর তলপেট - গ্রন্থি গাঁইট, ৭মী - ষ) সং, পুং, গুল্মরোগ।

উদরত্রাণ (উদর পেট - ত্রাণ যে রক্ষাকরে) সং, ক্লীং, উদরবন্ধবস্ত্রাদি, কোমরবন্ধ।

উদরপরতা (Gluttony, উদর - পর+তা - ভা) সং, স্ত্রীং, রোগবিশেষ; যথা— "বিশাল-উদর বসে উদরপরতা।" (মেঘ)।

উদরপরায়ণ (উদর - পরায়ণ অনুরক্ত, ৭মী - ষ) বিং, ত্রিং, উদর পূরণে ব্যগ্র, উদরপূরণ যার প্রধান কর্ম্ম, উদরসর্ব্বস্ব, পেটুক, ঔদরিক।

উদরপিশাচ (উদর - পিশাচ, ৭মী - ষ) বিং, ত্রিং, যে আহার বিষয়ে যথেচ্ছ আচরণ করে, যাহা ইচ্ছা তাহাই খায়, ভাল মন্দ পথ্য অপথ্য নিষিদ্ধ অনিষিদ্ধ কিছুই বিবেচনা করে না, যথেচ্ছাহারী, যথেচ্ছভোজী। [ঙ্গিয়া যাওয়া, ভেদ হওয়া।

উদরভঙ্গ (উদর - ভঙ্গ) সং, পুং, পেট ভা-

উদরম্ভরি (উদরম্ উদরকে - ভরি [ভৃ পোষণ করা+ই(খি) - ক] যে ভরে) বিং, ত্রিং, আত্মম্ভরি, স্বোদরমাত্রপূরক, পেটুক।

উদরাময় (উ[দর] পেট - আময় পীড়া, ৬ষ্ঠী - ষ) সং, [পুং], উদররোগ, পেটের পীড়া।

উদরাবর্ত্ত (উদর - আবর্ত্ত ঘূর্ণন, ৬ষ্ঠী - হিং) সং, পুং, নাভি। [গর্ভবতী।

উদরিণী (উদরিন+ঈ - স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,

উদরী (উদর+ঈ - বিকারার্থে) সং, স্ত্রীং, উদরস্ফীততা, রোগবিশেষ।

উদরী, উদরিল (উদরিন্, উদর+ইন্, ইল - অস্ত্যর্থে) বিং, ত্রিং, তুন্দিল, স্থূলোদর, ভুঁড়া।

উদর্ক (উদ্ অতিশয় - ঋচ স্তব করা+অ (ঘ[ঞ্]) - র্ম্ম, সংজ্ঞার্থে) সং,পুং, যে ফলের প্রত্যাশায় কর্ম্ম করে, ভবিষ্যৎফল। ২। ভাবিকাল। ৩। মদনকণ্টক বৃক্ষ, ময়না গাছের কাঁটা। শিং - ১ "পশ্চাদুদর্কে জ্ঞাস্যসি কারণং যদ্ ভবিষ্যতি। ২ উদর্কস্তব কল্যাণো ভবিতা। ৩ উদর্কস্তব কল্যাণি তুষ্টো দেবগণেশ্বরঃ। দাতুমিচ্ছতি তে পুংং যথা সংকল্পিতং ত্বয়া।"

উদর্চ্চিঃ (উদর্চ্চিস্, উৎ উদ্গত - অর্চ্চিস প্রভা, ৬ষ্ঠী - হি) বিং, ত্রিং, প্রজ্জ্বলিত, উদ্গতশিখ। [শিং] - ১ "কৃশানোরুদর্চ্চিষস্ত্রিথুনং চক[...]" (রঘু)। ২। সং, পুং, অগ্নি। ২। [শি]ব। ৩। (উৎকৃষ্ট কান্তি বলিয়া) কন্দর্প।

উদবসিত (উদ জল - বসিত [বস্ আচ্ছাদন করা+ত(ক্ত) - র্ম্ম] আচ্ছাদিত। জল নিবারণ জন্য যাহা আচ্ছাদিত হয়, অথবা উদ - অব - সি বন্ধনকরা+ক্ত - র্ম্ম, ৪র্থী - ষ) সং, ক্লীং, ভবন, বসতি বাটী। পরিখাবেষ্টিত বসতি বাটী।

উদবাস (উদ জল - বাস) সং, পুং, জলমধ্যে বাস। শিং - ১ "সহস্যরাত্রীরুদবাসতৎপরা।" (কুমার)।

উদবিন্দু (উদ - বিন্দু) সং, পুং, জলকণা।

উদশ্বিৎ (উদ জল - শ্বি বৃদ্ধি পাওয়া+০(ক্বিপ্) - ক। যে জল দ্বারা বাড়ে, ৩য়া - ষ) সং, ক্লীং, অর্দ্ধ জলযুক্ত ঘোল।

উদস্ত (উৎ - অস্ ক্ষেপণ করা+ত(ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত, ইতস্ততঃ বিক্ষিপ্ত। ২। বহিষ্কৃত, অপসারিত।

উদাত্ত (উৎ উচ্চ—আত্ত [আ—দা "দান করা" উচ্চারণ করা+ত(ক্ত)—র্ম্ম] উচ্চারিত। যাহা উচ্চ করিয়া উচ্চারণ করা যায়) সং,পুং, [বেদের] উচ্চস্বরবিশেষ। ২। দান। ৩। বাদ্যবিশেষ। ৪। বিং,ত্রিং,দাতা। ৫। মহান্‌। ৬। হৃদয়ঙ্গম। ৭। বিখ্যাত। ৮। দয়ালু। ৯। স্ত্রীং, অর্থালঙ্কারবিশেষ, অলৌকিক সম্পত্তিবর্ণন, দান অথবা মহৎ ব্যক্তিদের চরিত যদি প্রস্তুত বিষয়ের অঙ্গ হয়। শিং—১ "অবিকত্থনঃ ক্ষমাবানতিগম্ভীরো মহাসত্ত্বঃ। স্থেয়ান্নিগূঢ়মানো ধীরোদাত্তো দৃঢ়ব্রতঃ কথিতঃ। ২ তস্যাদিত উদাত্তং স্বরার্দ্ধমাত্রম্‌। ৩ নিহন্ত্যরীনেকপদে য উদাত্তঃ স্বরানিব।"

উদান (উৎ—আ—অন বাঁচা+অ(ঘঞ্‌)—ণ। এই বায়ুদ্বারা কথনাদি হয় বলিয়া ইহার দ্বারা বাঁচে) সং, পুং, কণ্ঠস্থ বায়ু। ২। ঊর্দ্ধগমনশীল কণ্ঠস্থানীয় উৎক্রমণবায়ু। ৩। নাভি। ৪। (উদ্‌—আ—অন বাঁচ+অন্‌—ক) সর্পবিশেষ। ৫। পক্ষ্ম। ৬। স্ত্রীং, গাথাবিশেষ। শিং—১"ত্রয়ো বৈ প্রাণাঃ প্রাণ উদানো ব্যানঃ। ২ উদানঃ কণ্ঠস্থানীয় ঊর্দ্ধগমনবানুৎক্রমণবায়ুঃ।"

উদাপু (উৎ—আপ্‌ প্রাপ্ত হওয়া+উ(উন্‌)—সংজ্ঞার্থে) সং,পুং, মগধরাজ জরাসন্ধের পৌত্র।

উদায়ুধ (উৎ ঊর্দ্ধ—আয়ুধ অস্ত্র) বিং, ত্রিং, বধার্থে যে অস্ত্র উত্তোলিত করিয়াছে, উদ্ধৃতাস্ত্র।

উদার (উৎ—আ—ঋ [গমন করা] দান করা ইত্যাদি+অ(ড)—ক) বিং, ত্রিং, দাতা। ২। মহাত্মা। ৩। উৎকৃষ্ট। ৪। গম্ভীর। ৫। সরল, অকপট, ঋজু। ৬। মহৎ, উচ্চ। দয়ালু, বদান্য। ৭। দক্ষিণ। ৮। কাব্যগুণবিশেষ। শিং—১ "উৎকর্ষবান্‌ গুণঃ কশ্চিদুক্তে যস্মিন্‌ প্রতীয়তে। তদুদারাহ্বয়ং তেন সনাথা কাব্যপদ্ধতিঃ। শ্লাঘ্যৈর্বিশেষণৈর্যুক্তমুদারং কৈশ্চিদিষ্যতে।" ২ "স তথেতি বিনেতুরুদারমতেঃ।" (রঘু)। ৩ "তথাহি তে শীলমুদারদর্শনে।" (কুমার)।

উদারচরিত (উদার—চরিত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার আচরণে ও ব্যবহারে রাগ, দ্বেষ, হিংসা, ঈর্ষ্যা, খলতা, কপটতা, তুচ্ছাশয়তা, নীচপ্রবৃত্তি, প্রভৃতি দোষ লক্ষিত হয় না।

উদারচিত্ত (উদার—চিত্ত) বিং, ত্রিং, যার চিত্ত উদার, যার চিত্তের ঔদার্য্য আছে, সরলচিত্ত, উন্নতচিত্ত।

উদারতা (উদার দেখ, তা—ভাবে) সং, স্ত্রীং, সরলতা, ঋজুতা। ২। মহত্ত্ব, ঔন্নত্য। দয়ালুতা, বদান্যতা।

উদারধী (উদার সরল—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহদাশয়, সরলচিত্ত, কপটতাশূন্য, যাহার হৃদয়ে কপটতা নাই। শিং—১"ধিয়ঃ সমগ্রৈঃ স গুণৈরুদারধীঃ।" (রঘু)। ২। (ষং—স) স্ত্রীং, মহতীবুদ্ধি। ৩। পুং, ধ্রুবের পৌত্র, পুষ্টির পুত্র।

উদারস্বভাব (উদার—স্বভাব) বিং, ত্রিং, যার স্বভাব উদার, সরলস্বভাব। ২। উন্নত স্বভাব। ৩। দয়ালুস্বভাব।

উদারস্বভাবতা (উদারস্বভাব+তা—ভাবে) সং,স্ত্রীং, স্বভাবের ঔদার্য্য, সরলস্বভাবতা, ঋজুস্বভাবতা। ২। উন্নতস্বভাবতা। ৩। দয়ালুস্বভাবতা।

উদারা—নিম্ন সপ্তকের স্বর; উদর হইতে [উচ্চার্য্য।

উদাবৎসর; সং, পুং, বর্ষপঞ্চকের মধ্যে বর্ষবিশেষ; ইহাতে রৌপ্যদানে মহাফল।

উদাবর্ত্ত (উদ্‌ উপরি—আবর্ত্ত [আ—বৃত্‌ রোধ করা + অ(অল্‌)—ভা] বাসস্থান) সং,পুং, রোগবিশেষ, মলমূত্র বায়ুরোধক রোগ।

উদাবসু; সং,পুং, জনকবংশীয় রাজাবিশেষ।

উদাস (উদ্‌—আস্‌ উপবেশন করা+অ(অন্‌)—ক) সং, পুং, সর্ব্ববিষয়ে বিরাগ, সাংসারিক বিষয়ে বিরক্তি, বিষয়বিতৃষ্ণা, বিষয়বাসনাপরিত্যাগ। ২। উপেক্ষা, ঔদাস্য, নিরুৎসাহতা। ৩। (উদ্‌—অস্‌ হওয়া+অ(ঘঞ্‌)—ভাবে) উৎক্ষেপ। ৪। উচ্চতা। ৫। বিং, ত্রিং, উদাসীন। ৬। বিরাগী।

উদাসিতা }
উদাসীন } (উদাসিত্‌, উদ্‌ উপরি—আস্‌ উপবেশন করা+তৃ

(তৃন্), আন(শান) — ক) বিং,ত্রিং, নিঃসঙ্গ, বৈরাগী, বিষয়বিরত হইয়া ধর্ম্মচিন্তায় একান্ত রত। ২। যাহার সহিত আলাপ পরিচয় বা সম্পর্ক নাই। ৩। নিঃসম্বন্ধ, নিঃসম্পর্ক। ৪। তটস্থ। ৫। মধ্যস্থ, যে ব্যক্তি কোন পক্ষেই লিপ্ত নয়, না পক্ষ না বিপক্ষ। ৬। যে শত্রুও নয় মিত্রও নয়। ৭। যে উপস্থিত বিষয়ে লিপ্ত না হইয়া পৃথক্ থাকে।

উদাসী (উৎ — আস্ থাকা + ইন্ — ক) বিং, ত্রিং, যাহার মনে উদাস জন্মিয়াছে, যে বিষয়বাসনা পরিত্যাগ করিয়াছে, বিষয়বিরক্ত, বিরাগী। সং, পুং, সন্ন্যাসী।

উদাসীন ( উৎ ঊর্দ্ধ — আসীন উপবিষ্ট, নয় উপকারী নয় অপকারী কেবল ঊর্দ্ধে আসীনের ন্যায় ) বিং, ত্রিং, নিঃসঙ্গ, বৈরাগী। (উদাসিতা দেখ)।

উদাসীনসাম্যভাব — যে ভাবে অবস্থিত হইলে অবস্থান্তরবশতঃ সাম্যভাবের ধ্বংস হয় না, প্রত্যুত সেই নূতন অবস্থাতেও পুনরায় সাম্যভাব হয় তাহাকে 'উদাসীনসাম্যভাব' বলে।

উদাস্থিত ( উদ্ উপরি — আ — স্থা থাকা + ত(ক্ত) — র্ম্ম) সং, পুং, চর। ২। দ্বারপাল। ২। অধ্যক্ষ। ৩। নষ্ট সন্ন্যাসধর্ম্ম পরিব্রাজক। ৪। বিং, ত্রিং, উদ্বর্ত্তপ্রাপ্ত, উল্টা।

উদাহরণ — ক্লীং } (উদ্ — আ — হৃ আহরণ করা + অন, অ(ঘঞ্)
উদাহার — পুং } — ভা) সং, ক্লীং, কোন বিষয় স্পষ্ট বা সপ্রমাণ করিবার নিমিত্ত অন্য বিষয়ের উল্লেখ, দৃষ্টান্ত। ২। নিদর্শন। ৩। বর্ণন, কীর্ত্তন। ৪। উল্লেখ। ৫। প্রকৃত বিষয়ের সমর্থক কথাপ্রসঙ্গ। ৬। সূত্রের অর্থ স্পষ্টরূপ বুঝাইবার নিমিত্ত প্রয়োগ দেখান, প্রয়োগপ্রদর্শন। ৭। সন্দর্ভ। শিং — ১"ললিতার্থবন্ধনংপত্রে নিবেশিতমুদাহরণং প্রিয়ায়াঃ।"

উদাহৃত (উদাহরণ দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহা উদাহরণ দেওয়া গিয়াছে, উল্লিখিত। ২। দৃষ্টান্তরূপে কথিত। ৩। উচ্চারিত। ৪। বর্ণিত। শিং — ১ "শ্রুতান্বিতোদশরথ ইত্যুদাহৃতঃ।" ৫। উল্লিখিত।

উদিত (উদ্ উপরি — ইত [ই গমনকরা + ত(ক্ত) — র্ম্ম] গত) বিং, ত্রিং, উত্থিত। শিং — ১ "তদুদিতঃ স হি যো যদনন্তরঃ।" (নৈষধ)। ২। উদ্গত। ৩। উন্নত। ৪। উৎপন্ন। ৫। উদয়প্রাপ্ত। শিং — ১ "উদিতে জগতীনাথে যঃ কুর্য্যাদ্দন্তধাবনং।" (স্মৃতি)। ৬। প্রাদুর্ভূত। ৭। (+ক্ত — ভাবে) ক্লীং, উদয়। ৮। ( + ক্ত — ধি) রাশির উদয়ে যে লগ্ন। ৯। ( উদ্ — বদ্ বলা + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, উক্ত, কথিত, নির্দ্দিষ্ট, উল্লিখিত। শিং—১ "শ্রুতিস্মৃত্যুদিতং ধর্ম্মম্।" ১০। বদ্ধ। ১১। (+ক্ত — ভাবে) কথন।

উদিতোদিত (উদিত [ধর্ম্ম এবং বিধি কর্ত্তৃক] কথিত — উদিত [উত্থিত] বিখ্যাত) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ।

উদিত্বর ( উদ্ — ই গমন করা + বর(ক্বরপ্) — ক) বিং, ত্রিং, উদ্গত। ২। উদয়শীল।

উদীক্ষণ ( উদ্ — ঈক্ষণ দর্শন ) সং, ক্লীং, উর্দ্ধেক্ষণ, দর্শন। ২। প্রতীক্ষা।

উদীচী (উদচ্ উত্তর + ঈপ্ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উত্তরদিক্।

উদীচীন (উদীচী + ঈন(খীন) — ইদমর্থে) বিং, ত্রিং, উত্তরদিক্সম্বন্ধীয়, উত্তরদিক্সম্ভূত, উত্তরদিক্নিবাসী, উদীচ্য।

উদীচ্য (উদীচী + য(ষ্যৎ) — ভবার্থে) বিং,ত্রিং, উত্তরদেশীয়। ২। সং, পুং, সরস্বতী নদীর উত্তর পশ্চিমস্থ দেশ। ২। ক্লীং, বালনাম গন্ধদ্রব্য, বালা। শিং — ১ "উদীচ্যাশ্চ প্রতীচ্যাশ্চ দাক্ষিণাত্যাশ্চ কেবলাঃ। কোট্যাঃ পরান্তাঃ সমুদ্রা রত্না ন্যুপহরন্ত তে।"

উদীচ্যবৃত্ত ( Arctic Circle ) উত্তরমেরুর ২৩৷৷০ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে।

উদীচ্যেতরবৃত্ত (Antarctic Circle) দক্ষিণ মেরুর ২৩৷৷০ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে।

উদীরণ (উদ্ উপরি — ঈর্ গমন করা ইত্যাদি + অন(অনট্) — ভা ) সং, ক্লীং, উচ্চারণ। শিং — ১"উদঘাত প্রণবো যাসাং ন্যায়েস্ত্রিভিরুদীরণম্।" ২। কথন। ৩। বিজৃম্ভণ। ৪। উদ্দীপন। ৫। প্রেরণ। ৬।

উৎপত্তি। ৭। উল্লেখ, নির্দ্দেশ, বর্ণনা, প্রকাশন। ৮। উৎক্ষেপণ।

উদীরিত (উদীরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চারিত। ২। কথিত। ৩। উদ্দীপিত। শিং—১ "অভিলাষমুদীরিতেন্দ্রিয়ঃ।" ৪। বিজৃম্ভিত। ৫। প্রেরিত। ৬। উৎক্ষিপ্ত।

উদীর্ণ (উদ্ উপরি—ঋ গমনকরা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উদ্গত। ২। উদ্ধত। ৩। উদ্দীপ্ত। ৪। উদ্রিক্ত। ৫। উদার, প্রগাঢ়, উৎকট, প্রবল। শিং—১"ভবল্লব্ধবরোদীর্ণ স্তারকাখ্যো মহাসুরঃ।" ৬। পুং, বিষ্ণু। শিং—১"উদীর্ণঃ সর্ব্বতশ্চক্ষুরনীশঃ শাশ্বতঃ স্থিরঃ।"

উদীর্য্যমাণ (উদ্—ঈর্ প্রেরণ করা+শান—র্ম্ম) বিং, ত্রিং, কথ্যমান, বর্ণ্যমান, নির্দ্দিশ্যমান, উল্লিখ্যমান। ২। উচ্চার্য্যমাণ।

উদুম্বর (উডুম্বর দেখ) সং, পুং, ডুমুর, যজ্ঞডুমুর গাছ। ২। দেহলী। ৩। ক্লীব। ৪। কুষ্ঠরোগবিশেষ। ৫। (উদুম্বর+ষ্ণ) ক্লীং, তৎফল। ৬। তাম্র।

উদুম্বরদলা; সং, স্ত্রীং, দন্তীবৃক্ষ।

উদুম্বরপর্ণী; সং, স্ত্রীং, দন্তিকাবৃক্ষ।

উদূখল (উদ্ উপরি—খল যে গমন করে। কিম্বা উদ্ উপরি—খ আকাশ+ল—অস্ত্যর্থে। ক্রমদীশ্বর বলেন, যাহার মুখ ঊর্দ্ধদিকে, নিপাতন) সং, পুং—ক্লীং, ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্রবিশেষ, এই পাত্রে তণ্ডুলাদি রাখিয়া মুষল প্রহার দ্বারা পরিষ্কার করে, উখলি; যথা—

"ননী চুরি কৈলা হরি, যশোদা আনিল ধরি
উদুখলে করিলা বন্ধন।" (অন্নদা)।

শিং—১ "হস্তাগ্রাহ্যে রচয়তি বিধিং পীঠকোদূখলাদ্যৈঃ।"(ভাগবত)। ২। গুগ্গুলু।

উদূঢ় (উদ্ উপরি—বহ্ বহন করা+ত(ক্ত)—র্ম্ম। নিপাতন) বিং, ত্রিং, ধৃত, বাহিত। ২। বিবাহিত, পরিণীত। ৩। স্থূল। ৪। উন্নত।

উদেজয় (উদ্—এজ্-ঞি=এজি কম্পিত করান+অ(শ)—ক) বিং, ত্রিং, উৎকম্পজনক। ২। ভয়প্রদ। শিং—১"উদেজয়ান্ ভূতগণান্ন্যষেধীৎ।" (ভট্টি)।

উদ্গত (উদ্ উপরি—গত যে গিয়াছে) বিং, ত্রিং, উত্থিত। ২। উৎপন্ন। ৩। উদিত।

উদ্গত্বর (উদ্—গত্বর [গম্ গমন করা+বর(ক্বরপ্)—ক] গমনশীল) বিং, ত্রিং, উদ্যৎ, উদয়শীল।

উদ্গম—পুং
উদ্গমন—ক্লীং
উদ্গতি—স্ত্রীং
(উদ্ উপরি—গম্ গমন করা+অ(অল্), অন(অনট্)—ক)সং, পুং, উত্থান। ২। উৎপত্তি। ৩। উদয়, উঠা।

উদ্গমনীয় (উদ্ উপরি—গম্ গমনকরা+অনীয়—র্ম্ম) সং, ক্লীং, ধৌত বস্ত্রযুগল, ধোয়া যোড়। শিং—১ "গৃহীতপত্যোদ্গমনীয়বস্ত্র। ২ তৎস্যাদুদ্গমনীয়ং যৎ ধৌতয়োর্বস্ত্রয়োর্যুগং।"(অমরব্যাখ্যা)। ২। বিং, ত্রিং, আরোহণীয়।

উদ্গাঢ় (উদ্ অতি—গাঢ় অতিশয়) ক্রিং—বিং, ক্লীং, অতিশয়, অধিক, অতিমাত্র। শিং—১ "প্রেমার্দ্রাঃ প্রণয়স্পৃশঃ পরিণয়াদুদ্গাঢ়রাগোদয়াঃ।"

উদ্গাতা (উদ্গাতৃ, উদ্ উচ্চ—গাতা যে গান করে) সং, পুং, সামবেদপাঠক। ২। বিং, ত্রিং, উচ্চৈর্গানকর্ত্তা; যথা—"শব্দায়মান ভীমসেন উদ্গাতা ও স্তোতা হইবেন।"

উদ্গার—পুং
উদ্গিরণ—ক্লীং
(উদ্ উপরি—গৄ ভোজন করা+অ(ঘঞ্), অন(অনট্)—ভা) সং, উচ্চারণ। ২। বমন। ৩। নিঃসরণ। ৪। মুখদ্বারা বায়ুনির্গম, ঢেকুর। ৫। (+ঘঞ্—র্ম্ম) বড়িশ। শিং—১"মদোদ্গারসুগন্ধিষু কটেষু করিণাম্। ২ ধূমোদ্গারানুকৃতি নিপুণা জর্জ্জরা নিষ্পতন্তি।"

উদ্গীত (উদ্ উচ্চ—গীত) বিং, ত্রিং, উচ্চৈঃস্বরে গীত।

উদ্গীতি (উদ্—গীতি ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, আর্য্যাচ্ছন্দোবিশেষ। ২। উচ্চৈঃস্বরেগান।

উদ্গীথ (উদ্ উচ্চারণ—গৈ গান করা+থ(থক্)—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, সামবেদের অংশবিশেষ। ২। প্রণব। ৩। সামবেদধ্বনি। ৪। সামগান। ৫। সামবেদের দ্বিতীয় অধ্যায়। শিং—১ "উদ্গীথরম্য পদপাঠবতাঞ্চ সাম্নামিতি।"(দেবী মাং)।

উদ্গীর্ণ (উদ্গার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বমিত, বান্ত। ২। উচ্চরিত। ৩। উত্থিত। ৪। অনুরঞ্জিত। ৫। অনুবিদ্ধ। ৬। প্রতিবিম্বিত। ৭। নির্গত। ৮। উৎসৃষ্ট। শিং—১ "প্রশমাদর্চ্চিষামেতদনুদ্গীর্ণং সুবায়ুধং।"

উদ্গূর্ণ (উদ্ উপরি—গুর্ উত্তোলনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উত্তোলিত, উত্থান। ২। উদ্যত। "উদ্গূর্ণ লগুড়াশ্মভিঃ।"

উদ্গ্রথিত (উদ্—গ্রন্থ্ গাঁথা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধে সংযত, উপরিভাগে বদ্ধ।

উদ্গ্রহ—পুং } উদ্গ্রহণ—ক্লীং } (উদ্—গ্রহ্ গ্রহণ করা +অ(অল্), অন(অনট্)—ভা) সং, গ্রহণ। ২। গিলন।

উদ্গ্রাহ (উদ্—গ্রহ্ গ্রহণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, গ্রহণ। ২। তৎনির্ব্বন্ধ। ৩। বিদ্যাবিচার।

উদ্গ্রাহিত (উদ্ উপরি—গ্রাহিত নীত) বিং, ত্রিং, বদ্ধ। ২। আক্রান্ত। ৩। অন্তঃকরণে অর্পিত। ৪। উপন্যস্ত। ৫। প্রত্যর্পিত। ৬। গ্রাহিত। ৭। উন্নমিত।

উদ্ঘ (উদ্ অধিক—ঘণ্ দীপ্তি পাওয়া+অ(অল্)—ভা। ণ—লোপ) সং, পুং, প্রশংসা। ২। (+অল্—ক) বহ্নি। ৩। (উদ্—হন্ আঘাত করা+অ(অন্)—ক) করপুট। ৪। বায়ু। ৫। বিং, ত্রিং, প্রকাণ্ড। ৬। প্রশস্ত। শিং—১ "পিপ্রায়াদ্রিগুহোপঘ্নানুদ্ঘান সংগমমাগতাম্।"

উদ্ঘট্টন (উদ্ উপরি—ঘট্টন সংযোগ) সং, ক্লীং, আঘাত, প্রহার, ধাক্কামারা। ২। উন্মোচন। শিং—১"তত্রাবশ্যং বলয়কুলিশোদ্ঘট্টনোদ্গীর্ণতোয়ং।"(মেঘদূত)।

উদ্ঘট্টিত (উদ্ উপরি—ঘট্টিত সংযোজিত) বিং, ত্রিং, আহত। ২। উন্মোচিত।

উদ্ঘন (উদ্ উপরি—হন্ বধ করা+অ(অল্)—ধি) সং, পুং, লৌহময় বা কাষ্ঠময় আধার, কর্ম্মকার বা সূত্রধরেরা যাহার উপর রাখিয়া কাষ্ঠাদি পরিষ্কার করে, পরকাঠ। শিং—১ "[illegible] তাপধনাং স্থিরম্।" (ভট্টি)।

উদ্ঘর্ষণ (উদ্ উপরি—ঘর্ষণ ঘসা) সং, ক্লীং, উপরি ঘর্ষণ, ইষ্টকাদি কঠিন দ্রব্যের দ্বারা গাত্রাদি মার্জ্জন। শিং—১"উদ্ঘর্ষণং [illegible] বিজ্ঞেয়ং কণ্ডূকীটমলাপহং।" (সুশ্রুত)।

উদ্ঘস (উদ্ অদ্ ভক্ষণ করা+অ(অল্)—[illegible] অদ=ঘস। যাহা ভক্ষিত হয়) [illegible], মাংস। ২। ভক্ষ্যবস্তু।

উদ্ঘট্ট (উদ্ অধিক—ঘট্ প্রকাশ পাওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, উদ্ঘাটন। ২। (+ঘঞ্—ধি) পণ্যাদি দ্রব্য দর্শনার্থ উদ্ঘাটিত স্থান। ৩। রাজস্বগ্রহণ স্থান। ৪। কুতঘাট।

উদ্ঘাটক (উদ্—ঘট-ণিচ্=ঘাটি প্রকাশ পাওয়ান+অক(ণক)—ক) বিং, ত্রিং, উন্মোচনকারী। ২। উত্তোলনকারী। ৩। উল্লেখক। ৪। প্রকাশক। ৫। সং, পুং—ক্লীং, কূপের জল তুলিবার যন্ত্র, ঘটীযন্ত্র। ৬। ঘূরণা। ৭। চাবি।

উদ্ঘাটন (উদ্—ঘাটি [চেষ্টা করা] তুলা ইত্যাদি+অন(অনট্)—ণ) সং, ক্লীং, কূপের জল তুলিবার জন্য রজ্জু সহিত চক্রপাত্র। ২। (+অনট্—ভাবে) খুলিয়া ফেলন, উন্মোচন; যথা—দ্বারোদ্ঘাটন। ৩। উল্লেখ। ৩। প্রকাশকরণ। ৪। বিং, ত্রিং, উন্মোচনসাধন দ্রব্য, যাহার দ্বারা খোলা যায়। শিং—১"ধর্ম্মং যো ন করোতি নিশ্চলমতিঃ স্বর্গার্গলোদ্ঘাটনম্।"

উদ্ঘাটিত (উদ্ঘাটন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উদ্ঘাটন হইয়াছে, উন্মোচিত, খোলা। ২। প্রকাশিত।

উদ্ঘাত (উৎ—হন্ বধ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রতিঘাত, ঠোকর লাগা। শিং—১ "যথাবনুদ্ঘাতসুখেন মার্গং।" (রঘু)। ২। বাধা। ৩। আরম্ভ, উপক্রম, সূত্রপাত। শিং—১ "উদ্ঘাতঃ প্রণবো যাসাম্।" ৪। পাদস্খলন। ৫। কুম্ভক। ৬। (+অনট্—ণ) গ্রন্থ পরিচ্ছেদ, অধ্যায়, সূচনা, প্রস্তাবনা। ৭। উল্লেখ। ৮। অস্ত্রবিশেষ, মুদ্গর প্রভৃতি। ৯। অরঘট্ট। ১০। নিদর্শন। ১১। উত্তুঙ্গ।

উদ্ঘাত্যক (উৎ—হন্-ণিচ্=ঘাতি বধকরান+য,কণ—প্রং) সং,পুং, প্রস্তাবনাবিশেষ।

উদ্ঘোষ (উৎ উচ্চ—ঘুষ শব্দ করা+অ

(ঘঞ্)—ক) সং, পুং, যে উচ্চ শব্দাদি করণে ইঙ্গিত করে।

উদ্দংশ (উদ্ অধিক—দংশ [দনশ্ দংশন করা+অ(অল)—ক] যে দংশন করে) সং, পুং, কেশকীট, উকুণ।

উদ্দণ্ড (উৎ উন্নত—দণ্ড, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উৎকট দণ্ডকারী। ২। প্রতাপান্বিত। শিং—১ "উদ্দণ্ডপদ্মং গৃহদীর্ঘিকাণাম্।" (রঘু)। ৩। (স্বং—স) সং, ক্লীং, উদ্ঘাতদণ্ড, উত্তোলিত লাঠি।

উদ্দণ্ডপাল; সং, পুং, মৎস্যবিশেষ। ২। সর্পবিশেষ। ৩। দণ্ডকর্ত্তা।

উদ্দন্তুর (উদ্ উচ্চ, লম্বা—দন্তুর বৃহৎ দন্তবিশিষ্ট, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, উত্তুঙ্গ। ২। করাল। ৩। উৎকটদন্ত, ভীষণদন্ত।

উদ্দান (উদ্ বিরুদ্ধ—দে পালনকরা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, বন্ধন। "উদ্দানে ক্রিয়মাণে তু মৎস্যানাং তত্র রজ্জুভিঃ।" ২। (+অনট্—ভা) পোষণ। ৩। (—দো ছেদন করা+অনট্—ধি) চুল্লী। ৪। বাড়বানল। ৫। (+অনট্—র্ম্ম) কটিদেশ। ৬। (—দা দান করা+অনট্—ধি) লগ্ন। ৭। মধ্য।

উদ্দান্ত (উদ্ অতিশয়—দম্ শাসন করা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অতিদমিত, শান্ত, স্থিরভাবাপন্ন।

উদ্দাম (উদ্—দম্ [শান্ত হওয়া] মুক্ত হওয়া +অ(ঘঞ্)—ক) বিং, ত্রিং, উৎকট। ২। উচ্ছৃঙ্খল। ৩। বন্ধন-রহিত। ৪। স্বেচ্ছাবিহারী, উদম্; যেমন—উদ্দাম মহাগজ। শিং—১ "নদত্যাকাশগঙ্গায়াং স্রোতস্যুদ্দামদিগ্‌গজে। (রঘু)। ২ উদ্দামো বনে মত্ত ইব দ্বিপঃ। মেঘতূর্য্যরবোদ্দামমদনাকুলিতান্। (ময়ূরান্)। ৩ গন্ধোদ্দামা।"

উদ্দামন্ (উৎ—দামন্ বন্ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল, স্বেচ্ছাচারী। ২। উৎকট। ৩। বন্ধন-রহিত। ৪। অতিশয়। ৫। সং, পুং, বরুণ।

উদ্দাল (উৎ—দল-ণিচ্=দালি+অ(অল্)—ভা) সং, ক্লীং, ধান্যবিশেষ। শিং—১ "ভোজ্যাঃ পুরাণশ্যামাক কোদ্রবোদ্দালশালয়ঃ।" ২। পুং, বহুবারবৃক্ষ। ৩। বনকোদ্রব। ৪। কুড়।

উদ্দালক; সং, পুং, মুনিবিশেষ, তাহার পুত্রের নাম শ্বেতকেতু। ২। বহুবারকবৃক্ষ।

উদ্দিষ্ট (উদ্দেশ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভিপ্রেত। ২। উপদিষ্ট। ৩। যাহার অনুসন্ধান করা হইয়াছে, যাহার উদ্দেশ হইয়াছে, যার উদ্দেশ পাওয়া গিয়াছে। ৪। লক্ষ্যীকৃত।

উদ্দীপক (উদ্ অধিক—দীপক যে দীপ্ত করায়) বিং, ত্রিং, প্রকাশক। ২। যে উদ্দীপন করে, উত্তেজক।

উদ্দীপন (উদ্ অধিক—দীপ্ দীপ্ত করা +অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উত্তেজন, দীপ্তকরণ। ২। প্রজ্জ্বলন। ৩। বর্দ্ধিতকরণ। ৪। অভিব্যক্তীকরণ। ৫। উসকে দেওয়া। ৬। কাম ক্রোধ প্রভৃতিকে প্রবল করা। ৭। (—দীপ্-ণিচ্+অন্—ক) অলঙ্কারে—বিভাববিশেষ। শিং—১"উদ্দীপন বিভাবাস্তে রসমুদ্দীপয়ন্তি যে।"

উদ্দীপন-বিভাব; সং, পুং, শৃঙ্গার রসের উদ্দীপক বিভাব; যথা—নায়কাদির চেষ্টাদি ও স্রক্ চন্দন ভ্রমর ঝঙ্কার প্রভৃতি।

উদ্দীপনীয় (উদ্দীপন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যার উদ্দীপন করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক।

উদ্দীপিত (উদ্দীপন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উত্তেজিত। ২। প্রজ্জ্বলিত। ৩। প্রকাশিত। ৪। বর্দ্ধিত।

উদ্দীপ্ত (উদ্ অধিক—দীপ্ দীপ্তি পাওয়া +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্বলিত, প্রকাশিত, ব্যক্তীকৃত। ২। যাহা জ্বলিয়া উঠিয়াছে, প্রজ্জ্বলিত। ৩। যেখানে আলোক হইয়াছে, আলোকিত।

উদ্দেশ (উৎ—দিশ্ [দান করা, বলা] লক্ষ্য করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, লক্ষ্য। ২। অনুসন্ধান, অন্বেষণ। ৩। যাহা মনস্থ করিয়া কিছু করা যায়, অভিসন্ধি, অভিপ্রায়; যথা—কি উদ্দেশে আসা হইয়াছে। ৪। বার্ত্তা, সংবাদ; যথা—তার উদ্দেশ পাওয়া যায় নাই। ৫। নামদ্বারা

কথন। ৬। উল্লেখ। ৭। (+অল্‌-ধি) প্রদেশ। শিং-১ "যতস্তস্য কথিতঃ সর্ব্বো গুণোদ্দেশস্ত্বয়া মম।"

উদ্দেশ্য (উদ্দেশ দেখ, য-র্ম্ম) বিং, ত্রিং, যাহা উদ্দেশ করা যায়, লক্ষ্য। ২। অভিপ্রেত। ৩। সং,ক্লীং, অভিপ্রায়, অভিসন্ধি, তাৎপর্য্য।

উদ্দ্যোত (উদ্‌-দ্যুৎ দীপ্তি পাওয়া+অ (অল্‌)-ভা) সং, পুং, প্রকাশ। শিং-১ "নিরবদ্যবিদ্যোদ্দ্যোতেন দ্যোতিত স্তত্তোহয়মর্থঃ।" (দায়ভাগ)। ২। আতপ।

উদ্দ্রাব (উদ্‌ উপরি-দ্রু গমন করা+অ (ঘঞ্‌)-ভা) সং, ক্লীং, দ্রুতপদে পলায়ন, প্রস্থান। ২। অশ্বৈর্য্য।

উদ্‌দ্রুত (উদ্দ্রাব দেখ, ত(ক্ত)-প্রং) বিং, ত্রিং, পলায়িত। ২। চলিত।

উদ্ধত (উৎ উপরি-হন্‌ গমন করা+ত (ক্ত)-ক) বিং, ত্রিং, উৎকট। ২। অবিনীত, ধৃষ্ট, দুরন্ত। ৩। উৎক্ষিপ্ত। ৪। অহঙ্কৃত।

উদ্ধতচারিতা (উদ্ধতচারিন্‌+তা-ভা) সং, উদ্ধতভাবে চলা,উদ্ধতআচরণ।২। ঔদ্ধত্য।

উদ্ধতচারী (-চারিন্‌, উদ্ধত-চর্‌ বিচরণ করা, গমন করা + ইন্‌(ণিন্‌)-ক। যে চলে) বিং, ত্রিং, যে উদ্ধতভাবে চলে।

উদ্ধতভাষী (-ভাষিন্‌, উদ্ধত-ভাষ্‌ কথা কহা+ইন্‌(ণিন্‌)-ক) বিং,ত্রিং, যে উদ্ধত ভাবে বাক্য প্রয়োগ করে, দাম্ভিকবক্তা।

উদ্ধতস্বভাব (উদ্ধত-স্বভাব, যার স্বভাব উদ্ধত। ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, উদ্ধতপ্রকৃতি। ২। উচ্ছৃঙ্খলমতি। বা-স্ত্রীং।

উদ্ধতি (উৎ উপরি-হন্‌ আঘাত করা+ তি(ক্তি)-ভা) সং, স্ত্রীং, উৎপতন, ঠোকর লাগা। ২। ঔদ্ধত্য। ৩। ধৃষ্টতা। ৪। গর্ব্ব। ৫। উন্নতি।

উদ্ধরণ (উৎ উপরি-ধৃ লওয়া+অন(অনট্‌)-ভা, অথবা-হরণ হৃধাতুজ) সং, পুং-ক্লীং, উত্তোলন। ২। উদ্ধার। ৩। ঋণশোধ। ৪। উন্মূলন। ৫। মুক্তি। শিং -১ "স বন্ধু র্যো বিপন্নানামাপদুদ্ধরণক্ষমঃ।"

উদ্ধর্ষ (উদ্‌ অধিক-হৃষ্‌ আনন্দিতহওয়া +অ(অল্‌)-ভা) সং, ক্লীং, উৎসব।

উদ্ধর্ষণ (উদ্‌ অধিক-হর্ষি হৃষ্ট হওয়ান + অন(অনট্‌)-ভা) সং, ক্লীং, রোমাঞ্চ।

উদ্ধব (উদ্‌-ধু [কাঁপা] আনন্দকরা+অ(অল্‌) -ভা) সং,পুং, উৎসব, আনন্দজনককর্ম্ম। ২। (উৎ-হু হোম করা+অ(অন্‌)-ক) সত্যকের পুত্র। কৃষ্ণের সখা; ইনি বৃহস্পতির শিষ্য। বৃষ্ণিবংশীয় মন্ত্রী। ইহাঁর আর একটী নাম দেবশ্রবা। যদুবংশ ধ্বংসের পূর্ব্বে শ্রীকৃষ্ণ ইহাঁকে আত্মতত্ত্ব শিক্ষা দিয়াছেন। ইনি বদরিকাশ্রমে জীবনের শেষভাগ ক্ষেপণ করেন। শিং-১ "বৃষ্ণীণাং সম্মতো মন্ত্রী কৃষ্ণস্য দয়িতঃ সখা। শিষ্যো বৃহস্পতেঃ সাক্ষাৎ উদ্ধবো বুদ্ধিসত্তমঃ।" ৩। (উৎ-হু হোম করা +অল্‌-র্ম্ম) যজ্ঞাগ্নি।

উদ্ধান (উদ্‌-ধা ধারণ করা+অন(অনট্‌) -ভা) সং, ক্লীং, চুলী, উনান। ২। বিং, ত্রিং, উদ্গাত । বমিত।

উদ্ধার (উদ্‌ [উপ]রি-ধৃ লওয়া+অ(ঘঞ্‌) -ভা) স[ং,] পুং, উত্তোলন। ২। (+হৃ হরণ করা+ঘঞ্‌-ভা) মোচন, পরিত্রাণ। ৩। পতিত বা সমাজচ্যুত ব্যক্তির সমাজে গ্রহণ। ৪। নষ্ট বা অপহৃত বস্তুর পুনরায় অধিকার। ৩। (-হার হৃ ধাতুজ+ঘঞ্‌ -র্ম্ম) ঋণ। ৪। ভাগ। শিং-১ "নিমগ্নস্য পুনরুদ্ধার এব দুর্লভঃ। ২ অশ্বস্য বয়মুদ্ধারমুদ্ধারামহৈ।" বা-স্ত্রীং, গুড়ূচী।

উদ্ধুর (উদ্‌-ধুর্‌ ভার+অ-প্রং, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, দৃঢ়। ২। নির্ভর। ৩। ভার-শূন্য। ৪। উৎসুক। ৫। উদ্যত। ৬। দুঃসহ। শিং-১ "জ্বলনমশবকোদ্ধুরং।" (মালতীমাধব)। ২ যত্নবানপি তু শ্রীমাল্লাঙ্গুলোদ্ধারণোদ্ধুরঃ।"

উদ্ধূত (উদ্‌-ধূ কাঁপা, উঠান ইত্যাদি+ত (ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটিত। ২। উত্থাপিত। ৩। উৎখাত। ৪। নিরস্ত। ৫। উৎকম্পিত। ৬। উৎক্ষিপ্ত। শিং-১ "পুনানং পবনোদ্ধূতৈঃ।" (রঘু)।

উদ্ধূনন (উদ্ধূত দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, উৎক্ষেপণ। ২। কম্পন।

উদ্ধূপন (উদ্ উপরি — ধূপি কাঁপান + অন (অনট্) — ভা) সং, ক্লীং, ঊর্দ্ধে সঞ্চালন, উৎক্ষেপণ। ২। বিং, ত্রিং, কম্পনপ্রবর্ত্তক, সঞ্চালক।

উদ্ধূলন (উদ্ উপরি — ধূলি মর্দনকরান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, ধূলিদ্বারা মর্দন, চূর্ণকরণ। ২। পুং, পাকের উপকরণবিশেষ। শিং — ১ "চূর্ণস্যোদ্ধূলনং দেয়ং ভোজ্যে ক্ষীরেক্ষুসম্ভবে। ব্যঞ্জনেষু চ সর্ব্বেষু শাকজেষন্নজেষু চ।" (পাকশাস্ত্র)।

উদ্ধূষণ (উদ্ অধিক — ধূষণ রোমাঞ্চ হওয়া + অন(অনট্) — ভা) সং, ক্লীং, পুলকোদ্গম, বিস্ময়াদিতে রোমোৎপত্তি। ২। (+অনট্ — ক) বিং, ত্রিং, রোমাঞ্চিত, পুলকিত।

উদ্ধৃত (উদ্ধার দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পুনর্ব্বার অধিকৃত। ২। উত্থাপিত। ৩। সমাজে গৃহীত। ৪। উত্তোলিত। ৫। (উৎ — হৃত) মোচিত। ৬। উঠাইয়া দেওয়া, তুলিয়া দেওয়া। ৭। উদ্ধার দ্বারা বিভক্ত। শিং — ১ "উদ্ধর্তুমৈচ্ছৎ প্রসভোদ্ধৃতারিঃ।" (রঘু)। ২ উদ্ধৃতাসি নমস্তভ্যং পাপ্মানং মে প্রণাশয়।" (পুরাণ)।

উদ্ধৃতি (উদ্ধার দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, উৎক্ষেপণ, উত্তোলন। শিং — ১ "শল্যোদ্ধৃতির্ব্রণজ্ঞানং দূতস্বপ্ননিদর্শনং।"

উদ্ধ্মান (উদ্ — ধ্মা অগ্নি সংযোগ করা, তাওয়ান + অন(অনট্) — ধি) সং, ক্লীং, চুল্লী, উনান।

উদ্ধ্য (উদ্ধ্ গমন করা, ক্ষেপণ করা + য (ক্যপ্) — ক, সংজ্ঞার্থে) সং, পুং, নদ, তরঙ্গযুক্ত নদ। শিং — ১ "কূলং ভিদ্যোদ্ধ্য সন্নিভৌ। (ভট্টি)। ২ তোয়দাগম ইবোদ্ধ্য ভিদ্যয়োঃ।" ২। ক্লীং, জলোৎক্ষেপণ।

উদ্বদ্ধ (উদ্ উপর, বৈপরীত্য — বন্ধ্ বন্ধন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধেবদ্ধ, টাঙ্গান। ২। বন্ধনভ্রষ্ট।

উদ্বন্ধক (উদ্ — অধিক — বন্ধ্ বন্ধন করা + অক(ণক) — ক, সংজ্ঞার্থে) বর্ণসঙ্কর জাতিবিশেষ। ২। ধোপা। শিং — ১ "আয়োগবেন বিপ্রায়াং জাতাস্তাম্রোপজীবিনঃ। তস্যৈব নৃপকন্যায়াং জাতঃ সূনিক উচ্যতে। সূনিকস্য নৃপায়াস্তু জাতা উদ্বন্ধকাঃ স্মৃতাঃ। নির্ণেজয়েয়ুর্বস্ত্রাণি অস্পৃশ্যাশ্চ ভবন্ত্যতঃ।"

উদ্বন্ধন (উদ্ উপর, বৈপরীত্য — বন্ধন) সং, ক্লীং, গলায় দড়ি দিয়া ঊর্দ্ধে বন্ধন। ২। প্রাণত্যাগ উদ্দেশে গলায় রজ্জুদান, গলায় দড়ি দিয়া মরা। শিং — ১ "উদ্বন্ধনায় বধভূমিং নীয়মানঃ। ২ উদ্বন্ধনমৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং।" (বায়ুপুরাণ)। ২। বিং, ত্রিং, বন্ধনভ্রষ্ট, মুক্তবন্ধন। ৩। য়ং — স, বন্ধনচ্যুতি, বন্ধনভ্রংশ।

উদ্বাহু (উদ্ ঊর্দ্ধ — বাহু, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যে ঊর্দ্ধে বাহু তুলিয়াছে, যে ঊর্দ্ধে হাত বাড়াইয়াছে, ঊর্দ্ধবাহু। "প্রাংশুলভ্যেফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ।" (রঘু)।

উদ্বুদ্ধ (উদ্ অধিক — বুধ জ্ঞান পাওয়া, চেতন পাওয়া, প্রকাশ পাওয়া + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিকসিত, স্ফুটিত। ২। প্রবুদ্ধ। ৩। জাগরিত। শিং — ১ "উদ্বুদ্ধাঃ জগদ্ধাত্রীং পুষ্পযেদ্দীপমালয়া।" ৪। উদিত। ৫। অনুস্মৃত, যাহা মনে পড়িয়াছে।

উদ্বোধ (উদ্ কিঞ্চিৎ — বুধ্ বোধ হওয়া, জ্ঞান হওয়া + অ(অল্) — ণ, ভা) সং, ক্লীং, কিঞ্চিৎ জ্ঞান, কিঞ্চিৎ বোধ। ২। সংস্কারোদ্দীপন। ৩। বিস্মৃত বা উপেক্ষিত বিষয়ের কোন হেতু বশতঃ জ্ঞান বা স্মরণ, কোন নিমিত্ত বশতঃ মনে পড়া, অনুস্মরণ।

উদ্বোধক (উদ্ অধিক — বোধি জ্ঞান জন্মান, বোধ জন্মাইয়া দেওয়া + অক(ণক) — ক) বিং, ত্রিং, প্রকাশক, জ্ঞাপক। ২। উদ্দীপক। ৩। যে উদ্বোধ জন্মায়, যাহা দেখিয়া উদ্বোধ জন্মায়।

উদ্বোধন (উদ্ অধিক — বোধি জানান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, জ্ঞাপন, বোধোৎপাদন, উদ্বোধ জন্মাইয়া দেওয়া। ২। (+অন(অনট্) — ক) বিং, ত্রিং, বোধক, জ্ঞানোৎপাদক, জ্ঞাপক। যদ্দ্বারা উদ্বোধ জন্মে।

উদ্ভট (উদ্ উচ্চ—ভট্ ইচ্ছা করা+অ (অল্)—ক। যাহার উচ্চ মন) বিং, ত্রিং, উৎকট। ২। প্রসিদ্ধ। ৩। উদার, মহাশয়। ৪। শ্রেষ্ঠ, উৎকৃষ্ট; যথা—উদ্ভট কবিতা। ৫। গ্রন্থবহির্ভূত। ৬। পুং, কচ্ছপ। ৭। সূর্য্য।

উদ্ভব (উদ্—ভূ হওয়া + অ(অল্)—ভা) সং, পুং, জন্ম, উৎপত্তি। শিং—১ "যো দেবানাং প্রভবশ্চোদ্ভবশ্চ। ২ বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গা।" ২। (+অন্—ক) উৎপন্ন।

উদ্ভাবন (উদ্ উপরি—ভাবি চিন্তা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, কল্পনা। ২। উৎপাদন। ৩। উন্নয়ন, অজ্ঞাতবিষয় প্রকাশ করা। ৪। চিন্তন। শিং—১ "উদ্ভাবনমকুর্ব্বন্তো বিদুরস্য মতে স্থিতাঃ।" (মহাভারত)। ৫। (+অনট্—ক) বিং, ত্রিং, উদ্ভাবনকারী, চিন্তাকারক, প্রকাশক।

উদ্ভাবনীয় (উৎ উপরি—ভাবি চিন্তা করা +অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের উদ্ভাবন করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক।

উদ্ভাবিত (উদ্ভাবন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কল্পিত। ২। যে বিষয়ের উদ্ভাবন হইয়াছে। ৩। চিন্তিত।

উদ্ভাস (উদ্ অধিক—ভাস্ দীপ্তি পাওয়া +অ(ঘঞ্)—ভা) সং, ক্লীং, দীপ্তি, প্রকাশ, শোভা পাওয়া। শিং—১ "বিভূষণোদ্ভাসি পিনদ্ধভোগি বা।" (কুমার)।

উদ্ভাসক (উৎ অধিক—ভাস্ দীপ্তি পাওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, উদ্দীপক, উজ্জ্বলকর, যে উদ্ভাসন করে।

উদ্ভাসন (উদ্ভাসক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্দীপন, উজ্জ্বলীকরণ, উজ্জ্বল করা, আলোকময় করা। ২। (+অনট্—ক) বিং, ত্রিং, দীপ্তিকারক, প্রকাশক, উজ্জ্বলকারক, যে দীপ্তিকরায়, যে প্রকাশ করায়।

উদ্ভাসিত (উদ্—ভাস্ দীপ্তি পাওয়া+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, শোভিত। ২। দীপ্ত।

উদ্ভিজ্জ (উদ্ভিদ্ [উদ্ ঊর্দ্ধ—ভিদ্ ভেদ করা+০(ক্বিপ্)—ভা] উদ্ভেদন—জ [জন্ +অ(ড)—ক] যে জন্মে। যে উদ্ভিদ্ হইতে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, যাহা ভূমি ভেদ করিয়া জন্মে, তরুলতা গুল্মাদি। শিং—১ "তেষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্তি অণ্ডজং জীবজমুদ্ভিজ্জমিতি। ২ উদ্ভিজ্জাঃ স্থাবরাঃ সর্ব্বে বীজকাণ্ড প্ররোহিণঃ। ৩ ভিত্বা তু পৃথিবীং যানি জায়ন্তে কালপর্য্যায়াৎ। উদ্ভিজ্জানি চ তান্যাহুর্ভূতানি দ্বিজসত্তমাঃ।—১ (ভূতানি) জরায়ুজাণ্ডজাতানি স্বেদজান্যুদ্ভিদানি চ।"

উদ্ভিজ্জপ্রদেশ (Botanical Region) সং, পুং, যে প্রদেশে যে জাতীয় বৃক্ষাদি জন্মে।

উদ্ভিজ্জাণু (উদ্ভিজ্জ—অণু) সং, পুং, চক্ষুর অগোচর ক্ষুদ্র উদ্ভিজ্জ।

উদ্ভিদ্ } (উৎ ঊর্দ্ধ—ভিদ্ ভেদকরা+০
উদ্ভিদ } (ক্বিপ্), অ(ক)—ক) বিং, ত্রিং, যে ঊর্দ্ধ ভেদ করিয়া উঠে, তৃণ, লতা, গুল্মাদি এবং ঐ সমুদায়ের অঙ্কুর। শিং—১ "উদ্ভিদা যজেত।" (শ্রুতি)। ২ "উদ্ভিদস্তরুগুল্মাদ্যাঃ। ৩ অঙ্কুরোভিনবোদ্ভিদি। ৪ হোতাযজনৃত পাতন্নুদ্ভিদং।" (যজু)।

উদ্ভিদ-বিদ্যা (Botany) সং, স্ত্রীং, তরুগুল্মাদির অ[illegible]এর সংস্থান, প্রত্যেক অবয়বের কার্য্য, উৎপত্তিস্থান, জাতিবিভাগ ইত্যাদি যে শাস্ত্রে নির্ণীত আছে।

উদ্ভিদ-সংবিভাগ; সং, পুং, তরুগুল্মাদির জাতিবিভাগ।

উদ্ভিন্ন (উদ্ উপরি—ভিদ্ ভেদ করা, প্রকাশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রকাশিত, প্রকটিত, প্রস্ফুটিত, প্রফুল্ল। ২। অঙ্কুরিত। ৩। ভেদকরিয়া উঠা।

উদ্ভূত (উদ্ভব দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জাত; যথা—তিনি অমুক সময়ে উদ্ভূত হইয়াছেন। শিং—১ "মাঘে কৃষ্ণচতুর্দ্দশ্যামাদি দেবো মহানিশি শিবলিঙ্গতয়োদ্ভূতঃ কোটি সূর্য্যসমপ্রভঃ।" ২। উৎপন্ন; যথা—দুগ্ধ হইতে ঘৃত উদ্ভূত হইল। ৩। প্রকাশিত; যথা—অমুক পুস্তক খানি অমুক সময়ে উদ্ভূত হইয়াছে। ৪। উদিত; যথা—নিশাকর রাত্রি এক প্রহরের পর

উদ্ভূত হইয়াছেন। ৫। প্রত্যক্ষযোগ্য; যথা—তিনি কখন বহির্ভাগে উদ্ভূত হইবেন। ৬। ক্লীং, ক্লিং—বিং, স্পষ্ট, ব্যক্ত।

উদ্ভূতরূপ (উদ্ভূত জাত—রূপ, যং—স) সং, ক্লীং, সঞ্জাতরূপ, প্রকাশিতরূপ, নয়নগোচররূপ। শিং—১ "উদ্ভূতরূপং নয়নস্য গোচরং দ্রব্যাণি তদ্বন্তি পৃথক্ত্বসংখ্যা। বিভাগসংযোগপরাপরত্ব স্নেহদ্রবত্বং পরিমাণযুক্তং। ক্রিয়াজাতী যোগ্যবৃত্তী সমবায়ক তাদৃশং। গৃহ্নাতি চক্ষুঃ সম্বন্ধাদালোকোদ্ভূতরূপয়োঃ।" (ভাষাপরিচ্ছেদ)। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার রূপ প্রকাশ হইয়াছে।

উদ্ভূতি (উদ্ উৎকৃষ্ট—ভূতি, যং—স) সং, স্ত্রীং, উত্তমবিভূতি। ২। উন্নতি। শিং—১ "উমা বধূর্ভবান্ দাতা যাচিতার ইমে বয়ং। বরঃ শম্ভুরলং হ্যেষ ত্বৎকুলোদ্ভূতয়ে বিধিঃ।"

উদ্ভেদ (উদ্ ঊর্দ্ধ—ভেদ [ভিদ্ ভেদকরিয়া উঠা + অ(ঘঞ্)—ভা] ভেদন) সং, পুং, ভেদ পূর্ব্বক উৎপত্তি। শিং—১"উমাস্তনোদ্ভেদমনুপ্রবৃদ্ধঃ।"(কুমার)। ২। প্রকাশ, প্রকটন। "তং যৌবনোদ্ভেদ বিশেষকান্তং।"(রঘু)। ৩। বিকাশ, প্রস্ফুটিত; যথা—পুষ্পোদ্ভেদ। ৪। উদয়। ৫। স্ফূর্ত্তি। ৬। রোমাঞ্চ। ৭। আবিষ্কার। ৮। মেলন; যথা—গঙ্গোদ্ভেদ।

উদ্ভ্রম (উদ্ অধিক—ভ্রম্ ভ্রমণ করা + অ(ঘঞ্)—ভা) সং, পুং, উদ্বেগ। ২। বুদ্ধিলোপ। ৩। ঊর্দ্ধভ্রমণ। ৪। আকুলতা।

উদ্ভ্রান্ত (উদ্ অতিশয়—ভ্রম্ ভ্রান্ত হওয়া + ত(ক্ত)—ভা) বিং, ত্রিং, আকুলিত; যথা—তিনি বিপদে পড়িয়া উদ্ভ্রান্ত হইয়াছেন। ২। হতবুদ্ধি; যথা—সেই ব্যক্তি নানা বিশৃঙ্খলবশতঃ একবারে উদ্ভ্রান্ত হইয়াছে। ৩। আঘূর্ণিত; যথা—আমরা সংসারচক্রে পড়িয়া উদ্ভ্রান্ত হইতেছি। ৪। ব্যস্ত; যথা—কার্য্যার্গা কে তিনি উদ্ভ্রান্ত হইয়াছেন। ৫। উচ্ছৃঙ্খল; যথা—মাধব এমন উদ্ভ্রান্ত হইয়াছে কেন? ৬। বাহুর উদ্যমে মণ্ডলাকারে খড়্গাদি ঘুরাণ।

উদ্ভ্রান্তহৃদয় (উদ্ভ্রান্ত আকুলিত—হৃদয় ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার হৃদয় আকুলিত হইয়াছে, আকুলহৃদয়, আকুলচিত্ত।

উদ্যত্ (উদ্ উপরি—যা গমন করা + অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, গমনশীল, যে গমন করিতেছে। শিং—১ "নেক্ষেতোদ্যন্তমাদিত্যং।" (মনু)।

উদ্যত (উদ্ বিপরীত—যম্ বিরত হওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উদ্যুক্ত; যথা—তিনি অর্থ সংগ্রহে উদ্যত হইয়াছেন। ২। কোন বিষয়ে প্রবৃত্ত হইতে তৎপর; যথা—তাহার ন্যায় স্বকার্য্যসাধনে উদ্যত ব্যক্তি আর নাই। ৩। উন্মুখ; যথা—তাঁহার বিদেশগমনে উদ্যত হইবার কারণ কি? ৪। প্রবৃত্ত; যথা—শ্রীরাম বশিষ্ঠবাক্যে রাজ্যশাসনে উদ্যত হইয়াছেন। ৫। উত্থিত, উত্তোলিত; যথা—উদ্যতায়ুধ হইয়া চতুর্দ্দিক্ রক্ষা করিতেছে। শিং—১"পর্য্যায়োদ্যতকার্ম্মুকৌ।"(রঘু)।

উদ্যতদণ্ড (উদ্যত উত্তোলিত—দণ্ড, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে দণ্ড উত্তোলন করিয়াছে, শাসনোদ্যত, দমনোৎসুক, দণ্ডবিধানে তৎপর।

উদ্যতবাহু (উদ্যত—বাহু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বাহু উত্তোলন করিয়াছে।

উদ্যতি (উদ্যত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উদ্যম, উদ্যোগ।

উদ্যম (উদ্যত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, উদ্যোগ, চেষ্টা। ২। উৎসাহ। ৩। উত্থান, উত্তোলন। শিং—১ "হস্তোদ্যমং বিনা বক্ত্রে প্রবিশেন্ন কথঞ্চন (ভোজনম্)। ২ উদ্যমেন হি সিধ্যন্তি কার্য্যাণি ন মনোরথৈঃ। ৩ নিশম্য চৈনাং তপসে কৃতোদ্যমাং। ৪ শশাক মেনা ন নিয়ন্তুমুদ্যমাৎ।"

উদ্যমী (উদ্যমিন্, উদ্যত দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যত্নবান্, উদ্যোগী, সচেষ্ট।

উদ্যান (উদ্ ঊর্দ্ধ—যা যাওয়া + অন(অনট্)—ধি) সং, ক্লীং, উপবন, রাজাদিগের ক্রীড়াবন। ২। (+অনট্—ভা) নিঃসরণ। ৩। (+অনট্—র্ম্ম) প্রয়োজন। শিং—১ "অন্তঃপুরবনোদ্যানে।"

উদ্যানপাল (উদ্যান—পাল যে রক্ষা করে)

বিং, ত্রিং, যাহার উপর উদ্যানের তত্ত্বাবধানের ভার থাকে, উদ্যানরক্ষক, মালী। ২। স্ত্রীং, উদ্যানপালিকা। শিং—১"ততঃ প্রবিশতি উদ্যানপালিকা।"

উদ্যাপন (উদ্—যা-ণিচ্=যাপি যাওয়ান+অন(অনট্)—ভা) সং,ক্লীং, আরব্ধ ব্রতাদি কর্ম্মের সাঙ্গতা সম্পাদন, সমাপন। শিং—১"পূর্ব্বকালে ব্রতানাঞ্চ প্রতিষ্ঠাং বিনিবচ্চরেৎ। ন তত্র কালনিয়মস্তত্র বিশ্বেৎপরাহ্নিকে।" (ঋষিবাক্য)।

উদ্যাপিত (উদ্যাপন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার উদ্যাপন করা হইয়াছে, সমাপিত।

উদ্যুক্ত (উৎ—যুজ্ [যোগ করা] উদ্যত হওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, উদ্যোগবিশিষ্ট, উদ্যোগশীল, উৎসাহান্বিত, যত্নবান্। ২। চেষ্টিত।

উদ্যুঞ্জান (উৎ—যুজ্ [যোগ করা] উদ্যত হওয়া+আন(শান)—ক) বিং, ত্রিং, যে উদ্যোগ করিতেছে।

উদ্যোগ (উদ্যুক্ত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, চেষ্টা। ২। আয়োজন। ৩। উদ্যম। ৪। যত্ন। ৫। উৎসাহ। শিং—১ "উদ্যোগায়াধুনা দেব কৌশাম্বীং কিং ন গম্যতে। ২ নায়মুদ্যোগসময়ঃ। ৩ উদ্যোগঃ ক্রিয়তাম্। ৪ উদ্যোগাং সর্ব্বসৈন্যানাং দৈত্যানামাদিদেশ হ।"

উদ্যোগশীল (উদ্যোগ—শীল) বিং,ত্রিং, যে সকল বিষয়ে উদ্যোগ করিয়া থাকে।

উদ্যোগী (উদ্যোগিন্, উদ্যোগ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, যেউদ্যোগ করে, সচেষ্ট, যত্নশীল। ২। উৎসাহী। শিং—১"উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মী দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি। ২ দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা যত্নেকৃতে যদি ন সিধ্যতি কোহত্র দোষঃ।"

উদ্র (উন্দ্ আর্দ্র হওয়া+র(রক্)—ক, সংজ্ঞার্থে) সং,পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।

উদ্রথ (উদ্ উদ্গত—রথ, ৫মী—হিং) সং, পুং, রথকীলক। (রথতুল্য পক্ষ যাহার, ৬ষ্ঠী—হিং) কুক্কুট।

উদ্রাব (উৎ উচ্চ—রু শব্দকরা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, উচ্চধ্বনি, উচ্চরব।

উদ্রিক্ত (উদ্রেক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উত্থিত। ২। উত্তেজিত। ৩। অতিশয়িত। ৪। স্ফুট।

উদ্রেক (উদ্—রিচ্ [বিযুক্ত হওয়া] উঠা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং,পুং, উত্থান। ২। উদয়, আবির্ভাব। ৩। উত্তেজন। ৪। বৃদ্ধি, আধিক্য। ৫। উপক্রম। শিং—১ "প্রক্ষীয়তে ধনোদ্রেকো জনানামবিজানতাম্ ২ তেযামুৎকর্ষমুদ্রেকং বক্ষ্যাম্যহম্। ৩ স্নেহোরাগশ্চ তন্দ্রা চ মোহোদ্রেকশ্চ কেবলঃ।" (ভারত)।

উদ্রেকা; সং, স্ত্রীং, মহানিম্ব।

উদ্বৎসর (উৎ অতিক্রান্ত—বৎসর, সপ্তমী—হিং) সং, পুং, চান্দ্রমাসান্বিত বৎসর।

উদ্বমন (উদ্—বমন নেকার) সং, ক্লীং, উদ্গিরণ, তুলিয়া ফেলা, বমি করা।

উদ্বর্ত্ত (উদ্বর্ত্তন দেখ, অ(অল্)—ভা) সং,পুং, যে জন্যে যাহা আয়োজন করা যায় তাহা নির্ব্বাহ হইয়া শেষ থাকা, উদ্বৃত্ত অংশ। ২। অতিরেক, আধিক্য। ৩। (+অল্—র্ম্ম) বিং, ত্রিং, অতিরিক্ত, ব্যয়াবশিষ্ট।

উদ্বর্ত্তন (উদ্—বৃত্ [হওয়া] লেপন করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গন্ধাদিদ্বারাবিলেপন। ২। উল্লুণ্ঠন, উল্টান পাল্টান। ৩। উৎপতন। ৪। গাত্রমার্জ্জন। ৫। ঘর্ষণ। ৬। (উৎ—বৃত্-ণিচ্=বৃতি+অনট্—ণ) বিলেপনদ্রব্য। শিং—১ "উদ্বর্ত্তনং বাতহরং কফমেদোবিনাশনং। স্থিরীকরণমঙ্গানাং ত্বক্প্রসাদকরং পরং।"

উদ্বর্ত্তনীয় (উদ্বর্ত্তন+অনীয়—র্ম্ম,হিতার্থে) সং, ক্লীং, মার্জ্জনীয়চূর্ণ; যথা—গোধূমচূর্ণাদি। শিং—১ "ইদমুদ্বর্ত্তনীয়ং গোধূমাবচূর্ণং।"

উদ্বহ (উদ্ দূরতর—বহ [বহ্ বহন করা+অ(অন্)—ক] যে বহন করে। যেএকের নাম ইত্যাদি বহন করে) সং,পুং, সন্তান। শিং—১ "উদয়মস্তমতঞ্চ রঘূদ্বহাৎ। ২ পার্থিবোদ্বহহদ্রঘূদ্বহ।" ২। বর। ৩। নায়ক। ৪। সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ; ইহা প্রবহ বায়ুর ঊর্দ্ধে স্থিত। ৫। বিবাহ;

যথা—"চূড়োপনয়নোদ্বহান্।"। ৬। বিং ত্রিং, উৎপাদক, জনক। হা—স্ত্রীং, কন্যা।

উদ্বহন (উদ্বাহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বহন। শিং—১"কৃষ্ণেণ দেহোদ্বহনায় শেষঃ। ২ কৈলাসনাথোদ্বহনায় ভূয়ঃ। ৩ আপীনভারোদ্বহনপ্রযত্নাৎ।" (কুমার)। ২। বিবাহ। শিং—১"ভুবঃ প্রযুক্তোদ্বহন-ক্রিয়ায়াঃ।" (রঘু)।

উদ্বান্ত (উদ্—বম্ বমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বমিত, কৃতবমন। ২। উদ্গীর্ণ। ৩। উদ্গত। ৪। সং, পুং, মদ-হীন গজ।

উদ্বাসন (উৎ বাহিরে—বস্-ণিচ্=বাসি বাস করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিসর্জ্জন। ২। মারণ, বধ। ৩। অগ্ন্যাধানের অঙ্গস্বরূপ সংস্কারবিশেষ।

উদ্বাস্তু—বাসভূমির সম্মুখস্থ স্থানকে উদ্বাস্তু কহে।

উদ্বাহ (উদ্ উপরি—বহ্ বহন করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, বিবাহ, পরিণয়। শিং—১ "স চাস্যাঃ স্বসুরুদ্বাহং যথাবিধি বিধাস্যতি।"

উদ্বাহন (উৎ—বাহ্ যত্নকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, দ্বিবার কর্ষণ। ২। (+বহ্-ণিচ্=বাহি+অনট্—ভাবে) বি-বাহদান। ৩। উদ্ধারণসাধন।

উদ্বাহনী (উৎ উপরি—বাহি যত্ন করান, বহন করান+অন(অনট্)—ভা। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বরাটক, কড়ী।

উদ্বাহিত (উদ্বাহ দেখ, ত(ক্ত)—ভা) বিং, ত্রিং, যাহার বিবাহ হইয়াছে, পরিণীত, বিবাহিত।

উদ্বাহিনী (উদ্বাহ + অ(ঘঞ্)—ণ। ইন্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রজ্জু, দড়ী।

উদ্বাহ্যা (উদ্বাহ+য(ক্যপ্)—যোগ্যতার্থে) সং, স্ত্রীং, উদ্বাহযোগ্যা, কন্যা।

উদ্বিগ্ন (উদ্—বিজ্ ভয় করা, কাঁপা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহার উদ্বেগ জন্মিয়াছে, উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত, ভাবনান্বিত। ২। ভীত। ৩। ক্ষুভিত।

উদ্বিড়াল; সং, পুং, লী—স্ত্রীং, ভূচর ও



উদ্বিড়াল।

জলচর জন্তুবিশেষ, জলমার্জ্জার।

উদ্বীক্ষণ (উদ্ ঊর্দ্ধে—বি বিশেষরূপে—ঈক্ষ্ দর্শন, দৃষ্টি করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ঊর্দ্ধে দৃষ্টিপাত। ২। দর্শন।

উদ্বীত (উদ্—বি—ই গমন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, উদ্গত। ২। প্লাবিত। ৩। উচ্ছলিত। শিং—১ "ততো যুধি-ষ্ঠিরানীকমুদ্বীতার্ণবনিঃস্বনং।"

উদ্বৃত্ত (উদ্ উপরি—বৃৎ স্থিতিকরা, থাকা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জাত। ২। ক্ষুভিত। ৩। উচ্ছৃঙ্খল, অবাধ্য। ৪। উৎক্ষিপ্ত। শিং—১ "কল্পক্ষয়োদ্বৃত্তমিবা-র্ণবাম্ভঃ।" ৫। উদ্ঘূর্ণিত। ৬। বান্ত, বমিত। ৭। (+ক্ত—ক) উত্থিত। ৮। যার উদ্বর্ত্ত আছে, যে জন্য আয়োজন হয় তাহা নির্ব্বাহ হইয়া যাহা অবশিষ্ট থাকে। ৯। অতিরিক্ত। ১০। (উদ্ উদ্ধত—বৃত্ত [বৃৎ +ক্ত—ভা] চরিত্র, ৬ষ্ঠী—হিং) দুর্বৃত্ত।

উদ্বেগ (উদ্বিগ্ন দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, চিন্তা, উৎকণ্ঠা, আকুলতা, চাঞ্চল্য। ২। ভয়। ৩। ত্বরা। ৪। উদ্গমন। ৫। ক্ষোভ। ৬। বিরহজন্যদুঃখ। শিং—১"সহসোদ্বেগ-মিয়ংব্রজেৎ। ২ নিত্যোদ্বেগকরী (তৃষ্ণা)।" ৭। সং, ক্লীং, গুবাকফল। ৮। বিং, ত্রিং, বেগবান্। ৯। বেগহীন।

উদ্বেজক (উদ্—বিজ্+অক—ক) বিং, ত্রিং, উদ্বেগকর। ২। কষ্টকর। ৩। বিরক্তিকর।

উদ্বেজন (উদ্—বিজ্ ভয় করা, কাঁপা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্বেগ। ২। ভয়। ৩। কম্পন। ৪। কষ্ট। শিং—১ "উদ্বেজনকরৈর্দণ্ডৈশ্চিহ্নয়িত্বা প্রবাসয়েৎ।" (মনু)। ৫। বিং, ত্রিং, উদ্বেজনকারী, ভয়-প্রদর্শক। ৬। উত্তেজনকারী।

উদ্বেজয়িতা (উদ্বেজয়িতৃ, উদ্ – বিজ্-ণিচ্= বেজি উদ্বেগ করান+তৃ(তৃন্) – ক) বিং, ত্রিং, উদ্বেগজনক, উদ্বেগকারক।

উদ্বেজিত (উদ্বেজয়িতা দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, ক্লেশিত। ২। উত্ত্যক্ত। ৩। ভয়প্রাপিত। শিং – ১ "উদ্বেজিতা বৃষ্টিভিরাশ্রয়ন্তে।" (কুমার)।

উদ্বেদি ( উৎ উন্নত – বেদি, ৭মী – হিং ) বিং, ত্রিং, যে স্থানে উন্নত বেদি আছে উন্নতবেদিক। শিং – ১ "বিমানাং নবমুদ্বেদি চতুস্তম্ভসমন্বিতং।"(রঘু)।

উদ্বেপ (উদ্ উপরি – বেপ্ কম্পন, কাঁপা +অ(ঘঞ) – ভা) সং, ক্লীং, কম্পন।

উদ্বেয় (উৎ – বে বস্ত্রাদি বুনা, বিস্তার করা + য – র্ম্ম) বিং, ত্রিং, বায়ুর সহিতমিশ্রণীয়।

উদ্বেয়তা ( উদ্বেয়+তা – ভাবে ) সং, স্ত্রীং, বায়ুর সহিত মিশিয়া যাওয়া।

উদ্বেল, উদ্বেলিত (উৎ অতিক্রান্ত – বেলা সীমা বা তীর+অ, ইত – প্রং, ৩য়া – হিং) বিং, ত্রিং, উচ্ছলিত, উত্‌লে উঠা। ২। সীমাতিক্রান্ত। ৩। কূলাতিক্রান্ত। শিং – ১ " ভয়মপ্রলয়োদ্বেলাদাচখ্যুর্নৈর্ঋতোদধেঃ।" (রঘু)।

উদ্বেষ্ট (উদ্বেষ্টন দেখ, অ(অল্) – ভাবে) সং, পুং, অবরোধ। ২। আক্রমণ। ৩। (+অল্ – ক) বিং, ত্রিং, বেষ্টক।

উদ্বেষ্টন ( উৎ – বেষ্ট্ বেষ্টন করা+অন (অনট্) – ভা ) সং, ক্লীং, আবরণ। ২। (হস্তিপাদ) বন্ধন। ৩। মোচন, উন্মোচন। ৪। ( +অনট্ – ণ ) উষ্ণীষ। ৫। ( +অনট্ – ক ) বেষ্টনকারক। ৬। (৫মী – হিং) বিং, ত্রিং, বেষ্টনরহিত। ৭। বন্ধনমুক্ত। "কয়াচিদুদ্বেষ্টনবান্তমাল্যয়া।"

উদ্বোঢ়া (উদ্বোঢ়ৃ, উদ্বাহ দেখ, তৃ(তৃন্) – ক) সং, পুং, উদ্বাহকারী, বর। শিং – ১ "উদ্বোঢ়াপি ভবেৎ পাপী সংসর্গাৎ কুলনায়িকে। বেশ্যাগমনজং পাপং তস্য পুংসো দিনে দিনে।" (মহানির্ব্বাণতন্ত্র)।

উধস্ ( বহ্ বহন করা+অস্ – ক, সংজ্ঞার্থে। যে দুগ্ধ বহন করে ) সং, ক্লীং, গবাদির স্তন, গো প্রভৃতির পালান।

উনন (দেশজ) সং, দ্রবকরণ, গলান। ২। চুল্লী, চুলা, আখা।

উনান (দেশজ) সং, চুল্লী, চুলা, আখা।

উনুই (দেশজ) সং, উৎস, নির্ঝর, ঝরণা।

উন্দরু, উন্দুরু, উন্দুর, উন্দূর (উন্দ্ আর্দ্র হওয়া+অরু, উরু, উর, উর – সংজ্ঞার্থে) সং, পুং – স্ত্রীং, মূষিক, ইঁদুর।

উন্ন (উন্দ্ আর্দ্র হওয়া+ত(ক্ত) – ক) বিং, ত্রিং, ক্লিন্ন সিক্ত। ২। আর্দ্র। ৩। দয়ালু।

উন্নত (উদ্ উপরি – নম্ নত হওয়া+ত (ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, উত্তুঙ্গ, উচ্চ। ২। বৃদ্ধিপ্রাপ্ত, স্ফীত। ৩। গৌরবান্বিত। শিং – ১"উন্নতেন স্থিতিমতা ধুরমুদ্বহতা ভুবঃ। (কুমার)। ২ স্থিতঃ সর্ব্বোন্নতেনোর্ব্বীং। (রঘু)। ৩ মধুরোন্নতভ্রু লতিতঞ্চ দৃশোঃ।"

উন্নতচিত্ত (উন্নত – চিত্ত। ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যার চিত্ত উন্নত, উদারচিত্ত। ২। প্রশস্তমনাঃ। ৩। মহামনাঃ।

উন্নতচিত্ততা (উন্নত – চিত্ত+তা – ভা) সং, স্ত্রীং, চিত্তের উদারতা, মনের ঔদার্য্য, মনের উদারভাব।

উন্নতানত ( উন্নত – আনত, দ্বং – স ) বিং, ত্রিং, বন্ধুর, উচনীচ।

উন্নতি ( উন্নত [illegible], তি(ক্তি) – ভা ) সং, স্ত্রীং, গরু[illegible]। ২। সমৃদ্ধি, শ্রীবৃদ্ধি, সৌভাগ্য। ৩। গৌরব। ৪। বৃদ্ধি। ৫। উদয়। ৬। ঔদ্ধত্য। ৭। উচ্চতা। শিং – ১"বক্ষোজৌ [illegible] গচ্ছতঃ। ২ মহাজনস্য সংপর্কঃ কস্য নোন্নতিকারকঃ। ৩ পীনোন্নতি মৎপয়োধরযুগম্। ৪ স্তোকেনোন্নতিমায়াতি স্তোকেনায়াত্যধোগতিম্। অহো সুসদৃশীচেষ্টা তুলাযষ্টেঃ খলস্য চ।"

উন্নদ্ধ (উৎ উপরি – নহ্ বন্ধন করা+ত (ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, উদ্বদ্ধ, উর্দ্ধে বন্ধনপ্রাপ্ত, উর্দ্ধে সংযত। ২। উৎকট। ৩। স্ফীত।

উন্নমন ( উদ্ উপরি – নম্-ণিচ্=নমি নত করান, উঠান, তোলা+অন(অনট্) – ভা) সং, ক্লীং, উত্তোলন।

উন্নমিত (উদ্ উপরি – নমি নত করান+ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, উর্দ্ধীকৃত, উত্তো-

লিত, ঊর্দ্ধে উত্থাপিত। শিং—১ "ক্বচিদু-ন্নমিতাননৌ।" (রঘু)।

উন্নয় } (উৎ উপরি—নী লওয়া+অ
উন্নায় } (অল্) (ঘঞ্)—ভা) সং, পুং, উন্নতি। ২। উত্থান। ৩। সাদৃশ্য। ৪। (+নী-ণিচ্) উত্তোলন।

উন্নয়ন (উন্নয় দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উত্তোলন, ঊর্দ্ধপ্রাপন, তোলান উ-ঠান। ২। উন্নতি। ৩। অনুমান। ৪। তর্ক, বিতর্ক। ৫। ন্যায়শাস্ত্র। ৬। উদ্ভাবন।

উন্নস (উৎ উন্নত—নাসা নাসিকা, ৬ষ্ঠী—হিং)। নাসা স্থানে নস) বিং, ত্রিং, উন্নত নাসিকা-বিশিষ্ট, যাহার নাসিকা উচ্চ। শিং—১ "উন্নসং দধতী বক্তুম্।"

উন্নাদ (উৎ উচ্চ—নদ্ শব্দ করা+অ (ঘঞ্)—ভা) সং, ক্লীং, উচ্চরব, উচ্চস্বর। উৎকট শব্দ। শিং—১ "শরভোন্নাদসং-যুক্তং নানামৃগনিষেবিতম্। (ভারত)।

উন্নাভ (উৎ উন্নত—নাভি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার নাভি উন্নত। ২। সূর্য্য-বংশীয় নৃপবিশেষ। শিং—১"উন্নাভ ইত্যু-দ্দাত নামধেয়ঃ।" (রঘু)।

উন্নাহ (উৎ ঊর্দ্ধ—নহ্ বন্ধন করা+অ (ঘঞ্)—ভা) সং, ক্লীং, উত্তোলন পূর্ব্বক বন্ধন। ২। (+ঘঞ্—ণ) কাঞ্জিকা,কাঁজি।

উন্নামিত (উৎ ঊর্দ্ধ—নম্-ণিচ্=নামি নত করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধে উত্থাপিত।

উন্নিদ্র (উদ্ না—নিদ্রা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রফুল্ল, স্ফুটিত। শিং—১ "উন্নিদ্রপুষ্পচণচম্পকপুষ্পভাসা।" (মাঘ)। ২। যার নিদ্রা ভঙ্গ হইয়াছে, নিদ্রারহিত। শিং—১ "তামুন্নিদ্রামবনিশয়নাং সৌধবা-তায়নস্থাম্।" ৩। সতর্ক, সাবধান।

উন্নিনীষা (উৎ—নী লওয়া+সন্—ইচ্ছার্থে) সং, স্ত্রীং, ঊর্দ্ধে নয়নের ইচ্ছা।

উন্নীত (উৎ—নী লওয়া+ত(ক্ত)—র্ম্ম) ত্রিং, উন্নতিপ্রাপ্ত, বৃদ্ধিযুক্ত। ২। তর্কিত। ৩। অনুমিত।

উন্নেতা (উন্নেতৃ, উদ্—নী ঊর্দ্ধে নীত করা, তৃ(তৃন্)—ক)সং,পুং, যে ঊর্দ্ধে লইয়াযায়।

উন্মগ্ন (উৎ উপরি—মস্জ নিমগ্ন হওয়া, ডোবা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জলাদি হইতে উত্থিত।

উন্মজ্জক (উদ্—মসজ্ ডুবা + অক(ণক) —ক) বিং, ত্রিং, উন্মজ্জনকারী। ২। সং, পুং, তাপসবিশেষ। শিং—১ "কণ্ঠদঘ্নে জলে স্থিত্বা তপঃ কুর্ব্বন্ প্রবর্ত্ততে। উন্ম-জ্জকঃ স বিজ্ঞেয়স্তাপসো লোক-পূজিতঃ।"

উন্মজ্জন (উন্মজ্জক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, জলাদি হইতে উত্থান, ভাসা।

উন্মত্ত (উৎ অতিশয়—মত্ত [মদ্ মত্ত হ-ওয়া+ত(ক্ত)—ক] পাগল) বিং, ত্রিং, যাহার উন্মাদ জন্মিয়াছে, উন্মাদগ্রস্ত, বায়ুকৃতচিত্ত-বিভ্রম-বিশিষ্ট, পাগল। ২। বাহ্যজ্ঞানশূন্য, হিতাহিতবিবেচনারহিত, ৩। মাতাল। শিং—১ 'মত্তং প্রমত্তমুন্মত্তং সপ্তং বালং স্ত্রিয়ং জড়ং। প্রপন্নং বিরথং ভীতং ন রিপুং হন্তি ধর্ম্মবিদ্। ২ তব পুত্রেণ যৌবনোন্মদেনাহং তাড়িতঃ।" ৩। (+ক্ত—ণ) পুং, ধুস্তূর। ৪। মুচুকুন্দবৃক্ষ।

উন্মত্তক (পূর্ব্বে দেখ+ক(কণ্)—স্বার্থে) সং, পুং, অবধূত, তাপসবিশেষ। ২। উন্মত্ত।

উন্মত্তগঙ্গ (উন্মত্ত—গঙ্গা, ৭মী—হিং) যে দেশে গঙ্গাদেবী উন্মত্তা হইয়াছিলেন।

উন্মত্তগীত (উন্মত্ত—গীত। ৩য়া—ষ) বিং, ত্রিং, উন্মত্তপুরুষকর্ত্তৃক গীত,প্রলাপ পূর্ব্বক গান করা।

উন্মত্ততা (উন্মত্ত + তা—ভা) সং, স্ত্রীং, রোগবিশেষ; যথা—"অদূরে বসে সে রোগের পাশে উন্মত্ততা।" (মেঘ)।

উন্মথ (উৎ—মথ্ বধ করা+অ(অল্)—ভা) সং, পুং, বধ, হনন, মারণ।

উন্মথন (উৎ—মথ্ বধ করা, মন্থন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিধন। ২। মন্থন। ৩। মর্দ্দন। ৪। হনন, বিনাশন।

উন্মদ (উদ্ অতিশয়—মদ্ মত্তহওয়া+অ (অন্)—ক) বিং,ত্রিং, উন্মাদগ্রস্ত, পাগল; যথা—"উন্মদাযৌবনমদে।" ২। (+অল্—ভা) পুং, পাগল।

উন্মদিষ্ণু (উন্মদ দেখ+ইষ্ণু—ক) বিং, ত্রিং, উন্মত্ত, উন্মাদযুক্ত, পাগল।

উন্মনাঃ (উন্মনস্, উদ্ উপরি, চঞ্চল — মনস্ মন, ৬ষ্ঠী — হিং, বা উং উৎকণ্ঠিত — মনস্ মন, ৬ষ্ঠী — হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, উৎকণ্ঠিতচিত্ত, উদ্বিগ্ন, ব্যাকুল। ২। উৎসুক। ৩। অন্যমনস্ক।

উন্মন্থ — পুং, উন্মন্থন — ক্লীং } (উদ্ — মন্থ্ হনন করা, বধ করা + অ(অল্), অন (অনট্) — ভা) সং, মথন। ২। হনন।

উন্মাথ (উন্মথ দেখ, অ(ঘঞ্) — ণ) সং, পুং, মৃগ-বধোপযুক্ত যন্ত্র, ফাঁদ। ২। (+ ঘঞ্ — ভা) বিলোড়ন। ৩। হনন। ৪। খেদ। ৫। (উদ্ — মথ্-ণিচ্ = মথি + অন — ক) ঘাতক।

উন্মাদ (উৎ — মদ্ মত্ত হওয়া + অ(ঘঞ্) — ভা) সং, পুং, বায়ুরোগ-বিশেষ, পাগল হওয়া; এ রোগ জন্মিলে বুদ্ধি বিচলিত হয়। ২। হিতাহিত বোধ না থাকা, সাধ্য অসাধ্য বিবেচনা না করা, গুরু লঘু জ্ঞান রহিত হওয়া। ৩। বাতুলত্ব। ৪। চিত্তবিভ্রম। ৫। বুদ্ধিভ্রংশ। শিং — ১ "উন্মত্তকো বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সান্নিপাতিক গ্রহাবেশ লক্ষণৈরুন্মাদৈরভিভূতঃ।"

উন্মাদক (উৎ উপরি — মাদি মত্ত করান + অক(ণক) — ক) বিং, ত্রিং, যে বা যাহা উন্মাদ জন্মায়, যে বা যাহা উন্মত্ত করে, উন্মাদী।

উন্মাদন (উৎ — মদ্-ণিচ্ = মাদি মত্ত করান + অন — ক) সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। ২। (+ অনট্ — ভা) ক্লীং, উন্মত্তকরণ। ৩। বিং, ত্রিং, যদ্দ্বারা উন্মাদ জন্মে, যদ্দ্বারা উন্মত্ত করা যায়, উন্মত্ততাকারক।

উন্মাদিত (উন্মাদক দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যার উন্মাদ জন্মাইয়া দিয়াছে, যে উন্মত্ত হইয়াছে, যাহাকে উন্মত্ত করা গিয়াছে।

উন্মাদী (উন্মাদিন্, উন্মাদ + ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, উন্মাদযুক্ত, উন্মত্ত।

উন্মান (উৎ — মা পরিমাণকরা + অন(অনট্) — ভা) সং, পুং, পরিমাণ-বিশেষ, দ্রোণ-পরিমাণ।

উন্মার্গ (উৎ — মার্গ পথ) সং, পুং, অসৎপথ। গর্হিত আচরণ, নিন্দিত ব্যবহার। ২। বিং, ত্রিং, কুপথগামী।

উন্মার্গগামী (— গামিন্, উদ্ অসৎ — মার্গ পথ — গম্ গমন করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, যে গর্হিত আচরণ করে, অসদাচারী, গর্হিতাচারী। — মিনী — স্ত্রীং।

উন্মিষৎ (উৎ উপরি — মিষ্ প্রকাশপাওয়া + অ(শতৃ) — ক) বিং, ত্রিং, যাহা প্রকাশ হইতেছে, যাহা উন্মীলিত হইতেছে।

উন্মিষিত (উৎ — মিষ্ [স্পর্দ্ধাকরা] বিকসিত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, উন্মীলিত, বিকসিত। ২। কিঞ্চিৎ প্রকাশিত। ৩। (+ ক্ত — ভা) সং, ক্লীং, উন্মেষ, উন্মীলন। শিং — ১ "ব্যালোকয়ন্নুন্মিষিতৈস্তড়িন্ময়ৈঃ।" (কু[illegible]ার)।

উন্মীলন (উৎ মীল্ [চক্ষুমুদ্রিত হওয়া] চক্ষুচাওয়া + [illegible](অনট্) — ভা) সং, ক্লীং, বিকাশ। ২ [illegible]ন্মেষ, প্রকাশ। ৩। উদ্ঘাটন। ৪। [illegible]াওয়া, চোক্ মেলা (চক্ষুস্থলেই [illegible]গ করা কর্ত্তব্য)।

উন্মীলিত ([illegible]লন দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, বি[illegible]সিত। শিং — ১ "তে চোন্মীলিত মালতী সুরভয়ঃ প্রৌঢ়াঃ কদম্বানিলাঃ।" ২। প্রকাশিত। শিং — ১ "উন্মীলিতং তুলিকয়েব চিত্রম্।" ৩। উন্মেষিত। ৪। উদ্ঘাটিত, চক্ষুস্থলেই প্রয়োগ করা কর্ত্তব্য। শিং — ১ "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।"

উন্মুক্ত (উন্মোচন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত, যাহা খুলিয়া গিয়াছে, বন্ধনরহিত।

উন্মুখ (উদ্ ঊর্দ্ধে — মুখ, ৬ষ্ঠী — হিং, বা উৎ উন্নমিত — মুখ, ৩য়া — হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, ঊর্দ্ধমুখ, যে মুখ তুলিয়া রহিয়াছে, যে প্রস্তুত হইয়াছে, উদ্যত, ব্যগ্র, তৎপর। ২। উৎসুক। ৩। উদ্যুক্ত। শিং — ১ "গতাস্তে লুব্ধকাঃ স্বগৃহোন্মুখাঃ। ২ চূতযষ্টিরিবাভ্যাসে মধৌপরভৃতোন্মুখী। ৩ (পুষ্পোদ্গতিঃ) উচিত ফলোন্মুখী।"

উন্মুখতা (উন্মুখ + তা — ভা) সং, স্ত্রীং, উন্মুখ হওয়া, উদ্যত হওয়া। ২। প্রকাশ হওয়া।

উন্মুদ্র (উদ্ বিমুক্ত—মুদ্রা মোহর, সীল. ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রকাশিত, প্রস্ফুটিত। ২। মুদ্রারহিত।

উন্মূলন (উদ্ উপরি—মূলি [ নাম ধাতু ] মূল লওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মূল সহিত তুলিয়া ফেলা, উৎপাটন, উপড়ন; যথা—পাদপোন্মূলন। ২। সমূলে বিনাশ-করণ, নির্ম্মূল করা। শিং—১ "(অস্য দুরাত্মনঃ) সমূলমুন্মূলনং করিষ্যামি।"

উন্মূলয়িতা (—য়িতৃ, উন্মূলন দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে উন্মূলন করে, উৎপাটয়িতা, উৎপাটক।

উন্মূলিত (উন্মূলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার উন্মূলন হইয়াছে, সমূলে উৎপাটিত, উপড়ান। ২। সমূলে বিনাশিত।

উন্মৃজা (উদ্ উপরি—মৃজ্ মার্জ্জন করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, যে ক্রিয়াতে সংমার্জ্জন আছে। ২। প্রোঞ্ছন।

উন্মৃষ্ট (উৎ—মৃষ্ট [মৃজ্ পরিষ্কার করা+ত (ক্ত)—র্ম্ম] পরিষ্কৃত) বিং, ত্রিং, পরিষ্কৃত, মার্জ্জিত, বিমলীকৃত।

উন্মেষ (উন্মিষিত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, প্রকাশ, উদয়। ২। চক্ষুখোলা। ৩। উন্মীলন। শিং—১"নিমিষস্তে স্মৃতা রাত্রিরুন্মেষো দিবসস্তথা। ২ বিদ্যুদুন্মেষদৃষ্টি। ৩ কমলোন্মেষ।"

উন্মোচন (উৎ—মুচ্ মোচন করা + অন (অনট্)—ভা) সং, ক্লীং, মোচন, খোলা। ২। বন্ধন হইতে মুক্ত করিয়া দেওয়া। ৩। কারাগার হইতে মুক্ত করিয়া দেওয়া। ৪। ছিনিয়া লওয়া।

উন্মোচিত (উদ্ উপরি—মুচ্-ণিচ্=মোচি মুক্ত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার উন্মোচন হইয়াছে।

উপ (বপ+অ(ক)—ক) অং, আধিক্য। ২। হীনতা। ৩। আসন্নতা, সামীপ্য। ৪। সাদৃশ্য। ৫। আরম্ভ। ৬। সামর্থ্য। ৭। ভূষণ। ৮। দোষাখ্যান। ৯। দান। ১০। মারণ। ১১। ইচ্ছা। ১২। ব্যাপ্তি। ১৩। আশ্চর্য্যকরণ। ১৪। পূজা। ১৫। তিরস্কার। ১৬। আনুকূল্য। ১৭। উদ্যোগ। ১৮। নিদর্শন। "উপাসন্নে হীনে হধিকে সাদৃশ্য প্রতিযত্নয়োঃ। তদ্যোগব্যাপ্তি পূজাসু শক্ত্যাবারম্ভদানয়োঃ। দক্ষিণাচার্য্যকরণ দোষাখ্যানাত্যয়েষু চ।"

উপকণ্ঠ (উপ সমীপ—কণ্ঠ গলা) বিং, ত্রিং, নিকট, সমীপ; যথা—আশ্রমোপকণ্ঠ, অন্তঃপুরোপকণ্ঠ। ২। সং, ক্লীং, গ্রামান্ত। ৩। অশ্বগতিবিশেষ। ৪। (ব্যং—স) কণ্ঠসমীপে। শিং—১ "আকৃষ্য চাপং শ্রবণোপকণ্ঠে। ২ কূপোপকণ্ঠে। ৩ রম্যোহয়ং সমুদ্রোপকণ্ঠঃ। ৪ কস্মিংশ্চিৎ সমুদ্রোপকণ্ঠে। ৫ প্রেয়োপকণ্ঠং মুহুরঙ্কভাজো।"

উপকণ্ঠবাসী (—বাসিন্, উপকণ্ঠ—বস্ বাস করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে নিকটে বাস করে, নিকটবাসী।

উপকথা (উপ সদৃশ—কথা) সং, স্ত্রীং, আখ্যায়িকা। ২। পাঠকদিগের চিত্ত রঞ্জনার্থ কল্পিত গল্প। ৩। উপন্যাস।

উপকরণ (উপ সাহায্য—কৃ করা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, রাজাদিগের ছত্রচামরাদি চিহ্ন। ২। সামগ্রী, অঙ্গদ্রব্য; যথা—"স্বর্ণপাত্রে সারি২ উপহার নানা বিবিধ উপকরণ।"(মেঘ)। ৩। আনুষঙ্গিক বিষয় সকল, যে সকলের যোগ বা সাহায্য ব্যতিরেকে কর্ম্ম সম্পন্ন হয় না; যথা—নৈবেদ্যের উপকরণ ফল মূলাদি, রন্ধনের উপকরণ কাষ্ঠ, অগ্নি, জলপাত্র প্রভৃতি; পূজার উপকরণ নৈবেদ্য প্রভৃতি; লিখনের উপকরণ, কাগজ, কলম প্রভৃতি। ৪। (+অনট্)—ভা) উপকার। শিং—১ "ভোজনান্যথপানানি সর্ব্বোপকরণানি চ। ২ সর্ব্বোপকরণৈ র্যুক্তম্ (রথম্)।"

উপকর্ত্তা (উপকর্তৃ, উপকরণ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, উপকারকর্ত্তা, উপকারী। শিং—১ "(মিত্রাণি) হীনান্যুপকর্তৄণি প্রবৃদ্ধানি বিকুর্ব্বতে।" র্ত্রী—স্ত্রীং।

উপকার (উপকরণ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, অনুগ্রহ। ২। আনুকূল্য, সাহায্য। ৩। ফল, প্রয়োজন। ৪। উপকৃতি। ৫। উপকরণ। ৬। (—কৄ বিস্তীর্ণ হওয়া+ঘঞ্—র্ম্ম) প্রকীর্ণ কুসুমাদি। শিং—১

"উপকারো মহাংস্তাত কৃতোহয়ং মম খেচরৈঃ। ২ উপকারগৃহীতেন শত্রুণা শত্রুমুদ্ধরেৎ। ৩পুন্নাগনাগকরবীরকৃতোপকারে। তস্মিন্ গৃহে। ৪ এতেষামুপকারাৎ।"

উপকারক (উপকরণ দেখ, অক(ণক) – ক) বিং, ত্রিং, উপকর্ত্তা, উপকারকর্ত্তা, যে উপকার করে। শিং – ১ "আগন্তবোহপি কদাচিদুপকারকা দৃশ্যন্তে। ২ স্পর্শস্তু গিন্দ্রিয়গ্রাহ্যস্তু চঃ স্যাদুপকারকঃ।"

উপকারকতা (উপকারক + তা – ভা) সং, স্ত্রীং, পরের উপকারকরণে প্রবৃত্তি, উপকারিতা।

উপকারিকা (উপকারক + আ – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উপকারকর্ত্রী। ২। রাজবাটী। ৩। পটভবন, রাজার বাসযোগ্যগৃহ। ৪। ধান্যরক্ষণস্থান, গোলা, মরায়ী। ৪। পিষ্টকবিশেষ।

উপকারিতা (উপকারিন্ + তা – ভা) সং, স্ত্রীং, উপকার, সাহায্য। ২। উপযোগিতা।

উপকারী (– কারিন্, উপকরণ দেখ, ইন্(ণিন) – ক) বিং, ত্রিং, উপকারক, উপকারকর্ত্তা। ২। উপযোগী। ণী – স্ত্রী, রাজার বাসযোগ্যগৃহ। শিং – ১ "বেদান্তো নাম উপনিষৎ প্রমাণং তদুপকারীণি শারীরিক সূত্রাণি চ।"

উপকারী (উপ – কৃ করা + ঘঞ্ – ক, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, উপকারিকা দেখ।

উপকার্য্য (উপকরণ দেখ, য(ঘ্যণ) – র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপকার করা উচিত বা আবশ্যক, উপকারযোগ্য। র্য্যা – স্ত্রীং, (উপকার + ষ্য, আপ্ – স্ত্রীং) রাজার বাসযোগ্য গৃহ, পটভবনাদি। ২। গোলা, মরায়ী।

উপকীচক (উপ উপগত – কীচক) সং, পুং, বিরাট নৃপের শ্যালক কীচকের অনুজ।

উপকুঞ্চিকা (উপ – কুঞ্চিকা) সং, স্ত্রীং, কৃষ্ণজীরক।

উপকুম্ভ (উপ সমীপ – কুম্ভ ঘট, ব্যং – স) বিং, ত্রিং, নিকট, সমীপ। ২। সং, ক্লীং, কুম্ভের সমীপ।

উপকুর্ব্বন্ (উপকুর্ব্বৎ, উপকরণ দেখ, অৎ (শতৃ) – ক) বিং, ত্রিং, উপকারক।

উপকুর্ব্বাণ (উপকরণ দেখ, আন(শান) – ক) বিং, ত্রিং, যে উপকার করিতেছে। ২। সং, পুং, বেদাধ্যয়নার্থ ব্রহ্মচর্য্যব্রতধারী।

উপকুল্যা (উপ সমীপ – কুল্ রাশি করা + য(ক্য) – প্রং। আ – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পিপ্পলী, পিঁপুল। ২। জলনালী, খাল।

উপকুশ; সং, পুং, সুশ্রুতোক্ত মুখরোগ বিশেষ। শিং – ১ "যস্মিন্নুপকুশঃ স স্যাৎ পিত্তরক্তকৃতোগদঃ।

উপকূপ (উপ সমীপ – কূপ, ব্যং – স) সং, ক্লীং, কূপসমীপে, কূপের নিকটে।

উপকূপজলাশয়; সং, ক্লীং, কূপসমীপে শিলাদি নিবদ্ধ পশুগণের পানার্থ উদ্ধৃত জল রাখিবার স্থান।

উপকূল (Coast, উপ সমীপ – কূল, ব্যং – স) সং, ক্লীং, বেলাভূমি, সমুদ্রসন্নিহিত, ভূপ্রান্তভাগ। শিং – ১ "উপকূলং স কালিন্দ্যাঃ পুরীং পৌরুষভূষণঃ।"(রঘু)।

উপকৃত (উপকরণ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যার উপকার হইয়াছে। ২। বাধিত, অনুগৃহীত। ৩। (+ ক্ত – ভা) ক্লীং, উপকার।

উপকৃতি (উপকরণ দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, উপকার দেখ। শিং – ১ "মেঘো হি নাম জায়েত মহৎসূপকৃতিঃ কৃত।"

উপকৃষ্ণ (উপ সমীপ – কৃষ্ণ, ব্যং – স) সং, কৃষ্ণ সমীপে, কৃষ্ণের নিকট। [২। রচিত।

উপকৢপ্ত (উপ – কৢপ্ত) বিং, ত্রিং, উৎসৃষ্ট।

উপকেশ (উপ সদৃশ – কেশ, ব্যং – স) সং, ক্লীং, কল্পিত কেশ, পরচুলা।

উপক্রন্তা (উপ প্রথম – ক্রম্ গমন করা + তৃ(তৃন্) – ক) উপক্রমকর্ত্তা, আরম্ভকর্ত্তা।

উপক্রম (উপ – ক্রম্ [গমন করা] আরম্ভ করা ইত্যাদি + অ(অন্) – ভা) সং, পুং, আরম্ভ। ২। সম্যক্ বিবেচনা পূর্ব্বক আরম্ভ। ৩। বশীকরণ। ৪। ধর্ম্মাদি দ্বারা ভৃত্য পরীক্ষা। ৫। চিকিৎসা। ৬। গমন। ৭। পলায়ন। ৮। উপায়। ৯। উদ্যম। শিং – ১ "ঔষধোপক্রমাসাধ্যো ব্যাধিঃ। ২ তানানয়েৎ বশং সর্ব্বান্ সামাদিভিরুপক্রমৈঃ।"

উপক্রমণিকা (উপক্রম দেখ, অন(অনট্) – ভা। ক – যোগে উপক্রমণিকা) সং, স্ত্রীং, প্রথম সূত্রপাত, পরে যে বিষয় বাহুল্যে বলা করা বা লেখা যাইবেক তাহার প্রস্তাব, উপস্থিত বিষয়ের সংক্ষেপে অভিপ্রায় প্রদর্শন।

উপক্রমণীয় (উপ—ক্রম্ [গমন করা] আরম্ভ করা + অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যার উপক্রম করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক।

উপক্রমমাণ (উপক্রম দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে আরম্ভ করিতেছে, আরভমাণ, প্রক্রমমাণ।

উপক্রান্ত (উপক্রম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার আরম্ভ হইয়াছে, প্রক্রান্ত, আরব্ধ। ২। বিস্তৃত।

উপক্রিয়া (উপ সাহায্য—ক্রিয়া কার্য্য) সং, স্ত্রীং, উপকার। শিং—১ "ত্বমপীহ গুরুং বিদ্যাং শতোপক্রিয়য়া তয়া।"

উপক্রোশ (উপ—ক্রুশ্ [ক্রন্দন করা, শব্দকরা] নিন্দাকরা + অ(অল্)—ভা) সং, পুং, নিন্দা, অপবাদ, ভৎর্সনা। শিং—১"ন তু শক্যোম্যুপক্রোশং পৃথিব্যাং ধাতুমাত্মনঃ। ২ প্রাগৈরুপক্রোশমলীমসৈঃ।" ২। বিং, ত্রিং, আসন্নক্রোশ। ৩। অং, ক্রোশসমীপে।

উপক্রোষ্টা / উপক্রোশক (উপক্রোষ্টৃ, উপক্রোশ দেখ, তৃ(তৃন্), অক(ণক)—ক) বিং, ত্রিং, যে উপক্রোশ করে, নিন্দক, তিরস্কারক। ৩। সং, পুং, গর্দ্দভ।

উপক্বণ (উপ উত্তম—ক্বণ শব্দ করা + অ (অন)—প্রং) সং, পুং, বীণার শব্দ।

উপক্ষয় (উপ সমীপ—ক্ষি ক্ষয় করা + অ (অল্)—ভা) সং, ক্লীং, অপচয়, হানি। ২। বাসবাটীর নিকটস্থ প্রদেশ।

উপক্ষীণ (উপক্ষয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপচয়প্রাপ্ত, হানিগ্রস্ত, যাহার অনিষ্ট হইয়াছে। ২। বাসস্থানের নিকটস্থ

উপক্ষেপ (উপ—ক্ষেপ ক্ষেপণ) সং, পুং, উল্লেখ, প্রস্তাব। ২। আক্ষেপ। শিং—১ "কর্ণনাসাচ্ছেদোপক্ষেপভীষিতাভ্যাম্।" ৩। নাট্যে—ইতিবৃত্তের উল্লেখ।

উপক্ষেপণ (উপ সমীপ—ক্ষেপ-ণি = ক্ষেপি ক্ষেপণ করান + অন(অনট্)—ভা) সং, ক্লীং, শূদ্রস্বামিক অন্নের ব্রাহ্মণগৃহে পাকার্থ সমর্পণ। শিং—১ "উপক্ষেপণধর্ম্মেণ যত্তু পাচয়তে দ্বিজৈঃ। অভোজ্যং তদ্ভবেদন্নং।"

উপগত (উপ—গম্ [গমন করা] অঙ্গীকার করা ইত্যাদি + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত। ২। প্রাপ্ত। ৩। জ্ঞাত। ৪। কৃতমৈথুন। ৫। (+ক্ত—ক) আসক্ত, অনুরক্ত। ৬। উপস্থিত। ৭। সন্নিহিত, নিকটবর্ত্তী। ৮। প্রাপ্তিসূচক(পত্র বা রসিদ)। শিং—১ "ধনী বোপগতং দদ্যাৎ স্বহস্তপরিচিহ্নিতম্।"

উপগম (উপগত দেখ, অ(অন্)—ভা) সং, পুং, অঙ্গীকার। ২। ঘটনা। ৩। উপস্থিতি, নিকটে গমন। ৪। প্রাপ্তি, লাভ। ৫। লোভ। ৬। জ্ঞান। ৭। আসক্তি। শিং—১"ব্যাবর্ত্ততান্যোপগমাৎ কুমারী।"

উপগিরি (উপ সমীপ—গিরি) অং, পর্ব্বতসমীপে। ২। (উপ উপগত) প্রাপ্তগিরি। ৩। পুং, দেশবিশেষ।

উপগীতি (উপ—গীতি ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, আর্য্যাচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ও ৩য় চরণে দ্বাদশ এবং ২য় ও ৪র্থ চরণে পঞ্চদশ মাত্রা।

উপগূঢ় (উপ—গুহ্ [গোপন করা] আলিঙ্গন করা + ত(ক্ত)—র্ম্ম, বিং, ত্রিং, আলিঙ্গিত। ২। গুপ্ত। ৩। (+ক্ত—ভা) সং, ক্লীং, আলিঙ্গন। ৪। গ্রহণ। শিং—১ "উপগূঢ়ানি সবেপথূনি।"

উপগূহন (উপগূঢ় দেখ অন(অনট্)—ভা) সং, ক্লীং, আলিঙ্গন, আশ্লেষগ্রহণ। ২। গোপন।

উপগ্রহ (উপ নিকট—গ্রহ্ গ্রহণ করা + অ(অল্)—ভা) সং, পুং, রোধ, কারাবন্ধন। ২। অনুরোধ। ৩। প্রার্থনা। ৪। আনুকূল্য, সাহায্য। ৫। উপযোগ। ৬। (উপ ন্যূন—গ্রহ [গ্রহ্ + অল্—র্ম্ম]) অনুষঙ্গীগ্রহ, প্রধান গ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ; যথা—চন্দ্র পৃথিবীর উপগ্রহ। শিং—১ "ক্রূরবেধসমাযোগে ষস্যোপগ্রহসম্ভবঃ। তস্যামৃত্যুর্ন সন্দেহো রোগাদ্বাপি রণাদপি।" ৭। বিং, ত্রিং, কারারুদ্ধ, বন্দী।

উপগ্রহণ (উপ অধিক—গ্রহ্ গ্রহণ করা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, সংস্কারপূর্ব্বক বেদাধ্যয়ন। ২। নিকটগ্রহণ।

উপগ্রাহ (উপগ্রহ দেখ + অ(ঘঞ্) — ভা) সং, ক্লীং, উপঢৌকন, উপহার, ভেটী, ডালি।

উপগ্রাহ্য (পূর্ব্ব দেখ + য — প্রং) সং, পুং, উপঢৌকন, ভেটী, ডালি।

উপঘাত (উপ অধিক — হন্ বধ করা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, আঘাত। ২। ক্ষতি। ৩। বিনাশ, ক্ষয়, লোপ। ৪। বিকলতা। ৫। বিকৃতি। শিং — ১ "শ্রোণাক্ষ প্রেক্ষণালন্তমুপঘাতং পরস্য চ।" ৬। রোগ।

উপঘাতক (উপঘাত দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, বিনাশক। ২। ক্ষতিকারক। ৩। পীড়ক। শিং — ১ "পুংসাসহ সমাযোগো ন স ধর্ম্মোপঘাতকঃ।"

উপঘ্ন (উপ সমীপ — হন্ গমন করা + অ (টক্) — ক) সং, পুং, নিকটস্থ আশ্রয়, সমীপ। শিং — ১ "পর্ব্বতোপঘ্নঃ। ২ ছেদাদিবোপঘ্নতরোব্রতত্যৌ।" (রঘু)।

উপঘ্র (উপ সমীপ — ঘ্রা ঘ্রাণকরা + অ(ড) — ক) বিং, ত্রিং, সম্বন্ধীয়, সম্পর্কীয়।

উপচক্ষুঃ (— চক্ষুস্, উপ — চক্ষুস্, ব্যং — স) সং, ক্লীং, চক্ষুর নিকট। ২। দিব্য চক্ষু। ৩। চসমা।

উপচয় (উপ — চি [একত্র করা] বৃদ্ধি পাওয়া ইত্যাদি + অ(অল্) — ভা) সং, পুং, বৃদ্ধি। ২। উন্নতি। ৩। পুষ্টি। ৪। আধিক্য। ৫। সংগ্রহ। ৬। সমূহ। শিং — ১ "তদেতেষামস্মৎপুত্রাণাং জ্ঞানোপচয়ে ভবন্তঃপ্রমাণম্। ২ শরীরোপচয়াপচয়।" ৭। জ্যোতিষে—লগ্নের তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থান।

উপচর (উপ সমীপ — চর্ গমন করা, ভ্রমণ করা, পোষণ করা, বৃদ্ধি পাওয়া ইত্যাদি + অ(অন্) — ভা) সং, পুং, উন্নতি,। ২। বৃদ্ধি। ৩। পুষ্টি। ৪। সংগ্রহ। ৫। সমূহ। ৬। জ্যোতিষে লগ্নের ৩য় ৬ষ্ঠ, ১০ম ও ১১শ স্থান। ৭। (ব্যং — স) সং, ক্লীং, চরের নিকট, দূতের সমীপ।

উপচরিত (উপ — চর্ [গমন করা] সেবা করা ইত্যাদি + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, সেবিত, উপাসিত, আরাধিত। ২। লক্ষণা দ্বারা বোধিত।

উপচর্য্যা (উপচরিত দেখ, য(ক্যপ্) — ভা) সং, স্ত্রীং, সেবা, শুশ্রূষা। ২। চিকিৎসা।

উপচায্য (উপচয় দেখ, য(ণ্যৎ) — র্ম্ম, নিপাতন) সং, পুং, সংস্কৃত অগ্নি, যজ্ঞাগ্নি। শিং "কথাভীরমসে নিত্যমুপচায্যবতাং শুভে।"

উপচার (উপচরিত দেখ, অ(ঘঞ্) — ভা) সং, পুং, শুশ্রূষা, সেবা। শিং — ১ "উপচারাঞ্জলিস্খিন্নহস্তয়া।" (রঘু)। ২। সম্মান। ৩। উপকরণ; যথা—ষোড়শ উপচারে পূজা। শিং — ১ "সমঙ্গলোপচারাণাং সৈবাদি রচনাহভবৎ।" ৪। চিকিৎসা। ৫। ব্যবসায়। ৬। আরোপ। ৭। উৎকোচ। ৮ সজ্জা। ৯। ব্যবহার। ১০। লক্ষণা দ্বারা অর্থবোধ। শিং — ১ "উপচারপদং ন চেদিদম্।" (কুমার)। ১১। ছল, চাতুরী, মিথ্যাবাক্য। ১২। ধর্ম্মানুষ্ঠানমাত্র; যথা—"ব্রতচর্য্যোপচারঞ্চ।" শিং — ১ "অচেতনেষ্বপি চেতনাদুপচারা দৃশ্যন্তে। ২ ইত্থং বিধিজ্ঞেন পুরোহিতেন প্রযুক্তপাণিগ্রহণোপচারৌ। ৩ সোপচারং তদা রামমূচুঃ।"

উপচিকীর্ষা (Benevolence, উপ সাহায্য — চিকীর্ষ [ ] করা + স(সন্) — ইচ্ছার্থে, অ — ভাবে [ ] করিতে ইচ্ছা করা + আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, উপকার করিবার ইচ্ছা, পরোপকারে প্রবৃত্তি, পরের দুঃখ নিবারণের বাসনা।

উপচিকীর্ষু (উপচিকীর্ষা দেখ, উ — ক) বিং, ত্রিং, উপকার করিবার ইচ্ছু, উপকার করিতে উদ্যত।

উপচিত (উপচয় দেখ, ত(ক্ত) — ক, র্ম্ম) বিং, ত্রিং, সমৃদ্ধ, প্রবৃদ্ধ, বৃদ্ধি-প্রাপ্ত। শিং — ১ "মৃগবয়োগবয়োপচিতং বনং।" (রঘু)। ২। বর্দ্ধিত, পরিপুষ্ট। ৩। সঞ্চিত। শিং — ১ "প্রযত্নত্বাদ্বোপচিত্তমশুভং।" ৪। দগ্ধ। ৫। রচিত। ৬। সমাহিত। ৭। লেপাদি দ্বারা বর্দ্ধিত।

উপচীয়মান(উপচয়দেখ, আন(শান) — ক) বিং, ত্রিং, বর্দ্ধমান। ২। যাহা সঞ্চয় হইতেছে।

উপচ্ছন্দ (উপ — ছন্দ্ আচ্ছাদন করা + অ (অন্) — প্রং) সং, পুং, প্রার্থনা। ২। অনুরোধ। ৩। উপমন্ত্রণ, মন্ত্রণা দেওয়া, ফুস্লান।

উপজ ; গায়ক বা বাদকদিগের ইচ্ছাধীন রাগানুযায়ী ক্ষুদ্র ক্ষুদ্র তান করাকে উপজ কহে।

উপজনন (উপ সমীপ—জন্ জন্মান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, উৎপত্তি, উদ্ভব। ২। (জন্-ণিচ=জনি+অনট্—ভা) সং, ক্লীং, উৎপাদন।

উপজলা (উপগত—জল। ৭মী—হিং) সং, স্ত্রীং, নিবিষ্টজলাভূমি। ২। নদীবিশেষ।

উপজল্পী (-জল্পিন্,উপ সমীপ—জল্প্ জল্পনা করা, বকা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে আহূত না হইয়া বৃথা জল্পনা করে।

উপ-জাতি ; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ ; ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রায় মিলিত, এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিলমিলিত ছন্দঃ।

উপজাপ (উপ গোপনীয়রূপে—জপ্ জপ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ভেদ, বিচ্ছেদ, অনৈক্য, বিরোধ ঘটাইয়া দেওয়া। শিং—১ "উপজাপঃ কৃতস্তেন তানাকোপবতস্ত্বয়ি।" (মাঘ)। ২। (+ঘঞ্—ণ) কুচক্র। ৩। উপাংশু জপ।

উপজাপক (উপজাপ দেখ,অক(ণক)—ক) বিং, ত্রিং, ভেদকারক, যে বিরোধ ঘটাইয়াদেয়।

উপজাপ্য (উপ—জপ্ জপ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যার ভেদ করিয়া দেওয়া উচিত বা আবশ্যক, যার সহিত বিরোধ ঘটাইয়া দেওয়া উচিত বা আবশ্যক।

উপজিহ্বা (উপ হীন—জিহ্বা) সং, স্ত্রীং, ক্ষুদ্রজিহ্বা, আলজিব্।

উপজীবক (উপ—জীব্ বাঁচা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে জীবিকানির্ব্বাহ করে ; যথা—সেবোপজীবক অর্থাৎ সেবা দ্বারা জীবিকানির্ব্বাহ করে। ২। যে অবলম্বন বা আশ্রয় করে ; যথা—সে অমুকের উপজীবক, অর্থাৎ অমুককে আশ্রয় বা অবলম্বন করিয়া আছে।

উপজীবিকা (উপ—জীবিকা) সং, স্ত্রীং, জীবনোপায়, যাহা দ্বারা জীবন ধারণ করা যায়, জীবিকা, আজীব, বৃত্তি।

উপজীবী (উপজীবিন্, উপ—জীবী [জীব্ প্রাণধারণ করা+ইন্(ণিন্)—ক] যে বাঁচে) বিং, ত্রিং, জীবিকা অবলম্বী, আশ্রিত। শিং—১ "বাণিজ্যমুপজীবিনঃ। ২ অন্যোহন্যস্যোপজীবিনঃ। ৩ জাতিমাত্রোপজীবী।"

উপজীব্য (উপ—জীব্ বাঁচা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, আশ্রয়স্থান, যাহাকে অবলম্বন করিয়া জীবন ধারণ হয়, যাহাকে অবলম্বন করিয়া জীবিকানির্ব্বাহ করা যায়, আশ্রয়। শিং—১ "সর্ব্বেষাং কবিমুখ্যানামুপজীব্যো ভবিষ্যতি। পর্জ্জন্য ইব ভূতানামক্ষয়ো ভারতদ্রুমঃ। ২ অন্তঃপালাশ্চ যাস্যন্তি সদারো যত্র রাঘবঃ। সহোপজীব্যং রাষ্ট্রঞ্চ পুরঞ্চ সপরিচ্ছদম্। ৩ উপজীব্যক্রমাণাম্।"

উপজোষম, উপযোষম্ (উপ অতিশয়—জুষ্ প্রীত হওয়া+অ(ঘঞ্)—ভা, অম্—প্রং) অং, আনন্দ। ২। তুষ্ণীম্ভাব, চুপ্ করিয়া থাকা। শিং—১ "কিমিদমুপজোষমাস্যতে। ২ যথোপজোষম্।"

উপজ্ঞা (উপ আরম্ভ—জ্ঞা [জ্ঞা জানা+ঙ—ভাবে] জ্ঞান) সং, স্ত্রীং, আদ্যজ্ঞান, প্রথম জ্ঞান, উপদেশ ব্যতিরেকে প্রথম জ্ঞান। শিং—১ "অথ প্রাচেতসোপজ্ঞং রামায়ণমিতস্ততঃ।" ২। আদিকথন। (অন্তে থাকিলে ক্লীবলিঙ্গ)।

উপঢৌকন (উপ সমীপ—ঢৌক্ গমনকরা +অন(অনট্)—ভা) সং,ক্লীং, আত্মীয়তাভাবে বা প্রীতি প্রদর্শনার্থে বা সন্তোষ জন্মাইবার নিমিত্ত মূল্য গ্রহণ ব্যতিরেকে অন্যকে কোন বস্তুর দান, উপহার, উপায়ন, ভেটী, ডালি। ৩। উৎকোচ।

উপতপ্ত (উপতাপ দেখ,ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, দুঃখিত। ২। কাতর। ৩। পীড়িত। ৪। উষ্ণ। "স্মরোপতপ্তোহপি ভৃশং ন স প্রভুঃ।"

উপতপ্তা (উপতপ্ দেখ+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, তাপকারী, দুঃখকারক, যে সন্তাপ প্রদান করে। ২। পুং, রোগ।

উপতাপ (উপ অতিশয়—তপ্ তাপ দেওয়া +অ(ঘঞ্)—ভা) সং, পুং, পীড়া। ২। ত্বরা। ৩। সন্তাপ। ৪। উত্তাপ। ৫। দুঃখ, ক্লেশ, মনস্তাপ। ৬। অশুভ। শিং—১ "যো বনস্পতীনামুপতাপো বভূব। ২ বিবক্ষিতং হ্যনুক্তমুপতাপং জনয়তি।"

উপতাপক (উপতাপ দেখ+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে উপতাপ দেয়, দুঃখকর, ক্লেশকর। ২। পীড়াজনক। ৩। উত্তাপজনক।

উপতাপিত (উপ অতিশয়—তপ্-ণিচ্=তাপি তাপযুক্ত করান + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উপতাপ দেওয়া গিয়াছে, সন্তাপিত।

উপতীর (উপ সমীপ—তীর। ব্যং—স) সং, ক্লীং, তটসমীপে, তীরের নিকট।

উপত্যকা (উপ নিকট+ত্যকন্—ভবার্থে) সং, স্ত্রীং, পর্ব্বতের নিকটস্থ ভূমি। শিং—১ "উপত্যকাং হৈমবতীম্। ২ হিমবতো গিরেরুপত্যকারণ্যবাসিনঃ। ৩ মলয়াদেরুপত্যকাঃ। ৪ নর্ম্মদাতীরে পর্ব্বতোপত্যকায়াম্। ৫ কলিন্দোপত্যকাঃ।"

উপদংশ (উপ অতিশয় ইত্যাদি—দনশ্ দংশন করা+অ(অল)—র্ম্ম) সং, পুং, মদ্যপানকালীন মুখরোচক ভক্ষ্যবস্তু, চাটনি। ২। ভক্ষ্যদ্রব্য। ৩। (+অন্—ক) মেঢ্রেরোগবিশেষ, গরমিরোগ।

উপদর্শক (উপ—দর্শক যে দেখাইয়া দেয়) সং, পুং, দ্বারপাল, দ্বারী। ২। অক(ণক)—ক) বিং, ত্রিং, যে দেখাইয়া দেয়।

উপদর্শন (উপ—দৃশ্-ণিচ্=দর্শি দেখান +অন(অনট্)—ভা) সং, ক্লীং, দেখাইয়া দেওয়া, প্রদর্শন, দেখান।

উপদর্শিত (উপদর্শ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দেখাইয়া দেওয়া গিয়াছে, দর্শিত, প্রদর্শিত।

উপদা (উপ—দা [দা দান করা+ঙ—র্ম্ম] দান) সং, স্ত্রীং, উপায়ন, উপঢৌকন, ভেট। শিং—১ "প্রতর্য্য পূজামুপদাচ্ছলেন।" (রঘু)। ২। উৎকোচ, ঘুষ্।

উপদানক (উপ সাহায্য—দান+ক—স্বার্থে। অনুগ্রহ বা আশ্রয় পাইবার অভিপ্রায়ে যে দান দেওয়া হয়) সং, ক্লীং, উৎকোচ, ঘুষ্।

উপদিশ্যমান (উপদিষ্ট দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বা যে বিষয়ে উপদেশ দেওয়া যাইতেছে।

উপদিষ্ট (উপ—দিশ্ [বলা, দানকরা] দেখান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উপদেশ দেওয়া হইয়াছে, শিক্ষিত। ২। আদিষ্ট। ৩। প্রদর্শিত। ৪। কথিত। ৫। (+ক্ত—ভা) ক্লীং, উপদেশ।

উপদীকৃত (উপদা+চ্বী—কৃ+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উপায়নীকৃত, যাহাকে উপহার স্বরূপ করা হইয়াছে, যে বস্তুকে উপঢৌকনরূপে নির্দ্দেশ করা গিয়াছে। ২। উৎকোচরূপে প্রতিপাদিত, যাহা উৎকোচ রূপে প্রতিপন্ন করা হইয়াছে। শিং—১ 'তস্য রত্নমুপদীকৃতং নৃপাঃ।" (মাঘ)।

উপদীক্ষিন্ (উপ সমীপ—দীক্ষ্ দীক্ষাপ্রাপ্তি+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, দীক্ষাপ্রাপ্ত। ২। যজ্ঞে দীক্ষিত ব্যক্তির নিকটস্থ।

উপদৃক্ (উপদৃশ্, উপ উপরি—দৃশ্ দর্শন করা, দেখা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, ঊর্দ্ধস্থিত হইয়া যে দর্শন করে, উপদ্রষ্টা; যেমন—চন্দ্রসূর্য্যাদি।

উপদেব } (উপ সাদৃশ্য দেব) সং, স্ত্রীং,
উপদেবতা } সং ভূত প্রেত প্রভৃতি দেবযোনি [illegible]থা—"দেব উপদেব নহি দেখ আ[illegible]র।"

উপদেবী; সং, স্ত্রীং, ক্ষুদ্রদেবতা, যে দেবীর প্রাধান্য নাই।

উপদেশ (উপদিষ্ট দেখ, অ(অল্)—ভা) সং, পুং, শিক্ষাদান, পরামর্শদান। ২। উদ্দেশ। ৩। মন্ত্রদান। ৪। (+অল্—র্ম্ম) শিক্ষাবাক্য। ৫। প্রবর্ত্তকবাক্য। ৬। (+অল্—ণ) নাম। ৭। অনুশাসন। শিং—১ "ন স্থাস্যন্ত্যুপদেশে চ শিষ্যাঃ। ২ উপদেশো ন দাতব্যো যাদৃশে তাদৃশে জনে। ৩ নীতিশাস্ত্রোপদেশঃ। ৪ অস্মাকমুপদেশদানেন।"

উপদেশক (উপদিষ্ট দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, হিতশিক্ষক। ২। সৎপরামর্শদাতা। ৩। অধ্যাপক।

উপদেশ্য } (উপদিষ্ট দেখ, য, তব্য, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়, উপদেশ দিবার যোগ্য।
উপদেষ্টব্য }
উপদেশনীয় }
২। অনুশাসনীয়।

উপদেষ্টা (উপদেষ্ট, উপদিষ্ট দেখ, তৃ(তৃন্) — ক) সং,পুং, শিক্ষাদাতা, গুরু। শিং — ১ "চত্বারোবয়মৃত্বিজঃসভগবান্ কর্ম্মোপদেষ্টা হরিঃ।" ২। বিং, ত্রিং, উপদেশক, যে উপদেশ দেয়।

উপদেহ (উপ উপরি — দিহ্ বৃদ্ধি পাওয়া + অ(অল্) — ণ) সং, পুং, অঙ্গরাগ।

উপদেহিকা; সং, স্ত্রীং, কীটবিশেষ। ২। উপজিহ্বা।

উপদ্রব (উপ — দ্রু [গমন করা] অনিষ্ট করা + অ(অল্) — ভা) সং, পুং, উৎপাত, অমঙ্গল ঘটনা, অত্যাচার। ২। দৌরাত্ম্য। ৩। রোগের বিকারবিশেষ। শিং — ১ "ব্যাধেরুপরি যো ব্যাধির্ভবত্যুত্তরকালজঃ। উপক্রমবিরোধিত্বাৎ স হ্যপদ্রব উচ্যতে। ২ মা ভূত্তে মন্নিমিত্তমুপদ্রবঃ।"

উপদ্রষ্টা (— দ্রষ্টৃ, উপ — দৃশ্ দর্শন করা + তৃ(তৃন) — ক) বিং,ত্রিং, দর্শনকারী। ২। উপদর্শক। ৩। সাক্ষী। শিং — ১ "উপদ্রষ্টাহনুমন্তাচ ভর্ত্তা গোপ্তা মহেশ্বরঃ।"

উপদ্রুত (উপদ্রব দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ব্যাকুল। ২। যাহার উপর উপদ্রব হইয়াছে। ৩। উপদ্রবগ্রস্ত, উৎপাতগ্রস্ত, অত্যাচারিত; যথা—"পুনশ্চৈত উপদ্রুতাঃ।"

উপদ্বীপ (উপ হীন — দ্বীপ) সং, পুং — ক্লীং, ক্ষুদ্রদ্বীপ। ২। প্রায় দ্বীপের মত, দ্বীপের সমুদয় লক্ষণ যুক্ত নয়, দ্বীপসদৃশ, যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল।

উপধর্ম্ম (Superstition) সং, পুং, অপ্রধান ধর্ম্ম, হীনধর্ম্ম। ২। কাল্পনিকধর্ম্ম, অনীশ্বরে ঈশ্বর-জ্ঞান। শিং — ১ "বেদমেবাভ্যসেন্নিত্যং যথাকালমতন্দ্রিতঃ। তং হ্যস্যাহুঃ পরং ধর্ম্মমুপধর্ম্মোহন্য উচ্যতে। (মনু)। (উপধর্ম্মো অর্থাৎ জঘন্যধর্ম্মঃ)।" ৩। পাষণ্ড।

উপধা (উপ — ধা ধারণ করা + ঙ — ভা) সং, স্ত্রীং, ধর্ম্মাদির উপন্যাস দ্বারা মন্ত্রী প্রভৃতির পরীক্ষা। শিং — ১ "চিন্তাবন্তঃ কথাং চক্রুরুপধা ভেদভীরবঃ।" ২। ছল। ৩। (+ ঙ — র্ম্ম) অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ। ৪। (+ ঙ — ণ) উপায়।

উপধাতু; সং, পুং, "সপ্তোপধাতবঃ স্বর্ণমাক্ষিকং তারমাক্ষিকং। তুত্থং কাংস্যঞ্চ রীতিশ্চ সিন্দূরঞ্চ শিলাজতু" এই সপ্ত প্রকার ধাতু। ২। শরীরস্থ ধাতুসদৃশ দ্রব্য, স্বেদাদি, স্তনদুগ্ধাদি।

উপধান (উপ — ধা [ধারণ করা] আরোপণ করা ইত্যাদি + অন(অনট্) — ধি) সং,ক্লীং, শয়নকালে যাহার উপর মস্তক রাখা যায়, শিরোধান, বালিশ। ২। (+ অনট্ — ভা) ধারণ। ৩। (+ অনট্ — র্ম্ম) প্রণয়। ৪। ব্রত-বিশেষ। ৫। (+ অনট্ — ণ) বিষ। শিং — ১ "সুপ্তাস্তু তে সর্ব্ব এব কৃষ্ণাচ তেষাং চরণোপধানে। ২ (কৃষ্ণা) অশেত ভূমৌ সহ পাণ্ডুপুত্রৈঃ পাদোপধানী চ কৃতা কুশেষু। ৩ কৃতোপধানে মৃদুবিস্তীর্ণে শয়নে।"

উপধানীয় (উপধান + ঈয় অথবা উপ — ধা ধারণ করা + অনীয় — ধি) সং, ক্লীং, বালিশ।

উপধায়ক (উপধান দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক। ২। উপযোগী।

উপধায়ী (— ধায়িন, উপধান দেখ, ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক। ২। উপযোগী। শিং — ১ "অশেত সা বাহুলতোপধায়িনী।"

উপধি (উপধান দেখ, ই(কি) — ভা) সং, পুং, ছল, চাতুরী, কপট। ২। ভয়। ৪। (+ কি — ধি) রথচক্র।

উপধূপিত (উপ সমীপ বা অধিক — ধূপ + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, সন্তাপিত। ২। আসন্নমরণ, মুমূর্ষু।

উপধৃতি (উপ অধিক — ধৃ ধরা + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, কিরণ।

উপনত (উপ সমীপ — নম্ নম্র হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, সমীপাগত, নিকটস্থিত। ২। শরণাগত। ৩। প্রাপ্ত, অধিগত। শিং — ১ "অচিরোপনতাং স মেদিনীম্।"

উপনতি (উপনত দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, নমন, উপগম, উপস্থিতি।

উপনন্দ (উপ উপগত — নন্দ আনন্দ, ৭মী

—হিং) বিং, ত্রিং, আনন্দপ্রাপ্ত, জাতাহ্লাদ, যাহাতে আনন্দ জন্মিয়াছে। ২। সং, পুং, গোপরাজ নন্দের ভ্রাতা।

উপনন্দক (উপ অধিক—নন্দ-ণিচ=নন্দি আনন্দিত হওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, আনন্দজনক, আনন্দোৎপাদক, যে আনন্দ জন্মাইয়া দেয়। ২। সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্র। ৩। ঊর্ণনাভ। ৪। নন্দভ্রাতা।

উপনয় (উপ উপরি—নী লওয়া+অ(অল্) —ভা) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের যজ্ঞসূত্রধারণ, সংস্কারবিশেষ। ২। আগমন।

উপনয়ন (উপ সমীপ—নী লওয়া+অন অনট্)—ণ। অধ্যাপনার্থ আচার্য্যের সমীপে নীত হয় যে কর্ম্মের দ্বারা) সং, ক্লীং, যজ্ঞোপবীত সংস্কার, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য তিন বর্ণ এই সংস্কার করিয়া যজ্ঞোপবীত ধারণ করে। শিং—১ "গৃহ্যোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ। বালো বেদায় তদ্যোগাদ্বালস্যোপনয়নং বিদুঃ।"

উপনাম; সং, কল্পিত নাম, কৃত্রিম নাম।

উপনায় (উপ সমীপ—নী-ণিচ=নায়ি নীত করান+অ(অল্)—ণ) সং, পুং, উপনয়ন সংস্কার। ২। উপনয়নার্থ আচার্য্য নিকটে আনয়ন।

উপনায়ন (উপনায় দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞসূত্র ধারণ, সংস্কার, বৈদিকদীক্ষা। শিং—১"এষ প্রোক্তো দ্বিজাতীনামুপনায়নিকো বিধিঃ।" (মনু)। ২। আগমন।

উপনাহ (উপ—নহ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বন্ধন। ২। বীণাদির নিম্নভাগ, যে স্থলে তন্ত্রী সকল সম্বদ্ধ থাকে। ৩। (+ঘঞ্—ণ) প্রলেপ। ৪ ব্রণ প্রভৃতির উপশমনার্থ লেপনদ্রব্য, পুল্‌টিস্ প্রভৃতি।

উপনিধান—ক্লীং } (উপ—নি—ধা ধারণ
উপনিধি—পুং } করা + অন(অনট্), ই —ভা) সং, ন্যাস, গচ্ছিত রাখা।

উপনিপাত (উপ সমীপ—নি—পত্+অ (ঘঞ্)—ভা) সং, ক্লীং, সমীপে আগমন। ২। হঠাৎআগমন। শিং—১"কৃতভার্ক্ষ্যোপনিপাতবেগশঙ্কঃ।" (কিরাত)।

উপনিমন্ত্রণ (উপ—নি—মন্ত্র্ মন্ত্রণা করা+ অন(অনট্)—ভা) সং, ক্লীং, আবশ্যক কর্ম্মে প্রবর্ত্তন, নিয়োগকরণ।

উপনির্গম (উপ—নির্—গম্ গমনকরা+অ (অল্)—ণ) সং, পুং, নির্গমনপথ। ২। (+ অল্—ভাবে) নির্গমন।

উপনিবন্ধ (উপ—নিবন্ধ) সং, পুং, প্রতিজ্ঞাসময়।

উপনিবন্ধন (উপ—নি—বন্ধ্ বন্ধকরা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, সম্পাদন, সাধন।

উপনিবেশ (Colony, উপ—নি—বিশ্ প্রবেশ করা+অ—প্রং) সং, পুং, কোন দূরদেশে কৃষিকর্ম্ম ও বাস করিবার নিমিত্ত এক স্থান হইতে যে সকল লোক লইয়া গিয়া বাস করান যায়।

উপনিবেশিত (Colonized, উপ—নি—বিশ-ণিচ=বেশি প্রবেশ করান+ত(ক্ত)—ম) বিং, ত্রিং, যে সকল লোককে উপনিবেশে বাস করান গিয়াছে। "কৃতোপনিবেশিতা।"

উপনিষৎ (উপনিষদ্, উপ—নি—সদ্ গমন করা+০(কিপ্)—ণ) সং, স্ত্রীং, বেদের শিরোভাগ, বেদের যে অংশে ঈশ্বর নিরূপণ আছে, জ্ঞা[illegible]ও, বেদান্ত; উপনিষৎবিদ্যা আর্য্য[illegible]র শ্রেষ্ঠ বিদ্যা এবং ব্রহ্মবিদ্যা, বলিয়া কীর্ত্তিত। উপনিষদের প্রভাবে পরব্রহ্ম বিশ্বেশ্বরকে প্রাপ্তহওয়া যায়। ইহা দ্বারা ব্রহ্মের আত্মভাব প্রাপ্ত হওয়া যায় এই নিমিত্ত ইহাতে উপনিষদ্ বলে। ২। ব্রহ্মবিদ্যা। ৩। বিদ্যা। ৪। ধর্ম্ম। ৫। সত্য। ৬। (+কিপ্—ধি) বিজনস্থান। ৭। সমীপস্থান। ৮। তত্ত্ব। শিং—১ "তস্য বা এতস্য যজুষো রস এবোপনিষৎ। ২ অথাতঃ সংহিতায়া উপনিষদং ব্যাখ্যাস্যামঃ।"

উপনিষ্কর (উপ—নির্—কৃ করা+অ(অল্) —ণ। স্—আগম) সং, ক্লীং, নগরের পথ। ২। রাজপথ।

উপনিষ্ক্রমণ (উপ—নি—ক্রম্ গমন করা+ অন(অনট্)—ভা) সং, ক্লীং, রাজপথ। নিষ্ক্রমণনামসংস্কারবিশেষ।

উপনিহিত (উপ—নি—ধা ধারণ করা+ত

(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অন্যের নিকট রাখা হইয়াছে,যাহা গচ্ছিত রাখা গিয়াছে।

উপনীত (উপনয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,যে বালকের উপনয়ন সংস্কার হইয়াছে। শিং—১। "অথোপনীতং বিধিবদ্বিপশ্চিতঃ।" (রঘু)। ২। আনীত। ৩। আগত, উপস্থিত। ৪। উপায়নীকৃত। ৫। প্রাপিত। ৬। (+ক্ত—ভা) উপনয়ন।

উপনেতা (উপনেতৃ, উপনয় দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, আনয়নকারী, আনেতা। ২। উপনয়নকর্ত্তা। ৩। উপায়নদাতা। ৪। প্রাপক। ৫। উপনায়ক। ত্রী—স্ত্রীং। শিং—১"নিয়মবিধিজলানাং বর্হিষাং চোপনেত্রী।" [ক্লীং, চসমা।

উপনেত্র (উপ সদৃশ—নেত্র, ব্যং—স) সং,

উপন্যস্ত (উপন্যাস দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপন্যাস হইয়াছে। ২। বিন্যস্ত। ৩। আরব্ধ। ৪। উল্লিখিত। ৫। দত্ত।

উপন্যাস (উপ—নি—অস্ [ক্ষেপণ করা] বলা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, বাক্যারম্ভ। ২। উল্লেখ। ৩। দান। ৪। (+ঘঞ্—র্ম্ম) প্রস্তাব। ৫। শ্রোতা বা পাঠকদিগের চিত্ত রঞ্জনার্থে কল্পিতবৃত্তান্ত, উপকথা। শিং—১ "তস্মাদ্‌ব্রহ্ম জিজ্ঞাসোপন্যাসমুখেন—প্রস্তূয়তে।"

উপপতি (উপ প্রতিনিধি—পতি স্বামী) সং, পুং, পতি ভিন্ন যে পুরুষের প্রতি স্ত্রী অনুরক্তা হয়, জার, অধর্ম্মপতি, গুপ্তপতি, নাং।

উপপত্তি (উপ—পদ্ [গমন করা] উৎপন্ন হওয়া ইত্যাদি+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উৎপত্তি। ২। সঙ্গতি, সংস্থান। শিং—১ "লক্ষণাশক্যসম্বন্ধস্তাৎপর্য্যানুপপত্তিতঃ।" ৩। মীমাংসা, পূর্ব্বাপর বিরোধ পরিহার। ৪। প্রকরণ প্রতিপাদ্যার্থ সাধন। ৫। যুক্তি। ৬। সিদ্ধান্ত। ৭। সিদ্ধি। শিং—১ "অসংশয়ং প্রাক্ তনয়োপপত্তেঃ।" (রঘু)। ৮। উপায়। "অথোপপত্তিং ছলনাপরোহপরাম্।" ৯। কারণ, হেতু। শিং—১ "শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যোমন্তব্যশ্চোপপত্তিভিঃ।" ১০। গণিতে—সপ্রমাণ করণ (Theory)। শিং—১ "উপপত্তিং তু বক্ষ্যামি গর্ভস্যাহম্। ২। প্রাক্তনযোপপত্তেঃ স্তনন্ধয় প্রীতিমবাপ্স্যসি ত্বম্।"

উপপত্নী (উপ প্রতিনিধি—পত্নী স্ত্রী) সং, স্ত্রীং, বিবাহিতা স্ত্রী ভিন্ন যে নারীর প্রতি পুরুষ অনুরক্ত হয়, উপস্ত্রী, ঢেম্নি।

উপপদ (উপ সমীপ—পদ, ব্যং—স) সং, ক্লীং, পদের নিকটস্থ পদ। ২। পূর্ব্বপদ। শিং—১"তস্যাঃ সরাজোপপদং নিশান্তম্।" ৩। অপ্রধান পদ। ৪। উপাধি; যেমন—শর্ম্ম বর্ম্ম ইত্যাদি। ৫। ব্যাকরণে—সমভিব্যাহৃত স্বার্থপোষক পদ; যথা—প্রহারাদৌ প্রাদি।

উপপন্ন (উপপত্তি দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উৎপন্ন। ২। উচিত। ৩। সিদ্ধ, সম্পন্ন। ৪। মিলিত। ৫। আগত। ৬। যুক্তিযুক্ত। শিং—১ "উপপন্নং নমু শিবং। ৭। প্রাপ্ত। শিং—১ "অতীন্দ্রিয়েষ্বপ্যুপপন্ন দর্শন।" (রঘু)। ৮। সম্ভাবিত। ৯। বিচার করিয়া যাহা দাঁড়ায়, ফলিত, প্রতিপন্ন। ১০। সঙ্গত, অবিরুদ্ধ।

উপপাত (উপ সমীপ—পত্ পতিত হওয়া, উপস্থিত হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, ক্লীং, হঠাৎ আগমন, ফলোন্মুখ।

উপপাতক (উপ হীন—পাতক পাপ) সং, ক্লীং, ঊনপঞ্চাশ প্রকার পাপবিশেষ, গোবধাদি পাপ।

উপপাদক (উপ—পদ্-ণিচ্=পাদি গমন করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, নির্ব্বাহক, সম্পাদক। ২। মীমাংসক।

উপপাদন (উপপাদক দেখ, অন(অনট)—ভা) সং, ক্লীং, সম্পাদন, সাধন। ২। যুক্তিদ্বারা সমর্থন, সম্যক্ প্রতিপাদন। ৩। মীমাংসা করা, পূর্ব্বাপর বিরোধ পরিহার করা। শিং—১ "লৌহপিণ্ডং যথা বহ্নিঃ প্রবিশ্য হ্যতিপাদয়েৎ তথা ত্বমপি জানীহি গর্ভে জীবোপপাদনম্। (ভারত)।

উপপাদনীয় (উপ সমীপ+পাদি প্রাপ্তি করান+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাহনীয়। ২। সম্পাদনীয়। ৩। প্রতিপাদনীয়। ৪। মীমাংসনীয়।

উপপাদিত (উপপাদক দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, যুক্তি দ্বারা সমর্থিত। ২। কৃত। ৩। উৎপাদিত। ৪। নির্ব্বাহিত, সম্পাদিত। ৫। মীমাংসিত।

উপপাদ্য (Theorem, উপপাদক দেখ, য-র্ম্ম) বিং, ত্রিং, যাথার্থ্য নিরূপণ যে প্রতিজ্ঞার উদ্দেশ্য। ২। নির্ব্বাহনীয়। ৩। যুক্তির দ্বারা সমর্থনীয়, মীমাংসার যোগ্য।

উপপুর (উপ নিকট-পুর নগর, ব্যং-স) সং, ক্লীং, শাখানগর, বৃহৎ নগরের নিকটবর্ত্তী গ্রাম।

উপপুরাণ (উপ ক্ষুদ্র-পুরাণ ইতিহাস) সং, ক্লীং, অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ; যথা— আদি, নৃসিংহ, বায়ু, শিবধর্ম্মঃ, দুর্ব্বাসঃ, নারদ, নন্দিকেশ্বর, উশনঃ, কপিল, বরুণ, শাম্ব, কালিকা, মহেশ্বর, পদ্ম, দেব, পরাশর, মরীচি, ভাস্কর।

উপপুষ্পিকা (উপ অধিক-পুষ্প্ [ফোটা] পুষ্পের ন্যায় খুলিয়া যাওয়া+অক(ণক)-প্রং,) সং, স্ত্রীং, জৃম্ভা, হাই।

উপপ্রদান (উপ সাহায্যার্থে-প্র-দা দানকরা+অন(অনট্)-ভা। যাহা সাহায্যার্থে প্রদত্ত হয়) সং, ক্লীং, উৎকোচ, ঘুষ। শিং-১"সাম চোপপ্রদানঞ্চ ভেদো দণ্ডশ্চ তত্ত্বতঃ। (রামায়ণ)।

উপপ্রলোভন (উপ অধিক-প্রলোভন লোভদেখান) সং, ক্লীং, মিথ্যা প্রলোভন।

উপপ্লব (উপ-প্লু [গমন করা] বিপন্নহওয়া ইত্যাদি+অ(অল্)-ভা) সং, পুং, প্রতিবন্ধ। ২। বিপদ্। ৩। উপদ্রব। ৪। ভয়। ৫। রাহু। ৬। চন্দ্রাদিগ্রহণ। ৭। (Tumults) প্রভু শক্তির প্রতিকূলে প্রজাগণের অভ্যুত্থান। ৮। গগন হইতে উল্কাপাত। ৯। অশুভ, অমঙ্গল।

উপপ্লব্য (উপপ্লব দেখ, য-ভা) সং, ক্লীং, বিরাট নগরের নিকটস্থ পুরবিশেষ। শিং-১ "উপপ্লব্যে নিবিষ্টেষু পাণ্ডবেষু জিগীষয়া।"

উপপ্লুত (উপপ্লব দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, উপদ্রুত। ২। রাহুগ্রস্ত। ৩। পীড়িত। ৪। ভীত। ৫। বিপদ্গ্রস্ত। ৬। উপদ্রবযুক্ত। শিং-১"উপপ্লুবং পাতুমদো মদোদ্ধতৈঃ।" (মাঘ)।

উপবন্ধ (উপ সমীপ-বন্ধ্ বন্ধন করা+অ(অল্)-ভা) সং, ক্লীং, কোন ব্যক্তির বন্ধনোদ্দেশে তাহার নিকটে অন্যপদার্থের বন্ধন। ২ অবান্তর আসনবিশেষ।

উপবর্হ (উপ সমীপ-বর্হ্ বিস্তার করা। অ(অল্)-ণ) সং, ক্লীং উপাধান, বালিশ। ২। উপপীড়ন। [পশ্চ অঙ্গ।

উপবাহু (উপ-বাহু। ব্যং-স) বাহুর সমী·

উপভঙ্গ (উপ অধিক-ভঙ্গ্ ভঙ্গ দেওয়া পলায়ন করা, ভাঙ্গিয়া যাওয়া+অ(ঘঞ্)-ভা) সং, ক্লীং, যুদ্ধাদি হইতে পলায়ন, প্রস্থান।

উপভুক্ত (উপ সদৃশ-ভুজ্ ভোজন করা+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, যাহা ভোগ করা হয়। ২। ভক্ষিত, ভুক্ত, খাদিত। ৩। ব্যবহৃত।

উপভুজ্যমান (উপভুক্ত দেখ, আন(শান)-র্ম্ম। য, ম-আগম) বিং, ত্রিং, যে বিষয়ের উপভোগ করা যাইতেছে। ২। ব্যবহ্রিয়মাণ, যাহা ব্যবহার করা যাইতেছে।

উপভুঞ্জান (উপ-ভুজ্-ভোগ করা+আন (শান)-ক) বিং, ত্রিং, যে উপভোগ করিতেছে। ২। ব্যবহরমাণ।

উপভূষণ; সং, ক্লীং, ঘণ্টা, চামর, কুন্তাদি উপকরণবিশেষ। শিং-১ "তদ্ভূষণান্তরে দদ্যাৎ যস্মাত্তদুপভূষণং।"

উপভোক্তা (উপভোক্তৃ, উপভুক্ত দেখ, তৃ-(তৃন্)—ক) বিং, ত্রিং, যে উপভোগ করে।

উপভোগ (উপভুক্ত দেখ, অ(অল্)-ভা) সং, পুং, সুখাদিভোগ। ২। ভক্ষণ। ৩। ব্যবহার। শিং-১ "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। ২ চরণোপভোগসুভগো লাক্ষারসঃ। ৩ বনস্পতীনাং সর্ব্বেষামুপভোগো যথা যথা। তথা তথা দমঃ কার্য্যো হিংসায়ামিতি ধারণা।"

উপভোগ্য (উপভুক্ত দেখ, য(ক্যপ্)-র্ম্ম) বিং, ত্রিং, উপভোগ-যোগ্য, যে বিষয়ের উপভোগ করা উচিত। শিং-১ "অসৃতসা নাণবমপভোগ্যম্।" (কুমার)।

উপম (উপ—মা পরিমাণ করা+অ(ড)—ক) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে সদৃশ অর্থ বুঝায়।

উপমর্দ্দ (উপ—মৃদ্ মর্দ্দন করা+অ(অল্)—ভা) সং, পুং, আলোড়ন। ২। হিংসা। ৩। পীড়ন, নিষ্পীড়ন। শিং—১ "অন্যাসু তাবদুপমর্দ্দসহাসু ভৃঙ্গ।"

উপমা (উপ তুল্য—মা পরিমাণ করা+ঙ—ভা) সং, স্ত্রীং, সাদৃশ্য, তুল্যতা। ২। অর্থালঙ্কার বিশেষ, সাধারণ ধর্ম্মবিশিষ্ট ভিন্ন জাতীয় বস্তুদ্বয়ের সাদৃশ্য কথন। ৩। (+ঙ—ণ) উপমান। শিং—১ "অপিলপিতমপ্যানং বুবুধে ন বুধোপমঃ।"(রঘু)। ৪। বিং, ত্রিং, তুল্য। শিং—১ "যস্যা নাস্ত্যুপমা ভুবি। ২ উপমা নৃপতেস্তস্য গজেন্দ্রস্যস্য গচ্ছতঃ। ভবেদ্যদি রবির্যায়াদ্ গগণে সোদয়াচলঃ। ৩ তদপ্যুপমাস্তি।"

উপমাতা (উপমাতৃ, উপমা দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, উপমানকর্ত্তা, যে উপমা দেয়। ২। (উপ সদৃশ—মাতা) সং, স্ত্রীং, ধাত্রী, ধাই। ৩। মাতৃতুল্যা, মাসী পিসী ইত্যাদি। শিং—১ "মাতৃষসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃস্বসা। শ্বশ্রূঃপূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ।" (স্মৃতিঃ)।

উপমান (উপমা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সাদৃশ্য, উপমা। ২। (+অনট্—ণ) যাহার সহিত উপমা দেওয়া যায়, চন্দ্র পদ্মাদি। শিং—১"এতাবদেবপর্য্যাপ্তমুপমানম্। ২ উপমানমভূদ্বিলাসিনাম্ ৩ উপমানস্যাপি সখে প্রত্যুপমানং বপুস্তস্যাঃ।"

উপমালঙ্কার; সং, পুং, সাম্যালঙ্কার।

উপমিতি (উপমা দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উপমা। শিং—১"স্তনৌ মাংসগ্রন্থীকনককলসাবিত্যুপমিতৌ। ২ পল্লবোপমিতি সাম্যসপক্ষম্ (অধরবিম্বম্)।" ২। সাদৃশ্যজ্ঞান জন্য জ্ঞান; যথা—গোসদৃশ গবয় পদবাচ্য ইত্যাকার জ্ঞান।

উপমেত; সং, পুং, শালবৃক্ষ।

উপমেয় (উপমা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উপমাবিষয়, উপমার বিষয়ীভূত। ২। অন্যের সহিত যাহার উপমা দেওয়া যায় বা যাইতে পারে; যথা চন্দ্রতুল্য বদন, এস্থলে চন্দ্র উপমান, আর বদন উপমেয়।

উপমেয়োপমা (উপমেয়—উপমা সাদৃশ্য) সং, স্ত্রীং, যে স্থলে উপমান ও উপমেয় উভয়েরই পর্য্যায়ক্রমে উপমানোপমেয় ভাব বিবক্ষিত হয়; যথা—"মতিরিব কমলা কমলেব মতিঃ।"

উপযন্তা (উপযন্তৃ, উপ—যম্ [নিবৃত্ত হওয়া] বিবাহ করা+তৃ(তৃন)—ক) সং, পুং, বিবাহকারক, বর। শিং—১ "অথোপযন্তারমলং সমাধিনা। ২ অথোপযন্ত্রা সদৃশেন যুক্তম্।" (রঘু)। ২। সংযমনকর্ত্তা।

উপযম } উপযাম } (উপযন্তা দেখ, অ(অল্), অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিবাহ।

উপযমন (উপযন্তা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিবাহ। ২। (+অনট্—ণ) বৈবাহিক মন্ত্র।

উপযাচক (উপ—যাচ্ যাচ্ঞা করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, স্বয়ং যাচক, যে নিজে যাচ্ঞা করে, যে নিকটে গিয়া অথবা নম্রতা স্বীকার করিয়া কোন বিষয়ে যাচ্ঞা করে বা প্রার্থনা জানায়। —চিকা —স্ত্রীং, যে স্ত্রী পরপুরুষের নিকটে গিয়া অনুরাগ প্রকাশ বা সম্ভোগ প্রার্থনা করে।

উপযাচিত (উপযাচক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে অথবা যাহার নিকটে গিয়া যাচ্ঞা বা প্রার্থনা করা গিয়াছে, প্রার্থিত। ২। সমর্পিত। শিং—১"উপযাচিত দানেন যতোদেবা অভীষ্টদাঃ।"

উপযাচিতক (উপযাচিত+ক(কন্)—হিতার্থে) সং, ক্লীং, প্রার্থিত বস্তু। ২। ইষ্টসিদ্ধিহেতু দেবোদ্দেশে মানিত। শিং—১ "সিদ্ধায়তনানি কৃতবিবিধদৈবতোপযাচিতকানি।" (কাদম্বরী)।

উপযাজ (উপ—যাজ [যজ+অ(ঘঞ্)—ভা]) সং, পুং, যজ্ঞবিশেষ। ২। কাশ্যপগোত্রজ, ঋষিবিশেষ। ৩। সং, ক্লীং, সংহিতাধ্যয়ন।

উপযাত (উপ—যাত গত) বিং, ত্রিং, উপগত, সমীপাগত। শিং—১ "উপযাতায়াৰ্য্যামিতি কোহনীয়া।" ২। প্রাপ্ত।

উপযান (উপ—যান গমন) সং,ক্লীং, প্রাপ্তি। ২। উপসর্পণ, নিকটে গমন। শিং—১ "হরোপযানে ত্বরিতা বভূব।" (কুমার)।

উপযুক্ত (উপ—যুজ্ [যোগ করা] পারক হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যোগ্য, অনুরূপ, উপযোগী।২। সমর্থ। ৩। উচিত, ন্যায্য। ৪। কার্য্যদক্ষ। ৫। ভুক্ত।

উপযুক্ততা (উপযুক্ত+তা—ভা) সং, স্ত্রীং, কর্ম্মণ্যতা, কার্য্য-দক্ষতা। ২। ঔচিত্য, ন্যায্যতা। ৩। অনুরূপতা, উপযোগিতা।

উপযোগ (উপযুক্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, উপকার। ২। আবশ্যকতা। ৩। উপযোগিতা। ৪। ভোজন। ৫। ভোগ। ৬। আনুকূল্য। ৭। ব্যয়। ৮। নৈকট্য। ৯। ইষ্টসিদ্ধিসাধন ব্যাপার। "অনঙ্গলেখক্রিয়য়োপযোগম্।" ১০। (+ঘঞ্—ণ) কারণ।

উপযোগিতা (উপযোগিন্+তা—ভা) সং, স্ত্রীং, কার্য্যকারিতা, কোন কার্য্যে লাগা; যথা—কার্য্যোপযোগিতা। ২। প্রয়োজন, আবশ্যকতা; যথা—এরূপ বলার কোন উপযোগিতা নাই। ৩। আনুকূল্য। ৪। উপযুক্ততা।

উপযোগী (উপযোগিন্, উপযোগ+ইন্(ণিন)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্রিয়াসাধন, অনুকূল। ২। উপকারী। ৩। উপযুক্ত। ৪। যোগ্য, অনুরূপ। ৫। কার্য্যকারক, যাহা কোন কার্য্যে লাগে, যাহা দ্বারা কার্য্য নির্ব্বাহ হয়; যথা—কার্য্যোপযোগী, প্রয়োজনোপযোগী। শিং—১ "অস্তি কন্যারত্নং মে গৃহ্যতামুপযোগি চেৎ। ২ পুরুষার্থানুপযোগিত্বাৎ।"

উপযোষম্; অং, ক্লীং, আনন্দ।

উপরক্ত (উপ—রন্‌জ্ [রং করা] গ্রাস করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম, ক) বিং, ত্রিং, পীড়াগ্রস্ত। ২। অনুরক্ত। ৩। রক্তবর্ণ। ৪। সং, পুং, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য। ৫। রাহু।

উপরক্ষ (Body-guard, উপ সমীপ—রক্ষ্ রক্ষা করা + অ(অল্)—ক) সং, পুং, যে সৈন্যগণের সমীপস্থ হইয়া সেনা রক্ষা করে, সৈন্যের সমীপবর্ত্তী রক্ষক।

উপরক্ষণ (উপ—রক্ষ্ রক্ষা করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, রক্ষাকরণ। ২। চৌকী। ৩। রক্ষণার্থ সৈন্যাদিস্থাপন।

উপরঞ্জক (উপ হীন—রঞ্জ্ রঞ্জন করা +অক(ণক)—ক) বিং, ত্রিং, উপরঞ্জনকারক।

উপরত (উপ—রম্ [ক্রীড়া করা] বিশ্রাম করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নিবৃত্ত। ২। মৃত। ৩। বিগত। শিং—১"পিতর্য্যুপরতে পুত্রা বিভজেয়ুর্ধনং পিতুঃ।"

উপরতস্পৃহ (উপরত—স্পৃহা বাঞ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার স্পৃহা নিবৃত্ত হইয়াছে, সাংসারিক বিষয়ে লিপ্ত থাকিতে আর যার ইচ্ছা নাই, যে বিষয় বাসনা পরিত্যাগের ইচ্ছা করিয়াছে, বীতস্পৃহ। ২। বিগততৃষ্ণ। শিং—১ "পিতর্য্যুপরতস্পৃহে।"

উপরতি (উপরত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিরাম, নিবৃত্তি। ২। বৈরাগ্য। ৩। বাসনাত্যাগ। ৪। মৃত্যু।

উপরত্ন (উপ সদৃশ—রত্ন) সং, ক্লীং, রত্ন সদৃশ, চাক্‌চিক্যময় বস্তু; যথা—কাচ কর্পূর, প্রস্তর, মুক্তা, শুক্তি, শঙ্খ ইত্যাদি।

উপরম } (উপ—রম্ ক্রীড়াকরা+অ(অল্),
উপরাম } অ(ঘঞ্)—ভা) সং,পুং, নিবৃত্তি। ২। বৈরাগ্য। ৩। মৃত্যু। শিং—১ "যানি চাপি ত্বয়া সার্দ্ধং বনেষু চ সুগন্ধিষু। বিহৃতানি সুখং কালে তেষামুপরমঃ কৃতঃ। ২ দ্বিমাসোপরমে কালে ব্যতীতে।"

উপরাগ (উপরক্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, চন্দ্রসূর্য্যগ্রহণ। ২। রাহু। ৩। যন্ত্রণা। ৪। উপদ্রব। ৫। বিরাগ। ৬। বিপদ্। ৭। অপবাদ। ৮। প্রবৃত্তি। ৯। সম্বন্ধ। ১০। নিন্দা। ১১। ব্যসন। শিং—১ "চন্দ্রসূর্য্যোপরাগে। ২ উপরাগান্তে শশিনঃ সমুপগতা রোহিণীযোগম্।"

উপরি, উপরিষ্টাৎ (উর্দ্ধ+রি, রিষ্টাৎ—প্রং) অং, উর্দ্ধে, উপরে। ২। অনন্তর, পরে। শিং—১ "মঞ্জুষায়াম্—উপরিন্যস্তদীপায়াম্। ২ মম তস্যোপরি চিত্তবৃত্তি র্ন বিকৃতিং যাতি।—১ নাধস্তান্নোপরিষ্টাচ্চ

গতি র্না প্সুনচাম্বরে। কস্যচিৎ সর্জ্জতেহ স্যাকম্। ২ উপরিষ্ঠাচ্চ বৃক্ষস্য বলাকা সংস্থলীয়ত।"

উপরিচর (উপরি—চর) সং, পুং, রাজাবিশেষ। শিং—১ "রাজোপরিচরো নাম ধর্ম্মনিষ্ঠো মহীপতিঃ।" ২। বিং, ত্রিং, উর্দ্ধচর।

উপরিতন (উপরি+তন—ভবার্থে) বিং, ত্রিং, উপরে যাহা আছে, উর্দ্ধতন।

উপরিতল ; সং, ক্লীং, গৃহের ছাদ।

উপরিমেখল (উপরি উর্দ্ধ—মেখলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার মেখলা উর্দ্ধভাগে আছে। ২। সং, পুং, গোত্রপ্রবর্ত্তক ঋষি-বিশেষ।

উপরিসদ্ (উপরি উর্দ্ধ—সদ্ স্থিতি করা বাস করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, উপরি-স্থিত সোমনেত্র নামক দেববিশেষ।

উপরিসদ্য (উপরিসদ্ দেখ+য—ভা) সং, ক্লীং, উর্দ্ধে স্থিতি। ২। অন্তরীক্ষে উপবেশন।

উপরীতক ; সং, পুং, শৃঙ্গারবন্ধ-বিশেষ, আসন বাঁধন, এক পদ উরুদেশে রাখিয়া অন্য পদ স্কন্ধে আরোপণ পূর্ব্বক নারী সম্ভোগ।

উপরুদ্ধ (উপ উপরি—রুধ্ রোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, আবৃত। ২। উৎপীড়িত। ৩। যাহাকে বা যে বিষয়ে উপরোধ করা গিয়াছে, অনুরুদ্ধ। ৪। প্রতিবন্ধ। শিং—১"রাজ্ঞামুপরুদ্ধবৃত্তম্।"

উপরোধ (উপ—রুধ্ আবরণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রতিবন্ধ। ২। অনুরোধ, সুপারিস, খাতির। ৩। আবরণ। ৪। পীড়া। শিং—১"অনুগ্রহঃ খল্পরোধঃ। ২ তপোবননিবাসিনামুপরোধো মাভূৎ। ৩ ভৃত্যানামুপরোধেন।"

পরোধক (উপরোধ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, উপরোধকর্ত্তা, যে উপরোধ করে। ২। সং, ক্লীং, গৃহ, বাসগৃহ।

উপর্য্যুপরি (উপরি—উপরি) অং, তারপর তারপর।

উপল (উপ—লা দান করা বা লওয়া+অ(ড)—ক) সং, পুং, পাষাণ, শিলা, প্রস্তর। ২। রত্ন। ৩। বহুমূল্য প্রস্তর। লা—স্ত্রীং, প্রস্তরময় ভূমি। ২। শর্করা।

উপলক্ষ, উপলক্ষ্য (উপ সমীপ—লক্ষ্য দ্রষ্টব্য বা উদ্দেশ্য) সং, পুং, অবলম্বন, প্রয়োজন, উদ্দেশ, উপষ্টম্ভ।

উপলক্ষক (উপ সমীপ—লক্ষ্ দর্শন করা, চিহ্ন করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, লক্ষণাদ্বারা অধিকার্থবোধক। ২। উদ্ভাবক, জ্ঞানী, বুদ্ধিমান্। শিং—১ "মেধাবী বাক্‌পটুঃ প্রাজ্ঞঃ পরচিত্তোপলক্ষকঃ। ধীরো যথোক্তবাদী চ এষ দূতো বিধীয়তে।"

উপলক্ষণ (উপ অধিক—লক্ষণ চিহ্ন, দর্শন) সং, ক্লীং, অন্যের উদ্বোধক, অধিক সূচক। ২। লক্ষণাদ্বারা অধিকবোধক শব্দ। ৩। অনুমান এক বিষয় বলিয়া তদ্দ্বারা তাৎপর্য্যবশতঃ তৎসংক্রান্ত বা তৎসদৃশ অন্য বিষয়েরও আনুষঙ্গিক বোধন; যেমন দেশান্তরে পতির মৃত্যু হইলে পতিপ্রাণা সাধ্বী নারী পতির পাদুকাদ্বয় বক্ষঃস্থলে ধারণপূর্ব্বক পরিশুদ্ধা হইয়া অগ্নি প্রবেশ করিবে; এস্থলে পাদুকাদ্বয় উপলক্ষণ অথবা পতির অন্য কোন ব্যবহার্য্য বস্তুগ্রহণ করিয়া যদি চিতাধিরোহণ করে তাহা হইলে সেই বস্তু উপলক্ষণ নির্দ্দিষ্ট হয়। আর যেমন গঙ্গায়াং ঘোষঃ অর্থাৎ গঙ্গাতে ঘোষ বাস করিতেছে। এস্থলে গঙ্গাতটে এইরূপ লক্ষণা করিতে হইবে। ৪। বিশেষণ। শিং—১"উপসর্গগ্রহণং প্রাদ্যুপলক্ষণম্। ২ রাটিতি পদান্তোপলক্ষণার্থম্। ৩ ঋণগ্রহণং নিয়োগোপলক্ষণার্থম্।"

উপলক্ষিত (উপ—লক্ষ্ চিহ্নকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সূচিত। ২। অনুমিত, যুক্তিপ্রাপ্ত। ৩। বিশিষ্ট, যুক্ত।

উপলব্ধ (উপ—লভ্ পাওয়া, জানা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত, অনুভূত। ২। প্রাপ্ত। বতী—স্ত্রীং। শিং—১ "উপলব্ধবতী দিবচ্যুতম্।" (রঘু)।

উপলব্ধি (উপলব্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বোধ, জ্ঞান, অনুভব। ২। প্রাপ্তি,

লাভ। শিং — ১"বৃথা হি মেস্যাং স্বপদো-পলব্ধিঃ। ২ বুদ্ধিঃপ্রজ্ঞোপলব্ধিশ্চ। অক্ষর-ব্যঞ্জনানামুপলব্ধিশ্চ নিঃ।" ৩। প্রত্যক্ষাদি জ্ঞান; যথা—"নাভাব উপলব্ধেঃ।"

উপলভ্য (উপলব্ধ দেখ, য — র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞেয়। ২। প্রাপ্য। শিং — ১"আরম্ভসিদ্ধৌ সময়োপলভ্যাম্।" (রঘু)। ৩। সাধ্য।

উপলভেদী (-ভেদিন্, উপল — ভেদিন্ [ভিদ্ ভেদকরা + ইন(ণিন্) — ক] যে ভেদ করে) বিং, ত্রিং, প্রস্তরভঙ্গকারক, যে প্রস্তর ভঙ্গ করে।

উপলম্ভ (উপলব্ধ দেখ, অ(ঘঞ্) — ভা। ম — আগম) সং, পুং, উপলব্ধি। শিং — ১"তবো পলম্ভায় কৃতপ্রযত্নঃ। ২ সোঽহমবিঘ্ন-ক্রিয়োপলম্ভায় ধর্ম্মারণ্যমিদমায়াতঃ। ৩ জ্ঞাতৌ সুতস্পর্শসুখোপলম্ভাং।" ২। তিরস্কার।

উপলম্ভক (উপলব্ধ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, প্রকাশক।

উপলম্ভ্য (উপলব্ধ দেখ, য(ক্যপ) — র্ম্ম। ম্ — আগম) বিং, ত্রিং, স্তুত্য, স্তবার্হ। ২। প্রশংসনীয়।

উপলিঙ্গ (উপ উপরি — লিঙ্গ গমন করা + অ(অন) — ক) সং, ক্লীং, ভূমিকম্প প্রভৃতি উপদ্রব।

উপলিপ্ত (উপ — লিপ্ লেপনকরা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে লেপ দেওয়া হইয়াছে।

উপলেপ — পুং } (উপ — লিপ্ লেপনকরা
উপলেপন — ক্লীং } + অ(অল্), অন(অনট্) — ভা) সং, ক্লীং, অন্য বস্তুর দ্বারা লেপন; যথা—তৈলোপলেপ, চন্দনোপলেপ। ২। মৃত্তিকা গোময় বালুকাচূর্ণ প্রভৃতি দ্বারা গৃহের ভিত্তির আবরণ, ভিত্তির আবরণার্থ তদুপরি মৃত্তিকাদি লেপন। ৩। মৃন্ময় গৃহাদিতে গোময়াদিলেপন।

উপবক্তা (— বক্তৃ, উপ সমীপ — বচ বাক্য প্রয়োগকরা, বলা + তৃ(তৃন্) — ক) বিং, ত্রিং, উপদেষ্টা, যে উপদেশ প্রদান করে। ২। উপদর্শক, যজ্ঞে ঋত্বিক্‌বিশেষ, যে যজ্ঞে কৃতাকৃত ব্যাপার দর্শন করে। ৩। ব্রহ্মা বা সদস্য। শিং — ১ "সদস্যাঃ বিধি-দর্শিনঃ।"

উপবঙ্গ (উপ — বঙ্গ, ব্যং — স) সং, পুং, বঙ্গ দেশের সমীপস্থ দেশবিশেষ।

উপবন (উপ সদৃশ — বন) সং, ক্লীং, কৃত্রিম বন, উদ্যান, বৃক্ষবাটিকা। ২। অং, বন-সমীপে। শিং — ১ "উপবনংনিরভর্তৃসযত প্রিয়ান্।"

উপবর্ণন (উপ অতিশয় — বর্ণ্ বর্ণন করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, সম্যক্ কীর্ত্তন, স্বরূপ লক্ষণ গুণাদি কথন।

উপবর্ত্তন (উপ — বৃৎ [ বিদ্যমান থাকা ] বাস করা ইত্যাদি + অন(অনট্) — ধি) সং, ক্লীং, জনপদ, দেশ। শিং — ১"তস্যোপবর্ত্তনে হপ্যেকো ন শ্রুতো গোত্রভিদ্ ক্বচিৎ।" ২। সজলনির্জলস্থান মাত্র।

উপবর্ষ; সং, পুং, কাত্যায়ন পাণিনি প্রভৃতি মুনিগণের অধ্যাপক ঋষিবিশেষ।

উপবর্হ (উপ — বর্হ্ [ শ্রেষ্ঠহওয়া ] আরোপণ করা + অ(অল্) — ধি) সং, পুং, শিরোধান, বালিশ। [বিশেষ।

উপবল্লিকা; সং, স্ত্রীং, অমৃতবর্ষিকা লতা-

উপবসথ (উপ — [illegible] বাসকরা + অথ — ধি, সংজ্ঞার্থে [illegible], পুং, গ্রাম।

উপবস্ত (উপ সমীপ — বস্ বাসকরা + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, উপোষিত। ২। (+ ক্ত — ভা, নিপাতন) সং, ক্লীং, উপবাস, অনাহার।

উপবাক্ (উপ সমীপ — বচ বলা + ০(ক্বিপ্) — ক) বিং, ত্রিং, যে নিকটে আগমন পূর্ব্বক পরস্পর আলাপ করিতে প্রবৃত্ত হয়।

উপবাদ (উপ হীন — বদ্ বাক্য প্রয়োগ করা, বলা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, অপ-বাদ, নিন্দা।

উপবাস (উপ — বস্ [ বাসকরা ] আহার না করা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, অন-শন, অনাহার, উপোষ। ২। বাস। শিং — ১ "উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাস-গুণৈঃ সহ, উপবাসঃ স বিজ্ঞেয়ো ন শরীর বিশোষণং।" ৩। অগ্ন্যাধান।

উপবাসক (উপবাস দেখ, অক(ণক) — ক)

বিং, ত্রিং, যে উপবাস করিয়া থাকে, অনাহারী। ২। ব্রতবিশেষ। শিং — ১"নৈব যজ্ঞক্রিয়াঃ কাশ্চিন্ন শ্রাদ্ধং নোপবাসকং।"

উপবাসী (উপবাসিন্‌, উপবাস দেখ, ইন্‌ (ণিন্‌) — ক) বিং ত্রিং, যে উপবাস করিয়া আছে, যে উপবাস করে।

উপবাহ্য (উপ — বহ্‌ বহন করা + অ য্যণ্‌) — ণ) সং, পুং, রাজবাহক হস্তী, রাজযান। ২। (+ ঘ্যণ্‌ — ধি) সং, ক্লীং, রাজপথ।

উপবিন্দু; সং, পুং, রাজাবিশেষ।

উপবিষ (উপ তুল্য — বিষ, ব্যং — স) সং, পুং, আকন্দের আঠা প্রভৃতি পঞ্চদ্রব্য। ২। কৃত্রিমবিষ। শিং — ১ "অর্কক্ষীরং স্নুহী-ক্ষীরং তথৈব কালহারিকা। ধুস্তুরঃ ক-রবীরশ্চ পঞ্চ চোপবিষাঃ স্মৃতাঃ।" — বিষা — স্ত্রীং, অতিবিষা, আতৈষ।

উপবিষ্ট (উপ — বিশ্‌ [প্রবেশকরা] বসা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, যে বসিয়াছে, কৃতোপবেশন, আসীন।

উপবীজ্যমান (উপ — বি — অজ্‌ গমন করা, ক্ষেপণ করা + য, শান — র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ব্যজন করা হইতেছে।

উপবীত (উপ — বী [গমনকরা] উজ্জ্বল হওয়া + ত(ক্ত) — ক) সং, ক্লীং, বামস্কন্ধেস্থাপিত যজ্ঞসূত্র, পৈতা। শিং — ১ "কার্য্যা সমুপবীতং স্যাদ্বিপ্রস্যোর্দ্ধ বৃতং ত্রিবৃৎ। শণ-সূত্রময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসৌত্রিকম্‌। ২ যজ্ঞোপবীতী দেবানাং প্রাচীনাবীতী পিতৃণাম্‌।"

উপবীতী (উপবীতিন্‌, উপবীত + ইন — অস্ত্যর্থে) বিং, ত্রিং, যজ্ঞোপবীতধারী। শিং — ১ "উদ্ধৃতে দক্ষিণে পাণাবুপবীত্যু-চ্যতে দ্বিজঃ।"

উপবৃংহিত (উপ — বৃংহিত পুষ্ট, বর্দ্ধিত) বিং, ত্রিং, উচ্ছ্বসিত, ফেঁপে উঠা। ২। বর্দ্ধিত।

উপবেদ (উপ — বিদ্‌ [ধর্ম্মাধর্ম্ম] জানা + অ (অন্‌) — ণ) সং, পুং, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ, স্থাপত্যবেদ।

উপবেশন (উপবিষ্ট দেখ, অন(অনট্‌ — ভা) সং, ক্লীং, স্থিতি, বসা। ২। (উপবেশিত দেখ, অ(অন্‌) — ভা) বসান, বসাইয়া দেওয়া। ৩ রাখা।

উপবেশয়িতা (উপ — বিশ্‌-ণি=বেশি প্র-বেশ করান + তৃ(তৃন্‌) — ক) বিং, ত্রিং, যে বসায়, যে বসাইয়া দেয়।

উপবেশিত (উপ — বেশি [প্রবেশ করান] বসান + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বসান গিয়াছে।

উপব্যাঘ্র (উপ — ব্যাঘ্র বাঘ, ব্যং — স) সং, পুং — স্ত্রীং, চিতা বাঘ, নেকড়ে বাঘ। ২। অং, ব্যাঘ্র সমীপে।

উপশম (উপ — শম্‌ শান্ত হওয়া + অ(অল্‌) — ভা) সং, পুং, শমতা, শান্তি। ২। নিবৃত্তি। ৩। ইন্দ্রিয়নিগ্রহ, রোগের উপ-দ্রব নিবৃত্তি। শিং — ১ "ন হি মে মন্যুর-দ্যাপ্যুপশমং গচ্ছতি। ২ তথায়মপি কৃতকর্ত্তব্যঃ সম্প্রতি পরমামুপশমনিষ্ঠাং প্রাপ্তঃ।"

উপশমক (উপশম দেখ + অক(ণক) — ক) বিং, ত্রিং, যে উপশম করে, যাহা দ্বারা উপশম হয়।

উপশমনীয় (উপশম দেখ, অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপশম করা যাইতে পারে, যাহার উপশম করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক।

উপশমিত (উপ — শমি + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, উপশমপ্রাপ্ত।

উপশয় (উপ সমীপ — শী শয়ন করা + অ(অল্‌) — র্ম্ম) সং, পুং, নিদানোক্ত পীড়া জন্য বিপরীত ঔষধাদি হইতে সুখকর উপযোগ। শিং — ১ "হেতুব্যাধিবিপর্য্যস্ত বিপর্য্যস্তার্থকারিণাং। ঔষধান্নবিহারাণামু-পযোগং সুখাবহং। বিদ্যাদুপশয়ং ব্যাধেঃ সহি সাত্ম্যমিতিস্মৃতঃ।" ২। (+ অল্‌ — ধি) মৃগমারণার্থ ব্যাধের আত্ম-গুপ্তিস্থান, গর্ত্ত-বিশেষ। ৩। ক্রোড়। ৪। (+ অল্‌ — ভা) ক্লীং, সমীপে শয়ন। ৫। (ব্যং — স) হস্ত সমীপে, হাতের নিকট।

উপশল্য (উপ সমীপ — শল্‌ গমন করা + য — প্রং, অথবা উপ উপগত — শল্য অস্থিস্থান, ভাগাড়) সং, ক্লীং, গ্রামের

প্রান্তভাগ, গ্রামান্ত। শিং—১ "অথোপশল্যে রিপুমগ্নশল্যাঃ।" (রঘু)।

উপশান্ত (উপশম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবৃত্ত, যাহার উপশম হইয়াছে।

উপশায় (উপ পর্য্যায়ক্রমে—শায় [শী শয়ন করা+অ(ঘঞ্)—ভা] শয়ন) সং, পুং, প্রহরী প্রভৃতির পর্য্যায়ক্রমে শয়ন, চৌকীদারের পালাক্রমে শয়ন।

উপশোভিত (উপ—শোভিত শোভাযুক্ত) বিং, ত্রিং, শোভিত। ২। অলঙ্কৃত, সজ্জিত।

উপশ্রুত (উপ—শ্রু [শুনা] অঙ্গীকার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, প্রতিশ্রুত।

উপশ্রুতি (উপ উপরে—শ্রু [শুনা] অঙ্গীকার করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অঙ্গীকার, স্বীকার। ৩। দৈব শুভাশুভ প্রশ্ন। শিং—১ "নক্তং নির্গত্য যৎকিঞ্চিচ্ছুভাশুভকরং বচঃ। শ্রূয়তে তদ্বিদুর্ধীরা দৈবপ্রশ্নমুপশ্রুতিম্।"

উপশ্লেষ (উপ—শ্লিষ্ আলিঙ্গন করা+অ(অল্)—ভা) সং, পুং, একদেশ-সম্বন্ধ। ২। আলিঙ্গন, আশ্লেষ। ৩। বঞ্চনা।

উপষ্টম্ভ (উপ—স্তন্ভ্ [স্তব্ধ হওয়া] আরম্ভ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, উপক্রম, আরম্ভ। ২। উদ্রেক। ৩। স্তম্ভন। ৪। উপলক্ষ, নিমিত্ত, প্রয়োজন। ৫। (+অল্—ণ) স্তম্ভ।

উপসংখ্যান (উপ সমীপ—সম্—খ্যা [বলা] গণনা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গণনা। ২। সংগ্রহ। ৩। বিশেষণ। ৪। ব্যাকরণে—সমানার্থক পদ।

উপসংগ্রহ (উপ নিকট—সং সহিত—গ্রহ্ গ্রহণ করা+অ(অল্)—ভা) সং, পুং, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম, অভিবাদন। ২। উপকরণ। শিং—১ "উপাতিষ্ঠতে মেষাভঃ পর্য্যঙ্কে সোপসংগ্রহে।" ৩। সম্যক্ সংগ্রহ। শিং—১ "বলানামুপসংগ্রহ।"

উপসংগ্রাহ্য (উপসংগ্রহ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং বন্দনীয়, প্রণম্য। শিং—১ "ভ্রাতুর্ভার্য্যোপসংগ্রাহ্যা সবর্ণাহহন্যহন্যপি।" (মনু)।

উপসংযম (উপ—সম্—যম্ নিবৃত্ত করা+অ(অল্)—ভা) সং, পুং, উপসংহার দেখ।

উপসংবাদ (উপ অঙ্গীকার—সং সম্যক্রূপ—বাদ [বদ্ কীর্ত্তনকরা, উচ্চারণকরা, বলা+অ(ঘঞ্)—ভা] কথন) সং, পুং, অঙ্গীকারপূর্ব্বক কথন, অঙ্গীকৃত বিষয় বর্ণন।

উপসংব্যান (উপ—সং—ব্যে আচ্ছাদন করা+অন(অনট্)—ণ। যাহার দ্বারা শরীর আচ্ছাদন করা যায়) সং, ক্লীং, পরিধান বস্ত্র, উত্তরীয়বস্ত্র।

উপসংহার—পুং } (উপ—সং—হৃ [লওয়া]
উপসংহরণ-ক্লীং } শেষ করা ইত্যাদি+অ(ঘঞ্), অন(অনট্)—ভা) সং, পুং, নাশ, মৃত্যু। ২। পরিশেষ। ৩। সমাপ্তি, শেষ। ৪। সংগ্রহ। ৫। আরব্ধ বা প্রস্তাবিত বিষয়ের শেষ করা। ৬। নিবর্ত্তন। ৭। আক্রমণ। ৮। সঙ্কোচ; যথা—"হনূমান্ স্বেচ্ছাকৃত কলেবর উপসংহার করিয়া—"।

উপসংহৃত (উপসংহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপসংহার হইয়াছে, সমাপিত।

উপসংহৃতি (উপসংহার দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উপসংহার, বিনাশ, ক্ষয়, সংকোচ।

উপসত্তি (উপ সমীপ বা সহিত—সদ্ গমন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সঙ্গমাত্র। ২। সেবা, উপাসনা। ৩। প্রতিপাদন। ৪। নিকটে গমন। ৫। দান।

উপসদন (উপ সমীপ—সদন গৃহ, ব্যং—স) সং, ক্লীং, গৃহসমীপ। শিং—১ "যদ্গোপসদনং ব্রহ্মন্ প্রাপ্তোহসি মুনিভিঃ সহ।"

উপসন্ন (উপ সমীপ—সদ্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উপস্থিত, সমীপস্থ। ২। আসন্ন। শিং—১ "মামনুশাধ্যুপসন্নমনন্যগতিম্।"

উপসম্পন্ন (উপ—সং—পদ্ [গমনকরা] পরিণত হওয়া ইত্যাদি+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, পক্ক। ২। মৃত। শিং—১ "শ্রোত্রিয়ে তূপসম্পন্নে ত্রিরাত্রমশুচির্ভবেৎ।" (মনু)। ৩। পর্য্যাপ্ত। ৪। (+ঘঞ্—র্ম্ম) লব্ধ। ৫।

প্রাপ্ত। ৬। প্রস্তুত। ৭। সংস্কৃত। ৮। যুক্ত, বিশিষ্ট। ৯। সমভিব্যাহৃত।

উপসর (উপ—সৃ গমন করা+অ(অল)—ভা) সং, পুং, নির্গমন। শিং—১ "বীনামুপসরং দৃষ্ট্বা।" (ভট্টি)। ২। অভিগমন। ৩। গবী প্রভৃতির গর্ভাধানার্থ বৃষভাদির অভিগমন।

উপসর্গ (উপ উপস্থিত—সর্গ সৃষ্টি। হঠাৎ উপস্থিত সৃষ্টি) সং, পুং, ভূকম্পাদি উৎপাত, উপদ্রব। ২। বিঘ্ন, ব্যাঘাত। ৩। পীড়া। ৪। রোগজাতবিকার, এক রোগ সত্ত্বে সেই রোগের সূত্রে অপর রোগের আবির্ভাব। ৫। (উপ সমীপ বা সহিত—সর্গ যে সৃষ্টি করে। যাহারা ধাতুর সমীপে গিয়া নানাবিধ অর্থ সৃষ্টি করে) প্র, পরা, অপ প্রভৃতি বিংশতি অব্যয় শব্দ। শিং—১ "উপসর্গানশেষাংস্ত মহামারী-সমুদ্ভবান্। তথা ত্রিবিধমুৎপাতং মাহাত্ম্যং শময়েন্মম। ২ প্রাভ্যাপরানিদুর্বন্নু ব্যুপাপসংপরিপ্রতি ন্যত্যধিসূদবাপি। উপসর্গা বিংশতিরর্থ বাচকাঃ সহেতরাভ্যাম্ (নামাখ্যাতাভ্যাম্) উপসর্গো বিশেষকৃৎ।"

উপসর্জন (উপ হীন, নীচ—সৃজ্ [সৃষ্টিকরা] গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গৌণ, অপ্রধান। ২। বিশেষণ। ৩। দৈবাদি উপদ্রব ত্যাগ। ৪। ব্যাকরণের—সমাসে প্রথমান্তনির্দ্দিষ্ট বা এক বিভক্তিযুক্ত পদ।

উপসর্পণ (উপ সমীপ—সৃপ্ গমনকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, সমীপে উপস্থিতি। শিং—১ "অথবা ন তাবদয়মুপসর্পণকালঃ।" ২। অনুগ্রহলাভ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া, উপাসনা।

উপসর্য্যা (উপ—সৃ গমন করা+য(ক্যপ্)—র্ম্ম। নিপাতন) সং, স্ত্রীং, ঋতুমতী গো। ২। আসন্নগর্ভগ্রহণা গবী।

উপসাগর; সং, পুং, যে সাগরাংশের প্রায় চতুর্দ্দিকে স্থল।

উপসার্য্য (উপ সমীপ—সৃ গমন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, উপসর্পণীয়, সমীপে গমনীয়।

উপসুন্দ; একজন দৈত্য; ইহাঁর ভ্রাতার নাম সুন্দ। ইহারা তিলোত্তমার জন্য পরস্পর বিবাদ করিয়া নিহত হয়। ২। নরকাসুরের সেনাপতি; কৃষ্ণহস্তে নিহত হয়।

উপসূর্য্যক (উপ সমীপ বা উপগত—সূর্য্য+ক(কণ্)—স্বার্থে) সং, ক্লীং, সূর্য্যের চতুর্দ্দিকে মণ্ডলাকার পরিধি, সূর্য্যমণ্ডল। ২। (উপসূর্য্য+ক—তুল্যার্থে) চন্দ্রমণ্ডল।

উপসৃষ্ট (উপ—সৃজ্ [সৃষ্টি করা] যোগ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। ২। ব্যাপ্ত। "রোগোপসৃষ্টতনুদুর্বসতিং মুমুক্ষুঃ।" (রঘু)। ৩। যুক্ত। ৪। প্র পরা প্রভৃতি উপসর্গযুক্ত। "ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ।" ৫। বিসৃষ্ট। ৬। কামুক। শিং—১ "উপসৃষ্টা ইব ক্ষুদ্রাধিষ্ঠিতভবনা।" ৭। সং, ক্লীং, মৈথুন।

উপসেক (উপ অধিক—সিচ্ সেচন করা, কোমল করা+অ(ঘঞ্)—ভা) সং, ক্লীং, জলসেচন দ্বারা মৃদু করা।

উপসেচন (উপসেক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, জলসেক, ভিজাইয়া দেওয়া।

উপসেবক (উপ—সেব্ সেবা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, উপভোগকর্ত্তা, যে উপভোগ করে। ২। পরস্ত্রীতে আসক্ত।

উপসেবী (উপসেবিন্—সেব্ সেবা করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে সেবা করে, সেবাকারক, পরিচর্য্যাকারী। শিং—১ "অভিবাদনশীলস্য নিত্যং বৃদ্ধোপসেবিনঃ।"

উপস্কর, উপস্কার (উপ সম্পূর্ণ—কর, কার [কৃ করা+অ(অল্), অ(ঘঞ্)—ণ] যে করে। স—আগম। অথবা যে বাক্যের ও ব্যঞ্জনের উপকার করে) সং, পুং, অসম্পূর্ণ বাক্যের বোধার্থে শব্দের অধ্যাহার। ২। ব্যঞ্জনের মস্‌লা, বাটনা। ৩। উপকরণ। ৪। গৃহস্থের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী। শিং—১ "ররক্ষ সা মাং সরথং হয়াংশ্চোপস্করাণি চ। ২ পঞ্চসূনাগৃহস্থস্য চুল্লী পেষণ্যুপস্করঃ। কণ্ডনী চোদকুম্ভশ্চ।" ৫। (+অল্, ঘঞ্—ভা) গুণান্তরাধান। ৬। অধ্যাহার। ৭। যত্নকরণ।

উপস্করণ (উপ হিংসা—কৃ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, হিংসন, হিংসা করা। ২। ভূষণবিশেষ। ৩। (+অনট্—ণ) উপস্কর দেখ।

উপস্তুতি (উপ সমীপ—স্তু স্তব করা+তি(ক্তি)—ভা সং, স্ত্রীং, সম্মুখে স্তব করা, সমীপস্তুতি।

উপস্ত্রী (উপ প্রতিনিধি—স্ত্রী পত্নী) সং, স্ত্রীং, উপপত্নী, চেটী।

উপস্থ (উপ সমীপ—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, সমীপস্থ। ২। উপরিস্থ। ৩। সং, পুং, পুং-চিহ্ন। স্ত্রী-চিহ্ন। যে ইন্দ্রিয় দ্বারা সন্তান জন্মে ; (পুরুষের ইন্দ্রিয়েই প্রয়োগ হইয়া থাকে) ; শিং —১ "অশ্বস্য শিশ্নং মহিম্নুপস্থে নিধত্তে। ২ গঙ্গাযমুনয়োর্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্। প্রয়াগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ।" ৪। ক্রোড়।

উপস্থাতা (উপস্থাতৃ, উপস্থান দেখ, তৃ(তৃন্) ক) বিং.ত্রিং, সেবক, ভৃত্য। ২। উপাসক। ৩। যে উপস্থিত হয়।

উপস্থান (উপ সমীপ—স্থা থাকা+অন (অনট্)—ভা, অথবা উপ—স্থা [থাকা] উপস্থিত হওয়া, উপাসনা করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, উপস্থিতি। ২। উপাসনা। ৩। আগমন। ৪। উত্তরণ। শিং.—১ "ইন্দ্রোপস্থানবিস্মৃতাঃ (অপ্সরসঃ)। ২ উপস্থানশালা।"

উপস্থাপক } (উপস্থাপয়িতৃ, উপ—স্থাপি
উপস্থাপয়িতা } [স্থিতি করান] উপস্থিত করান, উপাসনা করান+অক(ণক), তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে উপস্থিত করে, প্রস্তাবকর্ত্তা। —পিকা, য়িত্রী—স্ত্রীং, প্রস্তাবকর্ত্রী।

উপস্থাপন (উপস্থাপক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উপস্থিত করা। ২। প্রস্তাব করা। ৩। আনয়ন।

উপস্থাপিত (উপস্থাপক দেখ,ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রস্তাবিত। ২। যাহা উপস্থিত করা গিয়াছে, যাহার প্রস্তাব হইয়াছে। ৩। যাহা আনয়ন করা গিয়াছে, আনীত।

উপস্থিত (উপস্থান দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যে আসিয়াছে, আগত। ২। যে পঁহুছিয়াছে, উত্তীর্ণ। ৩। যাহা আছে, বর্ত্তমান, বিদ্যমান। ৪। প্রক্রান্ত। ৫। নিকটস্থিত। ৬। (+ক্ত—র্ম্ম) উপাসিত। ৭। জ্ঞাত। ৮। প্রাপ্ত।

উপস্থিতবক্তা (—বক্তৃ, উপস্থিত—বক্তৃ [বচ বলা+তৃ(তৃন্)—ক] যে বলে) সং,পুং, যে উপস্থিত মতে বলিতে পারে, যে না ভাবিয়া চিন্তিয়া তৎক্ষণাৎ কোন প্রসঙ্গ করিতে বা কোন বিষয়ে বক্তৃতা করিতে পারে। ক্ত্রী—স্ত্রীং।

উপস্থিতি (উপস্থান দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উপস্থান, নিকটে আগমন। ২। পঁহুছান, উত্তরণ। ৩। বর্ত্তমানতা, বিদ্যমানতা। ৪। উপাসনা।

উপস্নুত (উপ—স্নু ক্ষরিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষরিত। ২। গলিত।

উপস্পর্শ—পুং } (উপ সদৃশ—স্পৃশ
উপস্পর্শন—ক্লীং } স্পর্শকরা+অ(অল্), অন (অনট্)—ভা) সং, স্নান। ২। আচমন। ৩। পান। ৪। স্পর্শ।

উপস্পৃষ্ট (উপ সদৃশ—স্পৃশ্ স্পর্শ করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আচান্ত, কৃতাচমন। ২। স্নাত। ৩। (+ক্ত—র্ম্ম) স্পৃষ্ট, সংস্পৃষ্ট।

উপস্বত্ব (উপ—স্বত্ব ধনাদিতে প্রভুত্ব) সং, ক্লীং, ভূমি প্রভৃতি বিষয় হইতে যাহা পাওয়া যায়, ভূমি প্রভৃতি বিষয় হইতে যাহা উৎপন্ন হয়, আয়, লাভ ; যেমন—জমীর খাজানা, বাটীর ভাড়া, টাকার সুদ ইত্যাদি।

উপস্বেদ (উপ—স্বিদ্ ঘর্ম্মাক্তহওয়া ইত্যাদি +অ(অল্)—ভা) সং, পুং, সেক দেওয়া, তাপ দেওয়া।

উপহত (উপ—হন্ বধকরা, মারা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, আহত। ২। বিঘ্নিত। ৩। দূষিত। শিং—১ "কিমোভরাশোপহতাত্মবৃত্তিভিঃ।"(কুমার)। ৪। বিঘট্টিত ৫। যাহার উপঘাত হইয়াছে, বিনাশিত ৬। প্রতিবদ্ধ, নিবারিত। ৭। তিরস্কৃত

শিং—১ "করোত্যবজ্ঞোপহতং পৃথগ্‌জনং।" ৮। অশুদ্ধ। শিং—১ "শারীরৈর্মলৈঃ সুরাভির্মদ্যৈর্বা যদুপহতং তদত্যন্তোপহতং।" ৯। আক্রান্ত, অভিভূত; যথা—শোকোপহত,দুঃখোপহত ইত্যাদি।

উপহব (উপ সমীপ—হ্বে আহ্বান করা অ(অল্)—ভা) সং, পুং, আহ্বান। শিং—১ "বীনামুপসরং দৃষ্ট্বা তেহন্যোন্যোপহ্বাঃ গুহাম্।" (ভট্টি)। ২। (উপ—হু হোম করা+অ(অল্)—ণ) যজ্ঞীয় সমিধ। শিং—১ "প্রতিগৃহ্যোপহবমিষ্ট্বাহবেক্ষেত।"

উপহসিত (উপ—হস্ হাস্য করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, হাস্য, পরিহাস্য। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উপহাস করা গিয়াছে।

উপহস্তিকা (উপ হস্ত—ইক ষ্কিক)—সংজ্ঞার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তাম্বূলাধার, তাম্বূলের পাত্র, পানের ডিপে। শিং—১ "উপহস্তিকায়াস্তাম্বূলং কর্পূরসহিতমুদ্ধৃত্য মহ্যং দত্বা।" (দশকুমার)।

উপহার (উপ—হৃ [হরণ করা] দান করা+অ(ঘঞ্)—ভা) সং,পুং, সমর্পণ। ২। উপায়ন, উপঢৌকন, ভেট। ৩। (+ঘঞ্—র্ম্ম) উপায়নীভূত বস্তু, উপঢৌকন দ্রব্য। শিং—১ "রত্নপুষ্পোপহারেণ ছায়ামানর্চ্চপাদয়োঃ। ২ বন্ধুপ্রীত্যা ভবনশিখিভির্দত্ত নৃত্যোপহারঃ।" ৪। (উপ উপগত—হার, ৭মী—হিং) হারের সমীপস্থ তদুপশোভক দ্রব্য। ৬। (ব্যং—স) অং, হারসমীপে।

উপহাস (উপ সমীপ—হস্ হাস্য করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরিহাস, ঠাট্টা।

উপহাস্য (উপ—হস্ হাস্য করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দেখিয়া উপহাস করাযায়,হাস্যের বিষয়ীভূত,উপহাসাস্পদ।

উপহাস্যতা (উপহাস্য+তা—ভা) সং, স্ত্রীং, উপহাসের বিষয়, উপহাসযোগ্যতা, উপহাসের আস্পদ হওয়া। শিং—১ "গমিষ্যাম্যুপহাস্যতাম্।" (রঘু)।

উপহিত (উপ—ধা [ধারণ করা] অর্পণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। ২। বিন্যস্ত। ৩। আরোপিত। শিং—১ "বলমুপহিতশোভাং চূর্ণমায়াদবোধ্যাম্।(ভট্টি)। ২ পুষ্পং প্রবালোপহিতং যদি স্যাৎ।" (কুমার)। ৩। দত্ত। ৪। গৃহীত।

উপহৃত (উপহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উপহাররূপে দত্ত, উপঢৌকিত। ২। আনীত। ৩। আহৃত। ৪। উৎসৃষ্ট।

উপহ্বর (উপ—হ্বৃ কুটিল হওয়া+অ (অল্)—ধি) সং, ক্লীং, বিজন, নির্জ্জন, নির্জ্জনস্থান। শিং—১ "উপহ্বরে পুনরিত্যশিক্ষয়ং ধনমিত্রং।" ২। সমীপ। ৩। পুং, রথ। ৪। যুদ্ধ।

উপাংশু (উপ—অংশু কিরণ) সং, পুং, পরশ্রবণাযোগ্য জপবিশেষ। শিং—১ "জিহ্বৌষ্ঠৌ চালয়েৎ কিঞ্চিদ্দেবতাগত মানসঃ। নিজশ্রবণযোগ্যঃ স্যাদুপাংশুঃ স জপঃ স্মৃত।" ৩। অং, নির্জ্জনে। ৪। গোপনীয়রূপে। শিং—১ "পরিচেতুমুপাংশুধারণাম্।" (রঘু)।

উপাংশুবধ (Assassination, উপাংশু গোপনীয়রূপে—বধ হত্যা) সং, পুং, নির্জ্জনে বধ, যে বধ অন্যে দেখিতে পায় না।

উপাংশুবাসী (—বাসিন্, উপাংশু বিজন—বাসী যে বাস করে) বিং, ত্রিং, বিজনবাসী, যে নির্জ্জন স্থানে বাস করে।

উপাকরণ (উপ—আ—কৃ [করা] পাঠ করা বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সংস্কারপূর্ব্বক বেদগ্রহণ। ২। সংস্কারপূর্ব্বক পশুহনন। ৩। আরম্ভ।

উপাকৃত (উপাকরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দেবোদ্দেশে হত বা হন্তব্য (জন্তু)। শিং—১ "অনুপাকৃতমাংসানি দেবান্নানি হবীংষিচ।" (মনু)। ২। উপক্রান্ত। ৩। আরব্ধ। ৪। সং, ত্রিং, অমঙ্গল।

উপাক্ষ (Spectacle, উপ সদৃশ—অক্ষ অক্ষি শব্দজ, ব্যং—স) সং,ক্লীং, উপনেত্র, চস্‌মা।

উপাক্ষকার (Spectacle-maker, উপাক্ষ চস্‌মা—কার যে করে, ২য়া—ষ) সং, পুং, চস্‌মাপ্রস্তুতকারী।

উপাখ্যান (উপ—আখ্যান [আ—খ্যা বলা +অন(অনট্)—র্ম্ম]) সং,ক্লীং, উপন্যাস, কল্পিত বৃত্তান্ত, যে বৃত্তান্তের আদ্যোপান্ত প্রকৃত ঘটনা বলিয়া গণনীয় নহে, ইতিবৃত্ত, আখ্যান। ২। (+অনট—ভাবে) বিশেষ কথন; যথা—"সর্ব্বাখ্যানং শ্রুতং ব্রহ্মন্ অতীব পরমাদ্ভুতং। অধুনা শ্রোতুমিচ্ছামি দুর্গোপাখ্যানমুত্তমং।"

উপাগত (উপ সমীপ—আগত [আ—গম্ গমন করা+ত(ক্ত)—র্ম্ম] উপস্থিত) বিং, ত্রিং, স্বীকৃত। ২। প্রাপ্ত। ৩। অনুভূত। ৪। (+ক্ত—ক) উপস্থিত।

উপাগম (উপ—আ—গম্ [গমন করা] স্বীকার করা + অ(অল্)—ভা) সং, পুং, স্বীকার। ২। অনুভব। ৩। (উপ সমীপ—আগম আগমন) উপস্থিতি। ৩। প্রাপ্তি।

উপাঙ্গ (উপ সদৃশ—অঙ্গ) সং,ক্লীং, ললাটে চন্দনাদি চিহ্ন, তিলক ফোঁটা প্রভৃতি। ২। প্রধানের উপযোগী, অঙ্গের অঙ্গ, প্রত্যঙ্গ, যেমন অঙ্গুলি; যথা—শরীরের অঙ্গ কর, করের অঙ্গ অঙ্গুলি। ৩। সঙ্গীতে—"অঙ্গের কোন দেশ আশ্রয় করিয়া যে ক্রিয়াসিদ্ধাংশ সম্পন্ন হয় তাহাকে উপাঙ্গ কহে।" শিং—১ "অঙ্গৈকদেশমাশ্রিত্য প্রবৃত্তির্যস্য জায়তে। উপাঙ্গঃ স সমাখ্যাতঃ কবিভিস্তত্ত্বদর্শিভিঃ।" ৪। বেদাঙ্গ সদৃশ শাস্ত্রবিশেষ। শিং—১ "তব পুত্রে মহাবাহো সাঙ্গোপাঙ্গং মহাত্মনি।"

উপাচার্য্য (উপ—আচার্য্য) সং, পুং, আচার্য্যের সহকারী, অপ্রধান আচার্য্য।

উপাজে (উপ—অজ্ গমন করা+এ(ডে)—ভাবে) অং, দুর্ব্বলের বলাধান।

উপাত্ত (উপ সমীপ—আত্ত গৃহীত) বিং, ত্রিং, গৃহীত। শিং—১ "স্বয়ং কেচিদুপাত্তস্য দুরিতস্য প্রচক্ষতে।" ২। স্বীকৃত। ৩। প্রাপ্ত, লব্ধ। ৪। অর্জ্জিত। ৫। সং, পুং, নির্ম্মদ হস্তী।

উপাত্যয় (উপ অতি—ই গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, আচারাতিক্রম, উল্লঙ্ঘন। ২। নাশ।

উপাদান (উপ সমীপ—আদান গ্রহণ) সং, ক্লীং, সমবায়িকারণ, কোন পদার্থ যে বস্তুতে নির্ম্মিত বা প্রস্তুত হয়, যে অবস্থান্তরিত হইয়া অন্য বস্তু উৎপন্ন; যথা—ঘটের উপাদান মৃত্তিকা, বস্ত্রের উপাদান সূত্র। ২। আদান, গ্রহণ। শিং "শূদ্রাৎ দ্রব্যোপাদানমাচরেত।" (ম ৩। স্ব স্ব বিষয় হইতে ইন্দ্রিয়াকর্ষণ।

উপাদেয় (উপ—আ—দা [দান করা] করা ইত্যাদি+য—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণযোগ্য। শিং—১ "ভবে সৌখ্যং শমসুখমুপাদেয়মনঘম্।" ২। রমণীয়, শ্রেষ্ঠ, উত্তম। শিং—১ "কাব্যস্যোপাদেয়ম্।" ৩। বিধেয় (কর্ম্ম)।

উপাধান (উপ—আ—ধা [ধারণ করা] করা+অন—দি) সং, ক্লীং, শিরো বালিশ। ২। (+অনট—ভাবে বি

উপাধি (উপ—আ—ধা [ধারণ করা] করা ইত্যাদি+ই(কি)—ভা সং,পুং চিন্তা। ২। (+কি—র্ম্ম) অধিক স ৩। (+কি—দি) আধার। ৪। (+কি কারণ। ৫। ছল। ৬। ভেদকধর্ম্ম। ৭ নাম ... বংশ বিদ্যা প্রভৃতির পরি ... যথা—শর্ম্মা, বসু, তর্কালঙ্কার ..., দে, এ, প্রভৃতি। শিং—১ "উ ... ভিন্নরূপঃ।" ৮। ন্যায়ে— ব্যাপক সাধনাব্যাপক ধর্ম্ম; যথা বান্ অগ্নি বলিলে ইহার উপাধি আর্দ্রকাষ্ঠ।

উপাধিপত্র (Certificate) সং, ক্লীং, লয়ের প্রশংসা পত্র, যে প্রশংসাপত্রে খিয়া বিদ্যার পরিচায়ক উপাধি যায়।

উপাধেয় (উপাধি দেখ, য—র্ম্ম) বিং অভিনিবেশনীয়, যাহাতে অভিনিবেশ করিতে হইবে। ২। আরোপ্য। ৩। ধির যোগ্য।

উপাধ্মানীয় (উপ—আ—ধ্মা অগ্নি স করা+অনীয়—র্ম্ম। অথবা উপ—আ +অনট্—ভা=উপাধ্মান অর্থ ওষ্ঠ —ভবার্থে) সং, পুং, ওষ্ঠোচ্চার্য্য কুম্ভাকৃতি বর্ণ।

উপাধ্যায় (উপ সমীপ — অধি — ই অধ্যয়ন করা + অ(ঘঞ্) — পা। নিকটস্থ হইয়া যাঁহা হইতে অধ্যয়ন করে) সং,পুং, অধ্যাপক, উপদেশক। ২। বেদের একদেশ যে যে অধ্যয়ন করায়। শিং — ১ "একদেশন্তু বেদস্য বেদাঙ্গান্যপি বা পুনঃ। যো হধ্যাপয়তি বৃত্ত্যর্থমুপাধ্যায়ঃ স উচ্যতে।" ম্বা, য়ী — স্ত্রীং, বিদ্যোপদেশিনী। য়ী, য়ানী — স্ত্রীং, উপাধ্যায় পত্নী, অধ্যাপক ভার্য্যা। শিং — ১ "উপাধ্যায়ান্ দশাচার্য্যঃ (গৌরবেণাতিরিচ্যতে)।" ৫। সঙ্গীতে — "যিনি অতি সুন্দরাকৃতি, নৃত্যের প্রণালী সম্পূর্ণরূপে পরিজ্ঞাত, বাদ্যবাদনদক্ষ এবং বাগজাল বিস্তার করিতে সক্ষম, তাল ও লয়ের বিশেষজ্ঞ, নৃত্য ও বাদ্য স্বয়ং করিতে পারগ, শিল্পী, এবং শিক্ষার্থীদিগকেও শিক্ষাপ্রদানে নিপুণ হন তাঁহাকে উপাধ্যায় কহা যায়।"

উপানৎ (উপানহ্, উপ — আ — নহ্ বন্ধন করা + ০(কিপ্) — ণ) সং, স্ত্রীং, চর্ম্ম নির্ম্মিত পাদুকা, জুতা, বিনামা। শিং — ১ "দামনী দ্বে উপানহৌ চ কর্ণিন্যো রুক্মে স্যাতামিত্যেকে। ২ পাদুকোপনহাং যুগ্মানি।"

উপানৎকার (উপানৎ পাদুকা — কার যে করে, ২য়া — ষ) সং, পুং, চর্ম্মনির্ম্মিত পাদুকা প্রস্তুতকারী, যে জুতা গড়ে।

উপান্ত (উপ সমীপ — অন্ত শেষ) সং, পুং, সমীপ। ২। প্রান্ত। ৩। পরিসর। ৪। শেষ; যথা—আদ্যোপান্ত। শিং — ১ "দিশামুপান্তেষু সসর্জ দৃষ্টিম্। ২ যে চ তেহম্বুচরাঃ পাদোপান্তং সমাশ্রিতাঃ।"

উপান্তবর্ণ (উপ সমীপ — অন্ত শেষ — বর্ণ) সং, পুং, অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ।

উপাপরাধ (উপ — অপরাধ) সং, পুং, মিথ্যা সাক্ষ্য, প্রতারণা, হিংসা প্রভৃতি।

উপায় (উপ — ই [গমন করা] সম্পাদন করা + অ(ঘঞ্) — ণ) সং, পুং, সাম, দান, ভেদ, নিগ্রহ অর্থাৎ শত্রুর সহিত সন্ধি, শত্রুকে অর্থ দান, শত্রুর গৃহবিচ্ছেদ এবং শত্রুর সহিত যুদ্ধ, রাজাদের এই চতুর্বিধ সাধন। শিং — ১ "যথার্থং তত্ত্ব ভগবন্নুপায়ং কর্ত্তুমর্হসি। ভেদোদণ্ডঃ সামদানমিত্যুপায়চতুষ্টয়ম্।" ২। গতি। ৩। যাহার দ্বারা কর্ম্ম সম্পন্ন হয়, সাধন। ৪। উপগম। ৫। প্রতীকারের পথ। ৬। উপার্জ্জন। ৭। (ঘঞ্ — ভাবে) উপাগমন।

উপায়ক্ষম (উপায় — ক্ষম। ৭মী — হিং) বিং, ত্রিং, যে উপার্জ্জন করিতে পারে, উপায়ী।

উপায়জ্ঞ (উপায় — জ্ঞ [জ্ঞা জানা + অ(ড) — ক] যে জানে) বিং,ত্রিং, যে উপায় করিতে জানে, কি উপায়ে কোন্ কার্য্য সম্পন্ন হইতে পারে তাহা যে জানে,কোন অনিষ্ট ঘটনা হইলে কিরূপে প্রতীকার করিতে হয় তাহা যে জানে।

উপায়ন (উপ সমীপ — ই, অয় গমন করা + অন(অনট্) — র্ম্ম) সং, ক্লীং, উপহার, উপঢৌকন, ভেট। শিং — ১ "তস্যোপায়নযোগ্যানি রত্নানি সরিতাং পতিঃ।" (কুমার)। ২। (+ অনট্ — ভা) সমীপগমন। ৩। ব্রতাদিপ্রতিষ্ঠা।

উপারত (উপ — আ — রম্ [ক্রীড়া করা] আরাম করা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, নিবৃত্ত, প্রত্যাবৃত্ত। শিং — ১ "উপারতাঃ পশ্চিম রাত্রগোচরাৎ।" ২। বিরত।

উপারম্ভ (উপ — আরম্ভ) সং, পুং, প্রারম্ভ। শিং — ১ "সর্ব্বকর্ম্মোপারম্ভে বিনিয়োগঃ।"

উপার্জ্জন (উপ — অর্জ্জন [অর্জ্জ্ উপার্জ্জন করা + অন(অনট্) — ভা] ধনাহরণ) সং, ক্লীং, অর্জ্জন, সেবা কৃষি বাণিজ্য প্রভৃতি দ্বারা অর্থলাভ করা। "অর্থস্যোপার্জ্জনম্।" ২। লাভ, প্রাপ্তি। ৩। সঞ্চয়, আহরণ। শিং — ১ "শস্ত্রাণাং কবচানাঞ্চ কৃত্বা সম্যগুপার্জ্জনম্।"

উপার্জ্জিত (উপ — অর্জ্জিত ধনাহৃত) বিং, ত্রিং, যাহা উপার্জ্জন করা গিয়াছে। ২। লব্ধ, প্রাপ্ত। ৩। সঞ্চিত, সংগৃহীত।

উপারূঢ় (উপ — আরূঢ় [আ — রুহ্ আরোহণ করা + ত(ক্ত) — র্ম্ম] যে আরোহণ করিয়াছে) বিং, ত্রিং, প্রাপ্ত। ২। আরূঢ়।

উপালম্ভ (উপ — আ — লভ্ [লাভকরা] নিন্দা করা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, তিরস্কার।

২। সবোধ-বাক্য। শিং—১ "তদস্যা দেবীং বসুমতীমন্তরেণ মহান্তমুপালম্ভমধিগতোঽস্মি।" ৩। দুঃখবাক্য। ৪। প্রাপ্তি।

উপালব্ধ (উপ—আলব্ধ [আ—লভ্ লাভকরা +ত(ক্ত)—র্ম্ম]) বিং, ত্রিং, তিরস্কৃত, ভৎর্সিত।

উপাবর্ত্তন (উপ—আ—বৃত্ [হওয়া ফিরিয়া আসা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রত্যাগমন পুনরাগমন। শিং—১ "তদুপাবর্ত্তনশঙ্কি মে মনঃ।" (রঘু)। ২। ঘূর্ণন। ৩। পার্শ্বপরিবর্ত্তন।

উপাবৃত্ত (উপাবর্ত্তন দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ঘূর্ণায়মান। ২। ঘূর্ণিত। ৩। শ্রমশান্তির জন্য পুনঃপুনঃ ভূমিতে লুণ্ঠিত। ৪। প্রতিনিবৃত্ত। ৫। প্রত্যাগত। ৬। সম্পাদিত। শিং—১ "উপাবৃত্তস্য পাপেভ্যো যশ্চ বাসো গুণৈঃসহ।" (পুরাণ)।

উপাশ্রয় (উপ—আশ্রয় [আ—শ্রি সেবাকরা +অ(অল্)—র্ম্ম] স্থান) বিং, ত্রিং, যাহাকে আশ্রয় করা যায়, আশ্রয়স্থানীয়। শিং—১ রাজর্ষীণাং হি সর্বেষামন্তে বনমুপাশ্রয়ঃ" ২। সং, পুং, আশ্রয়কর্ত্তা। শিং—১ "ব্রাহ্মণোপাশ্রয়ো নিত্যমুৎকৃষ্টাং জাতিমশ্নুতে।" (মনু)। ২। আশ্রয় করা, অবলম্বন করা।

উপাসক (উপ—অস [হওয়া] সেবাকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, উপাসনাকারী, সেবক। ২। উপকার প্রত্যাশায় যে অন্যের অনুবৃত্তি করে। শিং—১ "কমপ্যেকং রাজপুত্রমুপাসকম্। ২ উপাসকানাং কার্য্যার্থে ব্রহ্মণো রূপকল্পনা।"

উপাসঙ্গ (উপ—আ—সন্‌জ্ আসক্ত হওয়া +অ(ঘঞ্)—ধি) সং, পুং, বাণাধার, তূণ, তূণীর। শিং—১ "এতান্ সর্বানুপাসঙ্গান্ ক্ষিপ্রং বধ্নীহি মে রথে।" ২ (+ঘঞ্—ভা) আসক্তি।

উপাসন—ক্লীং, না—স্ত্রীং } (উপ—আস্ উপবেশন করা +
উপাস্তি—স্ত্রীং }
অনট্, অন, আপ্—স্ত্রীং, ক্তি—ভা) সং, সেবা, শুশ্রূষা, আরাধনা, পূজা। ২। উপকার প্রত্যাশায় অন্যের অনুবৃত্তি। শিং—১ "নান্যস্য করোত্যুপাসনাম্।—১ অচ্যুতোপাস্তি। ২ সন্ধ্যোপাস্তি।" (উপ অধিক—অস্ ক্ষেপণ করা+ত্ব—ভা) শরক্ষেপ শিক্ষার্থে শরাভ্যাস।

উপাসিত (উপাসক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সেবিত, আরাধিত। ২। উপকার প্রত্যাশায় যাহার অনুবৃত্তি করা গিয়াছে। ৩। (+ক্ত—ভা) উপাসনা।

উপাস্থি (Cartilage) সং, ক্লীং, দেহের অভ্যন্তরস্থ অস্থিতুল্য পদার্থ।

উপাস্থিক (Cartilaginous fish) যে সকল মৎস্যের দেহের অভ্যন্তরে অস্থিতুল্য পদার্থে পরিবৃত ; যথা—হাঙ্গর, বাণ মৎস্য ইত্যাদি।

উপাস্য (উপাসক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, সেব্য, আরাধ্য, পূজ্য ; যেমন—উপাস্য দেবতা। ২। উপকার প্রত্যাশায় অনুবর্ত্তনীয়। শিং—১ "পুত্রবচ্চ ততো রক্ষ্যা উপাস্যা গুরুবচ্চ তে।" (ভারত)। ২ উপাস্য সন্ধ্যাং বিধিব[ৎ]। (স্মৃতি)।

উপাস্যমান (উপাসন দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপাসনা করা যাইতেছে, পূজ্যমান, সেব্যমান, আরাধ্যমান। ২ উপকার প্রত্যাশায় যাহার অনুবৃত্তি করা যাইতেছে।

উপাহিত (উপ—ধা [ধারণকরা] আগমন করা ইত্যাদি+ত(ক্ত)—ভা, ক, র্ম্ম, ব উপ আসন্ন—অহিত, ৫মী—হিং) সং, পুং, অগ্ন্যুৎপাত, উল্কাপাত, উল্কাপাতাদি উপদ্রব। ২। বিং, ত্রিং, সংযোজিত, মিলিত। ৩। আরোপিত। ৪। ন্যস্ত।

উপাহৃত (উপ—আ—হৃত) বিং, ত্রিং, সং গৃহীত, কল্পিত।

উপেক্ষক (উপেক্ষা দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে উপেক্ষা করে, উদাসীন।

উপেক্ষণ (উপেক্ষক দেখ + অন(অনট্)—ভা) সং, ক্লীং, ঔদাসীন্য। ২। ত্যাগ। ৩। রাজনীতিসম্মত উপায়বিশেষ। শিং—১ "সাম্নাদানেনভেদেনদণ্ডেনোপেক্ষণেনচ।"

উপেক্ষণীয় (পূর্ব্বে দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাজ্য, প্রতীকারার্থ যাহার সমা-

লোচন হইবে। শিং — ১ "নশ্যৎ পুরস্তাদনুপেক্ষণীয়ম্।" (রঘু)।

উপেক্ষা (উপ — ঈক্ষ্ [দেখা] তুচ্ছ করা ইত্যাদি + অ — ভা) সং, স্ত্রীং, অনাদর, তাচ্ছীল্য। ২। ঔদাসীন্য। ৩। ঔদাসীন্যরূপে দর্শন। ৪। ত্যাগ। ৫। অস্বীকার। শিং — ১ "ত্বয়োপেক্ষা কৃতা ময়ি।"

উপেক্ষিত (উপেক্ষা দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয় উপেক্ষা করা গিয়াছে, অনাদৃত, ঔদাসীন্যরূপে দৃষ্ট। ২। অস্বীকৃত। ৩। ত্যক্ত। ৪। অবজ্ঞাত। ৫। অবধীরিত। ৬। অবহেলিত।

উপেত (উপ সমীপ — ইত [ই গমন করা + ত(ক্ত) — ক, র্ম্ম] গত) বিং, ত্রিং, যুক্ত, মিলিত। ২। গত। ৩। প্রাপ্ত।

উপেন্দ্র (উপ পশ্চাৎ — ইন্দ্র দেবরাজ। যিনি ইন্দ্রের পরে জন্মিয়াছেন। পৌরাণিকেরা কহেন —ইন্দ্রলোকের উপরি আছেন বলিয়া উপেন্দ্র) সং,পুং, বিষ্ণু, ইন্দ্রের কনিষ্ঠ, বামনদেব।

উপেন্দ্রবজ্রা; সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদ ছন্দোবিশেষ; প্রায় ইন্দ্রবজ্রাচ্ছন্দের ন্যায়, কেবল এই মাত্র বিশেষ, ইন্দ্রবজ্রায় ১ম বর্ণ গুরু, ইহাতে প্রথম বর্ণ লঘু।

উপেয় (উপ নিকট — ই গমন করা + য — র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য। ২। উপায়সাধ্য। ৩। অন্বেষণ পূর্ব্বক গম্য। শিং — ১"ভূধরস্থিরমুপেয়মাগতম্।" (মাঘ)।

উপেয়িবান্ (উপেয়িবস্, উপ নিকট — ই গমন করা + বস্(ক্বসু) — ক) বিং, ত্রিং, উপগত, প্রাপ্ত।

উপেয়ুস্ (উপ — ই গমনকরা + উস্ — ক। ই = ইয়্; বস্ = উস্) বিং,ত্রিং, উপগত, উপেয়িবান্,প্রাপ্তবান্; যথা — "গুণত্রয় বিভাগায় পশ্চাদ্ভেদমুপেয়ুষে। (কুমার)। ২ উপেয়ুষো মোক্ষপথং মনস্বিনঃ।" (মাঘ)।

উপোঢ় (উপ — বহ্ [বহন করা] বিবাহ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিবাহিত। ২। শ্রেণীবদ্ধ। ৩। (+ক্ত — ভা) সৈন্যনিবেশ, ব্যূহ। ৪। (+ক্ত — ক) নিকট।

উপোতী; স্ত্রীং, পুতিকা, পুঁই শাক।

উপোদকী (উপ — উদক জল, ৭মী — হিং। ঈ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পূতিকা, পুঁই শাক।

উপোদ্‌ঘাত (উপ — উৎ — হন্ [বধ করা] আরম্ভ করা ইত্যাদি + অ(ঘঞ্) — ভা। হন্ স্থানে ঘাত) সং, পুং, উপক্রম। ২। উদাহরণ। ৩। গ্রন্থসঙ্গতিবিশেষ, প্রকৃতোপযোগি-চিন্তা। শিং — ১ "চিন্তাং প্রকৃত-সিদ্ধ্যর্থামুপোদ্ঘাতং বিদুর্ব্বুধাঃ।" ৪। আরম্ভ। ৫। সূচনা, প্রস্তাবনা।

উপোষ — পুং } উপোষণ — ক্লীং } (উপ — বস্ [বাস করা] নিরাহারে থাকা + অ (অল্), অন(অনট্) — ভা) সং, উপবাস, অনাহার। শিং — ১ "প্রাপ্তে শ্রীরামনবমী দিনে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ। উপোষণং ন কুরুতে কুম্ভীপাপে মহীয়তে।"

উপোষিত (উপোষ দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, অভুক্ত, অনাহারী। শিং — ১ "উপোষিতো দ্বিতীয়েহহ্নি পূজয়েৎ পুনরেব তাং।" ২। (+ক্ত — ভাবে) ক্লীং, উপবাস।

উপ্ত (বপ্ বীজ বোনা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, কৃতবপন, যাহা বপন করা হইয়াছে। ২। নিক্ষিপ্ত।

উপ্তকৃষ্ট (আদৌ উপ্ত — পশ্চাৎ কৃষ্ট অর্থাৎ প্রথম যাহাতে বুনা যায় পরে তাহা চসা যায়) বিং, ত্রিং, বিচ্‌তলা।

উপ্তবীজ (উপ্ত — বীজ) বিং, ত্রিং, যে বীজ বপন করিয়াছে। ২। যাহাতে বীজ বপন করা হইয়াছে, যথা—উপ্তবীজ ক্ষেত্র।

উপ্তি (উপ্ত দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, বপন, বোনা। শিং — ১ "বীজানামুপ্তিবিচ্চ স্যাৎ।" (মনু)।

উপ্ত্রিম (বপ্ বপন করা + ত্রিমক্ — ক) বিং, ত্রিং, বপন হইতে জাত।

উভ (উভ পরিপূর্ণ করা + অ(অন্) — ক) সর্ব্বং, ত্রিং, দ্বিং, দুইজন, উভয়। শিং — ১ "য উভাভ্যাং প্রহরসি পুচ্ছেন চাস্যেন চ। ২ মাতরং পিতরং চোভৌ।"

উভচর (Amphibious, উভ — চর যে গমন করে) বিং, ত্রিং, যাহারা জলে ও স্থলে উভয়স্থানে বাস করে।

উভয় (উভ+য—অবয়বার্থে, অথবা উভ+অয়ট—প্রং, কিম্বা উভ—যা যাওয়া+অ(ড)—ক) সর্ব্বং,ত্রিং, একং—বহুং, দুই জন, দুই। শিং—১ "তেন শব্দেন বিত্রস্তৈস্তরাকাশং পক্ষিভি র্বৃতম্। মনুষ্যৈরাবৃতা ভূমিরুভয়ং প্রবভৌ তদা। ২ কিং তৎসাধ্যং যদুভয়ে সাধয়েয়ুর্ন সংগতাঃ। ৩ উভয়ে দেবমনুষ্যাঃ।"

উভয়তঃ (উভয়তস, উভয়+তস—প্রং। সপ্তমী স্থানে তস্) অং, দুই দিকে, দুই পার্শ্বে। ২। দুই পক্ষে। শিং—১"তাসামুভয়তঃ কুলম্। ২ ওষধ্যঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ। অপুষ্পাঃ ফলিনশ্চৈব বৃক্ষাস্তূভয়তঃ স্মৃতাঃ।

উভয়তোমুখ (উভয়তস—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, যার দুইদিকে মুখ ঈপ্—স্ত্রীং।

উভয়ত্র (উভয়+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, দুই স্থানে, দুই দিকে; যথা—ইহলোক ও পরলোক উভয়ত্র। শিং—১ "দ্বৌ দৈবে (শ্রাদ্ধে) পিতৃকার্য্যে ত্রীনেকৈকমুভয়ত্র বা ভোজয়েৎ।"

উভয়থা (উভয়+থাচ্—প্রং) অং, দুই প্রকারে। শিং—১ "য উভয়থা জয়তি। ২ (ধনস্য) বিনাশে নাশে বা তব সতি বিয়োগোঽস্ত্যুভয়থা।"

উভয়দ্যুঃ, উভয়েদ্যুঃ (—দ্যুস, উভয়+এদ্যুস—দিবার্থে) অং, দুই দিনে।

উভয়বেতন (উভয়—বেতন ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে উভয়ের নিকট হইতে বা উভয় কর্ম্মের বেতন পায়।

উভয়সম্মত (উভয়—সম্মত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, উভয়েয় সম্মত, উভয়ানুমত।

উভয়ানুমত (উভয়—অনুমত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, উভয়ের অনুমত, যে বিষয়ে উভয়েরই সম্মতি হইয়াছে, উভয়সম্মত।

উভরায় (উভ চতুর্দ্দিকে—রায় রবশব্দজ) ক্রিং, বিং, উচ্চৈঃশব্দ, চীৎকার। যথা—"উভরায় কাঁদে লোকে প্রাণ যায় যায়।"

উম্ (উ—উম্(ডুম্)—ধি) অং,কোপ, ক্রোধ। ২। প্রতিজ্ঞা। ৩। স্বীকার। ৪। প্রশ্ন।

উমরা (যাবনিক) ধনী, বড়মানুষ।

উমা (উ শিব—মা লক্ষ্মী, ৬ষ্ঠী—ষ,যথা "উ শব্দে বুঝহ শিব মা শব্দে শ্রী তাঁর বুঝিয়া মেনকা উমা নাম কৈল যার।" অথবা উ শিব—মা মনন, ৬ষ্ঠী—হিং যিনি শিবকে পতিত্বে মনন করিয়াছিলেন কিম্বা উ হে—মা না। মেনকা ভগবতী কহিয়াছিলেন "উ দুর্গে মা কুরু তপস্যা এই নিমিত্ত ভগবতীর উমা নাম হইং তথাহি—উমা ইতি নিষেধন্তী মাতৃস্নেহ দুঃখিতা। সা তথোক্তা তদামাত্রা দে দুশ্চরচারিণী। উমেত্যেবাভবৎ খ্যাতা ত্রি লোকেষু সুন্দরী।) সং, স্ত্রীং পার্ব্বতী দুর্গা। শিং—১ "উমেতি মাত্রা তপ নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম ২।(বে বস্ত্রাদি বুনা+মক্—র্ম, অথ অনাদে মা পরিমাণকরা, বা মা দী পাওয় ০(ক্বিপ্)—ক) মসিনা। ৩ হরি ৪। কীর্ত্তি। ৫। কান্তি। ৬ শান্তি শিং—১ "কুঃ শ্রীঃ কীর্ত্তির্দ্যুতি পুষ্টি লক্ষ্মীঃ সরস্বতী।"

উমাকট (উমা মসিনা ইত্যাদি + কট-প্রং) সং, পুং, মসিনা বা হরিদ্রার গুঁড়া।

উমাগুরু (উমা—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং হিমালয় পর্ব্বত। ২। শিব।

উমাচতুর্থী; সং, স্ত্রীং, জ্যৈষ্ঠ শুক্লচতুর্থী উমার জন্মতিথি। শিং—১ "জ্যৈষ্ঠশুক্লচতুর্থ্যাং জাতা পূর্ব্বমুমাসতী। তস্মাৎ সা তত্র সংপূজ্যা স্ত্রীভিঃ সৌভাগ্যবৃদ্ধয়ে।"

উমাপতি, উমাধব (উমা—পতি, ধব স্বামী, ৬ষ্ঠী—ষ) সং,পুং, মহাদেব, শিব।

উমাবন (উমা—বন, ৪র্থী—ষ) সং,ক্লীং, উমার প্রীতির জন্য বন, পুর-বিশেষ, শোণিতপুর

উমাসহায় (উমা—সহায়, ৬ষ্ঠী—হিং অথবা ৬ষ্ঠী—ষ। উমাদেবী যাঁহার সহায় হইয়াছেন অথবা যিনি উমার সহায় হইয়াছেন। সং,পুং, শিব। [ষ] সং,পুং, কার্ত্তিকেয়।

উমাসুত (উমা পার্ব্বতী—সুত পুত্র, ৬ষ্ঠী—

উমেদার (যাবনিক) প্রত্যাশাকারী, আকাঙ্ক্ষী। ২। উপকার প্রত্যাশায় যে অন্যের উপাসনা করে। [উমার পতি, মহাদেব।

উমেশ (উমা—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

উম্বর (উদ্ উপরি—বৃ আচ্ছাদন করা+অ(অল্)—প্রং) সং, পুং, দেহলী, চৌকাঠের উপরিস্থ কাষ্ঠ।

উরঃ (উরস্, ঋ গমনকরা, পাওয়া+অস্—ক, সংজ্ঞার্থে। ঋ=উর। যে নিশ্বাস বায়ু পায় কিম্বা উর [সৌত্রধাতু] গমনকরা+অস্—প্রং) সং, ক্লীং, বক্ষঃস্থল, হৃদয়। শিং—১"প্রিয়ং পুত্রমুরস্যাধত্তে।২ স্বোরসি বিন্যস্য বক্তং তস্য শুভাননা।" ২। বিং, ত্রিং, প্রধান, উত্তম।

উরঃসূত্রিকা (উরস্ বক্ষঃস্থল—সূত্র সূতা, ৭মী—ষ। ক—যোগ) সং,স্ত্রীং, বক্ষোলম্বি মুক্তারচিত হার।

উর
উরহ } অবতীর্ণ হওয়া; যথা—"কহে যোড় করে, উরহ আসরে, ভারতে করহ দয়া।"

উরগ, উরঙ্গ, উরঙ্গম (উরস্ বক্ষঃ—গ [গম্ গমনকরা + অ(ড)—ক] যে গমন করে, ৩য়া—ষ। ২য় পক্ষে—উরস্—গম্+খ—ক) সং, পুং—স্ত্রীং, ভুজগ, সর্প,সর্পী। শিং—১ "দেবগন্ধর্ব্বমানুষোরগরাক্ষসান্। ২ ত্যজ্যোদ্দৃষ্টঃ প্রিয়োহপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা।" (রঘু)। ২। সীসক।

উরগভূষণ (উরগ—ভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ফণিভূষণ, মহাদেব।

উরগরাজ (উরগ—রাজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সর্পগণের রাজা, বাসুকি।

উরগস্থান (উরগ সর্প—স্থান। নাগ বা সর্পের বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নাগলোক, পাতাল।

উরগারি (উরগ—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়। ২। ময়ূর। ৩। নকুল।

উরগাশন (উরগ সর্প—অশন [অশ্ ভোজন করা+অন(অনট)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, গরুড় পক্ষী। ২। শিখী, কেকী,ময়ূর। ৩। নকুল,বেজি।

উরগেন্দ্র (উরগ—ইন্দ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সর্পরাজ।

উরজ (উরস্ বক্ষঃস্থল—জ জাত) বিং, ত্রিং, বক্ষ হইতে উৎপন্ন; যথা—
"উরজ কমলযুগ প্রফুল্ল সতত।"(মেঘ)।

উরণ, উরভ্র (ঋ গমন করা + অন—ক, সংজ্ঞার্থে।—উরু অধিক—ভ্রম্ ভ্রমণকরা+অ(ড)—ক। উ—লোপ) সং, পুং—স্ত্রীং, মেষ, ভেড়া। শিং—১ "বৃকো বোরণমাসাদ্য মৃত্যুরাদায় গচ্ছতি।" ২। মেষ।

উরণাক্ষ (উরণ মেষ—অক্ষ চক্ষুঃ। ইহার পুষ্প মেষচক্ষুর ন্যায়) সং, পুং, বৃক্ষ-বিশেষ, দক্রমর্দ্দন বৃক্ষ, চাকুন্দা।

উররী, উরী, উরুরী, } (বে বুনা+রীক,রুরীক
উরী, উররী, উরুরী } —ঘ্ন) অং, অঙ্গীকার। ২। পরিত্যাগ। ৩। বিস্তার। শিং—১ "উরীকৃত্যাত্মনো দেহম্।"

উররীকৃত, উরীকৃত (উররী—কৃত যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, অঙ্গীকৃত। ২। প্রসারিত। ৩। বিস্তারিত। ৪। পরিত্যক্ত।

উরল্লি; সং, স্ত্রীং, ব্যাঘ্রাদির গর্জ্জিত।

উরশ্ছদ—পুং
উরস্ত্র—ক্লীং
উরস্ত্রাণ—ক্লীং } (উরস্ বক্ষঃ—ছদ [ছদ্-ণিচ=ছাদি আচ্ছাদন করান + ষ—ণ] যাহার দ্বারা আচ্ছাদিত হয়। ২য় পক্ষে—ত্র [ত্রৈ ত্রাণ করা+অ(ড)—ক] যে ত্রাণ করে। ৩য় পক্ষে—ত্রাণ [ত্রৈ ত্রাণ করা+অনট্—ণ] যাহার দ্বারা ত্রাণ করা হয়) সং, কবচ, সাঁজোয়া, বর্ম্ম। শিং—১ "কাঞ্চনোরশ্ছদে পিশাচবদনাঃ খরাঃ।"

উরসি; অং, স্বীকার।

উরসিজ, উরোজ (উরসি বক্ষেতে—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে) সং, পুং, বক্ষোজ, স্তন। শিং—১ "পরিপস্পৃশিরে চৈনং পীনৈরুরসিজৈঃ।"

উরসিল (উরস্ বক্ষঃস্থল + ইল—বিদ্যমানার্থে) বিং, ত্রিং, যাহার বক্ষঃস্থল প্রশস্ত।

উরস্কট (উরস্—কট, ৩য়া—হিং) সং, পুং, বালকগণের উত্তরীয়বিশেষ, যজ্ঞোপবীতাকার বস্ত্রবিশেষ।

উরস্তস্ (উরস্ বক্ষঃস্থল + তস্—পঞ্চমী স্থানে) অং, বক্ষঃ হইতে।

উরস্য (উরস বক্ষঃ+য(ক্য)—ভবার্থে। যে বক্ষ হইতে হইয়াছে) সং, পুং, স্যা—

স্ত্রীং, ঔরসজাত সন্তান। শিং — ১ "কর্ষণা বাপ্যুরস্যোন বক্ষো যস্য বিদারিতম্।"

উরস্বান্ (উরস্বৎ, উরস্ + বৎ (বতু) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্ত বক্ষঃস্থল, বিশালবক্ষঃ।

উরু (উর্ণু আচ্ছাদন করা + উ — ক। উ = উ। ন্ — লোপ) বিং, ত্রিং, বিশাল, মহৎ, বড়। "অগাধং নিধিমুরুমত্তসামনন্তম।"

উরুক্রম (উরু ব্যাপ্ত — ক্রম পাদচারণ, ৬ষ্ঠী — হিং। যিনি বলি-যজ্ঞে পদদ্বারা ভূম্যাদি আকাশ পর্য্যন্ত সর্ব্বস্থান ব্যাপিয়া ছিলেন) সং, পুং, বামনদেব।

উরুবুক, উরুবূক (উরু মহৎ — বৈ শুষ্ক করা + উক, ঊক — ক। যে মহৎ পীড়া নষ্ট করে) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা, রক্ত এরণ্ড, যাহার ফলে তৈল হয়।

উরুণস্ (উরু দীর্ঘ — নস নাসিকা + ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার নাসিকা দীর্ঘ, দীর্ঘ নাসিকাবিশিষ্ট।

উরোজ (উরস্ বক্ষঃ — জ [জন্ উৎপন্ন হওয়া + অ(ড) — ক] উৎপন্ন) সং, পুং, স্তন। "রেজাতে রুচির দৃশামুরোজকুম্ভৌ।"

উরোভূষণ (উরস্ বক্ষঃস্থল — ভূষণ অলঙ্কার, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, বক্ষঃস্থলের ভূষণ, হার।

উরোহস্ত (উরস্ — হস্ত) সং, পুং, বাহুযুদ্ধ, বক্ষঃস্থলে চপেটাঘাত পূর্ব্বক মল্লযুদ্ধ। শিং — ১ "উরোহস্তং ততশ্চক্রে পূর্ণকুম্ভৌ প্রযুজ্য তৌ। করসংপীড়নং কৃত্বা গর্জ্জন্তৌ বারণাবিব।"

উর্ণনাভ (উর্ণা সূত্র — নাভি, ৬ষ্ঠী — হিং) সং,



উর্ণনাভ।

পুং, লূতা, মাকড়সা

উর্ণা (উর্ণ্ আচ্ছাদনকরা + অ(ড) — ণ) সং, স্ত্রীং, মেষাদি-লোম, পশুলোম। ২ ললাটস্থ লোমসমূহাত্মক চিহ্নবিশেষ। শি — ১ "ললাটপট্টে নবনলিননালভঙ্গতন্বী মূর্ণা পরিস্ফুরতি।" (কাদম্বরী)।

উর্দ্র (উর্দ্দ্ ক্রীড়াকরা + র — সংজ্ঞার্থে) সং, পুং, জলাখু, উদ্বিড়াল।

উর্ব্ব (উরু + অ — প্রং) সং, পুং, মুনিবিশেষ তাঁহার পুত্রের নাম ঔর্ব্ব।

উর্ব্বর (উ উরু — ঋ গমন করা + অ(অন্) — ক) বিং, ত্রিং, সর্ব্বশস্যোৎপাদক ভূমি ক্ষেত্রাদি।

উর্ব্বরা (উরু অধিক — ঋ গমন করা, পাওয়া + অ — প্রং। আ — স্ত্রীলিঙ্গে) বিং স্ত্রীং, যে ভূমিতে শস্যোৎপাদিকা শক্তি অধিক থাকে, যে ক্ষেত্রে সর্ব্বপ্রকার শস্য জন্মে, সর্ব্বশস্যসম্পন্না।

উর্ব্বশী (উরু, মনীষাদি, যে নারায়ণের উরু ভেদ করিয়া হইয়াছিল, অথবা উরু মহৎ — বশ্ বশীভূত করা + অ(অন্) — ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, স্বর্গ-বেশ্যা-বিশেষ। ইন্দ্রসভায় নৃত্য করিতে করিতে মহারাজ পুরুরবাকে দেখিয়া মোহিত হওয়ায় নৃত্যের তালভঙ্গ হওয়াতে ইন্দ্রের (কাহারও কাহারও মতে মিত্রাবরুণের) অভিশাপে পঞ্চপঞ্চাশৎ বর্ষ স্বর্গভ্রষ্টা হইয়া, পুরুরবার সহিত বাস করিয়াছিলেন। অর্জ্জুন ইহার শাপে বৃহন্নলাবেশে বিরাট-গৃহে বাস করিয়াছিলেন।—পদ্মপুরাণে এই বিবরণ অন্যরূপ;—পূর্ব্বকালে কোন সময়ে ভগবান্ বিষ্ণু ধর্ম্মপুত্র হইয়া গন্ধমাদন পর্ব্বতে বিপুল তপস্যা করিয়াছিলেন। ইন্দ্র তাঁহার উগ্র তপস্যায় ভীত হইয়া তাঁহার বিঘ্নার্থ কতিপয় অপ্সরার সহিত বসন্ত ও কামদেবকে প্রেরণ করেন। সেই সকল অপ্সরা যখন তাঁহার ধ্যান ভঙ্গে অশক্তা হইল, তখন কামদেব অপ্সরাগণের উরু হইতে ইহাঁকে সৃজন করিলেন। ইনিই তাঁহার তপোভঙ্গে সমর্থা হন। ইহাতে ইন্দ্র অত্যন্ত সন্তুষ্ট হইলেন এবং ইহাঁর রূপে মোহিত হইয়া ইহাঁকে গ্রহণ করিতে ইচ্ছা করিলেন। ইনিও সম্মতা হইলেন,

পরে মিত্র ও বরুণ তাঁহাদিগের ঐরূপ মনোভাব জ্ঞাপন করিলে, ইনি প্রত্যাখ্যান করেন। তাহাতে তাঁহাদের শাপে ইনি মনুষ্যভোগ্যা (অর্থাৎ পুরুরবার পত্নী) হন। শিং—১ "নারায়ণোরুং নির্ভিদ্য সংভূতা (উর্ব্বশী তু হরেঃ সব্যমূরুং ভিত্বা বিনির্গতা) বরবর্ণিনী। ঐলস্য দয়িতা দেবী যোষিদ্রত্নং কিমুর্ব্বশী।" ২। কামরূপান্তর্গত নদীবিশেষ।

উর্ব্বশীরমণ, উর্ব্বশীবল্লভ (উর্ব্বশী—রমণ স্বামী, বল্লভ প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুরূরবাঃ। ইনি চন্দ্রবংশীয় বিখ্যাত ভূপতি। ইলার গর্ভে বুধের ঔরসে ইহাঁর জন্ম হয়।

উর্ব্বারু (ইর্ব্বারু দেখ) সং, পুং, কর্ক্কটিফল, কাঁকুড়।

উর্ব্বী (উরু মহৎ+ঈ—স্ত্রীলিঙ্গে। অতি বিস্তীর্ণ বলিয়া উর্ব্বী) সং, স্ত্রীং, পৃথিবী, পৃথ্বী। শিং—১ "স্থিতঃ সর্ব্বোন্নতেনোর্ব্বীম্।" (রঘু)। [পর্ব্বত।

উর্ব্বীধর (উর্ব্বী—ধর, ২য়া—ষ) সং, পুং,

উর্ব্বীধব (উর্ব্বী—ধব পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৃথিবীপতি, রাজা।

উর্ব্বীভৃৎ (উর্ব্বী পৃথিবী—ভৃ ধারণ করা +০(ক্বিপ্)—ক) সং, পুং, পর্ব্বত।

উর্ব্বীরুহ্, উর্ব্বীরুহ (উর্ব্বী—রুহ্, রুহ [রুহ যে আরোহণ করে+০(ক্বিপ্),অ(ক)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, মহীরুহ, বৃক্ষ। শিং—১ "হিরণ্ময়োর্ব্বীরুহবল্লিতন্তুভিঃ।" (মাঘ)। ২। উদ্ভিজ্জ।

উলঙ্গ (উ উদ্ঘাত—লগ্ সংযোগহওয়া+ +অ(অল্)—ক, ঙ—আগম) বিং, ত্রিং, বিবস্ত্র, বস্ত্রহীন; যথা—"কার বামা উলঙ্গিনী নাচে।" ২। আবরণবিহীন; যথা —"উলঙ্গিলা অসিরাশি।"

উলণ (উল্বণ শব্দ দেখ); যথা—

"নাড়ী ধরি স্থানে স্থানে করয়ে ভ্রমণ।
আমি কাঁপি কামজ্বরে সে বলে উলণ।"

উলপ, উলুপ (উল্ দাহ করা, কর্ম্মণিবাচ্যে অথবা বল বলবান্ হওয়া, কর্ত্তৃবাচ্যে কপন্, কুপন্—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, তৃণবিশেষ উলুখড়; যথা—"উলপ প্রভৃতি স্থাবর জঙ্গমাত্মক জগৎ—" ২। গুল্মিনী।

উলূক, উলুক (বল বলবান্ হওয়া+উক—ক, কিম্বা উৎ—নম্ উড়া, নিপাতন। যে উড়িতে উড়িতে নেত্র দ্বারা দেখে) সং, পুং, রাত্রিচর পক্ষিবিশেষ, পেচক, পেঁচা। শিং—১ "ত্যজতিমুদমুলূকঃ প্রীতিমাংশ্চ ক্রবাকঃ।" ২। দেবরাজ, শচীপতি, ইন্দ্র। ৩। দুর্য্যোধন-মাতুল শকুনির পুত্র। ৪। দেশবিশেষ; যথা—"উলূকবাসিনং রাজন্ বৃহন্তমুপজগ্মিবান্।" ৫। ক্লীং, উলুখড়।



উলূক।

উলূখল (উদূখল দেখ, দ=ল) সং, ক্লীং, উদূখল, গড়। শিং—১ "উলূখলমুষলে অরত্নিমাত্রে ঔদুম্বরে প্রাদেশমাত্রে চতুরস্রমুলূখলংমধ্যসংগৃহীতমূর্দ্ধং বৃত্তং মুষলংদক্ষিণমুলূখলাং।"

উলূত (উদ্ অধিক—লূ ছেদ করা+ত (ক্ত)—প্রং) সং, পুং, অজগর সর্প।

উলূপী, উলুপী, উল্লুপী (—পিন্,উ শিব—রূপ+ইন্ —অস্ত্যর্থে। শিবের ন্যায় যাহার রূপ। অথবা উদ্ উপরি—লুপ্ খোলা করা ইত্যাদি+ইন্—ক। উদ্=উ) সং, পুং, শিশুমার, শুশুক।

উলূপী; সং, স্ত্রীং, কৌরব্য নামক নাগরাজের কন্যা, অর্জ্জুনপত্নী। শিং—১ "ঐরাবতকুলে জাতঃ কৌরব্যো নামপন্নগঃ। তস্যাস্মি দুহিতা রাজন্ উলূপীনাম পন্নগী।"

উলূলু (উরু—দ্বিত্ব, নিপাতন। র=ল) সং, পুং, মাঙ্গলিক ধ্বনিবিশেষ, উলুধ্বনি।

উল্কা (উষ দাহকরা+অ(ক)—ক। ষ=ল। কিম্বা উল্ [সৌত্রধাতু] দাহ করা) সং, স্ত্রীং, আকাশ হইতে পতিত অগ্নি; যথা—"তীর তারা উল্কা বায় শীঘ্রগামী যেবা।" শিং—১ "বৃহচ্ছিখা চ সূক্ষ্মাগ্রা রক্তনীলশিখোজ্জ্বলা, পৌরুষীয় প্রমাণেন উল্কা নানাবিধা স্মৃতা।" ২। স্ফুলিঙ্গ। ৩।

উখা, অগ্নিশিখা। ৪। অগ্নিকণা। শিং — ১ "দীপ্তবহ্নিশিখোপমাম্। জিহ্বাং মুখাগ্নিস্পতন্তীমুল্কাং প্রজ্বলিতামিব। ২ উল্কাশ্চাপি সনির্ঘাতা নিপেতুর্ঘোরনিস্বনাঃ।"

উল্কাচক্র ; সং, ক্লীং, গ্রাহমন্ত্রের শুভাশুভজ্ঞাপক চক্রবিশেষ। শিং — ১ "উল্কাচক্রং সর্ব্বসারং মন্ত্রদোষাদিনির্ণয়ম্।"

উল্কাজিহ্ব (উল্কা — জিহ্বা, ৬ষ্ঠী — হিং। যার জিহ্বাতে উল্কা অর্থাৎ অগ্নিস্ফুলিঙ্গ আছে) সং, পুং, রাক্ষসবিশেষ।

উল্কামুখ (উল্কা — মুখ। ৬ষ্ঠী — হিং) সং, পুং, যার মুখ উল্কাস্বরূপ, প্রেতবিশেষ।

উল্কামুখী (উল্কা অগ্নিশিখা — মুখ আস্য, ৬ষ্ঠী — হিং। শৃগালী মুখের রক্তিমা প্রযুক্ত উল্কামুখী নাম হইল) সং, স্ত্রীং, রাত্রিকালে মুখব্যাদান করিলে যে শৃগালীর মুখে অগ্নিবৎ উজ্জ্বল পদার্থ লক্ষিত হয়, খ্যাক্‌শ্যালী। ২। আলেয়া। ৩। বিং, স্ত্রীং, ক্রোধবশতঃ যে স্ত্রীলোকের মুখ সর্ব্বদা রক্তবর্ণ থাকে।


উল্কামুখী।

উল্কী (দেশজ) স্ত্রীলোকের কপালের চিহ্ন।

উল্মুক (উষ দগ্ধ করা + মুক — প্রং। ষ = ল) সং, ক্লীং, কয়লা। ২। জ্বলন্ত অঙ্গার ; যথা—"উল্মুকধারী প্রচণ্ডাকৃতি প্রদীপ্তনয়ন এক রাক্ষসকে সম্মুখীন দেখিলেন।" শিং — ১ "অন্বাহার্য্যপচনাদুল্মুকমাদায়।" ৩। বৃষ্ণিবংশীয় পুরুষবিশেষ ; ইনি বলবলরামের পুত্র এবং রেবতীর গর্ভজাত।

উল্লঙ্ঘন (উদ্ — লনৃঘ লঙ্ঘনকরা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, লঙ্ঘন, অতিক্রম, বিরুদ্ধাচরণ। ২। লম্ফ দিয়া নালা প্রভৃতি পার হওয়া, লাফান।

উল্লঙ্ঘনীয় (উৎ — লঙ্ঘ লঙ্ঘন করা + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, লম্ফ দিয়া যাহা পার হওয়া যাইতে পারে, উল্লম্ফনীয়। ২। যার অতিক্রম করা উচিত, লঙ্ঘনীয়।

উল্লঙ্ঘিত (উল্লঙ্ঘন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহা লাফ দিয়া পার হওয়া গিয়াছে, অতিক্রান্ত, লঙ্ঘিত।

উল্লম্ফন (উৎ ঊর্দ্ধে — লনৃফ গমনকরা অন (অনট্) — ভা) সং, ক্লীং, লম্ফ দিয়া নালা প্রভৃতি পার হওয়া, লাফান। অতিক্রমকরণ।

উল্লম্ফনীয় (উৎ — লম্ফ + অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, যাহা লাফ দিয়া পার হওয়া যাইতে পারে, উল্লঙ্ঘনীয়।

উল্লল (উদ্ অধিক — লল কাঁপা + অ(অচ্) — ক) বিং, ত্রিং, রোমশ, বহুরোমযুক্ত।

উল্ললৎ (উদ্ উপরি — লল্ কাঁপা, দোল খাওয়া + অৎ(শতৃ) — ক) বিং, ত্রিং, কম্পমান। ২। দোলায়মান।

উল্ললিত (উৎ অতিশয় — লল্ কাঁপা + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, আন্দোলিত, চলিত, কম্পমান। ২। তরলিত। ৩। ব্যাকুলিত।

উল্লসৎ (উৎ — লস্ ক্রীড়া করা + অৎ — ক) বিং, ত্রিং, শোভমান। ২। খেলমান। ৩। [illegible]।

উল্লসিত (উৎ — লস্ [ক্রীড়াকরা] দীপ্ত হওয়া + ই + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, যাহার উল্লাস জন্মিয়াছে, আনন্দিত। ২। [illegible] ভিত, উজ্জ্বল। ৩। স্ফুরিত। ৪। উল্কা[illegible]

উল্লাঘ (উদ্ অতিশয় — লাঘ পারক হওয়া + অ(অন্) — ক) বিং, ত্রিং, কার্য্যদক্ষ। ২। যে রোগমুক্ত হইয়া ক্রমে সুস্থ ও সবল হইতেছে, রোগমুক্ত। ৩। শুচি।

উল্লাঘন (উল্লাঘ দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, রোগনাশ। ২। ভারমোচন।

উল্লাপ (উদ্ পরিবর্ত্তন — লপ্ বলা + অ (ঘঞ্) — ভা) সং, পুং, শোক রোগাদি বশতঃ স্বরভঙ্গ, শোকাদি জন্য ধ্বনি।

উল্লাপন (উদ্ উপরি — লপ্-ণিচ্ = লাপি প্রকাশ করান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, শাস্ত্রব্যাখ্যা, বৃত্তি প্রভৃতির যে শাস্ত্রের প্রকৃত মর্ম্ম প্রকাশ।

উল্লাপ্য—"এক অঙ্কে গ্রথিত এবং প্রেম হাস্য ইহার জীবন। ইহার বিষয় পৌরাণিক এবং নাট্যঘটিত কথোপকথন মধ্যে সঙ্গীতে গেয়।"

উল্লাস (উল্লসিত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, আনন্দ, আহ্লাদ। ২। প্রকাশ। ৩। উজ্জ্বলতা। ৪। গ্রন্থের পরিচ্ছেদ; যেমন —প্রথমোল্লাস। ৫। বৃদ্ধি। ৬। উত্তোলন। শিং—১"প্রাবৃষঃ প্রারম্ভে নিপতন্তি কন্দলদলোল্লাসাঃ পয়োবিন্দবঃ।" ৭। একপ্রকার পরিচ্ছদ।

উল্লাসী (—সিন্, উল্লাস দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, উল্লাসযুক্ত, আহ্লাদে যার হৃদয় উচ্ছলিত হইতেছে। ২। প্রভাসম্পন্ন। সিনী—স্ত্রীং।

উল্লিখিত (উৎ—লিখ্ [লেখা, বলা ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, যাহা পূর্ব্বে বলা হইয়াছে, নির্দ্দিষ্ট কীর্ত্তিত। ২। চিত্রিত। ৩। উৎক্ষিপ্ত। ৪। উৎকীর্ণ। ৫। কুন্দিত, চাঁচা, ছোলা। "ত্বষ্ট্রেব যন্ত্রোল্লিখিতো বিভাতি।" ৬। উপরিলিখিত।

উল্লুক; সং, পুং, বানরবিশেষ, নীলবানর।

উল্লুঞ্চন (উদ্ ঊর্দ্ধ—লুচ্ উত্তোলন করা, তোলা+ অন(অনট্)—ভা, ঞ—আগম) সং, ক্লীং, উত্তোলন, উৎকর্ত্তন, উপড়ান। ২। উন্মূলন। ৩। অপনয়ন। শিং—১ "পাদকেশাংশুককরোল্লুঞ্চনে চ পণান্ দশ।"

উল্লুণ্ঠ—পুং } (উৎ—লুণ্ঠ্ [লুঠকরা] উণ্টা
উল্লুণ্ঠন—ক্লীং } করা+অ(অল্), অন(অনট্) —ভা) সং, উণ্টান, পাণ্টান, উলট্পালট্। ২। উপহাস, ঠাট্টা। শিং—১ "স ধীরাধীরা তু সোল্লুণ্ঠভাষিতৈঃ সংতুদেদমুম্।"

উল্লেখ (উল্লিখিত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, কথন। ২। খনন। ৩। অর্থালঙ্কার বিশেষ; এক বস্তুর অনেক প্রকারে উল্লেখ; তাহা দুই প্রকার।

উল্লেখন (উল্লিখিতদেখ, অন(অনট্)—ভা) সং, খনন; যথা—ভূমির উল্লেখন। ২। বমন। ৩। নির্দ্দেশ, কীর্ত্তন, কথন। ৪। চাঁচা, কোঁদা। শিং—১ "বিচিত্র চরিতোল্লেখ।—সংমার্জ্জনোপাঞ্জনেন সেকেনোল্লেখনেন চ। গবাঞ্চ পরিবাসেন ভূমিঃ শুধ্যতি পঞ্চভিঃ। ২ মাসপক্ষতিথীনাঞ্চ সর্ব্বশঃ। উল্লেখনমকুর্ব্বাণো ন তস্য ফলভাগ্ভবেৎ॥" ইতি তিথ্যাদিতত্ত্বম্।

উল্লেখনীয় (উল্লেখ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, উল্লেখযোগ্য, যার উল্লেখ করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক, নির্দ্দেশ্য।

উল্লোচ (উদ্ উপরি—লোচ্ দেখা+অ (অল্)—র্ম্ম) সং, পুং, চন্দ্রাতপ, চাঁদোয়া।

উল্লোল (উৎ উপরি—লোড়্ উন্মত্ত হওয়া, প্রচণ্ড হওয়া+অ(অল্)—র্ম্ম) সং, পুং, কল্লোল, বৃহৎতরঙ্গ। ২। (+অল্—ক) বিং, ত্রিং, দোদুল্যমান।

উল্ব (উচ্ সমবেত করা, মিলিত করা+ বন্—সংজ্ঞার্থে, অথবা +বন্—অধিকরণ বাচ্যে, চ=ল্। কিম্বা—বল্ বৃদ্ধি পাওয়া + ব—সংজ্ঞার্থে। ব=উ) সং, ক্লীং, জরায়ু, গর্ভাশয়। শিং—১ "কষ্টং হি মাতুঃ কুক্ষৌ মূত্রপুরীষবাতপিত্তশ্লেষ্মাদিপূর্ণে তদনুলিপ্তস্য গর্ভস্যোল্বাহশুচিপূয়াবৃতস্য।"

উল্বণ (উৎ উপরি—ল্বী যোগ করা+অন —ক, নিপাতন) বিং, ত্রিং, স্পষ্টপ্রতীয়মান, সুস্পষ্ট আভাসমান। ২। প্রবল, উৎকট। ৩। বিশদ। ৪। উদ্ভট। ৫। ব্যাপ্ত। ৬। স্ফুট, ব্যক্ত। ৭। তীক্ষ্ণ। ৮। সং, ক্লীং, শরীরস্থিত পিত্ত অথবা বাতের প্রাবল্য নিবন্ধন রোগ; যথা—পিত্তোল্বণ, বাতোল্বণ। শিং—১ "প্রববর্ষ চ তত্রৈব সহসা তোয়মুল্বণম্। ২ বিষোল্বণাঃ (সর্পাঃ)। ৩ পিত্তোল্বণা।

উশৎ (বশ্+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, কাময়মান, যে কামনা করিতেছে।

উশতী } (বশ্ অভিলাষ করা, উষ্ দগ্ধ
উষতী } করা+অৎ(শতৃ)—ক) সং, স্ত্রীং, অমঙ্গলবাক্য। শিং—১"উষতীরিব মাতরঃ।"

উশনাঃ (উশনস্, বশ্ ইচ্ছা করা+অনস্ —ক, সংজ্ঞার্থে) সং, পুং, শুক্রাচার্য্য, অসুরগুরু। শিং—১ "খ্যাতাশ্চোশনসঃ পুত্রাশ্চত্বারোঽসুরযাজকাঃ। ২ কবীনামুশনাঃকবিঃ। ৩ গাথাশ্চাপ্যুশনোগীতা।"

উশিক্ (উশিজ্, বশ্ ইচ্ছা করা+ইজ্—সংজ্ঞার্থে। ব=উ) সং, পুং, অগ্নি, আগুন। ২। ঘৃত। [সং, স্ত্রীং, বাঞ্ছা, ইচ্ছা।

উশী (বশ্ অভিলাষকরা+ঈ—সংজ্ঞার্থে)

উশীনর (উশী [বশ্+ই—ভা] ইচ্ছা—নর মনুষ্য) সং, পুং, গান্ধার দেশ। ২। চন্দ্রবংশীয়নৃপবিশেষ, শিবিরাজার পিতা। এই নরপতি শরণাগত প্রতিপালক ছিলেন, প্রথিত আছে, ইনি যমুনার উভয় পার্শ্বস্থ নদীতটে যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক ইন্দ্রকে অতিক্রম করেন। শিং—১ "যে কেচ কুরুপঞ্চালানাং রাজানঃ স বশোশীনরাণাম্। ২ ক্ষীরপাণা উশীনরাঃ।"

উশীর, উষীর (বশ্ ইচ্ছা কর+ঈর—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, বেণার মূল, গন্ধতৃণবিশেষের মূল, খশ্খশে। ২। নিদানোক্ত পাচনবিশেষ।

উশীরবীজ (উশীর—বীজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বীরণমূলের বীজ। ২। উত্তরদিকস্থ পর্ব্বতবিশেষ, মৈনাক পর্ব্বত।

উশীরস্তম্ব (উশীর বেণামূল—স্তম্ব গুচ্ছ) সং, পুং, বেণামূলের গোছা।

উশীরাদি; সং, পুং, জ্বরাতিসার রোগাধিকারে নির্দ্দিষ্ট পাচনবিশেষ।

উষ (উস্ দাহ করা+অ—ক) সং, পুং, প্রভাত। ২। কামুক। ৩। (+ক—র্ম্ম) গুগ্গুলু। ৪। ক্ষারমৃত্তিকা। ষা—স্ত্রীং, (+অ—ক) অনিরুদ্ধ-পত্নী, বাণরাজার কন্যা। ২। গবী। ৩। (+অ—ভাবে) দাহ। ৪। (+অ—ক) অং, রাত্রি। ৫। প্রভাত, ব্রাহ্মমুহূর্ত্ত, অরুণোদয়ের পূর্ব্বক্ষণ, পক্ষিগণ যে সময়ে চিচিকুচি ধ্বনি করিতে আরম্ভ করে। এই কাল মঙ্গলজনক ও যাত্রায় শুভপ্রদ। "অর্দ্ধাস্তময়াং সন্ধ্যা ব্যক্তীভূতা ন তারকা যাবৎ। তেজঃপরিহানিরুষা ভানোরর্দ্ধোদয়ং যাবৎ॥ ইতি তিথিতত্ত্বে বরাহবচনম্।"

উষণ (উষ দেখ, অন(অনট্)—প্রং। যে কণ্ঠ দাহ করে) সং, ক্লীং, মরীচ। ২। পিপ্পলীমূল। ৩। ণা—স্ত্রীং, পিপ্পলী, পিপুল। ৪। শুণ্ঠী, শুঁট।

উষঙ্গু; সং, পুং, যদুবংশীয় রাজাবিশেষ। ইনি অতি যাজ্ঞিক ছিলেন। সর্ব্বদা ইনি মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়া ঋত্বিকগণকে প্রভূত অর্থ দান করিতেন। [২। অগ্নি।

উষপ (উষ দেখ, প—প্রং) সং, পুং, সূর্য্য।

উষর্বুধ (উষস্ প্রভাত—বুধ্ জানা+ক (ক)—ক। যাহাকে প্রভাতের ন্যায় বো… হয়) সং, পুং, অগ্নি, আগুন। শিং—"সূর্য্যস্য রোচনাদ্বিশ্বান্ দেবাঁ উষর্বুধঃ।" ২। রক্তচিত্রক, রাংচিতা।

উষস (উষ দেখ, অস—প্রং) সং, ক্লীং, প্রত্যুষ, প্রভাত, ভোর।

উষসী (উষ—সো শেষ করা+অ—প্রং ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সন্ধ্যাকাল।

উষস্য (উষস্+য ষ্ণ্য)—প্রং) বিং, ত্রি প্রাভাতিক, উষাকালীন।


উষাকল (উষা—কল [কল্ শব্দ করা+অ (অল্)—ক] যে শব্দ করে। যে উষাকালে শব্দ করে) সং, পুং, কুক্কুট, কুঁকড়া।

উষাপতি, উষারমণ (উষা—পতি, রমণ স্বামী ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনিরুদ্ধ প্রদ্যুম্নের পুত্র, কৃষ্ণের পৌত্র।

উষিত (উষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং পর্য্যুষিত, বাসি। ২। দগ্ধ। ৩। (বস বাস করা+ক্ত—ক) ত্বরিত। ৪। স্থিত, নিবিষ্ট ৫। কৃতবসতি। [সং, পুং, অনিরুদ্ধ

উষেশ (উষা—ঈশ প্রভু, স্বামী, ৬ষ্ঠী—ষ)

উষ্ট্র (উষ দেখ, ট্র—সংজ্ঞার্থে। যে মরুভূমিতে



উষ্ট্র।

দগ্ধ প্রায় হয়) সং, পুং, পশুবিশেষ, উট ষ্ট্রী—স্ত্রীং, স্ত্রীউট।

উষ্ট্রকণ্টকভোজনন্যায়—ন্যায় (১২) দেখ।

উষ্ট্রকর্ণিক; সং, পুং, দক্ষিণস্থ যবনদেশ বিশেষ; যবনগণ তথায় ভোজনার্থ উ… বধ করিয়া থাকে।

উষ্ট্রগ্রীব (উষ্ট্রগ্রীবার ন্যায় আকার বলিয়া) সং, পুং, ভগন্দররোগ।

উষ্ট্রশিরোধর (উষ্ট্র উট—শিরস্ মস্তক—ধর [ধৃ ধারণ করা+অ(অল্)—ক] যে ধারণ করে) সং, ক্লীং, ভগন্দর রোগ।

উষ্ট্রিকা (উষ্ট্র+ইক(ষ্কিক)—প্রং,আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মৃণ্ময় মদ্য ভাণ্ড। ২। উষ্ট্রী।

উষ্ণ (উষ্ দাহকরা+ণ(ণক্)—ক) সং,পুং, গ্রীষ্মকাল। ২। আতপ,রৌদ্র। ৩। উষ্মা। ৪। পলাণ্ডু। ৫। বিং,ত্রিং, অশীতল, তপ্ত। ৬। তীব্র। ৭। অনলস, তৎপর। ষ্ণা—স্ত্রীং, যক্ষ্মারোগ। ২। সন্তাপ। ৩। পিত্ত। শিং—১ "দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বাসম্। ২ অর্কো-হধিপতিরুষ্ণানাম্। ৩ উষ্ণানি কৃষ্ণ ব-র্ত্তন্তে গচ্ছাবো যমুনাং প্রতি।"

উষ্ণক (উষ্ণ+ক—যোগ) বিং, ত্রিং, অনলস। ২। ক্ষিপ্রকারী। ৩। প্রণত। ৪। (যাহাতে শরীর উষ্ণ করে) সং, পুং, জ্বর।

উষ্ণকটিবন্ধ (Torridzone) সং, পুং, কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্ব্বর্ত্তী ভূভাগ।

উষ্ণকর (উষ্ণ—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্যদেব। ২। (কৃ+অল্—ক) বিং, ত্রিং, উষ্ণকারক, যে উষ্ণ করে, যে গরম করে।

উষ্ণকাল (উষ্ণ—কাল, য়ং—স) সং, পুং, গ্রীষ্মঋতু, গরমিকাল। শিং—১ "তক্রং নৈব ক্ষতে দদ্যান্নোষ্ণকালে ন দুর্ব্বলে।"

উষ্ণগু (উষ্ণ তপ্ত—গু [গো শব্দজ] কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

উষ্ণনদী (উষ্ণ তপ্ত—নদী, য়ং—স) সং, স্ত্রীং, বৈতরণী নদী।

উষ্ণরশ্মি, উষ্ণাংশু (উষ্ণ তপ্ত—রশ্মি,অংশু কিরণ। যাহার কিরণ উষ্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। শিং—১ "কুবেরগুপ্তাং দিশমুষ্ণরশ্মৌ।" ২। অর্কবৃক্ষ।

উষ্ণবারণ (উষ্ণ রৌদ্র—বারণ যে নিবারণ করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, আতপত্র, ছত্র, ছাতা। শিং—১ "যদর্থমম্ভোজমি-বোষ্ণবারণম্।"

উষ্ণবীর্য্য (উষ্ণ তাপ—বীর্য্য শৌর্য্য, বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার, শুশুক। ২। তেজস্বী দ্রব্য।

উষ্ণাগম, উষ্ণাভিগম, উষ্ণোপগম (উষ্ণ রৌদ্র, উষ্মা—আ-গম, অভিগম, উপগম=আগমন, ৭মী—হিং) সং, পুং, গ্রীষ্মকাল, গ্রীষ্মঋতু।

উষ্ণালু (উষ্+আলু—প্রং) বিং,ত্রিং, উত্তা-পসহনে অসমর্থ। ২। আতপ-ক্লান্ত। ৩। শৈত্যপ্রিয়। শিং—১ "উষ্ণালুঃ শিশিরে নিষীদতি তরোর্মূলালবালে শিখী।"

উষ্ণাসহ (উষ্ণ উত্তাপ—অসহ অসহ্য, যে সহ্য করিতে পারে না, ২য়া—হিং) বিং, ত্রিং, যে উত্তাপ সহ্য করিতে পারে না। ২। সং, পুং হেমন্তকাল।

উষ্ণিক্ (উষ্ণিহ্, উৎ ঊর্দ্ধে—স্নিহ্ স্নিগ্ধ করা+০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, শিরো-বেষ্টন, পাকৃড়ি,পাক। ২। সপ্তাক্ষর ছন্দো-বিশেষ। শিং—১ "গায়ত্র্যুষ্ণিগনুষ্টুপ্ চ বৃহতী পংক্তিরেবচ।"

উষ্ণিকা (উষ্ণ তপ্ত [অন্ন] + ক—যোগ, অথবা অন্ন+ক—প্রং। অন্ন স্থানে উষ্ণা-দেশ) সং, স্ত্রীং, যবমণ্ড, যবাগু, যাউ।

উষ্ণীগঙ্গ (উষ্ণী উষ্ণীভূত—গঙ্গা, মধ্যপদ-লোপ) সং,ক্লীং, ভৃগুপর্ব্বতের তীর্থবিশেষ।

উষ্ণীষ (উষ্ণ তাপ—ঈষ্ নাশ করা+অ (ক)—ক। যে তাপ নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, শিরোবেষ্টন, পাক্। ২। কি-রীট। ৩। বিশেষ-চিহ্ন। শিং—১ "বিশী-র্ণমলিনোষ্ণীষঃ। ২ বলাকাপাণ্ডুরোষ্ণীষং বিদ্যুৎক্ষিপ্তচামরম্। মত্তবারণসারূপ্যং কর্ত্তুকামমিবাম্বরম্।"

উষ্ণীষধারী (—ধারিন্, উষ্ণীষ—ধারী যে ধারণ করে) বিং, ত্রিং, যে উষ্ণীষ ধারণ করে, ধৃতোষ্ণীষ।

উষ্ণীষিন্ (উষ্ণীষ+ইন্(ণিন্)—ক, বিদ্যমা-নার্থে) বিং, ত্রিং, উষ্ণীষধারী, উষ্ণীষবান্, যার মাথায় পাকড়ি আছে। শিং—১ "উ-ষ্ণীষিণে সুবক্ত্রায় সহস্রাক্ষায় মীঢ়ুষে।"

উষ্ণোদক (উষ্ণ—উদক, য়ং—স) সং, ক্লীং, উষ্ণজল, গরমজল। শিং—১ "শ্বাসকাশ-জ্বরান্ হন্তি পীতমুষ্ণোদকং নিশি।"

উষ্ণোপগম (উষ্ণ—উপগম) সং, পুং, গ্রীষ্ম-কাল।

উষ্ম, উষ্মন্ (উষ্ দাহকরা + মক্, মন্ — প্রং) সং, পুং, গ্রীষ্মকাল। ২। উত্তাপ। ৩। তীব্রতা। ৪। কোপ, ক্রোধ। ৫। শ-ষ-স-হ বর্ণ। শিং — ১ "উষ্মাহি বিত্তং বৃদ্ধিং তেজো নয়তি দেহিনাম্।"

উষ্মক (উষ্ম + কণ্ — সংজ্ঞার্থে) সং, পুং, গ্রীষ্মকাল।

উষ্মপা (উষ্ম — পা পান করা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, বহুং, পিতৃলোকবিশেষ। শিং — ১ "শুকালিনী বর্হিষদ্ উষ্মপা আজ্যপা স্তথা।" ২। উষ্মপানকর্ত্তা তপস্বিবিশেষ। উর্দ্ধমুখৈরিব বনিনিবিষ্টদৃষ্টিভিরুষ্মপৈঃ।"

উষ্মা (উষ্মন্) উষ্ম দেখ।

উষ্মাণ (উষ্ম + আণ) সং, ক্লীং, উষ্মা, উত্তাপ।

উস্র (বস্ বাসকরা + র — ক, সংজ্ঞার্থে। যাহাতে লোক বাস করে) সং, পুং, কিরণ, আলোক। ২। (যাহাতে বলবীর্য্য বাস করে) বৃষ, ষাঁড়। স্রা — স্ত্রীং, ধেনু, গবী। ২। লতাবিশেষ।

উহ্যমান (বহ্ বহন করা + আন(শান) — র্ম্ম য, ম — আগম) বিং, ত্রিং, আকৃষ্যমাণ। ২। নীয়মান। ৩। যাহা বহন করা যায়। "যমোহ্যমানঃ কিল ভোগিবৈরিণা।"

---

# ঊ

ঊ; ষষ্ঠ স্বরবর্ণ; ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। (অব্ গমন করা + ০(ক্বিপ্) — ক। অব = ঊ) সং, পুং, চন্দ্র। ৩। শিব। ৪। বিং, ত্রিং, রক্ষক। ৫। অং, শোক দুঃখাদি সূচক সম্বোধন। ৬। বাক্যারম্ভ। ৭। রক্ষা। ৮। দয়া।

ঊখলি (উদূখল শব্দজ) সং, উলূখল, গড়।

ঊঢ় (বহ্ বহন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহার বিবাহ হইয়াছে, বিবাহিত, কৃতদার। ২। বহনীয়, যাহা বহন করা যায়। ৩। ধৃত। ৪। অঙ্গীকৃত। শিং — ১ "পরিবেত্তানুজোঽনূঢ়ে জ্যেষ্ঠে দারপরিগ্রহাৎ। (অমর)। ২ কন্যা পিতুর্ধনহরী যদ্যনূঢ়া ভবেত্তদা।"

ঊঢ়কঙ্কট (ঊঢ় বহনীয় — কঙ্কট বর্ম্ম, ৬ষ্ঠা — হিং) বিং, ত্রিং, কবচধারী, বর্ম্মী, সন্নাহবিশিষ্ট।

ঊঢ়া (ঊঢ় দেখ, আপ্ — স্ত্রীং) বিং, ত্রিং, বিবাহিতা, পরিণীতা, যে কন্যার বিবাহ হইয়াছে।

ঊঢ়ি (ঊঢ় দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, [বহন। ২। বিবাহ।

ঊত (বে বুনা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, কৃতবয়ন, যে বস্ত্রাদি বুনা হইয়াছে। ২। গ্রথিত, যাহা গাঁথা হইয়াছে। ৩। স্যূত, যে কাপড় প্রভৃতি সেলাই করা গিয়াছে। শিং — ১ "যস্মিন্নোতঞ্চ প্রোতঞ্চ।" (স্মৃতি)। ২। রক্ষিত।

ঊতি (ঊত দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, স্যূতি, সেলাই। ২। বস্ত্রাদি বয়ন। ৩। (অব্ রক্ষা করা ইত্যাদি + ক্তি — ভা) রক্ষণ। ৪। লীলা। ৫। ক্ষরণ।

ঊধস্ (ঊধস দেখ, বহ্ = ঊধ্) সং, ক্লীং, পশুস্তন, গাইর পালান, মেঢ়। [দুগ্ধ।

ঊধস্য (ঊধস্ + য(ষ্য) — ইদমর্থে) সং, ক্লীং,

ঊন (ঊন্ ন্যূনকরা, কম করা + অ(ক) — ক) বিং, ত্রিং, হীন, কম, অসম্পূর্ণ। ২। ন্যূন। ৩। দুর্ব্বল। শিং — ১ "ঊনং বাভ্যধিকং বাপি লিখেদ্যো রাজশাসনম্। ২ পূর্ণে বর্ষসহস্রে দশোনে। ৩ ঊনদ্বিবার্ষিকং প্রেতং নিদধ্যুর্বান্ধবা বহিঃ।"

ঊম্ (অব্ রক্ষা করা + মন্ — ক) অং, গর্ব্ব। ২। ক্রোধ। ৩। নিন্দা, ভৎর্সনা। ৪। প্রশ্ন।

ঊম; সং, ক্লীং, দেশবিশেষ।

ঊয়ী (দেশজ) সং, বল্মীক, রুই, শাদাপিপীড়া।

ঊর; অবতীর্ণ হওয়া; যথা — "ঊর দয়াময়ি বিশ্বরমে।" [স্বীকার। ২। বিস্তার।

ঊররী (ঊর্য্ সেলাইকরা + ররীক্ — ক) অং,

ঊরব্য, ঊরুজ (ঊরু + য(ষ্য) — ভবার্থে। ঊরু — জ যে জন্মে, ৫মী — ষ। যে ব্রহ্মার ঊরুদেশ হইতে জন্মিয়াছে) সং, পুং, বৈশ্যজাতি। শিং — ১ "ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ বাহূরাজন্যঃ কৃতঃ। ঊরু তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত।

ঊরী, ঊরুরী (ঊর্য্ সেলাইকরা + রীক, রুরীক — র্ম্ম) অং, স্বীকার। ২। বিস্তার।

উরীকৃত (উরী — কৃত যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, অঙ্গীকৃত। ২। বিস্তারিত।

উরু (উর্ণু আচ্ছাদন করা + উ(কু) — র্ণু। ণ — লোপ) সং, পুং, জানুর উপরিভাগ, আঠুর উপরিবর্ত্তী চরণাংশ, উরৎ। শিং — ১ "জঙ্ঘোর্ব্বোঃ সংস্থানে জানুনাম্। ২ উরু গজকরোপমৌ। ৩ করভোপমোরু।" ৪ নিশান্তনারীপরিধানধূনন স্ফুটাগসাপ্যূরুষু লোলচক্ষুষঃ।"

উরুগ্রাহ (উরু — গ্রহ্ গ্রহণ করা + অ(ষ্ণ্ঞ) — ক) বিং, ত্রিং, যে উরুদেশ গ্রহণ করে, ২। সং, পুং, উরুস্তম্ভ রোগ।

উরুজ (উরু — জ [জন্ জন্মান + অ(ড) — ক] যে জন্মায়। ৫মী — ষ) সং, পুং, বৈশ্য।

উরুপর্ব্বা (— পর্ব্বন্, উরু — পর্ব্বন্ গ্রন্থি, ৬ষ্ঠী — ষ) সং, পুং — ক্লীং, জানু, হাঁটু।

উরুসম্ভব (উরু — সম্ভব উৎপত্তি) বিং, ত্রিং, যে উরু হইতে উৎপন্ন হয়।

উরুস্তম্ভ (উরু — স্তন্‌ভ্ স্থির হওয়া + অ অ(অল্) — ভা) সং, পুং, যে রোগ হইলে উরু অবশ হইয়া যায়, উরুতে স্ফোটক।

উরুস্তম্ভা (উরু — স্তম্ভ থাম। যে উরুর উপমাভূত স্তম্ভ, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

উর্জ্জ (উর্জ্জ্ জীবিতহওয়া, বলিষ্ঠ হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, কার্ত্তিক মাস। ২। দ্বিতীয় মন্বন্তরের সপ্তর্ষির মধ্যে এক জন। ৩। (+ অল্ — ণ) যত্ন, চেষ্টা, উৎসাহ। ৪। বল, সমর্থ, শক্তি। ৫। নিশ্বাস।

উর্জ্জঃ (উর্জ্জস্, উর্জ্জ দেখ, অস্ — ণ) সং, ক্লীং, বল। ২। উৎসাহ। ৩। তেজঃ। ৪। (+ অস — ভা) প্রাণন।

উর্জ্, উর্জ্জা (উর্জ্জ্ + •(ক্বিপ্) — ণ) সং, স্ত্রীং, তেজঃ। ২। বল। ৩। ক্লীং, জল।

উর্জ্জযোনি; সং, পুং, ঋষিবিশেষ, নারদ।

উর্জ্জস্বল (উর্জ্জ সামর্থ্য + বল — অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্, মহাবল। "ভোক্তারমূর্জ্জস্বলমাত্মদেহম্।"(রঘু)। ২। দৃঢ়কায়।

উর্জ্জস্বিন্ (— স্বিন্, উর্জ্জস্ + বিন্ — বিদ্যমানার্থে) বিং, ত্রিং, বলবান্, তেজস্বী। ২। সং, ক্লীং, কাব্যালঙ্কার-বিশেষ।

উর্জ্জিত (উর্জ্জ দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, বিখ্যাত। ২। তেজস্বী। ৩। উদার। শিং — ১ "স্বর্গং চৈবাক্ষয়ং বিপ্র বিদধামি তবোর্জ্জিতম্। ২ উর্জ্জিতঃ খলু তে কামঃ কৃতঃ।" ৪। (+ ক্ত — ভা) ক্লীং, বল, সামর্থ্য। ৫। উৎসাহ। শিং — ১"উপপত্তিমদূর্জ্জিতাশ্রয়ম্।" (কিরাত)। ৬। বিং, ত্রিং, বর্দ্ধিত। শিং — ১"হিমকরোমকরোর্জ্জিতকেতনম্।"

উর্ণনাভ, উর্ণনাভি (উর্ণনাভ দেখ) সং, পুং, যাহার নাভি হইতে সূত্র বিনির্গত হয়, মাকড়সা।

উর্ণা (উর্ণা দেখ) সং, স্ত্রীং, মেষাদিলোম, পশম। শিং — ১ "উর্ণাতন্তুময়ং বাসঃ।" ২। ভ্রূমধ্যস্থ রোমাবর্ত্ত; ভ্রূযুগলের মধ্যে মৃণাল তন্তুর ন্যায় সূক্ষ্ম রোমরাজির মণ্ডলাকার চিহ্নবিশেষ। ঐ চিহ্ন অতি শুভজনক। চক্রবর্ত্তী মহীপালের ও মহাযোগীদিগের ঐ চিহ্ন লক্ষিত হইয়া থাকে।

উর্ণাময় (উর্ণা + ময়ট্ — বিকারার্থে) সং, ক্লীং, মেষলোম বিকার সূত্রাদি। শিং — ১"উর্ণাময়ং কৌতুকহস্তসূত্রং।"

উর্ণায়ু (উর্ণা + য়ু — অস্ত্যর্থে) সং, পুং, মেষলোমের আসন, কম্বল। ২। মেষ। ৩। মাকড়সা। ৪। গন্ধর্ব্ব বিশেষ। শিং — ১ "উর্ণায়ুশ্চিত্রসেনশ্চ হাহা হুহুশ্চ ভারত।"

উর্ণাবন (উর্ণা + বনচ্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, উর্ণাযুক্ত, মেষলোমে বিনির্ম্মিত।

উর্ণুবান (উর্ণু আচ্ছাদন করা + আন(শান) — ক) বিং, ত্রিং, আচ্ছাদয়ৎ, যে আচ্ছাদন করিতেছে।

উর্দ্ধ (উদ্ উপরি — হা ত্যাগকরা, গমন করা + ব — প্রৎ। উদ্ = উর) বিং, ত্রিং, উচ্চ। ২। উৎকৃষ্ট। ৩। অনন্তর। ৪। উপরিস্থ। ৫। ত্যক্ত। ৬। সং, ক্লীং, উচ্চতা, উপরদিক্; যথা—উর্দ্ধে দশ হাত। ৭। উর্দ্ধদেশ; যথা—উর্দ্ধে স্থিত। শিং — ১ "উর্দ্ধং প্রাণা হ্যুৎক্রামন্তি॥ ২ পিতর্য্যূর্দ্ধং-গতে পুত্রা বিভজেয়ুর্ধনংপিতুঃ।"

উর্দ্ধক (উর্দ্ধ উচ্চ — ক [ কৈধাতুজ + অ (ড) — ক] যে শব্দ করে। বাদিত হইলে যে

উচ্চ শব্দ করে) সং, পুং, মৃদঙ্গবিশেষ, যাহা শূন্যে তুলিয়া বাজায়।

উর্দ্ধকণ্ঠ (উর্দ্ধ — কণ্ঠ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উন্নতকণ্ঠ, যার কণ্ঠ উন্নত। — কণ্ঠী — স্ত্রীং। মহাশতাবরী লতা।

উর্দ্ধকায় (উর্দ্ধ — কায়, য়ং — স) সং, পুং, নাভির উপরিস্থিত শরীরভাগ, পূর্ব্বকায়। ২। (৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উন্নতদেহ, উচ্চশরীর।

উর্দ্ধকেতু ( উর্দ্ধ — কেতু ধ্বজা, ৬ষ্ঠী — বা ৭মী — হিং, যাহার ধ্বজা উন্নত বা যাহাতে ধ্বজা উন্নত ) বিং, ত্রিং, উচ্ছ্রিতধ্বজ, নৃপাদি সম্বন্ধেই ইহা প্রযোক্তব্য। ২। সং, পুং, জনকবংশীয় রাজাবিশেষ।

উর্দ্ধকেশ ( উর্দ্ধ — কেশ, ৬ষ্ঠী — হিং ) সং, পুং, ব্রহ্মা। শিং — ১ "উর্দ্ধকেশো ভবেদ্ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ। ২ কুশময় ব্রাহ্মণ।" ২। বিং, ত্রিং, উন্নতাগ্র কেশযুক্ত। শী — স্ত্রীং — ঈপ্।

উর্দ্ধগ (উর্দ্ধ — গ [ গম্ গমন করা + অ(ড) — ক] যে গমন করে) বিং, ত্রিং, উর্দ্ধগামী। ২। উর্দ্ধগমনশীল। শিং — ১"ভুবাসহোষ্মাণমমুঞ্চদূর্দ্ধগং। (কুমার)। ২ শরাংশ্চাশীবিষাকারানূর্দ্ধগান্ দীপ্ততেজসঃ।" ৩। সং, পুং, রোগবিশেষ; যথা—

"উর্দ্ধগ বিকারে মোর পড়িয়াছে দাঁত।
অন্ন বিনা অন্ন বিনা শুকায়েছে আঁত।"

৪। (যিনি সকলের উর্দ্ধে থাকেন) পুং, পরমেশ্বর; যথা —যিনি সকলের উর্দ্ধগ, তিনিই সকল জানেন। ৪। সৎপথালম্বী; যথা—উর্দ্ধগ হইতে ইচ্ছা করিলে সাধুসঙ্গ করিতে হইবে। ৫। ধার্ম্মিক; যথা—উর্দ্ধগ না হইলে কি এমন উচ্চ দৃষ্টি হয়? শিং — ১"ধর্ম্মেণ গমনমূর্দ্ধমধস্তাদ্ভবত্যধর্ম্মেণ।"

উর্দ্ধগতি (উর্দ্ধ — গতি, ৭মী — ষ) সং, স্ত্রীং, উর্দ্ধে গমন, উচ্চগতি, উপরে গমন। ২। স্বর্গারোহণ। ৩। উন্নত স্থানে আরোহণ। ৪। (৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উচ্চগতিপ্রাপ্ত, স্বর্গারূঢ়।

উর্দ্ধগপুর (উর্দ্ধগ — পুর, য়ং — স) সং, পুং, পুর নামক অসুরের পুর। ২। রাজা হরিশ্চন্দ্রের পুর।

উর্দ্ধগামী (উর্দ্ধগামিন, উর্দ্ধ — গামিন্ [গম্ গমন করা + ইন্(ণিন্) — ক] যে গমন করে) বিং, ত্রিং, যে উর্দ্ধে গমন করে।

উর্দ্ধচরণ ( উর্দ্ধ — চরণ, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, যাহার চরণ উর্দ্ধগত, উর্দ্ধপাদ। ২। সং, পুং, শরভ, ইহার অষ্ট চরণ কিন্তু ইহার চার খানি পদ উর্দ্ধদিকে থাকে। ২। (উন্নতপাদ হেতু) তপস্বীবিশেষ।

উর্দ্ধজানু ( উর্দ্ধ — জানু, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, যার জানু উচ্চ, উন্নতজানু।

উর্দ্ধজ্ঞু (উর্দ্ধ — জানু, ৬ষ্ঠী — হিং। জানু = জ্ঞু) বিং, ত্রিং, উন্নতজানু। ২। উন্নত।

উর্দ্ধতন (উর্দ্ধ + তন — ভবার্থে) বিং, ত্রিং, যে বস্তু বা ব্যক্তি উপরেরদিকে আছে, উপরিস্থ।

উর্দ্ধথা (উর্দ্ধ + থা — ভাবে) অং, উর্দ্ধপ্রকারে। শিং — ১ "শ্মশ্রুদীর্ঘবদ্দূর্দ্ধথাভূৎ।"

উর্দ্ধদংষ্ট্রকেশ (উর্দ্ধ — দংষ্ট্র, ৬ষ্ঠী — হিং, যে প্রাণীদিগের দন্ত উন্নত, উর্দ্ধদংষ্ট্রক — ঈশ পতি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, মহাদেব। শিং — ১ "নমোর্দ্ধদংষ্ট্রকেশায় শুক্লায়াবততায় চ। বিলোহিতায় ধূম্রায় নীলগ্রীবায় বৈ নমঃ।"

উর্দ্ধদৃষ্টি (উর্দ্ধ — দৃষ্টি, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার দৃষ্টি উর্দ্ধদিকে রহিয়াছে, যে উপর দিকে চাহিয়া রহিয়াছে, উৎক্ষিপ্তদৃষ্টি। ২। উর্দ্ধনেত্র। ৩। শিবনেত্র হওয়া, মৃত্যুকালে জীবের এইরূপ অবস্থা ঘটে। ৪। (য়ং — স) সং, স্ত্রীং, ভ্রূযুগল নিবিষ্টা দৃষ্টি, ভ্রূযুগলের মধ্যভাগে নয়নার্পণ। ৫। উৎক্ষিপ্ত দৃষ্টি, উপরেরদিকে নেত্রপাত, উচ্চ দিক্ তাকান। ৬। যোগবিশেষ, ঈশ্বরোপাসনায় প্রবর্ত্তমান ব্যক্তি যোগসাধনার্থ নেত্রযুগল উর্দ্ধভাগে নীত করেন, ইহাই যুক্তযোগী হইবার প্রধান উপায়।

উর্দ্ধদেব (উর্দ্ধ উৎকৃষ্ট, প্রধান — দেব ) সং, পুং, বিষ্ণু।

উর্দ্ধদেহ (উর্দ্ধ মরণোত্তর — দেহ, য়ং — স) সং, পুং, মরণান্তে উৎপন্ন দেহ, লিঙ্গ দেহ। শিং — ১ "উর্দ্ধদেহনিমিত্তার্থমহং দাতুং জলাঞ্জলীন্।"

উর্দ্ধপুণ্ড্র ( উর্দ্ধ উর্দ্ধমুখ—পুণ্ড্র ফোঁটা, যৎ—স, অথবা পুণ্ড্র ইক্ষুযষ্টি। ইক্ষুযষ্টির ন্যায় লম্বা ফোঁটা) সং,পুং, চন্দনাদি দ্বারা কপালে কৃত উর্দ্ধমুখ সরল রেখা, ললাটের লম্বা ফোঁটা।

উর্দ্ধভাক্ (উর্দ্ধ—ভাক্ ভিজ ভজনা করা + ০(বিণ্)—ক] যে ভজনা করে, ২য়া—য) বিং, ত্রিং, উপরিভাগস্থ, উর্দ্ধদেশস্থ। ২। পুং, উর্দ্ধদেশস্থ বহ্নিবিশেষ।

উর্দ্ধম্ (উদ্ উপরি—হ্বে আহ্বানকরা + অম্(ডম্)—ধি। উদ্ = উর) অং, উপরি।

উর্দ্ধমান (উর্দ্ধ—মা পরিমাণকরা + অন(অনট্)—ণ) সং, ক্লীং, বাটিখারা। ২। (+ অনট—ভা) উর্দ্ধতাপরিচ্ছেদক পরিমাণ।

উর্দ্ধমুখ (উর্দ্ধ—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উর্দ্ধগত বদন, যাহার মুখ উর্দ্ধদিকে আছে। উত্তোলিত মুখ, যে মুখ তুলিয়া রহিয়াছে। শিং—১ "প্রবোধয়ত্যূর্দ্ধমুখৈর্ময়ূখৈঃ। (কুমার)। ২ অধোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ পত্রিভিঃ।" (রঘু)। ২। ক্লীং, মুখের উর্দ্ধভাগ। শিং—১"দন্তান্তোর্দ্ধমুখং সশেষদহনম্।"

উর্দ্ধরেতাঃ (উর্দ্ধরেতস্, উর্দ্ধ—রেতস্ বীর্য্য। যাহার বীর্য্য উর্দ্ধগত হইয়াছে, অথবা যাহার কখন রেতঃ স্খলন হয় না, কিম্বা যে ব্যক্তি জন্মাবচ্ছিন্ন দার পরিগ্রহ অথবা স্ত্রী সম্ভোগ করে না, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। (সতীর দেহত্যাগের পর দেবাদিদেব মহাদেব স্বীয় রেতঃ উর্দ্ধে নীত করাতে উর্দ্ধরেতাঃ নাম ধারণ করেন)। ২। শুক্রসংযমকারী, যোগী; যথা—"সেই স্থানে সুবর্ণবর্ণ মনুষ্য সকল জন্মগ্রহণ করিয়া অতি কঠোর তপোনুষ্ঠানপূর্ব্বক উর্দ্ধরেতাঃ হইয়া থাকেন।" ৩। ভীষ্ম; ( পূর্ব্বে শান্তনু রাজা সত্যবতীর রূপলাবণ্য দর্শনে তাহার পাণিগ্রহণ করিতে ইচ্ছা করিলে তৎপিতা দাসরাজ জ্যেষ্ঠসন্তান ভীষ্ম বিদ্যমানে তাহার কন্যার গর্ভজাত সন্তান রাজ্যাধিকারী হইবে না, এই বলিয়া রাজাকে কন্যা সম্প্রদানে অসম্মতি প্রকাশ করিয়াছিল, তাহাতে মহাত্মা ভীষ্ম দার পরিগ্রহ করিবেন না প্রতিজ্ঞা করিয়া কৌমার ব্রহ্মচারী হওয়াতে উর্দ্ধরেতাঃ বলিয়া বিখ্যাত হইয়াছেন)। ৫। মুনিবিশেষ; যেমন—সনক, সনন্দ, সনাতন, সনৎকুমার ইত্যাদি। (ঋষিগণও ঐরূপ ব্রহ্মচর্য্যাবলম্বনে উর্দ্ধরেতাঃ হন এতদ্ভিন্ন অষ্টাশীতি সহস্র ঋষি পরমার্থ সাধনার্থ স্ব স্ব রেতঃ উর্দ্ধগত করাতে উর্দ্ধরেতাঃ বলিয়া বিখ্যাত হইয়াছেন)। শিং—১ "ঋষীণামূর্দ্ধরেতসাম্। ২ উর্দ্ধমনয়দ্রেতো বৃষভবাহনঃ।"

উর্দ্ধলিঙ্গ ( উর্দ্ধ উৎকৃষ্ট—লিঙ্গ চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। শিং—১ "উর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং। [পুং, স্বর্গ।

উর্দ্ধলোক (উর্দ্ধ—লোক জগৎ, যৎ—স)সং,

উর্দ্ধবাহু (উর্দ্ধ—বাহু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৈববিশেষ, ইহারা মস্তকের উর্দ্ধে এক অথবা হস্তদ্বয় উত্তোলন করিয়া থাকে। ইহাদিগের নির্দ্দিষ্ট বাসস্থান নাই, ইহাদিগের মস্তকে জটা আছে। ২। বিং, ত্রিং, যে বাহু উত্তোলন করিয়াছে, যে হাত তুলিয়া রহিয়াছে।

উর্দ্ধশায়ী (—শায়িন্,উর্দ্ধ উপরে—শী শয়ন করা + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে উর্দ্ধে শয়ন করে, বালক। ২। সং,পুং, মহাদেব। শিং—১ "উর্দ্ধরেতা উর্দ্ধলিঙ্গ উর্দ্ধশায়ী নভঃস্থলঃ।" [সং, পুং, স্বর্গ।

উর্দ্ধলোক ( উর্দ্ধ—লোক জগৎ, যৎ—স )

উর্দ্ধশ্বাস (উর্দ্ধ—শ্বাস) সং, পুং, দীর্ঘশ্বাস; যথা—"ধায়বেগে ক্ষুধাতুর সিংহের তাড়নে উর্দ্ধশ্বাসে।"(মেঘ)। [উপরিস্থিত।

উর্দ্ধস্থ (উর্দ্ধ—স্থ যে থাকে) বিং, ত্রিং,

উর্দ্ধস্থিত ( উর্দ্ধ—স্থা থাকা + ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, যে বা যাহা উর্দ্ধে আছে বা থাকে।

উর্দ্ধাম্নায়; সং, পুং, সংহিতাবিশেষ। ইহা দ্বাদশ অধ্যায়ে সম্পূর্ণ, দেবর্ষি নারদ ইহার বক্তা ও মহর্ষি ব্যাসদেব ইহার শ্রোতা। ইহাতে গুরুভক্তি, দ্বাদশাবতার, গৌরাঙ্গমাহাত্ম্য, কৃষ্ণপূজাবিধি, নারায়ণস্তব ও গয়ামাহাত্ম্য প্রভৃতি বর্ণিত আছে।

উর্ম্মি (ঋ গমনকরা + মি—ক, সংজ্ঞার্থে। যে উর্দ্ধে গমন করে) সং, পুং,—স্ত্রীং, তরঙ্গ,

ঢেউ; যথা—গঙ্গোর্ম্মি, চলোর্ম্মি। ২। স্রোত। ৩। অঙ্গুরীয়। ৪। বস্ত্রের উপর চুনাটকরা। ৫। (+মি—ভা) ত্বরা। ৬। বেগ। ৭। উৎকণ্ঠা। ৮। ভ্রান্তি। ৯। সঙ্গ। ১০। প্রকাশ। ১১। কোষ। ১২। সমূহ। ১৩। পীড়া। ১৪। দেহের ষড়্বিধ ধর্ম্ম; যথা—"বুভুক্ষা চ পিপাসা চ প্রাণস্য মনসঃ স্মৃতৌ। শোকমোহৌ জরামৃত্যু ক্ষুৎপিপাসে যড়ূর্ম্ময়ঃ।" স্ত্রীং, অশ্বগতিবিশেষ, তথাহি—পঙ্ক্তীকৃতানামশ্বানাং নমনোন্নমনাকৃতিঃ, অতিবেগ সমাযুক্তা গতিরূর্ম্মিরুদাহৃতা। শিং—১"ক্ষিপদ্ভিরূর্ম্মিনগরৈ রিবোর্ম্মিভিঃ।"

উর্ম্মিকা (উর্ম্মি+ক, অথবা উর্ম্মি+ক কৈ-ধাতুজ+অ(ড)—ক। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তরঙ্গ। ২। উৎকণ্ঠা। ৩। বস্ত্রের উপর চুনাট করা। ৪। অঙ্গুরীয়। ৫। ভ্রমরধ্বনি।

উর্ম্মিমান (উর্ম্মিমৎ, উর্ম্মি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উর্ম্মিযুক্ত, তরঙ্গিত। ২। বক্র। ৩। ঢেউখেলানে। শিং—১ "দীর্ঘেষু নীলেষথ চোর্ম্মিমৎসু জগ্রাহ কেশেষু নরেন্দ্রপত্নীম্।"

উর্ম্মিমালী (উর্ম্মিমালিন্, উর্ম্মিমালা তরঙ্গমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সাগর, সমুদ্র। শিং—১"চলোর্ম্মিমালিন্(সমুদ্র)।"

উর্ম্মিলা (ঋ গমনকরা+মিল—সংজ্ঞার্থে, অথবা উর্ম্মি—লা গ্রহণকরা+অ(ড)—ক) সং, স্ত্রীং, রাজর্ষি জনকের কনিষ্ঠাকন্যা, লক্ষ্মণের পত্নী, ইহার গর্ভে দুইটী পুত্র হয়, একজনের নাম অঙ্গদ, অপরের নাম চন্দ্রকেতু। শিং—১ "লক্ষ্মণস্তদনুজামথোর্ম্মিলাম্।"(রঘু)।

উর্ব্ব; সং, পুং, মুনিবিশেষ, ইনি স্বীয় উরুদেশে অগ্নি সংস্থাপন করিয়া অনলতুল্য তেজস্বী এক পুত্র লাভ করেন, তাঁহার নাম ঔর্ব্ব, বড়বামুখ সমুদ্র তাঁহার বাসস্থান।

উর্ব্বরা (উর্ব্বরা দেখ) বিং, স্ত্রীং, সর্ব্বশস্যাঢ্যা ভূমি, শস্যশালিনী, যে ভূমিতে নানাবিধ শস্য জন্মে। [পুন।

উর্ব্বশর; সং, পুং, ভারতবংশীয় মহাবীর্য্যের

উর্ব্বশী; সং, স্ত্রীং, উর্ব্বশী দেখ।

উর্ব্বষ্ঠীব (উরু—অষ্ঠীবৎ, দ্বং—স) সং, ক্লীং, উরু ও জানু। [ক্লীং, উরতের হাড়।

উর্ব্বস্থি (উরু—অস্থি হাড়, ৬ষ্ঠী—ষ) সং,

উষ (উষ্ রোগযুক্ত হওয়া+অ(ক)—ক) সং, পুং, ক্ষারমৃত্তিকা। ২। ক্লীং, প্রত্যূষ, প্রভাত; যথা—"উর্দ্ধজটা উরুরম্ভা উষপ্রকাশিকা।" ৩। গণ্ড। ৪। চন্দনাদি।

উষর } (উষবৎ, উষ ক্ষারমৃত্তিকা+র—
উষবান্ } ক, বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লোণাভূমি, যে স্থানের মৃত্তিকা ক্ষারময়। শিং—১ "ন চোষরাৎ ন নিদগ্ধাৎ মহীং দদ্যাৎ কদাচন। ২ তত্র বিদ্যা ন বপ্তব্যা শুভং বীজমিবোষরে। ৩ বধূকস্য কিমপঃ কৃতোন্নতেরম্বুদস্য পরিহার্য্যমূষরং।"

উষা (উষ দেখ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ভব নামক রুদ্রের পত্নী। ২। অসুর বাণের কন্যা; ইনি একদা নিশিযোগে কৃষ্ণের পৌত্র অনিরুদ্ধকে স্বপ্নে দেখিয়া চিত্ররেখা নাম্নী সখীর সাহায্যে তাঁহাকে দ্বারকা হইতে নিজ আবাসে হরণ করাইয়া আনেন। উভয়ের গান্ধর্ব্ববিধানে বিবাহ হয়। পরে বাণ জানিতে পারিয়া অনিরুদ্ধকে অবরুদ্ধ করেন। অবশেষে কৃষ্ণ, সসৈন্যে গমন করিয়া তাঁহাকে ইহাঁর সহিত উদ্ধার করিয়া আনেন। ইনি সঙ্গীত শাস্ত্রের ব্যাখ্যাকারিণী। ৩। বেদোল্লিখিতা দেবী। গ্রীক্ হিয়স্ (Heos=Eos) হিবি (Hebe) এবং লাটিন অরোরা (Aurora) র সহিত ইহাঁর বিশেষ সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

উহ (উহ্ তর্ককরা+অ(অল্)—ভা) সং, পুং, বিতর্ক। ২। অনুমান। ৩। যুক্তি দ্বারা দুরূহ বা অজ্ঞাত বিষয়ের নির্ণয়চেষ্টা, অধ্যাহার। শিং—১ "এবং বৈদিকপদমাত্র [illegible] প্রয়োজনম্।"

উহনী (বহ্ বহনকরা+অন, ঈ—সংজ্ঞার্থে। ব=উ। অথবা উহ দেখ, অন(অনট)—ভা। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সম্মার্জ্জনী, ঝাঁটা।

উহাপোহ (উহ তর্কাদি—অপোহ [অপ অপগত—উহ, ৬ষ্ঠী—হিং] তর্কশূন্য, ৭মী—হিং) বিং, ত্রিং, যাহার আন্দোলিত বিষয়ে পুনস্তর্কের আবশ্যক নাই, যাহার তর্কে সংশয়চ্ছেদ হইয়াছে। ২। অধ্যয়নাদিতে সংশয়হীন। ৩। সুহৃদ্‌প্রাপ্তি বিষয়ে কৃতনিশ্চয়। ৪। দানাদিতে দ্বিধামত শূন্য।

উহিত উহ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তর্কিত। ২। অধ্যাহৃত। ৩। অনুমিত। ৪। সম্ভাবিত।

উহিনী ( উহ দেখ, ইন্(ণিন্)—সংজ্ঞার্থে ) সং, স্ত্রীং, অঙ্ক যোগে বৃদ্ধি। (অক্ষৌহিণী দেখ)।

উহ্য (উহ দেখ, য(যাণ্)—র্ম্ম) বিং, ত্রিং, যুক্তি বা তর্কদ্বারা যাহার নিরূপণ করিতে হইবেক বা করা আবশ্যক, অধ্যাহার্য্য। ২। আকাঙ্ক্ষা পূরণার্থ উল্লেখ্য, যে বিষয়ের ন্যূনতাপরিহার করিতে হইবেক, যে বিষয়ের স্পষ্ট নির্দেশ না থাকিলেও অর্থসঙ্গতির অনুরোধে কল্পনা করিয়া লইতে হয়।

উহ্যগান ; সং, পুং, সামগান গ্রন্থবিশেষ।

---

# ঋ

**ঋ** ; পুং, সপ্তম স্বরবর্ণ ; ইহার উচ্চারণ-মূর্দ্ধা। ইহার হ্রস্ব দীর্ঘ এবং প্লুত স্বর হয়। শিং—১"ঋকারং পরমেশানি কুণ্ডলী মূর্ত্তিমান্ স্বয়ং। অত্র ব্রহ্মা চ বিষ্ণুশ্চ রুদ্রশ্চৈব বরাননে। সদাশিবযুতং বর্ণং সদা ঈশ্বর সংযুতং। পঞ্চবর্ণময়ং বর্ণং চতুর্জ্ঞানময়ং তথা। রক্ত বিদ্যুল্লতাকারং ঋকারং প্রণমাম্যহং।" (কামধেনুতন্ত্র)। ২। স্বর্গ। ৩। সং, স্ত্রীং, অদিতি, দেবমাতা। ৪। অং, হাস্য, পরিহাস। ৫। নিন্দা। ৬। বাক্য। ৬। প্রাপ্তি।

ঋক্ (ঋচ্, ঋচ্ স্তুতিকরা+০(ক্বিপ্)—ণ। যাহার দ্বারা দেবতাদিগকে স্তব করা হয়) সং, স্ত্রীং, বেদবিশেষ, ঋগ্বেদ। ২। বেদমন্ত্র। ৩। একান্বয়িত্ব প্রযুক্ত অর্থ বিশদরূপে প্রকাশ করণার্থ যাহার অনুষ্টুবাদি ছন্দে যাহা স্থিতি করে। ৪। গায়ত্রী। শিং—১ "ঋক্‌সামযজুষ ইতি বেদাস্ত্রয়ঃ।"

ঋক্থ (ঋচ্ স্তবকরা+থক্—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, দায়, ধন, সম্পত্তি। ২। স্থাবর অস্থাবর সম্পত্তি। ৩। যে সম্পত্তি উত্তরাধিকারসূত্রে পাওয়া যায়। শিং—১"ঋক্থগ্রাহী ঋণংদাপ্যঃ।" (যাজ্ঞবল্ক্য)। ৪। স্বর্ণ।

ঋক্থহর (ঋক্থ—হর [হৃ হরণ করা+অ (অল্)—ক] যে গ্রহণ করে) বিং, ত্রিং, যে উত্তরাধিকারসূত্রে বিষয় অধিকার করে, উত্তরাধিকারী। ২। অংশভাগী।

ঋক্ষ ( ঋক্ষ্ বধকরা+অ—প্রং, কিম্বা ঋষ্ গমনকরা+স—ক, সংজ্ঞার্থে ) সং, পুং, ভল্লূক। ২। ঋক্ষবান্ পর্ব্বত ; এই পর্ব্বত গণ্ডোয়ানা দেশে স্থিত। শিং—১"সর্ব্বক্ষাণামধিপতিঃ। ২ ঋক্ষোঽপি রৈবতাজ্জজ্ঞে-রম্যে পর্ব্বতমূর্দ্ধনি। ততো রৈবত উৎপন্নঃ পর্ব্বতঃ সাগরান্তিকে। নাম্না রৈবতকো নাম ভূমৌ ভূমিধরঃ স্মৃতঃ।" ৩। যদুবংশীয় দেবতের পুত্র। ৪। চিত্রসেনের পুত্র। ৫। শোণাকবৃক্ষ। ৬। ভেলাগাছ। ৭। পুং—ক্লীং, নক্ষত্র। ৮। মেষাদি রাশি। ৯। ত্রিং, বিদ্ধ।

ঋক্ষগন্ধা (ঋক্ষ ভল্লূক—গন্ধ। যাহার ভল্লূকের ন্যায় গন্ধ, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, বীরতাড়কগাছ। —ঞ্চিকা—কৃষ্ণভূমিখণ্ড।

ঋক্ষবন্ত (ঋক্ষ+বন্ত—প্রং) সং, পুং, শম্বরাসুরের নগরবিশেষ। শিং—১ "তমৃক্ষবন্তে নগরে নিহত্যাসুরসত্তমং।"

ঋক্ষবান্ (ঋক্ষবৎ, ঋক্ষ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, গণ্ডোয়ানা দেশস্থিত পর্ব্বতের প্রাচীন নাম, এই পর্ব্বত হইতে তাপী ও নর্ম্মদা নদী উৎপন্ন হইয়াছে। শিং—১ "ঋক্ষবন্তং গিরিং জিত্বা শুক্তিমত্যামুবাস সঃ। (হরিবংশ)। ২ বপ্রক্রিয়ামৃক্ষবতস্তটেষু।" (রঘু)।

ঋক্ষর (ঋষ্ গমন করা+সর—সংজ্ঞার্থে। ষ্=ক্। স=ষ। ক্, ষ=ক্ষ) সং, ক্লীং, বারিধারা। ২। পুং, ঋত্বিক্।

ঋক্ষরাজ (ঋক্ষ নক্ষত্র ইত্যাদি—রাজন্

রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। ২। জাম্বুবান্।

ঋক্ষেশ (ঋক্ষ নক্ষত্র—ঈশ পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নক্ষত্রনাথ, চন্দ্র। ২। জাম্বুবান্। শিং—১ "অথ সিংহং প্রধাবন্তমৃক্ষরাজো মহাবলঃ।

ঋক্‌সংহিতা; সং, স্ত্রীং, ঋগ্বেদ সংহিতা। ঋকবেদ প্রথম ও প্রধানরূপে উক্ত। চরণব্যূহের মতে ইহাতে দশ সহস্র পঞ্চশত অশীতি ঋকের উল্লেখ আছে কিন্তু বর্ত্তমানকালে তাহার কিয়দংশ বিলুপ্ত। এই বেদের শাকল বাস্কল আশ্বলায়ন সাঙ্খ্যায়ন ও মাণ্ডুক এই পাঁচ শাখা, শাকল প্রভৃতি পাঁচ ঋষি ঋগ্বেদ অধ্যয়ন করিয়া স্বনামখ্যাত এক একটি শাখা প্রণয়ন করেন তদ্ভিন্ন ঐতরেকী কৌশিতকী শৈশিরী ও পৈঙ্গী প্রভৃতি বহুতর উপশাখা আছে। কিন্তু অধুনা কেবল শাকল শাখামাত্র প্রাপ্ত হওয়া যায়। ঋগ্বেদীর পুরোহিতগণ বহ্বৃচ্ বলিয়া বিখ্যাত। এই ঋগ্বেদ সংহিতায় এক সহস্র পঞ্চদশ সূক্ত, দুই সহস্র ষট্‌বর্গ, চতুঃষষ্টি অধ্যায়, অষ্ট অষ্টক, দশ মণ্ডল ও সহস্রাধিক অনুবাক্ আছে। পরন্তু মতান্তরে ইহার কিছু কিছু তারতম্য লক্ষিত হয়। ঋগ্বেদে দুই ব্রাহ্মণ ঐতরেয় ও শাঙ্খায়ন বা কৌষিতকী, ঐতরেয় আট্ পঞ্জিকায় বিভক্ত। প্রতি পঞ্জিকায় পাঁচ অধ্যায় ও প্রতি অধ্যায়ের ন্যূনাধিক সাতকাণ্ড। ঐতরেয় আরণ্যক ঋগ্বেদের অংশবিশেষ, ইহাতে অষ্টাদশ অধ্যায় ও পাঁচ আরণ্যক আছে। ইহা ব্রহ্মার পূর্ব্বমুখ হইতে গায়ত্রী ছন্দ, ত্রিবৃহৎ স্তোম, রথন্তর সাম ও অগ্নিষ্টোম যাগের সহিত সমুৎপন্ন হইয়াছে। শিং—১ "গায়ত্রীঞ্চ ঋচশ্চৈব ত্রিবৃৎস্তোমং রথন্তরং। অগ্নিষ্টোমঞ্চ যজ্ঞানাং নির্ম্মমে প্রথমান্মুখাৎ।"

ঋচীক; সং, পুং, সূর্য্য। ২। ভৃগুবংশীয় ঋষিবিশেষ; ঔর্ব্বের পুত্র; ইনি গাধি তনয়া সত্যবতীকে বিবাহ করেন। ইহাঁর একশত পুত্রের মধ্যে জ্যেষ্ঠের নাম জমদগ্নি। আর এক পুত্র শুনঃশেফ।

ঋচীষ, ঋজীষ (ঋজ্ ভর্জ্জনকরা+ঈষ—ধি, সংজ্ঞার্থে। জ=চ) সং, ক্লীং, পিষ্টকভর্জ্জনপাত্র, পিটে ভাজাখোলা। ২। ধন। ৩। নরকবিশেষ।

ঋচেয়ু; সং, পুং, পুরুবংশীয় রাজাবিশেষ, ইনি রৌদ্রাশ্বের পুত্র।

ঋচ্ছরা (ঋচ্ছ্ গমনকরা+অর—সংজ্ঞার্থে, আপ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বেশ্যা।

ঋজিশ্বান্; সং,পুং, ইনি ঋগ্বেদী রাজাবিশেষ। ইন্দ্রের সহিত ইহার মিত্রতা ছিল। ইনি অংশুমতী নদীতীরে কৃষ্ণ নামক দস্যুকে বিনাশ করিয়াছিলেন।

ঋজীক (ঋজ্+ঈক—সংজ্ঞার্থে) সং, পুং, ইন্দ্র। ২। ধূম।

ঋজু (ঋজ্ গমন করা+উ(কু)—ক। যে সোজা গমন করে বা যে সরলতা পায়) বিং, ত্রিং, সরল, অকুটিল, সোজা। ২। সহজ, কঠিন নয়। ৩। অকপট, শুদ্ধহৃদয়, সরলহৃদয়। শিং—১ "ঋজুনৈব চক্ষুষা। ২ ঋজুশ্বিন্।"

ঋজুকায় (ঋজু সরল—কায় দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কশ্যপমুনি। বিং, ত্রিং অবক্রশরীর।

ঋজুগ (ঋজু সরলভাবে—গ [গম্ গমনকরা+অ(ড)—ক; যে সরলভাবে গমন করে) বিং, ত্রিং, অবক্রগামী, যে সোজা চলে।

ঋজুতা (ঋজু+তা—ভাবে), সং, স্ত্রীং, সরলতা, অবক্রতা। ২। অকাঠিন্য। ৩। সারল্য, অকাপট্য।

ঋজুরেখা (Straight line) সং, স্ত্রীং, সরল রেখা. যে দুইটী রেখা একবারে একীভূত না হইয়া দুই বিন্দুতে মিলিত হয় না, তাহারা প্রত্যেকে এক একটী ঋজুরেখা।

ঋজুরোহিত (ঋজু—রোহিত) সং,ক্লীং, সরল ইন্দ্রধনু।

ঋজ্বী (ঋজু+ঈ—স্ত্রীং) সং, স্ত্রীং, গ্রহদিগের গতিবিশেষ। শিং—১ "ঋজ্বীতি পঞ্চধা জ্ঞেয়া যা বক্রা সানুবক্রগা।" ২। সরলা।

ঋণ (ঋ গমনকরা, পাওয়া+ত(ক্ত)—ক। যে বৃদ্ধি পায়) সং, পুং—ক্লীং, 'পুনর্ব্বার দিব' স্বীকার করিয়া যাহা গ্রহণ করা হয়,

ধার, কর্জ্জ; ঋণ তিন প্রকার—পিতৃঋণ, ঋষিঋণ ও দেবঋণ। সন্তানোৎপাদনে পিতৃঋণ, পুরাণাদি পাঠদ্বারা ঋষিঋণ ও যজ্ঞাদি সম্পাদন দ্বারা দেবঋণ হইতে মুক্ত হওয়া যায়। শিং—১ "ঋণৈশ্চতুর্ভিঃ সংযুক্তা জায়ন্তে মানবা ভুবি। পিতৃদেবর্ষি মনুজৈর্দেয়ং তেভ্যশ্চ ধর্ম্মতঃ ॥—॥ যজ্ঞৈস্তু দেবান্ প্রীণাতি স্বাধ্যায় তপসা মুনীন্। পুত্রৈঃশ্রাদ্ধৈঃ পিতৃংশ্চাপি আনৃশংস্যেন মানবান্ ॥" ২। জল। ৩। (+ক্ত—ধি) দুর্গ। ৪। গণিতে—ব্যবকলনের চিহ্ন, '—' এই চিহ্ন (Minus)।

ঋণগ্রস্ত (ঋণ—গ্রস্ত) বিং, ত্রিং, ঋণে যাহাকে গ্রাস করিয়াছে, যে অনেক ঋণ করিয়াছে, ঋণমগ্ন।

ঋণগ্রাহক (ঋণ—গ্রহ্ গ্রহণকরা+অক(ণক)—ক) সং, পুং, যে ঋণ গ্রহণ করে, ঋণকারক, অধমর্ণ। [পরিশোধ।

ঋণদান (ঋণ—দান, ২য়া—ষ) সং, ক্লীং, ঋণ

ঋণদায়ক (ঋণ—দায়ক যে দান করে) বিং, ত্রিং, ঋণদাতা, উত্তমর্ণ।

ঋণদাস (ঋণ—দাস, ৩য়া—ষ) সং, পুং, দাসবিশেষ, ঋণমোচন কৃতদাস, ঋণমোচনের জন্য যে নিজে দাসত্ব স্বীকার করে।

ঋণমৎকুণ, ঋণমার্গণ (ঋণ—মৎ আমার—কুণ্ শব্দ করা+অ—ক। —মার্গি [অন্বেষণ করান] পরিশোধ করান+অন—ক) সং, পুং, প্রতিভূ, জামিন।

ঋণমুক্ত (ঋণ—মুক্ত, ৫মী—হিং) বিং, ত্রিং, ঋণ হইতে মুক্ত, যে ঋণ পরিশোধ করিয়াছে, যে ঋণ হইতে মুক্তি পাইয়াছে।

ঋণমুক্তি—স্ত্রীং, ঋণমোক্ষ—ক্লীং (ঋণ—মুক্তি, মোক্ষ=মোচন, ৬ষ্ঠী—ষ বা ৫মী—ষ) সং, ঋণ পরিশোধকরণ, ধারশোধা।

ঋণলেখ্য (ঋণ ঋণসূচক—লেখ্য পত্র, য়ৎ—স) সং, ক্লীং, ঋণগ্রহণসূচক ব্যবহারোপযোগী পত্র, তমসুক।

ঋণাদান (ঋণ—আদান গ্রহণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ঋণ আদায় করা, খাদকের নিকট হইতে ধার দেওয়া টাকা আদায় করিয়া লওয়া। ২। লাভের সহিত ধনগ্রহণ, শুদ্ধ টাকা লওয়া। ৩। স্মৃতিশাস্ত্রে—অষ্টাদশ ব্যবহারের অন্যতম।

ঋণাপকরণ (ঋণ—অপকরণ মোচন, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, ঋণশোধ, ঋণমুক্তি।

ঋণাপনয়ন, ঋণাপনোদন (ঋণ—অপনয়ন, অপনোদন=দূরীকরণ, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, ঋণ পরিশোধ করা।

ঋণী (ঋণিন্, ঋণ+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অধমর্ণ, ঋণগ্রস্ত, যে ধার লয়। ২। উপকাররূপ ঋণে আবদ্ধ।

ঋত (ঋ গমন করা+ত ক্ত)—ক) সং, ক্লীং, পরব্রহ্ম। ২। সত্য। ৩। জল। ৪। উঞ্ছ। ৫। (+ক্ত—র্ম) বিং, ত্রিং, পূজিত। ৬। পীড়িত। ৭। (+ক্ত—ক) সত্য, যথার্থ। ৮। দীপ্ত। ৯। গত। শিং—১ "ঋতং ব্রুয়ান্ন চানৃতম্। ২ দ্বিজাতীনামৃতংধর্ম্মো হ্যেকশ্চৈবৈকবর্ণিকঃ। ৩ সর্ব্বমেতদৃতংমন্যে যন্মাং বদসি কেশব।" (গীতা)। ১০। সং, পুং, ধর্ম্মপুত্র, দক্ষকন্যা-গর্ভজাত। ১১। মিথিলারাজ বিজয়ের পুত্র। ইহাঁর পুত্রের নাম শুনক। ১২। দেববিশেষ।

ঋতধামা (ঋতধামন্, ঋত দীপ্ত—ধামন্ বাসস্থান। যাঁহার বাসস্থান দীপ্তিময়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। ২। পরমেশ্বর। ৩। ত্রয়োদশ মন্বন্তরের মনু।

ঋতধ্বজ; ইনি শত্রুজিতের পুত্র। ইনি গালব নামক মুনির সূর্য্যপ্রদত্ত কুবলয় নামক অশ্বে আরূঢ় হইয়া বজ্রকেতু দানবের পুত্র পাতালকেতুকে বিনাশ পূর্ব্বক ভুদপঞ্জতা মদালসাকে বিবাহ করেন। ২। বৈদেশ নগরের রাজা। ৩। একাদশ রুদ্রের একজন। ৪। প্রতর্দনের নামান্তর।

ঋতপর্ণ; সং, পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ; ইনি অযুতাশ্বের পুত্র, অযোধ্যাধিপতি। অক্ষক্রীড়া ও গণনা বিষয়ে ইহাঁর বিশেষ পারদর্শিতা ছিল। পুণ্যশ্লোক নলরাজা বাহুকবেশে ইহাঁর নিকটে অবস্থান করেন। পরে ইহাঁর সহিত নলরাজার মিত্রতা হয় এবং ইহাঁরই মন্ত্রবলে নলের দেহ হইতে কলি বিনির্গত হয়।

ঋতম্ ; অং, সত্য।

ঋতম্ভর (ঋত সত্য—ম্ভর [ভৃ ভরণ করা, পালন করা + অ(অল্)—ক] যে পালন করে) বিং, ত্রিং, সত্যপালক (পরমেশ্বর)।

ঋতম্ভরা (ঋতম্—ভৃ ধারণকরা+অ(খ)—ক) সং, স্ত্রীং, সত্যজ্ঞানরূপ চিত্তবৃত্তি বিশেষ। ২। স্ত্রীং, প্লক্ষদ্বীপস্থ নদীবিশেষ।

ঋতব্রত ; সং, ক্লীং, ব্রতবিশেষ ; এই ব্রতে ত্রিরাত্র উপবাস করিয়া ফাল্গুনী পূর্ণিমাতে পুরী প্রদান করিলে সূর্য্যলোক প্রাপ্ত হয়।

ঋতসদ্ (ঋত যজ্ঞ—সদ্ স্থিতিকরা, থাকা +০(ক্বিপ্)-ক) সং, পুং, অগ্নি। ২। বিং, ত্রিং, যে যজ্ঞে স্থিতি করে, যজ্ঞাধিষ্ঠাতা।

ঋতসদন (ঋত যজ্ঞ—সদ্ স্থিতি করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, যজ্ঞার্থ উপবেশন স্থান।

ঋতস্পতি (ঋত—পতি, ৬ষ্ঠী—ষ। স—আগম) সং, পুং, যজ্ঞপতি, যজ্ঞের কর্ত্তা।

ঋতাবৃধ্ (ঋত যজ্ঞ—বৃধ্ বর্দ্ধন করা, বাড়ান+০(ক্বিপ্)—ক। অ=আ) বিং, ত্রিং, যে যজ্ঞ বর্দ্ধন করে, যজ্ঞবর্দ্ধক।

ঋতি (ঋত দেখ, তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, সৌভাগ্য। ২। পথ। ৩। শুভ। ৪। (+ক্তি—ভা) গতি, গমন। ৫। নিন্দা। ৬। স্পর্দ্ধা। ৭। বর্দ্ধন। ৮। ঘৃণা।

ঋতিঙ্কর (ঋতি—কৃ করা+অ(খ)—ক) বিং, ত্রিং, শুভজনক।

ঋতীয়া (ঋত্ নিন্দা করা+য(ক্য)—ভা। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নিন্দা। ২। লজ্জা। ৩। ঘৃণা।

ঋতু (ঋ গমন করা+তু—ক, সংজ্ঞার্থে। যে নিয়মানুসারে আসে যায়) সং, পুং, হিম শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরদ্ এই ছয় কাল। ২। স্ত্রীলোকের মাসিক শোণিতস্রাব। ৩। দীপ্তি। শিং—১ "পঞ্চর্ত্তবো হেমন্তশিশিরয়োঃ সমাসেন। পঞ্চ বা ঋতবঃ সংবৎসরস্য যদ্ব্যষড়েবর্ত্তবঃ। তত্র মাস্বাদয়ো দ্বাদশমাসাঃ দ্বিমাসিকমৃতুং কৃত্বা ষড়ৃতবো ভবন্তি : তে শিশিরবসন্ত গ্রীষ্ম বর্ষা শরদ্ধেমন্তাঃ। ২ ঋতুং বৈ যাচমানায়া ন দদাতি পুমানৃতুম্। ভ্রূণহে ত্যুচ্যতে ব্রহ্মন্ স ইহ ব্রহ্মবাদিভিঃ।"

ঋতুকাল (ঋতু—কাল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নারীজাতির পুষ্পদর্শনযোগ্য ষোড়শরাত্রাত্মককাল, যে কয়েকদিন স্ত্রীলোকের ঋতু থাকে। শিং—১ "ঋতুঃ স্বাভাবিকঃ স্ত্রীণাং রাত্রয়ঃ ষোড়শ স্মৃতাঃ।

ঋতুকালীন (ঋতুকাল+ঈন—প্রং) বিং, ত্রিং, ঋতুকাল-সংক্রান্ত, ঋতুকালে যাহা ঘটে।

ঋতুধর্ম্ম (ঋতু—ধর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঋতুর ধর্ম্ম, যে ঋতুর আবির্ভাব হইলে যে সকল ভাব অবস্থা বা ঘটনা ঘটিয়া থাকে।

ঋতুপতি (ঋতু—পতি শ্রেষ্ঠ। ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তকাল। যথা—"ভুলে যথা ঋতুপতি হেরি মধুকালে বনস্থলী।" (মেঘ)।

ঋতুপরিবর্ত্ত (ঋতু—পরিবর্ত্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঋতুর পরিবর্ত্ত, এক ঋতু অতীত হইয়া অন্য ঋতুর আবির্ভাব, ঋতুপর্য্যায়।

ঋতুমতী (ঋতু+মৎ(মতুপ্)—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) বিং, স্ত্রীং, যে স্ত্রীর ঋতু হইয়াছে, রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, পুষ্পবতী। শিং—১ "তত্র প্রথমে দিবসে ঋতুমত্যাং মৈথুনগমনমনায়ুষ্যং পুংসাং ভবতি।"

ঋতুরাজ (ঋতু—র [রাজন্+ষ] রাজা, প্রধান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঋতুর রাজা, সকল ঋতুর প্রধান, বসন্তকাল।

ঋতুসংহার (ঋতু—সং—হৃ হরণ করা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, কালিদাস প্রণীত কাব্যবিশেষ, যাহাতে ঋতুসমূহের বর্ণন আছে।

ঋতুস্তোম ; সং, পুং, একাহসাধ্য যজ্ঞবিশেষ।

ঋতুস্থলা ; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। "ঋতুস্থলা ঘৃতাচী চ বিশ্বাচী পূর্ব্বচিত্ত্যপি।"

ঋতুস্নাতা (ঋতু—স্নাতা, ৭মী—ষ) সং, স্ত্রীং, যে স্ত্রীর ঋতুস্নান হইয়াছে, যে নারী ঋতুকালের চতুর্থ দিনে স্নান করে, ঋতুস্নানকারিণী। শিং—১ "ঋতুস্নাতাস্তু যো ভার্য্যাং সন্নিধৌ নোপগচ্ছতি।" ২ ধর্ম্মলোপভয়াদ্রাজ্ঞীমৃতুস্নাতামিমাং স্মরন্।"

ঋতুস্নান (ঋতু—স্নান) সং, ক্লীং, ঋতুকালীন স্নান, ঋতু হইলে স্ত্রী প্রথম তিন দিন অশুচি ও অস্পৃশ্য থাকে চতুর্থ দিনে

স্নান করিয়া শুচি হয়। এই স্নানের পর স্বামীর মুখ দর্শন করা কর্তব্য। ভর্তা বিদ্যমান না থাকিলে তাঁহাকে মনে মনে ধ্যান করিয়া সূর্য্যের মুখ দেখিতে হয়।

ঋতুহরিতকী ; সং, স্ত্রীং, ঋতুভেদে দ্রব্যবিশেষ সংযোগে সেব্যা হরিতকী অর্থাৎ নিদান শাস্ত্রে বর্ষাদি ষট্ ঋতুতে পর্য্যায়ক্রমে সৈন্ধব, শর্করা, শুণ্ঠী, জীরক, মধু ও গুড়সংযোগে হরিতকী ভক্ষণের বিধি আছে। ঐ নিয়মানুসারে হরীতকী ভক্ষণ করিলে সকল রোগের শান্তি হয়।

ঋতে (ঋত্ ত্যাগকরা+এ(কে)—ক) অং, বিনা, ব্যতিরেকে। শিং—১ "অভ্রাতৃকো হরেৎ সর্ব্বং দুহিতৄণাং সুতাদৃতে। ২ পাণ্ডবাঃ কিমকুর্ব্বংস্তে তদৃতে।

ঋত্বিক্ (ঋত্বিজ্, ঋতু—যজ্ পূজা করা+০(ক্বিপ্)—ক। যিনি ঋতুতে যাগ করেন, ৭মী—ষ) সং, পুং, পুরোহিত ;—যজ্ঞে মুখ্য পুরোহিত চারিজন—হোতা, অধ্বর্য্যু, ব্রহ্মা ও উদ্গাতা। ইহঁাদের অধীনে তিন তিনটী করিয়া আরও দ্বাদশটী ঋত্বিক্ থাকেন। হোতার—মৈত্রাবরুণ, অচ্ছাবাক্ গ্রাবস্তুৎ। অধ্বর্য্যুর—প্রতিপ্রস্থাতা, নেষ্টা ও উন্নেতা। ব্রহ্মার—ব্রাহ্মণবংশী, আগ্নীধ্ ও পোতা। উদ্গাতার—প্রস্তোতা, প্রতিহর্ত্তা ও সুব্রহ্মণ্য। ২। ঋতুযাজী, ঋতুযাজক। শিং—১ "অগ্ন্যাধেয়ং পাকযজ্ঞানগ্নিষ্টোমাদিকান্মুখান্। যঃ করোতি বৃতো যস্য স তস্যর্ত্বিগিহোচ্যতে।"

ঋদ্ধ (ঋধ্ বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক) বিং, যার বৃদ্ধি হইয়াছে, সমৃদ্ধিযুক্ত। ২। সঞ্চিত। ৩। প্রচুর। ৪। সম্পন্ন, সমৃদ্ধিশালী। শিং—১ "খরমৃদ্ধনন্বৃথাহবনী।" ৫। সং, ক্লীং, পরুমর্দ্দিত ধান্য। ৬। বহুলিত ধান্য। ৭। সিদ্ধান্ত। শিং—১ "অবাপ্য ভূমাব সপত্নমৃদ্ধং রাজ্যং সুরাণামপিচাধিপত্যং।" ৮। পুং, বিষ্ণু। "ঋদ্ধ শাষ্টাক্ষরোমন্ত্র।"

ঋদ্ধি (ঋদ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বৃদ্ধি। ২। সমৃদ্ধি। ৩। সম্পত্তি। ৪। সৌভাগ্য। ৫। মঙ্গলবিষয়ক কার্য্য ; যথা—

"সম্মুখে হেমঘট, আচ্ছাদি চারুপট,
পড়িয়া স্বস্তি ঋদ্ধি বিধি।" (অন্নদা)।

৬। মাতৃকাবিশেষ। ৭। লক্ষ্মী। ৮। পার্ব্বতী। ৯। সিদ্ধি, ভাঙ। শিং—১ "স জীর্ণং মানুষং দেহং পরিত্যজ্য পিতা হি নঃ। দৈবমৃদ্ধিং মনুপ্রাপ্তো ব্রহ্মলোকবিহারিণীম্।"

ঋভু (ঋ দেবমাতা—ভূ হওয়া+উ(ডু)—ক, ৫মী—ষ) সং, পুং, দেবতা। সতীর দেহ ত্যাগের পর প্রমথগণ যখন দক্ষযজ্ঞ ভঙ্গ করে তখন ভৃগু মন্ত্রবলে অগ্নিকুণ্ড হইতে ঋভু নামক সৈন্যের সৃষ্টি করিয়াছিলেন। ইহঁারা বৈবস্বত মন্বন্তরের দেবতা। ২। ব্রহ্মার মানসপুত্র। ইনি কৌমার সৃষ্টি সময়ে উৎপন্ন হন। পুলস্ত্য-নন্দন নিদাঘ ইহার শিষ্য। ৩। সুধন্বার পুত্রগণ। ইহঁারা শিল্পবিষয়ে বিশিষ্ট ব্যুৎপন্ন ছিলেন। "চাক্ষুষস্যান্তরে তাত মনো দেবানিমান্ শৃণু। আপ্যাঃ প্রভূতা ঋভবঃ পৃথুকাশ্চ দিবৌকসঃ। লেখা নাম মহারাজ পঞ্চদেবগণাঃ স্মৃতাঃ।" ২। মুনিবিশেষ। ৩। হীন জাতিবিশেষ। ৫। সৈন্যবিশেষ। ৭। বিং, ত্রিং, মেধাবী।

ঋভুক্ষ (ঋভু দেবতা—ক্ষি বাস করা, গমন করা, নাশ করা+অ(ড)—ধি) সং, পুং, স্বর্গ। ২। (+ড—ক) ইন্দ্র ; যথা—

"ঋতুরূপা তুমি ঋষি ঋভুক্ষের বৃদ্ধি।"

৩। বজ্র।

ঋভুক্ষী (ঋভুক্ষি বা ঋভুক্ষিন্, ঋভুক্ষ স্বর্গ বা বজ্র+ই, ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।

ঋষভ (ঋষ্ গমনকরা+অভ—ক, সংজ্ঞার্থে) সং, পুং, বৃষ। ২। ঋষভকূট পর্ব্বতবাসী। ৩। মুনিবিশেষ। ৪। স্বর্ণময় পর্ব্বতবিশেষ। কৈলাসের নিকটস্থ, ইহা হিমালয়ের শৃঙ্গ। ইহার পার্শ্বেই রৌপ্যময় কৈলাস। এই দুই পর্ব্বতের মধ্যে মৃতসঞ্জীবনী, বিশল্যকরণী, সন্ধিনী ও সুবর্ণকরণী নামে ঔষধি আছে। ৫। দক্ষিণ সাগরস্থ একটী পর্ব্বত, এখানে রোহিত নামে গন্ধর্ব্বগণ বাস করে। ৬। পূর্ব্বসাগরস্থ একটি ধবলবর্ণ

পর্ব্বত। এই পর্ব্বতে সুদর্শন নামে একটী সরোবর আছে। ৭। প্রিয়ব্রতের বংশীয় মহাপুরুষ। প্রিয়ব্রতের পুত্র অগ্নীধ্র ও অগ্নীধ্রের পুত্র নাভি। সেই নাভি হইতে মেরু দেবীর গর্ভে ইহার জন্ম হয়। এই মহাত্মা পরমহংস ব্রতের পথ প্রদর্শক। ভাগবতের মতে ইনি অষ্টম অবতাররূপে বর্ণিত আছেন। ইহার একশত পুত্র তন্মধ্যে একাশীতি পুত্র বৈরাগ্য অবলম্বন করেন। অবশিষ্ট নয় পুত্র ভারতের নয় দ্বীপ রাজ্য করেন। ধর্ম্মাত্মা ভরত সেই ঋষভদেবের জ্যেষ্ঠপুত্র বলিয়া বিখ্যাত। ৮। [কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়; যথা—"মনুষ্যর্ষভ, দেবর্ষভ, ঋষীণামৃষভঃ।" ] শ্রেষ্ঠ। ৯। ঋষভ নামক ঔষধ। ১০। কর্ণ কুহর। ১১। কুম্ভীরপুচ্ছ। ১২। স্বরবিশেষ; এই স্বর বৃষভ অর্থাৎ বৃষের শব্দ হইতে গৃহীত; [নাভি হইতে উঠিয়া কণ্ঠশীর্ষ পর্য্যন্ত উদ্গত যে বায়ু তদ্দ্বারা এই স্বর জন্মে। "নাভিমূলাদ্‌যদা বর্ণ উত্থিতঃ কুরুতে ধ্বনিম্, বৃষভস্যেব নির্ঘাতি হেলয়া ঋষভঃ স্মৃতঃ।"] ভী—স্ত্রীং, শ্মশ্রুযুক্ত স্ত্রী। ২। বিধবা।

ঋষভকূট; সং, পুং, হেমকূট পর্ব্বত। শিং —১ "অস্মিন্নৃষভকূটেঽভূদৃষভো নাম তাপসঃ"

ঋষভদ্বীপ; সং, পুং, শ্বেতদ্বীপ। এই দ্বীপে ক্রৌঞ্চ নামক পর্ব্বত আছে। কার্ত্তিকেয় সেই পর্ব্বত বিদারণ করিয়াছিলেন।

ঋষভধ্বজ (ঋষভ বৃষ—ধ্বজ চিহ্ন, ৬ষ্ঠী —হিং) সং, পুং, শিব, বৃষবাহন।

ঋষি (ঋষ্ গমন করা, অথবা দৃশ্ দর্শন করা+ই—ক, সংজ্ঞার্থে। যিনি সাংসারিক সুখ ত্যাগ করিয়া জ্ঞানপথে গমন করিয়াছেন। পুরাণমতে — যাঁহা হইতে বিদ্যা, সত্য, তপঃ ও শ্রুতি এই সকল সম্যক্‌রূপ নিরূপিত হয় তিনিই ঋষি অথবা যিনি স্বয়ং উৎপন্ন হয়েন, তাহার নাম ঋষি। নীতিশাস্ত্রমতে—যিনি পরমার্থে সম্যক্ দৃষ্টি স্থাপন পূর্ব্বক সর্ব্বতোভাবে পরোপকার করেন তিনিই ঋষি) সং, পুং, মুনি, যাহারা সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া ধর্ম্মচিন্তায় মনোনিবেশ করে। ঋষি সপ্তবিধ—শ্রুতর্ষি, কাণ্ডর্ষি, পরমর্ষি, মহর্ষি, রাজর্ষি, ব্রহ্মর্ষি, দেবর্ষি। শ্রুতর্ষি; যথা—সুশ্রুতাদি। কাণ্ডর্ষি; যথা—জৈমিনি আদি। পরমর্ষি; যথা—ভেল ইত্যাদি। মহর্ষি; যথা—ব্যাসাদি। রাজর্ষি—ইহারা রাজা হইয়াও ঋষির ন্যায় আচরণ করেন; যেমন—বিশ্বামিত্র, জনক ইত্যাদি। ব্রহ্মর্ষি—ব্রহ্মতত্ত্বানুসন্ধানে নিযুক্ত ঋষিগণ; যেমন—বশিষ্ঠাদি। দেবর্ষি—ইহারা দেবতার ন্যায় মান্য; যেমন—নারদ তুম্বুরু প্রভৃতি। ২। শাস্ত্রপ্রণেতা। ৩। দীধিতি। ৪। মন্ত্রদ্রষ্টা। ৫। বেদাংশবিশেষ। শিং—১ "ঋষয়ঃ সত্যবচসঃ। ২ ঋষয়ো দীর্ঘসন্ধ্যত্বাদ্দীর্ঘমায়ুরবাপ্নুয়ুঃ। প্রজ্ঞাং যশশ্চ কীর্ত্তিঞ্চ ব্রহ্মবর্চসমেব চ।" ষী—স্ত্রীং, মুনিপত্নী।

ঋষিকুল্যা (ঋষি—কুল্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ঋষিদিগের কৃত্রিম নদী, কৃত্রিম সরোবর। ২। নদীবিশেষ; মহেন্দ্র পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া গঞ্জামের নিকট সাগরে পতিত হইয়াছে। শিং—১ "তাংস্তু সাস্ত্রে নির্জ্জিত্য মানসং সর উত্তমং। ঋষিকুল্যাস্তথা সর্ব্বা দদর্শ কুরুনন্দন।" ২। তীর্থবিশেষ। শিং—১ "ঋষিকুল্যাং সমাসাদ্য নরঃ স্নাত্বা বিকল্মষঃ। দেবান্ পিতৄংশ্চার্চ্চয়িত্বা ঋষিলোকং প্রপদ্যতে।"

ঋষিকৃৎ (ঋষি ঋষিদর্শন—কৃ করা+(কিপ্)—ক) বিং, ত্রিং, যে ঋষি দর্শন করে, ঋষিদর্শনকারী। ২। সর্ব্বদ্রষ্টা।

ঋষিজাঙ্গলিকী; সং, স্ত্রীং, ঋষ্যগন্ধা বৃক্ষ, ঋষিজাঙ্গাল।

ঋষিপ্রোক্তা; সং, স্ত্রীং, মাসপর্ণী বৃক্ষ।

ঋষিমনস্ (ঋষি সর্ব্বার্থদর্শী—মনস্ মন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার মন সর্ব্বার্থ দর্শনে পটু।

ঋষিলোক (ঋষি—লোক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঋষিগণের ভোগ্যলোক, ঋষিগণ যে লোকে বাস করেন। ঐ লোক শনি-লোকের উপরে ধ্রুবলোকের নিম্নে বর্ত্তমান।

ঋষিশ্রাদ্ধ (ঋষি—শ্রাদ্ধ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ঋষিদিগের কর্ত্তব্য শ্রাদ্ধ। এই শ্রাদ্ধে বহু আড়ম্বর কিন্তু ফলে কিছুই নয়। শি°—১ "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া।"

ঋষ্ট (ঋষি দেখ, ত(ক্ত)—প্রং) সং,পুং, শ্বেত-বিন্দু-চিত্রিত হরিণ। ২। বিং,ত্রিং, অশুভ-দায়ক।

ঋষ্টি (ঋষি দেখ, তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, গ্রহদোষ, অশুভ। ২। (+ক্তি—র্ম্ম) দ্বি-ধার খড়্গ; যথা—"ঋষ্টি, প্রাস, অসি ইত্যাদি।"

ঋষ্য (ঋষি দেখ, য(ক্যপ্—র্ম্ম) সং,পুং, শ্বেত-বিন্দু-বিচিত্র হরিণ।

ঋষ্যমূক (ঋষ্য হরিণ—মূক বোবা। নির্ভয়ত্ব হেতু যেখানে মৃগেরা নীরব হইয়া থাকে, ৭মী—হিং) সং, পুং, দক্ষিণদেশীয় পর্ব্বত, পূর্ব্বঘাট ও নীলগিরি নামক পর্ব্বতশ্রেণীর মধ্যবর্ত্তী পর্ব্বত। এই স্থানে কাবেরী নদী উৎপন্ন হইয়াছে। পম্পাও এই পর্ব্বত হইতে উৎপন্ন হইয়াছে, যেখানে রাম সুগ্রীবের সহিত কিছুকাল বাস করিয়াছিলেন। এখানে মতঙ্গ মুনির আশ্রম ছিল। বালি রাজা মতঙ্গ মুনির অভিশাপে এই পর্ব্বতে আসিতে পারিতেন না এইজন্য সুগ্রীব বালিভয়ে তথায় বাস করিতেন।

ঋষ্যশৃঙ্গ (ঋষ্য মৃগ—শৃঙ্গ শিং। মৃগ-শৃঙ্গের ন্যায় শৃঙ্গ যাহার, ৬ষ্ঠী—ষ+উত্তরপদলোপী সমাস) সং,পুং, মুনিবিশেষ, বিভাণ্ডকমুনির পুত্র; ইহাঁর জন্মবৃত্তান্ত এইরূপ বর্ণিত আছে—"পূর্ব্বে ব্রহ্মার অভিশাপে ভগের কন্যা স্বর্ণমুখী মৃগীরূপিণী হইয়া বনমধ্যে বিচরণ করিতেন। একদা উর্ব্বশীকে দর্শন করিয়া বিভাণ্ডক মুনির রেতঃপতন হওয়াতে সেই মৃগী উহা পান করে, তাহাতেই সে গর্ভধারণ করিয়া বনমধ্যে ঐ ঋষ্যশৃঙ্গকে প্রসব করিয়াছিল। তাঁহার শিরোদেশে একটী শৃঙ্গ ছিল, এই নিমিত্ত তিনি ঋষ্যশৃঙ্গ বলিয়া বিখ্যাত হইলেন। পরে মুনিবর বিভাণ্ডক ঔরসপুত্র জানিয়া তাহাকে আশ্রমে আনয়ন পূর্ব্বক প্রতিপালন করিয়াছিলেন। অতঃপর অঙ্গদেশাধিপতি লোমপাদের রাজ্যে দ্বাদশবার্ষিকী অনাবৃষ্টি হওয়াতে তিনি বেশ্যা দ্বারা তাঁহাকে স্বীয় রাজ্যে লইয়া যান; তাহাতেই তাঁহার রাজ্যে সুবৃষ্টি হয়। পরে তিনি দশরথের প্রদত্ত শান্তানাম্নী কন্যা তাঁহাকে সম্প্রদান করেন।"

---

## ৠ।

ৠ; অষ্টম স্বরবর্ণ; ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। ইহা প্লুত বলিয়া নির্দ্দিষ্ট আছে। ২। সং, পুং, শিব। ৩। দৈত্য। ৪। স্বর্গ; যথা—"ৠকার স্বর্গের নাম তুমি ৠরূপিণী।" (অন্নদা)। ৫। বাক্যারম্ভ। ৬। স্ত্রীং, দিতি, অদিতি। ৭। দনু। ৮। গতি। ৯। রক্ষা। ১০। স্মৃতি। ১১। মাতা। ১২। অষ্টমী। ১৩। বামনাসিকা। ১৪। অং, ভয়। ১৫। নিন্দা।

---

## ঌ।

ঌ; নবম স্বরবর্ণ; ইহার উচ্চারণস্থান দন্ত, ইহার হ্রস্ব দীর্ঘ ও প্লুত স্বর আছে। ২। সং, স্ত্রীং, কুণ্ডলিনী, পরমাদেবী; যথা—

"ঌকার দেবের নাম তুমি সে ঌকার।
ঌ পড়িলে কি হবে ঌ কি জানে তোমার।"

৩। পৃথিবী। ৪। অদিতি। ৫। নবমী দেবমাতা। ৬। পুং, পর্ব্বত। ৭। শ্রীধর। ৮। রুদ্র। ৯। বিশ্বেশ্বর। ১০। মহেন্দ্র।

---

## ঌ<br>ঌ

ৡ; দশম স্বরবর্ণ; ইহার উচ্চারণস্থান দন্ত। ইহার প্লুত স্বর আছে। ২। সং, পুং, শিব। ৩। স্ত্রীং, দৈত্যমাতা; যথা—

"ৡকার দৈত্যের মাতা ৡভব দানব।
ৡ স্বরূপ তবু বধিলা এ ভব।" (অন্নদা)।

৩। দেবনারী। ৪। দনু, কমলা। ৫। দশমী। ৬। পুং, হৃষীকেশ, মহাদেব। ৭। গণপতি। ৮। আকাশ।

---

# এ।

**এ**; একাদশ স্বর; ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও তালু। মুগ্ধবোধ মতে—শুদ্ধ তালু। ইহার দীর্ঘ এবং প্লুত স্বর আছে। ২। (ই গমন করা+০(বিচ্)—ক) সং, পুং, বিষ্ণু। ৩। স্ত্রীং, পৃথিবী। ৪। অং, স্মৃতি, স্মরণ। ৫। সম্বোধন, আহ্বান, আমন্ত্রণ। ৬। দয়া। ৭। অসূয়া। সম্মুখবর্ত্তী।

এই (অয়ং বা ইয়ংপদজ) সর্ব্বং, অগ্রস্থিত,

এক (ই গমনকরা+ক(কণ্)—ক) সং,ক্লীং, এক সংখ্যা, ১। ২। বিং,ত্রিং, একসংখ্যাবিশিষ্ট; যথা এক জন, এক বৃক্ষ। ৩। একাকী, কেবল, অদ্বিতীয়। শিং—১ "একমেবাদ্বিতীয়ং।" ৪। প্রধান। ৫। সমান। ৬। অন্য। ৭। অন্যতম। ৮। শ্রেষ্ঠ। ৯। প্রথম। শিং—১ "ধর্ম্মার্থ কামমোক্ষাণাংযস্যৈকোঽপি ন বিদ্যতে।" ২ "এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেপ্যনুযাতিযঃ।" ১০। কোন; যথা—এক সময়ে অর্থাৎ কোন সময়ে।

একক (এক+কণ্—স্বার্থে। কেবল এক) বিং, .ত্রিং, একাকী, কেবল, অসহায়, একলা। শিং—১ "মহানপ্যেককো বৃক্ষঃ সর্ব্বতঃ সুপ্রতিষ্ঠিতঃ।" ২ "বিধিরেককচক্রচারিণম্।" (নৈষধ)।

এককার্য্য (এক সমান—কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যার সমান কার্য্য, তুল্যকর্ম্মকারী। ২। (য়ং—স) সং,ক্লীং, সমানকর্ম্ম।

এককালীন (এক—কালীন সাময়িক) বিং, ত্রিং, সমকালীয়। এক সময়ে বা একবারে যাহা ঘটে বা করা যায়; যথা—এককালীন দান, এককালীন প্রস্থান।

এককালীনতা (এককালীন+তা—ভা) সং, স্ত্রীং, এককালে হওয়া বা ঘটা, যৌগপদ্য।

এককুণ্ডল (এক—কুণ্ডল কর্ণভূষণ। এক কর্ণে যিনি ইহা পরিধান করেন, ৬ষ্ঠী-হিং) সং, পুং, বলরাম। ২। কুবের।

এককোষ্ঠী; যে সকল শিরঃপদী জীবের দেহ এক কোষ্ঠবিশিষ্ট চূর্ণময় আধারে থাকে; যথা—কটল মৎস্য, অর্গোনট বেলেম, নাইট, অক্‌টোপস্ প্রভৃতি।

একগম্য (এক—গম্ গমন করা+য—র্ম্ম য়ং—স) বিং, ত্রিং, একমাত্র যাহাকে প্রাপ্ত হওয়া যায়, যে একমাত্র লভ্য "নৃণামেকোগম্যস্ত্বমসি পয়সামর্ণব ইব।"

একগুঁয়া (দেশজ) বিং, অবাধ্য, একরোখা যে নিষেধ মানে না।

একগুরু (এক অভিন্ন—গুরু, ৬ষ্ঠী—হিং সং,পুং, সতীর্থ,একগুরুর শিষ্য, একপাঠী

একগ্রাম (এক—গ্রাম, য়ং—স) সং, পুং, অভিন্ন গ্রাম। শিং—১ "একগ্রামে চতুঃশালে দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে। পতিনা নীয়মানায়াঃ পুরঃশুক্রো ন দুষ্যতি।"

একগ্রামীণ (একগ্রাম+ঈণ(খীন্)—ভবার্থে সং, পুং, একগ্রামবাসী, এক গ্রামের অধিবাসী। শিং—১ "নৈকগ্রামীণমতিথিং বিপ্রং সাঙ্গতিকং যথা।"

একঘরিয়া (দেশজ) বিং, জাতিভ্রষ্ট, সমাজচ্যুত, অপাঙ্‌ক্তেয়।

একচক্র (এক—চক্র গোল, চাকা। যাহা এক চাকায় যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং সূর্য্যরথ। শিং—১"একচক্রো রথো যস্য।" ২। পুং—স্ত্রীং, গণ্ডার।

একচক্রা; সং, স্ত্রীং, নগরীবিশেষ। জতুগৃহদাহের পর পাণ্ডবগণ এই নগরীতে জননীর সহিত বাস করেন, এই স্থানে ভীম কর্ত্তৃক বকাসুর নিহত হয়। পাট্‌না জেলার অন্তর্গত ছাপ্‌রার নিকট এই নগরী ছিল এরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

একচর (এক—চর [চর্ গমন করা+অ (অন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, যে একাকী থাকে, যে বিজনস্থানে থাকে, যে অন্য লোকের সহবাসে থাকিতে ভালবাসে না, বিজন-বাসী, একচারী। শিং—১ 'মুনিরেকচরঃ শ্রীমান্ ধর্ম্মো বিগ্রহবানিব।" ২। সং, পুং, গণ্ডার।

একচর্য্যা (একচর দেখ, য(ক্যপ্)—ভা) সং, স্ত্রীং, অসহায় গমন।

একচারী (একচারিন্, এক একাকী—চর্ গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, একচর দেখ। ২। বুদ্ধ সহচারী। ণী—স্ত্রীং।

একচিত্ত (এক—চিত্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এক বিষয়ে যার চিত্ত আছে, অনন্যচিত্ত। ২। অন্যের সহিত যার মনের সম্পূর্ণ ঐক্য আছে, একমনাঃ, অভিন্নহৃদয়।

একচূর্ণী; সং, পুং, মুনিবিশেষ। ইনি তৈত্তিরীয় যজুর্বেদের একখানি টীকা রচনা করেন। [একায়ত্ত, একাধীন।

একচেটিয়া (এক—চেটিয়া চাটিত) বিং,

একজ (এক—জ জন্ জন্মান+অ(ড)—ক, ৫মী—ষ) বিং, ত্রিং, একজন হইতে উৎপন্ন। ২। পুং—স্ত্রীং, সহোদর, সহোদরা।

একজটা (এক—জটা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দেবীবিশেষ; উগ্রতারামূর্ত্তি। দেবগণ অসুরভয়ে ভীত হইয়া মাতঙ্গী মহাবিদ্যার স্তব করিলে তাঁহার দেহ হইতে ঐ কৃষ্ণবর্ণা এক জটার আবির্ভাব হইয়াছিল।

একজন্মা (একজন্মন্, এক প্রধান—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজা। ২। (৫মী—হিং। যাহাদিগের প্রধান হইতে জন্ম হইয়াছে) দিক্‌পালগণের অংশজাত। ৩। (একবার যাহার জন্ম হয় অর্থাৎ যার সাবিত্রী দীক্ষা নাই) শূদ্রজাতি।

একজাত (এক—জাত) বিং, ত্রিং, এক পিতা মাতা হইতে উৎপন্ন।

একজাতি (এক—জাতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূদ্রজাতি। শিং—১ "ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ। চতুর্থ একজাতিস্তু শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ।"

একজাতীয় (এক+জাতীয়—প্রকারার্থে) বিং, ত্রিং, তুল্যপ্রকার, তুল্যরূপ।

একটা (এক+টা—প্রং, কেবল বা অনাদরাদি অর্থে বাঙ্গালা 'টা' প্রত্যয় হয়) বিং, এক বস্তু, একমাত্র, একই। যথা—একটা মুটের আবশ্যক হইয়াছে।

একটী (এক+টী—প্রং, কেবল বা আদরাদি অর্থে বাঙ্গালা 'টী' প্রত্যয় হয়) বিং, একমাত্র, একবস্তু। যথা—তিনি একটী প্রকৃত ভদ্রলোক, গতকল্য তাঁহার একটী পুত্র হইয়াছে, ইত্যাদি।

একটু (এক+টু—অল্পার্থে) বিং, কিঞ্চিন্মাত্র, কিছু। যথা—একটু স্থির হও।

একটুকু (এক+টুকু—অল্পার্থে) বিং, কিঞ্চিৎ, অত্যল্প।

একতঃ (একতস্, এক+তস্—প্রং। সপ্তমী বা পঞ্চমী স্থানে তস্) অং, একদিকে, একপার্শ্বে, একপক্ষে। ২। একদিক্ হইতে।

একত; সং, পুং, দেববিশেষ। ২। মুনিবিশেষ।

একতন্ত্রী (একতন্ত্র+ঈ—প্রং) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, ইহার অপর নাম একতন্ত্রিকা, একতারা, ভিক্ষুকেরা ইহার সাহায্যে গান করে। (একতারা দেখ) বিং, ত্রিং, এক প্রভুক। একতন্ত্রযুক্ত, এক মতাবলম্বী।

একতম (এক+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে এক শিং—১ "স্বাম্যমাত্যয়োরেকতমস্ত কিংবা দ্বয়োরপি।"

একতর (এক+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে এক। শিং—১ "দ্বয়োরেকতরে বুদ্ধিঃ ক্রিয়তাম্।"

একতরফ (যাবনিক) একপার্শ্ব, একদিক্, একপক্ষ।

একতা (এক+তা—ভা। একের ভাব) সং, স্ত্রীং, একত্ব, ঐক্য, মিলন। ২। অভেদ। ৩। অভিন্নতা। ৪। সাম্য। ৫। মুক্তিবিশেষ।

একতান (এক—তান বিষয়, স্বরবিশেষ, ৬ষ্ঠী—হিং+যং—স) বিং, ত্রিং, একবিষয়ে যার দৃঢ় মনঃসংযোগ আছে, আর সকল পরিত্যাগ করিয়া কেবল একবিষয়ে নিবিষ্ট বা আসক্ত, একায়ন, একাগ্র, একবিষয়াসক্ত। ২। তদ্গতচিত্ত। ৩। সং, পুং, একযোগ স্বর, লয় (Concert)। "গাতা যৎ যৎ স্বরং গায়েৎ তং তং বংশেন তানয়েৎ।"

একতানতা (একতান+তা—ভা) সং, স্ত্রীং, একাগ্রতা, একায়নতা।

একতানমনাঃ ( — মনস্, একতান — মনস্ মন, ৬ষ্ঠী - হিং) বিং, ত্রিং, এক বিষয়ে যার দৃঢ় মনঃসংযোগ আছে, অনন্যমনাঃ, একাগ্রচিত্ত, অনন্যহৃদয়, একাগ্রহৃদয়।

একতাপন্ন (একতা — আপন্ন, ৭মী - ষ) বিং, ত্রিং, একতাপ্রাপ্ত, যাহা এক হইয়া গিয়াছে, যার সহিত অভেদ হইয়াছে।

একতারা ( একতন্ত্রী শব্দজ ) বীণা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। অর্থাৎ ইহা এক প্রকার "ততযন্ত্র"। চর্ম্মাচ্ছাদিত একটী অলাবু খর্পরে একটী বংশদণ্ড যোজিত এবং সেই বংশদণ্ডের উপরিভাগে একটীমাত্র কীলক সংবদ্ধ থাকে। উহাতে এক গাছি লৌহতার সংযোজিত থাকে। ভিক্ষোপজীবিরা উহার সাহায্যে গান করিয়া থাকে (যন্ত্র-কোষ)।


একতারা।

একতাল (এক — তাল গানবাদ্য বিষয়ে কালপরিমাণ, য়ং — স) সং, পুং, সমান তাল, একমিল। ২। সমন্বিত লয়। ৩। অবিচ্ছিন্ন স্বর, অবিচ্ছিন্ন নৃত্যগীতাদি। লী — স্ত্রীং, একস্বরযুক্ত যন্ত্র।

একতীর্থী (একতীর্থিন্, এক — তীর্থ পুণ্যক্ষেত্র + ইন্ — অস্ত্যর্থে ) সং, পুং, এক গুরুর শিষ্য, সতীর্থ, সহাধ্যায়ী, একপাঠী।

একত্র (এক + ত্র — প্রং। সপ্তমী স্থানে 'ত্র') অং, এক স্থানে। ২। এক বিষয়ে। ৩। একদিকে। শিং — ১ "একত্রভুজ্যতাং রাজ্যং ভ্রাতৃভাবেন পুত্রকাঃ॥ সহিতা ভ্রাতরস্তেহথ রাজ্যং বুভুজিরে তথা।"

একত্ব (এক + ত্ব — ভা) সং, ক্লীং, ঐক্য। ২। অভেদ। ৩। সাম্য। ৪। মুক্তিবিশেষ।

একদংষ্ট্র, একদন্ত (এক — দংষ্ট্রা, দন্ত = দন্ত, ৬ষ্ঠী — হিং। ক্রীড়া যুদ্ধে ইহার একটী দন্ত কার্ত্তিক [কেহ বলেন যুদ্ধকালে পরশুরাম] ভগ্ন করিয়াছিলেন ; কোন মতে — এক সময়ে রাবণ পাশক্রীড়ায় একটী পাঞ্জি'র প্রয়োজন হওয়ায় গণেশের একটি দন্ত উৎপাটন করিয়া লইয়াছিল) সং পুং লম্বোদর, গণেশ।

একদন্ত ; সং, পুং, গণেশ।

একদা (এক + দা — কালার্থে। সপ্তমী স্থানে দা) অং, এক কালে, এক সময়ে, যুগপৎ। ২। কোন সময়ে কদাচিৎ।

একদৃক্ (একদৃশ্, এক — দৃশ্ চক্ষুঃ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কাক। ২। (কপালে একটি চক্ষুঃ আছে বলিয়া একদৃক্) শিব। ৩। বিং, ত্রিং, সমদর্শী। ৪। কাণ।

একদৃষ্টি ( এক অনন্যবিষয় — দৃষ্টি দর্শন, ৭মী — হিং) বিং, ত্রিং, যার এক বিষয়ে দৃষ্টি আছে, অনন্যদৃষ্টি ; যথা — "এক দৃষ্টে চাহে বামা দূরে লঙ্কা পানে।" ২। কাক। ৩। কাণ। ৪। (য়ং — স), সং, পুং, এক বিষয়দর্শন, একদিকে দৃষ্টিপাত। শিং — ১ "সততমেকদৃষ্ট্যা তমবলোকয়ন্।"

একদেব (এক প্রধান — দেব, য়ং — স) সং, পুং, প্রধান দেব, পরমেশ্বর।

একদেশ (এক — দেশ স্থান) সং, পুং, অংশ, কোন অংশ, কিঞ্চিৎ অংশ, একাংশ। ২। অবয়ব। "তানেকদেশান্নিভৃতং পয়োধেঃ।"

একদেহ ( এক অত্যুত্তম বা ১—দেহ শরীর) সং, পুং, বুধগ্রহ। বিং, ত্রিং, অভিন্ন শরীর, একাত্মা, যাহার সহিত শরীরের ভেদ নাই, অভেদশরীর। শিং — ১ "শরীরার্দ্ধং স্মৃতা জায়া পুণ্যাপুণ্যফলে সমা। যস নোপরতা ভার্য্যা দেহার্দ্ধং তস্য জীবতি।"

একধর্ম্মা ( একধর্ম্মন্, এক তুল্য — ধর্ম্ম, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, তুল্য ধর্ম্মবিশিষ্ট, সমান ধর্ম্ম। শিং — ১ "সর্ব্বে ষামেকধর্ম্মিণাম্।"

একধা (এক + ধাচ্ — প্রকারার্থে) অং, এক প্রকারে।

একধুর্, একধুরা } ( এক — ধুর্ ভার, য়ং — স সং, স্ত্রীং, একভার।

একধুর, একধুরীণ, একধুরাবহ } (এক — ধুর্ ভার + অ, ঈন(ঈন — অত্যর্থে। একধুরা — বহ [বহ বহন করা + অ(অন্) — ক] যে বহন করে) বিং, ত্রিং, একবিধ ভারবাহী গবাদি, একপিঠা গরু।

একনয়ন (এক—নয়ন, ৬ষ্ঠী—হিং, একনেত্র) বিং, ত্রিং, যার একনয়ন, কাণা, একাক্ষ, একচক্ষুঃ।

একনট ; সং. পুং, প্রধান নট।

একনায়করাজ্যতন্ত্র (Kingly form of Government) সং, ক্লীং, যে রাজ্যের শাসনকার্য্য এক রাজার মতানুসারে সম্পন্ন হয়।

একপক্ষ (এক—পক্ষ পার্শ্ব, সহায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সহায়।

একপত্নী (এক—পতি স্বামী, ৬ষ্ঠী—হিং। ন—আগম) সং, স্ত্রীং, পতিব্রতা, সতী, সাধ্বী। ২। প্রধান ভার্য্যা। ৩। সপত্নী। "সর্ব্বাসামেকপত্নীনামেকাচেৎ পুত্রিণী ভবেৎ।" (মনু)। ২ "তাঞ্চাবশ্যং দিবস গণনাতৎপরামেকপত্নীম্।" (মেঘদূত)।

একপত্রোৎপত্তিক (Monocotyledonous) বিং, ত্রিং, বীজ অঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল একটীমাত্র পত্র নির্গত হয়, যথা—নারিকেল, খর্জ্জুর, তৃণ, তাল, কদলী, ইত্যাদি। এই বর্গের বৃক্ষ।

একপদ (এক—পদ পা, চিহ্ন ইত্যাদি) সং, ক্লীং, তৎকালে, তৎক্ষণে। ২। একপদে, এক উদ্যমে। ৩। অকস্মাৎ। ৪। পুং, শৃঙ্গারবন্ধবিশেষ, এক পা হৃদয়ে ও অপর পা স্কন্ধে স্থাপন পূর্ব্বক স্তনযুগ ধরিয়া সম্ভোগ করা।

একপদী (এক—পদ পা, চিহ্ন ইত্যাদি) সং, স্ত্রীং, পথ। ২। একপেয়ে।

একপদে (এক—পদ পা, চিহ্ন ইত্যাদি +এ—প্রং) অং, অকস্মাৎ। ২। একবারে, এক উদ্যমে।

একপরামর্শী (একপরামর্শিন্, মর্শিন্ [মৃশ্+ ইন্(ণিন্)—ক]) বিং, ত্রিং, যাহাদের এক পরামর্শ। ২। একমত, এক মতাবলম্বী।

একপর্ণা (এক—পর্ণ পত্র। একপর্ণ (পত্র) ভোজন করিয়া তপস্যা করিতেন বলিয়া একপর্ণা নাম ধারণ করিয়াছেন) সং, স্ত্রীং হিমালয়ের কন্যা, মেনকার গর্ভসম্ভূতা, ইনি অসিত দেবলের পত্নী।

একপাটলা (ইনি প্রতিদিন একটী পাটল (পারুল) ভক্ষণ করিয়া তপস্যা করিতেন বলিয়া একপাটলা নামে প্রসিদ্ধা হইয়াছেন) সং, স্ত্রীং, হিমালয়ের কন্যা ও মেনকার গর্ভজাতা, ইনি অপর্ণার ভগিনী জৈগীষব্যের পত্নী।

একপিঙ্গ, একপিঙ্গল (এক—পিঙ্গ, পিঙ্গল নীলপীত মিশ্রিত বর্ণ। যাহার এক চক্ষুর স্থানে একটী পিঙ্গল বর্ণ চিহ্ন আছে, ৬ষ্ঠী—হিং। যেমত পৌরাণিকেরা কহেন —গৌরীর নিরীক্ষণ বা প্রভাব দ্বারা ইঁহার বাম চক্ষু নষ্ট হয়, কিন্তু শিবের অনুগ্রহ হওয়াতে দেবী তাহাতে এক পিঙ্গল বর্ণ চিহ্ন দেন) সং, পুং, কুবের। ২। যক্ষ।

একপিণ্ড (এক—পিণ্ড, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপিণ্ড। ২। একদেহ।

একপিতৃক (এক—পিতৃ পিতা+ক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এক পিতার ঔরসে জাত।

একপুত্রতা (এক—পুত্র+তা—ভা) সং, স্ত্রীং, একপুত্রত্ব, একপুত্র হওয়া, একাপত্যতা।

একপুরুষ (এক প্রধান—পুরুষ, যং—স) সং, পুং, পরমেশ্বর। ২। (৭মী—হিং) বিং, ত্রিং, একপুরুষাশ্রিত, একপুরুষে।

একভক্ত (এক—ভক্ত ভোজন, ৭মী—হিং) সং, পুং, ব্রতবিশেষ, যাহাতে একবারমাত্র ভোজনের বিধি আছে। ২। (৭মী—ষ) বিং, ত্রিং, একে ভক্তিযুক্ত। ৩। পরমেশ্বরে ভক্তিমান্। ৪। (যং—স) প্রধানভক্ত। ৫। অদ্বিতীয় ভক্ত।

একভক্তব্রত (এক—ভক্ত ভাত—ব্রত নিয়ম) সং, ক্লীং, দিবাভাগে কেবল একবার ভোজনের নিয়ম।

একভক্তি (এক অন্যবিষয়রহিত—ভক্তি, যং—স) সং, স্ত্রীং, অনন্যবিষয়ে ভক্তি। ২। নিতান্ত ভক্তি। ৩। (৭মী—হিং) বিং, ত্রিং, একপুরুষে ভক্ত। ৪। পরমেশ্বরে ভক্তিমান্। ৫। নিতান্ত ভক্ত। শিং—১ "একভক্তির্বিশিষ্যতে।" (গীতা)।

একভার্য্যা (এক—ভার্য্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, একজনের পত্নী।

একভাব (এক—ভাব) সং, পুং, অনন্য বিষয়ে

অনুরাগ। ২। এক স্বভাব। ৩। একাশয়, এক অন্তঃকরণ। ৪। (৬ষ্ঠী—ষ) একের ভাব, একজনের আশয়, একের মন। ৫। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তুল্যভাবক। "যা বৈ যূয়ং সোঽহমদ্যৈকভাবঃ।"

একমত (এক—মত) বিং,ত্রিং, যাহার সহিত মতের ঐক্য আছে একবাক্য।

একমতাবলম্বী (একমতাবলম্বিন্, এক—মত—অব—লম্ব্ অবলম্বন করা+ইন্ ণিন্)—ক, যাহারা একমত অবলম্বন করে) বিং, ত্রিং, একমত, একবাক্য, একপরামর্শী।

একমতি (একা প্রধানা, উৎকৃষ্টা—মতি, য়ং—স) সং, স্ত্রীং, উত্তমাবুদ্ধি। ২। ৭মী—ষ) একজনে মতি। ৩। পরমেশ্বরে বুদ্ধি। ৪। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এক বিষয়ে এক পুরুষে বা এক কার্য্যে যাহার বুদ্ধি থাকে। শিং—১ "তৈরেকমতিভির্ভূত্বা যচ্চোক্তং শাস্ত্রমুত্তমম্।"

একমনাঃ (এক—মনস্ মন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, (একচিত্ত দেখ)।

একমাতৃক (এক—মাতৃ মাতা+ক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, একমাতার গর্ভে উৎপন্ন, সহোদর।

একমুখ (এক—মুখ, ৭মী—হিং) সং, পুং, একপ্রধান দ্যূতক্রীড়াদি। শিং—১ "দ্যূতমেকমুখং কার্য্যং তস্করজ্ঞানকরণাৎ।" ২। একদ্বারমণ্ডপবিশেষ।

একযষ্টিকা (এক—যষ্টিকা নর, ছড়া, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, একাবলী, একনর হারবিশেষ।

একযোনি (এক সমান—যোনি জন্ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সমানজাতি। শিং—১ "এতদ্বিধানং বিজ্ঞেয়ং বিভাগমেকযোনিযু।" ২। এক স্থান হইতে জাত।

একরজ (এক উত্তমরূপে—রঞ্জ্ রঞ্জনকরা+অ(ক)—ণ) সং, পুং, কেশরঞ্জনদ্রব্য।

একরস (এক—রস, ৬ষ্ঠী—হিং) সং, পুং, একরাগ। ২। অভিন্নস্বভাব। ৩। একাভিপ্রায়। ৪। (৭মী—হিং) যাহাতে এক মাত্র রস অর্থাৎ অনুরাগ আছে। শিং—১ "তপস্যেকরসে রতম্।" (রামায়ণ)। ৫। শৃঙ্গার বীরাদি একরস যাহাতে প্রধান রূপে বর্ণিত আছে। যথা—একরসনাটক।

একরাজ; সং,পুং, প্রধান রাজা।

একরূপ (এক সমান—রূপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সমানরূপ, তুল্যরূপ। শিং—১ "সর্ব্বেষাং তুল্যরূপাণামেকস্যাপি বদ্চ্যতে।"

একরোখা (এক—রোখা রোষ শব্দজ) বিং, ত্রিং, ক্রোধী, একগুঁয়া।

একল (এক+ল—অসহায়ার্থে) বিং, ত্রিং, একক, একাকী, একলা। শিং—১ "অথ তত ঊর্দ্ধ্বং উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকল এব মধ্যে স্থাতা।" ২। যিনি যন্ত্র কিম্বা অন্য কোন ব্যক্তির আশ্রয় না লইয়া গান করত লোকের মনোরঞ্জন করিতে পারেন।

একলব্য; সং, পুং, নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র। প্রথিত আছে—"একলব্য অস্ত্রবিদ্যাশিক্ষার্থ দ্রোণাচার্য্য নিকটে উপস্থিত হইলে তিনি তাহাকে শিষ্য না করিয়া প্রত্যাখ্যান করেন, তাহাতে সে দুঃখিতান্তঃকরণে গমন পূর্ব্বক কাষ্ঠময় দ্রোণ নির্ম্মাণ করিয়া দৃঢ়তর অধ্যবসায় সহকারে তাঁহার উপাসনা করত তপোবলে সমগ্র ধনুর্ব্বিদ্যায় পারদর্শী হয়। পরে কুরু ও পাণ্ডবগণ ধনুর্ব্বিদ্যায় নিপুণ হইয়া গুরু দ্রোণাচার্য্যের সহিত মৃগয়ার্থ বনপ্রবেশ করিয়া ঘটনাক্রমে যে স্থানে সেই একলব্য তপস্যা করিতেছিল তথায় উপস্থিত হন। তাঁহাদিগের সহিত একটী কুক্কুর গমন করিতেছিল। ঐ কুক্কুর ধাবমান হইয়া একলব্যের আশ্রমে গমন পূর্ব্বক উচ্চৈঃস্বরে চীৎকার করাতে সে তপস্যার বিঘ্নাশঙ্কায় কতিপয় শরপ্রয়োগে তাহার মুখ রুদ্ধ করিয়া দেয়; তখন কুক্কুর মূক হইয়া প্রত্যাগমন করিলে মহাবীর অর্জ্জুন ঐ ব্যাপার দর্শনে চমৎকৃত হইয়া গুরুর নিকট ঐ বিদ্যার অপ্রাপ্তি নিবন্ধন বিস্তর আক্ষেপ করেন এবং ধনুর্বিদ্যায় সুনিপুণ একলব্য বিদ্যমানে তিনি প্রাধান্য লাভ করিতে পারিবেন না ভাবিয়া

নিতান্ত চিন্তাকুল হইলেন। তদ্দর্শনে দ্রোণাচার্য্য সেই একলব্যের আশ্রমে গমন পূর্ব্বক তাহার পরিচয় লইয়া জানিতে পারিলেন ঐ ব্যক্তি তাঁহারই কাষ্ঠময়ী প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া ধনুর্বিদ্যায় কৃতকার্য্য হইয়াছে। তখন তিনি ছলক্রমে তাহাকে গুরুদক্ষিণা প্রদানে স্বীকার করাইয়া তাহার দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ দক্ষিণাস্বরূপ প্রদান করিতে বলেন; তাহাতে সত্যবদ্ধ একলব্যকে অগত্যা তাহা প্রদান করিতে হয়। সুতরাং তদবধি জ্যাকর্ষণ ও শর প্রয়োগ বিষয়ে তিনি পূর্ব্ববৎ সক্ষম না থাকাতে অর্জ্জুনের অভিলাষ পূর্ণ হইল।

একলা (একল শব্দজ) বিং, পূর্ব্বে দেখ।

একলাই (দেশজ) সং, কাজ করা শাদা উড়ানী বা চাদর।

একলিঙ্গ (এক — লিঙ্গ, ৭মী — হিং) সং, পুং, পঞ্চক্রোশের মধ্যে একমাত্র শিবলিঙ্গ যে স্থানে আছে। ২। সিদ্ধসাধন স্থানবিশেষ। শিং — ১ "পঞ্চক্রোশান্তরে যত্র ন লিঙ্গান্তরমীক্ষ্যতে। তদেকলিঙ্গমাখ্যাতং তত্র সিদ্ধিরনুত্তমা।" ৩। (এক — লিঙ্গ চক্ষুঃ, ৬ষ্ঠী — হিং, একচক্ষুঃ, কাণ। ৪। কুবের।

একবচন (এক — বচন [বচ্ বলা + অন(অনট্) — ণ) সং, ক্লীং, ব্যাকরণোক্ত একত্বসংখ্যাবাচক।

একবর্ষিকা (এক — বর্ষ বৎসর + ইক(ষ্কিক) — প্রং) সং, স্ত্রীং, এক বৎসরের ধেনু, এক বৎসরের বক্না।

একবস্ত্র (এক — বস্ত্র, য়ং — স) সং, ক্লীং, উত্তরীয় রহিত বস্ত্র। ২। (৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, একবস্ত্রান্বিত, উত্তরীয় বসনবর্জ্জিত। ৩। একজাতীয় বস্ত্রবিশিষ্ট।

একবাক্য (এক — বাক্য, য়ং — স) সং, ক্লীং, একার্থবোধকবাক্য, অভিন্নবচন, এককথা। শিং — ১ "শ্রবণকটু নৃপাণামেকবাক্যং বিবক্রুঃ।" ২। বিং, ত্রিং, একমত, একপরামর্শী, একমতাবলম্বী।

একবাক্যতা (একবাক্য + তা — ভাবে) সং, স্ত্রীং, একমত অবলম্বন করা, মতভেদ না থাকা, ঐকমত্য, ঐক্যবাক্য।

একবাদ (এক — বাদ্ বাদ্য করা, বাজান + অ(অল্) — র্ম্ম, যাহা এক হস্ত দ্বারা বাদিত হয়) সং, পুং, ডিণ্ডিম নামক বাদ্যযন্ত্রবিশেষ। ২। (বদ্ বলা + অ(অ) — ভা) বাদবিশেষ, বৈদান্তিকেরা সমস্ত পদার্থ ব্রহ্ম হইতে অভিন্নত্ব প্রতিপাদনকেই একবাদরূপে নির্দ্দেশ করিয়া থাকেন।

একবিংশতি (এক — বিংশতি কুড়ি। এক অধিক কুড়ি, য়ং — স। মধ্য-পদ-লোপ) সং, স্ত্রীং, একুশ, ২১।

একশফ (এক — শফ খুর, ৬ষ্ঠী — হিং) সং, পুং, অখণ্ডখুরযুক্ত, একখুরে জন্তু; যথা— খর, অশ্ব, অশ্বতর ইত্যাদি। শিং — ১ "খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী তথা। এতেচৈকশফাঃ।"

একশৃঙ্গ (এক — শৃঙ্গ চিহ্ন বা শিং, ৬ষ্ঠী — হিং) সং, পুং, বিষ্ণু। ২। একশৃঙ্গযুক্ত পশু; যথা—গণ্ডার ইত্যাদি। ৩। পিতৃগণ বিশেষ। শিং — ১ "বৈরাজাশ্চ মহাভাগা অগ্নিষ্বাত্তাশ্চ ভারত। গার্হপত্যা নাকচরাঃ পিতরো লোকবিশ্রুতাঃ। সোমপা একশৃঙ্গাশ্চ চতুর্ব্বেদকলাস্তথা।"

একশেষ (এক — শেষ, ৭মী — হিং) সং, পুং, দ্বন্দ্বসমাস বিশেষ; এক বিভক্তি হইলে সমানাকার অনেক পদের একমাত্র অবশিষ্ট থাকে; দ্বিবচন বা বহুবচন সেই পদে যুক্ত হয়। ২। বিং, ত্রিং, অতিশয়; যথা—দুঃখের একশেষ হইয়াছে।

একষষ্টি (এক — ষষ্টি ষাইট। এক অধিক ষাইট, য়ং — স। মধ্য-পদ-লোপ) সং, স্ত্রীং, একষট্টি, ৬১।

একসর্গ (এক একবিষয়ে — সর্গ নিশ্চয়, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, একাগ্রচিত্ত।

একসূত্র (এক — সূত্র সূতা, ৬ষ্ঠী — হিং। একটী সূত্র বেষ্টনে যাহা বাজান যায়) সং, পুং, ডমরুবাদ্য।

একহৃদয় (এক — হৃদয়, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাদের হৃদয় এক, একচিত্ত, অভিন্নহৃদয়।

একহায়নী (এক — হায়ন বৎসর। যাহার একবর্ষ বয়ঃক্রম, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, একবর্ষবয়স্কা গবী, এক বৎসরের বাছুর।

একহারা (দেশজ) বিং, কৃশ। ২। অদ্বয়, একমাত্র।

একা (একাকী শব্দজ) বিং, একক, একলা, অদ্বিতীয়। ২। (অভিন্নরূপে যিনি স্থিতি করেন) সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "একা গুণার্থাত্রৈলোক্যে তস্মাদেকাচ সোচ্যতে। একা সা তু পৃথক্‌ত্বেন বিনা সর্ব্বত্র বিশ্রুতা।" ২। দ্বিতীয়রহিত স্ত্রী। শিং—১ "একৈবাহং জগত্যত্র দ্বিতীয়াকা সমাপরা।"

একাকার (এক—আকার) বিং, ত্রিং, একসমান, তুল্যাবয়ব।

একাকী (একাকিন্, এক+আকিন্—অসহায়ার্থে) বিং, ত্রিং, যার সঙ্গে বা নিকটে কেহ নাই, একক, একলা, সহায়রহিত, অসহায়। শিং—১ "(সুরথঃ) একাকী হয়মারুহ্য জগাম গহনং বনম্।" কিনী—স্ত্রীং।

একাক্ষ (এক—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং। শ্রীরাম পিতৃসত্য প্রতিপালনার্থ বনে আগমন করিয়া যখন চিত্রকূট পর্ব্বতে বাস করেন, তখন জয়ন্ত নামক কাক জানকীর ওষ্ঠে চঞ্চুর আঘাত করিয়াছিল। সেই অপরাধে রামচন্দ্র তাহার বিনাশার্থ শরাসনে ইষীকাস্ত্র সংযোগ করিলে সেই কাক প্রাণভয়ে আকুল হইয়া তাঁহার শরণাপন্ন হয়, তাহাতে দয়াময় রাম সেই অমোঘ অস্ত্র দ্বারা তদীয় ইচ্ছানুসারে তাহার এক চক্ষু নষ্ট করেন। তদবধি কাক জাতি একাক্ষ হইয়াছে) সং, পুং, কাক। ২। বিং, ত্রিং, কাণ।

একাগ্র, একাগ্র্য (এক—অগ্র। একাগ্র+য(ষ্ণ্য), ৬ষ্ঠী—হিং, একমাত্র যাহার অগ্রে আছে) বিং, ত্রিং, একনিষ্ঠ, এক বিষয়েই আসক্ত, একমনাঃ, অনন্যচিত্ত। ২। অনাকুল। শিং—১ "একাগ্রদৃষ্টি।" ২ "একাগ্রেণচেতসা।" ৩ "তন্ত্রীভিশ্রবণৈকাগ্র্যাসংসদশ্রুমুখী বভৌ।"

একাগ্রচিত্ত (একাগ্র—চিত্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেবল এক বিষয়ে যাহার চিত্ত আছে, অনন্যমনাঃ, অনন্যহৃদয়, একতানমনাঃ, একাগ্রহৃদয়।

একাগ্রতা (একাগ্র+তা—স্তা) সং, স্ত্রীং, এক বিষয়েই আসক্তি, একমাত্র বিষয়ে মনঃসংযোগ, আর সমস্ত বিষয় পরিত্যাগ করিয়া একমাত্র বিষয়ে ঐকান্তিক যত্ন বা অনুরাগ।

একাঘ্নী; সং, পুং, মহা অস্ত্রবিশেষ; এই অস্ত্র কর্ণ পার্থকে মারিবার হেতু যত্নে রাখিয়া ছিলেন, কিন্তু দুর্য্যোধনের অনুরোধে ঘটোৎকচের উপর নিক্ষেপ করেন। যথা—"এড়িলা একাঘ্নী বাণ রক্ষিতে কৌরবে।"

একাঙ্গ (এক প্রধান—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, (গ্রহের মধ্যে সুন্দরাঙ্গ বলিয়া) বুধগ্রহ। ২। (৫মী—হিং) ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ, চন্দন। ৩। (য়ং—স) শ্রেষ্ঠাঙ্গ, উত্তমাঙ্গ, মস্তক।

একাণ্ড (এক—অণ্ড বৃষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্ব।

একাত্মবাদী (—বাদিন্, এক—আত্মন্—বাদী [বদ্ বলা+ইন্ ণিন্—ক] যে বলে, ২য়া—হিং) বিং, ত্রিং, যে এক ব্রহ্মমাত্র স্বীকার করে, বেদান্তমতাবলম্বী; যথা—
"বেদান্ত একাত্মবাদি দ্ব্যাত্মবাদি তর্ক।
মীমাংসায় মীমাংসার না হয় সম্পর্ক।"
২। সং, পুং, বেদান্তশাস্ত্র।

একাত্মা (একাত্মন্, এক—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিন্নদেহ, একপ্রাণ।

একাদশ (একাদশন্, এক—দশন্ দশ। অ =া। একাধিক দশ, য়ং—স। মধ্য-পদলোপ) বিং, ত্রিং, বহুং এগার সংখ্যা, ১১।

একাদশ (একাদশন্+অ(ডট্)—পুরণার্থে) বিং, ত্রিং, একাদশের পূরণ।

একাদশী (একাদশ+ঈপ্—স্ত্রীং। যে সময়ে চন্দ্র মণ্ডলের একাদশ কলা সূর্য্যমণ্ডল হইতে বহির্গমন নিবন্ধন জ্যোতির্ম্ময়ী হয় সেই সময় শুক্লা একাদশী এবং যখন চন্দ্রমণ্ডলের একাদশ কলা সূর্য্যমণ্ডলে প্রবেশজন্য জ্যোতিঃ প্রকাশ করিতে না পারে সেই সময় কৃষ্ণাএকাদশী হয়) সং, স্ত্রীং, একাদশ সংখ্যার পূরণী তিথি। ২। হরিবাসর, হরিদিন।

একান্নবিংশতি (এক ন বিংশতি। এক+ আনক — ন্যনার্থে, ন — আগম) সং, স্ত্রীং, একোনবিংশতি।

একাদশতনু (একাদশ — তনু মূর্ত্তি, ৬ষ্ঠী — হিং) সং, পুং, মহাদেব; কথিত আছে, ভগবান্ শঙ্কর একাদশবার ভিন্ন ভিন্ন মূর্ত্তি ধারণ করিয়া একাদশ রুদ্র নামে বিখ্যাত হন। তদ্ভিন্ন তিনি হিমালয় পর্ব্বতে ধনুর্ধরাগ্রগণ্য অর্জ্জুনের পরীক্ষার্থ কিরাত-বেশে তাঁহার সহিত যুদ্ধ করিয়া প্রীতি-লাভ পূর্ব্বক তাহাকে পাশুপতাস্ত্র প্রদান করিয়াছিলেন। একাদশ রুদ্রের নাম; যথা—অজ, একপাৎ, অহিব্রধ্ন, পিণাকী অপরা-জিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হরণ, ঈশ্বর।

একাদিক্রম (এক — আদি — ক্রম) বিং, ত্রিং, আনুপূর্ব্বিক, অনুক্রম।

একান্ত (এক — অন্ত শেষ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, অত্যন্ত, অতিশয়, নিতান্ত। ২। অব-ধারিত। ৩। একের অবধারণ। শিং — ১ "সর্ব্বত্র যদবধাবণোচ্যতে স একান্তঃ।" ২ "নিশ্চয়ৈকান্তচিত্ত।" ৪। যেখানে কেবল এক ব্যক্তি আছে, বিরল, নির্জ্জন; যথা—

"চাহি শচী পানে কহিলেন শচীকান্ত
মধুর বচনে একান্তে।" (মেঘ)।

৫। ক্রিং — বিং, অতিশয়, অত্যন্ত। শিং — ১ "একান্তবিধ্বংসিষু মদ্বিধানাম্।" (রঘু)।

একান্তচারী (— চারিন্, একান্ত — চর্ ভ্রমণ করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, যে একান্তে ভ্রমণ করে, নির্জ্জনে ভ্রমণকারক, অতিশয় পর্য্যটক।

একান্ততঃ (একান্তস্, একান্ত + তস্ — প্রং) অং, একান্তে। ২। নিশ্চিতই।

একান্তর (এক — অন্তর ব্যবধান, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, একের পর যে থাকে, মধ্যে এক ব্যবধান তার পরস্থিত। শিং — ১ "একা-ন্তরাসু জাতানাং ধর্ম্ম্যং বিদ্যাদিমং বিধিং।"

একান্ন (এক — অন্ন, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, একত্র অন্নভোক্তা, সহভোজী, সংসৃষ্ট। ২। একভোজী। ৩। সং, স্ত্রীং, একভক্তব্রত। ৪। (দেশজ) বিং, একপঞ্চাশৎ সংখ্যা, ৫১।

একায়ন (এক — অয়ন গমন, বিষয়, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, একাগ্র, একবিষয়াসক্ত। ২। বিষয়ান্তরব্যাবৃত্তচিত্ত, অনন্য, একতান, একমতি। ৩। একমাত্র অবলম্বনীয়। শিং — ১ "এবমেকায়নং ধর্ম্মমাহুর্ব্বেদবিদো-জনাঃ।" ৪। একমাত্র গমনযোগ্য শিং — ১ "আস্ত একায়নেমার্গে কদলীখণ্ডমণ্ডিতে।"

একায়নতা (একায়ন + তা — ভা) সং, স্ত্রীং, একাগ্রতা, একভাবাপন্ন হওয়া, এক থাকা।

একার (এ + কার — স্বার্থে) সং, পুং, 'এ' [অক্ষর (এ)।

একার্থ (এক — অর্থ শব্দের প্রতিপাদ্য) বিং, ত্রিং, যাহার অর্থ এক; যথা — ঘট ও কলস একার্থ শব্দ। ২। অন্যের সহিত যাহার উদ্দেশ্য বা অভিপ্রায়ের ভেদ নাই।

একার্থতা (একার্থ + তা — ভা) সং, স্ত্রীং, এ-কার্থবোধকতা। ২। উদ্দেশ্য বা অভিপ্রা-য়ের ভেদ না থাকা।

একার্থপ্রতিপাদক (এক — অর্থ — প্রতিপাদক) বিং, ত্রিং, যে দুই বা বহু শব্দ এক অর্থ প্রতিপাদন করে, একার্থবোধক; যথা— ভবন, গৃহ; জল, সলিল; ইত্যাদি।

একার্থপ্রতিপাদকতা (একার্থপ্রতিপাদক দেখ, তা — ভা) সং, স্ত্রীং, এক অর্থ প্রতিপন্ন করা, একার্থবোধকতা।

একার্থবোধক (একার্থ — বুধ্ জ্ঞানলাভ করা + অক(ণক) — ক) বিং, ত্রিং, যে দুই বা বহু শব্দ এক অর্থ বুঝায়, একার্থপ্রতি-পাদক; যথা—ঘট, কলস; অম্বু, জল।

একার্থবোধকতা (একার্থবোধক + তা — ভাবে) সং, স্ত্রীং, এক অর্থ প্রতিপন্ন করা, একার্থ-প্রতিপাদকতা।

একাবলী (এক — আবলী শ্রেণি, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, এক-নরমালা। ২। এক-নর হার। ৩। অর্থালঙ্কার বিশেষ, উত্তরোত্তর পদার্থের বিশেষ্যগুলি যদি পূর্ব্ব পূর্ব্ব পদার্থের বিশেষণত্ব-রূপে স্থা-পিত বা পরিত্যক্ত হয়। ৪। একাদশাক্ষর ছন্দোবিশেষ।

একাব্দা (এক — অব্দ বৎসর, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, একবর্ষ-বয়স্কা গবী।

একাশ্রয় (এক অদ্বিতীয় – আশ্রয়, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, অনন্যগতিক, যাহার একমাত্র আশ্রয়, এককার্য্যাবলম্বী। ২। একজনের আশ্রিত।

একাশ্রিত (এক – আশ্রিত, ৭মী – য) বিং, ত্রিং, কেবল একের শরণাপন্ন, অনন্যগতিক।

একাশ্রিত-গুণ ; সং, পুং, একবৃত্তিধর্ম্ম, একত্ব।

একাষ্টকা ; সং, স্ত্রীং, প্রজাপতির কন্যা।

একাষ্ঠীল (এক প্রধান – অষ্ঠী বীজ – ল [লা গ্রহণ করা + অ (ড) – ক] যে দান করে বা গ্রহণ করে) সং, পুং, বকগাছ। লী – স্ত্রীং, নিমুই গাছ।

একাহ (এক – আহ [অহন্ দিন + ষ]। গুং – স) সং, পুং, একদিন, একদিন কাল শিং – ১ "একাহেনৈব নির্বপেৎ।"

একাহগম (এক – অহন্ – গম্ গমন করা + অ (অল্) – র্ম্ম) বিং, ত্রিং, একাহ মধ্যে গমনীয়, যে স্থানে একদিন মধ্যে পৌছন যায়। শিং – ১ "একাহগম্যে দেশে।" ২ "অশ্বস্যৈকাহগমঃ।"

একাহার (এক – আহার ভোজন, যং – স) সং, পুং, একদিনে একবার মাত্র ভোজন। ২। (৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যে একদিনে একবার মাত্র ভোজন করে, একাহারী।

একাহিক (এক – অহন্ + ইক (ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, একদিনসাধ্য, একদিনে উৎপাদ্য।

একি (এক) বিং, তুল্য, সমান। ২। একমাত্র। ৩। (এ – কি ?) আশ্চর্য্য।

একীকরণ (এক + ঈ (চ্বি) – অভূততদ্ভাবার্থে – কৃ করা + অন (অ-ট্) – ভা) সং, ক্লীং, একত্র সংস্থাপন, বহু দ্রব্য একত্র যোগ করিয়া রাখা।

একীভাব (এক – ভাব স্বভাব। ঈ (চ্বি) – আগম) সং, পুং, একত্ব, মিলিত হওয়া।

একীয় (এক + ঈয় (ছীয়) – ভবার্থে) বিং, ত্রিং, একপক্ষাবলম্বী, সহায়। ২। একসম্বন্ধীয়।

একুন (যাবনিক) মোট, সর্ব্বশুদ্ধ, সমুদয়।

একুশ (এক – বিশ) বিং, সংখ্যাবিশেষ, ২১।

একেক্ষণ (এক – ঈক্ষণ চক্ষুঃ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, যাহার একচক্ষুঃ, কাণ। ২। কাক। ৩। শুক্রাচার্য্য। পুরাণে – বলিরাজা বামনদেবকে ত্রিপাদভূমি প্রদান করিতে স্বীকার করিলে তদীয় গুরু শুক্রাচার্য্য যোগবলে ভাবীঘটনা পরিজ্ঞাত হইয়া তাঁহাকে তদনুষ্ঠানে নিবারণ করেন, কিন্তু তিনি সত্যভঙ্গভয়ে গুরুর আজ্ঞা গ্রহণ না করিয়া সেই ত্রিপাদভূমিদানে প্রস্তুত হইলে, শুক্রাচার্য্য ভৃঙ্গারমধ্যে প্রবেশপূর্ব্বক তাহার চক্ষুর্দ্বারে মুখ রাখিয়া অবস্থান করিয়াছিলেন। ঐ সময়ে সর্ব্বজ্ঞ বামনদেব সেই জলপাত্রের সূক্ষ্মদ্বারে ইষিকা প্রবেশ করাইয়া তাঁহার এক চক্ষুঃ নষ্ট করাতে তদবধি তিনি একনেত্র হইলেন। [একা একা।

ঐকৈক (এক – এক) বিং, ত্রিং, এক একটী,

ঐকৈকশঃ (ঐকৈকশস্, ঐকৈক + শস্ (চশস্) – প্রং) অং, একে একে, এক একটী করিয়া, পর্য্যায়ক্রমে।

ঐকৈষিকা ; সং, স্ত্রীং, আকনাদি বৃক্ষবিশেষ।

একোদক (এক – উদক, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, সমানোদক, উর্দ্ধতন সপ্তম পুরুষ পর্য্যন্ত গোত্রজ পুরুষ। শিং – ১ "জন্মনোকোদকানাং তু ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।"

একোদর (এক উদর গর্ভস্থান, ৬ষ্ঠী – হিং) সং, পুং সহোদর, ভ্রাতা। ২। ক্লীং, সমান উদর।

একোদ্দিষ্ট (এক – উদ্দিষ্ট লক্ষিত, ৭মী – হিং, অথবা এক একপ্রেত – উৎ – দিশ্ উদ্দেশ করা + ত (ক্ত) – র্ম্ম) সং, ক্লীং, এক ব্যক্তির উদ্দেশে বর্ষে বর্ষে যে শ্রাদ্ধ করা যায়, আব্দিক শ্রাদ্ধ, সাংবৎসরিক শ্রাদ্ধ, প্রেতোদ্দেশ্যক শ্রাদ্ধ। (সংজ্ঞা ও বিশেষণ উভয় হয়) শিং – ১ 'একং প্রেতমুদ্দিশ্য যদ্দীয়তে শ্রাদ্ধং তদেকোদ্দিষ্টমিতি বৈদিক প্রয়োগাধীনং যৌগিকম্।"

একোদ্দেশ (এক – উদ্দেশ, ৬ষ্ঠী – য) সং, পুং, একের উদ্দেশ, এক জনকে বা এক কার্য্যকে লক্ষ্য করা। ২। (৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যে দুই বা বহুজনের বা কর্ম্মের উদ্দেশ এক।

এক্ষণে (এ এই শব্দজ – ক্ষণে সময়ে) অং, এই সময়ে, এখনই।

এখতিয়ার (যাবনিক) ক্ষমতা, শক্তি, পরাক্রম। : । ইচ্ছা, বাসনা।

এখন (এ এই শব্দজ—খন ক্ষণ শব্দজ) অং, এক্ষণে, সম্প্রতি।

এখান (এ এই শব্দজ—খান স্থান শব্দজ) সং, এইস্থান, এস্থল।

এজন (এজ্ কম্পিত করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, কম্পন। ২। উত্তেজন।

এজেহার (যাবনিক) দর্শান, প্রকাশকরণ, গুপ্ত ব্যক্ত (Deposition)।

এটে (অষ্টি শব্দজ কি ?) সং, কদলীর মূল, কলাগাছের গোড়া। ২। শক্ত করা, কসিয়া লওয়া।

এড় (আ—ঈড়্ স্তুতি করা+অ(অল্)—র্ম্ম, কিম্বা ইল্ ক্ষেপণ করা+অ(অন্)—ক। ল=ড) বিং, ত্রিং, বধির, কালা, শ্রবণেন্দ্রিয়হীন। ২। সং, পুং, মেষ।

এড়ক (ইল্ গমন করা+অক(ণক)—ক, সংজ্ঞার্থে। ল=ড) সং, পুং—স্ত্রীং, মেষ, ভেড়া, মেড়া। ২। বন্যছাগ। কা—স্ত্রীং, মেষী, ভেড়ী। ২। বন্যছাগী।

এড়মূক (এড় বধির—মূক বোবা, দ্বং—স) বিং, ত্রিং, বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়রহিত, বোবা ও কালা। [পাওন।

এড়াওয়ন (দেশজ) সং, পলায়ন, রক্ষা-

এড়ুক, এড়ূক (ঈড়্ স্তব করা, নিক্ষেপ করা বা প্রেরণকরা+উক, ঊক—র্ম্ম। নিপাতন) সং, ক্লীং, অন্তর্ন্যস্তাস্থি কুড্য। শিং—১ "এড়ুকচিহ্না পৃথিবী ন দেবগৃহভূষিতাঃ।" ২। ভিত্তি। ৩। হিংসা। ৪। শ্মশানচৈত্য, সমাধিমন্দির, গোর; প্রবল কলিযুগে লোকে সকল দেবতা ত্যাগ করিয়া এই সমুদায়ের উপাসনা করিবে। শিং—১ "এড়ুকান্ পূজয়িষ্যন্তি বর্জ্জয়িষ্যন্তি দেবতাঃ।" ৫। (দেশজ) পরিত্যাগ করুক, নিক্ষেপ করুক; যথা—

"এড়ুক নিশিতবাণ যত আছে তূণে।"

এণ, এণক (ই গমনকরা+ণ—ক, সংজ্ঞার্থে, কণ্) সং, পুং, হরিণ, মৃগ, কালসার। শিং—১ "তস্যাস্তনপ্রণয়িভির্মুহুরেণ শাবৈঃ।" ণী—স্ত্রীং, হরিণী।

এণতিলক (এণ মৃগ—তিলক। মৃগ যাহার তিলকের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, মৃগাঙ্ক। [ক) সং, পুং, চন্দ্র।

এণভৃৎ (এণ—ভৃ ভরণ করা+০(ক্বিপ্)—

এণরিপু (এণ মৃগ—রিপু অরি, ৬ষ্ঠী—য) সং, পুং, সিংহ; যথা—

"এণরিপুবাহিনী এ একান্তেরে চাও।
একা আজি এখানে এখন কি এড়াও।"

এত (ই গমনকরা+ত(তন্)—ক) বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণযুক্ত, নানাবর্ণবিশিষ্ট। ২। সং, পুং, হরিণ, কালসার। তা—স্ত্রীং, হরিণী। ৩। (আ—ই গমনকরা+ত(ক্ত)—ক) আগত। ৪। (এতাবৎ শব্দজ) বিং, ইয়ৎসংখ্যক।

এতৎ (এতদ্, ই গমনকরা+তদ্—ক) সর্ব্বং, ত্রিং, ইহা, এই, ইনি, সম্মুখস্থ। শিং—১ "যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি। ২ এতে বয়মমী দারাঃ।" (কুমার)।

এতদীয় (এতদ্+ঈয়(ছিয়)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, এতৎসংক্রান্ত।

এতন (আ—ই গমন করা+তন—প্রং। সতত গমন হেতু) সং, পুং, নিঃশ্বাস।

এতলা (যাবনিক) সংবাদ দেওয়া, খবর দেওয়া, জানান।

এত্লানামা (যাবনিক) সং, ক্লীং, সংবাদপত্র।

এত্বার (যাবনিক) বিশ্বাস, প্রত্যয়।

এতর্হি (এতদ্+র্হি—কালার্থে। ৭মী স্থানে র্হি। দ্—লোপ) অং, এক্ষণে, এখন, অধুনা।

এতাদৃক্ (এতাদৃশ্, এতদ্—দৃশ্ [দৃশ্ দেখা +০ (ক্বিপ্)—ভা] দর্শন। যাহার এইরূপ দর্শন, ৬ষ্ঠী—হিং, অথবা দৃশ্ দেখা +০ ক্বিপ্—র্ম্ম) বিং, ত্রিং, এতাদৃশ, এই প্রকার।

এতাদৃশ (এতাদৃক্ দেখ, অ(টক্)—ভা, অথবা দৃশ্ দেখা+অ(টক্)—র্ম্ম) বিং, ত্রিং, এরূপ, ঈদৃশ, এবম্বিধ, এবম্ভূত। শিং—১ "অস্তি চৈতাদৃশং কর্ম্ম যেন পুরশতং ভবেৎ।"

এতাবতা (এতাবৎ+আ—প্রং) অং, ইহার দ্বারা, ইহা স্থির হওয়াতে; যথা—এতাবতা এই অবধারিত হইল।

এতাবান্ (এতাবৎ, এতদ্ + বৎ(বতু) — পরিমাণার্থে) বিং, ত্রিং, এতৎপরিমাণ, এত, এই মাত্র, ইহাই কেবল। শিং — ১ "তথাপি মন্যৈতাবান সংকল্পো মত্তয়া সহ সৌহৃদ্যমবশ্যং করণীয়ম্।"

এথা (এ এইশব্দজ — থা স্থানশব্দজ) অং, এখানে, এই স্থানে, অত্র।

এধঃ — ক্লীং } (এধস, এধ্ বৃদ্ধি পাওয়া
এধ — পুং } + অস, অ(অল্) — র্ম্ম। যাহার দ্বারা অগ্নি বৃদ্ধি পায়) সং, ইন্ধন, কাষ্ঠ, তৃণ। শিং — ১ "যথৈধঃ সমুত্থেন বহ্নিনা নাশমচ্ছতি। তথাকৃতাত্মা লোভেন সহজেন বিনশ্যতি।" ২ "অনলায় গুরুচন্দনৈধসে।" (রঘু)।

এধমান (এধ্ বৃদ্ধি পাওয়া + আন(শান) — র্ম্ম) বিং, ত্রিং, বর্দ্ধমান, যে বস্তু বৃদ্ধিপ্রাপ্ত হয়। শিং — ১ "জন্মৈশ্চর্য্যা শ্রুতৈ ভিরেধমানমদঃ পুমান্।"

এধিত (এধ দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত। "মধুগন্ধি সমেধিতমেধয়া।" ২। বিস্তারিত। ৩। প্রজ্বলিত।

এনঃ (এনস, ই গমন করা + অস — প্রং। ন — আগম। যাহার দ্বারা অধোগমন করে) সং, ক্লীং, পাপ। ২। অপরাধ। ৩। নিন্দা। শিং — ১ 'এনসাং প্রায়শ্চিত্তম্। ২ সর্ব্বৈনসামপধ্বংসিজপ্যম্।"

এমত (এ এই শব্দজ — মত প্রকার) বিং, এরূপ, এপ্রকার, এইরূপ।

এমারৎ (যাবনিক) অট্টালিকা, পাকাবাটী।

এয়ো (আয়তি শব্দজ কিং) স্ত্রীং, সধবা স্ত্রী; যথা—"এয়ো তুমি, তোমার কি সাজে এ বেশ।" (মেঘ)।
২ "এয়োগণ সঙ্গে করি প্রদীপ ধরিয়া।
লইল নিছনিডালা হুলাহুলি দিয়া।"

এরকা (ই গমন করা + রক্ — ক, আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, গ্রন্থিহীন তৃণবিশেষ, নলখাড়া। ২। শরগাছ; "একদা মদমত্ত যাদবগণ মুনিবর দুর্ব্বাসাকে দ্বারকাধামে সমাগত দেখিয়া মনে করিল, ব্রাহ্মণগণ ভণ্ড ও প্রতারক; অতএব ইহাদিগের পরীক্ষা করা অবশ্য কর্ত্তব্য। এইরূপ চিন্তা করিয়া তাহারা পরম সুন্দর শাম্বকে নারীবেশ ধারণ করাইয়া তাহার উদরে চেলখণ্ড দ্বারা কৃত্রিম গর্ভ নির্ম্মাণ পূর্ব্বক এই অভিপ্রায়ে দুর্ব্বাসার নিকট তাহাকে আনয়ন করিল যে, ঋষি উদরগর্ভে কি সন্তান হইবে বলিলেই তাহারা তাঁহাকে উপহাস করিবে; যাদবগণের এই দুষ্টাভিপ্রায় বিষময় ফল প্রসব করিল। দুর্ব্বাসা তপোবলে সমস্ত পরিজ্ঞাত হইয়া, সক্রোধে কহিলেন "মূঢ়গণ! ইহার গর্ভ হইতে তোমাদের কুলনাশন মুষল উৎপন্ন হইবে।" এই বলিয়া তিনি প্রস্থান করিলে, শাম্বের উদরজড়িত চেলখণ্ড হইতে মুষল নিপাতিত হইল, তদ্দর্শনে মহাভয় উপস্থিত হওয়াতে তাহারা সমুদ্রতীরে উহা ঘর্ষণ পূর্ব্বক অবশেষে অত্যল্প অংশ জলমধ্যে ক্ষেপণ করিল। ঐ মুষল ঘর্ষণে যে ফেণরাশি উৎপন্ন হইল তাহাতেই তীরভূমিতে এরকারাশি অর্থাৎ শরবন সঞ্জাত হয়। পরে যাদবগণ দৈববশে কালপ্রাপ্তি নিবন্ধন সুরাপানে মত্ত হইয়া সেই এরকারূপ অস্ত্র দ্বারা পরস্পর পরস্পরকে আঘাত করে, তাহাতেই তথায় যাদবগণের ক্ষয় হইয়াছিল। এইজন্য এস্থানে এরকা ব্রহ্মাণ্ডস্বরূপ বলিয়া বর্ণিত হইয়াছে।" ২। খড়ী। শিং — ১ "এরকাণাং তদা মুষ্টিং কোপাজ্জগ্রাহ কেশবঃ।" ২ "এরকারূপিভির্বজ্রৈর্নিজঘ্নুরিতরেতরং।"

এরঙ্গ; সং, পুং, মৎস্যবিশেষ, রাঙ্গাখাছ।

এরণ্ড (আ — ঈর্ গমন করা + অণ্ডচ্ — ক, সংজ্ঞার্থে। ক — যোগে এরণ্ডকও হয়) সং, পুং, ভেরেণ্ডা গাছ। শিং — ১ "নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে।" ২ "এরণ্ডভিণ্ডার্কনলৈঃ প্রভূতৈরপি সংচিতৈঃ। দারুকৃত্যং যথা নাস্তি তথৈবাজ্ঞৈঃ প্রয়োজনম্।"

এরণ্ডপত্রিকা; সং, স্ত্রীং, দন্তীবৃক্ষ।

এর্ব্বারু; সং, পুং, কর্কটীবিশেষ, ফুটী।

এলবালু; সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

এলবাস (যাবনিক) বস্ত্র, পোষাক, কাপড়।

এলা (ইল্ ক্ষেপণ করা + অ(অল্) — র্ম্ম।

যে মুখের দুর্গন্ধ নষ্ট করে) সং, স্ত্রীং, এলাইচ লতা ও ফল উভয়কে বুঝায়। শিং—১"এলালতালিঙ্গিত চন্দনাসু মলয়স্থলীষু)।" ২। পঞ্চদশাক্ষরযুক্ত অতিশর্করী নামক ছন্দোজাতির মধ্যে একবিধ। ইহার তৃতীয় পঞ্চম, চতুর্দশ ও পঞ্চদশ গুরু।

এলাক ; সং, পুং, মুনিবিশেষ।

এলাকা (যাবনিক) সংশ্রব ; যথা—তাঁহার সহিত আমার কোন্ এলাকা নাই। ২। দখল ; যথা—অমুক রাজার এই পর্য্যন্ত এলাকা। ৩। অধিকার ; যথা—এইস্থানটী অমুকের এলাকাভুক্ত।

এলাপত্র ; সং, পুং, প্রধানসর্পবিশেষ। ইনি কদ্রুগর্ভসম্ভূত কশ্যপনন্দন।

এলাপর্ণী (এলা—পর্ণ পাতা। যাহার এলার ন্যায় পত্র, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কাঁটা আমরুল। [এলাচ্।

এলীকা ; সং, স্ত্রীং, ছোট এলাইচ্, গুজ্‌রাটি

এলুক ; সং, ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ।

এলুয়া, এলো (দেশজ) বিং, অসংলগ্ন, শিথিল, আলগা। [২। চতুরতা।

এলেম্ (যাবনিক) বোধশক্তি, স্মরণশক্তি।

এলেমবাজ (যাবনিক) বুদ্ধিমান্, সুচতুর, কার্য্যদক্ষ।

এব (ই গমন করা+ব(বন্)—ক) অং, অবধারণ। ২। নিয়ম। ৩। পরিসংখ্যা। ৪। সাদৃশ্য। ৫। ব্যবচ্ছেদ। ৬। বাক্যপূরণ। ৭। নিশ্চয়। শিং—১ "ত্বমেব যন্তা নান্যোঽস্তি পৃথিব্যামপি। ২ পুনরেব। ৩ একমেব। ৪ যথা—তথৈব। ৫ যদেব—তেনৈব।"

এবং (এবম্, ই গমন করা+বম্—ক, কিম্বা এ [ইত্থং পদজ] এই প্রকার—বম্ বমন করা+০(ক্বিপ্)—ক। যে এই প্রকার বমন করে) অং, এইপ্রকার, এতাদৃশ। ২। স্বীকার, সম্মতি। ৩। সাদৃশ্য। ৪। সাম্য। ৫। নিশ্চয়। ৬। প্রশ্ন। শিং—১ "এবমেবৈতৎ। ২ এবমস্তু। ৩ এবং ভবতু। ৪ অহং হি নাভিজানামি ভবেদেবং ন বেতি চ।"

এবে ; অং, এই সময়ে ; পদ্যে—পাদপূরণার্থে (এবে) ব্যবহৃত হয় ; যথা—রক্ষণীজে বুঝি এবে, বিধুমুখি, আইলা কৈলাসধামে।"

এবম্ভূত (এবম্—ভূত যে হইয়াছে) বিং, ত্রিং, এবম্প্রকার, ঈদৃশ, এইরূপ।

এবম্বিধ (এবম্—বিধা প্রকার) বিং, ত্রিং, এবম্ভূত দেখ।

এবযাবন (এব—যাবা [যা ধাতুজ গমন করা +বন্ বনিপ্—ক]) বিং, ত্রিং, রক্ষক। ২। এইরূপগমনশীল। ৩। সং, পুং, বিষ্ণু।

এব্‌রা (যাবনিক) নামঞ্জুর, বাতিল ; যথা—অমুক সাক্ষী এব্‌রা করা হইয়াছে।

এবার (এ এইশব্দজ—বার সময় অং, এ সময়, এ যাত্রায়, এপালায়, এখন।

এষণ (আ—ইষ্ গমন করা, অন্বেষণ করা +অন(অনট্)—ক) সং, পুং, লোহময় বাণ। ২। ণা—ক্লীং, স্ত্রীং, (ইষ্+অনট্—ভাবে) অন্বেষণ। ৩। ইচ্ছা। ৪। স্বর্ণকারাদির নিক্তি। শিং—১ "হর্ষশোকভয়ৈষণার্ত্ত। ২ ভ্রাতুরেষণে।"

এষণী } (এষণ+ইক [ষ্কিক]—প্রং, ক—
এষণিকা } যোগে এষণিকা) সং, স্ত্রীং, স্বর্ণকারাদির নিক্তি। ২। অস্ত্রবিশেষ, বেল্‌কার।

এষণীয় (ইষ্ বা এষ ইচ্ছা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আশাস্য, বাঞ্ছনীয়। শিং—১"জাগপত্নীলৌকিকমেষণীয়ম্।"

এষিতা } (ইষ্ ইচ্ছা করা+তৃন্—ক)
এষ্টা } বিং, ত্রিং, ইচ্ছুক।

এষ্টব্য (এষণীয় দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনার বিষয়ীভূত; বাঞ্ছনীয়।

এস্‌রার (যাবনিক আধুনিক যন্ত্রবিশেষ, সেতার ও সারঙ্গীর মিশ্রণে প্রস্তুত হইয়াছে। ইহার খর্পর হইতে দণ্ড পর্য্যন্ত কাষ্ঠময়। খর্পরটী কতকাংশ সারঙ্গীর ন্যায়। ইহাতে সেতারার ন্যায় পাঁচটী প্রধান তন্ত্র ও তদ্ব্যতীত কতকগুলি পার্শ্বতন্ত্রিকা ব্যবহৃত হয়। ইহা দাঁড় করাইয়া ধনুঃ সংযোগে বাদিত হয়।

এহ (আ সম্পূর্ণ—ইহ্ চেষ্টা করা+অ (অল্)—ক) বিং ত্রিং, সম্যক্‌চেষ্টাবান্, চেষ্টাযুক্ত, উদ্যমশীল, উদ্যোগী। ২।

সং, পুং, ক্রোধ। ৩। (দেশজ) এই, এই ব্যক্তি বা এই বিষয়।

---

# ঐ

**ঐ**; দ্বাদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু; বোপদেব মতে—তালু। ২। সং, পুং, শিব। ৩। অং, আহ্বান, আমন্ত্রণ, স্মরণ। ৪। সম্বোধন। ৫। (অদস শব্দজ) কিঞ্চিৎ দূরস্থ দৃশ্য পদার্থ। যথা—
'ঐ শুন পুনঃ বাজে মজাইয়ে মনরে।''

ঐক (এক+অ(ষ্ণ)–স্বার্থে) বিং, ত্রিং, একার্থবোধক, একার্থপ্রতিপাদক। ২। একসম্বন্ধীয়।

ঐকতান (একতান+অ(ষ্ণ)–ভা) সং, ক্লীং, বাদ্যবিশেষ, ভিন্নজাতীয় অনেক গুলি যন্ত্র একত্র বাদিত হইলে ঐকতান বলে।

ঐকপত্য (একপতি+য(ষ্ণ্য)–ভাবার্থে) সং, ক্লীং, একাধিপত্য, একাধিকারিত্ব, সার্ব্বভৌমত্ব। শিং–১ "অপ্রতিদ্বন্দ্বতামৈকপত্যঞ্চ সর্ব্বদেহিনাং।"

ঐকপদিক (একপদ+ইক(ষ্ণিক)–ভবার্থে) বিং, ত্রিং, একবিভক্ত্যন্ত পদজাত।

ঐকপদ্য (একপদ+য(ষ্ণ্য)–ভাবার্থে) সং, ক্লীং, অনেক পদের একার্থবোধকত্ব সম্পাদন; কুম্ভ ঘট; সলিল জল ইত্যাদি।

ঐকমত্য (এক–মত অভিপ্রায়+য(ষ্ণ্য)–ভা) সং, ক্লীং, মতৈক্য, একমত, একবিধ অভিপ্রায়। ২। তুল্যসম্মতি। শিং–১ "গর্হিতানোঽন্যমতয়ো মন্ত্রিণো ব্রুবতে সদা। ন চৈকমত্যঃ শ্রেয়োঽস্তি মন্ত্রঃ যোঽধমউচ্যতে। ২ স্বর্গামিনস্তস্য তমৈকমত্যাৎ। (রঘু)। ৩ "ঐকমত্যং হি নো রাজন্! সর্ব্বেষামেব লক্ষয়ে।"

ঐকরাজ্য (একরাজ+য(ষ্ণ্য)–ভাবে) সং, ক্লীং, একাধিপত্য, চক্রবর্ত্তিত্ব।

ঐকলব্য (একলব্য+অ(ষ্ণ)–ভাবে) সং, পুং, একলব্যের ছাত্র।

ঐকবাক্য (একবাক্য+অ(ষ্ণ)–ভা) সং, ক্লীং, একবাক্যতা, একমত অবলম্বন।

ঐকশতিক (একশত+ইক(ষ্ণিক)–ভাবে) বিং, ত্রিং, যে একশত দ্রব্যের অধিকারী।

ঐকশ্রুত্য (এক–শ্রুতি, ৬ষ্ঠী–হিং। একশ্রুতি+য(ষ্ণ্য)–ভা) সং, ক্লীং, উদাত্ত অনুদাত্ত স্বরের সন্নিকর্ষ স্বরবিশেষ।

ঐকাগারিক (এক অসহায়–অগার গৃহ+ইক(ষ্ণিক)–প্রয়োজনার্থে) বিং, ত্রিং চোর। ২। লুণ্ঠকারক। ৩। দস্যু। ৪ একাগারবাসী। শিং–১ "কেনচিদৈকাগারিকেণ হস্তবতা।" (দশকুমার)।

ঐকাগ্র্য (একাগ্র+য(ষ্ণ্য)–ভা) সং, ক্লীং একাগ্রতা, একতানতা, এক বিষয়েই আসক্তি। শিং–১ "মনসশ্চেন্দ্রিয়াণাং চাপ্যৈকাগ্র্যম্।"

ঐকাত্ম্য (এক–আত্মা স্বরূপ=একাত্ম, ৬ষ্ঠী–হিং, + য(ষ্ণ্য)–ভাবার্থে) সং, ক্লীং, ঐক্য, একস্বরূপত্ব, একাত্তর। শিং–১ "একাত্ম্যগমনাৎ সদ্যঃ কলুষাদ্বিপ্রমুচ্যতে।" ২। পুং, অভেদ।

ঐকান্তিক (একান্ত+ইক(ষ্ণিক)–ভবার্থে) বিং, ত্রিং, নিশ্চিত। ২। প্রগাঢ়, গাঢ়। ৩। দৃঢ়। ৪। আত্যন্তিক। শিং–১ "কৃষ্ণসৈকান্তিকঃ সুহৃৎ।"

ঐকান্যিক (এক অন্য অধ্যয়নের বিপরীত ভাব+ইক(ষ্ণিক)–ইদমর্থে, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, যে ছাত্র একরূপ অধ্যয়ন করে, পরীক্ষাকালে বাক্যস্খলনপ্রযুক্ত অন্যপ্রকার বলে, কুপাঠক ছাত্র।

ঐকার্থ্য (একার্থ+য(ষ্ণ্য)–ভবার্থে) সং, ক্লীং, বিশিষ্ট একার্থের উপস্থাপন, একার্থীভাব। ২। এক প্রয়োজন। ৩। কার্য্যবিশেষে পণবন্ধনার্থ সন্ধি।

ঐকাহিক (এক–অহন্ দিন+ইক(ষ্ণিক)–ভবার্থে) বিং, ত্রিং, যাহা এক দিন অন্তর হয়। ২। একদিন-সম্বন্ধীয়। ৩। একদিন নিষ্পাদ্য। ৪। একদিন ব্যাপক (জ্বর)। ৫। এক দিন অন্তর এক দিন ব্যাপিয়া থাকে। শিং–১ "সমুদ্রস্যোত্তরে তীরে দ্বিপদো নাম বানরঃ। ঐকাহিকজ্বরং হন্তি তস্য নামানুকীর্ত্তনাৎ।"

ঐক্য (এক+য(ষ্ণ্য)–ভাবে) সং, ক্লীং, এ-

কতা, মিল, অবিরোধ, একীভাব । ২। একরূপতা। শিং—১"তেষাং দ্বয়ো র্দ্বয়োরৈক্যং বিচ্ছেদে ন কথঞ্চন।" (রঘু)।

ঐক্ষব (ইক্ষু আক+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, ইক্ষুসম্বন্ধীয়; গুড় চিনি প্রভৃতি।

ঐক্ষ্বাক (ইক্ষ্বাকু+অ(ষ্ণ)—অপত্যার্থে) বিং, ত্রিং, ইক্ষ্বাকুবংশজাত। ২। ইক্ষ্বাকুর অধিকৃত স্থান, ইক্ষ্বাকুর জনপদ।

ঐঙ্গুদ (ইঙ্গুদ তাপসতরু+অ(ষ্ণ)—ভবার্থে) সং, ক্লীং, ইঙ্গুদী বৃক্ষের ফল। এই ফলে তৈল জন্মে, যাহা ঋষিগণের ব্যবহার্য্য।

ঐচ্ছিক (ইচ্ছা+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, ইচ্ছাধীন, যাহা ইচ্ছা হয়ত করা যায়, যাহা কেবল ইচ্ছার উপর নির্ভর করে। ২। যেমন ইচ্ছা তদনুরূপ, ইচ্ছানুযায়ী। কী—স্ত্রীং, ইচ্ছানুযায়িনী।

ঐণ (এণ হরিণ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, কৃষ্ণমৃগসম্বন্ধীয়।

ঐণিক (এণ মৃগ+ইক (ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, মৃগহন্তা।

ঐণেয় (এণ কৃষ্ণমৃগ+এয়(ষ্ণেয়)—ইদমর্থে) বিং, ত্রিং, কৃষ্ণমৃগসম্বন্ধীয়, কৃষ্ণসারজাত (চর্ম্মাদি)। ২। রতিবন্ধবিশেষ।

ঐতরেয় (ইতর মুনিবিশেষ—এয় (ষ্ণেয়)—অপত্যার্থে। ইতর মুনিপ্রণীত বলিয়া ঐতরেয় নাম হইয়াছে) সং, ক্লীং, ঋগ্বেদের একখানি আরণ্যক, অষ্টাদশ অধ্যায়ও পাঁচ আরণ্যকে বিভক্ত। দ্বিতীয় আরণ্যকে সাত অধ্যায়। ঐতরেয় উপনিষদ্ ইহারই অংশ। ২। ঐতরেয় আরণ্যকের দ্বিতীয় ও তৃতীয় আরণ্যকের নাম বহ্বৃচ ব্রাহ্মণোপনিষদ্ বা ঐতরেয় উপনিষৎ। কাহারও কাহারও মতে দ্বিতীয় আরণ্যকের শেষ চারি অধ্যায়ের নাম ঐতরেয় উপনিষৎ। ৩। ঐতরেয় ব্রাহ্মণ ঋগ্বেদের একখানি ব্রাহ্মণ। ইহা আট পঞ্জিকায় বিভক্ত। প্রতি পঞ্জিকায় পাঁচ অধ্যায় এবং প্রতি অধ্যায়ে ন্যূনাধিক ৭ কাণ্ড আছে। সর্ব্বসমেত ২৮৫ কাণ্ড। ইহার কিয়দংশ পদ্য এবং ইহাতে নানাবিধ বিবরণ দৃষ্ট হয়।

ঐতিহাসিক (ইতিহাস+ইক (ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, ইতিহাসসংক্রান্ত। ২। ইতিহাসবেত্তা।

ঐতিহ্য (ইতিহ+য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, পরম্পরাগত উপদেশ বাক্য; যথা—বটবৃক্ষে ভূত আছে ইত্যাদি বাক্য। ২। প্রমাণবিশেষ। শিং—১"ঐতিহ্যমনুমানঞ্চ প্রত্যক্ষমপিচাগমম্। যে হি সম্যক্ পরীক্ষন্তে কুতস্তেষামবুদ্ধিতা।"

ঐন্দব (ইন্দু চন্দ্র+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং ত্রিং, চন্দ্রসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, মৃগশিরা নক্ষত্র। ৩। চান্দ্রায়ণ ব্রতবিশেষ। শিং—১ "কর্ত্তব্যমৈন্দবদ্বয়ং।" (স্মৃতি)। ৪। চান্দ্রমাস। শিং—১ "ঐন্দবস্তিথিভিস্তদ্বৎ সংক্রান্ত্যা সৌর উচ্যতে।"

ঐন্দ্র (ইন্দ্র+অ(ষ্ণ)—অপত্যার্থে, ইদমর্থে) সং, পুং, বালী। ২। জয়ন্ত। ৩। সুগ্রীব। অর্জ্জুন। ৪। পূর্ব্বদেশীয় জাতিবিশেষ। ৫। বিং,ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়। শিং—১ "ঐন্দ্রং পদং ভূমিগতোঽপিভূঙ্‌ক্তে।" ন্দ্রী—স্ত্রীং, ইন্দ্রাণী। ২। পূর্ব্বদিক্। ৩। শক্তিবিশেষ। শিং—১ "ঐন্দ্রীতমসুরেশ্বরং।" ৬। ক্লীং, জ্যেষ্ঠা নক্ষত্র। শিং—১ "ঐন্দ্রে গুরুঃ শশীচৈব প্রাজাপত্যে রবিস্তথা।"

ঐন্দ্রজালিক(ইন্দ্রজাল কুহক+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং,ত্রিং, যে ইন্দ্রজাল করে, কুহকী, প্রতিহারক, মায়াকারক, বাজীকর। ২। ইন্দ্রজাল-সংক্রান্ত।

ঐন্দ্রদ্যুম্ন (ইন্দ্রদ্যুম্ন+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, ইন্দ্রদ্যুম্ন রাজার উপাখ্যান। ২। বিং, ত্রিং, ইন্দ্রদ্যুম্নসম্বন্ধীয়।

ঐন্দ্রলুপ্তিক ইন্দ্রলুপ্ত+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, কেশঘ্নরোগবিশিষ্ট।

ঐন্দ্রবায়ব (ইন্দ্র+বায়ু=ইন্দ্রবায়ু, দ্বং—স+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং,ত্রিং, ইন্দ্র এবং বায়ু সম্বন্ধীয়। ২। ইন্দ্রবায়ুদেবতাক হবিরাদি।

ঐন্দ্রশর্ম্মি (ইন্দ্রশর্ম্মা+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, ইন্দ্রশর্ম্মা নামক রাজার পুত্র।

ঐন্দ্রি (ইন্দ্র+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, জয়ন্ত। ২। বালী। ৩। অর্জ্জুন। ৪। সুগ্রীব। ৫। কাক।

ঐন্দ্রিয়ক (ইন্দ্রিয় + কণ্ – স্বার্থে) বিং, ত্রিং, ইন্দ্রিয়সম্বন্ধীয়, প্রত্যক্ষ, ইন্দ্রিয়ের বিষয়। ২। সং, ক্লীং, প্রত্যক্ষাত্মক জ্ঞান। শিং – ১ "যথামনোরথঃ স্বপ্নঃ সর্ব্বমৈন্দ্রিয়কং মৃষা।"

ঐরাবণ (ইরাবৎ সমুদ্র, মেঘ + অ (ষ্ণ) – ইদমর্থে অথবা ইরা – বন + ষ্ণ) সং, পুং ইন্দ্রহস্তী, পূর্ব্বদিকের হাতী। ণী – স্ত্রীং, বিদ্যুৎ।

ঐরাবত (ইরাবৎ [ইরা জল + বৎ – অস্ত্যর্থে] সমুদ্র, মেঘ + অ (ষ্ণ) – ইদমর্থে। যে সমুদ্র হইতে জন্মিয়াছে) সং, পুং, ইন্দ্রহস্তী, পূর্ব্বদিকের হস্তী। শিং – ১ "প্রাবৃষেণ্যং পয়োবাহং বিদ্যুদৈরাবতামিব। ২ "ঐরাবতাস্ফালনবিশ্লথং হরিঃ।" (রঘু)। ২। নাগবিশেষ। ৩। (রক্তবর্ণ ফল বলিয়া যে বিদ্যুতের ন্যায়) নারাঙ্গা নেবু। ৪। ক্লীং, সরল ইন্দ্রধনুঃ। তী – স্ত্রীং, বিদ্যুৎ। ২। ঐরাবতের স্ত্রী। ৩। ঐরাবত অবস্থানস্থিত বীথিবিশেষ ইহাতে পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষা নক্ষত্র আছে। ৪। ঐরাবত নদী। ইহার আধুনিক নাম রাবি।

ঐরিণ (ইরিণ + অ (ষ্ণ) – ইদমর্থে) সং, ক্লীং, লবণবিশেষ, পাঙ্গালবণ।

ঐরেয় (ইরা [সুরা] অন্ন + এয় (ঢঞ) – ভবার্থে) সং, ক্লীং, অন্নভব মদ্য।

ঐল (ইলা বুধের স্ত্রী + অ (ষ্ণ) – অপত্যার্থে) সং, পুং, চন্দ্রবংশীয় পুরূরবাঃ রাজা।

ঐলবিল (ইলবিলা পুলস্তি ঋষির ভার্য্যা, কুবেরের পিতামহী + অ (ষ্ণ) – অপত্যার্থে, নপ্তাকেও অপত্য বলা যায়) সং, পুং, ইলবিলার পুত্র, কুবের।

ঐলাবৃতবর্ষ (ঐলাবৃত ইলাবৃতের অধিকৃত – বর্ষ | বৃৎ – স) সং, ক্লীং, বর্ষবিশেষ। ২। জম্বুদ্বীপের এক অংশ। ৩। জম্বুদ্বীপাধিপতি মহারাজ আগ্নীধ্রের নাভি, কিং পুরুষ, হরিবর্ষ, ইলাবৃত, রম্যক, হিরণ্ময়, কুরু, ভদ্রাশ্ব ও কেতুমাল নামক নয় পুত্র উৎপন্ন হয়। পরে তিনি জম্বুদ্বীপ নয় ভাগে বিভক্ত করিয়া ঐ নয় পুত্রকে প্রদান করেন, তাহাতে তাঁহাদিগের অধিকৃত প্রদেশ স্ব স্ব নামানুরূপ বর্ষ বলিয়া বিখ্যাত হয়, তদনুসারে জম্বুদ্বীপে নাভিবর্ষ, কিংপুরুষবর্ষ, হরিবর্ষ, ইলাবৃতবর্ষ, রম্যকবর্ষ, হিরণ্ময়বর্ষ, কুরুবর্ষ, ভদ্রাশ্ববর্ষ ও কেতুমালবর্ষ বিদ্যমান আছে। জম্বুদ্বীপান্তর্গত এই নববর্ষের মধ্যে ইলাবৃত বর্ষ জম্বুদ্বীপের মধ্যভাগে অবস্থিত।

ঐশ, ঐশিক, ঐশ্বর (ঈশ + অ (ষ্ণ), ইক (ষ্ণিক); ঈশ্বর + অ (ষ্ণ) – ইদমর্থে) বিং, ত্রিং, ঈশ-সম্বন্ধীয়।

ঐলেয় (এলা + এয় (ঢেয়) – ভবার্থে) সং, ক্লীং, এলাসম্ভূত গন্ধদ্রব্য।

ঐশানী (ঈশান শিব + অ (ষ্ণ) – ইদমর্থে) সং, স্ত্রীং, ঈশান কোণ। শিং – ১ "ঐশানী ক্রমতো রেখোত্তরাগ্রা দেবমণ্ডলে নৈঋতী ক্রমতো রেখা প্রাগগ্রা পিতৃমণ্ডলে।" (স্মৃতি)। ২। শক্তিবিশেষ। ৩। ঈশান পত্নী, পার্ব্বতী।

ঐশ্বর্য্য (ঈশ্বর + য (ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব। ২। ঈশ্বরত্ব। ৩। সম্পত্তি। ৪। অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা – এই অষ্টবিধ শক্তি। তথাহি – "অণিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা, ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামবসায়িতা।" শিং – ১ "মহাষ্টগুণমৈশ্বর্য্যং দত্তং ভগবতা পুরা। ঐশ্বর্য্যেণ বিহীনস্য।"

ঐষমঃ (ঐষমস্ [অস্মিন্ বর্ষে] ইদম্ এই + সমস্ – বর্ষার্থে) অং, এই বৎসরে।

ঐষীক (ইষীকা + অ (ষ্ণ) – ভবার্থে) বিং, ত্রিং, ইষিকাসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, মহাভারতের অন্তর্গত পর্ব্ববিশেষ।

ঐহিক (ইহ ইহকালে + ইক (ষ্ণিক) – ভবার্থে) বিং, ত্রিং, ইহকালোদ্ভব, এই কালের। ২। ইহলোকসম্বন্ধীয়। শিং – ১ "যথৈহিকামুষ্মিক কামলম্পটঃ।"

---

## ও

ও; ত্রয়োদশ স্বর বর্ণ। ২। সং, পুং, ব্রহ্মা। ৩। অং, সম্বোধন। ৪। অভিপ্রায়। ৫

স্মরণ। ৬। দয়া। ৭। (হিন্দীভাষায় 'এসমর্থ') এবং। ৮। (দেশজ) বিং পুরোবর্ত্তী, উনি।

ওআড় (আবর্ত্তন শব্দজ কি ?) সং, লেপ বালিস প্রভৃতির আবরণ বস্ত্র।

ওঁ (ওম্ শব্দ না লিখিয়া লিখনে ওঁ শব্দ প্রচলিত হইয়াছে) অং, প্রণব, ওঙ্কার, আদ্যবীজ। (ওম্ দেখ)।

ওঁকান (দেশজ) সং, চুল্লীতে অগ্নিপ্রদানপূর্ব্বক ফুৎকার দেওয়া।

ওঁচলা (দেশজ) সং, অবস্কর, জঞ্জাল।

ওঁছা (দেশজ) সং, উচ্ছিষ্ট। ২। ত্যক্ত, জঘন্য, হেয়।

ওক (উচ্ একত্রকরা+ক) ক) সং, পুং, পক্ষী। ২। বৃষল, শূদ্র। ৩। (+ক – ধি)। ৪। গৃহ। ৫। আশ্রয়। ৬। স্থান।

ওকঃ – স্ত্রীং } (ওকস, গ্রীকভাষায় = Oekos, উচ একত্রকরা
ওক – পুং } + অস – ধি) সং, স্থান। ২। আশ্রয়। ৩। গৃহ। শিং – ১ "ওকঃ সর্ব্বসত্ত্বানাং মহী।"

ওকড়া (দেশজ) সং, পাঁচন বিশেষ।

ওকণ – পুং }
ওকণি – পুং } সং, কেশকীট, উকুণ।
ওকণী – স্ত্রীং }

ওকালৎ (যাবনিক) উকীলের ব্যবসায় বা [কর্ম্ম।

ওকোদনী (ওকস আশ্রয় – অদনী [অদ্ ভক্ষণ করা + অনট – ক, ঈপ] যে ভক্ষণ করে) সং, স্ত্রীং, আশ্রয়-ভক্ষিণী, উকুণ।

ওগো (দেশজ) অং, সম্বোধনার্থ শব্দ।

ওঘ (উচ্ একত্র করা+অ(অল্) – র্ম্ম। চ = ঘ) সং,পুং,সমূহ। "স্ববার্য্যার্জিতমর্থৌঘমবাপ্য কুরুসত্তমঃ।" ২। স্রোত, জলবেগ, প্রবাহ। ৩। তরঙ্গ। শিং – ১ "ভঙ্গীভক্ত্যা বিরচিতবপুস্তম্ভিতান্তর্জলৌঘঃ।" (মেঘ)। ২ "পুনরোঘেন হি যুজ্যতে নদী।" (কুমার)। ৪। পরম্পরা। ৫। ( +অল্ – ধি, যাহাতে হস্তাদি জড়সড় করা যায়) দ্রুতনৃত্য, নৃত্যবিষয়ে দ্রুতগমন। ৬। (+অল্ – ভা) উপদেশ। শিং – ১ "তীব্রৌঘভক্তিমুদ্বহন্।"

ওঘরথ ; সং, পুং, রাজাবিশেষ। ২। ওঘবান্ ভূপতির পুত্র।

ওঙ্কার (ওম্ সম্মতিসূচক শব্দ – কার যে করে। যে আমাদের ইচ্ছানুযায়িকর্ম্ম করে। কিম্বা ওম + কার – স্বার্থে) সং, পুং, প্রণব, ওঁ, আদ্যবীজ।

ওজন (দেশজ) তুলাদণ্ডে পরিমাণ করা, তৌল করা, মাপা।

ওজর (যাবনিক) হেতু, ছল।

ওজস্ (উর্জ্ জীবিত হওয়া, বলিষ্ঠ হওয়া, তেজস্বী হওয়া কিম্বা ওজ্ বাঁচা+অস্ – ণ) সং, ক্লীং, তেজঃ। ২। বল। ৩। স্বর্ণ। ৪। কাব্যের প্রৌঢ়ত্বাদি গুণ, সমাসবহুল দীর্ঘপদযুক্ত বাক্য। ৫। ( +অস্ – ভাবে) দীপ্তি। ৬। শোভা। ৭। অবষ্টম্ভ। শিং – ১ "ওজশ্চিত্তস্য বিস্তাররূপং দীপ্তত্বমুচ্যতে। বীরবীভৎসরৌদ্রেষু ক্রমেণাধিক্যমস্য তু॥ ২ অন্যোন্যং তৌ সমাসাদ্য বিচকর্ষতুরোজসা।"

ওজস্বল (ওজস্+বল – অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান, ক্ষমতাশালী।

ওজস্বিতা (ওজস্বিন্+তা – ভা) সং, স্ত্রীং, বলশালিতা। ২। তেজস্বিতা।

ওজস্বী (ওজস্বিন্, ওজস্+বিন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, তেজস্বী। ২। বলবান্। ৩। দীপ্ত। ৪। ওজোগুণ-বিশিষ্ট। (স্ত্রীলিঙ্গে ওজস্বিনী)।

ওজিষ্ঠ (ওজস্বিন্+ইষ্ঠ – অত্যর্থে) বিং, ত্রিং, তেজীয়ান্,ওজোগুণবিশিষ্ট। ২। বলবান্। ৩। দীপ্ত।

ওজীয়স (ওজীয়স্ তেজ, বল+অ(ক) – ক) বিং, ত্রিং, ওজস্বী, তেজীয়ান্, বলশালী।

ওঝা (দেশজ) অহিতুণ্ডিক, বিষবৈদ্য, সাপুড়ে। ২। বৈদ্যনাথ-মন্দিরে পুরোহিত প্রধান। ৩। কুহকী,মায়াবী। ৪। বাজীকর। ৫। যাহারা ভূত নামায়।

ওড়পুষ্প ; সং, পুং, জবাফুল ; যথা—"ওড়পুষ্প ওষ্ঠ জিনি ওষ্ঠের ওজস।" (অন্নদা)।

ওড়ব—যে সকল রাগ পাঁচ সুরবিশিষ্ট অর্থাৎ পাঁচটী সুরে যে সকল রাগের মূর্ত্তি সম্যক্‌প্রকারে প্রকাশ পায়, তাহাদিগকে ওড়ব কহে।

ওডিকা } ( উড্ আলিঙ্গন করা + ক — ক,
ওড়ী } ঈপ্ — স্ত্রীং ) সং, স্ত্রীং, নীবার, উড়ীধান।

ওড (আ — উড্ আলিঙ্গনকরা + র (রক্) — ক, সংজ্ঞার্থে) সং, পুং, বহুং, উৎকলদেশ। শিং — ১ "ওড়দেশত্রেং সুপ্রসিদ্ধং পুরুষোত্তমসংজ্ঞকং।" ২। পুষ্পবৃক্ষবিশেষ। ৩। ক্লীং, জবাফুল।

ওডাখ্যা ; সং, স্ত্রীং, জবাপুষ্পের বৃক্ষ।

ওত (আ — বে বস্ত্রাদি বুনা + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, অন্তর্ব্যাপ্ত। ২। প্রোত। ৩। ক্লীং, বস্ত্রের দীর্ঘতন্তু, টানা।

ওতপ্রোত (ওত — প্রোত, দ্বং — স) বিং, ত্রিং, স্থানব্যাপ্ত, সকল স্থান ব্যাপিয়া থাকা। শিং — ১ "যদিদং সর্ব্বং পার্থিবং ধাতুজাত মপ্সু দকে ওতঞ্চ দীর্ঘপটতন্তবং প্রোতঞ্চ।"

ওতু ( অব্ গমন করা, রক্ষা করা + তুন — ক, সংজ্ঞার্থে) সং, পুং, বিড়াল মাজার। শিং — ১ "স্থূলোতু, স্থূলোতুঃ।"

ওথা (ও — থা স্থান শব্দজ) অং, ওখানে, কিঞ্চিৎ দূরবর্ত্তি স্থানে।

ওদন (উন্দ্ আর্দ্র হওয়া + অন — র্ম্ম) সং, পুং — ক্লীং, সিদ্ধতণ্ডুল, অন্ন, ভক্ত, ভাত। শিং — ১ "দধ্যোদন।" ২ "মাংসোদন।" ৩ "গুড়োদন।"

ওদনাহ্বা ; সং, স্ত্রীং, মহাসমঙ্গা, বেলিয়াড়া।

ওদনিকা ; সং, স্ত্রীং, বেলেড়া।

ওম্ (অব্ রক্ষাকরা + ম্ — ক, কিম্বা অ বিষ্ণু — উ শিব — ম্ ব্রহ্মা। সন্ধি দ্বারা ওম্) অং, প্রণব। ২। সকল মন্ত্রের আদ্যোচ্চার্য্য বর্ণ। ৩। স্বীকার। ৪। প্রশ্ন। ৫। রোষ। ৬। অনুমতি। ৭। আরম্ভ। ৮। অপাকরণ। ৯। সং, ক্লীং, ব্রহ্ম। ১০। মঙ্গল। ১১। অ উ ম্ অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রিবর্ণাত্মক বীজ। পরমেষ্ঠী আত্মসংযম করিলে পর, তাঁহার হৃদয়াকাশ হইতে শব্দ উৎপন্ন হইয়াছিল। * * * তাহার পর ত্রিমাত্রাবিশিষ্ট ওঁকার উৎপন্ন হইল। ইহার উৎপত্তি গূঢ়। ইহা হৃদয়ে স্বতঃ প্রকাশমান এবং পরমাত্মা ব্রহ্মের বোধক। ইহাদ্বারা বৃহতীশ্বর ব্যক্তীভূত হয়। হৃদয়াকাশে আত্মার নিকট হইতে ইহার উৎপত্তি। ইহা নিজের আশ্র ও সাক্ষাৎ ব্রহ্মবাচক। ইহা সর্ব্বমন্ত্র উপনিষৎ স্বরূপ। ইহাই বেদের সনাত বীজ। ইহার অকারাদি তিন বর্ণ হইয় ছিল। তদ্দ্বারা ভগবতের দ্বারা গুণ (সত্ত্ব, রজ ও তমঃ), নাম (ঋক্, যজুঃ ও সাম), অ (ভূঃ, ভুবঃ ও স্বঃ), এবং বৃত্তি (জাগ্র সুষুপ্তি ও স্বপ্ন) এই সমস্ত ত্রিসংখ্যা স যুক্ত পদার্থ ধৃত হইয়া থাকে। ব্র এই সকল হইতে অন্তঃস্থ, উষ্ম, স্বর, স্প হ্রস্ব ও দীর্ঘাদিরূপ অক্ষর সমষ্টি সৃজন কর লেন। অনন্তর তিনি ঋত্বিকগণের কার্যে উদ্দেশে এই অক্ষর সমষ্টি দ্বারা ব্যাহ এবং ওঁকারের সহিত চারিমুখে চারি সৃজন করিয়া, বেদোচ্চারণপটু পুত্র মর্ষি কে অধ্যাপন করিলেন। শিং — ১ " কারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ। ম বেদোচ্যতে ব্রহ্মা প্রণবেন ত্রয়ো মতা ১২। সামবেদের শব্দ অবয়বের প্রথম স্ব। ১৩। কাশীস্থ শিবলিঙ্গবিশে শিং — কারং প্রথমং লিঙ্গং দ্বিতী ... মিতি।" পূর্ব্বে কমলযোনি ব্র কাশীস্থ আনন্দকাননে সহস্রযুগ ক তপস্যা করিলে সেই স্থান ভেদ ক ঐ লিঙ্গের উদ্ভব হয়। ১৪। তার অং নিস্তার কারণ, ওঁকারের 'তার' এই ন হইবার তাৎপর্য্য এই যে উহা জপ করি মাত্র জীব অনায়াসে ভবসাগর পার হ "তারয়ে যদ্ভবাম্ভোধেঃ জপাসক্ত মানস

ওরফে (যাবনিক) প্রতিনিধি, মারফত।

ওরম্বা (দেশজ) বিং, লম্পট, যে কর্ত্তব্য ক না করিয়া এখানে সেখানে বেড়িয়া বেড়া

ওরসা (দেশজ) আর্দ্র, ভিজা।

ওল ( বল্ বৃদ্ধিপাওয়া + অ (অন্) — ক ( ভূমিতে বৃদ্ধি পায়) সং, ক্লীং, স্বনামপ্রসি মূল, শূরণ। ২। বিং, ত্রিং, আদ্র।

ওলন (দেশজ) সং, অবরোহণ, নামন। ২ রাজমিস্ত্রীর পরিমাণযন্ত্রবিশেষ।

ওলা (দেশজ) সং, নামা। ২। লড্ডুক বিশে (যাহা বর্দ্ধমানে সর্ব্বদা পাওয়া যায়)।

ওলাউঠা (ওলা নামা – উঠা বমন) সং, বিসূচিকারোগ. ভেদ বমন, নামাউঠা।

ওলো ( প্রাকৃতভাষায় উক্ত 'হলা' শব্দের অপভ্রংশ সং, স্ত্রীং, নারীগণের পরস্পরের প্রণয়সূচক সম্বোধন।

ওষ (উষ দাহকরা + অ(অল্) – ভা) সং,পুং, অগ্নি বা ক্ষারসংযোগে গাত্রদাহ, দহন।

ওষণ (ওষ দেখ, অন – ভা) সং, পুং, কটু রস, ঝাল। ২। বিং, বিং, দাহকারক।

ওষধি } (ওষ উষ্ণ – ধি [ধা ধারণ করা
ওষধী } + ই(কি – ধি] যে ধারণকরে) সং, স্ত্রীং, জ্যোতির্লতা, যে সকল লতা রাত্রিকালে জ্বলে। ২। ফলপাকান্ত বৃক্ষাদি, ফল পক্ক হইলে যে সকল তরু, লতা, তৃণ প্রভৃতি শুষ্ক হইয়া যায়, যেমন ধান্য কদলী ইত্যাদি; যথা—"রবি ক্ষেত্রভূত হইলে চন্দ্রমা আকাশ হইতে তেজ উদ্ধৃত করিয়া সলিল দ্বারা ওষধি উৎপাদন করিল।" শিং – ১ "ওষধ্যঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ।"

ওষধিগর্ভ ( ওষধি – গর্ভ উৎপত্তি। যাহা হইতে ওষধির উৎপত্তি হয়, ৫মী – হিং) সং, পুং, চন্দ্র। (চন্দ্রকিরণ সংযোগ ভিন্ন ওষধির উদ্ভব হয় না)। ২। সূর্য্য। (সূর্য্যের উত্তাপ ভিন্ন ওষধির পুষ্টি হয় না)।

ওষধিজ ( ওষধি – জন্ জন্মান + অ(ড) – ক। যাহা ওষধি হইতে জন্মায়, ৫মী – হিং) বিং, ত্রিং, ওষধিজাত। ২। সং, পুং, ঔষধ। ৩। ঔষধিজাত অগ্নি। শিং – ১ "জ্বলয়তৌষধিজেন বহ্নিনা।" (মাঘ)।

ওষধিপ্রস্থ; সং, পুং, – ক্লীং, হিমালয়পুর। সতীশোকে মহাদেব এখানে তপস্যা করেন। ব্রহ্মলোক হইতে গঙ্গা এইখানে পতিত হন। শিং – ১ "তৎ প্রযাতৌষধিপ্রস্থং স্থিতয়ে হিমবৎ পুরং।" ২ "ইতৌষধিপ্রস্থ বিলাসিনীনাম্।" (কুমার)।

ওষধীপতি, ওষধীশ (ওষধি – পতি, ঈশ, ৬ষ্ঠী – ষ। চন্দ্র ওষধির অধিষ্ঠাত্রী দেবতা) সং, পুং, ওষধিনাথ, চন্দ্র, চাঁদ। ২। কর্পূর। ৩। সং,স্ত্রীং, সোমলতা। শিং – ১ "পতিরোষধীনাম্।" ২ "নাথমিবৌষধীনাম্।" ৩ "অপমার্গমোষধিপতিঃস্ম করৈঃ।" (মাঘ)।

ওষ্ঠ (উষ দগ্ধহওয়া + ঠ(থন্) – র্ম্ম, সংজ্ঞার্থে। কটু অম্লাদি দ্বারা বা উষ্ণতা দ্বারা যে দগ্ধ হয়) সং,পুং, দন্তচ্ছদ, উপরের ঠোঁট। ২। পুং, দ্বিং, ওষ্ঠাধর শিং – ১ "বিম্বোষ্ঠ।" ২ "নিকৃত্তনাসৌষ্ঠী।" ৩ "সুরুচিরবিদ্রুম সংনিভাধরৌষ্ঠী।" ৪ "বিম্বোষ্ঠী চারুনেত্রা গজপতিগমনা দীর্ঘকেশী সুমধ্যা।" (মহা।)

ওষ্ঠকোপ ( ওষ্ঠ – কোপ, ৭মী – হিং ) সং, পুং, মুখ রোগবিশেষ।

ওষ্ঠপুষ্প ( ওষ্ঠ ওষ্ঠোপমান – পুষ্প, ৬ষ্ঠী – হিং) সং, পুং, বন্ধুক পুষ্পের বৃক্ষ।

ওষ্ঠাগতপ্রাণ (ওষ্ঠ – আগত – প্রাণ) বিং,বিং, যাহার প্রাণ ওষ্ঠ পর্য্যন্ত আগত হইয়াছে, যার প্রাণ প্রয়াণের উপক্রম হইয়াছে।

ওষ্ঠী (ওষ্ঠ + ০ (কিপ্) – ক, স্ত্রীং – ঈপ্) সং, স্ত্রীং, বিম্বফল, তেলাকুচা।

ওষ্ঠোপমফলা; সং, স্ত্রীং, বিম্বিকালতা, তেলাকুচা। [ওষ্ঠোচ্চার্য্য বর্ণ।

ওষ্ঠ্য ( ওষ্ঠ + য(ষ্ণ্য) – ইদমর্থে ) সং, পুং,

ওসার (দেশজ) বিং, প্রস্থ, চৌড়া, পরিসর।

ওহ (আ – বহ্ বহন করা + অ(ঘঞ্) – ভা) সং, পুং, সম্যক্ বহন। ২। (+ ঘঞ্ – ক) বিং, বিং, বাহক ৩। প্রাপক।

---

# ঔ

ঔ; চতুর্দ্দশ স্বরবর্ণ; ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু, ইহা দীর্ঘ প্লুত। ২। সং, স্ত্রীং, পৃথিবী। ৩। অং. আহ্বান। ৪। সম্বোধন। ৫। নিষেধ। ৬। বিরোধ। ৭। নির্ণয়। ৮। পুং, অনন্ত। ৯। শব্দ।

ঔঁ; স্ত্রীং, শূদ্রের জপ্যমন্ত্রবিশেষ। "চতুর্দ্দশস্বরো যোঽসৌ সেতুরৌকার সঞ্জিতঃ। সচানুস্বার নাদাভ্যাং শূদ্রাণাং সেতুরুচ্যতে।"

ঔকৃথ্য (উকৃথ গর্গমুনি + য(ষ্ণ্য) – অপত্যার্থে) সং,পুং, গর্গের পুত্র। ২। (+ ষ্ণ্য – ভাবার্থে) সামবেদের অংশ-বিশেষ; যথা —"এই যজ্ঞে ঔকৃথ্য ও সাম সুচারুরূপে গীত হইতেছে।"

ঔক্থিক (উক্থ + ইক(ঠক) — বিজ্ঞানার্থে। উক্থ নামক সামবেদের অঙ্গবিশেষ যাহার বিদিত আছে বিং, ত্রিং, উক্থজ্ঞ। ২। উক্থাধ্যায়ী।

ঔক্ষ } (উক্ষন্ বৃষ + অ(অণ্) — সমূহার্থে
ঔক্ষক } কণ্ যোগে ঔক্ষক) সং, ক্লীং, বৃষসমূহ। ২। বিং, ত্রিং, বৃষসম্বন্ধীয়।

ঔখ্য (উখা কড়া + য(ষ্যঞ্) — নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, স্থালীপক (অন্নাদি)।

ঔঘ (ওঘ + অ(অণ্) — সংজ্ঞার্থে) সং, পুং, জলসংঘাত, জলরাশি।

ঔচিতী — স্ত্রীং } (উচিত + য(ষ্যঞ্) — ভা
ঔচিত্য — ক্লীং } ঈ — স্ত্রীলিঙ্গে সং, উপযুক্ততা, কর্ত্তব্যতা। ২। ন্যায্যতা। শিং — ১ "এতা অপি যথৌচিত্যাৎ কমাদেব মধ্যমাঃ।"

ঔজসিক (ওজস + ইক(ঠক) — ইদমর্থে) বিং, ত্রিং, তেজস্বী, শূর, বলশালী।

ঔজস্য (ঔজসিক দেখ, য(ষ্যঞ্) — ভাবার্থে) সং, ক্লীং তেজস্বিত্ব, প্রখর ভাব, উগ্রতা। শিং — ১ "দৌর্গত্যাদৈ্য রনৌজস্যং দৈন্যং মলিনতাদিকং।"

ঔজ্জ্বল্য (উজ্জ্বল + য(ষ্যঞ্) — ভা) সং, ক্লীং, উজ্জ্বলতা, দীপ্তি।

ঔড়ব (ওড়ব + অ(অণ্) — ইদমর্থে) সং, পুং, পঞ্চস্বরযুক্ত রাগ রাগিণীর আলাপ।

ঔড়ুপিক (উড়ুপ ভেলা + ইক(ঠক) — ইদমর্থে) বিং, ত্রিং, উড়ুপসম্বন্ধীয়। ২। ভেলা দ্বারা যে নদী প্রভৃতি পার হয়।

ঔডুম্বর (উডুম্বর + অ(অণ্) — ভবার্থে) বিং, ত্রিং, উডুম্বর সম্বন্ধীয়, উডুম্বর কাষ্ঠনির্ম্মিত। ২। তাম্র বা রজতনির্ম্মিত। শিং — ১ "গৃহীত্বৌডুম্বরং পাত্রং।" ৩। সং, পুং, তাপসবিশেষ। শিং — ১ "বৈখানসা বালখিল্যৌডুম্বরাঃ ফেনপাবনে।" ৪। ক্লীং, তাম্র। ৫। মহাকুষ্ঠ-রোগবিশেষ। ৬। পিতৃপতি, চতুর্দ্দশ যমান্তর্গত যম। শিং — ১ "ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।" ৭। দেশবিশেষ; কচ্ছ দেশের প্রাচীন নাম ঔডুম্বর ছিল। স্ত্রীং — ঈপ্, উডুম্বর সম্বন্ধীয়া।

ঔডুলোমি (উডুলোমন্ + ই(ঞি) — অপত্যার্থে) সং, পুং — স্ত্রীং, উডুলোমার পুত্র বা কন্যা।

ঔড্র (ওড্র + অ(অণ্) — পালনার্থে) সং, পুং [ঔড্রদেশের রাজা।

ঔৎকণ্ঠ্য (উৎকণ্ঠা + য(ষ্যঞ্) — ইদমর্থে) সং, ক্লীং, উদ্বেগজন্য ক্লেশ। ২। চিত্তচাঞ্চল্য, মনের অস্থিরতা। শিং — ১ "ঔৎকণ্ঠ্যাৎ কলাঙ্কস্য হৃদ্যাসীন্মে শনৈর্হরিঃ।"

ঔৎকর্ষ্য (উৎকর্ষ + য(ষ্যঞ্) — ইদমর্থে) সং, ক্লীং, উন্নতি। ২। বৃদ্ধি। ৩। উৎকর্ষতা।

ঔত্তমি (উত্তম + ই(ঞি) — অপত্যার্থে) সং, পুং, উত্তমের পুত্র। শিং — ১ "ঔত্তমের মহারাজ দশপুত্রান্ নিবোধ তান।" ২। বিং, ত্রিং, উত্তমজাত। ৩। উত্তমসম্বন্ধীয়। ৪। মন্বন্তরবিশেষ।

ঔত্তরপথিক (উত্তরপথ + ইক(ঠক) — গমনার্থে) সং, পুং, যে উত্তরপথে গমন করে। ২। (তথা) ত্রিং, সং, পুং, উপাসকদিগের। ৩। বিং, ত্রিং, উত্তরপথগামী, যে উত্তর পথে।

ঔত্তরপদিক (উত্তরপদ + ইক(ঠক) — প্র?) বিং, ত্রিং, উত্তরপদ থাকে।

ঔত্তরেয় (উত্তরা + এয়(ঢক) — অপত্যার্থে) সং, পুং, অভিমন্যু হইতে উত্তরার গর্ভজাত রাজা পরীক্ষিৎ।

ঔত্তানপাদি (উত্তানপাদ + ই(ঞি) — অপত্যার্থে) সং, পুং, উত্তানপাদ পুত্র, ধ্রুব।

ঔৎপাতিক (উৎপাত + ইক(ঠক) — ইদমর্থে) বিং, ত্রিং, দৈবসম্বন্ধীয়, উৎপাতবিশিষ্ট, উপদ্রবান্বিত। ২। অশুভসূচক; যথা "ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ (অন্নদা)। শিং — ১ "ঔৎপাতিকং মেঘ ইবাশ্মবর্ষম্।" (রঘু)। ২ "ঔৎপাতিক মহাঘোরে তথা দুঃস্বপ্নদর্শনে।"

ঔৎসর্গিক (উৎসর্গ + ইক(ঠক) — ইদমর্থে) বিং, ত্রিং, প্রাকৃতিক, স্বাভাবিক। স্বভাবসংক্রান্ত।

ঔৎসুক্য (উৎসুক + য(ষ্যঞ্) — ভা) সং, ক্লীং, উৎসুকতা। ২। উৎকণ্ঠা। ৩। ব্যগ্রতা, আগ্রহ। শিং — ১ "মন্দৌৎসুক্যোঽস্মি নগরগমনং প্রতি।"

ঔদনিক (ওদন সিদ্ধতণ্ডুল+ইক(ষ্ণিক) —পাচকার্থে) বিং,ত্রিং, সূপকার, পাচক।

ঔদন্য; সং, পুং, যজুর্বেদীয় মুনিবিশেষ।

ঔদরিক (উদর+ইক(ষ্ণিক)—আসক্ত্যর্থে) বিং, ত্রিং, উদরম্ভরি, পেটুক।

ঔদশ্বিত } সং, ক্লীং, অৰ্দ্ধ জলযুক্ত ঔদশ্বিৎক } ঘোল।

ঔদার্য্য (উদার+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, উদারতা, মহত্ত্ব। ২। বদান্যতা। ৩। দাতৃত্ব। শিং—১ "দানংসপ্রিয়ভাষণমৌদার্য্যং শত্রুমিত্রয়োঃ সমতা।"

ঔদাসীন্য (উদাসীন+য(ষ্ণ্য)—ভা) সং,ক্লীং, উদাসীনতা। ২। উপেক্ষা। ৩। নিঃসম্পর্ক। শিং—১ "পর্য্যাপ্তোঽসি প্রজাঃ পাতুমৌদাসীন্যেন বৰ্ত্তিতুম্।" (রঘু)।

ঔদাস্য (উদাস+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, বৈরাগ্য। ২। অমনোযোগ। ৩। উপেক্ষা। শিং—১ "ঔদাস্যসংবিদবলম্বিতশূন্য মুদ্রামস্মিন্ দৃশোর্নিপতিতামবগম্য ভৈম্যাঃ।"

ঔদুম্বর (উদুম্বর+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, উদুম্বর-সম্বন্ধীয়।

ঔদ্দালক (উদ্দাল [উদ্ উচ্চ, বৃহৎ—দল্-ণিচ্=দালি ভেদকরান, ছিন্নভিন্ন করান, মাড়ান ইত্যাদি+অ(অন্—ক] +কণ্—যোগে) সং, ক্লীং, বল্মীককীটজ মধুবিশেষ। শিং—১ "প্রায়োবল্মীকমধ্যস্থাঃ কপিলাঃ স্বল্পকীটকাঃ। কুর্ব্বন্তি কপিলং স্বল্পং তৎ স্যা দৌদ্দালকং মধু।"

ঔদ্ধত্য (উদ্ধত+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, ধৃষ্টতা, প্রগল্‌ভতা, অনম্রতা, অশিষ্টতা।

ঔদ্ধারিক (উদ্ধার + ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, বিভাগকালে উদ্ধারার্থ দেয় বস্তু। শিং—১ "বিপ্রস্যোদ্ধারিকং দেয় মেকাংশশ্চ প্রধানতঃ।" (মনু)।

ঔদ্বাহিক (উদ্বাহ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, উদ্বাহকালে লব্ধ, যৌতুক। ২। বিবাহকালে কৃত, বিবাহসম্বন্ধীয়। ১ "মৈত্র মৌদ্বাহিকঞ্চৈব দায়াদানাং ন তদ্ভবেৎ।"

ঔদ্ভিদ } (উদ্ভিদ, উদ্ভিজ্জ+অ(ষ্ণ)—ইদ- ঔদ্ভিজ্জ } মর্থে) বিং,ত্রিং, উদ্ভিদ-সংক্রান্ত। ২। ক্লীং, পাংশুলবণ। ৩। সৈন্ধব লবণ।

ঔধস্য (উধস+য(ষ্ণ্য)—ইদমর্থে) সং, ক্লীং, পশুর স্তন্যদুগ্ধ। শিং—১ "ঔধস্যমিচ্ছামি তবোপভোক্তুম্।" (রঘু)।

ঔন্নত্য (উন্নত+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, উচ্চতা, উন্নতি।

ঔপকূলিক (উপকূল+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, উপকূল-সম্বন্ধীয়।

ঔপকর্ণিক (উপকর্ণ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, কর্ণান্ত বিশ্রান্ত। শিং—১ "ঔপকর্ণিকলোচনঃ।" (ভট্টি)।

ঔপগব (উপ উপগত—গো, ৬ষ্ঠী—হিং, উপগু গোপ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, উপগুগোত্রজ সমূহ। ২। গোপালক পুত্র।

ঔপচারিক (উপচার+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, উপচার-সম্বন্ধীয়। ২। সং, পুং, উপচার।

ঔপচ্ছন্দসিক (উপ-ছন্দস+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, ছন্দোবিশেষ। শিং—১ "আত্মবানং মুরারিকান্তাকৌপচ্ছন্দসিকং কদা বিনোদং।"

ঔপজানুক (উপ জানু, ব্যং—স। জানু সমীপে, কণ্—যোগে) বিং, ত্রিং, জানুপর্য্যন্ত ব্যাপক। ২। আজানুলম্বিত। শিং—১ "পাণী মনোপজানুকৌ।" (ভট্টি)।

ঔপদেশিক উপদেশ+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং,ত্রিং, উপদেশোপজীবী। ২। উপদেশদ্বারা প্রাপ্ত।

ঔপনায়নিক (উপনয়ন+ইক(ষ্ণিক)—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, উপনয়নপ্রয়োজক। ২। উপনয়ন-সম্বন্ধীয়। শিং—১ "এষ প্রোক্তো দ্বিজাতীনামৌপনায়নিকো বিধিঃ।

ঔপনিধিক (উপনিধি+ক—যোগে) সং, ক্লীং, ভোগার্থ প্রীতিপূর্ব্বক অর্পিতদ্রব্য। শিং —১ "দ্রব্যংতদৌপনিধিকং প্রতিদেয়ং তথৈব তৎ।"

ঔপনিবেশিক (উপনিবেশ + ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, উপনিবেশসম্বন্ধীয়।

ঔপনিষদ (উপনিষদ্+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, উপনিষৎসংক্রান্ত। ২। উপনিষৎশাস্ত্র নির্ণীত।

ঔপনীবিক (উপ – নীবি + ইক ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, নীবিসমীপে স্থিত। শিং – ১ "ঔপনীবিকমরুন্ধ কিল স্ত্রীবল্লভস্য করমাত্মকরাভ্যাং।" (মাঘ)।

ঔপপক্ষ্য (উপপক্ষ বাহুমূল + য(ষ্ণ্য) – ইদমর্থে) বিং, ত্রিং, বাহুমূল সম্বন্ধীয়।

ঔপপত্তিক (Theoretical, উপপত্তি – ইক (ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, নিয়ম, সিদ্ধান্ত, বা গ্রন্থ দ্বারা যাহা প্রতিপন্ন হয়।

ঔপমিক (উপমা + ইক ষ্ণিক) – নির্দ্দেশার্থে) বিং, ত্রিং, উপমাদ্বারা নির্দ্দিষ্ট।

ঔপম্য (উপমা + য(ষ্ণ্য) – স্বার্থে) সং, ক্লীং, সাদৃশ্য, তুল্যতা। শিং – ১ "আত্মৌপম্যেন ভূতানাং দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥"

ঔপয়িক (উপায় + ইক(ষ্ণিক) – ইদমর্থে বিং, ত্রিং, উপায়লব্ধ। ২। ন্যায্য, উপযুক্ত। ৩। উপযোগী। ৪। সং, ক্লীং, উপায়। ৫। যুক্তি। শিং – ১ 'যদত্রৌপয়িকং কার্য্যং তচ্চিন্তয়িতুমর্হসি।" (ভারত)। ২ "শিবমৌপয়িকং গরীয়সীম্।" (কিরাত)।

ঔপরোধিক (উপরোধ + ইক ষ্ণিক) – ভবার্থে) সং, পুং, পীলুদণ্ড। ২ বিং, ত্রিং, উপরোধ-সম্বন্ধীয়।

ঔপল (উপল + অ ষ্ণ) – ভবার্থে) বিং, ত্রিং, উপলময়, উপলনির্ম্মিত। ২। প্রস্তরসম্বন্ধীয়। শিং – ১ "যথাপ্লবেনৌপলেন নিমজ্জত্যুদকে তরন্।" (মনু)।

ঔপসর্গিক (উপসর্গ উপদ্রব + ইক(ষ্ণিক) – ইদমর্থে) সং, পুং, সন্নিপাত রোগবিশেষ। "ঔপসর্গিক এবান্য সান্নিপাত উদাহৃতঃ।" ২। বিং, ত্রিং, উপসর্গ-সম্বন্ধীয়।

ঔপাধিক (উপাধি + ইক ষ্ণিক) – ইদমর্থে) বিং, ত্রিং, উপাধিসম্বন্ধীয়। ২। বৈশেষিক। ৩। অস্থায়ী; যথা—"পরমাত্মা জলচন্দ্রের ন্যায় কেবল অজ্ঞান প্রভাবে স্থূল ও সূক্ষ্ম শরীরদ্বয়সংযোগে জীব বলিয়া খ্যাত হন, ঔপাধিক ভেদ দ্বারা মহাত্মার কিছুমাত্র হানি হয় না।"

ঔপাধ্যায়ক (উপাধ্যায় + কণ্ – ইদমর্থে) বিং, ত্রিং, উপাধ্যায়-সম্বন্ধীয়। ২। উপাধ্যায় হইতে লব্ধ।

ঔপায়িক (উপায় + ইক(ষ্ণিক) – ইদমর্থে) বিং, ত্রিং, উপায়সাধ্য।

ঔপাসন (উপাসনা + অ ষ্ণ) – ইদমর্থে বিং, ত্রিং, উপাসনা-সংক্রান্ত। ২। উপাসনাকালীন। [বিং, ত্রিং, উপাস্তি-সম্বন্ধীয়।

ঔপাস্তিক (উপাস্তি + ইক ষ্ণিক) – ইদমর্থে)

ঔমীন (উমা মসিনা + ঈন – তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, উমা-ক্ষেত্র, মসিনার ক্ষেত।

ঔরগ (উরগ + অ ষ্ণ) – ইদমর্থে বিং, ত্রিং, উরগসম্বন্ধীয়, সর্পসংক্রান্ত। ২। সং, ক্লীং, (সর্প অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া) অশ্লেষা নক্ষত্র।

ঔরভ্র (উরভ্র মেষ + অ ষ্ণ – ইদমর্থে) সং, ক্লীং, কম্বল, ঊর্ণানির্ম্মিত আসন, তুলিচা, গালিচা। ২। মেষসমূহ। ৩। মেষমাংস। ৪। পুং, ধন্বন্তরির প্রতি প্রশ্নকারক ঋষিবিশেষ। ৫। বিং, ত্রিং, মেষ সংক্রান্ত।

ঔরভ্রক (উরভ্র + কণ্ – সমূহার্থে) সং, পুং, মেষসমূহ।

ঔরস } (উরস শ্রেষ্ঠ + অ ষ্ণ), য(ষ্ণ্য) –
ঔরস্য } প্রং। দ্বাদশ পুত্রমধ্যে শ্রেষ্ঠ। বিং, ত্রিং, ধর্ম্মপত্নীজাত স্বয়মুৎপাদিত সন্তান। শিং – ১ "স্বে ক্ষেত্রে সংস্কৃতায়াং তু স্বয়মুৎপাদয়েদ্ধি যম্। তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্রথমকল্পিতম্।" ২ "ঔরসো ধর্ম্মপত্নীজঃ।"

ঔর্দ্ধদেহিক } (ঊর্দ্ধ – দেহ শরীর + ইক
ঔর্দ্ধদৈহিক } (ষ্ণিক) – ইদমর্থে) সং, ক্লীং, দেহ ধ্বংসের পর ক্রিয়মাণ দাহ তর্পণাদি কর্ম্ম, অন্ত্যেষ্টি, প্রেতকৃত্য, অগ্নিসংস্কারাদি। শিং – ১ "কুরুষ্বাস্যৌর্দ্ধদেহিকম্।" ২। বিং, ত্রিং, অন্ত্যেষ্টি সম্বন্ধীয়।

ঔর্ব (উর্ব + অ ষ্ণ) – ইদমর্থে উর্ব নামক এক মুনির উরুদেশ হইতে এক তেজ উৎপন্ন হয়, সেই তেজ সমুদ্র গ্রহণ করে। অথবা মহাভারতে – ভৃগুনন্দন ঔর্ব [ইনি এক ব্রাহ্মণীর উরু হইতে হইয়াছিলেন] বরুণনিলয়স্বরূপ মহাসাগরে ইহার ক্রোধানল পরিত্যাগ করিলেন। সেই অনল সমুদ্র জল ভক্ষণ করিতে লাগিল, এই নিমিত্ত ঐ অগ্নির নাম ঔর্ব হইল) সং, পুং, বাড়

বানল, সমুদ্রীয় বহ্নি। ২। ঊর্ব মুনির ঊরুসম্ভূত পুত্র; ইঁহার পিতা ইঁহাকে অগ্নিময়ী মায়া স্বরূপ সৃষ্টি করিয়াছিলেন। সেই মায়াপ্রভাবে হিরণ্যকশিপু দেবগণেরও দুরাসদ হইয়াছিল। ব্রহ্মবৈবর্তে লিখিত আছে—ইনি ব্রহ্মার ঊরু হইতে উৎপন্ন। ইঁহার এক কন্যা ছিলেন, তাঁহার নাম কন্দলী। তিনি ইঁহার জ্ঞানদুহিতা। ইনি দুর্ব্বাসার হস্তে তাঁহাকে সমর্পণ করিয়াছিলেন। ৩। (ঊর্ব্বী + অ(ষ্ণ) – প্রং) পাংশু লবণ। শিং – ১ "অদ্যাপি ননং-হরকোপবহ্নি স্ফুরি জলত্যৌর্ব্ব ইবাম্বুরাশৌ।" ৪। পার্থিব।

ঔর্ব্বশেয় (ঊর্ব্বশী + এয়(ষ্ণেয়) – অপত্যার্থে) সং, পুং, ঊর্ব্বশী-পুত্র। ২। অগস্ত্য।

ঔর্ব্ব ( ঊর্ব্ব + য(ষ্ণ্য) – প্রং) সং, পুং, মুনিবিশেষ।

ঔলুক } (উলুক + অ(ষ্ণ) – সমূহার্থে) সং,
ঔলূক } ক্লীং, পেঁচকসমূহ, পেঁচার ঝাঁক।

ঔলূক্য ( উলূক পেচক + য(ষ্ণ্য) – সাদৃশ্যার্থে) সং, ক্লীং, উলূক-প্রণীত, বৈশেষিক দর্শন। ২। পুং, বৈশেষিকদর্শন-প্রণেতা।

ঔশনস (উশনস্ + অ(ষ্ণ) – প্রং) সং, ক্লীং, শুক্রাচার্য্য প্রণীত উপপুরাণ। ২। দণ্ডপ্রণয়ণরূপ শাস্ত্র। ৩। ধর্ম্মশাস্ত্র। ৪। বিং, ত্রিং, উশনসসম্বন্ধীয়; যথা—ঔশনসব্যূহ।

ঔশীর } (উশীর + অ(ষ্ণ) – ভবার্থে) সং,
ঔষীর } পুং, চামরদণ্ড। ২। ক্লীং, উশীরময় শয়নাসন, শয়ন চৌকী, কেদারা। ৩। বিং, ত্রিং, উশীর-সংক্রান্ত।

ঔষধ ( ওষধি + অ(ষ্ণ) – ভবার্থে) সং, ক্লীং, রোগনাশক বস্তু, ভেষজ। শিং – ১ "শ্রূয়তে হি পুরালোকে বিষস্য বিষমৌষধম্।" ২। ওষধি।

ঔষধাজীব ( ঔষধ + আজীব, ৬ষ্ঠী – তৎ ) বিং, ত্রিং, ঔষধ বিক্রয় দ্বারা যার জীবিকা নির্ব্বাহ হয়, ঔষধব্যবসায়ী।

ঔষধালয় (ঔষধ + আলয় গৃহ, ৬ষ্ঠী – তৎ) সং, পুং, যেখানে ঔষধ থাকে, ডাক্তারখানা।

ঔষর (ঊষর + অ(ষ্ণ) – ইদমর্থে) সং, ক্লীং, পাংশুলবণ। ২। বিং, ত্রিং, ঊষরভূমিজাত।

ঔষস (উষস + অ(ষ্ণ) – ইদমর্থে) বিং, ত্রিং, ঊষাসংক্রান্ত।

ঔষ্ট্র (উষ্ট্র + অ(ষ্ণ) – ইদমর্থে) বিং, ত্রিং, উষ্ট্র-সম্বন্ধীয়। [উষ্ট্র-সমূহ।

ঔষ্ট্রক (উষ্ট্র উট + কণ্ – সমূহার্থে) সং, ক্লীং,

ঔষ্ট্ররথ (উষ্ট্ররথ + অ(ষ্ণ) ইদমর্থে) বিং, ত্রিং, উষ্ট্রবাহ্য রথ-সম্বন্ধীয়।

ঔষ্ঠ্য (ওষ্ঠ + য(ষ্ণ্য) – ভবার্থে) বিং, ত্রিং, ওষ্ঠোচ্চার্য্য বর্ণ।

ঔষ্ণ, ঔষ্ণ্য (উষ্ণ + অ(ষ্ণ), য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, উষ্ণতা, সন্তাপ, উত্তাপ।

ঔষ্ণীষিক (উষ্ণীষ + ক(কণ্) – শোভার্থে) বিং, ত্রিং, উষ্ণীষধারী। ২। সং, পুং, রাজা।

ঔষ্ম, ঔষ্ম্য (উষ্মন্ + অ(ষ্ণ), য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, উষ্মতা, উষ্ণতা। শিং – ১ "পূর্ব্বরাজনিয়োগৌষ্ম্যাৎ কৃষ্ণস্য জগতো হৃতম্।"

---

# ক

**ক**; প্রথম হলবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ এইজন্য ইহাকে কণ্ঠ্যবর্ণ বলে। বর্ণোদ্ধার তন্ত্রে লিখিত আছে এই বর্ণের বাম রেখা ব্রহ্মা, দক্ষিণরেখা বিষ্ণু ও অধোরেখা রুদ্র; মাত্রা সাক্ষাৎ সরস্বতী; কুণ্ডলী অঙ্কুশাকারা, ও মধ্যস্থলের শূন্যস্থান সদাশিব। (কৈ শব্দকরা বা কচ দীপ্তি পাওয়া+অ(ড)- ক, সংজ্ঞার্থে) সং, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। রুদ্র। ৪। বায়ু। ৫। যম। ৬। সূর্য্য। ৭। আত্মা। ৮। রাজা। ৯। অগ্নি। ১০। দক্ষ। ১১। পক্ষী। ১২। কন্দর্প। ১৩। কাল। ১৪। দীপ্তি। ১৫। রোগ। ১৬। ময়ূর। ১৭। শরীর। ১৮। শব্দ। ১৯। কেশ। ২০। ক্লীং, মস্তক। ২১। জল। ২২। সুখ। ২৩। মন। ২৪। ধন।

**কই** (কবয়ী শব্দজ) সং, স্বনামে প্রসিদ্ধ মৎস্য। ২। বিস্ময়সূচক শব্দ। ৩। কোথায়।

**কইলা** (দেশজ) সং, বৎস, বাছুর।

**কএক** (দেশজ) বিং, কতিপয়, কিয়ৎ। ২। কিঞ্চিৎ।

কএদ (দেশজ) সং, অবরোধ, বন্ধ, আটক। দী—বিং, অবরুদ্ধ, আটকান।

কংবুল, কবুল (এই শব্দটী অষ্টম যোগে আছে) সং, ক্লীং, স্বীকার।

কংশ } (কম্ বাঞ্ছা করা+শ, স—ক, কংস } সংজ্ঞার্থে) সং, পুং, কংসাসুর, মথুরা দেশের স্বনামপ্রসিদ্ধ রাজা, উগ্রসেন পুত্র। ২। (+স—স্ম) পুং—ক্লীং, তৈজস দ্রব্য, স্বর্ণ রজতাদিনির্ম্মিত পানপাত্র। ৩। তাম্র রঙ্গ মিশ্রিত ধাতু, কাঁসা। ৪। তৈজস-দ্রব্য পরিমাণ পাত্রবিশেষ। ৫। পরিমাণ পাত্রবিশেষ, আঢ়ক। শিং—১ "ঔদুম্বরে কংশে চমসে বা কস্য ভুমিতি সন্তাহং ত্বরোক্তো মত্তকাশিনি। কংস স্বস্যাদ্রিপু ধ্বংসী তব পুত্রো ভবিষ্যতি।"

কংসক (কংস+কণ্—তুল্যার্থে। যাহা শ্বেত-বর্ণ সদৃশ, অথবা কংস—ক জল। কংসের ন্যায় জল যাহা হইতে, ৫মী—হিং) সং, ক্লীং, হীরাকস।

কংসকার (কংস—কার [কৃ করা+অ(ঘণ)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, বর্ণ-শঙ্কর জাতিবিশেষ, কাংস্যবণিক্, কাঁসারি। শিং—১ "বৈশ্যায়াংব্রাহ্মণাজ্জাতো অম্বষ্ঠোগান্ধিকো বণিক্। কংসকারশঙ্খকারৌ ব্রাহ্মণাৎ সংবভূবতুঃ।" ২ "বিশ্বকর্ম্মা চ শূদ্রায়াং বীর্য্যাধানং চকার সঃ। ততো বভূবুঃ পুত্রাশ্চ ষড়েতে শিল্পকারিণঃ। মালাকারঃ কর্ম্মকারঃ শঙ্খকারঃ কুবিন্দকঃ। কুম্ভকারঃ কংসকারঃ ষড়েতে শিল্পিনো নরাঃ।"

কংসকৃষ্ } (কংসহন্, কংস—কৃষ [কৃষ্ কংসহা } কর্ষণ করা+০(ক্বিপ)—ক] যে কর্ষণ করে—হা [হন্ বধকরা+০(ক্বিপ)—ক] যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু কৃষ্ণ।

কংসজিৎ (কংস—জিৎ [জি জয় করা+০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

কংসাবতী; সং, স্ত্রীং, উগ্রসেনকন্যা, দেবশ্রবার পত্নী।

কংসারি, কংসারাতি (কংস—অরি, অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কংশের শত্রু, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

ককান (দেশজ) সং, কাতর্য্যকরণ। ২। অতিশয় রোদন।

ককানি (দেশজ) সং, কাতর্য্য। ২। রোদন শব্দ বিশেষ।

ককুঞ্জল; সং, পুং—স্ত্রীং, চাতক পক্ষী।

ককুৎস্থ (ককুদ্ রাজচিহ্ন—স্থ যে থাকে, ৭মী—ষ কিম্বা ৭মী—হিং। কেহ বলেন—ককুদ্ ষাঁড়ের ঝুঁটি—স্থ যে থাকে। বৃষরূপ ইন্দ্রের ককুদে যিনি [দৌলিপ] স্থিতি করিয়াছিলেন, ৭মী—ষ) সং, পুং, সূর্য্যবংশীয়নৃপবিশেষ; রামায়ণে বর্ণিত আছে—ইনি ভগীরথেরপুত্র রঘুরাজা; কিন্তু ভাগবতে—ইহার পিতারনাম রিপুঞ্জয়। ঐ রিপুঞ্জয়ের আর একটি নাম শশাদ। ত্রেতাযুগে যখন তিনি অযোধ্যায় রাজ্য করেন, তৎকালে দেবাসুরের তুমুল সংগ্রাম হয়। তাহাতে দেবগণ ভীত হইয়া বিষ্ণুর শরণাপন্ন হইলে তিনি ঐ রাজার সাহায্য গ্রহণের আজ্ঞা করেন; পরে দেবগণ ঐ রাজার শরণ গ্রহণ করিয়া তৎসমীপে সমস্ত জ্ঞাপন করাতে ঐ ভূপতি মহা বৃষরূপী ইন্দ্রের ককুদে আরোহণ করিয়া সেই সংগ্রামে গমন ও জয়লাভ পূর্ব্বক দেবগণের প্রীতি উৎপাদন করিয়াছিলেন। তদবধি ইনি ককুৎস্থ নামে বিখ্যাত হন। শিং—১ "ইক্ষ্বাকুবংশ্যঃ ককুদং নৃপাণাং ককুৎস্থ ইত্যাহিতলক্ষণোহভূৎ।"

ককুদ্—স্ত্রীং } (ক সুখ—কু শব্দকরা ককুদ—পুং-ক্লীং } +দ্ দ—সংজ্ঞার্থে অথবা দা দান করা+০(ক্বিপ্)—ক। ২য় পক্ষে—অ(ড)—ক) সং, বৃষের স্কন্ধের ঝুঁটি ২। ছত্র চামরাদি রাজচিহ্ন। ৩। পর্ব্বত-শৃঙ্গ। ৪। বিং, শ্রেষ্ঠ। শিং—১ "স হি সংখ্যে মহাবাহুঃ ককুদং সর্ব্বরক্ষসাম্।"

ককুদাঙ্ক (ককুদ রাজচিহ্ন—অঙ্ক [ব্যাপ্য ধারণ করা+অ অন্—ক) বিং, ত্রিং, রাজচিহ্নধারী।

ককুদ্মতী (ককুদ্মৎ+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, কটিদেশ।

ককুদ্মান্ (ককুদ্মৎ, ককুদ্+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, মত্তবৃষ, ষাঁড়। শিং—১ "দৃপ্তঃ ককুদ্মানিব চিত্রকূটঃ।" (রঘু)। ২। গিরি, অচল, পর্ব্বত।

ককুদ্মিসুতা (ককুদ্মি—সুতা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রেবতী, বলদেব-ভার্য্যা।

ককুদ্মী (ককুদ্মিন, ককুদ্+মিন্—প্রং) সং, পুং, বৃষ। ২। পর্ব্বত। ৩। নৃপবিশেষ, রেবতী-পিতা। শিং—১ "রেবস্য রৈবতঃ পুত্রঃ ককুদ্মী নাম ধার্ম্মিকঃ।"

ককুন্দর (ক [দেহ] পৃষ্ঠদেশ—কু নিতম্বস্থ ভূমি—দৃ বিদীর্ণ হওয়া+অ(খ)—ক) সং, ক্লীং, দ্বিং, পৃষ্ঠদেশের অধঃস্থিত আবর্ত্তবৎ গর্ত্তদ্বয়, নিতম্বস্থ আবর্ত্তবৎ গর্ত্তদ্বয়। শিং—১ "ককুন্দরে জঘনকূপকৌ।"

ককুভ্ } (ক বায়ু—স্কুনভ্ বিস্তার করা
ককুভা } +০ ক্বিপ্—ক, আ—প্রং। স্—লোপ। যে বায়ু বিস্তার করে, ২য়া—ষ অথবা কক্ চঞ্চল হওয়া+উভ্—ক। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দিক্। ২। দেশ। ৩। শোভা। ৪। চম্পকমালা। ৫। চম্পকশাখা। ৬। রাগিণীবিশেষ। ৭। শাস্ত্র। ৮। বৈদিকছন্দোবিশেষ।

ককুভ (ক বায়ু—স্কুনভ্ বিস্তার করা+অ (ক)—ক) সং, পুং, রাগিণীবিশেষ। শিং—১"পাতং বসনা বসনং সুকেশী বনে রুদন্তী পিকনাদদূনা। বিলোকয়ন্তী ককুভোহতিভীতা মূর্ত্তিঃ প্রদিষ্টা ককুভস্তথেয়ম্।" ২। বীণার প্রান্তস্থ বক্রকাষ্ঠ। ৩। বীণাস্থ অলাবু, বস। ৪। (ক বায়ু—কু ভূমি—ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক। বিস্তীর্ণ শাখাহেতু যে বায়ু এবং ভূমি প্রকাশক অর্থাৎ যে দিকবিশিষ্ট অর্থাৎ দিকব্যাপী) অর্জ্জুনগাছ, কুটজবৃক্ষ। ৫। পক্ষিবিশেষ।

কক্কোল (কক্ [কক্ অহঙ্কারকরা+০(ক্বিপ্)—ক]—কোল [কুল রাশিকরা+অ(অন্)—ক] ষ্ঠং—স) সং, পুং—ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলা। শিং—১ "আকম্পিতকক্কোলৈঃ নমেরু কুসুমপাংশুপাতিভিঃ।"

কক্খট (কক্খ্ হাস্য করা+অট(অটন্)—ম্ম) বিং, ত্রিং, কঠিন, দৃঢ়।

কক্খটী (কক্খ্ হাস্যকরা+অট(অটন্)—প্রং। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কঠিনী, খড়ী।

কক্ষ (কষ্ হিংসা করা+স—ণ, সংজ্ঞার্থে) সং, পুং, প্রকোষ্ঠ। শিং—১ "ক্রান্তানি পূর্ব্বং কমলাসনেন কক্ষান্তরাণ্যদ্রিপতেবিবেশ।" ২। বাহুমূল, বগল, কাঁক। "বৈদূর্য্যরূপান্ প্রতিমুচা কাকনানক্ষান্ স কক্ষে পরিগৃহ্য বামযা।" ৩। পৃষ্ঠদেশস্থ বস্ত্রের একদেশ, কচ্ছ, কাছা। "বামে পৃষ্ঠে তথা নাভৌ কক্ষত্রয়মুদাহৃতম্। এভিঃ কক্ষৈঃ পরীধত্তে যো বিপ্রঃ স শুচিঃ স্মৃতঃ।" ৪। ৪। রোগবিশেষ, কাঁকবিরালী। "বাহু পার্শ্বাংশকক্ষাসু কৃষ্ণস্ফোটাং স বেদনাং। পিত্তপ্রকোপাৎ সম্ভূতাং কক্ষামিতি বিনির্দ্দেশেৎ।" ৫। উত্তরীয় বস্ত্রের পশ্চাদ্ভাগ, অঞ্চল, আঁচল। "চিত্র সুস্থাদিকং কৃত্বা কক্ষাবন্ধঞ্চ চক্রে তুঃ।" ৬। (Orbit) গ্রহগণের পরিভ্রমণের গোলাকার পথ। "প্রক্ষিপ্যোদর্চ্চিষং কক্ষে।" ৭। তৃণ। "কক্ষঘ্ন শিশিরঘ্নশ্চ মহাকক্ষে বিলোকসঃ।" (এ স্থলে কক্ষঘ্ন ও শিশিরঘ্ন শব্দে তৃণ ও শিশির নাশক অগ্নি)। ৮। শুষ্কবন। "অয়মগ্নির্দহন্ কক্ষমিতশ্চায়াতিভীষণঃ।" ৯। শুষ্ক-তৃণ। "যথোদ্ধরতি নির্দাতা কক্ষং ধান্যঞ্চ রক্ষতি।" ১০। লতা। "রূঢ়কক্ষবনপ্রস্থা প্রসন্নজলনিম্নগাঃ।" ১১। পার্শ্বভাগ। "কক্ষমাসীত পণ্ডিতঃ।" ১২। রাজান্তঃপুর। "নৃপতিঃ প্রীতিযুক্তোঽসৌ শনৈঃ কক্ষং সমাবিশৎ।" ১৩। পাপ। "কক্ষনুদ্দেবদর্শনং।" ১৪। স্পর্দ্ধাস্পদ, প্রতিযোগী বিরোধী; যথা—সমকক্ষ। ক্ষা—স্ত্রীং, ভিত্তি, দেওয়াল। শিং—১"কক্ষান্তরগতো বায়ু জীমূত ইব গর্জ্জতি।"

কক্ষক; সং, পুং, রাজা জনমেজয়ের সর্পসত্রে দগ্ধ সর্পবিশেষ।

কক্ষধর (কক্ষ—ধর [ধৃ ধারণ করা + অ (অন্)—ক] যে ধারণ করে) সং, পুং, বক্ষঃস্থলের উভয় কক্ষস্থ মর্ম্মস্থানবিশেষ।

কক্ষপ (কক্ষ—পা পান করা+অ(ড)—ক) সং, পুং, কূর্ম্ম, কচ্ছপ।

কক্ষরুহা (কক্ষ জলপ্রায়—রুহ্ উৎপন্ন হওয়া+অ(ক)—ক) সং, স্ত্রীং, নাগরমুথা।

কক্ষশায় (কক্ষ—শী শয়ন করা+অ(ষণ্)

— ক ) বিং, ত্রিং, যে কক্ষে শয়ন করে। ২। সং, পুং, কুক্কুর। [ত্রিনী — স্ত্রীং।

কক্ষসেন ; সং, পুং, রাজা পরীক্ষিতের পুত্র।

কক্ষা, কক্ষ্যা ( কক্ষ দেখ, আপ্ — স্ত্রীলিঙ্গে। ২য় পক্ষে—কক্ষ + য(ষ্য) — প্রং। আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, হস্তীর গলা বা কক্ষবন্ধন রজ্জু। ২। স্ত্রীলোকের কটিবন্ধ, চন্দ্রহার। ৩। কুঠরী। ৪। মহল। ৫। রথের অন্তঃস্থানবিশেষ। ৬। প্রতিযোগিতা, স্পর্দ্ধাস্থান। ৭। কাঞ্চী। ৮। কচ্ছ। ৯। বস্ত্রাঞ্চল। ১০। ১১। গৃহপ্রকোষ্ঠ। ১২। গৃহভিত্তি। ১৩। রাজান্তঃপুর। ১৪। রোগ-বিশেষ, কাঁক্‌-বিরালী।

কক্ষাপট (কক্ষা কটিবন্ধ — পট বস্ত্র) সং, পুং, কৌপীন, কপ্নি।

কক্ষাবেক্ষক (কক্ষা মহল — অবেক্ষক যে দেখে, ২য়া — য) সং, পুং, দ্বারপাল। ২। অন্তঃপুর-রক্ষী। ৩। উদ্যানপাল। ৪। চিত্রকর। ৫। কবি। ৬। বিড়গ।

কক্ষীকৃত (কক্ষ — কৃত করা হইয়াছে। ঈ — আগম) বিং, ত্রিং, আয়ত্তীকৃত।

কক্ষ্য (কক্ষ + য(ষ্য) — ভা) বিং, ত্রিং, কক্ষজাত, কক্ষোদ্ভব। ২। কক্ষপূরক। ৩। সং, পুং, রুদ্রবিশেষ। শিং — ১ "নমো বন্যায় চ কক্ষ্যায় চ।" ৪। উত্তরীয় বস্ত্র। ৫। হর্ম্ম্যাদি প্রকোষ্ঠ। ৬। রাজান্তঃপুর। ৭। প্রারম্ভকোষ্ঠ। ৮। সাদৃশ্য। ৯। কক্ষবন্ধন রজ্জু, মেখলাদি বন্ধনের রজ্জু। ১০। পার্শ্বভাগ।

কখন, কখন্ (ক কিম্ শব্দজ — খন ক্ষণ শব্দজ ) অং, কদা, কোনসময়ে, কোন কালে।

কঙ্ক (কনক্ গমন করা, পাওয়া + অ(অন্) — ক, সংজ্ঞার্থে) সং, পুং, কাঁকপক্ষী (এই পক্ষীর পালকে বাণের পুঙ্খ প্রস্তুত হয়)। ২। যম। ৩। ক্ষত্রিয়। ৪। ছলব্রাহ্মণ। ৫। যুধিষ্ঠিরের নামান্তর (যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা অজ্ঞাতবাসকালে বিরাটরাজ্যে যাপন করিবার বাসনায় যথাক্রমে বিরাটসভায় উপনীত হইয়া জাতিস্ব স্ব নাম গোপন পূর্ব্বক সেই নৃপসমীপে ভিন্ন ভিন্ন কল্পিত নামে পরিচয় প্রদান করিয়া পৃথক পৃথক্ কার্য্যে নিযুক্ত হন তাহাতে সেই বিরাটরাজ্যে রাজা যুধিষ্ঠির কঙ্ক, ভীম বল্লভ, অর্জ্জন বৃহন্নলা, নকুল গ্রন্থিক ও সহদেব তন্তিপাল নামে অভিহিত হইয়াছিলেন)। ৬। উগ্রসেনের পুত্র, কংসের ভ্রাতা। ঙ্কা — স্ত্রীং, উগ্রসেনের কন্যা। ২। গোশীর্ষচন্দন।

কঙ্কট (কঙ্ক দেখ, অটন্ — ক। কিম্বা কং বায়ুকে — কট আবরণকরা + অ খ) — ক) সং, পুং, কবচ, বর্ম্ম, উরশ্ছদ, সাঁজোয়া। শিং — ১ "সন্নাযুধৈঃ কঙ্কটভেদিভিশ্চ।"

কঙ্কটক (কঙ্কট + ক — স্বার্থে) সং, পুং কঙ্কট দেখ।

কঙ্কণ (কণ্ [যঙ্‌লুগন্তধাতু] শব্দ করা + অ (অন) — ক অথবা ক — কণ + খ — ক) সং, ক্লীং, করভূষণবিশেষ। ২। হস্তসূত্র। ৩। শেখর। শিং — ১ "দানেন পাণি ন তু কঙ্কণেন (বিভাতি)।" ২ 'সুবর্ণকঙ্কণ।' ৩ কর-পল্লবকঙ্কণ। ৪ "মৎকঙ্কণন্যস্তং মুক্তাফলম্।" ৫ "আঃ স্ফুরৎকরকঙ্কণে।" ৬। দেশবিশেষ ; ইহা সহ্যাদ্রি (Western Ghats) পর্ব্বত হইতে সাগর পর্য্যন্ত বিস্তৃত। ইহার উত্তর সীমা তপতী (Tapti)। কথিত আছে -পরশুরাম একবিংশবার পৃথিবী ক্ষত্রবীর-শূন্য করিয়া, অবশেষে সমস্ত পৃথিবী ব্রাহ্মণসাৎ করত, নিজের বাসের জন্য সমুদ্রমধ্যে এই দেশ নির্ম্মাণ করেন। [ক্ষুদ্রঘণ্টিকা, ঘুঙুর।

কঙ্কণী (কঙ্কণ দেখ, ঈ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,

কঙ্কত (কনক্ গমন করা + অতচ্ — ক, সংজ্ঞার্থে। যে কেশ মধ্যে গমন করে) সং, পুং — ক্লীং, তী, তিকা — স্ত্রীং, চিরুণী, কাঁকুই। শিং — ১ "শিরসীব কঙ্কতমপেত মূর্দ্ধজে।"

কঙ্কতদেহী (Ctenophora) যাহাদের দেহ শ্লেষ্ম পিণ্ডাকার এবং চিরুণীর ন্যায় দন্তে আবৃত ; যথা— সিডিপ (Cydippe) নামক জীব ; ইহারা দুই গণে বিভক্ত।

কঙ্কত্রোট ; সং, পুং, কাঁকলা মৎস্য।

কঙ্কপক্ষ (কঙ্ক কাঁক — পক্ষ পাখা, ৬ষ্ঠী — য) সং, ক্লীং, কাঁকপক্ষীর পালক।

কঙ্কপত্র (কঙ্ক কাঁক পক্ষী—পত্র পাখা। যাহার কঙ্কপক্ষের ন্যায় পক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাণ। শিং—১ "বিব্যাধ দশভিবাণৈ স্তুরিতঃ কঙ্কপত্রিভিঃ।" ২। ৬ষ্ঠী—স। ক্লীং, কঙ্ক-পক্ষীর পালক। ৩। বিং, ত্রিং, কঙ্কপক্ষযুক্ত। [নগরী, কাশীপুরী।

কঙ্কপুরী; সং, স্ত্রীং, কঙ্কা সুখদায়িনীপুরী, বারা-

কঙ্কমালা (কঙ্ক করচাপল্য—মল্ ধারণ করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, করতাল বাদন।

কঙ্কমুখ (কঙ্ক—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সাঁড়াশী, চিমটা। ২। শল্যোদ্ধারক যন্ত্রবিশেষ।

কঙ্কর (কং—কর কৃ করা+অ(খ)—ক। যে করে। যে আঘাত পাইলে 'কং' এই শব্দ করে। কিম্বা কং জল কর যে করে) সং, ক্লীং, কাঁকর। ২। তক্র, ঘোল। ৩। বিং, ত্রিং, কঠিন, কর্কশ। [কাঁকরোল।

কঙ্করোল; সং, পুং, নিকোচক বৃক্ষ। ২।

কঙ্কশত্রু; সং, পুং, পৃশ্নিপর্ণী।

কঙ্কশায় (কঙ্ক কাঁকপক্ষী শায় যে শয়ন করে) সং, পুং, কুক্কুর।

কঙ্কাল (কঙ্ক্ গমনকরা+আল (কালন)—ক) সং, পুং, অস্থি। ২। (Skeleton) রক্ত মাংস চর্ম্ম প্রভৃতি গত হইলে দেহের অভ্যন্তরস্থ যথাবৎ অবস্থিত যে অস্থি ভাগমাত্র অবশিষ্ট থাকে, অস্থিপঞ্জর। ২। কাঁটি, কাঁকাল। শিং—১ "অস্থিকঙ্কালসংকীর্ণা ভূ বভূব।"

কঙ্কালমালী (কঙ্কালমালিন, কঙ্কালমালা+ইন্—অস্ত্যর্থে। যাহার কঙ্কালমালা আছে) সং, পুং, অস্থিমালাধারী রুদ্র, শিব। লিনী—স্ত্রীং, রুদ্রাণী। [উগ্রসেন-পুত্র।

কঙ্কু; সং, পুং, তৃণবিশেষ, কাঙনি। ২।

কঙ্কুষ্ঠ; সং, ক্লীং, হরিতালবৎ পাষাণ বিশেষ।

কঙ্কেল, কঙ্কেল্লি; সং, পুং, অশোকবৃক্ষ।

কঙ্কেম্ব; সং, পুং, বাস্তুক শাক।

কঙ্গরাজ্য (কঙ্গ—রাজ্য, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রাজ্যবিশেষ, ইহার উত্তরে কর্ণাট, দক্ষিণে সমুদ্র এবং পশ্চিমে কেরল দেশ।

কঙ্গু
কঙ্গুকা
কঙ্গুনী
} সং, স্ত্রীং, পীততণ্ডুলা, কাঙ্গনি ধান্য।

কঙ্গুনীপত্রা; সং, স্ত্রীং পণ্যাদ্ধা তৃণ।

কচ (কচ বন্ধন করা ইত্যাদি+অ(অল্)—স্ম) সং, পুং, কেশ, চুল। ২। (+অল্—কর্ত্তৃ) বৃহস্পতির পুত্র (ইনি শুক্রাচার্য্যের নিকট অধ্যয়ন করেন; ইহাঁরই অভিশাপে তদীয় কন্যা দেবযানী ক্ষত্রিয়ের সহধর্ম্মিণী হন)। ৩। মেঘ। ৪। শুষ্কব্রণ। ৫। (অল্—ভা) বন্ধ। ৬। শোভা। চা—স্ত্রীং, হস্তিনী।

কচগ্রহ (কচ—গ্রহ, ৭মী—হিং) সং, পুং, কেশাকর্ষণ পূর্ব্বক ধর্ষণ। শিং—১ "শাপযন্ত্রিতপৌলস্ত্য বলাৎকারকচগ্রহৈঃ।" ২ "অপ্সরসেতি রুরুধুঃ কচগ্রহৈঃ।" (রঘু)।

কচঙ্গন; সং, ক্লীং, বিক্রয়স্থান।

কচঙ্গল (কচ মেঘ—অঙ্গ দেহ—ল যে গ্রহণ করে) সং, পুং, সমুদ্র।

কচটা (দেশজ) বিং, অবক্ষোদিত, মর্দ্দিত।

কচটান (দেশজ) সং, অবক্ষোদন, মর্দ্দন।

কচড়া (দেশজ) সং, স্থূল দীর্ঘরজ্জু, কাছী, দড়া। [পক্ষীর ধ্বনি।

কচর্কচর্ (দেশজ) সং, অব্যক্ত শব্দ। ২।

কচাচিত (কচ—আচিত) বিং, ত্রিং, বিশীর্ণকেশ, কেশব্যাপ্ত। শিং—১ "কচাচিতৌ বিষ্বগিবাগজৌ গজৌ।" (কিরাত)।

কচান (দেশজ) সং, মুঞ্জরিত হওন, মুঞ্জরান, গজান। [ঝকড়া।

কচাল (দেশজ) সং, বিবাদ, বাক্‌কলহ,

কচি (দেশজ) বিং, কোমল, নরম, নবীন।

কচু, কচ্বী (কচ্+উ—ক) সং, স্ত্রীং, কচুগাছ, কচুর মূল।

কচুরি (দেশজ) সং, পিষ্টকবিশেষ। [শব্দ।

কচকচ (দেশজ) সং, অব্যক্ত শব্দ, অনুকরণ

কচকচা (দেশজ) সং, ঝকড়া, বিবাদ, কলহ।

কচ্চর (কু কুৎসিত—চর (চর্ গমন করা+অ(অন্)—ক) যে গমন করে। কু= কৎ) বিং, ত্রিং, মলিন, কুৎসিত, মলদূষিত। ২। দুর্বৃত্ত, দুরাত্মা। (বোধ হয় এই শব্দকেই সচরাচর খচ্চর উচ্চারণ করা যায়)। ৩। সং, ক্লীং, তক্র।

কচ্চিৎ (কু কুৎসিত+চিৎ—প্রং। কু= কং। অথবা কৎ—চি চয়নকরা+০(ক্বিপ্) —র্ম্ম) অং, অভিলাষ-প্রকাশ। ২। প্রশ্ন।

কচ্ছ (ক জল—ছো ছেদন করা+অ—প্রং, কিম্বা কচ্ বন্ধন করা+ছ—ক) সং, পুং, বৃক্ষবিশেষ, তুঁদগাছ। ২। নৌকারপশ্চাৎ-ভাগ। ৩। জলসন্নিহিত ভূভাগ, নদী হ্রদ পুষ্করিণী প্রভৃতির তীর। ৪। জলময় দেশ বা স্থান। ৫। কচদেশ। ইহার প্রাচীন রাজধানী কচ্ছেশ্বর বা কোটেশ্বর। এই দেশের প্রাচীন নাম ঔড়ুম্বর। ৬। পর্ব্বতের সন্নিহিত সমপ্রদেশ। ৭। জলপ্রান্ত। ৮। সর্ব্বদা জলমগ্ন পঙ্কিল স্থান। ৯। বিং,ত্রিং, জলপ্রান্তস্থিত। পুং, চ্ছা—স্ত্রীং, পরিধেয় বস্ত্রের যে অংশ পশ্চাদ্ভাগে গুঁজিয়া দেওয়া যায়, কাছা। ২। ঝিঁঝিপোকা।

কচ্ছটিকা ; সং, স্ত্রীং, কচ্ছ, কাছা।

কচ্ছপ (কচ্ছ জলাভূমি—প [পা পালন করা + অ(ড)—ক] যে পালন করে। ইহারা জলাভূমিতে বাস করে কিম্বা কচ্ছ সংপুট, কাছিমের খোলা—প যে পান করে, যে রক্ষা করে) সং, পুং, কূর্ম্ম, কাছিম। ২। কুবেরের নিধিবিশেষ। ৩। মল্লযুদ্ধ-বন্ধবিশেষ। শিং—১ "(কচ্ছপঃ) কচ্ছমাত্মনো মুখসংপুটং পাতি। স হি কিঞ্চিৎ দৃষ্ট্বা শরীর এব মুখসংপুটং প্রবেশয়তি। সংপুটে হি কচ্ছশব্দঃ প্রসিদ্ধঃ। পাণিবাচ্যঃ কচ্ছপুট ইতি চ। কচ্ছেন কটাহেন ইতরাণ্যঙ্গানি পাতীতি বা। অথবা কচ্ছেন মুখসংপুটেন পিবতি। কচ্ছঃ খমাকাশং ছাদয়তি। স হি মধ্যে শুষিরো ভবতি।"

কচ্ছপী (কচ্ছপ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্ত্রীকচ্ছপী বা ক্ষুদ্র কচ্ছপ। ২। সরস্বতীর বীণা। এই যন্ত্র আমাদিগের দেশে বহুল প্রচলিত। ইহা কচুয়া সেতার নামে প্রসিদ্ধ আছে। খৃঃ ১৩ শতাব্দীতে পাঠানবংশীয় রাজা গায়সউদ্দিন বুলবনের সভাসদ্ আমির খস্রু কচ্ছপী ত্রিতন্ত্রী প্রভৃতি একজাতীয় যন্ত্রের 'সেতার' নাম প্রদান করেন। কচ্ছপী যন্ত্রের ধ্বনিকোষ কচ্ছপাকার বলিয়া কচ্ছপী সংজ্ঞা প্রাপ্ত হইয়াছে। (কেচুয়া শব্দে প্রতিকৃতি দেখ)। ৩। রোগবিশেষ।

কচ্ছরুহা (কচ্ছ জলময় স্থান—রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, স্ত্রীং, দূর্ব্বা।

কচ্ছু, কচ্ছূ (কষ্ হিংসা করা+উ, ঊ—ক) সং, স্ত্রীং, খসরোগ, কণ্ডূ, চুলকানি।

কচ্ছুমতী (কচ্ছু+মৎ(মতু)—উৎপাদনার্থে) সং, স্ত্রীং, শূকশিম্বী, এই শিম্বী ভক্ষণে কচ্ছুরোগ অর্থাৎ পাঁচড়া চুলকান হয়।

কচ্ছুর (কচ্ছু খসরোগ বা চুল্কানি+র—অস্ত্যর্থে) বিং, ত্রিং, খসোরোগী, কণ্ডূরোগবিশিষ্ট। ৩। (কু পাপ—ছুর্ রঞ্জিত করা+অ—ক) পরস্ত্রীগামী, পামর। রা—স্ত্রীং, বেশ্যা।

কচ্ছোটিকা (কচ্ছা—উটিকা বেষ্টন, ৬ষ্ঠা—ষ) সং,স্ত্রাং, কচ্ছাবেষ্টন, কাছা দিয়া জড়ান।

কচ্ছোর ; সং, ক্লীং, শঠী।

কচ্ব ; সং, স্ত্রীং, কন্দোবিশেষ, কচু।

কচ্‌লন (দেশজ) প্রক্ষালন, ধৌতকরণ।

কচ্‌লা (দেশজ) বিং, প্রক্ষালিত, ধৌত।

কজ্জল (কু কুৎসিত—জল বারি কিম্বা রস, ষৎ—স) সং, ক্লীং, অঞ্জন। (অঞ্জনবর্ণ বলিয়া মেঘের নাম কজ্জল) পুং, মেঘ, বারিবাহ। শিং—১ "সকজ্জলং তাম্রঘটে চ ঘৃষ্টং সর্পিযুতং ভুশকমঞ্জনঞ্চ।" ২ "ধিঙ্‌মাং বিগর্হিতং সদ্ভির্দুষ্কৃতং কুলকজ্জলম্।" ২। কালি। "অসিত গিরিনিভং স্যাৎ কজ্জলং সিন্ধুপাত্রে।" লা—স্ত্রীং, মৎস্যবিশেষ।

কজ্জলরোচক (কজ্জল, রুচ্-ণিচ্ = রোচি রোচক হওয়ান+অক(ণক)—ক) সং, পুং, —ক্লীং, দীপাধার, পিলসুজ, ডেরকো।

কজ্জলী (কজ্জলবর্ণ বলিয়া কজ্জলী) সং, স্ত্রীং, পারদ ও গন্ধকঘটিত ঔষধ।

কজ্জ্বল (কু কুৎসিত—জ্বল অগ্নিশিখা) সং, ক্লীং, কাজল, অঞ্জন।

কঞ্চট, কঞ্চড় (কং জল—চট্ পৃথক্‌করা +অ—প্রং) সং, পুং, জলজ শাকবিশেষ, কাঁচড়াদাম।

কঞ্চড় ; সং, পুং, চক্রমর্দ্দন বৃক্ষ।

কঞ্চার (কং জল—চর্ শোষণকরা+অ (ঘঞ্)—ক) সং, পুং, সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

কঞ্চিকা, কঞ্চী ; সং, স্ত্রীং, বেণুশাখা, কঞ্চী, বাঁশের গ্রন্থিমূল হইতে যে ক্ষুদ্র ক্ষুদ্র শাখা নির্গত হয়।

কঞ্চুক ( কনচ্ বন্ধনকরা+উক—ণ ) সং, পুং, নির্ম্মোক, সাপের খোলস; যথা— বিষধর বিচিত্র কঞ্চুকভূষিত।" ২। কবচ, সাঁজোয়া; যথা—"উঠিছে আকাশে কাঞ্চন-কঞ্চুক বিভা।" ৩। কাঁচুলি। ৪। জামা, আঙরাখা। শিং—১"সুভাষিত রসাস্বাদ-জাতরোমাঞ্চকঞ্চুকাঃ।" ৫। পুত্রাদির জন্মোৎসবে ভৃত্যেরা প্রভুর নিকট হইতে যে বস্ত্র কাড়িয়া লয়। ৬। বস্ত্র।

কঞ্চুকালু ( কঞ্চুক সর্পের ত্বক্+আলু—অস্ত্যর্থে) সং, পুং, কঞ্চুকবিশিষ্ট-সর্প।

কঞ্চুকী (কঞ্চুকিন্, কঞ্চুক কবচ ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অন্তঃপুরের ক্লীব সেবক বা রক্ষক। ২। রাজান্তঃপুরের অধিকারী পুরুষ। শিং—১"অন্তঃপুরচরো বৃদ্ধো বিপ্রো গুণগণান্বিতঃ। সর্ব্বকার্য্যার্থকুশলঃ কঞ্চুকীত্যভিধীয়তে।" ৩। লম্পট। ৪। সর্প। ৫। কবচধারী। ৬। যব। ৭। চণক। ৮। ষিড়্গ। ৯। জোঙ্গকক্রম। স্ত্রীং, ঔষধিবিশেষ। ২। ক্ষীরীশবৃক্ষ।

কঞ্চুলিকা, কঞ্চুলীকা ( কনচ্ বন্ধন করা+উল—ণ। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, অঙ্গরক্ষক-বিশেষ, কাঁচুলি। "ত্বংমুগ্ধাক্ষি বিনৈব কঞ্চুলিকয়া বৎসে মনোহারিণীং লক্ষ্মীম্।"

কঞ্চূল (কচ্ দীপ্তি পাওয়া+উল,উলচ্)—ভা) সং, ক্লীং, নারীগণের আভরণবিশেষ।

কঞ্জ ( কম্ সুখ, জল ইত্যাদি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে বা উৎপন্ন হয়। যিনি জলে জন্মিয়াছিলেন) সং, পুং, ব্রহ্মা। শিং—"অপ এব সসর্জ্জাদৌ তাসু-বীজমবাসৃজৎ তস্মিন্ যজ্ঞে স্বয়ং ব্রহ্মা।" ২। কেশ। ৩। ক্লীং, পদ্ম। শিং—১ "চতুর্ভুজং কঞ্জরথাঙ্গশঙ্খগদাধরম্।" ৪। অমৃত। (পদ্ম জল হইতে এবং অমৃত সমুদ্র হইতে উৎপন্ন হেতু কঞ্জ নির্দ্দিষ্ট হইয়াছে) ৫। বিং, ত্রিং, জলজাত।

কঞ্জক, কঞ্জল (কঞ্জ—ক কৈ এবং—ল লা-ধাতুজ) সং, পুং, ময়নাপাখী।

কঞ্জজ (কঞ্জ পদ্ম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত। ইনি বিষ্ণুর নাভি কমল হইতে উৎপন্ন হওয়াতে কঞ্জজ বা কমলযোনি নাম ধারণ করিয়াছেন। ব্রহ্মাণ্ড একার্ণব হইলে বিষ্ণু সহস্রচতুর্যুগ জলশায়ী থাকেন, তৎপরে নিয়মিত কর্ম্মসূত্রানুসারে তৎকর্তৃক তদীয় দেহ মধ্যে ভূর্লোকাদি সমস্ত লক্ষিত হয়, তখন তদীয় ইচ্ছানুসারে তঁহার নাভি-কমল হইতে জগদ্বিধাতা ব্রহ্মা জন্ম গ্রহণ করেন) সং, পুং, ব্রহ্মা।

কঞ্জন (কং সুখ—জন্-ণিচ্=জনি জন্মান +অ(অন্)—ক) সং, পুং, পক্ষিবিশেষ।

কঞ্জনাভ (কঞ্জ পদ্ম—নাভ নাভি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১"ব্যজোদং যেন রূপেণ কঞ্জনাভস্তিরোদধেঃ।"

কঞ্জর (কঞ্জ পদ্ম ইত্যাদি—ঋ ঘৃণাকরা বা বধকরা+অ—প্রং। অথবা কঞ্জ [ সৌত্র-ধাতু ] উৎপন্ন হওয়া বা জন্মান+অর—সংজ্ঞার্থে, কিম্বা কং জল+জৃ-ণিচ্= জারি জীর্ণকরান+অ(অন্)—ক) সং, পুং, ব্রহ্মা। ২। সূর্য্য। ২। উদর। ৩। ময়ূর। ৪। হস্তী।

কঞ্জার (কঞ্জর দেখ, আর—সংজ্ঞার্থে, অথবা 'জৃ' ধাতুজ) সং, পুং, মুনি। ২। ব্রহ্মা। ৩। সূর্য্য। ৪। হস্তী। ৫। অর্কবৃক্ষ। ৬। উদর।

কঞ্জিকা ; সং, স্ত্রীং, বামনহাটীর গাছ।

কট (কট্ বর্ষণকরা, আচ্ছাদনকরা+অন্—ক) সং,পুং,(মদবর্ষণহেতু) হস্তীর গণ্ডদেশ। শিং—১ "কণ্ডূয়মানেন কটং কদাচিৎ বন্যদ্বিপেনোন্মথিতা ত্বগস্য।" ২ "কট-প্রভেদেন করীব পার্থিবঃ।" ২। মাদুরী। শিং—১ "দদার করজৈরূরাবেরকাং কট কৃদ্যথা।" ৩। তৃণপরদা। ৪। তৃণাসন। ৫। তক্তা। ৬। (+অল্—ণ) শবরথ। ৭। (+অল্—র্ম্ম) কটি। ৯। (+অল্—ভা) অতিশয়। ১০। তৃণরচিত রজ্জু-বিশেষ, বড়, যাহাতে মরায়ি বেষ্টন করা যায়। ১১। শব। ১২। (+অল্—ধি) শ্মশান।

১৩। শর। ১৪। সময় বন্ধ। শিং—১ "গোহশ্বোষ্ট্রযানপ্রাসাদ প্রস্তরেষু কটেষু চ। আসীত গুরুণা সার্দ্ধম্।" ২ "বর্ষাসু ক্লিন্নকটবত্তিষ্ঠন্নেবাবসীদতি।"

কটক (কট্ বেষ্টনকরা + অক—ক) সং, পুং—ক্লীং, পর্ব্বতের নিতম্ব দেশ, সানু। শিং—১ "প্রফুল্লবৃক্ষৈঃ কটকৈরিবস্তৈঃ।" ২। বলয়। ৩। চক্র। ৪। রাজধানী। ৪। সৈন্য। ৫। সৈন্ধব। ৬। শিবির, সেনাসন্নিবেশস্থান; যথা—"বিকট কটক কাটি।" ৭। গজদন্তমণ্ডল। ৮। সামুদ্রিক লবণ। ৯। বঙ্গরাজ্যের বিভাগবিশেষ। শিং—১ "সহস্রানীক নামাঙ্গং চকার কটকং করে। ২ অস্তি কল্যাণকটকবাস্তব্যো ভৈরবো নাম ব্যাধঃ। ৩ স চ দিগ্বিজয়ক্রমেণাগত্য চন্দ্রভাগাতীরে সমাবাসিতকটকো বর্ত্ততে।"

কটকট (কট দ্বিত্ব—প্রকারার্থে) বিং, ত্রিং, অত্যন্ত। ২। অতিশয়িত। ৩। সর্ব্বোৎকৃষ্ট। ৪। সং, পুং, মহাদেব। শিং—১ "কটকটায়চ।" ৫। শব্দবিশেষ। শিং—১ "ততঃ কটকটাশব্দো বভুব সুমহাস্বনোঃ।"

কটকার (কট মাদুর—কৃ করা + অ (ঘঞ) —ক) সং, পুং, বর্ণশঙ্কর জাতিবিশেষ, যে জাতি মাদুর প্রস্তুত করে। শিং—১ "শূদ্রায়াং বৈশ্যতশ্চৌর্য্যাং কটকারঃ ইতি স্মৃতঃ।"

কটকোল (কট নিষ্ঠীবনজল—কোল সংস্থানাধার, ৭মী—হিং) সং, পুং, নিষ্ঠীবন পাত্র, পিকদান।

কটখাদক (কট অধিক বা শব—খাদক [খাদ্ খাওয়া + অক (ণক)—ক] ভক্ষক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাক। ২। শৃগাল। ৩। কাচকলস। ৪। বিং, ত্রিং, পেটুক।

কটঙ্কট (কট শব—কট দাহ করা + অ (অন্)—ক) সং, পুং, অগ্নি। শিং—১ "কটঙ্কটায় ভীমায় নমঃ পঙ্কপলায় চ।" গণেশ। ৩। (কালাগ্নিস্বরূপ) শিব। ৪। স্বর্ণ। ৫। চিত্রক বৃক্ষ।

কটঙ্কটেরী; সং, স্ত্রীং, হরিদ্রা, দারুহরিদ্রা।

কটদান (কট দেহাবর্ত্তন—দান, ৭মী—হিং) সং, পুং, হরির পার্শ্বপরিবর্ত্তন। শিং—১ "প্রাপ্তে ভাদ্রপদে মাসি একাদশ্যাং দিনে হরেঃ। কটদানং ভবেদ্বিষ্ণোর্মহাপূজা প্রবর্ত্ততে।"

কটপূতন (কট শব—পূতন যে শবের পবিত্রতা বিস্তার করে, ২য়া—হিং) সং, পুং, প্রেতবিশেষ। শিং—১ "অমেধ্য কুণপাশী স্যাৎ ক্ষত্রিয়ঃ কটপূতনঃ।"

কটপ্রূ (কট অধিক—প্রূ গমনকরা + ০ (কিপ—ক অথবা কট অর্থে শ্মশান। শ্মশানবাসী বলিয়া সং, পুং, মহাদেব। ২। যক্ষবিশেষ। ৩। রাক্ষসবিশেষ। ৪। বিদ্যাধর। ৫। পাশক্রীড়ক। ৬। কৃমিবিশেষ। ৭। কটকার। ৮। কটকাবরণ।

কটভঙ্গ (কট—ভঙ্গ, ৬ষ্ঠী—য) সং, পুং, হাত দিয়া শস্য ছেদন করা। ২। সৈন্য ভঙ্গ দ্বারা রাজাদির বিনাশ। ৩। (৫মী—হিং) যাহা হইতে সৈন্যের ভঙ্গ হয়, রাজভৃত্যবিশেষ।

কটভী; সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী লতা, নয় ফটকী লতা।

কটম্ব (কট্ + অম্ব (অম্বচ্)—বাদনার্থে) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ। ২। বাণ।

কটম্বরা; সং, স্ত্রীং, কটম্ভরা, কট্‌কী।

কটম্ভর; সং, পুং, শ্যোনাকবৃক্ষ। ২। কটভী বৃক্ষ।

কটম্ভরা; সং, স্ত্রীং, রাজবলা, গন্ধভাদুল্যা। ২। হস্তিনী। ৩। কলম্বিকা। ৪। গোলা। ৫। বর্ষাভূ। ৬। মূর্ব্বা।

কটশর্করা; সং, স্ত্রীং, গাঙ্গেষ্ঠী লতা, নাটা।

কটা কটাসিয়া (দেশজ) বিং, রুক্ষ গৌরবর্ণ, কটাসিয়া রং। ২। সং, স্ত্রীং, কট্‌কী।

কটাক্ষ (কট গমনকারী—অক্ষি চক্ষুঃ) সং, পুং, নয়নের প্রান্তভাগ দ্বারা দর্শন, অপাঙ্গদর্শন, আড়দৃষ্টি, অপাঙ্গ। শিং—১ "কটাক্ষৈর্নিহন্তীব তির্য্যগ্রাজান মৈক্ষত। ২। কান্তাকটাক্ষবিশিখাঃ।"

কটাগ্নি (কট বেষ্টনাদি—অগ্নি, ৩য়া—ষ) সং, পুং, বীরণাদি বেষ্টন দ্বারা জাত অগ্নি। শিং—১ "রাজপত্ন্যভিগামী চ দগ্ধব্যাস্তে কটাগ্নিনা।" [বেণার মূল, খস্‌খসে।

কটায়ন (কট—অয়ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

কটাহ (কট অধিক ইত্যাদি – আহ [আ– হন আঘাত করা + অ ড) – ক) সং,পুং, দুগ্ধাদি জ্বাল দিবার পাত্র, কড়া। শিং – ১ "অস্মিন্ মহামোহময়ে কটাহে সূর্য্যাগ্নিনা রাত্রিদিনেন্ধনেন মাসর্ত্তু দর্ব্বীপরিঘট্টনেন ভূতানি কালঃ পচতীতিবার্ত্তা।" ২। ভাজনা খোলা। ৩। কচ্ছপের খোলা। ৪। শিশু-মহিষ। ৫। দ্বীপবিশেষ। ৬। নরকবিশেষ। ৭। কর্পূর। ৮। কূপ।

কটাহদ্বীপ; সং, পুং, দ্বীপবিশেষ।

কটি, কটী (কট্ গমনকরা + ই – র্ম্ম) সং, পুং – স্ত্রীং, কোমর, কাঁকালি। ২। হস্তি-গণ্ড।

কটিত্র (কটি কোমর – ত্র [ত্রৈ ত্রাণকরা + অ(ড) – ক] যে রক্ষা করে) সং, ক্লীং, কটিবস্ত্র। ২। কোমরবন্ধ। ৩। চন্দ্রহার, গোট, ঘুন্‌সী। শিং – ১ "স্ফুরৎ কিরীট-কেয়ূরকটিত্রকঙ্কণম্।"

কটিপ্রোথ (কটি – প্রোথ্ প্রচুরহওয়া + অ – প্রং) সং, পুং, কটিদেশস্থ মাংস-পিণ্ড, পাছা, পোঁদের পেলো।

কটিভূষণ (কটি – ভূষণ, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কটির ভূষণ, কাঞ্চী, চন্দ্রহার।

কটিল্ল; সং, পুং, কারবেল্ল, করেলা, উচ্ছা।

কটিবন্ধ (Zone, কটি – বন্ধ্ বন্ধনকরা + অ(অল্) – ণ) সং, পুং, কোমরবন্ধ। যে সূত্রাদি দ্বারা কটি বন্ধন করা যায়, শ্রোণি-বন্ধ। ২। ভূগোলে—পৃথিবীর মধ্যস্থান-বেষ্টিত কল্পিত রেখা।

কটিশীর্ষক (কটি – শীর্ষ মস্তক বা প্রধান অংশ + ক – সংজ্ঞার্থে) সং,পুং, কটিদেশ, কোমর। [কটিদেশের কফবাতিক শূল।

কটিশূল (কটি – শূল, ৬ষ্ঠী – ষ) সং, পুং,

কটিশৃঙ্খলা (কটি কোমর – শৃঙ্খলা শিকল, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, কটিধার্য্য ক্ষুদ্র-ঘুণ্টিকা, কোমরের ঘুঙুর।

কটিসূত্র (কটি – সূত্র সূতা, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কটিবন্ধ। ২। চন্দ্রহার, গোট, ঘুন্‌সী, যে সূত্র দ্বারা কটি বন্ধন করা যায়।

কটীতল; সং, পুং, কটিদেশধার্য্য সুব্জখড়্গ, বাঁকা খাঁড়া।

কটীর } (কট্ গমন করা + ঈর – র্ম্ম,
কটীরক } সংজ্ঞার্থে, ২য় পক্ষে + কণ্ – স্বার্থে) সং, পুং – ক্লীং, কটি, কোমর। ২। পুং, জঘন। ৩। কন্দর, গিরিগহ্বর।

কটু (কট্ গমন করা + উ – ক) বিং, ত্রিং, ঝাল। ২। তিক্ত। ৩। কষায়। ৪। বিস্বাদ, বিরস। ৫। পরশ্রীকাতর। ৬। অপ্রিয়, কর্কশ; যথা—কটুবাক্য। ৬। উগ্র,তীক্ষ্ণ; যথা—কটুরস। ৭। উষ্ণ। ৮। সুরভি। ১০। দুর্গন্ধ। ১১। কুৎসিত। ১২। (+উ– র্ম্ম) অকার্য্য। ১৩। সং, পুং, কটুতা। শিং – ১ "সপ্তচ্ছদক্ষীরকটু প্রবাহমসহ্য মাঘ্রায় মদম্।" ২ "শ্রবণকটুনিনাদমেক বাক্যং বিবক্রুঃ।" (রঘু)। ৩ "কর্ণমাকুর্ণয়িষ্যামি কটূক্তিবচনে পটুং।" স্ত্রীং, লতা।

কটুক (কটু + কণ্ – স্বার্থে) সং, ক্লীং, ত্রিকটু, শুঁঠ পিপুল মরিচ এই তিন। ২। পুং, সুগন্ধি তৃণ। ৩। অলাবু, লাউ। ৪। কটু-রস। ৫। পটোল। ৬। আকন্দগাছ। ৭। কুটজ বৃক্ষ। ৮ রাজসর্ষপ। শিং – ১ "যো জিহ্বাগ্রং বাধতে উদ্বেগং জনয়তি শিরো গৃহ্নীতে নাসিকাঞ্চ স্রাবয়তি স কটুকঃ (রসঃ)।"

কটুকন্দ (কটু – কন্দ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শিগ্রু বৃক্ষ, সজিনা গাছ। ২। আর্দ্রক, আদা। ৩। লশুন।

কটুকা (কটু + কণ – সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কট্‌কী। ২। তাম্বূল, পান। ৩। রাই-সরিসা। ৪। তিক্ত অলাবু, তিত্ লাউ। শিং – ১ "কট্বীচ কটুকা তিক্তা কৃষ্ণভেদা কটুম্ভরা।"

কটুকীট } (কটু ভয়ানক – কীট কৃমি,
কটুকীটক } পোকা + কণ্ – স্বার্থে) সং,পুং, মশক, মশা।

কটুগ্রন্থি (কটু – গ্রন্থি, ৬ষ্ঠী – হিং) সং, পুং, পিপ্পলীমূল। ২। শুণ্ঠীমূল।

কটুক্বাণ (কটু – কাণ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, টিট্টিভপক্ষী।

কটুচ্ছদ (কটু – ছদ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, টগরবৃক্ষ।

কটুতা (কটু + তা – ভাবে) সং, স্ত্রীং, উগ্রতা,

তীক্ষ্ণতা। ২। অপ্রিয়তা, কার্কশ্য, পরুষতা। [ভূনিম্ব।
কটুতিক্তক ; সং, পুং, শণবৃক্ষ, চিরাতা। ২।
কটুতুণ্ডী ; সং, স্ত্রীং, লতাবিশেষ। ২। তিক্ত ঝিঙ্গা।
কটুতুম্বী ; সং, স্ত্রীং, তিৎলাউ।
কটুত্রয় ; সং, ক্লীং, ত্রিকটু, শুঁঠ, পিঁপুল, মরিচ।
কটুদলা ; সং, স্ত্রীং, কর্কটী, কাঁকুড়।
কটুনিষ্পাব ; সং, পুং, নদীনিষ্পাবধান্য।
কটুপত্র ; সং, পুং, পর্পট, সিতার্জক।
কটুপত্রিকা ; সং, স্ত্রীং, কণ্টকারী জাতীয় বৃক্ষ।
কটুপাক (কটু—পাক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, লবণাক্ত। [পটল।
কটুফল (কটু—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং,
কটুফলা ; সং, স্ত্রীং, শ্রীবল্লীবৃক্ষ, কটফলবৃক্ষ।
কটুভঙ্গ ; সং,পুং, শুণ্ঠী। ২। আর্দ্রক, আদা।
কটুভাষী (—ষিন্, কটু—ভাষী যে বলে) বিং, ত্রিং, যে কটুবাক্য বলে।
কটুমঞ্জরিকা (কটু তীক্ষ্ণ—মঞ্জরী) সং, স্ত্রীং, অপামার্গ। [দ্রব্য।
কটুমোদ ; সং, ক্লীং, জবাদি নামক সুগন্ধি-
কটুস্তরা ; সং, স্ত্রীং, কটকী, গন্ধভাদুল্যা।
কটুর ; সং, ক্লীং, তক্র, ঘোল।
কটুরব (কটু—রব শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভেক, বেঙ।
কটুরোহিণী ; সং, স্ত্রীং, কটকী।
কটুবার্ত্তাকী ; সং, স্ত্রীং, শ্বেতকণ্টকারী।
কটুবীজা ; সং, স্ত্রীং, পিপ্পলী, পিঁপুল।
কটোরা (কট্ আবরণকরা+ওরন্—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মৃণ্ময়পানপাত্র, মাটির বাটী, বড় খুরি, কট্‌রা।
কটোল ; সং, পুং, চণ্ডাল। ২। কটুরস।
কটোলবীণা ;সং,স্ত্রীং, বীণাবিশেষ, কেন্দুড়া।
কট্‌কট্ (দেশজ) সং, অব্যক্তশব্দ, পীড়াদ্যোতক শব্দ।
কট্‌র্কি ; সং, পুং, ওষধিবিশেষ।
কট্‌কিনা (কঠিন শব্দজ) সং, কঠিনতা, শক্তাই। ২। এক বৎসরের জন্ম জমি ইজারা দিলে তাহাকে কট্‌কিনা কহে।

কট্‌কটে (দেশজ) সং, স্পষ্টবক্তা, চালাক। ২। জগন্নাথ দেবের প্রসাদবিশেষ।
কট্‌ফল (কট্ কটু শব্দজ—ফল, য়ং—স) সং,পুং, বৃক্ষবিশেষ, ফলবিশেষ, কায়ফল। লা—স্ত্রীং, গাম্ভীর বৃক্ষ। ২। বৃহতী। ৩। কাকমাচী। ৪। দেবদালী। ৫। বার্ত্তাকী। ৬। মৃগের্ব্বারু।
কট্‌মটি (দেশজ) বিং, কঠিন, শক্ত, দুরূহ।
কট্টার (কট্+ক্ত—ভাবে—ঋ গমন করা+অন্—ক) সং, পং, কাটারি।
কট্বঙ্গ (কটু—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্যোণাকবৃক্ষ, সোনাগাছ। ২। সূর্য্যবংশীয় দিলীপ রাজা। ৩। বিং, ত্রিং, যাহার অঙ্গ কঠিন, কঠিনাঙ্গ।
কট্বর (কট্ বর্ষণ করা+বর—প্রং) সং, ক্লীং, তক্র। শিং—১ "দধ্নস্তুসসরস্যাত্র তক্রং কট্বরমুচ্যতে।" ২। দধির সর। ৩। ব্যঞ্জন।
কট্টার ; সং, পুং, কাটারী, অস্ত্রবিশেষ।
কঠ (কঠ্ দুঃস্থ হওয়া + অ(অন্)—ক) সং, পুং, মুনিবিশেষ ; ইনি বৈশম্পায়নের শিষ্য, ইহাঁর শিষ্যগণ সামবেদাধ্যায়ী ছিলেন। ২ কঠ শাখাধ্যায়ী। ৩। (+অন—র্ম্ম) ঋগ্বেদ। ৪। উপনিষদ্‌বিশেষ।
কঠকোপনিষদ্ ; সং, স্ত্রীং, তর্কবিতর্কপূর্ণ উপনিষদ্‌বিশেষ।
কঠর (কঠ ক্লেশ—র, রা লওয়া বা দেওয়া +অ—ক) বিং, ত্রিং, কঠিন।
কঠবল্লী ; সং, স্ত্রীং, অথর্ব্ববেদের অন্তর্গত উপনিষদ্‌বিশেষ ; ইহা দুইভাগে বিভক্ত। প্রথম খানিতে লিখিত আছে ; নাচিকেতা যমকে কহিয়াছিলেন যে, "মৃত্যুর পর মনুষ্য বর্ত্তমান থাকে কি না?" তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন, "জীবন ও মৃত্যু উভয় স্বতন্ত্র পদার্থ। সত্যজ্ঞানই কেবল ঈশ্বরের সহিত সম্বন্ধ রাখিয়া মনুষ্যের জীবন মৃত্যুর স্বাতন্ত্র্য বুঝাইয়া দেয়।"
কঠশ্রুত্যুপনিষদ্ ; সং, স্ত্রীং, কৃষ্ণযজুর্ব্বেদের আরণ্যকের এক খানি পরিশিষ্ট ; ইহা গদ্যে রচিত।

কঠাকু ; সং, পুং, পক্ষিবিশেষ। ২। কাঠ-ঠোকরা।

কঠিঞ্জর ( কঠিন দৃঢ়, শক্ত—জ্ব জীর্ণ হ-হওয়া+অ(অল্) – প্রং। নিপাতন) সং, পুং, তুলসীগাছ। ২। পলাশবৃক্ষ।

কঠিন (কঠ দেখ, ইন—ক) বিং, ত্রিং, দৃঢ়, শক্ত ; যথা—কঠিন মত্তিকা। ২। নিষ্ঠুর, নির্দয় ; যথা—তাহার হৃদয় বড় কঠিন। ৩। যাহাকে সহজে তুষ্ট বা বশ করিতে পারা যায় না ; যথা—তিনি বড় কঠিন লোক। ৪। যাহা অনায়াসে বুঝিতে পারা যায় না, দুরূহ, দুর্ব্বোধ ; যথা—কঠিন পুস্তক। ৫। তীক্ষ্ণ, দুঃসহ ; যথা—কঠিন দণ্ড। শিং—১ "ন বিদীর্য্যে কঠিনা খলু-স্ত্রিয়ঃ।" (কুমার)। ৬। বিষম, ভয়ানক ; যথা—"সে বড় কঠিন ঠাঁই, গুরু শিষ্যে দেখা নাই।" ৭। না—ক্লীং—স্ত্রীং, পাত্র-বিশেষ। শিং—১ "নিতান্ত কঠিনাং রুজং মম ন বেদ সা মানসীম্।" নিকা, নী—স্ত্রীং, কাঠখড়ি। ২। রামখড়ি। শিং—১ "কঠিনীঃ ক্ষিণোতি।" ২ "গুণিজনগণনা-রম্ভে ন পততি কঠিনী সসম্ভ্রমা যস্য।"

কঠিনতা ( কঠিন + তা—ভা ) সং, স্ত্রীং, কাঠিন্য, কঠিনত্ব, দৃঢ়তা। ২। দুরূহতা, দুর্ব্বোধতা। ৩। নির্বোধতা। ৪। নির্দ্দয়তা, নিষ্ঠুরতা। ৫। তীক্ষ্ণতা, দুঃসহতা। ৬। ভয়ানকতা।

কঠিনপৃষ্ঠ ( কঠিন—পৃষ্ঠ পিট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ।

কঠের ( কঠ্+এর(এরক্) – ক ) বিং, ত্রিং, কৃচ্ছ্র জীবী, দরিদ্র।

কঠোর (কঠ দেখ, ওর(ওরন্) — ক) বিং,ত্রিং, কঠিন, দৃঢ়, শক্ত। ২। পূর্ণ। ৩। জরঠ। শিং—১ "কঠোরদংষ্ট্রৈর্ম্মশকৈরুপক্রুতঃ।" ২ "হেমন্ত সময়েঽতিকঠোরবাত সংস্পর্শবেপ মানকলেবরম্।" ৩ "কঠোরহৃদয়ো রামো-ঽস্মি সর্ব্বংসহো বৈদেহী তু কথং ভবি-ষ্যতি।" ৪ "কমঠপৃষ্ঠ কঠোরমিদং ধনু-র্ম্মধুরমূর্ত্তি রসৌ রঘুনন্দন।" ৪। সং, ক্লীং, কঠিনব্রত, কঠিন নিয়ম ; যথা—"তিনি বড় কঠোর করিতেন।"

কঠোল (কঠ্+ওল(ওলচ্) — ক) বিং, ত্রিং, কঠিন, দৃঢ়, শক্ত।

কড় (কড়্ ভক্ষণ করা, দর্প করা+অ(অল্) —র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষ্য। ২। (+অল্—ক) উন্মত্ত। ৩। অজ্ঞ। ৪। (দেশজ) সং, গালার বালা, করভূষণ, কটক। ৫। মৎ-স্যাদি ধরিবার সূত্রবিশেষ।

কড়ক (কড়্ পৃথক্‌করা+অক—প্রং) সং, ক্লীং, করকচ লবণ।

কড়কচ (দেশজ) সং, করকচ লবণ, সামুদ্রিক লবণ। [সড়ান। ২। গজান।

কড়কন (দেশজ) সং, ক্ষত শুষ্ক হওন, মু-

কড়ঙ্কর } ( কড়্ ভক্ষণ করা + র—প্রং। কড়ঙ্গর } অঙ্গ—আগম। অথবা কৃ করা+খচ্—ক। ২য় পক্ষে—গৃ উদ্গীরণ করা +খচ্—ক) সং. পুং, তুঁষ, কুঁড়া, ভূষি।

কড়ঙ্গরীয় (কড়ঙ্গর কুঁড়া+ঈয়(ণীয়)—প্রং) বিং, ত্রিং, ভুষিভক্ষক, কুঁড়াখেকো। শিং —১ "নীবাবপাকাদিকড়ঙ্গরীয়ৈঃ।"(রঘু)।

কড়ম্ব (কড়্ পৃথক্‌করা+অম্ব(অম্বচ্)—র্ম্ম) সং,পুং, শাকাদির ডাঁটা। ২। (+অম্বচ্—ক) অগ্রভাগ। ৩। অঙ্কুর। ৪। কুঁড়ি। ৫। কদম্ব। ৬। বাণ। ৭। ( দেশজ ) বংশের অবলম্বন স্বরূপ শিশু, যে শিশুর মৃত্যু হইলে বংশ রক্ষার আর উপায় নাই। ম্বী—স্ত্রীং, কলমীশাক।

কড়রা ( দেশজ ) বিং, শক্ত, কর্কশ, দৃঢ়।

কড়া (দেশজ) সং, কপর্দ্দক, কড়ি। ২। ধাতু নির্ম্মিত বলয়। ৩। কটাহ। ৪। দেশবিশেষ ; ইহা এলাহাবাদ প্রদেশের একটি নগর, গঙ্গার দক্ষিণপশ্চিম উপকূলে ইহা অব-স্থিত। ইহার দৈর্ঘ্য প্রায় এক ক্রোশ। এই স্থানে একটি প্রাচীন দুর্গ আছে। ৩। কর্ম্ম করিলে শরীরের কোনভাগে শক্ত ফোস্কা ; যেমন—হাতে কড়া পড়িয়াছে। ৪। বিং, কটু, শক্ত। ৫। উগ্র।

কড়ার (কড়্ ভক্ষণকরা ইত্যাদি+আরন্—ক) সং, পুং, পিঙ্গলবর্ণ। ২। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণবিশিষ্ট। ৩। (দেশজ) সং, কাল নিরূপণ। ৪। অঙ্গীকার, স্বীকার। ৫। ক্ষতাদি স্থানীয় প্রলেপ।

কড়ি (দেশজ) সং, কপর্দ্দক। ২। আড়কাঠ, আড়া।

কড়িয়াল (দেশজ) বিং, ধনী, অর্থবান্, আঢ্য।

কড়ুলী; সং, স্ত্রীং, আর্য্যগণের যন্ত্রবিশেষ।

কড়ে (দেশজ) বিং, কনিষ্ঠ, ছোট, ক্ষুদ্র। ২। শরীরের কোনভাগে অঙ্গুলি স্পর্শদ্বারা লোমাঞ্চ করা; যথা—

"শেষ রেতে আসে সারা রাতি লিখে পড়ে।
খাওয়াইতে জাগাইতে হয় দিয়া কড়ে।"

কড়্কড় (দেশজ) সং, কঠিন দ্রব্যের শব্দ।

কড়্খা—স্তুতিপাঠক বন্দিবর্গ যে সকল গান সহকারে রাজাদির গুণকীর্ত্তন বা স্তুতিবাদ করে তাহাকে কড়্খা কহে; যথা— ধাড়ী গায় কড়্খা ভাঁড়াই করে ভাঁড়।"

কড়্চা (যাবনিক) যে কাগজে প্রত্যেক প্রজার উসুল বাকী প্রভৃতি হিসাব ভিন্ন ২ ফর্দ্দে লিখিত হয় তাহাকে কড়চা কহে।

কড়্মড় (দেশজ) সং, কঠিন দ্রব্যের চর্ব্বণ শব্দ।

কণ (কণ্ সংক্ষেপ করা+অ—প্রং) সং, পুং, ণা, ণী, ণিকা—স্ত্রীং, বস্তুর অত্যল্প অংশ। ২। সূক্ষ্ম অংশ,, রেণু গুঁড়া। ৩। কুম্ভীরমক্ষিকা। ৪। পুং, শস্যের ক্ষুদ্রাংশ বিশেষ। শিং—১"তণ্ডুলকণান্ বিকীর্য্য।" ২"আনন্দাশ্রুকণান পিবন্তি।" ৩ "(পবনঃ) কণবাহী মালিনীতরঙ্গাণাম্।" ৪ "উদ্দানানাং নবজলকণৈর্যূথিকাজালকানি।" (মেঘদূত)। ণা—স্ত্রীং, স্ফুলিঙ্গ। ২। জীরক। ৩। পিপুল।

কণগুগ্গুলু; সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। ২। মহিষাখ্যগুগ্গুলু।

কণজীর; সং, পুং, শ্বেতজীরক, সাদা জিরা।

কণজীরক (কণজীর + ক(কণ্)—অল্পার্থে) সং, ক্লীং, ক্ষুদ্রজীরক।

কণপ (কণ লৌহগুটিকা—পা পান করা +অ(ড)—ক) সং, পুং, যন্ত্র-বিশেষ, বন্দুক। শিং—১ "অয়ঃকণপচক্রাশ্ম ভূশুণ্ড্যুদ্যতবাহবঃ।"

কণভ (কণ অগ্নি—ভা দীপ্তি পাওয়া+অ(ক)—ক) সং, পুং, জ্যোতির্ম্ময় কীটবিশেষ।

কণভক্ষ } কণভুক্ } (কণভুজ, কণাদ দেখ, ভক্ষ, ভুজ [ভুজ্ ভোজন করা+অ(অন্) •(ক্বিপ্)—ক]) সং, পুং, কণাদ দেখ।

কণভক্ষক (কণ পিপুল—ভক্ষক যে ভক্ষণ করে, ২য়া—ষ) সং, পুং, পক্ষিবিশেষ ভারিট পক্ষী।

কণলাভ (কণ—লাভ, ৫মী—হিং) সং, পুং পেষণসাধন যন্ত্রবিশেষ, জাঁতা। ২। আবর্ত্ত

কণশস্ (কণ+শস্—বীপ্সার্থে) অং, অল্পে অল্পে। শিং—১ "তদিদং কণশো বিকীর্য্যতে পবনৈর্ভস্ম কপোতকর্ব্বুরং।"(কুমা

কণাকণি—কাণাকাণি দেখ।

কণাটীন } কণাটীর } (কণ—অট্ গমন করা+ঈটন ও ঈরন্—প্রং) সং,পুং খঞ্জন পক্ষী।

কণাদ (কণ অল্প—অদ্ ভোজন করা+(অন্)—ক। যিনি অল্প আহার করে ২য়া—ষ, কিম্বা এই মুনি পরমাণুর বি আবিষ্কৃত করেন বলিয়া কণাদ নাম হই সং, পুং, বৈশেষিকদর্শনপ্রণেতা মুনি ২। কাশ্যপ মুনি। ৩। স্বর্ণকার, সেকর ৪। চটক

কণিক (কণ অল্প+ইক(ফিক)—বিদা নার্থে) সং, পুং, কণা। ২। গোধূম ময়দা। ৩। অতি সূক্ষ্মাংশ। ৪। শ ৫। নীরাজনবিধি।

কণিকা (কণা+ক—প্রং) সং, স্ত্রীং, কণামাত্র।

কণিত (কণ্ শব্দ করা+ত(ক্ত)—ভা ক্লীং, রোদন, আর্ত্তনাদ।

কণিশ (কণ অল্প+শ—প্রং) সং, স্ত্রী শস্যের মঞ্জরী, শীষ।

কণিষ্ঠ (কণ্+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অপেক্ষায় ক্ষুদ্র হীন অথবা নিকৃষ্ট।

কণীচি (কণ্ নয়ন মুদ্রিত করা + ঈচি সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। শব্দ।

কণীয়ান্ (কণীয়স্, কণ অল্প+ঈয়স্—ত্যর্থে) বিং, ত্রিং, অতিক্ষুদ্র, অতি ছোট। ২। কনিষ্ঠ। [গ্রা

কণুই (কফোণি শব্দজ) সং, বাহুর অ

কণে (কণ্ গমন করা+এ(কে)—প্রং) অং, তৃপ্তি। "কণেমনসীশ্রদ্ধা প্রতিঘাতে।"

কণের, কণেরু (কণ্ গমন করা+এর, এরু—প্রং) সং, স্ত্রীং, বেশ্যা। ২। করিণী। ৩। পুং, কর্ণিকার বৃক্ষ। [তুষারবৎশীতল।

কণকণিয়া (দেশজ) বিং, অতিশয় শীতল,

কণ্টক (কণ্ট্ গমন করা+অক(ণক)—ক) সং, পুং—ক্লীং, কাঁটা। ২। ক্ষুদ্রশত্রু। ৩। মৎস্যের অস্থি। ৪। ন্যায়ে—দোষোক্তি। শিং—১ "এবং ক্ষুদ্র কণ্টকা উদ্বর্ত্তব্যাঃ।" ৫। কর্ম্মস্থান। ৬। দোষ। ৭। বেণু। ৮। বিঘ্ন, ব্যাঘাত। ৯। রোমাঞ্চ। ১০। সূচ্যগ্র। ১১। যাহা ক্ষতিকর বা বিরক্তিজনক। ১২। কেন্দ্র। শিং—১ "লগ্নাম্বুদ্যনকর্ম্মাণি কেন্দ্রমুক্তঞ্চ কণ্টকং।" ১৩। বিং, ত্রিং, যে কষ্ট দেয়, যে অসুখের কারণ হইয়া উঠে, ক্লেশদায়ক।

কণ্টকদেহী (Echinodermata) যাহাদের দেহোপরি কণ্টক থাকে; যথা—ষ্টারফিস্ (Starfish)।

কণ্টকদ্রুম (কণ্টক—দ্রুম, ষং—স) সং, পুং, কণ্টকপ্রধান বৃক্ষ, শাল্মলী বৃক্ষ। "দৈত্যেয়-চন্দনবনে জাতোহয়ং কণ্টকদ্রুমঃ।"

কণ্টকপক্ষক (Acanthoptera) যাহাদের পৃষ্ঠে ডানার পুরোভাগে এক বা ততোধিক অস্থিশলাকা থাকে; যথা—কৈমৎস্য, খরসলা মৎস্য ইত্যাদি।

কণ্টকপ্রাবৃতা; সং, স্ত্রীং, ঘৃতকুমারী।

কণ্টকফল } (যাহার কণ্টকযুক্ত ফল, কণ্টকিফল } ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁ-কণ্টকীফল } ঠাল গাছ। ২। ধুতরাগাছ। ৩। গোক্ষুরগাছ। ৪। গাবভেরেণ্ডা গাছ। ৫। ক্লীং, কাঠাল।

কণ্টকবৃন্তাকী; সং, স্ত্রীং, বার্ত্তাকী, বেগুণ।

কণ্টকারিকা } (কণ্টক কাঁটা—ঋ গমন কণ্টকারী } করা+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে। ক—যোগে কণ্টকারিকা) সং, স্ত্রীং, স্বনামখ্যাত বৃক্ষ, কণ্টীকারী।

কণ্টকাশন (কণ্টক—অশন ভোজ্য। যাহার আহার কণ্টক, ৬ষ্ঠী—হিং) সং,পুং, উষ্ট্র, উট।

কণ্টকিত (কণ্টক+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, যাহাতে রোমাঞ্চ হইয়াছে, রোমাঞ্চিত; যথা—কণ্টকিত কলেবর। ২। যেখানে কণ্টক জন্মিয়াছে, কণ্টকযুক্ত। শিং—১ "প্রীতি কণ্টকিত দুঃখং।" (কুমার)।

কণ্টকিল (কণ্টক+ইল—অস্ত্যর্থে) সং, পুং, বংশবিশেষ, বেউড়বাঁশ।

কণ্টকী (কণ্টকিন্, কণ্টক কাঁটা বা ক্ষুদ্র অস্থি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য-বিশেষ। ২। খর্জ্জূরাদি বৃক্ষ। ৩। বেউড়-বাঁশ। ৪। বিং, ত্রিং, কণ্টকযুক্ত।

কণ্টল (কণ্ট কণ্টক শব্দজ—ল [লা গ্রহণ করা বা পাওয়া+অ(ড)—ক] যে পায়) সং, পুং, বাবলাগাছ।

কণ্টাকল (কণ্টকফল দেখ) সং, পুং, কাঁঠাল গাছ।

কণ্টাহ্বয়; সং, ক্লীং, পদ্মের গেঁড়ো।

কণ্ঠ (কণ্ শব্দ করা+ঠ—ক) সং, পুং, মদন বৃক্ষ। ক্লীং, ণ্ঠা, ণ্ঠী—স্ত্রীং, গলদেশ, গলা। ২। কণ্ঠধ্বনি। ৩। নিকট। শিং—১ 'কণ্ঠে বাবধ্য বাসসা।' ২ কণ্ঠে নিপীড়-য়ন্নারয়তি।" ৩ "নিরুদ্ধকণ্ঠো ন শশাক ভাষিতুং।" ৪ বিকচসরসিজায়াঃ স্তোক-নির্মুক্তকণ্ঠং নিজমিব কমলিন্যাঃ কর্কশং বৃন্তজালম্।"

কণ্ঠকূণিকা (কণ্ঠ গলা—কুণ্ শব্দ করা+অক—ক। কণ্ঠের ন্যায় যে ধ্বনি করে) সং, স্ত্রীং, বীণা।

কণ্ঠগত, কণ্ঠাগত (কণ্ঠ—গত গিয়াছে, আ-গত আসিয়াছে, ৭মী—ষ) বিং, ত্রিং, কণ্ঠপর্য্যন্ত আগত, কণ্ঠপর্য্যন্ত উপস্থিত।

কণ্ঠ(ণ্ঠা) গতপ্রাণ; (৭মী—হিং) বিং, ত্রিং, যাহার প্রাণ কণ্ঠপর্য্যন্ত আসিয়াছে, যা-হার প্রাণ বহির্গত হইবার উপক্রম হই-য়াছে। [গলার নলী।

কণ্ঠনালী (কণ্ঠ—নালী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,

কণ্ঠনীড়ক; সং, পুং, চিল্‌পক্ষী।

কণ্ঠনীলক; সং, পুং, মহাদেব। ২। উল্কা।

কণ্ঠপাশক (কণ্ঠ—পাশক কণ্ঠ বন্ধনার্থ শৃ-ঙ্খল বা রজ্জু) সং, পুং, হস্তীর গলবেষ্টন রজ্জু।

কণ্ঠভূষা ( কণ্ঠ গলা – ভূষা আভরণ, ৬ষ্ঠী – ষ ) সং, স্ত্রীং, মালা। ২। হার। ৩। চিক।

কণ্ঠমণি ( কণ্ঠ – মণি রত্ন, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, কণ্ঠে ধারণীয় রত্ন।

কণ্ঠসূত্র ; সং, ক্লীং, মালা। ২। আলিঙ্গন-বিশেষ। শিং – ১ "যং কুর্ব্বতে বক্ষসি বল্লভস্য স্তনাভিঘাতং নিবিড়োপঘাতাং। পরিশ্রমার্ত্তাঃ শনকৈর্ব্বিদগ্ধাস্তৎ কণ্ঠসূত্রং প্রবদন্তি তজ্জ্ঞাঃ।" ২ "তস্য নির্দ্দয়রতি-শ্রমালসাঃ কণ্ঠসূত্রমপদিশ্য যোষিতঃ।"

কণ্ঠস্থ (কণ্ঠ – স্থ [স্থা থাকা + অ (ড) – ক] যে থাকে) বিং, ত্রিং, মুখস্থ, যাহা বিলক্ষণ অভ্যাস করা গিয়াছে। ২। যাহা কণ্ঠে প্রবেশ করে, যাহার গলাধঃকরণ হয়।

কণ্ঠাগ্নি ( কণ্ঠ – অগ্নি [ আগুন ] জঠরানল, ৬ষ্ঠী – হিং। যাহার কণ্ঠে জঠরানল অর্থাৎ পরিপাক শক্তি আছে) সং, পুং, পক্ষী।

কণ্ঠাল (কণ্ঠ গলা – অল্ ভূষিত করা ইত্যাদি + অ – প্রং) সং, পুং, শূরণ, ওল্। ২। যুদ্ধ। ৩। উষ্ট্র। ৪। অরিত্র।

কণ্ঠিকা, কণ্ঠী (কণ্ঠী + ক – প্রং) সং, স্ত্রীং, একহালি মালা, কণ্ঠাভরণ। ২। অশ্বের কণ্ঠবেষ্টন-রজ্জু। ৩। বৈষ্ণবেরা কণ্ঠে যে কাষ্ঠমালা ধারণ করে; যথা—"তুলসীর কণ্ঠী গলে।"

কণ্ঠীরব ( কণ্ঠী কণ্ঠ – রব শব্দ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, সিংহ। ২। মত্তহস্তী। শিং – ১ "কণ্ঠীরব মহাগ্রহেণ।" (দশকুমার)। ৩। কপোত। বী – স্ত্রীং, বাসক বৃক্ষ।

কণ্ঠেকাল ( কণ্ঠে গলদেশে – কাল কৃষ্ণবর্ণ। যাঁহার কণ্ঠে কৃষ্ণবর্ণ চিহ্ন আছে, ৬ষ্ঠী – হিং। সমুদ্রমন্থনোত্থ বিষ পান করিয়া ইঁহার কণ্ঠে নীলবর্ণ চিহ্ন হয়) সং, পুং, শিব, নীলকণ্ঠ।

কণ্ঠ্য (কণ্ঠ + য(ষ্য) – ভবার্থে) বিং, ত্রিং, কণ্ঠ হইতে উচ্চারিত বর্ণ, অ, আ, হ। ২। কণ্ঠসংক্রান্ত।

কণ্ডন ( কনড্ নিস্তুষ করা + অন(অনট) – ভা ) সং, ক্লীং, তুঁষনিষ্কাসন, কাঁড়ান। শিং – ১"অথপতিতাং তণ্ডুলকণ্ডন প্রদিগ্ধগাত্রীং।"

কণ্ডনী (কণ্ডন দেখ, অন(অনট) – ণ। ঈ – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উদূখল, উখলি। ২। মূষল। শিং – ১ "কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাস্ত বাহয়ন্।" [বিশেষ।

কণ্ডরীক ; সং, পুং, সপ্তজাতিস্মর মধ্যে বিপ্র-

কণ্ডু (কণ্ড + উ – ভা) সং, পুং, মুনিবিশেষ। ইনি কণ্ড মুনির পুত্র। পূর্ব্বে ইনি গোমতী নদীতীরে দীর্ঘকাল কঠোর তপস্যা করাতে দেবরাজ ভীত হইয়া ইঁহার তপভঙ্গের জন্য প্রম্লোচা নামক অপ্সরাকে প্রেরণ করেন, পরে ঋষি সেই অপ্সরার রূপলাবণ্যে এবং উহার ভাবে বিমোহিত হইয়া তপস্যায় জলাঞ্জলি দিয়া বহুকাল তৎসমভিব্যাহারে যাপন করেন। পরে প্রায় সহস্রবর্ষ অতীত হইলে একদা সায়ংকালে সন্ধ্যাবন্দনার উদ্যোগ করাতে প্রম্লোচা পরিহাসপ্রসঙ্গে, বহুকালের পর তাহার যে সন্ধ্যোপাসনা মনে পড়িয়াছে তাহা স্মরণ করাইয়া দিল। তাহাতে ঋষির চৈতন্যোদয় হওয়াতে তিনি তাহাকে পরিত্যাগ করিয়া পুরুষোত্তমক্ষেত্রে গমন করেন এবং তথায় ঊর্দ্ধবাহু হইয়া কঠোর তপশ্চরণপূর্ব্বক সিদ্ধি লাভ করিয়াছিলেন। ২। ক্লীং, চুলকান।

কণ্ডূ, কণ্ডূতি, (কণ্ডূ চুল্কান + ০(ক্বিপ্), তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, চুল্কান। শিং – ১ "মৃগীমকণ্ডূয়ত কৃষ্ণসারঃ।" ২ "কপোলকণ্ডূং করিভির্ব্বিনেতুম্।" (কুমার)। ২। সড়্সড় করা। ৩। পাচ্ড়া।

কণ্ডূয়ন (কণ্ডূ চুল্কান + য(ণ্ড) + অনট্ – ভা) সং, ক্লীং, চুল্কানা। ২। সড়্সড় করা। ৩। পাচ্ড়া। শিং – ১ "কণ্ডূয়নৈর্দংশ নিবারণৈশ্চ।" (রঘু)।

কণ্ডূয়মান (কণ্ডূ দেখ, আন(শান) – ক। য, ম – আগম ) বিং, ত্রিং, কণ্ডূয়নকারী, ঘর্ষণকারী, যে চুলকাইতেছে। শিং – ১ "কণ্ডূয়মানেন কটং কদাচিৎ।" (রঘু)।

কণ্ডূয়া (কণ্ডূ + য(ণ্ড) + অ – ভা) সং, স্ত্রীং, চুল্কান।

কণ্ডূরা (কণ্ডূ — রা দান করা + ০(ক্বিপ্) — ক। যে কণ্ডূ দেয়, ২য়া—ষ) সং, স্ত্রীং, আলকুশী গাছ।

কণ্ডূল (কণ্ডূ — লা গ্রহণ করা + অ(ড) — ক) বিং, ত্রিং, কণ্ডূযুক্ত, যে গাত্র কণ্ডূয়ন করে এবং যার বা যাহাতে চুলকানা হইয়াছে।

কণ্ডোল, কণ্ডোলক (কনড রক্ষাকরা + ওল — ণ, সংজ্ঞার্থে। যাহাতে ধান্যাদি রক্ষিত হয়। ক — যোগ কণ্ডোলক) সং, পুং, নল এবং বংশাদিরচিত ধান্যাদিপাত্র, ডোল। ২। (+ওল — ক) উষ্ট্র।

কণ্ব (কণ্ শব্দ করা + ব — ক, সং, পুং, মুনিবিশেষ; ইনি পুরু-বংশীয় অপ্রতিরথের পুত্র। ইনি কণ্ব-গোত্রীয়গণের আদি এবং শুক্লযজুর্বেদী ছিলেন। মালিনী নদীতীরে ইহার আশ্রম ছিল। ইনি যজুর্বেদীয় কাণ্বশাখা প্রণয়ন করিয়াছিলেন। ইনি পুরুবংশীয় মহারাজ দুষ্মন্তের পত্নী শকুন্তলার পালকপিতা। শিং — ১ "কণ্বাশ্রমং ততোগচ্ছেৎ শ্রীযুষ্টং লোকপূজিতং।" ২। ক্লীং, পাপ।

কণ্বসুতা (কণ্ব — সুতা কন্যা, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, শকুন্তলা। ইহার উৎপত্তির বিষয় এইরূপ লিখিত আছে, পূর্ব্বে বিশ্বামিত্র ঋষি কঠোর তপস্যা করায় দেবরাজ ভীত হইয়া তদীয় তপোভঙ্গের জন্য অপ্সরাপ্রধানা মেনকাকে প্রেরণ করেন। পরে সেই চারুহাসিনী রূপবতী রমণীর হাব ভাবাদি দর্শনে বিশ্বামিত্রের ধ্যান ভঙ্গ হয়। তখন তিনি তপস্যা পরিত্যাগ করিয়া সেই কামিনীর সহিত দিনযামিনী বিহার করিয়াছিলেন, তৎসহযোগে মেনকার গর্ভ হয় পরে সে যথাকালে একটি কন্যা প্রসব করিয়া ঐ কন্যা মালিনী নদীতীরে পরিত্যাগ পূর্ব্বক সুরলোকে প্রস্থান করে। ঐ সময়ে শকুন্ত অর্থাৎ পক্ষিগণ পক্ষ বিস্তার করিয়া ঐ কন্যাটিকে রক্ষা করিয়াছিল, পরে কণ্বমুনি ঐ কন্যাটিকে গ্রহণ ও প্রতিপালন করিয়াছিলেন। তজ্জন্য উঁহাকে কণ্বসুতা বলিয়া থাকে। শকুন্ত কর্ত্তৃক রক্ষিত হওয়াতে ঐ কন্যার নাম শকুন্তলা হয়। পুরুবংশীয় দুষ্মন্ত রাজা গান্ধর্ব্ববিধানে ঐ শকুন্তলার পাণি গ্রহণ করিয়াছিলেন।

কণ্বাশ্রম (কণ্ব — আশ্রম, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কণ্বমুনির আশ্রম। ইহা মালিনী নদীতীরে স্থিত। ইহা আদি ধর্ম্মারণ্য বলিয়া প্রথিত আছে। এই স্থানে প্রবেশ মাত্র মনুষ্যের সমস্ত পাপ ধ্বংস হয়।

কণ্বস্মৃতি; সং, স্ত্রীং, শুক্ল-যজুর্ব্বেদ হইতে সংগৃহীত গ্রন্থ-বিশেষ। কণ্বমুনি ইহার প্রণেতা।

কত (কতি শব্দজ) বিং, কিয়ৎ, পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা। ২। (কৈ শব্দ করা + অত — ক) সং, পুং, মুনি-বিশেষ। ৩। কতফল, নির্ম্মলী।

কতক (কতি শব্দজ) বিং, কতিপয়, কএক, কিছু। ২। (ক জল — তক প্রকাশ, ৫মী — হিং। এই ফল ঘর্ষণ করিয়া জলে দিলে জল পরিষ্কৃত হয়) সং, পুং, কতফল, নির্ম্মলী। শিং — ১ "কতকফলং মৈত্র্যং জলনির্ম্মলতাকরম্।"

কতচেতা; সং, পুং, মুনিবিশেষ।

কতদ্রেণ; সং, পুং, সিন্ধুরাজ্যের অন্তর্গত নগরবিশেষ।

কতম (কিম্ + তম(ডতম) — বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে কে বা কোন বস্তু বা ব্যক্তি। শিং — ১ "কতমেন পথা যাতা দস্যবঃ।"

কতর (কিম্ + তর(ডতর) — দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে কে বা কোন বস্তু বা ব্যক্তি। শিং — ১ "উভাবিমাবাঢ্যৌ। কতরা কতরা অনয়োরাঢ্যতা।" ২ "কতরো ভিক্ষাং দদাতি, দাস্যতি, দাতা।"

কতি (কিম্ + অতি(ডতি) — পরিমাণার্থে। কি সংখ্যা পরিমাণ ইহার) বিং, ত্রিং, কত, কিয়ৎপরিমাণ, কয়জন। শিং — ১ "ন কতি পিতরো দারাঃ পুত্রাঃ পিতৃব্য পিতামহা মহতি বিততে সংসারেঽস্মিন্‌গতা স্তব কোটয়ঃ।"

কতিচিৎ (কতি কত + চিৎ – অসাকল্যার্থে) অং, কতিপয়, কতকগুলি।

কতিথ (কতি + থ – যোগ) বিং, ত্রিং, কতিবিধ, কত প্রকারের।

কতিপয় ( কতি + অয় – প্রং। প – আগম ) বিং, ত্রিং, কিয়ৎসংখ্যক, কতকগুলি। শিং – ১ "অপি কতিপয়া এবৈবং সম্বন্ধাঃ স্যুঃ।" ২ "মাসান্ কতিপয়ান্।"

কতিবিধ (কতি – বিধা প্রকার) বিং, ত্রিং, কতিথ, কত প্রকারের।

কতিরা ; সং, স্ত্রীং, নগরীবিশেষ। দিল্লী প্রদেশে বেরেলী হইতে প্রায় ৪০ ক্রোশ দক্ষিণপূর্ব্ব দিকে ইহা অবস্থিত।

কতৃ‌ণ ; সং, পুং, রামকর্পূর। ২। পানা। ৩। সুগন্ধিবৃক্ষ।

কত্তোয় (কু কুৎসিত – তোয় জল। কু = কৎ) সং, ক্লীং, মদ্য।

কথং ( কথম্, কিম্ + থম্ – প্রকারার্থে ) অং, কিরূপে, কি প্রকারে, কি প্রণালীতে। শিং – ১ "সুরক্ষিতানি বেশ্মানি প্রবেষ্টুং কথমুৎসহে।" ২। কেন, কি জন্যে। "সানুবন্ধ্যাঃ কথং ন স্যুঃ সম্পদোহপি নিরাপদঃ।" ৩। প্রশ্ন। "সত্রতে কথমেতৎ।" ৪। সম্ভ্রম। "কথমহো ভবান্ স্বয়মাগতঃ।" ৫। নিন্দা। "কথং নাম তত্র ভবান্ ধর্ম্মমত্যক্ষৎ।" ৬। সম্ভাবনা। "অহং কথং ন বিশ্বাস ভূমিঃ।" ৭। ঘৃণা। "কথমত্র দূরং ব্রজ।" ৮। আহ্লাদ, হর্ষ। "অদ্য মে কথমপি বন্ধুদর্শনং সঞ্জাতম্।" ৯। যত্ন। শিং – ১ "কথং চিরয়সে দূত রামস্য কুশলং বদ।"

কথক ( কথ্ বলা + অক(ণক) – ক ) বিং, ত্রিং, বক্তা, বর্ণনাকারক। ২। কথোপজীবী, যে সর্ব্বজন সমক্ষে পুরাণ ব্যাখ্যা করে। ৩। নাটকবর্ণনকর্ত্তা।

কথঙ্কথিক (কথং – কথ্ বলা + অক(ণক) – ক। কথং অর্থাৎ কি প্রকারে এই কথা যে বলে, ২য়া – য) বিং, ত্রিং, প্রষ্টা, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক।

কথঙ্কারম্ ( কথম্ – কারম্ [কৃ করা + অম্ (ণম্) – প্রং] করিয়া। কথম্ অর্থাৎ কি রূপে করিয়া) অং, কেমন করিয়া। শিং – ১ "কথঙ্কারমনবলম্বা কীর্ত্তির্দ্যামধিরোহতি।" (মাঘ)।

কথঞ্চন }
কথঞ্চিৎ } (কথম্ + চন, চিৎ – অসাকল্যার্থে) অং, কোন প্রকারে, কোন উপায়ে, কোন সুযোগে, কোনরূপে শিং – ১ "অধঃকথঞ্চিদ্ধৃতভূমিভাগঃ।"

কথন (কথক দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, কথা, উক্তি, কহন, বলন।

কথনীয় (কথক দেখ, অনীয় – র্ম্ম) বিং, ত্রিং কথিতব্য, বক্তব্য, কথ্য, বলিবার যোগ্য শিং – ১ "তস্মৈ মহেশ্বরোক্তৈর্যা কথনীয় কথা ত্বয়া।"

কথমপি (কথম্ – অপি, দ্বং – স) অং, কষ্টে কোন প্রকারে। ২। গৌরবে। ৩। অতিশয়রূপে। ৪। দৃঢ়রূপে। ৫। অতিযত্নে। শিং – ১ "বিসৃজ্য কথমপ্যুমাম্।" ২ "কথমপি চরণোপলৈশ্চলদ্ভিঃ।" ৩ "কথমপি গুরুশোকা মারুদম্ গাঙ্গলিক্যঃ।" (ভট্টি)।

কথম্ভাব (কথম্ কিং শব্দজ – ভাব প্রকারার্থে) সং, পুং, কি প্রকার। ২। বিং, ত্রিং, কিরূপ ভাবাপন্ন।

কথম্ভূত (কথম্ ভূত হইয়াছে) বিং, ত্রিং, কিপ্রকার, কিরূপ।

কথা (কথ্ বলা + অ(ঙ) – ভা) সং, স্ত্রীং, উক্তি। ২। উচ্চারণ। ৩। গল্প, উপাখ্যান। ৪। সত্যমিশ্র কল্পিত গল্পগ্রন্থ। শিং – ১ "তেন সম্ভ্রান্তাঃ কথয়ন্তি মিথঃ কথাঃ।" ২ "কিমিতি মম কথাবিরক্তোহন্যাসক্তো ভবান্।"

কথান্তর (কথা – অন্তর অবকাশ, ৬ষ্ঠী – য) সং, ক্লীং, কথাবসর। শিং – ১ "স্মর্ত্তব্যোহস্মি কথান্তরেষু ভবতা।" (মৃচ্ছক)। ২। বাদান্তর, বাক্যান্তর।

কথাপ্রসঙ্গ (কথা – প্রসঙ্গ প্রস্তাব, ৬ষ্ঠী – য + ৬ষ্ঠী – হিং) সং, পুং, কথার প্রস্তাব বা আরম্ভ। ২। কথোপকথন। শিং – ১ "কথাপ্রসঙ্গেন জনৈঃ রুদাহৃতাৎ।" (কিরাত) ৩। গল্পকারক। ৪। বক্তা। ৫। বিষবৈদ্য সাপুড়ে। ৬। বাতুল। ৭। অং, কথা কথায়, কথা হইতে হইতে, কথাক্রমে

যথা—"কথাপ্রসঙ্গে তিনি বলিলেন।" শিং—১"কথাপ্রসঙ্গেন মিথঃ সখীমুখাৎ।"

কথাপ্রাণ (কথা—প্রাণ [প্র—অন্ বাঁচা+অ(অল্)—ক] কথা দ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, কথোপজীবী, নাটকাচার্য্য।

কথামুখ (কথা—মুখ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গ্রন্থপ্রারম্ভবিশেষ।

কথারম্ভ (কথা—আরম্ভ, ৬ষ্ঠী-ষ) সং, পুং, কথার আরম্ভ।

কথাশেষ (কথা—শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কথার সম্পূর্ণতা, কথাসাঙ্গ।

কথাসরিৎসাগর; সং, পুং, গ্রন্থ-বিশেষ; কাশ্মীরাধিপতি শ্রীহর্ষদেবের সময়ে সোমদেব ভট্ট নামক একজন কবি রাজমহিষীর চিত্তবিনোদনার্থ পৈশাচী ভাষা হইতে সংস্কৃতভাষায় এই গ্রন্থ রচনা করিয়াছিলেন। কৌশম্বী নরপতি বৎসরাজপুত্র মহাত্মা নরবাহন দত্তের জন্মবৃত্তান্ত চরিত বর্ণনই ইহার প্রতিপাদ্য বিষয়।

কথি (কুত্র শব্দের অপভ্রংশ) কোথা, কোন স্থানে; যথা—

"ইহার রূপ দেখি নবীন আকৃতি।
নটবর বেশ পাইল কথি।" (গোবিন্দদাস)।

কথিত (কথক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উক্ত, যাহা বলা হইয়াছে। ২। বর্ণিত। ৩। ব্যাখ্যাত। ৪। উচ্চারিত। ৫। সং, পুং, বিষ্ণু। শিং—১"সংসারভূতঃ কথিতঃ।" ৬। (+ক্ত—ভা) ক্লীং, কথন।

কথিতপদতা (কথিতপদ+তা—ভা) সং, স্ত্রীং, কথিত পদের পুনরুল্লেখ, একবার যাহা বলা হইয়াছে পুনরায় তাহাই বলা। ২। আলঙ্কারিক দোষবিশেষ, পুনরুক্তিদোষ।

কথীকৃত (কথা—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম, ঈ—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, কথামাত্রাবশিষ্ট। শিং—১"অবগম্য কথীকৃতং বপুঃ।"

কথোদ্ঘাত (কথা—উদ্ঘাত, ৬ষ্ঠী—ষ) সং, কথার প্রস্তাব। ২। প্রস্তাবনা-বিশেষ।

কথোপকথন (কথা—উপকথন, ৭মী—ষ) সং, ক্লীং; বাক্যে বাক্য, উক্তি, প্রত্যুক্তি, কোন বিষয়ে দুই বা অধিক জনে একত্র হইয়া বিবেচনা বাদানুবাদ বা আন্দোলন করা।

কথ্য } (কথক দেখ, য, অনীয়—র্ম্ম) বিং,
কথনীয় } ত্রিং, বক্তব্য, কহিবার উপযুক্ত।

কদ (ক জল—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, জলদ, মেঘ। ২। বিং, ত্রিং, জলদায়ক। ৩। সুখদায়ক।

কদক (কদ মেঘ—ক যে করে। যে মেঘের ন্যায় ছায়া অর্পণ করে) সং, পুং, বিতান, চাঁদোয়া।

কদক্ষর (কু কুৎসিত—অক্ষর বর্ণ) সং, ক্লীং, কুৎসিত অক্ষর, বিশ্রী লেখা। ২। (৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, যাহার অক্ষর হস্তলিপি কুৎসিত।

কদগ্নি (কু মন্দ—অগ্নি, য়ং—স) সং, পুং, মন্দাগ্নি, অগ্নিমান্দ্য। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার অগ্নিমান্দ্য হইয়াছে, মন্দাগ্নিযুক্ত।

কদধ্বা (কদধ্বন্, কু কুৎসিত—অধ্বন্ রাস্তা, য়ং—স) সং, পুং, নিন্দিত পথ, কুৎসিতবর্ত্ম, কুপথ।

কদন (কদ্-ণিচ=কদি ব্যাকুল হওয়া, বিনাশ করা+অন(অনট্)—ভা সং, ক্লীং, মারণ, বিনাশ। ২। পাপ। ৩। যুদ্ধ। ৪। মর্দ্দন। ৫। পীড়ন। ৬। অবসাদ। শিং—১ "তথা প্রজানাং কদনং বিদধুঃ কদনপ্রিয়াঃ।"

কদন্ন (কু কুৎসিত—অন্ন, য়ং—স) সং, ক্লীং, কুৎসিত অন্ন, নেকট ভাত। ২। জঘন্য আহার দ্রব্য। শিং—১"শূলী কদন্নাশানাৎ।"

কদন্নভোজী (—ভোজিন্, কু অন্ন—ভুজ্ খাওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে কদন্ন ভোজন করে, জঘন্য আহার দ্রব্য ভক্ষণ করে।

কদপত্য (কু কুৎসিৎ—অপত্য, য়ং—স) সং, পুং, মন্দপুত্র, কুসন্তান। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার সন্তান মন্দ, কুপুত্রবিশিষ্ট। শিং—১ "কদপত্য মৃতং দুঃখং যেন বিন্দতি দুর্ভরম্।"

কদম (কদম্ব শব্দজ) বৃক্ষবিশেষ। ২। মহিমা; যথা—সবে পুজে পীরের কদম।"

কদম্ব, কদম্বক (কদ্ ব্যাকুল হওয়া+অম্ব (অম্বচ) – ক। কণ্ – যোগে কদম্বক। অথবা কদং বর্ষাকাল – বা [গম্ করা] বোধ করান + অ – প্রং। যে বর্ষাকালকে জানায়, ২য়া – ষ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ। ২। ক্লীং, কদম্ব পুষ্প। ৩। (কদি বিস্তীর্ণ হওয়া+অম্বচ – ক) সমূহ। শিং – ১ "ছায়াবদ্ধকদম্বকং মৃগকুলং রোমন্থমভ্যস্যতু।" ২ "পৃথু কদম্ব কদম্বক রাজিতম্।" (রঘু)

কদম্বগোলকন্যায়—ন্যায় (১৩) দেখ।

কদর (ক জল ইত্যাদি – দৃ বিদীর্ণ করা+অ (অল) – প্রং) সং, পুং, কাঁটা বাবলা। ২। করাত। ৩। কড়া, জামড়া। ৪। যত্ন। ৫। দরদ্। ৬। ক্লীং, পায়স, ছেঁড়াপায়স। ৭। ক্ষুদ্ররোগবিশেষ।

কদর্থ (কু কুৎসিত – অর্থ বিধেয়, প্রয়োজন, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, ব্যর্থ, নিরর্থক। ২। কুৎসিত অর্থকারী।

কদর্থন (কদর্থ দেখ, অন (অনট্) – ভা) সং, ক্লীং, কুৎসিত অর্থকরণ; যথা—"আসিয়া মদন দেয় কদর্থন অন্তরে জ্বালায় উকি।"

কদর্থিত (কু কুৎসিত – অর্থিত, [অর্থ-ণিচ্ +ক্ত – র্ম্ম] অর্থিষ্ট) বিং, ত্রিং, বিড়ম্বিত। ২। দূষিত। ৩। ঘৃণিত। ৪। বিফলীকৃত। শিং – ১ "ভ্রষ্টভূষণকদর্থিতমাল্যঃ।"

কদর্থীকৃত (কদর্থ-চি – কৃ+ত (ক্ত) – র্ম্ম) বিং, বিং, বিকলীকৃত। ২। মন্দীকৃত। শিং – ১ "কেশৈঃ কদর্থীকৃতবীর্য্যসারঃ।"

কদর্য্য (কু কুৎসিত – অর্য্য শ্রেষ্ঠ, অধিকারী) বিং, ত্রিং, কুৎসিত। ২। লোভী। ৩। কৃপণ। ৪। ক্ষুদ্র, নীচ। শিং – ১ "আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্র দারাংশ্চ পীড়য়ন্। লোভাৎ যঃ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতিস্মৃতঃ।"

কদর্য্যতা (কদর্য্য+তা – ভাবে) সং, স্ত্রীং, জঘন্যতা, অপকৃষ্টতা, মন্দতা।

কদল (ক বায়ু – দল্ ভেদ করা+অ (অল্) – র্ম্ম। যে বায়ু কর্তৃক দলিত হয়, ৩য়া – ষ, অথবা শীতবীর্য্যত্বহেতু যে বায়ু-রোগ দলন করে, ২য়া – ষ) সং, পুং, রম্ভা বৃক্ষ, কলাগাছ। ২। ক্লীং, তৎফল। লী – স্ত্রীং, কলাগাছ। ২। কলা। ৩। মৃগীবিশেষ। ৪। পতাকা। ৫। হস্তীর উপরের নিশান। [পুং, রম্ভামূল. কলার এটে।

কদলীকন্দ (কদলী – কন্দ, ৬ষ্ঠী – ষ) সং,

কদলীকুসুম (কদলী – কুসুম, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কদলীপুষ্প, মোচা। [থোড়।

কদলীদণ্ড (কদলী – দণ্ড, ৬ষ্ঠী – ষ) সং, পুং,

কদা (কিম্+দা – কালার্থে। কিম=ক) অং, কখন্, কোন্ সময়, কবে। শিং – ১ "কদাবারাণস্যামিহ সুরধুনীরোধসি বসন্।" ২ "কদাকাশ্যাং গমিষ্যামি কদাদ্রক্ষ্যামি শঙ্করং।"

কদাকার (কু কুৎসিত – আকার গঠন। কু=কৎ) বিং, ত্রিং, যাহার আকার কুৎসিত, কদর্য্যকার। ২। বিশ্রী।

কদাকারতা (কদাকার+তা – ভা) সং, স্ত্রীং, কদাকার হওয়া, কদাকার দেখান।

কদাখ্য (কু কুৎসিং – আখ্যা নাম, ৬ষ্ঠী হিং) সং, পুং, বৃক্ষবিশেষ, কুড়্।

কদাচ (কদাচন শব্দজ) অং, কদাচিৎ, কখন।

কদাচন, কদাচিৎ (কদা+চন, চিৎ – অসাকল্যার্থে) অং কোন সময়, কখন। শিং – ১ "চক্ষুষ্যামুদিতশ্চন্দ্রো নেক্ষিতব্যঃ কদাচন।

কদাচার (ক – আচার আচরণ) সং, পুং, কুৎসিত আচার, অভদ্র আচরণ। ২। বিং, ত্রিং, কদাচারী; যথা—

"কি জাতি কে জানে, কারে নাহি মানে,
সদা কদাচারময়।" (অন্নদা)।

কদাচারী (কদাচারিন্, কদাচার+ইন্ (ণিন্) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার আচার মন্দ, অসদাচারী। রিণী, স্ত্রীং – ঈপ্।

কদাপি (কদা – অপি নিশ্চয়) অং, কখনই; যথা—"আমি তাহার বাটীতে কদাপি যাইব না।" ২। কোন এক সময়ে; যথা—"তিনি এস্থানে কদাপি আসিতে পারেন।"

কদুক্তি (কু – উক্তি, য়ৎ – স) সং, স্ত্রীং, মন্দ উক্তি, কটুউক্তি অশ্লীল উক্তি।

কদুষ্ণ (কু ঈষৎ – উষ্ণ, য়ৎ – স) বিং, ত্রিং, ঈষদুষ্ণ, অল্পতপ্ত। শিং – ১ "শ্বসন্ কদুষ্ণং পুরমাবিবেশ।" (ভট্টি)।

কদ্রথ (কু কুৎসিত – রথ, ষ্ঠং – স) সং, পুং, কুৎসিত রথ। শিং – ১ "রথি কদ্রথবর্ত্তীমং বতত্র ধ্বজশালিনম্।" (ভট্টি)।

কদ্রু (কম্ ইচ্ছা করা + উ(ড়ু) – র্ম্ম। র – আগম। ম=দ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ। দ্রু, দ্রূ – স্ত্রীং, দক্ষপ্রজাপতির কন্যা, কশ্যপ ঋষির ভার্য্যা, সর্পজননী, নাগমাতা। শিং – ১ "কদ্রুস্তু সুষুবে নাগান্।"

কদ্বদ (কু কুৎসিত – বদ [বদ্ বলা + অ (অন) – ক] যে বলে, ষ্ঠং – স) বিং, ত্রিং, কুৎসিতবক্তা, অশুদ্ধবক্তা, দুর্ব্বাক্, মন্দকথক। শিং – ১ "যেন জাতং প্রিয়াপায়ে কদ্বদং হংসকোকিলং।" ২। কটুভাষী। ৩। দুঃশ্রবশব্দযুক্ত। শিং – ১ "বাগ্মিদাং বরমকদ্বদো নৃপঃ।" (মাঘ)।

কনক (কন্ দীপ্তি পাওয়া + অক – ক) সং, ক্লীং, সুবর্ণ। শিং – ১ "কনককুণ্ডলবান্ কিরীটীহারী।" (বিষ্ণুধ্যান)। "অন্বেষ্টব্যৈঃ কনকসিকতামুষ্টিনিক্ষেপগূঢ়ৈঃ।" (মেঘ)। ৩ "অদ্যাপিতাং কনকচম্পকদাম গৌরীং।" (চৌর)। ২। পুং, রক্তবর্ণ পুষ্পের বৃক্ষ, পলাশ প্রভৃতি। ৩। কিংশুক বৃক্ষ। ৪। ধুস্তুরবৃক্ষ। ৫। নাগকেশরবৃক্ষ। ৬। কাঞ্চনালবৃক্ষ। ৭। কালীয়বৃক্ষ। ৮। চম্পকবৃক্ষ। ৯। কাসমর্দ্দবৃক্ষ। ১০। কণগুগ্গুলুবৃক্ষ। ১১। লাক্ষাতরু।

কনকক্ষার (কনক – ক্ষার ক্ষরণ। যাহার সংযোগে কনক দ্রব হয়) সং, পুং, সোহাগা।

কনকদণ্ড (কনক – দণ্ড। সুবর্ণময় দণ্ড যাহাতে আছে, ৭মী – হিং) সং, পুং, রাজছত্র।

কনকধ্বজ; সং, পুং, ধৃতরাষ্ট্র পুত্রবিশেষ। ২। (৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যার ধ্বজা সুবর্ণময়, সুবর্ণধ্বজ।

কনকপল (কনক – পল মাংস। কনকের ন্যায় যাহার মাংস, ৬ষ্ঠী – হিং, মধ্যপদলোপ) সং, পুং, মৎস্যবিশেষ। ২। কর্ষচতুষ্টয়রূপ পলপরিমাণ।

কনকপত্র (কনক কনকনির্ম্মিত – পত্র পত্রাকারভূষণ, ষ্ঠং – স) বিং, ত্রিং, সুবর্ণনির্ম্মিত কর্ণের অলঙ্কার, কাণপাত। শিং – ১ "জীবেতি মঙ্গলবচঃ পরিহৃত্য কোপাৎকর্ণেকৃতং কনকপত্রমনালপন্ত্যাঃ।" ২ "কনকপত্রালঙ্কৃতয়া।"

কনকপ্রভা (কনক – প্রভা। সুবর্ণপ্রভার ন্যায় যার দীপ্তি, ৬ষ্ঠী – হিং, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী লতা। ২। নারীবিশেষ।

কনকপ্রসবা; সং, স্ত্রীং, স্বর্ণকেতকী।

কনকময় (কনক + ময়(ময়ট্) – বিকারার্থে) বিং, ত্রিং, স্বর্ণময়, কনকনির্ম্মিত। শিং – ১ "আধত্তে কনকময়স্ত যত্র লক্ষ্মীম্।"

কনকরম্ভা; সং, স্ত্রীং, কনকবর্ণ রম্ভাবিশেষ।

কনকরস; সং, পুং, হরিতাল।

কনকশিল; সং, পুং, পর্ব্বতবিশেষ; পূর্ব্বসমুদ্রের উত্তরতীরে ইহা অবস্থিত। এই কনকপ্রভ পর্ব্বত ত্রয়োদশ যোজন বিস্তৃত। এই স্থানে সহস্রশীর্ষ অনন্তদেব বিরাজমান। ইহার শিখরদেশে অনন্তদেবের চিহ্নস্বরূপ একটি ত্রিশিরস্ক তালতরু বিদ্যমান ছিল এরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

কনকসূত্র; সং, ক্লীং, কনকনির্ম্মিত সূত্র, সোণার তার, স্বর্ণসূত্র। [বাজু।

কনকাঙ্গদ; সং, ক্লীং, স্বর্ণময়কেয়ূর, সোণার

কনকাচল (কনকময় – অচল পর্ব্বত, ষ্ঠং – স) সং, পুং, হেমাদ্রি, সুমেরুপর্ব্বত। ২। হেমশৈলাদি; যথা—"কুচ কনকাচল পারে, শোভে তথি মোতিমহারে।"

কনকাঞ্জলি } কনকাঞ্জলী } সং, স্ত্রীং, মাঙ্গলিক দানবিশেষ। বঙ্গরাজ্যে এইরূপ মাঙ্গলিক প্রথা আছে যে, দেবপ্রতিমা বিসর্জ্জনকালে সধবা গৃহস্বামিনী বেশভূষান্বিতা রমণীগণের সহিত প্রতিমা বরণ করিয়া স্বীয় বস্ত্রাঞ্চল প্রসারণ করেন, ঐ সময়ে গৃহস্বামীকে প্রতিমার পশ্চাদ্ভাগ হইতে অলক্ষিতভাবে মুদ্রাযুক্ত তণ্ডুলপূর্ণ পাত্র উৎক্ষেপণ পূর্ব্বক সেই বস্ত্রাঞ্চলে নিক্ষেপ করিতে হয়। ইহাকেই কনকাঞ্জলি কহে, গৃহস্বামিনী এই কনকাঞ্জলি অঞ্চলে জড়িত করিয়া মস্তকে ধারণ পূর্ব্বক জলধারা দিয়া গৃহ প্রবেশ করেন। বিবাহযাত্রাকালেও এইরূপ নিয়মে কন-

কাঞ্জলি দানের প্রথা প্রচলিত আছে। ২। কনকপূর্ণ অঞ্জলি; যথা—

"আনন্দে গঙ্গার জলে স্নান দান কৈলা।
কনক অঞ্জলি দিয়া গঙ্গা পার হৈলা।"

কনকায়ু; সং, পুং, ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। শিং—১ "উগ্রায়ুধোভীমরেতাঃ কনকায়ুর্দৃঢ়ায়ুধঃ।"

কনকালুকা (কনক—আলু জলপাত্র, কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্ণকলস, সুবর্ণের ঘট, সুবর্ণভৃঙ্গার, ঝারি।

কনকাহ্ব } (কনক—আহ্বা, আহ্বয় নাম) সং, পুং, ধুতুরা গাছ। ২। নাগকেশর বৃক্ষ।
কনকাহ্বয় }

কনখল; সং, পুং, কুরুক্ষেত্রের উত্তরস্থিত গঙ্গাদ্বারসমীপস্থ তীর্থ-বিশেষ। শিং—১ "ততঃকনখলে স্নাত্বা ত্রিরাত্রোপষিতোনরঃ। অশ্বমেধমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ বিন্দতি।"

কনিষ্ঠ (কন্ দীপ্তি পাওয়া+ইষ্ঠ—প্রং। কিম্বা কণ অল্প+ইষ্ঠ—প্রং। ণ=ন। অথবা যুবন্, অল্প+ইষ্ঠ—প্রং। যুবন্, অল্প =কন) বিং, ত্রিং, অনুজ। ২। অত্যল্প। ৩। ক্ষুদ্র, ছোট। ৪। বয়সে ছোট, অন্য অপেক্ষা যার বয়স্ অল্প। ৫। মহাদেব। শিং—১ "জ্যেষ্ঠায়চ কনিষ্ঠায়চ।" (রুদ্রাধ্যায়)। ষ্ঠা—স্ত্রীং, কনিষ্ঠ অঙ্গুলি, কড়ে আঙ্গুল।

কনিষ্ঠতা (কনিষ্ঠ+তা—ভা) সং, স্ত্রীং, কনিষ্ঠ হওয়া, বয়সে অল্পতা।

কনী (কন্ দীপ্তি পাওয়া+অ(অন্)—ক। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কন্যা, দুহিতা।

কনীনিকা (কন্ দীপ্তি পাওয়া+ঈন—ক। কণ্—স্বার্থে। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চক্ষুর তারা। ২। কনিষ্ঠাঙ্গুলি। ৩। কনিষ্ঠাভগিনী।

কনীয়ান্ (কনীয়স্, কনিষ্ঠ দেখ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, সর্ব্বকনিষ্ঠ। শিং—১ "কথং কনীয়ানহমুৎসহেয়ম্।" (ভট্টি) ২ "কলত্রবানহং বালে কনীয়াংসং ভজস্ব মে।" ২। অতিক্ষুদ্র। ৩। কনিষ্ঠভ্রাতা বা ভগিনী। (স্ত্রীলিঙ্গে কনীয়সী)।

কন্তু (কম্ ইচ্ছা করা+তু—র্ম, সংজ্ঞার্থে) সং, পুং, কন্দর্প; যথা—

"প্রেম আকুল, গোপ গোকুল,
কুল কামিনী কন্তু।" (গোবিন্দদাস

২। ক্লীং, চিত্ত। ৩। হৃদয়। ৪। (কম্+
—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুখান্বিত।

কন্থা (কুন্থ্ শ্লিষ্ট হওয়া+আ—প্রং। কু=
ক। অথবা কম্ অভিলাষ করা+থন্-
র্ম্ম। শীতার্ত্তেরা যাহাকে আলিঙ্গন বা ইচ্ছ
করে) সং, স্ত্রীং, জীর্ণবস্ত্রর চত আচ্ছাদ
কাঁথা। শিং—১ "বস্ত্রঞ্চ জীর্ণশতখণ্ডময়ী
কন্থা।" ২ "জীর্ণপলাশ সংহতিকৃতাং কং
বসানঃ।" ৩ "ভিক্ষাপ্রাণস্য রক্ষার্থং ক
শীতনিবারিণী।" ২। মৃণ্ময়ভিত্তি, কাঁথ

কন্দ (কন্দ আর্দ্রহওয়া+অ(অল্)—র্ম্ম
পুং—ক্লীং, মূল, আলু প্রভৃতি। শিং-
"কন্দমূলফলাশিনাম্ ২। (কং জল
দ [দা দানকরা+(ড)—ক] যে দেয়)
মেঘ। ৩। যোনিরোগবিশেষ। ৪। কর্পূ

কন্দগুড়ূচী; সং, স্ত্রীং, গুড়ূচীবিশেষ।

কন্দট (কন্দ+অটন্—ক) সং, ক্লীং, শ্বে
ৎপল, সাদাসুঁদি। [উম

কন্দফলা সং, স্ত্রীং, ক্ষুদ্র কারবেলী, (

কন্দমূল সং, ক্লীং, মূলক।

কন্দর (কং জল—দৃ বিদীর্ণহওয়া+অ
—ক) সং, পুং—স্ত্রীং, রা, রী—স্ত্রীং,
কৃত্রিম কিম্বা অকৃত্রিম সজল বা নি
অথবা গৃহাকারে পর্ব্বতের গহ্বর। শি
১ "নিহ্রাদস্তে মুরজইবচেৎ কন্দরেষু ধ
ম্যাৎ।" (মেঘ)। ২। (কং গজমস্তক
বিদীর্ণহওয়া+অ(অল্)—ণ) পুং, অ
৩। ক্লীং, আদ্রক, আদা। ৪। ওল
পৃঞ্জন গাঁজর।

কন্দরাল } সং, পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।
কন্দরালক } প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ। [
আখোটবৃক্ষ।

কন্দরোদ্ভবা; সং, স্ত্রীং, ক্ষুদ্র পাষাণ

কন্দর্প (কং ব্রহ্মাকে—দৃপ্ সন্দীপ্ত ক
অ(অন্)—ক। যিনি ব্রহ্মাকেও সন
করেন, কিম্বা কং কাহাকে। কা
না সন্দীপিত করেন, "কং ন দর্প
কন্দর্পঃ") সং, পুং, কামদেব,
ইনি প্রজাপতির মানস হইতে জা

'কং দর্পয়ামি' বলিয়াছিলেন বলিয়া চতুর্ম্মুখ ইহাঁর নাম কন্দর্প রাখিয়াছিলেন। তিনি ইহাঁকে বলিয়াছিলেন, পুত্র! তুমি যেমন অতিদৃপ্ত হইলে, তেমনি একটী কাজ করিও,—"কদাচ ত্রিনেত্রের ধর্ষণ করিও না।" কিন্তু ইনি অতি দর্পবশতঃ মহাদেবের তপোভঙ্গ করাতে ভস্মীভূত হন। পরে মহাদেব, ব্রহ্মাদি দেবগণের অনুনয়ে 'যদিও অনঙ্গ অঙ্গহীন হইয়াছেন, তথাপি তিনি প্রাণীমাত্রের চিত্তে বিরাজ করিতে পারিবেন' এই বরদান করিয়াছিলেন। শিং—১"কং দর্পয়ামীতি মদাজ্জাতমাত্রো জগাদ চ। তেন কন্দর্প নামানং তং চকার চতুর্ম্মুখঃ। ২ "দৃষ্টৈবতামর্জ্জুনস্য কন্দর্পঃ সমজায়ত।" ৩ "তত্র নিশ্চিত্য কন্দর্পমগমৎ পাকশাসনঃ।" ২। সঙ্গীতোক্ত তাল বিশেষ। শিং—১ "ত্রয়োবিংশতি বর্ণাঙ্ঘ্রি-ধ্রুবঃ কন্দর্পসংজ্ঞকঃ। বীরে বা করুণে বা স্যাৎ খণ্ডতালে বিধীয়তে।"

কন্দর্পকূপ (কন্দর্প—কূপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

কন্দর্পকেলি (কন্দর্প—কেলি, ৪র্থী—য) সং, পুং, কামহেতুক ক্রীড়া। ২। প্রহসনবিশেষ।

কন্দর্পজীব (কন্দর্প—জীব-ণিচ্=জীবি+অ (অন)—ণ। যাহার দ্বারা কাম বৃদ্ধি হয়) সং, পুং, পনসফল।

কন্দর্পমথন (কন্দর্প—মথ্ পীড়ন করা, নাশ করা+অন(অনট্)—ক) সং, পুং, মহাদেব। ২। কামনিবারক বস্তু।

কন্দর্পমুষল; সং, পুং, পুরুষ-চিহ্নবিশেষ।

কন্দর্পশৃঙ্খল (কন্দর্প—শৃঙ্খল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রতিবন্ধ-বিশেষ। শিং—১ "নারীপদদ্বয়ং স্থাপ্য কান্তস্যোরুদ্বয়োপরি। কটিকেন্দোলয়েদাশু বন্ধঃ কন্দর্পশৃঙ্খলঃ।"

কন্দল (কং সুখ—দল ভেদ করা+অ—প্রং) সং, ত্রিং, কলধ্বনি। ২। (কন্দ+কলচ্—র্ম্ম) গণ্ডদেশ। ৩। (+কলচ্—ভাবে) উপরাগ। ৪। (কম্ কমনীয়—দল পত্র) নূতন অঙ্কুর। ৫। (কন্দ+অল—ধি) পুং, কলহ, বিবাদ। ৬। যুদ্ধ। ৭। স্বর্ণ। ৮। সমূহ। ৯। (কন্দ মূল—ল গ্রহণার্থ লাধাতুজ) অপবংশঃ। ১০। (ক বায়ু—দল দলিত। যে বায়ু দ্বারা দলিত হয়) ভূমিকদলীবৃক্ষ। ১১। পতাকা। ১২। পদ্মবীজ। ১৩। ক্লীং, কন্দলীপুষ্প। লী—স্ত্রীং, মৃগীবিশেষ।

কন্দলিয়া (দেশজ) যে কন্দল করে।

কন্দলী; সং, স্ত্রীং, ঔর্ব্বমুনির জানুসম্ভুতা কন্যা। ইনি অতি কন্দলপ্রিয়া থাকাতেই ঐ নামে প্রসিদ্ধা হন। যখন ঔর্ব্বমুনি দুর্ব্বাসাকে ঐ কন্যা সম্প্রদান করেন, তখন তিনি তাঁহাকে তদীয় অপরাধ ক্ষমা করিবার অনুরোধ করাতে তিনি তদীয় শত দোষ মার্জ্জন করিতে স্বীকার করিয়াছিলেন। তদনুসারে বিবাহের অল্প দিন মধ্যেই সেই কন্দলীর শত অপরাধ পূর্ণ হয়। তৎপরে তিনি ঋষির অপরাধে ভস্মীভূতা হন। দেহান্তে বিষ্ণুর প্রসাদে সেই কন্দলী কদলীবৃক্ষরূপে জন্মগ্রহণ করেন।

কন্দবর্দ্ধন; সং, পুং, শূরণ, ওল।

কন্দবল্লী; সং, স্ত্রীং, বন্ধ্যাকর্কোটকী।

কন্দবহুলা; সং, স্ত্রীং, ত্রিপর্ণিকা।

কন্দশূরণ (কন্দ—শূরণ। এই দুই শব্দের একই অর্থ) সং, পুং, ওল্।

কন্দসার; সং, ক্লীং, নন্দনবন।

কন্দু—পুং
কন্দু, কন্দূ—স্ত্রীং } (স্কন্দ্ গমনকরা+উ(ডু)—ধি। স্—লোপ) সং, ত্রিং, লৌহময় পাকপাত্র, কড়া, ভাওয়া। শিং—১"কন্দুপক্কানি তৈলেন পায়সং দধি শক্তবঃ। দ্বিজৈরেতানি ভোজ্যানিশূদ্রগেহকৃতান্যপি।"

কন্দুক
কন্দূক } (কন্দ্ রোদনকরা+উ—ক। কণ্—স্বার্থে। অথবা উক, উক—ক) সং, পুং, গেণ্ডুক, খেলিবার গোলা। ২। ভাঁটা। শিং—১" করাভিঘাতোত্থিত কন্দুকেয়ৎ।" (রঘু)। ২ "সা কন্দুকৈঃ কৃত্রিমপুত্রকৈশ্চ।" (কুমার)। ৩। ত্রয়োদশাক্ষরযুক্ত অতিজগতী জাতীয়চ্ছন্দ; ইহার দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, অষ্টম, নবম, একাদশ, দ্বাদশ ও ত্রয়োদশ বর্ণ গুরু।

কন্দুকেশ্বর; সং, পুং, কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

কন্দোট ; সং, ক্লীং, নীলপদ্ম। ২। পুং, শ্বেত-পদ্ম, সুঁদি।

কন্দোত ; সং, পুং, শ্বেতপদ্ম।

কন্ধর (কং মস্তক, জল – ধর [ ধৃ ধরা + অ (খ) – ক] যে ধারণ করে, ২য়া – ষ ) সং, পুং, রা – স্ত্রীং, গ্রীবা, কাঁধ। ২। পুং, মেঘ। ৩। মুস্ত, মুথা। ৪। মারিষশাক, নটিয়াশাক। শিং – ১ "কবাটবক্ষাঃ পরিণদ্ধকন্ধরঃ।" (রঘু)। ২ "উৎকন্ধরং দারুক ইত্যুবাচ।"

কন্ধি (কম্ জলকে বা মস্তককে—ধা ধারণ করা + ই – ধি) সং, পুং, সমুদ্র। স্ত্রীং, গ্রীবা।

কন্যকা (কন্যা + আকারের পূর্ব্বে অক – স্বার্থে ) সং, স্ত্রীং, পুত্রী, আত্মজা, তনয়া, সুতা। ২। দশবর্ষবয়স্কা কুমারী। ৩। অবিবাহিতা স্ত্রী, নারী। শিং – ১ "অষ্ট-বর্ষাভবেদ্গৌরী নববর্ষাচ রোহিণী। দশমে কন্যকা প্রোক্তা অত ঊর্দ্ধংরজঃস্বলা।" (স্মৃতি)। ৪। নায়িকা-বিশেষ।

কন্যকাজাত (কন্যকা – জাত [জন্ জন্মান + ত(ক্ত) – ক] উৎপন্ন, ৭মী – ষ ) বিং, ত্রিং, কানীন, যে কন্যকাগর্ভে জন্মগ্রহণ করে ; যথা—ব্যাস, কর্ণ প্রভৃতি। শিং – ১ "কানীনঃ কন্যকাজাতো মাতামহসুতো মতঃ।" [পুং, কন্যার পতি, জামাতা।

কন্যকাপতি (কন্যকা – পতি, ৬ষ্ঠী – ষ) সং,

কন্যা (কন্ প্রীতহওয়া ইত্যাদি + য – ক। আপ্ – স্ত্রীং। অবিবাহিতা নারীগণ যাহাকে ইচ্ছা কামনা করিতে পারে বলিয়া তাহা-দিগকে কন্যা কহে ) সং, স্ত্রীং, তনয়া, আত্মজা। ২। দশমবর্ষ বয়স্কা অবিবাহিতা কুমারী। শিং – ১ "নরেন্দ্র কন্যাস্তমবাপ্য সৎপতিম্।" (রঘু)। ২। ঘৃতকুমারী। ৩। স্থূলৈলা। ৪। বারাহীকন্দ। ৫। বন্ধ্যা-কর্কোটকী। ৬। মেষাদি দ্বাদশরাশির অন্ত-র্গত ষষ্ঠরাশি। ইহা উত্তরফল্গুনীর শেষ পাদত্রয়, হস্তা এবং চিত্রার প্রথমার্দ্ধ-যুক্ত। ইহার আ-কৃতি "জলে শস্য



কন্যা (রাশি)।

ও অগ্নিধারিণী নৌকাস্থিতা কুমারী। ই-হাতে জন্মিলে শাস্ত্রবিশারদ, সৌভাগ্য-সম্পন্ন, সুরূপ ও সুরতপ্রিয় হয়।" ৭। চতুরক্ষরযুক্ত প্রতিষ্ঠাজাতীয় ছন্দ ; ইহার চারি বর্ণই গুরু ; যথা—"ভাস্বৎ কন্যা সৈকা ধন্যা।"

কন্যাকাল (কন্যা – কাল, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, অবিবাহিতা নারীর দশম বৎসর।

কন্যাকুব্জ (কন্যা – কুব্জ কুঁজো। যেখানে কন্যাগণ কুব্জা হইয়াছিল, ৭মী – হিং। প্র-সিদ্ধ আছে—যে কুশনাভ রাজার একশত পরম সুন্দরী কন্যা ছিল, পবনদেব ঐ রাজকন্যাগণের রূপলাবণ্যে মোহিত হ-ইয়া তাহাদিগের নিকট স্বীয়াভিপ্রায় ব্যক্ত করিলে তাঁহারা তদীয় কামনা পূর্ণ করে নাই, তাহাতে সমীরণ ক্রোধে তাহাদিগের মধ্যদেশ ভগ্ন করাতে তাহারা কুব্জা হয়। তদবধি ঐ স্থান কান্যকুব্জ নামে প্রসিদ্ধ হইয়াছে) সং, পুং, কান্য-কুব্জদেশ।

কন্যাকূপ ; সং, পুং, তীর্থবিশেষ।

কন্যাট (কন্যা কুমারী – অট্ গমন করা + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, নারীগণের বাসভবন, অন্তঃপুর।

কন্যাতীর্থ, সং, ক্লীং, কুরুক্ষেত্রস্থিত তীর্থ বিশেষ ; এই তীর্থে স্নান করিলে সহস্র গোদানের ফললাভ হয়। শিং – ১ "কন্যা তীর্থে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ।"

কন্যাদান (কন্যা – দান, ২য়া – ষ) সং, ক্লীং, বিধিপূর্ব্বক বরহস্তে কন্যাসম্প্রদান, কন্যার বিবাহ দেওয়া।

কন্যাদূষণ ; সং, ক্লীং, কুমারী-ধর্ষণ।

কন্যাধন (কন্যা – ধন, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কন্যাকাবস্থায় লব্ধধন, স্ত্রী-ধন বিশেষ এই ধনে ভ্রাতা অধিকারী হয়।

কন্যান্তঃপুর ( কন্যা – অন্তঃপুর ) সং, ক্লীং, অন্তঃপুরের যে অংশে রাজকুমারী বাস করেন।

কন্যাপতি ( কন্যা – পতি স্বামী, ৬ষ্ঠী – ষ সং, পুং, জামাতা, জামাই।

কপট (ক ব্রহ্মা – পট্ গমন করা, আচ্ছাদন করা + অ – প্রং। যে ব্রহ্মাকেও

আচ্ছাদন করে। কিম্বা ক মস্তক—পট বস্ত্র। যাহা মস্তককে পটের ন্যায় আচ্ছাদক) সং, পুং—ক্লীং, ছল। ২। শঠতা, বঞ্চনা, চাতুরী, ধূর্ত্ততা, প্রতারণা। ৩। মায়া।

কপটচারী (—চারিন্, কপট—চর্ চলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে কপটবেশে চলে, ছদ্মবেশী, কাপটিক, কপটবেশী। ২। যে কপট ব্যবহার করে. যে অন্যের সহিত সরল ব্যবহার করে না, শঠ. ধূর্ত্ত, প্রবঞ্চক।

কপটপটু (কপট—পটু, ৭মী—ষ) বিং, ত্রিং, কপটতায় দক্ষ। ২। ঐন্দ্রজালিক।

কপটবেশ (কপট—বেশ, যং—স) সং, পুং, ছদ্মবেশ।

কপটবেশী (—বেশিন, কপট—বিশ্ প্রবেশ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ছদ্মবেশী, কপটাচারী।

কপটী (কপটিন্, কপট+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কপটকারী. প্রতারক।

কপর্দ্দ } (ক [গঙ্গার] জল কিম্বা ক সুখ, কপর্দ্দক } মস্তক—পৃ পালন করা+দ—প্রং। কপ্—স্বার্থে। অথবা ক—পৃ+বিচ ভাবে=কপর্—দ দৈ ধাতুজ + অ(ড) —ক) সং, পুং, শিবজটা। ২। কড়ি; (ইহা সুবর্ণবর্ণা হইলে তাহাকে সিংহী, ধূম্রবর্ণা হইলে ব্যাঘ্রী, পীতপৃষ্ঠাসিতোদরা হইলে মৃগী, শ্বেতবর্ণা হইলে হংসী এবং নাতিদীর্ঘিকা হইলে তাহাকে বিদন্তা বলা যায়। শিং—১ "মিত্রাণ্যমিত্রতাং যান্তি যস্য ন স্যুঃ কপর্দ্দিকাঃ।" ২ "যদ্যহমিমং শক্তু,শরাবং বিক্রীয় দশকপর্দ্দান্ প্রাপ্নোমি।"

কপর্দ্দী (কপর্দ্দিন্, কপর্দ্দ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। ২। একাদশরুদ্রের এক জন; ঋগ্বেদে—ইনি বায়ুগণের জনক বলিয়া বর্ণিত আছেন। Muir অনুমান করেন, ইনি অগ্নি বা ইন্দ্রের রূপান্তর। পূষাকেও এই নামে অভিহিত হইতে দেখা যায়। ৩। বিং, ত্রিং, জটাযুক্তমাত্র। র্দ্দিণী—স্ত্রীং—ঈপ্, পার্ব্বতী। শিং—১"মৃণাল ব্যালবলয়া বেণীবন্ধ কপর্দ্দিণী হারানুকারিণী পাতু লীলয়াপার্ব্বতী জগৎ।"

কপাট, কবাট (ক বায়ু—পট্-ণিচ = পটি গমন করা, পাওয়া+অ(অন্)—ক। প=ব। যে বায়ু গমনের প্রতিবন্ধকতা পায়) সং, পুং—ক্লীং, টী—স্ত্রীং, দ্বারের আবরণ। শিং—১ "স্বর্গদ্বারকপাটপাটনপটু।" ২ "উদ্ঘাটকো ভবতি যত্র গৃহে কপাটে।"

কপাটঘ্ন (কপাট—হন্ আঘাত করা+অ—প্রং) বিং, ত্রিং; যে কবাট ভগ্ন করিতে সক্ষম। ২। সং, পুং, চৌরবিশেষ।

কপাল (ক [লক্ষণাহেতু] মস্তকস্থ ঘৃত—পাল [পালি+অ(অন্)—ক] যে রক্ষা করে, ২য়া—ষ) সং,পুং—ক্লীং,করোটি, মাথারখুলি। ২। ললাটদেশ। ৩। অদৃষ্ট। ৪। যে দুই ভাগ যোগ করিয়া কলসী নির্ম্মাণ করে, কর্পর, কলসের অর্দ্ধাংশ, খাপ্‌রা, খোলা। ৫। জনতা। ৬। ভিক্ষাপাত্র। শিং—১ "কপালং বৃক্ষমূলানি কুচেলমসহায়তা। সমতা চৈবসর্ব্বস্মিন্নেতন্মুক্তস্যলক্ষণম্।" ৭। (কপ্+কালন্—র্ম্ম) সমূহ। ৮। কুষ্ঠরোগবিশেষ।

কপালভৃৎ (কপাল—ভৃৎ [ভৃ পালন করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে। যিনি কপালের মালা অর্থাৎ হাড়ের মালা ধারণ করেন, ২য়া—ষ) সং, পুং, শিব। ২। ভিক্ষুক। ৩। বিং, ত্রিং, কপালধারী।

কপালমালী (—মালিন্, কপালমালা+ইন্—অস্ত্যর্থে। যাঁহার কপালমালা অর্থাৎ হাড়ের মালা আছে) সং, পুং, শিব। শিং—১ "কপালমালিনে নিত্যং সুবর্ণমুকুটায়চ।" নী—স্ত্রীং, দুর্গা।

কপালমোচন; সং,ক্লীং, কাশীস্থ তীর্থবিশেষ, পুষ্করতীর্থ; এইখানে ব্রহ্মার পঞ্চম মস্তকের কপাল মোচিত অর্থাৎ পরিত্যক্ত হয়; এইজন্য উহা কপালমোচন নামে প্রসিদ্ধ। মতান্তরে বর্ণিত আছে—রঘুকুলতিলক রামচন্দ্র দণ্ডকারণ্যমধ্যে ক্ষুরাস্ত্র দ্বারা এক রাক্ষসের মস্তক ছেদন করিয়া দূরে ক্ষেপণ করেন। ঘটনাক্রমে ঐ কপাল মহোদর নামক এক ঋষির উরুদেশে বিদ্ধ হয়। তাহাতে বহুদিন তিনি ক্লেশভোগ করেন, পরে তিনি মুনিগণের পরামর্শে সরস্বতীর নিকটস্থ ঔশনস নামক তীর্থে গমন এবং

তথায় স্নান করাতে ধৃতপাপা হন এবং তাহার উরু-দেশস্থ সেই কপাল তথায় পতিত হয়। তদবধি এই স্থান কপালমোচনতীর্থ বলিয়া বিখ্যাত হইয়াছে।

কপালস্ফোট ; সং, পুং, পিশাচ-বিশেষ ; ইহার উপাখ্যান এইরূপ কথিত আছে—যমুনাতীরে গোবিন্দস্বামী নামক এক ব্রাহ্মণ ছিলেন। তাঁহার অশোকদত্ত ও বিজয়দত্ত নামক দুই পুত্র ছিল। কালক্রমে গোবিন্দস্বামী সপরিবারে কাশীধামে বাস করেন। তথায় এক সন্ন্যাসীর সহিত তাঁহার সাক্ষাৎ হওয়াতে তাঁহার প্রমুখাৎ তিনি জানিতে পারেন যে, কিয়দ্দিনের জন্য তাঁহাকে কনিষ্ঠ পুত্রের বিয়োগযাতনা সহ্য করিতে হইবে। অতঃপর একদা তাঁহার কনিষ্ঠ পুত্র বিজয়দত্ত রাত্রিযোগে জ্বররোগে শীতার্ত্ত হইয়া শ্মশানাগ্নির উত্তাপে শীত নিবারণের উদ্দেশে শ্মশানে গমন করে। ঐ সময়ে তথায় শবদাহ হইতেছিল। বিজয়দত্ত বালচাপল্য প্রযুক্ত কাষ্ঠখণ্ড দ্বারা সেই চিতানল মধ্যগত শবকপালে আঘাত করে, তাহাতে সেই শব-কপাল হইতে বসা বিনির্গত হইয়া তাহার মুখমধ্যে পতিত হওয়াতে ঐ বসার স্বাদগ্রহমাত্র তাহার কপালস্ফোটত্ব প্রাপ্তি হইল। তখন তাহার পিতা শোকার্ত্ত হইয়া স্বীয় গৃহে গমন করিলেন। পরে বহুকষ্টে সেই বিজয়দত্তের পিশাচত্ব হইতে মুক্তিলাভ হইয়াছিল।

কপালিকা ( কপাল + ইক(ষ্কিক) — অল্পার্থে ) সং, স্ত্রীং, ক্ষুদ্রকপাল। ২। খাপ্‌রা। ৩। দন্তরোগবিশেষ।

কপালী ( কপালিন্, কপাল + ইন্ - অস্ত্যর্থে। যাঁহার কপালমালা অর্থাৎ অস্থিমালা আছে ) সং, পুং, শিব। শিং — ১ "তস্মাল্যভস্ম নৃকপাল্যভবৎ পিশাচৈঃ।" ২। জাতিবিশেষ, ব্রাহ্মণকন্যার গর্ভে ও ধীবর ঔরসে জন্ম। ৩। বিং, ত্রিং, যার কপাল ভাল, যার অদৃষ্ট ভাল, ভাগ্যবান্ ; যথা—কপালী পুরুষ। লিনী — স্ত্রীং, দুর্গা।

কপি (কপ্ কাঁপা + ই — ক, সংজ্ঞার্থে। কিম্বা ক — পা রক্ষা করা + ই — প্রং) সং, পুং, বানর। শিং — ১ "দদর্শ বৃন্দানি কপীন্দ্র।" (ভট্টি)। ২। বিষ্ণু। ৩। গন্ধর্ব্ববিশেষ। ৪। বরাহ। ৫। আমলা। ৬। কপিলবর্ণ।

কপিকন্দুক (কপি — কন্দুক গোলা) সং, ক্লীং, মাথার খুলি।

কপিকেতন (কপি — কেতন পতাকা, চিহ্ন। যাঁহার রথে কপি চিহ্ন আছে, ৬ষ্ঠী — হিং ) সং, পুং, কপিধ্বজ, অর্জ্জুন। শিং — ১ "স্বাস্তপূর্ব্বমিদং বাক্যমব্রবীৎ কপিকেতনঃ।"

কপিঞ্জল (কু — পিন্‌জ্ + কলচ — ক) সং, পুং, চাতকপক্ষী। ২। গৌরবর্ণ তিত্তিরি পক্ষী। ৩। মুনিবিশেষ, পুণ্ডরীকের সুহৃৎ।

কপিতৈল ; সং, ক্লীং, তুরুস্ক নামক গন্ধদ্রব্য।

কপিত্থ, কবিত্থ (কপি—স্থ [স্থা থাকা + অ (ড) — ক] যে থাকে। প্রায় কপিরা এই বৃক্ষে থাকে) সং, পুং, কয়েতবেল বৃক্ষ। ২। (কপিত্থ + ষ্ণ) ক্লীং, তৎফল। শিং — ১ "অম্লং কপিত্থং শ্লেষ্মাণং শময়তি।"

কপিত্থত্বক্ ; সং, ক্লীং, এলবালুক।

কপিত্থপর্ণী ; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, কপিত্থানী।

কপিধ্বজ (কপি — ধ্বজা চিহ্ন। যাঁহার রথে কপি চিহ্ন আছে, ৬ষ্ঠী — হিং) সং, পুং, অর্জ্জুন, মধ্যম পাণ্ডব।

কপিনামা ; সং, পুং, শিলারস।

কপিপিপ্পলী ; সং, স্ত্রীং, রক্তাপামার্গ। ২। সূর্য্যাবর্ত্তবৃক্ষ।

কপিপ্রিয় ( কপি — প্রিয়, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, কপিত্থবৃক্ষ। ২। আম্রাতকবৃক্ষ, আমড়াগাছ।

কপিল, কবিল ( কম্ বাঞ্ছা করা + ইল — ক। ম = প। কিম্বা কপি বানর + ল অস্ত্যর্থে। যে কপির ন্যায় রঙ্ ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ-যুক্ত। ২। পীতের আভাযুক্ত কৃষ্ণবর্ণ। শিং — ১ "হেম কপিলা কেশ।" ৩। সং, পুং, পিঙ্গল রঙ। ৪। সাংখ্যদর্শন-প্রণেতা মুনি ; ইনি কর্দ্দম প্রজাপতির পুত্র, দেবহূতি গর্ভসম্ভূত। ভাগবত মতে—ইনি পঞ্চম অবতার। এই অবতারে নষ্টপ্রায় নিখিলতত্ত্ব শাস্ত্রের নিশ্চিতিসাধন সাংখ্যশাস্ত্র প্রচার করেন। রামায়ণে — ইন্দ্র

সগর রাজার অশ্বমেধ যজ্ঞে অশ্ব হরণ করত ইহাঁর পার্শ্বে রক্ষা করেন; ইনিই অগ্ন্যবতার বলিয়া প্রসিদ্ধ। শিং—১ "কপিলং পরমর্ষিঞ্চ যং প্রাহুর্যতয়ঃ সদা। অগ্নিঃ স কপিলো নাম সাংখ্যযোগ প্রবর্ত্তকঃ।" ৫। মেরুপশ্চিমাস্থিত একটী পর্ব্বত। ৬। নাগবিশেষ। ৭। নগরীবিশেষ; ইহার পূর্ব্বনাম কপিলবাস্তু। ৮। বিষ্ণু। ৯। দৈত্যবিশেষ। ১০। অগ্নি। ১১। কুক্কুর।

কপিলদ্যুতি (কপিল—দ্যুতি দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। ২। বিং, ত্রিং, কপিলবর্ণ কান্তিবিশিষ্ট।

কপিলদ্রাক্ষা; সং, স্ত্রীং, মৃদ্বীকা, কিসমিস্।

কপিলদ্রুম; সং, পুং, কাক্ষীনামক সুগন্ধিকাষ্ঠ। [বিশেষ।

কপিলশিংশপা; সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ-

কপিলস্মৃতি; সং, স্ত্রীং, কপিলপ্রণীত স্মৃতি।

কপিলা (কপিল+অ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দিক্ হস্তিনীবিশেষ, পুণ্ডরীক নামক দিগ্‌গজের পত্নী। ২। কামধেনু। ৩। শিংশপাবৃক্ষ। ৪। সুগন্ধিদ্রব্য। ৫। ধেনু। ৬। জলৌকা। ৭। নদী বিশেষ।

কপিলাশ্ব (কপিল পিঙ্গলবর্ণ—অশ্ব ঘোটক, ৬ষ্ঠী—হিং। ইন্দ্রেরই এই বর্ণের অশ্ব আছে) সং, পুং, ইন্দ্র। ২। সূর্য্যবংশীয় রাজা কুবলয়াশ্বের পুত্র।

কপিলোহ (কপিল পিঙ্গলবর্ণ—লোহ লৌহ) সং, ক্লীং, পিত্তল, পিতল।

কপিবল্লী (কপি—বল্লী লতা। যাহার বল্লী কপিলোমের ন্যায় লোমে আচ্ছাদিত, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গজপিপুল।

কপিশ (কপি+শ—অস্ত্যর্থে। যে কপির ন্যায় রঙ্) সং, পুং, নীলপীত মিশ্রিত বর্ণ। ২। বিং, ত্রিং, মেটিয়াবর্ণ, পাঁশুটে বর্ণ। শিং—১ "সন্ধ্যাভ্রকপিশস্তস্য বিরাধোনাম রাক্ষসঃ।" শী—ক্লীং, স্ত্রীং, মদ্যবিশেষ। ২। শা—স্ত্রীং, নদীবিশেষ। ৩। মাধবীলতা। ৪। পিশাচমাতা।

কপিশাঞ্জন; সং, পুং, মহাদেব।

কপিশীর্ষ (কপি—শীর্ষ মস্তক) সং, ক্লীং, প্রাকারাগ্র, প্রাচীরের মাথা।

কপীতন (কপি—তন যে বিস্তার করে। যে কপিদিগকে আশ্রয় দেয় বা খাওয়ায়, ২য়া—ষ) সং, পুং, আমড়া গাছ। ২। গন্ধপিপুল। ৩। শিরীষবৃক্ষ।

কপীন (কৌপীন শব্দজ) সং, গুহ্যদেশাচ্ছাদন, কপ্নী, অন্তর্বাসঃ।

কপীন্দ্র (কপি—ইন্দ্র প্রধান, ৬ষ্ঠী—ষ—নির্দ্ধারার্থে) সং, পুং, সুগ্রীব। ২। হনূমান্।

কপুষ্টিকা (ক—পুষ্টি+কণ্। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মস্তকের উভয় পার্শ্বস্থ কেশগুচ্ছ।

কপুচ্ছল (ক মস্তক—পুচ্ছ+ল[লা গ্রহণ করা+অ(ড)—ক] যে লয়। মস্তকের পুচ্ছের ন্যায়) সং, ক্লীং, চূড়াকরণ সংস্কার।

কপূয় (কু কুৎসিত—পূয়্ দুর্গন্ধ হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, কুৎসিত। ২। দুর্গন্ধ।

কপোত (ক বায়ু—পোত নৌকা। যে বায়ুর পোতের ন্যায়। অথবা কব্ রঙ্করা+ওত—প্রং) সং, পুং, পারাবত, পায়রা। ২। পক্ষী। ৩। বনকপোত, ঘুঘু। তী—স্ত্রীং, কপোত-স্ত্রী; যথা—"কপোত কপোতী বাঁধি নীড়, থাকে সুখে।"

কপোতক; সং, ক্লীং, সৌবীরাঞ্জন।

কপোতচরণ; সং, স্ত্রীং, নলীনামক গন্ধদ্রব্য।

কপোতপালিকা } (কপোত—পাল্ রক্ষা
কপোতপালী } করা+অক, অ—ক। আ, ঈ—স্ত্রীলিঙ্গে। যে কপোতদিগকে রক্ষা করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, বিটঙ্ক, পায়রার খোপ। ২। চিড়িয়াখানা।

কপোতরোমা; সং, পুং, শিবিরাজার পুত্র। কথিত আছে—পূর্ব্বে তিনি পাত্র মাংস প্রদান করিয়া শরণাগতকে রক্ষা করিয়াছিলেন। অগ্নির বরে তাঁহার দক্ষিণপার্শ্ব হইতে ঐ পুত্রের জন্ম হয়।

কপোতবঙ্কা; সং, স্ত্রীং, ব্রাহ্মীবৃক্ষ।

কপোতবর্ণী; সং, স্ত্রীং, সূক্ষ্মৈলা।

কপোতবৃত্তি (কপোত—বৃত্তি আচরণ। কপোতের ন্যায় আচরণ। কপোতেরা মদ্য আহরণ করিয়া সঞ্চয় করিতে পারে না)

সং, স্ত্রীং, সঞ্চয়রহিত জীবিকা, অদ্য সঞ্চয় করিয়া কল্য স্থিতি না রাখা। ২। (৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ। যাহার কপোতবৃত্তির ন্যায় বৃত্তি) বিং, ত্রিং, কপোতবৃত্তিযুক্ত সঞ্চয়হীন বৃত্তিসম্পন্ন।

কপোতারি (কপোত—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্যেন পক্ষী, শিকারী পক্ষী।

কপোতেশ্বর; সং, পুং, মহাদেব; পূর্ব্বে ইনি কুশস্থলীতে বিষ্ণুর আরাধনা করিয়া কপোত সদৃশ কৃশ হন, তাহাতেই তাঁহার ঐ নাম হয়। দ্বিতীয়তঃ অগ্নিপুরাণে উক্ত আছে—একদা হর পার্ব্বতী কপোত কপোতীরূপে বিহার করাতে শঙ্কর কপোতেশ্বর নাম ধারণ করিয়াছিলেন।

কপোতেশ্বরী; সং, স্ত্রীং, পার্ব্বতী।

কপোল (ক মুখ—পোল [পোলি বৃহৎ হওয়ান+অ—ক] যে বৃহৎ হওয়ায়। যে মুখকে বৃহৎ হওয়ায়, ২য়া—ষ। কিম্বা কপ্ কাঁপা+ওল—ক, সংজ্ঞার্থে) সং, পুং, লী—স্ত্রীং, জানুরক্ষিণী। ২। গণ্ডদেশ, গাল। শিং—১ "কপোলকণ্ডূ করিভির্বিনেতুম্।"

কপোল-কল্পনা; সং,স্ত্রীং, বাস্তবিক নহে কেবল রচনা করিয়া বলা, গালগল্প।

কপোল-কল্পিত; বিং, ত্রিং, যাহার বাস্তবিক সত্তা নাই কেবল কল্পনা করিয়া বর্ণিত বা উক্ত।

কপ্‌চান (দেশজ) সং, পক্ষিদের বুলি ধরণের উপক্রম।

কফ (ক জল—ফল্ নিষ্পন্ন হওয়া+অ (ড)—ক। যে জল দ্বারা নিষ্পন্ন, ৩য়া—ষ) সং, পুং, শ্লেষ্মা, শরীরস্থ ধাতুবিশেষ।

কফকূর্চ্চিকা (কফ—কূর্চ্চিকা গাঢ় দুগ্ধ) সং, স্ত্রীং, লালা, থুথু, সিকনি।

কফণি, কফোণি (ক সুখ—ফণ্ গমন করা +ই—ক, সংজ্ঞার্থে) সং,পুং—স্ত্রীং, কণুই, বাহুর নিম্নস্থগ্রন্থি।

কফনিঃসারক (Expectorant) যে সকল ঔষধ দ্বারা কফনিঃসারণ করে।

কফবর্দ্ধন; সং, পুং, পিণ্ডীতগর বৃক্ষ। ২। বিং, ত্রিং, শ্লেষ্মাবৃদ্ধিকারক।

কফবিরোধি; সং, ক্লীং, মরিচ।

কফান্তক; সং, পুং, বব্বুর বৃক্ষ।

কফারি (কফ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুঁঠ।

কফী (কফিন্, কফ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কফযুক্ত। ২। সং, পুং, গজ।

কবন্ধ (ক মস্তক—বধ্ বধ করা+অ—প্রং। কিম্বা ক জল—বন্ধ্ বন্ধন করা +অ—প্রং) সং, পুং—ক্লীং, ক্রিয়াযুক্ত নির্মস্তক দেহ, কন্ধকাটা; প্রবাদ আছে—সমর সময়ে অযুত গজ, নিযুত তুরঙ্গ, অর্দ্ধ শত রথ এবং দশকোটি পদাতি নিহত হইলে এক কবন্ধ জন্মে; যথা—"আইল কবন্ধ, ভূত পিশাচ, দানব।" শিং—১ নাগানামযুতং তুরঙ্গনিযুতং সার্দ্ধং রথানাং শতং পত্তীনাং দশকোটয়ো নিপাতিতা একো কবন্ধোরণে। তাদৃক্ কোটিকবন্ধনর্ত্তনবিধৌ খেলচ্চলৎ খেশিরস্তেষাং কোটিনিপাতনে রঘুপতেঃ কোদণ্ডঘণ্টারবঃ।" ২ "তে নিকৃত্তভুজস্কন্ধাঃ কবন্ধাকৃতিদর্শনাঃ। নদন্তো ভৈরবান্নাদান্নিপতন্তি স্ম দানবাঃ।' ৩ "প্রায়ো মস্তকনাশে সমরমুখে নটতি কবন্ধঃ।" ২। (মস্তক নাই বলিয়া) পুং, রাহু। ৩। ধূমকেতু। ৪। রুদ্র। ৫। জনস্থানবাসী রাক্ষসবিশেষ; ইনি রাম লক্ষ্মণের হস্তে নিহত হন। ৬। উদর। ৭। ক্লীং, জল।

কবুতর (কপোত শব্দজ) সং, পারাবত, প্রায়রা।

কবুল (যাবনিক) স্বীকার।

কবে (কদাশব্দজ) অং, কখন্, কোন সময়ে।

কব্জা (যবনভাষা) সং, কপাট যোজক লৌহাদি রচিত কল।

কব্জী (যবন ভাষা) সং, হস্তের উপরিভাগ, করপৃষ্ঠ। [ময়ে।

কভু (কদাপি শব্দজ) অং, কখন, কোন সময়ে।

কম (কম্ বাঞ্ছা করা+অ(অন্)—র্ম্ম) অং, কমনীয় গুণ। শিং—১ "ভীমকান্তৈর্নৃপগুণৈঃ।" ২ "নবং বয়ঃ কান্তমিদং বপুশ্চ।" ২। (দেশজ) তুল্য, সদৃশ; যথা—
"কেবা করে কামশরে কটাক্ষের সম।
কটুতায় কোটী কোটী কালকূট কম।"

কম্ (কম্ ইচ্ছা করা + বিচ্ – ক) অং, পাদপূরণ। ২। জল। ৩। মস্তক। ৪। সুখ। ৫। মঙ্গল। ৬। নিন্দা।

কমঠ (কম্ ইচ্ছাকরা ইত্যাদি + অঠ – র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, কচ্ছপ। শিং – ১ "কমঠপৃষ্ঠকঠোরমিদং ধনুর্মধুরমূর্ত্তিরসৌ রঘুনন্দনঃ।" (মহানাটক)। ২। বাঁশ। ৩। দৈত্যবিশেষ। ৪। শজারু। ৫। পুং – ক্লীং, সন্ন্যাসীদের জলপাত্রবিশেষ। ঠী – স্ত্রীং, কচ্ছপী, কচ্ছপভার্য্যা।

কমণ্ডলু (ক ব্রহ্মা, জল – মণ্ড ভূষণ – লা দানকরা + উ(ডু) – ক, সংজ্ঞার্থে) সং, পুং, – ক্লীং, সন্ন্যাসী বা ব্রহ্মচারীদের মৃণ্ময় বা কাষ্ঠময় জলপাত্রবিশেষ। শিং – ১ "বৈণবীং ধারয়েদ্‌যষ্টিং সোদককঞ্চ কমণ্ডলুং।" (মনু)। ২ "কমণ্ডলুং কপালেন শিরসাচ মৃজাবতা।" (ভট্টি)। ২। পুং, অশ্বত্থবৃক্ষ। ৩। ব্যক্তিবিশেষ।

কমন (কম্ বাঞ্ছা করা + অন – ক) বিং, ত্রিং, কামুক, লম্পট। ২। (+ অন – র্ম্ম) অভিরূপ, রম্য, মনোহর, কমনীয়। শিং – ১ "ত্রিভুবনকমনং তমালবর্ণং রবিকরগৌরবাম্বরং দধানম্।" ৩। সং, পুং, ব্রহ্মা। ৪। অশোকবৃক্ষ। ৫। কামদেব।

কমনচ্ছদ (কমন রম্য – ছদ পক্ষ, পাখনা, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কাঁকপক্ষী।

কমনীয় (কমন দেখ, অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, রম্য, সুন্দর, মনোহর। শিং – ১ "রমণী কমনীয়কপোলতলে।" ২। অভিলষণীয়, স্পৃহণীয়।

কমনীয়তা (কমনীয় + তা – ভা) সং, স্ত্রীং, অভিলষণীয়তা, স্পৃহণীয়তা। ২। মনোহরতা, চিত্তরঞ্জকতা, সৌন্দর্য্য।

কমন্ধ; সং, ক্লীং, জল। ২। কবন্ধ।

কমর (কম্ + অরচ্ – ভা) বিং, ত্রিং, কামুক।

কমল (কং জল – অল্ ভূষিত করা + অ অন্) – ক) সং, ক্লীং, পদ্ম। শিং – ১ "ন কমলং কমলস্য ন তত্সি।" ২ "নবাবতারং কমলাদিবোৎপলম্।" ২। আশ্রয়। ৩। (কম্ ইচ্ছাকরা + অল(কল) – র্ম্ম, সংজ্ঞার্থে) জল। ৩। তাম্র। ৪। ঔষধ। ৫। পুং, মৃগবিশেষ। ৬। সারসপক্ষী। ৭। তালবিশেষ। শিং – ১ "উক্তো মলয়তালেন লঘুমধ্যো স্ফুরেদ্‌গুরুঃ। সপ্তদশাক্ষরৈর্যুক্তঃ কমলোঽয়ং ভয়ানকে।" লা – স্ত্রীং, (কমল পদ্ম + অ – অস্ত্যর্থে। যাঁহার হস্তে নিয়ত পদ্ম আছে অথবা ক ব্রহ্মত্ব – ম শিবত্ব [এখানে 'ক, ম' শব্দ ভাবপর] লা যে দান করে। যিনি ব্রহ্মত্ব ও শিবত্ব পদ দান করেন, ২য়া – ষ) লক্ষ্মী। ২। বরস্ত্রী। ৩। হিরণ্যকশিপুর পত্নী, প্রহ্লাদের জননী, নাম কয়াধু। ৪। নদীবিশেষ। ৫। কমলালেবু। শিং – ১ "রম্ভাফলং তিন্তিড়ীকং কমলা নাগরঙ্গকং। ফলান্যেতানি ভোজ্যানি এভ্যোঽন্যানি বিবর্জ্জয়েৎ।"

কমলকীট; সং, পুং, কীটবিশেষ, কমলবর্ণ কীট।

কমলকোরক (কমল – কোরক, ৬ষ্ঠী – ষ) সং, পুং, পদ্মের কুঁড়ি।

কমলকোষ (কমল পদ্ম – কোষ কুঁড়ি, ৬ষ্ঠী – ষ) সং, পুং, পদ্মের কলিকা, পদ্মের কুঁড়ি; যথা—"কমলকোষ তুল্য কোমল করতল দ্বারা মুখমণ্ডল আচ্ছাদন করিয়া রোদন করিতে লাগিলেন।"

কমলজ (কমল – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত) সং, পুং, বিষ্ণুর নাভিকমলজাত, ব্রহ্মা। ২। ক্লীং, রোহিণী নক্ষত্র। ৩। বিং, ত্রিং, কমল হইতে যাহা উৎপন্ন, পদ্মজাত (মধ্বাদি)।

কমলযোনি (কমল পদ্ম [বিষ্ণুর নাভিপদ্ম] – যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী – হিং) সং, পুং, পদ্মযোনি, ব্রহ্মা।

কমলষণ্ড (কমল পদ্ম – ষণ্ড সমূহ) সং, ক্লীং, পদ্মসমূহ।

কমলাকর (কমল – আকর খনি, উৎপত্তিস্থান, ৬ষ্ঠী – ষ) সং, পুং, পদ্মাকর, যে জলাশয়ে অনেক পদ্ম জন্মে। ২। পদ্মসমূহ। শিং – ১ "হরিদশ্বঃ কমলাকরানি চ।" (রঘু)। ৩। কমলাকরভট্ট নির্ম্মিত স্মৃতিনিবন্ধবিশেষ।

কমলাপতি (কমলা – পতি, ৬ষ্ঠী – ষ) সং, পুং, লক্ষ্মীপতি, নারায়ণ।

কমলালয়া (কমল পদ্ম—আলয় গৃহ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পদ্মালয়া, লক্ষ্মী; যথা—"কমলা কমলালয়া।" ২। সম্পত্তি।

কমলাসন (কমল পদ্ম—আসন, ৬ষ্ঠী—হিং। সৃষ্টিকালে ব্রহ্মা বিষ্ণুর নাভি কমলে জন্মিয়াছিলেন) সং, পুং, ব্রহ্মা। ২। ক্লীং, পদ্মাসন।

কমলিনী (কমল+ইন্—সমূহার্থে) সং, স্ত্রীং, পদ্মিনী, পদ্মের ঝাড়। শিং—১ কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে।"

কমলোত্তর (কমল—উত্তর উৎকৃষ্ট, অত্যুত্তম। যাহা কমল সদৃশ উৎকৃষ্ট) সং,ক্লীং, কুসুম্ভ পুষ্প, কুসুম ফুল।

কমিতা (কমিতৃ, কম্ ইচ্ছা করা+তৃ তৃন্)—ক। ই—আগম) বিং, ত্রিং, কামুক।

কম্প (কম্প্ কাঁপা+অ(অল্)—ভা) সং, পুং, কাঁপনি। ২। লড়ন। শিং—১"নির্ঘাত বিদ্যুদুল্কাদ্যৈস্ত্রাসঃ কম্পাদিকারকঃ।"

কম্পন (কম্প্ কাঁপা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, কাঁপনি। ২। (+অন্—ক) বিং, ত্রিং, কম্পযুক্ত। ৩। (কম্প-ণিচ্=কম্পি+অন—ক) কম্পকারক। "প্রকম্পনেনানু চকম্পিরে সুরাঃ।" না—স্ত্রীং,সেনা।

কম্পমান (কম্প দেখ, আন(শান)—ক। ম—আগম) বিং, ত্রিং, যে কাঁপিতেছে, কম্পান্বিত। [বায়ু।

কম্পাক (কম্প দেখ, আক—প্রং) সং, পুং,

কম্পিত (কম্প দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, কম্পযুক্ত। ২। ভীত। ৩।(+ক্ত—র্ম্ম) চালিত। "অতিচপলকপিকুলকম্পিত কম্পিল্লচ্যুতপল্লবফলশবলৈঃ।"(কাদম্বরী)। ৪। (+ক্ত—ভা) সং, ক্লীং, কম্পন, চালন। শিং—১ "অনোকহাকম্পিতপুষ্পগন্ধিঃ।"

কম্প্র (কম্প দেখ, র—ক, শীলার্থে) বিং, ত্রিং, কম্পিত, চলিত। ২। ভীত।

কম্বর; বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণ, চিত্রবর্ণ।

কম্বল (কম্ ইচ্ছাকরা+কল—র্ম্ম। ক=ব। নিপাতন। কিম্বা ক মস্তক, জল ইত্যাদি—বল্ বলবান্ হওয়া+অ—প্রং) সং, পুং,স্বনামখ্যাত মেষাদিলোমরচিতআসন। ২। (কম্ব+কল—ক) নাগবিশেষ। ৩। উত্তরীয়বস্ত্র। ৪। উত্তরাসঙ্গ। ৫। কৃমি। ৬। সাস্না, গলকম্বল। ৭। মৃগ-বিশেষ। ৮। ক্লীং, জল।

কম্বলবান্ (কম্বল—বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কম্বলবিশিষ্ট, যাহার কম্বল আছে। শিং—১ "কম্বলবন্তং ন বাধতে শীতম্।"

কম্বলহার (কম্বল—হার [হৃ হরণ করা-অ,ষ(ঞ)—ক] যে হরণ করে) বিং, ত্রিং, কম্বলহারক, কম্বলাপহারী। ২। সং, পুং, ঋষিবিশেষ।

কম্বলিবাহ্যক; সং, ক্লীং, বৃষবহনীয় শকট।

কম্বলী (কম্বলিন্, কম্বল গলকম্বল+ইন্-অস্ত্যর্থে) সং, পুং, গলকম্বলবিশিষ্ট বৃষভ। ২। বিং,ত্রিং, কম্বলবিশিষ্ট।

কম্বাতায়ী; সং, পুং, শঙ্খচিল।

কম্বি (কম্ ইচ্ছা করা+বি—প্রং) সং, স্ত্রীং, দর্ব্বি, হাতা। ২। বাঁশের পাব্।

কম্বু (কম্ব্ গমনকরা+উ—ক, সংজ্ঞায়ে) সং পুং—ক্লীং, শঙ্খ; যথা—"নাদিল কম্বু অম্বুরাশি রবে।" ২। পুং, শম্বুক। ৩। হস্তী। ৪। (কম্+বুক্—র্ম্ম) বলয়। ৫। অঙ্গুরীয়। ৬। কর্ব্বুরবর্ণ। ৭। অলঙ্কারবিশেষ। শিং—১ "কম্বুকেয়ূরধারিণে নিষ্ককণ্ঠ্যঃ স্বলঙ্কৃতাঃ।" ৮। গলদেশ। ৯। ফাঁপা হাড়। ৯। ম্বু, ম্বূ—স্ত্রীং, গ্রীবা। ১০। বিং, ত্রিং, চিত্রিত, চিত্রবিচিত্র, কর্ব্বুর, নানাবর্ণ।

কম্বুকণ্ঠী (কম্বু—কণ্ঠ। ঈপ্—স্ত্রীলিঙ্গে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে নারীর গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয় যুক্ত।

কম্বুগ্রীব (কম্বু শঙ্খ—গ্রীবা ঘাড়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয় যুক্ত (কবিরা সচরাচর শঙ্খের সহিত গ্রীবার তুলনা দিয়া থাকেন; যথা—"কম্বুগ্রীব প্রলম্বিত মন্দারের মালা।"

কম্বুগ্রীবা (কম্বু শঙ্খ—গ্রীবা ঘাড়, যং-স)সং,স্ত্রীং,শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্তগ্রীবা।

কম্বোজ (কম্ব্ গমন করা + ওজ—ক) সং, পুং, শঙ্খবিশেষ। ২। দেশবিশেষ। ৩। হস্তিবিশেষ।

কম্র (কম্ ইচ্ছাকরা + র — ক, শীলার্থে) বিং, ত্রিং, অভিলাষী, কামুক, মৈথুনেচ্ছাযুক্ত। ২। (+র — র্ম্ম) কমনীয়, মনোহর।

কয়লা (যবনভাষা) সং, অঙ্গার, অলাত, দগ্ধকাষ্ঠ।

কয়াধূ; সং, স্ত্রীং, জম্ভাসুরকন্যা, হিরণ্যকশিপুর পত্নী, প্রহ্লাদজননী।

কর (কৃ করা + অ(অল্) — র্ম্ম অথবা কৄ বিক্ষেপ করা) সং, পুং, কিরণ। শিং — ১ "অবলম্বনায় দিনভর্ত্তুরমূপন্নঃ পতিষ্যতঃ করসহস্রমপি।" ২ "দিনকরঃ করৈস্তাপয়তে জগৎ।" ৩ "দশশত করধারী (বিধুঃ)।" ২। করকা, বর্ষোপল। ৩। রাজ্যের শান্তি সংস্থাপন এবং সৌভাগ্যবৃদ্ধির জন্য রাজা প্রজাদিগের নিকট যে অর্থ গ্রহণ করে, রাজস্ব। শিং — ১ "তথাপ্যালো গ্রহীতব্যো রাষ্ট্রাদ্রাজ্ঞাব্দিকঃ করঃ।" ৪। শুল্ক। ৫। (+ অল্ — ণ। যাহার দ্বারা কর্ম্ম করা যায়) হস্ত। ৬। হস্তিশুণ্ড। ৭। প্রত্যয়। ৮। বিষয়। ৯। (কৃ করা + ট — ক) কর্ত্তা। ১০। (উপপদ পূর্ব্বে থাকিলে) কারক, জনক; যথা—সুখকর ইত্যাদি।

করক (কৃ বধকরা + অক্ ণক) — প্রং, অথবা কর + কণ্) সং, পুং, দাড়িম্ববৃক্ষ। ২। করঞ্জবৃক্ষ। ৩। পলাশবৃক্ষ। ৪। কোবিদারবৃক্ষ। ৫। বকুলবৃক্ষ। ৬। করীরবৃক্ষ। ৭। রাজার কর। ৮। পক্ষী-বিশেষ। ৯। (করক + ষ্ণ) দাড়িম্ব। ১০। পাত্রবিশেষ। ১১। পুং — ক্লীং, কমণ্ডলু। ১২। নারিকেলমালা। কা — পুং-স্ত্রীং, বর্ষোপল, শিলা।

করকঙ্কণন্যায়—ন্যায় (১৫) দেখ।

করকচ (কড়ক শব্দজ) সং, লবণ বিশেষ, সামুদ্রিক লবণ।

করকচি (দেশজ) বিং, কোমল, অপুষ্ট।

করকচ্ছপিকা; সং, স্ত্রীং, কূর্ম্মমুদ্রা। শিং — ১ "করকচ্ছপিকাং কুর্য্যাৎ কূর্ম্মমন্ত্রেণ সাধকঃ। তত্র সংস্কৃতপুষ্পেণ পূজয়েদাত্মনোবপুঃ।"

করকঞ্জ—করপদ্ম; যথা—

"চুড়ি কনক করকঞ্জে।" (বিদ্যাপতি)।

করকণ্টক (কর হস্ত — কণ্টক কাঁটা) সং, পুং, নখ।

করকপুর; সং, পুং, বেহারদেশস্থ নগরবিশেষ; এই নগর পাটনা হইতে ৮৩ ক্রোশ দক্ষিণপূর্ব্বে মুঙ্গেরের নিকট স্থিত।

করকলিত (কর — কলিত ধৃত) বিং, ত্রিং, কর দ্বারা ধৃত; যথা—

"করকলিতাসিবরাভয়মুণ্ডে।"

করকা; সং, স্ত্রীং, মেঘ হইতে পতিত প্রস্তর ভাবাপন্ন জল, মেঘজাত শিলা, শিল; যথা—"করকা সহিত পড়ে বৃষ্টি অবিরল।"

করকাক্ষ (করকা মেঘভব শিলা — অক্ষি অক্ষ, ৬ষ্ঠী — হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, মেঘজাত শিলার ন্যায় যাহার চক্ষু শুভ্রবর্ণ।

করকাম্ভঃ (করকাম্ভস্, করক নারিকেলমালা — অম্ভস্ জল। যাহার মালার মধ্যে জলীয় পদার্থ থাকে, ৬ষ্ঠী — হিং। নারিকেলের মধ্যগত জল করকের ন্যায় শীতল হওয়াতে এই অর্থ উক্ত আছে) সং, পুং, নারিকেল গাছ।

করকোষ্ঠী; সং, স্ত্রীং, করস্থিত রেখা; ঐ সকল রেখা পরীক্ষা করিয়া কেহ কেহ জীবনের শুভাশুভ ঘটনা নির্দ্দেশ করিয়া থাকে, সুতরাং ঐ রেখা দ্বারা কোষ্ঠীর কার্য্য হইল এই নিমিত্ত উহাদিগকে করকোষ্ঠী বলে।

করগবীজ (করগ করঙ্ক শব্দের অপভ্রংশ — বীজ) সং, ক্লীং, নারিকেলের খোল; যথা "দশন মুকুতা জিনি কুন্দ, করগবীজ জিনি কর।

করগ্রহ (কর হস্ত — গ্রহ গ্রহণ, ৭মী — হিং) সং, পুং, পাণিগ্রহণ, বিবাহ। ২। হস্ত ধারণ। ৩। প্রজার নিকট হইতে করগ্রহণ।

করগ্রহারম্ভ (কর — গ্রহ — আরম্ভ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, রাজস্বগ্রহণের আরম্ভ বা সূত্রপাত (পুণ্যাহ, পুণ্যা)। শিং — ১ "কুর্য্যাদনুক্তানি সমীহিতানি করগ্রহারম্ভমপি প্রজাভ্যঃ।"

করগ্রাহ (কর — গ্রহ্ গ্রহণ করা + অ(ষণ্) — ক) বিং, ত্রিং, যে করগ্রহণ করে। ২। পাণি-গ্রাহক, পতি, ভর্ত্তা। ৩। যে রাজস্ব আদায় করে।

করগ্রাম ; সং, পুং, নগরবিশেষ ; ইহা গোন্দ জাতি-রাজধানী। গোন্দবন প্রদেশস্থ রত্নপুর হইতে ৬৪ ক্রোশ উত্তরদিকে স্থিত।

করঘর্ষণ (কর হস্ত—ঘর্ষণ [ঘৃষ্ ঘর্ষণকরা +অন(অনট্)—র্ম্ম] ঘষা) সং, পুং, দধি মন্থন দণ্ড। ২। ক্লীং, হস্তঘর্ষণ।

করঙ্ক (কৃ করা+অঙ্ক—সংজ্ঞার্থে, অথবা কৄ বিক্ষেপ করা+অঙ্ক—ধি) সং, পুং, কমণ্ডলু। ২। শরীরাস্থি। ৩ নারিকেলের খোল। ৪। মস্তক। ৫। মাথার খুলি। ৬। ভিক্ষাপাত্র। ৭। খুঙ্গি, ডিপে, কৌটা। শিং—১ "তাম্বূলকরঙ্কবাহিনী।" ৮। ইক্ষুবিশেষ।

করঙ্গ (করঙ্ক শব্দজ) সং, জলপাত্রবিশেষ; (বৈষ্ণবেরা জলপাত্রকে সাধারণতঃ করঙ্গ বলিয়া থাকে) ; যথা—

"কমণ্ডলু তুম্বীফল করঙ্গ পিবারে জল
হাতে আশা হিঙ্গুল বরণ।"(অন্নদা)

করচ্ছদ ; সং,পুং, শাখোটবৃক্ষ, শেওড়াগাছ।

করজ (কর হস্ত—জ [জন্ জন্মান + অ (ড)—ক] উৎপন্ন) সং,পুং, নখ। ২। বিং, ত্রিং, হস্তজাত। ৩। (ক সুখ—রন্জ্-রঞ্জ রংকরা ইত্যাদি + অ(অন্)—ক) করঞ্জ বৃক্ষ। ৪। ক্লীং, ব্যাঘ্রনখ নামক গন্ধদ্রব্য।

করজোড়ি (কর—জুড়্ বন্ধন করা + ইন্ (ণিন্)—সংযোগার্থে) সং, পুং, বৃক্ষ বিশেষ, হাড়জোড়া।

করঞ্জ, করঞ্জক (ক—রন্জ্ রাগ করা+অ (অন্)—ক, সংজ্ঞার্থে। কণ্—স্বার্থে) সং, পুং, করমচা গাছ।

করট (ক আত্মা—রট্ ঘোষণাকরা+অ (অন্)—ক, সংজ্ঞার্থে। যে আপনাকে ঘোষণা করে, ২য়া—ষ, কিম্বা কৃ করা+অট—প্রং) সং, পুং, কাক। শিং—১ "বরমিহ গঙ্গাতীরে শরটঃ করটঃ।" ২। হস্তিগণ্ড। শিং—১ "কথং প্রভিন্নকরটং হস্তিনং বনগোচরং।" ৩। কুসুম্ভবৃক্ষ, কুসুমফুলগাছ। ৪। বাদ্যযন্ত্র-বিশেষ। ৫। একাদশাহশ্রাদ্ধ। ৬। বিং, ত্রিং, নাস্তিক। ৭। নিন্দ্যজীবী। টা—স্ত্রীং, (কৃ+অটন্—র্ম্ম) দুঃখদোহ্যা গবী, যে গাই কষ্টে দুগ্ধ দেয়।

করটক (করট+কণ—যোগ) সং,পুং, কাক।

করটী (করটিন্, করট+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী।

করটু ; সং, পুং, পক্ষীবিশেষ। ২। করকটিয়া।

করণ (কৃ করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং কারকবিশেষ, যাহা দ্বারা কার্য্য নিষ্পন্ন হয় ২। কার্য্যের প্রধানসাধন, কারণ। ৩ বালবাদিকরণ। ৪। পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ জ্ঞানেন্দ্রিয় মন বুদ্ধি অহঙ্কার এই ত্রয়োদশ ইন্দ্রিয়। ৫। শরীর। ৬। স্থান। ৭। ক্ষেত্র। ৮। (+অনট্—র্ম্ম) কার্য্য। ৯। (+অনট—ভা) করা, অনুষ্ঠান। ১০। হস্ত দ্বারা লেপন। ১২। নৃত্যগীতে—করাদ্যভিনয়। শিং—১ "নৃত্যবাদিত্রগীতানাং প্রয়োগবশভেদিনাম্। সংস্থানং তাড়নং রোধঃ করণানি প্রচক্ষতে।" ১৩। যে গায়কের স্বর কর্কশ তাহার নাম করণ। ১৪। (কৃ+অন—ক) পুং, শূদ্রগর্ভজাত বৈশ্যপুত্র,কায়স্থ, করণকায়েত।

করণক ; বিং, ত্রিং, দিয়া, দ্বারা। (পূর্ব্ববর্ত্তী কোন পদের সহিত বহুব্রীহি সমাস না করিলে ইহার প্রয়োগ হয় না)।

করণত্রাণ (করণ ইন্দ্রিয়—ত্রাণ রক্ষণ সং ক্লীং, মস্ত[illegible]।

করণা ; সং,স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, এক প্রকা[illegible] বৃহজ্জাতীয় শুষির যন্ত্র ; ইহা ভারতবর্ষ ও পারস্যে ব্যবহৃত হয়। ইহার আর এক নাম কর্ণা ; ইহার দৈর্ঘ্য ১৫ ফিট ; ধ্বনি অত্যন্ত তীক্ষ্ণ।

করণাধিপ (করণ ইন্দ্রিয়—অধিপ, ৬ষ্ঠী—ষ সং, পুং, ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেববিশেষ প্রত্যেক ইন্দ্রিয়ের এক এক দেবতা ; যথা —শ্রোত্রের অধিষ্ঠাতা দিক্, ত্বকের বায়ু নেত্রের সূর্য্য, রসনার প্রচেতা ইত্যাদি।

করণী (Surds, করণ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সূক্ষ্মরূপে যে রাশির মূল বহি[illegible]ষ্কৃত না হয়।

করণীয় (কৃ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং কর্ত্তব্যকার্য্য, যাহা করা উচিত। ২। যে ধানে করা উচিত ; যথা—সে আমাদিগের করণীয় ঘর।


করণ্ড (কৃ করা+অণ্ড — সংজ্ঞার্থে) সং,পুং, খড়্গ। ২। পেটারি। ৩। টুকৃরি খুঙ্গী, ঝাঁপি, চুপড়ি, ঝুড়ি, কৌটা প্রভৃতি। ৪। মধুচক্র, মৌচাক। ৫। (কৃ+অণ্ডন্ — ক) কারণ্ডব পক্ষী। ৬। শৈবালবিশেষ। ণ্ডা — স্ত্রীং, যকৃৎযোগ।

করণ্ডিক (করণ্ড+ইক(ষ্ণিক) — ইদমর্থে) বিং, ত্রিং,যে সকল জীবের উদরে চর্ম্মময় করণ্ডবৎ থলি আছে। [সং,পুং, মৎস্য।

করণ্ডী (করণ্ডিন্, করণ্ড+ইন্ — অস্ত্যর্থে)

করতল (কর হস্ত — তল নিম্ন স্থান, ৬ষ্ঠী — ষ) সং, পুং — ক্লীং, হস্ততল, হাতের তেলো। ২। হস্ত। শিং — ১''নখানি বিধুশঙ্কয়া করতলেন তণ্ন্যাবৃণোৎ।"

করতাল (কর হস্ত — তাল গানের পরিমাণ, ৬ষ্ঠী — ষ) সং,ক্লীং, লী — স্ত্রীং, দুই করের পরস্পর অভিঘাত, দুই করতলের পরস্পর অভিঘাতে যে শব্দ বা বাদ্য হয়, করতল ধ্বনি, হাততালী। ২। কাংস্য নির্ম্মিত বাদ্যযন্ত্র বিশেষ; এই বাদ্যযন্ত্রের দুইখণ্ড দুই হস্তে ধরিয়া পরস্পর অভিঘাতপূর্ব্বক বাদ্য করে। শিং — ১ "উচ্চাটনীয়ঃ করতালিকানাং দানাদিদানীং ভবতীভিরেষঃ।" (নৈষধ)।


করতাল।

করতালী (কর — তাল, ৭মী — হিং, স্ত্রীলিঙ্গে — ঈপ্) সং, স্ত্রীং, দুই করতলের পরস্পর অভিঘাতে যে বাদ্য বা শব্দ হয়।

করতোয়া (কর হস্ত — তোয় জল। গৌরীর বিবাহকালে শঙ্কর-করতলপতিত তোয় হইতে এই নদী হয় অথবা কর [শিবের] হস্ত — তোয় জল+অ — অস্ত্যর্থে) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ নদী; এই নদী অতি পবিত্রা; শ্রাবণে স্মার্ত্তগণ নদীদিগকে রজস্বলা বলিয়া বর্জ্জন করিতে বলিয়াছেন, কিন্তু কেবল এই নদী বর্জ্জনীয়া নহে। শিং — ১ "অথাদৌ কর্কটে দেবী ত্র্যহং গঙ্গা রজস্বলা। সর্ব্বা রক্তবহা নদ্যঃ করতোয়াম্বুবাহিনী।" ২"করতোয়াং কুরঙ্গে চ ত্রিরাত্রোপোষিতোনরঃ অশ্বমেধমবাপ্নোতি প্রজাপতি কৃতো বিধিঃ।"

করদ (কর — দ [দা দান করা+অ(ড) — ক] যে দান করে) বিং ত্রিং, যে অন্যকে কর দেয়, করপ্রদ। শিং — ১ "ষ ইমে পৃথিবীপালাঃ করদাস্তব পার্থিব।" ২ "উদ্ধরণার্থ হস্তদায়ক।" দা — স্ত্রীং, গুর্জ্জর প্রদেশের থিরাদের দক্ষিণস্থিত নগর।

করদীকৃত (করদ — কৃত করা হইয়াছে। ঈ — আগম) বিং, ত্রিং, যাহাকে করদ করিয়াছে, যাহাকে করদানে সম্মত করিয়াছে।

করন্ধম; সং, পুং, ইক্ষ্বাকুবংশীয় খনীনেত্রের পুত্র। ইহার প্রকৃত নাম সুবর্চ্চাঃ। তিনি নানা গুণশালী প্রজারঞ্জন ভূপতি ছিলেন। কালক্রমে ধনক্ষয় হইলে শত্রুগণ তাঁহার রাজ্য আক্রমণ করে, তৎকালে তিনি শত্রুদলের নিকট করদ্বয় সংপুটিত করিয়া তন্মধ্যে মুখমারুৎ ত্যাগ করাতে ইহাঁর শত্রুগণ পলায়ন করে; তদবধি করন্ধম নামে বিখ্যাত হন।

করন্যাস (কর — ন্যাস, ৭মী — ষ) সং, পুং, তন্ত্রোক্তন্যাসবিশেষ; মন্ত্রসহকারে করচিহ্নে অঙ্গুষ্ঠাদির অর্পণ। শিং — ১ "অঙ্গন্যাসঃ করন্যাসো বীজন্যাসস্তথৈবচ।"

করপক্ষ (Hand-winged) কর অর্থাৎ হস্তই যাহাদের পক্ষস্বরূপ; যথা — বাদুড়াদি।

করপত্র (কর — পত্র পাতা। যে কর পত্রের ন্যায়, ১মা — হিং) সং, ক্লীং, ক্রকচ, করাত। ২। জলক্রীড়া।

করপত্রবান্ (করপত্রবৎ, করপত্র করাত+বৎ(বতু) — অস্ত্যর্থে। করপত্র সদৃশ যাহার পত্রকাণ্ড) সং, পুং, তালগাছ।

করপল্লব (কর — পল্লব শাখা, ৬ষ্ঠী — ষ) সং, পুং — ক্লীং, পল্লবসদৃশ কর, নবপল্লবের ন্যায় শোভাযুক্ত কর, অতিশয় কোমল ও লাল আভাযুক্ত কর। ২। অঙ্গুলি, করশাখা।

করপাল (কর — পাল [পল-ণ্ডি=পালি + অল্ — ণ] যে রক্ষা করে) সং, পুং, খড়্গ, তরবার। ২। হস্তযষ্টি। ৩। সোঁটা।

করপালিকা, করপালী (কর হস্ত — পাল্ রক্ষাকরা + অক — প্রং, অথবা করপাল+ক — যোগ) সং, স্ত্রীং, ক্ষুদ্র গদাকার হস্তদণ্ড, সোঁটা। ২। ছোরা। ৩। মুদ্গর।

করপীড়ন (কর—পীড়ন, ৭মী—হিং) সং, ক্লীং, পাণিগ্রহ, বিবাহ। শিং—১"সুত-পরিণয়াৎ যন্ম্যাসান্তঃ সুতাকরপীড়নম্।" ২"করপীড়ন বিধেরনন্তরম্।"

করপুট (কর—পুট থলিয়া, বগলী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বদ্ধাঞ্জলি, যোড়হাত। ২। বিনয় সৌজন্য সম্মান প্রভৃতি দেখাইবার নিমিত্ত দুই কর যোগ করা; যথা—কর-পুটে নিবেদন।

করপ্রদ (কর—প্রদ যে প্রদান করে) বিং, ত্রিং, করদাতা।

করভ (কৃ করা+অভ—সংজ্ঞার্থে, অথবা কর—ভা দীপ্তি পাওয়া+অ ড)—ক) সং, পুং, মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করবহির্ভাগ। ২। (কৃ বিস্তীর্ণহওয়া + অভচ্—র্ম্ম, সংজ্ঞার্থে) হস্তিশাবক; যথা—"অঙ্গদ করভ করভী সম নববলে বলী।" শিং—১ "করভোরু রতিপ্রজ্ঞে দ্বিতীয়ে পঞ্চমে প্যহং।" ৩। উষ্ট্রশাবক। ৪। উষ্ট্র। ৫। অশ্বতর। ভী—স্ত্রীং, হস্তি-শাবকস্ত্রী; যথা—"অতিথি আসিত নিত্য করভ করভী।" (মেঘনাদ)।

করভীয় (করভ+ঈয়(নীয়)—সংপালনার্থে) বিং, ত্রিং, করভপালক। ২। করভসম্বন্ধীয়।

করভূ (কর-ভূ হওয়া + ০(ক্বিপ্)—ক) সং, পুং, নখ।

করভূষণ (কর হস্ত—ভূষণ আভরণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কঙ্কণ। ২। হস্তাভরণ।

করমর্দ (কর হস্ত—মৃদ্ মর্দ্দনকরা + অ (অল)—ণ। যাহা করদ্বারা মর্দ্দিত হয়) সং, পুং, করঞ্জবৃক্ষ। ২। করদ্বারা মর্দ্দন।

করমর্দ্দক; সং, পুং, পাণি আমলা। ২। করমচা।

করমালা (কর করাঙ্গুলিপর্ব্ব—মালা শ্রেণী) সং, স্ত্রীং, জপসংখ্যা-নিরূপক করাঙ্গুলি পর্ব্ব; শক্তি-উপাসকগণ অনামিকার মধ্যম পর্ব্ব হইতে আরম্ভ করিয়া, মূলপর্ব্ব, কনিষ্ঠার মূল, মধ্য ও অগ্র, পরে অনামিকার অগ্র, পরে মধ্যমার অগ্র, মধ্য ও মূল এবং তর্জনীর মূল এই দশপর্ব্বে জপ করিবে। শিং—১ "আরভ্যানামিকামধ্যং দক্ষিণাবর্ত্তযোগতঃ তর্জ্জনীমূল পর্য্যন্তং করমালা প্রকীর্ত্তিতা।"

করমুক্ত (কর—মুক্ত, ৫মী—ষ) বিং, ত্রিং, কর হইতে মুক্ত, হস্তচ্যুত, করত্যক্ত।

করম্ব (কৃ করা+অম্বচ্—সংজ্ঞার্থে, অথবা ক জল—রন্ব্ শব্দকরা ইত্যাদি+অ—প্রং) সং, পুং, মিশ্রণ। ২। বিং, ত্রিং, মিশ্রিত।

করম্বিত (করম্ব+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, মিশ্রিত। ২। মিলিত। ৩। খচিত। শিং—১ "মধুকরনিকরকরম্বিতেতি।"

করম্ভ, করম্ভক (ক জল—রন্ভ প্রেরণ করা ইত্যাদি + অ(ঘঞ)—র্ম্ম। ক—যোগে করম্ভক) সং, পুং, দধিমিশ্রিত শক্তু। শিং—১ "ধানাঃ করম্ভঃ শক্তবঃ পরিবাপঃ পয়ো দধি।"

করন্তি; সং, পুং, যদুবংশীয় রাজাবিশেষ। "করন্তিঃ শকুনেঃ পুত্রো দেবরাতস্তদাত্মজঃ।"

কররুহ (কর—রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, নখর, নখ। ২। অঙ্গুলি। শিং—১ "বামশ্চাস্যাঃ কররুহপদৈর্মুচ্যমানো মদীয়ৈঃ।" (মেঘদূত)। ৩। করবাল।

করর্দ্ধি (কর হস্ত—ঋদ্ধি সম্পত্তি, সন্ধি) সং, স্ত্রীং, হস্তসম্পত্তি। ২। (৭মী—হিং) করতালী, হাততালী।

করবাল (কর—বাল শিশু। হস্তের শিশুর ন্যায় অথবা বালকের সমান হওয়া, অথবা বল্-ণিচ্=বালি বলবান্ হওয়া + অ (অল্)—ণ) সং, পুং নখ। ২। খড়্গ, তলবার। "শক্তিশ্চ বিবিধা স্তীক্ষ্ণাঃ করবালাংশ্চ নির্ম্মলান্।" লীনী—স্ত্রীং, করবালিনী গো

করবী (কর [এখানে কর শব্দে মূল] মূল—বী যে ব্যাপে। যে মূল দ্বারা ব্যাপে, ৩য়া—ষ) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ পুষ্প।

করবীর (করবী দেখ, বীর্ শৌর্য্য প্রকাশ করা+অ—প্রং। হয়-মারক বলিয়া যে মূল দ্বারা অশ্বের প্রতি শৌর্য্য প্রকাশ করে, ৩য়া—ষ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ পুষ্প বৃক্ষ। ২। খড়্গ। ৩। ভোগবতীবাসী নাগবিশেষ। ৪। দৈত্যবিশেষ। ৫। শ্মশান। ৬। দেশবিশেষ। ৭। ক্লীং, পুষ্প

বিশেষ। ৮। তীর্থবিশেষ। শিং—১ "করবীরপুরং স্নাত্বা বিশালায়াং কৃতোদকঃ।" রী—স্ত্রীং, অদিতি। ২। উত্তম গবী। ৩। একপুত্রা স্ত্রী। ৪। পুত্রবতী স্ত্রী।

করবীরক (করবীর—ক কৈ ধাতুজ) সং, পুং, অর্জ্জুন বৃক্ষ। ২। (ক—যোগে করবীরক) খড়্গ। ২। করবীর মূল।

করম (যাবনিক) অনুগ্রহ, ভাগ্য।

করমোদা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

করলা (কারবেল্ল শব্দজ) সং, লম্বা উচ্ছা, তিক্ত ফলবিশেষ।

করশাখা (কর—শাখা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অঙ্গুলি, আঙ্গুল।

করশীকর (কর হস্তিশুণ্ড—শীকর মদজল বিন্দু, ৫মী—ষ) সং, পুং, হস্তিশুণ্ড নিঃসৃত জলকণা।

করশুদ্ধি (কর—শুদ্ধি শোধন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, 'ফট্' এই মন্ত্র দ্বারা হস্তশোধন। শিং—১ "আদাবৃষ্যাদিকন্যাসঃ করশুদ্ধিস্ততঃ পরং।"

করশূক (কর হস্ত—শূক শস্যাদির সূক্ষ্মাগ্র ভাগ, শুঁয়া) সং, পুং, নখ।

করসূত্র (কর—সূত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, হস্তের সূত্র। ২। বিবাহাদি মাঙ্গলিক কার্য্যোপলক্ষে হস্তে বধ্যমান সূত্র।

করহাট (করহ [ক জল—রহ্ ত্যাগ করা] পদ্ম—অট যে গমন করে বা যাহা দ্বারা গমন করে; অথবা কর হস্ত—হট্ দীপ্তি পাওয়া বা ভূষিত করা+অ—প্রং) সং, পুং, পদ্ম প্রভৃতির মূল। ২। মদন বৃক্ষ। ৩। দেশবিশেষ।

করাঙ্গন (কর রাজস্ব—অঙ্গন স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজস্ব গ্রহণের স্থান।

করাঘাত (কর হস্ত—আঘাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, করের আঘাত, চপেটাঘাত, চাপড় মারা।

করারোট (কর হস্ত—আ—রুট্ দীপ্তি পাওয়া+অ—প্রং) সং, পুং, অঙ্গুরীয়।

করাল (কর—অল্ পারক হওয়া+অ(অন্)—ক) সং, পুং, জনকবংশীয় রাজাবিশেষ। ২। ধুনা। ৩। তৈলবিশেষ, গর্জ্জন তৈল। ৪। ক্লীং, কৃষ্ণ তুলসী। ৫। বিং, ত্রিং, বৃহৎ। ৫। মহৎ। ৬। উচ্চ। ৭। ভয়ানক। শিং—১ "ব্যাকীর্ণকেশরকরালমুখা মৃগেন্দ্রাঃ।" ২ "কালীং করালবদনাং-ঘোরাম্।" ৮। দন্তুর। ৯। ব্যাপ্ত। লা—স্ত্রীং, অনন্তমূল। লী—স্ত্রীং, চণ্ডিকা, পুতনাজ্বালা, অগ্নিজিহ্বা।

করালভৈরব; সং, পুং, তন্ত্রবিশেষ।

করাস্ফোট (কর—আস্ফোট, ৩য়া—ষ) সং, পুং, করাঘাত দ্বারা তাড়ন, তালঠোকা।

করিক; সং, পুং, বিট্‌খদির।

করিকর (করি হস্তী—কর হস্ত) সং, ক্লীং, হস্তীশুণ্ড।

করিকা (কর+ইক(ষ্কিক)—প্রং। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নখরেখা, নখের আচড়্।

করিকুম্ভ (করিন্—কুম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তিকুম্ভ। ২। গন্ধচূর্ণ।

করিজ (করিন্ হস্তী—জ জাত, ৫মী—ষ) সং, পুং, হস্তিশাবক।

করিপ (করি—পা পালন করা+অ(ড)—ক) সং, পুং, হস্তিপালক, মাহুত।

করিপথ (করি—পথ, ৬ষ্ঠী—ষ) হস্তিগমনযোগ্য পথ। ২। দেবপথ। ৩। দেশবিশেষ।

করিবন্ধ (করিন্—বন্ধ বন্ধন) সং, পুং, [হস্তিবন্ধনস্তম্ভ, আলান।

করিম (যাবনিক) করুণাময়, ঈশ্বর।

করিমুখ (করিন্—মুখ। যাঁহার হস্তিসদৃশ মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গণেশ। ২। (৬ষ্ঠী—ষ) ক্লীং, করীর মুখ।

করির } করীর } ((কৃ বিক্ষেপ করা ইত্যাদি+ইরন্, ঈরন্—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া। ২। পুং, ঘট। ৩। বৃক্ষবিশেষ। রা, রী—স্ত্রীং, (+ইর—ক) হস্তিদন্তের মূল।

করিরত; সং, ক্লীং, রতিবন্ধবিশেষ। শিং—১ "ভুগতস্তনভুজাগ্রমস্তকামুন্নতাং স্বয়মধোমুখীং স্ত্রিয়ং।" ২। গজরমণ।

করিশাবক } করিসুত } (করি—শাবক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তিশাবক। শিং—১ "যাবৎপঙ্কান্দমেকস্মিন্ করভঃ কলভোঽপিচ।"

করিষ্যমাণ ( কৃ করা + স্যমান — ক, ভবিষ্যৎকালে। ই — আগম) বিং, ত্রিং, যে করিবে।

করী ( করিন্, কর শুণ্ড + ইন্ — অস্ত্যর্থে ) সং, পুং, হস্তী। শিং — ১ "বৃংহিতং করিগর্জ্জিতং।" ২ "অরিকরিহরণার্থং যোজনানামশীত্যা লীলা।" ৩ " কটপ্রভেদেন করীব পার্থিব।" রিণী-স্ত্রীং — ঈপ্, হস্তিনী।

করীন্দ্র ( করিন্ — ইন্দ্র প্রধান, শ্রেষ্ঠ ) সং, পুং, হস্তিশ্রেষ্ঠ, উত্তম হস্তী।

করীষ (কৄ নিক্ষেপ করা ইত্যাদি + ঈষন্ — র্ম্ম, সংজ্ঞার্থে) সং,পুং — ক্লীং, শুষ্ক গোময়, ঘুঁটে। শিং — ১"করীষমিষ্টকাঙ্গারান্ শর্করা বালুকাস্তথা।"

করীষঙ্কষ(করীষ — কষ্ ক্ষেপণকরা + অ(খ) — ক, ২য়া — ষ ) সং, পুং, শুষ্ক গোময় রাশির উৎক্ষেপক বায়ু।

করীষাগ্নি (করীষ — অগ্নি আগুন। এই দ্রব্য সচরাচর হিন্দুস্থানে জ্বালানি কাষ্ঠের ন্যায় ব্যবহৃত হয়) সং, পুং, ঘুঁটের আগুন।

করুই (দেশজ) সং, গোলা, ভাণ্ডার, দ্রব্যাগার।

করুণ ( কৃ বিক্ষেপ করা + উন(উনন্) — ণ) সং,পুং, রসবিশেষ, করুণারস, প্রিয় ব্যক্তি বা বস্তুর বিনাশ অথবা অনিষ্ট ঘটিলে এই রস হয়. ইহাতে শোক স্থায়িভাব। ভৈরব, ভৈরবী, রামকেলী, যোগিয়া, খট্ গান্ধার, বিভাষ, দেবগিরি, ককুভ, আলাইয়া প্রভৃতি রাগরাগিণী এই রসের উপযোগী বলিয়া বর্ণিত আছে। শিং — ১ " করুণাবিমুখেন মৃত্যুনা।" ২ "বিকৃতৈকরুণস্বনৈরিয়ম্।" ( কুমার )। ২। বৃক্ষবিশেষ। ৩। অনুগ্রহ। ৪। (+ উন্ — র্ম্ম) বিং, ত্রিং, পরদুঃখে দুঃখিত, পরের দুঃখ দেখিয়া যার দয়ার উদ্রেক হয়; যথা—করুণহৃদয়। ৫। শোকঘটিত, শোকসংক্রান্ত; যথা—করুণরস। ৬। যাহাতে শোকের উদ্রেক হয়, যাহা দেখিলে বা শুনিলে মনে করুণার উদয় হয়; যথা —করুণ বিলাপ। ৭। (+ উনন্ — ক) করুণা লেবুর গাছ।

করূষ ; সং, পুং, দেশবিশেষ। পূর্ব্বে দেবরাজ বৃত্রাসুরকে বধ করিয়া ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হওয়াতে দেবগণ এই স্থানে কলসপূর্ণ গঙ্গাজল দ্বারা স্নান করাইয়াছিলেন তাহাতে তিনি নিষ্কলুষ হন। তদবধি ঐ স্থান করূষ নামে বিখ্যাত হয়।

করুণা (করুণ + আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, দয়া, কৃপা, কারুণ্য। ২। অনুগ্রহ। ৩। পুলস্ত্য মুনির কনিষ্ঠা কন্যা, জ্যেষ্ঠার নাম মিত্রা

করুণানিদান (করুণা — নিদান আধার, ৬ষ্ঠি — ষ) বিং, ত্রিং, দয়াবান্, দয়াবিশিষ্ট যাহার হৃদয়ে দয়া আছে। শিং — ১ "করুণানিদান বিতর করুণাম্।"

করুণাময় ( করুণা — ময়(ময়ট্) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, দয়াময়। য়ী — স্ত্রীং, দয়াময়ী।

করেটু ( কু কুৎসিত বা ক জল — রেট্ শব্দ করা + উ — প্রং। কু = ক) সং, পুং, — স্ত্রীং, কর্করেটুপক্ষী।

করেণু (কৃ করা + এনু — ক) বিং, ত্রিং, দীন, শোকার্ত্ত। ২। পুং, হস্তী। ণু, ণুকা — স্ত্রীং, হস্তিনী। শিং — ১ "গজায় গণ্ডূষজলং করেণুঃ।"(কুমার)। ২। করেণুভির্দন্তমৃণালভঙ্গাঃ। (রঘু)।

করেণুকা ( করেণু + ক — স্বার্থে। আ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হস্তিনী।

করেণুমতী ; সং, স্ত্রীং, নকুলভার্য্যা। ইহার গর্ভে নিরমিত্রের জন্ম হয়।

করোট — পুং } (ক মস্তক —
করোটি, করোটী — স্ত্রীং } রুট্ রক্ষা করা + অ(অন্), ই, ঈ — ক) সং, শিরোহস্থি মাথার খুলি। শিং — ১ "বপুষি ভটকরোটিন্যস্তকীলালসিক্তঃ।"

কর্ক (কৃ করা + ক — ক) সং, পুং, শুভ্রবর্ণ অশ্ব। ২। তিল। ৩। দর্পণ। ৪। জল। ৫। কাঁকড়া। ৬। অগ্নি। ৭। সৌন্দর্য্য। ৮। কর্কটরাশি। ৯। কণ্টক। ১০। ঘট, ক্ষুদ্র কলস। ১১। বৃক্ষবিশেষ। ১২। বিং,ত্রিং শুভ্রবর্ণ। ১৩। উত্তম, শ্রেষ্ঠ।

কর্কখণ্ড ( কর্ক শ্বেতাশ্বযুক্ত — খণ্ড ভূমি খণ্ড, ৭মী — হিং) বিং, ত্রিং, দেশবিশেষ যে দেশে শুভ্রবর্ণ অশ্ব প্রাপ্ত হওয়া যায়

কর্কচির্ভটী (কর্ক শুভ্রবর্ণ—চির্ভটী, য়ং—স) সং, স্ত্রীং, সাদা ফুটী।

কর্কট, কর্কটক (কর্ক হাস্যকরা+অটন্—ক, সংজ্ঞার্থে। কণ্—স্বার্থে) সং, পুং, কাঁকড়া। ২। পক্ষি-বিশেষ, ক-র্কটিয়া পক্ষী। ৩। অলাবুবৃক্ষ। ৪। পদ্মকন্দ। ৫। মেষাদি দ্বাদশ রাশির মধ্যে চতুর্থ রাশি; ইহা পুনর্ব্বসুর শেষপাদ ও পুষ্যা এবং অশ্লেষার যোগে হইয়া থাকে। ইহার অধিদেবতা কুলীরক। ইহাতে জন্মিলে ভোগী, সর্ব্বজনপ্রিয় এবং সজ্জনভক্ত হয়। টি, টী, টিকা—স্ত্রীং, কাঁকুড়। ২। সর্পীবিশেষ। ৩। কলসী। শিং—১ "তৌ (গর্দ্দভশৃগালৌ) চ বৃতিভঙ্গং কৃত্বা কর্কটিকাক্ষেত্রেষু প্রবিশ্য তৎফলভক্ষণং স্বেচ্ছয়া কৃত্বা।"



কর্কট।



কর্কট (রাশি)।

কর্কটক্রান্তি (Tropic of Cancer) সং, স্ত্রীং, নিরক্ষরেখা হইতে ১৩॥০ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে।

কর্কটশৃঙ্গী; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ। ২। কাঁকড়া, শিঙ্গাগাছ।

কর্কন্ধু—পুং, কর্কন্ধূ—স্ত্রীং } (কর্ক শ্রেষ্ঠ—ধা ধারণ করা+উ(ডু), উ—ক, সংজ্ঞার্থে। কেহ বলেন কর্ক শব্দের অর্থ কঠোর কণ্টক) সং, কুলগাছ, বদরীবৃক্ষ। শিং—১ "কর্কন্ধূফলমুচ্চিনোতি শবরী মুক্তাফলাশঙ্কয়া।"

কর্কর (কর্ক সৌন্দর্য্য+অরন্—ক) সং, পুং, আর্শি। ২। কাঁকর, ঘুটিং। ৩। মুদ্গর। ৪। (কর্ক সৌন্দর্য্য—র [রা দান করা+অ(ড)—ক] যে দান করে) বিং, ত্রিং, কর্কশ। ৫। কঠিন, দৃঢ়। শিং—১ "কিংন্বো বর্কর কর্করৈঃ প্রিয়শতৈরাক্রম্য বিক্রীয়তে।" রী—স্ত্রীং, জলপাত্র, ঘটী। ২। সনল জলপাত্র, গাড়ু, বদ্না।

কর্করাঙ্গ (কর্কর কঠিন—অঙ্গ দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খঞ্জনপক্ষী, কালকণ্ঠপক্ষী।

কর্করান্ধুক; সং, পুং, অন্ধকূপ।

কর্করাল; সং, পুং—ক্লীং, অলক, চূর্ণকুন্তল।

কর্করেট (কর্কর কঠিন—ইট্ গমনকরা, হওয়া+অ—প্রং) সং, পুং, গলহস্ত, গলাটিপি।

কর্করেটু (কর্কশ কঠিন ইত্যাদি—রেট শব্দ করা। নিপাতন) সং, পুং—স্ত্রীং, করেটু দেখ, করকটিয়া পক্ষী।

কর্কশ (কর্ক হাস্যকরা+শ—প্রং) বিং, ত্রিং, কঠিন। ২। নির্দ্দয়। ৩। অতিশয়। ৪। পরুষ, শ্রুতিকটু; যথা—কর্কশবাক্য। ৫। ক্রূর। ৬। সাহসী। ৭। কোমল নয়, মসৃণ নয়; যথা—কর্কশগাত্র। ৮। কৃপণ। ৯। খরস্পর্শবিশিষ্ট। ১০। সং, পুং, বৃক্ষবিশেষ, করঞ্জবৃক্ষ। ১১। ইক্ষু। ১২। খড়্গ। ১৩। খরস্পর্শ। শিং—১ "কর্কশানি চ পত্রাণি লেখনার্থে প্রদাপয়েৎ।" ২ "কৈবর্ত্ত কর্কশকর।" ৩ "রাক্ষসাঃ কোপকর্কশাঃ।" শা—স্ত্রীং, শঙ্কিতব্যভিচারা স্ত্রী। ২। বৃশ্চিকালীবৃক্ষ।

কর্কসার (কর্ক—সার স্থিরাংশ) সং, ক্লীং, দধি-মিশ্রিত শক্তু।

কর্কারু (কর্ক শুভ্রবর্ণ—ঋ গমনকরা বা হওয়া+উ—ক) সং, পুং, কুষ্মাণ্ড, পাকা কুমড়া (কর্কারু শব্দও হয়)।

কর্কেতন; সং, ক্লীং, রত্নবিশেষ। ইহা ঈষৎ তাম্র ও পীতের আভাযুক্ত অগ্নিবৎ সমুজ্জ্বল। ইহা কাঞ্চনময় পত্রে বেষ্টিত করিয়া ধারণ করিলে সমস্ত রোগের শান্তি হয়।

কর্কোট, কর্কোটক } (কর্ক+ওট—ক) সং, পুং, কদ্রু-গর্ভজাত নাগবিশেষ; এই নাগের নাম কীর্ত্তনে কলিভয়ের নাশ হয়। শিং—১ "কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যাঃ নলস্য চ। ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনং।" ২। বিল্ববৃক্ষ। ৩। ইক্ষু। ৪। ফললতা-বিশেষ, কাঁকরোল। ৫। কাঁকুড়গাছ। [সং, ক্লীং, হরিতাল।

কর্চ্চর (কব্ রংকরা+চ্চর—প্রং। ব্=র্চ্চ)

কর্চ্চরিকা } সং, স্ত্রীং, পূরিকাবিশেষ
কর্চ্চরী } কচুরী।

কর্চ্চূর (কর্জ্জ+উর—র্ম্ম) সং, ক্লীং, স্বর্ণ। ২। কর্ব্বুরবর্ণ। ৩। গন্ধসার। ৪। বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণবিশিষ্ট।

কর্জ (বিদেশজ) সং, ঋণ ধার, দেনা।

কর্ণ (কর্ণি শ্রবণকরা+অ(অল্)—ণ। যে ইন্দ্রিয়ের দ্বারা শব্দ শ্রবণ করা যায়) সং, পুং, শ্রবণেন্দ্রিয়। ২। (+অল্—ক) হাইল, দাঁড়। ৩। (কৃ করা+ন—ক) কুন্তীর অবিবাহাবস্থায় সূর্য্যের ঔরস-জাত-পুত্র, অঙ্গরাজ। ৪। (কৄ বিক্ষেপ করা+ন—র্ম্ম) রেখাবিশেষ, (Diagonal) যে সরল-রেখা দ্বারা চতুর্ভুজের দুই সম্মুখস্থ কোণ সংযুক্ত হয়। ৫। (Hypotenuse) ভুজকোটিতে সংলগ্ন দীর্ঘভুজ।

কর্ণক (কর্ণ—ক কৈধাতুজ+অ(ড)—ক) বিং, ত্রিং, নিয়ন্তা। ২। কর্ণধার।

কর্ণকণ্ডু; সং, পুং, কর্ণরোগবিশেষ।

কর্ণকীটী (কর্ণ—কীট। বিশেষতঃ এই কীট কর্ণকুহরেই প্রবিষ্ট হইয়া থাকে) সং, স্ত্রীং, কীটবিশেষ, কাণকোটারি।

কর্ণকুহর (কর্ণ—কুহর ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কর্ণের ছিদ্র, শ্রবণেন্দ্রিয় গোলক।

কর্ণকূপকশ্বসেক (Branchifera) যাহারা জলে কাণকূয়া দ্বারা শ্বাস লয়, যথা—জলজ শম্বূক।

কর্ণকৃমি; সং, পুং, রোগবিশেষ।

কর্ণগূথ (কর্ণ—গূথ বিষ্ঠা, মল ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কর্ণমল, কাণের খল্।

কর্ণগোচর (কর্ণ—গোচর, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কর্ণের বিষয়, কর্ণদ্বারা যাহা গ্রহণ করা যায়, শ্রুতিগোচর, শ্রবণযোগ্য।

কর্ণগ্রাহ (কর্ণ হাইল—গ্রাহ [গ্রহ্ গ্রহণ করা+অ(ষণ)—ক] যে ধারণ করে) সং, পুং, নাবিক, কর্ণধার।

কর্ণছিদ্র; সং, ক্লীং, কর্ণরন্ধ্র কর্ণমূলাদি। শিং—১ "কর্ণছিদ্রৈর্বর্ত্তমানং কীটং ক্লেদ-মলাদি বা।"

কর্ণজলৌকা (কর্ণজলৌকস, কর্ণ—জলৌকস্ জোঁক) সং, স্ত্রীং, কাণকোটারি।

কর্ণজাহ (কর্ণ+জাহ—ইদমর্থে) সং, ক্লীং, কর্ণমূল। "কর্ণজাহবিলোচন।" (ভট্টি)।

কর্ণজিৎ (কর্ণ—জিৎ [জি জয়করা+০ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ। মহাভারতে—কুরুক্ষেত্রযুদ্ধে কুরুপক্ষীয় কর্ণকে অর্জ্জুন বধ করিয়াছিলেন বলিয়া, কর্ণজিৎ নাম হইল) সং, পুং, অর্জ্জুন।

কর্ণদর্পণ (কর্ণ—দর্পণ আর্শি) সং, পুং, কর্ণ-ভূষণবিশেষ, কাণতড়্কা।

কর্ণধার (কর্ণ হাইল—ধার যে ধরে, ২য়া—ষ) সং পুং, নাবিক, কাণ্ডারি, মাজি। শিং—১ "অকর্ণধারা জলধৌ বিপ্লবে-তেহ নৌরিব।" ২ "অকর্ণধারা পৃথিবী শূন্যেব প্রতিভাতি মে। গতে দশরথে স্বর্গং রামে চারণ্যমাশ্রিতে।"

কর্ণনাদ (কর্ণ—নাদ, ৭মী—ষ) সং, পুং কর্ণমধ্যে শব্দবিশেষ, অঙ্গুলিদ্বারা আচ্ছা-দিত কর্ণে সঞ্জাত ভোঁ ভোঁ শব্দ।

কর্ণপথ (কর্ণরূপ—পথ, য়ং—স) সং, পুং কর্ণমধ্যে শব্দপ্রবেশযোগ্য পথ।

কর্ণপরম্পরা; সং, স্ত্রীং, শ্রবণপরম্পরা এক কাণ হইতে আর এক কাণ, এক জনের নিকট হইতে অন্যে শুনিয়া অন্য এক জনকে বলা, এইরূপ পরস্পর কাণাকাণি "তৈনৈব চ ক্রমেণৈষ গতঃ কর্ণপরম্পরাম্

কর্ণপালী (কর্ণ—পাল্ রক্ষা করা, পাল করা+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, কর্ণভূষণ, কাণবালা কর্ণফুল প্রভৃতি ২। স্বর্ণকর্ণ।

কর্ণপিশাচী; সং, স্ত্রীং, তন্ত্রোক্ত দেবী বিশেষ। ইনি কৃষ্ণবর্ণা, রক্তেক্ষণা, ত্রিনয়না খর্ব্বা, লম্বোদরী, রক্তজিহ্বিকা, উন্মু- জটিলা ও শবহৃদয়বিলাসিনী। অর্দ্ধ রাত্রি সময়ে দগ্ধমীনবলি প্রদানকরত ইহ পূজা করিতে হয়।

কর্ণপুর (কর্ণ—পুর [পুর্ পূরণকরা + (অন্)—ক] যে সম্পূর্ণ করে, ২য়া—ষ) সং পুং, কর্ণভূষণ। ২। নীলোৎপল। ইহা দ্বা গান্ধারজাতির কর্ণভূষা সম্পাদিত হ শিং—১ "বিলম্বি নীলোৎপলকর্ণপুরা (রঘু)। ৩। শিরীষবৃক্ষ। ৪। অশোকবৃক্ষ

কর্ণভূষণ (কর্ণ—ভূষণ [ভূষ্ ভূষিত করা+অন(অনট্)—ক] যে ভূষিত করে, ২য়া—য) সং, ক্লীং, কর্ণাভরণ।

কর্ণমল (কর্ণ কর্ণস্থ—মল, য়ং—স) সং, ক্লীং, কাণের মলা, খল।

কর্ণবংশ (কর্ণ কর্ণাকার—বংশ বাঁশ, ৭মী—হিং) সং, পুং, কর্ণাকার বাঁশ যাহাতে থাকে, মঞ্চ।

কর্ণবেধ (কর্ণ—বেধ বিদ্ধকরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সংস্কারবিশেষ, চূড়াকরণ, এই সংস্কার বিহিত অনুষ্ঠান পূর্ব্বক কাণ বিঁধান। কর্ণবেধের বিধি শাস্ত্রে এইরূপ নির্দ্দিষ্ট আছে; যথা—"ন জন্মমাসে নচ চৈত্রপৌষে ন জন্মতারাসু হরৌ প্রসুপ্তে। তিথাবরিক্তে নচ বিষ্টিযুক্তে কর্ণস্য বেধো ন সমানবর্ষে।"

কর্ণবেষ্ট (কর্ণ—বেষ্ট্ বেষ্টন করা+অ(অন্) ক) সং, পুং, (নিম্নে দেখ)।

কর্ণবেষ্টক—পুং } (কর্ণ—বেষ্টক, বেষ্টন
কর্ণবেষ্টন—ক্লীং } যে বেষ্টন করে, ২য়া—ষ) সং, কর্ণভূষণ, কুণ্ডল।

কর্ণশষ্কুলী (কর্ণ—শষ্কুল কর্ণছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কর্ণ-বিবর, কর্ণ-ছিদ্র।

কর্ণশূল (কর্ণ—শূল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ণের বেদনা, কর্ণের যাতনা।

কর্ণহীন (কর্ণ—হীন, ৩য়া—ষ) বিং, ত্রিং, বধির, কালা। ২। (চক্ষুঃদ্বারা শ্রবণের কার্য্য হয় বলিয়া) সং, পুং, সর্প।

কর্ণাকর্ণি (কর্ণেতে কর্ণেতে এই মন্ত্রণা হয়, ১মা—হিং) সং, ক্লীং, কাণাকাণি, পরস্পর ফুস্‌ফুসনী।

কর্ণাকর্ণিকা (কর্ণাকর্ণি+ক—যোগ) সং, স্ত্রীং, কাণাকাণি করা।

কর্ণাট (কর্ণ কাণ, রাজকুমার—অট্ গমন করা+অ(অঞ্)—ক) সং, পুং, দেশবিশেষ, দ্রাবিড়ের উত্তর পশ্চিম স্থিত প্রসিদ্ধ দেশ। টী—স্ত্রীং, (কর্ণাট+ষ—ঈপ্) ঐ দেশের স্ত্রী। ২। কর্ণাটরাজমহিষী। শিং—১ "ভেকাং মূর্দ্ধ্নি দদাতি বামচরণং কর্ণাটরাজপ্রিয়া।" (উদ্ভট)। ৩। রাগিণীবিশেষ, মালব রাগের পত্নী। ৪। কাব্যের রীতিবিশেষ। ৫। মহারণ্যগত চিত্রকূটাদি পর্ব্বত।

কর্ণাটশিখর (কর্ণাট—শিখর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মহারণ্য মধ্যগত চিত্রকূটাদি পর্ব্বতের চূড়া; যথা—"বানরগণ কর্ণাটশিখর ভগ্ন করিলেন।"

কর্ণাটিকা (Carnatic) কর্ণাট দেখ।

কর্ণি, কর্ণী (কর্ণ+ই, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, কর্ণাংশ।

কর্ণিকা (কর্ণ কাণ+ইক(ষ্ণিক)—প্রং। ক—স্বার্থে) সং, স্ত্রীং, কর্ণভূষণ, কেরাপাত। ২। (কর্ণ+ণক—প্রং, আপ্) পুষ্পমধ্য। ৩। হস্তিশুণ্ডাগ্রবর্ত্তী অঙ্গুলি আকার দ্রব্য। ৪। পদ্মের মধ্যস্থ বীজকোষ; যথা—"বিকসিত পুণ্ডরীক কর্ণিকার মাঝে।" (অন্নদা)। শিং—১ "যস্যামবস্থিতঃ সর্ব্বতঃ সৌবর্ণঃ কুলগিরিরাজো মেরুর্দ্বীপায়ামসমুন্নাহঃ কর্ণিকাভূতঃ।" ৫। বোঁটা। ৬। লেখনী। ৭। কুট্টিনী। ৮। হস্তের মধ্যাঙ্গুলি। ৯। অগ্নিমন্থনবৃক্ষ। ১০। অজশৃঙ্গীবৃক্ষ।

কর্ণিকাচল (কর্ণিকা পদ্মের বীজকোষ—অচল পর্ব্বত। ইহা পৃথিবীর মধ্যস্থানে থাকাতে পদ্মপত্রের ন্যায় আদর্শ হইয়া অংশবৎ দেখায়) সং, পুং, সুমেরুপর্ব্বত।

কর্ণিকার (কর্ণিকা কর্ণভূষণ—ঋ গমনকরা+অ(অন্)—ক) সং, পুং, বৃক্ষবিশেষ, আরগ্বধবৃক্ষ। ২। (কর্ণিকার+ষ্ণ) ক্লীং, পুষ্পবিশেষ। শিং—১ "বর্ণপ্রকর্ষে সতি কর্ণিকারং দুনোতি নির্গন্ধতয়া স্ম চেতঃ।"

কর্ণিশঙ্কু; সং, পুং, বেধনাস্ত্রবিশেষ।

কর্ণী (কর্ণিন্, কর্ণ + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্ণযুক্ত। ২। কর্ণসম্বন্ধীয়। ৩। দীর্ঘকর্ণ। ৪। পুং, কুটিলাবয়বযুক্ত শরবিশেষ; যথা—নিশিতকর্ণী। ৫। সপ্তবর্ষ পর্ব্বতের মধ্যে পর্ব্বতবিশেষ।

কর্ণীরথ (কর্ণী কর্ণৈকদেশ—রথ যান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, থা—স্ত্রীং, স্কন্ধবাহ্যযান, স্ত্রীলোকের গমনার্থ বস্ত্র আচ্ছাদিত ক্ষুদ্র গাড়ি বা ডুলি। শিং—১ "কর্ণীরথস্থাম্ রঘুবীরপত্নীম্।"

কর্ণীসুত (কর্ণী এই রাজকুমারের মাতা—

সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মথুরা দেশের স্বনাম প্রসিদ্ধ রাজা, কংসাসুর। শিং—১ "কর্ণীসুতকথেব সন্নিহিতবিপুলাচলা।" ২। তস্কর। ৩। তস্করশাস্ত্রপ্রবর্ত্তক। শিং—১ "কর্ণীসুতঃ করটকঃ স্তেয়শাস্ত্রপ্রবর্ত্তকঃ।"

কর্ণেজপ (কর্ণে কাণেতে—জপ্ পুনঃ পুনরুচ্চারণ করা+অ (অন্)—ক) বিং, ত্রিং, খল, যে অন্যের দোষ বা অপরাধ জানিতে পারিলে প্রভুর অথবা রাজপুরুষদিগের গোচর করে, গোয়েন্দা। ২। যে কুমন্ত্রণা দিয়া মনোভঙ্গ করিয়া দেয়, যে কোন কথা বলিয়া অন্যের উপর হিংসা, দ্বেষ বা বিরাগ জন্মাইয়া দেয়, কুপরামর্শ-দায়ক।

কর্ণেন্দু (কর্ণ—ইন্দু চন্দ্র) সং, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণভূষণ।

কর্ণোপকর্ণিকা (কর্ণ—উপকর্ণ, ৭মী—হিং, ক যোগে। এক কর্ণ হইতে অন্য কর্ণে যাহা যায়) সং, স্ত্রীং, পরস্পর শ্রবণরূপ প্রবাদ, কাণাকাণি। শিং—১ "কর্ণোপকর্ণিকয়া শ্রুতাপবাদক্ষুভিতহৃদয়ঃ।"

কর্ণোর্ণ (কর্ণ ঊর্ণা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কর্ণে ঊর্ণাধিক লোম আছে। ২। সং, পুং, মৃগবিশেষ। শিং—১ "কর্ণোর্ণৈকপদাখাস্যৈ নির্জ্জুষ্টংবৃকনাভিভিঃ।"

কর্ণ্য (কর্ণ+য(ঞ্য)—ভবার্থে) বিং, ত্রিং, যাহা কর্ণ হইতে জন্মে (মলাদি)।

কর্ত্তন (কৃৎ ছেদন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ছেদন, কাটা। ২। কাটনাকাটা। নী—স্ত্রীং, যাহা দ্বারা কর্ত্তন করা যায়, কাঁচি।

কর্ত্তরী, কর্ত্তরিকা (কর্ত্তন দেখ, অরন্—ণ। ঈ—স্ত্রীলিঙ্গে। ক—যোগে কর্ত্তরিকা) সং, স্ত্রীং, কাটারি। ২। ছুরি। ৩। পত্রীকৃত স্বর্ণাদির কর্ত্তনোপায়, কাতুরি। ৪। ছেদনার্থ অস্ত্রবিশেষ, কাঁচি। ৫। (+অরন্—র্ম্ম) বাণপুঙ্খ।

কর্ত্তব } (কর্ত্তব্য শব্দজ কি ?) গীতাদিতে
করৃতব্ } সুরের নানা প্রকার কৌশল প্রদর্শন।

কর্ত্তব্য (কৃ করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, করণীয়, করণার্হ, করিবার যোগ্য। ২। উচিত, বিধেয়। শিং—১ "প্রাতর্নিঃসত্ত্বং বনং কর্ত্তব্যম্।" ২ "কর্ত্তব্যা তপসে মতিঃ।"

কর্ত্তব্যতা (কর্ত্তব্য+তা—ভাবে) সং, স্ত্রীং, বিধেয়তা, ঔচিত্য, উচিতকার্য্য।

কর্ত্তা (কর্ত্তৃ, কৃ করা+তৃ(তৃন্)—ক, "যঃ করোতি সঃ") বিং, ত্রিং, কারক-বিশেষ, যে করে, যে কোন বিষয় বা কর্ম্ম সম্পন্ন করে; কর্ত্তা পঞ্চবিধ বলিয়া নির্দ্দিষ্ট। শিং—১ "ক্রিয়ামুখ্যো ভবেৎ কর্ত্তা হেতুকর্ত্তা প্রয়োজকঃ। অনুমন্তা গ্রহীতা চ কর্ত্তা পঞ্চবিধঃ স্মৃতঃ।" এই কর্ত্তৃপদবাচ্য পুরুষ আবার ত্রিবিধ বলিয়া কথিত; যথা সাত্ত্বিক, রাজস ও তামস; মুক্তসঙ্গ, নিরহঙ্কারী, ধৈর্য্য ও উৎসাহসমন্বিত এবং সিদ্ধি ও অসিদ্ধিতে নির্ব্বিকার পুরুষ সাত্ত্বিক কর্ত্তা; রাগবিশিষ্ট, কর্ম্মফলাভিলাষী লুব্ধ, হিংসাত্মক, অশুচি এবং হর্ষশোকসমন্বিত পুরুষ রাজসকর্ত্তা; এবং আত্মজ্ঞানলাভের চেষ্টাবিহীন, শঠতাপূর্ণ, ছলবিশিষ্ট, আলস্যপরায়ণ, বিষভুক্, দীর্ঘসূত্রী ও স্তব্ধপ্রকৃতি ব্যক্তি তামসকর্ত্তা বলিয়া নির্দ্দিষ্ট আছে। ২। কার্য্যকারক। ৩। প্রণেতা। ৪। বিধাতা। ৫। প্রভু। ৬। অধ্যক্ষ। ৭। সং, পুং, বিধাতা। র্ত্রী—স্ত্রীং, প্রধানা স্ত্রী, গৃহিণী।

কর্ত্তাভজা—কিছুদিন পূর্ব্বে বাঙ্গালা দেশে চৈতন্য সম্প্রদায়ের অনুরূপ অথবা উহার শাখাস্বরূপ আর একটী সম্প্রদায় সংস্থাপিত হইয়াছে, তাহার নাম "কর্ত্তাভজা।" যদিও ঘোষপাড়া নিবাসী সদ্গোপ-কুলোদ্ভব রামশরণ পাল এই ধর্ম্ম প্রচার করেন, কিন্তু এক উদাসীন, ইহার প্রবর্ত্তক বলিয়া বিখ্যাত হইয়াছেন। তাঁহার চরিত্রবিষয়ে পরস্পর বিরুদ্ধ নানা উপাখ্যান আছে; তাহার কোন আখ্যান সর্ব্বতোভাবে বিশ্বাস করা যায় না। তাঁহার নাম আউলচাঁদ। এ সম্প্রদায়ী লোকে ঐ উদাসীনকে ঈশ্বরাবতার জ্ঞান করে এবং চৈতন্য সম্প্রদায় প্রবর্ত্তক গৌরাঙ্গের সহিত অভিন্ন বলিয়া স্বীকার করে। কৃষ্ণচন্দ্র,

গৌরচন্দ্র, আউলেচন্দ্র, তিনেই এক, একেই তিন।

কর্ত্তিত (কর্ত্তন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছেদিত, যাহা কাটা গিয়াছে, ছিন্ন।

কর্ত্তুকাম (কর্ত্তুম্ করিবার নিমিত্ত—কাম ইচ্ছা, ৬ষ্ঠী—হিং। ম্—লোপ) বিং, ত্রিং, চিকীর্ষু, করিবার নিমিত্ত যাহার ইচ্ছা হইয়াছে, করিতে উদ্যত।

কর্ত্তৃকা (কৃৎ ছেদন করা+তৃন্, ক—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র খড়্গ। শিং—১ "হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরাম্।"

কর্ত্তৃত্ব (কর্ত্তৃ+ত্ব—ভা) সং, ক্লীং, প্রভুত্ব, আধিপত্য। ২। অধিকার। ৩। কারকত্ব, সাধকত্ব।

কর্ত্তৃবাচ্য (কর্ত্তৃ—বাচ্য উক্ত) বিং, ত্রিং, উক্তকর্ত্তৃক, কথিতকর্ত্তা।

কর্দ্দ (কর্দ্দম দেখ, অ(অন্)—ক) সং, পুং, কর্দ্দম, কাদা।

কর্দ্দন (কর্দ্দ্ [কুৎসিত শব্দ করা] এই প্রকার শব্দ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদরের শব্দ, পেটের ডাক। ২। কুৎসিৎ রব। ৩। শিশুর শব্দ। ৪। পুং, কাক।

কর্দ্দম (কর্দ্দ কুৎসিত শব্দ করা+অম—ক, সংজ্ঞার্থে) সং, পুং, পঙ্ক, কাদা। ২। পাপ। ৩। ক্লীং, (যাহার সেবনে উদরে কুৎসিত শব্দ হয়) মাংস। শিং—১ "রসানাং কর্দ্দমা নদ্যো বভুবুঃ।" ২ "পাদৌ নূপুরলগ্নকর্দ্দমধারিণৌ।" ৩ "কৃত্বা রুধির কর্দ্দমম্।" ৪। প্রজাপতিবিশেষ, কপিলের পিতা। ৫। ছায়া। শিং—১ "বেদষু কর্দ্দমঃ শব্দেচ্ছায়ায়াং বর্ত্ততে স্ফুটম্। বভূব কর্দ্দমাদ্বালঃ কর্দ্দমস্তেনকীর্ত্তিতঃ।"

কর্দ্দমাটক (কর্দ্দম [পঙ্ক] ওঁচলা—অট্ গমন করা+অক—ধি) সং, পুং, বিষ্ঠাদি নিক্ষেপ করিবার স্থান, আঁস্তাকুড়।

কর্দ্দমিত (কর্দ্দম+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, কর্দ্দমযুক্ত, পঙ্কিল, কর্দ্দমাক্ত।

কর্পট—পুং, ক্লীং
কর্পটি—স্ত্রীং
কর্পটিকা—স্ত্রীং
} (কৃপ্ পারক হওয়া+অটন্—র্ম্ম) সং, জীর্ণ অথবা ছিন্ন পরিচ্ছদ। ২। পুরাতন বস্ত্র। ৩। নেকড়া। ৪। মলিন কাপড়। ৫। (কৃ বিক্ষেপকরা+অ(বিচ) —র্ম্ম=কর—পট, ৬ষ্ঠী—য) করবস্ত্র। ৬। ঘর্ম্মাদি মার্জ্জনার্থ হস্তস্থিত বস্ত্রখণ্ড। ৭। পর্ব্বতবিশেষ। ইহা নাভিমণ্ডলের পূর্ব্বদিকে, ভস্মকূটের দক্ষিণে অবস্থিত। এইখানে শমন অধিষ্ঠিত আছেন।

কর্পটিক
কর্পটী
} (কর্পটিন্, কর্পট+ইক, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্পটধারী, ভিক্ষুক।

কর্পটধারী (—ধারিন্, কর্পট—ধারী যে ধারণ করে) বিং, ত্রিং, যে জীর্ণ অথবা ছিন্ন পরিচ্ছদ ধারণ করে।

কর্পর (কৃপ্ পারকহওয়া+অরন্—ক) সং, পুং, মাথার খুলি। ২। কটাহ। ৩। অস্ত্রবিশেষ। ৪। মৃণ্ময় পাত্রের অংশ। ৫। খাপ্‌রা। ৬। কূর্ম্মের পৃষ্ঠাস্থি। ৭। উডুম্বর। ৮। অস্ত্রবিশেষ, কাত। শিং—১ "কুলালোহহম্ প্রকুত্যা। মদ্‌গৃহেহনেককর্পরাণ্যাসন্।" ২ "গার্হপত্যাৎ কর্পরেণজ্বলন্তমগ্নিমাদায়।"

কর্পরাংশ (কর্পর—অংশ) সং, পুং, খাপ্‌রা, খোলাকুঁচি।

কর্পরাল; সং, পুং, কন্দরাল, পর্ব্বতজ পীলুবৃক্ষ, আখ্‌রোট।

কর্পরাশিন্ (কর্পর—অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক, ৭মী—হিং। যিনি কর্পরে ভোজন করেন) সং, পুং, বটুক ভৈরব। শিং—১ "শ্মশানবাসী মাংসাশী কর্পরাশী মখান্তকৃৎ।" (বটুকস্তব)।

কর্পাস (কৃ করা ইত্যাদি+পাস—র্ম্ম) সং, পুং—ক্লীং, কাবাস তুলা। সী—স্ত্রীং, কাপাস গাছ।

কর্পূর (কর্পট দেখ, উর—ণ) সং, পুং—ক্লীং, স্বনামপ্রসিদ্ধ শুভ্রবর্ণ গন্ধদ্রব্যবিশেষ। শিং—১ "কর্পূরপূরপরিপূর্ণমুখী।"

কর্পূরতিলকা; সং, স্ত্রীং, উমার সখীবিশেষ, জয়া।

কর্পূরমণি (কর্পূর—মণি রত্ন) সং, পুং, মূল্যবান্ প্রস্তরবিশেষ।

কর্পূররস (কর্পূররূপ—রস, ৭মী—হিং) সং, পুং, পারদ।

কর্পূরস্তব; সং, পুং, শ্যামাস্তববিশেষ।

কর্ব্বূর } (কর্ব্ব গমনকরা ইত্যাদি + উর, ঊর — র্ম্ম) সং, ক্লীং, স্বর্ণ।
কর্ব্বূর } ২। জল। ৩। বিং, ত্রিং, বিচিত্রবর্ণ বস্তু। ৪। (+উর, ঊর — ক) পুং, দৈত্যবিশেষ। ৫। রাক্ষস। ৬। পাপ। ৭। শটী। ৮। কর্চূর, কাঁচা। ৯। হরিদ্রা। ১০। হরিতাল বৃক্ষবিশেষ। রা — স্ত্রীং, দুর্গা।

কর্ব্বূরিত (কর্ব্বূর + ইত — ইদমর্থে) বিং, ত্রিং, নানাবর্ণে রঞ্জিত, শবলিত।

কর্ম্ম (কর্ম্মন্, কৃ করা + মন্ — র্ম্ম, যাহা করা যায়) সং, ক্লীং, কার্য্য, উৎক্ষেপ অবক্ষেপণাদি ক্রিয়া; ইহা ত্রিবিধ; যথা—সাত্বিক, রাজস ও তামস। ফলাভিভাষশূন্য যে কর্ম্ম, তাহাই সাত্বিক।—কামনাপূর্ণ যে কর্ম্ম, তন্মধ্যে হিংসাদিসংযুক্ত তামস। তদ্ব্যতীত কামনাপূর্ণ কার্য্য রাজস। ২। অদৃষ্ট, পাপ, পুণ্য। ৩। কারকবিশেষ। শিং — ১"মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে। কর্ম্মণা ক্রিয়তে পশ্চাৎ।" ২"যেষান্তু যাদৃশং কর্ম্ম ভূতানামিহ কীর্ত্তিতম্।"

কর্ম্মকর (কর্ম্মন্ — কর [কৃ করা + ট — ক] যে করে, ২য়া — ষ বিং, ত্রিং, যে বেতন গ্রহণ পূর্ব্বক অন্যের নিকট কর্ম্ম করে, পরিচারক, ভৃত্য। ২। যে কোন কর্ম্ম করে, কর্ম্মনির্ব্বাহক। ৩। কারিকর। ৪। পুং, যমবিশেষ। ৫। (কর্ম্মকারও হয়)। শিং — ১ "কর্ম্মকরাঃ স্থপত্যাদয়ঃ।" ২ "শিষ্যান্তেবাসিভৃতকাশ্চতুর্থ স্ত্বধি কর্ম্মকৃৎ। এতে কর্ম্মকরাঃ জ্ঞেয়াঃ।"

কর্ম্মকরী; সং, স্ত্রীং, দাসী। ২। মূর্ব্বালতা। বিম্বিকালতা।

কর্ম্মকর্ত্তা (কর্ম্ম — কর্ত্তা যে করে) বিং, ত্রিং, যাহার মাতৃপিতৃশ্রাদ্ধ অথবা পুত্রকন্যাদির বিবাহ প্রভৃতি কর্ম্ম উপস্থিত। ২। ব্যাকরণে—যে স্থলে কর্ম্মই কর্ত্তা হয়।

কর্ম্মকর্তৃবাচ্য; সং, পুং, যে স্থলে কর্ম্ম কর্ত্তার তুল্য ক্রিয়া সম্পন্ন করে, তাহাকেই কর্ম্মকর্তৃবাচ্য কহে; যথা—"পচতা ভুজ্যতেশাকঃ।" যে শাক পাক করিতেছে সেই শাক ভোজন করিতেছে, এস্থলে শাকে পাকক্রিয়া ও ভোজনক্রিয়া উভয় বিদ্যমান থাকাতে কর্ত্তার তুল্য ক্রিয়া সম্পন্ন বলিয়া প্রতীতি হইল। শিং — ১ ক্রিয়মাণন্তু যৎ কর্ম্মস্বয়মেব প্রসিধ্যতি। সুকরৈঃস্বৈগুণৈঃকর্তৃ। কর্ম্মকর্ত্তেতিতদ্বিদুঃ।

কর্ম্মগত (কর্ম্ম — গত প্রাপ্ত, ৪র্থী — ষ) বিং, ত্রিং, কর্ম্মজন্য প্রাপ্ত, কর্ম্মনিবন্ধন উপস্থিত, কর্ম্মানুসারে আগত; যেমন—কর্ম্মগত ফল, কর্ম্মগত দোষ ইত্যাদি।

কর্ম্মকাণ্ড (কর্ম্মন্ কর্ত্তব্যতা প্রতিপাদক — কাণ্ড) সং, পুং — ক্লীং, কর্ম্মসমূহ। ২। বেদাংশবিশেষ, যাহাতে কর্ম্মকাণ্ডের বিষয় নিরূপিত আছে।

কর্ম্মকার (কর্ম্মন্ — কৃ করা + অ(ষণ্) — ক) সং, পুং, কামার, লৌহকার। ২। বৃষ। ৩। বিং, ত্রিং, কর্ম্মকারক। ৪। যে বেতন লইয়া কর্ম্ম করে, ভৃত্য।

কর্ম্মকারী (— কারিন্, কর্ম্মন্ — কৃ করা + ইন (ণিন্) — ক বিং, ত্রিং, যে কর্ম্ম করে, কর্ম্মকারক। শিং — ১ "তান্ বিদিত্বা সুচরিতৈর্গূঢ়ৈ স্তৎকর্ম্মকারিভিঃ।" (মনু)।

কর্ম্মকীলক; সং, পুং, ধোপা।

কর্ম্মক্ষম (কর্ম্ম — ক্ষম, ৬ষ্ঠী — ষ) বিং, ত্রিং, কর্ম্মপটু, কার্য্যদক্ষ, যাহার কার্য্যে নিপুণতা আছে। শিং — ১"আত্মকর্ম্মক্ষমং দেহং ক্ষাত্রোধর্ম্ম ইবাশ্রিতঃ।" (রঘু)।

কর্ম্মক্ষেত্র (কর্ম্ম — ক্ষেত্র, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, কর্ম্মানুষ্ঠানের স্থান, ভোগভূমি। ২। ভারতবর্ষ। এই স্থানে মনুষ্য যে কামনায় কর্ম্ম করে তদ্বিষয়ে সিদ্ধিলাভ করিতে সমর্থ হয়

কর্ম্মচারী (কর্ম্মচারিন্, কর্ম্মন্ — চর্ গমন করা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, বেতন গ্রহণ পূর্ব্বক যে অন্যের কর্ম্ম করে

কর্ম্মজ (কর্ম্মন্ — জ উৎপন্ন) সং, পুং, কলিযুগ। ২। বটবৃক্ষ। ৩। বিং, ত্রিং, ক্রিয়াজন্য। ৪। কর্ম্মজাত।

কর্ম্মজ্ঞ (কর্ম্মন্ — জ্ঞা জানা + অ(ড) — ক) বিং, ত্রিং, যে কর্ম্ম বুঝে; কোন্ সময়ে কোন্ কর্ম্ম কর্ত্তব্য অথবা কিরূপে কোন কর্ম্ম করিতে হয় কিংবা কি উপায়ে কোন কর্ম্ম সম্পন্ন হইতে পারে তাহা যে বিলক্ষণ বুঝিতে পারে।

কর্ম্মঠ (কর্ম্মন্ + ঠ – তৎকুশলার্থে) বিং, ত্রিং, কর্ম্মকুশল, কর্ম্মদক্ষ, পারক।

কর্ম্মণ্য (কর্ম্মন্ + য(ণ্য) – প্রং) বিং, ত্রিং, যাহা কোন কর্ম্মে লাগে, কর্ম্মযোগ্য। ২। কর্ম্মঠ, কর্ম্মদক্ষ। ণ্যা – স্ত্রীং, বেতন।

কর্ম্মণ্যতা (কর্ম্মণ্য + তা – ভাবে) সং, স্ত্রীং, কর্ম্মনির্ব্বাহে পটুতা, কর্ম্মনির্ব্বাহে নৈপুণ্য ২। কোন কাজে লাগা। ৩। কর্ম্মোপযোগিতা। ৪। প্রয়োজন যোগিতা।

কর্ম্মণ্যভুক্ (– ভুজ্, কর্ম্মণ্য – ভুক্ যে ভোগ করে, ২য়া – ষ) বিং, ত্রিং, বেতন গ্রহণ পূর্ব্বক যে কর্ম্ম করে। ২। বেতনোপজীবী।

কর্ম্মত্যাগ (কর্ম্মন্ – ত্যাগ, ২য়া – ষ) সং, পুং, বিষয়কর্ম্ম পরিত্যাগ করা। ২। বিষয় হইতে বিরত হওয়া।

কর্ম্মদক্ষ (কর্ম্মন্ – দক্ষ পটু, ৭মী – ষ) বিং, ত্রিং, কর্ম্মনির্ব্বাহে যাহার বিলক্ষণ নৈপুণ্য আছে, কর্ম্মনিপুণ, কার্য্যপটু।

কর্ম্মদুষ্ট (কর্ম্মন্ – কর্ম্মদুষ্ট, ৩য়া – ষ) বিং, ত্রিং, কর্ম্ম দ্বারা দূষিত। ২। যে সর্ব্বদা অসৎপথে চলে, যে সর্ব্বদা অসৎ কর্ম্ম করে, দুশ্চরিত্র, দুষ্কর্ম্মা।

কর্ম্মদোষ (কর্ম্মন্ – দোষ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কর্ম্মের দোষ, অসৎ কর্ম্মের অনুষ্ঠান জন্য দোষ। ২। পাপ, অপরাধ।

কর্ম্মধারয় (কর্ম্মন্, ধৃ-ণিচ্=ধারণ করা + ণ – ক) সং, পুং, সমাসবিশেষ, সমান সমান বিভক্তিক বিশেষ্য বিশেষণ পদঘটিত সমাস।

কর্ম্মনাশা; সং, স্ত্রীং, নদীবিশেষ, বেহার ও কাশীর মধ্যস্থিত একটী ক্ষুদ্র নদী। এই নদীর জলস্পর্শে সমস্ত পুণ্যকর্ম্মের ক্ষয় হইয়া যায়। ২। (কর্ম্মনাশকশব্দজ) যে কর্ম্ম নষ্ট করে।

কর্ম্মন্দিন্ (কর্ম্মন্ কর্ম্ম + অন্দ্ বন্ধন করা + ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, মস্করী। ২। ভিক্ষুক।

কর্ম্মপথ (কর্ম্ম – পথ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কর্ম্মের পদ্ধতি। শিং – ১ "কায়েন ত্রিবিধং কর্ম্ম বাচাচাপি চতুর্ব্বিধং মনসাত্রিবিধঞ্চৈব দানকর্ম্মপথাংস্ত্যজেৎ।"

কর্ম্মফল (কর্ম্মন্ – ফল, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, সুখ বা দুঃখ।

কর্ম্মভূমি (কর্ম্মন্ – ভূমি পৃথিবী। আর্য্যদিগের কর্ম্মকাণ্ডের স্থান, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, আর্য্যাবর্ত্ত, হিমালয় ও বিন্ধ্য পর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ। ২। ভারতবর্ষ। ৩। কৃষিভূমি। ৪। কার্য্যক্ষেত্র।

কর্ম্মভোগ (কর্ম্মন্ কর্ম্ম – ভোগ) সং, পুং, কর্ম্মের ফলভোগ। ২। কোন বিষয়ে বৃথা কষ্ট পাওয়া, অনর্থক কষ্ট পাওয়া।

কর্ম্মমূল (কর্ম্মন্ – মূল গাছের গোড়া, ইহা ধর্ম্মকর্ম্মাদিতে ব্যবহৃত হয়) সং, ক্লীং, দর্ভ, কুশ।

কর্ম্মযুগ (কর্ম্মন্ – যুগ সত্য, ত্রেতা, দ্বাপর, কলি – এই চারি কাল) সং, ক্লীং, কলিযুগ।

কর্ম্মযোগ (কর্ম্ম – যোগ, ৭মী – ষ) সং, পুং, বেদবিহিত কর্ম্মেতে কৌশল। শিং – ১ "তস্মাৎযোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলং। কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলংত্যক্ত্বা মনীষিণঃ।" ২। চিত্তশুদ্ধিজনক বৈদিক কর্ম্ম; ইহা দ্বিবিধ; নিষ্কাম ও সকাম, নিষ্কাম কর্ম্ম আত্মজ্ঞানের কারণ ও সকাম কর্ম্ম ভোগের কারণ। কিন্তু মানবমাত্রকেই অগ্রে সকাম কর্ম্মে অর্থাৎ কামনাবিশিষ্ট হইয়া দেবদেবীর অর্চ্চনা প্রভৃতি কার্য্যে প্রবৃত্ত হইতে হয়। এইরূপ কর্ম্মযোগে চিত্তশুদ্ধি হইলে আর কামনা থাকে না, তখন মানব আত্মজ্ঞানের সাধক নিষ্কাম কর্ম্মযোগে প্রবৃত্ত হইয়া থাকে। পরে সেই নিষ্কাম কর্ম্মযোগে জ্ঞান লাভ হয়। সেই জ্ঞানবলে ব্রহ্মসাক্ষাৎকার পর্য্যন্ত হইতে পারে। এই জন্য আর্য্যশাস্ত্রে কর্ম্মযোগ প্রধানরূপে বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বারংবার কর্ম্মযোগের উপদেশ প্রদান করিয়াছিলেন; যথা—"নিয়তং কুরুকর্ম্ম ত্বং কর্ম্মজ্যায়োহ্যকর্ম্মণঃ শরীরযাত্রাপি চতে ন প্রসিদ্ধ্যেদকর্ম্মণঃ।" ৩। কর্ম্মরূপ যোগসাধন, ঈশ্বর প্রাপ্তির জন্য কর্ম্মাবলম্বন।

কর্ম্মযোগী (কর্ম্মযোগ + ইন্(ণিন্) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্ম্মযোগে রত, বৈদিক কর্ম্মাচরণে প্রবৃত্ত, ঈশ্বর প্রাপ্তির জন্য ধ্যান

ধারণাদি কপস্যায় নিযুক্ত। শিং—১ "মম কর্ম্মানুবর্ত্তন্তে মনুষ্যা পার্থ নিত্যশঃ।"

কর্ম্মরঙ্গ; সং, পুং—ক্লীং, কামরাঙ্গাগাছ।

কর্ম্মবশ (কর্ম্মন্ কর্ম্ম—বশ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কর্ম্মের বশ, কর্ম্মের অধীন, কর্ম্মের অনুরোধে যাহাকে থাকিতে বা চলিতে হয়। ২। সং, পুং, কর্ম্মানুরোধ, কার্য্যানুবোধ।

কর্ম্মবশতঃ (কর্ম্ম—বশ+তস্, সপ্তম্যর্থে) অং, কর্ম্মবশে, কর্ম্মানুরোধে কার্য্যানুরোধে, কার্য্যবশতঃ।

কর্ম্মবিপাক (কর্ম্মন্—বিপাক পরিণাম) সং, পুং, কর্ম্মজন্য ফলভোগ, অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের পরিণাম। [ক্রিয়াকরণ।

কর্ম্মব্যতিহার; সং, পুং, পরস্পর একজাতীয়

কর্ম্মশালা (কর্ম্ম—শালা, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কর্ম্মস্থান। ২। শিল্পাদি কার্য্যের আলয়। শিং—১ "গত্বাতু তাং ভার্গবকর্ম্মশালাম্।"

কর্ম্মশীল (কর্ম্মন্—শীল যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, কর্ম্মনির্ব্বাহে যার চেষ্টা আছে, যে যত্ন পূর্ব্বক কার্য্যসম্পন্ন করে, পরিশ্রমী, যে যত্ন ও পরিশ্রম সহকারে কার্য্য নির্ব্বাহ করে।

কর্ম্মশুচি (কর্ম্মন্ কর্ম্ম—শুচি, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহার কর্ম্ম সকল নির্দ্দোষ, যে কখন দোষাশ্রিত কর্ম্ম করে না, যাহার কর্ম্মে কেহ কখন দোষ দেখিতে পায় না, যে কখন গর্হিত কর্ম্মে প্রবৃত্ত হয় না।

কর্ম্মশূর (কর্ম্মন্—শূর দক্ষ, ৭মী—ষ) বিং, ত্রিং, কর্ম্মঠ, কর্ম্মদক্ষ।

কর্ম্মশৌচ (কর্ম্মন্ কর্ম্ম—শৌচ, ৭মী—ষ) সং, ক্লীং, কর্ম্মবিষয়ে নির্দ্দোষতা, কখন কোন গর্হিত কর্ম্ম না করা।

কর্ম্মসংন্যাস (কর্ম্মন্ কর্ম্ম—সংন্যাস সম্যক্ ত্যাগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ম্মের ফলাভিসন্ধি না করিয়া নিত্য নৈমিত্তিক কার্য্য পরিত্যাগ, বিষয়সুখে বিরতি।

কর্ম্মসংন্যাসী (—সংন্যাসিন্, কর্ম্মসংন্যাস+ইন্(ণিন্)—ভবার্থে) বিং, ত্রিং, কর্ম্মত্যাগী, ফল কামনা বর্জ্জিত হইয়া যে নিত্য নৈমিত্তিক সমস্ত কার্য্য ত্যাগ করে। ২। সংন্যাসাশ্রমগ্রাহী।

কর্ম্মসচিব (কর্ম্মন্—সচিব মন্ত্রী) সং, পু কর্ম্ম নির্ব্বাহ বিষয়ে যে সহায়তা ক কর্ম্মের বাহুল্যবশতঃ তন্নির্ব্বাহ বিষয়ে স হায্য করিবার নিমিত্ত যাহাকে নিযুক্ত ক যায়, সহকারী।

কর্ম্মসাক্ষী (কর্ম্মসাক্ষিন্, কর্ম্মন্—সাক্ষিন্ ত্যক্ষদর্শী। যিনি সমুদায় কর্ম্ম প্রত্য দর্শন করেন) সং, পুং, সূর্য্যাদি ন শিং—১ "সূর্য্যঃ সোমো যমঃ কালো হাভূতানি পঞ্চচ। এতে শুভাশুভস্যে কর্ম্মণো নব সাক্ষিণঃ।"

কর্ম্মসিদ্ধি (কর্ম্মন্ কর্ম্ম—সিদ্ধি, ৬ষ্ঠী—ষ কার্য্যসিদ্ধি। ২। ইষ্ট অনিষ্ট ফলপ্রাপ্তি শিং—১ "স্বকর্ম্ম সিদ্ধিং পুনরাশশংসে।

কর্ম্মসূত্র (কর্ম্ম—সূত্র, যং—স) সং, ক্লী কর্ম্মরূপ সূত্র; যথা—

"কে রাখিতে পারে যারে কর্ম্মসূত্রে টানে

কর্ম্মস্থান (কর্ম্ম—স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লী কার্য্যস্থান, কর্ম্মক্ষেত্র।

কর্ম্মাঙ্গ (কর্ম্ম—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লী বিহিত যাগাদি কর্ম্মের অঙ্গ।

কর্ম্মাধ্যক্ষ (কর্ম্ম—অধ্যক্ষ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রি কার্য্যের অধ্যক্ষ, ক্রিয়াসাক্ষী, কৃতাকৃ বিষয়ের পর্যবেক্ষক।

কর্ম্মানুরূপ (কর্ম্ম—কর্ম্মন্ কর্ম্ম—অনুরূপ ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ম্মের অনুরূপ, কর্ম্ম সদৃশ, কর্ম্মোপযোগী; যথা—"কর্ম্মানুরূ যত্ন বা পরিশ্রম অর্থাৎ সেই কর্ম্ম নির্ব্বা করিতে যেরূপ যত্ন বা পরিশ্রম আবশ্যক ২। যেমন কর্ম্ম তদনুরূপ, যেমন কর্ম্ম তা উপযুক্ত, কর্ম্মানুযায়ী; যথা—কর্ম্মানুরূ ফল অর্থাৎ যেমন কর্ম্ম তার উপযুক্ত অনুযায়ী ফল।

কর্ম্মানুষ্ঠান (কর্ম্মন্ কর্ম্ম—অনুষ্ঠান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কর্ম্মের অনুষ্ঠান, কর্ম্মে সূচনা, কর্ম্মের আরম্ভ, কার্য্যারম্ভ। ২ কার্য্যানুষ্ঠান। ৩। কর্ম্মনির্ব্বাহ, কর্ম্মসম ধান, কর্ম্মসম্পাদন।

কর্ম্মান্তর (কর্ম্মন্ কর্ম্ম—অন্তর অন্য, —স) সং, ক্লীং, অন্য কর্ম্ম, অন্য কার্য কার্য্যান্তর।

কর্ম্মান্তিক (কর্ম্ম – অন্তিক) সং, পুং – স্ত্রীং, কর্ম্মকর, চাকর।

কর্ম্মার ( কর্ম্মন্ – ঋ গমন করা + অ(অন্) – ক, সংজ্ঞার্থে ) সং, পুং, লৌহজীবী, কামার ; যথা—"কর্ম্মারপরিমার্জ্জিত সূর্য্য-রশ্মিসমপ্রভ ছয় বাণে তাহাকে বিদ্ধ করিলেন।" ২। ( + অন্ – ণ ) বাঁশ-বিশেষ, বেউড় বাঁশ। ৩। কামরাঙ্গা গাছ।

কর্ম্মারম্ভ (কর্ম্মন্ – আরম্ভ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কর্ম্মের আরম্ভ, কার্য্যারম্ভ, কর্ম্মানুষ্ঠান।

কর্ম্মার্হ ( কর্ম্মন্ কর্ম্ম – অর্হ যোগ্য ) বিং, ত্রিং, কর্ম্মযোগ্য, ক্রিয়ার উপযুক্ত ; যথা—কর্ম্মার্হ কাল। ২। যাহা কোন কর্ম্মে লাগে ; যথা—এ বস্তু কর্ম্মার্হ বটে। ৩। কর্ম্মনির্ব্বাহে সমর্থ, কর্ম্মণ্য, কর্ম্মক্ষম।

কর্ম্মিষ্ঠ (কর্ম্মিন্ + ইষ্ঠ – অত্যর্থে) বিং, ত্রিং, কার্য্যনির্ব্বাহে বিলক্ষণ তৎপর, যে সম্পূর্ণ যত্ন মনোযোগ ও পরিশ্রম সহকারে কার্য্য সম্পাদন করে।

কর্ম্মিষ্ঠতা (কর্ম্মিষ্ঠ + তা – ভাবে) সং, স্ত্রীং, কার্য্যনির্ব্বাহে বিলক্ষণ তৎপরতা, সম্পূর্ণ যত্ন মনোযোগ ও পরিশ্রম সহকারে কার্য্য-সম্পাদন।

কর্ম্মী (কর্ম্মিন্, কর্ম্মন্ + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্ম্মক্ষম, কার্য্যদক্ষ। ২। কর্ম্মকারী। শিং – ১ "কর্ম্মিভ্যশ্চাধিকোযোগী তস্মাদ্-যোগী ভবার্জ্জুন।"

কর্ম্মেন্দী ( কর্ম্মেন্দিন্ ) সং, পুং, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্ম্মেন্দ্রিয় ( কর্ম্মন্ – ইন্দ্রিয়, ৬ষ্ঠী – ষ ) সং, ক্লীং, কর্ম্ম-নির্ব্বাহের ইন্দ্রিয়, যে সকল ইন্দ্রিয়ের সহায়তায় কর্ম্ম-নির্ব্বাহ হয়। বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পঞ্চ প্রকার বাহ্যেন্দ্রিয়। শিং – ১ "জ্ঞানেন্দ্রিয়ার্থাঃ শব্দাদ্যাঃ স্মৃতাঃ কর্ম্মেন্দ্রিয়াণ্যপি। বাক্পাণিপাদপায়ূপস্থসংজ্ঞান্যাহুর্ম্মনীষিণঃ।"

কর্ব্বট (কর্ব্ব্ দর্প করা + অট – প্রং) সং, পুং, দুইশত গ্রামের মধ্যে একটী ক্ষুদ্র নগর বা গ্রাম, যেখানে গিয়া সন্নিহিত জনপদবাসিগণ দ্রব্য ক্রয় বিক্রয়াদি দ্বারা জীবন যাপন করে।

কর্ব্বর (কৄ বধ করা + বর – সংজ্ঞার্থে) সং, পুং, ব্যাঘ্র। ২। রাক্ষস। রী – স্ত্রীং, হিঙ্গুপত্রী। ২। শিবা।

কর্ব্বুর } (কর্ব্ব্ গমনকরা + উর, ঊর – ক)
কর্ব্বূর } সং, ক্লীং, স্বর্ণ। ২। জল। ৩। হরিতাল। ৪। পুং, রাক্ষস। ৫। পাপ। ৬। বিং, ত্রিং, নানাবর্ণ।

কর্ব্বুরিত ( কর্ব্বুর + ইত – ইদমর্থে ) বিং, ত্রিং, চিত্রিত, নানাবর্ণে রঞ্জিত, শবলিত।

কর্শিত ( কৃশ-ণিচ্ = কর্শি সূক্ষ্মকরান, ক্ষীণ করান + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, কৃশী-কৃত, দুর্ব্বলীকৃত।

কর্ষ ( কৃষ্ ভূমিচসা + অ(অল্) – ভা ) সং, পুং – ক্লীং, কর্ষণ। ২। ( + অল – র্ম্ম ) তোলক পরিমাণ। শিং – ১ "দশার্দ্ধগুঞ্জং প্রবদন্তি মাষং মাষাহ্বয়ৈঃ ষোড়শভিশ্চ কর্ষম্।" ৩। পুং, বিভীতক বৃক্ষ।

কর্ষক (কর্ষ দেখ, অক(ণক) – ক) বিং, ত্রিং, যে ভূমি কর্ষণ করে, যে কৃষিকর্ম্ম দ্বারা জীবিকানির্ব্বাহ করে, কৃষিজীবী, কৃষাণ, চাসা। ২। যে আকর্ষণ করে, আকর্ষক। ৩। ( Scraping-birds ) যে সকল পক্ষী নখ দ্বারা ভূমি কর্ষণ করিয়া আহার অন্বেষণ করে।

কর্ষণ ( কর্ষ দেখ, অন(অনট্) – ভা ) সং, ক্লীং, কৃষিকর্ম্ম, লাঙ্গলাদি দ্বারা ভূম্যাদি খনন, চাস। ২। আকর্ষণ, টানন। শিং – ১ "ভজ্যমানমতিমাত্র কর্ষণাৎ।" (রঘু)। ২ "শরীরকর্ষণাৎ প্রাণাঃ ক্ষীয়ন্তে প্রাণিনাং যথা।" ণী – স্ত্রীং, ক্ষীরিণীবৃক্ষ।

কর্ষণীয় (কর্ষ দেখ, অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, যার কর্ষণ করিতে হইবেক বা করা আবশ্যক অথবা কর্ষণের যোগ্য।

কর্ষাপণ (কর্ষ – আপণ যাকে ক্রয় করা যায়) সং, পুং, ষোড়শ পণ পরিমাণ (কাহন)। শিং – ১ "ধেনুঃপঞ্চভিরাঢ্যানাং মধ্যানাং ত্রিপুরাণিকা। কর্ষাপণকমূল্যাহিদরিদ্রাণাং প্রকীর্ত্তিতাঃ।"

কর্ষিত ( কর্ষি খনন করা + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, যাহাতে কর্ষণ করা হইয়াছে, যে ভূমিতে চাস দেওয়া গিয়াছে, কৃষ্ট।

কর্ষী (কর্ষিন্, কর্ষ দেখ, ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, আকর্ষণকারক। শিং – ১ "স্তম্বে রমামুখরশৃঙ্খলকর্ষিণস্তে।" (রঘু)। ২। মনোহর, মনোরম, মনোজ্ঞ। র্ষিণী – স্ত্রীং, (+ইন্ – ণ, যাহা দ্বারা টানা যায়) কবিকা, খলীন, অশ্বের মুখবন্ধনরজ্জুস্থিত লৌহ। ২। ক্ষীরিণী বৃক্ষ।

কর্ষূ (কৃষ্ ভূমিচসা ইত্যাদি+উ – র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, করীষাগ্নি, ঘুঁটের আগুন। স্ত্রীং, কৃত্রিম ক্ষুদ্র জলাশয়, কুল্যা। ২। ইষ্টখাত। শিং – ১ " চতুরঙ্গুলা পৃথ্বী স্তাবদন্তরাস্তথাধঃ খাতা বিতস্ত্যায়তাস্তিস্রঃ কর্ষূঃ কুর্য্যাৎ। কর্ষূসমীপে অগ্নিত্রয়মুপসমাধায় পরিস্তীর্য্য তত্রৈকৈকস্মিন্নাহুতিত্রয়ং জুহুয়াৎ" অর্থাৎ শ্রাদ্ধকর্ত্তা পিতৃলোকের শ্রাদ্ধকালে চতুরঙ্গুল ভূমির পর পর বিতস্তি প্রমাণ তিনটী অধঃখাত কর্ষূ অর্থাৎ কৃত্রিম খাত প্রস্তুত করিয়া তৎসমীপে প্রথমে ত্রিবিধ অগ্নিকরণ ও কুশাস্তরণপূর্ব্বক পিণ্ডদান করিবে। ৩। (+উ – ভাবে) কৃষি। [সময়, কখন্।

কর্হি (কিম্+র্হি – কালার্থে) অং, কোন্

কর্হিচিৎ (কর্হি+চিৎ -- অসাকল্যার্থে) অং, কদাচিৎ, কখনও, কোন সময়ে।

কল (কল্ শব্দ করা, গণনা করা+অ(অন্) – ক, অথবা ক – লা গ্রহণকরা+অ(ড) – ক) সং, পুং, মধুর অস্ফুট ধ্বনি, যে শব্দে স্পষ্ট বর্ণ উচ্চারিত হয় না কিন্তু শুনিতে মধুর; যথা – কোকিলের কলরব, ভ্রমরাদির গুন্ গুন্ শব্দ। শিং – ১ "সারসৈঃ কলনির্হ্রাদৈঃ।" ২। স্রোতের মধুর অব্যক্তধ্বনি; যথা—"উথলিল উৎস কলকলে।" ৩। সালবৃক্ষ। ৪। ক্লীং, শুক্র। ৫। কোলিবৃক্ষ। ৬। বিং, ত্রিং, মধুরাস্ফুট (রব)। শিং – ১ "কলিতললিতবনমালম্।" (জয়দেব)। ২ "করকলিত কপালঃ কুণ্ডলী দণ্ডপাণিঃ।" ৭। (কল+অল্ – র্ম্ম) অজীর্ণ। ৮। (দেশজ) যন্ত্র, কাপুড়েকল, ময়দার কল ইত্যাদি।

কলকণ্ঠ (কল মধুরধ্বনি – কণ্ঠ গলা। যাহার কণ্ঠে কলনিনাদ অর্থাৎ মধুর রব আছে, ৭মী – হিং) সং, পুং, কোকিল। ২। কপোত। ৩। হংস। ণ্ঠী – স্ত্রীং, যাহার কণ্ঠ হইতে কলধ্বনি নির্গত হয়, সুস্বরবতী।

কলকল (কল দেখ, দ্বিরুক্তি) সং, পুং, আকুল শব্দ, সমবেত বহু লোকের মিশ্রিত শব্দ, কোলাহল, গোলমাল। শিং – ১ "তদাগমনজানন্দজসৎকলকলারবাঃ।" ২ "কেকিক্রীড়া কলকলরবঃ।" ৩ "প্রবলমারুতোদ্ধূতসলিলচলতরঙ্গসংঘট্টজনিত কলকলারবায়াঃ (গঙ্গায়াঃ)।" ২। সালনির্য্যাস।

কলগী (যাবনিক) শিরোভূষণ, কিরীট; যথা—"মাণিক কলগী তোরা চক্‌মকে হীরা।"

কলঘোষ (কল – ঘুষ্ শব্দ করা+অ(অন্) – ক। যে কলরব ঘোষণা করে, ২য়া – ষ) সং, পুং, কোকিল।

কলঙ্ক (ক ব্রহ্মা, সুখ ইত্যাদি – লন্‌ক্ মলিন করা+অ – প্রং অথবা কল+০(ক্বিপ্) – ক – অঙ্ক) সং, পুং, চিহ্ন, তাম্রাদি পাত্রের দাগ। ২। অখ্যাতি, দুর্নাম। ৩। অপযশঃ। ৪। লৌহাদি ধাতুর মল, মর্চ্যা। শিং – ১ "বিদ্যা কলঙ্করহিতা।" ২ "ধারনিবদ্ধেব কলঙ্করেখা।"

কলঙ্কষ (কল কলরব – কষ্ শব্দ করা+অ – প্রং) সং, পুং, সিংহ। ষা – স্ত্রীং হাততালী।

কলঙ্ককর (কলঙ্ক – কর [কৃ করা+অ(ট – ক] যে করে) বিং, ত্রিং, যাহাতে কলঙ্ক জন্মে; যথা—কলঙ্ককর কর্ম্ম।

কলঙ্কিত } (কলঙ্কিন্, কলঙ্ক+ইত, ই-
কলঙ্কী } – অস্ত্যর্থে) বিং, ত্রিং, কলঙ্কযুক্ত, যাহাতে কলঙ্ক হইয়াছে, অযশোভাগী। ২। অপবাদগ্রস্ত। শিং – ১ "কলঙ্ক জায়তে বিম্বে তির্য্যগ্‌যোনিশ্চ নিম্নকে। ৩। চিহ্নযুক্ত। ৪। লৌহমলবিশিষ্ট। ঙ্কি – স্ত্রীং – ঈপ্, অপবাদগ্রস্তা।

কলঙ্কুর (কলম্ শব্দকে – কুর্ শব্দ নির্গ করা+অ – প্রং) সং, পুং, আবর্ত্ত, জলে পাক।

কলঞ্জ (ক – লন্‌জ্ বলা+অ(অন্) – ক সং, পুং – ক্লীং, তাম্রকূট, দোক্তা তামাক শিং – ১ "কলঞ্জসংবেষ্টনধূমপানাৎ সা

দন্তশুদ্ধি মুখরোগহানিঃ।" ৩। বিং,ত্রিং, বিষাস্ত্রবিদ্ধ (পশুপক্ষ্যাদি)। শিং—১ "ন কলঞ্জং ভক্ষয়েৎ।"

কলট ; সং, ক্লীং, গৃহাচ্ছাদন, চাল।

কলতূলিকা ; সং, স্ত্রীং, ইচ্ছাবতী, কামুকী।

কলত্র (গল নিঃসৃত হওয়া+অত্র—প্রং। গ=ক। কিম্বা কল ক্ষীণ—ত্রৈ পালন করা+অ(ড)—ক) সং, ক্লীং, ভার্য্যা, স্ত্রী। ২। নিতম্ব, কটি। শিং—১"কলত্রভারেন বিলোলনীবিনা।" ৩। জঘন। ৪। দুর্গ।

কলধূত, কলধৌত ; সং, ক্লীং, স্বর্ণ। শিং—১ "যস্যাং কপোতৈঃ কলধৌতধামস্তম্ভেষু ভেজে মণিদর্পণশ্রীঃ।" ২। রৌপ্য। ৩। মধুর ধ্বনি।

কলধ্বনি (কল—ধ্বনি শব্দ) সং,পুং, পারাবত। ২। কোকিল। ৩। ময়ূর। ৪। অব্যক্ত মধুরধ্বনি।

কলন—ক্লীং } (কল্ গণনা করা ইত্যাদি
কলনা—স্ত্রীং } +অন(অনট্)—ভা, আপ্—স্ত্রীং) সং, ধারণ, পরিধান। ২। গ্রহণ। ৩। দর্শন। ৪। গণন। ৫। জ্ঞান। শিং—১ "লোকানামন্তকৃৎ কালঃ কালোহন্যকলনাত্মকঃ।" ৬। গ্রসন, গ্রাস। শিং—১ "কলনাৎ সর্ব্বভূতানাং সকালঃ পরিকীর্ত্তিতঃ।" ৭। লঙ্ঘন। ৮। (অনট্—র্ম্ম) চিহ্ন। ৯। দোষ। ১০। শব্দ করা। ১১। গর্ভে মিশ্রিত শুক্রশোণিত, ভ্রূণ। ১২। পুং, বেতসবৃক্ষ। না—স্ত্রীং, বশীভূতত্ব, বশতা। শিং—১"করালং যৎক্ষ্বেড়ং কবলিতবতঃ কালকলনা।" ২। আমোচন বা অবমোচন। শিং—১ "পিচ্ছাবচূড়া কলনামিবোরঃ।"

কলন্দর ; সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

কলপ (দেশজ) সং, কৃষ্ণবর্ণ কাই, লেই।

কলভ (কল+অভচ্—র্ম্ম অথবা কর, কল—ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, পুং, ত্রিংশদ্বর্ষীয় করিশাবক। শিং—১"মুদারমন্তে কলভা বিকম্বরৈঃ।" ২। উষ্ট্রশাবক। ৩। ধুস্তূরবৃক্ষ।

কলম (কল্ গণনা করা ইত্যাদি+অম—র্ম্ম) সং, পুং, ধান্য-বিশেষ, হেমন্তধান্য, শালিধান। ২। যাহা দ্বারা লেখা যায়, লেখনী। ৩। (+অম—ক) চৌর। ৪। ধূর্ত্ত। ৫। (দেশজ) বৃক্ষাদির শাখা।

কলমা (যাবনিক) মহম্মদীয়ানদিগের অঙ্গশুদ্ধিকর কোরাণোক্ত ভজনাবিশেষ।

কলম্ব (কড় ভক্ষণ করা ইত্যাদি+অম্বক্—ক) সং, পুং, বাণ ; যথা—"উড়িল কলম্বকুল অম্বরপ্রদেশে।" ২। কদম্ব বৃক্ষ। ৩। (+অম্বক্—র্ম্ম) শাকের ডাঁটা।

কলম্বিকা, কলম্বী(ক মস্তক—লম্ব্ হওয়া, বিশ্রাম করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, কলমীশাক। ২। গ্রীবাপশ্চান্নাড়ী।

কলরব (কল মধুরাস্ফুট—রব ধ্বনি, ৬ষ্ঠী—হিং+যং—স) সং, পুং, কপোত, কবুতর, পায়রা। ২। কলকলধ্বনি। ৩। কোকিল।

কলল (কল্ গণনা করা+অল—র্ম্ম) সং,পুং—ক্লীং, জরায়ু, গর্ভাবরণচর্ম্ম। ২। ভ্রূণ।

কললজ ; সং, পুং, ধুনা।

কলবল ; বিং, ত্রিং, শব্দকারী ; যথা—"পরদল কলবল ভূতল টলমল।"(অন্নদা)।

কলবিঙ্ক ( কল মধুরধ্বনি—বন্ক্ গমন করা ইত্যাদি+অ(অন্)—ক। নিপাতন) সং,পুং, চটক, চড়ুই পক্ষী। ২। বৃক্ষবিশেষ, ইন্দ্রযববৃক্ষ। ৩। কলঙ্ক, লাঞ্ছন, দাগ। ৪। শ্বেতচামর।

কলশ } (কল মধুর অব্যক্ত শব্দ—শো
কলস } তীক্ষ্ণকরা+অ(ড)—ক। ২য় পক্ষে—ক জল—লস্ ক্রীড়াকরা+অ(অন্)—ক) সং, পুং—ক্লীং, ধাতু অথবা মৃত্তিকায় নির্ম্মিত বৃহৎ জলপাত্র, ঘট।

কলশপোতক ; সং, পুং, নাগবিশেষ।

কলশি, কলশী } (কল—শো তীক্ষ্ণ করা
কলসি, কলসী } +ই, ঈপ্—স্ত্রীং। ২য়—পক্ষে, ক জল—লস্ ক্রীড়া করা+ই—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ঘট, ঘটী। ২। পৃশ্নিপর্ণী, চাকুলিয়া।

কলসোদধি (কলস—উদধি) সং,পুং, সমুদ্র।

কলহ ( কল শ্রুতিঅশ্রাব্যশব্দ—হ বধার্থ হন্ ধাতুজ+অ(ড)—ক, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, বিবাদ, ঝকড়া। ২। যুদ্ধ। শিং—১

বিধিৎসতঃ কলহমবেক্ষ্য বিদ্বিষঃ।" ৩। পুং, খড়্গাকোষ। ৪। পথ। ৫। ভণ্ডতা। শিং — ১"পুত্রেষু পুত্রৈ র্মে কলহো ন ভবিষ্যতি। ভবন্তি ভেদা জ্ঞাতীনাং কলহাশ্চ। ২ "কুর্ব্বন্তঃ কলহং ঘোরং পক্ষিণোহস্য রথাগ্রতঃ।"

কলহংস (কল মনোহর শব্দ — হংস। সুস্বরবিশিষ্ট হংস, যং — স) সং, পুং, রাজহংস। ২। বালিহাঁস। ৩। ভুদেব, ব্রাহ্মণ। ৪। রাজশ্রেষ্ঠ, উত্তম রাজা। ৫। ব্রহ্ম। ৬। পরমাত্মা। ৭। রাগিণী-বিশেষ। ৮। ছন্দোবিশেষ; ইহা ত্রয়োদশ অক্ষরযুক্ত, ইহার ৩য়, ৫ম, ৯ম, ১২শ, ১৩শ বর্ণ গুরু।

কলহকার (কলহ — কার [কৃ করা + অ(ষণ্) — ক] যে করে) বিং, ত্রিং, বাগ্যুদ্ধকারী।

কলহপ্রিয় (কলহ — প্রিয়) সং, পুং, নারদমুনি। ২। বিং, ত্রিং, যে সর্ব্বদা কলহ ভালবাসে। য়া — স্ত্রীং, সারিকাপক্ষী।

কলহান্তরিতা ( কলহ — অন্তরিতা আচ্ছাদিতা, ৩য়া — ষ) সং, স্ত্রীং, নায়কের সহিত কলহানন্তর অনুতাপিনী স্ত্রী, যে নায়িকা মানভরে নায়কের উপর কুপিতা হইয়া অন্তরে থাকে ও অনুতাপ করে, ক্রোধ শান্তির কারণ যে পতি নানাবিধ প্রিয় অথচ ছলবচন রচনা করিতেছেন, তাঁহাকে আরোপিত দোষ দ্বারা দূরীকৃত করিয়া পশ্চাৎ তাপযুক্ত অর্থাৎ "কেন তাহাকে তিরস্কার করিলাম," "কেনই বা স্থানান্তরে গমন করিতে বলিলাম" যে নারী এইপ্রকার দোষকীর্ত্তন পূর্ব্বক পশ্চাৎ তাপযুক্ত হয় সেই নারীর নাম কলহান্তরিতা। শিং — ১ "চাটুকারমপি প্রাণনাথং দোষাদপাস্যযা। পশ্চাত্তাপমবাপ্নোতি কলহান্তরিতা তু সা।"

কলা (কল্ শব্দকরা + অ(অন্) — র্ম। আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, চন্দ্রের ষোড়শভাগ, চন্দ্রের ষোলভাগের একভাগ; শিং — ১ " অমাদিপৌর্ণমাস্যন্তা যাএব শশিনঃ কলাঃ। তিথয়স্তাঃ সমাখ্যাতাঃ ষোড়শৈব বরাননে।" যথা—
"চন্দ্রে সবে ষোলকলা হ্রাস বৃদ্ধি তায়।
কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়।"

চতুঃষষ্টি কলা—নৃত্য, গীত, বাদ্য, নাট্য, আলেখ্য, বিশেষকচ্ছেদ্য, তণ্ডুলকুসুমাবলি বিকার, পুষ্পাস্তরণ, দশনবসনাঙ্গরাগ, মানভূমিকাকর্ম্ম, শয্যারচন, উদকবাদ্য, উদকঘাত, চিত্রাযোগ, মাল্যগ্রন্থনবিকল্প, শেখরাপীড়যোজন, নেপথ্যযোগ, কর্ণপত্রভঙ্গ, গন্ধযুক্তি, ভূষণযোজন, ঐন্দ্রজাল, কৌমারযোগ, হস্তলাঘব, চিত্রশাকপূপভক্ষ্যবিকারক্রিয়া, পানকরসরাগাসবযোজন, সূচীবাপকর্ম্মাদি, সূত্রক্রীড়া, প্রহেলিকা, প্রতিমালা, দুর্ব্বচকযোগ, পুস্তকরচন, নাটিকাখ্যায়িকাদর্শন, কাব্যসমস্যাপূরণ, পট্টিকা-বেত্রবাণবিকল্প, তর্কুকর্ম্মাদি, তক্ষণ, বাস্তুবিদ্যা, রূপ্যরত্নপরীক্ষা, ধাতুবাদ, মণিরাগজ্ঞান, আকরজ্ঞান, বৃক্ষায়ুর্ব্বেদযোগ, মেষ-কুক্কুট-লাবক যুদ্ধ-বিধি, শুকসারিকা প্রলাপন, উৎসাদন, কেশমার্জ্জন কৌশল, অক্ষর মুষ্টিকাকথন, ম্লেচ্ছিতকবিকল্প, দেশভাষাজ্ঞান, পুষ্পশকটিকানিমিত্তজ্ঞান, যন্ত্রমাতৃকা, ধারণমাতৃকা, সংপাট্য, মানসীকাব্যক্রিয়া, ক্রিয়াবিকল্প, ছলিতকযোগ, অভিধানকোষছন্দজ্ঞান, বস্ত্রগোপনাদি, দ্যূত আকর্ষক্রীড়া, বালকক্রীড়নক, বৈনায়িকীবিদ্যা, বৈজয়িকীবিদ্যা, বৈতালিকীবিদ্যা। শিং — ১ "গীতবাদিত্রকুশলাঃ নৃত্যেষু কুশলাস্তথা। উপায়জ্ঞাঃ কলাজ্ঞাশ্চ বৈশিকে পরিনিষ্ঠিতাঃ ( যোষিতঃ)।" ২ "চতুঃষষ্ট্যঙ্গমদদৎ কলাজ্ঞানং মমাদ্ভুতং।" ৩ "সকল কলাপারং গতোহমর শক্তির্নাম রাজা।" ২। অল্পসময়। ৩। লেশ, অংশ। ৪। কালের অংশবিশেষ; অষ্টাদশ নিমেষে এককাষ্ঠা, ত্রিংশৎ কাষ্ঠায় এক কলা, ত্রিংশৎ কলায় একক্ষণ, দ্বাদশ ক্ষণে একমুহূর্ত্ত, ত্রিংশৎমুহূর্ত্তে অহোরাত্র। ৫। কপট। ৬। বিভূতি। ৭। সামর্থ্য। ৮। স্ত্রী-রজঃ। ৯। সখ্যা। ১০। শৌর্য্যাদি গুণ। ১১। কলন। ১২। টাকার সুদ। ১৩। ( + অন্ — ক ) বিভীষণের জ্যেষ্ঠা কন্যা, মরীচিপত্নী। ১৫। নৌকা।

কলাই ( কলায় শব্দজ ) সং, কড়াই, শস্যবিশেষ।

কলাকুল ( কলা—আকুল। মাত্রাপরিমাণে যাহা আকুল করে) সং,ক্লীং,বিষ, হলাহল।
কলাকুশল (কলা—কুশল) বিং, ত্রিং, নৃত্য-গীতাদি চতুঃষষ্টি কলায় নিপুণ।
কলাকেলি (কলা কপট—কেলি যে ক্রীড়া কৌতুক করে) সং, পুং, কামদেব।
কলাঙ্কুর ; সং, পুং, সারসপক্ষী। ২। ( কলা ছল—অঙ্কুর, ৭মী—হিং ) স্তেয়শাস্ত্রপ্রবর্ত্তক মূলদেব, কস।
কলাচিকা, কলাচী ; সং,স্ত্রীং, কফোণি হইতে মণিবন্ধ পর্য্যন্ত প্রকোষ্ঠ, হস্ত।
কলাদ ( কলা শিল্পবিদ্যা—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে অথবা কলা অংশ—আদ যে গ্রহণ করে। অলঙ্কার গঠন করিতে দিলে তাহার অংশ গ্রহণ করে বলিয়া) সং, পুং, স্বর্ণকার।
কলাধর (কলা—ধর [ধৃ ধারণকরা+অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।
কলান (দেশজ) সং, যোগকরণ। ২। কচ্যান, [গজান।
কলানাথ—জনৈক সঙ্গীতজ্ঞ গন্ধর্ব্ব ; ইনি সোমেশ্বরের নিকট সঙ্গীত শিক্ষা করেন।
কলানিধি (কলা—নিধি আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিং—১"কলানিধিঃ পুণ্যচয়ং দদাতি।"
কলাপ (কলা—আপ্ পাওয়া+অ(ষণ্)—ক) সং, পুং, ভূষণ। শিং—১ "মুক্তাকলাপস্য চ নিস্তলস্য।" (কুমার)। ২। ময়ূরপুচ্ছ। শিং—১ "বর্হে আলম্বিতশ্চন্দ্রকিরণঃ কলাপৈঃ।" ৩। তূণ। শিং—১ "কলাপ শব্দেন শরপূর্ণা চর্ম্মময়ী ভস্ত্রোচ্যতে।" ৪। সমূহ, রাশি। শিং—১ "ব্যালোল কুন্তলকলাপবতী।" ২"অর্থং বিনা নৈব কলাকলাপং প্রাপ্নোতি মর্ত্তোঽত্রমনুষ্যলোকে।" ৩ " মুক্তাকলাপীকৃতসিন্ধুবারম্।" ৫। চন্দ্র। "কলাপতিত্বাৎ কলাপঃ।" ৬। বিদগ্ধব্যক্তি। শিং—১ "বিদগ্ধায়াঃ কলাপেন মুখসম্ভোগবর্দ্ধনং।" ৭। কাঞ্চী, কটিভূষণ, চন্দ্রহার। শিং—১ "রসনাকলাপ গুণেন বধ্বঃ।" (মাঘ)। ৮। ধনু। শিং—১ "নকুলস্য কলাপোঽয়ং পঞ্চশার্দ্দূললক্ষণঃ।" ৯। অর্দ্ধচন্দ্রাকার অস্ত্রবিশেষ, নারাচাস্ত্র। শিং—১ "খড়্গাংশ্চ দীপ্তান্ দীর্ঘাংশ্চ কলাপাংশ্চ মহাধনান্।" ১০। শর। শিং—১"কলাপিনৌ ধনুষ্পাণি শোভমানৌ দিশোদশ।" ১১। গ্রামবিশেষ ; এখানে মহারাজ শান্তনুর পুত্র দেবাপি এবং ইক্ষ্বাকুবংশজাত মরু যোগবল-সমন্বিত হইয়া বাস করিতেন। শিং—১ "দেবাপির্যোগমাস্থায়কলাপগ্রামমাস্থিতঃ।" ১২। ব্যাকরণ বিশেষ।
কলাপক ( কলাপ+কণ্—স্বার্থে ) সং, পুং, কলাপ। ২। হস্তিকণ্ঠবন্ধনরজ্জু। ৩। ক্লীং, মিশ্রিত চারি শ্লোক। "কলাপকং চতুর্ভিশ্চ পঞ্চভিঃ কুলকংস্মৃতম্।" ৪। সমূহ।
কলাপী (কলাপিন্, কলাপ ময়ূরপুচ্ছ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। ২। (কল মধুরধ্বনি—আপ্ পাওয়া+ইন্(ণিন্)—ক) কোকিল। শিং—১"যস্মিন্‌কালে ময়ূরাঃ কলাপিনো ভবন্তি স উপচারাৎ কলাপী।" ২ "কাংশ্চিৎ (ময়ূরান্) প্রিয়াভিঃ সহিতান্ ভ্রমমাণান্ কলাপিনঃ।" ৩। বৈশম্পায়নান্তিবাসিবিশেষ।
কলাভৃৎ (কলা—ভৃৎ [ভৃ পোষণ করা+০ (ক্বিপ্)—ক] যে পোষণ করে) সং, পুং, চন্দ্র। শিং—১ " কলাচ সা কান্তিমতী কলাভৃতঃ।" ২। শিল্পী। শিং—১"দশাকাখ্যং পৌরসখ্যং পঞ্চাঙ্কাখ্যং কলাভৃতাম্।" ৩। শিব।
কলাম্বিকা (কলা—অম্ব্ গমন করা+অক—প্রং) সং, স্ত্রীং, ঋণদান, ধারদেওয়া।
কলায় (ক বায়ু—লা গ্রহণ করা, দানকরা+য(যক্)—ক অথবা কল—অয়্ গমন করা+অ(অন্)—ক ) সং, পুং, কলাই, কড়াই।
কলায়ন ( কলা—অয়ন গমন) সং, পুং, নর্ত্তক।
কলালাপ (কল মধুর—আলাপ কথন,শব্দ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ) সং, পুং, ভ্রমর। ২। মধুর অব্যক্তধ্বনি। ৩। মধুরালাপ।
কলাবধূ ; সং, স্ত্রীং, নবপত্রিকা, নবদুর্গা। শারদীয়া দুর্গাপূজার প্রথমদিনে পূর্ব্বাহ্নে

বধূর ন্যায় ঐ পত্রিকাকে বস্ত্রালঙ্কার ও সিন্দূরাদি ভূষণে বিভূষিতা করিয়া গৃহ প্রবেশ করাইবার বিধি আছে, এইজন্য ইনি কলাবধূ নামে প্রসিদ্ধা হইয়াছেন, অশিক্ষিত অজ্ঞান ব্যক্তিগণ ইহাকে গণেশের পত্নী বলিয়া উল্লেখ করে, কিন্তু বস্তুতঃ তাহা নহে। ইনি নবদুর্গা, এক এক পত্রিকাতে এক এক দেবীর অধিষ্ঠান আছে; যথা—কদলীর ব্রহ্মাণী, হরিদ্রার দুর্গা, ধান্যের লক্ষ্মী, কচ্বির কালিকা, মানকের চামুণ্ডা, জয়ন্তীর কার্ত্তিকী, দাড়িমীর রক্তদন্তিকা, অশোকের শোকরহিতা ও বিল্বের শিবা অধিষ্ঠাত্রী দেবীরূপে নির্দ্দিষ্টা আছেন। যথাক্রমে ইহাদিগেরই পূজা করিতে হয়।

কলাবান্ (কলাবৎ, কলা+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে ব্যক্তির সঙ্গীতবিদ্যায় নৈপুণ্য ও পাণ্ডিত্য আছে, কালোয়াত। ২। কলাবিশিষ্ট। ৩। সং,পুং, চন্দ্র। বতী—স্ত্রীং, তুম্বুরু গন্ধর্ব্বের বীণা। ২। রাজা বৃষভানুর পত্নী, কান্যকুব্জ রাজকন্যা। ইহার গর্ভে রাধিকার জন্ম হয়। ৩। নায়িকাবিশেষ।

কলাবিক (কল—অবি+কণ্) সং,পুং, কুক্কুট, কুঁকুড়া।

কলাবিকল (কলবিঙ্ক দেখ) সং, পুং, চটক, চড়ুই পাখী।

কলি (কল্ গণনা করা ইত্যাদি+ই—ক) সং, পুং, দ্বেষ। ২। চতুর্থযুগ। শিং—১ "কলেরংশস্তু সংজজ্ঞেভুবিদুর্য্যোধনঃ।" ২ "যদা সদানৃতং তন্দ্রীনিদ্রা হিংসা বিষাদনং। শোকমোহ ভয়ং দৈন্যং স কলিস্তু তদা স্মৃতঃ।" ৩। ক্রোধের ঔরসে তদীয় ভগ্নী হিংসার গর্ভে ইহার জন্ম হয়। ইনি অতি জুগুপ্সিত, কৃষ্ণবর্ণ, তৈলাভ্যক্ত, কাকতুল্যোদর, বিকটবদন, লোলজিহ্ব, পূতিগন্ধপূর্ণাঙ্গ। নিজ ভগ্নী দুরুক্তিকে বিবাহ করেন। ইহাঁর ভয় নামে পুত্র ও মৃত্যু নামে কন্যা হয়। ৪। যুদ্ধ। ৫। কলহ। ৬। শূর। ৭। বৈষ্ণবদিগের তিলকের প্রকারভেদ, ইহা তিন প্রকার। ফুলের কলির ন্যায় আগা ও গোড়া সরু যে তিলক, তাহা কলি; ইহাই সর্ব্বাঙ্গসুন্দর হইলে রস-কলি নামে অভিহিত হয়। হরিণের শিংএর ন্যায় ডালপালাযুক্ত অর্থাৎ মাথা চেরা (হাড় কাঠের ন্যায়) যে তিলক, তাহা মৃগ, অথবা মৃগের বর্ণের ন্যায় ৩৪ প্রকার স্বতন্ত্র রংএ যে তিলক, তাহা হাতের পাঁচ অঙ্গুলের দ্বারা থাবা মারিয়া যে তিলক দেওয়া হয় তাহাই বাঘ-থাবা তিলক। লি,লী,লিকা—স্ত্রীং, কোরক, অস্ফুটপুষ্প; যথা—পুষ্পের কলি, কমল-কলি। ২। পদসন্ততিযুক্ত রচনাবিশেষ।

কলিক; সং, পুং, ক্রৌঞ্চপক্ষী, বক।

কলিঙ্গ (কলি কলহ ইত্যাদি—গম্ গমন করা+অ(খ)—ক) সং, পুং, দেশবিশেষ, উৎকলের দক্ষিণ দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্র-তীরস্থ দেশ। শিং—১ "জগন্নাথাৎ সমারভ্য কৃষ্ণাতীরান্তসংপ্রিয়ে। কলিঙ্গদেশঃ সংপ্রোক্তো বাস মার্গপরায়ণঃ।" ২। বলির পুত্র, তৎপত্নী সুদেষ্ণার গর্ভে দীর্ঘতমার ঔরসে ইহার জন্ম হয়। ইনি কলিঙ্গ দেশ স্থাপন করেন। ৩। পূতিকরজবৃক্ষ। ৪। ধূম্যাটপক্ষী। ৫। কুটজবৃক্ষ। ৬। শিরীষবৃক্ষ। ৭। প্লক্ষবৃক্ষ। ৮। বৃক্ষবিশেষ। ৯। (কলিঙ্গ+ষ্ণ) বিং,ত্রিং, কলিঙ্গদেশজাত। ঙ্গা—স্ত্রীং, নিতম্বিনী, সুন্দরীস্ত্রী। ২। ত্রিবৎ, তেউড়ী। বিশেষ।

কলিজা (দেশজ) সং, বক্ষঃস্থলের গ্রন্থি-

কলিঞ্জ; সং, পুং, তৃণ-নির্ম্মিত আসন, চাঁচ, দরমা, মাদুর প্রভৃতি।

কলিত (কল্ গণনা করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত। ২। ধৃত। ৩। ৪। প্রাপ্ত। ৫। উপার্জ্জিত। ৬। গণিত। ৭। অনুগত। ৮। আশ্রিত। ৯। পৃথক্‌কৃত। ১০। বিচারিত। ১১। বদ্ধ। ১২। উক্ত। ১৩। গৃহীত। শিং—১"করকলিতকপালঃ কুণ্ডলী দণ্ডপাণিঃ।" ১১। দৃষ্ট।

কলিদ্রুম (নলশরীরে প্রবেশকালে ছিদ্রানুসন্ধানার্থ কলি এই বৃক্ষে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন) সং, পুং, বিভীতক বৃক্ষ, বয়ড়া।

কলিন্দ (কলি — দ 'দা' ধাতুজ + অ(খ) — ক) সং, পুং, সূর্য্য। ২। পর্ব্বতবিশেষ; এই পর্ব্বত হইতে যমুনা নদী নির্গত হওয়াতে কালিন্দী নামে প্রসিদ্ধা আছে। ৩। বিভীতকবৃক্ষ। ৪। সূর্য্য।

কলিন্দকন্যা, কলিন্দনন্দিনী, কলিন্দজা (কলিন্দ পর্ব্বতবিশেষ, হিমালয়ের একদেশ — নন্দিনী কন্যা, ৬ষ্ঠী — ষ। এই নদীর উৎপত্তিস্থান কলিন্দপর্ব্বত) সং, স্ত্রীং, কলিন্দকন্যা, যমুনা, কালিন্দী। শিং — ১ "কলিন্দকন্যা মথুরাং গতাপি গঙ্গোর্ম্মি সংসক্তজলেবভাতি।"

কলিপ্রিয় (কলি কলহ — প্রিয়, ৭মী — ষ) সং, পুং, নারদ। ২। বানর। ৩। বিভীতক বৃক্ষ। ৪। বিং, ত্রিং, কলহপ্রিয়।

কলিযুগ; সং, ক্লীং, চতুর্থযুগ; ইহার পরিমাণ ১২০০ দিব্যবৎসর অর্থাৎ ১২০০ × ৩৬০ = ৪৩২০০০ বৎসর। তন্মধ্যে ১৯৩৮ সম্বতে ইং ১৮৮২ ৮২ বং ১২৮৮, শক ১৮০৩ ৪৯৮২ বৎসর গত হইয়াছে। সুতরাং খৃীঃ ৩১০১ পূঃ অব্দে কলিযুগের আরম্ভ হইয়াছে। মাঘী পূর্ণিমাতে শুক্রবারে এই যুগের উৎপত্তি। কল্কী এই যুগের অবতার। এই যুগে ত্রিপাদ পাপ ও একপাদ পুণ্য; মনুষ্যেরআয়ুষ্কাল অন্টাধিক শতবর্ষ। এই যুগের অধিষ্ঠাতা কলি।

কলিল (কল্ গণনা করা ইত্যাদি + ইল — র্ম্ম) বিং, ত্রিং, গহন, যাহার ভিতরে প্রবেশ করিতে পারা যায় না। শিং — ১ "যদাতে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি। ২। মিশ্রিত। শিং — ১ "লোকালোকী কলোহকল্ককলিলোহলিকুলালকঃ।"

কলু (দেশজ) সং, তৈলিক, তৈলকারজাতি।

কলুনী (দেশজ) সং, কলুর ভার্য্যা, তৈলকারের স্ত্রী।

কলুষ (কল্ গমনকরা ইত্যাদি + উষ উষন্) — ক) সং, ক্লীং, পাপ। শিং — ১"ত্যজৈনং কলুষভারং।" ২। বিং, ত্রিং, ঘোলা, আবিল, মলিন। শিং — ১ "কণ্ঠস্তম্ভিতবাষ্পবৃত্তি কলুষঃ।" ৩। কষায়িত। ৪। অসমর্থ। শিং — ১ "ভাবাববোধ কলুষা দয়িতেব রাত্রৌ।" ৫। দুঃখিত। ৬। গর্হিত। ৭। পাপী। ৮। ক্রুদ্ধ। ৯। সং, পুং — স্ত্রীং, মহিষ।

কলুষিত (কলুষ + ইত — প্রং) বিং, ত্রিং, মলিনীকৃত। ২। পাপযুক্ত। ৩। দূষিত।

কলেবর (কলে বীর্য্যতে, শুক্রেতে — বর শ্রেষ্ঠ, আবৃত। ইহা শুক্রেতে নির্ম্মিত, অথবা শুক্রোৎপন্ন বস্তুর মধ্যে পবিত্র) সং, ক্লীং, শরীর, গাত্র। শিং — ১ "শরীরে জর্জ্জরীভূতে ব্যাধিগ্রস্তে কলেবরে। ঔষধং জাহ্নবীতোয়ং বৈদ্যোনারায়ণঃ স্বয়ং।"

কল্ক (কল্ গণনা করা ইত্যাদি + ক — র্ম্ম) সং, পুং — ক্লীং, খলি। ২। কর্ণমূল। ৩। মল, বিষ্ঠা। ৪। কাইট। ৫। শিটে। ৬। প্রতারণা। ৭। দম্ভ, অহঙ্কার। "তপো ন কল্কোহধ্যয়নং ন কল্কঃ স্বাভাবিকো বেদবিধি র্ন কল্কঃ। প্রসহ্য বিত্তাহরণং ন কল্ক স্তান্যেব ভাবোপহতানি কল্কঃ।" ৭। ঘৃত তৈলাদি পাকে দেয় ওষধি দ্রব্য। শিং — ১ "দ্রব্যমাত্রং শিলাপিষ্টং শুষ্কং বা জলমিশ্রিতং। তদেব সূরিভিঃ পূর্ব্বৈঃ কল্ক ইত্যভিধীয়তে।" ৮। রুক্ষতাসাধন চূর্ণদ্রব্য। শিং — ১ "তাং লোধ্রকল্কেন হৃতাঙ্গতৈলাম্।" ৯। বিভীতকবৃক্ষ। ১০। তুরুষ্ক নামক গন্ধদ্রব্য। ১১। পাপ। ১২। বিং, ত্রিং, পাপিষ্ঠ।

কল্কন (কল্ক-ণ্ণি = কল্কি + অন(অনট্) — ভা) সং, ক্লীং, কলহ। ২। দম্ভ, অহঙ্কার। ৩। শঠতা। ৪। (+ অনট্ — র্ম্ম) ক্বাথ। ৫। কথন, শিটে।

কল্কফল; সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

কল্কলানী (কলকল শব্দজ) সং, জলস্রোতের শব্দ, কলকলধ্বনি।

কল্কি, কল্কী (কল্কিন্, কল্ক্ গমন করা + কি — ক। — কল্ক + ইন্(ণিন্) — ক) সং, পুং, বিষ্ণুর দশম অবতার, কলিযুগের শেষে ভাবী অবতার। ভাগবতমতে — দ্বাবিংশ অবতার। ইনি কলির শেষে শম্ভল-(সম্বল-পুর?)-বাসী বিষ্ণুযশা (বিষ্ণুযশো)-নামা ব্রাহ্মণের ঔরসে জন্ম গ্রহণ করিবেন। চৈত্র মাসের শুক্লাদ্বাদশীতে ইহাঁর জন্ম

হইবে। ইনি ভার্গবের নিখিল শাস্ত্র শিক্ষা করিয়া মহাদেবের নিকট হইতে সর্ব্বগ অশ্ব ও সর্ব্বজ্ঞ শুক লাভ করিবেন। অনন্তর শান্তনুনন্দন দেবাপি ও সূর্য্যবংশীয়



কল্কি।

মরু এবং স্বীয় ভ্রাতাদিগকে সঙ্গে লইয়া বর্ণাশ্রমধর্ম্ম পুনঃস্থাপনে বদ্ধপরিকর হইবেন। পরে দেবদত্ত অশ্বে আরোহণ পূর্ব্বক দেবদত্ত অসি লইয়া ম্লেচ্ছগণকে সমূলে নির্মূল করত, অশ্বমেধযজ্ঞের অনুষ্ঠান করিয়া দক্ষিণারূপে সমগ্র ধরা ব্রাহ্মণসাৎ করিবেন। পরে মহাপ্রলয়ে পৃথিবী ধ্বংস হইবে ও ইনি অন্তর্ধান করিবেন। শিং—১ "কল্কিশ্চরিষ্যতি মহীং সদা দস্যুবধে রতঃ।" ২ "জনিতো বিষ্ণু যশসা নাম্না কল্কি র্জগৎপতিঃ।" ৩ "কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ॥ উৎপৎস্যতে মহাবীর্য্যো নৃনং মহাপরাক্রমঃ। সম্ভূতঃ সম্ভল গ্রামে ব্রাহ্মণাবসথে শুভে।" ৪ "সম্ভল গ্রামমুখ্যস্য ব্রাহ্মণস্য মহাত্মনঃ। ভবনে বিষ্ণু যশসঃ কল্কিঃ প্রাদুর্ভবিষ্যতি।"

"সজলজলদদেহো বাগবেগৈকবাহঃ
করধৃত করবালঃ সর্ব্বলোকৈকপালঃ।
কলিকুলবলহন্তা সত্যধর্ম্মপ্রণেতা
কলয়তু কুশলং বঃ কল্কিরূপঃ সভূপঃ।"
(কল্কিপুরাণ)।

২ "ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং
ধূমকেতুমিব কিমপি করালং।
কেশব ধৃতকল্কিশরীর
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

কল্কিপুরাণ—ইহা অনুভাগবত নামে আখ্যাত। ইহাতে কল্কিদেবের বিবরণ বর্ণিত আছে।

কল্প (কৢপ্ পারক হওয়া + অ(অল্)—র্ম্ম। ৠ=অল) সং, পুং, বেদাঙ্গ গ্রন্থ-বিশেষ, যে শাস্ত্রে বৈদিক ক্রিয়ার বিবরণ আছে। ২। পুরাণমতে— ব্রহ্মার এক অহোরাত্র; ৪,৩২০,০০০,০০০ বৎসরে ব্রহ্মার একদিন ও এই পরিমাণে ব্রহ্মার এক রাত্রি হয়, দিবাভাগে ব্রহ্মাণ্ড সৃষ্ট হয় ও বিদ্যমান থাকে, রাত্রিতে লয়প্রাপ্ত হয়। ৩। প্রলয়। শিং—১ "ইত্থং যুগসহস্রেণ ভূতসংহার কারকঃ। কল্পো ব্রাহ্মমহঃ প্রোক্তং শর্ব্বরী তস্য তাবতী।" ৪। সংকল্প, প্রতিজ্ঞা; যথা—নবম্যাদি কল্প। ৫। বিকল্প। ৬। পক্ষ; যথা—মুখ্য কল্প, নিকৃষ্ট কল্প। ৭। ন্যায়। ৮। নিয়ম, বিধি, বিধান। ৯। বেদবিধি-বিশেষ। ১০। অভিপ্রায়। ১১। (+ (অল্—ক) কল্পবৃক্ষ। ১২। ত্রিং, (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) তৎসদৃশ, তার তুল্য; যথা—"প্রভাতকল্পা রজনী, মৃতকল্প পুরুষ ইত্যাদি।

কল্পক (কৢপ্ ছেদন করা + অক(ণক)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, নাপিত। ২। বিং, ত্রিং, ছেদনকারী। ৩। কল্পনাকারক। ৪। রচক। ৫। আরোপক।

কল্পতরু, কল্পদ্রু, কল্পদ্রুম, কল্পবৃক্ষ } (কল্প মানস, অভিপ্রায়—তরু, দ্রু, দ্রুম বৃক্ষ=পাদপ। কল্পান্ত স্থায়ী বৃক্ষ, ৬ষ্ঠী—ষ। এই বৃক্ষের নিকট যে বস্তু প্রার্থনা করা যায়, তাহাই পাওয়া যায়, এই নিমিত্ত অত্যন্ত দাতাকেও 'কল্পতরু' বলিয়া থাকে) সং, পুং, অভীষ্ট-ফলপ্রদ স্বর্গীয় বৃক্ষ, সমুদ্রগত মথোনোদ্ভূত তরু, কল্পান্ত হইলে সমুদ্রগত হওয়াতে এই নাম হইয়াছে। শিং—১ "নিগমকল্পতরোর্গলিতং ফলং।" ২ "কবিকল্পদ্রুম।" ৩ "নমামি দেবং সুরকল্পবৃক্ষং ধনুর্দ্ধরম্।"

কল্পন (কল্প দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, রচনা, আরোপ। ২। উদ্ভাবন, বাস্তবিক যে বিষয়ের সত্তা নাই সেই বি-

ষয়ের সত্তা ঘটাইয়া দেওয়া অথবা লওয়া; যথা—দোষকল্পনা। শিং—১ "কাচিৎ বিশ্ববিশেষকল্পনপরা।" ২ "ইয়ং স্যাদংশ-কল্পনা।" ৩। সম্ভাবনা; যথা—যে বিষয়ের কল্পনা ছিল তাহার কি হইল। শিং—১ "স কল্পনং দ্বিরদগণং বরূথিমঃ।" ৫। সঙ্কল্প, মানস; যথা—আমি এই কল্পনা করিয়াছি। ৬। মনন। ৭। সামর্থ্য। ৮। পর্য্যাপ্তি। ৯। ছেদন। ১০। (+অনট্—র্ম্ম) নায়কের আরোহণার্থ হস্তিসজ্জীকরণ।

কল্পনাশক্তি; সং,স্ত্রীং, যে শক্তি দ্বারা কবিগণ নূতন নূতন বিষয় সকল উদ্ভাবিত করেন।

কল্পপাদপ (কল্প মানস, অভিপ্রায়—পাদপ বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কল্পতরু, অভীষ্ট-ফলপ্রদ স্বর্গীয়বৃক্ষ। শিং—১ "মৃষা ন চক্রে-হকল্পিতকল্পপাদপঃ।" (নৈষধ)।

কল্পপাদপদান—মহাদানবিশেষ। পুণ্যাহে কাঞ্চনময় নানা ফলসমন্বিত নানাভরণ ও বিহগাদিভূষিত কল্পপাদপ রচনা করিয়া যথাবিহিত বিধানে দান করিতে হয়।

কল্পপাল (কল্প [সুরাবিধান] সংকল্প—পাল রক্ষক, ২য়া—ষ। যে সুরা ও সুরাপায়ী-দিগকে রক্ষা করে) সং, পুং, মদ্যজীবী, মদ্য-বিক্রেতা, শৌণ্ডিক, শুঁড়ি।

কল্পলতা; সং, স্ত্রীং, মহাদানান্তর্গত স্বর্ণ ক-ল্পিত লতাকার দানীয় দ্রব্যবিশেষ।

কল্পসূত্র; সং, ক্লীং, বৈদিক কর্ম্মানুষ্ঠানের প্রতিপাদক সূত্র। ইহাতে মনুষ্যজীবনের দৈনিক ক্রিয়ার বিধি এবং বৈদিকক্রিয়া পদ্ধতি, শ্রুতির মর্ম্মানুসারে বিবৃত ও ব্যাখ্যাত হইয়াছে। দৈনিকক্রিয়ার বিধি গৃহ্যসূত্র বা সাময়াচারিক সূত্র নামে খ্যাত এবং বৈদিকক্রিয়া পদ্ধতি শ্রৌতসূত্র নামে খ্যাত।

কল্পান্ত (কল্প ব্রহ্মার দিন—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মার দিবাবসান, যুগান্ত,প্রলয়কাল। "জলে কল্পান্তবাসিনঃ।"

কল্পান্তস্থায়ী (—স্থায়িন্, কল্পান্ত—স্থায়ী যে থাকে) বিং,ত্রিং, যাহা প্রলয়কাল পর্য্যন্ত থাকে, যাহা প্রলয়ের পূর্ব্বে বিনষ্ট হয় না, চিরস্থায়ী। "কল্পান্তস্থায়িনো গুণাঃ।"

কল্পিত (কৃপ-ণিচ্=কল্পি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যার কল্পনা করা গিয়াছে, রচিত, উদ্ভাবিত। ২। সম্পাদিত। ৩। সজ্জিত। ৪। দত্ত। ৫। আরোপিত; যথা—কল্পিত বস্তু। ৬। নিশ্চিত,অবধারিত। ৭। রচিত। শিং—১ "প্রজাপতি কল্পিতযজ্ঞভাগম্।" ৮। সং, পুং, যুদ্ধার্থ সজ্জিত হস্তী।

কল্পিত-ধর্ম্ম; সং, পুং, অনীশ্বরে ঈশ্বরজ্ঞান।

কল্পী (কল্পিন্, কল্প+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, রচক, আরোপক। ২। বেশকারক। ৩। সং, পুং, নাপিত।

কল্প্য (কৃপ্-ণিচ্=কল্পি+য—র্ম্ম) সং, ক্লীং, রচনীয়, আরোপ্য, অনুষ্ঠেয়। ২। বিধেয়। শিং—১ "কালোপপন্নাতিথিকল্প্যভাগম্।"

কল্মষ (কর্ম্ম—সো নাশ করা+অ(ড)—ক। নিপাতন) সং, ক্লীং, পাপ। শিং—১ "ব্য-পেত কল্মষো নিত্যং ব্রহ্মলোকে মহী-য়তে।" ২। হস্তপুচ্ছ। ৩। পুং,নরকবিশেষ। ৪। বিং,ত্রিং, মলিন। "জন্মন্যক্ষে যদিস্যা-তাং বারৌ ভৌমশনৈশ্চরৈ। স মাসঃ কল্মষো নাম মনোদুঃখপ্রদায়ক।" ৫। পাপিষ্ঠ।

কল্মাষ (কল [কল্ গমন করা ইত্যাদি+০ (ক্বিপ্)—ক] গমন—মষ্ হানি করা+অ(ষণ্)—ক। যে অন্য বর্ণকে নষ্ট করে) সং, পুং, বিচিত্রবর্ণ। শিং—১ "অশ্বাং স্তিত্তিরিকল্মাষান্।" (ভারত)। ২। শ্বেত কৃষ্ণ মিশ্রিত বর্ণ। ৩। কৃষ্ণবর্ণ। ৪। দৈ-ত্যবিশেষ। ৫। রাক্ষস। ৬। অগ্নিবিশেষ। শিং—১ "তে জাতবেদসঃ সর্ব্বে কল্মাষঃ কুসুমঃস্মৃতঃ।" ৭। নাগবিশেষ। শিং—১ "নীলানীলৌ তথা নাগৌ কল্মাষশবলৌ তথা।" ৮। বিং, ত্রিং, ঐ বর্ণযুক্ত।

কল্মাষকণ্ঠ (কল্মাষ কৃষ্ণবর্ণবিশিষ্ট—কণ্ঠ, ৬ষ্ঠী—হিং। সমুদ্র মন্থনকালে হলাহল পান করিয়া ইহার কণ্ঠদেশে নীলবর্ণ হওয়াতে ইনি এই নামে প্রসিদ্ধ হইয়াছেন) সং, পুং, নীলকণ্ঠ, শিব।

কল্মাষপাদ; সং, পুং, রাজা সৌদাস; ইনি বশিষ্ঠপুত্র শক্তির অভিশাপে রাক্ষসত্ব প্রাপ্ত হইয়াছিলেন। ইনি কল্মাষী নদীর তীরবর্ত্তী ভৃগুর শিষ্য।

কল্য (কল্ গণনা করা ইত্যাদি+য(যক্)—র্ম্ম) সং, ক্লীং, প্রাতঃকাল। ২। গতদিন। ৩। আগামী দিন। ৪। মধু। ৫। লগ্নবিশেষ। ৬। (কলা+ষ্য) বিং, ত্রিং, সজ্জিত। ৭। সমর্থ। ৮। সুস্থ। ৯। দক্ষ। ১০। অত্যুত্তম। ১১। কল্যাণকর। ১২। বধির, বাগিন্দ্রিয়শ্রবণেন্দ্রিয়রহিত, বোবা, কালা। ল্যা—স্ত্রীং, শুভবাক্য, কল্যাণবচন। ২। মদ্য। ৩। হরিতকী।

কল্যজগ্ধি (কল্য প্রাতঃকাল—জগ্ধি ভোজন) সং, স্ত্রীং, প্রাতরাশ, প্রাতর্ভোজন।

কল্যত্ব (কল্য সুস্থ+ত্ব—ভাবে) সং, ক্লীং, আরোগ্য, স্বাস্থ্য।

কল্যপাল (কল্য [মধু] মদ্য—পাল যে পোষণ করে) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

কল্যবর্ত্ত (কল্য প্রাতঃকাল, বৃৎ-ণিচ্=বর্ত্তি অবলম্বন করা, আশ্রয় করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, প্রাতর্ভোজন।

কল্যাণ (কল্য সুস্থ—অণ্ হওয়া, শব্দ করা+অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, মঙ্গল। শিং—১ "তদ্রক্ষ কল্যাণপরম্পরাণাম্।" ২। স্বর্ণ। ৩। সুখ। ৪। হিত। ৫। সমৃদ্ধি। ৬। রাগিণীবিশেষ। ৭। (কল্যাণ+ষ্ণ) বিং ত্রিং, সুখী। ৮। সাধু। ৯। শুভদ। ১০। শুভযুক্ত। ণী—স্ত্রীং, বৎসতরী।

কল্যাণকর (কল্যাণ—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) বিং, ত্রিং, যাহা হইতে কল্যাণ হয়, শুভকর, মঙ্গলকর, শুভজনক।

কল্যাণকৃৎ (কল্যাণ শুভ—কৃৎ যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, শাস্ত্রবিহিত কার্য্যকারক। শিং—১ "নহি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাতগচ্ছতি।"

কল্যাণযোগ; সং, পুং, জ্যোতিষোক্ত যাত্রাঙ্গ, গ্রহযোগবিশেষ। শিং—১ "কল্যাণযোগো ভূপস্য যাতুঃ কল্যাণকৃদ্ভবেৎ।"

কল্যাণবৎ (কল্যাণ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মঙ্গলযুক্ত, কল্যাণবিশিষ্ট।

কল্যাণালয় (কল্যাণ—আলয়, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কল্যাণের স্থান, যাহার কল্যাণ প্রার্থনা করা যায়, কল্যাণাস্পদ, কল্যাণীয়, মঙ্গলাস্পদ, মঙ্গলালয়।

কল্যাণাস্পদ (কল্যাণ—আস্পদ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কল্যাণালয় দেখ।

কল্যাণীয় (কল্যাণ+ঈয়(ণীয়)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কল্যাণালয় দেখ।

কল্ল (কল্ল অব্যক্ত শব্দ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, বধির, কালা।

কল্লা (দেশজ) বিং, দুষ্ট, শঠ। ২। অবাধ্য।

কল্লোল (কল্ল দেখ, ওল—ক) সং, পুং, মহাতরঙ্গ। ২। আনন্দ। ৩। বিং, ত্রিং, শত্রু। শিং—১ কালিন্দীজলকল্লোল কোলাহল কুতূহলী। ২ "আয়ুঃকল্লোললোলম্।" ৩ "জল কল্লোলৈঃ প্লাব্যতে মে শরীরম্।" ৪ "সমুদ্রকল্লোলঃ।"

কল্লোলিনী (কল্লোল+ইন্—অস্ত্যর্থে, ঈপ) সং, স্ত্রীং, নদী।

কল্লোলিনীবল্লভ (কল্লোলিনী—বল্লভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র।

কবক (কু+অক—ক) সং, পুং, ছত্রাক।

কবচ (কু শব্দ করা+অচ—ক, অথবা ক বায়ু—বন্চ বঞ্চনা করা+ক—ক) সং, পুং—ক্লীং, সন্নাহ, সাঁজোয়া। শিং—১ "যথাশাস্ত্রপ্রহারাণাং কবচং প্রতিবারণম্।" ২। মন্ত্র-বিশেষ, বিঘ্ন নিবারক তন্ত্রোক্ত মন্ত্রবিশেষ, লোকের এইরূপ বিশ্বাস আছে, যে ঐ মন্ত্র ভূর্জ্জপত্রে লিখিয়া শরীরে ধারণ করিলে কোন বিঘ্ন ঘটে না। শিং—১ "ববন্ধকবচংদৃঢ়ম্।" ২ "প্রাণাংশ্চরিত্র কবচান্ ধারয়ন্তি পরস্ত্রিয়ঃ।" ৩ "কুঞ্জরান্ কবচাবৃতান্।" ৩। পুং, নাগরা বাদ্যযন্ত্র। ৪। গর্দ্দভাণ্ডবৃক্ষ।

কবচপত্র (তন্ত্র শাস্ত্রে ভূর্জ্জপত্রে কবচ লিখিবার বিধি থাকাতে উহার নাম কবচপত্র হইয়াছে) সং, ক্লীং, কবচ লিখিবার পত্র ভূর্জ্জপত্র।

কবচী (কবচিন্, কবচ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কবচধারী।

কবয়ী (ক জল—বয়্ গমন করা+ইন্ (ণিন্)—ক। যে জল হইতে গমন করে ঈপ—হিং) সং, স্ত্রীং, মৎস্যবিশেষ কইমাছ।

কবর (কু শব্দ করা+অর(অরন্)—ক

পাঠকালীন শব্দ নির্গত হয় বলিয়া) বিং, ত্রিং, পাঠক। ২। কর্ব্বুরবর্ণ। ৩। সম্পৃক্ত। ৪। খচিত। ৫। (ক মস্তক—র আচ্ছাদন করা+অ—প্রং) কেশবিন্যাস। ৬। ক্লীং, লবণ (জলসম্পর্কে দ্রবীভাব হইয়া জলরূপে পরিণত হয় বলিয়া)। ৭। অম্ল (দর্শনমাত্রে মুখ হইতে জলক্ষরণ হয় বলিয়া)।

কবরা (কবর দেখ, আপ) সং, স্ত্রীং, খরপুষ্পা, বাবুই। শিং—১ "কবরীমৃতোমলজাদ্র্মিব ব্যাকীর্ণমাল্যকবরাং কবরীং তরুণ্যাঃ।"

কবরী (কবর দেখ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কেশবিন্যাস, চুলের খোঁপা। ২। বাবুই। ৩। হিঙ্গের পাতা।

কবর্গ; সং, পুং, একস্থানোৎপত্তিক ককারাদি পঞ্চবর্ণ, ক, খ, গ, ঘ, ঙ, ইহার উচ্চারণ কণ্ঠ বলিয়া কবর্গ নামে প্রসিদ্ধ।

কবল (ক জল—বল্ বলবান্ হওয়া+অ (অন্)—ণ। যাহার দ্বারা আত্মা বলবান হয়)সং,পুং, গ্রাস। শিং—১"আস্বাদবদ্ভিঃ কবলৈস্তৃণানাম্।" ২ "হরিণৈঃসশষ্পকবলৈঃ।" ২। দ্রব্যবিশেষ। শিং—১ "বাতপিত্ত কফঘ্নস্য দ্রব্যস্য কবলমুখে।" ২। মৎস্যবিশেষ, বেলেমাছ।

কবলিত (কবলি [নাম ধাতু] গ্রাস করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গ্রাস করা গিয়াছে, গ্রস্ত, কৃতগ্রাস। ২। ভক্ষিত। ৩। ব্যাপ্ত।

কবলিকা (Poultice, কবল + ক(কণ্)—ইদমর্থে) সং,স্ত্রীং, ঔষধবিশেষ, পুলটিশ্। শিং—১"ততঃ কল্কেনাচ্ছাদ্য নাতিসিগ্ধাং নাতিরুক্ষাং কবলিকাং দত্বা বস্ত্রপট্টেন বধ্নীয়াৎ।"

কবলীকৃত (কবল—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম, ঈ—আগম) বিং, ত্রিং, গ্রস্ত।

কবাট (ক বায়ু—বট্ বেষ্টন করা+অ (ষণ্)—ক) বিং, ত্রিং, দ্বারের আবরণ।

কবি (কব্ স্তুতি করা ইত্যাদি+ইন্—ক, অথবা কু শব্দ করা+ইন্—ক) সং, পুং, কাব্যকর্ত্তা, যাহার কাব্য রচনা করিবার শক্তি আছে। ২। বাল্মীকি। ৩। পণ্ডিত। ৪। সূর্য্য। ৫। শুক্রাচার্য্য। ৬। ৭। কল্কিদেবের জ্যেষ্ঠ ভ্রাতা। ৮। (সর্ব্বজ্ঞ হেতু) ব্রহ্মা। শিং—১ "কবিমনিষী পরিভূঃ স্বয়ম্ভূঃ।" ২ "চতুরো ব্রাহ্মণস্যাদ্যান্ প্রশস্তান্ কবয়ো বিদুঃ।" ৩ "কবিযশঃ প্রার্থী।" বি, বী—স্ত্রীং, লাগাম।

কবিক (কবি দেখ, ক—যুক্ত হইল) সং, ক্লীং, কা—স্ত্রীং, লাগাম। ২। কইমাছ।

কবিকল্পদ্রুম; সং, পুং, বোপদেব কৃত ধাতুপাঠ গ্রন্থবিশেষ। শিং—১ "কবিকল্পদ্রুমোনাম পদ্যৈর্নিষ্পাদ্যতেহ্এব।"

কবিকল্পলতা; সং, স্ত্রীং, কাব্যরচনা শিক্ষোপযোগী গ্রন্থবিশেষ।

কবিকা (কবি+ক(কণ্)—স্বার্থে) সং, স্ত্রীং, লাগাম। ২। পুষ্পবিশেষ। ৩। কবয়ী, কই মৎস্য।

কবিজ্যেষ্ঠ (কবির মধ্যে জ্যেষ্ঠ প্রধান, নির্দ্ধারার্থে. ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাল্মীকিমুনি।

কবিতা (কবি+তা—ভাবে) সং,স্ত্রীং, কবিত্ব, কবিকৃতি। ২। শ্লোক। শিং—১ "কেষাং নৈষা ভবতি কবিতা কামিনী কৌতুকায়।"

কবীরপন্থী (কবীর—পন্থী পথিন্ শব্দজ) বৈষ্ণব সম্প্রদায়-বিশেষ; "কবীর এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। রামানন্দের দ্বাদশ শিষ্যের মধ্যে কবীরের নাম সর্ব্বাপেক্ষা অধিক প্রসিদ্ধ। তিনি অকুতোভয়ে তাৎকালিক হিন্দু ও মুসলমান ধর্ম্মের উপর প্রতিবাদ করিয়াছিলেন। কবীরপন্থীদিগের সকল দেবতা অপেক্ষা বিষ্ণুর প্রতি ভক্তি ও শ্রদ্ধা অধিক।" (ভারত-উপাসক সম্প্রদায়)।

কবুলতি (যাবনিক) রসিদ, স্বীকার, অঙ্গী-[কার।

কবুলাবেশী (যাবনিক) কোন জমীর জমা নিরিখমত গুজস্তা জমা অপেক্ষা যত অধিক দেওয়ার অঙ্গীকার করা যায় তাহাকে কবুলাবেশী কহে।

কবোষ্ণ (কু ঈষৎ—উষ্ণ, স্বং—স। ক=কব) বিং, ত্রিং, ঈষদুষ্ণ; যথা—"কবোষ্ণ ফেনিল রুধির।" শিং—১ "পয়ঃ পূর্ব্বৈঃ সনিঃশ্বাসৈঃ কবোষ্ণমুপভুজ্যতে।"

কব্য (কু শব্দ করা ইত্যাদি + য — র্ম্ম) সং, ক্লীং, মৃত পিতৃলোককে দেয় খাদ্য দ্রব্য; যথা— "দেবতারা মনুষ্য কর্ত্তৃক বিধি পূর্ব্বক প্রদত্ত হব্য কব্য দ্বারা পূজিত হইয়া পরিবর্দ্ধিত হইয়া থাকেন।" শিং —১ "যস্যাস্যেন সদাশ্নন্তি হব্যানি ত্রিদিবৌকসঃ। কব্যানি চৈব পিতরঃ কিংভূতমধিকং ততঃ।"

কব্যবাহ } (কব্য + বাহ, বাহন যে বহন
কব্যবাহন } করে, বহ + অ(ষণ্), অন(অনট্) — ক, ২য়া — ষ) সং, পুং, অগ্নি। শিং —১ "অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা।"

কশকৃৎস্ন; সং, পুং, ব্যাকরণপ্রণেতা ঋষিবিশেষ। তৎপ্রণীত ব্যাকরণ কশকৃৎস্ন নামে প্রসিদ্ধ।

কশম্ (কশ্ গমন করা + অ(অন্) — ক। যে নিম্নে গমন করে) সং, ক্লীং, জল।

কশা, ষা, সা (কশ্ বধকরা + অ(অন্) — ণ। আপ্ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চাবুক। শিং —১ "জঘান কশয়া মোহাত্তদা রাক্ষস বন্মুনিম্।" ২ "সম্যক্ কশাত্রয় বিচারবতা নিযুক্তঃ।" (মাঘ)। ২। লাগাম।

কশার্হ (কশা কশাঘাত — অর্হ যোগ্য, ৬ষ্ঠী — ষ) বিং, ত্রিং, কশাঘাতযোগ্য, কশাতাড়ন যোগ্য।

কশিপু, কসিপু (কশ্ বধ করা + পু — প্রং। নিপাতন) সং,পুং, অন্নবস্ত্র, গ্রাসাচ্ছাদন। ২। শয্যা। শিং —১ "কৢপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্ক ব্যজনাসনৈঃ।" ৩। আসনবিশেষ। শিং —১ "ক্বচিচ্ছুয়ে বরোপস্থে তৃণপর্ণাশ্মবেশ্মসু। ক্বচিৎ প্রাসাদপর্য্যঙ্কে কশিপৌবা যথেচ্ছয়া।"

কশেরক; সং, পুং, যক্ষবিশেষ।

কশেরু } (ক — শৄ হিংসা করা + উ — ক।
কসেরু } ৎ = এর। কস্ + এরু — ক) সং, পুং — ক্লীং, পৃষ্ঠের অস্থি, মেরুদণ্ড। রু, রূ — স্ত্রীং, তৃণমূল-বিশেষ, কেশুর। ২। জম্বুদ্বীপের অংশবিশেষ।

**কশেরুক** (কশেরু + ক — যোগ) বিং, ত্রিং, যে সকল জীবের মেরুদণ্ড আছে। ২। সং, পুং — ক্লীং, কশেরু, কেশুর।

**কশেরুকা, কষেরুকা** (Vertebræ, কশেরু দেখ. কণ্ — যুক্ত হইল, আপ্) সং, স্ত্রীং, মেরুদণ্ড।

**কশ্চন, কশ্চিৎ** (কঃ + চন, চিৎ — অসাকল্যার্থে) সং, অং, কোন ব্যক্তি, কোন লোক, কেহ। শিং —১ "দমঘোষসুতেন কশ্চন প্রতিশিষ্টঃ প্রতিভানবানম।"

কশ্মল, কস্মল (কশ্ গমন করা + মলচ্ — ক) সং, ক্লীং, মূর্চ্ছা, মোহ। শিং —১ "কুতস্ত্বাকশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।" ২ "তদা মে কশ্মলোঽভবৎ।" ২। পাপ। ৩। দুরাচার। ৪। বিং, ত্রিং, দুষ্ট, পাপী। ৫। মলিন। ৬। কুৎসিত।

কশ্মীর (কশ্ গমন করা + মীরন্ — ক) সং, পুং, দেশবিশেষ, কাশ্মীর দেশ।

কশ্মীরজ } (কশ্মীরজন্মন্, কশ্মীর —
কশ্মীরজন্মা } জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কুঙ্কুম। শিং —১ "কুঙ্কুমং মসৃণং রক্তং কাশ্মীরং পীতকং বরম্।"

কশ্য (কশ্ আঘাত করা, শাসন করা + য — র্ম্ম) সং, [illegible], অশ্ব-কটি-দেশ, অশ্বের মধ্যভাগ। ২। (কশ্ শব্দকরা। মদ্যপান হেতু যথেষ্ট শব্দ করে বলিয়া) মদ্যবিশেষ। ৩। (কশা + ঋ্য — র্ম্ম) বিং, ত্রিং, কশাঘাতযোগ্য, কশার্হ।

কশ্যপ (কশ্য মদ্য — প [পা পান করা + অ (ড) — ক]। ইনি কশ্য অর্থাৎ মদ্য পান করিতেন বলিয়া ইহাঁর কশ্যপ নাম হইল) সং, পুং, মুনিবিশেষ; ইনি মরীচির পুত্র, ব্রহ্মার পৌত্র ও দেব দৈত্য প্রভৃতির পিতা। ২। মৃগবিশেষ। ৩। মৎস্যবিশেষ।

কশ্যপনন্দন (কশ্যপ — নন্দন, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কশ্যপের পুত্র গরুড়।

কষ (কষ্ হিংসাকরা, আস্বাদনকরা, পরীক্ষা করা + অ(অল্) — ধি) সং, পুং, কষ্টিপাথর. যে প্রস্তরে ঘর্ষণ করিয়া স্বর্ণের পরীক্ষা করা যায়। শিং —১ "কষপাষাণনিভে নভস্থলে।" (নৈষধ)। ২। সুবর্ণরেখের কষে নিবেশিতা

কষণ (কষ্ হিংসা করা + অন(অনট্) — ভা

সং, ক্লীং, ঘর্ষণ। শিং—১"কর্ষণকম্পাঁনিরস্তমহাহির্ভিঃ।" (মাঘ)। ২। কণ্ডূয়ন। ৩। কষা, প্রস্তরে ঘর্ষণ করিয়া পরীক্ষা করা। ৪। (কষ+অন—ক) অপক। ৫। (দেশজ) সং, টানিয়া বন্ধন।

কষণী (দেশজ) সং, ধমৃকানী, আঁটনী।

কষা (কশা দেখ) সং, স্ত্রীং, চাবুক। শিং—১ "কৃচ্ছ্রেণ পৃষ্ঠে কষয়া চ তাড়িতঃ। ২। (কষায় শব্দজ) সং, কটুরস। ২। বিং, ব্যয়কুণ্ঠ।

কষাণি (দেশজ) সং, ক্লেদ। ২। নির্গত রস।

কষায় (কষ হিংসা করা+আয়—ক) সং, পুং—ক্লীং, রস-বিশেষ, কষারস। ২। রস, ক্বাথ। ৩। সুগন্ধ লেপন দ্রব্য। ৪। নির্য্যাস। ৫। সৌরভ। শিং—১ "রাগে ক্বাথে কষায়োহস্ত্রী নির্য্যাসে সৌরভেরসে।" ৬। বিলেপন। ৭। অঙ্গরাগ। শিং—১ "কর্ণার্পিতো লোধ্রকষায় রুক্ষে।" (কুমার)। ৮। পুং, শ্যোনাকবৃক্ষ। ৯। কলিযুগ। ১০। রং। ১১। বিং, ত্রিং, রক্ত পীত মিশ্রিত বর্ণ, অনুজ্জ্বল রক্তবর্ণ। "চূতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ।" ১২। রঞ্জিত। ১৩। লোহিত। ১৪। সুশ্রাব্য। ১৫। সুরভি। ১৬। যাহার আস্বাদ কষা। ১৭। অপটু।

কষায়িত (কষায়-ণিচ্=কষায়ি+ত(ক্ত)—র্ম্ম) অথবা কষায় রং+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অনুজ্জ্বল রক্তবর্ণে রঞ্জিত, ছোবান। ২। রক্তপীত মিশ্রিত বর্ণ। ৩। বিলেপিত। ৪। কৃতলোহিত; যথা—"রোষকষায়িতলোচন।" শিং—১ "নিদ্রাকষায়িত বিপাটল লোচনেষু।"(রঘু)। ২ "অমূনৈবকষায়িতস্তনী।"

কষায়ী (কষায়িন্, কষায়+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শালবৃক্ষ। ২। খর্জ্জূর বৃক্ষ। ৩। লকুচবৃক্ষ। ৪। বিং, ত্রিং, কষায়যুক্ত।

কষি (কষ হিংসা করা+ই—প্রং) বিং, ত্রিং, হিংসক। ২। (দেশজ) দীর্ঘসরল রেখা, "—" এইরূপ চিহ্ন।

কষিত (কষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা কষা গিয়াছে, যাহার পরীক্ষা হইয়াছে।

কষ্ট (কষ হিংসা করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ক্লেশ, যন্ত্রণা, দুঃখ। শিং—১ "একস্য কষ্টস্য ন যাবদন্তম্।" ২ "স হি কষ্টতরো রিপুঃ।" ৩ "ইতঃ কষ্টতরং কিংনু।" ২। (+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লিষ্ট। ৩। দুঃখজনক। শিং—১ "বন্ধানি ন কষ্টানি পরপ্রেষ্যত্ব মেবচ।" ২ "কষ্টাবৃত্তিঃ পরাধীনা কষ্টবাসো নিরাশ্রয়ঃ। নিধনো ব্যবসায়শ্চ সর্ব্বকষ্টা দরিদ্রতা।" ৪। কুৎসিত। ৫। গহন।

কষ্টকল্পনা; সং, স্ত্রীং, কষ্টে কল্পনা, সহজে যে কল্পনা করিতে পারা যায় না।

কষ্টকল্পিত (কষ্ট—কল্পিত) বিং, ত্রিং, কষ্টে কল্পিত, যে বিষয়ের কষ্টে কল্পনা করা গিয়াছে।

কষ্টকারক (কষ্ট ক্লেশ—কারক কর্ত্তা, কারণ) সং, পুং, সংসার। ২। বিং, ত্রিং, ক্লেশজনক।

কষ্টজীবী (—জীবিন্, কষ্ট—জীবী যে বাঁচিয়া থাকে) বিং, ত্রিং, যে কষ্টে জীবিকা নির্ব্বাহ করে, যে কষ্টে দিনপাত করে। ২। যে অনেক কষ্টভোগ করিয়াও বাঁচিয়া থাকে।

কষ্টদ (কষ্ট—দ [দা দান করা+অ(ড)—ক] যে দেয়) বিং, ত্রিং, যে কষ্ট দেয়, যাহাতে অনেক কষ্ট আছে।

কষ্টরিপু (কষ্ট কষ্টসাধ্য—রিপু শত্রু, যং—স) সং, পুং, যে শত্রু কষ্টে আয়ত্ত হয়। শিং—১ "প্রাজ্ঞং কুলীনং শূরঞ্চ দক্ষং দাতারমেবচ। কৃতজ্ঞং ধৃতিমন্তঞ্চ কষ্টমাহুররিং বুধাঃ।" (মনু)।

কষ্টশ্রিত (কষ্ট—শ্রিত আশ্রিত, ২য়া—ষ) বিং, ত্রিং, যে কষ্ট পাইতেছে। ২। যে কঠোর ব্রত করিতেছে।

কষ্টসহ (কষ্ট—সহ সহন, ২য়া—হিং) বিং, ত্রিং, ক্লেশসহিষ্ণু, ক্লেশ সহ্য করিতে সমর্থ।

কষ্টসাধ্য (কষ্ট—সাধ্য) বিং, ত্রিং, যাহা বিনা কষ্টে নির্ব্বাহ হয় না, যাহা অনেক কষ্টে সম্পন্ন হয়, ক্লেশসাধ্য।

কষ্টস্রষ্টে (কষ্ট—স্রষ্ট শ্রেষ্ঠ শব্দের অপভ্রংশ) ক্রিং—বিং, অতিক্লেশে, মহায়াসে।

কষ্টস্থান ( কষ্ট – স্থান, ৬ষ্ঠী – ষ ) সং, ক্লীং, কষ্টের স্থান, দুঃখের স্থান।

কষ্টা (কষায় শব্দজ) সং, কষা।

কষ্টি ( কষ দেখ, তি(ক্তি) – ভা ) সং, স্ত্রীং, কষা, পরীক্ষা করা, কষণ। ২। (+ক্তি – ধি) কষণপ্রস্তর, কষ্টিপাথর।

কস্ (দেশজ) সং, সৃক্কণী, মুখের প্রান্তভাগ।

কসনোৎপাটন (কসন কাশরোগ – উৎপাটন উন্মূলনকারক, ২য়া – ষ) সং, পুং, বাসকবৃক্ষ। শিং – ১ "যেন তেন প্রকারেণ বাসকঃ কাশনাশকঃ।"

কসাম্বু ; সং, ক্লীং, পিতৃগণের উদ্দেশে কব্যদানকালে দেয় জল।

কস্কঃ ( কঃ – কঃ ) সং, পুং, কোন্ কোন্ ব্যক্তি।

কস্তীর ( কস্ গমন করা, নিপাতন। অথবা ক – তীর্ কর্ম্ম সমাপন করা + অ – প্রং) সং, পুং – ক্লীং, রঙ্গ, রাঙ্ধাতু।

কস্তরিকা, কস্তূরিকা
কস্তরী, কস্তূরী } (কস্ গমন করা + তুর, তূর – ক। কণ্ – যোগে কস্তরিকা, কস্তূরিকা। আপ্, ইহার গন্ধ দূরে গমন করে ) সং, স্ত্রীং, মৃগনাভি; যথা—

"কস্তরী কেশরে, চন্দনে কি করে,
যন করে মাখ ছাই।"

শিং – ১ "কপিলা পিঙ্গলা কৃষ্ণা কস্তূরী ত্রিবিধা ক্রমাৎ। নেপালেঽপিচ কাশ্মীরে কাম ভূপেঽপি জায়তে॥ কামভূপোদ্ভবা শ্রেষ্ঠা নৈপালী মধ্যমাভবেৎ। কাশ্মীর দেশ সম্ভবা কস্তরীহ্যধমা স্মৃতা॥"

কস্বর ( কস্ গমন করা + বর(বরচ্) – ক ) বিং, ত্রিং, গমনশীল। ২। হিংসক।

কস্মিন্‌কালে (কস্মিন্ [সপ্তম্যন্ত কিম্ শব্দ] – কালে কালেতে) অং, কোন্ সময়ে।

কহন (দেশজ) সং, কথন, উল্লেখন, বাক্যপ্রয়োগ।

কহয় (ক সূর্য্য – হয় অশ্ব, ৬ষ্ঠী – ষ) সং, পুং, সূর্য্যের অশ্ব।

কহা (দেশজ) বিং, কথিত, উক্ত, বলা।

কহ্লার ( ক জল – হার মুক্তাদির মালা, ৬ষ্ঠী – ষ। ল্ – আগম অথবা ক জল – হ্লাদ্ হৃষ্ট হওয়া + অন্ – ক) সং, ক্লীং, শ্বেতোৎপল, সুঁদি। শিং – ১ "আহ্লাদি কহ্লারসমীরণাহিতে।"

কহ্ব ( ক জল – হ্বে আহ্বান করা + অ – প্রং) সং, পুং, ক্রৌঞ্চ, বক।

কাই (দেশজ) সং, লেই, কলপ, মণ্ড।

কাইট (দেশজ) সং, কল্ক, শিটা, মলা, খাদ।

কাউর (দেশজ) সং, ব্রণবিশেষ, ঘা; বালকের পদাদিতে এই ঘা হয়।

কাওয়ালী (কাবালী শব্দজ) তালবিশেষ।

কাওরা (দেশজ) সং, নীচজাতি বিশেষ।

কাংস
কাংস্য } (কংস দেখ, অ ষ্ণ), য ষ্ণ্য) – স্বার্থে) সং, পুং – ক্লীং, পানপাত্র। ২। মিশ্রধাতুবিশেষ, তাম্ররঙ্গমিশ্রিত ধাতু, কাঁসা। ২। বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসী।

কাংস্যকার (কাংস্য – কার [কৃ করা + ষণ্ – ক] যে করে, ২য়া – ষ) সং, পুং, কাংস্যবণিক্, কাঁসারী।

কাঁক (কঙ্ক এবং কক্ষ শব্দজ) সং, কঙ্কপক্ষী। ২। কক্ষদেশ, বগল।

কাঁকই (কঙ্কতিকাশব্দজ) সং, চিরুণী।

কাঁকড়া (কর্ক্কট শব্দজ) সং, কুলীর, কর্ক্কট।

কাঁকর (কঙ্কর শব্দজ) সং, কুরূই।

কাঁকরোল (দেশজ) সং, ফলবিশেষ। এই ফলের উপরিভাগে পনস ফলের ন্যায় কাঁটা আছে।

কাঁকাল (দেশজ) সং, কটি, কোমর।

কাঁকুড় (কর্ক্কটি শব্দজ) সং, অপক্বফুটি।

কাঁচ (কাচ শব্দজ) সং, বালি ও এক প্রকার ক্ষার দ্বারা উৎপন্ন বস্তু বিশেষ, পরকলা, গ্লাস। ২। নিকৃষ্টমণি। শিং – ১ "আকরে পদ্ম রাগানাং জন্ম কাচমণেঃ কুতঃ।"

কাঁচকড়া ; সং, তিমিমৎস্যের দন্ত স্থানে এক প্রকার কোমল অস্থি আছে ইহাই কাঁচকড়া নামে খ্যাত।

কাঁচলি, কাঁচুলি ( কঞ্চুলিকা শব্দজ ) সং, স্ত্রীলোকের অঙ্গরক্ষিণী, স্তনাচ্ছাদক বস্ত্রবিশেষ।

কাঁচা (দেশজ) বিং, অপক্ব, অপরিণত।

কাঁচী (দেশজ) সং, কর্ত্তরিকা, ছেদনী। ২। বিং, অপক্ব, অসম্পূর্ণ।

কাঁজি (কাঞ্জিক শব্দজ) সং, পর্য্যুষিতান্নের অম্লজল, আমানি।

কাঁটা (কণ্টক শব্দজ) সং, বাবলা, শাঁই প্রভৃতি বৃক্ষের গাত্রস্থ সূচি। ২। মৎস্যের অস্থিবিশেষ। ৩। পীড়াকর দ্রব্য। ৪। ক্ষুদ্র শত্রু।

কাঁটাল (কণ্টকীফল শব্দজ) সং, পনস। ২। বিং, কণ্টকময়।

কাঁঠী (দেশজ) সং, জালস্থ লৌহবর্ত্তুল। ২। শুকপক্ষীর গলরেখা। ৩। সর্পের গলরেখা।

কাঁড়—তীরবিশেষ।

কাঁড়ন (কণ্ডন শব্দজ) সং, নিস্তুষকরণ, পরিষ্কারকরণ। [র্ম্মলীকৃত।

কাঁড়া (কণ্ডিত শব্দজ) বিং, পরিষ্কৃত, নি-

কাঁড়ি (দেশজ) সং, রাশি, ঢিবী। ২। তালকাষ্ঠ।

কাঁত, কাঁথ (দেশজ) সং, ভিত্তি, প্রাচীর।

কাঁংড়া (দেশজ) সং, ভগ্ন প্রাচীর, জীর্ণ দেওয়াল। [আস্তরণ।

কাঁথা (কন্থা শব্দজ) সং, জীর্ণ বস্ত্ররচিত

কাঁদন, কাঁদা (ক্রন্দন শব্দজ) সং, রোদন, বিলপন।

কাঁদা, কাঁধা (দেশজ) সং, কূল, তীর।

কাঁধ (স্কন্ধ শব্দজ) সং, কন্ধর, ভারবহনের স্থান। [থরথর করণ, লড়ন।


কাঁপন, কাঁপা, কাঁপনী (কম্পন শব্দজ) সং,

কাঁসর (কাংস্য শব্দজ) সং, কংস নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ।

কাঁসা (কাংস্য শব্দজ) সং, রাংতামা মিশ্রিত ধাতু। [বণিক্।

কাঁসারি (কাংস্যকার শব্দজ) সং, কাংস্য-

কাক, কাগ (কৈ শব্দ করা + ক—ক। কিম্বা কা—কৈ শব্দ করা+অ—প্রং। যে 'কা' এই শব্দ করে। অথবা কু কুৎসিত—অক্ গমনকরা+অ(অন্)—ক)



কাক।

সং, পুং, স্বনাম প্রসিদ্ধ পক্ষী। শিং—১ "কাকাঃ কিমপরাধ্যন্তি হংসৈর্জ্জন্তেষু শালিষু।" ২ "কাকমাংসং শুনোচ্ছিষ্টং স্বল্পং তদাপি দুর্লভম্।" ২। বরাটকের ৪র্থাংশ। ৩।(ক জল—অক্ গমনকরা+অ(অন্)—ক) দ্বীপ-বিশেষ। ৪। তিলকবিশেষ। ৫। ঈষৎ জল। ৬। (যে কুৎসিৎভাবে গমন করে) খঞ্জ।

কাকচিঞ্চা, কাকচিঞ্চি, কাকচিঞ্চী (কাক—চিঞ্চা অগ্রভাগ। যাহার অগ্রভাগ কাকের ন্যায় কাল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

কাকচ্ছদ (কাক ছদ পাখনা। কাকছদের ন্যায় ছদ অর্থাৎ পাখনা, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) সং, পুং, খঞ্জনপক্ষী।

কাকজঙ্ঘা; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, কেউয়া ঠেঙ্গা।

কাকজম্বু, কাকজম্বূ (কাক কাকবর্ণ—জম্বু জাম ফলবিশেষ) সং,স্ত্রীং, ক্ষুদ্রজাম।

কাকতন্দ্রা, কাকনিদ্রা সং, স্ত্রীং, কাকের মত নিদ্রা, অতি সতর্ক নিদ্রা।

কাকতালীয় (কাক—তাল ফলবিশেষ+ঈয় (ণীয়)—তুল্যার্থে। অথবা কাক এখানে কাকগমন—তাল এখানে তালপতন+ঈয়—তুল্যার্থে। কাক গমন এবং তাল পতনের ন্যায় ইহা কাক ও তাল বিষয়ক এক গল্পকে লক্ষ্য করিতেছে) বিং, ত্রিং, হঠাৎকৃত, অকস্মাৎকৃত। ২। ন্যায়বিশেষ, কাকের আগমন ও তালের পতন এ উভয়ের যেরূপ কার্য্য কারণ ভাব কল্পনা করা যায়, সেইরূপ বাস্তবিক কার্য্য কারণ ভাব না থাকিলেও সমকালীন বলিয়া অথবা তাদৃশ অন্য কোন কারণ বশতঃ কার্য্য কারণ ভাব কল্পনা করা। শিং—১ "তদিদং কাকতালীয়ং বৈরমাসাদিতং ত্বয়া।" ২ "কাকতালীয়ো দেবদত্তস্য বধঃ।"

কাকতালীয় ন্যায়—ন্যায় (৩৫) দেখ।

কাকতিক্তা (কাকমাংসবৎ তিক্ত বলিয়া) সং, স্ত্রীং, গুঞ্জাফল, কুঁচ।

কাকতিন্দুক; সং, পুং, কুঁচিলিয়া।

কাকতুণ্ডী (কাক ঈষৎ জল—তুণ্ড বধ

করা + অ(ষণ্) — প্রং,ঈপ্ — স্ত্রীং) সং,স্ত্রীং, রাজযোগ্য পিত্তল, গিল্টি করা পিতল। ২। বৃক্ষবিশেষ, কোঁআড়োড়ী।

কাকধ্বজ (কাক ঈষৎ জল, বাষ্প — ধ্বজা ধ্বজস্বরূপ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, বাষ্প যাহার ধ্বজস্বরূপ হইয়াছে, বাড়বানল, সমুদ্রস্থ অগ্নি। ২। ধ্বজার উপর কাকচিহ্ন অঙ্কিত; যথা—"কাকধ্বজ রথারূঢ় ধূমের বরণ।"

কাকনামা (কাকনামন্,কাক — নম্-ণিচ্ = নামি নত করান + অন্(ক্বনিপ্) — র্ম্ম। কাকের আরোহণে উহা নত হয় বলিয়া) সং, পুং, বকবৃক্ষ।

কাকনাসা; সং, স্ত্রীং, বিকঙ্কতবৃক্ষ, বইচ্‌-গাছ, (কাকনাসার ন্যায় উহার ফল কৃষ্ণ-বর্ণ বলিয়া এই নামে প্রসিদ্ধ হইয়াছে)।

কাকপক্ষ (কাক — পক্ষ পালক। যাহা কাক-পক্ষের ন্যায়, বৎ — স) সং, পুং, শিখণ্ডক, মস্তকের দুই পার্শ্বে কেশ রচনাবিশেষ। ২। কাকের পক্ষের মত উভয় গণ্ডে লম্ব-মান অনতিদীর্ঘ স্বল্প কেশ, কাণপাটা, জুল্পী। শিং — ১ "বৃত্তচূড়শ্চলে কাক-পক্ষকৈঃ।" ২ "কাকপক্ষ ধরমেত্য যা-চিতঃ।" ৩ "কাকপক্ষ ধরেহপি রাঘবে।"

কাকপদ (Caret) সং, ক্লীং, পতিত অক্ষর উপরিভাগে লিখিবার সময়ে যে স্থান হইতে তাহা পাঠ করিতে হয়, তৎসূচনার্থ অর্পিত কাকপদাকার চিহ্ন, "^"। ২। শিরঃস্থিত কাকপদাকার কেশ, শিক্কা। ৩। রতিবন্ধবিশেষ। [কোকিল।

কাকপুচ্ছ (কাক — পুচ্ছ লেজ) সং, পুং,

কাকপুষ্ট (কাক — পুষ্ট প্রতিপালিত, ৩য়া — ষ। প্রসিদ্ধি আছে, কোকিলা কাকের নীড় হইতে তজ্জাতীয় ডিম্ব অপসারিত করিয়া স্বীয় ডিম্ব তথায় স্থাপন করে এবং কাকী নিজ ডিম্বজ্ঞানে তাহা প্রতিপালন করে) সং, পুং — স্ত্রীং, কোকিল।

কাকপুষ্প; সং, ক্লীং, গন্ধপর্ণ।

কাকপেয় (কাক — পেয়, ৩য়া — ষ) বিং, ত্রিং, কাক কর্তৃক পেয়, কাকে যে জল পান করিবে।

কাকফল (কাকের প্রিয় ফল) সং, পুং, নিম-গাছ।

কাকবন্ধ্যা (কাক — বন্ধ্যা, বৎ — স। মধ্যপদ-লোপী। যে কাকের ন্যায় একমাত্র পুত্র প্রসব করে। কাকী যাবজ্জীবনের মধ্যে কেবল একটী সন্তান প্রসব করে, এই নি-মিত্ত একপ্রসবিনী স্ত্রীকে কাকবন্ধ্যা বলে) সং,স্ত্রীং, একমাত্র প্রসবিনী, একগর্ভা, যে স্ত্রীর এক সন্তানের পর দ্বিতীয় গর্ভ হয় না।

কাকবলি (কাক — বলি উপহার, ৪র্থী — ষ) সং, পুং, কাকের ভোজনোদ্দেশে উৎসৃষ্ট অন্নাদি (অন্নাদি)।

কাকভীরু (কাক — ভীরু, ৫মী — ষ। কাক হইতে যে ভয় পায়) সং, পুং, পেচক। ২। বিং, ত্রিং, কাক হইতে ভয়প্রাপ্ত।

কাকযব; সং,পুং, তণ্ডুলশূন্য ধান্য,আগ্‌ড়া।

কাকরুত (কাক — রুত শব্দ, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, কাকের শব্দ, কা-কা রব; এই রব দ্বারা মনুষ্যের শুভাশুভ ঘটনা সংসূচিত হয়।

কাকরুহা; সং,স্ত্রীং, শূন্যজাতবৃক্ষ, পরগাছা।

কাকরূক; বিং, ত্রিং, লগ্ন। ২। ভীরু। ৩। নির্ধন। ৪। সং, পুং, পেচক।

কাকল (কু ঈষৎ — কল্ শব্দ করা + অ — প্রং) সং, ক্লীং, কণ্ঠভূষণ, কণ্ঠমণি।

কাকলি, কাকলী (কাকল দেখ, ইন্ — ক) সং,স্ত্রীং, সূক্ষ্ম অথচ মধুর অস্ফুট মধুর-ধ্বনি। ২। পক্ষী প্রভৃতির সূক্ষ্ম মধুরশব্দ। শিং — ১ "কোকিল কাকলীরবঃ। ৩। মধুরধ্বনির নাম কাকলী। ৪। দূরস্থিত যন্ত্রসমূহের একত্রীভূত মধুর অস্ফুটধ্বনি; যথা—"অনন্ত বসন্ত বায়ু রঙ্গে সঙ্গে আনি, কাকলি লহরী মরি।" (মেঘনাদ)। ৫। রত্নবিশেষ। ৬। যন্ত্রবিশেষ।

কাকলীরব (কাকলী মধুরধ্বনি — রব শব্দ) সং, পুং, কোকিল। শিং — ১ "সহকার কিশলয় মকরন্দাস্বাদন রক্তকণ্ঠানাং কা-কলীকলকলেন।" (দশকুমার)।

কাকলাস (কৃকলাস শব্দজ) সং, সরট, বড়-জেঠী। [বক ফুলের গাছ।

কাকশীর্ষ (কাক — শীর্ষ মস্তক) সং, পুং,

কাকা ( দেশজ ) সং, পিতার কনিষ্ঠ ভ্রাতা, খুড়া। ২। কাকের শব্দ ৩। কাকনাসা-লতা। ৪। কাকোলীবৃক্ষ। ৫। কাকজঙ্ঘা-বৃক্ষ। ৬। রক্তিকালতা। ৭। মলপুবৃক্ষ। ৮। কাকমাচীবৃক্ষ।

কাকাক্ষিগোলক ; সং, ক্লীং, ন্যায়বিশেষ, কাকের একমাত্র চক্ষুঃ যেরূপ উভয় গোল-কেই চক্ষুর কার্য্য সম্পাদন করে, সেইরূপ এক বিষয়ের সহিত উভয়ের সম্বন্ধ থাকিলে কাকাক্ষিগোলক ন্যায় হয়।—ন্যায় (১৬) দেখ।

কাকাতুয়া ; সং, পক্ষিবিশেষ।



কাকাতুয়া।

কাকারি (কাক – অরি শত্রু, ৬ষ্ঠী – য) সং, পুং, পেচক।

কাকাল (কাক – অল্ পারকহওয়া + অ(অন্) – ক, অথবা "কা কা" – ল 'লা'ধাতুজ কিম্বা কা – কল্ শব্দ করা। যে 'কা'এই শব্দ করে) সং,পুং, দ্রোণকাক, দাঁড়কাক।

কাকিণী, কাকিনী (কক্ চঞ্চল হওয়া + অন (অনট্) – ণ। ঈপ্, নিপাতন ) সং, স্ত্রীং, বিংশতি কপর্দ্দক, ৫ গণ্ডা কড়ি, একবুড়ি। শিং – ১ "বরাটকানাং দশকদ্বয়ং যৎ সা কাকিনী।" ২। মানদণ্ড, কাঠানল। ৩। কুঁচ। ৪। এককড়া।

কাকী, ( কাক দেখ, ঈপ্ – স্ত্রীলিঙ্গে ) সং, স্ত্রীং, বায়সী। ২। লতাবিশেষ। ৩। যে গায়কের স্বর কাকবৎ কর্কশ। ৪। (দে-শজ) পিতৃব্যপত্নী, খুড়ী।

কাকু(কক্ চঞ্চল হওয়া + উ(উণ্) – ক) সং, স্ত্রীং, ভয় শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি। ২। বক্রোক্তি। ৩। দৈন্যোক্তি। শিং – ১ "ভিন্নকণ্ঠধ্বনির্ধীরৈঃ কাকুরিত্যভিধীয়তে।" ৪। সঙ্গীতে—স্বরবিকার অর্থাৎ বদ্ স্বর হওয়ার নাম কাকু। ৫। জিহ্বা।

কাকুৎস্থ<br>কাকুস্থ্য } (ককুৎস্থ দেখ, অ(ষ্ণ), য(ষ্ণ্য) – অপত্যার্থে) সং, পুং, শ্রী-রামচন্দ্র প্রভৃতি ককুৎস্থবংশীয় রাজা। শিং – ১ "কাকুৎস্থমালোকয়তাং নৃপা-ণাম্।" ২ "অসজ্জনেন কাকুৎস্থঃপ্রযুক্ত-মথদূষণম্।" (রঘু)। ২। পুরঞ্জয়রাজ।

কাকুদ(ককুদ্ মস্তক + অ(ষ্ণ) – প্রং। অথবা কাকু – দ 'দা'ধাতুজ + অ(ড) – ক। কাকু স্বর উৎপন্ন হয় বলিয়া) সং, ক্লীং, তালু।

কাকূক্তি (কাকু – উক্তি বাক্য, ৩য়া – য) সং. স্ত্রীং, কাতরবাক্য। ২। বক্রোক্তি।

কাকূতি ( কাকূক্তি শব্দজ ) কাতরোক্তি, খেদোক্তি।

কাকেক্ষু (কাক – ইক্ষু আক্) সং, পুং, শর, খাগড়া। ২। তৃণবিশেষ। ৪। কাশবিশেষ।

কাকোদর (কাক [কু কুৎসিত – অক্ গমন করা + অ(অন্) – ক ] বক্রগামী – উদর পেট, ৬ষ্ঠী – হিং) সং, পুং, সর্প, সাপ ; যথা—"কাকোদর সদা নম্রশিরঃ।" শিং – ১ "কাকোদরো যেন বিনীতদর্পঃ।"

কাকোল (কাকু দেখ, ওল – ক, সংজ্ঞার্থে ) সং,পুং – ক্লীং, কৃষ্ণবর্ণ স্থাবর বিষ, গরল। শিং – ১"কাকোলং উগ্রতেজঃ স্যাৎ কৃষ্ণ-চ্ছবি মহাবিষম্।" ২। পুং, দাঁড়কাক। শিং – ১ " বকশ্চৈব বলাকাঞ্চ কাকোলং খঞ্জরীটকম্।" (মনুর বচনে ইহাদের মাংস অভক্ষ্য)। ৩। শূকরবিশেষ। ৪। সর্পবি-শেষ। ৫। কুলাল। ৬। ক্লীং, নরকবিশেষ। (যেখানে কাকভক্ষণ করে)।

কাকোলি<br>কাকোলী } (কু ঈষৎ – কল্ শব্দ করা + ই(ইন্) – ক) সং, স্ত্রীং, সূক্ষ্ম মধুরাস্ফুট ধ্বনি। ২। জ্বরনাশক ঔষধবিশেষ।

কাকোলূকিকা (কাক – উলূক পেচক + কণ্, আপ্) সং, স্ত্রীং, কাক ও পেচকের স্বাভা-বিক শত্রুতা।

কাক্ষ (কু কুৎসিত বা ঈষৎ – অক্ষি চক্ষুঃ + অ(ষ) – প্রং। কু = কা। অথবা কু –

অক্ষ) সং, ক্লীং, কটাক্ষ। ২। বিং, ত্রিং, কুৎসিত চক্ষুঃ। শিং—১ "আজ্ঞালাভো-মুখোদ্‌রাৎ কাক্ষেণানাদরেক্ষিতঃ।"

কাক্ষী কক্ষ তৃণ প্রভৃতি+অ(ষ্ণ)—ইদমর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, ক্লীং, সৌরাষ্ট্রদেশের মৃত্তিকা। ২। অরহর কলাই।

কাক্ষীব; সং,পুং, শোভাঞ্জন বৃক্ষ। ২। গৌতম হইতে ঔশনরী নামক শূদ্রা-গর্ভে জাত পুত্র।

কাক্ষীবান্; সং, পুং, দীর্ঘতমা নামক ঋষির শূদ্রা-গর্ভজাত পুত্রবিশেষ। ২। গৌতমের পুত্র. চণ্ডকৌশিকের পিতা।

কাঙ্ক্ষণীয় (কাঙ্ক্ষ্ অভিলাষ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অভিলষণীয়, বাঞ্ছনীয়, স্পৃহণীয়, আকাঙ্ক্ষণীয়।

কাঙ্ক্ষা (কাঙ্ক্ষ্ বাঞ্ছা করা+ঙ—ভা) সং, স্ত্রীং, অভিলাষ, বাঞ্ছা, ইচ্ছা, স্পৃহা।

কাঙ্ক্ষিত (কাঙ্ক্ষা দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, অভিলাষ। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অভিলষিত, বাঞ্ছিত, আকাঙ্ক্ষিত।

কাঙ্গাল, কাঙ্গালী (দেশজ) বিং, দরিদ্র, নিঃস্ব, ধনহীন। ২। প্রার্থী, ভিক্ষুক; যথা—
"যৌবনে অন্যায় ব্যয় বয়সে কাঙ্গালী।"

কাচ (কচ্ চকচক্ করা, দীপ্তিপাওয়া, বন্ধন করা+অ(ঘঞ্)—ণ) সং,পুং, বালি ও এক প্রকার ক্ষার দ্বারা উৎপন্ন স্বচ্ছ উজ্জ্বল ভঙ্গপ্রবণ বস্তু-বিশেষ, কাঁচ, গেলাস, পরকোলা। শিং—১ "কাচ-মূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণি র্ময়া।" ২ "কাচ-স্ফটিকপাত্রেষু।" ৩ "কাচঘটী।" ৪ "কাচ ভাজন।" ২। মণিবিশেষ, কাঁচ। শিং—১ "আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমণেঃ কুতঃ।" ২। শিক্যা, শিকে। ৩। নেত্ররোগ-বিশেষ। ৪। ক্লীং, মোম। ৫। কৃষ্ণবর্ণ লবণ। ৬। (দেশজ) কাল্পনিক বেশ, ছদ্ম, ছল।

কাচন (কচ্ বন্ধন করা+অন—ণ। ক—যোগে কাচনক, পুং) সং, ক্লীং, যাহা দ্বারা পত্রাদি আঁটা যায়, গালা প্রভৃতি। ২। (কা কিম্ শব্দের স্ত্রীলিঙ্গে+চন—অসাকল্যার্থে) সং, কোন্ (স্ত্রী)। শিং—১ "বৃঢ়া কাচন কন্যকা খলু ময়া তেনাস্মি তাতাধিকঃ।" ৩। (দেশজ) সং, ধৌতকরণ। ৩। ক্ষালন। ৪। কপটবেশ ধারণ।

কাচনকী (কাচনকিন্, কাচনক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, লিপি, পত্র।

কাচভাজন (কাচ—ভাজন পাত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কাচপাত্র, কাচের বাসন।

কাচমল (কাচ ক্ষারমৃত্তিকা—মল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ক্ষারমৃত্তিকাযুক্তলবণ।

কাচর (কু ঈষৎ—চর্ গমন করা+অ (অল্)—ভা) বিং, ত্রিং, পীতবর্ণ।

কাচস্থালী; সং,স্ত্রীং, পারুলগাছ। ২। কাচ-পাত্র।

কাচা (দেশজ) সং, নূতন খণ্ড বস্ত্রবিশেষ। ২। বিং, ধৌতকরা, প্রক্ষালিত।

কাচাক্ষ (কাচ—অক্ষি+ষ=অক্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কাচের ন্যায় যাহার চক্ষুঃ। ২। সং, পুং, বক।

কাচিত (কাচি শিকায় ঝুলান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শিক্যে আরোপিত, শিকায় তোলা।

কাচিৎ (কা+চিৎ—অসাকল্যার্থে) সং, স্ত্রীং, অনির্দ্দিষ্টা নারী শিং—১ "গোপীভর্ত্তু-বিরহবিধুরাকাচিদিন্দীবরাক্ষী।"

কাচিম (কচ্ ণিচ্=কাচি বন্ধন করান+ইম(ইমন্)—প্রং) সং, পুং, দেবকুলোদ্ভব ভঙ্গুরবৃক্ষ।

কাছ (দেশজ বা তীরবাচক কচ্ছ শব্দজ কি হইতে পারে না?) বিং, নিকট, সমীপ। ২। সং, কূল।

কাছা (কচ্ছ শব্দজ) সং, পুরুষের পরিহিত বস্ত্রের শেষভাগ। [বিচারস্থল।

কাছারী (পারস্য ভাষা) সং, ধর্ম্মাধিকরণ,

কাছিম (কচ্ছপ শব্দজ) সং, কমঠ, কূর্ম্ম।

কাছী (দেশজ) সং, স্থূলরজ্জু, কচড়া দড়ি।

কাছে (সপ্তম্যন্ত) ক্রিং—বিং, নিকটে, সমীপে, সন্নিধানে।

কাজ, কায (কার্য্য শব্দজ) সং, ক্রিয়া, কর্ম্ম।

কাজর (কজ্জল শব্দজ, হিন্দী=কাজর, দেশীয়=কাজল) অঞ্জন; যথা—
"চকিত চকোর জোরি বিধি বান্ধল
কেবল কাজর পাশ।"

কাজল (কজ্জল শব্দজ) সং, অঞ্জন, চক্ষুর লেপন দ্রব্য।

কাজি (পারস্য ভাষা) সং, যবন জাতীয় বিচারক বা ব্যবস্থাপক বা পুরোহিত।

কাজিয়াৎ (যাবনিক) কাজির কার্য্য।

কাজলা ( Wedge ) যদি ক্রমনিম্ন ধরাতলের উপর দিয়া দ্রব্যটীকে ঠেলিয়া না তুলিয়া ধরাতলকে সেই দ্রব্যের নীচে দিয়া চালনা করাযায় তাহাহইলেও দ্রব্যটি উন্নত হইয়া উঠিবে। পরন্তু ক্রমনিম্ন ধরাতল এইরূপে প্রযুক্ত হইলে তাহাকে কাজলা কহে।

কাঞ্চন ( কন্চ্ দীপ্তি পাওয়া + অন—ক ) সং, ক্লীং, স্বর্ণ। শিং—১ "যদিদং নির্গতং তস্যাস্তপ্তজাম্বুনদপ্রভম্। কাঞ্চনং ধরণীং প্রাপ্তং হিরণ্যমভবত্তদা।" ২। পুষ্পবিশেষ, কাঞ্চনপুষ্প। ৩। চম্পকপুষ্প। ৪। ধন। ৫। হরিতাল। ৬। ধান্য-বিশেষ। ৭। দীপ্তি। ৮। পুং, কাঞ্চন পুষ্পের বৃক্ষ। ৯। চম্পক বৃক্ষ। ১০। নাগকেশর বৃক্ষ। ১১। (কাঞ্চন+ষ্ণ) বিং, ত্রিং, কাঞ্চনবর্ণ, স্বর্ণময়। নী—স্ত্রীং, হরিদ্রা। ২। স্বর্ণক্ষীরী বৃক্ষ। ৩। গোরচনা।

কাঞ্চনকদলী ; সং, স্ত্রীং, চাঁপাকলা।

কাঞ্চনকন্দর ( কাঞ্চন—কন্দর গহ্বর, ৬ষ্ঠী—য) সং, পুং, স্বর্ণের খনি।

কাঞ্চনগিরি (কাঞ্চন—গিরি পর্ব্বত, যং—স) সং, পুং, সুমেরু পর্ব্বত। ২। দানার্থ কল্পিত স্বর্ণাচল, কাঞ্চনময় পর্ব্বত।

কাঞ্চনপ্রভ ; সং, পুং, ঐলবংশীয় রাজা-বিশেষ। শিং—১ "শ্রীমান্ ভীমস্তদায়াদো রাজাসীৎকাঞ্চনপ্রভঃ।" ( কাঞ্চনপ্রভেব প্রভা। ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ ) বিং, ত্রিং, কাঞ্চনপ্রভার ন্যায় যার প্রভা আছে, সুবর্ণপ্রভাসম্পন্ন।

কাঞ্চনাক্ষ ; সং, পুং, দৈত্যবিশেষ। শিং—১ কাঞ্চনাক্ষঃ কপিস্কন্ধো ব্যাঘ্রাক্ষঃ ক্ষিতিকম্পনঃ।" ২। (কাঞ্চন কাঞ্চনবর্ণবৎ—অক্ষ অক্ষি শব্দজ) বিং,ত্রিং, যাহার চক্ষু স্বর্ণবর্ণ।

কাঞ্চনসন্ধি (কাঞ্চনবৎ দুর্ভেদ্য সন্ধি, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ ) সং, পুং, স্বর্ণবৎ দুর্ভেদ্য সন্ধি, যে সন্ধির ভেদ করা কঠিন।

কাঞ্চি, কাঞ্চী ( কন্চ্ বন্ধন করা, দীপ্তি পাওয়া + ই—ণ ) সং, স্ত্রীং, মেখলা, চন্দ্রহার, গোট। শিং—১ "স্বকরাবলম্বন বিমুক্তগলৎকলকাঞ্চি কাঞ্চিদরুণতরুণঃ।" (মাঘ)। ২ "কাঞ্চীগুণস্থানমনিন্দিতায়াঃ।" ২। ( + ই—ক ) পুরী-বিশেষ ; ইহার আধুনিক নাম ( Conjeveram = Kanchipurum) দাক্ষিণাত্যস্থিত দ্রাবিড় রাজ্যের রাজধানী ; ইহা মান্দ্রাজের কিয়ৎ দক্ষিণ-পশ্চিম ভাগে অবস্থিত। এইখানে দুইটি মন্দির আছে ; একটিতে বিষ্ণুর ও অপরটিতে শিবের প্রতিমূর্ত্তি আছে। তদনুসারে ইহা বিষ্ণুকাঞ্চী ও শিবকাঞ্চী এই দুইভাগে বিভক্ত। ইহা সপ্তমোক্ষ-দায়িকা পুরীর মধ্যে একটি পুরী। শিং—১ "অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চিরবন্তিকা। পুরী দ্বারবতীচৈব সপ্তৈতা মোক্ষদায়িকাঃ।"

কাঞ্চীপদ (কাঞ্চী মেখলা—পদ স্থান, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, জঘন। ২। নিতম্ব।

কাঞ্জিক, কাঞ্জীক—ক্লীং } (ক জল অথবা
কাঞ্জিকা, কাঞ্জী—স্ত্রীং } কু কুৎসিৎ—অন্জ্ গমন করা ইত্যাদি+ইক—ক ) সং, কাঁজি, আমানি, পর্য্যুষিতান্নের অম্লজল। শিং—১ "কাঞ্জিকং রোচনং রুচ্যং পাচনং বহ্নিদীপনম্।" কাঞ্জিক দেশভেদে অতি প্রিয়বস্তু বলিয়া গণ্য ; যথা—মদ্রদেশীয়েরা সর্ব্বস্বত্যাগ করিতে পারে তথাপি কাঞ্জিক পরিত্যাগ করিতে পারে না।

কাটন ( কর্ত্তন শব্দজ ) সং, ছেদন, হনন। ২। বিদারণ। ৩। খনন।

কাটনা (কর্ত্তন শব্দজ) সং, সূত্রকর্ত্তন, সূতা কাটা।

কাটনী ( কর্ত্তনী শব্দজ ) সং, সূত্রনির্ম্মাণকারিণী। [কটুতা, কার্কশ্য।

কাটব্য ( কটু+য(ষ্ণ্য)—ভাবে ) সং, ক্লীং,

কাটা (কর্ত্তন শব্দজ) বিং, ছেদিত, কর্ত্তিত। ২। সং, কাটন দেখ।

কাটান (পূর্ব্বে দেখ) সং, যাপন, ক্ষেপণ। ২। জলের পথ করিয়া দেওন, কর্ত্তন। ৩। বশীকরণাদি মন্ত্রের প্রতিপ্রসব মন্ত্র।

কাটানী (পূর্ব্বে দেখ) সং, কর্ত্তনের মূল্য, কাটানের বেতন। [কাত্তান।

কাটারী (কর্ত্তরী শব্দজ) সং, দাত্র, দা,

কাটিঘা (দেশজ) সং সর্পাঘাত, সর্পদংশনের ক্ষত। [খণ্ড।

কাটী (দেশজ) সং, কুচি, ক্ষুদ্র তৃণাদির

কাট্য (কাটা শব্দজ) বিং, উল্লঙ্ঘ্য, খণ্ডনীয়।

কাঠ (কাষ্ঠ শব্দজ) সং, দারু, ইন্ধন।

কাঠগড়া (কাঠ—গড়া নির্ম্মিত) সং, বৃতি, বেড়া। ২। পিতৃ শ্রাদ্ধাদি কিম্বা কোন সমারোহ উপলক্ষে সমাগত কাঙ্গালী প্রভৃতিকে কিঞ্চিৎ কিঞ্চিৎ দানার্থ যে স্থানে আবদ্ধ রাখা হয়।

কাঠ্ঠোক্রা (কাঠ—ঠোক্রা যে ঠোকর



কাঠ্ ঠোক্রা।

মারে) সং, পক্ষিবিশেষ।

কাঠনেকার (কাঠ কাষ্ঠ শব্দজ—নেকার ন্যক্কার শব্দজ। নীরস কাষ্ঠবৎ নেকার) সং, শুষ্ক বমন, উকি।

কাঠবিড়াল (কাঠ কাষ্ঠ শব্দজ—বিড়াল। কাষ্ঠারোহী [বৃক্ষারোহী] বিড়াল, সং, কাষ্ঠমার্জ্জার, ইহার পৃষ্ঠে ৪টা কৃষ্ণবর্ণ ডোরা আছে; প্রবাদ এইরূপ যে ত্রেতাযুগে শ্রীরাম যখন বানরসৈন্য



কাঠবিড়াল।

সহায়ে সাগর বন্ধন করেন, তখন বহুসংখ্যক কাঠবিড়াল বালুকার উপরিভাগে লুণ্ঠিত হইয়া সেতুর উপর আগমন পূর্ব্বক তাহাতে স্ব স্ব গাত্রসংলগ্ন বালুকা ক্ষেপণ করিতেছিল, তৎকালে বানরসৈন্যের বৃক্ষ পর্ব্বতাদি লইয়া গমনাগমনের ব্যাঘাত হওয়াতে হনুমান তাহাদিগকে বিনাশ করিতে আরম্ভ করিলে তাহারা শ্রীরামের শরণাপন্ন হয়, তখন দয়াময় রাম তাহাদিগের পৃষ্ঠে করকমল প্রদান করিয়া অভয় প্রদান করেন, তদবধি তজ্জাতীয় মাত্রের পৃষ্ঠে ঐরূপ চিহ্ন দৃষ্ট হইয়া থাকে।

কাঠরা (কাষ্ঠাগার শব্দজ) সং, কাষ্ঠনির্ম্মিত গৃহ; বেষ্টিত স্থান।

কাঠরিয়া (দেশজ) কাষ্ঠচ্ছেদক, কাঠকাটা।

কাঠা (দেশজ) সং, প্রস্থে ৪ হাত দীর্ঘে ৮০ হাত অর্থাৎ ৩২০ বর্গ হস্ত পরিমাণ ভূমি, ৩২০ টা হাৎকে চৌকা ভূমি। ২। ধান্যাদির পরিমাণ পাত্র, রেক।

কাঠাকিয়া (দেশজ) সং, শতাবধি কাঠা গণনা। [আকৃতি, ঠাট।

কাঠাম (কাষ্ঠময় শব্দজ) সং, বংশাদি রচিত

কাঠিন্য (কঠিন দৃঢ়, শক্ত + য(ষ্ণ্য) — ভা) সং, ক্লীং, কঠিনতা, দৃঢ়তা। শিং—১ "সীতেমাকুরুসম্ভ্রমঞ্চ মৃদুনা কাঠিন্য সঙ্গীকৃতং।" (উদ্ভট)। ২। নির্দ্দয়তা। (Hardness) যে গুণ থাকাতে এক বস্তু অন্য বস্তু দ্বারা সহসা অঙ্কিত হয় না।

কাঠিন্যকল; সং পুং, কপিত্থবৃক্ষ।

কাড়ন (দেশজ) সং, বল দ্বারা গ্রহণ, অপহরণ, লুঠ।

কাড়া (দেশজ) সং, বাদ্যবিশেষ, একপ্রকার বাহির্দ্বারিক আনক-যন্ত্র; ইহার একমুখে চর্ম্মাচ্ছাদনী আবদ্ধ থাকে। ইহা গলায় ঝুলাইয়া বাজাইতে হয়। পূর্ব্বকালে রাজাদিগের বহির্গমন সময়ে বাদিত হইত। অদ্যাপিও পূজাদির সময় বাদিত হয়। ২। বিং, লুণ্ঠিত।

কাণ (কাণি নয়ন মুদ্রিত করা + অ(ষঞ্)— ক) সং, পুং, কাক। ২। বিং, ত্রিং, এক চক্ষুহীন। শিং—১ "কাণং বাপ্যথবা খঞ্জ মন্যং বাপি তথাবিধম্।" ৩। (কর্ণশব্দজ) সং, শ্রবণেন্দ্রিয়, শ্রুতি। শিং—১ "কাণেন চক্ষুষা কিংবা চক্ষুঃপীড়ৈব কেবলম্।"

কাণকাটা (কাণ কর্ণ শব্দজ—কাটা কর্ত্তন শব্দজ) বিং, যে কাণ কাটে, এতদ্দেশীয় রমণীগণ বালক বালিকা রোদন করিলে তাহাদিগকে কাণকাটার ভয় দেখায়।

কাণকুয়া ( কাণ কর্ণ শব্দজ—কূয়া কূপ শব্দজ) মাছের ফুল্কা।

কাণকোটারি (কর্ণকীট শব্দজ) কীটবিশেষ।

কাণখড়কিয়া ( কাণ কর্ণ শব্দজ—খড়কিয়া সতর্ক) বিং, শ্রবণে সতর্ক।

কাণখুস্কী, কাণখুস্কী (কাণ—খুস্কী শলাকা) সং, কর্ণমল নির্গতকরণের যন্ত্র, কর্ণ-শোধনী।

কাণপাটা (কাণ—পাটা পট্ট শব্দজ) সং, ঝুম্কী, কর্ণের নিকট লম্বিত কুণ্ডল। ২। কাণের নিম্নস্থ অংশ।

কাণপাতল,—লা (কাণ—পাতল,—লা পুরু নহে। যাহার কাণ পাতলা অর্থাৎ যাহার কর্ণ কথার ভার বহন করিতে পারে না) বিং, যে অন্যের কথা অন্যের নিকট বলে।

কাণমলা (কর্ণমল শব্দজ) সং, কাণের মলা, কর্ণমল, খল। ২। কর্ণমর্দ্দন, কাণ ভাঙ্গিয়া দেওয়া, কাণমুচি।

কাণমূতা ( কাণ—মূতা মূল শব্দজ ) সং, কর্ণমূল, কর্ণের নিকট।

কাণা (কাণ শব্দজ) বিং, এক চক্ষুহীন। ২। পাত্রাদির ধার, কিনারা।

কাণাকাণি (কর্ণাকর্ণি শব্দজ) সং, গোপনে পরামর্শকরণ, কর্ণে গুপ্ত কথা বলন। ২। প্রায় পরিপূর্ণ হওন; যথা—যমুনা হইল কাণাকাণি। [স্থাণ।

কাণাচ, কানাচি (দেশজ) সং, গৃহের পশ্চা-

কাণাৎ (কাণ্ডপট শব্দজ) সং, তাম্বু, তাঁবু, কাপড়ের ঘর। [ছিন্ন বসন।

কাণি (দেশজ) সং, জীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া,

কাণ্ড (কন্ দীপ্তি পাওয়া+ড—ক। অ =া) সং, পুং—ক্লীং, বৃন্ত, বোঁটা। ২। নাল। শিং—১ "কাণ্ডং নালম্।" ৩। গাছের গুঁড়ি, বৃক্ষের স্কন্ধের যে অংশ হইতে সর্ব্বপ্রথম শাখা নির্গত হয় শিং—১ "বৃক্ষকাণ্ডমিতোভাতি।" ৪। গুচ্ছ। শিং—১ "কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তীঃ।" ৫। ঝাড়। ৬। বাণ। শিং—১ "সবিষং কাণ্ডমাদায় মৃগয়ামাস বৈ মৃগম্।" ৭। অবসর। ৮। খাকৃড়া-বিশেষ। ৯। সমূহ। শিং—১ "(ভুজঃ) খড়্গেন ভৃশতীক্ষ্ণেণ নিকৃত্তস্তিলকাণ্ডবৎ।" ১০। স্তম্ব। শিং—১ "উরুদ্বয়ং মৃগদৃশঃ কদলস্য কাণ্ডৌ।" ১১। জল। ১২। অধ্যায়, গ্রন্থ-পরিচ্ছেদ; যথা—'মধুকাণ্ডং, শ্রাদ্ধ কাণ্ডম্।' ১৩। প্রশংসা। ১৪। প্রস্তাব; যেমন—"অ-যোধ্যাকাণ্ড, লঙ্কাকাণ্ড।" ১৫। প্রকরণ। ১৬। শ্লাঘা। ১৭। নির্জ্জনস্থান। ১৮। ব্যাপার, ঘটনা; যথা—"ক্রিয়াকাণ্ড।" ১৯। কুৎসিত। ২০। অশ্ব। ২১। বিং, ত্রিং, নির্জ্জন। ২২। নীচ। ২৩। পাপিষ্ঠ।

কাণ্ডকাণ্ডক (কাণ্ড—দ্বিত্ব। ক—যোগ) সং, পুং, কাশ তৃণ, কেশে।

কাণ্ডকার; সং, ক্লীং, গুবাকবৃক্ষ, সুপারি-গাছ। ২। বিং, ত্রিং, বাণকারক, যে শর নির্ম্মাণ করে।

কাণ্ডগোচর ( কাণ্ড—গোচর, ৬ষ্ঠী—হিং। মধ্যপদ লোপ) সং, পুং, নারাচাস্ত্র, লৌহ নাল।

কাণ্ডগ্রহ ( কাণ্ড অধ্যায়—গ্রহ গ্রহণ, জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রকরণবোধ, উপস্থিত বা প্রস্তাবিত বিষয়ের স্বরূপ বা অবস্থা জানা, কোন্ বিষয়ে কিরূপ করা বা বলা উচিত তাহার জ্ঞান, কাণ্ডজ্ঞান।

কাণ্ডগ্রহরহিত ( কাণ্ড—গ্রহ—রহিত ) বিং, ত্রিং, যাহার কাণ্ডগ্রহ নাই, যার প্রকরণ বোধ নাই, উপস্থিত বা প্রস্তাবিত বিষয়ে যার কোন জ্ঞান নাই, কোন্ বিষয়ে কিরূপ বলা বা করা উচিত যে তাহা কিছুই বুঝে না।

কাণ্ডচারী ( Scansores, কাণ্ডচারিন্, কাণ্ড—চারী যে বিচরণ করে) যাহারা বৃক্ষ-কাণ্ডে বিচরণ করে; যথা—কাঠ্ঠোক্রা, কাকাতুয়া, ন্যুরী, টিয়া প্রভৃতি।

কাণ্ডজ্ঞান (কাণ্ড অধ্যায়—জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রকরণবোধ, বিবেচনা। ২। স্থূলজ্ঞান, মোটামুটিজ্ঞান; যথা—সে লোকটার কাণ্ডজ্ঞান নাই।

কাণ্ডতিক্ত (কাণ্ড—তিক্ত তিত) সং, পুং, ভূনিম্ব, চিরেতা।

কাণ্ডপট (কাণ্ড নির্জ্জন, গুঁড়ি—পট বস্ত্র) সং, পুং, যবনিকা, পর্দ্দা। ২। কাণাৎ,

তাম্বু, তাঁবু। শিং—১ "ততঃস্বমেবাগারমানীয় কাণ্ডপটপরিক্ষিপ্তে বিবিক্তোদ্দেশে।" (দশকুমার)।

কাণ্ডপৃষ্ঠ (কাণ্ড বাণ—পৃষ্ঠ পিট) বিং,ত্রিং, শস্ত্রাজীব। ২। ব্যাধ। শিং—১"কাণ্ডপৃষ্ঠশ্চিরং কালং অত্রৈব পরিবর্ত্ততে।" ২। দুশ্চরিত্র, নিন্দ্যজীবী। শি—১"স্বকুলং পৃষ্টতঃ কৃত্বা যো বৈপরকুলং ব্রজেৎ। তেন দুশ্চরিতেনাসৌ কাণ্ডপৃষ্ঠ ইতি স্মৃতঃ।" ৩। সং, পুং, বৈশ্যাপতি। ৪। ক্লীং, কর্ণধনু।

কাণ্ডর্ষি (কাণ্ড বেদভাগবিশেষ—ঋষি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বেদভাগবিশেষের মীমাংসক ঋষি; যথা—কর্ম্মকাণ্ড বেদভাগের বিচারক জৈমিনি, ব্রহ্মকাণ্ড বেদভাগের বিচারক বেদব্যাস, ভক্তিকাণ্ডের বিচারক শাণ্ডিল্য।

কাণ্ডলাব (কাণ্ড বৃক্ষস্কন্ধ—লূ ছেদন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, বৃক্ষস্কন্ধছেদক, বৃক্ষস্কন্ধকর্ত্তনকারী। শিং—১ "কাণ্ডলাবোব্রজতি।"

কাণ্ডবান্ (কাণ্ডবৎ, কাণ্ড বাণ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং,ত্রিং, কাণ্ডীর,তীরন্দাজ।

কাণ্ডবারিণী (কাণ্ড রিপু—বৃ-ঞি=বারি নিবারণ করা + ইন্(ণিন্)—ক। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দুর্গা, নাম স্মরণমাত্র যিনি বাণ নিবারণ করেন। শিং—১ "স্মরণাৎ বারয়েৎ বাণান্ তেন সা কাণ্ডবারিণী।"

কাণ্ডবীণা; সং, স্ত্রীং, বৃক্ষস্কন্ধের ন্যায় স্থূল বীণা। ২। চাণ্ডালবীণা। ৩। শরময়ীবীণা।

কাণ্ডসন্ধি (কাণ্ড গুঁড়ি, বৃন্ত—সন্ধি মিল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ব্ব, গ্রন্থি, গাঁইট।

কাণ্ডারী (কর্ণধারী শব্দজ কি?) সং, কর্ণধার, নাবিক, মাঝী।

কাণ্ডীর (কাণ্ড বাণ, গাছের গুঁড়ি ইত্যাদি +ঈর—প্রং) বিং, ত্রিং, তীরন্দাজ। শিং—১"কাণ্ডীরঃ খাড়্গিকঃ শার্ঙ্গী।"(ভট্টি)। ২। নিন্দ্যজীবী। ৩। সং,পুং, আপাংগাছ।

কাণ্ব (কণ্+অ(ষ্ণ)—অপত্যার্থে) বিং, ত্রিং, কণ্ব-সম্বন্ধীয়। ২। কণ্বসন্তান। ৩। সং, পুং, যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

কাণ্বায়ন (কাণ্ব কণ্বের অপত্য—অয়ন আধার, ৬ষ্ঠী—ষ্ণিং) বিং, ত্রিং, কণ্বগোত্রজাত, কণ্ববংশ হইতে উৎপন্ন।

কাতর (কু ঈষৎ, মন্দরূপে—তর [তৃ পার হওয়া+অ(অন্)—ক] যে পার হয়। কু =কা) বিং,ত্রিং, ব্যাকুল, অধীর, দুঃখিত। ২। ভীত, ভীরু। ৩। চঞ্চল। ৪। বিবশ, আকুল, বিহ্বল, অভিভূত। শিং—১ "চেতসা কাতরেণ।" ২"ধ্রুত দ্বৈধভাবকাতরং মে মনঃ।" ৩ "কুলজনদর্শনকাতরং হি চক্ষুঃ।" ৪ "রতিকাতরেণ মনসা।" ৫ "প্রত্যুপকারকাতরমতি।" ৫। সং, পুং, কাতলা মাছ। ৬। (ক জল—আ-তৃ ভাসা+অ—ণ) উড়ুপ, ভেলা।

কাতরতা (কাতর+তা—ভা) সং, স্ত্রীং, কাতর্য্য দেখ।

কাতর্য্য (কাতর+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, কাতরতা, দুঃখ। ২। ভীরুতা।

কাতল (কাতর দেখ, র=ল) সং, পুং কাতলা মাছ।

কাতা (দেশজ) সং, নারিকেল ছোপার [দড়ী।

কাতান (কর্ত্তন শব্দজ) সং, দাত্র, দা, কাটারী

কাতার—শ্রেণী, পংক্তি, সারি সারি "সম্মুখে সেপাই কত কাতার।"

কাতারি (কধারী শব্দজ কি?) সং, ঘট তিজেল।—রী (কর্ত্তরী শব্দজ) অস্ত্র বিশেষ, স্বর্ণ রৌপ্যাদির ছেদনাস্ত্র।

কাতি (কর্ত্তরিকা শব্দজ) শঙ্খছেদনাস্ত্র শাঁকের করাত। [ক্লীং, কুৎসিত তৃণ

কাতৃণ (কু কুৎসিত—তৃণ। কু=কা) সং

কাত্য (কত মুনিবিশেষ+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, কাত্যায়নমুনি।

কাত্যায়ন (কাত্য কাত্যায়নমুনি+ষ্ণায়নস্বার্থে) সং, পুং, ধর্ম্মশাস্ত্র প্রবক্তা, ধর্ম্মসংহিতাকারক মুনিবিশেষ। ২। বররুচি, ব্যাকরণের বার্ত্তিককার। নী, নিকা—স্ত্রী দুর্গা। মহিষাসুর বধের জন্য হিমাদ্রিস্থ কাত্যায়নাশ্রমে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর ক্রুদ্ধ হইয়া স্ব স্ব দেহ হইতে ইঁহাকে সৃজন করেন।

ইনি মহর্ষি কাত্যায়ন কর্ত্তৃক অগ্রে পূজিতা হন। আশ্বিন মাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে ইনি উদ্ভূতা ও শুক্লা সপ্তমী অষ্টমী ও নবমীতে পূজিতা হন। দশমীতে মহিষাসুরকে বিনাশ করেন। ২। অর্দ্ধবৃদ্ধা কাষায়বস্ত্রা বিধবা স্ত্রী। শিং—১ "পঞ্চাশৎবর্ষদেশীয়াং বীরাং সংস্থিতভর্ত্তৃকাং, বদন্তি কাত্যয়নিকাং ধৃতকাষায়বাসসম্।" ৩। ভৈরবী।

কাত্যায়নবীণা—কাত্যায়ন স্পষ্ট শত তন্ত্রবিশিষ্ট বীণাবিশেষ।

কাত্যায়নী-তন্ত্র; সং, ক্লীং, কাত্যায়নী পূজা মন্ত্রাদি বিধায়ক শিবপ্রণীত তন্ত্র।

কাত্যায়নীপুত্র; সং, পুং, কার্ত্তিকেয়।

কাত্যায়নীব্রত—কাত্যায়নী দেবীর উদ্দেশে কর্ত্তব্য ব্রতবিশেষ; হেমন্তকালের প্রথম মাসে নন্দব্রজের কামিনীগণ, নন্দ-নন্দন কৃষ্ণকে স্বামীকামনায়, অরুণোদয়ে কালিন্দীর জলে স্নান করিয়া জলের সন্নিকটে বালুকাময়ী প্রতিমূর্ত্তি গড়িয়া, গন্ধমাল্যাদি ষোড়শোপচারে ভগবতী কাত্যায়নীর পূজারূপ ব্রত করিত। যোগেশ্বর শ্রীকৃষ্ণ তাহাদিগের উদ্দেশ্য অবগত হইয়া, তাহাদিগের অনুষ্ঠিত কার্য্যের ফলদান মানসে, একদিন, যেমন তাহারা প্রতিদিনের ন্যায়, তীরে বসন রাখিয়া অবগাহনার্থ জলে নামিয়াছে, অমনি তাহাদের বসনগুলি লইয়াকদম্ববৃক্ষে আরোহণ করিলেন।

কাথিক (কথা+ইক(ষ্ণিক)—পটুতার্থে) বিং, ত্রিং, কথারচনা বিষয়ে পটু।

কাদম্ব (কদম্ব+অ(ষ্ণ)—ভাবে অথবা কদ্—ক্রি=কাদি+অম্বচ্—ক) সং, পুং, কদম্ব-বৃক্ষ। ২। ইক্ষু। ৩। শ্যামপক্ষ কলহংস, বালিহাঁস। ৪। বাণ। শিং—১ "কাদম্বানামেকপাতৈ ব্রসীব্যৎ।" (মাঘ)। ৫। ক্লীং, কদম্বপুষ্প। ৬। কদম্বসমূহ। ৭। বিং, ত্রিং, কদম্বসম্বন্ধীয়। শিং—১ "কাদম্বমর্দ্ধোদ্গত কেশরঞ্চ।" ম্বা—স্ত্রীং, কলহংসী; যথা—উত্তরিলা প্রিয়ংবদা (কাদম্বা যেমতি মধুস্বরা) ২। কদম্বপুষ্পীবৃক্ষ, মুণ্ডিরী।

কাদম্বর (কাদম্ব কদমফুল—র [রা দান করা+অ(ড)—ক] যে পায়) সং, ক্লীং, দধির সর। ২। (কদম্বকোটরে জন্মে বলিয়া কাদম্বর) মদ্যবিশেষ। শিং—১ "নিষেব্য মধু মাধবাঃ সরসমত্র কাদম্বরম্।" ৩। ইক্ষুগুড়। রী—স্ত্রীং, সরস্বতী। ২। স্ত্রীপক্ষী। ৩। শারিকা। ৪। কোকিলা। ৫। পুস্তিকাবিশেষ; কবিবর বাণভট্ট কর্ত্তৃক ইহার কিয়দংশ প্রণীত হয়, পরে তাহার পুত্র উহা সমাপন করেন। ইহাতে মহাশ্বেতা ও পুণ্ডরীকের প্রেমবৃত্তান্ত বর্ণিত আছে। ৮। (কু নীল—অম্বর=কাদম্বর, অর্থ বলরাম+ষ্ণ, ঈপ্) সুরা, গৌড়ী-মদিরা। শিং—১ "কাদম্বরী মদবিঘূর্ণিত লোচনস্য যুক্তং হিলাঙ্গলভৃতঃ পতনং পৃথিব্যাম্।" (উদ্ভট)।

কাদম্বর্য্য (কাদম্বরী মদিরা+য(ষ্য)—ভবার্থে) সং, পুং, কদমগাছ।

কাদম্বিনী (কাদম্ব কদমফুল+ইন্—সমূহার্থে। মেঘসমূহকে শুক্লবর্ণ কদম্বপুষ্পের ন্যায় বর্ণনা করে বলিয়া কাদম্বিনী নাম হইল) সং, স্ত্রীং, মেঘমালা, মেঘশ্রেণী। শিং—১ 'মদীয়মতিচুম্বিনী ভবতু কাপি কাদম্বিনী।"

কাদা (কর্দ্দম শব্দজ) সং, পঙ্ক, পাঁক। ২। স্ত্রীলোকদিগের পুনর্ব্বিবাহের সংস্কারকে কাদা বলে।

কাদাখেঁড়ু (কাদা—খেঁড়ু খেঁউড় শব্দজ) পুনর্ব্বিবাহের সময় কাদা মাখিয়া যে খেঁউড় পাঁচালী প্রভৃতি গান হয় তাহার নাম কাদাখেঁড়ু।

কাদাচিৎক (কদাচিৎ কোন সময়+কণ্—যোগ) বিং, ত্রিং, যাহা কদাচিৎ ঘটে, কদাচিদুৎপন্ন, যাহা সচরাচর ঘটে না।

কাদ্রবেয় (কদ্রু কশ্যপভার্য্যা, সর্পমাতা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, কদ্রুসন্তান, সর্প। শিং—১ "কাদ্রবেয়াশ্চ বলিনঃ সহস্রমমিতৌজসঃ।"

কানক (কনক+অ(ষ্ণ)—বিকারার্থে) বিং, ত্রিং, কনকনির্ম্মিত, স্বর্ণসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, জয়পালের বিচি।

কানন (কানি দীপ্তি পাওয়া + অন(অনট্) — র্ম্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, বন। শিং — ১ "শীতোবায়ুঃ পরিণময়িতা কাননোদুম্বরাণাম্।" (মেঘদূত)। ২ "পুণ্যগন্ধেন কাননম্।" ২। গৃহ। ৩। (ক ব্রহ্মা — আনন মুখ, ৬ষ্ঠী — য) ব্রহ্মার মুখ।

কাননারি (কানন — অরি, ৬ষ্ঠী — য) সং, পুং, শমীবৃক্ষ।

কানীন (কন্যা অনূঢ়া + অ(ষ্ণ) — অপত্যার্থে। নিপাতন অথবা কন্যা + ঈন(ষীন) — প্রং) সং, পুং, নী — স্ত্রীং, অবিবাহিতা কন্যার গর্ভজাত পুত্র বা কন্যা। ২। পুং, ব্যাস। ৩। কর্ণ। শিং — ১ "পিতৃবেশ্মনি কন্যা তু যং পুত্রং জনয়েৎ রহঃ। তং কানীনং বদেন্নাম্না বোঢ়ুঃ কন্যাসমুদ্ভবং।"

কানুন (কাত্যায়নী বীণার অপভ্রংশ) ইহা একপ্রকার বহুতত বাদ্যযন্ত্র। ইহার আধুনিক দৈর্ঘ প্রায় দুই হস্ত, প্রস্থ একহস্ত ও বেধ অর্দ্ধ হস্ত। ইহা ভূমিতে রাখিয়া বাজাইতে হয়।

কানুনগোঁই } (পারস্য কথা) মুসলমান-
কানগোঁই } রাজত্বকালে ভূ-সম্পত্তির একপ্রকার রেজিষ্টার ছিলেন। কোন্ স্থানে কত ভূমি, কোন্ ভূমির কিরূপ উর্ব্বরতা, কাহার কত ন্যায্য কর, ইত্যাদি হিসাব এই কর্ম্মচারী রাখিতেন এবং আবশ্যক মত তাহা নবাব, দেওয়ান ও দারোগাকে জানাইতেন। আধুনিক কানুনগো পদের কাজ ঠিক এইরূপ না হইলেও অনেকটা এই মত বটে।

কান্ত (কম্ বাঞ্ছা করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, প্রিয়, কমনীয়। ২। মনোরম। শিং — ১ "ভীমকান্তৈর্নৃপগুণৈঃ।" (রঘু)। ৩। শোভন। শিং — ১ "নাত্র কান্তমুপগীতয়াতয়া।" ৪। চন্দ্র। ৫। বসন্তকাল। ৬। (ক — অন্ত) কৃষ্ণ। ৭। সং, পুং, স্বামী। ৮। (কন্ দীপ্তি পাওয়া + ক্ত — ক = কন্ত + ষ্ণ) ক্লীং, কুঙ্কুম। ৯। লৌহ। ন্তা — স্ত্রীং, ভার্য্যা। ২। স্ত্রীবিশেষ, সুন্দরী স্ত্রী। শিং — ১ "কশ্চিৎ কান্তাবিরহগুরুণা।" ৩। প্রিয়ঙ্গুলতা। ৪। নাগরমুথা। ৫। প্রস্তর অর্থ হইলে সূর্য্য চন্দ্র অয়স শব্দের সহিত যুক্ত হয়; যথা—সূর্যকান্ত, চন্দ্রকান্ত, অয়স্কান্ত ইত্যাদি।

কান্তপক্ষী (কান্তপক্ষিন্, কান্ত মনোহর-পক্ষিন্ পাখী) সং, পুং, ময়ূর।

কান্তায়াস — ক্লীং } (কান্ত — অয়স্ + অ
কান্তলৌহ — পুং } — যোগ। অয়স্কান্ত দেখ) সং, অয়স্কান্ত মণি।

কান্তার (কান্ কাংশ্চিৎশব্দজ [কাহাদিগকে] — তৃ-ণিচ্ = তারি গমন করান + অ(অন্) — ক। যে কাহাদিগকেও যাইতে দেয় না) সং, পুং — ক্লীং, দুর্গমপথ; যথা— "কেমনে কহিব সে কান্তার কান্তি আমি" (মেঘ)। শিং — ১ "কান্তারে ব্যাঘ্রগান্ গান্ত যঃ পরিত্রাতি।" ২। গহন। ৩। বন জঙ্গল। ৪। যেখানে লোকালয় নাই, যেখানে কখন লোকের সমাগম হয় না। শিং — ১ "বহুদোষংহি কান্তারং বনমিত্যভিধীয়তে।" ৫। গহ্বর। ৬। (কান্ত কমনীয় রস — ঋ গমন করা, প্রদান করা + অ (অন) — ক) সং, পুং, ইক্ষুবিশেষ, ক[illegible] আউক। ৭। বাঁশ। ৮ দুর্ভিক্ষ।

কান্তি (কান্ত দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং শোভা, দীপ্তি। শিং — ১ "রূপযৌবনলালিত্যং ভোগাদ্যৈরঙ্গভূষণম্। শোভাপ্রোক্তা সৈবকান্তির্মন্মথাপ্যায়িতাদ্যুতিঃ। কান্তিরেবাতি বিস্তীর্ণা দীপ্তিরিত্যভিধীয়তে।" "রাত্রৌ দীপশিখা কান্তির্নভানাবুদিতে সতি। লাবণ্য, ঔজ্জ্বল্য। ২। সৌন্দর্য্য শিং — ১ "বন্ধা ইবাধ্বংসিতবর্ণকান্তেঃ। ৩। কামনা। ৪। ইচ্ছা। ৫। কমনীয় স্ত্রী। ৬। দুর্গা। শিং — ১ "লক্ষ্মীর্বা লল বাপি ক্রমাৎসা কান্তিরুচ্যতে।" ৭ চন্দ্রকলা। শিং — ১ "কলাচ সা কান্তিমতীকলাভূতঃ।" ৮। কামশক্তিবিশেষ।

কান্তিক (কান্তি — ক কৈধাতুজ + অ(ড) — ক সং, ক্লীং, লৌহবিশেষ, কান্তিলৌহ।

কান্তিদ (কান্তি দীপ্তি, লাবণ্য — দা দান করে + অ(ড) — ক) সং, ক্লীং, পিত্ত ২। ঘৃত। ৩। বিং, ত্রিং, শোভাদায়ক।

কান্তিদায়ক (কান্তি—দায়ক [দা দানকরা +অক(ণক)—ক] যে দান করে। এই গন্ধদ্রব্য গাত্রে মাখিলে দেহের লাবণ্য বৃদ্ধি হয়) সং, ক্লীং, কালীয়ক গন্ধদ্রব্যবিশেষ। ২। বিং, ত্রিং, শোভাদায়ক।

কান্তিভৃৎ (কান্তি—ভৃ ধারণকরা+০(ক্বিপ্)—ক। কান্তি নামক কলা বা লেশ ধারণ করেন বলিয়া) সং, পুং, চন্দ্র। ২। বিং, ত্রিং, কান্তিধারক, শোভাবিশিষ্ট।

কান্তিমান্ (কান্তিমৎ, কান্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কান্তিযুক্ত, দীপ্তিশালী। "উপমানমভূদ্বিলাসিনাং করণংযত্তব কান্তিমত্তয়া।" (কুমার)। ২। (কান্তিনামক কলাবিশিষ্ট বলিয়া) সং, পুং, চন্দ্র। ৩। কামদেববিশেষ। মতী—স্ত্রীং, চন্দ্রকলা। শিং—১"কলাচ সা কান্তিমতী কলাভৃতঃ।" (কুমার)। ২। অপ্সরাবিশেষ; যথা—"বপুষ্মতী কান্তিমতী লীলাবত্যুৎপলাবতী।"

কান্দ (কন্দ+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, কন্দভব, কন্দজাত, কন্দসম্বন্ধীয়।

কান্দর্প (কন্দর্প+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, কন্দর্পপুত্র। ২। বিং, ত্রিং, কন্দর্পসম্বন্ধীয়।

কান্দব (কন্দু ভর্জ্জনপাত্র+অ(ষ্ণ)—পক্কার্থে) সং, ক্লীং, ভক্ষ্যদ্রব্যবিশেষ, পক্কান্ন, মিঠাই প্রভৃতি।

কান্দবিক (কান্দব+ইক(ষ্ণিক)—নিষ্পন্নার্থে) বিং,ত্রিং, পিষ্টকাদি বিক্রেতা, রুটিওয়ালা, মিঠাইকর।

কান্দিগ্ভূত (কাম্—দিশং—ভূত প্রাপ্ত। নিপাতন। কাং দিশং যামীত্যাকুলঃ=কান্দিগ্ভূতঃ) বিং, ত্রিং, কোনদিকে যাই এই বলিয়া হতাশ। শিং—১"স কথঞ্চিত্তয়াত্তস্মাদ্বিমুক্তো ব্রাহ্মণস্তদা। কাংদিগ্ভূতো জীবিতার্থী প্রদুদ্রাবোত্তরাং দিশং।"

কান্দিশীক (কাম্—দিশ্ দিক্+ঈক(ষ্ণীক)—প্রং। "কাং দিশং ন পশ্যতীতি কান্দিশীকঃ" ভয়ে এমত পলায়ন করে যে কোন দিক্ দেখিতে পায় না) বিং, ত্রিং, ভয়ে পলায়িত, ভয়ক্রান্ত। ২। (কন্দ বৈক্লব্য, বিকলতা+অ (ঘঞ্)—ভাবে+ইন্=কান্দি—শীক অশ্রুগণ্ডনশীল+অ(অন্)—ক +ষ্ণ=শীক বৈক্লব্যযুক্ত। শিং—১"বহুনাং প্রলয়োজাতঃ কান্দিশীকমভূজ্জগৎ।" (কাশীখণ্ড)।

কান্যকুব্জ (কন্যা—কুব্জ+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, কনোজ দেশ (কন্যাকুব্জ দেখ)। ২। (কান্যকুব্জ+ষ্ণ) তত্রত্য ব্রাহ্মণ, কনোজব্রাহ্মণ।

কাপ (দেশজ) বিং,ত্রিং,কৌতুককারী; যথা—
"কেহ বলে ঐ এল শিব বুড়াকাপ।
কেহ বলে বুড়াটী খেলাও দেখি সাপ।"
২। ছদ্মবেশ, কপটি।

কাপটিক (কপট শঠতা ইত্যাদি+ইক(ষ্ণিক)—ইদমর্থে) সং, পুং, ছাত্র। ২। বিং, ত্রিং, কপট-ব্যবহারী, শঠ, ধূর্ত্ত।

কাপট্য (কপট+য(ষ্ণ্য)—ভাবার্থে) সং, ক্লীং, কপটতা, শঠতা।

কাপড় (কর্পটশব্দজ) সং, বস্ত্র, বসন, অম্বর।

কাপথ (কু কুৎসিত—পথিন্ বা পথি, য়ং—স। কু=কা) সং, পুং, কুপথ, কুৎসিত রাস্তা। শিং—১ "আস্থাতুং কাপথং দুষ্টং বিষমং বহুকণ্টকম্।" ২। দানববিশেষ।

কাপালিক (কপাল নরকপাল+ইক(ষ্ণিক)—স্বার্থে) সং, পুং, বামাচারী তান্ত্রিক। ইঁহারা চিতাভস্মে দেহ আবৃত করেন, অস্থিমালা গলদেশে ধারণ করেন, কপালে অঙ্গারের দাগ দিয়া থাকেন, ব্যাঘ্রচর্ম্ম পরিধান করেন, হস্তে নরকপালের অর্দ্ধ-ভাগ ধারণ করেন, এবং তদ্দ্বারা তাহাদের ভোজন পাত্রাদির কার্য্য নির্ব্বাহ হয়। ইহারা সর্ব্বদা ঘণ্টাধ্বনি করত সর্ব্বক্ষণ কালী ও ভৈরব নাম উচ্চারণ করেন। শিং—১ "অথতীর্থকরাগ্রণীঃ প্রতস্থে বহুকাপালিকজালকং বিজেতুম্।" ২। জাতিবিশেষ, কপালি। ৩। বিং,ত্রিং, কপাল-সংক্রান্ত।

কাপালী (কাপালিন্, কপাল+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, শিব। শিং—১"অজৈক পাচ্চ কাপালী ত্রিশঙ্কুরজিতঃ শিবঃ।" ২। বিং, ত্রিং, ব্রতার্থ ব্রহ্মকপালধারী। লিনী—স্ত্রীং, বেশ্যা। ২। নাপিতপত্নী।

শিং—১ "নটী কাপালিনী বেশ্যা কুলটা নাপিতাঙ্গনা।" (তন্ত্রসার)।

কাপাস (কার্পাস শব্দজ) সং, তুলা।

কাপিল (কপিল+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, কপিল প্রণীত সাংখ্যশাস্ত্র। শিং—১ "পিতুর্নির্দোগাজ্জগ্রাহশুকোদর্ম্মভূতাংবরঃ। যোগশাস্ত্রঞ্চ নিখিলং কাপিলঞ্চৈব ভারত।" ২। সাংখ্যমতাবলম্বী। ৩। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ।

কাপিলেয় (কপিলা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, কপিলা নাম্নী ব্রাহ্মণীর গর্ভজাত পুত্র। ২। কপিল-শিষ্য, পঞ্চশিখ নামক ঋষি। (মহর্ষি কপিল ও তাঁহার পত্নী ইহাকে পুত্রভাবে প্রতিপালন করিয়াছিলেন বলিয়া)।

কাপিশ (কপিশা মাধবীলতা+অ(ষ্ণ)—ভবার্থে) সং,ক্লীং, মদ্যবিশেষ, মাধবীলতাজাত মদ্য। শী—স্ত্রীং, দেশ।

কাপিশায়ন (কপিশ মেটিয়াবর্ণ বা কাপিশী দেশ+আয়ন (ষ্ণায়ন)—স্বার্থে) সং, ক্লীং, তদ্দেশ জাত-মাধবীলতা ও পুষ্পজাত মদ্য। শিং—১ "কাপিশায়ন সুগন্ধি বিঘূর্ণন্।"(মাঘ)। ২। দেবতা। নী—স্ত্রীং, দ্রাক্ষালতা।

কাপিশেয়(কপিশ+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, কপিশাপুত্র পিশাচ।

কাপুরুষ (কু কুৎসিত—পুরুষ, য়ং—স। কু =কা) সং, পুং, অসার ব্যক্তি, কুৎসিত পুরুষ, যাহার মান অপমান বোধ নাই, যে অনায়াসে তিরস্কার বা অবমাননা সহ্য করিয়া থাকে, নিন্দিত ব্যক্তি। ২। ভীতস্বভাব বা সাহসহীন। শিং—১"সুসন্তুষ্টঃ কাপুরুষঃ স্বল্পকেনাপি তুষ্যতি।" ২ "মেধাবিনশ্চ পুরুষাঃ সমরেষু শূরাঃ। স্ত্রীসংনিধৌ পরমকাপুরুষা ভবন্তি।"

কাপুরুষত্ব—ক্লীং }
কাপুরুষতা—স্ত্রীং } (কাপুরুষ+ত্ব, তা—ভা) সং, ভীতস্বভাবতা, সাহসহীনতা; অনায়াসে তিরস্কার বা অবমাননা সহ্য করিয়া থাকা; মান অপমান বোধ না থাকা।

কাপেয় (কপি বানর+এয় (ঢেয়)—ইদমর্থে) বিং, ত্রিং, কপিসম্বন্ধীয়। ২। (+ঢেয়—ভবার্থে) কপির অপত্য। ৩। কপিবংশীয়। —ক্লীং, কপিকর্ম্ম। ২। কপিসমূহ।

কাপোত (কপোত পায়রা+অ (ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, কপোত সমূহ, পায়রার ঝাঁক। ২। (কপোতেরা স্বল্প সংগ্রহ করে বলিয়া) কপোতবৃত্তি, উঞ্ছবৃত্তি। শিং—১ "কাপোতীং বৃত্তিমাস্থিতঃ।" ৩। সৌবীরাঞ্জন। ৪। ক্ষারবিশেষ। ৫। বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণ।

কাপোতক (Columbæ, কাপোত+কণ—সাদৃশ্যার্থে) পারাবত ও তৎসদৃশ পক্ষী, যথা—পায়রা, ঘুঘু ইত্যাদি।

কাপ্যকর (কু কুৎসিত—আপ্য প্রাপ্য=কাপ্য পাপ—কর যে করে। কু=কা) সং, পুং, যে স্বকৃত পাপ প্রকাশ করিয়া বলে। ২। বিং,ত্রিং, পাপকারী।

কাফল (কু কুৎসিত—ফল, ৬ষ্ঠী—স) সং, পুং, বৃক্ষ বিশেষ, কট্ফলের গাছ।

কাফের (যাবনিক) নাস্তিক। পৌত্তলিক ধর্ম্মাবলম্বী। মহম্মদীয়ানেরা স্বীয় ধর্ম ব্যতীত অন্য ধর্ম্মাবলম্বীদিগকে কাফের বলিয়া থাকে।

কাফিবৃক্ষ; সং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষবিশেষ



কাফিবৃক্ষ।

২। আশাবরী, গুর্জ্জরী ও ভৈরবীযোগে উৎপন্ন রাগিণীবিশেষ।

কাম (কম-ণিচ=কামি ইচ্ছা করান+ (অন্)—ক) সং, পুং, কন্দর্প। শিং—"দদর্শ পৃষ্ঠতঃ কামং পুষ্পবাণং ধনুর্দ্ধরং ২। ক্লীং, রেতঃ। ৩। (কাম+অ(ষ্ণ) অস্ত্যর্থে) বলরাম। ৪। (কম্ অভিলাষ করা+অ(ঘঞ)—ভাবে) ইচ্ছা, বা

কামনা। শিং—১ "সংকল্পমূলো কামো বৈ যজ্ঞাঃ সংকল্পসম্ভবাঃ।" ২ "সন্তানকামস্য ভবেতি কামম্।" (রঘু)। ৫। অভিলাষ। ৬। অনুরাগ, স্ত্রী ও পুরুষের সম্ভোগপ্রবৃত্তি, সম্ভোগলালসা। ২। মনের যে ধর্ম্ম থাকাতে স্ত্রী ও পুরুষের পরস্পর সম্ভোগে প্রবৃত্তি ও অভিলাষ জন্মে। শিং—১ "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।" ২ "কামো মে ভুঞ্জীত ভবান্।"

কামকলা (কাম—কলা অংশ) সং, স্ত্রীং, রতি, কন্দর্পপত্নী। ২। কামশাস্ত্র।

কামকাম (কাম কাম্যবস্তু—কম্ ইচ্ছাকরা +অ(ষণ্)—ক) বিং, ত্রিং, ইচ্ছাভিলাষী, যে ইষ্ট বস্তু লাভের ইচ্ছুক। শিং—১ "এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্নাঃ গতাগতং কামকামা লভন্তে।" (গীতা)।

কামকার (কাম—কার [কৃ করা+অ (ষণ্)—ক] যে করে) বিং, ত্রিং, যথেচ্ছক্রিয়। ২। ক্লীং, ইচ্ছার গতি, ইচ্ছার প্রসর।

কামকূট (কাম—কূট প্রধান। কামোদ্রেক যাহার প্রধান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বেশ্যাপ্রিয়, নাং। ২। বেশ্যাবিভ্রম। ৩। স্ত্রীবিদ্যায় মন্ত্রবিশেষ।

কামকৃৎ (কাম—কৃ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, কাম্যকারক। ২। অভীষ্টদায়ক। ৩। সং, পুং, পরমেশ্বর। শিং—"কামহা কামকৃৎকান্তঃ কামঃ কামপদঃ প্রভুঃ।"

কামকেলি (কাম সুরত—কেলি ক্রীড়া, কৌতুক, ৪র্থী—ষ) বিং, ত্রিং, লম্পট। ২। উপপতি, জার। ৩। সং, পুং, স্ত্রী ও পুরুষ কামের বশীভূত হইয়া পরস্পর যে ক্রীড়া কৌতুক করে, সুরত, রতিক্রীড়া।

কামগ, কামগম } কাম ইচ্ছাপূর্ব্বক—গ
কামগামী } [গম্ গমনকরা+অ(ড)—ক] যে গমন করে। ২য় পক্ষে—গম্ গমনকরা+অ(অল্)—ভাবে। ৩য় পক্ষে—কামগামিন্, গম্ + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ইচ্ছানুসারে শীঘ্র ও সর্ব্বত্র গমনক্ষম। শিং—১ "কামগেন চ সোমেন শান্তঃ পুনরুপাগমৎ।"

কামগিরি (কাম কামপ্রধান—গিরি পর্ব্বত, ৭মী—স) সং, পুং, ভারতবর্ষান্তর্গত কামরূপস্থ পর্ব্বত বিশেষ।

কামচর (কাম ইচ্ছাপূর্ব্বক—চর যে গমন করে) বিং, ত্রিং, সর্ব্বত্রগামী। ২। স্বেচ্ছাচারী। "তাং নারদঃ কামচরঃ কদাচিৎ।"

কামচার (কাম ইচ্ছাপূর্ব্বক—চার [চর্ গমনকরা+অ (ঘঞ্)—ভাবে] আচরণ) সং, পুং, আপন ইচ্ছা অনুসারে চলা, যথেচ্ছাচার, স্বেচ্ছাচার। শিং—১ "অকামচারো ময়ি শঙ্কনীয়ঃ।" ২। (—চর+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী।

কামচারী (কামচারিন্, কাম ইচ্ছাপূর্ব্বক—চারিন্ [চর্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, যে ব্যক্তি আপন ইচ্ছানুসারে চলে, স্বেচ্ছাচারী। ২। যে কামের বশীভূত হইয়া চলে, লম্পটস্বভাব। ৩। সং, পুং, গরুড়। ণী—স্ত্রীং, স্বেচ্ছাচারিণী।

কামজ (কাম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়, ৫মী—ষ) বিং, ত্রিং, কামজাত ব্যসন; ইহা দশবিধ; যথা—"মৃগয়াক্ষো দিবাস্বপ্নঃ পরীবাদঃ স্ত্রীয়োমদঃ। তৌর্য্যত্রিকং বৃথাট্যাচ কামজো দশকো গণঃ।"

কামজান (কামজ ব্যসন—আন প্রাপক, ২য়া—ষ) বিং, ত্রিং, কামোদ্দীপক (স্রক্ চন্দন বনিতা কোকিলরব প্রভৃতি)। ২। পুং, কোকিল।

কামজিৎ (কাম—জিৎ [জি জয় করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, (রূপে কামদেবকে জয় করিয়াছিলেন বলিয়া) কার্ত্তিকেয়। ২। (কামদেবকে ভস্মীভূত করিয়া বিনি জয়ী হইয়াছিলেন) মহাদেব। ৩। (স্ত্রীসংসর্গ বর্জ্জনহেতু) জৈনদেববিশেষ।

কামতাল (কাম—তাল গানের পরিমাণ অথবা তাল [তল-ণিচ্=তালি উদ্দীপন করান + অ(ষণ্)—ক] কামোদ্দীপক সঙ্গীত বিশেষ। কবিরা কোকিলের গানকে কামের উত্তেজক-স্বরূপ বিবেচনা করেন বলিয়া) সং, পুং, কোকিল।

কামতিথি; সং, স্ত্রীং, কামপূজার প্রসিদ্ধ তিথি, মদনত্রয়োদশী।

কামদ (কাম কামনা—দা দানকরা+অ (ড)—ক) বিং, ত্রিং, অভীষ্ট-দাতা, যে অন্যের অভিলাষ পূর্ণ করে, যে প্রার্থিত বস্তু দান করে, কামপ্রদ।

কামদা (কামদ দেখ) বিং, স্ত্রীং, যিনি ভক্তের সমস্ত কামনা সিদ্ধ করেন, কামদায়িনী, অভীষ্টদাত্রী। ২। সং, স্ত্রীং, কামধেনু।

কামদুঘা } (কাম কামনা—দুহ্ পূরণ কামদুহ্ } করা+অ(ক)—ক, আপ্। ২য়-পক্ষে—দুহ্+ক্বিপ্—ক। ইহার নিকট যে ব্যক্তি যাহা প্রার্থনা করে তৎক্ষণাৎ তাহা পায় বলিয়া) সং, স্ত্রীং, অভিলষিত দায়িনী গবী, কামধেনু। শিং—১"সর্ব্বকামদুঘাং পৃথ্বীং দুদুহুঃ।" ২ "সর্ব্বকামদুঘাং ধেনুম্।" ২ "অবেহিমাং কামদুঘাং প্রসন্নাম্।"(রঘু)।

কামদেব (কাম—দেব, য়ৎ—স) সং, পুং, ব্রহ্মার মানসপুত্র। মহাদেবের ধ্যানভঙ্গ করিয়া ইনি অনঙ্গ হন। কৃষ্ণের ঔরসে রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করেন।

কামধর ; সং, পুং, কামরূপস্থ মৎস্যধ্বজ পর্ব্বতস্থিত সরোবর বিশেষ। আর্য্যশাস্ত্রে উক্ত আছে, মানব এই সরোবরে স্নান করিলে ধূতপাপা হইয়া শিবলোকে গমন করে।

কামধুক্ (কাম ইচ্ছা—ধুক্ [দুহ্ দোহন করা, পূরণ করা+০(ক্বিপ্)—ক] দোহন কর্ত্তা। যেখানে মনোরথ পূর্ণ করে) সং, ক্লীং, স্বর্গ।

কামধেনু (কাম কামপ্রতিপাদিকা—ধেনু, য়ৎ—স। এই ধেনুর নিকট যে ব্যক্তি যাহা প্রার্থনা করে সে তৎক্ষণাৎ তাহা প্রাপ্ত হয়) সং, স্ত্রীং, অভীষ্টদায়িকা ধেনু। জমদগ্নির কামধেনুর নাম নন্দা ; অঙ্গিরার কামধেনুর নাম সুনন্দা ; ভরদ্বাজের কামধেনুর নাম সুরভি ; কশ্যপের সুশীলা ; বশিষ্ঠের নন্দিনী।

কামধেনুতন্ত্র ; সং, ক্লীং, শিবনির্ম্মিত তন্ত্রবিশেষ।

কামধ্বংসী (—ধ্বংসিন্,কাম কন্দর্প—ধ্বংস্ নাশ করা + ইন্(ণিন্)—ক) সং, পুং, মহাদেব।

কামন } (কামি ইচ্ছা করা+অন,
কাময়ন } আন(শান), তৃ(তৃন্)—ক)বিং,
কাময়মান } ত্রিং, কামুক, লম্পট, অভি-
কাময়িতা } লাষুক।

কামনা (কামন দেখ, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ইচ্ছা, বাসনা, বাঞ্ছা, মনোরথ।

কামপত্নী ; সং, স্ত্রীং, কামদেবভার্য্যা, রতি।

কামপাল (কাম কন্দর্প, অভিলাষ—পাল যে পালন করে। ভ্রাতৃজ বলিয়া যিনি কামকে পালন করেন, কিম্বা বিলাসী বলিয়া যিনি অভিলাষ সিদ্ধ করেন, ২য়া—ষ) সং, পুং, বলরাম, শ্রীকৃষ্ণের অগ্রজ।

কামপীঠ ; সং, পুং—ক্লীং, কূপাদির উপরিভাগে বদ্ধস্থান, পাড়।

কামপূর (কাম অভীষ্ট—পূরি যে পূরণকরে +অ(ষণ্)—ক, ২য়া—ষ) বিং, ত্রিং, অভীষ্টপূরক। ২। সং, পুং, পরমেশ্বর। শিং—১ কামপূরোস্ম্যহং নৃণাম্।"

কামপ্রদ (কাম—প্রদ যে প্রদান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অভীষ্টদাতা ২। পুং রতিবন্ধবিশেষ শিং—১ দ্বৌপাদৌ স্ব সংলগ্নৌ ক্ষিপ্। লিঙ্গং ভগে তথা। কাম- য়েৎ কামুকঃ প্রীত্যা বন্ধঃ কামপ্রদে হি সঃ।" ৩। পরমেশ্বর। শিং—১"কান্ত কামপ্রদঃ প্রভুঃ।

কামম্ (কাম দেখ, অম্—প্রং) অং, সম্মতি ২। যথেষ্ট। ৩। পর্য্যাপ্ত। ৪। সম্যক্। ৫ অতিশয়। ৬। ইচ্ছাপূর্ব্বক। ৭। অসূয় ঈর্ষ্যা। ৮। ভৃশ। শিং—১"মনস্বী ম্রিয়তে কামং কার্পণ্যং ন তু গচ্ছতি।"

কামমহ (কাম কন্দর্প—মহ উৎসব, ৬ —ষ) সং, পুং, কামের উৎসব, চৈত্র পূর্ণিমা তিথিতে এই মহোৎসব হয়।

কামরূপ (কাম ইচ্ছা—রূপ আকৃতি) স পুং, ভারতের প্রাচ্য দেশবিশেষ। আস অঞ্চলস্থিত। ইহা কামপীঠ, র পীঠ, স্বর্ণপীঠ ও কৌমারপীঠ, এ চারিপীঠে বিভক্ত। এই খানে কামা দেবী আছেন। শিং—১"সর্ব্বত্র বির যাহং কামরূপে গৃহে গৃহে।" ২। বি ত্রিং, মনোজ্ঞরূপ, সুন্দর। ৩। স্বেচ্ছ

পূর্ব্বক রূপধারী। শিং—১ "জানামি ত্বাং প্রকৃতিপুরুষং কামরূপং মঘোনঃ।'

কামরূপী (কামরূপিন্, কাম ইচ্ছা—রূপ আকৃতি+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, বিদ্যাধর। ২। বিং, ত্রিং, যে ব্যক্তি যখন যেরূপ ইচ্ছা হয় তদনুরূপ বেশভূষা করে, স্বরূপ। ৩। স্বেচ্ছাপূর্ব্বক রূপধারণসমর্থ। শিং—১ " সার্ব্বমাশু নিচেতব্যং হরিভিঃ কামরূপিভিঃ।" ৪। বিদ্যাধর।

কামরেখা (কাম কাম ব্যাপার—রেখা পঙক্তি, ৭মী—হিং) সং, স্ত্রীং, বেশ্যা।

কামল (কাম ইচ্ছা—লা আনয়ন করা+অ(ড)—ক অথবা—ল লস্‌ধাতুজ) সং পুং,বসন্তকাল। ৩। মরুভূমি। ৪।(কাম+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কামুক, কামী। লা-পুং—স্ত্রীং, (কাম—লূ ছেদন করা+অ(ড)—ক, আপ্) পিত্তের বৈগুণ্য-নিবন্ধন রোগবিশেষ, কাঁওল। এই রোগে চক্ষু ও অন্যান্য অবয়ব হরিদ্রাবর্ণ হইয়া যায়।

কামবৎ (কাম+বৎ (বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভিলাষযুক্ত। ২। মৈথুনানুরাগ বিশিষ্ট। তী—স্ত্রীং, শিং—১ "ত্যাগঃ কামবতীনাং হি স্ত্রীণাং সম্ভির্বিগর্হিতঃ"। ৩। দারুহরিদ্রা।

কামবৃত্ত (কাম যথেষ্ট—বৃত্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যথেচ্ছাচারী।

কামশর (কাম—শর বাণ) সং, পুং, কন্দর্পের বাণ। ২। (আম্র মুকুল কামশররূপে নির্দ্দিষ্ট থাকাতে) আম্রবৃক্ষ।

কামশক্তি (কাম কন্দর্প—শক্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কামপত্নী। রাঘবভট্ট পদার্থদর্শে—কামনায়িকা পঞ্চাশদ্বিধা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

কামশাস্ত্র; সং, স্ত্রীং, স্বর্গাদির প্রতিপাদক শাস্ত্র। শিং—১ "অর্থশাস্ত্রমিদং প্রোক্তং ধর্ম্মশাস্ত্রমিদংমহৎ। কামশাস্ত্রমিদংপ্রোক্তং ব্যাসেনামিতবুদ্ধিনা।" ২। রতিশাস্ত্র।

কামসখ (কাম—সখ সখিশব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামদেবের সখা বসন্তঋতু। ২। আম্রবৃক্ষ। [পুং, অনিরুদ্ধ।

কামসুত (কাম—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, কামসূ (কাম অভীষ্ট—সূ প্রসব করা+০ (ক্বিপ্)—ক) সং,স্ত্রীং, কামমাতা রুক্মিণী। ২। বিং, ত্রিং, অভীষ্টদায়িনী শিং—১ কিমত্রচিত্রং যদি কামসূর্ভূঃ।" (রঘু)। ৩। পুং, বাসুদেব। [শাস্ত্রবিশেষ।

কামসূত্র; সং, ক্লীং, কামব্যাপারবোধক

কামস্তুতি; সং, স্ত্রীং, মন্ত্রবিশেষ। প্রতিগ্রহ দোষ শান্তির জন্য দানবিশেষ, গ্রহণান্তে এই মন্ত্র পাঠের বিধি আছে।

কামাক্ষী (কাম শোভন—অক্ষি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দেবীবিশেষ। ২। তন্ত্রোক্ত মন্ত্র বিশেষ।

কামাই (যাবনিক) সং, অনাগমন, নিয়মিত কর্ম্মের অকরণ।

কামাখ্যা (কামা—আখ্যা নাম) সং, স্ত্রীং, সতীদেবীর যোনিপীঠরূপ স্থান ও তদধিষ্ঠাত্রী দেবীবিশেষ। শিং—১ "শ্রীভগবানুবাচ। কামার্থমাগতা যস্মাম্ময়া সার্দ্ধং মহাগিরৌ। কামাখ্যা প্রোচ্যতে দেবী নীলকূটে রহো গতা। কামদা কামিনী কামা কান্ত কামাঙ্গদায়িনী। কামাঙ্গনাশিনী যস্মাৎ কামাখ্যা তেন চোচ্যতে।"

কামাঙ্কুশ (কাম—অঙ্কুশ ডাঙ্গশ, পল্লব) সং, পুং, নখ। ২। পুং-চিহ্ন।

কামাত্মা (কামাত্মন্, কাম প্রধান—আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কামাকুলচিত্ত, কামের নিতান্ত বশীভূত। ২। যে ফল কামনা করে, ফলকামী।

কামান (দেশজ) সং, ক্ষুরি-কর্ম্মকরণ। —নী, ক্ষৌর মূল্য, ক্ষুরি কর্ম্মের বেতন।

কামানল (কাম—অনল) সং, পুং, কামরূপ অগ্নি, অতি প্রবল কাম, কামাগ্নি।

কামান্ধ (কাম—অন্ধ চক্ষুহীন) বিং, ত্রিং কামমুগ্ধ, কামদ্বারা জ্ঞানহীন, কামের নিতান্ত বশীভূত, কামবশতঃ কর্ত্তব্য বিবেচনা শূন্য। ২। সং, পুং, (কুহুরব কামোদ্দীপক বলিয়া) কোকিল।

কামায়ুঃ (কামায়ুস্, কাম—আয়ুস্ জীবন। যে স্বেচ্ছায় বিদ্যমান থাকে) সং, পুং, গরুড়।

কামায়ুধ (কাম—আয়ুধ, ৬ষ্ঠী—ষ। কাম-

দেবের তন্ত্রে আম্রমুকুল কামাস্ত্র বলিয়া) সং,পুং, আম্রবৃক্ষ। ২। ক্লীং, কামদেবাস্ত্র।

কামাবসায়িতা, কামাবশায়িতা (কামবসায়িন্,কাম ইচ্ছা —অবসায়ী [অব—সো নাশ করা+ইন্(ণিন্)—ক] যে নষ্ট করে, যে ইচ্ছা নষ্ট করে+তা—ভাবে। ২য়-পক্ষে—শী শয়নকরা+ইন্(ণিন্)+তা—ভাবে) সং, স্ত্রীং, ঈশ্বরের ঐশ্বর্য্যবিশেষ, ইচ্ছাবসানশক্তি, আপনার সর্ব্বকামনা পূর্ণ করিবার ক্ষমতা। ২। ইন্দ্রিয়নিগ্রহ-শক্তি। শিং—১ "কামান্ স্বেচ্ছয়া অব-সায়য়িতুং শীলমস্য কামাবসায়ী তস্য ভাবঃ। ইতি সারসুন্দরী॥"

কামার (কর্ম্মকার শব্দজ) সং, জাতিবিশেষ, যাহারা লৌহের কর্ম্ম করে।

কামারণ্য (কাম মনোহর—অরণ্য, ষং—স) সং, ক্লীং, সুন্দর বন।

কামারি (কাম—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহাদেব।

কামার্ত্ত (কাম—আর্ত্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, কামদ্বারা পীড়িত,কামের নিতান্ত বশীভূত, কামাতুর। শিং—১ "কামার্ত্তাহি প্রকৃতি চপলা চেতনাশ্চেতনেষু।" (মেঘদূত)।

কামিত (কামি ইচ্ছাকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত। ২। ঈপ্সিত।

কামী (কামিন্, কাম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কামবিশিষ্ট, কামুক। শিং—১ "স বভূব ততঃকামী তয়া সার্দ্ধমকাময়া।" ২। সং, পুং, (অতিশয় কামুক বলিয়া) চক্রবাক। ৩। কপোত। ৪। চটক। ৫। সারস। ৬। চন্দ্র। নী—স্ত্রীং, অতিশয় কামযুক্তা নারী। শিং—১ "কেষাং নৈষা ভবতি কবিতা কামিনী কৌতুকায়।" ভীরু স্ত্রী। ২। স্ত্রীমাত্র। ৩। মদিরা। ৪। ৫। (সুন্দরবর্ণত্ববিধায়) দারুহরিদ্রা।

কামীন (কাম+ঈন (খীন)—প্রং) বিং, ত্রিং, কামানুগত, কামুক।

কামুক (কম্ ইচ্ছা করা+উক(উকঞ্)—ক) বিং, ত্রিং, রমণাভিলাষী। ২। অভিলাষী। বিলাসী। ৩। সং, পুং, অশোকবৃক্ষ। ৪। অতিমুক্তলতা, মাধবীলতা। ৫। চটক। কা—স্ত্রীং, ভোগাভিলাষিণী, ইচ্ছাবতী। কী—স্ত্রীং, রমণাভিলাষিণী। শিং—১ "বোধয়িত্বা শুভৈর্ব্বাক্যৈঃ কামিনীমিব কামুকঃ।"

কামেশ্বর (কাম—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরমেশ্বর। রী—স্ত্রীং, (যিনি কামের ঈশ্বরী অর্থাৎ বাসনার মূলবীজ) ভৈরবী বিশেষ। অন্নপূর্ণার মন্ত্রের মধ্যে শ্রীবাক্ মায়া প্রভৃতি বীজের ন্যায় কামবীজও আছে। শিং—১ "কামেশ্বরীচ রুদ্রাণাং পূর্ব্ব সিংহাসনে স্থিতা।" (তন্ত্রসার)।

কামোদক (কাম ইচ্ছা—উদক জল) সং, ক্লীং, মৃত ব্যক্তির উদ্দেশে স্বেচ্ছা-ক্রমে প্রদত্ত জল।

কামোদা; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

কামোপহত (কাম—উপহত, ৩য়া—ষ) বিং, ত্রিং, কাম প্রবল হইয়া যাহার বুদ্ধি আ-চ্ছন্ন করে।

কাম্পিল, কাম্পীল, কাম্পিল্য, কাম্পিল্ল, (কম্প কাঁপা+ইল, ঈল, ইল্য, ইল্ল—প্রং,অথবা কম্পিলা-ল্লা নদীবিশেষ +ষ্ণ্য, ষ্ণ—প্রং) সং, পুং, দেশবিশেষ। ২। সুগন্ধি দ্রব্যবিশেষ। ৩। লতাবিশেষ।

কাম্ববিক (কম্বু শঙ্খ+ইক (ষ্ণিক)—নিষ্প-ন্নার্থে) সং, পুং, শঙ্খকার, শাঁখারি।

কাম্বল (কম্বল+অ(ষ্ণ)—আচ্ছাদনার্থে) সং, পুং, কম্বলাবৃত রথ।

কাম্বোজ (কম্বোজ উত্তরদেশ + অ(ষ্ণ) —জাতার্থে, স্বার্থে) সং, পুং, কম্বোজ দেশীয় অশ্ব। ২। পুন্নাগবৃক্ষ। ৩। দেশ-বিশেষ। ৪। যবন জাতিবিশেষ। (সগর রাজা ইহার শিরোমুণ্ডন করিয়াছিলেন, যথা—অর্দ্ধাংশকানাং শিরসো মুণ্ডয়িত্বা ব্যসর্জ্জয়ৎ। যবনানাং শিরঃসর্ব্বং কাম্বো-জানাং তথৈব চ॥ ইতি হরিবংশঃ॥) ৫। শ্বেত খদির, পাপ্‌ড়ি খয়ের।

কাম্য (কম্-ণিঃ=ইচ্ছাকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, ভোগ্য। ২। অভিলষণীয়। ৩। যাহা ইচ্ছা হইলে করা যায়, যাহা না করিলে নয় এরূপ নহে, ঐচ্ছিক। ৪। কমনীয়, সুন্দর। ৫। সং,ক্লীং, অভীষ্টকর্ম্ম। শিং—১

"যৎকিঞ্চিৎফলমুদ্দিশ্য যজ্ঞদানজপাদিকং। ক্রিয়তে কায়িকং যচ্চ তৎকাম্যং পরিকীর্ত্তিতং ॥"

কাম্যকবন—ইহা সরস্বতী নদীতীরে অবস্থিত ছিল। পাণ্ডবেরা এইখানে বহুদিন বাস করিয়াছিল।

কাম্যদান (কাম্য কমনীয় বা অভিলষণীয় —দান, ৬ষ্ঠী—ষ অথবা ৪র্থী—ষ) সং, ক্লীং, কমনীয় বস্তুর দান কিম্বা কামনা হেতুক দান। শিং—১ "অপত্যবিজয়ৈশ্বর্য্যস্বর্গার্থং যৎ প্রদীয়তে। দানং তৎকাম্যমাখ্যাতমৃষিভির্ধর্মচিন্তকৈঃ।"

কাম্যফল (কাম্য—ফল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কাম্যকর্ম্মের ফল।

কাম্যমান (কাম্য দেখ, আন(শান)—র্ম্ম,ভা। য, ম—আগম) বিং, ত্রিং, প্রার্থ্যমান।

কাম্ল (কু ঈষৎ—অম্ল, যৎ—স) সং, ক্লীং, অল্পঅম্লরস। ২। বিং ত্রিং, ঈষৎ অম্লরস যুক্ত।

কায় (ক ব্রহ্মা—অয় গমনার্থ, 'ই' ধাতুজ। যাহা ব্রহ্মা হইতে গমন করে, কিম্বা যাহা ব্রহ্মাতে গমন করে অথবা চি একত্র করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, শরীর, দেহ। শিং—১ "কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়েরপি। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি।" ২। সমূহ। ৩। লক্ষ্য। ৪। স্বভাব। ৫। গৃহ। ৬। ব্রহ্মা। ৭। স্বাভাবিক অবস্থা। ৮। মূলধন। শিং—১ "কায়াবিরোধিনী শশ্বৎ পণার্দ্ধাদ্যা তু কায়িকা।" ৯। (ক+ঋ) প্রজাপতিদেবত কচরু-বিবাহাদি। ১০। ক্লীং, করতলস্থ কনিষ্ঠাঙ্গুলির অধঃস্থান, মনুষ্যতীর্থ।

কায়ক্লেশ (কায়—ক্লেশ) সং, পুং, শরীরের পরিশ্রম; যথা—অর্থব্যয়ে অক্ষম কায়ক্লেশ দ্বারা যাহা হয় করিতে প্রস্তুত আছি।

কায়ক্লেশে (কায়—ক্লেশ) অং, কষ্টে,কথঞ্চিৎ, যোগেযাগে; যথা—কায়ক্লেশে দিনপাত করা।

কায়মান (কায়—মা পরিমাণ করা+অনট্—ধি) সং,ক্লীং, পর্ণকুটীর। ২। উপকার্য্যা।

কায়স্থ (কায় শরীর—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে, ৭মী—ষ) সং, পুং, আত্মা। ২। জাতিবিশেষ, সর্ব্বোৎকৃষ্ট শূদ্রজাতি, ব্রহ্মার কায় হইতে এই জাতির জন্ম। শিং—১ "ব্রহ্মকায়োদ্ভবো যস্মাৎ কায়স্থো বর্ণ উচ্যতে।" ২ "নানা গোত্রশ্চ তদ্বংশ্যাঃ কায়স্থা ভুবি সন্তি বৈ।" (পদ্মপুরাণ)। কোন মতে কায়স্থ জাতি শূদ্রপদ বাচ্য নহে, ক্ষত্রিয়াচারসম্পন্ন চিত্রগুপ্তের বংশজ অসংস্কৃত ক্ষত্রিয় বলিয়া উক্ত। শিং—১ "কায়স্থেনোদরস্থেন মাতুর্মাংসং ন খাদিতং। ন তত্র করুণা রাজন্ কিন্তু হেতুরদন্ততা॥" স্থা—স্ত্রীং, কায়স্থ স্ত্রীজাতি। ২। হরিতকী। ৩। ধাত্রীবৃক্ষ। ৪। কাকোলী। ৫। এলাদ্বয়। ৬। তুলসী। ৭। আমলকী।

কায়া (কায়শব্দজ) সং, শরীর, দেহ।

কায়িক (কায়+ইক(ষ্ণিক)—কৃতার্থে) বিং, ত্রিং, শরীরে যাহা ঘটে বা শরীরসংক্রান্ত; যথা কায়িক কুশল, কায়িক অস্বাস্থ্য; শরীর দ্বারা যাহা সম্পন্ন হয়; যথা—কায়িক চেষ্টা, কায়িক পরিশ্রম। শিং—১ "কায়িকং বাচিকং চৈব মনসা সমুপার্জ্জিতং। তৎসর্ব্বং নাশমায়াতি তমঃ সূর্য্যোদয়ে যথা।" ২ "বাচাবাচাকৃতং কর্ম্ম কায়েনৈবতু কায়িকং।" কা—স্ত্রীং, ধনের বৃদ্ধিবিশেষ।

কার (কৃ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, কার্য্য। ২। নিশ্চয়। ৩। যত্ন। শিং—১ "সকারনানারকাসা।" (মাঘ)। ৪। (+ঘঞ্—ভাবে) করণ। ৫। (+ষণ্—ক) বিং, ত্রিং, (কর্ম্ম পদের পরে থাকিলে) কর্ম্ম-কর্ত্তা; যথা—স্বর্ণকার, কুম্ভকার ইত্যাদি। ৬। (কৃ হিংসা করা+অ(ঘঞ্)—ভাবে) বধ। ৭। (+ঘঞ্—র্ম্ম) পূজোপহার, বলি। ৮। (+ঘঞ্—ক) যতি। ৯। হিমালয়। রা—স্ত্রীং, (কৃ-ণিচ্=কারি করান+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দূতী। ২। সুবর্ণকারিকা। ৩। (কৃ বিক্ষেপ করা+অ(ঘঞ্)—ধি) কারাগার।

কারক (কৃ করা+অক(ণক)—ক) বিং,

ত্রিং, কর্ম্মকারক। শিং—১"জগতাং কারকঃ কৃষ্ণ।" ২ "গুরোর্বচনকারকঃ।" ২। ক্লীং, ক্রিয়া নিমিত্ত ছয় প্রকার কারক, ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়; যথা—কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ এই ৬। রিকা—স্ত্রীং, পদ্য।

কারকুন—যে কর্ম্মচারী জমাজমী উশুল তহশীলাদির কাগজ প্রস্তুত করে।

কারণ (কারি করান+অন(অনট্)—ণ) সং, ক্লীং, হেতু, নিমিত্ত, বীজ। ২। যাহা হইতে কার্য্য উৎপন্ন হয়, সাধন; যথা-ঘটের কারণ মৃত্তিকা; যাহার যত্নে কার্য্য নির্ব্বাহ হয়; যথা—ঘটের কারণ কুম্ভকার; যাহার সহযোগ ভিন্ন কার্য্য নির্ব্বাহ হয় না, যথা-ঘটের কারণ দণ্ড চক্র সলিল সূত্র প্রভৃতি, বস্ত্রের কারণ তন্ত্র প্রভৃতি। যাহা হইতে কোন বিষয়ের ঘটনা বা উদ্ভব হয়; যথা—ধর্ম্ম সুখের কারণ, অধর্ম্ম দুঃখের কারণ, ক্রোধ অনর্থের কারণ, মিথ্যা কথন অবিশ্বাসের কারণ। হেতু নিমিত্ত, যথা,—তিনি কি কারণে অসন্তুষ্ট হইলেন বলিতে পারি না। উদ্দেশ, প্রয়োজন, যথা—তুমি কি কারণে আসিয়াছ বল। ৩। (করণ+ষ্ণ) ইন্দ্রিয়। ৪। করণনামক কায়স্থজাতি। ৫। দেহ। ৬। (কৃ বিক্ষেপ করা+(অনট্)—ভা) বধ। শিং—১"যেন বিনা যন্ন ভবতি তৎক্ষণম্। ২ কারণং ত্রিবিধং সমবায়ি, অসমবায়ি নিমিত্তঞ্চ, যথা—ঘটানাং কপালদ্বয়সংযোগঃ, বস্ত্রাণাং তন্তু সংযোগঃ পিতুঃ পুত্রো জায়তে।" ৭। গীতবিশেষ, বাদ্যবিশেষ। ৮। অং, যেহেতু, ইহার হেতু এই যে, যথা—আমি আর তার মুখাবলোকন করিব না কারণ সে আমার সহিত অতি অসদ্ব্যবহার করিয়াছে।

কারণজল; সং, ক্লীং, ব্রহ্মাণ্ড সৃষ্টির হেতুভূতজল। সৃষ্টির পূর্ব্বে সমস্ত ইন্দ্রিয়ের অগোচর একমাত্র ভগবান্ বিষ্ণু বিদ্যমান ছিলেন, তৎকালে অন্য কিছুই ছিল না, পরে স্বেচ্ছাক্রমে তাহা হইতে ত্রিগুণময়ী মায়ার প্রকাশ হয়, তখন তিনি সগুণ হইয়া সেই মায়াতে স্বীয় বীর্য্যরূপ চৈতন্যের আধান করেন। তৎপরে সেই মায়াশক্তি ব্রহ্মাণ্ডের বীজস্বরূপ মহত্তত্ত্ব উৎপাদন করেন। সেই মহত্তত্ত্ব হইতে সাত্ত্বিক রাজস ও তামস এই ত্রিবিধ অহঙ্কারের সৃষ্টি হয়, পরে যথাক্রমে সাত্ত্বিক অহঙ্কার হইতে মন ও ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবগণ, রাজস অহঙ্কার হইতে দশ ইন্দ্রিয় ও তামস অহঙ্কার হইতে পঞ্চ মহাভূত ও তাহার গুণ সমুদ্ভূত হইয়া থাকে, যে সময়ে এই চতুর্বিংশতি তত্ত্বসমন্বিত ব্রহ্মাণ্ড সৃষ্টি হয় সেই সময়েই ভগবান্ গর্ভোদক নামক জলের সৃষ্টি করেন। ঐ জলের নামই কারণজল, তৎকালে ঐ জলই ব্রহ্মাণ্ডের চতুর্দ্দিক ঘেরিয়া থাকে, পরে তাহা হইতে অণ্ড উত্থিত হয়, এইজন্য জল হইতে আদি সৃষ্টি বলিয়া কথিত আছে। ভগবান্ প্রথমে জলের সৃষ্টি করিয়া তন্মধ্যে বীজভূত ব্রহ্মাণ্ড স্থাপন করিয়াছিলেন, ইহাকে কারণজল বা কারণামৃত কহে। "অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমপাসৃজৎ।"

কারণমালা; সং, স্ত্রীং, অর্থালঙ্কারবিশেষ, উত্তরোত্তর পদার্থের প্রতি পূর্ব্ব পূর্ব্ব পদার্থ যদি হেতুস্বরূপে উপন্যস্ত হয়।

কারণা (কারি হিংসাকরান+অন্—ভা) সং, স্ত্রীং, তীব্র যাতনা, গাঢ়বেদনা, নরকভোগ।

কারণিক (কারণ কার্য্য+ইক ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, পরীক্ষক। ২। বিচারক। ৩। বিং, ত্রিং, কারণসম্বন্ধীয়।

কারণীভূত (কারণ—ভূত হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, কারণস্বরূপ, যে বা যাহা কারণরূপে উপস্থিত হইয়াছে।

কারণোত্তর (কারণ—উত্তর) সং, ক্লীং, অভিযুক্ত বিষয় প্রথমতঃ সত্যস্বরূপে অঙ্গীকার করিয়া পশ্চাৎ প্রতিকূল কারণ প্রদর্শন দ্বারা তৎখণ্ডন, যথা—অমুকের নিকট আমি ঋণী ছিলাম বটে, কিন্তু সে ঋণ পরিশোধ করিয়াছি। এই ভূসম্পত্তি পূর্ব্বে ইহার ছিল বটে কিন্তু দশ বৎসর আমার অধিকার হইয়াছে ইত্যাদি।

কারণ্ডব (কারণ্ড [করণ্ড+ক] জল—বা গমন করা, সঞ্চরণ করা+অ(ড)—ক) সং, পুং, —স্ত্রীং, হংস-বিশেষ, খড়হাঁস। শিং—১ "হংসকারণ্ডবোদ্গীতাঃ সারসাভিরুতা-স্তথা।" [পুং, করন্ধমপুত্র।

কারন্ধম (করন্ধম+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং,

কারন্ধমী (কারন্ধমিন্, কারম্ কার্য্য—ধমিন্ [ধ্মা অগ্নিসংযোগ করা+ইন্(ণিন্)—ক] যে অগ্নিসংযোগ করে) সং, পুং, কাংস্য-কার, কাঁসারি।

কারমিহিকা; সং, স্ত্রীং, কর্পূর।

কারয়িতা (কারয়িতৃ, কারি করান+তৃ(তৃন্) —ক) বিং, ত্রিং, যে অন্যকে কোন কর্ম্ম করায়। [করে) সং, পুং, কাক।

কারব (কা অনুকরণ শব্দ—রব যে শব্দ

কারবার (যাবনিক) কর্ম্ম, কার্য্য, ব্যবসায়।

কারবী (ক জল—আ—রু গমন করা+ অ(অল্)—ভা। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ময়ূরশিখা, রুদ্রজটা। ২। কেলে-জীরা। ৩। মৌরী। ৪। হিঙ্গের পাতা। ৫। ছোট করলা।

কারবেল্ল } (কার নিশ্চয়—বেল্ল যে গমন
কারবেল্লক } করে। ক—যোগে কারবেল্লক) সং, পুং, করলাগাছ। ল্লী—স্ত্রীং, উচ্ছে।

কারসাজি (দেশজ) ছল, কপটতা।

কারস্কর (কার বধ—কর [কৃ করা+অ (ড)—ক] যে করে) সং,ক্লীং, বৃক্ষবিশেষ।

কারা (কৄ বিক্ষেপকরা + অ(ষঞ্)—ধি। যেখানে অপরাধীরা বিক্ষিপ্ত হয়) সং,স্ত্রীং, বন্ধনস্থান, বন্ধনাগার। ২। বন্ধন। ৩। বীণার অধঃস্থিত কাষ্ঠময় ভাণ্ড। ৪। পীড়া। ৫। (কু কুৎসিত—ঋ ইচ্ছাকরা +অল্—ক অথবা কৃ-ণিচ্=কারি করান +অ(অন্)—ক, আপ্) দূতী, কুট্টিনী। ৬। সুবর্ণকারিকা।

কারাগার (কারা বন্ধন—আগার আলয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে স্থানে রাজা অথবা রাজপুরুষদিগের আদেশক্রমে অপরাধী-দিগকে রুদ্ধ করিয়া রাখে, গারদ, জেল-খানা। শিং—১"রিপুঃ কারাগারং কলয়তি চ তং কেলিকলয়া।"

কারাগুপ্ত (কারা বন্ধনাগার—গুপ্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, কারাগারস্থ, কয়েদী।

কারাপথ; সং, পুং, দেশ-বিশেষ; পূর্ব্বে লক্ষ্মণ-পুত্র অঙ্গদ ও চন্দ্রকেতু এই দেশের অধীশ্বর ছিলেন।

কারাম্বিকা; সং, স্ত্রীং, বলাকা, বকশ্রেণী।

কারাবর (কার—অবর নিকৃষ্ট) সং, পুং, চর্ম্মকার, মুচি।

কারাবাস (কারা বন্ধন—বাস, ৭মী—ষ) সং, পুং, কারাগারে রুদ্ধ হইয়া থাকা। ২। (কারা—আবাস আলয়) কারাগার।

কারাবেশ্ম (কারাবেশ্মন্, কারা বন্ধন—বে-শ্মন্ আলয়) সং, ক্লীং, কারাগার।

কারি (কৃ করা+ই(ণি)—র্ম্ম) সং, স্ত্রীং, কার্য্য, কর্ম্ম। ২। শিল্পকর্ম্ম। ৩। প্রশ্না-খ্যানবিষয়। শিং—১"কাং কারিমকার্ষীঃ।" ৪। (+ণি—ক) ত্রিং, শিল্পকারী।

কারিকর (কারি শিল্পকর্ম্ম—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, যে কোন প্রকার শিল্প-কর্ম্ম করে, শিল্পী।

কারিকা (কৃ বা কৄ করা+অক(ণক)—ভা। আ—স্ত্রীলিঙ্গে। অ=ই) সং, স্ত্রীং, বিব-রণশ্লোক, শ্লোকময়বৃত্তিবিশেষ, স্বল্পাক্ষর বৃত্তিদ্বারা বহ্বর্থ জ্ঞাপিকা কবিতা। ২। নটী। ৩। কর্ত্রী। ৪। শিল্পকর্ম্ম। ৫। অং, যন্ত্র। ৬। সুদ, বৃদ্ধি। ৭। যাতনা। ৮। কৃতি, কার্য্য। ৯। মর্য্যাদা।

কারিকুরি (কারিকারিতা শব্দজ কি?) শিল্প-কার্য্যের চাকচিক্যকরণ, সুদৃশ্যকরণ, যা-হাতে পরিষ্কার পরিচ্ছন্ন হয় তাহা করা।

কারিত (কারি করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা করান গিয়াছে। শিং—১ "কারিতান্তে যতোঽতস্ত্বাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ।" (দেবীমাহাত্ম্য)।

কারীরী; সং, স্ত্রীং, যাগবিশেষ।

কারীষ (করীষ+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, করীষসমূহ, ঘুঁটের রাশি।

কারু (কৃ করা+উ(উণ্)—ক, সংজ্ঞার্থে। যে চিত্র লেখ্যাদি কর্ম্ম করে) সং, পুং, বিশ্ব-কর্ম্মা। ২। ত্রিং, শিল্পকারক। ৩। নির্ম্মাতা। ৪। কর্ত্তা। শিং—১ "তক্ষা চ তন্তুবায়শ্চ

নাপিতো রজকস্তথা। পঞ্চমশ্চর্ম্মকারশ্চ-কারবঃ শিল্পিনো মতাঃ।" ২ "নিত্যং শুদ্ধঃ কারুহস্তঃ।"

কারুক্রিয়া ; সং, স্ত্রীং, শিল্পকার্য্য।

কারুজ (কারু শিল্প বা শিল্পকারক — জ [জন্ জন্মান + অ(ড) — ক] জাত বা উৎপন্ন) সং,পুং, শিল্পজাতবস্তু। ২। গাত্রস্থ তিলাদি চিহ্ন। ৩। গিরিমাটী। ৪। বল্মীক। ৫। ফেন। ৬। করিশাবক।

কারুণিক (করুণা + ইক(ষ্ণিক) — প্রভবত্যর্থে) বিং, ত্রিং, যাহার করুণা আছে, অন্যের দুঃখ দর্শনে যাহার দুঃখ বোধ ও দয়ার উদয় হয়, দয়ালু।

কারুণ্ডী ; সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

কারুণ্য (করুণা + য(ষ্ণ্য) — স্বার্থে) সং, ক্লীং, করুণা, দয়া।

কারুষ্য (করুষ + য(ষ্ণ্য) — পালনার্থে) সং, পুং, করুষ দেশাধিপতি দন্তবক্র। ২। ক্লীং, নেত্রমল।

কারোত্তর (কার সুরাপাচন প্রক্রিয়া — উত্তর উদ্ভূত বস্তু, ৬ষ্ঠী — ষ। অথবা কার কার্য্য — উত্তর অত্যুত্তম। উত্তমস্থানে উত্তর। কারোত্তম শব্দও হয়) সং, পুং, সুরামণ্ড, মদের অগ্রভাগ। ২। কূপ।

কার্কশ্য (কর্কশ + য(ষ্ণ্য) — ভাবে) সং,ক্লীং, কাঠিন্য। ২। নির্দ্দয়তা। শিং — ১"আশ্লেষ লোলুপবধূস্তনকার্কশ্যসাক্ষিণী।" (মাঘ)

কার্ত্তবীর্য্য (কৃতবীর্য্য এই রাজপুত্রের পিতা + অ(ষ্ণ) — অপত্যার্থে। কিম্বা কৃত [কৃত্ সম্যক্ শব্দ করা + অ(ষ্ণ) — ভাবে] সংশব্দিত — বীর্য্য বীরত্ব। যাহার বীর্য্য সংশব্দিত হইয়াছে, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কৃতবীর্য্যের পুত্র, নৃপ-বিশেষ; ইহাঁর নাম অর্জ্জুন। ইনি সহস্রবাহু বলিয়া বিখ্যাত। ইনি হৈহয়গণের অধীশ্বর ছিলেন। রাবণ দ্বন্দ্বযুদ্ধে ইহাঁর নিকট পরাজিত হয়। এই ভূপতি জমদগ্নিকে বিনাশ করাতে পরশুরাম ইহাঁর প্রাণসংহার করেন। মাহিষ্মতী ইহাঁর রাজধানী ছিল। প্রবাদ আছে যে ইহার নাম করিলে হৃত দ্রব্য পুনঃপ্রাপ্ত হওয়া যায়।

কার্ত্তবীর্য্যারি (কার্ত্তবীর্য্য — অরি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, পরশুরাম।

কার্ত্তস্বর (কৃতস্বর খনিবিশেষ + অ(ষ্ণ) — ইদমর্থে। কিম্বা কৃতস্বর [কৃত — স্বর শব্দ] বেদপাঠক + অ(ষ্ণ) — ইদমর্থে। ইহাকে স্বর্ণ দক্ষিণা দেওয়া যায় বলিয়া স্বর্ণের নাম কার্ত্তস্বর হইল) সং, ক্লীং, স্বর্ণ। শিং — ১ "স তপ্তকার্ত্তস্বরভাস্বরাম্বরঃ।" ২। ধুস্তূর।

কার্ত্তান্তিক (কৃতান্ত দৈব + ইক(ষ্ণিক) — জ্ঞানার্থে) সং, পুং, দৈবজ্ঞ, জ্যোতির্ব্বিদ্, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ।

কার্ত্তিক (কার্ত্তিকী কৃত্তিকানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী + অ(ষ্ণ) — তদ্‌যুক্তমাসার্থে) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মাস; দ্বাদশ মাসের মধ্যে সপ্তম মাস। এই মাসের পূর্ণিমা কৃত্তিকা নক্ষত্রযুক্ত। এই মাসে সূর্য্য তুলা-রাশিগত হন। এই মাস পবিত্র বলিয়া উক্ত আছে। হিন্দুশাস্ত্রমতে এই মাসে প্রত্যূষে গঙ্গাস্নান, বিষ্ণু ও তুলসীর অর্চ্চনা এবং হরিগুণ শ্রবণ কীর্ত্তনাদি করিলে বিশেষ পুণ্যলাভ হয়। এই মাসে হিন্দুসম্প্রদায় আকাশে দীপদান করিয়া থাকে। ২। (কৃত্তিকা + ষ্ণ) ষড়ানন। ৩। বিং, ত্রিং, কার্ত্তিকমাস-সম্বন্ধীয়। শিং — ১ "কার্ত্তিক মার্গশীর্ষৌশরৎ।"

কার্ত্তিকিক (কার্ত্তিক দেখ, ইক(ষ্ণিক) — স্বার্থে) সং, পুং, কার্ত্তিক মাস। ২। (+ ষ্ণিক — ইদমর্থে) বিং, ত্রিং, কার্ত্তিকমাস-সম্বন্ধীয়।

কার্ত্তিকেয় (কৃত্তিকা নক্ষত্রবিশেষ + এয় (ঢেয়) — অপত্যার্থে। কুমারকে স্তন্যপান করাইয়া কৃত্তিকা প্রতিপালন করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম কার্ত্তিকেয় হইল) সং, পুং, কুমার, ষড়ানন। শিং — ১ "তং কুমারং ততো জাতং দৃষ্ট্বা সেন্দ্রা মরুদ্‌গণাঃ। তদা ক্ষীরপ্রদানার্থং কৃর্ত্তিকাঃ সংন্যযোজয়ন্। তাঃ ক্ষীরং তস্য দেবস্য সময়েন দদুস্তদা। স্যাদস্মাকময়ং পুত্রঃ খ্যাতো নাম্নেতি রাঘব। অন্যোন্যং পিবতস্তাসাং তনয়স্য মুখানি ষট। সম-

ভুবনমহাবাহোঃ ষণ্মুখস্তেন বিশ্রুতঃ। ত-তস্তা দেবতা উচুঃ কার্ত্তিকেয়ঃ ইতি প্রভুঃ।"
কার্ত্তিকেয়প্রসূ ( কার্ত্তিকেয় – প্রসূ মাতা, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, কার্ত্তিকের জননী, পার্ব্বতী।
কার্ত্তিকোৎসব ( কার্ত্তিক স্বনাম প্রসিদ্ধ মাস – উৎসব) সং, পুং, কার্ত্তিকীপূর্ণিমা।
কার্ৎস্ন্য ( কৃৎস্ন সকল + য(ষ্ণ্য) – ভাবে ) সং, ক্লীং, সাকল্য, সমুদায়। ২। সম্পূর্ণতা। শিং – ১ "তন্নিবোধত কার্ৎস্ন্যেন দ্বিজাগ্র্যান পঙ্‌ক্তিপাবনান্।"(মনু)।
কার্পট ( কর্পট + ষ্ণ ) সং, পুং, জতু, জৌ। ২। বস্ত্রখণ্ড, লাতা কানি। ৩। বিং, ত্রিং, কার্য্যার্থী, উমেদওয়ার।
কার্পটিক (কর্পট + ইক(ষ্ণিক) – বিচরণার্থে। যে কাষায় বস্ত্রখণ্ড ধারণ করিয়া বিচরণ করে) বিং, ত্রিং, তীর্থসেবী। শিং – ১ "বিশ্রান্তকার্পটিকপ্রস্ফুটিতচরণধূলিধূসরঃ।" ২। মর্ম্মজ্ঞ।
কার্পণ্য (কৃপণ + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা, দারিদ্র। ২। দীনতা, দৈন্য। ৩। কাতরতা। শিং – ১ "কার্পণ্যদোষোপহতস্বভাবঃ।" ২ "মনস্বী ম্রিয়তে কামং কার্পণ্যং ন তু গচ্ছতি।"
কার্পাস (কৃ করা + পাস – সংজ্ঞার্থে। ঋ = আর) সং, পুং, কাপাসগাছ। ২। (কর্পাস + ষ্ণ, ঈপ্) ক্লীং, তুলা। ৩। (কার্পাস + ষ্ণ) বিং, ত্রিং, কার্পাসনির্ম্মিত, কার্পাসজাত।
কার্পাসধেনু ; সং, স্ত্রীং, কার্পাসসূত্রনির্ম্মিত বস্ত্রদ্বারা নির্ম্মিতা ধেনু ; ইহা দান করিলে ইন্দ্রলোক লাভ হয়। বরাহপুরাণে এইরূপ বস্ত্রনির্ম্মিত ধেনু দানের বিধি আছে।
কার্পাস-নাসিকা ; সং, স্ত্রীং, তর্কু, টেকো।
কার্পাসিক (কার্পাস + ইক(ষ্ণিক) – ইদমর্থে, অথবা ক – যোগে কার্পাসিক) বিং, ত্রিং, কার্পাসসূত্রে নির্ম্মিত। শিং – ১ "শতং দাসী সহস্রাণাং কার্পাসিক নিবাসিনাম্।" ২। কার্পাসসংক্রান্ত।
কার্পাসী (কার্পাস দেখ, ঈ – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কাপাসগাছ। [কর্ম্মশীল, পরিশ্রমী।
কার্ম্ম (কর্ম্মন্ + অ(ষ্ণ) – শীলার্থে) বিং, ত্রিং,
কার্ম্মণ ( কর্ম্মন্ + অ(ষ্ণ) – হিতার্থে ) সং, ক্লীং, মূলকর্ম্ম, মন্ত্র তন্ত্রাদি দ্বারা বশীকরণাদি, যাদু করা। শিং – ১ "ধৌতংনদ্যা কিন্নিদমথবা কার্ম্মণী মাথুরীণাম্।" ২। মন্ত্রতন্ত্র প্রয়োগ। ৩। বিং, ত্রিং, কর্ম্মনির্ব্বাহে নিপুণ, কার্য্যদক্ষ। [কামার।
কার্ম্মার (কর্ম্মার + অ(ষ্ণ) – স্বার্থে) সং, পুং,
কার্ম্মিক ( কর্ম্মন্ কার্য্য, শিল্পকার্য্য + ইক (ষ্ণিক) – ইদমর্থে) বিং, ত্রিং, যাহার উপর কর্ম্ম করা গিয়াছে, যে বস্ত্রাদির উপর সূচী দ্বারা রক্ত নীল প্রভৃতি বর্ণের সূত্রে ফুল অথবা অন্য প্রকার কাজ করা যায়, বিচিত্র (বস্ত্রাদি)। ২। নির্ম্মিত।
কার্ম্মুক (কর্ম্মন্ + উক – প্রং) সং, ক্লীং, ধনুক। শিং – ১ "কার্ম্মুকেণেব গুণিনা বাণঃ সন্ধানমেষ্যতি।" (মাঘ)। ২। পুং – ক্লীং, বাঁশ। ৩। মহানিম্ব। ৪। হিজ্জল। ৫। শ্বেত খদির। ৫। ধনুরাশি। শিং – ১ "কার্ম্মুকং তু পরিত্যজ্য ঝষং ( মকরং ) সংক্রমতে রবিঃ।" ৬। বিং, ত্রিং, কর্ম্মসম্পাদক, কর্ম্মদক্ষ। [আসনবিশেষ।
কার্ম্মুকাসন ; সং, ক্লীং, রুদ্রাযামলোক্ত
কার্য্য ( কৃ করা + য ঘ্যণ ) – ভা, র্ম্ম। যাহা করা যায়) সং, ক্লীং, কর্ম্ম, কাজ ; যথা— বিনা যত্নে কোন কার্য্যনির্ব্বাহ হয় না। ২। নিমিত্ত, প্রয়োজন ; যথা—কোন্ কার্য্যের উদ্দেশে তিনি আসিয়াছিলেন। ৩। হেতু। ৪। ফল, উপকার ; যথা – বৃথা পরিশ্রমে কোন কার্য্য দেখে না। ৫। বিবাদ। ৬। অপূর্ব্ব। ৭। বিং, ত্রিং, কর্ত্তব্য। "উদ্যমেন হি সিধ্যন্তি কার্য্যাণি ন মনোরথৈঃ।"
কার্য্যকারণভাব ; সং, পুং, সম্বন্ধবিশেষ, কার্য্যের সহিত কারণের ও কারণের সহিত কার্য্যের সম্বন্ধ।
কার্য্যকাল (কার্য্য – কাল, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কার্য্যের সময়, যে সময়ে যে কর্ম্ম করা উচিত বা আবশ্যক।
কার্য্যকুশল ( কার্য্য – কুশল, ৬ষ্ঠী – ষ ) বিং, ত্রিং, কার্য্যজ্ঞ, কার্য্যদক্ষ, কর্ম্মে পটু।
কার্য্যক্ষম (কার্য্য – ক্ষম, ৭মী – ষ) বিং, ত্রিং কার্য্যনির্ব্বাহে সমর্থ, কর্ম্মক্ষম।

কার্য্যচিন্তক (কার্য্য – চিন্তি + অক(ণক) – ক) বিং, ত্রিং, কার্য্যচিন্তাকারী, যে কর্ত্তব্য কৃতাকৃত বিষয়ের আলোচনা করে। শিং – ১ "ধর্ম্মজ্ঞাঃ শুচয়োঽলুব্ধাঃ ভবেয়ুঃ কার্য্যচিন্তকাঃ।"

কার্য্যদর্শন (কার্য্য – দর্শন, ২য়া – ষ) সং, ক্লীং, কার্য্য দেখা, কার্য্য নির্ব্বাহ করা; প্রকৃতরূপে কার্য্য সম্পন্ন হইতেছে কি না তাহার তত্ত্বাবধান।

কার্য্যদর্শী (কার্য্যদর্শিন্, – দৃশ্ দর্শন করা + ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, যে কার্য্য দেখে, যে কার্য্য সম্পন্ন করে; কার্য্য প্রকৃতরূপে সম্পন্ন হইতেছে কি না, যাহার উপর তাহার তত্ত্বাবধানের ভার থাকে।

কার্য্যদ্বেষ }
কার্য্যপ্রদ্বেষ } (কার্য্য – দ্বেষ, প্রদ্বেষ = ঈর্ষা, ঘৃণা) সং, পুং, আলস্য, কার্য্যনির্ব্বাহে বিরাগ বৈমুখ্য অযত্ন বা অমনোযোগ।

কার্য্যনির্ব্বাহ (কার্য্য – নির্ব্বাহ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কার্য্যনির্ব্বাহ, কার্য্যের সমাধা, কর্ম্মনির্ব্বাহ, কার্য্যনিষ্পত্তি।

কার্য্যনির্ব্বাহক (কার্য্য – নির্ব্বাহক সম্পাদক, ২য়া – ষ) বিং, ত্রিং, যে কার্য্য নির্ব্বাহ করে, যার যত্নে কার্য্য নির্ব্বাহ হয়, কার্য্যসম্পাদক, কার্য্যসমাধায়ক।

কার্য্যনিষ্পত্তি (কার্য্য – নিষ্পত্তি, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, কার্য্যের মীমাংসা, কার্য্যনির্ব্বাহ, কার্য্যসমাধা।

কার্য্যপুট (কার্য্য অভিপ্রায়, কারণ ইত্যাদি – পুট্ [সংলগ্ন হওয়া] নাশ করা + অ (অন্) – ক) সং, পুং, নির্লজ্জ। ২। উন্মত্ত। ৩। অনর্থকর।

কার্য্যবশ (কার্য্য – বশ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কার্য্যের অনুরোধ, কর্ম্মবশ, কর্ম্মানুরোধ। ২। বিং, ত্রিং, কর্ম্মের বশীভূত, কার্য্যনির্ব্বাহের অনুরোধে বদ্ধ।

কার্য্যবশতঃ (কার্য্যবশ + তস্ – সপ্তম্যর্থে) অং, কার্য্যের অনুরোধে, কর্ম্মবশতঃ।

কার্য্যশেষ (কার্য্য – শেষ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, আরব্ধ কর্ম্মের সমাধান। ২। কার্য্যের শেষ, কার্য্য অবশিষ্ট থাকা।

কার্য্যসমাধা (কার্য্য – সমাধা, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, কার্য্যের সমাধা, কার্য্যনিষ্পত্তি, কার্য্যনির্ব্বাহ, কার্য্যসমাধান।

কার্য্যসমাধান (কার্য্য – সমাধান, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কার্য্যনিষ্পাদন, কার্য্যসাধন।

কার্য্যসমাধায়ক (কার্য্য – সং – আ – ধা-ণিচ্ = ধায়ি সম্পন্ন করা + অক(ণক) – ক) বিং, ত্রিং, যে কার্য্যের সমাধান করে।

কার্য্যসম্পাদক (কার্য্য – সং – পদ্-ণিচ্ = পাদি সম্পন্ন করা + অক(ণক) – ক) বিং, ত্রিং, যে কার্য্য সম্পন্ন করে, কার্য্যনির্ব্বাহক।

কার্য্যসম্পাদন (কার্য্য – সম্পাদন, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কার্য্যনিষ্পত্তি করা, কর্ম্মসমাধান।

কার্য্যসাধন (কার্য্য – সাধন, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, কার্য্য সিদ্ধ করা, কার্য্য সম্পন্ন করিয়া লওয়া বা দেওয়া।

কার্য্যসাধক (কার্য্য – সাধ্ সিদ্ধ করা + অক (ণক) – ক) বিং, ত্রিং, যে কার্য্য সাধন করে, যে কার্য্য সম্পন্ন করিয়া লয় বা দেয়।

কার্য্যসিদ্ধি (কার্য্য স্বীয় অভীষ্ট – সিদ্ধি, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, অভীষ্ট-সিদ্ধি। শিং – ১ "বিত্তং ব্রহ্মণি কার্য্যসিদ্ধিরতুলাশক্রে হুতাশে ভয়ম্।" ২। কর্ত্তব্যকর্ম্মনিষ্পত্তি।

কার্য্যাধিপ (কার্য্য – অধিপ অধ্যক্ষ, ৬ষ্ঠী – ষ) বিং, ত্রিং, কার্য্যের অধ্যক্ষ, কর্ম্মাধ্যক্ষ। ২। পুং, জ্যোতিষে—লগ্ন হইতে দশমস্থানের অধীশ্বর।

কার্য্যান্বিত (কার্য্য – অন্বিত যুক্ত, ৩য়া – ষ) বিং, ত্রিং, কর্ম্মযুক্ত, কর্ম্মবিশিষ্ট।

কার্য্যানুরোধ (কার্য্য – অনুরোধ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কর্ম্মের আয়োজন, কার্য্যের উদ্যোগ।

কার্য্যান্তর (কার্য্য – অন্তর) সং, ক্লীং, অন্য [কার্য্য, কর্ম্মান্তর।

কার্য্যারম্ভ (কার্য্য – আরম্ভ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, কর্ম্মারম্ভ, কার্য্যের প্রথম অনুষ্ঠান।

কার্য্যোৎসুক (কার্য্য – উৎসুক, ৭মী – ষ) বিং, ত্রিং, কার্য্য নির্ব্বাহে ব্যগ্র তৎপর বা যত্নশীল।

কার্য্যোদ্ধার (কার্য্য – উদ্ধার, ৬ষ্ঠী – ষ) সং,

পুং, কার্য্য সাধন করা, কার্য্য সিদ্ধি করিয়া লওয়া।

কার্য্যী (কার্য্যিন্,কার্য্য + ইন্(ণিন্) — অস্ত্যর্থে) বিং,ত্রিং, কার্য্যার্থী। ২। উমেদার।

কার্শ্য (কৃশ ক্ষীণ + য(ষ্ণ্য) — ভাবে) সং, ক্লীং, কৃশতা, ক্ষীণতা। শিং — ১ "নির্বন্ধসঞ্জাতরুষার্থকার্শ্যম্।" (রঘু)। ২। পুং, কার্য্য। ৩। সালবৃক্ষ। ৪। কচূর। ৫। লকুচ।

কার্ষাপণ (কর্ষ তোলকপরিমাণ + ষ্ণ — আপন ব্যবহার) সং, পুং — ক্লীং, ১৬ পণ, কাহন। শিং — ১"রূপ্যকর্ষকৃতব্যবহার দ্রব্যং। লোকেতু তন্মূল্যে ষোড়শপণসমুদায়ে কার্ষাপণস্যোপচারেণ প্রবৃত্তিঃ।"

কার্ষিক (কর্ষ তোলকপরিমাণ, কর্ষণ + ইক (ষ্কিক) — ইদমর্থে) সং, পুং, একবুড়ি, পাঁচ গণ্ডা। ২। এক তোলা। ৩। কৃষক।

কার্ষ্ণ (কৃষ্ণ + অ ষ্ণ) — ইদমর্থে) বিং, ত্রিং, কৃষ্ণসম্বন্ধীয়। শিং — ১ "কার্ষ্ণেন পত্রিণা শত্রুঃ স ভিন্নহৃদয়ঃ পতন্।" (রঘু)। ২। কৃষ্ণমৃগসম্বন্ধীয়। শিং — ১ "কার্ষ্ণরৌরববাস্তানি চর্ম্মাণি ব্রহ্মচারিণঃ।" (মনু)। ৩। কৃষ্ণদ্বৈপায়ন সম্বন্ধীয়। শিং — ১ "কার্ষ্ণং বেদমিমং বিদ্বান্ শ্রাবয়িত্বার্থমশ্নুতে।" ৪। কৃষ্ণসার মৃগ, মৃগী।

কার্ষ্ণায়ন (কৃষ্ণ + আয়ন ষ্ণায়ন) — অপত্যার্থে) সং, পুং, ব্যাসের বংশজাত পুরুষ।

কার্ষ্ণি (কৃষ্ণ + ই(ষ্ণি) — অপত্যার্থে) সং,পুং, কৃষ্ণের পুত্র। ২। কামদেব। ষ্ণী শতাবরী।

কাল (কল্ গণনা করা + অ অন্) — ক) সং, পুং, সময়; চন্দ্র ও সূর্য্যকে অবলম্বন করিয়া ইহার বিবিধ বিভাগ হইয়াছে। ২। রাগ রাগিণী গাওয়ার সময়; যথা— "তান মান বাদ্য তাল, নৃত্য গীত ক্রিয়াকাল।" ৩। অবসর। ৪। যম। ৫। মৃত্যু, মরণ, প্রাণত্যাগ। ৬। শনি। ৭। কোকিল। ৮। শিব, সর্ব্বসংহারক রুদ্র, নিত্যতা বিধায় পরমেশ্বর। শিং — ১ "জন্যানাং জনকঃ কালো জগতামাশ্রয়ো মতঃ। পরাপরত্বধীহেতুঃ ক্ষণাদিঃ স্যাদুপাধিতঃ।" ২ "অনাদি নিধনঃ কালো রুদ্রঃ সঙ্কর্ষণঃ স্মৃতঃ। কলনাৎ সর্ব্বভূতানাং স কালঃ পরিকীর্ত্তিতঃ।" ৩ "নায়ং কালো বিলম্বিতুম্।" ৪ "স্বল্পেনাপি বহেচ্ছক্রং কালমাসাদ্য বুদ্ধিমান্।" ৯। বিষ্ণুর অনন্তমূর্ত্তি। ১০। কাসমর্দ্দ। ১১। রক্তচিত্রক। ১২। (কু কুৎসিত — অল্ ভূষিত করা + অন্ — ক) কৃষ্ণবর্ণ। ১৩। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট। ১৪। ক্লীং, লৌহ। ১৫। কক্কোলক। ১৬। কালীয়ক। লা — স্ত্রীং, নীলগাছ।

কালক (কল্ গণনা করা + অক(ণক) — ক। যে শুভাশুভ গণনা করে) সং, পুং, জতুক, জড়ুর। ২। কালকাশন্দার শাক। ৩। সর্পবিশেষ, ঢোঁড়াসাপ। ৪। (কল্ প্রেরণ করা + ণক — ক। যে সমস্ত রক্ত প্রেরণ করে) ক্লীং, যকৃৎ রোগ। ৫। (কাল + ক (কণ্) — সংযুক্তার্থে) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণযুক্ত।

কালকচু; সং, স্ত্রীং, কৃষ্ণবর্ণ কচুবিশেষ।

কালকঞ্জ; সং, ক্লীং, নীলপদ্ম। ২। দানববিশেষ; শিং — ১ "পৌলোমৈঃ কালকঞ্জৈশ্চ হৃষ্টপুষ্টৈরধিষ্ঠিতম্।"

কালকটঙ্কট (কাল — কটঙ্কট, ষং — স) সং, পুং, শিব। "বৈণবী পটবী তালী খলী কালকটঙ্কটঃ।"

কালকণ্ঠ (কাল — কণ্ঠ গলা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, নীলকণ্ঠ, শিব। ২। ময়ূর। ৩। খঞ্জন। ৪। চড়ুই। ৫। দাত্যূহপক্ষী।

কালকর্ণী; সং, স্ত্রীং, অলক্ষ্মী।

কালকল্প (কাল — কল্প তৎসদৃশ) বিং, ত্রিং, কালসদৃশ,ভীষণ; যথা—"কালকল্প ভীম।"

কালকা; সং, স্ত্রীং, কালকেয় অসুরগণের মাতা।

কালকীল; সং, পুং, কোলাহল।

কালকুণ্ঠ (কাল সময় — কুণ্ঠ ব্যাহত, দুঃখ দায়ক) সং, পুং, যম।

কালকূট (কাল যম — কূট্ নষ্ট করা + অ (অন্) — ক। যে যমকেও নষ্ট করে, ২য়া — য। অথবা কাল মৃত্যু — কূট রাশি, ৬ষ্ঠী — ষ) সং, পুং — ক্লীং, গরল, স্থাবরবিষ-বিশেষ; যথা — "কালপঞ্চবটীবনে কালকূটে ভরা এ ভুজগে।" শিং — ১ "কালিমা কালকূটস্য নাপৈতি হরসঙ্গ-

মাং।" ২ "ততো দুর্য্যোধনঃ পাপস্তদ্‌ভক্ষ্যে কালকূটকম্। বিষং প্রক্ষেপয়ামাস ভীমসেন জিঘাংসয়া।"

কালকূটি (কালকূট+ই(ষ্ণি)—ভবার্থে) বিং, ত্রিং, কালকূট হইতে যাহা উৎপন্ন হয়, বিষজাত।

কালকৃৎ (কাল সময়—কৃৎ [কৃ করা+০ (ক্বিপ্)—ক] যে করে। যিনি সময়ের পরিমাণ করেন) সং, পুং, সূর্য্য। ২। পরমেশ্বর। শিং—১ "কালাত্মা কালকৃদ্বিভুঃ।"

কালকৃত (কাল—কৃত করা হইয়াছে) বিং, ত্রিং, সময়ে যাহা করে, কালে যাহা ঘটিয়া উঠে; যথা—কালকৃত ঋণ, অর্থাৎ এতদিনে পরিশোধ করিব বলিয়া যে ঋণ করা যায়। ২। কালে যাহা করে, মনুষ্য যত্ন করুক না করুক ইচ্ছা করুক না করুক কালে ঘটিয়া উঠে; যথা—মনুষ্যের মৃত্যু কালকৃত। ৩। যথাকালে কৃত, যে কার্য্যের যে প্রকৃত সময় সেই সময়ে কৃত। ৪। কালিক নিয়মে যাহা করা হয়। শিং—১ "সর্ব্বংকালকৃতং মন্যে কালো হি বলবত্তরঃ।" ৫। (কাল—কৃত, ৩য়া—হিং। যৎ কর্তৃক কালের পরিমাণ হয়) সং, পুং, সূর্য্য। ৬। (৬ষ্ঠী—হিং) পীড়া-বিশেষ। শিং—১ "কালে কালকৃতো নশ্যেৎ ফলভোগ্যেন নশ্যতি।" (যাজ্ঞ)।

কালকেতু—ইন্দ্রপুত্র নীলাম্বর মহাদেবের শাপে ধর্ম্মকেতু নামক এক ব্যাধের পুত্র হইয়া মনুষ্যরূপে ভূতলে জন্মগ্রহণ করিয়াছিলেন তাঁহার নাম কালকেতু।

কালকেয় (কালকা+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, বহুং, কালকাগর্ভ-সম্ভূত অতি দুর্দ্দান্ত মহাপরাক্রান্ত ষষ্টি সহস্র অসুরগণ-বিশেষ। শিং—১ "কালকেয়া ইতি খ্যাতা গণাঃ পরম দারুণাঃ।"

কালকেশী (—কেশিন্, কাল—কেশ, ঈপ্—স্ত্রীং, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে নারীর কেশ কৃষ্ণবর্ণ।

কালক্ষেপ (কাল—ক্ষেপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ত্তব্য কর্ম্মের কাল লঙ্ঘন করা; ছল করিয়া সময় বাহিয়া দেওয়া; কাল কাটান।

কালক্ষেপণ; সং, ক্লীং, কালক্ষেপ দেখ।

কালখঞ্জন (কাল কৃষ্ণবর্ণ—খনূজ্ গমন করা+অন—ভা) সং, ক্লীং, যকৃৎ, রোগবিশেষ।

কালখণ্ড (কাল কৃষ্ণবর্ণ—খণ্ড অংশ, ষং—স) সং, ক্লীং, যকৃৎ, রোগবিশেষ।

কালগঙ্গা; সং, স্ত্রীং, কালিন্দী নদী।

কালগন্ধ; সং, পুং, কালাগুরু, কৃষ্ণচন্দন। ২। কালের লেশ।

কালগ্রন্থি (কাল সময়—গ্রন্থি সন্ধিস্থান, গাঁইট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৎসর।

কালগ্রাস (কাল—গ্রাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কালের গ্রাস, মৃত্যু। কাল মুখ ব্যাদান করিয়া আছে সময় উপস্থিত হইলে জীব জন্তু তাহার মুখে প্রবিষ্ট হয় অর্থাৎ প্রাণত্যাগ করে। সকলই কালে লীন হয় এই নিমিত্ত কালকে সকলের গ্রাসকর্ত্তা বলিয়া বর্ণনা করিয়া থাকে।

কালঘট; সং, পুং, জনমেজয়ের সর্পসত্রে ঋত্বিক্ ব্রাহ্মণবিশেষ।

কালঙ্কৃত (কু=কা ঈষৎ—অলঙ্কৃত) বিং, ত্রিং, অল্প ভূষিত। ২। সং, পুং, কালকাসুন্দা।

কালচক্র (কাল—চক্র, (রূপক, ষং—স) সং, ক্লীং, চক্রবৎ ভ্রমণশীল কাল। দিবাভাগের পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন ও অপরাহ্ন এই তিনটি কালচক্রের নাভি, সংবৎসর পরিবৎসরাদি পঞ্চ উহার অর অর্থাৎ শলাকা, এবং বসন্তাদি ষট্ ঋতু ইহার নেমি অর্থাৎ প্রান্তভাগের বলয়রূপে বর্ণিত আছে। এই কালচক্র অক্ষয়, বারংবার ধারাবাহিকরূপে ইহা ঘূর্ণিত হইতেছে। শিং—১ "অহস্ত্রিনাভিঃ সূর্য্যস্য ত্বেক চক্রস্য বৈ স্মৃতং অরাঃ। সংবৎসরাঃ পঞ্চ নেম্যঃ ষড়্‌তবঃ স্মৃতাঃ।" (মৎস্যপুরাণ)। ২ "কালচক্রমিবানিশং পরিবর্ত্তনত্বাৎ।"

কালচিন্তক (কাল—চিন্ত্-ণি=চিন্তি চিন্তা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে কাল চিন্তা করে, জ্যোতির্ব্বিদ্, দৈবজ্ঞ।

কালচিহ্ন (কাল—চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মৃত্যুর চিহ্ন, মরণের লক্ষণ।

কালজ্ঞ ( কাল—জ্ঞ যে জানে ) বিং, ত্রিং, যে সময় বুঝিয়া কর্ম্ম করে, অবসরজ্ঞ। ২। যে কার্য্যের যে সময় তাহা যে জানে; যে বৃথা কালক্ষেপ করে না; যে কালের গৌরব বুঝে, যে বৃথা সময় নষ্ট করে না। শিং—১"অত্যারূঢ়োহি নারীণামকালজ্ঞো মনোভবঃ।"(রঘু)। ৩। কালকলাজ্ঞানযুক্ত জ্যোতিষিক। ৪। কালবিৎ। ৫। সং, পুং, কুক্কুট।

কালজ্ঞান ( কাল—জ্ঞা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, জ্যোতিঃশাস্ত্র। ২। (+অনট্—ভা) যোগ্যসময়জ্ঞান।

কালঞ্জর (কাল সময়, মৃত্যু—জর [জৄ জীর্ণ করা+অ(খ)—ক] যে জীর্ণ করে ) সং, পুং, মৃত্যুঞ্জয়, শিব। ২। পর্ব্বতবিশেষ; এই পর্ব্বতে দেবহ্রদ আছে। তাহাতে স্নান করিলে সহস্র গোদানের ফল হয়। ৩। দেশবিশেষ,কালিঞ্জর। ৪। যোগিচক্র। রী—স্ত্রীং, চণ্ডী, দুর্গা।

কালতম ( কাল+তম—অতিশয়ার্থে ) বিং, ত্রিং, অতিশয় কৃষ্ণবর্ণ।

কালত্রয়(কাল—ত্রয় তিন সংখ্যা,৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ত্রিকাল, বর্ত্তমান অতীত ভবিষ্যৎ এই তিন কাল।

কালত্রয়জ্ঞ (কালত্রয়—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি বর্ত্তমান অতীত ভবিষ্যৎ এই তিন কালের যাবতীয় ব্যাপার জানে, ত্রিকালজ্ঞ।

কালত্রয়দর্শন (কাল—ত্রয়—দর্শন, ২য়া—ষ) সং,ক্লীং, ত্রিকালের সমস্ত বিষয় প্রত্যক্ষবৎ দর্শন, ত্রিকালদর্শন।

কালত্রয়দর্শী (—দর্শিন্, কালত্রয়—দৃশ্ দর্শন করা+ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, যে ব্যক্তি ত্রিকালের সমস্ত বৃত্তান্ত প্রত্যক্ষবৎ দেখিতে পায়, ত্রিকালদর্শী।

কালত্রয়বেদী (—বেদিন্, কালত্রয়—বিদ্ জানা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, কালত্রয়জ্ঞ দেখ।

কালদণ্ড; সং, পুং, কালপ্রাপ্ত দণ্ড। ২। জ্যোতিষোক্ত বারাদি যোগবিশেষ। ৩। যমের দণ্ড।

কালধর্ম্ম (কাল সময়, যম—ধর্ম্ম ক্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃত্যু, কালের ধর্ম্ম, কালক্রমে যাহা অবশ্য ঘটিবে। শিং—১ "স রাজা শান্তনুর্ধীমান্ কালধর্ম্মমুপেয়িবান্।" ২। সময়ের স্বভাব, যে সময়ে যাহার ঘটনা বা উৎপত্তি অবধারিত আছে, যেমন বর্ষাকালে বৃষ্টি, গ্রীষ্মকালে উত্তাপ ইত্যাদি।

কালনিয়োগ (কাল—নিয়োগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কালের নিয়োগ, কালকৃত আজ্ঞা।

কালনির্য্যাস (কাল কৃষ্ণবর্ণ—নির্য্যাস ক্বাথ, য়ং—স) সং, পুং, গুগ্গুল।

কালনেমি; সং, পুং, রাক্ষসবিশেষ, রাবণের মাতুল। রামায়ণে বর্ণিত আছে, এই নিশাচর রাবণের আজ্ঞায় হনূমানকে ভুলাইবার নিমিত্ত গন্ধমাদন পর্ব্বতে বাস করে, পরে হনূমানের হস্তে ইহার বিনাশ হয়। ২। দানবিশেষ। ৩। হিরণ্যকশিপুর পুত্র; ইনি দেবগণকে পরাজিত করিয়া স্বীয় দেহ চারি অংশে বিভক্ত করত, একাকী সমুদায় দেবতার কার্য্যভার বহন করিয়াছিলেন। পরে নারায়ণের হস্তে নিহত হয়। এই দানব কংসরূপে অবতীর্ণ হইয়াছিল।

কালপর্ণ; সং, পুং, তগরবৃক্ষ।

কালপর্য্যায় ( কাল—পর্য্যায়, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, কালের বৈপরীত্য, কালের বিপরীত গতি, শুভকালের অশুভদায়কত্ব অশুভকালের শুভদায়কত্ব।

কালপুরুষ ( কাল যম—পুরুষ, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, যমের সহকারী, যমের ভৃত্য। কথিত আছে, ইনি দেবগণের আজ্ঞায় রামচন্দ্রের সভায় আগমন পূর্ব্বক তাহার সহিত কথোপকথনে প্রবৃত্ত হন। তৎকালে লক্ষ্মণ তথায় উপস্থিত হওয়াতে রামের প্রতিজ্ঞানুসারে তিনি রাম কর্ত্তৃক বর্জ্জিত হইয়াছিলেন। ২। জ্যোতিঃশাস্ত্রে—শুভাশুভ জ্ঞাতার্থে জন্মলগ্নাদি দ্বাদশরাশি কল্পিত। ৪। পুরুষাকৃতি নক্ষত্রসমূহ।

কালপৃষ্ঠ ( কাল কৃষ্ণবর্ণ—পৃষ্ঠ পিঠ। যে কালপৃষ্ঠবিশিষ্ট) সং, পুং, কঙ্কপক্ষী। ২।

মৃগবিশেষ। ৩। স্ত্রীং, কর্ণের ধমুক; যথা —"যবে কর্ণ কালপৃষ্ঠধারী এড়িলা একাঘ্নী বাণ রক্ষিতে কৌরবে।" (মেঘনাদ)।

কালপেষী; সং, স্ত্রীং, শ্যামালতা।

কালপ্রভাত (কাল—প্রভাত, ৭মী—হিং) সং, ক্লীং, শরৎ ঋতু।

কালপ্রবৃত্তি (কাল—প্রবৃত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কার্য্যবিশেষে কালের উপস্থিতি।

কালভৈরব (কাল—ভৈরব ভয়, ভীরু+অ (ষ্ণ)—ভাবে, ৫মী—হিং) সং, পুং, শিবাংশজাত ভৈরববিশেষ। কালভৈরবের উৎপত্তিবিষয়ে এইরূপ পৌরাণিক ইতিবৃত্ত প্রসিদ্ধ আছে যে, পূর্ব্বে ব্রহ্মার পঞ্চ মুখ ছিল, তিনি কন্যাভিগমন পাপে লিপ্ত হইয়া শিবতত্ত্বজ্ঞান লাভার্থ কাশীধামে আগমন করিলে কাশীশ্বর দেবাদিদেব স্বীয় অংশে কালভৈরবের সৃষ্টি করিয়া তাহার প্রতি কাশীধাম রক্ষার ভারার্পণ পূর্ব্বক এই বর প্রদান করেন, বৎস যে দুষ্কৃতকারী এই স্থানে সমাগত হইবে, তুমি তাহার দণ্ড বিধান করিবে। ভগবান্ ভবানীপতি কালভৈরবকে এই বর প্রদান করিলে তিনি বাম করের নখাগ্র দ্বারা সেই ব্রহ্মার এক মস্তক ছেদন করেন। তদবধি ব্রহ্মা চতুর্ম্মুখ হইয়াছেন এবং কাশীধামের যে স্থানে ব্রহ্মার সেই মস্তকটি পতিত হইয়াছিল, সেই স্থান কপালমোচন তীর্থ নামে প্রসিদ্ধ হইয়াছে।

কালমান (কাল—মান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কালের পরিমাণ। ২। কৃষ্ণতুলসী।

কালযবন; সং, পুং, যবনরাজবিশেষ। শূলপাণির নিয়োগে গার্গ্যভার্য্যাতে ইহার জন্ম হয়। শিং—১ "মানুষ্যাং গার্গ্যভার্য্যায়াং নিয়োগাচ্ছূলপাণিনঃ। স কালযবনো নাম জজ্ঞে রাজা মহাবলঃ।"

কালযাপন (কাল—যাপন, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, কাল অতিবাহন, কালক্ষেপণ, কালকাটান। ২। দিনপাত করা; যথা—কষ্টে কালযাপন হইতেছে। ৩। লোকযাত্রা নির্ব্বাহ করা; যথা—ধন থাকিলেই সচ্ছন্দে কালযাপন হয়।

কালযুক্ত (কাল—যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, কালধর্ম্মানুসারে যুক্ত। ২। সং, পুং, প্রভবাদি ষষ্টিসংবৎসরান্তর্গত দ্বাপঞ্চাশত্তম বৎসরবিশেষ।

কালরাত্রি (কাল মৃত্যু—রাত্রি, ৬ষ্ঠী-ষ) সং, স্ত্রীং, সংহারসূচক রাত্রি, যে রাত্রিতে মৃত্যু বা বিপদ্ ঘটে, ভয়ানকরাত্রি, কল্লান্ত রাত্রি। শিং—১ "সা তু কালঃ সংহারঃ মরণং তদুপলক্ষিতা রাত্রিঃ কল্পান্তরাত্রিরিত্যর্থঃ।" ২ "সন্ধ্যা রাত্রিঃ প্রভা নিদ্রা কালরাত্রিস্তুমেব চ।" ৩ "কালরাত্রীব ভূতানাং সর্ব্বেষাং দুরতিক্রমা।" ৪"কালরাত্রির্মহারাত্রির্মোহরাত্রিশ্চ দারুণা।" ২। ভগবতীর শক্তি-বিশেষ। "সা দুর্গা শক্তিভিঃ সার্দ্ধং কাশীং রক্ষতি সর্ব্বতঃ। তাঃ প্রযত্নেন সংপূজ্যাঃ কালরাত্রিমুখাঃ নরৈঃ।"

কালরুদ্র (কাল স্বরূপ—রুদ্র, সং—স) সং, পুং, কালস্বরূপ রুদ্রদেব। শিং—১"যাঃ পুরঃ কালরুদ্রস্য নানাক্রীশতসঙ্কুলাঃ।"

কাললবণ; সং, ক্লীং, বিট্‌লবণ।

কালবেলা (কাল শনি—বেলা, ৬ষ্ঠী-ষ) সং, স্ত্রীং, অশুভ সময়বিশেষ, যে সময়ে কোন কর্ম্ম করা বা কোন কর্ম্ম করিবার নিমিত্ত স্থানান্তরে যাওয়া বিধেয় নহে। শিং—১ "ক্রিয়ানর্হকালবিশেষঃ। সা তু রব্যাদিবারে কালস্য শনেস্তত্তদ্‌যামার্দ্ধরূপ বেলা। যথা—রবৌ দিবা পঞ্চম যামার্দ্ধং নক্তং ষষ্ঠযামার্দ্ধম্। সোমে দিবা দ্বিতীয় যাং নক্তং চতুর্থযাং। কুজে দিবা ষষ্ঠ যাং নক্তং দ্বিতীয় যাং। বুধে দিবা তৃতীয় যাং নক্তং সপ্তম যাং। গুরৌ দিবা সপ্তম যাং নক্তং পঞ্চম যাং। শুক্রে দিবা চতুর্থ যাং নক্তং তৃতীয় যাং। শনৌ দিবা প্রথম যামার্দ্ধং নক্তং তদ্বেব। ইতি দীপিকা।"

কালশুদ্ধি (কাল—শুদ্ধি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং কালের শুদ্ধি, কাল শুদ্ধ থাকা।

কালশেয় } কালসেয় } (কলশী, সী+এয়(ঢেয়)—ভবার্থে। যাহা কলসীতে ম স্থন করিয়া উৎপন্ন হয়) সং, ক্লীং, ঘোল

কালসর্প (কাল কৃষ্ণবর্ণ—সর্প, সং—স সং, পুং, কৃষ্ণসর্প, কেউটেসাপ।

কালসহ (কাল—সহ্ সহ্ করা + অ(অল্) —খি) বিং, ত্রিং, যাহাতে কালবিলম্ব সহ্য হয়, বিলম্ব হইলেও যে বিষয়ের ব্যাঘাত ঘটে না। ২। বিলম্ব ঘটিলে যে বিরক্ত বা উদ্ধত হয় না, এক্ষণে নয় পরে হইবেক বলিলে যে অসম্মত হয় না।

কালসার (কাল কৃষ্ণবর্ণ—সার স্থিরাংশ)



কালসার।

সং, পুং, কৃষ্ণবর্ণ হরিণবিশেষ, কৃষ্ণসার। ২। ক্লীং, পীতচন্দন।

কালসূত্র (কাল [কল্ গণনা করা + অ—প্রং] গণনা—সূত্র সুতা, শাসন। ক—যোগে কালসূত্রক শব্দও হয়) সং, ক্লীং, নরকবিশেষ; ইহা প্রতপ্ততাম্রময়। যে ব্যক্তি ব্রাহ্মণের অনিষ্ট বা তৎসদৃশ গুরুতর পাপ করে, তাহাকে এই স্থানে যন্ত্রণা ভোগ করিতে হয়। শিং—১"তন্তু কুলালচক্রসূত্রচ্ছেদনরূপং।"

কালস্কন্ধ (কাল কৃষ্ণবর্ণ—স্কন্ধ গাছের গুঁড়ি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তমালবৃক্ষ। ২। তিন্দুকবৃক্ষ। ৩। জীবকদ্রুম। ৪। দুষ্ খদির। ৫। উডুম্বর।

কালা (কল্ল শব্দজ) বিং, বধির, শ্রবণেন্দ্রিয় হীন। ২। (কালশব্দজ) কৃষ্ণবর্ণ। ৩। সং, স্ত্রীং, নীলিনী। ৪। কৃষ্ণত্রিবৃতা। ৫। মঞ্জিষ্ঠা। ৬। কালিয়াকড়া। ৭। অশ্বগন্ধা। ৮। পাটলাবৃক্ষ।

কালাগুরু (কাল—অগুরু, স্বং—স) সং, ক্লীং, কৃষ্ণবর্ণ সুগন্ধিকাষ্ঠবিশেষ, কৃষ্ণচন্দন।

কালাগ্নি (কাল সর্ব্বসংহারক—অগ্নি, স্বং—স) সং, পুং, সর্ব্বসংহারক অনল, প্রলয়াগ্নি; যথা—"কালাগ্নি সদৃশ দাবাগ্নি বেড়িল দেশ।" (মেঘনাদ)। ২। পঞ্চমুখরুদ্রাক্ষ। শিং—১ "পঞ্চবক্তুঃ স্বয়ং রুদ্রঃ কালাগ্নির্নাম নামতঃ। অগম্যাগমনাচ্চৈব অভক্ষ্যস্য চ ভক্ষণাৎ। মুচ্যতে সর্ব্বপাপেভ্যঃ পঞ্চবক্তুস্য ধারণাৎ।"

কালাগ্নিরুদ্র; সং, পুং, সংহারকারিরুদ্র; ইনি নিয়তিরূপ ঘটিযন্ত্র দ্বারা সকল ভূতকেই সমানভ[illegible]চালিত করিতেছেন। ইনি কাহারও অনুকূল ও প্রতিকূল নহেন।

কালাতিক্রম (কাল—অতিক্রম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাললঙ্ঘন। [কালাতিক্রম দেখ।

কালাতিপাত (কাল—অতিপাত) সং, পুং,

কালাত্যয় (কাল—অত্যয় বিনাশ) সং; পুং, সময় নষ্ট হওয়া, সময় বহিয়া যাওয়া।

কালানুনাদী (—নাদিন্, কাল [শীত বসন্তাদি] ঋতু—অনুনাদিন্ যে গান করে বা শব্দ করে) সং, পুং, ভ্রমর। ২। চটক। ৩। চাতকপক্ষী।

কালানুভাবকতা (Faculty of time) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা কালের অনুভব হয়।

কালানুসারি—পুং } (কাল কৃষ্ণবর্ণ—
কালানুসার্য্য—ক্লীং } অনুস্ব সদৃশ হওয়া + ণিন্—ক, য(ঘ্যণ্)—র্ম্ম) সং, পার্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ, শৈলজ। ২। কৃষ্ণচন্দন। ৩। শিংশপাবৃক্ষ, শিশুগাছ। ৪। তগর।

কালান্তর (কাল—অন্তর মধ্য, অন্য ইত্যাদি) সং, ক্লীং, সময়ান্তর, অন্যকাল, অন্য সময়; কোন অতীত কাল অথবা আগামী কাল; যথা—এ কালে নয় কালান্তরে হইয়াছিল অথবা হইবে।

কালান্তরবিষ (কাল সময়—অন্তর পশ্চাৎ বা পরে—বিষ। যাহাদের কেবল সময়ে সময়ে বিষ থাকে) সং, পুং, যে সকল জন্তুর বিষের প্রভাব দংশনকালের বহুকাল পরেও প্রকাশিত হয়, যথা—মূষিক প্রভৃতি।

কালাপ (কলাপ + অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, সর্পের ফণা। ২। বিং, ত্রিং, কলাপব্যাকরণবেত্তা।

কালাপোশ—কৃষ্ণবর্ণ বস্ত্রাচ্ছাদিত।

কালামুখ (কাল—মুখ) ধিকার। ২। নির্লজ্জ; যথা—"আমারে মিলিল পতি কালা কালামুখ।" (অন্নদা)।

কালায়স (কাল—অয়স্ লৌহ+অ(ঞ)—স্বার্থে) সং, ক্লীং, লৌহবিশেষ। শিং—১ "বহ্নিনা দ্রাব্যমাণং কালায়সং নির্বিকল্পিতি।"

কালাবৎ (কলাবৎ শব্দ দেখ) সং,পুং, যাহারা কেবল ধ্রুপদ, ত্রিবট প্রভৃতি উত্তমরূপে গান করিতে পারে, কিন্তু যন্ত্র বা নৃত্যাদির নিয়ম ভাল জানে না তাহাদের নাম কালাবৎ।

কালাশুদ্ধি ( কাল—অশুদ্ধি, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, ব্রতনিয়মাদি কর্ম্মযোগ্য কালের শুদ্ধি না থাকা, কালশুদ্ধ না থাকা।

কালাশৌচ ( কাল—অশৌচ অপবিত্রতা ) সং, ক্লীং, মহাগুরু নিপাত হইলে যে কাল ব্যাপিয়া শরীর অশুচি থাকে। শাস্ত্রানুসারে মহাগুরু নিপাতে সংবৎসর কালাশৌচ। [সঙ্কলন।

কালি (কাল শব্দজ) সং, মসী। ২। একত্র

কালিক ( কাল কৃষ্ণবর্ণ, সময় ইত্যাদি+ইক(ষ্ণিক)—ভবার্থে, অথবা ক—প্রং ) বিং, ত্রিং, সাময়িক, কালকৃত, কালসংক্রান্ত। ২। সময়োচিত। ৩। (কে জলে—অল্ গমনকরা+ইকন্—ক) সং, পুং, ক্রৌঞ্চ, বক। ৪। ক্লীং, কৃষ্ণচন্দন।

কালিকা ( কাল কৃষ্ণবর্ণ+ইক—প্রং ) সং, স্ত্রীং, দেবীবিশেষ, কালী। শিং—১ "কালিকেতি সমাখ্যাতা হিমাচল কৃতাশ্রয়া।" ২। ঘনাবলি, মেঘমালা। ৩। কুজ্ঝটিকা। ৪। চণ্ডিকা। ৫। কৃষ্ণবর্ণ। ৬। রোমাবলী। ৭। স্ত্রীকাক। ৮। শ্যামাপক্ষী। ৯। শৃগালী। ১০। মসী। ১১। বিচুটি। ১২। পটোলশাখা। ১৩। সুরা। ১৪। কিস্তিবন্দী। ১৫। কলঙ্ক।

কালিকাপুরাণ; সং, ক্লীং, কালিকা দেবীর মাহাত্ম্যাদি প্রতিপাদক পুরাণ-বিশেষ; অষ্টাদশ উপপুরাণের মধ্যে একখানি।

কালিকাশ্রম; সং, ক্লীং, বিপাশানদী তীরস্থ তীর্থবিশেষ। শিং—১"কালিকাশ্রমমাসাদ্য বিপাশায়াং কৃতোদকঃ।"

কালিঙ্গ ( কলিঙ্গ দেশবিশেষ+অ(ঞ)—ভবার্থে) সং, পুং, কলিঙ্গ দেশের রাজা বা তত্রত্য অধিবাসী। শিং—১ "প্রতিজগ্রাহ কালিঙ্গস্তমস্ত্রৈর্গজসাধনঃ।" (রঘু)। ২। বিং, ত্রিং, কলিঙ্গদেশজাত। ৩। (কু—লিঙ্গ) হস্তী। ৪। সর্প। ৫। লৌহবিশেষ। ৬। কাঁকুড়, তরমুজ।

কালিঞ্জর—আলাহাবাদ প্রদেশস্থ এক পর্ব্বত ও তদুপরিস্থ নগরী; ঐ নগরে কালভৈরব নামে এক দেবমূর্ত্তি আছে।

কালিদাস ( কালী দুর্গা—দাস, ৬ষ্ঠী—ষ। ঈ=ই) সং, পুং, স্বনাম খ্যাত মহাকবি, বিক্রমাদিত্য রাজার সভাস্থ নবরত্ন পণ্ডিতের মধ্যে সপ্তম রত্ন, রঘুবংশ কুমারসম্ভব নলোদয় অভিজ্ঞান শকুন্তল বিক্রমোর্ব্বশী মেঘদূত প্রভৃতি গ্রন্থকর্ত্তা।

কালিন্দী (কলিন্দ পর্ব্বতবিশেষ, হিমালয়ের একাংশ + অ(ঞ)—ভবার্থে। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যমুনা নদী। ২। কৃষ্ণের পত্নী। ৩। অসিত রাজার পত্নী। ৪। এক জন অসুরকন্যা। ৫। রক্তত্রিবৃৎ।

কালিন্দীকর্ষণ (কালিন্দী যমুনা—কর্ষণ [কৃষ্ কর্ষণ করা+অন(অনট্)—ক] যে কর্ষণ করে। যিনি লাঙ্গল দ্বারা কালিন্দীর গতিরোধ কর[িয়া]ছিলেন) সং, পুং, বলদেব, বলরাম।

কালিন্দীভেদন ( কালিন্দী যমুনা—ভেদন [ভিদ্ ভেদ করা+অন(অনট্)—ক] যে ভেদ করে। যিনি লাঙ্গলদ্বারা যমুনাকে ছিন্ন ভিন্ন করিয়াছিলেন, ২য়া—ষ ) সং, পুং, বলদেব, বলরাম, শ্রীকৃষ্ণের অগ্রজ।

কালিন্দীসোদর (কালিন্দী—সোদর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম।

কালিমা ( কালিমন্, কাল+ইমন্—ভাবে ) সং, পুং, কৃষ্ণতা, মলিনতা। শিং—১ "স্থানমানমতিকালিমালয়াঃ।" (মাঘ)।

কালিয় ( কাল কৃষ্ণবর্ণ+ইয়—প্রং ) সং, পুং, নাগবিশেষ; গরুড়ের ভক্ষ্য হর[ণ] করিত বলিয়া ইহার সহিত গরুড়ের যু[দ্ধ] হয়। সেই যুদ্ধে কালিয় পরাস্ত হই[য়া] কালিন্দী নদীগর্ভে আশ্রয়গ্রহণ করে[।] গরুড় সে স্থান দুর্গম বোধে তীরে বসি[য়া] ক্ষুধায় কাতর হইয়া একটী মাছ ধরিয়া খা[ইলে] জলস্তম্ভকারী সৌভরি ঋষি নিষেধ করেন

গরুড় নিষেধ না শুনায় সৌভরি এই অভিসম্পাত করিলেন—"অদ্য হইতে তোমার পক্ষে এই হ্রদের জল বিষ হইল, স্পর্শমাত্রেই প্রাণ হারাইবে।" এদিকে সৌভরির অভিশাপ, ওদিকে কালিয়ের ভীষণ বিষে ঐ জল একবার জীবের অ-পেয় হইয়া উঠিল। একদিন সেইস্থানে গোচারণকালে সমস্ত গোপাল তৃষ্ণাতুর গো ও গোপগণ সেই জল পান করায় সকলেই প্রাণ হারাইল। কৃষ্ণ তদ্দর্শনে কদম্ববৃক্ষ হইতে কালিয়দমনার্থ কালিন্দীর কালীদহে ঝাঁপ দিয়া পড়িলেন। এবং দুষ্টমতি কালিয়ের সহিত ঘোরতর যুদ্ধ করিয়া, নৃত্যচ্ছলে তাহার সহস্র ফণা মর্দ্দন ও চূর্ণন করিয়া তাহাকে দমন ও তথা হইতে সুদূর সমুদ্রে নির্ব্বাসন করেন। ভাগবতে উক্ত আছে—যিনি প্রাতে ও সন্ধ্যায় ইহা কীর্ত্তন ও শ্রবণ করেন তাঁহার সর্পবিষ ভয় থাকে না। ২। বিং, ত্রিং, কাল-সম্বন্ধীয়; যথা—

"লুকাইয়া দশমূর্ত্তি সতী হৈলা সতী।
গৌরবর্ণ ছাড়ি হৈলা কালিয় মুরতি।"

কালিয়দমন (কালিয়—দম্ দমন করা+অন(অনট্)—ক) সং,পুং, বাসুদেব, কৃষ্ণ। ২। (৬ষ্ঠী—ষ) কালিয়ের দমন।

কালিষ্ঠ (কাল কৃষ্ণবর্ণ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যন্ত কাল।

কালী (কাল কৃষ্ণবর্ণ+ঈপ্—স্ত্রীলিঙ্গে। যিনি অবস্থা ভেদে কৃষ্ণবর্ণা অথবা কাল সংহার—ঈ কর্ত্রী। যিনি সংহার-কারিণী) সং, স্ত্রীং, কালিকা দেবী, শিবের স্ত্রী; ইনি চণ্ড বধের সময় উৎপন্ন হন এবং রক্তবীজের শোণিত পান করেন। দক্ষযজ্ঞে গমনের সময়ে সতী এই মূর্ত্তি ধরিয়াছিলেন। শিব কালস্বরূপ তাঁহার শক্তি। ২। কৃষ্ণবর্ণা স্ত্রী। ৩। মৎস্যগন্ধা। ৪। নবমেঘশ্রেণী। ৫। কৃষ্ণপক্ষের রাত্রি। ৬। অগ্নিজিহ্বাবিশেষ। ৬। (কাল শব্দজ) লিখনের উপাদান বিশেষ, মসী। ৮। অযশঃ। ৯। কৃষ্ণবর্ণ।

কালীচী; সং, স্ত্রীং, যমের বিচারস্থান।

কালীতনয় (কালী দেবীবিশেষ—তনয় পুত্র। কালী দেবীর প্রিয় বলিয়া কালীতনয় নাম হইল) সং, পুং, মহিষ।

কালীন (কাল+ঈন(খীন)—ভবার্থে) বিং, ত্রিং, কালে যাহা ঘটে বা উৎপন্ন হয়। এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ হয় না, অন্য শব্দ সমভিব্যাহারে প্রযুক্ত হইয়া থাকে; যথা—পূর্ব্বকালীন বৃত্তান্ত, উত্তরকালীন লোক, গমনকালীন আদেশ, ইত্যাদি।

কালীয় (কাল কৃষ্ণবর্ণ+ঈয়(ছীয়)—ভবার্থে) সং, স্ত্রীং, কৃষ্ণচন্দন।

কালীয়ক (কাল কৃষ্ণবর্ণ+ঈয়(ছীয়)—ভবার্থে। কণ্—যোগ) সং, ক্লীং, কুঙ্কুম। ২। পুং, পার্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ, দারুহরিদ্রা। ৩। শৈলজ। [কলুষতা।

কালুষ্য (কলুষ+য(ষ্যঞ্)—ভাবে) সং, ক্লীং,

কালেয়(কাল বা কলি+এয়(ঢেয়)—ভবার্থে) সং, ক্লীং, যকৃৎ। ২। কৃষ্ণচন্দন। শিং—১ "আগ্নানকালেয়কৃতাঙ্গরাগান্।" ৩। (ঢেয়—অপত্যার্থে) পুং, দৈত্যবিশেষ। ৪। বিং, ত্রিং, কালসম্বন্ধীয়, কলিকালসম্বন্ধীয়।

কালেশ (কাল—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, (কালপ্রবর্ত্তক বলিয়া) সূর্য্য। ২। শিব। ৩। মকারবর্ণ। ৪। কালেশ্বর। শিং—১ "বিষ্ণুরীশস্ততোহান্তঃ কালেশঃ পৃথিবী ততঃ।"

কালোদক; সং, ক্লীং, ভারতপ্রসিদ্ধ তীর্থবিশেষ। শিং—১ "কালোদকং নন্দিকুণ্ডং তথাচোত্তরমানসম্।"

কালোপ্ত (কাল—উপ্ত) বিং, ত্রিং, উপযুক্ত সময়ে যাহার বপন করা গিয়াছে; যথা—কালোপ্ত বীজ উৎকৃষ্ট ফল প্রসব করে।

কালোয়াৎ (কলাবৎ শব্দের অপভ্রংশ) যিনি কলা বা গীত বাদ্যাদি বিদ্যায় বিশেষ পারদর্শী তিনি কলাবৎ বা কালোয়াৎ।

কাল্প } (কল্প বিধান, বেদবিধিবিশেষ+
কাল্পক } অ(ঞ)—ক। (কণ্)—স্বার্থে। ধর্ম্মাদি কার্য্যে এক উপকরণস্বরূপ যাহার গাছ অগ্নিতে প্রদত্ত হয়) সং, পুং, কাঁচা হলুদ।

কাল্পনিক (কল্পনা+ইক(ষ্ণিক)—কৃতার্থে)

বিং, ত্রিং, যাহা বাস্তবিক নহে কল্পনা করিয়া লওয়া যায়, অবাস্তব, আরোপিত, অমূলক; যথা—কাল্পনিক বৃত্তান্ত। ২। যাহা ছলনা করিবার নিমিত্ত করা যায়; যথা—কাল্পনিক বেশ। ৩। যাহা যে উদ্দেশে বা অভিপ্রায়ে করা উচিত তদনুযায়ী, নহে; যথা—কাল্পনিক দান। ৪। মনের সহিত করা নয়, আন্তরিক নয়; যথা—কাল্পনিক যত্ন, কাল্পনিক স্তুতিবাদ।

কাল্য (কাল সময়+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং,কালিক। ২। ক্লীং,প্রত্যূষ। ল্যা—স্ত্রীং, যে গবীর গর্ভগ্রহণকাল উপস্থিত হইয়াছে।

কাবচিক (কবচ বর্ম্ম+ইক(ষ্ণিক)—ধারণার্থে) বিং, ত্রিং, কবচধারী যোদ্ধৃগণ। ২। ক্লীং, কবচধারিসমূহ।

কাবাই—বুককাটা জামা।

কাবার (ক মস্তক বা জল—আবার [আ—বৃ আচ্ছাদন করা+অ(ঘণ্)—র্ক] যে আচ্ছাদন বা রক্ষা করে) সং, ক্লীং, শৈবাল, শেওলা। রী—স্ত্রীং ছত্র, টেকো।

কাবাল—যাঁহারা কেবল খেয়াল, তেলেনা প্রভৃতি গান করেন তাহাদিগকে কাবাল কহে।

কাবালী (কাওয়ালী) কাবালশ্রেণীভুক্ত গায়কেরা প্রায় এই তাল ব্যবহার করেন বলিয়া ইহার নাম কাওয়ালী।

কাবু (যাবনিক) বশীভূত, আয়ত্ত।

কাবৃক (ক জল অথবা কু কুৎসিত—আ—বৃ আচ্ছাদন করা+কক্—প্রং) সং, পুং, চক্রবাক। ২। কুক্কুট।

কাবের (কব্ রংকরা+এরক্—স্বার্থে। অ=আ) সং, ক্লীং, কুঙ্কুম।

কাবেরী (ক জল—বের শরীর+অ(ষ্ণ)—ঈপ্) সং, স্ত্রীং, দ্রাবিড়দেশ প্রবাহিতা নদী; কুর্গ প্রদেশ হইতে উত্থিত হইয়া পূর্ব্বাভিমুখে প্রবাহিত হইতেছে। ২। (কু—বের শরীর, ৬ষ্ঠী—হিং) বেশ্যা। ৩। হরিদ্রাবিশেষ।

কাব্য (কবি+য(ষ্ণ্য)—স্বার্থে, ভাবে) সং, পুং, শুক্রাচার্য্য। ২। ক্লীং, পদ্যে বা গদ্যে কবি প্রণীত গ্রন্থবিশেষ, কবি-প্রণীত যে গ্রন্থ পাঠ করিলে অনির্ব্বচনীয় প্রীতি জন্মে, রসযুক্ত বাক্য, কবিতা; যেমন—কুমারসম্ভব, রঘুবংশ ইত্যাদি। ৪। রহস্য-কথা। ব্যা—স্ত্রীং, বুদ্ধি। ২। পুতনা। ৫। বিং,ত্রিং, কবিসম্বন্ধীয়। শিং—১ "নাটকা বিবিধা কাব্যাঃ কথাখ্যায়িক কাবিকাঃ।"

কাব্যচন্দ্রিকা; সং,স্ত্রীং, অলঙ্কার গ্রন্থবিশেষ, এই গ্রন্থ কাব্য লক্ষণ প্রকাশ বিষয়ে চন্দ্রিকাস্বরূপ বলিয়া উক্ত নামে কথিত হইয়াছে।

কাব্যপ্রকাশ (কাব্য—প্রকাশ, ৭মী—হিং, যাহাতে কাব্যের স্বরূপাদি লক্ষণ প্রকাশ আছে) সং, পুং, মম্মটভট্ট-প্রণীত অলঙ্কার গ্রন্থবিশেষ।

কাব্যরসিক (কাব্যরস+ইক(ষ্ণিক)—বিজ্ঞাতার্থে) বিং, ত্রিং, কাব্যরসজ্ঞ, যে কাব্যরস জানে।

কাব্যলিঙ্গ; সং, ক্লীং, অর্থালঙ্কারবিশেষ, যে স্থলে বাক্যার্থ অথবা পদার্থ অপরার্থের হেতু স্বরূপে প্রতিপাদিত হয়।

কাশ, কাস (কাশ্ দীপ্তি পাওয়া+অ(অন্)—ক। কাস্ গমন করা+অ(অন্)—ক, স্বার্থে) সং, ক্লীং, কেশেফুল। ২। পুং, কাসরোগ। ৩। কেশেতৃণ। শিং—১"কেশঃ কাশস্তবক বিকাশঃ।" ৪। (+অন্—ভা) প্রকাশ। ৫। গতি। শিং—১ "কাশাশ্রু-লালাবিলঃ (বৃদ্ধঃ)।" ৬। মূষিক। ৭। বিং, ত্রিং, প্রকাশমান। ৮। শোভমান।

কাশন্দি (কাশমর্দ্দ শব্দজ) সং,আম্রের আচার।

কাশি, কাশিকা, কাশী } (কাশ্ দীপ্তি পাওয়া+অ (অন্)—ক, ঈপ্। কণ্, আপ্। সং, স্ত্রীং, বারাণসী। ২। (কাশ শব্দজ) কাশরোগ। কাশি শব্দ পুংলিঙ্গও হয়। শিং—১ "মাগধান্ কাশীনাথ কোশলান্।" ২ "আঃকাশিবাসিজনতামনু বঞ্চিতাঽভূৎ।" ৩। বিং,ত্রিং, প্রকাশশীল। ৪। কাশরোগযুক্ত।

কাশিরাজ, কাশীরাজ } (কাশী বারাণসী—রাজন্ রাজাবা শাসনকর্ত্তা+অ(ষ)—প্রং) সং,পুং, নৃপ-বিশেষ। ২। দিবোদাস। ৩। ধন্বন্তরি।

কাশীনাথ (কাশী বারাণসী—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। শিং—১ "কাশীনাথং সমাশ্রিত্য কুতঃ কালভয়ং নৃণাম্।"

কাশীশ (কাশী—ঈশ প্রভু) সং, পুং, শিব। ২। দিবোদাস। ৩। কাশীর অন্যান্য রাজগণ। ৪। ক্লীং, হীরাকস।

কাশ্মীর (কাশ্ দীপ্তি পাওয়া+মীর—প্রং, কিম্বা কশ্মীর+অ(ঞ)—নিবাসার্থে) সং, পুং, দেশবিশেষ। ২। ক্লীং, পদ্মের মূল। ৩। কুঙ্কুম। ৪। টঙ্ক, সোহাগা। ৫। বিং, ত্রিং, কাশ্মীর দেশজাত বস্তু। ৬। তত্রত্য রাজা বা অধিবাসী। রী—স্ত্রীং, গাম্ভারী। রা—স্ত্রীং, অতিবিষা। ২। কপিলদ্রাক্ষা।

কাশ্মীরজ, কাশ্মীরজন্মন্ (কাশ্মীর—জ যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, কুঙ্কুম। ২। পদ্মমূল।

কাশ্য; সং, ক্লীং, মদ্য।

কাশ্যপ (কশ্যপ+অ(ঞ)—অপত্যার্থে) সং, পুং, কশ্যপমুনির বংশীয়, গোত্রবিশেষ। ২। কণাদমুনি। ৩। মৃগবিশেষ। ৪। অরুণ। ৫। ক্লীং, মাংস।

কাশ্যপি (কশ্যপ+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, সূর্য্যসারথি, অরুণ। ২। গরুড়। ৩। (কশ্যপ + ই(ঞি)—দেয়ার্থে। পরশুরাম পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়া কশ্যপকে তাহা দান করেন) পি, পী—স্ত্রীং, পৃথিবী।

কাশ্যপেয় (কশ্যপ মুনিবিশেষ+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং,পুং, সূর্য্য। ২। গরুড়।

কাষ (কষ্ কর্ষণ করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, কষ্টিপাথর। ২। ঋষিবিশেষ।

কাষায় (কষায়+অ(ঞ)—ইদমর্থে) বিং, ত্রিং, কষায়রক্ত, অনুজ্জ্বল রক্তবর্ণ রঞ্জিত। শিং—১ "কাত্যায়নার্দ্ধবৃদ্ধা যা কাষায় বাসনাহধবা।" (বিশেষ্যও হয়)।

কাষ্ঠ (কাশ্ দীপ্তি পাওয়া+থ(কৃথন্)—ক, সংজ্ঞার্থে। যাহার দ্বারা অগ্নি দীপ্তি পায়)সং, ক্লীং, কাঠ। শিং—১"যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ। সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ।"

কাষ্ঠক (কাষ্ঠ কাঠ+কণ্—যোগ) সং, ক্লীং, অগুরু, সুগন্ধি কাষ্ঠবিশেষ। ২। বিং,ত্রিং, কাষ্ঠযুক্ত।

কাষ্ঠকীট (কাষ্ঠ কাঠ—কীট কৃমি, পোকা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঘুণ।

কাষ্ঠকুট্ট (কাষ্ঠ—কুট্ ছেদন করা + অ (অন্)—ক) সং, পুং, কাঠ্ঠোকরা।

কাষ্ঠকুড্য (কাষ্ঠ—কুড্য ভিত্তি) সং, ক্লীং, কাষ্ঠময় ভিত্তি; যথা—"কাষ্ঠকুড্যসম দেহ।"

কাষ্ঠকুদ্দাল (কাষ্ঠ কাঠ—কুদ্দাল কোদাইল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নৌকাদির জল সেচনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্র, কেঠো।

কাষ্ঠতক্ষ্, কাষ্ঠতক্ষ, কাষ্ঠতক্ষক (কাষ্ঠ কাঠ—তক্ষ্ ছেদন করা বা কাষ্ঠাদি চাঁচা +০ (ক্বিপ্), অ(ষণ্), অক(ণক)—ক) সং, পুং, সূত্রধর, ছুতার।

কাষ্ঠতন্তু (কাষ্ঠ কাঠ—তন্তু [তন্+তু—সংজ্ঞার্থে] যে বিস্তার করে) সং, পুং, কাষ্ঠকৃমি, ঘুণ।

কাষ্ঠদারু (কাষ্ঠ কাষ্ঠপ্রধান—দারু, ষং—স) সং, পুং, দেবদারু।

কাষ্ঠফলক; সং, ক্লীং, কাষ্ঠনির্ম্মিত ফলক, বোর্ড প্রভৃতি।

কাষ্ঠমঠী (কাষ্ঠ কাঠ—মঠী পুঞ্জ, আলয়) সং, স্ত্রীং, চিতা।

কাষ্ঠময় (কাষ্ঠ+ময়(ময়ট্)—সংযুক্তার্থে) বিং,ত্রিং, কাষ্ঠনির্ম্মিত। ২। কাষ্ঠতুল্য কঠিন হৃদয়, নির্দ্দয়। শিং—১ "দুর্দ্দশাঃ কেচিদ্ভান্তি নরাঃ কাষ্ঠময়া ইব।"

কাষ্ঠমল্ল (Coffin, কাষ্ঠ কাঠ—মল্ল পাত্রবিশেষ) সং, পুং, শবযান, যে গাড়ী বা খাটে করিয়া মড়া লইয়া যায়।

কাষ্ঠলেখক (কাষ্ঠ—লেখক যে লিখে বা অক্ষর ক্ষোদে) সং, পুং, ঘুণ।

কাষ্ঠা (কাষ্ঠ+আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দিক্, প্রদেশ। শিং—১ "আপূর্য্যমাণঃ পিষ্টভিঃ কাষ্ঠাভিরিবসোহবহম্।" ২। অষ্টাদশ নিমেষাত্মক কাল, সূক্ষ্ম সময়। শিং—১ "কলাকাষ্ঠাদিরূপেণ পরিণামপ্রদায়িনি।" ৩। সীমা। শিং—১ "পরা হি কাষ্ঠা

তপসস্তয়া পুনঃ।" ৪। স্থিতি। শিং—১ "কাষ্ঠাং ভগবতো ধ্যায়েৎ স্বনাসাগ্রাবলোকনঃ।" ৫। উৎকর্ষ। শিং—১ "কাষ্ঠাগতস্নেহরসানুবিদ্ধম্‌।" ৬ দারুহরিদ্রা। ৭। কশ্যপপত্নীবিশেষ।

কাষ্ঠাম্বুবাহিনী (কাষ্ঠ—অম্বু জল—বাহিনী যে বহন করে) সং, স্ত্রীং, দ্রোণী, জলসেচনী।

কাষ্ঠিকা (কাষ্ঠ+ইক, আ—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র কাষ্ঠখণ্ড, কাটী; যেমন—বিংশতি কাষ্ঠিকা।

কাষ্ঠীলা (কু ক্ষুদ্র—অস্থি [হাড়] কাণ্ড= লা পাওয়া বা অধিকার করা+আ—প্রং। যাহার কাণ্ড কোন কার্য্যকারক নহে) সং, স্ত্রীং, কদলীগাছ।

কাসজিৎ (কাস—জিৎ [জি জয় করা+০ (ক্বিপ্‌)—ক] যে জয় করে) বিং, ত্রিং, কাসনাশক। স্ত্রীং, বামনহাটী।

কাসমর্দ্দ / কাশমর্দ্দ } (কাস কাশরোগ—মর্দ্দ যে নাশ করে) সং, পুং, কালকাসান্দা গাছ। ২। কাশন্দি, আচার।

কাসর (ক জল—আ—স্ব গমন করা+অ(অন্‌)—ক। যে সর্ব্বদা জলে গমন করে; এই জন্ত জলময় স্থানে থাকিতে ভাল বাসে) সং, পুং, মহিষ।

কাসার (ক জল—আ—স্ব গমন করা+অ(ঘঞ্‌)—ধি) সং,পুং, সরোবর, পুষ্করিণী, মহাজলাশয়। ২। দণ্ডকছন্দো-বিশেষ। ৩। পকান্নবিশেষ। শিং—১ "ঘৃতে তপ্তে বিনিঃক্ষিপ্য কটাহে পাচয়েন্মনাক্‌। ততস্তত্র বিনিঃক্ষিপ্য খণ্ডং ভাগসমং পচেৎ। ততশ্চাকৃষ্য তৎপাত্রে ক্ষিত্যা সম্যক্‌ সুচিক্কণে। চতুরস্রীকৃতং হ্যেতৎ ভবেৎ কাসারসংজ্ঞকং।"

কাসীস (কাস্‌ গমন করা+ঈস(ঈসন্‌)—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, হীরাকস।

কাসূ (কস্‌ গমন করা বা দীপ্তি পাওয়া অথবা কাস্‌ রোগহেতুক কুৎসিত শব্দ করা+উণ্‌—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অস্পষ্ট বাক্য। ২। শক্তি অস্ত্র। ৩। দীপ্তি। ৪। বুদ্ধি। ৫। রোগ।

কাস্বতি (কুৎসিতা—স্বতি গতি, ষং—স) সং, স্ত্রীং, কুৎসিত গতি, মন্দগতি। শিং—১ "ন কাস্বত্যা গ্রামং প্রবিশেৎ।"

কাস্তিয়া (দেশজ) সং, ধান্য ছেদনার্থ অস্ত্রবিশেষ, শস্যকর্ত্তনী।

কাহণ (কার্ষাপণ শব্দজ) সং, ষোড়শ পণ।

কাহল (ক সুখ, মস্তক ইত্যাদি—আ—হল্‌ কর্ষণ করা বা ভাগকরা অথবা কু কুৎসিত—হল্‌ কর্ষণকরা, লেখা+অ(অন্‌)—ক) সং, পুং, কুক্কুট। ২। বিড়াল। ৩। (+অল্‌—ভা) কোলাহল। ৪। বৃহৎ ঢক্কা। ৫। ক্লীং, অব্যক্ত বাক্য। ৬। বিং, ত্রিং, ভৃশ। ৭। শুষ্ক। ৮। খল। লা—স্ত্রীং,বাদ্যভাণ্ডবিশেষ, এই সকল যন্ত্রকে শর বা তৃণধ্বজ দিয়া বাজাইতে হয়। ২। লী—স্ত্রীং, অপ্সরাবিশেষ। ৩। তরুণী, যুবতী।

কাহার (স্কন্ধাবার শব্দজ) সং, যানবাহক, বেহারা; যথা—

"কাহার প্রভৃতি যারা ছুটিয়া পলায়।
তারা দাণ্ডু বাণ্ডু কাঁদে উভরায়।"

কাহারবা—তালবিশেষ, ইহাতে দুইটী তাল ও পাঁচটী মাত্রা আছে।

কাহিনী (দেশজ) সং, বিবরণ, গল্প। ২। প্রস্তাব।

কাহিল (যাবনিক) বিং, দুর্ব্বল, ক্ষীণ, কৃশ।

কি (কিম্‌ শব্দজ) সর্ব্বং, জিজ্ঞাসাবোধক শব্দ। ২। আশ্চর্য্য বা বিস্ময়ার্থ।

কিংরাজন্‌ (কুৎসিত—রাজন্‌ রাজা, ষং—স) সং, পুং, মন্দরাজা। ২। নিন্দিত নৃপ।

কিংবক্তব্য (কিম্‌—বক্তব্য কথনীয়) বিং, ত্রিং, কি বলিতে হইবে বা বলা উচিত।

কিংবক্তব্যবিমূঢ় (কিম্‌—বক্তব্য—বিমূঢ়, ৭মী ষ) বিং, ত্রিং, কি বলিতে হইবে বা বলা আবশ্যক তাহার নির্ণয়ে অক্ষম।

কিংবক্তব্যবিবেচনা (কিম্‌—বক্তব্য—বিবেচনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কি বলিতে হইবে বা বলা উচিত তাহার বিবেচনা।

কিংবদন্তি / কিংবদন্তী } (কিম্‌ কোন—বদ্‌ বলা + অন্তি, অন্ত—ভাবে, ঈপ্‌) সং, স্ত্রীং, জনশ্রুতি, জনরব। ২। লিপিবদ্ধ না হইয়া মুখপরম্পরায় বহুকাল

চলিয়া আসা। ৩। লোকাপবাদ। শিং—১ "প্রবর্ত্তিত বীভৎসকিংবদন্তিকাঃ।"

কিংবা (কিম্—বা) অং, বা, অথবা, পক্ষান্তর-বোধক শব্দ। ২। বিকল্প।

কিংবৈদ্য (কিম্ কুৎসিত—বৈদ্য) সং, পুং, কুৎসিত বৈদ্য, বৈদ্যশাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তি।

কিংশারু (কিম্ কি বা কথন—শৄ বধ করা +উ(ঞুণ্)—সংজ্ঞার্থে) সং, পুং, শস্যশূক, শস্যের শুঁয়া। ২। বাণ। ৩। কঙ্কপক্ষী। শিং—১ "শূর্পশোধিতকণকিংশারুকাং স্তণ্ডুলান্।" (দশকুমার)।

কিংশুক (কিং বিতর্ক—শুক পক্ষিবিশেষ। শুকতুণ্ডের ন্যায় পুষ্প বলিয়া ইহার পুষ্প কি "শুকপক্ষী" এই বিতর্ক হেতু ইহার নাম কিংশুক) সং, পুং, পলাশবৃক্ষ। ২। ক্লীং, তৎপুষ্প। শিং—১ "অবিজ্ঞায় ফলং যো হি কর্ম্ম ত্বেবানুধাবতি। স শোচেৎ ফলবেলায়াং যথা কিংশুকসেবকঃ।" ২ "কিংশুকৈঃ শুকমুখচ্ছবিভিঃ।" ৩। নন্দিবৃক্ষ।

কিংস্বিৎ (কিং—স্বিৎ, দ্বং—স) অং, প্রশ্ন। ২। বিতর্ক। ৩। বিকল্প।

কিকিদিব, কিকীদিব, কিকিদিবি, কিকিদীবি, কিকীদিবি, কিকীদীবি (কিকি অনুকরণ শব্দ—দিব্ ক্রীড়া করা+অ, ই(কি)—ক। যে "কিকি" এই শব্দ করে) সং, পুং, স্বর্ণচাতক, সোণাচড়া।

কিখি; সং, স্ত্রীং, শৃগালবিশেষ, খ্যাঁকশেয়ালি।

কিঙ্কর (কিং কিঞ্চিৎ—কর [কৃ করা+অ (ট)—ক] যে করে) বিং, পুং—ক্লীং, রা, রী—স্ত্রীং, যে বেতন লইয়া অন্যের কর্ম্ম করে, দাস, দাসী, ভৃত্য, কর্ম্মকর। শিং—১ "অবেহিমাং কিঙ্করমষ্টমূর্ত্তেঃ।" ২ "সর্ব্বেষাং কিঙ্করঃ শূদ্রো ব্রাহ্মণস্য বিশেষতঃ।" ২। বিশ্বামিত্রের অনুগত একজন রাক্ষস।

কিঙ্কর্ত্তব্য (কিম্ কি—কর্ত্তব্য করা উচিত) বিং, ত্রিং, কি করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক।

কিঙ্কর্ত্তব্যবিচার (কিম্ কি—কর্ত্তব্য—বিচার) সং, পুং, কি করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক তাহার বিচার।

কিঙ্কর্ত্তব্যবিমূঢ় (কিং কি—কর্ত্তব্য—বিমূঢ়, ৭মী—ষ) বিং, ত্রিং, কর্ত্তব্যনির্ণয়ে অসমর্থ।

কিঙ্কর্ত্তব্যবিবেচনা (কিঙ্কর্ত্তব্য—বিবেচনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কি করিতে হইবেক বা করা উচিত বা আবশ্যক তদ্বিষয়ে বিবেচনা।

কিঙ্কল; সং, পুং, সাত্বতবংশীয় রাজাবিশেষ।

কিঙ্কিণি, ণী (কিং অনুকরণ শব্দ—কিণ্-ঞিং=কিণি শব্দকরা + অ(ক)—ক, ঈপ্) সং, স্ত্রীং, ক্ষুদ্র ঘণ্টিকাযুক্ত কটিভূষণ, ঘুঙুর। ২। কটিভূষণ। ৩। বিকঙ্কতবৃক্ষ। শিং—১ "(রথেন) কিঙ্কিণীজালমালিনা। কিঙ্কিণী জালবাচালম্ (লক্ষ্মাম্।" ৪। দ্রাক্ষাফল। ৫। জলজম্বুবৃক্ষ। ৬। দেবীস্তুতিবিশেষ।

কিঙ্কিণীকা; সং, স্ত্রীং, ক্ষুদ্রঘণ্টিকা। শিং—১ "তমুবাহ বাহঃ সশব্দচামকর কিঙ্কিণীকঃ।"

কিঙ্কিণীকাশ্রম; সং, পুং, তীর্থবিশেষ। শিং—১ "বৈমানিকউস্পৃশ্যকিঙ্কিণীকাশ্রমে-তথা।"

কিঙ্কির (কিম্ কিঞ্চিন্মাত্র—কৄ ক্ষেপণ করা +অ(ক)—ক) সং, ক্লীং, গজকুম্ভ। ২। পুং, কোকিল। ৩। ভ্রমর। ৪। অশ্ব। ৫। কন্দর্প। রা—স্ত্রীং, রক্তবর্ণ।

কিঙ্কিরাত (কিঙ্কিরা—অত [অং সতত গমন করা + অ(অন্)—ক] যে সতত গমন করে বা থাকে) সং, পুং, রক্তাশোক বৃক্ষ। ২। কন্দর্প। ৩। কোকিল। ৪। শুকপক্ষী। ৫। ঝাঁটীফুলের গাছ।

কিছু (কিঞ্চিৎ শব্দজ) বিং, কিয়ৎ, অল্প।

কিঞ্চ (কিং—চ ও) অং, আরো, আরো কিছু। ২। সমুচ্চয়। ৩। আরম্ভ। ৪। সম্ভাবনা। ৫। সাকল্য।

কিঞ্চন, কিঞ্চিৎ (কিং+চন, চিৎ—অসাকল্যার্থে) অং, অল্প, কিছু, কিঞ্চিন্মাত্র বস্তু। শিং—১ "স্বামকিঞ্চনগোচরম্।" ২। কোনবস্তু।

কিঙ্কিলিক, কিঞ্চুলুক, কিঞ্চুলুক (কিং কিঞ্চিৎ—চল্, চুল্ গমন করা+ইক, উক—ক, নিপাতন। যে কিঞ্চিৎ কিঞ্চিৎ চলে) সং, পুং, মহীলতা, কেঁচুয়া কীট।

কিঞ্চিদুষ্ণ (কিঞ্চিৎ—উষ্ণ, যং—স) বিং, ত্রিং, কিছু উষ্ণ, কবোষ্ণ।

কিঞ্চিদূন (কিঞ্চিৎ—উন, যং—স) বিং, ত্রিং, কিঞ্চিৎ ন্যূন, কিছু কম।

কিঞ্চিন্মাত্র (কিঞ্চিৎ—মাত্র) বিং, ত্রিং, কিছু মাত্র, অল্পমাত্র।

কিঞ্চূলক; সং, পুং, কীটবিশেষ, কেঁচো।

কিঞ্জল, কিঞ্জল্ক (কিং কিঞ্চিৎ—জল্ আচ্ছাদন করা+০(ক্বিপ্)—ক, কণ্) সং,পুং, কেশর, ফুলের পাবড়ি, পুষ্পরেণু। ২। (Pistils) পদ্মমধ্যস্থ কেশের মত সূক্ষ্ম ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। ৩। ক্লীং, নাগকেশর-পুষ্প। শিং—১ "কেচিৎ কিঞ্জল্কসঙ্কাশাঃ কেচিৎ পীতাঃ পয়োধরাঃ।" ২ "পদ্মোদর-চ্যুতরজঃ কিঞ্জল্করুণতাং গতৈঃ।"

কিট্‌কিটা (মলিনার্থ কিট্টশব্দজ) বিং, মলিন, অতিশয় ময়লা।

কিটি (কিট্ গমন করা+ই(কি)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, শূকর।

কিটিভ (কিটি শূকর—ভ [ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক] যে দীপ্তি পায় অর্থাৎ সমতুল্য হয়) সং, পুং, উকুণ।

কিট্ট (কিট্ [গমনকরা] শরীর ইত্যাদি হইতে নির্গত হওয়া+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, ধাতুমল। ২। তৈলাদির কাইট।

কিট্টাল (কিট্ট মলা—অল্ পারক হওয়া +অ—প্রং) সং, পুং, তাম্রকলস।

কিড়মিড়, কিড়মিড়ি (দেশজ) সং, দন্তের ঘর্ষণ শব্দ, অব্যক্ত ধ্বনি।

কিণ (কণ্ পাওয়া+অ(অন্)—ক। পুনঃ পুনঃ বহন কিম্বা জ্যাঘাত দ্বারা যাহা পাওয়া যায়) সং, পুং, সর্ব্বদা ঘর্ষণাদি দ্বারা যে বিকৃতি ঘটে, ঘর্ষণচিহ্ন, কড়া, কালশিটে। শিং—১ "কালস্যাজতয়া চ চীবরকৃতঃ স্কন্ধেন জাতঃ কিণঃ।" ২ "জ্যাঘাতরেখা কিণলাঞ্ছনেন (ভুজেন)।" ২। শুষ্কব্রণ। ৩। কীটবিশেষ।

কিণ্ব (কণ্ শব্দকরা+বণ্—ক) সং, পুং, সুরার বীজবিশেষ। ২। ক্লীং, পাপ।

কিত; সং, ক্লীং, রোগাপনয়ন সংশয় জ্ঞান। ২। পুং, ঋষিবিশেষ।

কিতব (কি কিং—তব তোমার। কি তোমার পণ? ইহা যে বলে. নিপাতন। অথবা কি+ক্ত—ভাবে, বা গমনকরা+অ(ড)—ক) বিং, ত্রিং, ধূর্ত্ত, প্রতারক। ২। দ্যূতক্রীড়াকারী, জুয়ারি। ৩। বিদগ্ধ। ৪। মত্ত। ৫। পুং, ধুস্তূর। ৬। রোচননাম গন্ধদ্রব্য।

কিতা—জমীর খণ্ডকে কিতা কহে।

কিনন (ক্রয়ণ শব্দজ) সং, ক্রয়করণ, কেনা।

কিনারা (যাবনিক) সং,কূল, ধার। ২। পার্শ্ব।

কিন্তনু (কিম্ কিঞ্চিন্মাত্র—তনু শরীর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লূতা, মাকড়্সা।

কিন্তু (কিং—তু ভেদক) অং, পরন্তু, কিং পুনঃ, অথচ, প্রথম কথিতের বৈপরীত্য বা সঙ্কোচবোধক শব্দ, পূর্ব্ব বিষয়ে অসুবিধা আপত্তি অসম্মতি বৈপরীত্য প্রভৃতি বোধনার্থ শব্দ; যথা—আমি তাহার সহিত সাক্ষাৎ করিয়াছি বটে কিন্তু কার্য্য সকল হয় নাই।

কিন্তুঘ্ন; সং, পুং, বব প্রভৃতি একাদশ করণের শেষ করণ। ইহাতে জন্মিলে মানব শত্রু মিত্রে অবিশেষ জ্ঞান ধর্ম্মাধর্ম্মে তুল্যজ্ঞান, এবং স্তবস্তুতির বশীভূত হয়।

কিন্দম; সং, পুং, ভারতপ্রসিদ্ধ কূপতীর্থবিশেষ। ২। একজন ঋষিপুত্র, মৃগরূপে সঙ্গমকালে পাণ্ডু মৃগবোধে ইহাঁকে বধ করেন। [পুং, নিন্দনীয় ভৃত্য।

কিন্দাস (কু কুৎসিৎ—দাস, যং—স) সং,

কিন্ধী (কিন্ধীন্) সং, পুং, অশ্ব।

কিন্নর (কিং কুৎসিৎ—নর মনুষ্য, যং—স। অশ্বের ন্যায় মুখ নরের ন্যায় শরীর বলিয়া কিন্নর নাম হইল) সং, পুং, রী—স্ত্রীং, কিম্পুরুষ, দেবলোকের গায়ক। শিং —১ "উদ্গাস্যতামিচ্ছতি কিন্নরাণাম্।" ২ "শোভয়ন্তি চ তদ্বেশ্ম ভ্রমমাণা বরস্ত্রিয়ঃ। যথা কৈলাসশৃঙ্গাণি শতশঃ কিংনরীগণাঃ।" ৩ "সংরক্তাভিস্ত্রিপুরবিজয়ো গীয়তে কিংনরীভিঃ।"

কিন্নরেশ (কিন্নর—ঈশ স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের, যক্ষরাজ।
কিম্ (কিং—মু) অং, সংশয়সূচক শব্দ। ২। প্রশ্ন। ৩। বিতর্ক। ৪। সাদৃশ্য। ৫। স্থান।
কিম্, কিং (কু কিম্বা কৈ শব্দ করা+ইম্ (ডিম্)—ক) অং, কুৎসিত। ২। প্রশ্ন। ৩। কুৎসা, নিন্দা। ৪। নিষেধ। ৫। বিতর্ক। ৬। সংশয়। ৭। প্রয়োজনাভাব। ৮। সর্ব্বং, ত্রিং, কে, কি। শিং—১ "কিমিদং বৈকৃতং কৃতম্।" ২ "কিং জহাসি মাম্।" ৩ "জাতিমাত্রেণ কিং কশ্চিৎ হন্যতে পূজ্যতে ক্বচিৎ।"
কিমপি (কিম্—অপি) অং, অনিশ্চিত। ২। অকারণ। ৩। অনির্ব্বচনীয়।
কিমর্থম্ (কিম্—অর্থ প্রয়োজন, অভিপ্রায়) অং, কেন, কি জন্যে, কি কারণে।
কিমাকার (কিম্—আকার আকৃতি) বিং, ত্রিং, কি আকারের, কিরূপ।
কিমিচ্ছক; বিং, ত্রিং, কোন ইচ্ছাবিশিষ্ট। ২। কোন প্রকার প্রশ্নকারক। ৩। সং, ক্লীং, মার্কণ্ডেয় পুরাণান্তর্গত ব্রতবিশেষ; এই ব্রতে যে যাহা প্রার্থনা করে, তাহাকে তাহাই অর্পণ করিতে হয়। যুবরাজ পরীক্ষিতের মাতা এই ব্রত করিয়াছিলেন।
কিমিব (কিম্—ইব) অং, কি, কিই। ২। কিছু। ৩। কাহার ন্যায়।
কিমু (কিম্+উ—প্রং) অং, সম্ভাবনা। ২। বিতর্ক। ৩। বিকল্প।
কিমুত (কিম্—উত) অং, প্রশ্ন। ২। বিতর্ক। ৩। বিকল্প। ৪। অতিশয়। ৫। উৎপ্রেক্ষা।
কিম্পচ, কিম্পচান (কিম্ [কিছুই নহে] কি—পচ, পচান+অ(অন্), শান—ক) যে পাক করে) বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ।
কিম্পরিমাণ (কিম্ কি—পরিমাণ) বিং, ত্রিং, কত পরিমাণের, কিয়ৎ।
কিম্পুনা; সং, স্ত্রীং, প্রসিদ্ধ নদীবিশেষ।
কিম্পুরুষ, কিম্পূরুষ (কিং কুৎসিত—পুরুষ নর, ষং—স) সং, পুং, দেবযোনি-বিশেষ, কিন্নর; ইহারা কুবেরের অনুচর, এবং সঙ্গীতকোবিদ। Centaur এর ঠিক বিপরীত অর্থাৎ Centaur এরা অশ্বদেহ ও মনুষ্যবদন, [illegible] মনুষ্যদেহযুক্ত ও তুরঙ্গবদন। ২। [illegible] হিমালয় ও হেমকূটের অন্তর্বর্ত্তী [illegible]। শিং—১ "এষ খলু হেমকূটো [illegible] পর্ব্বতস্তপসাং সিদ্ধিক্ষেত্রম্।" [illegible] ধের একপুত্র এবং কিম্পুরুষবর্ষাধীশ্বর।
কিম্পুরুষেশ্বর (কিংপুরুষ—ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কিংপুরুষ বর্ষাধিপতি, কুবের।
কিম্ভূত (কিম্ কি—ভূত যে হইয়াছে) বিং, ত্রিং, কীদৃশ, কি প্রকার।
কিয়ৎ (কিম্+যৎ(বতু)—পরিমাণার্থে। নিপাতন) বিং, ত্রিং, অং, কি পরিমাণ, কত। শিং—১ "কতমো মার্গঃ কিয়ানিতি চ শংস মে।" ২ "কিয়তী ভক্ষাশক্তিস্তে। স পুষ্পদন্তঃ কিয়তা কালেনাস্মানুপৈষ্যতি।" ২। অল্প পরিমাণ, কিছু।
কিয়া—প্রতিফল; যথা—

"আমারে যেমন মারিলি তেমন
পাইবি তাহার কিয়া।" (অন্নদা)।

কির (কৃ বিক্ষেপ করা+অ(ক)—ক। যে পোত্র দ্বারা ভূমি ক্ষেপণ করে) সং, পুং, শূকর। ২। বিং, ত্রিং, ক্ষেপণকারী। ৩। (+ক—ধি) পুং, প্রান্তভাগ।
কিরক (কির+ক(কণ্)—অল্পার্থে) সং, পুং, বালশূকর। ২। লেখক।
কিরণ (কৄ বিক্ষেপ করা+অন(কন)—র্ম্ম। যাহা বিক্ষিপ্ত হয়) সং, পুং, অংশু, চন্দ্র ও সূর্য্যের তেজঃ। শিং—১ "যথা হি কিরণা ভানো স্তপন্ত্যাহ চরাচরম্।" ২ "রত্নাবলীকিরণ কর্ব্বুরে পর্য্যঙ্কে।" ২। (+কন—ক) সূর্য্য। [অস্ত্যর্থে] সং, পুং, সূর্য্য।
কিরণমালী (—মালিন্, কিরণমালা+ইন্—
কিরাটিকা (কির পর্ব্বতভূমি—অটিকা যে ভ্রমণ করে, যে পর্ব্বতভূমিতে বিচরণ করে) সং, স্ত্রীং, শারিকা পক্ষিণী।
কিরাত (কির অব্যক্ত শব্দকারক—অত [অং গমনকরা+অ(অন্)—ক] যে গমন করে। অথবা কির গ্রামের প্রান্তভাগ—অত যে বাস করে। যাহারা গ্রামের প্রান্তভাগে বাস করে। কিম্বা কির অবস্করাদি নিক্ষেপ স্থান। যে পর্য্যন্তভূমি পর্য্যন্ত বিচরণ করে)

সং, পুং, বনচর, বন্যজাতি, ব্যাধ, চুয়াড়। ২। অন্নতমু। শিং—১ "পর্য্যন্তাশ্রয়িভি-র্নিজস্য সদৃশং নাম্নঃ কিরাতৈঃ কৃতম্।" ২ "ফল মূলাশনা যে চ কিরাতাশ্চর্ম্ম-বাসসঃ। ক্রূরশস্ত্রাঃ ক্রূরকৃতঃ।" ৩। ভূ-নিম্ব। ৪। অশ্বপাল, সহিস। ৫। দেশ-বিশেষ। শিং—১ "তপ্তকুণ্ডং সমারভ্য রামক্ষেত্রান্তকং শিবে। কিরাতদেশো বিজ্ঞয়ো বিন্ধ্যশৈলেহবতিষ্ঠতে।"

কিরাতাশী (কিরাতাশিন্, কিরাত—অশিন্ যে ভক্ষণ করে) সং, পুং, গরুড়; (গরুড়ের কিরাতজাতি ভক্ষণ বিষয় মহাভারতের আদিপর্ব্বে বর্ণিত আছে)।

কিরাতিনী (কিরাত+ইন্—প্রং) সং, স্ত্রীং, কিরাতদেশে যাহার উৎপত্তি স্থান, জটা-মাংসী।

কিরাতী (কিরাত দেখ) সং, স্ত্রীং, ব্যাধী। ২। চামরধারিণী। শিং—১ "নৌসংশ্রয়াং পার্শ্বগতাং কিরাতীম্।" ৩। কিরাতবেশ-ধারিণী। ৪। দুর্গা। ৫। গঙ্গা। ৬। কুট্টিনী।

কিরি (কৄ বিক্ষেপ করা+ই—ক, সংজ্ঞার্থে। যে পোত্র দ্বারা ভূমি ক্ষেপণ করে) সং, পুং, শূকর। ২। (যে জলক্ষেপ করে) মেঘ।

কিরীট (কৄ বিক্ষেপকরা+ঈট(কীটন্)—ক, সংজ্ঞার্থে। স্বর্ণময় বা রত্ন খচিত বলিয়া যে রশ্মি ক্ষেপণ করে) সং, পুং—ক্লীং, মুকুট, শিরোভূষণ। শিং—১ "ববন্ধ চৈব মে মূর্দ্ধ্নি কিরীটমিদমুত্তমম্।"

কিরীটী (কিরীটিন্, কিরীট+ইন্—অস্ত্যর্থে। অর্জ্জুন বিরাটতনয় উত্তরকে কহিতেছেন— "আমি পূর্ব্বে মহাবল দানবদলের সহিত ঘোরতর সমরসাগরে অবতীর্ণ হইলে দেবরাজ প্রসন্ন হইয়া সূর্য্যসমুজ্জ্বল কিরীট প্রদান করেন, এই নিমিত্ত আমার নাম কিরীটী হইয়াছে") সং, পুং, অর্জ্জুন। ২। বিষ্ণু। ৩। বিং, ত্রিং, কিরীটধারী। শিং —১ "কিরীটিনং গদিনং বক্রহস্তং।"

কিরে (দেশজ) সং, শপথ, দিব্য; যথা— "যেও না গো তার কাছে মোর কিরে প্রাণেশ্বর।" ২ "আমার মাথার কিরে।"

কির্ম্মীর (কৄ বিক্ষেপ করা+মীরন্—ক) সং, পুং, রাক্ষসবিশেষ, বকরাক্ষসভ্রাতা। ২। নারেঙ্গী লেবু। ৩। বিং, ত্রিং, নানাবর্ণ।

কির্ম্মীরজিৎ (কির্ম্মীর রাক্ষসবিশেষ—জিৎ যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, ভীম-সেন।

কিল (কিল্ প্রেরণ করা, আদেশ করা+অ (ক)—ক) অং, সম্ভাবনা। শিং—১ "এবং কিলজনঃ কথমতি।" ২। বার্ত্তা। ৩। প্রসিদ্ধি। ৪। নিশ্চয়। শিং—১"শূর যোগী কিল কার্ত্তবীর্য্যঃ।" ৫। ঐতিহ্য। ৬। অনুনয়। ৭। অলীক। ৮। মিথ্যা। ৯। সত্য। ১০। হেতু। ১১। তিরস্কার। শিং —১ "ততঃ কিল মহাবীর্য্যো ভীষ্মঃ শান্ত-নবো নৃপান্। অধিক্ষিপ্য মহাতেজাস্তিস্রঃ কন্যা জহার তাঃ।" ১২। অরুচি।

কিলকিঞ্চিত (কিল ক্রীড়া—কিং কিছু —চিত সংগৃহীত) সং, ক্লীং, নায়ক-সঙ্গ-জনিত হর্ষহেতুক হাস্যত্রাসাদি, স্ত্রী-লোকের ভাববিশেষ, নায়ক সমীপে নায়ি-কার এককালে নানা ভাবের উদয়। শিং —১ "তস্য ..ক্ষণং সর্ব্বাভিলাষরুদি-তস্মিতাসূয়া..ক্রুধাং। সঙ্করীকরণং যৎ স্যাদুচ্যতে কিলকিঞ্চিতং॥ ইত্যলঙ্কার কৌস্তুভং।"

কিলকিল (কিল ক্রীড়া, দ্বিত্ব) সং,পুং, লা—স্ত্রীং, বানরাদির হাস্যশব্দ, হর্ষধ্বনি। ২। অব্যক্ত শব্দ। শিং—১"আসীৎ কিলকিলা শব্দ স্তস্মিন্ গচ্ছতি পার্থিবে।" ২ "প্রবল-কিলকিলাকোলাহলমুখরিত হরিমুখ।" ৩ "চক্রুঃকিলকিলাধ্বনিম্।" ২। নগরী-বিশেষ।

কিলাট (কিল—অট্ গমন করা+অ(অন্) —প্রং) সং, ক্লীং, নষ্ট স্নেহ পাক করিলে যে পিণ্ডাকৃতি পদার্থ হয়, ক্ষীরবিকৃতি।

কিলাটী (কিলাটিন্, কিল—অট্ গমনকরা +ইন্(ণিন্)—ক) সং, পুং, বাঁশগাছ।

কিলাস (কিল ক্রীড়া—আস ক্ষেপণ। অ-থবা কিল—অস্ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, ক্লীং, রোগবিশেষ, ছুলি।

কিলাসঘ্ন (কিলাস+হন্ বধকরা+অ,টক্)

—ক। যে কিলাসরোগ নষ্ট করে) সং, পুং, কাকরোল বৃক্ষ।

কিলিঞ্জক (কিল+ই—ক=কিলি—জি জয় করা+অ(ড)—ক, কন্) সং, ক্লীং, কট, মাদুর। ২। পর্দ্দা।

কিল্বিষ (কিল্ ক্রীড়া করা + বিষ—প্রং। অথবা কিল+ব, টিষচ্—ক) সং, ক্লীং, পাপ। শিং—১"পিতেব পুত্রং ধর্ম্মাং সংত্রাতুমর্হসি কিল্বিষাং।" ২ "মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।" ৩ "কিল্বিষাং প্রতিমুচ্যতে।" ২। রোগ। ৩। দোষ, অপরাধ।

কিল্বী (কিল্বিন্) সং, পুং, ঘোটক।

কিশল, কিসল, কিশলয়, কিসলয় } (কিং কিঞ্চিৎ—শল্ গমন করা+অ(অন্), অয়(কয়ন্)—ক) সং, পুং—ক্লীং, নবপল্লব, নূতন পাতা, নবপল্লবযুক্ত-ক্ষুদ্রশাখা; যথা— "নব কিশলয়দল পল্লব নধর, শোভিত করেছে কিবা তরুলতিকায়।" শিং—১ "অশোকান্নাগপুষ্পাংশ্চ—তরুণাদিত্যসংকাশান্ রক্তৈঃ কিসলয়ৈর্ব্বৃতান্।" ২ "অধরঃ কিসলয়রাগঃ।" ৩ "কিশলয়ৈঃ মলয়ৈরিব পাণিভিঃ।"

কিশোর (কিম্ কি, কুৎসিতরূপে—শৄ গমন করা+ওর(ওরন্)—ক। অথবা কশ্+ওরন্—ক) বিং, ত্রিং, শিশু, বালক। ২। অপ্রাপ্তবয়স্ক, এগার বৎসর অবধি পনর বৎসর পর্য্যন্ত। ৩। নবযুবা; যেমন—কিশোর লক্ষ্মণ। ৪। সং, পুং, সূর্য্য। ৫। অশ্বশিশু। শিং—১ "রাজানংমাতরং চৈব দদর্শানুগতৌ পথি। নিবদ্ধ ইব পাশেন কিশোরো মাতরং যথা।" ২"সা চিরস্যাত্মজং দৃষ্ট্বা মাতৃনন্দনমাগতম্। অভিচক্রাম সংহৃষ্টা কিশোরং বড়বা যথা।"

. কিশ্‌মিশ্ (যাবনিক) সং, মধুপক্ক আঙ্গুরফল।

কিষ্কিন্ধ, কিষ্কিন্ধ্য ( কিখি বানর—ইন্ধ-ঞি=ইন্ধি দীপ্তি পাওয়ান+অল্—ধি। অথবা কিম্ কি—ধা ধারণ করা+অ(ক)—ক) সং, পুং, ওড্রদেশস্থ পর্ব্বতবিশেষ।

কিষ্কিন্ধা, কিষ্কিন্ধ্যা } সং, স্ত্রীং, বালি-রাজধানী; অনেকে অনুমান করেন, এই পুরী মহীশূরের উত্তরে ছিল। শিং—১ "[illegible] কিষ্কিন্ধ্যায়াং কপীশ্বরম্।" ২। [illegible], কিষ্কিন্ধ্য পর্ব্বতের [illegible]।

কিষ্কিন্ধ্যাধিপ (কিষ্কিন্ধ্য—[illegible] প্রভু, ৬ষ্ঠী—স) সং, পুং, বালী। ২। সুগ্রীব।

কিষ্কু (কৈ শব্দ করা+ইষ্কু—ক) সং, পুং—স্ত্রীং, দ্বাদশ অঙ্গুলি পরিমাণ, বিতস্তি। ২। কফোণির অধঃপ্রদেশ হইতে মণিবন্ধ পর্য্যন্ত এক হস্ত। শিং—১"ধনুঃশতৈষ্টমভূত্তস্য পঞ্চকিষ্কু প্রমাণতঃ।" ৩। ( কিষ্ক্+উ—ক) বিং, ত্রিং, কুৎসিত।

কিষ্কুপর্ব্বা (—পর্ব্বন্, কিষ্কু বিপৎ—পর্ব্বন্ গ্রন্থি, গাঁইট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষু। ২। বাঁশ। ৩। নল, খাগড়া।

কীকট (কিম্ কি—কট্ গমন করা+অ(অন্)—ক। কিম্বা কন্‌ক্ গমন করা+অট—প্রং। নিপাতন) সং, পুং, অশ্ব। ২। দেশবিশেষ, বেহার। ৩। পুং, বহুং, এই দেশের লোক। শিং—১ "সাধবঃ সমুদাচারাস্তে পূয়ন্তেহপি কীকটাঃ।" ৪। বিং, ত্রিং, কৃপণ। ৫। দরিদ্র।

কীকশ ( কিম্—কশ শব্দ করা+অ(অন্)—ক) সং, পুং, চণ্ডাল।

কীকস (কিম্—কস্ গমন করা+অ(অন্)—ক) সং, ক্লীং, অস্থি। ২। পুং, কীটবিশেষ। ৩। বিং, ত্রিং, কর্কশ, কঠিন। শিং—১ "তস্মাদিমা উভয়ত্র পশবো বদ্ধাঃ কীকসাস্থ চ জক্রুষু।"

কীকসাস্য ( কীকস অস্থি—আস্য মুখ। যাহার মুখের গঠন অর্থাৎ চঞ্চু অস্থিময় ও কঠিন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী।

কীকি (কী অনুকরণ শব্দ—কি [কৈ শব্দ করা+ই(ডি)—ক] যে শব্দ করে। যে 'কী' এই শব্দ করে) সং, পুং, চাষপক্ষী, নীলকণ্ঠ পাখী।

কীচক(চীকৃ শব্দকরা, স্পর্শকরা+অক(ণক)—ক। চীকৃ=কীচ) সং,পুং, বায়ুসংযোগে যে বংশ হইতে শব্দ নির্গত হয়। শিং—১ "কীচকৈর্ম্মারুতপূর্ণরন্ধ্রৈঃ কূজদ্ভিঃ।" ২ "যঃ পূরয়ন্ কীচকরন্ধ্রভাগান্ দরীমুখোত্থেন সমীরণেন।" (কুমার)। ২। কেকয়-

রাজের পুত্র, বিরাট রাজার শ্যালক। ৩। দৈত্যবিশেষ। ৪। নল, খাগড়া।

কীচকজিৎ (কীচক—জিৎ [জি জয় করা +০(ক্বিপ্)—ক] যে জয় করে) সং, পুং, ভীমসেন।

কীট ( কীট্ বন্ধন করা, রং করা+অ(ক)—ক) সং, পুং, কৃমি, পোকা। শিং—১ "কীটানুবিদ্ধ রত্ন।" ২ "কীটক্ষুণ্ণং পুস্তকম্।" ২। বিং, ত্রিং, কঠিন। "কীটোঽপি সুমনঃ সঙ্গাদারোহতি সতাং শিরঃ।"

কীটঘ্ন (কীট কৃমি, পোকা—ঘ্ন [হন্ নষ্ট করা+টক্—ক] যে নাশ করে) সং, পুং, গন্ধক। ২। বিং, ত্রিং, কীটনাশক।

কীটজ (কীট কৃমি, পোকা—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—য) সং, ক্লীং, রেশম। ২। বিং, ত্রিং, রেশমী। জা—স্ত্রীং, লাক্ষা, লা।

কীটমণি (কীট—মণি রত্ন, ৭মী—য) সং, পুং, খদ্যোত, জোনাকি পোকা।

কীটাণু ( কীট—অণু, ৭মী—য ) সং, পুং, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট।

কীটাদ (Insectivora, কীট—আদ যে খায়) সং, পুং, যাহারা কীট ভক্ষণ করিয়া দেহ যাত্রানির্ব্বাহ করে, যথা—ছুছুন্দরী প্রভৃতি।

কীদৃক্, কীদৃক্ষ, কীদৃশ (কীদৃশ্, কিম্—দৃশ্ দেখা+০ (ক্বিপ্), সক্, টক্—র্ম্ম। কাহার ন্যায় দর্শন ইহার, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, কি প্রকার, কেমন। শিং—১ "কীদৃগ্বর্ণোঽপি বা দেবি কীদগ্রূপশ্চ দৃশ্যতে।" ২ "কীদৃশঃ সাধবো বিপ্রাঃ কেভ্যো দত্তং মহাফলম্। কীদৃশানাং চ ভোক্তব্যং তন্মে ব্রূহি পিতামহ॥"

কীনাশ (কিম্ কুৎসিত—নশ্ ক্রিং=ধ্বংস করা+অ(অন)—ক) সং, পুং, যম। শিং—১ "বিধেহি কীনাশনিকেতনাতিথিম্।" (মাঘ)। ২। বানরবিশেষ। ৩। বিং, ত্রিং, ক্ষুদ্র, নীচ। শিং—১ "য উদ্যতমনাদৃত্য কীনাশমভিযাচতে।" ৪। কৃষিকর্ম্মকারী, কৃষক। শিং—১ "কীনাশঃ কর্ষকঃ।" (কুল্লুকভট্ট)। ৫। লোভী। ৬। পশুঘাতক।

কীর (কী শব্দবিশেষ—ঈর্ প্রেরণ করা +অ(ক)—ক। যে 'কী' এই শব্দ করে) সং, পুং, শুকপক্ষী। ২। দেশবিশেষ, কাশ্মীর। ৩। ক্লীং, মাংস।

কীর্ণ (কৄ বিক্ষেপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিক্ষিপ্ত। ২। হিংসিত। ৩। ব্যাপ্ত। ৪। আচ্ছন্ন। ৫। নিহত। শিং—১ "শ্রমনিরুত্তমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা।" ২ "কীর্ণং শনৈরনুকপোলমনেকপানাম্।" (মাঘ)।

কীর্ণি (কৄ ক্ষেপণ করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, ব্যাপ্তি। ২। বিক্ষেপ। ৩। হিংসন। ৪। আচ্ছাদন।

কীর্ত্তক ( কীর্ত্তন দেখ, অক(ণক)—ক ) বিং, ত্রিং, যে কীর্ত্তন করে, যে বর্ণনা করে; উল্লেখক, নির্দ্দেশক।

কীর্ত্তন (কৄৎ প্রশংসা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বর্ণন কথন। ২। গুণকথন। ৩। যশঃখ্যাপন। ৪। কৃষ্ণলীলাবিষয়ক সঙ্গীতবিশেষ। শিং—১ "তদ্যদি সন্ধানকীর্ত্তনং করিষ্যতঃ স ভূয়োঽত্যন্তং কোপং করিষ্যতি না—স্ত্রীং।

কীর্ত্তনীয় (কীর্ত্তন দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, বর্ণনীয়, কথনীয়। ২। গণনীয়।

কীর্ত্তনীয়া (দেশজ) কীর্ত্তন গায়ক।

কীর্ত্তি ( কীর্ত্তন দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, যশঃ, সুখ্যাতি। ২। মৃত ব্যক্তির খ্যাতি। ৩। প্রসাদ। শিং—১ "ন মে কীর্ত্তিঃ প্রণশ্যেত।" ২ "কীর্ত্তিং দাস্যামি তে পরাম্।" দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদি প্রভবং যশঃ ইতি মাধবী। অতএব যশঃ কীর্ত্ত্যোর্ভেদস্যাপি দর্শনাৎ যশঃ কীর্ত্তি প্রবিভ্রষ্টো জীবন্নপি ন জীবতি ইতি কস্যাচিৎ প্রয়োগঃ। জীবতঃ খ্যাতির্যশো মৃতস্য খ্যাতিঃ কীর্ত্তিরিতি কেচিত্তন্ন সাধু কীর্ত্তিস্তে নৃপদত্তিকেতি প্রয়োগ দর্শনাৎ। ইতি ভরতঃ।"

কীর্ত্তিত (কীর্ত্তন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উক্ত। ২। বর্ণিত। ৩। খ্যাত। ৪। নির্দ্দিষ্ট।

কীর্ত্তিভাক্ ( কীর্ত্তিভাজ্, কীর্ত্তি যশঃ—ভজ সেবা করা, ভজনা করা+০(বিণ্)

—ক) সং, পুং, দ্রোণাচার্য্য। ২। বিং, ত্রিং, কীর্ত্তিযুক্ত, যশস্বী।

কীর্ত্তিমান্ (কীর্ত্তিমৎ, কীর্ত্তি যশঃ+মৎ (মতু)—অস্ত্যর্থে) সং, পুং, বসুদেবের জ্যেষ্ঠপুত্র। শিং—১ "কীর্ত্তিমন্তং প্রথমজং। ২। বিং, ত্রিং, কীর্ত্তিবিশিষ্ট।

কীর্ত্তিবাস (কীর্ত্তি—বাস যে বাস করে, অথবা বাস পরিধেয়। যাহাতে কীর্ত্তি সর্ব্বদা বাস করে) বিং, ত্রিং, পরমযশস্বী। ২। স্বনামখ্যাত কবি; যিনি ভাষা রামায়ণ রচনা করেন, ইনি কৃত্তিবাস নামে পরিচিত; যথা—"কীর্ত্তিবাস, কীর্ত্তিবাস কবি, এ বঙ্গের অলঙ্কার।"

কীর্ত্তিশেষ (কীর্ত্তি—শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মরণ, মৃত্যু। ২। বিং, ত্রিং, মৃত।

কীর্ত্তিস্তম্ভ (Monument) সং, পুং, ঘটনাবিশেষের স্মরণার্থে অথবা কোন সাধু বা প্রধান ব্যক্তির নাম চিরস্মরণীয় করিবার নিমিত্ত নির্ম্মিত স্তম্ভাদি।

কীর্য্যমাণ (কৃ বিক্ষেপ করা+আন(শান)—র্ম্ম, ভা। য, ম—আগম) বিং, ত্রিং, যাহা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে।

কীল (কীল্ বন্ধন করা+অ(ক)—ণ। যে বন্ধন করে অর্থাৎ যাইতে দেয় না) সং, পুং, শল্য, হুড়কো, খিল। ২। শঙ্কু, গোঁজ, খোঁটা। ৩। কনুই। ৪। মুষ্ট্যাঘাত। শিং—১ "কীলৈঃ সুনিচিতাঃ কৃতাঃ।" ৪। রতিবন্ধন বিশেষ। পুং, লা—স্ত্রীং, অগ্নিশিখা। ২। লেশ।

কীলক (কীল দেখ, কণ্—স্বার্থে) সং, পুং, খোঁটা, গোঁজ, খিল। ২। দোহনার্থ বন্ধনস্তম্ভ। ৩। গোরুদিগের গাত্রকণ্ডূয়নার্থ প্রোথিত কাষ্ঠ। ৪। তন্ত্রোক্ত দেবতাবিশেষ। ৫। মন্ত্রবিশেষ। ৬। বর্ষবিশেষ। শিং—১ "জায়ন্তে সর্ব্বশস্যানি সুভিক্ষং নিরুপদ্রবম্। সৌম্যবৃষ্টির্ভবেদ্রাজন্ কীলকে চ শুভং ভবেৎ।" ৬। দেবী-মাহাত্ম্য পাঠের পূর্ব্ব পাঠ্য স্তববিশেষ। শিং—১ "সর্ব্বমেতদ্বিনা যস্তু মন্ত্রাণামপি কীলকম্।"

কীলন (কীল্ বন্ধন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দৃঢ়ীকরণ, স্থিরীকরণ।

কীলান্বিত (কীল বন্ধন, ইত্যাদি—ইন্ ক্রি =অন্বি প্রাপ্তি করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংবদ্ধ। ২। কীলযুক্ত, যথা—"বজ্রসম কীলান্বিত হইল"

কীলাল (কীল অগ্নিশিখা—অল্ নিবারণ করা+অ(অন্)—ক) সং, ক্লীং, জল। ২। রক্ত। শিং—১ "সদ্যঃকৃত্তকঠোরকণ্ঠবিগলৎকীলালধারোজ্জ্বলৈঃ (পুরুষোপহারবলিভিঃ)।" ৩। অমৃত। শিং—১ "পয়ঃ কীলালমমৃতম্।" ৪। মধু। ৫। পুং, পশু।

কীলালধি (কীলাল জল—ধি যে ধারণ করে) সং, পুং, জলধি, সমুদ্র।

কীলালপ (কীলাল রক্ত—প [পা পান করা +অ(ড)—ক] যে পান করে) সং, পুং, অস্রপ, রাক্ষস। শিং—১"স চ কীলালপো যস্তু পরান্নং ভোক্তুমিচ্ছতি।" ২। জোঁক।

কীলিত (কীল দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, রুদ্ধ, বাঁধা। শিং—১ "মহাদেবেন কীলিতম্।" ২। (+ক্ত—ভাবে) ক্লীং, বন্ধন।

কীশ (কি [ক বায়ু+ই(ঞি)—অপত্যার্থে] হনুমান্—ঈশ স্বামী। যাহাদের হনুমান্ অধিপতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর। ২। সূর্য্য। ৩। পক্ষী। ৪। বিং, ত্রিং, নগ্ন, বিবস্ত্র, উলঙ্গ, নেঙটা।

কীশপর্ণ (কীশ বানর—পর্ণ পত্র। কীশলোম তুল্য লোমশ পত্র যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, র্ণী—স্ত্রীং, অপামার্গ বৃক্ষ, আপাংগাছ।

কু (কু শব্দ করা+উ(ডু)—ক) সং, স্ত্রীং, পৃথিবী। ২। কোন মতে—আগম, নিগম প্রভৃতি বেদাঙ্গ-ব্যাখ্যা; যথা—"কু-কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ।" (অন্নদা)। এ সম্বন্ধে স্বয়ং শিব কহিয়াছেন যে—

"শঙ্কর কহেন শুন পূর্ব্ব সমাচার,
একমুখ দুই হাত আছিল আমার।
ঊর্দ্ধমুখে আগম তোমার গুণ গাই,
দুই ভুজ ঊর্দ্ধ করি তোমারে ধেয়াই।
চারি বেদে তব গুণ গান করিবারে,
চারিমুখ দিলা তুমি আদরে আমারে।"

৩। অং, পাপ। ৪। দোষ। ৫। অমঙ্গল।

৬। মন্দ। ৭। কুৎসিত। ৮। নিন্দা। ৯। ঈষৎ নিবারণ। ১০। ভূমিভাগ। শিং —১ "নাগ্নিচিন্নরকং যাতি ন সংপুত্রো ন কুপ্রদঃ।" ১১। বিং, ত্রিং, নিন্দনীয়।

কুআ, কোয়া (কূপ শব্দজ কি?) সং, পাত-কোয়া, ইঁদারা। [কুহেলিকা।

কুআশা, কোয়াশা (দেশজ) সং, কুজ ঝটিকা,

কুংশা-সা (কুনৃশ্ দীপ্তি পাওয়া + অ —ভা) সং, স্ত্রীং, শোভা।

কুঁকড়ন (দেশজ) সং, সঙ্কোচন, জড়সড় হওন, কুণ্ঠিত হওন। [গুঞ্জা।

কুঁচ (কুঞ্চিকা শব্দজ) সং, গুঞ্জাপরিমাণ,

কুঁচি, কুচা, কুচি (দেশজ) সং, ক্ষুদ্রকাষ্ঠখণ্ড। ২। মার্জ্জনী, ঝাঁটাবিশেষ।

কুঁচকি, কুচকি (দেশজ) সং, উরু-সন্ধিস্থান।

কুঁজ (কুব্জ শব্দজ) সং, বক্রপৃষ্ঠ। ২। বিং, যাহার পৃষ্ঠ বক্র। জা—জলপাত্রবিশেষ।

কুঁজড়ানী (দেশজ) ফলমূল বিক্রয়কারিণী। স্ত্রীলিঙ্গেই এই শব্দটী অধিকতর খাটে। ফলমূল বিক্রয় প্রায় স্ত্রীলোকেই অধিকাংশ করিয়া থাকে, আর ছোট লোকের ঘরে স্ত্রীজাতিই কোন্দলে অধিকতর মজবুৎ।

কুঁজী (কুব্জী শব্দজ) যে স্ত্রীলোকের পৃষ্ঠদেশে কুব্জ। ২। (কুঞ্চী শব্দজ) চাবী; যথা— সিন্দুকের কুঁজী।

কুঁড়, কুঁড়া (কণ্ডন শব্দজ) সং, তুষকণা, তুষের ক্ষুদ্রাংশ। ২। পেষণপাত্র, যাহার উপর পেষণ করা যায়; যথা—"নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই।"

কুঁড়ি, ড়ী (কুট্মল শব্দজ কি?) সং, কোরক, কলিকা, মুকুল। ২। কুণ্ড, পাত্রবিশেষ।

কুঁড়িয়া, কুঁড়্যা (কুটীর শব্দজ কি?) সং, পত্রাদি নির্ম্মিত গৃহ। ২। বিং, অলস।

কুঁদ (কুন্দ শব্দজ) সং, সূত্রধরের অস্ত্রবিশেষ। ২। পুষ্পবিশেষ।

কুঁদন (কূর্দ্দনশব্দজ) সং, লম্ফন, লাফান। ২। কুঁদযন্ত্রে কাষ্ঠচ্ছেদন।

কুঁদল (কুন্দল শব্দজ) সং, কলহ, বিবাদ, ঝকড়া। [স্থূল বৃহৎ খণ্ড।

কুঁদো (স্কন্ধ শব্দজ কি?) সং, গুঁড়ি, কাষ্ঠের

কুকক ; সং, স্ত্রীং, মদ্য।

কুকর (কু কুৎসিৎ—কর হস্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকৃতহস্ত, নুলো, কুণা। ২। (কু কুৎসিত—কার্য্য, ৬ষ্ঠী—হিং) কুৎসিত কার্য্যকারক, মন্দকর্ম্মকারী। ৩। (কু শক্র—কর হস্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শক্রের হস্ত।

কুকর্ম্মকারী (—কারিন্, কুকর্ম্ম—কৃ করা + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে কুকর্ম্ম করে।

কুকর্ম্মশালী (কুকর্ম্মশালিন্, কুকর্ম্ম—শাল্ শোভা পাওয়া + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে কুকর্ম্মশীল, কুকর্ম্মী, কুকর্ম্মান্বিত।

কুকর্ম্মা (কুকর্ম্মন্) বিং, ত্রিং, যে সতত কুকর্ম্ম করিয়া থাকে।

কুকর্ম্মান্বিত (কুকর্ম্ম—অন্বিত, ৩য়া—য) বিং ত্রিং, কুকর্ম্মযুক্ত, দুষ্ক্রিয়ান্বিত।

কুকর্ম্মী (কুকর্ম্মিন্, কুকর্ম্ম + ইন্(ণিন্)—ক বিং, ত্রিং, যে কুকর্ম্ম করে, কুকর্ম্মাসক্ত।

কুকীল (কু পৃথিবী—কীল শঙ্কু, গোঁজ ৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ব্বত।

কুকুড়া (কুক্কুট শব্দজ) সং, তাম্রচূড়, মুরগী

কুকুন্দর (কু নিতম্বস্থ ভূমি—স্কন্দ্ গম করা, বা।পা + অর—সংজ্ঞার্থে। অথব কু কু নিতম্ব প্রদেশ—দৃ বিদারণ ক + অ(খ)—ক। যে নিতম্ব ভূমি ব্যাপে সং, ক্লীং, দ্বিং, নিতম্বের উপরিস্থ আবর্ত্ত কার কূপকদ্বয়।

কুকুভা ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

কুকুর, কুকুর (কু পৃথিবী—কুর্ পরিত্যা করা + অ(খ)—ক। যযাতির অভিশাপে যাহাকে রাজ্য পরিত্যাগ করিতে হইয়াছি অথবা কুকু লওয়া + উর—ক) সং, পু যদুবংশীয় ক্ষত্রিয়। ২। বহুং, দশার্হদেশ লোক। ৩। (কুকুর শব্দটী কুক্কুর শব্দজ গ্রাম্যমৃগ, কুত্তা।

কুকূল (কু পৃথিবী—কূল তট ইত্যা অথবা কু কু + উলচ্—ক) সং, ক্লী শঙ্কুদ্বারা সংকীর্ণ গর্ত্ত। ২। বর্ম্ম। পুং, তুষানল। শিং—১ "কুকূলা রাশৌতদন্তু হৃদয়ং পচ্যত ইব।" ২ "অ কচ কুকূলাগ্নিঃ কর্কশো মদনাহনলঃ।"

কুক্কুট (কু পৃথিবী—কুট্ ছেদন করা, আঁচড়া+অ(ক)—ক। ক—আগম। যে ভূমি আঁচড়ায়, ২য়া—ষ অথবা—কুক+০ (ক্বিপ্)—ক, কুট্ ছেদন করা+অ(ক) —ক) সং, পুং, টী—স্ত্রীং, কুকুড়া। শিং—১ "যুদ্ধং চ প্রাতরুত্থানং ভোজনং সহবন্ধুভিঃ। স্ত্রিয়মাপদ্গতাং রক্ষেচ্চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ।" ২। তৃণোল্কা। ৩। স্ফুলিঙ্গ। টী—স্ত্রীং, অনৃতাচরণ। টী—টিকটিকী।

কুক্কুটক (কুক্কুট+কণ্—যোগ) সং, পুং, কক্কুট। ২। শূদ্রের ঔরসে নিষাদীর গর্ভজাত সঙ্কীর্ণ জাতিবিশেষ।

কুক্কুটব্রত (কুক্কুট কুকুড়া—ব্রত উপাসনা। কুক্কুটীরা বন্ধ্যাত্ববিহীন বলিয়া কুক্কুটব্রত নাম হইল) সং, ক্লীং, ভাদ্র শুক্ল সপ্তমীতে সন্তানার্থ স্ত্রীলোকের কর্ত্তব্য ব্রত, ললিতাসপ্তমী ব্রত। শিং—১ "ভাদ্রে মাসি সিতেপক্ষে সপ্তম্যাং নিয়মেন যা। স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলে চ সহাম্বিকং পূজয়েচ্চ তদা তস্যা দুষ্প্রাপং নৈব বিদ্যতে।" ২। অনৃতাচরণ ব্রত।

কুক্কুটমণ্ডপ ; সং, ক্লীং, কাশীস্থ মুক্তিমণ্ডপ স্থান।

কুক্কুটশিখ (কুক্কুট—শিখা, ৬ষ্ঠী—ছিং) সং, পুং, কুসুম্ভবৃক্ষ। ইহার পুষ্প কুক্কুট শিখার ন্যায় হয়।

কুক্কুটাসন ; সং, ক্লীং, রুদ্র যামলোক্ত আসন বিশেষ, ইষ্টসাধনবিষয়ে এই আসন প্রশস্ত বলিয়া নির্দ্দিষ্ট আছে।

কুক্কুভ (কুক্ অনুকরণ শব্দ—কু শব্দ করা +ভ(ডকু)—ক) সং, পুং, বন্য কুক্কুট।

কুক্কুর, কুক্কুর (কুক্ গ্রহণ করা+কুর—সংজ্ঞার্থে।—কুর্—কুর শব্দ করা+অ —প্রং। অথবা কুক+০(ক্বিপ্)—ক, কুর +অ(ক)—ক) সং, পুং, রী—স্ত্রীং, গ্রাম্যমৃগ, কুকুর, কুত্তা, কুক্করী।

কুক্রিয় (কু কুৎসিত—ক্রিয়া কার্য্য, ৬ষ্ঠী —ছিং) বিং, ত্রিং, দুষ্কর্ম্মান্বিত, মন্দকর্ম্মকারক।

কুক্ষি (কুষ্ নির্গত হওয়া+ক্সি)—ক) সং, পুং, গর্ভ, উদরগহ্বর, কোঁক। ২। অভ্যন্তর [illegible] শিং—১ "যাত্তৌ সাবর[illegible] (গৃহ) তজ্জায়তে মৌক্তিকম্। [illegible] ৩ "কুক্ষীনস্যাশ্চ কুক্ষি[illegible]

কুক্ষিগত (কুক্ষি উদর—গত, ২য়া—[illegible]) ত্রিং, উদরপ্রবিষ্ট, উদরমধ্যগত।

কুক্ষিজ (কুক্ষি—জ যে জন্মে, ৭মী—[illegible]) সং, পুং, গর্ভজাত সন্তান। জা—স্ত্রীং, কন্যা।

কুক্ষিম্ভরি (কুক্ষিম্ উদরকে—ভরি [ভৃ পোষণ করা+ই(খি)—ক] যে ভরে) বিং, ত্রিং, পেটুক; দেবতা অতিথি আত্মীয় স্বজনকে বঞ্চনা করিয়া যে কেবল আত্মোদর পরিপূরণ করে, কৃপণ।

কুক্ষিরন্ধ্র (কুক্ষি মধ্যভাগ—রন্ধ্র ছিদ্র, ৬ষ্ঠী—ছিং) সং, পুং, যাহার মধ্যভাগে ছিদ্র আছে, নল।

কুক্ষিশূল ; সং, ক্লীং, সুশ্রুতোক্ত শূল রোগবিশেষ, কুক্ষিগত শূল।

কুঙ্কুম (কুনক্ লওয়া+উম(উমক্)—র্ম্ম) সং, পুং, কাশ্মীরদেশজ গন্ধদ্রব্যবিশেষ। ২। ক্লীং, কাশ্মীরদেশজাত পুষ্পবিশেষ, কুসুম ফুল। শিং—১ "কুঙ্কুমপঙ্ককলঙ্কিতদেহা।" ২ "কুঙ্কুমার্দ্রে তস্যাঃ পয়োধরযুগে।" ৩ "কাশ্মীর দেশজে ক্ষেত্রে কুঙ্কুমং যদ্ভবেদ্ধি তৎ। সূক্ষ্মকেশরমারক্তং পদ্মগন্ধি তদুত্তমম্॥ বাহ্লীকদেশসংজাতং কুঙ্কুমং পাণ্ডুরং ভবেৎ। কেতকীগন্ধযুক্তং তন্মধ্যমং সূক্ষ্ম কেশরম্। কুঙ্কুমং পারসীকেয়ং মধুগন্ধি তদীরিতম্ ঈষৎপাণ্ডুরবর্ণং তদধমং স্থূলকেশরম্।"

কুচ, কূচ (কুচ্ সংকুচিত হওয়া+অ(ক)—র্ম্ম) সং, পুং, যুবতীর স্তন, পয়োধর।

কুচক্র (কু—চক্র, ষং—স) সং, পুং, চক্রান্ত, কুমন্ত্রণা।

কুচক্রী (কুচক্রিন্, কুচক্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে কুমন্ত্রণায় লিপ্ত থাকে, চক্রান্তকারী। ২। যে সকলকে কুমন্ত্রণা দিয়া বেড়ায়।

কুচণ্ডী ; সং, স্ত্রীং, মূর্ব্বালতা।

কুচন (দেশজ) সং, খণ্ড খণ্ড করণ, ছেদন। ২। (কুঞ্চন শব্দজ) কুঁকড়ন।

কুচনী (কুচবিহারের অধিবাসীদিগকে কোঁচ বলে) কোচস্ত্রী, বেশ্যা ; যথা—
"নিজ অঙ্গ যদি মোর অঙ্গে মিলাইবা,
কুচনীর বাড়ি তবে কেমনে যাইবা।"

কুচন্দন (কু কুৎসিত, নিকৃষ্ট—চন্দন। গন্ধ হীন বলিয়া) সং, ক্লীং, রক্তচন্দন। ২। কুঙ্কুম। [ফল।

কুচফল (কুচতুল্য বলিয়া) সং, ক্লীং, দাড়িম্ব

কুচর (কু নিন্দনীয়—চর যে গমন করে) বিং, ত্রিং, পরনিন্দাকারী।

কুচর্য্যা (কু কুৎসিত—চর্য্যা আচরণ) সং, স্ত্রীং, গর্হিত আচরণ। ২। কুরীতি।

কুচাগ্র ; সং, ক্লীং, স্তনাগ্রভাগ। ২। বোঁটা।

কুচিক ; সং, পুং—স্ত্রীং, মৎস্যবিশেষ, কুঁচে।

কুচেল (কু কুৎসিত—চেল পরিচ্ছদ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার পরিধানবস্ত্র অতিশয় জঘন্য। ২। (বং—স) সং, পুং, কুৎসিত বস্ত্র।

কুচ্ছ ; সং, ক্লীং, কুমুদ। ২। চ্ছা—(কুৎসা-শব্দজ) সং, নিন্দা, অপবাদ, দুর্ণাম।

কুছ (কিঞ্চিৎ শব্দজ) বিং, কিছু, অল্প।

কুজ (কু পৃথিবী—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর। শিং—১"যথা স নরকো জাতো ধরাগর্ভে মহাসুরঃ।" ৩। বৃক্ষ। জা—স্ত্রীং, কাত্যায়নী দেবী। ২। সীতা। ৩। (কুব্জ শব্দজ) বিং, বক্র। ৪। সং, জলপাত্রবিশেষ।

কুজপ (কু—জপ্ জপ্ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কুৎসিত জপকারক।

কুজন্ত (কু—জন্ত দন্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কুৎসিত দন্তযুক্ত।

কুজম্ভল } (কু পৃথিবী—জম্ভ্ নষ্ট
কুজম্ভিল } করা+অল, ইল—প্রং) সং, পুং, সিঁদেল চোর।

কুজাষ্টম (কুজ—অষ্টম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যোগবিশেষ; যাহাতে মঙ্গলগ্রহ জন্ম লগ্না-বধি অষ্টম স্থানে স্থিতি করে।

কুজ্ঝটি, টী, টিকা (ক জল—উৎ ঊর্দ্ধ—ঝট্ মিলিত হওয়া+ই—সংজ্ঞার্থে। অথবা কু+০(ক্বিপ্)—ক, ঝট+ই—ক ক—স্বার্থে। যে জল বাষ্পরূপে ঊর্দ্ধে মিলিত হয়) সং, স্ত্রীং, কুয়াসা।

কুঞ্চন (কুঞ্চ্ বক্র গমন করা, সঙ্কুচিত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সঙ্কোচ করিয়া আনা। ২। বক্রকরণ। শিং—১ "কুর্য্যাৎ শিরাগতং মূল শিরাকুঞ্চন পূরণম্।" ৩। অনাদর। ৪। নেত্ররোগ বিশেষ। শিং—১"বাতাদ্যা বর্ত্ম সঙ্কোচ জনয়ন্তি যদা মলম্। তদা দ্রষ্টুং ন শক্নোতি কুঞ্চনং নাম তদ্বিদুঃ।"

কুঞ্চি, কুঞ্চী (কুঞ্চ্ সঙ্কুচিত হওয়া+ই—ক ঈপ্) সং, স্ত্রীং, অষ্টমুষ্টি পরিমাণ, আটমুটা খুঁচি। শিং—১ "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চি কুঞ্চয়োহষ্টৌ চ পুষ্কলম্।"

কুঞ্চিকা (কুঞ্চ্ বক্র গমনকরা+অক(ণক)—ক,আপ্) সং,স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। ২। কঞ্চী কুঁচেমাছ। ৩। চাবি। শিং—১ "উদ্ঘাটিনী কুঞ্চিকা।"

কুঞ্চিত (কুঞ্চি দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং বক্রীকৃত, নম্রীকৃত, কোঁকড়ান। ২। সঙ্কুচিত। ৩। অনাদৃত।

কুঞ্জ (কু পৃথিবী—জ যে জন্মে। অথবা কুজ্ অব্যক্ত শব্দ করা+অ(ঘঞ্)—আগম) সং, পুং—ক্লীং, লতাগৃহ, উপবন বা অরণ্যে লতাদি দ্বারা আচ্ছন্ন স্থান ২। হস্তিহনূ। ৩। হস্তিদন্ত। ৪। ঋষি বিশেষ। শিং—১"লতাকুঞ্জং গুঞ্জন্মদবদলি পুঞ্জং চপলয়ন্।" ২"কুঞ্জং সতিমির পুঞ্জং। ৩ "কূজিত কুঞ্জকুটীরে।" (জয়দেব)। "নদীকুঞ্জনিতম্বৈশ্চ প্রাসাদৈরুপশোভিতঃ (হিমবন্তম্)।"

কুঞ্জর (কুঞ্জ হস্তিশুণ্ড+র—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। ২। (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) শ্রেষ্ঠ; যেমন—বীরকুঞ্জর। শিং—১ "সিংহশার্দ্দূল নাগাদ্যাঃ পুংসিশ্রেষ্ঠার্থ বাচকাঃ।" ৩। কেশ। ৪। দেশবিশেষ ৫ পৃথিবীর দক্ষিণদিগ্বর্ত্তী পর্ব্বতবিশেষ। শিং—১"চকার (মহাদেবঃ) কুঞ্জরং চৈব কুঞ্জর প্রতিমাকৃতিম্।" রা, রী—স্ত্রীং, হস্তিনী ২। ধাতকীবৃক্ষ।

কুঞ্জরাশন (কুঞ্জর হস্তী—অশন ভোজনীয়, ৬ষ্ঠী—ষ) সং,পুং, অশ্বত্থবৃক্ষ। [বিশেষ।

কুঞ্জরাসন; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসন-

কুঞ্জরাস্য (কুঞ্জর হস্তী—আস্য বদন) দক্ষিণ মহাসাগরে এক প্রকার মকর আছে তাহাদের মধ্যে পুংজাতীয় ওষ্ঠ কিঞ্চিৎ দীর্ঘ দেখিতে হস্তীর শুঁড়ের মত এজন্য তাহারা কুঞ্জরাস্য নামে খ্যাত।

কুঞ্জল (কু কুৎসিত—জল। এঃ—আগম) সং, পুং, কাঞ্জিক, কাঁজী, আমানি।

কুঞ্জিকা; সং, স্ত্রীং, কৃষ্ণজীরক, কেলেজীরা। ২। নিকুঞ্জিলাম্লবৃক্ষ।

কুট (কুট্ বক্র গমন করা+অ(ক)—ক) সং,পুং, কোট, দুর্গ, গড়। ২। পাতর ভাঙ্গা হাতুড়ী। ৩। পর্ব্বত। ৪। বৃক্ষ। ৫। পুং—ক্লীং, ঘট, কলসী। পুং, টি, টী—স্ত্রীং, বাটী, বাড়ী। ২। কুঁড়ে। শিং—১ "ব্রহ্মহা দ্বাদশসমাঃ কুটীং কৃত্বা বনে বসেৎ।" ২ "প্রাসাদয়তি যঃ কুট্যাং।" ৩। (+অ(ক)—ক) কুট্টনী। ৪। (+ক—ভাবে) কুটিলতা। ৫। (দেশজ) তৃণ; যথা—"দাঁতে করি কুটা।"

কুটঙ্ক (কুটম্ গৃহকে—ক যে করে অথবা কু গৃহভূমি—টঙ্ক্ আচ্ছাদন করা+অ(ষঞ্)—ণ) সং, পুং, গৃহাচ্ছাদন, চাল। ২। গিরিসমীপ।

কুটজ (কুট শৃঙ্গ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ। =) সং, পুং, গিরিমল্লিকা পুষ্পবৃক্ষ, কুড়চীগাছ। ২। (কুট কুম্ভ, ঘট—জ জাত) দ্রোণাচার্য্য। ৩। অগস্ত্য।

কুটজগতি; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ।

কুটজপুটপাক; সং, পুং, চক্রদত্তোক্ত অতিসাররোগনাশক ঔষধবিশেষ।

কুটজরস; সং, পুং, অর্শরোগনাশক ঔষধবিশেষ। [বিশেষ।

কুটজলেহ; সং, পুং, অতিসারনাশক লেহ-

কুটজবীজ; সং, ক্লীং, ইন্দ্রযব।

কুটজা; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ।

কুটন (কুট্টন শব্দজ) সং, খণ্ড খণ্ড করণ, চূর্ণন, গুঁড়ান।

কুটনা (পূর্ব্বে দেখ) সং, পাকার্থ খণ্ড খণ্ড কৃত তরকারী।

কুটনী (কুট্টনী শব্দজ) সং, সঙ্ঘটিকা, যে নায়ক নায়িকার সঙ্ঘটন করিয়া দেয়, দূতী।

কুটন্নট; সং, পুং, শ্যোনাকবৃক্ষ। ২। ক্লীং, কৈবর্ত্তী মুস্তক, কেশুর।

কুটপ (কুট গৃহ—পা পালন করা+অ(ড)—ক) সং, পুং, গৃহসমীপস্থ উপবন। ২। কুড়ব পরিমাণ। ৩। মুনি। ৪। ক্লীং, পদ্ম।

কুটর; সং,পুং, মন্থানদণ্ডস্থ রজ্জু, বন্ধনস্তম্ভ।

কুটরু; সং, পুং, বস্ত্রগৃহ, কানাৎ।

কুটল (কুট গৃহ—লা গ্রহণ করা, আচ্ছাদন করা+অ(ড)—ক) সং, ক্লীং, গৃহের চাল, ছাদ।

কুটহারিকা (কুট কলসী—হারিকা যে লইয়া যায়) সং, স্ত্রীং, দাসী।

কুটাঘাত (কুট হাতুড়ি—আঘাত, ৩য়া—ষ) সং, পুং, হাতুড়ির আঘাত।

কুটি (কুট্ বক্র হওয়া+ই—সংজ্ঞার্থে) সং, পুং, বৃক্ষ। ২। দেহ। ৩। জল। টি, টী—স্ত্রীং, ক্ষুদ্র গৃহ, কুঁড়ে। ২। (দেশজ) তৃণ।

কুটিচর } (কুটি,কুটী বক্রতা, জল—চর [চর্
কুটীচর } গমন করা+টক্—ক] যে গমন করে) সং, পুং, জলজন্তুবিশেষ, শুশুক। ২। সন্ন্যাসীবিশেষ।

কুটিত (কুট বক্রতা + ইত—যুক্তার্থে) বিং, ত্রিং, কুটিল, খল।

কুটিয়া, কুঠিয়া (কুষ্ঠী শব্দজ) বিং, মহাব্যাধিগ্রস্ত।

কুটিল (কুটি কৌটিল্য+ল—অস্ত্যর্থে। অথবা কুট+ইল—ক) বিং, ত্রিং, বক্র। শিং—১ "ভ্রূকুটীকুটিলাত্তস্যাঃ।" ২। ক্রূর। ৩। শঠ, ধূর্ত্ত। ৪। ক্লীং, তগরপুষ্প। লা—স্ত্রীং, সরস্বতী নদী। ২। রাধিকার ননন্দা ও আয়ানের ভগিনী। ৩। ছন্দোবিশেষ। ৪। গন্ধদ্রব্যবিশেষ।

কুটিলগ (কুটিল—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, বক্রগামী। ২। সং, পুং—স্ত্রীং, সর্প। গা—স্ত্রীং, নদী।

কুটীচক } (কুটী গৃহ—চক যে তৃপ্ত হয়,
কুটীচর } চর যে গমন করে) সং, পুং, পুত্রান্নজীবী, পুত্রের উপর যাহার জীবিকা নির্ভর করে। ২। যতিবিশেষ। শিং—১ "চতুর্ব্বিধা ভিক্ষবস্তে কুটীচকবহূদকৌ। হংসঃ পরমহংসশ্চ যোহত্র পশ্চাৎ স উত্তমঃ।"

কুটীমুখ; সং, পুং, শিবানুচরবিশেষ।

কুটির } (কুট দেখ, ঈর—হ্রস্বার্থে।
কুটীর } অথবা কুটি, কুটী—রা দান করা+অ(ড)—ক) সং, পুং, পর্ণশালা, ছোটঘর, কুঁড়েঘর। শিং—১ "কূজিত-কুঞ্জকুটীরে।" ২। বাসস্থান।

কুটুঙ্গক (কুট [কুট্ বক্র হওয়া+অ—প্রং] —অঙ্গ দেহ+ক—যোগ। নিপাতন) সং, পুং, লতাগৃহ। ২। ছাদ, চাল। ৩। বংশাদিনির্ম্মিত ধান্যরক্ষণ পাত্রবিশেষ, ডোল।

কুটুম্ব (কুটুম্ব্ পোষণ করা+অ(অন্)—ক) সং, পুং—ক্লীং, জ্ঞাতি, যাহার সহিত বংশ সম্বন্ধ আছে। ২। পরিবার, পোষ্য-বর্গ। ৩। যাহার সহিত বিবাহাদি সম্বন্ধ ঘটিয়াছে। ৪। বান্ধব। শিং—১ "কুটুম্বা-নাঞ্চ দাতারঃ পুরুষাঃ স্বর্গগামিনঃ।" ২ "শ্বশুর কুটুম্বং সর্ব্বংসোৎসাহং বভূব।" ৩ "বসুধৈব কুটুম্বকং।"

কুটুম্বব্যাপৃত (কুটুম্ব পরিবারবর্গ—ব্যাপৃত যে [ভরণ পোষণাদি] কার্য্যাসক্ত হয়) বিং, ত্রিং, পরিবারবর্গের প্রতিপালনে মনোযোগী।

কুটুম্বিতা (কুটুম্বিন্+তা—বিদ্যমানার্থে) সং, স্ত্রীং, পারিবারিক সম্বন্ধ; কুটুম্বসম্বন্ধ নিবন্ধন ব্যবহার।

কুটুম্বী (কুটুম্বিন্, কুটুম্ব+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহস্থ। শিং—১ "দীনানাং ক-ল্পবৃক্ষঃ স্বগুণফলনতঃ সজ্জনানাং কুটুম্বী।" ২ "রথকুটুম্বী।" নী—স্ত্রীং, কুটুম্ববিশিষ্টা, পতিপুত্র দুহিতাদিবিশিষ্টা স্ত্রী, গৃহিণী। ২। ক্ষীরিণী ক্ষুপবিশেষ।

কুট্টক (কুট্টন দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, ছেদক; যথা—অশ্মকুট্টক। ২। সং, পুং, অঙ্কবিশেষ; লীলাবতীতে এই অঙ্কের এইরূপ উদাহরণ নির্দ্দিষ্ট আছে—"এক-বিংশতিযুতং শতদ্বয়ং যদ্ গুণং গণক পঞ্চ-ষষ্টিযুক্। পঞ্চবর্জ্জিত শতদ্বয়োদ্ধৃতং শুদ্ধি-মেতি গুণকং বদাশুতৎ।"

কুট্টন (কুট্ট্ কাটা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কাটন, ছেদন। ২। খোঁড়ন। ৩। কুটিয়াফেলা। ৪। দূষণ। নী—স্ত্রীং, দূতী, যে স্ত্রী মধ্যবর্ত্তিনী হইয়া স্ত্রীপুরুষের ব্য-ভিচার সঙ্ঘটন করিয়া দেয়, কুটনী।

কুট্টমিত (কুট্ট+অ(অল্)—ভা—অম্ সেবা করা+ইত) সং, ক্লীং, নায়ক সংসর্গে স-ন্তোষ হইলেও নিষেধার্থ মস্তকাদি সঞ্চালন স্ত্রীলোকের বিলাসবিশেষ। শিং—১ "কেশ স্তনাধরাদীনাং গ্রহে হর্ষেঽপি সম্ভ্রমাৎ প্রাহুঃকুট্টমিতং নাম শিরঃ করবিধূননং।"

কুট্টক } (কুট্ট কাটা+অক(ণক), আ-
কুট্টাক } (ষাক)—ক) বিং, ত্রিং, ছেদক কর্ত্তনকারী, যে কাটে। ২। পুং, মৎস্যরঙ্গ

কুট্টার; সং, পুং, পর্ব্বত। ২। ক্লীং, কম্বল ৩। অনুরাগ, রতি। ৪। কেবল।

কুট্টিত (কুট্ট+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছে-দিত, খণ্ডীকৃত।

কুট্টিম (কুট্টন দেখ, ইম—র্ম্ম) সং, পুং-ক্লীং, রত্নের খনি। শিং—১ "মণিকুট্টি-মভূষিতৈঃ (প্রাসাদৈঃ)।" ২। মসৃণ ভূমি। ৩। চাতাল। ৪। বদ্ধভূমি, পাকা মেজে। শিং—১ "শাদ্বলোপচিতাং ভূমি যথা কাঞ্চনকুট্টিমাম্।" ৫। দাড়িম্ব বৃক্ষ ৬। কুটীর, কুঁড়েঘর।

কুট্টিহারিকা (কুট্টি মাংসাদি—হৃ হর করা+ইক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দাসী যে মাংসাদি কুট্টিত দ্রব্য আহরণ করে।

কুট্টীর; সং, পুং, ক্ষুদ্র পর্ব্বত।

কুট্মল } (কুট্, কুড ছেদন করা+ম
কুড্মল } (ক্মলন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, ঈষৎ বিকসিত কলিকা, মুকুল ফুলের কুঁড়ি। শিং—১ "রক্তোৎপ প্রকরকুট্মল।" ২। (+ক্মলন্—ধি) ক্লী নরকবিশেষ, ইহাতে নারকীরা রজ্জুযন্ত্র ভোগ করিয়া থাকে।

কুট্মলিত (কুট্মল+ইত—জাতার্থে) বি

ত্রিং, মুকুলিত, যাহার কুট্মল নির্গত হইয়াছে।

কুঠ (কুষ্ঠ শব্দজ) সং, রোগবিশেষ। ২। (কু শব্দকরা+ঠ—প্রং। যেখানে পক্ষীরা শব্দ করে। কিম্বা কু পৃথিবী—স্থা থাকা+অ—প্রং। স্থা=ঠ। যে পৃথিবীতে থাকে, অথবা কুঠ্ ছেদন করা+অ—ক) সং, পুং, বৃক্ষ, মহীরুহ, পাদপ।

কুঠর (কুঠ্ বেষ্টন করা+অর(করন্)—ধি) সং, পুং, মন্থানদণ্ড, বন্ধনের স্তম্ভ, যে খুঁটীতে মউনি বাঁধে।

কুঠরী (কুটীর শব্দজ) সং, গৃহ, বেশ্ম। ২। কামরা।

কুঠাকু (কুঠ্ ছেদন করা+আক(আকুন্)—সংজ্ঞার্থে) সং, পুং, কাঠঠোকরা।

কুঠাটঙ্ক (কুঠ বৃক্ষ—আ—টনক্ বন্ধ করা, টাকা+অ(অল্)—ণ) সং, পুং, কুড়ালি, বাইস, টাঙি।

কুঠার (কুঠ বৃক্ষাদি—ঋ প্রাপ্তহওয়া+অ (ষণ্)—ক কিম্বা কুঠ ছেদন করা+আর (আরন্)—ণ। যাহার দ্বারা ছেদন করা যায়) সং, পুং, রী, রিকা—স্ত্রীং, কুড়ালি, বাইস, টাঙ্গী। শিং—১ "মাতুঃ কেবলমেব যৌবনবনচ্ছেদে কুঠারা বয়ম্।" ২ "নত্বা গতাহং শরণংশরণ্যং স ভৃত্যসংসারতরোঃ কুঠারম্।" ২। পুং, বৃক্ষ।

কুঠারু (কুঠ বৃক্ষ—ঋ গমন করা+উ—প্রং) সং, পুং, বৃক্ষ। ২। বানর। ৩। অস্ত্রনির্ম্মাণকারী।

কুঠি (কুঠ্ ছেদন করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, পর্ব্বত। ২। বৃক্ষ। ৩। (পর্ব্বতার্থ কুঠি শব্দজ) ঠি—ঠী, সং, অট্টালিকা। ৪। বাণিজ্যালয়। ৫। কার্য্যালয়।

কুঠের (কুঠ্ বেষ্টন করা+এর—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। ২। তুলসী, বাবুইতুলসী।

কুঠেরু; সং, পুং, চামরের বাতাস।

কুড় (কুষ্ঠ শব্দজ) সং, কুষ্ঠবৃক্ষ, ঔষধিবিশেষ। ২। (দেশজ) বিশ্বা; যথা—"কুড়বা কুড়বা কুড়বা লিজ্যে।" ৩। রাশি।

কুড়ন (দেশজ) সং, আহরণ, চয়ন। ২। (খণ্ডন শব্দজ কি?) খনন, বিদারণ; যথা—"কোন নারী খেদে কুড়িছে নয়নদ্বয়।" ৩। বিক্ষিপ্ত বস্তু তুলিয়া লওয়া।

কুড়প } (কুড্ ভক্ষণ করা ইত্যাদি+অপ
কুড়ব } (কপন্), অব(কবন্)—ধি) সং, পুং, পরিমাণবিশেষ, প্রস্থচতুর্থ ভাগ। ২। বৈদ্যমতে ৩২ তোলা।

কুড়ল (কুরর শব্দজ) সং, মৎস্যভোজী পক্ষিবিশেষ।

কুড়াপন্থী (এক কুণ্ডা অর্থাৎ এক কুঁড়েতে সমুদয় আহারীয় দ্রব্য একত্র মিশ্রিত করিয়া স্বসম্প্রদায়ী সকলেই একত্র সেই কুঁড়েতে ভোজন করে, এই নিমিত্ত ইহাদের নাম কুড়াপন্থী) আগরা জেলার অন্তর্গত হাত্রাস নামক নগরে তুলসীদাস নামে এক অন্ধ বণিক এই সম্প্রদায় সংস্থাপন করেন। ইহারা কোন মূর্ত্তির আরাধনা না করিয়া কেবল ইষ্টদেবের উপাসনা করে। কর্ণে হস্ত দিয়া শব্দ শ্রবণ ও নাসিকাগ্রে দৃষ্টিপাত, ভ্রূকুটিধ্যান অর্থাৎ ভ্রূর মধ্যস্থলবর্ত্তী দ্বিদল পদ্মমধ্যে সত্য-পুরুষ অবস্থিত আছেন এইরূপ মনে করেন।

কুড়াল, কুড়ুল (কুঠার শব্দজ) সং, পরশু, কুড়ালি। [(কুষ্ঠ শব্দজ) কুঠ।

কুড়ি (দেশজ) বিং, ২০ সংখ্যা, বিশ। ২।

কুড়িশ; সং, পুং, মৎস্যবিশেষ, কুড়চিমাছ।

কুড্য, কুড্য (কুড্ রাশীকৃত করা+য(ক্যপ্)—র্ম্ম) সং, ক্লীং, ভিত্তি, ভিৎ, দেয়াল। শিং—১ "বৈদূর্য্যকুড্যেষু শশিদ্যুতিভ্যঃ।" (মাঘ)। ২। ছিটাবেড়া। ৩। ব্যগ্রতা। ৪। (+ক্যপ্—ভাবে) বিলেপন। ৫। (কু+ড্যন্—ভাবে) কৌতূহল।

কুড্যচ্ছেদী (কুড্যচ্ছেদিন্, কুড্য দেয়াল—ছেদী যে ছেদন করে বা ভঙ্গ করে) সং, পুং, সন্ধিভেদী তস্কর, সিঁদেল চোর।

কুড্যচ্ছেদ্য (কুড্য দেয়াল—ছেদ্য ছেদনীয়, ভঙ্গশীল) সং, ক্লীং, দেয়ালের গর্ত্ত। ২। পুং, খনক।

কুড়্যা (দেশজ) বিং, অলস। ২। কুষ্ঠরোগী।

কুণন (কুণ্ শব্দ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, শব্দ। ২। (দেশজ) বেধন, বেদনা।

কুণপ ( কণ্ শব্দ করা+অপ(কপন্)—ক । ব=) সং, পুং—ক্লীং, মৃতশরীর, শব । শিং—১ "কুণপং স্থাপয়ামাস নারদস্য বচঃ স্মরন্।" ২"ততঃস কুণপং দৃষ্ট্বা সহসা সংন্যবর্ত্তত।" ২। পুং, পূতিগন্ধ, দুর্গন্ধ। ৩। অস্ত্রবিশেষ, বড়সা। পী—স্ত্রীং, বিট্‌শারিকা, গুয়ে শালিক।

কুণি, কূণি ( কুণ্ শব্দকরা, কূণ্ সঙ্কুচিত করা ই—ক) বিং, ত্রিং, কুকার্য্যকারক। ২। রোগাদি দ্বারা বিকৃতহস্ত, ঝুঁপো। ৩। সং, পুং, তুঁদগাছ।

কুণী (দেশজ) সং, কুনখ, নখ প্রান্তভাগের রোগবিশেষ।

কুণ্ঠ ( কুণ্ঠ্ আলস্য করা+অ(অন্)—ক ) বিং, ত্রিং, জড়, অলস। ২। সঙ্কুচিত। ৩। ব্যাহত, প্রতিবদ্ধ। ৪। ভোঁতা। ৫। অক্ষম, কাতর ; যথা—ব্যয়কুণ্ঠ। ৬। মূর্খ। ৭। অকর্ম্মণ্য। শিং—১ "বিভাবসোস্তুল্যমকুণ্ঠমণ্ডলম্।" "পূর্ব্বং তপোবীর্য্যমহঃসুকুণ্ঠম্।"

কুণ্ঠক(কুণ্ঠ দেখ,অক(ণক)—ক) বিংত্রিং, কুৎসিত কর্ম্মকারী, মূর্খ। ২। সঙ্কোচবিশিষ্ট।

কুণ্ঠিত (কুণ্ঠ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, লজ্জিত, সঙ্কুচিত, অপ্রস্তুত, অপ্রতিভ। ২। কাতর, অক্ষম ; যথা—ব্যয়কুণ্ঠিত।

কুণ্ড (কুনৃড্ দাহকরা, রক্ষাকরা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, জীবৎপতিকা স্ত্রীর জারজ পুত্র। শিং—১ "পরদারেষু জায়েতে দ্বৌ সুতৌ কুণ্ডগোলকৌ। পত্যৌ জীবতি কুণ্ডঃস্যান্মৃতে ভর্ত্তরি গোলকঃ। ২। (+অল্—ধি) ক্লীং, কোন বস্তু রাখিবার জন্য ভূমিতে যে গর্ত্ত করা যায়, অগ্নি রক্ষার্থ ভূমিনিষ্ঠগর্ত্ত ; যথা—অগ্নিকুণ্ড, ঘৃতকুণ্ড। ইহা প্রয়োজনভেদে ভিন্ন ভিন্ন আকারের হইয়া থাকে ( পঞ্চরাত্র, বশিষ্ঠ, যামল, তিথি, মৎস্য, পিঙ্গল ) ৩। কূপ, জলপাত্র। ৪। দেবজলাশয় ; যথা—অগস্ত্যকুণ্ড, সপ্তর্ষিকুণ্ড, সোমকুণ্ড। শিং—১ "স্নান্তি স্ম গিরিকুণ্ডেষু।" ৫। চৌবাচ্চা। ৬। বৃত্তাকার পরিমাণপাত্র। শিং—১ "ভুবং কোষ্ণেন কুণ্ডোধ্নী।" (রঘু)। পুং, ণ্ডী—স্ত্রীং, কলসী, ঘটী। ২। কমণ্ডলু। ক্লীং, ণ্ডী—স্ত্রীং, স্থালী, পাকপাত্র।

কুণ্ডকীট (কুণ্ড জলাশয়বিশেষ ইত্যাদি—কীট কৃমি, পোকা) সং, পুং, চার্ব্বাকমতাবলম্বী। ২। পতিত ব্রাহ্মণীপুত্র। ৩। দাসীতে রমণাভিলাষী।

কুণ্ডগোলক (কুণ্ড স্থালী—গুড় রক্ষা করা+অক(ণক)—ক)। ড়=ল) সং, ক্লীং, কাঁজি, আমানি।

কুণ্ডঙ্গ ( কুনৃড্ রক্ষা করা+অঙ্গ—প্রং ) সং, পুং, কুঞ্জ, লতাগৃহ। [ঋষিবিশেষ।

কুণ্ডজঠর ; সং, পুং, কুণ্ডাকার উদরবিশিষ্ট

কুণ্ডপায্য ( কুণ্ড—পা পান করা+য(ষ্যণ্)—ধি) সং, পুং, যজ্ঞবিশেষ।

কুণ্ডভেদী (—ভেদিন্, কুণ্ড—ভিদ্ ভেদ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, কুণ্ডভেদকারক। ২। ধৃতরাষ্ট্র-পুত্রবিশেষ।

কুণ্ডল (কুণ্ড্ রক্ষা করা, শোভা পাওয়া+অল(কলচ্)—র্ম্ম) সং, ক্লীং, কর্ণভূষণ। শিং—১ "শ্রোত্রং শ্রুতেনৈব ন কুণ্ডলেন (বিভাতি)।" ২ "বসুধাং শৈলকুণ্ডলাম্।" ৩ "শুভে রৌপ্যে চ কুণ্ডলে।" ২। বলয়, কঙ্কণ। ৩। পায়ের বেড়ী। ৪। বলয়াকৃতি বন্ধনী, গলার গলাসী। ৫। সমূহ।

কুণ্ডলনা (কুণ্ডল-ণিচ+অন—ভাবে, আপ্) সং, স্ত্রীং, বলয়াকৃতি বেষ্টন করণ, বেড়া দেওয়া। শিং—১"ফণিভাষিতভাষ্যফক্কিকা বিষমাং কুণ্ডলনামবাপিতা।" ২। শক্তিবিশেষ। ৩। পক্বান্ন-বিশেষ, জিলেপী।

কুণ্ডলী (কুণ্ডলিন্, কুণ্ডল কর্ণভূষণ+ইন্—অস্ত্যর্থে। সর্প এবং ময়ূর পুচ্ছস্থ চক্ষুঃ এই ভূষণের ন্যায় দেখায়) সং, পুং, সর্প। ২। ময়ূর। ৩। (পাশাস্ত্র আছে বলিয়া) বরুণ। ৪। চিত্রমৃগ। ৫। বিং,ত্রিং, কুণ্ডলধারী, কুণ্ডলবিশিষ্ট। নী—স্ত্রীং, কুলকুণ্ডলিনী শক্তি। ২। গুড়ূচী। ৩। কাঞ্চনবৃক্ষ। ৪। কপিকচ্ছু। ৫। সর্পিনীবৃক্ষ। ৬। জিলেপী, মিষ্টান্ন। ৭। সর্পী।

কুণ্ডশায়ী (—শায়িন্, কুণ্ড—শী শয়ন করা ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে কুণ্ডে শয়ন করে। ২। সং, পুং, ধৃতরাষ্ট্র-পুত্রবিশেষ।

কুণ্ডাশী (কুণ্ডাশিন্, কুণ্ড – অশ্ ভোজন করা + ইন্(ণিন্) – ক ) বিং, ত্রিং, কুণ্ড-গোলকের অন্নভক্ষক, যে ব্যক্তি জারজের অন্ন এবং গোলক অর্থাৎ উপপতি হইতে বিধবার গর্ভজাত পুরুষের অন্ন ভোজন করে, তাহাকে রুধিরান্ধ নামক ঘোর নরকে পতিত হইয়া বিষম যাতনা ভোগ করিতে হয় ; বিষ্ণুপুরাণে কথিত আছে যথা—“ রঙ্গোপজীবী কৈবর্ত্তঃ কুণ্ডাশী গরদস্তথা। সূচী মাহিষকশ্চৈব পর্ব্বকারীচ যো দ্বিজঃ। আগারদাহী মিত্রঘ্নঃ শাকুনিগ্রাম যাজকঃ। রুধিরান্ধে পতন্ত্যেতে সোমং বিক্রীণতে চ যে।” শিং – ১ “অমৃতে জারজঃ কুণ্ডো মৃতে ভর্ত্তরি গোলকঃ। য স্তয়োরন্নমশ্নাতি স কুণ্ডাশীতি কথ্যতে।” ২। কোট্না। ৩। সং, পুং, ধৃতরাষ্ট্র-পুত্র বিশেষ।

কুণ্ডিক (কুণ্ড জলপাত্র + কণ্ – স্বার্থে) ক্লীং, কা – স্ত্রীং, কমণ্ডলু। ২। তাম্রকুণ্ড। ৩। স্থালী। ৪। কুঁড়ি।

কুণ্ডিন (কুণ্ড দেখ, ইন – ক) সং, ক্লীং, বিদর্ভ-নগর। ২। পুং, বহুং দেশ-বিশেষ। ৩। পুং, মুনিবিশেষ।

কুণ্ডী (কুণ্ডিন্, কুণ্ড + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুণ্ডযুক্ত। ২। রত্নভাণ্ড। ৩। স্থালী। “সন্তি নিষ্কসহস্রাণি কুণ্ডিন্যো ভরিতাঃ শুভাঃ।” [২। বিং, ত্রিং, বলবান্।

কুণ্ডীর (কুণ্ড + ঈর – প্রং) সং, পুং, মনুষ্য।

কুণ্ডোদর (কুণ্ড – উদর, কুণ্ডের ন্যায় উদর) সং, পুং, নাগবিশেষ। ২। বিং, ত্রিং, অপ্রশস্ত উদরযুক্ত।

কুতঃ (কুতস্, কিম্ + তস্, পঞ্চমী স্থানে তস্) অং, কি নিমিত্ত, কোথা হইতে। ২। কোথা। শিং – ১ “কুতস্ত্বমসিসংপ্রাপ্তঃ।”

কুতনু (কু কুৎসিত, নিন্দনীয় – তনু শরীর। কেবল আটটা দাঁত ও তিন পা থাকাতে যাঁহার শরীরের আকৃতি রাক্ষসবৎ কুৎসিত, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কুবের। ২। ত্রিং, কুৎসিত অবয়ববিশিষ্ট।

কুতন্ত্রী (কু কুৎসিত – তন্ত্রী বীণা, য়ং – স) সং, স্ত্রীং, কুৎসিত বীণা।

কুতপ (কু ঈষৎ – তপ তাপ, ৭মী – হিং। এই সময়ে সূর্য্য মন্দীভূত হয়) সং, পুং, ক্লীং, দিবসের ১৫ ভাগের অষ্টম ভাগ। ত্রিংশদ্দণ্ড পরিমিত দিনমানের দ্বিতীয় প্রহরের শেষ দণ্ডাবধি তৃতীয় প্রহরের প্রথম দণ্ড পর্য্যন্ত কুতপ মুহূর্ত্ত। এই সময়ে শ্রাদ্ধ করিলে পিতৃগণের অনন্ত ফল লাভ হয়। “দিবস্যাষ্টমে ভাগে মন্দীভবতি ভাস্করঃ স কালঃ কুতপো জ্ঞেয়ঃ পিতৃণাং দত্তমক্ষয়ম্।” ২। বাদ্য। ৩। ছাগলোমজ কম্বল। ৪। কুশ। ৫। পুং, সূর্য্য। ৬। অগ্নি। ৭। অতিথি। ৮। ভাগিনেয়। ৯। দৌহিত্র। ১০। ব্রাহ্মণ। ১১। গো।

কুতস্ত্য (কুতস্ + ত্য(ত্যণ্) – স্থিত্যর্থে) বিং, ত্রিং, কোথা হইতে আগত। ২। কিরূপে জাত।

কুতুক, (কুতু শব্দ – কৈ শব্দকরা + অ(ড) – ক) সং, ক্লীং, কৌতূহল, ঔৎসুক্য। ২। আনন্দ।

কুতুপ ( কুতূ তৈলাধার + উপ(ডুপচ্) – ক) সং, পুং, ক্লীং, কুতপ। ২। পুং, চর্ম্ম-নির্ম্মিত ক্ষুদ্র তৈলাদি পাত্র, ছোট কুপা।

কুতূ ( কু কুৎসিত – তন্ বিস্তার করা + উ(ডূ) – ক। ন্ – লোপ। উ = ূ) সং, স্ত্রীং, চর্ম্মনির্ম্মিত স্নেহপাত্র, মসক, কুপা।

কুতূহল (কুতু তৈলাধার + হল্ চসা + অ (অন্) – ক) সং, ক্লীং, কোন বিষয় জানিবার শুনিবার বা দেখিবার নিমিত্ত ব্যগ্রতা আগ্রহ বা ঔৎসুক্য। ২। বিং, ত্রিং, অদ্ভুত, আশ্চর্য্যজনক। ৩। নায়ক নায়িকার ভাববিশেষ। শিং – ১ “রম্যবস্তু সমালোকে লোলতাস্যাৎ কুতূহলম্।”

কুতূহলী ( কুতূহলিন্, কুতূহল + ইন্ – – অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার কৌতূহল জন্মিয়াছে, কুতূহলবিশিষ্ট। ২। আনন্দিত। শিং – ১ “কালিন্দীজলকল্লোল কোলাহল-কুতূহলী।” [ক্লীং, জলের পানা।

কুতৃণ ( কু কুৎসিত – তৃণ, য়ং – স ) সং,

কুত্র (কিম্ + ত্র – প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, ক্রিং – বিং, কোথায়, কোন স্থানে। শিং – ১ “হা সীতা কেন নীতা মম হৃদয়-

গতা কেন বা কুত্র দৃষ্টা।" ২। কোন বিষয়ে।

কুত্রচিৎ ( কুত্র + চিৎ — অসাকল্যার্থে ) অং, ক্রিং — বিং, কোন স্থানে, কোথাও।

কুত্রত্য ( কুত্র + ত্য (ত্যপ্) — স্থিত্যর্থে ) বিং, ত্রিং, কোথায় জাত, কোন স্থানে স্থিত।

কুত্রাপি (কুত্র — অপি ও) অং, ক্রিং — বিং, কোন কোন খানে, কোন স্থানে। ২। কোন স্থানেই। শিং — ১ "অসুরেভ্যো ভয়ং নাস্তি যুষ্মাকং কুত্রচিৎ ক্বচিৎ।"

কুৎস ; সং, পুং, ঋষিবিশেষ, অং পুত্র কৌৎস নামে বিখ্যাত।

কুৎসন — ক্লীং } (কুৎস্ নিন্দা করা + অন
কুৎসা — স্ত্রীং } (অনট্), অ — ভা ) সং, নিন্দা, গ্লানি, ভৎর্সনা, দোষকীর্ত্তন। শিং — ১ "ন চাপি কশ্চিৎ কুরুতেঽত্র কুৎসাম্।" ২ "গুরুকুৎসামতিশ্চ যা।"

কুৎসনীয় ( কুৎসা দেখ, অনীয় — র্ম্ম ) বিং, ত্রিং, নিন্দনীয়।

কুৎসিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং,ত্রিং, নিন্দিত, ঘৃণিত, অবজ্ঞেয় ; মন্দ, জঘন্য ; সদোষ, দোষযুক্ত ; বিশ্রী, কদাকার।

কুথ (কুথ্ যুক্ত করা + অ(ক) — ক। যে হস্তী পৃষ্ঠে শ্লিষ্ট হয়) সং, পুং — ক্লীং, হস্তী প্রভৃতির পৃষ্ঠে আস্তরণার্থ চিত্রিত বস্ত্র বা কম্বল, ঝুল ; যথা—"আরোহীসমেত কুঞ্জরগণ অর্জ্জুনের শরনিকরে ছিন্নকুথ ছিন্নাভরণ ও গতজীবন হইল।" শিং — ১ "কুথানাং কম্বলানাং চ রাঙ্কবাণাঞ্চ সঞ্চয়ান্।" ২ "আক্ষিপ্তকেতুকুথ সৈন্যগজচ্ছলেন।" ২। পুং, কুশতৃণ। শিং — ১ "কুথাস্তরণতল্পেষু কিংস্যাৎ সুখতরং ততঃ।" ৩। কীট। ৪। কন্থা, কাঁথা। ৫। প্রাতঃস্নায়ী ব্রাহ্মণ।

কুথুম ; সং, পুং, সামবেদশাখাবিশেষ।

কুথোদরী ; সং, স্ত্রীং, কুম্ভকর্ণপৌত্রী, নিকুম্ভকন্যা, কীলকণ্ঠ নামক রাক্ষসের পত্নী।

কুদরত (আরবিক) মহিমা, গৌরব।

কুদ্দাল } (কু ভূমি — দল্ বিদারণ করা
কুদ্দাল } + অ(ণ্) — ক। ২য়,৩য় পক্ষে—
কুদ্দাল } কু,কু ভূমি — উৎ — দল্ + ষণ্ — ক। যে ভূমি বিদারণ করে, ২য়া — ষ) সং, পুং, ভূমি খনন যন্ত্রবিশেষ, কোদাইল। শিং — ১ "সরিত্তীরেষু কুদ্দালৈ র্বাপয়িষ্যন্তি চৌষধীঃ।" ২ "অখনন্ সগরাত্মজাঃ— সমুদ্রম্ কুদ্দালৈঃ।"

কুদিন ; সং, ক্লীং, সাবনদিন, সূর্য্যের উদয়াবধি পুনরুদয় পর্য্যন্ত কালকে কুদিন কহে। ২। মন্দদিন, তিথি নক্ষত্রাদি দোষযুক্ত দিন।

কুদৃষ্টি (কু — দৃষ্টি জ্ঞান, ষৎ — স) সং, স্ত্রীং, নাস্তিকমত, বেদবিরুদ্ধজ্ঞান। "যা বেদবাহ্যাঃ স্মৃতয়ো যাশ্চ কাশ্চ কুদৃষ্টয়ঃ।" ২। মিথ্যা দৃষ্টি। ৩। মন্দ দৃষ্টি, কুৎসিত দর্শন।

কুদ্দার } (কু পৃথিবী — দৃ বিদারণ করা
কুদ্দাল } + অ(ষণ্) — ক, কু — দল্ + অ (ষণ্) — ক) সং, পুং, ভূমি-বিদারক যন্ত্রবিশেষ, কোদাইল। ২। কোবিদারবৃক্ষ।

কুদ্মল ; সং, ক্লীং, পুষ্পমুকুল, ফুলের কুঁড়ি।

কুদ্য (কুদ্ বিস্তার করা + য(ক্যপ্) — ভাবে) সং, ক্লীং, ভিত্তি, দেয়াল।

কুদ্রঙ্ক, কুদ্রঙ্গ পৃথিবী — দ্রঙ্গ যে গমন করে সং , গৃহবিশেষ,মঞ্চোপরিস্থগৃহ।

কুধ্র (কু পৃথিবী — ধ্বৃ ধারণ করা + অ(ড) — ক। অথবা ধ্রু স্থির হইয়া থাকা। উ — লোপ) সং, পুং, পর্ব্বত।

কুনখ (কু কুৎসিত — নখ) সং, পুং, কুৎসিত নখরোগবিশেষ, নখকুনি। ২। বিং, ত্রিং, ঐ রোগী, কুৎসিত নখযুক্ত।

কুনখী (কুনখিন্, কুনখ + ইন্ — বিদ্যমানার্থে) বিং, ত্রিং, নখরোগযুক্ত, কুৎসিত নখবিশিষ্ট। ২। সঙ্কুচিতনখ ; যথা—"সুবর্ণহারী কুনখী।"

কুনট ; সং, পুং, শ্যোনাকবৃক্ষ। ২। কুৎসিত নট। টী — স্ত্রীং, মনঃশিলা। ২। কুৎসিত নটী। ৩। ধন্যাক। ৪। নেপালদেশজ শিলা

কুনলী (কনলিন্, কু কুৎসিত — নল খাগড় ইত্যাদি + ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষবিশেষ, বককুলের গাছ।

কুনাথ ( কু কুৎসিত — নাথ প্রভু, স্বামী, ষৎ — স) সং, পুং, কুৎসিত প্রভু। শিং — ১ "হতাস্ম্যহং কুনাথেন নপুংসা বীরমানিনা।"

কুনাভি (কু অপৎ—নাভি। নাভির ন্যায় আবর্ত্তমান) সং, পুং, বাতমণ্ডলী, ঘূর্ণমান্ বায়ু। ২। নিধিবিশেষ।

কুনামা (কুনামন্, কু—নামন্, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, মন্দ নামযুক্ত,যাহার নাম প্রাতঃকালে স্মরণ করিলে অমঙ্গল ঘটে, অতি কৃপণ। [অসদাচরণ।

কুনীতি (কু মন্দ—নীতি) সং, স্ত্রীং, কুচর্য্যা,

কুন্ত (কু কুৎসিত—অন্ত শেষ, নাশ। কিম্বা ক মস্তক—উন্দ্ আর্দ্র হওয়া+অ(অন্)—ক। দ=ত) সং, পুং পক্ষবিশিষ্ট বাণ। ২। প্রাস অস্ত্র, ভল্ল, খোঁচ্।

কুন্তল (কুন্ত বাণ—লা গ্রহণ করা+অ(ড)—ক) সং. পুং, কেশ, চুল। শিং—১ "আপণ্ড গণ্ডপতিতালককুন্তলালী।" ২ "ব্যালোলকুন্তলকলাপবতী।" ২। পানপাত্র। ৩। যব। ৪। লাঙ্গল। ৫। পুং,বহুং, দেশবিশেষ। ৬। ধ্রুবকবিশেষ। শিং—১ "বর্ণৈঃ ষোড়শভি কার্য্যাঃ কুন্তলো লঘুশেখরে। শৃঙ্গারে চ রসে প্রোক্তমানন্দফলদায়কঃ।"

কুন্তলবর্দ্ধন (কুন্তল—বৃধ্-ণিচ্=বর্দ্ধিত করান+অন(অনট্)—ক। যে কেশকে বৃদ্ধি পাওয়ায়) সং, পুং, ভৃঙ্গরাজের বৃক্ষ, ভীমরাজ।

কুন্তি, কুন্তী (কুন্ত দেখ, ই, ঈ—স্ত্রীলিঙ্গে, অথবা কুন্তি কুন্তিভোজরাজা+অ—দেয়ার্থে, ঈ) সং, স্ত্রীং, পাণ্ডুরাজার পত্নী, যদুবংশাবতংস রঘুদেবের ভ্রাতুষ্পুত্রী। শূরসেনের কন্যা। শূরসেন, স্বীয় পিতৃস্বসার পুত্র অনপত্য কুন্তিভোজের নিকট প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, তাঁহার প্রথম সন্তানকে তাহাকে প্রদান করিবেন। তদনুসারে শৈশবাবস্থা হইতে পৃথা (কুন্তি)—কুন্তিভোজ দ্বারা পালিত হন তদনুসারে কুন্তি নামে বিখ্যাতা হন। শিং—১ "তৎপিতা শূরসেনরাজা তাং পৃথাং কুন্তি ভোজরাজে দত্তবান্ অতঃকুন্তীতি বিশ্রুতা।" ২। পুং, দেশবিশেষ।

কুন্তীতনয়; সং, পুং, যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব।

কুন্থন (কুন্থ্ ক্লেশ দেওয়া, বধ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, ক্লেশযোজন, কোঁথান, কাতরান।

কুন্দ (কু ভূমি—উন্দ্ আর্দ্র করা+অ (অন্)—ক। অথবা কু+ন্দ্ (...) সং,পুং—ক্লীং, কুঁদফুল। শিং—১ "কুন্দেন কুসুম্—বিধায় ধাতা।" ২ "গোক্ষীরকুন্দেন্দুমৃণালরজতপ্রভ।" ৩ "তুষারকুন্দেন্দুনিভৈশ্চ হারৈঃ।" ২। পুং, কুবেরের নিধিবিশেষ। ৩। বর্ষপর্ব্বতবিশেষ। ৪। কুঁদফুলগাছ। ৫। (কু—দো ছেদন করা+অ(ড)—ক) পুং—ক্লীং, ভ্রমিযন্ত্র, কুঁদের যন্ত্র।

কুন্দন (কূর্দ্দন শব্দজ) সং, ক্লীং, উল্লম্ফন, আস্ফালন।

কুন্দম (কু নীচ, নিন্দনীয় [প্রাণী, যথা—ইন্দুর]—দম যে দমন করে) সং, পুং, বিড়াল।

কুন্দমালা; সং, স্ত্রীং, গ্রন্থবিশেষ।

কুন্দর (কু পৃথিবী—দৃ বিদারণ করা+অ (অন্)—ক। যিনি হিরণ্যাক্ষ বধ কালে বরাহরূপী হইয়া পৃথিবী বিদারণ করিয়াছিলেন) সং,পুং, বিষ্ণু। ২। কলিঙ্গদেশের তৃণবিশেষ।

কুন্দিনী (কুন্দ কুঁদফল+ইন্—সমূহার্থে। ঈ—স্ত্রীলিঙ্গে। কুন্দপুষ্পরাশির সহিত পদ্ম-সমূহের শুক্লত্বের ঠিক সাদৃশ্য আছে বলিয়া) সং, স্ত্রীং, পদ্মসমূহ।

কুন্দল (দেশজ) সং, কলহ, বিবাদ, ঝকড়া। লিয়া—বিং, বিবাদী, ঝকড়াটিয়া।

কুন্দু (কু পৃথিবী—দৃ বিদীর্ণকরা+উ(ডু)—ক ঋ—লোপ) সং, স্ত্রীং, মুষিক, ইঁদুর।

কুন্দুরু (কু ভূমি—উন্দ্ আর্দ্র করা+রু—ক) সং,পুং—স্ত্রীং, স্বনামখ্যাত সুগন্ধিদ্রব্য।

কুন্দুরুকী (ক ব্রহ্মা—উন্দ্ [আর্দ্র হওয়া] যজ্ঞাভিষিক্ত হওয়া+রু—ক। উ—আগম। ক—যোগে কুন্দুরুক+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুঁদরুকীবৃক্ষ।

কুপথ (কু কুৎসিত—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, পুং, অযত্ন পথ, যে পথে চলিতে কষ্ট হয়। ২। যে পথে চলা উচিত নয়, অসৎপথ। ৩। কুনীতি, অসদাচরণ। শিং—১ "কুপথপাষণ্ডমসমঞ্জসং

সংপ্রবর্ত্তয়িষ্যতি ।" (ভারত)। ৪। দানব-বিশেষ। "তথা নিকুম্ভঃ কুপথশ্চ দানবঃ।"

কুপথগামী (-মিন্, কুপথ—গামী যে গমন করে) বিং, ত্রিং, যে কুপথে চলে, যাহার চরিত্র বড় মন্দ।

কুপথ্য (কু—পথ্য উপযুক্ত ইত্যাদি) সং, ক্লীং, অহিতকর পথ্য, যাহা ভক্ষণ করিলে রোগ জন্মিতে বা বাড়িতে পারে। শিং—১ "কুপথ্যাশী বিনশ্যতি।" [পাত্র।

কুপা (কুতুপ শব্দজ) সং, মসক, তৈলঘৃতাদির

কুপাণি (কু—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার হস্ত কুণ্ঠিত, বক্রহস্ত, কুপো।

কুপিত (কুপ্ রাগান্বিত হওয়া+ত (ক্ত)—ক) বিং ত্রিং, ক্রোধান্বিত, ক্রোধী, যার ক্রোধ জন্মিয়াছে। ২। বিরক্ত, অসন্তুষ্ট।

কুপিনী (গুপ্ গোপন করা বা আচ্ছাদন করা+ইন্, ঈ—প্রং। গ=ক) সং, স্ত্রীং, মাছের খালুই। ২। পুং, কৈবর্ত্ত।

কুপিন্দ (কুপ্ বিস্তার করা+ইন্দ—সংজ্ঞার্থে) সং, পুং, তন্তুবায়, তাঁতি।

কুপীলু; সং, পুং, কাকেন্দুবৃক্ষ, কুচিলা। ২। মাকড়াকেঁদু।

কুপুত্র (কু—পুত্র, য়ং—স) সং,পুং, যে ব্যক্তি পুত্রের ধর্ম্ম প্রতিপালন করে না, যে পিতা মাতার সহিত অসদ্ব্যবহার করে, অসৎ-পুত্র, অবাধ্য পুত্র; দুশ্চরিত্র পুত্র, মন্দপুত্র, অসৎসন্তান। শিং—১ "তাদৃশং ফলমাপ্নোতি কুপুত্রৈঃ সন্তরস্তমঃ।" (মনু)। ২ "কুপুত্রেণ কুলংযথা।" ২। (কু—পুত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কুপুত্রযুক্ত, কুপুত্রবান্, যাহার পুত্র মন্দ হইয়াছে।

কুপুরুষ (কু পুরুষ, য়ং—স) সং, পুং, কুৎসিত পুরুষ। ২। কাপুরুষ দেখ।

কুপূয় (কু কুৎসিত—পূয় ভাগ করা, চলা +অ(অন্)—ক) বিং, ত্রিং, জাতি ও আচারাদি দ্বারা নিন্দিত।

কুপোষ্য (কু—পোষ্য) বিং, ত্রিং, নিজ পরিবার নয় কিন্তু তাহাদের উপায়ান্তর নাই বলিয়া যাহাদের ভরণপোষণের ভার লইতে হয়, অতি নিকট জ্ঞাতি ও কুটুম্বের অনাথা বিধবা স্ত্রী প্রভৃতি।

কুপ্য (গুপ্ রক্ষা করা+য(ক্যপ্)—র্ম্ম। গ=ক, নিপাতন) সং, ক্লীং, স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর সকল প্রকার ধাতু।

কুপ্যশালা (কুপ্য স্বর্ণরৌপ্য-ভিন্ন ধাতু—শালা আলয়, দোকান ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্ণরৌপ্যভিন্ন ধাতুপাত্র-নির্ম্মাণগৃহ, কাঁসারির দোকান।

কুবল (কু অল্প—বল, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, অল্প বলযুক্ত।

কুবলাশ্ব (কুবল—অশ্ব, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, দুর্ব্বলাশ্বযুক্ত। ২। সং, পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ।

কুবের (কু কুৎসিত—বের শরীর। তিন পা আটটা দাঁত এই হেতু ইহার শরীর কুৎসিত, ৬ষ্ঠী—হিং। অথবা কুন্‌ব আচ্ছাদন করা+এব—ক। যে ধন আচ্ছাদন করে) সং, পুং, যক্ষরাজ, ধনাধিপ। শিং—১ "বায়ুমার্কণ্ডেয় পুরাণে—কুৎসায়াংক্বিতিশব্দোঽয়ং শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরীরত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ। ইত্যমরটীকায়াং ভরতঃ।"

কুব্জ (কু ঈষৎ—ভুজ [উব্জ্ ঋজুহওয়া+অ (অল্)—ভ, ঋজুতা। যাহার ঈষৎ ঋজুতা আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উচ্চপৃষ্ঠ, কুঁজো। শিং—১ "কৃতান্তপাশবদ্ধানাং দৈবোপহতচেতসাম্। বুদ্ধয়ঃ কুব্জগামিন্যো ভবন্তি মহতামপি।"

কুব্জক; সং, পুং, বৃক্ষবিশেষ।

কুব্জকণ্টক; সং, পুং, শ্বেত খদির।

কুব্জা; সং, স্ত্রীং, কংসের সৈরিন্ধ্রীবিশেষ; শ্রীকৃষ্ণ ইহার পদে পদক্ষেপ পূর্ব্বক চিবুক ধারণ করিয়া ইহাকে সরলা সুন্দরী করিয়াছিলেন।

কুব্জিকা; সং,স্ত্রীং, অষ্টবর্ষা কন্যা। ২। দেবীবিশেষ; কুব্জিকাতন্ত্রে ইহার পূজাদির বিধান নিরূপিত আছে।

কুব্রহ্ম (কু—ব্রহ্মন্+ষ) সং, পুং, অপকৃষ্ট ব্রাহ্মণ।

কুভা (কু পৃথিবী—ভা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পৃথিবীর ছায়া। শিং—১ "রাহুঃ কুভামণ্ডলগঃ শশাঙ্কম্।" ২। কুৎসিত দীপ্তি।

কুভৃৎ (কু পৃথিবী—ভৃ ধারণ করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, ভূধর, পর্ব্বত। ২। সপ্তসংখ্যা। [কুষ্মাণ্ড।

কুমড়া (কুষ্মাণ্ড শব্দজ) সং, ফলবিশেষ,

কুমার (কুমার্ ক্রীড়াকরা+অ(অন্)—ক। অথবা কু কুৎসিত—মার কন্দর্প, ৫মী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়; যথা—"চলিল কুমার যেন কুমার অটল।" শিং—১ "স্কন্দঃ স্বষ্টো ভগবতা দেবেন ত্রিপুরারিণা। বিভর্ত্তি চাপরাং সংজ্ঞাং কুমার ইতি স গ্রহঃ।" ২ "তদানুজগ্মতুঃ স্থাণুং কুমারাবিব পাবকী।" ২। যুবরাজ। ৩। পঞ্চমবর্ষীয় বালক। শিং—১ "কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।" ৪। পুত্র। ৫। সিন্ধুনদ। ৬। অশ্ববারকবৃক্ষ। ৭। শুকপক্ষী। ৮। অর্হৎ উপাসকবিশেষ। ৯। ক্লীং, বিশুদ্ধ স্বর্ণ, খাঁটি সোনা। রী—স্ত্রীং, অবিবাহিতা কন্যা। ২। দ্বাদশবর্ষীয়া অবিবাহিতা কন্যা। ষোড়শবর্ষীয়া বালিকা পর্য্যন্ত আগমে কুমারী পূজনযোগ্যা কুমারী বলিয়া উল্লিখিত আছে। ৩। বালিকা। ৪। কন্যা। ৫। রাজকন্যা। ৬। ঘৃতকুমারীবৃক্ষ। ৭। ছন্দোবিশেষ। ৮। রাগিণীবিশেষ। ৯। (কুম্ভকার শব্দজ) জাতিবিশেষ।

কুমারঘাতী (—ঘাতিন্, কুমার—হন্ বধ করা+ইন্(ণিন্)—ক। হন্=ঘাত) বিং, ত্রিং, শিশুহত্যাকারী, বালঘাতক।

কুমারভৃত্যা (কুমার—ভৃ পোষণ করা+য (ক্যপ্)—ভা। ত—আগম) সং, স্ত্রীং, বালচিকিৎসা।

কুমারললিতা; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ।

কুমারবাহী (—বাহিন্, কুমার কার্ত্তিকেয়—বাহী [বহ্ বহনকরা+ইন্(ণিন্)—ক] যে বহন করে। যে কুমারকে বহন করে, ২য়া—ষ) সং, পুং, ময়ূর।

কুমারসম্ভব; সং, ক্লীং, কালিদাস-প্রণীত কাব্যবিশেষ; কার্ত্তিকেয়ের জন্ম বিবরণ অধিকার করিয়া ইহা লিখিত হইয়াছে।

কুমারসূ (কুমার—সূ প্রসব করা+০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, গঙ্গা। ২। দুর্গাদেবী।

কুমারিকা (কুমারী+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, কুমারী, দ্বাদশবর্ষীয়া কন্যা। ২। নবমল্লিকা। ৩। স্থূলৈলা। ৪। (Cape Comorin) ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপবিশেষ।

কুমালক; সং, পুং, সৌবীরদেশ। [বিশেষ।

কুমীর (কুম্ভীর শব্দজ) সং, নক্র, জলজন্তু-

কুমীরকো; কীটবিশেষ।

কুমুদ্ (কু পৃথিবী—মুদ্ হৃষ্ট হওয়া+০ (ক্বিপ্)—ক) সং, ক্লীং, শ্বেতোৎপল, সুঁদি। ২। রক্তপদ্ম। ৩। কৈরব। ৪। বিং, ত্রিং, কৃপণ।

কুমুদ (কুমুদ্ দেখ, অ(ক)—ক) সং, ক্লীং, শ্বেতোৎপল, হেলা সুঁদি। "কুমুদান্যেব শশাঙ্কঃসবিতা বোধয়তি পঙ্কজান্যেব।" ২। রক্তপদ্ম। শিং—১ "কুমুদরুচিরহাসা।" ৩। রৌপ্য। ৪। পুং, নৈঋ্ঋত কোণের হস্তী। ৫। রামচন্দ্রের সেনানায়ক বানরবিশেষ। ৬। সর্পবিশেষ। ৭। দৈত্যবিশেষ। ৮। গরুড়পুত্র। ৯। কার্ত্তিকমাস। ১০। কর্পূর। ১১। ধ্রুবকবিশেষ। দা—স্ত্রীং, জলের পানা। ২। গম্ভারীবৃক্ষ। ৩। শালপর্ণীবৃক্ষ। ৪। ধাতকীবৃক্ষ। ৫। কট্‌ফল।

কুমুদনাথ (কুমুদ—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। (চন্দ্রের প্রকাশে কুমুদের প্রকাশ হইয়া থাকে)।

কুমুদবান্ধব, কুমুদানন্দ } (কুমুদ—বান্ধব বন্ধু, ৬ষ্ঠী—ষ। —আনন্দ, ৫মী—হিং। এই পুষ্প দিবসে মুদিত, রাত্রিতে প্রস্ফুটিত হয়) সং, পুং, নিশাকর, চন্দ্র, চাঁদ। ২। কর্পূর।

কুমুদবতী, কুমুদ্বতী, কুমুদিনী } (কুমুদ + বৎ(বতু), ইন্—সমূহার্থে, ঈপ্) সং, স্ত্রীং, কুমুদের ঝাড়, কুমুদসমূহ। শিং—১ "গ্লপয়তি যথা শশাঙ্কং ন তথাহি কুমুদ্বতীং দিবসঃ।" ২ "অন্তর্হিতে শশিনি সৈব কুমুদ্বতী মে দৃষ্টিং ন নন্দয়তি সংস্মরণীয়শোভা।" ৩ "বীজন্তেহন্যমিতঃ স্ফুটৎকুমুদিনী ফুল্লোল্লসল্লোচনা।" ২। নদীবিশেষ, এই নদী বিন্ধ্য হইতে উত্থিত হইয়াছে।

কুমুদাকর (কুমুদ—আকর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হ্রদ প্রভৃতি। [পুং, কুমুদবহুল দেশ।
কুমুদাবাস (কুমুদ—আবাস বাসস্থান) সং,
কুমুদ্বান্ (কুমুদ্বৎ, কুমুদ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুমুদবহুলস্থান। শিং—১ "হংসশ্রেণীষু তারাসু কুমুদ্বৎসু চ বারিষু।"

কুমেরু } (Antarctic-pole) পৃথিবীর
কুমেরুকেন্দ্র } দক্ষিণ প্রান্ত অর্থাৎ দক্ষিণ ধ্রুবতারার ঠিক নিম্নস্থানের নাম।

কুমেরুবৃত্ত (Antarctic-pole) সং, ক্লীং, দক্ষিণমেরুর ২৩৷৷০ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে। [র্দ্দিবর্ত্তী সমুদ্র।
কুমেরুসমুদ্র; সং, পুং, দক্ষিণ মেরুর চতু-
কুমোদক (কু পৃথিবী—মুদ্ হৃষ্ট হওয়া+অক(ণক)—ক) সং, পুং, বিষ্ণু।
কুম্প (কুনপ্ আচ্ছাদন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, বক্রহস্ত, যাহার হাত বাঁকা, কুঁপো।
কুম্ভ (ক জল—উনৃভ্ পূরণকরা+অ(অন্)—ক) সং, পুং, ঘট, কলস। ২। গজকুম্ভ। শিং—১ "তৈঃ কিং মত্তকরীন্দ্রকুম্ভকুহরে নারোপণীয়াঃ করাঃ।" ৩। রাক্ষসবিশেষ, কুম্ভকর্ণের পুত্র। ৪। পরিমাণ-বিশেষ। ৫। মেষাদি দ্বাদশ রাশির একাদশ। ইহা ধনিষ্ঠার শেষার্দ্ধ, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদের প্রথম পাদত্রয় সংযোগে হয়। ইহার আকৃতি কলসধারী পুরুষ। ইহাতে জন্মিলে ধনবান্, অলস ইত্যাদি হয়। ৬। বেশ্যার পুত্র। ৭। বেশ্যার উপপতি। ৮। (ক বায়ু—উম্ভ পূরণ, ৬ষ্ঠী—ষ) নিশ্বাসরোধক চেষ্টাবিশেষ, কুম্ভক। স্তা—স্ত্রীং, বেশ্যা।



কুম্ভরাশি।

কুম্ভক (কুম্ভ+কণ্—যোগ। অথবা কুম্ভ—ক কৈধাতুজ) সং, পুং, প্রাণবায়ুর নিঃসারণ বা আকর্ষণ না করিয়া কেবল অন্তরে ধারণ, মুখ ও নাসারন্ধ্র বন্ধ করিয়া নিশ্বাসরোধ, দক্ষিণ হস্ত দ্বারা নাসাপুটদ্বয় ধারণকরত প্রাণায়ামাঙ্গ বায়ুস্তম্ভন কার্য্য।
কুম্ভকর্ণ (কুম্ভ—কর্ণ কাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাবণানুজ রাক্ষস-বিশেষ, বিশ্রবার পুত্র, নিকষাগর্ভসম্ভূত।
কুম্ভকার (কুম্ভ—কার [কৃ করা+অ(ষণ)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, জাতিবিশেষ, কুলালজাতি, কুমার; এই জাতির উৎপত্তিবিষয়ে শাস্ত্রকারদিগের মতভেদ আছে; যথা—উশনাঃ বলিয়াছেন—"বৈশ্যায়াং বিপ্রতশ্চৌরাৎ কুম্ভকারঃ স উচ্যতে।" ২ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—"মালাকারাৎ চর্ম্মকার্য্যাং কুম্ভকারো ব্যজায়ত।"
কুম্ভকারিকা; সং, স্ত্রীং, কুলত্থা।
কুম্ভজ (কুম্ভ—জন্ জন্মান+অ(ড)—ক) সং, পুং, অগস্ত্যমুনি।

কুম্ভজন্মন্ } (কুম্ভ—জন্মন্ জন্ম, যোনি
কুম্ভযোনি } উৎপত্তিস্থান, সম্ভব উৎপত্তি,
কুম্ভসম্ভব } ৬ষ্ঠী—হিং। উর্ব্বশী-দর্শনে মিত্রাবরুণের রেতঃস্খলন হইলে উহা কুম্ভে ধৃত হইয়াছিল, তন্মধ্যে অগস্ত্যের জন্ম হয় এই জন্য ইঁহাকে কুম্ভসম্ভব বলে) সং, পুং, অগস্ত্য। ২। বশিষ্ঠ। ৩। দ্রোণাচার্য্য।

কুম্ভতুম্বী; সং, স্ত্রীং, অলাবুবিশেষ, লাউ।
কুম্ভদাসী (কুম্ভ—দাসী) সং, স্ত্রীং, দূতী। কুট্নী।
কুম্ভদেশ; সং, পুং, হস্তীর মস্তকোপরি পিণ্ডাকার স্থান; যথা—"কুম্ভদেশে নারাচ নিক্ষেপ করিলেন।"
কুম্ভশালা (কুম্ভ কলস—শালা আলয়, দোকান। কুম্ভপাকার্থ ঘর) সং, স্ত্রীং, কুম্ভাদি নির্ম্মাণগৃহ, কুমারের পোয়ান ঘর।
কুম্ভসন্ধি (কুম্ভ—সন্ধি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গজকুম্ভদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান।
কুম্ভা (কু কুৎসিত—উম্ভা বৃত্তি, ৬ষ্ঠী—হিং, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বেশ্যা।
কুম্ভাধিপ (কুম্ভ—অধিপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনিগ্রহ। ২। বিং, ত্রিং, কুম্ভাধিকারী।
কুম্ভিকা (কুম্ভী+ক—যোগ) সং, স্ত্রীং, ক্ষুদ্র কলসী। ২। শৈবাল, জলের পানা। ৩। নেত্ররোগবিশেষ।

কুম্ভিল } (কুম্ভ+ইল—প্রং। ক—
কুম্ভিলক } যোগে কুম্ভিলক) সং, পুং,

চৌর। ২। শ্লোকার্থ চৌর, যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব ও অভিপ্রায় অথবা পরকীয় রচনার কোন কোন অংশ লইয়া আপন রচিত বলিয়া গ্রন্থ প্রচার করে। ৩। শ্যালক। ৪। শালগাছ। ৫। শালমৎস্য।

কুম্ভী ( কুম্ভিন্, কুম্ভ+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, হস্তী। ২। কুম্ভীর। ৩। মৎস্যবিশেষ। ৪। গুগ্‌গুলু।

কুম্ভী (কুম্ভ দেখ, ঈ—অল্পার্থে ) সং, স্ত্রীং, ক্ষুদ্র কলসী, ঘটী। ২। বেশ্যা। ৩। উখা। ৪। পাটলাবৃক্ষ। ৫। কট্‌ফল।

কুম্ভীনস (কুম্ভী ক্ষুদ্রকলস—নস নাসিকা, ৬ষ্ঠী—হিং। নাসা স্থানে নস) সং, পুং, বৃহৎ এবং ক্রূরসর্প। সী—স্ত্রীং, রাবণের ভগনী রাক্ষসী, লবণের মাতা।

কুম্ভীনসি ; সং, পুং, দানবরাজ বলি। শিং—১ "সম্বরস্য চ যা মায়া যা মায়া নমুচেরপি। বলেঃ কুম্ভীনসেশ্চৈব সর্ব্বাস্তা যোষিতো বিদুঃ।"

কুম্ভীপাক (কুম্ভী পাত্রবিশেষ—পাক। যাহাতে পাপিদিগকে পাক করা যায়) সং, পুং, নরকবিশেষ ; অতীব উত্তপ্ত তৈলরাশি ইহাতে অনবরত টগ্‌বগ্ করিয়া ফুটিতেছে। যমদূতেরা, যাহারা নিজদেহ বলিষ্ঠ হইবে বলিয়া অপর প্রাণী বিনাশ করত ভক্ষণ করে, সেই পাপীদিগকে জীবন্ত ধরিয়া অতি নিষ্ঠুরভাবে ইহাতে ডুবায় অর্থাৎ সিদ্ধ করে। শিং—১ "যস্ত্বিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণো বা প্রাণত উপরন্ধয়তি তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতমমুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়তি।"

কুম্ভীর, কুম্ভীল ( কুম্ভী মৎসাদি—র, ল [রা, লা গ্রহণ করা+অ(ড)—ক ] যে গ্রহণ করে, ২য়া—ষ। কিম্বা কুম্ভিন্—ঈর্ প্রেরণ করা+অ(অন্)—ক ) সং, পুং, অতি প্রবল অতি হিংস্র জলজন্তু বিশেষ, কুমীর। শিং—১ "সবৎসরত্ত কুম্ভীরস্ততো জায়েত মানবঃ।" (ভারত)।

কুম্ভীরমক্ষিকা ( কুম্ভীর কুমীর—মক্ষিকা মাছি। কুমীরের আকারের ন্যায় ইহার আকৃতি বলিয়া) সং, স্ত্রীং, কুমীরপোকা।

কুম্ভীরাসন ; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসনবিশেষ। শিং—১ "পাদোপরি পদংদত্ত্বা শীর্ষোপরি করদ্বয়ং। তিষ্ঠেদ্দণ্ডাকৃতির্ভূমৌ কুম্ভীরাসনমুচ্যতে।"

কুরঙ্কর, কুরঙ্কুর ( কুর অব্যক্ত শব্দ—কর যে করে ) সং, পুং, সারসপক্ষী।

কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম ( কু পৃথিবী—রম্গ্ গমন করা+অ(অল্)—ক। অথবা কুর্ শব্দ করা + অঙ্গ (অঙ্গচ্)—সংজ্ঞার্থে। ৩য় পক্ষে—কু—রঙ্গ—মা পরিমাণ করা+অ(ড)—ক ) সং, পুং, ঈষৎ তাম্রবর্ণ জন্তু, হরিণ, মৃগ। "কুরঙ্গমাতঙ্গপতঙ্গভৃঙ্গমীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ।" ৩। ক্লীং, তীর্থবিশেষ। শিং—১"করতোয়াং কুরঙ্গেচ ত্রিরাত্রোপষিতো নরঃ। অশ্বমেধমবাপ্নোতি বিগাহ্য প্রযতঃ শুচিঃ।"

কুরঙ্গনয়না ( কুরঙ্গ কুরঙ্গের ন্যায়—নয়ন, ৬ষ্ঠী—হিং, স্ত্রীং—আপ্) সং, স্ত্রীং, মৃগনয়নী, সুন্দরনেত্রা। শিং—১ "কিন্ত্বেকা যমুনা কুরঙ্গনয়নানেত্রাম্বুভির্বর্দ্ধতে।"

কুরঙ্গনাভি (কুরঙ্গ—নাভি। ইহা মৃগের নাভিদেশে জন্মে) সং, পুং, মৃগমদ গন্ধদ্রব্যবিশেষ, কস্তুরী।

কুরচিল্ল ; সং, পুং, কর্কট, কাঁকড়া।

কুরট ( কু কৎসিত—রট্ বলা+অ—(অল্)—র্ম। কিম্বা কুর্+অট(অটন)—র্ম। নীচ ব্যবসায়ী বলিয়া যাহাকে বর্ণনা করা যায়) সং, পুং, চর্ম্মব্যবসায়ী, চামার, মুচী।

কুরণ্ট (কুর্ শব্দ করা+অণ্ট(অণ্টল্)—ক) সং, পুং, ঝিণ্টীবৃক্ষ।

কুরণ্ড (কুর্ ছেদন করা+অণ্ড(অণ্ডক্)—প্রং। কিম্বা কু—রম্ ক্রীড়া করা+অ(ড)—ক। যে বীর্য্য নষ্ট করে) সং, পুং, বৃদ্ধিশীল অণ্ডকোষ, কোরণ্ড।

কুরর (কুর্ ছেদন করা+অর(অরন্)—ক। যে করুণাধ্বনি দ্বারা স্থৈর্য্য নষ্ট করে। কিম্বা কু+রর(ক্রুরন্)—ক) সং,পুং, কুরল-

পাখী, উৎক্রোশ পক্ষী, ঈগলপক্ষী। ২। মেষ। রী—স্ত্রীং, ভেড়ী; যথা—"যূথবিরহিত কুররীর ন্যায় রোদন করিতে লাগিল।" ২। উৎক্রোশপক্ষিণী। শিং—১ "দেবীং রোরূয়মাণাং কুররীমিবার্ত্তাম্।" ২"ততো মামনষদ্রক্ষঃ ক্রোশন্তীং কুররীমিব।"

**কুরল**; সং, পুং, কুরর পক্ষী। ২। অলক, চূর্ণ-কুন্তল।

**কুরব** (কু কুৎসিত বা মন্দ—রব যে শব্দ করে) সং, পুং, কুৎসিত শব্দ। ২। দুর্নাম, কলঙ্ক।৩। কুরুবক বৃক্ষ। ৪। রক্তঝিণ্টী। ৫। কুরুরাজ্যের একটী জনপদ ৬। (কু—রব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মন্দরবযুক্ত, কুৎসিত শব্দবিশিষ্ট।

**কুরবক** } (কু—রু রব করা + অক
**কুরুবক** } —ক, উব উবঙ্)—ণ। কণ্—যোগে কুরুবক) সং, পুং, ঝিণ্টীপুষ্প বৃক্ষ, ঝাঁটাফুলের গাছ; যথা—"মাধবী মণ্ডপ পরে, কুরুবক শোভা করে।"

**কুরস** (কু কুৎসিত—রস) সং, পুং, মদ্যবিশেষ। ২। কুৎসিত রস। ৩। বিং, ত্রিং, কুৎসিত রসবিশিষ্ট।

**কুরু** (কুর্ ছেদনকরা+উ(কু)—ক,সংজ্ঞার্থে। যিনি অন্যান্য রাজাদের বীর্য্য নষ্ট করেন) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, সূর্য্যকন্যা তপতীর গর্ভে সম্বরণের ঔরসজাত পুত্র। শিং—১ "যে কে চ কুরুপাঞ্চালানাং রাজানঃ সবশোশীনরাণাম্।" ২। (কৃ করা +উ(কু)—ধি) পুং, বর্ষবিশেষ। ৩। পুং, বহুং, দেশবিশেষ। শিং—১"হস্তিনা পুরমারভ্য কুরুক্ষেত্রাচ্চ দক্ষিণে। পঞ্চাল পূর্ব্বভাগে তু কুরুদেশঃ প্রকীর্ত্তিতঃ।" ৪। (+কু—র্ম্ম) ওদন। ৫। কণ্টকারিকা।

**কুরুকন্দক**; সং, পুং—ক্লীং, মূলক, মূলো।

**কুরুকুল্লা**; সং, স্ত্রীং, শ্যামাশক্তি-বিশেষ। শিং—১ "কালী কপালিনী কুল্লা কুরুকুল্লা বিরোধিনী।" (শ্যামাকবচ)।

**কুরুক্ষেত্র** (কুরু—ক্ষেত্র ভূমি, ৬ষ্ঠী—ষ। অসাধারণ ধীশক্তি-সম্পন্ন অমিততেজা কুরুরাজ, ব্যক্তিগণ সেইস্থানে কলেবর পরিত্যাগ করিয়া স্বর্গলাভ করিতে পারিবে এই আশয়ে এইস্থান কর্ষণ করিয়াছিলেন বলিয়া এই স্থান কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ হইয়াছে) সং, ক্লীং, দিল্লীর নিকটবর্ত্তী দেশবিশেষ, স্থানেশ্বর, কুরুপাণ্ডবের রণভূমি। শিং—১ "কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ পাঞ্চালাঃ শূরসেনকাঃ। এষ ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদনন্তরঃ।" ২ "কুরুক্ষেত্রং প্রয়াগঞ্চ হিমাদ্রিং বিন্ধ্যমন্তরা।" ৩ "ধর্ম্মক্ষেত্রং কুরুক্ষেত্রং দ্বাদশযোজনাবধি।"

**কুরুক্ষেত্রীযোগ** (কুরুক্ষেত্র—যোগ মিলন) সং, পুং, এক সাবনদিনে (সূর্য্যোদয় হইতে পরদিন সূর্য্যোদয় পর্য্যন্ত) যদি তিন তিথি, তিন নক্ষত্র ও তিন যোগ স্পর্শ হয়, তাহাকে কুরুক্ষেত্রীযোগ বলে।

**কুরুজাঙ্গল**; সং, পুং, গঙ্গাযমুনার অন্তর্বেদীর উত্তরভাগস্থিত জঙ্গলময় দেশ। কনিংহাম সাহেব বলেন, বর্ত্তমান বিলুচিস্থানই প্রাচীন কুরুজাঙ্গল। বর্ত্তমান খিলাতের ৩০ ক্রোশ দক্ষিণে প্রাচীন রাজধানী ছিল। শিং—১ "তস্য নাম্নাঽভিখ্যাতং পৃথিব্যাং কুরুজাঙ্গলম্।"

**কুরুণ্ট** (কু কুৎসিত—রুন্‌ট্ দীপ্তি পাওয়া +অ(অন্)—ক) সং, পুং, ঝিণ্টীবৃক্ষ। ণ্টী—স্ত্রীং, কাষ্ঠপুত্তলী, কাঠের পুতুল।

**কুরুত** (কুর্ ছেদন করা+উত(উতক্)—র্ম্ম) সং, পুং, বংশনির্ম্মিত বৃহদাকার পাত্র।

**কুরুতীর্থ**; সং, ক্লীং, ভারত-প্রসিদ্ধ তীর্থবিশেষ। শিং—১ "কুরুতীর্থে নরঃ স্নাত্বা ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ। সর্ব্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকং প্রপদ্যতে।" (ভারত)।

**কুরুম্ব**; সং, ক্লীং, কমলা নেবু।

**কুরুরাজ** (কুরু রাজ্ দীপ্তি পাওয়া+০ (ক্বিপ্)—ক। অথবা কুরু—রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুর্য্যোধন।

**কুরুল**; সং, পুং, ললাটস্থ চূর্ণকুন্তল।

**কুরুবংশ**—চন্দ্রবংশের এই শাখা কুরুরাজের নামানুসারে অভিহিত হয়।

**কুরুবর্ষ**; সং, ক্লীং, জম্বুদ্বীপস্থ উত্তরকুরু-সংজ্ঞক বর্ষবিশেষ।

**কুরুবিন্দ** (কুরু কুরুদেশ—বিন্দ্ লাভকরা +অ(শ)—ক। যাহা ঐ দেশে পাওয়া

যায়) সং, পুং—ক্লীং, পদ্মরাগ মণি। ২। মুক্তা, মুতা। ৩। মাষকলাই। ৪। দর্পণ। ৫। হিঙ্গুল। ৬। শস্য। ৭। নীলগুচ্ছ। ৮। দৃষদ্।

কুরুবিল্ব; সং, পুং, পদ্মরাগ মণি।

কুরুবিস্ত (কুরু দেশবিশেষ—বিস্ত বিস্তর। যাহা ঐ দেশে বিস্তর) সং, পুং, চারি তরি সোণা।

কুরুবৃদ্ধ (কুরু—বৃদ্ধ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, ভীষ্ম।

কুরূপ্য (কু কুৎসিত, নিকৃষ্ট—রূপ্য রৌপ্য। অথবা কু ঈষৎ—রূপ্য তৎসদৃশ শুভ্র) সং, ক্লীং, রঙ্গ, রাং।

কূর্দ্দন } (কুর্দ্দ্, কূর্দ্দ্ ক্রীড়াকরা, কোঁদা
কূর্দ্দন } +অন(অনট্)—ভা) সং, ক্লীং, ক্রীড়া। ২। আস্ফালন, কুঁদুনি।

কুর্পর } (কুর্ ছেদন করা+পর—সং-
কূর্পর } জ্ঞার্থে, কিম্বা কুর্+০(ক্বিপ্)—ক=কুর্—পৃ পালন করা+অ(অন্)—ক) সং, পুং, জানু। ২। কফোণি, কণুই।

কূর্পাস } (কূর্পর কফোণি—অস্ দীপ্তি
কূর্পাসক } পাওয়া ইত্যাদি+অ(ষঞ্)—র্ম্ম। ক—যোগে কূর্পাসক) সং, পুং—ক্লীং, কঞ্চুলিকা, কাঁচুলি। শিং—১ "প্রস্বেদ বারিসবিশেষ বিষক্তমঙ্গে কূর্পাসকং ক্ষতনখ ক্ষতমুৎক্ষিপন্তি।"(মাঘ)। ২ "মনোজ্ঞ কূর্পাসকপীড়িতস্তনা।" (রত্নাবলি)।

কুর্ব্বৎ (কৃ করা+অৎ(শতৃ)—ক) বিং,ত্রিং, কর্ম্মকর্ত্তা। ২। ফলোন্মুখ।

কুর্ব্বাণ (কৃ করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে কার্য্য করিতেছে, ক্রিয়মাণ। ২। সং, পুং, ভৃত্য।

কুল (কু পৃথিবী—ল গ্রহণার্থ লাধাতুজ+অ(ড)—ক। কিম্বা কুল্ একত্রিত হওয়া +অ(ক)—ক। অথবা কু+লক্—ক) সং, ক্লীং, বংশ; যথা—যদুকুল, কুরুকুল। শিং—১"কিং কুলেন বিশালেন।" ২ "জনকস্য কুলে জাতা।" ২। গোষ্ঠী। ৩। জাতি। ৪। ভবন, গৃহ; যথা—"গুরুকুলে পিতৃকুলে শ্বশুরকুলে বাস।"। ৫। জনপদ। ৬। দেহ। ৭। ক্ষেত্রবিশেষ। ৮। দেশ। ৯। মধ্যমহলদ্বয়ে যত ভূমি কর্ষণ করা যায়। ১০। বংশীয়। ১১। সজাতীয় পাল, যূথ; যথা—মৃগকুল, পক্ষিকুল। ১২। সমূহ। শিং—১"অলককুলাবৃতানন।" ১৩। বল্লালসেন প্রতিষ্ঠিত বংশমর্য্যাদা।

কুলক (কুল বংশ—কৈ শব্দকরা, ঘোষণা করা ইত্যাদি+অ(অন্)—ক। অথবা কুল +কণ্) সং,ক্লীং, এক কর্ত্তা বা এক ক্রিয়াপদঘটিত চতুরধিক শ্লোক সমুদয়। শিং—১ "দ্বাভ্যাং যুগ্মং ইতি প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈঃবিশেষকম্। কলাপকং চতুর্ভিঃস্যাৎ কুলকং তদনন্তরম্।" ২। পটোললতা, পলতা। ৩। পুং, বল্মীক। ৪। কুলশ্রেষ্ঠ। ৫। হরিদ্বর্ণ সর্প। ৬। শিল্পীকুল প্রধান।

কুলকন্যা } (কুল—কন্যা, কামিনী) সং,
কুলকামিনী } স্ত্রীং,সদ্বংশজাতা স্ত্রী,কুলস্ত্রী।

কুলকর্ম্ম (—কর্ম্মন্, কুল—কর্ম্মন্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কুলের নিয়মানুযায়ী কর্ম্ম। ২। কুলীনে কন্যাদান। ৩। কুলের নিয়মানুসারে পুত্র কন্যাদিগের বিবাহ দেওয়া।

কুলকলঙ্কিনী (কুল—কলঙ্ক+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) বিং,ত্রিং, যে স্ত্রীর চরিত্রদোষে কুলে কলঙ্ক জন্মে, কুলকলঙ্ককারিণী।

কুলকুণ্ডলিনী (কুল কুলাচারীদের উপাস্যা—কুণ্ডলিনী) সং, স্ত্রীং, তন্ত্রশাস্ত্র প্রসিদ্ধ মূলাধারস্থ সর্পীতুল্য শক্তিবিশেষ. মূলাধার পদ্মে সর্পবৎ সার্দ্ধত্রিবৃত্তবিশিষ্টা শিরোপরিস্থিতা, পদ্মমৃণালমধ্যবর্ত্তি সূক্ষ্ম তন্তুবৎ প্রকাশমানা জগন্মোহিনী অথচ ব্রহ্মদ্বারমুখ মুখে ঈষৎ আচ্ছাদনকারিণী অথচ সেই মূলাধারে শঙ্খাবর্ত্তসমা ও নবীনচপলা মালাবৎ দেদীপ্যমানা, অতিসূক্ষ্মা এবং কোমল কাব্যবন্ধরচনার বাক্য বা ভ্রমরমালার মধুর গুঞ্জন অপেক্ষাও মধুর অথচ অস্ফুটকূজনকারিণী, এবং নিশ্বাস প্রশ্বাসরূপে জগৎস্থিত. জীবগণের জীবনদায়িনী কুলকুণ্ডলিনী শক্তি বিরাজিতা আছেন। শিং—১ "কুলকুণ্ডলিনীং দেবীমমৃতানন্দ বিগ্রহাং ধ্যাত্বা ধ্যাত্বা পুনর্ধ্যাত্বা সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ।"

কুলক্ত (কু—লক্ত ব্যাপিয়া থাকা+অ(ষঞ্)—ভাবে) সং, পুং, করতালী।

কুলক্রমাগত (কুলক্রম—আগত, ৩য়া—ষ) বিং,ত্রিং, কুলনিয়মানুসারে উপস্থিত, বংশপরম্পরায় আগত। [কুলকর্ম্ম দেখ।

কুলক্রিয়া (কুল—ক্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,

কুলক্ষণ (কু মন্দ—লক্ষণ চিহ্ন) সং, ক্লীং, মন্দচিহ্ন, অশুভ চিহ্ন। ২। বিং, ত্রিং, যাহার লক্ষণ মন্দ, মন্দ লক্ষণবিশিষ্ট। ণা—স্ত্রীং, যে স্ত্রীর লক্ষণ সকল শুভসূচক নয়, দুর্ভাগা, মন্দভাগ্যা।

কুলক্ষয় (কুল—ক্ষয় নাশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বংশনাশ। ২। বংশ-মর্য্যাদালোপ। য়া—স্ত্রীং, শুকশিম্বী।

কুলঘ্ন (কুল—হন্ মাশ করা+অ(টক্)—ক) বিং, ত্রিং, বংশনাশক, কুলক্ষয়কারী। শিং—১ "সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।"

কুলচণ্ডী (কুল বিপত্তি সমূহ—চণ্ডী কোপনা। যিনি বিপত্তিসমূহের প্রতি ক্রোধান্বিতা অর্থাৎ বিপত্তি-নাশিনী) সং, স্ত্রীং, কুলইচণ্ডী।

কুলজ (কুল বংশ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, সৎকুলজাত, সদ্বংশোৎপন্ন, কুলীন।

কুলট (কুল—অট্ গমন করা+অ(অন্)—ক) সং,পুং, কুলান্তরগামী পুত্র, দত্তকাদি।

কুলটা (কুল—অট্ গমন করা+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং। যে কুল হইতে গমন করে, ৫মী—ষ) সং, স্ত্রীং, অসতী স্ত্রী, ভ্রষ্টা। ২। কুলত্যক্তা। ৩। অসতী। ৪। সতী-ভিক্ষুকী।

কুলতনয় (কুল কুলরক্ষক—তনয়, মং—স) (মধ্যপদ লোপ) সং, পুং, কুলরক্ষক সন্তান, বংশধর পুত্র।

কুলতন্তু (কুল—তন্তু সূক্ষ্মাংশ। কুলের তন্তুর ন্যায়) সং, পুং, সন্তান, অপত্য। শিং—১ "সমবস্থাপিতং ভূয়ো যুষ্মাসু কুলতন্তবম্।"

কুলতিথি; স্ত্রীং, চতুর্থী, অষ্টমী, দ্বাদশী ও চতুর্দ্দশী। শিং—১ "দ্বিতীয়া দশমী ষষ্ঠী কুলাকুলমুদাহৃতম্। বিষমাশ্চাকুলাঃ সর্ব্বে শেষাশ্চ তিথয়ঃ কুলাঃ।"

কুলতিলক (কুল—তিলক) বিং, ত্রিং, বংশের চূড়ামণি, যাহার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি হয়; যেমন—রঘু-কুলতিলক রামচন্দ্র।

কুলত্থ (কুল তট—স্থা থাকা+অ(ড)—ক) সং, পুং, কলায়বিশেষ।

কুলদূষক } (কুল—দূষক,দূষণ দোষকারী)
কুলদূষণ } সং, পুং, কুলাঙ্গার।

কুলদেবতা (কুল—দেবতা) সং, স্ত্রীং, বংশানুক্রমে যে দেবতা যে বংশে পূজ্য তিনিই তাহার কুলদেবতা; যেমন—শাক্তগণের শক্তি বা দুর্গার ভিন্ন ভিন্ন মূর্ত্তি; বৈষ্ণবগণের বি[illegible]; গাণপত্যের গণেশ; শৈবদিগের [illegible]ব ইত্যাদি। ২। ষোড়শ মাতৃকার [illegible] মাতৃকাবিশেষ।

কুলধর্ম্ম (কুল—ধর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বংশবিশেষের বা পরিবারবিশেষের চিরপ্রচলিত আচার বা অনুষ্ঠান, কুলাচার, স্বজাতীয় ধর্ম্ম। শিং—১ "উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাম্ জনার্দ্দন।"

কুলধারক (কুল বংশ—ধারক [ধারি ধারণ করা+অক(ণক)—ক] যে ধারণ করে) সং, পুং, বংশধর, পুত্র।

কুলধুর্য্য (কুল—ধুর্য্য প্রধান, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কুলপ্রধান, বংশের শ্রেষ্ঠ।

কুলন } (রাশিকরণার্থ কুল্ধাতুজ) সং,
কুলান } নির্ব্বাহ হওন, নিষ্পন্ন বা সম্পোষ্য হওন।

কুলনক্ষত্র—ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা ও উত্তরভাদ্রপদ।

কুলনায়িকা—পঞ্চ-ম-কার যজনে পূজ্যা স্ত্রী; যথা—"রক্তমাল্যেন সম্বীতো রক্তপুষ্পবিভূষিতঃ। পঞ্চীকরণসঙ্কেতৈঃ পূজয়েৎ কুলনায়িকাং॥" কুলনায়িকা নয় প্রকার; যথা—"নটী কাপালিকী বেশ্যা রজকী নাপিতাঙ্গনা। ব্রাহ্মণী শূদ্রকন্যাচ তথা গোপালকন্যকা। মালাকারস্য কন্যা চ নবকন্যা প্রকীর্ত্তিতা।

কুলনারী (কুল—নারী স্ত্রীলোক) সং, স্ত্রীং কুলকন্যা, কুলস্ত্রী।

কুলনাশ (কুল বংশ—নাশ ধ্বংস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বংশধ্বংস, বংশলোপ। ২। বংশমর্য্যাদালোপ। ৩। উষ্ট্র, উট। ৪। (কুল—নাশ যে নষ্ট করে, ২য়া—ষ) বিং, ত্রিং, কুলনাশক, বংশলোপকারী। ৫। পতিত।

কুলনাশন (কুল—নশ্-ণিচ—নাশি নষ্ট করা +অন(অনট্)—ণ) বিং, ত্রিং, কুলধ্বংশকর। শিং—১ "মুষলং কুলনাশনম্।"

কুলন্ধর (কুল বংশ—ধৃ ধারণ করা+অ (অন্)—ক) সং, পুং, বংশধর, পুত্র। শিং—১ যুধিষ্ঠিরো লব্ধরাজ্যো দৃষ্ট্বা পৌত্রং কুলন্ধরং।"

কুলপতি (কুল—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলশ্রেষ্ঠ, বংশের প্রধান ব্যক্তি। ২। আশ্রমের মধ্যে সর্ব্বপ্রধান মুনি। শিং—১ "মুনীনাং দশসাহস্রং যোঽন্নদানাদি পোষণাং, অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুলপতিঃ স্মৃতঃ।"

কুলপর্ব্বত (কুল—পর্ব্বত) সং, পুং, মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র, এই সপ্ত পর্ব্বত, কুলগিরি, কুলাচল, কুলশৈল। শিং—১ "মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষ পর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ সপ্তৈতে কুলপর্ব্বতাঃ।" ২। হিমালয় সমেত ৮ কুলপর্ব্বত।

কুলপাংসন (কুল—পাংসন [পনৃস নাশ করা +অনট্—ক] দূষক, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কুলদূষক, কুলমর্য্যাদানাশক।

কুলপালক (কুল বংশ ইত্যাদি—পালক যে পালন করে) বিং, ত্রিং, বংশের পালক, বংশরক্ষক। ২। সং, ক্লীং, কমলা নেবু।

কুলপালি } কুলপালিকা } (কুল—পালি, পালিকা যে পালন করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, পতিব্রতা, কুলবধু, কুলস্ত্রী, সতী, সাধ্বী-স্ত্রী।

কুলপ্রদীপ (কুল—প্রদীপ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কুলের প্রদীপস্বরূপ অর্থাৎ যে সৎকার্য্য দ্বারা কুলকে উজ্জ্বল করে, বংশমর্য্যাদারক্ষক।

কুলভ্রষ্ট (কুল—ভ্রষ্ট, ৫মী—ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি কুল হইতে ভ্রষ্ট হইয়াছে। ২। যাহার কুলমর্য্যাদা লোপ হইয়াছে।

কুলমর্য্যাদা (কুল—মর্য্যাদা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুলের গৌরব, বংশমর্য্যাদা।

কুলম্ভর (কুল গৃহ—ভৃ+অ(অন্)—ক) সং, পুং, সিঁদেল চোর।

কুললক্ষণ (কুল—লক্ষণ চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নয় প্রকার কুলের চিহ্ন; যথা—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপস্যা, দান। শিং—১ "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং। নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণম্।"

কুলবতী (কুল+বৎ(বতু)—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে স্ত্রী কুলের নিয়মানুসারে চলে; সচ্চরিত্রা স্ত্রী।

কুলবধূ } কুলবালা } (কুল—বধূ, বালা=স্ত্রী) সং, স্ত্রীং, কুলকন্যা, কুলস্ত্রী।

কুলবার (কুল—বার দিন) সং, পুং, মঙ্গল ও শুক্রবার। শিং—১ "ভৌম শুক্রৌ কুলাখ্যৌতু বুধবারঃ কুলাকুলঃ।"

কুলবিদ্যা; সং, স্ত্রীং, কুলক্রমাগতা বিদ্যা, বংশপরম্পরায় শিক্ষণীয়া বিদ্যা। শিং—১ "তমাদৌ কুলবিদ্যানামর্থমর্থবিদাং বরঃ।"

কুলবিপ্র (কুল—বিপ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলপুরোহিত।

কুলব্রত (কুল—ব্রত, ৭মী—ষ) সং, ক্লীং, কুলক্রমে কর্ত্তব্য ব্রত। শিং—১ "গলিতবয়সামিক্ষ্বাকূণা মিদং হি কুলব্রতম্।"

কুলসম্ভব (কুল বংশ—সম্ভব জাত, উৎপন্ন, ৫মী—ষ) বিং, ত্রিং, যে কোন বংশ হইতে উৎপন্ন।

কুলস্ত্রী (কুল বংশ—স্ত্রী) সং, স্ত্রীং, কুলকন্যা।

কুলাঙ্গার (কুল—অঙ্গার) সং, পুং—ক্লীং, যাহা হইতে কুল মলিন হয়, যাহার চরিত্র দোষে কুলের কলঙ্ক হয়; যথা—রক্ষকুলাঙ্গার। শিং—১ "ধংক্ষ্যতি স্ম কুলাঙ্গারং চোদিতো মে ততক্রহম্।" (ভাগবত)।

কুলাচার (কুল—আচার আচরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলাচরিত ধর্ম্ম, কুলধর্ম্ম, কুলের নিয়মানুযায়ী কর্ম্ম।

কুলাচার্য্য (কুল—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, কুলক্রমাগত আচার্য্য কুলগুরু, কুল-পুরোহিত। ২। যে ব্যক্তি কুলের পরিচয় প্রদান করে, কুলের পরিচয় প্রদান যাহার ব্যবসায়, ঘটক।

কুলাকুল—কুলাকুলতিথি—দ্বিতীয়া, ষষ্ঠী ও দশমী। কুলাকুল নক্ষত্র—আর্দ্রা, মূলা, অভিজিৎ ও শতভিষা। কুলাকুলবার—বুধবার।

কুলাদর্শ (Heraldry) সং, পুং, বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন-বিষয়ক শাস্ত্র।

কুলায় (কুল—আয় আগমন, বৃদ্ধি। যে-খানে পক্ষিকুলের বৃদ্ধি হয়। কিম্বা কুল—অয় বৃদ্ধি পাওয়া+অ(অল্)—ধি) সং, পুং, নীড়, পক্ষীর বাসা। ২। বাসস্থান। শিং—১ "চটকায়াঃ কুলায়ঃ।" ৩। (কু—লায় গতি, ৫মী—হিং) ক্লীং, শরীর।

কুলায়স্থ (কুলায় পক্ষীর বাসা—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) সং, পুং, পক্ষী।

কুলায়িকা (কুলায় নীড়+কণ্, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চিড়িয়াখানা।

কুলাল (কুল—অল্ বিস্তার করা+অ(ষণ্)—ক। কিম্বা কু মৃত্তিকা—লাল্ লালসা করা+অ(অন্)—ক। যে মৃৎপাত্র যোগ্য মৃত্তিকা বাঞ্ছা করে, ২য়া—ষ) সং, পুং, কুম্ভকার জাতি, কুমার। শিং—১"কুলাল-চক্র।" ২। (কুল্ রাশি করা + আল (কালন্)—ক) পক্ষিবিশেষ।

কুলাহক (কুল—আ—হন্ নষ্ট করা+অ (ড)—ক, ক—যোগে) সং, পুং, কৃকলাস। ২। রাঙ্গা কুলেখাড়া, শাকবিশেষ।

কুলি (কুল রাশি করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, হস্ত। লি, লী—স্ত্রীং, কণ্টকারী-বৃক্ষ। ২। (দেশজ) মুটে, মজুর।

কুলিক; বিং, ত্রিং, কুলপ্রধান, শিল্পিকুল-শ্রেষ্ঠ। ২। সং, পুং, শাকবিশেষ। ৩। কুলেখ্যাতা নাগবিশেষ।

কুলিঙ্গ (কু—লিন্গ্ গমন করা, চিত্রিত করা+অ(অন্)—ক) সং, পুং, ফিঙ্গা পাখী। ২। চটক।

কুলিঙ্গক (কুলিঙ্গ+ক(কণ্)—স্বার্থে) সং, পুং, চটক, চড়ুই পাখী।

কুলিন্দ; সং, পুং, দেশ-বিশেষ। শিং—১ "কুলিন্দাঃ কালবাশ্চৈব কুণ্টকাঃ করটা-স্তথা।" ২। (কুলিন্দ্+অ—প্রং) বিং, ত্রিং, কুলিন্দদেশবাসী, যে কুলিন্দদেশে বাস করে। "ধনঞ্জয়ো মহাবাহু র্নাতিতী-ব্রেণ কর্ম্মণা।" ২ "আনর্ত্তান্ কালকূটাংশ্চ কুলিন্দাংশ্চ বিজিত্য সঃ।" (ভারত)।

কুলির } (কুলাল দেখ, ঈর(ঈরক্), ঈর
কুলীর } (ঈরক্)—ক) সং, পুং, কর্কট, কাকড়া। ২। চতুর্থরাশি।

কুলিশ } (কুলি হস্ত—শ [শী শয়ন
কুলীশ } করা+অ(ড)—ক] যে শয়ন করে। যে ইন্দ্রহস্তে থাকে। কিম্বা কুল পর্ব্বত—শো বিদারণ করা + অ(ড)—ক) সং, পুং—ক্লীং, ইন্দ্রের বজ্র। শিং—১"কুলিশ-পাতোপমং বচঃ।" ২ "প্রাণানাং কুলিশ কঠিনানাম্।" ২। (কু—লিশ্+অ(ক)—ক) মৎস্যবিশেষ। ৩। অগ্রভাগ।

কুলিশধর (কুলিশ বজ্র—ধৃ ধারণ করা+অ(অন্)—ক) সং, পুং, ইন্দ্র। ২। বিং, ত্রিং, বজ্রধারী।

কুলিশাসন; সং, পুং, শাক্যমুনি, বৌদ্ধমত-প্রবর্ত্তক।

কুলী (কু—লী গমন করা, পাওয়া+অ(ক)—ক, স্ত্রীং—ঈপ্) সং, স্ত্রীং, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড় শালী। ২। কণ্টকারী।

কুলী (কুলিন্, কুল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, সৎকুলো-দ্ভব।

কুলীন (কুল বংশ+ঈন(খীন)—জাতার্থে, অথবা কুল উৎকর্ষবিশেষ [নবধাগুণ] ধর্ম্মাবচ্ছিন্ন বংশ+ঈন—অপত্যার্থে) বিং, ত্রিং, উত্তম কুলোদ্ভব, সৎকুলোৎপন্ন। ২। যার বল্লালসেন প্রতিষ্ঠিত কুলমর্য্যাদা আছে। ৩। (কু পৃথিবী—লীন, ৭মী—ষ) ভূমিলগ্ন। ৪। সং, পুং, শ্রেষ্ঠ অশ্ব।

কুলীনস; সং, ক্লীং, জল।

কুলুক (কুল্ রাশি করা+উক—প্রং) সং, ক্লীং, জিহ্বামূল, জিভের ময়লা।

—কুরঙ্গ দেখ।

যাবনিক) সং, কুঞ্চী, তালা।

শ্বর (কুল বংশ—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—) সং, পুং, শিব। ২। কুলপতি।

াৎকট (কুল বংশ—উৎকট শ্রেষ্ঠ, ষ্ঠী—ষ) সং, পুং, শ্রেষ্ঠঘোটক। ২। বিং, ত্রিং, মহাকুলপ্রসূত।

াদ্বহ (কুল—উৎ—বহ্ বহন করা, রক্ষা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কুলপালক, কুলশ্রেষ্ঠ, বংশধর। শিং—১ "পুত্রো মমানুরূপশ্চ শূরশ্চেতি কুলোদ্বহঃ।"

াষ ⎫ (কুল বংশ—মষ্, মস্ বধ
াস ⎭ করা+অ(ষণ্)—ক) সং, পুং—ক্লীং, কাঞ্জী, আমানি। ২। বোর ধান। ৩। অপরিপক্ক যব। ৪। খিচ্ড়ী। ৫। রোগ-বিশেষ। ৬। বনকুলত্থ। শিং—১ "মাষতিলবিল্ব শালাটুসিদ্ধান্ বা কুল্মাষান্ ভক্ষয়েৎ।"

্য (কুল্ রাশি করা+য—র্ম্ম) সং, ক্লীং, অস্থি। ২। মাংস। ৩। পরিমাণবিশেষ। ৪। শূর্প, কুলা। ৫। (কুল বংশ+য্য) বিং, ত্রিং, সৎকুলোৎপন্ন। শিং—১ "বৃদ্ধাংশ্চ কুল্যাঃ পশুভূতবর্গান্।" ৬। পুং, মান্যব্যক্তি।

্যকন্দ; সং, পুং, অস্থির অবশেষ।

্যা (পূর্ব্বে দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, প্রস্তুত করা ক্ষুদ্র নদী। ২। গড়খাই। ৩। প্রবাহ। ৪। ক্ষুদ্র খাত। শিং—১ "ঘৃত-কুল্যা, মধুকুল্যা।" ২ "সৈন্ধবারণ্যমাসাদ্য কুল্যানাং কুরু দর্শনম্।" ৫। বৃহৎ গর্ত্ত। ৬। পয়ঃপ্রণালী, নর্দ্দমা। ৭। নদীমাত্র। ৮। কুলস্ত্রী। ৯। স্থূলবার্ত্তাকু।

ুই (দেশজ) সং, ক্লীং, কর্কর, কাঁকর।

ূক; সং, পুং, মন্বর্থমুক্তাবলীর টীকাকার কবিবিশেষ। শিং—১ "শ্রীমদ্ভট্টদিবা-করস্য তনয়ঃ কুল্লূকভট্টোঽভবৎ।"

বঙ্গ (কু কুৎসিত—বঙ্গ রাং) সং, ক্লীং, সীসক, সীসা।

বচ (কু কুৎসিত—বচ্ বলা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কটুভাষী, পরনিন্দক। ২। ক্লীং, নিন্দাবাক্য।

কুবল (কু পৃথিবী—বল্ বৃদ্ধি পাওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, উৎপল। ২। মুক্তাফল। ৩। বদরীফল। ৪। দাড়িম্ব। লী—স্ত্রীং, কুলগাছ।

কুবলয় (কু পৃথিবী—বল্ বৃদ্ধি পাওয়া+অয়—সংজ্ঞার্থে। স্বামী বলেন—শোভা-করত্ব হেতু যে পৃথিবীর বলয়ের ন্যায়। কেহ বলেন—যাহার কুৎসিত বলয় অর্থাৎ পত্র বেষ্টন আছে) সং, ক্লীং, পদ্ম। ২। নীলপদ্ম। ৩। শ্বেতপদ্ম। শিং—১ "কুবলয়দলনীল।" ২ "কুবলয়নয়না।" ৩ "কুবলয়িতগবাক্ষালোচনৈরঙ্গনানাম্।"

কুবলয়াপীড় (কুবলয় নীলোৎপল—আ-পীড় শিরোভূষণ ৬ষ্ঠী—হিং) সং, পুং, কংসাসুরের হস্তিরূপী দৈত্যবিশেষ শিং—১ "নাগং কুবলয়াপীড়ং চাণূরং মুষ্টিকং তথা।" ২। বিং, ত্রিং, নীলোৎপল যাহার ভূষণ হইয়াছে।

কুবলয়াশ্ব; সং, পুং, ধুন্ধুমার নৃপ। [পদ্মিনী।

কুবলয়িনী (কুবলয়+ইন্—প্রং) সং, স্ত্রীং,

কুবাদ (কু মন্দ—বদ্ বলা+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, কটুভাষী। ২। (+ঘঞ্—ভাবে) সং, পুং, কটূক্তি।

কুবাদিক (কু—বাদ+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, বঞ্চক। ২। অসদ্বক্তা।

কুবাহুল; সং, পুং, উষ্ট্র।

কুবিন্দ (কু কুৎসা—বিন্দ্ লাভ করা+অ(শ)—ক। যে কুৎসা অর্থাৎ অপবি-ত্রতা লাভ করে। অথবা কুপ+কিন্দচ—ক) সং, পুং, তন্তুবায়, তাঁতি। ২। ভূপতি।

কুবৃত্তি; সং, স্ত্রীং, মন্দবৃত্তি, নিন্দিতাচরণ।

কুবৃত্তিকৃৎ (কু—বৃত্তি—কৃ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, নিন্দিত চেষ্টাকারক। ২। সং, পুং, করঞ্জবিশেষ, কাঁটাকরমূচা।

কুবেণি ⎫ (কু কুৎসিত—বেণি [বেণ্ গমন-
কুবেণী ⎭ করা+ই—ধি] গমন। মৎস্যের নির্গমাভাব হেতু যাহাতে কুগমন আছে) সং, স্ত্রীং, মৎস্যধানী, খালুই, মাছের চুবড়ি। ২। কুৎসিত বেণীবিশিষ্টা স্ত্রী।

কুবের (কু কুৎসিত—বের শরীর। তিন পা আটটা দাঁত এই হেতু ইহার শরীর

কুলাচার্য্য (কুল—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, কুলক্রমাগত আচার্য্য কুলগুরু, কুল-পুরোহিত। ২। যে ব্যক্তি কুলের পরিচয় প্রদান করে, কুলের পরিচয় প্রদান যাহার ব্যবসায়, ঘটক।

কুলাকুল—কুলাকুলতিথি—দ্বিতীয়া, ষষ্ঠী ও দশমী। কুলাকুল নক্ষত্র—আর্দ্রা, মূলা, অভিজিৎ ও শতভিষা। কুলাকুলবার—বুধবার।

কুলাদর্শ (Heraldry) সং, পুং, বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন-বিষয়ক শাস্ত্র।

কুলায় (কুল—আয় আগমন, বৃদ্ধি। যে-থানে পক্ষিকুলের বৃদ্ধি হয়। কিম্বা কুল—অয় বৃদ্ধি পাওয়া+অ(অল্)—ধি) সং, পুং, নীড়, পক্ষীর বাসা। ২। বাসস্থান। শিং—১ "চটকায়াঃ কুলায়ঃ।" ৩। (কু—লায় গতি, ৫মী—হিং) ক্লীং, শরীর।

কুলায়স্থ (কুলায় পক্ষীর বাসা—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) সং, পুং, পক্ষী।

কুলায়িকা (কুলায় নীড়+কণ্, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চিড়িয়াখানা।

কুলাল (কুল—অল্ বিস্তার করা+অ(ষণ)—ক। কিম্বা কু মৃত্তিকা—লাল্ লালসা করা+অ(অন্)—ক। যে মৃৎপাত্র যোগ্য মৃত্তিকা বাঞ্ছা করে, ২য়া—ষ) সং, পুং, কুম্ভকার জাতি, কুমার। শিং—১"কুলাল-চক্র।" ২। (কুল্ রাশি করা + আল (কালন্)—ক) পক্ষিবিশেষ।

কুলাহক (কুল—আ—হন্ নষ্ট করা+অ (ড)—ক, ক—যোগে) সং, পুং, কৃকলাস। ২। রাঙ্গা কুলেখাড়া, শাকবিশেষ।

কুলি (কুল রাশি করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, হস্ত। লি, লী—স্ত্রীং, কণ্টকারী-বৃক্ষ। ২। (দেশজ) মুটে, মজুর।

কুলিক; বিং, ত্রিং, কুলপ্রধান, শিল্পিকুল-শ্রেষ্ঠ। ২। সং, পুং, শাকবিশেষ। ৩। কুলেখ্যাতা নাগবিশেষ।

কুলিঙ্গ (কু—লিন্গ্ গমন করা, চিত্রিত করা+অ(অন্)—ক) সং, পুং, ফিঙ্গা পাখী। ২। চটক।

কুলিঙ্গক (কুলিঙ্গ+ক(কণ্)—স্বার্থে) সং, পুং, চটক, চড়ুই পাখী।

কুলিন্দ; সং, পুং, দেশ-বিশেষ। শিং—১ "কুলিন্দাঃ কালবাংশ্চৈব কুণ্টকাঃ করটা-স্তথা।" ২। (কুলিন্দ্+অ—প্রং) বিং, ত্রিং, কুলিন্দদেশবাসী, যে কুলিন্দদেশে বাস করে। "ধনঞ্জয়ো মহাবাহু র্নাতিতীব্রেণ কর্ম্মণা।" ২ "আনর্ত্তান্ কালকূটাংশ্চ কুলিন্দাংশ্চ বিজিত্য সঃ।" (ভারত)।

কুলির } কুলীর } (কুলাল দেখ, ইর(ইরক্), ঈর (ঈরক্)—ক) সং, পুং, কর্কট, কাকড়া। ২। চতুর্থরাশি।

কুলিশ } কুলীশ } (কুলি হস্ত—শ [শী শয়ন করা+অ(ড)—ক] যে শয়ন করে। যে ইন্দ্রহস্তে থাকে। কিম্বা কুল পর্ব্বত—শো বিদারণ করা + অ(ড)—ক) সং, পুং—ক্লীং, ইন্দ্রের বজ্র। শিং—১"কুলিশ-পাতোপমং বচঃ।" ২ "প্রাণানাং কুলিশ কঠিনানাম্।" ২। (কু—লিশ্+অ(ক)—ক) মৎস্যবিশেষ। ৩। অগ্রভাগ।

কুলিশধর (কুলিশ বজ্র—ধৃ ধারণ করা+অ(অন্)—ক) সং, পুং, ইন্দ্র। ২। বিং, ত্রিং, বজ্রধারী।

কুলিশাসন; সং, পুং, শাক্যমুনি, বৌদ্ধমত-প্রবর্ত্তক।

কুলী (কু—লী গমন করা, পাওয়া+অ(ক)—ক, স্ত্রীং—ঈপ্) সং, স্ত্রীং, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড় শালী। ২। কণ্টকারী।

কুলী (কুলিন্, কুল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, সৎকুলো-দ্ভব।

কুলীন (কুল বংশ+ঈন(খীন)—জাতার্থে, অথবা কুল উৎকর্ষবিশেষ [নবধাগুণ] ধর্ম্মাবচ্ছিন্ন বংশ+ঈন—অপত্যার্থে) বিং, ত্রিং, উত্তম কুলোদ্ভব, সৎকুলোৎপন্ন। ২। যার বল্লালসেন প্রতিষ্ঠিত কুলমর্য্যাদা আছে। ৩। (কু পৃথিবী—লীন, ৭মী—ষ) ভূমিলগ্ন। ৪। সং, পুং, শ্রেষ্ঠ অশ্ব।

কুলীনস; সং, ক্লীং, জল।

কুলুক (কুল্ রাশি করা+উক—প্রং) সং, ক্লীং, জিহ্বামূল, জিভের ময়লা।

কুলুঙ্গ—কুরঙ্গ দেখ।

কুলুপ (যাবনিক) সং, কুঞ্চী, তালা।

কুলেশ্বর (কুল বংশ—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, শিব। ২। কুলপতি।

কুলোৎকট (কুল বংশ—উৎকট শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—য) সং, পুং, শ্রেষ্ঠঘোটক। ২। বিং, ত্রিং, মহাকুলপ্রসূত।

কুলোদ্বহ (কুল—উৎ—বহ্ বহন করা, রক্ষা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কুলপালক, কুলশ্রেষ্ঠ, বংশধর। শিং—১ "পুত্রো মমানুরূপশ্চ শূরশ্চেতি কুলোদ্বহঃ।"

কুল্মাষ } (কুল বংশ—মষ্, মস্ বধ
কুল্মাস } করা+অ(ষণ্)—ক) সং, পুং—ক্লীং, কাঞ্জী, আমানি। ২। বোর ধান। ৩। অপরিপক্ক যব। ৪। খিচ্ড়ী। ৫। রোগ-বিশেষ। ৬। বনকুলত্থ। শিং—১ "মাষতিলবিল্ব শালাটুসিদ্ধান্ বা কুল্মাষান্ ভক্ষয়েৎ।"

কুল্য (কুল্ রাশি করা+য—র্ম্ম) সং, ক্লীং, অস্থি। ২। মাংস। ৩। পরিমাণবিশেষ। ৪। শূর্প, কুলা। ৫। (কুল বংশ+ষ্য) বিং, ত্রিং, সৎকুলোৎপন্ন। শিং—১ "বৃস্তীশ্চ কুল্যাঃ পশুভূতবর্গান্।" ৬। পুং, মান্যব্যক্তি।

কুল্যকন্দ ; সং, পুং, অস্থির অবশেষ।

কুল্যা (পূর্ব্বে দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, প্রস্তুত করা ক্ষুদ্র নদী। ২। গড়খাই। ৩। প্রবাহ। ৪। ক্ষুদ্র খাত। শিং—১ "ঘৃত-কুল্যা, মধুকুল্যা।" ২ "সৈন্ধবারণ্যমাসাদ্য কুল্যানাং কুরু দর্শনম্।" ৫। বৃহৎ গর্ত্ত। ৬। পয়ঃপ্রণালী, নর্দ্দমা। ৭। নদীমাত্র। ৮। কুলস্ত্রী। ৯। স্থূলবার্ত্তাকু।

কুল্লুই (দেশজ) সং, ক্লীং, কর্কর, কাঁকর।

কুল্লুক ; সং, পুং, মন্বর্থমুক্তাবলীর টীকাকার কবিবিশেষ। শিং—১ "শ্রীমদ্ভট্টদিবাকরস্য তনয়ঃ কুল্লুকভট্টোঽভবৎ।"

কুবঙ্গ (কু কুৎসিত—বঙ্গ রাং) সং, ক্লীং, সীসক, সীসা।

কুবচ (কু কুৎসিত—বচ্ বলা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কটুভাষী, পরনিন্দক। ২। ক্লীং, নিন্দাবাক্য।

কুবল (কু পৃথিবী—বল্ বৃদ্ধি পাওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, উৎপল। ২। মুক্তাফল। ৩। বদরীফল। ৪। দাড়িম্ব। লী—স্ত্রীং, কুলগাছ।

কুবলয় (কু পৃথিবী—বল্ বৃদ্ধি পাওয়া+অয়—সংজ্ঞার্থে। স্বামী বলেন—শোভাকরত্ব হেতু যে পৃথিবীর বলয়ের ন্যায়। কেহ বলেন—যাহার কুৎসিত বলয় অর্থাৎ পত্র বেষ্টন আছে) সং, ক্লীং, পদ্ম। ২। নীলপদ্ম। ৩। শ্বেতপদ্ম। শিং—১ "কুবলয়দলনীল।" ২ "কুবলয়নয়না।" ৩ "কুবলয়িতগবাক্ষালোচনৈরঙ্গনানাম্।"

কুবলয়াপীড় (কুবলয় নীলোৎপল—আ-পীড় শিরোভূষণ ৬ষ্ঠী—হিং) সং, পুং, কংসাসুরের হস্তিরূপী দৈত্যবিশেষ। শিং—১ "নাগং কুবলয়াপীড়ং চাণূরং মুষ্টিকং তথা।" ২। বিং, ত্রিং, নীলোৎপল যাহার ভূষণ হইয়াছে।

কুবলয়াশ্ব ; সং, পুং, ধুন্ধুমার নৃপ। [পদ্মিনী।

কুবলয়িনী (কুবলয়+ইন্—প্রং) সং, স্ত্রীং,

কুবাদ (কু মন্দ—বদ্ বলা+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, কটুভাষী। ২। (+ঘঞ্—ভাবে) সং, পুং, কটূক্তি।

কুবাদিক (কু—বাদ+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, বঞ্চক। ২। অসদ্বক্তা।

কুবাহুল ; সং, পুং, উষ্ট্র।

কুবিন্দ (কু কুৎসা—বিন্দ্ লাভ করা+অ(শ)—ক। যে কুৎসা অর্থাৎ অপবিত্রতা লাভ করে। অথবা কুপ+কিন্দচ—ক) সং,পুং, তন্তুবায়, তাঁতি। ২। ভূপতি।

কুবৃত্তি ; সং, স্ত্রীং, মন্দবৃত্তি, নিন্দিতাচরণ।

কুবৃত্তিকৃৎ (কু—বৃত্তি—কৃ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, নিন্দিত চেষ্টাকারক। ২। সং, পুং, করঞ্জবিশেষ, কাঁটাকরমুচা।

কুবেণি } (কু কুৎসিত—বেণি [বেণ্ গমন-
কুবেণী } করা+ই—ধি] গমন। মৎস্যের নির্গমাভাব হেতু যাহাতে কুগমন আছে) সং, স্ত্রীং, মৎস্যধানী, খালুই, মাছের চুবড়ি। ২। কুৎসিত বেণীবিশিষ্টা স্ত্রী।

কুবের (কু কুৎসিত—বের শরীর। তিন পা আট্টা দাঁত এই হেতু ইহার শরীর

কুৎসিত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যক্ষরাজ, ধনাধিপ। ২। বিং, ত্রিং, অলস। ৩। কুৎসিত শরীর বিশিষ্ট। "বায়ুমার্কণ্ডেয় পুরাণে—কুৎসায়াং ক্বিতিশব্দোঽয়ং শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরীরত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ।" ইত্যমরটীকায়াং ভরতঃ।" ৪। নন্দীবৃক্ষ। ৫। অর্হদুপাসকবিশেষ।

কুবেরাচল, কুবেরাদ্রি (কুবের—অচল, অদ্রি পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৈলাসপর্ব্বত।

কুবেল (কুব জলপুষ্প—ই শোভা—লা বিস্তার করা+অ(ড)—ক। জলপুষ্পের মধ্যে যে শোভা বিস্তার করে। অথবা কু পৃথিবী—বেল্ চঞ্চল হওয়া+অ—প্রং) সং, ক্লীং, কুবলয়।

কুব্র (কুনৃব্ আচ্ছাদন করা+র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অরণ্য, বন।

কুশ (কু পৃথিবী—শ [শী শয়ন করা+অ (ড—ক] যে শয়ন করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, প্রসিদ্ধ তৃণ; এই তৃণ যজ্ঞাদি কর্ম্মে লাগে। ২। পুং, সপ্তদ্বীপা পৃথিবীর এক দ্বীপ, কুশদ্বীপ। ৩। ক্লীং, জল। ৪। বিং, ত্রিং, মত্ত। ৫। পাপিষ্ঠ। ৬। (কুশ+অ) পুং, রামের জ্যেষ্ঠপুত্র। শিং—১ "(কুশীলবঃ) যন্তয়োঃ প্রথমং জাতঃ স্বকুশৈর্ম্মন্ত্রসংস্কৃতৈঃ। নির্ম্মার্জ্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইত্যসৌ॥ যশ্চাবরজ এবাসীল্লবণেন সমাহিতঃ। নির্ম্মার্জ্জনীয়ো বৃদ্ধাভির্নাম্না স ভবিতা লবঃ॥" ৭। (কুশ+অ(ড)—ক) যোক্ত্র, যোতদড়ি। শা—স্ত্রীং, রজ্জু, লাগাম। শী—স্ত্রীং, (কু পৃথিবী—শো নাশ করা+অ(ড)—ক, ঈপ্) লাঙ্গলের ফাল। ২। লৌহবিকার।

কুশণ্ডিকা (কুশ+অণ্ড(অণ্ডচ)—ক, কণ্, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বিবাহকালের ধর্ম্মকার্য্যবিশেষ।

কুশধ্বজ; সং, পুং, হ্রস্বরোমার পুত্র, জনক রাজার কনিষ্ঠভ্রাতা, মাণ্ডবী ও শ্রুতকীর্ত্তির পিতা। শিং—১ "জ্যেষ্ঠোঽহমনুজো বীরো মম ভ্রাতা কুশধ্বজঃ"

কুশধারা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

কুশনাভ; সং, পুং, রাজর্ষি কুশের পুত্র।

কুশপ্লবন; সং, ক্লীং, তীর্থবিশেষ।

কুশর; সং, পুং, শরসদৃশ তৃণবিশেষ। ২। কুৎসিত বাণ।

কুশল, কুষল, কুসল (কুশ+অল(কলন্)—ক) সং, ক্লীং, কল্যাণ, মঙ্গল। শিং—১ "অহো মমোপরি বিধেঃ সংরম্ভো দারুণো মহান্। নানুবধ্নাতি কুশলম্।" ২ "কা বার্ত্তা অতি দুর্ব্বলোঽসি কুশলং প্রীতোঽস্মি তে দর্শনাৎ।" ২। নিরাপদ। ৩। মোক্ষ। ৪। পুণ্য, ধর্ম্ম। ৫। সামর্থ্য। ৬। (কুশল+অ) বিং, ত্রিং, কুশলী, কুশলযুক্ত। ৭। (কুশ—লা গ্রহণ করা+অ(ড)—ক। অথবা কু পৃথিবী—শল্ গমন করা+অ(অন্)—ক) কৃতী, সমর্থ, নিপুণ, দক্ষ।

কুশলব (কুশ তৃণবিশেষ—লব লবণ। নিপাতন) সং, পুং, দ্বিং, রাম-পুত্রদ্বয়। শিং—১ "যস্তয়োঃ প্রথমং জাতঃ স কুশৈর্মন্ত্রসংস্কৃতৈঃ। নির্মার্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইতসৌ। যশ্চাবরজ এবাসীল্লবণেন সমাহিতঃ নির্মার্জনীয়ো বৃদ্ধাভির্নাম্না হি ভবিতা লবঃ। এবং কুশলবৌ নাম্না যমৌ তৌ সম্বভূবতুঃ।"

কুশলী (কুশলিন্, কুশল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুশলযুক্ত, কল্যাণবিশিষ্ট, ক্ষেমবান্; যথা—কুশলীরাজা।

কুশস্তম্ব (কুশ—স্তম্ব) সং, পুং, কুশগুচ্ছ।

কুশস্থল (কুশ কুশদ্বারা [আবৃত]—স্থল, ৩য়া—ষ) সং, ক্লীং, কান্যকুব্জদেশ, কনোজদেশ। লী—স্ত্রীং, দ্বারকাপুরী, রেবত নৃপ কর্ত্তৃক নির্ম্মিত এবং যদু কর্ত্তৃক সংস্কৃত হইয়াছিল। ২। কুশস্থাপিত নগরীবিশেষ।

কুশাকর (কুশ তৃণবিশেষ—আকর খনি। কুশনুড়ার আগুণে যজ্ঞের আগুন করিয়া থাকে বলিয়া) সং, পুং, যজ্ঞাগ্নি।

কুশাক্ষ (কুশ—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর।

কুশাগ্র (কুশ—অগ্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কুশের অগ্রভাগ। শিং—১ "কুশাগ্রেণাপি

কৌন্তেয় ন স্পৃষ্টব্যো মহোদধিঃ।"(ভারত)। ২ "কুশাগ্রবুদ্ধে কুশলী গুরুস্তে।"(রঘু)।

কুশাগ্রবুদ্ধি (কুশ—অগ্র—বুদ্ধি) বিং, ত্রিং, যাহার বুদ্ধি কুশের অগ্রভাগের ন্যায়, কুশের অগ্রভাগ যেমন সূক্ষ্ম যাহার বুদ্ধি তদনুরূপ সূক্ষ্ম, সূক্ষ্মবুদ্ধি।

কুশাগ্রীয় (কুশ তৃণবিশেষ—অগ্র অগ্রভাগ+ঈয়(ণীয়)—সাদৃশ্যার্থে) বিং, ত্রিং, কুশাগ্রের ন্যায় সূক্ষ্ম, অতিতীক্ষ্ণ।

কুশাগ্রীয়বুদ্ধি, কুশাগ্রীয়মতি (কুশ তৃণ-বিশেষ—অগ্রীয় অগ্রভাগ—মতি বুদ্ধি, ৬ষ্ঠী—হিং। যাহার বুদ্ধি কুশের অগ্রভাগের ন্যায় সূক্ষ্ম) বিং, ত্রিং, যাহার বুদ্ধি অতিশয় তীক্ষ্ণ।

কুশারণি (কুশ প্রসিদ্ধতৃণ—অরণি যে কাষ্ঠ ঘর্ষণ করিলে অগ্নি উৎপন্ন হয়। এই অভিপ্রায়ে যিনি কুশ ব্যবহার করিতেন। কিম্বা কুশ জল—অরণি অগ্ন্যুৎপাদক কাষ্ঠ। অভিশাপকালে যাহার উত্তোলিত জল অরণি তুল্য হইত) সং, পুং, দুর্ব্বাসা মুনি।

কুশাবতী (কুশ+বতু—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, কুশ-রাজার রাজধানী। শিং—১ "কুশাবতীং শ্রোত্রিয়সাৎ স কৃত্বা।"

কুশাবর্ত্ত (কুশ—আবর্ত্ত, ৭মী—ষ) সং, পুং, গঙ্গাবতারতীর্থ। শিং—১ "গঙ্গাদ্বারে কুশাবর্ত্তে বিল্বকে নীলপর্ব্বতে। তথা কণখলে স্নাত্বা ধূতপাপা দিবং ব্রজেৎ।"

কুশাসন (কুশ—আসন বসিবার স্থান) সং, ক্লীং, কুশনির্ম্মিত আসন। ২। (কু কুৎসিত—শাসন) মন্দশাসন, যেরূপ শাসন করা উচিত তদনুরূপ নহে। ৩। (কু—শাসন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মন্দশাসনযুক্ত। [বিস্তার।

কুশাস্তরণ (কুশ—আস্তরণ) সং, ক্লীং, কুশ-

কুশিক (কুশ+ইক(ষ্ণিক)—জাতার্থে) সং, পুং, মুনিবিশেষ, জমদগ্নির পিতা। ২। বিশ্বামিত্রের পিতা। ৩। শালবৃক্ষ। ৪। বিভীতক বৃক্ষ। ৫। অশ্বকর্ণবৃক্ষ। ৬। তৈলশেষ।

কুশিত, কুসিত (কুশ্, কুস্ আলিঙ্গন করা, সংলগ্ন হওয়া+ইত—সংজ্ঞার্থে। অথবা +ক্ত—র্ম্ম)সং,ক্লীং, দেশবিশেষ। ২। বিং, ত্রিং, ঈষৎ শুভ্র। ৩। যুক্ত। ৪। জলমিশ্রিত।

কুশী (কুশিন্, কুশ রামের পুত্র+ইন্—বিদিতার্থে। যাঁহার কবিতা রামের পুত্র দ্বয় কুশ ও লব কর্ত্তৃক পঠিত ও বর্ণিত হইয়াছিল বলিয়া) সং, পুং, বাল্মীকি।

কুশী (কুশ+ঈ(ঙীপ্)—বিকারার্থে) সং, স্ত্রীং, রজ্জু, লাগাম। ২। লাঙ্গলের ফাল।

কুশীদ, কুষীদ, কুসীদ (কুশ্ আলিঙ্গন করা+ঈদ—সংজ্ঞার্থে, কু—শব্দ, সদ+অ(শ)—ধি)সং,ক্লীং, বৃদ্ধিজীবিকা, সুদ। ২। রক্তচন্দন। ৩। বিং, ত্রিং, বৃদ্ধিজীবী।

কুশীদজীবী (—বিন্, কুশীদ—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া—ষ) বিং, ত্রিং, টাকা ধার দিয়া সুদ লওয়া যার ব্যবসায়। ২। বৃদ্ধিজীবী।

কুশীদব্যবহার (Interest) সং,পুং, সুদকসা। ২। সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া।

কুশীল (কু—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুঃশীল, অসংস্বভাব।

কুশীলতা—স্ত্রীং, কুশীলত্ব—ক্লীং (কুশীল দেখ, তা, ত্ব—ভাবার্থে) সং, দুঃশীলতা, দুশ্চরিত্রতা, অসৎস্বভাবতা।

কুশীলব (কু কুৎসিত—শীল স্বভাব—ব গমনার্থ বাধাতুজ+অ(ড)—ক। অথবা+ব—অস্ত্যর্থে) সং, পুং, নট, নর্ত্তক, যে নাটকের অভিনয় করে, নৃত্য-গীত-বাদ্য যাহার ব্যবসায়। সর্ব্বপ্রথমে রামের পুত্র কুশ ও লব বাল্মীকিপ্রণীত রামায়ণ গান করে বোধ হয় সেইজন্য সঙ্গীতব্যবসায়ীদিগের নাম কুশীলব হইয়াছে। ৩। কবি। ৪। যাচক। ৫। ভরতমুনি। ৬। (কুশ—লব, দ্বং—স) পুং, দ্বিং, রামের দুইপুত্র।

কুশূল, কুসূল (কুশ্ আলিঙ্গন করা+উল (কুলচ্)—ধি, সংজ্ঞার্থে) সং, পুং, ধান্যাদি রাখিবার ঘর, গোলা। শিং—১ "যে ত্বিহ বা অজাবটকুশূল গহাদিষু ভূতানি নিরুন্ধন্তি।" ২। তুষের আগুন।

কুশেশয় (কুশে জলে—শয় [শী শয়ন করা+অ(অল)—ক] যে শয়ন করে)

সং, ক্লীং, পদ্ম। শিং—১ "কুশেশয়ৈরত্র জলাশয়োষিতাম্।" (মাঘ)। ২ "কুশেশয়াকোশবিশালনেত্রাঃ।" ৩ "হ্রদশ্চ কুশবানেষ যত্র পদ্মং কুশেশয়ং।" ২। পুং, সারসপক্ষী। ৩। কর্ণিকার বৃক্ষ। ৪। কুশদ্বীপস্থ পর্ব্বতবিশেষ।

কুশোদক (কুশ—উদক জল) সং, ক্লীং, দানার্থ কুশসহিত জল।

কুষাকু (কুষ্ দীপ্তিপাওয়া+আকু(কাকু)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, বানর। ২। অগ্নি। ৩। সূর্য্য। ৪। বিং, ত্রিং, উত্তাপক।

কুষ্ঠ (কুষ্ স্থির হওয়া+ঠ কৃথন্)—ক। কিম্বা কু কুৎসিত—ষ্ঠ যে থাকে) সং, ক্লীং, রক্ত বিকৃত হইয়া যে রোগ জন্মে, কুষ্ঠরোগ, মহাব্যাধি, এই রোগ শ্বেতকুষ্ঠ গলৎকুষ্ঠপ্রভৃতি নানাবিধ। ২। একপ্রকার বিষ। ৩। বৃক্ষবিশেষ, কুড়।

কুষ্ঠঘ্ন (কুষ্ঠ—হন্ নষ্ট করা+অ টক্)—ক) বিং, ত্রিং, কুষ্ঠনাশক ঔষধ।

কুষ্ঠহৃৎ (কুষ্ঠ—হৃৎ [হৃ হরণ করা+০ (ক্বিপ্)—ক] যে হরণ অর্থাৎ নষ্ট করে) সং, পুং, বিট্‌খদির।

কুষ্ঠারি; সং, পুং, বিট্‌খদির।

কুষ্ঠী (কুষ্ঠিন্, কুষ্ঠ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার কুষ্ঠরোগ জন্মিয়াছে।

কুষ্মাণ্ড } (কু পৃথিবী—উষ্মন্ উষ্ম—অণ্
কূষ্মাণ্ড } বাঁচা + ড—প্রং, অথবা অণ্ড—প্রং) সং, পুং, ঔী—স্ত্রীং, কুমড়া। ২। কাঁকুড়। ৩। পুং, শিবের অনুচরবিশেষ। ৪। গর্ভিণীর গর্ভস্থলী, জরায়ু। স্ত্রীং, দুর্গা।

কুসংস্কার (Prejudice) সং, পুং, সমুচিত বিবেচনা না করিয়া যে সিদ্ধান্ত করা যায়। ২। বিপরীত সংস্কার।

কুসংস্কারাবিষ্ট (Prejudiced, কুসংস্কার—আবিষ্ট যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, কুসংস্কারে যাহার বুদ্ধি আচ্ছন্ন করিয়াছে, কুসংস্কার-বশীভূত।

কুসিত (কুস্ দীপ্তি পাওয়া+ইত ইতচ)—সংজ্ঞার্থে) সং, পুং, দেশবিশেষ। ২। (কু ঈষৎ—সিত শুক্লবর্ণ) বিং, ত্রিং, ঈষৎ শুভ্রবর্ণ।

কুসিম্বী; সং, স্ত্রীং, সীমগাছ।

কুসীদ (কুশীদ দেখ) সং, ক্লীং, ঋণদানজীবিকা; সুদ খাওয়া কড়ি দেওয়া। শিং—১ "কুসীদকৃষি বাণিজ্যং প্রকুর্ব্বীত স্বয়ং কৃতম্।"

কুসীদিক (কুসীদ+ইক(ষ্ঠিক)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃদ্ধিজীবী, যে সুদ লইয়া টাকা কর্জ্জ দেয়।

কুসুম (কুস্ দীপ্তি পাওয়া+উ(উমক্)—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, পুষ্প। শিং—১ "কুসুমসন্ততি সন্তত সঙ্গিভিঃ।" (মাঘ)। ২। ফল। ৩। স্ত্রীলোকের ঋতু। ৪। চক্ষুর রোগবিশেষ।

কুসুমকার্ম্মুক (কুসুম—কার্ম্মুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প। শিং—১ "কুসুমকার্ম্মুক কার্ম্মুকসংহিতেত্যাদি।" (মাঘ)।

কুসুমপুর (কুসুম—পুর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পাটলিপুত্রনগর, পাট্‌না।

কুসুমমধ্যা (কুসুম—মধ্য, ৬ষ্ঠী—হিং। যাহার ফল হইতে পুষ্প মুকুলিত হয়) সং, স্ত্রীং, চালিতা গাছ।

কুসুমাকর } (কুসুম—আকর খনি, আগম
কুসুমাগম } আগমন, ৭মী—হিং) সং, পুং, বসন্তকাল, যে ঋতুতে কুসুম জন্মে। "মাসানাং মার্গশীর্ষোহস্মি ঋতুনাং কুসুমাকরঃ।"

কুসুমাঞ্জলি (কুসুম—অঞ্জলি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুসুমের অঞ্জলি, পুষ্পাঞ্জলি। ২। উদয়নাচার্য্য প্রণীত পঞ্চস্তবকাত্মক পরমাত্মনিরূপক গ্রন্থবিশেষ।

কুসুমাত্মক; সং, ক্লীং, কুঙ্কুম।

কুসুমাধিপ; সং, পুং, চম্পকবৃক্ষ, চাঁপাগাছ।

কুসুমায়ুধ } (কুসুম—আয়ুধ, অস্ত্র, ইষু,
কুসুমাস্ত্র } ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন,
কুসুমেষু } কন্দর্প।

কুসুমাল; সং, পুং, চোর।

কুসুমাসব (কুসুম—আসব মধু, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পুষ্পমধু, মকরন্দ।

কুসুমিত (কুসুম+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, পুষ্পিত, যাহার কুসুম হইয়াছে।

কুসুম্ভ (কুস্ দীপ্তি পাওয়া+উম্ভ উম্ভক্)—ক) সং, পুং, কুসুম ফুল; কুসুম্ভ পুষ্পের রঙ। ২। স্বর্ণ। ৩। পুং, কমণ্ডলু।

কুস্বভাব (কু — স্বভাব, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার মন্দ স্বভাব, কুশীল, দুঃশীল।

কুস্বভাবতা ( কুস্বভাব + তা — ভাবার্থে ) সং, স্ত্রীং, দুঃশীলতা, দুশ্চরিত্রতা। [কেঁচো।

কুস্থ (কু পৃথিবী — স্থ উৎপন্ন) সং, পুং,

কুস্থতি (কু নিন্দনীয় — স্থ গমন করা + তি (ক্তি) — ভা) সং. স্ত্রীং, শঠতা, ধূর্ত্ততা। ২। কুহক, ইন্দ্রজাল। ২। কপট, ভান।

কুসৃষ্টি (কু — সৃষ্টি) সং, স্ত্রীং, দুরভিসন্ধি। ২। মন্দ অভিপ্রায়।

কুস্তভ (কু পৃথিবী — স্তন্ভ স্তব্ধ করা + অ (ক) — ক) সং, পুং, বিষ্ণু। ২। সমুদ্র।

কুহ (কু নিন্দনীয় — হা ত্যাগ করা + অ (ড) — ক ) সং, পুং, কুবের। ২। অং, কুত্র, কোন্ স্থানে।

কুহক (কুহ্ বিস্ময়াপন্ন করা + অক (ণক) — ক) সং, ক্লীং, ইন্দ্রজাল, ভেল্‌কী। ২। ছল, প্রতারণা। "তস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈর্ন শেকুঃ।" ৩। পুং, নাগবিশেষ।

কুহকজীবী ( কুহকজীবিন্, কুহক — জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, কুহকী দেখ।

কুহকস্বন } (কুহক — স্বন, স্বর যে শব্দ
কুহকস্বর } করে) সং, পুং, কুক্কুট, কুকঁড়া।

কুহকী ( কুহকিন্, কুহক + ইন — অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, বাজিকর। ২। প্রতারক। ৩। মায়াবী।

কুহন ( কুহক দেখ, অন (অনট্) — ভা। অথবা কু — হন্ বধ করা + অ (অল্) — র্ম্ম) সং, ক্লীং, কাচপাত্র। ২। মৃন্তাণ্ড। ৩। (+ অল্ — ক) পুং, মুষিক। ৪। সর্প। ৫। চৌর। ৬। বিং, ত্রিং, ঈর্ষালু, ঈর্ষাবিশিষ্ট। না — স্ত্রীং, ( কুহ + অন — ভা, আপ্ ) দম্ভাচরণ; গর্ব্ব বা লোভ বশতঃ অলীক ধার্ম্মিকতা দেখানা।

কুহর ( কু পৃথিবী — হৃ হরণ করা + অ (অন্) — ক। অথবা কুহ রা + অ (ড) — ক) সং, ক্লীং, গহ্বর। ২। ছিদ্র। শিং — ১ "মত্তকরীন্দ্র কুম্ভকুহর।" ৩। কণ্ঠধ্বনি। ৪। কর্ণ। ৫। কণ্ঠ, গলা। ৬। সমীপ। ৭। পুং, নাগবিশেষ।

কুহরিত ( কুহর + ইত (ইতচ্) — সংজ্ঞার্থে। অথবা কুহরি + ক্ত — ভাবে ) সং, ক্লীং, কোকিলধ্বনি। ২। ধ্বনি। ৩। (কুহর-ক্রি = কুহরি + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, ধ্বনিত।

কুহলী (কু — হল্ কর্ষণ করা + অ (অন্) — ক, ঈপ্) সং, স্ত্রীং, তাম্বুলী। ২। তাম্বুলবীটিকা।

কুহা ; সং, স্ত্রীং, কুজ্‌ঝটিকা।

কুহু } (কুহ্ বিস্ময়াপন্ন করা + উ(কু) — ক,
কুহূ } উ — সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অমাবস্যা। ২। কোকিলধ্বনি। শিং — ১ "উন্মিলন্তি কুহূঃ কুহরিতি কলোত্তালাঃ পিকানাং গিরঃ।" ২ "কুহূকণ্ঠ। কুহূরব।"

কুহূকণ্ঠ ( কুহূ কোকিলধ্বনি — কণ্ঠ গলা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কোকিল।

কুহূরব (কুহূ — রব শব্দ) সং, পুং, কোকিল। ২। কুহূধ্বনি।

কুহেলিকা (কু পৃথিবী — হেড় বেষ্টনকরা + অক (ণক) — ক। ড় = ল ) সং, স্ত্রীং, কুজ্‌ঝটি, কুয়াসা। ২। কুহেড়িকা শব্দও হয়।

কূ (কূ শব্দ করা + ০(ক্বিপ্) — ক) সং, স্ত্রীং, পিশাচী।

কূকুদ, কুকূদ (কুক্ গ্রহণ করা। নিপাতন) সং, পুং, যে ব্যক্তি অলঙ্কৃতা কন্যাকে বিধিপূর্ব্বক সৎপাত্রে দান করে।

কূচিকা (কুচ কুটিল হওয়া + অক (ণক) — ণ। উ = ঊ) সং, স্ত্রীং, তূলিকা, তূলি।

কূজন (কূজিত দেখ, অন (অনট্) — ভা) সং, ক্লীং, কূজিত দেখ। ২। অব্যক্ত ধ্বনি।

কূজিত (কূজ্ শব্দ করা + ত (ক্ত) — ভা) সং, ক্লীং, পক্ষীর ধ্বনি, পাখির ডাক। ২। অব্যক্ত শব্দ। শিং — ১ "কুসুমজন্ম ততো নবপল্লবাস্তদনুষট্‌পদ কোকিলকূজিতম্।" (রঘু)। ২ " মধুকরনিকরকরম্বিতকূজিত কুঞ্জকুটীরে।" (জয়দেব)।

কূট (কূট্ বক্র হওয়া, দাহ করা + অ — (অন্) — ক) সং, পুং — ক্লীং, পর্ব্বতের শৃঙ্গ। শিং — ১ "অভ্রাণামিব কূটানি ধাতুরক্তানি শেরতে।" ২। মৃগাদি বন্ধনযন্ত্র, ফাঁদ, জাল। ৩। কপট। ৪। সমূহ। ৫।

দুর্ব্বোধ। ৬। নিশ্চল। ৭। তুচ্ছ। ৮। বন্ধন। ৯। শস্যরাশি। ১০। স্তূপ। ১১। দন্ত। ১২। লাঙ্গলাঙ্গবিশেষ। ১৩। কলস। ১৪। লৌহপিণ্ডবিশেষ, লৌহমুদ্গর। ১৫। মায়া। ১৬। বিং,ত্রিং, মিথ্যাকল্পিত; যথা—কূটসাক্ষী, কূটলেখ্য। ১৭। পুং, পুরদ্বার। পুং, টী—স্ত্রীং, গৃহ। শিং—১ "বাগুরাভিশ্চ পাশৈশ্চ কূটৈশ্চ বিবিধৈর্নরাঃ। প্রতিচ্ছন্নাশ্চ নিঘ্নন্তি স্ম বহূন্ মৃগান্।" ২ "কূটং পূর্দ্বারি যন্ত্রস্তিনধস্তস্মিন্।"

কূটক (কূট্ ছেদ করা+অক(ণক)—ক) সং, ক্লীং, লাঙ্গলের ফাল। ২। পুং, কবরী।

কূটকর্ম্ম (কূটকর্ম্মন্, কূট—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, জাল, প্রতারণা প্রভৃতি। ২। বিং, ত্রিং, জালকারী।

কূটকৃৎ (কূট মায়া, বঞ্চনা—কৃৎ [কৃ করা +০(ক্বিপ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, কায়স্থ, লেখকজাতি। ২। বিং, ত্রিং, কপটকারী, জালকারক।

কূটজ (কূট—জন্ জন্মান+অ(ড)—ক) সং, পুং, বৃক্ষবিশেষ, কুড়চী। [শঠতা।

কূটতুলা; সং,স্ত্রীং, কৃত্রিমতুলা, ওজনবিষয়ের

কূটপাকল (কূট রাশি—পাক পচন+ল—অস্ত্যর্থে) সং,পুং, কুম্ভকারের পোয়ান। ২। হস্তীর রোগবিশেষ।

কূটপালক; সং, স্ত্রীং, কুম্ভকারের পোয়ান। ২। কুম্ভকার।

কূটভাষী (—ভাষিন্, কূট মিথ্যাকল্পিত—ভাষী যে বলে) বিং, ত্রিং, যে ছলপূর্ব্বক কথা কয়, যে প্রতারণার কথা কয়, কূটবাদী।

কূটমুদ্রা; সং, পুং, কৃত্রিম টাকা।

কূটযোদ্ধা (—যোদ্ধৃ, কূট কপটতাযুক্ত—যোদ্ধা যুদ্ধকর্ত্তা, ষ়ং—স) বিং, ত্রিং, যে শত্রুপক্ষের অনমুসন্ধেয় কপটতা বিস্তার করিয়া যুদ্ধ করে, কপটযোধী।

কূটবন্ধ—পুং } (কূট ফাঁদ—বন্ধ যাহার
কূটযন্ত্র—ক্লীং } দ্বারা বন্ধন করা যায়, ষ়ং—স। কূট মৃগাদি বন্ধনার্থ ফাঁদ—যন্ত্র কল, ষ়ং—স) সং, বন্ধনী, ফাঁদ।

কূটশাল্মলি (কূট মিথ্যা—শাল্মলি শিমুল গাছ) সং, পুং, লী—স্ত্রীং, কাশিমালা গাছ। ২। কণ্টকী বৃক্ষবিশেষ। শিং—১ "ততো রক্তজলং ঘোরং লোহিতং নাম সাগরম্। গত্বা দ্রক্ষ্যথ তাং চৈব বৃহতীং কূটশাল্মলীম্।" ২। স্ত্রীং, অস্ত্রবিশেষ।

কূটসংক্রান্তি; সং, স্ত্রীং, যে সংক্রান্তিতে অর্দ্ধরাত্রের পর সূর্য্য অন্য রাশিতে সঞ্চরণ করে অর্থাৎ অন্য মাসের সঞ্চার হয়। শিং—১ "অর্দ্ধরাত্রে ব্যতীতে তু যদা সংক্রমতে রবিঃ। সা জ্ঞেয়া কূটসংক্রান্তির্মুনিভিঃ পরিকীর্ত্তিতা।" (জ্যোতিষ)।

কূটসাক্ষী (কূটসাক্ষিন্,কূট মিথ্যা, কল্পিত—সাক্ষী) বিং,ত্রিং, মিথ্যাসাক্ষী, জালসাক্ষী। শিং—১ "ন দদাতি তু যঃ সাক্ষ্যং জানন্নপি নরাধমঃ। স কূটসাক্ষিণাং পাপৈস্তুল্যো দণ্ডেন চৈ বহি।"

কূটস্থ (কূট দৃঢ়—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, সর্ব্বকালব্যাপী, নিত্য নির্ব্বিকার, সর্ব্বকালে সর্ব্ব অবস্থায় একরূপ, কোন কালে কোন অবস্থায় যাহার ভাবান্তর হয় না, চিরকাল একাকৃতি, যেমন—আকাশ, আত্মা, পরমেশ্বর। ২। মূলপুরুষ। ৩। উদাসীন। শিং—১ "জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ। যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।"

কূটাগার (কূট শৃঙ্গ—আগার গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রাসাদের সর্ব্বোপরিস্থিত গৃহ, নারীদিগের ক্রীড়াগৃহ।

কূটায়ুধ (কূট—আয়ুধ অস্ত্র) সং, ক্লীং, কূট অস্ত্র, কাষ্ঠাদি আবরণ মধ্যে লুক্কায়িত তীক্ষ্ণ-অস্ত্র।

কূটার্থ (কূট দুর্ব্বোধ—অর্থ, ষ়ং—স) সং পুং, কঠিনার্থ, সহজ অর্থ নয়, অন্য প্রকার অভিপ্রায়, আপাততঃ যেরূপ বোধ হয় সেরূপ নয়। ২। বিরুদ্ধ অর্থ, বিপরীত অর্থ। ৩। গুপ্ত অর্থ, অপ্রকাশিত অর্থ।

কূটার্থভাষা; সং, স্ত্রীং, কল্পিতার্থ কথা।

কূণি (কূণ্ সঙ্কুচিত হওয়া+ই—ক) বিং ত্রিং, নখরোগী, রোগবশতঃ যাহার নখ

হস্ত সঙ্কুচিত হয়। ণিকা—স্ত্রীং, বীণামূলস্থ বংশ-শলাকা। ২। পরিমাণবিশেষ।

কূদর (কূ কু—উদর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জাতি বিশেষ। "ব্রাহ্মণ্যামৃষিবীর্য্যেণ ঋতোঃ প্রথমবাসরে। কুৎসিতে চোদরে জাতঃ কূদরস্তেন কীর্ত্তিতঃ।" (পুরাণ)।

কূপ (কু শব্দকরা+প(পক্)—ধি। উ=ঊ। ভেকেরা যাহাতে শব্দ করে। অথবা কু ঈষৎ—অপ্ জল+অ—প্রং) সং, পুং, পাংকুয়া, কুয়া। শিং—১ "কূপে পশ্য পয়োনিধাবপি ঘটো গৃহ্ণাতি তুল্যং জলম্।" ২। গর্ত্ত, ছিদ্র; যথা—লোমকূপ। ৩। আধার; যথা—"মদনমোহন কূপ।" ৪। মাস্তল। পী, পিকা—স্ত্রীং, নদীমধ্যস্থ পর্ব্বত বা বৃক্ষ। ২। তৈলপাত্র, কুঁপো। ৩। গর্ত্ত।

কূপক (কূপ+কণ্—প্রং) সং, পুং, নৌকা প্রভৃতির মাস্তল, গুণবৃক্ষ। ২। কুঁপো। ৩। কুকুন্দর। ৪। উদপান। ৫। চিতা।

কূপজ (কূপ কূপের ন্যায়—জন্ জন্মান +অ(ড)—ক) সং, পুং, রোমকূপ।

কূপদণ্ড; সং, পুং, মাস্তল, গুণবৃক্ষ।

কূপদর্দুর, কূপমণ্ডূক (কূপ—দর্দুর, মণ্ডূক ব্যাঙ, ৬ষ্ঠী—ষ+৭মী—ষ) সং, পুং, কূয়ার ব্যাঙ। ২। বিং, অদূরদর্শী, কুণো। কূপের ভেক যেরূপ কূপে রুদ্ধ থাকিয়া অন্য জলাশয়ের বৃত্তান্ত কিছুই জানে না, সেইরূপ যে ব্যক্তি কখন গৃহ হইতে বহির্গত হয় না এবং অন্য কোন স্থানের কোন বৃত্তান্ত জানে না, তাহাকে কূপমণ্ডূক বলে। যে ব্যক্তি অল্পজ্ঞ হয়, তাহাকে হেয়জ্ঞান করিয়া কূপমণ্ডূক শব্দেও নির্দ্দেশ করা যায়। শিং—১" যো ন নির্গত্য নিঃশেষামালোকয়তি মেদিনীম্। অনেকাশ্চর্য্যসংপূর্ণাং স নরঃ কূপদর্দুরঃ।"

কূপমাণ্ডূক (কূপমণ্ডূক+অ(ফ)—অপত্যার্থে) সং, পুং, কূপমণ্ডূকের পুত্র। কী—স্ত্রীং, কন্যা।

কূপাঙ্ক, কূপাঙ্গ (কূপ কূয়া—অঙ্ক চিহ্ন, অঙ্গ দেহ) সং, পুং, রোমাঞ্চ।

কূপার (কু পৃথিবী—পৃ পূরণ করা+অ (যণ্)—ক) সং, পুং, সমুদ্র।

কূপ্যা (কূপ+য(ঞ্য)—জাতার্থে, আপ্—স্ত্রীং) বিং, ত্রিং, কূপসম্ভবা, কূপজাতা। শিং—১ "শমনঃ সন্তু কূপ্যাঃ।"

কূম; সং, ক্লীং, সরোবর।

কূর (কু পৃথিবী—উর্ বিস্তার করা+অ (অন্)—ক। অথবা কুর্+অ(অন্)—ক) সং, পুং—ক্লীং, অন্ন, ভাত।

কূর্চ্চ (কুর্ শব্দ করা+চ(চঙ্)—ক, কিম্বা কৃ করা+উর্চ্চ—প্রং, অথবা কূর্চ্চ্ [সৌত্রধাতু] প্রশংসা করা+অ—প্রং) সং, পুং—ক্লীং, ভ্রূদ্বয়ের মধ্যস্থল। শিং—১ "বর্গাদ্যং বহ্নিসংস্থং বিধুরতিবলিতং তত্রয়ং কূর্চ্চযুগ্মম্।" (ভৈরবতন্ত্র)। ২। ভ্রূমধ্যস্থ রোমচয়। ৩। কঠিন শ্মশ্রু, দাড়ী। ৪। অভিন্ন। ৫। অঙ্গুলি মধ্যভাগের উপরিভাগ। ৬। হৃৎবীজ। ৭। ছল। ৮। দন্ত। ৯। তূলি। ১০। তৃণগুচ্ছ। ১১। ময়ূরপুচ্ছ। ১২। পুং, মস্তক। ১৩। ক্লীং, ব্রত।

কূর্চ্চশিরঃ (কূর্চ্চশিরস্, কূর্চ্চ অভিন্ন—শিরস্ মস্তক) সং, ক্লীং, অভিন্ন স্কন্ধ, গুড়মুড়ো। "বাহুর্ম্মর্মাণি তু ক্ষিপ্রতলহৃদয়কূর্চ্চকূর্চ্চশিরোমণিবন্ধেন্দ্রবস্তিকূর্পরাণি।"

কূর্চ্চশেখর (কূর্চ্চ শ্মশ্রু, থলুয়া—শেখর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারিকেলগাছ।

কূর্চ্চমুখ; সং, পুং, বিশ্বামিত্রের পুত্র।

কূর্চ্চিকা (কূর্চ্চ্ প্রশংসা করা+ইক(ষ্কিক) —ভবার্থে, স্ত্রীং—আপ্) সং, স্ত্রীং, তূলি। ২। পেন্‌সিল। ৩। কুঞ্চিকা, কুঁচি; যথা —"উশীরকূর্চ্চকং।" ৪। সূচ। ৫। শলাকা। ৬। কুট্মল, কুঁড়ি। ৭। গাঢ়দুগ্ধ, ক্ষীর, ক্ষীর বিকৃতিবিশেষ, তক্র বা দধির সহিত যে ক্ষীর পাক হয়; যথা—দধিকূর্চ্চিকা, তক্রকূর্চ্চিকা।

কূর্দ্দন (কুর্দ্দন দেখ) সং, ক্লীং, কোঁদা।

কূর্দ্দনী; সং, স্ত্রীং, চৈত্রপূর্ণিমা।

কূর্প, কূর্ব্ব (কৃ বিক্ষেপ করা+প, ব—প্রং) সং, পুং—ক্লীং, নাসিকার ঊর্দ্ধভাগ, ভ্রূমধ্য। ২। শ্মশ্রু, দাড়ি গোঁপ।

কূর্পর (কুর্ [কুর্ শব্দ করা+০(ক্বিপ্)—ক]—পর পালনার্থ পৃধাতুজ) সং, পুং, হাঁটু। ২। কণুই।

কূর্পাস (কূর্পর কনুই—আস[আস্ হওয়া +অ(ষঞ্)—ধি] যে থাকে। র—লোপ) সং, পুং—ক্লীং, কঞ্চুক, কাঁচুলি।

কূর্পাসক (কূর্পর কনুই—আস যে থাকে। র—লোপ। কণ্—যোগ) সং, পুং—ক্লীং, কঞ্চুক, কাঁচুলি।

কূর্ম্ম (কু কুৎসিত, ঈষৎ—ঊর্ম্মি বেগ+অ—অস্ত্যর্থে) সং, পুং, দেহস্থ বায়ুবিশেষ। "উন্মীলনে স্মৃতঃ কূর্ম্মো ভিন্নাঞ্জনসমপ্রভ।" ২। কচ্ছপ। শিং—১ "সদা সংহরতে চাপং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।" ৩। ভগবান্ বিষ্ণুর দশাবতারের দ্বিতীয় এবং ভাগবতমতে দ্বাবিংশ অবতারের একাদশ



কূর্ম্ম।

অবতার। এই অবতারে ভগবান্ মন্দরপর্ব্বত পৃষ্ঠে ধারণকরত সমুদ্রমন্থনে সহায়তা করেন। শিং—১ "কূর্ম্মো বিভর্ত্তি ধরণীং খলু চাত্মপৃষ্ঠে।"

"বিলোক্য বিঘ্নেশ বিধিং তদেশ্বরো
দুরন্ত বীর্য্যাঽবিতথোঽভিসন্ধিঃ।
কৃত্বা বপুঃ কাচ্ছপমদ্ভুতং মহৎ
প্রবিশ্য তোয়ং গিরিমুজ্জহার।"
(কূর্ম্মপুরাণ)।

২ "ক্ষিতিরতিবিপুলতরে তব তিষ্ঠতি পৃষ্ঠে
ধরণিধরণকিণ চক্রগরিষ্ঠে।
কেশব ধৃতকচ্ছপরূপ
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

কূর্ম্মচক্র ; সং, ক্লীং, গ্রাহমন্ত্রের শুভাদি-সূচক কূর্ম্মাকার চক্রবিশেষ।

কূর্ম্মপুরাণ ; সং, ক্লীং, কূর্ম্মভাষিত পুরাণ।

কূর্ম্মপৃষ্ঠক (কূর্ম্ম কচ্ছপ—পৃষ্ঠ পিট+ক—ইবার্থে) সং, ক্লীং, শরাব, শরা।

কূর্ম্মমুদ্রা ; সং, স্ত্রীং, কূর্ম্মপৃষ্ঠের ন্যায় আকার সম্পন্না মুদ্রা। দক্ষিণ করের কনিষ্ঠার সহিত বাম করের তর্জ্জনী ও বাম করের অঙ্গুষ্ঠের সহিত দক্ষিণ করের তর্জ্জনীর সংযোগ সহকারে দক্ষিণ করের পৃষ্ঠে বাম করের মধ্যমাদি ও উন্নত দক্ষিণাঙ্গুষ্ঠ এই ভাবে সংস্থাপন করিবে, যে তাহাতে বাম ও দক্ষিণ করের মধ্যমা ও অনামিকা অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগের সহিত অধোমুখ হইয়া থাকে। এইরূপ মুদ্রাই কূর্ম্মমুদ্রা নামে প্রসিদ্ধ।

কূর্ম্মাঙ্গন্যায়—ন্যায় (১৭) দেখ।

কূর্ম্মী (কূর্ম্ম দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কচ্ছপী।

কূল (কূল্ আবরণ করা+অ(ক)—ক) সং, ক্লীং, তট, জলাশয়ের তীর। ২। তড়াগ, পুকুর। ৩। স্তূপ, রাশি। ৪। সৈন্যপৃষ্ঠ। ৫। সমীপস্থান। শিং—১ "কূলায়কূলেষু বিলুঠ্য তে স...।"

কূলক (কূল দে..., অক(ণক)—ক) সং, পুং, উয়ের ঢিপি। ২। (কূল+ক—স্বার্থে) পুং, ক্লীং, স্তূপ। ৩। তট।

কূলঙ্কষ (কূলম্ কূলকে—কষ্ বধ করা বা ব্যাপিয়া থাকা+অ(খ)—ক) সং, পুং, সমুদ্র। ষা—স্ত্রীং, নদী। শিং—১ "কূলঙ্কষৌঘাঃ সরিতস্তথাঽপরাঃ।" (মাঘ)।

কূলভূ (কূল—ভূ পৃথিবী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, তীরভূমি, তটপ্রদেশ।

কূলমুদ্রুজ (কূলং কূলকে+উৎ—রুজ্ ভেদ করা+অ(খশ্)—ক) বিং, ত্রিং, যে কূলকে ভেদ করে, কূলভেদক, কূলোৎপাটক। শিং—১ "আসাদিতৌ কথং ক্রমতম্ ন গজৈঃ কূলমুদ্রুজৈঃ।"(ভট্টি)। ২ "মদোদগ্রাঃ ককুদ্মন্তঃ সরিতাং কূলমুদ্রুজাঃ।"

কূলমুদ্বহ (কূলম্ কূলকে—উৎ উপরি—বহ বাহিত হওয়া+অ(খশ্)—ক) বিং, ত্রিং, যে কূলকে ব্যাপিয়া বহন করে। শিং—১ "উত্তীর্ণা বা কথং ভীমাঃ সরিতঃ কূলমুদ্বহাঃ।" (ভট্টি)।

কূলবতী (কূল তীর+বৎ(বতু)—অস্ত্যর্থে। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নদী।

কূলহুণ্ডক (কূল তীর—হুনৃড় একত্র করা, ভিড় হওয়া+অক(ণক)—ক) সং, পুং, জলাবর্ত্ত, জলের ঘূর্ণা।

কূলেচর (কূলে—চর্ বিচরণকরা+অ(অন্)—ক) বিং, ত্রিং, যে কূলে ভ্রমণ করে (চমরী বারণাদি)।

কূবর (কূ শব্দ করা+বর(বরট্)—ক) সং, পুং—স্ত্রীং, কুব্জ, কুঁজো। ২। পুং—ক্লীং, যুগন্ধর, যে স্থানে যুগকাষ্ঠ সংলগ্ন থাকে, রথাবয়ববিশেষ। শিং—১ "বৈদূর্য্যমণিকূবরম্।" ২ "পাদৈঃ পুরঃ কুবরীণাং বিদারিতা।" ৩। রথিকস্থান। ৪। বিং, ত্রিং, মনোহর। রী—স্ত্রীং, কম্বলাচ্ছাদিত রথ।

কূষ্মাণ্ড ; সং, পুং, শিব পারিষদবিশেষ।

কূষ্মাণ্ডবটিকা ( কূষ্মাণ্ড—বটিকা ) সং, স্ত্রীং, কূষ্মাণ্ডমিশ্রিত মাষাদি বটিকা,কুমড়াবড়ি।

কৃক (কৃ করা+ক(কক্)—ক। যে শব্দ করে বা উৎপাদন করে ) সং, পুং, গলদেশ।

কৃকর (কৃক গলদেশ—র [রা দান করা+অ(ড)—ক] যে দান করে বা গ্রহণ করে। অথবা কৃ অনুকরণ শব্দ—কর [কৃ করা +অ(অন্)—ক] যে করে) সং, পুং, শরীরস্থ পঞ্চ প্রকার বাহ্যবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। শিং—১ "কৃকরস্তু ক্ষুতে চৈব জবাকুসুমসন্নিভ।" ২। পক্ষিবিশেষ। ৩। শিব। ৪। চব্যক। ৫। করবীর বৃক্ষ।

কৃকলা ; সং, স্ত্রীং, পিঁপুল।

কৃকলাশ / কৃকলাস / কৃকুলাস } (কৃক শিরঃ, গ্রীবা, কণ্ঠ—লাস [লস্ ক্রীড়া করা+অ (ঘঞ্)—ক] যে কাঁপায়, ২য়া—



কৃকলাস।

য) সং, পুং, সরীসৃপ-বিশেষ, কাঁকলাস। এই জন্তুর শরীরের বর্ণ সর্ব্বদা পরিবর্ত্ত হয়।

কৃকবাকু (কৃক শিরঃ, গ্রীবা—বচ্ বলা+উ(ঞুণ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, কুক্কুট। ২। ময়ূর। ৩। কাঁকলাস। শিং—১ "লতাকণ্ঠকসংকীর্ণাং কৃকবাকুপলাদিতাঃ। নিরস্রাশ্চ সুদুঃখাশ্চ মার্গাঃ—।" ২ "কৃকবাকোধ্বর্নিমাকর্ণ্য কল্যে।"

কৃকবাকুধ্বজ ( কৃকবাকু ময়ূর—ধ্বজ পতাকা, চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূরধ্বজ, কার্ত্তিকেয়।

কৃকাটিকা (কৃক কণ্ঠ—অট্ গমন করা+অক(ণক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গ্রীবার উন্নত প্রদেশ, ঘাড়।

কৃচ্ছ্র (কৃত্ ছেদনকরা+র(রক্)—ক। নিপাতন) সং,পুং—ক্লীং, কষ্ট, শারীরিক ক্লেশ। শিং—১ "কৃচ্ছ্রমিদমস্মাকমাগতম্।" ২। আপদ্। ৩। প্রায়শ্চিত্ত। ৪। পাপ। শিং—১"কৃচ্ছ্রাং প্রাপ স আপদম্। ৫। ব্রতবিশেষ, সান্তপন প্রাজাপত্যাদি ব্রত। ৬। মূত্রকৃচ্ছ্র রোগ। ৭। বিং, ত্রিং, ক্লিষ্ট। ৮। কষ্টদায়ক। ৯। দুষ্ট। ১০। পাপিষ্ঠ।

কৃণু ( কৃ করা+নু—সংজ্ঞার্থে ) সং, পুং, চিত্রকরজাতি।

কৃৎ ( কৃ করা+০(ক্বিপ্)—র্ম্ম ) সং, পুং, ধাতূত্তরবিহিত প্রত্যয়, তব্যাদি চণম্ পর্য্যন্ত।

কৃত ( কৃ করা, ছেদনকরা+ত(ক্ত)—র্ম্ম ) সং, ক্লীং, সত্যযুগ। শিং—১ "চতুষ্পাৎ সকলো ধর্ম্মঃ সত্যং চৈব কৃতে যুগে। নাধর্ম্মেণাগমঃ কশ্চিন্মনুষ্যান্ প্রতিবর্ত্ততে।" ২। কার্য্য। ৩। যথেষ্ট। ৪। পর্য্যাপ্ত। ৫। (+ক্ত—ভা) প্রয়োজন। ৬। ফল। ৭। হিংসা। ৮। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রচিত। ৯। সম্পাদিত। ১০। অভ্যস্ত, শিক্ষিত। ১১। হিংসিত। ১২। বিহিত। ১৩। উপযুক্ত। ১৪। ব্যাহৃত। শিং—১ "কৃতমেবং ভবিষ্যতি।" ২"কৃতমিত্যব্রবীৎ সীতা।"

কৃতক (কৃত্ ছেদন করা+অক(ণক)—ক। কিম্বা কৃত+ক(কণ্)—স্বার্থে) বিং, ত্রিং,

স্বাভাবিক নয়, কৃত্রিম, কল্পিত। ২। সং, ক্লীং, কৃত্রিমলবণ।

কৃতকপুত্র ( কৃতক—পুত্র, যৎ—ষ ) সং, পুং, কল্পিত পুত্র, যে পুত্র গোপনে জনক জননী কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া কোন দয়াবান্ ব্যক্তি কর্ত্তৃক গৃহীত ও প্রতিপালিত হয়।

কৃতকর্ম্মা ( কৃতকর্ম্মন্, কৃত—কর্ম্মন্, ৩য়া—হিং) বিং, ত্রিং, কার্য্যক্ষম। ২। কৃতকার্য্য, যে কর্ম্ম সম্পন্ন করিয়াছে, যে কর্ম্ম করিয়া উঠিয়াছে। শিং—১ "ইন্দ্রকর্ম্মা মহাকর্ম্মা কৃতকর্ম্মা কৃতাগমঃ।" (বিষ্ণুসংহিতা)।

কৃতকাম (কৃত সম্পাদিত—কাম অভীষ্ট, ৩য়া—হিং ) বিং, ত্রিং, যাহার অভীষ্ট পূর্ণ হইয়াছে, পূর্ণমনোরথ। কামা—স্ত্রীং, পূর্ণাভিপ্রায়া।

কৃতকার্য্য ( কৃত—কার্য্য, ৩য়া—হিং ) বিং, ত্রিং, যাহার কার্য্য নিষ্পন্ন হইয়াছে, যাহার অভিপ্রায় সিদ্ধ হইয়াছে, যাহার মনোরথ পূর্ণ হইয়াছে, কৃতার্থ, চরিতার্থ। ২। যে কর্ম্ম সম্পন্ন করিয়াছে, কৃতকর্ম্মা, কৃতক্রিয়।

কৃতকাল (কৃত নিয়মিত—কাল, ৩য়া—হিং) বিং, ত্রিং, যৎ কর্ত্তৃক কোন বিষয়ে সময় নিরূপিত হইয়াছে (শিষ্যাদি)। ২। পুং, নিরূপিত সময়। শিং—১"কৃতশিল্পোঽপি নিবসেৎ কৃতকালং গুরোর্গৃহে।"

কৃতকৃত্য } কৃতক্রিয় } (কৃত—কৃত্য, ক্রিয়া কার্য্য, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃতকার্য্য। ২। কৃতার্থ, চরিতার্থ। ৩। বিদ্বান্। ৪। কৃতকর্ম্মা। শিং—১ "কৃতকৃত্যশ্চাস্মি ধনঞ্জয়েন।" ২ "বৈশ্যঃ প্রত্যেদং রশ্মীন্ বা যষ্টিং শূদ্রঃ কৃতক্রিয়ঃ।"

কৃতকৃত্যতা (কৃতকৃত্য+তা—ভাবে) সং, স্ত্রীং, কৃতকার্য্য হওয়া, কৃতার্থতা।

কৃতঘ্ন (কৃত—ঘ্ন [হন্ বধ করা+অ(টক্)—ক, হন্=ঘ্ন] যে নষ্ট করে, ২য়া—ষ। অথবা কৃত যে কোন প্রকারে কৃত উপকারাদি—ঘ্ন ঘাতক অর্থাৎ অস্বীকর্ত্তা, ২য়া—ষ) বিং, ত্রিং, কেহ উপকার করিলে যে তাহা স্বীকার করে না, যে উপকারকের অনিষ্টচিন্তা করে, যে উপকারকের সহিত অসদ্ব্যবহার করে, অকৃতজ্ঞ, নেমকহারাম্। শিং—১ "ব্রহ্মঘ্নে চ সুরাপে চ চৌরে ভগ্নব্রতে তথা। নিষ্কৃতি র্বিহিতা রাজন্ কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ।"

কৃতঘ্নতা ( কৃতঘ্ন+তা—ভাবে ) সং, স্ত্রীং, উপকার স্বীকার বা স্মরণ না করা, উপকারকের সহিত অসদ্ব্যবহার করা, উপকারকের অপকার বা অনিষ্টচিন্তা করা, অকৃতজ্ঞতা।

কৃতজ্ঞ (কৃত উপকার—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, কেহ উপকার করিলে যে তাহা চিরকাল মনে রাখে এবং অনিষ্টনিবারণের বা প্রত্যুপকারের চেষ্টা করে, যে ব্যক্তি উপকারকের সহিত সদ্ব্যবহার করে। ২। কর্ত্তব্যবিষয়ে মনোযোগী। ৩। সং, পুং, কুক্কুর।

কৃতজ্ঞতা (কৃতজ্ঞ+তা—ভাবে) সং, স্ত্রীং, উপকার স্মরণ বা স্বীকার করা, সাধ্যানুসারে উপকারকের হিতচিন্তা বা অনিষ্ট নিবারণের চেষ্টা করা, উপকারকের সহিত সদ্ব্যবহার করা; যথা—"কৃতজ্ঞতা প্রকাশের সেই সুলগ্ন।"

কৃতজ্বর (কৃত নষ্ট বা ব্যাহত—জ্বর। যৎ-কর্ত্তৃক জ্বর নষ্ট বা নিষিদ্ধ হইয়াছে, ৩য়া—হিং) সং, পুং, শিব; যথা—
"জয় শিব মনোহর, সতী সদীশ্বর,
গিরিশশঙ্কর কৃতজ্বর।" (অন্নদা)।

কৃততীর্থ (কৃত—তীর্থ, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃতোপায়। ২। কৃতাবতরণ। ৩। নিয়োজিত সচিব।

কৃতদার (কৃত—দার স্ত্রী, ৩য়া—হিং) সং, পুং, যে ব্যক্তির বিবাহ হইয়াছে, যে ব্যক্তি দারপরিগ্রহ করিয়াছে, বিবাহিত।

কৃতদাস; সং, পুং, দাসবিশেষ; "এতাবৎ কাল পর্য্যন্ত তোমার পরিচর্য্যা করিব" এই নিয়মে যে দাসত্ব করে।

কৃতধী (কৃত—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং)বিং, ত্রিং, কৃতবুদ্ধি। ২। স্থিরচিত্ত, শাস্ত্রার্থাবধারণে স্থিরমতি। শিং—১"কৃতধীমূর্নিরূচ্যতে।"

কৃতনিশ্চয় (কৃত—নিশ্চয়, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে নিশ্চয় করিয়াছে, যে কর্ত্তব্য নিরূপণ করিয়াছে। ২। যাহার মনে

কার্য্যসিদ্ধির দৃঢ় নিশ্চয় হইয়া আছে, সিদ্ধি লাভবিষয়ে যাহার মনে কিছুমাত্র সংশয় নাই।
কৃতপুঙ্খ (কৃত অভ্যস্ত—পুঙ্খ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরক্ষেপণে সুপণ্ডিত।
কৃতপূর্ব্ব (কৃত—পূর্ব্ব) বিং, ত্রিং, যাহা পূর্ব্বে করা হইয়াছে।
কৃতপূর্ব্বী ( —পূর্ব্বিন্, কৃতপূর্ব্ব+ইন্—দ্বিতীয়ার্থে ) বিং, ত্রিং, যে পূর্ব্বে করিয়াছে, পূর্ব্বে নিষ্পন্নকর্ম্মা ; যথা—"কৃতপূর্ব্বী কটম্।"
কৃতপৌরুষ (কৃত—পৌরুষ পুরুষত্ব) বিং, ত্রিং, যে পুরুষত্ব দেখাইয়াছে, যে সাহসিকতা প্রকাশ করিয়াছে।
কৃতবুদ্ধি (কৃত—বুদ্ধি, ৩য়া—হিং) বিং, ত্রিং, কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানে যাহার বুদ্ধি বিচলিত হয় না, যে ব্যক্তি সংশয় স্থলে অনায়াসে কর্ত্তব্য নির্ণয় করিতে পারে।
কৃতবুদ্ধিতা ( কৃত—বুদ্ধি+তা—ভা ) সং, স্ত্রীং, সৎকর্ম্মের অনুষ্ঠানে কর্ত্তব্যতা বোধ থাকা ; কর্ত্তব্যকর্ম্মের অনুষ্ঠানে বুদ্ধির দৃঢ়তা ; সংশয়স্থলে অনায়াসে কর্ত্তব্য নিরূপণের ক্ষমতা।
কৃতম্ (কৃ করা+তম্—র্ম্ম) অং, পর্য্যাপ্ত। ২। প্রয়োজনাভাব। ৩। নিষেধ।
কৃতমাল ; সং, পুং, কর্ণিকার বৃক্ষ। ২। নদীবিশেষ। ৩। সোঁদাল।
কৃতমুখ (কৃত—মুখ প্রধান, শ্রেষ্ঠ) বিং, ত্রিং, কৃতকর্ম্মা। ২। বিজ্ঞ।
কৃতরথ ; সং, পুং, নিমিবংশীয় রাজাবিশেষ।
কৃতলক্ষণ ( কৃত অভ্যস্ত অর্থাৎ অনুরাগবশতঃ পুনঃ পুনঃ উচ্চারিত—লক্ষণ নাম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণদ্বারা বিখ্যাত, গুণবান্, লব্ধপ্রতিষ্ঠ। শিং—১ "জ্ঞাতিসম্বন্ধিভিস্ত্বেতে ত্যক্তব্যাঃ কৃতলক্ষণাঃ।"
কৃতবর্ম্মা (—বর্ম্মন্, কৃত—বর্ম্মন্ কবচ) সং, পুং, হৃদিকার পুত্র যাদব-বিশেষ। ২। বিং, ত্রিং, যে বর্ম্ম পরিধান করিয়াছে।
কৃতবিদ্য (কৃত—বিদ্যা জ্ঞান, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে ব্যক্তি বিদ্যাবিষয়ে বিলক্ষণ কৃতকার্য্য হইয়াছে, যে ব্যক্তি নানা বিদ্যায় সম্পূর্ণ প্রবীণ হইয়াছে, শিক্ষিতবিদ্য, অভ্যস্তবিদ্য।
কৃতবীর্য্য (কৃত [কৃত্ সম্যক্ শব্দ করা+অ—প্রং] সংশব্দিত—বীর্য্য বীরত্ব। যাহার বীর্য্য সংশব্দিত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজাবিশেষ, কার্ত্তবীর্য্যের পিতা। ২। বিং, ত্রিং, যে বীরত্ব দেখাইয়াছে।
কৃতবেতন (কৃত নিযুক্ত—বেতন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বেতন দিয়া যে সকল ভৃত্যাদিকে নিযুক্ত করা যায়। শিং—১ প্রমাদদুষ্টনষ্টাংশ্চ প্রদাপ্যঃ কৃতবেতনঃ।"
কৃতবেদী ( —বেদিন্, কৃত—বিদ্ জানা+ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, কৃতোপকার যাহার বিদিত থাকে, উপকারকের প্রত্যুপকারক।
কৃতশিল্প (কৃত অভ্যস্ত—শিল্প, ৩য়া—হিং) বিং, ত্রিং, অভ্যস্তশিল্প, যাহার শিল্পকার্য্যে নিপুণতা জন্মিয়াছে। শিং—১ "কৃতশিল্পোঽপি নিবসেৎ কৃতকালং গুরোর্গৃহে।"
কৃতশ্রম (কৃত—শ্রম শ্রান্তি) বিং, ত্রিং, পরিশ্রমী, যে শ্রম করিয়াছে। ২। মহোৎসাহান্বিত। "পৌরাণিকঃ পুরাণে কৃতশ্রমঃ।" ৩। সং, পুং, ধর্ম্মরাজসভ্যঋষিবিশেষ।
কৃতসংজ্ঞ ( কৃত—সংজ্ঞা সঙ্কেত, ৪র্থী—হিং) বিং, ত্রিং, সঙ্কেতজ্ঞ, যে ভৃত্যাদি সঙ্কেত বুঝিয়া কার্য্য করে। শিং—১ "গুল্মাংশ্চ স্থাপয়েদাপ্তান্ কৃতসংজ্ঞান্ সমন্ততঃ।" (মনু)।
কৃতসাপত্নী, ত্নিকা (কৃত—সাপত্ন সপত্নীভাব। যাহার সপত্নীভাব করা হইয়াছে, ৬ষ্ঠী—হিং, ঈ—স্ত্রীলিঙ্গে। কণ্—যোগে কৃতসাপত্নিক, আপ্) সং, স্ত্রীং, অধিবিন্না, যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার বিবাহ করিয়াছে।
কৃতস্বর (কৃত—স্বর শব্দ বা উপতাপ, ৭মী—হিং) সং, পুং, স্বর্ণখনি।
কৃতহস্ত ( কৃত অভ্যস্ত—হস্ত হাত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরক্ষেপণে সুপণ্ডিত। ২। ক্ষিপ্রহস্ত। শিং—১ "অপ্রাপ্তাংশ্চৈব তান্ (শরান্) পার্থশ্চিচ্ছেদ কৃতহস্তবৎ।" ৩। কার্য্যদক্ষ।

কৃতাকৃত (কৃত—অকৃত, গুং—স) বিং, ত্রিং, কিয়দংশে কৃত অবশিষ্ট অংশে অকৃত, আরব্ধ কিন্তু অপরিসমাপ্ত; যথা—কৃতাকৃত কর্ম্ম। "কৃতাকৃতঞ্চ কনকং হস্তিনশ্চাচলোপমাঃ।" ২। সং, ক্লীং, কার্য্যকারণ।

কৃতাগম (কৃত—আগম বেদ, ৩য়া—হিং) সং, পুং, বেদপ্রণেতা ঈশ্বর; যথা—"কৃতকর্ম্মা কৃতাগমঃ।"

কৃতাঞ্জলি (কৃত—অঞ্জলি,৩য়া—হিং+য়ং—স) বিং, ত্রিং, যে অঞ্জলি একত্র করিয়াছে; বিনয় ও নম্রতা দেখাইবার নিমিত্ত যে অঞ্জলির যোজনা করিয়াছে। ২। বদ্ধাঞ্জলি। শিং—১ "রাঘবায় কৃতাঞ্জলিঃ।" ৩। (য়ং—স) সং, স্ত্রীং, বিহিতাঞ্জলি। ৪। পুং, লজ্জালু বৃক্ষ।

কৃতাঞ্জলিপুট (কৃত—অঞ্জলি—পুট পত্রাদি রচিতপাত্র,ঠোঙ্গা। যে অঞ্জলি ঠোঙ্গার ন্যায় রচিত হয়, ৩য়া—হিং) বিং,ত্রিং, কৃতাঞ্জলি দেখ। ২। ক্রিং—বিং, অঞ্জলি যোজনা করা; যথা—কৃতাঞ্জলিপুটে প্রার্থনা।

কৃতাত্মা (কৃতাত্মন্, কৃত শিক্ষিত বা সংস্কৃত—আত্মন্ অন্তঃকরণ) বিং,ত্রিং, শিক্ষিত বুদ্ধি। ২। শুদ্ধচিত্ত, সংস্কৃতচিত্ত। "গৃহে গৃহবতাং নিত্যমাগচ্ছন্তি কৃতাত্মনাম্।"

কৃতাধিষ্ঠান (কৃত—অধিষ্ঠান) বিং, ত্রিং, যে অধিষ্ঠান করিয়াছে, যাহার আবির্ভাব হইয়াছে।

কৃতান্ত (কৃত—অন্ত নাশ বা নিশ্চয়, শেষ, ৩য়া—হিং) সং, পুং, যম। শিং—১ "কৃতান্তমিব দ্বিতীয়মায়ান্তং ব্যাধমপশ্যৎ (বায়সঃ)।" ২। দৈব। ৩। পূর্ব্বদেহকৃত ফলোন্মুখীকৃত শুভাশুভ কর্ম্ম। ৪। শনিবার। ৫। সিদ্ধান্ত। ৬। বিং, ত্রিং, জ্ঞাতসিদ্ধান্ত। [—য] সং, পুং, সূর্য্য।

কৃতান্তজনক (কৃতান্ত—জনক পিতা, ৬ষ্ঠী

কৃতান্ন; সং, ক্লীং, পক্ব অন্ন। শিং—১ "কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ।"

কৃতাপকার (কৃত—অপকার ক্ষতি, ৩য়া—হিং) বিং, ত্রিং, অপকারী। ২। অপকৃত।

কৃতাপরাধ (কৃত—অপরাধ দোষ) বিং, ত্রিং, অপরাধী, দোষী।

কৃতাভিষেক (কৃত—অভিষেক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিষিক্ত, যাহার অভিষেক ক্রিয়া সম্পন্ন হইয়াছে।

কৃতার্থ (কৃত—অর্থ প্রয়োজন, ৩য়া—হিং) বিং, ত্রিং, চরিতার্থ, কৃতকার্য্য। শিং—১ "চেতঃ কৃতার্থীকৃতম্।"

কৃতার্থম্মন্য (কৃতার্থ—মন্ বোধ করা+য (খ্যপ্)—ক) বিং, ত্রিং, যে আপনাকে কৃতার্থ বোধ করে।

কৃতার্থিত (কৃতার্থ+ইত—প্রং) বিং, ত্রিং, যাহাকে কৃতার্থ করা গিয়াছে, কৃতার্থীকৃত।

কৃতালয় (কৃত—আলয় গৃহ) বিং, ত্রিং, কৃতবাস। "যত্র তে দয়িতা ভার্য্যা তনয়াশ্চ কৃতালয়াঃ।" ২। সং, পুং, ভেক, বেঙ।

কৃতাস্ত্র (কৃত শিক্ষিত—অস্ত্র) বিং, ত্রিং, যে অস্ত্রশিক্ষা করিয়াছে। শিং—১ "যেষাং যোদ্ধা সব্যসাচী কৃতাস্ত্রঃ।"

কৃতাহ্নিক (কৃ[illegible]—আহ্নিক [অহন্+(ষ্ণিক)—ভবার্থে] দৈনিক কর্ত্তব্য কর্ম্ম, সন্ধ্যাবন্দনাদি[illegible]—হিং) বিং, ত্রিং, যে সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম্ম সম্পাদন করিয়াছে।

কৃতি (কৃ করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, কারণ। ২। রচনা। ৩। নির্ম্মিতি। ৪। ২০ অক্ষর ছন্দঃ। শিং—১"বিচিত্রা হি সূত্রস্য কৃতিঃ পাণিনেঃ।" ২ "কালিদাসস্য কৃতৌ কিং কৃতো বহুমানঃ।" ৩ "গদ্য পদ্যে কৃতৌ কবেঃ।" ৫। (+ক্তি—র্ম্ম) কার্য্য; যথা—যে কার্য্য আমার কৃতিসাধ্য। ৬। যত্ন, চেষ্টা।

কৃতিত্ব (কৃতিন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, ক্ষমতা, দক্ষতা, উপযুক্ততা।

কৃতী (কৃতিন্, কৃত কার্য্য+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পণ্ডিত। ২। সমর্থ। ৩। পুণ্যবান্, ধার্ম্মিক। শিং—১ "কৃতী শ্রুতী বৃদ্ধমতেষু ধীমান্।" (ভট্টি)। ৪। কুশল। ৫। কৃতার্থ। ৬। কর্ম্মক্ষম, ক্রিয়ানির্ব্বাহে পটু, উপযুক্ত, ক্ষমতাপন্ন। শিং—১ "কৃতী ভৃশমপ্যস্মে।" ২ "ন খলনির্জ্জিত্য রঘুং কৃতী ভবান্।" (রঘু)।

কৃতে; অং, কার্য্যার্থ। ২। নিমিত্তে।

কৃতোদক (কৃত—উদক স্নানাদি, ৩য়া—হিং) বিং, ত্রিং, স্নান ও তর্পণাদি নির্ব্বা-

হুক, যে স্নান তর্পণাদি করিয়াছে। "এবং কৃতোদকা ভার্য্যাঃ প্রবেক্ষ্যন্তি গজাহ্বয়ম্।"

কৃতোদ্বাহ (কৃত—উদ্বাহ বিবাহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবাহিত, পরিণীত।


কৃতোপকার (কৃত—উপকার) বিং, ত্রিং, যে উপকার করিয়াছে, উপকারী। ২। যাহার উপকার করা গিয়াছে, উপকৃত।

কৃতৌজস্ (কৃত—ওজস্ তেজ, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃততেজস্ক, যে পরাক্রম প্রকাশ করিয়াছে।

কৃত্ত (কৃত্ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, যাহা ছেদ করা হইয়াছে। ২। বিভক্ত। ৩। অভিপ্রেত। ৪। বেষ্টিত।

কৃত্তি (কৃত্ত দেখ, তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, মৃগাদিচর্ম্ম; যেমন—কৃত্তিবাস। ২। ত্বক্। ৩। ভূর্জ্জপত্র। ৪। কৃত্তিকানক্ষত্র।

কৃত্তিকা (কৃৎ ছেদনকরা+ক্তি—র্ম্ম। কণ্—যোগ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের তৃতীয়া। ইনি অগ্নিশিখাকৃতি ষট্ তারকাময়। ইহাঁর অধিষ্ঠাত্রী দেবতা অগ্নি। ইহাতে জন্মিলে—ক্ষুধিত, অসত্যবাদী, বৃথাপর্য্যটক, উপস্থিত বুদ্ধি, কৃতঘ্ন, কঠোরবাদী এবং অহিতকর কর্ম্মকারী হয়। ইহা নাগবীথিস্থিত নক্ষত্র। ইনি চন্দ্রের পত্নী। ২। কার্ত্তিকেয়ের ছয়জন ধাত্রীর একজন, কার্ত্তিকপালিকা।


কৃত্তিকা (নক্ষত্র)।

কৃত্তিকাঙ্গারক; সং, পুং, ভারতপ্রসিদ্ধ তীর্থবিশেষ। [যে জন্মিয়াছে) সং, পুং, চন্দ্র।

কৃত্তিকাভব (কৃত্তিকা নক্ষত্রবিশেষ—ভব

কৃত্তিকাসুত (কৃত্তিকা—সুত পুত্র। কৃত্তিকা কর্ত্তৃক প্রতিপালিত হইয়াছিল বলিয়া) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন।

কৃত্তিবাস } কৃত্তিবাসস্ } (কৃত্তি গজাহর চর্ম্ম—বাস, বাসস্ বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চর্ম্মাম্বর, মহাদেব, শিব। শিং—১ "নামাস্ত কৃত্তিবাসাস্তে প্রারভ্যাদ্যতনং দিনম্।" ২। বঙ্গের প্রসিদ্ধ প্রাচীন কবি। ইহাঁর পিতামহ বা মাতামহের নাম মুরারি উপাধ্যায়। ১৪৬০ শকে বা খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীর প্রারম্ভে ইহাঁর রামায়ণ রচিত হয়। ফুলিয়া গ্রামে ইহাঁর জন্ম হয়।

কৃত্য (কৃ করা + য(ক্যপ্)—র্ম্ম) সং, ক্লীং, কার্য্য। ২। প্রয়োজন। ৩। কারণ। ৪। পুং, তব্য অনীয় য কেলিম পর্য্যন্ত কৃৎ প্রত্যয়। ৫। (+ক্যপ্—ভাবে) ক্রিয়া। ত্যা—স্ত্রীং, ক্রিয়া, কার্য্য। ৬। আভিচারিক ব্যাপার। ৬। দেবতা। ৭। যজ্ঞদেবতাবিশেষ। ৮। বিধান। ৯। বিং, ত্রিং, কর্ত্তব্য। শিং—১ "কৃতকৃত্যোবিধির্মন্যে।"

কৃত্যবিদ্ (কৃত্য—বিদ্ জানা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, কার্য্যজ্ঞ। ২। বিধানজ্ঞ।

কৃত্রিকধূপ; সং, পুং, নানা সুগন্ধি দ্রব্যসংযুক্ত দশাঙ্গ ষোড়শাঙ্গাদি ধূপ।

কৃত্রিম (কৃ করা+ত্রিম(ত্রিমক্)—ক, নির্বৃত্তার্থে) বিং, ত্রিং, ক্রিয়া দ্বারা নিষ্পন্ন। ২। কল্পিত, কাল্পনিক, ছলমূলক, অস্বাভাবিক; যথা—এ কথা কৃত্রিম বোধ হইতেছে। ৩। অযথার্থ, জাল; যথা—কৃত্রিমলেখ্য। ৪। অবিশুদ্ধ, খাটিনয়; যথা—কৃত্রিমধাতু। ৫। যাহা দেখাইবার নিমিত্ত করা যায় আন্তরিক নহে; যথা—কৃত্রিম স্নেহ, কৃত্রিম প্রণয়। শিং—১ "সদৃশং তু প্রকুর্য্যাদ্যং গুণদোষবিচক্ষণম্। পুত্রং পুত্রগুণৈর্যুক্তং স বিজ্ঞেয়শ্চ কৃত্রিমঃ।" ৬। পুং, পুত্রবিশেষ। ৭। ক্লীং, বিট্লবণ।

কৃত্রিমপুত্র; সং, পুং, পুত্রের উচিত গুণযুক্ত যে সজাতীয় বালককে পুত্ররূপে গ্রহণ করা যায়, গৃহীত পুত্র। ২। বস্ত্রাদিরচিত কৃত্রিম পুত্তলিকা। শিং—১ "সা কন্দুকৈঃ কৃত্রিমপুত্রকৈশ্চ।" (কুমার)।

কৃত্রিমরাশি; সং, পুং, যে রাশি অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন হয়।

কৃৎস্ন (কৃত্ বেষ্টনকরা+ন(স্নক্)—ক) বিং, ত্রিং, সমুদায়, সকল; যথা—কৃৎস্ন বসুন্ধরা। ২। সম্পূর্ণ। শিং—১ "তাম কৃৎস্ন-

বিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচারয়েৎ।"(গীতা)।
৩। সং,ক্লীং, জল। ৪। কুক্ষি।

কৃদর (কৃত্ ধারণ করা+অর(অরন্)—সংজ্ঞার্থে) সং, পুং, শস্যাদি রাখিবার গৃহ, গোলা। [প্রত্যয়ান্ত শব্দ।

কৃদন্ত (কৃৎ—অন্ত) সং, পুং, ব্যাকরণে—কৃৎ

কৃন্তন (কৃৎ ছেদন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ছেদন। ২। সঙ্গীতে—বীণা বাদনকালে তার অঙ্গুলিদ্বারা কর্ত্তিত করিয়া লইয়া বাদন। (+অনট্—ণ) নী, নিকা—স্ত্রীং, ছেদনাস্ত্র, যাহা দ্বারা ছেদন করা যায়।

কৃপ (কৃপ্ পারক হওয়া+অ(ক)—ক। মহারাজ শান্তনু কৃপা করিয়া তাহাদিগকে প্রতিপালন করিয়াছিলেন বলিয়া পুত্রটীর নাম কৃপ ও কন্যাটীর নাম কৃপী রাখিলেন) সং, পুং, শরদ্বান্ মুনির পুত্র, কৃপাচার্য্য; শরস্তম্বে ইহার ও ইহার ভগ্নীর জন্ম হয়। পী—স্ত্রীং, দ্রোণপত্নী, অশ্বত্থামারমাতা।

কৃপণ (কৃপ দেখ, অন(অনক্)—ক) বিং, ত্রিং, অর্থব্যয়ে কাতর, ব্যয়কুণ্ঠ। ২। দীন, কাতর। ৩। ক্ষুদ্র, নীচ। শিং—১"দাতা লঘুরপি সেব্যো ভবতি ন কৃপণো মহানপি সমৃদ্ধ্যা।"

কৃপা (কৃপ দেখ, ঙ—ভাবে) সং, স্ত্রীং, দয়া, করুণা। শিং—১ "কৃপা তে ময়ি মা চ ভূৎ।" ২ "কৃপাং কুর্য্যাদ্ যথা ময়ি।"

কৃপাণ (কৃপ—মুদ্ ছেদন করা+অ(ড)—ক। অথবা কৃপ+আন্—সংজ্ঞার্থে) সং, পুং, খড়্গ। নী, নিকা—স্ত্রীং, ছোরা, ছুরি।

কৃপাণপাণি (কৃপাণ খড়্গ—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, খড়্গহস্ত, অসিধারী, যাহার হস্তে অসি রহিয়াছে।

কৃপালু (কৃপ্ কৃপা করা+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, দয়ালু, করুণান্বিত।

কৃপীট (কৃপ্ পারকহওয়া+ঈট—সংজ্ঞার্থে) সং, ক্লীং, উদর। ২। জল। ৩। বন। ৪। কাষ্ঠ।

কৃপীটপাল (কৃপীট জল—পাল যে রক্ষা করে ইত্যাদি) সং, পুং, সমুদ্র। ২। পবন। ৩। নৌকার হাইল।

কৃপীটযোনি (কৃপীট ইন্ধন—যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

কৃপীসুত (কৃপী—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভারতপ্রসিদ্ধ দ্রোণপুত্র অশ্বত্থামা।

কৃমি } (ক্রম্ গমন করা + ই—ক)
ক্রিমি } সং, পুং, কীট, পোকা। শিং—১ "তিরশ্চি রন্ধে কৃমিতন্তু জালৈঃ—গবাক্ষঃ।"

কৃমিকণ্টক (কৃমি কৃমিরোগ—কণ্টক কণ্টক স্বরূপ, ৭মী—ষ। কৃমিরোগ নষ্ট করে বলিয়া) সং, পুং, বিড়ঙ্গা। ২। চিত্রাঙ্গ, চিতা। ৩। উড়ুম্বর, যজ্ঞডুমুর।

কৃমিকর্ণক; সং, পুং, কর্ণরোগবিশেষ।

কৃমিকোশোত্থ (কৃমিকোশ গুটি—উত্থ[উৎ—স্থা+অ(ড)—ক] যে উঠে, ৫মী—ষ) বিং, ত্রিং, কৌষেয়, রেশমী কাপড়।

কৃমিঘ্ন (কৃমি—হন্ নষ্ট করা+অ(টক্)—ক) সং, পুং, বিড়ঙ্গ। ২। পলাণ্ডু, পেয়াজ। ৩। কোলক পারিভদ্র, পালিতামাদার। ৪। ভল্লা ভেলা।

কৃমিজ } মি, ক্রিমি—জ [জন্ জন্মান
ক্রিমিজ } +অ(ড)—ক] জাত, উৎপন্ন) বিং, ত্রিং, কৃমি হইতে জাত। ২। সং, ক্লীং, অগুরুচন্দন। জা—স্ত্রীং, লাক্ষা, লা।

কৃমিল (কৃমি—লা গ্রহণ করা+অ(ড)—ক) বিং, ত্রিং, কৃমিযুক্ত। লা—স্ত্রীং, বহুসন্তান প্রসবিনী স্ত্রী।

কৃমিশৈল } (কৃমি, ক্রিমি—শৈল পাহাড়)
ক্রিমিশৈল } সং, পুং, বল্মীক, উয়ের ঢিপি।

কৃবি (কৃ [বস্ত্র] করা+বি—সংজ্ঞার্থে। অথবা বি(ক্বিন্)—ণ) সং, পুং, কাপড় বুনিবার যন্ত্র, তাঁত।

কৃশ (কৃশ্ সূক্ষ্ম করা+ত(ক্ত)—ক। নিপাতন) বিং, ত্রিং, ক্ষীণ, দুর্ব্বল। ২। অসম্পূর্ণ। ৩। মন্দবীর্য্য। ৪। দরিদ্র। ৫। ক্ষুদ্র। ৬। অল্প। ৭। লঘু, পাতলা। ৮। বিরল। শিং—১ "অন্তরাহারকৃশীকৃততনু।" ২ "কৃশোদর।"

কৃশর } (কৃ বিক্ষেপকরা+শর,সর(শরক্
কৃসর } —ক) সং, পুং, রা—স্ত্রীং, তিলমিশ্রিতান্ন। ২। খিচুড়ী, খিচ্‌রী। শিং—১ "তণ্ডুলা দালিসংমিশ্রা লবণাদ্রক

হিসূভিঃ। সংযুক্তাঃ সলিলৈঃ সিক্তাঃ কৃশরা কথিতা বুধৈঃ।"
কৃশলা (কৃশ সূক্ষ্ম—ল [লা গ্রহণকরা + অ (ড)—ক] যে গ্রহণ করে) সং, স্ত্রীং, কেশ।
কৃশাঙ্গ (কৃশ ক্ষীণ—অঙ্গ শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষীণকায়। ঙ্গী—স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা। ২। বিং,ত্রিং, সূক্ষ্মাঙ্গবিশিষ্টা।
কৃশানু } (কৃশ দেখ, আনু [আনুক্]—সং-
কৃষাণু } জ্ঞার্থে) সং, পুং, অগ্নি, আগুন। ২। চিত্রকবৃক্ষ।
কৃশানুরেতাঃ (—রেতস্, কৃশানু অগ্নি—রেতস্ শুক্র। যাঁহার অগ্নিই শুক্র কিম্বা যাঁহার অগ্নিতে শুক্র, ৬ষ্ঠী—হিং। দেবী বীর্য্যধারণে অক্ষম হওয়াতে শুক্র অগ্নিতে নিক্ষিপ্ত হয়; সেই তেজঃ হইতেই কার্ত্তিকেয়ের জন্ম হয়) সং, পুং, শিব।
কৃশাশ্ব; সং, পুং, একজন মহর্ষি; ইনি দক্ষের, জয়া ও সুপ্রভা নাম্নী দুইটী কন্যা বিবাহ করেন।
কৃশাশ্বী (কৃশাশ্বিন্, কৃশাশ্ব মুনিবিশেষ; ইনিই নৃত্যগীতাদি প্রদর্শক ও প্রণেতা + ইন্—সংজ্ঞার্থে) সং, পুং, নট, নর্ত্তক।
কৃষক (কৃষ্ ভূমিচসা + অক (ণক)—ক) বিং, ত্রিং, কর্ষক, কৃষাণ, চাসা। শিং—১ "সুভিক্ষং কৃষকে নিত্যম্।" ২। (+অক—ণ) পুং, লাঙ্গলের ফাল। ৩। বৃষ। [কৃষক।
কৃষাণ (কৃষ্ কর্ষণকরা + আন—প্রং)বিং,ত্রিং,
কৃষি (কৃষক দেখ, ই(ইক্)—ভা, র্ম্ম) সং, স্ত্রীং, কৃষিকর্ম্ম, চাসবাস। শিং—১ "অনাবৃষ্ট্যা কৃষির্নষ্টা।" ২। ভূমি। ৩। (+ই—ক) পুং, কৃষক।
কৃষিজীবী } (কৃষিজীবিন্, কৃষি চাস—জী-
কৃষীবল } বিন্ যে জীবিকা নির্ব্বাহ করে। কৃষি চাস + বল (বলচ্)—অস্ত্যর্থে। = ী ) বিং, ত্রিং, কৃষক, চাসা, যে কৃষি-কর্ম্ম অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে; যথা—"কচ্চিত্তুষ্টাঃ কৃষীবলাঃ।"
কৃষ্কর; সং, পুং, শিব।
কৃষ্ট (কৃষক দেখ, ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কর্ষণ করা, চসা (ক্ষেত্রাদি)। ২। আকৃষ্ট।
কৃষ্টপচ্য (কৃষ্ট চসা ক্ষেত—পচ্ পাক করা + য (ক্যপ্)—ক, র্ম্ম। ৫মী—ষ) বিং, ত্রিং, ধান্যাদি শস্য, কৃষিজ। শিং—১ "ন কৃষ্টপচ্যমশ্নীয়াদকৃষ্টঞ্চাপ্যকালতঃ।"
কৃষ্টি (কৃষক দেখ, তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, কর্ষণ। ২। কৃষিকর্ম্ম। ৩। (কৃষ + তিন্—ক) পুং, পণ্ডিত, বিদ্বান্।
কৃষ্ণ (কৃষ্ আকর্ষণ করা + ন (নক্)—ক। যিনি মনুষ্যের মন বা নামোচ্চারণমাত্র মনুষ্যের পাপ আকর্ষণ করেন। কিম্বা কৃষি সংসার—ণ মুক্তি। যাঁহা হইতে সংসার থেকে মুক্তি হয়, ৫মী—ষ। অথবা কৃষ্ উৎকৃষ্ট—ণ সুখ, নিষ্পত্তি। যাহা হইতে উৎকৃষ্ট সুখ বা নিষ্পত্তি হয়, ৫মী—ষ। কিম্বা কৃষ্ণবর্ণ বলিয়া কৃষ্ণ নাম হইল) সং, পুং, বিষ্ণুর অবতার-বিশেষ; ভাগবতমতে—ভগবানের বিংশ অবতার। মতান্তরে অথবা এই কল্পে—ইহাঁকে দশাবতারের অষ্টম অবতার বলা যায়, কিন্তু বলরামদেবই অষ্টম অবতার বলিয়া ভূয়োভূয়ঃ উল্লেখ দেখা যায়। ইনি বাসুদেবের ঔরসে দেবকীর অষ্টম-গর্ভে জন্মগ্রহণ করেন। দ্বাপরযুগের শেষে ভাদ্র রোহিণীনক্ষত্রে ভূমিষ্ঠ হন। শিং—১ "কৃষির্ভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃত্তিবাচকঃ, তয়োরৈক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে। বিষ্ণুস্তদ্ভাবযোগশ্চ কৃষ্ণো ভবতি সাত্ত্বতঃ।" ২। ব্যাস-দেব। ৩। ("বিশুদ্ধ কৃষ্ণবর্ণ বালক লোকের সাতিশয় প্রিয় এই নিমিত্ত পিতা আমার নাম কৃষ্ণ রাখিয়াছেন") অর্জ্জুন। "কৃষ্ণ ইত্যেব দশমং নাম চক্রে পিতা মম। কৃষ্ণাবদাতস্য সতঃ প্রিয়ত্বাদ্বালকস্য বৈ।" ৪। কোকিল। ৫। কাক। ৬। নীলবর্ণ। ৭। ক্লীং, লৌহ। ৮। বিং, ত্রিং, নীলবর্ণযুক্ত। শিং—১ "লোহিত শুক্ল কৃষ্ণা।" ষ্ণা—স্ত্রীং, দ্রৌপদী। ২। নীলীবৃক্ষ। ৩। দাক্ষিণাত্যে প্রবাহিত নদীবিশেষ। [কৃষ্ণসর্ষপ।
কৃষ্ণক (কৃষ্ণ + ক (কণ্)—সংজ্ঞার্থে) সং, পুং,
কৃষ্ণকন্দ (কৃষ্ণ কাল—কন্দ মূল, ডাঁটা) সং, ক্লীং, রক্তকমল।
কৃষ্ণকর্ম্মা (—কর্ম্মন্, কৃষ্ণ মলিন—কর্ম্মন্। পাপাচার হেতু কৃষ্ণ অর্থাৎ মলিন কর্ম্ম

যাহার, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, পাপী, দোষী। ২। (পরমেশ্বর কৃষ্ণে যাহার কর্ম্ম অর্পিত হইয়াছে) কৃষ্ণে কর্ম্মার্পণশীল।

কৃষ্ণকলি ( কৃষ্ণ—কলি কলিকা। কৃষ্ণের ন্যায় চূড়াল কলি যাহার, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ পুষ্পবৃক্ষ-বিশেষ।

কৃষ্ণকাক ; সং, পুং, কাকবিশেষ, দাঁড়কাক।

কৃষ্ণকায় (কৃষ্ণ কৃষ্ণবর্ণ—কায়া দেহ, ৬ষ্ঠী—হিং। যাহার দেহ কৃষ্ণবর্ণ ) সং, পুং, মহিষ। ২। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট।

কৃষ্ণকোহল ; সং, পুং, পাশক্রীড়ক, জুয়ারি।

কৃষ্ণগঙ্গা ; সং, স্ত্রীং, কৃষ্ণবেণা নদী।

কৃষ্ণগতি (কৃষ্ণ কৃষ্ণবর্ণ—গতি চরমাবস্থা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

কৃষ্ণগিরি ; সং, পুং, নীলাচল, নীলগিরি।

কৃষ্ণচতুর্দ্দশী ; সং, পুং, কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী।

কৃষ্ণচূড়িকা ; সং, স্ত্রীং, গুঞ্জ, কুঁচ।

কৃষ্ণচূর্ণ (কৃষ্ণ কাল—চূর্ণ) সং, ক্লীং, লোহ-মল, লোহার গু ও মরিচা।

কৃষ্ণজীরক (কৃষ্ণ—জীরক, ম্বং—স) সং, পুং, কেলেজীরা।

কৃষ্ণতার (কৃষ্ণ কৃষ্ণবর্ণ—তার কনীনিকা ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ।

কৃষ্ণদেহ (কৃষ্ণ কৃষ্ণবর্ণ—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ শরীর।

কৃষ্ণদ্বৈপায়ন (কৃষ্ণবর্ণ বলিয়া কৃষ্ণ এবং দ্বীপে জন্মবশতঃ দ্বৈপায়ন) সং, পুং, বেদব্যাস। শিং—১ " কৃষ্ণদ্বৈপায়নং ব্যাসং বিদ্ধি নারায়ণং বিভুং।" [কৃষ্ণ হয়।

কৃষ্ণপক্ষ ; সং, পুং, যে পক্ষে চন্দ্রের কলা

কৃষ্ণপিঙ্গলা ( কৃষ্ণ কৃষ্ণবর্ণ—পিঙ্গল নীল পীতমিশ্রিত বর্ণ। যিনি এইরূপ বর্ণবিশিষ্টা) সং, স্ত্রীং, দুর্গা।

কৃষ্ণভূম ( কৃষ্ণ কৃষ্ণবর্ণ—ভূমি মৃত্তিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কৃষ্ণবর্ণ-মৃত্তিকাযুক্ত দেশ। [সং, পুং, কাল মৃগ।

কৃষ্ণমৃগ (কৃষ্ণ কাল—মৃগ মৃগ, ম্বং—স)

কৃষ্ণলক—পুং } (কৃষ্ণ কৃষ্ণবর্ণ—ল যে
কৃষ্ণলা—স্ত্রীং } লয়, লা পাওয়া+অ(ড) —ক+কণ্—যোগে কৃষ্ণলক) সং, গুঞ্জা, রক্তি, কুঁচ।

কৃষ্ণলোহ (কৃষ্ণ যে আকর্ষণ করে—লোহ) সং, স্ত্রীং, অয়স্কান্ত মণি।

কৃষ্ণবক্ত্র (কৃষ্ণ কাল—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর।

কৃষ্ণবর্ত্মা (—বর্ত্মন্, কৃষ্ণ—বর্ত্মন্ পথ যাহার পথ অন্ধকার, ৬ষ্ঠী—হিং ) সং পুং, অগ্নি। শিং—১ "হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে।" (মনু)। ২। রাহু ৩। চিত্রকবৃক্ষ। ৪। বিং, ত্রিং, দুরাচার।

কৃষ্ণশৃঙ্গ (কৃষ্ণ কাল—শৃঙ্গ শিং। যাহার শৃঙ্গ কাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহিষ।

কৃষ্ণসখ (কৃষ্ণ—সখ সখি শব্দজ, ৬ষ্ঠী—ষ সং, পুং, কৃষ্ণের সখা, অর্জ্জুন।

কৃষ্ণসার, কৃষ্ণশার ( কৃষ্ণ কাল রং—সা স্থিরাংশ, ম্বং—স ) সং, পুং, কালসার হরিণবিশেষ। শিং—১ " সারঃ শবল কৃষ্ণশ্চাসৌ সারশ্চ কৃষ্ণসারঃ।" ২ "কৃষ্ণ সারস্তু চরতি মৃগো যত্র স্বভাবতঃ। স জ্ঞেয়ো যজ্ঞীয় দেশো ম্লেচ্ছদেশস্তত পরঃ।"

কৃষ্ণসারথি (কৃষ্ণ—সারথি, ৬ষ্ঠী—হিং। শ্রীকৃষ্ণ যাহার সারথি হইয়াছিলেন) সং,পুং অর্জ্জুন। [সুন্দর, শ্রীকৃষ্ণ

কৃষ্ণসুন্দর ; সং, পুং, যিনি কৃষ্ণবর্ণ হইয়া

কৃষ্ণস্কন্ধ ; সং, পুং, তমালবৃক্ষ।

কৃষ্ণাগুরু ( কৃষ্ণ—অগুরু, ম্বং—স ) সং, পুং কাল অগুরু, কৃষ্ণচন্দন। শিং—১ "বি লিপ্য কৃষ্ণাগুরুণা বাজপেয় ফলং লভেৎ

কৃষ্ণাচল ( কৃষ্ণ কাল—অচল পর্ব্বত, ম্বং —স) সং, পুং, রৈবত পর্ব্বত।

কৃষ্ণাজিন ( কৃষ্ণ—অজিন ) সং, ক্লীং, কৃষ্ণসার মৃগের চর্ম্ম। [সং, পুং, বহ্নি

কৃষ্ণাধ্বন্ ( কৃষ্ণ—অধ্বন্ পথ, ৬ষ্ঠী—হিং

কৃষ্ণানন্দ ; সং, পুং, তন্ত্রসার নিবন্ধকারক ২। বিং, ত্রিং, কৃষ্ণে প্রীতিযুক্ত।

কৃষ্ণামিষ } (কৃষ্ণ কাল—আমিষ মাংস
কৃষ্ণায়স } বস্তু এবং অয়স্ লোহ) সং ক্লীং, কৃষ্ণবর্ণ লোহ, চুম্বক লোহ।

কৃষ্ণার্চ্চিঃ (কৃষ্ণার্চ্চিস্, কৃষ্ণ—অর্চ্চিস্ অ শিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

কৃষ্ণালু ; সং, পুং, আলুবিশেষ।

কৃষ্ণাবাস ( কৃষ্ণ—আবাস [আ—বস্ বাস করা+অ(ঘঞ্)—ধি] বাসস্থান) সং, পুং, অশ্বথবৃক্ষ।

কৃষ্ণাষ্টমী; সং, স্ত্রীং, কৃষ্ণপক্ষীয় অষ্টমী, শ্রীকৃষ্ণের জন্মতিথি। "অথভাদ্রপদে মাসি কৃষ্ণাষ্টম্যাং কলৌযুগে। অষ্টাবিংশতিমে জাতঃ কৃষ্ণোঽহসৌ দেবকীসুতঃ।"

কৃষ্ণিকা (কৃষ্ণ কাল+কণ্—যোগ) সং,স্ত্রীং, রাজিক, রাইসরিষা। ২। শ্যামাপক্ষিণী।

কৃষ্ণেক্ষু ( কৃষ্ণ কাল—ইক্ষু আক্ ) সং, পুং, কাজ্লি আক্।

কৃষ্য (কৃষ্ কর্ষণ করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, কর্ষণযোগ্য, কৃষির উপযুক্ত। শিং—১ "কৃষ্যাংদহন্নপি নন্থ ক্ষিতিমিন্ধনেদ্ধঃ।"

কৃসর ( কৃ বিক্ষেপ করা+সর—সংজ্ঞার্থে) সং, পুং, তিলদুগ্ধমিশ্রিত অন্ন, তিলখাউ।

কৢপ্ত (কৢপ্ সমর্থ হওয়া+ত(ক্ত)—র্ম্ম। = ৯) বিং, ত্রিং, কৃত, রচিত। ২। কল্পিত। ৩। অবধারিত,স্থিরীকৃত। ৪। অবাধ, নিয়মিত। শিং—১ কৢপ্তেন সোপান পথেন।" ৫। ছিন্ন। শিং—১"কৢপ্তকেশ নখশ্মশ্রুঃ।"

কৢপ্তকীলা (কৢপ্ত স্থিরীকৃত—কীল শঙ্কু) সং, স্ত্রীং, অধিকার পত্র, পাটা, কবুলতি।

কৢপ্তি (কৢপ্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, রচনা, কল্পনা। ২। সম্পত্তি। ৩। নিয়ম। "তেষাং কৢপ্তি মন্বিতরে কল্পান্তে।"

কৢপ্তিক; বিং, ত্রিং, ক্রীত।

কে (কিম্ শব্দজ) সর্ব্বং, কোন্ ব্যক্তি, কোন্ মনুষ্য। ২। (কর্ত্তৃকারকের প্রথমার বহুবচনান্ত) কাহারা।

কেআ } ( কেতক শব্দজ ) সং, কেতকী
কেয়া } পুষ্পের বৃক্ষ। ২। কেয়াফুল।

কেউটিয়া (কৃষ্ণ শব্দজ) তীক্ষ্ণ বিষধর সর্প।

কেকয়; সং, পুং, দেশবিশেষ, পঞ্জাবের অন্তর্গত বিপাসা নদীর পশ্চিমস্থ পর্ব্বতময় দেশ। "উভৌ ভরতশত্রুঘ্নৌ কেকয়েষু পরন্তপৌ।" ২। সূর্য্যবংশীয় নৃপবিশেষ।

কেকয়ী } ( কেকয় সূর্য্যবংশীয় রাজা-
কেকেয়ী } বিশেষ+অ(ক)—অপত্যার্থে। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দশরথ রাজার মধ্যমা পত্নী, ভরতের মাতা।

কেঁচো ( কিঞ্চুলুক শব্দজ ) সং, মহীলতা, কীটবিশেষ।

কেকর (কে মস্তকে—কর [কৃ করা+অ (অন্)—ক] যে করে। চলনাদি দ্বারা যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে) বিং, ত্রিং, বক্রাক্ষি,টেরা। শিং—১"পিত্রাবিবদমানশ্চ কেকরো মদ্যপস্তথা। ২। ক্লীং, বক্রদৃষ্টি। শিং—১ "তরক্ষৌ নিহতে চৈব জায়তে কেকরেক্ষণঃ।"

কেকরাক্ষ ( কেকর—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং যাহার চক্ষুঃ টেরা।

কেকা (কে অনুকরণ শব্দ—কৈ শব্দ করা +অ(ড)—ক। 'কে' এই শব্দ করা) সং, স্ত্রীং, ময়ূরধ্বনি, ময়ূরের ডাক। শিং—১ "কেকাভি র্নীলকণ্ঠানাম্।" ২ " বর্হির্ভিঃপ্রশিক্তকেকৈঃ।" ৩ " ষড়্জসংবাদিনীঃ কেকাঃ।" (রঘু)।

কেকাবল (কেকা ময়ূরের ধ্বনি+বল(বলচ্) —অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর।

কেকী ( কেকিন্, কেকা+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, শিখী, ময়ূর।

কেঙ্গরু (Kangaroo) সং, উদ্ভিদভোজী জন্তুবিশেষ। ইহাদের তলপেটে দুই পশ্চাৎপায়ের মধ্যস্থলে এক চর্ম্মময় থলী আছে, ইহাদের শাবক হঠাৎ কোন ভয় পাইলে উক্ত অঙ্কস্থলীতে গিয়া লুক্কায়িত হয় এবং বিশ্রাম করে।



কেঙ্গরু।

কেচিৎ } (কে [ প্রথমার বহুবচনান্ত কিম্
কেচন } শব্দজ ] কাহারা+চিৎ, চন—অসাকল্যার্থে) অং, কোন কোন ব্যক্তি।

কেচুক; সং, ক্লীং, কচু।

কেজুয়া } (কার্য্যার্হ শব্দজ) বিং, কার্য্যোপো-
কেজো } যুক্ত।

কেঠুয়া } ( কাষ্ঠ শব্দজ ) সং, কাষ্ঠনির্ম্মিত
কেঠো } জল সেচনী, কাষ্ঠময় পাত্র।

কেণিকা (কিণ্ [সৌত্র ধাতু] আচ্ছাদন করা+অক(ণক)—ক) সং, স্ত্রীং, তাম্বু, কানাৎ।

কেতক (কিতি বাস করান+অক(ণক)—ক) সং,পুং, কী—স্ত্রীং, কেয়াফুলের গাছ। ২। ক্লীং, তৎপুষ্প।

কেতন (কিৎ বাস করা+অন(অনট্)—ণ) সং,ক্লীং, ধ্বজ,পতাকা। শিং—১"(কামস্য) কেতনং মীনমকরো।" ২ "ভগ্নং ভীমেন মরুতা ভবতো রথকেতনম্।" ৩ "মকর-কেতন।" ৪ "বানরকেতন।" ২। চিহ্ন। ৩। (+অনট্—র্ম্ম) কার্য্য, কৃত্য। ৪। (+অনট্—ধি) স্থান। ৫। গৃহ। শিং—১ "ন তত্র বৃক্ষচ্ছায়া বা পানীয়ং কেতনানি চ।" ৬। (+অনট্—ভা) উপনিমন্ত্রণ। শিং—১ "প্রতিগৃহ্য দ্বিজো বিদ্বানেকো-দ্দিষ্টস্য কেতনম্।" (মনু)।

কেতু (কিত্ বাস করা+উ—সংজ্ঞার্থে, কিম্বা চায়্ পূজা করা+তু(তুন্)—র্ম্ম। চায়্=কে) সং, পুং, গ্রহবিশেষ, নবম গ্রহ। ২। ধ্বজ, পতাকা। শিং—১ "চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়-মানস্য।" ৩। চিহ্ন। ৪। উৎপাত চিহ্ন। ৫। ধূমকেতু। ৬। শত্রু। ৭। রোগ।

কেতুভ (কেতু গ্রহবিশেষ—ভ যে সমতুল্য হয়। গাঢ় অন্ধকারত্ব হেতু যে কেতুর সমতুল্য হয়) সং, পুং, মেঘ।

কেতুমান্ (কেতুমৎ, কেতু চিহ্নাদি+মৎ (মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চিহ্নাদিযুক্ত। ২। প্রজ্ঞাসম্পন্ন। ৩। সং, পুং, দিবো-দাসবংশীয় রাজাবিশেষ। ৪। প্রাসাদ-বিশেষ।

কেতুমাল; সং, ক্লীং, জম্বুদ্বীপের নব বর্ষের এক বর্ষ। শিং—১ "মেরোস্তপশ্চিমে পার্শ্বে কেতুমালো মহীপতে। জম্বুখণ্ডে চ তত্রৈব মহাজনপদো নৃপঃ।" লা—স্ত্রীং, অবন্তিদেশস্থ নদীবিশেষ।

কেতুরত্ন (কেতু—রত্ন মণি) সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

কেদার (কে জলে—দৃ বিদারণ করা+অ(ঘঞ্)—র্ম্ম। জল হইলে যাহার বিদা-রণ হয়) সং, পুং, ক্ষেত্র। শিং—১ "ভূ-মাবপ্যেক কেদারে কালোপ্তানি কৃষী-বলৈঃ। নানারূপাণি জায়ন্তে বীজানীহ স্বভাবতঃ।" ২ "কেদার পোষণরতাঃ (বিদগ্ধমুং)।" ২। পর্ব্বতবিশেষ। ৩। শিব। ৪। আলবাল। ৫। ক্ষেতের আলি।

কেদারজ (কেদার—জন্ জন্মান+অ(ড)—ক) বিং, ত্রিং, ক্ষেত্রজাত, যাহা ক্ষেতে জন্মায়, ধান্যাদি। ২। সং, পুং, পদ্মকাষ্ঠ।

কেদারিকা (কেদার+কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং)সং,স্ত্রীং, ক্ষেত্র। ২। ক্ষেতের আলি।

কেন (কিম্+ইন্। হেত্বর্থে তৃতীয়া স্থানে ইন) অং, কিহেতু, কিজন্য।

কেননা (কেন [পূর্ব্বে দেখ]—না কারণ-দ্যোতক) অং, কারণ, যেহেতু।

কেনার (কে মস্তকে ইত্যাদি—নৃ নীয়া যাওয়া+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, কুম্ভি-নরক। ২। মস্তক। ৩। কপোল। ৪। সন্ধিস্থান।

কেনিপাত (কে জলে—নি—পাত [পত্ গমন করা+অ(ঘঞ্)—র্ম্ম] যে গমন করে বা পতিত হয়) সং, পুং, নৌকার হাইল। ২। ডাঁড়্।

কেন্দুবিল্ব; বীরভূম জেলার অন্তর্গত বর্ত্ত-মান কেঁদুলী গ্রাম, কবি জয়দেবের জন্মভূমি।

কেন্দ্র (ক—ইন্দ্র) সং, পুং, লগ্ন। ২। মেরু, ভূপ্রান্ত, পৃথিবীর উত্তর দক্ষিণ প্রান্ত। ৩। (Centre) গোল বস্তুর ঠিক মধ্যস্থান। শিং—১ "গোলস্য মধ্যস্থানম্। যথা—বৃত্তস্য মধ্যং কিল কেন্দ্রমুক্তং কেন্দ্রং গ্রহোচ্চান্তরমুচ্যতেহতঃ। যতোহন্তরে তাবতি তুঙ্গদেশান্নীচোচ্চবৃত্তস্য সদৈব কেন্দ্রম্॥ ইতি সিদ্ধান্তশিরোমণৌ গো-লোহধ্যায়ঃ।" ৪। সূর্য্য হইতে গ্রহাদির দূরত্ব।

কেন্দ্রবিমুখবল (Centrefugal) সং, ক্লীং যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখ হইতে অন্তরিত হয়।

কেন্দ্রস্রোতঃ (Polar current) মেরুর নিক হইতে আগত স্রোতঃ।

কেন্দ্রাপসারিণী শক্তি (Centrefugal Forc যে শক্তি প্রভাবে দ্রব্যকে কেন্দ্র ত্য করিয়া যাইতে হয়।

কেন্দ্রাভিকর্ষণীশক্তি (Centrepetal Force) যে শক্তি প্রভাবে দ্রব্য কেন্দ্রের অভিমুখে যায়।

কেন্দ্রাভিমুখবল (Centrepetal) যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয়।

কেমন (দেশজ) ক্রিং—বিং, কি প্রকার, কিরূপ।

কেমুক; সং, পুং, বৃক্ষবিশেষ, কেঁউ। ২। শাকবিশেষ।

কেয়াকাঁদি (কেয়া কেতক শব্দের অপভ্রংশ—কাঁদি দেশজ) কেতকী পুষ্পের গোছা, কেয়াফুলের ছড়া; ইহা যথেষ্ট রেণুবিশিষ্ট হইয়া থাকে। ইহার গায়ে হাত দিলে ধূলার ন্যায় পদার্থ উড়িয়া থাকে; যথা—"হাত দিলে ধূলা উড়ে যেন কেয়াকাঁদি।"

কেয়ূর (কে মস্তকে কিন্তু এখানে প্রগণ্ড দেশে—য়ু যোগ করা+উর—সংজ্ঞার্থে। অথবা কে—যা গমন করা + উর—ক) সং, ক্লীং, বাহুভূষণ, অঙ্গদ, তাড়, বাজু। শিং—১ "বিদূরেকেয়ূরে কুরুকরযুগে রত্নবলয়ম্।" ২"কেয়ূরবন্ধোচ্ছ্ সিতৈর্নুনোদ।" (রঘু)। ২। পুং, রতিবন্ধবিশেষ। শিং—১ "স্ত্রীজঙ্ঘেচৈব সংপীড্য দোর্ভ্যামালিঙ্গ্য সুন্দরীম্। কারয়েৎ স্থাপনং কামী বন্ধঃ কেয়ূরসংজ্ঞিতঃ।"

কেয়ূরবন্ধ (কেয়ূর অঙ্গদ—বন্ধ্ বন্ধন করা +অ(অল্)—ধি) সং, পুং, অঙ্গদ পরিধানের স্থান।

কেরল; সং,পুং, দেশবিশেষ, মালবার দেশ, ইহার উত্তরে সহ্য পর্ব্বত ও দক্ষিণে কন্যাকুমারী। ২। বিং, ত্রিং, তদ্দেশীয়। লী—স্ত্রীং, জ্যোতিঃশাস্ত্রবিশেষ। ২। এক ঘণ্টা, হোরা। ৩। জ্যোতিগ্রন্থবিশেষ।

কেরবাল; নৌকার হাইল।

কেরামত (যাবনিক) দৈবশক্তি, ক্ষমতা।

কেরায়া (ক্রেয় শব্দজ কি?) ভাড়া, যানাদি বাহকের মূল্য।

কলাস (কেলা বিলাস—সদ্ অবস্থিতি করা+অ(অল্)—ধি) সং, পুং, স্ফটিক। ২। স্ফটিক বর্ণত্ববিধায় কৈলাস।

কেলি (কিল্ ক্রীড়া করা+ই—ভাবে) সং, পুং—স্ত্রীং, ক্রীড়া। শিং—১ "বিহারে সহকান্তেন ক্রীড়িতং কেলিরুচ্যতে।" ২ "সুরতব্যাপারকেলিশ্রমঃ।" ২ "কৌতুক, পরিহাস। লি, লী—স্ত্রীং, পৃথিবী।

কেলিক; সং, পুং, অশোকবৃক্ষ।

কেলিকদম্ব (কেলি ক্রীড়ার [জন্য]—কদম্ব) সং, পুং, স্বনামখ্যাত কদম্ব-বিশেষ।

কেলিকলা (কেলি কৌতুক—কল্ শব্দ করা + অ(অন্)—ক। আপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, সরস্বতীর বীণা। ২। রতিক্রীড়া।

কেলিকিল (কেলি কৌতুক—কিল্ যে ক্রীড়াকরা+অ(ক)—ক) সং, পুং, কুষ্মাণ্ডক, শিবের অনুচর। ২। নাট্যে—নায়কবয়স্য। লা—স্ত্রীং, রতি, কন্দর্পপত্নী।

কেলিকীর্ণ; সং, পুং, উষ্ট্র, উট।

কেলিকুঞ্চিকা (কেলি কৌতুক—কুনচ্ সঙ্কুচিত হওয়া, বক্র হওয়া+অক(ণক)—ক) সং, স্ত্রীং, যাহার সহিত কৌতুক করা যায়, শালী, স্ত্রীর ভগিনী।

কেলিকোষ (কেলি—কোষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নট।

কেলিগৃহ (কেলি—গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ক্রীড়াগার, রতিমন্দির।

কেলিভূমি (কেলি ক্রীড়া—ভূমি প্রদেশ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্রীড়ার স্থান, বিহারস্থল। ২। (কেলি পরিহাস—ভূমি স্থানীয় পাত্র) বিং—পুং, যাহার সহিত হাস্য কৌতুক বা যাহাকে পরিহাস করা যায়, কৌতুকস্থানীয়, পরিহাসের পাত্র। ২। বিং—স্ত্রীং,কৌতুকস্থানীয়া,পরিহাসের পাত্রী।

কেলিমুখ (কেলি ক্রীড়া—মুখ প্রধান, ৭মী—ষ) সং, পুং, কৌতুক, পরিহাস।

কেলিসচিব (কেলি—সচিব মন্ত্রী, সহায়, ৭মী—ষ) সং, পুং, ক্রীড়া কৌতুকবিষয়ে মন্ত্রী, বিদূষকাদি।

কেবট; সং, পুং, জলাধারার্থ গর্ত্তরূপ কূপ।

কেবর্ত্ত (কে জলে—বর্ত্ত [বৃৎ বিদ্যমান থাকা+অ(অন্)—ক] যে থাকে) সং, পুং, জেলিয়া। ২। দাসজাতি।

কেবল (কেব্ সেচন করা+অল(কলচ)—ক) বিং,ত্রিং, একমাত্র, অসহায়,অদ্বিতীয়।

শিং — ১"কিংতয়া ক্রিয়তে লক্ষ্ম্যা তয়া যা বধূরিব কেবলা। যা ন বেশ্মেব সামান্যা পথিকৈরুপভুজ্যতে।" ২ "কেবলং তু সহায়া মে হনূমৎপ্রমুখা ইমে।" ৩ "নমস্ত্রিমূর্ত্তয়ে তুভ্যং প্রাক্‌সৃষ্টেঃ কেবলাত্মনে।" ২। এইমাত্র অন্য কিছু নয়; যথা—কেবল নিন্দা। ৩। অমিশ্রিত, নিরবচ্ছিন্ন; যথা—কেবল সুখ। ৪। রিক্ত। ৫। কৃৎস্ন। ৬। সম্পূর্ণ। ৭। ক্লীং, অবধারিত। ৮। নিশ্চয়, নির্ণয়। শিং — ১ "ন কেবলং সদ্মনি মাগধীপতেঃ।" ৯। শুদ্ধ। ১০। তত্ত্বজ্ঞান।

কেবলজ্ঞানী (—জ্ঞানিন্, কেবলজ্ঞান+ইন্ —অস্ত্যর্থে) বিং, ত্রিং, শুদ্ধজ্ঞানী, তত্ত্বজ্ঞানসম্পন্ন। ২। পুং, অর্হদ্বিশেষ।

কেবলদ্রব্য; সং, ক্লীং, মরিচ।

কেশ (ক মস্তক—ঈশ্ প্রভুত্ব করা+অ (ক)—ক। অথবা কে মস্তকে—শ [শী শয়ন করা+অ(ড)—ক] যে শয়ন করে। অথবা ক্লিশ কষ্ট পাওয়া+অ(অল)—র্ম্ম) সং, পুং, মজ্জাজাত উপধাতুবিশেষ, চুল। শিং — ১ "ত্বক্কেশবালরোমাণি সুবর্ণাভানি যস্য তু। স হরির্নামতো রাজা পীতকৌষেয়সংনিভঃ।" ৩। (ক জল—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) বরুণ। ৪। বিষ্ণু। ৫। (ক্লিশ্+অ(অন)—ক) দৈত্য-বিশেষ। শী—স্ত্রীং, শিখা, টিকী।

কেশকর্ম্ম (কেশ—কর্ম্মন কর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কেশ রচনাদি, কেশসংস্কার। শিং — ১ "সাহং ব্রুবাণা সৈরিন্ধ্রী কুশলা কেশকর্ম্মণি।"

কেশকলাপ; সং, পুং, কেশসমূহ।

কেশকার (কেশ—কৃ করা+অ(ষণ)—ক) বিং, ত্রিং, কেশসংস্কারক, কেশবিন্যাসকারী। ২। সং, পুং, ইক্ষুবিশেষ।

কেশকারী (—কারিন, কেশ কেশ রচনা—কৃ করা + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, কেশরচনাকারক। শিং — ১ "নিহীনবর্ণাং সৈরিন্ধ্রীং বিভৎসাং কেশকারিণীম্।"

কেশকীট (কেশ—কীট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, উকুণ।

কেশগর্ভক (কেশ—গর্ভক কেশভূষণমাল্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিউনী, চুলের খোঁপা।

কেশগ্রহ; সং, পুং—ক্লীং, বলাৎকারে কেশ গ্রহণ পূর্ব্বক সুরত প্রসঙ্গ। "রতেষু কেশগ্রহাঃ।" ২। কেশ গ্রহণ, চুলে ধরা।

কেশঘ্ন (কেশ—ঘ্ন যে নাশ করে) সং, ক্লীং, কেশনাশক রোগ, টাক্ পড়া।

কেশচ্ছিদ্ (কেশ—ছিদ ছেদন করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, নাপিত।

কেশট কেশ—অট্ বিচরণ করা+অ(অন্) —ক) সং, পুং, উকুণ। ২। বিষ্ণু। ৩। ছাগ। ৪। ভ্রাতা। ৫। কামদেবের শোষণ বাণ। ৬। শোনাকবৃক্ষ।

কেশধর (কেশ—ধৃ ধারণ করা+অ(অন) —ক) বিং, ত্রিং, কেশগ্রাহক, কেশধারী। ২। পুং, দেশবিশেষ।

কেশপাশ, কেশপক্ষ, কেশহস্ত } (কেশ—পাশাদি শব্দের অর্থ এখানে রাশি, অধিক) সং, পুং, চুলের গোছা। ২। ভূষিত কেশগুচ্ছ। শিং — ১ "তাং কীচকঃ প্রধাবন্তীং কেশপাশে পরামৃশৎ।" ২ মৃদুকুঞ্চিত দীর্ঘেণ কুসুমোৎকরধারিণা। কেশহস্তেন।" ৩ "অভিদ্রুত্য সুশর্ম্মাণং কেশপক্ষে পরামৃশৎ।" [শিখা, চূড়া।

কেশপাশী (কেশপাশ+ঈ—প্রং) সং, স্ত্রীং,

কেশমার্জ্জক, কেশমার্জ্জন } (কেশ—মার্জ্জক, মার্জ্জন [মৃজ্ পরিষ্কার করা+অক, অন—ক] যে পরিষ্কার করে, ২য়া—ষ) সং, ক্লীং, কঙ্কতিকা, চিরুণী। ২। (+অনট্—ভাবে) কেশসংস্কারবিশেষ, চুল আঁচড়ান।

কেশর, কেসর } (কে জলে—শৄ হিংসা করা +অ(অল্)—র্ম্ম। সৃ গমন করা +অন্—ক। যে জলে শীর্ণ হয়) সং, পুং—ক্লীং, কিঞ্জল্ক, পুষ্পমধ্যস্থ কেশাকার নাড়ী, পুষ্পের পাপ্‌ড়ির মধ্যস্থলে যে কেশের মত সূক্ষ্ম পদার্থ থাকে। ২। পুং, সিংহ অশ্বাদির ঘাড়ের চুল। শিং — ১ "ব্যাকীর্ণকেশরকরালমুখা মৃগেন্দ্রাঃ।" ২ "আমর্দ্দক্লিষ্ট কেশরম্ (সিংহশিশুম্)।" ৩ "(সিংহঃ) ধুতকেশরঃ।" ৩। বকুলফুল।

৪। বকুলগাছ। ৫। নাগকেশর বৃক্ষ; ইহা অতি সৌরভময় বস্তু; যথা—
"কুঙ্কুম কস্তুরী কেশর বহিতেছে কেহ।"
৬। পুন্নাগবৃক্ষ। ৭। হিঙ্গুবৃক্ষ।

কেশরী } কেসরী } (কেশরিন্, কেশর+ইন্—অ-স্ত্যর্থে) সং, পুং, সিংহ। ২। অশ্ব। ৩। বানরবিশেষ। শিং—১ "পিতা হনুমতঃ শ্রীমান্ কেশরী প্রতাদৃশ্যত।" ৪। পুন্নাগবৃক্ষ। ৫। নাগকেশরবৃক্ষ। ৬। (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ অর্থ বুঝায়; যথা—বীরকেশরী।

কেশব (ক ব্রহ্মা—অ বিষ্ণু—ঈশ শিব—ব গমনার্থ 'বা'ধাতুজ। অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু রুদ্র যাঁহার শাসনাধীনে রহিয়াছেন। কিম্বা ক ব্রহ্মা—ঈশ রুদ্র—ব 'বা'ধাতুজ। ব্রহ্মা ও রুদ্র যাঁহার পুত্র পৌত্ররূপে বিদ্যমান রহিয়াছেন। কিম্বা কেশ—ব যে পায়। যিনি প্রশস্ত কেশ প্রাপ্ত হন। অথবা কেশিন্ অসুরবিশেষ—বা হিংসাকরা অথবা বধ্ বধকরা+অ(ক)—ক। যিনি কেশি নামক অসুরকে বধ করিয়াছিলেন, ২য়া—ষ। অথবা কেশ সূর্য্যাদিগ্রহ—ব উৎপাদক অর্থাৎ চন্দ্রসূর্য্যাদি গ্রহ যাঁহার অংশজাত। কিম্বা ক ব্রহ্মা—ঈশ রুদ্র ভগবানের কেশরূপে উক্ত—তদ্বিশিষ্ট যিনি বা যিনি ভগবানের কেশরূপ অংশ হইতে জাত। কিম্বা কে জলে—শব মৃতদেহ অর্থাৎ যিনি প্রলয় জলধিজলে শববৎ অনন্ত মূর্ত্তিতে ভাসমান ছিলেন) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। শিং—১ "যস্মাত্ত্বয়া হতঃ কেশী তস্মান্মচ্ছাসনং শৃণু। কেশবো নাম নাম্না ত্বং খ্যাতো লোকে ভবিষ্যতি॥" ২। (কে জলে—শব) জলস্থ মৃতদেহ। শিং—১ "কে শবং পতিতং দৃষ্ট্বা দ্রোণো হর্ষমুপাগতঃ। রুদন্তি পাণ্ডবাঃ সর্ব্বে হা হা কে শব কে শব।" (বিদগ্ধমুখমণ্ডন)। ৩। (কেশ+ব—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্ত কেশযুক্ত।

কেশবপন (কেশ—বপন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কেশ মুণ্ডন করা। [বিশেষ।

কেশবাদিত্য; সং, পুং, কাশীস্থ আদিত্য-

কেশবায়ুধ (কেশব—আয়ুধ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বিষ্ণুর অস্ত্র।

কেশবিন্যাস (কেশ—বিন্যাস রচনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কবরীবন্ধন, কেশরচনা।

কেশবেশ (কেশ—বেশ সজ্জা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কবরী, কেশবিন্যাস, চুলের খোঁপা। শিং—১ "যথাকুলধর্ম্মং কেশবেশান্ কারয়েৎ।"

কেশাকেশি (কেশ—কেশ+ই চি)—বৈপরীতার্থে। কেশে কেশে গ্রহণ করিয়া যে যুদ্ধ হয়, ১মা—হিং) অং, ক্রিং—বিং. পরস্পর কেশ গ্রহণ পূর্ব্বক যুদ্ধ, চুলাচলি। শিং—১ "কেশাকেশ্যভবদ্‌যুদ্ধং রক্ষসাং বানরৈঃ সহ।"

কেশান্ত (কেশ—অন্ত শেষ) সং, পুং, কেশচ্ছেদন রূপ সংস্কারবিশেষ। ২। কেশপ্রান্ত, কেশপাশ।

কেশাবমর্ষণ (কেশ—অব অনুপযুক্ততারূপে—মর্ষণ ঘর্ষণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কেশাকর্ষণ। ২। কেশস্পর্শ।

কেশিনী; সগরের একটী পত্নী, ইহাঁর গর্ভে অসমঞ্জার জন্ম হয়। ২। দময়ন্তীর সঙ্গিনী।

কেশিমথন } কেশিসূদন } (কেশিন্ অসুরবিশেষ—মথন, সূদন যে বধ করে। যিনি কেশি নামক অসুরকে বধ করিয়াছিলেন, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

কেশিহা (কেশিহন্, কেশিন্ অসুরবিশেষ—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

কেশী (কেশিন্, কেশ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্ত কেশবিশিষ্ট। ২। সং, পুং, দৈত্য-বিশেষ, কংস-রাজের মল্ল; কংস ইহাকে শ্রীকৃষ্ণের বিনাশ বাসনায় ব্রজধামে প্রেরণ করিলে ঐ দৈত্য অশ্বরূপী হইয়া যমুনাপুলিনে বিচরণ পূর্ব্বক নানা অত্যাচার করিতে আরম্ভ করে, তখন সর্ব্বান্তর্যামী ভগবান্ কৃষ্ণ তাহা পরিজ্ঞাত হইয়া তথায় উপনীত হইলে ঐ দুরাশয় তাঁহাকে গ্রাস করিতে উদ্যত হয়, ঐ অবসরে তিনি মুখমধ্যে বিশাল বাহু প্রবেশ করাইয়া তাহার শ্বাসপ্রশ্বাস রুদ্ধ

করিয়াছিলেন, তখন সেই দুষ্ট ভয়ঙ্কর চীৎকার করিয়া প্রাণত্যাগ করে। ২। সিংহ। ৩। বিষ্ণু।

কেসরবর (কেসর—বৃ রন্ধন করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, কুঙ্কুম।

কৈ (কিম্ শব্দজ) ক্রিং—বিং, কুত্র, কোথা।

কৈকয়ী (কেকয় রাজাবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ—স্ত্রীং) সং, স্ত্রীং, কেকয়-বংশজা, ভরতের মাতা।

কৈকেয় (কেকয়+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, কেকয় দেশের রাজা। য়ী—স্ত্রীং (কৈকেয়+ষ্ণ—অপত্যার্থে, ঈপ্) ভরতের মাতা।

কৈটভ (কীট—ভা দীপ্তি পাওয়া+অ ড)—ক, নিপাতন) সং, পুং, বিষ্ণুর কর্ণ-মলোদ্ভব দানববিশেষ, এই দানব স্বীয় ভ্রাতা মধুর সহিত মিলিত হইয়া ব্রহ্মাকে বধ করিতে উদ্যত হয়। কিন্তু বিষ্ণুর হস্তে নিহত হয়। শিং—১ "উৎপন্নঃ কীটবৎ ভাতি মহামায়াকরে যতঃ। অতস্তং কৈটভাখ্যস্তু স্বয়ং দেবী তদাকরোৎ। কালিকা-পুরাণে।"

কৈটভজিৎ, কৈটভারি, কৈটভহা—হন্, কৈটভদ্বিট—ষ্ (কৈটভ অসুরবিশেষ—জিৎ যে জয় করে, ২য়া—ষ।—অরি শত্রু ৬ষ্ঠী—ষ।—হন যে বধ করে, ২য়া—ষ। দ্বিষ্ যে হিংসা করে+০(ক্বিপ্)—ক, ২য়া—ষ) সং, পুং, নারায়ণ, বিষ্ণু। শিং—১ "উদমজ্জি-কৈটভজিতঃ শয়নাৎ।"

কৈটভী; সং, স্ত্রীং, কৈটভ বধকালে সংস্তুতা মহাকালী যোগনিদ্রা। শিং—১ "যা-মস্তৌচ্ছয়িতে হরৌ কমলজো হস্তং মধুকৈটভৌ।"

কৈতক (কেতক+অ(ষ্ণ)—ইদমর্থে)বিং,ত্রিং, কেতকসম্বন্ধীয়।

কৈতব (কিতব বঞ্চক, জুয়ারি+অ(ষ্ণ)—তৎকর্ম্মার্থে) সং, ক্লীং, ছল, কপট। ২। দ্যূতক্রীড়া, পাশক্রীড়া। শিং—১ "ন মুক্তং কৈতবং কর্ত্তুম্।" ২ "মৎপ্রিয়ং যদবোচ স্তদবৈমি কৈতবম্।" ৩ "অকৈতব ইবাস্যাঃকোপো লক্ষ্যতে।"

কৈদার, কৈদারক, কৈদারিক, কৈদার্য্য (কেদার ক্ষেত্র+অ(ষ্ণ), ক(কণ্), ইক(ষ্ণিক), য(ষ্ণ্য)—সমূহার্থে) সং, ক্লীং, ক্ষেত্রসমূহ। ২। বিং,ত্রিং, কেদারসম্বন্ধীয়।

কৈমুতিক (কিম্—উত+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, ন্যায়-বিশেষ, ফলে ফলে, যাহাতে তাৎপর্য্য প্রকাশ হয়, যথা—যে ভার দুর্ব্বলে বহন করিতে পারে, তাহা যে বলবান্ ব্যক্তি বহন করিতে পারিবে তদ্বিষয়ে আর বক্তব্য কি? এই প্রকার দৃষ্টান্ত।

কৈমুতিক ন্যায়—ন্যায় (১৮) দেখ।

কৈরলেয় (কেরল+এয়(ঢেয়)—প্রং) সং,পুং, কেরলদেশাধিপতি, কেরলদেশের রাজা।

কৈরব (কেরব [কে জলে—রব যে রব করে] হংস+অ(ষ্ণ)—তৎপ্রিয়ার্থে) সং, ক্লীং, কুমুদ, শ্বেতোৎপল। ২। পুং, কিতব। ৩। রিপু, শত্রু। বী—স্ত্রীং, কৌমুদী, জ্যোৎস্না। শিং—১ "চন্দ্রো বিকাসয়তি কৈরবচক্রবালম্।" ২ "কস্মৈ নাথ! সমর্প্য কৈরবকুলং ব্যোমান্তমালম্বসে।"

কৈরবিণী (কৈরব+ইন্—সমূহার্থে, ঈপ্) সং, স্ত্রীং, কুমুদিনী, কুমুদের ঝাড়।

কৈরবী; সং, স্ত্রীং, চন্দ্রিকা, জ্যোৎস্না। ২। মেথিকা, মেথি।

কৈরাত (কিরাত+অ(ষ্ণ)—ইবার্থে) বিং, ত্রিং, ব্যাধতুল্য বলবান্। ২। কিরাতদেশ-জাত। ৩। কিরাত-সম্বন্ধীয়। শিং—১ "কৈরাতবেশমাস্থায়।" ২। সং, পুং, সম্বর চন্দন। ৩। ভূনিম্ব।

কৈলা (দেশজ) সং, গোবৎস, বাছুর।

কৈলাস (কৈল [কেলি+অ(ষ্ণ)—সমূহার্থে] ক্রীড়াসমূহ, সুখ—আস আসন, ৬ষ্ঠী—ষ। অথবা কে জলে—লস্ দীপ্তি পা-ওয়া+অ(ঘঞ্)—ক, ষ ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিবকুবেরের বাসস্থান পর্ব্বতবিশেষ। শিং—১ "উত্তরং শিখরং তস্য (হিমবতঃ) কৈলাসাখ্যো মহান্ গিরি।" ২ "কৈলাস-শৈলেন্দ্রশিখরস্থিতমীশ্বরম্।"

কৈলাস-নাথ (কৈলাস—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ২। কুবের।

কৈলাসশিখরী (—শিখরিন্, কৈলাসশিখর +ইন্—নিবসত্যর্থে। যিনি কৈলাসশিখরে বাস করেন) সং, পুং, শিব। ২। কুবের।

কৈবর্ত্ত (কেবর্ত্ত দেখ, অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, ধীবর। ২। দাসজাতি। শিং—১ "নিষাদো মার্গবং সূতে দাসং নৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যং প্রাহুরার্য্যাবর্ত্তনিবাসিনঃ।"

কৈবল্য (কেবল+য(ষ্ণ্য)—ভাবে। দেহ এবং ইন্দ্রিয় ত্যাগ করণ পূর্ব্বক আত্মার কেবলত্ব) সং. ক্লীং, সংসার-মুক্তি, আত্যন্তিক দুঃখ নিবৃত্তিরূপ মোক্ষ, জীবের নিখিল ব্রহ্মাণ্ড ব্রহ্মজ্ঞান হইয়া পরমানন্দ স্বরূপ পরাৎপর পরমাত্মাতে লীন হইয়া যাওয়া। শিং—১ "কৈবল্যং নির্গুণং বিশ্বমনাদিমজমব্যয়ম্ (কৃষ্ণম্)।" ২। ক্লীং, বিড়ঙ্গ।

কৈশিক (কেশিক প্রশস্ত কেশবিশিষ্ট+অ (ষ্ণ)—ইদমর্থে। অথবা কেশ+ইক(ষ্ণিক) —ইদমর্থে) বিং, ত্রিং, কেশ-সম্বন্ধীয়। ২। (কেশ+ষ্ণিক—সমূহার্থে) সং, ক্লীং, কেশসমূহ। ৩। পুং, শৃঙ্গার রস। ৪। রাজা-বিশেষ। কী—স্ত্রীং, নাটক-প্রসিদ্ধ রচনাবিশেষ; যথা—"ভারতী সাত্বতী কৈশিক্যারভট্টো চ বৃত্তয়ঃ।"

কৈশিকতা (Capillarity) কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট (কৈশিক) নলে যে ব্যাপারটী দৃষ্ট হইয়া থাকে তাহাকে "কৈশিকতা" কহে।

কৈশিকাকর্ষণ (Capillary-attraction) জড়পদার্থের যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে জলাদি উন্নত হইয়া উঠে।

কৈশিকানাড়ী (Capillary) কেশের ন্যায় সূক্ষ্ম নাড়ী; এই নাড়ী দিয়া প্রথমতঃ শিরায় রক্ত সঞ্চালিত হয়।

কৈশিকাবনতি (Capillary-depression) কৈশিক নলের অভ্যন্তরে কোন তরল পদার্থ অবনত হইয়া পড়িলে তাহাকে "কৈশিকাবনতি" কহে।

কৈশিকোন্নতি (Capillary-elevation) কৈশিক নলের অভ্যন্তরে কোন তরল পদার্থ উন্নত হইয়া উঠিলে তাহাকে "কৈশিকোন্নতি" কহে।

কৈশোর (কিশোর শিশু+অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, নবীনবয়স্, বাল্যাবস্থা, দশম বর্ষ হইতে পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত। শিং—১ "কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। স্তনৌ ব্যঞ্জিতকৈশোরৌ।"

কৈশ্য (কেশ+য(ষ্ণ্য)—সমূহার্থে) সং. ক্লীং, কেশসমূহ। [কুণ্ঠিত।

কোঁকড়ান (দেশজ) বিং, কুঞ্চিত, বক্রহওয়া,

কোঁচড় (ক্রোড় শব্দজ) সং, ক্রোড় দেশস্থ বস্ত্রাংশ। [করণ।

কোঁচন (সঙ্কুচিতার্থ কুচ্‌ধাতুজ) সং, ভাঁজ-

কোঁচা (পূর্ব্বে দেখ) সং, বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ।

কোক (ক জল—উক্ গমন করা+অ (অন্)—ক। অথবা কুক্ গ্রহণ করা+অ (অন্)—ক) সং, পুং, চক্রবাক। শিং—১ "হংসারবৈঃ কোকরবৈঃ।" ২ "কোকানাং করুণস্বনেন।" ২। ভেক। ৩। বিষ্ণু। ৪। বৃক, নেকড়িয়া বাঘ। শিং—১ "বনে যূথপরিভ্রষ্টা মৃগী কোকৈরিবার্দ্দিতা।" ৪। জ্যেষ্ঠী। ৫। খর্জ্জুরবৃক্ষ। ৬। পুং, বিষ্ণু।

কোকড়; সং, পুং—স্ত্রীং, মৃগবিশেষ, চমর মৃগ।

কোকদেব (কোক কোকের ন্যায়—দিব্ ক্রীড়াকরা+অ(অন্)—ক। যে চক্রবাকের ন্যায় ক্রীড়া করে) সং,পুং, কপোত, পায়রা।

কোকনদ (কোক চক্রবাক—নদি শব্দ করান+অ(অন্)—ক, চক্রবাকী জ্ঞানে যে চক্রবাককে শব্দ করায়, ২য়া—ষ) সং, ক্লীং, রক্তপদ্ম। ২। রাঙ্গা সুঁদী। শিং—১ "কুমুদৈঃ পুণ্ডরীকৈশ্চ তথা কোকনদোৎপলৈঃ।" ২ "নীলনলিনাভমপি তন্বি তব লোচনং ধারয়তি কোকনদরূপম্।"

কোকনদচ্ছবি (কোকনদ রক্তপদ্ম—ছবি দীপ্তি) সং, পুং, রক্তবর্ণ। ২। বিং, ত্রিং, রক্তবর্ণ-বিশিষ্ট।

কোকবন্ধু (কোক চক্রবাক—বন্ধু, ৬ষ্ঠী—য। সূর্য্যোদয়ে চক্রবাক চক্রবাকীর একত্র

সমাগম হয় এই নিমিত্ত সূর্য্যকে কোকবন্ধু কহে) সং, পুং, রবি, দিবাকর, সূর্য্য।
কোকামুখ; সং, পুং, ভারতপ্রসিদ্ধ তীর্থবিশেষ।
কোকাহ (কোক—আ—হন্ নষ্ট করা+অ (ড)—ক) সং, পুং, শ্বেতঘোটক।
কোকিল (কুক্ গ্রহণ করা [ মনঃ ]+ইল—সংজ্ঞার্থে। যে কুহুরব দ্বারা মন হরণ করে) সং,পুং, স্বনাম প্রসিদ্ধ পক্ষী, পিক। শিং—১"ভাস্করোদয়কালোঽয়ং গতা ভগবতী নিশা। অসৌ সুকৃষ্ণো বিহগঃ কোকিলস্তাত কূজতি।" ২ "মধুরৈরপি কোকিলাকলকলৈঃ।" ৩ "আদিশ—রতিদূতিপদেষু কোকিলাং মধুরালাপনিসর্গপণ্ডিতাম্।" ২। জলন্ত অঙ্গার।
কোকিলকণ্ঠী; বিং, স্ত্রীং, যে স্ত্রীর কণ্ঠস্বর কোকিলের ন্যায় মধুর।
কোকিলনয়ন (কোকিল কোকিলবৎ—নয়ন চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কোকিলের ন্যায় যাহার চক্ষু রক্তবর্ণ, কোকিলাক্ষ, লোহিতলোচন। ২। সং, পুং, অতিশয় রক্তপুষ্প, বৃক্ষবিশেষ,কুলেখাড়া।
কোকিলাবাস; সং, পুং, আম্রবৃক্ষ।
কোকিলাসন; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসনবিশেষ। [আক্।
কোকিলেক্ষু; সং, পুং, ইক্ষুবিশেষ, কাজ্লা
কোঙ্কণ (কোম্ অনুকরণ শব্দ—কণ্ শব্দ করা+অ(অল্)—ধি) সং, ক্লীং, অস্ত্রবিশেষ। ২। পুং, দেশবিশেষ, কোকনদ দেশ। ণা—স্ত্রীং, পরশুরামমাতা।
কোঙ্কণাসুত (কোঙ্কণা পরশুরামের মাতা রেণুকা বা কোকনদেশীয় স্ত্রী—সুত পুত্র) সং, পুং, পরশুরাম।
কোচ (কুচ্ তুচ্ছ হওয়া+অ(অন্)—ক) সং,পুং, জাতিবিশেষ, তীবর ঔরসে মাংসচ্ছেদিগর্ভে জাত, কোঁচ, তিওর। ২। (কুচ্ সঙ্কুচিত হওয়া+ঘঞ্—ভা) ক্লীং, সঙ্কোচ।
কোজাগর (কঃ কেহ—জাগর যে জাগে। লক্ষ্মী বলেন—আজি নারিকেলেরর জল পান করিয়া কে জাগিয়া আছে, তাহাকে সম্পত্তি প্রদান করিব) সং, পুং, আশ্বিনীপূর্ণিমা। শিং—১ "নিশীথে বরদা লক্ষ্মীঃ কো জাগর্ত্তীতিভাষিণী। তস্মৈ বিত্তং প্রযচ্ছামি অক্ষৈঃ ক্রীড়াং করোতি যঃ।" ২ "নারিকেলোদকং পীত্বা কো জাগর্ত্তি মহীতলে।"
কোট (কুট্ বক্র হওয়া+অ(ঘঞ্)—র্ম) সং, পুং, দুর্গ, গড়, কেল্লা। ২। নিরাপদ স্থান। ৩। কুটীর। ৪। (কুট+অ(ষ্ণ)—ভাবে) কৌটিল্য।
কোটিক (কুট্ বক্র হওয়া+অক(ণক)—ক) সং, পুং, গৃহনির্ম্মাণকারকজাতি, ঘরামি।
কোটচক্র (কোট দুর্গ—চক্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দুর্গের শুভাশুভ জ্ঞাপনার্থ অষ্টবিধ চক্রবিশে[ষ]। [শি]ং—১ "কোটচক্রমষ্টবিধং চতুরস্রাদিভেদতঃ।"
কোটন (চূর্ণনার্থ কুট্ ধাতুজ) সং, চূর্ণন, খণ্ড খণ্ড করণ। না—(কুট্টিনী শব্দজ) রমণদূত।
কোটর (কোট বক্রতা—র গ্রহণার্থ রা ধাতুজ + অ(ড)—ক) সং, পুং—ক্লীং, বৃক্ষস্থগহ্বর, খোঁড়ল। শিং—১ "মহাহংকারবিটপ ইন্দ্রিয়াঙ্কুরকোটরঃ।"২"তস্যাঃ (মহাশব্যাঃ) মহৎকোটরমস্তি।" রী—স্ত্রীং, বিবস্ত্রা নারী। ২। নারী।
কোটবী (কোট বক্রতা—বা পাওয়া বা গ্রহণ করা+অ(ড)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বিবস্ত্রা নারী। ২। দুর্গা, কালী।
কোটা } (দেশজ) সং, অট্টালিকা, ইষ্টকময় গৃহ। [চৌকীদার।
কোঠা }
কোটাল (দেশজ) সং, নগরপাল, প্রহরী,
কোটি, টী (কুট্ বক্র হওয়া, ছেদন করা+ই—ক) সং, স্ত্রীং, খড়্গাদির প্রান্ত, ধার। ২। অগ্রভাগ। শিং—১ "শ্যেননখাগ্রকোটি।" ৩। (+ই—ভাবে) ১,০০,০০,০০০ শতলক্ষ সংখ্যা, ক্রোর। শিং—১ "উন্নত কোটিবিন্দুঃ।" ২ "শতং শতসহস্রাণাং কোটি রাহুর্মনীষিণঃ।" ৪। উৎকর্ষ। ৫। মধ্য। ৬। ধনুকাদির অগ্রভাগ। শিং—১ "তেন ভূমিনিহিতৈককোটি তৎ (কার্ম্মুকম্)।" ৭। পক্ষ। ৮। ত্রিভুজক্ষেত্রের ভূমি ও কর্ণরেখাভিন্ন রেখা, ভূমি হইতে উত্থিত রেখা।

টিকাস্য ; সং,পুং, শিবিবংশোদ্ভূত সুরথ-পুর নৃপবিশেষ।

টিজিৎ (কোটি—জিৎ [জি জয় করা+ (ক্বিপ্)—ক] যে জয় করে। যে কবিত্বে :কোটি কবিকে জয় করিয়াছিল) সং, পুং, রঘুবংশাদি কাব্যকারক কালিদাস।

াটির ( কোটি উৎকর্ষ—র [রা গ্রহণ করা+অ(ড)—ক] যে গ্রহণ করে ) সং, পুং, ইন্দ্র। ২। নকুল, নেউল। ৩। ইন্দ্র-গোপ-কীট।

াটিশ } (কোটি খড়্গাদির প্রান্ত—
াটীশ } শো তীক্ষ্ণ করা বা ছেদন করা+অ(ড)—ক) সং, পুং, লোষ্ট্রভেদক অস্ত্র, বিঁদেকাটি, মই। ২। নাগবিশেষ।

াটিশঃ ( কোটিশস্, কোটি+শস্—প্রং ) অং, কোটিবার; কোটি কোটি পরিমাণে।

াটীর (কুট্ বক্র হওয়া+ঈর,ঈরন্)—ক। উ=ও। অথবা কোটি—ঈর্ প্রেরণ করা + অ(অন্)—ক ) সং, পুং, জটা। ২। কিরীট, মুকুট। শিং—১ "কোটীর-বন্ধনধনুর্গুণযোগপট্ট।"(নৈষধ)।

াট্ট (কুট্ট্ ছেদন করা বা ভাগকরা+অ (ঘঞ্)—র্ম্ম) সং, পুং, দুর্গ, গড়। ২। রাজধানীবিশেষ।

াট্টবী ( কোট্ট—বা পাওয়া বা গ্রহণ করা +অ(ড)—ক, ঈপ্) সং, স্ত্রীং, বিবস্ত্রা-স্ত্রী। ২। নগ্নমুক্তকেশী নারী। ৩। কালী।

াট্টবীপুর ; সং, ক্লীং, বাণাসুরপুর।

াট্টার ( কোট্ট দুর্গ—ঋ গমন করা+অ (ঘঞ্)—ণ ) সং, পুং, কূপ। ২। পুষ্করিণীর পাড় কিম্বা সোপান।

াঠ ( কুঠ্ বেষ্টন করা+অ(অন্)—ক ) সং, পুং, চক্রাকার কুষ্ঠরোগ।

াড়া (দেশজ) সং, কশা, চাবুক। ২। ঝুলিলোক।

াণ (কুণ্ শব্দ করা+অ(অল্)—ধি) সং, পুং, গৃহাদির বিদিক্। শিং—১ "স্বগৃহ-স্যাঙ্গণে তেন চত্বারঃ স্বর্ণপূরিতাঃ। কুম্ভা-শ্চতুর্ষু কোণেষু নিগূঢ়াঃ স্থাপিতা ভুবি।" ২ "গৃহকোণৈকদেশে।" ৩ "গৃহকোণে স্থিতঃ।" ২। (Angle) যে স্থানে দুইটী সরলরেখা বক্রভাবে পরস্পর মিলিত হয়, তাহার চিহ্ন "∠" এই। ৩। (+অল্—ণ) অস্ত্রের ধার। ৪। বীণাদি বাদ্যযন্ত্র, বী-ণাদি বাজাইবার কাঠী ; সেতারে মেজ্রাফ নামে খ্যাত। ৫। লগুড়। ৬। (+অল্—ক) মঙ্গলগ্রহ। ৭। শনি।

কোণকুণ (কোণ অস্ত্রের ধার—কুণ্ ছেদ করা+অ(অন্)—ক) সং, পুং, কেশকীট, উকুণ।

কোণাকুণি ( কোণ—কোণ ) ক্রিং—বিং, কোণে কোণে, কোণে কোণে মিলাইয়া।

কোণাঘাত (কোণ—আঘাত) সং, পুং, যে স্থলে একলক্ষ ঢক্কা এবং দশসহস্র ভেরী এককালে আহত হয়। শিং—১ "ঢক্কা-শতসহস্রাণি ভেরীশতশতানিচ। একদা যত্র হন্যন্তে কোণাঘাতঃ স উচ্যতে।"

কোণি (কুণ্ শব্দ করা+ই(ইন্)—ক) বিং, ত্রিং, গ্রহণশক্তিহীন হস্তবিশিষ্ট, কোপা।

কোথায় ( কুত্র পদজ ) অং, কোন্ স্থানে, কোন্ থানে।

কোদণ্ড (কুণ্ শব্দ করা+অণ্ড্—ক। ণ =দ) সং, পুং—ক্লীং, ধনুক। শিং—১ "তেষাং কোটিনিপাতনে রঘুপতেঃ কোদণ্ড ঘণ্টারবঃ।" ২। ( ধনুকের তুল্য বলিয়া ) পুং, ভ্রূ-লতা। ৩। দেশবিশেষ। ৪। ধনু-রাশি। [অনির্দ্দিষ্ট।

কোন ( কিম্ শব্দজ ) সর্ব্বং, কেহ, কেউ,

কোন্দল (দেশজ) সং, বিবাদ, কলহ, ঝকড়া।

কোন্দলিয়া (দেশজ) বিং, ঝকড়াপ্রিয়।

কোপ ( কুপ্ ক্রোধ করা+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, ক্রোধ, অমর্ষ, রাগ। শিং—১ "স ভূয়োঽত্যন্তং কোপং করিষ্যতি।" ২ "পাদেন প্রহরন্ কোপাৎ।" ২। বিরাগ, অসন্তোষ।

কোপন ( কোপ দেখ, অন—ক ) বিং, ত্রিং, ক্রোধযুক্ত, ক্রুদ্ধস্বভাব, সহজেই যাহার কোপ জন্মে। শিং—১ "পাদানতঃ কোপ-নয়াবধূতঃ।" (কুমার)। ২ "আসীদ্বিভাব-সুনাম মহর্ষিঃ কোপনোত্তমম্।" ২। পুং, অসুরবিশেষ।

কোপনা ( কোপন দেখ, আপ—স্ত্রীং ) বিং,

স্ত্রীং, সহজেই যে স্ত্রীর ক্রোধ জন্মে, ক্রুদ্ধস্বভাবা।

কোপনীয় ( কোপ দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, যাহার প্রতি ক্রোধ করা হয়, ক্রোধের বিষয়ীভূত।

কোপয়িষ্ণু (কুপ্-ণিচ্=কোপি কোপ করান +ইষ্ণু(ইষ্ণুচ্)—ক,শীলার্থে ) বিং, ত্রিং, কোপকারক। শিং—১ " বৈরাযৈব তদা ন্যস্তং ক্ষত্রিয়ান্ কোপয়িষ্ণুভিঃ।"

কোপিত (কোপি ক্রোধ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার ক্রোধ জন্মাইয়া দিয়াছে, রোষিত।

কোপী ( কোপিন্, কোপ্+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ক্রুদ্ধ, ক্রোধী, কোপবিশিষ্ট, রোষান্বিত। ২। পুং, জলপারাবত।

কোমল (কম্ ইচ্ছা করা+অল(কল)—র্ম্ম। অ=ও। কিম্বা কু+মল—ক) বিং, ত্রিং, কঠিন নয়,মৃদু, নরম। ২। সুকুমার,মনোহর, সুন্দর ; যথা—কোমল অঙ্গ, কোমল মূর্ত্তি। ৩। মধুর, ললিত ; যথা—কোমল রচনা। শিং—১ "সংপৎসু মহতাং চিত্তং ভবত্যুৎপলকোমলম্। তাং সুকোমলৈর্ব-চনৈরমুনীয়।" ৪। সং, ক্লীং, জল।

কোমলতা (কোমল+তা—ভাবে) সং, স্ত্রীং, মৃদুতা, মার্দ্দব। ২। সৌকুমার্য্য, মনোহরতা। ৩। মাধুর্য্য, লালিত্য।

কোমলাঙ্গ (Soft-bodied-animals, কোমল—অঙ্গ শরীর, ৬ষ্ঠী—হিং ) যাহাদের শরীর অতিশয় কোমল তাহাদিগকে কোমলাঙ্গ কহে ; যথা—শম্বুক ইত্যাদি।

কোমলাঙ্গী (কোমল—অঙ্গ) বিং, স্ত্রীং, যে স্ত্রীলোকের অঙ্গ সকল সুকুমার, যে স্ত্রীর শরীরের অবয়ব সকল অতি মনোহর।

কোমলাসন ; সং, ক্লীং, মৃগচর্ম্মনির্ম্মিত আসন।

কোযষ্টিক (ক জল—যষ্টি শ্রেণী, পঙ্‌ক্তি। কণ্—যোগ। এই পক্ষীদের জলাশয়ে বা জলময় স্থানের নিকটে দেখিতে পাওয়া যায়) সং, পুং, টিট্টিভপক্ষী।

কোরক (কুর্ ছেদন করা+অক(ণক)—ক) সং, পুং—ক্লীং, অপ্রস্ফুটিত পুষ্প, মুকুল, কুঁড়ি। ২। পুষ্পের মুকুলের ন্যায় প্রথমাবস্থা ; যথা—" কোরক সময় কাল-কীট নিরদয়—।" শিং—১ "সমুপহরন্ বিচকার কোরকাণি।" ( মাঘ )। ৩। মৃণাল। ৪। কক্কোল। ৪। চোর নামক গন্ধদ্রব্য।

কোরঙ্গী ; সং,স্ত্রীং, সুক্ষ্মৈলা, ছোট এলাইচ। ২। পিপ্পলী।

কোরদূষক ; পুং, সং, কোদ্রব, কোঁদো-খ্যাতি ধান্যবিশেষ। শিং—১ "বস্ত্রাণাং প্রবরাশাণী ধান্যানাং কোরদূষকঃ।"

কোরফা (যাবনিক) যাহারা প্রজাদিগের নিকট হইতে জমী লইয়া চাস করে তাহাদিগকে কোরফা প্রজা কহে। যাহাদিগের জমীর উপর সত্ত্ব থাকে না।

কোল (কুল্ রাশিকরা+অ(অন্)—ক) সং, পুং, শূকর। ২। কুলগাছ। ৩। জাতিবিশেষ। ৪। শনিগ্রহ। ৫। ক্লীং, কুলফল। ৬। (+অল্—ধি) পুং, ভেলা, মাড়। ৭। কলিঙ্গদেশ। ৮। চিত্রক, চিতা। ৯। অস্ত্রবিশেষ। ১০। (ক্রোড় শব্দজ) অঙ্ক, ক্রোড়। ১১। আলি[illegible]। পুং, লা—স্ত্রীং, কোলিবৃক্ষ। ২। দেশ-বিশেষ। ৩। পিপ্পলী।

কোলক (কোল দেখ, অক(ণক)—ক) সং, পুং, আকরোট গাছ। ২। বহুবার বৃক্ষ। ৩। ক্লীং, মরিচ। ৪। কাঁকল। ৫। গন্ধদ্রব্যবিশেষ।

কোলকর্কটিকা ; সং, স্ত্রীং, মধুখর্জ্জুর।

কোলগিরি ; সং, পুং, দক্ষিণদেশস্থ পর্ব্বত-বিশেষ।

কোলপুচ্ছ ( কোল শূকর—পুচ্ছ। শূকর-পুচ্ছের ন্যায় যাহার পুচ্ছ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কঙ্কপক্ষী।

কোলম্বক (কুল্ রাশিকরা+অম্ব(অম্বচ্)—র্ম্ম, কণ্—যোগে) সং,পুং, তন্ত্রী ভিন্ন বীণার সমুদায় অবয়ব।

কোলাকোলি (কোল—কোল) সং,ক্লীং, পরস্পর আলিঙ্গন।

কোলাঞ্চ ; সং, পুং, কলিঙ্গদেশ।

কোলানী (দেশজ) অভ্যর্থনা ; যথা—"শেষে ফাঁকি আগে দিয়া কথার কোলানী।"

কোলাপুর ; সং, ক্লীং, দক্ষিণদেশপ্রসিদ্ধ লক্ষ্মীদেবীর স্থান।

[কো]লাবিধ্বংসী (—সিন্, কোলা দেশবিশেষ —ধ্বংসী যে ধ্বংস করে) সং, পুং, ম্লেচ্ছবিশেষ। শিং—১"এবং পালয়তস্তস্য ম্লেচ্ছাঃ পর্ব্বতবাসিনঃ। কোলাবিধ্বংসিনঃ প্রাপ্তাঃ কোলাবিধ্বংসিনঃ স্তথা।"

[কো]লাহল (কোল [কুল্ একত্র হওয়া+অ (ঘঞ্)—ভা] রাশি, একীভাব—আ—হল্ ভেদ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং,অনেক লোকের অস্পষ্ট একত্র মিশ্রিত উচ্চ শব্দ, কলকলধ্বনি, গোল। শিং—১ "ততো হলহলাশব্দঃ পুনঃ কোলাহলো মহান্। মহান্রাক্ষসনাদস্তু পুনস্তূর্য্যরবো মহান।" ২ "দূরদেশে শব্দায়মানস্য শৃগালশব্দস্য কোলাহলোহশ্রাবি।" ২। পর্ব্বতবিশেষ, ইহা হইতে শক্তিমতী নদীগর্ভে এক পুত্র ও কন্যা জন্মে।

[কো]লি } (কোল দেখ, ই—ক) সং, পুং—
[কো]লী } স্ত্রীং, কুলগাছ। ২। কুলফল।

[কো]লিসর্প; সং, পুং, যে সকল ক্ষত্রিয়বর্গকে সগর রাজা যবন করিয়াছিল। "কোলিসর্পামাহিষকা স্তাতাঃ ক্ষত্রিয়জাতয়ঃ। বৃষলত্বং পরিগতা ব্রাহ্মণানাম দর্শনাৎ।"

[কো]বিদ (কো [কু শব্দকরা+০(বিচ)—ক] যে শব্দ করে বা শিক্ষা দেয়। অথবা কো অর্থে বেদ—বিদ [বিদ্ জানা+অ(ক)—ক] যে জানে) বিং, ত্রিং, জ্ঞানী, পণ্ডিত। ২। নিপুণ, দক্ষ। শিং—১"সমীক্ষ্যকারিণং প্রাজ্ঞং ধর্ম্মকামার্থকোবিদম্।" (মনু)।

[কো]বিদার (কঃ[কেহ] কাহার—বিদার যে বিদারণ করে। কাহার না চিত্ত বিদারণ করে। অথবা কু পৃথিবী—বিদৃ বিদারণ করা+অ(ঘঞ্)—ক, যে ভূমিকে বিদারণ করে) সং, পুং, রক্তকাঞ্চন। ২। মন্দার, পারিজাত। শিং—১ "চিত্তং বিদারয়তি কস্য ন কোবিদারঃ।" ২ "কোঽপ্যয়ং দারয়িত্যাহরজানন্তো যতো জনাঃ। কোবিদার (=পারিজাত এবং মন্দার) ইতি খ্যাত স্তত্তঃ স মহাতরুঃ।"

[কো]শ } (কুশ্, কুষ্ নির্গত হওয়া+অ
[কো]ষ } (অন্)—ক। যাহা হইতে গন্ধাদি নির্গত হয়) সং, পুং—ক্লীং, কুট্মল, কুঁড়ি। ২। অণ্ড। ৩। আকরোত্থিত বা আবর্ত্তিত সুবর্ণ ও রজত। ৪।(+অল্—ণ) আবরণ। শিং—১ "সুজাতয়োঃ পঙ্কজকোশয়োঃ শ্রিয়ম্।" ৫। ত্বগাদি আবরণ। ৬। (+অল্—ধি) খড়্গাদির খাপ্। শিং—১ "মহাকোষনিবাসী চ মহাসিঃ।" ৭। কোষা। ৮। পানপাত্র। ৯। (কুষ্ [আষস্থান হইতে] আকর্ষণ করা+অ(অল্)—ধি) যে স্থলে ধন রাখা যায়, ধনাগার। শিং—১"কুষ্যতে আকুষ্যতে আয়স্থানেভ্য ইতিকোষঃ।" ১০। মধ্যভাগ। শিং—১ "প্রকৃত্যা হিমকোষাঢ্যঃ (হিমবান্)।" ১১। পোকার গুটি। ১২। মঞ্জুষা। ১৩। কাঁটালের কোয়া। ১৪। মাংসপেশী। ১৫। শব্দাদি সংগ্রহ, অভিধান। ১৬। (+অল্—র্ম্ম) শপথ। ১৭। ধনরাশি। ১৮। (+অল্—পা) যোনি। ১৯। মুষ্ক। ২০। ডিম্ব। ২১। অণ্ডের আবরণ। ২২। অণ্ডকোষ।

কোশকার } (কোশ, য—কার যে করে)
কোষকার } সং, পুং, গুটিপোকা। শিং—১ "সংবেষ্টমানং বহুভিঃ মোহাত্তন্তুভিরাত্মজৈঃ। কোষকারমিবাত্মানং বেষ্টয়ন্নাববুধ্যতে।" ২। অভিধানকর্ত্তা। ৩। ইক্ষু।

কোশচঞ্চু (কোশ—চঞ্চু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সারসপক্ষী।

কোশপাল (কোশ—পাল যে পালন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, কোশরক্ষক, ভাণ্ডাররক্ষক, ভাঁড়ারি।

কোশল }
কোষল } (কুশ্ দীপ্তি পাওয়া+অল
কোসল } —সংজ্ঞার্থে) সং, পুং, লা—স্ত্রীং, কাশীর উত্তর অযোধ্যা প্রদেশ সহিত সমস্ত ভূভাগ। ইহা উত্তর ও দক্ষিণ এই দুই ভাগে বিভক্ত। দক্ষিণ কোশলে রামের রাজধানী অযোধ্যা অবস্থিত ছিল। "কোশলো নাম মুদিতঃ স্ফীতো জনপদো মহান্। নিবিষ্টঃ সরযূতীরে পশুধান্যধনর্দ্ধিমান্॥ অযোধ্যা নাম তত্রাস্তি নগরী॥"

কোশলাত্মজা (কোশল রাজাবিশেষ—আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কৌশল্যা, রামের মাতা।

কোশলিক } (কোশ, ষ ধন—ল যে গ্র-
কোষলিক } হণ করে+ইক(ষ্ণিক)—ভ-
বার্থে) সং, ক্লীং, উৎকোচ, ঘুষ।
কোশবান্ (কোশবৎ, কোশ+বৎ(বতু)—অ-
স্ত্যর্থে) বিং, ত্রিং, কোশযুক্ত। শিং—১
"ধর্ম্মাত্মা কোষবাংশ্চপি দেবরাজ ইবাপর।"
বতী—স্ত্রীং, কোশাতকী বৃক্ষ।
কোশাতক } (কোশ, ষ—অত গমন করা
কোষাতক } +অক(ণক)—ক) সং, পুং,
কী—স্ত্রীং, ঝিঙ্গা। ২। ঝিঙ্গাগাছ। ৩।
পুং, কেশ।
কোশাতকী } (কোশাতকিন্, কোশাতক
কোষাতকী } +ইন্—অস্ত্যর্থে) সং,পুং,
বাণিজ্য। ২। বণিক্। ৩। বাড়বাগ্নি।
কোশী, কোষী (কোশ, কোষ+অ অল)—ণ,
ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র কোষা। ২।
পাদুকা, জুতা। ৩। শস্যের শুঁয়া। ৪।
শিম্বিকা।
কোষকাব্য; সং, ক্লীং, পরস্পর নিরপেক্ষ
শ্লোক সমূহ; যথা—অমরুশতক প্রভৃতি।
কোষচঞ্চু (কোষ—চঞ্চু ঠোঁট। কোষাকার
যাহার চঞ্চু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সারস-
পক্ষী।
কোষবৃদ্ধি (কোষ মুষ্ক—বৃদ্ধি, ৬ষ্ঠী—ষ)
সং, স্ত্রীং, অণ্ডকোষের স্ফীততা। ২।
ধনের বৃদ্ধি। ৩। (কোষ মুকুল—বৃদ্ধি,
৭মী—হিং) কুরুণ্ডকবৃক্ষ।
কোষশায়িকা (কোষ খাপ—শী শয়নকরা
+অক(ণক)—ক) সং, স্ত্রীং, ছুরিকা।
কোষা (কোষীশব্দজ) সং, তাম্রময় পূজাপাত্র।
২। ডোঙ্গা।
কোষাধ্যক্ষ (কোষ—অধ্যক্ষ, ৬ষ্ঠী—ষ) সং,
পুং, যাহার উপর ধনাগারের ভার থাকে,
ধনরক্ষক। ২। কুবের।
কোষী (কোষিন্, কোষ+ইন্—অস্ত্যর্থে)
সং, পুং, আম্রবৃক্ষ। ২। কর্ণবন্ধনজ রোগ
বিশেষ। ৩। স্ত্রীং, পাদুকা, জুতা। ৪।
শস্যের শুঁয়া।
কোষ্ঠ (কুষ্ নির্গত হওয়া+অ(থন্)—পা।
যাহা হইতে শস্যাদি নির্গত হয়) সং,
পুং, শস্যাগার, গোলা। ২। গৃহমধ্য। ৩।
উদরমধ্য। ৪। উদরমধ্যস্থিত মলভাণ্ড।
শিং—১ "স্থানান্যাম্যাগ্নিপক্কানাং মূত্রস্য
রুধিরস্য চ। হৃদুণ্ডুকঃ ফুস্ফুসশ্চ কোষ্ঠ
ইত্যভিধীয়তে।" ৫। মল, বিষ্ঠা।
কোষ্ঠশুদ্ধি (কোষ্ঠ—শুদ্ধি) সং,স্ত্রীং, মলভাণ্ড
পরিষ্কার থাকা, উত্তমরূপ মলনির্গম, মল-
শুদ্ধি।
কোষ্ঠাগার; সং, ক্লীং, ধান্যধনাদি রাখিবার
গৃহ। শিং—১ "কোষ্ঠাগারন্ত তে নিত্যং
স্ফীতং ধান্যৈঃ সুসংবৃতম্।"
কোষ্ঠী } (কোষ্ঠ দেখ, ঈপ্—স্ত্রীং,
কোষ্ঠিকা } ইক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং,
যাহাতে জন্মকালীন গ্রহ নক্ষত্রাদির স্থিতি
ও সঞ্চার অনুসারে যাবজ্জীবনের শুভাশুভ
নিরূপিত থাকে, জন্মপত্রিকা। ২। পাশ-
কাদি ক্রীড়াপাত্র।
কোষ্ণ (কু ঈষৎ—উষ্ণ। কু=কা) বিং,
ত্রিং, ঈষদুষ্ণ, অল্প গরম। শিং—১ "ভুবং
কোষ্ণেন পীনোষ্মী মেধ্যনাবভৃথাদপি।"
কোহল (কু—হল্ আকর্ষণ করা+অ(অন্)
ক) সং,পুং, মদ্য বিশেষ। ২। বাদ্যবিশেষ।
৩। নাটকাদি প্রণেতা।
কৌকুর (কুকুর+অ(ষ্ণ)—ভবার্থে) সং,পুং,
দেশবিশেষ। ২। নৃপবিশেষ।
কৌকৃত্য (কু কুৎসিৎ—কৃত্য কার্য্য+
অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, মন্দকার্য্য। ২।
অনুতাপ।
কৌকুটিক (কুকুটী অনৃতাচরণ+ইক(ষ্ণিক)
—ভবার্থে) সং, পুং, দাম্ভিক। ২। পাছে
জীবহত্যা হয়, এই আশঙ্কায় যে ব্যক্তি
অন্যদিকে না চাহিয়া অতি সাবধানে
পাদনিক্ষেপ করে, সন্ন্যাসীবিশেষ।
কৌকুটিকন্দল; সং, পুং, বোড়াসাপ।
কৌক্ষ (কুক্ষি+অ ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং,
কুক্ষিসংবদ্ধ, কুক্ষিন্যস্ত।
কৌক্ষক (কুক্ষি+অক—ভবার্থে) বিং, ত্রিং,
কুক্ষিদেশজাত।
কৌক্ষেয় } (কুক্ষি উদর+এয়(ঢ়েয়)—
কৌক্ষেয়ক } ইদমর্থে। কণ্—যোগ) সং পুং,
কুক্ষিবদ্ধ খড়্গ। শিং—১ "অসিং কৌক্ষে-
য়মুদ্যম্য চকারাপনসং মুষ্টম্।" (ভট্টি)।

২ "কৌক্ষেয়কেণ সন্নিহিত বিষধরণেব চন্দনলতা।" (কাদম্বরী)। ৩ "বদ্ধতীক্ষ্ণ-কৌক্ষেয়কঃ।" (দশকুমার)।

কৌঙ্ক } (কোঙ্ক, কোঙ্কণ + অ(ষ্ণ) – স্বার্থে)
কৌঙ্কণ } সং, পুং, দেশ-বিশেষ, কোকণ-দেশ।

কৌঞ্জায়ন } (কুঞ্জ + আয়ন(ষ্ণায়ন), আয়ন্য
কৌঞ্জায়ন্য } (ষ্ণায়ন-য) – পুত্রার্থে) সং, পুং, কুঞ্জনামক ব্রাহ্মণের বংশোৎপন্ন সন্তান।

কৌঞ্জায়নী (কৌঞ্জায়ন + ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, মান্যা ব্রাহ্মণী। ২। কুঞ্জ নামক ব্রাহ্মণের কন্যা।

কৌট (কূট কপট বা কোটি গৃহ + অ(ষ্ণ) – স্বার্থে) সং, পুং, কুটজবৃক্ষ, কুরচী। ২। বিং, ত্রিং, স্বাধীন, স্বতন্ত্র।

কৌটকিক (কূট বা কূটক ফাঁদ + ইক(ষ্ণিক) – ইদমর্থে) বিং, ত্রিং, মাংসবিক্রয়ী, কষাই।

কৌটতক্ষ (কৌট [কুটী + অ(ষ্ণ) – স্থিত্যর্থে] গ্রাম্য, গৃহস্থিত – তক্ষন্ সূত্রধর, ছুতার, য়ং – স) সং, পুং, স্বাধীন সূত্রধর।

কৌটল্য ; সং, পুং, বাৎস্যায়ন মুনি।

কৌটসাক্ষী (– সাক্ষিন্, কৌট কপট – সাক্ষী, য়ং – স) সং, পুং, মিথ্যা সাক্ষী, জালসাক্ষী।

কৌটা (কুটী শব্দজ) সং, কাষ্ঠাদিনির্ম্মিত ক্ষুদ্র পাত্র।

কৌটিক (কূট মৃগবন্ধন যন্ত্র, ফাঁদ + ইক (ষ্ণিক) – সম্পাদনার্থে) বিং, ত্রিং, কূট-কারী ব্যাধ। ২। মাংস বিক্রেতা, কষাই।

কৌটিলিক (কুটিলিকা [কুটিল বক্র + ইক (ষ্ণিক) – ভাবার্থে] হাপর, বা শিকার কালীন বক্র ভাবে গমন + অ(ষ্ণ) – নিষ্পন্নার্থে) সং, পুং, কর্ম্মকার। ২। ব্যাধ।

কৌটিল্য (কুটিল + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, কুটিলতা, ক্রূরতা। শিং – ১ "কৌটিল্যং কচনিচয়ে করচরণাধরতলেষু রাগস্তে।" ২। পুং, চাণক্য ব্রাহ্মণ। ইহাঁর ক্রোধানলে নন্দ নৃপতি বিনষ্ট ও ইহারই চক্রান্তে মন্ত্রিপুত্র চন্দ্রগুপ্ত তৎসিংহাসনে অধিরূঢ় হইলে ইনি তাঁহার মন্ত্রিপদে অভিষিক্ত হইয়াছিলেন। ইনি কুটিলতার মূলস্বরূপ বলিয়া কৌটিল্য নামে বিখ্যাত হন।

কৌটীর্য্য (কুটীর + য(ষ্ণ্য) – স্বার্থে) শিং, ত্রিং, কেবল। ২। অসহায়। র্য্যা – স্ত্রীং, দুর্গা। শিং – ১ "কৌটীর্য্যাং অদ্রিরাং চণ্ডামিলাং মলয়বাসিনীম্।" (হরিবংশ)।

কৌটুম্বিক (কুটুম্ব + ইক(ষ্ণিক) – ভবার্থে) বিং, ত্রিং, কুটুম্ব ভরণে ব্যাপৃত। "কৌটুম্বিকঃক্রুদ্ধতি বৈ জনায়।" ২। কুটুম্বসম্বন্ধীয়।

কৌণকুৎস ; সং, পুং, ঋষিবিশেষ।

কৌণপ (কুণপ শব + অ(ষ্ণ) – ভোজনার্থে। অথবা কুণপা রাক্ষসী + ষ্ণ – অপত্যার্থে) সং, পুং, রাক্ষস। শিং – ১ "ন কৌণপাঃ শৃঙ্গিণো বা ন দেবা নচ মানুষাঃ।"

কৌতর (কবুতর শব্দজ) পারাবত, পায়রা।

কৌতস্কুত (কুতঃ – কুতঃ + অ(ষ্ণ) – ভবার্থে) বিং, ত্রিং, কোন্ কোন্ স্থানজাত।

কৌতুক (কুতুক + অ(ষ্ণ) – স্বার্থে) সং, ক্লীং, কুতূহল, কোন বিষয় দেখিবার বা জানিবার নিমিত্ত ঔৎসুক্য, জানিতে ইচ্ছা। শিং – ১ "চক্রতুঃ কৌতুকোদ্‌গ্রীবাংসভাং চিত্রার্পিতামিব।" ২ "অস্মাকং তু মনোরথোপরিচিত প্রাসাদবাপীতটক্রীড়াকানন-কেলিকৌতুকজুষামায়ুঃ পরং ক্ষীয়তে।" ২। হস্তসূত্র। শিং – ১ "রুদ্রাক্ষদর্প সিদ্ধার্থ শিখিপক্ষোরগত্বচঃ। কঙ্কণৌষধয় শ্চৈতি কৌতুকাখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ। বৈবাহিকৈঃ কৌতুকসংবিধানৈঃ।" (কুমার)। ৩। উৎসব। ৪। পরিহাস। ৫। আনন্দ। ৬। আমোদ। ৭। পরম্পরায়াত মঙ্গল। ৮। নৃত্যগীতাদি তামাসা। ৯। ভোগকাল।

কৌতুকী (কৌতুকিন্, কৌতুক + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, কৌতুকবিশিষ্ট, যাহার কৌতুক জন্মিয়াছে। ২। যে কৌতুক করে। নী – স্ত্রীং, নায়িকাবিশেষ।

কৌতূহল (কুতূহল + অ(ষ্ণ) – স্বার্থে) সং, ক্লীং, কুতূহল, কোন নূতন বা অপরিজ্ঞাত বিষয় জানিবার শুনিবার বা দেখিবার নিমিত্ত আগ্রহ বা ঔৎসুক্য। ২। ঔৎসুক্য, অভিলাষ। শিং – ১ "মহৎকৌতূহলং মেহস্তি হরিশ্চন্দ্রকথাং প্রতি।"

কৌৎস (কুৎস+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং—স্ত্রীং, কুৎসমুনির পুত্র বা কন্যা।

কৌথুম (কুথুম বেদ-শাখাবিশেষ+অ(ষ্ণ)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, কুথুমশাখাবেত্তা, কুথুমশাখাধ্যায়ী।

কৌদালীক ; সং, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ।

কৌন্তিক (কুন্ত প্রাস-অস্ত্র+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, পুং, কুন্তধারী, প্রাস অস্ত্রধারী যোদ্ধা ; যথা—"দুরন্ত কৌন্তিক কুল কুন্ত আস্ফালিল।"

কৌন্তেয় (কুন্তি+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, কুন্তীপুত্র, যুধিষ্ঠির। শিং—১ দরিদ্রান্ ভর কৌন্তেয় মা প্রযচ্ছেশ্বরে ধনম্।" ২। অর্জ্জুনবৃক্ষ।

কৌপ (কূপ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, কূপোদক, কূয়ার জল। ২। বিং, ত্রিং, কূপসম্বন্ধীয়।

কৌপীন (কূপ+ঈন(খীন)—তৎপ্রবেশযোগ্যার্থে। ইহা কূপমধ্যে প্রবেশযোগ্য বলিয়া) সং, ক্লীং, মেখলাবদ্ধ পরিধেয় বস্ত্রখণ্ড, চীরবসন, কপ্নী। শিং—১ "কৌপীনং শতখণ্ডজর্জ্জরতরম্।" ২ "বল্কলকৃতকৌপীনমাত্রপ্রচ্ছাদনৈস্তপস্বিভিঃ।" ২। পাপ। ৩। গুহ্যদেশ।

কৌমার (কুমার বালক, কার্ত্তিক+অ(ষ্ণ)—ভবার্থে) সং, ক্লীং, কুমারাবস্থা, জন্মাবধি পঞ্চম বর্ষ পর্য্যন্ত, তন্ত্রমতে—ষোড়শ বর্ষ পর্য্যন্ত। শিং—১ "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ।" ২ "পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে।" ২। বিং, ত্রিং, কুমারসম্বন্ধীয় ; যথা—কৌমারব্রত। ৩। পুং, অবিবাহিত পুত্র। রী—স্ত্রীং, অবিবাহিতা কন্যা। ২। যে স্ত্রীর পতি দার পরিগ্রহ করে নাই, অকৃতদার পতির ভার্য্যা, প্রথম পত্নী। ৩। কুমারসম্বন্ধিনী চেষ্টাদি। শিং—১ "কৌমারীং দর্শয়েৎ চেষ্টাম্।" ৪। মাতৃকাবিশেষ, কার্ত্তিকেয় শক্তি। শিং—১ "কৌমারী-শক্তিহস্তা চ ময়ূরবরবাহনা।"

কৌমারিকেয় (কুমারিকা+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, কানীন পুত্র।

কৌমুদ (কু—মুদ্ হৃষ্ট হওয়া+অ(অন্)—ক। অথবা কুমুদ+অ(ষ্ণ)—বিকাসার্থে) সং, পুং, কার্ত্তিকমাস। শিং—১ "কৌ মোদন্তে জনা যস্মিন্ কৌমুদস্তেন কীর্ত্তিতঃ।" ২ "শারদং কৌমুদং মাসং ততস্তে স্বর্গমাপ্নুয়ুঃ।"

কৌমুদী (কুমুদ শুক্ল পদ্ম+অ(ষ্ণ)—বিকাসার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চন্দ্রের কিরণ, চন্দ্রিকা, জ্যোৎস্না। (সংস্কৃত কবিরা বর্ণন করেন, চন্দ্রকিরণস্পর্শে কুমুদ প্রস্ফুটিত হয়)। শিং—১ "শশিনা সহ যাতি কৌমুদী।" ২। (কৌমুদ কার্ত্তিক+ষ্ণ—ইদমর্থে, ঈপ্) কার্ত্তিকী-পূর্ণিমা। ৩। কার্ত্তিকী-পূর্ণিমাতে উৎসব। শিং—১ "অকালকৌমুদীং চৈব চক্রতুঃ সার্ব্বকালিকীম্।" ২ "কৌ মোদন্তে জনা যস্যাং নানা ভাবৈঃ পরস্পরম্। হৃষ্টা তুষ্টাঃ সুখাপন্নাস্তেন সা কৌমুদী মতা।" ৪। আশ্বিনী-পূর্ণিমা।

কৌমুদীচার (কৌমুদী কার্ত্তিকীপূর্ণিমাতে উৎসব—চার যে আ[illegible]র হয়) সং, পুং—ক্লীং, আশ্বিনপৌর্ণম[illegible], কোজাগর পূর্ণিমা।

কৌমুদীপতি (কৌমুদী জ্যোৎস্না—পতি, ৬ষ্ঠী—য) সং, পুং, চন্দ্র।

কৌমোদকী (কুমোদক [কু পৃথিবী—মোদক আনন্দদায়ক। পৃথিবী পালন করেন বলিয়া যিনি আনন্দদায়ক] বিষ্ণু+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, স্ত্রীং, কৃষ্ণের গদা। শিং—১ "কৌমোদকী মোদয়তি স্ম চেতঃ।" (মাঘ)। ২ "দেবৈরনাদিবীর্য্যস্য গদা তস্যাপরে করে। নিক্ষিপ্তা কুমুদাক্ষস্য নাম্না কৌমোদকী তি সা।"

কৌম্ভীর (Loricata, কুম্ভীর+অ(ষ্ণ)—স্বার্থে) কুম্ভীল ও তৎসদৃশ জীব।

কৌরব (কুরু রাজাবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, কুরুবংশীয়। "আঃ অদ্য নিষ্কৌরবামেকঃ করিষ্যামি বসুধাম্।"

কৌরবেয় (কুরু+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) বিং, ত্রিং, কুরুবংশীয়, কুরুকুলজাত। শিং—১ "সমাহি কৌরবেয়ানাং বয়ং তে চৈব পুত্রক।"

কৌরব্য (কুরু+অ(ঞ্য)—স্বার্থে, কুরুবংশ+য(ঞ্য)—অপত্যার্থে) বিং, ত্রিং, কুরুবংশোদ্ভব, কুরুকুলে জাত। শিং—১"কৌরব্যাঃ পশবঃ প্রিয়াপরিভব ক্লেশোপশান্তিঃ ফলম্।"

কৌর্ম্ম (কূর্ম্ম+অ(ঞ)—ইদমর্থে) সং, ক্লীং, কূর্ম্মাবতার বিষ্ণুকে অবলম্বন করিয়া যাহা লিখিত হইয়াছে, কূর্ম্মপুরাণ। ২। বিং, ত্রিং, কূর্ম্মসম্বন্ধীয়। ৩। (Chelonia), (+ঞ—স্বার্থে) কূর্ম্মাদি।

কৌল (কুল বংশ+অ(ঞ)—ইদমর্থে) বিং, ত্রিং, সৎকুলজাত। ২। যাহা কুলবিশেষে পুরুষপরম্পরায় চলিয়া আসিতেছে, কৌলিক, কুলক্রমাগত। ৩। বামাচার মতানুসারে—শক্তির উপাসক, বামাচারী, তন্ত্রোক্ত দিব্য বীর ও পশু এই ভাবত্রয়ের মধ্যে দিব্যভাবাক্রান্ত ব্যক্তি। শিং—১ "দিব্যভাবরতঃ কৌলঃ সর্ব্বত্র সমদর্শনঃ।" ৪। ক্লীং, তন্ত্রোক্ত আচার।

কৌলটিনেয় } কৌলটেয় } (কুলটা বেশ্যা+এয়(ঢেয়)—অপত্যার্থে, ১পক্ষে ইন্—আগম) সং, পুং—স্ত্রীং, কুলটার সন্তান, ব্যভিচারিণীর গর্ভজাত, জারজ।

কৌলব; সং, পুং, ববাদি একাদশান্তর্গত তৃতীয় করণ; ইহাতে জন্মিলে বাগ্মী, বিনীত, স্বতন্ত্র, সদ্বিদ্বান্ হয়।

কৌলিক (কুল বংশ+ইক(ঠিক)—ইদমর্থে) বিং, ত্রিং, কুলপরম্পরাগত, কুলক্রমাগত, বংশপরম্পরায় আগত। ২। কুলধর্ম্মানুষ্ঠায়ী। ৩। কুলধর্ম্ম প্রবর্ত্তক। ৪। বামাচার মতানুসারে শক্তির উপাসক। ৫। সং, পুং, তন্তুবায়, তাঁতি।

কৌলীন (কুলীন সৎকুলোৎপন্ন+অ(ঞ)—ভাবার্থে। অথবা কুল বংশ+ঈন্(খীন)—সংজ্ঞার্থে) সং, ক্লীং, প্রধান ও প্রসিদ্ধ বংশে জন্ম। ২। কুলাপবাদ, লোকনিন্দা। শিং—১ "মা কৌলীনাদসিতনয়নে ময্যবিশ্বাসিনীভূঃ।" (মেঘদূত)। ২ "কৌলীনভীতেন গৃহান্নিরস্তা।" (রঘু)। ৩। গুহ্যদেশ। ৪। (কু পৃথিবী—লীন, ৭মী—ষ, ভূমিলগ্ন হেতু) পশুসর্পের যুদ্ধ।

কৌলীন্য (কুলীন+য(ঞ্য)—ভাবে) সং, ক্লীং, কুলীনত্ব, বংশ-মর্য্যাদা, বল্লালসেন-প্রতিষ্ঠিত কুলমর্য্যাদা।

কৌলেয় (কুল+এয়(ঢেয়)—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, সৎকুলজাত।

কৌলেয়ক (কুল বংশ+এয়(ঢেয়)—সংজ্ঞার্থে, কণ্—যোগ) বিং, ত্রিং, কুলীন। ২। (কুল গৃহ+এয়(ঢেয়), ক—প্রং। যে গৃহপালিত) সং, পুং, কুক্কুর।

কৌবের (কুবের+অ(ঞ)—ইদমর্থে) বিং, ত্রিং, কুবেরসম্বন্ধীয়। শিং—১"কৌবেরমথ যাম্যঞ্চ চক্রাতে বরুণস্য চ।" ২। সং, ক্লীং, কুড়গাছ। রী—স্ত্রীং, উত্তরদিক্। শিং—১ "দিগ্বিভাগেতু কৌবেরী দিক্ শিবাপ্রীতিদায়িনী।" ২ "ততঃ প্রতস্থে কৌবেরীম্।" ২। কুবেরশক্তি, মাতৃবিশেষ।

কৌশ (কুশ+অ(ঞ)—জননার্থে, যে স্থানে কুশ জন্মে) সং, ক্লীং, কান্যকুব্জ দেশ।

কৌশল } কৌশল্য } (কুশল+অ(ঞ), য(ঞ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, মঙ্গল। ২। নৈপুণ্য, দক্ষতা। শিং—১ "পরোক্ষং নাভিজানামি বিগ্রহং যুবয়োরহম্। অর্থতত্ত্বমবিজ্ঞায় কিং নু স্যাৎ কৌশলং মম।" ২ "সীমেব পদ্মাসন কৌশলস্য।" ৩। যুক্তি, উপায়। ৪। ছল, চাতুরী।

কৌশলিকা (কুশল+ইক(ঠিক)—ইদমর্থে) সং, স্ত্রীং, কুশল প্রশ্ন। ২। উপঢৌকন।

কৌশলেয় (কৌশল্যা দশরথের স্ত্রী+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, শ্রীরাম।

কৌশল্যা } কৌসল্যা } (কোশল ইহার পিতা+য(ঞ্য)—অপত্যার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রাম-মাতা।

কৌশল্যায়ন } কৌশল্যায়নি } (কৌশল্যা+আয়ন(ফায়ন), ই(ফি)—অপত্যার্থে) সং, পুং, রামচন্দ্র।

কৌশাম্বী (কুশাম্ব বৎসরাজ+অ(ঞ)—ইদমর্থে, ঈপ্) সং, স্ত্রীং, বৎসরাজনগরী, প্রয়াগ বা মগধের অন্তর্বর্ত্তী নগরবিশেষ। শিং—১ "কুশাম্বস্ত মহাতেজাঃ কৌশাম্বীমকরোৎ পুরীম্।" ২ "অস্তি বৎস্য ইতি খ্যাতো দেশঃ—কৌশাম্বী নাম তত্রাস্তি

মধ্যভাগে মহাপুরী।" ৩ "অস্তি গৌড়-বিষয়ে কৌশাম্বী নাম নগরী।"

কৌশিক } (কুশিক মুনিবিশেষ+অ(ষ্ণ)
কৌষিক } —অপত্যার্থে) সং, পুং, বিশ্বামিত্র। ২। (কোশ, কোষ+ইক(ষ্ণিক)—প্রং) ইন্দ্র। শিং—১"তদা প্রভৃতি দেবেশঃ কৌশিকত্বমুপাগতঃ।" (হরিবংশ)। ৩। সাপুড়ে। ৪। কোষকার, অভিধানজ্ঞ। ৫। পেঁচা। শিং—১ "প্রবিশ্য হেমাদ্রিগুহা গৃহান্তরং নিনায় বিভ্যদ্দিবসানি কৌশিকঃ।" ৬। বেজী। ৭। গুগ্‌গুল। ৮। শৃঙ্গাররস। ৯। মজ্জা। ১০। কোষাধ্যক্ষ। ১১। বিং, ত্রিং, রেশমী; যথা—"উড়িছে কৌষিক ধ্বজ।" ১০। কৌষিকবস্ত্র। কা—স্ত্রীং, চষক, পানপাত্র।

কৌশিকাত্মজ (কৌশিক ইন্দ্র—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্রপুত্র জয়ন্ত। ২। অর্জ্জুন। ৩। অশ্বকর্ণবৃক্ষ।

কৌশিকায়ুধ (কৌশিক ইন্দ্র—আয়ুধ ধনুঃ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ।

কৌশিকী (কৌশিক দেখ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বেহারের অন্তর্গত নদীবিশেষ; ইনি বিশ্বামিত্রের জ্যেষ্ঠা ভগিনী।—শিকী, ষিকী, দুর্গা জগদ্ধাত্রীমূর্ত্তি। তমোরূপী আদিশক্তি-কেই দুর্গা, কালী, কৌশিকী বলে। পুরাণে—কালিকার কায়কোষোদ্ভবা দেবী; নিশুম্ভ বধের জন্য ইহাঁর জন্ম হয়। শিং—১ "কৌশিকীতি সমাখ্যাতা ততো লোকেষু গীয়তে।" (দেবীমাহাত্ম্য)। ২। নাট্যে—রচনাবিশেষ।

কৌশিক্যোজঃ; সং, পুং, শাখোটবৃক্ষ, সেওড়াগাছ।

কৌশীলব্য (কুশীলব+য(ষ্ণ্য)—ইদমর্থে) সং, ক্লীং, কুশীলবের ব্যবসায়।

কৌশেয় } (কোশ-ষ+এয়(ষ্ণেয়)—ভবা-
কৌষেয় } র্থে) বিং, ত্রিং, কৃমি কোশোত্থ, রেসমী (বস্ত্রাদি)। শিং—১ "কৌশেয়ং ব্রজদপি গাঢ়তামজস্রং।" (মাঘ)। ২ "নির্নাভি কৌষেয়মুপাত্তবাণম্।" (কুমার)।

কৌসীদ্য (কুসীদ+য(ষ্ণ্য)—ভাবার্থে) সং, ক্লীং, আলস্য, তন্দ্রা।

কৌসুম্ভ (কুসুম্ভ+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, কুসুম্ভ। ২। বিং, ত্রিং, কুসুম্ভ রঙ্গে রঞ্জিত। "কৌসুম্ভং পৃথুকুচকুম্ভসঙ্গিবাসঃ।"

কৌসৃতিক (কুসৃতি কুহক, শঠতা+ইক (ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, কুহকী, বাজিকর। ২। শঠ।

কৌস্তুভ (কুস্তুভ [কু পৃথিবী—স্তুভ ব্যাপা +অ(ক)—ক] বিষ্ণু+অ(ষ্ণ)—ইদমর্থে। অথবা কুস্তুভ সমুদ্র + ষ্ণ—ভবার্থে) সং, পুং, কৃষ্ণের হৃদ্‌ভূষণ মণি। ২। মুদ্রা-বিশেষ।

কৌস্তুভবক্ষাঃ (—বক্ষস, কৌস্তুভ—বক্ষস্ বক্ষ, ৬ষ্ঠী—হিং। যাহার বক্ষঃস্থলে কৌস্তুভমণি বিরাজিত আছে) সং, পুং, বিষ্ণু।

ক্রকচ (ক্র অনুকরণ শব্দ—কচ্ শব্দ করা +অ(অন্)—ক। যে 'ক্র' এই শব্দ করে) সং, পুং—ক্লীং, করপত্র, করাৎ। শিং—১ "ক্রকচমিহ শরীরে বীক্ষ্য দাতব্যমদ্য।" ২। জ্যোতিষে—যোগবিশেষ। ৩। গ্রন্থিল-বৃক্ষ।

ক্রকচচ্ছদ } (ক্রকচ করপত্র—ছদ, পত্র=
ক্রকচপত্র } পাতা যাহার পাতা করাতের ন্যায় কাটা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কেয়া-ফুলের গাছ।

ক্রকচপাদ্ (ক্রকচ করপত্র—পাদ্ পা। করাতের ন্যায় পা যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কৃকলাস।

ক্রতু (কৃ করা + অতু—সংজ্ঞার্থে। অথবা অতু—র্ম্ম) সং, পুং, সোমরসসাধ্য যাগ, যজ্ঞ। শিং—১ "যজেত রাজা ক্রতুভি র্বিবিধৈরাপ্তদক্ষিণৈঃ।" ২। পূজা। ৩। সপ্তর্ষির এক জন। ৪। বৈশ্বদেববিশেষ। ৫। ইন্দ্রিয়। ৬। (সর্ব্বযজ্ঞস্বরূপ বলিয়া) বিষ্ণু। শিং—১ "যজ্ঞ ইজ্যো মহেজ্যশ্চ ক্রতুঃ সত্রং সতাংগতিঃ।" (বিষ্ণুসংহিতা)।

ক্রতুদ্বিট্ (ক্রতুদ্বিষ্, ক্রতু যজ্ঞ—দ্বিষ্ [দ্বিষ্ দ্বেষ করা+০(কিপ্)—ক] যে দ্বেষ করে) সং, পুং, অসুর।

ক্রতুধ্বংসী (ক্রতুধ্বংসিন্, ক্রতু যজ্ঞ—ধ্বন্স্ বিনষ্ট করা+ইন্ (ণিন্)—ক। যিনি দক্ষ-যজ্ঞ ধ্বংস করেন) সং, পুং, শিব।

তুপুরুষ ; সং, পুং, বিষ্ণু ।

তুভুক্ (ক্রতুভুজ্, ক্রতু যজ্ঞে দেয় দ্রব্যাদি —ভুজ্ যে ভোজন করে ) সং, পুং, দেবতা ।

তুরাজ (—রাজন্, ক্রতু—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ, সর্ব্বযজ্ঞের শ্রেষ্ঠ বলিয়া) সং,পুং, রাজসূয় যজ্ঞ । ২ । অশ্বমেধ যজ্ঞ ।

তুস্থলী ; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ, ইনি চৈত্র মাসে সূর্য্যরথে অবস্থান করেন ।

তূত্তম (ক্রতু—উত্তম, ৭মী—ষ) সং, পুং, রাজসূয় যজ্ঞ ।

থকৈশিক ; সং,পুং, বিদর্ভ দেশ । শিং—১ "প্রত্যুজ্জগাম ক্রথকৈশিকস্তং ।" (রঘু) ।

থন ( ক্রথ্ বধকরা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, মারণ, হিংসন । ২ । ছেদন । শিং—১ "রাজন্যোচ্চাংসকূটক্রথনপটুরট-ক্ষোরধারঃ কুঠারঃ ।" ৩ । পুং, দানবিশেষ। শিং—১ "ক্রথনশ্চ মহাবীর্য্যঃ ।" [উষ্ট্র ।

থনক (ক্রথন+ক(কণ্)—স্বার্থে) সং, পুং,

ন্দন (ক্রন্দ্ কাঁদা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, অশ্রুবিসর্জ্জন, বাষ্পবিমোচন, রোদন, কান্না । ২ । আহ্বান ।

ন্দিত ( ক্রন্দ্ কাঁদা+ত(ক্ত) - ভা ) সং, ক্লীং, ক্রন্দন । ২ । আহ্বান । ৩ । বিং, ত্রিং, যে রোদন করিতেছে, যে কাঁদিতেছে ।

ম (ক্রম্ গমন করা, পাদবিক্ষেপ করা+অ (অল্)—ভা) সং,পুং, অনুক্রম, পর্য্যায় । ২ । অবিচ্ছেদ । ৩ । প্রণালী, পদ্ধতি ; যথা —পূজার ক্রম । ৪ । পরে পরে যার পর যা এই নিয়ম । ৫ । আক্রমণ । ৬ । সঙ্কল্প । ৭ । বিক্রম, বল । ৮ । নিয়ম, বিধি । ৯ । ব্যবহার । ১০ । অতিক্রম । ১১ । পাদবিক্ষেপ, চলন । শিং—১"(হরিঃ) ক্রমং ববন্ধ ক্রমিতুম্ ।" ২ "ত্বয়া সজ্জীকৃতক্রমেণ স্থাতব্যম্ ।" ১২ । বৈদিক বিধান । ১৩ । শক্তি । ১৪ । অনুষ্ঠান ।

ক্রমণ ( ক্রম দেখ, অন(অনট্)—ণ ) সং, পুং, পাদ, চরণ । ২ । যদুবংশীয় নৃপবিশেষ । ৩ । (+অনট্—ভা) ক্লীং, পাদন্যাস, চলন । শিং—১ "পদৈশ্চতুর্ভিঃ ক্রমণোঽপি তস্য নঃ ।"

ক্রমদীশ্বর ; সং, পুং, সংক্ষিপ্তসার ব্যাকরণ কারক । শিং—১ "সংক্ষিপ্তসারমাচষ্টে পণ্ডিতঃ ক্রমদীশ্বরঃ ।"

ক্রমমাণ (ক্রম্ গমনকরা+আন(শান)—ক) বিং, ত্রিং, ইতস্ততো গমনশীল ।

ক্রমশঃ ( ক্রম+শস্(চশস্)—ব্যাপ্তিঅর্থে ) অং, ক্রিং—বিং, ক্রমে ক্রমে, অনুক্রমে, যার পর যা এই নিয়মে, শনৈঃশনৈঃ ।

ক্রমসংগ্রহ ; সং, পুং, শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার কৃত দায়াধিকারিক্রমজ্ঞাপক গ্রন্থবিশেষ ।

ক্রমসন্দর্ভ ; সং, পুং, অনুষ্ঠানজ্ঞান জ্ঞাপক গ্রন্থবিশেষ ।

ক্রমাগত (ক্রম—আগত, ৩য়া—ষ) বিং, ত্রিং, ক্রমানুসারে উপস্থিত, কুলপরম্পরাক্রমে আগত ; যথা—ক্রমাগত ধন । শিং—১ "তস্মিন্ দেশে য আচারঃ পারম্পর্য্যক্রমাগতঃ ।" (মনু) । ২ । পিতাপিতামহাদিক্রমে আগত । ৩ । যাহা অবাধে ঘটে, ধারাবাহিক, অবিশ্রান্ত ।

ক্রমানুভাবকতা ; সং, স্ত্রীং, যে শক্তি দ্বারা পর্য্যায় জ্ঞান হয় । [এই নিয়মে ঘটনা ।

ক্রমান্বয় ; ক্রিং—বিং, ক্রমে ঘটা, যার পর যা

ক্রমায়াত (ক্রম—আয়াত) বিং, ত্রিং, পুরুষপরম্পরায়াত ।

ক্রমি } ( ক্রম্ গমন করা + ই—ক,
ক্রিমি } সংজ্ঞার্থে । ই—আগম) সং, পুং, কীট, পোকা ।

ক্রমিক ( ক্রম+ইক—ভবার্থে ) বিং, ত্রিং, যাহা অবাধে ঘটে, ধারাবাহিক, ক্রমাগত । ক্রিং—বিং, অবাধে, অবিশ্রামে ।

ক্রমু } (ক্রম্ গমনকরা+উ, উক—ক,
ক্রমুক } সংজ্ঞার্থে) সং, পুং, পুগ, গুবাকবৃক্ষ, সুপারিগাছ । ২ । ব্রহ্মদারুবৃক্ষ । ৩ । ভদ্রমুস্তক । ৪ । (ক্রমুক+ষ্ণ) ক্লীং, গুবাক, সুপারি । কী—স্ত্রীং, গুবাক ।

ক্রমেল } (ক্রম্ গমন করা+এল—
ক্রমেলক } সংজ্ঞার্থে । অথবা ইল্ গমন করা+অ(ক)—ক, কণ্—যোগ) সং, পুং, উষ্ট্র,উট । শিং—১"ক্রমেলকঃ কণ্টকভুক্ ।"

ক্রয় (ক্রী ক্রয় করা+অ(অল্)—ভা) সং, পুং, মূল্য দিয়া বস্তু গ্রহণ, কেনা । শিং—

১ "নাগন্ কৃতযুগে তাত তদা ন ক্রয়-বিক্রয়ঃ।" ২ কৃত্বা চ ক্রয়বিক্রয়ম্।"

ক্রয়লেখ্য (ক্রয় — লেখ্য লিপি, দলিল) সং, ক্লীং, ভূম্যাদি ক্রয়ের লেখাপড়া, কবালা। শিং — ১ "পত্রং কারয়তে যস্তু ক্রয়লেখ্যং তদুচ্যতে।" (স্মৃতি)।

ক্রয়বিক্রয় (ক্রয় কেনা — বিক্রয় বেচা) সং, পুং, কেনা-বেচা। ২। বাণিজ্য, ব্যবসায়। "ঋণদানং তথাদানং বস্তূনাং ক্রয়বিক্রয়ম্।"

ক্রয়বিক্রয়িক (ক্রয়বিক্রয় + ইক(ষ্ণিক) — করোত্যর্থে) সং, পুং, বণিক্, বাণিজ্যকারক, ব্যবসায়ী।

ক্রয়ারোহ (ক্রয় কেনা — আ — রুহ্ উঠা + অ(ঘঞ্) — ধি) সং, পুং, হাট, বাজার।

ক্রয়িক (ক্রয় + ইক(ষ্ণিক) — করোত্যর্থে) সং, পুং, ক্রয়কারী, বণিক্। শিং — ১ "পর্য্যপ্রপতৎ ক্রয়িকলোক-মগণ্যপণ্যেতি।"

ক্রয্য(ক্রী ক্রয়করা + য(ক্যপ্) — র্ম্ম)বিং,ত্রিং, হট্টে প্রসারিত, ক্রেয়বস্তু, কিনিবার দ্রব্য।

ক্রবণ (ক্র শব্দ করা + অন(অনট্) — ক) বিং, ত্রিং, স্তুতিকারক, যে স্তব করে।

ক্রব্য (ক্রুপ্ পারক হওয়া + য — র্ম্ম। প = ব) সং, পুং — ক্লীং, মাংস। শিং — ১ "বেতালৈঃ ক্রব্যগন্ধিভিঃ।"

ক্রব্যঘাতন (ক্রব্য মাংস — ঘাতন [হন্-ঞি = ঘাতি + অন(অনট্) — র্ম্ম] বধ করণ। মাংসহেতু যাহার বধ হয়) সং, পুং, মৃগ, হরিণ।

ক্রব্যাদ্ } (ক্রব্য মাংস — অদ্ ভোজন
ক্রব্যাদ } করা + ০(ক্বিপ্), অ(অন্) — ক। যে আম মাংস ভোজন করে, ২য়া — ষ) সং, পুং, রাক্ষস। ২। মাংসাশী জন্তু। ৩। শ্যেনপক্ষী, গৃধ্রাদি। শিং — ১ "ক্রব্যাদ্গণ-পরীবারশ্চিতাগ্নিরিব জঙ্গমঃ।" ৪। সিংহ ব্যাঘ্র। "ক্রব্যাদ্ভিশ্চ হতস্যান্যৈঃ।" ৫। শবভক্ষক বহ্নিবিশেষ; যথা—ক্রব্যাদো মৃতভক্ষণে। ৬। বিং, ত্রিং, মাংসখাদক; মাংসাশী।

ক্রশিমা (ক্রশিমন্, কৃশ + ইমন্ — ভাবে) সং, পুং, কৃশতা, কার্শ্য। শিং — ১ "সুভ্রুবাং ক্রশিমশালিনি মধ্যে।" (মাঘ)।

ক্রশিষ্ঠ } (ক্রশীয়স্, কৃশ + ইষ্ঠ, ঈয়স্ —
ক্রশীয়ান্ } অত্যর্থে) বিং, ত্রিং, অতি কৃশ।

ক্রাকচিক (ক্রকচ + ইক(ষ্ণিক) — জীবিকার্থে। ক্রকচ দ্বারা যাহার জীবিকানির্ব্বাহ হয়) বিং, ত্রিং, ক্রকচোপজীবী, করাতি। "মায়ূরকা ক্রাকচিকাঃ বেধকারুচকা স্তথা।"

ক্রাথ (ক্রথ্ বধ করা + অ(ঘণ্) — ক) সং, পুং, দক্ষিণাপথেশ্বর রাহুগ্রহ। শিং — ১ "গ্রহস্তু সুষুবে যস্তু সিংহিকার্কেন্দুমর্দ্দনং। স ক্রাথ ইতি বিখ্যাতো বভূব মনুজাধিপঃ।" (ভারত)। ২। রাম-সেনাপতি বানরবিশেষ। ৩। নাগবিশেষ। ৪। (+ ঘঞ্ — ভা) মারণ।

ক্রান্ত (ক্রম্ গমন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। ২। অতিক্রান্ত। ৩। সংক্রান্ত। ৪। ব্যাপ্ত। শিং — ১ "ক্রান্তং রুচা কাঞ্চনবপ্রভাজা।" ৫। পাদেন্দ্রিয়। শিং — ১ "মনসীন্দুং দিশঃ শ্রোত্রে ক্রান্তে বিষ্ণুং বলে হরম্।" ৬। পুং, ঘোটক।

ক্রান্তি (ক্রান্ত দেখ তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, আক্রমণ। ২। গতি। ৩। পাদবিক্ষেপ। রাশিচক্রের মধ্যরেখা। ৪। বিষুবরেখা হইতে উত্তরে কর্কটক্রান্তি পর্য্যন্ত অথবা দক্ষিণে মকরক্রান্তি পর্য্যন্ত সূর্য্যের যে দূরত্ব। ৫। খগোলের মধ্যবর্ত্তি ঈষদ্বক্র গোল রেখা, যেখান দিয়া সূর্য্য গমন করেন। শিং — ১ "অয়নাদয়নং যাবৎ কক্ষা তির্য্যক্ তথাপরা। ক্রান্তিসংজ্ঞা তয়া সূর্য্যঃ সদা পর্য্যেতি ভাসয়ন্।"

ক্রান্তিপাত (Equinox) সং, পুং, বিষুবরেখা ও অয়নমণ্ডলের সংযোগ স্থল, পৃথিবী এই সংযোগস্থলে আসিলে দিবারাত্রি সমান হয়।

ক্রান্তিবলয়; সং, পুং, ক্রান্তিমণ্ডল, বিষুবরেখার ন্যায় অয়নমণ্ডলের চতুর্ব্বিংশতি ভাগ দক্ষিণে ও উত্তরে যে বলয়াকৃতি পরিধি বিদ্যমান আছে।

ক্রায়ক (ক্রী ক্রয় করা + অক(ণক) — ক) বিং, ত্রিং, ক্রয়কারক, ক্রেতা।

ক্রিমি } (ক্রম্ গমন করা + ই — ক, সং-
কৃমি } জ্ঞার্থে) সং, পুং, কীট, পোকা

য় (কৃ করা + অ(অল্) — ণ) সং, পুং, মেষরাশি।

য়মাণ (কৃ করা + আন(শান) — র্ম্ম) বিং, ত্রিং, যাহা করা যাইতেছে, যাহার অনুষ্ঠান হইতেছে, যাহা সম্পন্ন বা নিষ্পন্ন করা যাইতেছে, অনুষ্ঠীয়মান, সম্পাদ্যমান।

য়া (কৃ করা + অ(শ) — ভা, আপ্ — স্ত্রীং) সং,স্ত্রীং, কর্ম্ম, কার্য্য। ২। সামাদি উপায়-প্রয়োগ। ৩। প্রয়োগ। শিং — ১ "তস্মিন্নুপায়াঃ সর্ব্বে নঃ ক্রূরে প্রতিহতক্রিয়াঃ।" ৪। অনুষ্ঠান। শিং — ১ "বচসস্তস্য সপদি ক্রিয়া কেবলমুত্তরম্।" ৫। শিক্ষা। শিং — ১ "ক্রিয়া হি বস্তূপহিতা প্রসীদতি।" ৬। গর্ভাধানাদি সংস্কার। ৭। পূজা। ৮। শ্রাদ্ধ। ৯। চেষ্টা। ১০। অভ্যাস। ১১। অধ্যয়ন, দান, যজন প্রভৃতি। ১২। চিকিৎসা। শিং — ১"ক্রিয়াঃ (যোবা) সর্ব্বা গতায়ুষঃ।" ১৩। ব্যবহারাংশবিশেষ। ১৪। ধাত্বর্থবোধক পদ, ভবতি, করোতি, হওয়া, করা প্রভৃতি। শিং — ১ "অর্থেন পরিহীনস্য পুরুষস্যাল্পমেধসঃ। ক্রিয়াঃ সর্ব্বা বিনশ্যন্তি গ্রীষ্মে কুসরিতো যথা।" ২ "ঔৎসুক্যনিবৃত্ত্যর্থং যথা ক্রিয়াসু প্রবর্ত্ততে লোকঃ।" ১৫। ক্রিতুক সহধর্ম্মিণী কর্দ্দমের কন্যা।

য়াকার (ক্রিয়া অভ্যাস, কর্ম্ম — কার যে করে, ২য়া — য) সং, পুং, নূতন ছাত্র, যে বিদ্যাশিক্ষা করিতে আরম্ভ করিয়াছে। ২। বিং, ত্রিং, কর্ম্মকর্ত্তা।

য়াঙ্গ (ক্রিয়া — অঙ্গ) সং, ক্লীং, যে ক্রিয়াসিদ্ধাংশ কোন যন্ত্রে হস্তাদি দ্বারা সম্পন্ন হয় তাহাকে ক্রিয়াঙ্গ বলে; যেমন তবলা সেতার ইত্যাদি বাজান। ২। করুণ ও উৎসাহাদি যে ক্রিয়াতে থাকে।

য়াদ্বেষী (— ষিন্, ক্রিয়া — দ্বিষ্ দ্বেষ করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, কর্ম্মকাণ্ডের দ্বেষ্টা। ২। বিবাদস্থলে দলিলাদির দ্বেষকারক। শিং — ১ "লেখ্যঞ্চ সাক্ষিণশ্চৈব ক্রিয়া জ্ঞেয়া মনীষিভিঃ। তাং ক্রিয়াং দ্বেষ্টি যো মোহাৎ ক্রিয়াদ্বেষী স উচ্যতে।"

য়াফল (ক্রিয়া — ফল, ৬ষ্ঠী — য) সং, ক্লীং, কর্ম্মফল, ক্রিয়াজন্য পাপ পুণ্যাদিরূপ ফল।

ক্রিয়াবসন্ন (ক্রিয়া — অবসন্ন, ৩য়া — য) বিং, ত্রিং, সাক্ষী প্রভৃতি দ্বারা পরাজয়প্রাপ্ত।

ক্রিয়াবাদী (— দিন্, ক্রিয়া — বাদী যে বলে) বিং, ত্রিং, ফরিয়াদী।

ক্রিয়াবান্ (ক্রিয়াবৎ, ক্রিয়া + বৎ(বতু) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্ম্মেতে উদ্যোগী; যথা—"হে ভানো! তুমি ক্রিয়াবানের ক্রিয়া।"

ক্রিয়া-বিশেষণ; সং, ক্লীং, ক্রিয়ার বিশেষণ, যে পদদ্বারা ক্রিয়ার গুণ ভাব বা অবস্থা প্রকাশ হয়।

ক্রিয়াযোগ; সং, পুং, যোগের নিমিত্ত ক্রিয়মাণ দেব পূজাদি। ২। (মুক্তির কারণ যোগ, যোগের কারণ ক্রিয়া-যোগ)। "ক্রিয়াযোগস্তু যোগস্য পরমংতস্য সাধনম্।"

ক্রিয়াশক্তি; সং, স্ত্রীং, জগদুৎপত্তিবিষয়ে ঈশ্বরের শক্তিবিশেষ। [পৌনঃপুন্য।

ক্রিয়া-সমভিব্যাহার; সং, পুং, ক্রিয়ার ক্রিয়াসিদ্ধ (Practical) ব্যবহারের অনুযায়ী যে কার্য্য সম্পন্ন হয়। [ন্দ্রিয়।

ক্রিয়েন্দ্রিয়; সং, ক্লীং, বাক্যাদি পঞ্চ কর্ম্মে-

ক্রীড় — পুং, ক্রীড়া — স্ত্রীং } (ক্রীড়্ খেলা
ক্রীড়ন, ক্রীড়নক — ক্লীং } করা + অ(অল্),
অ, অন(অনট্) — ভা) সং, খেলন, খেলা। শিং — ১"ক্রীড়ারসং নির্ব্বিশতীব বাল্যে।" (কুমার)। ২ "সান্দ্রনু ক্রীড়মানানি পশ্যবৃন্দানি পক্ষিণাম্।" (ভট্টি)। ৩ "উদকক্রীড়নং নাম কারয়ামাস ভারত।" ২। (+ অনট্ — ণ) ক্রীড়াসাধন; যথা—"ক্রীড়নবন্নিরাকৃতঃ।" ৩। (+ কণ্ — স্বার্থে) ক্রীড়নে। "ক্রীড়সে ত্বং নরব্যাঘ্র বালেঃ ক্রীড়নকৈরিব।" ৪। পরিহাস। ৫। অবজ্ঞা।

ক্রীড়ক (ক্রীড়্ ক্রীড়াকরা + অক(ণক) — ক) বিং, ত্রিং, ক্রীড়াকারক, যে ক্রীড়া করে।

ক্রীড়ৎ (ক্রীড়্ ক্রীড়াকরা + অৎ(শতৃ) — ক) বিং, ত্রিং, যে ক্রীড়া করিতেছে, খেলৎ।

ক্রীড়নীয় (ক্রীড়্ + অনীয় — ণ) বিং, ত্রিং, ক্রীড়াসাধন, যাহা দ্বারা ক্রীড়া করা যায়। শিং — ১"ক্রীড়িতঃ ক্রীড়নীয়ানি দদুঃ পক্ষিগণাংশ্চহ।"

ক্রীড়াতাল ; সং, পুং, সঙ্গীত দামোদরোক্ত তালবিশেষ। শিং—১ "একএব প্লুতো যত্র ক্রীড়াতালঃ স উচ্যতে।"

ক্রীড়াযান ( ক্রীড়া—যান রথ, ৪র্থী—ষ ) সং, ক্লীং, পুষ্পরথ।

ক্রীড়ারথ (ক্রীড়া—রথ। ক্রীড়ার জন্য রথ) সং, পুং, পুষ্পরথ। শিং—১ "ক্রীড়ারথোহস্ত ভগবন্নুত সাংগ্রামিকো রথঃ।"

ক্রীত ( ক্রী ক্রয় করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ক্রয় করা বস্তু, মূল্য দিয়া যাহা লওয়া গিয়াছে। ২। সং, পুং, পুত্রবিশেষ।

ক্রীতক (ক্রীত+ক(কণ্)—স্বার্থে) সং, পুং, ক্রীতপুত্র, মূল্য দিয়া মাতা পিতার নিকট হইতে গৃহীত সন্তান।

ক্রীত-দাস (Slave) সং,পুং, কেনা গোলাম।

ক্রুঙ্ (ক্রুঞ্চ্, ক্রুনচ্ বক্র গমন করা, হিংসা করা+০(ক্বিপ্)—ক ) সং, পুং—স্ত্রীং, কোঁচবক।

ক্রুঞ্চ ( ক্রুনচ্ বক্র হওয়া+অ(ক)—ক ) সং, পুং, ক্রৌঞ্চপর্ব্বত। ঞ্চা—স্ত্রীং, বীণাবিশেষ।

ক্রুদ্ধ (ক্রুধ্ কোপ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্রোধবিশিষ্ট, কুপিত। ২। ক্লীং, ক্রোধ।

ক্রুধ্ } (ক্রুধ্ কোপকরা+০(ক্বিপ্)—ভা,
ক্রুধা } আপ্—স্ত্রীং ) সং, স্ত্রীং, ক্রোধ, কোপ। শিং—১ "ইতিক্রুধাহক্রুশ্যত তেন কেতকম্।" (নৈষধ)।

ক্রুমুক ; সং, পুং, গুবাক।

ক্রুশ্বা (ক্রুশ্বন্, ক্রুশ্ শব্দ করা+বন্(ক্বনিপ্)—ক) সং, পুং—স্ত্রীং, শৃগাল।

ক্রুষ্ট ( ক্রুশ্ ক্রন্দন করা+ত(ক্ত)—ভা ) সং, ক্লীং, ক্রন্দন। ২। রব, নাদ। ৩। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আহূত। ৪। শব্দিত। ৫। অভিশপ্ত।

ক্রূর (কৃৎ ছেদন করা+র(রক্)—ক, কৃৎ=ক্রূ) বিং, ত্রিং, নিষ্ঠুর, নির্দ্দয়। ২। ঘোর। ৩। কঠিন। ৪। পরদ্রোহী। ৫। নৃশংস। ৬। অশুভকর। শিং—১ "তস্যাভিষেকসম্ভারং কল্পিতং ক্রূরনিশ্চয়া।" (রঘু)। ২ "তস্মিন্নুপায়াঃ সর্ব্বে নঃ ক্রূরে-প্রতিহতক্রিয়াঃ।" (কুমার)। ৭। প্রথম, তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম, একাদশ রাশি, বিষম রাশি। ৮। গ্রহবিশেষ। ৯। ভুতাঙ্কুশ বৃক্ষ। ১০। রক্তকরবী। ১১। শ্যেনপক্ষী। ১২। কঙ্কপক্ষী।

ক্রূরকর্ম্মা (—কর্ম্মন্. ক্রূর—কর্ম্ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিষ্ঠুর। ২। ঘাতক। ৩। পুং, কটুতুম্বিনীবৃক্ষ।

ক্রূরগন্ধ ; সং, পুং, গন্ধক।

ক্রূরদৃক্ (ক্রূরদৃশ্, ক্রূর নিষ্ঠুর—দৃশ্ [দৃশ্ দেখা+০(ক্বিপ্)—ক] যে দেখে ) বিং, ত্রিং, দ্রোহকারক। ২। পিশুন, খল। ৩। হিংস্র। ৪। সং, পুং, শনৈশ্চর। ৫। মঙ্গলগ্রহ। শিং—১ "আরোবক্রঃ ক্রূরদৃক্ চাবনেয়ঃ।"

ক্রূরপ্রসাদন ( ক্রূর—প্রসাদন প্রসন্নতাপ্রাপক, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ক্রূরকেও শুশ্রূষাদি দ্বারা প্রীত করে, ভক্ত, দাস।

ক্রূররাবী (—রাবিন্, ক্রূর উগ্র—রু শব্দ করা+ইন্(ণিন্)—ক ) সং, পুং—স্ত্রীং, দ্রোণকাক, দাঁড়কাক।

ক্রূরলোচন ; সং, পুং, শনিগ্রহ।

ক্রূরাকৃতি ( ক্রূর—আকৃতি, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, ভীষণাকার, ভয়ঙ্কর মূর্ত্তিধারী। ২। সং, পুং, রাবণ।

ক্রেতব্য } (ক্রী ক্রয় করা+তব্য, য—
ক্রেয় } র্ম্ম) বিং,ত্রিং, কিনিবার যোগ্য।

ক্রেতা (ক্রেতৃ, ক্রী ক্রয় করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, ক্রয়কর্ত্তা, খরিদার।

ক্রোড় ( ক্রুড় ঘন হওয়া+অ(অন্)—ক ) সং, পুং, শূকর; যথা—"ক্রোড়কুলদশ্যমান।" ২। শনি। ৩। বৃক্ষকোটর। শিং—১ "হা হা হন্ত তথাপি জন্মবিটপিক্রোড়ে মনো ধাবতি।" ৪। বারাহীকন্দ। ক্লীং, ড়া—স্ত্রীং, বাহুর মধ্যভাগ। ২। কোল। ৩। বক্ষঃ। শিং—১ "তত্র তরৌ নির্ম্মিতনীড়ক্রোড়ে পক্ষিণঃ সুখং বর্ষাসু নিবসন্তি।" ২ "লক্ষ্মণস্য শিরঃ ক্রোড়ে সংস্থাপ্য।"

ক্রোড়-পত্র (Supplement) সং, ক্লীং, অতিরিক্ত পত্র, পুস্তকের কোন অংশ পতিত বা পরিত্যক্ত হইলে যে পত্রে লিখিয়া পুস্তকে যোজনা করিয়া দেওয়া যায়।

ক্রোড়পাদ ( ক্রোড় বক্ষঃ—পাদ পা, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্ক ; সং, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্ঘ্রি ( ক্রোড়—অঙ্ঘ্রি পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ। [আলিঙ্গন।

ক্রোড়ীকৃতি (ক্রোড়—চি—কৃতি) সং, স্ত্রীং,

ক্রোড়ীমুখ ; সং, পুং, গণ্ডার।

ক্রোথ ( ক্রুথ্ বধ করা+অ(অল্)—ভা) সং, পুং, হনন, বধ।

ক্রোধ (ক্রুধ্ দেখ, অ(অল্)—ভা) সং, পুং, দ্বেষ, কোপ। শিং—১ "প্রতিকূলেষু তৈক্ষ্ণ্যস্য প্রবোধঃ ক্রোধ উচ্যতে। সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে। ক্রোধাদ্ ভবতি সংমোহঃ।" ২। লোভের পুত্র, স্বীয় ভগিনী হিংসাকে বিবাহ করেন। পুত্রের নাম কলি, কন্যার নাম দুরুক্তি।

ক্রোধজ ( ক্রোধ—জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক) সং, পুং, মোহ। ২। অষ্টবিধ ব্যসন ; যথা—"পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষ্যাসূয়ার্থদূষণম্। বাগ্দণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোঽপি গণোঽষ্টকঃ।"

ক্রোধন ( ক্রুধ্ দেখ, অন—ক ) বিং, ত্রিং, সহসা যাহার ক্রোধ জন্মে, ক্রোধী, ক্রুদ্ধস্বভাব। শিং—১ "অক্রোধনো গোষু তথা দ্বিজেষু।" ২। সং, পুং, ভৈরববিশেষ।

ক্রোধমূর্চ্ছিত (ক্রোধ—মূর্চ্ছিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, ক্রোধে জ্ঞানশূন্য। শিং—১ "এবমুক্তাতু পার্থেন উর্ব্বশী ক্রোধমূর্চ্ছিতা।"

ক্রোধালু (ক্রোধ+আলু(আলুচ্)—শীলার্থে) বিং, ত্রিং, ক্রোধশীল। শিং—১ "ক্রোধালু বিপুলবলো নিশাবিহারী।"

ক্রোধী ( ক্রোধিন্, ক্রোধ+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, অল্পেই যাহার ক্রোধ জন্মে, যে সহসা ক্রুদ্ধ হইয়া উঠে।

ক্রোর (কোটি শব্দজ) সং, বিং, কুররপক্ষী। ২। একশত লক্ষ।

ক্রোশ ( ক্রুশ্ ক্রন্দন করা+অ(অল)—র্ম্ম) সং, পুং, ৮০০০ হাত পরিমাণ। ২। (+অল্—ভাবে) রোদন। ৩। আহ্বান।

ক্রোশন (ক্রোশ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ক্রন্দন, করুণধ্বনি, কাতর ধ্বনি। ২। আহ্বান।

ক্রোষ্টু ( ক্রোশ দেখ, তু(তুন্)—ক ) সং, পুং, ষ্ট্রী—স্ত্রীং, শৃগাল, শিয়াল। শিং—১ "উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টু ব্যাঘ্রবধমিব।"

ক্রৌঞ্চ ( ক্রুন্চ্+অ(ঞ)—স্বার্থে ) সং, পুং, বক, কোঁচবক। শিং—১ "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতং।" ২। সপ্ত দ্বীপের মধ্যে এক দ্বীপ। ৩। হিমালয়ের অংশ পর্ব্বতবিশেষ। শিং—১ "মৈনাকস্য সুতঃ শ্রীমান্ ক্রৌঞ্চঃ।" ৩। দৈত্য-বিশেষ। ৪। রাক্ষস-বিশেষ। ৫। অর্হৎদিগের ধ্বজা-বিশেষ। ঞ্চী—স্ত্রীং, স্ত্রী-বক। শিং—১"ক্রৌঞ্চীনামিব নারীণাং নিষাদস্তত্র শুশ্রুবে।" ২। কুররীপক্ষী।

ক্রৌঞ্চদারক } (ক্রৌঞ্চ অসুরবিশেষ, পর্ব্বত—দারক, দারণ যে
ক্রৌঞ্চদারণ } বিদারণ করে, ২য়া—ষ) সং, পুং, কার্ত্তিকেয়, কুমার। ২। পরশুরাম।

ক্রৌঞ্চপদা ; সং, স্ত্রীং, ২৫ অক্ষর ছন্দঃ।

ক্রৌঞ্চবধূ (ক্রৌঞ্চ—বধূ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বক-স্ত্রী ; যথা—"ক্রৌঞ্চবধূসহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিলা।"

ক্রৌঞ্চসূদন ( ক্রৌঞ্চ দৈত্যবিশেষ—সূদন সংহারক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। শিং—১ "রম্য দিব্যবপুর্দ্দেবঃ পাতু ত্বাং ক্রৌঞ্চসূদনঃ।"

ক্রৌঞ্চাদন ( ক্রৌঞ্চ কোঁচবক—অদন ভোজনীয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মৃণাল। ২। ঘেঁচু। ৩। চেঁচকো। ৪। পিপ্পলী। নী—স্ত্রীং, পদ্মবীজ।

ক্রৌঞ্চারণ্য ( ক্রৌঞ্চ—অরণ্য ) সং, ক্লীং, জনস্থানের ক্রোশত্রয় দূরস্থ অরণ্যবিশেষ। শিং—১ "ক্রৌঞ্চারণ্যং বিবিশতুর্গহনং তৌ মহৌজসৌ।"

ক্রৌঞ্চারাতি ( ক্রৌঞ্চ অসুরবিশেষ—অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

ক্রৌঞ্চারুণ ( ক্রৌঞ্চ ক্রৌঞ্চসদৃশ—অরুণ অব্যক্ত রক্তবর্ণ, ১মা—হিং ) সং, পুং, ব্যূহবিশেষ, কোঁচবকের ন্যায় আকারসম্পন্ন অরুণবর্ণ ব্যূহ।

ক্রৌর্য্য ( ক্রূর+য(ঞ্য)—ভাবে ) সং, ক্লীং, ক্রূরতা, খলতা।

ক্রৌশশতিক ( ক্রোশ—শত+ইক—(ষ্ণিক) —প্রং ) বিং, ত্রিং, শতক্রোশ গমনকারী।

ক্লম—পুং } ( ক্লম্ ক্লান্ত হওয়া+অ
ক্লান্তি—স্ত্রীং } (অল্), তি(ক্তি)—ভা) সং, আয়াস, শ্রম। ২। খেদ, উৎকট পরিশ্রম করিয়া নির্ব্বীর্য্য হওয়া বা গ্লানি বোধ করা।

ক্লমথ ( ক্লম দেখ, অথ—ভাবে ) সং, পুং, শ্রম, ক্লান্তি।

ক্লান্ত ( ক্লম দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, যে ব্যক্তি উৎকট পরিশ্রম করিয়া নির্ব্বীর্য্য হইয়াছে, শ্রমাদি দ্বারা যাহার শরীরের অত্যন্ত গ্লানি বোধ হইয়াছে, ক্লান্তিযুক্ত, অতিশয় শ্রান্ত। ২। ম্লান।

ক্লিন্ন ( ক্লিদ্ আর্দ্র হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, আর্দ্র, ভিজা। ২। ক্লেদযুক্ত।

ক্লিশিত, ক্লিষ্ট (ক্লিশ্ দুঃখিতহওয়া+ত(ক্ত) —ক) বিং,ত্রিং, যে ক্লেশ ভোগ করিয়াছে, ক্লেশপ্রাপ্ত, কষ্টপ্রাপ্ত। ২। ক্লান্ত। ৩। ক্ষীণ, কৃশ।

ক্লিশ্যমান (ক্লিশ্ দুঃখিতহওয়া+আন্(শান) —র্ম্ম) বিং, ত্রিং, যে ক্লেশ পাইতেছে।

ক্লীতক ; সং, ক্লীং, মধুক, যষ্টিমধু।

ক্লীব ( ক্লীব্ কুণ্ঠিত হওয়া+অ(ক)—ক ) সং, পুং—ক্লীং, যাহার পুরুষত্ব নাই। ২। নপুংসক, স্ত্রী-পুংভিন্ন। শিং—১ "ন মূত্রং ফেনিলং যস্য বিষ্ঠাচাপ্সু নিমজ্জতি। মেঢ়শ্চোন্মাদ শুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ স উচ্যতে।" ৩। ক্লীং, পাপ। ৪। বিং, ত্রিং, অক্ষম। ৫। বিক্রমহীন। ৬। পৌরুষহীন, কাপুরুষ। ৭। ব্যর্থ, নিষ্ফল। ৮। কাতর (বাক্য)। [ক্লীবের ভাব।

ক্লীবতা ( ক্লীব দেখ, তা—ভাবে ) সং, স্ত্রীং,

ক্লীবলিঙ্গ ( ক্লীব—লিঙ্গ ব্যঞ্জক ) সং, পুং, স্ত্রীপুরুষ ভিন্নবাচক।

ক্লেদ ( ক্লিন্ন দেখ, অ(অল্)—ভা ) সং, পুং, ক্লিন্নতা, সমলতা। ২। (+অ(অন্)—ক) মলযুক্ত জল। ৩। পুয়াদি। শিং—১ "সত্তৌ কুশলবোম্মৃষ্ট গর্ভক্লেদৌ তদাখ্যয়া।" ৪। আর্দ্রীভাব। শিং—১ "পদচ্যুতস্য তস্যৈব ক্লেদক্লেশাকরাবুভৌ।"

ক্লেদিত (ক্লিন্ন দেখ, ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, আর্দ্র।

ক্লেদু ( ক্লিন্ন দেখ, উ—সংজ্ঞার্থে ) সং, পুং, চন্দ্র।

ক্লেশ (ক্লিশিত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, কষ্ট, দুঃখ। ২। যন্ত্রণা, শ্রম। শিং—১ "যংমাতাপিতরৌ ক্লেশং সহেতে সংভবে নৃণাম্।" ৩। অবিদ্যা,অস্মিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ—এই পঞ্চবিধ। ৪। কোপ। ৫। ব্যবসায়।

ক্লেশিত ( ক্লিশিত দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ক্লেশপ্রাপ্ত। ২। যাহাকে ক্লেশ দেওয়া হইয়াছে।

ক্লৈব্য (ক্লীব+য(ঞ্য) ভাবে) সং, ক্লীং, পুরুষহীনতা, ক্লীবত্ব, কাপুরুষতা। ২। নিষ্ফলত্ব। ৩। কাতরতা। শিং—১"ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ। নৈতৎ ত্বয্যুপপদ্যতে। ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ।"

ক্লোম (ক্লোমন্, ক্লু গমন করা+মন্—সংজ্ঞার্থে) সং, পুং, মূলাধার। ২। ফুস্ফুস্। ৩। পিত্তকোষ। শিং—১"যকৃচ্চ ক্লোমানশ্চ হৃদয়স্যাধস্তাদ্দক্ষিণোত্তরৌ মাংসখণ্ডৌ। ক্লোমান ইতি নিত্যং (!) বহুবচনমেক স্মিন্নেব।" ২ "বাহ্বোর্দ্বয়োর্মধ্যে বক্ষঃ। তন্মধ্যে হৃদয়ং তৎপার্শ্বে ক্লোম পিপাসাস্থানম্।"

ক্লোমতুণ্ডী (Physostomata) যাহাদের দেহস্থ বায়ুক্লোম মুখের সহিত সংলগ্ন থাকে। এই শ্রেণীস্থ মৎস্যদিগের ডানায় অস্থি শলাকা থাকে না, যথা—বাইন মৎস্য।

ক্লোমশ্বাসী ( Pulmonaria ) যাহারা ত্বক্ কোষ দ্বারা শ্বাস কর্ম্ম নিষ্পন্ন করে। ইহাদের চক্ষুর সংখ্যা ৬ বা ৮। যথা—সামান্য মাকড়্সা, কাঁকড়া, বিছা প্রভৃতি।

ক্ব (সপ্তম্যন্ত কিম্ শব্দজ) অং, ক্রিং—বিং, কোথায়, কোন্ স্থানে। শিং—১ "ক্ব যাস্যসি।" ২ "ক্ব সূর্য্যপ্রভবো বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ।" ৩"জাতি মাত্রেণ কিং কশ্চিদ্ধন্যতে পূজ্যতে ক্বচিৎ।" ৪ "কাসি কুত্রাসি।" ৫ "যদুপতেঃ ক্ব গতা মথুরা-পুরী।"

ক্বচন } (ক্ব+চন, চিৎ—অসাকল্যার্থে)
ক্বচিৎ } অং, ক্রিং—বিং, কোনস্থানে। ২। কোথাও। ৩। কোন অংশে। ৪। কখন। শিং—১ "ক্বচিৎ তুষ্টঃ ক্বচিদ্রুষ্টঃ তুষ্টোরুষ্টঃ ক্ষণে ক্ষণে। অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোঽপিভয়ঙ্করঃ।"

ক্বণ—পুং } (ক্বণ্ শব্দ করা+অ(অল্),
ক্বণন—ক্লীং } অন(অনট্), অ(ঘঞ্)—ভা)
ক্বাণ—পুং } সং, বীণাদির ধ্বনি। ২। নাদ, শব্দ, ধ্বনি। ৩। ক্ষুদ্র হণ্ডিকা, ছোট হাঁড়ি। ৪। বিং, ত্রিং, শব্দকারক।

ক্বণিত (ক্বণ দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ধ্বনি। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শব্দায়-মান, ধ্বনিত।

ক্বথিত (ক্বাথ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অগ্নিসিদ্ধ, পক্ব। ২। কর্ষিত। ৩। (+ক্ত —ভাবে) সং, ক্লীং, ক্বাথ।

ক্বাচিৎক (ক্বচিৎ+ক—ভবত্যর্থে) বিং, ত্রিং, কোন স্থানে বা কোন সময়ে যাহা ঘটে।

ক্বাথ (ক্বথ্ পাক করিয়া ক্বাথ বাহির করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, জলে ফেলিয়া জ্বাল দিয়া বস্তুর যে সার নির্গত করা যায়, নির্য্যাস। ২। (+ঘঞ্—র্ম্ম) সিদ্ধ বস্তুর রস। ৩। (+ঘঞ্—ক) দুঃখ, ব্যসন।

ক্ষ (ক্ষি বা ক্ষৈ ক্ষীণ হওয়া। অথবা ক্ষজ্ দান করা, গমন করা+অ(ড)—ক) সং, পুং, ক্ষত্রিয়। ২। নৃসিংহ। ৩। রাক্ষস। ৪। বিদ্যুৎ। ৫। (+অ—র্ম্ম) প্রলয়।

ক্ষণ (ক্ষণ্ বধ করা + অ(অন্)—ক) সং, পুং, কালের অংশ-বিশেষ; যথা—অষ্টাদশ নিমেষে এক কাষ্ঠা, ত্রিংশৎ কাষ্ঠায় এক কলা, ত্রিংশৎ কলায় এক ক্ষণ, দ্বাদশ ক্ষণে এক মুহূর্ত্ত, ত্রিংশৎ মুহূর্ত্তে এক অহোরাত্র। ২। কালের অত্যল্প অংশ অতি সূক্ষ্ম কাল; যথা—শুভক্ষণ, অশুভক্ষণ। ৩। অবসর, অব-কাশ। ৪। সুযোগ। ৫। পর্ব্ব। ৬। ব্যা-পার। ৭। (+অল্—ভা) উৎসব। শিং—১"গার্হস্থ্যমুচিতং ত্বেকং শূদ্রস্য ক্ষণমাচ-রেৎ।" ২"অস্মিন্ ক্ষণে বিস্মৃতং খলু ময়া।" ২ "জগদ্বিলক্ষণেক্ষণেক্ষণে ক্ষণে মদীয়কং, কদম্বকোরকদ্বয়ং ন গোপি গোপিতং কুরু। ইদং নিগদ্য রাধিকাং পয়োধরাম্বরং হরন্ কলিন্দনন্দিনী তটে ননন্দনন্দনন্দনঃ।"

ক্ষণজন্মা (—জন্মন্, ক্ষণ শুভক্ষণ—জন্ম) সং, পুং, যাহার শুভক্ষণে জন্ম হইয়াছে, অসাধারণ ক্ষমতাপন্ন, অতিশয় সৌভাগ্য-শালী, সর্ব্বসুলক্ষণাক্রান্ত।

ক্ষণদ (ক্ষণ যাত্রাদিসময়—দা দানকরা+অ (ড)—ক) সং, পুং, দৈবজ্ঞ, গণক। ২। ক্লীং, জল। দা—স্ত্রীং, রাত্রি। শিং—১ "কম-লিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বি-কলা ক্ষণদাক্ষয়ে।" ২"ক্ষণদাপায় শশাঙ্ক-দর্শনিঃ।" (রঘু)। ২। হরিদ্রা।

ক্ষণদাকর (ক্ষণদা রাত্রি—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।

ক্ষণদাচর (ক্ষণদা রাত্রি—চর যে ভ্রমণ করে, ৭মী—ষ) সং, পুং, নিশাচর, রাক্ষস। শিং—১ "সাঁন্ত্বিতা ধর্ম্মরাজেন প্রসেদুঃ ক্ষণদাচরাঃ।" (ভারত)।

ক্ষণদ্যুতি (ক্ষণ—দ্যুতি দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

ক্ষণধ্বংসী (ক্ষণধ্বংসিন্, ক্ষণ—ধ্বন্স্ বি-নষ্ট হওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, একক্ষণে অর্থাৎ অত্যল্প সময়ে যাহারধ্বংস হয়, উৎপত্তির পরক্ষণেই যাহার ধ্বংস হয়, ক্ষণিক। [ক্লীং, হত্যা, বধ।

ক্ষণন (ক্ষণ দেখ, অন(অনট্)—ভা) সং,

ক্ষণনিঃশ্বাস (ক্ষণ সময়—নিঃশ্বাস। যাহার ক্ষণকাল নিঃশ্বাস, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার, শুশুক।

ক্ষণপ্রভা (ক্ষণ সময়—প্রভা দীপ্তি। যা-হার ক্ষণকাল প্রভা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ; যথা—"ক্ষণপ্রভাসম মুহু আসে রতনসম্ভবা বিভা।"

ক্ষণভঙ্গুর (ক্ষণ সময়—ভঙ্গুর ভঙ্গশীল) বিং, ত্রিং, অত্যল্প সময়ের মধ্যে যাহার ভঙ্গ অর্থাৎ ধ্বংস হইয়া যায়, ক্ষণমাত্র-স্থায়ী। শিং—১ "শরীরং ক্ষণভঙ্গুরম্।" রা—স্ত্রীং, বিদ্যুৎ।

ক্ষণরামী (ক্ষণ্রামিন্, ক্ষণ সময়—রম্ ক্রীড়া করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, কপোত, পারাবত।

ক্ষণিক (ক্ষণ+ইক(ঞিক)—প্রং) বিং, ত্রিং, ক্ষণমাত্র স্থায়ী, অত্যল্প সময়ে যাহা ধ্বংস হইয়া যায়; যথা—ক্ষণিক সুখ।

ক্ষণিনী (ক্ষণ+ইন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রাত্রি, রজনী।

ক্ষত (ক্ষণ্ আঘাত করা+ত(ক্ত)—র্ম্ম)সং, ক্লীং, ব্রণ, ঘা। ২। আঘাত, প্রহার। ৩। আঘাত অথবা প্রহার দ্বারা যে স্থান হইতে রক্ত নির্গত হইয়াছে। ৪। বিং, ত্রিং, ভগ্ন। ৫। বিদারিত। ৬। ব্যথিত। ৭। যেখানে আঘাত লাগিয়াছে, আহত ৮। দষ্ট। শিং—১ "ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা।" (রঘু)। ৯। বিদ্ধ। ১০। নষ্ট। ১১। নিষ্পিষ্ট। শিং—১ "সদাবগাহক্ষতবারিসঞ্চয়।" ২ "নিশাঃ ক্ষতনীলরাজয়ঃ।" ৩ "ক্ষতাৎ খলু ত্রায়ত ইত্যুদগ্রঃ।" ৯। (+ক্ত—ভাবে) ক্লীং, ঘর্ষণ। শিং—১ "ক্ষতোজ্জ্বলাঙ্গুষ্ঠনখাংশুভিন্নয়া।"

ক্ষতজ (ক্ষত ঘা—জ যে জন্মে, ৫মী—ষ) সং, ক্লীং, রুধির, রক্ত। ২। পূঁয়। শিং —১ "সচ্ছিন্নমূলঃ ক্ষতজেন রেণুঃ।" ৩। কাসরোগবিশেষ, ক্ষয়কাস।

ক্ষতবিক্ষত (ক্ষত—বিক্ষত) বিং, ত্রিং, যাহার সর্ব্বশরীরে আঘাত লাগিয়াছে অথবা তদ্দ্বারা যাহার শরীর অবশ হইয়াছে। ২। যে শরীরের সর্ব্বাংশে আঘাত লাগিয়াছে।

ক্ষতব্রত (ক্ষত ভগ্ন—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নষ্টব্রত, নিয়মভঙ্গকারী।

ক্ষতাশৌচ (ক্ষত—অশৌচ, ৪র্থী—ষ) সং, ক্লীং, ক্ষতনিমিত্তক অশৌচ।

ক্ষতি (ক্ষত দেখ, তি(ক্তি)—ভা, র্ম্ম) সং, স্ত্রীং, অপচয়, হানি। ২। নাশ। ৩। ক্ষয়। ৪। অস্ত্রাদি চিহ্ন। ৫। ক্ষত। শিং—১ "জলমুচি বিতরণবিমুখে কা ক্ষতিরস্ত্যখিলাম্বুপাতণাম্। কেবলঘনরসভক্ষী চাতকপক্ষীকমাশ্রয়তি।" ২ "ন কাচস্য কৃতে জাতু যুক্তা মুক্তামণেঃ ক্ষতিঃ।"

ক্ষতোদর (ক্ষত—উদর) সং, পুং, উদররোগবিশেষ।

ক্ষত্তা (ক্ষত্তৃ, ক্ষদ্ সম্বরণ করা+তৃ(তৃন্)—ক। যে অশ্ব বা দ্বার সংবরণ করে) সং, পুং, সারথি। ২। দ্বারপাল। শিং—১ "ততো হৃষ্টো মৎস্যরাজঃ ক্ষত্তারমিদমব্রবীৎ।" ৩। ক্ষত্রিয়া বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান। ৪। দাসীপুত্র, বিদুর। ৫। মৎস্য। ৬। কোষাধ্যক্ষ। ৭। বিধাতা। ৮। বিং, ত্রিং, নিযুক্ত।

ক্ষত্র, ক্ষত্র (ক্ষদ্ রক্ষা করা+ত্র—ক। অথবা ক্ষদ্ +০(ক্বিপ্)—ক= ক্ষৎ—ত্রৈ ত্রাণ করা+ অ(ড)—ক। সুবিধার জন্য ক্ষত্রও লেখা যায়। পৃথু রাজা প্রাণিগণকে ক্ষত হইতে পরিত্রাণ করিয়া স্বীয় ক্ষত্রিয়ত্ব সাধন সার্থক করিয়াছেন বলিয়া) সং, পুং, দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয় জাতি। শিং —১ "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ।" ২ "যচ্চ রোষাভিভূতেন ক্ষত্রমুৎসাদিতং ময়া।" ২। ক্লীং, শরীর।

ক্ষত্রকর্ম্ম (কর্ম্মন্, ক্ষত্র—কর্ম্মন্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ক্ষত্রিয়ের কর্ম্ম। ২। ক্ষত্রোচিত কার্য্য। শিং—১ "শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্। দানমীশ্বরভাবশ্চ ক্ষত্রকর্ম্ম স্বভাবজম্।" (গীতা)।

ক্ষত্রধর্ম্ম; সং, পুং, ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহস পুরুষকার প্রভৃতি। ২। ধৃষ্টদ্যুম্নের পুত্র।

ক্ষত্রভৃৎ (ক্ষত্র—ভৃৎ [ভৃ ভরণ করা+০ (ক্বিপ্)—ক] যে ভরণ করে) বিং, ত্রিং, ক্ষত্রপালনকর্ত্তা।

ক্ষত্রবন্ধু (ক্ষত্র+বন্ধু—নিন্দিতার্থে) বিং, ত্রিং, ক্ষুদ্র ক্ষত্রিয়, নিন্দিত ক্ষত্রিয়। শিং —১ "ব্রাহ্মণং কুশলং পৃচ্ছেৎ ক্ষত্রবন্ধুমনাময়ম্।"

ক্ষত্রবিদ্যা; সং, স্ত্রীং, ধনুর্ব্বেদ।

ক্ষত্রান্তক (ক্ষত্র—অন্তক নাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরশুরাম। শিং—১ "ক্ষত্রান্তকস্যাভিভবেন চৈব।" (ভট্টি)।

ক্ষত্রিয় (ক্ষত্র+ইয়—স্বার্থে। ক্ষত্র অর্থাৎ অরাজকজনিত উপদ্রবাদি হইতে ত্রাণ করে এই অর্থে ক্ষত্রিয়) সং, পুং, দ্বিতীয় বর্ণ, ব্রহ্মার বাহুজাতবর্ণ; ইহাদের ধর্ম্ম—অধ্যয়ন, যজন, দান ও যুদ্ধ। জীবিকা—প্রজারক্ষণ, গার্হস্থ্য, ব্রহ্মচর্য্য ও বানপ্রস্থ। ক্ষত্রিয়গণের অন্য নাম কায়স্থ; যথা—"বাহুভ্যশ্চ ক্ষত্রিয়া জাতাঃ কায়স্থা জগতী তলে।" (শব্দকল্পদ্রুম)। শিং—১ "ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ।" ২ "প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেবচ। বিষয়েষ্ব প্রসক্তিং চ ক্ষত্রিয়স্য সমাসতঃ (অকল্পয়ৎ)।" য়া, য়াণী—স্ত্রীং, ক্ষত্রিয়জাতি-স্ত্রী। য়ী—স্ত্রীং, ক্ষত্রিয়ের পত্নী।

ক্ষত্রী (ক্ষত্রিন্, ক্ষত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষত্রিয় জাতি।

ক্ষন্তব্য (ক্ষম দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষমার যোগ্য, ক্ষমা করিবার উপযুক্ত; যে বিষয়ে ক্ষমা করা উচিত; যে বিষয়ে ক্ষমা করিতে হইবেক। শিং—১ "ক্ষন্তব্যো মেহপরাধঃ শশধরবদনে।" ২ "ক্ষন্তব্যং প্রভুণা নিত্যং ক্ষিপতাং কার্য্যিণাং নৃণাম্।"

ক্ষন্তা (ক্ষন্তৃ, ক্ষম্ সহ্য করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, সহিষ্ণু, ক্ষমাশীল। শিং—১ "যে ক্ষন্তারো নাভিজল্পন্তি চান্যান্।"

ক্ষপণ (ক্ষপণক দেখ, অন(অনট্)—ভা) বিং, ত্রিং, নির্লজ্জ, লজ্জাহীন। ২। ক্লীং, ত্যাগ।

ক্ষপণক (ক্ষপ্ [লজ্জা] ক্ষেপণ করা+অন—ক। কণ্—স্বার্থে) সং, পুং, বৌদ্ধ বিশেষ, বৌদ্ধ-সন্ন্যাসী। ২। নাস্তিক মতপ্রচারক। ৩। নির্লজ্জ। শিং—১ "সোহপশ্যদথ পথি নগ্নং ক্ষপণকমাগচ্ছন্তম্।" ২ "নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি।" ৪। নবরত্নের অন্তর্গত দ্বিতীয় রত্ন; যথা—ধন্বন্তরি-ক্ষপণকামরসিংহশঙ্কু-বেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ। খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানিবৈ বররুচি র্নব বিক্রমস্য।

ক্ষপণী (ক্ষপ্ ক্ষেপণ করা+অন(অনট্)—র্ম্ম। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ক্ষেপণী, দাঁড়।

ক্ষপা (ক্ষপ্ ক্ষেপণ করা+অ(অন্)—ক। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রাত্রি। শিং—১ "দিনক্ষপামধ্যগতেব সন্ধ্যা।" (রঘু)। ২ "ক্ষপাতমস্কাণ্ডমলীমসং নভঃ।" ২। হরিদ্রা।

ক্ষপাকর (ক্ষপা—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র, চাঁদ। ২। কর্পূর।

ক্ষপাচর (ক্ষপা—চর যে গমন করে) সং, পুং, রাক্ষস। শিং—১ "নির্য্যাণে চ মতিং কৃত্বা নিধায়াসিং ক্ষপাচরঃ।"

ক্ষপাট (ক্ষপা রাত্রি—অট্ বিচরণ করা +অ(অন্)—ক। যাহারা রাত্রিতে চরে, ৭মী—ষ) সং, পুং, রাক্ষস, নিশাচর, রাত্রিচর। শিং—১ "ততঃক্ষপাটৈঃ পৃথুপিঙ্গলাক্ষৈঃ খং প্রাবৃষেণ্যৈরিব চানশেহৈভ্রৈঃ।"

ক্ষপানাথ, ক্ষপাপতি (ক্ষপা—নাথ, পতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিং—১ "ক্ষিপ্রং ক্ষপানাথ ইবাধিরূঢ়।" ২। কর্পূর।

ক্ষপিত (ক্ষপ্-ণি=ক্ষপি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত। ২। যাপিত, অতিবাহিত। ৩। দগ্ধ।

ক্ষম (ক্ষম্ সহ্য করা+অ(অল্)—ভা) সং, ক্লীং, যোগ্যতা, উপযুক্ততা। ২। (+অন্—ক) বিং, ত্রিং, নিপুণ, সমর্থ; যথা—কার্য্যক্ষম। ৩। হিত। ৪। সহিষ্ণু। ৫। উপযুক্ত, যোগ্য; যথা—মার্জ্জনক্ষম অপরাধ। শিং—১ "মহান্ত এব মহতামর্থং সাধয়িতুং ক্ষমাঃ।"

ক্ষমতা (ক্ষম+তা—ভাবে) সং, স্ত্রীং, যোগ্যতা, উপযুক্ততা। ২। সামর্থ্য, শক্তি। ৩। অর্থপ্রকাশসামর্থ্য।

ক্ষমা (ক্ষম দেখ, অ(ঙ)—ভা) সং, স্ত্রীং, শান্তি, নিবৃত্তি। ২। অপকার-সহন। ৩। অপরাধ গ্রাহ্য না করা, কেহ অপরাধ করিলে কুপিত হইয়া তদনুযায়ী কর্ম্ম না করা, কেহ অপরাধ করিলে তাহার প্রতি কোপ না করা, মার্জ্জনা। ৪। তিতিক্ষা। ৫।

সহিষ্ণুতা। শিং—১ "বাহ্যে বাধ্যাত্মিকে চৈব দুঃখে চোৎপাতিকে কচিৎ। ন কুপ্যতি ন বা হন্তি সা ক্ষমা পরিকীর্ত্তিতা।" ২ "ক্ষময়া পৃথিবী সমঃ।" ৬। পৃথিবী। ৭। দুর্গা। শিং—১ "দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে।" ৮। রাত্রি।

ক্ষমাবান্ (ক্ষমাবৎ, ক্ষমা+বৎ(বতু)—শীলার্থে) বিং, ত্রিং, ক্ষমাশীল, সহিষ্ণু। শিং—১ "একঃ ক্ষমাবতাং দোষো দ্বিতীয়ো নোপপদ্যতে।"

ক্ষমিতা, ক্ষমী, ক্ষন্তা (ক্ষমিতৃ, ক্ষমিন্, ক্ষন্তৃ, ক্ষম্ সহ্য করা+তৃ(তৃন্), ইন্(ণিন্), তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, সহিষ্ণু, ক্ষমাশীল। ২। সমর্থ।

ক্ষম্য (ক্ষম দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষমার যোগ্য। ২। উপেক্ষ্য।

ক্ষয় (ক্ষি ক্ষীণ হওয়া, বাস করা+অ(অল্)—ভা) সং, পুং, অপচয়। ২। হ্রাস। ৩। ধ্বংস, নাশ। ৪। ক্রমে লোপ হওয়া; যথা—রোগে শরীরক্ষয়। ৫। অন্ত। "ক্ষিপ্রমেব গমিষ্যাবস্ত্বয়া হীনৌ যমক্ষয়ম্।" ৬। (+অল্—ধি) কল্পান্ত, প্রলয়। ৭। ক্ষয়রোগ, ক্ষয়কাস; এই রোগে শরীর ক্রমে ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়। ৮। গৃহ, নিবাসস্থান। ৯। বৎসর-বিশেষ। ১০। মাসবিশেষ।

ক্ষয়ঙ্কর (ক্ষয়ং ক্ষয়কে—কর যে করে) বিং, ত্রিং, ক্ষয়কারক, শত্রু। শিং—১ "শত্রুপক্ষঃ ক্ষয়ঙ্করঃ।" [পুং, কাসরোগ।

ক্ষয়থু (ক্ষি ক্ষীণ হওয়া+অথু—ধি) সং,

ক্ষয়-পক্ষ; সং, পুং, কৃষ্ণপক্ষ, যে পক্ষে চন্দ্রের কলা হ্রাস হয়। শিং—১ "ক্ষয়পক্ষ ইবৈন্দবীঃ কলাঃ।"

ক্ষয়মাস; সং, পুং, দ্বিসংক্রমণযুক্ত চান্দ্রমাস।

ক্ষয়রোগ; সং, পুং, যক্ষ্মারোগ। "ব্রহ্মহা ক্ষয়রোগী স্যাৎ সুরাপঃ শ্যাবদন্তকঃ।"

ক্ষয়বায়ু (ক্ষয়—বায়ু, ৬ষ্ঠী—য) সং, পুং, প্রলয়কালের বায়ু। শিং—১ "যুদ্ধান চেতন্ ক্ষয়বায়ুকল্পান্।" (ভট্টি)।

ক্ষয়শীল (ক্ষয়—শীল) বিং, ত্রিং, ক্রমে ক্ষয় হওয়া যার স্বভাব, যার ক্রমে ক্ষয় হইয়া যায়।

ক্ষয়িত (ক্ষয়ি ক্ষীণ হওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নাশিত। ২। হ্রাসিত। ৩। (ক্ষয়+ইত—যুক্তার্থে) ক্ষয়প্রাপ্ত।

ক্ষয়ী (ক্ষয়িন্, ক্ষয়+ইন্—স্থিত্যর্থে) বিং, ত্রিং, ক্ষয়শীল, নশ্বর। শিং—১ "সতু তৎসমবৃদ্ধিশ্চ ন চাভূৎ তাবিব ক্ষয়ী।"

ক্ষয্য (ক্ষয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষয়যোগ্য। ২। বিনাশ্য।

ক্ষর (ক্ষর্ ফোঁটা ফোঁটা পড়া+অ(অল্)—ভা) সং, পুং, স্যন্দন। ২। ক্ষরণ। ৩। স্বেদন। ৪। নাশ। ৫। (+অ(অন্)—ক) মেঘ। ৬। ক্লীং, জল। ৭। বিং, ত্রিং, নশ্বর।

ক্ষরণ (ক্ষর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ধারা বাহিয়া বা বিন্দু বিন্দু করিয়া পতন, চুইয়া পড়া। ২। স্বেদন। ৩। দ্রব দ্রব্যের পতন, মদাদি স্রবণ। ৪। নাশ। ৫। নিঃসরণ। ৬। চোঁয়ান।

ক্ষরিত (ক্ষর্+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহা ধারা বাহিয়া পড়িতেছে বা পড়িয়াছে, যাহা ক্ষরিয়া পড়িয়াছে। ২। নিঃসৃত। ৩। চোঁয়ান।

ক্ষরী (ক্ষরিন্, ক্ষর জল+ইন্(ণিন্)—ক) সং, পুং, বর্ষাকাল। ২। বিং, ত্রিং, ক্ষরণবিশিষ্ট।

ক্ষব, ক্ষবথু (ক্ষু হাঁচা+অ(অল্), অথু—ভা) সং, পুং, হাঁচি। ২। কাসি। শিং—১ "যস্যানিলো নাসিকয়া নিরেতি। কফানুযাতো বহুশঃ সশব্দঃ তং রোগমাহুঃ ক্ষবথুম্।"

ক্ষাত্র (ক্ষত্র+অ(ষ্ণ)—ভাবে, সম্বন্ধার্থে) সং, ক্লীং, ক্ষত্রিয়ত্ব। ২। ক্ষত্রিয়কর্ম্ম। শিং—১ "শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্। দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্।" ৩। বিং, ত্রিং, ক্ষত্রিয়সম্বন্ধীয়। শিং—১ "আত্মকর্ম্মক্ষমং দেহং ক্ষাত্রোধর্ম্ম ইবাশ্রিতঃ।" (রঘু)।

ক্ষান্ত (ক্ষম দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যে ক্ষমা করিয়াছে, ক্ষমাশীল, সহিষ্ণু। ২। নিবৃত্ত, বিরত। ৩। পুং, ব্যাধ। ৪। ঋষিবিশেষ।

ক্ষান্তি (ক্ষম দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ক্ষমা, সহিষ্ণুতা। ২। নিবৃত্তি। শিং—১ "শমোদমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জবমেবচ। জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্।" (গীতা)। ৩। প্রতীক্ষা।

ক্ষাম (ক্ষৈ ক্ষীণ হওয়া+ত(ক্ত)—ক। ত =ম) বিং ত্রিং, কৃশ, ক্ষীণ। ২। দুর্ব্বল। ৩। রূক্ষ। ৪। শুষ্ক। শিং—১ "ক্ষুৎক্ষামকণ্ঠঃ।" ২ "ক্ষামো বিবর্ণবক্ত্রশ্চ।" ৫। পুং, (অতি সূক্ষ্মত্ব হেতু) পরমেশ্বর।

ক্ষার (ক্ষর্ ফোঁটা ফোঁটা পড়া+অ(ণ)—ক) সং,পুং, লবণরস। ২। যবক্ষার। ৩। খাঁড় গুড়। ৪। কাচ। ৫। ভস্ম,ছাই। ৬। ধূর্ত্ত। ৭। সোহাগা। ৮। ক্লীং, লবণ, লোণামাটি। শিং—১ "ক্ষতে ক্ষারং হি স দদৌ পাণ্ডবস্য।" ২ "ধারাপমার্গকুটজলাঙ্গলীতিলমুষ্ককৈঃ। ক্ষারৈরেতৈস্ত মিলিতৈঃ ক্ষারষট্কাদয়ো গণাঃ।" ৩ "পলাশবজ্রিশিখরিচিঞ্চার্কতিলনালজাঃ। যবজঃ সর্জ্জিকা চেতি ক্ষারাষ্টকমুদাহৃতম্।"

ক্ষারক (ক্ষার দেখ, অক(ণক)—ক) সং, পুং, জালক,জালি, অস্ফুট পুষ্প, কুঁড়ি। ২। (ক্ষর্-ণিচ্=ক্ষারি+ণক—ক) পক্ষী প্রভৃতির খাঁচা, মৎস্যাদির থালুই। ৩। রজক। রিকা—স্ত্রীং, রজকী। [বিশেষ।

ক্ষারনদী; সং, স্ত্রীং, নরকবিশেষস্থ নদী-

ক্ষারভূমি (ক্ষার—ভূমি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লবণমৃত্তিকান্বিত দেশ, লোণাস্থান। শিং—১ "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং ক্ষারভূমৌ প্রাণদা যমদূতিকা।"

ক্ষারমৃত্তিকা (ক্ষার লবণ—মৃত্তিকা) সং, স্ত্রীং, লোণামাটী, সাজিমাটী।

ক্ষারমেলক (ক্ষার—মেল সমূহ। ক—স্বার্থে) সং, পুং, ক্ষাররাশি।

ক্ষারমেহ; সং, পুং, পিত্তজ মেহরোগ।

ক্ষারসমুদ্র; সং, পুং, লবণসমুদ্র।

ক্ষারিকা; সং, স্ত্রীং, ক্ষুধা।

ক্ষারিত (ক্ষর্-ণিচ্=ক্ষারি গমন করান এবং পড়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপবাদগ্রস্ত, দূষিত। ২। স্রাবিত, গলান।

ক্ষারোদক (ক্ষার—উদক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লবণসমুদ্র। ২। ক্লীং, লবণাক্ত জল।

ক্ষালন (ক্ষাল্ ধৌত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ধৌতকরণ, জলদ্বারা পরিষ্কারকরণ। শিং—১ "প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরং।" ২। শোধন, কাটান, কোন বিষয় হইতে নিষ্কৃতি পাওয়া; যথা—দোষক্ষালন। নী—স্ত্রীং।

ক্ষালিত (ক্ষল-ণিচ্=ক্ষালি ধৌত করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধৌত, পরিস্কৃত। ২। শোধিত। শিং—১ "ক্ষালিতং নু শমিতন্নু বধূনাং দ্রাবিতং নু হৃদয়ং মধুবারৈঃ।" (মাঘ)। ৩। নিরাকৃত।

ক্ষি (ক্ষি বাস করা, ক্ষীণ হওয়া ইত্যাদি +ই(ডি)—ভাবে) সং, স্ত্রীং, বাস। ২। গমন। ৩। ক্ষয়।

ক্ষিত (ক্ষি ক্ষীণ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষয়প্রাপ্ত। ২। হিংসিত।

ক্ষিতি (ক্ষি বাস করা, ক্ষীণ হওয়া+তি (ক্তি)—ধি) সং, স্ত্রীং, পৃথিবী। শিং—১ "সলিলৈর্নিহিতং রজঃ ক্ষিতৌ রবিচন্দ্রাবপি নোপলক্ষিতৌ।" ২। বাসস্থান। ৩। প্রলয়কাল। শিং—১ "মহালয়ে ক্ষয়ং যাতি ক্ষিতিস্তেন প্রকীর্ত্তিতা।" ৪। (+ক্তি—ভা) ক্ষয়, ক্ষতি। ৫। গন্ধদ্রব্য-বিশেষ, রোচনা।

ক্ষিতিক্ষিৎ (ক্ষিতি—ক্ষি ঐশ্বর্য্যলাভ করা +০(ক্বিপ্)—ক। যে পৃথিবীর ঐশ্বর্য্যলাভ করে) সং, পুং, রাজা। শিং—১ "অপদান্তরঞ্চ পরিতঃ ক্ষিতিক্ষিতাম্।" (মাঘ)।

ক্ষিতিজ (ক্ষিতি পৃথিবী—জ[জন্ জন্মান +অ(ড)—ক] যে জন্মায়, ৭মী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। শিং—১"ক্ষিতিজাত্তদর্শনাং গতঃ।" (জ্যোতিষ)। ২। নরকাসুর। ৩। উপরস-বিশেষ। ৪। বৃক্ষবিশেষ। ৫। বিং, ত্রিং, ভূমি হইতে উৎপন্ন।

ক্ষিতিদেব (পৃথিবীতে দেবতাস্বরূপ বলিয়া) সং, পুং, ব্রাহ্মণ। শিং—১ "অচ্ছিদ্রমপি যদ্বাক্যং বদন্তি ক্ষিতিদেবতাঃ।"

ক্ষিতিধর } (ক্ষিতি পৃথিবী—ধর, ভৃৎ
ক্ষিতিভৃৎ } [ভৃ ভরণ করা+০(ক্বিপ্)—

ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, প-র্ব্বত। শিং—১ "ক্ষিতিধরপতিকন্যামাদদানঃ করেণ।"(কুমার)। ২ "ক্ষিতিভৃদিব ক্ষিতিকম্পকীর্ণতুঙ্গঃ।" ২। রাজা। ৩। অনন্তদেব।

ক্ষিতিনাথ, ক্ষিতিপতি, ক্ষিতিপ, ক্ষিতিপাল, ক্ষিতিরক্ষী—ক্ষিন্ (ক্ষিতি—নাথ, পতি প্রভু, ৬ষ্ঠী—ষ। —প [পা পালন করা+অ(ড)—ক], পাল যে পালন করে, রক্ষা করে, ২য়া—ষ। —রক্ষী যে রক্ষা করে, ২য়া—ষ) সং, পুং, রাজা। শিং—১ "ক্ষিতিপতিমণ্ডলমন্যতো বিতানম্।" (রঘু)। ২ "ক্ষিতিপঃ ক্ষত্রিয়োদ্ধতাস্তুকঃ।"(মাঘ)। ৩ "শিলোচ্চয়োঽপি ক্ষিতিপালমুচ্চৈঃ।" ৪ "নিপীয় যস্য ক্ষিতিরক্ষিণঃ কথাঃ।"

ক্ষিতিরন্ধ্র (ক্ষিতি পৃথিবী—রন্ধ্র ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৃথিবীর ছিদ্র।

ক্ষিতিরুহ (ক্ষিতি—রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ। শিং—১"ক্ষিতিরুহপল্লবপুষ্পাকর্ণপূরে।" (মাঘ)।

ক্ষিতিবর্দ্ধন (ক্ষিতি—বর্দ্ধন যে বাড়ে, ৭মী—ষ) সং, পুং, মৃতদেহ, শব। শিং—১ "বাণৈশ্চকার ক্ষিতিবর্দ্ধনম্।" ২। বিং, ত্রিং, ভূমিবৃদ্ধিকারী।

ক্ষিতীশ, ক্ষিতীশ্বর (ক্ষিতি—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং,পুং,ক্ষিতিপতি, রাজা। শিং—১ "আসমুদ্রক্ষিতীশানাম্।" ২ "পশ্চাদ্বংশে বীর্য্যমদ্য ক্ষিতীশাঃ।" ৩ "কৌশিকেন স কিল ক্ষিতীশ্বরঃ।" (রঘু)।

ক্ষিড (ক্ষিদ্ অব্যক্ত শব্দ করা+র(রক্)—ক) সং, পুং, রোগ। ২। সূর্য্য। ৩। শৃঙ্গ।

ক্ষিপ (ক্ষিপ্ ক্ষেপণ করা+অ(ক)—ক) বিং, ত্রিং, ক্ষেপক। পা—স্ত্রীং, (ক্ষিপ+ঙ—ভা) ক্ষেপণ।

ক্ষিপণু (ক্ষিপ্ ক্ষেপণ করা, প্রেরণ করা+অনু—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু। ২। ব্যাধ।

ক্ষিপ্ত (ক্ষিপ্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। ২। প্রেরিত। শিং—১ "ক্ষিপ্তঃ সমীরৈঃ সরিতাং পুরঃ পতৎ।" ৩। হত। ৪। নিন্দিত। ৫। পরিত্যক্ত। ৬। অবজ্ঞাত। শিং—১ "তিরস্কৃতা বিপ্রলব্ধাঃ শপ্তাঃ ক্ষিপ্তা হতা অপি।" ৭। বিকীর্ণ। ৮। (+ক্ত—ক) অত্যাসক্ত। ৯। যাহার বুদ্ধি বিচলিত হইয়াছে, বায়ুরোগগ্রস্ত, ক্ষেপা, বাতুল। প্তা—স্ত্রীং, রাত্রি।

ক্ষিপ্তনিবাস (Lunatic Asylum) সং, পুং, ক্ষিপ্ত ব্যক্তিদের থাকিবার স্থান, পাগ্‌লাগারোদ।

ক্ষিপ্নু (ক্ষিপ্ত দেখ. নু(ক্নু)—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ক্ষেপণশীল। ২। নিরাকরিষ্ণু। শিং—১"রক্ষোগণং ক্ষিপ্নুমতবিক্ষ আত্মা।"

ক্ষিপ্যমাণ (ক্ষিপ্ ক্ষেপণ করা+আন(শান)—র্ম্ম। য—আগম) বিং, ত্রিং. যাহা ক্ষেপণ করা যাইতেছে।

ক্ষিপ্র (ক্ষিপ্ত দেখ, র(রক্)—ক) ক্রিং—বিং, ক্লীং, বিং. ত্রিং, শীঘ্র, দ্রুত। শিং—১ "দেবশ্চেৎ ক্ষিপ্রং বর্ষিষ্যতি। শীঘ্রং বপ্স্যামঃ।" ২। খেচরান্ন, খিচড়ী।

ক্ষিপ্রকারী (—কারিন্, ক্ষিপ্র শীঘ্র—কারী যে করে) বিং, ত্রিং, শীঘ্রকারী, লঘুহস্ত, যে শীঘ্র শীঘ্র কার্য সমাধা করে, চালাক।

ক্ষিপ্রজব (ক্ষিপ্র শীঘ্র—জব বেগ) বিং, ত্রিং, অতি বেগশালী, অত্যন্ত দ্রুতগামী; যথা—ক্ষিপ্রজবঘোটক।

ক্ষিপ্রহস্ত (ক্ষিপ্র শীঘ্র—হস্ত) বিং, ত্রিং, যাহার হাত শীঘ্র চলে, কার্য্যকালে যে ব্যক্তি হস্তের চাতুর্য্য দেখায়, লঘুহস্ত।

ক্ষীণ (ক্ষি ক্ষীণ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সূক্ষ্ম। ২। দুর্ব্বল। ৩। যাহার ক্ষয় হইয়াছে. জীর্ণ। ৪। শুষ্ক। ৫। কৃশ, শীর্ণ। শিং—১ "অষ্টমাংশে চতুর্দ্দশ্যাঃ ক্ষীণো ভবতি চন্দ্রমাঃ।"

ক্ষীণজীবী (ক্ষীণজিবিন্, ক্ষীণ—জীব্ বাঁচা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অল্পপ্রাণ, ক্ষুদ্রপ্রাণ, যাহার প্রাণ অল্পেই বিনষ্ট হইতে পারে।

ক্ষীণতা (ক্ষীণ+তা—ভাবে) সং,স্ত্রীং, কৃশতা, দৌর্ব্বল্য। ২। সূক্ষ্মতা।

ক্ষীণ-তাড়িত (Negative Electricity) তাড়িতের আকর্ষণ-শক্তি।

ক্ষীণবল } (ক্ষীণ—বল, শক্তি) বিং, ত্রিং,
ক্ষীণশক্তি } যাহার বল বা শক্তি ক্ষয় হইয়াছে, দুর্ব্বল, বীর্য্যহীন।

ক্ষীব (ক্ষীব্ মত্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মত্ত, মাতাল। শিং—১ "ক্ষীবাঃ কুর্ব্বন্তি হাস্যঞ্চ কলহে চ তথাহপরে।"

ক্ষীয়মাণ (ক্ষয় দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার ক্ষয় হইতেছে, অপচীয়মান।

ক্ষীর (ঘস্ ভোজন করা+ঈর(ঈরন্)—র্ম্ম) সং,ক্লীং, জল। ২। দুগ্ধ। শিং—১"হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রংবর্জ্জয়েৎ পয়ঃ।" ৩। চিনির সহিত জ্বাল দেওয়া ঘন দুগ্ধ। ৪। নির্য্যাস। ৫। আটা।

ক্ষীরকণ্ঠ (ক্ষীর দুগ্ধ—কণ্ঠ গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহার কণ্ঠে ক্ষীর আছে, যাহার গলা টিপিলে দুগ্ধ নির্গত হয়, অল্পবয়স্ক বালক, স্তন্যপায়ী শিশু।

ক্ষীরজ (ক্ষীর দুগ্ধ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, দধি। ২। বিং, ত্রিং, ক্ষীরোৎপন্ন বস্তু।

ক্ষীরদল (ক্ষীর—দল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অর্কবৃক্ষ, আকন্দগাছ।

ক্ষীরদ্রুম; সং, পুং, অশ্বত্থবৃক্ষ।

ক্ষীরধেনু; সং, স্ত্রীং, দানার্থ কল্পিত ক্ষীরনির্ম্মিতা ধেনু। শিং—১ "ক্ষীরধেনুং প্রবক্ষ্যামি তাং নিবোধ নরাধিপঃ।"

ক্ষীরনীর (ক্ষীর দুগ্ধ—নীর জল। দুগ্ধ জল মিশ্রিতের ন্যায়) সং, ক্লীং, আলিঙ্গন।

ক্ষীরপ (ক্ষীর—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে) সং, পুং, দুগ্ধপায়ী বালক।

ক্ষীরপলাণ্ডু; সং, পুং, শ্বেত পলাণ্ডু, সাদা পেঁয়াজ।

ক্ষীরবারিধি (ক্ষীর—বারি—ধা ধারণ করা +ই(কি)—ধি) সং, পুং, ক্ষীরসমুদ্র।

ক্ষীরবিকৃতি (ক্ষীর দুগ্ধ—বিকৃতি অন্যথাভাব, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্ষীরের বিকার, ক্ষীরসা।

ক্ষীরশর } (ক্ষীর দুগ্ধ—শর,সর যে
ক্ষীরসর } উপরে গমন করে) সং, পুং, আমিক্ষা, দুগ্ধ দধির সার।

ক্ষীরশুক্ল (ক্ষীর দুগ্ধ—শুক্ল শাদা। যে ফল দুগ্ধের ন্যায় শাদা) সং, পুং, পাণিফল।

ক্ষীরসর্পিস্; সং, ক্লীং, ক্ষীরপক্ক ঘৃতবিশেষ।

ক্ষীরসার (ক্ষীর—সার সারাংশ) সং, পুং, নবনীত। ২। ছানা। শিং—১ "ক্ষীরসারমপনীয় শঙ্কয়া স্বীকৃতং যদিপলায়নং ত্বয়া।"

ক্ষীরস্বামী (—স্বমিন্, ক্ষীর—স্বামী) সং, পুং, অমরটীকাকার শাব্দিক পণ্ডিতবিশেষ।

ক্ষীরহিণ্ডীর; সং, পুং, দুগ্ধের ফেণা।

ক্ষীরাব্ধি (ক্ষীর দুগ্ধ—অব্ধি সমুদ্র) সং, পুং, ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধিজ (ক্ষীরাব্ধি ক্ষীরসমুদ্র—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—ষ) সং, পুং, চন্দ্র। ২। ক্লীং, সামুদ্রলবণ। ৩। মুক্তা। জা—স্ত্রীং, লক্ষ্মী।

ক্ষীরাব্ধিতনয়া (ক্ষীরাব্ধি ক্ষীরসমুদ্র—তনয়া কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লক্ষ্মী। শিং—১ "ক্ষীরাব্ধিতনয়া হরেঃ।"

ক্ষীরিকা (ক্ষীর দুগ্ধ+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ক্ষীরা, শশা।

ক্ষীরী (ক্ষীরিন্, ক্ষীর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষবিশেষ, যে সকল বৃক্ষের আটা আছে, বট, অশ্বত্থ, ডুম্বুর, আকন্দ, শশা, সোমলতা প্রভৃতি। শিং—১ "ন্যগ্রোধোডুম্বরাশ্বত্থপারিশপ্লক্ষপাদপাঃ। পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষাস্তেষাং ত্বক্ পঞ্চলক্ষণম্॥ কেচিত্তু পারিশ স্থানে শিরীষং বেতসং পরে বদন্তি।" ণী—স্ত্রীং, দুগ্ধবতী গবী।

ক্ষীরেয়ী; সং, স্ত্রীং, পায়স, পরমান্ন।

ক্ষীরোদ (ক্ষীর দুগ্ধ—উদ জল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ক্ষীরসমুদ্র।

ক্ষীরোদতনয়া (ক্ষীরোদ ক্ষীরসমুদ্র—তনয়া কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লক্ষ্মী।

ক্ষীরোদনন্দন (ক্ষীরোদ সমুদ্র—নন্দন পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

ক্ষুণি, ক্ষুণী (ক্ষু শব্দ করা+নি, নী—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, পৃথিবী, ক্ষৌণী।

ক্ষুণ্ণ (ক্ষুদ্ চূর্ণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, চূর্ণীকৃত, গুঁড়া করা। শিং—১ "কীটক্ষুণ্ণপুস্তকম্।" ২। প্রহৃত, মাড়ান। ৩। আহত। ৪। খনিত। শিং—১ "বেগক্ষুণ্ণবি-

ক্ষুণ্ণা মহী।" ২ "রেখামাত্রমপি ক্ষুণ্ণাৎ।" ৫। আচরিত, অভ্যস্ত। ৬। যে কোন বিষয়ে নিরাশ হইয়া দুঃখ পাইয়াছে, যে ক্ষোভ পাইয়াছে, ক্ষুব্ধ, দুঃখিত; যথা—"ক্ষুণ্ণ রঘুকুলমণি।" শিং—১ "স্ত্রীবাক্যাঙ্কুশ প্রক্ষুণ্ণ।" ২ "মহদ্ভিঃক্ষুণ্ণে বর্ত্মনি তিষ্ঠতাম্।" ৭। অবগাঢ়; আলোড়িত; পরিশীলিত। ৮। নিপুণ। ৯। গুণিত (অঙ্ক)।

ক্ষুৎ—স্ত্রীং } (ক্ষু হাঁচা+০(ক্বিপ্),
ক্ষুত—ক্লীং } ত(ক্ত)—ভা) সং, হাঁচি।

ক্ষুৎক্ষাম (ক্ষুধ্—ক্ষাম ক্ষীণ, ৩য়া—ষ) বিং, ত্রিং, ক্ষুধায় ক্ষীণ। শিং—১ "অথাসৌ ক্ষুৎক্ষামকণ্ঠঃ।"

ক্ষুৎপিপাসা (ক্ষুধ্—পিপাসা তৃষ্ণা, দ্বং—স) সং, স্ত্রীং, ক্ষুধা ও তৃষ্ণা। [কণা।

ক্ষুদ (ক্ষুদ্র শব্দজ) সং, তণ্ডুলাদি চূর্ণ, তণ্ডুল

ক্ষুদ্বোধ (ক্ষুধ্ ক্ষুধা—বোধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ক্ষুধা পাওয়া, ক্ষুধার অনুভব।

ক্ষুদ্র (ক্ষুণ্ণ দেখ, র(রক্)—ক) বিং, ত্রিং, যাহার আকার বড় নয়, অল্পকায়, ছোট; যথা—ক্ষুদ্র মৎস্য। ২। নীচ, অধম; যথা ক্ষুদ্র আশয়। শিং—১ "ক্ষুদ্রেঽপি নূনং শরণং প্রপন্নে।" ৩। অল্প। ৪। যাহার ধন ক্ষমতা বা আধিপত্য নাই; যথা—ক্ষুদ্র লোক। ৫। অপ্রশস্ত, অবিস্তৃত; যথা—ক্ষুদ্র গৃহ। ৬। দীর্ঘ নয়, লম্বা নয়; যথা—ক্ষুদ্র যষ্টি। ৭। উচ্চ নয়, উন্নত নয়; যথা—ক্ষুদ্রবৃক্ষ। ৮। ক্রূর। ৯। কৃপণ। দ্রা—স্ত্রীং, মক্ষিকা। ২। মধুমক্ষিকা। শিং—১ "মক্ষিকাঃ কপিলাঃ সূক্ষ্মাঃ ক্ষুদ্রাখ্যাস্তৎকৃতং মধু। মুনিভিঃ ক্ষৌদ্রমিত্যুক্তং তদ্বর্ণাৎ কপিলং ভবেৎ।" ৩। বেশ্যা। ৪। নটী। ৫। কণ্টকারী।

ক্ষুদ্রক; সং, ক্লীং, অস্ত্রবিশেষ; যথা—"পঞ্চবিংশতি ক্ষুদ্রক আঘাত করিলেন।"

ক্ষুদ্রকম্বু; সং, পুং, শম্বুক, শামুক।

ক্ষুদ্রঘণ্টিকা (ক্ষুদ্র ছোট—ঘণ্টা কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ+ক—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কিঙ্কিণী, ঘুঙুর।

ক্ষুদ্রচন্দন; সং, পুং, রক্তচন্দন।

ক্ষুদ্রনাসিক (ক্ষুদ্র—নাসিক নাসিকা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হ্রস্বনাসিক, খাঁদা।

ক্ষুদ্রপ্রাণ (ক্ষুদ্র অল্প—প্রাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রাণ অল্প, যে অল্পেই মারা পড়ে, যার ক্ষমতা বা সামর্থ্য অল্প, অল্পপ্রাণ।

ক্ষুদ্রসুবর্ণ; সং, ক্লীং, পিত্তল।

ক্ষুদ্রাক্ষ (ক্ষুদ্র ছোট—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার চক্ষু ছোট।

ক্ষুদ্রামলক; সং, ক্লীং, কাঠআমলা।

ক্ষুদ্রাশয় (ক্ষুদ্র—আশয় মন বা অভিপ্রায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীচাশয়, সামান্য বিষয়ে যার লোভ জন্মে, যে অল্প বিষয়ের মায়া ত্যাগ করিতে পারে না, নীচাশয়।

ক্ষুদ্রাশয়তা (ক্ষুদ্রাশয়+তা—ভাবে) সং, স্ত্রীং, নীচ স্বভাবতা, নীচপ্রকৃতি।

ক্ষুধ্ } (ক্ষুধ্ ভোজন করিতে ইচ্ছা করা
ক্ষুধা } +০(ক্বিপ্)—ভা। আপ্) সং, স্ত্রীং, বুভুক্ষা, ভোজনেচ্ছা। শিং—১ "ক্ষুধয়া পীড্যমানঃ।" ২। লালসা, ইচ্ছা; যথা—কামক্ষুধা।

ক্ষুধাভিজনন (ক্ষু[illegible]—অভিজনন কারক, উন্নতিকারক, ২য়া—ষ) বিং, ত্রিং, ক্ষুধাকারক বস্তু।

ক্ষুধার্ত্ত (ক্ষুধা—আর্ত্ত পীড়িত, কাতর, ৩য়া—ষ) বিং, ত্রিং, ক্ষুধায় কাতর, যাহার অত্যন্ত ক্ষুধা হইয়াছে।

ক্ষুধিত (ক্ষুধ্ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বুভুক্ষিত, ভোজনেচ্ছু।

ক্ষুন্নিবৃত্তি (ক্ষুধ্—নিবৃত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্ষুধার নিবারণ, ক্ষুধাশান্তি।

ক্ষুপ (ক্ষু শব্দ করা+প(পক্)—ক) সং, পুং, ক্ষুদ্র শাখাবৃত ক্ষুদ্রবৃক্ষ। ২। পর্ব্বতবিশেষ; দ্বারকার পশ্চিমে অবস্থিত। ৩। শ্রীকৃষ্ণের পুত্র, সত্যভামা-গর্ভসম্ভূত। ৪। ইক্ষ্বাকুর পিতা।

ক্ষুব্ধ (ক্ষুভ্ চঞ্চল হওয়া, কাতর হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষোভপ্রাপ্ত। ২। বিচলিত। ৩। কাতর, দুঃখিত। ৪। ভীত। ৫। সং, পুং, মন্থনদণ্ড। ৬। রতিবন্ধবিশেষ। শিং—১ "পার্শ্বোপরি পদৌ কৃত্বা যোনৌ

লিঙ্গেন তাড়য়েৎ। বাহুভ্যাং ধারণং গাঢ়ং বন্ধো বৈ ক্ষুব্ধসংজ্ঞকঃ।"
ক্ষুভিত (ক্ষুব্ধ দেখ, ক্ত – ক) বিং, ত্রিং, ত্রাসিত। ২। সঞ্চালিত। ৩। ক্ষোভপ্রাপ্ত, যাহার ক্ষোভ জন্মিয়াছে, দুঃখিত। ৪। বিচলিত। ৫। ক্রুদ্ধ। ৬। ত্রস্ত। ৭। ব্যাকুল। ৮। আলোড়িত, মথিত। শিং – ১ "সুধৈব মন্দরক্ষুব্ধক্ষোভিতাম্ভোধিবর্ণনা।" (মাঘ)। ৯। সংরব্ধ।
ক্ষুমা (ক্ষু হাঁচা + ম(মক্) – ক, আপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, মসিনা, তিসি। ২। অতসীবৃক্ষ। ৩। নীলগাছ। ৪। রেশম। ৫। শণ। ৬। পাট।
ক্ষুর (ক্ষুর্ ছেদন করা + র(রক্) – ক। র – লোপ, গ্রীক ভাষায় এই শব্দের সৌসাদৃশ্য দেখ; যথা—সংস্কৃত-ক্ষুর = ক্‌ষুর; গ্রীক = ক্‌সুরন। খুর শব্দও হয়) সং, পুং, যে অস্ত্রে মাথা কামায়, নাপিতাস্ত্র। শিং – ১ "ত্বং ক্ষুরং জিহ্বয়া লেক্ষি সূচ্যা স্পৃশসি লোচনে। যো রামস্য প্রিয়াং ভার্য্যাং পাপবুদ্ধ্যা নিরীক্ষসে।" ২ "জ্যাং চিচ্ছেদ ক্ষুরেণ।" ২। অশ্ব গো প্রভৃতি জন্তুর পায়ের সর্ব্বশেষে যে অস্থিময় অংশ থাকে, পায়ের খুর। ৩। খাটের খুরা। রী – স্ত্রীং, ছুরী।
ক্ষুরকর্ম্ম (ক্ষুরকর্ম্মন্, ক্ষুর – কর্ম্মন্ কর্ম্ম, ৩য়া – ষ) সং, ক্লীং, ক্ষৌর, কামান।
ক্ষুরধান (ক্ষুর – ধা ধারণকরা + অন(অনট্) – ধি) সং, ক্লীং, নী – স্ত্রী, নাপিতাস্ত্রাধার, ক্ষুরভাঁড়।
ক্ষুরধার (ক্ষুর – ধারা, ৬ষ্ঠী – হিং) সং, পুং, নরকবিশেষ।
ক্ষুরপত্র (ক্ষুর – পত্র, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শর, বাণ। ২। বিং, ত্রিং, ক্ষুরতুল্য পত্রবিশিষ্ট (শরবনাদি)।
ক্ষুরপত্রিকা; সং, স্ত্রীং, পালঙ্গ শাক।
ক্ষুরপ্র (ক্ষুর – প্রথ্ যাওয়া + অ(ড) – ক) সং, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ। শিং – ১ "তীক্ষ্ণক্ষুরপ্রমাদায় তস্যা নাসিকামচ্ছিনৎ।" ২ "খুরৈঃ ক্ষুরপ্রৈর্দরয়ংস্তদা।" ২। ঘাস ছেদনাস্ত্র, খুরপো। খুরপ্র শব্দও হয়।
ক্ষুরমর্দ্দী, ক্ষুরমুণ্ডী (ক্ষুরমর্দ্দিন্, ক্ষুরমুণ্ডিন্, ক্ষুর নাপিতাস্ত্র – মৃদ নাশ করা, মুণ্ড্ মুড়া করা + ইন্(ণিন্) – ক) সং, পুং – স্ত্রীং, নাপিত।
ক্ষুরী (ক্ষুরিন্, ক্ষুর + ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, ণী – স্ত্রীং, নাপিত, নাপিতিনী। ২। ক্ষুরযুক্ত পশু।
ক্ষুল্ল, ক্ষুল্লক (ক্ষুদ্ [ক্ষুদ্ চূর্ণ করা + ০(ক্বিপ্) – ভা] গুঁড়া, ধূলা – ল [লা গ্রহণ করা, হওয়া + অ(ড) – ক] যে গ্রহণ করে। ক – স্বার্থে) বিং, ত্রিং, ক্ষুদ্র। ২। অল্প। ৩। লঘু। ৪। কনিষ্ঠ।
ক্ষুল্লতাত, ক্ষুল্লতাতক (ক্ষুল্ল কনিষ্ঠ – তাত পিতা, ষং – স) সং, পুং, পিতার কনিষ্ঠভ্রাতা, খুড়া।
ক্ষেত্র (ক্ষি বাস করা + ত্র(ষ্ট্রন্) – ধি) সং, ক্লীং, ভূমি, ক্ষেত। শিং – ১ "ক্ষেত্রভূতা স্মৃতা নারী বীজভূতঃ স্মৃতঃ পুমান্। ক্ষেত্রবীজসমাযোগাৎ সংভবঃ সর্ব্বদেহিনাম্।" ২। স্থান; যথা—কর্ম্মক্ষেত্র। শিং – ১ "জীর্ণোদ্যানে শ্মশানে চ চৈত্যে চ ধবলাগৃহে। এষু ক্ষেত্রেষু যে দুষ্টা যান্তি তে যমসাদনম্।" ৩। সভা, বৈঠক; যথা—আমি সে ক্ষেত্রে উপস্থিত ছিলাম না। ৪। মাঠ, ময়দান; যুদ্ধক্ষেত্র। শিং – ১ "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবাঃ।" ৫। ইন্দ্রিয়। ৬। মনঃ। ৭। শরীর। ৮। পত্নী। ৯। তীর্থস্থান। ১০। সিদ্ধভূমি। ১১। সীমাবেষ্টিতস্থান, ত্রিভুজ চতুর্ভুজপ্রভৃতি।
ক্ষেত্রজ (ক্ষেত্র – জ [জন্ জন্মান + অ(ড) – ক] যে জন্মে, ৫মী – ষ) সং, পুং, জা – স্ত্রীং, স্ব-স্ত্রীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র বা কন্যা। শিং – ১ "মৃতস্য চ প্রসূতো যঃ ক্লীবস্য ব্যাধিতস্য বা। অন্যেনানুমতো বা স্যাৎ স্বক্ষেত্রে ক্ষেত্রজঃ স্মৃতঃ॥" ২ "ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিম এব চ। গূঢ়োৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চ ষট্॥ কানীনশ্চ সহোঢ়শ্চ ক্রীতঃ পৌনর্ভবস্তথা। স্বয়ংদত্তশ্চ শৌদ্রশ্চ ষড়দায়াদবান্ধবাঃ॥" ২। বিং, ত্রিং, ক্ষেত্রজাত, যাহা ক্ষেতে জন্মে।

ক্ষেত্রজ্ঞ (ক্ষেত্র শরীর—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—য সং, পুং, আত্মা, অন্তর্যামী পুরুষ। শিং—১ "ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ্‌যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞমিতি তদ্বিদঃ॥ ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি সর্ব্ব-ক্ষেত্রেষু ভারত।" ২ "যোঽস্যাত্মনঃ কারয়িতা তং ক্ষেত্রজ্ঞং প্রচক্ষতে।" ২। বিং, ত্রিং, বিদগ্ধ, নিপুণ। ৩। স্বেচ্ছাচারী, কামুক। ৪। কৃষক।

ক্ষেত্রতত্ত্ব (Geometry) সং, ক্লীং, ক্ষেত্র-সমুদায়ের প্রকৃতি ও পরিমাণ নিরূপক শাস্ত্র, জ্যামিতি।

ক্ষেত্রপতি (ক্ষেত্র—পতি স্বামী) সং, পুং, ক্ষেত্রপাল। ২। কৃষক। শিং—১ "অথ প্রভাতে ক্ষেত্রপতির্ল্লগুড়হস্তস্তং প্রদেশং গচ্ছন্ কাকেনাবলোকিতঃ।" ৩। রুদ্র।

ক্ষেত্রপর্পটী; সং, স্ত্রীং, ক্ষেতপাব্‌ড়া।

ক্ষেত্রপাল (ক্ষেত্র—পাল যে রক্ষা করে, ২য়া—য) সং, পুং, দেবতাবিশেষ। ২। ক্ষেত্র-রক্ষক।

ক্ষেত্রফল (Area) সং, ক্লীং, ক্ষেত্রান্তর্গত স্থানের পরিমাণ, ভূমির কালী, ভূমির পরিমাণফল। ২। ক্ষেতের ফল(শস্যাদি)।

ক্ষেত্রযমানিকা; সং, স্ত্রীং, ক্ষেত্রজাত যমানী, জোয়ান।

ক্ষেত্রবিদ্ (ক্ষেত্র শরীর—বিদ্ জানা+০(ক্বিপ্)—ক। যিনি দেহের সমস্ত তত্ত্ব জানেন) সং, পুং, জীবাত্মা। শিং—১ "তত্ত্বং নরেন্দ্র জগতামথ তস্থুষাঞ্চ দেহেন্দ্রিয়াসুধিষণাত্মভি রাবৃতানাং যঃ ক্ষেত্রবিত্তপতয়া হৃদি বিশ্বগাবিঃ প্রত্যক্ চ কাস্তি ভগবাংস্তমবৈহি সোঽস্মি।"

ক্ষেত্রসম্ভব } (ক্ষেত্র—সম্ভব, সম্ভূত,
ক্ষেত্রসম্ভূত } ৫মী—য) বিং, ত্রিং, ভূমি হইতে উৎপন্ন।

ক্ষেত্রসীমা; সং, স্ত্রীং, বৃক্ষাদি দ্বারা চিহ্নিত ভূমিসীমা।

ক্ষেত্রাজীব (ক্ষেত্র ক্ষেত—আ—জীব যে বাঁচে। যে ক্ষেত্রের পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, কৃষিজীবী, কৃষক।

ক্ষেত্রাধিদেবতা; সং, স্ত্রীং, তীর্থবিশেষের অধিষ্ঠাতা দেব। শিং—১ "দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাং। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ।"

ক্ষেত্রাধিপ (ক্ষেত্র—অধিপ রাজা, ৬ষ্ঠী—য) সং, পুং, মেষাদি দ্বাদশ রাশির অধিপতি গ্রহগণ।

ক্ষেত্রিক (ক্ষেত্র—ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষেত্রস্বামী। শিং—১ "ওঘ বাতাহৃতং বীজং যস্য ক্ষেত্রে প্ররোহতি। ক্ষেত্রিকস্যৈব তদ্বীজং ন বপ্তা ফলমর্হতি।"

ক্ষেত্রিয় (ক্ষেত্র ক্ষেত, শরীর+ইয়—প্রং) সং; পুং, পরদাররত ব্যক্তি। ২। অসাধ্য রোগ। ৩। ক্লীং, ক্ষেত্রজাত তৃণ। ৪। পরদার। ৫। বিং, ত্রিং, ক্ষেত্রসম্বন্ধীয়। ৬। দেহান্তরে চিকিৎস্য। শিং—১ "দণ্ডোঽয়ং ক্ষেত্রিয়ো যেন মেয্যগাতীতি সাঽব্রবীৎ।" (ভট্টি)।

ক্ষেত্রী (ক্ষেত্রিন্, ক্ষেত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্ষেত্রস্বামী। শিং—১ "কুটুম্বী কর্ষকঃ ক্ষেত্রী হলী কৃষিককার্ষিকৌ।" ২। সং, পুং, স্বামী, ভর্ত্তা।

ক্ষেপ (ক্ষিপ্ ক্ষেপণ করা+অ(অল্)—ভা) সং, পুং, বিন্যাস। ২। নিক্ষেপ, ছুড়িয়া ফেলা। ৩। অপসারণ। ৪। ত্যাগ। ৫। গর্ব্ব, অহঙ্কার। ৬। নিন্দা। ৭। বিলম্ব; যথা—আর কালক্ষেপ করা উচিত নহে। ৮। যাপন, কাটান; যথা—তিনি সুখে কালক্ষেপ করিতেছেন। ৯। প্রেরণ। ১০। চালন। ১১। লঙ্ঘন। ১২। লেপন। ১৩। বঞ্চনা।

ক্ষেপক (ক্ষেপ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে ক্ষেপণ করে। ২। (+অল্—স্বা, কণ্) সং, পুং, গ্রন্থমধ্যে ক্ষিপ্তপাঠ। ৩। গুচ্ছ। ৪। অঙ্কবিশেষ।

ক্ষেপণ (ক্ষেপ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিক্ষেপ। ২। অপসারণ। ৩। পরিত্যাগ। ৪। প্রেরণ। ৫। নিন্দা। ৬। যাপন। শিং—১ "বিধবা যৌবনাস্থা চ নারী ভবতি কর্কশা। আয়ুষঃ ক্ষেপণার্থং তু দাতব্যং স্ত্রীধনং সদা।"

ক্ষেপণি } (ক্ষেপ দেখ, অনি—প্রং। ক
ক্ষেপণিকা } —যোগে ক্ষেপণিকা। অথবা ক্ষিপ্ ক্ষেপণকরা+অনট্—র্ম্ম) সং, স্ত্রীং, নৌকাদণ্ড, দাঁড়। ২। ধ্বজি। ৩। ক্ষেপলা-জাল। ৪। ফাঁদবিশেষ। ৫। ক্ষেপণীয়াস্ত্র-বিশেষ।

ক্ষেপণিক (ক্ষেপণি+ইক(ষ্ণিক)—করোত্য-র্থে) সং, পুং, যে ব্যক্তি ক্ষেপণি ক্ষেপণ করে, দাঁড়ি।

ক্ষেপণী ( Parabola ) সং, স্ত্রীং, বন্দুকের গুলি, বাঁটুল, ঢিল্ ইত্যাদি বস্তু বিক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে। ২। ক্ষেপণি।

ক্ষেপণীয় ( ক্ষেপ দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, ক্ষেপণযোগ্য। ২। সং, ক্লীং, ক্ষেপণ করিবার অস্ত্রাদি। ৩। খড়্গ। ৪। ভিন্দি-পাল। ৫। বাণ। শিং—১ "নারাচ ক্ষেপ-ণীয়াশ্ম-নিষ্পেষ-পতিতানলম্।" (রঘু)।

ক্ষেপিষ্ঠ } (ক্ষেপীয়স্, ক্ষিপ্র শীঘ্র+ইষ্ঠ,
ক্ষেপীয়ান্ } ঈয়স(ঈয়সু)—অত্যর্থে। র—লোপ) বিং,ত্রিং, ক্ষিপ্রতর, অতিশয় শীঘ্র। ২। অতি ক্ষিপ্রগামী। শিং—১ "বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠা দেবতা।"

ক্ষেপ্তা (ক্ষেপ্তৃ, ক্ষিপ্ ক্ষেপণ করা+তৃ(তৃন্) —ক) বিং, ত্রিং, ক্ষেপণকর্ত্তা, যে কোন বস্তু ক্ষেপণ করে।

ক্ষেম (ক্ষি ক্ষয়করা+ম—ক, সংজ্ঞার্থে। যে দুঃখনাশ করে ) সং, পুং—ক্লীং, কল্যাণ। ২। (+ম—ভাবে) লব্ধবস্তুর রক্ষা। শিং—১ " উপেয়াদীশ্বরঞ্চৈব যোগক্ষেমার্থ-সিদ্ধয়ে।" ৩। ক্লীং, কুশল, মঙ্গল। শিং—১ "নাতিজ্ঞস্টোঽসি কচিৎ ক্ষেমং তব।" ২ "গৃহাণ রাজ্যং বিপুলং ক্ষেমং নিহত-কণ্টকম্।" ৪। চোর নামক গন্ধদ্রব্য। ৫। মুক্তি। ৬। নক্ষত্রবিশেষ। ৭। পুং, কলিঙ্গ দেশের রাজা। ৮। ( ক্ষেম+অ ) বিং, ত্রিং, মঙ্গলদায়ক, শুভকর। মা—স্ত্রীং, কাত্যায়নী।

ক্ষেমক ( ক্ষেম+ক(কন্)—স্বার্থে ) সং, পুং, চোর নামক গন্ধদ্রব্য। ২। নাগবিশেষ। ৩। রাক্ষসবিশেষ। শিং—১ "এতস্মিন্নেব কালে তু পুরীং বারাণসীং নৃপ। পুণ্যাং নিবেশয়ামাস ক্ষেমকোনাম রাক্ষসঃ।" ৪। পাণ্ডববংশীয় নৃপবিশেষ। শিং—১ "দণ্ড-পাণির্নিমিত্তস্য ক্ষেমকো ভবিতা ততঃ।"

ক্ষেমকর } (ক্ষেম মঙ্গল—কর, কার [কৃ
ক্ষেমকার } করা + অ(ট), ঘঞ্—ক] যে করে) বিং, ত্রিং, মঙ্গলকারক, যে মঙ্গল করে। শিং—১ "পিতুঃ প্রিয়ঙ্করো ভর্ত্তা ক্ষেমকারস্তপস্বিনাম্।" ২। সুখদায়ক।

ক্ষেমকৃৎ (ক্ষেম মঙ্গল—কৃৎ [কৃ করা+০ (ক্বিপ)—ক] যে করে) বিং, ত্রিং, শুভকর, মঙ্গলজনক। শিং—১ "দুর্লভং প্রাকৃতং বাক্যং দুর্লভঃ ক্ষেমকৃৎ সুতঃ।" (চাণক্য)।

ক্ষেমঙ্কর ( ক্ষেম—কৃ করা+অ(খ)—ক। ম্—আগম) বিং, ত্রিং, শুভদায়ক, মঙ্গল-কারক। রী—স্ত্রীং, মঙ্গলদায়িকা দেবী-বিশেষ। শিং—১ "ক্ষেমান্ দেবেষু সা দেবী কৃত্বা দৈত্যপতেঃ ক্ষয়ং। ক্ষেমঙ্করী শিবেনোক্তা পূজ্যা লোকে ভবিষ্যসি।"

ক্ষেমদর্শী (—দর্শিন্, ক্ষেম—দৃশ্ দর্শনকরা ইন্(ণিন্)—ক) সং, পুং, কোশলাধিপতি নৃপবিশেষ। শিং—১ "কোশলানামাধি-পত্যং সম্প্রাপ্তং ক্ষেমদর্শিনং।" ২। বিং, ত্রিং, মঙ্গলদর্শী। [বিশেষ।

ক্ষেমধূর্ত্তি; সং, পুং, কেকয়-দেশাধিপ রাজা-

ক্ষেমমূর্ত্তি; সং,পুং, দুর্য্যোধনের একজন ভ্রাতা।

ক্ষেমবান্ (ক্ষেমবৎ, ক্ষেম+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মঙ্গলবিশিষ্ট, কুশলী।

ক্ষৈত (ক্ষিতি+অ(ষ্ণ)—অয়মর্থে) বিং, ত্রিং, ক্ষিতিসম্বন্ধীয়। ২। ( ক্ষী ক্ষীণ হওয়া ) ক্ষীণতাসম্বন্ধীয়।

ক্ষৈত্র ( ক্ষেত্র ক্ষেত ইত্যাদি+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, ক্ষেত্রসমূহ।

ক্ষৈরেয় (ক্ষীর+এয়(ঢেয়)—ইদমর্থে) বিং, ত্রিং, ক্ষীরসংস্কৃত। ২। ক্ষীরসংক্রান্ত।

ক্ষোড় ( ক্ষুড় বন্ধন করা+অ(অল্)—ণ ) সং, পুং, আলান, গজবন্ধনী, হস্তী বাঁধি-বার শৃঙ্খলাদি।

ক্ষোণি, ক্ষোণী (ক্ষু হাঁচা, শব্দকরা ইত্যাদি +ণি—ক) সং, স্ত্রীং, পৃথিবী।

ক্ষোদ (ক্ষুদ্ চূর্ণ করা+অ(অল্)—র্ম্ম) সং,

পুং, চূর্ণ, গুঁড়া, ক্ষুদ। ২। (+অল্—ভা) চূর্ণন, পেষণ। ৩। (+অল্—ধি) চূর্ণ করিবার পাত্র, প্রস্তরবিশেষ।

ক্ষোদ-ক্ষম; বিং, ত্রিং, বিচারসহ। ২। পেষণযোগ্য।

ক্ষোদন (ক্ষোদ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, চূর্ণকরণ। ২। অক্ষরাঙ্কন।

ক্ষোদিত (ক্ষুদ্-ণ্যি=ক্ষোদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পিষ্ট, চূর্ণিত। ২। উৎকীর্ণ, যাহা ক্ষোদা গিয়াছে।

ক্ষোদিষ্ঠ } (ক্ষোদীয়স্, ক্ষুদ্র+ইষ্ঠ, ঈয়স্
ক্ষোদীয়ান্ } (ঈয়সু)—অত্যর্থে। ক্ষুদ্র = ক্ষোদ) বিং, ত্রিং, অতি ক্ষুদ্র। শিং—১ "ক্ষোদীয়ানপি গণ্যতে।"

ক্ষোভ (ক্ষুভ্ চঞ্চল হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, বাধা। ২। ধর্ষণ। ৩। চাঞ্চল্য। ৪। চলন। ৫। আঘাত। ৬। স্খলন। ৭। উদ্বেগ। ৮। দুঃখ, মনস্তাপ। ৯। সঞ্চলন। শিং—১ "ইত্থমহঙ্কারস্য ক্ষোভেণ পঞ্চতন্মাত্রাণি একাদশেন্দ্রিয়াণি জায়ন্তে।" ১০। বিলোড়ন। শিং—১ "ইত্থং তব্বি বপুঃ প্রশান্তমপি তে ক্ষোভং করোত্যেব নঃ।" ২ "রথক্ষোভ পরিশ্রান্তঃ।"

ক্ষোভণ (ক্ষুভ্-ণ্যি=ক্ষোভি চঞ্চল হওয়ান অন—ক) সং, পুং, কন্দর্পের বাণ-বিশেষ। ২। সাঙ্খ্যমতোক্ত পুরুষ। ৩। শিব। শিং—১ "নমো বুদ্ধায় লুব্ধায় ক্ষোভণায় চ।" ৪। বিষ্ণু। শিং—১ "উদ্ভবঃ ক্ষোভণো দেবঃ শ্রুতগর্ভো রমেশ্বরঃ।" ৫। বিং, ত্রিং, ক্ষোভকারক।

ক্ষোভিত (ক্ষোভণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধর্ষিত। ২। চালিত। ৩। আলোড়িত। ৪। ত্রাসিত।

ক্ষৌণি } (ক্ষুর্ খনন করা+নি—ক। র্
ক্ষৌণী } —লোপ। অথবা ক্ষু+ণি—ক) সং, স্ত্রীং, পৃথিবী। শিং—১ "ক্ষৌণী-জীর্য্যতি মূর্চ্ছতি ক্ষিতিরুহঃ শুষ্যন্তি নীরাশয়াঃ।" (মহানাটক)।

ক্ষৌণীপ্রাচীর (ক্ষৌণী—প্রাচীর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমুদ্র।

ক্ষৌণীভুক্ (—ভুজ, ক্ষৌণী—ভুক্ [ভুজ ভোগ করা + ০(ক্বিপ্)—ক] যে ভোগ করে) সং, পুং, রাজা।

ক্ষৌণীবিদ্যা (Geology) সং, স্ত্রীং, ভূতত্ত্ব-[বিদ্যা।

ক্ষৌদ্র (ক্ষুদ্রা মধুমক্ষিকা + অ(ষ্ণ)—কৃতার্থে) সং, ক্লীং, মধু। শিং—১ "ভল্লাপবর্জ্জিতৈস্তেষাং শিরোভিঃ শ্মশ্রুলৈর্মহীম্। তস্তার শরঘাব্যাপ্তৈঃ সক্ষৌদ্রপটলৈরিব॥" ২। জল। ৩। পুং, চম্পক-বৃক্ষ। ৪। মগধদেশজাত বর্ণসঙ্কর জাতিবিশেষ। ৫। বিং, ত্রিং, ক্ষুদ্র বা ক্ষুদ্রসম্বন্ধীয়।

ক্ষৌদ্রজ (ক্ষৌদ্র—জ যে জন্মে) সং, ক্লীং, মোম। ২। বিং, ত্রিং, মধুজাত বস্তু।

ক্ষৌদ্রপটল; সং, ক্লীং, মৌচাক; যথা— "মধুমক্ষিকা যেমন ক্ষৌদ্রপটলকে মধুধারায় অভিষি[illegible] করে।"

ক্ষৌদ্রমেহ; স[illegible] পুং, প্রমেহরোগবিশেষ।

ক্ষৌদ্রেয় (ক্ষু[illegible] এয়(ঢেয়)—ইদমর্থে) সং, ক্লীং, মো[illegible]। ২। বিং, ত্রিং, ক্ষৌদ্রসম্বন্ধীয়।

ক্ষৌম, ক্ষোম (ক্ষু শব্দকরা+ম(মন্)—স্বার্থে, ষ্ণ) সং, পুং—ক্লীং, প্রাসাদের উপরিভাগস্থ গৃহ। ২। অট্টালিকা। ৩। (ক্ষুমা রেশম +অ(ষ্ণ)—ভবার্থে) দুকূল, পট্টবস্ত্র, রেশমী কাপড়। "শ্রিয়ঃ পদ্মনিষণ্নায়াঃ ক্ষৌমান্তরিতমেখলে।" (রঘু)। ৪। ক্লীং, শণ। ৫। বিং, ত্রিং, ক্ষুমানির্ম্মিত। ৬। মসিনসূত্র-নির্ম্মিত।

ক্ষৌর (ক্ষুর+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, ক্ষুরকর্ম্ম, মুণ্ডন, কামান। ২। বিং, ত্রিং, ক্ষুরসংক্রান্ত। রী—স্ত্রীং, ক্ষুর।

ক্ষৌরিক (ক্ষুর+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষুরকর্ম্মকারী, নাপিত।

ক্ষ্ণুত (ক্ষ্ণু তীক্ষ্ণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত, তীক্ষ্ণীকৃত।

ক্ষ্মা (ক্ষম্ সহ্য করা+অ(অন্)—ক। আপ্—স্ত্রীং। যে সহ্য করে) সং, স্ত্রীং, সর্ব্বংসহা, পৃথিবী। "ক্ষ্মাং লম্ভয়িত্বা ক্ষময়োপপন্নম্।"

ক্ষ্মাজ (ক্ষ্মা পৃথিবী—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর।

ক্ষ্মাধর } (ক্ষ্মা পৃথিবী—ধর [ধৃ ধারণকরা
ক্ষ্মাভৃৎ } +অ(অন্)—ক] যে ধারণ করে

পৃথিবীর-পোষক—ক্ষ্মাভৃৎ [ভৃ ভরণপোষণ করা+০ (ক্বিপ্)—ক] যে পোষণ করে, ২য়া—ষ) সং, পুং, রাজা। ২। পর্ব্বত। ৩। অনন্ত।

ক্ষ্মাপতি (ক্ষ্মা পৃথিবী—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা, ভূস্বামী।

ক্ষ্মাভুক্ (ক্ষ্মাভুজ, ক্ষ্মা পৃথিবী—ভুজ্ ভোগ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, রাজা।

ক্ষ্মায়িত (ক্ষ্মায়্ কাঁপা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত।

ক্ষ্বিণ্ণ (ক্ষ্বিদ্ মোচন করা, স্নিগ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত। ২। স্নিগ্ধ।

ক্ষ্বেড় (ক্ষ্বিদ্ শব্দ করা ইত্যাদি+অ(অন্)—ক। দ=ড়। অথবা ক্ষ্বেল্ কম্পিতকরা+অ(অন্)—ক। ল=ড) সং, ক্লীং, বিষ, গরল। ২। বিং,ত্রিং, কুটিল। ৩। নিষ্ঠুর। ৭। মন্দ, কুৎসিত, জঘন্য। ড়া—স্ত্রীং, বংশ-শলাকা। ২। (ক্ষ্বিড্+অ—ভাবে) ধ্বনি, শব্দ। ৩। সিংহনাদ। ৪। অশ্লীল গান, খেউর।

ক্ষ্বেড়িত (ক্ষ্বেড় দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, যুদ্ধ-কালীন বীরদিগের চীৎকার-ধ্বনি, সিংহনাদ।

ক্ষ্বেলা (ক্ষ্বেল্ কাঁপা, গমন করা+অ—ভা) সং, স্ত্রীং, ক্রীড়া, খেলা। ২। সঞ্চালন।

ক্ষ্বেলন (ক্ষ্বেলা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ক্রীড়ন। ২। সঞ্চালন।

ক্ষ্বেলিত (ক্ষ্বেলা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্রীড়িত। ২। চালিত।

---

# খ

**খ** ; ব্যঞ্জন বর্ণের দ্বিতীয় অক্ষর ; ইহার উচ্চারণস্থান জিহ্বামূল। ২। (খন্‌ বিদারণ করা+অ(ড)—ক) সং,পুং, সূর্য্য। ৩। (+ড—র্ম) ক্লীং, আকাশ, শূন্য। ৪। (খক্ষ্‌ হাস্য করা + ড—ক ) স্বর্গ। ৫। সুখ। ৬। (খদ্‌ স্থির হওয়া+ড—ক) ইন্দ্রিয়। ৭। ( খর্ব্ব্‌ গর্ব্ব করা+ড—ক ) দেহ। ৮। (খট্ট্‌ সংবরণ করা+ড—র্ম) নগর। ৯। (খড্‌ উৎপন্নের পুনরুৎপাদন করা+ড—ক) ব্রহ্ম। শিং—১ "ওঁ খং ব্রহ্মেত্যাদি খানি তানি মেধ্যানি সর্ব্বশঃ। খান্যমেধ্যান্য-মেধ্যানি।" ২ "খ ব খাজিতপাঃ খুক।" ৩ "খাবৎশিরঃ খে মরুতাং চরন্তি।"

**খই** (খদিকা শব্দজ) সং, ভৃষ্টধান্য, লাজ।

**খএর, খয়ের** (খদির শব্দজ) সং, বৃক্ষবিশেষের নির্য্যাস।

**খকুন্তল** ( খ আকাশ—কুন্তল কেশ) সং, পুং, ব্যোমকেশ, শিব।

**খগ** (খ আকাশ—গ [গম্‌ গমন করা+অ (ড)—ক] যে গমন করে, ৭মী—ষ) সং, পুং, পক্ষী। শিং—১ "খগচঞ্চুপুটদ্রোণী-পূরণে তব কঃ শ্রমঃ।" (চাতকাষ্টক)। ২। বাণ। ৩। সূর্য্য। ৪। দেবতা। ৫। শলভ-বিশেষ। ৬। গ্রহ। শিং—১"আপোহভিমে যদি খগাঃ স কিমেষ্যবায়ঃ।" ৭। বায়ু। শিং—১ "তমাংসীব যথা সূর্য্যো বৃক্ষানগ্নি-র্যথা খগঃ। তথা ভন্দোহজয়চ্ছত্রূন্‌ যেন বীর্য্যেণ।" ৮। বিং, ত্রিং, আকাশগামী। শিং—১ "শুশ্রা সুরৈরবধ্যং হি পুরমেতৎ খগং মহৎ।"

**খগগতি** (খগ পক্ষী—গতি গমন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পক্ষিগণের উড্ডীন প্রোড্ডীন সংডীন প্রভৃতি গতিবিশেষ।

**খগপতি, খগেন্দ্র, খগেশ্বর** (খগ পক্ষী—পতি, ইন্দ্র, ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং,পুং, গরুড়, বিষ্ণুর বাহন।

**খগম** ( খ আকাশ—গম্‌ গমন করা+অ (অন্‌)—ক) বিং, ত্রিং, আকাশগামী (সিদ্ধ গন্ধর্ব্বাদি)। ২। সং, পুং, ব্রাহ্মণ-বিশেষ।

**খগরাজ** (খগ—রাজ,৬ষ্ঠী—ষ) সং,পুং, পক্ষিগণের রাজা, গরুড়, বিষ্ণুর বাহন ; যথা—
"খগরাজ পায় লাজ নাসিকা অতুল।"

**খগবতী** (খগ পক্ষী ইত্যাদি+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী।

**খগস্থান** ; সং, ক্লীং, বৃক্ষস্থ কোটর, পক্ষিগণের বাসস্থান।

**খগান্তক** ( খগ—অন্তক নাশক, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, শ্যেনপক্ষী, বাজপক্ষী।

**খগাসন** (খগ গরুড়পক্ষী—আসন বসিবার স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। ২।

(খগ সূর্য্য—আসন বাসস্থান, ৬ষ্ঠী—ষ) উদয় পর্ব্বত।

খগেন্দ্রধ্বজ (খগেন্দ্র গরুড়—ধ্বজ ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

খগোল (খ আকাশ—গোল মণ্ডল, য়ং—স) সং, পুং, আকাশমণ্ডল। ২। তৎপ্রতিরূপক কৃত্রিম গোলক।

খগোলবিদ্যা (Astronomy) সং, স্ত্রীং, যে বিদ্যা দ্বারা গ্রহনক্ষত্রাদির প্রকৃতি অবস্থান ও গতি প্রভৃতি নিরূপিত হয়।

খগোল-বিবরণ (খগোল—বিবরণ) সং, ক্লীং, যে গ্রন্থে বা শাস্ত্রে আকাশমণ্ডল ও আকাশমণ্ডলস্থিত গ্রহ নক্ষত্র ধূমকেতু প্রভৃতি যাবতীয় পদার্থের প্রকৃতি অবস্থান গতি প্রভৃতি সমস্ত বিষয়ের বিবরণ থাকে।

খগ্‌গড়; সং, পুং, শর, খাগ্‌ড়া।

খঙ্কর; সং, পুং, চূর্ণকুন্তল, ঝাঁপ্‌টা।

খচমস (খ আকাশ—চম্ ভক্ষণ করা+অস(অসচ)—ক) সং, পুং, চন্দ্র।

খচর (খ আকাশ—চর যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, আকাশগামী। ২। সং, পুং, পক্ষী। ৩। মেঘ। ৪। বায়ু। ৫। রাক্ষস। ৬। সূর্য্য। ৭। গ্রহ। শিং—১ "পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।" ৮। রূপকতালবিশেষ। ৯। অশ্বতর। শিং—১ "খচরস্য সুতস্য সুতঃ খচরঃ খচরস্য পিতা ন পুনঃ খচরঃ। খচরস্য সুতেন হতঃ খচরঃ খচরী পরিরোদিতি হা খচর॥" রী—স্ত্রীং, রাক্ষসী।

খচারী (খ আকাশ—চর্ বিচরণকরা+ইন্ (ণীন্)—ক, ৭মী—ষ) বিং, ত্রিং, আকাশগামী, পক্ষী, সূর্য্য প্রভৃতি। ২। সং, পুং, কার্ত্তিকেয়। "খচারী ব্রহ্মচারী চ শূরঃ শরবনোদ্ভবঃ।" রিণী—স্ত্রীং, রাক্ষসী।

খচিত (খচ্ বিভূতিযুক্ত হওয়া, যোজনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রচিত। ২। জড়িত। ৩। ব্যাপ্ত। ৪। মিশ্রিত, একত্রিত। ৫। যোজিত। ৬। মধ্যে মধ্যে সন্নিবেশিত, অন্তর্নিহিত। ৭। বদ্ধ। ৮। ছুরিত, রুংষিত। শিং—১ "রত্নচ্ছায়া খচিতবলিভিশ্চামরৈঃ।" ২ রত্নৈঃ খচিতং মমণ্ডলম্।" ৩ "খদ্যোতখচিতমিবান্তরীক্ষম্।" ৪ "কুসুমোৎখচিতান্—অলকান্।"

খজ (খজ্ মন্থন করা+অ(অল্)—ক) সং, পুং, মন্থনদণ্ড। শিং—১ "শুক্রং নির্মথ্যতে তদ্বদ্দেহসঙ্করজৈঃ খজৈঃ।" ২। দর্ব্বী, হাতা। ৩। যুদ্ধ।

খজপ (খজ্ মন্থন করা, পীড়ন করা+অপ (কপন্)—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, ঘৃত।

খজল (খ আকাশ—জল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নীহার, আকাশবারি, শিশির। শিং—১ "বর্ষাসু চরন্তি ঘনৈঃ সহোরগা বিয়ন্তি কীটল্‌তাশ্চ। তদ্বিষজুষ্টমপেয়ং খজলমগস্ত্যোদয়াৎ পূর্ব্বম্॥"

খজা } খজাকা } (খজ্ মন্থন করা+অ, আক—ক। যে ব্যঞ্জনাদি মন্থনকরে) সং, স্ত্রীং, দর্ব্বী, হাতা। ২। মন্থন, মওয়া।

খজ্যোতিঃ (খজ্যোতিস্, খ আকাশ—জ্যোতিস্ দীপ্তি, ৭মী—হিং) সং, পুং, খদ্যোত, জোনাকি পোকা।

খঞ্জ (খন্‌জ্ খুঁড়িয়া যাওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিকল পদ, খোঁড়া, যাহার পদ এরূপ বিফল যে সে সহজে চলিতে পারে না। শিং—১ "কাণং বাপ্যথবা খঞ্জমন্যং বাপি তথাবিধং। তথ্যেনাপি শপন্ দাপ্যো দণ্ডং কার্ষাপণাবয়ং।" (মনু)।

খঞ্জখেট } খঞ্জখেল } (খঞ্জ খোঁড়া—খেট, খেল যে গমন করে। যে খঞ্জের ন্যায় গমন করে) সং, পুং, খঞ্জনপক্ষী।

খঞ্জন (খঞ্জ দেখ, অন—ক) সং, পুং, প্রসিদ্ধ




খঞ্জন (পক্ষী)।

পক্ষী। (কবিরা বর্ণন করিয়া থাকেন যে এই পক্ষীর চক্ষু অতি সুন্দর এবং নৃত্য করিতে করিতে চলন অতীব মনোহর। শিং—১ "ঐশান্যাং মরণং ধ্রুবং নিগদিতং দিক্‌-

লক্ষণং খঞ্জনো।” ২ “নেত্রেখঞ্জনগঞ্জনে।” ৩ “খঞ্জনোপাখ্যান।”

খঞ্জনরত (খঞ্জন পক্ষিবিশেষ—রত রমণ, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) সং, ক্লীং, যতিদের গোপনীয় মৈথুন।

খঞ্জনী } খঞ্জরী } সং, স্ত্রীং, ভারতবর্ষীয় ক্ষুদ্র আনদ্ধ যন্ত্রবিশেষ; একটী অখণ্ডিত চক্রাকার-খণ্ড-খোদিত কাষ্ঠের এক মুখে ছাগাদির চর্ম্মাচ্ছদন পূর্ব্বক এই যন্ত্র নির্ম্মিত হয়।



খঞ্জনী।

খঞ্জর (যাবনিক) গোলা।

খঞ্জরীট (খঞ্জ খোঁড়া—ঋ গমন করা+ ঈট কীটন্)—ক। নিপাতন) সং, পুং, খঞ্জনপক্ষী। শিং—১ “অক্তেষু গোষু গজবাজি মহোরগেষু রাজ্যপ্রদঃ। কুশলদঃ শুচিশাদ্বলেষু। ভস্মাস্থিকেশনখলোমতুষেষু দৃষ্টো দুঃখং দদাতি বহুশঃ খলু খঞ্জরীটঃ।”

খট (খট্ আকাঙ্ক্ষা করা, অন্বেষণ করা+ অ(অল্)—র্ম্ম) সং,পুং, তৃণ। ২। লাঙ্গল। ৩। কফ। ৪। প্রহারবিশেষ, ঘুসি। ৫। পর্ব্বত-টঙ্ক। ৬। (+অল্—ধি) অন্ধকূপ।

খটিক (খট্ অন্বেষণ করা, ইচ্ছা করা+ অক(ণক)—ক। ই—আগম) সং, পুং, বিকৃতহস্ত, কুব্জপাণি। কা—স্ত্রীং, খড়ী। ২। (খট+ইক(ষ্কিক)—ভবার্থে) মুষ্টি।

খটিনী } খটী } (খট্ অন্বেষণ করা+ইন্, ঈ (ঈপ্)—সংজ্ঞার্থে) সং, কঠিনী, খড়ী। শিং—১ “ন পততি খটিনী সসম্ভ্রমা যস্য।” (উদ্ভট)।

খট্ (ষট্ শব্দজ। এইরূপ কিম্বদন্তী আছে যে ষড়ানন কার্ত্তিকেয়ের ষণ্মুখ হইতে বিনির্গত হওয়াতেই ইহা ষট্ বা খট্ নামে বিখ্যাত হইয়াছে) সং, পুং, রাগবিশেষ। কাহার মতে বড়াটী, আশাবরী, তোড়ী, ললিত, বহুলী এবং গান্ধার এই ছয় রাগের সারাংশ গ্রহণে প্রস্তুত হওয়াতেই ইহার নাম ষট্ বা খট্।

খট্টন (খট্ট আচ্ছাদন করা+অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, খর্ব্ব, খাট।

খট্টা (খট্ট আচ্ছাদন করা+অ(অচ্)—র্ম্ম। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পর্য্যঙ্ক, খাট। ২। মড়ার খাট, যে খাটে বা শয্যার উপর রাখিয়া শব দাহক্ষেত্রে লইয়া যায়।

খট্টাশ—স (খট্ট—অস্ দীপি পাওয়া+অ



খট্টাশ।

(অন্)—ক। অথবা খট্ট+অন্—ক=খট্ট—অশ্ ভোজন করা) সং, পুং—স্ত্রীং, বন্যজন্তুবিশেষ, খাটাশ। ২। গন্ধগোকুলা।

খট্টি, খট্টী (খট্ট আচ্ছাদন করা+ই—র্ম্ম) সং, পুং, শববহনার্থখাট, মড়ার খাট।

খট্টিক (খট্ট আবরণ+ইক—প্রং। যে জালাদি আবরণ দ্বারা পক্ষী প্রভৃতি বধ করে) সং, পুং, ব্যাধ, শাকুনিক, পাখি মারা।

খট্টেরক (খট্ট আচ্ছাদন করা+এরক—র্ম্ম) বিং, ত্রিং, খর্ব্ব, খাট। [খাট।

খট্বা (খট+ব—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, পর্য্যঙ্ক,

খট্বাঙ্গ (খট্বা—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, খাটের পায়ার মত মুদ্গর। ২। খট্টার অঙ্গ। ৩। নরকপালাগ্র লগুড়, নরপঞ্জর। ৪। পৃষ্ঠবংশ। ৫। শিবের অস্ত্রবিশেষ। শিং—১ “খট্বাঙ্গৈঃ পট্টিশৈঃ শূলৈ লাঙ্গুলৈর্মুষলৈরলম্।” ৬। পুং, সূর্য্যবংশীয় নৃপ-বিশেষ।

খট্বাঙ্গধর (খট্বাঙ্গ অস্ত্রবিশেষ—ধর যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, খট্বাঙ্গধারী।

খট্বাঙ্গভৃৎ (খট্বাঙ্গ শিবের অস্ত্রবিশেষ—ভৃৎ যে ধারণ করে) সং, পুং, শিব।

খট্বাঙ্গিন্ (খট্বাঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব।

খট্বারূঢ় (খট্বা—আরূঢ় যে আরোহণ করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, পামর,

দুরাচার। ২। অলস। ৩। খট্টাস্থিত, খট্টায় শয়িত। ৪। প্রমত্ত, অনবহিত। ৫। উৎপথ-প্রস্থিত, উচ্ছৃঙ্খল।

খটিকা } (খট্টা, খট্টা+ইক(ষ্কিক) – অল্পা-
খট্টিকা } র্থে, আপ্) সং,স্ত্রীং, ছোট খাট।

খড় (খড়্ ভেদ করা+অ(অল্) – ভাবে) সং, পুং, ভঙ্গ। ২। (+অল্ – র্ম্ম) ক্লীং, ক্ষুদ্র তৃণ। ড়ী – স্ত্রীং, খটী।

খড়ক্কিকা (খড়ক্কী+ইক(ষ্কিক) – প্রং, আপ্) সং, স্ত্রীং, খড়কী, গুপ্তদ্বার। ২। খড়খড়ি।

খড়ক্কী (খড়ক্ অব্যক্ত শব্দ – কৃ করা+অ(ড) – ক, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, গুপ্তদ্বার, খিড়কীদ্বার, যে দ্বার দিয়া স্ত্রীলোকেরা গমনাগমন করে। ২। খড়খড়ি।

খড়ম (দেশজ) সং, কাষ্ঠপাদুকা।

খড়িকা (খড় শব্দজ) সং, উলুখড়ের মূল-ভাগ। ২। (খড়ী+ক – যোগ) সং, স্ত্রীং, খড়ীমাটী।

খড়ী (খড় দেখ, ঈ(ঈপ্) – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্বনাম-প্রসিদ্ধ শুক্লবর্ণ বস্তুবিশেষ, খড়ীমাটী। ২। খড়ীমাটী দ্বারা রেখাকরণ; যথা—"মন্ত্রপড়ি খড়ীপাতি গণিয়া গণনে।"

খডীন; সং, ক্লীং, পক্ষিদিগের গতিবিশেষ।

খড়ে; সং, স্ত্রীং, নদীবিশেষ।

খড়্গ (খড় দেখ, গ(গন্) – ক) সং, পুং, গণ্ডার। ২। (+গণ্ – ণ) গণ্ডারের শৃঙ্গ। ৩। যে অস্ত্র দ্বারা ছাগ মহিষ প্রভৃতি পশু বলিদান করে, খাঁড়া, কাতান। ৪। তর-বারি, করবাল। ৫। গন্ধদ্রব্য-বিশেষ। শিং – ১ "খড়্গৌ বদ্ধা চ ধন্বিনৌ।" ৫। ক্লীং, লৌহ।

খড়্গকোষ (খড়্গ – কোষ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, খড়্গের খাপ।

খড়্গধেনুকা; সং,স্ত্রীং, ছুরিকা। ২। গণ্ডারী।

খড়্গপত্র; সং, ক্লীং, ঢাল। ২। খড়্গকোষ। ৩। অসিফলক। ৪। পুং, ইক্ষুবৃক্ষ।

খড়্গপিধান (খড়্গ – পিধান কোষ, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, খড়্গকোষ, খাপ্।

খড়্গপাণি (খড়্গ – পাণি, হস্ত, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, প্রহারোদ্যত, মারণোন্মুখ। ২। খড়্গধারী।

খড়্গপুচ্ছী (Zyphosura) যাহাদের ঢা-লের ন্যায় দেহাবরণের নিম্নভাগে দীর্ঘ খড়্গাকার শলাকা থাকে; যথা – সমুদ্র কর্কটী।

খড়্গহস্ত (খড়্গ – হস্ত, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যে খড়্গ ধারণ করে, যাহার হস্তে খড়্গ থাকে। ২। যে ব্যক্তি হস্তে খড়্গ ধারণ করিয়া আছে, যে ব্যক্তি মস্তক ছেদনে উদ্যত হইয়া রহিয়াছে, যে ব্যক্তি সম্মুখে পাইলে মস্তক ছেদন ক-রিতে পারে, যৎপরোনাস্তি কুপিত, অত্যন্ত বিদ্বেষী, সাতিশয় বিপক্ষ।

খড়্গী (খড়্গিন্, খড়্গ+ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, গণ্ডার পশু। শিং – ১ "এতৎ খড়্গিকুল-ক্রীড়িতম্।" (কাদম্বরী)। ২। মহাদেব। ৩। বিং, ত্রিং, খড়্গধারী।

খড়্গীক (খড়্গ+ঈক – পটুতার্থে) সং, ক্লীং, (খড়্গের কার্য্য সম্পন্ন করে বলিয়া) দাত্র, দা।

খণ্ড (খন্ড্ ভগ্ন করা+অ(অল্) – ভা। অথবা খন্ বিদারণ করা+অ(ড) – ভা) পুং, ভেদ। শিং . "খণ্ড খণ্ডং যযুর্ঘনাঃ।" ২। ছেদ, টুক্‌রা। ৩। মণিদোষ-বিশেষ। ৪ পুং – ক্লীং, অংশ। ৫। গ্রন্থের ভাগ-বিশেষ, পরিচ্ছেদ। ৬। বস্তুনির্দ্দেশ। ৭। খান; যথা—এক খণ্ড পুস্তক। শিং – ১ "অত্র কেদারখণ্ডে নিঃসরমাণমুদকমবার-ণীয়ং সংরোদ্ধুং সংবিষ্টো ভগবচ্ছব্দং শ্রুত্বৈব সহসা বিদার্য্য কেদারখণ্ডং ভবন্ত-মুপস্থিতঃ।" ২ "জর্জ্জরবংশখণ্ডেন।" ৩ "হিমখণ্ডবহো বায়ুঃ।" ৬। (+অল্ – র্ম্ম) একদেশ। শিং – ১ "তারাধিপখণ্ডধারী।" ৮। ক্লীং, ইক্ষুগুড়, খাঁড়। শিং – ১ "খণ্ড-মোদকমিব বক্ত্রমুদিত মবলোকয়।" ৯। বিং, ত্রিং, খণ্ডিত। শিং – ১ "ন খণ্ডে খণ্ডমিষ্যতে।" ১০। প্রযুষ্ট।

খণ্ডকথা (খণ্ড – কথা, দ্বং – স) সং, স্ত্রীং, খণ্ডিতা কথা, স্বল্প কথা।

খণ্ডকর্ণ (খণ্ড – কর্ণ কন্দ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, আলুবিশেষ, শকরকন্দ আলু।

খণ্ডকাব্য; সং, ক্লীং, এক বিষয়াত্মক ক্ষুদ্র

কাব্য, মেঘদূতাদি। শিং—১ "খণ্ডকাব্য ভবেৎ কাব্যস্যৈকাদেশানুসারি চ।"

খণ্ডখর্জ্জূর (খণ্ড পক্ব—খর্জ্জূর, ৩য়া—ষ। মধ্য পদ লোপ) সং, ক্লীং, খণ্ডপক্ব খর্জ্জূর, স্বাদু খর্জ্জূর।

খণ্ডজ (খণ্ড—জন্ জন্মান+অ(ড)—ক) সং, পুং, গুড়বিশেষ।

খণ্ডতাল; সং, পুং, সঙ্গীতবিষয়ে তালবিশেষ, একতালা। শিং—১ 'দ্রুতমেকং ভবেদ্‌যত্র খণ্ডতালঃ স উচ্যতে।"

খণ্ডধারা (খণ্ড অংশ—ধারি ধরা+অ(অল) —র্ম্ম। অথবা খণ্ড একদেশ—ধারা, ৬ষ্ঠী —হিং) সং, স্ত্রীং, কর্ত্তরী, কাঁচী।

খণ্ডন (খণ্ড দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, ভঙ্গ। ২। অপনয়ন, নিরাকরণ; যথা—মত খণ্ডন, তিনি আপন মতের পোষকতার যত যুক্তি দেখাইলেন অমুক সকলই খণ্ডন করিলেন। ৩। ভঞ্জন। ৪। ছেদন। শিং—১ "দর্শনেন কৃতখণ্ডনব্যথং।" (রঘু)। ২ "অধিকারেণ যো যুক্তঃ কথং তস্যাস্তি খণ্ডনম্।" ৩ "স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং দেহি পদপল্লব মুদারম্।" ৪ "ইতি খণ্ডন খণ্ড খাদ্যে।" ৫। পতির অঙ্গে পরনারী-সঙ্গ-চিহ্ন-দর্শনহেতুক নায়িকার অপমান বোধ।

খণ্ডনীয় (খণ্ড দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা খণ্ডন করা উচিত বা আবশ্যক; যাহা খণ্ডন করিতে পারা যায়, খণ্ডনযোগ্য; যথা—এই প্রমাণ খণ্ডনীয় নহে।

খণ্ডপরশু (খণ্ড অংশ—পরশু কুঠার, ৬ষ্ঠী —হিং। যিনি তাঁহার শত্রুগণকে পরশু দ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিয়াছিলেন) সং, পুং, শিব। শিং—১ "যেনৈব খণ্ড পরশুর্ভগবান্ প্রচণ্ডঃ।" (বিষ্ণু)। ২। জামদগ্ন্য, পরশুরাম।

খণ্ডপর্শু (খণ্ড অংশ—পর্শু কুঠার। যাঁহার পর্শু বা অস্ত্র দ্বারা প্রত্যেক বস্তু খণ্ড খণ্ড করিয়া কর্ত্তিত হইত) সং, পুং, শিব। ২। পরশুরাম। ৩। রাহু। ৪। ভগ্নদন্তহস্তী।

খণ্ডপাল (খণ্ড ইক্ষুগুড়—পাল যে পালে বা রক্ষা করে, ২য়া—ষ) সং, পুং, ময়রা।

খণ্ডপ্রলয় (খণ্ড—প্রলয় ধ্বংস) সং, পুং, ক্ষুদ্র প্রলয়, ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সায়ংকালে যে লয় করেন, তাহার নাম খণ্ডপ্রলয়, ইহাকেই দৈনন্দিন প্রলয় কহে।

খণ্ডা (খণ্ড ভগ্ন করা + অ(অল)—র্ম্ম। আপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, যাহা ভঙ্গ করা হইয়াছে; যথা—খণ্ডা তিথি, খণ্ডা অট্টালিকা। ২। (খন্ বিদারণ করা + ড —ণ) সং, স্ত্রীং, খড়্গ, খাঁড়া; যথা— "প্রচণ্ডা খর্পর খণ্ডা হাতেমুণ্ডমালী।"

খণ্ডাভ্র (খণ্ড অংশ—অভ্র মেঘ ইত্যাদি) সং, ক্লীং, খণ্ড খণ্ড মেঘ, ছেঁড়া মেঘ। ২। দন্তরোগবিশেষ।

খণ্ডিক (খণ্ড দেখ, ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, পুং, কলাই। ২। কক্ষ, বগল। ৩। ঋষিবিশেষ। ৪। বিং, ত্রিং, ক্রুদ্ধ।

খণ্ডিত (খণ্ড দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কর্ত্তিত, দ্বিধাকৃত। ২। ছিন্ন। ৩। ভিন্ন। ৪। নিরাকৃত, অপনীত। ৫। অসম্পূর্ণ,অঙ্গহীন। ৬। বিভক্ত। ৭। ভগ্ন। ৮।ত্রাসিত। তা—স্ত্রীং,(+ক্ত—ক) স্বামীর পরস্ত্রী-সঙ্গ-চিহ্ন-দর্শনে ঈর্ষ্যাযুক্তা নায়িকা। শিং—১ "পার্শ্বমেতি প্রিয়ো যস্যা অন্যসংভোগচিহ্নিতঃ। সা খণ্ডিতেতি কথিতা ধীরৈরীর্ষ্যাকষায়িতা।" ২ "তাড়িতা অপি দণ্ডেন শস্ত্রৈরপি বিখণ্ডিতাঃ। ন বশং যোষিতো যান্তি ন দানৈর্ন চ সংস্তবৈঃ॥"

খতমাল (খ আকাশ—তমাল কৃষ্ণবর্ণ মুকুলবিশিষ্ট বৃক্ষবিশেষ, ৭মী—ষ। আকাশে তমালবৃক্ষের ন্যায় যাহা কৃষ্ণবর্ণ দৃষ্ট হয়) সং, পুং, ধূম। ২। মেঘ।

খতান (যাবনিক) গণন,হিসাবের নিশ্চয়করণ।

খতিয়ান (যাবনিক; Ledger) যে কাগজে প্রজাদের জমী জমা বিশেষ করিয়া নিরূপিত হয় ও যাহাতে খাজানা নিরূপণ ও আয়ের হিসাব লিখিত হয়। ২। হিসাব পুস্তক।

খতুয়া, খতো } (ক্ষত শব্দজ কি?) বিং, জীর্ণ, ভগ্ন।

খদিকা ; সং, স্ত্রীং, খই।
খদির (খদ্ হিংসা করা+ইর(কির)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, খয়েরগাছ। ২। ইন্দ্র। ৩। চন্দ্র। ৪। ক্লীং, খয়ের।
খদিরসার (খদির—সার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, খয়ের শিং—১ "বিনা খদিরসারেণ হারেণ হরিণীদৃশাম্।—নাধরে ধ্রিয়তে রাগো নাপিরাগঃ পয়োধরে।"
খদিরিকা (খদির+ইক—প্রং) সং, স্ত্রীং, লাক্ষা, লা। ২। লজ্জালুলতা।
খদিরোপম (খদির—উপমা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁটা বাবলা।
খদ্যোত (খ আকাশ—দ্যোত [দ্যুৎ দীপ্তিপাওয়া+অ(অল্)—ভা] যে দীপ্তিপায়, ৭মী—ষ) সং, পুং, জ্যোতিরিঙ্গণ কীট, জ্যোনাকি পোকা। শিং—১ "বিকীর্য্যমাণাম্ খদ্যোতৈর্ব্ক্ষাং স্তেজোভিরেব চ।" ২ "খদ্যোতালী বিলাসিত নিভাং বিদ্যুদুন্মেষ দৃষ্টিম্।" ২। সূর্য্য।
খদ্যোতন (খ স্বর্গ—দ্যুৎ দীপ্তি পাওয়া +অন(অনট)—ক) সং, পুং, সূর্য্য।
খধূপ (খ আকাশ—ধূপ দহ্যদ্রব্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হাওয়াই বাজী। ২। তোপ। শিং—১ "ধ্বজান্ ববন্ধু র্মুমুচুঃখধূপান্।" ২ "আকাশে ঘটিকাদিভির্ধূপান্ মুমুচুঃ।"
খনক (খন্ খনন করা+অক(ষক)—ক, শিল্পীঅর্থে) সং, পুং, মূষিক। ২। সিঁধাল চোর। ২। আকরজ্ঞ, যাহারা আকর হইতে ধাতু মণি প্রভৃতি নির্গত করে। ৩। বিং, ত্রিং, খননকর্ত্তা। শিং—১"বিদুরস্য সুহৃৎ কশ্চিৎ খনকঃকুশলোহস্ম্যহম্।"
খনন (খনক দেখ, অন(অনট)—ভা) সং, ক্লীং, খাতকরণ। ২। খোঁড়ন। ৩। আকর হইতে ধাতু মণি প্রভৃতি বাহির করা।
খনয়িত্রী (খন্-ণিচ্=খানি খনন করান+তৃ (তৃন্)—ণ,ঈপ্—স্ত্রীং)সং,স্ত্রীং,খুন্তী। "খনয়িত্রী শুভাযাত্রা জয়ার্থং যুদ্ধকাঙ্ক্ষিভিঃ।"
খনা ; বিং,ত্রিং,যে নাসিকাযোগে কথা কহে। ২। স্ত্রীং, ইনি সিংহল দ্বীপে পালিতা ও মিহিরের সহিত বিবাহিতা। ইনি জ্যোতির্ব্বিদ্যায় পারদর্শিনী ছিলেন। মিহিরের পিতা বরাহ ইহাঁর গণনাদি দর্শনে ঈর্ষাপরতন্ত্র হইয়া ইহাঁকে বিনাশ করেন।
খনি, খনী, খানি (খন্ খোঁড়া+ই(ইন্)—র্ম। রত্নাদি লাভ জন্য যাহা খনন করা যায়) সং, স্ত্রীং, স্বর্ণাদির উৎপত্তি স্থান, আকর, যাহা খনন করিয়া ধাতু মণি প্রভৃতি নির্গত করা যায়। ২। গর্ত্ত।
খনিত্র (খনি দেখ, ইত্র—ণ। যাহার দ্বারা খনন করা যায়) সং, ক্লীং, খননাস্ত্র, খন্তা। শিং—১ "কেচিৎ খনিত্রৈর্ব্বিভিদুঃ সেতুপ্রাকারগোপুরান্।"
খন্দ (দেশজ) সং, শস্যাদি, ফল মূলাদি।
খন্দপালা (দেশজ) সং, পর্য্যায়ক্রমে শস্যসম্বন্ধীয় উৎসব ; ভাদ্র, চৈত্র ও পৌষ মাসে শস্যোৎপত্তির পর এতদ্দেশীয় হিন্দুগণ শস্যাধিষ্ঠাত্রী লক্ষ্মী দেবীর পূজা করিয়া থাকে ; যথা—লক্ষ্মীর খন্দপালা।
খন্য (খন্ খনন করা+য—র্ম) বিং, ত্রিং, খননীয়, যাহাকে খনন করা যায়।
খপুর (খ ইন্দ্রিয়—পৃ পুষ্টি করা+অ(ক) —ক, ২য়া—ষ) সং, পুং, গুবাক বৃক্ষ। ২। ভদ্রমুস্তক। ৩। ক্লীং, ঘট, কলস। ৪। আকাশস্থ নগর। ৫। বিং, ত্রিং, অলস।
খপুষ্প (খ আকাশ—পুষ্প ফুল) সং, পুং, আকাশ কুসুম। ২। অপ্রসিদ্ধ বস্তু, শূন্য, কিছুই নহে। ৩। শশশৃঙ্গ।
খপ্‌খপ্ (ক্ষিপ্র শব্দজ) শীঘ্র শীঘ্র।
খপ্‌রা (খর্পর শব্দজ) খোলা, শর্কর।
খপ্‌রৈল ; খোলা দ্বারা আচ্ছাদিত।
খমণি (খ আকাশ—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।
খমীলন (খ শূন্য—মীলন চক্ষুঃমুদ্রিতকরণ) সং, ক্লীং, তন্দ্রা, অল্পনিদ্রা।
খমূল, খমূলিকা, খমূলী (খ শূন্য—মূল, ৭মী—হিং) সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।
খয়রাৎ (যাবনিক, Charitable grants) দান, বিতরণ।
খর (খ মুখবিবর+র—প্রং। যাহার মহৎ মুখবিবর) সং, পুং, গর্দ্দভ। ২। অশ্বতর। ৩। কাক। ৪। কুররপক্ষী। ৫। তীক্ষ্ণস্পর্শ।

৬। কঙ্কপক্ষী। ৭। কণ্টকিবৃক্ষ বিশেষ। ৮। সূর্য্যের পার্শ্বচর। ৯। দৈত্যবিশেষ। ১০। বর্ষবিশেষ। ১১। পশ্চিম-দ্বার-গৃহ। ১২। ধর্ম্ম। ১৩। রাক্ষস-বিশেষ, রাবণের ভ্রাতা; বিশ্রবার ঔরসে রাকার গর্ভে জন্ম হয়। রামচন্দ্রের হস্তে পঞ্চবটীতে নিহত হয়। শিং—১ "খরদূষণয়োর্ম্মধ্যে পর্য্যদেবিষ্ট সা তদা।" ১৪। সং, পুং—ক্লীং, উত্তাপ, উষ্ণতা। ১৫। বিং, ত্রিং, উষ্ণ। ১৬। অতি উৎকট; যথা—খরজ্বাল। ১৭। কঠিন। ১৮। ধারাল। ১৯। শীঘ্র। ২০। উগ্র, তীক্ষ্ণ। শিং—১ " স (স্নেহপাকঃ) তু ত্রিবিধস্তদ্ যথা মৃদুর্ম্মধ্যমঃ খর ইতি।" রা—স্ত্রীং, গর্গরী। ২। দেবদারুবৃক্ষ।

খরকর (খর তীব্র—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। ২। (বহুং—স) তীক্ষ্ণ-কিরণ।

খরকুটী (খর তীব্র—কুটী আলয়) সং, স্ত্রীং, নাপিতের গৃহ। ২। খরগৃহ। ৩। (৬ষ্ঠী—ষ) গর্দ্দভের গৃহ।

খরগোস; সং,পুং, স্বনামপ্রসিদ্ধ জন্তুবিশেষ।




খরগোস।

খরচ্ছদ (খর তীক্ষ্ণ, উষ্ণ—ছদ পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উলুখড়। ২। ওকড়া। ৩। কুন্দর তৃণ।

খরণস্ } (খর তীক্ষ্ণ—নাসিকা। নাসিকা-
খরণস } স্থানে নস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তীক্ষ্ণনাসিক, যার ধারাল নাক। ২। যাহার নাসিকা গর্দ্দভ-নাসিকার তুল্য।

খরতালী—ঘনযন্ত্র-বিশেষ। ইহা সভ্য-যন্ত্র। ইস্পাৎ, লৌহ বা কাংস্য দ্বারা এই যন্ত্র নির্ম্মিত হইয়া থাকে। ইহার বাদ্য অতি মধুর। ঐকতান বাদনের সহিত ব্যবহৃত হয়।



খরতালী।

খরদণ্ড (খর ধারাল—দণ্ড যষ্টি বা ডাঁটা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পদ্ম।

খরদূষণ (খর উগ্র—দূষণ দোষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধুস্তূর, ধুতুরা। ২। (খর—দূষণ, দ্বং—স) স্বনাম-প্রসিদ্ধ রাক্ষস দ্বয়। শিং—১ "খরদূষণয়ো ভ্রাত্রোঃ।"

খরধার (খর উগ্র—ধারা ধার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তীব্রধার, ধারাল অস্ত্র।

খরধ্বংসী (—ধ্বংসিন্, খর রাক্ষসবিশেষ—ধ্বংস্ বিনাশ করা + ইন্(ণিন্)—ক) পুং, খররাক্ষসহন্তা শ্রীরাম।

খরনাদিন্ (খর—নদ্ শব্দ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, তীব্র শব্দকারক। ২। গর্দ্দভ তুল্য চীৎকারকারক। নী—স্ত্রীং, রেণুকা নামক গন্ধদ্রব্য।

খরনাল (খর—নাল, ৬ষ্ঠী হিং) সং, ক্লীং, পদ্ম। শিং—১ "নার্ব্বাগ্‌গতস্তং খরনাল নালনাভিং বিচিন্বংস্তদবিন্দতাজঃ।"

খরপাত্র; সং, ক্লীং, লৌহপাত্র।

খরপুষ্প; সং, পুং, মরুবক।

খরপ্রিয় (খর উষ্ণ—প্রিয়) সং, পুং, পারাবত, পায়রা।

খরমজ্জ (খর—মর্জ্জ্ শোধন করা+র—ক) বিং, ত্রিং, অত্যন্ত শোধক।

খররোমা (খররোমন্, খর—রোমন্ রোম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কঠিন রোমযুক্ত। ২। পুং, নাগবিশেষ। [পুং, কুররপক্ষী।

খরশব্দ (খর উগ্র—শব্দ, ৬ষ্ঠী—হিং) সং,

খরশাল; সং, ক্লীং, গর্দ্দভের বাসস্থান।

খরাংশু (খর উষ্ণ—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তিগ্মাংশু, সূর্য্য।

খরিদ (যাবনিক) ক্রয়।

খরিদা (যাবনিক) ক্রীত, কেনা।

খরিদার (যাবনিক) যে কেনে, যে ক্রয় করে।

খরু (খন্ খনন করা+উ(রু)—ক, ন্=র্) সং, পুং, ঘোটক। ২। দর্প। ৩। দন্ত। ৪। কামদেব। ৫। শিব। ৬। বিং, ত্রিং, শুক্লবর্ণ। ৭। তীক্ষ্ণ। ৮। ক্রূর। ৯। নির্ব্বোধ। স্ত্রীং, পতিংবরা কন্যা।

খর্জন (খর্জ্জ্ চুলকিয়া দেওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কণ্ডূয়ন, চুলকন।

খর্জ্জু, খর্জ্জূ (খর্জ্জ্ চুল্‌কিয়া দেওয়া+উ, ঊ–ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, খেজুরগাছ। ২। কীটবিশেষ। ৩। (+উ–ভা) কণ্ডূয়ন।

খর্জ্জূর (খর্জ্জ্-ক্রি=খর্জ্জি ব্যথিত হওয়ান +উর–ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, খেজুর-ফল। ২। রূপ্য। ৩। পুং, কীটবিশেষ, শুয়াপোকা। ৪। বৃশ্চিক। পুং, রী–স্ত্রীং, খেজুরগাছ। "খর্জ্জূরী স্কন্ধনদ্ধানাম্।"

খর্পর (কৃপ্ পারকহওয়া+অর(অরন্)–ক। ক=খ) সং,পুং, চোর। ২। ধূর্ত্ত। ৩। ভিক্ষা-ভাণ্ড। ৪। মৃণ্ময় ভগ্ন পাত্রের অংশ, খাপ্‌রা। ৫। কপাল, মরার মাথার খুলি। শিং–১ "করালবদনা কালী অসি খর্পর-ধারিণী।" ক্লীং, রী–স্ত্রীং, কজ্জল, কাজল।

খর্ম্ম (খর্জ্জ্ মার্জ্জনকরা, ঘর্ষণকরা+ম(মন্)–ভা) সং,ক্লীং, পরম্পরাশুদ্ধি। ২। (+মন্–র্ম্ম) পৌরুষ। ৩। রেশমীবস্ত্র।

খর্ব্ব (খর্ব্ব্ গমন করা, খাট হওয়া + অ (অন্)–ক) সং, ক্লীং, সংখ্যাবিশেষ। শিং–১ "একং দশ সহস্রাযুত লক্ষ প্রযুত কোটয়ঃ ক্রমশঃ। অর্ব্বুদমব্জং খর্ব্ব-নিখর্ব্ব মহাপদ্ম শঙ্কবস্তস্মাৎ। জলধিশ্চান্ত্যং মধ্যং পরার্দ্ধমিতি দশগুণোত্তরাঃ সংজ্ঞাঃ।" ২। পুং, কুবেরের নিধিবিশেষ। ৩। দশবৃন্দসংখ্যা। ৪। কুব্জকবৃক্ষ। ৫। বিং, ত্রিং, ছোট। ৬। বামন, বেঁটে।

খর্ব্বট (খর্ব্ব দেখ, অট–সংজ্ঞার্থে। অথবা খর্ব্ব–অট্ গমন করা+অ(অন্)–ক) সং, পুং–ক্লীং, চারিশত গ্রামের মধ্যস্থ গ্রাম। ২। পর্ব্বতপ্রান্তবর্ত্তী গ্রাম। শিং–১ "একতো যত্র তু গ্রামো নগরং চৈকতঃ স্থিতম্। মিশ্রং তু খর্ব্বটো নাম নদীগিরি-সমাকুলঃ।"

খর্ব্বশাখ (খর্ব্ব ছোট–শাখা, ৬ষ্ঠী–হিং) সং, পুং, বামন, খর্ব্ব। ক্ষুদ্রশাখাযুক্তবৃক্ষ।

খল (খল্ [হানি] সংগ্রহ করা+অ(অন্)–ধি) সং, পুং–ক্লীং, ধান্যাদির মর্দ্দনস্থান, খামার। ২। পাত্রবিশেষ, উদূখল, ঔষধ-মর্দ্দন-পাত্র। ৩। (+অন্–র্ম্ম) খলি, তৈলের সিটা। ৪। মৃত্তিকা। ৫। মল। ৬। জঞ্জাল। ৭। (+অন্–ক) বিং, ত্রিং, দুর্জ্জন। ৮। নীচ। ৯। হিংসক। ১০। কুটিল, যাহার মন সরল নয়, যাহার মন বুঝিতে পারা যায় না। ১১। যে অন্যের হিংসা করে, যাহার মনে বিলক্ষণ হিংসা-প্রবৃত্তি আছে। শিং–১ "সর্পঃক্রূরঃ খলঃ-ক্রূরঃ সর্পাৎক্রূরতরঃ খলঃ। মন্ত্রৌষধি-বশঃসর্পঃ খলঃ কেন নিবার্য্যতে। খলেপ্রীতির্জ্জলে রেখা। ৩ খলঃ করোতি দুর্ব্বৃত্তং ন্যূনং ফলতি সাধুষু। দশাননোঽহরৎ সীতাং বন্ধনংতু মহোদধেঃ।" ১২। (খ আকাশ–লী সংশ্লিষ্ট হওয়া+অ(ড)–ক) সং, পুং, সূর্য্য। ১৩। (খ আকাশ–লা গ্রহণ করা+ড–ক) তমাল বৃক্ষ।

খলতা (খল+তা–ভা) সং, স্ত্রীং, হিংসা-প্রবৃত্তি, অন্যের হিংসা করা। ২। কৌটিল্য, কুটিলতা। ৩। নীচতা। শিং–১ "খলতাং খলতামিবাসতীং প্রতিপদ্যেত কথং বুধো জনঃ।" ২ "অদ্রোহিণি তথা শান্তে বিদ্বেষঃ খলতা স্মৃতা।"

খলতি (স্খল্ পিচ্‌লিয়া যাওয়া, পড়া+অত–সংজ্ঞার্থে। ই–আগম। স্–লোপ। অথবা অতি–ক) সং, পুং, ইন্দ্রলুপ্তরোগ, মাথার টাক। ২। বিং, ত্রিং, টাকযুক্ত।

খলধান (খল খড়্–ধা ধারণ করা+অন (অনট্)-ধি) সং, পুং, খামার।

খলপূ (খল মল, স্থান–পূ মার্জ্জনকরা+০ (ক্বিপ্)–ক) সং,পুং, মার্জ্জনকারী, ফরাস।

খলমূর্ত্তি (খল স্থান–মূর্ত্তি আকৃতি। যে স্থানে ইহা রাখা যায় সেই স্থানানুরূপ আকৃতি প্রাপ্ত হয় বলিয়া) সং,পুং, পারদ, পারা।

খলাধারা (খল তৈলাদিকল্ক–আধার যে ধারণ করে) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তে-লাপোকা।

খলি (খল্ সংগ্রহ করা+ই(ইন্)–র্ম্ম) সং, পুং, তৈলাদির সিটা, কাইট।

খলিন } (খ মুখ–লীন সংলগ্ন। যে
খলীন } মুখে লীন হয়, ১মা–হিং) সং পুং–ক্লীং, লাগাম, অশ্বের মুখরজ্জু। ২ অশ্বাদিমুখস্থিত কশাবন্ধনের লৌহবিশেষ

খলিনী (খল + ইন্ — সমূহার্থে। ঈ — স্ত্রীং) সং, স্ত্রীং, খামারসমূহ।

খলিশ, খলেশয় (খলি — শী শয়ন করা + অ (ড) — ক) সং, পুং, খলিশা মাছ।

খলীকার (খল — কার [কৃ করা + অ(ঘঞ্) — ক] যে করে। ঈ(চ্বি) — আগম,ঘঞ্ — ভা) সং, পুং, অপকার, অনিষ্ট, ক্ষতি। ২। নিকার। ৩। বিপদ্। ৪। কল্কনিঃসারণ।

খলু (খ আকাশ — লুক্ লুপ্ত হওয়া + অ প্রং। অথবা খল্ + উ — ক) অং, নিষেধ। ২। জিজ্ঞাসা। শিং — ১ "ন খলু গ্রুষা পিনাকিনা।"(কুমার)। ২ "স খল্বধীতে বেদম্।" ৩। নিশ্চয়, অবধারণ। শিং — ১ "প্রবৃত্তিসারাঃ খলু মাদৃশাং ধিয়ঃ।" ৪। অনুনয়। শিং — ১ "ন খলু ন খলু মুগ্ধে সাহসং কার্য্যমেতৎ।" ৫। বাক্যালঙ্কার। শিং — ১ "সর্ব্বং প্রিয়ং খলু ভবত্যনুরূপচেষ্টম্।" ৬। বীপ্সা, ব্যাপ্তি। শিং — ১ "কালে খলু সমারব্ধাঃ ফলং বধ্নন্তি নীতয়ঃ।" ৭। হেতু। ৮। সান্ত্বনা। ৯। উৎপ্রেক্ষা।

খলুক্ (খলুজ্, খ আকাশ — লুঞ্চ্ তাড়াইয়া দেওয়া + ০(ক্বিপ্) — ক) সং, পুং, অন্ধকার।

খলূরিকা (খনূড্ ভগ্নকরা + উর — সংজ্ঞার্থে। নূড্=ল। ক — যোগ) সং, স্ত্রীং, শস্ত্রাভ্যাসভূমি, যে স্থানে অস্ত্রাদি শিক্ষা করে, ব্যায়ামভূমি।

খলেকপোত-ন্যায়; সং,পুং-স্ত্রীং,ন্যায়বিশেষ, কপোত সমুদায় খলে অর্থাৎ খামারে যেমন এককালে পতিত হয়, সেইরূপ সমুদায় পদার্থ এক বিষয়ের সহিত অন্বিত হইলে খলেকপোত-ন্যায় কহে। ২। ন্যায়—(১৯) দেখ।

খলে-ধানী; সং, স্ত্রীং, ধান্যাদি মাড়িবার সময় যে কাষ্ঠে গোরু প্রভৃতি বাঁধা থাকে, সেইকাট।

খলেবালী (খলে খামারে — বালী [বল্ বলিষ্ঠ হওয়া + অ(ঘঞ্) — ধি] যে শক্ত হয়, খুঁটি ইত্যাদি) সং, স্ত্রীং, খলে-ধানী দেখ।

খলেশ (খ আকাশ — লিশ্ উৎক্ষিপ্ত হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, খলিশা মৎস্য।

খলেশয় (খলেশ জলের ঊর্দ্ধ ভাগ — যা গমনকরা + অ(ক) — ক) সং, পুং, খলিশা-মাছ। [সং, স্ত্রীং, খামারসমূহ।

খল্যা (খল খামার + য ষ্য) — সমূহার্থে)

খল্ল (খল সংগ্রহকরণ ইত্যাদি + ০(ক্বিপ্) — ক = খল — ল [লা গ্রহণ করা + অ(ড) — র্ম্ম] যে লয়) সং, পুং, ঔষধ মাড়িবার পাত্র, খল্। ২। গর্ত্ত। ৩। চর্ম্ম। ৪। চাতক। ৫। বস্ত্রবিশেষ। ৬। মশক। ল্লী — স্ত্রীং, হস্তপদাদিতে খাল ধরা।

খল্লিকা (খল্ল + ক — যোগ) সং, স্ত্রীং, পিটে ভাজা খোলা।

খল্লিট } খল্লীট } বিং, ত্রিং, যাহার মাথায় টাক পড়িয়াছে। শিং — ১ "খল্লীটঃ পরনিন্দাবান্ ধেনুং দদ্যাৎ স কাঞ্চনাম্।"

খবারি; সং, ক্লীং, দিব্যোদক, আকাশের জল। [পুং, হিম, নীহার।

খবাষ্প (খ আকাশ — বাষ্প, ৬ষ্ঠী — ষ) সং,

খশ-স; সং, পুং, দেশবিশেষ। ২। তদ্দেশীয় লোক। শা — স্ত্রীং, মুরা নামক গন্ধদ্রব্য। ২। দক্ষ-কন্যা, কশ্যপ-পত্নী। "কদ্রুঃ প্রাধা ইরা ক্রোধা বিনতা সুরভিঃ খশা।"

খশীর; সং,পুং, দেশবিশেষ। ২। তদ্দেশীয় নৃপবিশেষ। ৩। তদ্দেশবাসী। [বায়ু।

খশ্বাস (খ আকাশ — শ্বাস নিশ্বাস) সং,পুং,

খষ্প; সং, পুং, ক্রোধ। ২। বলাৎকার। শিং — ১ "খষ্পৌ ক্রোধবলাৎকারৌ।"

খস (খ ইন্দ্রিয় — সৌ অবসন্ন করা + অ (ড) — ক) সং, পুং, চুল্‌কনা, পাঁচ্‌ড়া।

খসন (দেশজ) সং, ক্ষরণ, পৃথক্ হওন।

খসম (যাবনিক) পতি, স্বামী। [মূল।

খস্‌খসিয়া (যাবনিক) সং, বীরণমূল, বেণার

খস্‌ড়া (যাবনিক) যে কাগজে দৈনন্দিন ক্রয় বিক্রয় উপস্থিত মত লিখিত হয়। ২। জমির মাপ এবং প্রজার নাম যে কাগজে লেখা হয়। ৩। করনির্দ্ধারণ করিবার মোটামুটী হিসাব। ৪। গ্রাম মাপ করিবার সময় যে সূচীপত্র প্রস্তুত হয়। (Field Book)

খাঁই (কাঙ্ক্ষ্ এবং খন্ ধাতুজ) সং, আ-
কাঙ্ক্ষা। ২। গভীরতা। [অনাটন।
খাঁকৃতি (কাঙ্ক্ষতি শব্দজ কি ?) অপ্রতুল,
খাচা (দেশজ) সং, পিঞ্জর, পিঁজরা।
খাড় (খণ্ড শব্দজ) সং, গুড়, ইক্ষুবিকার।
খাঁদা (ক্ষুন্ন-নাসিক শব্দের অপভ্রংশ) বিং,
নতনাসিক, যাহার নাসিকা নত।
খাই (খন্ ধাতুজ) খাত, গর্ত্ত ; গভীরতা।
খাইদ } (দেশজ) সং, কাইট, মলা,
খাদ } পাইন।
খাওন (খাদন শব্দজ) সং, ভক্ষণ, আহার
করণ। ২। স্নান—(খাদনা শব্দজ) ভোজন
করান, ভক্ষণ করান।
খাক্ (যাবনিক) ছাই, ভস্ম।
খাঙ্গরা (দেশজ) সং, সম্মার্জ্জনী, ঝাঁটা।
খাজা (খজিকা শব্দজ) পক্ব মিষ্টান্ন-বিশেষ।
খাজাঞ্চী (যাবনিক, Treasurer) ধনাধ্যক্ষ।
২। সদর কাছারিতে যে কর্ম্মচারী তহবিল
রক্ষা করে মফঃস্বলের আদায় খাজানার
চালান প্রভৃতি বুঝিয়া লয় ও খরচপত্রের
জমা খরচ প্রভৃতির হিসাব রাখে।
খাজানা (যাবনিক) অপরের ভূমি ব্যবহার ও
ভোগদখল করিতে হইলে ঐ ভূমির অধি-
কারীকে উহার বদলে যাহা কিছু দিতে
হয় তাহাকে কর বা খাজানা কহে।
খাজিক (খজ্ গমন করা ইত্যাদি+অক
(ণক)—ক। অথবা খ আকাশ—আজ
গতি+ষ্ণিক—অস্ত্যর্থে) সং, পুং, খই।
খাজুর (খর্জ্জূর শব্দজ) সং, খেজুর।
খাঞ্চা (যাবনিক) কাষ্ঠময় বৃহৎ পাত্রবিশেষ।
খাঞ্চাপোষ (যাবনিক) কাষ্ঠময় বৃহৎ পাত্রের
আচ্ছাদন।
খাট (খট্ আচ্ছাদন করা+অ(ঘঞ্)—র্ম্ম)
সং,পুং, খাটিয়া, মড়ারখাট। ২। (দেশজ)
খর্ব্ব, ক্ষুদ্র, ছোট। [লাগান, যোজন।
খাটান (দেশজ) সং, কর্ম্মে নিয়োগকরণ,
খাটাল (যাবনিক) অন্তর, মধ্যস্থল।
খাটি } (খট্ আচ্ছাদনকরা+ই(ইঞ্)—
খাটী } র্ম্ম) সং,স্ত্রীং,মড়ার খাট। ২। কিণ।
৩। অসদাগ্রহ, আবদার। ৪। (দেশজ)
বিং, শুদ্ধ, অমিশ্রিত, অকৃত্রিম।

খাড়ব (ষট্ শব্দের অপভ্রংশ খট্ তৎপরে
খাড়ব) যে সকল রাগ ছয় সুরবিশিষ্ট অ-
র্থাৎ যে সকল রাগের মূর্ত্তি ছয় রাগে
সম্যক্ প্রকারে প্রকাশ পায় তাহাকে
খাড়ব কহে। [৩। উত্থিত।
খাড়া (দেশজ) বিং, দণ্ডায়মান। ২। সোজা।
খাড়্গিক (খড়্গ+ইক(ষ্ণিক)—বিদ্যমানার্থে)
বিং, ত্রিং, খড়্গধারী।
খাণ্ডব (খণ্ড্+অ(অন্)—ক+ষ্ণ—ব) সং,
পুং, যমুনাতীরবর্ত্তী প্রদেশ-বিশেষ। ২।
ইন্দ্রপ্রস্থ-নগর-সন্নিহিত দেশবিশেষ ; এই
প্রদেশে এক অরণ্য ছিল। উহাকে খাণ্ড-
বারণ্য বলা হইত। সুভদ্রা হরণের পর
অর্জ্জুন শ্রীকৃষ্ণের সাহায্যে অগ্নিকে পরি-
তুষ্ট করিবার জন্য ঐ অরণ্য উহাকে দগ্ধ
করিতে দিয়াছিলেন।
খাণ্ডবপ্রস্থ ; সং, পুং, ইন্দ্রপ্রস্থ, দিল্লী।
খাণ্ডবায়ন ; সং, পুং, ঋষিবিশেষ।
খাণ্ডবিক (খাণ্ডব মোদকাদি+ইক(ষ্ণিক)—
করোত্যর্থে) সং,পুং, ময়রা। "আরালিকাঃ
সূপকারাঃ যে চ খাণ্ডবিকাস্তথা।"(ভারত)।
খাণ্ডিক (খণ্ড ইক্ষুগুড়+ইক(ষ্ণিক)—ক-
রোত্যর্থে) সং, পুং, মোদক, ময়রা।
খাত (খন্ খনন করা+ত(ক্ত)—র্ম্ম) সং,
ক্লীং,পুষ্করিণী। ২। গর্ত্ত; খাঁই। ৩। বিং,
ত্রিং, খনিত, যাহা খনন করা হইয়াছে।
শিং—১ "দুর্গং কুর্য্যান্মহাখাতম্।" ৪।
(+ক্ত—ভাবে) খনন।
খাতক (খাত+কণ্—সংজ্ঞার্থে) সং, ক্লীং,
পরিখা, খানা। ২। (খাত—ক কৈধাতুজ
+অ(ড)—ক) পুং,অধমর্ণ,ঋণী। শিং—১
"উত্তমর্ণো ধনস্বামী অধমর্ণস্তু খাতকঃ।"
৩। খনক। ৪। পরসৈন্যবিদারক। "খা-
তকব্যূহতত্ত্বজ্ঞং বলহর্ষণকোবিদম্।"
খাতা (যাবনিক) একত্রবদ্ধ পত্রাদি, বহি। ২।
হিসাব-পুস্তক ; দৈনন্দিন হিসাব-পুস্তক ;
দেনা পাওনা।
খাতাবন্দী—খাতা দ্বারা কর নির্দ্ধারণ প্রণালী
ইহাতে কৃষকদিগকে উর্ব্বরা ও অনুর্ব্বর
ভূমির অনুপাত অনুসারে চাস করিতে
হয় অর্থাৎ একজন বিশ বিঘা উর্ব্বরা

জমী চাস করিলে তাহাকে (যদি ১০ অনুর্ব্বরা জমীর অনুপাত ৩ হয়) তদনুসারে অনুর্ব্বরা জমী সমেত কর দিতে হইবেক। প্রত্যেক চাসা যত পরিমাণে উর্ব্বরা জমী চাস করিবে তাহাকে অনুর্ব্বরা জমীর অনুপাত (Proportion) অনুসারে দায়ী হওয়ার নাম খাতা।

খাতির (যাবনিক) সং, সমাদর, সম্মান। ২। মন, প্রাণ, অন্তঃকরণ। ৩। অভিলাষ, ইচ্ছা।

খাদক (খাদ্ খাওয়া+অক(ণক)—ক) সং, বিং, ত্রিং, ভক্ষক। ২। পুং, অধমর্ণ, ঋণী। শিং—১ "যদি চেৎ খাদকো ন স্যান্ন তদা ঘাতকো ভবেৎ। ঘাতকঃ খাদকার্থায় যদ্ঘাতয়তি বৈ নরঃ।"

খাদন (খাদক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভোজন। ২। (+অনট্—র্ম্ম) খাদ্য। ৩। (+অনট—ণ) পুং, দন্ত।

খাদি (খণ্ড শব্দজ) সং, টুকরা, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। [ভক্ষিত, ভুক্ত।

খাদিত (খাদক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

খাদির (খদির+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, খদিরনির্ম্মিত। ২। খদিরসংক্রান্ত। ৩। সং, ক্লীং, খয়ের।

খাদী (খাদিন্, খাদ্ ভক্ষণ করা+ইন(ণিন্)—ক) বিং, ত্রিং, ভক্ষক; যথা—নরখাদী।

খাদুক (খাদ্+উন্—ক=খাদু+ক(কণ্)—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, হিংসক।

খাদ্য (খাদক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, খাইবার যোগ্য, সুস্বাদ। ২। যাহা খাওয়া উচিত, যাহা খাওয়া নিন্দনীয় বা অহিতকর নহে; যাহা খাওয়া যাইতে পারে বা যাহা খাওয়া আবশ্যক, আহার সামগ্রী, ভক্ষ্যদ্রব্য, ভোজ্যদ্রব্য। শিং—১ "চষ্যলেহ্যখাদ্যাহার।" ২ "মাংস প্রকারৈর্বিবিধৈঃ খাদ্যৈঃ।"

খান (স্থান শব্দজ) সং, স্থান। ২। বস্তুনির্দ্দেশ, দ্রব্যের সংখ্যামাত্র।

খানকী (যাবনিক) সং, বারবিলাসিনী, বেশ্যা।

খানা (খন্ ধাতুজ) সং, গর্ত্ত, হ্রদ, খাত। ২। যবনদিগের ভোজ।

খানি (খন্ খোঁড়া + ই(ইন্)—ইবার্থে। রত্নাদি লাভজন্য যাহা খনন করা যায়) সং, স্ত্রীং, খনি, আকর।

খানিক (খন্ খনন করা+ইক(ষ্কিক)—অস্ত্যর্থে) সং, ক্লীং, দেওয়ালের গর্ত্ত বা ফাটল। ২। বিং, ত্রিং, খনিকর্ম্মকারী। ৩। (স্থান শব্দজ) কিয়দংশ।

খানিল (খন্ খনন করা + ইল(ইলচ্)—অস্ত্যর্থে) সং, পুং, সিঁধাল চোর।

খানেসুমারি—যে হিসাবে গ্রাম, বাড়ী, দোকান, জনসংখ্যা, লাঙ্গল ইত্যাদি নির্দ্দিষ্ট থাকে। ২। জনসংখ্যা।

খানোদক; সং, ক্লীং, নারিকেল ফল।

খাপ (দেশজ) সং, অসিকোষ, অস্ত্রাধার।

খাপরা (খর্পর শব্দজ) সং, খোলা, দগ্ধমৃত্তিকা খণ্ড।

খাম (দেশজ) নানারূপ বিকট শব্দ। ২। (যবনিক) পত্রের আচ্ছাদন।

খামাখা (যাবনিক) হঠাৎ, অকস্মাৎ।

খামার (দেশজ) সং, শস্যমর্দ্দনস্থান, শস্যপ্রাঙ্গন।

খার—পুং } (খন্ খনন করা+অর
খারী—স্ত্রীং } —সংজ্ঞার্থে, খ—আ—রা গ্রহণ করা+অ(ড)—ক, ঈপ্) সং, পুং, শস্যপরিমাণ-পাত্রবিশেষ।

খারাব (যাবনিক) মন্দ, মূল্যহীন।

খারিজদাখিল (যাবনিক, Transfer of property) এক প্রজার জমির জমা অপর প্রজা লইলে, একের জমা খারিজ হইয়া, অন্যের নামে দাখিল হয়, তাহাকে খারিজদাখিল কহে।

খারিন্ধ, খারিন্ধম (খারি—ধ্মা পরিমাণ করা +অ(খশ্)—ক) বিং, ত্রিং, শস্য-পরিমাণকারক, কয়াল।

খার্ব্বজেয় (খর্ব্বজ+এয়(ষ্ণেয়)—ইদমর্থে) বিং, ত্রিং, খর্ব্বজসম্বন্ধীয়। শিং—১ "মধুর দধনি মধ্যে শর্করাং সন্নিযোজ্য শুচি বিদলিতখণ্ডং প্রক্ষিপেৎ খার্ব্বজেয়ম্।"

খালারী—লবণ প্রস্তুতকরণ স্থান।

খালাস (যাবনিক) মুক্ত হওয়া। ২। প্রসব হওয়া।

খালাসী (যাবনিক) জাহাজ কিম্বা সৈন্যে নিযুক্ত মুসলমান কর্ম্মচারী; যেমন—নাবিক প্রভৃতি। [ক্লীং, টাক।

খালিত্য (খলতি+অ(ষ্ণ)—ভাবার্থে) সং,

খাল্‌সা (যাবনিক) রাজ্যসংক্রান্ত; রাজার নিজ কর্ত্তৃত্বাধীনে যে সকল গ্রাম থাকে। যে সম্পত্তির কর কেবল রাজাকে দেওয়া যায় তাহাকে খাল্‌সা মহল কহে।

খাসা (যাবনিক) বিং, উত্তম, উপাদেয়। ২। গোধূমচূর্ণ-বিশেষ।

খাস (যাবনিক) বিশেষ, অসাধারণ।

খাসখামার (যাবনিক) যে জমির কর কেবল রাজাকে দিতে হয় অর্থাৎ যে জমী প্রজাদিগের নিকট বিলি হয় নাই, তাহাকে খাসখামার কহে।

খাস্‌মহল (যাবনিক) রাজার কর্ত্তৃত্বাধীনে যে সকল জমি থাকে।

খাসবরদার (যাবনিক) আশাশোঁটাধারী।

খিখি (খু শব্দ করা+ডিখি—ক) সং, পুং, —স্ত্রীং, শিবা-বিশেষ, খ্যাক্‌শিয়ালী।

খিঙ্খির; সং, পুং, খেঁক্‌শিয়ালী। ২। শিবের অস্ত্রবিশেষ।

খিদির (খিদ্ দুঃখিত হওয়া+ইর(কির)—ক) সং, পুং, চন্দ্র। ২। দুঃখী। ৩। যতি।

খিচড়ী (খেচর শব্দজ) সং, তণ্ডুল কলায় মিশ্রিত পক্ক অন্নবিশেষ, খেচরান্ন।

খিচন (দেশজ) সং, শরীরের বিকৃত করণ, ঝাঁকন।

খিদ্যমান (খিদ্ শোক করা+আন(শান) —ক। য—আগম) বিং, ত্রিং, যে খেদ করিতেছে, যে দুঃখ প্রকাশ করিতেছে।

খিদ্র (খিদ্ দুঃখিত হওয়া+র(রক্)—সং-জ্ঞার্থে) সং, পুং, দরিদ্র। ২। রোগ।

খিদ্বন্ (খিদ্ খেদ করা+বন্(ক্বনিপ্)—অন্ত-র্ভূতণ্যর্থে) বিং, ত্রিং, খেদকারক।

খিন্ন (খিদ্ দুঃখিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, শ্রান্ত, ক্লান্ত। ২। যাহার খেদ জন্মিয়াছে, দুঃখিত। ৩। অলস। শিং—১"তয়োপচারাঞ্জলিখিন্নহস্তয়া।"

খিরাজ (যাবনিক) রাজা প্রজাদিগকে নিজ ভূমি ব্যবহার করিতে দিয়া তাহার পরিবর্ত্তে কর গ্রহণ করিতেন এইরূপ নহে, প্রজাদিগকে শত্রু হইতে রক্ষা করিতেন বলিয়াই তিনি ঐ রক্ষার পরিবর্ত্তে রাজভাগ গ্রহণ করিতেন, এই রাজভাগকে হিন্দুরা কর ও মুসলমানেরা খিরাজ বলে।

খিল (খ শূন্য—ল [লা পাওয়া+অ(ড)—ক] যে পায়) বিং, ত্রিং, অপ্রহত, দুর্গম। ২। অকৃষ্ট (ভূমি)। ৩। উৎসন্ন। ৪। পরিশিষ্ট। ৫। সং, পুং, বিষ্ণু। শিং—১ "খিলো নারায়ণঃ প্রোক্তস্তদ্‌গুণা ইষবঃ স্মৃতাঃ।" ৫। (দেশজ) অর্গল, হুড়্‌কা।

খিলজমী—যে জমি আপাততঃ পতিত আছে, কিন্তু চাস করিলে যাহাতে ফসল জন্মিতে পারে তাহাকে খিলজমী কহে।

খিলান (দেশজ) সং, ইষ্টকাদির গ্রন্থনবিশেষ।

খিলী (দেশজ) সং, পর্ণাদির বীটিকা, পানের বীড়া।

খিলীকৃত (খিল— করা হইয়াছে। ঈ (চ্বি)—আগ বিং, ত্রিং, যাহা দুর্গম করা গিয়াছে। —১ "তৌ সুকেতুসুতয়া খিলীকৃতে।" (রঘু)। ২। নিরুদ্ধ।

খিলীভূত (খিল—ভূত, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, দুর্গমজাত। শিং—১ "খিলীভূতে বিমানানাং তদাপতভয়াৎ পথি।"

খুঙ্গী (দেশজ) ক্ষুদ্র পেটিকা।

খুঁচন (দেশজ) সং, বেঁধন, বিদ্ধকরণ।

খুঁট (দেশজ) সং, বস্ত্রের প্রান্তভাগ।

খুঁট-আখরে—যে অল্প লেখা পড়া জানে। দেশবিশেষে যে প্রত্যেক অক্ষর খুঁটিয়া অর্থাৎ অধিক তর্ক বিতর্ক করিয়া পাঠ করে, তজ্জন্য যে ব্যক্তি অতি সামান্য বিষয় লইয়া বিষম বাদানুবাদ করে অর্থাৎ অতর্কিতরূপে কিছুই পার হইতে দেয় না তাহাকে খুঁটআখরে বলে।

খুঁটন (দেশজ) সং, কুড়িয়া লওন।

খুঁটা, খেঁটা (দেশজ) সং, কীলক, মেক।

খুঁটী (দেশজ) সং, স্তম্ভ, থাম।

খুঁটীগাড়ি (যাবনিক) মাছধরা বা নৌকা বাঁধিবার জন্য নদী কিনারায় খুঁটী গাড়িতে হইলে জমিদারকে যাহা দিতে হয় তাহাকে খুঁটীগাড়ি কহে।

খুঁত (ক্ষত শব্দজ) সং, ক্ষতচিহ্ন। ২। দোষ, কলঙ্ক। [মুখোপাধ্যা।
খুকী (কুক্ষি শব্দজ কি ?) সং, ক্ষুদ্র বালিকা,
খুজন, খোঁজন (দেশজ) সং, অন্বেষণ, ঢুড়ন।
খুজ্‌রা (যাবনিক) অল্প, সামান্য; যথা—খুজ্‌রা পয়সা, খুজ্‌রা বাজার ইত্যাদি।
খুড়ন } (খনন শব্দজ কি ?) সং, খনন,
খোড়ন } খোঁড়ন।
খুড়া } (খুল্ল [তাত] শব্দজ) সং, পিতৃব্য।
খুড়ী } ২। পিতৃব্যপত্নী। [ক্ষুদ্রাংশ।
খুদ (ক্ষোদ শব্দজ) সং, তণ্ডুলকণা, চাউলের
খুন (যাবনিক) মারণ,বধকরণ, মারিয়া ফেলা।
খুন্তী (খনিত্র শব্দজ) খনন করিবার কারণ লৌহময় অস্ত্রবিশেষ।
খুবরী (ক্ষুপ শব্দজ) ক্ষুদ্র গৃহ, ঝুপড়ী,কুটীর।
খুমুখুমনি (দেশজ) সং, বিদ্বেষভাব, আন্তরিক ক্রোধ।
খুর (খুর্‌ ছেদন করা+র(রক্)—ণ। র—লোপ) সং, পুং, ক্ষৌর কর্ম্মের অস্ত্র। ২। অশ্বাদির পায়ের খুর। শিং—১"রজঃকণৈঃ খুরোদ্ধূতৈঃ।" ৩। নখী নামক গন্ধদ্রব্য। ৪। খাটের খুর। শিং—১ "উদ্যৎকৃশাগুশকলেষু খুরাভিঘাতাৎ।"
খুরণস্ } (খুর অশ্বাদির খুর—নাসিকা,
খুরণস } ৬ষ্ঠী—হিং। নাসিকা=নস্, নস) বিং, ত্রিং, চেপ্‌টা-নাক, খাঁদা।
খুরপ্র (খুর—প্রথ প্রোথিত করা+অ(ড)—ক) সং, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ। ২। অস্ত্রবিশেষ, খুরপো।
খুরলী (খুর্‌ ছেদন করা+অল(কলচ্)—ভাবে। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ব্যায়াম। ২। অস্ত্রশিক্ষা। ৩। রণকৌশল-শিক্ষা। ৩। বিপক্ষের আক্রমণ কালে কিরূপে আত্মরক্ষা করিতে হয় তাহার অভ্যাস। শিং—১ "খুরলী কলহে গণানাম্।"
খুরালিক (খুর ক্ষৌর কর্ম্মের অস্ত্র ইত্যাদি—অল্‌ সমতুল্য হওয়া+অক—প্রং। অথবা খুর—আলি—কৈ প্রকাশ পাওয়া+অ(ড)—ক) সং, পুং, নাপিতের ভাঁড়। ২। নারাচাস্ত্র। ৩। উপধান, বালিশ।

খুরী (দেশজ) সং, কটোরা, মাটীর ছোট পাত্র।
খুর্পা (খুরপ্র শব্দজ) সং, ক্ষুদ্রপ্র দেখ।
খুলন (দেশজ) সং, প্রসারণ, বন্ধনমোচন।
খুলী (খর্পর শব্দজ) সং, পাত্রবিশেষ।
খুল্ল (খুদ্‌ ভাগ করা ইত্যাদি+০(ক্বিপ্)—ক=ক্ষুৎ—ল, লা পাওয়া+অ(ড)—ক। দ্=ল্) বিং, ত্রিং, নীচ, অধম। ২। ক্ষুদ্র, ছোট। ৩। অল্প। ৪। লঘু। ৫। কনিষ্ঠ। যথা—খুল্লতাত। ৬। নখী নামক গন্ধদ্রব্য।
খুল্লতাত (খুল্ল ছোট, কনিষ্ঠ—তাত, ষং—স) সং, পুং, পিতৃব্য, খুড়া।
খুল্লনা; সং, স্ত্রীং, লক্ষপতি বণিকের কন্যা। ধনপতি বণিকের পত্নী। ইনি স্বর্গের অপ্‌সরা রত্নমালা। দুর্গার অভিশাপে মানবী হন; ইহাঁর পুত্রের নাম শ্রীমন্ত।
খুল্লম; সং, পুং, বর্ত্ম, পথ।
খেঁড়ু (খেড়ো শব্দজ) ইতর কবিতা, যাহাকে কবি বলে।
খেই (ক্ষিপ শব্দজ) সূত্রের অগ্রভাগ।
খেচর (খে আকাশে—চর [চর্‌ গমন করা+অ(টক্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, আকাশগামী। ২। সং, পুং, পক্ষী। ৩। বিদ্যাধর। ৪। সূর্য্যাদি গ্রহ; যথা—"খেচরাশ্চ সর্ব্বে।" ৫। পারদ। ৬। শিব। রী—স্ত্রীং, তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ। শিং—১ "ভ্রূবোরন্তর্গতা দৃষ্টি মূর্দ্ধা ভবতি খেচরী।"২। দ্বিদলান্ন, খিচুরী।
খেট (খিট্‌ ভোজন করা+অ(অন্)—ক) সং, পুং, ভক্ষক। ২। অধম। ৩। ঘোটক। ৪। কফ। ৫। ফলক, ঢাল। ৬। চাসার গাঁ, পাড়া, পাড়া গাঁ। শিং—১ "খেট খর্ব্বটবাটীশ্চ বনান্যুপবনানি চ।" ৭। ক্লীং, তৃণ। ৮। পুং—ক্লীং, মৃগয়া। ৯। বিং, ত্রিং, নীচ, অধম। ১০। শস্ত্রী। ১১। (খে আকাশে—অট্‌ গমন করা+অ(অন্)—ক) সূর্য্যাদি গ্রহ। শিং—১"যস্মিন্নৃক্ষে স্থিতঃ খেচটঃ।"
খেটক (খিট্‌ ত্রাসিত করা, ভীত হওয়া+অ(অল্)—প্রং। ক—যোগ) সং, পুং, চাসার গাঁ, পাড়া গাঁ। ২। যষ্টিফলক, ঢাল।

শিং—১ "দিব্যাম্বরধরাং দেবীং খড়্গ-খেটক ধারিণীম্।"

খেটী (খেটিন্, খেট্ ক্রীড়া, কৌতুক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, কামুক, লম্পট।

খেতাব (যাবনিক) উপাধি।

খেদ (খিদ্ শোক করা+অ(অল্)—ভা) সং, পুং, আক্ষেপ, দুঃখপ্রকাশ। ২। দুঃখ, শোক। ৩। শ্বাসনিদ্রাদি। শিং—"রতিখেদসমুৎপন্না নিদ্রাসংজ্ঞা বিপর্য্যয়ঃ।" ৩। শ্রম। ৪। অবসন্নতা। ৫। শ্রান্তি, ক্লান্তি। "কিমত্রপরিপাতনখেদমনুভবসি।"

খেদান (দেশজ) সং, দূরকরণ।

খেদিত ( খেদ দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, খেদযুক্ত, খিন্ন।

খেয় ( খন্ খনন করা+য—র্ম্ম ) সং, ক্লীং, বাটী নগর বা দুর্গের চতুর্দ্দিকে যে খাত করা যায়, গড়খাই। ২। বিং, ত্রিং, যাহা খনন করা উচিত বা আবশ্যক অথবা খনন-যোগ্য। ৩। (দেশজ)য়া—নদীপার হওন।

খেয়াল—একজাতীয় সঙ্গীত। সুলতান্ হোসেনী ইহার সৃষ্টি করেন। ইহাতে অস্থায়ী অন্তরা দুইটী তুক্ সর্ব্বদা থাকে। ২। জ্ঞান, বিদ্যা, কল্পনা।

খেলৎ ( খেল্ ক্রীড়া করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে খেলা করিতেছে। শিং—১ "খেলচ্চলৎ খে শিরঃ।"

খেলন—ক্লীং, } (খেল ক্রীড়া করা+
খেলা—স্ত্রীং, } অন(অনট্),ঙ—ভা)সং, ক্রীড়া, নর্ম্ম। ২। পরিহাস।

খেলাত (যাবনিক) পরিচ্ছদবিশেষ।

খেসারৎ (যাবনিক) ক্ষতি, হানি, অপচয়।

খৈ (খদিকা শব্দজ) সং, লাজ, ভৃষ্টধান্য।

খোঁড়া (খোড় শব্দজ) বিং, পঙ্গু, নেঙড়া।

খোকা (দেশজ) সং, শিশু, দুগ্ধপোষ্য।

খোজা (যাবনিক) পুরুষত্বহীন, নপুংসক।

খোটি, টী ; সং, স্ত্রীং, ধূর্ত্তা স্ত্রী, চতুরা স্ত্রী। ২। পালঙ্কীবৃক্ষ।

খোড় } (খোড়্ খুড়িয়া যাওয়া+অ(অন্)
খোর } —ক) বিং, ত্রিং, খঞ্জ, খোঁড়া।

খোদকস্তা (যাবনিক) আপন অধিকারে প্রজা জমা রাখিলে তাহাকে খোদকস্তা প্রজা কহে।


খোদা (ক্ষুদ্র) মুদ্রাদিতে অঙ্কপাত। ২। কাষ্ঠাদিতে যন্ত্র নির্ম্মাণ। ৩। ( যাবনিক ) ঈশ্বর। [ক্ষুদ্রকুট্টরী। পা—বন্ধকেশ।

খোপ (কুপ শব্দজ) সং, পায়রার ঘর। ২।

খোয়া (ক্ষয় শব্দজ) বিং, অপচিত, হারাণ। ২। ইষ্টকাদির খণ্ড।

খোরদক্ ; এক প্রকার আনদ্ধ যন্ত্র। ইহা বাহির্দ্বারিক এবং দুইটী ; বাম ও দক্ষিণ, বামটী অপেক্ষা দক্ষিণের মুখ অপ্রশস্ত। রোশনচৌকী বাদ্যে তাল দিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

খোল (খোড় দেখ, ড়=ল) বিং, ত্রিং, খঞ্জ, খোড়া, যে সহজে চলিতে পারে না। ২। (খোলক শব্দজ) এক প্রকার আনদ্ধ যন্ত্র। ইহার খোলটী মৃত্তিকার। ইহার প্রচলন বৈষ্ণব সম্প্রদায়েই অধিক। বৈষ্ণব সম্প্রদায় এই বাদ্যযন্ত্র ধ্বনি সহকারে নৃত্য ও হরিগুণ গান করিয়া থাকে।



খোল।

খোলক(খ+ল—ক=খোল ক—যোগ) সং, পুং, টোপর। ২। সর্ব্বাঙ্গাবরক বস্ত্রবিশেষ, পাকড়ী। ৩। পাত্র,হাঁড়ি। ৪। অভ্যন্তর। ৫। গুবাকের খোসা। ৬। বল্মীক। ৭। মৃদঙ্গ।

খোলি ; সং, স্ত্রীং, তূণীর, তূণ।

খোসা (দেশজ) সং, ত্বক্, ছাল। ২। বিং, শ্মশ্রুহীন ব্যক্তি।

খ্যাত (খ্যা বলা+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, কথিত। ২। প্রসিদ্ধ, খ্যাতিযুক্ত। ৩। যে বিষয় বা ব্যক্তিকে অনেকে জানে, অনেকে যাহার বা যে বিষয়ের উল্লেখ করে, যে ব্যক্তির বা যে বিষয়ের উল্লেখ করিলেই অনেকে জানিতে পারে, বিদিত। ৪। বিখ্যাত। ৫। বিশ্রুত। শিং—১ "খ্যাতো লোকে ভবিষ্যতি।" ২ "খ্যাতঃ প্রাজ্ঞঃ কুলীনশ্চ।"

খ্যাতি (খ্যা কথন, তি (ক্তি) — ভা) সং, স্ত্রীং, প্রসিদ্ধি। ২। বলং, নামযোজনা। ৩। জ্ঞান। ৪। কথন। শিং — ১ "খ্যাতিং লোকে গমিষ্যতি।" ২ "পৌরবো বংশ ইতিখ্যাতিং লোকে গমিষ্যতি।"

খ্যাত্যাপন্ন (খ্যাতি — আপন্ন, ৩য়া — ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি খ্যাতিলাভ করিয়াছে, বিখ্যাত।

খ্যাপক (খ্যাপি বলান + অক(ণক) — ক) বিং, ত্রিং, কীর্ত্তক, ঘোষক, প্রচারক।

খ্যাপন (খ্যা-ণিচ = খ্যাপি + অন(অনট্) — ভা) সং, ক্লীং, কীর্ত্তন করা, ঘোষণা, প্রচার। ২। কথন। "খ্যাপনেনানুতাপেন তপসা ধারণেন চ। পাপকৃন্মুচ্যতে পাপাৎ তথা দানেন চাপদি।" (মনু)।

---

## গ

গ ; ব্যঞ্জন বর্ণের তৃতীয় অক্ষর ; ইহার উচ্চারণস্থান জিহ্বামূল। ২। (গৈ গান করা + অ(ড) - ক) সং, পুং, গণেশ। ৩। গন্ধর্ব্ব। ৪। গগন। ৫। (+ড — র্ম্ম) ক্লীং, গীত। ৬। পুং, গুরু। "গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ।" ৭। স্বরবর্ণ। ৮। (+ড — ক) বিং, ত্রিং, গায়ক। ৯। (গম্ গমন করা + ড — র্ম্ম) সুমেরু। ১০। স্বর্গ। ১১। গামী, যে গমন করে। (ইহা শব্দের পরে প্রযুক্ত হয় ; যথা—খগ, আশুগ ইত্যাদি)।

গগন (গম্ [গমন করা] ব্যাপা + অন — র্ম্ম। ম্ = গ। যে বিশ্বকে ব্যাপে) সং, ক্লীং, আকাশ। শিং — ১ "গগনমিব-নষ্টতারম্।" ২ "গগনস্পৃশাম্বরেণ।" ৩ "গগনং গণাধিপতি মূর্ত্তিরিতি।" (মাঘ)।

গগনগতি (গগন — গতি গমন, ৬ষ্ঠী — হিং) সং, পুং, দেবতা, সূর্য্যাদি গ্রহ। ২। বিং, ত্রিং, আকাশগামী। শিং — ১ "প্রেক্ষিষ্যন্তে গগনগতয়ো নূনমাবর্জ্জ্যদৃষ্টীঃ।"

গগনচর (গগন — চর্ গমনকরা + অ (অন্) — ক) বিং, ত্রিং, আকাশগামী (দেব সূর্য্যাদি গ্রহ বিহঙ্গাদি)। শিং — ১ "বিহগকুল বহুবিধ মৎস্যজীবিনো [illegible] গগনচরেশ্বরঃ।" (গগনচর [illegible])

গগনধ্বজ (গগন আকাশ — ধ্বজ [illegible], ৬ষ্ঠী — ষ) সং, পুং, মেঘ। ২। সূর্য্য।

গগনমণ্ডল (গগন — মণ্ডল) সং, পুং, আকাশমণ্ডল, নভোমণ্ডল।

গগনসদ্ (গগন — সদ্ গমন করা + ০ (ক্বিপ্) — ক) বিং, ত্রিং, আকাশগামী (দেবগ্রহ পক্ষী প্রভৃতি)। শিং — ১ "বালত্বং বৃদ্ধতাপি যদি গগনসদাং জন্মকালে নরাণাম্।"

গগনাঙ্গনা ; সং, স্ত্রীং, দিব্যাঙ্গনা, অপ্সরা।

গগনাধ্বগ গগন আকাশ — অধ্বন্ পথ — গ যে গমন করে) সং, পুং, সূর্য্য।

গগনাম্বু ; সং, ক্লীং, দিব্যোদক, মেঘনিঃসৃত জল। শিং — ১ "গগনাম্বু ত্রিদোষঘ্নং গৃহীতং যৎ সুভাজনে।"

গগনেচর (গগনে আকাশে — চর যে গমন করে) সং, পুং, গ্রহ, নক্ষত্র। ২। সূর্য্যাদি গ্রহ। ৩। রাশিচক্র। ৪। বিহগাদি।

গগনোল্মুক (গগন আকাশ — উল্মুক জ্বলন্ত অঙ্গার বা কয়লা) সং, পুং, মঙ্গলগ্রহ।

গঙ্গা (গাং পৃথিবীকে — গ [গম গমন করা + অ(ড) — ক] যে গমন করে। কিম্বা গম্ গমন করা + গ (গন্) — ক। আপ্ — স্ত্রীং। যিনি প্রজাদিগকে পবিত্র করণার্থে ব্রহ্মলোক হইতে পৃথিবীতে গমন করিয়াছেন) সং, স্ত্রীং, প্রসিদ্ধ নদী, ভাগীরথী, গঙ্গাদেবী ; ইনি হিমালয়ের কন্যা। দেবগণের প্রযত্নে মহাদেবের সহিত ইহাঁর বিবাহ হয়। পরে ইনি মাতৃশাপে জলরূপিণী হইয়া ব্রহ্মার কমণ্ডলুতে বাস করেন। অতঃপর কপিলশাপে সগর বংশ ধ্বংস হইলে ভগীরথ তপস্যায় ব্রহ্মাকে তুষ্ট করিয়া ইহাঁকে প্রাপ্ত হন। ব্রহ্মলোক হইতে পতনকালে দেবাদিদেব ইহাঁকে মস্তকে ধারণ করিয়াছিলেন। তৎপরে বিন্দু সরোবরে পতিত হইয়া তিনি সপ্তধারায় প্রবাহিত হন ; তন্মধ্যে হ্লাদিনী, পাবনি ও নলিনী নামক তিন ধারা পূর্ব্বদিকে, সীতা, সিন্ধু ও সুচক্ষু নামক তিন ধারা

পশ্চিমদিকে গমন করে এবং একধারা ভগীরথের পশ্চাদ্‌গামিনী হইয়া ভাগীরথী নামে প্রসিদ্ধা হইয়াছে। শিং—১ "গঙ্গা ত্রিপথগা।" ২ "গঙ্গাপ্রপাত।" ৩ "ক্রিয়াকারণরূপত্বাৎ সরণাচ্চ সরিন্মতা। সঙ্গমাদ্‌ গমনাদ্‌ গঙ্গা লোকে দেবী বিভাব্যতে।" ২। (গম্‌ গমন করা, নিপাতন) দুর্গা।

গঙ্গাচিল্লী (গঙ্গা—চিল্লী চিল) সং, স্ত্রীং, গাংচিল্।

গঙ্গাজ (গঙ্গা গঙ্গাদেবী—জ জাত, ৫মী হিং) সং, পুং, ভীষ্ম। ২। কার্ত্তিকেয়।

গঙ্গাটেয় (গঙ্গাট [গঙ্গা প্রসিদ্ধ নদী—অট্ গমন করা+অ(অন্)—ক]+এয়(ঢেয়)—প্রং) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

গঙ্গাতীর (গঙ্গা—তীর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নারায়ণক্ষেত্র, গঙ্গার তীর।

গঙ্গাদত্ত (গঙ্গা—দত্ত, ৩য়া—ষ) সং, পুং, ভীষ্ম। [বিশেষ।

গঙ্গাদিত্য; সং, পুং, কাশীস্থ আদিত্য-

গঙ্গাদ্বার; সং, ক্লীং, ভূমণ্ডলে গঙ্গার অবতরণদ্বার। ইহা হরিদ্বার নামেই বিখ্যাত। এই স্থান হইতে গঙ্গা ভারতবর্ষে প্রবেশ করিয়াছেন। এই স্থান দক্ষযজ্ঞের স্থান বলিয়া কথিত। শিং—১ "কেচিদ্‌চুর্হরিদ্বারং মোক্ষদ্বারং জগুঃ পরে। গঙ্গাদ্বারঞ্চ কেচ্চ প্যাহুঃ কেচিন্মায়াপুরীং পুনঃ।"

গঙ্গাধর (গঙ্গা—ধর, যে ধরে, ২য়া—ষ। যে সময় গঙ্গাদেবী ভগীরথের স্তবে তুষ্ট হইয়া কপিলশাপে ভস্মীভূত সগরবংশ উদ্ধারার্থ মর্ত্ত্যভূমে আইসেন, সেই সময় দেবাদিদেব মহাদেব স্বীয় মস্তকে তাহার বেগ ধারণ করিয়া উত্তালতরঙ্গ রঙ্গময়ী গর্ব্বিতা গঙ্গার গুরু গর্ব্ব খর্ব্ব করিয়া গঙ্গাকে পত্নিত্ব স্বীকার করাইয়া গঙ্গাধর নাম প্রাপ্ত হন) সং, পুং, শিব ২। সমুদ্র। ৩। জীর্ণাতিসারনাশক চূর্ণবিশেষ।

গঙ্গাপুত্র (গঙ্গা—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীষ্ম। ২। জাতিবিশেষ, মুদ্দফরাস।

গঙ্গাপ্রাপ্তি (গঙ্গা—প্রাপ্তি) সং, স্ত্রীং, গঙ্গা পাওয়া, গঙ্গার গর্ভে জ্ঞান পূর্ব্বক প্রাণত্যাগ করা, গঙ্গাপ্রাপ্ত।

গঙ্গাযাত্রা; সং, স্ত্রীং, গঙ্গার উদ্দেশে যাত্রা, মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে গমন।

গঙ্গাযাত্রিক (গঙ্গা—যাত্রা+ইক ষ্ণিক)—যোগ্যার্থে) বিং, ত্রিং, যে রোগী গঙ্গাযাত্রা করাইবার যোগ্য। ২। যোগাদি উপলক্ষে গঙ্গাস্নানার্থ গমনকারী। ৩। সং, পুং, গঙ্গাদেবীর উৎসব।

গঙ্গালহরী (গঙ্গা—লহরী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গঙ্গার তরঙ্গ। ২। জগন্নাথ পণ্ডিত বিরচিত গঙ্গাস্তোত্রবিশেষ।

গঙ্গাবতার (গঙ্গা—অবতার অবতরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মলোক হইতে পৃথিবীতে গঙ্গার অবতরণ, গঙ্গাদ্বাররূপ তীর্থবিশেষ।

গঙ্গাসাগর (গঙ্গা—সাগর, গঙ্গায় সঙ্গত সাগর, যং—স, মধ্যপদলোপ যেখানে গঙ্গা সাগর সহিত মিলিতা হইয়াছেন) সং, ক্লীং, সাগরসঙ্গম তীর্থবিশেষ। শিং—১ "সেতুবন্ধে সমুদ্রে চ গঙ্গাসাগরসঙ্গমে। ব্রহ্মহা মুচ্যতে পাপৈর্মিত্রদ্রোহী ন মুচ্যতে।"

গঙ্গাসুত (গঙ্গা—সুত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীষ্ম। ২। কার্ত্তিকেয়।

গঙ্গাস্রোতোন্যায়—ন্যায় (৩৮) দেখ।

গঙ্গাহ্রদ; সং, পুং, হস্তিপুরস্থ কূপরূপ তীর্থবিশেষ।

গঙ্গোদ্ভেদ (গঙ্গ—উদ্ভেদ। যে স্থানে গঙ্গাদেবীর উদ্ভেদ অর্থাৎ প্রথম প্রকাশ হইয়াছে, ৭মী—হিং) সং, পুং, তীর্থবিশেষ। শিং—১ "গঙ্গোদ্ভেদং সমাসাদ্য তর্পয়েৎ পিতৃদেবতাঃ।"

গঙ্গোজ্ঝ (গঙ্গা—উজ্ঝ অতিক্রম করা+অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, গঙ্গাস্রোতজলাদি।

গচ (দেশজ) বিং, স্থূল, মোটা, পুরু।

গচ্ছ (গম্ [গমন করা] থাকা+অ(শ)—ক। গম্=গচ্ছ) সং, পুং, বৃক্ষ, গাছ।

গচ্ছিত (দেশজ) বিং, নিক্ষিপ্ত, ন্যস্ত, গচ্ছান।

গজ (গজ্ শব্দ করা+অ(অন্)—ক) সং, পুং, হস্তী। ২। দুই হস্ত পরিমাণ। ৩। বাস্তুবিশেষ। ৪। ঔষধপাকার্থ গর্ত্তবিশেষ,

গজপুট। শিং—১"হস্তপ্রমাণগর্ত্তে যঃ পুটঃ স তু গজাহ্বয়ঃ। ইথঝারত্রিকেকুণ্ডে পুটো বারাহ উচ্যতে।" ৫। বানরবিশেষ।

গজকুম্ভ (গজ—কুম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তীর মস্তকস্থ কুম্ভ।

গজকূর্ম্মাশী (—শিন, গজ হস্তী—কূর্ম্ম কচ্ছপ—অশিন্ যে ভক্ষণ করে। প্রসিদ্ধি আছে, যে গজকূর্ম্মযুদ্ধকালে উভয় প্রাণীকে ভক্ষণ করিয়াছিল বলিয়া) সং, পুং, গরুড়।

গজগতি (গজ—গতি, গজের ন্যায় গতি) সং, স্ত্রীং, ছন্দোবিশেষ; ইহা অষ্টাক্ষরা বৃত্তি। চতুর্থ ও অষ্টম গুরু। যথা—"অব তু বো গিরিসুতা, শশিভৃতঃপ্রিয়তমা। বসতু মে হৃদিসদা, ভগবতঃ পদযুগং।"

গজগামী (গজ—গম্ গমন করা+ইন্(ণিন্) —ক) বিং, ত্রিং, হস্ত্যারোহী, যে হস্তীতে আরোহণ করিয়া গমন করে। ২। (গজ গজের ন্যায়—গামী গমনশীল, ষং—স) যে হস্তীর ন্যায় নিঃশব্দে ধীরে ধীরে গমন করে, গজবৎ সুন্দর গতিবিশিষ্ট।

গজঘণ্টা (গজ—ঘণ্টা) সং, স্ত্রীং, হাতীর গলার শোভিত ঘণ্টা।

গজচ্ছায়া (গজ—ছায়া) সং, স্ত্রীং, তিথি নক্ষত্রের যোগবিশেষ। শিং—১"কৃষ্ণপক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুঃ করে রবিঃ। যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈরবাপ্যতে।"

গজঢক্কা (গজ হস্তী—ঢক্কা বড় ঢাক) সং, স্ত্রীং, হস্তীর উপরিস্থ বড় ঢাক।

গজতা (গজ হস্তী+তা—সমূহার্থে) সং, স্ত্রীং, হস্তিসমূহ।

গজদঘ্ন } গজদ্বয়স } (গজ+দঘ্ন(দঘ্নট্), দ্বয়স(দ্বয়সট্)—পরিমাণার্থে) বিং, ত্রিং, হস্তিপরিমাণ।

গজদন্ত (গজ হস্তী—দন্ত দাঁত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গণেশ। ২। নাগদন্তক, দ্রব্যস্থাপনার্থ ভিত্তিস্থ দুই দাওা। ৩। (৬ষ্ঠী—ষ) হাতির দাঁত। ৪। দাঁতের উপর দাঁত। ৫। বিং, ত্রিং, যাহার দন্তের উপর দন্ত হয়।

গজনিমীলিত (গজ—নিমীলিত নেত্র মুদ্রিত করণ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হস্তীর চক্ষু বুজা।

গজপতি (গজ—পতি স্বামী) সং, পুং, গজরাজ, শ্রেষ্ঠগজ। [গর্ত্ত।

গজপুট; সং, পুং, ঔষধপাকার্থ হস্তপরিমিত

গজপুর (গজ হস্তিনাধিপতি—পুর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যুধিষ্ঠিরের রাজধানী।

গজব (যাবনিক) সর্ব্বনাশ।

গজ-বন্ধনী; সং, স্ত্রীং, হস্তিবন্ধন স্থান, হাতিশালা। ২। হস্তীবন্ধস্তম্ভ।

গজমাচল (গজ হস্তী—মা ভাগ্য—চল যে গমন করে। যে গজ-নাশকারী) সং, পুং, সিংহ।

গজমুক্তা; সং, স্ত্রীং, হস্তিকুম্ভজাত মুক্তা। শিং—১"মুক্তাফলানি প্রথিতানি লোকে।" ২ "গজমৌক্তিকাবলিযুতেন বক্ষসা।"

গজমুখ; সং, পুং, গণেশ।

গজমোটন } গজমোচন } (গজ হস্তী—মোটি দ্রুত বেগে যাওয়ান, তাড়াইয়া দেওয়ান+অন(অনট্)—ক। —মুচ্ গমন করা+অন(অনট্)—ক) সং, পুং, সিংহ। [হস্তীর পাল।

গজযূথ (গজ—যূথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

গজরাজ (গজ—রাজন্, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রেষ্ঠহস্তী, গজেন্দ্র, উৎকৃষ্ট হস্তী।

গজল (যাবনিক) একজাতীয় সঙ্গীত। ইহা সাধারণতঃ পারস্যভাষায় রচিত হইয়া থাকে। এই জাতীয় সঙ্গীতে নায়ক নায়িকা এবং বিরহাদি বর্ণিত থাকে।

গজবীথী; সং, স্ত্রীং, ঐরাবত অবস্থানের দ্বিতীয় বীথী। ইহাতে রোহিণী, মৃগশিরা ও আর্দ্রা এই তিন নক্ষত্র আছে। ২। (৬ষ্ঠী—ষ) গজশ্রেণী।

গজশিক্ষা (গজ—শিক্ষা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গজচালনের অভ্যাস।

গজসাহ্বয় (গজ—সম—সাহ্বয় নাম) সং, পুং, গজ নামক নৃপ কর্ত্তৃক সংস্থাপিত পুর, হস্তিনা দিল্লী। "ন যযুর্গজসাহ্বয়াৎ।"

গজাগ্রণী (গজ—অগ্রণী শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, ঐরাবত হস্তী।

গজাজীব (গজ—আজীব যে জীবন ধারণ করে, ৩য়া—ষ। যে গজ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, হস্তিপক, মাহুত।

গজানন
গজাস্য
গজবদন } (গজ—আনন, আস্য, বদন =মুখ, ৬ষ্ঠী—হিং। মধ্য পদ লোপ) সং, পুং, গণেশ।

গজানীক (গজ গজরূপ—অনীক সৈন্য, ষং—স) সং, পুং, চতুরঙ্গিনী সেনার মধ্যে হস্তীরূপ সৈন্য। ২। (গজ—অনীক যুদ্ধ, ৬ষ্ঠী—ষ) হস্তীর যুদ্ধ।

গজারি (গজ—অরি শত্রু,৬ষ্ঠী—ষ) সং,পুং, সিংহ। ২। বৃক্ষবিশেষ। ৩। গজাসুরদ্বেষী শিব। [নিষাদী, হস্তিপৃষ্ঠে উপবিষ্ট।

গজারোহ (গজ—আরোহ আরূঢ়) সং,পুং,

গজাশন (গজ—অশন ভক্ষণীয়) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। না—স্ত্রীং, পদ্মমূল, পদ্মের গেঁড়।

গজাসুর ; সং, পুং, গজাকার অসুর-বিশেষ ; পূর্ব্বে একদা মহেশ নামে এক নরপতি দেবর্ষি নারদকে অগ্রাহ্য করিয়া গমন করাতে তৎকর্তৃক অভিশপ্ত হইয়া জন্মান্তরে গজযোনিতে জন্মগ্রহণ পূর্ব্বক অসুরত্ব প্রাপ্ত হইয়াছিলেন। শিব ইহাকে বিনাশ করিয়া ইহার চর্ম্ম নিজ ব্যবহারার্থ গ্রহণ করিয়াছিলেন।

গজাহ্বয়
গজসাহ্বয়
গজাহ্ব } (গজ—আহ্বয়, আহ্বা, সাহ্বয় [ সম—আহ্বয় ] নাম, ৬ষ্ঠী—হিং) সং,ক্লীং, হস্তিনানগর, দিল্লী

গজেন্দ্র (গজ-ইন্দ্র প্রধান) সং, পুং, গজপতি, গজরাজ। শিং—১ "নেত্রশ্রিয়ং বিকসতো বিদধুর্গজেন্দ্রাঃ।" (মাঘ)।

গজেষ্টা (গজ—ইষ্টা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভূমিকুষ্মাণ্ড, ভুঁই কুমড়া।

গঞ্জ (গন্‌জ্ শব্দ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, অবজ্ঞা, গঞ্জনা, অবমাননা। ২। (+ঘঞ্—ধি) পুং, ক্লীং, গোগৃহ, গোয়াল ঘর। ৩। রত্নাগার। ৪। ভাণ্ডার গৃহ। ৫। ধনাগার। ৬। ধান্য তণ্ডুল লবণ প্রভৃতি বিক্রয়ের স্থান, ধান্য প্রভৃতি দ্রব্য যে স্থানে বিক্রয়ার্থে অধিকপরিমাণে আনীত ও স্থাপিত হয়, হট্ট, বিক্রয়স্থান। ৭। রত্নাদির খনি। ঞ্জা—স্ত্রীং, মদিরাগৃহ। ২। মদ্যপাত্র। ৩। কুঁড়েঘর। ৪। পামরগৃহ। ৫। খনি।

গঞ্জন (গঞ্জ দেখ, অন(অনট্)—ক) বিং, ত্রিং, তুচ্ছকারক, তিরস্কারক। শিং—১ "যুষ্মৎকৃতে খঞ্জন গঞ্জনাক্ষি।" ২ "অলিকুল গঞ্জনগঞ্জনকম্।" ৩ "কালিয়বিষধর গঞ্জন।" ৪ "নেত্রে খঞ্জনগঞ্জনে।" ২। (+অনট্—ভা) সং, ক্লীং, তিরস্করণ। না—স্ত্রীং, যাতনা, দুঃখ। ২। লাঞ্ছনা। ৩। গ্লানিসূচক বাক্য, ভর্ৎসনা, তিরস্কার। [গৃহ।

গঞ্জিকা (গঞ্জা+ক—যোগ) সং, স্ত্রীং, মদিরা-

গঠন (গঠ্ নির্ম্মাণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্ম্মাণ। ২। রচনা, গড়া।

গঠিত (গঠন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত। ২। রচিত।

গড় (গড়্ ক্ষরিত হওয়া+অ(অন্)—ক) সং, পুং, বাধা, আটক। ২। পরদা। ৩। দুর্গ। ৪। পরিখা। ৫। মৎস্যবিশেষ, গড়ুই মাছ। ৬। দেশ-বিশেষ। ৭। (দেশজ) ঢেঁকির পতন হইবার গহ্বরস্থান।

গড়ক (গড় দেখ, ক-যোগ, স্বার্থে) সং, পুং, গড়ুই মাছ।

গড়খানা (গড়খাত শব্দজ) রাজা বা ভূম্যধিকারীদিগের বাটীর চতুঃপার্শ্ববর্ত্তী পরিখা, গড়খাই।

গড়ন (গঠন শব্দজ) সং, ক্লীং, গঠন, নির্ম্মাণ।

গড়ি (গড় দেখ, ই—ক) সং, পুং, বৎসতর, বাছুর। ২। অলস পশু, গড়ে গরু প্রভৃতি। শিং—১ "অসংজাতকিণস্কন্ধঃ সুখং স্বপিতি গৌর্গড়িঃ।"

গড়ু (গড় দেখ, উ—ক) সং, পুং, পৃষ্ঠের যে অংশ স্ফীত হইয়া উঠে, কুঁজ, গলগণ্ড প্রভৃতি। ২। কেঁচো। ৩। শল্যাস্ত্র। ৪। গ্রন্থি। ৫। বিং, ত্রিং, কুব্জ।

গড়ুর, গড়ুল (গড়ু+র, ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার পৃষ্ঠে গড়ু আছে বা হইয়াছে, কুব্জ, কুঁজো।

গড়ের (গড় [জল] ক্ষরিত হওয়া+এর(এরক্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, মেঘ, ভেড়া।

গড়োল (গড় দেখ, ওল ওলচ্)—সংজ্ঞার্থে) সং, পুং, গ্রাস। ২। গুড়।

গড্ডর
গড্ডল } (গড়ের দেখ, ডর, ডল—ক) সং, পুং, মেষ, গাড়ল। ২। মেষ।

গড্ডরিকা } ( গড্ডর, গড্ডল + ক কণ্) — স্বার্থে। আপ ) সং, স্ত্রীং, মেষপালের অগ্রগামিনী মেষী, যে ভেড়ীর পশ্চাৎ পশ্চাৎ ভেড়ার পাল গমন করে। ২। অবিচ্ছিন্নগতি অজ্ঞাত-প্রবাহগমূল ধারাবাহী নদীবিশেষ। ৩। প্রস্রবণ।
গড্ডলিকা

গড্ডরিকাপ্রবাহ } সং, পুং, গড্ডলিকা যে দিকে যায় সেই দিকে যাওয়া, অর্থাৎ কোন বিবেচনা না করিয়া সকলের দেখাদেখি প্রচলিত মতের অনুবর্ত্তী হইয়া চলা।
গড্ডলিকাপ্রবাহ

গড্ডলিকাপ্রবাহ ন্যায়—ন্যায় (৭) দেখ।

গড্ডুক } (গড দেখ, ডুক, ডূক — সংজ্ঞার্থে) সং, পুং, গাড়ু।
গড্ডূক

গণ (গণ্ সংখ্যা করা + অ অল্) — র্ম্ম) সং, পুং, সমূহ। শিং — ১ "ত্রস্তরক্ষোগণাং পুরীম্।" ২। দল। ৩। হস্তী ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতি ১৩৫, এতৎসংখ্যক সৈন্য (অক্ষৌহিণী দেখ। ৪। সজাতীয়। ৫। স্বপক্ষ। ৬। প্রমথগণ, শিবের অনুচরগণ, শিবের ভূতগণ। শিং — ১"গণানাং মেরু প্রসবাবতংসাঃ।" ২"সকল হংসগণং শুচিমানসং শিবমগাত্মজয়াচ কুতের্য্যয়া।" ৭। চোর নামক গন্ধ দ্রব্য। ৮। অশ্বিনী প্রভৃতি নক্ষত্রে জন্মানুসারে দেব মানুষ রাক্ষসগণ হয়। ৯। গণনা, সংখ্যা। শিং — ১ "গণদ্রব্যং হরেৎযস্তু।" ১০। ধাতুসমূহ, ভাদি প্রভৃতি।

গণক ( গণ দেখ, অক(ণক) — ক) সং, পুং, বার ও তিথি এবং গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে যে শুভাশুভ নিরূপণ করে। ২। ব্রাহ্মণজাতিবিশেষ, পূর্ব্বোক্ত শুভাশুভ নিরূপণ যে জাতির ব্যবসায়, জ্যোতির্ব্বিদ্, দৈবজ্ঞ, আচার্য্য। ৩। বিং, ত্রিং, যে গণনা করে।

গণকার ( গণ সৈন্য — কার [কৃ করা + অ (ষণ্) — ক] যে গঠন করে) সং, পুং, ভীমসেন। ২। বার ও তিথি এবং গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে যে শুভাশুভ নিরূপণ করে, গণক।

গণচক্রক (গণ গণনা — চক্র রথাদির চাকা বা মণ্ডল + ক কণ্) — স্বার্থে) সং, ক্লীং, সাধুলোকদের একত্র বসিয়া ভোজন।

গণতা (গণ + তা — ভাবে) সং, স্ত্রীং, সমূহত্ব। ২। (দেশজ) সং, পক্ষপাত, আপন দলের বা পক্ষীয় লোকের পোষকতা করা, অন্যের যথার্থ অধিকার বিবেচনা না করিয়া স্বপক্ষীয় লোকের পক্ষে টানা।

গণতোষিণী ( গণ প্রমথ — তুষ্ তুষ্ট করা + ইন্(ণিন) — ক, ঈপ) বিং, স্ত্রীং, যিনি ত্রিলোকের প্রমথগণের অথবা প্রাণীগণের তুষ্টিসাধন করেন।

গণৎকার (দেশজ) সং, গণক দেখ।

গণদীক্ষী (গণদীক্ষিন্, গণ — দীক্ষা + ইন্(ণিন্) — ক) সং, পুং, যে ব্যক্তি নানাজাতির যাজ্যক্রিয়া করে। শিং, — ১ "বেণাভিশস্ত বার্দ্ধুষি গণিকা গণদীক্ষিণাম্।" ২। গণেশমন্ত্রে দীক্ষিত।

গণ-দেবতা; সং, স্ত্রীং, আদিত্য ১২, বিশ্ব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, বাত ৪৯, মহারাজিক ২২০, সাধ্য ১২, রুদ্র ১১, এই সকল দেবগণ।

গণ-দ্রব্য; সং, ক্লীং, যে বস্তুতে সাধারণের অধিকার আছে। ২। দ্রব্যসমূহ।

গণন — ক্লীং } (গণক দেখ, অন(অনট্), অন — ভা, আপ) সং, ক্লীং, সংখ্যা করা, গণা, ঠিক দেওয়া। ২। গ্রাহ্য করা। ৩। অবধারণ। ৪। বার ও তিথি এবং গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ। ৫। উল্লেখ। "অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেতসাম্।"
গণনা — স্ত্রীং

গণনাথ } ( গণ — নাথ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, গণেশ। ২। প্রথম গণাধিপতি শিব। ৩। বহুজনের কর্ত্তা, অনেক বস্তুর স্বামী।
গণনাথক
গণপতি
গণাধিপ

গণ-নায়িকা; সং, স্ত্রীং, দুর্গা।

গণনীয় } (গণ দেখ, অনীয়, য — র্ম্ম) বিং, ত্রিং, সংখ্যেয়, গণনার যোগ্য। ২। গ্রাহ্য। ৩। উল্লেখনীয়।
গণেয়

গণপতি (গণ — পতি স্বামী, ৬ষ্ঠী - ষ) সং, পুং, গণেশ। ২। শিব। ৩। অনেক দ্রব্যের কর্ত্তা, বহুজনস্বামী।

গণপর্ব্বত } (গণ শিবের অনুচরগণ—
গণাচল } পর্ব্বত, অচল। কিন্নর যক্ষ এবং অন্যান্য অধীনস্থ দেবতাগণের এই পর্ব্বতে বাসস্থান বলিয়া) সং, পুং, কৈলাসপর্ব্বত।

গণপীঠক (গণ [গুণ] সমূহ—পীঠক বসিবার স্থান) সং, ক্লীং, বক্ষঃস্থল।

গণভর্ত্তা ( —ভর্ত্তৃ, গণ প্রমথগণ—ভর্ত্তৃ ভর্ত্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহাদেব। শিং —১ "শৃঙ্গাণ্যমুষ্য ভজতে গণভর্ত্তুরুক্ষা।" ২। গণেশ।

গণরাত্র ; সং, ক্লীং, রাত্রিসমূহ।

গণবৎ (গণ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গণযুক্ত গণের সহিত মিলিত।

গণশঃ (গণশস্,গণ+শস্(চশস্)—বীপ্সার্থে) অং, বহুশঃ, দলে দলে।

গণশ্রি (গণ—শ্রি আশ্রয় করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, গণরূপে অবস্থিত।

গণাক্রান্ত (গণ—আক্রান্ত, ৩য়া—ষ বিং,ত্রিং, কোন দলে বা পক্ষে স্থিত, দলাক্রান্ত।

গণাগ্রণী ( গণ দেবগণের সৈন্য—অগ্রণী অধ্যক্ষ) সং, পুং, গণেশ। ২। শিব।

গণান্ন (গণ—অন্ন, ৪র্থী—ষ) সং, ক্লীং, বহুবিধ লোকের নিমিত্ত একত্র যে অন্ন প্রস্তুত হয়। শিং—১ "গণান্নং গণিকান্নঞ্চ লোকেভ্যঃ পরিকৃন্ততি।"

গণান্নভোজী (গণান্ন—ভোজী যে ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, গণান্নভক্ষক, যে বহুজনের সংশ্লিষ্ট অন্ন ভোজন করে।

গণিকা ( গণ্ গণনা করা + অক—র্ম্ম। কামুকেরা যাহাকে গণনা করে। অথবা গণ সমূহ+ইক(ঠিক)—অস্ত্যর্থে, আপ্—স্ত্রীং। ভর্ত্তৃস্বরূপে যাহার অনেক ব্যক্তি আছে) সং, স্ত্রীং, বেশ্যা। শিং—১ "স লজ্জা গণিকা নষ্টাঃ।" ২। "নিদ্রব্যং পুরুষং ত্যজন্তি গণিকাঃ।" ২। হস্তিনী। ৩। যুইফুল। ৪। গণিকারিকা।

গণিকারিকা ; সং, স্ত্রীং, ওষধিবিশেষ।

গণিত (গণক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংখ্যাত, যাহা গণা হইয়াছে। ২। সং, ক্লীং, (Mathematics) পরিমাণ ও অঙ্কবিষয়ক শাস্ত্র। ইহা ব্যক্তাব্যক্ত ভেদে দ্বিবিধ। ব্যক্ত বা পাটীগণিত। অব্যক্ত বা বীজগণিত। শিং—১ "পঞ্চাশৎকোটিগণিতস্য।" ২ "সংখ্যাগণিততত্ত্বজ্ঞৈঃ।" ৩। (+ক্ত—ভাবে) গণন। শিং—১ "পারেপরার্দ্ধং গণিতং যদি স্যাৎ।" ৩। গ্রহদিগের গতিস্থিতি পালন। ৪। গণনাদ্বারা ক্ষেত্রকালি।

গণিতজ্ঞ (গণিত—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) সং, পুং, গণিতশাস্ত্রবেত্তা।

গণিতাধ্যায় ( গণিত গণন—অধি+ই থাকা+অ(ঘঞ্)—ধি সং, পুং, গণিত গ্রন্থান্তর্গত অধ্যায়বিশেষ।

গনিতী (—তিন্,গণিত গণনা+ইন্—করোত্যর্থে) বিং, ত্রিং, গণনাকারক, দৈবজ্ঞ।

গণীভূত (গণ—ভূত হইয়াছে। ঈ (চি)—আগম) বিং, ত্রিং, কোন গণ অর্থাৎ দল বা পক্ষে স্থিত, গণাক্রান্ত।

গণেয় (গণ+য—র্ম্ম, নিপাতন। অথবা গণ+অল্—ভাবে=গণ+এয়(ঢেয়)—স্বার্থে) বিং, ত্রিং,গণ্য গণনীয়,যাহাকে গণনা করা যায়। শিং—১ "গণেয় নিঃশেষ গুণোঽপি ন স্যাৎ।" (নৈষধ)।

গণেরু (গণ সংখ্যা—ঈর্ গমনকরা+উ—ক) সং, স্ত্রীং, বেশ্যা। ২। হস্তিনী। ৩। পুং, কর্ণিকারবৃক্ষ। [স্ত্রীং, দূতী, কুট্নী।

গণেরুকা (গণেরু+কণ্—যোগ। আপ্) সং,

গণেশ } (গণ বিঘ্নকারকসমূহ—ঈশ,
গণনায়ক } নায়ক, অধিপ=প্রভু। যিনি
গণাধিপ } বিঘ্নকারকসকলের প্রভু, ৬ষ্ঠী —ষ) সং, পুং, শিব এবং পার্ব্বতীর জ্যেষ্ঠ পুত্র। ইনি গণের অধীশ্বর। শনির দৃষ্টিতে ইহাঁর মুণ্ড খণ্ডিত ও করিমুণ্ড যোজিত হয়। মতান্তরে—ইনি পার্ব্বতীর গাত্রমলসম্ভূত; শিবকর্ত্তৃক করিমুণ্ড সংযোগে জীবিত হন। ইনি সিদ্ধিদাতা। ইহাঁর পূজা না করিয়া কোন কার্য্য আরম্ভ করিলে মঙ্গল হয় না। শিং—১ নমোগণেশায় বিঘ্নেশ্বরায়।" ২ "লেখকো ভারতস্যাস্য ভব ত্বং গণনায়কঃ।" ২। শিব।

গণেশ-কুসুম ; সং, পুং, রক্তকরবীগাছ।

গণেশখণ্ড ; সং, ক্লীং, স্কন্দপুরাণান্তর্গত গণেশোৎপত্তি বিষয়ক খণ্ডবিশেষ।

গণেশভূষণ (গণেশ—ভূষণ আভরণ) সং, ক্লীং, সিন্দূর।

গণেশশৈশব (গণেশ গজানন—শৈশব শিশু। গণেশ হইয়াছে শিশু যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব ; যথা—

"গণেশশৈশব বিভূতিবৈভব
ভবেশভৈরব, দিগম্বর।" (অন্নদা)।

গণোৎসাহ (গণ দল—উৎসাহ অধ্যবসায়, পরিশ্রম, ৬ষ্ঠী—হিং। দলের সহিত মিলনে যাহারা উৎসাহিত হয়) সং, পুং, গণ্ডার।

গণ্ড (গন্ড্ বদনৈকদেশ হওয়া+অ(অল্—র্ম্ম) সং, পুং, কপোল, গাল। ২। গজকুম্ভ। ৩। হস্তি-কপোল। ৪। অশ্বভূষণ। ৫। গণ্ডার। ৬। (গম্ গমন করা+অ (ড)—ক) বীর। ৭। চিহ্ন। ৮। বুদ্বুদ। ৯। গ্রন্থি। ১০। ফোড়া, গাঁড়। ১১। সপ্তবিংশতি যোগের মধ্যে দশম যোগ। ১২। বীথী নামক নাট্যের অঙ্গ-বিশেষ। ১৩। বিং, ত্রিং, প্রধান। শিং—১ "রতিশ্রমক্লান্তবিপাণ্ডুগণ্ডাঃ (তরুণ্যঃ)।" ২ "অয়মপরো গণ্ডস্যোপরি বিস্ফোটঃ।"

গণ্ডক (গণ্ড দেখ, ক(কণ্)—স্বার্থে) সং, পুং, গণ্ডার। ২। সঙ্খ্যাবিশেষ, গণ্ডা। ৩। অন্তরায়। কী—স্ত্রীং, নদীবিশেষ ; এই নদী শালগ্রাম দেশ দিয়া প্রবাহিত। মুক্তিনাথের উত্তরদিকে এই নদীর উদ্ভব হইয়াছে। শিং—১ "গণ্ডক্যাশ্চৈকদেশে চ শালগ্রামস্থলং স্মৃতম্। পাষাণং তদ্ভবং যত্তৎ শালাগ্রামমিতি স্মৃতম্।"

গণ্ডকারী } (গণ্ড স্ফোটক—কারী যে
গণ্ডকালী } করায়। গণ্ড গ্রন্থি—কালী কৃষ্ণবর্ণ, যাহার কৃষ্ণবর্ণ অনেক গ্রন্থি আছে) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, হাড় জোড়া গাছ।

গণ্ডকী-শিলা ; সং, স্ত্রীং, গণ্ডকীতে উৎপন্ন শালগ্রামশিলা। [ত্যকা ভূমি।

গণ্ডকূপ ; সং, স্ত্রীং, পর্ব্বতের উচ্চস্থান, অধি

গণ্ডগাত্র (গণ্ড স্ফোটক—গাত্র শরীর। যাহার অভ্যন্তরে গণ্ডবৎ পুঁজ আছে) সং, ক্লীং, আতা-ফল।

গণ্ডগোল (দেশজ) সং, বিবাদ। ২। অতিশয় কোলাহল।

গণ্ডগ্রাম (গণ্ড প্রধান—গ্রাম, য়ং—স) সং, পুং, বহুজনবাসস্থান, প্রশস্তগ্রাম।

গণ্ডদেশ ; সং, পুং, গণ্ডস্থল, কপোল।

গণ্ডফলক ; সং, ক্লীং, কপোল, গাল। ২। বিং, ত্রিং, বিস্তীর্ণ কপোলযুক্ত। শিং—১ "শ্রুতমুগ্ধগণ্ডফলকৈর্বিবভুর্বিকসদ্ভিরাস্য কমলৈঃ প্রমদাঃ।" (মাঘ)।

গণ্ড-ভিত্তি ; সং, স্ত্রীং, প্রশস্ত গণ্ডস্থল।

গণ্ডমালা (গণ্ড গাঁড়—মালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গলদেশে মণ্ডলাকার ফোড়া সমূহ। ২। শিশুর মাল্যবিশেষ।

গণ্ডমূর্খ (গণ্ড প্রধান—মূর্খ, য়ং—স) বিং, ত্রিং, অতিশয় মূঢ়, ঘোর নির্ব্বোধ।

গণ্ডলী (গণ্ড ক্ষুদ্র শৈল—লী লীন হওয়া +০(ক্বিপ্)—ক) সং, পুং, মহাদেব। শিং—১ "গণ্ডলী মেরুধামাচ দেবাধিপতিরেবচ।" [সং, স্ত্রীং, গণ্ডস্থল।

গণ্ডলেখা (গণ্ড—লেখা চিহ্ন, স্থান, য়ং—স)

গণ্ডবিন্দু ; সং, পুং, কুবেরের সেনাপতি।

গণ্ডশৈল (গণ্ড গাল—শৈল পর্ব্বত) সং, পুং, ভূকম্পাদিদ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর। ২। ক্ষুদ্র পর্ব্বত। ৩ ললাট।

গণ্ডস্থল (গণ্ড—স্থল স্থান, য়ং—স) সং, ক্লীং, লী—স্ত্রীং, গণ্ডদেশ, সমস্ত গাল, কপোলদেশ। শিং—১ "অভিনবমদলেখাশ্যামগণ্ডস্থলানাম্।" ২ "সুরত জনিতখেদস্বাদ্রগণ্ডস্থলীনাম্ (বধূনাম্)।"

গণ্ডাঙ্গ ; সং, পুং, গণ্ডার।

গণ্ডার ; সং, পুং, স্বনামপ্রসিদ্ধ জন্তুবিশেষ,



গণ্ডার।

গণ্ডক। [গাছের গুঁড়ি।

গণ্ডি (গণ্ড দেখ, ই—সংজ্ঞার্থে) সং, পুং,

গণ্ডু } (গণ্ড দেখ, উ,ঊ — সংজ্ঞার্থে) সং,পুং,
গণ্ডূ } — স্ত্রীং, উপধান,বালিশ। ২। গ্রন্থি।

গণ্ডূপদ (গণ্ডূ গ্রন্থি — পদ পা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, বিঞ্চুলুক, কেঁচো। দী — স্ত্রীং, ছোট কেঁচো।

গণ্ডূপদভব (গণ্ডূপদ — ভূ হওয়া + অ(অল্) — ক) সং, ক্লীং, সীসক।

গণ্ডূষ (গড় ক্ষরিতহওয়া + উষ — সংজ্ঞার্থে) সং, পুং, ষা — স্ত্রীং, হস্ততল, এককোষ। ২। মুখপূর্ণ জল। ৩। এক কোষ জল, গোকর্ণাকৃতি হস্তে যত জল ধরে। ৪। ব্রাহ্মণাদি তিন বর্ণের ভোজনের অগ্রে ও শেষে মন্ত্রোচ্চারণপূর্ব্বক মুখে জলপ্রয়োগ। শিং — ১ "অপাং দ্বাদশ গণ্ডূষৈর্মুখশুদ্ধি র্বিধীয়তে।" ২ "তস্য জহ্নুঃ সুতো গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ।" ৩ "গণ্ডূষজলমাত্রেণ শফরী ফরফরায়তে।" ৫। করাঙ্গুলি। ৬। হস্তীর শুণ্ডাগ্র।

গণ্ডোপধান (গণ্ড — উপ — ধা ধারণ করা + অন(অনট্) — ধি। যাহাতে গণ্ডস্থল বিন্যস্ত করা যায়) সং, ক্লীং, গালবালিশ।

গণ্ডোপল (গণ্ড গণ্ডবৎ — উপল, ষং — স। মধ্যপদলোপ) সং, পুং, করকা, শিল।

গণ্ডোল (গণ্ড দেখ। অথবা গড় ক্ষরিত হওয়া + ওল(ওলচ্) — ক) সং, পুং, গুড়। ২। গ্রাস।

গণ্ডোলপাদ (গণ্ডোলবৎ — পাদ, ষং — স) সং, ক্লীং, করকাতুল্য বর্ত্তুলচরণ।

গণ্য (গণ্ গণনা করা + য — র্ম্ম) বিং, ত্রিং, গণনীয়। ২। বিবেচনীয়। ৩। গ্রাহ্য।

গত (গম্ গমন করা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, যাহা হইয়া গিয়াছে, অতীত। ২। যে প্রস্থান করিয়াছে, প্রস্থিত। ৩। মৃত। ৪। পতিত। ৫। সমাপ্ত। ৬। (+ ক্ত — ভা) সং, ক্লীং, গমন। ৭। (গম্ + ক্ত — র্ম্ম) জ্ঞাত। প্রাপ্ত। শিং — ১ "মনো হি মমতাং গতম্।" ২ "আবয়োঃ কুশলং সর্ব্বত্র গতম্।" ৩ "নাকপৃষ্ঠগতং যশঃ।"

গতক্লম (গত — ক্লম ক্লান্তি, ৬ষ্ঠী — হিং) সং, ক্লীং, যাহার শ্রম দূর হইয়াছে, বিশ্রান্ত, অবসাদ হীন।

গতখামার (যাবনিক) কোন জমীর খাসখামার হইতে খারিজ হইলে তাহাকে গতখামার কহে।

গতঘৃণ (গত — ঘৃণা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, নির্ঘৃণ, ঘৃণারহিত।

গতচেতন (গত — চেতনা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার চৈতন্য গিয়াছে, বিচেতন, অচেতন, সংজ্ঞাহীন।

গতজীব } (গত — জীব, জীবিত, ৬ষ্ঠী —
গতজীবিত } হিং) বিং, ত্রিং, গতপ্রাণ, মৃত।

গতত্রপ (গত — ত্রপা লজ্জা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, নির্লজ্জ।

গতনাসিক (গত — নাসিকা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, নাসিকাশূন্য, খাঁদা।

গতপ্রত্যাগত (গত — প্রত্যাগত, ষং — স) বিং, ত্রিং, যে গমন করিয়া প্রত্যাগত হইয়াছে।

গতপ্রাণ (গত — প্রাণ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার প্রাণত্যাগ হইয়াছে, মৃত।

গতবুদ্ধি (গত — বুদ্ধি, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার বুদ্ধি লোপ হইয়াছে, বুদ্ধিহীন।

গতব্যথ (গত — ব্যথা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, ব্যথাশূন্য।

গতভর্ত্তৃকা (গত নষ্ট বা প্রোষিত — ভর্ত্তৃ ভর্ত্তা, ৬ষ্ঠী — হিং, ক + যোগ, আপ — স্ত্রীং) বিং, ত্রিং, বিধবা। ২। প্রোষিতভর্ত্তৃকা। শিং — ১ "কিমুমুহুর্মুহুর্গতভর্ত্তৃকাঃ।"

গতর (গাত্র শব্দজ) শরীর। ২। শরীরের বল।

গতরস (গত — রস, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, নীরস, রসশূন্য।

গতরায়তী (যাবনিক) প্রজার কোন জমী জমা হইতে খারিজ হইলে তাহাকে গতরাইয়তী কহে।

গতশোচন; সং, ক্লীং, না — স্ত্রীং, গতানুশোচনা, অতীত বিষয়ের অনুশোচন।

গতসঙ্গ (গত — সঙ্গ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যে সঙ্গ পরিত্যাগ করিয়াছে, নিঃসঙ্গ, ফলকামনাশূন্য; অথবা যে সঙ্গ প্রাপ্ত হইয়াছে, প্রাপ্তসঙ্গ, ফলকামনাবিশিষ্ট।

গতমদক (গত—মদ অবস্থাজন্য মদ, ৬ষ্ঠী—হিং, কপ্—যোগ) সং, পুং, নির্মদ হস্তী, যে হস্তীর গণ্ডস্থল হইতে মদজল ক্ষরিত হয় না।

গতস্পৃহ (গত—স্পৃহা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার আর কোন বিষয়ে স্পৃহা নাই, যাহার স্পৃহা নিবৃত্তি হইয়াছে, বীতস্পৃহ।

গতস্ময় (গত—স্ময় গর্ব্ব, বিস্ময়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গর্ব্বশূন্য। ২। বিস্ময়শূন্য।

গতাক্ষ (গত—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নেত্রহীন, অন্ধ।

গতাগত (গত গমন—আগত আগমন, দ্বং—স) সং, ক্লীং, গমনাগমন, যাওয়া আসা। শিং—১ "এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না গতাগতং কামকামা লভন্তে।" ২। পক্ষীর গতিবিশেষ।

গতানুগতিক (গত—অনুগতিক যে পশ্চাৎ যায়) বিং, ত্রিং, অনুকারী, লোকদৃষ্টান্তের অনুবর্ত্তী, যে স্বয়ং বিবেচনা না করিয়া একজনের দৃষ্টান্ত অনুসারে চলে, যে অন্যকে যাইতে দেখিয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ যায়। শিং—১ "একস্য কর্ম্ম সংবীক্ষ্য করোত্যন্যোঽপি গর্হিতম্। গতানুগতিকো লোকো ন লোকঃ পারমার্থিকঃ।" ২। সং, ক্লীং, ন্যায়বিশেষ।

গতানুগতিক ন্যায়—ন্যায় (৬) দেখ।

গতানুশোচন (গত—অনুশোচন পশ্চাৎ তাপ, ৪র্থী—ষ) সং, ক্লীং, না—স্ত্রীং, যাহা গত হইয়াছে তাহার নিমিত্ত অনুতাপ।

গতায়াত (গত—আয়াত, দ্বং—স) সং, ক্লীং, গমনাগমন, যাওয়া আসা।

গতায়ুঃ (গতায়ুস্, গত—আয়ুস্ জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার আয়ুঃ গত হইয়াছে, যাহার পরমায়ুঃ শেষ হইয়াছে, যাহার মৃত্যুকাল উপস্থিত।

গতার্ত্তবা (গত—আর্ত্তব ঋতুসম্বন্ধীয় ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বৃদ্ধা স্ত্রী। ২। বন্ধ্যা স্ত্রী, বাঁঝা।

গতার্থ (গত—অর্থ প্রয়োজন, বিষয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রয়োজন নিবৃত্তি হইয়াছে, আর যে বিষয়ের প্রয়োজন নাই।

গতাসু (গত—অসু প্রাণাদি পঞ্চ বায়ু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রাণত্যাগ হইয়াছে, মৃত। শিং—১ "গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ।" (গীতা)।

গতি (গম্ গমন করা + তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, যাওয়া, গমন, প্রস্থান। ২। যাত্রা। ৩। জীবনযাত্রা। ৪। ভাব, অবস্থা। ৫। (Motion) যে গুণ থাকাতে জড়পদার্থের একস্থল হইতে স্থানান্তর প্রাপ্তি হয়। ৬। জ্ঞান। ৭। সঞ্চার। ৮। পরিণাম। শিং—১ "দুরধিগমা হি গতিঃ প্রয়োজনানাম্।" (কিরাত)। (গতি=পরিণাম)। ৯। প্রকার। ১০। স্বরূপ। শিং—১ "ন বয়ং নিরূপয়িতুমস্য গতিম্।" (গতি=স্বরূপ)। ১১। বশতা। ১২। প্রাপ্তি। ১৩। নির্ব্বাহ। ১৪। (+ক্ত—ধি) পথ।" শিং—১ "ভিন্ন গতি র্হি লোকঃ।" ১৫। গম্যস্থান। শিং—১ "গতিং প্রতাপস্য জগৎপ্রমাথিনঃ।" (গতিং=স্থানম্)। ১৬। আশ্রয়। শিং—১ "গতিরেকা পতি র্নার্য্যা দ্বিতীয়া গতিরাত্মজঃ। তৃতীয়া জ্ঞাতয়ো রাজন্ চতুর্থী নৈব বিদ্যতে।" ১৭। (+ক্তি—ণ) উপায়, অবলম্বন। শিং—১ "ইহ হি মুক্তগতি র্দৈবগতি র্মনুষ্যগতিস্তির্য্যগ্গতির্নরক গতিরিতি জীবানাং পঞ্চগতয়ো ভবন্তি।" ২ "কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা। ১৮। প্রমাণ। শিং—১ "অনেন পূর্ব্বং ন ময়েতি কা গতিঃ।" ১৯। ভাগ্য। ২০। নাড়ীব্রণ, সোর।

গতিক (গতি দেখ, কপ্—যোগ) সং, পুং, উপায়। ২। প্রকার। ৩। অবস্থা; যথা—প্রাণগতিক।

গতিশক্তি (গতি—শক্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গমনাগমনের ক্ষমতা, চলিতে পারা।

গতিশক্তিরহিত, গতিশক্তিবর্জ্জিত, গতিশক্তিহীন } (গতিশক্তি—রহিত, বর্জ্জিত, হীন, ৩য়া বা ৭মী—ষ) বিং, ত্রিং, যাহার গতিশক্তি লোপ হইয়াছে, গমনাগমনে অক্ষম।

গতিসত্তম (গতি বোধ বা প্রাপ্য স্থান—সত্তম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "আদিত্যো জ্যোতিরাত্মাচ সহিষ্ণুর্গতিসত্তমঃ।" (বিষ্ণু)।

গতিহীন (গতি—হীন) বিং, ত্রিং, যাহার গতি নাই, যাহার উপায় নাই, নিরুপায়। ২। চলৎশক্তিরহিত।

গত্যন্তর (গতি—অন্তর) সং, ক্লীং, অন্য গতি, উপায়ান্তর।

গত্বর (গম্ গমন করা+বর(ক্ক্বরপ্)—ক, শীলার্থে। ত্—আগম) বিং, ত্রিং, গমনশীল। ২। অস্থায়ী, যে স্থির থাকে না। শিং—১ "অভিমান ধনস্য গত্বরৈঃ।" (কিরাত)।

গদ (গদ্ বলা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, রোগ, পীড়া। ২। (+অল্—ক) কৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা। ৩। (+অল্—ভাবে) ক্লীং, কথন। ৪। বিষ।

গদয়িত্নু (গদ বলা+ইত্নু—ক, শীলার্থে। আয়্—আগম) বিং, ত্রিং, বাচাল, বহুভাষী। ২। কামুক। ৩। সং, পুং, কন্দর্প।

গদা (গদ দেখ, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, লোহাদিময় মুদ্গার। ২। লোহাদি নির্ম্মিত স্থূল যষ্টি। ৩। মুদ্গার, মোটা লাঠি। ২। পাটলাবৃক্ষ।

গদাগ্রজ, গদাধর, গদাভৃৎ (গদ কৃষ্ণের কনিষ্ঠ—অগ্রজ জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—ষ। গদা—ধর [ধৃ ধরা+অ(অন্)—ক], ভৃৎ [ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। শিং—১ "ধারয়ন্ লোকরক্ষার্থ মুক্তশ্চক্র গদাধরঃ।" (বিষ্ণু)। ২ "পার্শ্বস্থাস্য গদাভৃতঃ।"

গদাপাণি (গদা—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

গদাম্বর (গদ শব্দ—অম্বর আকাশ, ৭মী—হিং) সং, পুং, মেঘ।

গদারাতি (গদ রোগ—অরাতি শত্রু) সং, পুং, ঔষধ।

গদাবসান (গদা—অবসান, ৭মী—হিং) সং, ক্লীং, জরাসন্ধ, গিরিব্রজ হইতে কৃষ্ণবধমানসে, একটী গদা একোনশত বার ঘূর্ণিত করিয়া নিক্ষেপ করেন, উহা মথুরার নিকটে পতিত হয়। যে স্থানে পতিত হয়, সেই স্থান এই নামে খ্যাত।

গদাসন; সং, ক্লীং, তন্ত্রসারোক্ত আসনবিশেষ।

গদি (বাসার্থ গুর্দ্দ্ ধাতুজ) সং, তুলাদিপূর্ণ স্থূল আস্তরণ, আসন।

গদিত (গদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উক্ত, ভাষিত। ২। (+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, বাক্য। ৩। (+ক্ত—ভা) কথন।

গদী (গদিন্, গদা মুদ্গার+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু। শিং—১ "কিরীটিনং গদিনং চক্রিনঞ্চ।" (গীতা)। ২। বিং, ত্রিং, গদাধারী। ৩। (গদ রোগ+ইন্—অস্ত্যর্থে) রোগী, পীড়িত।

গদ্গদ (গদ্ বলা+০(ক্বিপ্)—র্ম্ম=গদ্—গদ+অল্—র্ম্ম) বিং, ত্রিং, হর্ষ শোক প্রভৃতির আতিশয্যবশতঃ কণ্ঠরোধ ঘটিয়া যে বাক্য অস্পষ্ট উচ্চারিত হয়, কথা জড়িয়া যাওয়া। ২। মোহিত, অধৈর্য্য; যথা—সে ভাবে গদ্গদ হইয়াছে। ৩। সং, পুং, হর্ষাদিজনিত অব্যক্ত কণ্ঠধ্বনি। শিং—১ "মদসংমদপীড়াদৈন্যবৈস্বর্য্যং গদ্গদং বিদুঃ।" ২ "তৎকিং রোদিষি গদ্গদেন বচসা।" ৩ "বিললাপ সবাপ গদ্গদম্।"

গদ্দি (দেশজ) সং, পরিহাস, কৌতুক।

গদ্য (গদ দেখ, য—র্ম্ম) সং, ক্লীং, সহজ ভাষা, যে ভাষা ছন্দোবন্ধে রচিত নয়। শিং—১ "অপাদং পদসন্তানং গদ্যং তত্ত ত্রিধামতম্।" ২। বিং, ত্রিং, কথনীয়। শিং—১ "সহঃ কথং বিয়োগশ্চ গদ্যমেতত্ত্বয়া মম।"

গদ্যানক; সং, ক্লীং, ৪৮ রতি পরিমাণ। ২। বৈদ্যমতে ৬৪ গুঞ্জা পরিমাণ।

গন্তব্য (গত দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্তব্য, প্রাপ্য। শিং—১ "গন্তব্যমস্তি কিয়দিত্যসকৃৎ ব্রুবাণা রামাশ্রুণঃ কৃতবতী প্রথমাবতারম্।" (উত্তর)। ২। গম্য, গমনীয়, যেখানে যাওয়া উচিত বা যাওয়া যাইতে পারে অথবা যাওয়া আবশ্যক, যাইতে হইবে। ৩। জ্ঞেয়।

গন্তা (গন্তৃ, গত দেখ, তৃ(তৃন্)—ক) বিং,

ত্রিং, যে যায় বা যাইতেছে বা যাইবেক। ২। প্রাপ্তিশীল। শিং—১ "তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ।"(গীতা)।

গন্তৃ (গত দেখ, তৃ(তৃন্)—ক) সং,পুং, ভ্রমণকারী। ২। পথিক।

গন্ত্রী (গত দেখ, ষ্ট্রন্—ণ,ঈপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, গরুর গাড়ী। ২। (+তৃন্—ক,ঈপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, গমনশীলা। [গাড়ী।

গন্ত্রীরথ (গন্ত্রী—রথ, ষৎ—স) সং, পুং, শকট,

গন্ধ (গন্ধ্ বধ করা+অ(অন্—ক) সং, পুং, বস্তুর যে অংশ বা গুণ ঘ্রাণেন্দ্রিয় দ্বারা গ্রহণ করা যায়, ঘ্রাণেন্দ্রিয় গ্রাহ্য-পদার্থ। ২। আমোদ। ৩। সুগন্ধি দ্রব্য, ঘৃষ্টচন্দনাদি। শিং—১ "ঘৃষ্টো মলয়জো গন্ধঃ। কাশ্মীরগন্ধমৃগনাভিকৃতাঙ্গরাগা।" ৩। গন্ধক। ৪। গর্ব্ব। ৫। সম্পর্ক, সম্বন্ধ। ৬। লেশ, অল্প। ৭। নৃত্য। ৮। কৃষ্ণ অগুরু। ৯। পুং—বহুং, (গন্ধ্-ত্রি=গন্ধি) গন্ধদ্রব্য। ন্ধা—স্ত্রীং, চম্পককলিকা।

গন্ধক (গন্ধ দেখ, কণ্—যোগ) সং, পুং, উপধাতু-বিশেষ, উৎকট গন্ধবিশিষ্ট স্বনাম-প্রসিদ্ধ পীতবর্ণ ধাতু। শিং—১ "শ্বেতো রক্তশ্চ পীতশ্চ নীলশ্চেতি চতুর্ব্বিধঃ। গন্ধকো বর্ণতো জ্ঞেয়ো ভিন্ন ভিন্ন গুণাশ্রয়ঃ।"

গন্ধকচূর্ণ; সং, ক্লীং, গন্ধপ্রধান চূর্ণ, বারুদ।

গন্ধকারিকা (গন্ধ গন্ধপ্রধান বেশাদি—কারিকা যে করে) সং, স্ত্রীং, স্বৈরিন্ধ্রী, পরগৃহস্থিতা শিল্পনিপুণা স্বাধীনা রমণী।

গন্ধকালিকা } (গন্ধ—কল্ করা+অ—
গন্ধকালী } প্রং। ঈপ্—স্ত্রীং। ক—যোগে গন্ধকালিকা। যিনি কটুগন্ধবিশিষ্ট।) সং, স্ত্রীং, ব্যাসদেবের মাতা। শিং—১ "অদ্য ত্বং জননীং ভীষ্ম গন্ধকালীং যশস্বিনীম্।" (হরিবংশ)।

গন্ধকাষ্ঠ; সং, ক্লীং, অগুরুকাষ্ঠ, চন্দনকাষ্ঠ। ২। শম্বরকাষ্ঠ।

গন্ধকুটী; সং, স্ত্রীং, মুরানামক গন্ধদ্রব্য।

গন্ধকেলিকা } (গন্ধ—চেলি বস্ত্র+ক—
গন্ধচেলিকা } যোগ। বস্ত্রে গন্ধ করিবার নিমিত্ত যাহা ব্যবহৃত হয়) সং, স্ত্রীং, মৃগনাভি, কস্তুরী।

গন্ধজটিলা; সং, স্ত্রীং, বচ।

গন্ধজাত (গন্ধ—জাত উৎপন্ন) সং, ক্লীং, তেজপত্র, তেজপাত। ২। গন্ধদ্রব্যসমূহ। ৩। বিং, ত্রিং, গন্ধ হইতে উৎপন্ন।

গন্ধজ্ঞা } (গন্ধ—জ্ঞা যে জানে) সং,
গন্ধনালী } স্ত্রীং, নাসিকা।

গন্ধতণ্ডুল; সং, পুং, ধান্যবিশেষ, বাসমতি ধান। [পৃথিব্যাংশ।

গন্ধতন্মাত্র; সং, ক্লীং, গন্ধমাত্রগুণক সূক্ষ্ম-

গন্ধতূর্য্য (গন্ধ রণ—তূর্য্য বাদ্যবিশেষ, ৭মী—ষ) সং, ক্লীং, রণবাদ্যবিশেষ।

গন্ধতৈল (গন্ধ গন্ধযুক্ত—তৈল, ষৎ—স) সং, ক্লীং, যন্ত্রপাক-জনিত তৈলবিশেষ, সুগন্ধিতৈল। "প্রদীপৈঃ কাঞ্চনৈস্তত্র গন্ধতৈলাবসেচিতৈঃ।" ২। চন্দনী আতর।

গন্ধদারু; সং, ক্লীং, চন্দন বৃক্ষ।

গন্ধদ্রব্য (Aromatic) সং,ক্লীং, গন্ধপ্রধানবস্তু, নাগকেশর।

গন্ধদ্বিপ (গন্ধ মদগন্ধযুক্ত—দ্বিপ হস্তী) সং, পুং, মদগন্ধাঢ্য হস্তী। শিং—১"রণো গন্ধদ্বিপস্যেব গন্ধভিন্নান্যদন্তিনঃ।"

গন্ধধারী (—ধারিন্, গন্ধ—ধৃ-ত্রি=ধারি ধারণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে গন্ধদ্রব্য ধারণ করে। ২। সং, পুং, মহাদেব। শিং—১ "অজশ্চ বহুরূপশ্চ গন্ধধারী কপর্দ্দ্যপি।"

গন্ধধূলি (গন্ধ—ধূলি ধুলা) সং,স্ত্রীং, কস্তুরী।

গন্ধন (গন্ধ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সূচনা। ২। হিংসা। ৩। উৎসাহ। ৪। প্রকাশন। ৫। (+অনট্—ক) গন্ধতৃণ।

গন্ধনকুল } (গন্ধ—নকুল বেজি, মূষিক
গন্ধমূষিক } ইঁদুর) সং,পুং,ছুছুন্দরী,ছুঁছা।

গন্ধপাষাণ } (গন্ধ—পাষাণ প্রস্তর, মোদন
গন্ধমোদন } হর্ষণ) সং, পুং, গন্ধক।

গন্ধপিশাচিকা; সং, স্ত্রীং, ধূপ।

গন্ধপুষ্প (গন্ধ গন্ধযুক্ত—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বেতসবৃক্ষ। ২। অঙ্কোঠবৃক্ষ। ৩। গন্ধযুক্ত বৃক্ষমাত্র। ৪। ক্লীং, গন্ধযুক্ত পুষ্প। ৫। (দ্বং—স) গন্ধ এবং পুষ্প। শিং—১"গন্ধপুষ্পৈরলঙ্কৃতম্।" ষ্পা—স্ত্রীং, নীলী। ২। কেতকী। ৩। গণিকারী।

গন্ধবন্ধু ; সং, পুং, আম্রবৃক্ষ।

গন্ধমাতা ( —মাতৃ, গন্ধ—মাতৃ মা ) সং, স্ত্রীং, পৃথিবী।

গন্ধমাদন (গন্ধ—মদ্-ণিচ্=মাদি মত্ত হওয়ান + অন—ক ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ পর্ব্বত ; ইহা ইলাবৃত্ত ও ভদ্রাশ্ববর্ষের মধ্যে অবস্থিত। নীলনিষধ পর্য্যন্ত ইহার বিস্তার। রামানুজ লক্ষ্মণ শক্তিশেলে পতিত হইলে মারুতি এই পর্ব্বত হইতে বিশল্যকরণী নামক ঔষধ আনয়ন পূর্ব্বক লক্ষ্মণকে পুনরুজ্জীবিত করে। শিং—১ "গন্ধমাদনবাসী তু প্রথিতো গন্ধমাদনঃ।" ২। গন্ধক। ৩। ভ্রমর। ৪। বানরবিশেষ।

গন্ধমাদনী-দিনী ( গন্ধ—মাদনী যে মত্ত করায়, ৩য়া—ষ ) সং, স্ত্রীং, সুরা, মদ্য। ২। বন্দাক, চৌড়ানামক দ্রব্য, লাক্ষা।

গন্ধমার্জ্জার ( গন্ধ—মার্জ্জার বিড়াল ) সং, পুং, খট্টাস, খটাস।

গন্ধমালিনী ; সং, স্ত্রীং, মুরানামক গন্ধদ্রব্য।

গন্ধমুখা ( গন্ধ—মুখ, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, ছুছুন্দরী, ছুঁচা।

গন্ধমৃগ (গন্ধ—মৃগ হরিণ) সং, পুং, কস্তূরী মৃগ। [বৃষভ, ষাঁড়।

গন্ধমৈথুন ( গন্ধ—মৈথুন রমণ ) সং, পুং,

গন্ধমোদন (গন্ধ—মুদ্-ণিচ্=মোদি হৃষ্ট করান + অন(অনট্)—ক) সং, পুং, গন্ধক।

গন্ধমোহিনী ( গন্ধ—মুহ-ণিচ্=মোহি মুগ্ধ করান + অন(অনট্)—ক,ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চম্পককলিকা।

গন্ধরস (গন্ধ গন্ধযুক্ত—রস) সং, পুং, উপধাতুবিশেষ, ফুলগন্ধ। ২। (দ্বং—স) আমোদরথ।

গন্ধরাজ ( গন্ধ—রাজ রাজন্ শব্দজ + অ (অন্)—ক, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, পুষ্পবিশেষ। ২। চন্দন। ৩। কণগুগ্গুলু। ৪। পুং, প্রধান গন্ধদ্রব্য।

গন্ধর্ব্ব (গ গান—ধর্ম্ম, নিপাতন। যাহাদের গানই ধর্ম্ম, ৬ষ্ঠী—হিং। গ্রীক ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ,—সংস্কৃত= গন্ধর্ব্ব। গ্রীক=কেন্টৌরস ) সং, পুং, স্বর্গীয় গায়ক, দেব-যোনি-বিশেষ ; ইহাঁরা ব্রহ্মার কান্তি হইতে উৎপন্ন। ইহাদের আবাসস্থান গুহ্যলোক ও বিদ্যাধর-লোক মধ্যে। শিং—১"ভ্রাতরৌ স্বরসম্পন্নৌ গন্ধর্ব্বাবিব রূপিণৌ।" ২ "নটনর্ত্তক গন্ধর্ব্বাঃ সূতমাগধবন্দিনঃ। গায়ন্তি চোত্তম শ্লোকচরিতাদ্ভূতানি চ।" ২। যাহারা মার্গ এবং দেশী উভয় মতানুযায়ী সংগীত জ্ঞাত আছেন এবং শিক্ষা দিতেও সক্ষম, কিন্তু সঙ্গীতশাস্ত্রে সম্যক্ সংস্কার নাই, তাহাদিগকে গন্ধর্ব্ব শ্রেণীর গায়ক কহে। ৩। গায়ক। ৪। কোকিল। ৫। ( গন্ধ—অর্ব্ব [গত] জ্ঞেয়,যাহাদের গন্ধ জ্ঞাত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) মৃগবিশেষ। ৫। (গন্ধ হিংসা —অর্ব্ব [অর্ব্ব্ গমন করা + অ(অন্)—ক] যে গমন করে, যুদ্ধকালে যে হিংসার জন্য গমন করে) ঘোটক।

গন্ধর্ব্বনগর ( গন্ধর্ব্ব—নগর, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, গন্ধর্ব্বগণের নগর।

গন্ধর্ব্ববধূ ; সং,স্ত্রীং,গন্ধর্ব্বনারী। ২। (গন্ধর্ব্ববধূর ন্যায় প্রিয়া বলিয়া) শচী।

গন্ধর্ব্ববিদ্যা ; সং, স্ত্রীং, সঙ্গীতবিদ্যা।

গন্ধর্ব্ব-বিবাহ ; সং, পুং, কর্ত্তৃপক্ষের অগোচরে বা অসম্মতিতে কেবল স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিপূর্ব্বক যে বিবাহ সম্পন্ন হয়।

গন্ধর্ব্ববেদ ; সং, পুং, সঙ্গীতবিদ্যা।

গন্ধর্ব্বলোক ; সং, পুং, গন্ধর্ব্বগণের লোক ; উহা গুহ্যক লোকের উপরিস্থিত এবং বিদ্যাধর-লোকের অধঃস্থিত। শিং—১ "তেন পুণ্যেন গন্ধর্ব্বলোক স্তেষাং বিশিষ্যতে।"

গন্ধলোলুপা ( গন্ধ—লোলুপ ) সং, স্ত্রীং, মক্ষিকা, মাছি।

গন্ধবণিক্ ( গন্ধবণিজ্, গন্ধ গন্ধোপজীবী—বণিজ্ ব্যবসায়ী ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, গন্ধবেণিয়া।

গন্ধবৎ ( গন্ধ + বৎ(বতু)—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, গন্ধযুক্ত। শিং—১ "গন্ধবক্রুধিরচন্দনোক্ষিতা।" (রঘু)।

গন্ধবতী (গন্ধ + বৎ(বতু)—অস্ত্যর্থে। ঈপ্ ) সং,স্ত্রীং, পৃথিবী। ২। নারীবিশেষ, মৎস্য-

গন্ধা, ব্যাসদেবের মাতা। ৩। সুরা। ৪। বায়ু ও বরুণের পুরীবিশেষ। ৫। নবমল্লিকা। [ক্লীং, দারুচিনী।

গন্ধবল্কল (গন্ধ—বল্কল বৃক্ষের ত্বক্) সং,

গন্ধবহ (গন্ধ—বহ্ বহন করা+অ(অন্)—ক, ২য়া—ষ। যে গন্ধ বহন করে) সং, পুং, বায়ু। শিং—১ "সৌগন্ধিক বনানাঞ্চ গন্ধং গন্ধবহো বহন্।" ২। নায়কবিশেষ। হা—স্ত্রীং,নাসিকা। ২। বিং, ত্রিং,গন্ধযুক্ত, সুগন্ধদ্রব্য। [গন্ধদ্রব্য মিশ্রিত জল।

গন্ধবারি (গন্ধ গন্ধযুক্ত—বারি) সং, ক্লীং,

গন্ধবাহ (গন্ধ—বহ্ বহন করা+অ(ষণ্)—ক) সং, পুং, বায়ু। ২। কস্তুরী মৃগ। ৩। বিং, ত্রিং, গন্ধযুক্ত। হা—স্ত্রীং, নাসিকা।

গন্ধবিহ্বল; সং, পুং, গোধূম, গম।

গন্ধবীজা (গন্ধ—বীজ, ৬ষ্ঠী—হিং, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মেথিকা, মেথি।

গন্ধশালি (গন্ধ—শালি ধান্য) সং, পুং, সুগন্ধি ধান্যবিশেষ।

গন্ধশুণ্ডিনী (গন্ধ—শুণ্ডিনী ইন্দুর) সং,স্ত্রীং, গন্ধমূষিক, ছুঁচা।

গন্ধশেখর (গন্ধ—শেখর প্রধান। যে প্রধান সুগন্ধি দ্রব্য) সং, পুং, মৃগনাভি।

গন্ধসার (গন্ধ—সার স্থিরাংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দনবৃক্ষ। ২। চন্দন।

গন্ধসোম (গন্ধ—সোম চন্দ্র। রাত্রিতে ইহা প্রস্ফুটিত হয় বলিয়া) সং, ক্লীং, কুমুদ, শ্বেতোৎপল।

গন্ধহস্তী; সং, পুং, গন্ধযুক্ত হস্তী। শিং, —১ "স্বেদং মূত্রং পুরীষঞ্চ মজ্জাশ্চৈব মতঙ্গজাঃ, যস্যাভ্রায় বিমাদ্যন্তি তং বিদ্যাৎ গন্ধহস্তিনম্।" ২। স্তূপ বৌদ্ধবিশেষ। বৌদ্ধগয়া হইতে অর্দ্ধ ক্রোশ দক্ষিণ পূর্ব্বে লীলাজন নদীর পূর্ব্বতটে বর্ত্তমান বাক্‌রর নামক স্থানের নিকট অবস্থিত ছিল।

গন্ধহারিকা; সং, স্ত্রীং, শিল্পনিপুণা—যে কামিনী পরের বাটীতে গিয়া কর্ম্ম করে। ২। গন্ধাঢ্য বেশকারিকা।

গন্ধাখু (গন্ধ—আখু ইন্দুর) সং, স্ত্রীং, ছুছুন্দরী, ছুঁচা।

গন্ধাজীব (গন্ধ—আজীব যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, গন্ধবণিক্।

গন্ধাঢ্য (গন্ধ—আঢ্য, ৩য়া—ষ) সং, ক্লীং, জবাদি নামক গন্ধদ্রব্য। ২। চন্দন। ৩। বিং, ত্রিং, সুগন্ধযুক্ত। শিং—১ "গন্ধাঢ্যঃ সু মনোহরঃ।" ৪। পুং, নারঙ্গ বৃক্ষ। ঢ্যা—স্ত্রীং, গন্ধভাদাল। ২। স্বর্ণযূথী। ৩। তরুণী। ৪। আরামাশীতলা।

গন্ধাধিবাস (গন্ধ গন্ধদ্রব্য—অধিবাস গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আভ্যুদয়িকাদি কর্ম্মে চন্দন ও পুষ্প মাল্যাদি গন্ধদ্রব্যে যে অধিবাস হয় তাহার নাম গন্ধাধিবাস।

গন্ধার (গন্ধ—ঋ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, স্বরবিশেষ। ২। দেশবিশেষ, গান্ধার। ৩। সিন্দুর।

গন্ধালী (গন্ধ—আলী পঙক্তি, পরিমাণবিশেষ) সং, স্ত্রীং, লতাবিশেষ, গন্ধভাদালি, গাঁদাল।

গন্ধাশ্মা (গন্ধাশ্মন্, গন্ধ—অশ্মন্ প্রস্তর) সং, পুং, গন্ধক।

গন্ধিক (গন্ধ দেখ, ইক—প্রং) সং, পুং, গন্ধক।

গন্ধী (গন্ধিন্, গন্ধ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, উৎকৃষ্ট গন্ধযুক্ত। শিং—১ "অনোকহাকম্পিতপুষ্পগন্ধী।" ২ "শালনির্য্যাস গন্ধিভিঃ।" ৩ "ধূমৈরাহুতিগন্ধিভিঃ।"

গন্ধিপর্ণ (গন্ধি গন্ধযুক্ত—পর্ণ পত্র, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ

গন্ধেন্দ্রিয় (গন্ধ গন্ধগ্রাহক—ইন্দ্রিয়, ষৎ—স) সং, পুং, ঘ্রাণেন্দ্রিয়।

গন্ধোত্তমা (গন্ধ—উত্তম, ৩য়া—ষ) সং, স্ত্রীং, মদিরা, মদ্য।

গন্ধোপজীবী (গন্ধ গন্ধ দ্রব্য—উপজীবী [উপ—জীব্ জীবন ধারণ করা+ণিন্—ক] যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া—ষ) সং, পুং, গন্ধবণিক্। শিং—১ "ভক্তকারাঃ সূপকারাঃ যে চ গন্ধোপজীবিনঃ।"

গন্ধোলী (গন্ধ্ পীড়া দেওয়া বা ঘ্রাণ লওয়া +ওল—ক, ঈপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, বরটা, বোল্‌তা।

গভাস্ত (গ স্বর্গার্থগোশব্দজ—ভস দীপ্তি পাওয়া+তি—ক) সং, পুং, সূর্য্য চন্দ্রের তেজঃ, কিরণ। শিং—১"যথা রাজন্ প্রজাঃ সর্ব্বাঃ সূর্য্যঃ পাতি গভস্তিভিঃ।" স্তি, স্তী—স্ত্রীং, স্বাহা, অগ্নিপত্নী।

গভস্তিনেমি (গভস্তি তেজস্বরূপ চক্র—নেমি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "গভস্তিনেমিঃ সত্ত্বস্থঃ।" (বিষ্ণু)।

গভস্তিপাণি (গভস্তি—পাণি কর। রসাকর্ষণ হেতু কিরণ যাহা করস্বরূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

গভস্তিমান্ (গভস্তিমৎ, গভস্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। শিং—১ "স্বন-ব্যপায়েন গভস্তিমানিব।" (রঘু)। ২। ক্লীং, সপ্তপাতালের এক পাতাল, তলাতল।

গভস্তিহস্ত (গভস্তি কিরণ—হস্ত হাত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

গভীর (গম্ গমন করা+ঈর(ঈরন্)—র্ম্ম। ম্=ভ) বিং, ত্রিং, অতি নিম্ন, যাহার তল অগাধ; যথা—গভীর কূপ। ২। অনেক নিম্ন পর্য্যন্ত স্থিত; যথা—গভীর জল। ৩। প্রগাঢ়, দুষ্প্রবেশ, যাহাতে অনায়াসে প্রবেশ করা যায় না; যথা—গভীর বুদ্ধি। ৪। যে বা যাহা হর্ষবিষাদাদিকারণে বিচলিত হয় না; যথা—গভীর স্বভাব। ৫। যাহা বহুদূর পর্য্যন্ত ব্যাপিয়া আছে। ৬। নিবিড়, গহন; যথা—গভীর অরণ্য। ৫। অতি উচ্চ ও অধিক ক্ষণস্থায়ী; যথা—গভীর শব্দ। ৬। দুর্গম। ৭। দুর্ব্বার। ৮। দুর্দ্ধর্ষ। ৯। গভীর। শিং—১ "কালেন গভীরংহসা।" ২ "পয়োধিগভীরবীরাঃ।"

গভীরতা (গভীর+তা—ভাবে) সং, স্ত্রীং, যে গুণ বা অবস্থা প্রযুক্ত গম্ভীর বলা যায়, গম্ভীর ভাব।

গভীরাত্মা (—ত্মন্, গভীর দুর্লক্ষ্য—আত্মন্ আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "চতুরস্রো গভীরাত্মা।" (বিষ্ণু)।

গভীরিকা (গভীর [অতি নিম্ন] অতি উচ্চ শব্দ তুল্য+ইক(ষ্কিক)—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, বড় ঢাক।

গম (গম্ গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, গমন। ২। (+অল্—ধি) পথ। ৩। (গোধূম শব্দজ) সং, শস্যবিশেষ।

গমক (গম্-ণিচ্=গমি গমন করান+অক (ণক)—ক) বিং, ত্রিং, জ্ঞাপক, বোধক। ২। প্রেরক। ৩। গমস্থিতা। শিং—১"ষং প্রৌঢ়ত্ব মুদারতা চ বচসাং যচ্চার্থতো গৌরবম্ তচ্চেদস্তি ততস্তদেব গমকং পাণ্ডিত্য বৈদগ্ধ্যয়োঃ।" (মালতীমাধব)। ৪। স্বর-কম্পন, একটী স্বরের শ্রুতিচয় প্রকাশের নাম গমক, যে স্বর মূর্চ্ছনা প্রাপ্ত হয়। শিং—১ "স্বরো যো মূর্চ্ছনামেতি গমকঃ স ইহোচ্যতে।"

গমথ (গম্+অথ—ক) সং, পুং, পথিক।

গমন (গম্ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, চলন, গতি, পাদবিক্ষেপ। ২। প্রস্থান। শিং—১"গমনায় মতিং দধুঃ।" ২ "গজেন্দ্র মন্দগমনা।" ৩। অলসগমনা।" ২। (গম+অনট্—র্ম্ম) পথ। ৩। (+অনট্—ণ। যাহা দ্বারা গমন করা যায়) রথ, শকটাদি; যথা—"গমন ও বাহন পরিত্যাগপূর্ব্বক—।"

গমনাগমন (গমন—আগমন, দ্বং—স) সং, ক্লীং, গতায়াত, যাতায়াত, যাওয়া আসা।

গমনার্হ (গমন—অর্হ যোগ্য, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, গমনের যোগ্য, যাইবার উপযুক্ত; যথা—গমনার্হকাল, গমনার্হদেশ।

গমনীয় (গম্+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, গম্য দেখ।

গমাগম (গম—আগম) সং, পুং, চরাচর, সংসার। ২। (+ভাবে) গমনাগমন।

গমিত (গম্-ণিচ্=গমি গমনকরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপিত। ২। জ্ঞাপিত। ৩। অতিবাহিত

গম্ভীর (গম্ গমন করা+ঈরন্—ক) বিং, ত্রিং, গভীর, অগাধ। ২। নিবিড়। ৩। উদার। ৪। পূর্ণ। (গভীর দেখ)। শিং—১ "গম্ভীরপরিখা।" ২ "স্নিগ্ধগম্ভীরয়া গিরা।" রা—স্ত্রীং, নদীবিশেষ। [রতা দেখ।

গম্ভীরতা (গম্ভীর+তা—ভা) সং, স্ত্রীং, গভী

গম্ভীরবেদিতা (গম্ভীরবেদিতৃ, গম্ভীর—বিদ্ জানা+তৃ(তৃন্)—ক) সং, পুং, গম্ভীরবেদী দেখ।

গম্ভীরবেদী ( গম্ভীরবেদিন্, গম্ভীর—বেদী [ বিদ্ জানা + ইন্(ণিন্)—ক ] যে জানে ) সং, পুং, মত্ত-হস্তী, ত্বগ্‌ভেদ শোণিতক্ষরণ ও মাংসকর্ত্তনেও যে হস্তীর চৈতন্য হয় না। ২। যে হস্তী চিরপরিচিত শিক্ষা সমুদায় বিস্মৃত হয়। শিং—১ "ত্বগ্‌ভেদাৎ শোণিতস্রাবাৎ মাংসস্য ক্রথনাদপি। আত্মানং যো ন জানাতি স স্যাৎ গম্ভীরবেদিতা" ২ "চিরকালেন যো বেত্তি শিক্ষাং পরিচিতামপি। গম্ভীরবেদী বিজ্ঞেয়ঃ স গজো গজবেদিভিঃ।" যথা—"অঙ্কুশং দ্বিরদস্যেব যন্তা গম্ভীরবেদিনঃ।"

গম্য ( গম্ গমন করা + য—র্ম্ম ) বিং, ত্রিং, যেখানে যাওয়া যাইতে পারে, যেখানে যাইতে কোন কষ্ট বিঘ্ন বা বিপদ্ নাই; যেখানে যাওয়া উচিত; যেখানে যাওয়ায় কোন হানি বা দোষ নাই, গন্তব্য,গমনীয়, গমনযোগ্য। ২। প্রাপ্য। ৩। উহ্য। ৪। অনুমেয়। ৫। সাধ্য। ৬। জ্ঞেয়। ৭। ভোগ্য। ৮। উত্তরণযোগ্য। শিং—১ "অগম্যরূপা পৃথিবী মাংসশোণিত কর্দ্দমা।" ৯। নিস্তীর্য্য। "মার্গোঽয়মগম্যো মানুষৈঃ সদা।" ১০। পাল্লবিক। ১১। ভুজঙ্গ। ১২। বিট্।

গম্যমান (গম্ গমনকরা + আন(শান)—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, জ্ঞায়মান। ২। অনুমীয়মান।

গয় (গম্ গমন করা অথবা গৈ গান করা + অয়(ডয়)—ক ) সং, পুং, অসুর-বিশেষ; ইনি গয়াক্ষেত্রে নিহত হন। ২। বানরবিশেষ; বৈবস্বতের পুত্র। ৩। নৃপবিশেষ; অমূর্ত্ত রাজার পুত্র। ইনি গয়াপুরী স্থাপন করেন।

গয়া ( গয় দেখ, আ—স্ত্রীলিঙ্গে, অথবা গয় গয়নামক রাজা + অ—কৃতার্থে,আপ্—স্ত্রীং। অথবা গৈ গান করা + অয় (ডয়)—র্ম্ম ) সং, স্ত্রীং, গয় রাজর্ষির পুরী, প্রসিদ্ধ তীর্থস্থান। শিং—১ "যদ্দদাতি গয়াস্থশ্চ সর্ব্বমানন্ত্যমশ্নুতে।" ২ "যজ্ঞং চক্রে গয়ো রাজা বহ্বন্নং বহুদক্ষিণং। যত্র দ্রব্যসমূহানাং সংখ্যাং কর্ত্তুং ন শক্যতে। গয়ং বিষ্ণ্বাদয়স্তুষ্টা বরং ব্রূহীতি চাব্রুবন্। গয়স্তান্ প্রার্থয়ামাস অভিশস্তাস্তু যে পুরা। ব্রহ্মণা তে দ্বিজাঃ পূতা ভবন্তু ক্রতুপূজিতাঃ। গয়াপুরী তু মন্নাম্না খ্যাতু ব্রহ্মপুরী তথা। এবমস্তু বরং দত্ত্বা ততশ্চান্তর্দধুঃ সুরাঃ।"

গয়ার (দেশজ) সং, কণ্ঠগত শ্লেষ্মা।

গয়ালি (দেশজ) সং, গয়াক্ষেত্রের অধিকারী সম্প্রদায়বিশেষ, পাণ্ডা, হিন্দুগণ পিতৃলোকের পিণ্ড দানার্থ গয়াক্ষেত্রে গমন করিয়া অগ্রে ঐ গয়ালির পদদ্বয় পূজা করে।

গর (গৃ ভোজন করা + অ(অল্)—র্ম্ম ) সং, পুং, ক্লীং, বিষ। ২। উপবিষ। শিং—১ "গরোগিরঃ পল্লবার্থ লাঘবে মিতঞ্চ সারঞ্চ বচোহি বাগ্মিতা।" ৩। পুং, রোগ। ৪। ক্লীং, ববাদি করণের পঞ্চম করণ।

গরণ (গৃ সেচন করা বা গৃ গ্রাসকরা + অন (অনট্)—ভা ) সং, ক্লীং, সেচন। ২। ভক্ষণ। ৩। বিষ।

গরদ ( গর বিষ—দ [দা দান করা + অ (ড)—ক] যে দান করে, ২য়া—ষ ) বিং, ত্রিং, বিষপ্রযোক্তা, বিষপ্রদায়ী, যে ব্যক্তি বিষ খাওয়ায়। শিং—১ "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ।" (স্মৃতি)। ২। ব্যাধিকর।

গরভ ( গৃ ক্ষরিত হওয়া ইত্যাদি + অভ—ক) সং, পুং, গর্ভ।

গরল ( গর বিষ—ল যে পায় কিম্বা গর দেখ, অল্—র্ম্ম) সং, ক্লীং, বিষ। শিং—১ "স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং।" ২ "গরলমিব কলয়তি মলয়সমীরম্।" ২। সর্পের বিষ। ৩। ঘাসের আটি। ৪। পরিমাণবিশেষ। লী—স্ত্রীং, গড়ুইমাছ।

গরলারি; সং, পুং, মরকতমণি।

গরব্রত (গর [বৃষ্টির] সেচন—ব্রত) সং, পুং, ময়ূর।

গরাধিকা; সং, স্ত্রীং, লাক্ষা, লা।

গরিমা (গরিমন্, গুরু + ইমন্—ভাবে) সং, পুং, গৌরব। ২। মাহাত্ম্য। ৩। ভার, গুরুত্ব। ৪। মহিমা। ৫। গর্ব্ব, অহঙ্কার, আত্মশ্লাঘা। শিং—১ "পাদাহতে যৎ সদৃশং গরিম্নঃ।" ২ "প্রোদ্যদ্রাজফলো গৃহীতগরিমা বিষ্বক্ তো ভোগিভিঃ।"

গরিষ্ঠ } (গরীয়স্, গুরু+ইষ্ঠ, ঈয়স্—
গরীয়ান্ } অত্যর্থে) বিং, ত্রিং, মর্য্যাদাপন্ন। ২। গুরুতর, বড়ভারী। ৩। সার্থক। ৪। অর্থবাস্। ৫। অতিমহৎ। ৬। অতি গৌরবান্বিত। ৭। সং, পুং, নৃপবিশেষ। শিং—১ "হবিষ্মাংশ্চ গরিষ্ঠশ্চ হরিশ্চন্দ্রশ্চ পার্থিবঃ।"

গরীয়সী (গরীয়ান্ দেখ, ঈপ্) বিং, স্ত্রীং, গুরুতরা, মর্য্যাদাপন্না, মাননীয়া, গৌরবান্বিতা, মহতী। শিং—১ "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।"

গরুড় (গরুৎ পক্ষ—ড়ী উড়া+অ(ড)—ক। ৎ—লোপ। যে পক্ষীর ন্যায় উড়ে। অথবা গর বিষ-হন্ বধ করা—অ—প্রং, নিপাতন। যে বিষ নষ্ট করে। অথবা গুরু মহৎ—ড়ী উড়িয়া যাওয়া। যে গুরুতর ভার লইয়া উড়িয়াছে; মহাভারতে—গজকচ্ছপ নখ দ্বারা এবং বটবৃক্ষের শাখা চঞ্চু দ্বারা লইয়া উড্ডীয়মান হইয়াছিল বলিয়া ঋষিগণ এই পক্ষীর নাম গরুড় রাখিলেন, যেহেতু এই পক্ষী গুরুতর ভার বহন করিয়াছিল) সং, পুং, পক্ষীরাজ, বিষ্ণুর বাহন, বৈনতেয়; বিনতার গর্ভে কশ্যপের ঔরসে ইহার জন্ম হয়। ২। সৈন্যনিবেশনরূপ ব্যূহবিশেষ। শিং—১ "বরাহমকরাভ্যাং বা সূচ্যা বা গরুড়েন বা।" (মনু)। ৩। বিং, ত্রিং, গরুড় সদৃশ বলবান্; যথা—"পড়েছিল যথা হিড়ীম্বার স্নেহনীড়ে পালিত গরুড় ঘটোৎকচ।" (মেঘ)।

গরুড়ধ্বজ (গরুড়—ধ্বজ চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ। শিং—১ "পয়াংসি ভক্ত্যা গরুড়ধ্বজস্য।"

গরুড়পুরাণ; সং, ক্লীং, অষ্টাদশ পুরাণান্তর্গত সপ্তদশ মহাপুরাণ-বিশেষ; ইহা গরুড়ের দ্বারা বিরচিত। ইহাতে চিকিৎসাদি শাস্ত্র সমুদায় বিবৃত আছে।

গরুড়াগ্রজ (গরুড়—অগ্রজ জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অরুণ, সূর্য্য-সারথি।

গরুড়াঙ্কিত (গরুড়—অঙ্কিত চিহ্নিত) সং, ক্লীং, মরকতমণি।

গরুড়াশ্মা (গরুড়াশ্মন্, গরুড়—অশ্মন্ প্রস্তর) সং, পুং, মরকতমণি।

গরুৎ (গৄ শব্দ করা, আর্দ্র করা+উৎ—ক) সং, পুং, পক্ষ, পাখা, পালক।

গরুত্মান্ (গরুৎ পক্ষ+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, গরুড়। ২। পক্ষী। ত্মতী—স্ত্রীং, পক্ষবিশিষ্টা, পাইলযুক্তা (নৌকাদি); যথা—"চলিলা যথা গরুৎমতী তরি, তরঙ্গ নিকরে করি অবহেলা।"

গর্গ (গৄ ভোজন করা+গ(গন্)—ক) সং, পুং, মুনিবিশেষ; ইনি জ্যোতির্ব্বিদ্ ছিলেন। Bentely বলেন, ইহাঁর সংহিতা ৫৪৮ পূঃ খৃঃ অব্দে রচিত। ইনি যাদবগণের কুলগুরু।

গর্গর (গর্গ অনুকরণ শব্দ—র [রা দানকরা +অ(ড)—ক] যে দান করে) সং, পুং, রী—স্ত্রীং, ঘট, কলস, গাগরী। শিং—১ "মেষাদৌ শক্রবো দেয়া বারিপূর্ণা চ গর্গরী।" ২। মন্থনী, দধিমন্থনপাত্র। শিং—১ "গর্গরোদ্গারনিস্বন।"

গর্গস্রোত; সং, ক্লীং, তীর্থবিশেষ; জ্যোতির্ব্বিদ্, আ[illegible]জ্ঞ, কালজ্ঞ গর্গ মুনির নামানুসারেই এই তীর্থের নাম গর্গস্রোত হইয়াছে।

গর্জ্জ—পুং } (গর্জ্জ্ শব্দকরা+অ(অল),
গর্জ্জা—স্ত্রীং } অ—ভাবে। আপ্) সং, গর্জ্জন। শিং—১ "মাষাদি চতুরোমাসান্ গর্জ্জমাত্রং বিবর্জ্জয়েৎ।" (স্মৃতি)। ২। মেঘ হস্তী প্রভৃতির শব্দ।

গর্জ্জক (গর্জ্জ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে গর্জ্জন করে।

গর্জ্জন } (গর্জ্জ্ শব্দ করা+অন(অনট্)
গর্জ্জিত } ত(ক্ত)—ভা) সং, ক্লীং, নাদ, শব্দ। ২। উদ্ধত শব্দ। ৩। স্পর্দ্ধা। ৪। মেঘের শব্দ। ৫। কোন জন্তু কুপিত হইয়া যে শব্দ করে। ৬। সিংহ হস্তী সর্পাদির শব্দ। শিং—১ "তস্যাতি গর্জ্জিতং শ্রুত্বা।" ২ "শূকরেণাপি ঘনঘোরগর্জ্জনং কৃত্বা।"

গর্জ্জমান (গর্জ্জ্ গর্জ্জন করা+আন(শান—ক) বিং, ত্রিং, যে গর্জ্জন করিতেছে।

গর্জ্জর; সং, ক্লীং, মূলবিশেষ, গাজর।

গর্জ্জিত (গর্জ্জ গর্জ্জন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে গর্জ্জন করিয়াছে, শব্দিত। শিং—১ "সন্ধ্যায়াং গর্জ্জিতে মেঘে শাস্ত্রচিন্তাং করোতি যঃ।" ২। (+ক্ত—ভাবে) ক্লীং, গর্জ্জন। ৩। (+ক্ত—ক) পুং, মত্তহস্তী।

গর্ত্ত (গৃ ভোজন করা+ত(তন্)—ক) সং, পুং, রন্ধ্র, ছিদ্র, গহ্বর। শিং—১ "গর্ত্তস্থ ইবোরগঃ।" ২ "বিবৃতে গর্ত্তে নিপপাত।" ৩ "তথাপি মমতাবর্ত্তে মোহগর্ত্তে নিপাতিতাঃ।" ২। চারি ক্রোশের ন্যূন বিস্তৃত গহ্বর। ৩। ত্রিগর্ত্তদেশ। ৪। স্ত্রীনিতম্বের কুকুন্দর। ৫। রোগবিশেষ।

গর্ত্তিকা (গর্ত্ত গহ্বর+ইক (ষ্কক)—অস্ত্যর্থে। আপ্—স্ত্রীং। যে মেজের গর্ত্তে তন্তুবায়েরা পা দিয়া তাঁত লইয়া বুনে) সং, স্ত্রীং, তন্তুশালা, তাঁতঘর।

গর্দ্দভ (গর্দ্দ শব্দ করা+অভ (অভচ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, ভী—স্ত্রীং, রাসভ, গাধা। শিং—১ "অবিশ্রামং বহেদ্ভারং শীতোষ্ণঞ্চ ন বিন্দতি। সসন্তোষ স্তথা নিত্যং ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ।" ২ "ন গর্দ্দভা বাজিধুরং বহন্তি।" ৩ "সাপি গর্দ্দভমারুহ্য নিজনগরান্নিষ্কাসিতা।" ২। গন্ধ। ৩। ক্লীং, শ্বেতকুমুদ। ৪। বিড়ঙ্গ।

গর্দ্ধ (গৃধ্ লাভ করিতে ইচ্ছা করা+অ(অল্)—ভা) সং, পুং, লোভ, লিপ্সা, স্পৃহা।

গর্দ্ধন (গর্দ্ধ দেখ, অন—ক) বিং, ত্রিং, লোভী।

গর্ভ } (গৃ গ্রাস করা+ভ—র্ম্ম) সং, পুং,
গর্ব্ভ } গর্ভাশয়গত শুক্র শোণিতময় পিণ্ড, ভ্রূণ। ২। শিশু। ৩। অগ্নি। ৪। (+ভ—ধি) উদরের যে অংশে শুক্র শোণিত সমবেত হইয়া সন্তানরূপে পরিণত হয়, কুক্ষি। ৫। উদর, পেট। ৬। অভ্যন্তর; যথা—নারিকেলের গর্ভ। ৭। নদীগর্ভ, ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশীতে নদীর যে স্থান পর্য্যন্ত জল উঠে। শিং—১ "ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশ্যাং যাবদাক্রমতে জলম্। তাবদ্গর্ভং বিজানীয়াত্তদূর্দ্ধং তীরমুচ্যতে।" ৮। পনসকণ্টক। ৯। অপবরক। ১০। অন্ন। ১১। পুত্র। শিং—১ "মুষ্টিকৃষ্টা গর্ভোহন্তঃ শেতে মুষ্টিকৃষ্টা কুমারো জায়তে।" ১২। নাট্যে—সন্ধিবিশেষ।

গর্ভক (গর্ভ অভ্যন্তর+ক(কণ্)—স্থিত্যর্থে। অথবা কৈ প্রকাশপাওয়া+অ(ড)—ক। যে গর্ভে অর্থাৎ কেশগর্ভে প্রকাশ পায়) সং, পুং, কেশমধ্যপরিবৃত মাল্য, খোঁপার মালা। ২। কেশভূষণ পুষ্প। ৩। ক্লীং, দুই রাত্রি এক দিন।

গর্ভকেশর (Pistils) সং, পুং—ক্লীং, কেশরের মধ্যে যে সূত্রগাছি সর্ব্বাপেক্ষা স্থূল; উহার শিরোভাগে আঠার ন্যায় এক প্রকার দ্রব পদার্থ থাকে। [গর্ভাশয়।

গর্ভকোষ (গর্ভ—কোষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

গর্ভগৃহ (গর্ভ—গৃহ ঘর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ভিতরের ঘর। ২। গর্ভাগার, সূতিকাগার।

গর্ভচ্যুত (গর্ভ—চ্যুত, ৫মী—ষ) বিং, ত্রিং, গর্ভ হইতে পতিত, গর্ভ হইতে নির্গত।

গর্ভজ (গর্ভ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়) বিং, ত্রিং, গর্ভে উৎপন্ন, গর্ভজাত।

গর্ভণ্ড (গর্ভ উদর—অণ্ড ডিম্ব। আ—অ) সং, পুং, নাভির গাঁড়।

গর্ভদোহদ; সং, ক্লীং, গর্ভাভিলাষ, গর্ভ হইলে যাহা খাইতে ইচ্ছা হয়।

গর্ভধারণ (গর্ভ—ধৃ ধারণ করা+অন (অনট্) ভা) সং, ক্লীং, অপত্যোৎপাদনার্থ শুক্রশোণিত সংযোগরূপ গর্ভগ্রহণ, গর্ভে সন্তান ধারণ, অন্তঃসত্ত্বা হওয়া।

গর্ভধারিণী (গর্ভ—ধৃ ধরা+ইন্ (ণিন্)—ক। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যে গর্ভে ধরে, মাতা। [ত্রিং, গর্ভচ্যুত দেখ।

গর্ভনিঃসৃত (গর্ভ—নিঃসৃত, ৫মী—ষ) বিং,

গর্ভপরিস্রব (গর্ভ—পরিস্রব যে ক্ষরিত হয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অপত্য প্রসূত হইলে তাহার সহিত যে চর্ম্ম পোটলিকা সামান্য কথায় যাহাকে ফুল কহে।

গর্ভপাত (গর্ভ কুক্ষি—পাত পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রোগ প্রভৃতি কারণে অথবা সন্তান নষ্ট করিবার উদ্দেশে ঔষধ প্রয়োগ করাতে গর্ভের পতন, গর্ভ নষ্ট হওয়া, অকালে গর্ভ হইতে সন্তাননির্গম, গর্ভস্রাব।

গর্ভপাতক (গর্ভ ভ্রূণ—পত্ (ণি—পাতি পড়ান+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে ঔষ-

ধাদি প্রয়োগ দ্বারা গর্ভপাত সম্পাদন করে, ভ্রূণঘাতী। ২। সং, পুং, রক্তশোভাঞ্জন।

গর্ভপাতন (গর্ভ—পাতন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ঔষধাদি প্রয়োগ দ্বারা গর্ভপাত সম্পাদন, ভ্রূণহত্যা। ২। পুং, রীঠাকরঞ্জ।

গর্ভপোষণ (গর্ভ—পোষণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সযত্নে গর্ভ পালন করা।

গর্ভভর্ম্ম (—ভর্ম্মন্, গর্ভ—ভর্ম্মন্ ভরণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শিশুসন্তানের ভরণপোষণ। শিং—১ "কুমারভৃত্যা কুশলৈরনুষ্ঠিতে ভিষগ্ভিরাপ্তৈরথ গর্ভভর্ম্মণি।" (রঘু)।

গর্ভমাস; সং, পুং, গর্ভারম্ভ মাস।

গর্ভলক্ষণ (গর্ভ—লক্ষ দেখা+অন(অনট্)—ণ সং, ক্লীং, গর্ভসূচক চিহ্নবিশেষ।

গর্ভবতী (গর্ভ ভ্রূণ+বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা, যে স্ত্রীর গর্ভ হইয়াছে।

গর্ভবাস; সং, পুং, কুক্ষিরূপ স্থান। শিং—১ "অসকৃৎ গর্ভবাসেষু বাসং জন্ম চ দারুণম্।"

গর্ভব্যূহ; সং, পুং, গর্ভবৎ গূঢ় সৈন্যনিবেশনবিশেষ। শিং—১ "পশ্চাদ্বৈ তস্য পদ্মস্ত গর্ভব্যূহো মুহুর্ব্বিভিঃ।"

গর্ভশয্যা (গর্ভ—শয্যা, ষং—স) সং, স্ত্রীং, গর্ভাশয়, জরায়ুঃ। শিং—১ "তস্যাস্তৃতীয়ে ত্বাবর্ত্তে গর্ভশয্যা প্রতিষ্ঠিতা।"

গর্ভসংক্রমণ (গর্ভ—সংক্রমণ, ৭মী—ষ) সং, ক্লীং, দেহান্তর প্রাপ্তির জন্য জীবের গর্ভপ্রবেশ। "গর্ভসংক্রমণে চাপি কর্ম্মণামভিসর্পণে। তাদৃশীমেব লভতে বেদনাং মানবঃ পুনঃ।" [সংযোগ কাল।

গর্ভসময়; সং, পুং, ঋতুস্নানের পর পুরুষ-

গর্ভস্থ (গর্ভ—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, যে গর্ভে আছে, মধ্যস্থিত; যথা—গর্ভস্থ সন্তান।

গর্ভস্রাব (গর্ভ কুক্ষি—স্রাব পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গর্ভপাত। ২। রোগাদি কারণে অথবা ঔষধাদি প্রয়োগ দ্বারা গর্ভ নষ্ট করা। "রাত্রিভির্মাসতুল্যাভি গর্ভস্রাবে বিশুধ্যতি"

গর্ভাগার (গর্ভ অভ্যন্তর—আগার বাসগৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাসগৃহ। ২। অন্তঃপুর। ৩। সূতিকাগৃহ।

গর্ভাঙ্ক; সং, পুং, নাটকের অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্ক।

গর্ভাধান (গর্ভ—আধান স্থাপন, উৎপাদন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সংস্কারবিশেষ, নিষেকক্রিয়া, গর্ভে শুক্রশোণিতের সমবায়। ২। স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ; পত্নীর প্রথম ঋতুকাল উপস্থিত হইলে ষোড়শদিনমধ্যে ভর্ত্তা নিয়মিত দিনে সায়ং সময়ে পবিত্র ভাবে সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া যথাবিধানে বহ্নিস্থাপন পূর্ব্বক গর্ভাধানার্থ তাহাকে গ্রহণ করিবে। শিং—১ "অগ্নিস্তু মারুতো নাম গর্ভাধানে বিধীয়তে।"

গর্ভাশয় (গর্ভ ভ্রূণ—আশয় শয়নীয় স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গর্ভের আধার, যেস্থানে শুক্রশোণিত সমবেত হইয়া সন্তানরূপে পরিণত হয়, জরায়ুঃ।

গর্ভাষ্টম (গর্ভ গর্ভকাল—অষ্টম, ৫মী—ষ) সং, পুং, গর্ভাধানের মাস হইতে অষ্টমমাস।

গর্ভিণী (গর্ভ ভ্রূণ+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গর্ভবতী, পোয়াতি। শিং—১ "গর্ভিণী কুঞ্জরাশ্বাদিশৈলহর্ম্ম্যাদিরোহণম্ ব্যায়ামং শীঘ্রগমনং শকটারোহণং ত্যজেৎ।" ২। ক্ষীরাইবৃক্ষ।

গর্ভিত (গর্ভ+ইত—যুক্তার্থে) বিং, ত্রিং, অন্তর্গত। ২। সংযুক্ত।

গর্ভোপঘাত (গর্ভ—উপঘাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জাত গর্ভের নাশ। ২। মেঘের জলোৎপাদন শক্তিনাশ। শিং—১ "গর্ভোপঘাতলিঙ্গান্যুল্কাশনিপাংশুপাতদিগ্দাহাঃ।"

গর্ভোপঘাতিনী (গর্ভ—উপ—হন্ বধ করা+ইন্(ণিন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, অসময়ে বৃষোপগমনাদি প্রযুক্ত যে গাভির গর্ভপাত হয়, গাবড়া ফেলা গাই।

গর্মুৎ (গৃ গ্রাস করা ইত্যাদি+মুৎ—র্ম্ম। মু—আগম) সং, স্ত্রীং, সুবর্ণ। ২। লতা। ৩। তৃণ ধান্যবিশেষ, মন্থনা।

গর্ব্ব (গর্ব্ব্ অহঙ্কৃত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, দর্প, অহঙ্কার, অন্যকে অবজ্ঞা। ২। ঐশ্বর্য্যরূপ কুলবিদ্যা প্রভৃতি দ্বারা ইষ্টলাভ বশতঃ অন্যের প্রতি যে অবজ্ঞা। শিং—১ "ঐশ্বর্য্যরূপতারুণ্য কুল-

বিদ্যাবলেনাল্, "ইন্দ্রাভাবিনাদ্যোবীর-
বক্তা গর্ব স্মরিতা।"

গর্ব্বির (গৃ অঙ্গীকরা, বিজ্ঞাপন করা ই-
তাদি+বর—ক। অথবা গর্ব্ব+র—
অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে গর্ব্ব করে, অহ-
ঙ্কারী।

গর্ব্বাট (গর্ব্ব দর্প—অট্ গমন করা+অ
(অন্)—ক) সং, পুং, দ্বারপাল।

গর্ব্বিত (গর্ব্ব দেখ, ত(ক্ত)—ক। অথবা ইত
—যুক্তার্থে, বিং, ত্রিং, অহঙ্কৃত। ২। উদ্ধত।

গর্হণ—ক্লীং } (গর্হ্ নিন্দা করা+অন
গর্হণা—স্ত্রীং } (অনট্)—ভাবে, আপ্—
স্ত্রাং,) সং, নিন্দা, দোষারোপ। ২। তির-
স্কার।

গর্হা (গর্হ নিন্দা করা+অ—ভা, আপ্—
স্ত্রীং) সং, স্ত্রীং, নিন্দা। শিং—১ "যেন
যেনাচরেদ্ধর্ম্মং তাস্মন্ গর্হা ন বিদ্যতে।"
২। তিরস্কার।

গর্হিত (গর্হণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,
নিন্দিত, দূষ্য। ২। নিষিদ্ধ, প্রতিষিদ্ধ।
মন্দ, কুৎসিত, অযশ্য। শিং—১ "ম্লেচ্ছাশ্চ
গর্হিতাঃ। ন রামো গর্হিতং বদেৎ।"

গর্হ্য (গর্হ+য য্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, নিন্দ-
নীয়, নিন্দার যোগ্য। ২। অধম।

গর্হ্যবাদী (—বাদিন্, গর্হ্য—বদ্ বলা+ইন্
(ণিন্)—ক) বিং, ত্রিং, কুৎসিতবক্তা, মন্দ-
ভাষী।

গল (গল্ ভোজন করা+অ(অন্)—ণ) সং,
পুং, কণ্ঠ, গলা। শিং—১ "বদ্ধা গলে
শিলাম্।" ২ "গলে গৃহীত্বা শিষ্যোঽস্মি
বরুণেন।" ৩ "গলমোটন পূর্ব্বং বিনা-
শিতা।" ২। (+অন্—ক) ধুনা। ৩।
[illegible]। ৪। বাদ্যবিশেষ।

গলকম্বল (গল—কম্বল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গো-
রুর গললম্বিত কম্বলাকৃতি মাংস সাম্না।

গলগণ্ড (গল—গণ্ড গাঁড়, ৬ষ্ঠী—ষ) সং,
পুং, রোগবিশেষ, গলদেশে মাংসপিণ্ড,
গরগণ্ড। শিং—১ "নিবদ্ধঃ শরথুর্যস্য মুষ্ক-
বল্লম্বতে গলে। মহান্ বা যদি বা হ্রস্বো
গলগণ্ডং তমাদিশেৎ।" ২। হাড়গিলা পাখী।

গলগ্রহ (গল—গ্রহ যে গ্রহণ করে, ৭মী—
ষ) সং, পুং, [illegible]
আপদ্, অকারণে যে [illegible]
২। অকারণে ও অনিচ্ছায় [illegible]
লইতে হয়, যাহার কোন [illegible]
নাই কেবল বসিয়া অন্নের অন্ন [illegible],
গলার বোঝা। ৩। মৎস্যকণ্ট। ৪। [illegible]
মাপ কর্ম্ম। ৫। তিথিবিশেষ, কৃষ্ণপক্ষের
চতুর্থী, সপ্তমী, অষ্টমী, নবমী এবং ত্রয়ো-
দশী প্রভৃতি দিনচতুষ্ক। শিং—১ "আর-
ম্ভানন্তরং যত্র প্রত্যারম্ভো ন বিদ্যতে।
গর্গাদি মুনয়ঃ সর্ব্বে তমেবাহুর্গলগ্রহম্।"

গলৎ (গলন দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং,
যাহা গলিয়া পড়িতেছে; যথা—গলৎকুষ্ঠ।
২। সং, ভুল, ভ্রান্তি; যথা—আমার বড়
গলৎ হইয়াছে।

গলৎকুষ্ঠ (গলৎ—কুষ্ঠ, কর্ম্ম—স) সং, ক্লীং,
কুষ্ঠরোগবিশেষ, যাহা হইতে রুধিরস্রাব
হয়। শিং—১ "ভ্রাতৃভার্য্যাপহরণাৎ
গলৎকুষ্ঠং প্রজায়তে।"

গলদশ্রু (গলৎ—অশ্রু) বিং, ত্রিং, যাহার
অশ্রু গলিতেছে, যাহার চক্ষু হইতে অশ্রু
নির্গত হইতেছে। ২। যাহা হইতে অশ্রু
নির্গত হইতেছে; যথা—গলদশ্রুলোচন।

গলন (গল্ ক্ষরিত হওয়া+অন(অনট্)—
ভা) সং, ক্লীং, দ্রব হওন, গলিয়া যাওন।
২। গলিয়া পড়া, নির্গত হওয়া।

গলন্তিকা (গলন দেখ, অন্তি—সংজ্ঞার্থে,
ক—যোগ। অথবা গল্+অৎ(শতৃ), ঈপ্,
কণ্—আপ্। যাহা হইতে জল ক্ষরিত হয়)
সং, স্ত্রীং, স্বল্পবারিধানিকা, গাড়ু, ঝারী।
শিং—১ "প্রপা কার্য্যা চ বৈশাখে দেবে
দেয়া গলন্তিকা।"

গলমেখলা (গল কণ্ঠ—মেখলা কটিভূষণ,
৭মী—ষ) সং, স্ত্রীং, গলসূত্র, কণ্ঠাভরণবিশেষ।

গলরন্ধ্র (গল—রন্ধ্র ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং,
ক্লীং, গলার ছিদ্র। (হিং) সং, পুং, ময়ূর।

গলব্রত (গল=গর সর্পভক্ষণ—ব্রত, ৬ষ্ঠী—

গলশুণ্ডিকা (গল কণ্ঠ—শুণ্ডিকা হাতীর
শুঁড়, ৬ষ্ঠী—ষ। হাতীর শুঁড়ের ন্যায়
দোদুল্যমান গোল এবং মাংসময় পদার্থ
আছে বলিয়া) সং, স্ত্রীং, আলজিভ।

গলস্তনী } (গল—স্তন, ৬ষ্ঠী—হিং) সং,
গলেস্তনী } স্ত্রীং, ছাগী, অজা।

গলহস্ত (গল—হস্ত হস্তস্থ তর্জ্জনী এবং বৃদ্ধাঙ্গুলি বিস্তার, ৭মী—ষ) সং, পুং, অপমাননা পূর্ব্বক বহিষ্কৃত করিয়া দিবার জন্য গলায় হাত দেওয়া, অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা গলাটিপি। ২। তর্জনাঙ্গুষ্ঠ বিস্তার। শিং—১ "অনিচ্ছন্ গলহস্তেন তাভি-র্নির্বাসিতস্তদা।"

গলা (গলশব্দজ) সং, গলদেশ, কণ্ঠ। ২। (গল্‌ধাতুজ) বিং, গলিত, দ্রবীভূত। স্ত্রীং, অলম্বুষা। ২। লজ্জালুলতা।

গলাটিপি } (গলা—টিপি, ধাক্কা) সং,
গলাধাক্কা } গলহস্ত।

গলানিল (গল—অনিল প্রাণবায়ু, ৬ষ্ঠী—হিং। গলদেশে যাহার প্রাণবায়ু থাকে) সং, পুং, গলদা চিংড়ি, মৎস্যবিশেষ।

গলাসী (দেশজ) সং, গবাদির গলবন্ধনরজ্জু।

গলি (দেশজ) সং, অল্পপরিসরপথ, ক্ষুদ্রপথ। ২। গড়িয়া গরু।

গলিত (গল্ ক্ষরিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহা গলিয়া পড়িয়াছে, স্রুত, ক্ষরিত। ২। যাহা গলিয়া গিয়াছে; দ্রবীভূত। ৩। পতিত, স্খলিত, জীর্ণ, শীর্ণ; নষ্ট, লুপ্ত, শিথিল। শিং—১ "গলিতবয়সামিক্ষ্বাকূণামিদং হি কুলব্রতম্।"

গলিতকুষ্ঠ; সং, ক্লীং, গলৎকুষ্ঠ দেখ।

গলেচোপক (গলে—চুপ্ আঘাত করা+অক(ণক)—র্ম্ম) বিং, ত্রিং, গলগ্রহণ পূর্ব্বক অল্পে অল্পে ব্যাপাদিত।

গলেগণ্ড (গলে—গণ্ড, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষিবিশেষ, হাড়্‌গিলা পাখী।

গলোদ্ভব (গল অশ্বগলদেশ—উৎ—ভূ জন্মান+অ(অল)—ক) সং, পুং, অশ্বগলজাত রোমাবর্ত্তবিশেষ। [উপকথা।

গল্প (ভাষণার্থ জল্প্ ধাতুজ) সং, উপন্যাস,

গল্ভ (গল্‌ভ্ গর্ব্ব করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, গর্ব্বকারী, ধৃষ্ট। [গণ্ড, গাল।

গল্ল (গল দেখ, ল—ক, সংজ্ঞার্থে) সং, পুং,

গল্লক (গল্ল+ক(কণ্)—স্বার্থে। অথবা গল্ গলিত বস্তু—লা গ্রহণ করা+অ(ড)—ক। কণ্—যোগ) সং, পুং, চষক, মদ্যপানপাত্র। [স্ত্রীং, গালবালিশ।

গল্লচাতুরী (গল্ল গাল—চাতুর বালিশ) সং,

গল্লান (দেশজ) সং, আটিবন্ধন, গুচ্ছকরণ।

গবত্র (গো—ত্র [ত্রৈ ত্রাণকরা+অ(ড)-ক] যে ত্রাণ করে) সং, ক্লীং, বিচালী, গোভক্ষ্য।

গবয় ( গোরু—অয়্ গমন করা+অ(অন্)—ক। অথবা গু শব্দ করা+অল্—ভাবে=গো—যা গমন করা+ড—ক। কিম্বা গু—অয়চ্—ক। যে গোসাদৃশ্যে গমন করে) সং, পুং, য়ী—স্ত্রীং, গলকম্বলশূন্য গো তুল্য পশু। ২। পুং, বানরবিশেষ।

গবরাজ (গব [গো গোরু+অ(ক)—ইবার্থে] গোসম্বন্ধীয়—রাজন্ রাজা, প্রধান, যং—স। অথবা গব গোসমূহ-রাজ, ওয়া—য। যে গোসমূহ দ্বারা শোভা পায়) সং, পুং, বৃষ, ষাঁড়।

গবল (গু শব্দ করা+অল(অলচ্)—প্রং) সং, পুং, বন্যমহিষ। ২। (+অল—ণ) ক্লীং, মহিষশৃঙ্গ। শিং—১ "বপ্তৌ তরতির্গবলাসিতদ্যুতিঃ।" (মাঘ)।

গবাক্ষ (গো কিরণ—অক্ষ্ বিস্তৃত করা+অ(অন্)—ক। যে কিরণ বিস্তার করে। অথবা গো গোরু—অক্ষি চক্ষু। যে গোরুর চক্ষের ন্যায়, বং—স) সং, পুং, গৃহের মধ্যে বায়ু সঞ্চার ও উত্তাপ প্রবেশের নিমিত্ত যে পথ রাখে, জানালা; পূর্ব্বে গোচক্ষুর ন্যায় গোলাকার জানালা রাখিত। শিং—১ "দান্তিকৈঃ রাজতৈশ্চৈব গবাক্ষৈঃ প্রিয়দর্শনৈঃ। হেমজালাবৃতৈশ্চৈব রম্যৈ সাগ্রবিতানকৈঃ।" ২। বানরবিশেষ; ইনি বৈবস্বতের পুত্র। ক্ষী—স্ত্রীং, গোয়ক্। ২। রাখালশসা। ৩। শেওড়া। ৪। অপরাজিতা

গবাচী; সং, স্ত্রীং, পাঁকালমাছ।

গবাদন (গো গোরু—অদন [অদ্ ভোজন করা+অন(অনট্)—র্ম্ম] ভোজনীয়) সং, ক্লীং, ঘাস, তৃণ। ২। (+অনট্—ধি) স্ত্রীং, গোরুর ঘাস খাইবার পাত্র। ৩। নীল অপরাজিতা।

গবাম্পতি; সং, পুং, বৃষ। ২। গোপালক গোস্বামী। ৩। সূর্য্য। ৪। সূর্য্য। ৫। বহি

গবালূক (গো গোরু—আ—লোক্ দর্শন করা+অ—কর্ম। নিপাতন। গোসদৃশ আকৃতি বলিয়া) সং, পুং, গবয়।

গবাশন (গো গোরু—অশন [অশ্ ভক্ষণ করা+অন(অনট্)—ক] যে ভক্ষণ করে। যে গোমাংস ভক্ষণ করে) সং, পুং, গোখাদক, মুচী, চামার। [এবং অশ্ব।

গবাশ্ব (গো—অশ্ব, দ্বং—স) সং, ক্লীং, গোরু

গবিনী (গো+ইন্—সমূহার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গোসমূহ।

গবী (গো গোরু, বাক্য+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্ত্রীগোরু। ২। বাণী।

গবেড়ু } (গো গোরু বা পৃথিবী—এড়্
গবেড়ুকা } রক্ষা করা+উ(ডু)—র্ম, সংজ্ঞার্থে) সং,পুং, মেঘ। ২। স্ত্রীং, তৃণ-ধান্য, গড়গড়া।

গবেধু } (গো জল—এধ্ বৃদ্ধিপাওয়া
গবেধুকা } +উ(ডু)—র্ম, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, তৃণধান্য, গড়গড়া।

গবেরুক (গো দীপ্তি বা রঙ্—ঈর্ প্রেরণ করা+অক(ণক)—ক। অ=উ,নিপাতন। গবেধুক শব্দও হয়) সং, ক্লীং, গৈরিক, গিরিমাটী।

গবেষণ—পুং } (Research, গবেষ্ অ-
গবেষণা—স্ত্রীং } ন্বেষণ করা+অন(অনট্), অন—ভা, আপ্। অথবা গো জল—এষণ, ৬ষ্ঠী—ষ) সং, কোন বিষয়ের তত্ত্ব নিরূপণ নিমিত্ত অন্বেষণ, অনুসন্ধান। ২। জলের অনুসন্ধান। ৩। সং,পুং, নৃপবিশেষ।

গবেষিত (গবেষণ দেখ, ত(ক্ত)—র্ম) বিং, ত্রিং, যে বিষয়ের গবেষণা করা গিয়াছে, অন্বেষিত।

গব্য (গো+য(ক্য)—ইদমর্থে, ভবার্থে, হিতার্থে) বিং,ত্রিং, গোসম্বন্ধীয়, দুগ্ধঘৃতাদি। শিং—১ "সংবৎসরন্তু গব্যেন পয়সা পায়সেন বা।" ২। গো-হিত। ৩। ক্লীং, ছিলা। ব্যা—স্ত্রীং, গোসমূহ। ২। ছিলা। ৩। গোরোচনা।

গব্যূত—ক্লীং } (গো পৃথিবী—যু যোগ
গব্যূতি—স্ত্রীং } করা+ত(ক্ত), তি(ক্তি)—র্ম) সং, দুই ক্রোশ পরিমাণ।

গন্তানী (দেশজ) সং, যে স্ত্রী স্বেচ্ছানুসারে পরপুরুষ-সঙ্গ করে, বেশ্যা; যথা—
"কুটিনী গন্তানী যত যে যন্তানী
উড়ে উড়ে দিব শূলে।" (অন্নদা)।

গহন (গহ্ নিবিড় হওয়া, বুঝিতে কঠিন হওয়া+অন(অনট্)—র্ম) বিং, ত্রিং, দুর্গম, দুষ্প্রবেশ্য। শিং—১ "বহুপক্ষিমোৎসবকীবর্ধগহন (দেশ)।" ২ "সুগহনা বৃত্তিঃ।" ২। দুরূহ,দুর্ব্বোধ। ৩।(+অনট্—ক) ক্লীং, বন। ৪। (গাহ্+অনট্—ধি) যাতনা, দুঃখ। ৫। গহ্বর। ৬। (যত্ন, সামর্থ্য, চেষ্টিত দ্বারা যাহাকে জানিতে পারা যায় না) পুং, পরমেশ্বর। শিং—১ "করণং কারণং কর্ত্তা বিকর্ত্তা গহনো গুহঃ।"

গহ্বর (গো পৃথিবী—হ্বৃ কুটিল হওয়া+অ(অল্)—র্ম। অথবা গাহ্ বিলোড়ন করা+বর(বরচ)—র্ম) সং, পুং—ক্লীং, দেবখাত, গর্ত্ত। ২। গিরিগুহা। শিং—১ "অথান্ধকারং গিরিগহ্বরম্ম।" (রঘু)। ৩। গহন। ৪। দম্ভ। ৫। পুং, নিকুঞ্জ,লতাগৃহ।

গা (গাত্র শব্দজ) সং, শরীর, দেহ। ২। ('গা' ধাতুজ) সং, স্ত্রীং, স্তুতি, গাথা; যথা—
"কোকিলনাদিনী গাগরিবাদিনী,
দীপরিবাদ বিধায়িনী।" (অন্নদা)।

গাই (গাভী শব্দজ) সং, স্ত্রীং, গো, গবী।

গাইল (গালি শব্দজ) কটূক্তি, অভিশাপ।

গাএন (গায়ন শব্দজ) সং, পুং, গায়ক,গাথক।

গাওন (গানার্থ গৈধাতুজ) সং, গানকরণ, গীত-গাওন।

গাং (গঙ্গা শব্দজ) সং, নদী। ২। ভাগীরথী।

গাংদাড়া; সং, মৎস্যবিশেষ।

গাঁ (গ্রাম শব্দজ) সং, বহুজন বসতি স্থান।

গাঁইট (গ্রন্থিশব্দজ) সং,গিরা। ২। মোট,বস্তা।

গাঁজন (দেশজ) সং, দ্রবদ্রব্যের বিকৃতিকরণ।

গাঁজা (দেশজ) সং, মাদকদ্রব্যবিশেষ, গাঞ্জা।

গাঁটকাটা (গ্রন্থিকর্ত্তক শব্দজ) সং, চোরবিশেষ, জুয়াচোর. যে অলক্ষিতভাবে পথিকগণের গাঁইট কাটিয়া অর্থ অপহরণ করে।

গাঁঠরী (গ্রন্থি শব্দজ) সং, পুঁটলী, বস্তা।

গাঁথন (গ্রন্থন শব্দজ) সং, গঠন, রচন।

গাঁথনি (গ্রন্থন শব্দজ) সং, গ্রথন, গাঁথা।

গাগরী (গর্গরী শব্দজ) সং, ক্ষুদ্রকলসী, ঘট।

গাঙ্গ (গঙ্গা+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, ভীষ্ম। ২। কার্ত্তিকেয়। ৩। ইলিশমাছ। ৪। ক্লীং, স্বর্ণ। ৫। ধুস্তুর। ৬। বিং, ত্রিং, গঙ্গাসম্বন্ধীয়। শিং—১ 'গাঙ্গং বারি মনোহারি মুরারিচরণাচ্চ্যুতং।' (গঙ্গাস্তব)। ৭। গঙ্গাজাত।

গাঙ্গট } (গঙ্গা—অট যে গমন করে।
গাঙ্গাট } নিপাতন) সং, পুং, মৎস্যবিশেষ, চিঙ্গড়ী মাছ।

গাঙ্গটেয় (গাঙ্গট দেখ, এয়(ঢেয়)—স্বার্থে) সং, পুং, মৎস্যবিশেষ, চিঙ্গড়ি মাছ।

গাঙ্গায়নি (গঙ্গা+আয়নি(ফায়নি)-অপত্যার্থে) সং, পুং, ভীষ্ম। ২। স্কন্দ, কার্ত্তিকেয়।

গাঙ্গিনী; সং, স্ত্রীং, গঙ্গার শাখানদীবিশেষ; মুরশীদাবাদের কিঞ্চিৎ উত্তর হইতে গঙ্গা দুই শাখায় বিভক্ত হইয়া এক শাখা পূর্ব্বাভিমুখী হইয়া ব্রহ্মপুত্র নদের সহিত মিলিত হইয়াছে ইহারই নামান্তর গাঙ্গিনী; "পশ্চিমে আপনি গঙ্গা পূর্ব্বেতে গাঙ্গিনী। সেই গ্রামে উত্তরিলা অন্নদা চারিণী।"

গাঙ্গেয় (গঙ্গা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, ভীষ্ম। ২। স্কন্দ, কার্ত্তিকেয়। ৩। বিং, ত্রিং, গঙ্গাসম্বন্ধীয়; যথা—"স্বর্ণকুম্ভে পূত অম্ভোরাশি গাঙ্গেয়।"

গাছ (গচ্ছ শব্দজ) সং, তরু, বৃক্ষ। ২। বিং, ত্রিং, বৃহৎ, লম্বা; যথা—গাছগাড়ু, গাছপ্রদীপ।

গাজন (দেশজ) সং, শিবের উৎসব।

গাজর; সং, ক্লীং, গৃঞ্জন, গাজোর।

গাজে (গজ্জন শব্দজ) গর্জ্জন দেখ; যথা—"ফণাফণ ফণাফণ ফণীফণ গাজে।"

গাড়ন (দেশজ) সং, পোতন, প্রোথিতকরণ।

গাড়ল (গড্ডলিকা শব্দজ) সং, মেষ, মেড়া।

গাড়া (দেশজ) গর্ত্ত। ২। ডুবিয়া যাওয়া।

গাড়ী (গন্ত্রী শব্দজ) সং, শকট, রথ।

গাড়ু (গড্ডুক শব্দজ) সং, ভৃঙ্গার, ঝারী, জলপাত্রবিশেষ।

গাঢ় (গাহ্ বিলোড়ন করা, অবগাহন করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অতিশয়, অতিরিক্ত। ২। দৃঢ়। ৩। ঘন, তরলসরা। ৪। (+ক—র্ম্ম) প্রগাঢ়, গভীর। ৫। ভারি। ৬। সেবিত। ৭। অবগাঢ়। শিং—১ "লাঙ্গুলং মুখে নিধায় গাঢ়তরং চর্ব্বিতুমারব্ধবান্।" ২ "সোহ দেনাতগাঢ়েন।" ৮। সঙ্গীতে—যে স্বরকে ইচ্ছামত উচ্চ নীচ করিতে পারা যায়।

গাঢ়মুষ্টি (গাঢ় ভারি, বদ্ধ—মুষ্টি মুঠা) সং, পুং, খড়্গ। ২। বিং, ত্রিং, কৃপণ।

গাণপত্য (গণপতি+য(ষ্ণ্য)—ইদমর্থে) বিং, ত্রিং, গণেশোপাসক বা তৎসম্প্রদায়। ২। গণপতিভাব। শিং—১ "মহাদেবপ্রসাদেন গাণপত্যঞ্চ বিন্দতি।" ৩। গণপতিসম্বন্ধীয়। ৪। ক্লীং, দলাধিপত্য।

গাণিক্য (গণিকা বেশ্যা+য(ষ্ণ্য)—সমূহার্থে) সং, ক্লীং, গণিকাসমূহ।

গাণিতিক (গণিত+ইক(ঠিক)—জ্ঞাতার্থে, ইদমর্থে) বিং, ত্রিং, গণিতশাস্ত্রজ্ঞ। ২। গণিতসংক্রান্ত।

গাণ্ডির (গণ্ড্ গালকাঁপা+ইঞ্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, গ্রন্থি।

গাণ্ডিব } (গাণ্ডি যে গাল কাঁপায়+ব—
গাণ্ডীব } অস্ত্যর্থে) সং, পুং—ক্লীং, অর্জ্জুনের ধনুক। ব্রহ্মা এই ধনু নির্ম্মাণ করিয়া চন্দ্রকে ও চন্দ্র বরুণকে প্রদান করেন, পরে বরুণ অগ্নিদেবের প্রার্থনাক্রমে অর্জ্জুনকে উহা প্রদান করিয়াছিলেন। শিং—১ "কার্য্যক্ষ সুমহৎ পার্থো গাণ্ডীবেন করিষ্যতি।" ২। ধনুক।

গাণ্ডীবধন্বা (—ধন্বন্, গাণ্ডীব ধনু+অন (অনঙ্)—অস্ত্যর্থে) সং, পুং, অর্জ্জুন। শিং—১ "গাণ্ডীবধন্বা শ্বেতাশ্বো বিভৎসুঃ কিং করিষ্যতি।"

গাণ্ডীবী (গাণ্ডীবিন্, গাণ্ডীব অর্জ্জুনের ধনুক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গাণ্ডীবধারী, অর্জ্জুন। ২। ধানুষ্ক। ৩। অর্জ্জুনবৃক্ষ।

গাতব্য (গৈ গান করা, গমন করা+তব্য —র্ম্ম) বিং, ত্রিং, গান করিবার যোগ্য। ২। গন্তব্য। [বিং, ত্রিং, গায়ক।

গাতা (গাতৃ, গৈ গান করা+তৃ তৃন)—ক)

গাতানুগতিক (গতানুগত+ইক(ঠিক)—নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, গতানুগত দ্বারা নিষ্পন্ন।

গাতু (গৈ গান করা + তু(তুন্)—ক) সং, পুং, কোকিল। ২। ভ্রমর। ৩। গন্ধর্ব্ব। ৪। (গা স্তব করা + তুন্—ক) বিং, ত্রিং, ক্রুদ্ধ। ৫। জতিকারক। শিং—১ "যদ-যতে ব্রাহ্মণে গাতুমৈরৎ।" (গা গমন করা + তুন্(ধি) স্ত্রীং, পৃথিবী। শিং—১ "নাকং সূর্য্যামুষাজং গাতুমযিম্।"

গাত্র (গম্ গমন করা + ত্র(ষ্ট্রন্)—ক, সংজ্ঞার্থে সং, ক্লীং, শরীর। ২। অঙ্গ। শিং—১ "রুধিরে চ স্রুতে গাত্রাৎ।" ৩। হস্তের অগ্রজঙ্ঘার আদিভাগ। শিং—১ "আপশ্যারাম্নুন গাত্রস্য ভূমিম্।"

গাত্রমার্জ্জনী (গাত্র—মার্জ্জনী যে মার্জ্জন করে) সং, স্ত্রীং, গামছা।

গাত্ররুহ (গাত্র—রুহ উদ্গত হওয়া + অ(অন্)—ক) সং, ক্লীং, রোম। শিং—১ "গাত্ররুহেষু চ হর্ষঃ।"

গাত্রসম্মিত (গাত্র—সম্মিত সম্পূর্ণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার অঙ্গ প্রত্যঙ্গ সম্পূর্ণ হইয়াছে, সর্ব্বাবয়বসম্পন্ন। শিং—১ "পাদ উৎপন্নমাত্রে তু দ্বৌ পাদৌ গাত্রসম্মিতে। পাদোনং ব্রতমাচষ্টে হত্বা গর্ভমচেতনম্।"

গাত্রানুলেপনী (গাত্র—অনু—লিপ্ লেপন করা + অন(অনট্)—ণ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অনুলেপন বর্ত্তিকা।

গাত্রাবরণ (গাত্র—আ—বৃ আচ্ছাদন করা + অন(অনট্)—ক) সং, ক্লীং, বর্ম্ম, কবচ, সাঁজোয়া।

গাত্রিকা (গাত্র + ষ্কিক, আপ্) সং, স্ত্রীং, গাত্রমার্জ্জনী।

গাথক (গৈ গান করা + থক—ক, শিল্পী অর্থে) সং, পুং, গায়ক, গানকারী। শিং—১ "কলস্ক্রিয়লিগাথকৈঃ।" (ভট্টি)।

গাথা (গাথক দেখ, থ(থন্)—র্ম্ম, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শ্লোক, কবিতা। ২। পদ্য। ৩। আর্য্যাছন্দঃ। ৪। গীতি, ছন্দোবন্ধে রচনা। ৫। গান, গীত। শিং—১ "গাথাং গায়তি।" ৬। সংস্কৃতভিন্ন ভাষা। ৭। (+থন্—ভা) বর্ণন।

গাদ (দেশজ) মল, কাইট।

গাদন (দেশজ) সং, গোতন, প্রসব, পূর্ণকরণ

গাদাগাদি (দেশজ) সং, রাশি, স্তূপ, রাশীকৃত।

গাদি (গদ্ + ই(ফি)—অপত্যার্থে) সং, পুং, গদপুত্র। ২। (দেশজ রাশি, স্তূপ, একত্রীকরণ; যথা—খড়ের গাদি, ধানের গাদি ইত্যাদি।

গাধ (গাধ্ দাঁড়ান, ইচ্ছা করা + অ(অন্)—র্ম্ম) সং, পুং, তলস্পর্শ. তলা। ২। স্থান। ৩। বিং, ত্রিং, তলস্পর্শযোগ্য, সুপ্রতর, অগভীর। ৪। (+অন্—ভা) পুং—স্ত্রীং, লোভ।

গাধা (গর্দ্দভশব্দজ) সং, রাসভ, খর।

গাধি (গাধ্ প্রতিষ্ঠিত হওয়া + ইন্(ণিন্)—ক) সং, পুং, বিশ্বামিত্র ঋষির পিতা, চন্দ্রবংশীয়-নৃপবিশেষ।

গাধিজ, গাধিভূ, গাধিসুত (গাধি এই ঋষির পিতা—জ, ভূ জাত।—সুত পুত্র) সং, পুং, বিশ্বামিত্রঋষি।

গাধিপুর (গাধি নৃপবিং—পুর নগর) সং, ক্লীং, গাধিনৃপের নগর, কান্যকুব্জ দেশ।

গাধেয় (গাধি এই ঋষির পিতা + এয় (ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, বিশ্বামিত্র ঋষি।

গান (গৈ গান করা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, যাহা গাওয়া যায়, গীত। ২। সামবেদের ধ্বনি।

গান্তু (গম্ গমন করা + তু(তুন্)—ক) বিং, ত্রিং, গমনশীল পথিক।

গান্ত্রী (গন্ত্রী + অ(ষ্ণ)—স্বার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বৃষবাহ শকট, গরুর গাড়ি।

গান্দিনী (গো স্বর্গ—দ যে দেয় + ইন্—সংজ্ঞার্থে। অথবা গাং পৃথিবী—দা শুদ্ধ করা + ইন্(ণিন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গঙ্গানদী, ভাগীরথী, গঙ্গাদেবী। ২। অক্রূরমাতা। শিং—১ "গান্দিনী নাম সা গাং তু দদৌ বিপ্রেষু নিত্যশঃ।"

গান্দিনীসুত (গান্দিনী—সুত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অক্রূর। ২। ভীষ্ম। ৩। কার্ত্তিকেয়।

গান্ধর্ব (গন্ধর্ব + অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, গন্ধর্ব্বসম্বন্ধীয়। ২। সং, পুং, অশ্ব। ৩। বিবাহবিশেষ, যে বিবাহে বরকন্যা পর-

পরস্পরের প্রতি অনুরক্ত হইয়া পরস্পরের পাণি গ্রহণ করে। শিং—১ "গান্ধর্বাদি বিবাহেষু পুনর্বৈবাহিকো বিধিঃ।" ৪। দ্বীপবিশেষ। ৫। ক্লীং, গান।

গান্ধার (গান্ধ—ধা গমনকরা+অ(ষণ্)—ক। কিম্বা গন্ধার+অ—নিবাসার্থে) সং, পুং, দেশ-বিশেষ, কান্দাহার। ২। স্বরবিশেষ; ইহা সপ্তস্বরের তৃতীয়। ইহা ছাগ-স্বর তুল্য। এই স্বর নাভি সমুদ্গত বায়ু কণ্ঠ ও শীর্ষে আঘাত দ্বারা উৎপন্ন হয়। ৩। রাগবিশেষ। ৪। ক্লীং, সিন্দূর। ৫। গন্ধক। রী—স্ত্রীং, (গন্ধার+ষ্ণ, ঈপ্) গান্ধার-রাজ-কন্যা, ধৃতরাষ্ট্র-মহিষী, দুর্য্যোধনের মাতা। ২। বিং, ত্রিং, গান্ধারদেশস্থ। শিং—১ "কষায়পাণা গান্ধারাঃ।"

গান্ধাররাজ (গান্ধার দেশবিশেষ—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শকুনি, দুর্য্যোধনের মাতুল।

গান্ধারেয় (গান্ধারী দুর্য্যোধনের মাতা+এয়(ঢক্)—অপত্যার্থে) সং, পুং, গান্ধারী পুত্র, দুর্য্যোধন প্রভৃতি।

গান্ধিক (গন্ধ+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, পুং, গন্ধবণিক্, গন্ধদ্রব্যব্যবসায়ী, গন্ধবেণে। শিং—১ "স তু অম্বষ্ঠাদ্ রাজপুত্র্যাং জাতঃ।" ২। গাঁধিপোকা। ৩। বিং, ত্রিং, লেখক। ৪। গন্ধদ্রব্যবাহী।

গাপ (গুপ্ ধাতুজ) সং, গোপন, ছাপা।

গাভী (গবী শব্দজ) সং, স্ত্রীগো, ধেনু।

গামছা (গা গাত্র শব্দজ—মছা দেশীয় মোছন শব্দজ) সং, গাত্রমার্জ্জনী।

গামী (গামিন্, গম্ গমন করা+ণিন্—ক, ভাবষ্যদর্থে) বিং, ত্রিং, যে গমন করিবে। ২। গমনশীল। (এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ হয় না, অন্য শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে; যথা—দ্রুতগামী, বেগগামী ইত্যাদি)।

গামুক (গম্ গমন করা+উক(উক)—ক) বিং, ত্রিং, গন্তা, গমনকারী।

গাম্ভীর্য্য (গম্ভীর+য(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, গম্ভীরতা, অল্প কারণে ব্যাকুল বা অস্থির না হওয়া। ২। প্রগাঢ়তা; যথা—অর্থের গাম্ভীর্য্য, ভাবের গাম্ভীর্য্য। ৩। অবিকারিত্ব। ৪। অচাঞ্চল্য। ৫। অচাপল্য। শিং—১ "বিকারাঃ সহজা যস্য হর্ষক্রোধভয়াদিষু। ভাবেষু নোপলভ্যন্তে তদ্গাম্ভীর্য্যমিতি স্মৃতম্।"

গায় (গৈ গান করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, গান।

গায়ক } (গৈ গান করা+অক(ণক),
গায়ন } অন(অনট্)—ক) বিং, ত্রিং, গান-কারক। ২। সঙ্গীত-ব্যবসায়ী; যিনি যেমন দেখেন তেমনি শিক্ষা করেন, অনুকরণ করিতে সক্ষম, সুরসিক, অনায়াসে লোকের মনোরঞ্জন করিতে সমর্থ এবং ভাবুক, গীতজ্ঞেরা তাঁহাকে গায়ক বলিয়া নির্দ্দেশ করেন। শিং—১ "নর্ত্তকৈশ্চাপি নৃত্যন্তি গায়কানাঞ্চ নিঃস্বনৈঃ।" ২ "তথা গায়ন্তি গায়কাঃ"

গায়ৎ (গান দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে গান করিতেছে।

গায়ত্রী } (গায়ৎ গানকারী—ত্রৈ পালন
গায়ত্রী } করা+অ(ড)—ক, ঈপ্) "গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বং ততঃ স্মৃতা।" অর্থাৎ যে গানকারীকে ত্রাণ করে। কিম্বা গা গান। যে গান দ্বারা ত্রাণ করে) সং, স্ত্রীং ত্রিপাদ মন্ত্রবিশেষ, বেদমাতা; এই ত্রিপাদ দেবী ব্রহ্মার পত্নী। একদা ব্রহ্মা যজ্ঞে দীক্ষিত হইয়া সাবিত্রীকে আনয়নার্থ ইন্দ্রকে প্রেরণ করেন। তৎকালে সাবিত্রী গৃহকর্ম্মে ব্যাপৃতা ছিলেন, যাইতে না পারায় ব্রহ্মা পুনরায় বিবাহার্থ উপযুক্ত কন্যা অন্বেষণার্থ ইন্দ্রকে প্রেরণ করেন। ইন্দ্র এক গোপকন্যাকে আনয়ন করেন। ব্রহ্মা তাহাকে বিবাহ করেন। সেই গোপকন্যাই গায়ত্রী নামে খ্যাতা। ২। ষড়ক্ষর ছন্দঃ; ইহা ত্রিবিধ—তনুমধ্যা, শশিবদনা ও সোমরাজী। শিং—১ "ব্রহ্মা ততোঽভবদ্ধৈ ত্রিপাদাং বেদমাতরম্। অকরোচ্চ চতুরো বেদান্ গায়ত্রীসম্ভবান্।" ৩। বৈদিক ছন্দঃবিশেষ; যথা—"অগ্নিমীলে পুরোহিতং, যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমং।"

গারুড় (গরুড়+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লী, বিষশাস্ত্র, বিষমন্ত্র। ২। স্বর্ণ। ৩। মরকতমণি, হরিদ্বর্ণ রত্নবিশেষ শিং—১ "রাশির্মণীনামিব গারুড়াণাম্।" (রঘু)। ৪। ব্যূহবিশেষ। শিং—১"গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।" (ভারত)। ৫। পুরাণ-বিশেষ। ৬। অস্ত্র-বিশেষ। ৭। বিং, ত্রিং, গরুড়সম্বন্ধীয়।

গারুড়িক (গারুড় বিষমন্ত্র+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) সং, পুং, বিষবৈদ্য।

গারুত্মত (গরুত্মৎ গরুড়+অ(ষ্ণ)—ভবার্থে। এই রত্ন গরুড়ের মুখনিঃসৃত শ্লেষ্মা হইতে হইয়াছে বলিয়া) সং,ক্লীং, মরকত মণি। ২। গরুড়দেবতাক অস্ত্র। "গারুত্মতং তীরগতস্তরস্বী।" [সং,পুং, গর্গপুত্র।

গার্গি (গর্গ গর্গমুনি+ই(ঞ)—অপত্যার্থে)

গার্গ্য (গর্গ মুনিবিশেষ+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, গর্গমুনির পুত্র; ইনি ঋগ্বেদের অধ্যাপক এবং বিখ্যাত বৈয়াকরণিক ছিলেন।

গার্দভ (গর্দভ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং,ত্রিং, গর্দভসম্বন্ধীয়। ২। সং, পুং, গর্দভ-শব্দ। ৩। গর্দভ-মূত্র।

গার্দ্ধ (গর্দ্ধ লোভী, পেটুক+অ(ষ্ণ)—ভবার্থে। অথবা গর্দ্ধ+অ(ঘঞ)—ভা। র—লোপ, বিকল্পে) সং, পুং-ক্লীং, অতিতৃষ্ণা।

গার্দ্ধ্রপক্ষ (গার্দ্ধ্র [গৃধ্র শকুনি পক্ষী+অ(ষ্ণ)—ইদমর্থে] গৃধ্রসম্বন্ধীয়—পক্ষ পালক। যাহা গৃধ্রের পক্ষ হইতে নির্ম্মিত হয়) সং, পুং, গৃধ্রপক্ষযুক্ত বাণ।

গার্দ্ধ্য (গৃধ্র লোভী, পেটুক+য(ষ্ণ্য)—ভাবার্থে) সং, ক্লীং, লিপ্সা, লোভ। শিং—১ "পীত্বা জলানাং নিধিনাতিগার্দ্ধ্যাৎ।"

গার্ভ (গর্ভ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, গর্ভবিষয়ক কার্য্য(গর্ভাধান)। ২। গর্ভসম্বন্ধীয়। শিং—১"সংস্কারৈর্বিবিধৈস্তাবদ্‌গার্ভমেনো ব্যপোহতি।" (স্মৃতি)।

গার্ভিণ; সং, স্ত্রীং, গর্ভিণী সমূহ।

গার্হপত্য গৃহপতি+য(ষ্ণ্য)—ইদমর্থে) সং, পুং, সাগ্নিক গৃহীর যজ্ঞাগ্নি, গৃহস্থ ব্যক্তি চিরকাল অবিচ্ছেদে যে অগ্নি গৃহে রাখে; এই অগ্নি নির্ব্বাপিত হওয়া উচিত নহে। ২। বিং, ত্রিং, গৃহপতি সংক্রান্ত।

গার্হমেধ (গৃহমেধ গৃহস্থ+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, গৃহস্থ কর্ত্তব্য পঞ্চযজ্ঞরূপ কর্ম্ম। ২। বিং, ত্রিং, গৃহস্থসম্বন্ধীয়।

গার্হস্থ } (গৃহস্থ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—ইদ-
গার্হস্থ্য } মর্থে) বিং, ত্রিং, গৃহস্থসম্বন্ধীয়। ২। সং,পুং, দ্বিতীয়আশ্রম, গৃহস্থ আশ্রম, গৃহস্থ ধর্ম্ম। শিং—১ "চতুর্ণামাশ্রমাণাং হি গার্হস্থ্যং শ্রেষ্ঠমাশ্রমম্।"

গাল (গণ্ড শব্দজ কি?) সং, কপোল, গণ্ড।

গালন (গালি ক্ষরান+অনট্—ভা) সং, ক্লীং, ক্ষারণ, ছাঁকা। ২। গলান। "তথা নচেৎ যথা দাহ কঠিন্যাতি শৈথিল্য মণ্ডগালন রহিতোঽস্তরুত্থপক্কশ্চরুর্ভবতি।"

গালব (গাল [গল গলিয়া যাওয়া+ঘঞ—ভাবে] ক্ষরণ—ব [বা বধকরা+অ(ড)—ক] যে বাধা দেয়। লোধ্রের ধারকতা গুণ আছে বলিয়া) সং,পুং,লোধ্রবৃক্ষ। ২। শ্বেত লোধ্র। ৩। কেন্দুকবৃক্ষ। ৪। মুনিবিশেষ।

গালবাদ্য (গাল—বাদ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বম্ বম্ শব্দে মুখ বাদন, এই গালবাদ্য মহাদেবের অতি প্রিয়; যথা—

"শৌনকাদি ঋষিগণ, পূজা করে ত্রিলোচন,
গালবাদ্যে বিল্বপত্র দিয়া।"

গালি, গালী (গালি ক্ষরান+ই(ঞ),ঈপ্) সং, পুং, অভিসম্পাত, শাপ। ২। কটুবাক্য। শিং—১ "দদতি দদতু গালিং গালিমন্তো ভবন্তো বয়মপি তদভাবাদ্ গালিদানেঽসমর্থাঃ।" [কম্বলবিশেষ।

গালিচা (যবন ভাষা) সং, মেষলোমনির্ম্মিত

গালিত (গালি ক্ষরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দ্রবীকৃত, যাহা গলান গিয়াছে। শিং—১ "গালিতস্য সুবর্ণস্য ষোড়শাংশেন সীসকম্।" (বৈদ্য)।

গালিনী; সং, স্ত্রীং, মুদ্রাবিশেষ। "কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ করয়োরিতরেতরম্।"

গালিম (যাবনিক) শত্রু।

গালোড়িত; বিং, ত্রিং, উন্মত্ত। ২। রোগার্ত্ত। ৩। মূর্খ শিং—১ "উন্মাদশীলো রোগার্ত্তো মূর্খো গালোড়িতঃ স্মৃতঃ।"

গালোড্য ; সং, ক্লীং, পদ্মবীজ। ২। ধান্য-বিশেষ।

গাবল্‌গণি (গবল্‌গণ+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, গবল্‌গণপুত্র সঞ্জয়। "সঞ্জয়শ্চ মহামাত্যো বিদ্বান্ গাবল্‌গণির্বশী।"

গাবী ; সং, স্ত্রীং, গাভী।

গাহন (গাহ্ বিলোড়ন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিলোড়ন। ২। মজ্জন।

গাহিত (গাহ্ বিলোড়ন করা, অবগাহন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, বিলোড়িত। ২। অবগাহিত।

গিট্‌কিরি—স্বরচয়ের উপর শীঘ্র গমনের নাম গিট্‌কিরি। মূর্চ্ছনা ও ইহাতে এই প্রভেদ করা যাইতে পারে যে, মূর্চ্ছনা শ্রুতি সকল স্পষ্ট প্রকাশ হওয়া উচিত। ইহা কেবল মধুরতার জন্য ব্যবহৃত হয়।

গিন্নী (গৃহিণী শব্দজ) সং, ভার্য্যা, স্ত্রী।

গির্ } গিরা } (গৃ শব্দ করা+০(ক্বিপ্)—র্ম্ম। আপ্। ঋ=ইর্) সং, স্ত্রীং, বাক্য। শিং—১"যেন ধৌতা গিরঃ পুংসাং বিমলৈঃ শব্দবারিভিঃ।" ২ "বাষ্পসন্দিগ্ধয়া গিরা বিললাপ।" ২। (+ক্বিপ্—ক) সরস্বতী।

গির্‌গিটী ; সং, জন্তুবিশেষ।

গিরি (গৃ গ্রাস করা+ই(কি)—ক) সং, পুং, পর্ব্বত। শিং—১ "যাবৎ স্থাস্যন্তি গিরয়ঃ সরিতশ্চ মহীতলে।" ২ "পশ্যাধঃ খননে মূঢ় গিরয়ো ন পতন্তি কিম্।" ৩। সন্ন্যাসীবিশেষ। শিং—১ "সদোর্দ্ধবাহু-র্ধোবীরো মুক্তকেশো দিগম্বরঃ সর্ব্বত্রসমভাবেন ভাবয়েদ্‌যো নরোত্তমঃ। ইষ্টদেবীধিয়া নারীং স গিরিঃ পরিকীর্ত্তিতঃ।" ৪। পরিব্রাজকদের উপাধিবিশেষ ; যথা—আনন্দগিরি। ৫। চক্ষুর রোগবিশেষ। ৬। পারদ-দোষবিশেষ। ৭। গেণ্ডুক। ৮। ভাঁটা। ৯। (+ই—ভাবে) স্ত্রীং, নিগরণ, ভক্ষণ। ২। বালমূষিকা।

গিরিক (গিরি কৈলাস পর্ব্বত—কৈ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, শিব।

গিরিকণ্টক (গিরি পর্ব্বত—কণ্টক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অশনি, বজ্র।

গিরিকদলী ; সং, স্ত্রীং, বনরম্ভা, ডম্বরেকলা।

গিরিকর্ণিকা (গিরি পর্ব্বত—কর্ণ+ক(কণ্)—অস্ত্যর্থে, আপ্—স্ত্রীং। গিরি যাহার কর্ণ সদৃশ) সং, স্ত্রীং, পৃথিবী। ২। শ্বেত অপরাজিতা লতা।

গিরিকর্ণী (গিরি বালমূষিক—কর্ণ, ঈপ্—স্ত্রীং, মূষিককর্ণসদৃশ যাহার পাতা) সং, স্ত্রীং, অপরাজিতা।

গিরিকা (গিরি+ক(কণ্)—স্বার্থে,আপ্) সং, স্ত্রীং,ছোট ইঁদুর, নেঙটী। ২। কোলাহল গিরির কন্যা, বসুরাজার পত্নী। শিং—১ "গিরিকাং স্মরতো রাজ্ঞঃ বনে রেতশ্চস্কন্দহ।" (পুরাণ)।

গিরিগুড় (গিরি—গুড়, এই দুই শব্দের এক অর্থ=গোলা) সং, পুং, কন্দুক, গেণ্ডু।

গিরিচর (গিরি—চর্ ভ্রমণ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, পর্ব্বত ভ্রমণকারী। শিং—১ "গিরিচর ইব নাগং প্রাণসারং বিভর্ত্তি।" ২। চৌর। ৩। রুদ্রবিশেষ।

গিরিজ (গিরি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং,পুং, অভ্র। ২। গৈরিক। ৩ শিলাজাতু। ৪। লৌহ। ৫। বিং, ত্রিং, যাহা পর্ব্বতে জন্মে, শৈলজ।

গিরিজা (গিরি এখানে হিমালয় পর্ব্বত—জা যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী। শিং—১ "যদা যদা স গিরিজা মৃদুনামাক্ষরাগতম্।" (কাশীখণ্ড)। ২। মাতুলুঙ্গী। ৩। শ্বেতবুহ্না। ৪। ক্ষুদ্র-পাষাণভেদ লতা। ৫। ত্রায়মাণালতা। ৬। কারীবৃক্ষ। ৭। গিরিমল্লিকা। ৮। গিরি-কদলী। ৯। ক্ষুদ্র পাষাণবিশেষ।

গিরিজাতনয় (গিরিজা পার্ব্বতী—তনয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পার্ব্বতীনন্দন কার্ত্তিকেয়। [—ষ) সং,পুং, শিব।

গিরিজাপতি (গিরিজা পার্ব্বতী—পতি,৬ষ্ঠী

গিরিজামল (গিরি পর্ব্বত বা মেঘ—জন্+অ(ড)—ক—গিরিজ—অমল, ৭মী—ষ। পর্ব্বতজাত বস্তুর মধ্যে নির্ম্মল। অথবা গিরিজা পার্ব্বতী—অমল বীর্য্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভ্রক।

গিরিজ্বর (গিরি পর্ব্বত—জ্বর যে দগ্ধ করে) সং, পুং, অশনি, বজ্র।

গিরিত (গৄ গ্রাস করা+ত(ক্ত)—র্ম্ম। গিলিত শব্দও হয়) বিং, ত্রিং, ভক্ষিত।

গিরিদুর্গ (গিরি গিরিরূপ দুর্গ, স্বং—স) সং, ক্লীং, গিরিরূপ দুর্গ, গড়্। শিং—১ "বসন্তো গিরিদুর্গেষু বনদুর্গেষু ধন্বিনঃ।" (ভারত)। ইহা শত্রুপক্ষের দুষ্প্রবেশ্য বলিয়া সর্ব্বপ্রকার দুর্গ অপেক্ষা শ্রেষ্ঠ। মগধরাজ জরাসন্ধের এইরূপ দুর্গ ছিল।

গিরিধাতু ; সং, ক্লীং, উপধাতুবিশেষ, গৈরিক, গিরিমাটী।

গিরিনন্দিনী (গিরি—নন্দিনী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, গঙ্গা। ২। (গিরিজাত বলিয়া) নদীমাত্র। শিং—১ "কলিন্দগিরিনন্দিনীতটসুরদ্রুমালম্বিনী।" (রসরঙ্গসার)।

গিরিপ্রিয়া ; সং, স্ত্রীং, চমরী মৃগ।

গিরিব্রজ ; সং, ক্লীং, বেহারের অন্তঃপাতি নগরবিশেষ, মগধদেশান্তর্গত জরাসন্ধপুর। ইহা গঙ্গা ও শোণের সঙ্গমস্থল ছিল।

গিরিভূ (গিরি—ভূ জাত) সং, স্ত্রীং, পার্ব্বতী। ২। গঙ্গা। ৩। ক্ষুদ্র প্রস্তরবিশেষ।

গিরিমল্লিকা (গিরি পর্ব্বত—মল্লী বেলফুল +কণ্—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, কুটজবৃক্ষ।

গিরিমৃৎ (—মৃদ্, গিরি—মৃদ্ মৃত্তিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গৈরিক, গিরিমাটী।

গিরিমেদ ; সং, পুং, বিট্ খদির।

গিরিরাজ (গিরি—রাজ শোভা পাওয়া+০ (ক্বিপ্)—ক) সং, পুং, পর্ব্বতরাজ হিমালয়।

গিরিবাসী (—বাসিন্, গিরি—বস্ বাস করা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পর্ব্বতবাসী।

গিরিশ (গিরি এখানে কৈলাস পর্ব্বত—শ [শী শয়ন করা+অ(ড)—ক] যে শয়ন করে, ৭মী—ষ। কিম্বা গিরি+শ—অস্ত্যর্থে) সং, পুং, শিব, মহাদেব, ত্রিলোচন। "গিরিশমুপচচার প্রত্যহং সা সুকেশী।"

গিরিশয় (গিরি কৈলাস পর্ব্বত—শয় যে শয়ন করে) সং, পুং, মহাদেব।

গিরিশৃঙ্গ (গিরি পর্ব্বত—শৃঙ্গ প্রধান চূড়া) সং, পুং, (শুণ্ডাদণ্ড উত্তোলনে গিরিশৃঙ্গাকার হয় বলিয়া) গণেশ ২। পর্ব্বতের চূড়া।

গিরিষদ্ (গিরি—ষদ্ বাস করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, শিব।

গিরিসঙ্কট (Mountain pass) পর্ব্বতশ্রেণীর মধ্যে মধ্যে স্থিত সঙ্কীর্ণ নিম্নভূমি।

গিরিসার (গিরি পর্ব্বত—সার সারাংশ) সং, পুং, মলয়পর্ব্বত। ২। লৌহ। ৩। টিন। ৪। রঙ্গ, রাঙ। শিং—১ "দ্রোণায় প্রেষয়ামাস গিরিসারময়ীং বলী।"

গিরি-সুত ; সং, পুং, মৈনাকপর্ব্বত।

গিরিসুতা (গিরি এখানে হিমালয় পর্ব্বত—সুতা কন্যা) সং, স্ত্রীং, পার্ব্বতী। "অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমাঃ।"

গিরীন্দ্র (গিরি—ইন্দ্র শ্রেষ্ঠ) সং, পুং, পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়। শিং—১ "মাধবকগিরীন্দ্রোঽহসৌ সম্ভাবয়তি চেতসি।

গিরীশ (গিরি পর্ব্বত—ঈশ স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। শিং—১ "সুতাং গিরীশপ্রতিষক্তমানসাং।" ২। হিমালয় পর্ব্বত। ২। (গির্ বাক্য—ঈশ পতি, ৬ষ্ঠী—ষ) বাচস্পতি, বৃহস্পতি।

গিল (গৄ গ্রাস করা+অ(ক)—ক) বিং, ত্রিং, গ্রাসক।

গিলন (গৄ ভক্ষণ করা+অন(অনট্)—ভা, ঋ=ইর, র্=ল্) সং, ক্লীং, গ্রাসকরণ, গলাধঃকরণ। [ভক্ষিত, গ্রস্ত।

গিলিত (গিলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

গিষ্ণু (গৈ গান করা+ইষ্ণু—জ্ঞাতার্থে) সং, পুং, সামবেদজ্ঞ ব্রাহ্মণ। ২। গায়ক।

গীত (গৈ গান করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ষড়জাদি সপ্তস্বরের নাম ধাতু ও বর্ণ উচ্চারণ কালের নাম মাত্রা, এই ধাতু ও মাত্রা উভয়ে মিলিত হইয়া মনুষ্য কণ্ঠাদিতে যাহা সুন্দররূপে প্রকাশ পায়, তাহাকে গীত কহে, গান, সঙ্গীত। ২। পুনঃপুনঃ এক বাক্য কথন। ৩। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণিত। ৪। উচ্চারিত। ৫। যাহা গাওয়া হইয়াছে।

গীতগোবিন্দ ; সং, পুং, জয়দেবকৃত শ্রীকৃষ্ণ চরিতাখ্যান গ্রন্থবিশেষ।

গীতপ্রিয় (গীত—প্রিয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সঙ্গীতানুরক্ত। ২। পুং, মহাদেব।

গীতমার্গ ; সং, পুং, দশপদ-সংক্রমণরূপ গতিবিশেষ।

গীতমোদী (গীতমোদিন্, গীত—মোদিন্ যে প্রফুল্ল করে) সং, পুং, কিন্নর, স্বর্গগায়ক।

গীতা (গৈ গান করা+ত(ক্ত)—র্ম্ম, ঈপ—স্ত্রীং) সং, স্ত্রীং, গুরুশিষ্য কল্পনাক্রমে আত্মবিদ্যার উপদেশাত্মক কথা; যেমন প্রসিদ্ধ ভগবদ্গীতা; এতদ্ব্যতীত রামগীতা, শিবগীতা ও অন্যান্য গীতা বর্ত্তমান ছিল। শিং—১ "গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।" ২। গ্রন্থবিশেষ।

গীতায়ন; সং, ক্লীং, গীতসাধন বেণু মৃদঙ্গাদি। "গীতায়নৈদুর্ন্দুভি শঙ্খবেণুভিঃ।"

গীতি (গীত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, গান। শিং—১ "অহে রাগপরিবাহিনী গীতি।" ২। ছন্দোবিশেষ।

গীতিকা (গীতি—কৈ শব্দ করা+অ(ক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গীতিতুল্য গাথা। শিং—১ "গায়ত্রীং পঠতে যস্তু বর্ণসঙ্করজস্তথা। গাথা চ গীতিকা চাপি তস্য সম্পদ্যতে নৃপ।" ২। বিংশত্যক্ষর নিষ্পাদক তুল্য চতুষ্পাদ বর্ণবৃত্তবিশেষ। ৩। (+কণ—স্বার্থে) গান।

গীতী (—গীতিন্, গীত+ইন্—বিদিতার্থে) বিং, ত্রিং, সঙ্গীতবিদ্যায় নিপুণ, গীতজ্ঞ; যথা—"সকরুণ গীতে গীতী গাইছে কাঁদিয়া রক্ষদুঃখ।"

গীরথ (গির্ বাক্য—রথ। যে বাক্য বহন করে) সং, পুং, বৃহস্পতি।

গীর্ণ (গৃ শব্দ করা, গ্রাস করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত। ২। কথিত। ৩। গিলিত, ভক্ষিত, গ্রস্ত। ৪। স্বীকৃত।

গীর্ণি (গীর্ণ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, গ্রাস, ভক্ষণ। ২। প্রশংসা, স্তুতি।

গীর্দ্দেবী (গির্ বাক্য—দেবী) সং, স্ত্রীং, বাগ্দেবী, সরস্বতী।

গীর্ব্বাণ (গির্ বাক্য—বাণ শর, ৬ষ্ঠী—হিং। বাক্যই যাহাদিগের কার্য্যসাধনরূপ অস্ত্র) সং, পুং, দেবতা।

গীর্ব্বাণ-কুসুম; সং, ক্লীং, লবঙ্গ।

গীর্পতি }
গীঃপতি } (গির্ বাক্য—পতি, ৬ষ্ঠী—ষ, র্—স্) সং, পুং, দেবগুরু,
গীষ্পতি } বৃহস্পতি। ২। পণ্ডিত।

গু (বিষ্ঠাত্যাগকরণার্থ গু ধাতুজ) সং, বিষ্ঠা, পুরীষ। [চূর্ণ, পিষ্ট।

গুঁড়, গুড়া (চূর্ণকরণার্থ গুণ্ড্ ধাতুজ) বিং,

গুঁড়ি (গুণ্ডিকা এবং গণ্ডি শব্দজ) সং, তণ্ডুলাদি চূর্ণ। ২। বৃক্ষস্কন্ধ, গাছের গুঁড়ি।

গুগ্গুল }
গুগ্গুলু } (গুজ্+০(ক্বিপ্)—ক=গুগ্ এথানে ব্যাধি অর্থ—গুড় রক্ষা করা +অ(ক), উ—সংজ্ঞার্থে। যে ব্যাধি হইতে রক্ষা করে) সং, পুং, বৃক্ষনির্যাসবিশেষ, সুগন্ধিদ্রব্যবিশেষ।

গুচ্ছ (গু শব্দ করা+ছ—প্রং। ভ্রমরেরা শব্দ করে যেখানে) সং, পুং, স্তবক।

গুচ্ছ }
গুচ্ছক } (গু, গুধ্ খেলা করা, বেষ্টনকরা +চ্ছ—ক, সংজ্ঞার্থে, কণ্) সং,
গুৎস } পুং, স্তবক। ২। পুষ্পের থলুয়া। ৩। তৃণাদির গোছা। ৪। মল্লিকাদি গাছ। শিং—১ "মুলত এব যত্র লতাসমূহো ভবতি ন চ প্রকাণ্ডানি তে গুচ্ছা মল্লিকাদয়ঃ। গুল্মা একমূলাঃ সংঘাতজাতাঃ শরেক্ষু প্রভৃ[illegible]।" ৫। হারবিশেষ, বত্রিশ নরহার। ময়ূরপুচ্ছ। ৭। মুক্তার মালা।

গুচ্ছিতকর্ণকূপক (Lophobronchiata) যাহাদের কর্ণকূপের শলাকা সকল গুচ্ছে গুচ্ছে বিস্তৃত হয়; যথা—হিপোকাম্পস্ মৎস্য।

গুচ্ছদন্তিকা (গুচ্ছদন্ত+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে, আপ্—স্ত্রীং। মোচকরূপ পুষ্প। যাহার গুচ্ছাকৃতি দন্তস্বরূপ) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ। [তালগাছ।

গুচ্ছপত্র (গুচ্ছ—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

গুচ্ছপুষ্প (গুচ্ছ—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাতিমগাছ।

গুচ্ছফলা (গুচ্ছ গুচ্ছাকৃতি—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্রাক্ষালতা। ২। কদলীবৃক্ষ। [জনপদবিশেষ।

গুজরাট (গুর্জ্জর শব্দজ) সং, দাক্ষিণাত

গুজরাৎখোদ (যাবনিক, গুজরাৎ দ্বারা—খোদ স্বয়ং) কোন ব্যক্তির নিজের দ্বার

গুর্জ্জরী; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

গুঞ্জ (গুন্জ্ শব্দকরা+অ(অল্)—ধি। যে থানে ভ্রমরেরা গুন্গুন্ শব্দ করে) সং

পুং, গুচ্ছ, স্তবক। ২। গুঞ্জন। গুঞ্জা—স্ত্রীং, (গুঞ্জ+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) রক্তিকা, কুঁচ। শিং—১ "অন্তর্বিষময়া হ্যেতা বহিশ্চৈব মনোরমাঃ। গুঞ্জাফল-সমাকারাঃ স্বভাবাদেব যোষিতঃ।" ২। অ-ব্যক্ত মধুর ধ্বনি। ৩। মদিরাগৃহ। ৪। পটহ, ঢাক। ৫। পরিমাণবিশেষ।

গুঞ্জকৃৎ (গুঞ্জ অব্যক্ত মধুর ধ্বনি—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে। যে গুন্‌গুন্ শব্দ করে) সং, পুং, ভ্রমর।

গুঞ্জন, গুঞ্জিত (গুঞ্জ দেশ, অন(অনট্), ত(ক্ত)—ভা) সং, ক্লীং, গুন্‌গুন্ শব্দ। শিং—১ "ন গুঞ্জিতং তন্ন জহার মন্মনঃ।"

গুঞ্জর (গুঞ্জ ধাতুজ) সং, গুন্‌গুন্ শব্দ করা; যথা—"কোকিল কুহরে, ভ্রমর গুঞ্জরে।"

গুঞ্জিকা (গুঞ্জা+ক(কণ্)—যোগ) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। ২। ত্রিযব-পরিমাণ।

গুটিকা, গুটি, গুটী (গুড় বেষ্টনকরা+টিক—র্ম্ম। আপ্—স্ত্রীং। ড=ট) সং, স্ত্রীং, বটিকা। ২। গুলি। ৩। ঘুঁটি। শিং—১ "নির্ধৌতহার গুটিকা বিশদং হিমা-স্তঃ।" (রঘু)। ২"সমুদ্রে গুটিকাপাতঃ।" ৪। পোকার গুটি। ৫। বসন্তের গুটি।

গুটিকাঞ্জন; সং, ক্লীং, বটিকাকার কজ্জল-বিশেষ।

গুটিকাপাত (গুটিকা—পাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কোন বিষয় নির্ণয়ার্থ গুলি নিক্ষেপ, গুলিবাঁট। ২। স্মৃতি খেলা।

গুটী (গুটিকা শব্দজ) সং, কীটজাত গোলা-কৃতি বস্তু। ২। গুটীপোকার ন্যায় ধীর-গমন।

গুটীপোকা; সং, কীটবিশেষ, তুঁৎপোকা।



গুটীপোকা।

গুড় (গু শব্দ করা+ড়(ডক্)—ক) সং,পুং, ইক্ষুরস প্রভৃতি জাত মিষ্টদ্রব্যবিশেষ, ইক্ষু প্রভৃতির রস অগ্নির উত্তাপে ঘন হইয়া যাহা প্রস্তুত হয়, খাঁড়। শিং—১ "ইক্ষো রসো যঃ সংপক্বো জায়তে লোষ্টবদ্ঘনঃ। স গুড়ো গৌড়দেশে তু মৎস্যাণ্ডের গুড়ো মতঃ।" ২। হস্তিসন্নাহ, হস্তীর সজ্জা। ৩। গ্রাস। ৪। গুড়+অ(ক)—ক) বর্তুল, গোলাকার বস্তু। ড়া—স্ত্রীং, মহীবৃক্ষ। ২। গুঁড়া। [দ্বারা পক্ব ঔষধবিশেষ।

গুড়ক (গুড়+কণ—যোগ) সং, পুং, গুড়

গুড়করী; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

গুড়চী, গুড়ূচী, গুড়ূচী (গুড় [রোগ হইতে] রক্ষা করা +অচ্, উচট্, উচট্—ক, ঈপ্) সং,স্ত্রীং, গুলঞ্চ-লতা।

গুড়তৃণ, গুড়দারু; সং, ক্লীং, ইক্ষু।

গুড়ত্বচ্—স্ত্রীং, গুড়ত্বচ—ক্লীং (গুড় মিষ্ট দ্রব্যবিশেষ—ত্বচ ছাল, ৬ষ্ঠী—হিং) সং, জয়িত্রী। ২। দারুচিনি।

গুড়পুষ্প (গুড় মিষ্ট—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মধূকবৃক্ষ, মহুয়া।

গুড়ভা (গুড়—ভা দীপ্তি পাওয়া+অ(ক)—ক। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শর্করা-বিশেষ, যাবনালশর্করা।

গুড়মূল (গুড় মধুর—মূল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ক্ষুদ্রমারিষশাক, কণ্‌কানটে।

গুড়ল (গুড় মিষ্ট দ্রব্যবিশেষ—ল [লা গ্র-হণকরা+অ(ড)—ক] যে প্রয়োজন করে) সং, ক্লীং, মদ্যবিশেষ, গুড় দ্বারা উৎপন্ন সুরা। ২। বিং, ত্রিং, গুড়োৎপন্ন, গুড়জ।

গুড়শর্করা (গুড় মিষ্ট দ্রব্যবিশেষ—শর্করা চিনি বা বালি, দানা বা কাঁকর) সং, স্ত্রীং, উত্তম চিনি।

গুড়াকা (গুড়্+আক—ভা,অ(প্) সং,স্ত্রীং, তন্দ্রা, আলস্য। ২। নিদ্রা।

গুড়াকেশ (গুড়া সিজগাছ—কেশ চুল। যাহার কেশ সিজপত্রের ন্যায়, ৬ষ্ঠী—হিং, কিম্বা গুড়াকা নিদ্রা—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহাদেব, শিব। ২। অ-র্জুন। শিং—১ "এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।" (গীতা)।

গুড়াচল; সং, দানার্থে কল্পিত গুড়নির্ম্মিত

মেরুরূপ পর্ব্বত। আর্য্যশাস্ত্রে কল্পিত আছে, মানবগণ গুড়াচল দানে স্বর্গলাভ করে।
গুড়াপূপ ; সং, পুং, গুড়-মিশ্রিত পিষ্টক।
গুড়াশয় (গুড়—আশয়) সং, পুং, আখীবৃক্ষ, আখ রোট্।
গুড়ের (গুড়্ বেষ্টন করা+এর—সংজ্ঞার্থে) সং, ক্লীং, গ্রাস।
গুড়োদ্ভবা (গুড়—উদ্ভব উৎপন্ন, ৫মী—হিং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শর্করা, চিনি।
গুণ (গুণ্ মন্ত্রণা করা, অভ্যাসকরা, গুণিত করা+অ(অল্)—ভা) সং, পুং, উৎকর্ষ। ২। আবৃত্তি। ৩। ত্যাগ। ৪। (+অস্—র্ম্ম) প্রকৃতির ধর্ম্ম, যথা—সত্ত্ব, রজঃ, তমঃ। সত্ত্ব, রজঃ, তমঃ গুণের তারতম্য ভারতচন্দ্র এইরূপ লিখিয়াছেন—

"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার,
সত্ত্ব রজ স্তমো গুণ প্রকৃতি তাঁহার।
রজোগুণে বিধি তাহে লোভের উদয়,
তমোগুণে শিবরূপ অহঙ্কারময়।
সত্ত্বগুণে নারায়ণ কেবল চিন্ময়,
যুক্তি করি দেখ বিষ্ণু বিনা মুক্তি নয়।
তমোগুণে অধোগতি অজ্ঞানের পাকে,
মধ্যগতি রজোগুণে লোভে বান্ধা থাকে।
সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি,
অতএব হরি ভজ এই সার যুক্তি।
* * * *
ইথে বুঝি ব্রহ্মরূপ তমঃ বিনা নয়,
নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়।
তমোগুণে অহঙ্কার দোষ কিবা দিবে,
অহঙ্কার নহিলে কি ভেদ ব্রহ্ম জীবে।
সত্ত্ব রজঃ প্রভাব ক্ষণেক বিনা নয়,
তমর প্রভাব দেখ চিরকাল রয়।
রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব,
সত্ত্বগুণে পালন বিবিধ উপদ্রব।
তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম,
বুঝহ লক্ষণে আর মোক্ষ কার নাম।
রজোগুণে কৌমার যৌবন সত্ত্বগুণে,
তমোগুণে জরা দেখ গুরু কোটিগুণে।
রজোগুণে বিধি তার নাভিতটে স্থান,
সত্ত্বগুণে বিষ্ণুর হৃদয়ে অধিষ্ঠান।
তমোগুণে শিব তার ললাটে আলয়,
ভাবি দেখ তমোগুণ কত উচ্চ হয়।"

৫। মনের যে ধর্ম্ম থাকাতে লোক প্রশংসনীয় হয়, যথা—দয়া, দাক্ষিণ্য, বিনয়, সৌজন্য, ধৈর্য্য, গাম্ভীর্য্য, ঔদার্য্য, সাহস, পরাক্রম প্রভৃতি। ৬। যাহাতে আত্মার উৎকর্ষ সম্পাদন হয়, যথা—জ্ঞান, বিদ্যা, বুদ্ধি প্রভৃতি। ৭। যাহা থাকাতে শরীর সুন্দর বলিয়া গণনীয় হয়, যথা—রূপ, লাবণ্য, অঙ্গসৌষ্ঠব প্রভৃতি। ৮। অলঙ্কারে—রচনার উৎকর্ষব্যঞ্জক ধর্ম্ম, যথা—প্রসাদ, সমতা, মাধুর্য্য, সুকুমারতা, অর্থব্যক্তি, উদারত্ব, ওজঃ, কান্তি ও সমাধি। ৯। যে ধর্ম্ম থাকাতে জড়পদার্থের পরস্পর ভেদ জ্ঞান হয়, যথা—শুক্ল, কৃষ্ণ, পীত ; তিক্ত, মধুর, কাঠিন্য, মার্দ্দব প্রভৃতি। শিং—১"সর্ব্বৈরপি গুণৈর্যুক্তো নির্বীর্য্যঃ কিং করিষ্যতি। গুণীভূতা গুণাঃসর্ব্বে তিষ্ঠতি চ পরাক্রমে।" ১০। (+অল্—ভা) ব্যাকরণে—স্বরের পরিবৃত্তিবিশেষ, যথা—ই ঈ স্থানে এ ; উ ঊ স্থানে ও, ঋ স্থানে অর্ ; ঌ স্থানে অল্। ১১। বার ; যথা—তিনগুণ, পাঁচগুণ। ১২। শক্তি ; যথা—রোগ নিবারণ করা ঔষধের গুণ। ১৩। যে রজ্জু মাস্তুলে বাঁধিয়া নৌকা টানিয়া লইয়া যাওয়া যায়। ১৪। ফল উপকার ; যথা—সত্যবাদী হওয়ার অনেক গুণ। ১৫। এক অঙ্কদ্বারা অন্য অঙ্কের পূরণক্রিয়া, গুণন। ১৬। ন্যায়মতে—রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভিন্ন, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম ও অধর্ম্ম। ১৭। যশঃ। ১৮। শরীরস্থ কফপিত্তাদি। ১৯। অপ্রধান। ২০। সূত্র, রজ্জু ; যথা—"গাঁথে বিনা গুণে।" ২১। ধনুকের ছিলা। ২২। ইন্দ্রিয়। ২৩। অভ্যাস। ২৪। বুদ্ধি। ২৫। দণ্ডনীতিতে—সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয় এই ছয়। ২৬। (গো-শব্দজ) সং, থলিয়া, ছালা। ২৭। পদার্থের স্বাভাবিক ধর্ম্ম। শিং—১ "বিদ্যুদ্গুণকক্ষাঃ (বারিধরা)। ২৮। অংশ, ভাগ। ...

—১"আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা। ষড়্‌গুণো ব্যবসায়শ্চ কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ।" ২৯। অপ্রধান। ৩০। স্রক্‌। ৩১। অঙ্গের ভূষণ, হরপার্ব্বতীর বিবাহকালে হরের যে যে অঙ্গে বিভূতি ও ফণিহার প্রভৃতি যে সমস্ত ভূষণ ছিল তাহা তত্তৎ স্থানে যথাক্রমে বরের ভূষণ চন্দন ও মণিহারাদিরূপে পরিণত হয়; যথা—
"হরগুণ বরগুণ হইল এক ঠাঁই,
মেনকা আনন্দে ঘরে লইলা জামাই।"
৩২। (+অস্—ক) ভীমসেন। ৩৩। পাচক।

গুণক (গুণ্ গণনাকরা+অক(ণক)—ক) সং, পুং, যে অঙ্ক দ্বারা অন্য অঙ্কের গুণ করা যায়। ২। বিং, ত্রিং, যে গুণ করে।

গুণকথন (গুণ—কথন, ২য়া—ষ) সং, ক্লীং, গুণকীর্ত্তন, সুখ্যাতি বলা। শিং—১"মম ত্বেতাং বাণীং গুণকথনপুণ্যেন ভবতঃ।" (শিবস্তব)। ২ "বাণী গুণানুকথনে।"

গুণকার(গুণ—কার [কৃ করা+অ(ষণ্)—ক] যে করে। পাণ্ডুপুত্রেরা বিরাটরাজার দাস হইবার সময় ভীম সূপকার কার্য্য নির্ব্বাহ করিবার নিমিত্ত স্বীকৃত হইয়াছিলেন বলিয়া) সং,পুং, ভীমসেন। ২। বিং,ত্রিং, গুণকারক, উপকারী। ৩। সঙ্গীতে—যিনি কেবল দেশীয় মতানুসারে স্বরাত্মক ও ক্রিয়াসিদ্ধ তৌর্য্যত্রিকে ব্যুৎপন্ন, কিন্তু মার্গ মতানুযায় সঙ্গীত যথাকিঞ্চিৎ জানেন তাঁহাকে গুণকার বলে।

গুণকারক (গুণ—কৃ+অক(ণক)—ক) বিং, ত্রিং, যাহাতে গুণ দেখে, যাহাতে উপকার দর্শে; যথা—সে ঔষধ বড় গুণকারক।

গুণকীর্ত্তক (গুণ—কীর্ত্তক যে কীর্ত্তন করে, বলে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে অন্যের গুণের প্রশংসা করে, গুণগায়ক।

গুণকীর্ত্তন (গুণ—কীর্ত্তন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গুণ বর্ণন, গুণগান, অন্যের গুণের প্রশংসা করা।

গুণগৃহ্য (গুণ—গৃহ্য ধৃত, আক্রান্ত। অথবা গৃহ—গ্রহ্ গ্রহণ করা + য(ক্যপ্)—পক্ষার্থে, ৩য়া—ষ) বিং, ত্রিং, গুণের পক্ষপাতী।

গুণগ্রহণ (গুণ—গ্রহণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্যের গুণ স্বীকার করা, গুণবান্ ব্যক্তির গুণ বুঝিয়া তদনুরূপ সমাদরকরা,গুণবুঝা।

গুণগ্রাহক (গুণ—গ্রহ্ গ্রহণ করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে গুণ করে, গুণগ্রাহী। শিং—১"গুণবন্তোঽপি সীদন্তি ন গুণগ্রাহকো যদি।" (উদ্ভট)।

গুণগ্রাহিতা (গুণগ্রাহিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, গুণগ্রহণে প্রবৃত্তি বা অনুরাগ, গুণগ্রহণের অভ্যাস বা ক্ষমতা, গুণজ্ঞতা, গুণপ্রিয়তা, গুণলুব্ধতা।

গুণগ্রাহী } (—হিন, গুণ—গ্রাহী [গ্রহ
গুণজ্ঞ } +ইন্(ণিন্)—ক] যে গ্রহণ করে।—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি গুণ গ্রহণ করিতে পারে—গুণ আছে ইহা বুঝিতে পারে। শিং—১"গুণিনি গুণজ্ঞো রমতে।"

গুণত্রয়; সং, ক্লীং, সত্ত্ব, রজঃ ও তমঃ।

গুণদোষবিচার (গুণ—দোষ—বিচার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুণের ও দোষের বিচার, গুণাগুণ বিবেচনা।

গুণধর্ম্ম; সং, পুং, প্রজাপালনাদিরূপ ধর্ম্ম।

গুণন (গুণ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, মন্ত্রণা। ২। অভ্যাস। ৩। পূরণ, এক অঙ্ক দ্বারা অন্য অঙ্কের গুণ করা। ৪। গুণিয়া দেখা, বস্তুর সংখ্যা পরীক্ষা করা। ৫। আবৃত্তি। ৬। বর্ণন।

গুণনিকা (গুণ+অনট্—ভাবে, কণ্, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গুণন। ২। আম্রেড়ন, অভ্যাস,পুনঃপুনঃ অনুশীলন। ৩। নৃত্য। ৪। পাঠ স্থিরীকরণ। ৫। (+অনট্—ণ) শূন্য অঙ্ক, ০।

গুণনিধি (গুণ—নি—ধা ধারণকরা+ই(কি)—ধি) বিং, ত্রিং, গুণাধার। ২। সং, পুং, কাম্পিল্যনগরবাসী যজ্ঞদত্তের পুত্র।

গুণনী (গুণন দেখ) সং, স্ত্রীং, বস্তুর সংখ্যা পরিমাণ প্রভৃতির পরীক্ষা করা। ২। অন্য অন্য পুস্তকের সহিত মিলাইয়া পুস্তকের দোষ গুণ বা পাঠাপাঠ বিচার করা।

গুণনীয় (গুণ্ পূরণকরা + অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, যে অঙ্কের গুণ করিতে হইবে, গুণ্য।
গুণনীয়ক (Measure. গুণনীয় + ক – যোগ) সং, পুং, যে রাশি দিয়া আর একটি রাশিকে ভাগ করিলে কিছুই ভাগশেষ না থাকে, তাহা দ্বিতীয় রাশির গুণনীয়ক।
গুণপনা (গুণ গুণী শব্দজ + পনা – ভাবে) সং, নিপুণতা, কৌশল।
গুণপন্থ (গুণপথিন্ শব্দজ) সং, ধর্ম্মের তাৎপর্য্যজ্ঞাপক শাস্ত্র, যাহাতে নানা মতের মর্ম্মভেদ করিয়া ধর্ম্মের প্রকৃত তাৎপর্য্য বিবৃত আছে; যথা—
"আগমের নানা গ্রন্থ, আর যত গুণপন্থ,
চারি বেদ আঠার পুরাণ।"
গুণপূর্ণ (গুণ – পূর্ণ, ৩য়া – ষ) বিং, ত্রিং, যাহার অনেক গুণ আছে, যে নানা গুণে পরিপূর্ণ, গুণাকর, গুণাধার।
গুণভৃৎ (গুণ – ভৃ ধারণ করা + ০(ক্বিপ্) – ক) বিং, ত্রিং, গুণধারী, গুণবান্। ২। সং, পুং, পরমেশ্বর। "গুণভৃন্নির্গুণো মহান্।"
গুণময় (গুণ + ময় ময়ট্) – প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, প্রভূত গুণসম্পন্ন, গুণাধিক। শিং – ১ "এভৈর্গুণময়ৈর্ভাবৈঃ" (গীতা)। য়ী – স্ত্রীং, গুণসম্পন্না। শিং – ১ "দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।"
গুণরত্ন (গুণরূপ – রত্ন, যং – স) সং, ক্লীং, গুণরূপ রত্ন।
গুণরত্নমণ্ডিত (গুণরত্ন – মণ্ডিত, ৩য়া – ষ) বিং, ত্রিং, গুণাভরণ ভূষিত, গুণালঙ্কৃত।
গুণলয়নিকা (গুণলয়নী [গুণ সূত্র, রজ্জু – লী বন্ধন করা + অন, ঈ – প্রং] তাঁবু + ক – যোগ) সং, স্ত্রীং, বস্ত্রনির্ম্মিত গৃহ, তাঁবু।
গুণলুব্ধ (গুণ – লুব্ধ লোভী, ৭মী – ষ) বিং, ত্রিং, গুণগ্রাহী।
গুণবত্তা (গুণবৎ + তা – ভাবে) সং, স্ত্রীং, গুণ থাকা, গুণশালিতা।
গুণবাচক (গুণ – বাচক বাক্য) বিং, ত্রিং, যাহা বস্তুর বা ব্যক্তির গুণ ব্যক্ত করে, বিশেষণ।
গুণবান্ (গুণবৎ, গুণ + মৎ – অস্ত্যর্থে। ম = ব) বিং, ত্রিং, যাহার গুণ আছে, গুণবিশিষ্ট। ঈপ্ – স্ত্রীং, গুণবতী।
গুণবৃক্ষ (গুণ রজ্জু – বৃক্ষ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, নৌকা জাহাজের মাস্তুল।
গুণশালিতা (গুণশালী দেখ, তা – ভা) সং, স্ত্রীং, গুণ থাকা, গুণযোগ, গুণবত্তা।
গুণশালী (– শালিন্. গুণ – শাল + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার গুণ আছে, গুণী, গুণবান্। লিনী – স্ত্রীং, গুণবতী।
গুণশূন্য (গুণ – শূন্য হীন, ৩য়া – ষ) বিং, ত্রিং, যাহার কোন গুণ নাই, নির্গুণ, গুণহীন।
গুণসংমূঢ় (গুণ – সংমূঢ়, ৩য়া – ষ) বিং, ত্রিং, দেহাদিতে অভিমান-বিশিষ্ট। শিং – ১ "প্রকৃতেগুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।"
গুণসঙ্গ (গুণ সুখ দুঃখাদি – সঙ্গ, ৭মী – ষ সং, পুং, সুখ দুঃখাদিতে আসক্তি। শিং – ১ ' কারণং গুণসঙ্গোঽস্য।"
গুণসাগর (গুণ উৎকর্ষ – সাগর, ৬ষ্ঠী – ষ) সং, পুং, ব্রহ্মা। ২। বুদ্ধবিশেষ। ৩। বিং, ত্রিং, সকল গুণের আধার।
গুণস্তম্ভ (গুণ রজ্জু – স্তম্ভ থাম, ৬ষ্ঠী – ষ) সং, পুং, গুণবৃক্ষ, মাস্তুল।
গুণহীন; বিং, ত্রিং, গুণশূন্য দেখ।
গুণাকর (গুণ – আকর খনি, ৬ষ্ঠী – ষ) বিং, ত্রিং, যাহার অনেক গুণ আছে, গুণপূর্ণ, গুণাশ্রয়। ২। পুং, বুদ্ধ।
গুণাগুণ (গুণ – অগুণ, দ্বং – স) সং, পুং, গুণ এবং দোষ।
গুণাগুণ-বিবেচনা (গুণ – অগুণ – বিবেচনা, ৬ষ্ঠী – ষ), সং, স্ত্রীং, গুণ ও দোষের বিচার।
গুণাতীত (গুণ – অতীত, ৬ষ্ঠী – ষ) বিং, ত্রিং, যে সত্ত্ব রজ ও তমঃ এই তিন গুণে লিপ্ত নহে, ত্রিগুণাতীত।
গুণান্তর (গুণ – অন্তর, ৬ষ্ঠী – ষ) সং, পুং, ভাবান্তর, প্রকারান্তর। ২। অন্যগুণ।
গুণান্তরাপাদন (গুণান্তর – আপাদন, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, গুণান্তর ঘটাইয়া দেওয়া, ভাবান্তর প্রাপন।
গুণাভরণ (গুণ – আভরণ অলঙ্কার) সং, ক্লীং, গুণরূপ আভরণ।

গুণালঙ্কৃত (গুণ—অলঙ্কৃত, ৩য়া—ষ) বিং, ত্রিং, গুণরত্নে অলঙ্কৃত, গুণরত্ন-সজ্জিত।

গুণাবলী (গুণ—আবলী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গুণশ্রেণী। ২। নামতা।

গুণিত (গুণ্ পূরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গুণ করা, পূরিত, অন্য অঙ্ক দ্বারা যে অঙ্কের গুণ করা গিয়াছে। ২। গণিত।

গুণিতক (Multiple, গুণিত+কণ্—যোগ) সং, পুং, যে রাশিকে আর একটি রাশি দিয়া ভাগ করিলে কিছুই ভাগশেষ না থাকে, তাহা দ্বিতীয় রাশির গুণিতক।

গুণী (গুণিন্, গুণ+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গুণবান, গুণবিশিষ্ট। ২। ধর্ম্মী, বিশিষ্ট। ৩। সং, পুং, ধনুক।

গুণীভূত (গুণ—ভূত। ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, অপ্রধানীভূত, অপ্রধানভাবে অবস্থিত, প্রবল নহে। শিং—১ "গুণীভূতা গুণাঃ সর্ব্বে তিষ্ঠন্তি হি পরাক্রমে।" ২। অলক্ষিত, অন্তর্হিত; যথা—গুণীভূত জ্বর।

গুণেশ্বর (গুণ—ঈশ্বর প্রভু বা অধিপতি) সং, পুং, চিত্রকূটপর্ব্বত। ২। গুণাধার। ৩। সত্ত্বাদিনিয়ামক পরমেশ্বর।

গুণোৎকর্ষ (গুণ—উৎকর্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সদ্গুণের উৎকর্ষ, গুণের আধিক্য। ২। গুণদ্বারা উৎকর্ষ।

গুণোপেত (গুণ—উপেত, ২য়া—ষ) বিং, ত্রিং, যে গুণকে প্রাপ্ত হইয়াছে, গুণশালী, গুণবান্।

গুণ্ঠন (গুণ্ঠ্ বেষ্টন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বেষ্টন। ২। আবরণ।

গুণ্ঠিত (গুণ্ঠ্ বেষ্টন করা, জড়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, আচ্ছাদিত।

গুণ্ড } (গুণ্ড্ চূর্ণকরা+অ(অল্)—র্ম্ম।
গুণ্ডক } কণ্—যোগে গুণ্ডক) সং, পুং, চূর্ণ, গুঁড়া। ২। ময়লা। ৩। তৃণবিশেষ। ৪। কলধ্বনি। ৫। স্নেহপাত্র।

গুণ্ডিক (গুণ্ড্ চূর্ণ করা+অক—প্রং। ই—আগম) সং, পুং—স্ত্রীং, তণ্ডুলাদি চূর্ণ, গুঁড়ি। শিং—১ "গুণ্ডিকৈঃ সিতপীতৈশ্চ মণ্ডয়ন্তী গৃহাঙ্গনম্।"

গুণ্ডিচা; সং, স্ত্রীং, শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থিত মণ্ডপবিশেষ। এইখানে জগন্নাথদেব রথারোহণের পর সপ্তাহ অবস্থান করেন। এই স্থানে সপ্তাহ জগন্নাথদেবকে দর্শন করিলে সাযুজ্যলাভ হয়। এরূপ জনশ্রুতি আছে যে, এই মণ্ডপ মহারাজ ইন্দ্রদ্যুম্নের দ্বিতী মহিষী গুণ্ডিচা দেবী কর্ত্তৃক স্থাপিত।

গুণ্ডিত (গুণ্ড দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চূর্ণিত, যাহা গুঁড়া করা গিয়াছে। ২। চূর্ণযুক্ত।

গুণ্য (গুণ্ গুণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, গুণনীয়, যাহাকে গুণ করিতে হইবে। ২। প্রশস্ত গুণযুক্ত। শিং—১ "গুণ্যাঃ ব্রাহ্মণাঃ।"

গুৎস (গুধ্ ক্রীড়া করা+স—ক। ভ্রমরেরা যেখানে ক্রীড়া করে) সং, পুং, স্তবক। ২। স্তম্ব। ৩। ছত্রিশ নরহার। (গুচ্ছ দেখ)।

গুৎসক (গুৎস+কণ্—যোগ) সং, পুং, গুচ্ছ। ২। স্তবক। ৩। গুৎস। ৪। গ্রন্থের পরিচ্ছেদ। শিং—১ "সন্ধানমনিরুদ্ধং চ প্রকীর্ণং। গুৎসকাদি চ সর্গো বর্গ পরিচ্ছেদোদ্ঘাতাধ্যায়াঙ্ক সংগ্রহাঃ।" ৫। হারবিশেষ।

গুৎসপুষ্প } (গুৎস, গুৎসক—পুষ্প।
গুৎসকপুষ্প } যে পুষ্পের গুৎস অর্থাৎ থলুয়া ধারণ করে) সং, পুং, ছাতিমগাছ।

গুদ (গু বিষ্ঠাত্যাগ করা+দ—সংজ্ঞার্থে। যাহার দ্বারা বিষ্ঠা নির্গত হয়। অথবা গুদ্ ক্রীড়া করা+অ(ক)—ক) সং, পুং, পায়ু, গুহ্যদেশ। ২। (গুহ্যদেশের সমীপবর্ত্তী বলিয়া বঙ্গভাষায় 'গুদ' শব্দে যোনি প্রচলিত হইয়াছে) ভগ, যোনি।

গুদকীল (গুদ গুহ্যদেশ—কীল গোঁজ, শঙ্কু, ৭মী—ষ) সং, পুং, অর্শোরোগ।

গুদগ্রহ (গুদ গুহ্যদেশ—গ্রহ যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, উদাবর্ত্তরোগ, মলবদ্ধ হওয়া।

গুদবর্ত্ম (—বর্ত্মন্, গুদ—বর্ত্মন্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মলদ্বার। [অর্শোরোগ।

গুদাঙ্কুর (গুদ গুহ্যদেশ—অঙ্কুর) সং, পুং,

গুদড়া } (যাবনিক) সং, কন্থা, সন্ন্যাসী-
গুধড়ী } দিগের গাত্রাচ্ছাদন।

গুন্দল (গুদ্ খেলা করা+অল—প্রং। ন—

আগম) সং, পুং, মর্দ্দল-ধ্বনি, মাদোলের শব্দ।

গুন্দ্র (গুদ্ খেলা করা+র—প্রং। ন্—আগম) সং, পুং, শরতৃণ, শরের গাছ।

গুপ্ত (গুপ্ রক্ষা করা, গোপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত। ২। গূঢ়, লুক্কায়িত। শিং—১ "অস্তি কুত্রচিদরণ্যে ধনদনির্ম্মিতং সুগুপ্ততরং সরঃ।" ৩। অদৃশ্য, অলক্ষিত, অপরিজ্ঞাত। ৪। সংবৃত। ৫। সং, পুং, বৈশ্যের উপাধি। "গুপ্তদাসাত্মকং নাম প্রশস্তং বৈশ্যশূদ্রয়োঃ।"

গুপ্তগতি (গুপ্ত—গতি গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গুপ্তচর, অপসর্প।

গুপ্তচর (গুপ্ত—চর দূত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার চর গোপনে বিচরণ করে, গূঢ়রূপে চরপ্রেরক। ২। সং, পুং, গূঢ়রূপে ভ্রমণকারী দূত। ৩। বলদেব।

গুপ্ত-মণি; সং, পুং, কুমারী-ক্রীড়াবিশেষ। শিং—১ "রত্নাদৌ বালুকাদৌ বা গুপ্তদ্রষ্টব্য কর্ম্মভিঃ, কুমারীভিঃ কৃতা ক্রীড়া নাম্না গুপ্তমণিঃ স্মৃতঃ।"

গুপ্তি (গুপ্ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, রক্ষা। শিং—১ "সর্ব্বস্যাস্য তু সর্গস্য গুপ্ত্যর্থং স মহাদ্যুতিঃ।" ২। পাহারা। ৩। গোপন। ৪। সংবরণ। "অসিধারাসু কোষগুপ্তিঃ।" কাদম্বরী)। ৫। (+ক্তি—ধি) ভূমির গহ্বর। ৬। কারাগার। শিং—১ "দলিতদলকপাটঃ ষটপদানাং সরোজে সরভস ইব গুপ্তিস্ফোটমর্কঃ করোতি।" ৭। অবস্করস্থান। ৮। রথগর্ভ। ৯। নৌকাদিগর্ভ, নৌকা বা জাহাজের মেজিয়া। ১০। (+ক্তি—ক) পুং, যম।

গুমট (দেশজ) সং, গ্রীষ্ম, উত্তাপ, গর্ম্মি।

গুমর (দেশজ) সং, অহঙ্কার, দম্ভ, মাৎসর্য্য।

গুম্‌সন (দেশজ) সং, দুর্গন্ধ হওন। ২। গ্রীষ্ম হওন।

গুম্ফ (গুম্ফ্ গাঁথা+অ(অল্)—ভা) সং, পুং, গ্রন্থন, গাঁথনি। ২। (+অল—র্ম্ম) শ্মশ্রু। ৩। গোঁপ। ৪। বাহুভূষণ। ৫। সন্দর্ভ। ৬। গুচ্ছ। [স্ত্রীং, গ্রন্থন।

গুম্ফন (গুম্ফ দেখ, অন(অনট)—ভা) সং,

গুম্ফিত (গুম্ফ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গ্রথিত, যাহা গাঁথা গিয়াছে, নিবদ্ধ, গাঁথা।

গুয়া (গুবাক শব্দজ) সং, সুপারি।

গুরণ (গুর্ চেষ্টা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্যম, চেষ্টা।

গুরু (গৄ শব্দ করা, বলা ইত্যাদি+(কু)—ক। যিনি ধর্ম্ম কর্ম্মের পথ প্রকাশ করেন) সং, পুং, আচার্য্য। শিং—১ "স গুরুর্যঃ ক্রিয়াং কৃত্বা বেদমস্মৈ প্রযচ্ছতি।" ২। অধ্যাপক। "গুরোর্গিরঃ পঞ্চ দিনান্যধীত্য।" ৩। উপদেশক, শিক্ষাদাতা। শিং—১ "তমপীহ গুরুং বিদ্যাৎ শ্রেয়োপ ক্রিয়য়া তয়া।" ৪। মন্ত্রোপদেষ্টা, যিনি তন্ত্রশাস্ত্রোক্ত প্রণালীতে মন্ত্র দেন। শিং—"গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তো রেফঃ পাপস্য দাহকঃ। উকারঃ শম্ভুরিত্যুক্ত স্ত্রিতয়াত্মা গুরুঃ স্মৃতঃ।" ৫ ধর্ম্মোপদেষ্টা, পুরোহিত। শিং—১ "তৌ গুরুর্গুরুপত্নী চ।" ৬। নিয়ামক, নিয়মকারক। শিং—১ "নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে।" ৭। বৃহস্পতি। "[illegible]কাব্যানুগাং বিভ্রং।" ৮। দ্রোণাচার্য্য। ৯। পিতামাতা প্রভৃতি। শিং—১ "ন কেবলং তদ্‌গুরুরেক পার্থিবঃ।" ১০। পুং-ক্লীং, দুইমাত্রাবিশিষ্ট দীর্ঘস্বরবর্ণ, যথা—আ ঈ ঊ ৠ ৡ এ ঐ ও ঔ। ১১। (+কু—র্ম্ম) বিং, ত্রিং, অলঘু, ভারী; যথা—গুরুপাকদ্রব্য। ১২। উৎকট। ১৩। শ্লাঘ্য। ১৪। দুস্তর। ১৫। দুর্ব্বহ। ১৬। মহৎ। ১৭। বৃহৎ। ১৮। কঠিন। ১৯। অধিক, অতিশয়। ২০। পূজ্য। শিং—১ "গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ। পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥" ২ "নিষেকাদীনি কর্ম্মাণি যঃ করোতি যথাবিধি। সংভাবয়তি চান্নেন স বিপ্রো গুরুরুচ্যতে।" ২১। উৎকৃষ্ট। ২২। প্রয়োজনীয়। স্ত্রীং, গুরুতরা "ধনাশা জীবিতাশা চ গুর্ব্বী প্রাণভৃতাং সদা। বৃদ্ধস্য তরুণী ভার্য্যা প্রাণেভ্যোঽপি গরীয়সী।"

গুরুক্রম (গুরু উপদেশক—ক্রম পর্য্যায়, ৭মী—হিং) সং, পুং, পরম্পরাগত উপদেশ।

গুরুঘ্ন (গুরু—ঘ্ন [হন্ বধ করা+অ(টক্)

—ক] যে বধ করে) সং, পুং, শ্বেতসর্ষপ। ২। বিং, ত্রিং, গুরুহত্যাকারী।

গুরুজন (গুরু—জন লোক) সং, পুং, মান্য ব্যক্তি, পিতা পিতামহ প্রভৃতি।

গুরুতম (গুরু+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অত্যন্ত গুরু, সর্ব্বাপেক্ষা অধিক গুরু।

গুরুতর (গুরু+তর—দুয়ের মধ্যে একে নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে অধিক গুরু।

গুরুতল্প (গুরু গুরুতুল্য—তল্প ভার্য্যা, ৬ষ্ঠী-হিং। মধ্যপদলোপ) সং, পুং, বিমাতৃগামী। ২। (গুরু—তল্প শয্যা) গুরুশয্যা।

গুরুতল্পগ (গুরু—তল্প শয্যা—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং, পুং, বিমাতৃগামী। ২। গুরুপত্নীগামী। শিং—১ "গুরুতল্পগঃ সুরাপশ্চ রুক্মস্তেয়্যথ বিপ্রহা। মহাপাতকিনস্ত্বেতেসংসর্গী চৈব পঞ্চমঃ।" (স্মৃতি)।

গুরুতা—স্ত্রীং } (গুরু+তা, ত্ব—ভা) সং, গুরুত্ব—ক্লীং } মহত্ত্ব, গৌরব। ২। আধিক্য, আতিশয্য। ৩। ভারত্ব। ৪। অধ্যাপকত্ব, উপদেশকত্ব, শিক্ষাদাতৃত্ব। ৫ মন্ত্রদাতৃত্ব, ইষ্টদেবত্ব। ৬। অলঘুতা। ৭। পূজ্যত্ব। ৮। কাঠিন্য।

গুরুত্বানুভাবকতা (গুরুত্ব—অনুভাবকতা) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা গুরুত্বের অনুভব করিতে পারা যায়।

গুরুপত্নী (গুরু—পত্নী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, আচার্য্য-পত্নী। শিং—১ "গুরুবৎ প্রতিপূজ্যাঃস্যুঃসবর্ণা গুরুযোষিতঃ। অসিবর্ণাস্তু সংপূজ্যাঃ প্রত্যুত্থানাভিবাদনৈঃ।"

গুরুপত্র (গুরু—পত্র পাতা। যে ভারি অর্থাৎ প্রচুর পত্রবিশিষ্ট) সং, ক্লীং, ধাতুবিশেষ, টিন্। ত্রা—স্ত্রীং, তেতুলগাছ।

গুরুপরিচর্য্যা (গুরু—পরিচর্য্যা, ৬ষ্ঠী-ষ) সং, স্ত্রীং, গুরুসেবা।

গুরুপাক (গুরু—পাক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বস্তু ভক্ষণ করিলে সহজে পরিপাক হয় না, যাহার পরিপাক হওয়া কঠিন।

গুরুপুত্র (গুরু—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আচার্য্য-পুত্র।

গুরুমর্দ্দল (গুরু ভারি বা বৃহৎ—মর্দ্দল বাদ্যযন্ত্রবিশেষ) সং, পুং, বাদ্য-বিশেষ, ডিণ্ডিমবাদ্য।

গুরুবরণ (গুরু—বরণ, ২য়া—ষ) সং, ক্লীং, দীক্ষাগুরুকে বস্ত্রালঙ্কার দ্বারা পূজাকরা।

গুরুশুশ্রূষা (গুরু—শুশ্রূষা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গুরুপরিচর্য্যা দেখ।

গুরুহা (গুরুহন্, গুরু—হন্ যে বধ করে, হন্+০(ক্বিপ্)—ক। প্রসিদ্ধি আছে, সমুদায় পাতক অপেক্ষা ইহাই মহাপাতক নামে খ্যাত) বিং, ত্রিং, গুরুঘ্ন, গুরুহত্যাকারী।

গুরূত্তম (গুরু—উত্তম, ৭মী—ষ) বিং, ত্রিং, গুরুশ্রেষ্ঠ, পূজ্যতম। ২। সং, পুং, পরমেশ্বর। শিং—১ "তস্মৈ পূর্ব্ব গুরূত্তমায় জগতামীশায় পিত্রে নমঃ।"

গুর্জ্জর; সং, পুং, গুজরাটদেশ। ২। বহুং, গুর্জ্জরদেশীয় লোকেরা। রী—স্ত্রীং, রাগিণী বিশেষ। ২। তদ্দেশীয় স্ত্রী। [গুরুপত্নী।

গুর্ব্বঙ্গনা (গুরু—অঙ্গনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,

গুর্ব্বর্থ (গুরু—অর্থ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রধান অর্থ, দুরবগাহ ব্যাখ্যাবিশিষ্ট। ২। সমধিক প্রয়োজনীয়। ৩। সং, পুং, শ্রেষ্ঠ ব্যাখ্যা। ৪। প্রধান প্রয়োজন।

গুর্ব্বিণী } (গর্ব্ব অহঙ্কৃত হওয়া+ইন্ গুর্ব্বী } —ক, ঈপ্। অ=উ। অথবা গু গর্ভস্থ সত্ত্ব+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভিণী, সসত্ত্বা। শিং—১ "উত্তরাং স্নুষমবেক্ষস্ব গুর্ব্বিণীং মা শুচঃ শুভে।"

গুর্ব্বী (পূর্ব্বে দেখ, বা গুরু+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গর্ভিণী। শিং—১ "মহিবন্ধ্যা বিজানাতি গুর্ব্বী প্রসববেদনাম্।" (হিতোপদেশ)। ২। গৌরববতী। শিং—১ "গুর্ব্বী রজস্রং দৃশঃ সমন্তাৎ।" (মাঘ)। ৩। গুরুপত্নী।

গুল (গুড় বেষ্টন করা ইত্যাদি—অ(ক) —ক। ড়=ল) সং, পুং, ইক্ষুবিকার, গুড়। ২ (গোলশব্দজ) সং, অঙ্গার বটিকা। ৩। পোড়া তামাক।

গুলনকস—কোন খেয়ালে 'গুল' এই শব্দটার উল্লেখ থাকিলে তাহাকে গুলনকস্ বলে।

গুলঞ্চ (গুড়চী শব্দজ কিং) সং, লতাবিশেষ।

গুলা, গুলি, গুলিন; অং, বহুত্ব বা সমূহ-বোধক প্রত্যয়।

গুলিকা (গুড় বেষ্টন করা+অক'ণক)—ক, আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, গুটিকা, গুলি। বন্দুক প্রভৃতির গুলি।

গুলী (গুল দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গুটিকা, গুলি,। ২। বসন্তরোগ। ৩। (গুলিকা শব্দজ) সং, বাঁটুল, বটিকা, ক্ষুদ্র অয়োগোল।

গুলুচ্ছ } (গুড় রক্ষা করা+•(ক্বিপ্)—
গুলুঞ্ছ } ক। ড=ল। এবং উঞ্ছ্ বা উঞ্ছ্ খুঁটিয়া লওয়া+অ(অন্)—ক। ক—যোগে গুলুঞ্ছক শব্দও হয়) সং,পুং, গুচ্ছ, স্তবক।

গুল্‌ফ (গল্ গমন করা+ফ(ফক্)—ক) সং, পুং, পাদমূল, গোড়ালি। শিং—১ "আগুল্‌ফকীর্ণাপণমার্গপুষ্পম্।"

গুল্ম (গুড় বেষ্টনকরা+ম(মক্)—ক। ড=ল) সং,পুং, উদরমধ্যে সম্ভূত রোগবিশেষ; "কি করি বাঁচিয়া, ভাবিয়া ভাবিয়া,
গুল্ম হইল বুঝি পেটে।"
শিং—১"তেনৈব চাস্য গুল্মোহন্তঃশোকেন হৃদপদাত।" ২ "হৃদ্বস্ত্যোরন্তরে (স্তনান্ত্যোহন্তরে) গ্রন্থিঃ সংচারী যদি বা চলঃ। চয়াপচয়বান্ বৃত্তঃ স গুল্ম ইতিকীর্ত্তিতঃ।" ২ পীলা। ৩। প্লীহাবৃদ্ধি রোগ। ৪। স্তম্ব, গুঁড়িরহিত গাছ, ঝোপ। ৫। ছোট ছোট গাছ, যে সকল বৃক্ষের শাখা প্রশাখা হয় না। ৬। লতার ঝাড়। ৭। সৈন্য সংখ্যা-বিশেষ, ৯ গজ, ৯ রথ, ২৭ অশ্ব, ৪৫ পদাতি এই ৯০ সংখ্যা, (অক্ষৌহিনী দেখ)। ৮। থানা, ঘাঁটি। ৯। থানা বা ঘাঁটিতে স্থাপিত সৈন্য। ল্মী—স্ত্রীং, তাঁবু। ২। আমলকী বৃক্ষ। ৩। এলাচবৃক্ষ। ৪। গুড়-কাওলী। ৫। বনী। শিং—১ "স্থাবরাণাং চ ভূতানাং জাতয়ঃ ষড়্ প্রকীর্ত্তিতঃ। বৃক্ষ-গুল্মলতাবল্লীত্বক্‌সারাস্তৃণজাতয়াঃ।" ৬। বিং, ত্রিং, গুল্মরোগযুক্ত।

গুল্মমূল (গুল্ম—মূল গাছের গোড়া) সং, ক্লীং, আর্দ্রক, আদা।

গুল্ম-স্থান; সং, ক্লীং, থানা। ২। ঘাঁটি।

গুল্মিনী (গুল্ম+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বিস্তৃত লতা, লতা।

গুবাক } (গু ত্যাগ করা+আক—ণ)
গূবাক } সং, পুং, সুপারিগাছ। ২। ক্লীং, সুপারি।

গুহ (গুহ্ সংবরণ করা+অ(ক)—ক) সং, পুং, কার্ত্তিকেয়। শিং—১ "গুহোহপি যেষাং প্রথমাপ্তজন্মনাম্।" (কুমার)। ২। বিষ্ণু। শিং—১ "করণং কারণং কর্ত্ত বিকর্ত্তা গহনো গুহঃ।"(বিষ্ণু)। ৩। রামের বন্ধু, গুহক চণ্ডাল, শৃঙ্গবের পুরে ইহার বাসস্থান ছিল। ৪। (+ক—র্ম্ম) বেগবান্ অশ্ব। ৫। কায়স্থদের পদবী।

গুহষষ্ঠী; সং, স্ত্রীং, কার্ত্তিকেয়প্রিয়া ষষ্ঠী, অগ্রহায়ণ মাসে শুক্রষষ্ঠী। শিং—১"যেয়ং মার্গশিরে মাসি ষষ্ঠী ভরতসত্তম। পুণ্যা পাপহরা ধন্যা শি।। শান্তা গুহপ্রিয়া।"

গুহা (গুহ দে., অ(ক)—ধি, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পর্ব্বতাদির গহ্বর। ২। গর্ত্ত। ৩। অভ্যন্তর। শিং—১ "আত্মা গুহায়াং নিহিতোহস্য জন্তোঃ।" ২"ভগবান্ সর্ব্বভূতানামধ্যক্ষোহবস্থিতো গুহাম্।"

গুহাচর (গুহা—চর [চর্ বিচরণ করা+অ(অন্)—ক] যে গুহামধ্যে বিচরণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, গুহাচারী। ২। সং, পুং, পরমেশ্বর।

গুহাশয় (গুহা গহ্বর—আশয় বাসস্থান) সং, পুং, সিংহ ব্যাঘ্র প্রভৃতি পশু। শিং—১ "সিংহ ব্যাঘ্র বৃকা ঋক্ষ তরক্ষু দ্বীপিনস্তথা। বভ্রু জম্বুকমার্জ্জার ইত্যাদ্যাঃ স্যুর্গুহাশয়াঃ।" ২। অজ্ঞান। ৩। জীবাত্মা। ৪। পরমাত্মা। শিং—১"এবং হি বো বেদ গুহাশয়ং প্রভুং।" ৫। বিং, ত্রিং, গুহাশায়ী, গুহাস্থিত।

গুহাহিত (গুহা—আহিত, ৭মী—ষ) বিং, ত্রিং, গুহাতে নিবদ্ধ। ২। পুং, হৃদয়স্থ পরমাত্মা। শিং—১ "গুহাহিতং গহ্বরেষ্টং পুরাণম্।"

গুহিন (গুহ্ গোপন করা+ইন—ক) সং, ক্লীং, বন, অরণ্য।

গুহিল (গুহ্ গোপন করা ইত্যাদি+ইল (ইলচ্)—র্ম্ম, ক) সং, ক্লীং, ধন। ২। বন।

গুহের (গুহ্ আচ্ছাদন করা+এর—সংজ্ঞার্থে) সং, পুং, কামার। ২। রক্ষাকর্ত্তা।

গুহ্য } গোহ্য } (গুহ্ দেখ, য ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, গোপনীয়, অপ্রকাশ্য। শিং—১"এবং স ভগবান্ দেবঃ—ধর্ম্মস্ত পরমং গুহ্যং মমেদং সর্ব্বমুক্তবান্।" ২ "গুহ্যাতি গুহ্যগোপ্তা ত্বম্।" ২। বিজন, নির্জন,নিভৃত। ৩। যাহা সহজে বোধগম্য হয় না, দুর্ব্বোধ্য। ৪। সং, ক্লীং, নির্জ্জনস্থান। ৫। মলদ্বার। ৬। উপস্থ। ৭। (+য—ক) পুং, কচ্ছপ। ৮। (+য—ভা) দম্ভ, অহঙ্কার। ৯। পরমেশ্বর।

গুহ্যক (গুহ্ রক্ষা করা+কণ্—প্রং। য—আগম। যে নিধি রক্ষা করে) সং, পুং, দেবযোনিবিশেষ, কুবেরানুচর, ইহাদের আবাসস্থান পিশাচ লোকের উর্দ্ধে ও গন্ধর্ব্বলোকের নিম্নে। শিং—১ "নিধিং গূহন্তি যে যক্ষাস্তে স্যুগু হ্যকসংজ্ঞকাঃ। ছাটকং নাম দেশং গুহ্যকরক্ষিতং।" ২ "গুহ্যকাশ্চ—পর্ব্বতং গন্ধমাদনং রক্ষন্তি।"

গুহ্যকেশ্বর (গুহ্যক [যে কুবেরের ধনরক্ষক] কুবেরের অনুচর—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, কুবের।

গুহ্যগুরু (গুহ্য গোপনীয়—গুরু। প্রসিদ্ধি আছে, যে শিবই কেবল তন্ত্রশাস্ত্রোপদেশক ছিলেন) সং, পুং, শিব।

গুহ্যদীপক (গুহ্য নির্জ্জনস্থান—দীপক [দীপ-ণিচ্—দীপি আলোকিত করা+অক(ণক)—ক] দীপ্তিকারক, ২য়া—য) সং, পুং, খদ্যোত, জোনাকিপোকা।

গুহ্যনিষ্যন্দ (গুহ্য—নিষ্যন্দ [নিস্যন্দ্+অল্—ভা] যে ক্ষরিত হয়, ৫মী—য) সং, পুং, মূত্র, প্রস্রাব। [অশ্বত্থবৃক্ষ।

গুহ্যপুষ্প (গুহ্য—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

গুহ্যভাষিত (গুহ্য গোপনীয়—ভাষিত উক্ত, মং—স) সং, ক্লীং, মন্ত্র, গুপ্তবাক্য।

গুহ্যময় (গুহ্য+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) সং, পুং, কার্ত্তিকেয়। শিং—১ "ত্রায়তে ভগবান্ দেবো সর্ব্বগুহ্যময়ো গুহঃ।"

গূ (বিষ্ঠাত্যাগিকরণার্থ গু ধাতুজ+০(ক্বিপ্)—র্ম্ম। অথবা গম্+ড়ু—ক) সং, স্ত্রীং, বিষ্ঠা।

গূঢ় (গুহ্ আচ্ছাদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অন্তর্হিত। ২। অজ্ঞাত। ৩। প্রচ্ছন্ন। ৪। গুপ্ত,অপ্রকাশিত, অলক্ষিত। ৫। সংবৃত। ৬। গহন। ৭। যাহা সহজে বোধগম্য হয় না, নিগূঢ়; যথা—গূঢ়ভাব, গূঢ় অর্থ। শিং—১"গূঢ়াকারেঙ্গিতস্য চ।" ২ "গূঢ়ং চরন্তি।" ৮। ক্লীং, রহঃ।

গূঢ়চারী (গূঢ়চারিন্, গূঢ়—চারিন্ [চর্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, যে গূঢ়রূপে চলে, যে আপন উদ্দেশ্য অপ্রকাশ রাখিয়া অন্যের কর্ম্ম ও অভিপ্রায়ের অনুসন্ধান করে। শিং—১ "পরদ্রব্য গৃহাণাঞ্চ প্রষ্টকা গূঢ়চারিণঃ।"

গূঢ়জ (গূঢ় লুক্কায়িত—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) সং, পুং, গূঢ়োৎপন্ন পুত্র। শিং—১ "গৃহে প্রচ্ছন্ন উৎপন্নো গূঢ়জস্তু সুতোমতঃ।" (যাজ্ঞ)।

গূঢ়নীড় (গূঢ় লুক্কায়িত—নীড় পক্ষীর বাসা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খঞ্জনপক্ষী।

গূঢ়পত্র (গূঢ়—পত্র) সং, পুং, করীরবৃক্ষ। ২। আক্ষোঠ বৃক্ষ।

গূঢ়পথ (গূঢ় লুক্কায়িত—পথ [পথিন্ শব্দজ] রাস্তা। যাহার পথ অজ্ঞাত) সং, পুং, অন্তঃকরণ। ২। গুপ্তপথ।

গূঢ়পাদ্ } গূঢ়পাদ } (গূঢ় লুকায়িত—পাদ্,পাদ,৬ষ্ঠী—হিং। অ—লোপ) সং, পুং ভুজগ, সর্প, সাপ। শিং—১ "মহীধরমিব শ্বেতং গূঢ়পাদৈর্বিষোল্বণৈঃ।"২। কচ্ছপ। ৩। বিং, ত্রিং, গুপ্তপদবিশিষ্ট। শিং—১ "উপানদ্ গূঢ়পাদশ্চ।"

গূঢ়পুরুষ (গূঢ় লুক্কায়িত—পুরুষ, মং—স) সং, পুং, গূঢ়চর, ছদ্মবেশী দূত।

গূঢ়পুষ্পক (গূঢ় সংবৃত—পুষ্প, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগ) সং, পুং, বকুলবৃক্ষ।

গূঢ়ফল (গূঢ়—ফল্ ফলতহওয়া+অ(অচ্)

—ক। যে গূঢ়রূপে ফল প্রসব করে) সং, পুং, বদর, কুল।

গূঢ়মায় (গূঢ় দুষ্প্রবেশ্যা—মায়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার মায়া বোধগম্য হয় না, দুর্জ্ঞেয় মায়াসম্পন্ন; যেমন—গূঢ়মায় দেবগণ।

গূঢ়মার্গ (গূঢ়—মার্গ পথ, রং—স) সং, পুং, গোপনীয় পথ, ভূমির অন্তর্গত পথ, সুড়ঙ্গ।

গূঢ়মৈথুন (গূঢ় লুক্কায়িত—মৈথুন সঙ্গম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক, বায়স।

গূঢ়বর্চ্চাঃ (গূঢ়বর্চ্চস, গূঢ় লুক্কায়িত—বর্চ্চস তেজঃ, উষ্ণতা। এই প্রাণীর শোণিত শীতল বলিয়াই গূঢ়বর্চ্চস নাম হইল। কেহ বলেন বর্চ্চস বিষ্ঠা। অজ্ঞাত যাহাদের বিষ্ঠা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভেক, বেঙ্।

গূঢ়বল্লিকা; সং, স্ত্রীং, আক্ষোঠ বৃক্ষ।

গূঢ়ব্যঙ্গ্য (গূঢ়—ব্যঙ্গ কাব্যার্থ ভাবনাবিষয়ে পরিপক্ক বুদ্ধি, ৭মী—হিং। যাহাতে কাব্যার্থ চিন্তাবিষয়ক পরিপক্ক বুদ্ধি গূঢ়রূপে স্থিতি করে) সং, স্ত্রীং, লক্ষণাবিশেষ। শিং—১ "ব্যঙ্গস্য গূঢ়াগূঢ়ত্বাৎ দ্বিধাস্যাৎ ফললক্ষণা।"

গূঢ়সাক্ষী (গূঢ়সাক্ষিন্, গূঢ়—সাক্ষী, রং—স) সং, পুং, ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী। শিং—১ "অর্থিনা স্বার্থসিদ্ধ্যর্থং প্রত্যর্থিবচনং স্ফুটম্। যঃ শ্রাব্যতে তদা গূঢ়ো গূঢ়সাক্ষী স উচ্যতে।"

গূঢ়াঙ্গ (গূঢ়—অঙ্গ দেহ। যাহার দেহ তাহারই আবরণে লুক্কায়িত হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ। ২। বিং, ত্রিং, গুপ্তদেহবিশিষ্ট। [পুং, সর্প।

গূঢ়াঙ্ঘ্রি (গূঢ়—অঙ্ঘ্রি পদ, ৬ষ্ঠী—হিং) সং,

গূঢ়োৎপন্ন (গূঢ় গুপ্তরূপে—উৎপন্ন জাত, ২য়া—ষ) সং, পুং, দ্বাদশবিধ পুত্রের মধ্যে একবিধ। যে ব্যক্তির পুত্রোৎপাদনের ক্ষমতা নাই, সে অপর ব্যক্তির দ্বারা সাধারণের অজ্ঞাতে যে পুত্র উৎপন্ন করায়, তাহাকে গূঢ়োৎপন্ন পুত্র বলে। শিং—১ "উৎপদ্যতে গৃহে যস্য ন চ জ্ঞায়তে কস্য সঃ। স গৃহে গূঢ় উৎপন্নস্তস্য স্যাদ্‌যস্য তল্পজঃ।" [সং, পুং, বিষ্ঠা, মল।

গূথ (গূ বিষ্ঠাত্যাগ করা+থ(থক্)—র্ম্ম)

গূথলক্ত (গূথ বিষ্ঠা—লক্ত অঙ্কিত) সং, পুং, গুয়ে সালিক।

গূন (গূ বিষ্ঠাত্যাগ করা+ন(ক্ত)—ক। নিপাতন) বিং, ত্রিং, কৃতমলত্যাগ, যে মল ত্যাগ করিয়াছে। ২। (+ক্ত—র্ম্ম) উৎসৃষ্ট। ৩। ত্যক্ত।

গূর্ণ (গূর্ চেষ্টা করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, চেষ্টাবান্, উদ্যত, উদ্‌যুক্ত।

গূরণ } (গূর্, গুর্ চেষ্টা করা+অন
গোরণ } (অনট্)—ভা। গুরণ শব্দও হয়) সং, ক্লীং, উদ্যম, চেষ্টা। ২। উত্তোলন, উত্থান। [চক্র।

গৃষণা; সং, স্ত্রীং, ময়ূরচন্দ্রক, ময়ূর পিচ্ছের

গৃঞ্জন (গৃন্জ শব্দ করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, বিষাক্ত পশুমাংস। ২। পুং, রসুন। ৩। রক্তবর্ণ মূলবিশেষ, গাজর।

গৃণ্ডীব (গৃ শব্দ করা+ডীব—প্রং। নিপাতন) সং, পুং, বড় শৃগাল।

গৃৎস (গৃধ্ স্তুতি আকাঙ্ক্ষা করা+স—ণ) সং, পুং, কামদেব। ২। রুদ্রবিশেষ। ৩। বিং, ত্রিং, স্তুতিকারক। শিং—১"গৃৎসো রাজা বরুণশ্চ এতম্।" ৩। স্তুত্য। ৪। মেধাবী।

গৃৎসপতি (গৃৎস—পতি, ৬ষ্ঠী—য) সং, পুং, রুদ্রবিশেষ। ৩। বৃহস্পতি বংশীয় হোত্রাত্মজ নৃপবিশেষ।

গৃৎসমদ; সং, পুং, মুনি-বিশেষ। ইহার অপর নাম শৌনহোত্র পরে ইনি শৌনক হইয়া জন্ম গ্রহণ করেন।

গৃধ্নু (গৃধ্ অত্যন্ত আকাঙ্ক্ষা করা+নু(ক্নু)—ক, শীলাদর্থে) বিং, ত্রিং, লোলুপ, লোভী। ২। অভিলাষুক। শিং—১ "অগৃধ্নুরাদদে সোঽর্থান্।" (রঘু)। ২ "চাতকস্তোয়গৃধ্নু।"

গৃধ্য (গৃধ্+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, অভিলষণীয়, বাঞ্ছনীয়। শিং—১"গৃধ্যমর্থমবাপ্স্যসি।" (ভট্টি)। ২। (+ক্যপ্—ভাবে) সং, পুং, অভিলাষ। শিং—১ "ক্রব্যাদাঃ মাংসগৃধিনাঃ।" (ভারত)।

গৃধ্র (পূর্ব্বে দেখ, র—সংজ্ঞার্থে) সং, পুং,



গৃধ্র।

শকুনি পক্ষী। শিং—১"নীচৈর্গৃধ্রা নীলীযন্তে ভারতানাং চমূং প্রতি।"

গৃধ্রকূট (গৃধ্র গৃধ্রপ্রধান—কূট, ৬ষ্ঠী—হিং) সং,পুং, গিরিব্রজের ২॥ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত পর্ব্বতবিশেষ মগধদেশস্থ পর্ব্বতবিশেষ, আধুনিক নাম শৈলগিরি। শিং—১"গোলাঙ্গুলৈর্ম্মহাভাগো গৃধ্রকূটেঽভিরক্ষিতঃ।" (ভারত)।

গৃধ্রনখী (—নখিন্, গৃধ্র—নখ কণ্টক, ঈপ্—স্ত্রীং, ৬ষ্ঠী—হিং। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, কুলেখাড়া, কুলিকবৃক্ষ।

গৃধ্রপত্র (গৃধ্র—পক্ষ পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাজপক্ষীর পক্ষযুক্ত বাণ। শিং—১ "শতেন গৃধ্র।"

গৃধ্ররাজ (গৃধ্র—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জটায়ু। শিং—১ "নির্বিভেদ সুতীক্ষ্ণাগ্রৈ র্গৃধ্ররাজং শিলাশিতৈঃ।" ২। সম্পাতি। ৩। গরুড়।

গৃধ্রবট—দেবস্থানবিশেষ। এখানে বৃষবাহন শিব সন্নিধানে উপনীত হইয়া সর্ব্বাঙ্গে ভস্ম লেপন করিলে ব্রাহ্মণগণের দ্বাদশ বার্ষিক ব্রতের ফল লাভ হয় ও ইতরবর্ণের সর্ব্বপাপ নষ্ট হয়।

গৃধ্রসী (গৃধ্র ইচ্ছা—সো নাশ করা+অ (ক)—ক) সং, স্ত্রীং, বাতরোগ-বিশেষ।

গৃষ্টি (গৃষ্ ঘর্ষণ করা+তি(ক্তি)—ক। ষ—গ। অথবা গ্রহ্ গ্রহণ করা। যে একবার গর্ভ গ্রহণ করে) সং,স্ত্রীং, একবার প্রসূতা ধেনু। শিং—১ "আপীনভারোদ্বহনপ্রযত্নাৎ গৃষ্টির্গুরুত্বাদ্বপুষো নরেন্দ্রঃ।" (রঘু)। ২। বরাহক্রান্তা। ৩। বদরবৃক্ষ। ৪। কাশ্মরী।

গৃহ (গ্রহ গ্রহণ করা+অ(ক)—ক) সং, পুং—ক্লীং, বহুং, ঘর। ২। গৃহস্থাশ্রম। ৩। ভার্য্যা। শিং—১"ন গৃহং গৃহমিত্যাহু র্গৃহিণী গৃহমুচ্যতে।" ৪। মেষাদিরাশি।

গৃহকচ্ছপ; সং, পুং, পেষণ-শিলা, পঙ্কাদি।

গৃহকন্যা; সং, স্ত্রীং, ঘৃতকুমারী।

গৃহকপোত; সং, পুং, পক্ষিবিশেষ, পায়রা।

গৃহকারক (গৃহ—কারক যে করে) সং,পুং, গৃহনির্ম্মাণকারী,ঘরামি। শিং—১"প্রতিমা ঘটকাদেব কন্যায়াং নাপিতস্য চ। সূত্রকারস্য সম্ভূতিঃ সোপান গৃহকারকঃ।" ২। গৃহকর্ত্তা।

গৃহগোধা-ধিকা (গৃহ—গোধা, গোধিকা=গোসাপ, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, জেঠী, টিকটিকী।

গৃহচ্ছিদ্র; সং, ক্লীং, গৃহের দোষ, আপন কলঙ্ক।

গৃহজ<br>গৃহজাত } (গৃহ—জ, জাত উৎপন্ন, সপ্তমী—ষ) বিং, ত্রিং, যাহা গৃহে জন্মিয়াছে, গৃহপ্রস্তুত। ২। পুং, দাসবিশেষ। শিং—১"ধ্বজাহৃতোভক্ত দাসো গৃহজঃ ক্রীতদত্ত্রিমৌ।"

গৃহণী; সং, স্ত্রীং, কাঁজি, আমানি।

গৃহতটী (গৃহ—তটী তীর, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গৃহের সম্মুখস্থান, রক, পিঁড়ে।

গৃহদেবতা; সং, স্ত্রীং, বাস্তুদেবতা।

গৃহদেবী; সং, স্ত্রীং, জরারাক্ষসী।

গৃহদীপ্তি (গৃহ—দীপ্তি শোভাস্বরূপা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সাধ্বী স্ত্রী।

গৃহনায়ক; সং,পুং,গঞ্জাধ্যক্ষ ২। ধনাধ্যক্ষ।

গৃহনাশন (গৃহ—নাশন যে নাশ করে। যে গৃহের মধ্যে বা ইহার চতুর্দ্দিকে বাস করিয়া দেওয়াল নষ্ট অর্থাৎ ময়লা করে) সং, পুং, ঘুঘু। ২। কপোত।

গৃহনীড় (গৃহ—নীড় বাসা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চড়ুই পাখী।

গৃহপতি (গৃহ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গৃহস্থ, গৃহস্থাশ্রমী। ২। গৃহস্বামী। ৩। মন্ত্রী।

গৃহপোতক (গৃহ—পোতক [পোত শাবক +ক—প্রং] গৃহনির্ম্মাণস্থান, পোতা) সং, পুং, বাসস্থান, বাস্তভিটে।

গৃহবলিপ্রিয় (গৃহ—বলি খাদ্যাংশ—প্রিয়, পশ্চাৎ দেখ) সং, পুং, ক্রৌঞ্চ, বক।

গৃহবলিভুক্ (গৃহবলিভুজ, গৃহ ঘর বা গৃহিণী—বলি খাদ্যাংশ—ভুজ্ যে ভোজন করে। যে তাহার গৃহিণীর খাদ্যাংশ অথবা গৃহের মধ্যে বা চতুষ্পার্শ্বে পতিত খাদ্যাংশাদি ভোজন করে) সং, পুং, চটকপক্ষী। ২। বক। ৩। কাক।

গৃহ-ভূমি ; সং, স্ত্রীং, বাসস্থান, বাস্তুভিটে।

গৃহ-ভেদ ; সং, পুং, সিঁধচুরি। ২। গৃহবিচ্ছেদ, ঘরভাঙ্গা, গৃহের কর্ত্তৃপক্ষীয়দিগের মনোভঙ্গ।

গৃহভেদী (—ভেদিন, গৃহ—ভিদ্ ভেদকরা +ইন্(ণিন)—ক) বিং, ত্রিং, যে কুমন্ত্রণা দ্বারা মনোভঙ্গ করিয়া পিতাপুত্রে ভ্রাতায় ভ্রাতায় অথবা এরূপ ব্যক্তিদের মধ্যে বিরোধ ঘটাইয়া দেয়, গৃহবিচ্ছেদকারী। দিনী—স্ত্রীং, গৃহবিচ্ছেদকারিণী, ঘরভাঙ্গা মেয়ে মানুষ। [দীপ, দীপ।

গৃহমণি (গৃহ—মণি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্র-

গৃহমাচিকা (গৃহ—মাচিকা মক্ষিকা) সং, স্ত্রীং, চামচিকা।

গৃহমৃগ (গৃহ—মৃগ পশু) সং, পুং, কুক্কুর।

গৃহমেধী (গৃহমেধিন, গৃহ—মেধ্ সঙ্গ করা +ইন্(ণিন)—ক) সং, পুং, গৃহস্থাশ্রমী, গৃহস্থ, গৃহপতি।

গৃহমেধীয় (গৃহমেধিন+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, গৃহস্থ-সম্বন্ধীয়।

গৃহয়ালু (গ্রহ-ণিচ্—গৃহি গ্রহণকরা+আলু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, গ্রহণেচ্ছু, গ্রাহক।

গৃহলক্ষ্মী (গৃহ—লক্ষ্মী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গৃহের লক্ষ্মীস্বরূপা স্ত্রী, সুশীলা সচ্চরিত্রা স্ত্রী।

গৃহবাটিকা (গৃহ—বাটিকা উদ্যান, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বাটীর উদ্যান, বাড়ীর বাগান।

গৃহব্যাপার (গৃহ—ব্যাপার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গৃহের কাণ্ড, গৃহকর্ম্ম।

গৃহস্থ (গৃহ—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে, ৭মী—ষ) সং, পুং, সংসারী, দ্বিতীয়াশ্রমী যে পিতা মাতা স্ত্রী পুত্রাদি লইয়া সংসারযাত্রা নির্ব্বাহ করে। ২। বড় মানুষ নয়, নিতান্ত দুঃখীও নয়, মধ্যবিধ লোক। পূর্ব্বে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণের পক্ষে যথাক্রমে ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই আশ্রম চতুষ্টয় গ্রহণের বিধি ছিল, তদনুসারে উপনয়নের পর ২৫ বৎসর পর্য্যন্ত গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করিত, এই অবস্থান নাম ব্রহ্মচর্য্য আশ্রম ; তৎপরে বিবাহ করিয়া ৫০ বৎসর পর্য্যন্ত সংসারধর্ম্ম করিত, ইহার নাম গৃহস্থ আশ্রম; তৎপরে সংসার পরিত্যাগ করিয়া ৭৫ বৎসর পর্য্যন্ত বনে কুটীর নির্ম্মাণ করিয়া বাস করিত, ইহার নাম বানপ্রস্থ আশ্রম; তৎপরে সর্ব্বত্যাগী হইয়া আয়ুঃশেষ পর্য্যন্ত দেশে দেশে ভ্রমণ করিত, ইহার নাম সন্ন্যাস আশ্রম। শিং—১ "গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যস্যৈব চাপত্যং তদারণ্যং সমাশ্রয়েৎ।" ৩। গৃহপতি, গৃহস্বামী। ৪। বিং, ত্রিং, যে গৃহে থাকে, গৃহস্থিত।

গৃহস্থূণ (গৃহ—স্থূণ স্তম্ভ বা খুঁটি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গৃহস্তম্ভ, ঘরের খুঁটি বা থাম।

গৃহস্বামী (গৃহ—স্বামী, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, গৃহপতি, বাটীর কর্ত্তা। মিনী—স্ত্রীং, গৃহের কর্ত্রী।

গৃহাগত (গৃহ—আগত আসিয়াছে, ২য়া—ষ) সং, পুং, আগন্তুক, অতিথি। ২। বিং, ত্রিং, যে বাটীতে আসিয়াছে।

গৃহাধিপ (গৃহ—অধিপ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, গৃহস্বামী দেখ। [ভিক, আমানি।

গৃহাম্ল ; সং, ক্লীং, গৃহস্থিত অম্ল। ২। কা-

গৃহায়নিক (গৃহ+অয়ন—বিদ্যমানার্থে। ক—যোগ) সং, পুং, গৃহস্থ।

গৃহারাম (গৃহ—আরাম উদ্যান) সং, পুং, বাটীর নিকটস্থ উদ্যান।

গৃহালিকা } গৃহোলিকা } (গৃহ—আলি বৃশ্চিক+ক—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, টিকটিকী।

গৃহাবগ্রহণী (গৃহ—অব—গ্রহ্ গ্রহণ করা +অন(অনট্)—ণ। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দেহলী, চৌকাঠের উপরিস্থ ফলক।

গৃহাশ্মা (গৃহাশ্মন্, গৃহ—অশ্মন্ প্রস্তর) সং, পুং, পেষণশিলা, শিল।

গৃহাসক্ত (গৃহ—আসক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, সংসারে আসক্ত, যে স্ত্রীপুত্রাদি পোষণে সর্ব্বদা বিব্রত, গৃহস্থিত (পক্ষী শৃগালাদি)। [ভার্য্যা, পত্নী।

গৃহিণী (গৃহী দেখ,ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং,

গৃহী (গৃহিন্, গৃহ ভার্য্যা+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, গৃহস্থ,গৃহপতি। শিং—১"তস্মাৎ শ্রেষ্ঠাশ্রমী গৃহী।" ২ "ত্রীন্ লোকান্ বিজয়েদ্‌গৃহী।"

গৃহীত (গ্রহ গ্রহণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গ্রহণ করা গিয়াছে। ২। প্রাপ্ত। ৩। স্বীকৃত। ৪। আক্রান্ত। ৫। ধৃত। শিং—১"গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।"(নীতিশাস্ত্র)। ৬। আশ্রিত। ৭। অভ্যস্ত। ৮। লব্ধ। ৯। জ্ঞাত। ১০। সাক্ষাৎকৃত।

গৃহীতগর্ভা (গৃহীত—গর্ভ, ৩য়া—হিং) বিং, ত্রিং, গর্ভবতী, গর্ভলক্ষণযুক্তা।

গৃহীতদিক্ (গৃহীতদিশ্, গৃহীত আক্রান্ত —দিশ্ স্থান, ৩য়া—হিং) বিং, ত্রিং, পলায়িত। ২। তিরোহিত।

গৃহীতা (গৃহীতৃ, গ্রহ্ গ্রহণ করা+তৃ(তৃন্) —ক) বিং, ত্রিং, গ্রাহক, গ্রহণ-কর্ত্তা। শিং—১ "সর্ব্বতঃ প্রাঙ্মুখো দাতা গৃহীতা চ উদঙ্মুখঃ।"

গৃহ্বান (গ্রহ্ গ্রহণ করা+আন(শান)—ক) বিং,ত্রিং, যে গ্রহণ করিতেছে, গ্রহণশীল।

গৃহ্য (পূর্ব্বে দেখ, য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, অধীন, আয়ত্ত। ২। পক্ষ,দলাক্রান্ত। শিং —১ "গুণগৃহ্যা বচনে বিপশ্চিতঃ।" ৩। গ্রহণের যোগ্য। ৪। সং, ক্লীং, গুহ্যদেশ। ৫। (গৃহ+ষ্য) বিং, ত্রিং, গৃহপালিত (মৃগাদি)। ৬। গৃহোৎপন্ন। ৭। সং, ক্লীং, ধর্ম্মশাস্ত্রের গ্রন্থ-বিশেষ, গোভিলাদিকৃত সামবেদাদি উক্ত কর্ম্মকাণ্ডবিশেষ। হ্যা—স্ত্রীং, বৃহৎ গ্রামের প্রান্তবর্ত্তী ক্ষুদ্র গ্রাম।

গেঁরি (গেণ্ডুক শব্দজ) সং, গুগ্লি।

গেঁয়ে (গ্রাম্য শব্দজ) গ্রামসম্বন্ধীয়।

গেণ্ডু, গেণ্ডুক, গেন্দুক (গা গমন করা+ইণ্ডু—ক। ২য় পক্ষে কণ্—যোগ) সং, পুং, কন্দুক, ভাঁটা।

গেয় (গৈ গান করা+য—ভা, র্ম্ম) সং,ক্লীং, গান। শিং—১ "বর্ণৈঃ কতিপয়ৈরেব গ্রথিতস্য স্বরৈরিব। অনন্তা বাঙ্ময়স্যেহ গেয়স্যেব বিচিত্রতা।" (মাঘ)। ২ "গেয়ে কেন বিনীতং বাম্।"(রঘু)। ২। বিং,ত্রিং, গানযোগ্য; যথা—"অরণ্যে গেয়ং সাম।"

গেয়ান (জ্ঞান শব্দজ) সং, বোধ, বুদ্ধি; যথা —"রাধা সে ধেয়ান, রাধা সে গেয়ান।"

গেষ্ণু (গৈ গান করা+ইষ্ণু—ক, শীলার্থে) সং, পুং, গায়ক। ২। সামবেদগানকারী। ৩। নট।

গেহ (গ গণেশ—ঈহ্ ইচ্ছা করা+অ (অল্)—র্ম্ম। যাহাতে গণেশের মূর্ত্তি চিত্রিত করে) সং, ক্লীং, গৃহ, বাসস্থান, ঘর। শিং—১ "এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন।"(মনু)। ২ "ত্যক্ত্বা গেহং ঝটিতি যমুনামঞ্জুকুঞ্জং জগাম।"

গেহী (গেহিন্, গেহ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহী, গৃহস্থ।

গেহেনর্দ্দী, গেহেশূর (গেহেনর্দ্দিন্, গেহে গৃহে—নর্দ্দিন্ যে গোলমাল করে। —শূর বীর) সং, পুং, কাপুরুষ, অক্ষম ব্যক্তি। ২। বিং, ত্রিং, স্বগৃহে থাকিয়া আত্মশ্লাঘাকারী।

গৈরিক (গিরি পর্ব্বত+ইক(ষ্ণিক)—ভবার্থে) সং, ক্লীং, গিরিমাটী। ২। স্বর্ণ। ৩। বিং, ত্রিং, গিরিসম্ভূত। শিং—১ "স্রুস্রাব রুধিরং গাত্রৈর্গৈরিকং পর্ব্বতো যথা।"

গৈরেয় (গিরি পর্ব্বত+এয়(ঢেয়)—ভবার্থে) সং,ক্লীং, গিরিমাটী। ২। গিরিজাত বস্তু।

গো (গম্ গমন করা+ও(ডো)—সংজ্ঞার্থে) সং, পুং, পশু। ২। বৃষ। ৩। চন্দ্র। ৪। সূর্য্য। ৫। যাগবিশেষ। ৬। ঋষিবিশেষ। ৭। পুং—ক্লীং, স্বর্গ। ৮। চক্ষুঃ। শিং—১ "গোমধ্যমধ্যে মৃগগোধরে হে সহস্রগো। ভূষণাকিঙ্করাণাম্।" ৯। বাণ। ১০। বজ্র।

১১। বহুৎ,জল। ১২। ইন্দ্রিয়। ১৩। কেশ, শরীরের লোম। ১৪। দৃষ্টি। ১৫। কিরণ। ১৬। স্ত্রীং,ধেনু। "পঙ্কে গৌরিব সীদতি।" ১৭। দিক্। ১৮। বাক্য। "পন্নগগবী গুল্ফেষু চাজাগরীত।" ১৯। বাগেশ্বরী। ২০। পৃথিবী। "দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্।" ২১। মাতা। ২২। গায়ত্রী।

গোআলা / গোয়ালা (গো গোরু+আলা—কর্তৃবোধক হিন্দী ওয়ালা প্রত্যয়জ) সং, গোপ, দুগ্ধবিক্রেতা।

গোঁজ / গোঁজা (গজদন্ত শব্দজ কি?) সং, কীলক, খোঁটা। [পিণ্ড।

গোঁড় (গণ্ড শব্দজ) সং, উচ্চনাভি, মাংসগোঁড়া (দেশজ) বিং, স্তাবক, তোষামোদকারী, খোষামুদিয়া। [মোদকরণ।

গোঁড়াম-মি (দেশজ) সং, স্তাবকতা, খোষাগোঁফ (গুম্ফ শব্দজ) সং, মোচ, ওষ্ঠের উপরিস্থ কেশ। [গণের উপাধি।

গোঁসাই (গোস্বামী শব্দজ) প্রসিদ্ধ প্রভুবংশীয়-

গোকর্ণ (গো গোরু—কর্ণ কাণ, ১মা—হিং) সং, পুং, বিতস্তি পরিমাণ, অনামিকাযুত অঙ্গুষ্ঠপরিমাণ, বিগৎ। ২। গণ্ডুষ। ৩। মৃগবিশেষ। ৪। অশ্বতর। ৫। সর্প, চক্ষুঃশ্রবাঃ। শিং—১ "মৃত্যন্তি গোকর্ণশরীরভক্ষাঃ।" (চৌরপঞ্চাশৎ)। ৬। রুদ্রবিশেষ। শিং—১ "গজেন্দ্রকর্ণ গোকর্ণ পাণিকর্ণ নমোঽস্তুতে।" ৭। মালবাকূলে অবস্থিত তীর্থস্থানবিশেষ; ভগীরথ এই স্থানে তপস্যা করেন। কেহ কেহ বলেন, ইহা হিমালয়ে অবস্থিত। শিং—১ "গোকর্ণাখ্যং শিবক্ষেত্রং সান্নিধ্যং যত্র ধূর্জটেঃ।" ৮। কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

গোকল (গো—কল কবল শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, গোগ্রাস, গোরুকে তৃণগ্রাস।

গোকিরাটী—টিকা (গো পৃথিবী—কির শূকর—অট যে গমন করে+ক—তুল্যার্থে। শূকরের ন্যায় যে চরিয়া বেড়ায়) সং, স্ত্রীং, সারিকাপক্ষী।

গোকীল (গো পৃথিবী—কীল শঙ্কু,গোজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মুষল। ২। লাঙ্গল।

গোকুল (গো—কুল সমূহ, ৬ষ্ঠী—ষ+৭মী—হিং) সং, ক্লীং, গোসমূহ। শিং—১ "গ্রামান্ যা বহুগোকুলান্।" ২। গোষ্ঠ, গোস্থান। শিং—১ "গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ।" ৩। যমুনা নদীতীরস্থ গ্রামবিশেষ; মথুরার পার্শ্বস্থিত। এইখানে কৃষ্ণ ও বলরাম নন্দের গৃহে পালিত হন। শিং—১ "কালেন ব্রজতা তাত গোকুলে রাম কেশবৌ। জানুভ্যাং সহ পাণিভ্যাং রিঙ্গমাণৌ বিজহ্রতুঃ।"

গোকৃত (গো গোরু—কৃত) সং,ক্লীং,গোময়।

গোক্ষুর; সং, পুং, স্বনামখ্যাত ক্ষুপবিশেষ। শিং—১ "গোক্ষুরঃ ক্ষুরকোঽপিস্যাৎ ত্রিকণ্টঃস্বাদুকণ্টকঃ। গোকণ্টকো গোক্ষুরকো বনশৃঙ্গাট ইত্যপি।"

গোগ্রন্থি (গো গোরু—গ্রন্থ্ গাঁথা+ই—প্রং) সং,পুং, করীষ, ঘুঁটে। ২। গোষ্ঠ, ৩। গোজিহ্বিকা ঔষধি।

গোগ্রাস (গো—গ্রাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রায়শ্চিত্তের পর মন্ত্রপূত করিয়া গোরুকে ঘাস দেওয়া। ২। গোরুর ন্যায় গ্রাস গ্রহণ করা; যথা—গোগ্রাসে ভক্ষণ।

গোঘৃত; সং, ক্লীং, গব্যঘৃত। ২। বৃষ্টি, জল।

গোঘ্ন (গো—ঘ্ন [হন্ বধকরা+অ(টক্)—ক] যে বধ করে, ২য়া—ষ) বিং,ত্রিং, গোহন্তা, গোহত্যাকারী। শিং—১ "উপপাতক সংযুক্তো গোঘ্নো মাসং যবান্ পিবেৎ ইত্যাদি।" (মনু)। ২। সং, পুং, অতিথি।

গোঙার (দেশজ) বিং, অবিমৃশ্যকারী, অবিবেক, মূঢ়। [কড়ি।

গোঙ্গা (দেশজ) বিং, বোবা। ২। সং, বড়

গোচ-ছ (গুচ্ছশব্দজ) সং, হালা, আটি; যথা—এক গোছ ধানের। ২। সুযোগ; যথা—তোমার সে কার্য্য করিবার গোচ হইয়াছে। চা,ছা—খোবা, আটি; যথা—এক গোছা পান, এক গোছা কড়ি।

গোচন্দন; সং, ক্লীং, গোশীর্ষাখ্য চন্দন।

গোচর (গো ইন্দ্রিয়,গোরু—চর যে চরে, ৭মী—হিং) সং, পুং, আশ্রয়। ২। বিষয়, যাহা গ্রহণ করা যায়, যাহা অনুভব করা যায়; যথা—ইন্দ্রিয়গোচর,নয়নগোচর, বুদ্ধিগোচর। শিং—১ "ব্যাধানাং শরগোচরা-

স্তিজবেনোৎপ্লুত্য ধাবমৃগঃ।" ৩। ই-ন্দ্রিয়ের বিষয়, ইন্দ্রিয়গ্রাহ্য। শিং—১ "স্ত্রীশূদ্রদ্বিজবন্ধুনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা।" ৪। সাক্ষাৎকার, জ্ঞাতসার। ৫। গোচরণ-স্থান, গোরুর আহারস্থান। শিং—১"উপা-শ্রুতাঃ পশ্চিমরাত্রগোচরাৎ।" ৬। স্থান। ৭। বিং, ত্রিং, আশ্রিত, স্থিত।

গোচর্ম্ম (গো—চর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোরুর চর্ম্ম। শিং—১ "গোচর্ম্ম স্তস্তনে দেবি সম্ভবে বাজিচর্ম্ম চ।"

গোচর্ম্মবসন (গোচর্ম্ম—বসন,৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব। "গোচর্ম্মবসনো হরঃ।"

গোচারক (গো—চারি গমন করান+অক (ণক)—ক) সং, পুং, যে গোরু চরায়, গোরক্ষক, রাখাল। [গোরু চরান।

গোচারণ (গো - চারণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

গোচারী (—চারিন্, গো—চারিন্ [চর্+ ইন্(ণিন্)—ক] গোরক্ষক, যে গোরু চ-রায়) সং, পুং, তপস্বীবিশেষ।

গোছাল (দেশজ) বিং, উপযুক্ত, পটু, চতুর।

গোজল; সং, ক্লীং, গোমূত্র, গোরুর মুত।

গোজাগরিক (গো পৃথিবী—জাগৃ জাগ্রত হওয়া+অক—প্রং) সং, ক্লীং, কল্যাণ, মঙ্গল। ২। পুং, কণ্টকারিবৃক্ষ।

গোজাত (গো—জাত, ৭মী—ষ) বিং, ত্রিং, গব্য ঘৃতাদি। ২। স্বর্গজাত।

গোজিৎ (গো পৃথিবী—জিৎ [জি+০(ক্বিপ্) —ক] যে জয় করে) সং, পুং, পৃথিবী বিজয়ী রাজা।

গোটা (দেশজ) বিং, অখণ্ড, আস্ত। ২। সং,জরির পাড়। ৩। বিবিধ মস্‌লার চূর্ণ-বিশেষ, বৈশাখ মাসে এতদ্দেশীয় নারী-গণ মঙ্গলাচরণ পূর্ব্বক যাহা প্রস্তুত করে।

গোঠ (গোষ্ঠ শব্দজ) সং, গোস্থান। ২। কটিদেশের ভূষণ।

গোড়া (দেশজ) সং, মূল, আদি; যথা— তুমি এ বিষয়ের আগা গোড়া জান।

গোড়ারী (দেশজ) সং, গুল্ফ, পাদমূল।

গোণী (গুণ্ গণনা করা+অ(অল্)—ণ,ঈপ্ —স্ত্রীং) সং, স্ত্রীং, গুণ,থলিয়া। ২। বস্তা। ৩। পরিমাণবিশেষ।

গোণ্ড (গুন্ড্ বেষ্টনকরা, জড়ান+অ(অন্) —ক) সং, পুং, নীচজাতিবিশেষ। ২। (গো—অণ্ড) নাভিদেশেবর্দ্ধিত মাংস, গোঁড়।

গোতম } সং,পুং, ন্যায়শাস্ত্রপ্রযোক্তা মুনি।
গৌতম } ২। বৌদ্ধমত প্রচারক মুনি। শিং—১"গোতমোঽহমতো ধূমোঽহমস্তে সমদর্শনাৎ। গোভিস্তমো মম ধ্বস্তং জাতমাত্রস্য দেহতঃ। বিদ্ধি মাং গৌতমং কৃতে।" ৩। গো-শ্রেষ্ঠ। মী—স্ত্রীং, দুর্গা। ২। রাক্ষসীবিশেষ।

গোতমান্বয় (গোতম মুনি-বিশেষ—অন্বয় বংশ। যে গোতমবংশোদ্ভব) সং, পুং, শাক্যমুনি।

গোতমীপুত্র (গোতমী—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অহল্যাপুত্র শতানন্দ।

গোতমেশ্বর; সং, ক্লীং, তীর্থবিশেষ।

গোতল্লজ (গো গোরু+তল্লজ—প্রশস্তার্থে) সং, পুং, প্রশস্ত গো, উত্তম গোরু।

গোতীর্থ; সং, ক্লীং, গোষ্ঠ, গোচারণস্থান। ২। তীর্থবিশেষ। শিং—১"বলির্নিবেদ্যো গোতীর্থে রেবত্যৈ প্রযতাত্মনা।"

গোত্র (গু শব্দ করা+ত্র—সংজ্ঞার্থে। যে পূর্ব্বপুরুষদিগকে উক্ত করে) সং, ক্লীং, সন্তানপরম্পরা, বংশ, কুল। প্রকৃতপক্ষে ব্রাহ্মণের মধ্যেই গোত্র ব্যবহার হয়, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং অন্যান্য সকল জাতির গোত্র তাহাদিগের পুরোহিতের নামেই কল্পনা করা হইয়াছে, বাৎস্য ব ভরদ্বাজ গোত্র বলিলে ব্রা[illegible] প্রতীতি হয় যে তিনি বাৎস্য বা ভরদ্বাজ গোত্রে জন্মগ্রহণ করিয়াছেন, কিন্তু ক্ষত্রি-য়াদির সম্বন্ধে তাহা বোধ হয় না কেবল তাহারা তত্তৎ ঋষির বংশজাত ব্রাহ্মণের যজমান বলিয়া বোধ হয়; যথা—বশিষ্ঠ, অত্রি, কশ্যপ, ভরদ্বাজ, বিশ্বামিত্র প্রভৃতি। "লোহপি স্বগোত্রেণ সহ বিবিধভোগানুপ-ভুক্তবান্।" ২। নাম। ৩। গোত্রপ্রবর্ত্তক শাণ্ডিল্য প্রভৃতি ঋষির সন্তানপরম্পরা। ৪। কুলপ্রবর্ত্তক ঋষি। ৫। অরণ্য। ৬। ক্ষেত্র। ৭। পথ। ৮। ছত্র। ৯। গোগৃহ।

১০। (গো পৃথিবী—ত্রৈ পালনকরা+অ(ড)—ক) পুং, পর্ব্বত; যথা—"গোত্রের প্রধান পিতা মুখবংশখ্যাত।" ১১। বিং, ত্রিং, কুৎসিত।

গোত্রজ (গোত্র—জ [জন্+অ(ড)—ক] জাত) বিং,ত্রিং, যে একগোত্রে জন্মিয়াছে, সগোত্র, বংশীয়। "দশাহেন সপিণ্ডাস্তু শুধ্যন্তি প্রেতসূতকে। ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুধ্যন্তি গোত্রজাঃ।" (ব্যাসবাক্য)।

গোত্রপ্রধান (গোত্র পর্ব্বত—প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয়। ২। (গোত্র কুল—প্রধান শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) কুলশ্রেষ্ঠ, গোষ্ঠিপতি।

গোত্রভাগ (গোত্র গোত্রজাত ব্যক্তি—ভাগ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, গোত্রজাত ব্যক্তিদিগের পরস্পরের ধনাদি বিভাগ। শিং—১ "গোত্র সাধারণং ত্যক্ত্বা যোঽন্য দেশং সমাশ্রিতঃ। তদ্বংশ্যস্যাগতস্যাংশঃ প্রদাতব্যো ন সংশয়ঃ। তৃতীয়ঃ পঞ্চমশ্চৈব সপ্তমো বাপি যো ভবেৎ। জন্মনামপরিজ্ঞাতে লভেতাংশং ক্রমাগতম্।"

গোত্রভিদ্ (গোত্র পর্ব্বত—ভিদ্ [ভিদ্ ভেদ করা+০(ক্বিপ্)—ক] যে ভেদ করে। যে বজ্র দ্বারা পর্ব্বত ভেদ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র,পর্ব্বতভেদকর্ত্তা। শিং—১"স্ফুটমিন্দ্রতাস্যময়ি গোত্রভিদা।"

গোত্রা (গোত্র পর্ব্বত+অ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী। ২। (গো+ত্র—সমূহার্থে। আপ্—স্ত্রীলিঙ্গে) গো-সমূহ।

গোদ (গো গোরু ইত্যাদি—দ যে দান করে, ২য়া—ষ। অথবা গা চক্ষুঃ—দৈ শোধন করা+অ(ড)—ক) সং,পুং, মস্তিষ্ক, মগজ। ২। গোদাবরীরনিকটস্থ দেশবিশেষ। ৩। (গো—দ যে দান করে) বিং, ত্রিং, গোদাতা, যে গোরু দান করে। ৪। (দেশজ) সং, রোগবিশেষ, পদস্ফীত রোগ।

গোদত্র (গোদ মস্তিষ্ক—ত্রৈ রক্ষা করা+অ(ড)—ক) সং, ক্লীং, মস্তিষ্ক রক্ষক মুকুটাদি।

গোদন্ত (গো গোরু—দন্ত। সামান্য কাঠিন্য হেতু গোদন্ত নাম হইল) সং, ক্লীং, হরিতাল। ২। (৬ষ্ঠী—ষ) পুং, গোরুরদাঁত।

গোদা } (গো জল—দা [দা দান
গোদাবরী } করা+০(ক্বিপ্)—ক] যে দেয়। ২য় পক্ষে—গো [স্নানহেতু] স্বর্গ—দা দান করা+ক্বনিপ—ক) সং, স্ত্রীং, নদীবিশেষ। শিং—১ "ততো গোদাবরীং রম্যাম্।"

গোদান (গো কেশ—দো ছেদন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, কেশান্ত সংস্কার, কেশছেদনরূপ সংস্কার। শিং—১ "অথাস্য গোদানবিধেরনন্তরম্।" (রঘু)। ২ "চূড়োপনয়নগোদানবিবাহাঃ সংস্কারাঃ।" ২। (—দা দান করা+অনট্—ভাবে) গোপ্রদান।

গোদারণ (গো ভূমি—দারণ যে ছেদন বা বিদীর্ণ করে) সং, ক্লীং, লাঙ্গল। ২। কোদাইল।

গোদুগ্ধ (গো—দুগ্ধ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গো-ক্ষীর, গাভীর দুগ্ধ।

গোদুহ্ (গো—দুহ্ দোহন করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, গোদোহনকারী, গোদোহক (দোয়াল)। শিং—১ "চিরং নিদধ্যৌ দুহতঃ স গোদুহঃ।" (মাঘ)। ২। গোপ। শিং—১ "চেতোঽস্মাকং গুণবদগুণং গোদুহাং দেহমেতৎ।"

গোদোহিনী (গো—দুহ্ দোহন করা+অন(অনট্)—ধি) সং, স্ত্রীং, গোদোহন পাত্র, দুধের ভাঁড়।

গোদ্রব (গো—দ্রব যে নির্গত হয়) সং, পুং, গোমূত্র।

গোধন (গো—ধন সমূহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গাভি সমূহ। ২। গোরূপ ধন,গাভিরূপ ধন। শিং—১ "অদ্যৈব কিং চিরেণস্ম ব্রজামঃ সহ গোধনৈঃ।" (হরিবংশ)।

গোধর (গো পৃথিবী—ধর [ধৃ ধারণ করা+অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, মহীধর, পর্ব্বত।

গোধা } (গুধ্ বেষ্টন করা+অ(অন্)
গোধিকা } —ক, আপ্—স্ত্রীং। গোধা+আকারে পূর্ব্বে ইক—স্বার্থে) সং, স্ত্রীং, গোসাপ। শিং—১ "শ্বাবিধং শল্লকং গোধাং খড়্গকূর্ম্মশশাস্তথা। ভক্ষ্যান্ পঞ্চনখেষ্বেতান্।" ২। (+অনট্—ণ) ধনুগুণাঘাত নিবারণার্থ বামপ্রকোষ্ঠের চর্ম্মময়

আবরণ। লিং—১ "ততশ্চটচটাশব্দো গোধাঘাতাদভূত্তয়োঃ।"

গোধাঙ্গুলিত্র (গোধা গোধাচর্ম্মনির্ম্মিত—অঙ্গুলিত্র, মৎ—স। মধ্যপদলোপ) সং, ক্লীং, গোধিকাচর্ম্ম-নির্ম্মিত দস্তানা; পূর্ব্বতন যোদ্ধৃবর্গ যুদ্ধযাত্রাকালে ইহা ব্যবহার করিতেন। ২। (দ্বং-স) চামাটী এবং প্রকোষ্ঠাবরক চর্ম্ম।

গোধি (গো চক্ষুঃ, জল—ধা ধারণকরা+ই—প্রং। অথবা গুধ্ বেষ্টনকরা+ই(ইন)—ধি) সং, পুং, ললাটদেশ। ২। গোধা।

গোধুম } (গুধ বেষ্টন করা+উম, উম
গোধূম } —প্রং) সং, পুং, গমশস্য।

গোধূমচূর্ণ (গোধূম—চূর্ণ গুঁড়) সং, ক্লীং, ময়দা। [গমের পালো।

গোধূমসার; সং, ক্লীং, গোধূমের সারাংশ,

গোধূলি (গো—ধূলি, ৭মী—হিং) সং, স্ত্রীং, সূর্য্যাস্তসময়, সূর্য্যের অস্তগমনকাল, গোধূলি সংযুক্ত কাল, গোধূলী; এই সময়ে গোসকল মাঠ হইতে গৃহপ্রত্যাগমন করে তাহাদের খুরাঘাতে ধূলি উত্থিত হয় সুতরাং সূর্য্যের অস্তগমন বেলা ঐ ধূলিসংযুক্ত হয় এই নিমিত্ত সূর্য্যাস্তগমন সময়ের নাম গোধূলি হইয়াছে। এই অনুসারে সূর্য্যোদয় কালকেও গোধূলি বলা যাইতে পারে কারণ সেই সময়ে গোসকল ক্ষেত্রে চরিতে যায় সুতরাং সে সময়ও গোধূলিযুক্ত হইয়া থাকে। গ্রীষ্মকালে যে সময়ে সূর্য্য অর্দ্ধ-অস্ত হন, হেমন্ত ও শিশিরে যে সময় সূর্য্যের তেজোহানি হইয়া পিণ্ডাকার প্রাপ্তি ঘটে এবং শরৎ, বর্ষা ও বসন্তে সূর্য্যাস্তের পর গোধূলি। লিং—১"গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্করে। গ্রীষ্মেহর্দ্ধাস্তমিতে বসন্ত সময়ে ভানৌ গতেহদৃশ্যতাং সূর্য্যোচাস্তমুপাগতে চ নিয়তং বর্ষাশরৎকালয়োঃ।"

গোধেনু (গো গোরু—ধেনু ঐ অর্থ) সং, স্ত্রীং, দুগ্ধবতী গবী।

গোধ্র (গো পৃথিবী—ধৃ ধারণ করা+অ(ক)—ক) সং, পুং, ভূধর, পর্ব্বত।

গোনন্দ; সং, পুং, কাশ্মীরের ভূতপূর্ব্ব নরপতি; ইনি যুধিষ্ঠিরের প্রায় সমকালেই রাজ্য করেন। শকারম্ভের ২৫।২৬ বৎসর পূর্ব্বে ইহাঁর রাজত্ব ছিল। ইনি মগধরাজ জরাসন্ধের বন্ধু; মথুরা আক্রমণ কালে ইনি জরাসন্ধের সাহায্য করিয়াছিলেন।

গোনন্দী (—নন্দিন্. গো জল—নন্দ্ ক্রীড়া করা+ইন্ 'ণিন্)—ক) সং, পুং, সারসপক্ষী। ২। গণবিশেষ।

গোনর্দ্দ (গো জল—নর্দ্দ্ শব্দ করা+অ (অন্)—ক) সং, পুং, সারসপক্ষী। ২। পর্ব্বতবিশেষ। ৩। দেশবিশে। ৪। কাশ্মীর দেশের নৃপবিশেষ।

গোনর্দ্দীয় (গো স্বর্গ—নর্দ্দীয় শব্দিত অর্থাৎ বিখ্যাত। অথবা গোনর্দ্দ+ঈয় 'ণীয়)—ভবার্থে) সং, পুং, পাণিনি মুনি।

গোনস } (গো গোরু—নস, নাসা না-
গোনাস } সিকা, ৬ষ্ঠী—হিং) সং,পুং, বৃহৎ সর্প, বোড়া প্রভৃতি।

গোনাথ; সং, পুং, বৃষ। ২। গোস্বামী। ৩। রাজা।

গোনিষ্যন্দ (গো—নিষ্যন্দ যে ক্ষরিত হয়) সং, পুং, গোমূত্র।

গোপ (গো গোরু, পৃথিবী—প [পা পালন করা+অ(ড)—ক] যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, গোয়ালাজাতি। লিং—১ "মণিবন্ধ্যাং তন্ত্রবায়াদ্ গোপজাতেশ্চ সংভবঃ।" ২। ভূপতি। লিং—১ "(দেবাঃ) ভুবনস্যাস্য গোপাঃ।" ৩। গোপাল, গোরক্ষক। পী—স্ত্রীং, গোয়ালিনী। ২। (গুপ্ রক্ষা করা+অ(অল্)—ক) পুং—স্ত্রীং, রক্ষক।

গোপক (গোপন দেখ, অক(ণক)—ক। অথবা গোপ+কন্—যোগ) বিং,ত্রিং, যে গোপন করে। ২। রক্ষক।৩। বহুগ্রামের অধ্যক্ষ।

গোপকন্যা (গোপ—কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোপজাতির কন্যা।

গোপতি (গো পৃথিবী ইত্যাদি—পতি প্রভু) সং, পুং, শিব। লিং—১ "গোপালি র্গোপতিগ্রামো গোচর্ম্মবসনো হরঃ।" ২। সূর্য্য। লিং—১ "মার্ত্তণ্ডো গোপতিঃ

শ্রীমান্ কৃতজ্ঞশ্চ প্রতাপবান্।" ৩। ভূপ, রাজা। শিং – ১ "গোপতিশ্চারচক্ষুঃ।" ৪। বৃষ। শিং – ১ "রাক্ষসাং বশমাপন্নং সিংহানামিব গোপতিম্।" ৫। অসুর-বিশেষ। শিং – ১ "গোপতিস্তালকেতুশ্চ।" ৬। ইন্দ্র। ৭। শ্রীপতি, শ্রীকৃষ্ণ।

গোপদল (গোপ রক্ষণ – দল পত্র) সং, পুং, সুপারিগাছ।

গোপন (গুপ্ রক্ষা করা, লুক্কায়িত করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, রক্ষণ। ২। অদৃশ্যকরণ, লুকান। শিং – ১ "সৈন্যেন মহতাযুক্তং ভরদ্বাজস্য গোপনে।"

গোপনীয় (গোপন দেখ, অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, অপ্রকাশ্য, গোপ্য। শিং – ১ "গোপনীয়ং প্রযত্নেন ন বাচ্যং যস্য কস্যচিৎ।" ২। রক্ষণীয়।

গোপরিচর্য্যা (গো – পরিচর্য্যা সেবা, ৬ষ্ঠী – য) সং, স্ত্রীং, গোসেবা।

গোপবধূ (গোপ – বধূ, ৬ষ্ঠী – য) সং, স্ত্রীং, গোপজাতীয়া-স্ত্রী, গোপভার্য্যা। শিং – ১ "প্রকৃতিমগমন্ কিল যস্য গোপবধ্বঃ।"

গোপবল্লভ (গোপ – বল্লভ প্রিয়, ১মা – হিং) সং, পুং, শ্রীকৃষ্ণ। ২। বিং, ত্রিং, গোপগণের প্রিয়।

গোপাদিত্য; সং, পুং, কাশ্মীরের রাজাবিশেষ; কলির ২৭০১ বর্ষ গতে ইনি রাজ্য গ্রহণ করেন।

গোপাধ্যক্ষ (গোপ – অধ্যক্ষ, ৬ষ্ঠী – য) সং, পুং, গোপগণের রক্ষক। শিং – ১ "গোপাধ্যক্ষো ভয়ত্রস্তো রথমাস্থায় সত্বরঃ।"

গোপানসী (গুপ্ রক্ষা করা + নস(নসট্) – ক, ঈপ্ – স্ত্রীং। আ – আগম) সং, স্ত্রীং, বড়ভী, ঘরের চালের বা ছাদের নিম্নস্থ বক্রকাষ্ঠ, পাইড়। শিং – ১ "গোপানসীষু ক্ষণমাস্থিতানাম্।" (মাঘ)।

গোপায়ক (গুপ্ রক্ষা করা + আয় – ক। ক – যোগ) বিং, ত্রিং, রক্ষক। শিং – ১ "গোপায়কানাং ভুবনত্রয়স্য।" (কিরাত)।

গোপায়ন (গুপ্ + আয় = গোপায় + অন(অনট্) – ভা) সং, ক্লীং, গোপন, রক্ষা। শিং – ১ "গোপায়নং প্রকুরুতে জগতঃ সার্ব্বলৌকিকম্।" (হরিবংশ)। ২। (+ অনট্ – ক) বিং, ত্রিং, রক্ষক। শিং – ১ "গোপানাং বহুসহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ।"

গোপায়িত (গুপ্ রক্ষা করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত। ২। পুষ্ট।

গোপাল (গো গোরু, পৃথিবী – পাল যে পালন করে, ২য়া – য) সং, পুং, শ্রীকৃষ্ণের বাল্যরূপ। ২। গোপ, রাখাল। ৩। ভূপতি। শিং – ১ "গোপালেন প্রজাধেনো র্বিত্তদুগ্ধং শনৈঃ শনৈঃ। পালনাৎ পোষণাদ্রাজ্যম্।" ৪। 'রাধাকৃষ্ণ-রসকল্প-বল্লী' নামক গ্রন্থের রচয়িতা বৈষ্ণববিশেষ, ইহাঁর নাম রাম-গোপালদাস।

গোপালক (গো গোরু বা পৃথিবী – পাল্ রক্ষা করা + অক(ণক) – ক) সং, পুং, কৃষ্ণ। ২। শিব। ৩। গোরক্ষক, যে গো-সকল রক্ষা করে।

গোপালচম্পূ; সং, পুং, জীবরাজকৃত গোপাল-লীলা বর্ণন গ্রন্থ।

গোপালবর্ম্মা; সং, পুং, কাশ্মীরাধিপতি শঙ্কর বর্ম্মার পুত্র।

গোপালী; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।

গোপাষ্টমী (গোপ – অষ্টমী) সং, স্ত্রীং, কার্ত্তিক মাসের শুক্লাষ্টমী। এই দিনে শ্রীকৃষ্ণ গো-পালনে নিযুক্ত হন। এই দিনে সংযত হইয়া গোপূজা, গোগ্রাসদান, গোপ্রদক্ষিণ ও গবানুগমন দ্বারা অভীষ্ট লাভ হয়।

গোপিকা (গোপী + কণ্ – যোগ) সং, স্ত্রীং, গোয়ালিনী, গোপের স্ত্রী। ২। রক্ষিকা।

গোপিত্ত; সং, ক্লীং, গোরোচনা। ২। গন্ধ দ্রব্যবিশেষ।


গোপীকামোদী; সং, স্ত্রীং, কামোদ ও কেদারী যোগে উৎপন্ন রাগিণীবিশেষ।

গোপীগীতা; সং, স্ত্রীং, গোপীগণ-কর্তৃক কৃত শ্রীকৃষ্ণের স্তুতিবিশেষ।

গোপীজনবল্লভ (গোপীজন – বল্লভ, ৬ষ্ঠী – য) সং, পুং, গোপীগণের প্রিয় শ্রীকৃষ্ণ। শিং – ১ "গোপীজনবল্লভায় স্বাহা।"

গোপীনাথ—অগ্রদ্বীপের গোপীনাথজীর বিগ্রহ। চৈতন্যশিষ্য ঘোষঠাকুরের প্রতিষ্ঠিত।

গোপীযন্ত্র—একতারা বাদ্যযন্ত্রবিশেষ; ইহা বাউলেরাই ব্যবহার করে। একটী সার্দ্ধ-এক হস্ত পরিমিত গ্রন্থিযুক্ত সরু বংশ দণ্ডের গ্রন্থি-যুক্ত প্রান্তের ছয় সাত অঙ্গুলি অখণ্ড রাখিয়া অবশিষ্ট অংশ সমান চারি ভাগে বিভক্ত ক-রিয়া তাহার পরস্পর বিপরীত দুইটি ভাগ ত্যাগ করিবে, অপর দুইটি অংশের প্রান্তে একটি অলাবু নির্ম্মিত খোল আবদ্ধ করিয়া তাহাতে একগাছি তার আবদ্ধ করিতে হয়। ঐ তার দুই বংশ খণ্ডের মধ্যে অব-স্থিত ও একটি প্রান্ত অখণ্ডিত প্রান্তে কীলকবদ্ধ, অপরটি ঐ খোলে আবদ্ধ থাকে।



গোপীযন্ত্র।

গোপীসাথ (দেশজ) রাধিকার অষ্টসখী, আধ্যাত্মিক অর্থে শমদমাদি অষ্টবিধ ধর্ম্ম-প্রবৃত্তি।

গোপুচ্ছ (গো গোরু—পুচ্ছ লেজ। যে গোরুর পুচ্ছ সদৃশ) সং,পুং,গোরুর লেজ। ২। হারবিশেষ। ৩। গোলাঙ্গুলাখ্য বানর।

গোপুর (গুপ্ রক্ষাকরা+উর—র্ম্ম,সংজ্ঞার্থে) সং, ক্লীং, পুরদ্বার, নগরদ্বার। শিং—১ "পুরগোপুরং প্রতি সসৈন্যসাগরম্।" ২। দ্বার। ৩। (+উর—ণ) মুস্তকবিশেষ।

গোপুরীষ (গো—পুরীষ বিষ্ঠা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোময়, গোবর।

গোপেন্দ্র (গোপ—ইন্দ্র প্রভু, প্রধান) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ। শিং—১ "গোপেন্দ্রস্যাত্মজে জ্যেষ্ঠে নন্দগোপকুলোদ্ভবে।"

গোপ্তব্য (গুপ্ রক্ষা করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, অপ্রকাশ্য। ২। রক্ষণীয়। "পৌর-জানপদা শৈচব গোপ্তব্যাস্তে যথাসুখম্।"

গোপ্তা(গোপ্তৃ,গুপ্ রক্ষাকরা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, রক্ষক, রক্ষাকর্ত্তা। ২। প্রতি-পালক। ৩। অধ্যক্ষ। শিং—১"ভর্ত্তা গোপ্তা চ ভূতানাং রাজা পুরুষবিগ্রহঃ।" গ্রী—স্ত্রীং,রক্ষাকর্ত্রী। "গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং।"

গোপ্য (গোপন দেখ, য—র্ম্ম) সং,পুং, ভৃত্য। ২। দাসীপুত্র। ৩। বিং, ত্রিং, রক্ষণীয়। ৪। গোপনীয়, গোপন করিবার যোগ্য। শিং—১"আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৈথুন ভেষজম্। তপোদানাপমানঞ্চ (অপমানত-পোদানং) নব গোপ্যানি যত্নতঃ।" ২। দা-রেষু কিঞ্চিৎ পুত্রেষু কিঞ্চিৎ গোপ্যং বয়-স্যেষু সুতেষু কিঞ্চিৎ।" [ভৃত্য।

গোপ্যক (গোপ্য+ক—যোগ) সং,পুং, দাস,

গোপ্যাধি (গোপ্য রক্ষণীয়—আধি গচ্ছিত বস্তু, যং—স) সং, পুং, রক্ষণীয় অধিকৃত বস্তু, যে বন্ধকী বস্তু রক্ষণীয় ভোগ্য নহে।

গোপ্রকাণ্ড (গো—প্রকাণ্ড প্রশস্ত) সং,পুং, শ্রেষ্ঠ গো, উত্তম গোরু।

গোপ্রচার (গো—প্রচার [প্র—চর্ গমনকরা +অ(ঘঞ্)—ধি] গমন) সং, পুং, গোচর, যে স্থানে গোরু চরে,গ্রামস্থ সর্ব্বসাধারণের গরু চরিবার নিমিত্ত যে স্থান নিরূপিত থাকে। শিং—১ "গোপ্রচারকথা পুণ্যা গোপীনাং দ্বারকাগমঃ।"

গোপ্রতর } গোপ্রতার } (গো—প্রতর, প্রতার [প্র—তৃ পার হওয়া+অ(অল্),অ(ঘঞ্)—ভা] পারহওন,৬ষ্ঠী—ষ) সং,পুং, গোদিগের পার হওয়া। ২। (+অল্,ঘঞ্—ধি) তীর্থবিশেষ। শিং—১"গোপ্রতারং ততো গচ্ছেৎ সরয্যাস্তীর্থমুত্তমম্। যত্র রামো গতঃ স্বর্গং সভৃত্যবলবাহনঃ।"

গোপ্রদ (গো গোরু—প্রদ প্রদানকর্ত্তা, য়ং—স) বিং, ত্রিং, যে গোরু প্রদান করে, গোদানশীল। ২। (গো গোতুল্য বস্তু—প্রদ প্রদাতা, য়ং—স, মধ্যপদলোপ) যে গোদানের তুল্য ফলপ্রদ বস্তু দান করে; যথা—মনুষ্য গো প্রদান না করিয়া গোপ্রদ বলিয়া অভিহিত হইতে পারে।

গোবর (গোবিট শব্দজ) সং,গোময়,গোবিষ্ঠা।

গোভৃৎ (গো পৃথিবী—ভৃৎ [ভৃ ধারণ করা +০(ক্বিপ্)—ক] যে ধারণ করে) সং,পুং, পর্ব্বত। শিং—১ "মাদ্যেন গোভৃচ্ছিখরেষু মত্তাঃ নৃত্যন্তি গোকর্ণশরীরভক্ষাঃ।"

গোমক্ষিকা (গো—মক্ষিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোরুর ক্লেশদায়িকা মক্ষিকা, ডাঁস।

গোমণ্ডল ; সং, ক্লীং, গোসমূহ। শিং — ১ "ভোয়াপদি ছুস্তরায়াং গোমণ্ডলস্যোঙ্করণ-ঝঙ্কার।" ২। ভূমণ্ডল। ৩। কিরণ-সমূহ।

গোমতল্লিকা (গো — মতল্লিকা প্রশস্ত) সং, স্ত্রীং, সুশীলা গো, উত্তম গোরু।

গোমথ (গো দুগ্ধ — মথ্ আলোড়ন করা + অ(অন্) — ক) সং, পুং, গোপ, গোয়ালা।

গোমন্ত (গো পৃথিবী — মন্ বুঝা + ত(ক্ত) — প্রং) সং, পুং, বিন্ধ্যপর্ব্বতের প্রত্যন্ত পর্ব্বত, পশ্চিমঘাটে গোয়া সন্নিহিত প্রদেশে অবস্থিত। এই স্থানে শ্রীকৃষ্ণ ও জরাসন্ধের সহিত যুদ্ধ হয়। শিং — ১ "গোমন্তমিতি বিখ্যাতং নৈকশৃঙ্গবিভূষিতম্।" ২। গো-সমূহ। ৩। যাহার গোরু আছে।

গোময় (গো + ময়(ময়ট্) — পুরীষার্থে) সং, পুং — ক্লীং, গোবিষ্ঠা, গোবর। শিং — ১ "গোময়াৎ বৃশ্চিকো জায়তে।"

গোময়োত্থা (গোময় গোবর — উত্থ যে উঠে বা উৎপন্ন হয়, ৫মী — ষ) সং, স্ত্রীং, গোময় জাত কীট, গোবরিয়া পোকা।

গোমসূর্য্যাধান (Vaccination, গো — মসূরী — আধান, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, গোবীজে টীকা দেওয়া।

গোমসূর্য্যাহিত (গো — মসূরী — আহিত, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার গোবীজে টীকা দেওয়া হইয়াছে।

গোমাতা (গো — মাতা, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, গো সমুদায়ের মাতা সুরভি। ২। কশ্যপ-পত্নীবিশেষ।

গোমান্ (গোমৎ, গো + মৎ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, যার অনেক গোরু আছে। ২। স্তুতি-বাদক। ৩। কিরণশালী। ৪। চক্ষুষ্মান্। মতী — স্ত্রীং, নদীবিশেষ, গুমটী। শিং — ১ "গোমতী ধূতপাপাঞ্চ গণ্ডকীঞ্চ মহানদীম্।" (ভারত)। ২। বৈদিক মন্ত্রবিশেষ।

গোমায়ু (গো শব্দ ইত্যাদি — মা পরিমাণ করা + উ(উন্) — ক। য — আগম) সং, পুং, শৃগাল, শিয়াল। শিং — ১ "বিড়্ বরাহ-খরোষ্ট্রাশ্চ গোমায়োঃ কপিকাকয়োঃ। প্রাশ্য মূত্রপুরীষাণি দ্বিজশ্চান্দ্রায়ণং চরেৎ।" ২। গন্ধর্ব্ববিশেষ।

গোমাস্তা (যাবনিক) যে ব্যক্তি খাজানা সং-গ্রহ বা আদায় করে। ২। মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোমী (গোমিন্, গো + মিন্ — অস্ত্যর্থে) সং, ত্রিং, যার অনেক গোরু আছে। ২। উপাসক। ৩। পুং, শৃগাল।

গোমুখ (গো — মুখ, ৬ষ্ঠী — হিং) সং, ক্লীং, কুটিলাকার বাদ্যভাণ্ড, শৃঙ্গাদি। ২। কুটি-লাকার গৃহ। ৩। সিঁধ। ৪। বিলেপন। ৫। পুং, কুম্ভীর। ৬। প্রমথবিশেষ। ৭। যক্ষ-বিশেষ। খী — স্ত্রীং, হিমালয়ের গোমুখাকার গুহা। ২। নদীবিশেষ, হিমালয়ে যথায় গঙ্গার উৎপত্তি হইয়াছে। ৩। ক্লীং — স্ত্রীং জপমালার থলি। ৪। ঝুঁড়াজালি।

গোমূত্র (গো — মূত্র, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, গোরুর প্রস্রাব, চোনা। শিং — ১ "শুদ্ধির্বিজানতা কার্য্যা গোমূত্রেণোদকেন বা।"

গোমূত্রিকা (গোমূত্র + ক — প্রং। আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, চিত্রকাব্যের বন্ধবিশেষ। ২। শ্লোকরচনাবিশেষ। শিং — ১ "বর্ণানামেকরূপত্বং যদ্যেকান্তরমর্দ্ধয়োঃ। গোমূত্রিকেতি তৎপ্রাহু ২ষ্করং তদ্বিদো বিদুঃ।" ৩। প্রচারাদি। শিং — ১ "গোমূত্রিকা প্রচরেযু।" ৪। প্রসিদ্ধ তৃণ।

গোমেদ (গো চক্ষুঃ — মিদ্ স্নিগ্ধ হও ইত্যাদি + অ(অল্) — ণ) সং, পুং, পীতবর্ণ মণিবিশেষ। ২। দ্বীপবিশেষ।

গোমেধ (গো — মেধ (মিদ্ স্নিগ্ধহওয়া + অ — ধি) যজ্ঞ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, গো নামক যজ্ঞবিশেষ। শিং — ১ "অশ্বালম্ভং গবালম্ভং সংন্যাসং পলপৈতৃকম্। দেবরাৎ সুতোৎপত্তিঃ কলৌ পঞ্চ বিবর্জ্জয়েৎ।"

গোযান (গো পরাকৃষ্ট — যান শকট, ষং — সং, ক্লীং, গোরুর গাড়ি। শিং — ১ "গোনেনাগতস্তুষ্টঃ পাদাভ্যাং শুভচেষ্টিতঃ।"

গোরক্ষক (গো গাভি, পৃথিবী — রক্ষ র করা + অক(ণক) — ক) সং, পুং, গোপাল, রাখাল। ২। রাজা। ৩। বিং, ত্রিং, গো পালনকারী। শিং — ১ "গোরক্ষকান্ বাণিজিকান্ তথা কারুকুশীলবান্ প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ।"

গোরথ ; সং, পুং, মগধদেশস্থ পর্ব্বতবিশেষ।

গোরস (গো—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, গো-শরীর হইতে নির্গত রস, দুগ্ধ। ২। দধি ; ঘৃত ; নবনীত। শিং—১"আঢ্যানাং মাংসপরমং মধ্যানাং গোরসোত্তরম্। তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনং ভরতর্ষভ।"

গোরসজ (গোরস—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, তক্র, ঘোল।

গোরা (গৌরশব্দজ) শুভ্র; যথা—"গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল।"২। (দেশজ) ইউরোপীয় সৈন্যবিশেষ। [বৃষশ্রেষ্ঠ।

গোরাজ (গো—রাজা শ্রেষ্ঠ,৭মী—ষ) সং,পুং,

গোরাটী } (গো বাক্য—রট বলা, উ-
গোরিকা } চ্চারণ করা+অ(অন্)—প্রং। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শারিকা পক্ষিণী।

গোরু (গোশব্দজ) সং, বৃষ, গবী।

গোরুত ; সং, ক্লীং, ক্রোশদ্বয় পরিমাণ।

গোরোচ (গো কিরণ—রোচ যে দীপ্তি পায়) সং, ক্লীং, হরিতাল।

গোরোচনা (গো—রোচ্ দীপ্তিপাওয়া+অন (অনট্)—ণ) সং,স্ত্রীং,গোমস্তকলব্ধ উজ্জ্বল পীতদ্রব্যবিশেষ, গোমস্তক-স্থিত শুষ্কপিত্ত।

গোর্দ্দ (গুর্দ্ চেষ্টা করা+দ—প্রং) সং, ক্লীং, মস্তিষ্ক।

গোল } (গুড্ গোল হওয়া+অ(অন্)
গোলক } —ক। ড=ল) সং, পুং, বর্ত্তুলাকার বস্তু। শিং—১ "অয়োগোলক।" ২। যে দারুময় বর্ত্তুলে পৃথিবী ও আকাশের প্রতিরূপ অঙ্কিত আছে। শিং—১ "ভূগোলস্ত।" ২ "সূর্য্যাস্তগোলযোর্মধ্যে।" ৩। জারজসন্তান, পতির মৃত্যুর পর উপপতি হইতে জাত পুত্র। শিং—১ "মৃতে ভর্ত্তরি গোলকঃ।" ৪। ক্লীং, মণ্ডল। লা—স্ত্রীং, (গো ভূমি—লা গ্রহণ করা+অ(ড)—ক,আপ্। আধারহেতু যে বহুভূমি গ্রহণ করে) গোদাবরীনদী। ২। সখী। ৩। কুনুকী। ৪। বালকের ক্রীড়নক। ৫। দুর্গা।

গোলক্ষণ (গো—লক্ষণ) সং, ক্লীং, গোরুর শুভাশুভসূচক চিহ্ন। [য়াজ করে।

গোলন্দাজ (যাবনিক) যাহারা বন্দুকের আও-

গোলমরিচ ; সং, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ।



গোলমরিচ।

২। তৎফল।

গোলা (গোলশব্দজ) সং, ধান্যাদির আগার। ২। কাষ্ঠাদি নির্ম্মিত গোলাকার ক্ষুদ্রপদার্থ; বালকেরা ইহার দ্বারা ক্রীড়া করে। ৩। বর্ত্তুলাকার লৌহপিণ্ড।

গোলাঙ্গুল (গো—লাঙ্গুল লেজ) সং, পুং, কৃষ্ণমুখ বানর-বিশেষ। ২। ন্যায়বিশেষ। ৩। ক্লীং, গোরুর লেজ।

গোলাম (যাবনিক) ভৃত্য, চাকর।

গোলাস (গো গোময়—লাস উৎপত্তি, ৭মী—হিং) সং, পুং, গোময়চ্ছত্রিকা, কোঁড়ক, ছাতা। ২। গোময়কীট।

গোলোক (গো স্বর্গ—লোক ভুবন, য়ং—স) সং, পুং, বৈকুণ্ঠ, কৃষ্ণের স্থান, পরমধাম ; শুদ্ধচিৎ ও পরাপ্রকৃতির নির্ম্মল বিহারস্থান ; এই স্থানে মায়া-প্রকৃতি পরা-প্রকৃতির ন্যায় চিৎসংসর্গে অপেক্ষাকৃত মলিন ভাবে অতুল অনন্ত ঐশ্বর্য্যে বিভূষিতা হন। আধ্যাত্মিক বৈষ্ণবগণ ইহাকেই গোলোকধাম নির্দ্দেশ করিয়া থাকেন। শিং—১"নিরাধারশ্চ বৈকুণ্ঠো ব্রহ্মাণ্ডানাং পরো বরঃ। তৎপরশ্চাপি গোলোকঃ পঞ্চাশৎ কোটিযোজনাৎ।" ২। স্বর্গধাম। "ত্রয়াণামপি লোকানামুপরিষ্ঠান্নিবৎস্যসি। মৎপ্রসাদাচ্চ বিখ্যাতো গোলোকঃ স ভবিষ্যতি।"

গোলোমিকা (গোলোমের ন্যায় লোম যাহার) সং, স্ত্রীং, প্রস্তরিণী, পাথুরী।

গোলোমী (গোলোম সদৃশ বলিয়া) সং, স্ত্রীং, শ্বেত দূর্ব্বা। [গোরুর বৎস, বাছুর।

গোবৎস (গো—বৎস, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

গোবৎসাদী (—সাদিন্, গোবৎস—অদ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, বৃক, নেকড়ে বাঘ।

গোবন্দনী (গো পৃথিবী—বন্দ বন্দনা করা + অন(অনট্)—র্ম্ম, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, প্রিয়ঙ্গু। ২। পীতদণ্ডোৎপল।

গোবর্দ্ধন (গো গোরু—বর্দ্ধন [বৃধ্ বৃদ্ধি করা + অন(অনট্)—ক] যে বাড়ায়, ২য়া—য। গোপগণ ইহার নিকট গোষ্ঠ করিয়া ইহারই আশ্রয়ে গোধন প্রতিপালন করিত বলিয়া ইহার নাম গোবর্দ্ধন হইল) সং, পুং, বৃন্দাবনস্থ পর্ব্বত-বিশেষ। শিং—১ "গোবর্দ্ধনধর।" ২ "প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতঞ্চৈব সমাচরেৎ।"


গোবর্দ্ধনধর (গোবর্দ্ধন পর্ব্বতবিশেষ—ধর [ধৃ ধারণ করা + অ(অন্)—ক] যে ধরে। প্রসিদ্ধি আছে যে, শ্রীকৃষ্ণ তাঁহার ঐশ্বরিক শক্তি প্রমাণ করিবার জন্য এই পর্ব্বতকে একাঙ্গুলি দ্বারা উত্থিত করিয়া প্রবল ঝটিকা হইতে গোপালগণকে আশ্রয় দিয়াছিলেন) সং, পুং, কৃষ্ণ।

গোবর্দ্ধনধারী (—ধারিন্, গোবর্দ্ধন—ধৃ ধরা + ইন্(ণিন্)—ক) সং, পুং, শ্রীকৃষ্ণ।

গোবলীবর্দ্দ ন্যায়—ন্যায় (২০) দেখ।

গোবশা (গো—বশা বন্ধ্যা) সং, স্ত্রীং, বন্ধ্যা গোরু।

গোবাঘা; সং, হিংস্রক জন্তুবিশেষ।



গোবাঘা।

গোবাট; সং, ক্লীং, গোশালা, গোষ্ঠ। শিং—১ "সার্গলদ্বারগোবাটং মধ্যে গোস্থানসঙ্কুলম্।" (হরিবংশ)।

গোবাস (গো—বস্ বাস করা + অ(ঘঞ্)—ধি) সং, পুং, গোসমুদায়ের বাসস্থান, গোষ্ঠ। শিং—১ "নিবেশনমথাজগ্মুর্জরাসন্ধস্য ধীমতঃ। গোবাসমিব বীক্ষন্তঃ সিংহা হৈমবন্তা যথা।" (ভারত)।

গোবাসন; সং, পুং, গোপালক-মুনিবিশেষ।

গোবিকর্ত্ত (গো গোরু, পৃথিবী + বি—কৃৎ ছেদন করা + অ(অন্)—ক) বিং, ত্রিং, গোঘাতক। ২। ভূমিকর্ষক, হালিক।

গোবিকর্ত্তা (—কর্ত্তৃ, গোবিকর্ত্ত দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, পাকাদির জন্য গোঘাতক। শিং—১ "আরালিকো গোবিকর্ত্তা সূপকর্ত্তা নিষোধকঃ।" (ভারত)।

গোবিট্ (গোবিষ্, গো—বিট্ বিষ্ঠা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্ত্রীং, গোময়, গোবিষ্ঠা, গোবর।

গোবিন্দ (গো [বেদের] ভাষা—বিন্দ যে জানে, ২য়া—ষ। অথবা গো গোরু, স্বর্গ—বিদ্ পাওয়া + অ—প্রং। যাহা হইতে স্বর্গ পাওয়া যায়, অথবা যিনি গো রক্ষা দ্বারা সুখ পান। কিম্বা গো বিশ্বসমূহাদি—বিদ্ জানা + অ(শ)—ক। মহাভারতে—যিনি ইন্দ্রিয়গণকে প্রকাশ করিয়াছেন বলিয়া গোবিন্দ নামে বিখ্যাত) সং, পুং, কৃ[illegible] শিং—১ "গোবিন্দো বেদনাদ্‌গবাম [illegible]্যতে)।" ২ "গাং বিন্দতা ভগবতা গোবিন্দেন (বরাহরূপিণা) নষ্টাং তু ধরণীং পূর্ব্বমবিন্দন্ বৈ গুহাগতাম্॥ গোবিন্দ ইতি তেনাহং বেদৈর্ব্বাগ্‌ভিরভিষ্টুতঃ।" ৩ "অহং কিলেন্দ্রো দেবানাং ত্বং গবামিন্দ্রতাংগতঃ॥ গোবিন্দ ইতিলোকাস্ত্বাং স্তোষ্যন্তি ভুবি শাশ্বতম্।" ৪ "গাঞ্চ বিশ্বসমূহঞ্চ বিন্দতে যোঽবলীলয়া। জ্ঞানসিন্ধু সমূহশ্চ গোবিন্দ স্তেন কীর্ত্তিতঃ।" ২। বৃহস্পতি। ৩। বিং, ত্রিং, গোপালক।

গোবিন্দকূট; সং, পুং, বিদ্যাধরগণের অধিষ্ঠিত পর্ব্বতবিশেষ।

গোবিন্দদ্বাদশী; সং, স্ত্রীং, ফাল্গুনমাসীয় পুষ্যানক্ষত্রযুক্তা শুক্লাদ্বাদশী। ইহাতে উপবাস করিয়া যথাবিধি গোবিন্দের অর্চ্চনা করিলে সমস্ত পাপ নষ্ট হয়। শিং—১ "গোবিন্দদ্বাদশী নাম সর্ব্বপাপবিনাশিনী। তস্যামুপোষ্য বিধিবন্নরঃ প্রক্ষীণকল্মষঃ।"

গোবিষাণ (গো—বিষাণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোরুর শৃঙ্গ। শিং—১ "অনর্থক মনায়ুষ্য গোবিষাণস্য ভক্ষণম্।" (ভারত)।

গোবিষাণিক (গো—বিষাণ + ইক(ষ্ণিক)

ত্বার্থে) সং, পুং, গোশৃঙ্গনির্ম্মিত বাদ্য-বিশেষ। শিং—১ "পটহান্ ঝর্ঝরাংশ্চৈব ক্রকচান্ গোবিষাণিকান্।"

গোবিষ্ঠা ; সং, স্ত্রীং, গোময়।

গোবৃন্দ ; সং, ক্লীং, গোসমূহ।

গোবৃন্দারক (গো গোরু+বৃন্দারক—প্রশস্তার্থে) সং, পুং, শ্রেষ্ঠ গো, উত্তম গোরু।

গোব্রজ (গো—ব্রজ্ গমন করা+অ(ক)—ধি) সং, ক্লীং, গোপতিস্থান, গোষ্ঠ।

গোশকৃৎ ; সং, ক্লীং, গোময়। শিং—১ "উদকুম্ভং সুমনসো গোশকৃন্মৃত্তিকাঃ কুশান।" (মনু)।

গোশাল (গো—শালা, ৬ষ্ঠী—ষ। আ=অ) সং, ক্লীং—স্ত্রীং, গোরু থাকিবার স্থান, যে স্থানে গোরু থাকে।

গোশীর্ষ (গো—শীর্ষ মস্তক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোমস্তক। ২। চন্দন। ৩। হরিচন্দন। শিং—১ "গোশীর্ষং চন্দনং যত্র (বৃষভে পর্ব্বতে) পদ্মককান্তি সংনিভম্। দিবামুৎপদ্যতে যত্র তচ্চৈবাগ্নিশিখোপমম্।" ৪। অস্ত্রবিশেষ।

গোশৃঙ্গ (গো—শৃঙ্গ। গোশৃঙ্গের ন্যায় যাহার শৃঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুনিবিশেষ। ২। (গো—শৃঙ্গ, ৬ষ্ঠী—ষ) গোরুর শৃঙ্গ। ৩। পর্ব্বত-বিশেষ। শিং—১ "নিষাদ ভূমিং গোশৃঙ্গং পর্ব্বতপ্রবরং তথা।" ৪। হিন্দুদিগের একটী প্রাচীন শুষির যন্ত্র ; ইহা গোশৃঙ্গে নির্ম্মিত। ইহা সামরিক যন্ত্র।

গোষদ্ (গো বাক্য—সদ্ অবসন্ন হওয়া+০(ক্বিপ্)—ক, স=ষ) বিং, ত্রিং, কথা কহিতে যাহার বাক্য স্খলিত হয়, জড়িত বাক্, তোত্‌লা।

গোষ্ঠ (গো পশু—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে। গোরুসকল যেথানে থাকে) সং, পুং—ক্লীং, যে স্থানে গো প্রভৃতি পশু রাখে, যেখানে রাত্রিতে পশুযূথ রুদ্ধ করিয়া রাখে ; যেখানে পশু চরায়, গোঠ।

গোষ্ঠাগার (গোষ্ঠ সভা—আগার, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সভাগৃহ। ২। বহুজনের আগার। ৩। গঞ্জ। ৪। গোপ্রচারগৃহ।

গোষ্ঠাধ্যক্ষ (গোষ্ঠ সভা—অধ্যক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সভাধ্যক্ষ, গোষ্ঠীপতি। ২। গোষ্ঠের তত্ত্বাবধায়ক।

গোষ্ঠাষ্টমী ; সং, স্ত্রীং, গোপাষ্টমী, কার্ত্তিকী [শুক্লাষ্টমী।

গোষ্ঠী (গোষ্ঠ্ সমারোহ করা, একত্র করা +অ(ক)—ষঞর্থে) সং, স্ত্রীং, যে স্থানে অনেকে সমবেত হয়, সভা। ২। পরিবার, পোষ্যবর্গ। শিং—১ "বিবং গোষ্ঠী বৃষ্ণিব্রস্য।" ৩। জ্ঞাতি। ৪। সংলাপ ; যথা— "গোষ্ঠীসুখমনুভবন্তি।" ৫। অষ্টাদশ উপরূপকের মধ্যে একবিধ দৃশ্যকাব্য। ইহা এক অঙ্কে গ্রথিত। ইহার নাট্য প্রবর্ত্তক ৯।১০ জন পুরুষ এবং ৫।৬টী স্ত্রীলোক।

গোষ্ঠীপতি (গোষ্ঠী—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরিবার পালক, গোত্রজ ব্যক্তিদিগের কর্ত্তা। ২। সমবেত বহুসংখ্যক লোকের মধ্যে প্রধান ব্যক্তি, সভাপতি।

গোষ্ঠেশয় (গোষ্ঠে—শী শয়ন করা+অ (অন্)—ক) বিং, ত্রিং, গোত্রতার্থ যে গোষ্ঠে শয়ন করিয়া থাকে।

গোষ্পদ (গো—পদ, ৭মী—হিং। ষ্—আগম) সং, ক্লীং, গোখুর চিহ্নের পরিমিত স্থান। ২। গোরুর পদচিহ্ন। ৩। যে স্থানে সর্ব্বদা গোরুর গতায়াত আছে। শিং—১ "লবণ জলনিধির্গোষ্পদীকৃতো মে।"

গোষ্পদীকৃত (গোষ্পদ—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম, ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, যাহা গোরুর পদচিহ্নের তুল্য করা হইয়াছে। শিং—১ "গোষ্পদীকৃতসাগরায়্।"

গোস (গো জল, নীহার—সো নাশ করা, শোষণ করা+অ(ক)—ক) সং, পুং, প্রভাত, প্রাতঃকাল।

গোসঙ্খ্য (গো গোরু—সম্—খ্যা [বলা] গণনা করা+অ(ড)—ক) সং, পুং, গোপ। ২। গো-সঙ্খ্যাতা। শিং—১ "তেষাং গোসঙ্খ্য আসং বৈ তন্ত্রিপালেতি মাং বিদুঃ।" (ভারত)।

গোসঙ্গ (গো গোরু—সঙ্গ মিলন। যে সময়ে গোসমূহ একত্রিত হয়) সং, পুং, প্রভাত, প্রাতঃকাল।

গোসর্গ (গো গোরু—সর্গ অগ্রসর। যে

সময়ে গোরুর পাল মাঠে চরিতে অগ্রসর হয়) সং, পুং, প্রাতঃকাল।

গো-সর্প; সং, পুং, গোসাপ।

গোসর্পিকা (গো—সর্পিকা [স্বপ্ গমন করা +ণক—ক, আপ্] যে গমন করে) সং, স্ত্রীং, বেশ্যা। ২। স্ত্রী-গোসাপ।

গোসব (গো—সব যজ্ঞ) সং, পুং, গোমেধ-যজ্ঞ। [অভিমান।

গোসা (যাবনিক ভাষা) সং, রাগ, ক্রোধ,

গোসাদ (গো গোরু—সদ্-ণিচ্=সাদি পাওয়ান, চালান+অ(ষণ্)-ক) বিং,ত্রিং, যে গোরু চালায়, গোচালক, গোসারথি।

গোস্তন (গো—স্তন। যাহা গোরুর স্তনের ন্যায় গুচ্ছ করা) সং, পুং, চারি নর হার। ২। গোরুর স্তন। নী—স্ত্রীং, (যে ফলের আকার গরুর স্তনের মত) দ্রাক্ষা, আঙ্গুর।

গোস্বামী (গোস্বামিন্, গো গোরু, জ্ঞানেন্দ্রিয়, স্বর্গ, পৃথিবী—স্বামী প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গোসমূহের অধিকারী, গোরক্ষক। ২। যে ব্যক্তি সাংসারিক ব্যাপারে লিপ্ত না থাকিয়া ধর্ম্মচিন্তায় মনোনিবেশ করে। ৩। যে ব্যক্তি ধর্ম্মবিষয়ে উপদেশ দেয়, ধর্ম্মোপদেষ্টা। ৪। বাচস্পতি। ৫। নিত্যানন্দবংশীয় ব্রাহ্মণ; যথা—বোপদেব গোস্বামী, রূপ গোস্বামী ইত্যাদি। ৬। উপাধিবিশেষ।

গোহত্যা (গো—হত্যা হনন, প্রাণ বিয়োগ করণ, বধ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোবধ, গোরুর প্রাণনাশ। শিং—১ "ব্রহ্মহত্যাঞ্চ গোহত্যাং কিং বিধামাতিদেশিকীম্। কা বা নৃণামগম্যাবা কো বা সন্ধ্যাবিহীনকঃ। এতেষাং লক্ষণং সর্ব্বং বদ বেদবিদাংবর।"

গোহরীতকী; সং, স্ত্রীং, বেলগাছ।

গোহা (গোহন্,গো—হন্ বধকরা+০(বিচ্)—ক) বিং, ত্রিং, গোহত্যাকারী।

গোহাইল (গোশালা শব্দজ কি?) সং, গোগৃহ। [সং, ক্লীং, পাদমূল, গোড়ালি।

গোহির (গুহ্ আচ্ছাদন করা+ইর—প্রং)

গোহ্য (গোহির দেখ, য-র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত। ২। লুক্কায়িত। ৩। সং, গুহ্যদেশ।

গৌঞ্জিক (গুঞ্জা [যাহা স্বর্ণকার কর্ত্তৃক ব্যবহৃত হয়] অল্পপরিমাণবিশেষ+ইক(ষ্ণিক)—গ্রহণার্থে) সং, পুং, স্বর্ণকার।

গৌড় (গুড়+ষ্ণ) সং,পুং,দেশবিশেষ,বাঙ্গালা দেশের প্রকৃত নাম গৌড়; পূর্ব্বকালে সূর্য্যবংশীয় মহারাজ মান্ধাতার গৌড়নামক দৌহিত্র যে দেশে রাজত্ব করিয়াছিলেন ঐ দেশের নাম গৌড় হইয়াছে। ২। বহুং, গৌড়দেশীয়লোক। শিং—১ "সারস্বতাঃ কান্যকুব্জা গৌড়মৈথিলিকোৎকলাঃ। পঞ্চগৌড়া ইতিখ্যাতা বিন্ধ্যস্যোত্তর বাসিনঃ।" ২ "গৌড়ং রাষ্ট্রমনুত্তমং নিরুপমা তত্রাপি গাঢ়া পুরী।" ড়ী—স্ত্রীং, গুড় দ্বারা প্রস্তুত সুরা। ২। রাগিণীবিশেষ। ৩। কাব্যের রীতিবিশেষ। শিং—১"ওজঃপ্রসাদমাধুর্য্যং গুণত্রিতয় ভেদতঃ। গৌড়বৈদর্ভপাঞ্চালা রীতয়ঃ পরিকীর্ত্তিতাঃ।"৪। সঙ্গীতের রীতিবিশেষ, ওজোগুণব্যঞ্জক শব্দ বিন্যাসকে গৌড়ীরীতি কহে।

গৌণ (গুণ+অ(ষ্ণ)—প্রং)বিং,ত্রিং,অপ্রধান, যাহার উদ্দেশ্য প্রধান নহে; যথা—দেবাসুরগণ সাগর মন্থন করিয়াছিলেন বলিলে সাগরের প্রাধান্য না বুঝাইয়া অমৃতের মুখ্যত্ব বুঝাইবে। সুতরাং এস্থলে সাগর-মন্থন ধাতুর গৌণকর্ম্ম। ২। গুণসম্বন্ধীয়। ৩। সং, ক্লীং, বিলম্ব; যথা—কিছু গৌণে যাইব। ৪। অপেক্ষা; যথা—কিছু গৌণ কর দিতেছি। ণী—স্ত্রীং, শব্দের বৃত্তিবিশেষ।

গৌণিক (গুণ+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, যে পরের গুণ বুঝিতে পারে বা গুণবিশিষ্ট গ্রন্থ পাঠ করে, গুণজ্ঞ।

গৌতম (গোতম মুনিবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং,পুং,শতানন্দ ঋষি। ২। ঋষিবিশেষ। ৩। বুদ্ধ। ৪। বিং,ত্রিং, গোতমসম্বন্ধীয়। মী—স্ত্রীং, গোতমসম্বন্ধীয়া। ২ গোতমবংশীয়া স্ত্রী, দ্রোণ-ভার্য্যা, কৃপী। শিং—১"কৃপঃ স্মৃতঃ স বৈ যস্মাৎ গৌতমী চ কৃপী মতা।" ৩। গোদাবরী নদী। ৪ রাক্ষসীবিশেষ। ৫। দুর্গা।

গৌতম-সম্ভবা; সং, স্ত্রীং, গোদাবরী নদী।

গোধার } (গোধা+আর, এয়, এর—অপ-
গোধেয় } ত্যার্থে) সং, পুং, গোধিকাত্মজ,
গোধের } গোসাপের বাচ্ছা।

গৌর (গুড় বেষ্টন করা+অ ঘঞ্) – ধি। ড়=র। অথবা গু+র(রণ)-র্ম্ম) বিং, ত্রিং, শ্বেত। শিং—১ "কৈলাসগৌরং বৃষমারুরুক্ষোঃ।" ২। পীত। ৩। শ্বেতরক্ত। ৪। লোহিত। ৫। পরিষ্কৃত। ৬। বিশুদ্ধ। ৭। সং, পুং, শ্বেত সর্ষপ। ৮। চন্দ্র। ৯। ক্লীং, পদ্মকিঞ্জল্ক, পদ্মকেশর। ১০। স্বর্ণ। ১১। কুঙ্কুম। শিং—১ "তুষারগৌর।" ২ "রশ্ময়ো যস্য (চন্দ্রস্য) গৌরাঃ।"

গৌরক্ষ্য (গোরক্ষ+য(ষ্য) – ভাবে) সং,ক্লীং, বৈশ্যকর্ম্ম। শিং—১ "কৃষিগৌরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম্মস্বভাবজম্।"

গৌরচন্দ্র ; সং, পুং, চৈতন্যদেব, মহাপ্রভু। শিং-১ "কৃষ্ণশ্চৈতন্যো গৌরাঙ্গো গৌরচন্দ্রঃ শচীসুতঃ। প্রভুর্গৌরো গৌরহরির্নামানি ভক্তিদানি মে।" (অনন্তসংহিতা)। সম্প্রদায়বিশেষে এই প্রমাণ অস্বীকার করে।

গৌরজীরক ; সং, পুং, শ্বেত জীরক, শাদা-জীরা।

গৌরত্বক্ (গৌর – ত্বক্, ৬ষ্ঠী – হিং) সং,পুং, ইঙ্গুদীবৃক্ষ ; ঋষিগণ এই বৃক্ষের ফলে উৎপন্ন তৈল ব্যবহার করেন।

গৌরমুখ ; সং,পুং,শমীকমুনির শিষ্যবিশেষ।

গৌরব (গুরু+অ(ষ্ণ) – ভা) সং, ক্লীং, ভার, গুরুত্ব। ২। আদর। ৩। মহিমা। ৪। সম্মান, মর্য্যাদা। ৫। উৎকর্ষ। শিং—১ "সহস্রং তু পিতৃন্ মাতা গৌরবেনাতিরিচ্যতে।"

গৌরবিত (গৌরব+ইত – ইদমর্থে) বিং, ত্রিং, গৌরবযুক্ত, মান্য।

গৌরশিরাঃ (– শিরস,গৌর – শিরস্ শিরাঃ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যাহার মস্তক বা উপরিভাগ শ্বেত কিম্বা পীতবর্ণ। ২। (স্বং – স) সং, পুং, শ্বেত বা পীতবর্ণ মস্তক অথবা বৃক্ষাগ্র। ৩। মুনিবিশেষ।

গৌরসর্ষপ ; সং,পুং, সাদাসরিষা,রাইসরিষা।

গৌরাঙ্গ (গৌর শ্বেত বা পীত – অঙ্গ, ৬ষ্ঠী – হিং) সং,পুং, যুগাবতার-বিশেষ, বিষ্ণু। শিং—১ "গৌরাঙ্গং গৌরদীপ্তাঙ্গং পঠেৎ স্তোত্রং কৃতাঞ্জলিঃ। নন্দগোপসুতং চৈব নমস্যামি গদাগ্রজম্।"

গৌরাস্য (গৌর – আস্য মুখ) সং,পুং,শ্বেতমুখ কৃষ্ণবানর, যে বানরের মুখ ব্যতীত অন্যান্য অবয়ব কৃষ্ণবর্ণ।

গৌরিকা (গৌরী+ক(কণ) – স্বার্থে) সং,স্ত্রীং, অষ্টবর্ষা কন্যা। ২। গৌরী।

গৌরিল (গৌর+ইল – অস্ত্যর্থে) সং, পুং, শ্বেতসর্ষপ। ২। লৌহচূর্ণ।

গৌরী (গৌর দেখ, ঈ – স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গৌরবর্ণা স্ত্রী। শিং—১ "কপোলভিত্তীরিবলোধ্রগৌরী।" (মাঘ)। ২। পার্ব্বতী। শিং—১ "যোগাগ্নিদগ্ধদেহা সা পুনর্জাতা হিমালয়ে।শঙ্খেন্দু কুন্দধবলা ততোগৌরীতি সা স্মৃতা।" ৩। অবিবাহিতা অষ্টবর্ষা-কন্যা। শিং—১ "অষ্টবর্ষাভবেদ্গৌরী নববর্ষাতু রোহিণী।" ৪। পৃথিবী। ৫। গোরোচনা। ৬। হরিদ্রা। ৭। রাগিণীবিশেষ। ৮। নদীবিশেষ। ৯। বরুণের পত্নী। শিং—১ "লেভে প্রসেনজিত্তার্য্যাং গৌরীং নাম পতিব্রতাম্। অভিশস্তাতু সা ভর্ত্রা নদী বৈ বাহুদাহভবৎ।" [সং, পুং, মহাদেব।

গৌরীকান্ত (গৌরী – কান্ত পতি, ৬ষ্ঠী – ষ)

গৌরীকাল ; সং, পুং, অবিবাহিতা কন্যার অষ্টমবর্ষ, যে কালে অবিবাহিতা কন্যাকে গৌরী বলে।

গৌরীগুরু (গৌরী – গুরু পিতা, ৬ষ্ঠী – ষ) সং,পুং, গৌরীর পিতা হিমালয়। শিং—১ "গৌরীগুরোর্গহ্বরমাবিবেশ।" ২ "অখিলমিদমমুষ্য গৌরীগুরোঃ।" (কিরাত)।

গৌরীজ (গৌরী – জ [জন্ জন্মান+অ(ড) – ক] জাত) সং, পুং, কার্ত্তিকেয়। ২। গণেশ। ৩। ক্লীং, ধাতুবিশেষ, অভ্রক।

গৌরীতীর্থ ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

গৌরী-পট্ট ; সং, পুং, পেনেট্, শিব-লিঙ্গের নিম্নস্থ পট্ট।

গৌরী-পুত্র } (গৌরী – পুত্র, সুত, ৬ষ্ঠী
গৌরী-সুত } – ষ) সং,পুং, কার্ত্তিকেয়।

গৌরীললিত (হরিদ্রার ন্যায় সুদৃশ্য বলিয়া) সং, ক্লীং, হরিতাল।

গৌরী-শিখর ; সং, ক্লীং, হিমালয়ের শৃঙ্গবিশেষ,যে স্থানে গৌরী তপস্যা করিয়াছিলেন।

গৌরুতল্পিক (গুরু—তল্প শয্যা+ষ্ণিক—গমনার্থে) সং, পুং, গুরুপত্নীগামী।

গৌলক্ষণিক ( গোলক্ষণ+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, যে গোরুর লক্ষণ সমস্ত জানে, গোলক্ষণ-বেত্তা।

গৌশতিক (গো—শত+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং,পুং,যাহার একশত গোরু আছে।

গৌষ্ঠীন ( গোষ্ঠ+ঈন—প্রাক্‌ভূতার্থে ) সং, ক্লীং,পূর্ব্বে যে স্থানে গোষ্ঠ ছিল। শিং—১ "তামুবাচ স গোষ্ঠীনে বনে স্ত্রীপুংসভীষণে।"

গ্রথিত } গ্রন্থিত } (গ্রন্থ্ গাঁথা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গুম্ফিত, যাহা গাঁথা হইয়াছে। "কুসুমৈর্গ্রথিতামপার্থিবৈঃ।" ২। প্রোত,বসান। ৩। রচিত। শিং—১"বর্ণৈঃ কতিপয়ৈরেব গ্রথিতস্য স্বরৈরিব।" ৪। আক্রান্ত।

গ্রথী (গ্রথিন্,গ্রন্থ+ইন্ ণিন্)—ক) বিং,ত্রিং, যে জল্পনা করে, যে মিথ্যা বকে, জল্পক।

গ্রন্থ (পূর্ব্বে দেখ, অ(অল্)—ভা) সং, পুং, গাঁথনি। ২। সম্পর্ক। ৩। (+অল্—র্ম্ম) সন্দর্ভ। ৪। শাস্ত্র, পুস্তক। ৫। সম্পত্তি। ৬। অনুষ্টুপ্ছন্দ। শিং—১ "আশুগ্রন্থার্থ বক্তা চ যঃ স পণ্ডিত উচ্যতে।"

গ্রন্থকার } গ্রন্থকর্ত্তা } (গ্রন্থ—কার [কৃ করা+অ (ষণ্)—ক] যে করে,অন্যপক্ষে তৃ(তৃন্)—ক) সং, পুং, গ্রন্থকর্ত্তা, যে গ্রন্থ রচনা করে। শিং—১ "তত্রাহ ভগবাং স্রষ্টা গ্রন্থকারো ভবিষ্যতি।"

গ্রন্থন—ক্লীং } গ্রন্থনা—স্ত্রীং } (গ্রন্থ দেখ, অন(অনট্)—ভা। ২য় পক্ষে—অন—ভা, আপ্) সং, গুম্ফন, গাঁথনি। ২। রচনা।

গ্রন্থি (গ্রন্থ্ একত্র করা+ই(ইন্)—ভাবে) সং, পুং, বংশাদির সন্ধি। ২। শরীরের সন্ধি। ৩ গাঁইট,গিরা। ৪। বন্ধ। শিং—১ "তৃষ্ণালতাগ্রন্থয়ঃ।" ৫। রোগবিশেষ, বাতরোগ।৬। বক্রতা।

গ্রন্থিক (গ্রন্থ+কণ্—যোগ,অথবা গ্রন্থ সন্দর্ভ +ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) সং,পুং,দৈবজ্ঞ, গণক। ২। কনিষ্ঠ পাণ্ডব, সহদেব (এই [redacted]াখ্যায় বিরাটগৃহে বাস করেন)। শিং—১ "গ্রন্থিকো নাম নাম্নাহং কর্ম্মৈতৎসুপ্রিয়ংমম।" (ভারত)। ৩। পিপ্পলীবৃক্ষ। ৪। গ্রন্থিপর্ণ। ৫। ক্লীং, গুগ্‌গুল।

গ্রন্থিবন্ধন (গ্রন্থি—বন্ধন) সং, ক্লীং, গের দেওয়া, গাঁটি দেওয়া। ২। বিবাহকালে বর কন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন।

গ্রন্থিভেদ (গ্রন্থি—ভিদ্ ভেদ করা+অ অন্—ক) সং, পুং, চৌরবিশেষ, গাঁইট কাটা ; মনু ঈদৃশ তস্করের প্রথমাপরাধে অঙ্গুলিচ্ছেদন, দ্বিতীয়াপরাধে হস্তপদ কর্ত্তন ও তৃতীয়বার অপরাধে বধ করিবার বিধি নিরূপণ করিয়াছেন।

গ্রন্থিমান্ (গ্রন্থিমৎ,গ্রন্থি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গ্রন্থিযুক্ত। মতী—স্ত্রীং গ্রন্থিযুক্তা। শিং—১"কৃষ্ণত্বচং গ্রন্থিমতীং দধানা।"

গ্রন্থিল ( গ্রন্থি+ল—অস্ত্যর্থে ) বিং, ত্রিং সন্ধিযুক্ত,যাহাতে অনেক গাঁটি পড়িয়াছে। ২। (Articulated animals) যাহাদের শরীর [illegible] বা ততোধিক গ্রন্থি বিশিষ্ট যথা—কাঁকড়া, বিছা ইত্যাদি।

গ্রন্থিহর (গ্রন্থি গাঁইট—হর [হৃ হরণ করা +অ(ড)—ক] যে হরণ করে। যে বিষয় কার্য্যের গ্রন্থি হরণ করে অর্থাৎ খুলিয়া দেয়) সং,পুং, অমাত্য, মন্ত্রী,মন্ত্রণাদায়ক।

গ্রন্থী (গ্রন্থিন্, গ্রন্থ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার অনেক গ্রন্থ আছে, যাহার নানা বিষয় অনেক পুস্তক আছে।

গ্রন্থ্যাধারদেহ (Articulata, গ্রন্থি—আধার—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহ বিবিধ গ্রন্থিকে আশ্রয় করিয়া নির্ম্মিত হয় ; যথা—পতঙ্গ কীটাদি।

গ্রসন (গ্রস্ত দেখ,অন(অনট্)—ভা) সং,ক্লীং, গ্রাস করা,গিলিয়া ফেলা। ২। অসুরবিশেষ। শিং—১ "দ্বিধা তু কৃত্বা গ্রসনঃ কণ্ঠং তদ্রক্তধারারুণঘোরনাভি।"

গ্রসমান ( গ্রস্ত দেখ, আন(শান)—ক ) বিং, ত্রিং, যে গ্রাস করিতেছে।

গ্রস্ত (গ্রস্ ভক্ষণ করা+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, অসম্পূর্ণ বাক্য, লুপ্তবর্ণপদ বাক

২। বিং, ত্রিং, আচ্ছাদিত। ৩। ভক্ষিত, গিলিত। ৪। আক্রান্ত, অভিভূত। শিং— ১ "রাহুগ্রস্তে দিবাকরে।"

গ্রহ (গ্রহ্ গ্রহণ করা+অ(অল্)—ক) সং, পুং, সূর্য্যাদি নব। ২। যে সকল জ্যোতিঃ পদার্থ সূর্য্যকর্ত্তৃক আকৃষ্ট হইয়া তাহার চতুর্দ্দিকে মণ্ডলাকার পথে নিয়ত পরিভ্রমণ করে। ৩। বালঘাতিনী পুতনাদি। ৪। (+অল্—ভা) স্বীকার। ৫। আদান, গ্রহণ। ৬। আগ্রহ, অধ্যবসায়। ৭। জ্ঞান, বোধ; যথা—শব্দের অর্থগ্রহ, বস্তুর স্বাদগ্রহ। ৮। ধারণ; যথা—মূর্ত্তিগ্রহ, কেশগ্রহ। ৯। গ্রাস। ১০। নির্ব্বন্ধ। ১১। রণোদ্যম। ১২। সন্নিকর্ষ। ১৩। চন্দ্রসূর্য্যগ্রহণ। ১৪। কোন রাগারম্ভে যে সুরের ব্যবহার হয় তাহার নাম গ্রহ। ১৫। লেঠা, দায়, আপদ; যথা—কি গ্রহেই পড়িয়াছি, এ এক বিষম গ্রহ, দুঃসময় বলিয়া কত গ্রহই ঘটিতেছে। শিং—১ "পৌড়িতঃ) যথা যুগক্ষয়ে ঘোরে চন্দ্রমাঃ পঞ্চভির্গ্রহৈঃ।"

গ্রহকল্লোল } (গ্রহ—কল্লোল, কঙ্কাল)
গ্রহকঙ্কাল } সং, পুং, রাহু।

গ্রহগোচর (গ্রহ—গোচর, ৬ষ্ঠী—ষ) সং, পুং ক্লীং, গ্রহগণের জন্মরাশি হইতে শুভাশুভ সূচক গতিবিশেষ।

গ্রহচিন্তক (গ্রহ—চিন্তি চিন্তা করা+অক (ণক)—ক) সং, পুং, দৈবজ্ঞ। শিং—১ "ব্যক্তব্যমিষ্টং জগতোঽশুভং বা শাস্ত্রোপদেশাৎ গ্রহচিন্তকেন।"

গ্রহণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা)সং, ক্লীং, স্বীকার। ২। লওয়া। ৩। বশীকরণ। ৪। ধারণ, অবলম্বন; যথা—শরীর গ্রহণ। ৫। বোধ, অনুভব; যথা—শব্দের অর্থগ্রহণ। ৬। মানিয়া লওয়া, অঙ্গীকার; যথা—উপদেশগ্রহণ। ৭। (+অনট্—ণ) ইন্দ্রিয়। ৮। হস্ত। ৯। বন্ধন। ১০। আদর। ১১। গ্রহ বা উপগ্রহের ছায়াপতন দ্বারা কিয়দংশে বা সর্ব্বাংশে অদর্শন; যথা—সূর্য্যগ্রহণ, চন্দ্রগ্রহণ। ১২। ধারণ, অবলম্বন। শিং—১ "নেত্রাভ্যাং বাষ্প গ্রহণমকরোৎ।" ১৩। (+অনট্—র্ম্ম) বন্দী।

গ্রহণি } (গ্রহণ দেখ, অনি—ক, ঈপ্—
গ্রহণী } স্ত্রীং) সং, স্ত্রীং, উদরভঙ্গরোগ। শিং—১ "ষষ্ঠী পিত্তধরা নাম যা কলা পরিকীর্ত্তিতা। পক্কামাশয়মধ্যস্থা গ্রহণী সা প্রকীর্ত্তিতা।" ২ "দূষয়তি গ্রহণী জন্তোরগ্নিসাদন হেতুভিঃ।" ২। নাড়ীবিশেষ।

গ্রহণীয় (গ্রহ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণযোগ্য।

গ্রহণীহর (গ্রহণী উদরভঙ্গরোগ—হর [হৃ হরণ করা+অ(অন্)—ক] যে হরণ করে) সং, ক্লীং, লবঙ্গ। ২। বিং, ত্রিং, গ্রহণীরোগনাশক।

গ্রহদেবতা; সং, স্ত্রীং, সূর্য্যাদিগ্রহের অধিষ্ঠাত্রী দেবতা। [গুলু প্রভৃতি।

গ্রহধূপ; সং, পুং, গ্রহরাজে ব্যবহার্য্য গুগ্-

গ্রহনায়ক (গ্রহ—নায়ক প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনি। ২। সূর্য্য।

গ্রহনীহারিকা (Planetary Nebulæ) সং, স্ত্রীং, যে সকল নীহারিকা গ্রহের লক্ষণাক্রান্ত বোধ হয়।

গ্রহনেমি (গ্রহ—নেমি চাকার প্রান্ত, বেড়। যে গ্রহের নেমিবৎ আকৃতি) সং, পুং, চন্দ্র (গ্রহকক্ষের অধঃস্থিত নেমিতুল্য বলিয়া চন্দ্র এই নামে খ্যাত)।

গ্রহপতি (গ্রহ—পতি প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। শিং—১ "তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্নাঃ গ্রহপতেরিব।" ৩। আকন্দগাছ।

গ্রহপীড়া (গ্রহ গ্রহকৃত—পীড়া, ষৎ—স) সং, স্ত্রীং, গ্রহবৈগুণ্য নিবন্ধন মনুষ্যের যে সমস্ত আধিব্যাধি উপস্থিত হয়। শিং—১ "গ্রহপীড়াচ দারুণা।"

গ্রহপূজা (গ্রহ—পূজা) সং, স্ত্রীং, জ্যোতিঃশাস্ত্রোক্ত আদিত্যাদি নবগ্রহের বৈগুণ্যশান্তির নিমিত্ত তাহাদের পূজা।

গ্রহযাগ (গ্রহ—যাগ যজ্ঞ) সং, পুং, জ্যোতিঃশাস্ত্রোক্ত আদিত্যাদি নবগ্রহের বৈগুণ্য শান্তির নিমিত্ত হোম।

গ্রহরাজ (গ্রহ—রাজন্ রাজা, প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। বৃহস্পতি।

গ্রহ-বহ্নি ; সং, পুং, সূর্য্যাদি গ্রহের বহ্নি। শিং — ১ "কপিলঃ পিঙ্গলোধূমকেতুশ্চ জঠরাগ্নিকঃ, শিখী চ হাটকশ্চৈব মহাতেজা হুতাশনঃ, হুতাশনশ্চ বিজ্ঞেয়া নবৈতে গ্রহবহ্নয়ঃ।"

গ্রহবিপ্র ( গ্রহ — বিপ্র ব্রাহ্মণ ) সং, পুং, আচার্য্য, দৈবজ্ঞ।

গ্রহবৈগুণ্য ; সং, ক্লীং, গ্রহের প্রতিকূলতা, গ্রহের অশুভ ফলদায়িতা। ২। জ্যোতিঃশাস্ত্রমতে—আদিত্য প্রভৃতি নবগ্রহের স্থিতি ও সঞ্চারের আনুকূল্য ও প্রাতিকূল্য অনুসারে, মনুষ্যের শুভাশুভ ঘটনা হইয়া থাকে। তদনুসারে,লোকের যখন সুখবৃদ্ধি ঘটে তখন গ্রহ সুপ্রসন্ন, ও যখন বিপদ ঘটে তখন গ্রহ বিগুণ বলে। কোন কারণে অনিষ্ট ঘটনা হইলে গ্রহবৈগুণ্য তাহার কারণ বলিয়া সচরাচর উল্লিখিত হইয়া থাকে।

গ্রহাধার (গ্রহ — আধার আশ্রয়, ৬ষ্ঠী — ষ। গ্রহগণের পরিভ্রমণে যে নক্ষত্র নির্দ্দিষ্ট স্থানে স্থির হইয়া অবস্থিতি করে) সং, পুং, ধ্রুব তারা।

গ্রহাধীশ ( গ্রহ — অধীশ পতি, ৬ষ্ঠী — ষ ) [সং, পুং, সূর্য্য।

গ্রহাবমর্দ্দন ( গ্রহ — অবমর্দ্দন [অব — মৃদ্ + অন(অনট্) — ক] যে চন্দ্র সূর্য্য গ্রহদ্বয়কে পীড়ন করে, ২য়া — ষ) সং, পুং, রাহু।

গ্রহাময় ( গ্রহ ভূতাদি — আময় রোগ ) সং, পুং, ভূতাদির আবেশবশতঃ উৎপন্ন রোগ।

গ্রহিল ( গ্রহ + ইল — অস্ত্যর্থে ) বিং, ত্রিং, নির্ব্বন্ধযুক্ত। ২। নির্ব্বন্ধ ক্রোধ বা অনুরাগের আতিশয্য নিবন্ধন ঘটিয়া থাকে। ৩। আগ্রহযুক্ত। লা- স্ত্রীং, নির্ব্বন্ধযুক্তা। "প্রসসাদ গ্রহিলেব মানিনী।" (নৈষধ)।

গ্রহীতা (গ্রহীতৃ, গ্রহ দেখ, তৃ(তৃন্) — ক) বিং, ত্রিং, গ্রহণকর্ত্তা, গ্রাহক। শিং — ১ "গ্রহীতা যদি নষ্টঃ স্যাৎ কুটুম্বার্থে কৃতো ব্যয়ঃ।" ২ "সর্ব্বতঃ প্রাঙ্মুখো দাতা গ্রহীতা চ উদঙ্মুখঃ।"

গ্রহ্য ( গ্রহ্ + য — স্বার্থে ) সং, পুং, যজ্ঞীয়পাত্রবিশেষ, ঘৃতপাত্র।

গ্রাম (গম্ গমন করা + অ(ঘঞ্) — ধি। অথবা গ্রস্ গ্রাস করা + ম — ক, নিপাতন) সং,পুং, লোকালয়, প্রাকার পরিখাদিপরিশূন্য বহুলোকের বাসস্থান, গাঁ। "বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি হি। সতু-গ্রাম ইতি প্রোক্তো শূদ্রাণাং গ্রাম এব বা।" ২। (অন্য শব্দের পর প্রযুক্ত হইলে) সমূহ; যথা—গুণগ্রাম। ৩। মূর্চ্ছনা ও তানাদির আশ্রয়স্বরূপ স্বরসমূহ। শিং — ১"তথা স্বরাণাং সন্দোহো গ্রাম ইত্যভিধীয়তে।" ৪। সঙ্গীতে ষড়্জ মধ্যম গান্ধার এই তিন স্বরভেদ। শিং — ১ "গ্রামাণি (ক্লীব!) নগরাণি চ।" ২ "সপ্তস্বরাস্ত্রয়ো গ্রামাঃ।"

গ্রামকুক্কুট (গ্রাম — কুক্কুট) সং, পুং, যে কুক্কুট গ্রামে জন্মে।

গ্রামকুমার (গ্রাম — কুমার সুন্দর, ৭মী — ষ) বিং, ত্রিং, যে গ্রামের মধ্যে সুন্দর।

গ্রামকূট (গ্রাম — কূট সংখ্যা। যাহারা গ্রামের লোকসমূহ বা বাসিন্দা) সং, পুং, চতুর্থবর্ণ, শূদ্র।

গ্রামগৃহ্য (গ্রাম — গৃহ্য [গ্রহ্ গ্রহণ করা + য(ক্যপ্) — র্ম্ম] যাহা বাহিরে লওয়া যায়) সং, স্ত্রীং, গ্রাম বহির্ভূতা সেনা।

গ্রামঘাত (গ্রাম — ঘাত হনন, লুণ্ঠন, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, গ্রামের অপচয়, গ্রামস্থ দ্রব্য লুণ্ঠন।

গ্রামঘাতী ( — ঘাতিন্,গ্রাম — হন্-ণিচ্=ঘাতি বধ করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, যে গ্রামস্থ লোকের ভোজনার্থ পশু বিনাশ করে।

গ্রামচর্য্যা ; সং, স্ত্রীং, গ্রাম্যধর্ম্ম। ২। স্ত্রীসম্ভোগ। শিং — ১ "সর্ব্বশো বর্জ্জয়েৎ গ্রামচর্য্যাম্।"

গ্রামজ (গ্রাম — জন্ [জন্ জন্মান + অ(ড) — ক] যাহা গ্রামে জন্মায়, ৭মী — ষ) বিং ত্রিং, গ্রামজাত, গ্রামোদ্ভব।

গ্রামজিৎ (গ্রাম — জি জয় করা + ০(ক্বিপ্) — ক) বিং, ত্রিং, গ্রামজেতা, যে গ্রামস্থ লোক সকলকে জয় করে।

গ্রামটি, টিকা ; সং, ক্ষুদ্রগ্রাম।

গ্রামণী ( গ্রাম — নী লওয়া + ০(ক্বিপ্) — ক, ২য়া — ষ) বিং, ত্রিং, গ্রামের প্রধান লোক, মণ্ডল। ২। অধিপতি। ৩। ভোগিক। ৪। সং, পুং, বিষ্ণু। শিং — ১ "অগ্রণীর্গ্রামণী শ্রীমান্।" ৫। যক্ষ। শিং — ১"গন্ধর্বৈরপ্সরোভিশ্চ গ্রামণী সর্পরাক্ষসৈঃ।" ৬। নাপিত। স্ত্রীং, বেশ্যা। ২। নীলিকা।

গ্রামতক্ষ ( গ্রাম — তক্ষ সূত্রধর, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, গ্রাম্য সূত্রধর, গাঁয়ের ছুতার।

গ্রামতা (গ্রাম + তা — সমূহার্থে) সং, স্ত্রীং, গ্রামসমূহ।

গ্রামদেবতা (গ্রাম — দেবতা) সং, স্ত্রীং, গ্রামস্থ সর্ব্বসাধারণ লোকের প্রতিষ্ঠিত দেবমূর্ত্তি।

গ্রামদৌত্য ( গ্রামদূত + য(ষ্ণ্য) — ভা ) সং, ক্লীং, গ্রামের সংবাদ বাহকতা, গ্রামের সংবাদ লইয়া যাওয়া।

গ্রামধর্ম্ম ( গ্রাম গ্রামজাত লোক — ধর্ম্ম, ৬ষ্ঠী — ষ) সং, পুং, মৈথুন, স্ত্রীসংসর্গ।

গ্রামমুখ (গ্রাম — মুখ প্রধান) সং, পুং, হাট, বাজার। [পুং, কুক্কুর।

গ্রামমৃগ ( গ্রাম — মৃগ পশু, ষষ্ং — স ) সং,

গ্রামযাজক (গ্রাম — যাজি যাগ করান + অক (ণক) — ক) সং, পুং, যে ব্যক্তি গ্রামস্থ সর্ব্বসাধারণ লোকের পৌরোহিত্য করে, যে গ্রামদেবতার পূজা করে।

গ্রামযাজী (— যাজিন্, গ্রামযাজক দেখ, ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, গ্রামযাজক।

গ্রামবাসী (— বাসিন্, গ্রাম — বস্ বাস করা + ইন্ ণিন্) — ক ) বিং, ত্রিং, যে ব্যক্তি গ্রামে বাস করে, যে গ্রামে জন্মিয়াছে এবং নিয়ত গ্রামে বাস করিতেছে, গ্রামীণ।

গ্রামস্থ ( গ্রাম — স্থ যে থাকে ) বিং, ত্রিং, যে অন্যের সহিত একগ্রামে বাস করে, এক গ্রামবাসী।

গ্রামহাসক (গ্রাম — হাসক [হস্ হাস্য করা ইত্যাদি + অক(ণক) — ক ] যে আনন্দ বর্দ্ধন করে) সং, পুং, ভগিনীপতি।

গ্রামাধান ( গ্রাম — আধান [ আ — ধা ধারণ করা + অন(অনট্) — ক] যে পোষণ করে) সং, ক্লীং, মৃগয়া, শিকার।

গ্রামান্ত ( গ্রাম — অন্ত, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, গ্রামের প্রান্তভাগ, উপশল্য। "কৃতবাপনো নিবসেৎ গ্রামান্তে গোব্রজেঽপি বা।"

গ্রামিক (গ্রাম + ইক(ষ্ণিক) — রক্ষণার্থে) বিং, ত্রিং, গ্রামরক্ষণে নিযুক্ত। ২। গ্রামাধ্যক্ষ। "যানি রাজপ্রদেয়ানি প্রত্যহং গ্রামবাসিভিঃ অন্নপানেন্ধনাদীনি গ্রামিকস্তান্যবাপ্নুয়াৎ।"

গ্রামী (— গ্রামিন্, গ্রাম + ইন্ — প্রভুতাদ্যর্থে) বিং, ত্রিং, গ্রামস্বামী, গ্রামের কর্ত্তা। ২। গ্রামবাসী। ৩। গ্রামধর্ম্মযুক্ত, স্ত্রীসঙ্গমরত। ৪। গ্রামবিশিষ্ট, গাঁই; যথা—কেশরকোণী গাঁই।

গ্রামীণ (গ্রাম + ঈন(খীন) — নিবাসার্থে) বিং, ত্রিং, গ্রামোৎপন্ন। ২। যে গ্রামে জন্মিয়াছে ও গ্রামে বাস করিতেছে; নগরের কোন সম্পর্ক রাখে না। ৩। সং, পুং, গ্রাম্যশূকর। ৪। কুকুর। ৫। কাক। ণা — স্ত্রী, নীলবৃক্ষ। ২। পালক্যশাক।

গ্রাম্য (গ্রাম + য(ষ্ণ্য) — ভবার্থে) বিং, ত্রিং, গ্রামজাত; যথা—গ্রাম্যজন। ২। ইতর, নীচ, জঘন্য। ৩। অসভ্য। ৪। অশ্লীল। মূঢ়। শিং — ১"গ্রাম্যভাবমপহাতুমিচ্ছবঃ।" (মাঘ)। ৬। প্রাকৃত। শিং — ১ "গ্রাম্যানপশুৎ কপিশং পিপাসতঃ।" (মাঘ)। ৭। পুং, কাব্যের দোষবিশেষ; শব্দগত ও অর্থগত দোষকে গ্রাম্যদোষ কহে।

গ্রাম্যকর্কটী (গ্রাম্য — কর্কটী কাঁকুড়) সং, স্ত্রীং, কুষ্মাণ্ড।

গ্রাম্যতা ( গ্রাম্য + তা — ভাবে ) সং, স্ত্রীং, জঘন্যতা। ২। অসভ্যতা। ৩। অশ্লীলতা।

গ্রাম্যধর্ম্ম (গ্রাম্য গ্রামজাতলোক — ধর্ম্ম, ৬ষ্ঠী — ষ) সং, পুং, স্ত্রীসংসর্গ, মৈথুন, রমণ। শিং — ১ "প্রমত্তং গ্রাম্যধর্ম্মেষু।"

গ্রাম্য-পশু; সং, পুং, গো মেষ ছাগ মনুষ্য অশ্ব অশ্বতর গর্দ্দভ এই সাত। "গৌর্মেষোঽজোঽমনুষ্যশ্চঅশ্বাশ্বতরগর্দ্দভাঃ।"

গ্রাম্যমৃগ(গ্রাম্য — মৃগ পশু, ষষ্ং — স) সং, পুং, কুক্কুর। [গর্দ্দভ।

গ্রাম্যাশ্ব (গ্রাম্য — অশ্ব, ষষ্ং — স) সং, পুং,

গ্রাবা (গ্রাবন্, গ্রহ্ গ্রহণ করা + বন(বনিপ্) — র্ম্ম ) সং, পুং, প্রস্তর। ২। পর্ব্বত।

ঘটজ (ঘট — জ [জন্ জন্মান + অ(ড) — ক] যে জন্মে, ৭মী — ষ) সং, পুং, অগস্ত্য।

ঘটদাসী (ঘট চেষ্টা,উদ্যোগ — দাসী চাকরাণী) সং, স্ত্রীং, দূতী, কুট্‌নী।

ঘটন — ক্লীং } (ঘট দেখ, অন(অনট) — ভা,
ঘটনা — স্ত্রীং } অন, আপ্ — স্ত্রীং) সং,স্ত্রীং, হস্তিসৈন্য। ২। যোজনা; যথা—"অঘটনঘটনাপটীয়সী মায়া।" ৩। মেলন,সঙ্ঘটন। "প্রিয়জনঘটনামাশু দুঃশীলতাঞ্চ।" ৪। আকস্মিক ব্যাপার, যে বিষয়টি অসম্ভাবিত হইয়া পড়ে। ৫। দৈবগতি, বিধিনির্ব্বন্ধ।

ঘটনানুভাবকতা (ঘটনা — অনুভাবকতা, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা ঘটনার অনুভব করিতে পারা যায়।

ঘটযোনি (ঘট কুম্ভ — যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কুম্ভযোনি, অগস্ত্য।

ঘটস্থাপন (ঘট — স্থাপন, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, কোন দেবতার প্রতিমা না করিয়া তাহার স্থলে ঘট রাখিয়া সেই ঘটে সেই দেবতার আবাহন।

ঘটাটোপ; সং, পুং, আড়ম্বর। ২। যাহা দ্বারা কোন শকট বা গৃহোপকরণ ঢাকিয়া রাখা যায়।

ঘটিক (ঘট + ইক — প্রং) সং, ক্লীং, নিতম্ব।

ঘটিকা(ঘটি ঘড়ী + ক(কণ্) — স্বার্থে,আপ — স্ত্রীং) সং, স্ত্রীং, মুহূর্ত্ত। শিং — ১"ব্রতোপবাসস্নানাদৌ ঘটিকৈকা যদা ভবেৎ। উদয়ে সা তিথির্গ্রাহ্যা শ্রাদ্ধাদাবস্তগামিনী।" ২। দণ্ডাত্মককাল। ৩। দিবসের বা রাত্রির দ্বাদশ ভাগ, আড়াই দণ্ড। ৪। পাদগ্রন্থি, গুল্ফ। ৫। ঘটী, কলসী। ৬। ক্ষুদ্র ঘট। ৭। (ঘট্‌-ণিচ্‌=ঘাটি চেষ্টা করান + অক(ণক) — ক। আপ্ — স্ত্রীং) যোজনকারিণী।

ঘটিত (ঘট দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, সঙ্ঘটিত। ২। যোজিত। ৩। সংক্রান্ত।

ঘটিন্ধম (ঘটী — ধ্মা বাদন করা + অ(খশ্) — ক) বিং, ত্রিং, মুখমারুত দ্বারা ঘটীবাদক ২। সং, পুং, কুম্ভকার।

ঘটী (ঘট + ঈপ্) সং, স্ত্রীং, কাংস্য পিত্তলাদি ধাতু নির্ম্মিত অনতিবৃহৎ জলপাত্র। ২। ঘড়ি, কালনির্ণয়াত্মক যন্ত্র। ৩। দণ্ডাত্মক কাল। ৪। মুহূর্ত্ত।

ঘটীযন্ত্র (ঘটী ক্ষুদ্রঘট — যন্ত্র, স্বং — স) সং, ক্লীং, কূপাদি হইতে জল তুলিবার যন্ত্র, জলতোলা কল। ২। কাল-নির্ণায়ক-যন্ত্র, ঘড়ী। শিং — ১ "ততঃ সংসারচক্রেঽস্মিন্ ভ্রাম্যতে ঘটীযন্ত্রবৎ।"

ঘটোৎকচ (ঘট করিকুম্ভ — উৎকচ কেশশূন্য। উহার মস্তক করিমুণ্ডের ন্যায় কেশশূন্য ছিল বলিয়া ঘটোৎকচ নাম হইল) সং, পুং, হিড়িম্বা রাক্ষসীর গর্ভে ভীমের ঔরসজাত পুত্র। শিং — ১ "ঘটো হাস্যোৎকচ ইতি মাতা তৎপ্রত্যভাষত। অব্রবীত্তেন নামাস্য ঘটোৎকচ ইতি স্ম হ॥"

ঘটোৎকচান্তক (ঘটোৎকচ — অন্তক) সং, পুং, কর্ণ।

ঘটোদ্ভব (ঘট কুম্ভ — উদ্ভব জাত, উৎপন্ন, [৫মী — ষ) সং, পুং, অগস্ত্য।

ঘট্ট (ঘট্ট্ চালিত করা + অ(অল্) — ধি) সং,পুং, ট্টি — স্ত্রীং, যে স্থান দিয়া পুষ্করিণী প্রভৃতি জলাশয়ে নামা যায়, নদী প্রভৃতির ঘাট। ২। শুল্ক-গ্রহণস্থান, কুতঘাট। ৩। (+ অল্ — ভা) পুং, চালন।

ঘট্টগা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

ঘট্টজীবী (— জীবিন্, ঘট্ট — জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং,পুং, পাটুনিজাতি, যাহারা পার করে; এই জাতি রজক হইতে বৈশ্যার গর্ভে উৎপন্ন হয়।

ঘট্টন (ঘট্ট দেখ, অন(অনট) — ভা) সং, ক্লীং, আঘাত, ঘর্ষণ। ২। ঘোটন। ৩। সঙ্ঘটন, গঠন। না — স্ত্রীং, (+ অন — ভা,আপ্) চালনা, ইতস্ততঃ নাড়াচাড়া। শিং — ১"সুপ্তসর্প ইব দণ্ডঘট্টনাৎ।" ২"বৃহচ্ছিলা নিষ্ঠুর কণ্ঠঘট্টনাৎ।" নী — স্ত্রীং,(+ অন-ণ)ঘোটনা।

ঘট্টিত (ঘট্ট দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত। ২। সংঘটিত। ৩। চালিত। ৪। কলপ দিয়া যাহা ঘোটা গিয়াছে।

ঘড়া (ঘট শব্দজ) সং, শ্রেষ্ঠ কলস, পিত্তলময় কলস।

ঘড়ী (ঘটীযন্ত্র শব্দজ) সং, বেলা-বোধকযন্ত্র।

ঘড়ীয়াল (দেশজ) যাহারা ঘটীযন্ত্র বাজায়। ২। পক্ষিবিশেষ। ৩। মৎস্যবিশেষ।

ঘণ্ট ( ঘণ্ দীপ্তি পাওয়া অথবা হন্ + ট — র্ম্ম, সংজ্ঞার্থে) সং,পুং,মৎস্য শাক প্রভৃতির ব্যঞ্জনবিশেষ।

ঘণ্টা ( হন্ [ বধ করা ] আঘাত করা + ট — সংজ্ঞার্থে, আপ্ — স্ত্রীং ) সং, স্ত্রীং, কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্র-বিশেষ। শিং — ১ "ঘণ্টাস্বা পরশুস্বাপি বামতঃ সন্নিবেশয়েৎ।" ২ "রঘুপতেঃ কোদণ্ডঘণ্টারবঃ।" ২। আড়াই দণ্ড, সার্দ্ধ-দ্বিদণ্ডাত্মক কাল।

ঘণ্টাকর্ণ ( ঘণ্ট গাত্রকণ্ডু — আকর্ণ অপনয়নকারক। যে গাত্রকণ্ড্বাদি ত্বক্‌রোগের নাশ করে, ২য়া — ষ। অথবা ঘণ্টা — কর্ণ কাণ। ঘণ্টার ন্যায় যাহার কর্ণ বিস্তীর্ণ,৬ষ্ঠী — হিং ) সং, পুং, শিবগণ-বিশেষ, ঘেঁটু-ঠাকুর। শিং — ১ "ঘণ্টাকর্ণোগণঃ শ্রীমান্ শিবস্যাতীববল্লভঃ।" ২। পণ্ডিতবিশেষ।

ঘণ্টানাদ ( ঘণ্টা — নাদ শব্দ, ৬ষ্ঠী — ষ ) সং, ক্লীং,ঘণ্টাধ্বনি। ২। পুং,কুবেরমন্ত্রিবিশেষ।

ঘণ্টাপথ ( ঘণ্টা — পথ। যাহাতে হস্ত্যাদি ঘণ্টাযুক্ত হইয়া গমন করে) সং, পুং, ঘণ্টাধারী হস্ত্যাদির গমনযোগ্য গ্রামের প্রধান পথ।

ঘণ্টাবীজ ( ঘণ্টা — বীজ বিচি ) সং, পুং, জয়পালবৃক্ষ। ২। ক্লীং, জয়পালের বিচি।

ঘণ্টিকা } (ঘণ্টী + কণ্ — প্রং,ঈপ্ )সং,স্ত্রীং
ঘণ্টী } ক্ষুদ্র ঘণ্টা। ২। আল্‌জিভ্।

ঘণ্টু ( ঘণ্ দীপ্তি পাওয়া + টু — প্রং ) সং, পুং, হস্তীর গললম্বিত ঘণ্টা। ২। প্রতাপ।

ঘণ্টেশ্বর ( ঘণ্টা — ঈশ্বর প্রভু ) সং, পুং, মঙ্গলপুত্র,ঘেঁটু। শিং — ১ "মঙ্গলস্য প্রিয়া-মেধা তস্যাং ঘণ্টেশ্বরো মহান্। ব্রণদাতা চ তেজস্বী বিষ্ণুতুল্যো বভূব হ।"২। শিব।

ঘন (হন্ [ বধকরা ] আঘাত করা + অ(অল্) — র্ম্ম ) সং, ক্লীং, করতাল, মন্দিরা, ঘণ্টা, ঘুঙুর প্রভৃতি ধাতুময় বাদ্যযন্ত্র। ২। মধ্যম নৃত্য। ৩। লৌহ। ৪। ত্বক্, চর্ম্ম। ৫। পুং, মেঘ ; যথা — "যথা চাতকিনী কুতুকিনী ঘন দরশনে।" শিং — ১ "গৌরস্তার-বঘনস্বনা।" ৬। লৌহমুদ্গর। ৭। সঙ্ঘাত, জমাট। ৮। দৃঢ়তা, কাঠিন্য। ৯। মুস্তা। ১০। গুচ্ছ। ১১। দেহ। ১২। বিস্তার। ১৩। কফ। ১৪। অভ্রক। ১৫। ( Cube ) সমান তিন অঙ্কের গুণ, কোন রাশিকে সেই রাশি দ্বারা দুই বার গুণন ; যথা — ২ এর ঘন ৮। ১৬। বিং, ত্রিং, নিবিড়, ফাঁক ফাঁক নয়। ১৭। সান্দ্র। ১৮। গাঢ়, পাতলা নয়। ১৯। দুর্ভেদ্য। ২০। অধিক। ২১। পুরু। ২২। পুষ্ট। ২৩। স্থায়ী। শিং — ১ "অতিঘনতরপত্রচ্ছন্ন।" ২২। অবিরত, অবিচ্ছিন্ন, যথা — ঘন আসা, ঘন যাওয়া।

ঘনকফ ( ঘন মেঘ — কফ দেহস্থ ধাতু-বিশেষ ) সং, পুং, করকা, শিল।

ঘনকাল ( ঘন মেঘ — কাল সময়) সং, পুং, বর্ষাঋতু, বর্ষাকাল।

ঘনক্ষেত্র ; সং,ক্লীং, যে ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতা পরস্পর সমান।

ঘনগোলক ; সং, পুং, মিশ্রিত স্বর্ণ রৌপ্য।

ঘনচতুষ্কোণ ; সং, পুং, দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতাবিশিষ্ট চতুষ্কোণ।

ঘনজ্বালা ( ঘন মেঘ — জ্বালা অগ্নিশিখা ) সং, স্ত্রীং, বজ্রাগ্নি, বিদ্যুৎ।

ঘনতোল ( ঘন মেঘ — তুল্ [ ওজন করা ] সমতুল্য হওয়া + অ(অল) — ক। বর্ষাকালে যে উড়িয়া মেঘ পর্য্যন্ত উঠে। এবং প্রসিদ্ধ আছে যে এই কালেই ইহারা কেবল জলপান করিয়া থাকে। কেহ বলেন ঘনতাল শব্দও হয়, ঘন মেঘ — তাল গানের পরিমাণবিশেষ বা ধ্বনি। যাহার সঙ্গীত মেঘ [ হইতে ] হয় ) সং, পুং, চাতকপক্ষী।

ঘনত্ব ( ঘন + ত্ব — ভাবে ) সং, ক্লীং, যে গুণ থাকাতে বস্তুকে ঘন বলা যায়।২। গাঢ়তা। ৩। কাঠিন্য। ৪। নিবিড়তা।

ঘননাভি ( ঘন মেঘ — নাভি [ নাভিদেশ। মধ্যস্থল। যে মেঘের পঞ্চভূতমধ্যে প্রধান ভূতে গণনীয় ) সং, পুং, ধূম, ধুঁয়া।

ঘনপদবী (ঘন মেঘ — পদবী পথ, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, আকাশ। শিং — ১ "ক্রামদ্ভির্ঘনপদবীমনেকসংখ্যৈঃ।" ( কিরাত )।

ঘনপাষণ্ড ( ঘন মেঘ — পাষণ্ড। মেঘাচ্ছন্ন এবং বৃষ্টির সময় এই পক্ষীকে আনন্দিত হইতে দেখা যায় ) সং, পুং, ময়ূর।

ঘনমূল (Cube-root) সং, ক্লীং, যে রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হয় সে সেইরূপ গুণন ফলের ঘনমূল, যেমন ৮ এর ঘনমূল ২।

ঘনরস (ঘন মেঘ—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জল। ২। কর্পূর। ৩। ঘন আঠা।

ঘনবর্ত্ম (বর্ত্মন্, ঘন—বর্ত্মন্ পথ। যে পথে মেঘ গমন করে, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ। "ঘনবর্ত্ম সহস্রধেব কুর্ব্বন্।"

ঘনবল্লিকা, ঘনবল্লী (ঘন মেঘ—বল্লিকা, বল্লী লতা) সং, স্ত্রীং, বিদ্যুৎ। ২। অমৃতস্রব লতা।

ঘনবাত (ঘন অধিক—বাত বায়ু। বাত্যাময় দেশ, যেখানে অতিশয় ঝড়বৃষ্টি হয়) সং, পুং, নরকবিশেষ।

ঘনবাস (ঘন দীর্ঘকাল—বাস অবস্থিতি) সং, পুং, কুষ্মাণ্ড।

ঘনবাহন (ঘন মেঘ—বাহন যান। যিনি মেঘে আরোহণ করেন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘবাহন, ইন্দ্র। ২। শিব।

ঘনবীথি (ঘন—বীথি পথ) সং, স্ত্রীং, আকাশ। "ঘনবীথিবীথিভবতীর্ণবতঃ।"

ঘনশ্যাম (ঘন—শ্যাম শ্যামবর্ণ) বিং, ত্রিং, সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ। "অয়ে রাম ঘনশ্যাম চুম্বামি মুখপঙ্কজং। যদি জীবামি শোকেন পুনর্দ্রক্ষ্যামি তে মুখম্।"

ঘনসার (ঘন নিবিড়—সার স্থিরাংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর্পূর। শিং—১ "শরদিন্দুকুন্দঘনসারনীহারহারেত্যাদি।" ২। পারদ। ৩। জল। ৪। চন্দন।

ঘনস্বন (ঘন মেঘ—স্বন শব্দ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘের শব্দ, মেঘগর্জ্জন।

ঘনাগম (ঘন—আগম [আ—গম্ গমনকরা +(অল্)—ধি] আগমন) সং, পুং, বর্ষাকাল। "ঘনাগমে রাজপথে হি পিচ্ছিলে।"

ঘনাঘন (হন্ বধ করা+অ(অন্)—ক। দ্বিত্ব। অ=আ) সং, পুং, ইন্দ্র। ২। অপকারক হস্তী। ৩। মত্তহস্তী। ৪। বর্ষণকারী মেঘ। ৫। পরস্পর সঙ্ঘর্ষণ। ৬। বিং, ত্রিং, সতত ঘাতুক। শিং—১ "ততোহর্জ্জুনং ভিন্নকটেন দন্তিনা ঘনাঘনেনানিলতুল্য-বর্চ্চসা।" ৭। নিরন্তর। ৮। সান্দ্র। ৯। নিষ্ঠুর।

ঘনাত্যয়, ঘনান্ত (ঘন—অত্যয়, অন্ত=নাশ, ৭মী—হিং) সং, পুং, শরৎকাল। শিং—১ "বাতিকানাং ঘনাত্যয়ে।"

ঘনান (দেশজ) সং, নিকটবর্ত্তী হওন, কাছান।

ঘনাময় (ঘন মেঘ—আময় রোগ। যে বৃষ্টিতে ম্লান হয়) সং, পুং, খেজুরগাছ।

ঘনাশ্রয় (ঘন মেঘ—আশ্রয় আধার) সং, পুং, আকাশ।

ঘনিষ্ঠ (ঘন+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় ঘন। ২। (দেশজ) বিং, নিকটস্থ, আসন্ন, অতি নিকট; যথা—ঘনিষ্ঠ সম্বন্ধ। ২। যে সর্ব্বদা যাতায়াত করে, যে সর্ব্বদা আনুগত্য করে, যাহার সহিত সবিশেষ আত্মীয়তা আছে। ষ্ঠা—স্ত্রীং, নিকটবর্ত্তিনী।

ঘনিষ্ঠতা (ঘনিষ্ঠ+তা—ভাবে) সং, স্ত্রীং, সর্ব্বদা যাতায়াত, সর্ব্বদা আনুগত্য, সবিশেষ আত্মীয়তা ২। নিকট সম্বন্ধ।

ঘনীভূত (ঘন—ভূত হইয়াছে। ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, সান্দ্রীভূত, যাহা ঘন হইয়াছে। [পুং, করকা, শিল।

ঘনোপল (ঘন মেঘ—উপল প্রস্তর) সং,

ঘর (দেশজ) সং, গৃহ, ভবন। ২। সংসার। ৩। বংশ।

ঘরট্ট (ঘৃ ধারণ করা+অ(অন্)—ক=ঘর শব্দবিশেষ—অট্ গমন করা+(অন্)—ক। যে "ঘর্" এই শব্দ করিয়া ভ্রমণ করে) সং, পুং, পেষণযন্ত্র, যাঁতা।

ঘরণী (দেশজ) সং, স্ত্রীং, ভার্য্যা।

ঘরসন্ধান (ঘর—সন্ধান) সং, ক্লীং, গৃহচ্ছিদ্রজ্ঞান, গৃহের ভেদ জ্ঞাত হওয়া।

ঘরা (ঘর) আধার; ছিদ্র।

ঘরাও (দেশজ) ঘরপোষা, অন্তর্ব্বর্ত্তী।

ঘরাণা (দেশজ) সদ্বংশজাত।

ঘরামী (দেশজ) সং, গৃহ-নির্ম্মাতা, গৃহকারক।

ঘর্ঘট (ঘর্ অনুকরণ শব্দ—ঘট্ চেষ্টাকরা +অ(অন্)—ক। যে অতিশয় শব্দ করে) সং, পুং, মৎস্যবিশেষ, ট্যাঙ্রামাছ।

ঘর্ঘর (ঘৃ-যঙলুগন্ত—ঘর্ঘ শব্দবিশেষ—র

ধ্বানার্থ 'র্‌া' ধাতুজ ) সং, পুং, পর্ব্বতের পথ। ২। পর্ব্বতের দ্বার। ৩। পেচক, পেঁচা। ৪। নদবিশেষ। ৫। ধাতুনির্ম্মিত দ্রব্যে আঘাত করিলে যে উৎকট শব্দ হয়, ঘর্ঘর ধ্বনি। রা, রী—স্ত্রীং, ক্ষুদ্রঘণ্টিকা, ঘুঙুর। ২। গোগ্‌রানদী; এই নদী অযোধ্যার প্রবাহিত হইয়া গঙ্গায় মিলিতা হইয়াছে। ৩। বীণাবিশেষ। ৪। বিং, ত্রিং, ঘর্ঘর শব্দবিশিষ্ট। শিং—১ কলহাস্ন স্বনান্ যদুত্থিতা দধুনাপ্যুজ্‌ঝতি ঘর্ঘরস্বরঃ।"

ঘর্ঘরিকা (ঘর্ঘরা + কণ্—যোগ,আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঘুঙুর। ২। ভাজাধান। ৩। নদীবিশেষ। ৪। বাদ্যযন্ত্রবিশেষ।

ঘর্ঘরিত ( ঘর্ঘর + ইত—করোত্যর্থে ) সং, ক্লীং, শূকরজাতীয় ধ্বনিবিশেষ।

ঘর্ম্ম (ঘৃ ক্ষরিত হওয়া + ম—ক) সং, পুং, গ্রীষ্ম। ২। রৌদ্র। ৩। ঘাম। শিং—১ "তং তমালবৃক্ষং ঘর্ম্মার্ত্তশ্ছায়ার্থী সমুপাশ্রিতঃ।" ৪। বিং, ত্রিং, উষ্ণ।

ঘর্ম্মচর্চ্চিকা; সং, স্ত্রীং, ঘামাচি। শিং—১ "খেদবাহীনি দুষ্যন্তি ক্রোধশোকশ্রমৈস্তথা। ততঃ স্বেদঃ প্রবর্ত্তেত দৌর্গন্ধ্যং ঘর্ম্মচর্চ্চিকা।"

ঘর্ম্মদীধিতি ( ঘর্ম্ম উষ্ণ—দীধিতি দ্যুতি, কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। শিং—১ "যঃ সসোম ইব ঘর্ম্মদীধিতিঃ।"

ঘর্ম্মপাবন্ ( ঘর্ম্ম উষ্ণ—পা পান করা + বন্(বনিপ্)—ক) সং, ক্লীং, উষ্মপা নামক পিতৃগণবিশেষ।

ঘর্ম্মভানু ( ঘর্ম্ম উষ্ণ—ভানু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ণদীধিতি, সূর্য্য।

ঘর্ম্মবিচর্চ্চিকা (ঘর্ম্ম—বিচর্চ্চিকা কচ্ছুরোগ) সং, স্ত্রীং, ঘামাচী।

ঘর্ম্মস্তুভ্ ( ঘর্ম্ম উত্তাপ—স্তুভ্ আচ্ছাদন করা + ০(ক্বিপ্)—ক) সং, পুং, বায়ু।

ঘর্ম্মাক্ত (ঘর্ম্ম—অক্ত সিক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, যাহা ঘর্ম্মে ভিজিয়া যাইতেছে, স্বেদার্দ্র। ক্তা—স্ত্রীং, স্বেদজলার্দ্রা।

ঘর্ম্মাক্তকলেবর ( ঘর্ম্মাক্ত—কলেবর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বেদজলার্দ্রদেহ, যাহার শরীর ঘর্ম্মে আর্দ্র হইয়াছে।

ঘর্ম্মান্ত (ঘর্ম্ম—অন্ত শেষ, ৭মী—হিং) সং, পুং, বর্ষাকাল। শিং—১ "ঘর্ম্মান্তে তোয়দোর্ম্মিভিঃ।"

ঘর্ম্মান্তকামুকী ( ঘর্ম্মান্ত বর্ষাকাল—কামুকী, বর্ষাকালে ইহারা কামপরতন্ত্র হয়, ৭মী—হিং) সং, স্ত্রীং, বলাকা, কপোতশ্রেণী।

ঘর্ম্মার্ত্ত ( ঘর্ম্ম—আর্ত্ত, ৩য়া—ষ) বিং,ত্রিং, যাহার অত্যন্ত ঘর্ম্ম নির্গত হইতেছে, ঘর্ম্মাক্ত।

ঘর্ম্মার্ত্তকলেবর ( ঘর্ম্মার্ত্ত—কলেবর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ঘর্ম্মার্ত্তকলেবর দেখ।

ঘর্ম্মার্দ্র ( ঘর্ম্ম—আর্দ্র, ৩য়া—ষ ) বিং, ত্রিং, যাহা ঘর্ম্মজলে ভিজিয়া যাইতেছে, ঘর্ম্মসিক্ত।

ঘর্ষকপদী ( Rasores ) যে পক্ষীরা নখদ্বারা ভূমি বিদারণ করে; যথা—কুক্কুট, ময়ূর, মোনাল, তিত্তির, পেরু প্রভৃতি।

ঘর্ষণ (Friction, ঘৃষ্ ঘষা + অন(অনট্)—ভা) সং,ক্লীং,ঘষা। ২। মার্জ্জন। ৩। কোন সারিকায় তার চাপিয়া আঘাতানন্তর সেই আঘাতের অনুকরণ থাকিতে থাকিতে বাম হস্তের অঙ্গুলির ঘর্ষণযোগে এক বা ততোধিক সুরে ক্রমান্বয়ে যাওয়ার নাম ঘর্ষণ বা আশ। ণী—স্ত্রীং, ( + অনট্—র্ম্ম ) হরিদ্রা।

ঘর্ষণাল ( ঘর্ষণ—অল্ পারক হওয়া + অ (অন্)—ক। যে পারক হয়) সং, পুং, ঘর্ষণ-সাধন, লোড়া।

ঘর্ষিত (ঘর্ষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার ঘর্ষণ হইয়াছে। ২। যাহাতে ঘর্ষণ লাগিয়াছে। [চূর্ণ।

ঘষি (ঘর্ষণ শব্দজ কি ?) সং, শুষ্ক গোময়

ঘস (ঘস্ + অ(অল্)—ভা) সং,পুং, ভোজন।

ঘসি (ঘস্ ভক্ষণ করা + ই—প্রং) সং, পুং, ভক্ষণ, ভোজন।

ঘস্মর (ঘস্ ভক্ষণ করা + মর—ক, শীলার্থে) বিং, ত্রিং, অস্মর, খাদক। শিং—১ "সুরাধ্বরে ঘস্মরজিহ্বরেণ।"

ঘস্র ( পূর্ব্বে দেখ, র(রক্)—ধি, সংজ্ঞার্থে ) সং, পুং, দিন। ২। ( + রক্—র্ম্ম) ক্লীং, কুঙ্কুম। ৩। ( + রক্—ক ) বিং, ত্রিং, হিংস্র।

ঘা (ঘাতশব্দজ) সং. আঘাত। ২। ক্ষতচিহ্ন।
ঘাইট } (দেশজ) সং, অপরাধ, দোষ,
ঘাটি } কসুর।
ঘাঁট (ঘণ্ট কর্ণ) দেবতাবিশেষ।
ঘাঁটন (দেশজ) সং, আলোড়ন, আবর্ত্তন। ২। মিশ্রীকরণ। ৩। চটকান।
ঘাঁটি (ঘট্ট শব্দজ) চৌকিদারের নির্জ্জনে বসতি স্থান, চোরাপথ; থানা।
ঘাগী (দেশজ) ভুক্তভোগী। ২। পুনঃ পুনঃ দণ্ডিত। ৩। দুষ্ট, চতুর, শঠ। [শেষ।
ঘাঘরা (ঘর্ঘরা শব্দজ) সং, পরিধেয় বস্ত্রবি-
ঘাট (ঘট্-ণিচ — ঘাটি হিংসা করান + অ (অন্) — ক) সং, পুং, টা, টিকা — স্ত্রীং, গ্রীবা, ঘাড়। ২। (ঘট্ট শব্দজ) সং, নদ্যাদির অবগাহনার্থ প্রবেশস্থান। ৩। পর্ব্বতমধ্যে পথ। ৪। পর্ব্বত; যথা—পূর্ব্বঘাট, পশ্চিমঘাট। ৫। সঙ্গীতে—যন্ত্রাদিকে বিভাগ করিলে তাহার এক এক অংশের নাম ঘাট।
ঘাটন (দেশজ) সং, হ্রাস হওন, উন হওন।
ঘাটোয়াল (দেশজ) যে ঘাটোয়ালী জমী অধিকার করে।
ঘাটোয়ালী—ঘাটওয়ালা বা ঘাটরক্ষা প্রভৃতি পুলীষের কার্য্যের কিয়দংশ করিয়া তাহার পরিবর্ত্তে অল্প খাজানায় যে ভূমি দখল করে উহাকে ঘাটয়ালী জমী কহে।
ঘাড় (ঘাটা শব্দজ) সং, গ্রীবা, মস্তকের অধোভাগ।
ঘাণ্টিক (ঘণ্টা + ইক (ঠিক) — বাদনার্থে) সং, পুং, যে সকল লোক একত্রিত হইয়া দেবতার সম্মুখে ঘণ্টা বাজাইয়া আরাধনা করে। ২। বিং, ত্রিং, ঘণ্টাবাদক। ৩। স্তুতিপাঠক। শিং — ১ "রাজপৌরুষিকে বিপ্রে ঘাণ্টিকে পরিচারকে।"
ঘাত (হন্ বধকরা + অ (ঘঞ) — ভা) সং, পুং, আঘাত, প্রহার। ২। হনন, বধ। ৩। ক্ষত, ঘা। ৪। গুণন। ৫। (Power) অঙ্ক-গুণন, কোন রাশি সেই রাশি দ্বারা বারম্বার গুণিত হইলে যে ফল উৎপন্ন হয়। ৬। (+ ঘঞ — ণ) প্রহার সাধন অস্ত্র। শিং — ১ "ইচ্ছামি বিবিধৈর্ঘাতৈর্হন্তুমেতাঃ।" ২ "পতন্তি দ্বিরদাভূমৌ বজ্রঘাতাদিবাচলাঃ।"
ঘাতক (ঘাত দেখ, অক (ণক) — ক) বিং, ত্রিং, হননকর্ত্তা, বধকারক। ২। প্রহারক। শিং — ১ "অনুমন্তা বিশসিতা নিহন্তা ক্রয়-বিক্রয়ী। সংহর্ত্তা চোপহর্ত্তা চ খাদকশ্চেতি ঘাতকঃ।"
ঘাতন (ঘাত দেখ, অন (অনট্) — ভা) সং, ক্লীং, হনন, বধ। ২। আঘাত। ৩। যজ্ঞার্থ পশুবধ। ৪। (হন্-ণিচ = ঘাতি বধ করান + অনট্ — ভা) হত্যা সম্পাদন, অপর দ্বারা বধ করান। ৫। (+ অনট্ — ণ) প্রহারসাধন অস্ত্র। ৬। (+ অনট্ — ক) বিং, ত্রিং, ঘাতক।
ঘাতসহ (Malleable) বিং, ত্রিং, যে সকল দ্রব্য অল্পমাত্র আঘাত পাইলে ভাঙ্গিয়া যায় না, পার্শ্বের দিকে বাড়িয়া বিস্তৃত হয়। [মৃত্যুর স্থান, শ্মশান।
ঘাতস্থান (ঘাত — স্থান, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং,
ঘাতাবেশ (Involution) সং, পুং, কোন রাশি ধারাবাহিকরূপে সেই রাশি দ্বারা গুণিত হইলে একটী রাশি উৎপন্ন হয়, যে প্রক্রিয়া দ্বারা ঐ রাশি উৎপন্ন হয় তাহার নাম ঘাতাবেশ।
ঘাতি (ঘাত দেখ, ই (ইন্) — ণ) সং, পুং, পক্ষিবন্ধন বা বিনাশ। ২। (+ ই — ভা) আঘাত, প্রহার।
ঘাতিপক্ষী (— পক্ষিন্, ঘাতি পক্ষিবন্ধন বা বিনাশ — পক্ষিন্ পাখী, ষং — স) সং, পুং, শ্যেনপক্ষী।
ঘাতী (— ঘাতিন্, হন্ আঘাত করা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, হননশীল, বধকর্ত্তা।
ঘাতুক (ঘাত দেখ, উক — ক, শীলার্থে) বিং, ত্রিং, হিংস্র, নাশক। ২। নিষ্ঠুর। ৩। ক্রূর।
ঘাত্য (ঘাত দেখ, য (ঘ্যণ) — র্ম্ম) বিং, ত্রিং, বধ্য, হননযোগ্য, বধার্হ। ২। গুণনীয়।
ঘানি (মুদ্গারার্থ ঘন শব্দজ) সং, তৈল-যন্ত্র।
ঘাম (ঘর্ম্ম শব্দজ) সং, শ্রমজল, স্বেদ।
ঘামাচি (ঘর্ম্মচর্চ্চিকা শব্দজ) ঘর্ম্মজন্য ব্রণ।
ঘার (ঘৃ সেচন করা + অ (ঘঞ) — ভাবে) সং, পুং, সেচন, ছেঁচা।
ঘার্ত্তিক (ঘৃত ঘি + ইক (ঠিক) — পাকার্থে) সং, পুং, ঘৃতপুর খাদ্যদ্রব্যবিশেষ, ঘিওড়।

ঘাতি (হন্ ধাতুজ) আঘাতপ্রাপ্ত, নষ্ট, ক্ষত।

ঘাস (ঘস্ ভক্ষণ করা+অ(ঘঞ্)—র্ম্ম। পশু কর্ত্তৃক যাহা ভক্ষিত হয়) সং, পুং, দূর্ব্বাদি তৃণ, যবস।

ঘাসি (ঘস্ গ্রাস করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি।

ঘি (ঘৃত শব্দজ) সং, হবিঃ, আজ্য।

ঘিঞ্জি (নিবিড়ার্থ ঘন শব্দজ কি ?) বিং, ঘন, নিবিড়।

ঘুঁটি (ঘুণ্টিকা শব্দজ) সং, ইষ্টকাদি খণ্ড।

ঘুঘু (দেশজ) সং, পক্ষীবিশেষ, বনকপোত।

ঘুঙ্গুর (ঘণ্টিকা শব্দজ) সং, কটিদেশের অলঙ্কারবিশেষ; যথা—কটিতটে ঘুঙ্গুর বাজে।"

ঘুচন (দেশজ) সং, মোচন, নাশ, ত্যাগ। ২। গোময় লেপাদি দ্বারা উচ্ছিষ্টাদি মার্জ্জন।

ঘুট—পুং, ঘুটি, টী—স্ত্রীং, ঘুটিক—পুং, ঘুটিকা—স্ত্রীং } (ঘুট্ ব্যাঘাত করা+অ(ক), ই—ক। ঘুটী+ক—যোগ) সং, গুল্ফ, গোড়ালি।

ঘুড়ী (ঘূর্ণ শব্দজ কি ?) সং, শূন্যগামি ক্রীড়ন দ্রব্যবিশেষ। ২। (বাঙ্গালা ঘোড়া শব্দজ) ঘোটকী।

ঘুণ (ঘুণ্ ভ্রমণ করা+অ(ক)—ক) সং, পুং, কাষ্ঠ কীটবিশেষ। শিং—১ "ঘুণোপহতকাষ্ঠে।" ২"ভগ্নং শত্রুধনুর্ঘুণৈরুপহতম্।"

ঘুণাক্ষর (ঘুণ—অক্ষর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ঘুণকৃত অক্ষর। (ঘুণ কাঠ কাটিতে থাকে, দৈবাৎ কোন কোন কাটা অক্ষরের ন্যায় হইয়া যায়; সেই অক্ষরাকৃতি কাটাকে ঘুণাক্ষর বলে অর্থাৎ ঘুণ, অক্ষর কাটিব বলিয়া চেষ্টা করে না, কিন্তু কখন কখন হঠাৎ কোন কোন স্থানে অক্ষরের মত হইয়া উঠে; সেইরূপ, যাহা করিব বলিয়া মনস্থ না করিলেও যদি হঠাৎ ঘটিয়া উঠে, তবে তাহা ঘুণাক্ষর শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে)। ২। স্মৃতিখেলা। ৩। আশ্চর্য্য ঘটনা। ৪। সৌভাগ্য। শিং—১ "অবৈদ্য জীবিনাং সিদ্ধিঃ স্যাদ্ঘুণাক্ষরবৎ কচিৎ।"

ঘুণ্ট, ঘুণ্টক } (ঘুট্ ব্যাঘাত করা+অ—প্রং। ম্—আগম। ক—যোগে ঘুণ্টক) সং, পুং, গুল্ফ, গোড়ালি।

ঘুণ্টিক; সং, ক্লীং, বনস্থ করীষ, বিলঘুঁটে।

ঘুণ্ড (ঘুণ্ ভ্রমণ করা+ড—সংজ্ঞার্থে) সং, পুং, ভ্রমর।

ঘুম (দেশজ) সং, নিদ্রা, তন্দ্রা, শয়ন।

ঘুরুণে (ঘূর্ণ শব্দজ) ঘূর্ণ বাতাস। ২। জলস্তম্ভ।

ঘুর্ঘুর (ঘুর্ অনুকরণ শব্দ—ঘুর্ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, ঘুরঘুরিয়া পোকা। ২। শব্দবিশেষ। শিং—১"কাসশ্বাস কৃতায়াসঃ কণ্ঠে চ ঘুর্ঘুরায়তে।"

ঘুর্ঘুরিকা (ঘুর্ঘুর বরাহধ্বনি+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, রোগবিশেষ, গলা-ঘড়ঘড়ে।

ঘুলন (ব্যাঘাতকরণার্থ ঘুড় ধাতুজ) সং, আ-[লোড়ন, ঘনকরণ।

ঘুষ (দেশজ) সং, কার্য্যসিদ্ধির জন্য গোপনে দেয় বস্তু, উৎকোচ।

ঘুষখোর (যাবনিক) সং, যে উৎকোচ গ্রহণ করিয়া কার্য্য করে, যে ঘুষ লইয়া পক্ষপাতী হয়।

ঘুষা, ঘুষি (দেশজ) সং, কীল, মুষ্টি, মুটা। ২। পরস্পরের প্রতি পরস্পরের বক্রভাবে মুষ্টি প্রহার।

ঘুষিত, ঘুষ্ট (ঘুষ্ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, বাদিত, নাদিত। ২। (+ক্ত—ভা) ক্লীং, ঘোষণা।

ঘুষ্কী (দেশজ) সং, গুপ্তবেশ্যা, গোপনে উপপতিকারিণী।

ঘুসৃণ (ঘুনস্ ভূষিত করা+ঋণ(ঋণক্)—ণ) সং, ক্লীং, কুঙ্কুম। শিং—১ "ঘুসৃণৈর্যত্র জলাশয়োদরে।"

ঘূক (ঘূ অনুকরণ শব্দ—ক[কৈ শব্দ করা+অ(ড)—ক] যে শব্দ করে) সং, পুং, পেচক।

ঘূকনাদিনী (ঘূক পেচক—নদ্ শব্দ করা+ইন্(ণিন্)—ক, ঈপ্—স্ত্রীং। যে পেচকের ন্যায় শব্দ করে) সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "ঘর্ঘরাঘূকনাদিনী।"

ঘূকারি (ঘূক পেঁচা—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাক।

ঘূরণ (ঘূর্ণন শব্দজ) সং, চক্রের ন্যায় ফিরণ।

ঘূর্ণ (ঘূর্ণ্ ঘোরা+অ(অল্)—ভাবে) সং, পুং, ভ্রমি, ঘূর্ণি, ঘোরা। ২। (+অল্—ণ)

নীয়া শাক। ৩। বিং,ত্রিং, ঘূর্ণিত। শিং—১ "গজকুলৈর্হ্ দিনীব ঘূর্ণা।"

ঘূর্ণন—ক্লীং } ( ঘূর্ণ দেখ, অন(অনট্), ই
ঘূর্ণি—স্ত্রীং } —ভা ) সং, মণ্ডলাকার পথে পরিভ্রমণ। ২। ঘোরা। ৩। ঘূরণ। শিং—১ "ঘূর্ণনাগাত্রপতনভ্রমণাদর্শনাদিকৃৎ।

ঘূর্ণায়মান (ঘূর্ণ দেখ, আন(শান)—ক। য, ম—আগম ) বিং, ত্রিং, ভ্রাম্যমাণ, যাহা মণ্ডলাকার পথে পরিভ্রমণ করিতেছে। শিং—১ "ইন্দ্রাদ্যৈরখিলার্থসাধনপরৈঃ সংস্তূয়মানং মুহুঃ পীতোন্মত্ত কলাহতুলাল-সতয়া ঘূর্ণায়মানেক্ষণম্।"

ঘূর্ণিকা ; সং, স্ত্রীং, শুক্রাচার্য্যের কন্যা দেবযানীর সখীবিশেষ।

ঘূর্ণিত ( ঘূর্ণ দেখ, ত(ক্ত) র্ম্ম ) বিং, ত্রিং, ভ্রান্ত, ভ্রমিত। শিং—১ "কাদম্বরীমদবি-ঘূর্ণিতলোচনস্য যুক্তং হি লাঙ্গলভৃতঃ প-তনং পৃথিব্যাম্।"

ঘূর্ণ্যমান (ঘূর্ণ ঘোরা+আন(শান)—র্ম্ম। য, ম—আগম ) বিং, ত্রিং, যাহা ঘুরান যাই-তেছে, ভ্রামিত। "ভোঃ ভোঃ বৃক্ষাঃ পর্ব্বতস্থা বহু কুসুমযুতা বায়ুনা ঘূর্ণ্যমানাঃ।"

ঘৃণা (ঘৃণ্ দীপ্তি পাওয়া+অ(ক)—ক, আপ্—স্ত্রীং। অথবা ঘৃ সেক করা + নক্—ক। দয়া কারুণ্যে হৃদয় আর্দ্র করে বলিয়া) সং, স্ত্রীং, দয়া, করুণা। শিং—১ "ইত্থঙ্গতে গতঘৃণঃ কিময়ং বিধত্তাম্।" ২। অবজ্ঞা, অশ্রদ্ধা। ৩। কুৎসিত বা দুর্গন্ধ বস্তুর উপর দ্বেষ বা বিরাগ। ৪। লজ্জা-বোধ, অপমানবোধ ; যথা—তিরস্কার ক-রিলে তাহার ঘৃণা হয় না। ৫। জুগুপ্সা। "তাং বিলোক্য বনিতাবধে ঘৃণাম্।"

ঘৃণাবাস (ঘৃণা—আবাস) সং, পুং, কুষ্মাণ্ড। ২। বিং, ত্রিং, ঘৃণাযুক্ত।

ঘৃণি (ঘৃণা দেখ, ইন্—ক, সংজ্ঞার্থে) সং,পুং, চন্দ্র সূর্য্যের কিরণ। ২। সূর্য্য। ৩। শিখা। শিং—১ "তস্য ত্যক্তস্বভাবস্য ঘৃণের্ম্মায়া বনৌকসঃ।" ৪। (ঘৃ সেচন করা+নিক্—র্ম্ম) তরঙ্গ। ৫। জল।

ঘৃণিত (ঘৃণা দেখ, ত(ক্ত)—র্ম্ম। কিম্বা ঘৃণা+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, যাহাকে সকলে ঘৃণা করে, যাহাকে সকলে ঘৃণা বা হেয় জ্ঞান করে। ২। যাহা দেখিলে বা শুনিলে ঘৃণা জন্মে, ঘৃণাযুক্ত, অবজ্ঞাত, জুগুপ্সিত। ৩। অনুগ্রহপ্রাপ্ত। ৪। দয়ার্হ।

ঘৃণী (ঘৃণিন্, ঘৃণা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জুগুপ্সাকারী। ২। দয়ালু।

ঘৃত ( ঘৃ ক্ষরিত হওয়া, দীপ্তি পাওয়া+ত (ক্ত)—র্ম্ম ) সং, ক্লীং, আজ্য, হবিঃ, ঘি। শিং—১ "সর্পির্বিলীনমাজ্যং স্যাদ্-ঘনীভূতং ঘৃতং বিদুঃ।" ২। জল। ৩। (ঘৃণ্+ক্ত—ভা) দীপ্তি। ৪। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দীপ্ত।

ঘৃতকুমারী ( ঘৃত [ ঘি, ইহা ঘৃতের সহিত তুলনা করা যায় বলিয়া] এই বৃক্ষের রস—কুমারী বালিকা। কোমলতা ও সুন্দ-রতা হেতু যে বৃক্ষের সহিত উপমা দেওয়া যায়) সং,স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ ওষধিবিশেষ।

ঘৃত-কুল্যা (ঘৃত ঘৃতপূরিত—কুল্যা কৃত্রিম নদী, ষং—স) সং, স্ত্রীং, ঘৃতপূর্ণ কৃত্রিম নদী। . হিং) সং, পুং, অগ্নি।

ঘৃতকেশ (ঘৃত দীপ্ত—কেশ শিখা, ৬ষ্ঠী—

ঘৃতকৌশিক (ঘৃত দীপ্ত—কৌশিক কুশিক গোত্র, ষং—স) সং, পুং, গোত্রবিশেষ।

ঘৃতদীধিতি (ঘৃত দীপ্ত—দীধিতি আলোক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

ঘৃতধারা (ঘৃত ঘৃততুল্য—ধারা [ধৃ+অ(ণ্বঞ্) —ক] জলধারিণী, যে ঘৃততুল্য জল ধারণ করে) সং, স্ত্রীং, নদীবিশেষ। ২। (৬ষ্ঠী—ষ) ঘৃতের ধারা।

ঘৃতপ ( ঘৃত—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে) সং,পুং, আজ্যপ নামক পিতৃগণ। "ঘৃতপাঃ সোমপাঃ যব্যা বৈশ্বানর-মরীচিপাঃ।" ২। বিং, ত্রিং, ঘৃতপানকর্ত্তা।

ঘৃতপূর (ঘৃত—পুর [পৃ পূরণ করা+অ(অল্) —র্ম্ম] যে পরিপূর্ণ করে) সং, পুং, পক্কান্ন-বিশেষ, ঘিওর।

ঘৃতবতী ( ঘৃত জল+বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দ্যাবাপৃথিবী। ২। বিং, ত্রিং, আজ্যযুক্ত।

ঘৃতাক্ত (ঘৃত—অক্ত লেপিত) বিং, ত্রিং, যাহা ঘৃতে লিপ্ত হইয়াছে, যে সর্ব্বাঙ্গে

ষি মাখিয়াছে। শিং—১ "ঘৃতাক্তং নিখনেদ্ভুবি।"

ঘৃতাচী (ঘৃত—অনচ্ পূজা করা+০(ক্বিপ্)—ক। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। এক সময় ইহাঁকে দেখিয়া ব্যাসদেব কামার্ত্ত হন, তাহাতে শুকদেব গোস্বামীর জন্ম হয়। ২। কুশনাভের পত্নী।

ঘৃতান্ন (ঘৃত—অন্ন অদনীয়। ঘৃত যাহার ভক্ষ্যবস্তু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বহ্নি।

ঘৃতার্চ্চিস্ (ঘৃত ঘৃতদীপ্ত—অর্চ্চিস্ শিখা, ঘৃতসংযোগে যাহার শিখার বৃদ্ধি হয়) সং, পুং, অগ্নি। শিং—১"ঘৃতার্চ্চিঃ প্রীতিমাংশ্চৈব প্রজজ্বাল দিদক্ষয়া।" (ভারত)।

ঘৃতাহুতি (ঘৃত—আহুতি, ৩য়া—ষ) সং,স্ত্রীং, অগ্নিতে সমন্ত্রক ঘৃত প্রদান। শিং—১ যং যজুংষি ঘৃতাহুতিভিঃ।"

ঘৃতেলী (ঘৃত —ইর্ গমনকরা+অ—প্রং। র=ল। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, তেলাপোকা। [সমুদ্র।

ঘৃতোদ (ঘৃত—উদ জল) সং, পুং, ঘৃত-

ঘৃষ্ট (ঘৃষ্ ঘষা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জিত, যাহা ঘষা গিয়াছে। শিং—১ "দ্রৌপদ্যা নন্থ মৎস্যরাজভবনে ঘৃষ্টং ন কিং চন্দনম্।" ২। সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ, অগুরু প্রভৃতি। শিং—১ "ঘৃষ্টো মলয়জো গন্ধঃ।"

ঘৃষ্টতাড়িত (Frictional Electricity) সং, ক্লীং, ঘর্ষণ দ্বারা যে তাড়িত শক্তি জন্মে।

ঘৃষ্টি (ঘৃষ্ ঘসা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ঘর্ষণ। ২। স্পর্দ্ধা। ৩। চামর আলু। ৪। অপরাজিতা ৫। (+তি—ক) পুং—স্ত্রীং, শূকর, শূকরী। [রোগের দেবতা।

ঘেঁটু (ঘণ্টাকর্ণ শব্দজ) সং, খস পাঁচড়া

ঘেঁকুলিকা; সং, স্ত্রীং, মূলবিশেষ, ঘেঁচু।

ঘেরণ (দেশজ) সং, বেষ্টন, বেড়ন, আবরণ।

ঘেসেড়া (দেশজ) যে ঘোড়ার ঘাস কাটে।

ঘোট } (ঘুট্ প্রত্যাবর্ত্তন করা+অ
ঘোটক } (অন্), অক(ণক)—ক। যে ভূমিতে প্রত্যাবৃত্ত হইয়া লুঠিত হয়) সং, পুং—স্ত্রীং, অশ্ব, ঘোড়া।

ঘোটন (দেশজ) সং, অন্বেষণ। ২। পেষণ।

ঘোট্না (প্রত্যাবরণ অর্থে ঘুট্ ধাতুজ) যাহার দ্বারা ঘোঁটা যায়, পেষণদণ্ড।

ঘোড়া (ঘোটক শব্দজ) সং, অশ্ব, তুরঙ্গ।

ঘোণা (ঘুণ্ ভ্রমণ করা+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নাসিকা। ২। অশ্বনাসিকা। ৩। মুখের সুঁচল অগ্রভাগ। শিং—১"গৌরঃ প্রলম্বোজ্জ্বলচারুঘোণঃ।"

ঘোণী (ঘোণিন্, ঘোণা নাসিকা বা মুখের সুঁচল অগ্রভাগ+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, শূকর।

ঘোমটা (দেশজ) সং, অবগুণ্ঠন, মুখাচ্ছাদন।

ঘোর (ঘুর্ ভয়ঙ্কর হওয়া+অ(অন্)—ক) সং,পুং, শিব। ২। ঋষিবিশেষ। রা—স্ত্রীং, ভয়ানক রাত্রি। ৩। ক্লীং, ভয়। ৪। বিষ। ৫। বিং, ত্রিং, ভয়ঙ্কর, বিকট। শিং—১ "ঘোররাবাং মহারৌদ্রীং।" ৬। গাঢ়, ঘন; যথা—ঘোর অন্ধকার। ৭। অত্যন্ত, উৎকট; যথা—ঘোর নিদ্রা। ৮। অসদৃশ, বিসদৃশ; যথা—ঘোর মাতাল। ৯। মহৎ। ১০। বিষম। ১১। দুর্গম; যথা—ঘোর জঙ্গল। ১২ দারুণ।

ঘোরঘোরতর (ঘোর—ঘোর+তর—প্রকারার্থে, দ্বিত্ব) সং, পুং, শিব। শিং—১ "অঘোরঘোররূপায় ঘোরঘোরতরায় চ। নমঃ শিবায়।"

ঘোরদর্শন (ঘোর—দর্শন দৃষ্টি, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, পেচক। ২। বিং, ত্রিং, বিকটাকার। শিং—১ "বীক্ষাঞ্চক্রে মহাবাহুস্তদ্বনং ঘোরদর্শনম্।" (ভারত)।

ঘোরপরাক্রম (ঘোর ভয়ঙ্কর—পরাক্রম, ৬ষ্ঠী হিং) বিং,ত্রিং, ভীষণ পরাক্রমশালী, অতি পরাক্রান্ত।

ঘোররাসন (ঘোর ভয়ঙ্কর—রাসন [রাস্ শব্দ করা+অন(অনট্)—ভা] চীৎকার বা শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৃগাল। ২। বিং, ত্রিং, ভয়ঙ্কর শব্দযুক্ত।

ঘোল (হন্ বধ করা+অ(অল)—র্ম্ম। হন্=ঘর, র=ল। মন্থনদণ্ড দ্বারা যাহা আহত। অথবা ঘুর্+অল—র্ম্ম) সং, ক্লীং, মথিত দধি, তক্র। শিং—১"ষত্ সস্নেহম-জলং মথিতং ঘোলমুচ্যতে। সসরং নির্জ্জলং

মথিতং দধি।" ২। (দেশজ) নদীর আওড়। লা—কর্দ্দমযুক্ত, আবিল, অনির্ম্মল।

ঘোষ (ঘুষ্ শব্দ করা+অ(অল্)—ধি) সং, পুং, আভীরপল্লী, গোয়ালা-পাড়া। ২। (+ অল্—র্ম্ম) ধ্বনি। শিং—১"ভীমঘোষাণাং —মৃগপক্ষিণাম্।" ৩। মেঘের ধ্বনি। ৪। মসা। ৫। কাঁসা। ৬। (+অল্—ণ) কায়স্থ প্রভৃতির পদবী। শিং—১"গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতি স্ম।" ৭। (+অন্—ক) গো- য়ালা। শিং—১ "হৈয়ঙ্গবীন মাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্।"

ঘোষক ( ঘোষ দেখ, অক(ণক)—ক ) বিং, ত্রিং, যে ঘোষণা করে, প্রচারক।

ঘোষণ—ক্লীং } (ঘোষ দেখ, অন(অনট্)
ঘোষণা—স্ত্রীং } —ভা) সং, উচ্চৈঃ শব্দ। ২। ইতস্ততঃ বিজ্ঞাপন, প্রচার। শিং—১ "বীর্য্যবিক্রমশৌর্য্যাণাং ঘোষণং গর্হিতং ভবেৎ।" ২ "রাজা সর্ব্বত্র পটহশব্দেন ঘোষণামাজ্ঞাপয়ামাস।"

ঘোষযাত্রা (ঘোষ ঘোষপল্লী—যাত্রা গমন, ৭মী—ষ) সং, স্ত্রীং, ঘোষপল্লীতে যাত্রা। পূর্ব্বে রাজগণ স্বীয় অধীনস্থ ঘোষপল্লীতে গমন করিয়া গোসমুদায়ের তত্ত্বাবধান করিতেন। কুরুরাজ দুর্য্যোধন এই ঘোষ- যাত্রার ছলে পাণ্ডবগণের প্রতি অত্যাচার করিয়াছিলেন।

ঘোষয়িত্নু ( ঘোষ শব্দ ইত্যাদি+ইত্নু— প্রং। য—আগম) সং, পুং, ব্রাহ্মণ। ২। কোকিল। ৩। কয়েদী।

ঘোষবতী (ঘোষ শব্দ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, মহারাজ উদয়নের বীণা।

ঘোষা; সং, স্ত্রীং, নারীবিশেষ; ইনি পিত্রালয়ে বৃদ্ধা হইয়াও অশ্বিনীকুমারদ্বয়ের প্রসাদে পুনর্ব্বার যৌবন ও পতি লাভ করেন।

ঘোষিত (ঘোষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রচারিত, যে বিষয়ের ঘোষণা হইয়াছে।

ঘ্রাণ (ঘ্রা গন্ধ গ্রহণ করা+অন(অনট্)— ণ। যাহার দ্বারা বস্তুর গন্ধ গ্রহণ করা যায়) সং, ক্লীং, নাসিকা। ২। (+অনট্—ভা) গন্ধগ্রহণ। ৩। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঘ্রাত, আঘ্রাত। "ন তথা ঘ্রাণযুক্তাশ্চ সর্ব্বগন্ধাঃ।"

ঘ্রাণজ (ঘ্রাণ—জ [জন্+অ(ড)—ক) জাত। যাহা ঘ্রাণেন্দ্রিয়ে উৎপন্ন হয়, ৭মী—ষ) বিং, ত্রিং, ঘ্রাণজাত।

ঘ্রাণতর্পণ (ঘ্রাণ নাসিকা—তর্পণ যে তৃপ্ত করে, ২য়া—ষ) সং, পুং, যাহার গন্ধ নাসা- রন্ধ্রে প্রবিষ্ট হইলে নাসিকার যৎপরো- নাস্তি তৃপ্তি বোধ হয়, সুরভি, অতি সুগন্ধি।

ঘ্রাণদুঃখদা (ঘ্রাণদুঃখ—দা দান করা+অ (ক)—ক, আপ্) সং, স্ত্রীং, হাঁচি।

ঘ্রাণেন্দ্রিয় ( ঘ্রাণ—ইন্দ্রিয় ) সং, ক্লীং, যে ইন্দ্রিয় দ্বারা বস্তুর গন্ধ গ্রহণ করা যায়, নাসিকা।

ঘ্রাত ( ঘ্রাণ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, যাহা ঘ্রাণ করা হইয়াছে, আঘ্রাত।

ঘ্রাতব্য ( ঘ্রা গন্ধগ্রহণ করা+তব্য—র্ম্ম ) বিং, ত্রিং, যাহার ঘ্রাণ লইতে হইবেক, যাহার ঘ্রাণ লওয়া উচিত বা আবশ্যক, যাহা ঘ্রাণ লইবার যোগ্য, যাহার ঘ্রাণ ল- ওয়ায় কোন দোষ বা হানি নাই।

ঘ্রাতি ( ঘ্রাণ দেখ, তি(ক্তি)—ণ ) সং, স্ত্রীং, নাসিকা। ২। (+ক্তি—ভাবে) আঘ্রাণ।

ঘ্রেয় ( ঘ্রা ঘ্রাণ করা+য—র্ম্ম ) বিং, ত্রিং, যাহার আঘ্রাণ লওয়া যায়, গন্ধদ্রব্য।

---

# ঙ

ঙ; ব্যঞ্জনবর্ণের পঞ্চম বর্ণ; ইহার উচ্চারণ- স্থান জিহ্বামূল। ইহাকে অনুনাসিকবর্ণও বলে। ২। (ঙু শব্দ করা+অ(ড)—ক) সং, পুং, বিষয়। ৩। (+ড—ভা) বিষয়- স্পৃহা। ৪। বিষয়রক্ষা। ৫। উভয়। ৬। ধ্বনি। ৭। ভৈরব। ৮। কামধেনুতন্ত্রে— ইহা পরম কুণ্ডলী পঞ্চদেব ও পঞ্চপ্রাণময় ত্রিগুণাত্মকবর্ণ বলিয়া উক্ত আছে; যথা—

"ঙকার ভৈরব আর বিষয় ঙকার।
ঙকার স্বরূপা রাখ ওপদ আমার।"

---

## চ

**চ** ; ব্যঞ্জনবর্ণের ষষ্ঠ বর্ণ ; ইহার উচ্চারণ-স্থান তালু। ২। (চি একত্র করা+অ(ড)–ক) অং, সমুচ্চয়, আরও, এবং, ও, পক্ষান্তর। শিং–১ "তুভ্যং মহ্যং চ দদ্যাৎ স্বং।" ৩। ইতরেতর-যোগ। ৪। সমাহার। ৫। দ্বন্দ্ব। ৬। আনুষঙ্গিকতা। ৭। অবধারণ। ৮। পাদপূরণ। "ক চ তে ক্ষত্রিয়বলং ক চ ব্রহ্মবলং মহৎ।" ৯। (চর্ গমনকরা+অ(ড)–ক) সং, পুং, চৌর। ১০। চন্দ্র। ১১। চণ্ডেশ্বর। ১২। কূর্ম্ম।

চক (চতুষ্ক শব্দজ কি?) সং, চতুঃশালার মধ্য-স্থান, বাজার। ২। ভূমির বিভাগ ; গ্রামের মধ্যে কিয়ৎপরিমাণ ভূমিকেও চক বলে। ৩। (চক্ প্রতিঘাত করা, তৃপ্ত হওয়া+অ(ক)–ক) পুং, খল। ২। সাধু।

চকবন্দী ; কোন জমীর কিম্বা সম্পত্তির সীমা-নিরূপণ করা। ২। পুলিসের যতদূর পর্য্যন্ত অধীন থাকে। ৩। গ্রামসীমা-নিরূপণ করা।

চকাসিত (চকাস্ দীপ্তি পাওয়া+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, দীপ্ত, উজ্জ্বল। ২। শোভিত। ৩। প্রকাশিত, আলোকপূর্ণ।

চকিত (চক্ ভীত হওয়া, ব্যাঘাত করা+ত(ক্ত)–ক) বিং, ত্রিং, ভয় প্রভৃতি কারণে যাহার চিত্তের চাঞ্চল্য জন্মিয়াছে, ভীত, চমকিত। ২। কম্পিত, কম্পমান। ৩। তৃপ্ত। তা–স্ত্রীং, ভীতা, চমকিতা। শিং–১ "ব্যাধানুসারচকিতা হরিণীব যাসি।" ২। ষোড়শাক্ষর ছন্দোবিশেষ। ৩। (+ক্ত–ভা) সং, ক্লীং, ভয়।

চকোর (চক্ তৃপ্ত হওয়া+ওর(ওরন্)–ক, সংজ্ঞার্থে) সং, পুং, রী–স্ত্রীং, পক্ষিবিশেষ, যে পক্ষী চন্দ্রিকা পানে তৃপ্ত হয়। ইহার আকার এরূপ যে স্ত্রী-লোকের চক্ষুর সহিত তুলনা দেওয়া যায়। শিং–১ "শরৎ পার্ব্বণচন্দ্রাভং সুধাপূর্ণাননং তব। নাথ চক্ষুশ্চকোরাভ্যাং পিবাম্যহমহর্নিশম্।" ২ "ইতশ্চকোরাক্ষি বিলোকয়েতি।"



চকোর।

চক্চক্ (চাক্চক্য শব্দজ) সং, স্বচ্ছতা, উজ্জ্বলতা, দীপ্তি।

চকমকী (দেশজ) সং, অগ্ন্যুৎপাদক প্রস্তর ও লৌহ।

চক্রস (ক্রস্+অ(অন্)–ক) বিং, ত্রিং, কুটিল।

চক্র (কৃ করা+অ(ক)–ক, দ্বিত্ব) সং, পুং, চক্রবাক পক্ষী, চকাপাখী। ২। (চক্ তৃপ্ত হওয়া+র–সংজ্ঞার্থে) ক্লীং, সৈন্য। ৩। রাজ্য, দেশ, প্রদেশ। ৪। সমূহ। ৫। রথাদির চাকা। শিং–১ "যথা হ্যেকেন চক্রেণ রথস্য গতির্ন ভবেৎ।" ৬। তৈল-যন্ত্র, ঘানিগাছ। ৭। চক্রাকৃতি তীক্ষ্ণধার অস্ত্র ; (বিষ্ণুর অস্ত্রকে চক্র বলে)। ৮। গ্রামসমূহ, চাকলা, মণ্ডল। ৯। ইন্দ্রজাল। ১০। কুম্ভকারের চাক। ১১। জলের আবর্ত্ত। ১২। তারপুষ্প। ১৩। সৈন্যরচনা-বিশেষ, ব্যূহ। ১৪। তন্ত্রোক্ত মূলাধার ষট্-পদ্ম। শিং–১ "মূলাধার স্বাধিষ্ঠান মণি-পূরানাহত বিশুদ্ধাজ্ঞাখ্য ষট্চক্রাণি।" ১৫। বীরাদি চক্র। ১৬। কাব্য-বন্ধবিশেষ। ১৭। ছল, কূটবুদ্ধি, কুমন্ত্রণা। ১৮। হস্তস্থ রেখা-বিশেষ। ১৯। দন্তবিশেষ। ২০। সর্ব্বতো-ভদ্রাদি মণ্ডল। ২১। দেবার্চ্চন-যন্ত্র। শিং–১ "শ্রীচক্রমেতদুদিতং পরদেবতয়াঃ।" ২২। চিহ্নবিশেষ। শিং–১ "দ্বাদশারস্ত ষট্কোণং বলয়ত্রয় সংযুতং চক্রং স্যাদ্দক্ষিণাবর্ত্তঃ শঙ্খশ্চ শ্রীহরেঃ স্মৃতঃ।" ২৩। দ্বাদশবিধ রাজ্য। ২৪। মন্ত্রোদ্ধারার্থ ষট্-চক্র ; যথা—কুলাকুল, রাশি, নক্ষত্র, অক-থহ, অকড়ম, ঋণিধণি। ২৫। সামগ ব্রাহ্মণ। ২৬। জাতিবিশেষ; সিন্ধুনদীর অপর পার্শ্বে ইহারা বাস করিত।

চক্রগণ্ড (চক্র–গণ্ড বালিশ) সং, পুং, চক্রাকার উপাধান, গোল বালিশ, গাল-বালিশ।

চক্রগুচ্ছ (চক্র চাকা–গুচ্ছ গোছা) সং, পুং, অশোকবৃক্ষ।

চক্রগোপ্তা (—গোপ্তৃ, চক্র সৈন্য প্রভৃতি গোপ্তা রক্ষক, ২য়া—ষ) সং, পুং, সৈন্য রক্ষক, সেনাপতি। ২। যে চাকুলা রক্ষা করে, পল্লীর রক্ষক। ৩। রাজ্যরক্ষক। ৪। রথচক্রাদির রক্ষক যোদ্ধৃবিশেষ।

চক্রজীবক (চক্র কুম্ভকারের চাক—জীবক যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, কুম্ভকার, কুমার।

চক্রতীর্থ (চক্র সুদর্শনচক্রকৃত—তীর্থ, ৩য়া ষ) সং, ক্লীং, সুদর্শনচক্র দ্বারা কৃত প্রভাসস্থ বৈষ্ণব তীর্থবিশেষ; ইহার পূর্ব্বভাগে যমেশ্বর, পশ্চিমে সোমেশ্বর, উত্তরে বিশালাক্ষী ও দক্ষিণে সাগর। আর্য্যমতে—এই তীর্থে স্নান করিলে মনুষ্যের সমস্ত পাপ বিনষ্ট হয়। শিং—১ "চক্রতীর্থে নরঃ স্নাত্বা সোপবাসো জিতেন্দ্রিয়ঃ। দ্বাদশ্যাং কার্ত্তিকে মাসি দদ্যাৎ বিপ্রেষু কাঞ্চনং। বিষ্ণুং সংপূজ্য বিধিনা মুচ্যতে সর্ব্বপাতকৈঃ।" ২। গোবর্দ্ধন পর্ব্বতের নিকটস্থ তীর্থ-বিশেষ; এখানে চক্রেশ্বর মহাদেব আছেন।

চক্রদংষ্ট্র (চক্র—দংষ্ট্র দন্ত, যাহার বক্র দন্ত আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর।

চক্রতুণ্ডী (Cyclostomata) যাহাদের মুখ চক্রের ন্যায় মণ্ডলাকার, যথা—লাম্প্রি-মৎস্য।

চক্রদত্ত; সং, ক্লীং, চক্রপাণি-নির্ম্মিত বৈদ্যক গ্রন্থবিশেষ।

চক্রদন্তী; সং, পুং, দন্তীবৃক্ষ।

চক্রদ্বার (চক্র চক্রবৎ—দ্বার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পর্ব্বতবিশেষ। শিং—১"দ্রোণশ্চ শতশৃঙ্গশ্চ চক্রদ্বারশ্চ পর্ব্বতঃ।"

চক্রধনু; সং, পুং, সূর্য্য হইতে জাত কপিল নামক ঋষিবিশেষ।

চক্রধর (চক্র—ধর [ধৃ ধারণকরা+অ(অন্) —ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু। ২। সর্প। ৩। দেশাধিপ, গ্রামাধিপ, রাজা। শিং—১ "যজন্তে ক্রতুভির্দেবাস্তথাচক্রধরা নৃপাঃ।" ৪। রাগবিশেষ। ৫। বিং, ত্রিং, ঐন্দ্রজালিক।

চক্রধর্ম্মা (চক্রধর্ম্মন্) সং, পুং, বিদ্যাধরবিশেষ।

চক্রধারণ (চক্র—ধৃ ধরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, রথের অবয়ববিশেষ, অক্ষনাভি। ২। (+অনট্—ভা) চক্র ধারণ করা।

চক্রনদী; সং, স্ত্রীং, বিষ্ণু-চক্রোদ্ভবা নদী, গণ্ডকী নদী।

চক্রনামা (—নামন্, চক্র মক্ষিকা-চক্র—নামন্ নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মাক্ষিক ধাতু। ২। চক্রনাম চক্রবাকপক্ষী।

চক্রনায়ক (চক্র—নী প্রাপ্ত হওয়া+অক (ণক)—ক। যে চক্রবৎ আকার প্রাপ্ত হয়) সং, পুং, ব্যাঘ্রনখ। ২। গন্ধদ্রব্যবিশেষ।

চক্রপথ (চক্র—পথ পথিন্ শব্দজ) সং, পুং, মণ্ডলাকার পথ।

চক্রপাণি (চক্র—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "নিঘ্নন্নমিত্রান্ সমরে চক্রপাণি রিবাসুরান্।"

চক্রপাদ (চক্র চাকা পাদ পা) সং, পুং, রথ, গাড়ি। ২। হস্তী।

চক্রপাল (চক্র—পাল যে পালন বা রক্ষা করে) সং, পুং যে ব্যক্তির হস্তে কোন দেশের বা ..দেশের শাসন বা তত্ত্বাবধানের ভার থাকে, দেশাধিপ। ২। সেনাপতি। [কাশীস্থ মণিকর্ণিকা।

চক্রপুষ্করিণী; সং, স্ত্রীং, বিষ্ণুর চক্রনির্ম্মিতা

চক্রফল (চক্র চক্রাকার—ফল অগ্রভাগ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহার অগ্রভাগ চক্রতুল্য, অস্ত্রবিশেষ।

চক্রবন্ধু, চক্রবান্ধব } (চক্র চক্রবাক পক্ষী—বন্ধু, বান্ধব। দিবসে চক্রবাক মিথুনের মিলন হয় বলিয়া সূর্য্যকে চক্রবন্ধু বলে) সং, পুং, সূর্য্য।

চক্রভৃৎ (চক্র—ভৃৎ [ভৃ ধারণকরা+০(ক্বিপ্) —ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, চক্রধারী।

চক্রভেদিনী (চক্র চক্রবাকপক্ষী—ভেদিনী যে [স্ত্রী-পুরুষকে] ভেদ অর্থাৎ পৃথক্ করে। রাত্রিকালে চক্রবাকমিথুন পরস্পর পৃথক্ হয় বলিয়া রাত্রির নাম চক্রভেদিনী হইল) সং, স্ত্রীং, রাত্রি।

চক্রভ্রম (চক্র—ভ্রম ভ্রমণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শাণাদি যন্ত্র। ২। কুন্দযন্ত্র।

চক্রমণ্ডলী (–মণ্ডলিন্, চক্র চাকা–মণ্ডল পরিধি+ইন্–অস্ত্যর্থে। সর্পের দেহ বা দেহাংশ চক্রের সহিত তুলনা দেওয়া যাইতে পারে বলিয়া) সং, পুং, বৃহৎসর্প।

চক্রমুখ (চক্র চক্রবৎ–মুখ, ৬ষ্ঠী–হিং) সং, পুং, শূকর।

চক্রমুদ্রা ; সং, স্ত্রীং, দেবপূজাঙ্গ মুদ্রাবিশেষ।

চক্রযান (চক্র চাকা–যান [যা যাওয়া+অন(অনট্)–ণ] যদ্দ্বারা যাওয়া যায়) সং, ক্লীং, রথ, গাড়ি প্রভৃতি।

চক্ররক্ষ (চক্র–রক্ষ্ রক্ষা করা+অ(অন্)–ক) বিং, ত্রিং, চক্ররক্ষক যোদ্ধৃবিশেষ। শিং–১ "মাদ্রেয়ৌ চক্ররক্ষৌ তু ফাল্গুনশ্চ তদাহকরোৎ।" [পুং, শূকর।

চক্ররদ (চক্র–রদ দন্ত, ৬ষ্ঠী–হিং) সং,

চক্রবর্ত্তী (–বর্ত্তিন্, চক্র দেশসমূহ–বর্ত্তী যে থাকে। যিনি দেশসমূহে স্বামীরূপে থাকেন, ৭মী–ষ) সং, পুং, বহু বিস্তৃত রাজ্যের অধিপতি, অনেক রাজা যাহাকে কর দেন, সম্রাট্,আসমুদ্রকরগ্রাহী। শিং–১ "ভরতার্জ্জুন-মান্ধাতৃ-ভগীরথ-যুধিষ্ঠিরাঃ। সগরো নহুষশ্চৈব সপ্তৈতে চক্রবর্ত্তিনঃ।" ২। ব্রাহ্মণজাতির উপাধিবিশেষ।

চক্রবাক (চক্র–বাক [বচ্ বলা+অ(ঘঞ্)–র্ম্ম] উক্ত, যে চক্রনামে উক্ত হইয়াছে। প্রবাদ আছে, চক্রবাকমিথুন দিবাভাগে একত্র থাকে, রজনীতে পরস্পর পৃথক্ হইয়া বিরহদুঃখে কালযাপন করে) সং, পুং, কী–স্ত্রীং, পক্ষিবিশেষ, চকাচকি।

চক্রবাড় } চক্রবাল } (চক্র দেশসমূহ–বল্ আবরণ করা+অ(ষণ্)–ক। অথবা বাড়্ নির্গত হওয়া, যে অন্ধকার হইতে চক্রের ন্যায় উদয় হয়) সং, পুং, লোকালোক পর্ব্বত। ২। ক্লীং, মণ্ডলাকার দিক্সমূহ। ৩। মণ্ডলাকার বর্ত্তিসমূহ। "এবং স কৃষ্ণো গোপীনাং চক্রবালৈরলঙ্কৃতঃ।" ৪। (Horizon) কোনস্থানে অবস্থিত হইয়া দৃষ্টিসঞ্চারণ করিলে যে স্থলে পৃথিবী ও আকাশ পরস্পর মিলিত বোধ হয়। [পুং, বাত্যা, ঘূর্ণাবায়ু।

চক্রবাত (চক্র মণ্ডল–বাত বায়ু) সং,

চক্রবৃদ্ধি (Compound interest) সং, স্ত্রীং, সুদের সুদ, বৃদ্ধির বৃদ্ধি। শিং–১ "বৃদ্ধেরপি পুনর্বৃদ্ধিশ্চক্রবৃদ্ধিরুদাহৃতা।"

চক্রব্যূহ (চক্র চক্রাকার–ব্যূহ সৈন্যরচনা) সং, পুং, যুদ্ধার্থ মণ্ডলাকারে সৈন্যস্থাপন ; দ্রোণাচার্য্য এই ব্যূহ রচনা করিয়া অভিমন্যুকে বিনাশ করিয়াছিলেন। [গুঞ্জা।

চক্রশল্যা ; সং, স্ত্রীং, কাকতুণ্ডী। ২। শ্বেত-

চক্রসংজ্ঞ ; সং, ক্লীং, ধাতুবিশেষ, রঙ্গ।

চক্রহস্ত (চক্র বিষ্ণুর অস্ত্র–হস্ত, ৬ষ্ঠী–হিং) সং, পুং, বিষ্ণু।

চক্রাঙ্গ (চক্র–অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী–হিং) সং, পুং, রথ, গাড়ি। ২। বাগান। ৩। হংস। ঙ্গী–স্ত্রীং, হংসী।

চক্রাট (চক্র গ্রামসমূহ–অট যে গমন করে। যে গ্রামে গ্রামে ভ্রমণ করিয়া বেড়ায় এবং যাহার নির্দ্দিষ্ট বাসস্থান নাই) সং, পুং, বিষবৈদ্য, সাপুড়ে। ২। ধূর্ত্ত। ৩। স্বর্ণমুদ্রা।

চক্রাথ ; সং, পুং, কৌরবযোদ্ধৃবিশেষ।

চক্রান্ত (Conspiracy, চক্র–অন্ত) সং, পুং, কোন ব্যক্তির অনিষ্ট সাধনার্থে পাঁচ জন একত্র হইয়া মন্ত্রণা করা, অথবা ঐ অভিপ্রায়ে মন্ত্রণা করিবার নিমিত্ত পাঁচজনে একত্র হওয়া।

চক্রান্তকারী (–কারিন্, চক্রান্ত–কারিন্ যে করে) বিং, ত্রিং, যে চক্রান্ত করে। ২। যে চক্রান্তে লিপ্ত থাকে।

চক্রায়ুধ (চক্র–আয়ুধ, ৬ষ্ঠী–হিং) সং, পুং, বিষ্ণু। শিং–১ "চক্রায়ুধেন চক্রেণ পিবতোঽমৃতমোজসা।" (ভারত)।

চক্রাবর্ত্ত (চক্র চাকা–আবর্ত্ত ঘূর্ণন) সং, পুং, মণ্ডলাকারে ভ্রমণ।

চক্রিকা ; সং, স্ত্রীং, জানু, হাঁটু।

চক্রী (চক্রিন্, চক্র+ইন্–অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু। ২। কুম্ভকার। ৩। চক্রবাক। ৪। সর্প। ৫। সম্রাট্। ৬। কলু, তৈলিক। ৭। বাজীকর। ৮। কুমন্ত্রণাদায়ক, খল। ৯। দেশাধিপ। ১০। কাক। ১১। গর্দ্দভ। ১২। সূচক। ১৩। শকটাদিতে আরূঢ় ব্যক্তি। শিং–১ "চক্রিণো দশমীস্থস্য

রোগিণো ভারিণঃ স্ত্রিয়ঃ। স্নাতকস্য চ রাজ্ঞশ্চ পন্থা দেয়ো বরস্য চ।" ১৪। বিং, ত্রিং, যে সতত অন্যের অনিষ্ট চিন্তা করে, যে অন্যকে কুমন্ত্রণা দেয়, পরের নিন্দা বা দোষ কীর্ত্তন করা যাহার অভ্যাস, পরের দোষ বা অপরাধ অনুসন্ধান করিয়া রাজা বা রাজপুরুষের গোচর করা যার জীবিকা বা ব্যবসায়।

চক্রীবান্ (চক্রীবৎ, চক্র চাকা+বৎ(বতু) —অস্ত্যর্থে। যে চক্রের ন্যায় ভ্রমণ করে) সং, পুং, গর্দ্দভ, গাধা। শিং—১ "চক্রীবদঙ্গরুহ ধূম্ররুচো বিসক্তঃ।" ২। নৃপবিশেষ।

চক্রেশ্বর (চক্র দেশসমূহ—ঈশ্বর প্রভু) সং, পুং, সম্রাট্। ২। তান্ত্রিক মতাবলম্বী মদ্যপায়ীদের দলপতি। রী—স্ত্রীং, দেবীবিশেষ, বিদ্যাদেবী।

চক্ষণ (চক্ষ্ বলা, ভক্ষণ করা+অন(অনট্) —র্ম্ম) সং, ক্লীং, মদ্যপান-রোচক ভক্ষ্যদ্রব্য, চাট্নী। ২। (+অনট্—ভা) কথন।

চক্ষাঃ (চক্ষস্, চক্ষ্ বলা+অস্—প্রং) সং, পুং, বৃহস্পতি, দেবগুরু। ২। উপদেশক, শিক্ষক।

চক্ষুঃ (চক্ষুস্, চক্ষ্ দেখা, বলা+উস্—ণ। যাহা দ্বারা দেখিতে পাওয়া যায়) সং, ক্লীং, নয়ন, দর্শনেন্দ্রিয়, লোচন, অক্ষি, ঈক্ষণ।

চক্ষুর্গোচর (চক্ষুস্—গোচর, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, যাহা চক্ষু দ্বারা গ্রহণ করা যায়, যাহা চক্ষে দেখা যায়, নয়নগোচর, নেত্রবিষয়। রা—স্ত্রীং, নেত্রগোচরা।

চক্ষুঃশ্রবা (চক্ষুঃশ্রবস্, চক্ষুস্ নয়ন—শ্রবস্ কর্ণ। চক্ষুদ্বারা যাহাদের শ্রবণের কার্য্য হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।

চক্ষুষ্মত্তা (চক্ষুষ্মৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, দর্শনশক্তির প্রবলতা, তীক্ষ্ণ দৃষ্টি। শিং—১ "চক্ষুষ্মত্তা তু শাস্ত্রেণ সূক্ষ্মকার্য্যার্থ দর্শিণা।"

চক্ষুষ্মান্ (চক্ষুষ্মৎ, চক্ষুস্+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার দর্শনশক্তি বিলক্ষণ প্রবল।

চক্ষুষ্য (চক্ষুস্+য(ক্য)—হিতার্থে) বিং, ত্রিং, চক্ষুর হিতজনক। ২। সুন্দর, প্রিয়দর্শন।

চক্ষুরাগ (চক্ষু—রাগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নেত্রের অরুণতা, নয়নরক্তা।

চক্ষুরোগ (চক্ষু—রোগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নেত্ররোগ।

চঙ্কুর (চন্‌ক্ [সৌত্র ধাতু] ভ্রমণ করা+উর (উরচ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, রথ, গাড়ি। ২। বৃক্ষ। ৩। ক্লীং, যান, বাহন।

চঙ্ক্রমণ (চঙ্ক্রম্ [যঙ্‌লুগন্ত] পুনঃ পুনঃ গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ ভ্রমণ। শিং—১ "পাদাভ্যামনুপানত্যাং সদাচঙ্ক্রমণং নৃণাম্।" (সুশ্রুত)।

চঙ্গ (চ চন্দ্র—গ [গম্ গমন করা+অ(ড) —ক] যে গমন করে। যে সৌন্দর্য্যে চন্দ্রের ন্যায়) বিং, ত্রিং, সুন্দর। ২। নিপুণ, কর্ম্মণ্য। ৩। সুস্থ, নীরোগ। [বিং, ত্রিং, চঞ্চল।

চঞ্চৎ (চন্‌চ্ চঞ্চল হওয়া+অৎ(শতৃ)—ক)

চঞ্চরী; সং, স্ত্রীং, ভ্রমরী। ২। তিন্তিড়ী।

চঞ্চরীক (চর্ [যঙ্‌লুগন্ত] পুনঃ পুনঃ গমন করা+ঈক(ঈকন্)—ক) সং, পুং, ভ্রমর।

চঞ্চরীকাবলী (চঞ্চরীক—আবলী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভ্রমরশ্রেণী। ২। ত্রয়োদশ অক্ষরযুক্ত ছন্দোবিশেষ, ইহার ১।৮।১১ বর্ণ লঘু।

চঞ্চল (চল্ [যঙ্‌লুগন্ত] পুনঃ পুনঃ চলা+অ (অন্)—ক) বিং, ত্রিং, যে স্থির বা নিশ্চিন্ত থাকিতে পারে না, অস্থির, চপল; যথা—চঞ্চল বালক, চঞ্চল চিত্ত। ২। অব্যবস্থিত, যাহার মতের স্থিরতা নাই। ৩। লোলুপ। ৪। যাহা কাঁপিতেছে বা নড়িতেছে, কম্পিত, বিচলিত; যথা—বৃক্ষের পল্লব বায়ু দ্বারা চঞ্চল হইতেছে। ৫। লম্পট। ৬। সং, পুং, বায়ু। লা—স্ত্রীং, বিদ্যুৎ। ২। লক্ষ্মী। শিং—১ "(শক্তি) নাগজিহ্বেব চঞ্চলা।" ২ "মত্তকরিকর্ণ চঞ্চলাং রাজ্যলক্ষ্মীম্।"

চঞ্চা (চঞ্চ্ গমনকরা+অ(অন্)—ক, আপ্ —স্ত্রীং) সং, স্ত্রীং, নলনির্ম্মিত আস্তরণ, চাঁচ। ২। তৃণরচিত মনুষ্যাকৃতি।

চঞ্চু } চঞ্চূ } (চঞ্চ্ খাওয়া+উ, ঊ—ণ) সং, স্ত্রীং, পাখির ঠোঁট। ঞ্চু—পুং, ভেরেণ্ডাগাছ। ২। মৃগ।

চঞ্চুকা (চঞ্চু + কণ্ – যোগ) সং, স্ত্রীং, পাখির ঠোঁট।

চঞ্চুভৃৎ (চঞ্চু পাখির ঠোঁট – ভৃৎ [ভৃ ধারণ করা + ০(ক্বিপ্) – ক] যে ধারণ করে, ২য়া – ষ) সং, পুং, পক্ষী।

চঞ্চুমান্ (– মৎ, চঞ্চু + মৎ(মতু) – অস্ত্যর্থে) সং, পুং, পক্ষী। তী – স্ত্রীং, পক্ষিণী।

চঞ্চুর (চর্ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ গমন করা + অ(অন্) – ক। অথবা চঞ্চ্ গমনকরা + উর – প্রং) বিং,ত্রিং, পটু, দক্ষ, নিপুণ। শিং – ১ "বিজ্ঞাতাখিলশাস্ত্রার্থো লৌকিকাচারচঞ্চুরঃ।" (কাশীখণ্ড)। ২। সং, পুং, শাকবিশেষ।

চঞ্চূর্য্যমাণ (চর্ [যঙ্লুগন্ত] + আন(শান) – ক) বিং, ত্রিং, গর্হিতাচারী। ২। কুৎসিতগামী।

চট্ (দেশজ) সং, গুণ, থলিয়া। ২। ক্রিং – বিং, ঝটিতি, শীঘ্র।

চট্‌চটে (দেশজ) যাহা স্পর্শ করিলে হাতে [লাগিয়া যায়।

চটক (চট্ ভেদকরা + অক – ক) সং, পুং, কা, কিকা – স্ত্রীং, চড়ই পক্ষী।

চটকামুখ (চটকার ন্যায় মুখ, ৬ষ্ঠী – হিং) সং, ক্লীং, অস্ত্রবিশেষ। শিং – ১ "ক্ষুরপ্রৈশ্চটকামুখৈঃ।" (ভারত)।

চটৎকার (চটৎ অব্যক্ত শব্দ – কার [কৃ করা + অ(ষণ্) – ক] যে করে) বিং, ত্রিং, অব্যক্ত শব্দকারক। ২। (+ ঘঞ্ – ভাবে) সং,পুং, অন্তর্নিহিতরূপে অস্ফুট শব্দকরণ।

চটু (চট্ ভেদ করা ইত্যাদি + উ – ণ) সং, পুং – ক্লীং, চাটু, প্রিয়বাক্য। "ছায়াং নিজস্ত্রী চটুলালসানাম্।" ২। পুং, ব্রতীদিগের আসনবিশেষ। ৩। (+ উ – ক) উদর,পেট।

চটুল (চটক দেখ, উল – ক। কিম্বা চটু + ল – অস্ত্যর্থে) বিং, ত্রিং, চঞ্চল, অস্থির; যথা—"চটুলা শফরী।" শিং – ১ "ত্রাসাতিমাত্র চটুলৈঃ স্মরতঃ সুনেত্রৈঃ।" (রঘু)। ২। শীঘ্র। ৩। সুন্দর, মনোহর। ৪। প্রিয়বাদী। লা – স্ত্রীং, বিদ্যুৎ।

চটুলোল (চটু সুন্দর – লোল চঞ্চল, য়ং – স) বিং, ত্রিং, অতিশয় চঞ্চল। ২। অতিশয় সুন্দর। ৩। চাটুকার।

চড় (চপেট শব্দজ কি?) সং, করতল, চাপড়।

চড়ই (চটক শব্দজ) সং, চটক পক্ষী, চড়া।

চড়ক (দেশজ) সং, চৈত্র মাসের সংক্রান্তির ক্রিয়া,গাজন; এই দিনে পরম শৈব বাণরাজা দেবাদিদেব মহাদেবের প্রীতি কামনায় বন্ধুবর্গের সহিত শিবভক্তিসূচক নৃত্যগীতাদিতে প্রমত্ত হইয়া স্বীয় গাত্ররুধির প্রদান করিয়া তপস্যায় শিবকে তুষ্ট করেন। তদনুসারে হিন্দুসম্প্রদায় ঐ দিনে শিব-প্রীতির জন্য উক্ত উৎসব করিয়া থাকে।

চড়ন (দেশজ) সং, আরোহণ উঠন।

চড়নদার (দেশজ) যে চড়িয়া যায়।

চড়া (দেশজ) বিং, কঠিন। ২। আরূঢ়। ৩। সং, দ্বীপ। ৪। চটকপক্ষী।

চড়াচড়ি (দেশজ) হাতে চট্‌চট্ শব্দ করা।

চণক (চণ্ দান করা + অ(অল্) – র্ম্ম, ক – যোগ। যাহা অশ্বদিগকে দত্ত হয়) সং, পুং, ছোলা, বুট। ২। মুনিবিশেষ; ইহাঁর পুত্রের নাম বাৎস্যায়ন।

চণকাত্মজ (চণক – আত্মজ জাত,৫মী-ষ। যে চণকমুনির পুত্র) সং, পুং, বাৎস্যায়নমুনি।

চণ্ড (চণ্ড্ ক্রোধ করা + অ(অন্) – ক) সং, পুং, তিন্তিড়ীবৃক্ষ। ২। যমদূত। ৩। দৈত্যবিশেষ, শুম্ভ-নিশুম্ভের অনুচর। ভগবতী কৌষিকীরূপে ইহাকে বধ করেন। শিং – ১ "চণ্ডমুণ্ডৌ মহাসুরৌ।" (দেবীমাহাত্ম্য)। ৪। ক্লীং, উষ্ণতা। ৫। ক্রোধ। ৬। তীক্ষ্ণতা, উগ্রতা। ৭। বিং, ত্রিং, উষ্ণ। ৮। তীক্ষ্ণ, উগ্র। ৯। অতি কোপন, অতিশয় ক্রুদ্ধ। "অথৈকধেনোরপরাধচণ্ডাৎ।"

চণ্ডকৌশিক; সং, পুং, সুপ্রসিদ্ধ কাক্ষীবান্ গৌতমের পুত্র। ২। কোপনস্বভাব বলিয়া কৌশিক বিশ্বামিত্রও এই নামে অভিহিত হন। শিং – ১ "শুশ্রাব তপসি শ্রান্তমুদারং চণ্ডকৌশিকম্।" ৩। ক্লীং, নাটকবিশেষ।

চণ্ডনায়িকা } (চণ্ড দৈত্যবিশেষ – না-
চণ্ডবতী } য়িকা কর্ত্রী। চণ্ড ক্রোধ + বৎ – অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দুর্গা। ২। অষ্টনায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ।

চণ্ডভার্গব ; সং, পুং, চ্যবনবংশীয় বেদজ্ঞ-মুনিবিশেষ।

চণ্ডরশ্মি (চণ্ড উগ্র—রশ্মি কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

চণ্ডবিক্রম (চণ্ড—বিক্রম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহার পরাক্রম প্রচণ্ড, অতি পরাক্রান্ত, বিপুল বিক্রমশালী।

চণ্ডশক্তি ; সং, পুং, বলিসৈন্যস্থ দৈত্য-বিশেষ। ২। বিং, ত্রিং, চণ্ডবিক্রম দেখ।

চণ্ডাংশু (চণ্ড উষ্ণ, তীক্ষ্ণ—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

চণ্ডাতক (চণ্ডা কোপনা স্ত্রী—অত গমন করা+অক(ণক)—ক। এই বেশে বিশিষ্ট-স্ত্রীলোকেরা সৌন্দর্য্য-ভাব প্রাপ্ত হন এইরূপ বর্ণিত আছে) সং, ক্লীং, স্ত্রীলোকের অৰ্দ্ধোরু পর্য্যন্ত বস্ত্র, কাচ।

চণ্ডাল, চাণ্ডাল (চণ্ড্ ক্রুদ্ধ—অল্ পারক হওয়া+অ(অন্)—ক। যে অনুচিত কর্ম্মে পারক হয়। অথবা চণ্ড দেখ, আলঞ্—প্রং) সং, পুং, নিষাদজাতি, চাঁড়াল, শূদ্রের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে এই জাতির জন্ম হয়। শি—১ "ব্রাহ্মণ্যাং শূদ্রাজ্জাতঃ।" ২ "চণ্ডালশ্বপচানাস্তু বহির্গ্রামাৎ প্রতিশ্রয়ঃ।" ২। যে ব্যক্তির কিছু মাত্র দয়া ও মমতা নাই এবং লোকের প্রতি নিষ্ঠুর ব্যবহার করে, তাহাকে 'চণ্ডাল' শব্দে নির্দ্দেশ করিয়া থাকে।

চণ্ডালবল্লকী ; সং, স্ত্রীং, চণ্ডালজাতির বীণা, ইহার অপর নাম কণ্ডোলবীণা।

চণ্ডিকা, চণ্ডী (চণ্ড দেখ, ঈপ্—স্ত্রীং, ক(কণ্)—স্বার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পার্ব্বতীর মূর্ত্তিভেদ। ২। মারণ, উচাটন, বশীকরণ প্রভৃতি কার্য্যের অধিষ্ঠাত্রী যোগিনীপ্রধানা দেবী। শিং—১ "চণ্ডিকা প্রাহ সত্বরা।" ৩। অতি কোপনা স্ত্রী। যথা—"চণ্ডের কপালে পড়ে নাম হৈল চণ্ডী।" শিং—১ "ভার্য্যাগৃহে চণ্ডিকা।" ৪। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য কথা। ৫। ত্রয়োদশবর্ণযুক্ত ছন্দোবিশেষ।

চণ্ডিমা (চণ্ডিমন্, চণ্ড+ইমন্—ভাবে) সং, পুং, চণ্ডত্ব, উগ্রতা। ২। কোপনতা।

চণ্ডিল (চণ্ড+ইল(ইলচ্)—অস্ত্যর্থে) সং, পুং, নাপিত। ২। বাস্তুকশাক।

চণ্ডীদাস ; সং, পুং, কবিবিশেষ ; ইনি গীত-চিন্তামণি নামক গ্রন্থ রচনা করেন। ইনি বারেন্দ্রশ্রেণীয় ব্রাহ্মণ। ১৩১৯ শকে ইহাঁর জন্ম। সাকুপুর থানার পূর্ব্বদিকে নান্নুর গ্রামে ইহাঁর বাস। ১৩৯৯ শকে ইহাঁর মৃত্যু হয়।

চণ্ডীমণ্ডপ (চণ্ডী—মণ্ডপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুর্গা, কালী প্রভৃতি দেবীর পূজার স্থান।

চণ্ডু (চণ্ড দেখ, উ(উন্)—সংজ্ঞার্থে) সং, পুং, ইঁদুর। ২। মাদকদ্রব্যবিশেষ।

চণ্ডেশ্বর ; সং, পুং, শিবমূর্ত্তিবিশেষ। শিং—১ "চণ্ডেশ্বরং রক্ততনুং ত্রিনেত্রম্।"

চতুঃশাখ (চতুর্—শাখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্ম-প্রতিপাদক শাস্ত্র, বেদ। ২। বিং, ত্রিং, চারি শাখাবিশিষ্ট।

চতুঃশাল (চতুর্ চার—শালা গৃহ, সমাহারদ্বিগু) সং, ক্লীং, লা—স্ত্রীং, যে গৃহের মধ্যে চারিটী গৃহ আছে। ২। পরস্পরাভিমুখ চারিগৃহ, চকমিলান ঘর। শিং—১ "একগ্রামে চতুঃশালে দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে। পতিনা নীয়মানায়াঃ পুরঃ শুক্রো ন দুষ্যতি।"

চতুঃষষ্টি (চতুর্ চার—ষষ্টি ষাইট। চার অধিক ষাইট, ষং—স। ষ র অগ্রে, র্=ঃ) সং, স্ত্রীং, চৌষট্টি, ৬৪।

চতুর্, চত্বার্ (চত্ প্রার্থনা করা+উর্(উরন্), বার্—ক) বিং, ত্রিং, বহুং, চারি, ৪ চতুর্বাচকশব্দ ; যেমন—ধর্ম্ম, অর্থ, কাম মোক্ষ—চতুর্বর্গ ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য শূদ্র—চতুর্ব্বর্ণ ; ঋক্, যজু, সাম, অথর্ব্ব—চতুর্ব্বেদ ও সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—চতুর্যুগ ইত্যাদি।

চতুর (চতুর্ দেখ, উর—ক) বিং, ত্রিং কার্য্যদক্ষ, নিপুণ। ২। সুন্দর। শিং—"ন পুনরেতি গতং চতুরং বয়ঃ।" (রঘু) ৩। নেত্রগোচর। ৪। বুদ্ধিজীবী, চালাক ৫। (দেশজ) শঠ, ধূর্ত্ত। ৬। (+উর—র্ম্ম) সং, পুং, গোলবালিশ, কাণবালিশ। ৭ হস্তিশালা। রা—স্ত্রীং, নিপুণা। "তাং বীক্ষ্য লীলাচতুরামনঙ্গঃ।" ২ "বচনরচনচতুরা

চতুরংশিত (Quarto, চতুর্ চার—অংশি

বিভক্ত) বিং, ত্রিং, পৃষ্ঠচতুষ্টয়ে বিভক্ত, চারিপেজী।

চতুরঙ্গ (চতুর্—অঙ্গ, স্বং—স) সং, পুং, সকল অঙ্গে পরিপূর্ণ, সর্ব্বাঙ্গসম্পন্ন; যেমন —চতুরঙ্গ সেনা অর্থাৎ হস্তি অশ্ব রথ পদাতি এই চারি অঙ্গে পরিপূর্ণ সৈন্য। "কৢপ্তেন চতুরঙ্গেন যত্তেন জিতকাসিনা।" ২। পাশক্রীড়াবিশেষ, চৌপাড় খেলা। ৩। দাবা বা সতরঞ্চ খেলা। ভিন্ন ভিন্ন বর্ণের রাজা, মন্ত্রী, হস্তী, অশ্ব, নৌকা ও বটিকা অর্থাৎ পদাতি যথানির্দ্দিষ্ট স্থানে সজ্জিত করিয়া উভয় ব্যক্তি পরস্পর ক্রীড়ায় রত হয়, উভয়পক্ষীয় বল স্ব স্ব নিয়মিত গতি অনুসারে জয়লাভার্থ পরস্পরের অভিমুখে চালিত হইতে থাকে। যে পক্ষের বল অধিক মরে, সেই পক্ষ ক্রমে নিস্তেজ হইলে বিপক্ষদল তৎপক্ষীয় রাজার চতুর্দ্দিক্ আক্রমণ করে, তখন আর তাহার কোন দিকে গমনের পথ থাকে না; রাজার এই অবস্থাকে মাত্ কহে। আবার বহুবলসত্ত্বেও বিপক্ষীয় কোন বল যদি রাজার গতিরোধ করিতে পারে, তবে তাহাকে সবলে মাত্ কহে। প্রত্যুত রাজার গতিরোধ করিতে পারিলেই এই খেলায় জয়লাভ হয়। আর পরাজিত রাজাকে লইয়া অষ্টচক্র, পীলুড়ি প্রভৃতি নানা কৌতুক করিবার প্রথাও প্রচলিত আছে। ৪। গীতের জাতিবিশেষ; ইহাতে চারিটি তুক্ থাকে। প্রথম তুকের বর্ণনাতে চতুরঙ্গ শব্দটি উল্লিখিত থাকিবে। দ্বিতীয় তুকে স্বরগ্রাম, তৃতীয় তুকে আলাপের বোল এবং চতুর্থ তুকে বাদ্যের নকল থাকিবে। ৫। বিং, ত্রিং, চারি অঙ্গযুক্ত।

চতুরতা (চতুর+তা—ভাবে) সং, স্ত্রীং, সুবোধতা, বুদ্ধিজীবিতা। ২। দক্ষতা। ৩। শঠতা।

চতুরন্ত,(চতুর্—অন্ত শেষভাগ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, যাহা চতুর্ব্বিধ পদার্থে পরিবৃত।

চতুরশীতি (চতুর্ চারি—অশীতি আশী) বিং, চুরাশী। |পূরণ।

চতুরশীতিতম; বিং, ত্রিং, চতুরশীতি সংখ্যার

চতুরস্র (চতুর্ চার—অস্র কোণ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চতুষ্কোণ, চারিকোণা। ২। চৌরস, উচ্চ নীচ নয়; যথা—চতুরস্র স্থান। ৩। যার কোন অংশে দোষ নাই,যার ব্যভিচার বা অন্যথাভাব ঘটে না, নির্দ্দোষ, অব্যভিচরিত; যথা—চতুরস্র সিদ্ধান্ত।

চতুরাত্মা (—আত্মন্, চতুর নিপুণ—আত্মন্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "চতুরাত্মা চতুর্ব্যূহঃ।"

চতুরানন (চতুর চার—আনন মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চতুর্ম্মুখ, ব্রহ্মা। শিং—১ "ইতরতাপশতানি যথেচ্ছয়া বিতর তানি সহে চতুরাননঃ।"

চতুরালি (দেশজ) চতুরতা প্রকাশ করা, সেয়ানামি করা।

চতুরাশ্রম (চতুর—আশ্রম) সং,ক্লীং, ব্রহ্মচর্য্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস এই চারি আশ্রম।

চতুর্গতি (চতুর্ চার [পা]—গতি গমন ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ। ২। (আশ্রম চতুষ্টয়ের গতিস্বরূপ বলিয়া) পরমেশ্বর।

চতুর্থ (চতুর্+থট্—পূরণার্থে) বিং,ত্রিং, চারি সংখ্যার পূরক। র্থী—স্ত্রীং, চন্দ্রের কলা চতুষ্টয়ের হ্রাসবৃদ্ধি রূপা তিথিবিশেষ। শিং—১ "চতুর্থ্যামুদিতশ্চন্দ্রো মেক্ষিতব্যো কাঞ্চন।" ২। ব্যাকরণে—বিভক্তিবিশেষ।

চতুর্থক (চতুর্থ+ক(কণ্)—স্বার্থে) সং, পুং, রোগবিশেষ, বিষমজ্বর।

চতুর্থভাক্ (চতুর্থ চতুর্থাংশ—ভাক্ [ভজ+০(বিচ্)—ক] যে গ্রহণ করে) সং, পুং, চতুর্থাংশগ্রাহী নৃপ।

চতুর্থীকর্ম্ম (চতুর্থ—কর্ম্ম, ৭মী—ষ) সং, পুং, বিবাহানন্তর চতুর্থী তিথিতে কর্ত্তব্য কর্ম্ম।

চতুর্দ্দৎ, চতুর্দ্দন্ত } (চতুর্—দৎ, দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঐরাবত হস্তী। ২। বিং, ত্রিং, চারিদন্ত যুক্ত।

চতুর্দ্দশ (—দশন্, চতুর্ চার—দশন্ দশ। চতুরধিক দশ, স্বং—স। মধ্য-পদলোপ) বিং, ত্রিং, বহুং, চৌদ্দ সংখ্যা, ১৪।

চতুর্দ্দশ (চতুর্দ্দশন্+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, চৌদ্দসংখ্যার পূরক। শী-স্ত্রীং, তিথি-

বিশেষ ; এই তিথিতে জন্মিলে দুশ্চরিত্র, সরোষ, কঠোরস্বভাব-ব্যঞ্জক, চোর, পরান্নভোজী ও পরদাররত হয়।

চতুর্দ্দশগ্রন্থিশুণ্ড (Chilognatha) যাহাদের শুণ্ডে চতুর্দ্দশ গ্রন্থি আছে, যথা—কেন্নো।

চতুর্দ্দশভুবন ; সং, ক্লীং, সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল ; যথা—ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপ, সত্য, অতল, সুতল, বিতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল।

চতুর্দ্দশবিদ্যা ; সং, স্ত্রীং, বেদাদি চতুর্দ্দশবিদ্যা। শিং—১ "ষড়ঙ্গমিশ্রিতাবেদা ধর্ম্মশাস্ত্রং পুরাণকং। মীমাংসাতর্কমপি চ এতা বিদ্যাশ্চতুর্দ্দশ।"

চতুর্দ্বার (চতুর্—দ্বার, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, যে গৃহের চারি দ্বার, চতুর্মুখ গৃহ।

চতুর্দ্দিক্ (—দিশ, চতুর্—দিক্, য়ং—স) সং, স্ত্রীং, চারিদিক্, সকলদিক্।

চতুর্দ্দোল (চতুর্ চার [বাহক]—দোল ডুলি) সং, পুং—ক্লীং, চারি জনে বহনীয় শিবিকাবিশেষ, চৌদোল। শিং—১ "চতুর্ভিরুহ্যতে যত্তু চতুর্দ্দোলং তমুচ্যতে।"

চতুর্দ্ধা (চতুর্+ধাচ্—প্রকারার্থে) অং, চারিপ্রকার। ২। চারিবার।

চতুর্ধাম (চতুর্—ধাম) সং,ক্লীং, মথুরামণ্ডলস্থ চারি ধাম ; যথা—রামনাথ, বৈদ্যনাথ, জগন্নাথ, দ্বারকানাথ।

চতুর্ভদ্র (চতুর্—ভদ্র মঙ্গল) সং, ক্লীং, চতুর্ব্বর্গ—ধর্ম্ম অর্থ কাম মোক্ষ। ২। বিং,ত্রিং, তদ্‌যুক্ত।

চতুর্ভাব (চতুর্—ভাব উৎপত্তি, ৫মী—হিং। যাহা হইতে ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গের উৎপত্তি হয়) সং, পুং, বিষ্ণু, পরমেশ্বর। শিং—১ "চতুরাত্মা চতুর্ভাবশ্চতুর্ব্বেদবিদেকপাৎ।"

চতুর্ভুজ (চতুর্—ভুজ হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। শিং—১ "চতুরাত্মা চতুর্ব্যূহশ্চতুর্দ্দংষ্ট্রো চতুর্ভুজঃ।" ২। তদবতার নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ। শিং—১ "তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণং চতুর্ভুজং শঙ্খ গদাদ্যুতায়ুধম্।" (ভাগবত)। ৩। চারি সরল রেখাবৃত ক্ষেত্র।

চতুর্মুখ } (চতুর্—মুখ, বক্ত্র=আনন
চতুর্ব্বক্ত্র } ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা
"পচাগন্ধে ব্যস্ত হরি, উঠি গেলা ঘৃণা করি
বিধিরে ছলিতে গেলা মায়া।
পচাগন্ধে ভারি দুঃখ ফিরিয়া ফিরিয়া মুখ,
চারি মুখ হইল বিধাতা।"
শিং—১ "চতুর্ব্বর্গফলং জ্ঞানং কালাবস্থাশ্চতুর্যুগং। চতুর্ব্বর্ণময়োলোকস্ত্বত্তঃ সর্ব্বং চতুর্ম্মুখাৎ। ২। চারিমুখ। শিং—১ "চতুর্ভির্ম্মুখৈ সমীরিতাঃ।" ৩। ঔষধবিশেষ।

চতুর্মূর্ত্তি (চতুর্—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং। যিনি বিরাট সূত্রাত্মা অব্যাকৃত ও তুরীয় এই চারি মূর্ত্তিতে বিদ্যমান আছেন) সং পুং, পরমেশ্বর।

চতুর্যুগ (চতুর্ চার—যুগ, দ্বিগু—স) সং ক্লীং, সত্য,ত্রেতা,দ্বাপর,কলি এই চারিযুগ

চতুর্ব্বর্গ (চতুর্ চার—বর্গ সমূহ। সমাহার দ্বিগু) সং, পুং, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, পুরুষার্থ—চতুষ্টয়।

চতুর্ব্বর্ণ (চতুর্—বর্ণ জাতি) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই চারিজাতি।

চতুর্ব্বাহু (চতুর্—বাহু, ৬ষ্ঠী—হিং) সং, পুং বিষ্ণু। শিং—১ "পীতবাসশ্চতুর্ব্বাহুঃ শ[illegible] চক্র গদাধরঃ।"

চতুর্ব্বিংশতি (চতুর্ চার—বিংশতি কুড়ি চার অধিক কুড়ি,য়ং—স) সং,স্ত্রীং,চব্বি ২৪। [ত্রিং, চতুর্বিংশতিসংখ্যাযুক্ত

চতুর্ব্বিংশতিক (চতুর্বিংশতি, ক—যোগ) বি

চতুর্ব্বিংশতিতম (চতুর্—বিংশতি+তম পূরণার্থে) বিং, ত্রিং, চব্বিশ সংখ্যা পূরণ, চতুর্ব্বিংশ।

চতুর্ব্বিদ্য } (চতুর্ চার [বেদ]
চতুর্ব্বেদী—দিন্ } বিদ্যা।—বেদিন্ জানে, ৬ষ্ঠী—হিং+২য়া—ষ) সং, [illegible] চারিবেদবেত্তা।

চতুর্ব্বিধ (চতুর্—বিধা প্রকার) বিং, [illegible] চারি প্রকার। শিং—১ "দ্যূতং প[illegible] স্ত্রিয়ঃ সূনাঃ যত্রাধর্ম্মশ্চতুর্বিধঃ।"

চতুর্ব্যূহ ; সং, পুং, কৃষ্ণ বলরাম প্র[illegible] অনিরুদ্ধ, এই চতুরাত্মক বিষ্ণু। ২। [illegible] ত্রিং, চারি প্রকার ব্যূহবিশিষ্ট।

চতুর্ব্বেদ (চতুর্ চার—বেদ) সং, পুং, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি।

চতুশ্চত্বারিংশৎ (চতুর্ চার—চত্বারিংশৎ চল্লিশ। চার অধিক চল্লিশ, য়ং—স) সং, স্ত্রীং, চুয়াল্লিশ, ৪৪।

চতুশ্চত্বারিংশত্তম (চতুশ্চত্বারিংশৎ+তম—পূরণার্থে) বিং, ত্রিং, চুয়াল্লিশের পূরক, চতুশ্চত্বারিংশ।

চতুষ্ক (চতুর্ চার [কোণ]+ক—প্রং। অথবা চতুর্—কৈ দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, ক্লীং, চত্বর, চৌকা উঠান। ২। চতুঃস্তম্ভযুক্ত মণ্ডপ। শিং—১ "নারীমনাংসীব চতুষ্কমন্তঃ।" ষ্কী—স্ত্রীং, চারিকোণা পুষ্করিণী। ২। মশারি। ৩। চৌকি। ৪। চারনর হার।

চতুষ্কর (চতুর্ চার—কর হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জীবের হস্ত ও পদের অগ্রভাগ করের ন্যায়। ২। বিং, ত্রিং, চারিহস্তবিশিষ্ট।

চতুষ্করী (Quadrumana, চতুষ্করিন্. চতুর্ চার—কর হস্ত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যে সকল পশুর পদচতুষ্টয়ের অগ্রভাগ কররূপে পরিণত; যথা— বানরাদি।

চতুষ্টয় (চতুর্+তয়(তয়ট্)—অবয়বার্থে) বিং, ত্রিং, যার চারি অবয়ব, চারি অংশে বিভক্ত বা গণিত। ২। চতুর্ব্বিধ, চারিপ্রকার। ৩। সং, ক্লীং, চারি সংখ্যা।

চতুষ্পথ (চতুর্—পথিন্ রাস্তা, সমাহার দ্বিগু) সং, ক্লীং, চৌরাস্তা, চৌমাথা। ২। (চতুর্ [ব্রহ্মচর্য্যাদি] চার—পথিন্ আশ্রম, ৬ষ্ঠী—হিং) পুং, ব্রাহ্মণ।

চতুষ্পদ (চতুর্—পদ, সমাহারদ্বিগু+৬ষ্ঠী—হিং) সং, ক্লীং চারিচরণবিশিষ্ট পদ্য। ২। পুং, পশু। ৩। করণবিশেষ, ইহাতে জাত মনুষ্য সদাচার বর্জ্জিত স্বল্পবিত্ত ও ক্ষীণদেহ হয়। শিং—১ "চতুষ্পদভবো মর্ত্ত্যঃ সদাচার বিবর্জ্জিতঃ। স্বল্পবিত্তঃ ক্ষীণদেহ শ্চতুষ্পাদধনান্বিতঃ।" (কোষ্ঠীপ্রদীপ)। ৪। মেষ বৃষ সিংহ এবং মকরের পূর্ব্বার্দ্ধ ও ধনুর পরার্দ্ধ। দী—স্ত্রীং, চৌপদী।

চতুষ্পাটী (চতুর্ চার [দেশ]—পাটী যে গমন করে) সং, স্ত্রীং, নদী।

চতুষ্পাঠী (চতুর্ চার [শাস্ত্র]—পাঠ অধ্যয়ন, ঈপ্—স্ত্রীং, ৭মী—হিং) সং, স্ত্রীং, চারি শাস্ত্রের অধ্যয়নালয়, চৌবাড়ী।

চতুষ্পাণি (চতুর্ চার—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চতুর্ভুজ, বিষ্ণু।

চতুষ্পাদ্ (চতুর্ চার—পাদ পা। অ—লোপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহার চারি পা আছে, পশু। ২। বিং, ত্রিং, চারি অংশে পূর্ণ; সর্ব্বাংশে সম্পূর্ণ, চারিপোয়া, চারিচরণবিশিষ্ট; যথা—চতুষ্পাদ ধর্ম্ম, চতষ্পাদ শ্লোক। ৩। ব্যবহারাঙ্গবিশেষ।

চতুস্তল (চতুর্—তল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চারি-তলা, চৌতলা।

চতুস্ত্রিংশৎ (চতুর্ চার—ত্রিংশৎ ত্রিশ। চার অধিক ত্রিশ, য়ং—স) সং, স্ত্রীং, চৌত্রিশ. ৩৪।

চতুস্ত্রিংশত্তম (চতুস্ত্রিংশৎ+তম—পূরণার্থে) বিং, ত্রিং, চৌত্রিশ সংখ্যার পূরণ।

চতস্সম (চতুর্ চার—সম তুল্য, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, চন্দন, অগুরু, কস্তূরী, কুঙ্কুম, এই চারি দ্রব্য। ২। লবঙ্গ, সৈন্ধব, হরীতকী, জোয়ান, এই চারি দ্রব্য।

চত্বর (চত্ যাচ্ঞা করা+বর(ষ্বরচ্)—সংজ্ঞার্থে। কিম্বা চত্ গমনকরা+ষ্বরচ্—র্ম্ম) সং, ক্লীং, উঠান, চাতাল। ২। যজ্ঞস্থান। ৩। স্থণ্ডিল, হোমার্থ পরিষ্কৃত ভূমি। ৪। রঙ্গস্থান। "অমুরথ্যাসু সর্ব্বাসু চত্বরেষু চ কৌরবঃ।" ৫। নানা জনস্থানের বাসভূমি। "সহিশ্রেষ্ঠিচত্বরে নিবসতি।"

চত্বার; সং, পুং, চতুঃসংখ্যা, চারি।

চত্বারিংশৎ (চতুর চার—দশন্ দশ। চার বার দশ যাহার পরিমাণ, নিপাতনে) সং, স্ত্রীং, চল্লিশ, ৪০।

চত্বাল (চত্ যাচ্ঞা করা+বাল(বালন্)—র্ম্ম) সং, পুং, হোমকুণ্ড। ২। দর্ভ, কুশ। ৩। গর্ত্ত। ৪। চাতাল।

চন্দির (চন্দ্ দীপ্তি পাওয়া+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, হস্তী। ২। চন্দ্র। ৩। কর্পূর। ৪। সর্প।

চন্দক (চন্দ্ দীপ্তি পাওয়া+অক(ণক)—ক) সং, পুং, চাঁদামাছ।

চন্দন (চন্দ্ আহ্লাদিত করা+অন—ক) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ। ২। বানরবিশেষ। ৩। ক্লীং, চন্দনকাষ্ঠ। ৪। ঘৃষ্টচন্দন। শিং—১ "বিনা মলয়মন্যত্র চন্দনং ন বিবর্দ্ধতে।" ২ "এবঞ্চ ভাষতে লোকশ্চন্দনং কিল শীতলম্।" স্ত্রীং, নদীবিশেষ।

চন্দনধেনু ; সং, স্ত্রীং, পতিপুত্রবতী নারীর মরণোত্তর দীয়মান চন্দনাঙ্কিত গবী। শিং—১ "পতিপুত্রবতী নারী ম্রিয়তে ভর্ত্তুর গ্রতঃ। চন্দনেনাঙ্কিতা ধেনুস্তস্যাঃ স্বর্গায় দীয়তে।" ২ "জীবদ্ভর্ত্রী তু যা নারী পুত্রিনী ম্রিয়তে যদি। সবৎসামঙ্কিতাং ধেনু মাচার্য্যায় প্রদাপয়েৎ।"

চন্দনপুষ্প ; সং, ক্লীং, লবঙ্গ।

চন্দনা (চন্দন দেখ) সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ। ২। নদীবিশেষ।

চন্দনাচল } (চন্দন চন্দনযুক্ত—অচল,
চন্দনাদ্রি } অদ্রি=পর্ব্বত, য়ৎ—স) সং, পুং, মলয় পর্ব্বত।

চন্দনী ; সং, স্ত্রীং, নদীবিশেষ।

চন্দনীয়া ; সং, স্ত্রীং, গোরোচনা।

চন্দির (চন্দ্ দীপ্তিপাওয়া+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র। ২। হস্তী।

চন্দ্র } (চন্দ্ দীপ্তি পাওয়া+র(রক্), অ
চন্দ } (অন্)—ক) সং, পুং, চাঁদ ; সমুদ্রমন্থনোদ্ভূত। ইহার রথ ত্রিবক্র, দশটি কুন্দধবল অশ্বের দ্বারা বাহিত। শিং—১ "নহি সংহরতে জ্যোৎস্নাংচন্দ্রশ্চণ্ডালবেশ্মনি।" ২ "যথা প্রহ্লাদনাচ্চন্দ্রঃ প্রতাপাত্তপনো যথা।" (রঘু)। ২। কর্পূর। ৩। জল। ৪। ময়ূরচন্দ্রক। ৫। স্বর্ণ। ৬। হীরক। ৭। দ্বীপবিশেষ। ৮। (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। ৯। বিং, ত্রিং, আহ্লাদজনক। দ্রা—স্ত্রীং, এলালতা। ২। চাঁদোয়া। ৩। চন্দ্রিকা।

চন্দ্রক (চন্দ্র+কণ্—তুল্যার্থে) সং, পুং, ময়ূরপুচ্ছের চন্দ্রাকার চিহ্ন। ২। মণ্ডল। শিং—১ "যাং চন্দ্রকৈর্মদজলস্য মহানদীনাম্।" (মাঘ)। ৩। (চন্দ্র+ক—স্বার্থে) চন্দ্র। ৪। (চন্দ্র—কৈ দীপ্তি পাওয়া+অ(ড)—ক) চাঁদামাছ। ৫। নখ। ৬। ক্লীং, শ্বেতমরিচ।

চন্দ্রকলা (চন্দ্র—কলা অংশ) সং, স্ত্রীং, চন্দ্রের কলা, চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ। শিং—১ "পূষা যশা সুমনসা রতিঃ প্রাপ্তিস্তথা ধৃতিঃ। ঋদ্ধিঃ সৌম্যা মরীচিশ্চ তথা চৈবাংশুমালিনী। অঙ্গিরা শশিনী চেতি ছায়া সম্পূর্ণমণ্ডলা। তুষ্টিশ্চৈবামৃতা চেতি কলাঃ সোমস্য ষোড়শ।" ২। বাদ্যবিশেষ, দ্রগড় বাদ্য। ৩। মৎস্যবিশেষ।

চন্দ্রকবান্—বৎ (চন্দ্রক ময়ূরপুচ্ছের চন্দ্রাকার চিহ্ন+বৎ—অস্ত্যর্থে) সং, পুং—স্ত্রীং, ময়ূর। শিং—১ "প্রাদুদ্রুবৎ সপদি চন্দ্রকবান্ ক্রমাগ্রাৎ।" (মাঘ)।

চন্দ্রকান্ত (চন্দ্র—কান্ত প্রিয়, কমনীয়, ১মা—হিং। কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, পুং, মণিবিশেষ ; ইহা কবিদিগের কল্পিত মণি ; (এরূপ প্রবাদ আছে, চন্দ্রের উদয় হইলে, তদীয় কিরণস্পর্শে এই মণি দ্রবীভূত হয়)। শিং—১ "আভীরদেশে কিল চন্দ্রকান্তং ত্রিভিবরাটৈর্বিপণন্তি গোপাঃ।" ২ "চন্দ্রকান্তোদ্ভবং বারি পিত্তঘ্নং বিমলং।" ৩। পুং, ক্লীং, চন্দনকাষ্ঠ। ৪। কুমুদ। ৫। বিং, ত্রিং, চন্দ্রবৎ সুন্দর। ন্তা—স্ত্রীং, জ্যোৎস্না। ২। রাত্রি। ৩। চন্দ্রপত্নী। ৪। ওষধি। ৫। তারকা।

চন্দ্রকান্তি (চন্দ্র—কান্তি দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রজত, রৌপ্য। শিং—১ "রূপ্যন্তু রজতং তারঞ্চন্দ্রকান্তি সিতপ্রভম্।"

চন্দ্রকালানল ; সং, ক্লীং, চক্রবিশেষ। "চন্দ্রকালানলং চক্রং ব্যোমাকারং লিখেদ্বুধঃ। চতুর্দিক্ষু ত্রিশূলানি মধ্য ভিন্নানি কারয়েৎ।"

চন্দ্রকী (—কিন্, চন্দ্রক+ইন্—অস্ত্যর্থে। যাহার পক্ষে চন্দ্রাকার চিহ্ন আছে) সং, পুং, ময়ূর।

চন্দ্রকুণ্ড ; সং, পুং, কামরূপস্থ সরোবরবিশেষ। চন্দ্ররশ্মি হইতে ইহার উদ্ভব হইয়াছে।

চন্দ্রকূট ; সং, পুং, কামরূপস্থ পর্ব্বতবিশেষ শিং—১ "পূর্ব্বং বায়ুগিরেঃ শৈলং চন্দ্রকূটং ইতি স্মৃতঃ।"

চন্দ্রকূপ ; সং, ক্লীং, কাশীস্থ কূপবিশেষ।

চন্দ্রকেতু; সং, পুং, লক্ষ্মণের পুত্র।

চন্দ্রগুপ্ত; সং, পুং, নন্দবংশীয় দাসীগর্ভে উৎপন্ন নৃপবিশেষ। (চাণক্য নন্দবংশের ধ্বংস করিয়া ইহাকে মগধদেশের সিংহাসনে অভিষিক্ত করেন)। খ্রীঃ ৩০৫ পূঃ ইনি রাজত্ব করিয়াছিলেন। ইনি Alexanderকে পরাস্ত করেন। গ্রীকেরা ইহাকে Sandrokottas বলিয়াছেন। ২। চিত্রগুপ্ত।

চন্দ্রগোলিকা (চন্দ্রগোল চন্দ্রমণ্ডল+ক(কণ্) প্রং, আপ্—স্ত্রীং। যাহা চন্দ্র হইতে উৎপন্ন হয়) সং, স্ত্রীং, জ্যোৎস্না।

চন্দ্রচঞ্চলা; সং, স্ত্রীং, চাঁদা মাছ।

চন্দ্রচূড়, চন্দ্রমৌলী, চন্দ্রাপীড় (চন্দ্র—চূড়া, মৌলী, আপীড় =শিরোভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব, শিব; যথা—"চন্দ্রচূড়ে দেখিনু দুয়ারে রক্ষক।" ২। পর্ব্বতবিশেষ।

চন্দ্রজ (চন্দ্র—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে) সং, পুং, চন্দ্রপুত্র বুধ।

চন্দ্রদারা (চন্দ্র—দারা পত্নী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চন্দ্রপত্নী অশ্বিনী ভরণী প্রভৃতি।

চন্দ্রদেব; সং, পুং, নিশাকর। ২। ভারতপ্রসিদ্ধ কুরুদলস্থ নৃপবিশেষ। শিং—১ "শক্রঞ্জয়ঞ্চ বিংশত্যা চন্দ্রদেবং তথাষ্টভিঃ।"

চন্দ্রনামা (—নামন্) সং, পুং, কর্পূর।

চন্দ্রপ্রভ (চন্দ্র চন্দ্রবৎ—প্রভা কিরণ। যাহার চন্দ্রের ন্যায় প্রভা আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সৌম্যমূর্ত্তি, সুন্দর। ২। সং, পুং, বৃন্তার্হদ্বিশেষ। ভা—স্ত্রীং, ওষধিবিশেষ। ২। বিং, স্ত্রীং, চন্দ্রের ন্যায় প্রভাসম্পন্না।

চন্দ্রবাণ; সং, পুং, চন্দ্রাকৃতি শরবিশেষ।

চন্দ্রভাগ; সং, পুং, পর্ব্বতবিশেষ; এই পর্ব্বতে ব্রহ্মা জগতের হিতকামনায় প্রত্যেক তিথিতে আলোকান্ধকারের হ্রাস বৃদ্ধি হেতু চন্দ্রকে ভাগ করিয়াছেন বলিয়া ইহার নাম চন্দ্রভাগ। শিং—১ "বিভক্তশ্চন্দ্রমা যস্মাৎ তস্মিন্ পর্ব্বতসত্তমে। অতো দেবাশ্চন্দ্রভাগং নাম্না চক্রুঃ পুরা গিরিং।"

চন্দ্রভাগা (চন্দ্রভাগ হিমালয়ের একাংশ+অ(ষ্ণ)—জাতার্থে। চন্দ্রভাগ পর্ব্বত হইতে উৎপন্না) সং, স্ত্রীং, কাশ্মীরদেশীয় স্বনামপ্রসিদ্ধ নদী; চন্দ্রকে এই খানে স্নান করাইয়া দক্ষশাপ হইতে মুক্ত করা হয়; বর্ত্তমান চেনাব (Chenab)। ইহার বৈদিক নাম অসিক্নি। শিং—১ "এবং তস্মিন্ সমুৎপন্না চন্দ্রভাগাহ্বয়া নদী। চন্দ্রভাগে মহাশৈলে গুণৈর্গঙ্গাসমা সদা।" [পিতা।

চন্দ্রভানু; সং, পুং, গোপবিশেষ, চন্দ্রাবলীর

চন্দ্রভূতি (চন্দ্রের ন্যায় কান্তিবিশিষ্ট বলিয়া) সং, ক্লীং, রৌপ্য, রূপা। [মণি।

চন্দ্রমণি (চন্দ্র—মণি রত্ন) সং, পুং, চন্দ্রকান্ত

চন্দ্রমণ্ডল (চন্দ্র—মণ্ডল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চন্দ্রের মণ্ডল, চন্দ্রের গোলাকার কলেবর।

চন্দ্রমাঃ (চন্দ্রমস্, চন্দ্র কর্পূর—মস্ তুল্য করা+০(কিপ্)—ক। যে কর্পূরের ন্যায় সকল বস্তুকে শাদা করে। অথবা চন্দ্র আহ্লাদ—মা পরিমাণ করা+অস্—ক) সং, পুং, চন্দ্র। (ত্রিকাণ্ডশেষে 'মস্' একটী চন্দ্রের নাম; যথা—"মাঃ পরিজ্ঞাবলক্ষগুরিতি'। মস্, পরিজ্ঞ, অবলক্ষগু এই তিনটি চন্দ্রের নাম)। শিং—১ "বিমানে চন্দ্রমা ভাতি।" স্ত্রীং, নদীবিশেষ।

চন্দ্ররসা; সং, স্ত্রীং, ভারতবর্ষীয় নদীবিশেষ।

চন্দ্ররেখা, চন্দ্রলেখা সং, স্ত্রীং, বাণ রাজার কন্যা ঊষার সখী, কুমাণ্ড নামক মন্ত্রীর কন্যা।

চন্দ্রলেখা; সং, স্ত্রীং, লতাবিশেষ। ২। পঞ্চদশাক্ষর পাদক ছন্দ। ৩। নদীবিশেষ।

চন্দ্রলোহক (চন্দ্র—লোহক লৌহ) সং, ক্লীং, রৌপ্য, রজত।

চন্দ্রবংশ (চন্দ্র—বংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র হইতে জাত পুরুষপরম্পরা। ২। বিং, ত্রিং, চন্দ্রবংশীয়। [সোমলতা।

চন্দ্রবল্লরী (চন্দ্র—বল্লরী লতা) সং, স্ত্রীং,

চন্দ্রবিন্দু; সং, পুং, অর্দ্ধচন্দ্রাকারযুক্ত বিন্দু, ঁ।

চন্দ্রবিহঙ্গম (চন্দ্র [চাঁদ] চন্দ্রের ন্যায় শুভ্র—বিহঙ্গম পক্ষী) সং, পুং, বকপক্ষী।

চন্দ্রব্রত; সং, ক্লীং, চান্দ্রায়ণ, চন্দ্রলোক প্রাপ্তির নিমিত্ত ব্রতবিশেষ।

চন্দ্রশালা (চন্দ্র—শালা গৃহ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ, ক—যোগে চন্দ্রশালিকাও হয়) সং, স্ত্রীং, জ্যোৎস্না। ২। (৬ষ্ঠী—ষ) চন্দ্রের

ন্যায় গৃহ, রথাদির বা প্রাসাদের শিরোগৃহ চিলেখর। "বিমানাতঃ পুষ্পকচন্দ্রশালা।"

চন্দ্রশেখর ( চন্দ্র – শেখর শিরোভূষণ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শিব। ২। চট্টলদেশীয় মহাপীঠে ভৈরববিশেষ। শিং – ১ "চট্টলে দক্ষবাহুর্মে ভৈরবশ্চন্দ্রশেখরঃ।" ৩। করবীর-পুরের রাজা, পৌষ্যরাজপুত্র। ৪। তীর্থ-বিশেষ। ৫। পর্ব্বত। ৬। তালবিশেষ।

চন্দ্রসংজ্ঞ (চন্দ্র-সংজ্ঞা নাম। চন্দ্রের নামে সমস্ত নাম যাহার, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কর্পূর।

চন্দ্রসম্ভব (চন্দ্র – সম্ভব উৎপন্ন, ৫মী – হিং) সং, পুং, চন্দ্রপুত্র, বুধ। বা – স্ত্রীং, নর্ম্মদা নদী। ২। ক্ষুদ্রৈলা।

চন্দ্রসরোবর ; সং, পুং, বৃন্দাবনের অন্তর্গত সঙ্কর্ষণকুণ্ডের নিকটস্থ জলাশয়বিশেষ।

চন্দ্রহা (চন্দ্র – হন্ পীড়ন করা + ০(ক্বিপ্) – ক) সং, পুং, দানববিশেষ।

চন্দ্রহাস (চন্দ্র – হস্ হাসা + অ(ঘঞ্) – ক। উজ্জ্বলতায় যে চন্দ্রকে উপহাস করে, ২য়া – ষ) সং,পুং, খড়্গ। ২। রাবণের খড়্গ। ৩। ক্লীং,রৌপ্য। হাসা – স্ত্রীং, গুড়ূচী।

চন্দ্রা ; সং, স্ত্রীং, এলাচ। ২। চন্দ্রাতপ, চাঁদোয়া। ৩। গুড়ূচী।

চন্দ্রাংশু (চন্দ্র – অংশু কিরণ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, পরমেশ্বর। ২। ( চন্দ্র – অংশু, ৬ষ্ঠী – ষ) চন্দ্রকিরণ, জ্যোৎস্না।

চন্দ্রাতপ ( চন্দ্র – আতপ কিরণ, ৬ষ্ঠী – ষ ) সং, পুং জ্যোৎস্না। শিং – ১"চন্দ্রাতপমিব রসতামুপেতম্।" ২। (চন্দ্র – আত গমন – পা রক্ষা করা + অ(ড) – ক) চাঁদোয়া।

চন্দ্রাত্মজ ( চন্দ্র – আত্মজ পুত্র, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, তারার গর্ভজাত, চন্দ্রপুত্র, বুধ।

চন্দ্রানন (চন্দ্র – আনন, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কার্ত্তিকেয়। ২। বিং,ত্রিং, চন্দ্রতুল্য বদন।

চন্দ্রাপীড় ( চন্দ্র – আপীড় ) সং, পুং, শিব। ২। তারাপীড়পুত্র নৃপবিশেষ।

চন্দ্রার্দ্ধ (চন্দ্র – অর্দ্ধ, ৬ষ্ঠী – ষ) সং, পুং-ক্লীং, চন্দ্রের কলারূপ ভাগ। শিং – ১ "চন্দ্রার্দ্ধ-বিম্বসংসক্তো যথৈকশিখরো গিরিঃ।"

চন্দ্রালোক (চন্দ্র – আলোক, ৬ষ্ঠী – ষ) সং, পুং, জ্যোৎস্না। ২। পীযূষবর্ষ নামক কবির অলঙ্কার প্রবন্ধবিশেষ। শিং – ১ "চন্দ্রা-লোকমমুং স্বয়ং বিতনুতে পীযূষবর্ষঃ কবিঃ।"

চন্দ্রাবলী ; সং, স্ত্রীং, কৃষ্ণের প্রিয়া, রাধিকার সখী, গোপীবিশেষ, চন্দ্রভানুর কন্যা। ইহার মাতার নাম বিন্দুমতী।

চন্দ্রিকা (চন্দ্র + ইক(ষ্ণিক) – ইদমর্থে, আপ্) সং, স্ত্রীং, জ্যোৎস্না। ২। নেত্রতারকা। ৩। চাঁদামাছ। ৪। চন্দ্রভাগা নদী। ৫। ত্রয়োদশাক্ষরা ছন্দোবিশেষ ; ইহার ১০, ১১, ১৩ বর্ণ গুরু। ৬। তীর্থবিশেষ।

চন্দ্রিকাদ্রাব (চন্দ্রিকা – দ্রাব যে দ্রব হয়। যে জ্যোৎস্নায় দ্রব হয়। অথবা চন্দ্রিকা – দ্রাব নিষ্যন্দ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, চন্দ্রকান্তমণি।

চন্দ্রিকাপায়ী ( – পায়িন্,চন্দ্রিকা – পায়ী যে পান করে) সং, পুং – স্ত্রীং, চকোরপক্ষী।

চন্দ্রিকাম্বুজ ( চন্দ্রিকা – অম্বুজ পদ্ম ) সং, ক্লীং, শ্বেতপদ্ম।

চন্দ্রিল (চন্দ্র চাঁদ, বা অস্ত্র শস্ত্র ইত্যাদি, যাহা চন্দ্রের ন্যায় উজ্জ্বল + ইল – অস্ত্য-র্থে) সং, পুং, শিব। ২। নাপিত। ৩। বাস্তুক। [লিঙ্গবিশেষ।

চন্দ্রেশ্বর ; সং, পুং, চন্দ্রসেবিত কাশীস্থ শিব-

চন্দ্রোপল (চন্দ্র চন্দ্রপ্রিয় – উপল প্রস্তর, য়ং–স,মধ্যপদলোপ) সং,পুং, চন্দ্রকান্তমণি।

চপট, চপেট ( চপ্ চূর্ণ করা + অট, ইট – সংজ্ঞার্থে, বা চপ সান্ত্বনার নিমিত্ত – ইট্ গমন করা + অ(অন্) – ক) সং, পুং, চাপড়, চড়। পেটী – স্ত্রীং, ভাদ্র-মাসীয় শুক্লা-ষষ্ঠী ; কামিনীগণ পুত্র কামনায় এই তিথিতে ষষ্ঠীদেবীর পূজা করে, চাপ্ড়াষষ্ঠী

চপল (চপ্ বা চুপ্ গমন করা + অল – ক। উ=অ) বিং, ত্রিং, চঞ্চল। ২। তরল শিং – ১ "মানুষ্যং জলবিন্দুলোলচপলম্।" ২ "আরোহচ্চপলঃ কৃষ্ণঃ কদম্বশিখরম্।" ৩। অনবস্থিত। ৪। ক্ষণিক। ৫। দুর্ব্বি নীত। ৬। বিকল। ৭। ধৃষ্ট। ৮। প্রগলভ ৯। ক্লীং, ত্রিং – বিং, শীঘ্র। ১০। ক্ষণিক ১১। সং, পুং, পারদ। ১২। প্রস্তরবিশেষ ১৩। চৌর। ১৪। মীন, মৎস্য। ১৫। গন্ধ দ্রব্য-বিশেষ। লা – স্ত্রীং, লক্ষ্মী। ২

বিদ্যুৎ। ৩। বেশ্যা। ৪। সুরা। ৫। জিহ্বা। ৬। ছন্দোবিশেষ। ৭। পিপুল।

চপলতা (চপল + তা — ভাবে) সং, স্ত্রীং, চাঞ্চল্য, অস্থিরতা। ২। ধৃষ্টতা, প্রগল্‌ভতা।

চপলাঙ্গ (চপল — অঙ্গ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, জলজন্তুবিশেষ, শিশুমার, শুশুক।

চমকন (চমৎকরণ শব্দজ) সং, পুং, চমৎকৃত হওন, কাঁপন, ডরন।

চমচক্র; সং, পুং, কুরুক্ষেত্রের পার্শ্ববর্ত্তী প্রদেশ। [চম্‌কান।

চমৎ (চম্ চম্‌কিয়া ওঠা + অৎ — ক) অং,

চমৎকরণ (চমৎ আশ্চর্য্যবোধক শব্দ — কৃ করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, আশ্চর্য্য বোধ জন্মান, চমৎকৃত করা।

চমৎকার (চমৎ আশ্চর্য্যবোধক শব্দ — কার [কৃ করা + অ(ঘঞ্) — ভা] করণ) সং, পুং, আশ্চর্য্য, বিস্ময়। ২। অনির্ব্বচনীয় আনন্দ। শিং — ১ "চমৎকারশ্চিত্তবিস্তাররূপো বিস্ময়াপরপর্য্যায়ঃ।" ২ "সকলজগত্ত্রয়হৃদয়চমৎকারিচরিতানাম্।" ৩। বিং, ত্রিং, আশ্চর্য্যকর, বিস্ময়কর।

চমৎকারক (চমৎকরণ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, বিস্ময়কর, আশ্চর্য্যজনক।

চমৎকারিতা (চমৎকার + তা — ভা) সং, স্ত্রীং, চমৎকরণ, বিস্ময়জনন, আশ্চর্য্যজ্ঞাপনশক্তি।

চমৎকারী (— কারিন্, চমৎকার + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, বিস্ময়জনক, আশ্চর্য্যজ্ঞাপক। রিণী — স্ত্রীং, বিস্ময়োৎপাদিকা, আশ্চর্য্যজ্ঞাপিকা।

চমৎকৃত (চমৎ — কৃত করা হইয়াছে) বিং, ত্রিং, যার আশ্চর্য্য বোধ জন্মিয়াছে, যার মনে চমৎকারের উদয় হইয়াছে, আশ্চর্য্যান্বিত, বিস্ময়াবিষ্ট।

চমর (চম্ ভক্ষণকরা, গমনকরা + অর(অরন্) — ক) সং, ক্লীং, চামর, বালব্যজন। ২। পুং, মৃগবিশেষ, হিমালয় পর্ব্বতের উত্তরে যে ক্রমনিম্ন পাষাণময় স্থান আছে, তথাকার লোককে চমর কহে; ইহার লাঙ্গুলে চামর হয়। ৩। দৈত্যবিশেষ। রী — স্ত্রীং, মৃগীবিশেষ। শিং — ১ "স্ফুরতি চামরবনং চমরীচয়ঃ।" ২ "বালপ্রিয়ত্বং শিথিলং চমর্য্যঃ।"

চমরপুচ্ছ (চমর — পুচ্ছ, ৬ষ্ঠী — হিং) সং, বিলশায়ী পশুবিশেষ। ২। ক্লীং, চামর।

চমস (চমর দেখ, অস(অসচ) — ণ) সং, পুং — ক্লীং, যজ্ঞপাত্র, হাতা, চামচে। সী — স্ত্রীং, (+ অসচ — র্ম্ম, ঈপ — স্ত্রীং) পিষ্টকবিশেষ। ২। এক প্রকার মিষ্টান্ন দ্রব্য।

চমসোদ্ভেদ; সং, পুং, প্রভাসান্তিকস্থ তীর্থবিশেষ।

চমীকর; সং, পুং, স্বর্ণখনি।

চমূ (চম্ [শত্রুকে] ভক্ষণ করা, ধ্বংস করা + উ — ক) সং, স্ত্রীং, সেনাদল। ২। গজ ৭২৯, রথ ৭২৯, অশ্ব ২১৮৭, পদাতি ৩৬৪৫, এতৎসংখ্যক সৈন্য। (অক্ষৌহিণী দেখ)।

চমূচর (চমূ — চর যে [যুদ্ধে] গমন করে) সং, পুং, সৈনিকপুরুষ। ২। সেনানায়ক, সৈন্যাধ্যক্ষ।

চমূনাথ (চমূ — নাথ পতি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, সৈন্যাধ্যক্ষ, সৈন্যের কর্ত্তা। শিং — ১ "একাদশ চমূনাথঃ রাজা দুর্য্যোধনস্তদা। গদামাদায় তেজস্বীপদাতিঃ প্রস্থিতো হ্রদম্।"

চমূরু — পুং } (চমর দেখ, উরুচ্ — র্ম্ম,
চমূরু — স্ত্রীং } সংজ্ঞার্থে) সং, হরিণবিশেষ।
শিং — ১ "চকাশতং চারুচমূরুচর্ম্মণা।"

চম্পক (চম্প দীপ্তি পাওয়া + অক(ণক) — ক, সংজ্ঞার্থে) সং, পুং, চাঁপাগাছ। ২। নগরবিশেষ। শিং — ১ "চম্পকাভিধানায়াং নগর্য্যাং।" ৩। ক্লীং, চাঁপাকলা। ৪। চাঁপাফুল। শিং — ১ "চম্পকদামগৌরী।" ৫। ন্যায়মতে — সিদ্ধিভেদ।

চম্পকচতুর্দ্দশী; সং, স্ত্রীং, জ্যৈষ্ঠমাসীয় শুক্লাচতুর্দ্দশী; এই দিনে চম্পকপুষ্পে শিবপূজার বিশেষ ফললাভ হয়। "চতুর্দ্দশ্যাঞ্চ শুক্লায়াং চম্পকৈঃ পূজয়েৎ শিবম্।"

চম্পকমালা; সং, স্ত্রীং, কণ্ঠাভরণবিশেষ। ২। দশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ২য়, ৩য়, ৭ম, ৮ম বর্ণ লঘু অবশিষ্ট বর্ণ গুরু।

চম্পকরম্ভা; সং, স্ত্রীং, চাঁপাকলা।

চম্পকারণ্য; সং, ক্লীং, চম্পকপ্রধান অরণ্য, তীর্থবিশেষ।

চম্পকালু } (চম্পক+আলু—অস্ত্যর্থে)
চম্প-কোষ } সং, পুং, কাঁঠালগাছ।

চম্পট (দেশজ) সং, প্রস্থান, পলায়ন।

চম্পা (চম্প্ গমনকরা+অল্—ধি, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চম্প নৃপতি কর্তৃক স্থাপিত স্বনাম প্রসিদ্ধ নগরী; ইহা অঙ্গরাজ কর্ণের রাজধানী ছিল, এই নগরী ভাগলপুরের নিকটস্থ। ২। নদীবিশেষ। ৩। কর্ণপত্নী।

চম্পাধিপ (চম্পা নগরীবিশেষ—অধিপ অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ণবীর।

চম্পালু (চম্পক+আলু—অস্ত্যর্থে। চম্পক=চম্প) সং, পুং, কাঁঠালগাছ।

চম্পাবতী (চম্প বৃক্ষবিশেষ+বৎ(বতু)—অস্ত্যর্থে। এইরূপ বৃক্ষ যেখানে প্রচুর আছে) সং, স্ত্রীং, কর্ণের রাজধানী।

চম্পূ (চমর দেখ, উ—র্ম্ম, সংজ্ঞার্থে। প—আগম। পণ্ডিতেরা যাহা আস্বাদ করে) সং, স্ত্রীং, গদ্য পদ্যময় কাব্য গ্রন্থ। শিং—১ "গদ্যপদ্যময়ী বাণী চম্পূরিত্যভিধীয়তে।"

চম্পেশ (চম্প—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, কর্ণ।

চয় (চি একত্র করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমূহ, রাশি। শিং—১ "স্ফুরতি চাম্বুবনং চমরীচয়ঃ।" ২। বপ্র, পগার, ভেড়ী, পোস্তা। ৩। প্রাকার। ৪। (+অল্—ভা) সঞ্চয়। ৫। আহরণ। ৬। অগ্ন্যাদির চয়নরূপ সংস্কারবিশেষ। ৭। পুষ্পাদির সমাহরণরূপ পীঠ।

চয়ন (চয় দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সংগ্রহ, সঙ্কলন। ২। পুষ্পাদি তোলা। ৩। ইষ্টকাদি দ্বারা নির্ম্মাণ। ৪। (+অনট্—ণ) সংস্কার সাধন বস্তু। শিং—১ "যেন ভাগীরথী গঙ্গা চয়নৈঃ কাঞ্চনৈশ্চিতা।"

চয়নীয় (চি চয়ন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চয়ন করা উচিত বা আবশ্যক।

চয়নেষ্টকা (চয়ন—ইষ্টকা) সং, স্ত্রীং, পুঞ্জীভূত ইষ্টকা, পাঁজা।

চর (চর্ গমন করা+অ(অম্)—ক)· সং, পুং, যে ব্যক্তি রাজা রাজপুরুষ বা অন্যবিধ ব্যক্তি দ্বারা নিযুক্ত হইয়া গুপ্তভাবে লোকের ভাব পরীক্ষা বা অভিপ্রায়ের অনুসন্ধান করিয়া নিয়োক্তার নিকট সংবাদ দেয়, প্রণিধি। শিং—১ "রাজা চরৈর্জগৎ সর্ব্বং প্রাপ্নুয়াল্লোকসম্মতৈঃ।" ২। কপর্দক। ৩। মেষ কর্কট তুলা ও মকর রাশি। ৪। স্বাতি পুনর্বসু শ্রবণা নামক নক্ষত্রত্রয়। ৫। মঙ্গলগ্রহ। ৬। অক্ষক্রীড়াবিশেষ। ৭। খঞ্জন পক্ষী। ৮। দ্বীপ; নদীগর্ভে স্রোত দ্বারা যে বালুকাময় স্তর উৎপন্ন হয় তাহাকে নদীর চর বলে। ৯। গোচারণ ভূমি। ১০। বিং, ত্রিং, অস্থাবর, জঙ্গম, গমনশীল।

চরক (চর দেখ, অক—ক) সং, পুং, বিখ্যাত আয়ুর্ব্বেদবিৎ ঋষি। ইহাঁর রচিত আয়ুর্ব্বেদ গ্রন্থও ঐ নামে প্রসিদ্ধ। ইনি ব্রহ্মা প্রজাপতি, অশ্বিনীকুমার, ধন্বন্তরী, ইন্দ্র, ভরদ্বাজ, আত্রেয় ও অগ্নিবেশ্যের নিকট যথাক্রমে সূত্র, শারীরস্থান, ঐন্দ্রিয়, চিকিৎসা, নিদান, বিমান, বিকল্প ও সিদ্ধি এই অষ্টস্থান শিক্ষা করিয়া চরকসংহিতা প্রস্তুত করেন। ২। গ্রন্থবিশেষ। ৩। ভিক্ষু। ৪। দূত, চর, প্রণিধি।

চরকা (চক্র শব্দজ) সং, সূত্র কর্ত্তন যন্ত্র, সূতা কাটিবার কল।

চরণ (চর দেখ, অন(অনট্)—ণ) সং, পুং—ক্লীং, পদ। শিং—১ "দ্বিতীয়ে হস্তচরণৌ তৃতীয়ে বধমর্হতি।" (মনু)। ২। বেদের বহ্বৃচাদি শাখা। শিং—১ "গোত্রং চ চরণৈঃ সহ।" ৩। শ্লোকের চতুর্থাংশ। ৪। গোত্র। ৫। মূল। ৬। (+অনট্—ভা) ক্লীং ভ্রমণ, চলন। ৭। ভক্ষণ, চরা। ৮। আচরণ, অনুষ্ঠান। শিং—১ "তপসশ্চরণৈশ্চোগ্রৈঃ।" ৯। শীল।

চরণগ্রন্থি (চরণ পা—গ্রন্থি গাঁইট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুল্ফ, পায়ের গোড়ালি

চরণচারী (চরণচারিন্, চরণ পাদ—চারি যে গমন করে) বিং, ত্রিং, পাদচারী, পায়ে হাঁটিয়া যায়।

চরণব্যূহ; সং, পুং, বেদব্যাস কর্ত্তৃক স লিত চতুর্ব্বেদ বিবরণ শাস্ত্র।

চরণসেবা (চরণ—সেবা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রী পদসেবা, পা টেপা।

চরণানুগ (চরণ—অনুগ আশ্রয় কারক, ২য়া—ষ) বিং, ত্রিং, শরণাগত, চরণসেবক। ২। পশ্চাদ্গামী।

চরণাভরণ (চরণ—আভরণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চরণের অলঙ্কার।

চরণামৃত (চরণ—অমৃত, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে জলে বিষ্ণুমূর্ত্তিকে স্নান করান হইয়াছে বা যে জলে ব্রাহ্মণের পাদ প্রক্ষালন হইয়াছে, পাদোদক। [ক্লীং, চরণকমল।

চরণাম্বুজ (চরণ—অম্বুজ পদ্ম, যং—স) সং,

চরণায়ুধ (চরণ পা—আয়ুধ অস্ত্র। যাহার চরণই তাহার আয়ুধ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুট, কুঁকড়া। শিং—১ "আকর্ণ্য সম্প্রতি রুতং চরণায়ুধানাম্।"

চরণারবিন্দ (চরণ—অরবিন্দ পদ্ম, যং—স) সং, ক্লীং, চরণরূপ পদ্ম।

চরণাবরণ (Stocking, চরণ—আবরণ আচ্ছাদন) সং, ক্লীং, যাহার দ্বারা চরণের আচ্ছাদন হয়, মোজা, ষ্টকিং। [বিশেষ।

চরবী (যবনভাষা) সং, বসা, শরীরস্থ ধাতু-

চরম (চর দেখ, অম—ক) সং, ত্রিং, অন্ত, শেষ। ২। পশ্চিম। ৩। পশ্চাৎ। ৪। পুং, অন্তিমকাল। শিং—১"অব্রবীৎ ক্রিয়তামেষা সুতানাং চরমক্রিয়া।" (ভারত)।

চরমলেখ (চরম—লিখ্ লেখা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, উইল করা।

চরমক্ষ্মাভৃৎ, চরমাচল, চরমাদ্রি } (চরম পশ্চিম—ক্ষ্মা, ভৃৎ, অচল, অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অস্তপর্ব্বত, যে পর্ব্বতে সূর্য্য অস্ত যায়। [আটা।

চরস (দেশজ) সং, মাদক দ্রব্যবিশেষ, গাঁজার

চরাচর (চর জঙ্গম—অচর স্থাবর) সং, ত্রিং, জঙ্গম ও স্থাবর। ২। (চর্ গমনকরা+অ (অন্)—ক) ক্লীং, যাবতীয় স্থাবর ও জঙ্গম পদার্থের সমবায়, জগৎ। শিং—১ "ব্রহ্মা চরাচরগুরুর্ব্বস্যেদং সকলং জগৎ।" ২"ত্বয়া বিশ্বজাতে বিশ্বং জগদেতচ্চরাচরম্।"

চরাচরগুরু (চরাচর—গুরু কর্ত্তা) সং, পুং, পরমেশ্বর। ২। স্থাবর জঙ্গমাত্মক জগতের সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা। [চারণ স্থান।

চরাণি (চারণ শব্দজ) সং, মাঠ, ময়দান, পশু-

চরি (চর্ গমনশীল+ই—প্রং) সং, পুং, পশু। ২। প্রাণী।

চরিত (চর্ আচরণ করা, গমন করা, করা +ত(ক্ত)—ভা) সং, ক্লীং, আচরণ। ২। চরিত্র। শিং—১ "উত্তরং রামচরিতং তৎপ্রণীতং প্রযোক্ষ্যতে।" ৩। বিচরণ। ৪। অনুষ্ঠান। ৫। রীতি। ৬। সঞ্চার। ৭। চেষ্টিত। শিং—১"সর্ব্বংখলস্যচরিতং মশকঃ করোতি।" ৮। কার্য্য। ৯। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠিত, কৃত। ১০। সকল। ১১। সিদ্ধ, সম্পন্ন। ১২। ফলিত। ১৩। ভক্ষিত। ১৪। আশ্রিত।

চরিতব্রত (চরিত আচরিত—ব্রত, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে ব্রতাচরণ করিয়াছে, কৃতব্রত।

চরিতাখ্যান (চরিত—আখ্যান, ২য়া—ষ) সং, ক্লীং, চরিত কীর্ত্তন, চরিত বর্ণন।

চরিতাখ্যায়ক (Biographer, চরিত—আ—খ্যা বর্ণনাকরা বা বলা+অক(ণক)—ক) সং, পুং, যে ব্যক্তি কোন লোকের জীবন বৃত্তান্ত লিপিবদ্ধ করে। (বিশেষ্য ও বিশেষণ উভয়ই হয়)।

চরিতার্থ (চরিত সফল, সম্পন্ন—অর্থ প্রয়োজন, ৩য়া—হিং+৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কার্য্য সিদ্ধ হইয়াছে, যাহার অভিপ্রায় সম্পন্ন হইয়াছে, যাহার অভিলাষ পূর্ণ হইয়াছে, কৃতার্থ, কৃতকার্য্য, সফলপ্রয়োজন, সফলকার্য্য। ২। অন্বর্থ। শিং—১"রাম রাবণয়োর্বৈরং চরিতার্থমিবাভবৎ।"

চরিতার্থতা (চরিতার্থ+তা—ভাবে) সং, স্ত্রীং, চরিতার্থ হওয়া, চরিতার্থের ভাব, কৃতার্থতা, কৃতকার্য্যতা।

চরিতার্থিত (চরিতার্থ+ইত—প্রং) বিং, ত্রিং, কৃতার্থীকৃত, যে চরিতার্থতা লাভ করিয়াছে।

চরিতাবলী (চরিত—আবলী শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বাঙ্গালা গ্রন্থবিশেষ, যাহাতে বহু লোকের চরিত বর্ণিত আছে। ২। চরিতশ্রেণী।

চরিত্র (চরিত দেখ, ইত্র—ণ, সংজ্ঞার্থে) সং, ক্লীং, স্বভাব। ২। আচরণ। শিং—১ "স্বং স্বং চরিত্রং শিক্ষেরন্ পৃথিব্যাং সর্ব্ব-

মানবাঃ।" ৩। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র। ত্রা—স্ত্রীং, তেঁতুলগাছ।

চরিষ্ণু (চর্ গমন করা+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, গমনশীল, জঙ্গম। শিং—১ যদাণুমাত্রিকো ভূত্বা বীজং স্থাস্নুং চরিষ্ণু চ।" ২। সং, পুং, কীর্ত্তিমানের পুত্র।

চরু (চর্ ভক্ষণ করা+উ—র্ম্ম, সংজ্ঞার্থে, যাহা দেবতারা ভোজন করে) সং, পুং, যজ্ঞিয় পায়সান্ন।

চরুস্থালী (চরু—স্থালী, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, চরু পাকার্থ স্থালী। শিং—১ "মৃণ্ময্যো ডুম্বরী বাপি চরুস্থালী প্রশস্যতে।"

চর্চ্চরী (চর্চ্চ্ বলা, শব্দ করা+অর (অরন্) —র্ম্ম, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, উৎসব, চাঁচর। ২। প্রাচীন ভারতের একটী আনদ্ধ যন্ত্রবিশেষ। ৩। বাদ্যবিশেষ। ৪। গানবিশেষ। শিং—১ "মধুরমভিহন্যমান মৃদুমৃদঙ্গানুগতসঙ্গীতমধুরঃ পুরঃ পৌরাণামুচ্চরতি চর্চ্চরীধ্বনিঃ।"

চর্চ্চা (চর্চ্চ অনুশীলন করা+অ(ঙ)—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, আলোচনা, অনুশীলন। ২। লেপন। ৩। চিন্তা, অনুধ্যান। ৪। বিচার।

চর্চ্চিত (চর্চ্চা+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং চন্দনাদি দ্বারা লেপিত। শিং—১ "পয়োধরাশ্চন্দনপঙ্কচর্চ্চিতাঃ।" (ঋতুসংহার)। ২। আলোচিত, অনুশীলিত। ৩। চিন্তিত অনুধ্যাত। ৪। অনুসংহিত, অন্বিত। ৫ (+ক্ত—ভাবে) ক্লীং, চন্দনে লেপন।

চর্পট চর্প্ [সৌত্র ধাতু] নিম্ন বা বিস্তৃত হওয়া+অট (অটন্)—ক) সং, পুং, চপেট, চাপড়। ২। বিস্তার। টা—স্ত্রীং, চাপড়া ষষ্ঠী; ভাদ্রমাসীয় শুক্লাষষ্ঠীতে এই ষষ্ঠীদেবীর পূজা হয়, পুত্রবতী হিন্দুমহিলাগণ এই দিনে ক্ষীরের চাপ্‌ড়া ও পিটুলির চাপ্‌ড়া ষষ্ঠী দেবীকে নিবেদন করিয়া ভোজন করে, বোধ হয় এই কারণেই ইহাকে চাপ্‌ড়াষষ্ঠী কহে।

চর্ভট (চারু মনোহর শব্দ—ভট যে করে। নিপাতন) সং, পুং, কাঁকুড়। টী—স্ত্রীং, উৎসববিশেষ।

চর্ম্ম } (চর্ গমন করা+ম, মন্—প) চর্ম্মন্ } সং, ক্লীং, ছাল, চামড়া। ২। ত্বক্। ৩। ঢাল। ৪। বর্ম্ম।

চর্ম্মকার } (চর্ম্মন্—কার যে করে, ২য়া—য। চর্ম্মন্—আর [ঋ গমন করা চর্ম্মার } +অ (ষণ্)—ক] যে পায়, ২য়া—য) সং, পুং, চামার, মুচি। শিং—১ "কারাবরো নিষাদাত্তু চর্ম্মকারঃ প্রসূয়তে।"

চর্ম্মগ্রন্থি (চর্ম্ম—গ্রন্থি গাঁইট, ৬ষ্ঠী—য) সং, পুং, চামড়ার গাঁইট।

চর্ম্মচটকা (চর্ম্ম—চটক চড়ই পাখী। যে চর্ম্ম-পক্ষ বিশিষ্ট চটকের ন্যায়। অথবা চট্ আঘাত করা+অক (ণক)—ক) সং, স্ত্রীং, বাদুড়।

চর্ম্মচটী (চর্ম্ম—চট যে আঘাত করে, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চামচিকা। ২। বাদুড়।

চর্ম্মচিত্রক; সং, ক্লীং, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।

চর্ম্মজ (চর্ম্ম—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত, উৎপন্ন, ৫মী—য) সং, ক্লীং, রোম, লোম। ২। রক্ত। ৩। বিং, ত্রিং, চর্ম্ম হইতে উৎপন্ন।

চর্ম্মণ্বতী (চর্ম্মন্+বৎ (বতু)—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং। মহারাজ রন্তিদেব প্রত্যহ সহস্র সহস্র বৃষ বধ করিয়া ব্রাহ্মণ অতিথিদিগকে ভোজন করাইতেন। সেই সকল বৃষের চর্ম্ম নিঃসৃত রক্ত ও ক্লেদে এই নদী উৎপন্ন হওয়াতে ইহার নাম চর্ম্মণ্বতী হইয়াছে, সং, স্ত্রীং, দশপুর নগরের নদী। বুন্দেলখণ্ডে ইহাকে চম্বল্ বলে। ২। কলাগাছ।

চর্ম্মতরঙ্গ (চর্ম্ম—তরঙ্গ ঢেউ, ৬ষ্ঠী—য) সং, পুং, চর্ম্মের সঙ্কোচ, বলি, শিথিলিত চর্ম্ম।

চর্ম্মদণ্ড (চর্ম্ম [চামড়া] যে চামড়ার টুক্‌রা বা দড়ি দ্বারা কোন বস্তু বন্ধন করা যায়—দণ্ড) সং, পুং, চাবুক, কোড়া।

চর্ম্মদল (চর্ম্ম—দল্ দলন করা+অ (অন্)—ক) সং, ক্লীং, কুষ্ঠরোগবিশেষ।

চর্ম্মদূষিকা; সং, স্ত্রীং, চর্ম্মরোগবিশেষ।

চর্ম্মদ্রুম (চর্ম্ম চর্ম্মাকার ত্বক্‌যুক্ত—দ্রুম, বৃং—স। যাহার ছাল চর্ম্মের ন্যায়) সং, পুং, ভূর্জ্জবৃক্ষ। [স্পর্শানুভব হয়। ২। চামড়া

চর্ম্মন্; সং, ক্লীং, ত্বগিন্দ্রিয়, ইহা দ্বারা

চর্ম্মপট (চর্ম্ম চর্ম্মময়—পট, য়ং—স) সং, পুং, চর্ম্মনির্ম্মিত পট, চামাটী।

চর্ম্মপত্রা (চর্ম্ম—পত্র পক্ষ, ৬ষ্ঠী—হিং, আ—অল্পার্থে) সং, স্ত্রীং, চামচিকা। ২। বাদুড়।

চর্ম্মপাদুকা ; সং, স্ত্রীং, চর্ম্ম-নির্ম্মিত পাদুকা, উপানৎ, জুতা। বিশেষ, কুঁপা।

চর্ম্মপুট, চর্ম্মপুটক ; সং, ক্লীং, চর্ম্মময় পাত্র-

চর্ম্মপ্রভেদিকা (চর্ম্ম—প্র—ভিদ্ ভেদ করা +অক(ণক)—ক) সং, স্ত্রীং, চর্ম্মবেধনার ফোড়।

চর্ম্মপ্রসেবক (চর্ম্মন্—প্র—সিব্ সেলাই করা +অক—র্ম্ম, আপ্—স্ত্রীং। যাহা স্যূত বা চর্ম্মে নির্ম্মিত) সং,পুং, বিকা—স্ত্রীং, ভস্ত্রা, জাঁতা।

চর্ম্মমণ্ডল ; সং, পুং, দেশবিশেষ।

চর্ম্মময় (চর্ম্ম+ময়(ময়ট)—বিকারার্থে) বিং, ত্রিং, চর্ম্মনির্ম্মিত বস্তু। শিং—১ "দ্বৌপি চর্ম্মাবনদ্ধৈশ্চ ব্যাঘ্রচর্ম্মময়ৈরপি।" (ভারত)। ২ "যথাকাষ্ঠময়ো হস্তী যথাচর্ম্মময়োমৃগঃ।"

চর্ম্মমুণ্ডা (চর্ম্ম ঢাল—মুণ্ড মুণ্ডিত মস্তক। যাহার মস্তক ঢালের ন্যায় গোলাকার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দুর্গা, চামুণ্ডা।

চর্ম্মমুদ্রা ; সং, স্ত্রীং, তন্ত্রসারোক্ত দেবপূজাঙ্গ মুদ্রাবিশেষ। শিং—১ "বামহস্তং তথা-তির্য্যক্ কৃত্বাচৈব প্রসার্য্য চ। আকুঞ্চিতা-ঙ্গুলীঃ কুর্য্যাৎ চর্ম্মমুদ্রেয়মীরিতা।"

চর্ম্মযষ্টি ; সং, স্ত্রীং, অশ্বাদির চালনার্থ চর্ম্ম-ময় যষ্টি।

চর্ম্মরু (চর্ম্ম—রু শব্দ করা+০(ক্বিপ্)—ক। অথবা—র গমন করা+উ(কু)—ক) সং, পুং, চর্ম্মকার।

চর্ম্মবসন (চর্ম্ম গজাসুরচর্ম্ম—বসন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব।

চর্ম্মবান্ (চর্ম্মবৎ, চর্ম্ম+বৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চর্ম্মযুক্ত। [সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।

চর্ম্মবৃক্ষ (চর্ম্ম চর্ম্মপ্রধান—বৃক্ষ, য়ং—স)

চর্ম্মাম্ভস্ (চর্ম্ম চর্ম্মান্তর্গত—অম্ভস্ জল, য়ং—স) সং, ক্লীং, চর্ম্মমধ্যগত জল বা রস।

চর্ম্মাবকর্ত্তিন্ (চর্ম্ম—অব—কৃৎ ছেদন করা ইন্(ণিন্)—ক। যে চর্ম্ম ছেদন করে) সং, পুং, চর্ম্মকার, চামার। শিং—১ "আয়ুঃ সুবর্ণকারাণাং যশশ্চর্ম্মাবকর্ত্তিনাম্।"

চর্ম্মিক (চর্ম্ম চর্ম্মময় ফলক+ইক—অস্ত্যর্থে। যে চর্ম্মময় ফলক লইয়া যুদ্ধ করে) সং, পুং, বিশেষ যোদ্ধা, ঢালী। কা—স্ত্রীং, ভূর্জ্জপত্র। ২। পার্চমেণ্ট।

চর্ম্মী (চর্ম্মিন্, চর্ম্ম ঢাল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চর্ম্মধারী, ঢালী। ২। ভূর্জ্জবৃক্ষ। ৩। কদলীবৃক্ষ।

চর্য্য (চর আচরণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, আচরণীয়। র্য্যা—স্ত্রীং, (চর্+য(ক্যপ)—ভাবে, আপ্) সং, স্ত্রীং, আচরণ, ব্যবহার। শিং—১ "বনবাসস্য শূরস্য মম চর্য্যা হি রোচতে।" ২। অনুষ্ঠান। ৩। চরিত্র। ৪। গতি। শিং—১ "চর্য্যায়াং হয়মুৎসৃষ্টং।" ৫। ভোজন।

চর্ব্বণ (চর্ব্ব্ চিবান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, দন্ত দ্বারা চূর্ণ করা, চি-বান। ২। স্বাদগ্রহণ।

চর্ব্বিত (চর্ব্বণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চিবান। ২। ভক্ষিত। ৩। স্বাদিত।

চর্ব্ব্য (চর্ব্বণ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিবাইয়া খাইতে হয়, চর্ব্বণ না করিলে যাহা ভক্ষণ করিতে পারা যায় না, চর্ব্বণের যোগ্য। শিং—১ "ভোজ্যং ভক্ষ্যং তথা চর্ব্ব্যং গুরু বিদ্যাৎ যথোত্তরম্।"

চর্ষণি (কৃষ্+অনি—ক) সং,পুং, জন, লোক, ব্যক্তি। শিং—১ "স চর্ষণীনামুদগাচ্ছুচো মৃজন্ প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ।" ২। মানবজাতি। শিং—১ "অর্য্যম্নো মাতৃকা পত্নী তয়োশ্চর্ষণয়ঃ সুতাঃ। যত্র বৈ মানুষী জাতির্ব্রহ্মণা চোপকল্পিতা।"

চল (চল্ চলা+অ(অন্)—ক) বিং, ত্রিং, চঞ্চল, অস্থির। শিং—১ "ন ধর্ম্মাচ্চলতে বুদ্ধির্ধর্ম্মরাজস্য ধীমতঃ।" ২ "চলয়ন্ ভৃঙ্গরুচস্তবালকান্।" ২। জঙ্গম। ৩। কম্পিত। ৪। চলিত, ব্যবহৃত। লা—স্ত্রীং, লক্ষ্মী। ২। বিদ্যুৎ। ৩। গন্ধদ্রব্য-বিশেষ। ৪। (+অল্—ভা) পুং, চাঞ্চল্য।

চলচঞ্চু (চল চঞ্চল—চঞ্চু পাখির ঠোঁট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চকোর পক্ষী।

চলচিত্ত (চল – চিত্ত মনঃ) বিং,ত্রিং, যাহার চিত্ত স্থির নহে, চঞ্চলচিত্ত। ২। যাহার মতের স্থিরতা নাই, অব্যবস্থিত চিত্ত।

চলৎ ( চল্ + অৎ(শতৃ) – ক ) বিং, ত্রিং, চঞ্চল। ২। যে চলিতেছে, যে যাইতেছে, ধাবমান, গমনশীল। ৩। কম্পমান, যাহা নড়িতেছে, যাহা বিচলিত হইতেছে। "খেলচ্চলৎ খে শিরঃ।" ৪। যাহা প্রচলিত আছে, যাহার ব্যবহার আছে, চলিত। [সামর্থ্য।

চলৎশক্তি ; সং, স্ত্রীং, গতিশক্তি, চলিবার

চলদঙ্গ (চলৎ চঞ্চল, কম্পমান – অঙ্গ শরীর। ক – যোগে চলদঙ্গকও হয়) সং,পুং, চেঙ্গমাছ।

চলদল (চল চঞ্চল – দল পত্র। যাহার পত্র সর্ব্বদা চঞ্চল হয়, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, অশ্বত্থ বৃক্ষ। শিং – ১ "অশ্বত্থশ্চলদলঃ পিপ্পলঃ।"

চলন (চল দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, গমন। ২। ভ্রমণ। ৩। রীতি, আচার, অনুষ্ঠান। ৪। কম্পন। ৫। ( + অনট্ – ণ) পুং, চরণ, পা। ৬। ( + অনট্ – ক) হরিণ। ৭। ( + অন – ক) বিং, ত্রিং, চলনশীল। ৮। কম্পযুক্ত। ৯। (দেশজ) চলিত থাকা, ব্যবহার। শিং – ১ "স্বধর্ম্মাদ্ধি মনুষ্যাণাং চলনং ন প্রশস্যতে।" নী – স্ত্রীং, পরিধেয় বস্ত্র, ঘাঘরা। ২। গজবন্ধনী। [পুং, চণ্ডাল।

চলনক ( চলন + ক(কণ্) – সংজ্ঞার্থে ) সং,

চলশিলা ; সং, স্ত্রীং, বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণের লীলাস্থানবিশেষ। [পুং, অশ্বত্থ বৃক্ষ।

চলপত্র (চল – পত্র পাতা, ৬ষ্ঠী – হিং) সং,

চলাচল (চল দেখ,অ(অন্) – ক, দ্বিত্ব। চল স্থানে চলাচল) বিং, ত্রিং, অত্যন্ত চঞ্চল। শিং – ১ "অনিত্যং কিল মর্ত্ত্যস্য চিত্তং চলাচলম্।" ২। (চল – অচল) চলিত অচলিত, প্রচলিত অপ্রচলিত, ব্যবহৃত অব্যবহৃত। ৩। সং, পুং, কাক। ৪। (দেশজ) চলা না চলা ; ব্যবহার থাকা না থাকা। লা – স্ত্রীং, অতি চঞ্চলা। শিং – ১ "অস্মিন্নোহস্য স্থিতিং বিদ্বান্ লক্ষ্মীমিব চলাচলাম্।" (কিরাত)।

চলাতঙ্ক ; সং, পুং, বাতরোগ।

চলিত ( চল দেখ, ত(ক্ত) – ক ) বিং, ত্রি গত, প্রস্থিত। শিং – ১ "চলিতঃ পু পতিমুপেতমাত্মজম্।"। ২। চঞ্চল,অস্থি ৩। কম্পিত, বিচলিত। ৪। ( + ক্ত – ভ ক্লীং, চলন, গতি। ৫। (দেশজ) যার চল বা ব্যবহার আছে, প্রচলিত, ব্যবহৃত।

চলিষ্ণু ( চল দেখ, ইষ্ণু – ক, শীলার্থে ) বি ত্রিং, গমনশীল, যাহা স্থির নহে। ২।। যাইবার উপক্রম করিতেছে, প্রস্থানোদ্য

চলু (চল দেখ, উ – প্রং) সং, পুং, গণ্ডূষ।

চলুক ( চল দেখ, উক – পরিমাণার্থে ) স পুং, প্রসৃতি, হস্তকোষ। ২। ক্ষুদ্র ভাণ্ড

চলেন্দ্রিয় (চল চঞ্চল – ইন্দ্রিয়, ৬ষ্ঠী – হি বিং, ত্রিং, অল্পকারণে যে ব্যক্তি অ বিচলিত হয়, সামান্য কারণে যার ম রোষ, বিরাগ, বা বিকার উপস্থিত হয়। অস্থিরচিত্ত। য়া – স্ত্রীং, অস্থিরচিত্তা।

চলেন্দ্রিয়তা ( চলেন্দ্রিয় + তা – ভাবে ) স্ত্রীং, অল্প কারণে অধিক বিচলিত হও সামান্য কারণে মনে রোষ বিরাগ বা বিব উপস্থিত হওয়া, অস্থিরচিত্তা।

চলোর্ম্মি ( চল চঞ্চল – ঊর্ম্মি তরঙ্গ ) স্ত্রীং, ক্রীড়নশীল তরঙ্গ।

চল্কন (দেশজ) সং, উথলিত, উত্তোলিত

চল্লিশ ( চত্বারিংশৎ শব্দজ ) বিং, সংখ বিশেষ, ৪০। [ক্র এই পাঁচটী ব

চবর্গ ; সং, পুং, স্পর্শবর্ণের বর্গ, চ ছ জ

চবল ; সং, পুং, কলায়বিশেষ, রাজমাস।

চবুতরা (এই শব্দটী হিন্দী। ইহার প্রকৃ দালান বা দাওয়া) কোতোয়ালের থান

চশমা (যাবনিক) সং, পরিবীক্ষণ নয়নাবর

চষক ( চষ্ ভোজন করা + অক – সং, পুং – ক্লীং, মদ্যপান-পাত্র। ২। অক – র্ম্ম) ক্লীং, মদ্য-বিশেষ। শিং "মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সা মিব।" ৩। মধু।

চষাল ( চষক দেখ, আলচ্ – র্ম্ম, সংজ্ঞা সং,পুং, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠ। ২। কটক, সাঁপি, যূপোপরিস্থ কাষ্ঠ বা নির্ম্মিত বলয়। ৩। মধুস্থান।

চা (ইচ্ছা শব্দজ কি?) সং, স্পৃহা, বাঞ্ছা।



চা বৃক্ষ।

২। (যাবনিক) বৃক্ষবিশেষের পত্র।

চাইট (দেশজ) সং, গবাদির পদাঘাত।

চাউনি (দেশজ) সং, দৃষ্টি, অবলোকন।

চাউল (চালনী দ্বারা পরিষ্কৃত হইত বলিয়া বোধ হয় চাল বা চাউল নাম হইয়াছে) সং, তণ্ডুল, পরিষ্কৃত ধান্য।

চাওন (দেশজ) সং, যাচ্‌ঞা, প্রার্থনা। ২। অবলোকন।

চাঁই (চঙ্গ শব্দজ) বিং, প্রধান, মূলীভূত; যথা—ইনি এ বিষয়ের চাঁই। ২। সং, লোষ্ট্র, ডেলা; যথা—গোপাল একটী চাঁই তুলিয়াছে।

চাঁচ (চক্রা শব্দজ) সং, নলনির্ম্মিত আস্তরণ।

চাঁচন (দেশজ) সং, ছোলন, সূক্ষ্মকরণ।

চাঁচর (দেশজ) সং, কোঁকড়া চুল। ২। দোলের পূর্ব্বদিনে বহ্ন্যুৎসব।

চাঁড়াল (চণ্ডাল শব্দজ) সং, অন্ত্যজ জাতিবিশেষ।

চাঁদ (চন্দ্র শব্দজ) সং, নিশাকর, শশাঙ্ক। দা—মাথট, মাধুকরীবৃত্তি; যথা—এই কার্য্যের জন্য একটি চাঁদা কর। ২। মৎস্যবিশেষ। দী—স্বচ্ছরৌপ্য। ২। মাথার উপরিভাগ।

চাঁদড় (দেশজ) সং, ওষধিবিশেষ।

চাঁদনী (চন্দ্রাতপ শব্দজ) সং, চাঁদোয়া। ২। ২। বারাণ্ডা।

চাঁদসওদাগর; সং, পুং, সওদাগর-বিশেষ; ইনি প্রসিদ্ধ লখিন্দর সওদাগরের পিতা ও পতিব্রতা বেহুলার শ্বশুর।

চাঁদোয়া (পূর্ব্ব দেখ) সং, চন্দ্রাতপ, পাইল।

চাঁপা (চম্পক শব্দজ) সং, চম্পক পুষ্প।

চাক (চক্র শব্দজ) সং, মধুক্রম, মৌচাক। কুম্ভকারের চক্র। [পরীক্ষণ।

চাকন (দেশজ) সং, আস্বাদন। ২। স্বাদ-

চাকর (যাবনিক) সং, ভৃত্য, কর্ম্মকারী। ২। যে চা প্রস্তুত করে। রাণী—দাসী। রি—দাসত্ব। রান্—ভৃত্যের ভরণার্থ স্থাপিত ভূম্যাদি।

চাক্‌লা (চক্র শব্দজ) কয়েকটী পরগণার সমষ্টিকে চাক্‌লা কহে।

চাকা (চক্র শব্দজ) সং, রথাদির চক্র।

চাক্‌চক্য (চক্+অ অন্—ক, দ্বিত্ব, ষ্ণ্য) সং, ক্লীং, দীপ্তি, উজ্জ্বলতা।

চাক্রিক (চক্র সমূহ ইত্যাদি+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) সং,পুং, ঘাণ্টিক। ২। কলু। ৩। চক্রাকাররূপে দলবদ্ধ হইয়া যাহারা স্তুতি পাঠ করে। শিং—১ "চাক্রিকো ঘোষয়ামাস পুরুষো মৃষ্টকুণ্ডলঃ।" ৪। গাড়োয়ান।

চাক্ষুষ (চক্ষুস্+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, চক্ষু দ্বারা যাহা জন্মে, যেমন—চাক্ষুষজ্ঞান। ২। চক্ষু দ্বারা যাহা গৃহীত হইতে পারে, প্রত্যক্ষ, চক্ষুর্গোচর। ৩। সং, ক্লীং, চক্ষুর্জন্য জ্ঞান, চক্ষে দেখা। ৪। পুং, ষষ্ঠ মনু, চক্ষুর পুত্র, আকুতিগর্ভসম্ভূত। ইহার পত্নীর নাম নড়্‌লা। শিং—১ "মনুর্বৈ রাজকন্যায়াং নড়্‌লায়াং স চাক্ষুষঃ। জনয়ামাস তনয়ান্ দশ শূরানকল্মষান্।"

চাঙ্গা (চঙ্গ শব্দজ) বিং, সুস্থ, নীরোগ, সবল।

চাঙ্গারী (দেশজ) সং, বংশরচিত পাত্রবিশেষ।

চাচলি (চল্ চলা [যঙ্‌লুগন্ত]+কি—ক) বিং, ত্রিং, অতি চঞ্চল। ২। বক্রগামী।

চাঞ্চল্য (চঞ্চল+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, চঞ্চলতা, অস্থিরতা।

চাট (চট্ বধ করা+অ(অন্)—ক, ক) সং, পুং, বিশ্বাসঘাতক, চৌর। ২। (দেশজ) সং, মুখরোচনার্থ খাদ্য দ্রব্যবিশেষ।

চাটকের<br>চাটকৈর } (চটকা চড়ুই পাখী+এর, ঐর—অপত্যার্থে) সং, পুং, চটকার পুত্র।

চাটন (দেশজ) সং, জিহ্বা দ্বারা রসাস্বাদন।

চাট্‌নি (দেশজ) মুখরোচনার্থ অম্লরসযুক্ত বস্তু।

রার্থে) সং, পুং — ক্লীং, ধনুক। শিং — ১ "স চাপমুৎস্বজ্য বিবৃদ্ধমৎসরঃ।" (রঘু)। ২। বৃত্তক্ষেত্রার্দ্ধ। ৩। (দেশজ) ভার; যথা পদচাপ।

চাপড় (চপেট শব্দজ) সং, করতল, থাবড়া।

চাপদণ্ড (Piston) যাহা দ্বারা জলাদি উর্দ্ধগত ও অধোগত হয়, যেমন পিচ্‌কারীর দণ্ড।

চাপন (দেশজ) সং, ভারদেওন, টিপন।

চাপনিস্বন (চাপ — নিস্বন, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, ধনুকের শব্দ।

চাপল } চাপল্য } (চপল + অ(ষ্ণ), য(ষ্ণ্য) — ভাবে) সং, ক্লীং, চপলতা, চাঞ্চল্য। ২। অস্থৈর্য্য। ৩। ঔদ্ধত্য। ৪। অনবস্থিতি। ৫। অবিমৃষ্যকারিতা। শিং — ১ "মৎকুণোহতিচাপল্যাৎ খট্টান্তং প্রবিষ্টঃ।"

*চাপী (চাপিন্, চাপ + ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, চাপবিশিষ্ট, ধনুর্ধারী। ২। পুং, শিব। শিং — ১ "ত্বং গদী ত্বং শরী চাপী।"*

*চাপ্‌কান (হিন্দী) পরিচ্ছদবিশেষ।*

*চাপ্‌রাশি (হিন্দী) দূত।*

চাবী (হিন্দী) সং, তালার কাঠী, ছোড়ান।

চাম } চামড়া } (চর্ম্মন্ শব্দজ) সং, চর্ম্ম, ত্বক্, চর্ম্ম।

চামচা (চমস্ শব্দজ) সং, দর্ব্বী, হাতা।

চামচিকা (চর্ম্মচটিকা শব্দজ) সং, চর্ম্মচটী, রাত্রিচর পক্ষিবিশেষ।

চামর (চমর মৃগবিশেষ + অ(ষ্ণ) — ইদমর্থে) সং, ক্লীং, রী — স্ত্রীং, চমরী-পুচ্ছনির্ম্মিত ব্যজনবিশেষ, বালব্যজন। ইহা মঙ্গলজনক বলিয়া উক্ত আছে। শিং — ১ "নারিষ্টং ন ভয়ং তস্য যস্যেদং চামরং গৃহে।"

চামরগ্রাহ (চামর — গ্রহ্ গ্রহণ করা + অ (ষঞ্)—ক) বিং, ত্রিং, যে চামর দ্বারা বীজন করে, চামর বীজনকারক।

চামরধারিণী (চামর — ধৃ ধারণকরা + ইন্(ণিন্) — ক, ঈপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, চামর গ্রাহিকা।

চামরপুষ্প (চামর — পুষ্প। যাহার পুষ্প সকল চামরের ন্যায় স্তবকে স্তবকে জন্মে) সং, পুং, সুপারিগাছ। ২। আম্রবৃক্ষ। ৩। কেয়াফুলের গাছ। ৪। কাশতৃণ।

চামরহস্তা (চামর — হস্ত, ৬ষ্ঠী — হিং) ? স্ত্রীং, চামরধারিণী দেখ।

চামরী (চামরিন্, চামর + ইন্ — অস্ত্য(র্থে) ইহার পুচ্ছ চামরের ন্যায়) সং, পুং, (ঘো)টক, অশ্ব। ২। বিং, ত্রিং, চামরযুক্ত।

চামার (চর্ম্মার শব্দজ) সং, পাদুকা-নির্ম্ম(াতা) মুচী।

চামীকর (চমীকর খনি + অ(ষ্ণ) — ভবা(র্থে)) সং, ক্লীং, স্বর্ণ। শিং — ১ "জগতী(...) স্ফুরিত চারুচামীকরাঃ।" (মাঘ)। (২।) বিং, ত্রিং, স্বর্ণময়। শিং — ১ "সশব্দচ(...) করকিঙ্কিণীকঃ।"

চামুণ্ডা (চণ্ড অসুরবিশেষ — মুণ্ড অ(সুর)বিশেষ। চণ্ড স্থানে চা। চণ্ডমুণ্ডকে আ(ক্র)মণ করিয়া আনিয়াছিলেন বলিয়া ই(হার) নাম চামুণ্ডা। অথবা চমূ সেনা-(...) *গ্রহণ করা + ড — প্রং। নিপাতন) সং, (স্ত্রীং,) দুর্গা। শিং — ১ "যস্মাচ্চণ্ডঞ্চ মুণ্ডঞ্চ গৃহী(ত্বা) ত্বমুপাগতা। চামুণ্ডেতি ততো লো(কে) খ্যাতা দে(বি) ভবিষ্যসি।"* (দেবীমাহাত্ম্য)

চাম্পিলা (সং), স্ত্রীং, নদীবিশেষ।

চাম্পেয় (চম্পা দেশবিশেষ + এয়(ঢেয়) ভবার্থে) সং, পুং, চম্পক। ২। না(গ)কেশর। ৩। স্বর্ণ। শিং — ১ "মণিমাণিক(্য...) চাম্পেয়দুকূলেভাশ্বগোধনম্।" (কা(শী)খণ্ড)। ৪। কিঞ্জল্ক।

চার (চর্ গমন করা + অ(ঘঞ্) — ভা(বে)) (সং,) পুং, গতি, সঞ্চার। ২। বন্ধন। ৩। (+ ঘ(ঞ্) — ধি) কারাগার। ৪। (+ ঘঞ্ — ...) শৃঙ্খল। ৫। (+ ঘঞ্ — ক) ক্লীং, কৃ(ত্রিম) বিষ। ৬। (চর + অ(ষ্ণ) — স্বার্থে) পুং, গু(প্ত)চর, প্রণিধি। শিং — ১ "এতান্ চা(রান্) স্বয়ং পশ্যেৎ নৃপতির্মন্ত্রিণা বিনা। অন্যা(ন্) মন্ত্রিণা সার্দ্ধং নিরূপ্য প্রদিশেৎ ফলম্।"

চারক (চর্-ণিচ = চারি গমন করান + (ণ)(ণক) — ক) বিং, ত্রিং, যে চরায়, পশুপাল(ক), যথা—গোচারক, পশুচারক। ২। (চার + ক(কণ্) — স্বার্থে) সং, পুং, পিয়ালবৃ(ক্ষ)। ২। বন্ধ। ৩। গতি। ৪। কারাগার। (শিং) — ১ "নিগড়িতচরণা চারকে নিরোদ্ধব্য(া)..."

চারচক্ষুঃ (চারচক্ষুস্, চার — চক্ষুস্, ৬ষ্ঠী ...

হিং) সং, পুং, রাজা, নৃপতি। শিং—১ "যস্মাৎপশ্যন্তি দূরস্থাঃ সর্ব্বানর্থান্নরাধিপাঃ। চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারচক্ষুষঃ।" ২ "গাবো ঘ্রাণেন পশ্যন্তি বেদৈঃ পশ্যন্তি পণ্ডিতাঃ। চারৈঃ পশ্যন্তি রাজানশ্চ ক্ষুর্ভ্যামিতরে জনাঃ।"

চারণ (চর্-ণিচ্=চারি [যশকে] গমনকরান+অন—ক) সং, পুং, নট। ২। ধূর্ত্ত। ৩। দেবযোনিবিশেষ। শিং—১ "দেবানাং গায়নাস্তেচ চারণাঃ স্তুতিপাঠকাঃ।" ৩। ধর্ম্মশাস্ত্রপাঠক। ৪। ভাট। ৫। কারাগার। ৬। বন্দী, স্তুতিপাঠক। ৭। চরান, মাঠে লইয়া আহার করান, যথা—গোচারণ।

চারপথ (চার বহুজন গমনার্থ—পথ) সং, পুং, রাজপথ। [পুং, গ্রীষ্মকালীন বায়ু।

চারবায়ু (চার যে গমন করায়—বায়ু) সং,

চারভট (চার [যশ, প্রশংসা ইত্যাদির] প্রসারণ, গতি—ভট যে ইচ্ছা করে) সং, পুং, বীর, যোদ্ধা। ২। ধীর। ৩। মৎস্যবিশেষ।

চারা (দেশজ) সং, ক্ষুদ্রবৃক্ষ। ২। (পারস্যভাষা) উপায়; যথা—যাহা হইয়াছে তাহার আর চারা কি। [সংখ্যা, ৪।

চারি (চতুর্ বা চত্বার্ শব্দজ) বিং, চতুষ্টয়

চারিত্ত (চারি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে চরাণ গিয়াছে। ২। সঞ্চারিত।

চারিত্র } (চরিত্র+অ(ষ্ণ), য(ষ্যঞ্)—স্বার্থে।
চারিত্র্য } অথবা চর্ গমন করা+ইত্র(ণিত্রন্)—ভাবে) সং, ক্লীং, চরিত্র, স্বভাব। শিং—১ "নৃশংসে দুষ্টচারিত্রে কুলস্যাস্য বিনাশিনি।" (রামায়ণ)। ২। দুষ্ট চরিত্র। ত্রী—স্ত্রীং, তেঁতুলগাছ।

চারী (চারিন্, চার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গমনশীল, ভ্রমণকারক। শিং—১ "সঙ্গমায় নিশি গূঢ়চারিণম্।" (রঘু)। স্ত্রীং, নৃত্যাঙ্গবিশেষ।

চারিমা (—মন্, চারু মনোহর+ইমন্—ভাবার্থে) সং, পুং, চারুতা, সৌন্দর্য্য।

চারু (চার দেখ, উ(ঞুণ্)—ক) বিং, ত্রিং, সুন্দর, মনোহর, সুদৃশ্য। শিং—১ "সর্ব্বং প্রিয়ে চারুতরং বসন্তে।" ২। সম্যক্। ৩। অসাধারণ। ৪। সং, পুং, বৃহস্পতি। ৫। রুক্মিণী-তনয়।

চারুগর্ভ } (চারু—গর্ভ আশ্রয়, গুপ্ত
চারুগুপ্ত } রক্ষিত) সং, পুং, শ্রীকৃষ্ণের
চারুদেষ্ণ } পুত্র। [মনোহারিতা।

চারুতা (চারু+তা—ভা) সং, স্ত্রীং, সৌন্দর্য্য,

চারুধারা (চারু—ধার যে ধারণ করে, আপ্—স্ত্রীং, ২য়া—ষ) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী। [ক্লীং, রক্তপদ্ম।

চারুনালক (চারু—নাল, ৬ষ্ঠী—হিং) সং,

চারুনেত্র (চারু—নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মনোহর নয়নবিশিষ্ট। ২। সং, পুং, হরিণ। ত্রা—স্ত্রীং, অপ্সরাবিশেষ। শিং—১ "চারুনেত্রা ঘৃতাচী চ মেনকা পুঞ্জিকাস্থলী।" ২। বিং, স্ত্রীং, মনোহর নয়নবিশিষ্টা।

চারুপর্ণী (চারু—পর্ণ পাতা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গন্ধভাদাল।

চারুফলা (চারু সুন্দর—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্রাক্ষালতা।

চারুলোচন (চারু সুন্দর—লোচন নেত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ। ২। বিং, ত্রিং, সুন্দরনেত্র। না—স্ত্রীং, হরিণাক্ষী।

চারুবক্ত্র (চারু সুন্দর—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুমারের অনুচরবিশেষ। বিং, ত্রিং, সুন্দর মুখবিশিষ্ট।

চারুবর্দ্ধন (চারু—বৃধ্-ণিচ্=বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান+অন(অনট্)—ক) বিং, ত্রিং, মনোহরতা বৃদ্ধিকারক।

চারুব্রত (চারু—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দরব্রতবিশিষ্ট। তা—স্ত্রীং, সুন্দর ব্রতধারিণী।

চারুশিলা (চারু—শিলা প্রস্তর, স্বং—স) সং, স্ত্রীং, মণি, রত্ন। ২। মনোহর শিলা। "কুতূহলাচ্চারুশিলোপবেশম্।" (ভট্টি)।

চারুশীল (চারু—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুশীল, সৎস্বভাব। লা—স্ত্রীং, সৎস্বভাবা। শিং—১ "প্রিয়ে চারুশীলে মুঞ্চ ময়ি মান মনিদানম্।"

চারুশীর্ষ (চারু মনোহর—শীর্ষ মস্তক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মনোজ্ঞ মস্তকবিশিষ্ট। ২। সং, পুং, ইন্দ্রসখা-বিশেষ।

চারুহাসী (—হাসিন্, চারু—হস্ হাস্যকরা + ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে মনোহর হাস্য করে, যাহার মুখে সুন্দর হাসি আছে। নী—স্ত্রীং, মৃদুহাসিনী।

চার্ (দেশজ) মৎস্যাদি ধরিবার সময় তাহা-দিগকে যে ভক্ষ্যদ্রব্য দেওয়া যায়।

চার্চ্চিক্য (চর্চ্চিকা [চর্চ্চ্ সুন্দরহওয়া + অক (ণক)—ক, আপ্] চন্দনাদি দ্বারা বিলেপন + য(ষ্যং)—যোগ) সং, ক্লীং, গাত্রে চন্দনাদি বিলেপন।

চার্ম্ম (চর্ম্ম + অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, চর্ম্মাচ্ছাদিত রথ। ২। বিং, ত্রিং, চর্ম্মা-চ্ছাদিত। ৩। চর্ম্মসম্বন্ধীয়।

চার্ম্মণ (চর্ম্মন্ চামড়া + অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, চর্ম্মসমূহ। ২। বিং, ত্রিং, চর্ম্ম-নির্ম্মিত।

চার্ম্মিক (চর্ম্ম + ইক(ষ্ণিক)—নির্ব্বৃত্তার্থে) বিং, ত্রিং, চর্ম্মনির্ম্মিত; যথা—চার্ম্মিকভাণ্ড।

চার্ম্মিণ (চর্ম্মন্ + অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, চর্ম্মি সমুদায়, ঢালিসমূহ।

চার্ব্বাক (চারু—বাক বাক্য, ৬ষ্ঠী—হ্রিং, নিপাতন) সং, পুং, বৃহস্পতির শিষ্যবিশেষ। ২। নাস্তিকবিশেষ। ৩। তার্কিকবিশেষ। ৪। একজন দার্শনিক। ইনি খ্রীঃ ৬ শতা-ব্দীতে এক নূতন দর্শনশাস্ত্র প্রণয়ন করেন। ইহাদের মত এই—"সর্ব্বথা লোকায়তমেব শাস্ত্রম্ যত্র প্রত্যক্ষমেব প্রমাণম্ পৃথিব্যপ্-তেজোবায়বস্তত্ত্বানি। অর্থকামৌ পুরুষার্থৌ। ভূতান্যেব চেতয়ন্তে। নাস্তি পরলোকঃ। মৃত্যুরেবাপর্গ ইতি।" এই মতে—সচেতন দেহ ভিন্ন আত্মা নাই; সুখই পরম পুরু-ষার্থ; প্রত্যক্ষ-মাত্র প্রমাণ; পৃথিবী, জল, বায়ু, অগ্নি, এই চারি ভূত হইতে সমুদায় বস্তু সৃষ্ট হইয়াছে। ইহারা পরলোক ও পুনর্জ্জন্ম স্বীকার করে না; বৃহস্পতি এই মতের প্রবর্ত্তয়িতা।

চার্ব্বী (চারু মনোহর + ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মনোহারিণী স্ত্রী। ২। কুবের-পত্নী। ৩। জ্যোৎস্না। ৪। দীপ্তি। ৫। বুদ্ধি।

চাল (চল্ গমন করা + অ(ণ)—ক। যে গৃহোপরি গমন করে) সং, পুং, গৃহের আচ্ছাদন। ২। ছাদ। ৩। স্বর্ণচূড়াপক্ষী ৪। (চাউল দেখ) তণ্ডুল। ৫। (দেশজ রীতি; যথা—এখনকার এইরূপ চাল।

চালক (চালি চালান + অক(ণক)—ক বিং, ত্রিং, যে ব্যক্তি চালায়, এক স্থান হইতে অন্য স্থানে লইয়া যায়। ২। পুং, মত্ত হস্তী।

চালন (চালক দেখ, অন(অনট্)—ভা) ক্লীং, এক স্থান হইতে স্থানান্তরে ন চালন। না—স্ত্রীং, চর্চ্চা, অনুশীল ২। সূচনা, প্রস্তাব।

চালনী (চালি [শস্যকে] চালান + অ—ণ) স্ত্রীং, ছাঁকনী, শস্যাদি ছাঁকিবার বহুছিদ্রযুক্ত, স্বনামপ্রসিদ্ধ পাত্র।

চালনীন্যায়—ন্যায় (২১) দেখ।

চালাক (দেশজ) বিং, চতুর, নিপুণ; য এ বালকটি বড় চালাক। কী—চতুর যথা—এটি তোমার চালাকী।

চালিত (চালক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, যাহাকে চালান গিয়াছে। ২। স্থানান্ত ৩। প্রস্তাবিত। ৪। অনুশীলিত।

চাষ-স (চষ্ ভক্ষণ করা + অ(ঘঞ্) সং, পুং, স্বর্ণচাতক, সোণাচড়ই, নী পক্ষী। ২। (+ ঘঞ্—ভা) কৃষিকর্ম্ম, কর্ষণ। যা—কৃষিজীবা, কৃষক। ২ ঘঞ্—র্ম্ম) ইক্ষু।

চাহন (বাঙ্গালা চাহ্ + অন) সং, ভিক্ষা যাচ্ঞা।

চিক (চিক্কণ শব্দজ) সং, কণ্ঠাভরণ। ২ রচিত আবরণবিশেষ।

চিক্কণ (পূর্ব্বে দেখ) বিং, স্নিগ্ধ, চক

চিকারা—তত্যন্ত্রবিশেষ।

চিকারী (তন্ত্রিকা শব্দজ কি?) সেতারে পাঁচটী তারের অতিরিক্ত আর চারিটী ক্ষুদ্র ক্ষুদ্র তার আবদ্ধ থাকে গুলির নাম চিকারী।

চিকিৎসক (চিকিৎস [কিত্ রোগ + স(সন্)—স্বার্থে, দ্বিত্ব] রোগে কার করা + অক(ণক)—ক) যে ঔষধ দিয়া রোগীকে রোগমু বৈদ্য।

চিকিৎসা (চিকিৎসক দেখ, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, রোগপ্রতীকার। শিং—১ "শুক্রবানরযুথ্যানাং চিকিৎসামকরোত্তদা।"

চিকিৎসিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, চিকিৎসা করা। শিং—১ "ত্বয়া ন পঠিতা চণ্ডী ময়া নাপি চিকিৎসিতম্।" (উদ্ভট)। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার চিকিৎসা হইয়াছে।

চিকিৎস্য (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতীকার্য্য। ২। রোগনিবারণের উপায়। শিং—১ "জাতমাত্রশ্চিকিৎস্যঃ স্যাম্নোপেক্ষ্যোঽল্পতয়া গদঃ।"

চিকিল (চিক্ ব্যাঘাত করা+ইল—প্রং। নিপাতন) সং, পুং, পঙ্ক, কাদা।

চিকীর্ষা (চিকীর্ষ [ কৃ করা+স—ইচ্ছার্থে ] করিতে ইচ্ছা করা+অ—ভা, আপ্) সং, স্ত্রীং, করিবার ইচ্ছা।

চিকীর্ষিত (চিকীর্ষা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, করিবার নিমিত্ত অভিপ্রেত, বাঞ্ছিত। ২। (ক্ত—ভা) করণেচ্ছা।

চিকীর্ষু (চিকীর্ষা দেখ, উ—ক) বিং, ত্রিং, করিতে ইচ্ছুক।

চিকুর (চি বর্দ্ধিতহওয়া+কুর—সংজ্ঞার্থে। অথবা চি অব্যক্ত শব্দ—কুর্ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, কেশ। শিং—১ "চিকুরপ্রকরাঃ জয়ন্তি তে।" (নৈষধ)। ২। পর্ব্বত। ৩। সরীসৃপ। ৪। সর্প। ৫। পক্ষিবিশেষ। ৬। বিং, ত্রিং, চপল, চঞ্চল। ৭। অপরাধী।

চিক্ক (চিক্ অনুকরণ শব্দ—ক [কৈ শব্দ করা+অ(ক)—ক] যে শব্দ করে। অথবা চিক্ কাতর হওয়া+অ(ক)—ক) সং, পুং, ছুছুন্দরী, ছুঁচা।

চিক্কণ (চিত্ বোধ করা+কণ—প্রং। ত=ক্) বিং, ত্রিং, স্নিগ্ধ, চকচকিয়া, চিক্কণ। সং, পুং, সুপারিগাছ। ২। স্ত্রীং, সুপারি। ণা—স্ত্রীং, উত্তম গাভি, চকচকে গোরু।

চিক্কণশল্কী (Ganoidea) যাহাদের শল্ক চিক্কণ ও অস্থিময়; যথা—স্টার্জিয়ন মৎস্য।

চিক্লিদ (ক্লিদ্ বর্দ্ধাক হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, অতিক্লেদযুক্ত।

চিঙ্গট | চিঙ্গেট | চিঙ্গড় } (চিঙ্ক সুন্দর—অট্ এই যে গমন করে, অড় যে ব্যাপে) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

চিঙ্গটী (চিঙ্গট+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, ছোট চিঙ্গড়ী। [ঘুষামাছ।

চিঙ্গড়ী (চিঙ্গট শব্দজ) সং, মৎস্যবিশেষ, চিচিণ্ড; সং, পুং, ফলবিশেষ, চিচিঙ্গা।

চিচ্ছক্তি (চিৎ—শক্তি) সং, স্ত্রীং, চৈতন্য। ২। তত্ত্বজ্ঞান। শিং—১ "চিচ্ছক্তিঃ পরমেশ্বরস্য বিমলা চৈতন্যমেবোচ্যতে।" ২ "চিচ্ছক্তিরস্তি পরমাত্মনি তেন সোঽপি ব্যক্তো জগৎসুবিদিতো ভবকৃত্যকর্ত্তা।"

চিঞ্চা (চিম্ [চম্ ভোজন করা+০(ক্বিপ্)—ভা] ভোজন—চর্ গমন করা+অ(ড)—ক, আপ্। যাহা ভোজনীয়। স্বামী বলেন—অত্যম্ল বলিয়া যাহার দ্বারা মুখ চিঞ্চিম্ করে) সং, স্ত্রীং, তিন্তিড়ীবৃক্ষ। ২। তেঁতুল।

চিঞ্চিনী; সং, স্ত্রীং, সমুদ্রতটস্থ নগরীবিশেষ, গঙ্গাদ্বারের দক্ষিণভাগে ইহা অবস্থিত।

চিটা (দেশজ) বিং, আঠাল, চটচটে।

চিটী, চিঠী (চিত্র শব্দজ কি ?) সং, পত্র, লিপি।

চিঠা—জমীর পরিমাণ ফল যাহাতে লিখিত হয় তাহাকে চিঠা কহে।


চিড়িয়াখানা (হিন্দী চিড়িয়া অর্থ পক্ষী—পারস্য খানা অর্থ আবাসভূমি) পক্ষিদিগকে রাখিবার স্থান।

চিত (চি সংগ্রহ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতচয়ন। শিং—১ "অর্কচিত বলিপুষ্পাবেদিসম্মার্গদক্ষা।" (কুমার)। ২। সম্পাদিত। শিং—১ "তদ্যথেহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে এবমমুত্র পুণ্যচিতঃ ক্ষীয়তে।" ৩। আচ্ছাদিত। ২। ব্যাপ্ত। ৩। রচিত। ৪। গুম্ফিত। ৫। সঞ্চিত। ৬। (+ক্ত—ভা) ক্লীং, চয়ন। ৭। (চিত্ত শব্দের অপভ্রংশ) মন।

চিতা (চিত দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শবদাহ স্থান। ২। শবদাহ জন্য ভূমিতে চুল্লী করিয়া তদুপরি সজ্জিত কাষ্ঠরাশি, চুল্লী, চুলা। শিং—১ "চিতা চিন্তাদ্বয়ো-

মধ্যে চিন্তৈব চ গরীয়সী। চিতাদহতি নির্জীবং চিন্তা দহতি জীবিতম্।"

চিতাবাঘ ; সং, ব্যাঘ্রবিশেষ।



চিতাবাঘ।

চিতি (চিত দেখ, তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, চিতা। ২। সমূহ। ৩। রাশি, চয়। ৪। ইষ্টকাদি পরিমাণ-নিরূপক অঙ্ক-বিশেষ। ৫। ইষ্টকাদি পুঞ্জ। ৬। (+ক্তি—ভা) নির্ব্বিষয় জ্ঞান।

চিতিকা (চিতি—কৈ আচ্ছাদন করা+অ (ক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কটির শৃঙ্খল-বিশেষ। ২। (+কণ্—স্বার্থে) চিতা।

চিৎ (চিত্ বোধ করা+০(ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, জ্ঞান, চৈতন্য। শিং—১ "মুকুন্দং সচ্চিদানন্দং প্রণিপত্য প্রণীয়তে।" ২। অং, অসাকল্য ; যথা—কিঞ্চিৎ, কদাচিৎ।

চিত্ত (চিৎ দেখ, ত(ক্ত)—ণ, সংজ্ঞার্থে। যাহার দ্বারা জানা যায়) সং, ক্লীং, মনঃ, হৃদয়, অন্তঃকরণ। শিং—১ "সত্ত্বানামপি লক্ষ্যতে বিকৃতিমচ্চিত্তং ভয়ক্রোধয়োঃ।" ২ "অবশেন্দ্রিয়চিত্তানাম্।" ৩ "জনস্য চিত্তেন ভৃশং বশাত্মনা।"

চিত্তচাঞ্চল্য (চিত্ত—চাঞ্চল্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চিত্তের চঞ্চলতা, মনের অস্থিরতা।

চিত্তচালন (চিত্ত—চালন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মানসিক বৃত্তির অনুশীলন, মনোবৃত্তির চালনা।

চিত্তজ্ঞ (চিত্ত—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, যে মনের ভাব বুঝিতে পারে, ভাবজ্ঞ, অভিপ্রায়বিৎ।

চিত্তজ্ঞতা (চিত্তজ্ঞ+তা—ভাবে) সং, স্ত্রীং, মানসিক অভিপ্রায় পরিজ্ঞাত হওয়া, মনের ভাব জানা।

চিত্তজন্মা, চিত্তযোনি (চিত্তজন্মন্, চিত্ত—জন্মন্ জন্ম, যোনি উৎপত্তিস্থান) সং, পুং, কন্দর্প, মনোভু, মনোভব।

চিত্তদোষ (চিত্ত—দোষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মনের বিষয়াত্মক জ্ঞানরাহিত্য দোষ।

চিত্তনদী (চিত্ত চিত্তবৃত্তিরূপ—নদী, যং—স) সং, স্ত্রীং, মনোরূপ নদী ; ইহাতে অবিরত পাপপুণ্যরূপ স্রোত বহিতেছে।

চিত্তপ্রসন্নতা (চিত্ত—প্রসন্নতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মনের তৃপ্তি, মনের প্রীতি।

চিত্তপ্রসাদ (চিত্ত—প্রসাদ প্রসন্নতা) সং, পুং, মনের সন্তোষ, চিত্তে অসুখ বিরাগ সঙ্কোচ প্রভৃতির অসদ্ভাব।

চিত্তভূ (চিত্ত—ভূ হওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, কন্দর্প, কামদেব।

চিত্তভূমি (চিত্ত—ভূমি অবস্থা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মনের অবস্থা।

চিত্তবিক্ষেপ (চিত্ত—বিক্ষেপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুঃখকর বিষয় হইতে নিবৃত্ত হইয়া সর্ব্বদা সুখকর বিষয়ে চিত্তের প্রবৃত্তি ; এই অবস্থা যোগের ব্যাঘাতক।

চিত্তবিদ্ (চিত্ত—বিদ্ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে) বিং, ত্রিং, যে মনোবৃত্তি জানে। ২। আশয়াভিজ্ঞ। ৩। সং, পুং, বৌদ্ধবিশেষ।

চিত্তবিপ্লব, চিত্তবিভ্রম (চিত্ত—বিপ্লব বিকৃতি, বিভ্রম ভ্রান্তি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধিভ্রংশ, উন্মাদ, বাতুলতা। শিং—১ "অহো চিত্তবিকারোঽয়ং স্যাদ্বা মে চিত্তবিভ্রমঃ।"

চিত্তবৃত্তি (চিত্ত—বৃত্তি ভাব) সং, স্ত্রীং, মনোবৃত্তি, মৈত্রী, করুণা মুদিতা, উপেক্ষা এই চতুর্ব্বিধ। ২। চিত্তের অবস্থা, মনোগত ভাব, মানসিক ধর্ম্ম।

চিত্তসমুন্নতি (চিত্ত মনঃ—সমুন্নতি সম্যক্ প্রকারে উন্নতি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অভিমান, অহঙ্কার। ২। চিত্তের উন্নত অবস্থা।

চিত্তহারী (—হারিন্, চিত্ত—হারী যে হরণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে চিত্ত হরণ করে, মনোহারী। [মনোবৃত্তি।

চিত্তাভোগ (চিত্ত—আভোগ) সং, পুং,

চিত্তোন্নতি ( চিত্ত—উন্নতি, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, মনের উন্নতি, চিত্তের উন্নত অবস্থা।

চিৎপতি (চিৎ জ্ঞান—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মনোভিমানী জীব।

চিৎপাত ( চিৎ উত্তাপ—পাত পতন ) সং, চিৎ হইয়া পড়ন।

চিত্য ( চিতা + য(ষ্যণ্)—র্ম্ম। অথবা চি সংগ্রহ করা+য—প্রং। নিপাতন ) সং, পুং, অগ্নি। ত্যা—স্ত্রীং, চিতা। ২। (+ ষ্যণ্—ভা) চয়ন।

চিত্র (চিৎ—ত্রৈ ত্রাণ করা+অ(ড)—ক ) সং, ক্লীং, আশ্চর্য্য, অদ্ভুত। ২। চিত্র্ চিত্রিত করা, বিস্ময়াপন্ন করা+অল্—র্ম্ম) আলেখ্য, লিখিত প্রতিমূর্ত্তি, ছবি। শিং—১ "পটে চিত্রমিবার্পিতম্।" ৩। যাহার উপর ছবি আঁকা যায়, চিত্রফলক। ৪। আকাশ। ৫। তিলক। ৬। ( + অল্—ণ) পুং—ক্লীং, নানাবর্ণ, কর্ব্বুরবর্ণ। ৭। (+অল্—ভা) রঙ্ দেওয়া। ৮। (চি সংগ্রহ করা+ত্র(ক্ত্র)—র্ম্ম) কাব্যালঙ্কার-বিশেষ। ৯। (+ক্ত্র—ক) পুং, যম। শিং—১ "চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ।" ১০। এরণ্ড বৃক্ষ। ১১। অশোক বৃক্ষ। ১২। চিত্রক বৃক্ষ। ১৩। (চিত্রি+অ(অন্)—ক) বিং, ত্রিং, নানাবর্ণযুক্ত। ১৪। নানাবিধ। ১৫। আশ্চর্য্যজনক।

চিত্রক (চিত্র+ক(কণ্)—স্বার্থে) সং, ক্লীং, চিত্র। ২। তিলক। ৩। (চিত্র—ক কৈ-ধাতুজ) পুং, ব্যাঘ্রবিশেষ, চিতাবাঘ। ৪। ( চিত্র দেখ, অক(ণক)—ক ) বিং, ত্রিং, চিত্রকারক।

চিত্রকণ্ঠ (চিত্র বিচিত্র,চিহ্নযুক্ত—কণ্ঠ গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পায়রা। ২। ঘুঘু।

চিত্রকম্বল (চিত্র বিচিত্র—কম্বল, য়ং—স) সং, পুং, ঢুলিচা, গালিচা প্রভৃতি আসন।

চিত্রকর
চিত্রকৃৎ
চিত্রকার } (চিত্র ছবি—কর, কৃৎ, কার যে করে, ২য়া—ষ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, পটুয়া জাতি, যে বর্ণ তুলী প্রভৃতি সহকারে প্রতি-মূর্ত্তি নির্ম্মাণ করে। শিং—১ "স তু শূদ্রাগর্ভে বিশ্বকর্ম্মৌরস জাতঃ।"

চিত্রকায় (চিত্র বিচিত্র, চিহ্নযুক্ত—কায়—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চিতাবাঘ।

চিত্রকাব্য ( Acrostic ) সং, ক্লীং, পদ্মবন্ধ প্রভৃতি ঘটিত কাব্য।

চিত্রকূট (চিত্র আশ্চর্য্য, চিত্রিত—কূট শিখর, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, রামগিরি, বুন্দেলখণ্ড দেশে প্রসিদ্ধ কামৃতা পাহাড়, পয়স্বিনী নদীর (Pisani) উপর অবস্থিত। বুন্দেলখণ্ডস্থ বান্দানগরী হইতে প্রায় ২৫ ক্রোশ দক্ষিণ পূর্ব্বদিকে অবস্থিত। এক্ষণে তাহা চিত্রকোট নামে প্রসিদ্ধ; পিতৃসত্য পালনার্থ রামচন্দ্র বনে গমন করিয়া এই পর্ব্বতে সীতা ও লক্ষ্মণের সহিত কিছুদিন অবস্থিতি করিয়াছিলেন। শিং—১"চিত্র-কূটো গিরিস্তত্র রম্যনির্ঝরকাননঃ।

চিত্রগত (চিত্র—গত গিয়াছে) বিং, ত্রিং, চিত্রার্পিত, চিত্রলিখিত।

চিত্রগন্ধ ( চিত্র—গন্ধ) সং, ক্লীং, হরিতাল।

চিত্রগুপ্ত ( চিত্র লেখন—গুপ্ত যে রক্ষা করে) সং, পুং, যমবিশেষ, চতুর্দ্দশ যমের এক যম। শিং—১ "বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ।" (যমতর্পণ)। ২। যমের লেখক।

চিত্রঘণ্টা; সং, স্ত্রীং, কাশীস্থ দেবীবিশেষ।

চিত্রজল্প; সং, পুং, কাব্যের বাক্যবিশেষ; ইহার দশ অঙ্গ; যথা—প্রজল্প, পরিজল্পিত, বিজল্প, উজ্জল্প, সংজল্প, অবজল্প, অভি-জল্পিত, আজল্প, প্রতিজল্প ও সুজল্প।

চিত্রণ (চিত্র চিত্রিত করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, ণা—স্ত্রীং, লিখন, চিত্রকরণ।

চিত্রত্বক্ (চিত্রত্বচ, চিত্র—ত্বচ্ ছাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।

চিত্রদণ্ডক ( চিত্র—দণ্ড, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, শূরণ, ওল।

চিত্রদীপ; সং, পুং, পঞ্চ প্রদীপমধ্যে দীপ-বিশেষ।

চিত্রদেবী; সং, স্ত্রীং, শক্তিবিশেষ; কলি-কাতার উত্তরে চিৎপুরে চিত্রদেবী নামে একটি শক্তিমূর্ত্তি আছে। শুনা যায় ইহা-রই নামানুসারে চিত্রপুর বর্ত্তমান চিৎপুর নামকরণ হইয়াছে। ২। মহেন্দ্রবারুণী।

চিত্রধাম (চিত্র—ধাম) সং,পুং, বিচিত্রনির্ম্মিত

পূজার মণ্ডল। ইহার নাম সর্ব্বতোভদ্র-মণ্ডল। [স্ত্রীং, শারিকা।

চিত্রনেত্রা ( চিত্র—নেত্র, ৬ষ্ঠী—হিং ) সং,

চিত্রপক্ষ ( চিত্র—পক্ষ পাখা, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, তিত্তিরপক্ষী।

চিত্রপট ( চিত্র ছবি—পট বস্ত্র) সং, পুং, যে বস্ত্রখণ্ডের উপর ছবি আঁকা যায়। শিং—১ "নিঃশেষং বৃক্ষিসৈনন্ত স্থিতং চিত্রপটে যথা।" ২। আলেখ্যপট।

চিত্রপত্রিকা ( চিত্র—পত্র পর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চিত্রপর্ণীবৃক্ষ। ২। কাপি। ৩। দ্রোণপুষ্পবৃক্ষ।

চিত্রপদা (চিত্র আশ্চর্য্য—পদ চরণ) সং, স্ত্রীং, অষ্টাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ২য় ৩য় ৫ম এবং ৬ষ্ঠ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চিত্রপাদা (চিত্র বিচিত্রিত, চিহ্নযুক্ত—পাদ পা, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, সারিকা পক্ষিণী।

চিত্রপিচ্ছক (চিত্র—পিচ্ছ লেজ) সং, পুং, ময়ূর।

চিত্রপুঙ্খ (চিত্র আশ্চর্য্যজনক—পুঙ্খ বাণের পক্ষযুক্ত স্থান) সং, পুং, শর, বাণ।

চিত্রপৃষ্ঠ (চিত্র বিচিত্রিত, চিহ্নযুক্ত—পৃষ্ঠ পিঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কলবিঙ্কপক্ষী, চটক। [চিতলমাছ।

চিত্রফল (চিত্র আশ্চর্য্য—ফল) সং, পুং,

চিত্রফলক (চিত্র বিচিত্র—ফলক) সং, ক্লীং, যাহার উপরে ছবি আঁকা যায়।

চিত্রভানু ( চিত্র বিচিত্র—ভানু কিরণ। সপ্ত জিহ্বা রূপ অর্চি হওয়াতে যাহার বিচিত্র কিরণ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, অগ্নি। শিং—১ "পুচ্ছৈঃ শিরোভিশ্চ ভৃশং চিত্রভানুং প্রপেদিরে।" (ভারত)। ২। সূর্য্য। ৩। অশ্বিনীকুমারদ্বয়। শিং—১ "প্রপূর্ব্বগাপূর্ব্বজৌ চিত্রভানূ।" ৪। ভৈরব। আকন্দগাছ। ৫। চিতাগাছ। ৬। মণিপুরের রাজা ও অর্জ্জুনপত্নী চিত্রাঙ্গদার জনক, বভ্রুবাহনের মাতামহ।

চিত্রমেখল ( চিত্র বিচিত্র, চিহ্নযুক্ত—মেখলা কটিভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর।

চিত্রযোধী ( —যোধিন্, চিত্র অদ্ভুত—যোধী যে যুদ্ধ করে) সং, পুং, অর্জ্জুন। ২। অর্জ্জুন বৃক্ষ। ৩। বিং, ত্রিং, যে অদ্ভুত রূপে যুদ্ধ করে।

চিত্ররথ (চিত্র চিত্রিত—রথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। ২। গন্ধর্ব্ববিশেষ; ইনি দক্ষকন্যার গর্ভে কশ্যপের ঔরসে জন্মগ্রহণ করেন। ইহাঁর নামান্তর অঙ্গারপর্ণ। ইন্দ্রের সারথ্য করিয়া ইনি চিত্ররথ নাম প্রাপ্ত হইয়াছেন। যখন পাণ্ডবগণ একচক্রা নগরীতে গমন করেন তৎকালে ইনি তাঁহাদিগকে আক্রমণ করিয়া অর্জ্জুন কর্ত্তৃক পরাজিত ও সংবদ্ধ হন। থা—স্ত্রীং, নদীবিশেষ।

চিত্রল (চিত্র বিচিত্র—ল যে উৎপন্ন হয়) বিং, ত্রিং, চিত্রবর্ণ, নানাবর্ণ।

চিত্রলতা; সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

চিত্রলেখনী ( চিত্র—লিখ লেখা+অন(অনট্)—ণ, ঈপ—স্ত্রীং ) সং, স্ত্রীং, যাহা দ্বারা সুন্দর চি[illegible] করা বা লেখা যায়, তুলী। ২। কঁচী।

চিত্রলেখা; সং, স্ত্রীং, বাণ রাজার মন্ত্রীর কন্যা, উষার সখী। শিং—১ "চিত্রলেখা ব্রবীদ্বাক্যমুষাং হর্ষয়তী শনৈঃ।" ২। অপ্সরাবিশেষ। শিং—১ "অপ্সরা চিত্রলেখাতে ক্ষিপ্রং বিজ্ঞাপ্যতাং সখি।" ৩। ১৮ অক্ষর ছন্দোবিশেষ, যাহার ৫ম অবধি ১৯ম পর্য্যন্ত বর্ণ ১৩শ এবং ১৬শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চিত্রলোচনা; সং, স্ত্রীং, শারিকা।

চিত্রবদাল (চিত্র চিত্রিত—বদাল মৎস্যবিশেষ) সং, পুং, বোয়াল মাছ।

চিত্রবহা; সং, স্ত্রীং, ভারতপ্রসিদ্ধ নদী।

চিত্রবাণ; সং, পুং, ধৃতরাষ্ট্র-পুত্রবিশেষ। ২। বিং, ত্রিং, বিচিত্র বাণযুক্ত।

চিত্রবাহন; সং, পুং, মণিপুরেশ্বর নাগবিশেষ।

চিত্রবৃত্তি (চিত্র অদ্ভুত—বৃত্তি ব্যাপার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অদ্ভুত ব্যাপারশালী।

চিত্রশার্দ্দূল (চিত্র বিচিত্র, চিহ্নযুক্ত—শার্দ্দূল ব্যাঘ্র) সং, পুং, চিতাবাঘ।

চিত্রশালা } (Museum, চিত্র আশ্চর্য্য
চিত্রশালিকা } বস্তু—শালা গৃহ) সং, স্ত্রীং, চিত্রবহুল গৃহ, যে স্থানে প্রকৃত ইতিবৃত্ত, পদার্থ, মীমাংসা ও সাহিত্য-বিদ্যা সংক্রান্ত এবং শিল্পসাধিত কৌতূহলোদ্দীপক বস্তু সকল স্থাপিত থাকে, অদ্ভুত ও কৌতূহলজনক পদার্থ সকল সংগ্রহ করিয়া যে স্থানে রাখা যায়। ২। চিত্রকরণ গৃহ।


চিত্রশিখণ্ডিজ (চিত্রশিখণ্ডী সপ্তর্ষির মধ্যে একজন, অঙ্গিরাঃ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, বৃহস্পতি।

চিত্রশিখণ্ডী (—শিখণ্ডিন্, চিত্র আশ্চর্য্য—শিখণ্ড চূড়া+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বহং, সপ্তঋষি; যথা—"মরীচিরঙ্গিরা অত্রিঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ, বশিষ্ঠশ্চেতি সপ্তৈতে জ্ঞেয়াশ্চিত্রশিখণ্ডিনঃ।"

চিত্রসেন; সং, পুং, ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। ২। গন্ধর্ব্বরাজ বিশ্বাবসুর পুত্র, ইনি ইন্দ্রলোকে অর্জ্জুনকে নৃত্যগীতাদি শিক্ষা দেন। ৩। পাণ্ডবপক্ষীয় বীরবিশেষ। ৪। কর্ণের পুত্র-বিশেষ। না—স্ত্রীং, নদী-বিশেষ।

চিত্রহস্ত (চিত্র—হস্ত হস্তক্রিয়া, বহু—স) সং, পুং, যুদ্ধাঙ্গ হস্তক্রিয়াবিশেষ। ২। বিং, ত্রিং, যুদ্ধে ক্ষিপ্রহস্ত।

চিত্রা (চিত্র দেখ, আপ্) সং, স্ত্রীং, মধ্য অবস্থানের গোবীথীস্থিত নক্ষত্র-বিশেষ; ইহা মুক্তার ন্যায় উজ্জ্বল প্রভাযুক্ত ও এক তারকাময়। ইহার অধিষ্ঠাত্রীদেবতা বিশ্বকর্ম্মা। এই নক্ষত্রে মানব জন্মগ্রহণ করিলে মহাপ্রতাপশালী, শত্রুদমনে সক্ষম, বিচিত্র-বাসাঃ, নীতিজ্ঞ ও শাস্ত্রজ্ঞানসম্পন্ন হইয়া থাকে। শিং—১ "চিত্রাচন্দ্রমসোরিব।" ২। ছন্দো-বিশেষ। ৩। অপ্সরা-বিশেষ। ৪। নদী-বিশেষ। ৫। শ্রীকৃষ্ণের সখী-বিশেষ। ৬। চিত্তিমাপ। ৭। মায়া।



চিত্রা (নক্ষত্র)।

চিত্রাক্ষ (চিত্র—অক্ষি অক্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিচিত্র নেত্রযুক্ত। ২। পুং, ধৃতরাষ্ট্রপুত্র। ক্ষী—স্ত্রীং, শারিকা।

চিত্রাঙ্গ (চিত্র চিত্রিত বা চিত্রযুক্ত—অঙ্গ দেহ, ৬ষ্ঠী—হিং বা ৭মী—হিং) সং, ক্লীং, হিঙ্গুল। ২। হরিতাল। ৩। পুং, সর্প। ৪। রাঙচিতার গাছ। ৫। বিং, ত্রিং, চিত্রিত অঙ্গ। ঙ্গী—স্ত্রীং, মঞ্জিষ্ঠা। ২। কাণকোটারি।

চিত্রাঙ্গদ (চিত্র—অঙ্গ শরীর—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, নৃপবিশেষ, শান্তনুপুত্র, বিচিত্রবীর্য্যের ভ্রাতা। ২। কলিঙ্গদেশের রাজা। ৩। গন্ধর্ব্ববিশেষ। ৪। বিদ্যাধরবিশেষ। দা—স্ত্রীং, রাবণের মহিষী। ২। মণিপুরাধিপতি চিত্রভানুর কন্যা। ৩। অর্জ্জুনপত্নী।

চিত্রাটীর (চিত্রা নক্ষত্রবিশেষ+অট্ গমন করা+ঈর(ঈরচ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র। ২। ঘণ্টাকর্ণ। ৩। শিবানুচরবিশেষ। ৪। বলির ছাগরক্তাঙ্কিত ভাল দেশ।

চিত্রায়স (চিত্র—অয়স লৌহ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, তীক্ষ্ণ লৌহ, ইস্পাত।

চিত্রায়ুধ (চিত্র—আয়ুধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিচিত্র আয়ুধযুক্ত। ২। সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্র। ৩। ক্লীং, অদ্ভুত অস্ত্র।

চিত্রার্পিত (চিত্র—অর্পিত, ৭মী—ষ) বিং, ত্রিং, চিত্রার্পিত, চিত্রফলকে লিখিত। শিং—১ "চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে।"

চিত্রিক (চিত্রা নক্ষত্রবিশেষ+ইক—তদ্যুক্ত-মাসার্থে) সং, পুং, চৈত্রমাস।

চিত্রিণী; সং, স্ত্রীং, নায়িকাবিশেষ।

চিত্রিত (চিত্র্ চিত্রিত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিত্রপটে অঙ্কিত করা হইয়াছে, চিত্রার্পিত। ২। নানাবর্ণ-বিশিষ্ট। ৩। চিহ্নযুক্ত।

চিত্রীয়মাণ (চিত্র—ক্যঙ্+শান) বিং, ত্রিং, আশ্চর্য্যজনক।

চিত্রীয়া (চিত্র—ক্যঙ্+অ—আ) সং, স্ত্রীং, আশ্চর্য্যকরণ। [স্থিবলিঙ্গ।

চিত্রেশ্বর; সং, পুং, প্রকাসস্থ চিত্রগুপ্ত স্থাপিত

চিত্রোক্তি (চিত্র অদ্ভুত—উক্তি বাক্য,

ন্থং—স) সং, স্ত্রীং, আকাশবাণী। ২। অন্তুতবাক্য।

চিত্রোৎপলা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

চিদাকাশ; সং, পুং—ক্লীং, আকাশবৎ নির্লিপ্ত পরব্রহ্ম; আকাশ যেমন কোন কোন পদার্থে লিপ্ত না হইয়া সর্ব্বাধাররূপে অবস্থিত আছে, তদ্রূপ চিন্ময় পরব্রহ্ম সর্ব্ব বস্তুতে নির্লিপ্ত হইয়াও সর্ব্বাধাররূপে বিদ্যমান রহিয়াছেন।

চিদাত্মা (চিদাত্মন্, চিৎ জ্ঞান—আত্মা, সৎ—ম) সং, পুং, জ্ঞানময় আত্মা, জ্ঞান স্বরূপ পরমাত্মা। শিং—১ "সত্যানন্দ চিদাত্মতা।" ২ "এতদ্রূপং ভগবতো হ্যরূপস্য চিদাত্মনঃ।" (ভাগবত)।

চিদানন্দ; সং, পুং, নিত্য চৈতন্যস্বরূপ নিত্যানন্দময় পরমপুরুষ। ২। পরমজ্ঞানী সদানন্দ শিব।

চিদাভাস (চিৎ—আভাস দীপ্তি, প্রতিবিম্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জ্ঞানের আভাস, জ্ঞানের প্রকাশ। ২। জ্ঞান। ৩। জীবাত্মা।

চিদ্রূপ (চিৎ—রূপ স্বরূপ, প্রকার) বিং, পুং, জ্ঞানময়, আত্মা। ২। জ্ঞানী। ৩। বিং, ত্রিং, প্রিয়। ২। স্ফূর্ত্তিমান্।

চিনন (দেশজ) সং, জানন, অবগত হওন।

চিনা (পূর্ব্বে দেখ) সং, নিদর্শন, চিহ্ন। ২। বিং, পরিচিত।

চিনি (দেশজ) সং,শর্করা, গুড়বিকারবিশেষ।

চিন্‌চিন্ (দেশজ) অল্প অল্প জ্বালা করা।

চিন্তক (চিন্তি ভাবনা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে চিন্তা করে, চিন্তয়িতা।

চিন্তন—ক্লীং } (চিন্তি ভাবনা করা+
চিন্তা—স্ত্রীং } অন(অনট্), অ—ভা, আপ্—স্ত্রীং) সং, ধ্যান, উপাসনা, অনুধ্যান। ২। ভাবিয়া দেখা, ভাবনা, উদ্বেগ। ৩। স্মরণ। ৪। ভয়, শঙ্কা। ৫। আলোচনা, কোন বিষয় স্থির বা স্মরণ করিবার নিমিত্ত মনোমধ্যে আন্দোলন। শিং—১ "পরদ্রব্যেষ্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনম্।" (মনু)। ২ "চিন্তাং দীর্ঘতমাং প্রাপ্তঃ।" ৩ "চিতা চিন্তা দ্বয়োর্মধ্যে চিন্তৈব চ গরীয়সী।" ৪। শ্রীবৎসপত্নী।

চিন্তাবেশ্ম (চিন্তাবেশ্মন্, চিন্তা ভাবনা—বেশ্মন্ গৃহ) সং, ক্লীং, মন্ত্রণাগৃহ, যে গৃহে বসিয়া মন্ত্রণা করা হয়।

চিন্তামণি (চিন্তা—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাঞ্ছিত ফল-দায়ক রত্নবিশেষ; এরূপ প্রবাদ আছে, যে ব্যক্তির ঐ মণি থাকে সে যাহা অভিলাষ করে তাহাই প্রাপ্ত হয়। ২। স্পর্শমণি। শিং—১ "কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া।" ২ "যথা চিন্তামণিং স্পৃষ্ট্বা লৌহং কাঞ্চনতাং ভজেৎ।" ৩। ব্রহ্মা। ৪। বুদ্ধবিশেষ।

চিন্তামণিবিনায়ক; সং,পুং, কাশীস্থ গণপতিমূর্ত্তিবিশেষ।

চিন্তিত (চিন্তা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্মৃত। ২। আলোচিত। ৩। ভাবিত। ৪। যে বিষয় চিন্তা করা হইয়াছে। শিং—১ "ন্যবেদয়ৎ যথা জনকস্য চ চিন্তিতম্।" ৫। (+ক্ত—ক) চিন্তাকারক। ৬। চিন্তাযুক্ত। ৭। (+ক্ত—ভাবে) ক্লীং, চিন্তা।

চিন্ত্য (চিন্তা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, চিন্তনীয়, চিন্তার বিষয়। শিং—১ "কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ ময়া।" ২। দূষণীয়।

চিন্ত্যমান (চিন্তা দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, অনুধ্যায়মান, যাহা চিন্তা করা হইতেছে। [ত্রিং, জ্ঞানময় (ঈশ্বর)।

চিন্ময় (চিৎ+ময়(ময়ট)—স্বরূপার্থে) বিং,

চিপিট, চিপিটক } (চি—পিট্ চেপ্টা করা
চিপুট, চিবিট } +অ(ক)—র্ম্ম, নিপাতন) সং,পুং, চিড়া। ২। বিং,ত্রিং, চেপ্টা। ৩। বিস্তৃতনাসিকা। ৪। বিস্তৃত।

চিমটন (দেশজ) সং, নখদ্বারা পীড়ন, খামচান।

চিমটা (দেশজ) সং,অঙ্গার তোলনার্থ লৌহনির্ম্মিত যন্ত্র। ২। খোচনা, খোঁচা।

চিল্লি } (চি অনুকরণ শব্দ—ল্লি উচ্চা-
চিল্লিক } রণ করা+০(কিপ্)—ক। ক-যোগে—চিল্লিক) সং, পুং, শুকপক্ষী। ২। পাটশাক।

চির (চি চয়ন করা+রক্—ক। অথবা চিরম্ শব্দজ) ত্রিং—বিং, বহুকাল,

অন্যবিবাহ। ২। বিং, ত্রিং, দীর্ঘকাল-স্থায়ী। ৩। স্ত্রীং, দীর্ঘকাল।

চিরকর্মা (চিরকর্মন্, চিরম্—কর্মন্ ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘসূত্রী, চিরক্রিয়।

চিরকাঙ্ক্ষিত (চির—কাঙ্ক্ষিত) বিং, ত্রিং, অনেক দিনের অভিলষিত, অনেক কালের আকাঙ্ক্ষিত।

চিরকারিতা (চিরকারিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, বিলম্বে কার্য্য করা, অল্প সময়ের কর্ম্ম অধিক সময়ে করা, কার্য্য নির্ব্বাহে আলস্য বা অমনোযোগ, দীর্ঘসূত্রিতা।

চিরকারী (চিরকারিন্, চিরম্—কারিন্ যে করে) বিং, ত্রিং, যে বিলম্বে কর্ম্ম করে, যে সত্বর কার্য্য নির্ব্বাহ করিতে পারে না, যে অল্প সময়ের কার্য্য অধিক সময়ে করে, কর্ম্মনির্ব্বাহে অলস বা অমনোযোগী দীর্ঘসূত্রী। ২। সং, পুং, গৌতম মুনির পুত্র, ইনি দীর্ঘকাল বিবেচনা করিয়া কার্য্য করিতেন বলিয়া চিরকারী নামে বিখ্যাত হন।

চিরক্রিয় (চিরম্—ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘসূত্রী, বিলম্বে কার্য্যকারক।

চিরক্রিয়তা ; সং, স্ত্রীং. চিরকারিতা দেখ।

চিরক্রীত (চিরম্—ক্রীত) বিং, ত্রিং, চিরকালের নিমিত্ত কেনা, যে অন্যের নিকট এত উপকৃত হইয়াছে যে তাহার পরিশোধ হইতে পারে না, যাবজ্জীবন উপকারঋণে আবদ্ধ, অত্যন্ত উপকৃত। ২। অনেক দিনের কেনা, বহুকাল পূর্ব্বে যাহা ক্রীত হইয়াছে। তা—স্ত্রীং, চিরোপকৃতা।

চিরজীবক (চিরম্—জীবক জীবিত) সং, পুং, বৃক্ষবিশেষ, জীবকবৃক্ষ।

চিরজীবিতা (চিরজীবিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, বহুদিন বাঁচিয়া থাকা, দীর্ঘজীবিতা।

চিরজীবী } চিরঞ্জীবী } (চিরজীবিন্, চিরম্—জীব্ বাঁচা+ইন্(ণিন্)—ক) সং, পুং, বিষ্ণু। ২। কাক। ৩। মার্কণ্ডেয়। ৪। শাল্মলিবৃক্ষ। ৫। অশ্বত্থামা, বলি, ব্যাস, হনুমান্, বিভীষণ, কৃপ, পরশুরাম এই সাত জন চিরজীবী। শিং—১ "অশ্বত্থামা বলির্ব্যাসো হনূমাংশ্চ বিভীষণঃ। কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে চিরজীবিনঃ।" ২। বিং, ত্রিং, যে বহুদিন বাঁচিয়া থাকে, যে দীর্ঘকাল জীবিত থাকে, বহুকাল স্থায়ী। ৩। যাহার কখন মৃত্যু হইবে না, অমর।

চিরণ, চেরণ (দেশজ) সং, বিকারণ, কাড়ন।

চিরণ্টী } চিরিণ্টী } (চিরম্—অট্, ইট্ গমন করা +অ(অন্)—ক, ঈপ্—স্ত্রীং, নিপাতন। পিতৃকুলাবেহ হেতু যে পিতৃকুলে চিরকাল থাকে) সং, স্ত্রীং, বিবাহিতাই হউক, আর অবিবাহিতাই হউক, পিতৃগৃহস্থিতা কন্যা।

চিরতা } চিরাতা } (চিরতিক্ত শব্দজ) সং, ভূনিম্ব, চিরতা।

চির-তিক্ত ; সং, পুং, চিরতা।

চিরন্থ } চিরন্তন } (চিরম্+থ, তন(ট্যুল্)—ভবার্থে) বিং, ত্রিং, চিরকালীন। ২। পুরাতন। ৩। যাহা অনেক দিন হইতে চলিয়া আসিতেছে, যাহা বহুকাল প্রচলিত আছে।

চিরনীহারবাহ (Glacier) চিরনীহার সীমার নিম্নভাগে যে বরফরাশি জমাট হইয়া থাকে, কখন দ্রবীভূত হয় না।

চিরনীহারসীমা (Snow-line) পর্ব্বতের যে ভাগ নিয়ত তুষার-মণ্ডিত তাহার নিম্ন রেখা।

চিরপ্রবাসী (চির—প্র—বস্ বাস করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে চিরকাল বিদেশে থাকে, চিরবিদেশী। সিনী—স্ত্রীং, চিরবিদেশিনী।

চিরপ্রাপ্ত (চির—প্রাপ্ত) বিং, ত্রিং, বহুদিন পূর্ব্বে যাহা পাওয়া গিয়াছে, চিরলব্ধ।

চিরপ্রার্থিত ; বিং, ত্রিং, অনেক দিনের অভিলষিত, বহুকালের আকাঙ্ক্ষিত।

চিরপ্রোষিত (চির—প্রোষিত) বিং, ত্রিং, যে বহুকাল বিদেশে ছিল।

চিরম্, চিররাত্রায় } চিরস্য, চিরাৎ } চিরায়, চিরেণ, চিরে } (চি+রমুক্—ক। চির—রাত্র-অয়্+অ(ণ)—ক, অস্+ষ্যণ—র্ম, চির—অত্+০(ক্বিপ্)—ক, চির—অয়্+অ(ণ)—ক, চির+এনপ—এং, চির—ই +ক্বিপ্—ক। অথবা চিরোয়াদি বিভক্ত্যন্ত)

ত্রিং—বিং, অং, বহুকাল। ২। বারম্বার। শিং—১ "মা চিরং কৃথাঃ।" "ন চিরং পর্ব্বতে বসেৎ।" ৩ কিং চিরেণ তে।" ৪ "এতস্মাৎ কারণাৎ—চিরাদ্বৈতৎ কৃতং ময়া। ৫। "পুরা চিরাদস্য জ্যেষ্ঠঃ পুত্রো ম্রিয়তে।" ৬ "চিরাদাগতঃ।" ৭ "চিরস্য খলু কৃচ্ছেন সংস্মৃতোঽস্মি।"

চিরমিত্র—ক্লীং } সং, অনেক দিনের মিত্র,
চিরবন্ধু—পুং } বহুকালের বন্ধু।

চিরমেহী চিরমেহিন্, চির চিরম্ শব্দজ—মিহ্ সিক্ত করা, প্রস্রাব করা+ইন্ (ণিন্)—ক) সং, পুং—স্ত্রীং, গর্দ্দভ।

চিরন্তণ (চি অনুকরণ চীৎকার ধ্বনি—র-নৃভ্ আরম্ভ করা+অন—ক) সং, পুং, চিল্ল, চিল।

চিররাত্র (চির চিরম্‌শব্দজ—রাত্রি+অ) সং, ক্লীং, বহুকাল। শিং—১ "চিররাত্রেপ্সিতং কর্ম্ম তদ্ভবান্ কর্ত্তু মর্হতি।"

চিরলোক (চির—লোক+অ—প্রং) বিং, ত্রিং, চিরকালস্থায়ী, চিরস্থায়ী।

চিরবিল্ব (চির চিরম্ শব্দজ—বিল্ ভাগ করা+ব—প্রং) সং, পুং, করঞ্জ-বৃক্ষ।

চিরবৃষ্টিমণ্ডল; সং, যে প্রদেশে সর্ব্বদা বৃষ্টি পতিত হয়। [চিরাশ্রয়।

চিরসহায়; বিং, ত্রিং, বহুকালের সহায়,

চিরসুহৃৎ (চির—সুহৃৎ বন্ধু) সং, ক্লীং, বহুকালের মিত্র।

চিরসূতা (চিরম্—সূতা নবপ্রসূতা। চির সূতিকা শব্দও হয়) সং, স্ত্রীং, বহুকাল প্রসবিনী গবী।

চিরসেবিত (চির—সেবিত) বিং, ত্রিং, যাহা বহুকাল মানিয়া আসিতেছে, যাহা যথার্থ বলিয়া বহুকাল অঙ্গীকৃত ও অবলম্বিত হইয়া আসিতেছে।

চিরস্থায়িতা (চিরস্থায়িন্+তা—ভাবে) সং, স্ত্রীং, চিরকাল থাকা, অল্পকালে লোপ পরিবর্ত্ত ও অন্যথা ভাব না হওয়া।

চিরস্থায়ী (—য়িন্, চিরম্—স্থা থাকা+ইন্—ক) বিং, ত্রিং, যাহা বহুকাল থাকে, অল্পকালে যাহার লোপ ধ্বংস পরিবর্ত্ত

চিরা (যাবনিক) শিরোভূষণ; যথা—"বিলাতি খেলাত পরে জরকশী চিরা।

চিরাগত (চির—আগত) বিং, ত্রিং, যাহা অনেক দিন হইতে চলিয়া আসিতেছে, যাহা বরাবর প্রচলিত আছে।

চিরানন্দ (চির চিরকাল—আনন্দ হর্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে ব্যক্তি যাবজ্জীবন আনন্দে কাল কাটায়।

চিরায়ুঃ (চিরায়ুস্, চির—আয়ুস্ জীবন) বিং, ত্রিং, চিরজীবী। ২। সং, পুং, দেবতা।

চিরি (চি অনুকরণ চীৎকার ধ্বনি—রা উচ্চারণ করা+ই—ক) সং, পুং, শুকপক্ষী।

চিরু (চির্ আঘাত করা+উ—প্রং) সং, ক্লীং, বাহুসন্ধি, স্কন্ধ ও বাহুর সন্ধিস্থল।

চিরুণী, চিরণী (দেশজ) সং, কঙ্কতিকা, কাঁকুই।

চির্ভটী (চির—ভট্+অ (অন্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ফুটীফল। ২। কাঁকুড়। শিং—১ "তস্য ... তাবদমৃতরসাঃ চির্ভটীঃ।"

চিল (চিল্ল শব্দজ) সং, পক্ষিবিশেষ, আতায়ী



পাখী। চিল।

চিলমীলিকা (চির চিরম্‌শব্দজ—মিল্ চক্‌চক্ করা+ইক—ক। র=ল) সং, স্ত্রীং, খদ্যোত। ২। বিদ্যুৎ। ৩। কণ্ঠাভরণ।

চিল্ল (চিল্ বিলাসকরা+অ (অন্)—ক) সং, পুং, চিলপক্ষী। ২। বিং, ত্রিং, ক্লিন্নাক্ষ।

চিল্লক (চিল্ল+ক—কৈ ধাতুজ অথবা চিল্ল—ক (কণ্)—স্বার্থে) সং, পুং—স্ত্রীং, ঝিল্লিকা। চিলপক্ষী।

চিল্লাভ (চিল্ল চিল—আভ [আ—ভা দীপ্তি পাওয়া+অ (ক)—ক] দীপ্ত, সমতুল্য। চিলের মত ছোঁ মারিয়া যে অপহরণ করে।

চিম্রিকা ; সং, স্ত্রীং, জ্র। শিং—১ "সলিল চরকেতন শরাসনানতৌ চিম্রিকালতাম্।"

চিবণ (চর্ব্বণ শব্দজ) সং, দন্তদ্বারা পেষণ বা চূর্ণকরণ।

চিবি, চিবু—পুং } (চীব্ আচ্ছাদনকরা
চিবুক—ক্লীং } + ই, উ(কু)—র্ম্ম। কণ—যোগ) সং, দাড়ী, থুতনী।

চিহ্ন ( চিহ্ন্ লক্ষ্য করা+অ(অল্)—ভা ) সং, ক্লীং, কলঙ্ক, দাগ ; যথা—কাপড়ে কালীর চিহ্ন। ২। (+অল্—ণ) লক্ষণ, যে কার্য্য দেখিয়া কারণের অনুমান করা যায়, যাহা দ্বারা চিনিতে পারা যায় ; যেমন বিলাপ শোকের চিহ্ন। ৩। উত্তরকালে সন্দেহ ভঞ্জনার্থে যাহা করিয়া রাখে ; যেমন—সীমার চিহ্ন। ৪। যাহা দ্বারা চিনিতে পারা যায়; যেমন—বাটীর চিহ্ন। ৫। ইসারা, সঙ্কেত। শিং—১ "বজ্রগ্রহণ চিহ্নেণ করেণ।" ২ "দক্ষিণ হস্তে দৃষ্ট্বা চিহ্নং গদাভৃতঃ।" ৬। পতাকা, ধ্বজ।

চিহ্নকারী (—কারিন্, চিহ্ন—কারী [কৃ করা +ইন(ণিন্)—ক] যে করে ) বিং, ত্রিং, চিহ্নকারক, যে দাগ দেয়।

চিহ্নধারী (—ধারিন্, চিহ্ন—ধারী [ধৃ ধারণ করা+ইন(ণিন্)—ক] যে ধারণ করে ) বিং, ত্রিং, চিহ্নযুক্ত। রিণী—স্ত্রীং, চিহ্নযুক্তা। ২। সং, শ্যামালতা।

চিহ্নিত (চিহ্ন দেখ, ত(ক্ত)—র্ম্ম, ভা) বিং, ত্রিং, যাহাতে চিহ্ন আছে, যাহাতে চিহ্ন দেওয়া আছে, চিহ্নযুক্ত। ২। অঙ্কিত। ৩। লক্ষিত। শিং—১ "দিবাচরেয়ুঃ কার্য্যার্থং চিহ্নিতাঃ রাজশাসনৈঃ।" ৪। (Covenanated ) যাঁহারা ইংলণ্ডে পরীক্ষা দিয়া আসিয়া এদেশে কিয়দ্দিন শিক্ষাপ্রাপ্ত হইয়া কর্ম্মে প্রবৃত্ত হন, তাঁহাদিগকে ইংলণ্ডে একখানি প্রতিজ্ঞাপত্রে লেখা পড়া করিয়া দিয়া আসিতে হয়।

চিহ্নিতনামা (দেশজ) জমী জমাসম্বন্ধে রাজার প্রদত্ত সীমা নিরূপণ পত্র।

চীচীকূচী ; অং, শারিকাদির শব্দানুকরণ। শিং—১ "চীচীকূচীতি বাসন্তে শারিকা যুক্তিবেদ্যাম্।" (আরণ্য)।

চীজ (পারস্যভাষা) দ্রব্য, জিনিষ।

চীৎকার, চিৎকার (চীৎ অনুকরণশব্দ—কার করণ) সং, পুং, উচ্চৈঃস্বনি, চেঁচানি।

চীড্য ; সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

চীন ( চি চয়ন করা+ন(নক্)—র্ম্ম। ই=ঈ) সং,পুং, মৃগবিশেষ। ২। দেশবিশেষ। শিং—১ "বাজিনাং চ সহস্রাণি চীনদেশোদ্ভবানি চ।" ৩। ধান্যবিশেষ। ৪। বহুং, চীনদেশীয় লোক। ৫। ক্লীং, তদ্দেশীয় সূক্ষ্ম বস্ত্র। ৬। ধ্বজ, পতাকা।

চীনজ ( চীন—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন ) সং, ক্লীং, ইস্পাৎ।

চীনপিষ্ট (চীন দেশবিশেষ—পিষ্ট পিটা। চীন ও বঙ্গদেশের উত্তর পশ্চিমের মধ্যবর্ত্তী পাহাড় হইতে যাহা বহুপরিমাণে নীত হয়) সং, ক্লীং, সিন্দূরবিশেষ, চীনের সিঁদুর। ২। সীসা। [সীসক, সীসা।

চীনবঙ্গ (চীন চীনভব—বঙ্গ, যং—স) সং,

চীনাংশুক ( চীন চীনাখ্য—অংশুক বস্ত্র, য়ং—স ) সং, ক্লীং, পট্টবস্ত্রবিশেষ। শিং—১ "চীনাংশুকমিব পীনস্তনজঘনায়াঃ কুলীনায়াঃ।" ২"চীনাংশুক কেতুমালম্।"

চীর (চীন দেখ. র(রক্)—র্ম্ম, ই=ঈ। কিম্বা কৃ বিক্ষেপ করা+অ(অল্)—র্ম্ম ) সং, ক্লীং, ছিন্ন বস্ত্রখণ্ড, নেকড়া। ২। গাছের ছাল। ৩। চীরকূট্। শিং—১ "ক্রমচীরৈরলঙ্কৃতঃ (সৌমিত্রিঃ)।" ২"চীরকৃষ্ণাজিনাম্বরৈঃ।" ৩ "চীরাণি কিং পথি ন সন্তি।" রী—স্ত্রীং, ঝিল্লী।

চীরধারী (—ধারিন) বিং, ত্রিং, যে জীর্ণ ও ছিন্ন বস্ত্র পরিধান করে।

চীরভৃৎ } (চীর—ভৃৎ [ভৃ ধারণকরা
চীরী—রিন্ } +•(ক্বিপ্)—ক] যে ধারণ করে, ২য়া—ব। ২য় পক্ষে—চীর+ইন্—অস্ত্যর্থে ) সং,পুং—স্ত্রীং, তাপস। ২। বিং, ত্রিং, চীরধারী। রিণী—স্ত্রীং, নদীবিশেষ। শিং—১ "চীরিণীতীরমাসাদ্য মৎস্যো বচনমব্রবীৎ।" [পুং, শালবৃক্ষ।

চীরপর্ণ (চীর—পর্ণ পাতা, ৬ষ্ঠী—হিং) সং,

চীর্ণ (চর্ বিভাগ করা, খণ্ডন করা ইত্যাদি

ক্ষিত। ৩। অনুশীলিত। ৪। বিভক্ত। ৫। খণ্ডিত। ৬। বিদীর্ণ। ৭। সম্পাদিত। শিং—১ "চীর্ণব্রতানপি সদা কৃতয়সংহিতানিমান্।"

চীর্ণপর্ণ (চীর্ণ খণ্ডিত—পর্ণ পত্র) সং,পুং, নিম্বগাছ। ২। খেজুর গাছ।

চীবর (চীর দেখ, বর(বরচ)—র্থ) সং, ক্লীং, যোগী বা সন্ন্যাসীরা যে জীর্ণ ও ছিন্নবস্ত্র ধারণ করে। চীর। শিং—১"কৌপীনাচ্ছাদনং যাবত্তাবদিচ্ছেচ্চ চীবরম্।"

চীবরী (—রিন, চীবর ভিক্ষুকের বস্ত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৌদ্ধ সন্ন্যাসী।

চুআন, চোয়ান (দেশজ) সং, ক্ষরণ, গলন, নিঃসরণ।

চুঁচি (চুচুক শব্দজ) সং, স্তনের বোঁটা।

চুক (দেশজ) শব্দ থোড়্। ২। (হিন্দী) ভুল।

চুকন (দেশজ) সং, ভুলন, ভ্রমে পড়ন। ২। পরিশোধ।

চুক্কার (চুক্ক [চুক্ক্ কাতর হওয়া+অ(অল) —ভা] কাতরাশি, ক্লেশ=আরি ঘটান +অ(ক)—ক) সং, পুং, সিংহনাদ।

চুক্‌চুক্ (দেশজ) অল্পে অল্পে দুগ্ধাদি পান করিবার শব্দ। ২। বালকের স্তন্যপানশব্দ।

চুক্তি (দেশজ) সং, নিয়ম, সমাধা, নিষ্পত্তি।

চুক্র, চুক্রক (চুক্ তৃপ্ত হওয়া+র—সংজ্ঞার্থে। অ=উ। ক—যোগে চুক্রক) সং,ক্লীং, চুকাপালম শাক। ২। অম্লবেতস শাক। ৩। শুক্তবিশেষ। ৪। কাঞ্জিকবিশেষ। ৫। সন্ধানবিশেষ।

চুকলি (দেশজ) নিন্দা, অপবাদ।

চুঙ্গী (দেশজ) সং, নলী, খোল, ঝরা।

চুচুক } (চুচু অনুকরণ শব্দ—কৈ শব্দ
চুচুক } করা+অ ড)—ক। শিশুর পান করিবার সময় 'চুচু' এই শব্দ হয়) সং, পুং—ক্লীং, কুচাগ্র, স্তনের বোঁটা। ২। দক্ষিণদেশবিশেষ। ৩। তদ্দেশ-নিবাসী। শিং—২ "গুহাঃ পুলিন্দাঃ শবরাশ্চুচুকাঃ মদ্রকৈঃ সহ।"

চুচুকুতি (চুচু অব্যক্তশব্দ—কৃ করা+তি (ক্তি)—ক) সং, স্ত্রীং, কুচাগ্র; যথা—
[illegible]

চুচুপ ; সং, পুং, দেশবিশেষ। ২। বিং, ত্রিং, তদ্দেশবাসী।

চুঞ্চু ; সং, পুং, ছুঁচা। ২। বিং, ত্রিং, (কোন শব্দের পর প্রযুক্ত হইলে) খ্যাত ; যথা—বিদ্যাচুঞ্চু, অক্ষরচুঞ্চু ইত্যাদি।

চুক্‌রী (চিঞ্চা তেঁতুল—র [রা পাওয়া বা দানকরা+অ(ড)—ক] যে পায়। চিঞ্চা= চুঞ্চ। ল—প্রত্যয়ে চুক্‌লী শব্দও হয়) সং, স্ত্রীং, কাঁইবিচির খেলা।

চুড়ী, চুড়ী (দেশজ) সং, স্ত্রীলোকের হস্তাভরণ-বিশেষ। [লাল মুক্তা।

চুণী (হিন্দী) সং, রক্তবর্ণ ক্ষুদ্ররত্ন-বিশেষ,

চুণ্টী, চুণ্টা (চুন্‌ট ক্ষুদ্র হওয়া, গভীর বা অগভীর হওয়া+অ(অন্)—ক। আপ্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কূপসমীপবর্ত্তী ক্ষুদ্র জলাশয়।

চুনন (হিন্দী চুনা ধাতুর অর্থ খুঁটিয়া লওয়া) সং, বাছন, নির্ব্বা ন।

চুন্দী (চুদ্ অ[illegible] করা+অ(অন্)—ক। ন্—আগম। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কুট্টনী, কুটনী।

চুপ (দেশজ) বিং, নীরব, মৌন।

চুপড়ী (দেশজ) সং, ক্ষুদ্র করণ্ডিকা, টুকরী।

চুম্র (চুম্ব্ চুম্বন করা+র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বদন, মুখ। [সংযোগ।

চুম্বক (চুম্ব্ ধাতুজ) সং, পেয় দ্রব্যাধারে ওষ্ঠ

চুম্বকী (পূর্ব্বে দেখ) সং,জলপাত্রবিশেষ, ক্ষুদ্র ঘটী। [মুখস্পর্শ, চুমা।

চুম্ব (চুম্ব্+অ(অল্)—ভা) সং, পুং, মুখে

চুম্বক (চুম্ব্ চুম্বন করা+অক(ণক)—ক) সং, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর। ২। বহুবিস্তৃত বিষয়ের সারসংগ্রহ, সংক্ষিপ্ত বিবরণ। ২। বিং, ত্রিং,ধূর্ত্ত, লম্পট। ৩। সংগ্রহ-কর্ত্তা, যে নানা গ্রন্থ হইতে অনেক বিষয় সংগ্রহ করে। ৪। একদেশাভিজ্ঞ। ৫। চুম্বনকারী, যে চুম্বন করে।

চুম্বন (চুম্বক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রীতি বা অনুরাগ প্রদর্শনার্থে মুখে মুখস্পর্শ, চুম্ব। শিং—১ "মধুং সমর্পয় মদর্পিতচুম্বনক।" ২ "চুম্বিতকান্ত ম্বদন-
[illegible]

চুম্বিত (চুম্বক দেওয়া, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে চুম্বন করা গিয়াছে। ২। স্পৃষ্ট। ৩। সংযুক্ত, মিলিত।

চুয়াড় (দেশজ) সং, পাহাড়িয়া লোক।

চুরট (দেশজ) সং, শুষ্ক তাম্রকূটনির্ম্মিত নল।

চুরা (চুর্ চুরি করা + আ – ভা) সং, স্ত্রীং, চৌর্য্য, চুরি।

চুরি (চৌর্য্য শব্দজ) সং, চৌর্য্য, অপহরণ।

চুল (চূল শব্দজ) সং, কেশ, শিরোরুহ।

চুলকা; সং, স্ত্রীং, নদী-বিশেষ। শিং – ১ "কাবেরীং চুলকাঞ্চাপি বেণাং শতবলামপি।" (ভারত)।

চুলা (চুল্লী শব্দজ) সং, উনান, আখা।

চুলুক (চুল্ ডোবা, পান করা + উক(উকক্) – ধি) সং, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা। ২। ক্ষুদ্রপাত্র। ৩। গণ্ডূষ। শিং – ১ "কাশ্যামুত্তরবাহিন্যা একেন চুলুকেন তৎ।" ৪। গোত্রপ্রবর্ত্তক ঋষিবিশেষ। ৫। ক্লীং মাষমজ্জনোপযুক্ত জল। শিং – ১ "মাষমজ্জনজলমাচামং তচ্চুলুকমিতি।"

চুলুকিত (চুলুক + ইত – ইদমর্থে) বিং, ত্রিং, গণ্ডূষ দ্বারা পীত। ২। কর্দ্দমিত।

চুলুম্পা (চুলুম্প্ ছেদন করা, লোপ করা + অ(অল্) – র্ম্ম) সং, স্ত্রীং, ছাগী।

চুষ্কনা – নি (দেশজ) সং, গাত্রকণ্ডূ, কণ্ডূয়া।

চুষ্কান (দেশজ) সং, কণ্ডূয়ন।

চুম্বকী (চুম্ব্ [জলে] বিলাসকরা + অক(ণক) – ক) সং, স্ত্রীং, শিশুমার, শুশুক। ২। পাত্রবিশেষ। ৩। নদী প্রভৃতির পরপার।

চুম্না ⎫ (চুম্ন্ বিলাস করা, রাখা + অ(অন্)
চুম্নি ⎬ – ক, অপ্, চুম্ন + ই – ক) সং, স্ত্রীং,
চুম্নী ⎭ অগ্নিস্থান, উনান, চুলা। ২। চিতা, দাহস্থান। শিং – ১ "পঞ্চসূনাঃ গৃহস্থস্য চুল্লীপেষণ্যুপস্করঃ।" (মনু)। ২ "চুল্লী চিরং রোদিতি।"

চুড়; হস্তের আভরণ।

চূড়া, চূলা (চুলি প্রেরণ করা + ও – র্ম্ম। চুলি = চুড়) সং, স্ত্রীং, সংস্কারবিশেষ। শিং – ১ "চূড়াকর্ম্ম দ্বিজাতীনাম্ সর্ব্বেষামেব ধর্ম্মতঃ।" ২। ময়ূরের মস্তকে যে উন্নত অংশ থাকে। ৩। মস্তকের মধ্যস্থিত রক্ষিত অল্পমাত্র দীর্ঘ শিখা, টিকি। ২। ঝুঁটি। ৩। শিখা। ৪। কেশ। ৫। অগ্রভাগ। ৬। শৃঙ্গ, শিখর। শিং – ১ "চরমাচলচূড়াবলম্বি – চন্দ্রমসি।" ৭। শিরোভূষণ, মুকুট। ৮। বাহুভূষণ, চুড়ী। ৯। ভূষণ। ১০। (চুদ্ প্রেরণ করা + অ – ভাবে) ক্লীং, প্রেরণ। ১১। বিং, ত্রিং, শ্রেষ্ঠ; যথা—বংশের চূড়া।

চূড়াকরণ (চূড়া – কৃ করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই তিন বর্ণের সংস্কারবিশেষ, এই সংস্কারে সমস্ত মস্তক মুণ্ডন করিয়া মধ্যস্থলে অল্প মাত্র কেশ অর্থাৎ শিখা রাখিয়া দেয়।

চূড়ান্ত (চূড়া শিখা – অন্ত শেষ, ৬ষ্ঠী – ষ) সং, সিদ্ধান্ত, শেষ নিষ্পত্তি। ২। চূড়ার অন্ত, চূড়ার শেষ। ৩। শেষ সীমা, পরাকাষ্ঠা, ঊর্দ্ধ সংখ্যায় যতদূর সম্ভাবিতে পারে।

চূড়ামণি (চূড়া – মণি রত্ন, ৬ষ্ঠী – ষ) সং, পুং, শিরোরত্ন, শিরোভূষণ। শিং – ১ "ভূষণানাং চ সর্ব্বেষাং যথা চূড়ামণির্বরঃ।" ২ "ন হি চূড়ামণিঃ পাদে প্রভাবানিতি বধ্যতে।" ৩ "তরুমস্তকেষু মুহূর্ত্তং চূড়ামণিতাং বিধায় (ময়ূরাঃ)।" ২। কাকমাচিকা ফল। ৩। বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ।

চূড়ারত্ন (চূড়া – রত্ন, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, চূড়ার রত্ন, শিখামণি।

চূড়াল চূড়া শিখা + ল – অস্ত্যর্থে। অথবা ল [লা লওয়া + অ(ক) – ক] যে লয়) সং, ক্লীং, মস্তক। ২। বিং, ত্রিং, চূড়াবিশিষ্ট, শিখাযুক্ত। শিং – ১ "চূড়ালাঃ কর্ণিকালাশ্চ গ্রহাশ্চ পিটরোদরাঃ।"

চূড়াবৎ (চূড়া + বৎ(বতু) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, চূড়াযুক্ত। [শম্বুকাদিভস্ম।

চূণ (চূর্ণ শব্দজ) সং, ক্ষারবিশেষ, প্রস্তর-

চূণকাম (চূণ – কাম কর্ম্ম শব্দজ) সং, চূর্ণ দ্বারা গৃহলেপন। [শঙ্কর জাতি।

চূণারী (দেশজ) সং, চূর্ণপ্রস্তুতকারক, বর্ণ-

চূত (চুষ্ চুষা + ত(ক্ত) – র্ম্ম) সং, পুং, আম্রবৃক্ষ। শিং – ১ "বনসিজেন সখে প্রহরিষ্যতা ধনুষি চূতশরশ্চ নিবেশিতঃ।"

২ "সহচরমধুহস্তন্যস্তচূতাঙ্কুরাস্ত্রঃ।" ২। (চুত+ক) ক্লীং, আম্র। ৩। (চ্যুং ক্ষরিত হওয়া + অ(ক)—পা। নিপাতন) গুহদ্বার। ৪। প্রসবদ্বার।

চুর (চূর্ণ শব্দজ) গুঁড়া করা।

চূর্ণ (চূর্ণ্ গুঁড়া করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, কঠিন দ্রব্যের সূক্ষ্মভাবে পরিণাম, ধূলি, গুঁড়া। ২। আবীর। ৩। সুগন্ধিধূলি। ৪। চূণ। শিং—১ "অলকেষু চমূরেণুশ্চূর্ণ প্রতিনিধীকৃতঃ।" (রঘু)। ৫। শক্তু। ৬। বিং, ত্রিং, যাহা গুঁড় হইয়াছে। ৭। যাহা নষ্ট হইয়াছে, যাহা লয়প্রাপ্ত হইয়াছে; যেমন—তাহার দর্প চূর্ণ হইয়াছে।

চূর্ণক (চূর্ণ+কণ্—স্বার্থে) সং, পুং, গুঁড়া, ধূলি। ২। (চূর্ণ দেখ, অক—প্রং) শক্তু, ছাতু। ৩। ক্লীং, ব্যাখ্যান গ্রন্থবিশেষ, যাহাতে মূলের অর্থ বিশদরূপে ব্যাখ্যা থাকে। ৪। আভাস, অভিপ্রায় প্রদর্শন। ৫। কঠোর বর্ণ ও দীর্ঘসমাসবিরহিত গদ্য, ইহা বৈদর্ভীরীতিতে লিখিত হওয়া উচিত; যথা—"মাধুর্য্যব্যঞ্জকৈর্ব্বর্ণৈ রচনা ললিতাত্মিকা। অবৃত্তিরল্পবৃত্তির্বা বৈদর্ভী রীতিরিষ্যতে।" শিং—১ "অকঠোরাক্ষরং স্বল্পসমাসং চূর্ণকং বিদুঃ।"

চূর্ণকার (চূর্ণ—কার [কৃ করা+অ(ষণ)—ক] যে করে) সং, পুং, যে চূণের ব্যবসায় করে, চূণারী জাতি।

চূর্ণকুন্তল (চূর্ণ কোঁকড়া—কুন্তল চুল, রং—স) সং, পুং, অলক, ঝাপ্টা, জুল্ফি।

চূর্ণখণ্ড (চূর্ণ ধূলি—খণ্ড টুক্‌রা, ৪র্থী—ষ) সং, ক্লীং, কাঁকর। ২। ঘুটিং।

চূর্ণন (চূর্ণ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, গুড়া করা, চূর্ণ করা।

চূর্ণপদ (চূর্ণ অগ্রপশ্চাদাদিযুক্ত—পদ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, নৃত্যবিশেষ। [হিস্কুল।

চূর্ণপারদ; সং, পুং, পারদ হেতুভূত চূর্ণরূপ

চূর্ণিকা; সং, স্ত্রীং, শক্তু, ছাতু।

চূর্ণিকৃৎ (চূর্ণি মহাভাষ্য—কৃ করা+(ক্বিপ্)—ক) সং, পুং, মহাভাষ্যকারক [illegible]।

চূর্ণিত (চূর্ণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চূর্ণ করা গিয়াছে। ২। চূর্ণীকৃত।

চূর্ণিদাসী; সং, স্ত্রীং, চূর্ণকরণে নিযুক্তা দাসী।

চূর্ণি } (চর্ [ত্রোতে] গমন করা+ণি—
চূর্ণী } সংজ্ঞার্থে। অথবা চূর্ণ্ প্রেরণকরা, লক্ষ্য করা ইত্যাদি + ই(কি)—ক। বা চূর্ দগ্ধ করা+তি ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। ২। নদীবিশেষ। ৩। পতঞ্জলিকৃত ভাষ্য।

চূর্ণীভূত (চূর্ণ—ভূত হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, যাহা চূর্ণ হইয়া গিয়াছে, যাহা গুঁড় হইয়াছে।

চূর্ত্তি (চর্ গমন করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, চরণ।

চূল } সং, পুং, কেশ। শিং—১ "মুক্ত
চূলক } কেশাশ্চ চূলিনঃ।" ২ "গৃহীত চূলকোবিপ্রো ম্লেচ্ছেন রজকাদিনা।"

চূলা (চূল্ উন্নত হওয়া+আ—প্রং) সং, স্ত্রীং, চূড়া। ২। প্রাসাদোপরিস্থ শিরোগৃহ, চিলেঘর

চূলিক (চূল্ উন্নতহওয়া+ইক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, ঘৃতপক্ক গোধূম, পিষ্টক, লুচী।

চূলিকা (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হস্তিকর্ণ-মূল। ২। নাটকাঙ্গবিশেষ। শিং—১ "অন্তর্যবনিকা সংস্থৈঃ সূচনার্থস্য চূলিকা।" ৩। চূড়া।

চূষণ (চূষ্ চুষা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, জিহ্বাদ্বারা রসাকর্ষণ।

চূষা (চূষ্ চুষা+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, হস্তিমধ্যবন্ধন রজ্জু।

চূষ্য (চূষ +য—র্ম্ম) বিং, ত্রিং, চোষণীয়, যাহা চুষিয়া খাওয়া যায়।

চুস্ত (চূষ্ চুষা+ত(ক্ত)—র্ম্ম। নিপাতন) সং, ক্লীং, ফলাদির অসার ভাগ; যেমন—কাঠালের ভুতি।

চেকিতান (কিত [যঙ্লুগন্ত]+আন(আনচ্)—তাচ্ছিল্যার্থে) বিং, ত্রিং, অত্যন্ত জ্ঞানযুক্ত। ২। সং, পুং, মহাদেব। শিং—১ "চেকিতানং পরং যোনিং তিষ্ঠতো গচ্ছতশ্চ তু।" ৩। নৃপবিশেষ।

চেঁচান (দেশজ) সং, চীৎকার করণ।

চেঙ্গরা (দেশজ) অপরিণতবুদ্ধি, অপ্রবীণ, অর্ব্বাচীন। ২। বংশরচিত পাত্রবিশেষ।

চেট, চেটক, চেড় } (চিট্ প্রেরণ করা+অ(অন্)—ক। ক—যোগ চেটক। যা-হাকে প্রেরণ করা যায়) সং, পুং, দাস; যথা—"জ্ঞান উহার উপকারী চেট।" ২। ভাঁড়। ৩। উপনায়ক, যে নায়ক কুষ্টা নায়িকাকে তুষ্টবাক্য দ্বারা সন্তুষ্ট করে। টিকা—টী, ড়ী—স্ত্রীং, দাসী। ২। উপনায়িকা।

চেটা, চেটাই } (দেশজ) সং, খর্জ্জুর বা তাল-পত্রনির্ম্মিত আসন।

চেৎ (চিৎ জানা+০(বিচ)—ক) অং, যদি, বিবেচনা। শিং—১ "চেন্তরতো ধর্ম্মাৎ পৈত্র্যং রাজ্যমবাপস্যতি।" ২ "দেবশ্চেৎ ক্ষিপ্রং বর্ষিষ্যতি শীঘ্রং বপ্স্যামঃ।" ৩ "উপাধ্যায় শ্চেদাগচ্ছতি। আগমিষ্যতি। আগন্তা বা। অথ ত্বং ছন্দোঽধীষ।"

চেতঃ (চেতস্, চেৎ দেখ, অস্—ক) সং, ক্লীং, চিত্ত, মন, অন্তঃকরণ। শিং—১ "অপহরতি মুনেরপ্যেষ চেতো বসন্তঃ।" ২। চিত্তবৃত্তি। ৩। বিং, ত্রিং, জ্ঞাতা। ৪। (+অস্—ভাবে) চৈতন্য, প্রজ্ঞা। ৫। পুং, আত্মা।

চেতক (চেৎ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, উদ্বোধক, যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয়, যে অনবধানবশতঃ উপেক্ষিত বিষয়ে কর্ত্তব্যতা বোধ জন্মাইয়া দেয়।

চেতন (চেৎ দেখ, অন—ক) সং, পুং, আত্মা, জীব। ২। ক্লীং, চিত্ত। ৩। বিং, ত্রিং, চৈতন্যবিশিষ্ট, যে পদার্থের জীবন অনুভব ও শক্তি আছে। ৪। জাগ্রত, যে জাগিয়া আছে। (+অন—ভা, আপ্) না—স্ত্রীং, সংজ্ঞা। ২। বুদ্ধি। ৩। জ্ঞান, চৈতন্য। ৪। আপন মনে যাহা উদয় হইতেছে তদ্বিষয়ক জ্ঞান। ৫। জাগরণ, নিদ্রাভঙ্গ। ৬। মন। "যত্নেক্ষ চেতনা নাম মন ইত্যভিধীয়তে।"

[illegible] (র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত।

চেতিত (চিৎ-ক্তি—চেতি জানা+ত(ক্ত)—

চেতোজন্মা (—জন্মন্, চেতস্—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মনে যাহার উৎপত্তি হয়, মনোভূ, কামদেব। শিং—১ "চেতোজন্মশরপ্রসূনমধুভির্বিভ্রমাম্রমিশ্রতামাম্রয়ং।" ২। বিং, ত্রিং, মনোজাত।

চেতোবান (—মৎ, চেতস + মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চেতোযুক্ত, চৈতন্যবিশিষ্ট। শিং—১ "চেতোমন্তি চ সামানি ধনুর্বেদশ্চ ভারত।" (ভারত)।

চেতোমুখ (চেতঃ—মুখ দ্বার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চৈতন্যদীপ্ত, প্রাজ্ঞ।

চেত্তা (চিৎ+তৃ(তৃন্)—অন্তর্ভূতণ্যর্থে) বিং, ত্রিং, জ্ঞাপয়িতা। শিং—১ "স চেত্তা দেবতাপদম্।"

চেদি; সং, পুং, দেশবিশেষ, চন্দেল দেশ। ২। বংশবিশেষ। ৩। পুং, বহুং, তদ্দেশীয় লোক।

চেদিপতি, চেদিরাজ } (চেদি—পতি, রাজন্, ৬ষ্ঠী—য) সং, পুং, শিশুপাল।

চেপ্টা (চিপিট শব্দজ) বিং, চৌড়া, প্রশস্ত, চেটাল।

চেয় (চি চয়ন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, চয়নীয়, যাহা চয়ন করা আবশ্যক বা উচিত, চয়নযোগ্য। ২। আধানাঙ্গ সংস্কারযোগ্য (অগ্নি)। শিং—১ "অগ্নিশ্চেয়ো বহুভিশ্চাপি যজ্ঞৈঃ।"

চেররাজ্য; সং, ইহার উত্তরে কর্ণাট, দক্ষিণে সমুদ্র এবং পশ্চিমে কেরল দেশ।

চেল (চিল্ পরিধান করা+অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, লী—স্ত্রীং, বস্ত্র। ২। পরিচ্ছদ। ৩। (+অন্—ক) বিং, ত্রিং, অধম, চেলা। ৪। কুৎসিত। শিং—১ "বিপন্নো গলমুহ্যধা দূঢ়য়া চেলচীরয়া।" ২ "কলশাশ্চেল কর্ণিনঃ।"

চেলগঙ্গা; সং, স্ত্রীং, গোকর্ণসমীপস্থ নদীবিশেষ। শিং—১ "পপাত চেলগঙ্গায়াঃ পুলিনে সহকন্যয়া।" (হরিবংশ)।

চেলা (দেশজ) সং, সন্ন্যাসীদের শিষ্য। ২। কাষ্ঠখণ্ড।

চেলি (চেল শব্দজ) সং, পট্টবস্ত্রবিশেষ।

চেলিকা, চেলী } (চেল বস্ত্র+কণ্—স্বার্থে) সং, স্ত্রীং, চেলির কাপড়।

চেলীম; সং, পুং, ক্ষুদ্র মৎস্যবিশেষ।

চেষ্টক (চেষ্ট্ + অক(ণক) — ক) বিং, ত্রিং, চেষ্টাযুক্ত। ২। সং, পুং, রতিবন্ধবিশেষ। শিং — ১ "পাদমেকং হৃদি ন্যস্য দ্বিতীয়ং জঘনে ন্যসেৎ। বল্লভো যদি চেষ্টেত চেষ্টকো মতঃ।"

চেষ্টমান (চেষ্টা দেখ, আন(শান) — ক) বিং, ত্রিং, যে চেষ্টা করিতেছে, উদ্যোগী। ২। চলৎ।

চেষ্টা — স্ত্রীং } (চেষ্ট্ চেষ্টা করা + অ, ত(ক্ত) — ভা) সং,
চেষ্টিত — ক্লীং } কায়িক ব্যাপার, অভীষ্ট-সাধক অনিষ্ট-নাশক ক্রিয়া। ২। ব্যাপার। ৩। কর্ম্ম, কার্য্য। ৪। গতি। ৫। সাহস। ৬। যত্ন। ৭। উদ্যোগ শিং — ১ "কৃতিজন্যা ভবেচ্চেষ্টা।" ২ "আকারৈরিঙ্গিতৈর্গত্যা চেষ্টয়া।" ৩ "চেষ্টাং পিপীলিকানাম্।" ৪ "অচেনত্বেঽপি ক্ষীরবচ্চেষ্টিতং প্রধানস্য।"

চেষ্টিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, সচেষ্ট, যে চেষ্টা করে। ২। যে বিষয়ে চেষ্টা করা গিয়াছে বা যাইতেছে। ৩। (+ ক্ত — ভা) ক্লীং, চেষ্টা।

চৈতন্য (চেতন + য(ষ্যঞ্) — স্বার্থে, ভাবে) সং, পুং, ভগবানের অংশাবতার, আত্মা। কলিযুগে স্বয়ং শ্রীকৃষ্ণ নবদ্বীপে মিশ্রের ঔরসে ও শচীর গর্ভে চৈতন্য অবতার হইয়া জন্ম গ্রহণ করেন এবং জগতে হরিনাম প্রচার ও হরিগুণ কীর্ত্তন করিয়া পাপীকুলের উদ্ধার সাধন করেন। ২। ক্লীং, চেতনের ধর্ম্ম, চেতনের কার্য্য, বোধ, জ্ঞান, অনুভব। ৩। আপন মনে যাহা উদয় হইতেছে তদ্বিষয়ক জ্ঞান, চেতনা। শিং — ১ "জীবং পর্য্যামি বৃক্ষাণামচৈতন্যং ন বিদ্যতে।" ৪। জাগরণ। ৫। ব্রহ্ম। ৬। প্রকৃতি।

চৈতন্যচন্দ্রামৃত; সং, ক্লীং, বৈষ্ণবগ্রন্থবিশেষ। ইহার প্রণেতা প্রবোধানন্দ সরস্বতী।

চৈতন্যচরিতামৃত; সং, ক্লীং, কৃষ্ণদাস কবিরাজপ্রণীত বৈষ্ণব গ্রন্থবিশেষ।

চৈতন্যদেব; সং, পুং, গৌরাঙ্গ। ইনি ১৪০৭ শকে প্রাদুর্ভূত হইয়া ১৪৫৫ শকে নীলাচলে তিরোহিত হন। ইনি হরিনাম [illegible] প্রবর্ত্তয়িতা। বৈষ্ণবগণ ইহাকে পূর্ণব্রহ্ম বলিয়া স্বীকার করেন।

চৈতন্যভৈরবী; সং, স্ত্রীং, চৈ ন্যসারোক্ত ভৈরবীবিশেষ।

চৈত্ত (চিত্ত + অ — প্রং) সং, ক্লীং, বৌদ্ধমতে—বিজ্ঞানভিন্ন স্কন্ধ।

চৈত্য (চিত্য [ চি একত্র করা + য — র্ম্ম] অগ্নি + অ(ষ্ণ) — ইদমর্থে) সং, ক্লীং, পূজাস্থান, যজ্ঞস্থান। ২। বৌদ্ধদিগের দেবালয়বিশেষ। ৩। মনুমেণ্ট। ৪। (চিতা + অ (ষ্য) — ইদমর্থে) পুং, রথ্যা বা শ্মশানপার্শ্বস্থ বৌদ্ধগণপূজনীয় বৃক্ষ। ৫। শ্মশান-তরু। ৬। রথ্যাবৃক্ষ। ৭। পূজনীয়বৃক্ষ। শিং — ১ "অকৃষ্টপচ্যা পৃথিবী বিবভৌ চৈত্যমালিনী।" ২ "আসীনং চৈত্যমধ্যে।" ৩ "একো বৃক্ষো হি যো গ্রামে ভবেৎ পর্ণফলান্বিতঃ। চৈত্যো ভবতি নির্জ্ঞাতিরর্চনীয়ঃ সুপূজিতঃ।" ৮। বিং, ত্রিং, চিতাসম্বন্ধীয়।

চৈত্র } (চৈত্রী চিত্রানক্ষত্রযুক্ত পূর্ণিমা + অ(ষ্ণ) — যুক্তার্থে, ইক(ষ্ণিক)
চৈত্রিক } — স্বার্থে) সং, পুং, বসন্ত কালের প্রথম মাস, মধুমাস। শিং — ১ "চৈত্র এতিপদি বসন্তারম্ভঃ।" ২ "ফাল্গুন চৈত্রো বসন্তঃ।"

চৈত্রমখ (চৈত্র — মখ উৎসব, ৬ষ্ঠী — য) সং, পুং, চৈত্রমাসীয় উৎসব।

চৈত্ররথ (চিত্ররথ এই উদ্যানরক্ষক গন্ধর্ব্ব + অ(ষ্ণ) — রক্ষার্থে) সং, ক্লীং, কুবেরের উদ্যান, ইলাবৃতের পূর্ব্বদিকে অবস্থিত। শিং — ১ "বভৌ বহুজনাকীর্ণং বনং চৈত্ররথং যথা।" ২। পুং, মুনিবিশেষ। শিং — ১ "আবিক্ষিতমভিষ্যন্তং তথা চৈত্ররথং মুনিম্।" ৩। গ্রন্থবিশেষ, চিত্ররথ গন্ধর্ব্বকে অবলম্বন করিয়া যে গ্রন্থ রচিত হইয়াছে।

চৈত্ররথ্য (চিত্ররথ + য(ষ্যঞ্) — স্বার্থে) সং, ক্লীং, চৈত্ররথবন। শিং — ১ "আনসে চৈত্ররথ্যে চ স রেমে বাময়া রতঃ।" (ভাগবত)।

চৈত্রাবলী সং, স্ত্রীং, চৈত্রপূর্ণিমা, অন্যমতে —মদনত্রয়োদশী।

চৈত্রী (চিত্রা নক্ষত্রবিশেষ + অ(ষ্ণ) — যুক্তার্থে. ঈপ — স্ত্রীং) সং, স্ত্রীং, চিত্রানক্ষত্র

যুক্তা পূর্ণিমা, চৈত্রমাসীয় পূর্ণিমা। শিং—১ "চৈত্র্যাং হি পৌর্ণমাস্যাক্ত তবদীক্ষা ভবিষ্যতি।" ২। (চৈত্র+ইন্—বিদ্যমানার্থে) পুং, চৈত্রমাস।

চৈদিক (চেদি+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, চেদিদেশজাত।

চৈদ্য (চেদি এই দেশের নাম+য(ষ্ণ্য)—ইদমর্থে) সং, পুং, শিশুপাল। শিং—১ "স্বয়া বিপ্রকৃতশ্চৈদ্যঃ।" ২। পুং, বহুং, চেদিদেশীয় লোক। ৩। বিং, ত্রিং, চেদিবংশীয়।

চৈনেয় (চীন+এয়(ঢেয়)—ভবার্থে) বিং, ত্রিং, চীনদেশজাত, চীনদেশোদ্ভব। ২। (+ঢেয়—ইদমর্থে) চীনদেশ সম্বন্ধীয়।

চৈল (চেল+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বস্ত্রসম্বন্ধীয়। (+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, বস্ত্র। শিং—১ "চৈলকম্বলবেশ্মানি বিচিত্রানি মহান্তি চ।" (ভারত)।

চৈলধাব (চৈল বস্ত্র—ধাব্ ধৌতকরা+অ(অন্)—ক) সং, পুং, বস্ত্রক্ষালক, রজক, ধোবা। [ভাগ।

চোঁচ (দেশজ) সং, আঁশ, ছালের অন্তরস্থ

চোকান (দেশজ) সং, তীক্ষ্ণীকরণ। ২। নিষ্পত্তি।

চোক্ষ (চুষ্ চষা+ষ—প্রং। ষ=ক্) বিং, ত্রিং, দক্ষ, নিপুণ। শিং—১ "শ্রদ্ধাবন্তো দয়াবন্তশ্চোক্ষাশ্চোক্ষজনপ্রিয়াঃ।" ২। তীক্ষ্ণ। ৩। মনোজ্ঞ। ৪। নির্ম্মল। ৫। শীত। ৬। পুং, পবিত্র বনপ্রদেশ।

চোখা (যাবনিক) তীক্ষ্ণ।

চোঙা (দেশজ) সং, নল, নলী, সচ্ছিদ্র বংশখণ্ড। [করণ, বিদারণ।

চোটান (দেশজ) সং, ঠোকরান, আঘাত-

চোটী (চুট্ অল্প হওয়া+অ(অন্)—ক) সং, স্ত্রীং, শাটী, শাড়ী।

চোড় (চোল দেখ, ল=ড়) সং, পুং, দেশবিশেষ। ২। উত্তরীয় বস্ত্র।

চোদক (চুদ্ প্রেরণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে প্রেরণ করে, প্রেরক। ২। প্রবর্ত্তক।

চোদন (চোদি প্রেরণ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রেরণ। ২। (+অনট্—ক) পুং, প্রেরক। ৩। (দেশজ) স্ত্রীসম্ভোগ।

চোদনা (চুদ্ ণিচ্=চোদি প্রেরণ করা+অন—ভা, আপ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, প্রেরণা। ২। তর্জ্জনা। ৩। প্রবর্ত্তনা। শিং—১ "জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।" (গীতা)।

চোদয়িতা (চোদয়িতৃ, চোদনা দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রেরক। ২। প্রবর্ত্তক।

চোদিত (চোদনা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। নিয়োজিত।

চোদ্য (চুদ্ প্রেরণকরা, আজ্ঞাকরা ইত্যাদি+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, অদ্ভুত। ২। প্রশ্ন। ৩। বিং, ত্রিং, প্রেরণযোগ্য। শিং—১ "চপলাজনং প্রতি ন চোদ্যমদঃ।" (মাঘ)।

চোনা (দেশজ) সং, গোমূত্র, গোরুর প্রস্রাব।

চোনাট (দেশজ) আকুঞ্চিত করা, কেশ ও বস্ত্রাদির সৌন্দর্য্য সাধন করিয়া দেওয়া।

চোপদার (যাবনিক) যে ভৃত্যেরা আশাসোঁটা বহন করে।

চোপন (চুপ্ মন্দ মন্দ গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মন্দ মন্দ গমন, চুপে চুপে যাওয়া। ২। চুপ করিয়া থাকা, মৌন। ৩। (+অন—ক) বিং, ত্রিং, শনৈর্গামী।

চোপান (দেশজ) সং, অস্ত্র প্রহারকরণ।

চোর (চৌরি চুরি করা+অ(অন্)—ক) সং, পুং—স্ত্রীং, পরদ্রব্যাপহারক, তস্কর, যে চুরি করে। ২। পুং, গন্ধদ্রব্যবিশেষ। [চুরি।

চোরিকা (চৌরিকা দেখ) সং, স্ত্রীং, তস্করতা,

চোরিত (চোর দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপহৃত, যাহা চুরি করিয়াছে।

চোল (চুল্ উন্নত হওয়া+অ(অন্)—ক। অথবা চোল ব্যক্তিবিশেষের নাম, এই রাজার নামে এই দেশের নাম হইয়াছে) সং, পুং, দেশবিশেষ, তাঞ্জোর, পাণ্ড্যমণ্ডলের উত্তর পিনাকিনী নদী পর্য্যন্ত এই দেশের সীমা। ২। ক্লীং, লী—স্ত্রীং, ঘাঘরা। ৩। কাঁচুলি; যথা—

"চুম্বই বদন মদন রস মোহিত
লোহিত কুচ নেত চোলে।"

চোলক (চুল্ উন্নত হওয়া + অক(ণক) — ক। কিম্বা চোল + কণ্) সং, পুং, বর্ম্ম, সাঁজোয়া। ২। বল্কল, ছাল।

চোষ্য (চুষ্ চুষা + য — র্ম্ম) বিং, ত্রিং, যাহা চুষিয়া খাইতে হয়।

চৌক (চক্ষুস শব্দজ) সং, নেত্র। ২। চারি পণ। ৩। ধান্যের পরিমাণবিশেষ।

চৌকষ (পূর্ব্বে দেখ) বিং, মনোযোগী, সতর্ক।

চৌকা (চতুষ্কোণ শব্দজ) সং, চারি কোণা। ২। পাকস্থান।

চৌকাঠ (চৌ চতুর শব্দজ — কাঠ কাষ্ঠ শব্দজ) সং, দ্বারের নিম্নস্থ কাষ্ঠ।

চৌকি (চতুষ্কী শব্দজ) সং, খুরসী, আসন। ২। পাহরা, রক্ষা। ৩। পুলীস কিম্বা কর আদায়ের স্থানকে চৌকি বলে।

চৌকিদার (যাবনিক) সং, প্রহরী। ২। কর আদায়ের পেয়াদা।

চৌড় } (চূড়া শিখা + অ(ষ্ণ) — ভাবার্থে)
চৌল } সং, ক্লীং, চূড়াকরণ সংস্কার। ২। (+ ষ্ণ — ভবার্থে) বিং, ত্রিং, চূড়া-সম্বন্ধীয়।

চৌড়া (দেশজ) সং, প্রস্থ পরিমাণ, পরিসর।

চৌথ (চতুর্থ শব্দজ) করবিশেষ; প্রজাগণ আপনাদিগের বৃক্ষাদি কর্ত্তন করিলে তাহার চতুর্থাংশের যে মূল্য জমীদারকে প্রদান করে তাহাকে চৌথ কহে।

চৌদ্দ (চৌ চতুর শব্দজ — দ্দ দশন্ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ১৪।

চৌধুরী (চতুর্ধুরিন্, চতুর্ চারি — ধুর ভার + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, গ্রামের প্রধান। ২। নগরের মধ্যে প্রধান ব্যবসায়ী। বাজারের সর্দ্দার। ৪। উপাধিবিশেষ।

চৌপল (চৌ চতুর্ শব্দজ — পল কোণ) সং, চারি কোণ।

চৌপাড়ী } (চতুষ্পাঠী শব্দজ) সং, চারি-
চৌবাড়ী } বেদ অধ্যয়নের স্থান, টোল।

চৌম্বক (Magnetic, চুম্বক + অ(ষ্ণ) — ইদমর্থে) বিং, ত্রিং, আকর্ষক। ২। চুম্বক-সংক্রান্ত।

চৌর (চোর + অ(ষ্ণ) — স্বার্থে কিম্বা চুরা চৌর্য্য + অ — তচ্ছীলার্থে) সং, পুং — স্ত্রীং, চোর, যে চুরি করে, পরদ্রব্যাপহারক। ২। গন্ধদ্রব্যবিশেষ। ৩। কবিবিশেষ। শিং — ১ "কবিরমরুঃ কবিরমরঃ কবী চৌরময়ূরকৌ।" (উদ্ভট)।

চৌরপূর্ব্ব; বিং, ত্রিং, যে পূর্ব্বে চৌর্য্যবৃত্তি করিয়াছিল। [৮৪।

চৌরাশি (চতুরশীতি শব্দজ) সংখ্যাবিশেষ,

চৌরি } (চোর + ই — ভা। ক — যোগে
চৌরিকা } চৌরিকা) সং, স্ত্রীং, তস্করতা,
চৌরী } চুরী।

চৌর্ণস্তর (Chalk-formation) সং, পুং, যে স্তর খড়ী দ্বারা নির্ম্মিত হইয়াছে।

চৌর্য্য (চোর + য(ষ্ণ্য) — ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, তস্করতা, চুরি।

চ্যবন (চ্যু পতিত হওয়া + অন — ক। দুরাত্মা রাক্ষস সসত্ত্বাবস্থায় পুলোমাকে অপহরণ করিয়া লইয়া যাইতেছে এমন সময়ে পুলোমার গর্ভস্থ বালক ক্রোধান্বিত হইয়া মাতৃগর্ভ হইতে নির্গত হইলেন। তাহাতেই ইঁহার নাম চ্যবন হইল) সং, পুং, ঋষিবিশেষ, ভৃগুনন্দন; পুলোমার গর্ভে ভৃগুর ঔরসে ইঁহার জন্ম হয়। শিং — ১ "রোষান্মাতুশ্চ্যুতঃ কুক্ষেশ্চ্যবনস্তেন সোঽভবৎ।" ২। (+ অনট্ — ভা) ক্লীং, ক্ষরণ, গলন। ৩। ছত্র। [বিশেষ।

চ্যবনপ্রাশ; সং, পুং, চক্রদত্তোক্ত ঔষধ-

চ্যাবন (চ্যু-ণি = চ্যাবি নিঃসৃত হওয়া + অন(অনট্) — ক) বিং, ত্রিং, চ্যুতিকারক। শিং — ১ "দুশ্চ্যাবচ্যাবনো জেতা হন্ত_ ব্রহ্মদ্বিষাং হরঃ।" (ভারত)।

চ্যুত (চ্যু গমন করা, পতিত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, ভ্রষ্ট। ২। যে বা যাহা পড়িয়াছে, পতিত; যথা—বৃক্ষচ্যুত। ৩। যাহা চুইয়া পড়িতেছে, ক্ষরিত, গলিত। ৪। যে বা যাহা কোন স্থান বা অধিকার হইতে বহিষ্কৃত হইয়াছে; যথা—রাজ্যচ্যুত, পদচ্যুত। ৫। নষ্ট। ৬। চঞ্চল। ৭। প্রবৃষ্ট।

চ্যুতি (চ্যুত দেখ, ক্তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, ক্ষরণ। ২। পতন। ৩। হানি। ৪। নাশ। শিং — ১ "সত্যাচ্চ্যুতিঃ ক্ষত্রিয়স্য ন ধর্ম্মেষু

প্রশস্যতে।" ২"কুর্য্যাং হরস্যাপি পিনাক-পাণের্ধৈর্য্যচ্যুতিং কে মম ধন্বিনোঽন্যে।"

চ্যুপ (চ্যু হাস্য করা+প—সংজ্ঞার্থে) সং, পুং, মুখ, বদন।

চ্যাত (চ্যুৎ ক্ষরিত হওয়া, চ্যুত হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, চ্যুতি দেখ।

চ্যোতৎ (চ্যোত দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, ক্ষরণশীল। ২। বিনাশশীল।

চ্যৌত্ন (চ্যু গমন করা+ত্ন—ণ) সং, ক্লীং, বল। ২। (+ত্ন—ক) বিং,ত্রিং,গমনশীল। ৩। অণ্ডজাত। ৪। ক্ষীণপুণ্য।

# ছ

ছ ; ব্যঞ্জনের সপ্তমবর্ণ ; ইহার উচ্চারণস্থান জিহ্বামূল। ২। (ছো ছেদন করা+অ (ড)—ক) বিং, ত্রিং, নির্ম্মল। ৩। তরল। ৪। ছেদক। ৫। কম্পিত। ৬। সং, পুং, ছেদ। ৭। খণ্ড। ৮। (ছদ্ আচ্ছাদন করা+অ(ড)—ক) ক্লীং, গৃহ। ৯। মাহাত্ম্য। ছা—স্ত্রীং, (+ড—ভা) গোপন। ২। আচ্ছাদন। ৩। (+ড—র্ণ) শিশু।

ছই (ছদি শব্দজ) সং, নৌকার ছাদ।

ছগ (ছো ছেদন করা+ক—প্রং, অথবা গ(গম্)—র্ণ, ক=গ) সং, পুং, ছাগল।

ছগণ (ছ খণ্ড—গণ সমূহ) সং, ক্লীং, শুষ্ক গোময়, ঘুঁটে।

ছগল—পুং } (ছো ছেদনকরা+কল—
ছগলী—স্ত্রীং } র্ণ) সং, ছাগল। ২। ক্লীং, নীলবর্ণ বস্ত্র। ৩। পুং, অত্রিমুনি।

ছগলক (ছগল+কন্—স্বার্থে) সং, পুং, ছাগল। [প্রচণ্ডা দেবীর স্থান।

ছগলাণ্ড ; সং, পুং, [illegible] নিকট

ছটা (ছো [illegible] পাওয়া+অট(অটন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দীপ্তি, আলোক। শিং—১ "[illegible]"। ২। শোভা, সৌন্দর্য্য। শিং—১ "(কভা) [illegible] [illegible]"। ৩। সমূহ। শিং—১ "[illegible]"। ৪। রেখা। ৫। পরম্পরা ; যথা—[illegible]।

ছটাক (দেশজ) সং, সেরের ষোড়শাংশ, পাঁচতোলা। [ষ) সং, পুং, মৃগাঙ্কিশাহ।

ছটাফল (ছটা সরল রেখা—ফল, ৬ষ্ঠী—

ছটাভা (ছটা বিভিন্ন বর্ণবিশিষ্ট রেখা বা লম্বা চিহ্ন—আভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং। অথবা ছটা দীপ্তি—ভা শোভা পাওয়া +অ(ক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বিদ্যুৎ। [বীজাদিক্ষেপণ।

ছড়ান (দেশজ) সং, বিস্তৃত করণ। ২।

ছড়ী (দেশজ) সং, ক্ষুদ্র যষ্টি, সরু লাঠী।

ছত্র } (ছদ্-ণি=ছাদি আচ্ছাদন করা+
ছত্র } র—প্রং। অথবা ত্র—ণ) সং, ক্লীং, যাহা দ্বারা রৌদ্র নিবারণ করা যায়, আতপত্র,ছাতা। শিং—১ "শশিপ্রভং ছত্র মুক্তে চ চামরে।" ২। কোঁড়ক। ৩। (+ত্র—ভা) আচ্ছাদন। ত্রা—স্ত্রীং, (+ত্র—ক) অতিচ্ছত্রাবৃক্ষ। ২। মঞ্জিষ্ঠা। ৩। মৌরী। ৪। কোঁড়ক, ছাতা।

ছত্রক (ছত্র+ক—যোগ) সং, ক্লীং, ছত্র। ২। (ছত্র—ক কৈথাভুক) পুং, মাছরাঙ্গা পাখী। ৩। ঈশ্বরগৃহবিশেষ।

ছত্রকদেহী (Discophora) যাহাদের দেহ ছত্রকের (বেঙের ছাতার) সদৃশ ; যথা— মেডুসী নামক সমুদ্রজ জীব, ইহারা দুই-গণে বিভক্ত।

ছত্রদণ্ড (ছত্র ছত্রস্বরূপ—দণ্ড, বং—স) সং, পুং—ক্লীং, রাজছত্র। ২। (বং—দ্ব) ছত্র এবং দণ্ড।

ছত্রধর, ছত্রধার } (ছত্র—ধর, ধার, ধারী
ছত্রধারী—ণিন্ } যে ধরে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ছত্র ধারণ করে, ছত্রধারী।

ছত্রপত্র (ছত্র—পত্র পাতা। [illegible] পত্রবিশিষ্ট) সং, ক্লীং, স্থলপদ্ম। ২। [illegible], ভূর্জপত্র বৃক্ষ।

ছত্রপুর ; সং, [illegible] [illegible] প্রদেশ। [illegible]

ছত্রপুষ্প (ছত্র—পুষ্প, ৬ষ্ঠী—[illegible]) সং, পুং,

ছত্রভঙ্গ (ছত্র—ভঙ্গ নাশ, ৬ষ্ঠী—ষ। এ-স্থানে ছত্র শব্দ [illegible] বা রাজচিহ্নের ব-[illegible]) সং, পুং, বৈধব্য। ২। [illegible]। ৩। [illegible], [illegible]। ৪। [illegible]।

ছত্রভোগ ; সং, পুং, ভাগীরথী-তীরস্থ গ্রাম-বিশেষ। এখানে অম্বুলিঙ্গ নামক শিবলিঙ্গ সংস্থাপিত আছে।

ছত্রাক (ছত্র—অক্ গমন করা, তুল্য হওয়া +অ(ষণ্)—ক। অথবা ছত্র—কৈ দীপ্তি পাওয়া+অ—ক) সং, ক্লীং, শিলীন্ধ্র, কোঁড়ক। কী—স্ত্রীং, রাস্না।

ছত্রিশগড় ; সং, পুং, ভারতবর্ষের মধ্যপ্রদেশের একটী বিভাগ। ইহার অপর নাম রত্নপুর।

ছত্রী (ছত্রিন্, ছত্র+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, নাপিত। ২। বিং, ত্রিং, ছত্রধারী, ছাতি-ধরা। শিং—১ "ছত্রিণো গচ্ছন্তি।" ২ "মৌঞ্জী যজ্ঞোপবীতী চ ছত্রী দণ্ডাজিনী তথা।"

ছত্বর (ছদ্ আচ্ছাদনকরা+ষর—সংজ্ঞার্থে। দ্=ত্) সং, পুং, গৃহ। ২। কুঞ্জ।

ছদ (ছদ্-ণি=ছাদি আচ্ছাদন করা+অ (ঘ)—ণ) সং,পুং, পত্র। শিং—১"নিত্য-পুষ্পফলাস্তত্র পাদপাঃ হরিতচ্ছদাঃ।" ২। পক্ষ,পাখনা। ৩। আচ্ছাদন। ৪। তমাল-বৃক্ষ। ৫। গ্রন্থপর্ণি বৃক্ষ।

ছদন (ছদ দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, আচ্ছাদন। শিং—১"বিমলস্ফাটিকাভানি পাণ্ডবচ্ছদনানি চ।" ২। (+অনট্—ণ) পত্র। ৩। পক্ষ। ৪। তেজপাত।

ছদিঃ (ছদিস্, ছদ দেখ, ইস্—ণ, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, আচ্ছাদন। ২। (+ইস্—ভা) ছাদ, চাল।

ছদি (পূর্ব্বে দেখ, ই—ণ) সং, পুং, গৃহাচ্ছাদন, ছাদ, চাল। ২। (+ই-ভা) আচ্ছাদন।

ছদ্ম (ছদ্মন্, ছদ দেখ, মন্—ণ) সং, ক্লীং, ছল, কপট। শিং—১ "বিষ্ণুং রাম মহৎ মন্যে মানুষং ছদ্মরূপিণম্।" ২ "অনেন ছদ্মনা ভদ্রে স্বয়ং ত্বাং দ্রষ্টুমাগতঃ।"

ছদ্মবেশ (ছদ্মন্ কপট—বেশ,রং—স) সং, পুং, লোককে প্রতারণা করিবার নিমিত্ত যে বেশ করা যায়, কপটবেশ, জাল। ২। আপনি বাস্তবিক যেরূপ তাহা গোপন করিয়া,লোকের নিকট অন্যরূপে পরিচিত হইবার নিমিত্ত, যে আচরণ বা অনুষ্ঠান করা যায়, তাহাকে ছদ্মবেশ কহে ; যেমন —নাস্তিকের আস্তিকের ব্যবহার।

ছদ্মবেশী (—বেশিন্, ছদ্ম—বেশিন্ যে বস্ত্রাদি পরিধান করে) বিং, ত্রিং, যে ছদ্ম-বেশ করে, কাপটিক।

ছদ্মী (ছদ্মিন্, ছদ্ম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং,ছদ্মবেশধারী, কপটবেশযুক্ত। শিং—১ "বাহুকশ্ছদ্মিনং নলম্।" (ভারত)।

ছন্‌ছন্ (দেশজ) অস্থির হওয়া। ২। অল্প অল্প জ্বালা বা বেদনা করা।

ছন্দ(ছন্দ্ আচ্ছাদনকরা+অ(অল্)—ভা) সং, পুং, অভিপ্রায়। শিং—১"ভবচ্ছন্দং সমাজ্ঞায় নৃত্যেরন্নপ্সরোগণাঃ।" ২। বশতা। ৩। অভিলাষ। শিং—১ "স্বচ্ছন্দেন বয়ংস্থিতাঃ।" ৪। প্রবৃত্তি। ৫। বিষ। ৬। বিং, ত্রিং, গোপনীয়। শিং—১ "ছন্দানুবৃত্তিদুঃসাধাঃ সুহৃদো বিমনীকৃতাঃ।"

ছন্দক (ছন্দ্ রক্ষা করা+অক(ণক)—ক) সং, পুং, রক্ষক। ২। বাসুদেব।

ছন্দজ ; সং, পুং, বসু প্রভৃতি দেবগণ।

ছন্দবন্ধ (ছন্দোবদ্ধ শব্দজ কি ?)কথার বাঁধুনি; যথা—"এত বড় বিষম ধন্দ, যত করি ছন্দ-বন্ধ।"

ছন্দস্ (ছন্দ্ দীপ্তি পাওয়া, আনন্দ করা+অস্—ভাবে) সং, ক্লীং, পদ্যবন্ধ, পদ্যের ভেদ-বোধক সংজ্ঞা বা জাতি, যেমন—মালিনী তোটক একাবলী প্রভৃতি। ২। স্বেচ্ছাচার। ৩। ইচ্ছা। ৪। (+অস্—র্ম্ম) বেদ। শিং—১"প্রণবশ্ছন্দসামিব (আদ্যঃ)।" ২ "শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাংচয়ঃ। জ্যোতিষাময়নঞ্চৈব বেদাঙ্গানি ষড়েব তু।"

ছন্দানুগমন } (ছন্দ ইচ্ছা—অনুগমন,
ছন্দানুসরণ } অনুসরণ পশ্চাদ্গমন, ৬ষ্ঠী —য) সং, ক্লীং, আপন ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলা।

ছন্দানুগামী—মিন্ } (ছন্দ—অনুগামী,অনু-
ছন্দানুসারী—রিন্ } সারী যে পশ্চাৎ গমন করে, ৬ষ্ঠী—য) বিং,ত্রিং, যে আপন ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলে।

ছন্দানুবর্ত্তন—ক্লীং, ⎫ (ছন্দ—অনুবর্ত্তন,অনু-
ছন্দানুবৃত্তি—স্ত্রীং, ⎭ বৃত্তি) সং, মনযোগান, অন্যের ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলা।

ছন্দানুবর্ত্তী ( —বর্ত্তিন্, ছন্দ—অনুবর্ত্তী, ৬ষ্ঠী—য ) বিং, ত্রিং, যে পরের মন যোগায়। ২। যে অন্যের ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলে। র্ত্তিনী – স্ত্রীং, ইচ্ছানুগামিনী।

ছন্দোগ (ছন্দস্ সামবেদ—গ [গৈ গান করা + অ(ড)—ক] যে গান করে, ২য়া—সামবেদগায়ক। ২। সামবেদজ্ঞ। শিং—১ "যত্নেন ভোজয়েৎ শ্রাদ্ধে বহ্বৃচং বেদপারগং। শাখান্তগমথাধ্বর্য্যুং ছন্দোগঞ্চ সমাপ্তিকম্।"

ছন্দোগপরিশিষ্ট; সং, পুং, কাত্যায়ন-কৃত সামবৈদিক কর্ম্মবোধক গোভিল-সূত্রের পরিশিষ্ট।

ছন্দোমঞ্জরী; সং, পুং, গঙ্গাদাস সূরি-বিরচিত ছন্দোগ্রন্থ। [গ্রন্থ।

ছন্দোঽষ্টাদশ; সং,পুং, শ্রীরূপ গোস্বামীকৃত

ছন্ন (ছদ্-ণি=ছাদি অচ্ছাদন করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গুপ্ত, নির্জ্জনস্থ। ২। আচ্ছাদিত। ৩। লুপ্ত, নষ্ট। ৪। সং, ক্লীং, নির্জ্জনস্থান, রহঃ। শিং—১ "ছন্নেষপি স্পষ্টতরেষু।"

ছন্নমতি (ছন্ন নষ্ট—মতি বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার বুদ্ধিভ্রংশ হইয়াছে, নষ্টবুদ্ধি।

ছমণ্ড (ছম্ ভক্ষণ করা+অণ্ড—সংজ্ঞার্থে) সং, পুং, অনাথশিশু, পিতৃহীন বালক।

ছর্দ্দ (ছর্দ্দি দেখ, অ(অল্)—ভা) সং, পুং, বমি, বমন।

ছর্দ্দন (ছৃদ্ বা ছর্দ্দ্ বমনকরা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, বমন। ২। পুং, অলম্বুষ রাক্ষস। ৩। নিম্ববৃক্ষ। ৪। মদনবৃক্ষ।

ছর্দ্দি,ছর্দ্দী ⎫ (ছর্দ্দ্ বমন করা+ই, ঈস্—
ছর্দ্দিস্ ⎬ ভা। ছর্দ্দি+কণ্—যোগ) সং,
ছর্দ্দিকা ⎭ স্ত্রীং, বমি, উদ্গার।

ছর্দ্দিঘ্ন (ছর্দ্দি—ঘ্ন [হন্ নাশ করা+অ(টক্) —ক] যে নাশ করে) সং, পুং, নিম্ববৃক্ষ।

ছল (ছো [সারল্য] ছেদন করা+ল—ভা) সং, ক্লীং, কপটতা, শঠতা, প্রতারণা, চাতুরী। ২। কৌশল। ৩। আপত্তি। ৪। অভিপ্রায়, অভিসন্ধি, মনোভিলাষ। ৫। স্খলন। ৬। বাক্য-দূষণবিশেষ, বক্তা যে শব্দ যে অর্থে প্রয়োগ করেন সে শব্দের সে অর্থ গ্রহণ না করিয়া তদ্বিপরীতার্থ কল্পনা-পূর্ব্বক প্রতিবাদী যে মিথ্যা দোষারোপ করে। শিং—১ "ধর্ম্মেণ ব্যবহারেণ ছলেনাচরিতেন চ। প্রযুক্তং সাধয়েদর্থং পঞ্চমেন বলেন চ।" ২ "স্মাং বামনেন জগৃহে ত্রিপদচ্ছলেন।" ৩ "কথাচ্ছলেন বালানাং নীতিস্তদিহ কথ্যতে।"

ছলন—ক্লীং ⎫ (ছল্-ণি=ছলি [নামধাতু]
ছলনা—স্ত্রীং ⎭ ছলনা করা + অন(অনট্), অন—ভা, আপ্) সং, প্রতারণা, শঠতা, পরপ্রতারণা; যথা—"মোহের ছলনে ভুলে অজ্ঞান যে জন।" শিং—১"যথাপরং যথাযোগং ন চ স্যাৎ ছলনং পুনঃ।"

ছলিত (ছলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতারিত। ছলিতরামং নাটকম্।" ২। (+ক্ত—ভা) সং, ক্লীং, প্রতারণা, ছলনা।

ছলছল্ (দেশজ) জলে ভাষা; যথা—তোমার চক্ষু দুটি ছল্‌ছল্ করিতেছে।

ছল্লি, ছল্লী (ছদ্-ণি=ছদি আচ্ছাদন করা +০(ক্বিপ্)—ভাবে=ছদ্ আচ্ছাদন—লা দান করা+ই(কি)—ক) সং, স্ত্রীং, যাহা দ্বারা আচ্ছাদন করা থাকে, ত্বক্, ছাল, বল্কল। ২। লতা। ৩। পুষ্পবিশেষ। ৪। সন্তান, ছেলে।

ছবি (ছো [অন্ধকার] ছেদন করা+ই(ইন্) —ণ) সং, স্ত্রীং, দীপ্তি, শোভা। ২। উজ্জ্বলতা। ৩। চিত্রিত মূর্ত্তি, প্রতিমূর্ত্তি। শিং—১ "(বক্ত্রু) উদ্যচ্ছশাঙ্কসদৃশচ্ছবি।" ২ "কেশবিরহাদ্গৌরীললাটচ্ছবিঃ।"

ছন্নি (দেশজ) বেশবিন্যাস করা; যথা—বিধবার এত ছন্নি ভাল নয়।

ছা (শাবক শব্দজ কি?) সং, শিশু, বাচ্চা; "কাকের বাসায় কোকিলের ছা জাতিস্বভাবে ছা:ড়ে কি বা।" ২ "ছারে তাঁড়াইল মায়।"

ছাই (দেশজ) সং, ভস্ম, খাক, পাঁইস।

ছাওয়াল } (শাবক শব্দজ কি ?) শিশু।
ছাবাল } সন্তান।

ছাঁকন (দেশজ) সং,বস্ত্রাদি দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ, নির্ম্মলকরণ।

ছাঁচনী (দেশজ) মন্থনদণ্ড। [অগ্রাহ্যকরণ।

ছাঁটন (দেশজ) সং, কর্ত্তন, ছেদন। ২।

ছাঁদ (দেশজ) গঠন; যথা—তাহার সুছাঁদ। ২। যে রজ্জু দ্বারা গাভীর পদ বন্ধন করিয়া দুগ্ধ দোহন করে। ৩। ছন্দ; যথা—"নানা বাঁদে নানা ছাঁদে গন্ধ ফাঁদে কত।"

ছাগ } (ছগ, ছগল+অ(ষ্ণ)—স্বার্থে।
ছাগল } কণ্—যোগ) সং, পুং, অজ।
ছাগলক } শিং—১ "শ্বেতং সুপাকং সমদীর্ঘবৃত্তং নিঃশল্কলং ছাগলকং বদন্তি। গলেদ্বিকণ্টকঃকিল তস্যপৃষ্ঠেকণ্টঃ সুপথ্যো রুচিদো বলপ্রদঃ।" গী,লী—স্ত্রীং, অজা।

ছাগণ (ছগণ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) সং, পুং, ঘুঁটের আগুন।

ছাগভোজী (—ভোজিন্, ছাগ—ভোজী যে ভোজন করে) সং, পুং, নেকুড়িয়া বাঘ। ২। বিং, ত্রিং, ছাগভক্ষক।

ছাগমুখ (ছাগ—মুখ। ছাগমুখের ন্যায় যাহার মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুমারানুচরবিশেষ। ২। (কার্ত্তিকেয়ের ষষ্ঠমুখ ছাগমুখের ন্যায় বলিয়া) কুমার।

ছাগরথ (ছাগ—রথ) সং, পুং, অগ্নি।

ছাগবাহন (ছাগ—বাহন যান, রথাদি) সং, পুং, অগ্নি।

ছাড়ন (দেশজ) সং, বর্জন, ত্যাগকরণ।

ছাত (ছো ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। ২। দুর্ব্বল। ৩। ক্ষীণ, কৃশ।

ছাতা } (ছত্র শব্দজ) সং, আতপত্র,
ছাতি } ছাতী। ২। কোঁড়ক।

ছাতু (সক্তু শব্দজ কি ?) সং, যবাদিচূর্ণ।

ছাত্র (ছত্র+অ(ষ্ণ)—অস্ত্যর্থে। অথবা ছত্র গুরুর দোষাবরণ+অ(ক)—তৎস্যশীলার্থে) সং, পুং, অন্তেবাসী, শিষ্য, পড়ুয়া। শিং—১ "ছত্রেণ ছাত্রমদ্রাক্ষীৎ।" ২। মধুবিশেষ। শিং—১"কুর্ব্বন্তি ছত্রাকারন্ত তজ্জং ছাত্রং মধুস্মৃতম্।" ত্রী-স্ত্রীং,শিষ্যা।

ছাত্রগণ্ড; সং, পুং, শিক্ষাবিষয়ে যে ছাত্রের যত্ন ও অনুরাগ নাই।

ছাত্রদর্শন (ছাত্র মধুবিশেষ—দর্শন, ৬ষ্ঠী—হিং। যাহার ছাত্র মধুর ন্যায় দৃষ্ট হয়) সং, ক্লীং, হৈয়ঙ্গবীন, মধুরাস্বাদযুক্ত। ২। সদ্যোজাত ঘৃত। ৩। শিষ্যাবলোকন।

ছাত্রবৃত্তি; সং, স্ত্রীং, ছাত্রের জীবিকা, ছাত্রের উৎসাহ বর্দ্ধনার্থে পারিতোষিকস্বরূপ মাসিকাদি নিয়মে যে অর্থ দেওয়া যায়।

ছাদ (ছদ্ আচ্ছাদন করা+অ(ঘঞ্)—ণ) সং, ক্লীং, ঘরের আচ্ছাদন, চাল। ২। ছাত।

ছাদক (ছাদন দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, আচ্ছাদক। ২। যে ঘর ছায়, যে ঘরে ছাদ নির্ম্মাণ করে।

ছাদন (ছদ্-ণি=ছাদি আচ্ছাদন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আচ্ছাদন, আবরণ। শিং—১ "ফণাভৃতাং ছাদনমেক মোকসাম্।" (মাঘ)। ২। ঘর ছাওয়া, ঘরের ছাদ নির্ম্মাণ করা। ৩। (+অনট—ণ) পত্র। ৪। ছাল। ৫। ছাত।

ছাদিত (ছাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত। ২। যাহা ছাওয়া হইয়াছে, যাহার ছাদ নির্ম্মিত হইয়াছে।

ছানা (দেশজ) সং, পুং, শাবক, শিশু। ২। দুগ্ধবিকার।

ছান্দস (ছন্দস্ বেদ+অ(ষ্ণ)—অধ্যয়নার্থে) সং, পুং, বেদাধ্যায়ী। ২। বেদাধ্যাপক। ৩। শ্রোত্রিয়। ৩। বেদব্যাখ্যাযুক্ত গ্রন্থ। ৫। বিং, ত্রিং, বেদজাত। ৬। ছন্দঃসম্বন্ধীয়।

ছান্দোগ্য (ছান্দস্ বেদসম্বন্ধীয়—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে+য(ষ্ণ্য)—ব্যবহারার্থে বা অভ্যাসার্থে। অথবা ছন্দোগ+য(ষ্ণ্য)—ইদমর্থে) সং,ক্লীং, সামবেদের অংশবিশেষ।

ছাপ (চূর্ণকরণার্থ চপ্ ধাতুজ) সং, মুদ্রা। ২। চিহ্ন। ৩। ছাপা। পা—বিং, মুদ্রাঙ্কিত। ২। চিহ্নিত। ৩। আবৃত, লুক্কায়িত; যথা—এ কথা ছাপা থাকিবে না।

ছাপন (দেশজ) সং, বস্ত্রাঙ্কন,—মুদ্রাঙ্কন। ২। গোপন।

ছাপরা ; নগরবিশেষ ; গণ্ডোয়ানা রাজ্যে বেণগঙ্গার উপরে ও নাগপুর হইতে ৮৭ ক্রোশ উত্তরে ইহা অবস্থিত।

ছাব্বিশ (ষড় বিংশতি শব্দজ) বিং, সংখ্যা-বিশেষ, ২৬।

ছায়া (ছো [রৌদ্র] ছেদন করা+য—ক,আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অনাতপ, রৌদ্রাভাব। ২। অন্ধকার। ৩। প্রতিবিম্ব। ৪। কান্তি, দীপ্তি, প্রভা। ৫। আলোক। ৬। সূর্য্যের পত্নী ; ইঁহার গর্ভে সাবর্ণিমনু শনৈশ্চর ও তপতীর জন্ম হয় ; যথা—

"দ্বাদশ-মুরতি, গ্রহগণ পতি,
সংজ্ঞা ছায়া নারী ধন্যা।"

শিং—১ "অসহন্তী তু স্বাং ছায়াং সবর্ণা নির্ম্মমে ততঃ।" ৭। দুর্গা। ৮। পালন। ৯। শ্রেণী। ১০। উৎকোচ। ১১। উনিশ অক্ষর ছন্দো-বিশেষ। ১২। আবর্ত্তন ; যেমন—বৃক্ষের ছায়া। শিং—১ "ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতে দ্রুমঃ।" ২ "(করতলৈঃ) কিসলয়চ্ছায়া পরিস্পর্দ্ধিভিঃ।" ১৩। আশ্রয় ; যথা—"দেহ পদছায়া।" ১৪। রাগিণীবিশেষ।

ছায়াকর (ছায়া—কর [কৃ করা+অ (অল্)—ক] যে করে) বিং, ত্রিং, ছত্রধারী, যে ছায়া করে।

ছায়াঙ্ক (ছায়া সূর্য্যপ্রতিবিম্ব—অঙ্ক, ৬ষ্ঠী—হিং। সূর্য্যপ্রতিবিম্ব পতিত হওয়াতে যাহার প্রকাশ হয়) সং, পুং, চন্দ্র।

ছায়াতনয়, ছায়াত্মজ, ছায়াসুত (ছায়া সূর্য্যপত্নী—তনয়, আত্মজ, সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনিগ্রহ।

ছায়াতরু (ছায়া ছায়াপ্রধান—তরু, মৎ—স) সং, পুং, বৃহৎ বৃক্ষ, যে গাছের অনেক ছায়া হয়। শিং—১ "পূর্ব্বাহ্নে চ পরাহ্নে চ তলং যস্য ন মুঞ্চতি। অত্যন্তশীতলচ্ছায়ঃ স ছায়াতরু রুচ্যতে।" ২ "স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্য্যাশ্রমেষু।" (মেঘদূত)। ২। নমেরুবৃক্ষ। ৩। সুরপুন্নাগবৃক্ষ।

ছায়ানট (ছায়ানট্ট শব্দজ) সং, পুং, রাগিণী-বিশেষ।

ছায়াপথ (Milky-way, ছায়া দীপ্তি—পথ পথিন্ শব্দজ, মৎ—স) সং, পুং, জ্যোতা-যুক্ত পথ, রজনীযোগে দৃশ্যমান নক্ষত্রপুঞ্জ সমাবৃত্ত পথের ন্যায় প্রতীয়মান নভোমণ্ডলস্থ তিরশ্চীন অংশবিশেষ। শিং—১ "ছায়াপথেনৈব শরৎপ্রসন্নম্।" ২। জ্যোতিশ্চক্রমধ্যবর্ত্তী অর্দ্ধমণ্ডলাকৃতি প্রদেশবিশেষ। ৩। জ্যোতিশ্চক্রমধ্যবর্ত্তী মণ্ডলাকার নক্ষত্রশ্রেণী।

ছায়াপুরুষ ; সং, পুং, নিজচ্ছায়ার অনুরূপ প্রতিবিম্বাত্মক পুরুষ। ২। আকাশস্থ ছায়াত্মক পুরুষ।

ছায়াভৃৎ (ছায়া দীপ্তি—ভৃৎ [ভৃ ধারণ করা+০(কিপ্)—ক] যে ধারণ করে) সং, পুং, চন্দ্র।

ছায়ামান (ছায়া—মান পরিমাণ করা+অন(অনট্)—র্ম্ম। প্রতিবিম্বানুসারে যাহার পরিমাণ করা হয়) সং, পুং, চন্দ্র।

ছায়ামিত্র (ছায়া—মিত্র সুহৃদ্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ছত্র, ছাতি।

ছায়ামৃগধর (ছায়া প্রতিবিম্বরূপ—মৃগ হরিণ—ধর যে ধারণ করে) সং, পুং, চন্দ্র।

ছায়াবিপ্রতিপত্তি (ছায়া দেহকান্তি—বিপ্রতিপত্তি অন্যথাভাব, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেহকান্তির অন্যথাভাব।

ছার (ক্ষার শব্দজ কি?) ভস্ম। ২। বিং, অধম, হেয় ; যথা—ছারকপাল।

ছারখার (ক্ষার শব্দজ) সং, ভস্মসাৎ, সর্ব্বনাশ। ২। বিং, উচ্ছিন্ন প্রচ্ছিন্ন।

ছারপোকা (দেশজ) সং, গন্ধকীট, মৎকুণ।

ছাল (ছল্লী শব্দজ) সং, ত্বক্, বাকল। লা—স্ত্রীং, গুণ থলিয়া।

ছি ; অং, নিন্দা, ঘৃণাসূচক শব্দ।

ছিক্কা (ছিক্ অনুকরণ শব্দ—ক [কৈ+অ (ড)—ক] যে শব্দ করে,আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হাঁচি, কাশি।

ছিঁচকা (শলাকা শব্দজ) সং, শিক, গজ। ২। চোরবিশেষ।

ছিটা (দেশজ) সং, বিন্দু, কণা।

ছিত (ছো ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, ছেঁড়া।

ছিত্তি (ছিদ্ ছেদন করা+তি(ক্তি)—ভা)

পুনরাবৃত্তি। ৪। (দেশজ) বিরাম; যথা—বৃষ্টির ছেক।
ছেকাপহ্নুতি; সং, স্ত্রীং, অর্থালঙ্কারবিশেষ।
ছেড়; সঙ্গীতে—গভাদি বাদনকালে যে কোন তারে যে কোন স্বর প্রকাশ করিয়া নায়কী ও আহত তার ভিন্ন অন্যান্য তারে বিভিন্ন রূপে মাত্রানুযায়ী আঘাত করত যে বাদন-ক্রিয়া নিষ্পন্ন করা যায় তাহার নাম ছেড়।
ছেত্তা (ছেত্তৃ, ছো ছেদন করা+তৃ(তৃন্)-ক) বিং, ত্রিং, ছেদক, ছেদনকর্ত্তা।
ছেদ (ছিদ্ ছেদন করা+অ(ঘঞ্)-ভা) সং, পুং, ছেদন। শিং—১"অভিজ্ঞাশ্ছেদপাতানাং ক্রিয়ন্তে নন্দনক্রমাঃ। ২। বিরাম। ৩। পরিচ্ছেদ, অধ্যায়। ৪। (+ঘঞ্-র্ম্ম) খণ্ড, ভাগ। শিং—১ "বলাহকচ্ছেদবিভক্তরাগাম্।" (কুমার)। ৫। (+ঘঞ্-ক) বিং, ত্রিং, ছেদক, ভাজক। শিং—১ "ছেদং গুণং গুণং ছেদং।"
ছেদক (ছেদ দেখ, অক(ণক)-ক) বিং,ত্রিং, যে ছেদন করে, কর্ত্তক। ২। ভাজক।
ছেদন (ছেদ দেখ, অন(অনট্)-ভা) সং, ক্লীং, কর্ত্তন, কাটা। ২। খণ্ড। ৩। (+অনট্-ণ) বিং, ত্রিং, ছেদক, ছেদন-সাধন। শিং—১ "তদ্বৈ শস্ত্রং শস্ত্রবিদাং ন শস্ত্রং ছেদনং স্মৃতম্।" (ভারত)।
ছেদনীয় (ছিদ্ ছেদন করা+অনীয়-র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ছেদন করা উচিত বা আবশ্যক, যাহা ছেদন করিতে হইবে, ছেদ্য, ছেদনযোগ্য। ২। নির্ণেয়।
ছেদপ্রবণ; বিং, ত্রিং, যে দ্রব্যকে টানিলে সূক্ষ্ম তার প্রস্তুত হয় না, সহজেই ছিন্ন হইয়া যায়।
ছেদিত (ছিদ্-ণিচ্=ছেদি ছেদন করা+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, কর্ত্তিত, দ্বিধাকৃত।
ছেদ্য (ছেদ দেখ, য(ঘ্যণ)-র্ম্ম) বিং, ত্রিং, ছেদন-যোগ্য। শিং—১"ছেদ্যাং চন্দনচূত চম্পকবনং রক্ষা চ শকোটকে।" ২ "শীর্ষচ্ছেদ্যমতোঽহং স্বাং। ২। নির্ণেয়।
ছেপ (ষ্ঠীব্ ধাতুজ) সং, নিষ্ঠীবন, থুথু।
ছেবলা (দেশজ) সং, বালকের ন্যায় চপল ব্যক্তি।
ছেলিয়া (দেশজ) সং, কিঞ্চিদ্বয়ঃস্থ বালক, শিশু। [আবরণ।
ছৈ (দেশজ) নৌকা প্রভৃতির উপরিভাগের
ছোকরা (দেশজ) সং, কিঞ্চিদ্বয়ঃস্থ বালক, শিশু। [অধম।
ছোট (দেশজ) বিং, ত্রিং, ক্ষুদ্র, কনিষ্ঠ। ২।
ছোটিকা (ছুট্ ছেদন করা+অক(ণক)-ক, আপ—স্ত্রীং) সং, স্ত্রীং, অঙ্গুলিধ্বনি, তুড়ি। শিং—১"ছোটিকাভির্দশদিক্বন্ধনং কৃত্বা।" (ভূতশুদ্ধি)।
ছোটী (ছোটিন্,ছো ছেদন করা+উটিন্-প্রং। নিপাতন। অথবা ছুট্ ছেদন করা+ইন্(ণিন্)-ক) সং, পুং, ধীবর।
ছোট্ (দেশজ) সং, গবাদির মুখবন্ধন রজ্জু। ২। নদীপারের নৌকাবিশেষ।
ছোড়ান (দেশজ) সং,তালার কাটী, কুঞ্চিকা।
ছোপ (স্পর্শার্থ ছুপধাতুজ) সং, বস্ত্রাদিতে চিহ্ন, দাগ। ২। ভিত্তিতে মৃত্তিকা লেপন।
ছোরণ (ছুর্ ছেদন করা+অন(অনট্)-ভা) সং,ক্লীং, পরিত্যাগ, ছেড়ে দেওয়া।
ছোল (ছল্লী শব্দজ) সং, ত্বক্, বাকল। ২। লাচণক। ২। কড়াইবিশেষ। ৩। বিং, ত্বক্-নির্মুক্ত। [নারিকেল ছোবড়া।
ছোবড়া (দেশজ) ফলের অসারাংশ; যথা—
ছোহারা; সং, স্ত্রীং, দ্বীপান্তরস্থ খর্জ্জুরিকা, খেজুর। শিং—১ "জায়তে পশ্চিমে দেশে সা ছোহারেতি কীর্ত্ত্যতে।"

---

# জ

জ; ব্যঞ্জন বর্ণের অষ্টম অক্ষর; ইহার উচ্চারণস্থান তালু। ২। (জি জয়করা+অ(ড)-ক) সং, পুং, শিব। ২। বিষ্ণু। ৩। বিং, ত্রিং, জয়যুক্ত। ৪। (জন্ জন্মান+অ(ড)-ভা) জন্ম। ৫। উৎপত্তি। ৬। বেগ। ৭। দীপ্তি। ৮। (+ড-পা) জনক, পিতা। ৯। মাতা। ১০। (+ড-ক) গুরু মধ্য বর্ণত্রয়। ১১। বিং,ভুক্ত। ১২। শীঘ্র। ১৩। জাত,যে জন্মে (শব্দের পরে ইহা প্রয়োগ হয়); যথা—পঙ্কজ, জলজ প্রভৃতি

জকুট ; সং, পুং, মলয়পর্ব্বত। ২। কুকুর। ৩। ক্লীং, বেগুণফুল।

জক্ষণ ( জক্ষ্ ভক্ষণ করা + অন(অনট্)—ভা ) সং, ক্লীং, ভক্ষণ, ভোজন।


জক্ম, জক্মা ( জক্মন্, জক্ষ্ ভক্ষণ করা + ম, মন্ — ক) সং, পুং, ক্ষয়রোগ।

জখর (দেশজ) উদরমধ্যস্থ গুল্মাকার রোগবিশেষ। [ষ) সং, পুং, সূর্য্য।

জগচ্চক্ষুঃ (—চক্ষুস, জগৎ — চক্ষুস্, ৬ষ্ঠী —

জগজ্জন ( জগৎ — জন, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, জগতের লোক।

জগঝম্প—ভারতবর্ষীয় বাহির্দ্বারিক যন্ত্রবিশেষ। ইহা পূজা ও বিবাহ প্রভৃতি উপলক্ষে ব্যবহৃত হয়; পূর্ব্বে ইহা যুদ্ধ-বাদ্যযন্ত্র ছিল। ইহার চর্ম্মাচ্ছাদনী চর্ম্মরজ্জু দ্বারা সম্বদ্ধ থাকে। ইহার ধ্বনিকোষ মৃত্তিকানির্ম্মিত। এই যন্ত্রকে গলায় এবং সম্মুখে সচরাচর লোকেরা বাজাইয়া থাকে। এই যন্ত্র তাসা যন্ত্রের সহিত ব্যবহৃত হয়।



জগঝম্প।

জগৎ ( গম্ গমন করা + ০(ক্বিপ্) — ক। নিপাতন, অৎ। গম্ স্থানে জগ) সং, ক্লীং, ভুবন, লোক। শিং—১ "ববর্ষ সহসা দেবো জগৎ প্রহ্লাদয়ংস্তদা।" ২। বিশ্ব, ব্রহ্মাণ্ড। শিং—১ "জগদাদিরনাদিস্ত্বং জগদন্তো নিরন্তকঃ।" ৩। পৃথিবী। ৪। শরীর। ৫। পুং, বায়ু। ৬। বিং, ত্রিং, জঙ্গম, অস্থায়ী। "জগতাং তস্থুষশ্চ।"

জগৎকর্ত্তা (—কর্ত্তৃ, জগৎ — কর্ত্তা [কৃ করা + তৃ(তৃন্) — ক] যে করে, ২য়া — ষ ) সং, পুং, ঈশ্বর। [জগৎকর্ত্তা, ঈশ্বর।

জগৎপতি (জগৎ — পতি, ৬ষ্ঠী — ষ) সং, পুং,

জগৎপাতা—পাতৃ } (জগৎ — পাতা, পিতা
জগৎপিতা—পিতৃ } পালনকর্ত্তা, ৬ষ্ঠী — ষ)

সং, পুং, জগদীশ্বর। [বায়ু, বাতাস।

জগৎপ্রাণ (জগৎ — প্রাণ, ৬ষ্ঠী — ষ) সং, পুং,

জগৎসাক্ষী (—সাক্ষিন্, জগৎ — সাক্ষী প্রত্যক্ষদর্শী, ৬ষ্ঠী — ষ) সং, পুং, সূর্য্য। ২। যিনি জগতের যাবতীয় ব্যাপার অনুক্ষণ প্রত্যক্ষ করিতেছেন।

জগৎসেতু (জগৎ — সেতু, ৬ষ্ঠী — ষ) সং, পুং, জগতের নিস্তার-কারণ ঈশ্বর।

জগতী (জগৎ দেখ, ঈপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, পৃথ্বী। ২। ভুবন। ৩। পৃথিবীস্থ লোক। "উপরুদ্ধাঞ্চ জগতীং তমসেব সমাবৃতাম্।" ৪। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

জগদম্বা } ( জগৎ — অম্বা মাতা, ৬ষ্ঠী
জগদম্বিকা } — ষ) সং, স্ত্রীং, দুর্গা, কালী।

শিং—১ "সৃষ্টিস্থিতিবিনাশানাং বিধাত্রী জগদম্বিকা।"

জগদাধার ( জগৎ — আধার আশ্রয়, অবলম্বন, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কাল। শিং—১ "কালো হি জগদাধারঃ।" ২। বায়ু। ৩। জগতের আশ্রয়, জগৎ যাহাকে অবলম্বন করিয়া রহিয়াছে, ঈশ্বর।

জগদায়ুঃ ( জগৎ — আয়ুঃ প্রাণ, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, বায়ু। শিং—১ "অহং কেশরিণঃ ক্ষেত্রে বায়ুনা জগদায়ুষা।"

জগদীশ (জগৎ — ঈশ প্রভু, ৬ষ্ঠী — ষ) সং, পুং, জগৎপ্রভু, নারায়ণ। ২। জগতের ঈশ্বর, বিশ্বপতি, পরমেশ্বর। শিং—১ "জয়-জগদীশহরে।" (জয়দেব)।

জগদ্‌গুরু (জগৎ — গুরু, ৬ষ্ঠী — ষ বা ৫মী — ষ। যিনি জগতের গুরু বা জগৎ হইতে শ্রেষ্ঠ) সং,পুং, পরমেশ্বর। শিং—১"যেনে পরার্দ্ধ্যমাত্মানং গুরুত্বেন জগদ্‌গুরোঃ।"

জগদ্গৌরী ( জগৎ — গৌরী দেবীবিশেষ ) সং, স্ত্রীং, মনসাদেবী।

জগদ্দীপ (জগৎ — দীপ প্রকাশক, ৬ষ্ঠী — ষ) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "জগদ্-যোনিং জগদ্দীপং জয়িনং জগতোগতিম্।"

জগৎদ্রুহ্ } ( জগৎ — দ্রুহ্ অনিষ্টাচরণ
জগৎদ্রুহ } করা + ০(ক্বিপ্) — ক। ২য় পক্ষে

—অ(ক) — ক) বিং,ত্রিং, জগতের অনিষ্টকারী।

জগদ্ধাত্রী (জগৎ ত্রিভুবন — ধাত্রী যে পোষণ করে, ২য়া — ষ ) সং, স্ত্রীং, গৌরী, জগদ্ধারণকর্ত্রী, জগন্মাতা, দুর্গা। শিং—১ "জগদ্ধাত্রী মহাদুর্গা চতুর্বর্গফলপ্রদা।"

**জগদ্‌যোনি** ( জগৎ—যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, জগতের উৎপাদক। ২। ব্রহ্মা। শিং—১"জগদ্‌যোনি অযোনিজং। ৩। বিষ্ণু। "নারায়ণং জগদ্‌যোনিং পুরাণং পুরুষং ধ্রুবং।" ৪। শিব। শিং—১"জগদ্‌যোনিং জগদ্দীপং জয়িনং জগতোপতিম্।" ৫। স্ত্রীং, পৃথিবী।

**জগদ্বল** ( জগৎ—বল বেষ্টন, ৫মী—হিং ) সং, পুং, বায়ু। [স্ত্রীং, পৃথিবী।

**জগদ্বহা** ( জগৎ—বহ যে বহন করে ) সং,

**জগন্নাথ** ( জগৎ—নাথ, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, জগৎপ্রভু, নারায়ণ। ২। ভৈরববিশেষ। ৩। পুরুষোত্তম দেবমূর্ত্তি, ইহা নরপতি ইন্দ্রদ্যুম্নকর্ত্তৃক প্রতিষ্ঠিত। জনশ্রুতি আছে যে, শ্রীকৃষ্ণ জরাব্যাধের শরাঘাতে দেহত্যাগ করিলে তাঁহার সেই দেহ বৃক্ষমূলে পতিত থাকে; পরে কোন মহাত্মাকর্ত্তৃক ভগবানের সেই দেহাস্থি সংগৃহীত হয়। রাজা ইন্দ্রদ্যুম্ন সেই অস্থিতে জগন্নাথদেবের মূর্ত্তি নির্ম্মাণার্থ বিশ্বকর্ম্মাকে নিযুক্ত করেন। তৎকালে বিশ্বকর্ম্মার সহিত তাঁহার এইরূপ নিয়ম হয়, যদি কেহ এই মূর্ত্তি নির্ম্মাণ সময় দর্শন করে,তাহা হইলে তৎক্ষণাৎ বিশ্বকর্ম্মা নিরস্ত হইবেন। এই নিয়মানুসারে বিশ্বকর্ম্মা দ্বাররুদ্ধ করিয়া পঞ্চদশ দিন মূর্ত্তি নির্ম্মাণ করিলে, রাজা ইন্দ্রদ্যুম্ন প্রতিমা দর্শনার্থ সমুৎসুক হইয়া যেমন দ্বারোদ্ঘাটন করিলেন অমনি বিশ্বকর্ম্মা অন্তর্হিত হইলেন। এই সময়ে জগন্নাথদেবের হস্তপদ বিনির্ম্মিত না হওয়ায় সেই মূর্ত্তি তদবস্থায় রহিল। পরে ব্রহ্মার বরে ঐ মূর্ত্তিই জগন্নাথ বলিয়া প্রসিদ্ধ হইয়াছে।

**জগন্নু** ( জগৎ—নুদ্ প্রেরণ করা+উ—প্রং। নিপাতন। জগন্নু শব্দও হয় ) সং, পুং, অগ্নি। ২। কীট, জন্তু।

**জগন্ময়ী** ( জগৎ+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে। ঈপ্—স্ত্রীং ) সং, স্ত্রীং, যিনি সমস্ত জগৎ ব্যাপিয়া আছেন, জগদ্ব্যাপিনী শক্তি।

**জগন্বস্** } ( গম্ গমন করা+ক্বসু—ক )
**জগ্মিবস্** } বিং, ত্রিং, যে গমন করিয়াছে।

**জগর** } (জাগৃ জাগিয়া থাকা+অ(অন্)
**জাগর** } —ক, নিপাতন) সং, পুং, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।

**জগল** ( গল্ [ যঙলুগন্ত ] পুনঃপুনঃ ক্ষরিত হওয়া+অ(অন্)—ক। নিপাতন ) সং, পুং, মদ্যকল্ক। ২। মদিরাবিশেষ, পিষ্টমদ্য। ৩। কবচ, বর্ম্ম। ৪। ক্লীং, গোময়। ৫। বিং, ত্রিং, ধূর্ত্ত।

**জগ্ধ, জংদ্ধ** (অদ্ ভক্ষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্ত, ভক্ষিত। ২। (+ক্ত—ভা) সং, পুং, ভোজন।

**জগ্ধি** (জগ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভক্ষণ, ভোজন।

**জঘন** ( হন্ [ যঙলুগন্ত ] বধ করা+অন—ক ) সং, ক্লীং, স্ত্রীলোকের কটি। ২। কটিদেশের সম্মুখভাগের নিম্নদেশ। "গঙ্গাযমুনয়োর্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্। প্রয়াগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ।"

**জঘন্য** (জঘন কটি+য(ষ্যৎ)—ভবার্থে) বিং, ত্রিং, নীচ, অধম, গর্হিত। ২। হেয়, ঘৃণার্হ। শিং—১ "নারায়ণ স্মরণহীনজনো জঘন্যঃ।" ২ "জঘন্যগুণবৃত্তস্থা অধো গচ্ছন্তি তামসাঃ (গীতা)। ৩। চরম। ৪। সং, পুং, শূদ্র। ৫। ক্লীং, মেঢ্র।

**জঘন্যজ** (জঘন্য—জ (জন্ জন্মান+অ(ড)—ক) জাত, ৫মী—ষ ) সং, পুং—স্ত্রীং, শূদ্র। ২। বিং, ত্রিং, কনিষ্ঠ।

**জঘন্বস্** } (হন্ [ যঙলুগন্ত ] বধ করা+
**জাঘ্নিবস্** } বস্(ক্বসু)—ক ) বিং, ত্রিং, যে হনন করিয়াছে।

**জঙ্গম** (গম্ [যঙলুগন্ত] গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, যে গমন করিতে পারে, যে এক স্থানে স্থায়ী নহে, গমনশীল। শিং—১ "ইদং সর্ব্বং—স্থাবরজঙ্গমম্।" ২ "পৃথিবী সহস্থাবরজঙ্গমা।"

**জঙ্গমকুটী** (জঙ্গম গমনশীল—কুটী গৃহ) সং, স্ত্রীং, ছত্র, ছাতি।

**জঙ্গমগুল্ম** ; সং, পুং, পদাতিসৈন্য।

**জঙ্গল** ( জঙ্গম—ল [লা গ্রহণ করা+অ(ড)—ক] যে গ্রহণ করে, জঙ্গম স্থানে জঙ্গ। যে জঙ্গমগণকে আনে বা গ্রহণ করে )

সং, ক্লীং, বন, অরণ্য। ২। বিং, ত্রিং, নির্জ্জন। ৩। (গল্ [যঙ্লুগন্ত] স্খলিতহওয়া + অন্ — ক) পুং — ক্লীং, মাংস।

জঙ্গাল (জঙ্গ স্থানান্তরে গমন — আল যে বারণ করে) সং, পুং, বাধ, জাঙ্গাল।

জঙ্গুল (জঙ্গু গমনশীল [প্রাণী] — ল [লু ছেদন করা + অ — ক] যে নাশ করে) সং, ক্লীং, বিষ।

জঙ্ঘা (জন্ জন্মান + অ(অন্) — ক, আপ, জন্ স্থানে জঙ্ঘ) সং, স্ত্রীং, গুল্‌ফ অবধি জানু পর্য্যন্ত,ঠ্যাঙ্। শিং — ১"পাদজঙ্ঘয়োঃ সংস্থানে গুল্‌ফঃ।" ২ "জঙ্ঘোর্ব্বোঃ সংস্থানে জানু নাম।"

জঙ্ঘাকরিক
জঙ্ঘাল
জঙ্ঘিল } (জঙ্ঘা — কর শুল্ক + ইক (ষ্ণিক) — গ্রহণার্থে, যে পদব্রজে কর আদায় করে। জঙ্ঘা — ল + ইল — গত্যর্থে,অল্ যে পারে) সং,পুং, ধাবক,দ্রুতগামী, যে ব্যক্তি অতিশয় দ্রুতবেগে গমন করে, এবং জঙ্ঘাচলন দ্বারা যাহার জীবিকা নির্ব্বাহ হয়। ২। মৃগবিশেষ।

জঙ্ঘাত্রাণ (জঙ্ঘা — ত্রৈ রক্ষা করা + অন (অনট্) — ণ) সং, ক্লীং, জঙ্ঘাসন্নাহ, জঙ্ঘার আবরণ, পেণ্ট্‌লুন।

জঙ্ঘারথ; সং, পুং, ঋষিবিশেষ।

জঙ্ঘারত্তি; সং, স্ত্রীং, জঙ্ঘা চালনা দ্বারা জীবিকানির্ব্বাহ, দৌত্য কার্য্য।

জঙ্ঘাশূল; সং, ক্লীং, জঙ্ঘার বেদনাকারক রোগবিশেষ।

জঙ্ঘী (জঙ্ঘিন্, জঙ্ঘা + ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার জঙ্ঘা অতি বেগবতী, যে দ্রুতবেগে গমন করে, দ্রুতগামী।

জঞ্জপূক জপ্ [যঙ্লুগন্ত] পুনঃপুনঃ জপ করা, উক — ক) বিং, ত্রিং, পুনঃপুনঃ জপকারী, যে সর্ব্বদা জপ করে। ২। গর্হিত জপকারী।

জঞ্জাল (জন্ [যঙ্লুগন্ত] + অ(অন্) — ক, বারংবার যাহা জন্মায়, জঞ্জ — আল্ — পূরণার্থে) সং, পুং, আবর্জ্জনা, ওঁচলা। ২। উৎপাত, ঝঞ্ঝাট।

জট (জট দেখ) সংহত কেশ, জটা দেখ।

জটা (জট্ একত্র জড় হওয়া + অ(অন্) — ক, আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, সংহত কেশ, জট, লগ্নকেশ। ২। কেশর, সিংহাদির ঘাড়ের ঝুঁট। ৩। বৃক্ষের ঝুরি। ৪। বেদপাঠবিশেষ। শিং — ১ "কপর্দীবজ্রজটাজূটেনবক্রণা।" ৫। রুদ্রজটা। ৬। শতাবরী। ৭। কপিকচ্ছু।

জটাচীর (জটা জটাসহিত — চীর চীরবসন, ৬ষ্ঠী — হিং) সং পুং, শিব।

জটাজূট (জটা — জূট এক অর্থ বা সমূহ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, জটাসমূহ। শিং — ১ "জটাজূট সমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্।"

জটাজ্বাল (জটা সংহত কেশ — জ্বালা অগ্নি-শিখা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, প্রদীপ।

জটাটঙ্ক (জটা — টন্‌ক্ বদ্ধ করা + অ(অন্) — ক) সং, পুং, মহাদেব, শিব।

জটাটীর (জটা — অট্ গমনকরা + ঈর(ঈরন্) — ক। জটাচীর শব্দও হয়) সং, পুং, শিব, মহাদেব।

জটাধর (জটা — ধর [ধৃ ধারণকরা + অ(অল) — ক] যে ধরে, ২য়া — ষ) সং, পুং, শিব। ২। বুদ্ধবিশেষ। ৩। দেশবিশেষ। ৪। কোষকারবিশেষ। ৫। বিং, ত্রিং, জটাধারী, যাহার মস্তকে জটা আছে।

জটামাংসী (জটা সংহত কেশ বা বৃক্ষের ঝুরি — মাংসী ঐ বৃক্ষ) সং, স্ত্রীং, সুগন্ধি দ্রব্যবিশেষ।

জটায়ু
জটায়ুস্ } (জটা রাশি — আয়ু জীবনকাল। যাহার দীর্ঘ আয়ু, ৬ষ্ঠী — হিং। অথবা জট্ + অ(অন) — ক = জট্ — আয়ুস্) সং, পুং, প্রসিদ্ধ পক্ষী, দশরথের সখা। ২। অরুণের পুত্র, শ্যেনীগর্ভসম্ভূত, সম্পাতির অনুজ। শিং — ১ "তস্মাৎ জাতোঽহমরুণাৎ সম্পাতিশ্চ মমাগ্রজঃ। জটায়ুরিতিমাং বিদ্ধি শ্যেনীপুত্রমরিন্দম।"

জটাল (জটা + ল — অস্ত্যর্থে) বিং, ত্রিং, জটাধারী, জটাযুক্ত। শিং — ১ "চৌরিণঃ শিখিনশ্চাস্য জটালোর্দ্ধশিরোরুহাঃ।" ২। সং,পুং, জটাধারী ব্রহ্মচারী। ৩। বটবৃক্ষ। ৪। সিংহ। ৫। গুগ্‌গুল। ৬। কর্পূর।

জটাবৎ (জটা + বৎ(মতু) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, জটাযুক্ত।

জটাবল্লী ; সং, স্ত্রীং, রুদ্রজটা।

জটাসুর ; সং, পুং, অসুরবিশেষ ; এই অসুর ভীম কর্ত্তৃক নিহত হয়।

জটি } (জটা দেখ, ই—প্রং) সং, স্ত্রীং,
জটী } প্লক্ষবৃক্ষ ২। জটা। ৩। সমূহ।

জটিল ( জটা+ইল—অস্ত্যর্থে ) সং, পুং, সিংহ। ২। বটবৃক্ষ। ৩। জটাধারী ব্রহ্মচারী। ৪। বিং, ত্রিং, জটাবিশিষ্ট, জটাধারী। ৫। (দেশজ) বিং, যাহাতে অনেক গোল আছে, দুর্ব্বোধ। শিং—১ "বিপজ্জালজটিলান্—কামান্।"

জটী ( জটিন্, জটা+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ। ২। সিংহ। ৩। জটাধারী ব্রহ্মচারী। ৪। বটবৃক্ষ। ৫। বিং, ত্রিং, জটাধারী, জটাবিশিষ্ট।

জটুল } (জটা দেখ, উল—ক, সংজ্ঞার্থে)
জড়ুল } সং, পুং, শরীরস্থ চিহ্নবিশেষ, জঁড়ুর।

জট্ যে সকল গানের প্রত্যেক পদ স্বতন্ত্র ভাষায় রচিত এবং স্বতন্ত্র রাগে সম্বদ্ধ সে গুলির নাম জৎ বা জট্।

জঠর (জম্ ভক্ষণ করা+অর(অরন্)—ণ, ম স্থানে ঠ। বা জন্+অর(অরন্)—ধি, যাহাতে প্রাণী জন্মগ্রহণ করে) সং, পুং ক্লীং, উদর। শিং—১ "বিভ্রদ্বেণুঃ জঠর পটয়োঃ শৃঙ্গবেত্রে চ কক্ষে।" (ভাগবত)। ২। জরায়ু, গর্ভ। ৩। (+অরন্—ক) বিং, ত্রিং, কঠিন। ৪। কর্কশ। ৫। বৃদ্ধ। শিং —১ "পূর্ণে—জঠরপিঠরে।"

জঠরনুৎ (জঠর জঠরপীড়া—নুৎ [নু নষ্ট করা+০(ক্বিপ্)—ক] নাশক, ২য়া—ষ ) সং, পুং, আরগ্বধ, ভাদাল।

জঠরস্থ (জঠর—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং,ত্রিং, যে জঠরে আছে, গর্ভস্থ। ২। যাহা জঠরে গিয়াছে,উদরস্থ।

জঠরাগ্নি } (জঠর—অগ্নি,অনল—আগুন,
জঠরানল } ৬ষ্ঠী—ষ) সং, পুং, জঠরস্থিত অগ্নি ; উদরের মধ্যে এক প্রকার দ্রব পদার্থ আছে, তাহার গুণে ভুক্ত বস্তু পরিপাক হয়। [জলোদর রোগ।

জঠরাময় (জঠর—আময়, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

জড় (জল্ জমা করা, আচ্ছাদন+অ(অন্)—ক, ল স্থানে ড়) বিং,ত্রিং, শীতল। ২। নিস্তেজ। ৩। নিস্পন্দ। ৪। নিরুদ্যোগ। ৫। মূর্খ। ৬। অচেতন, যাহার অনুভব শক্তি নাই ; যেমন—প্রস্তর, মৃত্তিকা, জল, বৃক্ষ ইত্যাদি। ৭। যাহার কোন কর্ম্মে কিছুমাত্র দক্ষতা ও সত্বরতা নাই, অক্ষম, অকর্ম্মণ্য। ৮। বুদ্ধিহীন, অতি নির্ব্বোধ। ৯। যাহার কোন বিষয়ে চেষ্টা যত্ন ও উৎসাহ নাই অচেতন পদার্থের ন্যায় অবস্থিতি করে। ১০। স্ফূর্ত্তিহীন। ১১। অস্বচ্ছন্দ। ১২। মোহিত। ১৩। মূক। শিং—১"নাপৃষ্টঃ কস্যচিদ্ব্রূয়াৎ ন চান্যায়েন পৃচ্ছতঃ। জানন্নপি হি মেধাবী জড়বল্লোক আচরেৎ।" (মনু)। ১৪। অজ্ঞ। ১৫। (Idiot) সং, পুং, জ্ঞান শক্তিরহিত নিষ্ক্রিয় ব্যক্তি, পাগল। ১৬। ক্লীং,সীসা। ১৭। জল।

জড়ক্রিয় (জড়—ক্রিয়া কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিলম্বে কার্য্যকারক, দীর্ঘসূত্রী।

জড়তা } (জড়+তা—ভাবে) সং, স্ত্রীং,
জলতা } জাড্য । মূর্খতা, নির্ব্বোধতা। ৩। অস্পষ্টতা যেমন—বাক্যের জড়তা। ৪। স্বচ্ছন্দ না থাকা, যেমন—শরীরের জড়তা। ৫। স্ফূর্ত্তি না থাকা, যেমন—বুদ্ধির জড়তা। ৬। অপটুতা। শিং—১ "ভুজলতাজড়তামবলাজনঃ।" ৪। শৈথিল্য। ৫। শৈত্য।

জড়ত্ব (জড়+ত্ব—ভাবে) সং, ক্লীং, মূর্খতা। ২। শীতলতা ৩। অপটুতা। ৪। অস্পষ্টতা। ৫। যে গুণ থাকাতে বস্তু সকল চালিত, কিম্বা স্থাপিত হইতে অন্যের শক্তি অপেক্ষা করে।

জড়পদার্থ ; সং, পুং, অচেতন বস্তু ; যেমন —মৃত্তিকা জল প্রস্তর প্রভৃতি।

জড়পিণ্ড ; সং, পুং—ক্লীং, স্থূলজড়পদার্থ।

জড়ভরত ; সং, পুং, ব্রাহ্মণবিশেষ, জন্মান্তরে ইনি রাজর্ষি ভরত ছিলেন। মহাত্মা ভরত মৃত্যুকালে মৃগের বিষয় চিন্তা করাতে কালঞ্জর পর্ব্বতে জাতিস্মর মৃগরূপে জন্ম গ্রহণ করেন, পরে ব্রাহ্মণকুলে তাঁহার

জন্ম হয় ঐ জন্মেও তিনি জাতিস্মর ছিলেন বলিয়া জন্মান্তরীন বৃত্তান্ত সর্ব্বদা স্মৃতিপথে আরূঢ় হইয়া সঙ্গ ত্যাগ বাসনায় জড়বৎ অবস্থান পুর্ব্বক জড় নামে বিখ্যাত হন। ২। অতিশয় অলস, অকর্ম্মণ্য; যথা—এমন জড়ভরত হইয়াছ কেন? স্ত্রীং, অচলা।

জড়াও (দেশজ) বিং, খচিত, সংলগ্ন।

জড়ান (দেশজ) সং, বেষ্টন, ঘেরণ, আবৃত করণ।

[কথা।

জড়িম—জড়তাযুক্ত কথা, মাতালদের অ:ড়ান

জড়িমা (জড়িমন্, জড়+ইমন্—ভাবে) সং, পুং, জড়তা। ২। কার্য্যকরণ ব্যতীত বাক্যের অন্যথাভাব। শিং—১ "ইষ্টা নিষ্টাপরিজ্ঞানং যত্র প্রশ্নেষ্বনুত্তরং। দর্শন শ্রবণাভাবো জড়িমা সোঽভিধীয়তে।"

জড়ীভূত (জড়—ভূত। ঈ—আগম) বিং, ত্রিং, হতবুদ্ধি, যাহার বুদ্ধি লোপ হইয়াছে। ২। নিতান্ত স্ফূর্ত্তিহীন। ৩। ভয়-বিস্ময়াদি কারণে স্পন্দরহিত।

জড়ুর (জড়ুল শব্দজ) সং, শরীরের চর্ম্মের বিকার, দেহস্থ তিলক, জটুল।

জতু (জন্ উৎপন্ন হওয়া+উ—ক, ন স্থানে ত) সং, ক্লীং, অগ্নিসংযোগে দ্রব হইয়া যায় এরূপ লালবর্ণ দ্রব্য, লাক্ষা, লা, জৌ। ২। আলতা।

জতুক (জতু+ক কণ্)—সংজ্ঞার্থে) সং, ক্লীং, হিঙ্গু, হিং। ২। লাক্ষা, লা। কা—স্ত্রীং, চামচিকা।

জতুকারী, জতুকৃষ্ণা; সং, স্ত্রীং, জতুকালতা।

জতুগৃহ; সং, পুং, জতুনির্ম্মিত গৃহ। রাজা দুর্যোধন পাণ্ডবগণের বিনাশার্থ এই গৃহ প্রস্তুত করাইয়াছিলেন।

জতুনী; সং, স্ত্রীং, চামচিকা।

[ঘুঁটি।

জতুপুত্রক; সং, পুং, পাশকগুটিকা, পাশার

জতুরস; সং, পুং, আল্‌তা।

জত্রু (জন্ উৎপন্ন হওয়া+রু—ক, সংজ্ঞার্থে, ন্ স্থানে ত্) সং, ক্লীং, কণ্ঠের উভয়-পার্শ্বস্থ অস্থিদ্বয়, স্কন্ধ ও বক্ষঃস্থলের সন্ধিস্থল। শিং—১ "গ্রীবা পঞ্চদশাস্থি স্যাৎ জত্রোরেকৈকং তথা হনু।"

জন (জন্ জন্মান+অ(অন্)—ক) সং, পুং, লোক, ব্যক্তি। শিং—১ "জনস্তথারাঞ্জন পর্ব্বতাবিব।" (মাঘ)। ২। যে দৈনিক বেতনে অন্যের কর্ম্ম করে, ইতরলোক। ৩। ভুবন। ৪। জনলোক, মহঃপরবর্ত্তী-লোক। ৫। অসুরবিশেষ।

জনক (জন্-ণিচ্=জনি জন্ম দেওয়া+অক (ণক)—ক) সং, পুং, পিতা, জন্মদাতা। ২। নিমির পুত্র। ৩। মিথির পুত্র; ইহাঁর নামানুসারে ইহাঁর বংশীয় সকলেই জনক নামে আখ্যাত হন। ইহাঁর পুত্রের নাম উদাবসু। বিষ্ণুপুরাণ ও ভাগবত মতে—ইনি নিমির পুত্র এবং ইহাঁর অপরনাম মিথিল ও বৈদেহ। ৪। বিং, ত্রিং, যাহা হইতে উৎপন্ন হয়, যে উৎপাদন করে, জননের কারণ, উৎপাদক। শিং—১ "জন্যানাং জনকঃ কালো জগতামাশ্রয়ো মতঃ।"

জনককূপ; সং, পুং, তীর্থবিশেষ।

জনকতা (জনক+তা—ভাবে) সং, স্ত্রীং, কারণতা, উৎপাদকতা। ২। উৎপাদনশক্তি।

জনকতনয়া, জনকসুতা, জনকাত্মজা } (জনক—তনয়া, সুতা, আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জানকী, সীতা।

জনকসপ্তরাত্র; সং, পুং, জনক কর্ত্তৃক দৃষ্ট। সপ্তরাত্রিসাধ্য যাগবিশেষ।

জনকারী (—কারিন্, জন—কৃ ক্ষেপণ করা +ইন্—র্ম্ম) সং, পুং, অলক্তক, আল্‌তা।

জনকেশ্বর; সং, পুং, জনকস্থাপিত শিবলিঙ্গ-বিশেষ।

জনঙ্গম (জন্ ইতর লোক—গম্ গমনকরা +অ(খ)—ক) সং, পুং—স্ত্রীং, চণ্ডাল, চণ্ডালী।

জনচক্ষুঃ (—চক্ষুস্, জন—চক্ষুঃ নেত্রবৎ প্রকাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। শিং—১ "মুহূর্ত্তাভ্যুদিতে সূর্য্যে জনচক্ষুষি নির্ম্মলে।" (হরিবংশ)।

জনতা (জন+তা—সমূহার্থে) সং, স্ত্রীং, জনসমূহ, ভিড়। শিং—১ "বিহিতাঞ্জলি-র্জনতয়া দধতী।" ২। মনুষ্যত্ব। ৩। উৎপাদন।

জনদেব (জন—দেব, ৭মী—ষ) সং, পুং, রাজা, ভূপতি। ২। মিথিলার রাজা।

জনন্বৎ ( জনৎ — বৎ(বতু) — অস্ত্যর্থে ) সং, পুং, জননগুণযোগী অগ্নি।

জনধা (জন্ — ধা ধারণ করা + ০(ক্বিপ্) — ক। জঠরস্থ হইয়া জনগণের পোষক হেতু) সং, পুং, অগ্নি।

জনন (জন্-ণিচ্ = জনি জন্ম দেওয়া + অন — ক) সং, পুং, পিতা। ২। উৎপাদক। ৩। (জন্ জন্মান + অনট্ — ভা) ক্লীং, উৎপত্তি, আবির্ভাব। শিং — ১ "যদেব পূর্ব্বং জননে শরীরম্।" ২ "অন্যোঽন্য শোভাজননাদ্ বভূব।" ৪। সংস্কারবিশেষ, জাতকর্ম্ম। শিং — ১ "মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জিবন্ধনে।" ৫। (+ অনট্ — ধি) বংশ। ৬। পুং, পরমেশ্বর। শিং — ১ "জননো জনজন্মাদি।" [সূতিকাশৌচ।

জননাশৌচ ; সং, ক্লীং, জন্মনিমিত্তক অশৌচ,

জননি (জন্ জন্মান + অনি — ভা) সং, স্ত্রীং, উৎপত্তি। ২। (+ অনি — ধি) বংশ। ২। গন্ধদ্রব্যবিশেষ।

জননী (জনন দেখ, অনট — ধি, ঈপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, মাতা। ২। উৎপাদিকা ; যথা— বিশ্বজননী শক্তি। "বীজপ্ররোহজননীং জ্বলনঃ করোতি।" ৩। দয়া। ৪। জনী নামক গন্ধদ্রব্য। ৫। চর্ম্মচটী। ৬। যূথিকা। ৭। মঞ্জিষ্ঠা।

জনপদ } (জন — পদ স্থান, ৬ষ্ঠী — ষ।
জনপাদ } জনপদ + অ(ক) — স্বার্থে) সং, পুং, দেশ, বসতিস্থান, লোকালয়। শিং — ১ "কুলানি জাতীঃ শ্রেণীশ্চ গণান্ জনপদানপি।" (যাজ্ঞবল্ক্য)। ২ "গ্রামং জনপদস্যার্থে।" (চাণক্য)। ৩ "কোশলো নাম মুদিতঃ স্ফীতো জনপদো মহান্। নিবিষ্টঃ সরযূতীরে।" ২। লোক।

জনপ্রবাদ (জন লোক — প্রবাদ [প্রবিস্মৃত, নিন্দিত — বাদ কথন] অপবাদ) সং, পুং, লোকাপবাদ, লোকনিন্দা। ২। জনরব।

জনপ্রিয় (জন — প্রিয়, ৬ষ্ঠী — ষ) বিং, ত্রিং, লোকপ্রিয়, যাহাকে লোকে ভাল বাসে। ২। সং, পুং, শোভাঞ্জনবৃক্ষ। ৩। ধন্যাক।

জনভূয়িষ্ঠ ( জন — ভূয়িষ্ঠ, ৭মী — ইৎ ) বিং, ত্রিং, যে স্থানে বহুসংখ্যক লোক বাস করে, বহুজনাকীর্ণ (দেশ)।

জনমেজয় } (জনম্ জন নামক অসুরকে
জন্মেজয় } — এজি কম্পিত করা + অ (খশ্, অ(শ) — ক) সং, পুং, বিষ্ণু। ২। পরীক্ষিতের পুত্র; ইনি বৈশম্পায়ন নিকটে স্বীয় পিতামহগণের চরিত ভারত শ্রবণ করিয়াছিলেন।

জনয়িতা (জনয়িতৃ, জনি জন্মান + তৃ(তৃন্) — ক) সং, পুং, পিতা। ত্রী — স্ত্রীং, মাতা। ২। বিং, ত্রিং, উৎপাদিকা, উৎপাদয়িত্রী।

জনরব (জন — রব শব্দ) সং, পুং, জনবাদ, লোকে যাহা বলিয়া থাকে লোকে যে কথা রটায়। ২। একত্র সমবেত বহু ব্যক্তির শব্দ, কোলাহল।

জনলোক ( জন — লোক ভুবন, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, মহর্লোকের উপরিস্থ লোক। এই স্থানে ব্রহ্মার মানস পুত্রগণ এবং অন্যান্য ঊর্দ্ধরেতা ঋষিগণ বাস করেন।

জনবাদ — পুং } (জন — বাদ কথন। জন
জনশ্রুতি — স্ত্রীং } — শ্রুতি শ্রবণ, ৬ষ্ঠী — ষ) সং, লোকপরম্পরায় শ্রবণ, কিংবদন্তী, লোকপ্রবাদ। শিং — ১ "নহমূলা জনশ্রুতিঃ।"

জনস্থান (জন জং — স্থান, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, দণ্ডকারণ্য মধ্যস্থ স্থানবিশেষ। শিং — ১ "জনস্থানে শিরশ্ছিন্নং রাক্ষসস্য দুরাত্মনঃ।" (ভারত)। ২। (Settlement) লোকবসতি। ৩। লোকালয়। শিং — ১ "জনস্থানে ভ্রান্তং কনকমৃগতৃষ্ণান্বিতধিয়া।"

জনাতিগ (জন — অতি — গম্ অতিক্রম করা + অ(ড) — ক) বিং, ত্রিং, যে লোককে অতিক্রম করে, লোকাতীত, অলৌকিক।

জনান্ত ( জন মনুষ্য — অন্ত সীমা ) সং, পুং, প্রদেশ, জেলা।

জনান্তিক (জন মনুষ্য — অন্তিক নিকট + অ — ভবার্থে) সং, ক্লীং, অন্যলোক সমক্ষেও পরস্পর কাণে কাণে কথা কহা, অনেকে একত্র আছে কিন্তু কেহ বুঝিতে বা জানিতে না পারে এরূপে কথোপকথন, সংকেতে কথোপকথন, অনুচ্চ বা অস্পষ্ট স্বরে পরস্পর অভিপ্রায় নিবেদন। শিং — ১ "উক্তস্যাশ্রবণং কার্য্যাৎ পার্শ্বস্থৈঃ স্যাৎ জনান্তিকম্। ত্রিপতাক-করেণান্যানপবার্য্যা-

স্তিকে জনান্, অন্যোন্যামন্ত্রণং যৎ স্যাৎ জনানাং তজ্জনাস্তিকম্।"

জনার্দ্দন (জন অসুরবিশেষ—অর্দ্দন [অর্দ্দি পীড়ন করা+অন(অনট্)—ক] যে পীড়া দেয়, ২য়া—ষ। অথবা জন—অর্দ্দ যাচ্ঞা করা+অনট্—র্ম্ম। পুরুষার্থ লাভের জন্য জন দ্বারা যিনি যাচিত হন, মহাভারতে—তিনি দস্যুগণকে বিত্রাসিত করেন বলিয়া জনার্দ্দন নামে বিখ্যাত হইয়াছেন) সং, পুং, বিষ্ণু, গয়াক্ষেত্রে ইহাঁর হস্তে মৃত ব্যক্তির উদ্দেশে পিণ্ড অর্পিত হয়। শিং—১ "সর্ব্বগঃ সর্ব্ববিদ্ভানুর্বিষ্বক্সেনো জনার্দ্দনঃ।" ২। বিং, ত্রিং, লোকপীড়ক।

জনাব (জন—অব্ রক্ষা করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, লোকপালক।

জনাশন (জন—অশন ভোজনীয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নেকড়িয়া বাঘ। ২। বিং, ত্রিং, লোকভক্ষণ।

জনাশ্রয় (জন—আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মণ্ডপ, কোন কার্য্যার্থ কিছুদিনের নিমিত্ত নির্ম্মিত গৃহ। ২। লোকালয়।

জনি } (জন্ উৎপন্ন হওয়া, জন্মান+ইন্
জনী } —ভাবে) সং, স্ত্রীং, উৎপত্তি, জন্ম। "উদীর্য্য ধুর্য্যং কপটাজ্জনীং জনঃ।" ২। (+ইন্—ধি) মাতা। ৩। নারী। ৪। জায়া। ৫। স্নুষা, পুত্রবধূ। [পুত্রবধূ। ২। জনয়িত্রী।

জনিকা (জনক+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,

জনিত (জন্-ণিচ্=জনি জন্মান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা উৎপন্ন করা গিয়াছে, উৎপাদিত "জ্ঞাতিজনজনিতমাপদাম্।"

জনিতা (জনিতৃ, জনি দেখ, (তৃন্)—ক) সং, পুং, পিতা। ত্রী—স্ত্রীং, মাতা।

জনীন (জন+ঈন—হিতার্থে) বিং, ত্রিং, জনের হিতকারী। ২। যার যেরূপ আবশ্যক তদুপযুক্ত, যাতে যেরূপ খাটে তদনুরূপ; যাতে যেমন হওয়া উচিত ঠিক সেইরূপ।

জনু, জনূ—স্ত্রীং } (জনি দেখ, উ, ঊ, উস্
জনুস্—ক্লীং } —ভা) সং, জন্ম, উৎপত্তি।

জনেষ্টা (জন—ইষ্ট বাঞ্ছিত, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হরিদ্রা।

জনোদাহরণ (জন মানবজাতি—উদাহরণ নিদর্শন) সং, ক্লীং, যশঃ, সুখ্যাতি।

জন্তু (জনি দেখ, তু(তুন্)—ক) সং, পুং, জন্মশীল, জীব, প্রাণী, শরীরী। শিং—১ "যথা বায়ুম্ সমাশ্রিত্য বর্ত্তন্তে সর্ব্বজন্তবঃ।" ২ "স্বেদজাঃ ক্রিময়ঃ প্রোক্তা জন্তবশ্চ যথাক্রমম্।"

জন্তুকা (জন্তু কীট—কৈ প্রকাশ হওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, লাক্ষা, লা। ২। নাড়ীহিঙ্গু।

জন্তুঘ্ন (জন্তু [প্রাণী] কীট—ঘ্ন [হন্ বিনাশ করা+অ(টক্)—ক] যে নাশ করে) সং, ক্লীং, হিঙ্গু, হিং। ২। পুং, এক প্রকার লেবু। ৩। বিং, ত্রিং, প্রাণীঘাতক।

জন্তুনাশন (জন্তু—নাশন [নশ্ বিনাশ করা +অন(অনট্)-ক] বিনাশকারক, ২য়া—ষ) সং, ক্লীং, হিঙ্গু।

জন্তুফল (জন্তু পতঙ্গ—ফল। যাহার ফলে পতঙ্গ সকল দল-বদ্ধ হইয়া আবির্ভূত হয়) সং, পুং, যজ্ঞডুমুরের গাছ।

জন্তুমারী (জন্তু কৃমি—মৃ-ণিচ্=মারি বিনাশ করা+অ(ষণ)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নিম্বুক, নিম্বুকী।

জন্তুলা (জন্তু [প্রাণী] কীট—লা যে লয়। কাশতৃণে অনেক কীট থাকে বলিয়া) সং, স্ত্রীং, কাশতৃণ, কেশে।

জন্ম (জন্মন্, জনি দেখ, মন্—ভা) সং, ক্লীং, উৎপত্তি, উদ্ভব। শিং—১ "আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমণেঃ কুতঃ।" ২। (+মন্—ধি) সংসার, লোক।

জন্মকীল; সং পুং, বিষ্ণু।

জন্মতিথি (জন্ম—তিথি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জন্মকালিক তিথি।

জন্মদ (জন্মন্—দ [দা দান করা+অ(ড)—ক] যে দেয়) সং, পুং, জন্মদাতা, পিতা।

জন্মভূমি; সং, স্ত্রীং, স্বদেশ, যে দেশে জন্ম হয়। শিং—১ "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।" [ত্রিং, প্রাণী, জীব।

জন্মবৎ (জন্মন্+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং,

জন্মরাশি; সং, পুং, জন্মকালিক রাশি।

জন্মবর্ত্ম (জন্মবর্ত্মন্, জন্মন্—বর্ত্মন্ পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যোনি।

জন্মশয্যা ; সং, স্ত্রীং, জন্মনিমিত্ত শয্যা। শিং—১ "জন্মশয্যাগতং বীরং কার্ত্তিকেয়মিব প্রভুম্।" (ভারত)।

জন্মান্তর (জন্মন্—অন্তর প্রভেদ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্যজন্ম, পূর্ব্বজন্ম, পরজন্ম। ২। লোকান্তর, পরলোক। শিং—১"জন্মান্তরীয় তৎপাপবতঃ সহস্রমরণেনোদ্ধারঃ।"

জন্মান্তরীণ (জন্মান্তর+ঈন—ভবার্থে) বিং, ত্রিং, যাহা জন্মান্তরে ঘটিয়াছে বা ঘটিবে।

জন্মান্ধ (জন্মন্—অন্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, আজন্ম দৃষ্টিহীন, ভূমিষ্ঠ হইবার পূর্ব্বেই যাহার দর্শনশক্তি নষ্ট হইয়াছে।

জন্মাবচ্ছিন্ন (জন্মন্—অবচ্ছিন্ন) বিং, ত্রিং, যাবজ্জীবন সময়, কোন ব্যক্তি যত দিন বাঁচিয়া থাকে সেইকাল।

জন্মাষ্টমী (জন্মন্—অষ্টমী) সং, স্ত্রীং, কৃষ্ণের জন্মতিথি, ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী ; এই দিনে সক্ষম পুরুষের উপবাস না করিলে রাক্ষস ও সক্ষমা নারী উপবাস না করিলে সর্পী হইয়া পরজন্মে অরণ্যে বাস করে। শিং—১"জন্মাষ্টমী পূর্ব্ব বিদ্ধা ন কর্ত্তব্যা কদাচন।" [পুং, প্রাণী, জীব, জন্তু।

জন্মী (জন্মিন্, জন্মন্+ইন্—অস্ত্যর্থে) সং,

জন্য (জন্ জন্মান+য(য্যণ)—ক) বিং, ত্রিং, জায়মান। ২। (জন্-ণিচ্=জনি+য—র্ম্ম) উৎপাদ্য। শিং—১ "জন্যানাং জনকালঃ।" ৩। (+য—ক) উৎপাদক। ৪। (জনী+ক্য) নবোঢ়ার ভৃত্য বা জ্ঞাতি। ন্যা—স্ত্রীং, মাতৃসখি। ২। মাতা। ৩। (জন্+ক্য) পুং, বরের বয়স্য, বরযাত্র। ৪। স্ত্রীং, বরযাত্রসমূহ। ৫। ক্লীং, হট্ট। ৬। অপবাদ। ৭। জন্মকালীন কুলক্ষণ। ৮। যুদ্ধ। ৯। প্রীতি। ১০। বিং, ত্রিং, জনহিতকর। শিং—১ "তুষ্টাব জন্যং বিশ্বজন্ জনার্দ্দনম্।" ১১। (দেশজ) হেতু, কারণ। ("জন্যে" শব্দও হয়)।

জন্যু (জন্ জন্মান+যু—ক, সংজ্ঞার্থে) সং, পুং, প্রাণী, জন্তু। ২। (+যু—ভা) জন্ম। শিং—১ "অমৃতায়াদ্বিতীয়োঽহং জন্যুর্হি মম সর্ব্বথা।" (হরিবংশ)। ২। (+যু—পা) অগ্নি। ৩। ব্রহ্মা, বিধাতা।

জপ, জাপ—পুং } (জপ্ পাঠকরা,জপ+
জপন—ক্লীং } অ অল্) ঞঅ ঘ্‌অন (অনট্)—ভা) সং, যথাবিধি-মন্ত্রাদির পুনঃ পুনরুচ্চারণ। শিং—১ "জপার্চ্চনাদিকং সর্ব্বম্ পবিত্রং ভবেৎ প্রিয়ে।" ২। স্বাধ্যায়। ৩। (+অল, ঘঞ, অনট্—ক) বিং, ত্রিং, জপকারক। শিং—১ "কর্ণেজপৈরাহিতরাজ্যলোভা।" (ভট্টি)।

জবর (আরবী ভাষা) ক্ষমতা, বল।

জবরদস্তী (আরবী ভাষা) অত্যাচার।

জবান (পারস্য ভাষা) জিহ্বা। ২। ভাষা ; বাক্য।

জবানী (পারস্য ভাষা) জিহ্বাদ্বারা যাহা উচ্চারিত হয় ; ভাষা। ২। বিং, মৌখিক বলা।

জবাব (যাবনিক) উত্তর, প্রত্যুত্তর।

জব্দ (যাবনিক) পরাজিত, অপমানিত।

জপমালা ; সং, স্ত্রীং, যে মালা অবলম্বন করিয়া জপ করে।

জপযজ্ঞ (জপ—যজ্ঞ, রূং—স) সং, পুং, জপরূপ যজ্ঞ। [জপের স্থান।

জপস্থান (জপ—স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

জপা(জপ্ দেখ,অ(অল্)—ণ,আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জবাফুলেরগাছ। ২। জবাফুল।

জপিত (জপ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জপ করা হইয়াছে।

জপ্য (জপ্ জপ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, জপনীয়। ২। (+য—ভা)জপ। শিং—১ 'জপ্যেনৈব তু সংসিধ্যেৎ ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ।"

জমজ ; বিং, ত্রিং, যমজাত,এককালে জাত।

জমদগ্নি (জমৎ [জম্ ভক্ষণ করা+অৎ (শতৃ)—ক] ভক্ষণকারী—অগ্নি, রূং—স) সং, পুং, অগ্নিতুল্য তেজস্বী পরশুরামের পিতা।

জমন (জম্ ভক্ষণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভোজন, আহার।

জমা (যাবনিক) মোট সংখ্যা। ২। আয়, বৃদ্ধি। ৩। নির্দ্দিষ্ট করা।

জমাওয়াশীলবাকী—কত টাকা দেয়, কত দেওয়া হইয়াছে কতই বা বক্রী তাহার

হিসাব। ২। কত আদায় এবং কত বক্রী তাহার হিসাব।

জমাখরচ—চলিত হিসাব।

জমাওয়াশীল (যাবনিক) অতীত কাল বা কোন গত সনের কাগজে প্রজার নামে যে জমা লেখা যায় অর্থাৎ প্রজার গত বৎসরের খাজানাকে জমাওয়াশীল কহে।

জমাদার (যাবনিক) দশ-পনর বা বিশ-ত্রিশ প্রভৃতি নির্দ্দিষ্ট সংখ্যক সৈন্য যার অধীনে থাকে। ২। সৈন্যে—সুবাদারের নিম্নস্থ কর্ম্মচারী। ৩। পুলিস দারোগার নিম্ন কর্ম্মচারী, ইহারা শুল্কাদি আদায় করিয়া থাকে।

জমাবন্দী (যাবনিক) নানাপ্রকার জমীর নিরিখ মত প্রত্যেকের হার ধরিয়া প্রজাবিলি পূর্ব্বক যে জমা স্থির করা যায়, তাহাকে জমাবন্দী কহে।

জমীদার (যাবনিক) ভূম্যধিকারী।

জম্ ; অং, পত্নী, জায়া।

জম্পতি (জম্ জায়াশব্দজ – পতি, দ্বং – স) সং, পুং, দ্বিং, স্ত্রী পুরুষ।

জম্বাল (জম্ ভক্ষণকরা + বাল – সংজ্ঞার্থে। অথবা জল – বাল [বল্ আবরণ করা + অ(ষণ্) – র্ম্ম] আবৃত। যে জল দ্বারা আবৃত, ৩য়া – ষ। ল স্থানে ম্) সং, ক্লীং, কর্দ্দম। ২। শৈবাল শিং – ১"জম্বূবজ্জল বিম্ববজ্জলজবজ্জম্বালবজ্জালবৎ।" (উদ্ভট্)। ৩। কেতকীবৃক্ষ।

জম্বালিনী (জম্বাল কর্দ্দম + ইন্ – অস্ত্যর্থে) সং, স্ত্রীং, শৈবলিনী, নদী।

জম্বির } জম্বীর } (জম্ ভক্ষণ করা + ইর, ঈর – ক, ব – আগম) সং, পুং, লেবুগাছ। ২। ক্লীং, তৎফল।

জম্বু, জম্বূ (পূর্ব্বে দেখ, উ(কু), ঊ(কূ) – ক) সং, স্ত্রীং, জামগাছ। ২। সুমেরু পর্ব্বতের নদীবিশেষ। শিং – ১"তস্যা জম্বোঃ ফলরসো নদীভূয় প্রবর্ত্ততে।" ৩। (জম্বু + অ – ফলার্থে, অ – লোপ) স্ত্রীং – ক্লীং, জাম। ৪। পুং – ক্লীং, জম্বুদ্বীপ।

জম্বুক } জম্বূক } (জম্বির দেখ, উক, ঊক – ক) সং, পুং, শৃগাল। শিং – ১ "গৃধ্রাঃ কঙ্কাবলাঃ শ্যেনা বায়সা জম্বুকাস্তথা।" ২। বরুণ। ৩। নীচব্যক্তি। ৪। গোলাপ জামের গাছ। ৫। কুমারের অনুচরবিশেষ।

জম্বুকেশ্বর ; সং, পুং, তীর্থবিশেষ।

জম্বুখণ্ড ; সং, পুং, জম্বুদ্বীপ। শিং – ১ "মেরোস্তু পশ্চিমে পার্শ্বে কেতুমালো মহীপতে। জম্বুখণ্ডে চ তত্রৈব মহাজনপদো নৃপ।"

জম্বুদ্বীপ (জম্বু – দ্বীপ, ৩য়া – ষ। নীল পর্ব্বতের দক্ষিণ ও নিষধের উত্তর সুদর্শননামে এক সনাতন জম্বুবৃক্ষ আছে, এই নিমিত্ত জম্বুদ্বীপ বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছে) সং, পুং, পৃথিবীর সপ্তদ্বীপের অন্তর্গত দ্বীপবিশেষ, ভারতবর্ষ ; ইহা পদ্মকোষের মধ্যবর্ত্তী কোষের ন্যায়। শিং – ১ "দক্ষিণেন তু নীলস্য নিষেধস্যোত্তরেণ তু। সুদর্শনো নাম মহান্ জম্বুবৃক্ষঃ সনাতনঃ। তস্য নাম্না সমাখ্যাতো জম্বুদ্বীপঃ সনাতনঃ।"

জম্বুল } জম্বূল } (জম্বু, স্বূ – ল যে লয়) সং, পুং, জামগাছ। ২। কেতকীবৃক্ষ। ৩। বর কন্যা পক্ষের পরিহাস বাক্য।

জম্বুনদী ; সং, স্ত্রীং, জম্বুফল-রস-সম্ভবা নদী।

জম্বুমার্গ ; সং, ক্লীং, পুষ্করস্থ তীর্থবিশেষ। শিং – ১ "জম্বুমার্গং সমাবিশ্য দেবর্ষি পিতৃসেবিতম্। অশ্বমেধমবপ্নোতি সর্ব্বকামসমন্বিতঃ।"

জম্বূলমালিকা (জম্বূল – মালিকা মাল্য, রজ্জু) সং, স্ত্রীং, বরপক্ষীয় স্ত্রীগণের পরিহাস বাক্যপরম্পরা।

জম্ভ (জন্ভ্ নষ্ট করা + অ(অন্) – ক) সং, পুং, দৈত্যবিশেষ, মহিষাসুরের পিতা, বলির সখা ; ইনি ইন্দ্রহস্তে নিহত হন। শিং – ১ "অসুরশ্চ মহেষাসো জম্ভ ইত্যভিবিশ্রুতঃ।" ২। জম্বীর, লেবু। ৩। তৃণ। ৪। (+ অন্ – র্ম্ম) ভক্ষ্য। ৫। দন্ত। ৬। (+ অন্ – ভা) ভক্ষণ। ৭। অংশ। ৮। (+ অন্ – ণ) হনু। পুং, ম্ভা – স্ত্রীং, (+ অন্ – ভাবে) জৃম্ভণ, জৃম্ভা।

জম্ভক (জম্ভ + ক – স্বার্থে) সং, পুং, জম্বীর, লেবু। ২। (জভ্ হাইতোলা ইত্যাদি + অক(ণক) – ক) বিং, ত্রিং, জম্ভনকারী। ম্ভিকা – স্ত্রীং, (জম্ভা + ক – স্বার্থে) জম্ভা।

জম্ভদ্বিট্ (জম্ভদ্বিষ্, জম্ভ দৈত্যবিশেষ—দ্বিষ্ শত্রু) সং, পুং, ইন্দ্র।

জম্ভন (জন্ভ্ স্ত্রীসঙ্গ করা+অন(অনট্)-ভা) সং, ক্লীং, সঙ্গম, মৈথুন।

জম্ভনী (জম্ভন দেখ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রমণোৎসুকা স্ত্রী।

জম্ভভেদন (জম্ভ দৈত্য-বিশেষ—ভেদন [ভিদ্ ভেদকরা+অন—ক] ভেদ অর্থাৎ নাশকারী) সং, পুং, ইন্দ্র।

জম্ভভেদী (—ভেদিন্, জম্ভ দৈত্যবিশেষ—ভেদিন্ [ভিদ্+ণিন্—ক] যে ভেদ অর্থাৎ নাশ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।

জম্ভর (জম্ভল দেখ, ল=র) সং, পুং, জম্বীর, লেবু। [৬ষ্ঠী—ষ)সং, পুং, ইন্দ্র।

জম্ভরিপু (জম্ভ দৈত্যবিশেষ—রিপু শত্রু,

জম্ভল (জন্ভ্ [পাপ ইত্যাদি] নাশ করা+অল(কল)—ক) সং, পুং, জম্বীর। লা—স্ত্রীং, রাক্ষসী-বিশেষ; সমুদ্রের উত্তরতীরে ইহার বাস ছিল; অন্যমতে—গোদাবরীতীরে। শিং—১ "অস্তি গোদাবরীতীরে জম্ভলা নাম রাক্ষসী। তস্যা স্মরণমাত্রেণ বিশল্যা গর্ভিণী ভবেৎ।"

জম্ভারি (জম্ভ দৈত্যবিশেষ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। ২। বজ্র। ৩। অগ্নি।

জম্ভী (জম্ভিন্, (জন্ভ্ [পীড়া] নাশ করা+ইন্ (ণিন্)—ক) সং, পুং, জম্বীর, লেবু।

জম্ভীর (পূর্ব্বে দেখ, ঈর—সংজ্ঞার্থে। ম্—আগম) সং, পুং, জম্বীর, লেবু। ২। বৃক্ষ-বিশেষ।

জয় (জি জয় করা+অ(অল্)—ভা) সং, পুং,বশীকরণ। ২। যুদ্ধাদিস্থলে শত্রু-দমন, শত্রু-পরাজয়, শত্রুকে হারাইয়া দেওয়া, জিৎ। ২। নিরাস। ৩। বশীকরণ। ৪। (+অন্—ক) বিষ্ণুর পার্শ্ব-চর; ইনি এবং বিজয় নামা অপর পার্ষদ সনকাদি ঋষিগণকে হরি দর্শনে বাধা প্রদান করিয়াছিলেন। তাঁহাদের শাপে ইনি প্রথমে হিরণ্যাক্ষ, পরে রাবণ ও তৎপরে শিশুপাল হইয়া এবং বিজয় প্রথমে হিরণ্যকশিপু পরে কুম্ভকর্ণ ও তৎপরে দন্তবক্র হইয়া সত্য ত্রেতা এবং দ্বাপর এই তিন যুগে নারায়ণের হস্তে হত হইয়া মুক্ত হন। ৪। বিরাটভবনস্থ যুধিষ্ঠির। শিং—১ "জয়োজয়ন্তোবিজয়োজয়ৎসেনো জয়দ্বলঃ ইতিগুহ্যানি নামানি তেষাং চক্রে যুধিষ্ঠিরঃ।" ৫। রামায়ণ মহাভারতাদি ইতিহাস ও অষ্টাদশ পুরাণ প্রভৃতি শাস্ত্র অধ্যয়ন করিলে সংসার জয় হয় অর্থাৎ জীব জন্ম মৃত্যুপরম্পরারূপ সংসারশৃঙ্খল হইতে মুক্ত হয়, এই নিমিত্ত তত্তৎ শাস্ত্রের নাম জয়; যথা—"অষ্টাদশ পুরাণানি রামস্য চরিতং তথা। কার্ষং বেদং পঞ্চমঞ্চ যন্মহাভারতং বিদুঃ॥ তথৈব শিবধর্ম্মাশ্চ বিষ্ণুধর্ম্মাশ্চ শাশ্বতাঃ। জয়েতি নাম তেষাঞ্চ প্রবদন্তি মনীষিণঃ। সংসার জয়নং গ্রন্থম্ জয়মাচরীয়েৎ।" ৬। জয়ন্ত। ৭। বিষ্ণু। শিং—১ "নমো জয়ঃ সত্যসন্ধো দাশার্হঃ সাত্বতাং পতিঃ।"

জয়কোলাহল (জয়—কোলাহল কলকল ধ্বনি) সং, পুং, জয়ধ্বনি। ২। পাশক-ক্রীড়াবিশেষ।

জয়ঢক্কা (জয় জয়সূচক—ঢক্কা, য়ং—স) সং, স্ত্রীং, জয়সূচক ঢক্কা, জয়ঢাক।

জয়ৎসেন; সং, পুং, বিরাটভবনে ছদ্মবেশী নকুল।

জয়দত্ত (জয়—দত্ত প্রদত্ত। শত্রুপক্ষেরা যাহাকে জয় প্রদান করিয়াছে) সং, পুং, ইন্দ্রপুত্র জয়ন্ত।

জয়দুর্গা; সং,স্ত্রীং, দুর্গামূর্ত্তি-বিশেষ। শিং—১ "ধ্যায়েদ্দুর্গা জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ।"

জয়দেব; সং, পুং, গীতগোবিন্দকাব্য-কারক কেন্দুবিল্ব গ্রামবাসী কবিবিশেষ। ইহার পিতার নাম ভোজদেব ও মাতার নাম বামাদেবী। খ্রীঃ পঞ্চদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।

জয়দ্রথ (জয়ৎ [জি জয় করা+অৎ(শতৃ)—ক] জয়শীল—রথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিন্ধুদেশের রাজা, দুর্য্যোধনের ভগিনীপতি, দুঃশলার স্বামী।

জয়দ্বল; সং, পুং, বিরাটভবনে ছদ্মবেশী সহদেব।

জয়ধ্বনি (জয়—ধ্বনি শব্দ) সং, পুং, জয়-শব্দ দেখ।

জয়ন (জয় দেখ, অন(অনট্—ভা) সং, ক্লীং, জয়। ২। (+অনট্—ণ) অশ্বাদির সজ্জা। নী—স্ত্রীং, ইন্দ্রকন্যা।

জয়ন্ত (জয় দেখ, অন্ত—ক) সং, পুং, ইন্দ্র-পুত্র। ২। শিব। ৩। বিরাটভবনস্থ ভীম। ৪। চন্দ্র। ৫। দশরথের মন্ত্রী। ৬। তাল-বিশেষ। ন্তী—স্ত্রীং, ইন্দ্রের কন্যা। ২। বৃক্ষবিশেষ। ৩। দুর্গা। শিং—১ "জয়ন্তী মঙ্গলাকালী ভদ্রকালী কপালিনী।" ৪। পতাকা। ৫। যোগবিশেষ; যদি শ্রাবণ মাসের কৃষ্ণা অষ্টমী অর্দ্ধরাত্রের কলামাত্র অধঃ উর্দ্ধে রোহিণীযুক্তা হয়, তবে এই যোগ হয়।

জয়ন্তিকা (জয়ন্তী+ক—যোগ) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

জয়পতাকা; সং, স্ত্রীং, জয়সূচক পতাকা, জয়লাভের পর যে পতাকা উড্ডীন করে।

জয়পত্র; সং,ক্লীং, জয়সূচক পত্র। ২। বিচারক মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি যে পত্রে লিখিয়া জয়ীকে প্রদান করেন, ডিক্রী।

জয়পাল } (জয়—পাল যে পালন করে,
জৈপাল } ওয়া—ব) সং,পুং, রাজা। ২। ব্রহ্মা। ৩। বিষ্ণু। ৪। বৃক্ষবিশেষ।

জয়পুর; সং, পুং, রাজপুতানার বৃহৎ নগর। ২। উড়িষ্যা অঞ্চলস্থ পর্ব্বতোপরি স্থাপিত নগরবিশেষ।

জয়মঙ্গল (জয়—মঙ্গল সৌভাগ্য) সং,পুং, রাজবাহ্যহস্তী। ২। জ্বরনাশক ঔষধবিশেষ।

জয়লক্ষ্মী } সং, স্ত্রীং, জয়ের অধিষ্ঠাত্রী
জয়শ্রী } দেবী,যে দেবী অনুকূল হইলে জয়লাভ হয়। ২। জয়লাভ-জনিত শোভা।

জয়বাহিনী (জয়—বাহিনী যে বহন করে) সং, ইন্দ্রাণী, শচী। ২। জয়ন্তের সেনা।

জয়শব্দ (জয়—শব্দ ধ্বনি) সং, পুং, "জয় হউক" এই আশীর্ব্বাদ বাক্য; যথা—জয় জয়দেব হরে ইত্যাদি সূচক বাক্য।

জয়শীল (জয়—শীল যুক্ত) বিং,ত্রিং, জয়ী, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়সিংহ; সং, পুং, ইনি জয়পুরের স্থাপন-কর্ত্তা। ইনি "জয়সিংহ-কল্পদ্রুম" নামক গ্রন্থ সংগ্রহ করেন।

জয়স্তম্ভ (জয়—স্তম্ভ, যং—স) সং, পুং, জয়-সূচক স্তম্ভ। শিং—১"নিচখান জয়স্তম্ভান্ গঙ্গাস্রোতোঽন্তরেষু সঃ।"

জয়া (জয় দেখ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পার্ব্বতী। ২। পার্ব্বতীর সহচরী। ৩। জয়ন্তীবৃক্ষ। ৪। হরীতকী। ৫। ভাঙ্গ,ভাঙ্। ৬। তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী তিথি,। ৭। পতাকাবিশেষ। [ছাল।

জয়িত্রী (জাতিপত্রী শব্দজ) সং, জাতি ফলের

জয়ী (জয়িন্, জয় দেখ, ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, জয়শীল, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয্য (জয় দেখ, য—র্ম্ম। নিপাতন) বিং,ত্রিং, যাহাকে জয় করিতে পারা যায়।

জরকসী (যাবনিক) জরি।

জরজর (জর্জ্জর শব্দজ) জর্জ্জর দেখ।

জরঠ (জৃ জীর্ণ হওয়া+অঠ—ক) বিং,ত্রিং, কঠিন। ২। কর্কশ। ৩। নিষ্ঠুর। ৪। পাঁশুটে। ৫। জীর্ণ। ৬। বৃদ্ধ। ৭। পরিণত। শিং—১ "জরঠকমলকন্দচ্ছেদগৌরৈর্ম্ময়ূখৈঃ।" ৮। সং, পুং, জরা। ৯। পাণ্ডু-রাজা।

জরণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, জীর্ণ, বৃদ্ধ। ২। (+অনট্—ভা) সং, ক্লীং, হিঙ্। ৩। (+অনট্—ক) পুং, জীরক, জীরা।

জরৎ (পূর্ব্বে দেখ,অৎ(শতৃ)—ক। নিপাতন) বিং, ত্রিং, বৃদ্ধ। ২। জীর্ণ, অশক্ত। ৩। পুরাতন। তী—স্ত্রীং, জরাগ্রস্তা, বৃদ্ধা, প্রাচীনা; যথা—অন্নদার জরতীবেশ।

জরৎকারু (জরৎ—কারু দারুণ। উগ্রশ্রবাঃ শৌনককে জরৎকারু শব্দের অর্থ বলিতেছেন, জরা শব্দের অর্থ ক্ষয়, কারু শব্দের অর্থ দারুণ। সেই মহর্ষির শরীর অতিশয় দারুণ ছিল, তিনি কঠোর তপস্যা দ্বারা ক্রমে ক্রমে সেই দারুণ শরীরকে ক্ষীণ করিয়াছিলেন, তন্নিমিত্ত তাঁহার নাম জরৎকারু হইল। এবং উক্ত কারণ বশতঃ বাসুকীর ভগিনীও জরৎকারুনামে বিখ্যাত হইলেন) সং, পুং, স্বনাম-প্রসিদ্ধ মুনি।

শিং—১"এতচ্ছ্রুত্বা জরৎকারুর্ভৃশং শোকপরায়ণঃ।" ২। স্ত্রীং, মনসাদেবী, জরৎকারু-পত্নী। শিং—১ "জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবী নমোঽস্তুতে।"

জরদ্গাব (জরৎ—গো, য়ং—স) সং, পুং, বৃদ্ধ বৃষ। ২। গৃধ্রবিশেষ। শিং—১ "অজ্ঞাত কুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ। মার্জ্জারস্য হি দোষেণ হতো গৃধ্রো জরদ্গবঃ।" বী—স্ত্রীং, বৃদ্ধগবী।

জরন্ত (পশ্চাৎ দেখ, অন্ত—ক) বিং, ত্রিং, বৃদ্ধ, জীর্ণ। ২। সং, পুং, মহিষ।

জরা (জৄ জীর্ণ হওয়া+অ(ঙ)—ভা, আপ্) সং, স্ত্রীং, বার্দ্ধক্য, জীর্ণতা। শিং—১ "জরায়াং বহবো দোষাঃ।" ২"প্রাতঃস্নায়ী শমাহারী জরা তং নোপতিষ্ঠতে।" ২। (+অন্—ক, আপ্) রাক্ষসীবিশেষ; ইনি মগধ-সন্নিহিত শ্মশানে ভ্রমণ করিতেন।

জরাগ্রস্ত (জরা—গ্রস্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, জরা যাহাকে গ্রাস করিয়াছে, জরাভিভূত।

জরাভীরু (জরা বার্দ্ধক্য, জীর্ণতা—ভীরু) সং, পুং, কন্দর্প। ২। বিং, ত্রিং, জরার নিমিত্ত ভীরু।

জরায়ণি }
জরাপুষ্ট } (জরা রাক্ষসীবিশেষ+য়ণি—অপত্যার্থে।—পুষ্ট প্রতিপালিত, ৩য়া—হিং, ইহার জন্মকালে জরা নাম্নী রাক্ষসী কর্তৃক প্রতিপালিত অর্থাৎ সাহায্য প্রাপ্ত হইয়াছিল বলিয়া) সং, পুং, জরাসন্ধ।

জরায়ু (Uterus, জরা—ই পাওয়া+উ(ঞুন্)—ক) সং, পুং, গর্ভবেষ্টন চর্ম্মস্থলী, গর্ভাশয়। শিং—১"জরায়ুণা মুখেচ্ছন্নে কণ্ঠেচ কফবেষ্টিতে। বায়োর্ম্মার্গ নিরোধাচ্চ ন গর্ভস্থঃ প্ররোদিতি।" ২। জটায়ুপক্ষী। ৩। ভ্রূণ, গর্ভ। ৪। অগ্নিজার বৃক্ষ। ৫। স্ত্রীং, কুমারানুচরী মাতৃকাবিশেষ।

জরায়ুজ (জরায়ু—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, গর্ভচর্ম্ম-স্থলীজাত, মনুষ্য পশ্বাদি। শিং—১ "জরায়ুজা মনুষ্যাদ্যা অণ্ডজা ভুজগাদয়ঃ। উদ্ভিজ্জাস্তরুগুল্মাদ্যা উষ্মজা মশকাদয়ঃ।"

জরাসন্ধ (জরা রাক্ষসীবিশেষ—সন্ধ সংযোজিত, ৩য়া—ষ। বৃহদ্রথের পুত্র দুই মাতার গর্ভে জন্মগ্রহণ করে, উহার মাতৃদ্বয় উহার অর্দ্ধ অর্দ্ধ কলেবর প্রসব করিয়াছিল এবং সেই খণ্ডদ্বয় জরা নাম্নী রাক্ষসী কর্তৃক সন্ধিত, অর্থাৎ সংযোজিত হইয়াছে বলিয়া তাহার নাম জরাসন্ধ রহিল) সং, পুং, মগধদেশের নৃপবিশেষ, কৃষ্ণশত্রু, বৃহদ্রথের পুত্র।

জরাসন্ধজিৎ (জরাসন্ধ—জিৎ [জি জয় করা+০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, ভীম।

জরিপ (Survey, আরবী ভাষা) জমীর পরিমাণ স্থির করা।

জরিপ-আমীন (Surveyor) যে ব্যক্তি জমীর পরিমাণ স্থির করে।

জরিমন্ (জৄ জীর্ণ হওয়া+ইমন্—ভাবে) সং, পুং, জরা। শিং—১ "অস্তমিয়েৎ জরিমান্ জগম্যান্।"

জরিমানা (আরবী ভাষা) অর্থদণ্ড।

জরী (জরিন্, জরা+ইন্—অস্ত্যার্থে) বিং, ত্রিং, জীর্ণ, বৃদ্ধ। (জ্ঞার্থে) সং, ক্লীং, শ্লথ, মাংস।

জরূথ (জৄ জীর্ণ হওয়া+উথ(উথন্)—ক, সং-

জর্জ্জর (জৄ জীর্ণ হওয়া+অ—প্রং, দ্বিত্ব। অথবা জর্জ্জ্+অর(অরন্)—ক) বিং, ত্রিং, জীর্ণ, বিশীর্ণ। শিং—১ "কৌপিনং শতখণ্ডজর্জ্জরতরম্।" ২"জর্জ্জর বংশ খণ্ডেন তাড়য়ন্।" ২। সং, পুং, শৈলজ। ৩। ইন্দ্রধ্বজ।

জর্জ্জরিত (জর্জ্জর দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জর্জ্জর করিয়াছে। শিং—১ "জরাজর্জ্জরিতং পতিম্।"

জর্জ্জরীক (জর্জ্জর দেখ, ঈক—প্রং) বিং, ত্রিং, বহুচ্ছিদ্রবিশিষ্ট দ্রব্য। ২। জীর্ণ।

জর্জ্জরীকৃত (জর্জ্জর—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম। ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহাকে জর্জ্জরিত করা হইয়াছে।

জর্জ্জরীভূত (জর্জ্জর—ভূ হওয়া+ত(ক্ত)—ক। ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, জর্জ্জরিত। ২। জীর্ণ।

জর্ণ (জৄ জীর্ণ হওয়া+ন(নন্)—ক) বিং, ত্রিং, জীর্ণ। ২। সং, পুং, চন্দ্র। ৩। বৃক্ষ।

জর্ত্তিল (জন্ উৎপন্ন হওয়া এবং তিল শস্যবিশেষ) সং, পুং, বন্যতিল। শিং—১ "জর্ত্তিলঃ কথ্যতে সন্তিররণ্যপ্রভবস্তিলঃ।"

জর্ত্তু (জর্ত্তিল দেখ, তু—সংজ্ঞার্থে। র—আগম) সং, পুং, যোনি। ২। হস্তী।

জর্দ্দা (যাবনিক) বিং, পীতবর্ণ, হরিদ্রা রং।

জল (জল্ আচ্ছাদন করা+অ(অন্)—ক) সং, ক্লীং, সলিল, বারি। ২। বিং, ত্রিং, জড়, শীতল।

জলকণ্টক (জল—কণ্টক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পানিফল। ২। কুম্ভীর।

জলকপি (জল—কপি বানর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিশুমার, শুশুক।

জলকর (জল—কর শুল্ক বা যে করে) সং, পুং, যে জমীর উপর নদী পুষ্করিণী দীঘী ডোবা প্রভৃতির জল থাকে তাহাকে ও তাহা হইতে যে রাজকর উৎপন্ন হয়। ২। বিং, ত্রিং, যাহা হইতে জল উৎপন্ন হয়।

জলকরঙ্ক (জল—করঙ্ক পাত্র বা আধার) সং,পুং, নারিকেল। ২। পদ্ম। ৩। শঙ্খ। ৪। মেঘ।

জলকল্ক (জল—কল্ক কাইট, শিটা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্দ্দম, পঙ্ক।

জলকাক (জল—কাক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পানিকৌড়ী পক্ষী।

জলকাঙ্ক্ষ }
জলকাঙ্ক্ষী } (—ক্ষিন্, জল—কাঙ্ক্ষ আকাঙ্ক্ষা করা+অ অন্, ইন্ (ণিন্)—ক) সং, পুং—স্ত্রীং, হস্তী। ২। বিং, ত্রিং, জলাভিলাষী।

জলকান্ত (জল—কান্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলাধিষ্ঠাতা বরুণ।

জলকান্তার (জলকান্ত সমুদ্র—অর যে গমন করে বা শাসন করে) সং,পুং, বরুণ।

জলকিরাট (জল—কির শূকর—অট যে গমন করে) সং,পুং, গ্রাহ, জলজন্তু।

জলকুক্কুটী (জল—কুক্কুটী মুরগী) সং, স্ত্রীং, পাড়্চিল।

জলকুন্তল }
জলকেশ } (জল—কুন্তল, কেশ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, শৈবাল,শেয়ালা।

জলকূপী (জল—কূপ কুয়া+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, পুষ্করিণী। ২। জলের পাক।

জলকূর্ম্ম (জল—কূর্ম্ম কচ্ছপ,৬ষ্ঠী—ষ) সং, পুং, শিশুমার। [শৈবাল, শেয়ালা।

জলকেশ (জল—কেশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

জলক্রিয়া ; সং, স্ত্রীং, জলসাধ্য ক্রিয়া, পিতৃগণের তর্পণ। শিং—১ "কালিন্দ্যাং বিধিবৎ স্নাত্বা কৃতপুণ্যজলক্রিয়ঃ।"

জলক্রীড়া (জল—ক্রীড়া, ৭মী—ষ) সং,স্ত্রীং, জলাশয়ে মিলিতভাবে ক্রীড়া করা। "ত-তস্তে সহিতাঃ সর্ব্বে জলক্রীড়ামকুর্ব্বত।"

জলখগ ; সং, পুং, জলচর পক্ষী।

জলগ (জল—গম্ গমন করা+অ(ড)—ক) বিং, ত্রিং, জলগত। ২। জলমগ্ন।

জলগুল্ম (জল—গুল্ম গুচ্ছ) সং,পুং, জলের আবর্ত্ত, ঘূর্ণিজল। ২। কচ্ছপ।

জলঙ্গ (জল—গ [গম্ গমনকরা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, জলচর।

জলঙ্গম (জল—গম যে গমন করে। যে জীবিকা নির্ব্বাহার্থে মৎস্য ধরিতে গমন করে) সং, পুং, চণ্ডাল। [যুক্ত দেশ।

জলচত্বর ; সং, ক্লীং, চাতরজল, স্বল্পসলিল-

জলচর (জল—চর [চর্ গমন করা+অ (টক্)—ক] যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, জলচারী। ২। সং, পুং, জলজন্তু।

জলচারী (Grallatatores, জলচারিন্, জল—চারী যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহারা জলে বিচরণ করে ; যথা—বক, সারসাদি। শিং—১ "সরাংসি চ মনোজ্ঞানি সমন্তাৎ জলচারিভিঃ।"

জলছত্র (জল—ছত্র ছাতা) সং, প্রপা, পথিকদের জলদান স্থান।

জলজ (জল—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, ক্লীং, পদ্ম। ২। পুং—ক্লীং, শঙ্খ। ৩। বিং, ত্রিং, জলজাত। শিং—১(যমুনায়) "জলজৈঃ প্রাণিভিঃকীর্ণাং জলজৈর্ভ বিতাং শুভৈঃ। জলজৈঃ কুসুমৈশ্চিত্রাং জলজৈর্হরিতোদকাম্।"

জলজন্তু (জল—জন্তু প্রাণী) সং, পুং, যে জন্তু জলে জন্মে ও থাকে ; যথা—মকর কুম্ভীরাদি। [স্ত্রীং, জলৌকা, জোঁক।

জলজন্তুকা (জলজন্তু+ক—অল্পার্থে) সং,

জলজন্ম (জলজন্মন্, জল—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী

—হিং) সং, ক্লীং, জলজ, পদ্ম। শিং—১ "নিলয়ঃ শ্রিয়ঃ সততমেতদিতি প্রথিতং যদেব জলজন্মতয়া।"

জলজাজীব (জলজ—আ—জীব+অ(অন্) —ক) সং,পুং,মৎস্য বিক্রয়াদিদ্বারা যাহাদের জীবিকানির্ব্বাহ হয়, জেলে।

জলজিহ্ব (জল শীতল—জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুম্ভীর।

জলজীবী (জল—জীব্ জীবিকানির্ব্বাহ করা +ইন্(ণিন্)—ক। জলজাত মৎস্যাদি দ্বারা যে জীবিকানির্ব্বাহ করে) সং, পুং, জেলে। [শম্বুক, শামুক।

জলডিম্ব (জল—ডিম্ব ক্ষুদ্র প্রাণী) সং,পুং,

জলতাপিক } (জল—তপ্ দগ্ধ করা,
জলতাপী—পিন্ } উত্তপ্তকরা+অক(ণক), ইন্(ণিন্)—ক) সং, পুং, ইলিশমাছ।

জলত্রা (জল—ত্রা [ত্রৈ ত্রাণ করা+অ(ড) —ক] রক্ষক,আপ্—স্ত্রীং। ৫মী—ষ) সং, স্ত্রীং, ছত্র, আতপত্র, ছাতা।

জলত্রাস (জল—ত্রাস, ৫মী—ষ) সং, পুং, জল হইতে ভয়,জল দেখিয়া ভয় পাওয়া।

জলদ (জল—দ [দা দানকরা+অ(ড)—ক] যে দান করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ। শিং—১ "সন্দেশং মে তদনু জলদ শ্রোষ্যসি শ্রোত্রপেয়ম্।" ২। মুস্তক। ৩। বিং, ত্রিং, জলদাতা।

জলদকাল; সং, পুং, বর্ষাকাল। শিং—১ "জলদকালমবোধকৃতং দিশাম্।"

জলদক্ষয় (জলদ—ক্ষয়, ৭মী—হিং) সং,পুং, শরৎকাল। শিং—১ "সর্ব্বাণি তনুতাং যান্তি জলানি জলদক্ষয়ে।"

জলদাগম (জলদ মেঘ—আগম আগমন, ৭মী—হিং) সং, পুং, যে কালে মেঘের উদয়, বর্ষাকাল।

জলদাশন (জলদ মেঘ—অশন [অশ্ ভক্ষণ করা+অন(অনট্)—র্ম্ম] পান বা গ্রসন, প্রসিদ্ধি আছে যে ইহার পত্র মেঘের ভোজনীয়) সং, পুং, শালগাছ।

জলদুর্গ; সং, ক্লীং, জলবেষ্টিত দুর্গ, গড়।

জলদ্রোণী; সং, স্ত্রীং, জলসেচনের পাত্র। ২। ডোঙা।

জলদ্বীপ; সং, পুং, জলপ্রধান দ্বীপ। শিং—১ "জলদ্বীপ মতিক্রম্য শিশিরো নাম পর্ব্বতঃ।"

জলধর (জল—ধর [ধৃ ধারণকরা+অ(অন্) —ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ। ২। সমুদ্র। ৩। মুস্তাঘাস। ৪। তিনিশবৃক্ষ। ৫। বিং, ত্রিং, জলধারী।

জলধরমালা (জলধর মেঘ—মালা,৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মেঘশ্রেণী। ২। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ,যাহার ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

জলধি (জল—ধা ধারণ করা+ই(কি)-ধি। যাহাতে জল ধারণ করে,২য়া—ষ) সং,পুং, সমুদ্র। ২। সংখ্যাবিশেষ,শতলক্ষ কোটী।

জলধিগা (জলধি—গা যে গমন করে) সং, স্ত্রীং, নদী।

জলধিজ (জলধি—জ [জন্ জন্মান+অ(ড) —ক] যে জন্মে, ৫মী—ষ) সং,পুং, চন্দ্র।

জলধিজা (জলধি—জ [জন্ জন্মান+অ(ড) —ক] যে জন্মে, ৫মী—ষ। ইনি সমুদ্রমন্থনকালে জন্মেন) সং, স্ত্রীং, লক্ষ্মী।

জলনকুল ( জল—নকুল বেজি, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।

জলনালী } সং,স্ত্রীং, জল যাইবার পথ,
জলপ্রণালী } নর্দ্দমা।

জলনিধি ( জল—নিধি আশ্রয়, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, সমুদ্র। শিং—১ "তত্রাসৌ ভগবান্ দেবঃ স্বপন্ জলনিধৌ তদা।"

জলনির্গম (জল—নির্গম বহির্গমন, ৫মী—হিং) সং, পুং, জলপথ, নর্দ্দমা। ২। (৬ষ্ঠী—ষ) জলের নিঃসরণ।

জলনির্গমনী (পূর্ব্বে দেখ) সং,স্ত্রীং,জলনালী।

জলনীলী(জল—নীল নীলবর্ণ করা+অ(অন্) —ক। যে জলকে নীলবর্ণ করে, ২য়া—ষ) সং, লিকা—স্ত্রীং, শৈবাল, শেয়ালা।

জলন্ধর (জলং জলকে—ধর [ধৃ ধারণকরা +অ(খ)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, অসুরবিশেষ, পদ্মপুরাণে লিখিত আছে—একদা ইন্দ্র শিবলোকে এক ভয়ঙ্কর পুরুষকে দর্শন করিয়া তাহার প্রভুর বিষয় জিজ্ঞাসা করাতে তিনি কোন

উত্তর প্রদান করেন নাই, তাহাতে ইন্দ্র ক্রুদ্ধ হইয়া বজ্র দ্বারা তাহাকে সমাহত করিলে তদীয় ললাট হইতে বহ্নি নির্গত হইয়া দেবরাজকে দগ্ধ করিতে লাগিল। তখন তিনি তাহাকে রুদ্ররূপে জানিতে পারিয়া স্তবে তুষ্ট করিলেন। ঐ সময়ে সেই অনল রুদ্র কর্ত্তৃক সাগরসঙ্গমে নিক্ষিপ্ত হইলে তাহা হইতে এক বালক সঞ্জাত হইয়া রোদন করিতে লাগিল। তৎপরে সমুদ্র নিজ পুত্র বলিয়া ব্রহ্মার নিকট পরিচয় প্রদান পূর্ব্বক তাঁহাকে ঐ বালকের জাতকর্ম্মাদি নির্ব্বাহে অনুরোধ করিলে ব্রহ্মা ঐ শিশুকে ক্রোড়ে ধারণ করিবামাত্র সে ব্রহ্মার শ্মশ্রু আকর্ষণ করাতে তদীয় নয়নযুগল হইতে বারিধারা বিগলিত হইল। তখন তিনি ঐ বালকের নাম জলন্ধর রাখিলেন। পরে ঐ জলন্ধর ব্রহ্মার বরে অসুরগণের অধীশ্বর হইলেন। ২। পর্ব্বত। ৩। তীর্থবিশেষ।

জলপতি (জল—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বরুণ। ২। সমুদ্র।

জলপথ; সং, পুং, জলমার্গ, জল যাইবার পথ। "বাদোনাথাঃ শিব জলপথাঃ কর্ম্মণে নৌচরাণাম্।" [পানকৌড়ি।

জলপারাবত; সং, পুং—স্ত্রীং, পক্ষিবিশেষ,

জলপিত্ত (জল—পিত্ত) সং, পুং, অগ্নি।

জলপুষ্প; সং, ক্লীং, পদ্মাদি জলজাত পুষ্প।

জলপুর; সং, পুং—ক্লীং, জলসমূহ। শিং—১ "যমুনাজলপূরে বিহরতি।"

জলপৃষ্ঠজা (জল—পৃষ্ঠ উপরিভাগ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন, ৭মী—ষ) সং, স্ত্রীং, শৈবাল, শেয়ালা।

জলপ্রদান; সং, ক্লীং, প্রেতোদ্দেশে জলদান, প্রেত-তর্পণ।

জলপ্রপা (জল—প্রপা শালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জলদানের গৃহ, জলছত্র।

জলপ্রপাত (জল—প্রপাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নির্ঝর, ঝরণা।

জলপ্রদানিক (জলপ্রদান দেখ, ক(কণ্)—অস্ত্যর্থে, ই—আগম) সং, ক্লীং, ভারতের স্ত্রী-পর্ব্বান্তর্গত অবান্তর পর্ব্ববিশেষ।

জলপ্রান্ত (জল—প্রান্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলসমীপস্থান।

জলপ্রায় (জল—প্রায় প্রচুর, বহুল, ৭মী—হিং) সং, ক্লীং, জলবহুল দেশ, জলময় দেশ। [চাতকপক্ষী। ২। মৎস্য।

জলপ্রিয় (জল—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

জলপ্লব (জল—প্লব যে গমন করে বা সাঁতার দেয়, ৭মী—ষ) সং, পুং, জলনকুল, উদ্বিড়াল।

জলপ্লাবন (জল—প্লাবন জলাদিদ্বারা ব্যাপ্তি) সং, ক্লীং, বন্যা, জলে দেশ মগ্ন হওয়া।

জলপ্লাবিত (জল—প্লু জলে ভাসিয়া যাওয়া +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জলে মগ্ন, জলে আচ্ছন্ন।

জলবন্ধক (জল—বন্ধক রোধক) সং, পুং, স্রোতের প্রতিরোধক দারু শিলাদিনির্ম্মিত সেতু। [পুং, মৎস্য।

জলবন্ধু (জল—বন্ধু মিত্র, ৬ষ্ঠী—হিং) সং,

জলবিম্ব; সং, ক্লীং, জলবুদ্বুদ্।

জলবুদ্বুদ (জল—বুদ্বুদ বিম্ব, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জলবিম্ব। শিং—১ "মানুষ্যে কদলী স্তম্ভনিঃসারে সারমার্গণম্। যঃ করোতি স বৈ মূঢ়ো জলবুদ্বুদসন্নিভে।"

জলভূ (জল—ভূ হওয়া বা জাত+০(ক্বিপ্)—ক) সং, পুং, মেঘ। ২। কাঁচড়া দাম।

জলভৃৎ (জল—ভৃৎ [ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে) সং, পুং, মেঘ। ২। কর্পূরবিশেষ। ৩। বিং, ত্রিং, জলধারক। [স্ত্রীং, জলের পোকা।

জলমক্ষিকা (জল—মক্ষিকা মাছি) সং,

জলমদ্গু (জল—মদ্গু অন্যপক্ষী) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

জলময় (জল+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, জলবহুল, জলপূর্ণ।

জলমসি (জল—মসি কালি। কৃষ্ণবর্ণত্বহেতু যে মসি ও জলে মিশ্রণের ন্যায়) সং, পুং, মেঘ। [পুং, জলপ্রণালী, জলপথ।

জলমার্গ (জল—মার্গ পথ, ৬ষ্ঠী—ষ) সং,

জলমার্জ্জার; সং, পুং, উদ্বিড়াল।

জলমুক্ (—মুচ, জল—মুচ [মুচ্ ত্যাগকরা +০(ক্বিপ্)—ক] যে ত্যাগ করে, ২য়া

—ষ সং, পুং, মেঘ। শিং—১ "শক্রা স্পৃষ্টা ইব জলমুচস্তাদৃশা যত্র জালৈঃ।" ২। বিং, ত্রিং, জলসেচনকারী। শিং—১. "নাত্যম্বুদা জলমুচোহচল সন্নিকাশাঃ।"

জলমূর্ত্তি (জল—মূর্ত্তি আকৃতি। সর্ব্বব্যাপী বলিয়া জলই যাহার এক মূর্ত্তি) সং, পুং, শিব; যথা—"ভবায় জলমূর্ত্তয়ে নমঃ।"

জলমূর্ত্তিকা (জল—মূর্ত্তি আকৃতি+ক—যোগ। জলের আকৃতি বা অবস্থা) সং, স্ত্রীং, করকা, শিল। [মূল, উশীর।

জলমোদ (জল—মোদ) সং, ক্লীং, বেণার

জলযন্ত্র (জল—যন্ত্র কল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জলতুলিবার কল, ধারাযন্ত্র, ফোয়ারা। শিং—১ "বিলিপ্তগাত্রা জলযন্ত্রহস্তাঃ।" ২। কালজ্ঞাপক ঘটিযন্ত্র-বিশেষ, জলঘড়ি।

জলযন্ত্রগৃহ, জলযন্ত্রনিকেতন, জলযন্ত্রমন্দির } (জলযন্ত্র—গৃহ, নিকেতন, মন্দির) সং, ক্লীং, গ্রীষ্মকালে বাসার্থ জলের উপরি নির্ম্মিত গৃহ, জলটঙ্গি।

জলযাত্রা (জল—যাত্রা, ৪র্থী—য) সং, স্ত্রীং, জলের নিমিত্ত গমন, জল আনয়নার্থ যাত্রা। শিং—১ "শান্তিকং পৌষ্টিকং বাপি জলযাত্রাং বিনা বুধঃ। কুরুতে যদি বা মোহাৎ বর্ম্ম তস্য চ নিষ্ফলম্।

জলযান; সং, ক্লীং, জলগমন সাধন নৌকাদি।

জলরঙ্ক, জলরঙ্কু } (জল—রঙ্ক কৃপণ, জলোদরিক। ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য ভক্ষণ করিতে করিতে যে জলময় স্থানে গমনাগমন করে। ২য় পক্ষে—জল—রন্জ্ অনুরক্ত হওয়া +অ-প্রং) সং, পুং, বকপক্ষী।

জলরণ্ড (জল—লনৃড্ স্পন্দন হওয়া, ক্রীড়া করা ইত্যাদি+অ—প্রং। ল=র) সং, পুং, জলাবর্ত্ত। ২। জলকণিকা। ৩। সর্প।

জলরস (জল—রস আস্বাদ, সারভাগ, ৭মী—হিং) সং, ক্লীং, লবণ।

জলরাক্ষসী; সং, স্ত্রীং, লবণ-সমুদ্রস্থিতা সিংহিকা রাক্ষসী। "নিহত্য জলরাক্ষসীম্।"

জলরুট্, জলরুহ } (জলরুহ্, জল—রুহ্, রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, পুং—ক্লীং, পদ্ম। শিং—১' জলং তচ্ছুভে হ্রদং ফুটৈর্জলরুহৈস্তথা।" ২। বিং, ত্রিং, জলজাত।

জললতা; সং, স্ত্রীং. তরঙ্গ, ঢেউ।

জলবরণ্ট; সং, পুং, পানীয়বসন্ত।

জলবল্কল (জল—বল্কল ছাল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলের পানা।

জলবায়স (জল—বায়স কাক) সং, পুং, জলকাক, পানিকৌড়ি।

জলবাহ (জল—বহ্ বহন করা+অ(ষঞ) —ণ) সং, পুং, মেঘ। শিং—১ "সান্দ্র জলধিজলবাহপথম্।" ২। কর্পূর। ৩। বিং, ত্রিং, জলবহনকারী।

জলবিড়াল; সং, পুং, উদ্বিড়াল।

জলবিম্ব (জল—বিম্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, জলের বুদ্বুদ।

জলবিল্ব (জল—বিল্ব বেলগাছ বা তৎফল) সং, পুং, কাঁকড়া। ২। কচ্ছপ।

জলবিষুব (জল—বিষুব সমরাত্রিন্দিবাকাল। এই কালে জলের অবসান হয়) সং, ক্লীং, কার্ত্তিকমাসের সংক্রান্তি। শিং—১"মানং বৈরং বহুগুণলাভং ভোগং ত্রাসং জলবিষুবেষু।" [জলকেলি, জলক্রীড়া।

জলবিহার (জল—বিহার ক্রীড়া) সং, পুং,

জলবৃশ্চিক (জল—বৃশ্চিক বিছা) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

জলব্যাল (জল—ব্যাল সর্প, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলঢোঁড়া সাপ। ২। হিংস্রজলজন্তু।

জলশয়, জলশয়ন, জলশায়ী—য়িন্ } (জল—শয়, শয়ন, শায়ী যে শয়ন করে। প্রলয়কালে অথবা ভারতবর্ষে ক্রমাগত চারিমাস বৃষ্টির সময় সমুদ্রোৎপত্তি নাগশয্যায় শয়ন করিয়াছিলেন বলিয়া) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, জলস্থিত।

জলশুক্তি (জল—শুক্তি) সং, স্ত্রীং, শম্বূক।

জলশূক (জল—শূক শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ, শুঁয়া, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শৈবাল।

জলশূকর (জল—শূকর শূয়ার) সং, পুং, কুম্ভীর।

জলসন্ধ; সং, পুং, ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। ইনি সাত্যকির হস্তে নিহত হন।

জলসর্পিণী (জল—সৃপ্ গমন করা বা গুড়ি মারিয়া যাওয়া+ইন্(ণিন্)—ক। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, জোঁক।


জলহূচি (জল—সূচি ছুঁচ) সং, পুং, মৎস্য বিশেষ। ২। পানিফল। ৩। শুশুক। ৪। কাক। ৫। স্ত্রীং, জোঁক।

জলস্তম্ভ (Water-spout) সং, পুং, স্তম্ভাকারে পতিত বা উৎক্ষিপ্ত জলরাশি।

জলহ (জল—হা ত্যাগ করা+অ(ড)—ক) সং, ক্লীং, ক্ষুদ্র জলযন্ত্র গৃহ।

জলহরণ (জল—হরণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জলের স্থানান্তরানয়ন, স্থানান্তরে জল লইয়া যাওয়া।

জলহস্তী (—স্তিন্, জল-হস্তী হাতী) সং,



জলহস্তী।

পুং—স্ত্রীং, হস্তিসদৃশ জলজন্তু-বিশেষ।

জলহারক (জল—হৃ হরণকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, জলবাহক, ভারি।

জলহাস (জল—হাস অট্টহাস। ইহা শ্বেতবর্ণ বলিয়া) সং, পুং, ফেন।

জলহোম (জল—হোম, ৭মী—ষ) সং, পুং, বৈশ্য-দেবাদির উদ্দেশে জলে আহুতি প্রদান।

জলা (জলময় শব্দজ) বিং,জলপ্লাবিত স্থান।

জলাকা (জল—অক্ গমন করা+অ—প্রং) সং, স্ত্রীং, জোঁক।

জলাখু (জল—আখু বিড়াল) সং,পুং, জলমার্জ্জার, উদ্বিড়াল।

জলাঞ্চল (জল—অঞ্চল আঁচল) সং, ক্লীং, স্বভাবতঃ জলনির্গম, আপনা-আপনি জল বাহির হওয়া। ২। শৈবাল।

জলাঞ্জলি (জল—অঞ্জলি আঁজলা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলের অঞ্জলি, অঞ্জলিপ্রমাণ জল। ২। দাহের পর প্রেতের প্রীত্যর্থে জলদান, তর্পণ। শিং—১ "কুপুত্রমাসাদ্য কুতো জলাঞ্জলিঃ।" ৩। প্রেত তর্পণান্তে প্রেত সংস্রবের ন্যায় বস্তু বা বিষয় ত্যাগের সম্পূর্ণ পরিত্যাগ; যথা—এ বালক লেখা পড়ায় জলাঞ্জলি দিয়াছে। ২ "জলাঞ্জলি দিব কুলে।"

জলাটন (জল—অট্ গমন করা+অন(অনট্)—ক) সং, পুং, কঙ্কপক্ষী। নী—স্ত্রীং, জোঁক।

জলাত্মক (জল—আত্মন্, কন্—যোগ) বিং, ত্রিং, জলময়; যেমন—"রসনা জলাত্মক।"

জলাত্মিকা (জল—আত্মন্+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে, আপ্) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক। ২। কূপ।

জলাত্যয় (জল—অত্যয় নাশ, ৭মী—হিং) সং, পুং, শরৎকাল। ২। ক্লীং, জলনিঃসরণ।

জলাধার (জল—আধার আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলাশয়, যাহাতে জল থাকে। ২। সমুদ্র। ৩। জলপাত্র। শিং—১ "তথাত্মৈকোহপ্যনেকস্থ জলাধারেষ্বিবাংশুমান্।" (যাজ্ঞবল্ক্য) ৪। বিং, ত্রিং, জলস্থিত।

জলাধিদৈবত (জল—অধি উপর—দৈবত দেবতা। জলের উপর যে দেবতার আধিপত্য আছে) সং, পুং, বরুণ। ২। ক্লীং, পূর্ব্বাষাঢ়ানক্ষত্র।

জলাধিপ (জল—অধিপ অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বরুণ। শিং—১ "নাথক্রোধগ্রস্তঃ স্থাতুং বিপ্রচিত্তের্জলাধিপঃ।"

জলান্তক; সং, পুং, সপ্ত সমুদ্রের অন্তর্গত স্বাদূদক সমুদ্র। শিং—১ "লবণেক্ষুসুরা সর্পির্দধি দুগ্ধজলান্তকাঃ।" ২। সত্যভামাগর্ভজাত শ্রীকৃষ্ণপুত্রবিশেষ।

জলাপাত (জল—আপাত পতন) সং, পুং, উচ্চ স্থান হইতে প্রবল বেগে জলপতন।

জলাম্বিকা; সং, স্ত্রীং, কূপ।

জলায়ুকা (জল—অয় গমন করা+উক—ক) সং, স্ত্রীং, জোঁক।

জলার্ক; সং, পুং, জলপ্রতিবিম্বিত সূর্য্য। শিং—১ "প্রকৃতিস্থোঽপি পুরুষো নাজ্যতে প্রাকৃতৈর্গুণৈঃ। অবিকারাদকর্তৃত্বাৎ নির্গুণত্বাজ্জলার্কবৎ।" (ভাগবত)।

জলার্ণব (জল—অর্ণব সমুদ্র) সং, পুং, বর্ষাকাল। ২। জলসমুদ্র।

জলার্থী (জলার্থিন্,জল—অর্থী ইচ্ছুক) বিং, ত্রিং, জলাভিলাষী, তৃষ্ণার্ত্ত, পিপাসাকুল।

জলার্দ্র (জল—আর্দ্র ভিজা) বিং, ত্রিং, জলে ভিজা। শিং—১ "পুষ্পাসারৈঃ স্নপয়তু ভবান্ ব্যোমগঙ্গাজলার্দ্রৈঃ।"

জলার্দ্রা (জল—আর্দ্রা ভিজা, ৩য়া—ষ) সং, স্ত্রীং, জল দ্বারা আর্দ্রব্যজন, ভিজে পাখা।

জলালুক (জল+আলু—প্রং, ক যোগ) সং, ক্লীং, পদ্মকন্দ, পদ্মের গেঁড়। কা—স্ত্রীং, জোঁক।

জলালোকা (জল—আলোক অবলোকন করা+অ(অল্)—র্ম) সং, স্ত্রীং, জোঁক।

জলাবর্ত্ত (জল—আবর্ত্ত ঘূর্ণন) সং, পুং, জলের ঘূর্ণা, জলের পাকনা, জলভ্রম।

জলাশয় (জল—আশয় [আ সম্যক্—শী শয়ন করা+অ(অল্)—ধি] আধার, শয়নীয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলাধার, সমুদ্র, নদ নদী প্রভৃতি। শিং—১ "পম্পাং শুভশীতলজলাশয়াম্।" ২। বিং,ত্রিং,জড়াত্মা।

জলাশয়োৎসর্গ (জলাশয়—উৎসর্গ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কূপবাসী পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের প্রতিষ্ঠা।

জলাষ্ঠীলা (জলাষ্ঠী [জল—আ—স্থা থাকা +অ(ড)—ঈ, ধি] জলাধার+ল—যোগ) সং, স্ত্রীং, বৃহৎ পুষ্করিণী।

জলাহ্বয় (জল—আহ্বয় নাম) সং, ক্লীং, (জলে শোভমান বলিয়া) পদ্ম।

জলিকা (জল+ক(কণ্)—অস্ত্যর্থে, ই—আগম) সং, স্ত্রীং, জোঁক।

জলুক } (জল [রক্ত] মোচন করা+উক,
জলূকা } উক—সংজ্ঞার্থে। স্=ল্) সং, স্ত্রীং, জোঁক।

জলেচর (জলে—চর যে গমন করে) সং, পুং, হংস বক প্রভৃতি জলচর পক্ষী।

জলেন্দ্র (জল—ইন্দ্র প্রধান, শাসনকর্ত্তা) সং,পুং, বরুণ। ২। সমুদ্র। ৩। মহাদেব। ৪। পূর্ব্বপক্ষ।

জলেন্ধন (জল—ইন্ধন উদ্দীপন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাড়বাগ্নি।

জলেভ (জল জলজাত—ইভ হস্তী, মৎ—স) সং,পুং, স্ত্রীং, জলহস্তী। শিং—১ "প্রস্ফুরত্তিমজলেভজিহ্মগঃ।"

জলেবাহ (জলে—বাহ গতি, ৬ষ্ঠী—হিং) সং,পুং, যে জলমগ্ন হইয়া জলস্থিত পদার্থ অবলোকন করে,ডুবারি। শিং—১"জলেবাহানথাহূয় বহুংস্তত্র ন্যযোজয়ং।"

জলেশ (জল—ঈশ প্রভু) সং, পুং, সমুদ্র। ২। বরুণ। শিং—১"পাতয়ামাস সেনায়াং জলেশস্য স দানবঃ।" (হরিবংশ)। ৩। বিং, ত্রিং, জলের অধিষ্ঠাতা; যথা—"সহসা জলেশ পাশী অস্থির হইলা।"

জলেশয় (জলে সপ্তমী বিভক্ত্যন্ত—শয় [শী শয়ন করা+অ(অল্)—ক] যে শয়ন করে বা বাস করে) সং, পুং, মৎস্য। ২। সমুদ্র। ৩। বিষ্ণু। শিং—১ "সপ্তসাগোপগীতং ত্বাং সপ্তার্ণ জলেশয়ম্।" ৪। বিং, ত্রিং, জলস্থিত।

জলেশ্বর (জল—ঈশ্বর অধিপতি) সং, পুং, জলাধিপতি, বরুণ। ২। সমুদ্র। ৩। শিববিশেষ।

জলোচ্ছ্বাস (জল—উচ্ছ্বাস) সং,পুং, জলের স্ফীততা, জোয়ার, নদী প্রভৃতির সীমা অতিক্রম করিয়া জল উঠা।

জলোদর (জল—উদর, ৫মী—হিং) সং,ক্লীং, উদররোগবিশেষ, উদরী।

জলৌকা, জলৌকস্—স্ত্রীং } (জল—ওকস্ স্থান,
জলৌকস—ত্রিং, বহুং } ৬ষ্ঠী—হিং) সং, জোঁক। ২। বিং, ত্রিং, জলাধিষ্ঠিত (জন্তুমাত্র)। শিং—১"জলৌকসাং স সত্ত্বানাং বভূব প্রিয়দর্শনঃ।"

জল্দী (যাবনিক) ক্রিং—বিং, শীঘ্র, ত্বরা।

জল্প (জল্প্ বলা+অ(অল্)—ভাবে) সং, পুং,পরমত খণ্ডন পূর্ব্বক স্বমত ব্যবস্থাপন। ২। জল্পন। "ইতিপ্রিয়াং বল্গু বিচিত্রজল্পৈঃ"

জল্পক (জল্প্ গল্প করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে অনেক বকে, যে বৃথা অনেক কথা কয়, বাচাল।

জল্পন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, কথন, উক্তি। ২। অনেক বকা, অনর্থ অনেক কথা কহা, বাচালতা। ৩। প্রস্তাব, সূচনা।

জল্পাক (পূর্ব্বে দেখ, আক(ষাক)—ক) বিং, ত্রিং, বাচাল, বহুভাষী। কী—স্ত্রীং, বহুভাষিণী। শিং—১ "জল্পাকীভিঃ সহাসীনঃ স্ত্রীভিঃ প্রজবিনা ত্বয়া।" (ভট্টি)।

জল্পিত (জল্প গল্প করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উক্ত। ২। প্রস্তাবিত। ৩। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, জল্পন, কথন।

জব (জু বেগে চলা+অ(অল্)—ভা) সং, পুং, বেগ। শিং—১ "জবেন কণ্ঠং সভয়াঃ প্রপেদিরে।" (মাঘ)। ২। (+অন্—ক। অথবা জব+অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবান্। বা—স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ পুষ্প।

জবন (জব দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বেগ। ২। (+অন—ক) পুং, বেগবান্ অশ্ব। "আরুহ্য জবনানশ্বান্ নিয়ন্তুমুপচক্রমে।" ৩। মৃগবিশেষ। ৪। আরবদেশ, ইউনান। ৫। ম্লেচ্ছজাতি, মুসলমানজাতি। ৬। বিং, ত্রিং, দ্রুতগামী, বেগবান্। নী—স্ত্রীং, জবনজাতীয়া স্ত্রী।

জবনাল (যবনাল দেখ) সং, ক্লীং, শস্যবিশেষ, জনার, মক্কা।

জবনিকা, জবনী (জু পাওয়া+অ(অনট্)—ণ, ঈপ—স্ত্রীং, ক—স্বার্থে, স্ত্রীলোকেরা যাহা প্রাপ্ত হয়) সং, স্ত্রীং, তিরস্করিণী, পরদা, কানাৎ। ২। জবন স্ত্রী।

জবস (জু শীঘ্র জন্মান+অস(অসচ্)—ক) সং, পুং—ক্লীং, তৃণ, ঘাস।

জবা (জপ্+অ(অল্)—ণ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ রক্তবর্ণ পুষ্প বা বৃক্ষ।

জবাদি; সং, ক্লীং, মৃগচর্ম্মজাত কৃত্রিম গন্ধদ্রব্যবিশেষ।

জবাধিক (জব বেগ-অধিক, ৩য়া—ষ) সং, পুং, বেগবান্ অশ্ব। ২। বিং, ত্রিং, অতিশয় বেগবান্।

জবী (জবিন্, জব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগযুক্ত, বেগবান্। শিং—১ "সমকালমিষুং ক্ষিপ্তমানীয়ান্যো জবী নরঃ।" ২। সং, পুং, অশ্ব। ৩। উষ্ট্র।

জম্বুরি (জস্ বধ করা বা আঘাত করা+উরি—সংজ্ঞার্থে) সং, পুং, বজ্র।

জহক (হা ত্যাগ করা+অক(ণক)—ক) সং, পুং, সময়; কাল। ২। বিং, ত্রিং, পরিত্যাগকারী।

জহৎ (হা ত্যাগকরা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে ত্যাগ করিতেছে।

জহৎস্বার্থা (জহৎ-স্বার্থ স্বীয় অর্থ, আপ্) সং, স্ত্রীং, স্বার্থত্যাগবতীলক্ষণা, লক্ষণলক্ষণা।

জহানক (হা ত্যাগ করা+আন(শান)—শীলার্থে, ক—যোগ) সং, পুং, প্রলয়, ব্রহ্মাণ্ডের নাশ। [জ্যোতির্ম্ময় প্রস্তরখণ্ড।

জহর (যাবনিক) সং, বিষ, গরল। ২।

জহ্নু (হা [ধর্ম্মজন্য জগৎকে] ত্যাগ করা+নু—ক) সং, পুং, সুহোত্রের পুত্র। ইনি অতিশয় তপঃপরায়ণ রাজর্ষি ছিলেন, ইনি যে সময় যজ্ঞ করিতেছিলেন, সেই সময় ভাগীরথী ইহাঁর যজ্ঞদ্রব্য ভাসাইয়া দেন, তাহাতে ইনি গণ্ডূষে গঙ্গা পান করেন, পরে ভগীরথের অনুনয়ে কর্ণপথ দিয়া তাঁহাকে বাহির করিয়া দেন। শিং—১ "ভরতস্যান্বয়ে চৈবাজমীঢ়ো নাম পার্থিবঃ। তস্য পুত্রো মহানাসীজ্জহ্নুর্নাম নরেশ্বরঃ।" ৩। বিষ্ণু।

জহ্নুকন্যা, জহ্নুতনয়া, জহ্নুসুতা (জহ্নু—কন্যা, তনয়া, সুতা, ৬ষ্ঠী—ষ। তপোবন প্লাবিত করাতে রাজর্ষি জহ্নু গঙ্গাকে পান করেন। পরে ভগীরথের স্তুতিবাক্যে সন্তুষ্ট হইয়া তাঁহাকে স্বীয় শ্রুতিযুগলদ্বারা [মতান্তরে—জানুদেশ বিদীর্ণ করিয়া] বহির্গত করিয়াছিলেন, ইহাতে সুতাত্ব প্রতিপন্ন হওয়াতে লোকে জাহ্নবীত্যাদি নাম হইল) সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "জলনিধিমনুরূপং জহ্নুকন্যাবতীর্ণা।" (রঘু)।

জহ্নুসপ্তমী; সং, স্ত্রীং, বৈশাখী শুক্লা সপ্তমী, এই তিথিতে জহ্নুমুনি ক্রোধে গঙ্গাকে পান করিয়া পুনর্ব্বার তাহাকে বহির্গত করেন।

জাওর (জীর্ণ হওনার্থ জৃধাতুজ কি ?) সং, উদ্গার করিয়া পুনর্ব্বার চিবান।

জাঁক (দেশজ) সং, সমারোহ, দম্ভ।

জাঁতা (যন্ত্রশব্দজ) সং, পেষণযন্ত্র। ২। অগ্নিপ্রজ্জ্বালনার্থ যন্ত্রবিশেষ। তী—সং, গুবাক ছেদনার্থ অস্ত্রবিশেষ।

জাঁহাপনা (পারস্য ভাষা, জাঁহা পৃথিবী—পনা আশ্রয়, যে পালন করে, পৃথিবী যাহার আশ্রয় অথবা পৃথিবীকে যিনি পালন করেন) রাজাধিরাজ, সম্রাট্।

জাগন (জাগরণশব্দজ) সং, নিদ্রাভঙ্গ, জাগরণ।

জাগর (জাগৃ জাগিয়া থাকা+অ(অন)—ক) সং, পুং, বর্ম্ম। পুং, রা—স্ত্রীং, (জাগৃ+অল্—ভাবে, আপ্—স্ত্রীং) নিদ্রাভঙ্গ, নিদ্রা হইতে উত্থান। শিং—১ "রাত্রিজাগরপরো দিবাশয়ঃ।" ২। সতর্কতা, সাবধান, অপ্রমাদ।

জাগরক (জাগৃ জাগিয়া থাকা+অক(ণক)—ক) বিং, ত্রিং, নিদ্রারহিত।

জাগরণ (জাগৃ জাগিয়া থাকা+অন(অনট)—ভাবে) সং,ক্লীং, অনিদ্রা, নিদ্রারাহিত্য। ২। অপ্রমাদ। ৩। কীর্ত্তনের অঙ্গবিশেষ; "এতদূরে পালা গীত হইল সমাপন, অতঃপর রজনীতে গাব জাগরণ।"

জাগরিত (জাগর দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যে নিদ্রা যায় নাই, যে জাগিয়া আছে। ২। যাহার নিদ্রাভঙ্গ হইয়াছে। ৩। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, জাগরণ। শিং—১"ইন্দ্রিয়ৈরর্থজ্ঞানে স্বপ্নদর্শন হেতু কর্ম্মক্ষয়ে চ জাগরিতমাগচ্ছন্।"

জাগরিতা—তৃ } (জাগর দেখ, তৃ(তৃন্),
জাগরী—রিন্ } ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, জাগরণশীল, জাগরণকারী।

জাগর্ত্তি } (জাগৃ জাগিয়া থাকা+ক্তি—
জাগর্য্যা } ভাবে। য—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, জাগরণ। ২। অপ্রমাদ।

জাগরূক (জাগর দেখ, উক—ক) বিং, ত্রিং, জাগরণশীল। শিং—১ "স্বপতো জাগরূকস্য যাথার্থ্যং বেদকস্তব।" ২। সতর্ক, অপ্রমত্ত। "বর্ণাশ্রমাবেক্ষণজাগরূকঃ।"

জাগুড (গুনুড্ [যঙ্লুগন্ত] বেষ্টন করা, পেষণ করা+অ(অন্)—ক) সং, ক্লীং, কুঙ্কুম।

জাগৃবি (জাগর দেখ, বি(কি)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। ২। নৃপ।

জাগ্রৎ (জাগর দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, জাগরণশীল, জাগরণবিশিষ্ট। শিং—১ "এবং স জাগ্রৎ স্বপ্নাভ্যামিদং সর্ব্বং চরাচরম্।" ২। সং, ক্লীং, জাগরণাবস্থা।

জাগ্রিয়া (জাগর দেখ, য—ভা। ঋ—রি) সং, স্ত্রীং, জাগরণ। [স্ত্রীং, উরুদেশ, উরুৎ।

জাঘনী (জঘন+অ(ষ্ণ)—সামীপ্যার্থে) সং,

জাঙ্গল (জঙ্গল+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, কপিঞ্জল পক্ষী। ২। হরিণাদি পশু। ৩। বারিহীন দেশ। ৪। কুরুদেশ সমীপস্থ দেশবিশেষ। শিং—১ "অম্বোদকোতৃণো যস্তু প্রবাতঃ প্রচুরাতপঃ। স জ্ঞেয়ো জাঙ্গলো দেশো বহুধান্যাদিসংযুতঃ।" ৫। ক্লীং, মাংস। ৬। বিং,ত্রিং, জঙ্গলসম্বন্ধীয়। ৭। বন্য, জঙ্গলা, অসভ্য, বনচর। ৮। জঙ্গলময়।

জাঙ্গলি } (জঙ্গল+ই(ঞি), ইক(ঞিক)
জাঙ্গলিক } —জ্ঞানার্থে, নিবাসার্থে) সং, পুং, ব্যালগ্রাহী, সাপুড়ে। ২। বিং, ত্রিং, জঙ্গলবাসী।

জাঙ্গলী } (জাঙ্গল, জাঙ্গুল+ঈপ্—প্রং)
জাঙ্গুলী } সং, স্ত্রীং, বিষবিদ্যা।

জাঙ্গাল (জঙ্গাল শব্দজ) সং, আলি, সেতু।

জাঙ্গুল (জঙ্গল+ষ্ণ) সং, ক্লীং, বিষ।

জাঙ্গুলিক (জঙ্গুল বিষ+ইক(ঞিক)—জ্ঞানার্থে) সং, পুং, বিষবৈদ্য, সাপুড়ে।

জাঙ্ঘিক (জঙ্ঘা+ইক(ঞিক)—জীবত্যর্থে) বিং, ত্রিং, জঙ্ঘাজীবী, দ্রুতগামী। ২। সং, পুং, উষ্ট্র। ৩। শ্রীকারী বৃক্ষ।

জাজলি; সং, পুং, মুনিবিশেষ।

জাজ্বল্যমান (জ্বল [যঙন্ত ধাতু] + আন (শান)—ক। ম—আগম) বিং,ত্রিং,অত্যুজ্জ্বল, দেদীপ্যমান। ২। অতি জ্বলন্ত।

জাঠর (জঠর+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, জঠরগত অগ্নি। শিং—১ "জাঠরো ভগবানগ্নিরীশ্বরোঽন্নস্য পাচকঃ।" ২। কুমারের অনুচরবিশেষ। ৩। বিং, ত্রিং, জঠরসম্বন্ধীয়।

জাড্য (জড় শীতল+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, জড়তা। ২। মূর্খতা, অজ্ঞানতা। ৩। স্তব্ধীভাব। শিং—১"আলস্যশ্রমগর্ভাদ্যৈর্জাড্যং জৃম্ভাসিতাদিকৃৎ।" ৪। আলস্য।

জাড্যারি (জাড্য—অরি) সং,পুং,জম্বীর,লেবু

জাত (জন্ উৎপন্ন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উৎপন্ন, সঞ্জাত, উদ্ভূত। শিং—১ "সুবীজঞ্চৈব সুক্ষেত্রে জাতং সংপদ্যতে যথা।" ২ "অদ্য প্রাতরেবানিষ্টদর্শনং জাতম্।" ২। প্রশস্ত। ৩। ব্যক্ত। ৪। যে জন্মগ্রহণ করিয়াছে, শিশু। ৫। (+ক্ত—ভা) সং,ক্লীং, জাতি। ৬। সমূহ। শিং—১ "নিঃশেষবিশ্রাণিতকোষজাতম্।" ৭। ব্যক্তি। ৮। জন্ম, উৎপত্তি।

জাতক (জাত জন্ম+ক(কণ)—ইদমর্থে) সং,ক্লীং, জাত-বালকের শুভাশুভনির্ণায়ক গ্রন্থবিশেষ। ২। বৌদ্ধদিগের গ্রন্থবিশেষ। ৩। জাতকর্ম্ম। ৪। পুং, ভিক্ষু। ৫। বিং, ত্রিং, উৎপন্ন। শিং—১ "উভৌ তৌ নার্হতো ভাগং জারজাতককামজৌ।"

জাতকর্ম্ম (—র্ম্মন্, জাত জন্ম—কর্ম্মন্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সংস্কারবিশেষ, সন্তানের জন্মকালে কর্ত্তব্য কর্ম্মবিশেষ।

জাতক্রিয়া (জাত—ক্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, জাতকর্ম্ম দেখ।

জাতমাত্র (জাত+মাত্র—প্রং) বিং, ত্রিং, যে এইমাত্র জন্মিয়াছে। ২। ক্রিং—বিং, জন্মিবামাত্র, জন্মের অব্যবহিত পরক্ষণ। শিং—১ "জাতমাত্রং ন যঃ শত্রুং রোগঞ্চ প্রশমং নয়েৎ।"

জাতরূপ (জাত উৎপন্ন—রূপ আকৃতি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং প্রশস্তবর্ণ সুবর্ণ। ২। পুং, ধুস্তূরবৃক্ষ। ৩। বিং, ত্রিং, উৎপন্ন মূর্ত্তি। শিং—১ "কমণ্ডলুমুপাদায় জাতরূপময়ান্ শুভান্।" ২ "ন জাতরূপচ্ছদজাতরূপতা।"

জাতবেদাঃ (জাতবেদস্, জাত উৎপন্ন—বেদ শ্রুতি+অস্—ক। কথিত আছে বেদ অগ্নির মুখ হইতে জন্মিয়াছে। অথবা জাত—বিদ্ লাভ করা+অস্—ক। যে জাত প্রাণীকে জঠরানলস্বরূপে লাভ করে অর্থাৎ প্রাণীমাত্রের জঠরে অগ্নি থাকায় অগ্নির নাম জাতবেদাঃ) সং, পুং, অগ্নি। শিং—১ "পঞ্চমঃ পঞ্চতপসাং তপনো জাতবেদসাম্।"

জাতাপত্যা (জাত [যাহা দ্বারা] জন্মিয়াছে—অপত্য সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, প্রসূতা, যে স্ত্রী সন্তান প্রসব করিয়াছে।

জাতি (জন্ উৎপন্নহওয়া+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রকার, ভেদ, শ্রেণী। ২। জন্ম, উৎপত্তি। ৩। গোত্র, বংশ। ৪। (+ক্তিচ্—ক) ব্রাহ্মণাদি বর্ণ। "আকৃতি গ্রহণা জাতির্লিঙ্গানাঞ্চ ন সর্ব্বভাক্। সকৃদাখ্যাতনির্গ্রাহ্যা গোত্রঞ্চ চরণৈঃ সহ।" ৫। নিত্য এবং অনেক সমবেত ধর্ম্ম, এক জাতীয় যাবতীয় পদার্থের অসাধারণ ধর্ম্ম, যে ধর্ম্ম সেই জাতীয় পদার্থেই থাকে তদ্ভিন্ন জাতীয়ে লক্ষিত হয় না; যথা—ব্রাহ্মণত্ব ঘটত্ব প্রভৃতি। ৬। মালতীপুষ্প। ৭। অলঙ্কারবিশেষ। ৮। ছন্দোবিশেষ। ৯। ষড়্জাদি সপ্তস্বর। ১০। (+ক্তি—খি) চুল্লী।

জাতিকোশ—ষ; সং, স্ত্রীং, জায়ফল।

জাতিধর্ম্ম; সং, পুং, ব্রাহ্মণাদির ধর্ম্মবিশেষ।

জাতিভ্রংশ; সং, ক্লীং, পাপবিশেষ। ২। জাতিনাশ।

জাতিমাত্র (জাতি+মাত্র—এবার্থে) সং,ক্লীং, জন্মমাত্র। শিং—১ "জাতিমাত্রেণ কিং-কশ্চিদ্ধন্যতে পূজ্যতে কচিৎ।"

জাতিমালা; সং, স্ত্রীং, জাতিবিশেষজ্ঞাপক-গ্রন্থবিশেষ।

জাতিবৈর (জাতি—বৈর শত্রুতা) সং,ক্লীং, স্বাভাবিক শত্রুতা।

জাতিব্যূহবিধান; সং, ক্লীং, বিভিন্ন জাতীয় লোকদিগের পরস্পর ব্যবহার-বিষয়ক নিয়ম।

জাতিব্রাহ্মণ (জাতি—ব্রাহ্মণ, ৩য়া—ষ) সং, পুং, তপঃ ও শ্রুতিহীন ব্রাহ্মণ, যে তপস্যা ও বেদপাঠ করে না, যে কেবল জাতিতে ব্রাহ্মণ। শিং—১ "তপঃশ্রুতাভ্যাং যো হীনো জাতিব্রাহ্মণ এব স।"

জাতিসঙ্কর; সং, পুং, বিভিন্নজাতীয় পিতা মাতা হইতে উৎপন্ন, বর্ণসঙ্কর।

জাতিসার; সং, ক্লীং, জায়ফল।

জাতিস্মর (জাতি পূর্ব্বজন্ম—স্মর যে স্মরণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পূর্ব্বজন্মের বৃত্তান্তস্মারক, যাহার পূর্ব্বজন্মের কথা

স্মরণ থাকে। ২। তীর্থবিশেষ। "জাতিস্মরহ্রদে স্নাত্বা ভবেজ্জাতিস্মরো নরঃ।"
জাতী (জাতি+ঈপ্—প্রং) সং,স্ত্রীং, মালতী পুষ্প। ২। যে লতার ফল জায়ফল।
জাতীপত্রী (জাতি—পত্র পাতা) সং, স্ত্রীং, জয়িত্রী।
জাতীফল; সং, ক্লীং, জায়ফল।
জাতীয় (জাতি+ঈয় (ীয়)—ভবার্থে) বিং, ত্রিং, জাতি-সম্বন্ধীয়। ২। প্রকার। ৩। জাতির মধ্যে নিবিষ্ট; যথা—সজাতীয়, বিজাতীয়।
জাতীয়বিধান (National law) বিভিন্ন জাতীয় লোকদিগের পরস্পর ব্যবহার-ব্যবস্থাপক শাস্ত্র।
জাতীশ্বর (জাতি—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জাতির কর্তা। ২। (৭মী—ষ) জাতির মধ্যে শ্রেষ্ঠ।
জাতু (জৈ ক্ষীণ হওয়া+তু(তুন্)—ক) অং, কদাচিৎ, কখন কখন। শিং—১ "ন স জাতু চিরং জীবেৎ।" ২ "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।"২। নিষেধ। ৩। সম্ভাবনা বা নিন্দাসূচক শব্দ। শিং—১ "জাতু নিন্দসি গোবিন্দমপি নিন্দসি।" ২ "জাতু তত্রভবান্ বৃষলং যাজয়তি।"
জাতুক (জতুক+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, হিঙ্গু, হিং।
জাতুধান (জাতু কদাচিৎ—ধান সন্নিধান, যাহার কদাচিৎ সন্নিধান আছে, ৬ষ্ঠী—হিং। কেহ বলেন, জাতু অর্থাৎ কদাচিৎ ছিদ্র প্রাপ্ত হইয়া, ধান অর্থাৎ সন্নিধান হইয়াছে যাহার) সং, পুং, রাক্ষস।
জাতুষ (জতু+অ(ষ্ণ)—বিকারার্থে। ষ—আগম) বিং, ত্রিং, জতুনির্ম্মিত। শিং—১ "যদাহশ্রৌষং জাতুষাদ্বেশ্মনস্তান্।"
জাতূকর্ণ; সং, পুং, মুনিবিশেষ। র্ণী—স্ত্রীং, ভবভূতির মাতা।
জাতেষ্টি (জাত জন্ম—ইষ্টি যাগ) সং,স্ত্রীং, সন্তানের জন্ম হইলে যে যাগ করিতে হয়, জাতকর্ম্ম সংস্কার।
জাতোক্ষ (জাত—উক্ষন্ বৃষ) সং, পুং, যুবা বৃষ, বলদ।
জাত্য (জাতি+য(ষ্যু)—সাধু-অর্থে) বিং, ত্রিং, কুলীন। ২। শ্রেষ্ঠ। ৩। কমনীয়, কান্ত। শিং—১ "জাত্যস্তেনাভিজাতেন শূরঃ শৌর্য্যবতা কুশঃ।" (রঘু)।
জাত্যত্রিভুজ (Right angled Triangle) সং, পুং, যে ত্রিভুজ ক্ষেত্রে একটী সমকোণ থাকে।
জাত্যন্ধ (জাতি জন্ম—অন্ধ, ৭মী—ষ) বিং, ত্রিং, আজন্ম দৃষ্টিহীন।
জাদা (যবন ভাষা) সং, পুত্র।
জাদু (যাবনিক) সং, কুহক, মায়া, ভেল্কী।
জান (জ্ঞাধাতুজ) সং, সর্ব্বজ্ঞ। ২। দৈবজ্ঞ। ৩। (জীবন শব্দজ) সঙ্গীতে—যে রাগের যে সুরটী প্রধান তাহাকে সেই রাগের জান কহে; যে—মালকোষের জান মধ্যম। ৪। প্রাণ।
জানকী (জনক এই কন্যার পিতা+অ(ষ্ণ)—অপত্যার্থে, —স্ত্রীং) সং, স্ত্রীং, সীতা, জনকনন্দিনী, রামপত্নী।
জানপদ (জনপদ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং,জনপদসম্বন্ধীয়। ২। (+ষ্ণ—ভবার্থে) জনপদোৎপন্ন। ৩। জনপদ হইতে আগত, দেশান্তরাগত। ৪। দেশস্থ, জনপদবাসী। ৫। (+ষ্ণ—স্বার্থে) সং,পুং, জনপদ,দেশ।
জানপদী; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। দেবরাজ গৌতম শরদ্বানের কঠোর তপস্যাদর্শনে ভীত হইয়া ইহাঁকে তাঁহার তপোভঙ্গ করিতে নিযুক্ত করেন। ইহাঁকে দর্শন করিয়া তাঁহার চিত্তবিকার উপস্থিত হয়, তাহাতে রেত স্খলিত হইয়া কৃপ ও কৃপীর জন্ম হয়।
জানানা (যাবনিক) স্ত্রীজাতি।
জানু (জনি [গতি] জন্মান+উ(ঞ্ণ)—ক, যে গতি জন্মায়) সং,পুং—ক্লীং, ঊরুসন্ধি, হাঁটু। শিং—১ "জঙ্ঘোর্ব্বোঃ সংধানে জানু নাম।" ২ "তস্মিন্ (পুত্রে) জানুচলনযোগ্যে সঞ্জাতে।" ৩ "ক্ষিতিন্যস্ত জানু।"
জানুমানু—চম্পানগরে মনসার দুইজন ভক্ত।
জানুবিজানু; সং, ক্লীং, খড়্গাযুদ্ধ প্রকারবিশেষ।
জানুহিত; বিং, ত্রিং, জনপরিকল্পিত।

জাপ (জপ্‌ জপ করা+অ(ঘঞ্‌)—ভাবে) সং, পুং, মন্ত্রোচ্চারণ, মন্ত্রজপ। ২। (+ ঘঞ্‌—ক) জপকর্ত্তা।

জাপক (জপ্‌ পাঠ করা, জপা+অক(ণক) —ক) বিং, ত্রিং, জপকারক, যে জপ করে।

জাপন (জপ্‌-ণিচ্‌=জাপি বলান + অন (অনট্‌)—ভা) সং, ক্লীং, নিরসন, প্রত্যাখ্যান। ২। নিবর্ত্তন, নিষ্পাদন।

জাবাল } (অজ—পাল যে পালন করে,
জাবালি } নিপাতন) সং, পুং, ছাগোপজীবী, ছাগব্যবসায়ী। ২। (জবাল+অ(ষ্ণ), ই(ষ্ণি)—অপত্যার্থে) মুনিবিশেষ।

জাম (জম্বুশব্দজ) সং, ফলবিশেষ।

জামদগ্নেয় (জমদগ্নি + এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, জমদগ্নিপুত্র, পরশুরাম। শিং—১"ভার্গবং জামদগ্নেয়ং রাজা রাজবিমর্দ্দনম্‌।" (রামায়ণ)।

জামদগ্ন্য (জমদগ্নি+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, জমদগ্নির পুত্র, পরশুরাম। শিং—১ "তেজোভির্গত বীর্য্যত্বাৎ জামদগ্ন্যো জড়ীকৃতঃ।"

জামল; সং, ক্লীং, আগমশাস্ত্রবিশেষ।

জামা (পারস্যভাষা) সং, বেনিয়ান্‌, কুর্ত্তি।

জামাই (জামাতৃশব্দজ) সং, কন্যার পতি।

জামাতা (জামাতৃ, জা জায়াশব্দজ—মা লওয়া+তৃ(তৃচ)—ক) সং, পুং, কন্যার পতি, জামাই। শিং—১ "ঋত্বিক্‌ স্বস্রিয় জামাতৃযাজ্যশ্বশুরমাতুলাঃ।" (যাজ্ঞবল্ক্য)। ২। স্বামী। ৩। (জ সূর্য্য+আ—মা পরিমাণ করা+তৃচ্‌—ণ) সূর্য্যপরিধি।

জামি } (জৈ ক্ষীণহওয়া বা জন্‌ উৎ-
জামী } পন্ন হওয়া, জম্মান+মি—ক। অথবা জম্‌ ভক্ষণ করা+অ—প্রং। ঈ —বিকল্পে) সং,স্ত্রীং,ভগিনী। ২। দুহিতা। ৩। স্নুষা। ৪। কুলকামিনী,পতিব্রতা স্ত্রী। শিং—১ "শোচন্তি যাময়ো যত্র বিনশ্যত্যাশু তৎকুলম্‌।" (মনু)।

জামিত্র (জামি—ত্র ত্রাণ করা+অ(ড)—ক) সং, ক্লীং, বিবাহাদিকর্ম্মকালীন লগ্নের সপ্তম লগ্ন। শিং—১ "তিথৌ চ জামিত্র গুণান্বিতায়াম্‌।"

জামিত্রবেধ; সং, পুং, পাপ গ্রহ হইতে সপ্তম স্থানস্থ চন্দ্ররূপ যোগবিশেষ; এই যোগ বিবাহে নিষিদ্ধ। শিং—১"জামিত্রবেধ বিহিতানপহন্ত্য দোষান্‌ দোষাকরঃ শুভমনেকবিধং বিধত্তে।" (জ্যোতিষ)।

জামিন্‌ (যাবনিক) স্থানীয়, প্রতিভূ।

জামির (জম্বীর শব্দজ) সং, পুং, লেবু।

জামুড়া (দেশজ) ব্রণকিণ,হস্তপদাদিতে কঠিন মাসরূপ রোগ। ২। অপক্বাবস্থায় আঘাতাদিদ্বারা ফলাদির কঠিনত্ব।

জামেয় (জামি ভগিনী + এয়(ঢক্‌)—অপত্যার্থে) সং, পুং, ভগিনীপুত্র, ভাগিনেয়।

জাম্বব (জম্বু জামগাছ+অ(ষ্ণ)—ফলার্থে) সং, ক্লীং, জাম। ২। সুবর্ণ। ৩। পুং, ভল্লুকরাজ, জাম্বুবান্‌।

জাম্ববতী (জাম্ববৎ রামায়ণপ্রসিদ্ধ, ঋক্ষরাজবিশেষ+ঈ—অপত্যার্থে) সং, স্ত্রীং, কৃষ্ণের পত্নীবিশেষ। শিং—১ "শাম্ব! শাম্ব! মহাবাহো! শৃণু জাম্ববতীসুত।"

জাম্ববান্‌ (জাম্ববৎ, জাম্ব জামগাছ+বৎ (বতু)—অস্ত্যর্থে) সং, পুং, ঋক্ষরাজ, ভল্লুকবিশেষ।

জাম্বুবান } (জাম্বুবৎ,জাম্বুবৎ, জাম্বু জাম
জাম্বুবান্‌ } গাছ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, ভল্লুকবিশেষ, ঋক্ষরাজ, কৃষ্ণের শ্বশুর। ২। কৃষ্ণের পিতৃব্য।

জাম্বুনদ (জম্বুনদী সুমেরু হইতে নির্গত নদীবিশেষ+অ(ষ্ণ)—ভবার্থে) সং, ক্লীং, স্বর্ণ, জম্বুনদীজাত। এই নদীর উভয় পার্শ্বস্থ মৃত্তিকা জম্বুরস সম্পর্কে বায়ু ও সূর্য্যকিরণে বিপাচিত হইয়া স্বর্ণরূপে পরিণত হয় বলিয়া স্বর্ণের এই নাম হইয়াছে। শিং—১ "যদিদং নির্গতং তস্যাস্তপ্ত জাম্বুনদপ্রভম্‌।" (রামায়ণ)। ২। ধুতুরাপুষ্প। শিং—১"তত্র জাম্বুনদং নাম কনকং দেবভূষণম্‌।" (ভারত)।

জায় (যাবনিক) লেখা, বিবরণ।

জায়ক (জি [সমুদায় সুগন্ধিকে] জয় করা+

অক(ণক)—ক) সং, ক্লীং, পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠবিশেষ।
জায়গা (যাবনিক) সং, স্থান, ভূমি।
জায়গীর (পারস্য ভাষা) রাজার দত্ত পুরস্কারস্বরূপ ভূসম্পত্তি।
জায়দাদ (পারস্যভাষা) সম্পত্তি, কোন কার্য্যের ব্যয়নির্ব্বাহার্থ ভূমিসম্পত্তির দান।
জায়ফল; সং, ক্লীং, পঞ্চ কষায়ের মধ্যে ফলবিশেষ।
জায়মান (জন্ উৎপন্ন হওয়া,জন্মান+আন (শান)—ক) বিং, ত্রিং, যে জন্মিতেছে, উৎপদ্যমান। শিং—১ "জায়মানে জনার্দ্দনে।"
জায়া (জন্ উৎপন্ন হওয়া+য—থি, যাহাতে মনুষ্য অপত্যরূপে জন্মে। মহাভারতে—ভার্য্যারে রক্ষা করিতে পারিলেই পুত্রকে রক্ষা করা হয়, এবং পুত্র রক্ষিত হইলে আত্মাও রক্ষিত হয়, কারণ আত্মাই ভার্য্যার গর্ভে জন্মগ্রহণ করে; এই নিমিত্ত পণ্ডিতগণ ভার্য্যারে জায়া বলিয়া নির্দ্দেশ করিয়াছেন) সং,স্ত্রীং, স্ত্রী,ভার্য্যা। পত্নী। শিং—১ "পতির্ভার্য্যাং সংপ্রবিশ্য গর্ভোভূত্বেহ জায়তে, জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ।" ২ "তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনঃ।" ৩ "একস্য পুংসো বহ্ব্যঃ জায়া ভবন্তি।" ২। সপ্তমলগ্ন।
জায়াজীব (জায়া—জীব যে বাঁচে। যে জায়া দ্বারা বাঁচে, ৩য়া—ষ) সং, পুং, নট, নাট্যকারক। ২। বেশ্যাপতি।
জায়াত্ব (জায়া+ত্ব—ভা) সং, ক্লীং, পত্নীত্ব। আর্য্যশাস্ত্রে বর্ণিত আছে—"পতি স্বয়ং ভার্য্যার গর্ভে জন্মগ্রহণ করেন, এই জন্য পত্নীর জায়া নাম হইয়াছে।"
জায়ানুজীবী (—বিন্, জায়া ভার্য্যা—অনু মত বা সহিত—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে। যে জায়া দ্বারা প্রতিপালিত হয়) সং, পুং, নট। ২। বেশ্যাপতি। ৩। দরিদ্র। ৪। বকপক্ষী।
জায়াপতি (জায়া—পতি, দ্বং—স) সং, পুং, দ্বিং, স্ত্রীপুরুষ।
জায়ী (জায়িন্, জি জয়করা+ইন্ (ণিন্)—ক) বিং,ত্রিং, জয়যুক্ত। শিং—১ "অফলং জন্ম তস্যাহং মন্যে দুর্জ্জাতজায়িনঃ।"
জায়ু (জি [পীড়াকে] জয় করা+উ(উণ)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, ঔষধ, ভেষজ।
জার (জৄ জীর্ণ করা+অ(ঘঞ)—ক। যে উপপত্নীর স্বামী অনুরাগ নষ্ট করে) সং, পুং,উপপতি, নাঙ্। শিং—১ "যথা জারে (ভক্তিঃ) কুযোষিতাম্।" ২ "চৌরজারৈর্নিভৃতৈরেব স্থাতব্যম্।"
জারক (জার দেখ, অক(ণক)—ক) বিং,ত্রিং, যাহা জীর্ণ করে, পরিপাচক; যথা—জারক লেবু।
জারজ (জার—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে। যে জার হইতে জন্মে, ৫মী —ষ) সং, পুং, উপপতি-জাত পুত্র, বেজন্মা। শিং—১ "অ[illegible]তে জারজঃ কুণ্ডো মৃতে ভর্ত্তরি গোল[illegible]।" জা—স্ত্রীং, উপপতি জাত কন্যা।
জারজযোগ (জারজ[illegible] জারজসূচক যোগ, মং —স) সং, পুং, লগ্নবিশেষ, যে লগ্নে উপপতি হইতে পুত্র কন্যা জন্মে। শিং—১ "মন্দ পাদক্ষ সংযোগাৎ দ্বিতীয়া দ্বাদশী যদি সপ্তমী চার্কমন্দারে জায়তে জারজো ধ্রুবম্।"
জারণ (জৄ-ণিচ্=জারি জীর্ণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, জীর্ণ করা, পরিপাক করা। ২। (+অনট্—ক) পুং, জীর্ণকারক।
জারভর (জার—ভৃ পোষণ করা+অ(অল্) —ক) বিং, ত্রিং, জারপোষক।
জারী; সং, স্ত্রীং, ওষধিবিশেষ, জাড়ী। ২। (যাবনিক) প্রচার; যথা—শমন জারী করা।
জাল (জল্ আচ্ছাদন করা+অ(ণ)—ক) সং, ক্লীং, মৎস্যাদি বা পশু পক্ষ্যাদি বন্ধনার্থ সূত্রাদি নির্ম্মিত যন্ত্র, ফাঁদ। ২। রথাদির আবরণবিশেষ। শিং—১ "(রথম্) লোহজালৈশ্চ সংছন্নম্।" ২ "(গবাক্ষৈঃ) হেমজালাবৃতৈঃ।" ৩। গবাক্ষ, জানালা। ৪। সমূহ। ৫। ইন্দ্রজাল। ৬। ছল, কপট। ৭। প্রতারণা।

৮। দন্ত। ৯। পুষ্পকলিকা, কোরক। ১০। পুং, কদম্বরক্ষ। লী—স্ত্রীং, ক্ষুদ্রকুষ্মাণ্ডাদি, ঝিঙ্গা। ২। জাড়ীঔষধ। ৩।(আরবী-ভাষা) ত্রিং, কৃত্রিম; যথা—জালদলিল।

জালক (জাল দেখ, কণ্—যোগ) সং, ক্লীং অস্ফুটপুষ্প, কলিকা। ২। জাল। ৩। সমূহ। ৪। ভূষণবিশেষ, স্থিতি। ৫। দন্তশ ৬। ক্ষুদ্রকুষ্মাণ্ডাদি। ৭। কুলায়। ৮। পুং, গবাক্ষ। ক্লীং, লিকা—স্ত্রীং, মোচা।

জালকারক (জাল [মক্ষিকাদি পতন জন্য] পাশ—কারক যে নির্ম্মাণ করে, ২য়া—ষ) সং, পুং, মাকড়্সা। ২। বিং, ত্রিং, জালকারী, জালিয়ৎ।

জালকিনী (জালক পশমী কাপড়+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, মেষী, ভেড়ী।

জালকীট; সং, পুং, জলপতিত কীট, মাকড়্সা। [ক্ষত বা প্রভৃতি।

জালগর্দ্দভ; সং, পুং, রোগবিশেষ, পুরাতন

জালগোণিকা; সং, স্ত্রীং, ঘোলমওয়া ভাঁড়।

জালজীবী (—বিন্, জাল—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং,পুং, ধীবর, জেলে। শিং—১ "ততস্তৈর্জ্জালজীবিভিস্তৎসরো নির্ম্মৎসতাং নীতম্।"

জালন্ধর; সং,পুং, লাহোরের অন্তর্গত দেশবিশেষ। ২। বহুং, জালন্ধরবাসী।

জালপাদ্ } (জাল—পাদ্, পাদ। যাহার জালপাদ } জালবৎ পাদ, অর্থাৎ লিপ্তপাদ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস। ২। শরারিপক্ষী। ৩। (Pinnepedia) যে সকল পশুর পদ ত্বচে আবৃত হইয়া মৎস্যের ডানার কার্য্য নিষ্পন্ন করে; যথা—সিন্ধুঘোটক, সীল প্রভৃতি।

জালপ্রায়া (জাল—প্রায় তুল্য) সং, স্ত্রীং, বর্ম্ম, সাঁজোয়া।

জালা (জল শব্দজ) সং, অলিঞ্জর, জলাদি রক্ষণার্থ বৃহৎ পাত্রবিশেষ।

জালিক (জাল+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, ব্যাধ। ২। মাকড়সা। ৩। ধীবর, জেলে। ৪। মর্কট। ৫। বিং, ত্রিং, কপটকারক,জালকারী, প্রতারক। ৬। জালোপজীবী। কা—স্ত্রীং, মুখবস্ত্র-বিশেষ। ২। জোঁক। ৩। বিধবা। ৪। সাঁজোয়াবিশেষ। ৫। গিরিসার।

জালিনী (জাল+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, চিত্রশালা, যে গৃহে বসিয়া ছবি লেখে। ২। (পরিপক্ব হইলে ইহার অভ্যন্তরভাগ জালবৎ হয় বলিয়া) ঝিঙ্গা।

জালিয় (আরবীভাষা) জালকারক।

জাল্ম (জল্ আচ্ছাদন করা+ম(মক্)—ক) সং, পুং, নীচ ব্যক্তি, ইতর লোক। শিং—১ "ক্ষণং বিশ্রাম্যতাং জাল্ম স্কন্ধস্তে যদি বাধতি ন তথা বাধতে স্কন্ধে যথা বাধতি বাধতে।" (উদ্ভট)। ২। বিং, ত্রিং, অবিবেচক। ৩। মূর্খ। ৪। জড়। ৫। ক্রূর। ৬। পামর। ৭। দুরাত্মা। ৮। নির্দ্দয়, নিষ্ঠুর।

জাম্পতি (জা কন্যা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কন্যার পতি, জামাতা, জামাই।

জাহক (হা ত্যাগ করা+অক(ণক)—ক) সং, পুং, বিড়াল। ২। বিলেশয় জন্তুবিশেষ। ৩। খট্টা, খাট। ৪। কারুণ্ডিকা। ৫। জোঁক।

জাহ্নবী (জহ্নু মুনিবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, জহ্নুকন্যা, গঙ্গা। শিং—১ "জাহ্নুদ্বারা পুরাদাত্তাং জহ্নুঃসংপীয় কোপতঃ। তস্য কন্যাস্বরূপা চ জাহ্নবী তেন কীর্ত্তিতা।" [পোত।

জাহাজ (যবনভাষা) সং, অর্ণবযান, অর্ণব-

জাহানাবাদ; সং, দেশবিশেষ।

জাহির (যাবনিক) বিং, অবতীর্ণ, প্রকাশিত।

জিওল (দেশজ) সং, বৃক্ষবিশেষ। ২। কচ্ছপাদি। ৩। মদ্‌গুরাদি মৎস্য।

জিগত্নু (গম্ গমন করা+ত্নু—সংজ্ঞার্থে) সং, পুং, প্রাণবায়ু।

জিগমিষা (গম্ গমন করা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, গমনেচ্ছা।

জিগমিষু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, গমনেচ্ছু, গমনোৎসুক।

জিগর (যাবনিক) পরমার্থ বিষয়ক গান।

জিগীষা (জি জয় করা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, জয়েচ্ছা, জয় করিবার

[illegible] —১ "অসমাহতা- [illegible]" ৩। প্রবর্দ্ধ।
[illegible] ( পূর্ব্বে দেখ, উ—ক ) বিং, ত্রিং, জয়েচ্ছু। ২। উৎকর্ষলাভেচ্ছু। ৩। উদ্যমশালী।

জিঘৎসা (অদ্ ভোজন করা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, ভোজনেচ্ছা, বুভুক্ষা, ক্ষুধা। [ভোজনেচ্ছু, বুভুক্ষু।

জিঘৎসু ( পূর্ব্বে দেখ, উ—ক ) বিং, ত্রিং,

জিঘাংসা (হন্ বধকরা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, হননেচ্ছা, বধচেষ্টা। শিং—১ "আগমিষ্যতি সুগ্রীবঃ সর্ব্বেষাং বো জিঘাংসয়া।"

জিঘাংসু ( পূর্ব্বে দেখ, উ—ক ) সং, পুং, শত্রু। ২। বিং, ত্রিং, হননেচ্ছু। শিং—১ প্রশান্তচেষ্টং হরিণং জিঘাংসুঃ।"(ভারত)।

জিঘৃক্ষা ( গ্রহ্ গ্রহণ করা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, গ্রহণেচ্ছা। শিং—১ "পটুবপি প্রিয়কণ্ঠজিঘৃক্ষয়া।"

জিঘৃক্ষু ( পূর্ব্বে দেখ, উ—ক ) বিং, ত্রিং, গ্রহণেচ্ছু, লইতে ইচ্ছুক।

জিঘ্র ( ঘ্রা গন্ধ গ্রহণ করা+অ(শ)—ক ) বিং, ত্রিং, ঘ্রাণকারী। শিং—১ "স্বামী নিঃশ্বসিতেঽপ্যসূয়তি মনো জিঘ্রঃ সপত্নীজনঃ।" (সাহিত্যদর্পণ)।

জিঘ্রৎ (জিঘ্র দেখ, অৎ(শতৃ)—ক) বিং,ত্রিং, যে ঘ্রাণ করিতেছে।

জিঙ্গী } (ইঙ্গ [ইনুগ্ গমনকরা ইত্যাদি]
জিঙ্গি } গমন + জি—যোগ, জি জয় করা ইত্যাদি। যে অন্যান্য তরু-লতাদিগকে জয় করে) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

জিজীবিষা ( জীব্ বাঁচা+সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, জীবনেচ্ছা, বাঁচিবার ইচ্ছা।

জিজীবিষু ( পূর্ব্বে দেখ, উ—ক ) বিং, ত্রিং, জীবনাভিলাষী, বাঁচিতে ইচ্ছুক।

জিজ্ঞাপয়িষু(জ্ঞাপি জানান+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, জানাইতে ইচ্ছুক।

জিজ্ঞাসমান ( জিজ্ঞাসা দেখ, আন(শান)—ক ) বিং, ত্রিং, যে জিজ্ঞাসা করিতেছে, জিজ্ঞাসু, অনুসন্ধিৎসু।

জিজ্ঞাসা ( জ্ঞা জানা+সন্—ইচ্ছার্থে, অ—ভা ) সং, স্ত্রীং, জানিতে ইচ্ছা, প্রশ্ন। ২। অনুসন্ধান করিবার ইচ্ছা। শিং—১ "জিজ্ঞাসেয়ং ময়া কৃতা।" ২ "অথাতো ধর্ম্মজিজ্ঞাসা। অথাতো ব্রহ্মজিজ্ঞাসা।"

জিজ্ঞাসিত ( জিজ্ঞাসা দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, পৃষ্ট, যে বিষয়ে বা যাহাকে জিজ্ঞাসা করা গিয়াছে। শিং—১ "জিজ্ঞাসিত মধীতঞ্চ ব্রহ্মযত্তৎ সনাতনম্।"

জিজ্ঞাসু (জিজ্ঞাসা দেখ, উ—ক) বিং, ত্রিং, জানিতে ইচ্ছুক। ২। মুমুক্ষু। "আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ।"

জিজ্ঞাস্য (জিজ্ঞাসা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রষ্টব্য, জিজ্ঞাসার যোগ্য। ২। অনুসন্ধেয়। শিং—১ "কিন্তে জিজ্ঞাস্যমস্তি।"

জিজ্ঞাস্যমান (জিজ্ঞাসা দেখ, আন শান)—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, যে বিষয়ে জিজ্ঞাসা করা যাইতেছে।

জিৎ ( জি জয় করা+০(ক্বিপ)—ক ) বিং, ত্রিং, জয়কারী, যে জয় করে; ইহা শব্দের পরে প্রযুক্ত হয়; যথা—ইন্দ্রজিৎ, স্বর্গজিৎ ইত্যাদি।

জিত ( জি জয় ক[illegible] ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, পরাজিত, স্বায়ত্তীকৃত। ২। বশীকৃত। ৩। জয়লব্ধ। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, জয়। শিং—১ "জিতমিত্যেব শকুনি র্যুধিষ্ঠিরমভাষত।" (ভারত)।

জিতকাশী (জিতকাশিন্, জিত পরাজিত—কাশিন্ [কাশ্ দীপ্তি পাওয়া+ইন্(ণিন্)—ক] যে দীপ্তি পায়, ৭মী—য ) বিং, ত্রিং, জয়শীল। ২। গর্ব্বিত।

জিতনেমি ; সং, পুং, অশ্বত্থনির্ম্মিত দণ্ড।

জিতশত্রু (জিত পরাজিত—শত্রু। যে শত্রু জয় করিয়াছে, ৩য়া—হিং ) বিং, ত্রিং, বিজয়ী, যে শত্রুকে পরাজয় করিয়াছে।

জিতাক্ষর ( জিত পরাজিত—অক্ষর বর্ণ। যে অক্ষর জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, উত্তম পাঠক, যে অক্ষর দেখিলেই উত্তমরূপে পড়িতে পারে।

জিতাত্মত্ব ( জিতাত্মন্+ত্ব—ভা ) সং, ক্লীং, জিতেন্দ্রিয়তা।

জিতাত্মা (জিতাত্মন্, জিত পরাজিত—আত্মন্ আত্মা। যে আত্মা জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়।

জিতামিত্র (জিত পরাজিত—অমিত্র শত্রু। যে শত্রু জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জিতশত্রু। ২। সং, পুং, বিষ্ণু।

জিতারি (জিত পরাজিত—অরি শত্রু, যে শত্রু জয় করিয়াছে, ৩য়া—হিং) সং, পুং, বুদ্ধ। ২। বিং, ত্রিং, জিতশত্রু।

জিতাষ্টমী; সং, স্ত্রীং, গৌণ আশ্বিনমাসীয় কৃষ্ণাষ্টমী। ইহার অপর নাম জীমূতাষ্টমী।

জিতাহব (জিত পরাজিত—আহব যুদ্ধ। যে যুদ্ধ জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জয়শীল।

জিতেন্দ্রিয় (জিত পরাজিত—ইন্দ্রিয়। যে ইন্দ্রিয় জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, ইন্দ্রিয়জয়কারী, যে ইন্দ্রিয় বশ করিয়াছে। ২। সং, পুং, তপস্বী। শিং—১ "শ্রুত্বা দৃষ্ট্বাথবা স্পৃষ্ট্বা ভুক্ত্বা ঘ্রাত্বা চ যো নরঃ। ন হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ।"

জিতেন্দ্রিয়তা (জিতেন্দ্রিয়+তা—ভাবে) সং, স্ত্রীং, ইন্দ্রিয় জয় করা, কাম ক্রোধাদি ইন্দ্রিয়কে জয় করিয়া রাখা।

জিতম; সং, পুং, মিথুন রাশি। ২। বিং, ত্রিং, জয়শীল।

জিত্য (জি জয় করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জয় করা কর্ত্তব্য, যাহা জয়ের যোগ্য, জেয়। ত্যা—স্ত্রীং, লাঙ্গলফলা।

জিত্বর (জি জয় করা + বর(ক্বরপ্)—ক, শীলার্থে, ৎ—আগম) বিং, ত্রিং, জয়শীল, জয়ী। রী—স্ত্রীং, বারাণসী, কাশী।

জিন (জি জয় করা+ন(নক্)—ক। যে তপস্যা দ্বারা ভুবন জয় করে) সং, পুং, বৌদ্ধমত-প্রবর্ত্তক মুনি। ২। বিষ্ণু। ৩। বিং, ত্রিং, জয়শীল, জয়ী।

জিনযোনি (অজিন মৃগচর্ম্ম—যোনি উৎপত্তিস্থান, অ—লোপ। অজিনযোনি শব্দও হয়) সং, পুং, মৃগ, হরিণ।

জিনীস (যাবনিক) সং, [illegible]

জিব (জিহ্বা শব্দজ) সং, [illegible]

জিব্রা (Zebra) সং, [illegible]



জিব্রা।

জন্তুবিশেষ; ইহার আকৃতি ঘোটক ও গর্দ্দভের ন্যায় অথচ অশ্বতরের মত নহে, এবং সর্ব্বাঙ্গ শ্বেত ও কৃষ্ণবর্ণ রেখায় চিত্রিত।

জিয়ল (জলপ্রিয় শব্দজ কি?) সং, কচ্ছপ। ২। মৎস্যবিশেষ। ৩। বৃক্ষবিশেষ।

জিরান (দেশজ) পরিশ্রমের পর শ্রান্তি দূর করা, বিশ্রাম করা।

জিরেফা (Giraffe) সং, লম্বপদ ও লম্বা



জিরেফা।

গ্রীবাবিশিষ্ট চতুষ্পদ জন্তুবিশেষ; ইহার আকৃতি প্রায় উষ্ট্রের ন্যায়, কিন্তু তাহার অপেক্ষা সুশ্রী, পশ্চাতের অপেক্ষা সম্মুখের পা দ্বিগুণ লম্বা, এজন্য পৃষ্ঠদেশ পশ্চাৎভাগে ক্রমনিম্ন।

জিল (ঝিল্লী শব্দজ কি?) তীক্ষ্ণস্বর; উচ্চস্বর। ২। তানপুরা বেহলাদি যন্ত্রের তার; গুণ।

জিলিপি (দেশজ) মিষ্টান্নবিশেষ।

জিল্লিক; সং, পুং, দেশবিশেষ।

জিষ্ণু (জি জয় করা+স্নুক্—ক, শীলার্থে)

সং, পুং, বিষ্ণু। ২। ইন্দ্র। ৩। অর্জ্জুন (মহাভারতে—যুদ্ধস্থলে সাহসপূর্ব্বক কেহ আমার সম্মুখে আগমন করিতে পারে না আমি অতি দুর্দ্ধর্ষ শত্রুকেও জয় করিয়া থাকি এই নিমিত্ত আমার নাম জিষ্ণু হইয়াছে)। ৪। সূর্য্য। ৫। বসু। ৬। বিং, ত্রিং, জয়ী, জয়শীল; যথা—"জয়শীল বলিয়া বিষ্ণু, নিত্য বলিয়া অনন্ত ও ইন্দ্রিয়গণকে প্রকাশ করিয়াছেন বলিয়া গোবিন্দ নামে অভিহিত হইয়াছেন।

জিষ্ণুকর্ম্মা; সং, পুং, যোদ্ধৃবিশেষ।

জিহ, জিহি (জিহ্বা শব্দের অপভ্রংশ) জিভ্; যথা—"লক্ লক্ জিহি।"

জিহীর্ষা (হৃ হরণ করা + সন্—ইচ্ছার্থে, অ—ভা) সং, স্ত্রীং, হরণেচ্ছা।

জিহীর্ষু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, হরণ করিতে ইচ্ছুক।

জিহ্ম (হা [ ঋজুতা ] ত্যাগ করা + ম(মন্)—ক, নিপাতন ) বিং, ত্রিং, কুটিল, বক্র। শিং—১ "ভ্রূক্ষেপজিহ্মানি বিলোচনানি।" ২। খল। ৩। জড়। ৪। অপ্রসন্ন। ৫। সঙ্কুচিত, কুণ্ঠিত। ৬। মন্দ। ৭। অসৎ, অধার্ম্মিক। ৮। দীন।

জিহ্মগ (জিহ্ম বক্র—গ [ গম্ গমন করা + অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) সং, পুং, সর্প। ২। বিং, ত্রিং, বক্রগামী। ৩। মন্দগতি। শিং—১ "ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।"

জিহ্মগামী (—গামিন্, জিহ্ম—গম্ গমন করা + ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, বক্রগামী। ২। মৃদুগমনশীল।

জিহ্মমোহন (জিহ্ম অলস—মোহন মৈথুন) সং, পুং, ভেক, ব্যাঙ্।

জিহ্মিত (জিম্ভ-ত্রি=জিত্তি বক্র গমন করা + ত(ক্ত)—র্ম্ম। অথবা জিহ্ম + ইত—ইদমর্থে ) বিং, ত্রিং, ঘূর্ণিত। ২। বক্রীকৃত। ৩। নামিত।

জিহ্ব ( লিহ আস্বাদন করা + ব(ক্বণ্)—ণ, ল স্থানে জ ) সং, পুং, রসনেন্দ্রিয়, জিভ্। শিং—১ "দ্বিসহস্রেণ জিহ্বেন বাসুকিঃ প্রথয়িষ্যতি।" ২। ক্লীং, তগরমূল।

জিহ্বল ( জিহ্বা জিভ্—ল গ্রহণার্থ 'লা' ধাতুজ ) বিং, ত্রিং, লোভী, পেটুক। শিং—১ "শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে ভুঞ্জাতে যে চ জিহ্বলাঃ। পতন্তি নরকে ঘোরে লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ।" [স্ত্রিয়, জিভ্।

জিহ্বা (জিহ্ব দেখ, আপ্) সং, স্ত্রীং, রসনে-

জিহ্বাগ্র (জিহ্বা + অগ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জিহ্বার অগ্রভাগ। শিং—১ "দেবগুরু প্রসাদেন জিহ্বাগ্রে মে সরস্বতী তেনাহং নৃপ জানামি ভানুমত্যা স্তিলং যথা।"

জিহ্বাগ্রবর্ত্তী (—বর্ত্তিন্, জিহ্বা—অগ্র—বৃৎ থাকা + ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, যাহা জিহ্বাগ্রে আছে বা থাকে।

জিহ্বানির্লেখন ( জিহ্বা—নির্লেখন আঁচড়ান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জিভ্ আঁচড়ান। ২। যাহা দ্বারা জিভ্ আঁচড়ান যায়, চেয়াড়ি প্রভৃতি।

জিহ্বাপ (জিহ্বা—প [ পা পান করা + অ (ড)—ক] যে পান করে, ৩য়া—ষ ) সং, পুং, কুক্কুর। ২। ব্যাঘ্র। ৩। বিড়াল। ৪। ভল্লুক। ৫। চিতাবাঘ।

জিহ্বামূলীয় ( জিহ্বামূল + ঈয়—ভবার্থে ) সং, পুং, জিহ্বামূল হইতে উচ্চারিত বর্ণ, ক খ গ ঘ ঙ। ২। ম্, বজ্রাকৃতি বর্ণ, +।

জিহ্বারদ ( জিহ্বা—রদ দন্ত। ইহাদিগের জিহ্বাদ্বারা দন্তের কার্য্য অর্থাৎ চর্ব্বণ হয়; ৩য়া—হিং) সং, পুং, পক্ষী, পাখী।

জিহ্বালিট্ (জিহ্বালিহ্, জিহ্বা—লিহ্ [লিহ্ চাটা + •(কিপ্)—ক] যে চাটে) সং, পুং, কুকুর।

জিহ্বাস্বাদ ( জিহ্বা জিভ্—আস্বাদ ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লেহন, চাটা।

জীন (জ্যা বৃদ্ধ হওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জীর্ণ, প্রাচীন, বৃদ্ধ, বুড়ো।

জীমূত (জী জলবাচীজীবনশব্দজ—মূত [মূ বন্ধন করা + ত(ক্ত)—র্ম্ম] বদ্ধ। যাহাতে জীবন বদ্ধ হয়, ৭মী—হিং) সং, পুং, মেঘ। শিং—১ "জীমূতাবিব গর্জ্জতৌ।" ২ জরত্ত ইব জীমূতাঃ সবিদ্যুৎপবনেরিতাঃ।" ২। পর্ব্বত। ৩। ইন্দ্র। ৪। বিরাট-রাজের মল্লবিশেষ

জীমূতকূট (জীমূত পর্ব্বত—কূট গৃহ) সং, পুং, ক্ষুদ্রশৈল, পাহাড়।
জীমূতকেতু; সং, পুং, হিমালয়স্থ বিদ্যাধর রাজাবিশেষ।
জীমূতবাহন (জীমূত মেঘ—বাহন যান। মেঘই যাহার বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘবাহন, ইন্দ্র। ২। স্মৃতিশাস্ত্রের সংগ্রহ কর্ত্তা, দায়ভাগনিবন্ধকার।
জীমূতবাহী (—বাহিন্, জীমূত মেঘ—বহ্ বহন করা+ইন্(ণিন্)—ক) সং,পুং, ধূম।
জীয়ন্ত (জীবন্ত দেখ)।
জীর } (জু বেগে গমন করা+র—প্রং,
জীরক } উ স্থানে ঈ। অথবা জ্যা+রক্—ক। কণ্—যোগ) সং, পুং, দ্রব্যবিশেষ, জীরা। ২। খড়্গ। ৩। অণু-ধ্যান্য।
জীর্ণ (জৄ জীর্ণ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বৃদ্ধ, প্রাচীন, পুরাতন। ২। জর্জ্জরিত। ৩। (+ক্ত—র্ম্ম) যাহার পরিপাক হইয়াছে, পরিপক্ক; যেমন—জীর্ণ অন্ন। ৪। কালে যাহার তেজঃ ক্ষয় হইয়াছে, যাহাতে আর কোন পদার্থ নাই, যাহাতে আর কাজ চলে না; যেমন—জীর্ণবস্ত্র, জীর্ণগৃহ। ৫। যাহা অনেক দিন অবধি আছে, পুরাতন; যথা—জীর্ণ জ্বর। ৬। (+ক্ত—ক) সং, পুং, জীরক।
জীর্ণজ্বর; সং,পুং, দ্বাদশাহাধিক কালোৎপন্ন জ্বর। শিং—১"জীর্ণজ্বরো নরঃ কুর্য্যান্নোপবাসং কদাচন।" [হওয়া।
জীর্ণতা (জীর্ণ+তা—ভা) সং, স্ত্রীং, জীর্ণ
জীর্ণদেহ (জীর্ণ—দেহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার শরীর জীর্ণ হইয়াছে, জীর্ণ কলেবর।
জীর্ণপর্ণ (জীর্ণ পুরাতন, মলিন—পর্ণ পত্র) সং, পুং, কদমগাছ। ২। ক্লীং, পুরাতন পত্র।
জীর্ণসংস্কার; সং, পুং, মেরামত, ভাঙ্গাসারা।
জীর্ণসংস্কৃত; বিং, ত্রিং, যাহার মেরামত হইয়াছে।
জীর্ণা; সং, স্ত্রীং, স্থূলজীরক, মোটাজীরা। ২। বিং, ত্রিং, প্রাচীনা, পুরাতনী, কর্ম্মের অযোগ্যা; যথা—জীর্ণা নৌকা।

জীর্ণি (জীর্ণ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, জীর্ণতা, বার্দ্ধক্য। ২। ক্ষীণতা, কার্শ্য। ৩। পরিপাক।
জীর্ণোদ্ধার (জীর্ণ—উদ্ধার উত্তোলন, ৬ষ্ঠী—য) সং, পুং, যে বস্তু জীর্ণ হইয়া অকর্ম্মণ্য হইয়াছে সংস্কার দ্বারা তাহার কর্ম্মণ্যতা সম্পাদন, মেরামত।
জীর্ণোদ্ধৃত (জীর্ণ—উদ্ধৃত উত্তোলিত, ২য়া—য) বিং, ত্রিং, জীর্ণ হইয়া অকর্ম্মণ্য হইয়াছে এরূপ যে বস্তুর সংস্কার দ্বারা কর্ম্মণ্যতা সম্পাদন করা গিয়াছে, যাহার মেরামত হইয়াছে।
জীর্বি (জৄ জীর্ণ করা+তি(ক্তি)—ণ) সং, পুং, কুঠার। ২। শকট। ৩। কায়। ৪। পশু।
জীব (জীব্ বাঁচা+অ(ক)—ক) সং, পুং, শরীরের অধিষ্ঠাতা চেতনপদার্থ, জীবাত্মা। ২। দেহাবচ্ছিন্ন আত্মা। শিং—১ "অয়ং কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোকপরলোকগামী ব্যবহারিকো জীব ইত্যুচ্যতে।" ৩। বেদান্তমতে—ঘটাবচ্ছিন্ন আকাশবৎ শরীর ত্রিতয়াবচ্ছিন্ন চৈতন্য। ৪। প্রাণ ও চেতনাবিশিষ্ট পদার্থ, প্রাণী, জন্তু। ৫। বৃহস্পতি। ৬। বৃত্তি। ৭। বৃক্ষবিশেষ। ৮। কর্ণ। ৯। (+ক—ভা) জীবিকা, জীবনোপায়। ১০। জীবন। ১১। হাঁচিবার কালীন কল্যাণসূচক বাক্য, "জীব" অর্থাৎ পরমায়ু বৃদ্ধি হউক; যথা—
"বিস্তর যতনে নারি কথা কহাইতে,
ছলে হাঁচিলাম জীববাক্য বলাইতে।"
৩। ত্রিং, জীবনকাল, আয়ুঃ।
জীবক (জীব-ণিচ=জীবি বাঁচান + অক(ণক)—ক। যে বাঁচায়) বিং, ত্রিং, আহিতুণ্ডিক, সাপুড়ে। ২। আশীর্ব্বাদক। ৩। অষ্টবর্গান্তর্গত ওষধিবিশেষ। ৪। (জীব+ণক—ক) সেবক, ভৃত্য। ৫। বৃদ্ধিজীবী, সুদখোর। ৬। ভিক্ষুক।
জীবঞ্জীব } (জীব জীবনকাল—জীব্-
জীবঞ্জীব } ণিচ = জীবি + অ(ক)—
জীবজীবক } ক। ২য় পক্ষে—অ(খশ্)—ক। ৩য় পক্ষে—কণ্—স্বার্থে। যে দীর্ঘকাল

বাঁচে) সং, পুং, চকোরপক্ষী। শিং—১ "কৃষ্ণা রক্তানি বাসাংসি জায়তে জীবজীবকঃ।" (মনু)। ২ "জীবঞ্জীবিকসংঘাশ্চাপ্যামুপগচ্ছন্তি পণ্ডিতান্।"

**জীবতত্ত্ব** ( Zoology ) সং, ক্লীং, যে শাস্ত্রে জীবদিগের জাতি স্বভাব ক্রিয়া এবং চরিত্র প্রভৃতি বর্ণিত থাকে।

**জীবৎ** (জীব দেখ, অৎ(শতৃ)—ক) বিং,ত্রিং, যে জীবিত আছে, যে বেঁচে থাকে। ২। জীবিত, জীবনবিশিষ্ট।

**জীবত্তোকা** ( জীবৎ জীবিত—তোক অপত্য, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, জীবৎপুত্রিকা, যে স্ত্রীর সন্তান জীবিত থাকে।

**জীবৎপতি** (জীবৎ জীবিত—পতি স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সধবা, যে স্ত্রীর পতি জীবিত আছে।

**জীবৎপিতৃক** (জীবৎ—পিতৃ পিতা+কণ্—যোগ ) বিং, ত্রিং, যাহার পিতা জীবিত আছে। শিং—১ "অমাস্নানং গয়াশ্রাদ্ধং দক্ষিণামুখভোজনম্। ন জীবৎপিতৃকঃ কুর্য্যাৎ কৃতে তু পিতৃহা ভবেৎ।"

**জীবথ** (জীব্ বাঁচা+অথ—প্রং) সং, পুং, জীবন। ২। কূর্ম্ম। ৩। ময়ূর। ৪। মেঘ। ৫। বিং, ত্রিং, ধার্ম্মিক। ৬। চিরজীবী।

**জীবদ** (জীব জীবন—দ [দাধাতুজ] যে দান করে) বিং, ত্রিং, জীবনদাতা। ২। সং, পুং, বৈদ্য, চিকিৎসক। ৩। ( জীব—দ [দোধাতুজ] যে নাশ করে) শত্রু।

**জীবদাত্রী** (জীব প্রাণ—দা দান করা+তৃ (তৃন্)—ক। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ঋদ্ধি, সম্পত্তি। ২। জীবন্তীবৃক্ষ। ৩। বিং, প্রাণদাত্রী।

**জীবদ্দশা** (জীবৎ—দশা অবস্থা) সং, স্ত্রীং, জীবনকাল, যাবৎ প্রাণধারণ করা যায়।

**জীবধন** ( জীব জীবজন্তু—ধন সম্পত্তি, য়ং—স) সং, ক্লীং, গো মেষ মহিষ প্রভৃতি।

**জীবধানী** (জীব—ধা ধারণ করা+অন(অনট্)—ধি, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সর্ব্বজীবের আধাররূপা পৃথিবী। শিং—১ "দদর্শ গাং তত্র সুষুপ্সুরগ্রে যাং জীবধানীং স্বয়মভ্যধত্ত।"

**জীবন** (জীব্ বাঁচা+অন(অনট্)—ভা) সং, ক্লীং,প্রাণ। ২। প্রাণধারণ। ৩। জীবিকা। শিং—১ "দশ জীবনহেতবঃ।" ৪। (+অনট্—ণ। যাহার দ্বারা বাঁচা যায়) জল; যথা—"জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি" শিং—১ "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং ক্ষারদেশে প্রাণদা যমদূতিকা।" ৫। মজ্জা। ৬। (আয়ুষ্কর বলিয়া) হৈয়ঙ্গবীন। ৭। (জীব্ণিচ্=জীবি+অন—ক) পুং, পুত্র। ৮। বায়ু ৯। ( জীবস্রষ্টা বলিয়া ) পরমেশ্বর। শিং—১ "বীরহা রক্ষণঃ সত্যো জীবনঃ পর্য্যবস্থিতঃ।" ১০। বৃক্ষ-বিশেষ। ১১। বিং,ত্রিং, জীবাধিষ্ঠাতা। শিং—১"সর্ব্বোৎকর্চো জীবনঃ পাতা।" নী—স্ত্রীং, জয়ন্তী বৃক্ষ। না—স্ত্রীং, মজ্জা।

**জীবনক** (জীবন+ক(কণ্)—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অন্ন।

**জীবনযোনি** (জীবন—যোনি উৎপত্তি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ[illegible]র প্রাণ সঞ্চারের কারণ, যত্নবিশেষ। [ক্লীং, শস্য।

**জীবনসাধন** ( জীব[illegible] সাধন উপায় ) সং,

**জীবনহেতু** (জীবন—হেতু কারণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিদ্যা, শিল্প, ভৃতি, সেবা, গোরক্ষা, বিপণি, কৃষি, বৃত্তি, ভিক্ষা, কুশীদ—এই দশ প্রকার জীবনোপায়। শিং—১ "বিদ্যা শিল্পং ভৃতিঃ সেবা গোরক্ষা বিপণিঃ কৃষিঃ, বৃত্তির্ভৈক্ষ্যং কুশীদঞ্চ দশ জীবনহেতবঃ।"

**জীবনাঘাত** (জীবন প্রাণ—আঘাত নাশক) সং, পুং, বিষ। [মৃত্যু।

**জীবনান্ত** (জীবন—অন্ত শেষ) সং, প্রাণান্ত,

**জীবনাবাস** ( জীবন জল—আবাস বাসস্থান, জল যাহার বাসস্থান, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, বরুণ। ২। প্রাণায়তন দেহ।

**জীবনিকা** ; সং, স্ত্রীং, হরীতকী।

**জীবনী** ( জীবন দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে ) সং, স্ত্রীং, যদ্দ্বারা জীবিত থাকা যায়। ২। জয়ন্তীবৃক্ষ। ৩। কাকোলী। ৪। ডোড়ী। ৫। মেদা। ৬। মহামেদা। ৭। যুথী। ৮। বিং, জীবনসঞ্চারিণী, জীবনদায়িকা।

**জীবনীয়** (জীবন প্রাণ+ঈয়(নীয়)—প্রয়োজনার্থে। যাহা প্রাণধারণের প্রয়োজনীয়) সং, ক্লীং, জল। ২। (জীব্+নীয়—ভা) জীবন ধারণের উপায়। শিং—১"এভির্দশভিরাপদি জীবনীয়ম্।" য়া—স্ত্রীং,জয়ন্তী।

**জীবনীশক্তি** (Vital-power) যে শক্তি দ্বারা জীবগণ জীবিত থাকে।

**জীবনোপায়** (জীবন—উপায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জীবিকা, যাহা দ্বারা জীবন ধারণ করা যায়।

**জীবনৌষধ** (জীবন—ঔষধ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে ঔষধে মৃতকল্প ব্যক্তিও জীবিত হয়।

**জীবন্ত** (জীব্ বাঁচা+অন্ত—ক) বিং, ত্রিং, যে জীবিত আছে, যে প্রাণ ধারণ করিতেছে। ২। সং, পুং, প্রাণ। ৩। ঔষধ।

**জীবন্তিকা** (জীবন্তী+ক—যোগ) সং, স্ত্রীং, বৃক্ষোপরিজাত বৃক্ষ, পরগাছা। ২। গুড়ূচী। ৩। হরীতকী।

**জীবন্মুক্ত** (জীবৎ—মুক্ত ত্যক্তসংসার। যাহার তত্ত্বজ্ঞান জন্মিয়া জীবদ্দশাতেই সংসারবন্ধন হইতে মুক্তি লাভ হইয়াছে, ৭মী—ষ) বিং,ত্রিং,তত্ত্বজ্ঞানী, জীবদ্দশাতে মায়াবন্ধরহিত জীব।

**জীবন্মুক্তি** (জীবৎ—মুক্তি, ৭মী—ষ) সং,স্ত্রীং, তত্ত্বজ্ঞান জন্মিয়া জীবদ্দশাতেই সংসারবন্ধন হইতে পরিত্রাণ। শিং—১ "জীবন্মুক্তাবুপায়স্তু কুলমার্গো হি নাপরঃ।"

**জীবন্মৃত** (জীবৎ—মৃত) বিং, ত্রিং, জীবিতাবস্থায় মৃতকল্প, বেঁচে মরে থাকা।

**জীবন্যাস** (জীব—ন্যাস) সং, পুং, প্রাণপ্রতিষ্ঠার মন্ত্র,যাহাতে দেহরূপ পুরীতে প্রাণের অধিষ্ঠান হয়।

**জীবপতি** (জীব জীবিত—পতি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে নারীর পতি জীবিত আছে। শিং—১"স্ত্রী চৈতদাস্থায় লভেত সৌভগং শ্রিয়ং। প্রজাং জীবপতির্যশো গুণম্।" (ভাগবত)।

**জীবপুত্রক**; সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ। ২। জীয়াপুতাগাছ। [বাস করে।

**জীবপ্রদেশ**; সং, পুং, যে প্রদেশে জীবজন্তু

**জীবপ্রিয়া** (জীব—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হরীতকী। ২। বিং, ত্রিং, জীববল্লভ।

**জীবমন্দির** (জীব জীবন—মন্দির আলয়) সং, ক্লীং, শরীর, দেহ।

**জীবমাতৃকা**; সং, স্ত্রীং, সপ্তমাতৃকাবিশেষ। শিং—১"কুমারী ধনদা নন্দা বিমলা মঙ্গলা বলা। পদ্মা চেতিচ বিখ্যাতা সপ্তৈতা জীবমাতৃকাঃ।"

**জীবলোক** (জীব—লোক জগৎ) সং, পুং, প্রাণ ও চেতনবিশিষ্ট পদার্থের বাসস্থান, সংসার, মর্ত্ত্যলোক। শিং—১ "মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।" ২। জীবরূপ জন।

**জীববৃত্তি** (জীব জীবরূপ—বৃত্তি, বৃং—স) সং, স্ত্রীং, পশুপালন ব্যবসায়। ২। জীবনিষ্ঠ (গুণাদি)। শিং—১"জীববৃত্তিস্ত্রিমৌ গুণৌ।"

**জীবস্থান**; সং, ক্লীং, মর্ম্মস্থান।

**জীবহত্যা** (জীব—হত্যা, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, জীবের প্রাননাশ করা, জীবহিংসা।

**জীবহীন**; সং, পুং, ষড়ক্ষর মন্ত্রবিশেষ। ২। বিং, ত্রিং, জীবনশূন্য, মৃত।

**জীবা** (জীব-ণিচ=জীবি বাঁচান+অ(অন্)—ক। আপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, ধনুকের ছিলা। ২। পৃথিবী। ৩। ভূমি। ৪। শিঞ্জিত। ৫। বচা। ৬। (+অল্—ভাবে) জীবিকা।

**জীবাতু** (জীব্ বাঁচা+আতু—ভাবে) সং, পুং—ক্লীং, জীবিকা। ২। জীবন। শিং—১ "রে হস্ত দক্ষিণ! মৃতস্য শিশোর্দ্বিজস্য জীবাতবে বিসৃজ শূদ্রমুনৌ কৃপাণম্।" (উত্তরচরিত)। ৩। (+আতু—ণ) জীবনৌষধ। ৪। ভক্ত, অন্ন।

**জীবাত্মা** (জীবাত্মন্, জীব—আত্মন্, বৃং—স) সং,পুং, শরীরের অধিষ্ঠাতা চেতন পদার্থ, জীব পুরুষ। বেদান্তমতে—আত্মা দ্বিবিধ জীবাত্মা ও পরমাত্মা; ঈশ্বর পরমাত্মা, আর শরীরের অভ্যন্তরে যে স্বচ্ছ অংশ আছে তাহাতে ঈশ্বরের যে প্রতিবিম্ব পড়ে উহা জীবাত্মা। শরীর স্বভাবতঃ জড়পদার্থ, এই প্রতিবিম্বের অধিষ্ঠানবলে

শরীরে গতিশক্তি চেতনাসঞ্চার প্রভৃতি সম্পন্ন হয়, শরীরী, দেহস্থচৈতন্য, জীবপুরুষ। শিং—১ "সংযোগো যোগ ইত্যুক্তো জীবাত্মপরমাত্মনোঃ।"

জীবাধার (জীব প্রাণী—আধার আশ্রয়, ৬ষ্ঠী—য) সং, পুং, জগৎ। ২। (জীব জীবন—আধার আশ্রয়) শরীর, দেহ। ৩। হৃদয়।

জীবান্তক (জীব প্রাণী—অন্তক নাশক, ৬ষ্ঠী—য) সং, পুং, শাকুনিক, ব্যাধ। ২। বিং, ত্রিং, জীবননাশক।

জীবিকা (জীব্ বাঁচা+কণ্—ণ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যে উপায় দ্বারা প্রাণধারণ করা যায়, জীবনোপায়, বৃত্তি, কৃষিবাণিজ্যাদি। ২। জীবন্তীবৃক্ষ। ৩। ক্লীং, জীবন।

জীবিত (জীব্ বাঁচা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, আয়ুঃ। ২। প্রাণ। ৩। জীবনকাল। শিং—১"নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতম্।" ৪। (+ক্ত—ক) বিং, ত্রিং, যে প্রাণধারণ করিতেছে, জীবন্ত।

জীবিতকাল (জীবিত জীবন্ত—কাল সময়) সং, পুং, আয়ুঃ, যে কাল পর্য্যন্ত বাঁচিয়া থাকা যায়।

জীবিতঘ্ন (জীবিত জীবন—ঘ্ন [হন্ বধ করা+অ(টক্)—ক] যে বধ করে) বিং, ত্রিং, জীবননাশক।

জীবিতজ্ঞা (জীবিত জীবন—জ্ঞা জ্ঞান, ৬ষ্ঠী—হিং। যাহার চলনে নরের জীবন জ্ঞান হয়) সং, স্ত্রীং, নাড়ী।

জীবিতেশ (জীবিত প্রাণ—ঈশ প্রভু, ৬ষ্ঠী—য) বিং, ত্রিং, প্রাণেশ্বর। শিং—১ "গন্ধবদ্রুধিরচন্দনোক্ষিতা জীবিতেশ বসতিং জগাম সা।" ২। পুং, যম। ৩। চন্দ্র। ৪। সূর্য্য।

জীবী (জীবিন্, জীব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং,প্রাণী, যাহার জীবন আছে, (এইশব্দ অন্য শব্দের সহিত যোজিত হইয়া প্রায় প্রযুক্ত হইয়া থাকে, যথা—চিরজীবী)। শিং—১ "জীবিনাং দারুণো রোগঃ কর্ম্মভোগঃ শুভাশুভঃ। ভক্তোবৈদ্যস্তৎ নিহন্তি হরিভক্তি রসায়নাৎ।" (পুরাণ)। ২ "পুরুষায়ুষজীবিন্যো নিরাতঙ্কা নিরীতয়ঃ। যন্মদীয়াঃ প্রজাস্তস্য।" (রঘু)।

জীবোপাধি; সং, পুং, জীবের স্বপ্ন সুষুপ্তি জাগ্রৎ এই অবস্থাত্রয়। শিং—১ "ত্রয়ো হি জীবস্যোপাধয়ঃ।"

জীবোর্ণা; সং, স্ত্রীং, মেষাদির লোম।

জীব্যা (জীব্ জীবন ধারণ করা+য—ণ, আপ্—স্ত্রীং। যাহা দ্বারা জীবিকানির্ব্বাহ হয়, জীবনোপায়) সং, স্ত্রীং, হরীতকী। ২। গোরক্ষদুগ্ধা। ৩। জীবন্তী।

জুআর (জলবার শব্দজ কি?) সং, সমুদ্র হইতে আগত জলস্রোতঃ, জলোচ্ছ্বাস।

জুথ (দেশজ) পরিমাণ; যেমন—"দয় করে এক মূলে জুথে লয় চুনা তুলে।"

জুগুপ্সক (জুগুপ্সা দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে অকারণে নিন্দা করে, পরের নিন্দা করা যার ব্যবসায়।

জুগুপ্সন—ক্লীং } (গুপ্ নিন্দাকরা+সন্ জুগুপ্সা—স্ত্রীং } —স্বার্থে, অন(অনট্)—অ—ভা) সং, নিন্দা, কুৎসা। ২। ঘৃণা। শিং—১ "দোষেক্ষণাদিভির্গর্হা জুগুপ্সা বিষয়োদ্ভবা।"

জুগুপ্সিত (জুগুপ্সা দেখ, ত(ক্ত)—কর্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত। ২। যাহার ঘৃণা জন্মিয়াছে-ঘৃণিত।

জুগোপিষা (গুপ্ গোপনকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, গোপনেচ্ছা।

জুজু (দেশজ) ভয়প্রদর্শক মূর্ত্তিবিশেষ, কল্পিত ভূতযোনি।

জুটক (জট্ একত্র জড় হওয়া+অক(ণক)—ক। উ—আগম) সং, ক্লীং, জটা। টিকা—স্ত্রীং, চুলের ঝুঁটি, শিখা, টিকী; গুচ্ছ; যথা—দর্ভজুটিকা। ২। কর্পূরবিশেষ।

জুড়ন (দেশজ) সং, মিলন। ২। শীতলকরণ।

জুতা (দেশজ) সং, চর্ম্মপাদুকা, উপানৎ।

জুম (যাবনিক) অহিতাচার, অত্যাচার। ২। স্পর্দ্ধা; যথা—"এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা।"

জুম্বক; সং, পুং, বরুণ।

জুলী (জলপ্রণালী শব্দজ) সং, ক্ষুদ্রখাত, নালা, প্রণালী।

জুষ্ (জুষ্ট দেখ, •(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, সেবক। ২। সহায়। ৩। প্রণয়ী।

জুষ্কক (জুষ্ তৃপ্ত করা বা হৃষ্ট হওয়া+কক—প্রং) সং, পুং, যূষ, ঝোল।

জুষ্ট (জুষ্ সেবা করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সেবিত, উপাসিত। শিং—১ "পুণ্যো মহাব্রহ্ম সমূহজুষ্টঃ।" (ভট্টি)। ২। অধিষ্ঠিত। ৩। পূজিত। ৪। উপকৃত। ৫। ক্লীং, উচ্ছিষ্ট।

জুষ্য (জুষ্ট দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, সেব্য, উপাস্য।

জুহূ (হু হোম করা+•(ক্বিপ্)—সংজ্ঞার্থে, ণ, দ্বিত্ব, উ=ঊ, বিকল্পে। জুহু শব্দও হয়) সং, স্ত্রীং, পলাশকাষ্ঠ-নির্ম্মিত অর্দ্ধচন্দ্রাকৃতি যজ্ঞপাত্র।

জূ (জু বেগে গমন করা+•(ক্বিপ্)—ধি। উ=ঊ) সং, স্ত্রীং, আকাশ। ২। (+ক্বিপ্—ক) সরস্বতী। ৩। পিশাচী। ৪। (+ক্বিপ্—ভাবে) শীঘ্রগমন।

জূট (জূট্ জড় হওয়া+অ(ক)—ক, নিং) সং, পুং, জটা। ২। শিবের জটা। ৩। সমূহ। ৪। বন্ধন। ৫। ঝুঁটি। শিং—১ "ভূতেশস্য ভুজঙ্গবল্লিবলয়স্রঙ্ নদ্ধজূটা জটাঃ।" ২ "জটাজূটসমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্।"

জূতি (জূ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, জব, বেগ। শিং—১ "মনোজূতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু।" ২। গতি।

জূদা (পারস্য ভাষা) বিভিন্ন,পৃথক,আলাহিদা।

জূর্ণ (জুর্ জীর্ণ হওয়া, বধকরা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং, তৃণবিশেষ, উলু।

জূর্ণাহ্বয়; সং, পুং, দেধান।

জূর্ণি (জূর্ত্তি দেখ, নি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, বেগ,। ২। শরীর। ৩। সূর্য্য। ৪। ব্রহ্মা। ৫। জ্বর। [সং, স্ত্রীং, জ্বররোগ।

জূর্ত্তি (জ্বর্ রোগী হওয়া+তি(ক্তি)—ভা)

জূষ (জূষ্ বধ করা+অ(অল্)—ণ) সং, স্ত্রীং, ঝোল, কোন বস্তু সিদ্ধ করিয়া কঠিন অংশ পরিত্যাগ করিলে যে দ্রবভাগ থাকে, ক্বাথ, নির্য্যাস।

জৃম্ভ—পুং, জৃম্ভা, জৃম্ভিকা—স্ত্রীং } (জৃম্ভ্ হাইতোলা+অ(অল্), আ—ভা। ক—যোগে জৃম্ভিকা) সং, আলস্য বা নিদ্রার আবেশ হইলে যে মুখব্যাদন করা যায়, মুখবিকাশ, হাই। শিং—১ "আলস্যশ্রম গর্ভদৌর্হৃদ্যজাড্যং জৃম্ভাসিতাদিকৃৎ।" ২। প্রকাশ, প্রস্ফুটন।

জৃম্ভক (জৃম্ভ দেখ, অক(ণক)—ক) বিং,ত্রিং, যে জৃম্ভণ করে, যে হাই তুলে, সর্ব্বদা যার হাই উঠে। ২। নিদ্রাকারক। শিং—১ "জৃম্ভকৈর্যক্ষরক্ষোভিঃ প্রগ্রিভিঃ সমলকর্ণৈঃ।" ৩। রুদ্রগণবিশেষ। ৪। কৃশাশ্বমুনিতনয়ের দ্বারা অধিষ্ঠিত অস্ত্রবিশেষ।

জৃম্ভকাস্ত্র (জৃম্ভ্-ণি+ণক=জৃম্ভক—অস্ত্র) সং, ক্লীং, শত্রুদিগের নিদ্রাকারক অস্ত্র।

জৃম্ভণ (জৃম্ভ দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, মুখবিকাশ, হাই, মুখব্যাদান; যথা—

"জৃম্ভণ করিয়া আছে দেখিয়াছি তারে,
তপনের তাপে তনু তপ্ত করিবারে।"

২। প্রকাশ, প্রস্ফুটন। শিং—১ "মালতী—জৃম্ভণোন্মুখী।"

জৃম্ভমাণ (জৃম্ভ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে হাই তুলিতেছে। ২। প্রকাশমান।

জৃম্ভিত (জৃম্ভ্ হাইতোলা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, জৃম্ভা। শিং—১"অহো কিমেতদাশ্চর্য্যমায়াড়ম্বরজৃম্ভিতম্।" ২। (+ক্ত—ক) বিং, ত্রিং, প্রস্ফুটিত। ২। প্রকাশিত। ৩। বিকাসিত।


জেকের (যাবনিক) প্রসঙ্গ, কীর্ত্তি।

জেঠা (জ্যেষ্ঠতাতশব্দজ) সং, পিতার জ্যেষ্ঠভ্রাতা।

জেতব্য (জি জয় করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জয় করিতে হইবে বা করা আবশ্যক, জেয়। শিং—১ "জয্যো যঃ শক্যতে জেতুং জেয়ো জেতব্যমাত্রকে।"

জেতা (জেতৃ, জি জয় করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে জয় করে, যে জয় করিয়াছে, যে জয় করিতে পারে, জয়শীল। শিং—১

"জেতারং লোকপালানাং খমুখৈরর্চ্চিতেশ্বরম্।" (রঘু)। [বিশেষ।
জেন্তাক ; সং, ক্লীং, স্বেদসেবনার্থ গৃহ-
জেমন (জিম্ ভক্ষণ করা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, অশন, ভোজন।
জেয় (জেতা দেখ, য—র্ম্ম) বিং,ত্রিং, জেতব্য, যাহাকে জয় করা উচিত, যে জয় করিবার যোগ্য। শিং—১ "দেবৈরজেয়া নির্জ্জিতাশ্চার্জ্জুনেন। তদানাশংসে বিজয়ায় সঞ্জয়।" (ভারত)।
জের (পারস্যভাষা) গত, বিনষ্ট, নিম্ন ; যেমন—জের খরচ অর্থে নিম্ন বা অতীত খরচ।
জেরবার (পারস্য, জের নিম্ন—বার বোঝা। অতিরিক্ত ভারে যে নত হইয়া পড়িয়াছে) যে দুশ্চিন্তা ও পরিশ্রমাদি দ্বারা জর্জ্জরিত হইয়াছে।
জৈগীষব্য ; সং, পুং, সিদ্ধমুনিবিশেষ।
জৈত্র (জেতৃ + অ(ষ্ণ)—প্রং, অথবা জি জয় করা + ত্র(ষ্ট্রন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, যে জয় করিতে পারে, জয়শীল। শিং—১ "রথায় জৈত্রঃ প্রবিশন্নিব ত্বরাম্।"(কিরাত)। ২ "শরীরিণা জৈত্রশরেণ যত্র।" (মাঘ)। ২। সং,ক্লীং, ঔষধ। ৩। পুং, পারদ। ত্রী—স্ত্রীং, জয়ন্তীবৃক্ষ।
জৈত্ররথ (জৈত্র—রথ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার রথ শত্রুজয় করিতে পারে,জয়শীল।
জৈন (জিন + অ(ষ্ণ)—জ্ঞানার্থে) সং, পুং, জিনমতাবলম্বী, বৌদ্ধ।
জৈপাল ; সং, পুং, জয়পালবৃক্ষ।
জৈমিনি ; সং, পুং, মীমাংসা-দর্শনপ্রণেতা মুনি।
জৈমিনদর্শন ; সং, ক্লীং, গ্রন্থবিশেষ ; ইহার অপর নাম মীমাংসা বা পূর্ব্ব-মীমাংসা। ইহা দ্বাদশ অধ্যায়ে বিভক্ত। ইহাতে বেদের মীমাংসা এবং শ্রুতি-স্মৃতির বিরোধ ভঞ্জিত হইয়াছে।
জৈমিনি-ভারত ; সং, ক্লীং, মহর্ষি জৈমিনিপ্রণীত ভারতসংহিতা। ইহার কেবল অশ্বমেধ পর্ব্ব পাওয়া যায়।
জৈমূত (জীমূত + অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, জীমূতমুনি-সম্বন্ধীয়।
জৈবাতৃক (জীব্ বাঁচা + আতৃকণ্—প্রং) সং, পুং, চন্দ্র। ২। কর্পূর। ৩। পুত্র। ৪। ঔষধ। ৫। বিং, ত্রিং, দীর্ঘজীবী, দীর্ঘায়ুঃ। ৬। কৃশ।
জৈবেয় (জীব + এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, বৃহস্পতির পুত্র কচ। ২। (জীবা—জ্যা + অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, জ্যাসম্বন্ধীয়।
জৈহ্ম্য (জিহ্ম কুটিল, বক্র + য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, জিহ্মতা, কুটিলতা। শিং—১ "নিষিদ্ধ ভক্ষণং জৈহ্ম্যমুৎকর্ষশ্চ যচোঽনৃতম্।" [নাদির প্রকৃত সময়।
জো (যোগশব্দজ কি?) সুবিধা। ২। বীজবপ-
জোঁক (জলৌকাশব্দজ) সং, রক্তপা।
জোখা (দেশজ) পরিমাণ করা।
জোঙ্গক (জুনগ্ ত্যাগকরা + অক(ণক)—ক। যে দুর্গন্ধ দূর করে) সং, ক্লীং, অগুরু, সুগন্ধি কাষ্ঠবিশেষ।
জোঙ্গট (জুনগ্ [অভিলষণীয় ব্যতিরেকে সমুদায় দ্রব্য] ত্যাগ করা + অট—খি) সং, পুং, গর্ভিণীর অভিলাষ, সাধ।
জোটিঙ্গ (জুট শিবের জটা—গ [গম্ গমন করা + অ(ড)—ক] যে গমন করে, নিপাতন) সং, পুং, শিব। ২। তপস্বী।
জোড় (জুড় বন্ধন করা + অ(অল্)—র্ম্ম) সং, পুং, লৌহবিশেষ।
জোড়খাই—আনদ্ধযন্ত্রবিশেষ। পূর্ব্বে ইহা যুদ্ধক্ষেত্রে ব্যবহৃত হইত।



জোড়খাই।

জোড়া (যুগ্ম শব্দজ কি?) দুইটী। ২। একত্রে দুই খানি পরিচ্ছদ ; বস্ত্রাবরণ।
জোত (যাবনিক) বড় বড় প্রজার নিকট হইতে কৃষকেরা দুই তিন বৎসরের নিমিত্ত যে জমি আবাদ করিতে লয় তাহাকে জোত কহে।

জোতা (দেশজ) শকটাদিতে গো অশ্ব প্রভৃতি সংযোজিত করা।

জোনাকীপোকা (দেশজ) সং, যে পোকার



জোনাকীপোকা।

জ্যোতি নির্গত হয়।

জোর (যাবনিক) সং, শক্তি, বল।

জোষ (জুষ্ তৃপ্ত হওয়া বা তৃপ্ত করা+অ (অল্)—ভাবে) সং, ক্লীং, সুখ, সন্তোষ। শিং—১ "কিমিতি জোষমাস্যতে।" ষা—স্ত্রীং, (+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) নারী। শিং—১ "জোষা দোষাস্পদমমুদিনং নিত্যরোষস্তপস্বী।"

জোষণ (জোষ দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রীতি। ২। সেবা।

জোষম্ (জোষ দেখ,অম্—ণ) অং,তুষ্ণীম্ভাব, নীরব, চুপ্। শিং—১ "ইতি জোষমবস্থিতং দ্বিষঃ।"(মাঘ)। ২। সুখে, সচ্ছন্দে। ৩। সম্পূর্ণরূপে। ৪। সম্যক্। ৫। লম্বন। ৬। প্রশংসা।

জোষিৎ } (জোষ দেখ, ইৎ, ইত—ক,
জোষিতা } আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, নারী, যোষিৎ। শিং—১"শুশুভে জোষিতাম্বরা।"

জোষ্টা (জোষ্টৃ, জুষ্ সেবা করা+তৃ(তৃন্)—ক) সং, পুং, সেবক।

জৌমর (জুমর+অ(ষ্ণ)—নির্বৃত্তার্থে) সং, ক্লীং, জুমরনন্দিকৃত সংক্ষিপ্তসার ব্যাকরণ। ২। বিং, ত্রিং, সংক্ষিপ্তসারাধ্যায়ী।

জ্ঞ (জ্ঞা জানা+অ(ক)—ক) বিং, ত্রিং, জ্ঞানী, জানে যে, (এই শব্দের প্রায় স্বতন্ত্র প্রয়োগ নাই,উপসর্গ বা শব্দান্তরের সহিত যোজিত হইয়া প্রযুক্ত হইয়া থাকে; যেমন—অজ্ঞ, বিজ্ঞ, তত্ত্বজ্ঞ, শাস্ত্রজ্ঞ ইত্যাদি)। ২। দেশকালজ্ঞ। ৩। অভিজ্ঞ। শিং—১ "ইঙ্গিতাকারচেষ্টজ্ঞ।" ২ "সর্ব্বজ্ঞ।" ৪। সং, পুং, জ্ঞানী ব্যক্তি, পণ্ডিত। শিং—১ "ক্রিয়াসু ব্যাহান্তরমধ্যমাসু সম্যক্ প্রযুক্তাসু ন কম্পতে জ্ঞঃ।" ৫। ব্রহ্মা। ৬। চন্দ্র। ৭। মঙ্গলগ্রহ। ৮। বুধ। শিং—১ "যুগে সূর্য্যজ্ঞ শুক্রাণাং খচতুষ্করদার্ণবাঃ।" জ্ঞা—স্ত্রীং, (জ্ঞা+০ (ক্বিপ্)—র্ম্ম) জ্ঞান।

জ্ঞপিত } (জ্ঞপি জানান+ত(ক্ত)—র্ম্ম)
জ্ঞপ্ত } বিং, ত্রিং, জ্ঞাপিত, জানান। ২। মারিত। ৩। তোষিত। ৪। শাণিত। ৫। নিশামিত। ৬। আলোকিত।

জ্ঞপ্তি (জ্ঞপিত দেখ,তি(ক্তি)—ভা) সং,স্ত্রীং, বিজ্ঞাপন। ২। বোধ, জ্ঞান। ৩। জানা।

জ্ঞাত (জ্ঞ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিদিত, অবগত, যাহা জানা হইয়াছে। শিং—১ "জ্ঞাতাজ্ঞাতাঃকুলে মম।"

জ্ঞাতব্য (জ্ঞ দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং,যাহা জানিতে হইবেক বা জানা উচিত বা আবশ্যক কিম্বা জানিবার যোগ্য, জ্ঞেয়।

জ্ঞাতসার (জ্ঞাত অবগত—সার সারাংশ, ৬য়া—হিং) বিং,ত্রিং, যে সার জানিয়াছে, যে কোন বিষয়ের নিগূঢ় বা যথার্থ জানিতে পারিয়াছে, সারজ্ঞ। ২। ক্রিং—বিং, জ্ঞানগোচরে, অগোচরে নয়; যেমন—তাহার জ্ঞাতসারে এই কর্ম্ম হইয়াছে।

জ্ঞাতসিদ্ধান্ত (জ্ঞাত—সিদ্ধান্ত তত্ত্বার্থ) সং, পুং, শাস্ত্রতত্ত্বজ্ঞ, যে ব্যক্তি শাস্ত্র উত্তমরূপে জানে।

জ্ঞাতা (জ্ঞাতৃ, জ্ঞ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, জ্ঞানী, বোদ্ধা, জানে যে।

জ্ঞাতি (জ্ঞ দেখ, তি(ক্তি)—র্ম্ম, যে জ্ঞাত অর্থাৎ পরিচিত আছে, অথবা জ্ঞা [ছিদ্র এবং কুলস্থিতি] জানা+তি(ক্তিন্)—ক) সং, পুং, দায়াদ। ২। এক গোত্রে যাহার জন্ম হইয়াছে,যে এক গোত্রোদ্ভব ব্যক্তির সহিত পিণ্ড অশৌচ ও ধনাধিকার সম্বন্ধ আছে, সগোত্র। ৩। সপিণ্ড। শিং—১ "ন যেহস্তি মাতা ন পিতা জ্ঞাতয়ো বান্ধবাঃ কুতঃ।" ২ "যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানিচ। জ্ঞাতিদ্রোহস্য পাপস্য কলাং নার্হন্তি ষোড়শীং।"

জ্ঞাতিত্ব (জ্ঞাতি+ত্ব—ভাবে) সং, ক্লীং, জ্ঞাতির ধর্ম্ম কর্ম্ম বা ব্যবহার। ২। জ্ঞাতির অনিষ্ট চেষ্টা,জ্ঞাতির উপর বিদ্বেষপ্রদর্শন।

জ্ঞাতেয় (জ্ঞাতি+এয়(ঢেয়)—ভাবে) সং, ক্লীং, জ্ঞাতিত্ব, জ্ঞাতিধর্ম্ম।

জ্ঞান (জ্ঞা জানা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বোধ,বুদ্ধি, প্রতীতি। ২। তত্ত্বজ্ঞান। শিং—১ "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে। দ্বাপরে যজ্ঞমেবাহুর্জ্ঞানমেকং কলৌ যুগে।" ২"জ্ঞানাগ্নিনা পাপং সর্ব্বং দহতি বেদবিৎ।"

জ্ঞানকৃত (জ্ঞান—কৃত, ৩য়া—ষ) বিং, ত্রিং, বুদ্ধি পূর্ব্বক কৃত, যাহা জানিয়া শুনিয়া করা হইয়াছে, যাহা জ্ঞানপূর্ব্বক অনুষ্ঠিত হইয়াছে; যথা—জ্ঞানকৃত পাপ।

জ্ঞানগম্য (জ্ঞান—গম্য, ৩য়া—ষ) বিং, ত্রিং, জ্ঞান দ্বারা যাহা জানা যায় বা যাইতে পারে। শিং—১ "উত্তরো গোপতির্গোপ্তা জ্ঞানগম্যঃ পুরাতনঃ।" ২। ক্রিং—বিং, জানিয়া শুনিয়া, জ্ঞানপূর্ব্বক, বুদ্ধিপূর্ব্বক; যথা—জ্ঞানগম্যে কথন পাপ করি নাই।

জ্ঞানচক্ষুঃ (—চক্ষুস্, জ্ঞান—চক্ষুঃ, য়ং—স) সং, ক্লীং, বেদাদি শাস্ত্রজ্ঞানরূপ নেত্র। শিং—১ "সর্ব্বং তু সমবেক্ষ্যেদং নিখিলং জ্ঞানচক্ষুষা।" (মনু)। ২। (জ্ঞান—চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, বেদজ্ঞানরূপ নেত্রবিশিষ্ট।

জ্ঞানতঃ (জ্ঞানতস্, জ্ঞান+তস্—পূর্ব্বকার্থে) অং, ক্রিং—বিং, জ্ঞান অনুসারে, জ্ঞানপূর্ব্বক।

জ্ঞানদগ্ধদেহ (জ্ঞান—দগ্ধ—দেহ,৬ষ্ঠী—হিং) সং, পুং, চতুর্থাশ্রমী, সন্ন্যাসী। জীবিতাবস্থায় জ্ঞান দ্বারাই সন্ন্যাসীর দেহ দগ্ধ হয় এইজন্য সন্ন্যাসীর মৃত্যুর পর দাহাদি কার্য্য নিষিদ্ধ আছে।

জ্ঞানদাতা (—দাতৃ, জ্ঞান—দাতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, উপদেষ্টা গুরু। শিং—১ "মাতুঃ শতগুণঃ পূজ্যো জ্ঞানদাতা গুরুঃ প্রভো।" ২। বিং, ত্রিং, জ্ঞানদায়ক।

জ্ঞাননিষ্ঠ (জ্ঞান—নিষ্ঠা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে সর্ব্বদা জ্ঞানের অনুশীলন করে, যে সর্ব্বদা পরমার্থচিন্তায় রত।

জ্ঞানপতি (জ্ঞান—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরমেশ্বর। ২। গুরু।

জ্ঞানপাবন; সং,ক্লীং, তীর্থবিশেষ। শিং—১ "ততো গচ্ছেত রাজেন্দ্র জ্ঞানপাবনমুত্তমম্।"

জ্ঞানময় (জ্ঞান+ময়(ময়ট্)—পরিপূর্ণার্থে) সং, পুং, পরব্রহ্ম, পরমেশ্বর। ২। শিব।

জ্ঞানযোগ; সং, পুং, জ্ঞানের সহিত সম্বন্ধ, জ্ঞান থাকা। ২। ব্রহ্মপ্রাপ্তির উপায়,ব্রহ্মলাভজনক নিষ্ঠাবিশেষ। শিং—১ "জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্।" [কিক সন্নিকর্ষবিশেষ।

জ্ঞান-লক্ষণা; সং, স্ত্রীং, জ্ঞানজনক অলৌ-

জ্ঞানবান্ (জ্ঞানবৎ,জ্ঞান+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার জ্ঞান আছে, যাহার জ্ঞান জন্মিয়াছে, জ্ঞানী।

জ্ঞানবাপী; সং,স্ত্রীং, কাশীস্থ তীর্থবিশেষ।

জ্ঞানশালী, জ্ঞানাপন্ন } (জ্ঞানশালিন্, জ্ঞান—শালী, আপন্ন=বিশিষ্ট, যুক্ত) বিং, ত্রিং, জ্ঞানী।

জ্ঞানসাধন (জ্ঞান—সাধন উপায়, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, ইন্দ্রিয়। ২। তত্ত্বজ্ঞানসাধন।

জ্ঞানাপোহ (জ্ঞান—অপোহ অপনোদন) সং, পুং, জ্ঞানলোপ। ২। বিস্মরণ।

জ্ঞানাভ্যাস (জ্ঞান—অভ্যাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জ্ঞেয় বিষয়ের চিন্তন কথন প্রবোধনাদি। শিং—১ "তচ্চিন্তনং তৎকথনমন্যোন্যং তৎপ্রবোধনম্। এতদেকপরত্বঞ্চ জ্ঞানাভ্যাসং বিদুর্বুধাঃ।"

জ্ঞানী (জ্ঞানিন্, জ্ঞান+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার জ্ঞান আছে বা জন্মিয়াছে। যে ব্যক্তির নানাবিষয়ে বোধ ও অধিকার আছে, বিজ্ঞ, জ্ঞানবান্। ৩। যে ব্যক্তির পরমার্থ জ্ঞান জন্মিয়াছে, তত্ত্বজ্ঞানী। শিং—১ "জ্ঞানিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।" (গীতা)।

জ্ঞানেন্দ্রিয় (জ্ঞান—ইন্দ্রিয়,য়ং—স) সং,ক্লীং, যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞান জন্মে; যথা—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, রসনা, ত্বক্ ও মনঃ।

জ্ঞাপক (জ্ঞাপক দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে জানায়, আবেদক, নিবেদক। ২। যাহার দ্বারা জানিতে পারা যায়, যাহার দ্বারা ব্যক্ত হইয়া পড়ে,সূচক, ব্যঞ্জক। ৩। যে ব্যক্ত করে, যে প্রচার করে, প্রচারক।

জ্ঞাপন (জ্ঞা-ণিচ্—জ্ঞাপি জানান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, আবেদন, বিদিত-করণ, জানান, বিজ্ঞাপন।

জ্ঞাপনীয় (জ্ঞাপন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জ্ঞাপন করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক কিম্বা করিবার যোগ্য, নিবেদনীয়।

জ্ঞাপয়িতা (জ্ঞাপয়িতৃ, জ্ঞাপন দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে জানায়, জ্ঞাপক। ২। বোধক।

জ্ঞাপিত (জ্ঞাপন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানান হইয়াছে, বিজ্ঞাপিত।

জ্ঞেয় (জ্ঞান দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানিতে হইবে বা জানা উচিত বা আবশ্যক বা জানিবার যোগ্য, জ্ঞাতব্য, বোধ্য। শিং—১ "জ্ঞেয়ং তস্য চিকীর্ষিতম্।" ২ "স জ্ঞেয়ঃ শপথে শুচিঃ।"

জ্ঞেয়াত্মা (জ্ঞেয়াত্মন্, জ্ঞেয়—আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তত্ত্বজ্ঞান লাভের উপযোগী পুরুষ।

জ্যা (জ্যা জীর্ণহওয়া+০(কিপ্)—ক। যাহাতে জন্তুরা জীর্ণ হয়) সং, স্ত্রীং, পৃথিবী। ২। (প্রসবহেতু যাহার শরীর জীর্ণ হয়) মাতা। ৩। (নিরন্তর আকর্ষণ দ্বারা ধনুক জীর্ণ হয়) ধনুর ছিলা। শিং—১ "জ্যায়া চ যুযুজে ধনুঃ।" ২ "শিথিলজ্যাবন্ধং ধনুঃ।" ৪। (Chord) যে সরলরেখা বৃত্তের কোন ভাগকে বিচ্ছিন্ন করে।

জ্যাঘাতবারণ (জ্যাঘাত—বারণ নিবারণকারক, ২য়া—ষ) সং, ক্লীং, ধনুর্দ্ধরগণের হস্তনিবদ্ধ চর্ম্মবিশেষ।

জ্যানি (জ্যা দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, জীর্ণতা। ২। হানি। ৩। (+ক্তি—ণ) নদী।

জ্যামিতি (Geometry, জ্যা পৃথিবী—মিতি পরিমাণ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্ষেত্রতত্ত্ব।

জ্যায়সী (জ্যায়স্+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জ্যেষ্ঠা। ২। অতিশয় বৃদ্ধা। ৩। বলবতী। শিং—১ "জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জনার্দ্দন।"


জ্যায়ান্ } (জ্যায়স্, প্রশস্য বা বৃদ্ধ+ঈ-
জ্যেষ্ঠ } য়স্, ইষ্ঠ—অত্যর্থে, প্রশস্য বা বৃদ্ধ স্থানে জ্য) বিং, ত্রিং, অগ্রজ। ২। বয়সে বড়, অধিকবয়স্ক। ৩। প্রবৃদ্ধ। ৪। উৎকৃষ্ট; শ্রেষ্ঠ; যথা—[illegible] জ্যেষ্ঠ। শিং—১ "অনয়োর্বীরয়োর্যুদ্ধে কো জ্যায়ান্।" ৫। সং, পুং, যে ভ্রাতা বয়সে বড়, অগ্রজ।

জ্যেষ্ঠতাত (জ্যেষ্ঠ—তাত পিতা, তাতের জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—ষ, প্রাগভাব) সং, পুং, পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, জেঠা।

জ্যেষ্ঠবর্ণ (জ্যেষ্ঠ অগ্রজ বা অত্যুত্তম—বর্ণ জাতি) সং, পুং, ব্রাহ্মণজাতি।

জ্যেষ্ঠশ্বশ্রূ (জ্যেষ্ঠ—শ্বশ্রূ শাশুড়ী। পত্নীর জ্যেষ্ঠত্বহেতু শ্বশ্রূসম মান্য করা যায় বলিয়া) সং, স্ত্রীং, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড় শালী।

জ্যেষ্ঠা (জ্যেষ্ঠ দেখ, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টাদশ নক্ষত্র; ইহা তারকত্রিতয়াম্বিতা ও বলয়াকারা। মানব ইহাতে জন্মগ্রহণ করিলে যশস্বী, বহুপুত্রসম্পন্ন, ধনবান্, অতিপ্রতাপশালী লব্ধপ্রতিষ্ঠ ও বিকলস্বভাব হয়।



জ্যেষ্ঠা (নক্ষত্র)।

২। গৃহ-গোধিকা। ৩। মধ্যমাঙ্গুলি। ৪। গঙ্গা। ৫। অলক্ষ্মী। ৬। নায়িকাবিশেষ। ষ্ঠা, ষ্ঠী—টিক্‌টিকী, জেঠী।

জ্যেষ্ঠাম্বু (জ্যেষ্ঠ—অম্বু জল) সং, ক্লীং, চেপ্পুনিজল।

জ্যেষ্ঠাশ্রমী (—শ্রমিন্, জ্যেষ্ঠাশ্রম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দ্বিতীয়াশ্রমী, গৃহী। শিং—১ "গৃহস্থেনৈব ধার্য্যন্তে তস্মাৎ জ্যেষ্ঠাশ্রমী গৃহী।"

জ্যৈষ্ঠ (জ্যৈষ্ঠী জ্যেষ্ঠানক্ষত্রযুক্তা পূর্ণিমা+অ(ক)—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, দ্বিতীয়মাস।

জ্যৈষ্ঠী (জ্যেষ্ঠা+অ(ক)—যুক্তার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত পূর্ণিমা

জ্যৈষ্ঠ্য (জ্যেষ্ঠ+য(ষ্য)—ভাবে) সং, ক্লীং, জ্যেষ্ঠত্ব। ২। উৎকর্ষ। শিং—১"বিপ্রাণাং জ্ঞানতো জ্যৈষ্ঠ্যং ক্ষত্রিয়াণান্ত বীর্য্যতঃ। বৈশ্যানাং ধান্যধনতঃ শূদ্রাণামেব জন্মতঃ।"

জ্যোতি[illegible]জ্যোতিস্, দ্যুৎ দীপ্তি পাওয়া+ইস্—ক) সং, ক্লীং, গ্রহ নক্ষত্র প্রভৃতি পদার্থ। ২। তেজঃ। ৩। (+ইস্—ক) চৈতন্য। ৪। চক্ষুঃ। ৫। আত্মা। ৬। অর্থ। ৭। জ্যোতিঃশাস্ত্র। ৮। পুং, অগ্নি। ৯। সূর্য্য। ১০। পুত্র। ১১। স্ত্রীং, পৃথিবী। ১২। (+ইস্—ভাবে) প্রকাশ। ১৩। শিখা। ১৪। আলোক, প্রভা, দীপ্তি। ১৫। জ্বালা।

জ্যোতিঃশাস্ত্র; সং,ক্লীং,জ্যোতির্ব্বিদ্যা দেখ।

জ্যোতিরাত্মা (—আত্মন্, জ্যোতিঃ—আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য অগ্নি প্রভৃতি তেজোময় পদার্থ। শিং—১ "যথাহ্যয়ং জ্যোতিরাত্মা বিবস্বান্।"

জ্যোতিরিঙ্গ } জ্যোতিরিঙ্গণ } (জ্যোতিস্ দীপ্তি—ইঙ্গ, ইঙ্গণ [ইনৃগ্ গমন করা+অ(অন্), অন—ক] যে গমন করে। যে জ্যোতিরূপে আকাশে গমন করে) সং, পুং, খদ্যোত, জোনাকীপোকা।

জ্যোতির্ম্মণ্ডল (জ্যোতিস্—মণ্ডল) সং, ক্লীং, যাবতীয় জ্যোতির্ম্ময় পদার্থের সমষ্টি।

জ্যোতির্ম্ময় (জ্যোতিস্+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং,ত্রিং, জ্যোতিরাত্মক, জ্যোতিস্বরূপ, জ্যোতিপূর্ণ। শিং—১ "ঋষীন্ জ্যোতির্ম্ময়ান্ সপ্ত সস্মার স্মরশাসনঃ।"

জ্যোতির্ব্বিদ্যা (Astronomy, জ্যোতিস্—বিদ্যা শাস্ত্র) সং, স্ত্রীং, গ্রহ, নক্ষত্র, ধূমকেতু প্রভৃতি দিব্যপদার্থের স্বরূপ, সঞ্চার, পরিভ্রমণকাল, গ্রহণ, শৃঙ্খলা, অন্তর ও তৎসম্বন্ধ সমস্ত ঘটনা নিরূপক শাস্ত্র। ২। গ্রহনক্ষত্রাদির গতি স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ-বিষয়ক শাস্ত্র।

জ্যোতির্ব্বিদ্ } জ্যোতির্ব্বেত্তা—তৃ } (জ্যোতিস্ জ্যোতিঃশাস্ত্র—বিদ্, বেত্তা [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক। ২য় পক্ষে—তৃন্—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। শিং—১"দৃষ্ট। জ্যোতির্ব্বিদো বৈশ্যান্ দদ্যাৎগাং কাঞ্চনং মহীম্।"

জ্যোতিশ্চক্র (জ্যোতিস্ গ্রহ—চক্র মণ্ডল) সং, ক্লীং, চন্দ্রসূর্য্যাদি গ্রহনক্ষত্র সমূহ। ২। মেষাদি দ্বাদশরাশি সংবলিত নভোমণ্ডলস্থিত মণ্ডল, রাশিচক্র।

জ্যোতিষ } জ্যৌতিষ } (জ্যোতিস্ নক্ষত্রাদির দীপ্তি +অ(ক)—ইদমর্থে) সং,ক্লীং, জ্যোতির্ব্বিদ্যা, বেদাঙ্গ শাস্ত্রবিশেষ, গণনাশাস্ত্র, অঙ্কশাস্ত্র। ইহা দ্বারা গ্রহ নক্ষত্রাদির গতি প্রভৃতি অনুসারে লোকের শুভাশুভ নিরূপণ করা যায়। ষী—স্ত্রীং, নক্ষত্র। ২। বিং, ত্রিং, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। ৩। গ্রহ নক্ষত্রাদির গতি প্রভৃতি অনুসারে লোকের শুভাশুভ নিরূপণ করা যায়, ব্যবসায়।

জ্যোতিষিক } জ্যৌতিষিক } (জ্যোতিস্+ইক(ষ্ণিক)—তজ্জ্ঞানার্থে)সং,পুং,জ্যোতির্ব্বেত্তা। ২। বিং, ত্রিং, জ্যোতিষসম্বন্ধীয়।

জ্যোতিষ্ক (Heavenly Bodies, জ্যোতিস্—কৃ করা+অ—প্রং। যে দীপ্তি করে, অথবা 'কৈ' ধাতুজ, ২য়া—ষ) সং,পুং,বহুং, গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ম্ময় পদার্থ। ২। চিত্রকবৃক্ষ। ৩। গণি[illegible]রকাবৃক্ষ। ৪। ক্লীং মেথিকাবীজ। ৫। মেরুশৃঙ্গবিশেষ। শিং—১ "তদীশভাগে তস্যাদ্রেঃ শৃঙ্গমাদিত্যসন্নিভং। যত্তৎ জ্যোতিষ্কমিথ্যাহুঃ সদা পশুপতেঃ প্রিয়ম্।"

জ্যোতিষ্টোম (জ্যোতিস্—স্তোম [অগ্নিষ্টোম দেখ] স্তুতি। যাহাতে জ্যোতিগণের স্তুতি আছে, ৭মী—হিং) সং, ক্লীং, যজ্ঞবিশেষ; ষোড়শ ঋত্বিক্ ইহার অধিষ্ঠাতা। শিং—১ "বহুধা নিঃসৃতঃ কায়াৎ জ্যোতিষ্টোমক্রতুর্যথা।"

জ্যোতিষ্পথ (জ্যোতিস্—পথ পথিন্‌শব্দজ+অ(ড)—প্রং,৬ষ্ঠী—ষ)সং,পুং,আকাশ।

জ্যোতিষ্মান্ (জ্যোতিষ্মৎ, জ্যোতিস্+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্যোতির্ব্বিশিষ্ট। ২। সং, পুং, সূর্য্য। ৩। কুশদ্বীপপতি,প্রিয়ব্রতের কনিষ্ঠ পুত্র। ষ্মতী—স্ত্রীং, রাত্রি। ২। চিত্তবৃত্তিবিশেষ। শিং—১

"নক্ষত্রতারাগ্রহসংকুলাপি জ্যোতিষ্মতী চন্দ্রমসৈব রাত্রিঃ।" ২ "উপরিষ্ঠাজ্জ্যোতিষ্মতী।"

জ্যোতিক ; সং, পুং, সর্পবিশেষ।

জ্যোতিরথা ; সং, স্ত্রীং, নদীবিশেষ।

জ্যোৎস্না (জ্যোতিস্+ন–ইন্দুদ্যুতি অর্থে, ই–লোপ, আপ্–স্ত্রীং) সং, স্ত্রীং, চন্দ্রিকা, চন্দ্রের কিরণ। ২। কান্তি, শোভা ; যথা—"বৈকুণ্ঠধামের জ্যোৎস্না।" শিং–১ "নহি সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চাণ্ডালবেশ্মনি। পূরাণপূর্ণচন্দ্রেণ শ্রুতিজ্যোৎস্নাঃ প্রকাশিতাঃ।"

জ্যোৎস্নাপ্রিয় ; সং, পুং, চকোরপক্ষী।

জ্যোৎস্নাবৃক্ষ (জ্যোৎস্না চন্দ্রের কিরণ, এখানে দীপের আলোক নিমিত্ত ব্যবহৃত হইয়াছে–বৃক্ষ গাছ) সং,পুং,দীপাধার, পিলসুজ্।

জ্যোৎস্নী, জ্যোৎস্নী, জ্যোৎস্নিকা (জ্যোৎস্না চন্দ্রকিরণ+অ (ক)–অস্ত্যর্থে,ঈপ্–স্ত্রীং) সং, স্ত্রীং, জ্যোৎস্নারাত্রি, চন্দ্রিকাযুক্ত রাত্রি।

জ্বর (জ্বর্ সন্তপ্ত হওয়া+অ(অন্)–ক) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ রোগবিশেষ, এই রোগে নাড়ীর চাঞ্চল্য দাহ পিপাসা প্রভৃতি হইয়া থাকে, শরীরের তাপ। ২। সন্তাপ। ৩। রোগ, পীড়া। ৪। অস্বাস্থ্য, অস্বচ্ছন্দতা। ৫। যাতনা, অসুখ। শিং–১ "স্বেদ্যমানজ্বরং প্রাজ্ঞঃ কোঽম্ভসা পরিষিঞ্চতি।"

জ্বরঘ্ন (জ্বর–ঘ্ন [হন্ নাশ করা+অ(টক্) –ক] যে নাশ করে) বিং,ত্রিং,জ্বরনাশক। ২। পুং,বাস্তুক। ৩। গুড়ূচী। ঘ্নী–স্ত্রীং, মঞ্জিষ্ঠা। [গাত্রদাহ।

জ্বরাগ্নি (জ্বর–অগ্নি) সং, পুং, জ্বরপ্রযুক্ত

জ্বরাতিসার (জ্বর জ্বরপ্রযুক্ত–অতিসার, যং–স) সং, পুং, জ্বরযুক্ত অতিসাররোগ।

জ্বরান্তক (জ্বর–অন্তক যে নাশ করে) সং, পুং, ঔষধ-বিশেষ। ২। নিম্ববৃক্ষ-বিশেষ। ৩। বিং, ত্রিং, জ্বরনাশক।

জ্বরাপহা (জ্বর–অপহা নাশক) সং, স্ত্রীং, বিল্বপত্রী, বেলশুঁঠা।

জ্বরিত (জ্বর্ রোগ হওয়া+ত(ক্ত)–র্ম। অথবা জ্বর+ইত–সংজাতার্থে) বিং,ত্রিং, জ্বরযুক্ত, যাহার জ্বর হইয়াছে।

জ্বরী (জ্বরিন্,জ্বর+ইন্–অস্ত্যর্থে) বিং,ত্রিং, জ্বরিত দেখ।

জ্বলকা (জ্বল্ দীপ্ত হওয়া+অক(ণক)–ক, আপ্–স্ত্রীং) সং, স্ত্রীং, অগ্নিশিখা, আগুনের ঝলকা।

জ্বলৎ (পূর্ব্বে দেখ, অৎ(শতৃ)–ক) বিং,ত্রিং, যাহা জ্বলিতেছে, জ্বলন্ত।

জ্বলন (জ্বল্ দীপ্ত হওয়া+অন(অনট্)–ভা) সং, ক্লীং, দীপন। ২। জ্বালা, অগ্নিশিখা। ৩। দীপ্তি। ৪। দাহ। ৫। দাহাদিজনিত অশুভকর অনুভব। ৬। ( +অন–ক ) সং, পুং, অগ্নি।

জ্বলনাশ্মা ( জ্বলনাশ্মন্, জ্বলন [সূর্য্যকিরণ সংযোগে] দেদীপ্যমান–অশ্মন্ প্রস্তর) সং, পুং, সূর্য্যকান্তমণি।

জ্বলিত (জ্বলন দেখ, ত(ক্ত)–ক) বিং, ত্রিং, যাহা জ্বলিতেছে, যাহা জ্বলিয়া উঠিয়াছে। ২। যাহা জ্বলিয়া গিয়াছে। ৩। প্রকাশিত, দীপ্ত। ৪। যাহার দাহ হইয়াছে, দগ্ধ, ভস্মাবশেষ। ৬। (+ক্ত–ভা) সং, ক্লীং, জ্বলন।

জ্বাল (জ্বলন দেখ, অ(ণ)–ক) সং,পুং, লা–স্ত্রীং,আগুনের ঝলকা। ২। অগ্নিশিখা। ৩। কোন স্থান দগ্ধ ক্ষত বা আহত হইলে ঐ স্থানে যে উৎকট অসুখকর অনুভব হয়, দাহ, জ্বলন। ৪। দুঃখ,ক্লেশ। ৫। যাতনা, যন্ত্রণা। ৬। বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট। শিং –১ "অস্ত্রাণি সবিস্ফুলিঙ্গজ্বালানি।" ২ "সজ্বালকবলৈর্মুখৈঃ।"

জ্বালজিহ্ব, জ্বালাজিহ্ব (জ্বালা অগ্নিশিখা–জিহ্বা। অগ্নিশিখা যাহার জিহ্বা,৬ষ্ঠী–হিং) সং, পুং, অগ্নি।

জ্বালামালিনী (জ্বালামালা+ইন্–অস্ত্যর্থে, ঈপ্–স্ত্রীং) সং, স্ত্রীং, দেবীবিশেষ।

জ্বালামুখী (জ্বালা অগ্নিশিখা–মুখ প্রধান, এইস্থানে মৃত্তিকাগর্ভস্থ একপ্রকার বাষ্প বায়ুসংযোগে সর্ব্বদা জ্বলিয়া থাকে এবং কথিত আছে এই স্থানে পার্ব্বতীর জিহ্বা পতিত হইয়াছিল) সং,স্ত্রীং, তীর্থবিশেষ।

শিং — ১"পীঠস্থানবিশেষঃ। যত্র ভগবত্যা জিহ্বা পতিতা তত্রাম্বিকা দেবী। উন্মত্তনামকভৈরবশ্চ।"
জ্বালাবক্ত্র (জ্বালা—বক্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। ২। শিব।
জ্বালিত (জ্বল্‌-ণিচ্‌=জ্বালি জ্বালান+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, যাহা জ্বালা গিয়াছে, দীপ্তিত। ২। দাহিত, ভস্মীকৃত। ৩। যাহাকে জ্বালা বা ক্লেশ দেওয়া গিয়াছে, সন্তাপিত, ক্লেশিত।
জ্বালী (জ্বালিন্‌, জ্বল্‌ দীপ্তি পাওয়া+ইন্‌ (ণিন্‌)—ক) সং, পুং, শিব। শিং—১ "শিখী মুণ্ডী জটী জ্বালী মূর্ত্তিজো মূর্দ্ধগো বলী।" ২। বিং, ত্রিং, শিখাযুক্ত, দীপ্তিমান্‌।
জ্বালেশ্বর; সং, পুং, তীর্থবিশেষ।

---

# ঝ

ঝ; ব্যঞ্জনবর্ণের নবমবর্ণ; ইহার উচ্চারণস্থান তালু। ২। (ঝট্‌ একত্র করা+অ (ড)—ক) সং, পুং, ঝা—স্ত্রীং, ঝঞ্ঝাবাত। ৩। জলবর্ষণ। ৪। শব্দ। ৫। পুং, বৃহস্পতি। ৬। দৈত্য-পতি, ইন্দ্র। ৭। বিং, ত্রিং, নিদ্রিত। ৮। নষ্ট।
ঝকড়া (দেশজ) সং, কলহ, কন্দল, বিবাদ।
ঝক্‌ (বিস্‌ ধাতুজ কি ?) দীপ্তি, চমক; বৃথা কথা। [তাপ, খেদ।
ঝক্‌মারী (দেশজ) ত্রুটী, অপরাধ। ২। অনুঝক্কি (দেশজ) জনতা, বহুলোকের একত্র অবস্থান। ২। গোলমাল। ৩। ঝঞ্ঝাট।
ঝঙ্কার—পুং } (ঝং অনুকরণশব্দ—কার,
ঝঙ্কৃতি—স্ত্রীং } কৃতি করণ) সং,ভ্রমরাদির গুঞ্জন। ২। ঝন্‌ঝন্‌শব্দ,অব্যক্তধ্বনি। শিং —১ "স্খলদ্বলয়সংহতিমেখলোত্থঝঙ্কার।" ২ "মদকলকোকিলকূজিতঝঙ্কার।"
ঝঙ্কারিণী; সং, স্ত্রীং, গঙ্গা।
ঝঙ্কৃতা; সং, স্ত্রীং, তারাদেবী।
ঝঞ্জন; সং, স্ত্রীং, ধাতুনির্ম্মিত দ্রব্যের আঘাতে উৎপন্ন ঝন্‌ঝন্‌শব্দ, অব্যক্তধ্বনি। না—স্ত্রীং, বজ্র; যথা—ঝঞ্জনা ঝঞ্জনী বিদ্যুৎ চকমকী।"
ঝঞ্ঝা (ঝং—ঝট্‌+অ(ড)—ক,আপ্‌—স্ত্রীং) সং, স্ত্রীং, ঝড়বৃষ্টি। ২। বাত্যা, ঝড়। ৩। ধ্বনিবিশেষ। ৪। এক প্রকার ঘনযন্ত্র; ইহার প্রচলিত নাম ঝাঁঝ। ইহাকে ঝাঁঝরও বলে। ইহার আকার বৃহৎ গোলাকার ও সমতল, মধ্যভাগ ঈষৎ স্থূল,সেই স্থলেই আঘাত করিতে হয়। ইহা পৃথিবীর প্রায় সমুদায় দেশেই ঐ নামে প্রসিদ্ধ। ইহা ঘনযন্ত্রের আদি এরূপ অনুমান হয়। ইহা মাঙ্গল্য-যন্ত্রবিশেষ।
ঝঞ্ঝাট (ঝঞ্ঝাশব্দজ) সং, ব্যস্ততা। ২। দুঃখ, ক্লেশ।
ঝঞ্ঝানিল } (ঝঞ্ঝা অতিশয় বৃষ্টি—অনিল,
ঝঞ্ঝামারুত } মারুত, বাত—বায়ু, ষং—স)
ঝঞ্ঝাবাত } সং, পুং, বৃষ্টির সহিত ঝড়। ২। বেগবান্‌ বায়ু।
ঝটক; সং,পুং—স্ত্রীং,অন্ত্যজবর্ণবিশেষ। শিং —১ "প্রপাস্বরণ্যে ঝটকস্য কূপে দ্রোণ্যাং জলং কোশবিনির্গতঞ্চ।" (অত্রিসংহিতা)।
ঝটিতি (ঝট্‌ একত্র জড় হওয়া+ইতি (কিতিচ্‌)—ক) অং, ক্রিং—বিং, শীঘ্র, দ্রুত, ঝট্‌ করিয়া, তাড়াতাড়ি। শিং—১ "ত্যক্তা গেহং ঝটিতি যমুনামঞ্জুকুঞ্জং জগাম।" (পদাঙ্কদূত)।
ঝট্‌ (ঝটিতি শব্দজ) শীঘ্র, দ্রুত, আচম্বিতে।
ঝট্‌পট (দেশজ) বিচলিত হওয়া।
ঝড়, ঝড়ি (দেশজ) সং, ঝটিকা, বাত্যা।
ঝণঝণা; সং, স্ত্রীং, ঝণ্‌ঝণ্‌ শব্দ। শিং—১ "দিব্যানূপুরদ্বয়ম্‌ কুর্ব্বাণমিব তদ্বীর্য্যস্তুতিং ঝণঝণারবৈঃ।"
ঝণঝণায়মান (ঝণঝণ+আন(শান)—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, যাহা ঝণঝণ শব্দে শব্দিত হইতেছে।
ঝনৎকার (ঝনৎ অনুকরণ শব্দ—কার কৃ-রণ) সং, পুং, ঝন্‌ঝন্‌ শব্দ, কঙ্কণাদির ধ্বনি।
ঝপ্‌ঝপ (দেশজ) শীঘ্র শীঘ্র।
ঝম্প—পুং } (ঝম্‌ অনুকরণ শব্দ—প
ঝম্পা—স্ত্রীং } [পত্‌ধাতুজ+অ(ড)—ভা]

পতন) সং, পুং, লম্ফ, ঝাঁপ। শিং—১ "পুচ্ছাস্ফোটিতলংসমুদ্রবিবরৈঃ পাতাল ঝম্পাশ্চ তাঃ।" ২ "ময়া তৎপশ্চাৎ ঝম্পো দত্তঃ।"

ঝম্পাক (ঝম্প—অক্ গমন করা+অ(অন্)—ক। অথবা ঝম্প—আ—কৈ+অ(ক)—ক। যে ঝম্প দিয়া গমন করে) সং, পুং, বানর, কপি।

ঝম্পারু (ঝম্প লম্ফ—ঋ গমন করা+উ—ক) সং, পুং, বানর, কপি।

ঝম্পাশী (ঝম্পাশিন্, ঝম্প—আশিন্ যে খায়, ওয়া—ষ) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

ঝম্পী (ঝম্পিন্, ঝম্প+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বানর, কপি।

ঝর—পুং } (ঝৃ [জীর্ণ হওয়া] চ্যুত
ঝরা, রী—স্ত্রীং } হওয়া+অ(অল্)—ণ) সং, নির্ঝর, পর্ব্বতাদি হইতে পতিত বারিপ্রবাহ। শিং—১ "কল্লোলিন্যো নিতান্তপতজ্ঝরোমস্থলিত শিলাঃ।" ২।"নিঝরনির্ঝরাম্বুশীকরৈঃ।" ২। সমূহ।

ঝরকা (দেশজ) গবাক্ষ, জানালা। [নির্ঝর।

ঝরণা (ঝর শব্দজ) সং, শৈলনিঃসৃত জল,

ঝরিত (ঝর+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, নির্ঝরবিশিষ্ট। ২। গলিত; যথা—"নির্ঝরঝরিত বারিরাশি স্থানে স্থানে।"

ঝর্ঝর (ঝর্ঝ্ রব করা+অর(অরন্)—ক) সং, পুং, কলিযুগ। ২। নদবিশেষ। ৩। শব্দবিশেষ, উচ্চ হইতে নিম্নে বেগে জল পড়িলে যে শব্দ হয়। ৪। বাদ্যযন্ত্রবিশেষ, ইহার প্রচলিত নাম কাড়া। ৫। ঝাঁঝ। ৬ বেত্র-নির্ম্মিত দণ্ড-বিশেষ। ৭। পাকসাধন দ্রব্যবিশেষ, ঝাঁঝরা। রী—স্ত্রীং, এক প্রকার মন্দিরা। ২। রা—স্ত্রীং, বেশ্যা।

ঝর্ঝরক (ঝর্ঝর+ক(কণ্)—সংজ্ঞার্থে) সং, পুং, কলিযুগ।

ঝর্ঝরাবতী (ঝর্ঝরা + বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গঙ্গা।

ঝর্ঝরীক; সং, ক্লীং, শরীর।

ঝলজ্ঝল (ঝলৎ—ঝল্+ অ(অন্)—ক্ত) সং, পুং—স্ত্রীং, জলচ্ছল বৃষ্টি। ২। হস্তীর কর্ণতাড়ন। ৩। ঝলন।

ঝলরী (ঝল অনুকরণ শব্দ—র [রা "গ্রহণ করা" করা+অ(ড)—ক] যে করে) সং, স্ত্রীং, বাদ্যবিশেষ। ২। কোঁকড়াচুল।

ঝলা; সং, স্ত্রীং, কন্যা, দুহিতা। ২। রৌদ্রের তেজঃ। (ঝালা শব্দও হয়)।

ঝলাবর (দেশজ) নির্ম্মল, সুন্দর, সুশ্রী।

ঝল্ঝল্ (ঝলজ্ঝলা শব্দজ কিং) ঝুলিয়া পড়া, ঝুলে থাকা। [তেজ।

ঝন্ক (দেশজ) তরঙ্গপাত, ঢেউ উঠা; অস্থির

ঝল্ল (জল্ বেষ্টন করা বা আলিঙ্গন করা+ল—যোগ। জ=ঝ) সং, পুং, অন্ত্যজ জাতিবিশেষ। শিং—১ "ঝল্লা মল্লা নটাশ্চৈব পুরুষাঃ শস্ত্রবৃত্তয়ঃ।"

ঝল্লক (ঝল্ল অনুকরণ শব্দ-ক [কৈ শব্দ করা+অ(ড)—ক] যে শব্দ করে) সং, ক্লীং, কাংস্যনির্ম্মিত করতাল; শিবমন্দিরে ইহা বাদিত হয়। শিং—১ "শিবাগারে ঝল্লকঞ্চ সূর্য্যাগারে চ শঙ্খকম্। দুর্গাগারে বংশিবাদ্যং মধুরীং চ ন বাদয়েৎ।"

ঝল্লকণ্ঠ (ঝল্ল অনুকরণ শব্দ—কণ্ঠ গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পারাবত, পায়রা।

ঝল্লরী; সং, স্ত্রীং, ঝলরী দেখ।

ঝল্লিকা; সং, স্ত্রীং, যে বস্ত্র দ্বারা গাত্রের মলা তোলা যায়। ২। সূর্য্যরশ্মির তেজঃ, ঝাঁঝাঁ।

ঝল্লেলি; সং, পুং, টেকুয়ার বাঁটুল।

ঝল্সান (দেশজ) অর্দ্ধদগ্ধ, আধপোড়া।

ঝষ (ঝষ্ বধ করা+অ(অন্)—ক) সং, পুং, মৎস্য। শিং—১ "গঙ্গায়ামিন্নিসোহসো সকলঝষবরঃ।" (উদ্ভট)। ২। মীনরাশি। শিং—১ "কার্ম্মুকং তু পরিত্যজ্য ঝষং সংক্রমতে রবিঃ।" ৩। গ্রীষ্ম, তাপ, গরমী। ৪। ক্লীং, বন। শিং—১ "ঝষাণাং মকরশ্চাস্মি।"

ঝষকেতন } (ঝষ মৎস্য—কেতন, কেতু,
ঝষকেতু } ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—হিং)
ঝষধ্বজ } সং, পুং, মীনকেতন, কন্দর্প।

ঝষাঙ্ক (ঝষ মৎস্য—অঙ্ক চিহ্ন) সং, পুং, অনিরুদ্ধ।

ঝষাশন (ঝষ মৎস্য—অশন ভোজনীয় সং, পুং, শিশুমার।

ঝষোদরী (ঝষ মৎস্য—উদর পেট। যে মৎস্যের পেট হইতে জন্মিয়াছে, বৌ—হিং) সং, স্ত্রীং, ব্যাসের মাতা।

ঝাইল (দেশজ) সং, পাইন। ২। পুষ্করিণীর জলোত্থান স্থান।

ঝাউ (ঝাবুক শব্দজ) বৃক্ষবিশেষ।

ঝাঁক (দেশজ) সং, দল, সমূহ।

ঝাঁকড় (দেশজ) গুচ্ছ, স্তবক।

ঝাঁকা (দেশজ) বংশরচিত পাত্রবিশেষ।

ঝাঁঝ (ঝঞ্ঝন শব্দজ কি?) অব্যক্তশব্দ। ২। কাঁসরের বাদ্য। ৩। কোপাদি বা বিরক্তি ভাব দ্বারা যে অস্পষ্ট শব্দ করা যায়। ৪। তেজস্কর পদার্থের তেজঃ।

ঝাঁঝর (ঝর্ঝর শব্দজ) বহুচ্ছিদ্রযুক্ত। ২। ক্লীং, কাঁসোর।

ঝাঁঝরী (ঝর্ঝরী শব্দজ) ঝাঁঝরা; বহুচ্ছিদ্রযুক্ত দর্ব্বী; জলসেচনপাত্র।

ঝাঁঝাঁ (দেশজ) সূর্য্যকিরণের তীক্ষ্ণতা।

ঝাঁটা (দেশজ) সং, সম্মার্জনী, খাঙরা।

ঝাঁপ (ঝম্প শব্দজ) সং, লম্ফ। ২। (হিন্দী) আগড়।

ঝাঁপসন্ন্যাস (দেশজ) শিবের উৎসববিশেষ; উক্ত উৎসবের দিনে শিবব্রতে দীক্ষিত ব্যক্তিগণ শিবের প্রীতি কামনায় মঞ্চের উপরিভাগ হইতে ঝাঁপ দিয়া পড়ে।

ঝাঁপা (দেশজ) শিরোভূষণবিশেষ।

ঝাঁপী (দেশজ) বেত্রাদিনির্ম্মিত আধার, পেটরা, পেটক।

ঝাঙ্কৃত (ঝাং অনুকরণ শব্দ—কৃত [ যাহা দ্বারা] করা হইয়াছে সং, ক্লীং, পাদাভরণবিশেষ, পাঁয়জোর। ২। ঝাঁ-ঝাঁ শব্দ।

ঝাট (ঝট্ সংহত হওয়া, একত্র জড় হওয়া +অ(ঘঞ্)—ণ) সং, পুং, নিকুঞ্জ, লতাগৃহ। ২। কান্তার, দুর্গম বন। ৩। (+ঘঞ্—ভা) ক্ষত ঘা প্রভৃতি পরিষ্কারকরণ। ৪। (ঝটিতি শব্দজ) শীঘ্র, দ্রুত। টা—স্ত্রীং, যূথিকা। ২। ভূমি আমলকী।

ঝাড় (দেশজ) সং, গুচ্ছ, স্তবক। ২। স্ফটিকাদি নির্ম্মিত আলোকাধার।

ঝাড়ন (দেশজ) মন্ত্রদ্বারা রোগাদি নিবারণ। ২। সংমার্জ্জন; নির্ধূলিকরণ, নির্ম্মলকরণ।

ঝাড়ুকশ (হিন্দী ঝাড়ু—পারস্য কশিদন টানা) ঝাড়ুওয়ালা।

ঝামক (ঝম্ ভক্ষণ করা+অক(ণক)—ক। অগ্নির কর্ত্তৃক যাহা ভক্ষিত হইয়াছে) সং, ক্লীং, পোড়া ইট, ঝামা।

ঝামর (ঝাম [ঝম্] ভক্ষণ করা+অ(ঘঞ্)—ভাবে ভক্ষণ, ক্ষয় হওন—র [রা গ্রহণ করা+অ(ড)—ক] যে গ্রহণ করে) সং, পুং, টেকুয়া প্রভৃতি শাণ দিবার ক্ষুদ্র পাথর।

ঝামা (ঝামক শব্দজ) অত্যন্ত দগ্ধ ইষ্টক।

ঝারা (দেশজ) উচ্চ স্থান হইতে গাত্রে অল্প অল্প জলসেচক। হিন্দুসম্প্রদায় বৈশাখমাসে শালগ্রাম-শিলারূপী নারায়ণকে ঝারায় বসাইয়া থাকে [গাড়ু।

ঝারী (ঝর শব্দজ) সং, জলপাত্রবিশেষ,

ঝাঝর } (ঝর্ঝর+অ(ষ্ণ), ইক(ঠক)
ঝাঝরিক } —করোত্যর্থে) সং, পুং—স্ত্রীং, ঝর্ঝরবাদ্যকারী।

ঝাল (দেশজ) বিং, কটু, তীক্ষ্ণ, তীব্র।

ঝালন (দেশজ) ভগ্ন ধাতুপাত্রাদির ছিদ্ররোধকরণ। ২। অলঙ্কারাদির গঠনসংযোজন, পাইন দেওন।

ঝালর (দেশজ) চাকচিক্যময় কোঁকড়ান বস্ত্রখণ্ড। ২। খট্টা ও চন্দ্রাতপাদির বেষ্টন বস্ত্র। ৩। স্ত্রী-পদাঙ্গুলির ভূষণবিশেষ।

ঝাবু, ঝাবুক, ঝাবূ (ঝা—বা গমন করা+উ, ডু)—ক, কণ্) সং, পুং, ঝাউগাছ।

ঝিউড়ী, ঝিয়ারী (দেশজ) কন্যা, দুহিতা।

ঝিঙ্গাক; সং, ক্লীং, ফলবিশেষ, ঝিঙা।

ঝিঙ্গী (লিনৃগ্ গমন করা+অ(অন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, ঝিঙাগাছ।

ঝিঞ্ঝিম; সং, পুং, দাবানল।

ঝিল্লী (ঝিল্লা [অব্যক্ত]+অ, ঈপ্) সং, স্ত্রীং, ঝিঁঝিঁ পোকা।

ঝিণ্টী, ঝিণ্টিকা (ঝিম্ অনুকরণ শব্দ—রট্ রব করা+অ(অন্)—ক, নিপাতন) সং, স্ত্রীং, ঝাঁটীবৃক্ষ। ২। ঝাড়, ক্ষুদ্রবৃক্ষ।

ঝিনুক (দেশজ) সং, শুক্তি, শম্বুক।

ঝিমন (দেশজ) তন্দ্রাবেশ, চক্ষু মুদিয়া ঢুলা।

ঝিরিকা (ঝিরি—ক শব্দার্থ কৈধাতুজ) সং, সং, ঝিঁঝিঁ পোকা।

ঝিল (দেশজ) জলগণ্ড ; জলাশয়বিশেষ।
ঝিল্লি ; সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ। শিং — ১
"ঘন্টাশব্দ স্তথাভেরী মৃদঙ্গো ঝিল্লিরেবচ। পঞ্চানাং পূজ্যতে বাদ্যং দেবতারাধনেষু চ।"
ঝিল্লী } (ঝিল্ল অনুকরণ শব্দ+ঈ, ঝিল্লিকা } কণ্—যোগ। ২য়পক্ষে—চিল্ল্ +অ(অন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, ঝিঁঝি পোকা। ২। সূর্য্যরশ্মির তেজ বিশেষ, ঝাঁঝাঁ, চিক্ চিক্। ৩। পাতলা চর্ম্ম।


ঝিল্লী।

ঝিল্লীকণ্ঠ (ঝিল্লী ঝিঝিপোকা—কণ্ঠ, ঝিল্লীসদৃশ যাহার কণ্ঠশব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গৃহ-কপোত।
ঝী (দেশজ) সং, কন্যা, দুহিতা ; যথা—
"ঘর বড় এত বড় আইবড় ঝী।"
ঝুট (জুষ্ট শব্দজ) মিথ্যা, অলীক। ২। উচ্ছিষ্ট।
ঝুটী (জূট শব্দজ কি ?) সং, শিখা, টিকী।
ঝুড়ী (দেশজ) সং, বংশাদিনির্ম্মিত পাত্র।
ঝুণ্ট (ঝট্ সংহত হওয়া, একত্র জড় হওয়া +অ(অন্)—ক, ন্—আগম। অ=উ) সং, পুং, ক্ষুদ্রবৃক্ষ, ঝোড়। ২। গুল্ম। ৩। ঝোপ। ৪। স্তম্ব।
ঝুপড়ী (দেশজ) ক্ষুদ্রগৃহ, কুটীর, কুঁড়েঘর।
ঝুমরি ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।
ঝুম্ (দেশজ) মৌন হওয়া, নিস্তব্ধ হওয়া। ২। আব্দার, খোট্।
ঝুম্ঝুম্ (দেশজ) অলঙ্কারাদির শব্দ।
ঝুর (ক্ষরণ শব্দজ) গলিয়া পড়া।
ঝুলন (দোলন শব্দজ) সং, শ্রীকৃষ্ণের উৎসব-বিশেষ।
ঝুলি (দেশজ) চেলখণ্ড রচিত আধারবিশেষ ; যথা—ভিক্ষার ঝুলি, মালার ঝুলি ইত্যাদি।
ঝোড় (দেশজ) গুল্ম ; সুপারিগাছ ; জঙ্গল।
ঝোপ (ঝুপ শব্দজ কি ?) সং, ক্ষুদ্র বৃক্ষের বন। ২। গুল্ম।
ঝোর (দেশজ) জলপ্রণালী, জল যাইবার পথ।
ঝোল (দেশজ) সং, জূষ, ব্যঞ্জনের রস।
ঝোলান (দেশজ) ঝুলাইয়া দেওয়া।

## ঞ

ঞ ; ব্যঞ্জনের দশমবর্ণ। ইহার উচ্চারণ স্থান আনুনাসিক তালু। ২। সং, পুং, শুক্রাচার্য্য। ৩। ষণ্ড। ৪। স্বধর্ম্মভ্রষ্ট, যোগী। ৫। ক্রুর। ৬। গায়ন। ৭। ঘর্ঘর শব্দ; যথা—
"ঞকার ঘর্ঘরধ্বনি গায়ন ঞকার,
ঞকার করিয়া এস ঞকারে আমার।"

## ট

ট ; ব্যঞ্জনের একাদশ বর্ণ। ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা। ইহা পরমকুণ্ডলী, কোটি বিদ্যুল্লতাকার, পঞ্চ দেবময়, পঞ্চ প্রাণযুক্ত, ত্রিগুণোপেত, ত্রিশক্তিযুক্ত ও ত্রিবিন্দুসমন্বিত। ইহাতে কপালী খেচরী মুকুন্দ পৃথ্বী বৈষ্ণবী বারুণী প্রভৃতি বুঝায়। ২। (টক্ + অ(ড)—ক) সং, পুং, শব্দ। ৩। পাদ, চতুর্থাংশ। ৪। বামন। ৫। শিব। ৬। ত্রিভুবনবিখ্যাত। ৭। ক্লীং, করঙ্ক। ৮। টঙ্কারধ্বনি। টা—স্ত্রীং, পৃথিবী।
টক (দেশজ) বিং, অম্ল, খাট্টা।
টকতন্ত্রী ; সং, স্ত্রীং, হিন্দুদিগের প্রাচীন, বাদ্যযন্ত্রবিশেষ।
টক্রু (Spindle) টাকুর, সূত্র পাক দেওয়া যন্ত্রবিশেষ।
টগর (তগর শব্দজ) সং, পুষ্পবৃক্ষবিশেষ।
টগ্রা (দেশজ) চালাক, সেয়ানা।
টক } (টন্ক্ বন্ধ করা, ঢাঁকা+অ(অল্) টঙ্ক } —ণ) সং, পুং, টাঙি প্রভৃতি প্রস্তরাদি ভেদনাস্ত্র। শিং—৮"টঙ্কৈর্মনঃ শিলাগুহেব বিদার্য্যমাণা।" ২ "কেচিৎ কুঠারৈষ্টঙ্কৈশ্চ দাত্রৈশ্ছিন্দন্।" ২। খননাস্ত্র। ৩। খড়্গ। ৪। ক্রোধ। ৫। পুং, ক্লীং, মুদ্রিত ধাতুখণ্ড, মুদ্রা। ৬। রৌপ্যমুদ্রা, টাকা। ৭। (+অল্—ঘি) খড়্গাকোষ, খাপ। ৮। (+অল্—র্ম্ম) গর্ব্ব। ৯। পরিমাণ-বিশেষ, চারিমাষ পরিমাণ। ১০। পর্ব্বতের প্রান্তভাগ। ১১। পর্ব্বতের উন্নত প্রদেশ। ১২। বিদীর্ণ প্রস্তর ভাগ। ১৩। (+অল্—ভা) টঙ্কন। কা—স্ত্রীং, (+অল—ণ) জঙ্ঘা।

টঙ্কক (টঙ্ক রূপার পরিমাণবিশেষ+কণ্— যোগ) সং, পুং, রৌপ্যমুদ্রা, টাকা।

টঙ্কটীক (টঙ্ক টাঙি প্রভৃতি প্রস্তরচ্ছেদনাস্ত্র —টীক [টীক্ "গমন করা," পাওয়া+অ (ক)—ক] যে পায়) সং, পুং, শিব।

টঙ্কণ (টন্‌ক্+অন—ক) সং, পুং, পার্ব্বতীয় অশ্ব। ২। টাঙ্গণ। ৩। সোহাগা।

টঙ্কন (টঙ্ক দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, উল্লেখ। ২। টাঁকা। ৩। বন্ধন।

টঙ্কপতি (টঙ্ক—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, টাঁকশালের কর্ত্তা।

টঙ্কবান্ (টঙ্কবৎ, টঙ্ক+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং,পুং, পর্ব্বতবিশেষ। শিং—১ "টঙ্কবন্তং শিখরিণাং বন্দে প্রস্রবণং গিরিম্।"

টঙ্কবিজ্ঞান (Numismatics) সং,ক্লীং, নানাদেশীয় ও নানাকালীন টঙ্কপরিজ্ঞানার্থক বিদ্যা।

টঙ্কবিশোধন (টঙ্ক—বিশোধন,৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মুদ্রার বিশুদ্ধি সম্পাদন, খাদমিশ্রিত টাকা খাঁটীকরা। [টাঁকশাল।

টঙ্কশালা (টঙ্ক—শালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, টঙ্কা ; সং, স্ত্রীং, জঙ্ঘা। ২। তারাদেবী।

টঙ্কানক (টঙ্ক কোপ—আনক প্রাপক,২য়া —ষ) সং, পুং, ব্রহ্মদারুবৃক্ষ, বামনগাছা।

টঙ্কার (টং অনুকরণশব্দ—কার করণ) সং, পুং, ধনুকের ছিলার শব্দ। ২। বিস্ময়, আশ্চর্য্য। ৩। খ্যাতি, প্রতিপত্তি, প্রসিদ্ধি। ৪। বিং, ত্রিং, টঙ্কারযুক্ত। রী—স্ত্রীং, তারাদেবী।

টঙ্কিত (টঙ্ক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উল্লিখিত। ২। যাহা টাকা হইয়াছে, বদ্ধ। ৩। শব্দিত, যে ধনুকের ছিলার ধ্বনি হইয়াছে। শিং—১ "নাকৃষ্টং ন চ টঙ্কিতং ন নমিতং নোত্থাপিতং স্থানতঃ।"

টঙ্গ (টঙ্ক দেখ, ক=গ) সং, পুং—ক্লীং, খননাস্ত্র। ২। টাঙ্গী, পরশু। ৩। জঙ্ঘা।

টঙ্গন (টঙ্ক দেখ, অন(অনট্)—ণ। ক=গ) সং, পুং, সোহাগা।

টটাটিটী (দেশজ) সামান্যরূপ, তুচ্ছ।

টট্টনী (টট্ট অনুকরণ শব্দ—ন [নীধাতুজ] যে করে) সং, স্ত্রীং, জেঠী, টিক্‌টিকী।

টট্টরী (টট্ট অনুকরণ শব্দ—রী [রাধাতুজ] যে করে) সং, স্ত্রীং, ঢাকের বাদ্য। ২। মিথ্যাবাক্য।

টট্টর (টট্ট অনুকরণ শব্দ—র যে গ্রহণ করে) সং, পুং, ভেরীর শব্দ।

টনক (দেশজ) স্মৃতিস্থান, জ্ঞানের আসন ; যথা—"কপালে টনক নড়ে, হাতে হইতে হাতা পড়ে।" [শব্দ।

টপ্ (দেশজ) এক ফোটা তরল বস্তু পতনের

টপ্‌খেয়াল—খেয়াল এবং টপ্পা এই উভয়বিধ গীতের প্রণালী অবলম্বন করিয়া মিশ্র প্রণালীতে যে গীত করা যায়।

টপ্পা (যাবনিক) গীতবিশেষ, চুম্বক গান।

টল—পুং } (টল্ ব্যাকুল হওয়া, চঞ্চল হওয়া + অ(অল্),
টলন—ক্লীং } অন(অনট্)—ভা) সং, ক্লীং, ক্লীব হওন। ২। বিচলিত হওন, টলা। ৩। স্খলন।

টলিত (টল দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিচলিত, যে টলিয়াছে।

টহল (দেশজ) ভিক্ষার্থে গান করিয়া পর্য্যটন।

টহলন (দেশজ) গাইতে গাইতে পর্য্যটন। ২। অশ্বাদির শ্রা নিবারণের জন্য শনৈঃ শনৈঃ পাদবিক্ষেপ।

টাঁকশাল (টঙ্কশালাশব্দজ) মুদ্রানির্ম্মাণস্থান।

টাঁকা (দেশজ) সীবন, সেলাই। ২। পূর্ব্বসূচনা করা, আগ বাড়াইয়া বলা ; যথা—মরণ টাঁকা।

টাকা (টনক্‌ধাতুজ) সং, সিয়ানি, সেলাই। ২। (টঙ্ক শব্দজ) সং, রৌপ্যমুদ্রা, টঙ্কা।

টাঙ্গান (দেশজ) সং, লম্বিতকরণ, ঝুলান।

টাঙ্গী (টঙ্গশব্দজ) সং, কুঠার, পরশু।

টাট (তট শব্দজ কি?) তাম্রাদিনির্ম্মিত পাত্রবিশেষ, পূজার তাম্রময় পাত্র।

টানন (দেশজ) সং, আকর্ষণ। [ক্ষমতা।

টানসহত্ব ; সং, ক্লীং, আকর্ষণ সহ করিবার

টানা (দেশজ) রজ্জু প্রভৃতি দ্বারা বস্তুদ্বয়ের সংযোগকরণ। ২। বস্ত্রের দৈর্ঘ-পরিমাণের সূত্র। [পরস্পর আকর্ষণ।

টানাটানি (দেশজ) অভাব, অপ্রতুল। ২।

টায়টায় (দেশজ) সংগৃহিত দ্রব্যের ন্যূন না হওয়া।

টার (টা পৃথিবী—র গমন করা+অ(ঘঞ্)—ক) সং, পুং—স্ত্রীং, ঘোটক। ২। লম্ফ।

টিকা (দেশজ) সং, অঙ্গারাদি দ্বারা অগ্নিজ্বলনদ্রব্য। ২। বসন্তরোগজন্য হস্তে ক্ষতকরণ।

টিকারা—বাদ্যবিশেষ, দুন্দুভিবাদ্য, ধামাল।

টিকটিকী (দেশজ) সং, গৃহগোধিকা, জেঠী।

টিটকার (টিট) উপধ্বনি, অবজ্ঞা বা নিন্দা অথবা ভৎ সনাসূচক শব্দ।

টিট্টিভ, টিট্টিভক, টিটিভ } (টিট্টি অনুকরণ শব্দ—ভাষ্ বলা+অ(ড)—ক) সং, পুং, পক্ষিবিশেষ, টিটিরপক্ষী। শিং



টিট্টিভ।

—১ "টিট্টিভং তদুপেক্ষেত রাজ্যধ্যানমিবাতুরঃ।"

টিণ্টিনিকা; সং, স্ত্রীং, জোঁক।

টিণ্ডিশ; সং, পুং, রোমশ ফল, টাঁড়শ।

টিপ (দেশজ) কপালচিহ্ন, ফোঁটা। ২। চিঠী, হুণ্ডী।

টিপনি (দেশজ) গূঢ়রূপে আঘাতকরণ।

টিপিটিপি (দেশজ) নিঃশব্দে,আস্তে আস্তে।

টিপ্পনী (টিপ্+•(ক্ষিপ্)—ভা=টিপ্—পন্ স্তুতিকরা+অ(অন্)—ক, ঈপ) সং, স্ত্রীং, গ্রন্থের অর্থ বিশদ করিবার নিমিত্ত যাহা লিখিত হয়, তাৎপর্য্যব্যাখ্যা, টীকা। "টিপ্পনী দায়ভাগস্য শ্রীনাথেন বিধীয়তে।"

টীকা (টীক্ গমন করা+অ—ণ, আপ্—স্ত্রীং। যাহার দ্বারা মূলবচনের অর্থ বোধগম্য হয়) সং, স্ত্রীং, গ্রন্থের অর্থাদি নিরূপণ গ্রন্থ। ২। গ্রন্থের অর্থব্যাখ্যা, গ্রন্থের অর্থ বিশদ করিবার নিমিত্ত আদ্যন্ত ব্যাখ্যা, বিবৃতি, ব্যাখ্যান। শিং—১ "নত্বা ভগবতীং দুর্গাং টীকাং দুর্গার্থবুদ্ধয়ে। কুরুতে দায়ভাগস্য ভট্টাচার্য্য মহেশ্বরঃ।"

টুকনি (দেশজ) সামান্য ভিক্ষাপাত্র।

টুকরা (দেশজ) খণ্ড, বস্তুর কর্ত্তিত অংশ।

টুকরী (দেশজ) বংশাদিরচিত পাত্র, ঝুড়ী।

টুঁটি (দেশজ) গ্রীবা, গলদেশ।

টুটি (ত্রুটি শব্দজ কি?) ভেদ করা, বিদারণ করা; চূর্ণ করা; যথা—"কিন্তু মায়াবল আমি টুটি বাহুবলে।"

টুণ্টুক (টুণ্টু অনুকরণ শব্দ—ক যে শব্দ করে) সং, পুং, টুনটুনি পাখী। ২। বিং, ত্রিং, নীচ। ৩। নির্দ্দয়।

টুণ্টুনি (দেশজ) পক্ষিবিশেষ।

টুপী (দেশজ) সং, মস্তকাবরণবস্ত্র, তাজ।

টেঁটা (দেশজ) লৌহময় অস্ত্রবিশেষ।

টেনা (ছিন্ন শব্দজ) জীর্ণবস্ত্রখণ্ড।

টের, টেরক } বিং, ত্রিং, যাহার চক্ষু টেরা, টেরা।

টেরা (টেরক শব্দজ) বিং, বক্রচক্ষু, টেরক।

টোকা (দেশজ) কাটা। ২। সূচীর দ্বারা সেলাই করা। ৩। প্রতি কথার উত্তর। ৪। অল্প সঙ্কেত। ৫। পত্ররচিত ছত্রবিশেষ।

টোঙ্গর (তোমর [তৈমুর] শব্দজ) মুসলমান, যবন।

টোপ (দেশজ) সং, মৎস্যের আহার। ২। টুপী।

টোপর (দেশজ) সং, মুকুট, মস্তকাবরণ বস্ত্র

টোল (দেশজ) সং, চতুষ্পাঠী, চৌবাড়ী। লা—স্ত্রীং,পল্লী,পাড়া; যথা—বেনেটোলা, কলুটোলা ইত্যাদি।

টৌড়ী; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

ট্যাক্‌ট্যাক্ (দেশজ) সক্রোধে জল্পনা করা।

# ঠ

ঠ; ব্যঞ্জনের দ্বাদশবর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। ২। সং,পুং, শিব। ৩। মহাধ্বনি। শিং—১ "রামাভিষেকে মদবিহ্বলায়াঃ কক্ষাচ্যুতো হেমঘটস্তরুণ্যাঃ। সোপানমারুহ্য চকার শব্দং-ঠঠং ঠঠং ঠং ঠঠঠং ঠঠং ঠঃ।" ৪। মণ্ডল। ৫। চন্দ্রমণ্ডল। ৬। শূন্য। ৭। ইন্দ্রিয়গোচর।

ঠক } (দেশজ) বিং, কর্ণেজপ, পরগ্লানি-
ঠগ } কারক।
ঠকান(দেশজ) প্রতারণা করা,অপ্রতিভকরণ।
ঠকামি (দেশজ) পরগ্লানি,পরনিন্দা। [শব্দ।
ঠক্‌ঠকি (দেশজ) কঠিন ব্যাপার।২। অব্যক্ত
ঠক্কুর; সং, পুং, দেবতার প্রতিমা, ঠাকুর।
ঠঠ, ঠঠঠ; অং, ঠনৎঠনৎশব্দ, অব্যক্ত শব্দ।
ঠন (দেশজ) সং, অব্যক্তশব্দ। ২। রিক্ততা-
বোধক। [ভঙ্গীক্রমে গমন করা।
ঠমক (দেশজ) হেলিয়া দুলিয়া যাওয়া,
ঠাওরান (দেশজ) মনঃসংযোগপূর্ব্বক নিরীক্ষণ
করা। ২। চিন্তন; স্থিরীকরণ; বিবেচনা।
ঠাঁই (স্থান শব্দজ) সং, নিকট। ২। স্থান।
ঠেঁটা (দেশজ) বিধবার পরিধেয় বস্ত্র।
ঠাকুর (ঠক্কুর শব্দজ) সং,দেবতা। ২। গুরু।
৩। মান্যব্যক্তি। ৪। ব্রাহ্মণ। ৫। দ্বিজের
উপাধিবিশেষ। [কন্যা।
ঠাকুরঝী; সং, স্ত্রীং, শ্বশুর-কন্যা। ২। গুরু-
ঠাকুরাণী (ঠাকুর+আণী—প্রং) সং, স্ত্রীং,
দেবী। ২। গুরুপত্নী; ব্রাহ্মণী। ৩। শ্বশুর-
স্ত্রী। ৪। মান্যা-স্ত্রী।
ঠাকুরালি (দেশজ) কর্ত্তৃত্ব। ২। মান্যতা।
ঠাকুরুণ (দেশজ) শ্বশ্রূ, শাশুড়ী। ২। দেবীর
প্রতিমা।
ঠাট (দেশজ) প্রকৃত বিষয় গোপন করিয়া
অন্যভাব প্রকাশ করা, ছলনা করা। ২।
ভঙ্গী। ৩। ছাঁচ। ৪। আকৃতি, পত্তন,
কাঠাম। ৫। সৈন্যশ্রেণী; যথা—"সহসা
নাদিল ঠাট।" [হাস।
ঠাট্টা (দেশজ) সং, পরিহাস, বিদ্রূপ, উপ-
ঠাণ্ডা (দেশজ) শীতল। ২। শান্ত, সুবোধ।
ঠাম (স্তম্ভ শব্দজ কি?) ভঙ্গী। মনোহর,
চারু, সুদৃশ্য।
ঠার (দেশজ) সঙ্কেত, ইসারা, ইঙ্গিত।
ঠাস্ (দেশজ) পরস্পর সংলগ্ন হওয়া, ঘন,
ঘেসাঘেসি।
ঠিক (দেশজ) বিং, নিশ্চিত, স্থির, যথার্থ।
২। বশীকরণাদি প্রকরণ।
ঠিকা (দেশজ) কর্ম্মের তাৎকালিক বেতন।
২। অল্প সময়ের জন্য অধিকৃত; যথা—
ঠিকা[...] ৩। দৈনন্দিন বেতনভোগী।

ঠিকানা (দেশজ) অবধারিত স্থান। ২। বস-
তির নিদর্শন।
ঠিলি (দেশজ) সং, ক্ষুদ্রকলসী, ছোট ঘট।
ঠুংরি (যাবনিক) [...]রাগে এবং ক্ষুদ্রতালে
রচিত সঙ্গী[...]শেষ।
ঠুলি (দেশজ) [...] অশ্বাদির চক্ষুর আবরণ।
ঠেঁটা (শঠ শব্দজ কি?) কর্কশভাষী,কেঁইয়া।
২। বেহায়া।
ঠেক্ (দেশজ) তণ্ডুলাদির আধার-বিশেষ।
২। অবলম্বন, আটক। ৩। প্রতিবন্ধক,
ব্যাঘাত। [দূরীকরণ।
ঠেলন (দেশজ) সং, হেলন, অমান্যকরণ,
ঠেশ (দেশজ) সংলগ্ন হওয়া, আঘাত লাগা,
ধাক্কা লাগা।
ঠেশাঠেশি (দেশজ) ঝামগায় লাগা।
ঠোঁট (ত্রোটিশব্দজ কি?) সং, ওষ্ঠ, চঞ্চু।
ঠোঁটকাটা (দেশজ) ধূর্ত্ত, প্রগল্‌ভ, দুষ্ট।
ঠোকর (দেশজ) আঘাত লাগা। [করা।
ঠোকরান (দেশজ) মুখ দ্বারা অল্প অল্প স্পর্শ
ঠ্যাঙ্ (দেশজ) সং, পাদ, চরণ, পা।
ঠ্যাটা (দেশজ) দুষ্ট, বঞ্চক, অত্যাচারী।

## ড

ড; ব্যঞ্জন বর্ণের ত্রয়োদশ বর্ণ। ইহার
উচ্চারণস্থান মূর্দ্ধা। (ডপ্ রাশি করা+
অ(ড)—ক) সং, পুং, শিব। ৩। শব্দ।
৪। ত্রাস। ৫। বাড়বাগ্নি। ৬। (ডী নভো-
গমনকরা+ড—ক) চাষপক্ষী। ২। বাদ্য-
যন্ত্রবিশেষ। ডা—স্ত্রীং, ডাকিনী।
ডগণ; সং, পুং, পাঁচ ভাগে বিভক্ত গণ-
বিশেষ; যথা—হস্তী, অশ্ব, রথ, পদাতি,
পত্তি।
ডগমগ (দেশজ) নিমগ্ন হওয়া,ডুবিয়া যাওয়া;
যথা—"ডগমগ তনু রসের ভরে,
ভারত হীরারে জিজ্ঞাসা করে।"
ডগা (দেশজ) সং, বৃক্ষাগ্র। ২। আগা, অগ্র-
ভাগ।
ডক্কা (ডং অনুকরণ শব্দ—ক [শব্দার্থ কৈ
ধাতুজ] যে শব্দ করে) সং, স্ত্রীং, দুন্দুভি

ধ্বনি ; জানান দিবার জন্য ইহা বাদিত হয়। ২। টিকারা।

ডগ ; সং, পুং, ডোমজাতি।

ডগর (ডম্ অনুকরণ শব্দ—অর [ঋ গমন করা+অ(অল্)—ভাবে] যে ঘটায়, গমন করে) সং, পুং, দাঙ্গা, মারামারি। ২। আক্রমণ। ৩। বিপ্লব। ৪। ক্লীং, ভয়ে পলায়ন।

ডমরু (ডম্ অনুকরণ শব্দ—ঋ গমন করা, পাওয়া+উ—ক) সং, পুং, বাদ্যবিশেষ, ডুবড়ুবি বাদ্যযন্ত্র। ইহা হিন্দুদিগের একটী প্রাচীন ও ক্ষুদ্র আনদ্ধযন্ত্র। আহিতুণ্ডিকেরা ইহা ব্যবহার করে। এতদ্ভিন্ন ভল্লূক ও বানরক্রীড়কেরাও ইহা বাজাইয়া থাকে। ইহা মহাদেবের একটী প্রিয় যন্ত্র। গ্রাম্যযন্ত্র, দুইমুখে চর্ম্মাচ্ছাদনযুক্ত। ইহার মধ্যভাগ সংকীর্ণ; (যথা—"কিবা সরু ডমরু কেশরী-মধ্যখান)।" দুইটী রজ্জুতে দুইটী সীসক-গুটিকা তথায় আবদ্ধ থাকে। মধ্যস্থল ধরিয়া নাড়িলেই ইহা বাদিত হয়। "ত্রিশূলডমরুকরম্।" ২। বিস্ময়,চমৎকার।



ডমরু।

ডমরুমধ্য (Isthmus) সং, পুং, যে সঙ্কীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে।

ডম্ফ-এক প্রকার প্রাচীন আনদ্ধ যন্ত্র। একটী বৃহৎ চক্রাকৃতি কাষ্ঠখণ্ডের একদিকে চর্ম্মাচ্ছাদন পূর্ব্বক ইহা নির্ম্মিত হয়।

ডম্বর (ডম্ব্ প্রেরণ করা+অর—ক) বিং, ত্রিং, উদ্ধত। ২। প্রসিদ্ধ, বিখ্যাত। ৩। (+অর—ভাবে) সং, পুং, উৎকর্ষ। ২। আড়ম্বর। শিং—১ "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরঃ।" ৩। বিস্তার। ৪। বিলাস। ৫। সমূহ। ৬। কুমারের অনুচরবিশেষ।

ডয়ন (ডী উড়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নভোগতি, উড়া। ২। (+অনট্—ণ) পাল্কী, ডুলি।

ডর (হিন্দী ভাষা) ভয়, ত্রাস, শঙ্কা।

ডল্লক } (অনার্য্যভাষা) সং,ক্লীং, বংশাদি-
ডলক } নির্ম্মিত পাত্র, ডালা। শিং—১ "ত্রিশতঞ্চ ষষ্ট্যধিকং ডল্লকং বস্ত্রসংযুতং। সভোজ্যং সোপবীতঞ্চ সোপহারং মনোহরম্।"

ডবিত্থ ; সং, পুং, কাষ্ঠময় মৃগ। শিং—১ "ডিত্থঃ কাষ্ঠময়ো হস্তী ডবিত্থ স্তন্ময়ো মৃগঃ।" [নিম্নস্থান। ২। নৌকার খোল।

ডহর (গহ্বর শব্দজ কি ?) গভীর, অতিশয়

ডহু } (দহ্ দগ্ধ করা+উ, উ—ক। নি-
ডহূ } পাতন) সং, পুং, লকুচ, মান্দারবৃক্ষ। ২। পিশাচবিশেষ।

ডাইন (দক্ষিণ শব্দজ) বিং,অপসব্য, দক্ষিণ।

ডাইনী (ডাকিনী শব্দজ) সং,কুহকিনী, মায়াবিনী।

ডাঁড়, দাঁড় (দণ্ড শব্দজ) সং,নৌকাবাহনদণ্ড, বাটিয়া। ২। পক্ষিগণের বসিবার দণ্ড।

ডাঁড়কাক, দাঁড়কাক (দ্রোণকাক শব্দজ) সং, কাকবিশেষ।

ডাঁড়া (দণ্ড শব্দজ) মেরুদণ্ড, পৃষ্ঠের শিরদাঁড়া। ২। রীতি, চরিত্র, ধারা। ৩। দণ্ডায়মান। [মক্ষিকা।

ডাঁশ (দংশ শব্দজ) সং, মশকবিশেষ, দংশ-

ডাক ; সং, পুং, পিশাচবিশেষ। ২। আহ্বান। ৩। শব্দ, চীৎকার।

ডাকন (দেশজ) সং, আহ্বানকরণ, হাঁকন, চেঁচান। [চোর।

ডাকা (দেশজ) ডাকাইত, দস্যু, সাহসী

ডাকাইত (দেশজ) সং, প্রকাশ্যচোর।

ডাকিনী (ডাক+ইন্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পিশাচীবিশেষ, স্ত্রীযোনিপ্রাপ্ত মনুষ্যের অহিতকারী প্রাণীবিশেষ বলিয়া প্রসিদ্ধ কল্পিত জীব ; ইহা প্রেতাত্মা। শিব ও পার্ব্বতীর অনুচর। ইহাকে সংহার শক্তির অংশবিশেষ বলা যায়। মারণ, বশীকরণ, প্রভৃতি কার্য্য ও এইরূপ মন্ত্রের উপাস্য দেবতা। শিং—১ "ডাকিনী শাকিনী ভূতপ্রেতবেতাল রাক্ষসাঃ।"(কাশীখণ্ড)। ২। কুহকিনী। ৩। ডাইন।

ডাগর (দীর্ঘ শব্দজ) বিং, বৃহৎ,,ব ড়প্রকাণ্ড।

ডাঙ্গা (দেশজ) সং, নির্জ্জলস্থান,উ ন চস্থা।

ডামর (ডম্ব অনুকরণ শব্দ—অর [গমনার্থ ঋ ধাতুজ] যে গমন করে। অথবা ডমর+ অ) বিং, ত্রিং, উদ্ধত। ২। সং, পুং, তন্ত্র শাস্ত্রবিশেষ; ইহা ষট্ সংখ্যায় বিভক্ত; যথা—যোগডামর, শিবডামর, দুর্গাডামর, সারস্বতডামর, ব্রহ্মডামর, ও গন্ধর্ব্বডামর; যথা—"ডামর বিদিত ডঙ্কা দূর কর ডর।" ৩। বিবাদ, কলহ। ৪। বিস্ময়।

ডাল (দল শব্দজ কি ?) সং, শাখা, বৃক্ষাঙ্গ।

ডালা (ডল্লক শব্দজ) সং, বংশনির্ম্মিত পাত্র-বিশেষ।

ডালি (দেশজ) উপহার, ভেট।

ডালিম (দল্ প্রস্ফুটিত হওয়া+অ(ঘঞ) —ভাবে=দাল+ইম) সং, পুং—স্ত্রীং, দাড়িমগাছ।

ডাব (দেশজ) নেওয়াপাতি নারিকেল।

ডাহল; সং, পুং, ত্রিপুরাদেশ।

ডাহুক (দহ্ [রোগ] দাহ করা+উক(উকঞ) —ক। ইহার মাংস রোগ নষ্ট করে) সং, পুং, ডাকপাখী।

ডিঙ্গন (দেশজ) সং, উল্লঙ্ঘন, উৎপ্লবন।

ডিঙ্গর (লিনুগ্ পাওয়া+অর—প্রং। ল= ড) বিং, ত্রিং, ধূর্ত্ত, শঠ, ডেগরা। ২। নীচ। ৩। সং, পুং, সেবক, দাস।

ডিঙ্গা—ঙ্গী (দেশজ) সং, ক্ষুদ্রনৌকা, দ্রোণী; যথা-"কোষের যতেক দ্রব্য ডিঙ্গায় তুলিল।"

ডিণ্ডিম (ডিণ্ড অনুকরণ শব্দ—মি ক্ষেপণ করা+অ(ড)—ক) সং, পুং, আনদ্ধ প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ, ঢোল, ঢেড়া। শিং—১ "আর্য্যবালচরিতপ্রস্তাবনাডিণ্ডিমঃ।" ২"সমাহতডিণ্ডিমাঃ।" ২। পানী আমলা।

ডিণ্ডিমেশ্বর; সং, পুং, তীর্থবিশেষ।

ডিণ্ডির } (ডিণ্ডি+র—অস্ত্যর্থে) সং, পুং,
ডিণ্ডীর } সমুদ্রের ফেনা।

ডিণ্ডিরমোদক (ডিণ্ডির—মোদক [মুদ্-ণিচ= মোদি আনন্দিত করা+অক(ণক)—ক] যে আনন্দিত করে, ২য়া—ষ) সং, ক্লীং, রশুন। ২। গৃঞ্জন, গাঁজা।

ডিণ্ডিশ; সং, পুং, বৃক্ষবিশেষ। ২। রোমশ ফল, ঢাঁড়শ।

ডিত্থ; সং,পুং,কাষ্ঠময় গজ। শিং—১"ডিত্থঃ কাষ্ঠময়োহস্তী ডবিত্থস্তন্ময়ো মৃগঃ।" ২। একব্যক্তি মাত্র-বোধক সংজ্ঞা-শব্দবিশেষ। ৩। তৎ-প্রতিপাদ্য অর্থবিশেষ। ৪। বি-শেষ লক্ষণযুক্ত পুরুষ। শিং—১ "শ্যাম-রূপো যুবা বিদ্বান্ সুন্দরঃ প্রিয়দর্শনঃ। সর্ব্বশাস্ত্রার্থবেত্তা চ ডিত্থ ইত্যভিধীয়তে।"

ডিপে (দেশজ) তাম্বুলাধার,পান রাখিবার পাত্র।

ডিম (ডিম্ব কলহ ইত্যাদি+অ(ক)—ক, নিপাতন) সং, পুং, নাট্যগ্রন্থ-বিশেষ,দৃশ্য-কাব্য-বিশেষ। ২। (ডিম্ব শব্দজ) সং,অণ্ড, ডিম্ব।

ডিম্ব (ডিনুব্ প্রেরণ করা+অ(অনৃ)—ক) সং, পুং, অণ্ড, ডিম। ২। শিশু। ৩। ফুস্-ফুস্। ৪। প্লীহা। ৫। কলেবর। ৬। (+ অন্—ণ) ভয়ধ্বনি, ভয়জনকশব্দ। ৭। বিবাদ, কলহ। ৮। বিপ্লব।

ডিম্বাহব (ডিম্ব ভয়ধ্বনিযুক্ত—আহব যুদ্ধ) সং,পুং, সামান্যযুদ্ধ, যে যুদ্ধে রাজা নাই। শিং—১ "ডিম্বাহবহতানাঞ্চ অসুরাণাং পরায়ণম্।"

ডিম্বিকা (ডিম্ব+ইন্—যোগ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, জলবিম্ব। ২। কামুকী স্ত্রী। ৩। শোণাকবৃক্ষ।

ডিম্ভ } (ডিনৃভ্ রাশিকরা+অ(অন্)—
ডিম্ভক } ক। কণ্—যোগে ডিম্ভক) সং, পুং, শিশু। ২। শাল্বদেশাধিপতি। ৩। জরাসন্ধের সেনাপতি। ৪। বিং, ত্রিং, মূর্খ, অজ্ঞ। ম্ভা—স্ত্রীং, বালিকা।

ডিম্ভচক্র; সং, ক্লীং, মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক চক্রবিশেষ।

ডিহি—কতিপয় গ্রামের সমষ্টি।

ডীন (ডী উড়া+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, পক্ষিদিগের নভোগতি, পতনমাত্র। ২। আগমশাস্ত্রবিশেষ। শিং—১ "ডামরং ডমরং ডীনং শ্রুতং কালীবিলাসকম্। সপ্তকোটিমিতা গ্রন্থা মম বক্ত্রাৎ বিনি-র্গতাঃ।" ৩। (+ক্ত—ক) বিং, ত্রিং, উড্ডয়মান।

ডীনডীনক (ডীন নভোগতি, দ্বিত্ব, কণ্— যোগ) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ।

ডীনাবডীন (ডীন ঊর্দ্ধগতি—অবডীন অ-ধোগতি) সং, স্ত্রীং, পক্ষীর গতি-বিশেষ, একের গতিতে অন্যের গতিমিশ্রণ।
ডুঙ্গী (দ্রোণী শব্দজ) ক্ষুদ্র তরিবিশেষ।
ডুডুম ; সং, পুং, অশ্বতর। ২। বৃক।
ডুণ্ডুভ (ডুণ্ডু—ভ [ভা দীপ্তিপাওয়া+অ(ড) —ক] যে দীপ্তি পায়) সং, পুং, ঢোঁড়া-সাপ।
ডুণ্ডুল (ডুণ্ডু+ল—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষুদ্র পেচক, ছোট পেঁচা। [বুড়ন।
ডুবন (দেশজ) সং, নিমজ্জন, অবগাহন,
ডুবরী, ডুবারী, ডুবারু (দেশজ) সং, পুং, নিমজ্জক, অধিকক্ষণ ডুবিয়া থাকিতে সক্ষম ব্যক্তি।
ডুমুর (উডুম্বর শব্দজ) সং,উডুম্বরবৃক্ষ, ডুম্বর।
ডুলি, দুলি (দুল্ [কাদা প্রভৃতি] উৎক্ষেপণ করা+ই—ক। দ স্থানে ড) সং, স্ত্রীং, কমঠী, কচ্ছপভার্য্যা। ২। যানবিশেষ।
ডুলিকা ; সং, স্ত্রীং, খঞ্জনাকার পক্ষিবিশেষ।
ডুবুডুবু (দেশজ) প্রায় ডুবিয়া যাওয়া।
ডেগ্‌রা (ডিঙ্গরশব্দজ) ধূর্ত্ত,শঠ। ২। উচ্ছৃঙ্খল।
ডেঙ্গর (দেশজ) সং, মৎকুণ, উকুণ।
ডেড়, দেড় (দেশজ) বিং, অর্দ্ধাধিক এক, সার্দ্ধেক। [পাখা।
ডেনা (নভোগমনার্থ ডীধাতুজ) সং, পক্ষ,
ডেরা (দেশজ) কিছুদিনের জন্য কোন স্থানে বাস করা, আড্ডা।
ডোক্‌রা (দেশজ) লক্ষ্মীছাড়া ; ইহা ইতর লোকে সর্ব্বদা ব্যবহার করিয়া থাকে।
ডোক্‌রান (দেশজ) ভয় পাইয়া অস্ফুটস্বরে রোদন করা। ২। দুগ্ধপোষ্য বালকের উচ্চহাস্য।
ডোক্‌লা (দেশজ) উদরম্ভরি, পেটুক।
ডোঙ্গা (দ্রোণী শব্দজ) সং, তালবৃক্ষ-নির্ম্মিত ক্ষুদ্র তরি।
ডোম ; সং,পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ। শিং —১ "চাণ্ডালশ্চৈব ডোমশ্চ খানকশ্চ তথা বতিঃ। দণ্ডীরশ্চৈব ভণ্ডীরো ভুষুণ্ডশ্চ বৃথা-শ্রমী। বৃথামুণ্ডী লিঙ্গধারী সমা এতে যশ-স্বিনি। স্পৃষ্ট্বা প্রমাদতঃ স্নাত্বা গায়ত্র্যষ্ট-শতং জপেৎ।"

ডোম্‌না (যাবনিক) গ্রাম্য সঙ্গীতবিশেষ।
ডোর, ডোরক (দোষ—রা খাপ করা+অ(ড) —ক) সং, স্ত্রীং, খাড়ু কোমর প্রভৃতির বন্ধনসূত্র, তাগা প্রভৃতি।
ডোরা (দেশজ) ভিন্ন ভিন্ন বর্ণের অঙ্কন, নানা বর্ণে চিহ্নিত করা।
ডোল (দেশজ) সং, ধান্যাদি রক্ষণ পাত্র।
ডোলী, ডুলী (দোলনার্থ দুল্ ধাতুজ) সং, ক্ষুদ্র শিবিকা, যানবিশেষ।
ডোবা (দেশজ) সং, জলে নিমগ্ন হওয়া। ২। ক্ষুদ্র জলাশয়।
ডৌল (দেশজ) প্রকার,রকম, রূপ,ঢপ, মূর্ত্তি।

---

## ঢ

ঢ ; ব্যঞ্জনবর্ণের চতুর্দ্দশবর্ণ ; ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা। ২। সং,পুং,ঢক্কা। ৩। কুক্কুর। ৪। কুক্কুর-লাঙ্গুল। ৫। ধ্বনি। ৬। বিং, ত্রিং, নির্গুণ। [ব্যক্ত শব্দবিশেষ।
ঢক্‌ঢক্ (দেশজ) শ্লথরূপে স্থাপিত বস্তুর অ-
ঢক্ক ; সং, পুং, নগরবিশেষ, ঢাকা।
ঢক্কা (ঢক্ অনুকরণ শব্দ—ক [শব্দার্থ কৈ ধাতুজ+ড—ক] যে শব্দ করে) সং, স্ত্রীং, পটহ, বড় ঢোল, ঢাক।
ঢক্কারবা (ঢক্কা—রব, ৬ষ্ঠী—হিং। আপ—স্ত্রীং) সং, স্ত্রীং, ঢক্কার ন্যায় শব্দকারিণী দেবীবিশেষ, তারিণীদেবী।
ঢক্কারী (ঢক্ শব্দ—কারী যে করে) সং, স্ত্রীং, তারিণীদেবী।
ঢগণ ; সং, পুং, ত্রৈমাত্রিক প্রস্তাববিশেষ।
ঢঙ্গ (দেশজ) খল,শঠ ; ছদ্ম, ছল। ২। বেশ।
ঢনা (দেশজ) কৃশ, দুর্ব্বল ; শুষ্ক ; ম্লান।
ঢপ (দেশজ) মূর্ত্তি ; ধারা, প্রকার ; চলন। ২। কীর্ত্তনাঙ্গ, গানবিশেষ।
ঢল (দেশজ) পর্ব্বতাদি হইতে নির্গত জল। ২। নিম্নস্থল।
ঢলানী (দেশজ) স্বৈরিণী, বেশ্যা।
ঢসন (দেশজ) নিঃসরণ ; ভগ্ন হওন ; গলন ; পতন ; ভাঙ্গিয়া পড়ন।
ঢাক (ঢক্কা শব্দজ) সং,পটহ, বৃহৎ বাদ্যযন্ত্র।
ঢাকন (দেশজ) সং, আচ্ছাদন, আবৃতকরণ।

ঢাবরা ; সং, স্ত্রীং, হংসী।

ঢাল ; সং, ক্লীং, চর্ম্মনির্ম্মিত ফলক।

ঢালী (ঢালিন্, ঢাল+ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঢালবিশিষ্ট, ঢালধারী।

ঢালু (দেশজ) বিং, নিম্ন, গড়ানিয়া। [রাশি।

ঢিপী, ঢিবী (দেশজ) সং, উচ্চস্থান, স্তূপ,

ঢিমা (দেশজ) মৃদু, নম্র ; ক্ষীণ, কৃশ।

ঢুকনি (দেশজ) সং, অন্তঃপ্রবেশন, অন্তর্গতকরণ।

ঢুণ্ঢন (ঢুণ্ঢ্ অন্বেষণ করা+অন(অনট্)–ভা) সং, ক্লীং, অন্বেষণ, খোঁজন। ২। ঢোঁড়ন।

ঢুণ্ঢি (ঢুণ্ঢ দেখ, ই–র্ম্ম। ইহাঁর দ্বারা সর্ব্বাঙ্গ ঢুণ্ঢিত অর্থাৎ অন্বেষিত হইয়াছিল বলিয়া) সং, পুং, কাশীস্থ গণেশ। শিং–১"কাশী প্রবেশমপি কো লভতেঽত্র দেহো তোষং বিনা তব বিনায়ক ঢুণ্ঢিরাজ।"

ঢেঁকি (দেশজ) সং, তণ্ডুলাদিকরণের যন্ত্র।

ঢেঁটা (ধূর্ত্ত শব্দজ কি ?) শঠ, দুষ্ট, খল।

ঢেঁড়রা (দেশজ) ঢক্কা বাদন-পূর্ব্বক ঘোষণা করা। [বিশেষ।

ঢেঁড়া ( দেশজ ) ঘোষণা, প্রচারণ বাক্য-

ঢেঁড়ী (দেশজ) অহিফেণ বৃক্ষের ফুল। ২। কর্ণাভরণবিশেষ। ৩। বাদ্যযন্ত্রবিশেষ।

ঢেঁশা (দেশজ) আঘাত ; ধাক্কা, বিদ্রূপ, দোষসূচক দৃষ্টান্ত। [ঠেলন।

ঢেকা (ধাক্কা শব্দজ) ধাক্কামারণ, নির্গতিকরণ,

ঢেকুর (উদ্গার শব্দজ কি ?) হিক্কা।

ঢেঙ্গা (দেশজ) বিং, দীর্ঘ, লম্বা, আয়ত।

ঢেমন (দেশজ) লম্পট। ২। নায়কনায়িকার সংঘটনকারক, কোট্‌না।

ঢেমসা (দেশজ) বাদ্যযন্ত্রবিশেষ।

ঢেম্নি (দেশজ) উপপত্নী।

ঢের (দেশজ) বহু, অনেক।

ঢেরা (দেশজ) সং, পাট কাটিবার যন্ত্র। ২। নিরক্ষরের দস্তখতের ঢেরাকার "×" চিহ্ন।

ঢোঁড়ন (ঢুণ্ঢন শব্দজ) সং, অন্বেষণ, খুঁজন।

ঢোক (দেশজ) সং, সুবর্ণাদির পরিমাণ করিবার দ্রব্যবিশেষ।

ঢোল (ঢুল্+অ(অন্)–ক) সং, ক্লীং, বাদ্যযন্ত্রবিশেষ, ঢোলক। শিং–১"ঢক্কাঢোলপ্রিয়া নিত্যা ঢোলবাদ্যপ্রমোদিনী। ঢোলরূপা ঢোলধরা ঢোলশব্দস্বরূপিণী।"

ঢোলক—ঢোলের অনুকৃত যন্ত্রবিশেষ। ইহা কাষ্ঠকোষের উভয় মুখে চর্ম্মাচ্ছাদন করিয়া নির্ম্মিত হয়। বাম মুখে খরলি লেপিত থাকে। ঐ চর্ম্মদ্বয় রজ্জু দ্বারা আবদ্ধ, সুরের উচ্চনীচ ও সমতা সাধন করিবার জন্য ঐ রজ্জুতে অঙ্গুরী বা কড়া দেওয়া থাকে। ইহা সভ্য যন্ত্র এবং যাত্রা পাঁচালী ও ঐক্যতানবাদ্য প্রভৃতিতে ব্যবহৃত হয়।

ঢোলকী—ছোটঢোল। [ঝিমন।

ঢোলন ( দেশজ ) নিদ্রায় অবসন্ন হওন,

ঢোলী ( ঢোলিন্, ঢোল+ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, যে ঢোল বাজায়।

ঢৌকন (ঢৌক্ গমন করা+অন(অনট্)–ভাবে) সং, ক্লীং, গমন। ২। (+অনট্–ণ) উৎকোচ।

---

## ণ

ণ ; ব্যঞ্জন বর্ণের পঞ্চদশ বর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। ২ সং, পুং, জ্ঞান। ৩। নির্ণয়, নিশ্চয় । শিব। ৫। ভূষণ। ৬। জলাশয় ; যথা—

"ণত্ব ণয়ে জ্ঞান ণত্ব ণকার নির্ণয়,
ণ স্বরূপা রক্ষা কর ণ হইল ক্ষয়।"

৭। বিং, ত্রিং, নির্গুণ।

ণ্য ; সং, পুং, ব্রহ্ম লোকস্থ সরোবরবিশেষ।

---

## ত

ত ; ব্যঞ্জন বর্ণের ষোড়শ বর্ণ। ইহার উচ্চারণস্থান দন্ত। ২। ( তক্ হাস্য করা, সহ্য করা+অ(ড)–ক) সং, পুং, চৌর। ৩। বৃষ। ৪। অমৃত। ৫। পুচ্ছ। ৬। ম্লেচ্ছ। ৭। ক্রোড়। ৮। রত্ন। ৯। (তৄ পারহওয়া + অ(ড)–ভা) ক্লীং–স্ত্রীং, তরণ। ১০। (+ড–ণ) পুণ্য।

তকৎ ; অং, অত্যন্ত। [বাদানুবাদ।

তকরার (আরবী ভাষা) পুনরুক্তি। ২।

তকরী (ত কুৎসিত–করী কারিণী, ২য়া

—ষ) সং, স্ত্রীং, কুৎসিতকারিণী স্ত্রী। শিং —১ "তে ভিনদ্মি তকরীম্।"

তক্র (তক্ [পীড়া] সহ্য করা+র(রক্)—ক) সং, ক্লীং, দুগ্ধবিকার, চতুর্থাংশ জলযোগে দধিমন্থনজাত দধিবিশেষ, মথিত দধি হইতে নবনীত গ্রহণ করিলে যে দ্রবভাগ অবশিষ্ট থাকে, ঘোল। ২। পাদাম্বুসংযুক্ত দধি।

তক্রকূর্চ্চিকা (তক্র—কূর্চ্চিকা গাঢ়দুগ্ধ) সং, স্ত্রীং, দুগ্ধবিকার, ছানা, নবনীত।

তক্রপিণ্ড; সং, পুং, তক্রদুষ্ট দুগ্ধপিণ্ড,ছানা।

তক্রমাংস (তক্র তক্রপক্ক—মাংস,বং—স) সং,ক্লীং,তক্রসংযোগে পক্ক মাংস,এখ্‌নি।

তক্রাট (তক্র ঘোল—অট্‌|অট্ গমনকরা +অ(অন্)—ক] যে [ইহাতেই] গমন করে বা থাকে) সং, পুং, মন্থনদণ্ড।

তক্বন্ (তক্ গমন করা+বন্(বনিপ্)—ক) বিং, ত্রিং, গমনশীল। ২। (তক্ সহ্যকরা +বনিপ্—ক) চোর।

তক্বরী (তক্ব চোর—রী গতি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, তস্করের গতি।

তক্ষ (তক্ষ্ তন্মোচন করা+অ(অন্)—ক) সং, পুং, নৃপবিশেষ, ভরতপুত্র।

তক্ষক (তক্ষ্ কাষ্ঠাদি চাঁচা+অক(ণক)—ক) সং, পুং, ছুতার। শিং—১ "সূচকাৎ বিপ্রকন্যায়াং জাতস্তক্ষক উচ্যতে।" ২। বিশ্বকর্ম্মা। ৩। প্রধান নগরবিশেষ। ৪। নাট্যাধ্যক্ষ, সূত্রধার। ৫। সর্পবিশেষ; কশ্যপের ঔরসে কদ্রুগর্ভে ইহাঁর জন্ম। খাণ্ডবারণ্যে ইহাঁর আবাস ছিল। শৃঙ্গী নামক ঋষিকুমারের শাপ সফল করিবার জন্য রাজা পরীক্ষিৎকে দংশন করিয়াছিলেন। শিং—১ "ইতি লঙ্ঘিতমর্য্যাদং তক্ষকঃ সপ্তমেঽহনি। দংক্ষ্যতিস্ম কুলাঙ্গারংচোদিতো যে ততক্রুহম্।"(ভাগবত)।

তক্ষণ (তক্ষক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অস্ত্র দ্বারা কাষ্ঠকে সম ও মসৃণ করা, চাঁচা, রেঁদা করা, পরিষ্কারকরণ, কৃশকরণ। সূত্রধরের ব্যবসায়। ণী—স্ত্রীং, (+অনট্—ণ) যাহার দ্বারা চাঁচা ছোলো যায়,রেঁদা, বাইশ প্রভৃতি। "তক্ষণং দারুশৃঙ্গদন্তাম্"

তক্ষশিলা (তক্ষ চাঁচা—শিলা প্রস্তর। শাণিতাস্ত্রচ্ছেদিত প্রস্তর দ্বারা যে নগরী নির্ম্মিত হইয়াছে) সং, স্ত্রীং, পঞ্জাবের অন্তর্গত নগরীবিশেষ। ভরতপুত্র তক্ষরাজার রাজধানী। এই স্থানে রাজা জনমেজয় সর্পসত্র অনুষ্ঠান করেন।

তক্ষা (তক্ষন্ তক্ষক দেখ, কনিন্—ক) সং, পুং, সূত্রধর, ছুতার। ২। বিশ্বকর্ম্মা। ৩। চিত্রানক্ষত্র। [কালে, তৎক্ষণে।

তখন (তৎক্ষণ শব্দজ) ক্রিং—বিং, সেই

তখ্‌ত (পারস্য ভাষা) সিংহাসন,রাজাসন।—খ্‌তা—কাষ্ঠফলক,দীর্ঘপ্রস্থান্বিত কাষ্ঠখণ্ড।

তগর (ত ক্রোড়—গৃ গ্রাসকরা+অ(অন্)—ক) সং, পুং, টগরফুলের গাছ। ২। ক্লীং, তৎপুষ্প। ৩। মদনবৃক্ষ।

তগরপাদিক (তগরপাদ+ইক(ঠক)—অস্ত্যর্থে) সং, ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ।

তগাবি (যাবনিক) জমির উন্নতি করিবার উদ্দেশে জমিদার বা গভর্ণমেণ্ট প্রজাদিগকে যে কর্জ্জ দেন। [বর্ত্তন,বদল।

তগীর (আরবী ভাষা তগৈয়র শব্দজ) পরি-

তঙ্ক (তঙ্ক্ দুঃখেপড়া+অ(অল্)—ভাবে) সং, পুং—ক্লীং, পাষাণভেদনাস্ত্র, পাথর কাটা বাটালি। [ক্লীং, দুঃখে প্রাণধারণ।

তঙ্কন (তঙ্ক দেখ, অন(অনট্)—ভা) সং,

তঙ্কা (টঙ্কশব্দজ) সং, রৌপ্যমুদ্রা, টাকা।

তচ্ছম (তৎ—শম) সং, ক্লীং, থামান, শান্তি, উপশম।

তচ্ছীল (তৎ—শীল স্বভাব। সেইরূপ স্বভাবই যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তৎস্বভাববিশিষ্ট। [বিচার। ২। অনুমতি।

তজ্‌বীজ (আরবী ভাষা) পরীক্ষা, অনুসন্ধান,

তজ্জ (তৎ [সেই] সেই সময়—জ জাত, ৫মী বা ৭মী—ষ) বিং, ত্রিং, তাহা হইতে বা সেই সময়ে জাত।

তঞ্চক (বঞ্চক শব্দজ) বিং, প্রবঞ্চক,প্রতারক।

তঞ্চকতা (তঞ্চক+তা—ভাবে) সং, স্ত্রীং, প্রবঞ্চনা, শঠতা, ছল, চাতুরী।

তট (তট্ উন্নত হওয়া+অন(অন্)—ক) সং, ত্রিং, জলাশয়ের জলভাগের অব্যবহিত পরবর্ত্তী স্থলভাগ, কূল, তীর। শিং

—১ "হ্রদস্যাস্ততটাবুভৌ।" ২। সানু। ৩। উচ্চক্ষেত্র। ৪। পুং, শিব। টী—স্ত্রীং, তীরভূমি। শিং—১"আশানামনদী প্রোত্তুঙ্গচিন্তাতটী।" ৫। বিং, ত্রিং, উচ্ছ্রিত।

তটস্থ (তট—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, উদাসীন ব্যক্তি, নির্লিপ্ত। ২। যে তটে আছে বা থাকে, তীরস্থ। ৩। না শত্রু না মিত্র। ৪। অপক্ষপাতী। ৫। সমীপস্থ। ৬। অগণাক্রান্ত। ৭। ব্যস্ত। ৮। চমৎকৃত।

তটাক } তটাগ } (তট তীর—অক, অগ [অক্, অগ গমন করা+অ(অন্)—ক] বক্রে গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং—ক্লীং, তড়াগ।

তটাঘাত (তট—আঘাত, ৭মী—ষ) সং, পুং, হস্তী প্রভৃতির বপ্রক্রীড়া, তটাদিতে করীর করাঘাত। শিং—১ "কৈলাসতটাঘাত ধাতুধূলিপটলমিব হরবৃষভম্।"(কাদম্বরী)। ২ "অভ্যস্যন্তি তটাঘাতং নির্জিতৈরাবতাঃ গজাঃ।" (কুমার)।

তটিনী (তট+ইন—অস্ত্যর্থে,ঈপ—স্ত্রীং)সং, স্ত্রীং, নদী। "বিজহার তদাতটিনীতটে।"

তটী; সং, স্ত্রীং, তীর, তট।

তড়তড় (দেশজ) অব্যক্ত শব্দ। ২। বৃষ্টিপতন শব্দ।

তড়াক } তড়াগ } (তড় আঘাত করা+আক, আগ—ক। নিপাতন)সং, পুং, পঞ্চশত ধনুপরিমিত গভীর পুষ্করিণী, দীঘী। শিং—১ "প্রশস্তভূমিভাগস্থো বহুসংবৎসরোষিতঃ। জলাশয়স্তড়াগঃস্যাদিত্যাহুঃ শাস্ত্রকোবিদাঃ।"

তড়াঘাত (তড় প্রহার—আঘাত) সং, পুং, বপ্রক্রীড়া, তটাঘাত।

তড়ি (তড় আঘাত করা+ই—ভাবে) সং, পুং, আঘাত। ২। (+ই—ক) বিং, ত্রিং, আঘাতকারক।

তড়িৎ (তড় আঘাত করা+ইৎ—ক, যে পৃথিবী মেঘ ইত্যাদিকে আঘাতকরে)সং, স্ত্রীং, বিদ্যুৎ, সৌদামিনী। শিং—১"ঘনং ঘনান্তে তড়িতাং গুণৈরিব।" (মাঘ)।

তড়িত্বান্ (তড়িত্বৎ, তড়িৎ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, মেঘ। শিং—১ "চলিতাচলবর্ষমাণা গম্ভীরবিরাবিণ স্তড়িত্বন্তঃ।" (বৃত্রসংহার)। ২। বিং, ত্রিং, বিদ্যুৎবিশিষ্ট। শিং—১ "সমুদিতমিচয়েন তড়িত্বতীং। লঘয়তা শরদম্বুদসংহতিম্।"

তড়িদ্গর্ভ (তড়িৎ—গর্ভ,৬ষ্ঠী—হিং) সং,পুং, মেঘ। শিং—১"তড়িদ্গর্ভশ্চতবঃ সমুদ্রাঃ।"

তড়িন্ময় (তড়িৎ+ময় (ময়ট্)—স্বরূপার্থে) বিং, ত্রিং, তড়িৎস্বরূপ। শিং—১ "তড়িন্ময়ৈরুন্মিষিতৈর্বিলোচনৈঃ।" (কুমার)।

তণ্ডক (তনৃড় আঘাত করা, বধ করা+অক(ণক)—ক) সং, পুং, খঞ্জনপক্ষী। ২। ফেন। ৩। সমাসবহুলবাক্য। ৪। গৃহদারুবিশেষ। ৫। তরুস্কন্ধ। ৬। বিং, ত্রিং, বিনাশক। ৭। বহুরূপী।

তণ্ডি; সং, পুং, ঋষিবিশেষ; ইহার পুত্র বেদের সূত্রকারক।

তণ্ডু (তণ্ড আঘাত করা+উ—ক) সং, পুং, শিবানুচরবিশেষ।

তণ্ডুল (তণ্ড আঘাত করা+উল—র্ম) সং, পুং, চাউল, ধান ভানিয়া তুষ প্রভৃতি পরিত্যাগ করিলে যে অংশ অবশিষ্ট থাকে। শিং—১ "শস্যং ক্ষেত্রগতং প্রোক্তং সতুষং ধান্যমুচ্যতে। নিস্তুষস্তণ্ডুলঃ প্রোক্তঃ সিন্নমন্নমুদাহৃতম্।"

তণ্ডুলাম্বু (তণ্ডুল তণ্ডুলক্ষালিত—অম্বু, ম্বং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, তণ্ডুলক্ষালনোদক, চেলুনি।

তণ্ডুলিকাশ্রম; সং, ক্লীং, তীর্থবিশেষ।

তণ্ডুলোত্থ (তণ্ডুল—উৎ—স্থা+অ(ক)—ক) সং, ক্লীং, তণ্ডুলক্ষালনে যাহা উত্থিত হয়, চেলুনি।

তণ্ডুলৌঘ; সং, পুং, তণ্ডুলরাশি। ২। তণ্ডুল রাশির ন্যায় দৃশ্যমান বলিয়া বেড়বাঁশ।

তৎ (তন্ বিস্তার করা+০(ক্বিপ্)—ক, ন্—ৎ) বিং, ত্রিং, বিস্তারক। ২। অং, তন্নিমিত্ত, সেই হেতু। ৩। তাহাতে। ৪। তবে। ৫। ক্লীং, সেই, তিনি।

তত (তন্ বিস্তীর্ণ হওয়া+ত(ক্ত)—র্ম) বিং,ত্রিং, বিস্তৃত, ব্যাপ্ত। শিং—১"দেব্যা

যয়া ততমিদং জগদাত্মশক্ত্যা নিঃশেষ দেবগণশক্তি সমূহমূর্ত্ত্যা।"(দেবীমাহাত্ম্য)। ২। "যস্য নিশ্বসিতং বেদা যেন সর্ব্বমিদং ততম্।" (মাঘ)। ২। ক্লীং, বীণাবাদ্য। ৩। (+ক্ত—ক) সং, পুং, বায়ু। ৪। (+ক্ত—ভাবে) বিস্তার। ৫। (+ক্ত—পা) পিতা। ৬। (+ক্ত—র্ম্ম) পুত্র। ৭। বংশ। ৮। (তন্ত্রশব্দজ) ক্লীং, তারাদি দ্বারা যে সকল যন্ত্র বাদিত হয় তাহাদের নাম তত; যেমন—বীণা, সারঙ্গী, তাম্বুরা ইত্যাদি।

ততঃ (ততস্, তদ্ সেই+[পঞ্চমী বা সপ্তমী স্থানে] তস্—প্রং) অং, তদনন্তর। ২। তন্নিমিত্ত। ৩। তথা হইতে। শিং—১ "ধনাদ্ধর্ম্মং ততঃ সুখং (আপ্নোতি)।" ৪। তথায়। শিং—১ "যতঃ কৃষ্ণস্ততঃ সর্ব্বে যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ।" ২ "যতো ধর্ম্ম-স্ততো জয়ঃ।" ৫। তবে। ৬। তৎকর্ত্তৃক।

ততঃপ্রভৃতি (ততস্—প্রভৃতি অবধি) অং, সেই অবধি, তদবধি।

ততপত্রী (তত বিস্তৃত—পত্র পাতা। বিস্তৃত পত্র যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

ততস্ততঃ (ততস্ততস, ততস্—দ্বিত্ব) অং, তারপর তারপর, তারপর কি হইল।

ততস্ত্য (ততস্+ত্য-ভবার্থে) বিং, ত্রিং, তত্রত্য। ২। তজ্জাত। ৩। তদাগত।

ততামহ; সং, পুং, পিতামহ।

ততি (তন্ বিস্তীর্ণ হওয়া+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, শ্রেণী, পঙক্তি। ২। বিস্তার। ৩। সমূহ। শিং—১ "বিশ্রব্ধং ক্রিয়ন্তাং বরাহততিভির্ম্মুস্তাক্ষতিঃপল্বলে।" ৪। (তদ্ +ডতি) বিং,ত্রিং, বহুং, তাবৎপরিমিত।

ততুরি (তুর্ব্ব্ হিংসা করা+ই(কি)—প্রং, দ্বিত্ব) বিং, ত্রিং, হিংসক। ২। সং, পুং, তারকা। [ত্রিং, তৎপদার্থকারক।

তৎকর (তৎ—কর কারক, ২য়া—ষ) বিং,

তৎকাল তদ্ সেই—কাল সময়, মুং—স) সং, পুং, সেইসময়, সেইকাল। ২। বর্ত্তমানকাল। ৩। (৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, যাহার সময় নিরূপিত আছে; যথা—তৎকাল বুদ্ধি।

তৎকালধী (তৎকাল সেইসময়—ধী বুদ্ধি। যাহার সেই সময়ে অর্থাৎ উচিত সময়ে বুদ্ধি উৎপন্ন হয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রত্যুৎপন্নমতি।

তৎকালসংক্রান্ত (তৎকাল—সংক্রান্ত ঘটিত, ৭মী—ষ) বিং, ত্রিং, সেই সময়ে যাহা ঘটিয়াছে।

তৎকালসম্ভূত (তৎকাল—সম্ভূত জাত, ৭মী—ষ) বিং, ত্রিং, সেই সময়ে যে বা যাহা উৎপন্ন হইয়াছে।

তৎকালিক } (তৎকাল+ইক, ঈন—
তৎকালীন } ভবার্থে) বিং, ত্রিং, সেই সময়ে যাহা ঘটিযাছে, সেই সময়ে যে বা যাহা উৎপন্ন হইয়াছে, তদানীন্তন।

তৎকালোচিত (তৎকাল—উচিত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, সেই সময়ের উপযুক্ত।

তৎক্রিয় (তৎ-ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, তৎকর্ম্মকারক। ২। তদ্ব্যবসায়ী। ৩। বেতনাদি ব্যতিরেকেও যে ব্যক্তি কর্ম্ম করে।

তৎক্ষণ (তৎ সেই—ক্ষণ সময়, মুং—স) সং, পুং, সেইক্ষণে, তখনই। "সেকান্তে মুনিকন্যাভিস্তৎক্ষণোজ্ঝিতবৃক্ষকম্।"

তৎক্ষণাৎ (তৎ সেই—ক্ষণ+আৎ—পঞ্চমীস্থানে আৎ) অং, তখনই, অবিলম্বে।

তত্তুল্য (তৎ—তুল্য সদৃশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তাহার সমান, তৎসদৃশ, তৎসম।

তত্ত্ব } (তদ্ সেই+ত্ব—ভাবে) সং,
তত্ব } ক্লীং, ঈশ্বর, ব্রহ্ম। ২। সত্য,তথ্য। ৩। প্রকৃত অবস্থা, যাথার্থ্য। ৪। স্বরূপ। ৫। চিত্ত। ৬। বিলম্বিত নৃত্য বাদ্যাদি। ৭। পদার্থ। ৮। অন্বেষণ, অনুসন্ধান। ৯। সাঙ্খ্যমতে—মূলপ্রকৃতি মহৎ অহ-ঙ্কার মনঃ পঞ্চতন্মাত্র পঞ্চজ্ঞানেন্দ্রিয় পঞ্চ-কর্ম্মেন্দ্রিয় পঞ্চমহাভূত এই চতুর্বিংশতি প্রকার। শিং—১ "বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে।" ২ "তৎ চাহং তত্ত্বতোঽবিধা।"

তত্ত্বজিজ্ঞাসু (তত্ত্ব ব্রহ্ম—জিজ্ঞাসু জানিতে ইচ্ছুক, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি ব্রহ্মবিষয় জানিতে ইচ্ছা করে।

তত্ত্বজ্ঞ (তত্ত্ব—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, তত্ত্বজ্ঞানী, যাহার ঈশ্বরবিষয়ক জ্ঞান জন্মিয়াছে। ২। যে ব্যক্তি কোন বিষয়ের স্বরূপ নিরূপণ করিয়াছে, যে কোন বিষয়ের যাথার্থ্য জানিতে পারিয়াছে, যাথার্থ্যবেত্তা, স্বরূপজ্ঞ। ৩। দর্শনশাস্ত্রবিদ্‌।

তত্ত্বজ্ঞান (তত্ত্ব ব্রহ্ম—জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ব্রহ্মজ্ঞান, আত্মা শরীরাদি হইতে পৃথক্‌ ইত্যাকার জ্ঞান, আত্মবোধ। ২। স্বরূপবোধ, যাথার্থ্যজ্ঞান।

তত্ত্বজ্ঞানী (তত্ত্বজ্ঞানিন, তত্ত্বজ্ঞান+ইন্‌—) অস্ত্যর্থে) বিং,ত্রিং,স্বরূপজ্ঞ, যাথার্থ্যবেদী। ২। ব্রহ্মজ্ঞ, ব্রহ্মজ্ঞানী।

তত্ত্বতঃ (তত্ত্বতস, তত্ত্ব+তস্‌—প্রং) অং, পরমার্থতঃ, যথার্থরূপে, বস্তুতঃ, বস্তুগত্যা।

তত্ত্বদর্শিতা (তত্ত্বদর্শিন্‌+তা—ভাবে) সং, স্ত্রীং, বিচক্ষণতা, তত্ত্বজ্ঞতা, দর্শনশাস্ত্রে অভিজ্ঞতা।

তত্ত্বদর্শী } তত্ত্ববিদ্‌ } (তত্ত্বদর্শিন্‌, তত্ত্ব—দর্শিন্‌ যে দেখে, বিদ্‌ যে জানে) বিং, ত্রিং, তত্ত্বজ্ঞ। ২। জ্ঞানী, বিচক্ষণ। ৩। দর্শনশাস্ত্রজ্ঞ।

তত্ত্বনিরূপণ (তত্ত্ব—নিরূপণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্বরূপনির্ণয়, যাথার্থ্য স্থিরীকরণ। ২। ব্রহ্মনিরূপণ, ঈশ্বরনিরূপণ।

তত্ত্বনির্ণয় (তত্ত্ব—নির্ণয়) সং, ক্লীং, স্বরূপনিরূপণ, যাথার্থ্যনির্ণয়, তত্ত্বনিরূপণ, তত্ত্বাবধারণ, স্বরূপপরিজ্ঞান। ২। ঈশ্বরনির্ণয়, ব্রহ্মনিরূপণ।

তত্ত্বন্যাস ; সং, পুং, তন্ত্রোক্ত বিষ্ণুপূজাঙ্গন্যাসবিশেষ।

তত্ত্ববিবেক ; সং, পুং, জ্যোতিগ্রন্থবিশেষ।

তত্ত্বভাষী—ষিন্‌ } তত্ত্ববাদী—দিন্‌ } (তত্ত্ব—ভাষ্‌, বদ্‌ বলা +ইন(ণিন্‌)—ক) বিং, ত্রিং, স্পষ্টবাদী, যথার্থবাদী।

তত্ত্বানুসন্ধান (তত্ত্ব—অনুসন্ধান) সং, ক্লীং, কিরূপ আছে কিরূপ করিতেছে ইত্যাদি বিষয়ের সংবাদ লওয়া। ২। প্রকৃত অবস্থার অন্বেষণ,তথ্যানুসন্ধান, স্বরূপনিরূপণচেষ্টা, যাথার্থ্যনির্ণয়প্রয়াস।

তত্ত্বানুসন্ধায়ী (—সন্ধায়িন্‌) বিং, ত্রিং, যে তত্ত্বানুসন্ধান করে, তত্ত্বান্বেষী।

তত্ত্বাবধান (তত্ত্ব—অবধান) সং, ক্লীং, কোন বিষয় প্রকৃতরূপে সম্পন্ন হইতেছে কি না এই বিষয়ের অবলোকন, অধ্যক্ষতা করা।

তত্ত্বাবধায়ক (তত্ত্ব—অব—ধৈ [চিন্তা করা] মনোযোগ দেওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, তত্ত্বাবধানকারী, যে ব্যক্তি অধ্যক্ষতা করে, যাহার উপর কোন বিষয় দেখিবার ভার থাকে।

তত্ত্বাবধারক (তত্ত্ব—অব—ধৃ-ণিচ=ধারি[ধরা] স্থির করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে কোন বিষয়ে তত্ত্বনিরূপণ করে। ২। স্বরূপপরিজ্ঞাতা।

তত্ত্বাবধারণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং,তত্ত্বনির্ণয়,স্বরূপজ্ঞান, যথার্থবোধ।

তত্ত্বাববোধ (তত্ত্ব—অববোধ পরিজ্ঞান) সং, পুং, তত্ত্বজ্ঞান দেখ।

তৎপর (তৎ সেই—পর রত, ৭মী—ষ) বিং, ত্রিং, আসক্ত, ব্যগ্র, উদ্যুক্ত, সচেষ্ট। ২। নিবিষ্ট,যত্নবান্‌। ৩। নিপুণ। ৪। সতর্ক, চতুর। ৫। তৎপ্রধান। শিং—১ "ত্বয়া লোকগুরুঃ—"আরাধিতো দ্বিজশ্রেষ্ঠ তৎপরেণ সমাধিনা।" ২ "লীনা ব্রহ্মণি তৎপরা যোনিমুক্তাঃ।" ৬। ক্রিং—বিং, তদনন্তর।

তৎপরতা (তৎপর+তা—ভা) সং,স্ত্রীং, সচেষ্টতা। ২। দক্ষতা। ৩। যত্ন,আগ্রহ, অভিনিবেশ। ৪। সতর্কতা।

তৎপরায়ণ (তৎ সেই—পরায়ণ আসক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, তাহাতে আসক্ত। ২। তৎপ্রধান। ৩। তদাশ্রিত।

তৎপুরুষ (তদ্‌ সেই—পুরুষ ব্যক্তি) সং, পুং, সমাসবিশেষ, উত্তরপদ-প্রাধান্যসূচক সমাস, যে সমাসে দ্বিতীয়াদি বিভক্তি পূর্ব্বপদে থাকে। ২। পরমপুরুষ।

তৎপ্রতিশীর্ষ ; বিং, ত্রিং, তৎপ্রতিনিধি, তৎস্থলাভিষিক্ত।

তৎফল (তৎ [তন্‌ বিস্তার করা+০(ক্বিপ্‌) —ক] বিস্তৃত—ফল্‌ [বিকসিত হওয়া] গমন করা ইত্যাদি+অ(অন্‌)—ক) সং,

পুং, কুবলয়, পদ্ম। ২। কুষ্ঠনামক ঔষধি। ৩। চোরনামক সুগন্ধি দ্রব্য। ৪। (তদ্—ফল, ৬ষ্ঠী—য) ক্লীং, তাহার ফল।

তত্র (তদ্ সেই+ত্র—সপ্তমীস্থানে ত্র) অং, তথায়, সেখানে। ২। তদ্বিষয়ে। শিং—১ "যদ্‌যদ্‌যুক্তোঽভূদ্‌ভৃত্যবান্ধবৈঃ। তত্র তত্র স হা ভদ্রেতি প্রত্যুত্তরং দদৌ।" ২ "ন তত্র দোষং গ্রহীষ্যতি।"

তত্রত্য (তত্র তথায়+ত্য—ভবার্থে) বিং, ত্রিং, সেখানে যাহা ঘটে, সে স্থানে উৎপন্ন, তৎস্থানস্থ, সে স্থানসংক্রান্ত। শিং—১ "মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশস্তত্রত্যৈঃ ক্ষুধিতৈর্জনৈঃ।"

তত্রভবান্ (তত্রভবৎ,তত্র [তদ্+প্রথমাস্থানে ত্র—প্রং] সেই—ভবৎ [ভূ হওয়া+অৎ (শতৃ)—ক] শ্রেষ্ঠ) বিং,ত্রিং, পূজ্য, মান্য। শিং—১ "তত্রভবাংস্তং চ পিতরং রক্ষ কিঞ্চিদাৎ।" [তবু, তথাপি।

তত্রাপি (তত্র—অপি) অং,ক্রিং—বিং,তথাচ,

তৎসংক্রান্ত (তৎ—সংক্রান্ত, ৬ষ্ঠী—য) বিং, ত্রিং, তদ্ঘটিত, তদীয়।

তৎসদৃশ (তৎ—সদৃশ, ৬ষ্ঠী—য) বিং, ত্রিং, তাহার তুল্য, তাহার মত, তথাবিধ। শা—স্ত্রীং, তত্তুল্যা।

তৎস্থলাভিষিক্ত (তৎ—স্থল—অভিষিক্ত, ৭মী—য) বিং, ত্রিং, তাহার স্থলে অভিষিক্ত, তৎপ্রতিনিধি।

তৎস্বরূপ (তৎ—স্বরূপ, ৬ষ্ঠী—য) বিং, ত্রিং, তাহার সহিত অভিন্ন,তাহার সহিত এক। ২। তৎপ্রতিনিধি।

তথা (তদ্ সেই+থাচ্—প্রকারার্থে) অং, ক্রিং—বিং, সেইপ্রকার। ২। তথ্য,সত্য। ৩। এবং,আরো। ৪। তন্নিমিত্ত,তাহাতে। ৫। স্বীকার। ৬। সাদৃশ্য। ৭। নিশ্চয়। ৮। সমুচ্চয়। ৯। পৃষ্টপ্রতিবাক্য। ১০। সেইহেতু। শিং—১ "ত্বমপ্যেবং নলে বদ। তথেত্যুক্ত্বা।" ২ "তথেতি প্রতিজ্ঞায়।"

তথাগত (তথা যেরূপে পুনরাবৃত্তি না হয় সেইরূপে—গত জ্ঞাত) সং, পুং, বুদ্ধ। ২। বিং, ত্রিং, সেই প্রকারে আগত। শিং—১ "নলং দৃষ্টাতথাগতম্।"

তথাচ, তথাপি (তথা—চ, অপি) অং, তত্রাপি, তবুও। ২। পূর্ব্বোক্ত অর্থের সমর্থন। শিং—১ "তথাপি মম সর্ব্বস্বং রামঃ কমললোচনঃ।"

তথাভূত (তথা—ভূ হওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, সেই প্রকারে সম্পন্ন। শিং—১ "স্মরস্তথাভূতমযুগ্মনেত্রম্।" (কুমার)।

তথাবিধ (তথা—বিধ প্রকার) বিং, ত্রিং, তাদৃশ, সেই প্রকার। শিং—১ "অতোঽভিলাষে প্রথমং তথাবিধে।" ২ "শ্রুত্বা তথাবিধং মৃত্যুং কৈকেয়ীতনয়ঃ পিতুঃ।"

তথাস্তু (তথা—অস্তু হউক) অং, তাহাই হউক, সেইরূপ হউক, তাহাই ঘটুক।

তথাহি (তথা এবং—হি নিশ্চয়, দ্বং—স) অং, পূর্ব্বোক্ত অর্থের দৃঢ়ীকরণ, সমর্থন। ২। নিদর্শন। ৩। প্রসিদ্ধি। ৪। বিবরণ।

তথৈব (তথা—এব এই প্রকার) অং, সেই প্রকারই। শিং—১ "তথৈব সোঽভূদন্বর্থো রাজা প্রকৃতিরঞ্জনাৎ।"

তথৈবচ (তথা—এব—চ) অং, সেইরূপই, সেইপ্রকারই। ২। রীতিপূর্ব্বক নয়, প্রকৃত প্রস্তাবে নয়, অযত্নসহকারে, মনোযোগব্যতিরেকে।

তথ্য (তথা+য(ষ্যঞ্)—ভবার্থে) সং,ক্লীং, যাথার্থ্য। ২। প্রকৃত অবস্থা। ৩। বিং, ত্রিং, সত্য, প্রকৃত, যথার্থ। ৪। অবিসংবাদী। শিং—১ "প্রিয়মপি তথ্যমাহ শকুন্তলাৎ।" ২ "তথ্যেনাপি ব্রুবন্।"

তথ্যভাষী—ষিন্, তথ্যবাদী—দিন্ (তথ্য—ভাষ্, বদ্ বলা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সত্যবাদী, যথার্থবাদী, প্রকৃতবাদী।

তথ্যানুসন্ধান (তথ্য—অনুসন্ধান) সং, ক্লীং, প্রকৃত অবস্থার অনুসন্ধান, স্বরূপনিরূপণচেষ্টা, যাথার্থ্যনির্ণয় প্রয়াস, তত্ত্বান্বেষণ।

তদ্ (তন্ বিস্তারকরা+অদ্—ক) সর্ব্বং,ত্রিং, তিনি, সে। ২। প্রসিদ্ধ। ৩। ক্লীং, ব্রহ্ম। ৪। অং, তন্নিমিত্ত, সেই হেতুক, তবে।

তদতিরিক্ত (তদ্—অতিরিক্ত) বিং, ত্রিং, তাহার অতিরিক্ত, তাহা অপেক্ষা অধিক, তদধিক। ২। তাহা হইতে পৃথক্, তদ্ভিন্ন, তদ্ব্যতিরিক্ত।

তদনন্তর (তদ্ সেই — অনন্তর পরে) ক্রিং, — বিং, ক্লীং, তাহার পর, তৎপরে।

তদনুরূপ (তদ্ - অনুরূপ) বিং, ত্রিং, তাহার মত, তদ্রূপ, তৎসদৃশ।

তদনুসার (তদ্ — অনুসার) ক্রিং — বিং, সেই অনুসারে, তাহা যেরূপ সেই প্রকারে, তদনুযায়ী প্রণালীতে।

তদনুসারী (তদনুসারিন্) বিং, ত্রিং, সেই অনুসারে যে চলে। ২। তাহার মত।

তদন্ত (তদ্ — অন্ত) সং, ক্লীং, তাহার অন্ত, তাহার শেষ। ২। স্বরূপনিরূপণ, যাথার্থ্য-নির্ণয়, তত্ত্বাবধারণ। ৩। ক্রিং-বিং, তাহার পরে, তাহার শেষে, তাহা শেষ হইলে, তৎপরে, তদনন্তর।

তদন্তর্বর্ত্তী — র্ত্তিন্ } তদন্তঃপাতী — তিন } ( তদ্ — অন্তর্ — বৃৎ থাকা, পৎ পড়া + ইন্ ণিন্) — ক) বিং, ত্রিং, তাহার মধ্যে নিবিষ্ট, তাহার মধ্যে পরিগণিত।

তদন্য (তদ্ — অন্য) বিং, ত্রিং, তাহা হইতে পৃথক্, তদ্ভিন্ন, তদ্ব্যতিরিক্ত।

তদপি (তদ্ — অপি) অং, তথাপি।

তদভিন্ন (তদ্ — অভিন্ন) বিং, ত্রিং, তাহার সহিত অভিন্ন, তাহার সহিত এক, তৎস্বরূপ

তদর্থ (তদ্ — অর্থ) ক্রিং — বিং, সেই কারণে, সেই প্রয়োজনবশতঃ, তজ্জন্য, তন্নিমিত্ত। ২। সং, ক্লীং, সেই অর্থ; তাহার অর্থ।

তদর্পণ (তদ্ — অর্পণ, ৬ষ্ঠী বা ৭মী — ষ) সং, ক্লীং, তাহার বা তাহাতে ন্যস্ত বস্তু, প্রত্যর্পণ।

তদবধি (তদ্ — অবধি) ক্রিং — বিং, সেই অবধি, সেই সময় বা ঘটনা হইতে, তদাপ্রভৃতি।

তদবস্থ (তদ্ — অবস্থা) বিং, ত্রিং, যে সেই অবস্থায় আছে, যে সেই ভাবে রহিয়াছে, যাহার পূর্ব্ব অবস্থার পরিবর্ত্ত বা ব্যতিক্রম ঘটে নাই, তদ্ভাবাপন্ন।

তদা, তদানীম্ (তদ্ সেই + দা, দানীম্ — কালার্থে) অং, ক্রিং — বিং, তখন। ২। তৎকাল। শিং — ১ "অথ হংসা বিসস্রপুঃ সর্ব্বতঃ প্রমদাবনে। একৈকশস্তদা কন্যা তান্ হংসান্ সমুপাদ্রবন্।"

তদাত্মা (তদাত্মন্, তদ্ — আত্মন্। সেই আত্মা যাহার, ৬ষ্ঠী — [illegible]) বিং, ত্রিং, তৎস্বরূপ, তাহার সহিত অভিন্ন। শিং — ১ "তদাত্মনোঽপি নিষিধ্যমানত্বে তন্নিষেধাত্মকে তদাত্মনি জগৎ প্রবেশাৎ।"

তদাত্ব (তদা তখন + ত্ব — ভাবাদ্যর্থে) সং, ক্লীং, তৎকাল, বর্ত্তমানকাল। শিং — ১ "তদাত্বায়তিসংযুক্তঃ সন্ধিজ্ঞেয়ো দ্বিলক্ষণঃ।"

তদানীং (তদা দেখ) অং, তখন, সেই সময়ে।

তদানীন্তন (তদানীম্ সেইসময়ে + তন(ট্যুন) — ভবার্থে বিং, ত্রিং, সেই সময়ে যাহা ঘটিয়াছে, সেই সময়ে যে বা যাহা উৎপন্ন হইয়াছে, তদাতন, তৎকালীন।

তদাপ্রভৃতি (তদা তখন — প্রভৃতি অবধি) অং, সেই অবধি, তদবধি। শিং — ১ "তদাপ্রভৃত্যেব বিমুক্তসঙ্গঃ।" (কুমার)।

তদামুখ (তদা তখন - মুখ আরম্ভকাল, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, প্রারব্ধ।

তদায়ুক্তক (তৎ প্রসিদ্ধ কার্য্য — আযুক্ত নিয়োজিত, ৭মী — ষ, কণ্ — যোগ) সং, পুং, রাজপারিষদ্‌বিশেষ।

তদীয় (তদ্ + ঈয়(ণীয়) — ইদমর্থে) বিং, ত্রিং, তৎসম্বন্ধীয়, তাহার। ২। তাহার অধিকৃত। ৩। তাহার সম্পাদ্দীভূত।

তদুপরি (তদ্ — উপরি) ক্রিং — বিং, তাহার উপর; তাহার ঊর্দ্ধে।

তদেক (তদ্ — এক) বিং, ত্রিং, তাহার সহিত অভিন্ন, তদভিন্ন, তদেকাত্মা, তৎস্বরূপ।

তদেকাত্মা (— আত্মন্, তদ্ - এক — আত্মন্) বিং, ত্রিং, তাহার সহিত অভিন্ন, তাহার সহিত এক, তদেক, তদভিন্ন, তৎস্বরূপ।

তদ্গত (তদ্ — গত আসক্ত, ৭মী — ষ) বিং, ত্রিং, তন্নিষ্ঠ, একাগ্র, অভিনিবিষ্ট। ২। তদাসক্ত। শিং — ১ "শুচিস্তদ্গতমানসঃ।"

তদ্গুণ (তদ্ — গুণ) সং, পুং, কাব্যালঙ্কারবিশেষ, স্বীয় গুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণ। ২। প্রসিদ্ধগুণ। ৩। তাহার গুণ। শিং — ১ "তদ্গুণানেব গায়ন্তঃ। ৪। বিং, তদীয় গুণের ন্যায় গুণবিশিষ্ট।

তদ্গুণসংবিজ্ঞান; সং, পুং, বহুব্রীহি সমাস-

বিশেষ, যাহাতে বিশেষণেরও উপস্থিতি হয়। [সেই সময়ে, সেইক্ষণে।
তদ্দণ্ড (তদ্ – দণ্ড) ক্রিং – বিং, সেই দণ্ডে,
তদ্দিন (তদ্ সেই – দিন দিবস) অং, দিবসের মধ্যে। ২। প্রতিদিন। ৩। সেই দিন। শিং – ১"তদ্দিনং হি দুর্দ্দিনং যদেব হরিকথাহতম্।" (পদাবলী)।
তদ্ধন (তদ্ সেই – ধন, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ।
তদ্ধর্ম্মা (– ধর্ম্মন্, তদ্ – ধর্ম্ম, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, তথাভূত ধর্ম্মযুক্ত।
তদ্ধিত (তদ্ [সেই] মূলশব্দ – হিত যে উপযুক্ত হয়, ৭মী – ষ) সং, পুং, শব্দের উত্তর জায়মান প্রত্যয়। ২। বিং, ত্রিং, তদ্বিষয়ে উপযুক্ত। ৩। তাহার পক্ষে মঙ্গল।
তদ্ভাব (তদ্ – ভাব, ৬ষ্ঠী – ষ) সং, পুং, তাহার অসাধারণ ধর্ম্ম। ২। তদ্বিষয়ক চিন্তা।
তদ্ভাবাপন্ন (তদ্ ভাব – আপন্ন প্রাপ্ত) বিং, ত্রিং, সেই ভাবপ্রাপ্ত; তাহার ভাবপ্রাপ্ত। ২। যে সেই ভাবে রহিয়াছে, যাহার পূর্ব্ব অবস্থার পরিবর্ত্ত বা ব্যতিক্রম ঘটে নাই, তদবস্থ।
তদ্ভিন্ন (তদ্ ভিন্ন) বিং, ত্রিং, তাহা হইতে অন্য, তাহা হইতে পৃথক্, তদন্য, তদ্ব্যতিরিক্ত। ২। ক্রিং – বিং, তাহা ছাড়া, তদ্ব্যতিরেকে।
তদ্রূপ (তদ্ সেই – রূপ প্রকার) বিং, ত্রিং, তদ্বিধ, সেইপ্রকার। ২। ক্রিং – বিং, সেই রূপে, সেই প্রকারে; তদনুসারে।
তদ্বৎ (তদ্ সেই + বৎ (বতু) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, তদ্বিশিষ্ট। ২। (+ বতু(চ্ বৎ) – তুল্যার্থে) অং, তত্তুল্য, তাহার ন্যায়।
তদ্বল (তদ্ – বল, ৫মী – হিং) সং, পুং, বাণবিশেষ।
তদ্বিধ (তদ্ সেই – বিধা প্রকার) বিং, ত্রিং, তথাবিধ, সেইপ্রকার। শিং – ১"ক তদ্বিধা ত্বং ক চ পুণ্যলক্ষণা।" (কুমার)।
তদ্ব্যতিরিক্ত (তদ্ – ব্যতিরিক্ত) বিং, ত্রিং, তাহা হইতে অন্য, তাহা হইতে পৃথক্, তদ্ভিন্ন, তদন্য। ২। ক্রিং – বিং, তাহা ছাড়া, তাহা বিনা, তদ্ব্যতিরেকে।

তনয় (তন্ বিস্তার করা + অয় (কয়ন্) – ক। যে নাম, যশঃ, বংশ ইত্যাদি বিস্তার করে) সং, পুং, পুত্র। য়া – স্ত্রীং, কন্যা। শিং – ১ "অথৈনমদ্রেস্তনয়া শুশোচ।" (কুমার)। ২। চাকুলিয়া লতা। ৩। ঘৃতকুমারী।
তনয়িত্নু (তন্ বিস্তার করা + ইত্নু – ক) সং, পুং, বজ্র। ২। মেঘ।
তনস্ (তনয় দেখ, অস্ (অসুন্) – ক) সং, পুং, পৌত্রাদি। [বিশেষ।
তনাদি; সং, পুং, ধাতুপাঠোক্ত ধাতুগণ-
তনিকা (তন্ বিস্তার করা + অক (ণক) – ক আপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, রজ্জু, দড়ী। ২। কাছি।
তনিমা (তনিমন্, তনু + ইমন্ – ভাবে) সং, পুং, সূক্ষ্মত্ব, কার্শ্য। শিং – ১"বিরলাতপস্তনিমানমভজত।" (কাদম্বরী) ২। যকৃৎ।
তনিষ্ঠ } (তনীয়স্, তনু অল্প + ইষ্ঠ, ঈয়সু – অত্যর্থে) বিং, ত্রিং, অতি-
তনীয়ান্ } তনু, ক্ষীণতর, অতিকৃশ; অতিক্ষুদ্র; অতি অল্প। শিং – ১ "এতেষাং লোকানাম্ অন্তরীক্ষলোকস্তনিষ্ঠঃ।"
তনুঃ (তনুস্, তন্ বিস্তার করা + উস্ – ধি) সং, ক্লীং, শরীর।
তনু } (তন্ বিস্তার করা + উ, ঊ – ণ)
তনূ } সং, স্ত্রীং, শরীর। ২। ত্বক্। ৩। মূর্ত্তি। শিং – ১ "তনুভিরবতু বস্তাভিরষ্টাভিরীশঃ।" (শকুন্তলা)। ২। "তনুরভ্রাবৃতা ব্যোম্নি চন্দ্রলেখেব গচ্ছতী।" ৪। বিং, ত্রিং, কৃশ। ৫। সূক্ষ্ম। শিং – ১"তনুতরৈঃ স্বেদাম্ভসঃ শীকরৈঃ।" ৬। কোমল। ৭। অল্প। শিং – ১ "তনুলোমকেশদশনাং মৃদ্বঙ্গীমুদ্বহেৎ স্ত্রিয়ম্।" ২ "তনুরপি ন তে দোষঃ।" ন্বী – স্ত্রীং, কৃশাঙ্গী। "তব তন্বি! কুচাবেতৌ নিয়তং চক্রবর্ত্তিনৌ।"
তনুচ্ছদ (তনু শরীর – ছদ যে আচ্ছাদন করে, ২য়া – ষ) সং, পুং, বর্ম্ম, সাঁজোয়া। শিং – ১ "শোণিতাক্তভনুচ্ছদাঃ।" ২"মাতলিস্তস্য মাহেন্দ্রমামুমোচ তনুচ্ছদম্।"
তনুচ্ছায় (তনু অল্প – ছায়া, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, অল্প ছায়াবিশিষ্ট। ২। সং, পুং, বর্ব্বুরকবৃক্ষ। য়া – স্ত্রীং, দেহের ছায়া।

তনুজ } ( তনু, তন শরীর-জ [ জন্
তনূজ } জন্মান+অ(ড)—ক ] যে জন্মে, ৫মী-ষ। শরীর হইতে যাহার উৎপত্তি হয় ) সং, পুং, পুত্র। জা—স্ত্রীং, কন্যা। শিং—১ "সমাদিদেশ প্রষতাং তনজাম্।" (কুমার)। ২। বিং, ত্রিং, শরীর হইতে উৎপন্ন।

তনুত্র } (তনু শরীর—ত্র, ত্রাণ [ ত্রৈ
তনুত্রাণ } ত্রাণ করা+অ(ড), অন(অনট্) —ক] যে রক্ষা করে। যুদ্ধকালে আঘাত নিবারণার্থে যে লৌহময় আবরণ দ্বারা শরীর রক্ষা করে, ২য়া—ষ) সং, ক্লীং, বর্ম্ম, সাঁজোয়া।

তনুত্রোটি ( তনু সূক্ষ্ম—ত্রোটি চক্ষু, ৬ষ্ঠী —হিং ) বিং, ত্রিং, যে সকল জীবের চক্ষু অতিশয় সরু। [পুং, ইঙ্গুদীবৃক্ষ।

তনুপত্র (তনু সূক্ষ্ম—পত্র, ৬ষ্ঠী—হিং) সং,

তনুভস্ত্রা ( তনু শরীর—ভস্ত্রা বায়ুযন্ত্রবিশেষ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাসিকা, নাক।

তনুভৃৎ (তনু শরীর—ভৃৎ [ভৃ ধারণ করা +০(ক্বিপ্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, শরীরী, জীব। শিং—১ "ছায়াফলং তনুভৃতাং শুভমাদধাতি।"

তনুমধ্যা (তনু কৃশ—মধ্যা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কৃশাঙ্গী, যে স্ত্রীর মাজা ক্ষীণ। ২। ষড়ক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ৩য় ও ৪র্থ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

তনুরস (তনু শরীর—রস) সং, পুং, স্বেদ, ঘর্ম্ম। [(ক্বিপ্)—ক) সং, ক্লীং, লোম।

তনুরুট্ ( তনু—রুহ উৎপন্ন হওয়া+০

তনুল (তন বিস্তার করা+উল(উলচ্)—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তৃত।

তনুবার (তনু শরীর—বৃ আবরণ করা+ অ ঘঞ্)—ণ) সং, পুং, বর্ম্ম, সাঁজোয়া।

তনুসঞ্চারিণী ( তনু শরীর—সঞ্চারিণী যে বেশবিন্যাস করে) সং, স্ত্রীং, বালিকাস্ত্রী।

তনূজনি (তনূ শরীর—জনি জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্র।

তনূদ্ভব (তনূ শরীর—উৎ—ভূ উৎপন্ন হওয়া+অ(অন্)—ক ) সং, পুং, পুত্র। শিং—১ "পঞ্চভূতপরিত্যক্তং শাবং তং স্বতনন্তবম্।" (হরিবংশ)। বা—স্ত্রীং, কন্যা।

তনন (তন শরীর—উন) সং, পুং, বায়ু।

তনূনপ ( তনূ শরীর—উন লঘুতা, কৃশতা —প পা পালন করা+অ(ড)—ক] যে পোষণ করে। যে শরীরের পুষ্টিসাধন করে) সং, ক্লীং, ঘৃত।

তনূনপাৎ ( তননপাদ্, তনূনপ ঘৃত—অদ্ [ অদ্ ভক্ষণ করা+০(ক্বিপ্)—ক ] যে খায়, ২য়া—ষ। কিম্বা তনূ শরীর—ন না—পাৎ যে রক্ষা করে, যে অন্যান্য তনকে রক্ষা করে না, অথবা যাহা জঠরস্থ থাকিয়াও কেবল ভুক্তান্নের পরিপাক করে, শরীরের ধ্বংস করে না ) সং, পুং, অগ্নি।

তনূরুহ } (তনূ শরীর—রুহ্[রুহ্ জন্মান
তনুরুহ } +অ(ক)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং—ক্লীং, লোম। ২। পালখ। শিং—১ (কুক্কুটঃ) "ঋজুতনূরুহাঙ্গুলিতাম বক্রনখচুলিকঃ।" ৩। পুং—স্ত্রীং, পুত্র, কন্যা। [মাসিক।

তনুখা ( তঙ্কা শব্দজ কি?) বেতন। ২।

তন্ত (তন বিস্তার করা+তু(তুন)—ক) সং, পুং, সূত্র, সুতা। শিং—১ "তিরশ্চি যন্তে কৃমিতন্তুজালৈঃ।" ( রঘু)। ২। অপত্য, সন্তান। শিং—১ "তেষামুৎপন্নতন্তুনামপত্যং দায়মর্হতি।" (মনু)। ৩। হাঙ্গর।

তন্তক; সং, পুং, সর্ষপ। কী—স্ত্রীং, শিরা, নাড়ী।

তন্তুকাষ্ঠ (তন্তু সুতা—কাষ্ঠ) সং, ক্লীং, যাহা দ্বারা তাঁতিরা সুতা পরিষ্কার করে, বুরুষ।

তন্তুকীট (তন্তু সুতা—কীট পোকা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুটিপোকা। [গ্রাহ, হাঙ্গর।

তন্তুণ (তনু বিস্তারকরা+তুণ—প্রং) সং, পুং,

তন্তুনাগ (তন্তু—নাগ সর্প) সং, পুং, গ্রাহ। ২। হাঙর। [সং, পুং, মাকড়সা।

তন্তুনাভ ( তন্তু সূত্র—নাভি, ৬ষ্ঠী—হিং )

তন্তুনির্য্যাস (তন্তু সূত্র—নির্য্যাস নিস্যন্দ) সং, পুং, তালবৃক্ষ।

তন্তুপর্ব্ব ( —পর্ব্বন, তন্তু [সূত্র] যজ্ঞোপবীত —পর্ব্বন্ উৎসব। যৎকালে বামনদেবের যজ্ঞোপবীতদানোৎসব হয় ) সং, ক্লীং, শ্রাবণী পূর্ণিমা।

তন্তুবাপ } (তন্তু—বপ্, বে বুনা+অ
তন্তুবায় } (বণ্)—ক। যে তন্তু বুনে, ২য়া —ষ) সং, পুং, তাঁতি। ২। মাকড়্সা।

তন্তুবিগ্রহা (তন্তু সূতা—বিগ্রহ অংশ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

তন্তুভ (তন্তু সূতা—ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, পুং, সর্ষপ। ২। বাছুর।

তন্তুর } (তন্তু সূতা—র, ল=যে লয়)
তন্তুল } সং, ক্লীং, মৃণাল।

তন্তুশালা (তন্তু বুনন—শালা গৃহ) সং, স্ত্রীং, তাঁতঘর।

তন্তুসন্তত (তন্তু সূতা—সন্তত ব্যাপ্ত, ৩য়া —ষ) সং, ক্লীং, বোনাকাপড়। ২। স্যূত-বস্ত্র, সিওয়ান।

তন্তুসার (তন্তু—সার সারাংশ। যে বৃক্ষের মজ্জা তন্তুবিশিষ্ট) সং, পুং, সুপারিগাছ।

তন্ত্র (তন্ বিস্তার করা+ত্র ষ্ট্রণ্)—ক) সং, ক্লীং, শিব ও শক্তির উপাসনা-বিধায়ক শাস্ত্রবিশেষ। শিং—১"দেবীনাঞ্চ যথা দুর্গা বর্ণানাং ব্রাহ্মণো যথা তথা সমস্ত শাস্ত্রাণাং তন্ত্রশাস্ত্রমনুত্তমং।" ২। বেদের শাখাবিশেষ। ৩। সিদ্ধান্ত, মীমাংসা। ৪। দৃঢ়প্রমাণ। ৫। পরিচ্ছদ। ৬। ঔষধ। ৭। ঝাড়ানমন্ত্র। ৮। প্রধান। ৯। কার্য্য। ১০। কারণ। ১১। উপায়। ১২। রাজসগভিব্যাহারী লোক। ১৩। সৈন্য। ১৪। অধিকার। ১৫। রাজ্য। ১৬। স্বরাজ্যচিন্তা। ১৭। ইতিকর্ত্তব্যতা। ১৮। সূত্র। ১৯। তন্তুবায়। ২০। যে যন্ত্র দ্বারা তন্তুবায় বস্ত্র বয়ন করে, তাঁত। ২১। পদ, ব্যবসায়। ২২। সমূহ। ২৩। বস্ত্র বয়নের সামগ্রী। ২৪। আহ্লাদ। ২৫। রাজ্য-শাসন। ২৬। রাজ্যের সমৃদ্ধিসম্পাদন। ২৭। গৃহ। ২৮। ধন। ২৯। অধীনতা, অ-ন্যের উপর নির্ভর করা। ৩০। চর্ম্মনির্ম্মিত সূক্ষ্মরজ্জু। ৩১। দল, সম্প্রদায়। ৩২। উ-দ্দেশ্য, অভিসন্ধি। ৩৩। উভয় কার্য্যার্থ সকৃৎ প্রবৃত্ত হেতু। ৩৪। হেতু, কারণ। ৩৫। কুল। ৩৬। কুটুম্বভরণ। ৩৭। বিং, ত্রিং, অধীন, আয়ত্ত; যথা—প্রজাতন্ত্র, সাধারণতন্ত্র। শিং—১ "তদিদং রাষ্ট্রতন্ত্রং মে ত্বয়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্।"

তন্ত্রক (তন্ত্র তাঁত+কণ্—প্রং। যাহা তাঁত হইতে এই মাত্র বাহির হইয়াছে) সং, ক্লীং, নূতন বস্ত্র। শিং—১ "বসানন্তন্ত্রক-নিভে সর্ব্বাঙ্গীণে তরুত্বচৌ।" (ভট্টি)।

তন্ত্রকাষ্ঠ (তন্ত্র বুনন—কাষ্ঠ) সং, ক্লীং, তন্তু-বায়ের তুরী।

তন্ত্রতা (তন্ত্র+তা—ভা) সং, স্ত্রীং, অধীনতা। ২। অনেকোদ্দেশে সকৃৎ প্রবৃত্তি।

তন্ত্রধারক (তন্ত্র কর্ম্মজ্ঞাপক পদ্ধতিগ্রন্থ—ধৃ ধারণ করা+অক ণক)—ক) সং, পুং, যে কর্ম্মকাণ্ডের পদ্ধতি দেখিয়া কর্ম্মকর্ত্তাকে মন্ত্রপাঠ করায়। শিং—১"একস্তত্র নিযুক্তঃ স্যাদপ তন্ত্রধারকঃ।"

তন্ত্রবাপ } (তন্ত্র তাঁত—বাপ, বায় [বে,
তন্ত্রবায় } বপ্ বপন করা+অ(বণ্)—ক] যে বুনে, ২য়া—ষ) সং, পুং, তাঁতি। ২। মাকড়্সা।

তন্ত্রসংস্থা } (System of Govern-
তন্ত্রসংস্থিতি } meut) রাজ্যশাসনপ্রণালী।

তন্ত্রহোম; সং, পুং, তন্ত্রশাস্ত্রমতে সংরক্ষিত হোম। [ও পররাজ্য চিন্তন।

তন্ত্রাবাপ (তন্ত্র—আবাপ) সং, পুং, স্বরাজ্য

তন্দ্রিত (তন্দ্রা+ইত—জাতার্থে) বিং, ত্রিং, অবসন্ন, আলস্যযুক্ত। তা - স্ত্রীং, আলস্য-যুক্তা। শিং—১ "অতন্দ্রিতা সা স্বয়মেব বৃক্ষকান্।" (কুমার)।

তন্ত্রিপাল; সং, পুং, সহদেবের নামবিশেষ; বিরাটরাজ্যে বাসকালে তিনি এই নাম ধারণ করিয়াছিলেন। শিং—১ "তন্ত্রিপাল ইতিখ্যাতো নাম্না বিদিতমস্তু তে।"

তন্ত্রিপালক (তন্ত্রি [তন্ত্র সৈন্য+ই—প্রং] সৈন্যাধ্যক্ষ—পালক যে পালন করে বা সাহায্য করে) সং, পুং, রাজা জয়দ্রথ।

তন্ত্রী (তন্ত্র দেখ, ঈ—ক) সং, স্ত্রীং, তাঁত। ২। বীণা। শিং—১"ঘট্টয়ানো নরেন্দ্রাণাং তন্ত্রী-র্বৈরাণি চৈব হ।" (ভারত)। ৩। বীণা প্রভৃতির তার, তাঁইত। ৪। রজ্জু। শিং—১ "ন লঙ্ঘয়েৎ বৎসতন্ত্রীং।" ৫। নদী-বিশেষ। ৬। তন্ত্রিন্) বিং, ত্রিং, দলে প্রবিষ্ট, সম্প্রদায়ের অন্তর্গত, দলাক্রান্ত।

তন্দ্রা (তন্দ্র্ অলস হওয়া+অ—ভা) সং,

স্ত্রীং, অল্পনিদ্রা, নিদ্রাবেশ। শিং-১ "নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা।" ২। অবসন্নতা। ৩। আলস্য।

তন্দ্রালু, তন্দ্রিত (তন্দ্র্ নিদ্রিতহওয়া+আলু, ইত—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, নিদ্রালু, অলস। শিং-১ "য ইদং ধারয়িষ্যন্তি ধর্ম্মশাস্ত্রমতন্দ্রিতাঃ।"

তন্দ্রি, তন্দ্রী, তন্দ্রিকা (তন্দ্র দেখ, ই(ক্রিণ্)—কণ্, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অল্প নিদ্রা। ২। মূর্চ্ছা। ৩। আলস্য। শিং-১ "বিভক্তনক্তন্দিবমস্ততন্দ্রিণা।"

তন্নতন্ন (তদ্—ন তাহা নয়, তদ—ন তাহা নয়) ক্রিং—বিং, তাহা নয় তাহা নয়, খণ্ড খণ্ড। ২। সূক্ষ্মানুসূক্ষ্ম, পুঙ্খানুপুঙ্খ।

তন্নিবন্ধন (তৎ—নিবন্ধন, য়ং—স) সং, ক্লীং, সেই কারণ, সেই বন্ধন। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সেই কারণযুক্ত, সেই বন্ধনযুক্ত।

তন্ময় (তদ্+ময়—স্বরূপার্থে) বিং, ত্রিং, তদাত্মক, তৎস্বরূপ। শিং-১ "তন্ময়ং বিদ্ধি মাং বিপ্র।"

তন্মাত্র (তদ্—মাত্রা পঞ্চভূতান্তর্গত ভূত) সং, ক্লীং, সাঙ্খ্যমতে—সূক্ষ্ম অমিশ্র পঞ্চভূত। ২। (তদ্ সেই—মাত্র কেবল) ক্রিং—বিং, সেইমাত্র, কেবল তাই, তাহার ন্যূন বা অধিক নয়। ৩। তদাত্মক।

তন্বী (তনু+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কৃশাঙ্গী। ২। শালপর্ণী। ৩। চতুর্বিংশতি বর্ণযুক্ত ছন্দ।

তপঃ (তপস্, তপ্ তপস্যা করা+অস্—ণ) সং, ক্লীং, যাহার দ্বারা মন নির্ম্মল হয় তাদৃশ ব্রত নিয়মাদি বৈধ ক্লেশময় কর্ম্ম বিশেষ, তপস্যা, মুনিব্রত। গীতামতে—তপঃ ত্রিবিধ—শারীর, বাচিক ও মানস। দেব, দ্বিজ, গুরু ও প্রাজ্ঞজনের পূজা, শৌচ, ঋজুতা, ব্রহ্মচর্য্য ও অহিংসা এই কয়টী শারীরতপঃ। প্রিয়, হিত, সত্য, অনুদ্বেগকর বাক্য ও স্বাধ্যায়াভ্যাস এই কয়টী বাচিক তপঃ। আর মনঃপ্রসাদ, সৌমত্ব, মৌন, আত্মনিগ্রহ ও ভাবশুদ্ধি এই কয়টী মানস তপঃ। অথবা সাত্ত্বিক, রাজস ও তামস এই তিন প্রকার তপঃ। যাহাতে কোন ফলাকাঙ্ক্ষা নাই তাহার নাম সাত্ত্বিক তপঃ। সৎকার, মান ও পূজার্থ দম্ভপূর্ব্বক যাহা অনুষ্ঠিত হয় তাহার নাম রাজস; রাজস তপঃ অস্থায়ী ও ভঙ্গুর। আর পরের উৎসাদন বা তাদৃশ দুরাগ্রহ বশতঃ আত্মাকে পীড়িত করিয়া যাহার অনুষ্ঠান করা হয়, তাহার নাম তামস তপঃ। মরীচির মতে—যাহার দ্বারা জ্ঞান বিজ্ঞানসম্পন্ন, পাপবিনষ্ট, স্বর্গসাধন ও সিদ্ধি সংঘটিত হয় তাহার নাম তপঃ। বেদান্তাদি মতে—তপঃ ঈশ্বরের বিভূতিবিশেষ। অগ্নিতে ধাতুর ন্যায় পাপাদি মলভার বিগলিত হয়। এই নিমিত্ত ইহার নাম তপঃ। ২। ধর্ম্মার্থ চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র ব্রত। ৩। অদৃষ্ট। ৪। ব্রাহ্মণাদির ধর্ম্ম। শিং-১ "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে। দ্বাপরে যজ্ঞমেবাহুর্দানমেকং কলৌ যুগে।" ৫। (+অস—ভা) আচরণ। ৬। আলোচন। ৭। (+অস—ণ) লোকবিশেষ। ৮। পুং, মাঘমাস। ৯। শিশির ঋতু।

তপঃকর (তপস্—কৃ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, যে তপস্যা করে। ২। সং, পুং, তপ্‌সে মাছ।

তপঃক্লেশসহ (তপঃক্লেশ—সহ্ সহ্যকরা+অ(অন্)—ক) বিং, ত্রিং, তপঃজনিত ক্লেশ যে সহ্য করে।

তপশ্চরণ, তপশ্চারণ (তপস্—চরণ, চারণ, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, তপস্যার অনুষ্ঠান, তপঃসাধন।

তপঃপ্রভাব (তপঃ—প্রভাব, ৬ষ্ঠী—য) সং, পুং, তপস্যার প্রভাব।

তপঃস্থলী (তপস্—স্থল ভূমি, স্থান) সং, স্ত্রীং, কাশী। ২। তপস্যাস্থলমাত্র।

তপ (তপ্ দাহ করা+অ(অন্)—ক) সং, পুং, গ্রীষ্মকাল।

তপৎ (তপ দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, তাপদায়ক। ২। তাপযুক্ত। ৩। প্রকাশমান।

তপতী (তপ তাপ বা সূর্য্য—অত যে সঙ্গে থাকে) সং, স্ত্রীং, সূর্য্যকন্যা, কুরুবংশীয়

সম্বরণ রাজার ভার্য্যা, কুরুরাজের মাতা। ২। সূর্য্যপত্নী, ছায়া। ৩। নদীবিশেষ (Tapti)।

তপন (তপ্ তাপ দেওয়া+অন—ক) সং, পুং, সূর্য্য। শিং—১"প্রতাপাত্তপনো যথা।" ২। গ্রীষ্মঋতু। ৩। সূর্য্যকান্তমণি। ৪। আকন্দগাছ। ৫। অগ্ন্যাদি-দাহাত্মক নরক বিশেষ। ৬। অগ্নিবিশেষ। ৭ (+অনট্—ভা) তাপ। ৮। বিং, ত্রিং, সন্তাপজনক নী—স্ত্রীং, গোদাবরী নদী।

তপনতনয় (তপন সূর্য্য—তনয় সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। ২। কর্ণ। ৩। শনি। য়া—স্ত্রীং,যমুনা নদী। ২। শমীবৃক্ষ।

তপনমণি (তপন—মণি রত্ন) সং, পুং, সূর্য্যকান্তমণি।

তপনাত্মজা (তপন সূর্য্য—আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোদাবরী। ২। যমুনা।

তপনীয় (তপ দেখ, অনীয়—র্ম্ম) সং, ক্লীং, স্বর্ণ,কাঞ্চন। শিং—১ "অসংস্পৃশন্তৌ তপনীয়পীঠম্।" (রঘু)। ২। কনকধুস্তুর। ৩। বিং, ত্রিং, যাহা উত্তপ্ত করিবার উপযুক্ত,যাহা সন্তপ্ত করা উচিত বা আবশ্যক।

তপনেষ্ট (তপন—ইষ্ট অভিলষিত, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

তপস (তপ দেখ, অস(অসচ্)—ক,সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র। ২। সূর্য্য। ৩। পক্ষী।

তপস্তক্ষ (তপস্—তক্ষ যে [কাষ্ঠাদি চাঁচে] কৃশ হয়। তপস্যাদ্বারা যিনি কৃশ হইয়াছিলেন) সং, পুং, ইন্দ্র।

তপস্য (তপস্+য(ক্ষ্য)—ভাবে) সং, পুং, ফাল্গুনমাস। ২। ফাল্গুন নাম বলিয়া অর্জ্জুন। ৩। তপশ্চরণ। ৪। ক্লীং, কুন্দপুষ্প। ৫। বিং, ত্রিং, তপস্যারত।

তপস্যা (তপস্+য(ক্যপ্), অ—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তপঃ, পুণ্যোদ্দেশে ক্লেশজনক কর্ম্ম, ক্লেশসহনাভ্যাস, ধর্ম্মসঞ্চয়, পাপক্ষয় বা অভিপ্রেত সাধনের নিমিত্ত অরণ্য প্রভৃতি নির্জ্জন স্থানে কঠোর নিয়মে দেবতার আরাধনা। শিং—১ "অথাস্য বুদ্ধিরভবত্তপস্যে ভরতর্ষভ।" ২। ব্রতচর্য্যা।

তপস্বী (তপস্বিন্, তপস্+বিন্—অস্ত্যর্থে। স্বাধ্যায়রূপতপঃ, সময়রূপতপঃ এবং মনের সহিত ইন্দ্রিয়গণের একাগ্রতারূপতপঃ এই তিন প্রকার তপস্যাবিশিষ্টকে "তপস্বী" কহে। স্বাধ্যায় অর্থাৎ বেদাদিপাঠ, সময় অর্থাৎ নিয়মাদি পালন, এবং মনের সহিত ইন্দ্রিয়গণের একাগ্রতা অর্থাৎ স্থিরত্ব সম্পাদন না করিলে তপস্বী হওয়া যায় না। "যাঁহার একাধারে বশিত্ব, নিয়মিত্ব ও বৈদিকত্ব এই তিনগুণ বিদ্যমান আছে তিনিই প্রকৃত তপস্বী") সং, পুং, যে সংসার পরিত্যাগ পূর্ব্বক অরণ্যবাস আশ্রয় করিয়া অনন্যমনা ও অনন্যকর্ম্মা হইয়া দেবতার আরাধনা করে, তাপস, মুনি। শিং—১ "পূর্য্যমাণমদৃশ্যাগ্নি প্রত্যুদ্যাতৈস্তপস্বিভিঃ।" ২। তপ্‌সেমাছ। ৩। বিং, ত্রিং, যে তপস্যা করে। ৪। ধার্ম্মিক। ৫। ক্লেশসহিষ্ণু। ৬। চান্দ্রায়ণাদি ব্রতধারী ৭। মৃদুস্বভাব। ৮। দীন। ৯। নির্দ্দোষ।

তপাত্যয় (তপ গ্রীষ্মকাল—অত্যয় নাশ, ৭মী—হিং। যে কালে গ্রীষ্মের অবসান হয়) সং, পুং, বর্ষাকাল। শিং—১ "তপাত্যয়ে বারিভিরুক্ষিতা নবৈঃ।" (কুমার)।

তপাস—অন্বেষণ করা, অনুসন্ধান করা।

তপোদান; সং, ক্লীং, তীর্থবিশেষ।

তপোধন (তপস্—ধন, তপস্যাই যাহার ধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে তপস্যা ভিন্ন অন্য কোন বিষয়ের আকাঙ্ক্ষা রাখে না. মুনি, ঋষি, তপস্বী। শিং—১ "তপোধনাভাগ্যমসম্ভবা মুদঃ।" (মাঘ)। ২। মুণ্ডীরবৃক্ষ। ৩। (তপঃ—ধন,য়ং—স) তপস্যারূপ ধন। শিং—১ "যত্ তাবদতিক্রান্তং ধর্ম্মদ্বারং তপোধনম্।" ৪। তপোলভ্য স্বর্গাদি। শিং—১ "সর্ব্বরত্নবরঃ স্বর্গে পারিজাতস্তপোধনঃ।"

তপোনিধি (তপস্—নি—ধা ধারণ করা+ই(কি)—ধি। অথবা তপঃ—নিধি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তপস্বী। শিং—১ "বিধেঃ সায়ন্তনস্যান্তে স দদর্শ তপোনিধিম্।" ২ "পতৎ পতঙ্গপ্রতিমস্তপোনিধিঃ।"

তপোভৃৎ (তপঃ—ভৃ ধারণ করা+০(ক্বিপ্)

—ক) বিং, ত্রিং তপোধারক। শিং—১ স্বর্গে তপোভৃতাং রাজন্ ফলং পুণ্যস্য কর্ম্মণং।" (হরিবংশ)।

তপোময় (তপস্+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, তপঃপ্রধান। ২। সং, পুং, পরমেশ্বর। য়ী—স্ত্রীং, তপঃপ্রধানা। শিং—১ "উপর্য্যুপরি তত্রাপি গতিস্তব তপোময়ী।

তপোমূর্ত্তি (তপস্—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পরমেশ্বর। ২। তপস্বী। ৩। রুদ্রসাবর্ণিরূপ তামস মন্বন্তরে সপ্তর্ষিমধ্যে ঋষিবিশেষ।

তপোরতি (তপস্—রতি, ৭মী—হিং) বিং, ত্রিং, তপঃপরায়ণ। ২। সং, পুং, চতুর্থমন্বন্তরীয় ঋষিবিশেষ।

তপোলোক; সং, পুং, পৃথিবীর কোটি যোজন উর্দ্ধস্থিত লোকবিশেষ।

তপোবট (তপস্—বট যে বেষ্টন করে) সং, পুং, ব্রহ্মাবর্ত্তদেশ।

তপোবন (তপস্—বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মুনিদিগের আশ্রম, যেখানে তাপসেরা তপস্যা করে। শিং—১ "তপোবনাবৃত্তিপথং গতাভ্যাম্।" (রঘু)। ২। তন্নামক তীর্থবিশেষ। ৩। বৃন্দাবনের একটী বন। এই খানে গোপকন্যাগণ কাত্যায়নীব্রত করেন।

তপ্ত (তপ উত্তপ্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সন্তাপযুক্ত, উষ্ণ। ২। খেদযুক্ত। ৩। পুটপাকশোধিত, পোড়দেওয়া। ৪। অনলে সন্তপ্ত। শিং—১ "স তপ্তকার্ত্তস্বরভাস্বরাম্বরঃ।" (মাঘ)। ৫। ক্রুদ্ধ, রুষ্ট, কুপিত। ৬। দুঃখিত, শোকার্ত্ত। ৭। যাহা গলান গিয়াছে। ৮। দগ্ধ, জ্বলিত। ৯। (+ক্ত—র্ম্ম) আচরিত।

তপ্তকাঞ্চন (তপ্ত—কাঞ্চন, যং—স) সং, ক্লীং, অগ্নিসংযোগে বিশুদ্ধ কাঞ্চন। শিং,—১ "তপ্তকাঞ্চনবর্ণাভাং।" (দুর্গাধ্যান)।

তপ্তকুম্ভ (তপ্ত—কুম্ভ কলসী) সং, পুং, নরকবিশেষ।

তপ্তকৃচ্ছ্র (তপ্ত তাপযুক্ত—কৃচ্ছ্র ব্রত) সং, পুং, ব্রতবিশেষ, যে ব্রতে তিন দিবস উষ্ণ দুগ্ধ ঘৃত ও জল পান করিতে হয়।

তপ্তপাষাণকুণ্ড—ক্লীং } (তপ্ত—পাষাণ প্রস্তর—কুণ্ড কূপ।
তপ্তবালুক—পুং }
তপ্ত—বালুকা বালি) সং, নরকবিশেষ।

তপ্তপোষ (দেশজ) কাষ্ঠনির্ম্মিত শয়নাধারবিশেষ।

তপ্তমাষ (তপ্ত—মাষ, যং—স) সং, পুং, মাসপরিমিত তপ্ত সুবর্ণাদি।

তপ্তরহস (তপ্ত তপ্তস্থানবৎ—রহস নির্জ্জন। বহ্নিতপ্তবৎ নির্জ্জন) সং, ক্লীং, অন্যের অনধিগম্য স্থান। ২। অকথ্য কথন।

তপ্তরূপক (তপ্ত—রূপক রৌপ্য) সং, ক্লীং, [রৌপ্য।


তফাৎ (আরবী তফাওৎ শব্দজ) সং, পৃথক্; দূরস্থ। ২। বিং, দূর; ভিন্ন।

তব (ষষ্ঠ্যন্ত যুষ্মদ্ শব্দজ) তোমার।

তবু (দেশজ) অং, তথাপি, তদ্রূপ হইলেও।

তবে (দেশজ) ক্রিং—বিং, সেই জন্যে, তদা, পরে।

তবলা (আরবী) বাদ্যযন্ত্রবিশেষ; ইহার সংস্কৃত নাম তলমৃদঙ্গ। ইহা সভ্য যন্ত্র। ইহা দক্ষিণক ও বামক বা ডাহিনা ও বাঁয়া এই দুই ভাগে বিভক্ত। মৃদঙ্গাদি যন্ত্রের যেমন দক্ষিণ ও বাম দুই দিকে বাদিত হয়,



তবলা।

ইহা তাহা না হইয়া ঐ দুইটী ভিন্ন ভিন্ন খণ্ডে বাদিত হইতে পারে এবং সেতারায় বা কখন কখন গীতাদিতে সঙ্গতের জন্য ব্যবহৃত হয়। কিন্তু দক্ষিণক তদ্রূপ ব্যবহৃত হইতে পারে না। দক্ষিণক বামকের সহিত প্রযুক্ত হয়।

তমঃ (তমস্, তম্ খিন্ন হওয়া+অস—ণ) সং, ক্লীং, তমোগুণ, মোহ; ইহা প্রকৃতির তৃতীয় গুণ। এই গুণের প্রাধান্য হইলে মনুষ্য কাম ক্রোধ মোহ মদ হিংসা দ্বেষ প্রভৃতি নীচপ্রবৃত্তির বশবর্ত্তী হয়; যথা—
"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার,
সত্ব রজ তমো গুণ প্রকৃতি তাঁহার

রজোগুণে বিধি তাহে লোভের উদয়,
তমোগুণে শিবরূপ অহঙ্কার ময়।
সত্ত্বগুণে নারায়ণ কেবল চিন্ময়,
যুক্তি করি দেখ বিষ্ণু বিনা মুক্তি নয়।
তমোগুণে অধোগতি অজ্ঞানের পাকে,
মধ্যগতি রজোগুণে লোভে বান্ধা থাকে।
সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি,
অতএব হরি ভজ এই সার যুক্তি।
* * * *
ইথে বুঝি ব্রহ্মরূপ তমঃ বিনা নয়,
নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়।
তমগুণে অহঙ্কার দোষ কিবা দিবে,
অহঙ্কার নহিলে কি ভেদ ব্রহ্ম জীবে।
সত্ত্ব রজঃ প্রভাব ক্ষণেক বিনা নয়,
তমর প্রভাব দেখ চিরকাল রয়।
রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব,
সত্ত্বগুণে পালন বিবিধ উপদ্রব।
তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম,
বুঝহ লক্ষণে আর মোক্ষ কার নাম।
রজোগুণে কৌমার যৌবন সত্ত্বগুণে,
তমোগুণে জরা দেখ গুরু কোটিগুণে।
রজোগুণে বিধি তার নাভিতটে স্থান,
সত্ত্বগুণে বিষ্ণুর হৃদয়ে অধিষ্ঠান।
তমোগুণে শিব তার ললাটে আলয়,
ভাবি দেখ তমোগুণ কত উচ্চ হয়।"
(অন্নদামঙ্গল)।

শিং—১ "সত্ত্বং জ্ঞানং তমোঽজ্ঞানং রাগদ্বেষৌ রজঃস্মৃতম্।" ২। অন্ধকার।৩। নরক। ৪। শোক। ৫। মোহ। ৬। পাপ। ৭। অজ্ঞান। ৮। গর্ব্ব, অহঙ্কার। ৯। গুণবিশেষ। ১০। (স্বামী বলেন তমঃকান্তি বলিয়া রাহুর নাম তমঃ) পুং—ক্লীং, রাহু।

তম (তম্ খেদ করা+অল্—ণ) সং, পুং, তমোগুণ। ২। ক্লীং, অন্ধকার। ৩। (+অল্—ক) রাহু। ৪। বিং, ত্রিং, ক্লান্ত। ৫। অধিক, (অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইতে গুণবাচক শব্দের পর তম প্রত্যয় হয়; যথা—বৃহত্তম, সূক্ষ্মতম ইত্যাদি। মা, মী—স্ত্রীং, (+অল্—ণ(রাত্রি। ২। তমাল বৃক্ষ। [সীসা।

তমর (তম দেখ, অর—প্রং)সং,ক্লীং, সীসক,

তমস (তমঃ দেখ, অস(অসচ)—ণ)সং, ক্লীং, অন্ধকার। সা—স্ত্রীং, নদীবিশেষ, যমুনার উৎপত্তি স্থানের সন্নিহিত গরোয়াল দেশের অন্তর্গত তন্স নদী। শিং—১ "স তু তীরং সমাসাদ্য তমসায়াঃ মুনিস্তদা।"

তমসুক(আরবী মস্ক শব্দজ) অধমর্ণ রাজকীয় পত্রে যাহা লিখিয়া দিয়া উত্তমর্ণের নিকট ঋণ-স্বরূপ অর্থাদি গ্রহণ করে, খত।

তমস্কাণ্ড; সং, পুং, তমঃসমূহ। শিং—১ "ক্ষপাতমস্কাণ্ডমলীমসং নভঃ।" (মাঘ)।

তমস্ততি (তমস্ অন্ধকার—ততি বিস্তার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ঘোর অন্ধকার।

তমস্বী (তমস্বিন্, তমস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, তমোযুক্ত। নী—স্ত্রীং, অন্ধকারময়ী রাত্রি, রজনী। ২। হরিদ্রা। শিং, —১ "অদৃশ্যমানস্তস্যাদ্য তমস্বিন্যামনিন্দিতে।" [রজনী, রাত্রি।

তমা (তম দেখ, আপ্—স্ত্রীং,) সং, স্ত্রীং,

তমাক
তামাক } (সংস্কৃত তাম্রকূট,অথবা আমেরিকান্ তাম্বাকু শব্দজ) সং, তামাকু, তাম্রকূট।

তমাল (তম্ ম্লান হওয়া+আল(কালন্)—ক) সং, পুং, তাপিঞ্জ বৃক্ষ। শিং—১ "তমালদলনীলতমং তমিস্রম্।" ২। চন্দন তিলক। ৩। খড়্গ।

তমালক (তমাল+ক—তুল্যার্থে বা নিষ্প্রয়োজনার্থে) সং, ক্লীং, সুষুনিশাক। ২। তেজপাত। ৩। পুং—ক্লীং, তমাল বৃক্ষ।

তমালপত্র(তমাল—পত্র, ষং—স+৬ষ্ঠী—স) সং, ক্লীং, তিলক, ফোঁটা। ২। তমাল বৃক্ষের পাতা। শিং—১ "তমালপত্রাস্তরণাসু মলয়স্থলীষু।" ২ "তমালপত্রচন্দন গন্ধ।" ৩। পুং, তমালবৃক্ষ।

তমালিকা
তমালিনী } (তমাল বৃক্ষবিশেষ+ইক ইন্—সম্বন্ধার্থে। তমাল বৃক্ষ ঐ দেশে বহুল পরিমাণে পাওয়া যায়)সং, স্ত্রীং, তমলুক। [পূর্ণ,সমস্ত,অঙ্গহীন নয়।

তমাম্ (আরবী তম্ সম্পূর্ণ হওয়া) সম্পূর্ণ,

তমি, তমী (তম্+ই—ণ) সং,স্ত্রীং, রাত্রি।

তমিনাথ-মী (তমি রজনী—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

তমিস্র (তমস্‌+র—অস্ত্যর্থে, নিপাতন) সং পুং—ক্লীং, অন্ধকার। ২। অন্ধতমস। ৩। ক্রোধ। ৩। অজ্ঞান। ৫। বিং, ত্রিং, তমোযুক্ত, অন্ধকারযুক্ত। স্রা—স্ত্রীং, গাঢ় অন্ধকারে আচ্ছন্ন রাত্রি। ২। অন্ধকার রাশি। শিং—১ "সূর্য্যে তপত্যাবরণায় দৃষ্টেঃ কল্পেত লোকস্য কথং তমিস্রা।"

তমিস্রপক্ষ ; সং, পুং, কৃষ্ণপক্ষ।

তমোগুণ (তমস্—গুণ) সং, পুং, প্রকৃতির তৃতীয় গুণ ; এই গুণের প্রাধান্য হইলে মনুষ্য কাম ক্রোধাদি নীচ প্রবৃত্তির বশবর্ত্তী হইয়া চলে।

তমোঘ্ন (তমস [প্রাকৃতির বা নীতিবিষয়ক] অন্ধকার—ঘ্ন [হন বধ করা+অ(টক্)—ক] যে নাশ করে) সং, পুং, অগ্নি। ২। চন্দ্র। ৩। সূর্য্য। ৪। বুদ্ধ। ৫। বিষ্ণু। ৬। শিব। ৭। দীপ। ৮। জ্ঞান। ৯। বিং, ত্রিং, তমোনাশক।

তমোজ্যোতিঃ (তমোজ্যোতিস্, তমস্ অন্ধকার—জ্যোতিস্ দীপ্তি) সং, পুং, খদ্যোত।

তমোনুদ্ / তমোনুদ (তমস্—নুদ্ বা নুদ [নুদ্ ক্ষেপণকরা+০(ক্বিপ্), অ(ক)—ক) যে ক্ষেপণ করে, ২য়া—ষ) সং, পুং, অগ্নি। ২। চন্দ্র। ৩। সূর্য্য। ৪। দীপ। ৫। পুত্র। ৬। জ্ঞান। ৭। বিং, ত্রিং, অন্ধকারনাশক। ৮। অজ্ঞাননাশক।

তমোপহ (তমস্ অন্ধকার—অপহ [অপ—হন্ বধকরা+অ(ড)—ক] যে নাশ করে, দূর করে) সং, পুং, অগ্নি। ২। সূর্য্য। ৩। চন্দ্র। ৪। দীপ। ৫। জ্ঞান। ৬। পুত্র। ৭। বিং, ত্রিং, অন্ধকারনাশক। শিং—১ "পুত্রং তমোঽপহং লেভে নক্তং জ্যোতিরিবৌষধিঃ।" ৮। মোহনাশক। শিং—১ "আগমাদিব তমোঽপহাদিতঃ।"

তমোভিদ্ (তমস্ অন্ধকার—ভিদ্ [ভিদ ভেদ করা+০(ক্বিপ্)—ক] যে ভেদ করে) সং, পুং, খদ্যোত। ২। বিং, ত্রিং, অন্ধকারভেদক।

তমোমণি (তমস্ অন্ধকার—মণি রত্ন) সং, পুং, খদ্যোত। ২। গোমেদ মণি।

তমোময় (তমস্+ময়—প্রং) বিং, ত্রিং, অন্ধকারে আচ্ছন্ন। ২। অজ্ঞানাবৃত। ৩। অহঙ্কারে পরিপূর্ণ। ৪। সং, পুং, রাহু। শিং—১ "তমোময়ং সৈংহিকেয়াখ্যম্।"

তমোরি (তমস্—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। বহ্নি। ৪। জ্ঞান।

তমোলিপ্তী (তমস্ [অন্ধকার] পাপ—লিপ্ত। যে দেশের লোকেরা পাপে লিপ্ত) সং, স্ত্রীং, তমলুক।

তমোবিকার (তমস্—বিকার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রোগ, পীড়া।

তমোবৃধ্ (তমস—বৃধ বৃদ্ধি পাওয়া+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, ঘোর অন্ধকারে আচ্ছন্না রজনীতে ভ্রমণশীল (রাক্ষসাদি)। ২। অজ্ঞানবদ্ধ।

তমোহর (তমস্ অন্ধকার—হর যে হরণ করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র। ২। সূর্য্য। ৩। বিং, ত্রিং, তমোনাশক, অজ্ঞাননাশক।

তমোহা (তমোহন্, তমস্—হন্ নষ্ট করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, চন্দ্র। ২। সূর্য্য। শিং—১ "তমোহা যদি পাপেন ত্রয়ৈবৈব হি বীক্ষিতঃ।" ৩। বিং, ত্রিং, অন্ধকারনাশক, অজ্ঞাননাশক।

তম্পা (তম ইচ্ছা করা+প—প্রং) সং, স্ত্রীং, গাভী, গাই।

তম্বা (তম্পা দেখ, প=ব) সং, স্ত্রীং, গাভী।

তম্বি (যাবনিক) শাসন, তাড়ন, ধমকান, তাগাদা।

তম্র (তম তাড়ন করা+র—ণ) বিং, ত্রিং, গ্লানিসাধন।

তয়ফা (আরবী 'তওফ' অর্থে চতুর্দ্দিক ভ্রমণ করা। পূর্ব্বে রজনীযোগে চৌকীদারের ন্যায় গায়ক গায়িকারা বাটী বাটী ফিরিয়া গান করিত সেই জন্য আধুনিক নৃত্যকারিণী স্ত্রীদিগকে তয়ফা বলা যায়) নর্ত্তক সম্প্রদায়।

তর (তৃ পার হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, তরণ, পার হওয়া। ২। সন্তরণ। ৩। গতি। ৪। (+অল্—ধি) পথ। ৫। (+অল্—ণ) পারাণিকড়ি। শিং—১ "দীর্ঘাধ্বনি যথাদেশং যথাকালং তরো ভবেৎ।" (মনু)। ৬। (+অন্—ক) বিং, ত্রিং, পারগামী। ৭। ন্যূন, (দুয়ের মধ্যে

একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে, গুণবাচক শব্দের পর তর প্রত্যয় হয়; যথা—ক্ষুদ্রতর, ক্ষীণতর ইত্যাদি। ৮। (দেশজ) প্রকার, ন্যায়।

তরকারী (তৃপ্তিকারী শব্দজ কি ?) সং, আনাজ, ব্যঞ্জনের যোগ্য ফলমূলাদি।

তরক্ষু } (তর পথ—ক্ষি ক্ষয় করা+ উ(ডু)—ক, যে পথকে নষ্ট করে)
তক্ষু } সং, পুং, নেকড়িয়া বাঘ।

তরঙ্গ (তৃ [পারহওয়া] গমন করা+অঙ্গ(অঙ্গচ)—র্ম্ম, যে উর্দ্ধ বা বক্রভাবে গমন করে) সং, পুং, ঊর্ম্মি, ঢেউ। শিং—১ "সমীরণোত্থেন তরঙ্গলেখা।" (রঘু)। ২। ভঙ্গি, চুনাট। ৩। কম্প।

তরঙ্গিণী (তরঙ্গ+ইন্—অস্ত্যর্থে,ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তরঙ্গবতী, নদী। শিং—১"গজবাজিমনুষ্যাণাং শোণিতানাং তরঙ্গিণী। প্রাবর্ত্তত তত্র নদী।"

তরঙ্গিত (তরঙ্গ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, তরঙ্গযুক্ত। ২। চঞ্চল। ৩। ভঙ্গিবিশিষ্ট। শিং—১ "মহাব্যূহম্—সাগরপ্রতিমং ঘোরং বাহনোর্ম্মিতরঙ্গিতম্।"

তরণ (তর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পারগমন। শিং—১ "ভবতি ভবার্ণবতরণে নৌকা।" ২। প্লবন। ৩। দেশান্তর গমন। ৪। (+অনট্—ণ) পুং, ডোঙ্গা। ৫। ভেলা, মাড়। ৬। (+অনট্—ধি) স্বর্গ।

তরণি (তৃ পারহওয়া+অনি—ণ, যাহা দ্বারা নদ্যাদি পার হয়) সং, স্ত্রীং, নৌকা। ২। ভেলা, তৈলক, মাড়। শিং—১ "সোঽয়ং ব্যাকরণার্ণবৈকতরণিঃ।" ৩। শীঘ্রগামী। ৪। (+অনি—ক) পুং, সূর্য্য। ৫। কিরণ। ৬। আকন্দবৃক্ষ। ৭। তাম্র। ৮। বিং,ত্রিং, উদ্ধারকর্ত্তা।

তরণিপেটক (তরণি—পেটক পেটরা, ঝাপি প্রভৃতি) সং, পুং, জলতোলা কেটো।

তরণিরত্ন; সং, ক্লীং, পদ্মরাগমণি।

তরণী (তরণি দেখ) সং, স্ত্রীং, নৌকা। ২। ভেলা। ৩। ঘৃতকুমারী।

তরণ্ড (তৃ জলে ভাসিয়া যাওয়া+অণ্ড (অণ্ডন্)—ণ) সং, পুং—ক্লীং, ভেলা, মাড়। ২। মৎস্য ধরিবার সূত্রের মধ্যে বদ্ধ ফাতা। ৩। পুং, দেশবিশেষ। ৪। ত্রিং, নৌকা।

তরণ্ডক; সং, ক্লীং, তীর্থবিশেষ। শিং—১ "ততো গচ্ছেত রাজেন্দ্র দ্বারপালং তরণ্ডকম্।" ২। বড়িশসূত্রগ্রথিত লঘুকাষ্ঠবিশেষ, ফাতা। শিং—১ "সংসার সাগরাবর্ত্ত-পতজ্জন্তুতরণ্ডকম্।"

তরণ্ডপাদী (তরণ্ড দাঁড়—পাদ পা। পায়ের পরিবর্ত্তে যাহার দাঁড় আছে) সং, স্ত্রীং, নৌকা। ২। ভেলা।

তরতম; বিং, ত্রিং, ন্যূনাধিক।

তরতিব্ (আরবী) সজ্জিত। ২। নিয়মানুযায়ী।

তরন্ত (তৃ পার হওয়া+অন্ত—প্রং) সং, পুং, সমুদ্র। ২। প্লব। ৩। ভেক। ৪। রাক্ষস। ন্তী—স্ত্রীং, নৌকা।

তরন্তুক; সং, ক্লীং, কুরুক্ষেত্র স্থানবিশেষ। শিং—১ "তরন্তুকারন্তুকয়োর্যদন্তরং রামহ্রদানাং স চক্রুকস্য চ। এতৎ কুরুক্ষেত্র সমন্তপঞ্চকং পিতামহস্যোত্তরবেদিরুচ্যতে।"

তরপণ্য (তর [নদীর] পারগমন—পণ্য শুল্ক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আতর, পারাণিকড়ি।

তরপদী (Nattatores) যাহারা পাদদ্বারা সন্তরণ করে; যথা—হংসাদি।

তরফ (আরবী তরফ অর্থে একদিকে যাওয়া) পক্ষ, দিক্,। ২। শেষসীমা, ধার। ৩। মহালের অন্তর্গত গোমস্তাদিগের অধীন স্থানকে তরফ কহে।

তরমান (তৃ+আন(শান)—ণ। যাহা দ্বারা পার হওয়া যায়) সং, পুং, নৌকা, তরি। ২। (+শান—ক) বিং, ত্রিং, যে নদী প্রভৃতি পার হইতেছে।

তরমুজ (পারস্য তরবুজ শব্দজ) ফলবিশেষ।

তরল (তৃ [পার হওয়া] গমন করা+অল—ক) বিং, ত্রিং, কম্পমান। ২। চঞ্চল। ৩। দ্রব। ৪। পাতলা। শিং—১ "তাম্রাশতিস্তরলবিদ্যুদিবাভ্রবৃন্দম্।" (রঘু)। ৫। দীপ্তিবিশিষ্ট। শিং—১ "তারাবিতানতরলা ইব যামবত্যঃ।" (কিরাত)। ৬।

কামুক। ৭। উজ্জ্বল। ৮। সং, পুং, হার-মধ্যমণি, ধুকধুকি। শিং—১ "প্রবাল মুক্তান্তরলাশ্চ হারাঃ।" ৮। হার। লা—স্ত্রীং, মদ্য। ২। মৌমাছি। ৩। বিং—স্ত্রীং, চঞ্চলা। শিং—১ "নিসর্গতরলা নারীঃ কো নিয়ন্তুমিতুং ক্ষমঃ।"

তরললোচনা (তরল চঞ্চল—লোচন নয়ন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, চঞ্চলাক্ষি, যে নারীর নয়ন চঞ্চল।

তরলিত (তরল+ইত—সংজাতার্থে। অথবা তরল+ক্বি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত। ২। দ্রবীভূত। ৩। বিস্তারিত।

তরবার } (তর গমন—বৃ নিযুক্ত করা তরবারি } +অ(ষণ), ই(কি)—র্ম্ম। যাহাকে শত্রুদের মধ্যে গমন করায়। অথবা তর আঘাত—বারি বারণ করা। যে আঘাত বারণ করে) সং, পুং, খড়্গ, তরওয়াল।

তরবুজ (পারস্য ভাষা) সং, ক্লীং, তরমুজ।

তরস (তৃ গমন করা+রস(অসচ)—খি। অথবা তরস্ বল+অ—প্রং। যাহাতে বল আছে) সং, ক্লীং, মাংস। শিং—১ "তরসময়াঃ পূর্ব্বোক্তভাগাঃ।" ২। বিং, ত্রিং, বেগযুক্ত।

তরসা (তর দেখ, অসাচ্—ণ) অং, ঝটিতি, শীঘ্র। শিং—১ "কৈলাসনাথং তরসা জিগীষুঃ।" (রঘু)।

তরস্ (তৃ গমন করা+অস্—ভাবে) সং, ক্লীং, বেগ। ২। (+অল্—ণ) বল। ৩। রোগ। ৪। ভেলা। ৫। (+অল্—র্ম্ম) তীর, রোধঃ।

তরস্ত (ত্রস্ত শব্দজ) ব্যস্ত। ২। দ্রুতগামী।

তরস্থান (তর পারগমন, উত্তরণ—স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, উত্তরণস্থান, ঘাট। ২। পারের ভাড়া লইবার স্থান।

তরস্বান্ (তরস্বৎ, তরস+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবান্। ২। বলবান্।

তরস্বী (তরস্বিন্, তরস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দ্রুতগামী, বেগবান্। ২। বলবান্। ৩। রোগগ্রস্ত। শিং—১ "নির্জ্জিতেষু তরসা তরস্বিনা।" ৪। সং, পুং, বায়ু ৫। গরুড়। ৬। চতুর্থমনুর পুত্র।

তরাজু (পারস্যভাষা) দাঁড়ি, পাল্লা, নিক্তি।

তরান্ধু (তর পারগমন—অম্বু জল) সং, পুং, নৌকাবিশেষ, ভড়।

তরালু (তর পারগমন+আলু—প্রং। অথবা তর—অল্ গমন করা+উ(উন্)—ক) সং, পুং, নৌকাবিশেষ, ভড়।

তরি } (তরণি দেখ, ই, ঈ—ণ) সং, স্ত্রীং, তরী } নৌকা, তরণি। শিং—১ "জীর্ণা-তরিঃ সরিদতীব গভীরনীরা।" ২। বস্ত্রাদি পেটিক। ৩। বস্ত্রদশা। ৪। (+ণিন্—ক) বিং, ত্রিং, পারগামী।

তরিক (তরি দেখ, ক—যোগ) সং, পুং, পার গমনের শুল্কগ্রহণকারী। কা—স্ত্রীং, নৌকা।

তরিতা; সং, স্ত্রীং, তর্জ্জনী। ২। গাঁজা।

তরিত্র (তৃ পার হওয়া+ত্র(ষ্ট্রণ)—ণ, ই—আগম) সং, ক্লীং, তরণসাধন, নৌকাদি। শিং—১ "অতরিত্রানিব জলে বাহুভির্মা-মকারণে।" [প্রতিপালন।

তরিবৎ (যাবনিক) [illegible]ক্ষা, উপদেশ। ২।

তরীষ (তৃ পার [illegible]য়া+ঈষ—সংজ্ঞার্থে) সং, পুং, স[illegible]। ২। স্বর্গ। ৩। ভেলা। ৪। ব্যবসায়। ৫। শুষ্কগোময়। ষী—স্ত্রীং, ইন্দ্রকন্যা।

তরু (তৃ [পারহওয়া] উৎপন্ন হওয়া+উ(উন্)—ক। বা +উন্—পা। অথবা+উন্—ণ। যাহা হইতে বা যাহা দ্বারা ফুল ফল জন্মে) সং, পুং, বৃক্ষ, গাছ। শিং—১ "পুত্রেতি তন্ময়তয়া তরবোঽভিনেদুঃ। তরুযুচুচুবুরুচৈঃ পক্ষিণশ্চানুকূলাঃ।"

তরুক্ষ (তৃ পালন করা+উক্ষ(উক্ষন)—ক) বিং, ত্রিং, গো অশ্বাদির পালনে নিযুক্ত। শিং—১ "তরুক্ষে গবাশ্বাদীনাং তারকে গবাদ্যধিকৃতে বা।"

তরুজীবন (তরু বৃক্ষ—জীবন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বৃক্ষমূল, গাছের গোড়া।

তরুণ (তৃ পার হওয়া+উন—ক) সং, পুং, যাহার যৌবনকাল উপস্থিত হইয়াছে, যুবা। শিং—১ "স চচার গদাপাণি র্বৃদ্ধো-ঽপি তরুণো যথা।" ২। বিং, ত্রিং, অল্প, অনধিক, অপরিপক্ক; যথা—তরুণবয়স। ৩। নূতন, নবীন, অভিনব; যথা—তরুণ-

স্বর। ণী—স্ত্রীং, যুবতী। শিং—১ "বৃদ্ধস্য তরুণী বিষম্।" ২। ঘৃতকুমারী। ৩। দন্তী-বৃক্ষ। ৪। কুঞ্জবৃক্ষ। ৫। চিড়ানামক গন্ধ-দ্রব্য।

তরুণজ্বর (তরুণ—জ্বর, স্থং—স) সং, পুং, নবজ্বর। শিং—১ "আসপ্তরাত্রং তরুণং জ্বরমাহুর্মনীষিণঃ।"

তরুণদধি; সং, ক্লীং, সদ্যোজাত দধি। শিং—১ "শুষ্কং মাংসং স্ত্রিয়ো বৃদ্ধা বালার্কস্তরুণংদধি। প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃ প্রাণহরাণি ষট্।"

তরুতল (তরু—তল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বৃক্ষের মূল, গাছের তলা, বৃক্ষের মূলের চতুঃপার্শ্ববর্ত্তী স্থান, মধ্যাহ্নকালে মূলের চতুর্দ্দিকে যতদূর ছায়া পড়ে।

তরুতূলিকা (তরু বৃক্ষ—তূলিকা তূল। বৃক্ষশাখায় যে তূলের ন্যায় ঝুলিয়া থাকে) সং, স্ত্রীং, বাদুড়।

তরুনখ; সং, পুং, কণ্টক, কাঁটা।

তরুভুক্ (তরু—ভুজ্ ভোজন করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, পরগাছা।

তরুমৃগ (তরু বৃক্ষ—মৃগ পশু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শাখামৃগ, বানর।

তরুরাগ (তরু বৃক্ষ—রাগ প্রীতি, ৫মী—হিং। তরুর প্রীতি জন্মায় যাহা হইতে) সং, পুং, নবপল্লব, কিশলয়।

তরুরাজ (তরু—রাজন্ রাজা, প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তালগাছ।

তরুরুহ (তরু—রুহ [রুহ আরোহণ করা +অ(ক)—ক] যে আরোহণ করে) সং, পুং, হা—স্ত্রীং, বৃক্ষজাত বৃক্ষান্তর, পরগাছ।

তরুবল্লী (তরু—বল্লী লতা) সং, স্ত্রীং, তরুরুহা।

তরুবিলাসিনী; সং, স্ত্রীং, নবমল্লিকা।

তরুশায়ী (তরুশায়িন্, তরু বৃক্ষ—শী শয়ন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, পক্ষী। ২। বিং, ত্রিং, যে বৃক্ষে শয়ন করিয়া থাকে।

তরুসার (তরু বৃক্ষ—সার সারাংশ) সং, পুং, কর্পূর।

তরূট; সং, পুং, পদ্মের মূল, গেঁড়ো।

তরে; অং, জন্যে, নিমিত্তে; যথা—"তুমি মর যার তরে সে তোমায় চায় না।"

তর্ক (তর্ক্ বিতর্ক করা, দীপ্তি পাওয়া+অ(অল্)—ভা) সং, পুং, বিতর্ক। ২। যুক্তি, বিচার। ৩। বাদানুবাদ। শিং—১ "শুষ্ক-তর্কং পরিত্যজ্য আশ্রয়স্ব শ্রুতিং স্মৃতিম্" ২। "তেষাং(ধাতূনাং) মনুষ্যাস্তর্কেণ প্রমাণানি প্রচক্ষতে" ৪। আকাঙ্ক্ষা। ৫। উৎপ্রেক্ষা। ৬। শঙ্কা। ৭। (+অল্—ণ) ন্যায়শাস্ত্র। শিং—১"স্ফুরতি সফলস্তর্কঃ।" ৮। হেতু।

তর্কক (তর্ক দেখ, অক(ণক)—ক) সং, পুং, তর্ককারক। ২। যাচক। শিং—১ "কামৈঃ সন্তর্পয়ামাস কৃপণাংস্তর্ককানপি।"

তর্কবিদ্যা (তর্ক—বিদ্যা জ্ঞান) সং, স্ত্রীং, ন্যায়শাস্ত্র।

তর্কমুদ্রা; সং, স্ত্রীং, তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ।

তর্কাভাস (তর্ক—আভাস। যাহার বাহিকে ঠিক কিন্তু বাস্তবিক তাহা কুতর্ক,সং, পুং, অসৎতর্ক, অকিঞ্চিৎকর যুক্তি।

তর্কিত (তর্ক+ইত—সংজাতার্থে। অথবা তর্ক+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিচারিত, আলোচিত। ২। সম্ভাবিত। ৩। অনুমিত। ৪। উৎপ্রেক্ষিত।

তর্কী (তর্কিন্, তর্ক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তর্কশাস্ত্রবেত্তা, নৈয়ায়িক। ২। বিং, ত্রিং, তর্ককারক।

তর্কু (কৃত্ ছেদনকরা+উ—ণ, সংজ্ঞার্থে। কৃত=তর্ক্) সং, স্ত্রীং, সূত্রনির্ম্মাণ যন্ত্র, টেকো।

তর্কুট (কৃত্ ছেদন করা ইত্যাদি+উট—ভাবে। কৃত—তর্ক্) সং, ক্লীং, কাট্‌না কাটা।

তর্কুপিণ্ড (তর্কু টেকো—পিণ্ড গোল বস্তু) সং, পুং, টেকোর নিম্নস্থ মৃৎপিণ্ড, টেকোর বাঁটুল।

তর্কুলাসক (তর্কু টেকো—লস্-ণিচ্=লাসি গমন করা+অক(ণক)—ক) সং, পুং, তর্কুন্যাসকযন্ত্র, চরকা।

তর্কুশাণ; সং, পুং—ক্লীং, টেকোর শাণ।

তর্ক্ষু; সং, পুং, তরক্ষু।

তর্ক্য; সং, পুং, যবক্ষার।
তর্জ্জন (তর্জ্জ ভর্ৎসনা করা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, ক্রোধ, দ্বেষ। ২। ভর্ৎসন, তিরস্কার। ৩। ভয়প্রদর্শন। ৪। আস্ফালন। শিং—১ "বত্সা ক্রমেণ পরিসান্ত্বনতর্জ্জনাভিঃ।" (মাঘ)।
তর্জ্জনী (তর্জ্জন দেখ, অন(অনট্)—ণ) সং, স্ত্রীং, বৃদ্ধাঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি।
তর্জ্জনীমুদ্রা; সং, স্ত্রীং, তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ।
তর্জ্জিত (তর্জ্জন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভর্ৎসিত। ২। তাড়িত। ৩। ভয়প্রদর্শিত।
তর্ণ } (তৃণ+অ(অন্), অক(ণক)—ক)
তর্ণক } সং, পুং, সদ্যোজাত গোবৎস। ২। সদ্যোজাত শিশু।
তর্ণি (তর্ণ দেখ, ণি—ণ) সং, পুং, সূর্য্য। ২। ভেলা, যাড়।
তর্ত্তরীক (তৃ পার হওয়া+ঈক—ণ। নিপাতন) সং, ক্লীং, নৌকা, ভেলা। ২। (+ঈক—ক) বিং, ত্রিং, পারগামী, যে পার হয়।
তর্দ্দু (তর্দ্দ হিংসা করা+উ—ক। অথবা তৃ [পার হওয়া] গমনকরা+উ—সংজ্ঞার্থে। দু—আগম) সং, পুং—স্ত্রীং, কাঠের হাতা, তাড়ু।
তর্পণ (তৃপ প্রীত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তোষণ, তৃপ্তিজনন। ২। (+অনট্—ণ) পিতৃযজ্ঞ, পিতৃলোকের প্রীত্যর্থে জলদান। শিং—১ "তর্পণন্তু শুচিঃ কুর্য্যাৎ প্রত্যহং স্নাতকো দ্বিজঃ।" ৩। (তৃপ-ণি+অনট্—ভাবে) তৃপ্তি। ৪। প্রীণন। ৫। রক্ষণ। ৬। (+অনট্—ক, বিং, ত্রিং, তৃপ্তিজনক। ৭। সুখকর।
তর্পণেচ্ছু (তর্পণ—ইচ্ছু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীষ্ম। ২। বিং, ত্রিং, তর্পণ করিতে ইচ্ছুক।
তর্পিত (তর্পণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রীণিত, সন্তোষিত।
তর্পী (তর্পিন্, তৃপ তৃপ্তি করা+ইন্(ণিন্) —ক) বিং, ত্রিং, তর্পক। ২। তৃপ্তিকারক। ণী—স্ত্রীং, পদ্মচারিণী লতা।
তর্ব্বট (তর্ব্ব গমন করা+অট—ক, সংজ্ঞার্থে) সং, পুং, বৎসর। ২। চক্রমর্দ্দবৃক্ষ।
তর্ম্ম (তর্ম্মন্, তৃ পার হওয়া+ম(মন্)—ক) সং, ক্লীং, যূপের অগ্রভাগ।
তর্ষ (তৃষ তৃষ্ণার্ত্ত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, তৃষ্ণা, পিপাসা। ২। ইচ্ছা। শিং —১ "রামদর্শনজতর্ষো ভরতস্যেব তস্য হি।"
তর্ষণ (তর্ষ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, তৃষ্ণা। ২। অভিলাষ। ৩। পিপাসা।
তর্ষিত (তৃষ-ণি=তর্ষি, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পিপাসিত, তৃষ্ণাযুক্ত। ২। বাঞ্ছিত।
তর্ষুল (তর্ষ দেখ, উল(উলচ্)—ক) বিং, ত্রিং, তৃষ্ণার্ত্ত, তৃষ্ণাযুক্ত। শিং—১ "জ্ঞানেন্দ্রিয়ানীন্দ্রিয়ার্থান্ নোপসর্প্যত্যতর্ষুলম্।"
তর্হি (তদ্ সেই+র্হি—কালার্থে, ৭মীস্থানে র্হি) অং, তখন [illegible]বে।
তল (তল প্রতি[illegible]ত হওয়া, উন্নত হওয়া+অ(অন্)—[illegible]ং, পুং—ক্লীং, অধোভাগ, তলা। ২। [illegible]তাল। ৩। উপরিভাগ, পৃষ্ঠদেশ। ৪। মূলদেশ, মূলের চতুঃপার্শ্ববর্ত্তী স্থান, মধ্যাহ্নকালে যতদূর ছায়া পড়ে; যথা—তরুতল। ৫। টালি। ৬। চেলো। ৭। মধ্যদেশ। শিং—১ "মুক্তামণিতলানি—ভবনানি।" ৮। স্বরূপ; যথা—ভূমিতল, করতল। শিং—১ "অম্বরতলাৎপতিতঃ।" ৯। ক্লীং, কানন। ১০। গর্ত্ত। ১১। জ্যাঘাতবারণ। ১২। গৃহের পরিচ্ছেদ; যথা—একতলগৃহ, দ্বিতলগৃহ। শিং—১ "শালাম—স্ফটিকপ্রাবৃততলাম্।" ১৩। কার্য্যবীজ। ১৪। পুং, চপেট, চাপড়। ১৫। তালবৃক্ষ। ১৬। খড়্গাদির মুষ্টি, ৎসরু।
তলক (তল গর্ত্ত, তলা+কণ্—প্রং। অথবা তল দেখ, অক(ণক)—ক) সং, ক্লীং, পুষ্করিণী, পুকুর।
তলত্র (তল—ত্রৈ ত্রাণকরা+অ(ড)—ক) সং, ক্লীং, করতল রক্ষক চর্ম্মময় গোধাবিশেষ। চর্ম্মনির্ম্মিত দস্তানা।
তলত্রাণ (তল—ত্রৈ ত্রাণকরা+অ(অনট্)—ণ) সং, ক্লীং, তলত্র দেখ।
তলধ্বনি (তল—ধ্বনি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, করতলের শব্দ, হাততালি।

তলপ্রহার (তল তেলো, চপেট—প্রহার মারণ, ৩য়া—ষ) সং, পুং, চপেটাঘাত, চাপড়মারা। [ফুট হইয়া যাওয়া।

তলচ্ছেদ (তল—ছেদ ছেদন) সং,পুং, তলা

তলমীন (তল তলস্থ—মীন মৎস্য, মং—স) সং, পুং, জলনিম্নস্থ মৎস্য, চিঙ্গড়ী।

তলযুদ্ধ (তল—যুদ্ধ। চপেটাঘাত সহকারে যুদ্ধ, ৩য়া—ষ) সং,ক্লীং, মল্লযুদ্ধ, চড়াচড়ি।

তললোক ; সং, পুং, ভূমিতলস্থ লোক। ২। পাতাল। শিং—১ "তললোকপালান্।"

তলব (তল—বা তাড়ন করা+অ ড)—ক) বিং, ত্রিং, তলবাদ্যবাদক। ২। (আরবী) বেতন, মাহিয়ানা।

তলবানা (আরবী কি ?) বাদী প্রতিবাদী বা সাক্ষিদিগের প্রতি আদালতের শমন বা অন্য কোন আদেশ পাঠাইবার জন্য যে খরচ লাগে তাহাকে 'তলবানা' বলে।

তলবার—পুং } (তল—বার,বারণ=নিবা-
তলবারণ—ক্লীং } রণ, ২য়া—ষ) সং, খড়্গ, তলওয়ার। ২। থাপ। ৩। চামাটী।

তলসারক (তল অধোভাগ—সারি গমন করান+অক(ণক)—র্ম্ম) সং, ক্লীং, ঘোটকের-বক্ষঃস্থল-বন্ধনরজ্জু,তঙ্। ২। ঘোটকের ভোজনপাত্র।

তলহৃদয় (তল অধোভাগ—হৃদয় মধ্যস্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পদতলের মধ্যভাগ, পায়ের তেলো।

তলা ; সং, স্ত্রীং, বামপ্রকোষ্ঠের চর্ম্মময় আবরণ। ২। নিম্নভাগ।

তলাও (হিন্দি ভাষা) জলাশয়বিশেষ।

তলাচী ( তল অধোভাগ—অন্চ্ গমন করা+•(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, বেতের চেটাই, দরমা।

তলাতল (তল—তল, পুনঃপুনঃ অর্থে দ্বিত্ব) সং, ক্লীং, সপ্তপাতালের একটা। শিং—১ "অতলং বিতলং সুতলং তলাতলং মহাতলং রসাতলং পাতালমিতি।"

তলাভিঘাত (তল করতল—অভিঘাত, ৩য়া—ষ) সং, ক্লীং, করতল দ্বারা প্রহার, চপেটাঘাত।

তলাস, তল্লাস (আরবী) অনুসন্ধান,অন্বেষণ।

তলিত ( তল দেখ, ইত—প্রং ) সং, ক্লীং, ভৃষ্টমাংস,ভাজা মাস। শিং—১"শুদ্ধমাংস বিধানেন মাংসং সম্যক্ প্রসাধিতং। পুনস্তদাজ্যে সংভৃষ্টং তলিতং প্রোচ্যতে বুধৈঃ।" ২। বিং, ত্রিং, তলযুক্ত।

তলিন (তল দেখ, ইন—সংজ্ঞার্থে) সং,ক্লীং, শয্যা। ২। বিং, ত্রিং, বিরল। ৩। স্বচ্ছ। ৪। নির্ম্মল। ৫। দুর্ব্বল।

তলিম (তল দেখ, ইম—সংজ্ঞার্থে) সং,ক্লীং, কুট্টিম, পাকা মেজে। ২। শয্যা। ৩। খড়্গ। ৪। চাঁদোয়া।

তলী (তলিন্,তল+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, গোধাযুক্ত। শিং—১ "ততঃ কবচধারী চ তলী খড়্গী শরাসনী।"

তলুন (তৃ পার হওয়া+উন—প্রং। র=ল) সং,পুং,বায়ু। ২। যুবা। নী—স্ত্রীং,যুবতী।

তলেক্ষণ (তল অধোভাগ—ঈক্ষণ দর্শন, ৬ষ্ঠী—হিং। নিম্নভাগে যাহার দৃষ্টি আছে) সং, পুং, শূকর।

তলোদরী ( তল—উদর, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, কৃশোদরী ভার্য্যা, স্ত্রী।

তলোদা (তল উপরিভাগ, অধোভাগ—উদ জল) সং, স্ত্রীং, নদী। [অরণ্য, বন।

তল্ক (তল দেখ, ক—সংজ্ঞার্থে) সং, ক্লীং,

তল্প (তল্ দেখ, প—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, ক্লীং, শয্যা। শিং—১ "সপদি বিগতনিদ্রস্তল্পমুজ্ঝাঞ্চকার।" (রঘু)। ২। গৃহ। ৩। ভার্য্যা। শিং—১ "সখ্যুঃ পুত্রস্য চ স্ত্রীষু গুরুতল্পসমং বিদুঃ।"

তল্পক (তল্প শয্যা—ক [কৈ+অ(ড)—ক] অথবা তল্প+কণ্—করোত্যর্থে) সং, পুং, শয্যাসংস্কারকারক ভৃত্য, ফরাস্।

তল্পকীট (তল্প শয্যা—কীট পোকা) সং, পুং, ছারপোকা।

তল্পন } (তল্প [নাম ধাতুজ] শয্যার ন্যায়
তল্পল } হওয়া, চৌড়া হওয়া ইত্যাদি+অন(অনট্),পক্ষান্তরে—লা+অ(ক)—ক) সং, ক্লীং, হস্তীর পৃষ্ঠদেশ। শিং—১ "সান্দ্রত্বক্কাস্তল্পলাশ্লিষ্টকক্ষাঃ।" ২। পৃষ্ঠবংশের মাংস। [দ্রব্য, বুচ্‌কি, গাঁট্রি।

তল্পি (যাবনিক) একত্র সংবদ্ধ প্রয়োজনীয়

তল্পিদার (যাবনিক) বিং,যে তল্পি বহন করে।

তল্ল (তল গভীর, গভীরতা—ল গ্রহণার্থ লাধাতুজ) সং, ক্লীং, গর্ত্ত, গহ্বর। ২। পুং,জলাশয়, তলাও। ৩। নিপান। ল্লী—স্ত্রীং,যুবতী। ২। নৌকা। ৩। বরুণের স্ত্রী।

তল্লজ (তদ্ [সেই] প্রত্যেক বিষয়—লজ্ পাওয়া+অ(অন্)—ক) সং, পুং, প্রশস্ত-বাচক। ২। (শব্দোত্তর প্রযুজ্যমান, অজ-হল্লিঙ্গ)।

তল্লাট (দেশজ) প্রদেশ, বহুদূরব্যাপক স্থান; যথা—সে ব্যক্তি এ তল্লাটে নাই।

তল্লিকা (তৎ সেই—লী লীন হওয়া+অ (ড)—ক, কণ্—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কুঞ্চিকা। ২। তালি।

তল্লী (তৎ—লস্ দীপ্তি পাওয়া+অ(ড)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যুবতী।

তল্বকার; সং,পুং, সামবেদের শাখাবিশেষ।

তবক (তব তোমার+ক—যোগ) বিং,ত্রিং, তোমার সম্বন্ধীয়, তোমার। ২। (যাবনিক) তোমর বা অস্ত্র। কী—স্ত্রীং,তবকধারী।

তবিষ } (তব সৌত্রধাতুজ+ইষ—সং-
তবীষ } জ্ঞার্থে) সং,পুং, স্বর্গ। ২। সমুদ্র। ৩। স্বর্গ। ৪। ব্যবসায়। ৫। বিং, ত্রিং, বৃদ্ধ, মহৎ। ষী—স্ত্রীং, দেব-কন্যা। ২। নদী। ৩। ভূমি। ৪। শক্তি।

তশলা (হিন্দী) হুড়কা। ২। পিত্তলের রন্ধন-পাত্র, বক্না, বাঁটুলা।

তষ্ট (তক্ষ্ চাঁচা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃশীকৃত, যাহা চাঁচা গিয়াছে।

তষ্টা (তষ্টৃ, তক্ষ্ চাঁচা+তৃ(তৃন্)—ক) সং, পুং,সূত্রধর। ২। বিশ্বকর্ম্মা। ৩। আদিত্য-বিশেষ।

তসর; সং, পুং, গুটিপোকার সুতা, এইজন্য ইহাতে যে বস্ত্র প্রস্তুত হয় তাহাকেও তসর কহে।

তসবী (আরবী) মুসলমানদিগের জপমালা।

তসবীর (আরবী) প্রতিমূর্ত্তি, ছবি।

তস্কর (তৎ সেই [নিন্দিত কর্ম্ম]—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে,নিপাতন) সং, পুং, চোর, অপহারক। শিং—১ "কামিনী কায়কান্তারে কুচপর্ব্বতদুর্গমে। মা সংচর মনঃপান্থ তত্রাস্তে স্মরতস্করঃ।" ২। কর্ণ। "তস্করঃ কর্ণচৌরয়োঃ।" (মল্লিনাথ)। ৩। পিড়িং শাক। ৪। মদনবৃক্ষ। রী—স্ত্রীং, কোপনা স্ত্রী। তা—স্ত্রীং,চৌর্য্য। "নিবৃত্তা যৎপরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতাস্থিতা।"(রঘু)।

তস্থিবান্ (তস্থিবস্, স্থা থাকা+বস্(ক্বসু)—ক) বিং, ত্রিং, স্থিত। শিং—১ "স পাটলায়াং গবি তস্থিবাংসং।" (রঘু)।

তস্য (ষষ্ঠ্যন্ত তদ্‌শব্দজ) তাহার,তৎসম্বন্ধীয়।

তহমৎ (আরবী) নালিশ। ২। অপবাদ, মিথ্যা দোষারোপ।

তহশীল (আরবী হসুল শব্দজ) রাজস্বাদায়।

তহশীলদার (আরবী) যে কর্ম্মচারী মহাল ডিহি বা মৌজা প্রভৃতি জমিদারীর যে কোন অংশের খাজানা আদায় উসুল করে তাহাকে তহশীলদার বলে।

তা (তাপ শব্দজ) সং, [illegible]ণ্ডের উপরি বসিয়া উষ্ণতা করণ। ২। [illegible]একখানি কাগজ।

তাওয়া (দেশজ) [illegible]ল নির্ম্মিত পাত্রবিশেষ, বকুনা।

তাঁইস (যাবনিক) উত্তেজনা করা। ২। শাসন [করা।

তাঁত (তন্ত্র শব্দজ) সং, বস্ত্রবপন যন্ত্র। ২। বীণাদির তন্ত্রী।

তাঁতা (দেশজ) ভাবী উন্নতিসূচক আয়োজন- [বিশেষ।

তাঁতি (তন্ত্রবায় শব্দজ) সং, জাতিবিশেষ, বস্ত্রনির্ম্মাতা।

তাঁবা } (তাম্র শব্দজ) সং, ধাতুবিশেষ,
তাঁমা } তামা।

তাঁবে (আরবী) অধীন।

তাঁবেদার (আরবী) সেবক, ভৃত্য, অধীনস্থ।

তাক (আরবী) ভিত্তি প্রভৃতির উপরিভাগস্থ পুস্তকাদির আধার, কাষ্ঠফলকবিশেষ।

তাকন (দেশজ) সং, অবলোকন, দর্শন।

তাগাদা (আরবী) অধমর্ণের নিকট প্রাপ্য অর্থের জন্য পীড়ন।

তাচ্ছল্য (দেশজ) সং, হেলা, অবজ্ঞা, [অশ্রদ্ধা।

তাচ্ছীল্য (তৎ সেই—শীল স্বভাব+য (ষ্য)—ভাবে) সং, ক্লীং, তচ্ছীলতা, তৎ-স্বভাবতা।

তাজ (পারস্য) মুকুট, শিরোভূষণ, টুপি।

তাজা (পারস্য) নূতন, টাট্কা। ২। রসাল।

তাজী (আরবী) অশ্ববিশেষ। ২। জাতি-বিশেষ।

তাটস্থ্য (তটস্থ+অ(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, ঔদাসীন্য। ২। নিকটবর্ত্তিতা, নৈকট্য।

তাড় (তড় দুঃখ দেওয়া, আঘাত করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভাবে) সং,পুং,তাড়ন। ২। আঘাত। ৩। ধ্বনি। ৪। মুষ্টি-পরিমেয় তৃণাদি। ৫। পর্ব্বত। পুং—স্ত্রীং, তালবৃক্ষ। [ত্রিং, যে তাড়না করে।

তাড়ক (তাড়ন দেখ, অক(ণক)—ক) বিং,

তাড়কা (তাড়—কৈ দীপ্তি পাওয়া+অ(ড) —ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সুকেতু রাক্ষসের কন্যা, সুন্দের ভার্য্যা, মারীচের মাতা; মিথিলা গমনকালীন শ্রীরামচন্দ্র অরণ্যমধ্যে এই রাক্ষসীকে বিনাশ করিয়া-ছিলেন। "তাড়কাচলকপালকুণ্ডলা।"(রঘু)। ২ "তাং তাড়কাখ্যাং বিজঘান রামঃ।"

তাড়কারি (তাড়কা—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রামচন্দ্র। [সং, পুং, মারীচ।

তাড়কেয় (তাড়কা+এয়(ঢক্ষেয়)—অপত্যার্থে)

তাড়ঙ্ক, তাটঙ্ক (তড়, তট দীপ্তি পাওয়া+অঙ্কন্—ক) সং,পুং, কর্ণভূষণবিশেষ, কাণ-তড়্কা। ২। হস্তালঙ্কার-বিশেষ। ৩। তাড়্।

তাড়ন (তাড়ি আঘাত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রহার, আঘাত। ২। তর্জ্জন, ভর্ৎসন। ৩। শাসন, দণ্ড। শিং—১ "লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ।" ৪। দীক্ষাঙ্গ মন্ত্রসংস্কার-বিশেষ। নী—স্ত্রীং, (+অনট্—ণ, ঈপ্) কশা, চাবুক। ২। কোড়া, তাড়ন দণ্ড।

তাড়না (পূর্ব্বে দেখ, আ—ভা) সং, স্ত্রীং, প্রহার। ২। ভর্ৎসনা। ৩। শাসন। ৪। উৎপীড়ন।

তাড়পত্র; সং, ক্লীং, কর্ণভূষণবিশেষ।

তাড়া (তড়্ধাতুজ) সং, অনুযোগ, নিগ্রহ। ২। বাণ্ডিলবাঁধা। ৩। তস্‌লা।

তাড়াগ (তড়াগ+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, তড়াগজাত (জল)।

তাড়ি, তাড়ী (দেশজ) সং, তালরস। ২। তাড়িয়াত গাছ। ৩। আভরণবিশেষ।

তাড়িত (তাড়ন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, আহত। ২। তিরস্কৃত। ৩। উৎপীড়িত। ৪। দূরীকৃত। ৫। দণ্ডিত। ৬। বিদ্ধ। ৭। (তড়িত+অ(ষ্ণ)—ভবার্থে, Electricity) সং, ক্লীং, পদার্থবিশেষের ঘর্ষণদ্বারা যে আকর্ষণী বা বিয়োজনী শক্তি উদ্ভূত হয়। ২। বিং, ত্রিং, বিদ্যুদ্ভব, বৈদ্যুৎ।

তাড়িতপদার্থ; সং, পুং, পদার্থবিশেষের ঘর্ষণদ্বারা যে উজ্জ্বল জ্যোতির্ম্ময় পদার্থ উদ্ভূত হয়।

তাড়িতপরিচালক (Conductor of Electricity) যে সকল বস্তু দ্বারা তাড়িত পদার্থের একস্থান হইতে অন্যস্থানে দ্রুতবেগে চালিত হয়।

তাড়িতবার্ত্তাবহ (Electric Telegraph) যে যন্ত্রে বিদ্যুতের ন্যায় শীঘ্র সংবাদ আইসে।

তাড়িতবিয়োজন (Electrical Repulsion) যে তাড়িত পদার্থের গুণ দ্বারা লঘু বস্তু কাঁচ অথবা লাক্ষা হইতে বিযুক্ত হইয়া পড়ে তাহাকে তাড়িতবিয়োজন কহে।

তাড়িতাকর্ষণ (Electrical Attraction) যে তাড়িত পদার্থের গুণ দ্বারা লঘু বস্তু কাঁচ অথবা লাক্ষার সহিত সংযুক্ত হইয়া থাকে তাহাকে তাড়িতাকর্ষণ কহে।

তাড়িতাপরিচালক (Nonconductor of Electricity) যে সকল বস্তুদ্বারা তাড়িত-পদার্থের সঞ্চলন নিবারণ করা যায়।

তাড্যমান (তড়্-ণিচ্=তাড়ি আঘাত করা +শান—র্ম্ম। য, ম—আগম) সং,পুং, না —স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ,ঢক্কাদি। ২। বিং, ত্রিং, বাদ্যমান, আহন্যমান, পীড্যমান। শিং—১ "শ্রোতুর্বিতন্ত্রীরিব তাড্যমানা।" ৩। যাহাকে প্রহার, দণ্ড বা শাসন করা যাইতেছে।

তাণ্ডব (তণ্ডু মুনিবিশেষ+অ(ষ্ণ)—প্রণয়-নার্থে, এই মুনি হইতে নৃত্যপ্রণালী প্রথ-মতঃ প্রণীত হয়) সং, পুং—ক্লীং, নৃত্য। ২। শিবের নৃত্য। ৩। পুরুষের নৃত্য। শিং—১ "পুং-নৃত্যং তাণ্ডবং প্রোক্তং স্ত্রী-নৃত্যং লাস্যমুচ্যতে।" ৪। উদ্ধতনৃত্য।

শিং—১ "তণ্ডুনা প্রণীতং তাণ্ডবম্।" ২ "তণ্ডুনা প্রোক্তম্ (নাট্যশাস্ত্রম্)।" ৩ "তাণ্ডেন মুনিনা কৃতং তাণ্ডি নৃত্যশাস্ত্রং তদস্যাস্তীতি।" ৫। (তনড্ তাড়ন করা + অব—ক, ক্ত) তৃণবিশেষ।

তাণ্ডবতালিক (তাণ্ডব শিবের নৃত্য—তালিক [তাল কালপরিমাণ-বিশেষ + ইক (ঞিক)—দানার্থে] যে তাল দেয়) সং, শিবের প্রধান অনুচর, নন্দী।

তাণ্ডবপ্রিয় (তাণ্ডব নৃত্য—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, নৃত্যপ্রিয়।

তাণ্ডি (তণ্ডু নৃত্যপ্রণালী শিক্ষক মুনিবিশেষ + ই—প্রং) সং, স্ত্রীং, নৃত্যশাস্ত্র।

তাণ্ড্য (তণ্ডি মুনিবিশেষ + য (ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, তণ্ডিমুনিসুত।

তাত (তায়্ পালন করা, অথবা তন্ বিস্তৃত করা + ত (ক্ত)—ক) সং, পুং, পিতা। ২। পবিত্রব্যক্তি। ৩। স্নেহপাত্র। শিং—১ "নাহং গৃহ্নামি বস্তাত দৃষ্টীর্নাস্মি কৃষাম্বিতাঃ।" ৪। স্নেহসূচক-বাক্য। ৫। মান্য, পূজ্য। শিং—১ "তস্মাদ্বচো যথা তাত সংবিধাতুং তথার্হসি।" ২ "খদিরভুজঙ্গম বল্লীজনিতাধররঙ্গভঙ্গভয়ভীতাশ্চ। পিতরি মৃতে সতি বেশ্যা রোদিতি হা তাত তাত তাতেতি।" ৬। পুত্র।

তাতগু (তাত পিতা—গু [গম্ গমন করা + উ—ক] যে গমন করে বা থাকে) সং, পুং, পিতৃব্য, খুড়া। ২। বিং, ত্রিং, জনকহিত।

তাতন; সং, পুং, খঞ্জনপক্ষী।

তাতল; সং, পুং, রোগ, পীড়া। ২। লৌহনির্ম্মিত যষ্টি। ৩। বিং, ত্রিং, উত্তপ্ত।

তাতি (তন্ [বংশ] বিস্তার করা + তি (ক্তি)—প্রং। অথবা তাত + ই—অপত্যার্থে) সং, পুং, পুত্র। ২। বৃদ্ধি; যথা—"অরিষ্টতাতিম্ আশাস্মহে।"

তাৎ (সন্তাপার্থ তপ্ ধাতুজ) সং, উত্তাপ, তাপ।

তাৎকালিক (তৎকাল + ইক (ঞিক)—ভবার্থে) বিং, ত্রিং, তৎকালভব, তৎকালীন।

তাৎপর্য্য (তৎপর সচেষ্ট, আসক্ত + য (ষ্ণ্য)—ভা) সং, স্ত্রীং, অভিপ্রায়। ২। মন্ম, উদ্দেশ্য। শিং—১ "সর্ব্বেষাং শাস্ত্রাণাং ভগবত্যেব তাৎপর্য্যম্।" ২ "ইহ যথার্থ কথনে তাৎপর্য্যম্।" ৩। তৎপরতা।

তাদবস্থ্য (তদবস্থ + য (ষ্ণ্য)—ভা) সং, স্ত্রীং, তদবস্থতা, সেই প্রকার অবস্থায় থাকা।

তাদর্থ্য (তদর্থ তন্নিমিত্ত + য (ষ্ণ্য)—ভা) সং, স্ত্রীং, তদর্থতা, তন্নিমিত্তার্থ। ২। তদুদ্দেশ, তন্নিমিত্ত।

তাদাত্ম্য (তদাত্ম তৎস্বরূপ + য (ষ্ণ্য)—ভা) সং, স্ত্রীং, তৎস্বরূপতা, অভেদ।

তাদৃক্ } তাদৃশ } তাদৃক্ষ } (তাদৃশ্ তদ্ সেই—দৃশ, দৃশ দর্শ, যাহার সেইমত দর্শন, ৬ষ্ঠী—হিং, অথবা দৃশ্ দেখা + ০ (ক্বিপ্), অ (টক্), সক্—ম্ম) বিং ত্রিং, সেই প্রকার। শিং—১ "উপদেশো ন দাতব্যো যাদৃশে তাদৃশে জনে।" ২ "ক ঈদৃশং প্রেম পাত্রশ্চ তাদৃশঃ।" (কুমার)। শী—স্ত্রীং, তদ্বিধা। শিং—১ "যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী।"

তান (তন্ বিস্তীর্ণ হওয়া + অ (ঘঞ্)—র্ম্ম) সং, পুং, স্বরাংশ, রাগের স্থিতি প্রবৃত্ত্যাদির হেতু বংশ্যাদিসাধ্য স্বরবিশেষ; "অনুলোম বিলোম গতিতে গমক মূর্চ্ছনাদির দ্বারা কোন রাগাদিকে সম্যক্ প্রকারে বিস্তার করার নাম তান।" শিং—১ "বিস্তার্যান্তে প্রয়োগা যে মূর্চ্ছনা শেষসংশ্রয়াঃ। তানাস্তেহপ্যূনপঞ্চাশৎ সপ্তস্বর সমুদ্ভবাঃ।" ২ "গায়ন্তি দিব্যতানৈঃ।" ২। (+ ঘঞ্—ভাবে) বিস্তার; যথা—অবতান, সন্তান। ৩। লক্ষ্য, উদ্দেশ্য; যথা—একতান মনে। ৪। (+ ঘঞ্—র্ম্ম) ক্লীং, জ্ঞানবিষয়। ৫। বিং, ত্রিং, বিষয়ীভূত।

তানপুরা (তান—পুরা) সং, পুং, বীণাকার বাদ্যযন্ত্রবিশেষ।

তানব (তনু + অ (ষ্ণ)—ভা) সং, ক্লীং, তনুতা, কার্শ্য।

তানূর (তন্ বিস্তার করা + ঊর—প্রং) সং পুং, আবর্ত্ত, জলের ঘূর্ণা।

তান্ত (তম্ গ্লান হওয়া + ত (ক্ত)—ক) বিং,

ত্রিং, শান্ত, ক্লান্ত,ক্ষীণ, দুর্ব্বল। ২। ম্লান। শিং — ১ "মৃদুলতান্তলতান্তমলোকয়ন্।"

তান্তব (তন্ত + অ(ষ্ণ) — বিকারার্থে) বিং,ত্রিং, তন্তুনির্ম্মিত। শিং — ১"মণিমুক্তাপ্রবালানাং লৌহানাং তান্তবস্য চ" ২। ক্লীং,বয়ন। ৩। ( Ductile ) বিং, ত্রিং, যে সকল দ্রব্যকে টানিয়া অত্যন্ত সূক্ষ্ম তার প্রস্তুত করা যায়।

তান্তবতা ( Ductility ) যে গুণ থাকাতে কতকগুলি বস্তুকে টানিয়া তন্ত অর্থাৎ তার প্রস্তুত করা যাইতে পারে।

তান্তব্য (তন্ত + য(ষ্ণ্য) — অপত্যার্থে ) সং, পুং, পুত্রের সন্তান, পৌত্র।

তান্ত্রিক (তন্ত্র সত্যাদি + ইক(ষ্ণিক) — জ্ঞানার্থে) বিং,ত্রিং, তন্ত্রশাস্ত্রমতাবলম্বী। ২। তন্ত্রশাস্ত্রবেত্তা। শিং — ১ "এবং প্রষত্নত্রৈবিধ্যং তান্ত্রিকৈঃ পরিকীর্ত্তিতং।" ৩। তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়। ৪। তন্ত্রশাস্ত্রবিহিত। শিং — ১ "বৈদিকী তান্ত্রিকী সন্ধ্যা যথানুক্রমযোগতঃ।" ৫। সিদ্ধান্তজ্ঞ। ৬। তন্ত্রসম্বন্ধীয়।

তাপ (তপ্ উত্তপ্ত করা + অ(ষঞ্) — ভাবে) সং, পুং, উষ্ণতা। ২। সন্তাপ। ৩। জ্বর। ৪। যাতনা, মনঃপীড়া। ৫। আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখ। ২। ( Heat ) যাহার উষ্ণস্পর্শ আছে তাহার নাম তাপ। শিং — ১ "মহান্মে হৃদয়ে তাপঃ।" পী — স্ত্রীং, (+ ইণ — ক) নদীবিশেষ।

তাপক (তাপ দেখ,অক(ণক) — ক) বিং,ত্রিং, তাপজনক। শিং — ১ "সত্ত্বং তপ্যং বুদ্ধিভাবেন বৃত্তং ভাবা যে বা রাজসাস্তাপকাস্তে।" ২। সং, পুং, জ্বর।

তাপত্য (তপতী + য(ষ্ণ্য) — অপত্যার্থে) সং, পুং, অর্জ্জুন।

তাপত্রয় ; সং,ক্লীং,আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ সন্তাপ। শিং — ১ "বেদ্যং বাস্তববস্তু যত্র বিশদং তাপত্রয়োন্মূলনম্।" (ভাগবত)।

তাপন (তপ্-ণিচ্ = তাপি উত্তপ্ত করান + অন — ক) সং,পুং, সূর্য্য। ২। কন্দর্পবাণ। ৩। সূর্য্যকান্তমণি। ৪। কিরণ। ৫। (+ অনট — ভা) তাপজনন। ৫। বিং, ত্রিং, তাপজনক।

তাপনীয় (তপনীয় স্বর্ণ + অ(ষ্ণ) — বিকারার্থে) বিং, ত্রিং, স্বর্ণজাত। ২। (+ ষ্ণ — পরিমাণার্থে) সং, ক্লীং, স্বর্ণনিষ্কপরিমাণ।

তাপমান-যন্ত্র ( Thermometer ) যে যন্ত্রে উত্তাপের পরিমাণ নিরূপিত হয়।

তাপস (তপস + অ(ষ্ণ) — প্রয়োজনার্থে) বিং, ত্রিং, তপস্বী, মুনি। শিং — ১ "তাপসেম্বেব বিপ্রেষু যাত্রিকং ভৈক্ষ্যমাচরেৎ।" (মনু)। ২। সং, ক্লীং, তেজপাত।

তাপসতরু
তাপসদ্রুম } (তাপস — তরু, দ্রুম = বৃক্ষ। এই বৃক্ষের তৈলে তপস্বীদিগের যাবতীয় কার্য্যনির্ব্বাহ হয় বলিয়া) সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

তাপসপ্রিয় ( তাপস — প্রিয়, ৬ষ্ঠী — য ) সং, পুং, পিয়ালবৃক্ষ। ২। বিং, ত্রিং, তাপসপ্রিয়মাত্র। য়া — স্ত্রীং, দ্রাক্ষা।

তাপস্য (তপস + য(ষ্ণ্য) — ইদমর্থে) সং,ক্লীং, তাপসের ধর্ম্ম, তপস্বীর আচরণ। শিং — ১ "পুরা রামভয়াদেব তাপস্যং সমুপাশ্রিতঃ।"

তাপিচ্ছ
তাপিঞ্জ
তাপিঞ্ছ } (তাপিন্ সন্তপ্ত — ছদ্ আচ্ছাদন করা + অ(ড) — ক, তাপিঞ্জ পক্ষে — জিধাতু + অ(ড) — ক) সং, পুং, তমালবৃক্ষ।

তাপিত (তপ্-ণিচ্ = তাপি উত্তপ্ত করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, তাপযুক্ত, যে তাপ পাইয়াছে। ২। দুঃখিত, খেদান্বিত।

তাপী (তাপিন্, তপ্ উত্তপ্তকরা + ইন্(ণিন্) — ক ) সং, পুং, বুদ্ধ। ২। বিং, ত্রিং, তাপজনক। ৩। (তাপ + ইন্ — অস্ত্যর্থে) তাপযুক্ত। নী — স্ত্রীং, তাপযুক্তা।

তাপী (তাপ + ঈ — স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং,তাপ্তীনদী। ২। যমুনা।

তাপেয়তাড়িত ( ThermalElectricity ) এই তাড়িত দ্রব্যাদি উত্তপ্ত বা বাষ্পীভূত হওন সময়ে প্রকাশ পায়।

তাপেশ্বর ; সং, পুং, তীর্থবিশেষ।

তাম (তম্ ম্লান হওয়া, ইচ্ছা করা + অ(ষঞ্) — ণ) সং, পুং, ভয়ের বিষয়।

২। পাপ। ৩। দোষ। ৪। দুঃখ। ৫। ইচ্ছা।

তামর (তাম ইচ্ছা—র গ্রহণার্থ 'রা' ধাতুজ। যাহা পান করিতে ইচ্ছা হয়) সং, ক্লীং, জল। ২। ঘৃত।

তামরস (তামর জল—সস্ [অবিকলহওয়া] বাস করা+অ(ড)—ক, ৭মী—ষ। অথবা তাম—রস। সং, ক্লীং, পদ্ম। "বিকচতামরসা গৃহদীর্ঘিকাঃ।" (রঘু)। ২। তাম্র। ৩। স্বর্ণ। শিং—১ "তামগ্রতস্তামরসান্তরাভাম্।" ৪। ধুস্তুর। ৫। সারসপক্ষী। ৬। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ। সী—স্ত্রীং, পদ্মিনী। শিং—১ "যথাগজস্তামরসীং মদোৎকটঃ।"

তামলিপ্ত—ক্লীং } (তাম দুঃখ—লিপ্ত।
তামলিপ্তী—স্ত্রীং } যে দেশ দুঃখে লিপ্ত) সং, তমলুক।

তামস (তমস+অ(ষ্ণ)—নিবাসার্থে) সং, পুং, পেচক। ২। সর্প। ৩। খল। ৪। চতুর্থমনু। ৫। বিং, ত্রিং, তামসিক, তমোগুণযুক্ত; কণাদ, গৌতম, জৈমিনি, দুর্ব্বাসা প্রভৃতি তামসমুনি। মৎস্য, কূর্ম্ম, লিঙ্গ, শৈব, স্কন্দ, অগ্নি এই কয়টী তামসপুরাণ। গৌতম, বার্হস্পত্য, সামুদ্র, যম, শাঙ্খ্য, ঔশনস ইহারা তামসস্মৃতি। ৬। তমোগুণ প্রবল বলিয়া যাহা অনুষ্ঠিত হয়। ৭। গর্হিত, নিন্দিত। ৮। গাঢ় অন্ধকারে আচ্ছন্ন। সী—স্ত্রীং, অন্ধকার রাত্রি। শিং—১ "তত্র যা তামসীরাত্রিঃ সোচ্যতে শিবরাত্রিকা।" ২। কালী। ৩। একপ্রকার মায়াবিদ্যা; নিকুম্ভিলাযজ্ঞে পরিতুষ্ট হইয়া মহাদেব মেঘনাদকে এই বিদ্যা দান করেন। এই বিদ্যায় অদৃশ্য হইয়া যুদ্ধ করিতে হয়। [রূপবিশেষ।

তামসধ্যান; সং, ক্লীং, বটুকভৈরবের ধ্যেয়-

তামস-সন্ন্যাসী—"যিনি গার্হস্থ্য সুখাস্বাদনে নিরপেক্ষ হইয়া মোক্ষ কামনায় অভিমান সহকারে বনে বিচরণপূর্ব্বক তপস্যা করেন তিনি তামস-সন্ন্যাসী।"

তামসিক (তমস্+ইক(ষ্ণিক)—নিবাসার্থে) বিং, ত্রিং, তমোগুণান্বিত।

তামাম—তমাম দেখ।

তামাসা (যবন ভাষা, কিন্তু বোধ হয় তমস্ শব্দজ) সং, রহস্য, কৌতুক।

তামিস্র (তমিস্রা রাত্রি+অ(ষ্ণ)—চরত্যর্থে) সং, পুং, তমিস্রাচারী, নিশাচর। ২। (তমিস্র+অ(ষ্ণ)—প্রং) অজ্ঞান-বিশেষ, ভোগেচ্ছায় ব্যাঘাত ঘটিলে যে ক্রোধ জন্মে। ৩। ক্লীং, অন্ধকারময় নরকবিশেষ; নিরবচ্ছিন্ন অন্ধকারাচ্ছন্ন। যে ব্যক্তি কোন বঞ্চনা করে তাহাকে এই নরকে যন্ত্রণা ভোগ করিতে হয়।

তাম্বু (দেশজ) সং, শিবির, বস্ত্রগৃহ, কাণাৎ, তাঁবু।

তাম্যৎ (তম্ ম্লান হওয়া, ইচ্ছা করা+অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, ক্লিশ্যৎ। ২। ইচ্ছুৎ।

তাম্র (তম্ ইচ্ছা করা+র—ক) সং, ক্লীং, তামাধাতু। ২। (তাম্র+ষ্ণ) পুং, কুষ্ঠরোগবিশেষ। ৩। বিং, ত্রিং, অরুণবর্ণ; যথা—তাম্রকেশ, তাম্র-শ্মশ্রু।

তাম্রক (তাম্র+কন্—স্বার্থে) সং, ক্লীং, তাম্র, তামা।

তাম্রকর্ণী (তাম্র রক্তবর্ণ—কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পশ্চিমদিগের হস্তিনী।

তাম্রকার (তাম্র—কার [কার্ করা+অ(অন্) —ক] যে করে, ২য়া—ষ, সং, পুং, তাম্রোপজীবী সঙ্কীর্ণজাতিবিশেষ কাঁসারি। শিং—১ "অয়োগবেন বিপ্রায়াং জাতাস্তাম্রোপজীবিনঃ।"

তাম্রকুটক } (তাম্র—কুট্ট চিহ্ন। তাম্র-
তাম্রকূট } কুট। সার ওয়ালটার রালি প্রথমতঃ এই শব্দটী আমেরিকায় ব্যবহার করেন) সং, পুং, তামাক, ধূমপানযোগ্য পত্রবিশেষ। শিং—১ "সংবিদ কালকূটঞ্চ তাম্রকূটং চ ধুস্তরম্। অহিফেনং খর্জ্জুরসং তারিকং তরিতা তথা ইত্যষ্টৌ সিদ্ধিদ্রব্যাণি যথা সূর্য্যাষ্টক প্রিয়ে।"

তাম্রকৃমি (তাম্র রক্তবর্ণ—কৃমি পোকা সং, পুং, ইন্দ্রগোপকীট।

তাম্রগর্ভ (তাম্র তামা—গর্ভ উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, তুঁতিয়া।

তাম্রচূড় (তাম্র রক্তবর্ণ – চূড়া, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কুক্কুট, কুকুড়া।

তাম্রত্রপুজ ( তাম্র – ত্রপু – জ [জন জন্মান + অ(ড) – ক] উৎপন্ন) সং,ক্লীং, কাংস্য।

তাম্রদ্বীপ ; সং, ক্লীং, দ্বীপবিশেষ।

তাম্রপট্ট } (তাম্র – পট্ট পাটা, বস্ত্র, তাম্রপত্র } ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, তাম্রফলক। ২। তাম্রময় লেখনবিশেষ। শিং "পটে বা তাম্রপটে বা সমুদ্রোপরিচিহ্নিতম্। অভিলেখ্যাত্মনো বংশ্যানাত্মানঞ্চ মহীপতিঃ।"

তাম্রপত্র (তাম্র – পত্র, ৬ষ্ঠী – হিং) সং, পুং, জীবশাক। ২। রক্তবর্ণ পত্রবিশিষ্ট বৃক্ষ। ৩। তাম্রপত্র। ৪। (য়ং – স) ক্লীং, রক্তদল, নবপল্লব।

তাম্রপর্ণী ; সং, স্ত্রীং, দীর্ঘিকাবিশেষ। ২। কর্ণাটের অন্তর্গত নদীবিশেষ ; পশ্চিমঘাট হইতে উত্থিত হইয়াছে। শিং – ১ "তাম্রপর্ণীঞ্চ কৌন্তেয় কীর্ত্তয়িষ্যামি তাং শৃণু।" ২ "তাম্রপর্ণীসমেতস্য মুক্তাসারং মহোদধেঃ।" ৩। শিলাবিশেষ। শিং – ১ "তাম্রপর্ণী শিলা রাজন্ শ্রীমান্ মলয়পর্ব্বতঃ।" (ভারত)। ৪। লঙ্কাদ্বীপ।

তাম্রপল্লব ( তাম্র রক্তবর্ণ – পল্লব, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, অশোকবৃক্ষ। ২। রক্তপল্লবযুক্ত বৃক্ষ। ৩। (তাম্র – পল্লব, য়ং – স) রক্তপল্লব।

তাম্রপাকিন্ ( তাম্রপাক রক্তবর্ণ ফলপুষ্পাদি + ইন্ – অস্ত্যর্থে) সং,পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।

তাম্রপাত্র ; সং, ক্লীং, তাম্রনির্ম্মিত পাত্র, তাম্রময় পাত্র। শিং – ১ "তাম্রপাত্রে ন ভুঞ্জীত ভিন্নকাংস্যে মলাবিলে।"

তাম্রপাদী ( তাম্র – পাদ মূল, ৬ষ্ঠী – হিং ) সং, স্ত্রীং, হংসপদী।

তাম্রপুষ্প (তাম্র রক্তবর্ণ – পুষ্প, ৬ষ্ঠী – হিং) সং,পুং, রক্তকাঞ্চনবৃক্ষ। ২। ভূমিচম্পক। ৩। বিং, ত্রিং, রক্তপুষ্পযুক্ত। শিং – ১ "তাম্রপুষ্পৈশ্চ শিখরৈ দীপ্যমানঃ সুতেজসা।"

তাম্রপুষ্পিকা (তাম্র – পুষ্প, ৬ষ্ঠী – হিং, ক – যোগ) সং, স্ত্রীং, রক্তত্রিবৃত্তি,লালতেউড়ি।

তাম্রপুষ্পী ; সং, স্ত্রীং, পাটলাবৃক্ষ, ধাতকীবৃক্ষ।

তাম্রফল ( তাম্র রক্তবর্ণ ফল, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, অঙ্কোটকবৃক্ষ। ২ রক্তবর্ণফলযুক্ত বৃক্ষ। ৩। ( তাম্র – ফল, য়ং – স ) ক্লীং, রক্তবর্ণ ফল।

তাম্রলিপ্ত ; সং, ক্লীং, তম্‌লুক।

তাম্রবল্লী ( তাম্র – বল্লী লতা ) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠালতা।

তাম্রবৃক্ষ (তাম্র – বৃক্ষ) সং, পুং, রক্তচন্দন [বৃক্ষ।

তাম্রশিখী ( – শিখিন্, তাম্র – শিখা চূড়া + ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, কুক্কুট, কুকুড়া।

তাম্রসম্পুট (Coffin) তাম্রনির্ম্মিত বাক্স।

তাম্রসার ( তাম্র – সার সারাংশ ) সং, পুং, রক্তচন্দনবৃক্ষ। ২। ক্লীং, রক্তচন্দন।

তাম্রসারক } সং, পুং, খদির। ২। রক্ত-তাম্রসারিক } চন্দনবৃক্ষ, রক্তচন্দন কাষ্ঠ।

তাম্রাকু ; সং, পুং, উপদ্বীপবিশেষ।

তাম্রাক্ষ ( তাম্র – অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, রক্তবর্ণ চক্ষুর্বিশিষ্ট। ২। সং, পুং, কোকিল। ৩। (তাম্র – অক্ষি, য়ং – স) সং, ক্লীং, রক্তবর্ণ চক্ষুঃ। ৪। বিং, ত্রিং, রক্তবর্ণ প্রভাযুক্ত।

তাম্রাখ্য ; সং, পুং, উপদ্বীপবিশেষ, তাম্রদ্বীপ।

তাম্রাভ (তাম্র – আভা দীপ্তি, ৬ষ্ঠী – হিং) সং, ক্লীং, রক্তচন্দন। শিং – ১ "কবন্ধৈঃ সংবৃতঃ সর্ব্বং তাম্রাভৈঃ খমিবাবৃতম্।"

তাম্রারুণ ; সং, ক্লীং, তীর্থবিশেষ। শিং – ১ "তাম্রারুণং সমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ। অশ্বমেধমবাপ্নোতি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি।"

তাম্রার্দ্ধ ( তাম্র – অর্দ্ধ ) সং, পুং, কাংস্য, কাঁসা। ইহাতে অর্দ্ধাংশ তাম্র আছে।

তাম্রাবতী ; সং,স্ত্রীং,নদীবিশেষ। "তাম্রাবতী বেত্রবতী নদ্যস্তিস্রোঽথ কৌশিকী।"

তাম্রাশ্ম ( – শ্মন্) সং,পুং, পদ্মরাগমণি। শিং – ১ "তাম্রাশ্মরশ্মিচ্ছুরিতৈর্নখাগ্রৈঃ।"

তাম্রিক ( তাম্র + ইক(ষ্ণিক) – নির্ম্মাণার্থে ) সং, পুং, কাঁসারি। ২। বিং, ত্রিং, তাম্রনির্ম্মিত।

তাম্রিকা } সং, স্ত্রীং, যে সচ্ছিদ্র ধাতুময় তাম্রী } বাটী জলে ভাসাইয়া দিলে

ক্রমশঃ জলপূর্ণ হইয়া সময় নিরূপণ করে। ২। তাম্রসম্বন্ধীয়। ৩। পণপরিমিত বরাটক। কা—স্ত্রীং, [illegible]। ২। বাদ্যবিশেষ।

তাম্বুরা (তুম্বুরু গন্ধর্ব্ব কর্তৃক সৃষ্ট বলিয়া এই যন্ত্রের নাম তাম্বুরা) ইহার চলিত নাম তানপূরা। একটী অলাবু নির্ম্মিত খর্পরি বা ধ্বনিকোষ। গীত বাদ্যের সুর দিবার জন্য এই যন্ত্র প্রয়োজনীয়।

তাম্বূল—ক্লীং, তাম্বূলী—স্ত্রীং } (তম্ ম্লান হওয়া + বূল(স্বূলট)—ক) সং, পাণ, নাগবল্লী। শিং—১ "রাজ্ঞাসনং দত্তং তাম্বূলং।" ২ "তাম্বূলীনাং দলৈস্তত্র রচিতা পানভূময়ঃ।"

তাম্বূলকরঙ্ক তাম্বূলপেটিকা } (তাম্বূল—করঙ্ক শস্যহীন নারিকেল খোল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পাণের বাটা, ডিপে।

তাম্বূলদ (তাম্বূল—দা দান করা + অ(ড)—ক) সং, পুং, রাজার তাম্বূল প্রদানে নিযুক্ত ভৃত্য। ২। বিং,ত্রিং, তাম্বূলদাতা।

তাম্বূলরাগ (তাম্বূল পাণ—রাগ বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মসূরি কড়াই। ২। পাণের দাগ।

তাম্বূলবল্লী (তাম্বূল—বল্লী লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাগবল্লী, পাণের গাছ।

তাম্বূলিক তাম্বূলী } (তাম্বূলিক + ইক(ষ্ণিক), ইন্—জীবত্যর্থে) সং, পুং—স্ত্রীং, তাম্বূলবিক্রেতা। ২। তাম্লিজাতি।

তায়ন (তায়্ বিস্তার করা + অনট্—ভাবে) সং, ক্লীং, বৃদ্ধি।

তায়িক (তায়্ বিস্তার + ইক(ষ্ণিক)—পটুতার্থে) সং, পুং, দেশবিশেষ। ২। বহুং, তদ্দেশীয় লোক। [চোর।

তায়ু (তায় + উ(উন্)—সংজ্ঞার্থে) সং, পুং,

তায়ুস তাউস } (আরবী তায়ুস অর্থে ময়ূর তত-যন্ত্রবিশেষ। ইহার অপর নাম মায়ুরী। ইহা এস্রারের অবয়ব ভেদ মাত্র। কেবল ইহার খর্পর-মূলে একটী কাষ্ঠাদি নির্ম্মিত ময়ূরের সগ্রীব মুখ যোজিত থাকিতে দেখা যায়। তজ্জন্য ইহার সংস্কৃত নাম মায়ুরী। পারস্য নাম তায়ুশ। ইহা অতি আধুনিক যন্ত্র। কেহ কেহ বঙ্গদেশস্থ বিষ্ণুপুরের সেবারাম নামক জনৈক শিল্পীকে ইহার প্রথম নির্ম্মাতা বলিয়া স্বীকার করেন।

তার (তৃ পার হওয়া + অ(ঘঞ্)—ক) সং, পুং, উচ্চস্বর। শিং—১ "দধ্মৌ শঙ্খং চ তারেণ।" ২। উত্তমস্থূলমুক্তা। ৩। হারমধ্যমণি। শিং—১ "হারমমলতরতারমুরসি দধতম্।" ৪। বানরবিশেষ। ৫। (+ঘঞ্—ণ) রজ্জু। ৬। প্রণব। শিং—১ "তারয়েৎ যন্তবাম্ভোধেঃ স্ব জপাসক্তমানসম্। ততস্তার ইতিখ্যাতো যন্তং ব্রহ্মাব্যলোকয়ৎ।" ৭। (+ঘঞ্—ভাবে) উত্তরণ। ৮। (ঘঞ্—ক) ক্লীং, রৌপ্য। ৯। বিং, ত্রিং, অতি উচ্চ (শব্দ)। ১০। স্থূল। ১১। দীপ্তিযুক্ত। ১২। পরিষ্কৃত। ১৩। উত্তম। ১৪। বিস্তৃত।

তারক (তার দেখ। কিম্বা তৃ ণিচ্=তারি পার করান + অক(ণক)—ক) সং, ক্লীং, কা—স্ত্রীং চক্ষুর তারা। ২। নক্ষত্র। শিং—১ "অভিভাব্যতারকমদৃষ্টহিমদ্যুতিবিশ্বমস্তমিত ভানুনভঃ।" (মাঘ)। ৩। পুং, কর্ণধার। ৪। তারকাসুর। শিং—১ "তস্মিন্ বিপ্রকৃতাঃকালে তারকেণ দিবৌকসঃ।" (কুমার)। ৫। পুং ক্লীং, ভেলা। ৬। বানরবিশেষ; বৃহস্পতির অংশে ইহার জন্ম হয়। ৭। ছন্দোবিশেষ। ৮। বিং, ত্রিং, রক্ষক, রক্ষাকর্ত্তা। ৯। উদ্ধারক। শিং—"সর্ব্বতারকং গয়াতীর্থং।"

তারকজিৎ (তারক—জিৎ [জি জয় করা + ০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

তারকব্রহ্ম (—ব্রহ্মন্) সং, ক্লীং, ওঁ শ্রীরাম রাম এই ষড়ক্ষর মন্ত্র। কাশীধামে মুমূর্ষু জীবের কর্ণে স্বয়ং বিশ্বেশ্বর এই তারকব্রহ্ম রামনাম প্রদান করেন, জীব এই মন্ত্র প্রাপ্ত হইবামাত্র নিস্তার প্রাপ্ত হয়। "ষড়ক্ষরং মহামন্ত্রং তারকব্রহ্ম উচ্যতে।"

তারকহা (—হন্, তারক—হন্ আঘাত করা + ০(ক্বিপ্)—ক) সং, পুং, কার্ত্তিকেয়।

তারকাক্ষ (তারকা—অক্ষ) সং, পুং, তারকাসুর পুত্রবিশেষ।

তারকারি (তারক অসুরবিশেষ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

তারকিত (তারক+ইত—সং জাতার্থে) বিং, ত্রিং, নক্ষত্রিত, তারকাযুক্ত। শিং—১ "সিতনিশাদৃষদি স্ফুটনিপ্পাতংকণগণাধিককতারকিতাম্বরঃ।" (নৈষধ)।

তারকী (তারকিন্, তারক নক্ষত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নক্ষত্রযুক্ত। কিণী—স্ত্রীং, রাত্রি।

তারণ তৃ-ণিচ্=তারি পারকরান+অন—ক) বিং,ত্রিং, যে ব্যক্তি পার করে, ত্রাণকর্ত্তা। শিং—১ "অশোকস্তারণস্তারঃ।" (বিষ্ণু)। ২। সং, পুং, ভেলা, মাড়। ৩। বৎসরবিশেষ। শিং—১ "শম্ভুং ভবতি সামান্যং তারণে সুরবন্দিতে।" (+অনট্—ভা) ক্লীং, পার করা। ২। বিপদ হইতে উদ্ধার করা। শিং—১"তত্র চোৎপৎস্যতে জন্তুর্ভবতাং তারণায় বৈ।"

তারণি (তারণ দেখ, অনি—ণ। যাহা দ্বারা পার হওয়া যায়) সং, স্ত্রীং, নৌকা।

তারতম্য (তর—তম ন্যূনাধিক+য(ষ্ণ্য)-ভা) সং, ক্লীং, ন্যূনাধিক্য। ২। ইতরবিশেষ। শিং—১"নির্ধনং নিধনমেতয়োর্দ্বয়োস্তারতম্যবিধিমুক্ত চেতসা[মু]। বোধনায় বিধিনা বিনির্ম্মিতা রেফ এব জয়বৈজয়ন্তিকা।"

তারপরম (মৃদঙ্গে যে সকল পরম বাদিত হইয়া থাকে, আলাপ বাদনকালে ছেড়সংযোগে তারেও সেই সকল পরম বাদিত হয়) সেতারাদি যন্ত্রে এক প্রকার প্রণালীতে রাগাদির আলাপ বাদিত হইয়া থাকে তাহাতে তালের নিতান্ত প্রয়োজনীয়তা দৃষ্ট হয়, সেই প্রণালীর বাদনকে তারপরম বলে।

তারপুষ্প (তার নির্ম্মল—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুন্দফুলের গাছ।

তারমাক্ষিক; সং, ক্লীং, রজততুল্য উপধাতুবিশেষ। শিং—১ "কিঞ্চিদ্রজতসাহিত্যাৎ তারমাক্ষিকমীরিতম্।"

তারল(তরল+অ(ষ্ণ)-স্বার্থে) বিং,ত্রিং,কামুক, লম্পট। [তরলতা,চঞ্চলতা। ২। পাতলা।

তারল্য (তরল+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং,

তারবিমলা (তার নক্ষত্র—বিমল নির্ম্মল, আপ-স্ত্রীং) সং, স্ত্রীং, রৌপ্যান্ত ধাতুবিশেষ।

তারশুদ্ধিকর (তার রৌপ্য+শুদ্ধিকর যে শোধন করে) সং, ক্লীং, সীসক, সীসা।

তারা (তৃ-ণিচ্=তারি পারকরান+অচ্—ক, আপ—স্ত্রীং। যিনি সংসার দুঃখের নিস্তারকারিণী। শিং—১ "তারকত্বাৎ সদা তারা সুখমোক্ষপ্রদায়িনী।") সং, স্ত্রীং, দশমহাবিদ্যার অন্তর্গত দ্বিতীয় বিদ্যা; অন্নদামঙ্গলে—তারার রূপ—



তারা (মহাবিদ্যা)।

"নীলবর্ণা লোলজিহ্বা করালবদনা,
সর্পবান্ধা উর্দ্ধ এক জটা বিভূষণা।
অর্দ্ধচন্দ্র পাঁচখানি শোভিত কপাল,
ত্রিনয়ন লম্বোদরা পরা বাঘছাল।
নীলপদ্ম খড়্গ কাতি সমুণ্ড খর্পরে,
চারিহাতে শোভে আরোহণ শিবোপরে।"

ধ্যান— "প্রত্যালীঢ়পদার্পিতাঙ্ঘ্রি শিবহৃদ্ঘোরাট্টহাসা পরা খড়্গেন্দীবরকর্ত্তৃখর্পরভুজা হুঙ্কারবীজোদ্ভবা। খর্ব্বা নীলবিশালপিঙ্গলজটাজূটৈকনাগৈর্যুতা জাড্যং ন্যস্য কপালকে ত্রিজগতাং হন্ত্যুগ্রতারা স্বয়ং॥" (তন্ত্রসার)। ২। দুর্গা। ৩। বৌদ্ধদেবী। ৪। বালীরাজার স্ত্রী, সুষেণ বানরের কন্যা, বালীর মৃত্যুর পর ইনি সুগ্রীবকে বিবাহ করেন। ৫। বৃহস্পতিভার্য্যা। ৬।

চক্ষুর কনীনিকা। ৭। সপ্তকবিশেষ, ইহা উচ্চসপ্তক। উচ্চারণস্থান মূর্দ্ধা। ৮। পুং, —স্ত্রীং, বিশুদ্ধমুক্তা।

তারাকূট; সং, ক্লীং, দম্পতির বিবাহের শুভাশুভ জ্ঞাপক কূটবিশেষ।

তারাচক্র; সং, ক্লীং, দীক্ষণীয় মন্ত্রের শুভাশুভ জ্ঞানার্থ চক্রবিশেষ।

তারাধিপ, তারাধিপতি (তারা নক্ষত্র—অধিপ, অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিং—১ "ততার তারাধিপখণ্ডধারী।" (কুমার)।

তারাপতি (তারা—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ২। চন্দ্র। ৩। বৃহস্পতি। ৪। বালী। ৫। সুগ্রীব।

তারাপথ (তারা—পথ [পথিন্‌শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ, নভোমণ্ডল।

তারাপীড় (তারা—আপীড় শিরোভূষণ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, চন্দ্র। ২। নৃপবিশেষ; ইনি চন্দ্রাবলোকের পুত্র। ইহার পুত্র চন্দ্রগিরি।

তারাভূষা (তারা—ভূষা আভরণ) সং, স্ত্রীং, রাত্রি।

তারাভ্র (তার নির্ম্মল—অভ্র মেঘ, য়ং—স। নির্ম্মল মেঘতুল্য বলিয়া) সং, পুং, কর্পূর।

তারামণ্ডল (তারা—মণ্ডল দেশ, চক্র। তারার ন্যায় যে হীরকাদি দীপ্তি পায়) সং, ক্লীং,প্রকাণ্ড দেবমন্দির। ২। নক্ষত্রমণ্ডল।

তারামৃগ (তারা—মৃগ, য়ং—স) সং, পুং, তারাচিহ্নে চিহ্নিত মৃগ, মায়ামৃগ। শিং—১ "অন্বধাবন্ মৃগং রামো রুদ্রস্তারামৃগং যথা।" (ভারত)। ২। মৃগশিরা নক্ষত্র।

তারারি; সং, পুং, বিট্‌মাক্ষিক, উপধাতুবিশেষ।

তারাবতী; সং, স্ত্রীং, চন্দ্রশেখর-রাজপত্নী।

তারাষোঢ়া; সং, স্ত্রীং, তারাপুরাক্ত ষোঢ়ান্যাস।

[স্ত্রীং, তালরস, তাড়ী।

তারিকা (তাল+কণ্—যোগ। ল=র) সং,

তারিখ (আরবীভাষা) দিন।

তারিণী (তৃ-ণিচ্=তারি পার করান+ইন্ (ণিন্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শক্তির রূপভেদ। ইঁহার আরাধনা করিলে মনুষ্য কবিত্ব, পাণ্ডিত্য প্রভৃতি লাভ করে। ২। ত্রাণকর্ত্রী। ৩। উদ্ধারিণী। শিং—১ "তারিণী দুর্গসংসারসাগরস্যাচলোদ্ভবে।"

তারিফ (আরবী উরূফ ধাতুজ) ব্যাখ্যা,নির্ব্বাচন। ২। প্রশংসা, স্তুতি। [যৌবনাবস্থা।

তারুণ্য(তরুণ যুবা+য(ষ্যঞ্)-ভাবে) সং,ক্লীং,

তারেয় (তারা বালীর ভার্য্যা + এয়(ঢক্)—অপত্যার্থে সং,পুং, তারাপুত্র, অঙ্গদ।

তার্কিক (তর্ক+ইক(ষ্ণিক)—জ্ঞানার্থে) সং, পুং, তর্কশাস্ত্রজ্ঞ। ২। বিং,ত্রিং, তর্কাসক্ত। ৩। তর্কশাস্ত্রাধ্যায়ী।

তার্ক্ষ; সং, পুং, কশ্যপমুনি।

তার্ক্ষ্য (তৃক্ষ্ গমনকরা+য(ষ্যঞ্)—পটুতার্থে। কিম্বা তৃক্ষ বা তার্ক্ষ কশ্যপমুনি+য(ষ্যঞ্)—অপত্যার্থে) সং, পুং, গরুড়। শিং—১ "ভবন্তি নির্বিষাঃ সর্পাঃ যথা তার্ক্ষ্যস্য দর্শনাৎ।" ২। অরুণ। ৩। অর্জ্জুন। ৪। রথ। ৫। সর্প। শিং—১ "জায়ন্তে বিবৃতাস্যাশ্চ ব্যাহরন্তোঽশিবা গিরঃ। ত্রিপদাঃ শিখিনস্তার্ক্ষ্যাশ্চতুর্দংষ্ট্রা বিষাণিনঃ।" ৬। অশ্ব। ৭। স্বর্ণ। ৮। বৃক্ষ-বিশেষ, শালবৃক্ষ। ৯। স্যন্দন।

তার্ক্ষ্যধ্বজ (তার্ক্ষ্য গরুড়—ধ্বজ পতাকা, চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

তার্ক্ষ্যনায়ক (তার্ক্ষ্য—নায়ক যে লইয়া যায়) সং, পুং, গরুড়।

তার্ক্ষ্যশৈল; সং, ক্লীং, রসাঞ্জন। শিং—১ "সিন্ধূদ্ভূতং চক্রমর্দস্য বীজমিক্ষ্বুদ্ভূতং কেশরং তার্ক্ষ্যশৈলম্।"

তার্ণ (তৃণ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, তৃণসম্বন্ধীয়। ২। সং,পুং, তৃণজন্য অগ্নি।

তার্ণক (তার্ণ দেখ, কণ্—যোগ) বিং, ত্রিং, তৃণযুক্ত স্থানে উৎপন্ন।

তার্তীয়ীক (তৃতীয়+ঈক(ষ্ণীক)—স্বার্থে) বিং, ত্রিং, তৃতীয়। শিং—১ "তার্তীয়ীকং পুরারেস্তদ্ বতু মদনপ্লোষণং লোচনং বঃ।"

তার্য্য (তৃ পার হওয়া+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, তরণীয়। ২। তরণার্থ যাহা প্রদান করা যায় (শুল্ক)। শিং—১ "তাণ্ডপুর্ণানি যানানি তার্য্যং দাপ্যানি সারতঃ।"

তাল (তল্ প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+অ(ঘঞ্)—ভা। গীত বাদ্য নৃত্য যাহাতে প্রতিষ্ঠিত হয়। কোন মতে—তাণ্ডব (পুং-নৃত্য) শব্দের তা এবং লাস্য (স্ত্রী-নৃত্য) শব্দের ল, এই উভয়বর্ণ মিলিত হইয়া 'তাল' শব্দের উৎপত্তি হইয়াছে। অথবা তন্ বিস্তার করা। নিপাতন) সং, পুং, ক্রিয়া দ্বারা অখণ্ড দণ্ডায়মান কালের ছন্দানুযায়িক পরিমাণবিশেষ, গীত বাদ্য বিষয়ে কালক্রিয়ার পরিমাণবিশেষ।"লয়-তালসমং শ্রুত্বা গঙ্গাবতরণং শুভং।" ২। কালপরিমাণবিশেষ। ৩। বিস্তৃত অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলিমিত পরিমাণ। ৪। বৃক্ষ-বিশেষ। শিং—১ "শাতকৌম্ভেন মহতা তালবৃক্ষেণ কেতুনা।" ৫। (তাড়ি আ-ঘাত করা+অ(ঘঞ্)—ণ) বাদ্য-বিশেষ, করতাল। ৬। করতলে করতলে আঘাত। ৭। করতল। ৮। প্রসিদ্ধ বৃক্ষ। ৯। দক্ষিণ করতল দ্বারা বাম বাহুতে প্রহার। ১০। খড়্গামুষ্টি। ১১। ক্লীং, হরিতাল। ১২। লেখ্যপত্র। ১৩। দুর্গার সিংহাসন। ১৪। তালফল। ১৫। বিং, ত্রিং, বিস্তৃত। ১৬। করতালী, তুড়ি।

তালক (তাল দেখ, অক(ণক)—ক। অথবা তাল+কণ্—যোগ) সং, ক্লীং, হরিতাল। ২। দ্বাররোধক যন্ত্র, তালা। ৩। তুবারিকা।

তালকন্দ; সং, ক্লীং, তালমূলী।

তালকাভ (তালক হরিতাল—আভ যে দীপ্তি পায়। অথবা তালক হরিতাল—আভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হরিতবর্ণ। [রস, তাড়ী।

তালকী (তাল+ক—যোগ) সং, স্ত্রীং, তাল-

তালকেতু (তাল তালচিহ্নিত—কেতু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভীষ্ম। শিং—১"তাসাং প্রমুখতো ভীষ্মস্তালকেতুর্ব্যরোচত।"

তালক্ষীর; সং, পুং, শর্করাবিশেষ, তালের চিনি।

তালগর্ভ; সং, পুং, তালের মেথি।

তালঙ্ক; সং, পুং, ভূষণবিশেষ।

তালজঙ্ঘ; সং, পুং, যদুবংশীয় নৃপবিশেষ। তালজঙ্ঘগণ ইহাঁরই পুত্র। হৈহয়গণও শশিবিন্দুর সহিত সগরের পিতা অসিত বা বাহু রাজাকে রাজ্যচ্যুত করে। শিং—১ "তালজঙ্ঘং মহাক্ষত্রমৌর্ব্বেণৈকেন নাশি-তম্।" ২। গ্রহবিশেষ। শিং—১"নির্মাংস-সাস্তালজঙ্ঘাশ্চ ব্যাদিতাস্যাঃ ভয়ঙ্করাঃ।" ৪। দেশ-বিশেষ। ঙ্ঘা—স্ত্রীং, রাক্ষসী-বিশেষ। [জটার ন্যায় পদার্থ।

তালজটা; সং, স্ত্রীং, তালজটা। ২। তাল-

তালজু; সং, পুং, তালুই পক্ষী।

তালধ্বজ (তাল—ধ্বজ পতাকা,৬ষ্ঠী—হিং) সং, পুং, বলদেব, বলরাম। শিং—১ নাতিদূরং ততো গত্বা নগং তালধ্বজো বলী।" জা—স্ত্রীং,নগরীবিশেষ। ২। তাল-গাছের পাতা।

তালনবমী; সং, স্ত্রীং, ভাদ্রমাসের শুক্লা-নবমী; এই তিথিতে দুর্গাদেবীর আরাধনা করিলে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়।

তালপত্র (তাল—পত্র পাতা, ১মা—হিং) সং, ক্লীং, কর্ণভূষণবিশেষ। ২। (৬ষ্ঠী—ষ) তালের পাতা।

তালপ্রলম্ব (তাল—প্রলম্ব্ লম্বিত হওয়া+অ(অন্)—ক) সং,ক্লীং, তালবৃক্ষের জটা।

তালবেচনক (তালবেচন [তাল গানবাদ্য বিষয়ে কালপরিমাণ—বিচ্ অবলোকন করা+অন(অনট)—ভা]+ক—যোগ, নি-ষ্প্রয়োজনার্থে) সং, পুং, নর্ত্তক, নট।

তালবেতাল—উপদেবতাদ্বয়; প্রথিত আছে—রাজা বিক্রমাদিত্য অসাধারণ সাহ-সিকতা প্রভাবে ও বুদ্ধিচাতুর্য্যে তাল-বেতালসিদ্ধ হইলে উক্ত উপদেবতাদ্বয় তাঁহার বশীভূত ও আজ্ঞাবহ হইয়াছিল।

তালভৃৎ (তাল—ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক। যিনি তালকে ধ্বজরূপে ধারণ ক-রেন) সং, পুং, বলদেব।

তালমর্দ্দল; সং, পুং, বাদ্যবিশেষ।

তালযন্ত্র; সং, ক্লীং, শল্যোদ্ধারণার্থ যন্ত্র-বিশেষ।

তাললক্ষণ (তাল—লক্ষণ ধ্বজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম।

তালবন; সং, ক্লীং, বৃন্দাবনের দ্বাদশ প্রধান বনের মধ্যে একটী। ইহা মধুবনের পার্শ্বে

অবস্থিত। বলদেব এইখানে ধেনুক বধ করেন। শিং—১ "দদৃশাতে ততো বীরৌ রম্যং তালবনং মহৎ।" ২। তালের বন।

তালবৃন্ত, তালবৃন্তক (তাল করতাল—বৃন্ত বোঁটা, ৬ষ্ঠী—ষ। অথবা তাল করতল—বৃন্ত বন্ধন, ৬ষ্ঠী—হিং, কণ্—স্বার্থে) সং, পুং, তালপত্র ব্যজন। শিং—১ "তালবৃন্তেন কিং কার্য্যং লব্ধে মলয়মারুতে।"

তালব্য (তালু+য(ষ্য)—ভবার্থে) বিং, ত্রিং, তালু হইতে উচ্চারিত (বর্ণ)। ২। তালুসম্বন্ধীয়।

তালাঙ্ক (তাল—অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। ২। শিব। ৩। ক্রকচ। ৪। লক্ষণাক্রান্ত পুরুষ। ৫। পুস্তক।

তালাবচর (তাল গানবাদ্যবিষয়ে কাল পরিমাণ—অবচর যে পশ্চাৎগমন করে) সং, পুং, নর্ত্তক, নট।

তালি; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ। ২। (তাল শব্দজ) হাতে তাল দেওয়া।

তালিক (তাল করতল+ইক(ষ্কিক)—সম্বন্ধার্থে) সং, পুং, কা—স্ত্রীং, করতালি। শিং—১"যথৈকেন ন হস্তেন তালিকঃসংপ্রপদ্যতে।" ২। হাতের তেলো। ৩। চপেট। ৪। বন্ধন। ৫। মোহর করা। ৬। তাম্রবল্লী।

তালিম (আরবী ইলম্‌শব্দজ) শিক্ষা, উপদেশ।

তালিশ (তাল দেখ, ইশ—সংজ্ঞার্থে) সং, পুং, পর্ব্বত।

তালী (তাল দেখ, অ—ঈ, প্রং। অথবা তাল+অ—ঈ) সং, স্ত্রীং, তালগাছ। ২। তাড়ী। ৩। তালা। ৪। ভুঁইআমলা। ৫। তুবরীকা। ৬। তালমূলী। ৭। (তালিন্, তাল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে বাদ্যসংযোগে তাল প্রদান করে। ৮। সং, পুং, শিব। ৯। মুনিবিশেষ।

তালু (তৃ গমন করা+উ(ঞুণ্)—ণ, যাহা দ্বারা বাক্য নির্গত হয়) সং, ক্লীং, জিহ্বেন্দ্রিয়ের অধিষ্ঠান স্থান, তেলুয়া, টাকুরা। শিং—১"মুখতস্তালুনির্ভিন্নং জিহ্বাতত্রোপজায়তে।"

তালুক (তালু+কণ্—স্বার্থে) সং, ক্লীং, তালু, টাকুরা। ২। (আরবী ইলক ধাতুজ) সং, মধ্যবর্ত্তীদিগের অধিকৃত জমীর সাধারণ নাম তালুক, ভূম্যধিকার, জমিদারী।

তালুজিহ্ব (তালু—জিহ্বা, ৬ষ্ঠী—হিং। তালু দ্বারা ইহার জিহ্বার কার্য্যসম্পন্ন হয় বলিয়া সং, পুং, কুম্ভীর। ২। আলজিভ্।

তালূর (তাল দেখ, ঊর—প্রং। তালুর শব্দও হয়) সং, পুং, আবর্ত্ত, জলের ঘূর্ণা।

তালেবর (যাবনিক) ধনাঢ্য, মান্য।

তাবক, তাবকীন (যুষ্মদ্+অ(ষ্ণ), ঈন(ণীন)—ইদমর্থে। যুষ্মদ্ স্থানে তবক) বিং, ত্রিং, তদীয়, তোমার। শিং—১ "মৃগং তত্তে তাবকেভ্যো রথেভ্যঃ।"

তাবৎ(তদ্ সেই+বৎ(ডাবৎ)—পরিমাণার্থে) অং, তাহা। শিং—১"ভত্তাপি তাবৎ ক্রথকৌশিকানাম্।" ২। সাকল্য। শিং—১ " তাবৎ প্রকীর্ণাভিনবোপচারম্।" ৩। অবধি। শিং—১ "বস্তুং ন সম্ভাবিত এব তাবৎ।" ৪। পরিচ্ছেদ। ৫। অবধারণ। "ইন্দ্রপ্রস্থ গমস্তাবৎ কারিমা সন্ত চেদয়ঃ।" ৬। তদবধি, সেপর্য্যন্ত, ততক্ষণ। ৭। তৎকালে। ৮। তৎপরিমাণ, [illegible]। শিং—১ "ত্বমেব তাবৎ পরিচি[illegible] স্বয়ং।" ৯। কাব্যালঙ্কার। ১০। বিং, ত্রিং, তৎসঙ্খ্যক। শিং—১ "যাবতী সম্ভবেৎ বৃত্তিস্তাবতীং দাতুমর্হতি।" ২ "(তণ্ডুলাঃ) তাবন্ত এবাসন ভুজ্যমানা দিনে দিনে।"

তাবর; সং, ক্লীং, ধনুকের ছিলা।

তাবিজ (যাবনিক) অলঙ্কারবিশেষ। ২। কবচ।

তাবিষ (তব্[সৌত্রধাতু]+ইষ—সংজ্ঞার্থে) সং, পুং, স্বর্গ। ২। স্বর্ণ। ৩ সমুদ্র। ষী—স্ত্রীং, দেবকন্যা। ২। নদী। ৩। ভূমি।

তাবুরি; সং, পুং, বৃষরাশি।

তাষ্ট্র (ত্বষ্টৃ+অ(ষ্ণ)—নির্ম্মাণার্থে) বিং, ত্রিং, বিশ্বকর্ম্মার নির্ম্মিত; যথা—তাষ্ট্র অস্ত্র শরাসনে সন্ধান করিলেন।

তাস (দেশজ) সং, ক্রীড়ার্থ চিত্রিত ক্ষুদ্রপট।

তাস্কর্য্য (তস্কর+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, তস্করতা, চৌর্য্য।

তাহা (তদ্ শব্দজ) সর্ব্বং, তৎ, সেই।

তিক্ত ( তিজ্ [ক্ষুধাকে] তীক্ষ্ণ করা+ত(ক্ত) —ক) সং, পুং, তিক্তরস। ২। বিং, ত্রিং, তিক্তরসযুক্ত। ৩। সুগন্ধি। শিং—১ "যো গলে চোষমুৎপাদয়তি মুখবৈশদ্যং জনয়তি ভক্তরুচিং চাপাদয়তি হর্ষং চ স তিক্তঃ।"

তিক্তক ( তিক্ত + কণ — যোগ। উহাদের তিক্তাস্বাদ আছে বলিয়া) সং,পুং,পটোল। ২। চিরাতা। ৩। কাল খয়ের। ৪। নিম্ব।

তিক্তগুঞ্জা ; সং, স্ত্রীং, করঞ্জ।

তিক্ততণ্ডুলা ; সং, স্ত্রীং, পিপ্পলী।

তিক্ততুম্বী ; সং, স্ত্রীং, তিতলাউ।

তিক্তপত্র (তিক্ত—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁকরোল।

তিক্তপর্ব্বা (—পর্ব্বন্, তিক্ত—পর্ব্ব গ্রন্থি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গ্রন্থিদর্ব্বা। ২। হিলমোচী। ৩। গুড়ূচী। ৪। যষ্টিমধু।

তিক্তভদ্রক (তিক্ত—ভদ্রক হিতকর, য়ং—স। যে তিক্ত হইয়াও হিত করে) সং, পুং, পটোল।

তিক্তসার (তিক্ত—সার সারাংশ) সং, পুং, খদির।

তিগ্ম (তিক্ত দেখ, ম(মক্)—ভাবে) সং,ক্লীং, তীক্ষ্ণতা। ২। উষ্ণতা। ৩। (+মক্—ক) বিং,ত্রিং,উষ্ণ। ৪। তীক্ষ্ণ। শিং—১"অতিতিগ্মদন্তৌ।" ২ "তিগ্মতেজনৈঃ শরৈঃ।" ৫। উদ্ধত। ৬। কুট।

তিগ্মকর ( তিগ্ম—কর কিরণ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, সূর্য্য। ২। (তিগ্ম—কর রাজস্ব) উগ্রকরগ্রাহী রাজা। ৩। (তিগ্ম—কর, য়ং—স) প্রচণ্ডকিরণ। ৪। গুরুতর রাজস্ব।

তিগ্মমন্যু (তিগ্ম—মন্যু ক্রোধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উগ্রকোপসম্পন্ন, মহাক্রোধী। ২। সং, পুং, শিব।

তিগ্মরশ্মি } তিগ্মাংশু } (তিগ্ম—রশ্মি, অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

তিজী ( তিজিন্, তিজ্ তীক্ষ্ণ করা+ইন্—সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র।

তিত (তিক্তশব্দজ) বিং,ত্রিং, কটু, তীব্ররস।

তিতউ (তন্ [ শস্যকে ] বিস্তার করা+ইতউ —প্রং ) সং, পুং, সচ্ছিদ্র বংশ-নির্ম্মিত পাত্রবিশেষ, চালনী। শিং—১ "সক্তুমিব তিতউনা পুনন্তঃ।"

তিতি ( দেশজ ) ভিজিয়া যাওয়া ; যথা—"তিতি অশ্রুনীরে।"

তিতিক্ষা (তিজ্ সহ্য করা+সন্, অ—ভা, দ্বিত্ব) সং,স্ত্রীং, ক্ষমা, সহিষ্ণুতা। শিং—১ "সহনং সর্ব্বদুঃখানামপ্রতীকার পূর্ব্বকং। চিন্তাবিলাপরহিতং সা তিতিক্ষা নিগদ্যতে।" ২। শীতোষ্ণাদিদ্বন্দ্ব সহিষ্ণুতা।

তিতিক্ষিত (তিতিক্ষা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা সহ্য করা গিয়াছে, ক্ষমিত।

তিতিক্ষু ( তিতিক্ষা দেখ, উ—ক ) বিং, ত্রিং, ক্ষমাশীল, সহিষ্ণু।

তিতিভ ; সং, পুং, ইন্দ্রগোপকীট।

তিতিল ; সং, ক্লীং, মৃণ্ময়পাত্রবিশেষ, নাদা। ২। তৈতিলকরণ। ৩। তিলপিচ্চট।

তিতীর্ষু ( তৃ পার হওয়া+সন্—ইচ্ছার্থে, উ—ক, দ্বিত্ব) বিং, ত্রিং, তরণেচ্ছু। শিং —১ "তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্।" (রঘু)।

তিত্তির } তিত্তিরি } ( তিত্তি অনুকরণ শব্দ—রা [দান করা] করা+অ(ড), ই (ডি)—ক) সং, পুং, পক্ষিবিশেষ। ২। যজুর্বেদ শাখাধ্যায়ী মুনিবিশেষ।

তিথ (তিজ্ তীক্ষ্ণকরা+থ—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। ২। কাল। ৩। প্রাবৃট্‌কাল।

তিথি (অৎ গমন করা+ইথি(ইথিন্)—ক) সং, পুং—স্ত্রীং, চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি দ্বারা সীমাবদ্ধকাল, চান্দ্র মাসের ত্রিংশাংশ, প্রতিপদ্ আদি। শিং—১ "পঞ্চমী নবমী ষষ্ঠী চতুর্দ্দশ্যাষ্টমী তথা। তিথয়ো গর্হিতা হ্যেতা দষ্টসম্মরণাত্মকাঃ।"

তিথিকৃত্য (তিথি—কৃত্য, ৭মী—ষ) সং,ক্লীং, তিথিবিশেষ। ২। বিহিত কার্য্য। ৩। বিবাহাদি মাঙ্গলিক কর্ম্ম সমুদায় যে যে তিথিতে কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট আছে।

তিথিক্ষয় ( তিথি—তিথ্যুপলক্ষিত চন্দ্রকলা—ক্ষয় নাশ, ৭মী—হিং ) সং, পুং, অমাবস্যা। ২। ত্র্যহস্পর্শ, এক সাবন দিনে দুই তিথির ক্ষয় অর্থাৎ তিথিত্রয়ের সংযোগ হইলে তাহাকে দিনক্ষয় কহে।

শিং — ১ "একস্মিন্ সাবনে ত্বহ্নি তিথীনাং ত্রিতয়ং যদা। তদা দিনক্ষয়ঃ প্রোক্তস্তত্র সাহস্রিকং ফলম্।"

তিথিপ্রণী ( তিথি — প্র — নী পাওয়া + ০ (ক্বিপ্) — ক) সং, পুং, তিথিপ্রণেতা। ২। চন্দ্র।

তিথিসন্ধি ; সং, পুং, উভয় তিথির মিলন।

তিথ্যমৃতযোগ ; সং, পুং, যোগবিশেষ। রবি ও সোমবারে পূর্ণা, মঙ্গলে ভদ্রা, বৃহস্পতিবারে জয়া, বুধ ও শনিবারে নন্দা এবং শুক্রবারে রিক্তা যোগ হইলে তাহাকে তিথ্যমৃত যোগ কহে। ইহা সর্ব্বকার্য্যে শুভ।

তিন (ত্রিশব্দজ) বিং, ৩ সংখ্যা।

তিনকাল—বাল্যাবস্থা, যৌবনাবস্থা ও প্রৌঢ়াবস্থা। ২। সত্য, ত্রেতা ও দ্বাপর। ৩। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান। ৪। খণ্ডপ্রলয়, দৈনন্দিনপ্রলয় ও মহাপ্রলয়। ৫। যমত্রয়। ৬। সংহারকর্ত্তাত্রয়।

তিনি (তদ্ শব্দজ) সর্ব্বং, বুদ্ধিস্থ মান্যব্যক্তি, পরোক্ষ সম্ভ্রান্ত ব্যক্তি।

তিন্তিড় ( তিম্ আর্দ্র হওয়া + অ(অন্) — ক, দ্বিত্ব, ম স্থানে ড়) সং, পুং, ড়ী — স্ত্রীং, তেঁতুলগাছ। ২। তেঁতুলফল।

তিন্তিড়িকা ( তিন্তিড়ী + কণ্ - যোগ ) সং, স্ত্রীং, তেঁতুলগাছ।

তিন্তিড়ীক ( তিন্তিড়ী + ক — ইদমর্থে ) সং, ক্লীং, তেঁতুলফল। ২। পুং, তেঁতুলগাছ।

তিন্তিড়ীদ্যূত ( তিন্তিড়ী তেঁতুল — দ্যূত ক্রীড়া, ৩য়া — ষ ) সং, ক্লীং, কাঁই বিচির খেলা।

তিন্তিলী ( তিন্তিড় দেখ, ড় = ল ) সং, স্ত্রীং, তেঁতুলগাছ। ২। তিন্তিলিকা শব্দও হয়।

তিন্দু ( তিম্ আর্দ্র হওয়া + উ(কু) — ক ) সং, পুং, গাবগাছ।

তিন্দুক ; সং, পুং, বৃক্ষবিশেষ, গাবগাছ।

তিন্দুকতীর্থ ; সং, ক্লীং, মথুরাসন্নিহিত তীর্থবিশেষ। এই তীর্থে স্নান করিলে বিষ্ণুলোক প্রাপ্তি হয়।

তিব্বৎ ; সং, দেশবিশেষ। সিন্ধুনদের উৎপত্তি স্থান হইতে চীনদেশের সীমা পর্য্যন্ত এবং হিমালয় হইতে গৌরী প্রান্তর পর্য্যন্ত বিস্তৃত। ইহা পূর্ব্বপশ্চিমে ১৬০০ ক্রোশ দীর্ঘ। এই দেশ পর্ব্বতে পরিপূর্ণ।

তিমি ( তিম্ আর্দ্র হওয়া + ই কি) — ক) সং, পুং, প্রকাণ্ড মৎস্যবিশেষ। "নানাবিধাকারাস্তিময়ো নৈকরূপিণঃ।" ২। সমুদ্র। [আধার সং, পুং, সমুদ্র।

তিমিকোষ ( তিমি মৎস্যবিশেষ — কোষ

তিমিঙ্গিল (তিমিং তিমিকে — গিল [ভোজনার্থ গৄধাতুজ + অ(খশ্) — ক] যে গেলে) সং, পুং, অতি প্রকাণ্ড মৎস্য।

তিমিঙ্গিলগিল (তিমিঙ্গিল — গিল যে গেলে। যে তিমিঙ্গিল মৎস্যকেও গিলিতে পারে) সং, পুং, অতিশয় বৃহৎ মৎস্য।

তিমিজ (তিমি — জ [জন্ জন্মান + অ(ড) - ক ] যে জন্মে, ৫মী — ষ) সং, ক্লীং, মুক্তাবিশেষ।

তিমিত (তিমি দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, নিশ্চল। ২। ক্লিন্ন, আর্দ্র, ভিজা। শিং — ১"হ্রদ ইব তিমিনাগসংবৃত স্তিমিতজলোর্মাণি শঙ্খশর্করঃ।"

তিমির (তিমি দেখ, ইর(কির) — ণ) সং, ক্লীং, অন্ধকার। শিং — ১ "সামানাধিকরণ্যং হি তেজস্তিমিরয়োঃ কুতঃ।" ২। নেত্ররোগবিশেষ। ২। বিং, ত্রিং, অন্ধকারময়। শিং — ১ "প্রভয়া নাশয়ং স্তিমিরাণি।"

তিমিরনুদ্ ( তিমির — নুদ্ খণ্ডন করা + ০ (ক্বিপ্) — ক। যে অন্ধকার নষ্ট করে) সং, পুং, সূর্য্য। শিং — ১ "তিমিরনুদো মণ্ডলং যদি স লেহঃ।" ২। বিং, ত্রিং, অন্ধকারনাশক।

তিমিররিপু (তিমির অন্ধকার — রিপু শত্রু, ৬ষ্ঠী — ষ) সং, পুং, সূর্য্য। ২। আলোক।

তিরশ্চী ( তির্য্যচ্ + ঈ — প্রং ) সং, স্ত্রীং, পক্ষিণী। ২। স্ত্রীজাতীয়া পশু।

তিরশ্চীন (তিরশ্চ বক্রগমন + ঈন(খীন) - ইদমর্থে ) বিং, ত্রিং, বক্র, নোয়ান, বাঁকা। শিং — ১ "ঈক্ষমানঃ পাপেন তিরশ্চীনেন চক্ষুষা।" ২। কুটিল। ৩। আড়ভাবে স্থিত। শিং — ১ "গতং তিরশ্চীনমনূরুসারথেঃ।" (মাঘ)।

তিরস্ ( তৃ গমন করা + অস্(অসুক্) — ক) অং, অন্তর্দ্ধান, অপ্রকাশ্য। ২। অবজ্ঞা ৩। তিরস্কার। শিং — ১ "যা দীপ্ত্যাসূর্য্যমপি তিরস্কুরুতে।" ৪। বক্র।

তিরস্করণী, তিরস্করিণী, তিরস্কারিণী ( তিরস্ অপ্রকাশ্য — কৃ করা + অন(অনট্) — ণ, ২য়-পক্ষে ইন্ — ক, ঈপ্। ৩য়-পক্ষে ণিন্ — ক) সং, স্ত্রীং, ব্যবধায়ক পট, কাণাৎ। শিং — ১ "তিরস্করিণ্যো জলদা ভবন্তি।" ২। পর্দ্দা, আচ্ছাদন। ৩। অদর্শনী-বিদ্যা,যে বিদ্যা দ্বারা তাহাকে কেহই দেখিতে পায় না।

তিরস্কার — পুং, তিরস্ক্রিয়া — স্ত্রীং (তিরস্ অপ্রকাশ্য — কার,ক্রিয়া = করণ)সং, অবজ্ঞা, অনাদর। ২। ভৎর্সনা। শিং — ১ অপ্রকটীকৃতশক্তিঃ শক্তোঽপি জনাস্তিরস্ক্রিয়াং লভতে।" (পঞ্চতন্ত্র)। ৩। নিন্দা। ৪। আচ্ছাদন। ৫। কঞ্চুক।

তিরস্কৃত ( তিরস্ — কৃ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত। ২। অবজ্ঞাত। ৩। আচ্ছাদিত। ৪। ভৎর্সিত। ৫। দূষিত। শিং — ১ "অর্থান্তরে সংক্রমিতমত্যন্তং বা তিরস্কৃতম্।" (কাব্যপ্রকাশ)। ৬। সং, পুং, তন্ত্রসারোক্ত মন্ত্রবিশেষ। শিং — ১ "যস্য মধ্যে দকারোঽস্তি কবচং মূর্দ্ধনি দ্বিধা। অস্ত্রং তিষ্ঠতি মন্ত্রঃ স তিরস্কৃত উদীর্য্যতে।" [সং, পুং, অন্তর্ধান।

তিরস্য ( তিরস্ + য(যক্) — তিরোধানার্থে )

তিরিটি ; সং, পুং, আউকের গাঁইট।

তিরীট — ক্লীং,তীরীটক — পুং ; সং,লোধ্র বৃক্ষ।

তিরোধান ( তিরস্ অপ্রকাশ্য — ধান [ ধা ধারণ করা + অনট্ — ভা] ধারণ বা পাওন) সং, ক্লীং, অন্তর্ধান, অদর্শন। ২। ব্যবধান। ৩। আচ্ছাদন। ৪। (+ অনট্ — ণ) ক্লীং, আচ্ছাদন বস্ত্রাদি।

তিরোভাব (তিরস্ অপ্রকাশ্য — ভূ হওয়া + অ(ঘঞ্) — ভা) সং,পুং,অন্তর্দ্ধান,অদর্শন। ২। আচ্ছাদন। [অন্তর্হিত,অদৃষ্ট।

তিরোভূত ( তিরোভাব দেখ, ত(ক্ত) — ক )

তিরোহিত (তিরস্ — ধা ধারণকরা + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, আচ্ছাদিত। ২। অন্তর্হিত। শিং — ১ "ন চামায়ং নচ ন্যূনং ন দূরে ন তিরোহিতম্।"

তির্য্যক্ ( তিরস্ — অনচ্ গমন করা + ০ (ক্বিপ্) — ক) অং, বিং, বক্র, কুটিল। ২। পার্শ্ব। ৩। নিরুদ্ধ।

তির্য্যক্গতি ( তির্য্যক্ বক্র — গতি গমন, ষং — স) সং, স্ত্রীং, বক্রগমন।

তির্য্যক্পাতী ( — পাতিন্, তির্য্যক্ বক্রেভাবে — পত্ পতিতহওয়া + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, বক্রপ্রসারিত। ২। কুটিলবৃত্তিযুক্ত।

তির্য্যক্প্রমাণ ; সং, ক্লীং, বিস্তার প্রমাণ।

তির্য্যক্স্রোতাঃ ( — তস্, তির্য্যক্ বক্রভাবে — স্রোতস্ গতি) সং,পুং, পশু পক্ষ্যাদি।

তির্য্যগ্যান ( তির্য্যক্ বক্র — যান গমন, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কুলীর, কাঁকড়া।

তির্য্যগ্যোনি (তির্য্যক্ — যোনি,৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, পশুপক্ষ্যাদি জাতি। "স লিঙ্গিনাং হরত্যেন তির্য্যগ্যোনৌ চ জায়তে।"(মনু)

তির্য্যঙ্, তির্য্যঞ্চ (তির্য্যক্, তিরস্ — অঞ্চ্ গমন করা + ০ (ক্বিপ্) — ক, ২য়-পক্ষে বিচ্ — ক) বিং, ত্রিং, বক্র গমনশীল। ২। সং, পুং — স্ত্রীং, পক্ষী। ৩। পশু।

তিল (তিল্ স্নেহযুক্ত হওয়া + অ(ক) — ক) সং, পুং, শস্যবিশেষ। শিং — ১ "অমুষ্কযোগেন তৈলানি তিলেভ্যো নাপ্নুমর্হতি।" ২। তদাকার দেহস্থ চিহ্ন। শিং — ১ তেনাহং নৃপ জানামি ভানুমত্যাস্তিলং যথা।" ৩। সূক্ষ্মকাল। ৪। অত্যল্প। শিং — ১ তিলং তিলং ওং কৃত্বা।"

তিলক ( তিল দেখ, ক(কণ্) — অল্পাদ্যর্থে ) সং, পুং — ক্লীং, ললাটাদিতে ধর্ত্তব্য চন্দনাদি নির্ম্মিত চিহ্নবিশেষ, ফোঁটা। শিং — ১ "তিলকং যজ্ঞসূত্রঞ্চ ত্রিসন্ধ্যা বিষ্ণুপূজনং।" ২। গাত্রতিলক। ৩। পুং, তিলবৃক্ষ। ৪। মরুবক। ৫। অশ্ববিশেষ। ৬। রোগবিশেষ। ৭। তালবিশেষ। ৮। ক্লীং, মূত্রাধার। ৯। বিং, ত্রিং, শ্রেষ্ঠ ; যথা— রঘুকুলতিলক। শিং — ১"তং ভুবনতিলকভূতং (ভুবনত্রয়তিলকং) জনয়তি জননী সুতং বিরলম্। ১০। তিলযুক্ত।

তিলকট ( তিল – কট ) সং, পুং, তিলচূর্ণ, তিলের গুঁড়া। [পুং, তিলের খলি।
তিলকল্ক (তিল – কল্ক খলি, ৬ষ্ঠী – ষ) সং,
তিলকা ( তিল তিলপুষ্প – কৈ প্রাপ্ত হওয়া + অ(ক) – ক, আপ্ – স্ত্রীং ) সং, স্ত্রীং, হারবিশেষ। ২। গাত্রে গন্ধাদি দ্বারা তিলপুষ্পাকার চিহ্ন। শিং – ১"রসবর্ণপদা তিলকেতি তদা।" ৩। দ্বাদশাক্ষরপাদক ছন্দোবিশেষ।
তিলকালক (তিল তিলতুল্য – কাল কৃষ্ণবর্ণ + কণ্ – যোগ) সং,পুং, গাত্রতিল। ২। তিলযুক্ত ব্যক্তি। ৩। তিলক অলক। ৪। (৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, যাহার অলকে তিলক আছে।
তিলকাশ্রয় (তিলক – আশ্রয় আশ্রয়স্থান, ৬ষ্ঠী – ষ) সং, পুং, ললাটদেশ।
তিলকিট্ট (তিল – কিট্ট খলি, কাইট, ৬ষ্ঠী – ষ) সং,ক্লীং, তিলের খলি। ২। তিলের কাইট।
তিলকী ( – কিন্, তিলক + ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, তিলকযুক্ত, তিলকধারী।
তিলতণ্ডুলক (তিল – তণ্ডুল + ক 'কৈ'ধাতুজ। তিলতণ্ডুল মিশ্রিতের ন্যায় ) সং, ক্লীং,আলিঙ্গন। ২। তিলমিশ্রিত তণ্ডুল।
তিলতৈল (তিল – তৈল) সং, ক্লীং, তিলস্নেহ।
তিলপর্ণ ( তিল – পর্ণ পত্র। যাহার তিলবৃক্ষের ন্যায় পত্র, ৬ষ্ঠী – হিং) সং; ক্লীং, চন্দন। ২। (৬ষ্ঠী – ষ) তিলগাছের পাতা। ৩। পুং, টার্পিনতৈল।
তিলপর্ণিকা, তিলপর্ণী ; সং,স্ত্রীং, রক্তচন্দন।
তিলপিচ্ছট ; সং, ক্লীং, তিলপিষ্টক, তিলকুটা।
তিলপিঞ্জ ( তিল + পিঞ্জ – অভাবার্থে ) সং, পুং, ফলরহিত তিলবৃক্ষ।
তিলপেজ ( তিল + পেজ – অভাবার্থে) সং, পুং, শস্যরহিত তিল।
তিলরস, তিলস্নেহ ; সং, পুং, তিলতৈল।
তিলাপত্যা (তিল – অপত্য সন্তান। ইহার সহিত সাদৃশ্য আছে বলিয়া ) সং, স্ত্রীং, কেলেজীরা।
তিলিৎস (তিলিৎ গতি – স নাশার্থ সো-ধাতুজ। যে জীবন বা গতিশক্তি নাশ করে) সং, পুং, বৃহৎসর্প, গোনস।
তিলোত্তমা ( তিল – উত্তমা সুন্দরী স্ত্রী। বিধাতা সুন্দ ও উপসুন্দ নামক অসুরদ্বয়ের বিনাশ-সাধন মানসে সমুদায় রত্নের তিল তিল লইয়া ইহাকে নির্ম্মাণ করিয়াছিলেন, এই নিমিত্ত তিলোত্তমা নাম হইল) সং, স্ত্রীং, স্বর্গীয় বেশ্যাবিশেষ। শিং – ১ "তিলং তিলং সমানীয় রত্নানাংযদ্বিনির্ম্মিতা। তিলোত্তমেতি তত্তস্যা নাম চক্রে পিতামহঃ।"
তিলোদক (তিল তিলমিশ্রিত – উদক, ষং – স) সং,ক্লীং, তিলমিশ্রিত জল। শিং – ১"তেষাং দত্বাতু হস্তেষু সপবিত্রং তিলোদকম্।"
তিলোদন ( তিল – ওদন অন্ন ) সং, ক্লীং, তিলমিশ্রিত অন্ন। ইহার অন্যনাম কৃশর।
তিল্য ( তিল + য(ঋ্য) – তৎক্ষেত্রার্থে ) সং, ক্লীং, তিলের ক্ষেত।
তিল্বিল ( তিল্ব স্নি – ইলা ভূমি, ৭মী – হিং। যেখানে স্নিগ্ধভূমি আছে) বিং,ত্রিং, স্নিগ্ধভূমিযুক্ত (স্থান)।
তিষ্ঠদ্গু ( তিষ্ঠৎ [স্থা থাকা + অৎ(শতৃ) – ক] যে থাকে – গো গোরু, ব্যং – স। গোরুর দোহন জন্য যে কালে থাকে ও স্থানে উ) অং, গোস্থিতিসময়,সন্ধ্যাকাল। শিং – ১ "আ তিষ্ঠদ্গু জপন্ সন্ধ্যাং প্রক্রান্তামায়তীগবম্।" (ভট্টি)।
তিষ্য ( ত্বিষ্ দীপ্তি পাওয়া বা তুষ্-ক্রিতোষি তুষ্ট করা + য(ক্যপ্) – ক। নিপাতন) সং, পুং, পুষ্যানক্ষত্র। ২। (তিষ্যা তিষ্যনক্ষত্রযুক্তপূর্ণিমা + অ(ষ্ণ) – ভবার্থে। যে মাসে পুষ্যানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) পৌষমাস। ২। কলিযুগ। ষ্যা – স্ত্রী, ধাত্রী বৃক্ষ।
তিষ্যক (তিষ্য + ক – স্বার্থে। যে মাসে পুষ্যা নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) সং,পুং, পৌষমাস।
তিষ্যপুষ্প } (তিষ্য কলিযুগ – পুষ্প, ৬ষ্ঠী
তিষ্যফলা } – হিং) সং, স্ত্রীং, আমলকী।

তীক্ষ্ণ (তিজ্ তীক্ষ্ণকরা+ন(ক্স)—ভা) সং, ক্লীং, উগ্রতা। ২।(+ন—ক) বিষ। ৩। যুদ্ধ। ৪। লৌহবিশেষ,ইস্পাত। ৫। মরণ। ৬। অস্ত্র। ৭। শীঘ্র। ৮। সামুদ্রলবণ। ৯। বিং, ত্রিং, উষ্ণ। ১০। অনলস, ক্ষিপ্রকারী। ১১। আত্মত্যাগী। ১২। শাণিত। শিং—১ "সূচ্যগ্রেণ সুতীক্ষ্ণেণ।" ১৩। ধারাল। শিং—১ "তীক্ষ্ণবুদ্ধিস্তথা নৃপঃ।" ১৪। খর, উগ্র। শিং—১ "নির্দ্দহেদপি কাকুৎস্থঃ ক্রুদ্ধস্তীক্ষ্ণেণ চক্ষুষা।" ১৫। পুং, যবক্ষার। ১৬। শ্বেতকুশ। ১৭। কন্দুরুক। ১৮। তীক্ষ্ণগণ; যথা—অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা।

তীক্ষ্ণকণ্টক (তীক্ষ্ণ ধারাল—কণ্টক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধুতুরাগাছ। ২। কর্ব্বুর। ৩। ইঙ্গুদীবৃক্ষ। ৪। বংশ। ৫। (স্বং—স) ক্লীং, ধারাল কাঁটা। ৬। বিং, ত্রিং, তীক্ষ্ণকণ্টকযুক্ত।

তীক্ষ্ণকন্দ (তীক্ষ্ণ উগ্র—কন্দ মূল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।

তীক্ষ্ণকর্ম্মা (—কর্ম্মন্, তীক্ষ্ণ—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কার্য্যদক্ষ, পারগ।

তীক্ষ্ণকান্তা; সং, স্ত্রীং, উগ্রতারা-দেবী। শিং—১ "তীক্ষ্ণকান্তাহ্বয়া ত্বেকা যোগ্রতারা প্রকীর্ত্তিতা।"

তীক্ষ্ণগন্ধ } ( তীক্ষ্ণ—গন্ধ ঘ্রাণ, ৬ষ্ঠী—
তীক্ষ্ণগন্ধক } হিং। ক—যোগ ) সং, পুং, সজিনা গাছ। ২। রক্ততুলসী।

তীক্ষ্ণগন্ধা ( তীক্ষ্ণ—গন্ধ, ৬ষ্ঠী—হিং। আপ্) সং,স্ত্রীং, বচা। ২। রাজিকা। ৩। জীবন্তী। ৪। শ্বেতবচা। ৫। সূক্ষ্মএলা।

তীক্ষ্ণতণ্ডুলা ( তীক্ষ্ণ তীব্র—তণ্ডুল শস্য ) সং, স্ত্রীং, পিপ্পলী, পিপুল।

তীক্ষ্ণদংষ্ট্র (তীক্ষ্ণ ধারাল—দংষ্ট্রা দন্ত,৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্যাঘ্র। ২। বিং, ত্রিং, ধারাল দন্তবিশিষ্ট। শিং—১ "তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ।"

তীক্ষ্ণধার (তীক্ষ্ণ—ধার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খড়্গ। শিং—১ "অসির্বিশসনঃ খড়্গাতীক্ষ্ণধারো দুরাসদঃ।"

তীক্ষ্ণপুষ্প (তীক্ষ্ণ তীব্র—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, লবঙ্গ। ~~পা~~—স্ত্রীং, কেতকীবৃক্ষ।

তীক্ষ্ণরশ্মি (তীক্ষ্ণ তীব্র—রশ্মি কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। শিং—১ "শরৎপ্রজ্বলিতং তেজস্তীক্ষ্ণরশ্মির্বিশোষয়ন্।"

তীক্ষ্ণরস ( তীক্ষ্ণ তীব্র—রস, ৬ষ্ঠী—হিং ) সং,পুং, যবক্ষার। ২। (স্বং—স) তীব্ররস। ৩। বিং, ত্রিং, তীক্ষ্ণরসযুক্ত।

তীক্ষ্ণশূক (তীক্ষ্ণ ধারাল—শূক শুঁয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যব।

তীক্ষ্ণসারা; সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ।

তীক্ষ্ণায়স ( তীক্ষ্ণ—অয়স লৌহ, স্বং—স ) সং, ক্লীং, ইস্পাত। [বিশেষ।

তীবর ( তীবরশব্দজ ) সং, বর্ণসঙ্কর জাতি-

তীর (তীর্ [সমাপ্ত হওয়া] উচ্চতা পাওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, নদীকূল, তট। শিং—১"সার্দ্ধহস্তশতং যাবৎ গর্ভতস্তীরমুচ্যতে। ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশ্যাং যাবদাক্রমতে জলং তাবৎ গর্ভং বিজানীয়াৎ তদন্যৎতীরমুচ্যতে।" ২। বাণ, শর। ৩। টিনধাতু।

তীরগ্রহ; সং, পুং, দেশবিশেষ।

তীরন্দাজ (পারস্য তীর অর্থে বাণ—আন্দাথতন্ অর্থে নিক্ষেপ করা) বাণক্ষেপক।

তীরভুক্তি ( তীর—ভুক্তি এখানে সীমা অর্থ। ইহার পশ্চিমসীমা গণ্ডকী ও পূর্ব্বসীমা কৌশিকী নদী, দক্ষিণে গঙ্গা এবং উত্তরে হিমালয় পর্ব্বতের ধার) সং, স্ত্রীং, ত্রিহুতিদেশ।

তীরিত (তীর্ সমাপ্ত হওয়া+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, কার্য্যসমাপন।

তীরু (তৄ পার করা+উ(কু)—ক) সং, পুং, শিব। শিং—১"নমস্তেহভীযুহস্তায় তীরুভীরুহরায় চ।"

তীর্ণ ( তৄ পার হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, উত্তীর্ণ, পারগত। শিং—১ "তীর্ণঃ পূর্ণাঃ কতি ন সরিতো লঙ্ঘিতাঃ কেন শৈলাঃ।" ২। আপ্লুত। ৩। অভিভূত।

তীর্থ (তৄ গমন করা+থ(থক্)—র্ম্ম। পাপ মুক্তির জন্য লোকেরা যেখানে গমন করে) সং, পুং—ক্লীং, পুণ্যস্থান। শিং—১ "নহ্যম্ময়ানি তীর্থানি।" ২। ঋষিসেবিত

জল। শিং—১"ঋষিজুষ্টজলং তীর্থম্।" ৩। জলাবতরণিকা, ঘাট। শিং—১ "তীর্থে সমুত্তীর্য্য।" ৪। (+থক্—ধি) উপায়। ৫। উৎপত্তিস্থান। ৬। পাত্র। ৭। সৎপাত্র; যথা—ইনি আমার সতীর্থ। ৮। (+থক্—ণ) মন্ত্রী প্রভৃতি অষ্টাদশ প্রকার। ৯। উপাধ্যায়, গুরু। ১০। স্ত্রীরজঃ। ১১। শাস্ত্র। ১২। যজ্ঞ। ১৩। অঙ্গুলির অগ্রভাগ দৈবতীর্থ। ১৪। কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ কায়তীর্থ। ১৫। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ পৈত্রতীর্থ। ১৬। অঙ্গুষ্ঠের মূলভাগ ব্রাহ্মতীর্থ। ১৭। সত্য ক্ষমা দয়া দম দান ইন্দ্রিয়নিগ্রহ সরলতা সন্তোষ ব্রহ্মচর্য্য মিষ্টবাক্য জ্ঞান ধৈর্য্য পুণ্য মনঃশুদ্ধি এই গুলি মানসিক তীর্থ। শিং—১ "শরীরস্থানি তীর্থানি প্রোক্তান্যেতানি ভারত। পৃথিব্যাং যানি তীর্থানি পুণ্যানি শৃণু তান্যপি।" ১৮। তীর্থের আবির্ভাব বলিয়া বিপ্রচরণ ব্রাহ্মণের দক্ষিণ কর্ণ। শিং—১ "প্রয়াগাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা বিপ্রস্য দক্ষিণে কর্ণে বসন্তি মনুরব্রবীৎ।" ১৯। আগম। ২০। নিদান। ২১। দর্শনশাস্ত্র। ২২। বহ্নি।

তীর্থকর, তীর্থঙ্কর, তীর্থকৃৎ (তীর্থ শাস্ত্র—কর, কৃৎ যে করে) সং, পুং, শাস্ত্রকার। ২। জিন, বৌদ্ধমত-প্রবর্ত্তক মুনি। ৩। বিষ্ণু। শিং—১ "মনোজবস্তীর্থকরঃ।"

তীর্থকাক (তীর্থ—কাক কাকতুল্য, য়ং—স) সং, পুং, তীর্থস্থিত কাকের ন্যায় ব্যবহারী, লোলুপ। ২। (৬ষ্ঠী বা ৭মী—ষ) তীর্থস্থিত কাক।

তীর্থমহাহ্রদ; সং, পুং, স্বনামখ্যাত তীর্থবিশেষ।

তীর্থযাত্রা (তীর্থ—যাত্রা, ৪র্থী—স) সং, স্ত্রীং, তীর্থের উদ্দেশে যাত্রা। ২। ভারতমধ্যস্থ বনপর্ব্বান্তর্গত পর্ব্ব।

তীর্থরাজ (তীর্থ—রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গয়াতীর্থ।

তীর্থরাজী (তীর্থ পুণ্যস্থান—রাজী শ্রেণী, ৭মী—হিং। যেখানে অনেক তীর্থ আছে) সং, স্ত্রীং, কাশী, বারাণসী।

তীর্থবাক (তীর্থ—বচ্ বলা+অ(ঘঞ্)—ক) সং, পুং, কেশ, চুল।

তীর্থসেবী (—সেবিন্, তীর্থ—সেবী যে সেবা করে। সর্ব্বদা গমনাগমন করে) সং, পুং—স্ত্রীং, বকপক্ষী। ২। বিং, ত্রিং, তীর্থবাসী।

তীর্থ্য (তীর্থ+য(ষ্য)—স্বার্থে) সং, পুং, রুদ্র। শিং—১"নমস্তীর্থ্যায় চ কুল্যায়চ।"

তীবর (তৄ পারহওয়া+বর(ষরচ্)—ক) সং, পুং, সমুদ্র। পুং, রী—স্ত্রীং, তীয়র জাতি। ২। ব্যাধ।

তীব্র (তীব্ স্থূল হওয়া+র(রক্)—ক) বিং, ত্রিং, অধিক। ২। মহৎ। ৩। দুঃসহ। শিং—১ "অতিতীব্রমভূদ্‌যুদ্ধম্।" ৪। তীক্ষ্ণ। শিং—১ "রোষতীব্রেণ চক্ষুষা।" ৫। উষ্ণ। ৬। কটু, কড়া। ৭। (+রক্—ভাবে) সং, ক্লীং, আধিক্য। ৮। উষ্ণতা। ৯। তীক্ষ্ণতা। ১০। পুং, শিব।

তীব্রগন্ধা (তীব্র—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, যবানী, যোয়ান।

তু (তুদ্ পীড়ন করা+উ(ডু)—ক) অং, প্রভেদ। ২। সম্পর্ক। ৩। সমুচ্চয়। শিং—১ "উষ্ট্রযানং সমারুহ্য খরযানং তু কামতঃ।" ৪। কিন্তু। ৫। আধিক্য। ৬। অধিকন্তু। ৭। নিয়োগ। ৮। নিগ্রহ। ৯। যদি। ১০। প্রশংসা। ১১। পাদপূরণ। শিং—১ "নিরর্থকং তুহীত্যাদি পূরণৈক প্রয়োজনম্।" ১২। অবধারণ। ১৩। পক্ষান্তর। শিং—১ "আচারাদ্বিচ্যুতো বিপ্রো ন বেদফলমশ্নুতে। আচারেণ তু সংযুক্তঃ সম্পূর্ণফলভাগ্ ভবেৎ।"

তুই (ত্বম্‌পদজ) সর্ব্বং, তুমি শব্দের নীচোক্তি।

তুক্ (তুজ্ পালনকরা+০(ক্বিপ্)—র্ম্ম) সং, পুং, অপত্য, সন্তান। ২। (দেশজ) বশীকরণাদির জন্য প্রকরণবিশেষ। ৩। সঙ্গীতে—কতকগুলি মাত্রা একত্র ছন্দে যোজনা করিলে তাহাকে তুক্ কহে।

তুক্ক—বাণবিশেষ। ২। শ্লোকের শেষভাগ।

তুগা; সং, স্ত্রীং, বংশলোচন।

তুঙ্গ (তুনজ্ বলিষ্ঠ হওয়া+অ(ঘঞ্)—ক) বিং, ত্রিং, উন্নত। শিং—১"ততঃস্ববিষয়ং ত্যক্তা তুঙ্গশৃঙ্গ সমাশ্রিতঃ।" ২। শ্রেষ্ঠ। ৩। উগ্র। ৪। সং, পুং, পর্ব্বত। ৫। নারি-

কেল গাছ। ৬। মেষাদি রাশিবিশেষ। ৭। গণ্ডক। ৮। পুন্নাগবৃক্ষ। ৯। যোগবিশেষ। ১০। অত্রির পুত্র। ১১। ক্লীং,কিঞ্জল্ক। ঙ্গী —স্ত্রীং, হরিদ্রা। ২। রাত্রি। ৩। ঙ্গা—স্ত্রীং, বংশলোচন। ৪। শমী।

তুঙ্গক (তুঙ্গ+কণ্—স্বার্থে বা সংজ্ঞার্থে) সং, পুং, পুন্নাগবৃক্ষ। ২। তুঙ্গকারণ্য, তীর্থবিশেষ। শিং—১ "তুঙ্গকারণ্যমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ।"

তুঙ্গকূট (তুঙ্গ উচ্চ—কূট শৃঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, উচ্চশৃঙ্গ পর্ব্বতবিশেষ।

তুঙ্গতর } (তুঙ্গ+তর, তম—অতিশয়ার্থে)
তুঙ্গতম } বিং, ত্রিং, অতি উচ্চ।

তুঙ্গভদ্র (তুঙ্গ উচ্চ, উন্নত—ভদ্রা ভাগ্যবন্ত) সং,পুং, মত্তহস্তী। দ্রা—স্ত্রীং, মহীসুরের অন্তর্গত নদীবিশেষ। তুঙ্গা ও ভদ্রা নামক নদীদ্বয়ের মিশ্রণে উৎপন্ন। ইহার চলিত নাম তুংভদ্রা। তুঙ্গা বেদ্‌নোরের পশ্চিমস্থিত পর্ব্বতমালায় উত্থিত হইয়া এবং ভদ্রা ম্যাঙ্গালোরের সম্মুখস্থিত বাবাবদ্দীন পর্ব্বতে উত্থিত হইয়া উভয়ে কুরলী নামক স্থানে মিলিত হইয়া এই নাম লাভ করিয়াছে, এবং ইংরাজ রাজত্বের পশ্চিমসীমা চিহ্নিত করিয়া কৃষ্ণা নদীতে মিলিত হইয়াছে। শিং—১ "তুঙ্গভদ্রাজলং স্বাদু।"

তুঙ্গরস; সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

তুঙ্গশেখর (তুঙ্গ উচ্চ—শেখর চূড়া) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, উচ্চ শেখরযুক্ত।

তুঙ্গিমা (তুঙ্গিমন্, তুঙ্গ+ইমন্—ভাবে) সং, স্ত্রীং, উন্নতত্ব, উচ্চতা।

তুঙ্গী (তুঙ্গিন্, তুঙ্গ+ইন্—স্থিত্যর্থে) সং, পুং, উচ্চস্থ গ্রহ। ২। বিং, ত্রিং, উচ্চস্থানস্থিত। ৩। (তুঙ্গ+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, হরিদ্রা। ৪। বর্ব্বরা। ৫। রাত্রি। ৬। মহাশতাবরী। [সং, পুং, চন্দ্র।

তুঙ্গীপতি (তুঙ্গী রাত্রি—পতি, ৬ষ্ঠী—ষ)

তুঙ্গীশ (তুঙ্গী রাত্রি বা তুঙ্গ পর্ব্বত ইত্যাদি—ঈশ প্রভু) সং, পুং, শিব। ২। কৃষ্ণ। ৩। চন্দ্র। ৪। সূর্য্য।

তুচ্ছ (তুল্ ওজন করা+ছ—র্ম্ম) বিং, ত্রিং, অসার। শিং—১"তুচ্ছেঽস্মিন্ দ্রবিণমৃগতৃষ্ণার্ণবজলে।" ২। হেয়। ৩। শূন্য। ৪। অল্প। ৫। হীন, বর্জ্জিত। ৬। সং, ক্লীং, তুঁষ, ভুষি।

তুচ্ছদ্রু (তুচ্ছ অসার—দ্রু বৃক্ষ) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা গাছ।

তুচ্ছধান্যক; সং, ক্লীং, ভূসী। ২। আগড়া।

তুঞ্জ (তুন্জ্ বলপ্রকাশকরা+অ(অন্)—ক) সং, পুং, বজ্র।

তুড্ডক (তুড্ড অনাদর করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে তুড়িয়া দেয়, যে ভর্ৎসনা করে। [ক্লীং, তিরস্কার, ভর্ৎসনা।

তুড্ডন (তুড্‌ডক দেখ,অন(অনট্)—ভা) সং,

তুণ্ড (তুণ্ড্ [খাদ্যকে] ভেদ করা+অ(অন্) —ক, সং, পুং, মুখ, ওষ্ঠাধর। ২। চঞ্চু। শিং—১ "তীক্ষ্ণতুণ্ডা শকুনি।" ২ "শূলৈরয়স্তুণ্ডৈরুলূখলৈঃ।" ৩। পুং, রাক্ষসবিশেষ। ২। শিব।

তুণ্ডকেরী (তুণ্ডক মুখ+ঈর্ গমন করা+অ—প্রং) সং,স্ত্রীং, কার্পাসী। ২। তেলাকুচা।

তুণ্ডি (তুণ্ড [খাদ্যকে] ভেদ করা. নাশ করা +ইন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, আস্য, মুখ। ২। চঞ্চু। স্ত্রীং, নাভি।

তুণ্ডিভ } (তুণ্ডি নাভি+ভ, ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ নাভিযুক্ত,
তুণ্ডিল } স্থূলোদর, ভুঁড়ো। [বণিক্ দ্রব্যবিশেষ।

তুতিয়া (তুত্থক শব্দজ) সং, তাম্রের মল,

তুতুরী—শৃঙ্গযন্ত্রবিশেষ। [গাছ।

তুৎ (তুন্ন শব্দজ) সং, বৃক্ষবিশেষ। ২। তুঁৎ-

তুত্থ } (তুদ্ ব্যথিত করা+থ(থক্)—
তুত্থক } ক, সংজ্ঞার্থে। ক—যোগে তুত্থক) সং, ক্লীং, তুঁতিয়া। ২। পুং, অগ্নি। ত্থা—স্ত্রীং, নীলগাছ। ৩। এলালতা।

তুত্থাঞ্জন (তুত্থ—অঞ্জন কাজল) সং, ক্লীং, অঞ্জনবিশেষ, তুঁতিয়ার কাজল। ২। ময়ূরকণ্ঠ। [পুং, বিনাশকর্ত্তা।

তুথ (তুদ্ বিনাশ করা+থ(থক্)—ক) সং,

তুদাদি; সং, পুং, ধাতুগণবিশেষ।

তুন্দ (তুদ্ পীড়া দেওয়া+অ(ক)—ক, ন

—আগম) সং, ক্লীং, উদর, পেট। ন্দী—স্ত্রীং, নাভি।

তুন্দকূপী (তুন্দ উদর—কূপ গর্ত্ত, কূয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাভি।

তুন্দপরিমৃজ (তুন্দ উদর—পরি—মৃজ্ মার্জ্জনা করা+অ(ক)—ক। যে এ পাশ ও পাশ করিয়া সমস্ত সময় ক্ষেপণ করে) সং, পুং, অলস ব্যক্তি।

তুন্দি (তুন্দ দেখ, ই(ইন্)—ক, ন্—আগম) সং, ক্লীং, উদর, ভুঁড়ি। স্ত্রীং, নাভি। ২। পুং, গন্ধর্ব্ববিশেষ।

তুন্দিক, তুন্দিভ, তুন্দিল (তুন্দ+ইক, ইভ,ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্থূলোদর, ভুঁড়ো। [ভুঁড়িযুক্ত।

তুন্দিকর (তুন্দি—কৃ করা+অ(অল্)—ক)


তুন্দিলফলা; সং, স্ত্রীং, শশা।

তুন্ন (তুদ্ ব্যথিত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। ২। ব্যথিত। ৩। স্যূত। ৪। সং, পুং, তুঁদগাছ।

তুন্নবায় (তুন্ন ছিন্ন [বস্ত্র ইত্যাদি]—বে সেলাই করা+অ(ষঞ্)—ক) সং, পুং, দরজী। শিং—১"শৈলূষতুন্নবায়ান্নং কৃতঘ্নস্যান্নমেব চ।"

তুফান (আরবী, তওফ্ বেষ্টন করা) সং, ঝড়ঝাঁটি। ২। জোরবাতাস। ৩। বন্যা।

তুবড়ী—হিন্দুদিগের একটী প্রাচীন দ্বিনল যন্ত্র। আহিতুণ্ডিকেরা ইহা ব্যবহার করিয়া থাকে। এই যন্ত্রের নিম্নদেশে সচ্ছিদ্র দুইটী নল পরস্পর সমসূত্রপাতে সংযত এবং উপরিভাগে একটী তিক্ত অলাবুকোষ সংযোজিত থাকে। উহাই বায়ুকোষ। তাহার উপরিভাগ নলাকার ও ঈষৎ বক্র। তাহাতে একটী ছিদ্র আছে। উহাই ফুৎকার-রন্ধ্র।



তুবড়ী

তুমি (ত্বম্ পদজ) সর্ব্বং, দ্বিতীয় পুরুষ, তুই।

তুমুল, তুমূল (তু বধকরা+মুলক্,মূলক্—খি) সং,পুং—ক্লীং,কলহ, গণ্ডগোল। ২। রণসঙ্কুল, হুড়াহুড়ি। শিং—১ "উভয়োরপি পার্শ্ববর্ত্তিনাং তুমুলেনার্ত্তরবেণ বেজিতাঃ" (রঘু)। ৩। (+ণ—র্ম্ম) বিং, ত্রিং, [illegible]তর, অতিশয়; যথা—তুমুল যুদ্ধ। ৪। উৎকট; যথা—তুমুল রোগ হইয়াছে। শিং—১ "বজ্রপ্রপাতবিষমং প্রাপ্নোতু তুমুলং ভয়ম্।" ৫। ভয়ানক। ৬। ব্যাকুল। ৭। বিশৃঙ্খল।

তুম্ব (তুম্ব্ [পিত্তকে] বধ করা+অ(অন্)—ক) সং, পুং, দ্বি, ম্বী—স্ত্রীং, অলাবু, লাউ। শিং—১ "স্তনযুগলতুম্বীফলযুত।"

তুম্বক (তুম্ব+ক—যোগ) সং, পুং, অলাবু।

তুম্বুকী—আনদ্ধযন্ত্রবিশেষ। ইহা ঢক্কা সদৃশ।

তুম্বুরী (তুম্ব দেখ, উর—ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কুক্কুরী।

তুম্বুরু (তুম্ব দেখ, উরু—ক, সংজ্ঞার্থে) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ; ইনি সঙ্গীত বিদ্যায় সুনিপুণ ছিলেন। শিং—১ "গন্ধর্ব্বৈঃ সহিতঃ শ্রীমান্ প্রাগায়ত চ তুম্বুরুঃ।" ২। ঋষিবিশেষ। ৩। বৃক্ষবিশেষ।

তুম্র (তুম্ প্রেরণ করা, বধ করা+র(রক্)—ক) বিং, ত্রিং, প্রেরক। ২। হিংসক।

তুরকী (পারস্য ভাষা) তুরস্কদেশীয় মুসলমান জাতি।

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম (তুর শীঘ্র—গ [গম্ গমনকরা+অ(ড)—ক] যে গমন করে। অথবা ত্বরা বেগ—গম্ গমন করা+অ(খ)—ক, ২য়-পক্ষে ত্বরা - গম্+অ(খ)—ক। নিপাতন) সং, পুং, অশ্ব। শিং—১ "উল্লঙ্ঘ্য গচ্ছং তুরগস্তদীয়ুঃ।" ২। (তুরাং বেগং গচ্ছতীতি) মনঃ।

তুরগদানব; সং,পুং, অশ্বাকার দৈত্য, কেশি নামক অসুর।

তুরগব্রহ্মচর্য্য (তুরগবৎ—ব্রহ্মচর্য্য) সং, ক্লীং, ভোগ্যা নারীর অপ্রাপ্তিনিবন্ধন অশ্বের ন্যায় স্ত্রীসঙ্গ ত্যাগরূপ ব্রত।

তুরগাতু (তুর্ ত্বরাযুক্ত—গাতু গমনশীল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শীঘ্রগামী। ২। সং, পুং, দুর্গগমন। ২। শীঘ্র উদ্দেশ্য সাধনার্থ যাত্রা।

তুরগানন (তুরগ—আনন, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) সং, পুং, কিন্নরবিশেষ।

তুরগী } (— গিন্, ঙ্গিন্, তুরগ, তুরঙ্গ +
তুরঙ্গী } ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, অশ্বসাদী, ঘোড়সোয়ার। শিং — ১ "তুরঙ্গিভির্যত্ননিরুদ্ধবেগাঃ।"

তুরঙ্গদ্বিষণী (তুরঙ্গ — দ্বিষণী দ্বেষকারিণী) সং, স্ত্রীং, মহিষী, স্ত্রীমহিষ।

তুরঙ্গপ্রিয় (তুরঙ্গ — প্রিয়, ৬ষ্ঠী — ষ) সং, পুং, [যব।

তুরঙ্গবক্ত্র } (তুরঙ্গ অশ্ব — বক্ত্র বদন
তুরঙ্গবদন } = মুখ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কিন্নর, স্বর্গগায়ক।

তুরঙ্গী (তুরঙ্গ তুরঙ্গসম্বন্ধ + ঈ — অস্ত্যর্থে) সং, স্ত্রীং, অশ্বগন্ধা। ২। অশ্বের স্ত্রীজাতি।

তুরপুন (দেশজ) সং, কাষ্ঠাদিছিদ্রে করণার্থ অস্ত্র।

তুরা — স্ত্রীং } (তুর্ শীঘ্র গমন করা + অ
তুর — ক্লীং } — ভা) সং, শীঘ্র। ২। ত্বরা, বেগ।

তুরায়ণ (ত্বরা বেগ — অয়ন গমন, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, পরায়ণ, আসক্ত। ২। সং, ক্লীং, যজ্ঞবিশেষ।

তুরাসাট্ (— সাহ্, ত্বরা বেগ — সহ্ সহ্য করা + ০(বিণ্) — ক) সং, পুং, ইন্দ্র। শিং — ১ "তুরাসাহং পুরোধায় ধাম স্বায়ম্ভুবং যযুঃ।" (কুমার)।

তুরি } (তুল্ সদৃশ হওয়া + অ — প্রং, ল
তুরী } স্থানে র। অথবা তুর + ই — ক) সং, স্ত্রীং, তন্তুবায়ের যন্ত্রবিশেষ, মাকু। ২। হিন্দুদিগের একটী শুষির যন্ত্র। রণস্থলে ইহা ব্যবহৃত হয়। ইহা পিত্তলনির্ম্মিত।

তুরীয় (চতুর্ চার + ঈয় (ণীয়) — প্রং, নিপাতন) বিং, ত্রিং, চতুর্থ। শিং — ১ "পাদস্তুরীয়ো ভাগঃস্যাৎ।" ২ "তুরীয়ভাগিন্যোঽভবৎ।" ২। পবিত্রাত্মা। ৩। গতিযুক্ত। ৪। সং, ক্লীং, পরব্রহ্ম। ৫। চতুর্থাংশের পূরণ।

তুরীয়বর্ণ (তুরীয় চতুর্থ — বর্ণ জাতি, যং — স) সং, পুং, চতুর্থবর্ণ, শূদ্র।

তুরুষ্ক (তুর্ ত্বরাকরা + উস্ — ধি, ক — যোগ) সং, ক্লীং, সিহ্লাগন্ধদ্রব্য, শিলারস। ২। পুং, তুরকিস্থান (Turkestan)। শিং—১ "তুরুষ্কদেশং প্রাপ্তাঃস্মঃ। তত্রস্রোত্রিয়ানভিধীনাসনপাদ্যাদিভিরপিগৃহিণো নোপতিষ্ঠন্তি।"

তুর্য্য } (চতুর্ + য (ক্য) — পূরণার্থে। নিপা-
তূর্য্য } তন) বিং, ত্রিং, চতুর্থ। শিং — ১ "একএবেশ্বরস্তুর্য্যঃ ভগবান্ স্বাশ্রয়ঃ পরঃ।"

তুর্য্যগোল; সং, ক্লীং, কালজ্ঞানার্থ যন্ত্রবিশেষ, ঘড়ি। [পুত্রবিশেষ।

তুর্ব্বসু (চতুর্ — বসু) সং, পুং, যযাতি রাজার


তুল (তুলা শব্দজ) সং, পরিমাণদণ্ড, দাঁড়ীপাল্লা।

তুলনা (তুল্ সাদৃশ্য হওয়া + অন্ — ভাবে, আপ্ — স্ত্রীং) সং, দৃষ্টান্ত, সাদৃশ্য, উপমা। ২। পরিমাণ।

তুলসারিণী; সং, স্ত্রীং, তূণ, বাণাধার।

তুলসী (তুলা সাদৃশ্য — সো নাশ করা। কিম্বা অস্ নিরস্ত কথা + অ (অন্) — ক, যাহার সাদৃশ্য নাই) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ। বিষ্ণুপুরাণমতে—জলন্ধরপত্নী বৃন্দা হইতে তুলসীর জন্ম হয়। (অশ্বথ দেখ)। ব্রহ্মপুরাণমতে—তুলসী রাধিকার সখী। রাধিকার অভিশাপে ইনি ধর্ম্মধ্বজ রাজার কন্যারূপে জন্মগ্রহণ করিয়া শঙ্খচূড় নামক দৈত্যের পত্নী হইয়াছিলেন; এই জন্মেও ইহার নাম তুলসী হয়। শঙ্খচূড়ের এইরূপ বর ছিল তৎপত্নীর সতীত্ব নষ্ট না হইলে তাহার মৃত্যু হইবে না। এইজন্য শঙ্খচূড় বিনাশার্থ কৃষ্ণ শঙ্খচূড়রূপে তুলসীকে সম্ভোগ করেন। তাহাতেই তৎপতি শঙ্খচূড়ের মৃত্যু হয়। তখন তিনি কৃষ্ণের পদে পতিতা হইয়া দেহ ত্যাগ করিলে তাহার শরীর গণ্ডকী শিলা ও কেশে তুলসীবৃক্ষ সমুৎপন্ন হইল। শিং — ১ "যস্যা দেবি তুলা নাস্তি বিশ্বেষু চাখিলেষু চ। তুলসী তেন সা খ্যাতা।"

তুলা (তুল্ ওজন করা + অ — ণ) সং, স্ত্রীং, ভারের পরিমাণ। শিং — ১ "আত্মনস্তু তুলাং কৃত্বা সুবর্ণং যঃ প্রযচ্ছতি।" ২। পরিমাণদণ্ড। ৩ স্বর্ণরৌপ্যের পরিমাণ। ৪। শতপল পরিমাণ। ৫। সপ্তমরাশি; ইহা চিত্রার শেষ পাদদ্বয়, স্বাতির সমুদায় এবং বিশাখার প্রথম পাদযোগে হয়। ইহার অধিষ্ঠাত্রী



তুলা (রাশি)।

দেবতা তুলাধারী পুরুষ। মানব এই রাশিতে জন্মগ্রহণ করিলে বক্তা বিদ্বান্ ও স্ত্রী-দুঃখিত হয়। ৬। ভাণ্ড। ৭। ডাঁড়ী, নিক্তী। ৮। (+অ—ভা) সাম্য। ৯। তুলনা, সাদৃশ্য। ১০। (+অ—র্ম্ম) গৃহের উর্দ্ধভাগস্থ কাষ্ঠ।

তুলাকূট (তুলা—কূট কৌটিল্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে দ্রব্যাদির পরিমাণবিষয়ে অন্যথা করে, যে ওজনে কম দেয়। শিং—১ "মানকূটং তুলাকূটং কণ্ঠমোষ্ঠং নিপীড়য়।" ২। সং, ক্লীং, পরিমাণে অন্যথা করণ, ওজনে কম দেওয়া।

তুলাকোটি—টী (তুলা নিক্তী—কুট্ পরিমাণ করা+ই(ইন্)—ক। ওজন দ্বারা যাহার মূল্য হয়) সং, টী—স্ত্রীং, নূপুর। ২। পরিমাণবিশেষ। ৩। অর্ব্বুদসংখ্যা। ৪। তুলাদণ্ডের অগ্রভাগ। [ডাড়ী।

তুলাদণ্ড; সং, পুং, পরিমাণদণ্ড, নিক্তী,

তুলাদান; সং, ক্লীং, স্বীয় দেহ পরিমাণানুসারে দান। ২। তুলাপুরুষসংজ্ঞক মহাদান। [তুলাদণ্ড।

তুলাধট (তুলা—ধট, ৪র্থী—ষ) সং, পুং,

তুলাধর (তুলা তুলারাশি—ধর [ধর্ ধারণ করা+অ(অন্)—ক] যে ধারণ করে) সং, পুং, সূর্য্য।

তুলাধার (তুলা নিক্তী ইত্যাদি—আ—ধৃ ধরা+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, বাণিজ্যকারী। ২। (তুলা—আধার যে আশ্রয় করে) সং, পুং, তুলারাশি। ৩। তুলাদণ্ড, রজ্জু। ৪। কিরণ।

তুলাধারী (—ধারিন্, তুলা—ধৃ ধরা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি ওজন করে।

তুলাপুরুষ; সং, পুং, মহাদানবিশেষ, যাহাতে আপনার ভারের পরিমাণ স্বর্ণাদি দান করা হয়।

তুলাপ্রগ্রহ—গ্রাহ (তুলা নিক্তী—প্রগ্রহ গ্রহণকরা+অ(অন্), পক্ষান্তরে—অ(ঘঞ্) —ক) সং, পুং, তুলাসূত্র।

তুলামান (Libration, তুলা—মান পরিমাণ) সং, ক্লীং, তুলাদণ্ডে পরিমাণকরণ। ২। (৭মী—ষ) চন্দ্রের তুলামানশব্দে চন্দ্রমণ্ডলবৃত্তিপরিবর্ত্ত; এই পরিবর্ত্ত দ্বারা চন্দ্রমণ্ডলের প্রান্তসন্নিহিত কোন কোন অংশের পর্য্যায়ক্রমে আবির্ভাব ও তিরোভাব হয়।

তুলাযন্ত্র; সং, ক্লীং, তুলাদণ্ড, পরিমাণদণ্ড।

তুলাযষ্টি; সং, স্ত্রীং, তুলাদণ্ড, পরিমাণদণ্ড।

তুলাবীজ (তুলা ভারের পরিমাণ—বীজ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গুঞ্জা, কুঁচ।

তুলি (তুল্ ওজন করা+ই—সংজ্ঞার্থে) সং, লী, লিকা—স্ত্রীং, চিত্রকরের বর্ত্তিকা, যাহার দ্বারা রঙ্ লইয়া ছবি লেখে। ২। তন্তুবায়ের তুরী।

তুলিত (তুলি দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চালিত। ২। উৎক্ষিপ্ত। শিং—১ "যোহপীন্দ্র পাণি তুলিতায়ুধলূনপক্ষাঃ।" (মাঘ)। ৩। তোলা। ৪। পরিমিত। ৫। যাহার সহিত তুলনা করা গিয়াছে, উপমিত।

তুল্য (তুলা+য(ষ্য)—সম্মিতার্থে) বিং, ত্রিং, সমান, সদৃশ। শিং—১ "জগাম রথমুখ্যেন মনসস্তুল্যগামি ' ২ "যেষামহং ন পাদরজসা তুল্যঃ

তুল্যকোণিক (equiangular) যে সকল ক্ষেত্রের কোণগুলি পরস্পর সমান।

তুল্যপান (তুল্য সদৃশ—পান) সং, ক্লীং, সজাতীয় বহুলোকের সহিত মিলিত হইয়া জলাদি পান করা।

তুল্যযোগিতা (তুল্য—যোগিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থলে প্রস্তাবিত কিম্বা অপ্রস্তাবিত পদার্থ সমূহের গুণ ক্রিয়া রূপ এক ধর্ম্মের সহিত সম্বন্ধ থাকে।

তুবর (তু [পীড়া] হিংসা করা+বর(বরচ্)—ক) সং, পুং, কষায় রস, কষা। ২। বিং, ত্রিং, কষায়রসযুক্ত। রী—স্ত্রীং, আঢ়কী। ২। সৌরাষ্ট্রদেশের মৃত্তিকা, ফট্‌কিরি। ৩। ধান্যবিশেষ।

তুষ } তুস } (তুষ্ সন্তুষ্ট করা+অ(ক)—ক) সং, পুং, ষা—স্ত্রীং, ধান্যাদির ত্বক্, তুঁষ। শিং—১ "তুষেণাপি পরিত্যক্তা ন প্ররোহন্তি তণ্ডুলাঃ।"

তুষগ্রহ (তুষ ধান্যাদির ত্বক্‌—গ্রহ যে আক্রমণ করে, ২য়া—ষ) সং, পুং, অগ্নি।

তুষসার (তুষ তুঁষ—সার [স্থ গমন করা+অ(ণ)—ক] যে আলিঙ্গন করে) সং, পুং, অগ্নি।

তুষানল (তুষ—অনল অগ্নি) সং, পুং, তুষাগ্নি। ২। তুষাগ্নিতে শরীর দাহরূপ প্রায়শ্চিত্তবিশেষ।

তুষার (তুষ তুষ্ট হওয়া+আর(আরক্‌)—ক) সং, পুং, নীহার, হিম। শিং—১"জ্যোৎস্না তুষার কলুষীকৃতা।" ২ "স্বপয়ন্তীমুখং বাষ্পেস্তুষারৈরিব পঙ্কজম্‌।" ৩ "স্বপনবারি তুষার ভৃতস্বনাঃ।" (মাঘ)। ২। জলকণা, গুড়নি বৃষ্টি। ৩। শৈত্য। শিং—১ "আচচাম স তুষারশীকরঃ।" ৪। বরফ। ৫। দেশবিশেষ। ৬। বিং, ত্রিং, শীতল।

তুষারকর (তুষার হিম—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। ২। কর্পূর।

তুষারগিরি; সং, পুং, হিমালয়। শিং—১ "তুষারগিরিকূটাভং শিতাভ্রশিখরোপমম্‌।"

তুষারমূর্ত্তি } (তুষার শীতল—মূর্ত্তি আকৃতি, অংশু কিরণ, ৬ষ্ঠী—
তুষারাংশু } হিং) সং, পুং, হিমাংশু, চন্দ্র।

তুষারাদ্রি (তুষার—অদ্রি পর্ব্বত) সং, পুং, হিমালয় পর্ব্বত।

তুষিত (তুষ্‌ দেখ, ইত(কিতচ্‌)—সংজ্ঞার্থে) সং, পুং, ৩৬ সংখ্যক গণদেবতাবিশেষ। শিং—১ "চাক্ষুষস্যান্তরে পূর্ব্বমাসন্‌ যে তুষিতাঃ সুরা।"

তুষ্ট (তুষার দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, তৃপ্ত। ২। আহ্লাদিত। শিং—১ "তস্মিং স্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ।"

তুষ্টি (তুষার দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সন্তোষ, তৃপ্তি। ২। হর্ষ। ৩। মাতৃকাবিশেষ। শিং—১ "তুষ্টিং নীতাঃ সর্ব্বে। ভক্ষয়ামাস রাজেন্দ্র ন চ তুষ্টিং জগাম সঃ।"

তুষ্টিমান্‌ (তুষ্টিমৎ, তুষ্টি+মৎ(মতুপ্‌)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সন্তোষযুক্ত। ২। সং, পুং, উগ্রসেনপুত্র, কংসের ভ্রাতা।

তুষ্ট (তুষ্‌ সন্তুষ্ট করা+তু(তুক্‌)—ক) সং, পুং, কর্ণস্থ মণি।

তুষ্য (তুষ্‌ শোভা পাওয়া+য(ক্যপ্‌)—ক) সং, পুং, মহাদেব। [ক্লীং, ধূলি, রজঃ।

তুস্ত (তুস্‌ শব্দ করা+ত(ক্ত)—ভাবে) সং,

তুহিন (তুহ্‌ পীড়া দেওয়া+ইন—ক) সং, ক্লীং, হিম। শিং—১ "শশাঙ্কঃ—সান্দ্র—তুহিনান্তরিতঃ।" ২ "ছত্রে তুহিনস্থিষি।" ২। জ্যোৎস্না। ৩। বিং, ত্রিং, শীতল।

তুহিনকর (তুহিন হিম—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। ২। কর্পূর।

তুহিনদীধিতি (তুহিন শীতল—দীধিতি কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।

তুহিনাংশু (তুহিন শীতল—অংশু কিরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। ২। কর্পূর।

তুহিনাংশুতৈল; সং, ক্লীং, কর্পূরতৈল।

তুহিনাদ্রি (তুহিন—অদ্রি পর্ব্বত) সং, পুং, হিমালয় পর্ব্বত।

তূণ—পুং } (তূণ্‌ [বাণের সহিত] পূর্ণ
তূণী—স্ত্রীং } হওয়া+অ(ক)—র্ম্ম) সং, বাণ রাখিবার চোঙ্গা। শিং—১"তূণাদ্বাণং সমাদদে।" ণি, ণী—স্ত্রীং, (+অ—ভা) সঙ্কোচ।

তূণক; সং, ক্লীং, ১৫ অক্ষর ছন্দোবিশেষ, এই ছন্দে অযুগ্ম বর্ণ সমুদায় গুরু এবং যুগ্ম বর্ণ সমুহ লঘু।

তূণীর (তূণ+ঈর(ঈরন্‌)—র্ম্ম) সং, পুং, শরধি, বাণ রাখিবার চোঙ্গা।

তূতক; সং, ক্লীং, তুঁতিয়া।

তূর (ত্বর্‌ শীঘ্র গমন করা+অ(ক)—র্ম্ম) সং, ক্লীং, বাদ্যযন্ত্র। [বিশেষ।

তূরী (তূর্‌+ঈ—ক) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্র-

তূর্ণ (তূর দেখ, ত(ক্ত)—ক) ক্রিং—বিং, ক্লীং, শীঘ্র, দ্রুত। ২। বিং, ত্রিং, সত্বর। শিং—১ "চূর্ণমানীয়তাং তূর্ণং পূর্ণচন্দ্রনিভাননে।" [বেগ;

তূর্ণি (তূর দেখ, নি—প্রং) সং, পুং, ত্বরা,

তূর্য্য (তূর্‌ হিংসা করা+য—র্ম্ম। অথবা চতুর্‌+য(ক্য) সং, ক্লীং, বিবিধ বাদ্যযন্ত্র।

তূর্য্যখণ্ড; সং, পুং, বাদ্যবিশেষ, দগড়বাদ্য।

তূর্য্যাচার্য্য (তূর্য্য—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, যে ব্যক্তি বাদ্যবিষয়ে শিক্ষা প্রদান করে।

তূর্য্যাজীব ( Musician, তূর্য্য বাদ্য—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, বাদ্যব্যবসায়ী।

তূল ( তূল্ ওজন করা+অ(ক)—ক ) সং, পুং—ক্লীং, কার্পাস। ২। শিমুল তূল। শিং—১ "ব্যধমৎ পাণ্ডবীং সেনাং তূলরাশি মিবানলঃ।" ৩। ক্লীং, আকাশ। ৪। পুং, তুঁতগাছ।

তূলক (তূল+কণ্—যোগ) সং,ক্লীং,কার্পাস।

তূলকার্মুক (তূল—কার্মুক ধনুঃ) সং, ক্লীং, তূলফোড়া ধনুক, ধুনুখারা।

তূলনালী } ( তূল—নাল নল+ঈ—প্রং। ক—যোগে তূলনালিকা) সং, স্ত্রীং, তূলার পাঁইজ।
তূলনালিকা }

তূলবৃক্ষ ; সং, পুং, শিমুলগাছ।

তূলশর্করা ( তূল—শর্করা বালি বা কাঁকর ) সং, স্ত্রীং, কার্পাসের বীজ।

তূলসেচন ( তূল—সিচ্ সেচন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, সূত্রকর্ত্তন, কাট্‌নাকাটা।

তূলি, তূলিকা ( তূল দেখ, ই—প্রং, ক—যোগ ) সং, স্ত্রীং, বর্ত্তিকা, চিত্রসাধনী। ২। তুরী। ৩। তুলময়ী শয্যা।

তূবর } (তূ হিংসা করা+বর,ষ্বরচ্)—ক, কণ্—যোগ) সং, পুং, শৃঙ্গহীন বৃষ, নেড়া গরু। ২। শ্মশ্রুহীন পুরুষ,মাকুন্দিয়া। ৩। কষায় রস। ৪। নপুংসক।
তূবরক }

তূবরিকা ; সং, স্ত্রীং, ফট্‌কিরি।

তূবরী ( তূবর দেখ, ঈ—স্ত্রীং, ক—যোগে ) সং, স্ত্রীং, সৌরাষ্ট্রমৃত্তিকা।

তূষ্ণীম্ ( তুষ্ সন্তুষ্ট করা বা হওয়া+নীম্—ক) বিং, ত্রিং, মৌন, নীরব। শিং—১ পরৈর্বা কীর্ত্ত্যমানেষু তূষ্ণীমাস্তে পরাঙ্মুখঃ।

তূষ্ণীক ( তূষ্ণীম্+অক—সংজ্ঞাতার্থে ) বিং, নীরব, মৌনী।

তূষ্ণীম্ভাব (তূষ্ণীম্ নীরব—ভাব হওন, ষৎ—স) সং, পুং, মৌনাবলম্বন, চুপ্ করিয়া থাকা। শিং—১ "তূষ্ণীম্ভাবেঽপি বিজ্ঞেয়ং ন চেষ্টবতি কারণম্।"

তূষ্ণীভূত ( তূষ্ণীম্—ভূত হইয়াছে ) বিং, ত্রিং, নীরব, মৌনী।

তূষ্ণীংশীল (তূষ্ণীম্ নীরব—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীরব, গম্ভীর।

তূস্ত ( তুস্ শব্দ করা+ত(তন্)—ক ) সং, ক্লীং, ধূলি, রেণু। ২। পাপ। ৩। জটা। ৪। সূক্ষ্ম অণু।

তৃথ ; সং, ক্লীং, জাতিফল, জায়ফল।

তৃণ } ( তৃহ্ আঘাত করা+ণ(ক্ন)—ক, হ—লোপ। পশু দ্বারা ইহা নষ্ট হয়) সং, ক্লীং, ঘাস, খড় প্রভৃতি। শিং—১ "বৃক্ষগুল্মলতাবল্ল্যস্ত্বক্সারস্তৃণজাতয়ঃ।" ২ "তৃণৈর্গুণত্বমাপন্নৈর্বধ্যন্তেমত্তদন্তিনঃ।"
ত্রিণ }

তৃণকুটী ( তৃণ—কুটী ক্ষুদ্র গৃহ ) সং, স্ত্রীং, তৃণাচ্ছাদিত গৃহ, খড়োঘর।

তৃণকেতু ( তৃণ—কেতু পতাকা ) সং, পুং, বংশ, বাঁশ। ২। তালগাছ।

তৃণগোধা (তৃণ—গোধা গোসাপ) সং, স্ত্রীং, কাঁকলাস। ২। কীট।

তৃণজম্ভ ( তৃণ—জম্ভ খাদ্য বা দন্ত ) বিং, ত্রিং, তৃণভক্ষক। ২। হরিতবর্ণ দন্তবিশিষ্ট।

তৃণজাতি ; সং, স্ত্রীং, উলু, খড়।

তৃণজীবী (Herbivorous, তৃণজীবিন্, তৃণ—জীবী যে বাঁচে) বিং, ত্রিং, যে সকল পশু তৃণ ভক্ষণ করিয়া দেহ ধারণ করে।

তৃণতা (তৃণ+তা—ভাবে) সং, স্ত্রীং, তৃণত্ব। ২। ধনুক।

তৃণদ্রুম ; সং, পুং, ( তৃণবৎ অসার বলিয়া) নারিকেল। ২। তাল। ৩। গুবাক। ৪। তালী। ৫। কেতকী। ৬। খর্জ্জূর। ৭। হিন্তাল। ৮। খর্জ্জূরী।

তৃণধান্য ; সং, ক্লীং, নীবার, উড়িধান; শ্যামাক প্রভৃতি।

তৃণধ্বজ ( তৃণ—ধ্বজ পতাকা ) সং, পুং, বংশ, বাঁশ।

তৃণনিম্ব (তৃণ তৃণাকার—নিম্ব, ষৎ—স) সং, পুং, নেপালনিম্ব, চিরাতা।

তৃণপীড় ; সং, ক্লীং, যুদ্ধবিশেষ।

তৃণপুষ্প ; সং, ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ।

তৃণপূলী (তৃণ—পূল্ একত্র করা+অ(অন্)—প্রং) সং, স্ত্রীং, চাঁচ, দরমা।

তৃণমণি ; সং, পুং, তৃণগ্রাহক মণিবিশেষ।

তৃণমৎকুণ ; সং, পুং, প্রতিভূ, জামিন।

তৃণময় ( তৃণ+ময়(ময়ট্) - বিকারার্থে) বিং, ত্রিং, তৃণরচিত। শিং - ১ "কুর্য্যাৎ তৃণময়ং চাপং শয়ীত মৃগশায়িকাম্।"

তৃণরাজ (তৃণ - রাজন্ রাজা, ৬ী - ষ) সং, পুং, তালগাছ। ২। নারিকেলগাছ।

তৃণবৎ (তৃণ+বৎ(বতু) - তুল্যার্থে) অং, তৃণতুল্য, তৃণের মত। শিং - ১ "তৃণবন্মন্যতে জগৎ।"

তৃণবিন্দু ; সং, পুং, মুনিবিশেষ।

তৃণবিন্দুসরঃ ; সং, ক্লীং, তৃণবিন্দু ঋষির সরোবররূপ তীর্থ, কাম্যকবনের নিকটবর্ত্তী মরুভূমির প্রান্তভাগে অবস্থিত।

তৃণ-শূন্য ; সং, ক্লীং, মল্লিকাপুষ্প। ২। কেতকী-পুষ্প। ৩। বিং, ত্রিং, তৃণরহিত।

তৃণষট্পদ (তৃণ - ষট্পদ ছয় পা। যে কীট মাঠে গমন করে এবং যাহার ছয় পা আছে) সং, পুং, বোল্তা।

তৃণস (তৃণ+স - বাহুল্যার্থে) বিং, ত্রিং, তৃণপূর্ণ, তৃণবহুল। [কদলীবৃক্ষ।

তৃণসারা ( তৃণ - সার সারাংশ ) সং, স্ত্রীং,

তৃণসিংহ ; সং, পুং, কুঠার, কুড়ুল।

তৃণাগ্নি (তৃণ তৃণজাত - অগ্নি, ৬ং - স) সং, পুং, তৃণসম্বন্ধীয় অগ্নি, খড়ের আগুন। "ব্রাহ্মণস্ত্বনধীয়ানস্তৃণাগ্নিরিব শাম্যতি।"

তৃণাঞ্জন ; সং, পুং, কৃকলাস।

তৃণাটবী ; সং, স্ত্রীং, তৃণময় বন।

তৃণাঢ্য ( তৃণ - আঢ্য ধনী, ৭মী - ষ ) সং, পুং, পর্ব্বতজাত তৃণ।

তৃণাদি ; সং, পুং, তৃণ প্রভৃতি গণবিশেষ।

তৃণাবর্ত্ত ( তৃণ - আ - বৃত্-ণিচ=বর্ত্তি ভ্রমণ করান+অ(অন্) - ক। যে তৃণরাশিকে ঘূর্ণিত করে) সং, পুং, কংসরাজের অনুচর দৈত্যবিশেষ ; কংসের আদেশানুসারে ( চক্রবাত ) ঘূর্ণিবাতাসরূপ ধারণ করিয়া ধূলা ও কুটার ঘূর্ণীবাতাস তুলিয়া মায়ানিদ্রিত বালক কৃষ্ণকে বক্ষে ধরিয়া বায়ুর্থ শূন্যে তুলে। কৃষ্ণ জাগরিত হইয়া তাহার গলা জড়াইয়া ধরিয়া, বিরাট-বিশ্বম্ভর মূর্ত্তি ধারণ করেন ; তৃণাবর্ত্ত তাহাতেই ভূপতিত হইয়া নিহত হইল। ২। ঘূর্ণীবাতাস।

তৃণেন্দ্র (তৃণ - ইন্দ্র) সং, পুং, তালগাছ।

তৃণোদ্ভব ( তৃণ - উদ্ভব উৎপন্ন ) সং, পুং, নীবার, উড়িধান। ২। তৃণজাত অগ্নি। ৩। বিং, ত্রিং, তৃণ হইতে উৎপন্ন।

তৃণোল্কা ; সং, স্ত্রীং, তৃণজাত উল্কা, উকা। শিং - ১"ন হি তাপয়িতুং শক্যং সাগরাম্ভস্তৃণোল্কয়া।" (হিতোপদেশ)।

তৃণৌকঃ (তৃণৌকস্, তৃণ - ওকস্ বাসস্থান) সং, ক্লীং, তৃণ-নির্ম্মিত গৃহ।

তৃণ্যা (তৃণ+য(য্য) - সমূহার্থে, আপ্ - স্ত্রীং) সং, স্ত্রীং, তৃণরাশি, তৃণসমূহ।

তৃতীয় ( ত্রি তিন+তীয় - পূরণার্থে, ত্রি=তৃ। নিপাতন ) বিং, ত্রিং, তিনের পূরক। "তৃতীয়ং ধনদণ্ডস্তু বধদণ্ডমতঃপরম্।" য়া - স্ত্রীং, তিথিবিশেষ ; চন্দ্রের তিন কলার হ্রাস বা বৃদ্ধিরূপ কার্য্যোপলক্ষিত দিন।

তৃতীয়ক ( তৃতীয়+ক(কণ্) - ভবার্থে) সং, পুং, তৃতীয় দিনজাত জ্বরবিশেষ।

তৃতীয়প্রকৃতি (তৃতীয় - প্রকৃতি স্বভাব, ৬ষ্ঠী - হিং) সং, স্ত্রীং, নপুংসক, ক্লীব।

তৃতীয়যুগপর্য্যায় ( তৃতীয়যুগ দ্বাপরযুগ - পর্য্যায় পরিবর্ত্তন, ৭মী - হিং ) সং, পুং, যে কালে দ্বাপরযুগের তৃতীয় পর্য্যায় উপস্থিত হয়। শিং - ১ "দ্বাপরে সমনু প্রাপ্তে তৃতীয়যুগপর্য্যয়ে। জাতঃ পরাশরাৎ যোগী বাসব্যাং কলয়া হরেঃ।"

তৃতীয়াকৃত (তৃতীয় - আ(ডাচ্) - কৃ করা+ক্ত - র্ম্ম) ত্রিং, তিনবার কৃষ্ট (ক্ষেত্রাদি)।

তৃতীয়াশ্রম ; সং, ক্লীং, বানপ্রস্থাশ্রম। শিং - ১"উষিত্বৈবং গৃহে বিপ্রো দ্বিতীয়াদাশ্রমাৎ পরম্। বলীপলিত সংযুক্তস্তৃতীয়স্তু সমাশ্রয়েৎ।"

তৃতীয়ী (তৃতীয়িন্, তৃতীয়+ইন্ - অস্ত্যর্থে ) তৃতীয় ভাগার্হ। শিং - ১ "তৃতীয়িনস্তৃতীয়াংশাশ্চতুর্থাংশাশ্চ পাদিনঃ।" (মনু)।

তৃৎসু ( তৃদ্ হিংসা করা+সু(সুক্) - ক ) বিং, ত্রিং, হিংসক। ২। সং, পুং, রাজর্ষিবিশেষ।

তৃপ্ত (তৃপ্ তৃপ্ত হওয়া+ত(ক্ত) - ক) বিং, ত্রিং, সন্তুষ্ট। ২। আহ্লাদিত। ৩। হৃষ্ট। ৪। পূর্ণকাম।

তৃপ্তি (তৃপ্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, তৃষ্ণানিবৃত্তি। ২। সন্তোষ। ৩। ক্ষুন্নিবৃত্তি। ৪। আহ্লাদ। শিং—১ "বুভুক্ষিতানাং দীনানাং নাতৃপ্তিরুপলভ্যতে।"

তৃষ্, তৃষা, তৃষ্ণা (তৃষ্ তৃষ্ণার্ত্ত হওয়া+০(ক্বিপ্), আ, নক্—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পিপাসা। শিং—১ "লোভোজনয়ন্তে তৃষাং তৃষ্ণার্ত্তো দুঃখমাপ্নোতি।" ২। ইচ্ছা, আকাঙ্ক্ষা। ৩। লোভ। ৪। (+ক্বিপ্—ণ) কামপুত্রী। ৫। লাঙ্গলিকীবৃক্ষ।

তৃষাহ (তৃষ্ পিপাসা—আ—হন্ বধকরা +অ(ড)—ক) সং,ক্লীং, জল। হা—স্ত্রীং, মধুরিকা।

তৃষিত (তৃষ্ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, তৃষ্ণাযুক্ত, পিপাসু,। ২। ইচ্ছুক। ৩। লুব্ধ।

তৃষ্ণক্ (তৃষ্ণজ্, তৃষ দেখ, নজ্(ভনজ্)—ক) বিং, ত্রিং, পিপাসু। ২। ইচ্ছুক। ৩। লোভী। শিং—১ "অসিকন্নুৎসং গোতমায় তৃষ্ণজে।"

তৃষ্ণাক্ষয় (তৃষ্ণা পিপাসা, লোভ—ক্ষয় বিনাশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পিপাসা-নিবৃত্তি, তৃপ্তি। ২। শম, শান্তি। ৩। (৬ষ্ঠী—হিং) যাহার পিপাসা শান্তি হইয়াছে, বিতৃষ্ণ।

তৃষ্ণারি (তৃষ্ণা—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তৃষ্ণানাশক দ্রব্য। [তৃষ্ণাযুক্ত।

তৃষ্ণালু (তৃষ্ণা+আলু—অস্ত্যর্থে) বিং, ত্রিং,

তৃষ্য (তৃষ্ লোভযুক্ত হওয়া+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, লোভ্য। ২। বাঞ্ছনীয়। ৩। (+য(ক্যপ্—ভা) সং, ক্লীং, লোভ। ৪। ইচ্ছা।

তেঁই (দেশজ) সেই হেতু।

তেঁতুল (তিন্তিড়ীশব্দজ) সং, বৃক্ষাম্ল।

তেওড়া (তীব্র শব্দজ কি ?) তালবিশেষ; ইহা সাতমাত্রাবিশিষ্ট।

তেজঃ (তেজস্, তিজ্ তীক্ষ্ণ করা+অস্—ভাবে) সং,ক্লীং, আলোক, দীপ্তি। শিং—১ "যথৈবস্তেজসা বহ্নিঃ প্রাপ্তং নির্দ্দহতি ক্ষণাৎ।" ২। প্রভাব,প্রতাপ। ৩। তীক্ষ্ণতা। ৪। পৌরুষ। ৫। পরাক্রম, শক্তি। ৬। প্রাণাত্যয়েও অধিক্ষেপাদির অসহন। ৭। (+অস্—ক) শুক্র, রেতঃ। ৮। মজ্জা। ৯। স্বর্ণাদিধাতু। ১০। ঘৃত। ১১। ব্রহ্ম। ১২। পুং, অগ্নিসূর্য্যাদি।

তেজন (তিজ্ তীক্ষ্ণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তীক্ষ্ণকরণ। ২। (+অনট্—র্ম্ম) বাঁশ। ৩। মুঞ্জ।

তেজনক (তেজন+কণ্—যোগ) সং, পুং, শর, খাগড়া। [ক্লীং, তেজপাত।

তেজপত্র (তেজ তীক্ষ্ণ—পত্র, বহু—স) সং,

তেজস্কর (তেজস্ দীপ্তি ইত্যাদি—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) বিং, ত্রিং, তেজোবৃদ্ধিকারক, তেজাল। ২। শক্তিকারক।

তেজস্য (তেজঃ দেখ, য—সাধ্বর্থে) বিং,ত্রিং, তেজস্কর, তেজোবিশিষ্ট, দীপ্তিযুক্ত।

তেজস্বান্ (তেজস্বৎ, তেজস্+বৎ,বতু)—অস্ত্যর্থে) বিং,ত্রিং, প্রভাবশালী। ২। বলবান্। ৩। তেজোবিশিষ্ট। স্বতী—স্ত্রীং, গজপিপ্পলী। ২। চবিকা।

তেজস্বী (তেজস্বিন্, তেজস্+বিন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং. প্রভাবশালী। ২। বলবান্। ৩। তেজোবিশিষ্ট। শিং—১"আদিত্য ইব তেজস্বী।" স্বিনী—স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী লতা।

তেজিত (তিজ্ ণিচ্=তেজি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত। ২। মার্জ্জিত। ৩। উত্তেজিত।

তেজিষ্ঠ (তেজস্+ইষ্ঠ—অত্যর্থে) বিং,ত্রিং, অতিশয় তেজস্বী।

তেজীয়ান্ (তেজীয়স্,তেজস্+ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যন্ত তেজস্বী। শিং—১ "তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা।" (ভাগবত)।

তেজোময়(তেজস্+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, জ্যোতির্ময়, তেজঃপূর্ণ, দীপ্তিশীল। শিং—১ "তস্য তেজোময়া লোকা ভবন্তি ব্রহ্মবাদিনঃ।"

তেজোমূর্ত্তি (তেজস্—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। ২। বিং,ত্রিং, তেজঃযুক্ত। শিং—১ "ন গচ্ছন্তি পরং স্থানং তেজোমূর্ত্তিপথচ্যুতা।

তেজোরূপ (তেজস্ [স্বর্গীয়] দীপ্তি — রূপ মূর্ত্তি) সং, ক্লীং, ব্রহ্ম।
তেজোবান (— বৎ, তেজস + বৎ(বতু) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, তেজস্ক, তেজোযুক্ত।
তেতাল্লিশ (ত্রিচত্বারিংশৎ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৪৩।
তেতেরিজা—কোন বক্রভূমি ভিন্ন ভিন্ন অংশে বিভাগ পূর্ব্বক জরীপ করিয়া তাহার ক্ষেত্রফল স্থির করাকে দোতেরিজা বা তেতেরিজা কহে। [বিশেষ, ৩৩।
তেত্রিশ (ত্রয়স্ত্রিংশৎ শব্দজ) বিং, সংখ্যা-
তেন (তদ্ সেই + তৃতীয়া স্থানে এন) অং, তাদৃশ। ২। সেইজন্য। ৩। সঙ্গীতের অঙ্গবিশেষ।
তেম(তিম্ আর্দ্র হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, আর্দ্র করণ,ভিজান। ২। আর্দ্রীভাব।
তেমন (তেম দেখ, অন(অনট) — ভা) সং, ক্লীং, আর্দ্র করণ। ২। আর্দ্রীভাব। নী — স্ত্রীং,(তেমন + ঈপ্)ধূমনির্গমমার্গ চিম্‌নী। ২। (দেশজ) বিং, সেইপ্রকার, তথাবিধ। — নি (তেমন + ই) তাদৃশ, তদনুরূপ।
তের (ত্রয়োদশ শব্দজ) বিং, ত্রয়োদশসংখ্যা, ১৩। [২। যোগ করা।
তেরিজ (আরবী আরজ্ ধাতুজ) বৃদ্ধি করা।
তেল (তৈল শব্দজ) সং, সর্ষপাদির রস।
তেলি (তৈল শব্দজ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
তেলেনা—নে, তে, তেরে ইত্যাদি কতকগুলি আলাপের বোল লইয়া যে গান করা যায় তাহাকে তেলেনা কহে।
তেবন (তেব্ ক্রীড়া করা + অন(অনট) — ধি) সং, ক্লীং, ক্রীড়াকানন, কেলিবন। ২। (+ অনট — ভা) ক্রীড়া, খেলা।
তৈক্ষ্ণ্য (তীক্ষ্ণ + য(ষ্য) — ভাবে) সং, ক্লীং, তীক্ষ্ণতা, ধারাল। ২। উষ্ণতা।
তৈজস (তেজস দীপ্তি + অ(ক্ষ — ইদমর্থে) বিং, ত্রিং, তেজোবিকার। ২। পিত্তলাদিধাতুনির্ম্মিত (বস্তু)। শিং — ১"তৈজসাশ্মময়মৃণ্ময়েষু ত্রিষু পাত্রেষু।" ২। রজোগুণোৎপন্ন। ৩। সং, ক্লীং, ধাতুদ্রব্য। ৪। ঘৃত। ৫। তীর্থবিশেষ।
তৈজসাবর্ত্তিনী (তৈজস — আবর্ত্তনী গলাইবার পাত্র, ৭মী — ষ) সং, স্ত্রীং, ধাতুদ্রব্য গলাইবার পাত্র বা মুচি।
তৈতিক্ষ (তিতিক্ষা + অ(ষ্ণ) — শীলার্থে) বিং, ত্রিং, তিতিক্ষাশীল, সহিষ্ণু।
তৈতিল (তিতিল + অ(ষ্ণ) — যোগ। অথবা তিল + অ(ক) — ক. ষ্ণ। নিপাতন) সং, পুং, গণ্ডার। ২। ক্লীং, বব বালব প্রভৃতি করণের অন্তর্গত চতুর্থ করণ। ৩। দেবতা। শিং — ১ "শক্তিসদৃশেন দানেনাবাধিত ধরণীতলতৈতিলগণঃ।"
তৈত্তির (তিত্তিরি + অ(ষ্ণ) — সমূহার্থে) সং, ক্লীং, তিত্তিরিপক্ষিসমূহ। ২। পুং,তিত্তিরি পক্ষী। ৩। গণ্ডার।
তৈত্তিরীয় (তিত্তিরি + ঈয়(ণীয়) — প্রং) বিং, ত্রিং,তিত্তিরি সম্বন্ধীয়। ২। তিত্তিরিপ্রোক্ত যজুর্ব্বেদ শাখাধ্যায়ী। ৩। সং, পুং, যজুর্ব্বেদ শাখাবিশেষ। এতৎসম্বন্ধে এইরূপ প্রসিদ্ধি আছে যে বৈশম্পায়ন মুনি ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হইয়া শিষ্যগণকে প্রায়শ্চিত্তানুষ্ঠানের আজ্ঞা করিলে তাঁহার শিষ্য যাজ্ঞবল্ক্য তাহাতে অসম্মত হন। তখন তিনি তাহাকে শিষ্যত্ব পরিত্যাগ করিতে বলেন, তাহাতে তিনি তাঁহার নিকটে শিক্ষিত বচনগুলি বমন করিলে অন্যান্য শিষ্যগণ তিত্তিরি পক্ষীরূপ ধরিয়া উহা গ্রহণ করেন, তদবধি তাহারা তৈত্তিরীয় ব্রাহ্মণ বলিয়া প্রসিদ্ধ হইলেন। আর তিত্তিরিপ্রোক্ত যজুর্ব্বেদের অংশবিশেষ ও তৈত্তিরীয় উপনিষৎ বলিয়া প্রথিত হইল।
তৈত্তিরীয়ক (তৈত্তিরীয় + কণ — যোগ) সং, পুং, যে ব্যক্তি তৈত্তিরীয় শ্রুতি জানে।
তৈত্তিরীয়া (তিত্তিরি যজুর্ব্বেদ — ঈয় ণীয়) — প্রং) সং,স্ত্রীং,যজুর্ব্বেদের শাখাবিশেষ।
তৈনাতি (আরবী তৈনাত শব্দের অর্থ নিযুক্ত করা) যাহাকে বিশেষ কোন কার্য্যে নিযুক্ত করা যায়। ২। গোমস্তার প্রার্থনামত সদর কাছারী হইতে যে লোক মফঃস্বলে প্রেরিত হয় তাহাকে তৈনাতি কহে।
তৈম (Cetacea, তিমি + অ(ষ্ণ) — তুল্যার্থে)

সং, পুং, তিমিসদৃশ জীব ; যথা—তিমি, শুশুক, তুগঙ্গ।

তৈর্থিক (তীর্থ দর্শনশাস্ত্র + ইক(ষ্ণিক)— কৃতার্থে) সং,ত্রিং, শাস্ত্রকার কপিল কণাদ প্রভৃতি।

তৈল (তিল + অ(ষ্ণ) – বিকারার্থে) সং,ক্লীং, তিলাদিনিঃসৃত স্নেহ, তেল। ২। সর্ষপ প্রভৃতি নিঃসৃত স্নেহপদার্থেও তৈলশব্দ ব্যবহৃত হইয়া থাকে। শিং – ১"সর্ব্বেভ্যস্ত্বিহ তৈলেভ্যস্তিলতৈলং প্রশস্যতে।" ২"বিস্তীর্য্যতে যশো লোকে তৈলবিন্দুরিবাম্ভসি।

তৈলকল্কজ (তৈলকল্ক – জ [জন জন্মান + অ(ড) – ক] যে জন্মায়, ৫মী – ষ) সং, ক্লীং, তেলের কাইট, খোল।

তৈলকার (তৈল – কার [কৃ করা + অ(ষণ্) – ক] যে করে) সং, পুং, তেলি, কলু।

তৈলকিট্ট (তৈল – কিট্ট কাইট, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, তেলের কাইট। ২। খোল।

তৈলঙ্গ ; সং, কর্ণাটের পূর্ব্ব ও দ্রাবিড়ের পূর্ব্বোত্তরস্থিত দেশবিশেষ, কার্ণাটীক্। ২। পুং, বহুং, তত্রত্য অধিবাসী।

তৈলচৌরিকা (তৈল তেল – চুর্ চুরি করা + অক(ণক) – ক,আপ্ – স্ত্রীং। তৈলচোরিকাও হয়) সং, স্ত্রীং, তেলাপোকা, আর্সুলা।

তৈলদ্রোণী (তৈল তৈলপূর্ণ – দ্রোণী কাষ্ঠ নির্ম্মিতপাত্র, ময় – স) সং, স্ত্রীং, মজ্জনার্থ কণ্ঠ পর্য্যন্ত তৈলপূর্ণ কাষ্ঠাদিনির্ম্মিত পাত্র।

তৈলপক (তৈল – পা পান করা + অ(ক) – ক। কণ – যোগ) সং, পুং, তেলাপোকা, আর্সুলা।

তৈলপর্ণিক – ক্লীং } (তিলপর্ণী চন্দনকাষ্ঠ
তৈলপর্ণী – স্ত্রীং } + কণ্ – যোগ। অথবা তিলপর্ণ + ইক(ষ্ণিক) – প্রং) সং, চন্দনবিশেষ, হরিচন্দন।

তৈলপা } (তৈল – পা পান করা +
তৈলপায়িকা } অ(ড) – ক,আপ,অক(ণক) – ক) সং, স্ত্রীং, তেলাপোকা, আর্সুলা।

তৈলপিপীলিকা ; সং, স্ত্রীং, রাঙ্গা পিপীড়া।

তৈলপীত (তৈল – পীত, ৩য়া – হিং) বিং, ত্রিং, যে তৈল পান করিয়াছে।

তৈল-ফলা ; সং,স্ত্রীং, ইঙ্গুদীবৃক্ষ। ২। বিভীতক বৃক্ষ।

তৈলমালী (তৈল – মাল সম্বন্ধ,৬ষ্ঠী – হিং, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, বর্ত্তি, শলিতা।

তৈলস্পাতা (তিল – পাত, ৭মী – হিং। যাহাতে তিল পতন হয়। (তিলস্পাত + অ (ষ্ণ), আপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, স্বধা। ২। তদুপলক্ষিত শ্রাদ্ধ।

তৈলযন্ত্র (তৈল – যন্ত্র, ৬ষ্ঠী – ষ) সং, পুং, তৈলাদি নিষ্পীড়নার্থ যন্ত্রবিশেষ, কলুর ঘানি।

তৈলসাধন (তৈল – সিধ-ণিঃ = সাধি নিষ্পাদন করা + অন(অনট্) – ক) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

তৈলস্ফটিক (Amber) এক প্রকার মসৃণ কঠিন উদ্ভিদ পদার্থ, ইহা সমুদ্রতীরে জন্মে। [ – ক) সং, স্ত্রীং, বোলতা।

তৈলাটী (তৈল – অট্ গমন করা + অ(অন্)

তৈলাম্বুকা (তৈল – অম্বু [জল] পানীয় + ক – যোগ) সং, স্ত্রীং, তেলাপোকা।

তৈলিক } (তৈলিন্, তৈল + ইক(ষ্ণিক),
তৈলী } ইন্ – কর্ত্রর্থে) সং,পুং, কী, নী – স্ত্রীং, তৈলক..., কলু। ২। তেলি। ৩। বিং, ত্রিং, তৈলসম্বন্ধীয়।

তৈলিশালা ; সং, স্ত্রীং, তৈলনিষ্পীড়নার্থ গৃহ, ঘানিঘর।

তৈলীন (তিল + ঈন – তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, তিল বপনের উপযুক্ত ক্ষেত্র।

তৈষ (তৈষী তিষ্য অর্থাৎ পুষ্যা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী + অ(ষ্ণ) – তদ্যুক্তকালার্থে) সং, পুং, পৌষমাস।

তৈষী (তিষ্য + ষ্ণ, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা, পৌষীপূর্ণিমা।

তোক (তু বৃদ্ধি করা + ক – ক) সং, ক্লীং, শিশু, ছোট ছেলে বা মেয়ে। শিং – ১ "দ্রব্যালাভে স গৃহকুপিতো যাত্যুপ ক্রোশ্য তোকান্।"

তোক (আরবী তওক শব্দজ) দণ্ড দিবার জন্য শৃঙ্খলবিশেষ, হাতকড়ি ; যথা— "লুটী নিল নারী গাড়ী দিল বেড়ী তোক।"

তোক্ম (তক্ উপহাস করা + ম – প্রং। অ

=ও) সং, পুং, অপক্ক যব। ২। হরিদ্বর্ণ। ৩। পদ্মবাদির অঙ্কুর। শিং২—১ "গন্ধ-নির্য্যাসভস্মাদ্ভি তোক্মে কামান্ বিভ-বতে।" ৩। ক্লীং, কাণের খইল। ৪। মেঘ।

তোটক (তুট্+অক(ণক)—ক) সং, ক্লীং, ছন্দোবিশেষ, যে ছন্দের প্রত্যেক চরণে ১২টী করিয়া অক্ষর থাকে, ঐ অক্ষর গু-লিকে চারি অংশে বিভক্ত করিলে প্রথম দুই অক্ষর লঘু এবং শেষ অক্ষর গুরু লক্ষিত হইবে। শিং—১ "বদ তোটক-মব্ধিসকারযুতং।" ২"ইহতোটকমম্বুধিসৈঃ প্রথিতম্।"

তোড়ক (তুড় আঘাতকরা+অক(ণক)-ক) বিং, ত্রিং, ভঞ্জক, যে ভাঙ্গিয়া ফেলে।

তোড়ন (তোড়ক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভঞ্জন, ভাঙ্গিয়া ফেলা। ২। হিংসন।

তোড়া (দেশজ) সং, থলিয়া, বল্গী; যথা—টাকার তোড়া। ২। বিস্তর তিরস্কার করা।

তোতলা (দেশজ) বিং, অস্ফুটবাক্, অস্পষ্ট কথক।

তোতা (হিন্দী) টিয়া পাখী।

তোত্র } (তুদ্ পীড়া দেওয়া+ত্র(ষ্ট্রন্)
তোত্র } —ণ) সং, ক্লীং, গবাদি তাড়ন-দণ্ড, পাঁচনবাড়ী। ২। অঙ্কুশ; যথা—তোত্রাহত মহাগজের ন্যায় ক্রুদ্ধ হইয়া উঠিলেন। [ব্যথা।

তোদ (তোত্র দেখ, অ—প্রং) সং, পুং, পীড়া,

তোদন (তোত্র দেখ, অন(অনট্)—ণ) সং, ক্লীং, অঙ্কুশ। ২। প্রাজনদণ্ড। ৩। মুখ। ৪। (+অনট্—ভাবে) বেদনা, পীড়া।

তোপ (তুরকী ভাষা) সং, আগ্নেয় অস্ত্র, কামান।

তোবা (আরবী ভাষা) সং, পশ্চাত্তাপ, অনুতাপ, খেদ। ২। ভবিষ্যতে পাপ না করার জন্য প্রতিজ্ঞা।

তোমর (তু [তু হিংসা করা+০(ক্বিচ্)—ক] =তো যে হিংসা করে—মৃ মরা+অ (অল্)—ণ) সং, ত্রিং, অস্ত্রবিশেষ, লৌহ-শাবল; ইহা দণ্ডান্বিত ও সর্ব্ব লৌহময়। এই দ্বিবিধ তোমর প্রধানতঃ উত্তম মধ্যম ও অধম এই ত্রিবিধরূপে নির্দ্দিষ্ট আছে। পঞ্চ হস্ত প্রমাণ উত্তম, সার্দ্ধচতুর্হস্ত প্রমাণ মধ্যম ও চতুর্হস্ত প্রমাণ অধম বলিয়া কথিত হয়। এইরূপ ষড়ঙ্গুল তোমর উত্তম সার্দ্ধপঞ্চাঙ্গুল মধ্যম ও পঞ্চাঙ্গুল অধমরূপে গণ্য আছে। ২। হস্তক্ষেপ্য দণ্ডবিশেষ, রায়বাঁশ। শিং—১ "তোম-রাশ্চ সুতীক্ষ্ণাগ্রাঃ।" ২ "তোমরৈর্ভিন্দি-পালৈশ্চ কেচিচ্চূর্ণীকৃতা ভুবি।"

তোমরধর (তোমর—ধর [ধৃ ধরা+অ(অন্) —ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, অগ্নি। ২। তোমরধারী।

তোম্ (ত্বম্ শব্দজ) তুমি।

তোয় (তায়্ পালন করা+অ—প্রং, আ স্থানে ও। অথবা তো [তু পূর্ণ করা+০ (বিচ)—ভাবে] পূরণ—য [যা যাওয়া+ অ(ক)—ক] যে যায়। পূরণ করিবার নিমিত্ত যাহা যায়। কিম্বা তু+কোয়— ক) সং, ক্লীং, জল। শিং—১ "হস্তে তু পতিতে তোয়ে বামনোঽভূদবামনঃ।" ২। পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।

তোয়কাম (তোয় জল—কাম অভিলাষী। যে জলকে অভিলাষ করে, ২য়া—ষ) সং, পুং, জলবেতস। ২। বিং, ত্রিং, জলাভি-লাষী।

তোয়কৃচ্ছ্র (তোয় জল—কৃচ্ছ্র ব্রত) সং, ক্লীং, জলমাত্র পানরূপ ব্রতবিশেষ।

তোয়ডিম্ব (তোয় জল—ডিম্ব) সং, পুং, করকা, শিল।

তোয়দ (তোয়—দ [দা দান করা+অ(ড) —ক] যে দান করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, জলদ। শিং—১ "ব্যনদৎ সংখ্যে সতোয় ইব তোয়দঃ।" ২"তোয়দাত্যয়ে।" ২। মুস্তক। ৩। ঘৃত। ৪। বিং, ত্রিং, জলদাতা।

তোয়দাগম (তোয়দ—আগম আগমন, ৭মী—হিং) সং, পুং, মেঘাগম, বর্ষাকাল।

তোয়ধর (তোয়—জল—ধর [ধৃ ধারণ করা +অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, জলধর, মেঘ।

তোয়ধি } (তোয়—ধি যে ধারণ করে,
তোয়নিধি } ২য়া—ষ। অথবা তোয়—নিধি

আধার, ৬ষ্ঠী—ষ। কিম্বা তোয় জল, ধা, নি—ধা ধারণকরা+ই(কি)—ধি) সং, পুং, সমুদ্র। শিং—১ "পূর্ব্বাপরৌ তোয়নিধী বিগাহ্য স্থিতঃ পৃথিব্যা ইব মানদণ্ডঃ।"

তোয়ধিপ্রিয় (তোয়ধি সমুদ্র-প্রিয়। যাহা সামুদ্রিক দেশে জন্মে) সং, ক্লীং, লবঙ্গ।

তোয়বল্লী (তোয় জল—বল্লী লতা। জলসন্নিহিত স্থানে জন্মায় বলিয়া) সং, ক্লীং, করলা, উচ্ছে।

তোয়বিম্ব (তোয় তোয়োত্থিত—বিম্ব, ষৎ—স) সং, ক্লীং, জলোপরি ভাসমান অর্দ্ধ গোলাকার বস্তু, জলবিম্ব।

তোয়সূচক (তোয় [জল] বর্ষণ—সূচক জ্ঞাপক, ৬ষ্ঠী—ষ। যাহার রব শুনিলেই শীঘ্র বৃষ্টি হইবে বোধ হয়) সং, পুং, ভেক, ব্যাঙ।

তোয়াত্মা (—আত্মন্,তোয়—আত্মন্ আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "যস্য কেশেষু জীমূতাঃ নদ্যঃ সর্ব্বাঙ্গ সন্ধিষু। কুক্ষৌ সমুদ্রাশ্চত্বারস্তস্মৈ তোয়াত্মনে নমঃ।"

তোয়াধার (তোয়-আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, জলাশয়। শিং—১ "তোয়াধারপথাশ্চ বল্কলশিখানিষ্যন্দরেখাঙ্কিতাঃ।"

তোয়েশ (তোয় জল—ঈশ অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বরুণ। ২। ক্লীং, শতভিষানক্ষত্র। ৩। পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।

তোরণ (তুর্ বেগে গমন করা + অন—ধি। যাহা দিয়া ব্যক্তিরা গতায়াত করে) সং, পুং—ক্লীং, বহির্দ্বার, ফটক, গেট্। শিং—১ "উন্নতদ্বারতোরণে সমুপবিশ্য (পক্ষী)।" ২। চৌকাঠ। ৩। দ্বারাগ্রে নিখাত স্তম্ভদ্বয়োপরি নানারত্নময় ধমুরাকার কাষ্ঠ। ৪। বারাণ্ডা, চাঁদ্‌নী। ৫। (+অন—ক) ক্লীং, কন্ধরা।

তোরা (আরবী তুরয়্ শব্দজ) উষ্ণীষের ভূষণ; যথা—"মাণিক কলগা তোরা চকমকে হীরা।" (বিদ্যাসুন্দর)।

তোল } (তুল্ ওজন করা+অ(ঘঞ্)
তোলক } —ণ। ২য় পক্ষে ক—যোগ)
সং, পুং—ক্লীং, ১ভরি, ১তোলা, ১৬মাষা। ২। লা—স্ত্রীং, (তুল্-ণি=তোলি+অ(ঙ)—ভাবে) ওজন।

তোলন (তোলন দেখ, অন(অনট্)—ভা) সং, পুং, ওজন, তৌলকরা। ২। উত্থাপন, উঠান।

তোল্য (তুল্ পরিমাণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, তোলনীয়। ২। (+য—ভা) সং, ক্লীং, তোলন, তোলা।

তোশ (তুশ্ হিংসা করা+অ(অন্)—ক) সং, পুং, হিংসক।

তোশক (পারস্য ভাষা) বিছানা, ক্ষুদ্র গদি।

তোষ—পুং } (তুষ্ তুষ্ট হওয়া + অ
তোষণ—ক্লীং } (অল্), অন(অনট্)—ভা)
সং, সন্তোষ, তৃপ্তি, হর্ষ। ২। আহ্লাদ। ৩। (তোষি+অল্,অনট্—ভা) সন্তুষ্টকরণ ৪। সন্তোষোৎপাদন। শিং—১"এতাবদেব পুরুষৈঃ কার্য্যং হৃদয়তোষণম্।" ৫। (+অনট্—ণ) সন্তোষসাধন বস্তু। ৬। (+অনট্—ক) বিং, ত্রিং, সন্তোষযুক্ত।

তোষল (তোষ—লু ছেদন করা+অ(ড)—ক) সং,ক্লীং, অস্ত্রবিশেষ, মুষল। শিং—১ "কৃষ্ণস্তোষলমুদ্দ গিরিকূটোপমং বলী।"

তোষাখানা (পারস্য) বস্ত্রাদি এবং অন্যান্য গৃহসজ্জার উপকরণ রাখিবার স্থান।

তোষামোদ—খোসামোদ, মনযোগান।

তোষিত (তুষ্-ণি—তোষি তুষ্ট করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তর্পিত, সন্তোষিত।

তৌক্ষিক; সং, পুং, ধনুরাশি।

তৌজি (আরবী) প্রজার নাম কত পরিমাণ জমা খাজানা ইত্যাদির হিসাব পত্র।

তৌতাতিক; সং, ক্লীং, দর্শনশাস্ত্রবিশেষ।

তৌতিক; সং, ক্লীং, মুক্তা। ২। পুং, শুক্তি, ঝিনুক।

তৌর; সং, ক্লীং, কলবিশেষ।

তৌরযান (তৌর তূর্ণ—যান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শীঘ্র গমনশীল। "স তৌরযান উপযাহি যজ্ঞম্।" [বাদ্য, মৃদঙ্গাদিধ্বনি।

তৌর্য্য (তূর্য্য+অ(ক)-ইদমর্থে) সং,ক্লীং,তূর্য্য-

তৌর্য্যত্রিক (তৌর্য্য—ত্রি তিন, ষৎ—স) সং,ক্লীং, গীতকাণ্ড, বাদ্যকাণ্ড, নৃত্যকাণ্ড। শিং-১"বসেহপি তৌর্য্যত্রিকমাররাধতম্।"

তৌল (পরিমাণার্থ তুল্ ধাতুজ) সং, পরিমাণ-ক্রিয়া, মাপন। ২। তুলাযন্ত্র।

তৌলিক } (তুলিকা + অ(ষ্ণ), ইক
তৌলিকিক } (ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, চিত্রকর, পটুয়া। ২। (তুলা+ইক (ষ্ণিক)—প্রং) পরিমাণকারী, কয়াল।

তৌলী (তৌলিন, তোল+ইন্—বিদ্যমানার্থে) সং, পুং, তুলারাশি।

তৌষার (তুষার+অ(ষ্ণ)—ভবার্থে) সং, ক্লীং, নীহার, তুষারজল। ২। বিং, ত্রিং, তুষার সম্বন্ধীয়।

ত্যক্ত (ত্যজ্ ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্জ্জিত, যাহা ত্যাগ করা গিয়াছে। ২। বিসৃষ্ট। শিং—১ "ইত্যুক্তঃ করুণং বাক্যং বানরৈস্ত্যক্তজীবিতৈঃ।" ৩। দত্ত। ৪। ক্ষিপ্ত।

ত্যজন—ক্লীং } (ত্যক্ত দেখ, অন(অনট্),
ত্যাগ—পুং } অ(ঘঞ্)—ভা) সং, দান। শিং—১ "ধনদেন সমস্ত্যাগে।" ২। পরিত্যাগ, বিসর্জ্জন। ৩। বর্জ্জন। শিং—১ "ন মাতা ন পিতা ন স্ত্রী ন পুত্রস্ত্যাগমর্হন্তি।" ৪। বৈরাগ্য।

ত্যজ্যমান ( ত্যক্ত দেখ, আন(শান)—র্ম্ম ) বিং, ত্রিং, যাহা ত্যাগ করা যাইতেছে।

ত্যং ( ত্যদ্, ত্যক্ত দেখ, অদ্ ভদ্)—ক ) সর্ব্বং, ত্রিং, তদ্‌শব্দের সমান অর্থ। ২। ক্লীং, বায়ু। ৩। আকাশ।

ত্যাগী (ত্যাগিন্, ত্যাগ+ইন্—অস্ত্যর্থে। অথবা ত্যজ্ ত্যাগ করা+ইন্(ঘিণ্)—ক, শীলার্থে ) বিং, ত্রিং, দাতা। ২। শূর, বীর। ৩। বৈরাগী, বিবেকী। ৪। যে ত্যাগ করিয়াছে, বর্জ্জনশীল। ৫। কর্ম্মফলত্যাগী। শিং—১ "ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ। যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে।"

ত্যাজ্য (ত্যক্ত দেখ, য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাগের যোগ্য, বর্জ্জনীয়। শিং—১ "ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা।" ২ "এষ মে শরণাগতঃ অত্যাজ্যঃ।"

ত্রঙ্গ ; সং, পুং—স্ত্রীং, নগরবিশেষ।

ত্রপ—পুং } (ত্রপ্ লজ্জিত হওয়া+
ত্রপা—স্ত্রীং } অ(ঙ)—ভা) সং, লজ্জা। শিং—১ "স্বয্যাচ্যুতাভিশতি চিত্তমপত্রপংমে।" ২। বিনয়। ৩। কুলটা, বেশ্যা। ৪। কীর্ত্তি, যশঃ। ৫। কুল, বংশ।

ত্রপমাণ ( ত্রপ দেখ, আন(শান)—ক ) বিং, ত্রিং, যে লজ্জা পাইতেছে, লজ্জমান।

ত্রপাক ; সং, পুং—স্ত্রীং, ম্লেচ্ছ জাতিবিশেষ।

ত্রপারণ্ডা (ত্রপা লজ্জা—লন্ড্ উৎক্ষেপণ-করা+অ—প্রং। র=ল) সং, স্ত্রীং, বেশ্যা।

ত্রপিত (ত্রপ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ত্রপাযুক্ত, লজ্জিত।

ত্রপিষ্ঠ } (ত্রপীয়স, ত্রপা লজ্জা+ইষ্ঠ,
ত্রপীয়ান্ } ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় লজ্জাশীল।

ত্রপু—পুং } (ত্রপ দেখ, উ, উল, উস্—
ত্রপুল } ক) সং, ক্লীং, সীসক, সীসা।
ত্রপুস্—ক্লীং } ২। টিন। ৩। রাঙ্। ৪। দস্তা। শিং—১ "যথা ত্রপুতাম্রয়োঃ সংযোগে ধাত্বন্তরস্য কাংস্যস্যোৎপত্তিঃ।"

ত্রপুষ (পূর্ব্বে দেখ, উষ—প্রং) সং, ক্লীং, কর্কটীবৃক্ষ। ২। টিন্। ষা—স্ত্রীং, শশাগাছ।

ত্রপ্স্য (তৃপ্ সন্তুষ্ট হওয়া, নিপাতন। যে প্রত্যয় ব্যতিরেকে ত্রপ্স এবং দ্রপ্স ও দ্রপ্স্য শব্দও হয়) সং, ক্লীং, পাতলা দই।

ত্রয়—ক্লীং } (ত্রি তিন+অয়(অয়ট্)—
ত্রয়ী—স্ত্রীং } সংজ্ঞার্থে) বিং, তিন সংখ্যা। ২। ঋক্ যজুঃ সাম—এই তিন বেদ। শিং—১ "বেদত্রয়ং নিরদুহৎ।" ৩। গৃহিণী। ৪। ত্রিবর্গবতী স্ত্রী। ৫। ব্রহ্মা বিষ্ণু শিব—এই তিন মূর্ত্তি। শিং—১ "ব্রহ্মাথ পুরুষো রুদ্রস্ত্রয় মেতত্রয়ীময়ম্।" ৬। দুর্গা। শিং—১ "ঋগ্‌যজুঃ সামভাগেন সাঙ্গবেদাগতাপি বা। ত্রয়ীতি পঠ্যতে লোকে দৃষ্টাদৃষ্টার্থসাধিনী।" ৭। সোমরাজবৃক্ষ। ৮। বিং, ত্রিং, ত্রিত্বসংখ্যাবিশিষ্ট, ত্রয়ঃ পুত্রা আসন্।

ত্রয়ঃপঞ্চাশৎ ; সং, স্ত্রীং, তিপান্ন, ৫৩।

ত্রয়স্ত্রিংশ (ত্রয়স্ত্রিংশৎ+অ(ডট্)—পূরণার্থে)

বিং, ত্রিং, ত্রয়স্ত্রিংশৎ সংখ্যক, ৩৩ সংখ্যার পূরক।

ত্রয়ীতনু (ত্রয়ী তিনবেদ—তনু বিস্তার ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধি আছে যে, সামবেদ ও অন্যান্য বেদাংশ সূর্য্য হইতে বিস্তৃত অর্থাৎ প্রচারিত হইয়াছে, ৫মী—হিং) সং, পুং, সূর্য্য।

ত্রয়ীধর্ম্ম (ত্রয়ী তিনবেদ—ধর্ম্ম) সং, পুং, ঋক্, যজুঃ, সাম—এই তিনবেদোক্ত কর্ম্মকাণ্ড।

ত্রয়ীময়; সং, পুং, বেদাত্মক বলিয়া সূর্য্য। ২। বিং, ত্রিং, ত্রিবেদাত্মক। শিং—১ "ত্রয়ীময়ং রূপমিদঞ্চ শোকরং।"

ত্রয়ীমুখ (ত্রয়ী বেদ—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ।

ত্রয়োদশ (ত্রি তিন—দশন্+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, তের সংখ্যার পূরক। শী—স্ত্রীং, তিথিবিশেষ; ইহা চন্দ্রের ত্রয়োদশ কলার হ্রাস বা বৃদ্ধিজনিত কাল।

ত্রয়োদশ (ত্রয়োদশন্, ত্রি তিন—দশন্ দশ, তিন অধিক দশ, য়ং—স, মধ্যপদলোপ) বিং, বহুং, তেরসংখ্যা, ১৩।

ত্রয্যারুণ; সং, পুং, পঞ্চদশ দ্বাপরযুগের ব্যাস। ২। ভরতবংশীয় নৃপবিশেষ।

ত্রয্যারুণি; সং,পুং, লোমহর্ষণ শিষ্য, পুরাণবেত্তা মুনিবিশেষ।

ত্রস (ত্রস্ গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, চল, গমনশীল। ২। (+অল্—ধি) সং, ক্লীং, ভয়ঙ্কর বন।

ত্রসদস্যু; সং,পুং, মান্ধাতার পৌত্র,পুরুকুৎসের পুত্র।

ত্রসন (ত্রস্ ভয় করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ত্রাস, ভয়। ২। উদ্বেগ। ৩। (+অনট্—ক) বিং, ত্রিং, ত্রাসযুক্ত। ২। উদ্বিগ্ন।

ত্রসর (ত্রস গমন করা+অর—প্রং) সং, পুং, তন্তুবায়ের তুরী, মাকু।

ত্রসরেণু (ত্রস্ গমনশীল কিম্বা ত্রিস্থানে ত্রস—রেণু, য়ং—স) সং, পুং—স্ত্রীং, সূক্ষ্মকণা, ছিদ্রাগত সূর্য্যকিরণে যাহা দৃষ্ট হয়, ছয় পরমাণু বা তিন ব্যণুক। শিং—১"জালান্তরগতে ভানৌ যৎ সূক্ষ্মং দৃশ্যতে রজঃ। প্রথমং তৎপ্রমাণানাং ত্রসরেণুং প্রচক্ষ্যতে।" ২ "পরমাণুত্রয়েনাণুস্ত্রসরেণুস্ত তে ত্রয়ঃ।" ২। সূর্য্যপত্নীবিশেষ।

ত্রস্ত (ত্রস্ ভীত হওয়া+ত(ক্ত)—শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ত্রাসযুক্ত। ২। ভীরু। ৩। চকিত। ৪। বিচলিত, কম্পিত। শিং—১"ত্রস্তঃ [illegible] জনহাসকরঃ করেণুঃ।" (মাঘ)। ২ [illegible] জুগো [illegible]ত্মানমত্রস্তঃ।" (রঘু)।

ত্রস্নু (ত্রস দেখ, নু(ক্নু)—শীলার্থে) বিং,ত্রিং, ত্রাসশীল, ভয়চকিত।

ত্রাণ (ত্রৈ রক্ষা করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, রক্ষা। ২। বিপদ্ হইতে উদ্ধার। শিং—১ "ত্রাণাৎ পুত্র ইতি শ্রুতিঃ। শরণাগতস্য শুভে কুরু ত্রাণম্।" ৩। (+অন—ক) বিং, ত্রিং, রক্ষক।

ত্রাত, ত্রাণ (ত্রাণ দেখ,ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, রক্ষিত। শিং—১ "ত্রাতং ত্বয়া সমরমূর্দ্ধনি তেঽপি হত্বা।"

ত্রাতা (ত্রাতৃ, ত্রাণ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা, রক্ষণশীল। শিং—১"পিতরৌ ধনলুব্ধৌচ রাজা খড়্গাধরস্তথা। দেবতা বলিমিচ্ছন্তি কোনস্ত্রাতা ভবিষ্যতি।"

ত্রাপুষ (ত্রপুস্ রাঙ+অ(ষ্ণ)—বিকারার্থে) বিং, ত্রিং, রঙ্গাদিনির্ম্মিত (পাত্রাদি)।

ত্রায়মাণ(ত্রাণ দেখ,আন(শান)—ক) বিং,ত্রিং, ত্রাণকারী। ২। (+শান—র্ম্ম) রক্ষ্যমাণ। ৩। যাহাকে ত্রাণ করা যাইতেছে। ণা—স্ত্রীং, লতাবিশেষ।

ত্রায়োদশ (ত্রয়োদশী+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, ত্রয়োদশীতে জাত।

ত্রাস (ত্রস্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, ভয়। শিং—১ "ত্রাসাকুলঃ পরিতপন্ পরিতো নিকেতান্।" (মাঘ)। ২। মণির কলঙ্ক।

ত্রাসিত (ত্রস্-ণিচ্=ত্রাসি ভীত হওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিভীষিত, যাহাকে ভয় দেখাইয়াছে।

ত্রাহি (ত্রাণ দেখ, হি—আজ্ঞার্থে) ক্রিং, রক্ষাকর, বাঁচাও। শিং—১ "ত্রাহিমাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো হরিঃ।"

ত্রি (তৃ গমন করা+ই(ড্রি)—ক। অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=ত্রি। গ্রীক=ট্রাইস। লাটিন=ট্রেস। জর্ম্মাণ=ত্রাই। ইংরাজি=থ্রি। বাঙ্গালা=তিন) বিং, ত্রিং, বহুং, তিন, সঙ্খ্যাত্রয়।

ত্রিংশ (ত্রিংশৎ+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, ত্রিশ সঙ্খ্যার পূরক।

ত্রিংশ (ত্রিশৎ, [ত্রিস্থানে ত্রিং]+শৎ—প্রং) বিং, স্ত্রীং, একং, ত্রিশসঙ্খ্যা। [৩০।

ত্রিংশৎ (ত্রি—দশন্) সং, স্ত্রীং, একং, ত্রিশ,

ত্রিংশৎক (ত্রিংশৎ দেখ, ক(কণ্)—পূরণার্থে) সং, পুং, ত্রিংশৎ সংখ্যার পূরক। শিং—১ "অমাবাস্যাঃপৃথক্ তেষাং ত্রিংশৎকং পরিচক্ষ্যতে।"

ত্রিংশত্তম (ত্রিংশৎ+তমট্—পূরণার্থে) বিং, ত্রিং, ত্রিংশৎ সংখ্যার পূরক। শিং—১ "ততস্ত্রিংশত্তমে ব্যূহে।"

ত্রিংশৎপত্র (ত্রিংশৎ ত্রিশ—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুমুদ, সুঁদি।

ত্রিক (ত্রি+কণ্—যোগ) সং,ক্লীং;মেরুদণ্ডের নিম্ন প্রদেশ। ২। কটী। ৩। তিনসঙ্খ্যা,৩। ৪। তেমাথা রাস্তা। ৫। ত্রিফলা। ৬। ত্রিকটু। কা—স্ত্রীং, তেকাঠা। ২। কূপসমীপস্থ ত্রিদারুময় যন্ত্রবিশেষ। ৩। কূপনেমি।

ত্রিককুৎ (—কুদ্, ত্রি—ককুদ। "পূর্ব্বে আমি একদন্ত ও ত্রিককুদ বরাহমূর্ত্তি ধারণ করিয়া এই পৃথিবী উদ্ধৃত করিয়াছিলাম; এই নিমিত্ত একশৃঙ্গ ও ত্রিককুদ নামে অভিহিত হইয়াছি") সং, পুং, বিষ্ণু। শিং—১ "তথৈবাসং ত্রিককুদো বারাহং রূপমাস্থিতঃ। ত্রিককুৎ তেন বিখ্যাতঃ শরীরস্য প্রমাপণাৎ।" ২। (ত্রি তিন—ককুদ্ শৃঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিকূট পর্ব্বত।

ত্রিকটু (ত্রি—কটু তীব্র, দ্বং—স) সং, পুং শুঁঠ, পিপুল, মরীচ।

ত্রিকণ্ট (ত্রি তিন—কণ্ট কাঁটা। ইহার তিনটী কাঁটা আছে বলিয়া) সং, পুং, গোক্ষুর। ২। তেকাঠাসিজের গাছ। ৩। টেঙ্গরামাছ।

ত্রিকর্ম্মা (—কর্ম্মন্, ত্রি তিন—কর্ম্মন্, ৬ষ্ঠী হিং) সং, পুং, দান যজ্ঞ অধ্যয়ননিষ্ঠ বিপ্র; ব্রাহ্মণের যজন যাজন দান প্রতিগ্রহ অধ্যাপন অধ্যয়ন এই ষট্কর্ম্ম নির্দ্দিষ্ট আছে। তন্মধ্যে ব্রাহ্মণ জীবিকার্থ যাজন প্রতিগ্রহ ও অধ্যাপন এই ত্রিবিধ কার্য্য করিবেন। আর ধর্ম্মোপার্জ্জনার্থ যজন দান ও বেদাধ্যয়ন এই ত্রিবিধ কার্য্য করিবেন। শিং—১ "ত্রিকর্ম্মা ত্রিপরিক্রান্তো মৈত্র এষ স্মৃতঃ দ্বিজঃ।" (মনু)।

ত্রিকশ (ত্রি—কশা, দ্বং—স, সমাহার) সং, ক্লীং, তিনবার কশাঘাত করণ, কশাঘাতত্রয়।

ত্রিকাল (ত্রি তিন—কাল সময়, গুং—স) সং, ক্লীং, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান। ২। প্রাতর্ম্মধ্যাহ্ন সায়াহ্ন। শিং—১ "ত্রিকালং পুজয়েদ্দেবীম্।" ৩। বিং, ত্রিং, কালত্রয়বর্ত্তি।

ত্রিকালজ্ঞ (ত্রিকাল—জ্ঞ [জ্ঞা জানা+অ (ড)—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান, তিনকালের বৃত্তান্ত জানে। ২। সং, পুং, বুদ্ধ।

ত্রিকালদর্শী (—দর্শিন্, ত্রিকাল—দর্শী যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, ত্রিকালজ্ঞ। ২। সং, পুং, মুনি, ঋষি।

ত্রিকুল—পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল এই তিনপ্রকার। যাহাদের তিনকুলই সমান তাহাদিগের পরস্পরের কন্যা আদান প্রদান দোষাবহ নহে।

ত্রিকূট (ত্রি তিন—কূট শিখর,৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিশৃঙ্গ পর্ব্বতবিশেষ; ইহার উপর লঙ্কা অবস্থিত। ইহা লবণসমুদ্রে অবস্থিত। শিং—১ "তৈরুহে কেশরিক্রান্ত ত্রিকূটশিখরোপমা।" (মাঘ)। ২। ক্ষীরোদ সমুদ্রমধ্যস্থ পর্ব্বতবিশেষ; ইনি সুমেরুর পুত্র। ইহাঁর স্বর্ণ, রৌপ্য ও লৌহময় তিনটী শৃঙ্গ আছে। ৩। ক্লীং, সামুদ্রলবণ। টা—স্ত্রীং, ভৈরবীবিশেষ।

ত্রিকোণ (ত্রি তিন—কোণ) সং, ক্লীং, স্ত্রীচিহ্ন, যোনি, ভগ। ২। তিন কোণ। ৩। লগ্নের পঞ্চম ও নবম স্থান। শিং—১ "ত্রিকোণং নবপঞ্চকম্।" (জ্যোতিষ)।

৪। ত্রিভুজ ক্ষেত্রবিশেষ। ৫। কামরূপ-তীর্থবিশেষ। ৬। বিং, ত্রিং, তিনকোণ-বিশিষ্ট (বস্তু)।

ত্রিকোণমণ্ডলভূমি (Delta) নদীর মোহানা-স্থিত মাত্রাশূন্য বকারের ন্যায় দ্বীপ,"ব"।

ত্রিখ (ত্রি তিন—খ শূন্য বা ফাঁক) সং, ক্লীং, শশা। ২। সীসা। ৩। টিন।

ত্রিগঙ্গ (ত্রি তিন—গঙ্গা নদী,৬ষ্ঠী—হিং, যে স্থানে নদীত্রয়ের সম্মিলন আছে) অং, তীর্থবিশেষ। শিং—১ "সপ্তগঙ্গে ত্রিগঙ্গে চ ইন্দ্রমার্গে চ তর্পয়ন্।"

ত্রিগণ (ত্রি - গণ সমূহ, য়ং—স) সং, পুং, ধর্ম্ম অর্থ কাম—এই তিন। শিং—১ "ন বাধতেঽস্য ত্রিগণঃ পরস্পরম্।"(কিরাত)।

ত্রিগর্ত্ত (ত্রি—গর্ত্ত, যাহাতে তিন গর্ত্ত অর্থাৎ গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধুনদী [টিবেট্‌দেশস্থ হিমালয় পর্ব্বত হইতে এই তিন নদী আসিয়াছে] আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লাহোর সন্নিহিত দেশবিশেষ। ২। গণিত বিশেষ। ৩। বিং, ত্রিং, ত্রিগর্ত্তদেশবাসী। শিং—১ "মদ্ররাজস্তু বলবান্ ত্রিগর্ত্তানাম-ধীশ্বরঃ।" র্ত্তা—স্ত্রীং,ঘুর্ঘরিকা। ২। ভোগা-ভিলাষিণী স্ত্রী।

ত্রিগুণ (ত্রি তিন—গুণ, য়ং—স) সং,ক্লীং, সত্ত্ব, রজ, তমঃ—এই তিন; যথা—ত্রিগুণাত্মিকা শক্তি। ২। সুখ, দুঃখ ও মোহ এই তিন। ৩। সাঙ্খ্যমতে—সাম্যা-বস্থাপন্ন গুণত্রয়াত্মক প্রধান। ৪। বিং, ত্রিং, তিনবার—গুণিত। শিং—১ "সপ্ত ব্যতীয়ুস্ত্রিগুণানি তস্য দিনানি দীনোদ্ধর-ণোচিতস্য।" ৫। সুখ, দুঃখ ও মোহ এই তিন গুণসম্পন্ন। ৬। সত্ত্বাদি গুণত্রয়-বিশিষ্ট; যথা—"ত্রিগুণ ত্রিশূলী ত্রিপু-রারি।" ণা—স্ত্রীং, দুর্গা।

ত্রিগুণাকৃত (ত্রিগুণ তিনবার—আ(ডাচ্) —কৃত) বিং, ত্রিং, তিনবার কৃষ্ট (ক্ষে-ত্রাদি)।

ত্রিগুণাত্মক(ত্রিগুণ—আত্মন্+ক,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণত্রয়বিশিষ্ট,যাহার তিন গুণ আছে। ২। সাঙ্খ্যে—সত্ত্ব-রজ-স্তমোগুণ-প্রধান। ৩। বেদান্তে—অজ্ঞান।

ত্রিগুণিত (ত্রিগুণ+ইত—প্রং) বিং, ত্রিং, ত্রিরাবৃত্ত, তিনবার গুণিত।

ত্রিচক্র (ত্রি তিন—চক্র চাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বিনীকুমারদ্বয়ের রথ।

ত্রিচক্ষুঃ (—চক্ষুস্, ত্রি তিন—চক্ষুস্, ৬ষ্ঠী হিং) সং, পুং, ত্রিনেত্র, শিব। শিং—১ "ত্রিচক্ষুঃ শম্ভুরেকস্ত্বংবিভুর্দামোদরোঽপি চ।"

ত্রিচিৎ } ত্রিচিত } (ত্রি তিন অগ্নি—চি চয়ন করা+(ক্বিপ্)—ক, পক্ষান্তরে +ত(ক্ত)—ক) সং, পুং, গার্হপত্য অগ্নি-বিশেষ।

ত্রিজগৎ (ত্রি তিন—জগৎ, দ্বিগু—স) সং, ক্লীং, ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত-পাতাল। শিং—১ "সা কাশী ত্রিজগৎ পবিত্র তটিনীতীরে সুরৈঃ সেব্যতে।"

ত্রিজটা; সং, স্ত্রীং, রাবণালয়স্থ জানকীর পক্ষপাতিনী রাক্ষসীবিশেষ। শিং—১ "সীতাং মায়েতি শংসন্তী ত্রিজটা সমজী-বয়ৎ।"(রঘু)। ২। পুং,শিব। ৩। বিল্ববৃক্ষ।

ত্রিজাতক (ত্রি—জাত+কণ্—যোগ) সং, ক্লীং, জৈত্রী, এলাচ, তেজপত্র।

ত্রিণ (তৃণ দেখ, ঋ=রি) সং, ক্লীং, তৃণ, ঘাস। শিং—১ "উৎক্ষিপ্তত্রিণপত্রপ্রাংশু-বিহগঃ সৌম্যস্বনঃ পূজিতঃ।"

ত্রিণতা (তৃণ+তা—ভাবে। তৃণ=ত্রিণ) সং, স্ত্রীং,(স্থানত্রয় নত বলিয়া) ধনুক। শিং—১ "স্বগুণৈরাফলপ্রাপ্তেরাকৃষ্য গণিকা ইব। কামুকানিব নালীকাংস্ত্রিণতাঃ সহসা-ঽমুচন্।" ২। তৃণত্ব।

ত্রিণাচিকেত (ত্রি—নাচি—কেতস্) সং, পুং, যজুর্ব্বেদের অংশবিশেষ। ২। তদধ্যায়ী। ৩। যাজ্ঞিকবিশেষ।

ত্রিত; সং, পুং, দেশবিশেষ। ২। ব্রহ্মার মানসপুত্র, ঋষিবিশেষ।

ত্রিতন্ত্রী (—তন্ত্রিন্,ত্রি তিন—তন্ত্র তার+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, বাদ্যযন্ত্র-বিশেষ। ইহার আধুনিক নাম সেতার। এটী বী-ণার অনুকল্প। ত্রি শব্দকে পারস্য ভাষায় 'সে' বলে; সেইজন্য আমীর খসরু তিনটী তারবিশিষ্ট ত্রিতন্ত্রীকে সেতার নামে বি-খ্যাত করিয়াছিলেন।

ত্রিতয়—ক্লীং } (ত্রি+তয়ট্—পূরণার্থে, অ-
ত্রিতয়ী-স্ত্রীং } বয়বার্থে) বিং, ত্রিং, ত্রিত্ব-সঙ্খ্যান্বিত। ২। ক্লীং, তিন। শিং—১ "ব্রহ্মহত্যা ব্রতং বাপি বৎসরত্রিতয়ং চরেৎ।" [গৃহ।

ত্রিতল; বিং, ত্রিং, তেতালা, যথা—ত্রিতল-

ত্রিতাপ (ত্রি তিন। তাপ, সমাহার দ্বং—স) সং, ক্লীং, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ সন্তাপ।

ত্রিদণ্ড (ত্রি তিন—দণ্ড যষ্টি ইত্যাদি, সমাহার দ্বং—স) সং,ক্লীং, যতির চতুরঙ্গুল গোবালবেষ্টিত পরস্পর সংবদ্ধ দণ্ডত্রয়। ২। বাগ্‌দণ্ড,মনোদণ্ড, কায়দণ্ড—এই ত্রিতয়। ৩। সন্ন্যাসাশ্রম। শিং—১"যস্ত্বসংহতষড়্-বর্গঃ প্রচণ্ডেন্দ্রিয়সারথিঃ। জ্ঞানবৈরাগ্য-রহিতস্ত্রিদণ্ডমুপজীবতি।"

ত্রিদণ্ডী (ত্রিদণ্ডিন্, ত্রি তিন—দণ্ড শাস্তি, যষ্টি ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাঙ্মনঃকায়দণ্ডবিশিষ্ট (সন্ন্যাসীবিশেষ)।

ত্রিদশ (ত্রি তৃতীয়—দশা অবস্থা। যাঁহা-দের তৃতীয়া দশা অর্থাৎ যৌবনাবস্থা আছে। অথবা যাহাদিগের মনুষ্যবৎ জন্ম স্থিতি লয় এই তিন অবস্থা আছে, ৬ষ্ঠী—হিং। অথবা ত্রি তাপত্রয়—দর্শ্ নাশ করা+অ(ক)—ক, যাঁহারা জীবের আধ্যা-ত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিতাপ নষ্ট করেন। অথবা ত্রি ত্র্যধিক ত্রিরাবৃত্ত—দশ পরিমাণ, ৬ষ্ঠী—হিং। যাহাদিগের মধ্যে ত্রয়স্ত্রিংশৎ দেবতা প্রধান; যথা—দ্বাদশ আদিত্য, একাদশ রুদ্র, অষ্ট বসু, অশ্বিনীকুমারদ্বয়; কোন মতে—অশ্বিনীকুমারদ্বয়ের পরিবর্তে প্রজা-পতি ও ইন্দ্র) সং, পুং, দেবতা, অমর। শিং—১"ত্রিদশানাং যথা শক্রো বসূনামিব হব্যরাট্।" ২ "তস্মিন্ মখোনস্ত্রিদশান্ বিহায়।" ২। (ত্রি তিন অধিক ত্রিরাবৃত্ত—দশ দশন্ শব্দজ+ডট্—প্রং) ৩৩ সংখ্যাবিশিষ্ট; যথা—আদিত্য ১২, রুদ্র ১১, বসু ৮, বিশ্বদেব ২।

ত্রিদশগুরু (ত্রিদশ দেবতা—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবগণের গুরু, বৃহস্পতি।

ত্রিদশগোপ; সং, পুং, রক্তবর্ণ কীটবিশেষ।

ত্রিদশদীর্ঘিকা (ত্রিদশ দেবতা—দীর্ঘিকা দীঘী) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

ত্রিদশপতি (ত্রিদশ দেবতা—পতি শ্রেষ্ঠ) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

ত্রিদশমঞ্জরী; সং, স্ত্রীং, তুলসী।

ত্রিদশবধূ; সং, স্ত্রীং, স্বর্গবিদ্যাধরী, অপ্সরা।

ত্রিদশবনিতা; সং, স্ত্রীং, অপ্সরা। শিং—১ "কৈলাসস্য ত্রিদশবনিতাদর্পণস্যাতিথিঃ স্যাঃ।" [পদ্ম।

ত্রিদশবর্ত্ম (—বর্ত্মন্) সং, পুং—ক্লীং, স্বর্গ-

ত্রিদশাঙ্কুশ; সং, পুং—ক্লীং, বজ্র।

ত্রিদশাচার্য্য (ত্রিদশ দেবতা—আচার্য্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুরগুরু, বৃহস্পতি।

ত্রিদশাধিপ } (ত্রিদশ দেবতা—অধিপ,
ত্রিদশাধিপতি } অধিপতি রাজা) সং,পুং, ইন্দ্র।

ত্রিদশাধ্যক্ষ (ত্রিদশ—অধ্যক্ষ, ৬ষ্ঠী—ষ। অ-থবা ত্রি তিন—দশা জাগ্রদাদি অবস্থা, দ্বং—স। ত্রিদশা—অধ্যক্ষ বিধায়ক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

ত্রিদশায়ন (ত্রিদশ দেবতা—অয়ন আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু।

ত্রিদশায়ুধ (ত্রিদশ দেবতা—আয়ুধ অস্ত্র) সং, ক্লীং, অশনি, বজ্র। ২। ইন্দ্রধনু। শিং—১ "অথনভস্য ইব ত্রিদশায়ুধম্ কনক-পিঙ্গতড়িদ্‌গুণসংযুতম্।" (রঘু)।

ত্রিদশারি (ত্রিদশ দেবতা—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসুর, দৈত্য, দানব।

ত্রিদশালয় (ত্রিদশ দেবতা—আলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। ২। সুমেরু।

ত্রিদশাবাস (ত্রিদশ দেবতা—আবাস বাস-স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। ২। সুমেরু পর্ব্বত।

ত্রিদশাহার (ত্রিদশ দেবতা—আহার ভো-জনীয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অমৃত, সুধা।

ত্রিদশেশ্বর (ত্রিদশ—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। রী—স্ত্রীং, দুর্গা।

ত্রিদিনস্পৃক্—শ্ (ত্রিদিন—স্পৃশ্ স্পর্শন, ২য়া—ষ) সং, পুং, ত্র্যহস্পর্শ।

ত্রিদিব (ত্রি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিন -

দিব্ ক্রীড়া করা+অ(ক)—ধি) সং, পুং —ক্লীং, স্বর্গ। শিং—১ (ব্রহ্মা) "জগাম ত্রিদিবং দেবৈঃ সর্ব্বৈঃ সহ।" ২। সুখ। ৩। আকাশ। বা—স্ত্রীং, নদীবিশেষ।

ত্রিদিবেশ (ত্রিদিব স্বর্গ—ঈশ প্রভু, ৬ষ্ঠী —ষ) সং, পুং, দেবতা।

ত্রিদিবৌকস্ (ত্রিদিব—ওকস, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। শিং—১ "যস্যাস্যেন সদাশ্নন্তি হব্যানি ত্রিদিবৌকসঃ।"(মনু)।

ত্রিদৃক্ (ত্রিদৃশ্, ত্রি তিন—দৃশ্ চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিলোচন, শিব।

ত্রিদেব (ত্রি তিন—দেব) সং, পুং, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর।

ত্রিদোষ (ত্রি বাত, পিত্ত, কফ, এই তিন— দোষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাত, পিত্ত, কফের দোষ।

ত্রিদোষঘ্ন (ত্রিদোষ—ঘ্ন যে নাশ করে) বিং, ত্রিং, যাহা বায়ু পিত্ত কফ এই তিনের বিকার নষ্ট করে।

ত্রিদোষজ (ত্রিদোষ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন) বিং, ত্রিং, বাতপিত্ত-কফজনিত (রোগাদি)।

ত্রিধা (ত্রি+ধাচ্—প্রকারার্থে) অং,তিনখণ্ড। ২। ত্রিবিধ। শিং—১"একৈকমূর্ত্তির্বিভেদে ত্রিধা সা।" ২ "জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।" (গীতা)। ৩। তিন-বার।

ত্রিধাতু (ত্রি ধর্ম্ম অর্থ কাম এই তিন—ধা ধারণ করা+তু(তুন্)—ক) সং, পুং, গণেশ। ২। (ত্রি—ধাতু) ক্লীং, ধাতুত্রয়।

ত্রিধামা (—মন্, ত্রি তিন [জগৎ]—ধামন্ বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১"ত্রিধামানং জগৎস্তত্র স্মরন্ বিষ্ণুং সনাতনম্।" ২। শিব। ৩। অগ্নি। ৪। মৃত্যু। ৫। বিং, ত্রিং, ত্রি-সংখ্যান্বিত।

ত্রিধামূর্ত্তি (ত্রিধা—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রিমূর্ত্তিতে প্রকাশমান পরমেশ্বর।

ত্রিধার (ত্রি—ধারা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধারাত্রয়বিশিষ্ট। রা—স্ত্রীং, গঙ্গা; ইহাঁর এক ধারা স্বর্গে, এক ধারা মর্ত্ত্যে ও এক ধারা পাতালে গমন করিয়াছে। ২। সুহী-বৃক্ষ।

ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন (ত্রি—নয়ন, নেত্র, লোচন,৬ষ্ঠী —হিং। পূর্ব্বে পার্ব্বতী দেবী হরের নেত্রদ্বয় সমাবৃত করাতে সমস্ত জগৎ অন্ধকারে সমাচ্ছন্ন হয়; তৎকালে সৃষ্টি রক্ষার্থে দেবাদিদেবের ইচ্ছানুসারে তদীয় ললাটে সমধিক জ্যোতির্ম্ময় তৃতীয় নেত্র প্রাদুর্ভূত হইল। এই নেত্র হইতে তেজঃ নির্গত হইয়া কামকে ভস্ম করিয়াছিল। এতৎ সম্বন্ধে ইহাও প্রসিদ্ধ আছে—দুইটী নেত্র বাহ্য-বস্তু প্রকাশক আর তৃতীয় নেত্র জ্ঞান ও আত্মার প্রকাশক। সেটী বাহ্য ইন্দ্রিয় নহে, অন্তরেন্দ্রিয়। শিবের তৃতীয় নেত্রই প্রত্যক্ষের অগোচর জ্ঞাননেত্র) সং, পুং, শিব। শিং—১ "শোভাং শুভ্রত্রিনয়ন বৃষোৎখাত পঙ্কোপমেয়াম্।" (মাঘ)। না, ত্রা—স্ত্রীং, দুর্গা। [নব্বই, ৯৩।

ত্রিনবতি; সং, স্ত্রীং, ত্র্যধিক নবতি, তির-

ত্রিনাক (ত্রি তৃতীয়—নাক দুঃখনিবৃত্তিকর স্থান) সং,পুং, পুণ্যলোক। শিং—১"তাব-ত্রিনাকং নহুষঃ শশাস।"

ত্রিনেত্রচূড়ামণি(ত্রিনেত্র শিব—চূড়া শিরো-ভূষণ—মণি রত্ন। যাঁহাকে এই দেবতা তাঁহার শিরোভূষণস্বরূপ পরিধান করেন) সং, পুং, চন্দ্র।

ত্রিপক্ষ (ত্রি তৃতীয়—পক্ষ, দ্বং—স) সং,পুং, তৃতীয়পক্ষ। "ষষ্ঠেমাসি ত্রিপক্ষে বা।"

ত্রিপঞ্চ (ত্রি ত্রিগুণিত—পঞ্চ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পঞ্চদশ সংখ্যাযুক্ত। শিং—১ "ত্রিপঞ্চারে পীঠে।"

ত্রিপঞ্চাঙ্গ (ত্রিপঞ্চ পঞ্চদশ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমাধিবিশেষ।

ত্রিপঞ্চাশৎ; সং, স্ত্রীং, তিপ্পান্ন, ৫৩।

ত্রিপতাক (ত্রি তিন বা তিনগুণ—পতাকা ধ্বজ, চিহ্ন। পতাকার ন্যায় তিনটী চিহ্ন যাহাতে) সং, ক্লীং, রেখাত্রয়াঙ্কিত ললাট-দেশ। ২। পুং, মধ্যমা ও অনামিকা ব্য-তীত উন্নতাঙ্গুলিত্রয় হস্ত। ৩। বিং, ত্রিং, তিনপতাকাবিশিষ্ট।

ত্রিপত্র ( ত্রি — পত্র পাতা, ৬ষ্ঠী — হিং ) সং, পুং, বেলগাছ। শিং — ১ "উৰ্দ্ধপত্রং হরো জ্ঞেয়ঃ পত্রং বামং বিধিঃ স্বয়ম্। অহং দক্ষিণ পত্রং চ ত্রিপত্রদলমিত্যুত।" ২। কুশপত্র ত্রয়ে রচিত পদার্থবিশেষ; ইহা দৈব পৈত্রকার্য্যে ব্যবহৃত হয়। ৩। বিং, ত্রিং, পত্রত্রয়বিশিষ্ট।

ত্রিপথ ( ত্রি তিন — পথ, গুং — স ) সং,ক্লীং, ত্রিমার্গ, তে-মাথা পথ। শিং — ১ "শূন্যাগারে শ্মশানে বা নির্জ্জনে বা চতুষ্পথে। বিন্ধ্যধাত্রী ক্রমস্যান্তস্ত্রিপথে বা ভজেন্নিশি।

ত্রিপথগা ( ত্রিপথ স্বর্গ, মর্ত্ত্য, পাতাল — গ [গম্ গমন করা + অ(ড) — ক] যে গমন করে, ২য়া — ষ ) সং, স্ত্রীং, ত্রিপথগামিনী গঙ্গা। শিং — ১ "তরামঃ সরিতাং শ্রেষ্ঠাং গঙ্গাং ত্রিপথগাং নদীম্।"

ত্রিপদী
ত্রিপদিকা } (ত্রি তিন — পাদ পা, ৬ষ্ঠী — হিং ) সং, স্ত্রীং, হস্তীর পাদবন্ধন-রজ্জু, শৃঙ্খলাদি। শিং — "নাস্রসং করিণাং গ্রৈবং ত্রিপদীচ্ছেদিনামপি।" ২। তেপায়া, টিপাই। ৩। ছন্দোবিশেষ, যে ছন্দে শ্লোকের অৰ্দ্ধভাগ তিন অংশে বিভক্ত থাকে। ৪। গোধাপদী।

ত্রিপরিক্রান্ত ( ত্রি ত্রিবিধকর্ম্ম — পরিক্রান্ত চেষ্টমান, ৬ষ্ঠী — ষ) সং, পুং, যাজন অধ্যাপন ও প্রতিগ্রহ এই ত্রিবিধ কর্ম্মনিরত ব্রাহ্মণ।

ত্রিপর্ণ (ত্রি তিন — পর্ণ পাতা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, যাহার তিনটী পাতা আছে। ২। সং, পুং, পলাশবৃক্ষ।

ত্রিপাদ্
ত্রিপাদ } (ত্রি তিন — পাদ্, পাদ চরণ বা অংশ। এই বিশ্বই যাঁহার ত্রিপাদ পরিমিত স্থান, ৬ষ্ঠী — হিং) সং, পুং, ত্রিবিক্রম বামনদেব, বিষ্ণু। বলিনিগ্রহার্থ ভগবান্ বামনরূপ ধারণ করিয়া এক পদে পৃথিবী ও এক পদে স্বর্গপথ আক্রমণ করেন এবং নাভিসমুত্থিত তৃতীয়পদ বলির মস্তকে স্থাপনপূর্ব্বক তাহাকে পাতালতলে নীত করিয়াছিলেন। শিং — ১ "ক্ষিতিং পদৈকেন বলের্বিচক্রমে নভঃ শরীরেণ দিশশ্চ বাহুভিঃ। পদং দ্বিতীয়ং ক্রমতস্ত্রিপিষ্টপং ন বৈ তৃতীয়ায় তদীয়মম্বপি।" ২। জ্বর। শিং — ১ "জ্বরস্ত্রিপাদ ত্রিশিরাঃ ষড়্ভুজো নবলোচনঃ। ৩। ত্রেতাযুগধর্ম্মরূপবৃষ। ৪। বিং, ত্রিং, ত্রি-পাদবিশিষ্ট।

ত্রিপিষ্টপ
ত্রিবিষ্টপ } (ত্রি তৃতীয় — পিষ্টপ ভুবন, ষ্বং — স) সং, ক্লীং, স্বর্গ। শিং — ১"তৎ ত্রিপিষ্টপসঙ্কাশমিন্দ্রপ্রস্থং ব্যরোচত।" ২। ত্রিভুবন।

ত্রিপিষ্টপসদ্
ত্রিবিষ্টপসদ্ } (ত্রিপিষ্টপ স্বর্গ — সদ্ [সদ্ গমন করা + ০(ক্বিপ্) — ক] যে গমন করে) সং, পুং, দেবতা।

ত্রিপুট (ত্রি তিন — পুট ত্বক্ বা আচ্ছাদন) সং, পুং, তট, তীর। ২। খেঁসারি কলাই। ৩। শর। ৪। তালা। টা — স্ত্রীং, দেবীবিশেষ। ২। মল্লিকা। ৩। ছোটএলাইচ। টী — স্ত্রীং, এরণ্ডবৃক্ষ।

ত্রিপুণ্ড্র
ত্রিপুণ্ড্রক } (ত্রি তিন — পুণ্ড্র ইক্ষুবদাকার রেখা, দ্বিগু — স ) সং, ক্লীং, ভস্মাদিকৃত কপালস্থ তির্য্যক্ রেখা। শিং — ১"বক্ত্রাঃললাটগাস্তিস্ত্রোভস্মরেখাস্ত্রিপুণ্ড্রকম্।" ২"ভস্মনা ত্রিপুণ্ড্রং করোতি।" ৩ "কৃতত্রিপুণ্ড্রকৌ।" ৪ "বিনা ভস্মত্রিপুণ্ড্রেণ বিনা রুদ্রাক্ষমালয়া।"

ত্রিপুর ( ত্রি তিন — পুর নগর ) সং, ক্লীং, ময়দানবনির্ম্মিত স্বর্ণ রৌপ্য ও লৌহময় পুরত্রয়; ইহা অসুরগণের বাসস্থান। শিং — ১ "ত্রিপুরদাহ মুমাপতি সেবিনঃ।" ( কিরাত )। ২। পুং, অসুরবিশেষ। রা — স্ত্রীং, ধর্ম্মার্থকাম প্রদায়িনী দেবীবিশেষ। শিং — ১ "শৃণু ত্বং ত্রিপুরামূর্ত্তেঃ." ৩। প্রাচীন চেদীরাজ্য।

ত্রিপুরঘ্ন ( ত্রিপুর — হন্ বিনাশ করা + অ (টক্) — ক) সং,পুং, ত্রিপুরহন্তা মহাদেব।

ত্রিপুরদহন
ত্রিপুরারি
ত্রিপুরান্তক } ( ত্রিপুর অসুর-বিশেষ — দহন যে দাহ করে, অরি শত্রু, অন্তক নাশক, ২য়া — ষ) সং, পুং, শিব। শিং — ১"ত্রিপুরারিশিরশ্চারি পাপহারি পুণাতু মাম্।"

ত্রিপুরভৈরবী ; সং, স্ত্রীং, দেবীবিশেষ। শিং — ১ "আদ্যং ত্রিপুরভৈরব্যাঃ বীজমাদ্যং প্রকীর্ত্তিতম্।"

ত্রিপুরী ; সং, স্ত্রীং, ত্রিপুরাদেশ।

ত্রিপুরুষ ( ত্রি তিন—পুরুষ, ষ্ণং—স ) সং, পুং, পিত্রাদি পুরুষত্রয়। ২। (৭মী—হিং। যাহাতে পিত্রাদি তিন পুরুষ ভোক্তা) যাগবিশেষ। ৩। ক্লীং, পুরুষত্রয়ের সম্মিলন। ৪। বিং, ত্রিং, পুরুষত্রয়পরিমিত।

ত্রিপুরেশ ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

ত্রিপুষা ; সং, স্ত্রীং, কালতেউরী।

ত্রিপুষ্কর ( ত্রি—পুষ্কর, দ্বিগু—স, সমাহার ) সং, ক্লীং, ব্রহ্মকৃত তীর্থবিশেষ। ২। জ্যেষ্ঠা মধ্যমা ও কনিষ্ঠাঙ্গুলিরূপ পুষ্করাখ্য হ্রদ। ৩। তিথি নক্ষত্র বার যোগবিশেষ। শিং —১ "জাতেহত্র জারজো যোগে মরণেহত্র ত্রিপুষ্করঃ।" ২ "সর্ব্বং হন্তি ত্রিপুষ্করঃ।"

ত্রিফলা (ত্রি—ফল, দ্বিগু—স) সং, স্ত্রীং, হরিতকী, আমলকী, বয়েড়া—এই তিন ফল।

ত্রিবট্—ইহাতে তিনটী করিয়া তুক্ থাকে ; একটী তুকে আলাপের বোল, আর একটী তুকে বাদ্যের বোল এবং আর একটী তুকে স্বরগ্রাম আবদ্ধ করা থাকে এই তিন তুকের মধ্যে যেখানেই হউক এক স্থানে ত্রিবট্ এই শব্দটী থাকা কর্ত্তব্য।

ত্রিবন্ধন ; সং, পুং, হর্য্যশ্বপৌত্র নৃপবিশেষ। ২। ( ত্রি—বন্ধন, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, জাগ্রদাদ্যবস্থাত্রয়যুক্ত।

ত্রিবলি, ত্রিবলী ( ত্রি—বলি শ্লথচর্ম্ম, দ্বিগু —স) সং, স্ত্রীং, উদর ও কণ্ঠাদিতে মাংস সঙ্কোচজনিত রেখাত্রয়। শিং—১ "ত্রিবলী বলয়োপেতাং ভ্রূকুটীভীষণাননাম্।"

ত্রিভদ্র ( ত্রি দন্তক্ষতাদিত্রয়—ভদ্র মঙ্গল, ৭মী—হিং। যে স্থলে দন্তক্ষতাদিত্রয়েও মঙ্গল আছে) সং, ক্লীং, সুরতপ্রসঙ্গ রতিক্রীড়া।

ত্রিভাগ ( ত্রি তৃতীয়—ভাগ, ষ্ণং—স ) সং, পুং, তৃতীয়ভাগ। শিং—১ "ত্রিভাগশেষাসু নিশাসু চ ক্ষণম্।" (কুমার)।

ত্রিভুজ ( ত্রি তিন—ভুজ বাহু ) সং, পুং, যে ক্ষেত্রের তিনটী ভুজ আছে।

ত্রিভুবন (ত্রি—ভুবন জগৎ, দ্বিগু—স, সমাহার) সং, ক্লীং, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। শিং —১ "ত্রিভুবন গুরোর্ধাম চণ্ডীশ্বরস্য।

ত্রিমদ (ত্রি ত্রিগুণিত—মদ, ষ্ণং—স) সং, পুং, বিষয়মদ, ধনমদ, আভিজাত্যমদ, এই ত্রিবিধ মত্ততা।

ত্রিমধু (ত্রি—মধু) সং, পুং, ঋগ্বেদের অংশবিশেষ। ২। ক্লীং, ঘৃত মধু চিনি। শিং—১ "ঘৃতং সিতা মাক্ষিকং চ বিজ্ঞেয়ঞ্চ মধুত্রয়ং।

ত্রিমার্গগা ( ত্রিমার্গ স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ। আপ্ ) সং, স্ত্রীং, ত্রিপথগা, গঙ্গা। শিং—১ "ত্রিমার্গগা বীচিবিমর্দ্দশীতঃ।" (রঘু)।

ত্রিমার্গী (ত্রি তিন—মার্গ পথ, দ্বিগু—স) সং, ক্লীং, তেমাথা পথ।

ত্রিমুকুট (ত্রি তিন—মুকুট শৃঙ্গ) সং, পুং, ত্রিকূটপর্ব্বত।

ত্রিমূর্ত্তি ( ত্রি—মূর্ত্তি, দ্বিগু—স ) সং, পুং, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। শিং—১ "নমস্ত্রিমূর্ত্তয়ে তুভ্যং প্রাক্সৃষ্টেঃ কেবলাত্মনে।" ২। ব্রহ্মশক্তিবিশেষ। ৩। বুদ্ধদেবীবিশেষ।

ত্রিয়ম্বক (ত্রি—অম্বক) সং, পুং, শিব। শিং —১ "ত্রিয়ম্বকং [illegible]যমিনং দদর্শ।"

ত্রিযামক ( ত্রি [illegible]র্ম অর্থ কাম এই তিন—যামক [যম্ নিবৃত্তকরা+অক(ণক)—ক] যে নিবৃত্ত করে ) সং, ক্লীং, কল্মষ। ২। পাপ।

ত্রিযামা ( ত্রি—যাম প্রহর, ৭মী—হিং। চেষ্টাকালত্ব হেতু আদ্যন্ত অর্দ্ধযাম দিনমধ্যে গৃহীত ) সং, স্ত্রীং, রজনী, রাত্রি। শিং—১ "ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্তাদ্যন্তচতুষ্টয়ং। নাড়ীনাং তদুভেসন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিত।" ২। যমুনানদী। ৩। হরিদ্রা।

ত্রিযুগ ; সং, পুং, যুগত্রয় যাহার আবির্ভাব বলিয়া নির্দ্দিষ্ট আছে, যজ্ঞপুরুষ। ২। ক্লীং, বসন্ত বর্ষা ও শরৎ এই কালত্রয়।

ত্রিরাত্র ( ত্রি তিন—রাত্রি+ষ, দ্বিগু—স ) সং, ক্লীং, রাত্রিত্রয়। ২। রাত্রিসহিত দিবসত্রয়। শিং—১ "ত্রিরাত্রমশুচির্ভবেৎ।"

ত্রিরেখ ( ত্রি—রেখা, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, শঙ্খ। ২। (গু—স) ক্লীং, রেখাত্রয়।

ত্রিলিঙ্গ (ত্রি তিন—লিঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুংস্ত্র্যাদি লিঙ্গত্রয়যুক্ত। ২। অহঙ্কারাদি।

ত্রিলোক (ত্রি—লোক, দ্বিগু—স) সং, ক্লীং, কী—স্ত্রীং, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিলোকধৃৎ (ত্রিলোক—ধৃ ধারণ করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, পরমেশ্বর। শিং—১ "লোকস্বামী ত্রিলোকধৃৎ।"

ত্রিলোকনাথ (ত্রিলোক—নাথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিলোকের কর্ত্তা পরমেশ্বর। শিং—১ "ত্রিলোকনাথেন সতাং মখদ্বিষঃ।" ২ "ত্রিলোকনাথঃ পিতৃসদ্মগোচরঃ।"

ত্রিলোকী (ত্রি—লোক, ঈপ্) সং, স্ত্রীং, স্বর্গ মর্ত্ত্য পাতাল। শিং—১ "যদি ত্রিলোকী গণনাপরা স্যাৎ।"

ত্রিলোকেশ (ত্রিলোক ত্রিভুবন—ঈশ প্রভু) সং, পুং, শিব। ২। বিষ্ণু। ৩। সূর্য্য। ৪। ত্রিলোকের ঈশ্বর।

ত্রিলোচন (ত্রি তিন—লোচন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। শিং—১ "ত্রিলোচনৈকাংশতয়া দুরাসদঃ।"(রঘু)। ২। কাশীস্থ শিবলিঙ্গবিশেষ। ৩। বিং, ত্রিং, লোচনত্রয়যুক্ত। শিং—১ "মুখেন পূর্ণেন্দু নিভত্রিলোচনঃ।"

ত্রিলৌহক (ত্রি—লৌহক ধাতু, দ্বিগু—স) সং, ক্লীং, স্বর্ণ রৌপ্য তাম্র—এই তিন ধাতু।

ত্রিবর্গ (ত্রি—বর্গ সমূহ, দ্বিগু—স) সং, পুং, ধর্ম্ম অর্থ কাম। ২। উৎপত্তি স্থিতি ধ্বংস। ৩। সত্ত্ব রজঃ তম। ৪। আয় ব্যয় বৃদ্ধি। ৫। ত্রিফলা। ৬। ত্রিকটু।

ত্রিবর্গপারীণ (ত্রিবর্গ—পারীণ পারগত) বিং, ত্রিং, যে ত্রিবর্গ পার হইয়াছে, যে ধর্ম্ম অর্থ কাম এই তিন পুরুষার্থের সাধন করিয়াছে। শিং—১ "ত্রিবর্গপারীণমসৌ ভবন্তম্।" [ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণ।

ত্রিবর্ণ (ত্রি তিন—বর্ণ) সং, পুং, ব্রাহ্মণ

ত্রিবর্ণক (ত্রি তিন—বর্ণ+কণ্—যোগ) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই তিন বর্ণ। ২। ত্রিফলা। ৩। ত্রিকটু।

ত্রিবর্ত্মা (ত্রিবর্ত্মন্, ত্রি তিন—বর্ত্মন পথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবযান পিতৃযান ও দক্ষিণযানরূপ মার্গত্রয়যুক্ত জীব। ২। স্বর্গ মর্ত্ত্য পাতালস্থ মার্গ। শিং—১ "ঊর্দ্ধাবতীং মহাপুণ্যাং মধুবতীং ত্রিবর্ত্মগাম্।" স্ত্রীং, গঙ্গা। [বিং, ত্রিং, ত্রিবর্ষ বয়স্ক।

ত্রিবর্ষ (ত্রি—বর্ষ বয়ঃক্রম, ৬ষ্ঠী—হিং)

ত্রিবর্ষিকা (ত্রি—বর্ষ বৎসর+কণ্, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তিন বৎসর বয়স্কা গবী।

ত্রিবর্ষীয় (ত্রিবর্ষ+ঈয়(ছীয়)—ভবার্থে) বিং, ত্রিং, ত্রিবর্ষভব, ত্রিবর্ষজাত।

ত্রিবিক্রম (ত্রি—বিক্রম গমন, পদবিন্যাস কিম্বা ত্রি ত্রিলোক—বিক্রম। ত্রিলোকমধ্যে যাহার বিক্রম দীপ্যমান আছে, ৬ষ্ঠী—হিং। অথবা ত্রি পদত্রয়—বিক্রম আক্রান্ত। যিনি ত্রিপদ দ্বারা ত্রিলোক আক্রমণ করিয়াছেন, ৩য়া—হিং) সং, পুং, বামনরূপী বিষ্ণু। শিং—১ "ত্রিবিক্রমে যথা বিষ্ণুঃ সর্ব্ব দৈত্যবধে পুরা।" ২। সং, ক্লীং, ত্রিলোক আক্রমণ।

ত্রিবিদ্যা (ত্রি—বিদ্যা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বেদত্রয়ী। [প্রকার।

ত্রিবিধ ত্রি—বিধ প্রকার) বিং, ত্রিং, তিন-

ত্রিবিষ্টপ (ত্রি তৃতীয়—বিষ্টপ ভুবন, য়ং—স) সং, ক্লীং, স্বর্গ। শিং—১ "ত্রিবিষ্টপস্যেব পতিং জয়ন্তঃ।" ২। (ত্রি তিন—বিষ্টপ, গু—স) ত্রিভুবন।

ত্রিবৃৎ (ত্রি তিন [বীজকোষ]—বৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক। ৎ—আগম) সং, স্ত্রীং, লতাবিশেষ, তেউড়ী। ২। ইহা ঋগ্বেদের সহিত ব্রহ্মার পূর্ব্ব মুখ হইতে উৎপন্ন হয়।

ত্রিবৃৎকরণ; সং, ক্লীং, পৃথিবী জল তেজ এই তিন ভূতকে ভাগদ্বয়ে বিরক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুইভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধব্যতীত অন্য দুই অর্দ্ধে এক এক খণ্ড যোজিত করা।

ত্রিবৃত্ত (ত্রি তিন—বৃত্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ত্রিরাবৃত্ত, ত্রিগুণিত। ত্তা—স্ত্রীং, ত্রিগুণিতা। শিং—১ "ত্রিবৃতা মেখলা গ্রন্থি নৈকেন ত্রিভিঃ পঞ্চভিঃ।"

ত্রিবেণী (ত্রি—বেণী বিনানি, প্রবাহ, ৭মী—হিং) সং, স্ত্রীং, গঙ্গা। ২। যেখানে গঙ্গা যমুনা সরস্বতীর যোগ হইয়াছে। শিং—১ "তিস্রো বেণয়োঽস্যামিতি ত্রিবেণীঃ।"

ত্রিবেণু (ত্রি তিন—বেণু, ৭মী—হিং) সং, পুং, রথমুখস্থ অবয়ববিশেষ।

ত্রিবেদী (ত্রিবেদিন্, ত্রিবেদ+ইন্—অধ্যয়নার্থে) সং, পুং, যে ঋক্ যজুঃ সাম—এই তিনবেদ অধ্যয়ন করে, তেওয়ারী।

ত্রিশক্তি (ত্রি ত্রিগুণিত—শক্তি, য়ং—স) সং, স্ত্রীং, কালী তারা ত্রিপুরারূপ দেবীত্রয়।

ত্রিশঙ্কু (ত্রি—শঙ্কু ব্যতিক্রম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ নৃপ। (বশিষ্ঠ ও তৎপুত্রেরা এই নরপতির সশরীরে স্বর্গগমনের আশা বিফল করিলেই বিশ্বামিত্রের শরণাপন্ন হন, তদীয় তপঃপ্রভাবে স্বর্গ ও পৃথিবীর অন্তরালে অবস্থিতি করিয়াছিলেন)। শিং—১"এবং ত্রীণ্যস্য শঙ্কূনি (=ত্রিবিধং ব্যতিক্রমং) তানি দৃষ্ট্বা মহাতপাঃ (বশিষ্ঠঃ) ত্রিশঙ্কুরিতি হোবাচ ত্রিশঙ্কুস্তেন স স্মৃতঃ।" ২। বিড়াল। ৩। শলভ। ৪। চাতক পক্ষী। ৫। খদ্যোত।

ত্রিশঙ্কুজ (ত্রিশঙ্কু—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত, ৫মী—হিং) সং, পুং, রাজা হরিশ্চন্দ্র।

ত্রিশঙ্কুযাজী (যাজিন্, ত্রিশঙ্কু রাজাবিশেষ—যাজিন্ যে যাগ করায়। যিনি ত্রিশঙ্কু রাজার কুলপুরোহিত) সং, পুং, বিশ্বামিত্র ঋষি।

ত্রিশত; সং, ক্লীং, তিন শত, ৩০০।

ত্রিশিখ (ত্রি—শিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাবণের পুত্র, রাক্ষসবিশেষ। ২। ক্লীং, ত্রিশূল। ৩। কিরীট। ৪। বিং, ত্রিং, শিখাত্রয়যুক্ত। শিং—১"ত্রিশিখাং ভ্রূকুটীং কাস্য দদৃশুর্দানবা রণে।"

ত্রিশিরাঃ (ত্রিশিরস্, ত্রি—শিরস্ মস্তক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুবের। ২। খরসেনাপতি, রাক্ষসবিশেষ। ৩। জ্বরপুরুষ। বাণযুদ্ধকালে ইহার সৃষ্টি হয়। শিং—১ "জ্বরস্ত্রিপাদস্ত্রিশিরাঃষড় ভুজোনবলোচনঃ।"

ত্রিশীর্ষক (ত্রি তিন—শীর্ষ মস্তক দ্বিগু—স, ক—প্রং) সং, ক্লীং, ত্রিফলকযুক্ত অস্ত্র, ত্রিশূল।

ত্রিশূল (ত্রি—শূল, দ্বিগু—স) সং, ক্লীং, তিনফলযুক্ত অস্ত্র। ২। শিবের অস্ত্র।

ত্রিশূলখাত; সং, ক্লীং, তীর্থবিশেষ।

ত্রিশূলী (ত্রিশূলিন্, ত্রিশূল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, ত্রিশূলধারী। নী—স্ত্রীং, দুর্গা। শিং—১ "ত্রিশূলিনীং নমস্যামি মহিষাসুরঘাতিনীম্।"

ত্রিশৃঙ্গ (ত্রি তিন—শৃঙ্গ) সং, পুং, ত্রিকূট পর্ব্বত। ২। ত্রিকোণ।

ত্রিশৃঙ্গী—ঙ্গিন্; সং, পুং, রুইমাছ। ২। রুদ্রানুচরবিশেষ; যথা—

"চলে ভৈরবা ভৈরবী নন্দী ভৃঙ্গী,
মহাকাল বেতাল তাল ত্রিশৃঙ্গী।"

ত্রিশোক; সং, পুং, আধ্যাত্মিকাদি তাপত্রয়যুক্ত জীব। ২। কণ্ণপুত্র মুনিবিশেষ।

ত্রিষষ্টি; সং, স্ত্রীং, তেষট্টি, ৬৩।

ত্রিষ্টুভ্ (ত্রি—স্তুভ্ উচ্চারণ করা+০ (ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, ১১ অক্ষর ছন্দোবিশেষ। ২। প্রজাপতির মাংস হইতে উৎপন্ন।

ত্রিসন্ধ্য (ত্রি—সন্ধ্যা, দ্বিগু—স) সং, ক্লীং, প্রাতঃ মধ্যাহ্ন সায়ংকালরূপ সন্ধ্যাত্রয় শিং—১ "ত্রিসন্ধ্যং যঃ পঠেন্নিত্যং পাপং তস্য ন বিদ্যতে।" ২ "ত্রিসন্ধ্যব্যাপিনী যাতু সৈব পূজ্য সদা তিথিঃ।"

ত্রিসপ্ত (ত্রি ত্রিগুণিত—সপ্ত, য়ং—স) সং, ক্লীং, একবিংশতি সংখ্যা। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, একবিংশতি সংখ্যক। শিং—১ "বিদ্ধাচৈনং ত্রিসপ্তভিঃ।"

ত্রিসপ্ততি সং, স্ত্রীং, তিন অধিক সপ্ততি, ৭৩।

ত্রিসবন } (ত্রি তিন—সবন স্নান) সং,
ত্রিষবন } ক্লীং, ত্রৈকালিক স্নান।

ত্রিসর (ত্রি তিন বা তিনগুণ—সর [সৃ "গমন করা" পাওয়া+অ(অন্)—ক] যে পায়) সং, পুং, তিলমিশ্রিত অন্ন।

ত্রিসরক (ত্রি ত্রিবার—সরক শীধু পান, দ্বিগু—স) সং, পুং, ত্রিবার মধুপান। শিং—১"প্রাতিভং ত্রিসরকেণ গতানাম্।"

ত্রিসর্গ (ত্রি ত্রিবিধ – সর্গ সৃষ্টি, ষং – স) সং, পুং, সত্ত্ব রজঃ ও তম এই গুণত্রয়ের এবং এই গুণত্রয় প্রধান বস্তুর সৃষ্টি। শিং – ১ "যত্রাত্রিসর্গো মৃষা।"

ত্রিসাহস্র ( ত্রি – সহস্র + অ(ষ্ণ) – পরিমাণার্থে ) বিং, ত্রিং, ত্রিসহস্র পরিমিত।

ত্রিসুপর্ণ ; সং,পুং, মুনিবিশেষ। ২। বেদোক্ত মন্ত্রত্রয়।

ত্রিসুবর্চ্চক ; সং, পুং, বহ্নিবিশেষ।

ত্রিসৌপর্ণ ; সং, ক্লীং, ত্রিসুপর্ণকৃত বৃত্তি।

ত্রিস্কন্ধ ( ত্রি তিন – স্কন্ধ অবয়ব, ৬ষ্ঠী – হিং ) সং, ক্লীং, জ্যোতিঃশাস্ত্র। ২। বিং, ত্রিং, স্কন্ধত্রয়যুক্ত।

ত্রিস্থান (ত্রি তিন – স্থান, ৬ষ্ঠী – হিং) সং, পুং, স্বর্গ মর্ত্ত্য ও পাতাল এই ত্রিলোকব্যাপক ঈশ্বর। জাগ্রদাদি অবস্থাত্রয় সাক্ষী জীব।

ত্রিস্পৃশা ( ত্রি তিন – স্পৃশ্ স্পর্শ করা + অ(ক) – ক, আপ্ – স্ত্রীং ) সং, স্ত্রীং, একাদশীবিশেষ, যে একাদশীতে দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশীর সংযোগ হয় তাহাকে ত্রিস্পৃশা কহে।

ত্রিস্রোতাঃ ( ত্রিস্রোতস্, ত্রি তিনলোকে – স্রোতস্, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, ত্রিপথগা, গঙ্গা। শিং – ১"ত্রিস্রোতসঃ কান্তিমতীত্য তস্থৌ।"

ত্রিহল্য ( ত্রি তিনবার – হল্য হল দ্বারা কৃষ্ট ) বিং, ত্রিং, তিনবার চসা (ক্ষেত)।

ত্রিহায়ণ ( ত্রি তিন – হায়ণ বৎসর, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, ত্রিবর্ষীয় (গবাদি)।

ত্রিহায়ণী (ত্রি – হায়ণ বৎসর, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, ৩ বৎসর বয়স্কা গবী। ২। দ্রৌপদী। শিং – ১ "কৃতে যুগে বেদবতী ত্রেতায়াং জনকাত্মজা। দ্বাপরে দ্রৌপদীচ্ছায়া তেন কৃষ্ণা ত্রিহায়ণী।"

ত্রুটি<br>ত্রুটী } ( ত্রুট্ ছিন্ন হওয়া + ই(কি) – র্ম্ম) সং,স্ত্রীং, ন্যূনতা। ২। ক্ষতি, হানি। ৩। সংশয়। ৪। পঞ্চক্ষণ পরিমিত কাল। ৫। ছোট এলাচ। ৬। টুকরা।

ত্রুটিত ( ত্রুটি দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, ছিন্ন। ২। ভগ্ন। ৩। স্খলিত। ৪। গলিত।

ত্রুটিবীজ ( ত্রুটি ছোট – বীজ ) সং, পুং, কচু।

ত্রেতা ( ত্র রক্ষা – ইত প্রাপ্ত, আ – স্ত্রীং। অথবা ত্রি ত্রিত্বমিত) সং, স্ত্রীং, দ্বিতীয়যুগ ; কার্ত্তিক মাসের শুক্লানবমীতে সোমবারে এই যুগের উৎপত্তি হয়। বামন পরশুরাম ও শ্রীরামরূপে নারায়ণ অবতার হন। ২। দক্ষিণ গার্হপত্য আহবনীয় এই তিন অগ্নি। শিং – ১"ত্রিধাপ্রণীতো জ্বলনো মুনিভির্বেদপারগৈঃ। অতস্ত্রেতাত্বমাপন্নো যদেকস্ত্রিবিধঃ কৃতঃ।" ২"একোঽগ্নিঃ পূর্ব্বমেবাসীদৈলস্ত্রেতামকারয়েৎ।" ৩। দ্যূত ক্রীড়ার পাশকের যে পার্শ্বে তিনটী চিহ্ন আছে, উত্তানভাবে সেই পার্শ্বের পতন। ৪। ক্রীড়াবিশেষ, তিনটী বরাটকের উত্তান ভাবে পতন।

ত্রেধা, ত্রৈধা (ত্রি + ধাচ্ – প্রকারার্থে। নিপাতন) অং, তিনপ্রকার। ২। তিনবার। শিং – ১ "তুভ্যং ত্রেধা স্থিতাত্মনে।"

ত্রৈকালিক (ত্রি তিন - কাল সময় + ষ্ণিক – ইদমর্থে ) বিং, ত্রিং, ত্রিকাল সম্বন্ধীয়, প্রাতঃকাল মধ্যাহ্ন ও সায়ংকালে যাহা ঘটে। ২। ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সংক্রান্ত। শিং – ১ "ত্রৈকালিকমিদং জ্ঞানং প্রাদুর্ভূতং তথেপ্সিতং।"

ত্রৈগুণিক (ত্রিগুণ + ইক(ষ্ণিক) – গ্রহণার্থে) বিং, ত্রিং, তিনগুণ সুদখোর।

ত্রৈগুণ্য (ত্রিগুণ + য(ষ্ণ্য) – স্বার্থে) সং, ক্লীং, সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণের সমষ্টি। ২। তিনগুণ করা।

ত্রৈধম্ (ত্রি তিন + ধম্ – প্রকারার্থে। নিপাতন) অং, তিনপ্রকার। ২। তিনবার।

ত্রৈধাতুক ( ত্রিধাতু + ক(কণ্) – নিষ্পন্নার্থে ) বিং, ত্রিং, সুবর্ণ রৌপ্য ও তাম্র এই তিন ধাতুতে নির্ম্মিত।

ত্রৈনিষ্কিক ( ত্রিনিষ্ক + ক(কণ্) – ক্রীতার্থে ) বিং, ত্রিং, যাহা তিন মোহরে ক্রয় করা হইয়াছে।

ত্রৈপুর ( ত্রিপুর + অ(ষ্ণ) – স্বার্থে ) সং, পুং, ত্রিপুরদেশ। ২। (+ ষ্ণ – ভবার্থে) ত্রিপুরদেশের রাজা। ৩। ত্রিপুরদেশের লোক।

ত্রৈপুরুষ (ত্রিপুরুষ+অ(ষ্ণ)—ব্যাপ্ত্যর্থে) বিং, ত্রিং, ত্রিপুরুষ-ব্যাপক।

ত্রৈমাতুর (ত্রিমাতৃ+উর্(ডুর্)+অ(ষ্ণ)—ভবার্থে। তিন মাতার পুত্র। কৌশল্যা ও কৈকেয়ীর প্রদত্ত পায়সাংশ ভোজন করিয়া সুমিত্রা যাহাকে গর্ভে ধারণ করেন) সং, পুং, লক্ষ্মণ। শিং—১ "ত্রৈমাতুরঃ কৃতস্নজিতাস্থশস্ত্রঃ।"

ত্রৈমাসিক (ত্রিমাস+ইক(ষ্ণিক)—জাতার্থে) বিং, ত্রিং, তিন মাসে যাহা উৎপন্ন হয়, ত্রিমাসজাত।

ত্রৈরাশিক (Rule of Three, ত্রি—রাশি পরিমাণ+ক কণ্)—যুক্তার্থে) সং, ক্লীং, রাশিত্রয়ঘটিত অঙ্ক প্রণালী।

ত্রৈলোক্য (ত্রিলোকী+য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। শিং—১ "ত্রৈলোক্যমেতদখিলং রিপুনাশনেন।"

ত্রৈলোক্যমোহন (ত্রৈলোক্য—মুহ্ মুগ্ধ করা+অন(অনট্)—ক) সং, ক্লীং, ত্রিলোকের মোহকারক। শিং—১ "ত্রৈলোক্যমোহনংনাম সর্ব্বাপদ্বিনিবারকম্।"

ত্রৈলোক্যবিজয়া (ত্রৈলোক্য—বিজয় জয়। ইহার মাদকতা গুণহেতু) সং, স্ত্রীং, ভাঙ।

ত্রৈবর্গিক, ত্রৈবর্গ্য (ত্রিবর্গ+ইক(ষ্ণিক), য(ষ্ণ্য)—হিতার্থে) বিং, ত্রিং, ধর্ম্মার্থ কাম সাধক। শিং—১ "ত্রৈবর্গ্যার্থো যতো নিত্যং কৃতান্ত ভয়সংযুতঃ।"

ত্রৈবর্ণিক (ত্রিবর্ণ+ইক(ষ্ণিক)—জাতার্থে) বিং, ত্রিং, ত্রিবর্ণজাত।

ত্রৈবার্ষিক (ত্রিবর্ষ+ইক ষ্ণিক)—ভূতার্থে) বিং, ত্রিং, ত্রিবর্ষভূত, তিনবৎসরব্যাপী।

ত্রৈবিক্রম (ত্রিবিক্রম+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ত্রিবিক্রম-সম্বন্ধীয়। শিং—১ "ত্রৈবিক্রমং পাদমিবেন্দ্রশত্রোঃ।" (রঘু)।

ত্রৈবিদ্য (ত্রি—বিদ্যা+অ(ষ্ণ)—অধ্যয়নার্থে) সং, পুং, ত্রিবেদী, তিনবেদবেত্তা।

ত্রৈবিধ্য (ত্রিবিধ+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং তিন প্রকার।

ত্রোটক (Incisors, ত্রুট্ ছেদ করা+অক (ণক)—ণ্) বিং, ত্রিং, যাহা দ্বারা ছেদনকরা যায়। ২। (+ণক—ক) সং, ক্লীং, দৃশ্যকাব্যের মধ্যে একপ্রকার; যথা—বিক্রমোর্ব্বশী।

ত্রোটকী; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

ত্রোটি, ত্রোটী (ত্রুট্ ছেদ করা+ই(ইন্)—ক) সং, স্ত্রীং, চঞ্চু, পাখীর ঠোঁট। ২। মৎস্যবিশেষ। ৩। পক্ষিবিশেষ।

ত্রোটিহস্ত (ত্রোটি চঞ্চু—হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী।

ত্রোত্র (ত্রৈ রক্ষা করা+উত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, গবাদি তাড়নদণ্ড, পাঁচনবাড়ী।

ত্র্যংশ (ত্রি তৃতীয়—অংশ, যুং—স) সং, পুং, তৃতীয় অংশ।

ত্র্যক্ষ (ত্রি তিন—অক্ষিন্ অক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিনয়ন, মহাদেব। শিং "ত্র্যক্ষপত্ন্যা সমাদিষ্টঃ সদৃশঃ সজ্জনঃ পতিঃ।" ২। বিং, ত্রিং, নেত্রত্রয়যুক্ত। ক্ষা—স্ত্রীং, পাকবতী। ২। রাক্ষসীবিশেষ।

ত্র্যক্ষর (ত্রি তিন—অক্ষর, ৭মী—হিং) সং, ক্লীং, যাহাতে ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর বোধক অকার উকার ও মকার এই তিন অক্ষর বিদ্যমান আছে। শিং—১ "আদ্যং যৎ ত্র্যক্ষর ব্রহ্ম ত্রয়ী যত্র প্রতিষ্ঠিতা।" ২। ছন্দোবিশেষ। ৩। ত্রিবর্ণাত্মক মন্ত্র। ৪। বিং, ত্রিং, বর্ণত্রয়যুক্ত। রা—স্ত্রীং, বেদজননী পরমা বিদ্যা। শিং—১ "আয়াহি বরদে দেবী ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।"

ত্র্যঙ্গুল (ত্রি তিন—অঙ্গুলি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অঙ্গুলিত্রয় পরিমিত।

ত্র্যধ্বগা (ত্রি তিন—অধ্বন্ পথ—গ [গম্ গমন করা+অ অন্)—ক] যে গমন করে, ২য়া—য) সং, স্ত্রীং, ত্রিপথগা, গঙ্গা।

ত্র্যম্বক (ত্রি [তিনবেদ]—অম্ব্ বলা+অক—প্রং। অথবা ত্রি অ, উ, ম্ অর্থাৎ ওম্। কিম্বা অম্বক চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং। কিম্বা ত্রি তিনলোক—অম্বক পিতা। যিনি ত্রিলোকের পিতা, ৬ষ্ঠী—য। অথবা ত্রি তিনলোক বা তিনকাল—অম্ব শব্দ। ত্রিলোকে বা কালত্রয়ে যাহার ধ্বনি বেদরূপে প্রকাশমান। কিম্বা ত্রি—অম্বক স্থান। পৃথিবী অন্তরীক্ষ ও দ্যুলোকে যাহার

দ্বিতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, ত্রিলোচন। শিং—১ "ত্র্যম্বকং যজামহে।" ২। "মহেশ্বরস্ত্র্যম্বক এব নাপরঃ।" (রঘু)। ২। পৌষ্য রাজা পুত্র-কামনায় মহাদেবের আরাধনা করেন। মহাদেব তাঁহাকে এক ফল দিয়া বলিলেন, "রাজন্! এই ফলে মদীয় তেজ নিহিত রহিল, তুমি এই ফল তিন ভাগ করিয়া পত্নীত্রয়কে অর্পণ কর। কালে তিন জনে তিন খণ্ড প্রসূত হইলে, আমার নাম করিয়া যোগ করিলে যে পুত্র হইবে, সে চন্দ্রশেখর নামে বিখ্যাত হইবে। তিন জননীর গর্ভে জন্মিয়াছিলেন বলিয়া, চন্দ্রশেখর এই নামে বিখ্যাত হন। কা—স্ত্রীং, দুর্গা। [সং, পুং, কুবের।

ত্র্যম্বকসখ (ত্র্যম্বক—সখি বন্ধু, ৬ষ্ঠী—ষ)

ত্র্যশীতি (ত্রি—অশীতি) সং, স্ত্রীং, তিন অধিক অশীতি, তিরাশি, ৮৩।

ত্র্যষ্ট (ত্র্যষ্টন্, ত্রি ত্রিগুণিত—অষ্ট, দ্বং—স) সং, ক্লীং, চতুর্বিংশতি সংখ্যা, ২৪।

ত্র্যস্র (Triangle, ত্রি—অস্র কোণ) বিং, ত্রিং, ৩ ঋজু রেখা দ্বারা পরিবদ্ধ স্থান।

ত্র্যহস্পর্শ (ত্রি তিন—অহন্ দিবস—স্পর্শ স্পর্শন, ২য়া—ষ) সং, পুং, যে দিন তিন তিথিকে স্পর্শ করে, এক দিনে তিন তিথির সংযোগ।

ত্র্যহস্পৃক্ (ত্র্যহস্পৃশ্, ত্রি—অহন্ দিন—স্পৃশ্ [স্পৃশ্ স্পর্শ করা+০(ক্বিপ্)—ক] যে স্পর্শ করে, ২য়া—ষ) সং, পুং—স্ত্রীং, দিনত্রয়স্পর্শী তিথি।

ত্র্যায়ুষ (ত্রি—আয়ুষ, দ্বিগু—স) বিং, ত্রিং, বাল্য যৌবন বার্দ্ধক্য এই ত্রিবিধ আয়ুষ্কাল। শিং—১ "ত্র্যায়ুষং জমদগ্নেঃ কশ্যপস্য ত্র্যায়ুষং।"

ত্র্যাহিক (ত্রি—অহন্+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, তৃতীয় দিবসে যাহা হয়।

ত্ব (তন্ [বিস্তার করা] ত্যাগ করা+০(বিচ্)—ক। অন্=ব) বিং, ত্রিং, অন্য, ভিন্ন।

ত্বক্—স্ত্রীং, ত্বচ্—ক্লীং, ত্বচা—স্ত্রীং } (ত্বচ্, ত্বচ্ আবরণ করা +০(ক্বিপ্), অ(অন্)—ক) সং, চর্ম্ম, ছাল। ২। স্পর্শেন্দ্রিয়। ৩। বল্কল। ৪। দারুচিনি।

ত্বক্তরঙ্গ (ত্বক্ চর্ম্ম—তরঙ্গ চুলকনা—স যে উত্তেজনা করে) সং, পুং, ব্রণ, ক্ষত, ঘা।

ত্বক্‌ক্ষীরা (ত্বক্ বাঁসের ছাল—ক্ষীর দুগ্ধ) সং, স্ত্রীং, বংশলোচন।

ত্বক্‌পত্র (ত্বক্ বল্কল—পত্র) সং, ক্লীং, তেজপাত। ২। দারুচিনি। ত্রী—স্ত্রীং, হিঙ্গুপত্রী।

ত্বক্‌পুষ্প (ত্বক্ চর্ম্ম—পুষ্প) সং, ক্লীং, রোমাঞ্চ। ২। পুং—স্ত্রীং, ছুলিরোগ।

ত্বক্‌সার, ত্বচিসার } (ত্বক্—সার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বংশ, তল্তা বাঁশ। শিং—১ "ত্বক্‌সাররন্ধ্রপরিপূরণলব্ধগীতি।" ২। দারুচিনি। শিং—১ "স্থাবরাণাং ভূতানাং জাতয়ঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ। বৃক্ষগুল্মলতাবল্ল্যস্ত্বক্‌সারাস্তৃণজাতয়ঃ।" রা—স্ত্রীং, বংশলোচনা।" [মার্ক।

ত্বগঙ্কুর (ত্বক্ চর্ম্ম—অঙ্কুর) সং, পুং, রো-

ত্বগাক্ষীরী (ত্বক্ বল্কল—আ অবধি—ক্ষীরী দুগ্ধ। দুগ্ধের ন্যায় বর্ণ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বংশলোচনা।

ত্বগাধারদেহ (Mollusca, ত্বক্—আধার—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহের আধার তাহাদের দেহাবরণ; যথা—শম্বূকাদি।

ত্বগজ (ত্বক্ চর্ম্ম—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, রোম, লোম। ২। রুধির, রক্ত।

ত্বগ্দোষ (ত্বক্—দোষ, ৭মী—হিং) সং, পুং, কুষ্ঠরোগ। ২। বিং, ত্রিং, কুষ্ঠরোগাক্রান্ত।

ত্বচিসুগন্ধা (ত্বচি বল্কলে—সুগন্ধ সৌরভ) সং, স্ত্রীং, ছোট এলাইচ।

ত্বজ্জ্ঞান (ত্বচ্—জ্ঞান) সং, পুং—ক্লীং, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান, ত্বাচপ্রত্যক্ষ।

ত্বৎ (তন্ বিস্তার করা+০(ক্বিপ্)—ক, বিং, ত্রিং, অন্য, ভিন্ন। ২। একবচনান্ত যুষ্মদ্-বাচক।

ত্বৎক (ত্বৎ+ক(কণ্)—ইদমর্থে) বিং, ত্রিং, ত্বদীয়, ত্বৎসম্বন্ধীয়।

ত্বদীয় (ত্বৎ+ঈয় ছীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, ত্বৎসম্বন্ধীয়, তোমার।

ত্বদ্বিধ (ত্বৎ+বিধ—প্রকারার্থে) বিং, ত্রিং, তোমার মত, ত্বৎসদৃশ।

ত্বরণ — ক্লীং } (ত্বর্ বেগে গমন করা+ অন(অনট্), অ, ই — ভা)
ত্বরা — স্ত্রীং } সং, স্ত্রীং, বেগ, শীঘ্রতা।
ত্বরি — স্ত্রীং } ২। অভীষ্টলাভার্থ বিলম্বাসহিষ্ণুতা। ৩। উৎকণ্ঠা। শিং — ১ "ত্বরাং কুরু আহা-রসা।" ২ "কা ত্বরা মরণে পুনঃ।"

ত্বরমাণ (ত্বরা দেখ, আন(শান্)— ক) বিং, ত্রিং, সত্বর, যে তাড়াতাড়ি করিতেছে।

ত্বরাপর (ত্বরা — পর যুক্ত) বিং, ত্রিং, ত্বরা-ন্বিত।

ত্বরিত (ত্বরা দেখ, ত(ক্ত) — ক। অথবা ত্বরা + ইত — সংজাতার্থে) বিং, ত্রিং, সত্বর, শীঘ্র, তাড়াতাড়ি। শিং — ১ "ত্বরিতগতি ব্রজযুবতিঃ।" ২ "পথোঽভিসম্ভ্রস্তত্বরিতং চমূচরাঃ।"(মাঘ)। ২। (+ক্ত — ভা) ক্লীং, ত্বরা। তা — স্ত্রীং, দেবীবিশেষ।

ত্বরিতগতি; সং, স্ত্রীং, দশাক্ষরপাদক বর্ণ বৃত্তবিশেষ: যথা—"ত্বরিতগতি ব্রজযুবতিঃ তরণিসুতা বিপিনগতা।"

ত্বষ্ট (ত্বক্ষ কাষ্ঠাদি চাঁচা+ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, চাঁচাছোলা।

ত্বষ্টা (ত্বষ্ট্, ত্বক্ষ চাঁচা+তৃ(তৃন) — ক) সং, পুং, বিশ্বকর্ম্মা। শিং — ১ "আহ্বয়ে বিশ্ব-কর্ম্মাণমহং ত্বষ্টারমেবচ। ২। সূত্রধর। ৩। দ্বাদশাদিত্যের মধ্যে আদিত্যবিশেষ। ৪। তদ্দেবতাক চিত্রা নক্ষত্র। ৫। বর্ণ-সঙ্করবিশেষ। ৬। বিং, ত্রিং, তক্ষণকর্ত্তা।

ত্বাচ (ত্বচ্+অ(ষ্ণ) — ইদমর্থে) বিং, ত্রিং, ত্বগিন্দ্রিয় দ্বারা যাহা সম্পন্ন হয়। ২। ত্বগিন্দ্রিয় গ্রাহ্য। শিং — ১ "ন বা ত্বাচং সম্যক্ শ্রবণযুগমং নহি নহি।"

ত্বাচপ্রত্যক্ষ (ত্বাচ — প্রত্যক্ষ অনুভব) সং, ক্লীং, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান। শিং — ১ "অথ জ্ঞানমাত্রে ত্বঙ্মনঃসংযোগস্য যদি কারণত্বং তদা রাসনচাক্ষুষাদিকালে ত্বাচ-প্রত্যক্ষং স্যাৎ।"

ত্বাদৃক্ } (ত্বাদৃশ্ যুষ্মদ্ — দৃশ্ দর্শন
ত্বাদৃশ } করা+০(কিপ্), অ(টক্), সক্ —
ত্বাদৃক্ষ } র্ম্ম) বিং, ত্রিং, তোমার সদৃশ।

ত্বাষ্ট্র (ত্বষ্টৃ সূর্য্য, সূত্রধর+অ(ষ্ণ) — সম্ব-ন্ধার্থে, অপত্যার্থে) সং, পুং, বৃত্রাসুর। ষ্ট্রী — স্ত্রীং, চিত্রানক্ষত্র। ২। সূর্য্যপত্নী, সংজ্ঞা। ৩। ক্ষুদ্র গাড়ি বা রথ। ৪। বিং, ত্রিং, ত্বষ্টৃ সম্বন্ধীয়।

ত্বিষ্ } (ত্বিষ্ দীপ্ত হওয়া+০(কিপ্)
ত্বিষা } আ — ভা) সং, স্ত্রীং, তেজঃ। ২। কান্তি, বর্ণ। শিং — ১ জ্বলনং ত্বিষঃ কথ-মিবেতরথা।" ২ "চয়স্ত্বিষামিত্যবধা-রিতং পুরঃ।" ষা — স্ত্রীং, পৌর্ণমাসের-কন্যা।

ত্বিষামীশ; সং, পুং, সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

ত্বিষাম্পতি (ত্বিষাং [বহুং] দীপ্তিসমূহ — পতি স্বামী) সং, পুং, সূর্য্য। ২। অর্ক-বৃক্ষ। [রশ্মি। ২। তেজঃ।

ত্বিষি (ত্বিষ্ দেখ, ই — প্রং) সং, পুং, কিরণ,

ত্বিষিত (ত্বিষ্ + ইত — জাতার্থে) বিং, ত্রিং, জ্বলিত। শিং — ১ "অগ্নিরিব মন্যো ত্বিষিতঃ।"

ৎসরু (ৎসর্ যাওয়া+উ — ক) সং, পুং, খড়্গাদির মুষ্টি, অস্ত্রের বাঁট। ২। হাতোল (Handle)। শিং — ১ "হস্তিদন্তৎসরূন্ খড়্গান্।" ২ "খড়্গো বিমলৎসরু।"

— —

# থ

থ; ব্যঞ্জন বর্ণের সপ্তদশ বর্ণ। ইহার উচ্চা-রণ স্থান দন্ত। ইহা মোক্ষরূপিণী কুণ্ডলী, ত্রিবিন্দু ও ত্রিশক্তিযুক্ত পঞ্চদেব ও পঞ্চ প্রাণাত্মক এবং অরুণাদিত্য সঙ্কাশ। ২। (স্থা থাকা+অ(ড) — ক) সং, পুং, পর্ব্বত; যথা—

"থকারে পাথর তুমি থকারের মেয়ে,
থিরকর থর থর কাঁপি ভয় পেয়ে।"

২। ভয়রক্ষক। ৩। রোগবিশেষ। ৪ চিহ্ন। ৫। (+ড — ভাবে) ক্লীং, ভক্ষণ। ৬। রক্ষণ। ৭। মঙ্গল। ৮। ভয়।

থকথক (দেশজ) আবিল, ঘোলা। ২। গাঢ়, ঘন। [ম্পিত।

থরথর (দেশজ) বিং, কম্পান্বিত। ২। ক-

থরেথরে (দেশজ) স্তবকে স্তবকে, থাকে থাকে।

থলিয়া, থলী (স্থলী শব্দজ) সং, গুণ, ছালা, বস্তা।

থলুয়া, থলো (দেশজ) সং, গুচ্ছ, স্তবক।

থল্‌থল্ (স্থূল শব্দজ কি ?) মাংসল, মোটা।

থাকন (স্থা ধাতুজ) সং, স্থিতিকরণ, বাসকরণ।

থানা (স্থান শব্দজ) সং, আড্ডা, চৌকি স্থান।

থানী (স্থানী শব্দজ) কটকে এক প্রকার প্রজা আছে তাহাদিগকে থানী প্রজা কহে। ইহার কিয়ৎ পরিমাণে এতদ্দেশীয় খোদকস্তা প্রজাদিগের সদৃশ।

থাবড়া, থাবা (দেশজ) সং, চাপড়, চড়, থাবা।

থাম (স্তম্ভ শব্দজ কি ?) সং, খুঁটি।

থামন (দেশজ) সং, থাকন। ২ শান্ত হওন।

থালা (স্থাল শব্দজ) সং, ধাতুময় ভোজনপাত্র।

থালী (স্থালী শব্দজ) সং, হাঁড়ী। ২। তৈলাধার পাত্রবিশেষ।

থুঅন, থোওন (স্থাপন শব্দজ কি ?) সং, রাখন, অর্পণ।

থুইলা (স্থাপিলা শব্দজ) রক্ষা বা স্থাপন করা।

থুতনী, থুতি (ত্রোটি শব্দজ) সং, চিবুক, ওষ্ঠের অধোভাগ, দাড়ি, যথা—
"এত বলি বিদায় হইলা থুতি ধরি।"

থুৎকার (থৎ অনুকরণ শব্দ – কার করণ) সং, পুং, নিষ্ঠীবন, থুথু ফেলন।

থুৎকুড়ী (দেশজ) সং, থুথু, নিষ্ঠীবন।

থুথক ; সং, ক্লীং, থুথু।

থুবড়া (স্থবির শব্দজ কি ?) বিং, অধিক বয়স পর্য্যন্ত অকৃতবিবাহ।

থূর্ত্ত (থূর্ব্ব্ বধ করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত।

থৈথৈ (দেশজ) পরিপূর্ণ দ্রব পদার্থ; যথা—জল থৈথৈ করিতেছে।

থোড় (দেশজ) সং, কলাগাছের মধ্যদেশ।

থোড়া (স্তোক শব্দজ কি ?) বিং, কিঞ্চিৎ, অল্প।

থোড়ন (থুড়্ আচ্ছাদন করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, আবরণ, আচ্ছাদন।

থোপা, থোবা (স্তবক শব্দজ কি ?) সং, গুচ্ছ, কাঁদি।

---

# দ

**দ** ; ব্যঞ্জনবর্ণের অষ্টাদশ বর্ণ। ইহার উচ্চারণস্থান দন্ত। কামধেনু তন্ত্রে ইহা চতুর্ব্বর্গপ্রদায়ক, পঞ্চদেব ও পঞ্চ প্রাণাত্মক, ত্রিশক্তি ও ত্রিবিন্দুযুক্ত এবং রক্তবিদ্যুল্লতাকার বলিয়া উক্ত আছে। ২। (দা দান করা + অ(ড) – ক) পুং, পর্ব্বত। ৩। (+ ড – ভাবে) দান। ৪। (দো ছেদন করা) ছেদ। ৫। ভাগকরণ। ৬। (+ দা দান করা + ড – ক) ত্রিং, দাতা, যে দান করে (ইহা কোন শব্দের পরে না থাকিলে প্রায় প্রযুক্ত হয় না; যথা– ধনদ, অগ্নিদ ইত্যাদি)। ৭। (দৈ শোধন করা) শুদ্ধ। ৮। অবদাতা। ৯। (দো ছেদন করা) ক্লীং, কলপত্র।

দই (দধি শব্দজ) সং, দুগ্ধবিকারবিশেষ।

দংশন (দন্‌শ্ দংশন করা + অ(অন্) – ক) সং, পুং, বনমক্ষিকা, ডাঁশ। ২। (+ অ (ঘঞ্) – ণ) দন্ত। ৩। বর্ম্ম, সাঁজোয়া। ৪। (+ ঘঞ্ – ভা) দোষ। ৫। দংশন। ৬। খণ্ডন। শিং – ১ "কঠোরদংশৈর্মশকৈঃ।" শী – স্ত্রীং, ক্ষুদ্রডাঁশ, মশা।

দংশক (দংশ দেখ, অক(ণক) – ক) সং, পুং, ডাঁশ। ২। মশা। ৩। বিং, ত্রিং, দংশনকারী।

দংশন (দংশ দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, দন্তাঘাত, কামড়ান। শিং – ১"দষ্টাশ্চ দংশনৈঃ কান্তং দাসী কুর্ব্বন্তি যোষিতঃ।" ২। (+ অনট্ – ণ) বর্ম্ম, সাজোয়া। শিং – ১ "ধৃষ্টদ্যুম্ন মহত্মা তু ন বিভোক্ষ্যামি দংশনম্।"

দংশভীরু (দংশ বনমক্ষিকা – ভীরু ভয়শীল, ৫মী – ষ) সং, পুং – স্ত্রীং, মহিষ।

দংশমূল (দংশ – মূল, ৬ষ্ঠী – হিং) সং, পুং, সজিনাগাছ।

দংশিত (দন্‌শ-ণিচ্ = দংশি + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, দন্তে খণ্ডিত, যাহাকে দংশন করিয়াছে। ২। (দংশ + ইত) বর্ম্মিত, বর্ম্মবিশিষ্ট। শিং – ১"ছত্রাণি চ বিরাজন্তে দংশিতানি সিতানি চ।"

দংষ্ট্র—পুং } (দংশ দেখ, ত্র(ষ্ট্রন্)—ণ. আপ্) সং, পুং, দন্ত, রদন।
দংষ্ট্রা—স্ত্রীং } শিং—১ "ভ্রমদ্ভ্রুকুটিদংষ্ট্র করালবক্ত্র।" ষ্ট্রা—স্ত্রীং, বড় দাঁত দাঢ়া।

দংষ্ট্রানখবিষ (দংষ্ট্রা—নখ, দ্বং—স=দংষ্ট্রা-নখ—বিষ, ৬ষ্ঠী—হিং। যাহাদিগের দন্তে নখে বিষ আছে) সং, পুং, কুকুর, বিড়াল প্রভৃতি।

[দংষ্ট্রাযুক্ত, দাঁতাল।
দংষ্ট্রাল (দংষ্ট্রা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং,

দংষ্ট্রাস্য (দংষ্ট্রা দন্ত—আস্য মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরাহ।

দংষ্ট্রী (দংষ্ট্রিন্, দংষ্ট্রা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বরাহ। ২। সর্প। শিং—১ "সর্ব্বেষাং দংষ্ট্রিণাং শেষো নাগানামথবাসুকিঃ(প্রভুঃ কৃতঃ)।" ৩। বিং, ত্রিং, বৃহদ্দন্তবিশিষ্ট, দাঁতাল। শিং—১ "দংষ্ট্রিভিঃ শৃঙ্গিভির্বাপি হন্তামেচ্ছেশ্চ তস্করৈঃ।"

দক (উদক দেখ, উ—লোপ) সং, ক্লীং, সলিল, জল, নীর, জীবন।

দক্ষ (দক্ষ্ বেগবান্ হওয়া, বৃদ্ধি পাওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, সমর্থ, পটু, নিপুণ। ২। সং, পুং, স্বনামপ্রসিদ্ধ রাজা, ব্রহ্মার পুত্র প্রজাপতিবিশেষ, তিনি ব্রহ্মার দক্ষিণাঙ্গুষ্ঠ হইতে জন্মগ্রহণ করিয়াছিলেন। শিং—১ "দক্ষস্ত্বজায়তাঙ্গুষ্ঠাদ্দক্ষিণাদ্ভগবানৃষিঃ।" ৩। শিবের বৃষ। ৪। কুক্কুট। ৫। মুনিবিশেষ। ৬। বৃক্ষবিশেষ। ক্ষা—স্ত্রীং, পৃথিবী। ২। বিং, নিপুণা। শিং—১ "সা ভার্য্যা যা গৃহে দক্ষা।"

দক্ষকন্যা } (দক্ষ—কন্যা, ৬ষ্ঠী—য। ২য় পক্ষে—জ[জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—য) সং, স্ত্রীং,
দক্ষজা } দুর্গা, সতী। ২। বহুং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র।

দক্ষজাপতি (দক্ষজা অশ্বিন্যাদি নক্ষত্র, দুর্গা—পতি স্বামী) সং, পুং, চন্দ্র। ২। শিব।

দক্ষতা (দক্ষ+তা—ভা) সং, স্ত্রীং, নৈপুণ্য, পটুতা, ক্ষমতা।

[ণ) সং, ক্লীং, বল।
দক্ষস্ (দক্ষ্ পারক হওয়া+অস্ অসুন্)—

দক্ষসাবর্ণি; সং, পুং, নবম মনু। এই মন্বন্তরে ভগবানের ঋষভাবতার হইবে। এই মন্বন্তরের ইন্দ্র শ্রুত। পরে মরীচিগর্ভাদি দেবতা। দ্যুতিমান প্রভৃতি সপ্তর্ষি। শিং—১ "নবমো দক্ষসাবর্ণির্ম্মনুর্বরুণসম্ভবঃ।"

দক্ষাধ্বরধ্বংসক (দক্ষাধ্বর দক্ষযজ্ঞ—ধ্বংসক বিনাশক, ষং—স) সং, পুং, শিব। ২। বীরভদ্র।

দক্ষায্য (দক্ষ্ বধ করা+আয্য—সংজ্ঞার্থে) সং, পুং, গরুড়। ২। গৃধ্র।

দক্ষিণ (দক্ষ বর্দ্ধিত হওয়া+ইন—ক, অর্হার্থে) বিং, ত্রিং, দাক্ষিণ্যযুক্ত, অনুকূল, পরচ্ছন্দানুবর্ত্তী। শিং—১ "প্রদক্ষিণার্চ্চি হবিরাগ্নিরাদদে।" ২। উদার। ৩। অকপট, সরল। ৪। বামেতর, ডাইন। শিং—১ গৃহ্নীয়াদ্দক্ষিণে হস্তে তদন্তে স্বস্তিকীর্ত্তয়েৎ।" ৫। যাম্যদিক্ বা দেশসম্বন্ধীয়; যথা—তিনি দক্ষিণে যাত্রা করিয়াছেন। ৬। সমর্থ, দক্ষ, নিপুণ। ৭। উত্তরের বিপরীত; যেমন—দক্ষিণদিক্। ৮। সং, পুং, নায়কবিশেষ, সকল নায়িকাতে যে নায়কের সমান অনুরাগ থাকে। শিং—১ "বহুনাং নায়িকানান্তু নায়কো দক্ষিণো মতঃ।" ৯। দক্ষিণা। শিং—১ "হুতযজ্ঞমদক্ষিণম্।"

দক্ষিণকালিকা; সং, স্ত্রীং, শিবহৃদয়ে দক্ষিণপদার্পণশীলা কালিকা দেবী।

দক্ষিণকেন্দ্র, দক্ষিণমেরু; সং, পুং, পৃথিবীর দক্ষিণ প্রান্ত।

দক্ষিণতস্ (দক্ষিণ+তস্—প্রং) অং, দক্ষিণ দিকে বা দেশে। ২। ডাইনে। শিং—১ "পিতৃভ্যো বলিশেষন্তু সর্ব্বদক্ষিণতো হরেৎ।"

দক্ষিণদিক্—গরুড় গালবের নিকট দক্ষিণদিকের বৃত্তান্ত কহিতেছেন—পূর্ব্বে সূর্য্যদেব বিধি-বিহিত যজ্ঞের দক্ষিণাস্বরূপ এইদিক তাঁহার গুরু কশ্যপকে প্রদান করিয়াছেন তন্নিমিত্ত এই দিক্ দক্ষিণদিক নামে প্রসিদ্ধ হইল।

দক্ষিণপশ্চিমা; সং, স্ত্রীং. দক্ষিণ-পশ্চিমকোণ

দক্ষিণপূর্ব্বা (দক্ষিণ—পূর্ব্ব) সং, স্ত্রীং, পূর্ব্ব-দক্ষিণ কোণ।

দক্ষিণমানস; সং, ক্লীং, গয়াস্থিত তীর্থবিশেষ। "দক্ষিণেমানসে চৈব তীর্থ ত্রয়মুদাহৃতম্।"

দক্ষিণমার্গ; সং,পুং, তন্ত্রোক্ত আচারবিশেষ।

দক্ষিণসমুদ্র ; সং, পুং, লবণসমুদ্র।

দক্ষিণস্থ (দক্ষিণ—স্থ যে থাকে) সং, পুং, সারথি। ২। বিং, ত্রিং, দক্ষিণে স্থিত।

দক্ষিণা (দক্ষিণ দেখ, আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, পুরোহিতের বেতন, যজ্ঞাদি কর্ম্মাবসানে অনুষ্ঠিত কর্ম্মের সম্পূর্ণতার নিমিত্ত দান। ২। পুরস্কার। ৩। যজ্ঞপত্নী; শ্রীকৃষ্ণের দক্ষিণাংশভূতা। কার্ত্তিকী পূর্ণিমায় রাস-মহোৎসবের দিনে ইঁহার জন্ম হয়। ৪। দক্ষিণ দিক্ বা দেশ। ৫। দেবীবিশেষ। ৬। অং, দক্ষিণ হইতে। ৭। দক্ষিণে।

দক্ষিণাগ্নি (দক্ষিণ—অগ্নি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দক্ষিণদিকে স্থাপনীয় যজ্ঞের অগ্নি। ২। স্ত্রীং, অস্বরপত্নী।

দক্ষিণাগ্র (দক্ষিণ দক্ষিণদিক—অগ্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুশাদি। ২। বিং, ত্রিং, দক্ষিণদিকে যাহার অগ্রভাগ।

দক্ষিণাচল (দক্ষিণ—অচল পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মলয়পর্ব্বত।

দক্ষিণাচার; সং,পুং, তন্ত্রোক্ত আচারবিশেষ। শিং—১ "স্বধর্ম্মনিরতো ভূত্বা পঞ্চতত্ত্বেন পূজয়েৎ। স এব দক্ষিণাচারঃ শিবো ভূত্বা শিবাং যজেৎ।" ২। বিং,ত্রিং,দক্ষিণ-দিকে যাহার গতি আছে। শিং—১ "দক্ষিণাং দক্ষিণাচারো দিশং যেনাজয়ৎ প্রভুঃ।"

দক্ষিণাৎ, দক্ষিণেন, দক্ষিণাহি, দক্ষিণা } (দক্ষিণ+আৎ, এন, আহি, আ—প্রং) অং, ডানি দিকে। ২। দক্ষিণবর্ত্তী। ৩। দক্ষিণ হইতে। ৪। দক্ষিণে।

দক্ষিণানিল; সং, পুং, দক্ষিণদিকের বায়ু, মলয়-সমীরণ।

দক্ষিণাপথ (দক্ষিণা—পথ [ পথিন্ শব্দজ ] রাস্তা) সং, পুং, দক্ষিণদেশ। শিং—১ "এতে গচ্ছন্তি বহবঃ পন্থানো দক্ষিণাপথম্।

দক্ষিণাপ্রবণ (দক্ষিণা দক্ষিণদিক্—প্রবণ নিম্ন, ৭মী—ষ) বিং, ত্রিং, উত্তরাপেক্ষা দক্ষিণদিকে নিম্ন।

দক্ষিণামুখ (দক্ষিণা দক্ষিণদিকে—মুখ, ৭মী—হিং) বিং,ত্রিং,দক্ষিণদিঙ্মুখ,দক্ষিণাস্য। শিং—১ "আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুংক্তে যশস্যং দক্ষিণামুখঃ।"

দক্ষিণায়ন (দক্ষিণ—অয়ন গমন, ৭মী—ষ) সং, ক্লীং, বিষুবের দক্ষিণবর্ত্তী সূর্য্যমার্গ, পৃথিবীর ঠিক মধ্যস্থান হইতে সূর্য্যের দক্ষিণে গমন। ২। শ্রাবণাদি ছয় মাসকাল। শিং—১ "দক্ষিণায়নমাবৃত্তো মহীং নিবিশতে রবিঃ"

দক্ষিণায়নান্তবৃত্ত ( Tropic of Capricorn ) সূর্য্যের দক্ষিণে গতির সীমা-নিরূপক রেখা, বিষুব রেখার ২৩৷৷০ অংশ দক্ষিণে যে অক্ষ-রেখা আছে।

দাক্ষিণারণ্য; সং, ক্লীং, দক্ষিণদেশস্থ বন।

দক্ষিণারুঃ (—রুস্, দক্ষিণ—অরুস্ ব্রণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দক্ষিণের্ম্মা দেখ।

দক্ষিণাবর্ত্ত (দক্ষিণ—আবর্ত্ত ঘূর্ণন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শঙ্খবিশেষ, যে শঙ্খের মুখ দক্ষিণদিকে খোলা। ২। বিন্ধ্যগিরির দক্ষিণদেশ। ৩। বিং, ত্রিং, যাহা দক্ষিণ-দিকে ঝুঁকিয়াছে। ৪। ডাইনদিকে আবর্ত্ত-বিশিষ্ট।

দক্ষিণাবহ (দক্ষিণ—আ—বহ্ বহন করা +অ(অন্—ক) সং, পুং, দক্ষিণদিক্ হইতে প্রবাহিত বায়ু, মলয়-বায়ু।

দক্ষিণাশাপতি (দক্ষিণ—আশা দেশ—পতি স্বামী, প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। ২। ভৌমগ্রহ।

দক্ষিণীয় (দক্ষিণ+ঈয় ণীয়)—অর্হার্থে) বিং, ত্রিং, দক্ষিণার্হ, দক্ষিণাপ্রাপ্তিযোগ্য।

দক্ষিণের্ম্মা (—র্ম্মন্, দক্ষিণ ডানদিক্—ঈর্ম্ম ক্ষত, ৬ষ্ঠী—হিং) সং পুং, মৃগয়াকারী ব্যক্তিকর্ত্তৃক দক্ষিণপার্শ্বে আহত মৃগ। শিং—১ "মৃগয়ুমিব মৃগোঽথদক্ষিণের্ম্মা।"

দক্ষিণ্য(দক্ষিণা+য ষ্ণ্য) —অর্হার্থে, বিং,ত্রিং, দক্ষিণা প্রাপ্তির যোগ্য। শিং—১"দক্ষিণ্য-মিষ্টং কৃতমার্ত্ত্বিজীনৈঃ।" ২। ক্লীং, আনু-কূল্য। ৩। নৈপুণ্য। ৪। ঔদার্য্য, সরলতা।

দক্ষেশ্বর; সং, ক্লীং, দক্ষপ্রজাপতি কর্ত্তৃক প্রতিষ্ঠিত কাশীস্থ শিবলিঙ্গবিশেষ। কথিত আছে যে মানব ইহার সেবা করে, শিব তাহার সহস্র অপরাধ মার্জ্জনা করেন।

দখল (আরবী ভাষা) অধিকার, আয়ত্তাধীন। ২। হস্তক্ষেপ করা।

দগড় (দগড়া) হিন্দুদিগের আনদ্ধযন্ত্র। ইহার অপর নাম দামামা।

দগ্ধ (দহ্ দগ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্বলিত, যাহা পুড়িয়া গিয়াছে, ভস্মীকৃত। শিং—১ "দৃশা দগ্ধং মনসিজং জীবয়ন্তি দৃশৈব যাঃ।" ২। ঝল্‌সান। ৩। (+ক্ত—ক) সন্তপ্ত। গ্ধা—স্ত্রীং, অমঙ্গল্য তিথি; ইহা দুই প্রকার। মাসদগ্ধা ও দিনদগ্ধা।

দগ্ধকাক (দগ্ধ [ভস্মীকৃত] কাল—কাক) সং, পুং, দাঁড়কাক।

দগ্ধপত্রন্যায়—ন্যায় (২২) দেখ।

দগ্ধমন্ত্র; সং, পুং, তন্ত্রসারোক্ত মন্ত্রবিশেষ। শিং—১ "বহির্বায়ুসমাযুক্তো যস্য মন্ত্রস্য মূর্দ্ধনি। সপ্তধা দৃশ্যতে তন্তু দগ্ধমন্ত্রং প্রচক্ষ্যতে।"

দগ্ধরস; সং, পুং, চিত্ররথ গন্ধর্ব্ব।

দগ্ধব্য (দগ্ধ দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, দাহযোগ্য, দাহ্য।

দগ্ধিকা (দগ্ধ+কণ্—কুৎসিতার্থে) সং, স্ত্রীং, দগ্ধান্ন, পোড়াভাত। [স্ত্রীং, ঝামা ইট।

দগ্ধেষ্টকা (দগ্ধ—ইষ্টক ইট, য়ং—স) সং,

দড় (দৃঢ় শব্দজ কি?) শক্ত, কঠিন। ২। বিচক্ষণ, নিপুণ, পটু, মজবুত।

দড়া (দেশজ) সং, দীর্ঘস্থূলরজ্জু, কাছি।

দড়ী (দেশজ) সং, রজ্জু, গুণ।

দণ্ড (দণ্ড দমনকরা+অ(অল্)—ণ। অথবা দম্+অ(ড)—ণ) সং, পুং—ক্লীং, যষ্টি, লাঠি। ২। (+অল্—ভা) পুং, দমন, শাসন। ৩। শিক্ষা। ৪। সোজা হইয়া দাঁড়ান। ৫। (+অল্—ধি) যুদ্ধ। ৬। ব্যূহবিশেষ। ৭। (+অল্—র্ম্ম) অশ্ববিশেষ। ৮। (+অল্—ণ) সৈন্য। ৯। চারিহস্তপরিমাণ। ১০। কোণ। ১১। মন্থান। ১২। যুদ্ধযাত্রার আজ্ঞা। ১৩। ষষ্টি পল পরিমিত সময়। ১৪। (+অন্—ক। স্বামী বলেন যাঁহার দণ্ড আছে। আগমশাস্ত্রে—দণ্ডনামক ইন্দ্র সূর্য্যের বামপার্শ্বে আছেন) সূর্য্যের পারিষদ্। শিং—১ "(গজঃ) জলে শুণ্ডাদণ্ডং প্রসারিতবান্।" ২। "ষট্‌পলং পাত্রনির্ম্মাণং গভীরং চতুরঙ্গুলং। স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং কুম্ভৈশ্চ চতুরঙ্গুলৈঃ। যাবজ্জলপ্লুতং পাত্রং তৎকালং দণ্ডমেব (ক্লীং।) চ।" ১৫। যম। ১৬। নৃপবিশেষ।

দণ্ডক (দণ্ড—ক কৈধাতুজ+অ(ড)—ক) সং, পুং—ক্লীং, ছন্দোবিশেষ। ২। কাম্যকর্ম্ম। ৩। (দণ্ড দেখ, অক্(ণক)—ক) পুং, নৃপবিশেষ।

দণ্ডকা (দণ্ড+কণ্—প্রং, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দেশবিশেষ। ২। জনস্থান। ৩। যে দেশে দণ্ডকারণ্য নামে বন আছে; ইহা গোদাবরী নদীর উপরিস্থিত।

দণ্ডকাক; সং, পুং, দাঁড়কাক।

দণ্ডকারণ্য (দণ্ডক—অরণ্য বন। দণ্ডক নৃপতির দেশ শুক্রাচার্য্যের শাপে বন হইয়াছিল) সং, ক্লীং, সমস্ত দাক্ষিণাত্য, বিশেষতঃ দাক্ষিণাত্যের পূর্ব্বভাগ।

দণ্ডগৌরী; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। শিং—১ "উর্ব্বশী মিশ্রকেশী চ দণ্ডগৌরী বরূথিনী।"

দণ্ডগ্রহণ (দণ্ড এই আশ্রমীদের হস্তে চিহ্নস্বরূপ সর্ব্বক্ষণ যে এক দণ্ড থাকে সেই দণ্ড—গ্রহণ) সং, ক্লীং, সন্ন্যাসাশ্রম অবলম্বন।

দণ্ডগ্রাহ (দণ্ড—গ্রহ্ গ্রহণ করা+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, যে দণ্ড গ্রহণ করে।

দণ্ডচক্রাদিন্যায়—ন্যায় (২৩) দেখ।

দণ্ডঢক্কা; সং, স্ত্রীং, দামামা, নাগরা।

দণ্ডধর } (দণ্ড—ধর [ধৃ ধরা+অ(অন্), দণ্ডধার } অ(ষণ্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, যম। ২। রাজা। ৩। কুম্ভকার। ৪। বিং, ত্রিং, যষ্টিধারী, যষ্টিহস্ত। ৫। অপরাধীকে যাহার দণ্ড দিবার ক্ষমতা বা অধিকার আছে। শিং—১ "শ্রমনু দং মনুদণ্ডধরান্বয়ং।" [দণ্ড দেওয়া, শাসন।

দণ্ডন (দণ্ড দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং,

দণ্ডনায়ক (দণ্ড সৈন্যশ্রেণী—নায়ক যে লইয়া যায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সেনাপতি। ২। দণ্ডবিধানকর্ত্তা। ৩। (Sheriff) যে ব্যক্তি বিচারকের হুকুম অন্যের উপর খাটায়। ৪। রাজা।

দণ্ডনীতি (দণ্ড—নীতি প্রণয়ন, ৭মী—হিং) সং, পুং, রাজনীতিশাস্ত্রবিশেষ, যাহাতে রাজ্যশাসনসংক্রান্ত যাবতীয় নিয়ম ও উপদেশ আছে। শিং—১ "দমো দণ্ড ইতি খ্যাতস্তাৎস্থ্যাদ্দণ্ডো মহীপতিঃ। তস্য নীতির্দণ্ডনীতি নর্য়নান্নীতিরুচ্যতে।" ২ "আন্বিক্ষিকী ত্রয়ী বিদ্যা দণ্ডনীতিশ্চ শাশ্বতী।"

দণ্ডনীয় ( দণ্ড দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, দণ্ডার্হ, দণ্ড দিবার যোগ্য।

দণ্ডপাংশুল (দণ্ডপ [দণ্ড যষ্টি—পা পালন করা, ধারণ করা+অ(ক)—ক]—অংশুল [অংশল শব্দজ] বলবান্। অথবা যষ্টি ধারণ করিবার জন্য যে পাংশুল অর্থাৎ অধম) সং, পুং, দ্বারপাল, দ্বারী।

দণ্ডপাণি ( দণ্ড—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যম। ২। শিবের অনুচরবিশেষ। ৪। বিং, ত্রিং, যষ্টিধারী।

দণ্ডপাদ (দণ্ড—পাদ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে পদদ্বয় উর্দ্ধে রাখিয়াছে।

দণ্ডপারুষ্য ( দণ্ড শাস্তি, শাসন—পারুষ্য কাঠিন্য) সং, ক্লীং, কঠিনদণ্ড, দৈহিক পীড়ন করা, প্রহারাদি। শিং—১ "পরগাত্রেষভিদ্রোহো হস্তপাদায়ুধাদিভিঃ ভস্মাদিভিশ্চোপঘাতো দণ্ডপারুষ্যমুচ্যতে।" ২। অষ্টাদশ বিবাদের অন্তর্গত বিবাদবিশেষ।

দণ্ডপাল } (দণ্ড যষ্টি ইত্যাদি—পাল,<br>
দণ্ডপালক } পালক=যে রক্ষা করে) সং, পুং, দ্বারপাল। ২। মৎস্যবিশেষ, দাঁড়িকা।

দণ্ডভৃৎ (দণ্ড যষ্টি কিম্বা তাহার চক্রের যষ্টি বা হাতল—ভৃৎ যে ধারণ করে, বা কর্ম্ম করে) বিং, ত্রিং, দণ্ডধারী। শিং—১ "সহি দণ্ডভৃতাং বয়ঃ।" ২। সং, পুং, কুম্ভকার।

দণ্ডমাথ (দণ্ড দণ্ডাকার—মাথ পথ, য়ং—স) সং, পুং, প্রধান পথ, সদর রাস্তা।

দণ্ডমাথিক ( দণ্ডমাথ + ইক(ষ্ণিক)—ধাবত্যর্থে) বিং, ত্রিং, যে সদর রাস্তায় দৌড়িয়া যায়, ধাবক। [বিশেষ।

দণ্ডমুদ্রা ; সং, স্ত্রীং, তন্ত্রসারোক্ত মুদ্রা-

দণ্ডযাত্রা (দণ্ড শাসন, দমন ইত্যাদি—যাত্রা গমন, ৪র্থী—ষ) সং, স্ত্রীং, দিগ্বিজয়ার্থ যাত্রা। ২। বরযাত্রা, বরের সঙ্গে গমন। ৩। সম্যক্ গমন।

দণ্ডযাম (দণ্ড শাসন ইত্যাদি—যামি নিবৃত্ত কধান+অ(ঘঞ্)—ক) সং, পুং, যম। ২। দিন। ৩। ( দণ্ড ইন্দ্রিয়দমন—যাম সংযম) অগস্ত্য-মুনি।

দণ্ডবৎ (দণ্ড+বৎ(চুৎ)—প্রং) অং, দণ্ডের ন্যায় পতিত হওয়া। ২।(দণ্ড+বতু) দণ্ডী।

দণ্ডবাদী (দণ্ডবাদিন্, দণ্ড শাসন—বদ্ বলা, ভয় দেখান+ইন্(ণিন্)—ক ) সং, পুং, দ্বারপাল। ২। বিং, ত্রিং, যে ব্যক্তি দণ্ড দিবার কথা বলিয়া ভয় দেখায়।

দণ্ডবালধি (দণ্ড যষ্টি—বালধি পুচ্ছ, য়ং—স। দণ্ডতুল্য পুচ্ছ বলিয়া) সং, পুং, হস্তী।

দণ্ডবাসী (দণ্ডবাসিন্, দণ্ড যষ্টি বা আশাশোটা, শাসন—বস্ বাস করা+ইন্ (ণিন্)—ক) সং, পুং, দ্বারপাল। ২। এক গ্রামের শাসনকর্ত্তা।

দণ্ডবিধি ( দণ্ড—বিধি নিয়ম ) সং, পুং, দুষ্কৃত দমনার্থ নিয়মাবলী। ২। দণ্ডবিধান।

দণ্ডবিষ্কম্ভ (দণ্ড যষ্টি—বি—স্কম্ভ্ স্তব্ধ করা+অ(অন্)—ক) সং, পুং, ঘোল মওয়া খুঁটী।

দণ্ডব্যূহ; সং, পুং, দণ্ডাকারে রচিত ব্যূহবিশেষ; ইহার অগ্রভাগে সৈনাধ্যক্ষ, মধ্যে রাজা, পশ্চাৎ সেনাপতি, উভয় পার্শ্বে হস্তী, তৎসমীপে ঘোটক ও তাহার পর পদাতিগণ স্থিতি করে।

দণ্ডসংহিতা ( দণ্ড—সংহিতা শাস্ত্র ) সং, স্ত্রীং, দণ্ডবিষয়ক শাস্ত্র, ফৌজদারি আইন।

দণ্ডসহায় ( দণ্ড দুষ্ট নিগ্রহাদি—সহায় সহকারী, ৭মী—ষ ) সং, পুং, দুষ্ট নিগ্রহাদিবিষয়ে রাজার সাহায্যকারী ব্যক্তি।

দণ্ডস্থান ( দণ্ড—স্থান, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, দণ্ডপ্রদানের স্থান। [বিশেষ।

দণ্ডাক্ষ ; সং, ক্লীং, চম্পানদী সমীপস্থ তীর্থ-

দণ্ডাদণ্ডি (দণ্ড—দণ্ড+ই(চি)—প্রং, ১মা—হিং, দণ্ড দ্বারা দণ্ড দ্বারা প্রহার করিয়া এই যুদ্ধ প্রবৃত্ত ) অং, পরস্পর যষ্টি দ্বারা যুদ্ধ, লাঠালাঠি।

দণ্ডাপূপন্যায়—ন্যায় (২৪) দেখ।

দণ্ডায়মান ( দণ্ডায় [ দণ্ড+আয়—তস্তুল্যাচারার্থে] দণ্ডবৎ আচরণকরা+আন(শান) —ক, ম—আগম, দণ্ড+ক্য+আন(শান) —ক) বিং, ত্রিং, যে দাঁড়াইয়া আছে।

দণ্ডার ( দণ্ড—ঋ গমন করা+অ(অন্) —ক) সং, পুং, শকটবিশেষ। ২। কুলালচক্র। ৩। ধনুক। ৪। বন্য হস্তী, মত্তহস্তী।

দণ্ডার্ত্ত ; সং, ক্লীং, চম্পানদী সমীপস্থ তীর্থবিশেষ। ২। বিং, ত্রিং, দণ্ডাঘাতে পীড়িত।

দণ্ডাহত (দণ্ড মন্থনদণ্ড—আহত আঘাতিত, মথিত) সং, ক্লীং, তক্র, ঘোল। ২। বিং, ত্রিং, দণ্ড দ্বারা আহত।

দণ্ডিক ( দণ্ড+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে ) সং, পুং, দণ্ডধারী, ছড়িবরদার, আসাবরদার। ২। ডানিকণামাছ। কা—স্ত্রীং,হারবিশেষ। ২। রজ্জু। [শাসিত, দণ্ডপ্রাপ্ত।

দণ্ডিত (দণ্ড দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

দণ্ডী ( দণ্ডিন্, দণ্ড+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, যম। ২। দ্বারপাল। ৩। নৃপবিশেষ ; ইনি ঘোটকীরূপী উর্ব্বশীকে লাভ করেন। ৪। বৌদ্ধবিশেষ। ৫। যে দণ্ডগ্রহণ করিয়াছে,সন্ন্যাসী,চতুর্থাশ্রমী। শিং—১"জাতে জগতি বাল্মীকে কবিরিত্যভিধীয়তে। কবী ইতি ততো ব্যাসে কবয়স্ত্বয়ি দণ্ডিনি।" ৬। পণ্ডিতবিশেষ,কাব্যাদর্শ গ্রন্থকার। ৭। সূর্য্যের পার্শ্বচরবিশেষ। ৮। মহাদেব। ৯। দমনকবৃক্ষ। ১০। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ। ১১। বিং, ত্রিং, দণ্ডধারী।

দণ্ডোপবেশী (Insessores) যাহারা দাঁড়ে বসে। [ত্রিং, দণ্ডনীয়, দণ্ডার্হ।

দণ্ড্য (দণ্ড শাসন+য(ণ্য)—অর্হার্থে) বিং,

দৎ ( দম্ দমন করা+ৎ(দৎ)—ণ ) সং, পুং, দন্ত, দাঁত। শিং—১ "শুদ্দদন্ লোলকুণ্ডলঃ।" ২ "সুদতীজনমজ্জনার্ত্তিতৈঃ।"

দত্ত (দা দান করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উৎসৃষ্ট, অর্পিত। ২। ত্যক্ত। ৩। সং, পুং, পুত্রবিশেষ, দত্তক। ৪। বিষ্ণুর অবতারবিশেষ,দত্তাত্রেয়। ৫। নৃপবিশেষ। ৬। ঋষিবিশেষ। ৭। বৈশ্যের উপাধিবিশেষ। শিং—১ "শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্মা ত্রাতাচ ভূভুজঃ। ভূতির্দত্তশ্চ বৈশ্যস্য দাসঃ শূদ্রস্য কারয়েৎ।" ৮। অধুনা কায়স্থের উপাধি। ৯। ( +ক্ত—ভাবে) ক্লীং, দান। ত্তা—স্ত্রীং, ঊঢ়া, পরিণীতা।

দত্তকপুত্র (দত্তক—পুত্র, যং—স) সং, পুং, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্রবিশেষ, পোষ্য পুত্র।

দত্তাত্মা (দত্তাত্মন্, দত্ত—আত্মন্, ৩য়া—হিং) সং, পুং, যে পুত্র আপনার ভরণ পোষণের নিমিত্ত অন্যের নিকট "আমি তোমার পুত্র হইলাম" বলিয়া আত্মসমর্পণ করে।

দত্তাত্রেয় ( দত্ত—অত্রেয় অত্রিপুত্র ) সং, পুং, অত্রিমুনির পুত্র, ভগবানের অবতারবিশেষ।

দত্তাপহারী (—হারিন্, দত্ত—অপহারী যে ফিরিয়া লয়) বিং, ত্রিং, যে ব্যক্তি দান করিয়া পুনর্ব্বার তাহা গ্রহণ করে।

দত্তাপ্রদানিক ( দত্ত—অপ্রদান+ইক(ষ্ণিক) —ইদমর্থে) সং, ক্লীং, দান করিয়া ফিরিয়া লওয়াতে বিবাদ। শিং—১ "দত্তাপ্রদানিকং নাম ব্যবহারপদং হি তৎ।"

দত্তাবধান (দত্ত—অ[illegible]ন মনোযোগ, ৩য়া —হিং) বিং, [illegible], অবহিত, মনোযোগী।

দত্তি ( দা দান করা+তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, দান, বিতরণ।

দত্তোলি ; সং, পুং, পুলস্ত্যমুনি। ২। বিষ্ণু।

দত্ত্রিম (দা দান করা+ত্রিম(ত্রিমক্)—ক) বিং, ত্রিং, দান দ্বারা নিষ্পন্ন। ২। সং, পুং, দত্তকপুত্র। শিং—১ "মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভিঃ পুত্রমাপদি। সদৃশং প্রীতিসংযুক্তং স জ্ঞেয়ো দত্ত্রিমঃ সুতঃ।"

দদৎ } (দা দান করা+অৎ(শতৃ), আন
দদান } (শান)—ক) বিং, ত্রিং, দানকর্ত্তা। [সং, ক্লীং, দান, বিতরণ।

দদন ( দদ্ দান করা+অন(অনট্)—ভা )

দদ্রু } (দরিদ্রা দুর্গত করা+উ, উ—প্রং,
দদ্রূ } নিপাতন। অথবা দদ+রু—ক) সং, পুং, দাদ্, ছুলি প্রভৃতি।

দদ্রুঘ্ন (দদ্রু—ঘ্ন [বধার্থ হন্ ধাতুজ] যে নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, চাকুন্দা গাছ। ২। বিং, ত্রিং, দদ্রুনাশক।

দদ্রুণ } (দদ্রু+ন—অস্ত্যর্থে) বিং, ত্রিং,
দদ্রূণ } দদ্রুরোগী, যাহার দাদ্ ফুলি প্রভৃতি হইয়াছে, দেহুয়া, দেদো।

দধৎ } (ধা ধারণ করা+অৎ(শতৃ),
দধান } আন(শান)—ক) বিং, ত্রিং, যে ধারণ করে। শিং—১"বিদ্যাভিলাষী বিনয়প্রধানৈর্গুণৈশ্চ তুল্যাং শ্রিয়মাদধানঃ।"

দধি (ধা ধারণ করা+ই(কি)—ক) সং, ক্লীং, দুগ্ধবিকার-বিশেষ, দৈ। শিং—১ "গব্যং দধি বিশেষেণ স্বাদ্বম্লঞ্চ রুচিপ্রদম্।" ২। বিং, ত্রিং, ধারণকর্ত্তা। ৩। স্ত্রীং, আমিক্ষা, ছানা। ৪। দধিকূর্চ্চিকা।

দধিগ্রাম—শ্রীকৃষ্ণের লীলাস্থান।

দধিচার (দধি—চারি গমন করান+অ (ষঞ্)—ণ) সং,পুং, দধিমন্থন দণ্ড, ঘোল মওয়া যষ্টি।

দধিজ (দধি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, ক্লীং, নবনীত, ননী।

দধিত্থ (দধি—স্থা থাকা+অ(ক)—ক। ইহার মূল হইতে দধিসদৃশ রস নির্গত হইয়া থাকে বলিয়া) সং, পুং, কৎবেলের গাছ।

দধিধর্ম্ম; সং,পুং, দধিসংস্কারক বৈদিককর্ম্মবিশেষ।

দধিপয়ঃ (—পয়স্, দধি—পয়স্, দ্বং—স) সং, ক্লীং, দধি ও ক্ষীর। শিং—১ "স্তেয়ং স্বাদ্বত্যর্থ দধিপয়ঃ কল্পিতৈঃ স্তেয় যোগৈঃ।"

দধিপুষ্পিকা; সং, স্ত্রীং, শ্বেত অপরাজিতা।

দধিপূপ (দধি দধিপক—পূপ, ষং—স, মধ্যপদলোপ) সং, পুং, দধিপক্ব পিষ্টক।

দধিমণ্ড (দধি—মণ্ড, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দধি প্রভৃতির জলীয়ভাগ, মাৎ।

দধিমণ্ডোদ (দধিমণ্ড—উদ জল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দধিসমুদ্র।

দধিমন্থন; সং, ক্লীং, দইমওয়া।

দধিমুখ; সং, পুং, বানরবিশেষ, রাম-সেনাপতি। "শ্রীমান্ দধিমুখো নাম হরিবৃদ্ধোহতি বীর্য্যবান্।" ২। নাগবিশেষ।

দধিবামন (দধি পোষণকর্ত্তা—বাম বিপক্ষ—ন বন্ধন। যিনি পোষণকর্ত্তা এবং যাঁহা হইতে বিপক্ষের বন্ধন হয়) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ। ২। শালগ্রাম-মূর্ত্তিবিশেষ। শিং—১ "অতিসুন্দরং বিচক্রঞ্চ নবীননীরদোপমং। দধিবামনকং জ্ঞেয়ং গৃহিণাঞ্চ সুখপ্রদম্।"

দধিশোণ (দধি—শোণ রক্তবর্ণ। দধি ও রক্তবর্ণ মিশ্রিত যাহার বর্ণ) সং,পুং, কপি, বানর। [শিং—১ "পায়সং দধিসক্তবঃ।"

দধিসক্তু; সং, পুং—ক্লীং, দধিসিক্ত ছাতু।

দধিসার (দধি—সার সারভাগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ননী, মাখন।

দধিস্নেহ (দধি—স্নেহ তৈলবৎ পদার্থ) সং, পুং, দধির সর, দধির মাতা। [ঘোল।

দধিস্বেদ (দধি—স্বেদ ক্লেদ) সং, পুং, তক্র,

দধীচ } (দধ্ দানকরা+ঈচ,ঈচি—ক)
দধীচি } সং, পুং, অথর্ব্ব মুনির ঔরসে কর্দ্দম প্রজাপতির কন্যার গর্ভে উৎপন্ন মুনিবিশেষ, বৃত্রাসুরের বধার্থ যাঁহার অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল। শিং—১ "দদৌ চাস্থীনি দেবেভ্যো দধীচিঃ সুমনাস্তদা।

দধীচ্যস্থি (দধীচি মুনিবিশেষ—অস্থি। প্রসিদ্ধ আছে যে, এই মুনির অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল) সং, ক্লীং, বজ্র। ২। বজ্র ও হীরায় একরূপ পদার্থ আছে বলিয়া) হীরক, হীরা।

দধৃক্ (দধৃষ্, ধৃষ্ প্রগল্ভহওয়া+০(কিপ্)—ক। নিপাতন) বিং,ত্রিং, নির্লজ্জ, বেহায়া।

দধ্র (দধ্ দান করা, অথবা ধা ধারণ করা, পুনঃপুনঃ বলা+ন—ক) সং, পুং, যমবিশেষ। শিং—১"ঔডুম্বরায় দধ্রায় নীলায় পরমেষ্ঠিনে।"

দধ্যন্ন (দধি দধিসিক্ত—অন্ন, ষং—স) সং, ক্লীং,দধিসিক্তান্ন,দইমাখা ভাত। শিং—১ "দধ্যন্নং পায়সঞ্চৈব গুড়পিষ্টং সমোদকম্।"

দধ্যাকর (দধি—আকর খনি) সং,পুং, দধি সমুদ্র।

দধ্যুদ (দধি—উদ জল। জলের পরিবর্ত্তে যাহাতে দধি আছে) সং, পুং, দধিসমুদ্র।

দনু (জন্ জন্মান+উ(ডু)—ধি) সং, স্ত্রীং, দক্ষকন্যা, কশ্যপভার্য্যা, দানবদের মাতা।

দনুজ (দনু—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং,পুং, দানব,দৈত্য, অসুর।

দনুজদ্বিট্ (—দ্বিষ্, দনুজ দানব—দ্বিষ্ যে বিদ্বেষ করে, ২য়া—ষ) সং, পুং, দেবতা।

দনুসূনু (দনু—সূনু সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দানব, অসুর।

দন্ত (দম্ দমন করা+ত(অন্)—ণ) সং, পুং, দাঁত। শিং—১ "তস্য বক্ত্রাদুভৌ দন্তাবুজ্জহার।" ২। পর্ব্বতশৃঙ্গ। ৩। গিরি-নিতম্ব। ৪। নিকুঞ্জ। ৫। সানু। ৬। দ্বাত্রিংশ সংখ্যা। শিং—১ "আম্বিক্ষিকীং যদ্দশন দ্বিমালীং তাং মুক্তিকামাকলিতাং প্রতীমঃ।"

দন্তক (দন্ত+কণ্—সাদৃশ্যার্থ) সং, পুং, পর্ব্বত হইতে বহির্গত দন্তাকৃতি প্রস্তর। ২। নাগদন্ত, ডাণ্ডা। শিং—১ "স তু নাগ-দন্তকে সংস্থাপ্য প্রত্যহং স্বপতি।" ৩। (কণ্—স্বার্থে) দন্ত।

দন্তকর্ষণ (দন্ত—কর্ষণ আকর্ষণ, ২য়া—ষ) সং, পুং, জম্বীর, লেবু।

দন্তকাষ্ঠ (দন্ত—কাষ্ঠ কাট) সং, ক্লীং, দন্ত-ধাবন কাষ্ঠ, দাঁতন। ২। (ঐ যাহা হইতে, ৫মী—হিং) পুং, বিকঙ্কত বৃক্ষ।

দন্তচ্ছদ } (দন্ত—ছদ্ যে আচ্ছাদন
দন্তবাসস্ } করে, ২য়া—ষ। দন্ত—বাসস্ পরিচ্ছদ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ওষ্ঠ, ঠোঁট। শিং—১ "দন্তচ্ছদৈঃ স ব্রণদন্তচিহ্নৈঃ।"

দন্তচ্ছদোপমা (দন্তচ্ছদ ওষ্ঠ—উপমা। যাহার সহিত ওষ্ঠের তুলনা দেওয়া যায়) সং, স্ত্রীং, বিম্বফল, তেলাকুচা।

দন্তজাত (দন্ত—জাত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দন্ত বহির্গত হইয়াছে।

দন্তজাহ ; সং, ক্লীং, দন্তমূল, মেড়িয়া।

দন্তদর্শন (দন্ত—দর্শন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দন্ত বাহির করিয়া দেখান, দাঁতখামুটিকরা।

দন্তধাবন (দন্ত—ধাবন [ধাব্ পরিষ্কারকরা+অন(অনট্)—ণ] যাহার দ্বারা দন্ত পরিষ্কৃত হয়, ৩য়া—ষ) সং, ক্লীং, খদির গাছ। ২। করঞ্জবৃক্ষ। ৩। দন্তমার্জ্জনী। ৪। বকুল-বৃক্ষ। ৫। (+অনট্—ভাবে) ক্লীং, দন্ত-মার্জ্জন।

দন্তপত্র—ক্লীং } (দন্ত—পত্র পাতা)
দন্তপত্রিকা—স্ত্রীং } সং, কর্ণভূষণবিশেষ, কুণ্ডল। শিং—১ "বিলাসিনীবিভ্রমদন্ত-পত্রম্।" (রঘু)। ২ "কর্ণাবসক্তামলদন্ত-পত্রম্।" (কুমার)।

দন্তপত্রক (দন্ত দন্তের ন্যায় শুভ্র—পত্র পাতা, ৬ষ্ঠী—হিং। কবিরা সর্ব্বদা এই পুষ্পের পত্র অর্থাৎ পাব্ড়ী দন্তের ন্যায় শুভ্রবর্ণ ও গঠন বলিয়া বর্ণনা করিয়া থা-কেন) সং, ক্লীং, কুন্দপুষ্প, কুঁদফুল।

দন্তপবন (দন্ত—পূ পবিত্রকরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, দন্তকাষ্ঠ। ২। (+অনট্ ভা) দন্তধাবন। [শেষ।

দন্তপাত ; সং, ক্লীং, দন্তপতন। ২। বর্ষবি-

দন্তপুষ্প ; সং, ক্লীং, কুন্দপুষ্প। ২। কতকফল।

দন্তফল ; সং, ক্লীং, কতকফল। ২। পুং, কপিত্থ। ৩। পিপ্পলী। [মেড়ে।

দন্তমাংস ; সং, ক্লীং, দন্তলগ্ন মাংস, দাঁতের

দন্তমূলীয় (দন্তমূল+ঈয়(ছীয়)—ভবার্থে) সং, পুং, ত-বর্গাদি, ত থ দ ধ ন।

দন্তবক্র ; সং, পুং, কৃষ্ণের বিদ্বেষী নৃপবিশেষ, শিশুপালের ভ্রাতা। শিং—১ "করূষাধি-পতি বীরো দন্তবক্রো মহাবলঃ।"

দন্তবস্ত্র } (দন্ত—বস্ত্র, বাসস্ পরিচ্ছদ,
দন্তবাসস্ } ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ওষ্ঠ, দন্তচ্ছদ।

দন্তবীজক (দন্ত—বীজ। দন্তসদৃশ বীজ যা-হার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

দন্তশঠ (দন্ত—শঠ্ ছেদন করা+অ(অন্)—ক) সং, পুং, জম্বীর। ২। কপিত্থ। ৩। কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা। ৪। নাগরঙ্গ। ঠা—স্ত্রীং, চাঙ্গেরী। ২। চুক্রাম্লিকা। ৩। ক্ষুদ্রাম্লিকা। [দাঁতের মলা।

দন্তশর্করা (দন্ত—শর্করা বালি) সং, স্ত্রীং,

দন্তশাণ (দন্ত—শাণ শাণপাথর। যে দন্ত পরিষ্কার করে) সং, ক্লীং, মিষি, মাজন।

দন্তশিরা ; সং, স্ত্রীং, দাঁতের মাড়ী।

দন্তশূল (দন্ত—শূল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দাঁতের বেদনা। [রোগবিশেষ।

দন্তহর্ষ (দন্ত—হর্ষ হর্ষণ) সং, পুং, দন্ত-

দন্তহীন (Edentata) যে সকল জন্তুর দন্ত নাই, যথা—পিপীলিকাভুক্ ইত্যাদি।

দন্তাদন্তি (দন্ত—দন্ত+ই—প্রং, ১মা—হিং) দন্তে দন্তে প্রহার করিয়া যে যুদ্ধে প্রবৃত্ত হয়। ২। অং, দন্তে দন্তে আঘাত করা।

দন্তায়ুধ (দন্ত—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। [ক্লীং, দন্তরোগবিশেষ।

দন্তার্ব্বুদ (দন্ত—অর্ব্বুদ আব্) সং, পুং—

দন্তালিকা, দন্তালী (দন্ত—অলি শ্রেণী+কণ্—স্বার্থে। দন্ত—অল্ ভূষিত করা+অ(অন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, অশ্ব প্রভৃতির মুখরজ্জু, লাগাম। শিং—১"দন্তালিকাধরণনিশ্চলপাণিযুগ্মম্।"

দন্তাবল (দন্ত+বল(বলচ্)—অস্ত্যর্থে, অ=আ) সং, পুং, হস্তী।

দন্তী (দন্তিন্, দন্ত+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, হস্তী। শিং—১ "অনির্বাণস্য দন্তিনঃ।" (রঘু)। ২। পর্ব্বত। ৩। স্বনামখ্যাতবৃক্ষ। ৪। বিং, ত্রিং, দন্তযুক্ত।

দন্তুর (দন্ত+উর—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উন্নত বা বহির্গত দন্তবিশিষ্ট। শিং—১"কদাচিদ্দন্তুরো মূর্খঃ কদাচিদ্দল্লোমশঃ সুখী।" ২ "রৌপ্যাঙ্কুরমুখপ্রোতমুক্তাসংততিদন্তুর (হাস)।" ২। উচ্চ নীচ, নত স্থান। ৩। কুটিল। ৪। বিষমান্তর।

দন্ত্য (দন্ত+য(ষ্ণ্য)-ভবার্থে)বিং,ত্রিং,দন্তদ্বারা উচ্চারিত। ত থ দ ধ ন ল স ব ৯ দন্ত্যবর্ণ। ২। দন্তহিতকর।

দন্দশূক (দন্দন্শ [যঙলুগন্ত] পুনঃ পুনঃ দংশন করা+উক—ক, শীলার্থে) সং, পুং, সর্প। ২। রাক্ষস। শিং—১ "দন্দশূকান্ জিঘাংসো।" (ভট্টি)। ৩। দৈত্য। শিং—১ "ক্রব্যাদা দন্দশূকাশ্চ কৃমিকীটবিহঙ্গমাঃ।" ৪। বিং, ত্রিং, সদাদংশনে উদ্যত। ৫। হিংস্র, ক্রূর।

দপট (দর্পশব্দজ) দাপট দেখ।

দপ্তর (আরবী ভাষা) পুস্তক,খাতা, হিসাবের বহি। ২। করসংক্রান্ত বর্ণনাপত্র।

দপ্তরখানা (আরবীভাষা) যে স্থানে হিসাববহি বর্ণনাপত্রাদি রাখা যায়।

দপ্তরী (পারস্যভাষা) যে লেখনোপযোগী উপকরণ প্রস্তুত করিয়া দেয়। ২। যে আফিসে পুস্তক যথাস্থানে সজ্জিত করিয়া রাখে। ৩। যে বহি বাঁধে।

দফা (আরবী) শেষ; পরিচ্ছেদ, প্রকরণ। ২। সময়। ৩। পালা। ৪। পৃষ্ঠা।

দফাদফা (আরবী) পুনঃপুনঃ, বারবার।

দফাদার (আরবী) অশ্বারোহী সৈন্য মধ্যে কর্ম্মচারী। ২। শ্রমজীবীদিগের মধ্যে যে প্রধান। ৩। পেয়াদার মধ্যে প্রধান।

দভ্র (দন্ভ্ গর্ব্ব করা+রক্—ক) বিং, ত্রিং, স্বল্প, অল্প। ২। সং, পুং, সমুদ্র। শিং—১ "অদভ্র দর্ভামধিশয্য স স্থলীম্।"(কিরাত)।

দম (দম্ দমন করা, ক্লেশ সহ্য করা+অ (অল্)—ভা) সং, পুং, দমন, শাসন। ২। দণ্ড। ৩। বশীভূতকরণ। ৪। ইন্দ্রিয়নিগ্রহ, জিতেন্দ্রিয়তা। ৫। ক্লেশসহন। ৬। কুকর্ম্ম হইতে মনোনিবৃত্তি। ৭। মনঃস্থৈর্য্য; বিকারের হেতুসত্ত্বেও চিত্তের স্থৈর্য্যসম্পাদন। ৮। বিদর্ভরাজ ভীমের জ্যেষ্ঠ পুত্র, দময়ন্তীর ভ্রাতা।

দমক (দম্ দমন করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, দমনকারী, শাসনকর্ত্তা।

দমঘোষ; সং, পুং, চেদিদেশের অধিপতি, শিশুপালের পিতা।

দমঘোষজ, দমঘোষনন্দন, দমঘোষসুত (দমঘোষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত,৫মী—হিং। দমঘোষ—নন্দন,সুত পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, শিশুপাল। শিং—১ "প্রণয়ো দমঘোষনন্দনে শিশুপালে তব যৌবনাঞ্চিতে।"

দমথ, দমথু (দম্ দমন করা+অথ, অথু—ভা) সং, পুং, দমন, শাসন। ২। দণ্ড।

দমন (দম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, শাসন,দণ্ড। ২। বশীকরণ। ৩। নিবারণ। ৪। ইন্দ্রিয়-নিগ্রহ। ৫। ক্লেশসহন। ৬। (+অন—ক) পুং, বীর। ৭। মুনিবিশেষ। ৮। পুষ্পবিশেষ।

দমনক (দমন+কণ্—স্বার্থে) সং, পুং, বৃক্ষবিশেষ। ২। ষড়ক্ষরপাদক ছন্দ।

দমনীয় (দম্ দমন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শাসনীয়, দমনযোগ্য।

দময়ন্তী (দম্-ণি=দমি ক্লেশ সহ্য করা+অৎ(শতৃ)—ক, ঈপ্—স্ত্রীং। দমন ঋষির বরে জন্মিয়াছিলেন বলিয়া) সং, স্ত্রীং, নলরাজার মহিষী, বিদর্ভ দেশীয় ভীমরাজার কন্যা, ভৈমী।

দময়িতা (—য়িতৃ, দম্-ণিচ্=দমি দমনকরা +তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, শাসনকর্ত্তা। ২। পুং, বিষ্ণু। "দণ্ডো দময়িতা দমঃ।"

দমিত (দম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শাসিত, বশীকৃত। ২। ভারবহনাদিক্লেশ-সহিষ্ণু।

দমী (দমিন্, দম দেখ, ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, দমনশীল, শাসনকারক। ২। জিতেন্দ্রিয়। ৩। ক্লীং, তীর্থবিশেষ। ৪। পুং, ঋষিবিশেষ।

দমুনাঃ (দমুনস্, দম্ [সমস্ত বিষয়] দমন করা +উনস্—ণ,সংজ্ঞার্থে। উনস্—যোগে দমুনস্ শব্দও হয়) সং, পুং, অগ্নি। ২। শুক্রাচার্য্য। ৩। বিং, ত্রিং, দমনকারক।

দম্ (পারস্যভাষা) নিশ্বাস। ২। জীবন। ৩। বঞ্চনা,প্রতারণা। ৪। সঙ্গীতে—লয় প্রদর্শন পূর্ব্বক সুরের দীর্ঘস্থায়িত্বের নাম দম্।

দম্পতি (জায়া—পতি, দ্বং—স, জায়া স্থানে দম্) সং, পুং, দ্বিং, জায়াপতি, স্ত্রী-পুরুষ। শিং—১ "তৌ দম্পতী বশিষ্ঠস্য গুরোর্জগ্মতুরাশ্রমম্।"

দম্ভ (দন্ভ্ দম্ভ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, গর্ব্ব। ২। কপটতা, দুষ্টতা, শঠতা। ২। কল্ক। ৩। লোভ ও বঞ্চনাসহকারে বিহিত কর্ম্মের অনুষ্ঠান। ৪। সম্মান-প্রাপ্তির জন্য ধার্ম্মিকতা প্রকাশ। শিং—১ "সুগুপ্তস্যাপি দম্ভস্য ব্রহ্মাপ্যন্তং ন গচ্ছতি।"

দম্ভক (দম্ভ দেখ+অক(ণক)—ক) সং, পুং, প্রতারক। শিং—১ "ধর্ম্মধ্বজী সদালুব্ধশ্ছাদ্মিকো লোকদম্ভকঃ।" (মনু)।

দম্ভন (দম্ভ দেখ+অন(অনট্)—ভাবে) সং, পুং, মোহ উৎপাদন। শিং—১ "ব্রতেন পাপং প্রচ্ছাদ্য কুর্ব্বন্ স্ত্রীশূদ্রদম্ভনম্।"

দম্ভী (দম্ভিন্, দম্ভ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গর্ব্বকারী। ২। প্রবঞ্চক। ৩। শঠ।

দম্ভোলি (দম্ভ অহঙ্কার—লি [লী লয় পাওয়া+০(ক্বিপ্)—ক। অথবা দন্ভ্+ওলি—ক] যে লয় পায়, যাহা হইতে অহঙ্কার লয় পায়) সং, পুং, বজ্র।

দম্য (দম দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, দমনীয়, শাসনীয়। শিং—১"ধুর্য্যেণ দম্যঃ সদৃশং বিভর্ত্তি।" ২। পুং,শিশুবৃষ, ছোট বাছুর।

দয়—পুং } (দয়্ দয়া করা+অ(ঙ)
দয়া—স্ত্রীং } —ভা) সং, পুং, পরদুঃখে দুঃখানুভব, পরদুঃখ নিবারণেচ্ছা, কৃপা, স্নেহ। শিং—১ "যত্নাদপি পরক্লেশং হর্ত্তুং বা হৃদি জায়তে। ইচ্ছা ভূমিসুরশ্রেষ্ঠ সা দয়া পরিকীর্ত্তিতা।" ২ "আত্মবৎ সর্ব্বভূতেষু যো হিতায় শুভায় চ। বর্ত্ততে সততং হৃষ্টঃ ক্রিয়াহেষা দয়াস্মৃতা।" ৩ "পরে বা বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্টরি বা সদা। আত্মবৎ বর্ত্তিতব্যং হি দয়ৈষা পরিকীর্ত্তিতা।" ২। অনুগ্রহ।

দয়মান (দয় দেখ,আন(শান)—ক) বিং,ত্রিং, যে দয়া বা অনুগ্রহ প্রদর্শন করিতেছে।

দয়াময় } (দয়া+ময়(ময়ট্)—বিদ্যমা-
দয়াবান্ } নার্থে। দয়াবৎ, দয়া+বৎ (বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দয়ালু।

দয়ালু (দয়্ দয়া করা+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, কারুণিক, দয়াবান্। শিং—১ "যশঃ শরীরে ভব মে দয়ালুঃ।" ২। স্নেহবান্। ৩। অনুগ্রহকারী।

দয়াবীর; সং, পুং, পরদুঃখ দেখিয়া যাঁহার মনে করুণার উদয় হয় এবং তদীয় দুঃখ দূর করিবার নিমিত্ত দয়া ও উৎসাহ সর্ব্বদা মনে জাগরূক থাকে, আবশ্যক হইলে প্রাণ বিসর্জ্জন দিতেও যিনি উদ্যত হন।

দয়ারত্ন; সং, ক্লীং, বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র।

দয়িত (দয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রিয়, কমনীয়, স্নেহপাত্র। ২। সং, পুং, বল্লভ। তা—স্ত্রীং, প্রণয়িনী, ভার্য্যা, পত্নী, অঙ্কলক্ষ্মী, স্ত্রী। শিং—১"দয়িতা দয়িতাননাম্বুজং দরমীলন্নয়না নিরীক্ষতে।"

দর (দৃ বিদীর্ণ হওয়া+অ(অল্)—ণ) সং, পুং—ক্লীং,ভয়। ২। কম্প। শিং—১"দরদৈন্য দুঃখ দুরিতং দূরী করেষু ক্রুতম্।" ৩। (+অল্—র্ম্ম) গহ্বর; যথা—
"মাতঙ্গ পড়িলে দরে, পতঙ্গ প্রহার করে।"
৪। ক্লীং, শঙ্খ। "বিষ্ণুং বন্দে দরকমল-কৌমোদকী চক্রপাণিম্।" ৫। অং,অল্প।

দরওয়াজা (পারস্যভাষা) দোয়ার।
দরক (দর+ক(কণ্)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভীরু, ভয়প্রাপ্ত, শঙ্কিত।
দরকার (পারস্য ভাষা) আবশ্যক, প্রয়োজন।
দরজী (পারস্য ভাষা) সং, সূচীজীবী, সূচীকর্ম্মকর।
দরণি (দৃ [তীরের নীচে] বিদারণ করা+অনি—ক) সং, পুং, নদ্যাদির কূলভঙ্গ।
দরদ্ (দৃ বিদীর্ণ হওয়া+অদ্—ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, পর্ব্বতের অত্যুচ্চ স্থান। ২। পর্ব্বত। ৩। ম্লেচ্ছজাতিবিশেষ। ৪। (+অদ্—র্ম্ম) হৃদয়। ৫। তীর। ৬। প্রপাত। ৭। (+অদ্—ভাবে) ভয়। ৮। পারস্যভাষা) ব্যথা, দুঃখ। ৯। মমতা।
দরদ (দরদ্+অ—প্রং। অথবা দর—দ দান করা+অ(ড)—ক) সং, পুং, কাশ্মীরের নিকটবর্ত্তী দেশবিশেষ। গ্রিফিথ্ প্রভৃতির মতে বর্ত্তমান দর্দিস্থান। ২। ম্লেচ্ছজাতিবিশেষ। ইহারা সকলেই অনার্য্য ও অসভ্য বলিয়া বিখ্যাত। ৩। ক্লীং, হিঙ্গুল। ৪। বিং, ত্রিং, ভয়প্রদ।
দরদালান (পারস্য) বাহিরের মণ্ডপ।
দরমা (দেশজ) সং, নলনির্ম্মিত আসনবিশেষ, চাঁচ।
দরমাহা (পারস্য, দর প্রত্যেক—মাহা মাস শব্দজ) মাসিক বেতন, মাহিআনা।
দরবার (পারসী) সভা। ২। মোকদ্দমা।
দরবেশ (পারস্য ভাষা) ভিক্ষুক, ফকীর।
দরি } দরী } (দর+ঈপ্) সং, স্ত্রীং, গিরিকন্দর, পর্ব্বতগুহা। শিং—১ "দরী গৃহোৎসঙ্গ নিষক্তভাষঃ।" ২ "দরীমুখোত্থিতেন সমীরণেন।"
দরিত (দর ভয়+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভীত, শঙ্কিত। ২। কম্পিত। ৩। (দৃ বিদীর্ণ করা+ক্ত—র্ম্ম) বিদীর্ণ। ৪। বিভক্ত। ৫। (+ক্ত—ণ) ক্লীং, দুঃখ।
দরিদ্র (দরিদ্রা নির্ধনহওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, নির্ধন। ২। দীন। ৩। বিহীন, রহিত; যথা—অর্থদরিদ্র। ৪। ক্ষীণ। শিং—১"মনসীব প্রলীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ।"
দরিদ্রিত (দরিদ্র দেখ, ত (ক্ত)—ক) বিং, ত্রিং, নির্ধনীকৃত। ২। দুর্গত।
দরিন্ (দর+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভীরু। ২। বিদারণশীল। ৩। সকম্প।
দরুণ (পারস্য ভাষা) যাহার নিকট বা যে কারণে পাওয়া যায় তাহার নিদর্শন।
দরোদর; সং, পুং, পাশক্রীড়া। শিং—১ "ক্রীড়াস্ত্যমুষ্মিন্ সততং দরোদরম্।"
দরোয়ান (পারস্য দর দ্বার—ওয়ান রক্ষক, সংস্কৃত দ্বারবান্ শব্দজ) দ্বাররক্ষক।
দর্ (দেশজ) দ্রব্যের নির্দ্ধারিত মূল্য।
দর্কোচ (দেশজ) যাহারা কতক অংশ অপরিপক্ক অবস্থায় থাকে।
দর্গা (পারস্য) মুসলমান জাতির ধর্ম্মালয়, মস্জিদ, পীরের স্থান।
দর্দর (দৃ বিদারণ করা, দ্বিত্ব+অ(অন্)—ক) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, বিদীর্ণ, ভগ্ন।
দর্দুর (দ ভীত হওয়া+উর—ক) সং, পুং, ভেক। শিং—১ "দর্দুর যত্র বক্তার স্তত্র মৌনং হি শোভনম্।" ২। (দর্দ্দ অনুকরণ শব্দ+র—অস্ত্যর্থে) মেঘ। ৩। বাদ্যভাণ্ড। ৪। বাদ্যযন্ত্রবিশেষ। শিং—১ "শৈলস্য দর্দ্দুরপুটানিব বাদয়ন্তঃ।" দাক্ষিণাত্যের অন্তর্গত মলয় পর্ব্বতের সন্নিহিত ও সহ্য পর্ব্বতের দক্ষিণে স্থিত পর্ব্বতবিশেষ। শিং—১ "হিমবান্ পারিপাত্রশ্চ বিন্ধ্য কৈলাসদর্দ্দুরাঃ।" ৬। ক্লীং, গ্রামসমূহ। ৭। রাক্ষসবিশেষ। রা—স্ত্রীং, চণ্ডিকা, দুর্গা। [দাদ্রোগ।
দদ্রু, দদ্রূ (দরিদ্রা+উ, ঊ—ণ) সং, পুং;
দর্প (দৃপ্ অহঙ্কৃত হওয়া+অ(অল)—ভা) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার। শিং—১ "চকার দর্পভঙ্গঞ্চ মহাবিষ্ণোঃ পুরা বিভুঃ।" ২। তাপ। ৩। (+অন্—ক) কস্তুরীমৃগ।
দর্পক (দৃপ্-ণি=দর্পি দীপ্ত করান+অক (ণক)। ক) সং, পুং, কামদেব, মদন। ২। বিং, ত্রিং, উদ্দীপক, উত্তেজক।
দর্পণ (দৃপ্ দীপ্ত করা+অন—ক) সং, পুং, মুকুর, আদর্শ, আর্শি। শিং—১ "লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি।"

২। ক্লীং, চক্ষুঃ। ৩। পর্ব্বতবিশেষ। ৪। নদবিশেষ।

দর্পহা (দর্পহন্, দর্প—হন্ নাশ করা+০ (কিপ্)—ক) সং,পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, দর্পহারী।

দর্পী (দর্পিন্, দর্প+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দাম্ভিক, অহঙ্কারী।

দর্ভ (দৃন্ভ্ গ্রন্থন করা+অ(ঘঞ্)—ক। দৃ বিদারণকরা+ভ—র্ম্ম) সং, পুং, কুশ কাশ বল্বজ তীক্ষ্ণরোমশ মৌঞ্জ শাদ্বল এই ছয় প্রকার তৃণ।

দর্ভট ; সং, ক্লীং, নিভৃতবন, নির্জ্জনগৃহ।

দর্ভময় (দর্ভ+ময়(ময়ট্)—নির্ম্মিতার্থে) বিং, ত্রিং, দর্ভনির্ম্মিত, কুশময়। শিং—১ "শ্রাদ্ধং দর্ভময় ব্রাহ্মণেঽহং করিষ্যে।"

দর্ব্ব (দৃ বিদারণ করা+ব—প্রং) সং, পুং, রাক্ষস। ২। হিংস্রজীব। র্ব্বী—স্ত্রীং,উশীনর রাজপত্নীবিশেষ।

দর্ব্বট ; সং, পুং, দ্বারপাল।

দর্ব্বরীক ; সং, পুং, ইন্দ্র। ২। বায়ু। ৩। বাদ্যযন্ত্রবিশেষ।

দর্ব্বি } দর্ব্বী } (দৃ বিদীর্ণ হওয়া+বি—ক) সং, স্ত্রীং, হাতা। শিং—১ "যস্য নাস্তি নিজা প্রজ্ঞা কেবলং তু বহুশ্রুতঃ। ন স জানাতি শাস্ত্রার্থং দর্ব্বী সূপরসানিব।" ২। সর্পফণা।

দর্ব্বীকর (দর্ব্বী ফণা—কর যে করে, ২য়া —ষ) সং, পুং, সর্প, ফণাধর। ২। (দর্ব্বী হাতা—কর যে করে) বিং, ত্রিং, দর্ব্বীকারক, হাতানির্ম্মাণকারী।

দর্ব্বীসংক্রমণ ; সং, ক্লীং, তীর্থবিশেষ। ২। সর্পফণা।

দর্শ (দৃশ্ দর্শন করা+অ(অল্)—ধি) সং, পুং, অমাবস্যা। শিং—১ "একত্রস্থৌ চন্দ্রসূর্য্যৌ দর্শনাৎ দর্শ উচ্যতে।" ২। যাগবিশেষ; ইহা আগ্নেয়াষ্টাকাপাল, ঐন্দ্রদধি ও ঐন্দ্রপয়যাগ ত্রয়াত্মক। ৩। (+অল্—ভাবে) দৃষ্টি, দর্শন। ৪। বিং, ত্রিং, দ্রষ্টা। শিং—১ "এষ এব দর্শো যজ্ঞক্রমা দদৃশ ইব হ্যেষঃ।" ২ "দর্শে বা পৌর্ণমাসে বাগ্নিসংধানং কুর্ব্বীত।"

দর্শক (দর্শ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে দেখে, দৃষ্টিকর্ত্তা। ২। (দর্শি দেখান +অক(ণক)—ক) যে দেখায়, দর্শয়িতা। ৩। দ্বারপাল। শিং—১ "পুরো মিথ্যা গুণগ্রাহী পরোক্ষং দোষদর্শকঃ।"

দর্শন (দর্শ দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, অবলোকন, দেখা। শিং—১ "দেহি সুন্দরি দর্শনং মম।" ২ "তস্য রাজকুমারস্য পদ্মবত্যা সহ দর্শনং সংজাতম্।" ২। জ্ঞান। ৩। (+অনট্—র্ম্ম) স্বপ্ন। ৪। নিয়ম। ৫। ধর্ম্ম। ৬। আকৃতি। ৭। (+অনট্ —ণ) চক্ষুঃ। ৮। দর্পণ। ৯। সাঙ্খ্য পাতঞ্জল ন্যায় বৈশেষিক মীমাংসা বেদান্ত—এই ছয় শাস্ত্র। এই ষড়্দর্শন কণাদ, গৌতম, জৈমিনি, কপিল, পতঞ্জলি ও ব্যাস যথাক্রমে প্রণয়ন করেন। (এতদ্ব্যতীত, বৌদ্ধ-দর্শন চার্ব্বাক-দর্শন প্রভৃতি আরও কতিপয় দর্শনশাস্ত্র আছে)। ১০। যে শাস্ত্রে লৌকিক ও পারলৌকিক বিষয়ের বিচার ও মীমাংসা আছে। ১১। জ্ঞানশাস্ত্র। শিং—১ "পশুঃ পশ্যতি গন্ধেন বুদ্ধ্যা পশ্যন্তি পণ্ডিতাঃ। রাজা পশ্যতি কর্ণাভ্যাং ভুক্তে পশ্যন্তি বর্ব্বরাঃ।"

দর্শনপ্রতিভূ (দর্শন—প্রতিভূ জামিন) সং, পুং, হাজির জামিন, যে ব্যক্তি কেবল হাজির করিয়া দিবার জামিন হয়।

দর্শনীয় (দর্শ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, সুদৃশ্য, দর্শনযোগ্য। ২। সুন্দর, মনোজ্ঞ। শিং—১ "দর্শনীয়তমো নৃণামিদং বচনমব্রবীৎ।" ৩। যাহা দেখিতে পাওয়া যায়। ৪। যাহা দেখা আবশ্যক।

দর্শযামিনী ; সং, স্ত্রীং, অন্ধকারময়ী রজনী।

দর্শয়িতা (দর্শয়িতৃ, দর্শি দেখান+তৃ(তৃন্) —ক) সং, পুং, দ্বারপাল। ২। বিং, ত্রিং, প্রকাশক। ২। যে দেখাইয়া দেয়,প্রদর্শক। শিং—১"পথঃ শ্রুতের্দর্শয়িতারঃ ঈশ্বরাঃ।"

দর্শাত্যয় (দর্শ অমাবস্যা—অত্যয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্ল প্রতিপদ্, অমাবস্যার নাশ।

দর্শিত (দর্শি দেখান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দেখান হয়। ২। প্রকাশিত।

দর্শী (দর্শিন্, দর্শ দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে দেখে, যে দেখিতে পায়, যাহার দেখিবার ক্ষমতা আছে (এই পদের স্বতন্ত্র প্রয়োগ হয় না; যথা—দূরদর্শী, সূক্ষ্মদর্শী ইত্যাদি)।

দল (দল্ মাড়া, ভেদ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, পত্র, পাতা। শিং—১ "নীলোৎপলদলশ্যাম।" ২ "শয্যাম্—বৃক্ষদলৈঃকৃতাম্।" ২। ক্লীং, খণ্ড। ৩। সমূহ। ৪। ফুলের পাপ্ড়ি। ৫। (+অল্—ণ) অস্ত্রাদির ধার। ৬। অস্ত্রফলক। ৭। অর্দ্ধ। ৮। (+অল্—ভাবে) দলন।

দলকোষ (দল পাতা—কোষ) সং, পুং, কুঁদফুলের গাছ।

দলন (দল দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, মর্দ্দন, নিষ্পীড়ন, বিদারণ। ২। বিকাশ। ৩। ভেদন। ৪। স্ফুটন। ৫। চূর্ণন, পেষা। শিং—১ "মত্তেভকুম্ভদলনে ভুবি সন্তি শূরাঃ কন্দর্পদর্পদলনে বিরলে মনুষ্যাঃ।" নী—স্ত্রীং, লোষ্ট্র, ঢিল, ডেলা। ২। বিং, স্ত্রীং, যে নিষ্পীড়ন করে; যথা—দানবদলনী।

দলপুষ্পা; সং, স্ত্রীং, কেতকী।

দলসূচী (দল পত্র—সূচী সূঁচ) সং, পুং, কণ্টক, কাঁটা।

দলাঢ়ক (দল—আ—ঢৌক্ গমনকরা+অ—প্রং, নিপাতন) সং, পুং, বন্যতিলবৃক্ষ। ২। গিরিমাটী। ৩। হস্তিকর্ণ। ৪। কুন্দ। ৫। শিরীষ। ৬। ফেন। ৭। খাতক। ৮। নাগকেশর। ৯। মহত্তর। ১০। বাত্যা।

দলাঢ্য; সং, পুং, পাতলা কাদা, দলদলিয়া।

দলি (দল্ [হলাদিদ্বারা] ভেদ করা+ই—প্রং) সং, পুং—স্ত্রীং, ডেলা, ঢিল।

দলিক (দল্ ভেদ করা+ইক—প্রং) সং, ক্লীং, কাষ্ঠ।

দলিত (দল দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত। ২। খণ্ডিত। শিং—১ "দলিতাঞ্জন মেঘপুঞ্জ।" ৩। উদ্ঘাটিত। ৪। পিষ্ট, চূর্ণিত। ৫। বিভক্ত। ৬। (+ক্ত—ক) প্রস্ফুটিত, বিকসিত।

দলভ (দল ভেদ করা+ভ—প্রং) সং, পুং, প্রতারণা। ২। পাপ। ৩। চক্র,চাকা। ৪। মুনিবিশেষ।

দম্ভি (দল্ভ দেখ, মি—সংজ্ঞার্থে) সং, পুং, ইন্দ্র। ২। অশনি, বজ্র।

দব (দু উত্তপ্ত করা+অ(অন্)—ক) সং, পুং, বনাগ্নি, দাবানল। ২। বন, অরণ্য। ৩। অগ্নি। ৪। (দু অনুতাপ করা+অ (অল্)—ভা) সন্তাপ। শিং—১ "অতিমাত্রং দববদ্দহন্নপি।" ৫। গাত্রাদিদাহ।

দবথু (দব দেখ, অথু—ভা) সং, পুং, উদ্বেগ। ২। দুঃখ। ৩। পরিতাপ। ৪। সন্তাপ। শিং—১ "স দবথুবপুর্বচো বিষম্।"

দবদহন, দবাগ্নি (দব অরণ্য—দহন, অগ্নি) সং, পুং, দাবাগ্নি, বনানল।

দবিষ্ঠ, দবীয়স্ (দূর+ইষ্ঠ, ঈয়সু—অত্যর্থে, দূর স্থানে দব্) বিং, ত্রিং, অতি দূরবর্ত্তী।

দবীয়সী (দবীয়স্+ঈপ্) সং, স্ত্রীং, দূরবর্ত্তিনী। শিং—১ "নৈব মুক্তিরপি দবীয়সী।"

দশ (দশন্, দনূশ্ দীপ্তিপাওয়া+অন্(কন্)—প্রং) বিং, ত্রিং, বহুং, দশসংখ্যা, ১০।

দশক (দশন্+কন্—পরিমাণার্থে) সং, ক্লীং, দশসংখ্যা। ২। একের অধিক অঙ্ক পর পর রাখিলে দক্ষিণদিক্ হইতে দ্বিতীয় অঙ্ক। শিং—১ "দশকং ধর্ম্মলক্ষণম্।"

দশকণ্ঠ, দশকন্ধর, দশগ্রীব, দশমুখ, দশানন, দশাস্য (দশন্ দশ—কণ্ঠাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাবণ। শিং—১ "দশানন কিরীটেভ্যস্তৎক্ষণং রাক্ষসশ্রিয়ঃ।" ২ "অহারি সীতা দশকন্ধরেণ বদ্ধঃ পয়োধী রঘুনন্দনেন।" ৩ "গত্বা চোর্দ্ধং দশমুখভুজোচ্ছ্বাসিত প্রস্থগন্ধেঃ।" (মেঘদূত)।

দশকন্ধরজিৎ (দশকন্ধর রাবণ—জিৎ [জি জয় করা+০(কিপ্)—ক] যে জয় করে, ২য়া—য) সং, পুং, শ্রীরাম।

দশকর্ম্ম (—কর্ম্মন্, দশ—কর্ম্মন্ কর্ম্ম, দ্বং—স) সং, ক্লীং, গর্ভাধানাদি দশবিধ সংস্কার কর্ম্ম।

দশকুমার; সং, ক্লীং, দণ্ডিপ্রণীত দশজন কুমারের জীবনদ্যোতক আশ্চর্য্য উপন্যাস।

দশগ্রামী (—গ্রামিন্, দশ—গ্রাম+ইন্—অ-

স্ত্যর্থে) সং, পুং, যে দশ খানি গ্রাম অধিকার করিয়া থাকে, দশগ্রামাধিকারী।

দশতি (দশগুণিত দশন্, নিপাতন) স্ত্রীং, শত, একশত।

দশদিক্‌পাল (দশদিক্ আটদিক্ ও উর্দ্ধ ও অধঃ এই দশদিক্—পাল যে পালন করে) সং, পুং, বহুং, ইন্দ্র (পূর্ব্বদিকাধিপতি), অগ্নি (দক্ষিণ-পূর্ব্ব), যম (দক্ষিণ), নৈঋত (দক্ষিণ-পশ্চিম), বরুণ (পশ্চিম), মরুৎ বা বায়ু (উত্তর-পশ্চিম), কুবের (উত্তর), ঈশান (উত্তর-পূর্ব্ব), ব্রহ্ম (উর্দ্ধ), অনন্ত (অধঃ)।

দশধা (দশ + ধাচ্—প্রকারার্থে) অং, দশপ্রকার। ২। দশবার। শিং—১ "মৃতে সর্ব্বং রিক্তজাতং দশধা পরিকল্প্য চ।"

দশন (দন্‌শ্ দংশন করা + অন(অনট্)—ণ) সং, পুং, দন্ত। শিং—১ "তনুলোম কেশদশনাং মৃদ্বঙ্গীমুদ্বহেৎ স্ত্রিয়ং।" ২। পর্ব্বতাগ্র। ৩। ক্লীং, বর্ম্ম। ৪। (+অনট্—ভা) দংশন।

দশনচ্ছদ—পুং } (দশন—ছদ্-ণিচ্ = ছাদি আচ্ছাদন
দশনবাসস্—ক্লীং } করা + অ(অন্)—ক, বাসস্ আচ্ছাদন) সং, পুং, ওষ্ঠ। শিং—১ "দশস্তো দশনচ্ছদান্।"

দশনোচ্ছিষ্ট (দশন দন্ত—উচ্ছিষ্ট ভুক্তাবশিষ্ট) সং, পুং, নিশ্বাস। ২। অধরচুম্বন। শিং—১ "রেবতী দশনোচ্ছিষ্ট পরিপূতপুটে দৃশৌ।" (মাঘ)। ৩। বিং, ত্রিং, দন্তোচ্ছিষ্ট, এঁটো।

দশপুর (দশন্ দশ—পুর নগর। দশ নগরের দেশ) সং, ক্লীং, মালবদেশের অন্তর্গত নগরবিশেষ। ২। মালব ও বন্দলখণ্ডের অন্তর্গত দেশবিশেষ।

দশবল (দশন্ [বুদ্ধি, ক্ষান্তি,বীর্য্যাদি] দশ—বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বুদ্ধ।

দশভুজা (দশন্ দশ—ভুজ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দুর্গা দেবী; পূর্ব্বকল্পে স্বায়ম্ভুব মন্বন্তরে ত্রেতাযুগের প্রথমে ইনি দেবগণের উৎপাত শান্তি ও নিখিল জগতের হিতকামনায় দুর্দ্দান্ত দৈত্যগণের বিনাশার্থে দশভুজারূপে আবির্ভূতা হইয়াছিলেন। প্রতিকল্পেই অসুর বিনাশার্থ ঐ দেবীর ঐরূপে আবির্ভাব হয়। শিং—১ "আবির্ভূতা দশভুজা দেবী দেব হিতায় বৈ।"

দশম (দশন্ + মট্—পূরণার্থে) বিং, ত্রিং, দশের পূরক। শিং—১ "নবমে দশমে মাসি প্রবলৈঃ সূতিমারুতৈঃ।"

দশমন্যায়—ন্যায় (১১) দেখ।

দশমহাবিদ্যা; সং, স্ত্রীং, কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী। ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা। [অবতার।

দশমাবতার (দশম—অবতার) সং, পুং, কল্কী

দশমিক (Decimal, দশম + ইক—প্রং) বিং, ত্রিং, যদ্দ্বারা কোন অখণ্ড রাশির দশাংশের এক অংশ ব্যক্ত করা যায়।

দশমী (দশমিন্, দশম + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দশমী অবস্থাপ্রাপ্ত, নবতিবর্ষাতিরিক্ত বয়স্ক (বৃদ্ধ)। ২। (দশন্ + অম—ক, পূরণার্থে, ঈপ্) সং, স্ত্রীং, তিথিবিশেষ, চন্দ্রের দশম কলার হ্রাসবৃদ্ধিজনিত কাল। ৩। জীবনের অন্ত্যাবস্থা।

দশমীস্থ (দশমী অন্ত্যাবস্থা—স্থ [স্থা থাকা + অ(ড)—ক] যে [illegible]ক, ৭মী—ষ) বিং, ত্রিং, ক্ষীণরাগ, [illegible]

দশমুখান্তক (দশমুখ রাবণ—অন্তক নাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাম।

দশমূল (দশন্—মূল, দ্বিগু—স) সং, ক্লীং, পাঁচনবিশেষ।

দশযোগ (দশন্ দশাঙ্গ—যোগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিবাহাদিকার্য্যে বর্জ্জনীয় দোষবিশেষ।

দশরথ (দশন্ দশদিক্—রথ। যাঁহার দশদিকে রথ যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্রীরামের পিতা।

দশরশ্মিশত (দশ দশদিক্—রশ্মিশত কিরণ সমূহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। শিং—১ "দশরশ্মিশতোপমদ্যুতিম্।"

দশরূপক; সং, ক্লীং, নাটকাদি লক্ষণ-প্রতিপাদক গ্রন্থবিশেষ।

দশরূপভৃৎ (দশন্ দশ—রূপ [মূর্ত্তি] অবতার—ভৃৎ যে ধারণ করে) সং, পুং, বিষ্ণু।

দশবাজী ( —বাজিন্, দশন্ দশ—বাজিন্ অশ্ব। দশ অশ্বের রথ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।

দশবার্ষিক ( দশবর্ষ+ইক(ষ্ণিক)—ভবার্থে ) বিং, ত্রিং, যাহা দশ বর্ষে নিষ্পন্ন হয়।

দশবিধ ( দশন্—বিধ প্রকার, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, দশপ্রকার।

দশ-শত ( দশ দশগুণিত—শত, যং—স ) সং, ক্লীং, সহস্রসংখ্যা। শিং—১ "গবাং দশশতং ধনম্।"

দশসাহস্র ( দশসহস্র+অ(ষ্ণ)—পূরণার্থে ) সং, ক্লীং, অযুত সংখ্যা। শিং—১"ভূতানাং দশসাহস্রং পরিধেন সমাহতম্।"

দশহরা (দশন্ দশ—হর্[হৃ হরণ করা+অ(অন্)—ক] যে হরণ করে। গঙ্গাস্নান দ্বারা দশবিধ পাপের নাশ হয় যাহাতে, ৭মী—হিং) সং, স্ত্রীং, জ্যৈষ্ঠমাসের শুক্লদশমী, গঙ্গার জন্মদিন। শিং—১"জ্যৈষ্ঠেমাসি ক্ষিতিসুতদিনে শুক্লপক্ষে দশম্যাং হস্তে শৈলান্নিরগমদিয়ং জাহ্নবী মর্ত্ত্যলোকং। পাপান্যস্যাং হরতি চ তিথৌ সা দশেত্যাহুরার্য্যাঃ পুণ্যং দদ্যাদপি শতগুণং বাজিমেধাযুতস্য।" ২ "এতানি দশপাপানি হর ত্বং মম জাহ্নবিঃ। দশপাপ হরা যস্মাত্তস্মাদ্দশহরা স্মৃতা।"

দশা ( দন্শ্ দংশন করা+অ(ঙ)—র্ম্ম ) সং, স্ত্রীং,বস্ত্রপ্রান্ত,দশী। ২। দীপবর্ত্তিকা, শলিতা। ৩। ( + ঙ—ভাবে ) ভাব, অবস্থা। ৪। অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা, মরণ—এই দশ কামজ দশা। ৫। জন্মকালীন গ্রহের অবস্থান; যেমন বৃহস্পতির দশায় জন্ম হইলে রাহুর দশা প্রভৃতি সকল গ্রহের দশা ভোগ হয়। ৬। গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, স্থাবির্য্য, জরা, প্রাণরোধ, বিনাশ, এই শরীরজ দশদশা। এই অনুসারে জাত ব্যক্তি যথাক্রমে সমস্ত গ্রহের দশা ভোগ করে; রবির ষড়বর্ষ, চন্দ্রের ১৫ বর্ষ, মঙ্গলের ৮ বর্ষ, বুধের ১৭ বর্ষ, শনির ১০ বর্ষ, বৃহস্পতির ১৯ বর্ষ, রাহুর ১২ বর্ষ ও শুক্রের ২১ বর্ষ দশা ভোগের কাল নিরূপিত আছে। শিং—১ "তাং দশামাগতো দীনাম্।" ২ "দশা কৃতান্তোপহতেয়মাবিলা কিমত্র শক্যং পুরুষেণ চেষ্টিতুম্।"

দশাংশিক (দশাংশ+ইক(ষ্ণিক)—যুক্তার্থে) বিং, ত্রিং, দশমিক।

দশাকর্ষ } (—কর্ষিন্, দশা শলিতা—
দশাকর্ষী } —আকর্ষ [আ—কৃষ্ কর্ষণ করা+অন্—ক] যে আকর্ষণ করে ) সং, পুং, প্রদীপ। ২। (+অন্—র্ম্ম) বস্ত্রাঞ্চল। ৩। (+অল্—ভা) গ্রহণ।

দশাঙ্গুল ( দশ—অঙ্গুলি, ৭মী—হিং ) সং, ক্লীং, ( উপরিতাল অঙ্গুলাকার দশটি রেখা আছে বলিয়া ) খর্ব্বুজ ফল। ২। বিং, ত্রিং, দশাঙ্গুলি পরিমিত। শিং—১ "অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং।"

দশার্ণ (দশ—ঋণ দুর্গ) সং, পুং, বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্ব-দক্ষিণস্থ দেশবিশেষ। শিং—১ "দশার্ণং নবরাষ্ট্রঞ্চ মল্লাঃ শাল্বাঃ যুগন্ধরাঃ।" (ভারত)। ণা—স্ত্রীং, নদীবিশেষ।

দশার্হ ( দশন্ দশ—অর্হ যোগ্য ) সং, পুং, বুদ্ধ। ২। দেশবিশেষ।

দশাবতার (দশন্—অবতার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ—মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী—এই দশ অবতারযুক্ত।

দশাবিপর্য্যয় (দশা—বিপর্য্যয়, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, দুর্দশা, দুরবস্থা।

দশাশ্ব (দশন্ দশ—অশ্ব। দশ অশ্বের রথ যাহার, ৬ষ্ঠী—হিং। ইহার ত্রিচক্র রথে বাম ও দক্ষিণভাগে কুন্দ পুষ্পের ন্যায় ধবল বর্ণ দশ অশ্ব যোজিত আছে ইনি এই রথে আরূঢ় হইয়া সূর্য্যবৎ নির্দিষ্টরাশি চক্রে বিচরণ করেন, এইজন্য ইনি দশাশ্ব নামে বিখ্যাত হইয়াছেন) সং, পুং, চন্দ্র।

দশাশ্বমেধ } (দশাশ্বমেধ + ইক(ষ্ণিক)
দশাশ্বমেধিক } —নিষ্পন্নার্থে ) সং, পুং, কাশীস্থ তীর্থবিশেষ, যে স্থানে ব্রহ্মা দশ অশ্বমেধ করিয়াছিলেন; অদ্যাপি ঐ স্থান দশাশ্বমেধের ঘাট বলিয়া প্রসিদ্ধ।

দশাহ (দশন্ দশ—অহন্ দিন+ষ, দ্বিগু—স) সং, পুং, দশদিন, দশ দিন ব্যাপক কাল। শিং—১ "দশাহং শাবমাশৌচং সপিণ্ডেষু বিধীয়তে।"

দশাহতঃ (দশাহতস্, দশাহ+তস্—পঞ্চম্যর্থে) অং, দশদিন হইতে।

দশী (দশিন্, দশ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দশসংখ্যাযুক্ত। ২। দশগ্রাম অধিকৃত। ৩। শলিতাযুক্ত (দীপ)। ৪। দশীযুক্ত (বস্ত্র)।

দশেন্ধন (দশা শলিতা—ইন্ধন জ্বালানি কাষ্ঠাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্রদীপ।

দশের (দনশ্ দংশন করা+এর(এরক্)—ক) সং, পুং, হিংস্রজন্তু।

দশেরক (দশের+কণ্—যোগ) সং,পুং, মরুভূমি, তৃণজলাদি-শূন্য প্রদেশ।

দষ্ট (দনশ্ দংশন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দংশন করিয়াছে।

দস্তখৎ (দস্ত হস্ত—খৎ লিখন) স্বাক্ষর।

দস্তবস্ত (পারসী, দস্ত হস্ত—বস্তন্ বাঁধা) সং, ক্লীং, বদ্ধাঞ্জলি, জোড়হাত।

দস্তাবেজ (পারস্যভাষা) আদালতে প্রমাণার্থ কাগজপত্রাদি।

দস্তরি (পারস্য) দ্রব্য বিক্রয়কালীন ক্রেতার ভৃত্য বিক্রেতার নিকট যাহা কিছু পায়।

দস্ম (দস্ উৎক্ষেপণ করা+ম—প্রং) সং, পুং, চোর। ২। যজমান। ৩। অগ্নি। ৪। খল।

দস্যু (দস্ উৎক্ষেপণ করা, ক্ষয় করা+যু—ক) সং,পুং, শত্রু। ২। যে অন্যের উপর অত্যাচার বা অন্যায়াচরণ করে, উৎপীড়নকারী। ৩। মহাসাহসিক। ৪। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় ভিন্ন অন্ত্যজ জাতিবিশেষ। ৫। চৌর। ৬। অপহারক, ডাকাইত। শিং—১ "ক্রব্যাদ্ভিশ্চ হতস্যান্যৈশ্চণ্ডালাদ্যৈশ্চ দস্যুভিঃ।"

দস্র (দস্ [রোগ] নাশ করা+র—ক) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়। ২। অশ্বিনীনক্ষত্রে। শিং—১ "অমুসস্রতু স্তমথ দস্রয়োঃ সুতৌ।" (মাঘ)। ৩। পুং, গর্দ্দভ। ৪। ক্লীং, শিশির।

দস্রসূ (দস্র—সূ মাতা) সং, স্ত্রীং, সূর্য্যপত্নী, অশ্বিনীকুমারের মাতা।

দহ (দহ দগ্ধ হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, দগ্ধ হওয়া; যথা—"একের কপাল রহে, আরের কপাল দহে।" (দেশজ) গহ্বর, নদ্যাদির অতলস্পর্শ স্থান; যথা—কালীয়দহ।

দহন (দহ্ দগ্ধ করা+অন—ক) সং, পুং, অগ্নি; যথা—দবদহন। ২। দুষ্টলোক। ৩। চিতাগাছ। ৪। বিং, ত্রিং, দগ্ধকারক। ৫। নিবারক। ৬। (+অনট্—ভা) ক্লীং, দাহ। শিং—১ "ন তস্য দহনং কার্য্যং নৈব পিণ্ডোদকক্রিয়া।"

দহনকেতন (দহন অগ্নি—কেতন পতাকা, চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধূম, ধুঁয়া।

দহনপ্রিয়া (দহন অগ্নি—প্রিয়া ভার্য্যা) সং, স্ত্রীং, অগ্নিপত্নী, স্বাহা।

দহনর্ক্ষ; সং, ক্লীং, কৃত্তিকানক্ষত্র। শিং—১ "যদা বিশাখাসু মহেন্দ্রমন্ত্রী সুতশ্চ ভানোর্দহনর্ক্ষযাতঃ।"

দহনসারথি (দহন অগ্নি—সারথি, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, [illegible] শিং—১ "দক্ষিণ দহনসারথিরয়াহত [illegible] চূতকলিকে।"

দহনারাতি (দহন—অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জল।

দহনীয় (দহন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, জ্বলনীয়, দাহ্য।

দহনোপল (দহন অগ্নি—উপল প্রস্তর, ৪র্থী—ষ) সং, পুং, সূর্য্যকান্ত মণি।

দহনোল্কা (দহন—উল্কা) সং, স্ত্রীং, বিস্ফুলিঙ্গরূপা অগ্নিবিশেষ।

দহর (দহন দেখ, অর—ক) সং, পুং, ছোট ইন্দুর। ২। শিশুভ্রাতা। ৩। বিং, ত্রিং, স্বল্প, সূক্ষ্ম। শিং—১ "উদরমুপাসতে য ঋষিবর্ত্মসু কর্পদৃশঃ পরিসরপদ্ধতিং হৃদয় মারুণয়ো দহরং।" ৪। দুর্ব্বোধ।

দহরাকাশ; সং, পুং, চিদাকাশে ঈশ্বর।

দহ্র (দহ্+র(রক্)—ক) সং, পুং, দাবাগ্নি। ২। জঠর; যথা—দহ্রাগ্নি=জঠরাগ্নি। ৩। নরক। ৪। বরুণ। ৫। হৃদয়াকাশ। ৬। ক্লীং, বন।

দহ্যমান (দহন দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দগ্ধ হইতেছে।

দা (দা দান করা+০(কিপ্)—ভা) সং, স্ত্রীং, দান। ২। (দৈ পালন করা) পালন। ৩। রক্ষণ। ৪। (দৈ শুদ্ধ করা) শোধন। ৫। (দো ছেদন করা) ছেদ। ৬। উপতাপ। ৭। (দাত্রশব্দজ) সং, কাটারি,অস্ত্রবিশেষ।

দাঁড় (দণ্ডশব্দজ) সং, নৌকাদণ্ড। ড়া—রীতি, ব্যবহার। ড়ী—নৌকাবাহক।

দাঁত (দন্তশব্দজ) সং, রদন, দশন।

দাক (দা দান করা+কণ্—সংজ্ঞার্থে) সং, পুং, যজমান। ২। দাতা।

দাক্ষ (দক্ষ+অ(ঞ)—ইদমর্থে) বিং, ত্রিং, দক্ষসম্বন্ধীয়।

দাক্ষায়ণী } (দক্ষ+আয়ন(ফায়ন)—অপ-
দাক্ষায়িনী } ত্যার্থে, ঈপ্) সং,স্ত্রীং, দক্ষকন্যা। ২। সতী, দুর্গা। শিং—১ "তুহিতৃত্বে পুরা যা হি রুদ্রেণোঢ়া মহাত্মনা। সা চ দাক্ষায়ণী দেবী পুনর্ভূত্বা নৃপোত্তম।" ৩। দন্তীবৃক্ষ। ৪। রেবতীনক্ষত্র। ণ্যঃ—বহুং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র। শিং—১ "প্রলোভতস্তথা দক্ষো ভবিতেহ প্রজাপতিঃ। দাক্ষায়ণ্য স্তথাদিত্যো মনুশ্চাদিত্যতস্তথা।"

দাক্ষায়ণীপতি (দাক্ষায়ণী অশ্বিন্যাদিনক্ষত্র, সতী—পতি স্বামী) সং, পুং, চন্দ্র। ২। শিব।

দাক্ষায্য (দক্ষায্য [দক্ষ্ বেগবান্ হওয়া+আয্য—প্রং]+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, গরুড়। ২। গৃধ্র।

দাক্ষি (দক্ষ+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং—স্ত্রীং, দক্ষগোত্রাপত্য।

দাক্ষিণাত্য (দক্ষিণ+ত্যণ্—ভবার্থে) বিং, ত্রিং, দক্ষিণদেশজাত। ২। দক্ষিণদিকস্থ। ৩। দক্ষিণদেশবাসী; দক্ষিণদেশের অন্তর্ব্বর্ত্তী। ৪। পুং, দক্ষিণরাজ্য। ৫। নারিকেল।

দাক্ষিণ্য (দক্ষিণ+য(ষ্ণ্য)—যোগ্যাদর্থে) সং, ক্লীং,আনুকূল্য। ২। পরচ্ছন্দানুবৃত্তি। ৩। সামর্থ্য। ৪। সরলতা। ৫। সৌজন্য,সজ্জনতা। ৬। দক্ষতা। শিং—১ "দাক্ষিণ্যাদনুরোধাচ্চ দত্তবান্মাত্র সংশয়ঃ।" ৭। (দক্ষিণা+ষ্ণ্য) বিং, ত্রিং, দক্ষিণার যোগ্য।

দাক্ষী (দক্ষ+ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, পাণিনি মুনির মাতা।

দাক্ষীপুত্র } (দাক্ষী এই মুনির মাতা—
দাক্ষীসুত } সুত, পুত্র। দাক্ষী+এয়(ঢেয়)
দাক্ষেয় } —অপত্যার্থে) সং,পুং, ব্যাকরণ রচয়িতা পাণিনি মুনি।

দাক্ষ্য (দক্ষ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দক্ষতা, নৈপুণ্য। শিং—১ "শক্তিঞ্চাবেক্ষ্য দাক্ষ্যঞ্চ ভৃত্যানাঞ্চ পরিগ্রহম্।" (মনু)।

দাখিল (আরবী, দখল শব্দজ) প্রবেশ করা। ২। অর্পণ করা। ৩। উপস্থিত হওন।

দাখিলখারিজ (আরবী) কালেক্টরী রেজিষ্টরে পুরাতন অধিকারীর নাম বদলাইয়া নূতন অধিকারীর নাম লেখান।

দাখিলা (আরবী) রাজস্ব দাখিলের রসিদ, কবচ্।

দাগ (পারস্য) সং, চিহ্ন, অঙ্ক, কলঙ্ক। ২। ছিদ্র।

দাগা (পারস্য) পীড়ন, ক্লেশ; যথা—সে কেবল দাগা দিতে আসিয়াছিল। ২। বিবাদ, ঝগড়া। ৩। ঠকান, প্রতারণা করা।

দাগাদার (পারস্যভাষা) বিশ্বাসঘাতক। ২। দুষ্ট, অনিষ্টকারী।

দাগাবাজ (পারস্য) প্রতারক।

দাগী (যাবনিক) বিং,চিহ্নিত,যে দোষ করিয়া দণ্ড পাইয়াছে।

দাঙ্গা (যাবনিক) সং, কলহ, বিদ্রোহ।

দাড়ক (দাড়্ ভেদ করা+অক(ণক)—ক) সং, পুং, দাড়া, বড় দাঁত।

দাড়া (দাঢ়া শব্দজ) সং, দন্তবিশেষ,বৃহদ্দন্ত।

দাড়ি,দাঢ়ি (দাঢ়িকাশব্দজ) সং,শ্মশ্রু, দাড়ি।

দাড়িম, দালিম—পুং } (দল্ বিদারণ
দাড়িমী, দালিমী—স্ত্রীং } করা+ইম(ইমণ)—ক। অ=আ, ল=ড) সং, পুং, দাড়িম বৃক্ষ। ২। ক্লীং, দাড়িম ফল। শিং—১ "দন্তপূর্ণৈঃ সরুধিরৈর্ব্বক্তৈ র্দাড়িমসংনিভৈঃ।"

দাড়িমপ্রিয়; সং, পুং, শুকপক্ষী।

দাড়িম্ব (দা দানকরা+ড়িম্ব—ক) সং, পুং, দালিমগাছ। ২। ক্লীং, তৎফল।

দাঢ়া
দাঢ়ি } (দো ছেদন করা+ঢ, ঢি—ণ) সং, স্ত্রীং, দংষ্ট্রা, বড় দাঁত, বৃশ্চিক প্রভৃতি ক্ষুদ্র জন্তু যাহা দ্বারা দংশন করে। ২। প্রার্থনা। ৩। সমূহ। ঢ়ী—স্ত্রীং, গণ্ড ও চিবুক নির্গত রক্ষিত কেশ।

দাঢ়িকা (দাঢ়া+কণ্, আ—প্রং। দাঢ়ার নৈকট্য সম্বন্ধ প্রযুক্ত দাঢ়িকার অর্থ শ্মশ্রু) সং, স্ত্রীং, শ্মশ্রু, দাড়ি। শিং—১"কেশেষু গৃহ্লতো হস্তৌ ছেদয়েদবিচারয়ন্। পাদয়োর্দাঢ়িকায়াং চ।"

দাণ্ডাজিনিক (দণ্ডাজিন প্রবঞ্চনা+ইক (ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, কুহকী।

দাণ্ডিক (দণ্ড + ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) বিং, ত্রিং, দণ্ডধারণোপজীবী।

দাত (দো ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। ২। (দৈ শুদ্ধ করা+ক্ত—র্ম্ম) শুদ্ধ, পবিত্র।

দাতব্য (দা দান করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দিতে হইবেক বা দেওয়া উচিত বা আবশ্যক, যাহা দিতে পারা যায়, দানযোগ্য, দেয়।

দাতা (দাতৃ, দা দান করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, দানকর্ত্তা, দানশীল; যে দীন অনাথ যাচক প্রভৃতিকে অকাতরে অর্থ দিতে পারে। শিং—১"দাতা শতং জীবতু।"

দাতৃত্ব (দাতৃ+ত্ব—ভা) সং, ক্লীং, বদান্যতা, দানশীলতা।

দাত্যূহ
দাত্যৌহ } (দো ছেদন করা+ক্তি—ভাবে=দাতি ছেদন—উহ [উহ্ তর্ক করা+অ(ষণ্)—ক, ষ্ণ, ২য়া—ষ) সং, পুং, পক্ষিবিশেষ, ডাকপাখী। ২। জলকাক। ৩। চাতক। ৪। মেঘ।

দাত্র(দো ছেদনকরা+ত্র-ণ। যাহা দ্বারা ছেদন করা যায়) সং,ক্লীং, দা,কাটারী। "প্রযচ্ছপশুমিতি দর্ব্বাহারায় দাত্রং প্রযচ্ছতি।"

দাদ (দদ্ দান করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, দান। শিং—১ "দত্বা চ বিবিধান্ দাদান্ পূজয়িত্বা চ বৈ দ্বিজান্।" ২। (পারস্য) প্রতিশোধ।

দাদন (পারস্য) সং, ঠিকা কর্ম্মাদির অগ্রিম বেতন।

দাদা (দায়াদ শব্দজ কি ?) সং, জ্যেষ্ঠভ্রাতা। ২। পিতামহ। ৩। মাতামহ।

দাদু, দাদ্ (দদ্রুশব্দজ) সং, দদ্রুরোগ।

দাদ্রা (যাবনিক) গ্রাম্য সংগীত, ইহাতে নানাপ্রকার ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় বর্ণিত থাকে।

দাধিক(দধি+ইক(ষ্ণিক)—সংযুক্তার্থে) বিং, ত্রিং, দধিসংযুক্ত (বস্তু)।

দান (দা দান করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বিতরণ, ত্যাগ, দেওয়া, নিজের স্বত্ব নিবৃত্তি পূর্ব্বক পরস্বত্বোৎপত্তি; ইহা ত্রিবিধ—প্রেরক, অনুমন্তৃক ও অনিরাকর্তৃক। শিং—১ "দেহীতি প্রেরণাৎ কিঞ্চিৎ প্রেরকং যাচকো যথা,মহত্ত্বাৎ যাচতে নৈব ভক্ত্যা দত্তস্ত মন্যতে, ন স্বীকারো তু মাহাত্ম্যাৎ ন নিরাকুরুতে তথা।" ২ "দানমেকং কলৌযুগে।" ২। (+অনট্—র্ম্ম) হস্তীর মদ জল। শিং—১"আসীদনাবিষ্কৃত দানরাজিঃ।" ৩। (দে পালন করা +অনট্—ভাবে) পালন, রক্ষা। ৪। (দো ছেদন করা+অনট্—ভা) ছেদন, কর্ত্তন। ৫। (দৈ শুদ্ধ করা+অনট্—ভা) শোধন।

দানপতি (দান—পতি শ্রেষ্ঠ) সং, পুং, যে ব্যক্তি সতত দান করে, অতিশয় দাতা। ২। অক্রূর।

দানপত্র; সং, ক্লীং, অমুক বস্তু অমুককে দিলাম বলিয়া যে পত্রে লিখিয়া দেয়।

দানব (দনু কশ্যপভার্য্যা+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, দৈত্য, অসুর। শিং—১"দেবদানবগন্ধর্ব্বৈঃ কিং নরৈরুপশোভিতম্।"

দানবজ্র(দান—বজ্র হীরক) সং,পুং,বৈশ্য।

দানবারি (দানব—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্যগুরু, দেবতা। ২। বিষ্ণু। ৩। (দান—বারি জল) ক্লীং, হস্তীর মদজল। শিং—১ "কটস্থলপ্রোষিত দানবারিভিঃ।"

দানবীর (দান—বীর শূর) সং, পুং, যে ব্যক্তির একমাত্র দান বিষয়ে উৎসাহ আছে, এবং যাচকের অভিলাষ পূরণার্থ পুত্র কলত্রাদিরও প্রতি স্নেহশূন্য হইয়া দাতৃত্ব

ধর্ম্ম প্রতিপালন জন্য স্বহস্তে তাহাদের শিরশ্ছেদনেও পরাঙ্মুখ বা শঙ্কিত না হয়।

দানশীল (দান—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দান করা যার অভ্যাস আছে, যে অকাতরে দান করিতে পারে, দাতা, বদান্য। শিং—১ "যৎফলং দানশীলশ্চ ক্ষমাশীলশ্চ তৎফলম্।"

দানশৌণ্ড (দান—শৌণ্ড মত্ত, আসক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, অতিদাতা, বহুপ্রদ। শিং—১ "নির্গুণোঽপি বিমুখো ন ভূপতে র্দানশৌণ্ডমনসঃ পুরোঽভবৎ।" (মাঘ)।

দানসাগর; সং, পুং, এতদ্দেশে শ্রাদ্ধাদি উপলক্ষে যে ভূম্যাসনাদি ষোড়শদান নিরূপিত আছে তাহার প্রত্যেকের ষোড়শ-সংখ্যা বিশিষ্ট দেয় বস্তু, যোলটী ষোড়শ।

দানা (দানব শব্দজ) দৈত্য, ভূত, দেবযোনি। ২। (পারস্য) শস্যাদির বীজ। ৩। স্বুবর্ণ-নির্ম্মিত অলঙ্কারবিশেষ।

দানী (দেশজ) হট্টে অথবা নদীতীরে যাহারা দান সাধে অর্থাৎ কর সংগ্রহ করে।

দানীয় (দান দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দানের যোগ্য, সম্প্রদান। ২। দেয়বস্তু। ৩। (+অনীয়—সম্প্র) দানের পাত্র।

দান্ত (দম্ ক্লেশ সহ্য করা, শাসন করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বশীকৃত। ২। দমিত। ৩। (+ক্ত—ক) তপস্যায় ক্লেশসহিষ্ণু। ৪। যে বাহ্যেন্দ্রিয় বশ করিয়াছে, জিতেন্দ্রিয়। ৫। শান্ত, সৌম্য। ৬। শাসিত। ৭। (দন্ত+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, দন্ত-নির্ম্মিত। ৮। পুং, দমনকবৃক্ষ।

দান্তি (দান্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, দমন। ২। ইন্দ্রিয়নিগ্রহ। ৩। তপঃক্লেশ-সহিষ্ণুতা।

দাপ (দর্প শব্দজ কি ?) পীড়ন।

দাপক } (দাপয়িতৃ, দপ্-ণিচ্=দাপি
দাপয়িতা } দান করান + অক(ণক), তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, যে দেওয়ায়, যাহার প্রবর্ত্তনা অনুসারে কেহ দান করে।

দাপট (দর্পশব্দজ) সং, প্রভাব, প্রতাপ।

দাপন (দাপক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দেওয়ান।

দাপিত } (দা-ণিচ্=দাপি, দায়ি দান
দায়িত } করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দণ্ডিত, শাসিত। ২। যে বস্তু দেওয়ান যায়। ৩। শোধিত। ৪। ধনাদিদ্বারা বশী-কৃত। ৫। সাধিত।

দাপ্য (দা-ণিচ্=দাপি+য—র্ম্ম) বিং, ত্রিং, দণ্ডনীয়। ২। দানীয়।

দাম (দামন্, দো ছেদন করা+মন্—র্ম্ম) সং, ক্লীং, নী, মা—স্ত্রীং, রজ্জু, সূত্র। ২। যে দড়িতে অনেক গোরু বাঁধা যায়, দোঁকা। শিং—১ "বৎসানাং রোপিতৈঃ কীলৈর্দামভিশ্চ বিভূষিতম্" (গোব্রজম্)। ৩। মাল্য। ৪। (দেশজ) মূল্য; যথা—এই বস্তুর দাম কত। ৫। গুচ্ছ; যথা—কল্মির দাম। ৬। তৃণবিশেষ। ৭। (পারস্য) জাল।

দামচন্দ্র; সং, পুং, দ্রুপদ রাজার পুত্রবিশেষ।

দামড়া (দেশজ) মুষ্কমুক্ত ষণ্ড, পুংস্বহীন বলদ। [পশুবন্ধন রজ্জু।

দামনী (দামন্+অ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং,

দামলিপ্ত (তামলিপ্ত দেখ, ত=দ) সং, ক্লীং, তমলুক।

দামাঞ্চল (দামা—অঞ্চল শেষ) সং, ক্লীং, অশ্ব প্রভৃতির পাদবন্ধন রজ্জু। শিং—১ "দামাঞ্চলস্খলিত লোলপদং তুরঙ্গঃ।"

দামামা (দেশজ) সং, বৃহৎঢক্কা, বাদ্যযন্ত্র-বিশেষ।

দামাল (দেশজ) দুরন্ত শিশু, অশান্ত; যথা—"দামাল ছাবাল।"

দামিনী (দাম+ইন্—অস্ত্যর্থে, ঈপ্। যাহার একদেশে দাম অর্থাৎ পর্ব্বত বিদ্যমান আছে) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

দামোদর (দামন রজ্জু—উদর পেট, ৬ষ্ঠী—হিং। যশোদা ইহাঁকে রজ্জু দিয়া বন্ধন করিলে ইনি রজ্জু সকল হরণ করিয়া-ছিলেন। মহাভারতে—"তিনি সাতিশয় দান্ত ও ইন্দ্রিয়গণের মধ্যে সপ্রকাশ বলিয়া তাঁহার নাম দামোদর") সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। শিং—১ "স চ তেনৈব নাম্না তু কৃষ্ণো বৈ দামবন্ধনাৎ। ঘোষে দামোদর ইতি গোপীভিঃ পরিগীয়তে।"

দাম্পত্য (দম্পতি + য(ষ্ণ্য) — ইদমর্থে ) বিং, ত্রিং, দম্পতিসম্বন্ধীয়।

দাম্পত্যপ্রণয় — কেবল মাত্র স্বামী এবং বিবাহিত স্ত্রীর পরস্পর প্রণয়।

দাম্ভিক (দম্ভ + ইক(ষ্ণিক) — প্রাপ্তার্থে) বিং, ত্রিং, অহঙ্কারী। ২। ধূর্ত্ত, কপটাচারী। ৩। বিড়ালতপস্বী। ৪। সং, পুং, বকপক্ষী।

দায় ( দা দান করা + অ(ঘঞ্) — র্ম, য — আগম ) সং, পুং, যৌতুকাদি দান। ২। পৈতৃক ধন, উত্তরাধিকারিতা সূত্রে যে ধনে অধিকার জন্মে। ৩। বিভাজ্যবস্তু, পূর্ব্বস্বামির স্বামিত্ব নাশানান্তর তৎসম্বন্ধাধীন যে দ্রব্যে স্বত্ব হয় তাহাতেই দায় শব্দ প্রয়োগ করা যায়। শিং — ১ "অনপত্যস্য পুত্রস্য মাতা দায়মবাপ্নুয়াৎ।" ৪। ধন। ৫। ( + ঘঞ্ — ভাবে ) দান। ৬। ( দো ছেদন করা + অ(ঘঞ্) — ভাবে ) ছেদন। ৭। ঠাট্টা। ৮। লয়। ৯। ক্ষতি। ১০। বিপদ্ ; সঙ্কট ; উৎপাত ; উপদ্রব। ১১। ( দৈ শুদ্ধ করা + অ(ঘঞ্) — ভা ) শোধন। ১২। ( + ঘঞ্ — ণ) জল। ১৩। (দা দান করা + অ(ণ) — ক) বিং, ত্রিং, দাতা।

দায়ক (দা দান করা + অক(ণক) — ক) বিং, ত্রিং, দাতা। শিং — ১ "তাবতাং গোসহস্রাণাং ফলং প্রাপ্নোতি দায়কঃ।" ২। ক্ষতিপূরক। ৩। (দো ছেদন করা + অক (ণক) — ক) ছেদক, খণ্ডক। ৪। (দায় ধন — কৈ শব্দ করা + অ(ক) — ক) সং, পুং, দায়াদ, জ্ঞাতি।

দায়বন্ধু (দায় পৈতৃক ধন — বন্ধু, ৭মী — য) সং, পুং, ভ্রাতা।

দায়ভাগ (দায় পৈতৃক ধন — ভাগ অংশ, ৬ষ্ঠী — য) সং, পুং, পৈতৃক ধন বিভাগ। ২। জীমূতবাহনকৃত গ্রন্থবিশেষ, যাহাতে পৈতৃক ধন বিভাগের নিয়ম সমুদায় নিরূপিত আছে।

দায়াদ ( দায় পৈতৃক ধন — আদ [আ — দা গ্রহণ করা + অ(ড) — ক] যে গ্রহণ করে, ২য়া — য) সং, পুং, পুত্র। ২। উত্তরাধিকারিসূত্রে ধনগ্রহণে যাহার অধিকার আছে, উত্তরাধিকারী। ৩। জ্ঞাতি। ৪। ধনাধিকারী। ৫। সপিণ্ড। শিং — ১ "পুমান্ দায়াদোঽদায়াদা স্ত্রী।" ২ "রাজ্যেঽস্য বহুদায়াদে।" ৬। (দায় — অদ্ ভোজন করা + অ(অন্) — ক) পুং, স্ত্রীং, ধনভাগী।

দায়ী (দায়িন্, দা দান করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, দাতা। ২। যাহার দায় ঘটিয়াছে, যে দায়ে পড়িয়াছে, দায়গ্রস্ত। ৩। যাহার উপর ঝুকী বা ভার থাকে, যাহাকে ক্ষতিপূরণ করিয়া দিতে হয়; যেমন—আমি এ বিষয়ে দায়ী রহিলাম। ( দান অর্থে স্বতন্ত্র প্রয়োগ নাই, শব্দান্তরের সহিত প্রযুক্ত হইয়া থাকে ; যথা—সুখদায়ী )।

দার (দৃ [বিদারণ করা] লওয়া + অ(ঘঞ্) — ক, যে স্বামীকে লয়। অথবা যে স্বামীর ভ্রাতৃস্নেহ ভেদ করে) সং, পুং, বহুং, পত্নী, ভার্য্যা। শিং — ১ "শ্রোত্রিয়স্য দারেণ নোপহাসমিচ্ছেৎ।" ২ "সদৃশানাহরেদ্দারান্।" ২। পুং, কাম। ৩। ঔষধবিশেষ। ৪। (+ ঘঞ্ — ভাবে) বিদারণ।

দারক ( দৃ বিদারণ করা + অক(ণক) — ক ) সং, পুং, পুত্র। ২। শিশু। শিং — ১ "চাণ্ডালদারকেমা[illegible]ম্যমানম্।" ২ "একৈব ত্বমিহাগচ্ছ তিষ্ঠন্ত্বত্রৈব দারকাঃ।" ৩। দারুক, কৃষ্ণের সারথি। ৪। গ্রাম্যশূকর। ৫। বিং, ত্রিং, ভেদকারক, বিদারণকর্ত্তা। রিকা — স্ত্রীং, কন্যা। শিং — ১ "পূতনাং দৈত্যদারিকাম্।"

দারকর্ম্ম ( দারকর্ম্মন্, দার — কর্ম্মন্, ৪র্থী — য ) সং, ক্লীং, ভার্য্যাত্বসম্পাদক জ্ঞানবিশেষ, বিবাহ। শিং — ১ "সবর্ণাগ্রে দ্বিজাতীনাং প্রশস্তাদারকর্ম্মণি।"

দারগ্রহণ ; সং, ক্লীং, পত্নীগ্রহণ, বিবাহ।

দারণ ( দৃ-ণিচ্=দারি বিদারণ করা + অন (অনট্) — ভা) সং, ক্লীং, বিদারণ, বিদীর্ণকরণ। ২। (+ অনট্ — ণ) বিদারণসাধন অস্ত্র। ৩। ( + অন — ক ) বিং, ত্রিং, বিদারক।

দারদ ( দরদ দেশ ইত্যাদি + অ(ষ্ণ) — ভবার্থে ) সং, পুং, বিষবিশেষ। ২। পারদ।

৩। হিঙ্গুল। ৪। সমুদ্র। ৫। (+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, দরদ্‌সম্বন্ধীয়।

দারপরিগ্রহ (দার—পরিগ্রহ গ্রহণ) সং, পুং, স্ত্রীগ্রহণ, বিবাহ।

দারব (দারু+অ(ষ্ণ)—বিকারার্থে) বিং, ত্রিং, দারুময়, কাষ্ঠনির্ম্মিত। শিং—১ "দারবাণাঞ্চ তক্ষণম্।"

দারি (দারণ দেখ, ই—ভা) সং, স্ত্রীং, বিদারণ, বিদীর্ণকরণ।

দারিত (দারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিদারিত, ভেদিত।

দারিদ্র } (দরিদ্র+অ(ষ্ণ),য(ষ্ণ্য)—ভাবে) দারিদ্র্য } সং, ক্লীং, দৈন্য, নির্ধনতা, অকিঞ্চনত্ব। শিং—১ "দারিদ্র্যদুঃখ ভয়হারিণী কা ত্বদন্যা সর্ব্বোপকারকরণায় সদার্দ্রচিত্তা।" (দেবীমাহাত্ম্য)।

দারু (দৃ বিদীর্ণ হওয়া+উ(ঞুণ্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, কাষ্ঠবিশেষ। ২। ক্লীং দেবদারু বৃক্ষ। ৩। পিত্তল। ৪। (+ঞুণ্—ক) বিং, ত্রিং, বিদারক। ৫। শিল্পী। ৬। (দা দান করা+রু—ক, শীলাদ্যর্থে) দানশীল, দাতা। ৭। (দো ছেদন করা) ছেদক। ৮। (দৈ শুদ্ধ করা) শোধক।

দারুক (দৃ [শক্র] বিদীর্ণ করা+উক(উকঞ্)—ক) সং, পুং, কৃষ্ণের সারথি। শিং—১ "রথেষ্বতিরথো যন্তা দারুকঃ কেশবস্য বৈ।" ২। (দারু+ক(কণ্)—স্বার্থে) দেবদারু বৃক্ষ। ৩। ক্লীং, কাষ্ঠ। কা—স্ত্রীং, কাষ্ঠপুত্তলি, কাঠের পুতুল।

দারুকাবন; সং, ক্লীং, আরণ্যক তীর্থবিশেষ।

দারুগন্ধা; সং, স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ।

দারুগর্ভা (দারু কাষ্ঠ—গর্ভ উৎপত্তিস্থান) সং, স্ত্রীং, কাষ্ঠপুত্তলি, কাঠের পুতুল।

দারুজ (দারু কাষ্ঠ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) বিং, ত্রিং, কাষ্ঠনির্ম্মিত। ২। সং, পুং, বাদ্যবিশেষ, মর্দ্দলবাদ্য।

দারুণ (দারণ দেখ, উন(উনন্)—ক) বিং, ত্রিং, ঘোর; যথা—দারুণ সংগ্রাম। ২। ভয়ানক, ভয়ঙ্কর; যথা—তথায় দারুণ দস্যুভয়। ৩। ক্রূর; যথা—দারুণ স্বভাব। ৪। কঠোর, কঠিন। শিং—১ "অহহ্ অতপণস্তব দারুণঃ।" ৫। দুঃসহ, অসহ; যথা—দারুণ বিরহজ্বালা উপস্থিত হইয়াছে। ৬। উৎকট, অত্যধিক; যথা—তাঁহার দারুণ পীড়া হইয়াছে। ৭। কর্কশ। ৮। উগ্র। ৯। মর্ম্মভেদী, মর্ম্মান্তিক। ১০। নিষ্ঠুর, নৃশংস। শিং—১ "বজ্রসার প্রহারসদৃশং দারুণং বচঃ।" ২ "বচনং বজ্রপাত দারুণম্।"

দারুণা; সং, স্ত্রীং, অক্ষয়া তৃতীয়া। শিং—১ "তৃতীয়াঽক্ষয়সংজ্ঞা যা দারুণা সা প্রকীর্ত্তিতা।" ২। নর্ম্মদাখণ্ডাধিষ্ঠাত্রী দেবীবিশেষ।

দারুতীর্থ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

দারুনিশা; সং, স্ত্রীং, দারুহরিদ্রা।

দারুপাত্র; সং, ক্লীং, কাষ্ঠময় পাত্র।

দারুপীতা; সং, স্ত্রীং, দারুহরিদ্রা।

দারুপুত্রিকা; সং, স্ত্রীং, দারুময়ী পুত্রিকা, কাষ্ঠপুত্তলিকা। [ত্রিং, কাষ্ঠনির্ম্মিত।

দারুময় (দারু+ময়(ময়ট্)—যুক্তার্থে) বিং,

দারু-যন্ত্র; দারুময় যন্ত্র, কাষ্ঠনির্ম্মিত যন্ত্রবিশেষ। শিং—১ "অস্বতন্ত্রো হি পুরুষঃ কার্য্যতে দারুযন্ত্রবৎ।"

দারুবধূ; সং, স্ত্রীং, দারুময়ী বধূ, কাষ্ঠময়ী স্ত্রীপ্রতিমা। শিং—১ "জলবিন্দমিন্দুমণিদারুবধূম্" (মাঘ)।

দারুবহ (দারু—বহ্ বহন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কাষ্ঠবাহক।

দারুসার (দারু—সার শ্রেষ্ঠ, ৭মী—ষ। যে কাষ্ঠের মধ্যে শ্রেষ্ঠ) সং, ক্লীং, চন্দন।

দারুহস্তক (দারু কাষ্ঠ—হস্ত হাত+কণ্—সাদৃশ্যার্থে) সং, পুং, কাঠের হাতা।

দার্ঢ্য (দৃঢ়+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, কাঠিন্য। ২। দৃঢ়তা। ৩। স্থৈর্য্য। শিং—১ "উৎসাহোবাগ্মিতার্দ্দার্ঢ্যমাপৎক্লেশ সহিসহিষ্ণুতা।"

দার্দ্দুর (দর্দ্দুর পর্ব্বত ইত্যাদি+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, দক্ষিণাবর্ত্ত শঙ্খ। ২। লাক্ষা, লা, জৌ। ৩। জল।

দার্ব্বট (দারু কাষ্ঠবিশেষ—অট্ গমনকরা, হওয়া+অ(অল্)—ধি) সং, ক্লীং, চিন্তাগৃহ। ২। মন্ত্রভবন, মন্ত্রণা করিবার গৃহ।

দার্ব্বণ্ড (দারু কাষ্ঠ — অণ্ড) সং, পুং, ময়ূর।
দার্ব্বাঘাট (দারু কাষ্ঠ — আ — হন্ [বধকরা] আঘাত করা + ন — প্রং। হ = ঘ, ন = ট। যে দারু আঘাত করে। দার্ব্বাঘাত শব্দও হয়) সং, পুং, কাঠঠোকরাপাখী।
দার্ব্বী (দৃ [রোগ] বিদারণ করা + ব — প্রং) সং, স্ত্রীং, দারু-হরিদ্রা। ২। দেবদারুবৃক্ষ। ৩। গোজিহ্ব। ৪। হরিদ্রা।
দার্শনিক (দর্শন + ইক(ষ্ণিক) — জ্ঞাতার্থে) বিং, ত্রিং, যে দর্শনশাস্ত্রে উপদেশ দেয়, দর্শনশাস্ত্রবেত্তা। ২। দর্শনশাস্ত্রসংক্রান্ত।
দার্ষদ (দৃষদ্ + অ(ষ্ণ) — ভবার্থে) বিং, ত্রিং, প্রস্তরনির্ম্মিত। ২। ( + ষ্ণ — ইদমর্থে) প্রস্তরসম্বন্ধীয়।
দার্ষ্টান্তিক (দৃষ্টান্ত + ইক(ষ্ণিক) — যুক্তার্থে) বিং, ত্রিং, দৃষ্টান্তযুক্ত, উপমেয়। শিং — ১ "স্বাপস্য দার্ষ্টান্তিকত্বেন বিবক্ষিতম্।"
দাল (দল + অ(ষ্ণ) — সঞ্চয়ার্থে) সং, ক্লীং, মধুমক্ষিকা কর্ত্তৃক সঞ্চিত বৃক্ষাকোটরান্তর্গত মধু। ২। (দল্ দলিত করা + অ (ঘঞ্) — ভাবে) দলন।
দাল } (দ্বিদল শব্দজ) সং, কলায়
দালি } প্রভৃতি।
দালব (দলি ছেদ করান, ছিন্নভিন্ন করান + অ — প্রং। ব — যোগ) সং, পুং, বিষবিশেষ।
দালান (পারস্য) ইষ্টকনির্ম্মিত প্রশস্ত গৃহ।
দাল্‌ভ্য; সং, পুং, মুনি-বিশেষ, দল্‌ভমুনির পুত্র। ২। তীর্থবিশেষ।
দাল্মি (দল্ [পর্ব্বত] বিদারণ করা + মি — ক) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।
দাব (দু উত্তপ্তকরা + অ(ণ) — ক) সং, পুং, বনাগ্নি, দাবানল। ২। বন। ৩। অগ্নি। শিং — ১ "দদর্শ দাবং দহন্তং মহান্তং গহনে বনে।" ২ "অধিজ্যধন্বা বিচচার দাবম্।" (রঘু)। ৪। ( + ঘঞ্ — ভা) তাপ।
দাবাগ্নি } (দাব অরণ্য — অগ্নি, অনল
দাবানল } = আগুন) সং, পুং, বনোদ্ভব অগ্নি, কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ দ্বারা বনমধ্যে যে অগ্নি উৎপন্ন হইয়া বন দাহ করে। "জজ্বাল চাগ্নিমদনো দাবাগ্নিরিব নির্দ্দয়ঃ।"

দাশ (দাশ্ বধকরা + অ(অল্) — ভাবে) সং, পুং, শী — স্ত্রীং, ধীবর, ধীবরী। শিং — ১ "দাশানাং ভুজবেগেন নদ্যাঃ স্রোতোজবেন চ। বায়ুনা চানুকূলেন তূর্ণং পারম বাপ্নুয়াৎ। ২। (দাশ্ দানকরা + অ(অল্) — সম্প্রং) পুং, শী — স্ত্রীং, ভৃত্য, ভৃত্যা।
দাশরথ } (দশরথ + অ(ষ্ণ), ই(ষ্ণি) —
দাশরথি } অপত্যার্থে) সং, পুং, দশরথপুত্র, রাম। শিং — ১ "প্রদীয়তাং দাশরথায় মৈথিলী।" (মহানাটক)। ২। "দাশরথিঃ পুণ্ডরীকাক্ষঃ।" ২। বিং, ত্রিং, দশরথসম্বন্ধীয়। শিং — ১ "অজীগণাদ্দাশরথং ন বাক্যম্।" (ভট্টি)।
দাশরাত্রিক (দাশরাত্র + ইক(ষ্ণিক) — নির্বৃত্তার্থে) বিং, ত্রিং, দশরাত্র সাধ্য। ২। ( + ষ্ণিক — ইদমর্থে) দশরাত্রসম্বন্ধীয়।
দাশার্হ (দশার্হ দেশবিশেষ বা যদুবংশ + অ(ষ্ণ) — অপত্যার্থে) সং, পুং, কৃষ্ণ। শিং — ১ "দাশার্হ সহিতং পুরা।" ২। যদুবংশীয়, যাদব। ৩। বিং, ত্রিং, দশার্হদেশীয়।
দাশুরি (দাশ্ হিংসা করা + উরি(উরিন্) — ক) বিং, ত্রিং, হিং[illegible]ক।
দাশেরক; সং, পুং [illegible]লবদেশ, মালোয়া। ২। বহুং, তদ্দেশস্থলোক।
দাশ্ব (দাশ্ দান করা + ব — ক, শীলার্থে) বিং, ত্রিং, দানশীল, দাতা।
দাশ্বান্ (দাশ্বৎ, দাশ্ব দেখ, বৎ(ক্বসু) — ক, অতীতার্থে) বিং, ত্রিং, যে দান করিয়াছে। ২। (দাশ্ হিংসা করা) যে হিংসা করিয়াছে। শিং — ১ "তস্মৈ মুনির্দোরদলিঙ্গদর্শী দাশ্বান্ সুপুত্রাশিষমিত্যুবাচ।"
দাস (দাস্ দান করা + অ(অল্) — সংপ্রং) সং, পুং, পরিচর্য্যার নিমিত্ত বেতন দিয়া যাহাকে নিযুক্ত করা যায়, ভৃত্য। ২। পরিচর্য্যার্থ যাহাকে ক্রয় করিয়া আনা যায়। ৩। ধীবর। শিং — ১ "নিষাদো মার্গবং সূতে দাসং নৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যং প্রাহুরার্য্যাবর্ত্তনিবাসিনঃ।" ৪। দানপাত্র। ৫। শূদ্রজাতি। ৬। শূদ্রের উপাধি। শিং — ১ "গুপ্তদাসাত্মকং নাম প্রশস্তং

বৈশ্যশূদ্রয়োঃ।" সী—স্ত্রীং, পরিচর্য্যার নিমিত্ত বেতন দিয়া যে স্ত্রীলোককে নিযুক্ত করা যায়, কর্ম্মকরী, ভৃত্যা। ২। শূদ্রা। ৩। ধীবরী।

দাসত্ব (দাস+ত্ব—ভাবে) সং, ক্লীং, দাসের কর্ম্ম বা অবস্থা, বেতন লইয়া অন্যের সেবা করা, বেতনের নিমিত্ত নিতান্ত অধীন হইয়াও নানা কষ্ট ও অপমান স্বীকার করিয়া পরের কর্ম্ম করা।

দাসনন্দিনী (দাস ধীবর—নন্দিনী কন্যা) সং, স্ত্রীং, সত্যবতী, ব্যাসের মাতা। মৎস্যের উদরে ছিলেন বলিয়া ইহাঁর অপর নাম মৎস্যগন্ধা।

দাসীভূত (দাস—ভূত। ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, দাসস্বরূপ।

দাসেয় (দাসী বা দাস+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, দাসীগর্ভজাত পুত্র। ২। ধীবর। ৩। বিং, ত্রিং, দাস হইতে উৎপন্ন। য়ী—স্ত্রীং, সত্যবতী।

দাসের (দাস+এর(এরক্)—ক) সং, পুং, উষ্ট্র। ২। শূদ্র। ৩। কৈবর্ত্ত। ৪। (দাসী+এর—অপত্যার্থে) দাসীপুত্র।

দাসেরক (দাসের দেখ, কণ—যোগ) সং, পুং, দাসীপুত্র। ২। উষ্ট্র, উট।

দাস্য (দাস+য(ষ্য)—ভা) সং, ক্লীং, সেবাজীবিকা, দাসত্ব। শিং—১"পশূনাং রক্ষণঞ্চৈব দাস্যং শূদ্রে দ্বিজন্মনাম্।"

দাহ (দহ দগ্ধ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, দহন,ভস্মীকরণ। শিং—১"দাহশক্তিরিব কৃষ্ণবর্ত্মনি।" ২ "দাহাদূর্দ্ধমশৌচং স্যাৎ যস্য বৈতানিকো বিধিঃ।" ২। জ্বলন। ৩। সন্তাপ, আন্তরিক যাতনা।

দাহক (দাহ দেখ, অক(ণক)—ক) বিং,ত্রিং, দাহকারী। সং,পুং, রাঙ্‌চিতা। [চন্দন।

দাহকাষ্ঠ (দাহ—কাষ্ঠ) সং, ক্লীং, অগুরু,

দাহঘ্ন (দাহ—হন্ নাশ করা+অ(টক্)—ক) সং, পুং, দেহ-দাহ-নাশক ঔষধবিশেষ।

দাহজ্বর (দাহ দাহপ্রধান—জ্বর, য়ং—স) সং, পুং, দাহপ্রধান জ্বর, যে জ্বরে অতিশয় গাত্র দাহ উপস্থিত হয়।

দাহন (দাহি দগ্ধ করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভস্মীকরণ, পোড়ান। ২। সন্তাপ।

দাহময় (দাহ+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, যাহাতে প্রচুর দাহ উপস্থিত হয়। [জ্বলৎ। ২। দাহযুক্ত।

দাহবৎ (দাহ+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং,

দাহসর (দাহ—সৃ গমন করা, হওয়া+অ(অল্)—ধি, ৪র্থী—ষ) সং, পুং, শ্মশান, শবদাহস্থান।

দাহিত (দাহন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভস্মীকৃত, জ্বালিত।

দাহী (দাহিন্, দহ্ দগ্ধ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, দাহকারক; যথা—অগারদাহী।

দাহ্য (দাহ দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার দাহ করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক, দাহযোগ্য, জ্বলনীয়। শিং—১ "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এবচ।"

দিক্ (দিশ্, দিশ্ [অবকাশ] দান করা+• (ক্বিপ্)—র্ম্ম) সং, স্ত্রীং, পূর্ব্বাদি দশ। শিং—১ "দিঙ্মণ্ডলং ভ্রমসি মানস চাপলেন।" ২। অংশ, খণ্ড; যথা—গ্রামের পূর্ব্বদিকে। ৩। সীমা; যথা—ভারতবর্ষের দক্ষিণদিকে সমুদ্র। ৪। পক্ষ; যেমন—কৃষ্ণ পাণ্ডবের দিকে ছিলেন। ৫। দেশ, অঞ্চল; যথা—পূর্ব্বদিক্ হইতে আগত।

দিক্ক (দিক্ অনুকরণ শব্দ—ক [কৈ শব্দ করা+অ(ক)—ক] যে শব্দ করে) সং, পুং, বিংশতিবর্ষ বয়স্ক করভ, করিশাবক।

দিক্কন্যা (দিক্ দিক্‌স্বরূপা—কন্যা, য়ং—স) সং, স্ত্রীং, দিক্ সমুদায় ব্রহ্মার কন্যারূপিণী বলিয়া দিক্‌রূপ কন্যা। শিং—১ "দিক্কন্যাভিঃ পবনচমরৈর্বীজ্যমানঃ।"

দিক্কর (দিক্ [দিশ্ শব্দজ] স্থান—কর যে করে। অনবরত স্থান পরিবর্ত্তনকারী অর্থাৎ যে অবিশ্রান্ত কার্য্যতৎপর) সং, পুং, যুবা। ২। শিব। রী—স্ত্রীং, যুবতী।

দিক্‌পতি } (দিশ্—পতি প্রভু, স্বামী,
দিক্‌পাল } ৬ষ্ঠী—ষ। দিশ্—পাল যে

রক্ষা করে) সং, পুং, পূর্ব্বাদি দশদিকের রক্ষক ; ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, শিব, ব্রহ্মা, অনন্ত—এই দশ জন। শিং—১"পবনো দিক্‌পতিভৌমমিবা কাশঃ খচরা মরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহসন্নিধিং।" ২। সূর্য্য, শুক্র, মঙ্গল, রাহু, শনি, সোম, বুধ, বৃহস্পতি পূর্ব্বাদিক্রমে এই আট। ৩। যে ব্যক্তি বিলক্ষণ ক্ষমতাপন্ন হয় এবং অনেকের উপর আধিপত্য করে তাদৃশ ব্যক্তিকে দিক্‌পাল শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে ; যেমন—অমুক একটা দিক্‌পাল অর্থাৎ যেমন—এক এক দিক্‌পালের স্ব স্ব অধিকৃত দিকে সম্পূর্ণ ক্ষমতা ও আধিপত্য, সে আপন গ্রামে অথবা দেশে সেইরূপ ক্ষমতা ও আধিপত্য করিয়া থাকে।

দিক্‌শূল ( দিক্—শূল শলাকাকৃতি অস্ত্রবিশেষ) সং, ক্লীং, দিগ্বিশেষ গমনে নিষিদ্ধ বার। ২। গ্রহাদির অশুভজনক অবস্থান; যথা—পশ্চিমে শুক্র ও রবি। উত্তরে মঙ্গল ও বুধ। পূর্ব্বে শনি ও সোম। দক্ষিণে বৃহস্পতি। শিং—১"শুক্রাদিত্যদিনে ন বারুণ দিশমিত্যাদি জ্যোতিষ বচন।"

দিগন্ত ( দিক্—অন্ত, ৬ষ্ঠী—য ) সং, পুং—ক্লীং, দিক্ সমুদায়ের শেষভাগ। শিং—১ "ভুজার্জ্জিতানাঞ্চ দিগন্তসম্পদাম্।" (রঘু)।

দিগন্তর (দিক্—অন্তর অবকাশ, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, দিগবকাশ। শিং—১ "সঞ্চার পূতানি দিগন্তরাণি।"(রঘু)। ২। অন্যদিক্।

দিগম্বর }
দিগ্বাসস্ } (দিক্ শূন্য—অম্বর, বাসস্= বস্ত্র। বিহীন হইয়াছে অম্বর যার। অথবা দশদিকই যাহার আবরণস্বরূপ। তিনি সর্ব্বব্যাপী বলিয়া তাহার অন্য আবরণ হইতে পারে না, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। শিং—১ "দিগম্বরত্বেন নিবেদিতং বসু।" ২। বৌদ্ধবিশেষ। ৩ ক্লীং, অন্ধকার। ৪। বিং, ত্রিং, বিবস্ত্র, উলঙ্গ। শিং—১ "স্নাত্বা তু বিপ্রো দিগ্বাসাঃ।" স্ত্রী—স্ত্রীং, দুর্গা, কালী প্রভৃতি দেবী ; যথা—রণেমত্তা দিগম্বরী।

দিগীশ্বর (দিক্—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, ইন্দ্রাদি দিক্‌পালগণ। ২। সূর্য্যাদি গ্রহ। "দিগীশ্বরাঃ ভাস্কর শুক্রভৌমা।"

দিগ্‌গজ ( দিক্—গজ, ৬ষ্ঠী—য ) সং, পুং, দিকহস্তী ; ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক—এই আট পূর্ব্বাদিদিকের হস্তী। শিং—১ "নদত্যকাশগঙ্গায়াঃ স্রোতস্যুদ্দামদিগ্‌গজে।" (রঘু)।

দিগ্‌জ্ঞান ; সং, ক্লীং, পূর্ব্বাদি দিক সমুদায়ের বোধ। ২। (দেশজ) অল্পজ্ঞান ; যথা—এ লোকটার দিগ্‌জ্ঞান নাই।

দিগ্দর্শন ; সং, ক্লীং, অভিজ্ঞতা, বহুদর্শিতা।

দিগ্দর্শন-যন্ত্র ( Compass ) সং, ক্লীং, দিগ্‌নির্ণায়ক-যন্ত্র।

দিগ্ধ (দিহ্ লেপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লিপ্ত ; যথা—চন্দন দিগ্ধাঙ্গা। ২। মিশ্রিত। ৩। বিষলিপ্ত। ৪। সং,পুং, বিষাক্ত বাণ। শিং—১"হৃদয়ে দিগ্ধশরৈরিবাহতঃ।" ৫। অগ্নি। ৬। ( +ক্ত—ণ ) ক্লীং, স্নেহ। ৭। (+ক্ত—ভাবে) লেপন। ৮। প্রবন্ধ।

দিগ্বস্ত্র ( দিক্—বস্ত্র, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, শিব। ২। বৌদ্ধবিশেষ। ৩। বিং, ত্রিং, নগ্ন। শিং—১ "দিগ্বস্ত্রাবদ্ধকাঞ্চী মণিময় মুকুটাদৈর্যুতা দীপ্তজিহ্বা।"

দিগ্বিজয় (দিক্—বিজয় জয়, ৬ষ্ঠী—য) সং, পুং, বিদ্যা ও যুদ্ধ দ্বারা নানাদিকে আপন ক্ষমতা প্রদর্শন ও আধিপত্য স্থাপন।

দিগ্বিজয়ী (—য়িন্, দিশ্—বিজয়) বিং, ত্রিং, যে দিগ্বিজয় করিয়াছে, যেমন—দিগ্বিজয়ী রাজা, অর্থাৎ যে রাজা নানা দেশ যুদ্ধে পরাস্ত করিয়া সেই সেই দেশে আপন আধিপত্য স্থাপন করিয়াছেন ; দিগ্বিজয়ী পণ্ডিত, অর্থাৎ যে পণ্ডিত নানাদেশীয় পণ্ডিতদিগকে বিচারে পরাস্ত করিয়া সেই সেই দেশে আপন পাণ্ডিত্যখ্যাতি প্রতিষ্ঠিত করিয়াছেন।

দিগ্বিদিক্-শ (দিক্—বিদিক্) সং, স্ত্রীং, দিক্ ও দিকের মধ্যবর্ত্তী দিক্, সকল দিক্। ২। গুরু লঘু হিত অহিত ন্যায় অন্যায় বিবেচনার অভাবপ্রদর্শন স্থলে প্রযুক্ত হইয়া থাকে ; যথা—তাহার দিগ্বিদিক্‌জ্ঞান নাই।

দিঙ্ক (দিং—কৈ শব্দ করা+অ(ড)—ক। দিং শব্দ যে প্রকাশ করে) সং, পুং, ছোট উকুণ, নিকি।

দিঙ্নক্ষত্র (দিক্—নক্ষত্র, ৭মী—ষ) সং, ক্লীং, দিক্‌ভেদে স্থিত নক্ষত্র।

দিঙ্নাগ (দিক্—নাগ গজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দিগ্‌গজ। শিং—১ "দিঙ্‌নাগানাং পথি পরিহরন্ স্থূলহস্তাবলেপান্।"

দিঙ্মণ্ডল (দিক্—মণ্ডল গোল) সং, ক্লীং, দিক্‌চক্র, দিক্ চক্রবাল। শিং—১ "উন্নাদাম্বুদবর্দ্ধিতান্ধতমসপ্রভ্রষ্টদিঙ্মণ্ডলে।"

দিঙ্মাত্র (দিক্—মাত্র অল্প) সং, ক্লীং, একদেশ। ২। বিং, ত্রিং, অল্পমাত্র।

দিঙ্মূঢ় (দিশ্—মূঢ় ভ্রান্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, দিগ্‌ভ্রান্ত, যাহার দিক্‌ভ্রম হইয়াছে।

দিণ্ডির; সং, পুং, বাদ্যবিশেষ।

দিত (দো ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, বিদীর্ণ।

দিতি (দো ছেদন করা+তি(তিক্)—ক) সং, স্ত্রীং, কশ্যপমুনিপত্নী, দৈত্যমাতা। ২। পুং, নৃপবিশেষ। ৩। (+ক্তি—ভাবে) ছেদন, খণ্ডন।

দিতিজ, দিতিসুত (দিতি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ। দিতি—সুত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্য, অসুর। শিং—১ "দিতিজসহস্রগণৈ র্নিষেব্যমাণম্।" (হরিবংশ)।

দিত্য (দিতি+য—ভবার্থে) সং, পুং, অসুর। ২। বিং, ত্রিং, ছেদনার্হ।

দিৎসা (দা দান করা+স(সন্)—ইচ্ছার্থে, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, দান করিতে ইচ্ছা।

দিৎসু (দিৎসা দেখ, উ(ঞুণ্)—ক) বিং, ত্রিং, দান করিতে ইচ্ছুক। শিং—১ "দিৎসুঃ সুতাং যোধহরৈস্তুরঙ্গৈঃ।"

দিদি (দেশজ) জ্যেষ্ঠা ভগিনী।

দিদৃক্ষমাণ (দিদৃক্ষা দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে দেখিতে ইচ্ছা করিতেছে।

দিদৃক্ষা (দৃশ্ দেখা+স(সন্)—ইচ্ছার্থে, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, দেখিতে ইচ্ছা, দর্শনাভিলাষ। শিং—১ "দ্রৌপদীং প্রার্থয়ন্তস্তে স্বয়ম্বর দিদৃক্ষয়া।"

দিদৃক্ষু (দিদৃক্ষা দেখ, উ—ক) বিং, ত্রিং, দেখিতে ইচ্ছু, দর্শনোদ্যত। শিং—১ "কোপিতেহ্যসি ময়া দিদৃক্ষুণা।" (রঘু)।

দিদ্যুৎ (দ্যু দীপ্তি পাওয়া + অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট, উজ্জ্বল, চাক্‌চিক্য।

দিধক্ষমাণ (দহ্ দগ্ধ করা+স(সন্)—ইচ্ছার্থে, আন(শান)—ক) বিং, ত্রিং, যে দাহ করিতে ইচ্ছা করিতেছে।

দিধক্ষয়ৎ (দহ্ দগ্ধ করা+সন্—ইচ্ছার্থে +ণিচ্, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে দাহেচ্ছু করাইতেছে।

দিধক্ষু (দহ্ দগ্ধ করা+স(সন্)—ইচ্ছার্থে, উ(ঞুণ্)—ক) বিং, ত্রিং, দাহ করিতে ইচ্ছুক। শিং—১ "দিধক্ষুঃ খাণ্ডবং দাবং দাশার্হং সহিতং পুরাঃ।"

দিধি (ধা ধারণ করা + ই(কি)—ভাবে, দ্বিত্ব) সং, পুং, ধৈর্য্য। ২। ধারণ।

দিধিষু (ধা [পাপ] ধারণ করা—সো গ্রহণ করা+উ(কু)—ক। অথবা ধিষ্+উ(কু)—র্ম্ম) সং, পুং, দুইবার বিবাহিত পুরুষ। ষূ—স্ত্রীং, দুইবার বিবাহিতা স্ত্রী। ২। জ্যেষ্ঠাভগিনী অবিবাহিতা থাকিতে বিবাহিতা কনিষ্ঠাভগিনী। শিং—১ "জ্যেষ্ঠায়াং যদ্যনূঢ়ায়াং কন্যায়ামুহ্যতেহনুজা। সা চাগ্রে দিধিষূর্জ্ঞেয়া পূর্ব্বা তু দিধিষূঃ স্মৃতা।"

দিধিষূপতি; সং, পুং, দ্বিরূঢ়াপতি। শিং—১ "ভ্রাতুর্মৃতস্য ভার্য্যায়াং যোহনুরজ্যেত কামতঃ। ধর্ম্মেণাপি নিযুক্তায়াং সঃ জ্ঞেয়ো দিধিষূপতিঃ।"

দিন (দো [অন্ধকার] ছেদন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং-ক্লীং, সূর্য্যের উদয় হইতে অস্ত পর্য্যন্ত সময়, দিবা, দিবস। ২। ৬০ দণ্ড পরিমিত কাল, এক সূর্য্যোদয় হইতে পুনর্ব্বার সূর্য্যোদয়ের পূর্ব্বক্ষণ পর্য্যন্ত সময়, ষষ্টিদণ্ডাত্মক মানুষ অহোরারাত্র। ৩। চান্দ্র তিথিরূপ কাল। শিং—১ "দিনে দিনে সা পরিবর্দ্ধমানা।"

**দিনকর** } (দিন—কর, কৃৎ=যে করে,
**দিনকৃৎ** } ২য়া—ষ। দিন—মণি, ৬ষ্ঠী—
**দিনমণি** } ষ) সং, পুং, দিবাকর, সূর্য্য। শিং—১ "দিনকর কিরণনিকরচ্ছবিঃ।" ২। অর্কবৃক্ষ।

**দিনকরাত্মজ** (দিনকর সূর্য্য—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনি। ২। যম। জা—স্ত্রীং, যমুনা।

**দিনকেশব** (দিন—কেশব চুল) সং, পুং, [অন্ধকার।

**দিনক্ষয়** (দিন তিথি—ক্ষয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তিথিক্ষয়, এক সাবন দিনে তিন তিথির সংযোগ। শিং—১ "একস্মিন্ সাবনে ত্বহ্নি তিথীনাং ত্রিতয়ং যদা। তদা দিনক্ষয়ঃ প্রোক্তস্তত্র সাহস্রিকং ফলম্।"

**দিনজ্যোতিঃ** (দিনজ্যোতিস্, দিন—জ্যোতিস্ দীপ্তি) সং, ক্লীং, আতপ, রৌদ্র।

**দিনদুঃখিত** (দিন—দুঃখিত। স্ত্রীবিচ্ছেদকারিণী রাত্রি আগমন সম্ভাবনায় যে দিনের বেলায় দুঃখিত থাকে) সং, পুং—স্ত্রীং, চক্রবাক পক্ষী।

**দিনপতি** (দিন—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, [সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

**দিনপাত** (দিন—পাত গমন করান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দিনযাপন, দিনকাটান, সংসারযাত্রা সম্পাদন। ২। চান্দ্র তিথির ক্ষয়।

**দিনপ্রণী** (দিন—প্রণী যে আনয়ন করে) সং, পুং, সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

**দিনবন্ধু**; সং, পুং—ক্লীং, সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

**দিনমান** (দিন—মান পরিমাণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সূর্য্যদর্শন কালের পরিমাণ।

**দিনমুখ** (দিন—মুখ আরম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রাতঃকাল। ২। পুং, পূর্ব্বাদ্রি, উদয়াচল।

**দিনমূর্দ্ধা** (দিনমূর্দ্ধন্, দিন—মূর্দ্ধন্ মস্তক) সং, পুং, উদয়াচল, পূর্ব্বাদ্রি।

**দিনযৌবন**; সং, ক্লীং, মধ্যাহ্ন।

**দিনরত্ন**; সং, ক্লীং, (দিন প্রকাশ করেন বলিয়া) সূর্য্য।

**দিনাংশ** (দিন—অংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দিবসের প্রাতঃ মধ্যাহ্ন ও সায়াহ্নরূপ ত্রিবিধ কাল।

**দিনাদি** (দিন—আদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাতঃকাল।

**দিনান্ত** } (দিন—অন্ত, অত্যয়, অবসান,
**দিনাত্যয়** } ৬ষ্ঠী—হিং) সং, পুং, দিনের
**দিনাবসান** } শেষ, সায়ংকাল। শিং—১ "কৃত্বা দিনান্তে নিলয়ায় গন্তুম্।" ২ "দিনাবসানোৎসুক বালবৎসা।" (রঘু)।

**দিনান্তক** (দিন—অন্তক শেষকারী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অন্ধকার।

**দিনায়**—দৈনিক।

**দিনিকা** (দিন+ইক—প্রং) সং, স্ত্রীং, এক দিনের বেতন।

**দিনেশ** (দিন—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, [সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

**দিনেশাত্মজ** (দিনেশ—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। ২। যম। ৩। কর্ণ। ৪। সুগ্রীব। জা—স্ত্রীং, কুরুরাজপত্নী তপতী। ২। যমুনা।

**দিল** (পারস্য) মনঃ, অন্তঃকরণ।

**দিলীপ** (দিলী [বোধ হয় হস্তিনাপুরের নামান্তর দিলী, ইদানীন্তন লোকেরা যাহাকে দিল্লী বলে]—প যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, রঘুরাজের পিতা। অংশুমানের পুত্র খট্টাঙ্গ ভূপতি ও দিলীপ নামে বিখ্যাত ছিলেন।

**দিব—ক্লীং** } (দিব্ ক্রীড়াকরা+অ(ক),
**দিব্—স্ত্রীং** } ০(ক্বিপ্)—ধি। যেখানে দেবতারা ক্রীড়া করেন) সং, স্বর্গ। শিং—১ "দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্।" ২। (+অ—ক) আকাশ। ৩। দিব্ শব্দে স্বর্গাধিষ্ঠাত্রী দেবতা এবং অদিতি হয়।

**দিবস** (দিব্ ক্রীড়া করা, দীপ্তি পাওয়া+অস(অসচ্)—ধি। প্রাকৃত ভাষায় "দিঅহ") সং, পুং—ক্লীং, দিন।

**দিবসকর** (দিবস দিন—কর [কৃ করা+অ(অন্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য।

**দিবসমুখ** (দিবস দিন—মুখ আরম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রাতঃকাল।

**দিবসাত্যয়** } (দিবস দিন—অত্যয়,
**দিবসাবসান** } অবসান, ৬ষ্ঠী—হিং) সং,

পুং, সায়ংকাল। শিং—১ "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে।"

দিবস্পতি (দিবস্ স্বর্গের—পতি) সং, পুং, ইন্দ্র, দিবসের স্বামী। শিং—১ "ইন্দ্রাণী মানয়িষ্যামো যথেচ্ছসি দিবস্পতে।"

দিবস্পৃক্ (—স্পৃশ্, দিব স্বর্গ—স্পৃশ্ স্পর্শ করা+০(ক্বিপ্)—ক) যিনি পাদ দ্বারা স্বর্গ স্পর্শ করেন) সং,পুং, পরমেশ্বর।

দিবা (দিবস দেখ, আ(ডা)—ধি) অং, দিনে, দিবসে। শিং—১ "দিবা বিভেতি কাকেভ্যো রাত্রৌ সন্তরতে নদীম্।" ২ "ন দিবা ন তথা রাত্রৌ।" ২। পুং,দিন।

দিবাকর (দিবা দিবসে—কর কিরণ, ৬ষ্ঠী—হিং। অথবা দিবা—কৃ করা+অ (অন্)—ক) সং, পুং, সূর্য্য। শিং—১ "দিবাকরাপ্লুষ্ট বিভূষণাস্পদাম্।" (কুমার)।

দিবাকীর্ত্তি (দিবা—কীর্ত্তি ব্যাপার, যশঃ, ৬ষ্ঠী—হিং। রাত্রিতে ক্ষুরকর্ম্ম নিষিদ্ধ) সং, পুং, নাপিত। ২। (দিবা—অকীর্ত্তি) পেচক। ৩। চণ্ডাল।

দিবাচর (দিবা—চর্ ভ্রমন করা+অ(অন্)—ক)সং, পুং, পক্ষিবিশেষ। ২। চণ্ডাল। বিং, ত্রিং, যে দিবাভাগে জীবিকার্থ ভ্রমণ করে। [অন(অনট্)—ক) সং,পুং, কাক।

দিবাটন (দিবা দিনে—অট্ গমন করা+

দিবাতন (দিবা দিনে+তন(ট্যুন)—ভবার্থে) বিং, ত্রিং, দিবাভাগে যাহা ঘটে, দৈনিক, দিনসীয়। শিং—১ "শশিন ইব দিবাতনস্য লেখা।" (কুমার)।

দিবানিশ (দিবা—নিশা রাত্রি, দ্বং—স) ক্রিং—বিং,ক্লীং, অহোরাত্র, দিন ও রাত্রি ব্যাপিয়া।

দিবান্ধ (দিবা—অন্ধ, ৭মী—ষ) সং, পুং, পেচক। ২। বিং,ত্রিং, দিন-কাণা। শিং—১ "দিবান্ধাঃ প্রাণিনঃ কেচিদ্রাত্রাবন্ধাস্তথাপরে। কেচিদ্দিবা তথা রাত্রৌ প্রাণিনস্তুল্যদৃষ্টয়ঃ।"

দিবাভীত (দিবা—ভীত, ৭মী—ষ) সং, পুং, পেচক। শিং—১" লীনং দিবাভীতমিবান্ধকারম্।" (কুমার)। ২। চোর। ৩। চন্দ্র।

দিবামণি (দিবা—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। [মধ্যাহ্ন, দুইপ্রহর বেলা।

দিবামধ্য (দিবা—মধ্য মধ্যস্থান) সং, ক্লীং,

দিবারাত্র (দিবা—রাত্রি,দ্বং—স) ক্রিং—বিং, ক্লীং, অহোরাত্র, দিনরাত।

দিবাবসু (দিবা—বসু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

দিবাশয় (দিবা—শয় যে শয়ন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যে দিবসে নিদ্রা যায়। শিং—১ "ন মে দিবাশয়াঃ পুত্রাঃ ন রাত্রৌ দধিভোজিনঃ।"

দিবাস্বপ্ন<br>দিবাস্বাপ } (দিবা—স্বপ্ন, স্বাপ, ৭মী—ষ) সং,পুং, দিবসে নিদ্রা।

দিবি (দিব্ ক্রীড়া করা+ই(কি)—ক) সং, পুং, চাষপক্ষী। ২। (দিব্ শব্দ সপ্তম্যন্ত) স্বর্গে।

দিবিষদ্<br>দিবোকস্<br>দিবৌকস্ } (দিবি স্বর্গে—সদ্ গমনকরা +০ক্বিপ্)—ক। যেগমনকরে ৭মী—। দিব্, দিব—ওকস্ স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা।

দিবিষ্ঠ (দিবি স্বর্গে—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, স্বর্গস্থ, স্বর্গীয়।

দিবোদাস (দিবস্ স্বর্গের—দাস ভৃত্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাশীস্থ নৃপবিশেষ। বিশ্বেশ্বর বহু কৌশলে ইহাঁর নিকট হইতে কাশীধাম গ্রহণ করেন।

দিব্য (দিব্ স্বর্গ+য(ক্য)—ভবার্থে) বিং, ত্রিং, স্বর্গীয়। শিং—১ "দিব্যবীর মতৎ নাস্তি কলিকালে সুশোভনে।" ২। আকাশীয়। ৩। (দিব্ দীপ্তি পাওয়া+ক্য—প্রং) সুন্দর, মনোহর; যথা—দিব্যরথ। ৪। শ্রেষ্ঠ, উৎকৃষ্ট; যথা—দিব্যলোক। ৫। সং, ক্লীং, শপথ, ধর্ম্ম প্রভৃতি সাক্ষী অথবা আত্মগ্লানিসূচকশব্দ প্রয়োগ করিয়া আত্মশোধনার্থ সত্য করা। ৬। লবঙ্গ। ৭। হরিচন্দন। ৮। পুং, যব। ৯। গুগ্‌গুল।

দিব্যগন্ধ (দিব্য—গন্ধ ঘ্রাণ) সং, পুং, গন্ধক। ২। ক্লীং, লবঙ্গ।

দিব্যগায়ন (দিব্য স্বর্গীয়—গায়ন গায়ক, কং—স) সং, পুং, স্বর্গীয় গায়ক, গন্ধর্ব্ব।

দিব্যচক্ষুঃ (–চক্ষুস্, দিব্য স্বর্গীয়–চক্ষুস্ নেত্র,৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, অতীন্দ্রিয়ার্থ-দর্শী, যাহার চক্ষুতে অলৌকিক শক্তি আছে, যে সকল বিষয় চক্ষুরিন্দ্রিয়ের গোচর নহে তাহাও যে ব্যক্তি অলৌকিক শক্তিসহকারে দেখিতে পায়। শিং–১ "নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।"২। সুলোচন,উত্তম চক্ষুর্বিশিষ্ট। ৩। (দিব্য অন্তরীক্ষভূত+চক্ষুস্, ৬ষ্ঠী–হিং) পুং, অন্ধ। ৪। কৃষ্ণ। ৫। (দিব্য–চক্ষুস্, ৫মী–হিং। যাহা হইতে দিব্যদৃষ্টি লাভ হয়) ক্লীং, চশমা। ৬। (য়ং–স) অলৌকিক পদার্থ দর্শনযোগ্য নেত্র।

দিব্যদর্শী (–দর্শিন্, দিব্য–দৃশ্ দর্শনকরা +ইন্(ণিন্)–ক) বিং, ত্রিং, অতীন্দ্রিয়ার্থ দর্শক। শিং–১ "অব্যাজহার সভামধ্যে দিব্যদর্শী মহাতপাঃ।"

দিব্যদোহদ (দিব্য স্বর্গীয়–দোহদ ইচ্ছা, যাহা দেবতার ইচ্ছাধীন বিষয়) বিং, ত্রিং, অভীষ্ট সিদ্ধির নিমিত্ত দেবোদ্দেশে দেয় (বস্তু)। শিং–১"যৎ দীয়তে তু দেবেভ্যো মনোরাজ্যস্য সিদ্ধয়ে। উপযাচিতকং দিব্যদোহদং তদ্বিদুর্বুধাঃ।"

দিব্যনদী; সং,স্ত্রীং,আকাশগঙ্গা, মন্দাকিনী।

দিব্যনারী; সং, স্ত্রীং, স্বর্গবেশ্যা।

দিব্যপুষ্প (দিব্য–পুষ্প, ৬ষ্ঠী–হিং) সং, পুং, করবীর বৃক্ষ। ষ্পা–স্ত্রীং, মহাদ্রোণ-বৃক্ষ। ২। (য়ং–স) ক্লীং,মনোহর কুসুম।

দিব্যপ্রশ্ন; সং, পুং, অনাগত জ্ঞাপক প্রশ্ন।

দিব্যরত্ন (দিব্য–রত্ন মণি) সং,ক্লীং, চিন্তামণি, বাঞ্ছিত ফলপ্রদ রত্নবিশেষ।

দিব্যরথ (দিব্য স্বর্গীয়–রথ) সং, পুং, বিমান, ব্যোমযান।

দিব্যরস (দিব্য স্বর্গীয়–রস) সং, পুং, পারদ, পারা।

দিব্যবস্ত্র (দিব্য–বস্ত্র, ৬ষ্ঠী–হিং) বিং,ত্রিং, দিব্যবস্ত্রধারী। ২। সং,ক্লীং, উত্তম বসন। ৩। পুং, সূর্য্যশোভা।

দিব্যসানু; সং, পুং, বিশ্বদেববিশেষ। ২। মনোহর শিখরযুক্ত পর্ব্বত।

দিব্যসার; সং, পুং, শালবৃক্ষ।

দিব্যা–স্ত্রীং
দিব্যাদিব্যঃ–পুং
দিব্যাদিব্যা–স্ত্রীং
} (দিব্য স্বর্গীয়–অ-দিব্য স্বর্গীয় নয়। যিনি উভয় প্রভাব প্রাপ্ত হন) সং, নায়কবিশেষ, নায়িকা-বিশেষ। ব্যা–স্ত্রীং, উপদেবীবিশেষ।

দিব্যাসন (দিব্য–আসন, য়ং–স) সং,ক্লীং, উত্তম আসন।

দিব্যোদক (দিব্য আকাশস্থ–উদক জল) সং, ক্লীং, বৃষ্টির জল। ২। শিশির।

দিব্যোপপাদুক (দিব্য স্বর্গীয়–উপ-পদ্ গমন করা+উক–প্রং) বিং,ত্রিং, দেবতা।

দিব্যৌষধি; সং, স্ত্রীং, মনঃশীলা।

দিশা, দিশস্ (দিক্ দেখ, আ, অস্–প্রং) সং, স্ত্রীং, পূর্ব্বাদি দিক্। শিং–১ "আরুহ্য বৃক্ষমাদ্রেয় নিরীক্ষস্ব দিশো দশ।" ২। রীতি। ৩। দন্তক্ষতবিশেষ।

দিশাগজ; সং, পুং, দিক্‌হস্তী।

দিশাপাল (দিশা দিক্–পাল যে পালন করে, ২য়া–ষ) সং, পুং, ইন্দ্রাদি দিক্-পালগণ।

দিশ্য (দিশ্+য(ষ্য)–ভবার্থে) বিং, ত্রিং, দিগ্‌জাত, দিগ্‌ভব। ২। দিক্ হইতে আনীত। শিং–১"... দিশ্যা স্তেভ্য ইমংবলি মহর্ষিম্।"

দিষ্ট (দিশ্ দানকরা, বলা+ত(ক্ত)–র্ম্ম) সং, পুং, কাল। ২। ক্লীং, ভাগ্য। শিং–১"ন দিষ্টমিষ্টং কুরুতে ন তিষ্ঠতি তু পৌরুষে।" ৩। পুং, বৈবস্বত মুনির পুত্র। ৪। বিং, ত্রিং, আদিষ্ট। ৫। উপদিষ্ট, কথিত। ৭। প্রদর্শিত। ৮। দত্ত।

দিষ্টান্ত (দিষ্ট ভাগ্য–অন্ত শেষ,৬ষ্ঠী–ষ) সং, পুং, মরণ, মৃত্যু। শিং—১ "ততো দিষ্টান্তমাগতে।" ২"জগাম কালে ধর্ম্মাত্মা-দিষ্টান্তম্।"

দিষ্টি (দিশ্ প্রদর্শন করা+তি(ক্তি)–ভা) সং,স্ত্রীং,আনন্দ,হর্ষ। ২। পরিমাণবিশেষ। ৩। কথন। ৪। (+ক্তি–র্ম্ম) ভাগ্য। শিং–১ "রাজকুলে দিষ্টিবৃদ্ধিসম্ভ্রমোমহানভূৎ।" ৪। সুদ। ৫। উপদেশ ৬। উৎসব। শিং–১ "তথাচাস্য দিষ্টিবৃদ্ধিমিব শুশ্রাব।"

দিষ্ট্যা (দিশ্ প্রদর্শন—স্তৈ শব্দ করা+০ (ক্বিপ্)—ক) অং, ভাগ্যক্রমে। শিং—১ "দিষ্ট্যাদিষ্ট্যেতি চাব্রুবন্।" ২। আহ্লাদে। ৩। মঙ্গলে।

দীক্ষক (দীক্ষা দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, শিক্ষক, উপদেষ্টা। ২। পুং, যিনি তন্ত্রমতানুসারে মন্ত্রের উপদেশ দেন, দীক্ষাগুরু।

দীক্ষণ (দীক্ষ্ দীক্ষিত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞাদ্যর্থ নিয়মবিশেষ।

দীক্ষণীয় (দীক্ষ্ দীক্ষিত হওয়া+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দীক্ষা প্রদান করিতে হইবে। ২। সং, ক্লীং, দীক্ষাসাধন হবিঃ।

দীক্ষা (দীক্ষ্ উপদেশ করা ইত্যাদি+অ—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মন্ত্রগ্রহণ। ২। তন্ত্রমতানুসারে মন্ত্রের উপদেশ। শিং—১ "দীক্ষাং গতো হ্যেষ মুনির্ম্মৌনিত্বং চ গমিষ্যতি।" ২ "দীয়তে জ্ঞানমত্যন্তং ক্ষীয়তে পাপসংচয়ঃ। তস্মাৎ দীক্ষেতি সা প্রোক্তা মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ।" ৩ "দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সঙ্ক্ষয়ং। তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ।" ৩। শিক্ষা, উপদেশ। ৪। অর্চ্চনা। ৫। যজ্ঞাদি কর্ম্মে সংস্কার। ৬। সংস্কার। ৭। ব্রতাদি কর্ম্মে স্থিতি। ৮। অনুষ্ঠান। ৯। নিয়ম বা সংকল্প করিয়া প্রবৃত্ত হওয়া। ১০। প্রবৃত্ত করা, প্রবর্ত্তনা।

দীক্ষাগুরু; সং, পুং, যিনি তন্ত্রমতানুসারে মন্ত্রের উপদেশ দেন, গুরু, ইষ্টদেব।

দীক্ষান্ত (দীক্ষা যজ্ঞ—অন্ত সমাপন, শেষ) সং, পুং, অবভৃত, সম্ভাবিত ন্যূনতা পরিহারার্থে যে যজ্ঞ করিয়া প্রধান যজ্ঞের সমাপন করা যায়।

দীক্ষিত (দীক্ষা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ব্রতাদি বা যজ্ঞাদি কর্ম্মে সঙ্কল্পপূর্ব্বক প্রবৃত্ত। শিং—১ "বর্ণানাং ব্রাহ্মণশ্চাসি বিপ্রেণ দীক্ষিতো দ্বিজঃ।" ২ "রণদীক্ষাভির্দীক্ষিতাঃ।" ৩ "আপন্না ভয়সত্রেষু দীক্ষিতাঃ খলু পৌরবাঃ।" ২। উপদেশিত। ৩। যাহাকে প্রবৃত্ত করা গিয়াছে, প্রবর্ত্তিত। ৪। যে নিয়ম বা সঙ্কল্প করিয়া প্রবৃত্ত হইয়াছে। ৫। যাহার মন্ত্রগ্রহণ হইয়াছে; শিং—১ "(তম্) বিশ্বাস্য দীক্ষিতং কৃত্বা।" ৬। তপস্বীর শিষ্য। ৭। সংস্কৃত। ৮। যাহার অনুষ্ঠান হইয়াছে, অনুষ্ঠিত। ৯। পুং, কাম্পিল্ল নগরস্থ যজ্ঞদত্ত নামক ব্রাহ্মণ।

দীক্ষিতা (দীক্ষিতৃ, দীক্ষ্ যাগ করা+তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, দীক্ষক, দীক্ষাদাতা।

দীগী, দীঘী (দীর্ঘিকা শব্দজ) সং, দীর্ঘ জলাশয়।

দীদিবি (দিব্ ক্রীড়া করা+ই—প্রং, দ্বিত্ব) সং, পুং—ক্লীং, অন্ন, ভাত। ২। পুং, বৃহস্পতি। ৩। বিং, ত্রিং, উদিত।

দীদী (দায়াদ শব্দজ) সং, জ্যেষ্ঠা ভগিনী।

দীধিতি (দীধি দীপ্তি পাওয়া+তি(ক্তি)—প্রং) সং, স্ত্রীং, কিরণ, আলোক। শিং—১ "জটাদীধিতিভীরেজে সংবর্ত্তার্ক ইবাংশুভিঃ।"

দীধিতিমান্ (—মৎ, দীধিতি+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, মরীচিমালী, সূর্য্য।

দীন (দী ক্ষয়পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দরিদ্র। শিং—১ (যঃ) "দীনে দয়াং ন কুরুতে।" ২। কাতর। ৩। শোচ্য। ৪। দুঃখিত। ৫। হীন। ৬। ক্ষুব্ধ। ৭। সন্তপ্ত। ৮। ভীত। শিং—১ "কিং তে মুখং শুষ্যতি দীনবর্ণম্।" ৯। সং, ক্লীং তগরপুষ্প। না—স্ত্রীং, মূষিকা।

দীনতা (দীন+তা—ভা) সং, স্ত্রীং, দৈন্য, দারিদ্র্য। ২। কাতরতা। ৩। ক্ষোভ। ৪। সন্তাপ। ("দীননাথ দয়াং কুরু।"

দীননাথ; সং, পুং, দীনের আশ্রয়, নারায়ণ।

দীনার (দীন—ঋ গমন করা+অ(ঘঞ্)—র্ম্ম, যাহা দরিদ্রদিগকে দেওয়া যায়। আরবী ভাষায় দীনার অর্থে তদ্দেশীয় সুবর্ণমুদ্রা) সং, পুং, স্বর্ণমুদ্রা। ২। স্বর্ণালঙ্কার। ৩। বত্রিশ রতি সুবর্ণ। ৪। মোহর। শিং—১ "স দীনারমেকং গৃহিত্বা প্রস্থিতঃ।"

দীপ (দীপ্ দীপ্তি হওয়া+অ(ক)—ক) সং, পুং, প্রকাশক। ২। যাহা উজ্জ্বল করে; যথা—"কেবল আছিল অন্ধকার ঘরে দীপ

মৈথিলী।" ৩। প্রদীপ। ৪। বর্ত্তিস্থ জলন্ত অগ্নিশিখা। শিং—১"যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে।" ২ "ক্ষীণস্নেহস্য দীপস্য।"

দীপক (দীপ্ ণ্ণি=দীপি দীপ্তি করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, উদ্দীপক, উত্তেজক। ২। জ্বলনকারক। ৩। শোভাজনক। ৪। প্রকাশক। শিং—১ "স্ফুরত্ত্বেষ নির্ম্মলবিবেকদীপকঃ।" ২ "সুতন্ত্রিগীতং মদনস্য দীপনং।" ৫। সং, ক্লীং, কুঙ্কুম। ৬। কাব্যের অলঙ্কারবিশেষ, প্রস্তুত এবং অপ্রস্তুত বিষয়ের এক ধর্ম্মের সহিত সম্বন্ধ। অথবা অনেক ক্রিয়াতে যদি একটীমাত্র কারক থাকে। ৭। পুং, যমানী। ৮। পক্ষিবিশেষ, বাজপক্ষী। ৯। রাগবিশেষ, হনুমন্মতে ইহা দ্বিতীয় রাগ, ইহা সূর্য্য নেত্রাগ্নি হইতে উৎপন্ন, গ্রীষ্ম ঋতুতে মধ্যাহ্নকালে এই রাগ গেয়। প্রবাদ এইরূপ—বিখ্যাত গায়ক তান্‌সান্ এই রাগের আলাপ পূর্ব্বক অন্তরে দগ্ধহইয়া দেহত্যাগ করিয়াছেন।

দীপকিট্ট (দীপ প্রদীপ—কিট্ট তৈলাদিকল্ক, ৬ষ্ঠী—ষ)সং,ক্লীং, দীপশিখাজাত কালিমা, কজ্জল। [স্ত্রীং,দীপবর্ত্তি, শলিতা।

দীপকূপী (দীপ প্রদীপ—কূপ কূয়া) সং,

দীপধ্বজ (দীপ প্রদীপ—ধ্বজ চিহ্ন) সং, পুং, কজ্জল, কাজল।

দীপন (দীপক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকাশন। ২। উত্তেজন, উদ্দীপন। ৩। (+অন—ক) বিং, ত্রিং, উদ্দীপক, উত্তেজক। ৪। জ্বলনকারক। ৫। শোভাজনক। ৬। পুং, ময়ূরশিখা। ৭। শালিঞ্চ শাক, কাসমর্দ্দ। ৮। পলাণ্ডু। ৯। ক্লীং, তগরমূল। ১০। কুঙ্কুম। নী—স্ত্রীং, মেথিকা। ২। পাঠা। ৩। যমানী।

দীপনীয় (দীপ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দীপ্ত করিতে হইবে বা আবশ্যক। ২। দীপনযোগ্য। ৩। সং, পুং, যমানী। ৪। ঔষধবর্গবিশেষ।

দীপপাদপ; সং, পুং, দীপবৃক্ষ।

দীপপুষ্প (দীপ [দ্বিপু] প্রজ্বলন—পুষ্প) সং, পুং, চম্পকবৃক্ষ।

দীপবতী; সং, স্ত্রীং, কামাখ্যার নদীবিশেষ; এই নদী হিমালয় হইতে উত্থিত হইয়া শৃঙ্গাটক পর্ব্বতের পশ্চিমে প্রবাহিতা।

দীপবৃক্ষ (দীপ প্রদীপ—বৃক্ষ) সং, পুং, দীপাধার, পিল্‌সুজ প্রভৃতি।

দীপমালা; সং, স্ত্রীং, দীপের শ্রেণী। ২। দশাক্ষরযুক্ত ছন্দ, ইহার ২।৩।৭।৯। বর্ণ লঘু অপর বর্ণ গুরু।

দীপশলাকা; সং, পুং, দীয়াশলাই।

দীপশিখা (দীপ প্রদীপ—শিখা চূড়া) সং, স্ত্রীং, কজ্জল,কালিমা। ২। প্রদীপের সীস।

দীপান্বিতা (দীপ—অন্বিত যুক্ত, ৩য়া—ষ) সং, স্ত্রীং, কার্ত্তিকী অমাবস্যা, ইহার অপর নাম দীপালী, দেওয়ালী; এই দিনে দিবাভাগে পিতৃগণের তর্পণ ও শ্রাদ্ধ এবং সায়ংকালে দেবগৃহাদিতে দীপমালা প্রদান করিতে হয়। শিং—১ "যেয়ং দীপান্বিতা রাজন্! খ্যাতা পঞ্চদশী ভুবি। তস্যাং দদ্যান্ন চেদ্দত্তং পিতৃণাং বৈ মহালয়ে।" ২।"দীপমালাশ্চ কর্ত্তব্যাঃ শক্ত্যা দেবগৃহেষু চ।" (পুরাণ)।

দীপালী (দীপ প্রদীপ—আলী শ্রেণী) সং, স্ত্রীং, দীপমালা, দেওয়ালী।

দীপিকা (দীপক+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মহিম্নাপনীয় শ্রীনিবাস-কৃত গ্রন্থবিশেষ। ২। রাগিণী-বিশেষ, হিন্দোলরাগের পত্নী। ৩। জ্যোৎস্না।

দীপিত (দীপক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্বালিত। ২। প্রকাশিত। ৩। উদ্দীপিত। শিং—১ "সুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ।"

দীপিতা (দীপিতৃ, দীপ্ দীপ্তি করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, দীপ্তিকারক, প্রকাশক।

দীপ্ত (দীপ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রজ্জ্বলিত। ২। প্রকাশিত। ৩। দগ্ধ। ৪। দীপ্তিযুক্ত। ৫। উজ্জ্বল। ৬। আলোকময়। ৭। সং, পুং, সিংহ। ৮। ক্লীং, স্বর্ণ। ৯। হিঙ্গুল।

দীপ্তক (দীপ্ত+কণ্—যোগ) সং, ক্লীং, স্বর্ণ।

দীপ্তকীর্ত্তি (দীপ্ত—কীর্ত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার যশ প্রকাশিত হইয়াছে। ২। সং, পুং, কার্ত্তিকেয়।

দীপ্তকেতু (দীপ্ত—কেতু ধ্বজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীপ্তধ্বজযুক্ত। ২। সং, পুং, নৃপবিশেষ। ২। দক্ষসাবর্ণি মনুপুত্রবিশেষ।

দীপ্তজিহ্বা; সং, স্ত্রীং, উল্কামুখী, শৃগালীবিশেষ।

দীপ্তপিঙ্গল দীপ্ত উজ্জ্বল—পিঙ্গল পিঙ্গল বর্ণ) সং, পুং, সিংহ। ২। (য়ং—স) উজ্জ্বল পিঙ্গলবর্ণ।

দীপ্তমূর্ত্তি (দীপ্ত—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকাশিত মূর্ত্তিযুক্ত। ২। সং, পুং, বিষ্ণু।

দীপ্তরস (দীপ্ত দীপ্তিযুক্ত—রস) সং, পুং, কিঞ্চুলুক, কেঁচো। ২। (য়ং—স) দীপ্তিযুক্ত রস।

দীপ্তলোচন (দীপ্ত দীপ্তিবিশিষ্ট—লোচন নয়ন। রাত্রিকালে ইহার চক্ষুঃ দীপ্তিবিশিষ্ট হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিড়াল। ২। (য়ং—স) ক্লীং, উজ্জ্বল নয়ন।

দীপ্তলোহ (দীপ্ত দীপ্তিযুক্ত—লোহ) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

দীপ্তশক্তি, (দীপ্ত—শক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়।

দীপ্তাক্ষ (দীপ্ত দীপ্তিবিশিষ্ট—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিড়াল। ২। বিং, ত্রিং, উজ্জ্বল চক্ষুর্বিশিষ্ট।

দীপ্তাগ্নি (দীপ্ত উত্তেজিত—অগ্নি আগুন, জঠরানল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগস্ত্য মুনি। ২। প্রজ্বলিত অগ্নি। শিং—১ "সধূমদীপ্তাগ্নিরুচীনি রেজুঃ।" (ভট্টি)। ৩। বিং, ত্রিং, তীক্ষ্ণ জঠরানলবিশিষ্ট।

দীপ্তাঙ্গ (দীপ্ত—অঙ্গ দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর। ২। (য়ং—স) ক্লীং, প্রভাবিশিষ্ট অঙ্গ।

দীপ্তি (দীপ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, তেজঃ, প্রভা। ২। শোভা, কান্তি। শিং—১ "কান্তিরেবাতিবিস্তীর্ণা দীপ্তিরিত্যভিধীয়তে।" ২। "কান্তিরেব বয়োভোগ দেশকালগুণাদিভিঃ উদ্দীপিতাতিবিস্তারং প্রাপ্তা চেদ্দীপ্তিরুচ্যতে।" ৩। লাক্ষা। ৪। কাংস্য। [দুগ্ধপাষাণবৃক্ষ।

দীপ্তিক (দীপ্তি দেখ, কণ্—যোগ) সং, পুং,

দীপ্তিমান্ (দীপ্তিমৎ, দীপ্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উজ্জ্বল, প্রভাশালী। ২। শোভাবিশিষ্ট।

দীপ্তোপল (দীপ্ত দীপ্তিবিশিষ্ট—উপল প্রস্তর) সং, পুং, যে স্বচ্ছ পদার্থ দ্বারা জ্যোতির্বিম্ব কোন এক নির্দ্দিষ্ট স্থানে সমাবিষ্ট হয়। ২। সূর্য্যকান্তমণি।

দীপ্য (দীপ্ দীপ্ত করা+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রজ্বলনযোগ্য, প্রকাশার্হ। ২। সং, পুং, যমানী। ৩। জীরক। ৪। ময়ূরশিখা। ৫। রুদ্রজটা।

দীপ্যক (দীপ্য দেখ, কণ্—যোগ) সং, ক্লীং, অজমোদা। ২। যমানী। ৩। ময়ূরপুচ্ছ।

দীপ্যমান (দীপ্ দীপ্ত করা+আন(শান)—ক) বিং, ত্রিং, দীপ্তিশীল, প্রকাশমান। ২। শোভমান।

দীপ্র (দীপ দেখ, র—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, দীপ্তিশালী। শিং—১ "হিংস্রেষু দীপ্রাস্ত্রধরং কুমারঃ।" ২। তীক্ষ্ণ।

দীয়মান (দা দানকরা+আন(শান)-র্ম্ম) বিং, ত্রিং, যাহা দেওয়া যাইতেছে। শিং—১ বিবাহোৎসবযজ্ঞেষু অন্তরামৃত সূতকে। পূর্ব্বসঙ্কল্পিতং দ্রব্যং দীয়মানং ন দুষ্যতি।"

দীয়াশলাই (দীয়া দীপ শব্দজ—শলাই শলাকা শব্দজ) সং, দীপশলাকা, দেকাটি।

দীর্ঘ (দ্রাঘ্ আয়ত হওয়া+অ—প্রং। কিম্বা দিব্ দীপ্ত হওয়া+র্ঘ—প্রং। কিম্বা দৃ বিদীর্ণ করা+ঘ(ঘক্)—ক) বিং, ত্রিং, লম্বা। শিং—১ "দীর্ঘকেশী সুমধ্যা।" ২। অধিক। শিং—১ "দীর্ঘমুষ্ণক নিঃশ্বসন্।" ৩। গুরু; যথা—দীর্ঘ ভারবহনে ক্লান্ত হইয়াছে। ৪। সং, পুং, দ্বিমাত্র স্বরবর্ণ; যথা—আ ঈ এ ঐ ইত্যাদি। ৫। সঙ্গীতে—দ্বিমাত্রার নাম দীর্ঘ; যেমন অ, অ, সহজে দুইটী অকার উচ্চারণে যে সময় লাগে, তাহাকে দীর্ঘ বা দ্বিমাত্র কাল কহে। ৬। পরিণাম; যথা—তিনি দীর্ঘদর্শী ছিলেন। ৭। লতাশালবৃক্ষ। ৮। রামশর। ৯। উষ্ট্র। ১০। সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক এই চারিটী রাশি দীর্ঘরাশি। ১১। আয়ত।

দীর্ঘকণ্ঠ, দীর্ঘকন্ধর (দীর্ঘ—কণ্ঠ, কন্ধর গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বকপক্ষী। ২। বিং, ত্রিং, লম্বকণ্ঠ।

দীর্ঘকন্দ ; সং, ক্লীং, মূলক মূলা।

দীর্ঘকাণ্ড (দীর্ঘ—কাণ্ড, য়ং—স) সং, পুং, বিস্তীর্ণ ব্যাপার। ২। গুণ্ডতৃণ। ণ্ডা—স্ত্রীং, পাতাল গড়ুড়ী লতা।

দীর্ঘকাল, দীর্ঘকীলক সং, পুং, অঙ্কোঠবৃক্ষ, আখ্‌রোটগাছ

দীর্ঘকেশ (দীর্ঘ—কেশ চুল, ৬ষ্ঠী—হিং) ভালুক। ২। বিং, ত্রিং, যাহার চুল লম্বা।

দীর্ঘকোশিকা—ষিকা (দীর্ঘ—কোশ,ম=খাপ +কণ্‌—যোগ) সং, ক্লীং, শুক্তি, ঝিনুক।

দীর্ঘগতি (দীর্ঘ—গতি গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র, উট। (য়ং—স) স্ত্রীং, সত্বর গমন।

দীর্ঘগ্রীব (দীর্ঘ লম্বা—গ্রীব গলা। লম্বা গ্রীবা যার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র। ২। বক। ৩। বিং, ত্রিং, লম্বগ্রীবাযুক্ত।

দীর্ঘঘাটিক (দীর্ঘ লম্বা—ঘাটা গলা+ ইক—অস্ত্যর্থে) সং, পুং, উষ্ট্র, উট।

দীর্ঘচ্ছদ (দীর্ঘ—ছদ পাত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষুদণ্ড। ২। দীর্ঘপত্র। ৩। বিং, ত্রিং, দীর্ঘপত্রবিশিষ্ট।

দীর্ঘজঙ্ঘ (দীর্ঘ লম্বা+জঙ্ঘা ঠ্যাঙ্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বক। ২। উষ্ট্র। ৩। সুপ্রতীকের ভ্রাতা। ৪। বিং, ত্রিং, যাহার জঙ্ঘা দীর্ঘ।

দীর্ঘজিহ্ব (দীর্ঘ লম্বা—জিহ্বা। দীর্ঘ জিহ্বা যার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প। ২। দানববিশেষ। হ্বা—স্ত্রীং, বিরোচনকন্যা, রাক্ষসীবিশেষ।

দীর্ঘজীবী (—জীবিন্, দীর্ঘ—জীবিন্ যে বাঁচে) বিং, ত্রিং, যে অধিক কাল বাঁচিয়া থাকে। শিং—১"দেবদ্বিজানুরক্তশ্চ দীর্ঘজীবী ভবেন্নরঃ।" ২ "তত্র কালেন জায়ন্তে মানবাঃ দীর্ঘজীবিনঃ।"

দীর্ঘতপাঃ (দীর্ঘতপস্, দীর্ঘ—তপস্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গৌতম ঋষি। ২। দীর্ঘকাল তপঃসাধক ব্যক্তি। ৩। নৃপবিশেষ।

দীর্ঘতমা কাশীরাজের পুত্র,ধন্বন্তরির পিতা। ২। বৃহস্পতির জ্যেষ্ঠভ্রাতা উতথ্যের পত্নী মমতার গর্ভে উতথ্যের ঔরসে ইহার জন্ম হয়। বৃহস্পতির শাপপ্রভাবে উতথ্যতনয় অন্ধ হইয়া জন্মগ্রহণ করিলেন তাহাতে তাহার নাম দীর্ঘতমা হইল।

দীর্ঘতরু ; সং, পুং, তালবৃক্ষ।

দীর্ঘতুণ্ডা (দীর্ঘ—তুণ্ড, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ছুছুন্দরী, ছুঁচা।

দীর্ঘদণ্ড (দীর্ঘ—দণ্ড [যষ্টি] ডাঁটা) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

দীর্ঘদর্শী (দীর্ঘদর্শিন্, দীর্ঘ—দর্শিন্ যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, দূরদর্শী। শিং—১ "স হি ধর্ম্মং পুরস্কৃত্য দীর্ঘদর্শী পরং হিতম্।" ২। সং, পুং, পণ্ডিত। ৩। গৃধ। ৪। ভালুক।

দীর্ঘদৃষ্টি (দীর্ঘ—দৃষ্টি দর্শন) বিং, ত্রিং, দূরদর্শী, পণ্ডিত। ২। সং, স্ত্রীং, দূরবীক্ষণ যন্ত্র।

দীর্ঘদ্রু ; সং,পুং, তালবৃক্ষ। ২। শিমুলগাছ।

দীর্ঘদ্রুম ; সং, পুং, শাল্মলিবৃক্ষ।

দীর্ঘনাদ (দীর্ঘ—নাদ শব্দ। যাহার শব্দ অধিক দূরগামী হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শঙ্খ। ৩। বিং, ত্রিং দীর্ঘশব্দকারী।

দীর্ঘনাস (দীর্ঘ—নাসা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘনাসিকাবিশিষ্ট, যাহার লম্বা নাক।

দীর্ঘনিদ্রা (দীর্ঘ—নিদ্রা, য়ং—স) সং, স্ত্রীং, মৃত্যু। ২। বহুক্ষণস্থায়িনী নিদ্রা। শিং—১ "রামেষুভিরিতীবাসৌ দীর্ঘনিদ্রাং প্রবেশিতঃ।" (রঘু)। [ধুঁদুল।

দীর্ঘপটোলিকা ; সং, স্ত্রীং, লতাফলবিশেষ,

দীর্ঘপাদ, দীর্ঘপাদ্ ; সং, পুং, কঙ্কপক্ষী।

দীর্ঘপাদপ ; সং, পুং, তালবৃক্ষ। ২। পুগবৃক্ষ। [হিং) সং, পুং, সর্প।

দীর্ঘপৃষ্ঠ (দীর্ঘ লম্বা—পৃষ্ঠ পিঠ্, ৬ষ্ঠী—

দীর্ঘমাত্রা ; সং, স্ত্রীং, বন্ধনী, ব্র্যাকেট্ চিহ্ন।

দীর্ঘমারুত (দীর্ঘ লম্বা—মারুত [বায়ু] নিঃশ্বাস প্রশ্বাস) সং,পুং—স্ত্রীং,হস্তি,হস্তিনী।

দীর্ঘমূল ; সং, ক্লীং, লামজ্জক। ২। পুং, মোরট লতা, বিল্বান্তরবৃক্ষ। লা—স্ত্রীং, শ্যামালতা। ২। শালপর্ণীবৃক্ষ।

দীর্ঘমূলক ; সং, ক্লীং, বড় মূলা।
দীর্ঘরদ (দীর্ঘ লম্বা—রদ দন্ত,৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। ২। বিং, ত্রিং, দীর্ঘদন্ত।
দীর্ঘরসন (দীর্ঘ লম্বা—রসনা জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।
দীর্ঘরাগা (দীর্ঘ দীর্ঘকাল—রাগ রঞ্জন। যাহার রাগ বহুকালস্থায়ী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হরিদ্রা। [রাত্রি। ২। বহুকাল।
দীর্ঘরাত্র (দীর্ঘ—রাত্রি+ষ) সং, পুং, বড়-
দীর্ঘরোমা (—রোমন্, দীর্ঘ লম্বা—রোমন্ লোম) সং, পুং, ভালুক। ২। শিবের অনুচরবিশেষ। ৩। ধৃতরাষ্ট্রের পুত্র। ৪। বিং, ত্রিং, দীর্ঘলোমযুক্ত।
দীর্ঘবংশ (দীর্ঘ—বংশ কুল, বাঁশ) সং, পুং, নল, খাকৃড়া। ২। লম্বা বাঁশ। ৩। বিস্তৃত কুল। [—স্ত্রীং, হস্তী।
দীর্ঘবক্ত্র (দীর্ঘ লম্বা—বক্ত্র মুখ) সং, পুং
দীর্ঘবর্চ্ছিকা ; সং, স্ত্রীং, কুম্ভীর।
দীর্ঘবালা ; সং, স্ত্রীং, চমরী মৃগ।
দীর্ঘশাখ (দীর্ঘ লম্বা—শাখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শালবৃক্ষ। ২। শণবৃক্ষ।
দীর্ঘসক্থ ; বিং, ত্রিং, দীর্ঘ উরুবিশিষ্ট।
দীর্ঘসক্থি (দীর্ঘ—সক্থি চক্র, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শকট।
দীর্ঘসত্র (দীর্ঘ—সত্র যজ্ঞ ইত্যাদি) সং, ক্লীং, দীর্ঘকালসাধ্য যজ্ঞবিশেষ। ২। তীর্থবিশেষ। ৩। বিং,ত্রিং, উক্তরূপ যাগকারী। শিং—১ "হবিষে দীর্ঘসত্রস্য সা চেদানীং প্রচেতসঃ।" (রঘু)।
দীর্ঘসুরত (দীর্ঘ—সুরত রতিক্রীড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুকুর।
দীর্ঘসূত্র } (দীর্ঘ—সূত্র সূতা, ৬ষ্ঠী
দীর্ঘসূত্রী—ত্রিন্ } —হিং। দীর্ঘসূত্র+ইন্ —অস্ত্যর্থে) বিং, ত্রিং, চিরক্রিয়, যাহা এক দিবসে করা উচিত তাহা একমাসেও যে সম্পন্ন করিতে না পারে, বিলম্বে কার্য্যকারক। শিং—১ "অদীর্ঘসূত্রশ্চ ভবেৎ সর্ব্বকর্ম্মসু পার্থিবঃ। দীর্ঘসূত্রস্য নৃপতেঃ কর্ম্মহানি র্ধ্রুবং ভবেৎ।" ২। দীর্ঘ তন্তুবিশিষ্ট। শিং—১ "দীর্ঘসূত্রমকরোৎ পরিধানম্।" (মাঘ)।

দীর্ঘসূত্রতা } (দীর্ঘসূত্র,—ত্রিন্+তা—
দীর্ঘসূত্রিতা } ভা) সং, স্ত্রীং, অনেক বিলম্বে কর্ম্ম করা, সত্বর কর্ম্ম নির্ব্বাহ করিতে অনিচ্ছা বা অযত্ন। শিং—১ "নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা।"
দীর্ঘস্কন্ধ (দীর্ঘ—স্কন্ধ কাঁধ,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার স্কন্ধ দীর্ঘ। ২। পুং,তালগাছ।
দীর্ঘাধ্বগ (দীর্ঘ—অধ্বন্ পথ—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, দ্রুতগামী পত্রবাহক, ডাকুয়া। ২। সং, পুং, উষ্ট্র, উট।
দীর্ঘায়ুধ (দীর্ঘ লম্বা—আয়ুধ অস্ত্র) সং, পুং, কুন্ত অস্ত্র। ২। শূকর।
দীর্ঘায়ুঃ (দীর্ঘায়ুস্, দীর্ঘ—আয়ুস্ জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিরজীবী। শিং —১ "দীর্ঘায়ুষং প্রকুর্ব্বন্ত যস্যেয়ং জন্মপত্রিকা।" ২। সং, পুং, মার্কণ্ডেয় মুনি। ৩। কাক। ৪। শাল্মলীবৃক্ষ।
দীর্ঘায়ুরস্তু (দীর্ঘ—আয়ুস্—অস্তু) "দীর্ঘ আয়ু হউক" অথবা "অমুক দীর্ঘায়ু হউক" এই আশীর্ব্বাক্য।
দীর্ঘিকা (দীর্ঘ+কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ত্রিশত ধনুপরিমিত জলাশয়, বৃহৎ পুষ্করিণী। শিং—১ "স্বর্নদী সুরদীর্ঘিকা।"
দীর্ণ (দৃ বিদারণ করা, ভয় পাওয়া+ত(ক্ত) —র্ণ) বিং, ত্রিং, বিদারিত। ২। (+ক্ত—ক) ভগ্ন। ৩। ভীত। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, বিদারণ।
দীব্যমান (দিব্ ক্রীড়া করা+আন(শান)—ক) বিং, ত্রিং, ক্রীড়ক। ২। ক্ষেপক।
দুঃকূল ; সং, পুং, চোর নামক গন্ধদ্রব্য।
দুঃখ, দুখ্ খ (দুঃখ্ ক্লেশ দেওয়া+অ(অল্) —ভা। কিম্বা দুর্ অশুভ—খ্যা বলা অথবা খন্ খোড়া+অ(ড)—ভা) সং, ক্লীং, ক্লেশ,কষ্ট। ২। সন্তাপ, মনঃক্ষোভ। ৩। যন্ত্রণা। ৪। দুর্দ্দশা, দুরবস্থা। ৫। বিপদ্, সঙ্কট। ৬। অসুখ, মনঃপীড়া। শিং —১ "চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ।" ৭। ন্যায়মতে—আত্মগুণবিশেষ। ৮। অধর্ম্ম জন্য আত্মার গ্লানি। ৯। সংসার।

১০। মনের ধর্ম্মবিশেষ। ১১। (+অ(অন্) —ক) বিং, ত্রিং, দুঃখজনক।

দুঃখত্রয় ; সং, ক্লীং, আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ দুঃখ।

দুঃখদোহ্যা (দুঃখ—দোহ্যা, ৩য়া—ব) সং, স্ত্রীং, কষ্টে যে গাভীর দুগ্ধ দোহন করা যায়।

দুঃখার্ত্ত (দুঃখ—আর্ত্ত কাতর, পীড়িত, ৩য়া—ষ) বিং, ত্রিং, যে দুঃখে কাতর হইয়াছে।

দুঃখাসিকা (দুঃখ—আস্ + অল্—ভাবে, কণ্, আপ্) সং, স্ত্রীং, দুঃখাবস্থিতি।

দুঃখিত (দুঃখ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার দুঃখ হইয়াছে, অসুখিত। ২। (+ক্ত—ভা) সং, ক্লীং, দুঃখ।

দুঃখী (দুঃখিন্, দুঃখ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংজাতদুঃখ, দুঃখিত। শিং—১ "দুঃখিনোঽদুঃখিনো বাপি প্রাণিনো লব্ধচক্ষুষঃ।" ২। যে দুঃখ পায়, যে দুঃখ ভোগ করে। ৩। দীন, দরিদ্র।

দুঃশল—পুং } সং, ধৃতরাষ্ট্রের পুত্র ও
দুঃশলা—স্ত্রীং } কন্যা।

দুঃশাস (দুর্—শাস [শাস্ শাসন করা+অ(খল্)—র্ম্ম] শাসন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার শাসন করা কঠিন, যাহাকে দমনে রাখা সহজ নহে, দুর্দম্য।

দুঃশাসন (দুর্ দুঃখে—শাস্ শাসনকরা+অন—র্ম্ম) সং, পুং, দুর্য্যোধনের মধ্যম ভ্রাতা। শিং—১ "দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে।" ২। বিং, ত্রিং, যাহাকে অতি কষ্টে শাসন করা যায়। ৩। (+অনট্—ভাবে) ক্লীং, দুঃখে শাসন।

দুঃশীল (দুর্—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুশ্চরিত্র, মন্দস্বভাববিশিষ্ট।

দুঃশ্রব (দুর্—শ্রু শুনা+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, অশ্রাব্য, যাহা শুনিলে দুঃখ উপস্থিত হয়। [অং, নিন্দনীয়।

দুঃষম (দুর্ কুৎসিত—সম তুল্য। স=ষ)

দুঃসময় (দুর্—সময়) সং, পুং, মন্দ সময়, দুঃখের অবস্থা। ২। অকাল, দুর্ভিক্ষ।

দুঃসহ (দুর্ দুঃখ—সহ [সহ্ সহ্য করা+অ(খল্)—র্ম্ম] যাহা সহ্য করা যায়) বিং, ত্রিং, অসহ্য, যাহা অতি কষ্টে সহিতে পারা যায়, অতিক্লেশদায়ক। শিং—১ "তেষামাপততাং বেগঃ করিণাং দুঃসহোঽভবৎ।"

দুঃসাধী (—ধিন্, দুর্ দুঃখ—সাধ্ নিষ্পন্ন করা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দৌবারিক, দ্বারপাল।

দুঃসাধ্য (দুর্ দুঃখ—সাধ্য নিষ্পাদ্য) বিং, ত্রিং, যাহা সম্পন্ন করা কঠিন, যাহা সহজে সম্পন্ন হইয়া উঠে না, কষ্টসাধ্য, ক্লেশসাধ্য। ২। যাহা সম্পন্ন করিতে পারা যায় না, অসাধ্য। ৩। যার প্রতীকার হইতে পারে না, অপ্রতিকার্য্য, অপ্রতিবিধেয়। ৪। যাহার চিকিৎসা দ্বারা উপশম হয় না, অচিকিৎস্য, অচিকিৎসনীয়।

দুঃসাহস (দুর্ নিন্দিত—সাহস, যং—স) সং, পুং, অনুচিত সাহস।

দুঃসাহসিক (দুঃসাহস+ইক—প্রং) বিং, ত্রিং, অসমসাহসিক, যাহাতে সাহস করিয়া প্রবৃত্ত হওয়া যায়।

দুঃস্থ, দুস্থ (দুর্ দুঃখ—স্থ [স্থা থাকা+অ(ক)—ক] যে থাকে) বিং, ত্রিং, যে কষ্টে থাকে, যে ক্লেশে কালযাপন করে, যে দুঃখে দিনপাত করে, দরিদ্র। ২। দুরবস্থাপন্ন। ৩। মূর্খ। [ত্রিং, দুঃখে অবস্থিত।

দুঃস্থিত (দুর্ দুঃখ—স্থিত, ৭মী—ষ) বিং,

দুঃস্থিতি (দুর্ দুঃখ—স্থিতি) সং, স্ত্রীং, দুরবস্থা। ২। অস্থিরতা। ৩। দুঃখে অবস্থান।

দুঃস্পর্শ (দুর্ দুঃখ—স্পৃশ্ স্পর্শ করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুঃখে স্পর্শনীয়।

দুঃস্বপ্ন ; সং, পুং, অশুভ স্বপ্ন, যেরূপ স্বপ্ন দেখিলে অমঙ্গল ঘটে (লোকের এরূপ সংস্কার আছে স্বপ্নবিশেষে শুভাশুভ ঘটিয়া থাকে)। শিং—১ "শক্রসৈন্যং ক্ষয়ং যাতি দুস্বপ্নঃ সুস্বপ্নো ভবেৎ।"

দুকূল (দু উত্তপ্ত করা+উল—প্রং। কূ—আগম। এই বস্ত্র উষ্ণতাজনক। অথবা দুর্—কূল+অ(ক)—ক) সং, ক্লীং, রেসমী কাপড়। শিং—১ "অথ সবন্ধ দুকূল কুথাদিভিঃ।"(ভট্টি)। ২ "বধূদুকূলং

কলহংসলক্ষণম্।" ২। শুভ্রবস্ত্র। ৩। সূক্ষ্ম বস্ত্র। ৪। উত্তরীয় বস্ত্র।

দুগ্ধ (দুহ্ দোহন করা+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, ক্ষীর, দুধ। ২। (+ক্ত—ভা) দোহন। ৩। বিং, ত্রিং, যাহাকে দোহন করা হইয়াছে। ৪। পূরিত। গ্ধা—স্ত্রীং,যাহাকে দোহন করা যায়।

দুগ্ধকূপিকা; সং, স্ত্রীং, ঘৃত দুগ্ধ ও তণ্ডুলচূর্ণ দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ।

দুগ্ধপাচন (দুগ্ধ—পচ্ পাককরা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, দুগ্ধ জাল দিবার পাত্র।

দুগ্ধপোষ্য (দুগ্ধ—পোষ্য, ৩য়া—ষ) বিং,ত্রিং, যাহারা কেবল দুগ্ধ পান করিয়া জীবনধারণ করে। ২। সং, পুং, শিশু। [রজ্জু।

দুগ্ধবন্ধ; সং, পুং, দুগ্ধদোহনার্থ গো-বন্ধন

দুগ্ধফেনী; সং, স্ত্রীং, ক্ষুদ্র ক্ষুপবিশেষ।

দুগ্ধসমুদ্র; সং, পুং—ক্লীং, ক্ষীরসমুদ্র।

দুগ্ধাশ্ম; সং, পুং, প্রস্তরবিশেষ। [লক্ষ্মী।

দুগ্ধাব্ধিতনয়া(দুগ্ধাব্ধি—তনয়া কন্যা) সং,স্ত্রীং,

দুচ্ছক; সং, পুং, মুরানামক গন্ধদ্রব্য।

দুচ্ছা (দুচ্ছুন্, দু দুষ্ট—শ্বা কুক্কুর, য়ং—স) সং, পুং, দুষ্ট কুক্কুর।

দুণ্ডুক; বিং, ত্রিং, কুটিলান্তঃকরণ, খল।

দুণ্ডুভ (ক্রুড্ মগ্নহওয়া+উভ—সংজ্ঞার্থে, নিপাতন) সং, পুং, ঢোঁড়া সাপ।

দুত (দু যাতনা দেওয়া, গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পীড়িত। শিং—১"মৃদুতয়া দুতয়া।" ২। গত।

দুদ, দুধ (দুগ্ধ শব্দজ) সং, পয়ঃ, ক্ষীর।

দুন্দু (দু দুঃখ—দম্ দমন করা+উ—প্রং, ন্—আগম) সং, পুং, বসুদেব, কৃষ্ণের পিতা। ২। দুন্দুভিবাদ্য।

দুন্দুভি (দুন্দু অনুকরণ শব্দ—ভা [দীপ্তি পাওয়া] উচ্চারণ করা+ই(ডি)—ক) সং, পুং, ঢাক, নাগরা। "দুন্দুভিশ্চ তদা দিব্যস্তাড়িতো দেবকিঙ্করৈঃ।"২। দৈত্যবিশেষ। শিং—১ "মায়াবী নাম তেজস্বী পূর্ব্বজো দুন্দুভেঃ সুতঃ।" ৩। রাক্ষস-বিশেষ। ৪। বরুণ। ৫। বিষ। ৬। বৎসরবিশেষ। ৭। স্ত্রীং,পাশক। ৮। পাশক্রীড়ার দানবিশেষ, বিন্তি। ৯। পাঞ্চি।

দুন্দুভিস্বন (দুন্দুভি—স্বন শব্দ, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, দুন্দুভির শব্দ।

দুন্বৎ (দু অনুতাপ করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, পীড়াদায়ক।

দুর্ } (দো ছেদন করা+ডুর্, ডুস্—ক)
দুস্ } অং, দুঃখ। ২। নিন্দিত। ৩। মন্দ। ৪। দুষ্ট। ৫। নিষিদ্ধ।

দুরক্ষ (দুর্—অক্ষ পাশা) সং, পুং, কপট পাশক। ২। দুষ্ট দ্যূত। ৩। বিং, ত্রিং, দুষ্ট নেত্রযুক্ত।

দুরতিক্রম (দুর্—অতিক্রম লঙ্ঘন) বিং,ত্রিং, অলঙ্ঘনীয়, যাহা অতিক্রম করা দুঃসাধ্য। শিং—১ "সর্ব্বস্ত তপসাসাধ্যং তপো হি দুরতিক্রমম্।"

দুরত্যয় (দুর্ দুঃখ—অত্যয় অতিক্রম) বিং, ত্রিং, দুর্বিনাশ্য। ২। দুরতিক্রম। ৩। দুস্তর। "স্বর্গমার্গপরিঘোদুরত্যয়ঃ।" (রঘু)।

দুরদৃষ্ট (দুর্—অদৃষ্ট ভাগ্য) সং, ক্লীং, দুর্ভাগ্য। ২। মন্দভাগ্য। ৩। পাপ।

দুরধিগম (দুর্ দুঃখজনক—অধিগম প্রাপ্তি, জ্ঞান) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য, যাহা কষ্টে পাওয়া যায়। ২। দুর্গম। ৩। দুষ্প্রবেশ। ৪। দুর্জ্ঞেয়। শিং—১ "ইহ দুরধিগমৈঃ কিঞ্চিদেবাগমৈঃ।" (কিরাত)।

দুরধ্যয় (দুর্—অধ্যয় অধ্যয়ন) বিং, ত্রিং, যাহা অনায়াসে অধ্যয়ন করিতে পারা যায় না। ২। যাহা পড়িয়া উঠা কঠিন।

দুরধ্ব (দুর্ মন্দ—অধ্বন্ পথ+অ) সং, পুং, কুৎসিত পথ, মন্দপথ।

দুরন্ত (দুর্ দুঃখ—অন্ত শেষ) বিং, ত্রিং, পরিশেষে ক্লেশকর। ২। দুষ্টাবসান। ৩। দুর্দ্দান্ত। ৪। দুর্জ্ঞেয়। ৫। গভীর। ৬। দুষ্ট, অবাধ্য। শিং—১ "বসন্তে—বিরহিজনস্য দুরন্তে।" ৭। দুরতিক্রমণীয়।

দুরপনেয় (দুর্—অপ একস্থান হইতে—নী লওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দূরীকরণ করা দুঃসাধ্য, যাহা অপনয়ন করা কঠিন।

দুরভিগ্রহ (দুর্—অভিগ্রহ গ্রহণ) বিং,ত্রিং, যাহা কষ্টে গ্রহণ করা যায়। [দুর্জ্ঞেয়।

দুরবগম (দুর্—অবগম জ্ঞান) বিং, ত্রিং,

দুরবগ্রহ (দুর্—অব—গ্রহ্ দূরীকরণ করা

+অ(অল্)—র্ম্ম ) বিং, ত্রিং, যাহাকে দূরীকৃত করা দুঃসাধ্য। শিং—১ "বংশা-গতো রিপুর্যস্তু বিচলেৎ দুরবগ্রহঃ।"

দুরবগাহ (দুর্—অব—গাহ্ স্নান করা+অ (অল্)—ভা) বিং, ত্রিং, দুষ্প্রবেশ্য। ২। দুর্ব্বোধ, জটিল। ৩। যাহার উচ্ছেদ করিতে পারা যায় না।

দুরবস্থ (দুর্—অবস্থা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার অবস্থা মন্দ, দুর্দ্দশাপন্ন।

দুরবস্থা (দুর্—অবস্থা) সং,স্ত্রীং, মন্দ অবস্থা, দুর্দ্দশা।

দুরবাপ (দুর্—অব—আপ্ পাওয়া+অ—প্রং) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য।

দুরাক (দুর্ নিন্দিত, অধম+আক—সং-জ্ঞার্থে) সং, পুং, ম্লেচ্ছ জাতিবিশেষ।

দুরাকাঙ্ক্ষ ( দুর্—আকাঙ্ক্ষা অভিলাষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কিছুতেই যাহার আকাঙ্ক্ষা নিবৃত্তি হয় না, যে অসম্ভাবিত বিষয়ের প্রত্যাশা করে।

দুরাকাঙ্ক্ষা ( দুর্—আকাঙ্ক্ষা অভিলাষ ) সং, স্ত্রীং, দুষ্ট আকাঙ্ক্ষা, কিছুতেই আ-কাঙ্ক্ষা নিবৃত্তি না হওয়া, দুষ্প্রাপ্য বিষয়ের অভিলাষ।

দুরাক্রম্য (দুর্—আক্রম্য আক্রমণযোগ্য) বিং, ত্রিং, যাহা আক্রমণ করা দুঃসাধ্য।

দুরাগ্রহ (দুর্—আগ্রহ অতিযত্ন) সং, পুং, দুশ্চেষ্টা, মন্দ বিষয়ে অভিনিবেশ। ২। বিং, ত্রিং, দুষ্ট আগ্রহযুক্ত।

দুরাচর (দুর্—আ—চর্ ক্লেশে অনুষ্ঠান করা+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার অনুষ্ঠান করা দুঃসাধ্য, ক্লেশে আচরণীয়। শিং—১"সোঽয়ং চতুর্ণামেতেষামাশ্রমাণাং দুরাচরঃ।"

দুরাচার (দুর্ নিন্দিত—আচার, যং—স+ ৬ষ্ঠী—হিং) সং,পুং, কুব্যবহার, কদাচার। শিং—১ "প্রাপ্তে কলিযুগে ঘোরে নরাঃ পুণ্যবিবর্জ্জিতাঃ। দুরাচাররতাঃ সর্ব্বে সত্য-বার্ত্তাপরাঙ্মুখাঃ।" ২। বিং, ত্রিং, কুব্যব-হারী। ৩। দুর্বৃত্ত।

দুরাত্মা (দুরাত্মন্, দুর্ নিন্দিত—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পাপাত্মা, নির্দ্দয়। ২। দুষ্ট, অত্যাচারী, উৎপীড়ক। ৩। দুষ্ট-চিত্ত, দুষ্ট স্বভাব। শিং—১ "যস্তু ধর্ম্মেণ কার্য্যাণি মোহাৎ কুর্য্যান্নরাধিপঃ। অচি-রাত্তং দুরাত্মানং বশে কুর্ব্বন্তি শত্রবঃ।"

দুরাধন, দুরাধর ; সং,পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দুরাধর্ষ (দুর্—আ—ধৃষ্-ণিচ্=ধর্ষি প্রগল্ভ হওয়ান+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্দ্ধর্ষ-ণীয়। ২। সং, পুং, শ্বেত সর্ষপ।

দুরাধার (দুর্—আ—ধৃ ধারণ করা+অ (ঘঞ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ধারণ করা দুঃসাধ্য, দুশ্চিন্তনীয়। ২। (দুর্ মন্দ—আধার, ৬ষ্ঠী—হিং। দুষ্টাধারসম্পন্ন) সং, পুং, মহাদেব।

দুরানম (দুর্—আ—নম্ নম্র হওয়া+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অনায়াসে নোয়ান যায় না। শিং—১ "স বিচিন্ত্য চ ধনুর্দুরানমম্।" (রঘু)।

দুরাপ ( দুর্ দুঃখ—আপ্ পাওয়া+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য, দুর্লভ। শিং—১"দুর্জ্জেয়াঃ খলু শূরান্তে দুরাপাস্ত-পসাবৃতাঃ।" ২ "ইক্ষ্বাকূণাং দুরাপেঽর্থে ত্বদধীনা হি সিদ্ধয়ঃ।" (রঘু)।

দুরারোহ (দুর্ দুঃখ—আ—রুহ্ আরো-হণ করা + অ(অল্)—র্ম্ম ) বিং, ত্রিং, দুঃখে আরোহণীয়, দুর্গম্য। ২। অত্যু-ন্নত। শিং—১ "দুরারোহং পদং রাজ্ঞাং সর্ব্বলোক নমস্কৃতম্।" ২। (+অল্—ভা) সং, ক্লীং, ক্লেশে আরোহণ।

দুরালভ (দুর্ দুঃখ—আ—লভ্ [লাভ করা] স্পর্শ করা+অ(খল্)—র্ম্ম। যাহা দুঃখে স্পর্শ করা যায়) বিং, ত্রিং, দুর্লভ। ভা—স্ত্রীং, স্বনাম-প্রসিদ্ধ কণ্টকবৃক্ষ। ২। আল-কুশী লতা।

দুরালাপ (দুর্ নিন্দিত, দুষ্ট—আলাপ ক-থোপকথন, যং—স) সং, পুং, দুষ্টবাক্য, কটুবাক্য, গালি। ২। বিং, ত্রিং, কটু-ভাষী, দুষ্টবক্তা।

দুরাশয় (দুর্—আশয় মন বা অভিপ্রায়,৬ষ্ঠী —হিং) বিং,ত্রিং, দুষ্টাভিপ্রায়, যাহার মন্দ উদ্দেশ্য। ২। দুরাকাঙ্ক্ষ। ৩। (যং—স) সং, ক্লীং, মন্দ অভিপ্রায়, দুষ্ট অভিসন্ধি।

দুরাশা (দুর্—আশা) সং, স্ত্রীং, দুষ্ট আশা, দুর্মনোরথ।
দুরাসদ (দুর্ দুঃখ—আ—সদ্ [গমন করা] পাওয়া, সহ্য করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য। ২। দুর্দ্ধর্ষ। ৩। দুঃসহ। শিং—১ "সংপ্রতি হি সমদেশবর্ত্তিনস্তে ন দুরাসদো (মৃগ) ভবিষ্যতি।"
দুরিত (দুর্ নিন্দা—ইত গমন, ৫মী—হিং) সং, ক্লীং, দুষ্কৃত, পাপ। শিং—১ "হরিকথৈব দুরিতম্—হরতি।" ২। অনিষ্ট। ৩। বিং, ত্রিং, পাপিষ্ঠ।
দুরিতদমনী (দুরিত—দম্ দমন করা+অন (অনট্)—ণ, ঈপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, পাপক্ষয়কারিণী। ২। সং, স্ত্রীং, শমীবৃক্ষ।
দুরিষ্ট (দুর্ মন্দ—ইষ্ট যুক্ত, যং—স) সং, ক্লীং, কুৎসিত যজ্ঞ, অভিচারার্থ যোগ। শিং—১ "স যাতি কৃমিভক্ষৈব কৃমীশে-চ দুরিষ্টকৃৎ।"
দুরিষ্টি (দুর্ মন্দ—ইষ্টি চালা, যং—স) সং, স্ত্রীং, অশাস্ত্রীয় যাগ।
দুরিষ্ঠ (দুর্ মন্দ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় মন্দ।
দুরীষণা (দুর্ নিন্দিত—ঈষণা দর্শন) সং, স্ত্রীং, অভিসম্পাত, শাপ।
দুরুক্ত (দুর্—উক্ত বাক্য, যং—স) সং, ক্লীং, দুর্ব্বাক্য,গালি। শিং—১ "দুরুক্তভাষাভিহিতৈঃ প্রাপ্নুবন্তি সুদুষ্কৃতম্।"
দুরুচ্চার (দুর্—উচ্চার উচ্চারণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহা উচ্চারণ করিতে পারা যায় না, অশ্লীল।
দুরুচ্ছেদ (দুর্—উচ্ছেদ [উৎ—ছিদ্ ছেদন করা + অ(খল্)—র্ম্ম] উন্মূলন। যাহা অতি কষ্টে উচ্ছেদ করা যায়) বিং, ত্রিং, দুর্নিবার, দুরপনেয়। ২। (+অল্—ভা) সং, ক্লীং, দুর্নিবারণ।
দুরুত্তর (দুর্—উত্তর [উদ্—তৃ পার হওয়া +অ(খল্)—র্ম্ম] উত্তরণ। যাহা দুঃখে পার হওয়া যায়) বিং, ত্রিং, যাহা পার হওয়া কঠিন, দুস্তর। শিং—১ "দুরুত্তরে পঙ্ক ইবান্ধকারে।" (ভট্টি)। ২। সং, ক্লীং, অসৎ উত্তর।
দুরুদাহর (দুর্—উদাহর উদাহরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার উদাহরণ দেওয়া বা বলা দুঃসাধ্য। ২। দুরুচ্চার। শিং—১ "অনুজ্ঝিতার্থসম্বন্ধঃ প্রবন্ধো দুরুদাহরঃ।"
দুরুদ্বহ (দুর্—উদ্বহ বহনীয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহা বহন করা দুঃসাধ্য।
দুরুধুরা; সং, স্ত্রীং, সূর্য্য ও গ্রহান্তরের মধ্যস্থলে নিশাকরের স্থিতিরূপ যোগ, চান্দ্রযোগবিশেষ।
দুরুপসদ (দুর্ দুঃখ—উপ সমীপ—সদ্ গমন করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্গম। ২। দুষ্প্রাপ্য। ৩। দুঃসহ।
দুরুপস্থান (দুর্—উপ—স্থা স্থিতি করা+ অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, দুরধিগম্য। ২। দুর্জ্জয়।
দুরূহ (দুর্ দুঃখ—উহ্ তর্ক করা+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্ব্বোধ, কঠিন, কষ্টসাধ্য। ২। দুর্জ্ঞেয়। ৩। দুস্তর্ক্য। শিং—১ "জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।"
দুরোদর (দুর্ নিন্দিত—আ—উদর বিবাদ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দ্যূতকার, জুয়ারি। ২। পণ, বাজী। ৩। পাশক। ৪। ক্লীং, দ্যূত, জুয়াখেলা। শিং—১ "ন মৃগয়াহভিরতির্ন দুরোদরম্।" (রঘু)।
দুর্গ (দুর্ দুঃখ—গম্ গমন করা+অ(ড) —র্ম্ম) সং, ক্লীং, যুদ্ধ বিগ্রহাদি কালে নিরাপদে থাকিবার জন্য আশ্রয়, গড়। শিং—১ "ষড়্বিধং দুর্গমাস্থায় পুরাণ্যথ নিবেশয়েৎ। ধন্বদুর্গং মহীদুর্গং গিরিদুর্গং তথৈব চ। মনুষ্যদুর্গং মৃদ্দুর্গং বনদুর্গং চ তানি ষট্। ২। বিং, ত্রিং, দুর্গম, অগম্য। ৩। সং, পুং, অসুরবিশেষ, দুর্গার হস্তে নিহিত হয়। ৪। মহাবিঘ্ন, ভববন্ধ, কুকর্ম্ম, শোক, দুঃখ, নরক, যমদণ্ড, জন্ম, মহাভয়, অতিরোগ।
দুর্গকর্ম্ম (—কর্ম্মন্, দুর্গ—কর্ম্ম, ৪র্থী বা ৭মী—ষ) সং, ক্লীং, দুর্গসাধন কর্ম্মবিশেষ।
দুর্গকারক (দুর্গ—কৃ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, দুর্গকর্ত্তা। ২। সং, পুং, বৃক্ষবিশেষ।

**দুর্গত** (দুর্ দুঃখ—গত [গম্ গমন করা+ ত(ক্ত)—ক] যে গমন করিয়াছে ) বিং, ত্রিং, দরিদ্র, দুরবস্থাগ্রস্ত। শিং—১ "নিধানকুম্ভস্য যথৈব দুর্গতঃ।" ( সাহিত্যদর্পণ)। ২। দুঃখী। ৩। বিপদ্‌গ্রস্ত।

**দুর্গতি** (দুর্ দুঃখ—গতি গমন, স্বং — স) সং, স্ত্রীং, দুরবস্থা। শিং—১ "কথং ভবান্ দুর্গতিমীদৃশীং গতঃ।" ২। দারিদ্র্য। ৩। নরক।

**দুর্গন্ধ** (দুর্ নিন্দিত—গন্ধ, স্বং—স+৬ষ্ঠী—হিং) সং, পুং, মন্দগন্ধ। ২। সৌবর্চল লবণ। ৩। বিং, ত্রিং, পূতিগন্ধযুক্ত।

**দুর্গন্ধাঙ্গ** (দুর্গন্ধ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পূতিগন্ধবিশিষ্ট। শিং—১ "সৌগন্ধিকস্য হরণাৎ দুর্গন্ধাঙ্গঃ প্রজায়তে।"

**দুর্গন্ধী** ( দুর্গন্ধিন্, দুর্গন্ধ+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, দুষ্টগন্ধযুক্ত। শিং—১ "চর্ম্মাপনদ্ধং দুর্গন্ধিপূর্ণ মূত্রপুরীষয়োঃ।" (মনু)।

**দুর্গপতি** (দুর্গ—পতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুর্গরক্ষক, দুর্গাধ্যক্ষ শিং—১ "বয়ং জয়েম হেলাভির্দস্যূন্ দুর্গপতির্যথা।"

**দুর্গম** (দুর্ দুঃখ—গম্ গমন করা, পাওয়া, জানা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, অতি কষ্টে যেখানে গমন করা যায়। ২। দুর্লভ। ৩। দুর্জ্ঞেয়। শিং—১ "সংশয়ঃ সুগমস্তত্র নির্ণয় স্তত্র দুর্গমঃ।" ৪। সং, পুং, অসুরবিশেষ। শিং—১ "দুর্গমাখ্যং মহাসুরম্।" (দেবীমাহাত্ম্য)।

**দুর্গসঞ্চর** (দুর্গ দুর্গমস্থান [ সং—চর্ গমন করা+অ(অল্)—ণ ] যাহার অবলম্বনে দুর্গম স্থানে যাওয়া যায়) সং, পুং, সংক্রম, সাঁকো।

**দুর্গা** ( দুর্ দুঃখ—গম্ [ গমন করা ] জানা + অ(ড)—র্ম্ম, আপ্—স্ত্রীং। যাঁহাকে দুঃখে জানা যায়। কিম্বা দুর্—গৈ গান করা+অ(ড)—র্ম্ম। যাঁহাকে পাপিরা গান করে। অথবা দুর্গ অসুরবিশেষ+আ হন্তৃবাচক, যিনি দুর্গাসুরকে নষ্ট করিয়াছেন; যথা—

"জয় চণ্ডবিনাশিনি, মুণ্ডনিপাতিনি,
দুর্গবিঘাতিনি, মুখ্যতরে।"

কিংবা যিনি দুর্গ অর্থাৎ সঙ্কট হইতে ত্রাণ করেন ) সং, স্ত্রীং, পরমাপ্রকৃতি, বিশ্বের আদি কারণ, শিবপত্নী। সুরথ রাজার সময় হইতে ইহাঁর পূজাপ্রথা ধরাধামে প্রচলিত হইয়াছে। আর সৌরাশ্বিন মাসে অকালে রামচন্দ্র রাবণ-বধার্থ ব্রহ্মা দ্বারা দেবীর বোধন করাইয়া দুর্গাদেবীর পূজা করিয়াছিলেন। তদবধি মর্ত্ত্যলোকে শারদীয়া পূজা আরম্ভ হইয়াছে। তৎকালে দেবদেবীগণ নিদ্রিত থাকেন বলিয়া বোধন হইয়াছে। শিং—১ "দুর্গাত্তারয়সে দুর্গে তত্ত্বং দুর্গা স্মৃতা জনৈঃ।" ২"দুর্গো দৈত্যে মহাবিঘ্নে ভববন্ধে কুকর্ম্মণি। শোকে দুঃখে চ নরকে যমদণ্ডে চ জন্মনি। মহাভয়েঽতিরোগে চাপ্যাশব্দো হন্তৃবাচকঃ। এতান্ হন্ত্যেব যা দেবী সা দুর্গা পরিকীর্ত্তিতা। অপিচ। দ্+উ+র্+গ্+আ =দুর্গা। দৈত্যনাশার্থবচনো দকারঃ পরিকীর্ত্তিতঃ উকারো বিঘ্ননাশস্য বাচকো বেদসম্মতঃ। রেফো রোগঘ্নবচনো গশ্চ পাপঘ্নবাচকঃ। ভয়শত্রুঘ্নবচনশ্চাকারঃ পরিকীর্ত্তিতঃ। স্মৃত্যুক্তিশ্রবণাদ্‌যস্যা এতে নশ্যন্তি নিশ্চিতং। ততো দুর্গা হরেঃ শক্তির্হরিণা পরিকীর্ত্তিতা॥ দুর্গেতি দৈত্যবচনোঽপ্যাকারো নাশবাচকঃ। দুর্গংনাশয়তি যা নিত্যং সা দুর্গা বা পরিকীর্ত্তিতা। বিপত্তিবাচকো দুর্গশ্চাকারো নাশবাচকঃ। তং ননাশ পুরা তেন বুধৈর্দুর্গা প্রকীর্ত্তিতা।"

**দুর্গাঢ়** (দুর্—গাহ্ অবগাহন করা, প্রবেশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্লেশে অবগাহ্য, দুষ্প্রবেশ্য। শিং—১"দুর্গাঢ়ো নয়মার্গোঽয়মিত্যাহুস্তদ্বিদো জনাঃ।"

**দুর্গাধ্যক্ষ** (দুর্গ—অধ্যক্ষ ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুর্গরক্ষক সৈন্যবিশেষ।

**দুর্গানবমী**; সং, স্ত্রীং, কার্ত্তিক মাসের শুক্লনবমী, যে তিথিতে জগদ্ধাত্রী পূজা হয়।

**দুর্গেশনন্দিনী**; সং,স্ত্রীং, দুর্গাধ্যক্ষের কন্যা।

**দুর্গোৎসব** (দুর্গা—উৎসব, ৬ষ্ঠী—ষ) সং, পুং —ক্লীং, দুর্গাদেবীর পূজা নিমিত্ত উৎসব।

**দুর্গ্রহ** (দুর্ দুঃখ—গ্রহ [গ্রহ্ গ্রহণ করা

+অ(খল্)—র্ম্ম] গ্রহণ) বিং, ত্রিং, যাহা অতি কষ্টে গ্রহণ করা যায়। ২। দুজ্ঞের্য়। ৩। দুরাসদ। ৪। সং, পুং, মন্দ গ্রহ।

দুর্গ্রাহ (দুর্—গ্রহ্ গ্রহণ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গ্রহণ করা দুঃসাধ্য, দুর্গ্রহণীয়। "দুর্গ্রাহং দৈবতৈরপি।"

দুর্ঘট (দুর্ দুঃখ—ঘট্ সঙ্ঘটন হওয়া+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অতি কষ্টে ঘটে, দুঃসাধ্য, কঠিন। শিং—১ "কোহর্থো দুর্ঘট ইব ভবতি স্বরূপদ্বয়াভাবাৎ।"

দুর্ঘটনা (দুর্ঘট দেখ, অন(অনট্)—ভা, আপ্) সং, স্ত্রীং, অশুভঘটনা, বিপদ্।

দুর্ঘোষ (দুর্ নিন্দিত—ঘোষ শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভালুক। ২। (য়ং—স) কুৎসিতশব্দ। ৩। বিং, ত্রিং, মন্দরববিশিষ্ট।

দুর্জ্জন (দুর্ নিন্দিত—জন, য়ং—স) বিং, ত্রিং, খল, ক্রূর। শিং—১ "দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোহপি সঃ।" ২। নিষ্ঠুর। ৩। দুষ্টলোক।

দুর্জ্জয় (দুর্ দুঃখ—জি জয়করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে অতিকষ্টে জয় করা যায়, অজয্য। শিং—১ "সমাবৃত্তো নিবৃত্তাত্মা দুর্জ্জয়ো দুরতিক্রমঃ।"

দুর্জ্জাত (দুর্ নিন্দিত—জাত জন্ম বা যে জন্মিয়াছে) সং, ক্লীং, দুর্ভাগ্য। শিং—১ "অফলং জন্ম তস্যাহং মন্যে দুর্জ্জাতজায়িনঃ।" ২। ব্যসন্, বিপদ্। ৩। বিং, ত্রিং, অসম্যগ্জাত, যা'র বৃথা জন্ম। ৪। অনুচিত।

দুর্জ্জাতি (দুর্ দুঃস্থিত—জাতি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিন্দিত বংশে জাত।

দুর্জ্জীব (দুর্ নিন্দিত—জীব জীবনোপায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরান্ন ভোজনাদি দ্বারা যাহার জীবিকা নির্ব্বাহ হয়। ২। সং, ক্লীং, নিন্দিত জীবন।

দুর্জ্ঞেয় (দুর্ দুঃখ—জ্ঞা জানা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বহুকষ্টে জ্ঞাত হওয়া যায়, দুর্ব্বোধ্য। শিং—১ "উচ্চাবচেষু ভূতেষু দুর্জ্ঞেয়ামকৃতাত্মভিঃ।"

দুর্ণয় (দুর্ দুষ্ট—নয়, য়ং—স) সং, পুং, দুষ্টনীতি। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুষ্টনীতিযুক্ত। শিং—১ "কষ্টয়ো মম বৃদ্ধস্য দুর্ণয়স্য ফলোদয়ঃ।"

দুর্ণামা (দুর্ণামন্, দুর্—নামন্) সং, স্ত্রীং, ঝিনুক।

দুর্ণাশ (দুর্—নশ্-ণিচ=নাশি নাশ করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা অতি কষ্টে নষ্ট করা যায়।

দুর্দ্দম (দুর্ দুঃখ—দম্ দমন করা+খল্—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দমন করা কষ্টদায়ক, দুর্দ্দমনীয়। ২। (+অল্—ভা) কষ্টে দমন করা। ৩। সং, পুং, রোহিনী-গর্ভজাত বসুদেবের পুত্রবিশেষ।

দুর্দ্দম্য (দুর্ দুঃখ—দম্য দমনীয়) বিং, ত্রিং, কষ্টে দমনীয়, দুরন্ত, অশান্ত। ২। পুং, বৎসতর।

দুর্দ্দশা (দুর্ দুঃখ—দশা, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, দুরবস্থা, মন্দদশা।

দুর্দ্দর্শ (দুর্ দুঃখ—দর্শ [দৃশ্ দর্শন করা+অ(খল্)—র্ম্ম] দর্শন) বিং, ত্রিং, যাহা দেখিতে পারা যায় না, দুর্নিরীক্ষ্য। শিং—১ "দুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম।"

দুর্দ্দান্ত (দুর্—দম্ দমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দমন করা দুঃসাধ্য, অশান্ত। শিং—১ "এনসা যুজ্যতে রাজা দুর্দ্দান্ত ইতি চোচ্যতে।" ২। কলহ। ৩। শিব। শিং—১ "দীক্ষিতোহদীক্ষিতঃ ক্ষান্তো দুর্দ্দান্তো দান্তনাশনঃ।"

দুর্দ্দিন (দুর্ নিন্দিত—দিন দিবারাত্রি, য়ং—স) সং, ক্লীং, মেঘাচ্ছন্ন দিন। ২। বর্ষণ, বড় বাদল। শিং—১ "তুমুলং দুর্দ্দিনং চাসীদ্বিদ্যুৎস্তনয়িত্নুমৎ। তৎদুর্দ্দিনতলং ভিত্ত্বা নারদঃ প্রত্যদৃশ্যত।" ২। দুঃসময়।

দুর্দ্দ্রুট; সং, পুং, নাস্তিক।

দুর্দ্দৈব (দুর্ অল্প বা মন্দ—দৈব ভাগ্য) সং, ক্লীং, দুর্ভাগ্য, মন্দভাগ্য। ২। দুর্ঘটনা। ৩। পাপ।

দুর্দ্দ্যূত (দুর্ দুষ্ট—দ্যূত, য়ং—স) সং, ক্লীং, কপট পাশক্রীড়া।

দুর্দ্ধর (দুর্ দুঃখ—ধৃ ধরা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুঃসহ। ২। দুর্গম্য। ৩।

দুর্দ্ধর্ষ। ৪। দুর্ধার্য্য। ৫। সং, পুং, পারদ, পারা। ৬। ভল্লাতক, ভেলা। ৭। দৈত্য-বিশেষ। শিং—১ "দুর্দ্ধরং দুর্মুখঞ্চোভৌ শরৈর্নিন্যে যমক্ষয়ম্।"

দুর্দ্ধর্ষ (দুর্ অভাব—ধর্ষ পরাভব, ৬ষ্ঠী—হিং। অথবা দুর্ দুঃখে—ধৃষ্ পরাভব করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, অধর্ষণীয়, যাহার কোন অবমান বা অনিষ্ট করা যায় না। ২। যাহার তেজঃ বিক্রম প্রভৃতি এরূপ যে তাহার নিকটে যাইতে ভয় হয়। ৩। অসহনীয়। ৪। অক্ষোভ্য। শিং—১ ("বাহিনী) বভূব দুর্ধর্ষতরা সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ।"

দুর্দ্ধী (দুর্ দুষ্ট—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুষ্টবুদ্ধিযুক্ত। ২। (যং—স) দুষ্ট বুদ্ধি।

দুর্নয় (দুর্—নয় নীতি) সং, পুং, কুনীতি, মন্দরীতি। শিং—১ "সংচিন্ত্য দুর্নয়ং ঘোরং সুতানাং দ্যূতজন্ম যৎ।"

দুর্নাম (দুর্নামন্, দুর্ নিন্দিত—নামন্ নাম) সং, ক্লীং, অর্শরোগ। ২। অখ্যাতি, কলঙ্ক, নিন্দা। মা (মন্)—স্ত্রীং, ঝিনুক।

দুর্নামক (দুর্নাম+কণ্—যোগ) সং, ক্লীং, অর্শরোগ।

দুর্নিমিত (দুর্—নিমিত উৎক্ষিপ্ত) বিং, ত্রিং, অতি কষ্টে উৎক্ষিপ্ত। তা—স্ত্রীং, উৎক্ষিপ্তা। শিং—১ "পদে পদে দুর্নিমিতা গলন্তী।" (কুমার)।

দুর্নিমিত্ত (দুর্—নিমিত্ত শুভাশুভ চিহ্ন) সং, ক্লীং, অশুভ চিহ্ন, অমঙ্গল চিহ্ন। শিং—১ "দুর্নিমিত্তং মহাঘোরং দৃষ্ট্বা ভয়মুপাগমৎ।"

দুর্নিয়ন্ত (দুর্—নি—যম্ দমন করা+তু (তুন্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা নিবারণ করা কঠিন, দুর্নিবার্য্য।

দুর্নিবার (দুর্ দুঃখ—নিবার নিবারিত, ওয়া—য) বিং, ত্রিং, যাহা বহু কষ্টে নিবারণ করা যায়। "মদনো দুর্নিবারঃ।"

দুর্নিরীক্ষ্য (দুর্—নিরীক্ষ্য দর্শনযোগ্য) বিং, ত্রিং, যাহার প্রতি দৃষ্টিপাত করা দুঃসাধ্য। ২। দুর্দ্দর্শ।

দুর্নীত (দুর্—নী লওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার রীতিনীতি ভাল নয়, উচ্ছৃঙ্খল। ২। অশিষ্ট। ৩। (+ক্ত—ক) দুর্নীতিযুক্ত। ৪। (+ক্ত—ভাবে) দুষ্ট নীতি।

দুর্নীতি (দুর্—নীতি সুধারা) সং, স্ত্রীং, কুরীতি অসদাচরণ।

দুর্ব্বল (দুর্ ন্যূন—বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বলহীন। শিং—১ "দুর্ব্বলস্য বলং রাজা।" ২। জীর্ণ, অশক্ত। ৩। ক্ষীণ, কৃশ। ৪। শিথিল।

দুর্ব্বুদ্ধি (দুর্ নিন্দিত—বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্ম্মতি, কুবুদ্ধিশালী। (যং—স) স্ত্রীং, দুষ্টা মতি, মন্দবুদ্ধি।

দুর্ব্বোধ (দুর্—বোধ জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্জ্ঞেয়, যাহা সহজে বুঝা যায় না। "নিসর্গদুর্বোধমবোধ বিক্লবাঃ।"

দুর্ভক্ষ } (দুর্—ভক্ষ, ভক্ষ্য ভক্ষণীয়)
দুর্ভক্ষ্য } সং, ক্লীং, যে সময়ে ভক্ষ্য দ্রব্য দুষ্প্রাপ্য হইয়া উঠে, দুর্ভিক্ষ। ২। বিং, ত্রিং, কষ্টে ভক্ষণীয়।

দুর্ভগ (দুর্ অল্প বা মন্দ—ভগ ভাগ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভাগ্যহীন, দুরদৃষ্ট। শিং—১ "দুর্ভগোহয়ং জনস্তত্র কিমর্থমনুশঙ্কিতঃ।" ২। অপ্রিয়। গা—স্ত্রীং, স্বামী যে স্ত্রীকে ভাল বাসে না অথবা দেখিতে পারে না, দুয়া। শিং—১ "দুর্ভগায়াঃ নমে ধাতা নাম্বুকূলো মহেশ্বরঃ। দেবী বা বিমুখী গৌরী রুদ্রাণী গিরিজা সতী।" (ভাগবত)।

দুর্ভর (দুর্ দুঃখ—ভর যে সহ্য করে, যে বহন করে) বিং, ত্রিং, দুঃসহ। ২। গুরু, ভারী।

দুর্ভাগ্য (দুর্ অল্প বা মন্দ—ভাগ্য অদৃষ্ট, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, দুরদৃষ্ট, মন্দভাগ্য। বিং, ত্রিং, যাহার অদৃষ্ট ভাল নয়।

দুর্ভাবনা (দুর্—ভাবনা চিন্তা, যং—স) সং, স্ত্রীং, উৎকণ্ঠা, উদ্বেগ।

দুর্ভিক্ষ (দুর্ অভাব—ভিক্ষা, ব্যং—স) সং, ক্লীং, দেশে খাদ্যদ্রব্যাভাব। শিং—১ "তত্র চ চিরকালং দুর্ভিক্ষং পতিতম্।" ২"অবগ্রহকৃতস্তীব্রো দুর্ভিক্ষং সমজায়ত।"

দুর্ভিদ (দুর্—ভিদ্ ভেদ করা+অ(ক)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ভেদ করা যায় না, দুর্ভেদ্য। শিং—১ "গিরিমাসাদ্য দুর্ভিদম্।"

দুর্ভৃত্য (দুর্ দুষ্ট—ভৃত্য, য়ং—স) সং, পুং, [দুষ্ট ভৃত্য।

দুর্ভেদ্য (দুর্—ভেদ্য ভেদনীয়) বিং, ত্রিং, অভেদ্য, যাহা ভেদ করা যায় না। শিং—১ "দুর্ভেদ্য কবচাবুভৌ।"

দুর্ম্মতি (দুর্ নিন্দিত—মতি বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) সং, ত্রিং, দুর্ব্বুদ্ধি, কুমতিশালী। ২। বৎসরবিশেষ। স্ত্রীং, দুষ্টা বুদ্ধি।

দুর্ম্মদ (দুর্—মদ্ মত্ত হওয়া+অল্—ক) বিং, ত্রিং, উন্মত্ত। ২। দুর্দ্ধর্ষ। ৩। পুং, ধৃতরাষ্ট্রের পুত্র। ৪। রাধিকার দেবর।

দুর্ম্মনা (দুর্ম্মনস্, দুর্ দুঃখিত—মনস্ অন্তঃকরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দুর্ভাবনা উপস্থিত হইয়াছে, উদ্বিগ্নচিত্ত, চিন্তিত। শিং—১ "নাপৈতিহৃদয়াত্রাজ্ঞো দুর্ম্মনাঃ স কৃশোঽভবৎ।" ২। দুঃখিত।

দুর্ম্মনায়মান (দুর্—মন্ + কঙ্ + আন (শান)—ক) বিং, ত্রিং, উদ্বিগ্ন চিত্ত। ২। দুর্ভাবনাগ্রস্ত।

দুর্ম্মন্ত্রী (—মন্ত্রিন্, দুর্ দুষ্ট—মন্ত্রী, য়ং—স) সং, পুং, দুষ্ট মন্ত্রী। শিং—১ "সন্তাপয়ন্তি কমপথ্যভুজং ন রোগাঃ দুর্ম্মন্ত্রিণং কমুপযান্তি ন নীতিদোষাঃ।" (পঞ্চতন্ত্র)।

দুর্ম্মর (দুর্—মর মৃত্যু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কষ্টে মৃত্যু হয়। রা—স্ত্রীং, দূর্ব্বা।

দুর্ম্মর্ষণ (দুর্—মৃষ্ সহ্য করা+অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা সহ্য করা দুঃসাধ্য, অসহনীয়। ২। সং, পুং, বিষ্ণু। ৩। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দুর্ম্মিত্র (দুর্ দুষ্ট—মিত্র) সং, ক্লীং, দুষ্টমিত্র। ২। বিং, ত্রিং, দুষ্ট মিত্রবিশিষ্ট।

দুর্ম্মুখ (দুর্ নিন্দিত—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কটুভাষী, কর্কশবাদী। ২। সং, পুং, অশিক্ষিত অশ্ব। ৩। বানরবিশেষ। ৪। নাগবিশেষ। ৫। অসুরবিশেষ। ৬। রামচন্দ্রের গুপ্তচর।

দুর্ম্মূল্য (দুর্ অনুচিত, অধিক—মূল্য পণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহার্ঘ, অক্রেয়।

দুর্ম্মেধাঃ (দুর্ম্মেধস্, দুর্ নিন্দিত, ন্যূন—মেধা বুদ্ধি, ৬ষ্ঠী—হিং, অস্—প্রং) বিং, ত্রিং, মেধাহীন, নির্ব্বুদ্ধি, অবোধ। শিং—১ "প্রত্যাখ্যাতোঽপি দুর্ম্মেধাঃ।"

দুর্যোগ (দুর্ দুঃখ—যোগ, য়ং—স) সং, পুং, দুঃখের যোগ; যথা—দুর্যোগ উপস্থিত হইলে তাহার প্রতিবিধানের চেষ্টা করা আবশ্যক। ২। দুর্দ্দিন; যথা—এ দুর্যোগে কিরূপে যাইবে? ৩। দুঃসময়।

দুর্যোধ (দুর্—যুধ্ যুদ্ধ করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুঃখে যোধনীয়।

দুর্য্যোধন (দুর্ নিন্দিত—যোধন যে যুদ্ধ করে। যে রণ ত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল। অথবা দুর্ দুঃখে—যুধ্ যুদ্ধ করা+অন—র্ম্ম) সং, পুং, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। ২। বিং, ত্রিং, দুঃখে যোধনীয়, যাহার সহিত অতি কষ্টে যুদ্ধ করিতে পারা যায়।

দুর্যোনি (দুর্—যোনি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কুৎসিত জাতিতে জাত। শিং—১ "ন কথঞ্চন দুর্যোনিঃ প্রকৃতিং স্বাং নিযচ্ছতি।" ২। সং, স্ত্রীং, নিন্দিত জাতি।

দুর্লক্ষ্য (দুর্ দুঃখ—লক্ষ্ দর্শন করা, চিহ্ন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অদৃশ্য, যাহা অতি কষ্টে দেখা যায়।

দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য (দুর্ দুঃখ—লঙ্ঘ, লঙ্ঘ্য—লঙ্ঘনীয়) বিং, ত্রিং, যাহা লঙ্ঘন করিতে পারা যায় না, অলঙ্ঘ্য।

দুর্লভ, দুর্লভ্য (দুর্ দুঃখ—লভ্ পাওয়া+অ (খল্), য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য। ২ বহুমূল্য। ৩। যেরূপ সচরাচর দেখিতে পাওয়া যায় না, বিরল। শিং—১ "মম কৃত্বা প্রিয়ং রাম দুর্লভং তব জীবিতম্।" ২ "অথ তদ্দুর্লভং দৃষ্ট্বা যুদ্ধম্।" ৩ "দুর্লভা সদৃশী ভার্য্যা দুর্লভঃ পুত্র পণ্ডিতঃ।"

দুর্ললিত (দুর্—ললিত) বিং, ত্রিং, প্রশ্রয়প্রাপ্ত, আব্দেরে। ২। সং, ক্লীং, দুশ্চেষ্টিত। শিং—১"স শশাপ ততো রোষান্মুনিদুহিতরং তব অতিদুর্ললিতৈঃ কন্যা শক্রহস্তং গমিষ্যতি।" ৩। আব্দার।

দুর্লাভ (দুর্ দুঃখ—লাভ, ওয়া—ষ) সং, পুং, কষ্টে লাভ, ক্লেশে পাওয়া। শিং—১ "মোক্ষ দুর্লাভবিষয়ং বড়বামুখ সাগরম্।"

দুর্লেখ্য (দুর্ দুষ্ট—লেক্ষ্য, যং—স) সং, ক্লীং, গার্হিত লেখ্যপত্র, জাল দলিল।

দুর্ব্বচঃ (—চস্, দুর্ নিন্দিত—বচস্ বাক্য) সং, ক্লীং, দুর্ব্বাক্য, কটুকথা। ২। নিন্দাবাক্য। ৩। বিং, ত্রিং, অকথ্য, অবক্তব্য।

দুর্ব্বর্ণ (দুর্ নিন্দিত—বর্ণ জাতি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রজত, রৌপ্য। ২। বিং, ত্রিং, মলিন।

দুর্ব্বস (দুর্—বস্ বাস করা+অ(অল্)—ধি) বিং, ত্রিং, যে স্থানে কষ্টে বাস করা যায়, বাসের অযোগ্য। শিং—১ "ত্রয়োদশোহয়ং সংপ্রাপ্তঃ কৃচ্ছ্রঃ পরম দুর্ব্বসঃ।"

দুর্ব্বসতি (দুর্ দুঃখ—বসতি স্থিতি, ৭মী—ষ) সং, স্ত্রীং, দুঃখে অবস্থিতি। শিং—১ "রোগোপসৃষ্ট তনুদুর্ব্বসতিং মুমুক্ষুঃ।"

দুর্ব্বহ (দুর দুঃখ—বহ্ বহন করা+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্ব্বাহ্য, অতিভার। শিং—১ "ন দুর্ব্বহশ্রোণিপয়োধরার্ত্তা।" (কুমার)। ২। দুঃসহ। ৩। ভারাক্রান্ত।

দুর্ব্বাক্ } (দুর্ব্বাচ্, দুর্ মন্দ কুৎসিত—
দুর্ব্বাদ } বাচ্, বাদ=বাক্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং কটুভাষী, যে মন্দ কথা বলে। শিং—১ "অতীব জল্পন্ দুর্ব্বাচো ভবতীহ বিহেটকঃ।"

দুর্ব্বাক্য (দুর্—বাক্য কথা) সং, ক্লীং, কটুবাক্য, অপ্রিয় কথা। ২। অশ্লীলবাক্য।

দুর্ব্বাচ্য (দুর্ দুষ্ট—বাচ্য, ৫মী—ষ) সং, ক্লীং, অপবাদ, অকীর্ত্তি।

দুর্ব্বার (দুর্ দুঃখ—বৃ-ঞিং=বারি বারণকরা +অ(খল্)—র্ম্ম) বিং,ত্রিং, যাহা বারণকরা যায় না, অনিবার্য্য। শিং—১ "সা দুর্ব্বারং কথমপি পরিত্যাগদুঃখং বিষেহে।"

দুর্ব্বারণ (দুর্—বৃ-ঞিং=বারি নিবারণ করা +অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বারণ করা যায় না, অনিবার্য্য। শিং—১ "দ্রোণং দুর্ব্বারণং রণে।"

দুর্ব্বার্ত্তা; সং,স্ত্রীং, দুষ্টবার্ত্তা। ২। দুষ্প্রবৃত্তি।

দুর্ব্বাসনা; সং, স্ত্রীং, দুষ্ট ইচ্ছা।

দুর্ব্বাসা (দুর্ব্বাসস্, দুর্ কুৎসিত—বাসস্ বস্ত্র) সং, পুং, অনসূয়ার গর্ভে শঙ্করের অংশজাত মুনিবিশেষ, অত্রিমুনির পুত্র। ২। বিং, ত্রিং, কুৎসিত বস্ত্রধারী।

দুর্ব্বিগাহ; বিং, ত্রিং, দুরবগাহ দেখ।

দুর্ব্বিধ (দুর্ মন্দ, কুৎসিত—বিধ আচরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দরিদ্র। শিং—১ "বিবিনক্তি ন বুদ্ধিদুর্ব্বিধঃ" ২। খল, দুষ্ট। ৩। মূর্খ। শিং—১ "শাস্ত্রেষ্বন্যেষু কুধিয়ো বিদ্যমানেষু দুর্ব্বিধাঃ।"

দুর্ব্বিনীত (দুর্ না—বিনীত শান্ত) বিং, ত্রিং, অবিনীত, উদ্ধত। ২। কুব্যবহারী। ৩। দুষ্ট, অশিষ্ট।

দুর্ব্বিনেয় (দুর্—বি—নী প্রাপ্তহওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, দুর্দ্দমনীয়। ২। অবিনয়ার্হ।

দুর্ব্বিপাক (দুর্—বিপাক পরিণাম) সং, পুং, মন্দ পরিণাম। ২। দুর্ঘটনা। ৩। বিং, ত্রিং, পরিণাম দারুণ।

দুর্ব্বিভাব, দুর্ব্বিভাব্য; বিং, ত্রিং, দুর্ব্বোধ।

দুর্ব্বিমোচন (দুর্—বিমোচন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহাকে মুক্ত করা দুঃসাধ্য। ২। সং, পুং, ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ।

দুর্ব্বিবাহ (দুর্—বিবাহ, যং—স) সং, পুং, অসুর প্রভৃতির নিন্দিত বিবাহ।

দুর্ব্বিষহ (দুর্ দুঃখ—বি—সহ্ সহ্য করা +অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, অসহ্য, যাহা সহ্য করা যায় না। ২। দুঃসহ। ৩। সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দুর্ব্বৃত্ত (দুর্ নিন্দিত—বৃত্ত চরিত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুশ্চরিত্র, ধূর্ত্ত, দুরন্ত, দুর্জ্জন। ২। উদ্ধত। ৩। দুরাত্মা। শিং—১ "দুর্ব্বৃত্তবৃত্তশমনং তব দেবি শীলম্।"

দুর্ব্বেদ (দুর্—বিদ্ জানা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, দুর্জ্ঞেয়। ২। দুর্লভ্য। ৩। বেদপাঠ বিহীন।

দুর্ব্বোধ (দুর্ হীন—বোধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বোধশূন্য, জ্ঞানহীন। ২। দুর্জ্ঞেয়, যাহা বুঝিয়া উঠা দুঃসাধ্য।

দুর্হৃদ্ (দুর্ নিন্দিত—হৃদ্ অন্তঃকরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শত্রু। শিং—১

"যথান্ দুর্হৃদঃ পাপাঃ ভবন্তি সুখিনঃ পুনঃ।" ২। বিং, ত্রিং, দুষ্টান্তঃকরণ, ক্রূরচিত্ত। শিং—১ "অশ্মসারময়ং নূনং হৃদয়ং মম দুর্হৃদঃ। যমৌ যদেতৌ দৃষ্ট্বাদ্য পতিতৌ নাবদীর্য্যতে।" [দুষ্টচিত্ত।

দুর্হৃদয় (দুর্—হৃদয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,

দুলাল (দেশজ) সং, প্রেম, অনুরাগ। ২। বিং, প্রিয়, মনোজ্ঞ, আদরে।

দুলি (দুল্ [কর্দ্দম ইত্যাদি] উৎক্ষেপণ করা + ই (কি)—ক) সং, পুং, মুনিবিশেষ। লি, লী—স্ত্রীং, কচ্ছপী, কমঠী।

দুলিচা (যাবনিক) সং, আসনবিশেষ।

দুলিয়া (দেশজ) একপ্রকার বর্ণশঙ্কর জাতি, বেহারাবিশেষ।

দুল্ (দেশজ) কর্ণাভরণবিশেষ।

দুশ্চর (দুর্ দুঃখ—চর্ আচরণ করা ইত্যাদি + অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা আচরণ করা কঠিন। ২। দুর্গম। ৩। সং, পুং, শম্বূক। ৪। ভল্লূক। শিং—১ "সুদুশ্চরো গিরিশ্চায়ং পক্ষিণামপি।"

দুশ্চরিত } (দুর্ নিন্দিত—চরিত, চরিত্র
দুশ্চরিত্র } =আচরণ, স্বভাব, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, মন্দপ্রকৃতি, কুস্বভাব। ২। বিং, ত্রিং, যাহার চরিত্র মন্দ।

দুশ্চেষ্টিত (দুর্ নিন্দিত—চেষ্টিত চেষ্টাযুক্ত) সং, ক্লীং, মন্দ আচরণ, মন্দচেষ্টা।

দুশ্চ্যবন (দুর্ দুঃসহ—চ্যবন মুনিবিশেষ, ৬ষ্ঠী—হিং। ইন্দ্র চ্যবনের প্রতি বজ্র উত্তোলন করাতে তাঁহার অভিশাপে ইন্দ্রের হস্ত স্তম্ভিত হইয়াছিল) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

দুষ্কর (দুর্ দুঃখ—কৃ করা + অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা কষ্টে করা যায়, দুঃখসাধ্য। শিং—১ "নষ্টশ্রীর্বিভবভ্রষ্টো যন্ন শোচসি দুষ্করম্।"

দুষ্কর্ম্মা (দুষ্কর্ম্মন্, দুর্ নিন্দিত—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কুক্রিয়ান্বিত, পাপাত্মা। ২। সং, ক্লীং, মন্দকর্ম্ম, পাপ।

দুষ্কাল (দুর্ দুষ্ট—কাল, বুং—স) সং, পুং, নিন্দিত কাল, যে কালে যে কর্ম্ম বিহিত আছে তাহার ব্যতিক্রম। ২। শিব।

দুষ্কুল (দুর্ নিন্দিত, মন্দ—কুল বংশ) সং, ক্লীং, মন্দকুল, নীচবংশ। শিং—১ "স্ত্রীরত্নং দুষ্কুলাদপি।"

দুষ্কুলীন (দুষ্কুল + ঈন—জাতার্থে) বিং, ত্রিং, অসৎকুলজাত, নীচবংশোৎপন্ন।

দুষ্কৃত (দুর্ নিন্দিত—কৃত করণ কিংবা যাহা করা হইয়াছে) সং, ক্লীং, পাপ, দুষ্কর্ম্ম। শিং—১ "যন্ময়া দুষ্কৃতং কৃতম্।" ২। বিং, ত্রিং, পাপযুক্ত। ৩। পাপজনক। ৪। দুঃখে বা অন্যায় কৃত।

দুষ্কৃতি (দুর্ নিন্দিত—কৃতি কার্য্য) সং, স্ত্রীং, পাপ। ২। দুষ্কর্ম্ম। ৩। দুর্ভাগ্য।

দুষ্কৃতী (—তিন্, দুষ্কৃত + ইন্—অত্যর্থে) বিং, ত্রিং, দুষ্কৃতকারী, পাপকারক। শিং—১ "পুনঃপুনর্দুষ্কৃতিনং নিনিন্দ।"

দুষ্ক্রীত (দুর্ নিন্দিত—ক্রীত যাহা কেনা হইয়াছে) বিং, ত্রিং, অনুচিত মূল্যে ক্রীত। শিং—১ "ক্রীত্বা মূল্যেন যো দ্রব্যং দুষ্ক্রীতং মন্যতে ক্রয়ী।"

দুষ্‌খদির ; সং, পুং, ক্ষুদ্র খদিরবিশেষ।

দুষ্ট (দুষ্ বিকৃত হওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দোষযুক্ত। ২। অপবিত্র। ৩। অধার্ম্মিক। ৪। দুর্জ্জন। শিং—১ "ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা।" ৫। অধম। ষ্টা—স্ত্রীং, ভ্রষ্টা, ব্যভিচারিণী।

দুষ্টচারী (—চারিন্, দুষ্ট—চর্ ভ্রমণ করা + ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, দুষ্কর্ম্মকারী। শিং—১ "অথ যত্রৈনমাসীনং শঙ্কেরন্ দুষ্টচারিণঃ।"

দুষ্টযোগ ; সং, পুং, বৈধৃতি ব্যতীপাতাদি যোগ।

দুষ্ঠু (দুর্ নিন্দিত—স্থা থাকা + উ(ডু)—ক) অং, মন্দ, কু, অনুচিত। ২। দুঃখে স্থিত।

দুষ্পত্র (দুর্ দুঃসহ—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চোর নামক গন্ধদ্রব্য।

দুষ্পদ (দুর্—পদ্ প্রাপ্ত হওয়া + অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা কষ্টে পাওয়া যায়, দুষ্প্রাপ্য।

দুষ্পরাজয় (দুর্—পরা—জি জয় করা + অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে পরাজয় করা কঠিন।

দুষ্পরিহন্ত (দুর্‌—পরি—হন্‌ নাশ করা+তৃ (তৃন্‌)—র্ম্ম) বিং, ত্রিং, দুষ্পরিহার্য্য। ২। দুরতিক্রমণীয়।

দুষ্পরিহর, দুষ্পরিহার্য্য (দুর্‌ দুঃখ—পরি—হৃ [হরণ করা] ত্যাগ করা+অ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিত্যাগ করা কঠিন, অপরিত্যাজ্য। ২। দুরপনেয়।

দুষ্পার্শ (দুর্‌—স্পৃশ্‌ স্পর্শ করা+অ(খল্‌)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্পর্শ করা কঠিন।

দুষ্পূর (দুর্‌—পূর্‌ পূরণ করা+অ(খল্‌)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পূরণ করা দুঃসাধ্য। শিং—১ "কামমাস্থায় দুষ্পূরং দম্ভমান মদান্বিতাঃ।" ২। অনিবার্য্য।

দুষ্প্রধর্ষ (দুর্‌ দুঃখ—প্র—ধৃষ্‌ পরাভব করা+অ(খল্‌)—র্ম্ম) বিং, ত্রিং, অধর্ষনীয়, দুর্ধর্ষ। শিং—১ "লঙ্কাং দুষ্প্রধর্ষাং সুরৈরপি।" ২ "সা (গৌঃ) দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈঃ।"

দুষ্প্রধৃষ্য (দুষ্প্রধর্ষ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অনভিভবনীয়।

দুষ্প্রবৃত্তি; সং, স্ত্রীং, দুষ্ট প্রবৃত্তি। শিং—১ "শূর্পনখৈবৈকা দুষ্প্রবৃত্তি হরাঽভবৎ।"

দুষ্প্রবেশ (দুর্‌—প্রবেশ, ৭মী—হিং) বিং, ত্রিং, যাহাতে প্রবেশ করা কঠিন। শিং—১ "দুষ্প্রবেশং মহারাজ নরৈর্ধর্ম্ম বহিষ্কৃতৈঃ।"

দুষ্প্রমেয় (দুর্‌ দুঃখ—প্রমেয় পরিমাণযোগ্য) বিং, ত্রিং, অপরিমেয়, যাহা পরিমাণ করা কঠিন।

দুষ্প্রসহ (দুর্‌—প্র—সহ্‌ সহ্য করা+অ (খল্‌)—র্ম্ম) বিং, ত্রিং, অতি দুঃসহ।

দুষ্প্রাপ্য, দুষ্প্রাপ (দুর্‌ দুঃখ—প্রাপ্য লভ্য, ৩য়া—ষ) বিং, ত্রিং, দুর্লভ, যাহা পাওয়া কঠিন।

দুষ্মন্ত, দুষ্যন্ত (দুষ্‌ দোষী—মন্‌ বোধ করা +ত(ক্ত)—ক। অকারণে শকুন্তলাকে নিরাকরণ করাতে রাজা আপনাকে দোষী বোধ করিয়াছিলেন) সং, পুং, ভরতরাজ পিতা, শকুন্তলার পতি।

দুস্তর (দুর্‌ দুঃখ—তৃ পার হওয়া+অ (খল্‌)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পার হওয়া যায় না, অপার। ২। দুরতিক্রম। ৩। দুষ্পরিহর। শিং—১ "দুস্তরঃ প্রাকৃতৈর্ধর্ম্মো বাহুভ্যামিব সাগরঃ।"

দুস্‌মন্‌ (পারস্য) শত্রু।

দুস্‌সথ; সং, পুং, কুক্কুর। ২। কুক্কুট।

দুহিতা (দুহিতৃ, দুহ্‌ [মাতাকে] দোহন করা +তৃ(তৃচ্‌)—ক। কেহ বলেন—পূর্ব্বকালে কন্যাগণ গাভী দোহন করিত বলিয়া দুহিতা নাম হইল। অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত= দুহিতা। পারস্য—দোখ্‌তর। গ্রীক= Thygater। ইংরাজি=Daughter) সং, স্ত্রীং, কন্যা, পুত্রী। শিং—১ "মাতুর্দুহিতরঃ শেষমৃণাত্তাভ্যশ্চতেঽন্বয়ঃ।"

দুহ্য (দুহ্‌ দোহন করা+য(ক্যপ্‌)—র্ম্ম) বিং, ত্রিং, দোহনের যোগ্য।

দুহ্যমান (দুহ্‌ দেখ, আন,শান)—র্ম্ম, য, ম—আগম) বিং, ত্রিং, যাহাকে দোহন করা যায়, দোহনবিশিষ্ট। [স্ত্রীং, দুঃখ।

দূ (দূ পরিত্যাগ করা+০(ক্বিপ্‌)—ভা) সং,

দূড়াশ (দুর্‌ দুঃখ, কষ্টদায়ক—দশ্‌ আঘাত করা, নিপাতন, বিং, ত্রিং, পীড়িত, ক্লেশপ্রাপ্ত। [ত্রিং, নীচ, অধম।

দূঢ্য (দুর্‌—ধ্যৈ চিন্তা করা, নিপাতন) বিং,

দূত (দু গমন করা+ত(ক্ত)—ক, উ=ঊ) সং, পুং, বার্ত্তাবহ, সন্দেশহর। ২। চর। ৩। দূত ত্রিবিধ—নিসৃষ্টার্থ, মিতার্থ এবং সন্দেশহারক। শিং—১ "মেধাবী বাক্‌পটুঃ প্রাজ্ঞঃ পরচিত্তোপলক্ষকঃ। ধীরো যথোক্তবাদী চ এষ দূতো বিধীয়তে।"

দূতি, দূতী, দূতিকা (দূত দেখ, তি,তিক্‌), ভী, তিকা—প্রং) সং, স্ত্রীং, বার্ত্তাবাহিনী। ২। কুট্‌নী। শিং—১ "নিসৃষ্টার্থা মিতার্থা চ তথা শাসনহারিকা। সামর্থ্যাৎপাদিতা হীনা দূতী তু বিবিধা মতা।"

দূত্য (দূত, দূতী বার্ত্তাবহ+য(ক্য)—ভা) সং, ক্লীং, দূতের কার্য্য। ২। দূতের ধর্ম্ম।

দূন (দূ খেদ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্লিষ্ট, পথশ্রান্ত। ২। পরিতাপিত। শিং—১ "পিবেন দূনে রসনে সিতাপি তিক্তায়তে হংসকুলাবতংস।"

দৃপ্র ; বিং, ত্রিং, বলবান্।

দূর (দুর্ দুঃখ—ই গমন করা+র(রক্)—ক, নিপাতন) বিং, ত্রিং, অসন্নিকৃষ্ট। ২। অত্যন্ত। ৩। গাঢ়। ৪। অগোচর। ৫। দীর্ঘ। —তর, বহুদূর। শিং—১ "শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্।" ২ "অতিদূরাস্থ—আখেটকভূমিষু।" ২। সং, ক্লীং, অন্তর, ব্যবধান।

দূরগ } দূরগামী } (দূরগামিন্, দূর—গ, গামী=যে গমন করে) বিং, ত্রিং, যে দূরে যাইতেছে।

দূরতঃ (দূরতস্, দূর+পঞ্চমী ও সপ্তমী স্থানে তস্) অং, দূর হইতে। ২। দূরে।

দূরদর্শন (দূর—দৃশ্ দর্শন করা+অন(অনট্)—ক) সং, পুং, গৃধ্র। ২। পণ্ডিত। ৩। (+অনট্—ভাবে) সং, ক্লীং, দূর হইতে দর্শন। ৪। (+অনট্—ণ) দূরবীক্ষণ যন্ত্র।

দূরদর্শী (দূরদর্শিন্, দূর—দৃশ্ দেখা+ণিন্—ক, ২য়া—ষ) সং, পুং, যে অধিক দূর দেখিতে পায়, অনেকদূরপর্য্যন্ত যার দৃষ্টি চলে, দূরদৃষ্টি, দীর্ঘদৃষ্টি। ২। যে ব্যক্তি ভবিষ্য ঘটনার বিষয় বুদ্ধিশক্তিও অনুভব দ্বারা নির্ণয় করিয়া তদনুসারে চলে, দীর্ঘদর্শী, বিজ্ঞ, বোদ্ধা, পণ্ডিত। ৩। গৃধ্র।

দূরদৃষ্টি (দূর—দৃষ্টি দর্শন) বিং, ত্রিং, অনেক দূর পর্য্যন্ত যার দৃষ্টি চলে, যে অনেক দূর পর্য্যন্ত দেখিতে পায়, দীর্ঘদৃষ্টি। ২। সং, স্ত্রীং, অনেক দূর পর্য্যন্ত দেখিতে পাওয়া, দূরদর্শন।

দূরবর্ত্তী (দূরবর্ত্তিন্, দূর—বর্ত্তী [বৃত্ অবস্থান করা+ইন্(ণিন্)—ক] যে বিদ্যমান থাকে) বিং, ত্রিং, যে বা যাহা দূরে আছে।

দূরযায়ী (দূরযায়িন্, দূর—যায়ী যে যায়) বিং, ত্রিং, দূরগামী, যে দূরে যাইতেছে।

দূরবীক্ষণ (Telescope, দূর—বি—ঈক্ষ্ দর্শন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, চক্ষুর অগোচর দূরস্থিতবস্তুসকল যে নলাকার যন্ত্রদ্বারা দেখিতে পাওয়া যায়, দূরবীণ।

দূরবেধী (দূরবেধিন্, দূর—বেধিন্ [বিধ্ বিদ্ধ করা+ইন্(ণিন্)—ক] যে বিদ্ধ করে) বিং, ত্রিং, দূরস্থ বস্তুকে যাহা বিদ্ধ করে, সায়কাদি।

দূরস্থ (দূর—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, দূরবর্ত্তী।

দূরাপাত (দূর—আ—পত্ পতিত হওয়া+অ(ণ)—ক) বিং, ত্রিং, দূরে পতনশীল।

দূরীকরণ (দূর—করণ। মধ্যে, ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, বহিস্কৃত করা, অবমাননা পূর্ব্বক তাড়াইয়া দেওয়া।

দূরীকৃত (দূর—কৃত। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, তাড়িত, অবমাননা পূর্ব্বক যাহাকে দূর করিয়া দেওয়া হইয়াছে।

দূরীক্রিয়মাণ (দূর—কৃ করা+আন(শান)—ক। চ্বি—আগম) বিং, ত্রিং, যাহাকে দূর করা যাইতেছে, যাহার দূরীকরণ হইতেছে।

দূরীভূত (দূর+ভূত। ঈ(চ্বি)—আগম বিং, ত্রিং, যে দূর হইয়া গিয়াছে, যে অবমাননা সহকারে বহিষ্কৃত হইয়াছে।

দূরোহ (দুর্—রুহ্ আরোহণ করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে আরোহণ করা দুঃসাধ্য, দুরারোহ।

দূর্ব্বা (দুর্ব্ব্ আঘাত করা+অ(অন্)—ক। যে পাপ নষ্ট করে। কিম্বা অ(অল্)—র্ম্ম। যে পশু কর্ত্তৃক হিংসিত হয়, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ তৃণ।

দূর্ব্বাষ্টমী ; সং, স্ত্রীং, ভাদ্র শুক্লাষ্টমী।

দূর্য্য (দূর অসন্নিকৃষ্ট—যা গমন করা+য—প্রং) সং, ক্লীং, বিষ্ঠা, মল।

দূশ্য (দূ খেদ—শ্যৈ প্রাপ্ত হওয়া+অ(ক)—অন্তর্ভূতণ্যর্থে) সং, ক্লীং, বস্ত্র-নির্ম্মিত গৃহ, তাঁবু।

দূষক (দুষ্-ণিচ্=দোষি দোষদেওয়া, বিকৃত হওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে দোষ দেয়, যে দোষ দেখাইয়া দেয়, যে দোষ ধরিয়া দেয়। ২। যে দোষ জন্মায়, যে দোষযুক্ত করিয়া দেয়। ৩। যে নিন্দিত বা অপবিত্র করে, যাহার সংস্রবে অপবিত্র হইয়া যায়। শিং—১ "অধর্ম্মচারিণৌ পাপৌ কৌ যুবাং মুনিদূষকৌ।" ২ "বেদবিক্রয়িণশ্চৈব বেদানাং চৈব দূষকাঃ। বেদানাং লেখকাশ্চৈব তে বৈ নিরয়গামিনঃ।"

দূষণ (দূষক দেখ, অন—ক) সং, পুং, রাবণের মাতৃষস্রেয় রাক্ষসবিশেষ। ২। ( +অনট্ —ভাবে) ক্লীং, দোষ। ৩। দোষ দেওয়া, দোষ দেখান, দোষ ধরিয়া দেওয়া। ৪। দোষ জন্মান, দোষযুক্ত করিয়া দেওয়া, নিন্দিত বা অপবিত্র করা। ৫। ধর্ষণ। ৬। বিং, ত্রিং, দূষক। শিং—১"পানং দুর্জ্জনসংসর্গঃ পত্যা চ বিরহোঽটনম্। স্বপ্নশ্চান্যগৃহে বাসো নারীণাং দূষণানি ষট্।"

দূষণারি (দূষণ রাবণের ভ্রাতা—অরি শত্রু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাম।

দূষণাবহ (দূষণ—আ—বহ্ বহন করা+ অ(অন্)—ক) বিং,ত্রিং, দূষ্য, দোষজনক।

দূষয়িতা ( দূষয়িতৃ, দূষক দেখ, তৃ(তৃন্)—ক ) বিং, ত্রিং, দূষক দেখ।

দূষয়িত্নু ( দূষয়িতা দেখ, ইত্নু—শীলার্থে) বিং, ত্রিং, দূষণশীল।

দূষি, দূষী (দুষ্ [চক্ষু ইত্যাদি] বিকৃত হওয়া +ই—প্রং) সং, স্ত্রীং, নেত্রমল, চোকের পিচুটী।

দূষিকা (দূষি দেখ, ক(কণ্)—স্বার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নেত্রমল, পিচুটি। ২। তূলিকা। ৩। বিং, দূষণকারিণী।

দূষিত (দোষক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উপহত। ২। দোষপ্রাপ্ত। ৩। নিন্দিত। ৪। সদোষীকৃত। ৫। মৈথুনাপবাদযুক্ত।

দূষ্য (দূষক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, দূষণীয়, নিন্দনীয়। শিং—১ "রাজ্যোপঘাতং কুর্ব্বাণা যে পাপাচারবল্লভাঃ। একৈকশঃ সংহতা বা দূষ্যাংস্তান্ পরিচক্ষতে।" ২। ত্যাজ্য। ৩। সং, ক্লীং, পটমণ্ডপ, বস্ত্রগৃহ, তাঁবু। য্যা—স্ত্রীং, হস্তিকক্ষরজ্জু, কাছদড়ি।

দৃক্ (দৃশ্, দৃশ্ দেখা+০(ক্বিপ্)—প) সং, স্ত্রীং,চক্ষুঃ। ২। (+ক্বিপ্—ভাবে) দর্শন। ৩। জ্ঞান। ৪। (+ক্বিপ্—ক) বিং, ত্রিং, দর্শক। ৫। সাক্ষী। ৬। জ্ঞাতা। শিং—১ "ধন্বন্তরিঃ—আয়ুর্ব্বেদদৃক্।"

দৃক্কর্ণ, দৃক্শ্রুতি (দৃশ্ চক্ষুঃ—কর্ণ, শ্রুতি। চক্ষুই যাহার কর্ণ,৬ষ্ঠী—হিং। প্রসিদ্ধি আছে যে, সাপের কাণ দেখিতে পাওয়া যায় না) সং, পুং, চক্ষুঃশ্রবাঃ, সর্প।

দৃক্কর্ম্ম ( —কর্ম্মন্, দৃশ্—কর্ম্মন্, ৪র্থী—ষ ) সং, ক্লীং, দর্শন জ্ঞানার্থ কর্ম্ম, গ্রহগণের দর্শনযোগ্যতা জ্ঞানার্থ কর্ম্ম।

দৃক্কাণ; সং, ক্লীং, রাশির দশাংশরূপ তৃতীয়াংশ, এক এক রাশিতে তিন তিন দৃক্কাণ আছে।

দৃক্ক্ষেপ; সং, ক্লীং, দৃষ্টিপাত।

দৃক্পথ; সং, পুং—ক্লীং, দৃষ্টিযোগ্য স্থান। "ক্রমেণ তস্মিন্নথতীর্ণদৃক্পথে।" (নৈষধ)।

দৃক্পাত (দৃশ্ দৃষ্টি—পাত পতন) সং, পুং, দৃষ্টিনিক্ষেপ।

দৃক্প্রিয়া (দৃশ্—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, শোভা, সৌন্দর্য্য।

দৃক্শক্তি; সং, স্ত্রীং, প্রকাশরূপ চৈতন্য। ২। পুং, সর্ব্বপ্রকাশক চেতনপুরুষ। ৩। দর্শনশক্তি।

দৃগধ্যক্ষ ( দৃশ্ দৃষ্টি—অধ্যক্ষ ) সং, পুং, সূর্য্য।

দৃগ্গোল (দৃশ্—গোল মণ্ডল) সং, পুং, দৃশ্যমান দিঙ্মণ্ডল। শিং—১ "বদ্ধা খগোলে নলিকাদ্বয়ং ৫ ধ্রুবদ্বয়ে তন্নলিকাদ্বয়মেব। বহিঃ খগোলাদ্বিদধীত ধীমান্ দৃক্গোলমেবং খলু বক্ষ্যমাণম্।"

দৃগ্বিষ (দৃশ্ চক্ষুঃ—বিষ। চক্ষুঃই যাহার বিষাক্ত) সং, পুং, সর্পবিশেষ, যাহার দৃষ্টিতে বিষ আছে।

দৃঢ় (দৃহ্ বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহা তরল বা কোমল নহে, কঠিন। ২। সমর্থ। ৩। যাহা অন্যথা বা বিচলিত হইবার নহে, স্থির, অচল। ৪। গাঢ়। শিং—১ "দৃঢ়ভক্তিরিতি জ্যেষ্ঠে।" ৫। অতিশয়। ৬। সং, ক্লীং, লৌহ।

দৃঢ়কাণ্ড, দৃঢ়গ্রন্থি (দৃঢ়—কাণ্ড, গ্রন্থি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বংশ, বাঁশ।

দৃঢ়ক্ষত্র; সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দৃঢ়গ্রন্থি (দৃঢ়—গ্রন্থি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কঠিনগ্রন্থিযুক্ত। ২। সং, ক্লীং, বাঁশ।

দৃঢ়তা (দৃঢ়+তা—ভাবে) সং,স্ত্রীং, কাঠিন্য ২। স্থিরতা, অবিচলন।

দৃঢ়দংশক (দৃঢ় কঠিন—দংশক যে দংশন করে) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর প্রভৃতি।

দৃঢ়ধন্বা (দৃঢ়ধন্বন্, দৃঢ়—ধনু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দৃঢ়ধনুষ্ক। ২। পুং, নৃপবিশেষ।

দৃঢ়নিশ্চয় (দৃঢ় স্থির—নিশ্চয়, ৬ষ্ঠী—হিং) বিং, স্থিরপ্রজ্ঞ, কুতর্কাদি দ্বারা যাহার বুদ্ধি ভেদ হয় না।

দৃঢ়নীর (দৃঢ়—নীর, ৬ষ্ঠী—হিং। যাহার জলীয় ভাগ কালে দৃঢ়তা প্রাপ্ত হয়) সং, পুং, নারিকেল।

দৃঢ়নেমি; সং, পুং, অজমীঢ়বংশীয় নৃপবিশেষ। ২। দৃঢ়নেমিক রথ।

দৃঢ়প্রতিজ্ঞ (দৃঢ়—প্রতিজ্ঞা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রতিজ্ঞা কখন অন্যথা হয় না, যাহার অঙ্গীকার বিচলিত হইবার নহে, যে আপন প্রতিজ্ঞা বা অঙ্গীকার প্রতিপালন করে, স্থিরপ্রতিজ্ঞ।

দৃঢ়প্ররোহ (দৃঢ়—প্ররোহ অঙ্কুর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বটবৃক্ষ। [বৃক্ষ।

দৃঢ়ফল (দৃঢ়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারিকেল

দৃঢ়বন্ধিনী (দৃঢ়বন্ধ+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শ্যামালতা। ২। বিং, স্ত্রীং, দৃঢ়বন্ধনযুক্তা।

দৃঢ়ভূমি (দৃঢ়—ভূমি অবস্থা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বহুকালসেবিত যোগশাস্ত্রোক্ত মানসিক অভ্যাসবিশেষ। ২। (স্বং—স) কঠিন মৃত্তিকা।

দৃঢ়মুষ্টি (দৃঢ় অশিথিল—মুষ্টি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ। ২। যাহার মুষ্টি বড় দৃঢ়। ৩। (দৃঢ় শক্ত—মুষ্টি, ৭মী হিং। যাহাতে মুষ্টির দৃঢ়তা আবশ্যক হয়) সং, পুং, খড়্গাদি অস্ত্র। [কিরি।

দৃঢ়রঙ্গা (দৃঢ়—রঙ্গ রঞ্জন) সং, স্ত্রীং, ফট্‌-

দৃঢ়রথ; সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দৃঢ়লোমা (দৃঢ়লোমন্, দৃঢ় কঠিন—লোমন্ লোম, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, শূকর। ২। বিং, ত্রিং, কঠিনলোমযুক্ত।

দৃঢ়বর্ম্মা (—বর্ম্মন্, দৃঢ়—বর্ম্মন্ বর্ম্ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দৃঢ়কবচবিশিষ্ট। ২। সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

দৃঢ়বল্কল (দৃঢ়—বল্কল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুগবৃক্ষ, সুপারিগাছ। ২। বিং, ত্রিং, কঠিন বল্কলযুক্ত।

দৃঢ়বীজ (দৃঢ়—বীজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বদরবৃক্ষ। ২। চক্রমর্দ্দ। ৩। বর্ব্বূর। ৪। বিং, ত্রিং, কঠিন বীজযুক্ত।

দৃঢ়ব্রত (দৃঢ়—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধ্যবসায়বিশিষ্ট, ফলোদয় পর্য্যন্ত কার্য্যকারী, অবলম্বিত কার্য্য সাধনে যাহার দৃঢ় যত্ন আছে। শিং—১ "অহিংসা নিরতো যশ্চ সত্যবাদী দৃঢ়ব্রতঃ।"

দৃঢ়সন্ধ (দৃঢ়—সন্ধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্থিরসন্ধান। ২। দৃঢ়প্রতিজ্ঞ। ৩। পুং, ধৃতরাষ্ট্রপুত্র।

দৃঢ়সন্ধি (দৃঢ় কঠিন—সন্ধি মিলন, গ্রন্থি ইত্যাদি) বিং, ত্রিং, সংহত, দৃঢ়রূপে মিলিত।

দৃঢ়াঙ্গ (দৃঢ়—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হীরক। ২। বিং, ত্রিং, দৃঢ়কায়।

দৃঢ়ায়ুধ; সং, পুং, মহাদেব। ২। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ। ৩। বিং, ত্রিং, দৃঢ়ায়ুধযুক্ত।

দৃঢ়াস্থিক (Osseous-fishes) যে সকল মৎস্যের অস্থি দৃঢ়; যথা—কই, চাঁদা।

দৃত (দৃ আদর করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আদৃত, সম্মানিত। ২। (দৄ বিদারণ করা+ক্ত—র্ম্ম) বিদীর্ণ।

দৃতি (দৃ বিদীর্ণকরা+তি(ক্তি)—র্ম্ম। নিপাতন) সং, স্ত্রীং, ভস্ত্রা। শিং—১ "তেনাস্য ক্ষরতি প্রজ্ঞা দৃতেঃ পাত্রাদিবোদকম্।" ২। ভিস্তী। ৩। চর্ম্ম। ৪। মৎস্যবিশেষ।

দৃতিহর } (দৃতি চর্ম্ম—হর, হরি যে
দৃতিহরি } হরণ করে) সং, পুং, কুক্কুর।

দৃতিহার (দৃতি—হৃ [হরণ করা] গ্রহণ করা +অ(ণ্)—ক) সং, পুং, ভিস্তীওয়ালা।

দৃন্‌ভূ (দৃভ্ ভয়পাওয়া+উ(কূ)—সম্প্র, ন্—আগম। নিপাতন) সং, পুং, বজ্র। ২। সূর্য্য। ৩। সর্প। ৪। চক্র, চাকা। ৫। নৃপ। ৬। অন্তক।

দৃপ্ত, দৃপ্র (দৃপ্ অহঙ্কৃত হওয়া+ত(ক্ত), র (রক্)—ক) বিং, ত্রিং, গর্ব্বিত। ২। উদ্ধত। ৩। তুষ্ট। ৪। সং, পুং, বিষ্ণু।

দৃব্ধ (দৃভ্ গ্রন্থন করা, ভীত হওয়া+ত(ক্ত)

—র্ম্ম) বিং, ত্রিং, গ্রথিত। ২। (+ক্ত—ক) ভীত। [স্ত্রীং, সর্প।

দৃম্ফূ (দৃনৃফ্ পীড়ন করা+উ—প্রং) সং,

দৃশদ্ } (দৃ বিদীর্ণ হওয়া+শদ্, যদ্—ধি)
দৃষদ্ } সং, স্ত্রীং, পাষাণ, বিস্তৃত শিলা।

দৃশদ্বতী (দৃশদ্+বতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, নদীবিশেষ। আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমা। ২। দুর্গা।

দৃশা (দৃক্ দেখ, অ—ণ, আপ্) সং, স্ত্রীং, চক্ষুঃ, নয়ন। (দৃক্ দেখ)।

দৃশাকাঙ্ক্ষ্য (দৃশ্ চক্ষুঃ—আ—কানৃক্ষ্ বাঞ্ছা করা+য—র্ম্ম। যাহা চক্ষের উপমানাকাঙ্ক্ষ্য) সং, ক্লীং, পদ্ম।

দৃশান (দৃক্ দেখ, আন(শান)—ণ। যৎকর্ত্তৃক দর্শনাদি উপভোগ করা হয়) সং, ক্লীং, জ্যোতিঃ, দীপ্তি। ২। (+শান—ক) পুং, বিরোচন। ৩। আচার্য্য, উপদেশক। ৪। লোকপাল। ৫। ব্রাহ্মণ।

দৃশি (দৃক্ দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, চক্ষুঃ। ২। শাস্ত্র।

দৃশীক (দৃশ্ দর্শন করা+ঈক(ঈকক্)—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। ৩। শোভন।

দৃশোপম (দৃশা চক্ষুঃ—উপমা তুলনা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শ্বেতপদ্ম।

দৃশ্য (দৃক্ দেখ,য(ঞ্য)-র্ম্ম) বিং,ত্রিং,দর্শনীয়। ২। সুন্দর,সুরূপ। শিং—১ "আস্তামনঙ্গী করণান্তয়েন দৃশ্যঃ স্মরো নেতিপুরাণবাণী।" ২ "তমেকদৃশ্যং নয়নৈঃ পিবন্ত্যোনার্য্যো ন জগ্মুর্বিষয়ান্তরাণি।" ২। জ্ঞেয়মাত্র, প্রকাশ্য। ৩। সং, ক্লীং, দর্শনীয় বস্তু বা বিষয়।

দৃশ্যকাব্য; সং, ক্লীং, রঙ্গালয়ে নটগণকর্ত্তৃক দর্শনীয় কাব্যবিশেষ; ইহা দুই অংশে বিভক্ত।—রূপক ও উপরূপক। রূপক নাটকাদি দশ ও উপরূপক নাটকাদি অষ্টাদশ নামে বিখ্যাত। অতএব কেবল নাটক দৃশ্যকাব্য নহে। নাটক উহার প্রকারভেদ মাত্র।

দৃশ্যসঙ্গীত—নৃত্যের দর্শনপ্রত্যক্ষ ব্যতীত শ্রবণপ্রত্যক্ষ হয় না, সেই হেতু ইহাকে দৃশ্যসঙ্গীত বলে।

দৃশ্যাদৃশ্য (দৃশ্য—অদৃশ্য, দ্বং—স) বিং,ত্রিং, দর্শনযোগ্য এবং দর্শনের অযোগ্য।

দৃশ্বা (দৃশ্বন্, দৃক্ দেখ,বন(ক্বনিপ্)—ক,ভূতকাল) বিং, ত্রিং, যে দেখিয়াছে। শিং—১ "অনাকৃষ্টস্য বিষয়ৈর্বিদ্যানাং পারদৃশ্বনঃ।" ২ "গুর্ব্বর্থমর্থী শ্রুতপারদৃশ্বা।" (রঘু)।

দৃষ্ট (দৃশ্ দেখা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বীক্ষিত,অবলোকিত,যাহা দেখা গিয়াছে। শিং—১"দৃষ্টদোষেঽপি বিষয়ে মমত্বাকৃষ্টচেতনঃ।"২। জ্ঞাত। ৩। লৌকিক। শিং—১"দৃষ্টবদানুশ্রবিকঃ স হ্যবিশুদ্ধি ক্ষয়াতিশয়যুক্তঃ।" ৩। (+ক্ত—ভা) সং, ক্লীং, দর্শন। ৪। জ্ঞান।

দৃষ্টপৃষ্ঠ (দৃষ্ট—পৃষ্ঠ। রণে ভঙ্গ দিয়া পলায়ন করিলে পৃষ্ঠদেশ দৃষ্ট হয় বলিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সমরক্ষেত্র হইতে পলায়মান (সৈন্য)।

দৃষ্টপ্রত্যয় (দৃষ্ট দর্শন—প্রত্যয়, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, দর্শনদ্বারা যাহার বিশ্বাস জন্মে।

দৃষ্টরজা: (—রজস্,দৃষ্ট—রজস্ স্ত্রীকুসুম,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নবযুবতী, প্রাপ্তরজস্কা।

দৃষ্টান্ত (দৃষ্ট—অন্ত শেষ, বিষয়পরিচ্ছেদ, ৭মী—হিং) সং, পুং, উদাহরণ, কোন বিষয় স্পষ্ট বা সপ্রমাণ করিবার নিমিত্ত অন্য কোন পরিজ্ঞাত বিষয়ের উল্লেখ, নিদর্শন। ২। উপমান। ৩। শাস্ত্র। ৪। কাব্যের অলঙ্কারবিশেষ, পরস্পর সমান ধর্ম্মাক্রান্ত বস্তুদ্বয়ের সাদৃশ্য কথন। শিং—১"শকুনিঃ শকটারশ্চ দৃষ্টান্তাবত্র ভূপতেঃ।" ২ "কথমিবেতি দৃষ্টান্ত উচ্যতে।" ৫। মৃত্যু।

দৃষ্টি (দৃশ্ দেখা+তি(ক্তি)—ণ। যাহা দ্বারা দেখা যায়) সং, স্ত্রীং, চক্ষুঃ। শিং—১ "মুহুরনুপততি স্যন্দনে বদ্ধদৃষ্টিঃ।" ২ "লব্ধচক্ষুঃ প্রসন্নায়াং দৃষ্ট্যাং সর্ব্বং দদর্শহ।" ২। (+ক্তি—ভা) দর্শন। ৩। জ্ঞান।

দৃষ্টিকৃৎ } (দৃষ্টি চক্ষুঃ—কৃ [করা] তুলনা
দৃষ্টিকৃত } করা+০(কিপ্)—ক। অং—আগম। ২য় পক্ষে—দৃষ্টি—কৃত, ৩য়—হিং) সং, ক্লীং, স্থলপদ্ম।

দৃষ্টিগোচর; বিং, ত্রিং, নেত্রগোচর, চক্ষুঃ দ্বারা যাহা দেখা যায়।

দৃষ্টিপূত (দৃষ্টি—পূত) বিং, ত্রিং, দর্শন দ্বারা পূত, স্বচক্ষে দেখিয়া যে বিষয়ের স্বরূপ পরিজ্ঞান হইয়াছে, স্বয়ং দেখিয়া যে বিষয়ে আশঙ্কা বা সন্দেহ দূর হইয়াছে।

দৃষ্টিবন্ধু (দৃষ্টি দর্শন—বন্ধু) সং, পুং, খদ্যোত, জোনাকীপোকা।

দৃষ্টিবিক্ষেপ (দৃষ্টি চক্ষুঃ—বিক্ষেপ ক্ষেপণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কটাক্ষ, আড়দৃষ্টি।

দৃষ্টিবিজ্ঞান (Optics) সং, ক্লীং, আলোক ও দর্শনবিষয়ক বিদ্যা।

দৃষ্টিবিষ (দৃষ্টি—বিষ। যাহার দৃষ্টি বিষাক্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্পবিশেষ, যাহার দৃষ্টিতে বিষ আছে।

দেউটী (দেশজ) সং, প্রদীপ; যথা—
"সুবর্ণ দেউটী যথা তুলসীর মূলে।"

দেউল (দেবকুল শব্দজ) সং, মন্দির, মঠ; যথা—"পূজিনু চামুণ্ডে প্রভু সুবর্ণ দেউলে।"

দেউলিয়া (দেশজ) বিং, গতসর্ব্বস্ব, নিঃস্ব।

দেওন (দানশব্দজ) সং, দানকরণ, অর্পণ।

দেওয়ান (পারস্য) জমিদারী বা রাজসংক্রান্ত প্রধান কর্ম্মচারী।

দেওয়াল (পারস্য দিওয়ার শব্দ) সং, প্রাচীর।

দেখন (দেশজ) সং, দর্শন, অবলোকন।

দেড়, দেরী (পারস্য) বিলম্ব।

দেদীপ্যমান (দীপ্ দীপ্তিপাওয়া+যঙ—ভৃশার্থে, দ্বিত্ব, আন(শান)—ক) বিং, ত্রিং, সর্ব্বদা যাহাতে দীপ্তি প্রকাশ হইতেছে, জাজ্বল্যমান, অতিদীপ্তিবিশিষ্ট।

দেনদার, দেনাদার (আরবী দেনা—পারস্য দার যে লয়) অধমর্ণ, ধেরো।

দেনা (আরবী দেন শব্দজ) সং, ঋণ, ধার, কর্জ্জ। [২। ধৃষ্টতা।

দেমাগ (আরবী) মস্তিষ্ক। (পারস্য) অহঙ্কার।

দেয় (দা দান করা+য—র্ম্ম) বিং, ত্রিং, দানযোগ্য, দিবার উপযুক্ত, যাহা দেওয়া উচিত বা আবশ্যক। শিং—১ "দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।"

দেব (দিব্ [স্বর্গে] ক্রীড়াকরা+অ(অন্—ক। লাটিন=Deus) সং, পুং, ঈশ্বর। ২। সুর, দেবতা (প্রধানতঃ স্বর্গবাসীকে দেব বা দেবতা কহে। পৃথিবীতে ঐরূপ দেবও বলা যায়; যেমন—ভূদেব অর্থাৎ ব্রাহ্মণ, নরদেব অর্থাৎ রাজা। কেহ কেহ দেব শব্দকে শ্রেষ্ঠবাচক বলে; যেমন—নরদেব অর্থাৎ নরশ্রেষ্ঠ)। শিং—১ "ঋষয়ঃ পিতরো দেবা ভূতান্যতিথয়স্তথা।" ৩। রাজা। ৪। ব্রাহ্মণ। ৫। বিজিগীষু। ৬। দেবর। ৭। মেঘ। ৮। পারদ। ৯। সম্মান সূচক উপাধি, ব্রাহ্মণের উপাধি। ১০। ক্লীং, ইন্দ্রিয়। ১১। দীপ্তি। বী—স্ত্রীং, স্ত্রীদেবতা। ২। দুর্গা। শিং—১ "যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।" ৩। রাজমহিষী। শিং—১ "দেবী আগচ্ছ তু।" ৪। ব্রাহ্মণী। ৫। ব্রাহ্মণজাতীয় স্ত্রীলোকের উপাধি। বিং, ত্রিং, পূজ্য। ৬। পুং, পরমাত্মা। শিং—১ "ভর্গো দেবস্য ধীমহি।"

দেবক (দেব দেখ, অক(ণক)—ক) সং, পুং, কৃষ্ণের মাতামহ, দেবকীর পিতা। শিং—১ "যস্ত্বাসীদ্দেবকো নাম দেবরাজসমদ্যুতিঃ। স গন্ধর্ব্বপতির্মুখ্যঃ ক্ষিতৌ যজ্ঞে নরাধিপঃ।" ২। বিং, ত্রিং, ক্রীড়ক।

দেবকর্দ্দম; সং, পুং, চন্দন, অগুরু কর্পূর ও কুঙ্কুম মিশ্রিত পদার্থ।

দেবকাত্মজা (দেবক—আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কৃষ্ণের মাতা, দেবকী।

দেবকার্য্য; সং, ক্লীং, দেবতার প্রীত্যর্থে যে কর্ম্ম করিতে হয়, পূজা, উপাসনা। ২। যাগ, যজ্ঞ। শিং—১ "দেবকার্য্যাদ্দ্বিজাতীনাং পিতৃকার্য্য বিশিষ্যতে।" ৩। দেবতাদের কার্য্য, দেবতাকৃত কর্ম্ম।

দেবকাষ্ঠ (দেব দেবপ্রিয়—কাষ্ঠ, য়ং—স। মধ্যপদলোপ) সং, ক্লীং, দেবদারুবৃক্ষ।

দেবকিরী; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ, মেঘরাগের ভার্য্যা। শিং—১ "ললিতা মালতী গৌরী নাটী দেবকিরী তথা। মেঘরাগস্য রাগিণ্যো ভবন্তীমাঃ সুমধ্যমাঃ।"

দেবকিল্বিষ (দেব দেবকৃত—কিল্বিষ, য়ং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, দেবকৃত অনিষ্ট কার্য্য।

দেবকী } (দেবক+অ(ষ্ণ)—অপত্যার্থে,
দৈবকী } ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দেবকের কন্যা, বসুদেবের পত্নী, কৃষ্ণের মাতা;

ইনি ও ইহাঁর স্বামী জন্মান্তরে পৃশ্নি ও সুতপা নামে বিখ্যাত ছিলেন। ভগবানের বরে অদিতি ও কশ্যপ হইয়া বামনরূপী ভগবানকে পুত্ররূপে লাভ করেন। অদিতি কশ্যপকে বরুণের গাভী প্রত্যর্পণ করিতে বারণ করায়, ব্রহ্মার শাপে মানুষী হইয়া দেবকী নামে বিখ্যাতা হইয়াছিলেন।

দেবকীনন্দন, দেবকীসূনু (দেবকী—নন্দন, সূনু= পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। শিং—১ "দেবকীনন্দনঃ স্রষ্টা ক্ষিতীশঃ পাপনাশনঃ।"

দেবকুণ্ড ; সং, ক্লীং, দেবখাত।

দেবকুরুম্বা ; সং, স্ত্রীং, মহাদ্রোণী।

দেবকুল (দেব দেবতা—কুল আলয়) সং, ক্লীং, দেবালয়, মঠ, পূজাস্থান, দেউল। ২। বংশ। ৩। সমূহ।

দেবকুল্যা ; সং, স্ত্রীং, গঙ্গা।

দেবকুসুম (দেব—কুসুম ফুল, ৬ষ্ঠী—ষ, দেবযোগ্য পুষ্প) সং, স্ত্রীং, লবঙ্গ।

দেবকূট ; সং, ক্লীং, বশিষ্ঠাশ্রম সমীপস্থ তীর্থবিশেষ। শিং—১ "দেবকূটং সমাসাদ্য দেবর্ষিগণসেবিতম্।"

দেবখাত (দেব—খাত খনিত। যাহা মনুষ্য কর্তৃক খনিত নহে, ৩য়া—ষ) সং, ক্লীং, স্বাভাবিক খাত, হ্রদ, অকৃত্রিম জলাশয়। শিং—১ "নদীষু দেবখাতেষু তড়াগেষু-সরিৎসু চ। স্নানং সমাচরেৎ।"

দেবখাতবিল (দেবখাত—বিল ছিদ্র) সং, ক্লীং, পর্ব্বতের গুহা।

দেবগণিকা ; সং, স্ত্রীং, স্বর্গবেশ্যা, অপ্সরা।

দেবগন্ধর্ব্ব (দেব—গন্ধর্ব্ব গায়ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবসভায় গায়ক গন্ধর্ব্ববিশেষ।

দেবগান্ধারী ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

দেবগায়ন (দেব—গায়ন [গৈ গান করা+ অন(অনট্)—ক] যে গান করে, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গন্ধর্ব্ব।

দেবগিরি ; সং, পুং, পর্ব্বতবিশেষ। ২। দেওগর বা ইলোরা ; এইখানকার পর্ব্বতে অনেক দেবমূর্ত্তি আছে বলিয়া এই নাম হইয়াছে।

দেবগুরু (দেব—গুরু আচার্য্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি। শিং—১ "আদ্যং দেবগুরুং দেবম্।" (হরিবংশ)।

দেবগৃহ (দেব—গৃহ আলয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবতার স্থান, দেবালয়। ২। সূর্য্যমণ্ডল, চন্দ্রমণ্ডল প্রভৃতি।

দেবচর্য্যা ; সং, স্ত্রীং, দেবচরিত। ২। দেবপূজার্থ চেষ্টা।

দেবচিকিৎসক (দেব দেবতা—চিকিৎসক বৈদ্য) সং, পুং, অশ্বিনীকুমারদ্বয়।

দেবচ্ছন্দঃ (ছন্দস্, দেব দেবপ্রিয়—ছন্দস্, য়ৎ—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, বৈদিক শ্রোত্রিয় ছন্দোবিশেষ।

দেবচ্ছন্দ (দেব—ছন্দ্ আচ্ছাদনকরা+অ (অল্)—র্ম্ম। দেবতারাও যাহা গলায় পরেন) সং, পুং, শতলতিক হার।

দেবজন ; সং, পুং, দেবতুল্য ব্যক্তি, রাজা। ২। গন্ধর্ব্ব।

দেবজনবিদ্যা (দেবজন গন্ধর্ব্ব—বিদ্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গন্ধর্ব্ববিদ্যা, নৃত্যগীতাদি। [বিং, ত্রিং, শিল্পী, শিল্পকর।

দেবট (দিব্ ক্রীড়া করা + অট—প্রং)

দেবট্টী ; সং, স্ত্রীং, গাংচিল।

দেবতরু (দেব দেবতা—তরু বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মন্দার, পারিজাত, সন্তান, কল্পবৃক্ষ, হরিচন্দন—এই পাঁচ বৃক্ষ। ২। চৈত্যবৃক্ষ।

দেবতা (দেব ক্রীড়া+তন্ বিস্তারকরা+অ(ড)—ক, আপ্। যাঁহারা ক্রীড়া বিস্তার করেন, ২য়া—ষ। কিংবা দেব + তা—স্বার্থে) সং,স্ত্রীং, যে সকল জীব স্বর্গে বাস করে, অমর, সুর, দেব। শিং—১ "যস্মৈ বৈ কস্যৈ চ দেবতায়ৈ হবির্গৃহ্যতে।"

দেবতাড় (দেব—তড্ আঘাত করা+অ (ণ্)—ক) সং, পুং, রাহু। ২। অগ্নি। ৩। মেঘ। ৪। বৃক্ষবিশেষ।

দেবতাধিপ (দেবতা—অধিপ প্রধান, রাজা) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।

দেবতাপ্রতিমা (দেবতা—প্রতিমা প্রতিমূর্ত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবতার প্রতিমূর্ত্তি।

দেবতাপ্রতিষ্ঠা (দেবতা—প্রতিষ্ঠা, ৬ষ্ঠী—ষ)

সং, স্ত্রীং, বিধি পূর্ব্বক দেব মূর্ত্তির সংস্থাপন।

দেবতায়তন ( দেবতা—আয়তন, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, দেবস্থান, দেবালয়।

দেবত্ব (দেব+ত্ব—ভাবে) সং, ক্লীং, দেবতার ধর্ম্ম গুণ বা অবস্থা। ২। দেবভাব।

দেবত্র } দেবোত্তর (দেব—ত্রৈ পালন করা + অ( ড )—ক। দেব—উত্তর যোগ, ৬ষ্ঠী—ষ ) বিং, ত্রিং, দেবতার সেবার্থ(ভূমি প্রভৃতি), দেবতার উদ্দেশে নিয়োজিত, দেবসাৎকৃত।

দেবদত্ত ( দেব—দত্ত, ৪র্থী—ষ+৩য়া—ষ ) বিং, ত্রিং, দেবতাতে যাহা দেওয়া হইয়াছে। ২। দেবতা যাহা দিয়াছেন। ৩। (ব্যাকরণে কোন ব্যক্তির পরিবর্ত্তে দেবদত্ত প্রয়োগ করা যায়) সং, পুং, কোন এক ব্যক্তি। ৪। অর্জ্জুন-শঙ্খ। ৫। শরীরস্থ জম্ভণকর বায়ুবিশেষ।

দেবদর্শ (দেব—দৃশ্ দর্শন করা+অ(অন্) —ক) বিং, ত্রিং, দেবদর্শক।

দেবদর্শন ( দেবদর্শ দেখ, অন(অনট্)—ক ) সং, পুং, দেবদর্শক। ২। (+অনট্—ভা) ক্লীং, দেবমূর্ত্তি দর্শন।

দেবদারু (দেব [ইন্দ্র] দেবপ্রিয়—দারু কাষ্ঠ, য়ং—স, মধ্যপদলোপ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ। শিং—১"অমুং পুরঃ পশ্যসি দেবদারুম্।"

দেবদাসী ( দেব ইন্দ্রিয়—দাস্ বধকরা+ অ(অন্)—ক) সং,স্ত্রীং, বারাঙ্গনা, বেশ্যা। ২। দেবগণের পরিচারিকা।

দেবদীপ (দেব ইন্দ্রিয়—দীপ প্রদীপ) সং, পুং, লোচন, চক্ষুঃ।

দেবদুন্দুভি; সং, পুং, রক্ততুলসী। ২। দেবঢক্কা। শিং—১ "দেবদুন্দুভয়ো নেদুর্ননৃতুশ্চাপ্সরোগণাঃ।"

দেবদেব (দেব-দেব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। শিং—১ দ্রৌপদ্যাঃ সঙ্কটং জ্ঞাত্বা দেবদেবো জগৎপতিঃ।" ৩। শিব। শিং—১ "অযাচিতারং নহি দেবদেবমদ্রিঃ সুতাং গ্রাহয়িতুং শশাক।" ৪। দেব-শ্রেষ্ঠ।

দেবদেবেশ; সং, পুং, মহাদেব। শিং—১ "স্বয়ং মাং দেবদেবেশ যাজয়স্ব সুরেশ্বর।"

দেবদোল; সং, পুং, প্রাতঃকরণীয় দেবগণের দ্রষ্টব্য দোলোৎসব।

দেবদ্রোণী (দেব দেবতা—দ্রুণ্ গমন করা +অ(অল্)—ভাবে) সং, স্ত্রীং, দেবতার নিকট সমারোহ পূর্ব্বক যাত্রা। ২। স্বয়ম্ভূলিঙ্গাদির অবস্থানরূপ গহ্বর।

দেবদ্র্যঙ ( দেবদ্র্যনূচ্, দেব—অনূচ্ পূজা করা+•(ক্বিপ্)—ক, দ্রি—আগম। যে দেবতাকে পূজা করে, ২য়া—ষ) সং, পুং, দেবপূজক। ২। দেবসমীপে গমনকারী।

দেবধান্য (দেব দেবতা—ধান্য) সং, স্ত্রীং, ধান্যবিশেষ, দেধান।

দেবধূপ ( দেব দেবতা—ধূপ গন্ধদ্রব্যবিশেষ) সং, পুং, গুগ্‌গুল।

দেবন ( দিব্ ক্রীড়া করা ইত্যাদি+অন (অনট্)—ভা ) সং, ক্লীং, ক্রীড়া। ২। স্তুতি। ৩। দীপ্তি। ৪। দুঃখ। ৫। ব্যবহার। ৬। জিগীষা,জয়েচ্ছা। ৭। (+অনট্ —ধি ) লীলোদ্যান। ৮। (+অনট্—ণ) পুং, পাশক, পাশা। ৯। পদ্ম। না—স্ত্রীং, (+অন, আপ্) ক্রীড়া। ২। সেবা। ৩। বিলাপ। শিং—১ "তত্রকা পরিদেবনা।"

দেবনদী (দেব—নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "স্নাতুং গতান্ দেবনদ্যাং দুর্ব্বাসঃ প্রভৃতিন্ মুনীন্।"

দেবনন্দী (দেবনন্দিন্, দেব দেবতা—নন্দীন্ [নন্দ্ আনন্দিত করা+ইন্(ণিন্)—ক] যে সন্তুষ্ট করে) সং,পুং, ইন্দ্রের দ্বারপাল।

দেবনিদ্ (দেব নিন্দ্ নিন্দাকরা+•(ক্বিপ্) —ক) বিং, ত্রিং, দেবনিন্দক।

দেবনির্ম্মিত (দেব—নির্ম্মিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, দেবগণ কর্ত্তৃক রচিত। শিং—১ "নগর্য্যো দেবনির্ম্মিতা।" [ইন্দ্র।

দেবপতি ( দেব—পতিন্, ৬ষ্ঠী—ষ ) সং,পুং,

দেবপত্নী (দেব পত্নী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দেবতা যাহার পতি, দেবভার্য্যা।

দেবপথ (দেব দেবতা—পথ [পথিন্ শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, আকাশপথ, স্বর্গপথ। শিং—১ "দিব্যো দেবপথো

হ্যেষ নানুগচ্ছন্তিমানুষাঃ।" ২। ছায়াপথ।

দেবপশু (দেব দেবোদ্দেশে উৎসৃষ্ট পশু, য়ৎ—স, মধ্যপদলোপ) সং, পুং, দেবোদ্দেশে উৎসৃষ্ট পশু।

দেবপাত্র (দেব—পা পান করা+ত্র(ষ্ট্রণ)—ধি। দেবগণ যাহাতে পান করেন) সং, ক্লীং, অগ্নি।

দেবপান (দেবপাত্র দেখ, অন(অনট্)—ণ) সং, পুং, সোমরসপানের পাত্রবিশেষ।

দেবপাল; সং, পুং, শাকদ্বীপস্থ বর্ষ পর্ব্বতবিশেষ।

দেবপীয়ু (দেব—পী হিংসা করা+উ(উন্)—ক) সং, পুং, দেবদ্বেষ্টা।

দেবপুরী (দেব দেবতা—পুরী নগরী) সং, স্ত্রীং, ইন্দ্রপুরী, অমরাবতী।

দেবপূজ্য (দেব—পূজ্য, ১মা—হিং) সং, পুং, বৃহস্পতি।

দেবপ্রশ্ন } (দেব দেবতা, দৈবভাগ্য
দৈবপ্রশ্ন } ইত্যাদি—প্রশ্ন জিজ্ঞাসা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গ্রহনক্ষত্রাদির গতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ জানিতে ইচ্ছা।

দেবপ্রস্থ; সং, পুং, সেনাবিন্দু নৃপতির পুত্র।

দেবপ্রিয়; সং, পুং—ক্লীং, পীতভৃঙ্গরাজ। ২। বকবৃক্ষ।

দেবভবন (দেব—ভবন বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্বর্গ। ২। দেবালয়। ৩। অশ্বত্থবৃক্ষ।

দেবভাষিত; সং, ক্লীং, দৈববাণী।

দেবভূ (দেব স্বর্গীয়, দেবতা—ভূ জীব, হওন, বাসস্থান) সং, পুং, দেবতা। ২। স্বর্গ।

দেবভূতি (দেব দেবতা—ভূতি হওন, বাসস্থান) সং,স্ত্রীং, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।

দেবভূমি; সং,স্ত্রীং,স্বর্গ। ২। দেবপ্রিয় ভূমি।

দেবভূয় (দেব—ভূয় [ভূ হওয়া+য(ক্যপ্)—ক] হওন) সং,ক্লীং, দেবত্ব, দেবসাযুজ্য।

দেবমণি (দেব—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং,পুং, কৃষ্ণের মণি, কৌস্তুভ। শিং—১ "সম্পন্নদেবমণয়ো ভৃতরন্ধ্রভাগাঃ (মাঘ)।" ২। শিব। ৩। অশ্বের গলদেশে রোমাবলীকৃত আবর্ত্ত।

দেবমাতা (দেবমাতৃ, দেব+মাতৃ মা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অদিতি, কশ্যপপত্নী।

দেবমাতৃক (দেব[দেবতা]মেঘ—মাতৃ মাতা, ৭মী—হিং, কণ্—যোগ) বিং, ত্রিং, বৃষ্টিজল দ্বারা উৎপন্ন শস্যে পালিত (দেশ)। শিং—১ "কচ্চিদ্রাষ্ট্রে তড়াগানি পূর্ণানি চ বৃহন্তি চ। ভাগশো বিনিবিষ্টান ন কৃষিদেবমাতৃকা।"

দেবমান (দেব—মান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবলোকের কালপরিচ্ছেদ।

দেবমানক (দেব দেবতা—মান আদর+কণ্—প্রং) সং, পুং, কৌস্তুভমণি।

দেবমায়া; সং, স্ত্রীং, অবিদ্যা, অজ্ঞান। "তে দুস্তরামতি তরন্তি চ দেবমায়াম্।"

দেবমাস (দেব স্বর্গীয়—মাস) সং, পুং, গর্ভের অষ্টম মাস। ২। মনুষ্যদের ত্রিশ বৎসর।

দেবমুনি; সং, পুং, নারদ তুম্বুরু প্রভৃতি।

দেবযজন; সং, ক্লীং, দেবগণের অর্চ্চনা।

দেবযজি (দেব—যজি [যজ্ পূজা করা+ই—ক] যে পূজা করে, ২য়া—ষ) সং, পুং, দেবপূজক, মুনাদি। শিং—১ "অদ্রো দ্বিজান্ দেবযজীন্ নিহস্মঃ।" (ভট্টি)।

দেবযাত্রা (দেব দেবতা—যাত্রা গমন) সং, স্ত্রীং, দেবতার নিকট গমন।

দেবযান (দেব—যান রথাদি, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং,দেবরথ, ব্যোমযান। "ত্রিলোকীং দেবযানেন সোঽতিব্রজ্য মুনীনপি।"

দেবযানি } (দেবযান+ই, ঈ—প্রং) সং,
দেবযানী } স্ত্রীং, শুক্রাচার্য্যের কন্যা, যযাতি রাজার পত্নী; বৃহস্পতির পুত্র কচের অভিশাপে ইহাঁকে ক্ষত্রিয়ের পত্নী হইতে হইয়াছিল।

দেবযু (দেব দেবতা—যা গমন করা+উ প্রং) সং, পুং, দেবতা। ২। বিং, ত্রিং, ধার্ম্মিক, ধর্ম্মিষ্ঠ।

দেবযুগ; সং, পুং, দেবপ্রিয়যুগ, সত্যযুগ। শিং—১ "পুরা দেবযুগে ব্রহ্মন্! প্রজাপতি সুতে শুভে আস্তাং ভগিন্যৌ।"

দেবযোনি ( দেব—যোনি উৎপত্তি স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উপদেবতা, ভূতাদি। শিং—১ "বিদ্যাধরোঽপ্সরোযক্ষোরক্ষোগন্ধর্ব্বকিন্নরাঃ। পিশাচো গুহ্যকঃ সিদ্ধো ভূতোঽমী দেবযোনয়ঃ।"

দেবযোষা ; সং, স্ত্রীং, অপ্সরা। শিং—১ "মুমুচুর্দেবযোষাশ্চ পুষ্পবর্ষমনুত্তমম্।"

দেবর (দিব্ ক্রীড়করা ইত্যাদি+অর (অরন্) —ক,সংজ্ঞার্থে। লাটীন=লেবর। প্রাচীন লাটিন=ডেবর। গ্রীক=ডেঅর। বাঙ্গালা =দেওর)সং, পুং, পতির কনিষ্ঠ ভ্রাতা। শিং—১ "পতিশ্বশুরতা জ্যেষ্ঠে পতি দেবরতানুজে।" (উদ্ভট)। ২। পতির ভ্রাতামাত্র। শিং—১ "দেবরাদ্বা সপিণ্ডাদ্বা স্ত্রিয়াং সম্যক্‌নিযুক্তয়া।"

দেবরক্ষিত ; সং, পুং, দেবরাজপুত্রবিশেষ। ২। বিং, ত্রিং, দেবতা কর্ত্তৃক রক্ষিত।

দেবরথ (দেব দেবতা—রথ) সং, পুং, দেবযান, ব্যোমযান। ২। সূর্য্যরথ।

দেবরহস্য (দেব—রহস্য, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, দেবগণেরও গোপনীয়, অতিগোপনীয়। শিং—১ "শ্রুতং দেবরহস্যং তে নারদাদ্দেবদর্শনাৎ।"

দেবরাজ্ }<br>দেবরাজ } ( দেব—রাজ্ দীপ্তি পাওয়া +•(ক্বিপ্)—ক। দেব—রাজ রাজন্ শব্দজ + ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। শিং—১ "দেবরাজসমদ্যুতিঃ।"

দেবরাত (দেব—রা দান করা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং, পরীক্ষিৎ, অর্জ্জুনের পৌত্র। রাজা পরীক্ষিৎ যখন উত্তরার গর্ভস্থ, তখন দেবরূপী কৃষ্ণ অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র হইতে তাহাকে রক্ষা করেন, এইজন্য তিনি দেবরাত নামে প্রসিদ্ধ হন। ২। বিশ্বামিত্র-পুত্রবিশেষ। ৩। সারসপক্ষিবিশেষ। ৪। বিং, ত্রিং, দেবদত্ত। ৫। দেবরক্ষিত।

দেবর্ষি (দেব—ঋষি, মং—স) সং, পুং, দেবতা অথচ ঋষি, নারদাদি মুনি।

দেবল (দেব—লা গ্রহণ করা+অ(ড)—ক। যে জীবিকা জন্য দেবতাকে গ্রহণ করে, ২য়া—ষ) সং,পুং, যে ব্রাহ্মণ গ্রাম্য অথবা অনেক সাধারণ দেবতার পূজা করিয়া জীবিকা নির্ব্বাহ করে, পূজারি ব্রাহ্মণ। শিং—১ "আহ্বায়কা দেবলকা নক্ষত্র গ্রামযাজকাঃ। এতে ব্রাহ্মণচাণ্ডালা মহাপথিকপঞ্চমাঃ।" ২। অসিত মুনির পুত্র। ইনি রম্ভা-শাপে অষ্টাবক্র হইয়াছিলেন।

দেবলতা ; সং, স্ত্রীং, নবমল্লিকা।

দেবলাতি ( দেব—লাতি গ্রহণ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবপ্রতিমা গ্রহণ।

দেবলোক ( দেব—লোক ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। ২। ভূরাদি সপ্তলোক। শিং—১ "ভূর্লোকোঽথ ভুবর্লোকঃ স্বর্লোকোঽথ মহর্জ্জনঃ। তপঃ সত্যঞ্চ সপ্তৈতে দেবলোকাঃ প্রকীর্ত্তিতাঃ।"

দেববক্ত্র (দেব দেবতা—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি।

দেববর্ত্ম (দেববর্ত্মন্, দেব—বর্ত্মন্ পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ।

দেববর্দ্ধকি (দেব দেবতা—বর্দ্ধকি সূত্রধর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিশ্বকর্ম্মা।

দেববাণী ; সং, স্ত্রীং, সংস্কৃত ভাষা, দেববাক্য। ২। দেবতারা অলক্ষিত থাকিয়া যে আদেশবাণী বা উপদেশবাক্য নির্দ্দেশ করেন, দেবতার প্রত্যাদেশ।

দেববাহন (দেব দেবদত্ত ঘৃত—বহ্-ণিচ্= বাহি প্রাপ্তি করান+অন(অনট্)—ক) সং, পুং, অগ্নি।

দেববিদ্যা ; সং, স্ত্রীং, দেবজ্ঞানার্থ বিদ্যা, নিরুক্ত বিদ্যা।

দেববৃক্ষ ; সং, পুং, মন্দারবৃক্ষ। ২। গুগ্‌গুল। ৩। সপ্তপর্ণবৃক্ষ।

দেবব্রত (দেব ইন্দ্রিয়সংযম—ব্রত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গাঙ্গেয়, ভীষ্ম। শিং—১ "দেবব্রতাদ্যাস্তিরথৈস্তিমিঙ্গিলৈঃ।" ২। (৬ষ্ঠী—ষ) দেবতাদিগের ব্রত।

দেবব্রতী ( —ব্রতিন্, দেবব্রত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দেবব্রতযুক্ত।

দেবশত্রু (দেব—শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসুর।

দেবশর্ম্মা (—শর্ম্মন্, দেব—শর্ম্মা অশুভনাশক, মং—স) সং, পুং, ব্রাহ্মণজাতির উপাধি-বিশেষ। শিং—১ "দেবপূর্ব্বং

নরাখ্যং হি ধর্ম্মকর্ম্মাদি সংযুতম্।" ২। ঋষিবিশেষ। ৩। একজন বেদজ্ঞ ব্রাহ্মণ।

দেবশিল্পী (—শিল্পিন্) সং, পুং, বিশ্বকর্ম্মা।

দেবশুনী; সং, স্ত্রীং, দেবতুল্য প্রভাবান্বিতা কুক্কুরী।

দেবশ্রুত (দেব স্বর্গীয়—শ্রুত) সং, পুং, ঈশ্বর। ২। শাস্ত্র। ৩। নারদমুনি। ৪। জিনবিশেষ।

দেবসত্তম (দেব—সত্তম শ্রেষ্ঠ, ৭মী—ষ) বিং, ত্রিং, দেবপ্রধান।

দেবসভা (দেব—সভা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবলোকস্থ সুধর্ম্মাখ্যা সভা। ২। রাজসভা।

দেবসভ্য (দেব ক্রীড়া—সভা+য—যোগ্যার্থে) সং, পুং, সভিক, দ্যূতসভাধ্যক্ষ। ২। দেবসভাস্থ ব্যক্তি।

দেবসাৎ (দেব+সাৎ(চসাৎ)—আয়ত্তার্থে) অং, দেবতাকে দেয়, দেবাধীন, দেবায়ত্ত। শিং—১ "হত্বা বা দেবসাৎভূত্বা লোকান্ প্রাপ্স্যথ পুষ্কলান্।"

দেবসাৎকৃত; বিং, ত্রিং, দেবতার উদ্দেশে দত্ত, দেবসেবায় নিয়োজিত।

দেবসাযুজ্য (দেব—সযুজ্ [সহ্—যুজ্ যোগ করা+০(ক্বিপ্)—ভাবে] যুক্ত+য—ভাবে, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবত্ব, দেবভূয়। ২। দেবসাদৃশ্য। ৩। দেবসহযোগ।

দেবসৃষ্টা (দেব—সৃষ্ট নির্ম্মিত। যাহা দেবতা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছে, ৩য়া—ষ) সং, স্ত্রীং, মদ্য, সুরা।

দেবসেনা (দেব ইন্দ্র বা অন্য কোন দেবতা—সেনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবসৈন্য। শিং—১ "দেবসেনাং দানবৈর্হি ভগ্নাং দৃষ্ট্বা মহাবলঃ।" ২। ব্রহ্মার কন্যা, স্কন্দপত্নী। শিং—১ "এবং স্কন্দস্য মহিষীং দেবসেনাং বিদুর্জনাঃ।

দেবসেনাপতি (দেবসেনা—পতি অধ্যক্ষ, স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

দেবস্ব (দেব স্বর্গীয়—স্ব ধন) সং, ক্লীং, দেবতার ধন; দেবসেবার নিমিত্ত নিয়োজিত ধন বা বিষয়, যাজ্ঞিক ধন। শিং—১ "যদ্ধনং যজ্ঞশীলানাং দেবস্বং তদ্বিদুর্বুধাঃ।"

দেবহূতি; সং, স্ত্রীং, স্বায়ম্ভুব মনুর কন্যা।

দেবহূয় (দেব—হ্বে আহ্বান করা+য (ক্যপ্—খি) সং, পুং, দেবাসুর যুদ্ধ। ২। (+ক্যপ্—ভাবে) ক্লীং, দেবগণের আহ্বান।

দেবহেলন (দেব—হেল্ অবজ্ঞা করা+ অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, দেবতার নিকট অপরাধ।

দেবহ্রদ; সং, পুং, শ্রীপর্ব্বতস্থ তীর্থবিশেষ।

দেবা (দেবৃ, দিব্ ক্রীড়া+ব—সংজ্ঞার্থে) সং, পুং, দেবর, দেওর। ২। রঞ্জাপতি। স্ত্রীং, পথচারিণী। ২। অশনপর্ণী।

দেবাক্রীড় (দেব—আ—ক্রীড়্ ক্রীড়াকরা +অ(অল্)—খি। দেবগণ যেস্থানে ক্রীড়া করে) সং, পুং, দেবোদ্যান, ইন্দ্রের উপবন।

দেবাগারিক (দেবাগার+ইক(ষ্ণিক)—নিযুক্তার্থে) বিং, ত্রিং, দেবাগারে নিযুক্ত।

দেবাজীব } (দেব—আজীব, আ-
দেবাজীবী—বিন্ } জীবী যে জীবিকানির্ব্বাহ করে) সং, পুং, দেবল, পূজারিব্রাহ্মণ।

দেবাতিথি; সং, পুং, কুরুবংশীয় নৃপবিশেষ।

দেবাতিদেব; সং, পুং, বিষ্ণু।

দেবাত্মা (দেবাত্মন্, দেব—আত্মন্ স্বয়ং, আত্মা) বিং, ত্রিং, দেবতাস্বরূপ। ২। সং, পুং, অশ্বত্থবৃক্ষ। [জ্ঞাপক গ্রন্থবিশেষ।

দেবানুক্রম; সং, পুং, বৈদিকমন্ত্রের দেবতা-

দেবানুচর (দেব—অনুচর) সং, পুং, বিদ্যাধর প্রভৃতির উপদেব। শিং—১ "নিশম্য দেবানুচরস্য বাচং মনুষ্যদেবঃ পুনরিত্যুবাচ। (রঘু)। ২। বিং, ত্রিং, দেবতার অনুগামী।

দেবান্তক; সং, পুং, দৈত্য-বিশেষ। ২। রাক্ষসবিশেষ।

দেবাপি (দেব্—আপ্ প্রাপ্ত হওয়া+ই—ক) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, প্রতীপ-রাজার পুত্র।

দেবায়তন (দেব—আয়তন বাসস্থান) সং, ক্লীং, দেবতার স্থান, দেবালয়। "ন দেবায়তনং গচ্ছেৎ কদাচিদ্বাহপ্রদক্ষিণম্।"

দেবায়ুধ (দেব—আয়ুধ অস্ত্র) সং, ক্লীং, শক্রধনু। ২। দেবাস্ত্র। ৩। বজ্রাদি।

দেবারণ্য ( দেব—অরণ্য বন ) সং, ক্লীং, তীর্থবিশেষ। শিং—১ "প্রয়াগে দেবরমণে দেবারণ্যেষু চৈবহ।" ২। দেবতার বিচরণভূমি। শিং—১ "অলমুদ্যোতয়ামাসু র্দেবারণ্যমিবর্ত্তবঃ।" (রঘু)।
দেবালয় ( দেব—আলয় আশ্রয়স্থান ) সং, পুং, স্বর্গ। ২। দেবগৃহ, মন্দির প্রভৃতি। ঈশ্বরের উপাসনার স্থান।
দেবালা (দেব দেবতা—অল্ ভূষিত করা +অ—প্রং) সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।
দেবাবাস ( দেব—আবাস ) সং, পুং—ক্লীং, অশ্বত্থবৃক্ষ। ২। স্বর্গ। ৩। দেবপ্রতিমালয়। ৪। সুমেরু। শিং—১ "দেবাবাসঃ শুভঃ পুণ্যো গিরিরাজো হিরণ্ময়ঃ।"
দেবাবৃধ ; সং, পুং, সাত্বত নৃপবিশেষ।
দেবাশ্ব (দেব [ইন্দ্র] দেবতা—অশ্ব) সং, পুং, উচ্চৈঃশ্রবাঃ, ইন্দ্রঘোটক।
দেবাহার (দেব দেবযোগ্য—আহার, মং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, অমৃত।
দেবিক ( দেব+ইক(ষ্ণিক)—ইদমর্থে ) বিং, ত্রিং, দেবসম্বন্ধীয়। কা—স্ত্রীং, সরযূনদী; কেহ কেহ অনুমান করেন ইহা বর্ত্তমান ঘর্ঘরা। ২। ধুস্তুর।
দেবিল (দেব+ইল—প্রং) বিং, ত্রিং, দেবপরায়ণ, ধার্ম্মিক। [পুর।
দেবীকোট ; সং,পুং, বাণরাজার পুর, শোণিত
দেবীপুরাণ ; সং, ক্লীং, দেবীমাহাত্ম্যাদিযুক্ত উপপুরাণ। [ভাগবতাখ্য পুরাণ।
দেবীভাগবত ; সং, ক্লীং, দেবীমাহাত্ম্যসূচক
দেবীমাহাত্ম্য ; সং, ক্লীং, মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমহিমাপ্রকাশক গ্রন্থবিশেষ।
দেবেজ্য (দেব সুর—ইজ্য গুরু, আচার্য্য) সং, পুং, বৃহস্পতি, সুরাচার্য্য।
দেবেশ ( দেব—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, শিব। শী—স্ত্রীং, দুর্গা। শিং—১ "দেবেশি! ভক্তিসুলভে! পরিবারসমন্বিতে! যাবত্বাং পূজয়িষ্যামি তাবত্বং সুস্থিরা ভব।"
দেশ (দিশ্ বলা+অ(অল্)—র্ম্ম) সং,পুং, পৃথিবীর অংশবিশেষ, রাজ্য, পৃথিবীর যে অংশে একজাতীয় ও একভাষাভাষী লোকের বাস থাকে। শিং—১ "তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে।" ২। অংশ, ভাগ; যথা—নিম্নদেশ, পৃষ্ঠদেশ। ৩। রাগিণীবিশেষ।
দেশক (দিশ্ অনুমতি করা+অক(ণক)—ক) সং, পুং, শাসনকর্ত্তা। ২। উপদেশক।
দেশকালজ্ঞ } (দেশ—কাল সময়—জ্ঞ,
দেশকালবিদ্ } বিদ্ যে জানে) বিং,ত্রিং, যে দেশ কাল বুঝিয়া চলে, যে দেশ ও কাল জানে।
দেশধর্ম্ম ; সং, ক্লীং, দেশের ব্যবহার, দেশাচার। শিং—১ "দেশধর্ম্মান্ জাতিধর্ম্মান্ কুলধর্ম্মাংশ্চ শাশ্বতান্।"
দেশবিধান ; সং, ক্লীং, দেশীয় লোকেদের লৌকিক আচরণ-বিষয়ক নিয়ম।
দেশরাজচরিত ; সং, ক্লীং, গদ্য পদ্যময়চম্পুবিশেষ। [প্রশংসিত দেশ।
দেশরূপ ; সং, ক্লীং, ন্যায়, ঔচিত্য। ২।
দেশাচার (দেশ—আচার আচরণ) সং,পুং, দেশের রীতি, দেশব্যবহার।
দেশাধিপ } ( দেশ—অধিপ, অধিপতি,
দেশাধিপতি } ৬ষ্ঠী—ষ ) সং, পুং, দেশের শাসনকর্ত্তা, রাজা।
দেশান্তর ( দেশ—অন্তর অন্য, মং—স ) সং, ক্লীং, অন্যদেশ, দূরদেশ। শিং—১ "বাচো যত্রবিভিদ্যন্তে গিরির্বা ব্যবধায়কঃ। মহানদ্যন্তরং যত্র তদ্দেশান্তরমুচ্যতে।"
দেশান্তরীয় (দেশান্তর+ঈয়(ণীয়)—ভবার্থে) বিং, ত্রিং, দেশান্তরে যে বা যাহা জন্মে, অন্য দেশে যার বাস, অন্যদেশ-সংক্রান্ত।
দেশিক ( দেশ+ইক(ষ্ণিক)—গত্যর্থে ) সং, পুং, পথিক, পান্থ। ২। গুরু। শিং—১ "দেশিকো মূলমন্ত্রেণ।"
দেশিনী (দিশ্ বলা, দেখাইয়া দেওয়া+ইন্—প্রং, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, তর্জ্জনী অঙ্গুলি।
দেশী (দেশিন্, দেশ+ইন্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, দেশে যে বা যাহা জন্মে, দেশে যাহা প্রস্তুত হয়, দেশে যাহা সহজে পাওয়া যায়। ২। (দিশ্ আদেশ করা+ণিন্—ক) নির্দ্দেশক। ৩। সং, স্ত্রীং, রাগিণীবিশেষ, দীপকরাগের ভার্য্যা।

দেশীয় ( দেশ — ঈয়(ণীয়) — ভবার্থে ) বিং, ত্রিং, দেশজাত। ৩। দেশ-সম্বন্ধীয়।

দেশ্য ( দিশ্ বলা, অনুগতিকরা + য(ণ্যৎ) — র্ম্ম) সং, ক্লীং, পূর্ব্বপক্ষ। ২।(দেশ + য (ক্য) — ভবার্থে) বিং, ত্রিং, দেশীয়।

দেষ্ঠ ( দাতৃ + ইষ্ঠ(ইষ্ঠন্) — অত্যর্থে ) বিং, ত্রিং, অতিশয় দানশীল, যে অকাতরে দান করে।

দেষ্ণু ( দা দান করা + ইষ্ণু — ক, শীলার্থে ) বিং, ত্রিং, দাতা। ২। দুর্দান্ত। ৩। সং, পুং, রজক। ৪। চন্দ্র।

দেহ ( দিহ্ লেপন করা, একত্র করা + অ (অল্) — র্ম্ম ) সং, পুং-ক্লীং, শরীর, অঙ্গ। ন্যায়মতে — দেহ যোনিজ অর্থাৎ জরায়ুজ ও অণ্ডজ। এবং অযোনিজ অর্থাৎ স্বেদজ ও উদ্ভিজ্জ। বরুণলোকে জলীয়দেহ ও সূর্য্যলোকে তৈজস দেহ ও অযোনিজ। এতদ্ভিন্ন বৃদ্ধাঙ্গুষ্ঠপ্রধান সূক্ষ্মদেহ আছে। দেহে জীবের কর্ম্ম-ফলাফল ভোগ করে। ২। (+ অল্ — ভা) পুং, লেপন।

দেহকর্ত্তা ( — কর্ত্তৃ, দেহ — কর্ত্তা, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, পৃথিব্যাদি পঞ্চভূত। ২। ঈশ্বর। ৩। সূর্য্য।

দেহকোষ (দেহ শরীর — কোষ খাপ, আচ্ছাদন, ৬ষ্ঠী — ষ) সং, পুং, পক্ষ, পাখা। ২। শরীরের চর্ম্ম। [দেহনাশ।

দেহক্ষয় ; সং, পুং, রোগ, পীড়া। ২। ক্লীং,

দেহজ (দেহ — জ [জন্ জন্মান + অ(ড) — ক] যে জন্মায়, ৫মী — ষ) সং, পুং, পুত্র। ২। বিং, ত্রিং, দেহজাতমাত্র। জা — স্ত্রীং, কন্যা।

দেহতত্ত্ব ; সং, ক্লীং, শারীরস্থান।

দেহত্যাগ (দেহ — ত্যাগ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, আত্মার দেহ ছাড়িয়া যাওয়া, মৃত্যু।

দেহদ (দেহ — দ [দা দান করা + অ(ড) — ক] যে দান করে) সং, পুং, পারদ, পারা। ২। বিং, ত্রিং, শরীরদাতা।

দেহধারক (দেহ শরীর — ধারক [ধৃ ধারণ করা + অক(ণক) — ক] যে ধারণ করে ) সং, ক্লীং, অস্থি, হাড়। ২। বিং, ত্রিং, শরীরধর্ত্তী।

দেহধি (দেহ শরীর — ধা ধারণ করা + ই (কি) — ধি) সং, পুং, পক্ষ।

দেহধ্রুক্ (দেহধ্রুজ, দেহ শরীর — ধ্রুজ গমন করা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, প্রাণবায়ু। শিং — ১ "দেহধ্রুক্ দেহিনাং গতি।"

দেহভুক্ (দেহভুজ, দেহ — ভুজ ভোগ করা ০(ক্বিপ্) — ক। যে দেহে অবস্থিত হইয়া কর্ম্মফল ভোগ করে) সং, পুং, দেহাভিমানী জীব।

দেহভৃৎ ( দেহ — ভৃৎ যে ধারণ করে, ২য়া — ষ ) সং, পুং, জীব, জন্তু। ২। আত্মা। শিং — ১ "ধিগিমাং দেহভৃতামসারতাম্।"

দেহম্ভর ( দেহং দেহকে — ভর যে ভরণ করে ) বিং, ত্রিং, দেহপোষক। শিং — ১ "জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।"

দেহযাত্রা (দেহ শরীর — যাত্রা [যাহাতে বা যাহা দ্বারা] গমন। যাহা দ্বারা শরীর ধারণ হয়, ৬ষ্ঠী — ষ ) সং, স্ত্রীং, প্রাণধারণের উপযোগী ব্যাপার, জীবনযাপন। ২। মৃত্যু।

দেহলা ( দেহ শরীর — লা, আক্রমণ করা + অ(ক) — ক) সং, স্ত্রীং মদ্য, মদ।

দেহলি } দেহলী } (দেহ প্রবেশদেশ — লা গ্রহণ করা + অ(ড) — ক। ই, ঈপ্ — স্ত্রীং, যে প্রবেশদেশ গ্রহণ করে, ২য়া — ষ। অথবা দেহ [দিহ্ লেপন করা + অ (অল্) — ভা] গোময়াদিলেপ — লা গ্রহণ করা + ই — ক। যে গোময়াদিলেপ গ্রহণ করে, ২য়া — ষ) সং, স্ত্রীং, হাতিনা, দ্বারাগ্রস্থান, গৃহসম্মুখস্থ রক্। শিং — ১"বিন্যস্যন্তী ভুবি গণনয়া দেহলীদত্তপুষ্পৈঃ।" ২। চৌকাঠের অধঃস্থ বা উপরিস্থ ফলক।

দেহসার ( দেহ — সার সারাংশ, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, মজ্জা, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ।

দেহাতীত ; সং, পুং, দেহাভিমান রহিত পণ্ডিত।

দেহাত্মবাদী ( — দিন্, দেহ — আত্মন্ আত্মা — বাদিন্ যে বলে। দেহ ও আত্মা এক এই যে বলে ) সং, পুং, চার্ব্বাক, বৌদ্ধবিশেষ, যাহাদের মতে দেহই আত্মা।

দেহাত্মপ্রত্যয় (দেহ — আত্মন্ — প্রত্যয়, ৬ষ্ঠী

—ষ) সং, পুং, দেহকে আত্মরূপে বিশ্বাস, দেহ ও আত্মাকে এক পদার্থ করিয়া জ্ঞান, চার্ব্বাকমত।

দেহান্তর (দেহ—অন্তর অন্য, ষং—স) সং, ক্লীং, অন্যদেহ, শরীরান্তর। শিং—১ "দেহান্তরং সমাসাদ্য দেহী দেহং পরিত্যজেৎ।"

দেহিকা (দেহ শরীর+কণ্—ক্ষুদ্রার্থে) সং, স্ত্রীং, কীটবিশেষ।

দেহী (দেহিন্, দেহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার দেহ আছে, শরীরী, প্রাণী। ২। সং, পুং, শরীরের অধিষ্ঠাতা, জীব। ৩। আত্মা। শিং—১ "দেহে পঞ্চত্বমাপন্নে দেহী কর্ম্মানুসোহনংশঃ।" (ভাগবত)।

দেহুড়ী (হিন্দী) দরজা।

দৈ (দধিশব্দজ) সং, দুগ্ধবিকারবিশেষ।

দৈতেয় } দৈত্য } (দিতি+এয়(ঢেয়), য(ঞ্য)—অপত্যার্থে) সং, পুং, দিতিপুত্র, অসুর। শিং—১ "দৈতেয় চন্দনবনে জাতোঽয়ং কণ্টকক্রমঃ।" ২ "দৈত্যেবশ্চাপ্সরসাং গণাঃ।" [শুক্রাচার্য্য।

দৈত্যগুরু (দৈত্য—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

দৈত্যদেব (দৈত্য অসুর—দেব দেবতা) সং, পুং, বায়ু। ২। বরুণ।

দৈত্যনিসূদন (দৈত্য—নিসূদন [নি—সূদ্ বধ করা+অন(অনট্)—ক] যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

দৈত্যপতি (দৈত্য—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিরণ্যকশিপু। শিং—১ "প্রাণচ্ছিদাং দৈত্যপতের্নখানাম্।"

দৈত্যপুরোধাঃ (-ধস্, দৈত্য—পুরোধস্ কুলপুরোহিত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্রাচার্য্য।

দৈত্যপূজ্য (দৈত্য—পূজ্য, ১মা—হিং) সং, পুং, শুক্রাচার্য্য। ২। বিং, ত্রিং, দৈত্যগণের মাননীয়।

দৈত্যমাতা ; সং, স্ত্রীং, কশ্যপপত্নী, দিতি।

দৈত্যমেদজা (দৈত্য—মেদ অস্থির মজ্জা—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত। মধুকৈটভ দৈত্যের মেদে পৃথিবী উৎপন্না) সং, স্ত্রীং, পৃথিবী। ২। গুগ্গুল।

দৈত্যা ; সং, স্ত্রীং, মদ্য। ২। দৈত্যপত্নী।

দৈত্যারি (দৈত্য—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। ২। দেবতা।

দৈন (দীন+অ(ষ্ণ)—ভা) সং, ক্লীং, দীনতা, দারিদ্র্য। ২। (দিন+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, দিবসীয়, দিনভব, দৈনিক।

দৈনন্দিন (দিন-দিন+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, দিন দিন যাহা ঘটে জন্মে বা নিষ্পন্ন হয়, প্রাত্যহিক, প্রতিদিবসীয়। শিং—১ "এষ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্মস্ত্রৈলোক্যবর্ত্তনঃ।"

দৈনন্দিন-প্রলয় ; সং, পুং-ক্লীং, ব্রহ্মার প্রতিদিনাবসানে সর্ব্ব বস্তুর ক্ষয়রূপ প্রলয়।

দৈনার (দীনার+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, দীনার পরিমিত, দীনারসম্বন্ধীয়।

দৈনিক (দিন+ইক (ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, প্রাত্যহিক। ২। দিবাভাগে যাহা ঘটে। ৩। একদিনে যাহা নিষ্পন্ন হইতে পারে। ৪। দিনসম্বন্ধীয়। কা—স্ত্রীং, একদিনের বেতন।

দৈন্য (দীন+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, দারিদ্র্য। শিং—১ "দর দৈন্যদুঃখ দূরিতং।" ২। কার্পণ্য। ৩। শোচনীয়তা। ৪। ক্ষোভ, কাতরতা, সন্তাপ। শিং—১ "শৃণু ত্বং যন্নিমিত্তং মে দৈন্যমেতদুপাগতম্।"

দৈর্ঘ্য (দীর্ঘ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দীর্ঘতা, লম্বপরিমাণ, একপ্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত বিস্তার।

দৈব (দেব+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং—ক্লীং, ভাগ্য, অদৃষ্ট। শিং—১ "পূর্ব্বজন্মকৃতং কর্ম্ম তদ্দৈবমিতি কথ্যতে।" ২ "নচাপি কিঞ্চিৎ পুরুষো দিষ্টং নাম ভজত্যুত। দৈবেন বিধিনা পার্থ তদ্দৈবমিতি নিশ্চিতং।" ২। অঙ্গুলির অগ্রভাগরূপ দেবতীর্থ। ৩। পুং, বিবাহবিশেষ। ৪। বিং, ত্রিং, ভাগ্যজাত। ৫। দেবসম্বন্ধীয়, দেবকৃত। ৬। স্বর্গলোকসংক্রান্ত, অলৌকিক। ৭। দেবতার প্রীতিসাধক। ৮। (+ষ্ণ—স্বার্থে) দেবতা। শিং—১ "দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।" [দেবতা।

দৈবক (দৈব+ক(কণ্)—স্বার্থে) সং, পুং,

—ক) সং, পুং, সূক্ষ্মহস্ত্রে বদ্ধ দোলায়মান ভারি বস্তু।

দোলন (দোল দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, কম্পন, নড়াচড়া। ২। ঝুলন। ৩। ইতস্ততশ্চলন।

দোলায়মান (দোলি ঝোলা+ডা+আন (শান)—ক) বিং, ত্রিং, যাহা দুলিতেছে। শিং—১ "দোলায়মানং গোবিন্দং মঞ্চস্থং মধুসূদনম্।" ২। যে একপক্ষ নির্ণয় করিতে পারিতেছে না, সন্দিহান, সংশয়ারূঢ়।

দোলায়িত (দোল+ডা+ক্ত—ভাবে) সং, ক্লীং, দোলন দেখ। [দোলা, ঝুলন।

দোলিকা (দোলা+কণ্—যোগ) সং, স্ত্রীং,

দোলী (দুল্ বিচলিত হওয়া, দোলা+ঈ—প্রং) সং, স্ত্রীং, ডুলী।

দোষ (দুষ্ দোষী হওয়া+অ(অল্)—ভা) সং,পুং, পাপ। ২। অপরাধ। ৩। অনিষ্ট। ৪। কুকর্ম্ম। শিং—১"ষড় দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা। নিদ্রা তন্দ্রা-ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা।" ৫। নিন্দা, কলঙ্ক। ৬। নিয়মের অন্যথাভাব। ৭। ত্রুটি, ন্যূনতা। ৮। অত্যাচার। ৯। হানি, ক্ষতি। ১০। কাব্যের অপকর্ষসাধক ধর্ম্মবিশেষ। ১১। ন্যায় শাস্ত্রে—রাগ দ্বেষ মোহ। ১২। বাত পিত্ত কফ।

দোষক (দোষ+কণ্—যোগ) সং, পুং, বৎস, বাছুর।

দোষগ্রাহী (দোষগ্রাহিন্, দোষ—গ্রহ্ গ্রহণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি দোষগ্রহণ করে, দুর্জ্জন। শিং—১ "বিসৃজ্য সূর্পবদ্দোষান্ গুণান্ গৃহ্ণন্তি সাধবঃ। দোষগ্রাহী গুণত্যাগী চালনীব হি দুর্জ্জনঃ।"

দোষজ্ঞ (দোষ—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ) সং,পুং, পণ্ডিত। শিং—১ "অথ প্রদোষে দোষজ্ঞঃ সংবেশায় বিশাংপতিম্।" ২। চিকিৎসক। ৩। বিং, ত্রিং, যে দোষ জানে।

দোষত্রয় (দোষ—ত্রয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাত পিত্ত কফ।

দোষল (দোষ+অল্(অলচ্)—মত্বর্থে) বিং, ত্রিং, দোষযুক্ত। শিং—১ "কেদারং মধুরং প্রোক্তং বিপাকে গুরু দোষলম্।"

দোষা (দুষ্ বিকৃত হওয়া+অ। অথবা দম্ দমন করা+ডোষ্—ধি, আপ্) সং, অং, রাত্রি। ২। (দম্ দমনকরা+ওস্(ডোস্)—ণ, আ—প্রং) স্ত্রীং, বাহু।

দোষাকর (দোষা—কর কিরণ, ৬ষ্ঠী—হিং, অথবা দোষা রাত্রি—কৃ করা+অ(অম্)—ক। পক্ষে, দোষ—আকর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, নিশাকর। শিং—১ "বামিত্র বেধ বিহিতানপহত্য দোষান্ দোষাকরঃ সুখমনেকবিধং বিধত্তে।" ২। বিং, ত্রিং, দোষী, অপরাধী।

দোষাতন (দোষা+তন্—ভবার্থে) বিং,ত্রিং, রাত্রিকালীন।

দোষাতিলক } (দোষা রাত্রি—তিলক
দোষাস্য } শ্রেষ্ঠতা। দোষা রাত্রি—আস্য মুখ) সং, পুং, প্রদীপ, দীপ।

দোষাবহ (দোষ—আবহ) বিং,ত্রিং, যাহাতে দোষ আছে, দোষজনক।

দোষিক (দোষ+ইক(ঠক)—ভবার্থে) সং, পুং, রোগ, পীড়া

দোষী (দোষিন্,দোষ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দোষযুক্ত, অপরাধী।

দোষৈকদর্শী (দোষৈকদর্শিন্, দোষ—এক কেবল—দর্শী [দৃশ্ দর্শন করা+ইন্(ণিন্)—ক] যে দেখে) বিং, ত্রিং, দোষমাত্রদর্শী, যে গুণভাগ পরিত্যাগ করিয়া কেবল দোষভাগ দেখে।

দোষৈকদৃক্ (দোষৈকদৃশ্, দোষ—এক কেবল—দৃশ্ দর্শন। যাহার কেবল দোষেতেই দর্শন আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেবল দোষদর্শী।

দোসর (দ্বিতীয় শব্দজ) বিং, সঙ্গী।

দোসরা (ঐ) বিং, অন্য, ভিন্ন, দ্বিতীয়।

দোস্, দোষ্ (দম্ শাসন করা+ওস্(ডোস্)—ণ) সং, পুং—ক্লীং, বাহু। ২। ত্রিভুজ বা চতুর্ভুজ ক্ষেত্রের ভুজ।

দোস্ত (পারস্যভাষা) বন্ধু।

দোহ (দুহ [দু কুৎসিত—স্থা থাকা+অ(ক)—প্রং]+অ—প্রং) সং, পুং, ক্রীড়া।

২। সেবা। ৩। বিং, ত্রিং, ক্রীড়াকারী। ৪। সেবক। ৫। (দোস্ বাহু—স্থ [স্থা থাকা +অ(ক)—ক] যে থাকে) বাহুস্থিত।

দোহ (দুহ্ দোহন করা+অ(অল্)—ভা) সং, পুং, দোহন। শিং—১ "মেরৌ স্থিতে দোগ্ধরি দোহদক্ষে।" ২। তৃপ্তি, সন্তোষ। ৩। (+অল্—খি) দোহনপাত্র। ৪। (+অল্—র্ম্ম) দুগ্ধ। হা—স্ত্রীং, মাত্রাচ্ছন্দো-বিশেষ। [ত্রিং, যে দুগ্ধ দোহন করে।

দোহক (দোহ দেখ, অক(ণক)—ক) বিং,

দোহজ (দোহ দোহন—জ [জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, দুগ্ধ। ২। বিং, ত্রিং, দোহনজাত।

দোহড়িকা; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, দোহা।

দোহদ (দোহ [এখানে] সন্তোষ—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, ক্লীং, ইচ্ছা। ২। গর্ভিণীর স্পৃহা, সাধ। ৩। গর্ভ। শিং—১ "ক্রমেণ নিস্তীর্য্য চ দোহদব্যথাম্।" ৪। চিহ্ন। শিং—১ "তস্যাস্তব হৃদয়স্য—ভঙ্গণে দোহদঃ সংজাতঃ।" ৫। বৃক্ষাদি পোষক ঔষধাদি। শিং—১ "সর্ব্বাশোকলতানাম্ নিবৃত্ত-দোহদেঽস্মিন্ (অশোকে) সংক্রান্তানীব মুকুলানি।" ৬। (দ্বি—হৃদয়। নিপাতন) গর্ভলক্ষণ।

দোহদদান; সং, ক্লীং, সাধ দেওয়া, প্রসবের অল্পদিন পূর্ব্বে গর্ভিণীকে স্পৃহণীয় বস্তু দান।

দোহদলক্ষণ (দোহদ গর্ভিণীর ইচ্ছা—লক্ষণ, ৬ষ্ঠী—স) সং, ক্লীং, ভ্রূণ, গর্ভস্থ শিশু। ২। বয়ঃসন্ধি। ৩। গর্ভচিহ্ন। শিং—১ "সুদক্ষিণা দোহদলক্ষণং দধৌ।"

দোহদবতী } (দোহদ, দোহল+বৎ
দোহলবতী } (বতু)—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দ্রব্যবিশেষে স্পৃহাবতী গর্ভিণী, যে গর্ভবতী স্ত্রীর কোন দ্রব্য খাইতে সাধ হয়।

দোহদিনী (দোহদ গর্ভিণীর ইচ্ছা+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভবতী।

দোহদী (দোহদিন্, দোহদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কামী।

দোহন (দোহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দুগ্ধাকর্ষণ, দোয়া। ২। সংগ্রহকরণ। ৩। (+অনট্—খি) ক্লীং, নী—স্ত্রীং, দোহনপাত্র।

দোহল (দোহ সন্তোষ—ল [লা গ্রহণকরা +অ(ড)—ক] যে লয়) সং, পুং, ইচ্ছা, অভিলাষ। শিং—১ "অশোক যদি সদ্য এব মুকুলৈর্ন সম্পৎস্যসে সুধা বহসি দোহলং ললিতকামিসাধারণম্।" (মালবিকা)। লী—স্ত্রীং, অশোকবৃক্ষ।

দোহাই (দো দুই—হাহা দুঃখসূচক অব্যয়) সং, সুবিচার প্রার্থনা করণ। ২। শপথ, দিব্য।

দোহাপনয় (দোহ দোহন—অপ নিয়—নী লওয়া, আনয়ন করা+অ(অল্)—ণ) সং, পুং, দুগ্ধ।

দোহী (দোহিন্ দুহ্ দোহন করা+ইন্—শীলার্থে) বিং, ত্রিং, দোহনশীল।

দোহীয়ান্ (দোহীয়স্, দোহ+ঈয়স্(ঈয়সু)—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় দোহন শীল।

দোহ্য (দোহ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, দোহনীয়, দোহনের উপযুক্ত।

দৌঃসাধিক (দুর্ দুঃখ, মন্দ—সাধ্ নিষ্পন্ন করা+অক(ণক)—ক) সং, পুং, দ্বারপাল।

দৌকূল (দুকূল রেশমী বস্ত্র+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, দুকূল দ্বারা আবৃত (রথাদি)।

দৌড়ন } (দেশজ) সং, ধাবন, বেগে
দৌড় } চলন। ২। বিস্তৃতি, পরিসর।

দৌত্য (দূত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দূতের কর্ম্ম বা ব্যবসায়। ২। ঘটকতা। শিং—১ "ভগবন্ শ্রূয়তাং বাক্যং দৌত্যেনাহমিহাগতঃ।"

দৌত্যকার্য্য; সং, স্ত্রীং, দূতের কর্ত্তব্য কর্ম্ম।

দৌরাত্ম্য (দুরাত্মন্+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অত্যাচার, উপদ্রব। ২। নিষ্ঠুরতা।

দৌর্গ (দুর্গ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, দুর্গসম্বন্ধীয়। ২। (+দুর্গা—ষ্ণ) দুর্গাসম্বন্ধীয়। শিং—১ "শ্রাবণী দৌর্গনবমী দূর্ব্বাচৈব হুতাশনী।"

দৌর্গত্য (দুর্গত+ষ(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দারিদ্র্য,নির্ধনতা, দুরবস্থা। ২। মলিনতা। শিং—১ "ভর্ত্তুঃ কুর্ব্বন্তি দৌর্গত্যাৎ সোঽনর্থঃ সুমহান্ স্মৃতঃ।"

দৌর্গন্ধ্য (দুর্গন্ধ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুষ্টগন্ধযোগ।

দৌর্জ্জন্য (দুর্জ্জন+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুর্জ্জনতা, ক্রূরতা। ২। দুর্ব্যবহার। শিং—১ "তদিদং সম দৌর্জ্জন্যং বালিশস্য মহীয়সি।"

দৌর্ব্বল্য (দুর্ব্বল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুর্ব্বলতা, ক্ষীণতা। শিং—১ "পপাত ভূমৌ দৌর্ব্বল্যাৎ।"

দৌর্ভাগিনেয় (দুর্ভগা+এয়(ঢক্)—অপত্যার্থে, ইন্—আগম) সং, পুং—স্ত্রীং, দুর্ভগার পুত্র ও কন্যা, ভাগ্যহীনার সন্তান।

দৌর্ভাগ্য (দুর্ভগা+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুরদৃষ্ট, মন্দভাগ্য। শিং—১ "দৌর্ভাগ্যংজায়তে তস্যাঃ শপন্তি কুলদেবতাঃ।"

দৌর্মনস্য (দুর্মনস্+য(ষ্ণ্য)—ভাবে)সং,ক্লীং, উদ্বেগ, দুর্ভাবনা। শিং—১ "তেষাং কৃতে যে নিশ্বাসো দৌর্মনস্যঞ্চ জায়তে।" ২। দুঃখ। ৩। দুঃখনিবন্ধন চিত্তের অবসাদ।

দৌর্ব্বাসস (দুর্ব্বাসস্+অ(ষ্ণ)—কথনার্থে) সং, ক্লীং, শিবধর্ম্মাখ্য উপপুরাণবিশেষ।

দৌর্ব্রত্য (দুর্ব্রত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুষ্টের ব্রতত্ব।

দৌর্হৃদ (দুর্ দুঃখিত—হৃদ্ অন্তঃকরণ +অ(ষ্ণ)—ভাবার্থে। অথবা দ্বি—হৃদ্ হৃদয়। নিপাতন) সং, ক্লীং, গর্ভিণীর স্পৃহা। ২। গর্ভ। শিং—১ "সুদক্ষিণা দৌহৃদলক্ষণং দধৌ।"

দৌলত (আরবী) ধন, সম্পত্তি, অর্থ।

দৌলেয় (দুলী কচ্ছপী+এয়(ঢক্)—অপত্যার্থে) সং, পুং, কচ্ছপ, কাছিম।

দৌবারিক (দ্বার+ইক(ঠক্)—নিযুক্তার্থে। ব=ঔব) সং,পুং, দ্বাররক্ষক। রিকা—স্ত্রীং, দ্বারপালিকা।

দৌষ্কুলেয় (দুষ্কুল কুবংশ+এয়(ঢক্)—অপত্যার্থে। দুষ্কুলীন শব্দও হয়) বিং,ত্রিং, কুবংশজাত, অসৎকুলোৎপন্ন। শিং—১ "কুলেজাতাশ্চ ক্লিশ্যন্তে দৌষ্কুলেয়বশানুগাঃ।" [ত্রিং, দুষ্কুলযুক্ত।

দৌষ্কুল্য (দুষ্কুল+য(ষ্ণ্য)—যুক্তার্থে) বিং,

দৌষ্পুরুষ্য (দুষ্পুরুষ+য(ষ্ণ্য)—ভাবার্থে)সং, ক্লীং, দুষ্ট ব্যক্তির ভাব।

দৌষ্মন্তি (দুষ্মন্ত+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, দুষ্মন্তরাজ-পুত্র, বর্ষবিভাজক ভরত।

দৌষ্মন্ত্য (দুষ্মন্ত+য(ষ্ণ্য)—ইদমর্থে) বিং, ত্রিং, দুষ্মন্তসম্বন্ধীয়। শিং—১ "দৌষ্মন্তো বংশ উচ্ছেদং ব্রজেৎ।"

দৌহিত্র (দুহিতৃ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, ত্রী—স্ত্রীং, দুহিতার সন্তান। শিং—১ "পৌত্র দৌহিত্রয়োর্লোকে বিশেষো নাস্তি কশ্চন।"

দৌহিত্রায়ন (দুহিতৃ+আয়ন(ফায়ন্)—অপত্যার্থে) সং, পুং—স্ত্রীং, দুহিতার যুবক সন্তান।

দ্যাবাপৃথিবী } (দ্যো আকাশ—পৃথিবী, দ্যাবাভূমি } ভূমি। দ্যো=দ্যাবা) সং, স্ত্রীং, দ্বিং, পৃথিবী ও আকাশের মধ্যস্থান। ২। পৃথিবী ও স্বর্গ, দেবলোক ও মর্ত্ত্যলোক।

দ্যু (দ্যু সম্মুখে যাওয়া অথবা দিব্ ক্রীড়া করা+০(ক্বিপ্) সং, ক্লীং, দিন। ২। আকাশ। ৩। স্বর্গ। ৪। পুং, অগ্নি। ৫। সূর্য্য।

দ্যুগ (দ্যু আকাশ—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং,পুং,পক্ষী।

দ্যুৎ (দ্যুৎ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, কিরণ, তেজঃ।

দ্যুতি (দ্যুৎ দীপ্তি পাওয়া+ই(কি)—ভাবে) সং, স্ত্রীং, তেজঃ, কিরণ। ২। শোভা, দীপ্তি। ৩। প্রকাশ। শিং—১ "দৃষ্টৈব তৎপরং রূপং দ্যুতিং চ পরমামিহ।"

দ্যুতিকর (দ্যুতি দীপ্তি—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, ধ্রুব নক্ষত্র। ২। বিং, ত্রিং, দীপ্তিকারক।

দ্যুতিত (দ্যুৎ দীপ্তি পাওয়া+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, দীপ্তি। ২। ( +ক্ত+ক ) বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট।

দ্যুতিধর (দ্যুতি- ধর যে ধারণ করে, ২য়া

—ষ) সং, পুং, বিষ্ণু। শিং—১ "তেজো বৃষো দ্যুতিধরঃ।"

দ্যুতিমান্ (দ্যুতিমৎ, দ্যুতি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং,ত্রিং, প্রশস্ত কান্তিযুক্ত। ২। সং,পুং, ক্রৌঞ্চ দ্বীপপতি। ইনি প্রিয়ব্রতের পুত্র।

দ্যুনিবাসী (দ্যুনিবাসিন্, দ্যু স্বর্গ-নিবাসী যে বাস করে, ৭মী—ষ) সং, পুং, স্বর্গবাসী, দেবতা।

দ্যুনিশ (দ্যু দিন—নিশা রাত্রি, দ্বং—স) সং,ক্লীং, অহোরাত্র, দিবারাত্রি। শিং—১ "ভবতি কিং দ্যুনিশং দ্যুনিবাসিনাম্।"

দ্যুপতি (দ্যু দিন, স্বর্গ—পতি স্বামী, ৬ষ্ঠী ষ) সং, পুং, সূর্য্য। ২। ইন্দ্র।

দ্যুমণি (দ্যু দিন—মণি, ৬ষ্ঠী—ষ) সং,পুং, সূর্য্য। ২। আকন্দগাছ। [পিতা।

দ্যুমৎসেন; সং, পুং, নৃপবিশেষ, সত্যবানের

দ্যুম্ন (দ্যু দিন-ম্না অভ্যাস করা+অ(ড)—ক) সং, ক্লীং, ধন, সম্পত্তি। ২। হিরণ্য, সুবর্ণ। ৩। বল, সামর্থ্য।

দ্যুলোক (দ্যু—লোক) সং, পুং, স্বর্গলোক।

দ্যুবা (দ্যুবন্, দ্যু [স্বর্গদিয়া] গমন করা+বন্(ক্বনিপ্)—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। ২। আকাশ।

দ্যুসদ্ } (দ্যু স্বর্গ—সদ্ গমন করা+
দ্যুষদ্ } ০(ক্বিপ্)—ক, ২য়া—ষ) সং, পুং, দিবিষদ্, দেবতা। শিং—১"মনঃসু যেষাং দ্যুষদাং ন্যধীয়ত।" (মাঘ)। ২। গ্রহ।

দ্যূত (দিব্ ক্রীড়া করা+ত(ক্ত)—ভা) সং, পুং—ক্লীং, পাশাদি ক্রীড়া। ২। অপ্রাণি দ্বারা জুয়াখেলা। শিং—১ "অপ্রাণিভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূতমুচ্যতে। প্রাণিভিঃ ক্রিয়তে যস্তু স বিজ্ঞেয়ঃ সমাহ্বয়ঃ।"২ "দ্যূতং পানং স্ত্রিয়ঃ সূনা যত্রাধর্ম্মশ্চতুর্বিধঃ।"

দ্যূতকর } (দ্যূত—কর, কার, কৃৎ যে
দ্যূতকার } করে, ২য়া—ষ) সং,পুং, পাশা-
দ্যূতকৃৎ } দিক্রীড়ক, জুয়ারি।

দ্যূতপূর্ণিমা; সং, স্ত্রীং, কোজাগর পূর্ণিমা। এই দিনে দ্যূতক্রীড়ায় লক্ষ্মী বৃদ্ধি হয়, এইজন্য ইহার এই নাম হইয়াছে।

দ্যূতপ্রতিপদ্; সং, স্ত্রীং, কার্ত্তিকী-শুক্লা-প্রতিপদ্।

দ্যূতবীজ (দ্যূত—বীজ সাধন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি।

দ্যূতবৃত্তি (দ্যূত পাশাদিক্রীড়া—বৃত্তি ব্যবসায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সভিক, দ্যূতক্রীড়া যাহার ব্যবসায়।

দ্যূতবেদী (—বেদিন্, দ্যূত—বিদ্ জানা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, দ্যূতক্রীড়াভিজ্ঞ। ২। যে জুয়াখেলা জানে।

দ্যূন (দিব্ ক্রীড়া করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্রীড়াকারক। ২। ক্লীং, লগ্ন হইতে সপ্তমরাশি।

দ্যো (দিব্ ক্রীড়া করা+ও(ডো)—ধি। যে স্থানে দেবতারা ক্রীড়া করেন) সং, স্ত্রীং, স্বর্গ। ২। আকাশ। শিং—১ "ধরাবিয়দ্ দ্যোসলিলেষু বিশ্রুতম্।"

দ্যোত (দ্যুৎ দীপ্তি পাওয়া+অ(অল্)—ভা) সং, পুং, দ্যুতি, আলোক, দীপ্তি। ২। প্রকাশ। শিং—১ "চন্দ্রার্ককিরণদ্যোতম্।" ৩। আতপ।

দ্যোতক (দ্যোত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, ব্যঞ্জক, সূচক। ২। উদ্বোধক।

দ্যোতন (দ্যোত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্বোধন। ২। প্রকাশ, দীপ্তি পাওয়া। ৩। দর্শন। ৪। (+অনট্—ক) বিং, ত্রিং, প্রকাশক।

দ্যোতনি (দ্যোত দেখ, অনি—ক) বিং,ত্রিং, প্রকাশক। ২। দীপ্তিকারক।

দ্যোতমান (দ্যোত দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, দীপ্যমান, প্রকাশমান, শোভমান। [ভা) সং, স্ত্রীং, দীপ্তি।

দ্যোতি (দ্যুৎ দীপ্তি পাওয়া+ই(কি)—

দ্যোতিত } (দ্যোত দেখ, ত(ক্ত)—ক)
দ্যুতিত } বিং, ত্রিং, দীপিত। ২। প্রকাশিত। ৩। খোতিত। ৪। উদ্বোধিত।

দ্যোতিরিঙ্গন; সং, পুং, জোনাকী পোকা।

দ্যোভূমি (দ্যো স্বর্গ—ভূমি পৃথিবী) সং, স্ত্রীং, দ্যাবাপৃথিবী। ২। পুং, পক্ষী।

দ্যোষদ্ (দ্যো স্বর্গ—সদ্ গমন করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, দিবিষদ্, দেবতা।

দ্যৌঃ ( দিব্ ক্রীড়া করা ) সং, স্ত্রীং, স্বর্গ। ২। আকাশ। ৩। ( গ্রীসীয় জিউস্ এবং বেদোক্ত দৌস্ এই দুইটী নিতান্ত সুসদৃশ। গ্রীকদিগের গ্রন্থে জিউসদেব গগনবিহারী ও বজ্রধারী এবং মেঘ, বৃষ্টি, বজ্রাঘাত শিলাবর্ষণ ব্যাপারের উৎপাদয়িতা। বেদোক্ত দৌস্ দেবতা ও গগনবাচক ও বজ্রবিচালক এবং বৃষ্টিধারী ইন্দ্রদেবের উৎপাদক)।

• দ্রগড়, সং, পুং, বাদ্যবিশেষ, দগড়বাদ্য।

দ্রঙ্ক্ষণ ; সং, ক্লীং, তোলক, তোলা।

দ্রঙ্গ ( দ্রম্ গমন করা+গ—প্রং ) সং, পুং, পুরী, নগর।

দ্রঢ়িমা (দ্রঢ়িমন্, দৃঢ়+ইমন্—ভা) সং, পুং, দার্ঢ্য, কাঠিন্য। শিং—১ "হৃদয়মরিবধোদয়াদূঢ়দ্রঢ়িম দধাতু পুনঃ পুরন্দরস্য।" ২। স্থিরতা, স্থৈর্য্য।

দ্রঢ়িষ্ঠ } (দ্রঢ়ীয়স, দৃঢ়+ইষ্ঠ, ঈয়সু—
দ্রঢ়ীয়ান্ } অত্যর্থে) বিং, ত্রিং, অতিদৃঢ়।

দ্রপ্স } (দৃপ্ হৃষ্টহওয়া+স, স্য—প্রং।
দ্রপ্স্য } অথবা তৃপ্ তৃপ্ত হওয়া। ত=দ। ত্রপ্স শব্দও হয়) সং, ক্লীং, পাতলা দই।

দ্রম্ম ; সং, পুং, এক কাহন, ১৬ পণ।

দ্রব (দ্রু গমন করা, গলা+অ(অল)—ভা) সং, পুং, গতি। ২। গলন। ৩। পলায়ন। ৪। বেগ। ৫। (+অল্—ণ। যাহার দ্বারা হৃদয় দ্রব হয়) পরিহাস। ৬। (+অন্—ক) রস। ৭। বিং, ত্রিং, তরল। ৮। গলিত। শিং—১ "যদগুমধ্যে স্বয়ং তু দ্রবমাসীৎ সমাহিতম্।"

দ্রবণ (দ্রব দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, গলন, ক্ষরণ। ২। গতি। ৩। অনুতাপ।

দ্রবত্ব (দ্রব+ত্ব—ভা) সং, ক্লীং, তরলত্ব গুণ, গলিয়া যাওয়া। শিং—১ "দ্রবত্বং স্নেহসহিতমেব বোদ্ধব্যম্।" ২। ন্যায়মতে—দ্রবত্ব দ্বিবিধ সাংসিদ্ধিক অর্থাৎ স্বভাবসিদ্ধ, নৈমিত্তিক অর্থাৎ নিমিত্ত কারণভূত জলে স্বভাবসিদ্ধ দ্রবত্ব এবং ক্ষিতি ও তেজে নৈমিত্তিক দ্রবত্ব আছে ; যথা—উত্তাপসংযোগে ঘৃতাদির দ্রবত্ব উৎপন্ন হয়।

দ্রবন্তী (দ্রব দেখ,অৎ(শতৃ)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নদী। ২। মূষাকাণী।

দ্রবরসা (দ্রব—রস) সং, স্ত্রীং, লাক্ষা, লা।

দ্রবাধার (দ্রব—আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, দ্রব দ্রব্যের আধার।

দ্রবি (দ্রু গমন করা+ই—অন্তর্ভূতণ্যর্থে) সং, পুং, স্বর্ণকার। ২। স্বর্ণাদিদ্রাবক।

দ্রবিড় (দ্রু গমন করা+ইড়—ক) সং, পুং, ম্লেচ্ছবিশেষ। ২। দেশ-বিশেষ। শিং—১ "ইতশ্চ বৃষভস্বামিসূনুর্দ্রবিড় ইত্যভূৎ। যন্নাম দ্রবিড়ো দেশঃ পপ্রথে বহুশস্যভূঃ।" ৩। বিং, ত্রিং, দ্রবিড়দেশজাত। শিং—১ "আন্ধ্রাঃ কর্ণাটকাশ্চৈব গুর্জ্জরা দ্রাবিড়াস্তথা। মহারাষ্ট্রা ইতি খ্যাতাঃ পঞ্চৈতে দ্রবিড়াঃ স্মৃতাঃ।" ড়ী—স্ত্রীং,রাগিণীবিশেষ।

দ্রবিণ (দ্রু গমন করা+ইন্—ক) সং, ক্লীং, বিত্ত। শিং—১ "বপনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপনং তথা। এষোহহি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ।" ২। কাঞ্চন, স্বর্ণ; যথা——
"যথা দুঃখী দেখি দ্রবিণ প্রবীণচিত হয়।" ৩। পরাক্রম। ৪। পুং, পৃথুরাজার পুত্রবিশেষ। ৫। ক্রৌঞ্চদ্বীপস্থ পর্ব্বত।

দ্রবিণপ্রদ (দ্রবিণ—প্র—দা প্রদানকরা+অ(ক)—ক ) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, ধনদাতা।

দ্রবিণোদাঃ ( দ্রবিণোদস্, দ্রবিণ—দাস্ যে দান করে ) সং, পুং, অগ্নি। শিং—১ "দ্রবিণং ধনমিত্যুক্তং বলঞ্চ দ্রবিণং ততঃ। দদাতি তদুভয়ানেব দ্রবিণোদাস্ততো ভবান্।"

দ্রবিষ্ণু (দ্রু গমনকরা+ইষ্ণু—ক,শীলার্থে) বিং, ত্রিং, গতিশীল।

দ্রবীকরণ (দ্রব—করণ। মধ্যে, ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, দ্রবকরা, গলান।

দ্রবীকৃত (দ্রব—কৃত। মধ্যে,ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহাকে গলান গিয়াছে।

দ্রবীভাব (দ্রব—ভাব হওন। মধ্যে, ঈ(চ্বি)—আগম) সং, পুং, দ্রব হওয়া, গলিয়া যাওয়া।

দ্রবীভূত (দ্রব—ভূত। মধ্যে,ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহা দ্রব হইয়াছে, গলিত।

দ্রব্য (দ্রু বৃক্ষ+য—র্ম্ম) সং, ক্লীং, পদার্থ, সামগ্রী, বস্তু। শিং—১ "পাকো নাস্তি বিনা বীর্য্যাদ্বীর্য্যং নাস্তি বিনা রসাৎ। রসো নাস্তি বিনা দ্রব্যাৎদ্রব্যং শ্রেষ্ঠতমং স্মৃতম্।" ২ "ক্রিয়াগুণবৎসমবায়িকারণমিতি দ্রব্যলক্ষণম্।" ২। ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা, মনঃ, এই নয় প্রকার। ৩। বিত্ত। ৪। পিত্তল। ৫। মদ্য। শিং—১ "ন শক্যং ন পিবেদ্দ্রব্যম্।" ৬। বিনয়। ৭। (+য—ভা) বিলেপন। ৮। ভেষজ। ৯। (দ্রু বৃক্ষ+য,ষ্য)—ইদমর্থে) বিং,ত্রিং, বৃক্ষসম্বন্ধীয়।

দ্রব্যক (দ্রব্য+ক(কণ্)—হরণ বা বহনার্থে) বিং, ত্রিং, দ্রব্যহারক। ২। দ্রব্যবাহক।

দ্রব্যগুণ (দ্রব্য—গুণ, যাহাতে দ্রব্যের গুণ লিখিত আছে, ৭মী—হিং) সং, পুং, দ্রব্যগুণ জ্ঞাপক গ্রন্থবিশেষ। ২। (৬ষ্ঠী—ষ) দ্রব্যের গুণ।

দ্রব্যময় (দ্রব্য+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, দ্রব্যবহুল, বহু দ্রব্যযুক্ত।

দ্রব্যশুদ্ধি (দ্রব্য—শুদ্ধি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, প্রক্ষালনাদি দ্বারা দ্রব্যের মলাপনয়ন।

দ্রষ্টব্য (দৃশ্ দেখা+তব্য—র্ম্ম। ঋ=র) বিং, ত্রিং, দর্শনীয়, দেখিবার যোগ্য। শিং—১ "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ।"

দ্রষ্টা (দ্রষ্টৃ, দ্রষ্টব্য দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে দেখে, দর্শক। শিং—১ "দ্রষ্টারো ব্যবহারাণাং সাক্ষিণশ্চ ত এব হি।" ৩। সাক্ষী। ৪। বিচারক।

দ্রাক্ (দ্রা পলায়ন করা+কক্—ক) ক্রিং—বিং, অং, ঝটিতি, শীঘ্র। শিং—১ "স নূনং দ্রাগেতান্ প্রবুদ্ধান্ করিষ্যতি।"

দ্রাক্ষা (দ্রুত—ক্ষি ক্ষয় পাওয়া+অ(অল্)—র্ম্ম, নিপাতন। অতি কোমলত্ব হেতু যে দ্রুত ক্ষয় পায়। অথবা দ্রাক্ষ+অল্—র্ম্ম, আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, কিস্‌মিস্। ২। মনাক্কা। ৩। আঙ্গুর।

দ্রাঘিমা (দ্রাঘিমন্, দীর্ঘ+ইমন্—ভাবে) সং, পুং, দৈর্ঘ্য, দীর্ঘতা। ২। (Meridians) যে সকল মণ্ডলাকার রেখা উত্তর মেরু ভেদ করিয়া নিরক্ষের উপর দিয়া গোলকের চতুর্দ্দিকে ব্যাপ্ত আছে।

দ্রাঘিমান্তর (Longitude) প্রাথমিক দ্রাঘিমা হইতে অন্যান্য স্থানের দূরত্ব; ঐ স্থান প্রাথমিক দ্রাঘিমার পূর্ব্ব হইলে পূর্ব্ব-দ্রাঘিমান্তর, আর পশ্চিমে হইলে পশ্চিম-দ্রাঘিমান্তর।

দ্রাঘিষ্ঠ, দ্রাঘীয়ান্ } (দ্রাঘীয়স্, দীর্ঘ+ইষ্ঠ, ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় দীর্ঘ।

দ্রাণ (দ্রা নিদ্রিত হওয়া, পলায়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সুপ্ত। ২। পলায়িত। ৩। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, স্বপ্ন। ৪। পলায়ন। [মূর্দ্ধ। ৪। কড়ি।

দ্রাপ; সং, পুং, পঙ্ক। ২। আকাশ। ৩।

দ্রাব (দ্রব দেখ, অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, গতি। ২। গলন, ক্ষরণ। ৩। পলায়ন।

দ্রাবক (দ্রব দেখ, অক(ণক)—ক) সং, পুং, রসিক। ২। লম্পট। ৩। চন্দ্রকান্ত মণি। ৪। চোর। ৫। (দ্রু-ণিচ্=দ্রাবি+)রসবিশেষ। ৬। প্লীহাদির ঔষধবিশেষ। ৭। ক্লীং,মোম। ৮। বিং, ত্রিং, দ্রবকারক। ৯। প্রবর্ত্তক।

দ্রাবণ (দ্রাবি গমন করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তাড়িয়া দেওয়া। ২। দ্রবীকরণ। ৩। (+অনট্—ক) বিং, ত্রিং, পলায়নকারক। ৪। পীড়ক। শিং—১ "ত্রৈলোক্যদ্রাবণং ক্রূরং দুরাচারং মহাবলম্।" (রাবণম্)।

দ্রাবয়িত্নু (দ্রাবণ দেখ, ইত্নু—ক, শীলার্থে) বিং,ত্রিং, দ্রাবণশীল। শিং—১"সূর্য্যস্যেব রশ্ময়ো দ্রাবয়িত্নবঃ।"

দ্রাবিকা (দ্রাবক+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, লালা, লাল।

দ্রাবিড় (দ্রবিড়+অ(ষ্ণ)—ভবার্থে) সং,পুং, দেশবিশেষ, দাক্ষিণাত্যের পূর্ব্ব কলিঙ্গের দক্ষিণ কন্যাকুমারী পর্য্যন্ত দেশ। ২। দ্রাবিড় দেশের লোক। ৩। বিং, ত্রিং, তদ্দেশীয়। শিং—১ "কার্ণাটাশ্চৈব তৈলঙ্গা গুর্জ্জরা রাষ্ট্রবাসিনঃ। আন্ধ্রাশ্চ দ্রাবিড়াঃ পঞ্চ বিন্ধ্যদক্ষিণবাসিনঃ।" ঙী—স্ত্রীং, ছোট এলাচ।

দ্রাবিড়ক (দ্রবিড়+অ(ষ্ণ)—ভবার্থে, কণ্—যোগ) সং, ক্লীং, বিট্‌লবণ।

দ্রাবিড়ভূতিক (দ্রাবিড়—ভূতি, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগ) সং, পুং, বিট্‌লবণ।

দ্রাবিত (দ্রাবি গমন করান, গলান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত, দূরীকৃত। ২। দ্রবীকৃত।

দ্রাব্য (দ্রব+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, যে সকল বস্তু তাপসংযোগে দ্রব হইয়া তরল হয়; যেমন—মোম, সীসক, স্বর্ণ, রৌপ্যাদি।

দ্রু (দ্রু [উপরে] গমন করা, বৃদ্ধি পাওয়া+উ(ডু)—ক) সং, পুং, বৃক্ষ, গাছ। ২। বৃক্ষের অবয়ব। ৩। শাখা। স্ত্রীং, গতি।

দ্রুঘণ (দ্রু বৃক্ষ—হন্ বধ করা+অ(অল্)—ণ। হন্ স্থানে ঘন) সং, পুং, লৌহ মুদ্গর। ২। কুঠার। ৩। (+অন্—ক) ব্রহ্মা। ৪। ভূমিচম্পক।

দ্রুণ (দ্রুণ্ বধ করা, বক্র করা+অ—প্রং) সং, ক্লীং, ধনুক। ২। খড়্গ। ৩। পুং, বৃশ্চিক। ৪। ভ্রমর। ৫। খল। ণা—স্ত্রীং, ধনুকের ছিলা।

দ্রুণস (দ্রু বৃক্ষের ন্যায়—নাসিকা, ৬ষ্ঠী—হিং, নাসিকা স্থানে নস) বিং, ত্রিং, দীর্ঘনাসিকাযুক্ত।

দ্রুণহ (দ্রুণ খড়্গ—হন্ বধ করা, গমন করা+অ(ড)—ক। অথবা দ্রুণ খড়্গ—হা পরিত্যাগ করা+অ(ক)—ক। দ্রুনহ শব্দও হয়) সং, পুং, খড়্গের খাপ।

দ্রুণি } দ্রুণী } (দ্রুণ বধ করা, গমন করা+ই(কি)—ক। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কাণকোটারি। ২। কচ্ছপী। ৩। দ্রোণী।

দ্রুত (দ্রু গমন করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, শীঘ্রতা; দ্রবীভূত ঘৃত সুবর্ণাদি নিত্য বিষয়ক শীঘ্র গমন। ২। পুং, দ্রুম। ৩। (+ক্ত—ক) বিং, ত্রিং, পলায়িত, ধাবিত। ৪। গলিত, দ্রবীভূত। ৫। ক্লিন্ন, আর্দ্র। ৬। শীঘ্র। শিং—১ "সসম্ভ্রমেন্দ্র দ্রুতপাতিতার্গলাঃ।"

দ্রুতচারী (Cursores, দ্রুতচারিন্, দ্রুত—চারী যে বিচরণ করে) যাহারা ভূমিতে দ্রুতবেগে বিচরণ করে; যথা—শাহ মুরগ, কাশোয়ারি প্রভৃতি।

দ্রুতপদ (দ্রুত—পদ গমন) সং, ক্লীং, শীঘ্রগমন। ২। দ্বাদশাক্ষর পাদক ছন্দোবিশেষ। ৩। বিং, ত্রিং, শীঘ্রগামী।

দ্রুতমধ্যা; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, অর্দ্ধসমজাতীয় ছন্দঃ।

দ্রুতবিলম্বিত; সং, ক্লীং, ১২ অক্ষর ছন্দোবিশেষ, যার ৪র্থ ৭ম ১০ম ১২শ বর্ণ গুরু, অবশিষ্ট লঘু। ২। বিং, ত্রিং, শীঘ্র অথচ বিলম্বিত। শিং—১ "তরণিজাপুলিনে নববল্লবী পরিষদা সহ কেলিকুতূহলাৎ। দ্রুতবিলম্বিতচারুবিহারিণং হরিমহং হৃদয়েন সদা বহে।"

দ্রুতি (দ্রুত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পলায়ন। ২। দ্রবীভাব। ৩। গলিয়া যাওয়া।

দ্রুনখ (দ্রু বৃক্ষ—নখ) সং, পুং, কণ্টক।

দ্রুপদ; সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, দ্রৌপদীর পিতা।

দ্রুপদাত্মজ (দ্রুপদ—আত্মজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিখণ্ডী। ২। ধৃষ্টদ্যুম্ন। জা—স্ত্রীং, যাজ্ঞসেনী, দ্রৌপদী।

দ্রুপদাদিত্য; সং, পুং, দ্রৌপদীর প্রতিষ্ঠিত কাশীস্থ আদিত্য লিঙ্গবিশেষ।

দ্রুপদী (দ্রু বৃক্ষের ন্যায়—পদ, ৬ষ্ঠী—হিং, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বৃক্ষবৎ দীর্ঘপদ যুক্তা স্ত্রী।

দ্রুম (দ্রু দেখ, ম—ক, বিদ্যমানার্থে) সং, পুং, বৃক্ষ। ২। কিংপুরুষগণের অধীশ্বরবিশেষ। শিং—১ "দ্রুমঃকিংপুরুষেশশ্চ উপাস্তে ধনদেশ্বরম্। ৩। পারিজাতবৃক্ষ। ৪। কুবের। ৫। রুক্মিণীগর্ভজাত কৃষ্ণপুত্রবিশেষ। ৬। নৃপবিশেষ।

দ্রুমনখ (দ্রুম—নখ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কণ্টক।

দ্রুমময় (দ্রুম+ময়(ময়ট)—বিকারার্থে) সং, পুং, দ্রুম বিকার যূপাদি।

দ্রুমর (দ্রুম বৃক্ষ—র রমণার্থ রম্ ধাতুজ) সং, পুং, কণ্টক, কাঁটা।

দ্রুমবান্ (দ্রুম+বৎ(বতু)·অস্ত্যর্থে) বিং, ত্রিং, দ্রুমবিশিষ্ট, যাহার বাগান বাগিচা আছে।

দ্রুমব্যাধি (দ্রুম—ব্যাধি পীড়া) সং, পুং, লাক্ষা, লা। ২। ক্লীং, বৃক্ষরোগ।

দ্রুমশ্রেষ্ঠ (দ্রুম—শ্রেষ্ঠ, ৭মী—হিং) সং, পুং, প্রধান বৃক্ষ। ২। তালবৃক্ষ।

দ্রুমষণ্ড (দ্রুম+ষণ্ড(ষণ্ডচ্)—সমূহার্থে) সং, ক্লীং, বৃক্ষসমূহ।

দ্রুমাময় (দ্রুম—আময়) সং, পুং, লাক্ষা। ২। ক্লীং, বৃক্ষরোগ। [ক্লীং, হস্তী।

দ্রুমারি (দ্রুম—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং—

দ্রুমেশ্বর; সং, পুং, প্রধান বৃক্ষ। ২। তাল বৃক্ষ। [কার বৃক্ষ।

দ্রুগোৎপল (দ্রুম—উৎপল) সং, পুং, কর্ণি-

দ্রুবয় (দ্রু বৃক্ষ+বয়—পরিমাণার্থে) সং, ক্লীং, পরিমাণ।

দ্রুসল্লক; সং, পুং, পিয়ালবৃক্ষ।

দ্রুহ (দ্রুহ বধ করা+অ(অন্)—ক) সং, পুং, পুত্র। ২। বিং, ত্রিং, দ্রোহকারক, অনিষ্টকারী। হী—স্ত্রীং, কন্যা।

দ্রুহণ (দ্রু [বৃক্ষ] বিশ্ব—হন্ বধ করা+অন—ক। যিনি জগৎ নাশকর্ত্তা) সং, পুং, ব্রহ্মা।

দ্রুহিণ (দ্রুহ্ [দুষ্টকে] বধ করা+ইন্(কিন)—ক) সং, পুং, ব্রহ্মা। শিং—১ "দুরালভা দানশীলা দ্রাবিণী দ্রুহিণস্তুতা।" ২। বিষ্ণু।

দ্রুহ্ (দ্রুহ্ বধ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, দ্রোহকারী।

দ্রুহ্য (দ্রুহ্+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, দ্রোহের বিষয়ীভূত। ২। (ক্যপ্—ভা) সং, পুং, দ্রোহবিষয়।

দ্রুহ্ৎ (দ্রুহ্ অনিষ্ট করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, অনিষ্টকারী।

দ্রুহ্যু; সং, পুং, যযাতি রাজার পুত্রবিশেষ।

দ্রূ (দ্রু গমন করা+০(ক্বিপ্)—ক। অথবা দ্রু গমন করা, গলা+০(ক্বিপ্)—প্রং। উ=ঊ) সং, পুং, স্বর্ণ।

দ্রোণ (দ্রু গমন করা+ন—ক) সং, পুং,—ক্লীং, মানপাত্রবিশেষ, আঢ়ক। ২। আঢ়কচতুষ্টয়, ৩২ সের পরিমাণ। ২। (ঘৃতাচী নামে স্বর্গবেশ্যাকে দেখিয়া ভরদ্বাজ মুনির রেতঃপাত হয়। তিনি সেই রেতঃ এক দ্রোণীমধ্যে স্থাপিত করিলেন। সেই দ্রোণীতে জন্ম হয় বলিয়া দ্রোণ নাম হইল) পুং, কুরুবংশের গুরু, দ্রোণাচার্য্য। শিং—১ "ভরদ্বাজস্য চ স্বয়ং দ্রোণ্যাং শুক্রমবর্দ্ধত। ৩। দাঁড়কাক। ৪। বৃশ্চিক। ৫। বৃহৎ জলাশয়। ৬। মেষবিশেষ। ৭। বল্‌ষসিয়া ফুল। ৮। শাল্মলি দ্বীপের গিরি-বিশেষ। [বিশেষ।

দ্রোণকলস; সং, পুং, দ্রুমময় যজ্ঞপাত্র-

দ্রোণকাক; সং, পুং—স্ত্রীং, দাঁড়কাক।

দ্রোণক্ষীরা (দ্রোণ দ্রোণপরিমিত ক্ষীর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গাভীবিশেষ, যে গাভি দ্রোণপরিমিত দুগ্ধ প্রদান করে।

দ্রোণচিৎ; সং, পুং, যজ্ঞীয় অগ্নিবিশেষ।

দ্রোণশর্ম্মপদ; সং, পুং, তীর্থবিশেষ।

দ্রোণাচার্য্য (দ্রোণ—আচার্য্য গুরু) সং, পুং, ভরদ্বাজ মুনিপুত্র, অশ্বত্থামার পিতা, কুরুবংশের গুরু।

দ্রোণি, দ্রোণী } (দ্রোণ দেখ, নি,নী—ক) সং, স্ত্রীং, ডিঙ্গী। ২। ডোঙ্গা। ৩। জলসেচনী। ৪। জলের গামলা। ৫। গোরুর গামলা। ৬। দেশবিশেষ। ৭। পর্ব্বত-দ্বয়ান্তর্বর্ত্তি স্থান।

দ্রোসিল; সং, পুং, চাণক্য পণ্ডিত।

দ্রোহ (দ্রুহ্ হিংসা করা+অ(অল্)—ভা) সং, পুং, অনিষ্টাচরণ, অপকার। ২। অনিষ্টচিন্তা। ৩। পরাভব, অভিভব।

দ্রোহাট (দ্রোহ অপকার, অনিষ্টাচরণ—অট্ যে গমন করে বা হয়) সং, পুং, ব্যাধ। ২। কপটী, ধূর্ত্ত। ৩। গাথাবিশেষ।

দ্রোহী (দ্রোহিন্, দ্রুহ্ অনিষ্টাচরণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনিষ্টাচারী, অপকারী। ২। যে অনিষ্টচিন্তা করে। শিং—১ "মিত্রদ্রোহী কৃতঘ্নশ্চ যে চ বিশ্বাস-ঘাতকাঃ।" ৩। অভিভবকারী।

দ্রৌণায়ন, দ্রৌণায়নি, দ্রৌণি } (দ্রোণ+ফায়ন, ফায়নি, ফি—অপত্যার্থে) সং,পুং, দ্রোণপুত্র, অশ্বত্থামা।

দ্রৌণিক (দ্রোণ+ইক(ফিক)—পরিমাণার্থে) বিং, ত্রিং, দ্রোণপরিমিত বীজবপনযোগ্য (ক্ষেত্রাদি)।

দ্রৌপদ (দ্রুপদ+অ(ফ)—অপত্যার্থে) সং, পুং, দ্রুপদরাজপুত্র।

দ্রৌপদী (দ্রুপদ এই কন্যার পিতা+অ(ষ্ণ) —অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, পঞ্চপাণ্ডবের পত্নী, দ্রুপদ রাজার কন্যা।

দ্রৌপদেয় (দ্রৌপদী + এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, যুধিষ্ঠিরাদির দ্রৌপদীগর্ভজাত প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকর্ম্মা, শতানীক, শ্রুতসেন এই পঞ্চপুত্র।

দ্রৌহিক (দ্রোহ+ইক(ষ্ণিক)—যোগ্যার্থে) বিং, ত্রিং, দ্রোহযোগ্য।

দ্বন্দ্ব (দ্বি দুই, দ্বিত্ব, নিপাতন) সং, ক্লীং, মিথুন, স্ত্রীপুরুষ, জোড়া। ২। বিবাদ। শিং—১ "শতং দদ্যান্ন বিবদেদিতি প্রাজ্ঞস্য লক্ষণম্। বিনা হেতুমপি দ্বন্দ্বমেতন্মূর্খস্য লক্ষণম্।" ৩। দ্বয়, দ্বিতয়। ৪। শীতোষ্ণ, সুখ দুঃখ রাগ দ্বেষ ইত্যাদি পরস্পর বিরুদ্ধ যুগ্ম। ৫। রহস্য। ৬। কলহ। ৭। যুদ্ধ,ক্ষমতাবান্ পরস্পরের শক্তির আস্ফালন। ৭। পুং, সমাস-বিশেষ, যে সমাসে উভয় পদের প্রাধান্য থাকে। ৮। রোগবিশেষ।

দ্বন্দ্বচর, দ্বন্দ্বচারী (—চারিন্, দ্বন্দ্ব মিথুন—চর, চারী যে চরে। যাহারা স্ত্রীপুরুষে চরে) সং, পুং, চক্রবাক পক্ষী। শিং—১"শশিনং পুনরেতি শর্ব্বরী দয়িতা দ্বন্দ্বচরং পতত্রিণং।"

দ্বন্দ্বজ (দ্বন্দ্ব—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং,পুং, দোষদ্বয়োৎপন্ন রোগ। ২। বিং, ত্রিং, বিবাদোৎপন্ন।

দ্বন্দ্বযুদ্ধ; সং, ক্লীং, মল্লযুদ্ধ, দুই ব্যক্তির পরস্পর যুদ্ধ। শিং—১ "বহুনি ভুবি চিত্রাণি দ্বন্দ্বযুদ্ধানি সঞ্জয়।"

দ্বয়—ক্লীং, দ্বয়ী—স্ত্রীং, দ্বিক—ক্লীং (দ্বি+অয়ট্—অবয়বার্থে) সর্ব্বং,যুগ্ম। ২। দুই, উভয়। ৩। দুই সংখ্যা, দ্বিতীয়। ৪। বিং, ত্রিং, দ্বিত্বসংখ্যাযুক্ত। "কুসুমস্তবকস্যেব দ্বয়ী বৃত্তির্মনস্বিনঃ।" [চিতাগাছ।

দ্বয়াগ্নি (দ্বি দ্বিরূপ—অগ্নি,৭মী—হিং)সং,পুং,

দ্বয়াতিগ (দ্বয় রজঃ তম এই দুই গুণ—অতি অতিক্রান্ত—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, রজস্তমোগুণবিহীন, সত্ত্বগুণবিশিষ্ট।

দ্বাঃস্থ, দ্বাস্থ, দ্বাঃস্থিত, দ্বাস্থিত (দ্বার্—স্থ, স্থিত যে থাকে, ৭মী—য) সং, পুং, দ্বারপাল। ২। বিং, ত্রিং, দ্বারে স্থিত।

দ্বাচত্বারিংশৎ (দ্বি দুই—চত্বারিংশৎ চল্লিশ। দুই অধিক চল্লিশ, য়ং—স, মধ্যপদলোপ) বিং,স্ত্রীং, একবং,বিয়াল্লিশ,৪২।

দ্বাত্রিংশৎ (দ্বি—ত্রিংশৎ ত্রিশ। দুই অধিক ত্রিংশৎ, য়ং—স, মধ্যপদলোপ) বিং,স্ত্রীং, একবং, বত্রিশ, ৩২।

দ্বাত্রিংশল্লক্ষণ(দ্বাত্রিংশৎ—লক্ষণ,৬ষ্ঠী—হিং) সং, পুং, ৩২ লক্ষণাক্রান্ত মহাপুরুষ।

দ্বাদশ (দ্বাদশন্, দ্বি—দশন্ দশ। দুই অধিক দশ, য়ং—স, মধ্যপদলোপ) বিং, ত্রিং, বহুং, বার সংখ্যা, ১২। ২। (দ্বাদশন্+অ(ড)—পুরণার্থে) বিং, ত্রিং, বারর পুরণ। শী—স্ত্রীং, চন্দ্রের দ্বাদশ কলার হ্রাসবৃদ্ধিরূপ কার্য্যদ্বারা বিনির্দ্দিষ্ট কাল, তিথিবিশেষ। শিং—১ "পক্ষান্তে মাসয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধ বাসরে। সায়ংসন্ধ্যাং ন কুর্ব্বীত কুর্ব্বতে পিতৃহা ভবেৎ।"

দ্বাদশকর (দ্বাদশ—কর হস্ত বা কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং বৃহস্পতি। ২। কার্ত্তিকেয়। [প্রভৃতি দ্বাদশবিধ পুত্র।

দ্বাদশপুত্র; সং, পুং, ঔরস ক্ষেত্রজ পৌনর্ভব

দ্বাদশমদ্য; সং, ক্লীং, পানস, দ্রাক্ষ, মাধুক, খার্জ্জর,তাল, ঐক্ষব,মাধ্বীক,টঙ্কমাধ্বীক, মৈরেয় ও নারিকেলজ ও সুরা এই দ্বাদশবিধ মদ উক্ত আছে।

দ্বাদশমল; সং,পুং, শরীরস্থ দ্বাদশবিধ মল। শিং—১ "বসাশুক্র মসৃঙ্মজ্জৎ মূত্র বিট্ কর্ণবিড়্ নখা। শ্লেষ্মাস্থি দূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাংমলাঃ।"

দ্বাদশমাসিক (দ্বাদশমাস+ইক(ষ্ণিক)—স্বার্থে) সং, ক্লীং, দ্বাদশমাসে কর্ত্তব্য প্রেতোদ্দেশ্যক শ্রাদ্ধবিশেষ।

দ্বাদশমূর্ত্তি—দ্বাদশাত্মা দেখ।

দ্বাদশযাত্রা; সং, স্ত্রীং, বৈশাখাদি দ্বাদশ মাসে ভগবান্ হরির ভিন্ন ভিন্ন যাত্রা নির্দ্দিষ্ট আছে; যথা—বৈশাখে চন্দনযাত্রা, জ্যৈষ্ঠে স্নানযাত্রা আষাঢ়ে রথযাত্রা ইত্যাদি।

দ্বাদশলোচন, দ্বাদশাক্ষ (দ্বাদশ বার—লোচন, অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।

দ্বাদশাংশু (দ্বাদশ—অংশু কিরণ) সং, পুং, বৃহস্পতি।

দ্বাদশাক্ষর (দ্বাদশ—অক্ষর, ৭মী—হিং) সং, পুং, দ্বাদশাক্ষরযুক্ত বিষ্ণুবিষয়ক মন্ত্রবিশেষ; যথা—"নমো ভগবতে বাসুদেবায়োঙ্কার পূর্ব্বকং। মহামন্ত্রমিমং প্রাহুস্তত্ত্বজ্ঞা দ্বাদশাক্ষরং।"

দ্বাদশাঙ্গুল (দ্বাদশ—অঙ্গুলি) বিং, ত্রিং, ১২ অঙ্গুলি পরিমিত, বিতস্তি।

দ্বাদশাত্মা (দ্বাদশাত্মন্, দ্বাদশ—আত্মন্। বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম—এই ১২ নামধারী) সং, পুং, সূর্য্য। ২। আকন্দগাছ।

দ্বাদশায়ুঃ (দ্বাদশায়ুস্, দ্বাদশ বার [বর্ষ]—আয়ুস্ জীবন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুর।

দ্বাদশার্চ্চিঃ (দ্বাদশার্চ্চিস্, দ্বাদশ বার—অর্চ্চিস্ কিরণ, তেজঃ) সং, পুং, বৃহস্পতি।

দ্বাপর (দ্বি—পর, যে দুই যুগের পর) সং, পুং, তৃতীয়যুগ, ৮৬৪০০০ বৎসর পরিমিত কাল; ভাদ্র-কৃষ্ণ-ত্রয়োদশী বৃহস্পতিবারে এই যুগের উৎপত্তি। এই যুগে নারায়ণ, কৃষ্ণ ও বুদ্ধরূপে অবতীর্ণ হন। এই যুগে বর্ণাশ্রম ধর্ম্মের ধ্বংস হইতে আরম্ভ হয়। ২। (কোন ব্যক্তি দূর হইতে মুড়া গাছকে দেখিয়া মনে করিতেছে উহা স্থাণু কি পুরুষ ইত্যাকাররূপ দুই পর অর্থাৎ দুই প্রধান অংশ যাহাতে আছে, ৭মী—হিং) সন্দেহ।

দ্বার্—স্ত্রীং, দ্বার—ক্লীং (দ্বৃ-ণিচ্=দ্বারি আচ্ছাদন করা+০(বিচ্), অ(অন্)—ক) সং, দোর, দুয়ার। ২। কপাট। শিং—১ "পুরমেকাদশদ্বারম্।" ২ "অর্গলিতদ্বারা।" ৩। উপায়। ৪। সম্মুখ। শিং—১ "ভুজঙ্গপিহিত দ্বারং পাতালমধিতিষ্ঠিতি।" ৫। শেষ অঙ্গ।

দ্বারক—পুং, দ্বারকা, দ্বারিকা—স্ত্রীং (দ্বার [মুক্তির] পথ+কণ্—প্রং। অথবা কৈ দীপ্তি পাওয়া+অ(ড)—ক, আপ্) সং, কৃষ্ণের পুরী। শিং—১ "সর্ব্বতীর্থপরা শ্রেষ্ঠা দ্বারকা বহুপুণ্যদা। যস্যাঃ প্রবেশ মাত্রেণ নরাণাং জন্মখণ্ডনম্।"

দ্বারকণ্টক (দ্বার দুয়ার—কণ্টক) সং, পুং, কপাট।

দ্বারকেশ (দ্বারকা কৃষ্ণের পুরী—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

দ্বারগোপ (দ্বার—গুপ্ রক্ষা করা+অ(অন্)—ক) সং, পুং, দ্বারপাল।

দ্বারপ, দ্বারপাল, দ্বারপালক (দ্বার—প [পা পালন করা+অ(ড)—ক], পাল [পা-ণিচ্=পালি+অ(অন্)—ক], পালক [পালি+অক(ণক)—ক] যে রক্ষা করে, ২য়া—ষ) সং, পুং, দ্বারবান্, দ্বাররক্ষক।

দ্বারপিণ্ডী; সং, স্ত্রীং, দেহলী, চৌকাঠের উপরিস্থ ফলক।

দ্বারযন্ত্র (দ্বার—যন্ত্র কল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, তালা, কুলুপ।

দ্বারবান্ (দ্বারবৎ, দ্বার+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, যে দ্বার রক্ষা করে, দৌবারিক।

দ্বারবতী, দ্বারাবতী (দ্বার [মুক্তির] পথ+বৎ(বতু)—অস্ত্যর্থে, ২য় পক্ষে—দ্বার+ডাচ্=দ্বারা+বতু, ঈপ্) সং, স্ত্রীং, দ্বারকা পুরী।

দ্বারবলিভুক্ (—ভুজ্, দ্বার—বলি খাদ্যাংশ—ভুজ্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে খায়) সং, পুং, বকপক্ষী।

দ্বারশাখা (দ্বার—শাখা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, —ক্লীং, দ্বারের অবয়ববিশেষ, বাজু।

দ্বারস্তম্ভ; সং, পুং—ক্লীং, দ্বারাঙ্গ স্তম্ভ।

দ্বারস্থ (দ্বার—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) সং, পুং, দ্বারপাল। ২। বিং, ত্রিং, দ্বারস্থিত, অন্যের দ্বারে অবনতভাবে অবস্থিত, যথা—পিতৃ মাতৃ দায়ে দ্বারস্থ হওয়া আবশ্যক।

দ্বারা (দ্বার+আ—তৃতীয়ার একবচন) অং, কারণ, করণ। ২। সাহায্যে, আনুকূল্যে; যথা—অগ্নি দ্বারা পাক, দাত্রদ্বারা ছেদন। শিং—১ "কামপ্রাপ্তিশ্চার্থদ্বারেণ।"

দ্বারাধ্যক্ষ (দ্বার—অধ্যক্ষ, ৭মী—ষ) সং,পুং, প্রতীহার। শিং—১ "বেত্রব্যাসক্তহস্তাশ্চ দ্বারাধ্যক্ষা বিশাংপতে।"

দ্বারিক } (দ্বার + ইক(ষ্ণিক)—রক্ষার্থে। দ্বারী } দ্বারিন্, দ্বার+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দ্বারপাল। ২। দ্বারযুক্ত।

দ্বাবিংশ (দ্বাবিংশতি+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, ২২ সংখ্যার পূরণ।

দ্বাবিংশতি (দ্বি দুই—বিংশতি কুড়ি। দুই অধিক কুড়ি, মং—স, মধ্যপদলোপ) বিং, স্ত্রীং, একং বাইশ, ২২।

দ্বাষষ্টি (দ্বি দুই—ষষ্টি ষাট্। দুই অধিক ষাট্, মং—স, মধ্যপদলোপ) বিং, স্ত্রীং, বাষট্টি, ৬২।

দ্বাসপ্ততি (দ্বি দুই—সপ্ততি সোত্তর। দুই অধিক সোত্তর, মং—স, মধ্যপদলোপ) বিং, স্ত্রীং, বায়াত্তর, ৭২।

দ্বি (দ্বৃ+ই(ডি)—ক) বিং, ত্রিং, দ্বিং, দুই সংখ্যা, ২।

দ্বিঃ (দ্বি+স্—বারার্থে) অং, দুইবার। ২। দুই প্রকার।

দ্বিক (দ্বি দুই—ক ককার, ৬ষ্ঠী—হিং) সং,পুং, কোক। ২। কাক। ৩। (দ্বি দুই +কণ্—নিষ্প্রয়োজনার্থে) ক্লীং, দ্বয়, দুই। ২। বিং, ত্রিং, দ্বিত্বসংখ্যাযুক্ত।

দ্বিককার (দ্বি দুই—ককার কবর্ণ) সং, পুং, কোক। ২। কাক।

দ্বিককুদ্ (দ্বি দুই—ককুদ্ বৃষের স্কন্ধের ঝুঁটি) সং, পুং, উষ্ট্র।

দ্বিকর (দ্বি—কর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দ্বিকরযুক্ত, দ্বিভুজ। ২। (মং—স) করদ্বয়। শিং—১ "বুভুক্ষিতঃ কিং দ্বিকরেণ ভুংক্তে।"

দ্বিকরী (Bimana) যাহাদের দেহে দুই মাত্র কর আছে; যথা—মনুষ্য প্রভৃতি।

দ্বিকার্ষাপণিক (দ্বিকার্ষাপণ+ইক(ষ্ণিক)—ক্রীতার্থে) বিং,ত্রিং, কার্ষাপণ দ্বয়ে ক্রীত।

দ্বিগর্ভ (Marsupiata, দ্বি—গর্ভ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জীবের দেহে অপত্য জননার্থ দুই আধার থাকে; যথা—কঙ্গারু, ওমূবেট প্রভৃতি।

দ্বিগর্ভপশু (Marsupial Animal) যে সকল পশু প্রসূতশাবককে অপরিপুষ্টাবস্থা পর্য্যন্ত উদরের নিম্নস্থ চর্ম্মময় কোষমধ্যে ধারণ করে; যথা—কঙ্গারু, অপসম প্রভৃতি।

দ্বিগু (দ্বি—গো। বোধ হয়, দ্বি প্রভৃতি সংখ্যাশব্দের সহিত গোশব্দ প্রভৃতির সমাস হয় বলিয়া এই সমাসের নাম দ্বিগু হইয়াছে) সং,পুং, সমাসবিশেষ, যাহাতে সংখ্যাবাচক পদ পূর্ব্বে থাকে। ২। বিং, ত্রিং, যাহার দুইটী গোরু আছে। শিং—১"দ্বন্দ্বোদ্বিগুরপি চাহং সততমব্যয়ীভাবঃ।" (উদ্ভট)।

দ্বিগুণ } (দ্বি দুই—গুণ, গুণিত) বিং, দ্বিগুণিত } ত্রিং, দুইবার গুণিত। ২। দুয়ের দ্বারা গুণিত। শিং—১"এতচ্ছৌচং গৃহস্থানাং দ্বিগুণং ব্রহ্মচারিণাম্।" ২ "দ্বিগুণিতসান্দ্রবাহিনি পক্ষমালা।"

দ্বিগুণাকৃত (দ্বিগুণ + আ ডাচ্)=দ্বিগুণা দুইবার—কৃত হল দ্বারা কৃষ্ট) বিং, ত্রিং, বারদ্বয় কৃষ্ট, দোচসা (ভূমি প্রভৃতি)।

দ্বিগুণীকৃত (দ্বিগুণ দু[illegible] বার গুণ—কৃত। মধ্যে, ঈ(চ্বি)—[illegible]য) বিং, ত্রিং, যাহা দ্বিগুণ করা গিয়াছে।

দ্বিজ } (দ্বি—জ [জন্ জন্মান+অ(ড) দ্বিজন্মা } —ক] জন্ম। ২য় পক্ষে—দ্বিজন্মন্, দ্বিজাতি } দ্বি—জন্ম। ৩য় পক্ষে—দ্বি—জাতি জন্ম। যাহাদের দেহোৎপত্তি ও সংস্কার এই দুই লক্ষণরূপ জন্ম হয়,৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ। ২। ক্ষত্রিয়। ৩। বৈশ্য। ৪। (যাহাদের অণ্ড ও শাবক এই দুই প্রকারে জন্ম হয়) পক্ষ্যাদি। ৫। (যাহাদের দুই বার জন্ম হয়) দন্ত। ৬। বিং, ত্রিং, দুই-বার জাত। শিং—১ "মাতুর্যদগ্রে জায়ন্তে দ্বিতীয়ং মৌঞ্জিবন্ধনাৎ। ব্রাহ্মণ-ক্ষত্রিয়বিশস্তস্মাদেতে দ্বিজাঃ স্মৃতাঃ। বৈদিকৈঃ কর্ম্মভিঃ পুণ্যৈর্নিষেকাদি দ্বিজন্মনাম্। কার্য্যঃ শরীর সংস্কারঃ পাবনঃপ্রেত্য-চেহ চ।" (মনু)। ২ "জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈ র্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে।" ৩ "ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা

দ্বিজাতয়ঃ। চতুর্থ একজাতিস্তু শূদ্রঃ। ৪ "গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ।" ৭। সং, পুং, ভুম্বুরুবৃক্ষ।

দ্বিজকুৎসিত; সং, পুং, শ্লেষ্মাতক বৃক্ষ, নোনা আতা।

দ্বিজদাস; সং, পুং—ক্লীং, শূদ্র।

দ্বিজপতি (দ্বিজ ব্রাহ্মণ—পতি প্রভু) সং, পুং, চন্দ্র। শিং—১ "দ্বিজানামৌষধীনাঞ্চ সোমং রাজ্যেঽভ্যষেচয়ৎ।" ২। কর্পূর। ৩। দ্বিজশ্রেষ্ঠ। ৪। পক্ষিশ্রেষ্ঠ। ৫। গরুড়।

দ্বিজপ্রপা (দ্বিজ পক্ষী ইত্যাদি—প্র—পা পান করা+অ(অল)—ধি, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, আলবাল।

দ্বিজপ্রিয়া; সং, স্ত্রীং, সোমলতা।

দ্বিজবন্ধু; সং, পুং, অপকৃষ্ট দ্বিজ, দৈবজ্ঞ, ভাট প্রভৃতি। শিং—১ "স্ত্রীশূদ্র দ্বিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা।" (স্মৃতি)।

দ্বিজবর } (দ্বিজ ব্রাহ্মণ—বর, বর্য্য
দ্বিজবর্য্য } শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ।

দ্বিজরাজ (দ্বিজ ব্রাহ্মণ—রাজ রাজনৃশব্দজ +ষ, ৬ষ্ঠী—ষ। গ্রহ নক্ষত্র বিপ্র ও লতাদি রাজ্যে ব্রহ্মা চন্দ্রকে অভিষিক্ত করিয়াছেন) সং, পুং, চন্দ্র। শিং—১ "দ্বিজানামোষধীনাং চ সোমং রাজ্যেঽভ্যষেচয়ৎ।" ২ "কৃষ্ণস্য চ পাঞ্চজন্যং মহার্হমেতদ্ দ্বিজরাজবর্ণম্।" ২। কর্পূর। ৩। (ক্ষত্রিয় বৈশ্যদের মধ্যে শ্রেষ্ঠ) ব্রাহ্মণ। ৪। (পক্ষিদের মধ্যে শ্রেষ্ঠ) গরুড়। ৫। (সর্পদের মধ্যে শ্রেষ্ঠ) অনন্ত।

দ্বিজলিঙ্গী (দ্বিজলিঙ্গিন্, দ্বিজ দুইবার জাত —লিঙ্গ চিহ্ন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দ্বিজবেশধারী, ছলব্রাহ্মণ। শিং—১ "তান্ সর্ব্বান্ ঘাতয়েদ্রাজা শূদ্রাংস্তু দ্বিজলিঙ্গিনঃ।" (মনু)।

দ্বিজবাহন (দ্বিজ গরুড়—বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "এবং ত্বমসি দেবানাং মুখ্যানাং দ্বিজবাহনঃ।"

দ্বিজব্রুব (দ্বিজ—ব্রুব [ব্রু বলা+অ(ক)—ক] যে বলে। দ্বিজ নয় তথাচ যে আপনাকে ব্রাহ্মণ বলে) সং, পুং, ছলব্রাহ্মণ, অধম দ্বিজ।

দ্বিজশপ্ত; সং, পুং—ক্লীং, কলাইবিশেষ,বরবটি কলাই, ব্রাহ্মণের ভক্ষণ নিষেধ বলিয়া ইহার এই নাম হইয়াছে।

দ্বিজসত্তম (দ্বিজ—সত্তম অত্যুত্তম, ৭মী—ষ) সং, পুং, দ্বিজশ্রেষ্ঠ, ব্রাহ্মণ।

দ্বিজসেবক; সং, পুং, শূদ্র। ২। বিং, ত্রিং, দ্বিজসেবানিরত।

দ্বিজা (দ্বি—জন্ জন্মান+অ(ড)—ক,আপ্ —স্ত্রীং) সং, স্ত্রীং, রেণুকানামক গন্ধদ্রব্য। ২। পালঙ্শাক। ৩। দ্বিজপত্নী।

দ্বিজাগ্র্য (দ্বিজ—অগ্র্য শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, দ্বিজশ্রেষ্ঠ, বিপ্র।

দ্বিজায়নী (দ্বিজ দুইবার জাত+অয়ন—প্রং। কিম্বা অয় প্রাপ্ত করান+অন (অনট্)—ণ। যাহা দ্বারা দ্বিজ জানা যায়। ঈপ্—স্ত্রীং) সং,স্ত্রীং,যজ্ঞোপবিত, পৈতা।

দ্বিজালয় (দ্বিজ—আলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, —ক্লীং, বৃক্ষস্থ পক্ষিগণের কোঠর। ২। ব্রাহ্মণের গৃহ।

দ্বিজিহ্ব (দ্বি—জিহ্বা জিব্। যাহাদের দুই জিহ্বা, ৬ষ্ঠী—হিং। মহাভারতে—গরুড় এই কুশাসনে অমৃত রাখিয়াছেন মনে করিয়া সর্পগণ সেই আসন চাটিতে লাগিল। তাহাতেই তাহাদের জিহ্বা দ্বিখণ্ড হইল) সং, পুং, সর্প। শিং—১ "দ্বিজিহ্বাশ্চ কৃতাঃ সর্পা গরুড়েন।" ২ "দ্বিজিহ্ববদনং ধত্তে দুষ্টো দুর্জনপন্নগঃ।" ২। যাহার দুই জিহ্বা। ৩। যে এক ব্যক্তির নিকট এক প্রকার বলিয়া অন্য ব্যক্তির নিকট প্রকারান্তর বলে, খল। ৪। সূচক। ৫। চোর। ৬। দুঃসাধ্য।

দ্বিজেন্দ্র (দ্বিজ—ইন্দ্র শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, দ্বিজশ্রেষ্ঠ। শিং—১ "দ্বিজেন্দ্রকান্তং শ্রিতবক্ষসং শ্রিয়া।" (মাঘ)।

দ্বিজেশ (দ্বিজ—ঈশ প্রধান, ৭মী—ষ) সং, পুং, গরুড়। ২। চন্দ্র। ৩। কর্পূর।

দ্বিজোত্তম (দ্বিজ ক্ষত্রিয়, বৈশ্য—উত্তম। যাঁহারা ক্ষত্রিয় বৈশ্যের মধ্যে উত্তম, ৭মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ। ২। ব্রাহ্মণশ্রেষ্ঠ।

দ্বিজোপাসক ( দ্বিজ – উপ – আস্ সেবা করা + অক(ণক) – ক ) সং, পুং, শূদ্র। ২। বিং, ত্রিং, দ্বিজসেবাকারক।

দ্বিঠা ; সং,স্ত্রীং, অগ্নিপত্নী, স্বাহা। ২। বিসর্গ।

দ্বিত ; সং, পুং, দেববিশেষ, মুনিবিশেষ।

দ্বিতয় ( দ্বি + তয়ট্ – অবয়বার্থে ) সং, ক্লীং, য়ী – স্ত্রীং, যুগ্ম। ২। দ্বয়, দুই সংখ্যা। ৩। দ্বিপ্রকার। ৪। বিং, ত্রিং, দ্বিত্বসঙ্খ্যাযুক্ত। শিং – ১ "ক্রমসানুমতোঃ কিমন্তরং যদি বায়ৌ দ্বিতয়েঽপি তে চলাঃ।"(কিরাত)।

দ্বিতল ;বিং, ত্রিং, দোতলা, যে গৃহের দুই তল।

দ্বিতীয় ( দ্বি + তীয় – পূরণার্থে ) বিং, ত্রিং, দুয়ের পূরক। শিং – ১ "দ্বিতীয়গামী নহি শব্দ এষ নঃ।" (রঘু)। য়া – স্ত্রীং, পত্নী, ভার্য্যা। ২। তিথিবিশেষ, চন্দ্রের দ্বিতীয় কলার হ্রাসবৃদ্ধি ক্রিয়া বিনির্দ্দিষ্ট কাল।

দ্বিতীয়াকৃত (দ্বিতীয় + আ(ডাচ) = দ্বিতীয়া – কৃত কৃষ্ট) বিং, ত্রিং, দুইবার কৃষ্ট (ক্ষেত্রাদি)।

দ্বিতীয়াশ্রম (দ্বিতীয় – আশ্রম, ষং – স) সং, পুং, গার্হস্থ্যাশ্রম।

দ্বিত্র ( দ্বি দুই – ত্র ত্রিশব্দজ ) বিং, ত্রিং, দুই অথবা তিন। শিং – ১ "দ্বিত্রাণ্যহান্যর্হসি সোঢ়ুমর্হন্।" (রঘু)।

দ্বিত্ব (দ্বি + ত্ব – ভা) সং, ক্লীং, সমবায় বস্তুদ্বয়, বস্তুর একত্ববোধক বস্তুর উভয়ত্ব।

দ্বিদৎ ( দ্বি দুই – দন্ত দাঁত, ৬ষ্ঠী – হিং। দন্ত = দৎ ) বিং, ত্রিং, দন্তদ্বয়-বিশিষ্ট ( বৃষাদি )।

দ্বিদল (দ্বি দুই – দল, ৬ষ্ঠী – হিং)বিং,ত্রিং, যাহার দুই দল, যাহা দুই মূলে বিভক্ত ( দর্ভপবিত্রাদি )। ২। সং, পুং, কলায় প্রভৃতি।

দ্বিদশ ( দ্বি – দশ, ৬ষ্ঠী – হিং ) বিং, ত্রিং, দ্বাদশ সংখ্যাবিশিষ্ট।

দ্বিদাম্নী (দ্বি – দামন্ রজ্জু, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, দুইগাছা রজ্জু দ্বারা বদ্ধ গাভী।

দ্বিদিব ( দ্বি দুই – দিব দিবা, গুং – স ) সং, পুং, দিবসদ্বয়সাধ্য যাগবিশেষ।

দ্বিদেহ (দ্বি দুই – দেহ শরীর,৬ষ্ঠী – হিং। যাহার মস্তক হস্তীর এবং অন্যান্য অবয়ব মনুষ্যাকৃতি) সং, পুং, গজানন, গণেশ।

দ্বিদ্বাদশ ; সং,পুং, বিবাহে নিষিদ্ধ বরকন্যার রাশি সংযোগবিশেষ। শিং – ১ "কন্যায়াঃ দ্বাদশে ভর্ত্তা ভর্ত্তুঃ কন্যা দ্বিতীয়গা। দ্বিদ্বাদশং বিজানীয়াৎ বর্জ্জিতং ত্রিদশৈরপি।"

দ্বিধা
দ্বেধা (দ্বি + ধা‌চ্ – প্রকারার্থে)ক্রিং – বিং, অং,দ্বিবিধ। ২। দুইবার। শিং – ১ "দ্বিধেব হৃদয়ং তস্য দুঃখিতস্যাভবত্তদা।" ২ "করে গৃহীত্বাচরণং দ্বেধা চক্রে।"

দ্বিধাকরণ ; সং,ক্লীং,দুই অংশে বিভজন।

দ্বিধাকৃত ; বিং, ত্রিং, যাহাকে দুই অংশে বিভক্ত করা গিয়াছে।

দ্বিধাগতি (দ্বিধা দ্বিবিধ – গতি গমন। ইহারা উভচর অর্থাৎ জলেও থাকে ও স্থলেও থাকে বলিয়া) সং, পুং, কুম্ভীর। ২। বিং, ত্রিং, দ্বিপ্রকার গতিবিশিষ্ট।

দ্বিধাতু ( দ্বি দুই – ধাতু প্রকৃতি। দ্বিদেহ দেখ ) সং, পুং, গণেশ। ২। ক্লীং, ধাতুদ্বয়।

দ্বিধালেখ্য (দ্বিধা – লেখ্য) বিং, ত্রিং, দ্বিধা লেখনীয়, যাহাতে দুইপ্রকার লেখা আছে। ২। সং, পুং, হিন্তালবৃক্ষ।

দ্বিনবতী ; সং, স্ত্রীং, বিরনব্বই সংখ্যা, ৯২। ২। বিরনব্বই সংখ্যাবিশিষ্ট।

দ্বিপ (দ্বি [এখানে] দুইবার – প [পা পানকরা + অ(ড) – ক] যে পান করে। যে দুইবার পান করে অর্থাৎ একবার শুণ্ডদ্বারা পরে মুখদ্বারা পান করে) সং, পুং, গজ, নাগ, হস্তী। শিং – ১ "বিপূর্য্যমাণ শ্রবণোদরং দ্বিপাঃ।" ২। নাগকেশর বৃক্ষ।

দ্বিপঞ্চাশৎ (দ্বি দুই অধিক – পঞ্চাশৎ পঞ্চাশ, ষং – স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, দুই অধিক পঞ্চাশৎ সংখ্যা, ৫২।

দ্বিপত্রোৎপত্তিক (Dicotyledonous) বিং, ত্রিং, বীজ অঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল দুইটীমাত্র পত্র বিনির্গত হয় ; যথা—আম্র, লীচু প্রভৃতি।

দ্বিপদ ( দ্বি দুই – পদ পা, ৬ষ্ঠী – হিং ) বিং, ত্রিং, পদদ্বয়-বিশিষ্ট, দুই পদযুক্ত,

যাহার দুই পা। ২। সং, পুং, মনুষ্য। ৩। পক্ষী। ৪। রাক্ষস। ৫। দেবতা। ৬। জ্যোতিষে—মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ। দী—স্ত্রীং, ছন্দোবিশেষ। দা—ঋক্‌বিশেষ। [দ্রব্যবিশেষ।

দ্বিপমদ; সং, পুং,—ক্লীং, হস্তিমদ। ২। গন্ধ

দ্বিপাদ্; বিং, ত্রিং, দুইপদযুক্ত।

দ্বিপাদ (দ্বি দুই—পাদ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানরাদি পশু। ২। গ্রহবিশেষ। শিং—১ "একপাদা দ্বিপাদাশ্চ তথা দ্বিশিরসোহপরে।" ৩। বিং, ত্রিং, দ্বিপাদযুক্ত।

দ্বিপাদ্য (দ্বি দুই—পাদ অংশ+য—প্রং) সং, ক্লীং, দ্বিগুণ দণ্ড।

দ্বিপাধিপ } (দ্বিপ হস্তী—অধিপ, অধি-
দ্বিপাধিপতি } পতি শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঐরাবত।

দ্বিপায়ী (—য়িন্, দ্বি দুইবার—পায়িন্ যে পান করে। দ্বিপ দেখ) সং, পুং, হস্তী।

দ্বিপাস্য (দ্বিপ দ্বিপতুল্য—আস্য মুখ, ৬ষ্ঠী হিং, মধ্যপদলোপ) সং, পুং, গণেশ।

দ্বিপুরুষ (দ্বি—পুরুষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুরুষদ্বয় প্রমাণযুক্ত।

দ্বিপুরোদন্তী (Radentia, দ্বি—পুরস্ অগ্রে—দন্তী দন্তবিশিষ্ট) সং, পুং, যে সকল পশুর মুখ পুরোভাগে প্রত্যেক মাড়িতে দুইটী করিয়া দন্ত থাকে, যথা—কাঠবিড়ালী, শশক, শল্লকী, মূষিক প্রভৃতি।

দ্বিভাব (দ্বি—ভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দ্বিভাবাপন্ন, দুই ভাবযুক্ত।

দ্বিভুজ (দ্বি দুই—ভুজ বাহু) সং, পুং, দুই হাত। ২। বিং, ত্রিং, ভুজদ্বয়বিশিষ্ট।

দ্বিমাতৃক (দ্বি দুই—মাতৃ মাতা+ক—প্রং) সং, পুং, গণেশ। ২। জরাসন্ধ।

দ্বিমাতৃজ (দ্বিমাতৃ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মায়) সং, পুং, গণেশ। ২। জরাসন্ধ।

দ্বিমুখ (দ্বি দুই—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজসর্প। ২। বিং, ত্রিং, মুখদ্বয়বিশিষ্ট, যাহার দুইদিকে মুখ আছে। খা—স্ত্রীং, গাড়ু। ২। জোঁক।

দ্বিমূর্দ্ধ (দ্বি দুই—মূর্দ্ধন্ মস্তক) বিং, ত্রিং, যাহার দুই মাথা। ২। সং, পুং, কশ্যপের পুত্রবিশেষ।

দ্বিরদ (দ্বি—রদ দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হস্তী।

দ্বিরদ-রদ (দ্বিরদ হস্তী—রদ দন্ত) সং, পুং, হস্তী-দন্ত; যথা—"দ্বিরদ-রদ-নির্ম্মিত গৃহদ্বার দিয়া—"। (মেঘনাদ)।

দ্বিরদান্তক (দ্বিরদ—অন্তক নাশকারী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিংহ।

দ্বিরশন (দ্বিঃ দুইবার—অশন ভোজন, সুং—স) সং, ক্লীং, দুইবার ভোজন। শিং—১ "মুনিভির্দ্বিরশনং প্রোক্তং বিপ্রাণাং মর্ত্ত্যবাসিনাম্।"

দ্বিরসন (দ্বি দুই—রসনা জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দ্বিজিহ্ব, সর্প।

দ্বিরাগমন (দ্বিঃ দুইবার—আগমন) সং, ক্লীং, বিবাহের পর পতিগৃহে কন্যার দ্বিতীয়বার আগমন। শিং—১ "বৃত্তে পাণিগ্রহে গেহাৎ পিতুঃ পতিগৃহং প্রতি। পুনরাগমনং যৎ স্যাত্তৎ দ্বিরাগমনং বিদুঃ।"

দ্বিরাত্র (দ্বিরাত্রি+অ(ষ)—নির্ব্বৃত্তার্থে) বিং, ত্রিং, রাত্রিদ্বয়সাধ্য।

দ্বিরাপ (দ্বিঃ দুইবার—আপ[ভা—পা পান করা+অ(ড)—ক] যে পান করে। যে দুইবার পান করে অর্থাৎ একবার শুণ্ডদ্বারা পরে মুখদ্বারা পান করে) সং, পুং, হস্তী।

দ্বিরাশী (দ্বিরাশিন্, দ্বিঃ দুইবার—অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, দ্বির্ভোজী, যে দুইবার ভোজন করে।

দ্বিরুক্ত (দ্বিঃ দুইবার—উক্ত কথিত) বিং, ত্রিং, দুইবার কথিত। ২। ব্যাকরণে যাহার দ্বিত্ব হয়, অভ্যস্ত।

দ্বিরুক্তি (দ্বিঃ দুইবার—উক্তি কথন) সং, স্ত্রীং, বারদ্বয় কথন, দুইবার বলা।

দ্বিরূঢ়া (দ্বিঃ দুইবার—ঊঢ়া বিবাহিতা) সং, স্ত্রীং, দুইবার বিবাহিতা স্ত্রী, পুনর্ভূ।

দ্বিরূপ (দ্বি—রূপ আকৃতি) সং, পুং, দ্বি-আকার শব্দাদি অভিধানবিশেষ। ২। দুই বার গ্রন্থাবৃত্তি; যথা—"দ্বিরূপচণ্ড্যাদি পাঠ।" ৩। বিং, ত্রিং, রূপদ্বয়বিশিষ্ট।

দ্বিরেতাঃ (—তস, দ্বি দুই—রেতস্। গর্দ্দভ ও অশ্ব এই উভয়ের রেতযোগে যাহার জন্ম হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বতর, টাটুঘোড়া।

দ্বিরেফ (দ্বি—রেফ, যাহার মস্তকোপরি দুই রেফ আছে,৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর। শিং—১"মধু দ্বিরেফঃ কুসুমৈকপাত্রে।" ২ "দ্বিরেফমালাঃ সবিশেষসঙ্গাঃ।"

দ্বিবক্ত্র (দ্বি দুই—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজসর্প। ২। দানববিশেষ। ৩। বিং, ত্রিং, মুখদ্বয়বিশিষ্ট। [বিভক্তি।

দ্বিবচন; সং, ক্লীং, ব্যাকরণে দ্বিত্ব-বোধক

দ্বিবর্ষা, দ্বিবর্ষিকা (দ্বি দুই—বর্ষ বৎসর, ৬ষ্ঠী—হিং। দ্বিবর্ষা+কণ্—যোগ) সং, স্ত্রীং, দুই বৎসর বয়স্কা গবী।

দ্বিবর্ষীণ, দ্বিবার্ষিক (দ্বি দুই-বর্ষ বৎসর+ঈন, ইক—কালার্থে। ভবিষ্যৎকালে দ্বৈবার্ষিক শব্দ ও হয়) বিং, ত্রিং, দুই বৎসর বয়স্ক। ২। দুই বৎসরোপম (ধান্যাদি)।

দ্বিবাহিকা (দ্বি দুই—বহ্ বহনকরা+অক (ণক)—৭। আপ্—স্ত্রীলিঙ্গে। যাহা দুই ব্যক্তিদ্বারা সচরাচর বহন করা হয়) সং, স্ত্রীং, দোলা, ডুলি।

দ্বিবিদ; সং, পুং, বানরবিশেষ; ইহাকে বিষ্ণু বধ করিয়াছিলেন। শিং—১"মৈন্দশ্চ দ্বিবিদশ্চাপি হনূমাংশ্চানিলাত্মজঃ।"

দ্বিবিদারি (দ্বিবিদ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু।

দ্বিবিধ (দ্বি—বিধা প্রকার) বিং, ত্রিং, দুই প্রকার। শিং—১ "নিকামতপ্তা দ্বিবিধেন বহ্নিনা নভশ্চরেণেন্ধন সম্ভৃতেন।"(কুমার)।

দ্বিবিন্দু (দ্বি দুই—বিন্দু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিসর্গ। ২। বর্ণবিশেষ।

দ্বিবেশরা; সং, স্ত্রীং, ক্ষুদ্ররথ বা গাড়ী।

দ্বিশঃ (দ্বিশস্, দ্বি দুই+চশস্—প্রং) অং, দুইবার। ২। দুই দুই। ৩। দুজন দুজন।

দ্বিশত (দ্বি—শত) সং, ক্লীং, দুইশত, ২০০। ২। বিং, ত্রিং, দুইশত সংখ্যাবিশিষ্ট।

দ্বিশত্য (দ্বিশত+ষ—ক্রীতার্থে) বিং, ত্রিং, দ্বিশতে ক্রীত।

দ্বিশফ (দ্বি দুই—শফ খুর, ৬ষ্ঠী-হিং) সং, পুং, দুই খুরযুক্ত পশু, গো মহিষাদি।

দ্বিশীর্ষক (দ্বি দুই—শীর্ষ মস্তক+কণ্—যোগ) সং, পুং, অগ্নি।

দ্বিশ্বাসী (Amphineustra) অ্যাক্সোলোটল জীব, ইহারা আজন্ম কর্ণকূপ ও ফুসফুস্ এই দুই প্রকার যন্ত্রেই শ্বাস কর্ম্ম নিষ্পন্ন করে, ইহাদিগের দেহ মৎস্যসদৃশ। পদ-চতুষ্টয় সন্তরণের নিমিত্ত সুযোগ্য।

দ্বিট্—পুং, দ্বিষৎ—ত্রিং (দ্বিষ্, দ্বিষ্ দ্বেষ করা+০ (ক্বিপ্), অৎ(শতৃ)—ক) সং, শত্রু, দ্বেষী। ২। বিং, ত্রিং, দ্বেষকারী।

দ্বিষন্তপ (দ্বিষৎ শত্রুকে—তপ [তপ্ তাপ দেওয়া+অ(খশ্)—ক] যে তাপ দেয়, ২য়া—ষ) বিং, ত্রিং, পরন্তপ, যে শত্রুকে তাপ দেয়, শত্রুতাপন।

দ্বিষ্ট (দ্বিষ্ দ্বেষ ক +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দ্বেষ করা যায়। ২। সং, ক্লীং, তাম্র, তাঁ

দ্বিষ্ঠ (দ্বি দুই—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, দুয়েতে স্থিত, উভয়স্থ।

দ্বিঃ (দ্বি+সুচ্) অং, দুইবার। ২। দুই প্রকার।

দ্বিসপ্ততি (দ্বি দুই—সপ্ততি সোত্তর। দুই অধিক সোত্তর, মং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, বায়াত্তর, ৭২।

দ্বিসম (দ্বি—সম বৎসর পরিমাণ, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহাতে দুই বৎসরের পরিমাণ আছে, দ্বিবর্ষ-পরিমাণযুক্ত।

দ্বিসহস্রাক্ষ (দ্বিসহস্র দুইহাজার—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অনন্তদেব।

দ্বিসীত্য, দ্বিহল্য (দ্বি দুইবার—সীতা, হল= লাঙ্গল+য—কৃতার্থে) বিং,ত্রিং, দ্বিগুণাকৃত, বারদ্বয়কৃষ্ট।

দ্বিস্বিন্ন (দ্বিঃ দুইবার—স্বিন্ন পক্ক) সং, ক্লীং, সিদ্ধ তণ্ডুল। ২। হস্তী।

দ্বিহল্য (দ্বিহল+য—কর্ষণার্থে) বিং, ত্রিং, যে ক্ষেত্র দুইবার কর্ষণ করা হইয়াছে, দোচসা (ক্ষেত্র)।

দ্বিহা (দ্বিহন্, দ্বি দুই প্রকারে অর্থাৎ গজ-

দন্ত দ্বারা—হন্ যে বধ করে) সং, পুং, হস্তী।

দ্বিহায়নী (দ্বি—হায়ন বৎসর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্বিবৎসরবয়স্কা গবী।

দ্বিহীন (দ্বি স্ত্রীপুরুষদ্বয়—হীন, ৫মী—ষ) বিং, ত্রিং, স্ত্রীপুরুষ হইতে হীন, (নপুংসক।

দ্বিহৃদয়া (দ্বি—হৃদয় অন্তঃকরণ, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা।

দ্বীপ (দ্বি দুই [অর্থাৎ দুই পার্শ্বে] অপ্ জল+অ, ৬ষ্ঠী—হিং, অ=ঈ) সং, পুং—ক্লীং, চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল। শিং—১ "দ্বীপান্তরানীতলবঙ্গপুষ্পম্।" ২ "লঙ্কা নাম সমুদ্রস্য দ্বীপশ্রেষ্ঠা।" ২। (ব্যাঘ্রচর্ম্মোপরি মহাদেব যখন তপস্যা করেন, তখন কোন কবি বর্ণনা করিয়াছিলেন, যেন এক দ্বীপোপরি রজত পর্ব্বত রহিয়াছে। এই জন্যে ব্যাঘ্রচর্ম্মের নাম দ্বীপ হইল) ব্যাঘ্রচর্ম্ম।

দ্বীপকর্পূর; সং, পুং, চীনকর্পূর।

দ্বীপবান্ (দ্বীপবৎ, দ্বীপ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। ২। নদ। বতী—স্ত্রীং, নদী। শিং—১ "অলঙ্কৃতং দ্বীপবত্যা মালিন্যা রম্যতীরয়া।" ২। ভূমি।

দ্বীপী (দ্বীপিন্, দ্বীপ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ব্যাঘ্র। শিং—১ "সিংহদ্বীপিরুরু ব্যাঘ্রমহিষৈশ্চ মৃগৈর্বৃতম্।" ২। সমুদ্র।

দ্বীপীনখ (দ্বীপী—নখ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্যাঘ্রনখ।

দ্বেষ (দ্বিষ্ দ্বেষ করা+অ(অল্)—ভা) সং, পুং, বৈর, শত্রুতা। ২। ক্রোধ। ৩। ঈর্ষা, অসূয়া। ৪। বিরাগ। শিং—১ "মা চাস্মৈ ত্বং বৃথাঃ দ্বেষম্।" ২ "আঃ পতিবিষয়ে সংজাতদ্বেষাং স্ত্রিয়ম্।" ৩ "ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।"

দ্বেষণ (দ্বিষ্ দ্বেষ করা+অন—ক) সং, পুং, শত্রু। ২। (+অনট্—ভা) ক্লীং, দ্বেষ।

দ্বেষী (দ্বেষিন্, দ্বিষ্+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বিদ্বেষী, দ্বেষযুক্ত।

দ্বেষ্য (দ্বেষ দ্বেষ, য(ষ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, দ্বেষের পাত্র বা বিষয়। শিং—১ "মূর্খাণাং পণ্ডিতা দ্বেষ্যা নির্ধনানাং মহাধনাঃ।" ২ "দ্বেষ্যোঽপি সম্মতঃ শিষ্টস্তস্যার্ত্তস্য যথৌষধম্।" ২। শত্রু। [দ্বেষকর্ত্তা।

দ্বেষ্টা (দ্বেষ্টৃ, দ্বিষ্+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং,

দ্বৈগুণিক (দ্বি দুই—গুণ সংখ্যা+ইক (ষ্ণিক)—প্রয়োজনার্থে। শত করা এক শত যাহার প্রয়োজন হয়) বিং, ত্রিং, বৃদ্ধিজীবী, সুদখোর।

দ্বৈগুণ্য (দ্বিগুণ+য(ষ্য)—ভবার্থে) সং, ক্লীং, দুই গুণ, দ্বিগুণ করা।

দ্বৈত (দ্বি+ইত=দ্বীত+অ(ষ্ণ)—ভাবার্থে) সং, ক্লীং, দ্বিতীয়ত্ব। ২। দুই পদার্থের অস্তিত্ব। ৩। দ্বিবিধত্ব। ৪। বনবিশেষ। ৫। বিং, ত্রিং, দ্বৈধবাদী। ৬। তার্কিকাদি মতে—দ্বৈতমত স্বীকার করে কিন্তু বৈদান্তিকেরা দ্বৈতমত স্বীকার করেন না, তাহারা অদ্বৈতবাদী। রামানুজ মতেও বিশিষ্ট অদ্বৈতভাব কথিত আছে। ৭। দ্বিত্বশূন্য।

দ্বৈত-বন; সং, ক্লীং, সরস্বতী নদীতীরস্থ শোক-মোহ-রহিত বনবিশেষ।

দ্বৈতবাদী (দ্বৈতবাদিন্, দ্বৈত—বাদী [বদ্ বলা+ইন্(ণিন্)—ক] যে বলে) বিং,ত্রিং, যাহারা দুই পদার্থের অস্তিত্ব অঙ্গীকার করে, যাহারা জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করে।

দ্বৈতাদ্বৈত (দ্বৈত—অদ্বৈত, দ্বং—স) সং, ক্লীং, জীব ও ঈশ্বরের ভেদ।

দ্বৈতী (দ্বৈতিন্, দ্বৈত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দ্বৈতবাদী (নৈয়ায়িকাদি)।

দ্বৈতীয়ীক (দ্বিতীয়+ঈক(ষ্ণীক)—নিষ্প্রয়োজনার্থে, কণ্—যোগ) বিং, ত্রিং, দ্বিতীয়। শিং—১ "দ্বৈতীয়ীকতয়ামিতোঽপ্যনগমস্তস্য—।"(নৈষধ)।

দ্বৈধ (দ্বিধা+অ(ষ্ণ)—স্বার্থে, নিপাতন) সং, ক্লীং, দ্বিধা, দ্বিপ্রকার। ২। অরিবিজিগীষুর জয় পরাজয় বিষয়ে সন্দেহ। ৩। সন্দেহ। ৪। মতভেদ। শিং—১ "যেনৈবমাগতা দ্বৈধং তব বুদ্ধিঃ।" ২ "লোকো দ্বৈধমুপৈষ্যতি।"

দ্বৈধম ( দ্বি+ধমু—প্রকারার্থে ) অং, দ্বিধা। ২। একের সহিত সন্ধি ও অপরের সহিত বিগ্রহ। ৩। প্রবল শত্রুর প্রতি মৌখিক আত্মসমর্পণ।

দ্বৈধীভাব ( দ্বৈধ—ভূ হওয়া+অ(ঘঞ্)—ভাবে, মধ্যে ঈ(চি্)—আগম ) সং, ক্লীং, দ্বিধামত, বাহ্যে একপ্রকার অভ্যন্তরে আর এক। শিং—১ "অক্ষরঞ্চ ক্ষরঞ্চৈব দ্বৈধী-ভাবোঽয়মাত্মনঃ।"

দ্বৈপ ( দ্বীপ ব্যাঘ্রচর্ম্ম+অ(ষ্ণ)—ইদমর্থে ) সং, পুং, ব্যাঘ্রচর্ম্মাবৃত রথ। ২। ক্লীং, ব্যাঘ্রচর্ম্ম। ৩। বিং, ত্রিং, দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈপদিক ( দ্বিপদ+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে ) সং,পুং, দ্বিপদবেদজ্ঞ বা দ্বিপদ বেদবেত্তা।

দ্বৈপসাগর ( Archipelago ) মহাসাগরের যে অংশে বহুসংখ্যক দ্বীপ আছে।

দ্বৈপায়ন ( দ্বীপ+অয়ন—জাতার্থে + ষ্ণ। মহাভারতে—যমুনাদ্বীপে জন্মেন বলিয়া দ্বৈপায়ন নাম হইল) সং, পুং, ব্যাসদেব। শিং—১ "ন্যস্তো দ্বীপে স যদ্বালস্তস্মা-দ্দ্বৈপায়নঃ স্মৃতঃ।"

দ্বৈপ্য ( দ্বীপ+য(ষ্ণ্য)—ইদমর্থে ) বিং, ত্রিং, দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈমাতুর (দ্বিমাতৃ+ডুর্,অ(ষ্ণ)—অপত্যার্থে। যিনি দুই মাতার পুত্র) সং, পুং, গণেশ। ২। জরাসন্ধ। শিং—১"হতেঽহিড়িম্বরিপুণা রাজ্ঞি দ্বৈমাতুরে যুধি।"(মাঘ)। ৩। বিং, ত্রিং, দুই মাতার সন্তান।

দ্বৈমাতৃক ( দ্বিমাতৃ+ক—প্রং ) সং, পুং, বৃষ্টি জল ও নদীজলোৎপন্ন শস্যে পালিত দেশ।

দ্বৈরথ (দ্বিরথ+অ(ষ্ণ)—স্বার্থে, ৭মী—হিং) সং, ক্লীং, যুদ্ধবিশেষ, যে যুদ্ধে দুই রথ বিদ্যমান আছে। শিং—১ "দ্বৈরথেনাস্তু বৈ শান্তিস্তব চ মম বা নৃপ।"

দ্বৈরাত্রিক (দ্বিরাত্র+ইক(ষ্ণিক)—ভবার্থে ) বিং, ত্রিং, দুই রাত্রিতে উৎপন্ন।

দ্বৈরাশ্য ( দ্বিরাশি+য(ষ্ণ্য)—ভবার্থে ) সং, ক্লীং, দ্বিবিধরাশিযুক্তত্ব।

দ্বৈবিধ্য (দ্বিবিধ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, দুই প্রকার, দ্বিবিধতা।

দ্বৈসমিক ( দ্বি দুই—সমা বৎসর+ইক (ষ্ণিক)—ভবার্থে ) বিং,ত্রিং, দ্বিবর্ষোদ্ভব।

দ্বৈহায়ন ( দ্বিহায়ন+অ(ষ্ণ)—ভবার্থে ) সং, ক্লীং, দ্বিবর্ষ বয়স্কত্ব।

দ্ব্যক্ষ (দ্বি দুই—অক্ষি অক্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নেত্রদ্বয়যুক্ত। শিং—১"দ্ব্যক্ষীং ত্র্যক্ষীং ললাটাক্ষীম্।"

দ্ব্যক্ষর (দ্বি দুই—অক্ষর, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, বর্ণদ্বয়াত্মক মন্ত্রবিশেষ। শিং—১ "রামেতি দ্ব্যক্ষরং নাম মানভঙ্গঃ পিনা-কিনঃ।"

দ্ব্যঙ্গুল (দ্বি দুই—অঙ্গুলি, দ্বিগু—স, অ—প্রং) সং, ক্লীং, দুই অঙ্গুলির সমাহার। ২। বিং, ত্রিং, দুই অঙ্গুলি পরিমিত। শিং—১ "ফলকে দ্ব্যঙ্গুলান্তরেঃ।" ২ "তদপি দ্ব্যঙ্গুলং ন্যূনম্।"

দ্ব্যঞ্জল ( দ্বি—অঞ্জলি, দ্বিগু—স, অ(ষ্ণ)—পরিমাণার্থে ) বিং, ত্রিং, দুই অঞ্জলি পরিমিত। ২। সং, ক্লীং, অঞ্জলিদ্বয়মাত্র।

দ্ব্যণুক ( দ্বি—অণু ক—যোগ ) বিং, ত্রিং, দুই পরমাণুর সমষ্টি।

দ্ব্যর্থ ( দ্বি—অর্থ বোধ, ৭মী—হিং ) বিং, ত্রিং, যাহাতে দুই অর্থ বুঝা যায়, অর্থ-দ্বয়যুক্ত। শিং—১ "আম্রশ্চ সিক্তঃ পিত-রশ্চ তৃপ্তা একা ক্রিয়া দ্ব্যর্থকরীহ লোকে।"

দ্ব্যশীতি ( দ্বি দুই অধিক—অশীতি, মং—স, মধ্যপদলোপ) সং,স্ত্রীং, বিরাশী, ৮২।

দ্ব্যষ্ট ( দ্বি দুই [ ধাতু ; স্বর্ণ এবং রৌপ্য ] —অশ্ ব্যাপা+ত(ক্ত)—ক। যাহা ঐ দুই উৎকৃষ্ট ধাতুতে খাদরূপে মিশ্রিত করা যায়) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

দ্ব্যহ ( দ্বি দুই—অহন্ দিন ) সং, পুং, দুইদিন।

দ্ব্যাত্মবাদী ( দ্ব্যাত্মা দুই আত্মা—বদ্ বলা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে জীবাত্মা পরমাত্মা উভয়ের বিদ্যমানতা স্বীকার করে।

দ্ব্যামুষ্যায়ণ ( দ্বি—আমুষ্যায়ণ অমুষ্যপুত্র ) সং, পুং, এক প্রকার দত্তকপুত্র, যে পুত্র উভয়ের সম্মতিক্রমে পরিগৃহীত হইয়া জনক ও গ্রহীতা উভয়ের পিণ্ডদান ও ধন গ্রহণ করে।

দ্ব্যাহিক (দ্বি — অহন্ + ইক(ষ্ণিক) — ভবার্থে) বিং, ত্রিং, দিনদ্বয়ভব, যাহা দ্বিতীয় দিনে হয়। ২। উভয়দিনভোগ্য জ্বরাদি।

# ধ

**ধ** ;ব্যঞ্জন বর্ণের ঊনবিংশবর্ণ। ইহার উচ্চারণস্থান দন্ত। ইহা মোক্ষরূপিণী কুণ্ডলী, আদিতত্ত্বযুক্ত, সদাপঞ্চদেবাত্মক, পঞ্চপ্রাণময়, ত্রিশক্তি ও ত্রিবিন্দুযুক্ত চতুর্ব্বর্গ ফলপ্রদ এবং পীতবিদ্যুল্লতাকার বলিয়া নির্দ্দিষ্ট আছে। ইহাতে শঙ্খিনী, নাগেশ ধাতা প্রভৃতি বুঝায়। ২। (ধা ধারণকরা + অ(ড) – র্ম্ম) সং, ক্লীং, ধন। ৩। (ধা + ০(ক্বিপ্) – ক) পুং, ব্রহ্মা। ৪। (ধা + অ(ড) – ক) কুবের। ৫। ধর্ম্ম। ৬। ধা – ধারক।

**ধক্** (দীপ্ত শব্দজ কি ?) দীপ্তি পাওয়া। ২। উদরের অপূর্ত্তিভাব ; যথা—উদর ধক্ ধক্ করিতেছে।

**ধট** (ধণ্ শব্দ করা + অ(অন্) – ক, ণ স্থানে ট) সং, পুং, তুল, নিক্তি, দাঁড়ী। ২। তুলাদিব্য। ৩। তুলারাশি। দিং – ১ "সিংহো বৃষশ্চ মেষশ্চ কন্যাধন্বী ধটো ঘটঃ।" টা – স্ত্রীং, পুরাতন বস্ত্র, চীর, কৌপীন।

**ধটক** (ধট + কণ্ – যোগ) সং, পুং, ৪২ রতি পরিমাণ, ধারা।

**ধটিকা** ; সং, স্ত্রীং, পঞ্চসেরাত্মক পরিমাণ, ধাড়া। ২। ছিন্নবস্ত্র, কৌপীন, ধড়া।

**ধটী** (ধটিন্, ধট্ + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, তুলাধারক। ২। তুলারাশি। ৩। শিব।

**ধড়** (দেশীজ) সং, পা। অবধি স্কন্ধ পর্য্যন্ত শরীর।

**ধড়া** (ধটিশব্দজ) সং, জীর্ণবস্ত্র, নেকড়া।

**ধত্তূর** (ধে পানকরা + উর – প্রং, নিপাতন) সং, পুং, ধুতুরা।

**ধন** (ধন্ [শস্য] উৎপন্নহওয়া + অ(অন্) – ক) সং, ক্লীং, বিত্ত, স্থাবর অস্থাবর সম্পত্তি, টাকা, কড়ি। ২। স্বর্ণ প্রভৃতি। দিং – ১ "রাজানি ধনধান্যযুতানি।" ২ "ধনাশা জীবিতাশা চ জীর্য্যতোঽপি ন জীর্য্যতি।" ৩। গো ধান্যাদি। ৪। স্নেহ। ৫। ধনিষ্ঠানক্ষত্র। ৬। (Plus) যোগচিহ্ন, "+" এই প্রকার চিহ্ন।

**ধনকেলি** (ধন – কেলি যে ক্রীড়া কৌতুক করে) সং, পুং, কুবের।

**ধনঞ্জয়** (ধনং ধনকে – জয় [জি জয় করা + অ(খ) – ক] যে জয় করে। এইহেতু—"অগ্নি হইতে ধন ইচ্ছা করে।" মহাভারতে —অর্জ্জুন কহিলেন "আমি নিখিল জনপদ জয় করিয়া ধন সংগ্রহ পূর্ব্বক তন্মধ্যে অবস্থিতি করি এই নিমিত্ত আমার নাম ধনঞ্জয় হইয়াছে। কাশীদাস-কৃত মহাভারতে—"যোগেশ্বর নামে শিবের পূজা লইয়া গান্ধারী ও কুন্তীতে বিবাদ হয়। শিব তখন মন্দিরমধ্যে আবির্ভূত হইয়া বলিলেন, কল্য প্রাতে যিনি এক সহস্র সুবর্ণ চম্পক-পুষ্প দিয়া সর্ব্বাগ্রে আমার পূজা করিবেন, আমার এই মূর্ত্তিতে তাহারই স্বত্ব হইবে। দুর্য্যোধন গান্ধারীর জন্য রাত্রিকালে স্বর্ণকার দ্বারা সুবর্ণ-চম্পক প্রস্তুত করাইতে আরম্ভ করিলেন। অর্জ্জুন কুন্তীর জন্য কুবেরকে বায়ব্য শরে পরাস্ত করিয়া মুহূর্ত্ত মধ্যে তাহার পুরী হইতে সুবর্ণ-চম্পকে শিবকে আচ্ছন্ন করিল। কুবেরের ভাণ্ডার হইতে হৈম-চম্পক আহরণ করাতে অর্জ্জুনের নাম ধনঞ্জয় হইল") সং, পুং, অর্জ্জুন। দিং – ১ "সোঽহং কিং কর্ম্ম কৌন্তেয় করিষ্যামি ধনঞ্জয়ঃ।" ২। অগ্নি। ৩। সর্প-বিশেষ। ৪। শরীরস্থ বায়ু। ৫। ককুভবৃক্ষ।

**ধনঞ্জয়বিজয়** ; সং, ক্লীং, আধুনিক বাঙ্গালা গ্রন্থবিশেষ।

**ধনদ** (ধন – দ [দৈ পালন করা + অ(ড) – ক] যে পালন করে, ২য়া – ষ) সং, পুং, কুবের। ২। (-দা দানকরা + অ(ড) – ক) বিং, ত্রিং, ধনদাতা। ৩। হিজ্জলবৃক্ষ।

**ধনদণ্ড** ( ধন – দণ্ড, ৬ষ্ঠা – ষ ) সং, ক্লীং, অর্থদণ্ড, ধন গ্রহণরূপ দণ্ড। দিং – ১ "বাগ্দণ্ডং প্রথমং কুর্য্যাদ্ধিগ্‌দণ্ডং তদনন্তরং। তৃতীয়ং ধনদণ্ডন্তু বধদণ্ডমতঃ পরম্।"

ধনদানুচর (ধনদ কুবের—অনুচর পশ্চাদ্গামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবেরানুচর, যক্ষ।

ধনদানুজ (ধনদ—অনুজ কনিষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবেরানুজ, রাবণ।

ধনদায়ী (ধনদায়িন্, ধন—দা দান করা+ইন্ (ণিন্)—ক) সং, পুং, অগ্নি। ২। বিং, ত্রিং, ধনদাতা।

ধনন্দদা ; সং, স্ত্রীং, বুদ্ধশক্তিবিশেষ।

ধনপতি, ধনস্বামী, ধনাধিপ, ধনাধ্যক্ষ, ধনেশ্বর } (ধন—পতি ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। ২। ধনী। ৩। উজানি-নিবাসী একজন সদাগর। ইহার দুই পত্নী ছিল। জ্যেষ্ঠার নাম লহনা; কনিষ্ঠার নাম খুল্লনা। রাজা বিক্রমকেশরী সিংহলে প্রেরণ করিলে ইনি শালবানের নিকট কারারুদ্ধ হন। ইহাঁর পুত্র শ্রীমন্ত ইহাঁকে কারামুক্ত করেন।

ধনপিশাচিকা, ধনপিশাচী } সং, স্ত্রীং, ধনতৃষ্ণা, ধনলোভ। [খাটান।

ধনপ্রয়োগ ; সং, পুং, ধনের বিনিয়োগ, টাকা

ধনপ্রিয়া ; সং, স্ত্রীং, কাকজম্বু।

ধনবতী (ধনবান্ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধনিষ্ঠা নক্ষত্র। ২। বিং, স্ত্রীং, ধনশালিনী।

ধনবান্, ধনী } (ধনবৎ, ধন + বৎ(মতু)—অস্ত্যর্থে। ধনিন্, ধন+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, ঐশ্বর্য্যশালী,যাহার প্রচুর ধন আছে। ২। সং, পুং, কৃষি বাণিজ্য প্রভৃতি বিষয়ে যে ধন প্রয়োগ করে, মহাজন। শিং—১ "ধনবান্ জাতয়ে ধ্রুবম্।" ২ "ধনিনঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ।"

ধনহরী ; সং, স্ত্রীং, চোর নামক গন্ধদ্রব্য।

ধনাগম (ধন—আগম আগমন) সং, পুং, অর্থাগম, আয়।

ধনাধিকৃত (ধন—অধিকৃত যাহার উপর [করা] রাখা যায়) সং, পুং, যাহার উপর ধন রক্ষার ভার থাকে, ধনাধ্যক্ষ।

ধনাধ্যক্ষ (ধন—অধ্যক্ষ তত্ত্বাবধায়ক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। শিং—১ "ব্রহ্মণা সহিতঃ শেষো ধনাধ্যক্ষস্তথা শিবঃ।" (দেবীমাহাত্ম্য)। ২। যাহার উপর ধনরক্ষার ও আয়-ব্যয় বিষয়ক তত্ত্বাবধানের ভার থাকে।


ধনার্চ্চিত (ধন—অর্চ্চিত পূজিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, ধনাঢ্য, ধনশালী।

ধনার্থী (ধনার্থিন্, ধন—অর্থিন্ [অর্থ্ প্রার্থনা করা+ইন্(ণিন্)—ক] যে প্রার্থনা করে) বিং, ত্রিং, যে ধনের অন্বেষণ করে, ধনাভিলাষী।

ধনাশ্রী ; সং, স্ত্রীং, ধানসী নামক রাগিণীবিশেষ, হনুমানের মতে ইহা শ্রীরাগের তৃতীয় ভার্য্যা।

ধনিক (ধনিন্—কৈ বিস্তারকরা+অ(ড)—ক) সং,ক্লীং, ধন্যা। ২। পুং, স্বামী। ৩। (ধন+ষ্ণিক) বিং, ত্রিং, ধনাঢ্য। ৪। উত্তমর্ণ,মহাজন। ৫। সাধু,ধার্ম্মিক। কা—স্ত্রীং, সুন্দরী। ২। সাধ্বী-স্ত্রী। ৩। ধনিক-বধূ। ৪। যুবতী।

ধনিষ্ঠা (ধনবৎ+ইষ্ঠ—প্রং। বৎ—লোপ, আপ্) সং, স্ত্রীং, অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতি নক্ষত্রের ত্রয়োবিংশ। ধনশিরস্কা



ধনিষ্ঠা (নক্ষত্র)।

তারকামণ্ডলান্বিতা মর্দ্দলাকার। মানব ইহাতে জন্মগ্রহণ করিলে সদাচারী,সুচরিত্র, ধনবান্, বলবান্, দয়ালু ও প্রতিষ্ঠাসম্পন্ন হয়।


ধনী—ধনবান্ দেখ। [যুবতী।

ধনীকা (ধন+ইক—প্রং। ই=ঈ) সং,স্ত্রীং,

ধনীয়ক (ধন্ [শস্য] উৎপন্ন হওয়া+ঈয়—প্রং। কণ্—যোগ) সং, ক্লীং, ধনিয়া।

ধনু—পুং, ধনুস্—পুং-ক্লীং } (ধন্ [এখানে]নিক্ষেপকরা +উ, উস্—ক) সং, যে

যে যন্ত্রের দ্বারা বাণক্ষেপণ করে, ধনুক। শিং—১ "কমঠপৃষ্ঠ কঠোরমিদং ধনুর্মধুর-মূর্ত্তিরসৌ রঘুনন্দনঃ।" ২। মেষাদি দ্বাদশ-রাশির নবম; ইহার আকার পূর্ব্বার্দ্ধ মনুষ্যাকার, শেষার্দ্ধ অশ্বাকার, পুরুষ ধনুর্দ্ধারী ইহা মূলা, পূর্ব্বাষাঢ়া এবং উত্তরাষাঢ়ার প্রথম পাদ সংযোগে উৎপন্ন। এই রাশিস্থ চন্দ্রে জন্মিলে নীতিমান্, ধনবান্, সুখী, প্রাজ্ঞ ও সর্ব্বপোষক হয়। ৩। চারি হস্ত পরিমাণ। ৪। পুং, পিয়ালবৃক্ষ।



ধনু (রাশি)।

ধনুঃপট; সং, পুং, পিয়ালবৃক্ষ।

ধনুঃশাখা } সং, স্ত্রীং, মূর্ব্বা। ২। মহেন্দ্র
ধনুঃশ্রেণী } বারুণী।

ধনুর্গুণ (ধনুস্ ধনুক—গুণ জ্যা) সং,পুং, ধনুকের ছিলা, জ্যা।

ধনুর্দ্রুম (ধনুস্—দ্রুম বৃক্ষ, ৬ষ্ঠী—য) সং, পুং, বংশ, বাঁশ।

ধনুর্দ্ধর
ধনুর্ভৃৎ
ধনুষ্মান্
} (ধনুস্—ধর [ধৃ ধারণ করা+অ(অন্)—ক] যে ধরে, ২য়া—য। ধনুস্—ভৃৎ [ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে, ২য়া—য। ধনুষ্মৎ, ধনুস্+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, যে ধনুঃ ধারণ করে, যে ধনুর্বিষয়ে পরিপক্ব হইয়াছে, যে ধনুঃ ও বাণ লইয়া যুদ্ধ করে, তীরন্দাজ। শিং—১"লোকেঽস্মিন্নহি পশ্যামি পার্থাদন্যং ধনুর্দ্ধরম্।" ২। বিং, ত্রিং, কোন বিষয়ে যাহার অসাধারণ ক্ষমতা ও নৈপুণ্য হইয়াছে, যেমন—তিনি এবিষয়ে ধনুর্দ্ধর।

ধনুর্দ্ধারী (ধনুর্দ্ধারিন্, ধনুস্—ধারী [ধৃ ধারণ করা+ইন্(ণিন্)—ক] যে ধরে, ২য়া—য) সং, পুং, ধনুর্দ্ধর দেখ।

ধনুর্ব্বেদ (ধনুস্—বেদ) সং, পুং, ধনুর্ব্বিদ্যা-বোধক শাস্ত্র; ইহা যজুর্ব্বেদের উপবেদ; বিশ্বামিত্র ইহার প্রণেতা।

ধনুষ্কর (ধনুস্—কর যে [করে] অভ্যাস করে, ২য়া—য) সং, পুং, ধনুর্দ্ধর।

ধনুষ্কোটি (ধনু—কোটি, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, ধনুর অগ্রভাগ।

ধনুষ্টঙ্কার (ধনুস্—টঙ্কার) সং, ক্লীং, ধনুর শব্দ, ধনুর ছিলার শব্দ। ২। পুং, রোগ-বিশেষ, যে রোগের আবির্ভাব হইলে শরীর ধনুর ন্যায় বক্র হইয়া যায়।

ধনুষ্পাণি (ধনুস্—পাণি হস্ত) বিং, ত্রিং, ধনুর্দ্ধর, যে ধনু ধারণ করে।

ধনুষ্মান্—ধনুর্দ্ধর দেখ।

ধনেয়ক (ধনেয় [ধন শস্য+এয়—প্রং।+কণ্—যোগ) সং, ক্লীং, ধন্যাক, ধনিয়া।

ধনেশ
ধনেশ্বর
} (ধন—ঈশ, ঈশ্বর=প্রভু) সং, পুং, কুবের। ২। বিং, ত্রিং, ধনস্বামী।

ধন্ধ—দৃষ্টিভ্রম জন্মান, ধাঁধাঁ লাগা।

ধন্ধিত; বিং, ত্রিং, দৃষ্টিভ্রম যাহার জন্মিয়াছে, ধাঁধাঁ জন্মান।

ধন্য (ধন+য(ঞ্য)—যোগ্যার্থে) বিং, ত্রিং, ভাগ্যবান্, সৌভাগ্যশালী। ২। কৃতার্থ। শিং—১ "ধন্যোঽহহং কৃতপুণ্যোঽহম্।" ৩। শ্লাঘ্য, প্রশংসনীয়। শিং—১ "ধন্যং যশস্যমায়ুষ্যং সর্ব্বপাপহরং শুভম্।" (পুরাণ)। ৪। সাধু, ধার্ম্মিক। শিং—১ "কোঽন্যো ধন্যতরো ময়া।"

ধন্যবাদ (ধন্য—বাদ কথন) সং,পুং, "তুমি ধন্য" এই বলিয়া প্রশংসা করা, প্রশংসা-বাদ।

ধন্যা—স্ত্রীং
ধন্যাক—ক্লীং
} (ধন্ [শস্য] উৎপন্ন হওয়া+নিপাতন। ধন+আকন্—ক) সং, ধনিয়া। শিং—১ "ধন্যা পিতৃমুখী কন্যা ধন্যো মাতৃমুখঃ সুতঃ।" ২। বিং, স্ত্রীং, প্রশংসনীয়া।

ধম্ব (ধন্ব [সৌত্রধাতু, "যাহার উপরে বা দ্বারা"] গমন করা+অ(অল)—ণ) সং, ক্লীং, ধনুক। ২। (+অল্—ধি) পুং, মরুভূমি।

ধম্বদুর্গ; সং, ক্লীং, জলশূন্য স্থান, মরুভূমি।

ধম্বন্তরি (ধম্ব—অন্ত—ঋ গমন করা+ই—ক। ইনি সমুদ্রমন্থনকালে তাহা হইতে উত্থিত হইয়াছিলেন) সং, পুং, দেব-চিকিৎসক। শিং—১ "অয়ং হি ধম্বন্তরি-

রাদিদেবো জন্নারুজা মৃত্যুহরোঽমরাণাম্।" ২। পণ্ডিতবিশেষ, রাজা বিক্রমাদিত্যের নবরত্নের এক রত্ন। ৩। কাশিরাজ দিবোদাস।

ধন্বা (ধন্বন্, ধন্ ক্ষেপণ করা+বন্(ক্বনিপ্)—ণ) সং, পুং—ক্লীং, ধনুক। ২। পুং, মরুভূমি।

ধন্বী (ধন্বিন্, ধন্ব ধনুক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধনুষ্মান্, ধনুর্দ্ধারী। শিং—১ "ধন্বিনো বদ্ধনিস্ত্রিংশা বিবর্ণাঃ শ্মশ্রুধারিণঃ।" ২। বিদগ্ধ। ৩। সং, পুং, অর্জ্জুন। ৪। মূর্ব্বালতা। ৫। বকুল। ৬। অর্জ্জুনবৃক্ষ।

ধপ্ধপ্ (দেশজ) অতি শুভ্রবর্ণ।

ধম (ধমন দেখ, অ(অন্)—ক) সং, পুং, ধমনকারী, ভস্ত্রাচালক। ২। অগ্নিসংযোগকর্ত্তা। ৩। শব্দকারক।

ধমক (ধ্মা [ভস্ত্রার] শব্দ করা+অক(ণক)—ক) সং, পুং, কর্ম্মকার। ২। (দেশজ) ভয় প্রদর্শন করা। ৩। বল।

ধমন (ধ্মা শব্দ করা+অন(অনট্)—ণ) সং, পুং, নল, চোঙ্গা। ২। (+অন—ক) বিং, ত্রিং, যে কর্ম্মকারের ভস্ত্রা চালন করে। ৩। ক্রূর।

ধমনি } (Artery, ধ্মা শব্দ করা+অনি
ধমনী } —ক, ঈ—প্রং) সং, স্ত্রীং, নাড়ী, শিরা। শিং—১ "দশ বিদ্যাদ্ ধমন্যোঽত্র পঞ্চেন্দ্রিয়গুণাবহা। যাভিঃ সূক্ষ্মাঃ প্রজায়ন্তে ধমন্যোঽন্যাঃ সহস্রশঃ।" ২। গলা। ৩। হরিদ্রা। ৪। হট্টবিলাসিনী।

ধমনীজাল (Arteries) শরীরের অন্তর্ব্বর্ত্তী শিরাসমূহ। [দেওয়া।

ধম্কান (দেশজ) তিরস্কার করা, দাবাড়ি

ধম্মিল্ল (ঊর্দ্ধ—মিল্ মিলিত হওয়া+ল—সংজ্ঞার্থে, নিপাতন। যে ঊর্দ্ধে সংযত হয়। অথবা ধম+০(বিচ্)—ক=ধম্—মিল্+ল—ক) সং, পুং, মনোহররূপে বদ্ধ পুষ্প মুক্তা প্রভৃতিতে অলঙ্কৃত কেশপাশ, চুলের খোঁপা। ২। সংযত বা সংহত কেশ।

ধর (ধৃ ধরা+অ(অন্)—ক। যে ভূকে ধরে) সং, পুং, পর্ব্বত। ২। কার্পাস তুলা। ৩। কূর্ম্মরাজ। ৪। বসুবিশেষ। ৫। বিং, ত্রিং, ধারণকর্ত্তা; যথা—গদাধর, গঙ্গাধর।

ধরণ (ধর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকার, প্রণালী, পদ্ধতি। ২। ধারণ। ৩। (+অনট্—ণ) পরিমাণবিশেষ। ৪। (+অন—ক) পুং, হিমালয় পর্ব্বত। ৫। ভুবন, লোক। ৬। সূর্য্য। ৭। স্তন। ৮। ধান্য। ৯। সেতু।

ধরণি } (ধৃ [জন্তু] ধরা+অনি—ক)
ধরণী } সং, স্ত্রীং, পৃথিবী। শিং—১ "কূর্ম্মো বিভর্ত্তি ধরণীং খলু পৃষ্ঠকেন।"

ধরণিতল (ধরণি—তল) সং, ক্লীং, পৃথিবীর উপরিভাগ, পৃথিবীর পৃষ্ঠদেশ।

ধরণিধর } (ধরণি, ণী পৃথিবী—ধর [ধৃ
ধরণীধর } ধারণ করা+অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, গোবর্দ্ধন ধারণ করেন বলিয়া বিষ্ণু, অনন্ত। ২। শিব। শিং—১ "প্রভবং সর্ব্বভূতানাং ধারণং ধরণীধরম্ ৩। ভূধর, পর্ব্বত। শিং—১ "যো জাতো ধরণীধরেন্দ্রতনয়ানাথাজ্ঞিপাথোরুহা।" ৪। মহাবরাহ। ৫। কূর্ম্মরাজ।

ধরণীকীলক (ধরণী পৃথিবী—কীলক শঙ্কু) সং, পুং, পর্ব্বত।

ধরণীপুর } (ধরণী পৃথিবী—পুর সম্পূর্ণ
ধরণীপ্লব } রূপে বেষ্টন করা+অ—প্রং। —প্লব যে ভাসিয়া যায়। পৃথিবী যাহার উপরে ভাসে) সং, পুং, সমুদ্র।

ধরণীভৃৎ (ধরণী—ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, ধরণীধর দেখ।

ধরণীশ্বর (ধরণী—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ২। রাজা। ৩। বিষ্ণু।

ধরণীসুত (ধরণী—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, মঙ্গল। ২। নরকাসুর

ধরণীসুতা (ধরণী—পৃথিবী—সুতা কন্যা। যজ্ঞস্থানের নিমিত্ত ক্ষেত্র কর্ষণ করিতে করিতে জনকরাজার লাঙ্গল হইতে ইনি উত্থিতা হন বলিয়া) সং, স্ত্রীং, সীতা।

ধরা (ধৃ ধারণকরা+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং। যে জন্তু সকল ধারণ করে) সং, স্ত্রীং, পৃথিবী। শিং—১ "ধরায়াং তস্য সংরম্ভং

সীতাপ্রত্যর্পণৈষিণঃ।" (রঘু)। ২। গর্ভাশয়। ৩। মেঘ। ৪। নাড়ী। ৫। জরায়ু।

ধরাতল (Surface) সং, ক্লীং, যাহার দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই। ২। ভূতল, পৃথিবীর উপরিভাগ।

ধরাত্মজ (ধরা পৃথিবী—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভৌম, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর। জা—স্ত্রীং, সীতা।

ধরাধর (ধরা পৃথিবী—ধর [ধৃ ধারণ করা +অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া-ষ) সং, পুং, অনন্ত, বিষ্ণু। ২। পর্ব্বত। ৩। কূর্ম্মরাজ। ৪। মহাবরাহ।

ধরাবন্ধ; সং, পুং, তড়াগ।

ধরামর (ধরা—অমর দেবতা, ৭মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ। "মুখে হুতং যৈর্ন ধরামরাণাং তেষাং বৃথাজন্ম নরাধমানাম্।"

ধরিত্রী (ধৃ [জন্তু] ধরা+ইত্র—ক, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী, ধরণী। শিং—১ "আনীতা ভবতা যদা পতিব্রতা সাধ্বী ধরিত্রীসুতা।" (মহানাটক)।

ধরুণ (ধৃ ধারণ করা+উন(উনন্)—ক) সং, পুং, ব্রহ্মা। ২। স্বর্গ। ৩। জল। ৪। অভিপ্রায়, মত। ৫। বিং, ত্রিং, ধারক।

ধর্ত্তব্য (ধৃ ধরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ধারণযোগ্য। ২। বিবেচ্য, গ্রাহ্য।

ধর্ত্তা (ধর্ত্তৃ, ধৃ ধরা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, ধারণকর্ত্তা। ২। বহনকর্ত্তা।

ধত্র (ধৃ ধরা+ত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, গৃহ। ২। যজ্ঞ। ৩। ধর্ম্ম।

ধর্ম্ম (ধৃ পোষণ করা+ম—ক। যে সকল মনুষ্যকে পোষণ করে। অভিধানমতে—সৎসঙ্গ। দীপিকামতে—পুরুষের বিহিত ক্রিয়া-সাধ্য গুণকে ধর্ম্ম কহে। ভারতমতে—ধর্ম্মের লক্ষণ অহিংসা। পুরাণমতে—যাহার দ্বারা লোক স্থিতিবিহিত হয় তাহার নাম ধর্ম্ম। মুক্তিবাদিমতে—মনুষ্যের যাহা কর্ত্তব্য তাহার সম্পাদন করাকে ধর্ম্ম কহে। জ্ঞানবাদমতে—মনের যে প্রবৃত্তির দ্বারা বিশ্ববিধাতা পরমাত্মার প্রতি ভক্তি জন্মে তাহার নাম ধর্ম্ম) সং, পুং,—ক্লীং, সৎকর্ম্ম, অনুষ্ঠান জন্য গুণবিশেষ, সুকৃত, শুভাদৃষ্ট, পুণ্য। ২। শাস্ত্রানুযায়ী আচার ব্যবহার। ৩। রীতি, আচার; যেমন—দেশধর্ম্ম, কালধর্ম্ম। ৪। কর্ত্তব্য। ৫। ভাব। ৬। স্বাভাবিক অবস্থা। ৭। গুণ, শক্তি; যেমন—রোগশান্তি ঔষধের ধর্ম্ম। ৮। সৎকর্ম্ম। শিং—১ "ধর্ম্মঃ স্বনুষ্ঠিত পুংসাং বিষ্টক্সেন কথাসু যঃ।" ৯। স্বভাব; যেমন—পরের হিতচিন্তা সাধুর ধর্ম্ম। ১০। সাদৃশ্য। ১১। লগ্নের নবম স্থান। ১২। দেশবিশেষের বা জাতিবিশেষের পরকাল প্রভৃতির অলৌকিক পদার্থবিষয়ক বিশ্বাস ও উপাসনা প্রণালী; যেমন—হিন্দুধর্ম্ম, বৌদ্ধধর্ম্ম। ১৩। উচিত কর্ম্ম, যে কর্ম্ম উপেক্ষিত বা অননুষ্ঠিত হইলে অধর্ম্ম অযশ বা আন্তরিক অসুখ জন্মে, অবশ্য কর্ত্তব্যকর্ম্ম। শিং—১ "যতোঽভ্যুদয়নিঃশ্রেয়সসিদ্ধিঃ স ধর্ম্মঃ।" ২ "বেদঃ স্মৃতিঃ সদাচারঃ স্বস্য চ প্রিয়মাত্মনঃ। এতচ্চতুর্বিধং প্রাহুঃ সাক্ষাৎ ধর্ম্মস্য লক্ষণম্।" ১৪। অহিংসা। ১৫। উপনিষদ্। ১৬। পুং, যম। ১৭। আত্মা, জীব। ১৮। সোমপায়ী ব্রাহ্মণ। ১৯। ধনুক। ২০। শিবের বৃষ। ২১ ন্যায় অন্যায় ও পাপ পুণ্যের বিচারকর্ত্তা, ঈশ্বর।

ধর্ম্ম-কর্ম্ম (—কর্ম্মন্, ধর্ম্ম—কর্ম্ম, ৪র্থী—ষ) সং, ক্লীং, ধর্ম্মজনককর্ম্ম, যে কর্ম্মের অনুষ্ঠান করিলে ধর্ম্ম হয়। শিং—১ "বেদপ্রণিহিতং ধর্ম্মকর্ম্ম তন্মঙ্গলপরং।"

ধর্ম্মকাম (ধর্ম্ম—কাম্ কামনা করা+অ(ষণ্)—ক) বিং, ত্রিং, ফলপ্রাপ্তির কামনায় যে ধর্ম্ম কর্ম্ম করে, ধর্ম্মানুষ্ঠানকারী।

ধর্ম্ম-কীল; সং, পুং, রাজশাসন।

ধর্ম্মকুণ্ড; সং, ক্লীং, কাম্যবনস্থিত কুণ্ডবিশেষ।

ধর্ম্মকৃৎ (ধর্ম্ম—কৃ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, বিষ্ণু।

ধর্ম্মকৃত্য (ধর্ম্ম—কৃত্য কার্য্য) সং, পুং, ধর্ম্মকর্ম্ম, ধর্ম্মকার্য্য। [বুদ্ধদেব।

ধর্ম্মকেতু (ধর্ম্ম—কেতু, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

ধর্ম্ম-ক্ষেত্র; সং, ক্লীং, কুরুক্ষেত্র। ২। পুণ্যধাম, ধর্ম্মস্থান। শিং—১ "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।

ধর্ম্মগুপ্ (ধর্ম্ম—গুপ্ গোপনকরা+০(ক্বিপ্)—ক) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, ধর্ম্মরক্ষক।

ধর্ম্ম-ঘট; সং, পুং, বৈশাখ মাসে প্রত্যহ দাতব্য ভোজ্য সুগন্ধোদক-পূর্ণ কলস। ২। ধর্ম্মরক্ষার্থ ঘট। ৩। সকলে সমবেত হইয়া কোন কার্য্য করিতে বা না করিতে প্রতিজ্ঞা করা।

ধর্ম্মঘটব্রত; সং, ক্লীং, বর্ষচতুষ্টয় নিষ্পাদ্য ব্রতবিশেষ। এই ব্রতে উক্তরূপ ঘটদানের বিধি উক্ত হইয়াছে।

ধর্ম্মচারিণী (ধর্ম্ম কর্ত্তব্যকর্ম্ম—চর্ [গমন করা] অনুগমন করা+ইন্(ণিন্)—ক, ঈপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, সহধর্ম্মিণী,সাধ্বী। শিং—১"জ্যেষ্ঠায়াং ধর্ম্মচারিণ্যাং মহিষ্যাং গর্ভমাদধে।''

ধর্ম্মচারী (—চারিন্, পূর্ব্বে দেখ) বিং, ত্রিং, যে ধর্ম্ম পথে চলে, ধার্ম্মিক। শিং—১ "স চেৎ স্বয়ং কর্ম্মসু ধর্ম্মচারিণাং ত্বমন্তরায়ো ভবসি চ্যুতো বিধিঃ।"

ধর্ম্মজ (ধর্ম্ম জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়) সং, পুং, ঔরসপুত্র। শিং—১ "স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ।'' [সং, পুং, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির।

ধর্ম্মজন্মা (—জন্মন্, ধর্ম্ম—জন্মন্, ৬ষ্ঠী—হিং)

ধর্ম্মজ্ঞ (ধর্ম্ম—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে। যে ধর্ম্ম জানে, ২য়া—য) বিং, ত্রিং, যে ধর্ম্ম জানে, যে ধর্ম্মের স্বরূপ নির্ণয় করিয়াছে, যে ধর্ম্মবিষয়ে উপদেশ দিতে পারে।

ধর্ম্মজ্ঞান (ধর্ম্ম—জ্ঞান) সং,পুং, ধর্ম্ম কাহাকে বলে তাহা জানা, ধর্ম্ম কাহাকে বলে তদ্বিষয়ক বোধ।

ধর্ম্মণ; সং,পুং,বৃক্ষবিশেষ। ২। ঢেমনাসাপ।

ধর্ম্মতঃ (—তস্, ধর্ম্ম+তস্—প্রং) অং, ধর্ম্মানুসারে, ন্যায়ানুসারে, ধর্ম্ম সাক্ষী করিয়া; যথা—আমি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতেছি। ২। ধর্ম্মের নিকটে, ধর্ম্মদ্বারে; যেমন—ধর্ম্মতঃ পতিত হইতে হইবেক।

ধর্ম্মতত্ত্ব; সং,ক্লীং, ধর্ম্মরহস্য, ধর্ম্মের নিগূঢ় মর্ম্ম।

ধর্ম্ম-দান; সং, ক্লীং, কেবল ধর্ম্মার্থদান।

ধর্ম্মদীপিকা; সং,স্ত্রীং,গৌড়-প্রসিদ্ধ মীমাংসা গ্রন্থবিশেষ।

ধর্ম্মদেশ; সং, পুং, ধর্ম্মসাধন স্থান।

ধর্ম্মদ্রবী (ধর্ম্ম—দ্রু দ্রব হওয়া+অ(অন্)—ক। ঈপ্—স্ত্রীলিঙ্গে। বিষ্ণুপাদাগ্র সম্ভূতা এবং ত্রিপথগামিনী-হেতু গঙ্গার নাম ধর্ম্মদ্রবী হইল) সং, স্ত্রীং, গঙ্গা।

ধর্ম্মদ্রোহী (দ্রোহিন্, ধর্ম্ম—দ্রুহ্ নষ্ট করা+ইন্(ণিন্)—ক)বিং,ত্রিং,ধর্ম্মদ্বেষকারী। সং, পুং, রাক্ষস।

ধর্ম্মধ্বজ; সং, পুং, নৃপবিশেষ।

ধর্ম্মধ্বজী (—জিন্, ধর্ম্মধ্বজ+ইন্—অস্ত্যর্থে। যাহার ধর্ম্মের ধ্বজ অর্থাৎ জটা কৌপীনাদি বাহ্যিক চিহ্ন আছে) বিং, ত্রিং,যে ধর্ম্মের ধ্বজ ধারণ করে, যে বাস্তবিক ধার্ম্মিক নয় কিন্তু লোকের নিকট ধার্ম্মিক বলিয়া পরিচিত ও গণনীয় হইবার নিমিত্ত এরূপ বেশ ভাবভঙ্গী বা কথোপকথন করে যে লোকে প্রতারিত হইয়া তাহাকে ধার্ম্মিক জ্ঞান করে।

ধর্ম্মনন্দন (ধর্ম্ম নন্দন, ৬ষ্ঠী—য) সং, পুং, যুধিষ্ঠির। [বিষ্ণু।

ধর্ম্মনাভ (ধর্ম্ম—নাভি, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

ধর্ম্মনিষ্ঠ (ধর্ম্ম—নিষ্ঠা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, ধর্ম্মপরায়ণ, ধর্ম্মে যাহার আন্তরিক আস্থা আছে, যে সাধ্যানুসারে ধর্ম্মপথে চলে,যে যথাশক্তি ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করে।

ধর্ম্ম-নিষ্ঠা; সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়ে আন্তরিক আস্থা, সাধ্যানুসারে ধর্ম্মপথে চলা।

ধর্ম্মনীতি; সং, স্ত্রীং, নীতি-জ্ঞান-বিষয়ক শাস্ত্র, যে শাস্ত্রদ্বারা কর্ত্তব্যাকর্ত্তব্য অবধারণ ও তাহার ফলাফল বিবরণ করা যায়।

ধর্ম্মপতি; সং, পুং, বরুণ।

ধর্ম্মপত্নী (ধর্ম্ম ধর্ম্মহেতু—পত্নী, ৪র্থী—য) সং, স্ত্রীং, সহধর্ম্মিণী, ভার্য্যা। শিং—১ "প্রথমা ধর্ম্মপত্নী চ দ্বিতীয়া রতিবর্দ্ধিনী।"

ধর্ম্মপত্র (ধর্ম্ম যজ্ঞ—পত্র) সং, ক্লীং, যজ্ঞডুমুর গাছ। [ত্রিং, ধর্ম্মাসক্ত।

ধর্ম্মপর (ধর্ম্ম—পর প্রধান, ৬ষ্ঠী—হিং) বিং,

ধর্ম্মপরায়ণ (ধর্ম্ম—পরায়ণ) সং, পুং, যে ধর্ম্মকে পরম পদার্থ বলিয়া জানে, যে সাধ্যানুসারে ধর্ম্মপথে চলে, যে যথাশক্তি ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করে, যে কদাচ অসৎ কর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হয় না, ধার্ম্মিক, ধর্ম্মাত্মা, ধর্ম্মশীল, ধর্ম্মনিষ্ঠ।

ধর্ম্মপাঠক (ধর্ম্ম ধর্ম্মশাস্ত্র—পাঠক যে পাঠ করে, ২য়া—ষ) সং, পুং, ধর্ম্মশাস্ত্রাধ্যয়নশীল ব্যক্তি।

ধর্ম্মপুত্র (ধর্ম্ম—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যুধিষ্ঠির। ২। ধর্ম্ম-ছেলে।

ধর্ম্মপ্রমাণ; বিং, ত্রিং, ধর্ম্ম যার প্রমাণ, ধর্ম্ম যার সাক্ষী, ধর্ম্মসাক্ষী করিয়া উক্ত বা অনুষ্ঠিত। ২। ক্রিং,—বিং, ধর্ম্ম অনুসারে, ধর্ম্মসাক্ষী করিয়া, ধর্ম্মতঃ।

ধর্ম্মপ্রবক্তা (—বক্তৃ, ধর্ম্ম—প্রবক্তা [প্র—বচ্ বলা+তৃ(তৃন্)—ক] যে প্রবর্ত্তিত করে) সং, পুং, ধর্ম্মনিরূপক পুরুষ। ২। রাজাকর্ত্তৃক নিযুক্ত সভ্যবিশেষ।

ধর্ম্ম-প্রবৃত্তি; সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়ক প্রবৃত্তি, যথা—ভক্তি, ন্যায়পরতা, দয়া, উপচিকীর্ষা প্রভৃতি; পরমেশ্বরের প্রতি ভক্তি শ্রদ্ধা প্রকাশ পূর্ব্বক সাধারণের হিত চেষ্টা করা এই প্রবৃত্তির প্রয়োজন।

ধর্ম্ম-বুদ্ধি; সং, স্ত্রীং, ধর্ম্মজ্ঞান, ধর্ম্ম কাহাকে বলে তদ্বিষয়ক জ্ঞান।

ধর্ম্মভয়; সং, ক্লীং, ধর্ম্মের ভয়, অধর্ম্ম করিলে ধর্ম্মের নিকট দণ্ড পাইতে ও পরলোকে অশেষ যাতনা ভোগ করিতে হয় বলিয়া বোধ ও বিশ্বাস।

ধর্ম্মভাণক (ধর্ম্ম—ভাণক পাঠক, ২য়া—ষ) সং, পুং, যে ব্যক্তি ধনগ্রহণ করিয়া ধর্ম্মপুস্তক পাঠ করে, বৈতানিক পুরাণপাঠক।

ধর্ম্মভিক্ষুক (ধর্ম্ম—ভিক্ষুক ভিক্ষাকারী, ৪র্থী—ষ) সং, পুং, ধর্ম্মার্থ-ভিক্ষাকারী ব্যক্তি।

ধর্ম্মভীত / ধর্ম্মভীরু } (ধর্ম্ম—ভীত, ভীরু) বিং, ত্রিং, যাহার ধর্ম্মের ভয় আছে, যাহার মনে সতত ধর্ম্মের ভয় থাকে, অধর্ম্ম করিলে ধর্ম্মের নিকট দণ্ড পাইতে হয় বলিয়া যাহার ভয় ও বিশ্বাস আছে, ধর্ম্মভীরু।

ধর্ম্মভৃৎ (ধর্ম্ম—ভৃৎ [ভৃ ধারণকরা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ধার্ম্মিক, ধর্ম্মশীল। শিং—১ "এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো ভবিষ্যতি নরোত্তমঃ।"

ধর্ম্মভ্রাতা (ধর্ম্মভ্রাতৃ, ধর্ম্ম—ভ্রাতৃ ভাই) সং, পুং, ধর্ম্মশীল সহাধ্যায়ী।

ধর্ম্মময় (ধর্ম্ম+ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, যেখানে অধর্ম্মের সংস্রব নাই। ২। ধর্ম্মে পরিপূর্ণ, সাক্ষাৎ ধর্ম্ম, মূর্ত্তিমান্ ধর্ম্ম। [ধর্ম্মের প্রমাণ।

ধর্ম্মমূল (ধর্ম্ম—মূল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

ধর্ম্মযু (ধর্ম্ম+যু গমন করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, ধার্ম্মিক।

ধর্ম্মযুগ; সং, ক্লীং, ধর্ম্মপ্রধান যুগ, সত্যযুগ।

ধর্ম্মরাজ (ধর্ম্ম বিচার+রাজ রাজন্ শব্দজ+ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। ২। যুধিষ্ঠির। ৩। বুদ্ধ। ৪। ধর্ম্ম।

ধর্ম্মলক্ষণ (ধর্ম্ম—লক্ষণ চিহ্ন) সং, ক্লীং, ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ—এই দশ। শিং—১ "ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয় নিগ্রহঃ, ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণং।"

ধর্ম্মবাসর (ধর্ম্ম—বাসর দিন। এই দিনে যাগ ইত্যাদি কার্য্য সম্পন্ন করা হয় বলিয়া) সং, পুং, পূর্ণিমা।

ধর্ম্মবাহন (ধর্ম্ম শিবের বৃষ—বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। ২। (ধর্ম্ম—বহ্ ণ্রিঃ=বাহি+অনট্—ভাবে) ক্লীং, ধর্ম্মপ্রাপন।

ধর্ম্মবিত্তম (ধর্ম্মবিদ্+তম বহুর মধ্যে—প্রধানার্থে) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, ধর্ম্মজ্ঞানের প্রধান।

ধর্ম্মবিদ্ (ধর্ম্ম—বিদ্ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে) বিং, ত্রিং, ধর্ম্মজ্ঞ, ধার্ম্মিক। শিং—১ "অভিজ্ঞীর্থেন ধর্ম্মবিদ্।"

ধর্ম্মবিদ্যা; সং, স্ত্রীং, মীমাংসাদি বিদ্যা।

ধর্ম্মবিপ্লব (ধর্ম্ম—বিপ্লব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, —ক্লীং, ধর্ম্মের অতিক্রম।

ধর্ম্মবিবেক (ধর্ম্ম—বিবেক, ৭মী—হিং) সং, পুং, হলায়ুধকৃত ধর্ম্মনিবন্ধবিশেষ।

ধর্ম্মবৃদ্ধ (ধর্ম্ম—বৃদ্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং,

অতিশয় ধর্ম্মযুক্ত, ধার্ম্মিকশ্রেষ্ঠ। শিং—১ "ন ধর্ম্মবৃদ্ধেষু বয়ঃ সমীক্ষ্যতে।"(কুমার)।
ধর্ম্মব্রত (ধর্ম্ম—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধর্ম্মে রতিবিশিষ্ট।
ধর্ম্মশালা (ধর্ম্ম বিচার—শালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ধর্ম্মার্থ গৃহ, যে স্থানে ধর্ম্মার্থ অন্নাদি প্রদান করা হয়। ২। বিচারালয়।
ধর্ম্মশাসন (ধর্ম্ম—শাসন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ধর্ম্মের অনুশাসন। ২। ধর্ম্মশাস্ত্র। "ক্রমেণৈতে ত্রয়োঽপ্যুক্তাঃ পিতরো ধর্ম্মশাসনে।"
ধর্ম্মশাস্ত্র (ধর্ম্ম—শাস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ধর্ম্মবিষয়ক শাস্ত্র, যে শাস্ত্রে ধর্ম্ম নিরূপণ থাকে, যে শাস্ত্রে সাংসারিক ও পারলৌকিক সমস্ত বিষয়ের মীমাংসা থাকে, স্মৃতিশাস্ত্র, ধর্ম্মসংহিতা। এতদ্দেশে বেদ স্মৃতি প্রভৃতি শাস্ত্রের নাম ধর্ম্মশাস্ত্র, কিন্তু মনু যাজ্ঞবল্ক্য প্রভৃতি ঋষিপ্রণীত স্মৃতিশাস্ত্র ধর্ম্মশাস্ত্র বলিয়া পরিগণিত হইয়া থাকে। শিং—১ "ন ধর্ম্মশাস্ত্রং পঠতীতি কারণং ন চাপি বেদাধ্যয়নং দুরাত্মনঃ।"
ধর্ম্মশীল (ধর্ম্ম—শীল যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, যে সাধ্যানুসারে ধর্ম্মপথে চলে, যে কদাচ অধর্ম্মপথ অবলম্বন করে না, যথাশক্তি ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠানে যাহার স্বাভাবিক প্রবৃত্তি ও অনুরাগ থাকে, ধার্ম্মিক। শিং—১ "ধর্ম্মশীলো বদান্যশ্চ।"
ধর্ম্মসংহিতা (ধর্ম্ম—সম্—ধা ধারণ করা+ত(ক্ত)—প্রং, আপ্—স্ত্রীলিঙ্গে। ধর্ম্মরক্ষা এবং ধর্ম্মবিষয় শিক্ষার নিমিত্ত যাহা সঙ্কলিত হইয়াছে) সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়কশাস্ত্র, যে শাস্ত্রে ধর্ম্ম নিরূপণ আছে, যে শাস্ত্রে সাংসারিক ও পারলৌকিক সমস্ত বিষয়ের মীমাংসা আছে, ধর্ম্মশাস্ত্র, স্মৃতিশাস্ত্র।
ধর্ম্মসঙ্কর; সং, পুং, পরস্পর বিরুদ্ধ ধর্ম্মের একত্র সমবায়।
ধর্ম্মসভা; সং, স্ত্রীং, প্রচলিত বেদবিহিত ধর্ম্মের বিপরীত মত প্রবর্ত্তক অথবা তদনুবর্ত্তি লোকদিগের দণ্ডবিধানার্থ সমাজ।
ধর্ম্মসাবর্ণি; সং, পুং, একাদশ মনু।
ধর্ম্মসুত (ধর্ম্ম যম—সুত পুত্র) সং, পুং, যুধিষ্ঠির।
ধর্ম্মসূত্র; সং, ক্লীং, ধর্ম্মনির্ণয়ার্থ জৈমিনীপ্রণীত ধর্ম্মমীমাংসারূপ গ্রন্থবিশেষ।
ধর্ম্মাচার্য্য; সং, পুং, ধর্ম্মশিক্ষক পুরুষবিশেষ, ঋগ্বেদীয়দিগের তর্পণীয় পুরুষবিশেষ।
ধর্ম্মাত্মা (ধর্ম্মাত্মন্, ধর্ম্ম—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধর্ম্মশীল, ধার্ম্মিক। শিং—১ "স তানুবাচ ধর্ম্মাত্মা মহর্ষীন্ মানবো ভৃগুঃ।"
ধর্ম্মাধর্ম্ম (ধর্ম্ম—অধর্ম্ম) সং, পুং, ধর্ম্ম ও অধর্ম্ম; পুণ্য ও পাপ; সৎকর্ম্ম ও অসৎ কর্ম্ম।
ধর্ম্মাধিকরণ (ধর্ম্ম—অধিকরণ [অধি—কৃ অধিকার করা+অন(অনট্)—ধি] আধার ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে স্থলে ন্যায় অন্যায়ের বিচার আছে, ধর্ম্মস্থান, ব্যবহার দর্শনযোগ্য স্থান, আদালত। ২। (+অনট্)—র্ম্ম) পুং, বিচারক, জজ্। ৩। বিং, ত্রিং, ধর্ম্মশাস্ত্রজ্ঞ। শিং—১ "সমঃ শত্রৌ চ মিত্রে চ ধর্ম্ম-শাস্ত্রবিশারদঃ। বিপ্রমুখ্যঃ কুলীনশ্চ ধর্ম্মাধিকরণো ভবেৎ।" ২ "ধর্ম্মশাস্ত্রানুসারেণ অর্থশাস্ত্রনিরূপণম্। যত্র ক্রিয়তে স্থানে ধর্ম্মাধিকরণং হি তৎ।" ২ "পুরুষান্তরতত্ত্বজ্ঞাঃ প্রাংশবশ্চাপ্যলোলুপাঃ। ধর্ম্মাধিকরণে কার্য্যা জনাহ্বানকরা নরাঃ।"
ধর্ম্মাধিকার (ধর্ম্ম—অধিকার) সং, পুং, ন্যায় অন্যায় বিচারের অধিকার, বিচারপতির পদ বা কর্ম্ম।
ধর্ম্মাধিকারী (ধর্ম্মাধিকারিন্, ধর্ম্মাধিকার+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যাহার হস্তে ন্যায় অন্যায় বিচারের ভার থাকে, বিচারপতি।
ধর্ম্মাধ্যক্ষ (ধর্ম্ম বিচার—অধ্যক্ষ তত্ত্বাবধায়ক, ৭মী—ষ) সং, পুং, ধর্ম্মবিষয়ক অধ্যক্ষ, যাহার উপর তদ্দেশ-প্রচলিত ধর্ম্মসংক্রান্ত বিষয়ের উপদেশ বা তত্ত্বাবধান করিবার ভার থাকে। ২। প্রাড়্বিবাক। ৩। বিচারক। শিং—১ "কুলশীল গুণোপেতঃ সর্ব্বকর্ম্ম পরায়ণঃ। প্রবীণঃ প্রেষণাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষোঽভিধীয়তে।" ৪। বিষ্ণু।

ধর্ম্মানুগত } (ধর্ম্ম—অনুগত, অনু-
ধর্ম্মানুযায়ী—য়িন্ } যায়ী=যে পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, ধর্ম্মের অবিরুদ্ধ, ধর্ম্মের নিয়মের অনুগত, ধর্ম্মের নিয়মানুসারে অনুষ্ঠিত, ধর্ম্মযুক্ত। ২। ধর্ম্মপথাবলম্বী।

ধর্ম্মাবতার (ধর্ম্ম—অবতার) সং, পুং, ধর্ম্মের অবতার, সাক্ষাৎধর্ম্ম, মূর্ত্তিমান্ ধর্ম্ম। (রাজা) বিচারপতি প্রভৃতিকে সচরাচর এই শব্দে নির্দ্দেশ ও সম্বোধন করিয়া থাকে)।

ধর্ম্মাভাস (ধর্ম্ম—আভাস) সং, পুং, অপ্রশস্ত ধর্ম্ম। শিং—১"শ্রুতিস্মৃতিভ্যামুদিতং যৎ স ধর্ম্মঃপ্রকীর্ত্তিতঃ। অন্যশাস্ত্রেষু যঃ প্রোক্তো ধর্ম্মাভাসঃ উচ্যতে।"

ধর্ম্মারণ্য (ধর্ম্ম—অরণ্য বন। বরাহপুরাণে—চন্দ্র যখন গুরুপত্নী তারাকে হরণ করেন, তখন, ধর্ম্ম প্রপীড়িত হইয়া গহন বনে প্রবেশ করিলেন। সেই সময়ে ব্রহ্মা বলিয়াছিলেন যে, ধর্ম্ম! তুমি এই বন আশ্রয় করাতে ইহা ধর্ম্মারণ্য নামে বিখ্যাত হইবে) সং, ক্লীং, পুণ্যস্থানবিশেষ। শিং—১"যস্মাদরণ্যমিদং ধর্ম্ম ত্বয়াব্যাপ্তং চিরং বিভো। নাম্না ভবিষ্যতি হেতদ্ধর্ম্মারণ্যমিতিপ্রভো।" ২। গয়াস্থ তীর্থবিশেষ। ৩। কামরূপস্থ নগরবিশেষ।

ধর্ম্মাসন (ধর্ম্ম—আসন) সং, ক্লীং, বিচারাসন, বিচারকের বসিবার স্থান, বেঞ্চ্। শিং—১ "ধর্ম্মাসনমধিষ্ঠায় সংবীতাঙ্গঃ সমাহিতঃ।"

ধর্ম্মিষ্ঠ } (ধর্ম্মীয়স্, ধর্ম্ম+ইষ্ঠ, ঈয়সু—
ধর্ম্মীয়ান্ } অত্যর্থে) বিং, ত্রিং, যে প্রাণপণে ধর্ম্মপথে চলে, যে প্রাণান্তেও অধর্ম্মপথে পদার্পণ করে না। ২। সং, পুং, বিষ্ণু।

ধর্ম্মী (ধর্ম্মিন্ ধর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধর্ম্মবিশিষ্ট, ধার্ম্মিক। ২। গুণস্বরূপ দয়া ধর্ম্মবিশিষ্ট।

ধর্ম্মেন্দ্র (ধর্ম্ম—ইন্দ্র শ্রেষ্ঠ, ৭মী—য) সং, পুং, যম। শিং—১ "পিতৃণামিব ধর্ম্মেন্দ্রো যাদসামিব চাম্বুরাট্।"

ধর্ম্মোত্তর (ধর্ম্ম—উত্তর প্রধান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধার্ম্মিকশ্রেষ্ঠ।

ধর্ম্মোপদেশক (ধর্ম্ম—উপদেশক যে উপদেশ দেয়, ৬ষ্ঠী—য) সং, পুং, গুরু, যিনি ধর্ম্ম বিষয়ে উপদেশ দেন।

ধর্ম্মোপেত (ধর্ম্ম—উপেত যুক্ত, ৩য়া—য) বিং, ত্রিং, ধর্ম্মযুক্ত, ন্যায্য।

ধর্ম্ম্য (ধর্ম্ম+য(ক্য)—অনপেতার্থে) বিং, ত্রিং, ধর্ম্মের অবিরুদ্ধ, ধর্ম্মের নিয়মানুযায়ী, ধর্ম্মের নিয়মানুসারে উক্ত বা অনুষ্ঠিত, ধর্ম্মযুক্ত, ন্যায্য। শিং—১ "ন দ্রব্যাণামবিজ্ঞায় বিধিং ধর্ম্ম্যং প্রতিগ্রহে।" ২ "যো যস্য ধর্ম্ম্যো বর্ণস্য গুণদোষৌ চ যস্য যৌ।" ২। ধর্ম্মলব্ধ।

ধর্ষ—পুং } (ধৃষ্ অহঙ্কারী হওয়া, বধ
ধর্ষণ—ক্লীং } করা+অ(অল্), অন(অনট্)—ভা) সং, পরাভবকরণ। ২। অবজ্ঞাকরণ। ৩। অপবাদকরণ। ৪। বলপূর্ব্বক বদ্ধকরণ। ৫। অমর্ষ। ৬। প্রাগল্ভ্য। ৭। রমণ। ণী—স্ত্রীং, (+অনট্—র্ম্ম, ঈপ্) অসতী-স্ত্রী।

ধর্ষক (ধর্ষ দেখ, অক(ণক)—ক) সং, পুং, নট, নৃত্যকারক। ২। বিং, ত্রিং, ধর্ষণকারী।

ধর্ষকারিণী (ধর্ষ—কৃ করা+ইন্(ণিন্)—ক। ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দূষিতা-কুমারী।

ধর্ষিত (ধৃষ্ ণিঃ=ধর্ষি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। ২। অবমানিত। ৩। তিরস্কৃত। ৪। (+ক্ত—ভা) সং, ক্লীং, ধর্ষণ। ৫। অসহন। ৬। মৈথুন। ৭। পরিভব। তা—স্ত্রীং, বলাৎকৃতা, অসতী-স্ত্রী।

ধব (ধু, ধূ [শিশুগণকে] কাঁপান+অ(অন্)—ক) সং, পুং, পতি; যথা—

"ওহে ভব-ধব কি করিব স্তব,
মানস-তিমির হর।"

২। ধূর্ত্ত। ৩। মনুষ্য। ৪। বৃক্ষ-বিশেষ। শিং—১ "নির্ধনেন ধবেনেহ ন তু কিঞ্চিৎ প্রয়োজনম্।" ৫। (অল্—ভা) সং, ক্লীং, কম্প।

ধবল (ধাব্ পরিষ্কার করা+অল(কলচ্)—সংজ্ঞার্থে, আ=অ) সং, পুং, শুক্লবর্ণ। ২। কর্পূরবিশেষ। ৩। শ্বেতকুষ্ঠ। ৪। ক্লীং, রাগবিশেষ। ৫। শ্বেতমরিচ। ৬। (ধবল+অ—অস্ত্যর্থে) পুং, শ্রেষ্ঠ বৃষ। ৭। বিং, ত্রিং, শুক্লবর্ণযুক্ত। শিং—১ "নীতা যেন

নিশা শশাঙ্কধবলা।" ৮। সুন্দর। শিং—১ "যশঃসুধাধবলিতাখিলমহীমণ্ডল।"

ধবলগিরি; সং, পুং, স্বনামপ্রসিদ্ধ পর্ব্বত।

ধবলপক্ষ (ধবল—পক্ষ ডানা বা মাসার্দ্ধ) সং, পুং, হংস। শিং—১ "ধবলপক্ষ বিহঙ্গম কূজিতৈঃ।" (মাঘ)। ২। শুক্লপক্ষ।

ধবলমৃত্তিকা (ধবল শুক্লবর্ণ—মৃত্তিকা মাটী) সং, স্ত্রীং, খড়ীমাটী।

ধবলা } (ধবল+অ—অত্যর্থে, আপ্, ঈপ্
ধবলী } —স্ত্রীং) সং, স্ত্রীং, শুক্লবর্ণ ধেনু। ২। বৃন্দাবনস্থ পর্ব্বতবিশেষ।

ধবলিত (ধবল+ইত—প্রং) বিং, ত্রিং, শুভ্রীভূত। ২। যাহা শ্বেতবর্ণ করা হইয়াছে; "সুধা-ধবলিত গৃহে ভিকারী ভূপতি।"

ধবলিমা (—মন্, ধবল+ইমন্—ভা) সং, পুং, শুক্লত্ব। শিং—১ "অধিগত ধবলিম্নঃ শূলপাণেরভিখ্যাম্।" (মাঘ)।

ধবলীকৃত (ধবল—কৃত। মধ্যে, ঈ (চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহাকে ধবল করা গিয়াছে, ধবলিত।

ধবলীভূত (ধবল—ভূত হইয়াছে। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহা ধবল হইয়াছে, শুক্লীভূত।

ধবলোৎপল (ধবল শুক্লবর্ণ—উৎপল পদ্ম) সং, ক্লীং, কুমুদ, সুঁদি।

ধবাণক (ধূ [বৃক্ষাদি] কম্পিত করা+আণক—ক) সং, পুং, বায়ু।

ধবিত্র (ধূ কাঁপা+ইত্র—ণ) সং, ক্লীং, মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন, পাখা। ২। (+ইত্র—ক) বিং, ত্রিং, কম্পনকারক।

ধা (ধা ধারণ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, ধারণকর্ত্তা। ২। ব্রহ্মা। ৩। বৃহস্পতি।

ধাই (ধাত্রী শব্দজ) সং, উপমাতা।

ধাওন (ধাবন শব্দজ কি?) সং, দ্রুতগমন।

ধাঁধাঁ (ধন্ধশব্দজ) দৃষ্টিভ্রমজন্মান। [ঘাত।

ধাকা (আঘাতার্থধক্ ধাতুজ) সং, ঠেলা, আ-

ধাটী; সং, স্ত্রীং, শত্রুর অভিমুখে গমন।

ধাড়ী (দেশজ) বহুপ্রসূতা স্ত্রী-জন্তু, যাহার অনেক বৎস জন্মিয়াছে। ২। প্রধান। ৩। উচ্ছৃঙ্খলের নায়ককে ধাড়ী কহে।

ধাতকী (ধা ধারণ করা+অক(ণক)—ক। তকারের আগম, ঈপ্) সং, স্ত্রীং, পুষ্পবৃক্ষ-বিশেষ, ধাইফুলের গাছ।

ধাতা (ধাতৃ, ধা ধারণ করা, পোষণ করা+তৃ(তৃন্)—ক) সং, পুং, বিধাতা, ব্রহ্মা। "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ।" ২। বিষ্ণু। শিং—১ "অনাদি নিধনো ধাতা।" ৩। পিতা। ৪। আত্মা। ৫। বায়ু বিশেষ। ৬। আদিত্য-বিশেষ। ৭। বিং, ত্রিং, রক্ষক, রক্ষাকর্ত্তা। ৮। ধারণকর্ত্তা। ৯। সৃষ্টিকর্ত্তা। ১০। নির্ম্মাতা। শিং—১ "সর্গশেষপ্রণয়নাদ্বিশ্বযোনেরনন্তরম্। পুরাতনাঃ পুরাবিদ্ভির্ধাতার ইতি কীর্ত্তিতাঃ (সপ্তর্ষয়ঃ)।" ১১। জার।

ধাতু (ধা [জীবন, পদার্থাদি] ধারণ করা+তু (তুন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, দেহস্থ বাত, পিত্ত, কফ, শোণিত, মাংস, মেদঃ, মজ্জা, শুক্র, অস্থি প্রভৃতি। ২। ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম—পঞ্চভূত। শিং—১"শরীরধারণাদ্ধাতব ইত্যুচ্যন্তে।" ২। ধারণাদ্ধাতবস্তে স্যুর্বাতপিত্ত কফাস্ত্রয়ঃ।" ৩। পর্ব্বতস্থ গৈরিকাদি। ৪। মনঃশিলা। ৫। গিরি[illegible]। ৬। স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল, তাম্র, সীসক, রঙ্গ, লৌহ—এই অষ্ট তৈজস পদার্থ; সুবর্ণ রজতাদির উৎপত্তি বিষয়ে এইরূপ ইতিহাস প্রথিত আছে—পূর্ব্বে গুড়াকেশ নামক এক মহাসুর তাম্রাকার হইয়া বিষ্ণুর অর্চ্চনা পূর্ব্বক বিষ্ণু-চক্রে দেহত্যাগের কামনা করাতে, হরি চক্রাঘাতে তাহাকে বিনাশ করিয়া বিষ্ণুলোকে নীত করেন। তখন সেই অসুরের মাংসে তাম্র, রক্তে সুবর্ণ, অস্থিতে রজতাদি ও মলাদিতে রৈত্যাদি ধাতু উৎপন্ন হয়। শিং—১ "(প্রাসাদৈঃ) মত্তধাতুপিনদ্ধাঙ্গৈর্হিমবচ্ছিখরৈরিব।" ৭। ভূ স্থা গম্ প্রভৃতি ক্রিয়াবাচক প্রকৃতি। ৮। প্রকৃতি, স্বভাব। ৯। স্বরূপ। ১০। অবস্থান। ১১। উপাদান, সমবায়ি কারণ। ১২। জ্ঞানেন্দ্রিয়। ১৩। ইন্দ্রিয় জন্য জ্ঞান। ১৪। পারদ। ১৫। হিঙ্গুল। ১৬। হরিতাল। ১৭। গন্ধক। ১৮। অভ্রক। ১৯। পরমেশ্বর। ২০। ভূগর্ভে

উৎপন্ন হয়,—জলসংযোগে দ্রব হয় না,—অগ্নির উত্তাপে গলিয়া যায়,—এরূপ কঠিন উজ্জ্বল অমিশ্র অস্বচ্ছ পদার্থবিশেষ,যেমন—স্বর্ণ, লৌহ, প্রস্তর, পারদ, লবণ অঙ্গার প্রভৃতি। ২১। সঙ্গীতে—স,ঋ,গ এক একটাকে ধাতু বলে।

ধাতুকুশল (ধাতু—কুশল দক্ষ, ৭মী—ষ) বিং, ত্রিং, ধাতুক্রিয়া বিষয়ে দক্ষ, ধাতুজ্ঞ।

ধাতুক্ষয় (ধাতু—ক্ষয়, ৭মী—হিং) সং, পুং, কাশরোগবিশেষ। ২। (৬ষ্ঠী—ষ) শরীরস্থ ধাতুর ক্ষয়।

ধাতুঘ্ন } (ধাতু শরীরস্থ বাত পিত্তাদি
ধাতুনাশন } —ঘ্ন [হন্ নাশ করা+অ (টক্)—ক] নাশন=নাশক, ২য়া—ষ) সং, ক্লীং, কাঁজি, আমানি। ২। বিং, ত্রিং, ধাতুনাশক।

ধাতুদ্রাবক (ধাতু—দ্রু-ণি=দ্রাবি দ্রবকরান +অক(ণক)—ক) সং, পুং, সোহাগা।

ধাতুনাশন (ধাতু—নাশন নাশক) সং, ক্লীং, কাঞ্জিক। ২। স্বর্ণাদি ধাতুসারক।

ধাতুপ (ধাতু—প [পা রক্ষা করা+অ(ড)—ক] যে পোষণ করে) সং, পুং, অন্নরস।

ধাতুপাঠ (ধাতু—পাঠ, ৭মী—হিং) সং, পুং, পাণিন্যাদি প্রণীত ধাত্বর্থবোধক গ্রন্থবিশেষ।

ধাতুপারায়ণ; সং, পুং, ধাতুপ্রতিপাদক গ্রন্থ-[বিশেষ।

ধাতুপুষ্পিকা, ধাতুপুষ্পী; সং, স্ত্রীং, ধাইফুল।

ধাতুপোষক (ধাতু—পুষ্ পোষণ করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, শরীরের পুষ্টিকর।

ধাতুবিদ্যা (Mineralogy) সং, স্ত্রীং, যে বিদ্যা দ্বারা স্বর্ণ লৌহ প্রস্তর অঙ্গার প্রভৃতি ধাতুর স্বরূপ বা অবস্থার বিষয় জানা যায়।

ধাতুভৃৎ (ধাতু খনিজ পদার্থ—ভৃৎ [ভৃ ধারণ করা + ০(ক্বিপ্)—ক] যে ধারণ করে) সং, পুং, পর্ব্বত। ২। বিং, ত্রিং, ধাতুপোষক।

ধাতুময় (ধাতু+ময়(ময়ট্)—বিকারার্থে) বিং, [ত্রিং, ধাতুনির্ম্মিত।

ধাতুমল; সং, পুং—ক্লীং, রসাদি পরিপাকে জায়মান কেশ নখ রোমাদি।

ধাতুমারিণী (ধাতু—মারি মরান+ইন্(ণিন্)—ক। ঈ—স্ত্রীলিঙ্গে। স্বর্ণাদি গলাইবার জন্য সর্ব্বদা এই দ্রব্য ব্যবহৃত হয়) সং, স্ত্রীং, সোহাগা।

ধাতুরাজক (ধাতু দেহস্থ রসাদি—রাজ প্রধান+কণ—যোগ) সং, ক্লীং, শুক্র, রেতঃ, বীর্য্য।

ধাতুবৈরী (ধাতুবৈরিন্) সং,পুং—ক্লীং,গন্ধক।

ধাতৃপল (ধাতু আকরিক পদার্থ—উপল প্রস্তর) সং, পুং, খড়ী, চা খড়ী।

ধাতৃপুত্র (ধাতৃ ব্রহ্মা—পুত্র) সং, পুং, সনৎকুমার। ২। ব্রহ্মার পুত্র।

ধাত্রিকা (ধাত্রী+কণ্—যোগ) সং, স্ত্রীং, আমলকী।

ধাত্রী (ধাতা দেখ, ঈপ্) সং, স্ত্রীং, প্রসবিত্রী, মাতা; যথা—"বীরকুলধাত্রী।" ২। যে স্ত্রী মাতৃবৎ লালনপালন করে, যে মাতৃভিন্ন স্ত্রী শিশুকে স্তন্যপান করায়। ৩। ধাই মা। ৪। পৃথ্বী। ৫। আমলকী।

ধাত্রীপুত্র (ধাত্রী উপমাতা—পুত্র) সং, পুং, নট। ২। উপমাতার পুত্র।

ধাত্রীফল; সং, ক্লীং, আমলকী ফল।

ধাত্রেয়ী } (ধাত্রী উপমাতা+এয়(ঢেয়)
ধাত্রেয়িকা } —স্বার্থে, ঈপ্। ধাত্রেয়ী+কণ্—যোগ) সং, স্ত্রীং, ধাত্রী, ধাই। "পঠেদ্ধাত্রেয়িকা বাক্যং প্রাঙ্মুখো বাপ্যুদঙ্মুখঃ।"

ধান (ধা ধারণকরা+অন(অনট্)—ধি) সং, ক্লী, নী, নিকা—স্ত্রীং, নিধান, স্থান। ২। আধার। ৩। (ধান্য শব্দজ) সং, সতুষ তণ্ডুল।

ধানক (ধান [ধা পোষণ করা+অন—প্রং] +ক—প্রং) সং, ক্লীং, ধন্যাক, ধনিয়া।

ধানা (ধা পোষণ করা+ন—ক, সংজ্ঞার্থে, আপ্) সং, স্ত্রীং, বহুং, নিস্তুষ অথচ ভৃষ্ট যব। ২। একং, অঙ্কুর। ৩। চূর্ণ। ৪। সক্তু। ৫। ধনিয়া।

ধানাচূর্ণ; সং, ক্লীং, সক্তু, ছাতু।

ধানী (ধা ধারণ করা+অন(অনট্)—ধি। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আধার, স্থান, আস্পদ; যথা—রাজধানী। ২। যাহা ধারণ করে, যাহাতে রাখা যায়; যেমন—নস্যধানী, মৎস্যধানী। ২। পীলুবৃক্ষ।

ধানুকী (ধানুষ্ক শব্দজ) বিং, ত্রিং, ধনুর্দ্ধারী।
ধানুষ্ক (ধনুষ্ক+অ(ষ্ণ)—প্রং, বা ধনুস্+কণ্—প্রহরণার্থে) সং, পুং, ধন্বী,ধনুর্দ্ধারী। ২। যে সৈন্য ধনুর্ব্বাণ লইয়া যুদ্ধ করে। ৩। বিং, ত্রিং, যে ধনুর্ব্বিদ্যা শিক্ষা করিয়াছে, ধনুর্ব্বিদ্যায় যাহার নৈপুণ্য জন্মিয়াছে।
ধানুষ্য (ধনুস্+য(ষ্ণ্য)—স্বরূপার্থে) সং, পুং, বংশ, বাঁশ।
ধানেয় } (ধন শস্যাদি+এয়—প্রং।
ধানেয়ক } কণ্—যোগে ধানেয়ক) সং, ক্লীং, ধন্যা, ধনিয়া।
ধাঙ্কা ; সং,স্ত্রীং, ছোট এলাচ। ২। (দেশজ) পরিভ্রমণসহকারে কর্ম্মে লিপ্ত থাকা। ৩। ফিকির।
ধান্য (ধন+য—স্বার্থে। কিম্বা ধা [মনুষ্যদিগকে] পোষণ করা+য(যৎ)—ক, ন—আগম) সং, ক্লীং, শস্য। ২। সতুষতণ্ডুল, ধান। শিং—১ "শস্যং ক্ষেত্রগতং প্রোক্তং সতুষং ধান্যমুচ্যতে।" (স্মৃতি)। ৩। চারি তিল পরিমাণ। [ধনিয়া।
ধান্যক (ধান্য+কণ্—যোগ) সং, ক্লীং, ধন্যা,
ধান্যকোষ্ঠক (ধান্য—কোষ্ঠ শস্যাগার+কণ্—যোগ, ষষ্ঠী—ষ) সং, ক্লীং, ধান্য রক্ষার্থ গৃহ, গোলা মরাই ইত্যাদি।
ধান্যচমস (ধান্য—চমস পিষ্টকবিশেষ) সং, পুং, চিপিটক, চিড়া।
ধান্যত্বক্ (—ত্বচ্,ধান্য—ত্বক্, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, তুষ।
ধান্যপঞ্চক ; সং, ক্লীং, শালি, ব্রীহি, শূক, শিম্বি, ক্ষুদ্র—এই পঞ্চবিধ ধান্য।
ধান্যমায় (ধান্য শস্য—মা পরিমাণ করা+য(যুক্)—ক) সং, পুং, ধান্য-বিক্রয়ী। ২। ধান্যপরিমাণকারক। [যব।
ধান্যরাজ (ধান্য—রাজন্ রাজা) সং, পুং,
ধান্যবর্দ্ধন ; সং, ক্লীং, ধানের বাড়ী দেওয়া।
ধান্যবীর (ধান্য শস্য—বীর অত্যুত্তম) সং, পুং, মাষকলাই।
ধান্যশীর্ষক (ধান্য—শীর্ষক উপরিভাগ বা মস্তক) সং, ক্লীং, ধানের শীষ।
ধান্যাক (ধন্যাক+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, ধনিয়া।

ধান্যাম্ল (ধান্য তণ্ডুল—অম্ল) সং, ক্লীং, কাঁজি, আমানি। শিং—"ধান্যাম্লং শালিচূর্ণোত্থং কোদ্রবাদি কৃতং ভবেৎ।"
ধান্যারি (ধান্য—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মূষিক। ২। বিং, ত্রিং, ধানের শত্রু।
ধান্যার্থী (—র্থিন্, ধান্য—অর্থ্ প্রার্থনা করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ধান্যধনের ইচ্ছুক।
ধান্যাস্থি ; সং,ক্লীং, তুষ।
ধান্যোত্তম (ধান্য—উত্তম, ৭মী—ষ) সং, পুং, শালিধান্য।
ধান্বন্তর্য্য (ধন্বন্তরি+য(ষ্ণ্য)—বিদ্যমানার্থে) বিং, ত্রিং, যাহাতে ধন্বন্তরি দেবতা বিদ্যমান আছেন। [নিক্ষেপের স্থান।
ধাপ (দেশজ) সং, সোপানের প্রত্যেক পদ-
ধাপড়া (দেশজ) জ্বরাদির প্রাবল্য।
ধাপুস্ (দেশজ) পতনশব্দবিশেষ।
ধাম (ধামন্, ধা [জীবন, প্রজাদি] ধারণ করা+মন্—ক) সং, ক্লীং, গৃহ। ২। স্থান, আধার, আস্পদ। শিং—১ "হরেঃ পদং তাপহরণৈকধাম।" ৩। শরীর। ৪। জন্ম। শিং—১ "হাটকাজ্জ্বল স্রগ্ধামশোভা।" ৫। প্রভাব। ৬। তেজঃ, প্রভাব, দীপ্তি। শিং—১ "রত্নৌঘধামনিকরারুণনূপুর।" ৭। উচ্চপদ। [মাষা পরিমাণ।
ধামক (ধামন্+কণ্—যোগ) সং, পুং, এক
ধামকেশী (—কেশিন্, ধাম জ্যোতিরূপ—কেশ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। শিং—১ "দিবাকরঃ সপ্তসপ্তির্ধামকেশী বিরোচনঃ।" [করা।
ধামগুজারি (দেশজ) দৌরাত্ম্য করা, ধুমধাম
ধামনিক (ধমনী+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, ধমনীসম্বন্ধীয়।
ধামনিধি (ধামন্ দীপ্তি, তেজঃ—নিধি আধার) সং, পুং, সূর্য্য। ২। তেজস্বী।
ধামনী (ধমনী+অ—স্বার্থে, ঙীপ্—প্রং) সং, স্ত্রীং, ধমনী, নাড়ী।
ধামশঃ (—শস্, ধাম+শস্—বীপ্সার্থে) অং, স্থানে স্থানে।
ধায়, ধায়াঃ (ধায়স্, ধা ধারণ করা+অ, অস্—প্রং, য—আগম) বিং,ত্রিং, ধারণকর্ত্তা

শিং—১ "দন্দৈর্দ্রুঃখস্য মাদৃগভ্যো ধার্যৈ রামোদমুত্তমম্।" ২। পোষণকর্ত্তা। শিং—১"ভূরসি ভূমিরস্য দিতিরসি বিশ্বধায়াঃ।"

ধায্য (ধা ধারণ করা+য(য্যণ্)—ক। নিপা-তন) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত। য্যা—স্ত্রীং, অগ্নিপ্রজ্জালন মন্ত্র।

ধার (ধৃ ধারণ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, ঋণ। ২। প্রান্তভাগ, শেষসীমা। ৩। অস্ত্রের তীক্ষ্ণাংশ। ৪। তীক্ষ্ণতা, প্রাখর্য্য। ৫। প্রস্তরবিশেষ। ৬। গভীরতা। ৭। (ধারা+অ(ঝ)—প্রং) ক্লীং, অবিচ্ছেদে পতিত বৃষ্টির অথবা তরলবস্তুর নিয়ত ক্ষরণ; যথা—"কণ্ঠ হইতে রুধির উঠিছে তিন ধার।"

ধারক (ধার দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, ধারণকর্ত্তা, যে ধারণ করে। ২। পুরাণ পুস্তক ধরিয়া যে পুরাণ-পাঠকের ভ্রম প্রমাদাদি অপনীত করে। ৩। যে অন্যের নিকট ঋণ করে, অধমর্ণ। ৪। (অমৃতের ধারণার্থ বিশ্বকর্ম্মা দেবগণের অংশে কলা কলারূপে গ্রহণ করিয়া যে পাত্র নির্ম্মাণ করেন, তাহাকে কলস কহে। ধারণার্থ নির্ম্মিত হওয়াতে ধারক বলিয়া অভিহিত) পুং, কলস। ৫। যে ঔষধে ভেদ বন্ধ হয়, যাহা খাওয়াইলে উদরভঙ্গের নিবৃত্তি হয়।

ধারণ (ধৃ-ণিঞ=ধারি ধরা,পোষণকরা+অন (অনট্)-ভা) সং, ক্লীং, গ্রহণ। ২। অবলম্বন; যেমন—যষ্টিধারণ। ৩। পরিধান; যেমন—বস্ত্রধারণ। ৪। সেবন,রক্ষণ; যেমন—ঔষধধারণ। ৫। নিবারণ, সংবরণ; যেমন—বেগধারণ। ৬। বহন। ৭। স্থাপন। ৮। (+অনট্—ক) বিং,ত্রিং, রক্ষক। ৯। গ্রাহক। ণী—স্ত্রীং,(+অনট্—ণ) নাড়ী। ২। মন্ত্রবিশেষ। ৩। শ্রেণী।

ধারণা (ধৃ-ণিঞ=ধারি ধরা, পোষণ করা+অন—ভাবে, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্থিরতা। ২। নিশ্চয়। ৩। স্মরণে রাখা। ৪। ন্যায্যপথে স্থিতি। ৫। বুদ্ধি। ৬। চিত্তৈকাগ্রতা। ৭। যমাদি গুণযুক্ত আত্মাতে মনঃ সমর্পণ, অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অন্তঃকরণের অভিনিবেশ। ৮। বিষয়ান্তর হইতে নিবৃত্ত করিয়া নাভিচক্র বা নাসিকা প্রদেশে চিত্তের স্থিরীকরণ। ৯। বিশ্বাস। ১০। সংস্কার। ১১। সিদ্ধান্ত। ১২। ক্রমাগত স্থিতি। শিং—১ "বাহ্যেহন্তর্ব্বিষয়ে চিত্তবৃত্তিস্থৈর্য্যং চ ধারণা।" ২ "প্রাণায়ামা দশাষ্টৌ চ ধারণা সাভিধীয়তে। দ্বে ধারণে স্মৃতো যোগঃ।"

ধারণাবান্ (—বং, ধারণা+বং(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধারণাবিশিষ্ট, মেধাবী।

ধারণীয় (ধারণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ধারণযোগ্য। ২। রক্ষণীয়। [যন্ত্রবিশেষ।

ধারণীয়-যন্ত্র; সং, ক্লীং, দেববিশেষের ধার্য্য

ধারয়িতা (—য়িতৃ, ধারি ধরা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, ধারক, যে ধারণ করে। শিং—১ "ত্বং হি ধারয়িতা শ্রেষ্ঠ কুরূণাং কুরুসত্তম।" ত্রী—স্ত্রীং, পৃথিবী, ধরণী। ২। ধারণকর্ত্রী।

ধারয়িষ্ণু (ধৃ-ণিঞ=ধারি ধারণ করা+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, ধারণশীল। শিং—১ "দৃশদঃ ধারয়িষ্ণবঃ।"

ধারবাক (ধার ধার্য্য—বাক স্তোত্রে, ৩য়া—হিং) বিং, ত্রিং, স্তোত্র ধারক (ঋত্বিকাদি)।

ধারা (ধারি+অ—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দ্রব দ্রব্যের নিরন্তর ক্ষরণ; যথা—বৃষ্টির ধারা, জলের ধারা, অশ্রুধারা ইত্যাদি। "ধারা নৈব পতন্তি চাতকমুখে মেঘস্য কিং দূষণম্।" ২। বৃষ্টি। ৩। (+অ—ণ) অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ। ৪। লম্বমান জলবিন্দু। ৫। নির্ঝর। ৬। রীতি, প্রণালী, শৃঙ্খলা। ৭। শ্রেণী। ৮। ক্রমাগত স্থিতি। ৯। সাদৃশ্য। ১০। উৎকর্ষ। ১১। যশঃ। ১২। সৈন্যের অগ্রভাগ। ১৩। প্রাকার। ১৪। অবিচ্ছিন্ন জলবর্ষণ। ১৫। সমূহ। ১৬। ঘটাদির ছিদ্র। ১৭। অধ্যায়, পরিচ্ছেদ। ১৮। প্রকরণ। ১৯। ব্যবস্থা, বিনিয়োগ। ২০। (+অ—ধি) ধারানগরী। ২১। আস্কন্দিত, ধৌরিতক, রেচিত, বল্গিত ও প্লুত—এই পঞ্চবিধ অশ্বগতি।

ধারাগৃহ; সং, ক্লীং, যে গৃহে যন্ত্র দ্বারা জল উত্তোলিত হয়, জলধারাযুক্ত গৃহ,

ফোয়ারা। শিং—১ "ধারাগৃহে প্রণলি-তোদক দুর্দিনাতে ক্লান্তি শমীত সলিলানিলশীতকুম্ভৌ।"

ধারাঙ্কুর (ধারা বৃষ্টি—অঙ্কুর) সং, পুং, রণস্থলে অগ্রবর্ত্তী সৈন্য। ২। জলকণা, শীকর। ৩। করকা, শীল।

ধারাঙ্গ (ধারা অস্ত্রাদির তীক্ষ্ণপ্রান্ত ইত্যাদি —অঙ্গ শরীর) সং, পুং, খড়্গ। ২। তীর্থ।

ধারাট ধারা বৃষ্টি ইত্যাদি+অট যে গমন করে, ৪র্থী—ষ) সং, পুং, চাতকপক্ষী। ২। মেঘ। ৩। অশ্ব। ৪। মত্তহস্তী।

ধারাধর (ধারা জলধারা,অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ—ধর [ধৃ ধারণকরা+অ(অন্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, যে ধারা বর্ষণ করে, মেঘ। শিং—১ "প্রত্যগৃহ্লাৎ প্রহৃষ্টাত্মা ধারাধরমিবাচলঃ।" ২। অস্ত্র। ৩। খড়্গ।

ধারাপাত (ধারা—পাত পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলধারার পতন। শিং—১ "ধারাপাতৈস্ত্বমিব কমলান্যভ্যবর্ষন্ মুখানি।" (মেঘদূত)। ২। অঙ্কশিক্ষার সহজ প্রণালীযুক্ত বাঙ্গালা পুস্তকবিশেষ।

ধারাযন্ত্র (ধারা—যন্ত্র কল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে যন্ত্র হইতে জলধারা বিনির্গত হয়,ফোয়ারা। শিং—১ "ধারাযন্ত্র জলাতিবেককলুষে ধৌতাঞ্জনে লোচনে।" ২। গোলাবপাশ।

ধারাল (ধারা অস্ত্রের ধার+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুশাণিত, তীক্ষ্ণ।

ধারাধ্বনি (ধারা লঘুবর্ষণ—বন্ শব্দ করা +ই—প্রং) সং, পুং, বায়ু।

ধারাবর্ষ ; সং, পুং, অবিচ্ছেদে ধারাক্রমে বর্ষণ। শিং—১ "অধারাবর্ষদুর্দ্দিনম্।"

ধারাবাহিক } (ধারাবাহিন্, ধারা ক্রমা-
ধারাবাহী } গত স্থিতি—বাহিক [বহ্ +ষ্ণিক], বাহী [বহ্+ইন্(ণিন্)—ক] যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ক্রমাগত স্থিতিশীল, অবিরত স্থায়ী, যাহা বরাবর চলিয়া আসিতেছে, যাহা কখন রহিত বা স্থগিত হয় নাই। ২। অবিচ্ছিন্ন।

ধারাবিষ (ধারা—বিষ। যে অস্ত্রের ধার বিষ সদৃশ সাংঘাতিক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তীক্ষ্ণখড়্গ।

ধারাসম্পাত (ধারা জলধারা—সম [সম্যক্‌রূপে] পরিমাণ বা রাশি—পাত পতন) সং, পুং, বেগে জলধারা পতন, অতিশয় বর্ষণ। [সিজের গাছ।

ধারাস্নুহী ; সং, স্ত্রীং, ত্রিধারাস্নুহী, তেকাটা

ধারিণী (ধৃ ধারণ করা+ইন্—প্রং। ঈপ্ —স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধরণী, পৃথিবী। ২। শাল্মলিবৃক্ষ। ৩। চতুর্দ্দশ দেবযোষিদ্গণ।

ধারিত (ধারি ধরা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, ধৃত। ২। গ্রাহিত। ৩। বাহিত। ৪। স্থাপিত।

ধারী (ধারিন্, ধৃ ধারণ করা+ইন্(ণিন্)—ক। অথবা ধারা অস্ত্রের ধার ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) [illegible], ত্রিং, ধারণকর্ত্তা, যে ধারণ করে, [illegible]ই শব্দ অন্য শব্দের পরবর্ত্তী হইয়া [illegible]ক্ত হয় ; যেমন—অস্ত্রধারী)। শিং—১ "অজ্ঞেভ্যো গ্রন্থিনঃ শ্রেষ্ঠাগ্রন্থিভ্যো ধারিণো করাঃ।" (মনু)। ২। ধারাল। ৩। পুং, পীলুবৃক্ষ।

ধারু (ধে পান করা+রু—ক) বিং, ত্রিং, যে পান করে, পানকারী।

ধার্ত্তরাষ্ট্র (ধৃতরাষ্ট্র রাজা, পক্ষ্যাদি+অ(ষ্ণ) —প্রং) সং,পুং,কৃষ্ণবর্ণ ওষ্ঠ ও চরণবিশিষ্ট শ্বেত হংস,গেড়ি হাঁস। ২। ধৃতরাষ্ট্র রাজার সন্তান। ৩। সর্পবিশেষ।

ধার্ম্মপত (ধর্ম্মপতি+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ধর্ম্মপতিসম্বন্ধীয়।

ধার্ম্মিক (ধর্ম্ম+ইক(ষ্ণিক)—চরত্যর্থে) বিং, ত্রিং, যে সতত ধর্ম্মপথে চলে, যে ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে, ধর্ম্মকার্য্যের অনুষ্ঠানে যাহার স্বাভাবিক প্রবৃত্তি ও অনুরাগ আছে, ধর্ম্মিষ্ঠ, ধর্ম্মজ্ঞানী, ধর্ম্মশীল, পুণ্যাত্মা। শিং—১ "দেবতাতিথি ভক্তশ্চ গৃহস্থঃ সতু ধার্ম্মিকঃ।" ২ "আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স ধার্ম্মিকঃ।"

ধার্ম্মিণ (ধর্ম্মিন্+সমূহার্থে) সং, ক্লীং, ধার্ম্মিক সমূহ।

ধার্য্য (ধৃ ধরা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং,

ধারণীয়। ২। গ্রাহ্য। ৩। স্থিরীকার্য্য, অবধারণীয়। শিং—১ "ধার্য্যঃ কথঙ্কারমহং ভবত্যা বিয়দ্বিহারী বসুধৈকগত্যা।" ৪। যাহা স্থির করা হইয়াছে।

ধার্য্যমাণ (ধারি ধরা+আন(শান)—র্ম্ম। ম ম—আগম) বিং, ত্রিং, যাহাকে ধারণ করা যাইতেছে। ২। গৃহ্যমাণ।

ধার্ষ্ট্য (ধৃষ্ট+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, ধৃষ্টতা, প্রগল্‌ভতা, নির্লজ্জতা। শিং—১ "অহো ধার্ষ্ট্যমহো ধার্ষ্ট্যং তয়োঃ ক্ষত্রিয়বীরয়োঃ।"

ধাবক (পশ্চাৎ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, দ্রুতগামী, যে বেগে দৌড়িয়া যায়, যে এক স্থান হইতে পত্র বা সংবাদ লইয়া স্থানান্তরে যায়, বেতন গ্রহণপূর্ব্বক এক স্থান হইতে পত্র বা সংবাদ লইয়া স্থানান্তরে যাওয়া যার জীবিকা। ২। ক্ষালক, পরিষ্কারক। ৩। সং, পুং, রজক, ধোপা। ৪। কবিবিশেষ।

ধাবন (ধাব্ বেগে গমন করা, ধৌতকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দৌড়ন। ২। বেগে গমন। ৩। ক্ষালন, ধৌতকরণ; যেমন—দন্তধাবন। শিং—১ "উচ্ছিষ্টং নৈব ভুঞ্জীয়ান্ন কুর্য্যাৎ পাদধাবনম্।"

ধাবমান (পূর্ব্বে দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে চলিতেছে। ২। যে দৌড়িয়া যাইতেছে। শিং—১ "ধাবমানো যথামৃগঃ।"

ধাবিত (ধাবন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দ্রুতগত, যে বেগে চলিয়াছে। ২। ধৌত। ৩। (+ক্ত—ক) দ্রুতগত।

ধিক্ (ধক্ষ্ বিনাশ করা+ইক্(ডিক্)—র্ম্ম) অং, নিন্দা। ২। ভর্ৎসনা। ৩। অবজ্ঞা। শিং—১ "অহো ধিগিতি নিঃশব্দ্য হা রামেতি বিচুক্রুশুঃ।" ২। "ধিক্‌ত্বাস্তু।" ৩ "ধিগস্তু তৃষ্ণাতরলং ভবন্মনঃ।"

ধিক্কার—পুং } (ধিক্ নিন্দা—কার,
ধিক্ক্রিয়া—স্ত্রীং } ক্রিয়া করণ) সং, ধিক্ করা, ধিক্ বলা, ধিক্ শব্দ প্রয়োগ পূর্ব্বক ভর্ৎসনা করা। ২। অপকর্ম্ম করিলে বা অবমানিত হইলে ঘৃণা বা নিন্দাদের উদয়; যেমন—আমার মনে বড় ধিক্কার হইয়াছে। ৩। অবজ্ঞা। ৪। নিন্দা।

ধিক্কৃত (ধিক্ নিন্দা—কৃত [কৃ করা+ক্ত—ভাবে] করণ) সং, ক্লীং, নিন্দা। ২। ভর্ৎসনা। ৩। (কৃ করা+ক্ত—র্ম্ম) যাহা করা গিয়াছে। ৪। বিং, ত্রিং, ধিক্ শব্দ প্রয়োগ পূর্ব্বক যাহাকে কেহ ভর্ৎসনা করিয়াছে, নিন্দিত। ৫। ভর্ৎসিত। ৬। অবজ্ঞাত।

ধিগ্দণ্ড (ধিক্ ধিক্কার রূপ—দণ্ড, রং—স, মধ্যপদলোপ) সং, পুং, ধিক্ এই শব্দ প্রয়োগ পূর্ব্বক ভর্ৎসনারূপ দণ্ড, অন্যবিধ গুরুতর দণ্ড বিধান না করিয়া কেবল ভর্ৎসনা করে। শিং—১ "বাগ্দণ্ডং প্রথমং কুর্য্যাৎ ধিগ্দণ্ডং তদনন্তরম্।"

ধিষণ (ধিষণা+অ—অস্ত্যর্থে) সং, পুং, বৃহস্পতি। ২। (ধৃষ্ অহঙ্কারী হওয়া+অন(কন্)—ক, নিপাতন) ণা—স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। শিং—১ "আর্য্যপুত্রার্য্যধিষণপ্রাণনাথ শুভব্রত।"

ধিষণাধিপ (ধিষণ বুদ্ধি—অধিপ অধিপতি, ৬ষ্ঠী—য) সং, পুং, বৃহস্পতি।

ধিষ্ট্য } (ধিষ্ প্রগল্‌ভ হওয়া+ক্ত—
ধিষ্ণ্য } র্ম্ম, ষ্ণ্য। হয়-পক্ষে—ণ্য—র্ম্ম। ধিষ্ঠ শব্দও হয়) সং, ক্লীং, স্থান। ২। আসন। ৩। গৃহ। ৪। নক্ষত্র। ৫। (—ক) পুং, শুক্রাচার্য্য। ৬। অগ্নি।

ধী (ধ্যৈ চিন্তা করা+০(ক্বিপ্)—ণ) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। ২। মতি।

ধীগুণ; সং, পুং, শুশ্রূষা, শ্রবণ, গ্রহণ, ধারণ, তর্ক, বিতর্ক, অর্থবোধ, তত্ত্বজ্ঞান, এই অষ্টবিধ বুদ্ধিগুণ। শিং—১ "শুশ্রূষা শ্রবণং চৈব গ্রহণং ধারণং তথা। ঊহাপোহার্থবিজ্ঞানং তত্ত্বজ্ঞানং চ ধীগুণাঃ।"

ধীত (ধে পান করা+ত(ক্ত)—র্ম্ম। নিপাতন) বিং, ত্রিং, পীত, যাহা পান করা হইয়াছে। ২। অনাদৃত। ৩। আরাধিত।

ধীতি (ধীত দেখ, তি(ক্তি)—ভা। এ—ঈ) সং, স্ত্রীং, পিপাসা। ২। তৃষ্ণা। ৩। পান। ৪। অনাদর। ৫। আরাধনা। ৬। অঙ্গুলি।

ধীদা; সং, স্ত্রীং, কুমারি, কন্যা। ২। বুদ্ধি।

ধীন্দ্রিয় (ধী—ইন্দ্রিয়) সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়।

ধীমান্ (ধীমৎ, ধী+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, জ্ঞানী। "স্বায়ম্ভুবো মনুর্ধীমানিদংশাস্ত্রমকল্পয়ৎ।" ২। সং, পুং, বৃহস্পতি। তী—স্ত্রীং, বুদ্ধিমতী।

ধীর (ধী বুদ্ধি—রা গ্রহণ করা+অ(ড)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি কষ্ট শোক প্রভৃতিতে অত্যন্ত অভিভূত হয় না, যে কষ্ট প্রভৃতি সহ্য করিতে পারে, ধৈর্য্যশালী। ২। পণ্ডিত। শিং—১ "গতস্বার্থমিমং দেহং বিরক্তো মুক্তবন্ধনঃ। অবিজ্ঞাতগতির্জহ্যাৎ স বৈ ধীর উদাহৃতঃ।" ২"বিনাপ্যর্থৈর্ধীরঃ (বীরঃ) স্পৃশতি বহুমানোন্নতিপদম্। সমাযুক্তোঽপ্যর্থৈঃ পরিভবপদং যাতি কৃপণঃ।" ৩। বুদ্ধিমান্। ৪। যাহার স্বভাব চঞ্চল বা উদ্ধত নয়, গম্ভীর। ৫। যাহার সহসা বুদ্ধি বিপর্য্যয় ঘটে না। ৬। যাহার জ্ঞানের উদয় হইয়াছে, জ্ঞানী। ৭। স্থিরোন্নতচিত্ত। ৮। স্থির। ৯। যে সবিশেষ না বুঝিয়া সহসা কোন কর্ম্ম করে না, শান্ত, বিনীত, নম্র। ১০। মনোহর। শিং—১ "ধীরসমীরে যমুনাতীরে বসতি বনে বনমালী।" ২"মৃদঙ্গধীরধ্বনিমধ্যগচ্ছৎ।" (রঘু)। ১১। স্মিত। ১২। অক্রুত। ১৩। সমর্থ। ১৪। সারবান্। শিং—১"বিকারহেতৌ সতি বিক্রিয়ন্তে যেষাং ন চেতাংসি তএব ধীরাঃ।" ১৫। সং, পুং, বলিরাজ। ১৬। ক্লীং, কুঙ্কুম। ১৭। ক্রিং—বিং, মন্দ মন্দ, মৃদুভাবে; যেমন—ধীরে চল। রা—স্ত্রীং, নায়িকাবিশেষ, যে নায়িকার কোপ প্রকাশ বুঝিতে পারা যায় না।

ধীরতা—স্ত্রীং } (ধীর+তা, ত্ব—ভাবে) সং,
ধীরত্ব—ক্লীং } ধৈর্য্য। ২। চিত্তের স্থিরতা। ৩। সহিষ্ণুতা। ৪। গাম্ভীর্য্য। ৫। পাণ্ডিত্য। ৬। অনৌদ্ধত্য। শিং—১ "সহজামপ্যপহায় ধীরতাম্।"(রঘু)। ২ "প্রত্যাদেশান্ন খলু ভবতো ধীরতাং তর্কয়ামি।"

ধীরপ্রশান্ত (ধীর—প্রশান্ত শমতাপ্রাপ্ত) সং, পুং, নায়কবিশেষ, যাহার সামান্য গুণ অনেক আছে।

ধীরললিত (ধীর—ললিত ক্রীড়াসক্ত) সং, পুং, নায়কবিশেষ, যে নায়ক চিন্তাশূন্য নম্র এবং নৃত্যগীতাদিতে আসক্ত। তা—স্ত্রীং, ষোড়শাক্ষর পাদক ছন্দোবিশেষ।

ধীরস্কন্ধ (ধীর—স্কন্ধ কাঁধ) সং, পুং, মহিষ। ২। মস্তিষ্ক।

ধীরাধীরা (ধীরা—অধীরা) সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, যে নায়িকার কোপ প্রকাশ কিয়ৎপরিমাণে জানা যায়, আর কিয়ৎ পরিমাণে অব্যক্ত থাকে।

ধীরাবী; সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ।

ধীরোদাত্ত (ধীর—উদাত্ত দানশীল) সং, পুং, নায়কবিশেষ, যে ব্যক্তি আত্মশ্লাঘা বর্জ্জিত থাকে, হর্ষ বা শোকে অভিভূত হয় না, বিনয় দ্বারা গর্ব্বকে প্রচ্ছন্ন রাখে এবং অঙ্গীকৃত প্রতিপালন করে।

ধীরোদ্ধত (ধীর—উদ্ধত ধৃষ্ট) সং, পুং, নায়কবিশেষ, যে ব্যক্তি মায়াবী উদ্ধত চঞ্চল অহঙ্কৃত এবং আত্মশ্লাঘা বিষয়ে নিরত।

ধীলটী; সং, স্ত্রীং, দুহিতা, কন্যা।

ধীবর (ধি [মৎস্য] ধারণ করা+বর(বরচ)—ক) সং, পুং, মৎস্য ধরা ও বিক্রয় করা যে জাতির ব্যবসায়, কৈবর্ত্ত। রী—স্ত্রীং, জালিয়ানী।

ধীবা (ধীবন্, ধৃ ধরা+বন্(ক্বনিপ্)—ক। ৃ=ী। অথবা ধৈ্য চিন্তা করা) সং, পুং, ধীবর।

ধীশক্তি (ধী বুদ্ধি—শক্তি সামর্থ্য, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বুদ্ধিশক্তি, বুদ্ধিসামর্থ্য।

ধীসখ } (ধী বুদ্ধি—সখি, সচিব=বন্ধু)
ধীসচিব } সং, পুং, অমাত্য, মন্ত্রী।

ধু (ধু কাঁপা+০ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, কম্পন, কাঁপা।

ধুওন (ধৌতকরণার্থ ধাবন শব্দজ) সং, প্রক্ষালন।

ধুচনী (ধুওন শব্দজ কি ?) সং, বংশনির্ম্মিত তণ্ডুল ধৌতপাত্র।

ধুত, ধূত (ধু, ধূ কাঁপা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত। ২। ত্যক্ত। শিং—১"ধুতপাপা ভবিষ্যসি।"

ধুতি (ধু কাঁপা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, কম্প। ২। ত্যাগ। ৩। পরিহার। ৪। (ধৌত শব্দজ কি ?) সং, পুরুষের পরিধান বস্ত্র।
ধুতূরা (ধুস্তুর শব্দজ) ধুস্তুর দেখ।
ধুনন } (ধু, ধূ কাঁপা+ণিচ, [প্রেরণে] অন
ধূনন } (অনট্)—ভা) সং, ক্লীং, চালন, নাড়াচাড়া। ২। কম্পন, বিচলিত হওয়া।
ধুনান (ধু কাঁপা+আন(শান)—ক) বিং,ত্রিং, যে কাঁপাইতেছে।
ধুনি, ধুনী (ধু[কাঁপান] গমন করা+নি(নিক্)—ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, নদী। শিং—১ "সদ্যঃ পুনস্তপস্পৃষ্টাঃ স্বধুন্যাপোহনুসেবয়া।"
ধুনীনাথ (ধুনী—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরিৎপতি, সমুদ্র।
ধুন্ধু ; সং, পুং, মধুরাক্ষসের পুত্র।
ধুন্ধুমার (ধুম ধোঁয়া, দ্বিত্ব—ঋ গমন করা +অ(বণ্)—ক। নিপাতন) সং,পুং, কুবলয়াশ্ব রাজা। ২। ইন্দ্রগোপ কীট। ৩। গৃহস্থিত ধুম, ঝুল। ৪। পদালিক।
ধুম্ব } (ধু কাঁপা+অৎ(শতৃ), আন
ধুম্বান } (শান)—ক) বিং,ত্রিং, যে কাঁপাইতেছে।
ধুর্, ধুরা (ধুর্ব্ব হিংসা করা+০(ক্বিপ্)—ণ, অ, আ) সং, স্ত্রীং, ভার। শিং—১ "ধুর্য্যাণাঞ্চ ধুরোমোক্ষম্।" (রঘু)। ২। চিন্তা। ৩। ভাবনা। ৪। প্রথম। ৫। সম্মুখ। ৬। অগ্রভাগ। ৭। শকটের অগ্র। ৮। অক্ষদণ্ড। শিং—১" প্রতিগৃহাক্ষ ধুরা বহন্তি।"
ধুরন্ধর, ধুরীণ } (ধুরং ভারকে—ধর [ধৃ
ধুর্য্য, ধুর্ব্বহ } ধারণ করা+অ(খ)—ক]যে ধারণ করে। ধুর্+ঈন(খীন)—বহনার্থে। ধুর্—বহ [বহ্ বহনকরা+অ(অন্)—ক] যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যুগ্য, ভার-বাহক,বহনকারী। ২। কোন বিষয়ের ভার দিলে যে অনায়াসে তাহা সম্পন্ন করিতে পারে, কার্য্যদক্ষ। শিং—১"দুঃখং চ কালে সহতে মহাত্মা ধুরন্ধরস্তস্য জিতাঃ-সপত্নাঃ।" ৩। যাহার বিলক্ষণ ক্ষমতা আছে। ৪। বাহন। ৫। অগ্রণী, শ্রেষ্ঠ। শিং—১ "ধুরন্ধরঃ পুণ্যকৃদেষ তাপসঃ।"

ধুরি (ধুর্—সপ্তম্যন্ত) অং, অগ্রে।
ধুরীয় (ধুর্+ঈয়(খীয়)—পটুত্বার্থে) বিং,ত্রিং, ভারবহনযোগ্য। ২। কার্য্যদক্ষ। ৩। সং, পুং, অনুড্বান, বৃষ।
ধুর্য্য (ধুর্+য(ষ্য)—স্বার্থে) বিং, ত্রিং, কার্য্য-নির্ব্বাহক। শিং—১ "প্রাগলভ্যগাম্ভা ধুরি ধুর্য্যবাগ্মিনম্।"(কিরাত)। ২। ভারবাহক। ৩। প্রধান। ৪। সং, পুং, ভারবহনশীল বৃষাদি। ২। বিষ্ণু।
ধুবকা (ধু কাঁপান+অক—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গানের ধুয়া।
ধুবন (ধু কাঁপান+অন(অনট্)—ক) বিং, ত্রিং, পরিচালক। শিং—১ "অয়মকৃতি পঞ্চশরানুচরো নবনীপবনী ধুবনঃ পবনঃ।" ২। সং, পুং, অগ্নি। ৩। (+অনট্—ভা) ক্লীং, কম্পন।
ধুবিত্র (ধু কাঁপান+ইত্র—ণ) সং, ক্লীং, মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন ; উহা যজ্ঞাগ্নি প্রজ্জ্বলনেই কেবল ব্যবহৃত হয়। ২। তালবৃন্তব্যজন।
ধুস্তুর, ধুস্তূর } (ধুস্ [ধুস্ ভূষিত করা+০
ধূস্তুর, ধূস্তূর } (ক্বিপ্)—ক]=ধুস্ কমনীয় —তুর্ হিংসাকরা+অ(ক)—ক।দেখিতে সুন্দর কিন্তু প্রাণনাশক) সং, পুং, ধুতুরা গাছ।
ধূত (ধূ কাঁপা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত। শিং—১ "পবনশ্চ ধূতনবনীপবনঃ।" (মাঘ)। ২। ভৎর্সিত। ৩। নিরস্ত। ৪। ত্যক্ত। শিং—১ "পাদানতঃ কোপনয়াবধূতঃ।" (কুমার)। ৫। তর্কিত। তা—স্ত্রীং, ভার্য্যা। [পুং, ধূনা।
ধূনক (ধূ-ণিচ=ধূনি+অক(ণক)—ক) সং, ধূনা; সং, ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ।
ধূনান (ধূ-ণিচ=ধূনি কাঁপা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে কাঁপাইতেছে।
ধূপ (ধূপ্ সন্তপ্ত করা+অ(অন্)—ক) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। ২। গন্ধদ্রব্য-নির্ম্মিত বর্ত্তিকাকার বস্তু ও তদুত্থিত ধূম। ৩। (দেশজ) তরবারিবিশেষ।
ধূপন (ধূপ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ধূপদ্বারা সুগন্ধীকরণ। ২। তাপন। শিং—

১ "পরীক্ষিতাঃ স্ত্রিয়শ্চৈনং ব্যজনোদক ধূপনৈঃ।" ৩। ( +অন–ক ) পুং, ধূনা।

ধূপাঙ্গ (ধূপ–অঙ্গ অংশ) সং,পুং, তার্পিন্ তৈল। [মুদ্রাবিশেষ।

ধূপমুদ্রা ; সং, স্ত্রীং, দেবপূজাঙ্গ ধূপদানার্থ

ধূপাগুরু ; সং, ক্লীং, দাহ্য অগুরুবিশেষ।

ধূপায়িত } (ধূপ দেখ, ত(ক্ত)–র্ম্ম। আয় ধূপিত } –আগম) বিং,ত্রিং,পথশ্রান্ত। শিং–১"যবাদিনা দোহদধূপিতো ক্রমঃ।" ২। তাপিত। ৩। ধূপদ্বারা সুগন্ধীকৃত ; যথা—ধূপধূপায়িত।

ধূপিকা ( ধূপ গন্ধদ্রব্যবিশেষ+কণ্–সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা।

ধূম (ধূ কাঁপা+ম(মক্)–সংজ্ঞার্থে) সং,পুং, ধূঁয়া। শিং–১ "আগ্নেয়ৈর্ব্বে ধূমোজায়তে ধূমাদভ্রম্।" ২ "জলধর পদবীমবাপ্য ধূমোজ্বলনবিনাশমনুপ্রযাতি নাশম্।" ২। মহা আড়ম্বর।

ধূমকেতন } (ধূম–কেতন, কেতু=ধ্বজা, ধূমকেতু } ৬ষ্ঠী–হিং) সং, পুং, অগ্নি। শিং–১ "উপপ্লবায় লোকানাং ধূমকেতুরিবোত্থিতঃ।" ২। সৌরজগতের অন্তর্ব্বর্ত্তী জ্যোতিঃপদার্থবিশেষ। ৩। কেতুগ্রহ। ৪। উৎপাত-বিশেষ। শিং–১"কেতুনা ধূমকেতোস্তু নক্ষত্রাণি ত্রয়োদশ। ভরণ্যাদীনি ভিন্নানি নানুযান্তি নিশাকরম্।" ৫। কৃশাশ্বের পুত্র। ৬। বিং, ত্রিং, ধূমকেতুর ন্যায় (রক্তবর্ণ)। [পুং, মেঘ।

ধূমজ (ধূম–জন্ জন্মান+অ(ড)–ক) সং,

ধূমজাঙ্গজ ( ধূমজ মেঘ–অঙ্গ, ৬ষ্ঠী–ষ, বজ্র–জ [ জন্ জন্মান+অ(ড)–ক ] জাত, ৫মী–ষ) সং, ক্লীং, বজ্রক্ষার।

ধূমড়ী (দেশজ) বৈষ্ণবী। ২। লম্পটী,উপ-স্ত্রী।

ধূমদর্শী (–দর্শিন্, ধূম–দৃশ্ দর্শনকরা+ইন্(নিন্)–ক) বিং, ত্রিং, যে ধূমাকার দর্শন করে, দগ্ধদৃষ্টি।

ধূমধ্বজ ( ধূম–ধ্বজ ধ্বজা, ৬ষ্ঠী–হিং ) সং, পুং, অগ্নি। ২। কেতুগ্রহ। ৩। উৎপাতবিশেষ।

ধূমপ (ধূম–প [পা পান করা+অ(ড)–ক] যে পান করে) বিং, ত্রিং, তপস্যার্থধূমমাত্র পায়ী। শিং–১"পিবন্তি মুনয়োযত্র হবির্ধূমস্য ধূমপাঃ।"

ধূমপথ (ধূম ধূমোপলক্ষিত–পথ, স্বং–স, মধ্যপদলোপ) সং, পুং, পিতৃযান, কর্ম্মপ্রাপ্যমার্গ। ২। (৬ষ্ঠী–ষ) ধূমনির্গমপথ।

ধূমপায়ী (ধূমপায়িন্, ধূম–পায়ী [পা পান করা+ইন্(ণিন্)–ক] যে পান করে) বিং, ত্রিং, যে ধূম-পান করে।

ধূমপ্রভা ( ধূম–প্রভা যে দীপ্তি করে ) সং, স্ত্রীং, ধূমময় নরক।

ধূমমহিষী (ধূম–মহিষী স্ত্রী-মহিষ)সং,স্ত্রীং, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমযোনি (ধূম–যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী–হিং) সং, পুং, মেঘ। ২। অগ্নি। ৩। মুস্তক। ৪। (৬ষ্ঠী–ষ) অস্ত্র।

ধূমল } (ধূম–লা, রা গ্রহণ করা+অ(ড) ধূম্র } –ক, ২য়া–ষ) সং, পুং, কৃষ্ণলোহিতবর্ণ, বেগুণে রঙ। ২। শিব। শিং–১ "বিলোহিতস্য ধূম্রস্য নীলগ্রীবায় বৈ নমঃ।" ৩। বিং, ত্রিং, তাদৃশ বর্ণবিশিষ্ট। শিং–১ "হুতভুগ্ ধূমধূম্রীকৃতাননঃ।

ধূমসী ; সং, স্ত্রীং, নিস্তুষমাষ চূর্ণ।

ধূমা–ধূমাবতী দেখ।

ধূমাকার (ধূম–আকার) বিং, ত্রিং, যাহার আকার ধূমের ন্যায়। ২। ধূমে পরিপূর্ণ।

ধূমাক্ষ (ধূমের ন্যায় অক্ষি অক্ষ, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, ধূমাকার নেত্রবিশিষ্ট।

ধূমাঙ্গ ; সং, পুং, শিংশপাবৃক্ষ।

ধূমাভ (ধূম–আভা, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, ধূম্রবর্ণ।

ধূমাবতী (ধূম+ডাচ্=ধূমা ধূমাবিশিষ্টা অর্থাৎ তামসী শক্তি+বৎ(বতু)–অস্ত্যর্থে, ঈপ্। স্বয়ং শুদ্ধ সত্ত্বা হইয়াও জগৎসংহারের নিমিত্ত তামসশক্তি-স্বীকার-কারিণী)সং,স্ত্রীং, দশমহাবিদ্যার মধ্যে একটি, দুর্গা। একদা পার্ব্বতী মহাদেবের নিকট আহার প্রার্থনা করিলে, মহাদেব আহার দিতে বিলম্ব করেন। তাহাতে ইনি মহাদেবকেই গ্রাস করেন। তখন ইহাঁর শরীর হইতে ধূম নির্গত হইয়া ইহাঁকে বিবর্ণ করিয়া ফেলিল। মহাদেব ইহাঁর শরীরাভ্যন্তর হইতে

বলিলেন, "দেবী! যখন তুমি আমাকে ভোজন করিলে, তখন তোমার বিধবা-বেশ ধারণ করা কর্ত্তব্য। এই বেশে তুমি লোকের পূজনীয়া হও। এই মূর্ত্তি ধূমাবতী নামে বিখ্যাত হউক। মূর্ত্তি (ধ্যান) —



ধূমাবতী।

"বিবর্ণা চঞ্চলা দুষ্টা দীর্ঘা চ মলিনাম্বরা।
বিমুক্তকুন্তলা রুক্ষা বিধবা বিরলদ্বিজা॥
কাকধ্বজরথারূঢ়া বিলম্বিতপয়োধরা।
সূর্পহস্তাতিরুক্ষাক্ষা ধৃতহস্তবরান্বিতা॥
প্রবৃদ্ধঘোণা তু ভৃশং কুটিলা কুটিলেক্ষণা।
ক্ষুৎপিপাসার্দ্দিতা নিত্যভয়দাকলহাস্পদা॥"

ধূমিকা (ধূম+ইক(ষ্কিক)—তুল্যার্থে। অথবা ধূম+কণ্) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমিত (ধূম+ইত(ইতচ্)—সংজাতার্থে) বিং, ত্রিং, ধূমযুক্ত। শিং—১ "অবিষহ্যব্যসনেন ধূমিতান্।" ২। অত্যন্ত ক্রোধবিশিষ্ট। ৩। সং, পুং, দীক্ষণীয় মন্ত্রবিশেষ। ৩। সূর্য্যগম্য দিগ্বিশেষ।

ধূমী (ধূম+ইন্—বহুল্যার্থে) বিং, ত্রিং, ধূমবহুল, প্রচুর ধূমবিশিষ্ট।

ধূমোত্থ (ধূম—উত্থ, ৫মী—ষ) সং, ক্লীং, বজ্রক্ষার।

ধূমোর্ণা; সং, স্ত্রীং, যমপত্নী।

ধূম্যা (ধূম+য—সমূহার্থে) সং, স্ত্রীং, ধূমরাশি। ২। ধূমসমূহ।

ধূম্যাট (ধূম্যা ধূমসমূহ—অট্ গমন করা +অ(অন্)—ক। যে ধূমের ন্যায় যায়) সং, পুং, ফিঙ্গা পাখী।

ধূম্রক (ধূম্র+কণ্—প্রং। অথবা কৈ দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, পুং, উষ্ট্র।

ধূম্রলোচন (ধূম্র—লোচন চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কপোত, পায়রা। ২। শুম্ভ নিশুম্ভ দৈত্যের সেনাপতি। [একটী।

ধূম্রবর্ণা; সং, স্ত্রীং, অগ্নির সপ্তজিহ্বার মধ্যে

ধূম্রাক্ষ (ধূম্র—অক্ষি অক্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধূম্রবর্ণ নেত্রবিশিষ্ট। ২। সং, পুং, রাজপুত্রবিশেষ। ৩। রাবণসৈন্যান্তর্গত রাক্ষসবিশেষ।

ধূম্রার্চ্চিঃ (ধূম্রার্চ্চিস্) সং, স্ত্রীং, বহ্নির দশকলান্তর্গত কলাবিশেষ।

ধূয়মান (ধূ কাঁপান+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পমান।

ধূয়া (ধ্রুবা শব্দের অপভ্রংশ) ইহা ধ্রুবকনামেও খ্যাত। প্রাচীন মুদ্রিত বাঙ্গালা পুস্তকে "ধ্রুং" "ধ্রুবং" বা "ধূয়া" এই সঙ্কেতযুক্ত যে গীত বা গীতবৎ অংশ প্রতি অধ্যায়ের পূর্ব্বে প্রযুক্ত, তাহাই ধ্রুবক। পূর্ব্বে কাব্য সকল গীত হইত। দোহারেরা প্রতি কবিতার পর ঐ ধ্রুবক দ্বারা সুর রক্ষা করিত।

ধূর্জ্জটি (ধূর্ ত্রৈলোক্যচিন্তা, ভার—জট্ জড় করা, বহন করা+ইন্—ক, যিনি ত্রিভুবনের ভার বহন করেন, ২য়া—ষ। অথবা ধূর্ ভারভূত—জটি জটা, যাঁহার ভারভূত জটা আছে, ৬ষ্ঠী—হিং। মহাভারতে—"তিনি ধূম্ররূপ বলিয়া ধূর্জ্জটি নামে খ্যাত হইয়াছেন") সং, পুং, শিব। শিং—১ "ধূম্ররূপঞ্চ যত্তস্য ধূর্জ্জটিস্তেন চোচ্যতে।"

ধূর্ত্ত (ধূর্ব্ব্ হিংসা করা+ত(তন্)—ক) বিং, ত্রিং, শঠ, প্রবঞ্চক, কপটাচারী। "নরাণাং নাপিতোধূর্ত্তঃ পক্ষিণাং চৈব বায়সঃ। দংষ্ট্রিণাং চ শৃগালস্তু শ্বেতভিক্ষুস্তপস্বিনাম্॥" ২। সং, পুং, দ্যূতকারী, জুয়ারি।

৩। ধুস্তূরবৃক্ষ। ৪। ক্লীং, লোহার মরিচা। ৫। বিট্‌লবণ। [২। ধূর্ত্ত।

ধূর্ত্তক (ধূর্ত্ত+কণ্‌—যোগ) সং, পুং, শৃগাল।

ধূর্ত্তকৃৎ (ধূর্ত্ত হিংসা—কৃৎ [কৃ করা+০ (ক্বিপ্‌)—ক, ২য়া—ষ) বিং, ত্রিং, হিংসাকারী। ২। সং, পুং, ধুস্তূর।

ধূর্ত্তচরিত; সং, ক্লীং, ধূর্ত্তব্যবহার। ২। নাটকবিশেষ।

ধূর্ত্তজন্তু; সং, পুং, মনুষ্য।

ধূর্দ্ধর } (ধুর্‌ ভার—ধর [ধৃ ধারণ করা
ধূর্ব্বহ } +অ(অন্‌)—ক] যে ধরে,বহ [বহ্‌ বহন করা+অ(অন্‌)—ক] যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ধুরন্ধর, ভারবাহী।

ধূর্ব্বী (ধূর্ব্ব্‌ বধ করা+অ—প্রং) সং, স্ত্রীং, রথের অগ্রভাগ।

ধূলক; সং, ক্লীং, বিষ।

ধূলি—পুং } (ধূ কাঁপা+লিক্‌—সংজ্ঞার্থে)
ধূলী—স্ত্রীং } সং, ধূলা, পাংশু, রেণু; যথা—"ধূলিধসরিতঃ।"

ধূলিকা (ধূলি+কণ্‌—সাদৃশ্যার্থে। যাহা আকাশের ধূলি) সং, স্ত্রীং, কুজ্‌ঝটিকা, কুয়াসা। [ক্ষেত্র, চসা ক্ষেত।

ধূলিকুট্টিম (ধূলি—কুট্টিম) সং, ক্লীং কৃষ্ট-

ধূলিগুচ্ছক (ধূলি—গুচ্ছক ফুলের গুচ্ছ) সং, পুং, আবির, ফাগ।

ধূলিধ্বজ (Whirl-wind, ধূলি—ধ্বজ ধ্বজা) সং, পুং, ঘূর্ণাবায়ু।

ধূলীকদম্ব; সং, পুং, কদম্ববৃক্ষ।

ধূলীপটল (ধূলী—পটল রাশি) সং, পুং, উড্ডীয়মান ধূলিরাশি।

ধূসর (ধূ [মনকে] কাঁপান+সর(সরক্‌)—ক) সং, পুং, ঈষৎ পাণ্ডুবর্ণ, শুক্ল ও কাল উভয় মিশ্রিত উৎপন্ন বর্ণ। ২। উষ্ট্র। ৩। গর্দ্দভ। ৪। কপোত। ৫। তৈলকার। ৬। বিং,ত্রিং,ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট, পাঁশুটে। শিং—১"ক্লান্তং রজোধূসরকেতুসৈন্যম্‌।" ২ "ললাটিকা চন্দন ধূসরালকা।"

ধূসরিত (ধূসর+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট, যাহা দ্রব্যান্তর সংযোগে ধূসরবর্ণ হইয়াছে। শিং—১"ধূলিধসরিতঃ পলালশয়নাৎ।"

ধূসরিমা (ধূসরিমন্‌, ধূসর+ইমন্‌—ভাবার্থে) সং, পুং, ধূসরত্ব। ২। ধূসরবর্ণ।

ধূস্তূর (ধুস্তূর দেখ) সং, পুং, ধুতুরাগাছ।

ধৃত (ধৃ ধরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবলম্বিত। ২। যাহা ধারণ করা গিয়াছে, গৃহীত। শিং—১"ধ্বান্তাগারে ধৃতমণিগণঃ স্বাঙ্গমর্থপ্রদীপম্‌।" (ভাগবত)। ৩। যাহা ব্যবহার বা পরিধান করা গিয়াছে, ব্যবহৃত; যেমন—অলঙ্কার অঙ্গে ধৃত। ৪। স্থিত। ৫। স্থাপিত; যথা—তৈল ভাণ্ডে ধৃত হইয়াছে। ৬। আলোচিত,বিবেচিত; যেমন—চিত্তে ধৃত। ৭। যাহাকে ধরিয়াছে, যে ধরা পড়িয়াছে, রুদ্ধ; যেমন—চোর ধৃত হইয়াছে। ৮। (+ক্ত—ক) স্থিত। ৯। সং, পুং, ত্রয়োদশ মনুর পুত্রবিশেষ। ১০। নৃপবিশেষ। ১১। (+ক্ত—ভাবে) ক্লীং, ধারণ। ১২। গ্রহণ।

ধৃতময়ী (ধৃত+ময়(ময়ট্‌)—পূরণার্থে, ঈপ্‌) বিং, স্ত্রীং, স্থিতিম[illegible], পতনশীলা।

ধৃতরাষ্ট্র (ধৃত—রা[illegible] রাজ্য, ৩য়া—হিং) সং, পুং, বিচি[illegible]র্য্যের পুত্র। তৎপত্নী অম্বিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে ইহাঁর জন্ম। ইনি জন্মান্ধ। ইনি পাণ্ডুরাজের জ্যেষ্ঠ। ২। নাগবিশেষ। ৩। হংসবিশেষ। স্ত্রী—স্ত্রীং, হংসী। ২। কশ্যপের কন্যা।

ধৃতবর্ম্মা (—বর্ম্মন্‌, ধৃত—বর্ম্মন্‌ বর্ম্ম, ৩য়া—হিং) বিং, ত্রিং, বর্ম্মধারী। ২। সং, পুং, নৃপবিশেষ।

ধৃতব্রত (ধৃত—ব্রত, ৩য়া—হিং) বিং, ত্রিং, গৃহীতব্রত, যে ব্রত ধারণ করিয়াছে।

ধৃতাত্মা (ধৃত—আত্মা, ৩য়া—হিং) সং, পুং, বিষ্ণু। ২। বিং, ত্রিং, আত্মতত্ত্বজ্ঞ। ২। ধৈর্য্যান্বিত চিত্ত।

ধৃতি (ধৃ ধরা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ধারণ। ২। উদ্ধার। ৩। সার। ৪। ধৈর্য্য। শিং—১"ধৃতিরস্তমিতারতিশ্চ্যুতা।"(রঘু)। ৫। স্থিতি। ৬। ইচ্ছা। ৭। সন্তোষ। ৮। সুখ। ৯। যাগ। ১০। সর্ব্বত্রপ্রীতি। ১১। উৎসাহ। শিং—১ "তন্নিষ্ঠস্তৎ প্রতিষ্ঠশ্চ ধৃতেরেতদ্ধিলক্ষণম্‌।" ১২। (+ক্তি—ণ) ষোড়শ মাতৃকান্তর্গত ত্রয়োদশ মাতৃকা-

বিশেষ। ১৩। যোগবিশেষ। ১৪। অষ্টাদশ অক্ষর ছন্দোবিশেষ। শিং—১ "কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা।"
ধৃতিমতী (ধৃতিমান্ দেখ, ঈপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, ধৈর্য্যশালিনী।
ধৃতিমান ( ধৃতিমৎ, ধৃতি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধৈর্য্যশালী। শিং—১ "কৃতজ্ঞং ধৃতিমন্তঞ্চ কৃচ্ছ্র মাহুররিং বুধাঃ।" ২। সন্তুষ্ট। ৩। ধীর। ৪। পুং,নৃপবিশেষ। ৫। অজমীঢ় রাজার পৌত্র। ৬। কুশদ্বীপস্থ বর্ষবিশেষ। ৭। অগ্নিবিশেষ।
ধৃতিহোম ; সং,পুং, বিবাহাঙ্গ হোমবিশেষ।
ধৃত্বরী (ধৃ ধারণ করা+বর—প্রং। ৎ—আগম। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, পৃথিবী।
ধৃত্বা (ধৃত্বন্, ধৃ ধারণ করা+বন্(ক্বনিপ্)—ক। ৎ—আগম) সং, পুং, ধর্ম্ম। ২। ব্রাহ্মণ। ৩। সমুদ্র। ৪। আকাশ। ৫। বিষ্ণু। ৬। পণ্ডিত।
ধৃষদ্ (ধৃষ্ অভিভব করা+অদ্(অদিক্)—ক) বিং, ত্রিং, ধর্ষক।
ধৃষ্ট (ধৃষ্ প্রগলভ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নির্লজ্জ। ২। যে কোন বিষয়ে সঙ্কোচ করে না, প্রগল্ভ, উদ্ধতস্বভাববিশিষ্ট। ৩। লম্পট। ৪। সং, পুং,নায়কবিশেষ, যে নায়ক অপরাধী হইয়াও শঙ্কারহিত, তিরস্কৃত হইলেও লজ্জাহীন এবং দোষদর্শন করাইলেও মিথ্যাকথন অর্থাৎ যে বলে "এ কার্য্য আমি করি নাই," তাহার নাম ধৃষ্টনায়ক। শিং—১ "কৃতাগ্রা অপি নিঃশঙ্কস্তর্জ্জিতোঽপি ন লজ্জিতঃ। দৃষ্টদোষেঽপি মিথ্যাবাক্ কথিতো ধৃষ্টনায়কঃ।" ষ্টা—স্ত্রীং, অসতী।
ধৃষ্টতা (ধৃষ্ট+তা—ভা) সং,স্ত্রীং, নির্লজ্জতা। ২। প্রগল্ভতা, ঔদ্ধত্য।
ধৃষ্টদ্যুম্ন (ধৃষ্ট প্রগল্ভ—দ্যুম্ন বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দ্রুপদ-রাজপুত্র। দ্রুপদ রাজার যজ্ঞ হইতে ইহার জন্ম হয়, ইনি দ্রৌপদীর সহিত জন্মিয়াছিলেন।
ধৃষ্টরথ ; সং, পুং, নৃপবিশেষ।
ধৃষ্ণক্,ধৃষ্ণজ্ (ধৃষ্ণু দেখ,নজ(ঙ্নজ্)—ক) বিং, ত্রিং, প্রগল্ভ, নির্লজ্জ। ২। ধর্ষণশীল।

ধৃষ্ণি (পশ্চাৎ দেখ, নি—ণ) সং, পুং, কিরণ, আলোক।
ধৃষ্ণু (ধৃষ্ প্রগলভ হওয়া+ণু(ক্নু)—ক, শীলার্থে) বিং, ত্রিং, ধর্ষণশীল। ২। সহিষ্ণু। ৩। প্রগল্ভ। ৪। নির্লজ্জ।
ধেন (ধে পান করা+ন—সংজ্ঞার্থে। যাহা পীত হয়) সং, পুং, সমুদ্র। ২। নদ। না—স্ত্রীং, নদী।
ধেনু (ধে পান করা+নু—ক) সং, স্ত্রীং, সবৎসা গো, নবপ্রসূতা গাভী।
ধেনুক (ধেনু+কণ্—যোগ) সং, পুং, অসুরবিশেষ। শিং—১ "দারুণো ধেনুকো নাম দৈত্যো গর্দ্দভ রূপবান্।" ২। রতিবন্ধবিশেষ। শিং—১ "ন্যস্তহস্তযুগলা নিজে পদে যোষিদেতি কটিরূঢ়বল্লভা। অগ্রতো যদি শনৈরধোমুখী ধেনুকং বৃষবদুন্নতং প্রিয়ে।" ২। তীর্থবিশেষ। কা—স্ত্রীং,ধেনু। ২। হস্তিনী। ৩। পশুনায়িকা।

| | | |
|---|---|---|
| ধেনুকসূদন<br>ধেনুকহা—হন্<br>ধেনুকারি | } | (ধেনুক অসুরবিশেষ—সূদন, হন্=যে বধ করে, ২য়া—ষ। ধেনুক—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। |

ধেনুদুগ্ধ (ধেনু—দুগ্ধ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গাভির দুগ্ধ। ২। (গোদুগ্ধের ন্যায় স্বাদু বলিয়া চির্ভটী) ফুটী।
ধেনুমান্ ( ধেনুমৎ, ধেনু+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, ধেনুস্বামী। নী—স্ত্রীং, ভরতবংশীয় দেবদ্যুম্নের ভার্য্যা।
ধেনুমূল্য ; সং, ক্লীং, প্রায়শ্চিত্তরূপ ধেনুদানের নিষ্ক্রয়স্বরূপ মূল্যবিশেষ।
ধেনুষ্যা (ধেনু সবৎসা গো+য(ষৎ)—সংজ্ঞার্থে। স—আগম) সং, স্ত্রীং, যে গাভিকে বন্ধক দিয়া অর্থ গ্রহণ করে।
ধেয় (ধা ধারণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণীয়। ২। জ্ঞেয়।
ধৈনুক (ধেনুকা সবৎসা গো+অ(ক্ষ)—সমূহার্থে) সং, ক্লীং, ধেনুসমূহ।
ধৈর্য্য ( ধীর+য(ঞ্য)—ভাবে ) সং, ক্লীং, স্থিরতা, ধীরতা, নির্ব্বিকার-চিত্ততা। ২। যে গুণ থাকিলে ক্রোধ শোক ক্লেশ বিপদ যাতনা প্রভৃতি কারণে বিচলিত করিতে

পারে না, সহিষ্ণুতা। ৩। স্থিরচিত্তোন্নতি। শিং — ১"মুক্তাত্মশ্লাঘনা ধৈর্য্যং মনোবৃত্তি-রচঞ্চলা।"

ধৈবত (ধীমৎ+অ(ষ্ণ)—প্রং, নিপাতন। ধীমানেরা যাহা গান করে। অথবা ধে পান করা+ঐবত—প্রং। এই স্বর প্রধান বলিয়া ললাটে অবস্থান করে। অথবা ধাবৎ+ষ্ণ) সং, পুং, স্বরবিশেষ; নারদ-মতে ইহা অশ্বস্বর-তুল্য। তানসানমতে ভেক-স্বরতুল্য। শিং—১ "গত্বা নাভের-ধোভাগং বস্তিং প্রাপ্যোর্দ্ধগঃ পুনঃ। ধাবন্নিব চ যো যাতি কণ্ঠদেশং স ধৈবতঃ।"

ধোড় (ধু কাঁপান+ড়—প্রং) সং, পুং, ডুণ্ডুভ, ঢোঁড়া সাপ।

ধোপ (পরিষ্কারার্থধাব্‌ধাতুজ) বিং, ক্ষালিত।

ধোপা (ঐ) সং, রজক, বস্ত্রক্ষালক।

ধোয়াট (দেশজ) নদ্যাগত মৃত্তিকা। ২। ধোয়ামৃত্তিকা।

ধোরণ (ধোর্‌ গমন পটু হওয়া+অন(অনট্‌) —ণ) সং, ক্লীং, হস্তী অশ্ব রথ প্রভৃতি বাহন। ২। (+অনট্‌—ভা) অশ্বের গতি-বিশেষ।

ধোরণি—ণী (ধোর্‌ অগ্রসর হওয়া+অনি —ভাবে) সং,স্ত্রীং, কিংবদন্তী, জনশ্রুতি। ২। পরম্পরা। শিং—১ "যৈর্মাকন্দবনে মনোজ্ঞপবনে সদ্যঃস্মলম্মাধুরীধারাধোরণি ধৌতধামনি ধরাধীশত্বমালম্ব্যতে।"

ধোরিত (ধোর্‌ গমন পটু হওয়া+ত(ক্ত) —ভাবে) সং, ক্লীং, ধোরণ। ২। বধ। ৩। গতি। ৪। অশ্বের গতিবিশেষ।

ধৌত (ধাব্‌ শুদ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, ধোয়া। ২। শাণিত। ৩। মার্জ্জিত। ৪। শুভ্র। ৫। যাহা জল দ্বারা ক্ষালন করা হইয়াছে,ক্ষালিত। ৬। যাহা জলসেক দ্বারা শোধন করা হইয়াছে,শোধিত। ৭। জলাদি দ্বারা যাহার মলাপনয়ন করা হইয়াছে। শিং—১ "বিকসদ্দন্তাংশু-ধৌতাধরঃ।" ২ "যেন ধৌতা গিরঃ পুংসাং বিমলৈঃ শব্দবারিভিঃ।" ৩ "কন্যেয়ং কলধৌত কোমলরুচিঃ কীর্ত্তিস্তু নাতঃ-পরা।"(মহানাটক)। ৮। সং,ক্লীং,রজত।

ধৌতকট (ধৌত ধোয়া—কট মাদুরী) সং, পুং, মোটা সুতার থলিয়া, ব্যাগ।

ধৌতকৌষেয় (ধৌত—কৌষেয় ক্রিমিকোষ-জাত বস্ত্র, য়ং—স) সং, ক্লীং, পট্টবস্ত্র।

ধৌতয় (ধৌত—যা গমন করা+অ(ড)—ক) সং, ক্লীং, সৈন্ধব।

ধৌতরি (ধৌত—ঋ পাওয়া+ই(কি)—ক) বিং, ত্রিং, কম্পনকারক।

ধৌতশিল ধৌত নির্ম্মল—শিলা প্রস্তর) সং, ক্লীং, স্ফাটিক, স্ফটিকমণি।

ধৌমক (ধূম+অ(ষ্ণ)—ভবার্থে, কণ্‌—যোগ) বিং, ত্রিং, ধূমপ্রধান স্থানে জাত।

ধৌম্র (ধূম্র+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, ঋষি-বিশেষ। ২। বাস্তুস্থানবিশেষ। ৩। (+ষ্ণ—ভাবে) ক্লীং, ধূম্রবর্ণত্ব। ৪। বিং,ত্রিং, ধূম্রবর্ণবিশিষ্ট।

ধৌম্য; সং, পুং, ধূমর্ষির পুত্র, দেবলের যবিষ্ঠ ভ্রাতা। পাণ্ডবগণের পুরোহিত।

ধৌরিতক (ধোরিতক [ধোর+ক্ত—ভা]+অ —প্রং, কণ্‌) সং,ক্লীং,অশ্বের গতিবিশেষ।

ধৌরেয় (ধুর্‌ ভার+এয়(ঢেয়)—বহনার্থে) বিং, ত্রিং, ধুর্ব্বহ, ভারবাহী। ২। অগ্র-বর্ত্তী। ৩। সং, পুং, ভারবাহক পশু, বৃষাদি। [ধূর্ত্তত্ব, শঠতা।

ধৌর্ত্তক (ধূর্ত্ত+অ(ষ্ণ)—ভাবে, কণ্‌—যোগ)

ধৌর্য্য (ধুর্‌+য(ষ্ণ্য)—ভাবার্থে) সং, ক্লীং, অশ্বের প্রথম গতি।

ধ্মাকার (ধ্মা [ধ্মা অগ্নি সংযোগ করা+০ (ক্বিপ্‌)—ভাবে] তাওয়ান—কার [কৃ করা +অ(ষণ্‌)—ক] যে করে) সং, পুং, লোহ-কার, কামার।

ধ্মাঙ্ক্ষ (ধ্মান্‌ক্ষ্‌ ঘোর শব্দ করা+অ(অন্‌) —ক) সং, পুং, কাক। ২। মৎস্যভক্ষক-পক্ষী। ৩। ভিক্ষু। ৪। তক্ষক।

ধ্মাঙ্ক্ষপুষ্ট (ধ্মাঙ্ক্ষ—পুষ্ট, ৩য়া—ষ) সং, পুং, কোকিল।

ধ্মাঙ্ক্ষারাতি (ধ্মাঙ্ক্ষ—অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, পেচক।

ধ্মাত (ধ্মা অগ্নিসংযোগ করা, শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, বাদিত। ২। দগ্ধ। ৩। সন্ধুক্ষিত।

ধ্মা ( ধ্মান্, ধ্মাত দেখ, মন্—সংজ্ঞার্থে ) সং, পুং, পরিমাণ। ২। আলোক। ৩। ধ্যান।

ধ্যাত ( ধ্যৈ চিন্তা করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, চিন্তিত, ভাবিত। ২। স্মৃত। ৩। অনুশীলিত। ৪। ধ্যান বিষয়ীভূত। শিং —১ "তদাত্মনা ধ্যাতধবা রতে চ কা।"

ধ্যাতব্য ( ধ্যাত দেখ, তব্য—র্ম্ম ) বিং, ত্রিং, চিন্তনীয়। ২। স্মরণীয়। ৩। আলোচনীয়।

ধ্যান (ধ্যৈ চিন্তাকরা+অন(অনট্)—ভা)সং, ক্লীং, চিন্তা, এক বিষয়ক জ্ঞানধারা, অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অন্তঃকরণের বৃত্তিপ্রবাহ। ২। যোগাঙ্গবিশেষ, অন্যান্য বিষয়ের চিন্তা পরিত্যাগ পূর্ব্বক নিয়ত ধ্যেয় বস্তুর চিন্তন। শিং—১ "কারণান্যবহিষ্কৃত্য স্থাণুবন্নিশ্চলাত্মকঃ। আত্মানংহৃদয়েধ্যায়েন্নাসাগ্রন্যস্তলোচনঃ।" ২ "ব্রহ্মাত্মচিন্তাধ্যানংস্যাৎ ধারণা-মনসো ধৃতিঃ।" ৩ "দেহবন্ধশ্চিত্তধারণা তৎপ্রত্যয়ৈকতানতা ধ্যানম্।" ৪ "যম-নিয়মাসন প্রাণায়াম প্রত্যাহারধারণাধ্যান-সমাধয়ঃ।" ৫ "প্রাণায়ামস্তথা ধ্যানং প্রত্যাহারোহথ ধারণা। স্মরণং চৈব যোগেহস্মিন্ পঞ্চধর্ম্মাঃ প্রকীর্ত্তিতাঃ।" ৩। অভিনিবেশ সহকারে অভিমত বিষয়ের চিন্তা। শিং—১ "অনাক্ষিপ্তেন মনসা ধ্যানমিত্যভিধীয়তে।" ৪। গভীরচিন্তা। ৫। স্মরণ। ৬। আলোচনা।

ধ্যানাভ্যাস (ধ্যান—অভ্যাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমাধি। শিং—১ "আগমেনানুমানেন ধ্যানাভ্যাসরসেন চ। ত্রিধা প্রকল্পয়েৎ প্রজ্ঞাং লভতে যোগমুত্তমম্।"

ধ্যানিক ( ধ্যান+ইক(ঠিক)—নির্বৃত্তার্থে ) বিং, ত্রিং, ধ্যানসাধ্য। শিং—১ "ধ্যানিকং সর্ব্বমেবৈতৎ যদেতদভিশব্দিতম্।"

ধ্যাম ( ধ্যাত দেখ, ম(মক্)—র্ম্ম ) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ।

ধ্যেয় (ধ্যৈ চিন্তা করা+য—র্ম্ম) বিং,ত্রিং, ধ্যানের যোগ্য। ২। স্মরণীয়। শিং—১ "ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ।" ২ "স্মর্ত্তব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদা।" (ভাগবত)। ৩। চিন্তনীয়।

ধ্রাজি ( ধ্রজ্ গমন করা+ই—সংজ্ঞার্থে। অ=।) সং, স্ত্রীং, ঘূর্ণবায়ু, ঘুরুলিবাতাস।

ধ্রিয়মাণ ( ধৃ ধারণ করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বা যাহাকে ধারণ করা যাইতেছে।

ধ্রু (ধ্রুবা শব্দের সাঙ্কেতিক চিহ্ন) ধ্রুয়া দেখ।

ধ্রুপদ (ধ্রুবপদ শব্দজ) ইহাকে সংস্কৃতে ধ্রুবকও বলা যায়। ইহাতে প্রায়ই চারিটী তুক্ থাকে, যথা—আস্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ। কোন কোন ধ্রুপদে মিলাকুক্ নামে আরও একটি তুক্ থাকে। ইহা কেবল পুং-গায়কদিগের নিমিত্ত নির্দ্দিষ্ট হইয়াছে। "যে গীত দ্বারা দেবতাদিগের লীলা, রাজাদিগের যশঃ, অথবা প্রবল যুদ্ধাদির বিবরণ বর্ণিত হয়, যাহাতে স্বর, তাল, রাগরাগিণীর প্রগাঢ়তা, গদ্যপদ্যময় অংশ ও রচনা-গাম্ভীর্য্য সম্যগ্ভাবে বিদ্যমান থাকে, সেই সমুদায় গীতকে শাস্ত্রকর্ত্তারা ধ্রুপদ বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন। ধ্রুপদ বিস্তৃতস্বর পুংগায়ক দ্বারা বিশুদ্ধভাবে গীত হইয়া থাকে, মৃদুকণ্ঠ স্ত্রীজাতির উপযোগী নহে।"

ধ্রুব (ধ্রু স্থির হওয়া+অ(অন্)—ক) সং, পুং, নিশ্চল নক্ষত্রবিশেষ, উত্তরকেন্দ্র ও দক্ষিণকেন্দ্র সন্নিধিতে এই নামে দুইটী স্থির তারা আছে। শিং—১ "অরুন্ধতীং ধ্রুবং চৈব বিষ্ণোস্ত্রীণি পদানিচ। আসন্নমৃত্যুর্নৈপশ্যেচ্চতুর্থং মাতৃমণ্ডলম্॥ অরুন্ধতী ভবেজ্জিহ্বা ধ্রুবো নাসাগ্রমুচ্যতে। বিষ্ণোঃ পদানি ভ্রূমধ্যে নেত্রয়োর্মাতৃমণ্ডলম্।" ২। ধ্রুবগণ—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী এই চারি নক্ষত্র। ৩। (যে শাখাচ্ছেদেও স্থির হইয়া থাকে) মুড়া গাছ। ৪। ব্রহ্মা। ৫। বিষ্ণু। ৬। শিব। ৭। উত্তানপাদ-রাজার পুত্র; ইনি সুনীতিগর্ভ-জাত। ধ্রুব যোগে জন্ম হওয়াতে ইহাঁর ধ্রুব নাম হয়। ইনি বিমাতা সুরুচির দুর্ব্বাক্য-বাণে বিদ্ধ হইয়া জননীর আজ্ঞা ক্রমে তপঃসাধন পূর্ব্বক হরির কৃপা লাভ করিয়াছিলেন। ইনি ষট্‌ত্রিংশৎসহস্রবর্ষ রাজ্যসুখ সম্ভোগ

করিয়া দেহান্তে যে লোকে গমন করেন, তাহা ধ্রুবলোক। ৮। বস্তুবিশেষ। ৯। বিষুব রেখার উভয়প্রান্ত। ১০। যোগবিশেষ। ১১। শঙ্কু। ১২। স্থাণু। ১৩। নাসাগ্র। ১৪। ললাটস্থ আবর্ত্তবিশেষ। ১৫। ক্লীং, উৎপ্রেক্ষা। ১৬। নিশ্চয়। শিং—১ "যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব চ।" ১৭। বিং, ত্রিং, নিত্য, অক্ষয়। ১৮। নিশ্চিত। ১৯। দৃঢ়। ২০। স্থির। ২১। অবশ্য। বা—স্ত্রীং, গানের ধুয়া। ২। মূর্ব্বা। ৩। নীতি। ৪। স্রুক্-বিশেষ।

ধ্রুবক—গীতাঙ্গ-বিশেষ। শিং—১ "উত্তমঃ ষটপদঃ প্রোক্তো মধ্যমঃ পঞ্চমঃ স্মৃতঃ। কনিষ্ঠশ্চ চতুর্ভিঃ স্যাৎ ধ্রুবকোহয়ং ময়োদিতঃ।"

ধ্রুবকা (ধ্রুবা+কণ্—যোগ) সং, স্ত্রীং, গানের ধুয়া।

ধ্রুবরত্না; সং, স্ত্রীং, কুমারানুচর মাতৃকা-বিশেষ। শিং—১ "জয়াবতী মালতিকা ধ্রুবরত্না ভয়ঙ্করী।"

ধ্রুবরেখা (Equator) সং, স্ত্রীং, বিষুবরেখা। ২। নাড়ীমণ্ডল।

ধ্রুবলোক (ধ্রুব—লোক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধ্রুবের অবস্থানজন্য বিষ্ণুনির্ম্মিত স্বনামখ্যাত লোক, সত্যলোকান্তর্গত ধ্রুবস্থান-বিশেষ।

ধ্রুবাবর্ত্ত; সং, পুং, অশ্বের রোমসংস্থান-বিশেষ।

ধ্রৌব্য (ধ্রুব+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, স্থিরতা,নিশ্চলতা। ২। (+ষ্ণ্য—হিতার্থে) বিং, ত্রিং, ধ্রুবস্থান প্রাপক। শিং—১ "স্বর্গ্যাং ধ্রৌব্যং সৌমনস্যং প্রশস্যমঘমর্ষণং। শ্রুত্বৈতৎ (ধ্রুবচরিতম্) প্রষতোহভীক্ষ্মচ্যুতপ্রিয়চেষ্টিতম্।"

ধ্বংস—পুং } (ধ্বন্স্ বিনষ্ট হওয়া+
ধ্বংসন—ক্লীং } অ(অল্), অন(অনট্)—ভা) সং, পুং, ক্ষয়। ২। নাশ। শিং—১ "ধ্রুবং ধ্বংসো ভাবো জলনিধি মহীশৈল সরিতাম্।" ৩। হানি। ৪। পতন। ৫। খণ্ডন। ৬। গমন।

ধ্বংসকলা; সং, স্ত্রীং, হিংসা।

ধ্বংসিত (ধ্বংস দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, বিনাশিত। ২। পাতিত। ৩। খণ্ডিত।

ধ্বংসী (ধ্বংসিন্, ধ্বন্স্ বিনষ্ট হওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যাহার ধ্বংস আছে, যাহার বিনাশ ঘটে, যাহার ক্ষয় হইয়া থাকে, বিনাশশীল, নশ্বর। শিং—১ "ক্রতুধ্বংসী বৃষধ্বজঃ।" ২। যে ধ্বংস করে, নাশক।

ধ্বজ (ধ্বজ্ গমন করা+অ(অন্)—ক) সং, পুং—ক্লীং, পতাকা, নিশান। ২। চিহ্ন, লক্ষণ। শিং—১"ব্রহ্মহা দ্বাদশসমাঃ কুটীং কৃত্বা বনে বসেৎ। ভৈক্ষ্যাশ্চাত্মবিশুদ্ধার্থং কৃত্বা শবশিরোধ্বজম্।" ৩। সেনাচিহ্ন-বিশেষ। ৪। পূর্ব্বদিকের গৃহ। ৫। মেঢ্র, পুং-চিহ্ন। ৬। খট্বাঙ্গ। ৭। পুং, গর্ব্ব, অহঙ্কার। ৮। শৌণ্ডিক।

ধ্বজগ্রীব; সং, পুং, রাক্ষসবিশেষ।

ধ্বজদণ্ড; সং, পুং, পতাকাদণ্ড; ইহা রাজ-চিহ্ন বলিয়া উক্ত আছে।

ধ্বজদ্রুম (ধ্বজ পতাকা—দ্রুম বৃক্ষ) সং, পুং, তালগাছ।

ধ্বজপট; সং, পুং, ধ্বজে যোজিত চেলখণ্ড।

ধ্বজপ্রহরণ (ধ্বজ ধ্বজা—প্রহরণ [প্র—হৃ আক্রমণ করা + অন(অনট্)—ক] যে আক্রমণ করে) সং, পুং, বায়ু।

ধ্বজভঙ্গ (ধ্বজ মেঢ্র—সামর্থ্যহীনতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুরুষের অসাধারণ ইন্দ্রিয়ের শক্তিলোপ, ক্লীবত্বজনক রোগবিশেষ।

ধ্বজবজ্রাঙ্কুশ; সং, পুং, ধ্বজাকার বজ্রাকার ও অঙ্কুশাকার চিহ্ন; এই চিহ্ন কেবল ভগবান্ বিষ্ণুর চরণ-কমলে বিদ্যমান আছে।

ধ্বজবান্ (ধ্বজবৎ, ধ্বজ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কেতনবিশিষ্ট, পতাকাধারী। ২। চিহ্নযুক্ত। শিং—১ "শিরঃকপালী ধ্বজবান্ ভিক্ষাশী কর্ম্ম বেদয়ন্।"

ধ্বজারোপণ (ধ্বজ—আরোপণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবপ্রাসাদিতে মন্ত্রপূত ধ্বজ প্রোথিত করা।

ধ্বজাহৃত (ধ্বজ—আহৃত, ৭মী—ষ) বিং, ত্রিং, যুদ্ধজিত।

ধ্বজী (ধ্বজিন্, ধ্বজ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ব্রাহ্মণ। ২। পর্ব্বত। ৩। রাজা। ৪। রথ। ৫। সর্প। ৬। অশ্ব। ৭। ময়ূর। ৮। শৌণ্ডিক, শুঁড়ি। ৯। বিং,ত্রিং,ধ্বজধারী। নী—স্ত্রীং,সেনা, বাহিনী। শিং—১"মুখৈঃ প্রবৃদ্ধধ্বজিনী রজাংসিঃ।"

ধ্বজোত্থান (ধ্বজ পতাকা—উত্থান উঠা) সং, ক্লীং, শক্রোৎসব; ইহা ভাদ্র মাসের শুক্লা দ্বাদশীতে হয়। [শব্দ, ধ্বনি।

ধ্বন (ধ্বনি দেখ, অ(অল্)—ভাবে) সং, পুং,

ধ্বনন (ধ্বন্ শব্দ করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, অলঙ্কারোক্ত শব্দনিষ্ঠ ব্যাপার বিশেষ। ২। (+অনট্—ভা) অব্যক্ত শব্দ করণ।

ধ্বনমোদী (—মোদিন্, ধ্বন্ শব্দ—মোদী যে প্রফুল্লিত করে) সং, পুং, ভ্রমর।

ধ্বনি (ধ্বন্ শব্দ করা+ই—ভাবে) সং, পুং, শব্দ, নাদ। ২। মৃদঙ্গাদি শব্দ। ৩। (+ই—ক) ব্যঙ্গ্যার্থ। ৪। উত্তম-কাব্য।

ধ্বনিকাব্য; সং, ক্লীং, উৎকৃষ্ট কাব্য।

ধ্বনিকৃৎ (ধ্বনি অলঙ্কার গ্রন্থবিশেষ—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে, ২য়া—য) সং, পুং, অলঙ্কার গ্রন্থবিশেষের রচনাকারক পণ্ডিত।

ধ্বনিগ্রহ (ধ্বনি শব্দ—গ্রহ [গ্রহ্ গ্রহণ করা+অ(ড)—ক] যে গ্রহণ করে) সং, পুং, শ্রোত্র, কর্ণ। ২। শব্দজ্ঞান।

ধ্বনিত (ধ্বনি দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,শব্দিত। ২। ধ্বনিদ্বারা প্রতিপাদিত। ৩। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, শব্দ।

ধ্বনিনালা (ধ্বনি শব্দ—নালা চোঙ্গা) সং, স্ত্রীং, বীণা। ২। বেণু, বাঁশী।

ধ্বস্ত (ধ্বন্স্ বিনষ্ট হওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, যাহার ধ্বংস হইয়াছে, নষ্ট। ২। পতিত।

ধ্বাঙ্ক্ষ (ধ্বান্ক্ষ্ ঘোর শব্দ করা, আকাঙ্ক্ষা করা+অ(অন্)—ক) সং, পুং, কাক। ২। মৎস্যভক্ষকপক্ষী। ৩। নাগবিশেষ। ৪। (যে আকাঙ্ক্ষা করে) ভিক্ষুক।

ধ্বাঙ্ক্ষপুষ্ট (ধ্বাঙ্ক্ষ কাক—পুষ্ট পালিত, ৩য়া—য) সং, পুং, কোকিল।

ধ্বাঙ্ক্ষারাতি (ধ্বাঙ্ক্ষ কাক—অরাতি শত্রু, ৬ষ্ঠী—য) সং, পুং, পেচক, পেঁচা।

ধ্বান (ধ্বনি দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, নাদ।

ধ্বান্ত (ধ্বন্ শব্দ করা+ত(ক্ত)—নি,নিপাতন) সং, ক্লীং, অন্ধকার। শিং—১ "ধ্বান্তাগারে ধৃতমণিগণঃ স্বাঙ্গমর্থ প্রদীপম্।"

ধ্বান্তবিত্ত } (ধ্বান্ত অন্ধকার—বিত্ত ধন, উন্মেষ কিঞ্চিৎ প্রকাশ) সং, পুং, খদ্যোত, জোনাকিপোকা।
ধ্বান্তোন্মেষ }

ধ্বান্তারাতি } (ধ্বান্ত অন্ধকার—অরাতি, অরি—শত্রু, ৬ষ্ঠী—য) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি।
ধ্বান্তারি }

---

# ন

ন; ব্যঞ্জনের বিংশ বর্ণ; ইহার উচ্চারণস্থান দন্ত। ২। (নী পাওয়া+অ(ড)—ক) অং, না, নিষেধ। (স্বরাদি শব্দের আদিতে যোগ হইলে ইহার রূপ অন্ হয় ও ব্যঞ্জনবর্ণের পূর্ব্বে থাকিলে অ হয়) ৩। অভাব। ৪। ভেদ। ৫। সাদৃশ্য। ৬। ক্রিয়াযোগ। ৭। (নহ্ বন্ধন করা+ড—ক) সং, পুং, বৌদ্ধ। ৮। গণেশ। ৯। (+ড—ভা) বন্ধন। ১০। দান। ১১। (+ড—ধি) রণ। শিং—১ "বরং গর্ভস্রাবো বরমৃতুষু নৈবাভিগমনং।" ২ "নাস্ত্যগতির্মনোরথনাম্।"

নওবৎ—ভারতবর্ষের ঐকতান বাদনপদ্ধতি। আলেকজাণ্ডর বাদসাহ নওবতের সৃষ্টিকর্ত্তা।

নংশুক, নংটা (নংষ্টৃ, নশ্ নাশ করা+উক, তৃ(তৃন্)—ক। ম—আগম) বিং,ত্রিং,বিনাশক, নশ্বর।

নঃক্ষুদ্র (নস্ নাসিকা—ক্ষুদ্র ছোট) বিং, ত্রিং, ক্ষুদ্রনাসিক, যাহার নাক ছোট।

নকল (আরবী) সং, আদর্শ, অনুরূপ, প্রতিলিপি। ২। অনুকরণ। ৩। কৌতুক,ভাঁড়ামি।

নকিঞ্চন (ন—কিঞ্চন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,

অকিঞ্চন, সর্ব্বস্বহীন। শিং—১ "সর্ব্বকাম রসৈর্হীনাঃ স্থানভ্রষ্টা অকিঞ্চনাঃ।"

নকীব (আরবী) রাজার উপাধি ও যশো-ঘোষক অনুচরবিশেষ।

নকুট; সং, ক্লীং, নাসিকা, নাক।

নকুল (ন—কুল বংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব। শিং—১ "যুধিষ্ঠিরস্য যা কন্যা নকুলেন বিবাহিতা।" ২। বেজি, নেউল। ৩। ৪র্থ পাণ্ডব, সহদেবের সহোদর। ৪। বিং, ত্রিং, কুলহীন। ৫। (দেশজ) মাদক দ্রব্য সেবনের পর যে মুখরোচকদ্রব্য ব্যবহার করা যায়, চাট্। লী—স্ত্রীং, কুক্কুটী। ২। জটামাংসী। ৩। কুঙ্কুম।

নকুলেশ<br>নকুলেশ্বর<br>নকুলীশ } (নকুল—ঈশ, ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ। নকুলী গৌরী—ঈশ) সং, পুং, ভৈরব-বিশেষ, কাশী-ক্ষেত্রে প্রতিষ্ঠিত শিবলিঙ্গ-বিশেষ। শিং—১ "নকুলীশোঽখিম্রারূঢ়ো বামনেত্রার্দ্ধ-চন্দ্রভৃৎ।"

নক্ত (নজ্ লজ্জিত হওয়া+ত(তন্)—ক) সং, ক্লীং, রাত্রি। [বস্ত্র, নেকড়া।

নক্তক (নক্ত+কণ্—যোগ) সং, পুং, ছিন্ন-

নক্তচর<br>নক্তচারী—রিন্ } (নক্ত রাত্রিতে—চর [চর্ গমনকরা+অ(অন্)—ক], চারী [চর্+ইন্(ণিন্)—ক] যে চরে) সং, পুং, রাক্ষস। ২। বিড়াল। ৩। পেচক। ৪। চৌর। ৫। বিং, ত্রিং, রাত্রিচর।

নক্তঞ্চর (নক্তম্—চর [চর্ গমনকরা+অন্—ক] যে চরে) সং, পুং, রাক্ষস। ২। বিড়াল। ৩। পেচক। ৪। চৌর। ৫। বিং, ত্রিং, রাত্রি-চর। রী—স্ত্রীং, রাক্ষসী। ২। গুগ্গুল।

নক্তচর্য্যা; সং, স্ত্রীং, রাত্রিযোগে ভ্রমণ। শিং—১ "নক্তচর্য্যাং দিবাস্বপ্নমালস্যং পৈশুনং মদং। অতিযোগমযোগঞ্চ শ্রেয়সোঽর্থী পরিত্যজেৎ।"

নক্তচারী (—চারিন্, নক্তং—চারী [চর্ বিচরণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, রাত্রিচর। শিং—১ "দিবাচরেভ্যো ভূতেভ্যো নক্তচারিভ্য এবচ।" (মনু)।

নক্তজাত; বিং, ত্রিং, রাত্রিতে জাত।

নক্তন্দিব (নক্তম্—দিবা, দং—ষ, নিপাতন) সং, ক্লীং, অং, রাত্রিদিন, দিবারাত্র। শিং—১ "বিভজ্য নক্তন্দিবমস্তুতন্দ্রিণা।"

নক্তভোজী (—ভোজিন্, নক্ত—ভোজী [ভুজ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক] যে ভোজন করে) বিং, ত্রিং, ব্রতার্থ দিবা-ভোজন পরিত্যাগ করিয়া যে রাত্রিতে ভোজন করে, নক্তব্রতধারী।

নক্তম্ (নজ্ লজ্জিত হওয়া+তম্—ক) ক্রিং—বিং, অং, রাত্রিতে। শিং—১ "মহৌষধীর্নক্তমিবাত্মভাসঃ।" (কুমার)। ২ "তুষারমূর্ত্তেরিব নক্তমংশবঃ।" (মাঘ)।

নক্তমাল (নক্তম্—আ—অল্ ভূষা করা+অ(অন্)—ক। রাত্রিতে যে মুকুলিত হয়) সং, পুং, চিরবিল্ব, করঞ্জবৃক্ষ। শিং—১ "মরুদ্ভিরানর্ত্তিতনক্তমালে।" (রঘু)।

নক্তমুখা (নক্তম্—উখ্ [গমন করা] উৎপন্ন হওয়া+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, রজনী, রাত্রি।

নক্তব্রত; সং, ক্লীং, রাত্রিতে আচরিত নিয়ম বিশেষ; ইহাতে দিবাভোজন ত্যাগ করিয়া রাত্রির প্রথম যামে ভোজনের বিধি আছে।

নক্র (ন—ক্রম্ গমন করা+অ(ড)—ক) সং, পুং, কুম্ভীর। শিং—১ "নক্রঃ স্বস্থানমাসাদ্য গজেন্দ্রমপি কর্ষতি। স এব প্রচ্যুতঃ স্থানাচ্ছুনাপি পরিভূয়তে।" ২। জলজন্তু। ৩। ক্লীং, দ্বারের অগ্রকাষ্ঠ, ঝন্কাঠ। ক্রং—ক্লীং, ক্রা—স্ত্রীং, নাসিকা।

নক্ররাজ্<br>নক্ররাজ } (নক্র কুম্ভীর—রাজ্ বা রাজন্ রাজা) সং, পুং, হাঙ্গর।

নক্ষত্র (ন—ক্ষি ক্ষয় পাওয়া+অত্র(অত্রন্)—ক। যে ক্ষয় পায় না। কেহ বলেন নক্ষত্র দুই তকার। তন্মতে ন—ক্ষণ্ হিংসা করা; ক্ষর্ স্খলিত হওয়া; ক্ষী ক্ষয় পাওয়া+ইন্—ক। অথবা নক্ষ+অত্রন্—ক) সং, ক্লীং, তারকা, তারা। ২। অশ্বিন্যাদি সপ্তবিংশতি তারা। শিং—১ "দ্যৌঃ সচন্দ্রার্কনক্ষত্রা।" ২ "নক্ষত্র ভূষণং চন্দ্রঃ।" ৩। মুক্তা।

নক্ষত্রচক্র (নক্ষত্র—চক্র মণ্ডল) সং, ক্লীং, রাশিচক্র। ২। তন্ত্রোক্ত নক্ষত্রগ্রহযোগ-যোগী চক্রবিশেষ।

নক্ষত্রজাত (নক্ষত্র—জাত জন্ম, ৭মী-ষ) সং, ক্লীং, নক্ষত্রবিশেষে জন্ম।

নক্ষত্রদর্শ (নক্ষত্র—দৃশ্ দর্শন করা+অ (অন্)—ক) বিং, ত্রিং, নক্ষত্রদর্শক। ২। (নক্ষত্র—দৃশ্-ণি=দর্শি দেখান+অ (অন্)—ক) সং, পুং, জ্যোতির্ব্বিদ্‌বিশেষ, গণক। [বিশেষের দান।

নক্ষত্রদান; সং, ক্লীং, নক্ষত্রভেদে দ্রব্য-

নক্ষত্রনাথ (নক্ষত্র—নাথ, ৬ষ্ঠী-ষ) সং, পুং, চন্দ্র। শিং—১"নক্ষত্রনাথাংশুরিবারবিন্দে।"

নক্ষত্রনেমি (নক্ষত্র—নেমি পরিধি) সং, পুং, চন্দ্র। ২। ধ্রুবনক্ষত্র। ৩। বিষ্ণু। শিং—১ "নক্ষত্রনেমির্নক্ষত্রীক্ষমঃ ক্ষামঃ সমী-হনঃ।" স্ত্রীং, রেবতীনক্ষত্র।

নক্ষত্রপ (নক্ষত্র—প [পা পালন করা+অ (ড)—ক] যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।

নক্ষত্রবিদ্যা (Astrology) সং, স্ত্রীং, গ্রহ-নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভা-শুভ নির্ব্বাচন ও ভবিষ্যসংসূচক বিদ্যা।

নক্ষত্রমালা (নক্ষত্র—মালা) সং, স্ত্রীং, ২৭টী মুক্তার গ্রথিত হার। ২। নক্ষত্রশ্রেণী, নক্ষত্র-সমূহ। ৩। নৃত্যবিশেষ।

নক্ষত্রযাজক (নক্ষত্র—যাজক—যজ্-ণি=যাজি যাগ করান+অক(ণক)—ক) সং, পুং, নক্ষত্রদোষের শান্তিকারক ব্রাহ্মণ, অপকৃষ্ট বিপ্র। "আহ্বায়কা দেবলকা নক্ষত্র গ্রামযাজকাঃ। এতে ব্রাহ্মণচাণ্ডালা মহা-পথিক পঞ্চমাঃ।" [গ্রহের সংযোগ।

নক্ষত্রযোগ; সং, ক্লীং, নক্ষত্রভেদে ক্রূরাদি

নক্ষত্ররাজ; সং, পুং, চন্দ্র। [বিশেষ।

নক্ষত্রলোক; সং, পুং, নক্ষত্রাধিষ্ঠিত লোক-

নক্ষত্রশূল; সং, পুং, যাত্রাদি কার্য্যে নিষিদ্ধ পূর্ব্বাদি দিকে অবস্থিত নক্ষত্রবিশেষ; যথা —পূর্ব্বদিকে শ্রবণা ও জ্যেষ্ঠা, দক্ষিণে অ-শ্বিনী ও উত্তরভাদ্রপদ, পশ্চিমে রোহিণী ও পুষ্যা, উত্তরে উত্তরফল্গুনী ও হস্তা।

নক্ষত্রসত্র; সং, ক্লীং, নক্ষত্রনিমিত্ত যজ্ঞবিশেষ।

নক্ষত্রসন্ধি (নক্ষত্র—সন্ধি, ৬ষ্ঠী-ষ) সং, পুং, পূর্ব্ব নক্ষত্র হইতে পর নক্ষত্রে চন্দ্রাদি গ্রহের সংক্রমণ।

নক্ষত্রামৃত; সং, ক্লীং, [illegible] যোগকৃত অমৃতযোগ।

নক্ষত্রেশ (নক্ষত্র—ঈশ, ৬ষ্ঠী-ষ) সং, পুং, চন্দ্র, নক্ষত্রপতি। শিং—১"[illegible]-জপো গিরিপুরৌ গাঢ়াং রুচিং ধারয়ন্।" ২। কর্পূর।

নখ (ন—খন্ খনন করা+অ। অথবা ন+খ—প্রং) সং, পুং—ক্লীং, অঙ্গুলির অগ্র-ভাগস্থ অস্থিবিশেষ। শিং—১ "ন ছিন্দ্যা-ন্নখলোমানি দন্তৈর্নোৎপাটয়েন্নখান্।" ২। পুং, অংশ, খণ্ড।

নখকুট্ট (নখ—কুট্ট [কুট্ট্ কাটা+অ(অন্)—ক] যে কাটে, ২য়া—ষ) সং, পুং, নাপিত।

নখকৃন্তন (নখ—কৃৎ ছেদন করা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, নী—স্ত্রীং, নখ-চ্ছেদক অস্ত্র, নরুণ।

নখর (নখ—রা গ্রহণ করা+অ(ড)-ক) সং, পুং, নখ। (নখর শব্দ সামান্যতঃ নখবোধক, কিন্তু হিংস্র পশু পক্ষী প্রভৃ-তির তীক্ষ্ণধার সূক্ষ্মাগ্র দৃঢ় নখেই প্রযুক্ত হইয়া থাকে, যথা—সিংহের নখর, ব্যাঘ্রের নখর)।

নখরঞ্জনী (নখ—রঞ্জ-ণি=রঞ্জি রঞ্জন করা +অন(অনট্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নাপিতাস্ত্রবিশেষ, নরুণ।

নখরায়ুধ } নখায়ুধ } (নখর—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জন্তু নখর দ্বারা অস্ত্রকার্য্য নির্ব্বাহ করে, সিংহ ব্যাঘ্র কুক্কুটাদি। ২। গৃধ্র কুক্কুটাদি।

নখরাহ্ব (নখর—আ—হ্বে আহ্বানকরা+অ(ক)—ক) সং, পুং, করবীর বৃক্ষ।

নখবিষ (নখ—বিষ, যাহার নখে বিষ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, নরাদি।

নখবিষ্কির (নখ—বি—কৄ বিকীর্ণ করা+অ (ক)—ক, ষ—আগম, যে নখ দ্বারা বিক্ষে-পণ পূর্ব্বক ভোজন করে) সং, পুং, শ্যেন-পক্ষী প্রভৃতি। [সং, পুং, ক্ষুদ্র শঙ্খ।

নখশঙ্খ (নখ—শঙ্খ। নখের ন্যায় ক্ষুদ্র বলিয়া)

নখাঘাত (নখ—আঘাত, ৩য়া—ষ) সং, পুং, নখ দ্বারা আঘাত, আঁচড়ান। শিং—১ "নখাঘাতঃ প্রদাতব্যো যথাস্থানানি নর্ম্মসু।"

নখানখি ; অং, নখে নখে আঘাত পূর্ব্বক যুদ্ধ। [সং, পুং, নখরাযুধ দেখ।

নখাযুধ ( নখ—আযুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং )

নখালি (নখ—আলি শ্রেণী) সং, পুং, ক্ষুদ্র শঙ্খ। ২। নখশ্রেণী।

নখাশী ( নখাশিন্, নখ—অশিন্ যে খায়। ভোজন সময়ে ইহার নখই ব্যবহৃত হয় বলিয়া) সং, পুং, পেচক। ২। বিং, ত্রিং, নখভক্ষক।

নখী (নখিন্, নখ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, নখবিশিষ্ট, যাহার নখ আছে। শিং—১ "নখিনাঞ্চ নদীনাঞ্চ শৃঙ্গিণাং শস্ত্রপাণিনাম্। বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষুরাজকুলেষুচ।"

নখী ( নখ্ গমন করা+অ(খ)—ক ) সং, স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ।

নগ (ন—গম্ গমন করা+অ(ড)—ক) সং, পুং, বৃক্ষ। ২। পর্ব্বত। শিং—১ "নিপপাত ভূমৌ নগো নাগাগ্রাদিব বাতরুগ্ণঃ।"

নগজ ( নগ পর্ব্বত—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত ) সং, পুং, হস্তী। ২। বিং, ত্রিং, পর্ব্বতজাত, পার্ব্বতীয়। জা—স্ত্রীং, পার্ব্বতী। ২। ক্ষুদ্রপাষাণভেদালতা।

নগদ (আরবী নক্দ শব্দজ) প্রস্তুত মূল্য দিয়া ক্রয় করা। [নদী।

নগনদী ; সং, স্ত্রীং, পর্ব্বত হইতে নিঃসৃতা

নগনন্দিনী ( নগ [হিমালয়] পর্ব্বত—নন্দিনী কন্যা, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, দুর্গা।

নগপতি ( নগ—পতি, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, হিমালয়। ২। পর্ব্বতশ্রেষ্ঠ। ৩। চন্দ্র।

নগভিদ্ ( নগ—ভিদ্ [ভিদ্ ভেদ করা+০ (ক্বিপ্)—ক] যে ভেদ করে) সং,পুং,ইন্দ্র। ২। পাষাণ-ভেদনাস্ত্র। ৩। বিং, ত্রিং, পর্ব্বতভেত্তা।

নগভূ (নগ—ভূ জাত, ৭মী—ষ) সং, পুং, ক্ষুদ্র প্রস্তরবিশেষ। ২। বিং,ত্রিং, পর্ব্বতজাত।

নগর ( নগ বৃক্ষ বা পর্ব্বত+র—অস্ত্যর্থে। যেখানে পর্ব্বতের ন্যায় ঘর সকল দেখা যায়) সং, ক্লীং, রী—স্ত্রীং, যে ভূভাগে বহুসংখ্যক লোকের বাস, নানাজাতি ও নানা শিল্পবাণিজ্যাদির স্থান, শহর।

নগরকীর্ত্তন ( নগর—কীর্ত্তন, ৭মী—ষ ) সং, ক্লীং, নগরমধ্যে হরিনাম কীর্ত্তন। শিং—১ "নাচারো নাধিকারী চ ন স্থান নিয়মস্তথা। গ্রামে বা নগরে সাধুর্ব্বনে বা কীর্ত্তয়েদ্ধরিং।"

নগরঘাত ( নগর—হন্ নাশ করা+অ(ঘণ) —ক। হন্ স্থানে ঘাত) সং, পুং, হস্তী। ২। (+ঘঞ্—ভা) ক্লীং, নগরস্থ লোকের হনন।

নগরন্ধ্রকর ( নগ এস্থলে ক্রৌঞ্চ পর্ব্বত—রন্ধ্র ছিদ্র—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) সং,পুং, ক্রৌঞ্চদারণ, কার্ত্তিকেয়। শিং—১ " স নগরং নগরন্ধ্রকরৌজসঃ।" (রঘু)।

নগরপাল (নগর—পাল যে রক্ষা করে, ২য়া—ষ) সং, পুং, নগররক্ষক, চৌকীদার।

নগরমর্দ্দী (—মর্দ্দিন্, নগর—মৃদ্ মর্দ্দন করা +ইন্(ণিন্)—ক ) সং, পুং, মত্তহস্তী। ২। বিং, ত্রিং, নগরপীড়ক।

নগররক্ষী (—রক্ষিন্, নগর—রক্ষ্ রক্ষা করা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, নগরপাল।

নগরস্থ (নগর—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, যাহা নগরে থাকে। ২। নগরবাসী, নাগরিক।

নগরাদিসন্নিবেশ ; সং,পুং, নগরাদি স্থাপন।

নগরাধ্যক্ষ ( নগর—অধ্যক্ষ, ৭মী—ষ) সং, পুং, নৃপ কর্ত্তৃক নগররক্ষার্থ নিযুক্ত অধিকারিবিশেষ, নগররক্ষক।

নগরীকাক ; সং, পুং, বক।

নগরীবক (নগরী—বক) সং, পুং, কাক।

নগরীয় (নগর+ঈয়(ছীয়)—ইদমর্থে,ভবার্থে) বিং, ত্রিং, নগরসংক্রান্ত। ২। নগরস্থ। ৩। নগরোৎপন্ন।

নগরোত্থ (নগর—উৎ—স্থা উত্থিত হওয়া +অ(ক)—ক) বিং, ত্রিং, নগরোৎপন্ন।

নগরৌষধি ( নগর—ওষধি ফলপাকান্ত-বৃক্ষাদি) সং, পুং, কদলীবৃক্ষ।

নগাটন ( নগ পর্ব্বত—অট্ গমন করা+ অন(অনট্)—ক) সং, পুং, কপি, বানর।

নগাধিপ ( নগ পর্ব্বত—অধিপ প্রভু, ৬ষ্ঠী —ষ ) সং, পুং, হিমালয়।

নগাধিরাজ ( নগ—অধিরাজ, ৬ষ্ঠী—ষ ) সং,

পুং, হিমালয়। শিং—১ "অস্ত্যুত্তরস্যাং দিশি দেবতাত্মা হিমালয়ো নাম নগাধিরাজঃ।"

নগৌকাঃ (নগৌকস্, নগ বৃক্ষ, পর্ব্বত—ওকস্ গৃহ বা স্থান) সং, পুং, পক্ষী। ২। সিংহ। ৩। কাক। ৪। বানর। ৫। বিং, ত্রিং, পর্ব্বতবাসী।

নগ্ন (নজ্ লজ্জিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিবস্ত্র, উলঙ্গ, নেঙটা। ২। কষায় বস্ত্রধারী। ৩। সং, পুং, ক্ষপণক। ৪। স্তুতিপাঠক। ৫। বৌদ্ধসন্ন্যাসী।

নগ্নক (নগ্ন+কণ্—যোগ) বিং, ত্রিং, বিবস্ত্র।

নগ্নক্ষপণক; সং,পুং, কোন গ্রন্থকার ক্ষপণকদিগকে বৌদ্ধ উদাসীন এবং কেহ কেহ জৈন-উদাসীন বলিয়া উক্ত করিয়াছেন; কিন্তু আনন্দগিরিকৃত শঙ্করদিগ্বিজয়ে লেখা আছে তাহারা কালের উপাসনা করিত।

নগ্নজিৎ (নগ্ন বৌদ্ধ—জিৎ [জি জয় করা +০(ক্বিপ্)—ক] যে জয় করে) সং, পুং, নৃপবিশেষ, শ্রীকৃষ্ণপত্নী নাগজিতীর পিতা। ২। বাস্তুগ্রন্থকারক পণ্ডিতবিশেষ।

নগ্নাট (নগ্ন উলঙ্গ—অট যে গমন করে) সং, পুং, দিগম্বর, বিবস্ত্র।

নগ্নিকা (নগ্ন+কণ্—সংজ্ঞার্থে, আপ্) সং, স্ত্রীং, অপ্রাপ্তবয়স্কা। ২। অজাতরজস্কা-স্ত্রী। বিবস্ত্রা।

নগ্নীকরণ(নগ্ন—করণ। মধ্যে,ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, উলঙ্গ করা, বিবস্ত্রীকরণ।

নঙ্গ (নং বন্ধনকে—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং,পুং, জার, উপপতি, নাং।

নচিকেতাঃ (—তস্) সং,পুং,রাজশ্রবার পুত্র। ২। ঋষিবিশেষ। ৩। অগ্নি।

নচির; সং, ক্লীং, শীঘ্রকাল।

নচেৎ (ন—চেৎ যদি) অং, এ যদি না হয়, এ না হইলে, নতুবা।

নজর (আরবী ভাষা) উচ্চ পদস্থ ব্যক্তিকে যাহা উপঢৌকনস্বরূপ দেওয়া যায়। ২। দৃষ্টি। ৩। তত্ত্বাবধান।

নজরানা (নজর আরবী ভাষা—আনা পারস্য ভাষা) রাজদর্শনকালীন প্রজারা বা নিম্নপদস্থ ব্যক্তিগণ তাঁহাকে যাহা দেন, উপহার।

নজীর (আরবী, নজর শব্দজ) উদাহরণ।

নট (নট্ নৃত্য করা+অ(অন্)—ক) সং, পুং—স্ত্রীং, যে নৃত্য করে, নৃত্য করা যার ব্যবসায়, যে নৃত্য ব্যবসায় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, নর্ত্তক। ২। যে নাটকের অভিনয় করে। শিং—১ "নটা বৈতালিকাস্তত্র নর্ত্তকাঃ সূতমাগধাঃ।" ৩। (নশ্ নাশ করা+ডট্—প্রং) বর্ণসঙ্কর জাতিবিশেষ। ৪। বেশ্যা। ৫। (নষ্ট শব্দজ) রাগবিশেষ। ৬। (নষ্ট শব্দজ) বিং, ত্রিং, দুষ্ট। [কাব্যবিশেষ।

নটকমেলক; সং,ক্লীং, হাস্যরস-প্রধান দৃশ্য-

নটচর্য্যা (নট—চর্য্যা, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, নটের বাক্যাভিনয়। শিং—১ "নামাণি রূপাণি মনোবচোভিঃ সংতন্বতো নটচর্য্যামিবস্য।" [নাট্য, নৃত্য।

নটন (নট দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং,

নটভূষণ } (নট নর্ত্তক—ভূষণ, মণ্ডন=
নটমণ্ডন } আভরণ) সং, ক্লীং, হরিতাল।

নটবর (নট—বর শ্রেষ্ঠ, অত্যুত্তম, ৭মী—য) সং,পুং,নৃত্যকর্ম্মে পটু,নৃত্যব্যাপারে প্রবীণ।

নটান্তিকা (নট নৃত্য—অন্ত নাশ+কণ্—প্রং) সং, স্ত্রীং, লজ্জা।

নটী (নট দেখ,ঈপ্—স্ত্রীং) সং,স্ত্রীং,নটপত্নী, নর্ত্তকী, অভিনয়কারিণী। ২। বেশ্যা।

নটেশ্বর (নট নর্ত্তক—ঈশ্বর দেবতা, ৬ষ্ঠী—য) সং, পুং, শিব।

নট্যা; সং, স্ত্রীং, নটসমূহ।

নড় (নল্ বন্ধন করা+অ(অন্)—ক, ল=ড) সং, পুং, নল, খাকুড়া।

নড়ী (নড়শব্দজ) সং, যষ্টি, লাঠী।

নড়কীয় } (নড়+ঈয়—অস্ত্যর্থে, নড়—
নড়প্রায় } প্রায় প্রচুর) বিং, ত্রিং, নলবহুল প্রদেশ, যে স্থানে অনেক নল হয়।

নড়্যা (নড়+য—প্রাচুর্য্যার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নলসমূহ।

নড্বান্ } (নড্বৎ,নড়+বৎ(বতু)—অস্ত্যর্থে।
নড্বল } নড়+বল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নলবহুল প্রদেশ।

নত (নম নমস্কার করা, নম্র হওয়া+ত(ক) —ক) বিং, ত্রিং, যে ব্যক্তি প্রণাম করিতেছে, প্রণত। ২। যে বা যাহা নুইয়া আছে, নম্রীভূত। ৩। নিম্ন, আনত; যথা—নতশাখা। ৪। কুটিল, ঈষৎ বক্র, বাঁকা। শিং—১ "নতভ্রুবো মব্য জনাপনেয়ঃ।" ৫। জম্মনাড়িকাবিশেষ।

নতনাসিক (নত বক্র—নাসিকা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার নাক খাঁদা।

নতাঙ্গী (নত অর্থাৎ স্তনজঘনভারে নত—অঙ্গ দেহ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সন্নতগাত্রী স্ত্রী।

নতি (নত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, নমস্কার, প্রণাম। ২। নুইয়া থাকা, নমন, নম্রতা। ৩। ঈষৎ বক্রতা। ৪। আকর্ষণ।

নতুবা (ন—তু—বা) অং, নচেৎ, এ না হইলে, এ যদি না হয়। ২। অথবা।

নতোন্নত (নত—উন্নত) বিং, ত্রিং, উচ্চনীচ, নিম্নোন্নত। [বিশেষ।

নথ (নত শব্দজ কি?) সং, নাসিকাভরণ-

নদ—পুং } (নদ্ শব্দকরা+অ(অচ্)—
নদী—স্ত্রীং } ক, ঈপ্—স্ত্রীং) সং, যে জলস্রোত পর্ব্বত হ্রদ প্রভৃতি হইতে উৎপন্ন স্রোত বহিয়া বহুদূর যায় এবং অন্য প্রবল স্রোতে বা সমুদ্রে পতিত হয়, তন্মধ্যে পুরুষবাচক স্রোতবিশিষ্ট জলপ্রবাহ নদ; যথা—ব্রহ্মপুত্র, শোণভদ্র প্রভৃতি। আর স্ত্রীবাচক জলপ্রবাহ নদী, ৪ ক্রোশের অধিক বাহিনী জলনালী, যাহার জলপ্রবাহ অন্যূন ৮০০ ধেনু; যথা—গঙ্গা, যমুনা, সরস্বতী, সরযূ প্রভৃতি। (সকল জলস্রোতেরই এক এক অধিষ্ঠাত্রী দেবতা আছে, যে যে জলস্রোতের অধিষ্ঠাত্রী দেবতা পুরুষ, তাহারা নদ শব্দে উল্লিখিত; আর যাহাদের অধিষ্ঠাত্রী দেবতা স্ত্রী, তাহারা নদী শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে)। শিং—১ "প্রাক্‌স্রোতসো নদ্যঃ প্রত্যক্‌স্রোতসো নদা নর্ম্মদাং বিনেত্যাহুঃ।" ২ "ধনুঃসহস্রাণ্যষ্টৌ চ গতির্যাসাং ন বিদ্যতে। ন তা নদী শব্দবহা গর্ত্তাস্তাঃ পরিকীর্ত্তিতাঃ।"

নদৎ (পূর্ব্বে দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে শব্দ করিতেছে।

নদথু (পূর্ব্বে দেখ, অথু—সংজ্ঞার্থে) সং, মেঘ। ২। সিংহ।

নদীকদম্ব; সং, পুং, নদীসমূহ।

নদীকান্ত (নদী—কান্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরিৎপতি, সমুদ্র। স্তা—স্ত্রীং, লতা জামগাছ।

নদীকূলপ্রিয় (নদীকূল—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জলবেতস।

নদীগর্ভ (নদী—গর্ভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নদীর গর্ভ, দুই তীরের মধ্যবর্ত্তী স্থল।

নদীজ (নদী—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়, ৫মী—ষ) সং, পুং, গাঙ্গেয়, ভীষ্ম। ২। অর্জ্জুনবৃক্ষ। ৩। যাবনালশর। ৪। হিজ্জলবৃক্ষ। ৫। অগ্নিমন্থবৃক্ষ। ৬। বিং, ত্রিং, নদীহইতে উৎপন্ন।

নদীজ্ঞ (নদী—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি নদীর গতি প্রভৃতি বিশেষরূপে জানে।

নদীতরস্থান (নদী—তর পার, উত্তরণ হওন—স্থান) সং, ক্লীং, নদী পার হইবার ঘাট, পারঘাটা।

নদীধর (নদী গঙ্গা—ধর [ধৃ ধারণ করা+অ(অচ্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, গঙ্গাধর, শিব।

নদীন (নদী—ইন প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। শিং—১ "কবিতামৃতনদী নদীনঃ পর্য্যন্তে পরমপদলীনঃ প্রভবতি।" ২। বরুণ। ৩। (ন—দীন) বিং, ত্রিং, দীনভিন্ন। শিং—১ "রৈবতরণতাবমিতৈনদীনঃ।"

নদীপতি (নদী—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। ২। বরুণ।

নদীপ্রদেশ (River-Basin) যে স্থান দিয়া শাখানদী ও প্রধানা নদী সকল প্রবাহিত হয়।

নদীভব (নদী—ভূ হওয়া+অ(অল্)—ক) সং, ক্লীং, সৈন্ধব লবণ। ২। বিং, ত্রিং, নদীজাত।

নদীমাতৃক (নদী—মাতৃ মাতা+ক(কপ্)—

যোগ। যেখানে নদীই মাতাস্বরূপ হইয়াছে, ৭মী—হিং) বিং,ত্রিং, নদীজলোৎপন্ন শস্যে পালিত (দেশ)।

নদীমুখ (নদী নদীরূপ—মুখ জলনিঃসরণমার্গ, যৎ—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, নদীরূপ সমুদ্রের জলনিঃসরণ-পথ। শিং—১ "বৃদ্ধৌ নদীমুখেনৈব প্রস্থানং লবণাম্ভসঃ।" (রঘু)।

নদীবঙ্ক (নদী—বঙ্ক বাঁক) সং, পুং, নদীর [বাঁক।

নদীবট ; সং, পুং, নদী তীরজাত বটবৃক্ষ।

নদীষ্ণ (নদী—স্না স্নান করা+অ(ড)—ক) বিং, ত্রিং, যে নদীতে স্নান করে, নদীর বিশেষজ্ঞ। শিং—১ "ততো নদীষ্ণান্ পথিকান্ পিরিজ্ঞান্।"

নদ্ধ (নহ্ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, বাঁধা। শিং—১ "ধর্ম্ম্ৰীন্ধনদ্ধানাম্।" (রঘু)। ২। ব্যাপ্ত।

নদ্ধ্রী (নদ্ধ দেখ, ত্র—ণ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চর্ম্মের রজ্জু, চামের পটি।

নদ্যাম্র ; সং, পুং, সমষ্টিলাবৃক্ষ।

নদ্যুৎসৃষ্ট (নদী—উৎসৃষ্ট ত্যক্ত, ৩য়া—য) বিং, ত্রিং, নদী কর্ত্তৃক পরিত্যক্ত (চড়া)।

ননদ (ননান্দৃ শব্দজ) সং, পতির ভগিনী।

ননদিনী—ননদ দেখ।

ননন্দা—ননন্দৃ } (ন—নন্দ আনন্দিত
ননান্দা—ননান্দৃ } হওয়া+ঋ—ক। যে ভ্রাতৃজায়ার প্রতি আনন্দিত হন না) সং, স্ত্রীং, ভর্ত্তার ভগিনী, ননদ।

ননী (নবনীত শব্দজ) সং, মাখন।

ননু (ন—নুদ্ প্রেরণ করা+উ(ডু)—ক। উদ্—লোপ) অং, প্রশ্ন। ২। স্বীকার। ৩। সম্মতি। ৪। অনুজ্ঞা। ৫। সন্দেহ। ৬। সম্ভাবনা। ৭। নিশ্চয়, অবধারণ। শিং—১"উপপন্নং ননু শিবম্।" ২"ত্বয়া নিয়ম্যা ননু দিব্যচক্ষুষা।" (রঘু)। ৮। অনুনয়। শিং—১ "ননু মাং প্রাপয় পত্যুরন্তিকম্।" ৯। বিরোধ। ১০। আমন্ত্রণ। ১১। বিনয়-সম্বোধন। শিং—১"নবত্রাস্তরেণ ভুঞ্জম।" ২ "ননু মম প্রত্যক্ষং ন গতা।"

নন্দ (নন্দ্-ক্রি=নন্দি আনন্দিত হওয়া+অ (অন্)—ক) সং,পুং, কুবেরের নিধিবিশেষ। ২। কৃষ্ণের পালক পিতা। ৩। পরমেশ্বর। শিং—১ "আনন্দো নন্দনো নন্দঃ।" ৪। চন্দ্রবংশীয় নৃপবিশেষ ; চাণক্য এই নন্দবংশের উচ্ছেদ করেন। ৫। বেণুবিশেষ। ৬। কুমার-অনুচরবিশেষ। ৭। মৃদঙ্গবিশেষ। ৮। মদিরার গর্ভজাত বসুদেবের পুত্রবিশেষ। ৯। যজ্ঞেশ্বরের অনুচরবিশেষ। ন্দা—পুং, স্ত্রীং, (নন্দ্+অ(অল্)—ভা) আনন্দ।

নন্দক (নন্দ্-ক্রি=নন্দি আনন্দিত হওয়া+অক(ণক)—ণ। কৃষ্ণ অসুর বিনাশ করিয়া যাহার দ্বারা আনন্দিত হন) সং,পুং,কৃষ্ণের খড়্গ। শিং—১"নাম্নাপি তস্যৈব স নন্দকোঽভূৎ।" ২। (+ণক—ক) বিং, ত্রিং, আনন্দজনক। ৩। কুলপালক। ৪। (নন্দ+কণ্—স্বার্থে) পুং, আনন্দ। ৫। কৃষ্ণের পালক পিতা। ৬। ভেক। ৭। কুমার-অনুচরবিশেষ। ৮। ধৃতরাষ্ট্র-পুত্রবিশেষ।

নন্দকী(—কিন্,নন্দক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং,বিষ্ণু, কৃষ্ণ। শিং—১"শঙ্খভৃৎ নন্দকী চক্রী শার্ঙ্গধন্বা গদাধরঃ।"

নন্দথু (নন্দ দেখ, অথু—ভা) সং,পুং,আনন্দ। শিং—১ "যস্যাসৌ তস্য নন্দথুঃ।"

নন্দন (নন্দ্-ক্রি=নন্দি আনন্দিত করা+অন—ক) সং, পুং, পুত্র। ২। বিষ্ণু। শিং—১ "আনন্দো নন্দনো নন্দঃ।" ৩। মহাদেব। ৪। কুমার-অনুচরবিশেষ। ৫। পর্ব্বত-বিশেষ। ৬। ক্লীং, ইন্দ্রোদ্যান, মেরুর উত্তরে অবস্থিত। শিং—১"অভিজ্ঞাশ্ছদপত্রানাং ক্লিশ্যন্তে নন্দনদ্রুমাঃ।" ৭। বিং,ত্রিং, আনন্দজনক। শিং—১ "পুষ্পমদুত্তম্—মনোমোমব নন্দনম্।" ন্দা—স্ত্রীং, কন্যা। [পুং, নন্দের পুত্র, শ্রীকৃষ্ণ।

নন্দনন্দন (নন্দ—নন্দন পুত্র, ৬ষ্ঠী—য) সং,

নন্দনন্দিনী (নন্দ—নন্দিনী কন্যা) সং, স্ত্রীং, দুর্গা। [রক্ষা করে) সং, পুং, বরুণ।

নন্দপাল (নন্দ কুবেরের নিধি—পাল যে

নন্দা (নন্দ-ক্রি=নন্দি+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, জলাধার, নাদা। ২। দুর্গা। ৩। প্রতিপদ, ষষ্ঠী, একাদশী—এই তিন তিথি। ৪। ভর্ত্তৃভগিনী। ৫। নন্দ নামক

গোপালকের পালিত গাভী। ৬। তীর্থরূপ নদীবিশেষ। ন্দী—স্ত্রীং, ইন্দ্রের উদ্যান।
নন্দাত্মজ (নন্দ—আত্মজ সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ। জা—স্ত্রীং, দুর্গা।
নন্দি (নন্দ দেখ, ই—ভা) সং, পুং—ক্লীং, আনন্দ। ২। (+ই—ণ) দ্যূতাঙ্গবিশেষ। ৩। (+ই—ক) পুং,শিবের প্রধান অনুচর। ৪। জামাতৃমিত্র। ৫। মহাদেব। ৬। বিং, ত্রিং, আনন্দদায়ী।
নন্দিকা (নন্দী+কণ্—যোগ) সং,স্ত্রীং, ইন্দ্রের উদ্যান। ২। (নন্দা+কণ্—যোগ) অলিঞ্জর,জলের জালা। ৩। তিথিবিশেষ,নন্দা।
নন্দিকাবর্ত্ত ; সং, পুং, মণিবিশেষ।
নন্দিকুণ্ড (নন্দি নন্দিকৃত—কুণ্ড, ষং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, তীর্থবিশেষ।
নন্দিকেশ্বর ( নন্দিকা ইন্দ্রোদ্যান—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিবের অনুচর, নন্দী। ২। পুরাণবিশেষ।
নন্দিগ্রাম ; সং, পুং, গ্রামবিশেষ ; রামের বনবাসকালে ভরত এই গ্রামে রামের কুশপাদুকা সম্মুখে রাখিয়া রাজ্য করিয়াছিলেন। শিং—১ "নন্দিগ্রামে করোত্রাজ্যং পুরঃ কৃত্যাস্য পাদুকে।"
নন্দিঘোষ (নন্দি আনন্দযুক্ত—ঘোষ শব্দ) সং, পুং, অর্জ্জুনের রথ। ২। বন্দিগণের ঘোষণা। ৩। বিং,ত্রিং, হর্ষজনক শব্দযুক্ত।
নন্দিত (নন্দ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আনন্দিত। ২। (নন্দন দেখ, ত(ক্ত)—র্ম্ম) তোষিত।
নন্দিতূর্য্য (নন্দী নন্দিপ্রিয়—তূর্য্য, ষং—স, মধ্যপদলোপ) সং,ক্লীং, নন্দিপ্রিয় বাদ্যবিশেষ। শিং—১ "নন্দিতূর্য্যাণ্যবাদ্যন্ত তুষ্টুবুশ্চ জনার্দনম্।"
নন্দিনী ( নন্দ-ক্রি=নন্দি+ঈপ্—স্ত্রীং ) সং, স্ত্রীং,কন্যা। ২। দুর্গা। ৩। গঙ্গা। ৪। বশিষ্ঠের হোমধেনু ; দিলীপরাজ সস্ত্রীক এই নন্দিনীর সেবা করিয়াছিলেন। শিং—১ "ইতিবাদিন এবাস্য হোতুরাহুতিসাধনং। অনিন্দ্যা নন্দিনী নাম ধেনুরাববৃতে বনাৎ।" (রঘু)। ৫। অযোধ্যা। ৬। কোষাগার ব্যাড়ির মাতা। ৭। রেণুকা নামক গন্ধদ্রব্য।
নন্দিনীতনয় (নন্দিনী এই মুনির মাতা—তনয় পুত্র) সং, পুং, ব্যাড়িমুনি, প্রসিদ্ধ ব্যাকরণকর্ত্তা মুনি। [পুরাণবিশেষ।
নন্দিপুরাণ ; সং, ক্লীং, নন্দিকথিত উপ-
নন্দিবর্দ্ধন (নন্দি আনন্দ ইত্যাদি—বর্দ্ধন বৃদ্ধিকরণ) সং, পুং, শিব। ২। পুত্র। ৩। বন্ধু। ৪। পক্ষান্তর। ৫। বিং, ত্রিং, আনন্দবর্দ্ধক। শিং—১ "কৌশল্যানন্দিবর্দ্ধনো রামঃ।"
নন্দী (নন্দিন্, নন্দ আনন্দ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিবের প্রধান অনুচর ; ইনি মহাদেবের বরে শালঙ্কায়ন মুনির দক্ষিণ অঙ্গ হইতে উৎপন্ন হন। ইনি কল্পান্তরে শিলাদ মুনির যজ্ঞভূমি কর্ষণে উৎপন্ন হইয়া তাঁহার পুত্রত্ব স্বীকার করেন। ২। গর্দ্দভাণ্ডবৃক্ষ। ৩। বটবৃক্ষ। ৪। বিং, ত্রিং, আনন্দিত, আহ্লাদিত। স্ত্রীং, দুর্গা।
নন্দীমুখী ; সং, স্ত্রীং, তন্দ্রা, অবসন্নতা।
নন্দীশ / নন্দীশ্বর } (নন্দী শিবের প্রধান অনুচর—ঈশ, ঈশ্বর স্বামী) সং, পুং, শিব। ২। নন্দিকেশ্বর, নন্দী।
নন্দীসরঃ (নন্দীসরস্, নন্দী সেই উদ্যান—সরস্ সরোবর) সং স্ত্রীং, ইন্দ্রের উদ্যানস্থিত সরোবর।
নন্দ্য (নন্দ দেখ,য—র্ম্ম) বিং, ত্রিং, আনন্দার্হ, আহ্লাদের যোগ্য।
নন্দ্যাবর্ত্ত (নন্দি আনন্দ—আবর্ত্ত বাসস্থান) সং, পুং, গৃহবিশেষ। ২। মৎস্যবিশেষ। ৩। তগরবৃক্ষ। ৪। যাত্রাযোগবিশেষ।
নপরাজিৎ (ন—পরা—জি জয় করা+০ (ক্বিপ্)—র্ম্ম) সং, পুং, মহাদেব। শিং—১ "বিলোহিতায় ধূম্রায় ব্যাধায় নপরাজিতে।" [বিং, ত্রিং, অরক্ষক।
নপাৎ (ন—পা রক্ষা করা+অৎ(শতৃ)—ক)
নপুংসক (ন স্ত্রী—ন পুমান্=নপুংসক, নিপাতন। অথবা ন+পুংস্ক অর্থাৎ পুরুষ নয়) সং, পুং—ক্লীং, পুরুষ নয় অর্থাৎ যাহার পুরুষের আকার কিন্তু পুরুষত্ব নাই, যে ব্যক্তিকে স্ত্রী বা পুরুষ বলিয়া গণনা করা যায় না, যাহার স্ত্রী

অথবা পুরুষের অসাধারণ লক্ষণ নাই, ক্লীব। ২। ছিন্নমুষ্ক। ৩। সংস্কৃত ভাষায় যে সকল শব্দের রূপ পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গের ন্যায় নহে তাহাদিগকে ক্লীব ও নপুংসক কহে।

নপ্তা (নপ্তৃ, ন—পৎ পতিত হওয়া+তৃ (তৃন্)—ণ, নিপাতন। যাহার দ্বারা বংশ পতিত হয় না। সংস্কৃত=নপ্তা। লাটিন=নেপট। বাঙ্গালা=নাতি) সং, পুং, পুত্র বা কন্যার পুত্র, পৌত্র, দৌহিত্র, নাতি। প্ত্রী—স্ত্রীং, পৌত্রী, দৌহিত্রী, নাতিনী।

নফর (আরবী) ভৃত্য, দাস।

নবিশ (পারস্য, নবিস্তন্ লেখা) লিখন। ২। লেখক।

নবিসীন্দা (পারস্য,নবিস্তন্ লেখা) লেখক।

নবী (আরবী) ঈশ্বর প্রেরিত দূত।

নভ (নভ্ নষ্ট হওয়া+অ(অন্)—ক। যে প্রলয়কালেও নষ্ট হয়) সং, ক্লীং, আকাশ। ২। পুং, শ্রাবণ মাস। ৩। চাক্ষুসমন্বন্তরীয় সপ্তর্ষির মধ্যে ঋষিবিশেষ। ৪। স্বারোচিষ মনুর পুত্রবিশেষ। ৫। রামবংশীয় নৃপবিশেষ। ৬। বিং, ত্রিং, হিংসক।

নভঃক্রান্তী (নভঃক্রান্তিন্, নভস্ মেঘ—ক্রান্তিন্ যে গমন করে। যাহার মূর্ত্তি মেঘে দৃষ্ট হয়) সং, পুং, সিংহ, মৃগেন্দ্র।

নভঃপ্রাণ (নভস্ আকাশ—প্রাণ, আকাশাশ্রয় বলিয়া নভঃই যাহার প্রাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ু, পবন।

নভঃসদ্ (নভস্ আকাশ—সদ্ [সদ্ গমন করা+০(কিপ্)—ক] যে গমন করে, ৭মী—য) সং, পুং, দেবতা।

নভঃসরিৎ (নভস্ স্বর্গ—সরিৎ নদী) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

নভঃস্থল (নভস্ আকাশ—স্থল ভূমি, আকাশ যাহার স্থলের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব। শিং—১ "ঊর্দ্ধরেতা ঊর্দ্ধলিঙ্গ ঊর্দ্ধশায়ী নভঃস্থলঃ।"

নভঃস্থিত (নভস্ আকাশ—স্থিত [স্থা থাকা +ত(ক্ত)—ক] যে থাকে, ৭মী—য) বিং, ত্রিং, আকাশস্থিত (তারা গ্রহাদি)। ২। সং, পুং, নরকবিশেষ।

নভশ্চক্ষুঃ (—চক্ষুস্, নভস্ স্বর্গ—চক্ষুস্ নেত্র) সং, পুং, সূর্য্য।

নভশ্চমস (নভস্ স্বর্গ—চমস যজ্ঞপাত্রবিশেষ, হাতা ইত্যাদি) সং, পুং, চন্দ্র। ২। ইন্দ্রজাল। ৩। চিত্র অপূপ, নানাবর্ণ পিষ্টক।

নভশ্চর (নভস্ আকাশ—চর [চর্ গমন করা+অ(অন্)—ক] যে চরে, ৭মী—য) সং, পুং, পক্ষী। ২। বিদ্যাধর গন্ধর্ব্ব প্রভৃতি। ৩। বায়ু। ৪। মেঘ। ৫। সূর্য্যাদি গ্রহ। ৬। রাক্ষস। ৭। বিং,ত্রিং, আকাশগামী। শিং—১ "নিকামতপ্তা দ্বিবিধেন বহ্নিনানভশ্চরেণেন্ধনসংভৃতেন।"(কুমার)। ২ "নভশ্চরৈর্গীতযশাঃ স লেভে।"

নভগ (নভ—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, আকাশগামী। ২। (ন—ভগ ঐশ্বর্য্য, ৬ষ্ঠী—হিং) নির্ধন, ভাগ্যহীন। ৩। সং, পুং, বৈবস্বত মনুর বংশীয় রাজবিশেষ।

নভমু (নভ্ হিংসা করা+অমু—ক) সং, পুং, হিংসক।

নভস্ (নভ্ নষ্ট হওয়া+অস্(অস্)—ক। অথবা ন—ভস্ দীপ্তি পাওয়া+০(কিপ্) —ক। মেঘাচ্ছন্ন বলিয়া রবি যাহাতে দীপ্তি পায় না) সং, ক্লীং, আকাশ। ২। স্বর্গ। ৩। বয়স্। ৪। পুং, শ্রাবণমাস। ৫। বর্ষাকাল। ৬। মেঘ। ৭। পক্ষী। ৮। ঘ্রাণ।

নভস (পূর্ব্বে দেখ, অসচ্—ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, আকাশ। ২। স্বর্গ।

নভসঙ্গম (নভস আকাশ—গম্ গমন করা +অ(খ)—ক) সং, পুং—স্ত্রীং, পক্ষী।

নভস্তল (নভস্ আকাশ—তল নিম্ন) সং, ক্লীং, গগনতল, আকাশদেশ।

নভস্পৃক্ (নভস্পৃশ্, নভ—স্পৃশ্ স্পর্শ করা +০(কিপ্)—ক) বিং, ত্রিং, গগনস্পর্শী। শিং—১ "নভঃস্পৃ শৈলমহাঘোরৈঃ পরিক্ষিপ্তং মহাবনম্।"

নভস্য (নভস্ মেঘ+য(ক্য)—হিতার্থে) সং, পুং, ভাদ্রমাস। শিং—১ "প্রথমা চ দ্বিতীয়া চ নভস্যে মাসি নিশ্চিতা।" ২ "অস্য নভস্য ইব ত্রিদশায়ুধম্।"(রঘু)। ২।

স্বারোচিষ মন্থর পুত্রবিশেষ। ৩। বিং, ত্রিং, আকাশজাত।

নভস্বান্ (নভস্বৎ, নভস্+বৎ(বতু)—অ-স্ত্যর্থে। আকাশাশ্রয় বলিয়া যে আকাশ-বিশিষ্ট) সং, পুং, বায়ু। শিং—১ "মিল-ন্নিমীলং বিদধুর্ব্বিলোকিতা নভস্বতস্তং কুসুমেষু কেলয়ঃ।" ২। যুবা।

নভাক (নভ দেখ, অথবা ন না—ভা দীপ্তি পাওয়া+আক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অন্ধকার। ২। রাহু।

নভোগ (নভস্—গম্ গমন করা+অ(ড)—ক) বিং, ত্রিং, যে আকাশে গমন করে, আকাশগামী। ২। সং, পুং, দেবতা। ৩। মেঘ।

নভোগজ, নভোদুহ, নভোদ্বীপ, নভোধূম } (নভস্ আকাশ—গজ হস্তী। নভস্ বৃষ্টি—দুহ্ দোহন করা+অ(ক)—ক। নভস্ বৃষ্টি—দ্বীপ। নভস্ আ-কাশ—ধূম ধুঁয়া) সং, পুং, মেঘ।

নভোনদী (নভস্ স্বর্গ—নদী) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

নভোমণি (নভস্ আকাশ—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

নভোমণ্ডল (নভস্—মণ্ডল) সং, ক্লীং, গগন-মণ্ডল। শিং—১ "নৈতন্নভোমণ্ডলমম্বু-রাশেঃ।"

নভোমণ্ডলদীপ (নভোমণ্ডল—দীপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিং—১ "নভোমণ্ডল-দীপায় শিরোরত্নায় ধূর্জ্জটেঃ।"

নভোহম্বুপ (নভস্ আকাশ—অম্বু জল—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে) সং, পুং, চাতকপক্ষী।

নভোরজঃ (—রজস্, নভস্ আকাশ—রজস্ ধুলি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্ধকার।

নভোরেণু (নভস্ আকাশ—রেণু সূক্ষ্ম ধুলি, ৬ষ্ঠী—ষ) সং, পুং—স্ত্রীং, কুজ্-ঝটিকা, কুয়াসা। ২। অন্ধকার।

নভোলয় (নভস্ আকাশ—লয় বাসস্থান) সং, পুং, ধূম, ধুঁয়া। ২। বিং, ত্রিং, গগনলীন।

নভৌকাঃ (নভৌকস্, নভস্—ওকস্ স্থান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অন্তরীক্ষচর। শিং—১ "অন্তে চ বিবিধা জীবা জলস্থল নভৌকসঃ।"

নভ্রাট্ (নভ্রাজ্, ন না—ভ্রাজ্ দীপ্তি পাওয়া +০(কিপ্)—ক) সং, পুং, মেঘ।

নমঃ (নমস্, নম্ নমস্কার করা+অস্—ক) অং, নমস্কার। ২। ত্যাগ। ৩। রোদন। ৪। পুং, প্রণাম; যথা—গুরুবে নমঃ, গুরুকে প্রণাম করি। এই শব্দ স্থানভেদে দুইবার প্রযুক্ত হয়। শিং—১"আদিদেবায় নমোনমঃ।"

নমত (নম্ নমস্কার করা বা নম্র হওয়া+অত—সংজ্ঞার্থে) সং, পুং, প্রভু। ২। নট, নর্ত্তক। ৩। ধূম।

নমন (নম্ নম্র হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নত হওন, প্রণাম। ২। (নমি নম্র হওয়ান+অন(অনট্)—ভা) নোয়ান।

নমনীয় (নমন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নুয়াইতে পারা যায়, নমনের যোগ্য। ২। যাহাকে নম্র করিতে হইবেক বা করা আবশ্যক।

নমস (নম্ নত হওয়া+অ(অসচ্)—ক) বিং, ত্রিং, অনুকূল।

নমসান (নমস্, নাম ধাতু, আন(শান)—ক) বিং, ত্রিং, নমস্করণশীল। শিং—১ "যশ-স্বিনং নমসানা বিধেমঃ।"

নমসিত, নমস্যিত } (নমস্ নমস্কার+য—প্রং, এবং ত—যোগ। য—লোপ বিকল্পে) বিং, ত্রিং, পূজিত, অভিবাদিত।

নমস্কর্ত্তা (নমস্কর্ত্তৃ, নমস্—কৃ করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে নমস্কার করে, প্র-ণামকারক।

নমস্কার (নমস্—কার করণ) সং, পুং, প্র-ণাম, কর শিরঃ সংযোগ পূর্ব্বক নত হওয়া নতিকরণ; ইহা তিন প্রকার; কায়িক, বাচিক ও মানসিক; যথা—

"কায়িকো বাগ্ভবশ্চৈব মানসস্ত্রিবিধঃ স্মৃতঃ। নমস্কারস্তু তত্ত্বজ্ঞৈরুত্তমাধমমধ্যমঃ॥"

এই ত্রিবিধ নতি আবার উত্তম, মধ্যম ও অধম, এই তিন প্রকার হয়; যথা—১। কায়িক—হস্তপদাদি বিস্তৃত করিয়া দণ্ড-

বৎ, ভূতলে পতিত হইয়া ললাট দ্বারা ভূমি স্পর্শকেই উত্তম, ইহাকেই "দণ্ডবৎ নমস্কার" বলে। জানুদ্বয় দ্বারা ভূস্পর্শ করিয়া ভূতলে ললাট-স্পর্শ দ্বারা যে নমস্কার, তাহাই মধ্যম। কেবল করদ্বয় একত্র করিয়া ললাট স্পর্শন পূর্ব্বক যে নমস্কার তাহাই অধম। ইহাকেই চলিত ভাষায় "কুড়ুলে নমস্কার" বলে। —২। বাচিক—ভক্তিভরে স্বরচিত গদ্য, পদ্য বা সংগীতাদি দ্বারা স্তুতি পূর্ব্বক যে নমস্কার, তাহাই বাচিকের মধ্যে উত্তম। বৈদিক বা পৌরাণিক স্তোত্র পাঠ দ্বারা যে নমস্কার, তাহা মধ্যম। অভীষ্ট উল্লেখ পূর্ব্বক চলিত ভাষায় যে নমস্কার, তাহাই অধম। ৩। মানস—ইষ্ট, মধ্য ও অনিষ্ট-গত মনোবেদ-জ্ঞাপনরূপ ত্রিবিধ মানস নমস্কার উত্তম মধ্যম ও অধম নামে প্রসিদ্ধ। রাত্রে নমস্কার বা আশীর্ব্বাদ করিতে নাই। যদিই করিবার নিতান্ত প্রয়োজন হয়, "প্রাতঃ" শব্দ যোগ করিয়া করিবে; যথা—"রাত্রৌ নৈব নমস্কুর্য্যাত্তে-নাশীরভিচারিকা। অতঃ"প্রাতঃ"পদং দত্ত্বা প্রযোক্তব্যৌ চ তে উভে।" (মহাভারত)।

নমস্কারী; সং, স্ত্রীং, লজ্জালুবৃক্ষ। ২। নমস্য ব্যক্তি বা নমস্যা নারীকে প্রদেয় বস্ত্র। (বিবাহাদি মাঙ্গলিক ক্রিয়ার পর দেশীয় প্রথানুসারে বর কন্যা নমস্কারী প্রদান করিয়া থাকে)।

নমস্কার্য্য (নমস্—কৃ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, নমস্কারের যোগ্য, নমস্য।

নমস্কৃত (নমস্—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নমস্কার করা গিয়াছে।

নমস্য (নমস্+ক্য=নমস্য+য—র্ম্ম, যোগ্যার্থে) বিং, ত্রিং, পূজনীয়। ২। প্রণম্য। ৩। নমস্কারের যোগ্য। শিং—১ "অতিথির্নমস্যঃ" স্যা—স্ত্রীং, (নমস্য+অ—ভাবে) নমস্কারের যোগ্যা, বন্দনীয়া। ২। সং, স্ত্রীং, পূজা, অর্চ্চনা। ৩। নতি।

নমাজ (পারস্য) মুসলমানদিগের উপাসনা; ইহা দিনের মধ্যে পাঁচবার করিতে হয়।

নমিত (নমি নম্র হওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রণমিত, নমস্কৃত। শিং—১ "সুধীঃ কোচা কৌপীনপি নমিত মূর্দ্ধা ন পবতি।" (বিদগ্ধমাধব)। ২। যাহাকে নুয়ান গিয়াছে, যাহাকে নম্র করা গিয়াছে, বক্রীকৃত।

নমুচি (ন—মুচ্ মোচন করা+ই(কি)—ক, যে কাহাকে ত্যাগ করে না) সং, পুং, কন্দর্প। ২। অসুরবিশেষ, দনুর পুত্র।

নমুচিসূদন } (নমুচি অসুরবিশেষ—সূদন
নমুচিদ্বিট্ } যে নাশ করে, ২য়া—ষ। নমুচিদ্বিষ্, নমুচি—দ্বিষ্ যে দ্বেষ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র। শিং—১ "বিগৃহ্য চক্রে নমুচিদ্বিষা বলী।" (মাঘ)। ২। শিব।

নমুনা (পারস্য) আদর্শ।

নমেরু (ন না—মেরু পর্ব্বত। অথবা নম্+এরু—ক) সং, পুং, রুদ্রাক্ষ। শিং—১ "গণা নমেরুপ্রসবাবতংসাঃ।" ২। সুর-পুন্নাগবৃক্ষ।

নম্য (নম্ নম্র হওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, নমনীয়, যাহাকে নোয়াইতে পারা যায়, নত করিবার যোগ্য।

নম্র (নম্ নমস্কার করা+র—ক,শীলাদ্যর্থে) বিং, ত্রিং, যাহার ধৃষ্টতা অহঙ্কার বা ঔদ্ধত্য নাই, নত, প্রণত। ২। বিনীত, শিষ্ট। ৩। নরম, কোমল, অকঠিন। ৪। যাহা নুইয়া আছে, নিম্ন, আনত।

নম্রক (নম্র—কৈ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, বেতসবৃক্ষ। ২। (নম্র+কণ্—স্বার্থে) বিং, ত্রিং, নমনকারক।

নম্রতা (নম্র+তা—ভাবে) সং, স্ত্রীং, নম্রভাব, বিনীতভাব। ২। শিষ্টতা, সুশীলতা। ৩। কোমলতা। ৪। নিম্নতা, আনত অবস্থা।

নম্রমুখ (নম্র—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে নিম্নদিকে মুখ করিয়া আছে, আনত-মুখ।

নয় (নী লওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, উপদেশ। ২। নীতি। শিং—১ "বিষয়োঽপি বিগাহ্যতে নয়ঃ।" ৩। (+অ—ণ) নীতিশাস্ত্র। ৪। দ্যূতক্রীড়া-ন

বিশেষ। ৫। ( + অল্—র্থ ) বিং, ত্রিং, ন্যায্য, উপযুক্ত। ৬। (নবন্ শব্দজ) বিং, নব সংখ্যা।

নয়ন (নী লওয়া + অন(অনট্)—ণ। যাহার দ্বারা রূপ প্রাপ্ত হওয়া যায়) সং, ক্লীং, চক্ষুঃ। শিং—১ "নয়নান্যরুণানি ঘূর্ণয়ন্ বচনানি স্খলয়ন্ পদে পদে।" ২। (+ অনট্—ভাবে) প্রাপণ, লইয়া যাওয়া। ২। যাপন, কাটান। নী—স্ত্রীং, চক্ষুর তারা।

নয়নাভিঘাত ; সং, ক্লীং, চক্ষুরোগবিশেষ।

নয়নাভিরাম (নয়ন—অভি—রম্-ঞি=রামি প্রীতি উৎপাদন করা + অ(অন্)—ক)সং, পুং, চন্দ্র। শিং—১ "আয়ুক্ষয়ঞ্চ কুরুতে নয়নাভিরামঃ।" ২। বিং, ত্রিং, নয়ন প্রীতিকর, প্রিয়পাত্র।

নয়নোৎসব ( নয়ন চক্ষুঃ—উৎসব, ৫মী—ষ্টিং) সং, পুং, প্রদীপ, আলোক। ২। চক্ষুর আনন্দ।

নয়নোপান্ত ; সং, পুং—ক্লীং, অপাঙ্গ।

নয়পীঠী ; সং, স্ত্রীং, দ্যূতক্রীড়াঙ্গ পীঠ, পুক্। [নীতিমার্গ।

নয়বর্ত্ম (নয় নীতি—বর্ত্ম পথ) সং, ক্লীং,

নয়বিদ্ (নয়—বিদ্ [বিদ্ জানা + ০(ক্বিপ্)—ক] যে জানে, ২য়া—ষ) সং, পুং, নীতিজ্ঞ, নীতিশাস্ত্রবিদ্।

নয়বিশারদ ( নয়—বিশারদ, ৭মী—ষ ) নয়বিদ্ দেখ।

নয়া (নবশব্দজ) নূতন।

নর (নৃ লওয়া, পাওয়া + অ(অন্)—ক। যে ভাবাদিক কিম্বা আত্মার উন্নতি পায়) সং, পুং, মনুষ্য, মানুষ, পুরুষ। শিং—১ "নরাণাঞ্চ নরাধিপঃ।" ২ "বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ নরেষু ব্রাহ্মণাঃ স্মৃতাঃ।" ২। অর্জুন। ৩। বিষ্ণু। ৪। ঋষিবিশেষ। ৫। বিষ্ণুর অবতারবিশেষ ; বিষ্ণু ধর্ম্মের ঔরসে দক্ষ-কন্যা মূর্ত্তির গর্ভে নর ও নারায়ণ এই মূর্ত্তিদ্বয়ে অবতীর্ণ হইয়াছিলেন। ইহাঁরা উভয়ে ঋষিরূপে ঘোরতর তপস্যা করিয়াছিলেন ; যথা—"ধর্ম্মস্য দক্ষদুহিতর্য্যজনিষ্ট মূর্ত্ত্যাং নারায়ণোনর ইতি স্বতপঃপ্রভাবঃ।" ২ "তুর্য্যে ধর্ম্মকলাসর্গে নরনারায়ণৌ বৃষী। ভূত্বাত্মোপশমোপেতমক রোদ্‌দুশ্চরং তপঃ।" (ভাগবত)। পুরাণান্তরে নরনারায়ণের উৎপত্তি প্রকারান্তরে নির্দ্দিষ্ট আছে—মহাদেব সরভরূপ পরিগ্রহ করিয়া দন্তাগ্রভাগ প্রহার দ্বারা বিষ্ণুর নরসিংহ মূর্ত্তি দুই খণ্ড করেন। তাহার নরভাগ দ্বারা নর ও সিংহভাগ দ্বারা এই দুই দিব্যরূপী ঋষির উৎপত্তি হয় ; যথা—১ "সরভো ভগবান্ ভর্গো দ্বিধা মধ্যে চকারহ। নরসিংহে দ্বিধাভূতে নরভাগেন তস্য তু॥ নর এব সমুৎপন্নো দিব্যরূপী মহানৃষিঃ। তস্য পঞ্চাস্যভাগেন নারায়ণ ইতি শ্রুতঃ॥ অভবৎ স মহাতেজাঃ মুনিরূপী জনার্দ্দনঃ। নরোনারায়ণশ্চোভৌ সৃষ্টিহেতু মহামতীঃ। যয়ো প্রভাবো দুর্দ্ধর্ষঃ শাস্ত্রে বেদে তপঃসুচ॥" ( কল্কিপুরাণ )। ২"নরনারায়ণৌ যৌ তৌ পুরাণাবৃষিসত্তমৌ। তাবিমাবমুজানীহি হৃষীকেশ ধনঞ্জয়ৌ।" ৬। পরমাত্মা। শিং—১ "নয়তীতি নরঃ প্রোক্তঃ পরমাত্মা সনাতনঃ।" ৭। শম্ভু। রী—স্ত্রীং, নারী।

নরক ( নৃ লওয়া + অক—ধি। যেখানে পাপিদিগকে লওয়া যায়) সং, পুং—ক্লীং, নিরয়, দুঃখভোগের স্থান। ২। (নর মনুষ্য—ক মস্তক) পুং, দৈত্যবিশেষ ; বরাহ অবতার বিষ্ণুর ঔরসে পৃথিবীর গর্ভে ইহাঁর জন্ম হয়। ইনি শিশুকালে একদিন মৃত নরমুণ্ড প্রাপ্ত হইয়া তাহার উপর নিজ মস্তক স্থাপন করিয়া রোদন করিতেছিলেন দেখিয়া ইহাঁর এই নাম রক্ষিত হয়। শিং—১ "নরস্য শীর্ষে স্বশিরো নিধায় স্থিতবান্ যতঃ। তস্মাৎ তস্য মুনিশ্রেষ্ঠৌ নরকং নাম বৈ ব্যধাৎ।" ৩। (নর + কণ্—স্বার্থে) নর।

নরককুণ্ড ; সং, ক্লীং, সংযমনী পুরীস্থ যাতনাময় স্থানবিশেষ।

নরকজিৎ (নরক দৈত্যবিশেষ—জিৎ [জি জয় করা + ০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

নরকদেবতা ; সং, স্ত্রীং, নিরয়দেবী, অলক্ষ্মী।

নরকপাল ; সং, পুং — ক্লীং, মড়ার মাথা।
নরকভূমি (নরক — ভূমি, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, যাতনাবিশেষের ভোগযোগ্য স্থান।
নরকমুক্ত (নরক — মুক্ত, ৫মী — ষ) বিং, ত্রিং, নরক হইতে নিস্তার প্রাপ্ত, নরক হইতে উত্তীর্ণ।
নরকস্থ (নরক — স্থ [স্থা থাকা + অ(ড) — ক] যে থাকে) বিং, ত্রিং, যে নরকে থাকে, কর্ম্মদোষে যাহাকে নরকে থাকিতে হয়। স্থা — স্ত্রীং, বৈতরণী নদী।
নরকান্তক (নরক — অন্তক নাশকারী) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
নরকাময় (নরক — আময়, ৬ষ্ঠী — হিং) সং, পুং, প্রেত। ২। (যুং — স) নরকরূপ রোগ।
নরকীলক (নর মানবজাতি — কীল শঙ্কু + কণ্ — প্রং) সং, পুং, গুরুঘ্ন, গুরুহত্যাকারী।
নরকেশরী (কেশরিন্, নর — কেশরী। হিরণ্যকশিপু বধকালে ভগবানের অর্দ্ধাঙ্গ নরাকার ও অর্দ্ধাঙ্গ সিংহাকার হইয়াছিল বলিয়া) সং, পুং, নৃসিংহদেব। ২। মানবশ্রেষ্ঠ।
নরঙ্গ (নৃ লইয়া যাওয়া + অঙ্গ — সংজ্ঞার্থে) সং, পুং, ব্রণ, ফোড়া। ২। ক্লীং, মেঢ্র।
নরদেব (নর — দেব। মনুষ্যের মধ্যে দেবতার ন্যায় মান্য, ৬ষ্ঠী — ষ) সং, পুং, রাজা, নৃপ। শিং — ১ "দদর্শ দেবৎ নরদেবসম্ভবঃ।" (রঘু)। ২ "ভূমিদেব নরদেবসঙ্গমে।" (মাঘ)। ২। ব্রাহ্মণ।
নরদ্বিট্ (— দ্বিষ্, নর — দ্বিষ্ দ্বেষ করা + ০ (ক্বিপ্) — ক) সং, পুং, রাক্ষস। শিং — ১ "ব্রহ্মাস্ত্রং তেন মূর্দ্ধানমদধ্বংসন্নরদ্বিষঃ।"
নরনারায়ণ (নর — নারায়ণ, দ্বং — স) সং, পুং, দ্বিং, বদরিকাশ্রমস্থ ঋষিদ্বয়, কৃষ্ণার্জ্জুন। (নর শব্দ দেখ)।
নরন্ধি (নর — ধা স্থাপন করা + ই(কি) — ধি। যাহাতে মানবগণ স্থাপিত হয়) সং, পুং, সংসার।
নরপতি (নর — পতি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, রাজা, নৃপতি। শিং — ১ "নরপতি কুলভূত্যৈ গর্ভমাধত্ত রাজ্ঞী।" (রঘু)।
নরপশু (নর — পশু, ৭মী — ষ) সং, পুং, পশুর তুল্য মনুষ্য, মনুষ্যাধম। ২। পুরুষরূপ পশু।
নরপুঙ্গব ; সং, পুং, নরশ্রেষ্ঠ।
নরভূ (নর মনুষ্য — ভূ ভূমি। নরভূমি শব্দও হয়) সং, স্ত্রীং, ভারতবর্ষ। ২। নরের উৎপত্তি।
নরম (নম্র শব্দজ) বিং, ত্রিং, কোমল, অকঠিন। ২। সহজ।
নরমালা (নর এস্থলে নরমুণ্ড — মালা) সং, স্ত্রীং, মনুষ্যের মুণ্ডে নির্ম্মিত মালা। শিং — ১ "বিচিত্রখট্বাঙ্গধরা নরমালা বিভূষণা।"
নরমেধ (নর — মেধ যজ্ঞ। যাহাতে নরহত্যা করিয়া আহুতি দেয়) সং, পুং, যজ্ঞবিশেষ।
নরযন্ত্র ; সং, ক্লীং, ছায়া দ্বারা কালসাধক দ্বাদশাঙ্গুল কীলরূপ শঙ্কু যন্ত্র।
নরযান (নর নরবাহ্য — যান, মুং — স, মধ্যপদলোপ) সং, ক্লীং, নরবাহ্য যানবিশেষ। শিং — ১ "নরযানেন তু জ্যেষ্ঠঃ পিতা পার্থস্য ভারত।"
নরলোক (নর — লোক ভুবন) সং, পুং, মনুষ্যলোক, মর্ত্তলোক। শিং — ১ "আকৃষ্ট লীলান্ নরলোকপালান্।" (রঘু)।
নরবাহন (নর — বাহন, ৬ষ্ঠী — হিং। মহাদেব ইহাঁকে নরযুক্ত শিবিকা দান করেন বলিয়া ইহাঁর নাম নরবাহন) সং, পুং, কুবের। ২। বিং, ত্রিং, মনুষ্য-বাহ্য যান।
নরবিষণ (নর — বিষণ [বি — ষন্ হিংসা করা + অ(অন্) — ক] যে গ্রাস করে) সং, পুং, রাক্ষস। ২। হিংসক।
নরসিংহ (নর — সিংহ, যাহার অর্দ্ধাঙ্গ মনুষ্যের ন্যায়, এবং অর্দ্ধাঙ্গ সিংহের ন্যায়) সং, পুং, নৃসিংহ অবতার, হিরণ্যকশিপুর বধার্থ নারায়ণের চতুর্থ অবতার। ২। (নর — সিংহ শ্রেষ্ঠ) মনুষ্যশ্রেষ্ঠ।
নরহরি (নর — হরি সিংহ) সং, পুং, নৃসিংহ অবতার।
নরাঙ্কিতন্যায় — ন্যায় (৩১) দেখ।
নরাধম (নর — অধম নীচ, ৭মী — ষ) সং, পুং, নরের মধ্যে অধম, মনুষ্যের মধ্যে হেয়,

যাহার স্বভাব আচার ও চরিত্র অতি মন্দ। শিং—১ "অজ্ঞানোপহিতো বাল্যে যৌবনে বনিতাহতঃ। শেষে কলত্র চিন্তার্ত্তঃ কিং করোতি নরাধমঃ।" [নৃপতি।

নরাধিপ (নর—অধিপ স্বামী) সং, পুং,

নরান্তক (নর—অন্তক নাশকারী) সং, পুং, যম। ২। রাক্ষসবিশেষ, রাবণপুত্র। ৩। বিং, ত্রিং, নরঘাতী।

নরায়ণ (নর—অয়ন গমন, ৫মী—হিং) সং, পুং, নারায়ণ দেখ।

নরাশ (নর—অশ্ ভোজন করা+অ(অন্)—ক) সং, পুং, রাক্ষস। শিং—১ "যাবম্রাশৈর্নরিপুঃ শবাশান্।" (ভট্টি)।

নরাসন ; সং, ক্লীং, নরাকার আসন।

নরিষ্যন্ত ; সং, পুং, বৈবস্বতমনুর পুত্রবিশেষ।

নরুণ (নখরঞ্জনী শব্দজ) সং, নখচ্ছেদনাস্ত্র।

নরেন্দ্র (নর—ইন্দ্র শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, নরশ্রেষ্ঠ, নৃপ। শিং—১ "নরেন্দ্রকন্যাস্তমবাপ্যসৎপতিম্।" ২। বিষবৈদ্য। ৩। গ্রহাদিনিবারক বৈদ্যবিশেষ।

নরেন্দ্রমার্গ (নরেন্দ্র—মার্গ পথ) সং, পুং, রাজপথ, প্রকাশ্য রাস্তা।

নরেশ, নরেশ্বর } (নর—ঈশ, ঈশ্বর স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নরপতি, রাজা।

নরোত্তম (নর—উত্তম, ৭মী—ষ) সং, পুং, পুরুষোত্তম নারায়ণ। ২। নৃপ। ৩। হরিভক্তি পরায়ণ সাধকবিশেষ। শিং—১ "যঃ স্বকাৎ পরতোবেহ জাতনির্বেদ আত্মবান্। হৃদি কৃত্বা হরিং গেহাৎ প্রব্রজেৎ স নরোত্তমঃ।" ২ "নরাণাঞ্চ নরোত্তমঃ।"

নর্কুটক ; সং, ক্লীং, নাসিকা, নাক।

নর্ত্তক (নৃৎ নৃত্য করা + অক(ষক)—ক, শিল্পীঅর্থে) সং, পুং, যে নৃত্য করে, নৃত্য করা যার ব্যবসায়, নৃত্য ব্যবসায় দ্বারা যে জীবিকানির্ব্বাহ করে। শিং—১ "অসম্বদ্ধপ্রলাপী চ সদা ভ্রূকুটিতৎপরঃ। হাসপ্রহাসচতুরো বাচালো নৃত্যকোবিদঃ।" ২ "যাদৃশং নৃত্যপাত্রস্যাদ্গীতযোজ্যঞ্চ তাদৃশং। নৃত্যস্য ধারণাৎ পাত্রং নর্ত্তকঃ পরিকীর্ত্তিতঃ।" ২। সঙ্কীর্ণজাতিবিশেষ। শিং—১ "বেশ্যায়াং রজকাজ্জাতো নর্ত্তকো গায়কো ভবেৎ।" ৩। হস্তী। ৪। ময়ূর। ৫। বিং,ত্রিং, নৃত্যকারক। কী—স্ত্রীং, নটী। ২। হস্তিনী। ৩। ময়ূরী।

নর্ত্তন (নর্ত্তক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, নৃত্য, নাচ।

নর্ত্তনপ্রিয় (নর্ত্তন—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, নৃত্যপ্রিয়।

নর্ত্তনশালা ; সং, স্ত্রীং, নৃত্যগৃহ, নাচ্ঘর। শিং—১ "যৈষা নর্ত্তনশালেহ মৎস্য রাজায়কারিতা।"

নর্ত্তিত (নর্ত্তি নৃত্যকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত, আন্দোলিত। ২। যাহাকে নাচান গিয়াছে। ৩। যে নাচিতেছে, যে নাচিতে আরম্ভ করিয়াছে। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, নর্ত্তন।

নর্দ্দটক ; সং,ক্লীং, সপ্তদশাক্ষর ছন্দোবিশেষ।

নর্দ্দমা (দেশজ) সং, পয়নালা, প্রণালী।

নর্দ্দিত (নর্দ্দ্ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতনাদ, শব্দিত। ২। স্তুত। ৩। (+ক্ত—ভাবে) ক্লীং শব্দকরণ।

নর্দ্দী (নর্দ্দিন্, নর্দ্দ্ শব্দ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, শব্দকারক। ২। শ্লাঘাকারী।

নর্ম্ম (নর্ম্মন্, নৃ লওয়া+মন্—ণ) সং, ক্লীং, ক্রীড়া। ২। কৌতুক, পরিহাস। ৩। বিহার। ৪। প্রিয়। শিং—১ "স তত্র নর্ম্মসংযুক্তমকরোৎ পাণ্ডবো বহু।"

নর্ম্মকীল (নর্ম্মন্ বিহার—কীল শঙ্কু) সং, পুং, স্বামী।

নর্ম্মট (নর্ম্মন্—অট্ যে গমন করে, নিপাতন) সং, পুং, সূর্য্য। ২। খোলা, খাপ্‌রা।

নর্ম্মঠ (নর্ম্মন্ ক্রীড়া+ঠ—তচ্চেষ্টার্থে। অথবা—স্থা থাকা+অ(ড)—ক, নিপাতন) বিং, ত্রিং, ক্রীড়ারত। ২। সং, পুং, স্তনের অগ্রভাগ। ৩। লম্পট।

নর্ম্মদ (নর্ম্মদা দেখ) সং, পুং, ক্রীড়াসচিব। ২। বিং, ত্রিং, পরিহাসদায়ক।

নর্ম্মদা (নর্ম্মন্ কেলি—দা দান করা+অ(ড)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বিন্ধ্য পর্ব্বত হইতে নির্গত নদীবিশেষ, রেবানদী;

বায়ুপুরাণমতে—ঋক্ষ পর্ব্বত হইতে ইহা নির্গত হইয়াছে। ইহার উৎপত্তিস্থান গণ্ডোয়ানা প্রদেশ।

নর্ম্মসচিব (নর্ম্মন্ বিহারাদি—সচিব মন্ত্রী, ৬ষ্ঠী—ষ+য়ং—স), সং, পুং, ক্রীড়াসচিব, মোসাহেব, পারিষদ। ২। ভাঁড়।

নল (নল্ বন্ধন করা+অ(অন্)—ক) সং, পুং, শর, খাক্ড়া। ২। অন্তঃশূন্য গোলাকার দ্রব্যবিশেষ, চোঙ্গা। ৩। ডাঁটা। ৪। নিষধরাজ, দময়ন্তীর পতি, নল নামক নরপতি। শিং—১ "নলো দ্বাবেব বিখ্যাতো পুরাণে ভরতর্ষভ। বীরসেনাত্মজশ্চৈব যশ্চেক্ষ্বাকুকুলোদ্বহঃ।" ৫। সূর্য্যবংশ নৃপবিশেষ। ৬। বানরবিশেষ। ৭। পিতৃলোকবিশেষ। ৮। দৈত্যবিশেষ। ৯। ক্লীং, পদ্ম। ১০। সৌরভ। লী—স্ত্রীং, ডাঁটা। ২। নল। ৩। নাড়ী। ৪। সুগন্ধিদ্রব্যবিশেষ।

নলক (নল+কণ্—সাদৃশ্যার্থে। অথবা কৈ দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, ক্লীং, শাকাদির ডাঁটা। ২। অস্থিবিশেষ, সচ্ছিদ্র অস্থি। ৩। নল। ৪। পাব।

নলকিনী (নলক+ইন্—প্রং, ঈপ্। নিম্নভাগে যেখানে অস্থি সকল সংযোজিত আছে) সং, স্ত্রীং, জঙ্ঘা।

নলকীল (নল নল সদৃশ অস্থি—কীল শঙ্কু) সং, পুং, জানু, হাঁটু।

নলকূবর (নল—কূবর শরীর। নল রাজার ন্যায় যাহার শরীর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুবেরের পুত্র। প্রথিত আছে—দেবর্ষি নারদ কৈলাস-সন্নিহিত গঙ্গাতীরস্থ উপবনে সুরাপানোন্মত্ত নলকূবর ও মণিগ্রীবকে নগ্নবেশে রমণীগণের সহিত বিহার করিতে দেখিয়া তাহাদিগকে শাপপ্রদান করেন। সেই শাপে তাহারা বৃন্দাবনে যমলার্জ্জুনবৃক্ষরূপে সমুৎপন্ন হয়। পরে শ্রীকৃষ্ণের চরণস্পর্শে তাহারা মুক্তিলাভ করে। অন্যদা পূর্ব্বোক্ত কারণেই আর এক সময় ইহাঁকে, ইহাঁর পদ্মিনী ও চনাম্নী পত্নীদ্বয়ের সহিত মর্ত্ত্যলোকে নররূপে আনয়ন করেন। ইনি ভবানন্দ মজুন্দার ও ইহাঁর পত্নীদ্বয় চন্দ্রমুখী ও পদ্মমুখী নামে জন্মগ্রহণ করেন। শিং—১ "ধনাধিপত্যং সখ্যঞ্চ রুদ্রে নামিততেজসা। সুরত্বং লোকপালত্বং পুত্রঞ্চ নলকূবরম্।"

নলদ (নল সুগন্ধ—দ [দা দান করা+অ(ড)—ক] যে দেয়, ২য়া—ষ) সং, ক্লীং, বেণার মূল, খস্খসিয়া। ২। পুষ্পক রথ। ৩। মকরন্দ। ৪। (নল—দা দান করা+ড—ক) বিং, ত্রিং, নলদাতা।

নলপট্টিকা (নল—পট্ট বস্ত্র+কণ্—সাদৃশ্যার্থে, আপ্) সং, স্ত্রীং, নল-নির্ম্মিত মাদুর, নলের চেটাই।

নলমীন (নল নলাশ্রয়—মীন, য়ং—স, মধ্যপদলোপ) সং, পুং, মৎস্যবিশেষ, চিঙ্গড়ী।

নলসেতু (নল নলকৃত—সেতু, য়ং—স, মধ্যপদলোপ) সং, পুং, সমুদ্রোপরি নলবানরকৃত সেতু। শিং—১ "দশযোজন বিস্তারমায়তং শতযোজনম্। নলসেতুরিতি খ্যাতো যোঽদ্যাপি প্রথিতো ভুবি।"

নলিকা (নলী+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, সুগন্ধি দ্রব্যবিশেষ। ২। বৃক্ষবিশেষ। ৩। নাড়ী। ৪। নল। ৫। ডাঁটা। ৬। চোঙ্গা। ৭। তূণ। [—স্ত্রীং, নালিতা শাক।

নলিত (নল দেখ, ত(ক্ত)—ক) সং, পুং, তা

নলিন (নল্ [বন্ধন করা] উজ্জ্বল হওয়া+ইন—ক। অথবা নল নাল+ইন—প্রং) সং, ক্লীং, পদ্ম। ২। জল। ৩। নীলগাছ। ৪। শৈবাল। ৫। পুং, সারস পক্ষী। নী—স্ত্রীং, পদ্মিনী, পদ্মসমূহ। শিং—১ "ন পর্ব্বতাগ্রে নলিনী প্ররোহতি।" ২ "বিমানৈর্নলিনৈরিব।" ২। যে স্থানে যথেষ্ট পদ্ম জন্মে, কমলাকর। ৩। স্বর্গঙ্গা। ৪। পঞ্চদশবর্ণযুক্ত চরণবিশিষ্ট ছন্দ।

নলিনীনন্দন (নলিনী—নন্দ্ আনন্দিত করা+অন(অনট্)—ক। নলিনীদ্বারা যে আনন্দিত করে) সং, ক্লীং, দেবোদ্যানবিশেষ। শিং—১ "নলিনীনন্দনং বনম্।"

নলিনীরুহ (নলিনী—রুহ যে উৎপন্ন হয়) সং, ক্লীং, মৃণাল। ২। পদ্মযোনি, ব্রহ্মা।

নলিনেশয় (নলিনে পদ্মে—শয় [শী শয়ন করা+অ(অন্)—ক] যে শয়ন করে) সং, পুং, নারায়ণ, বিষ্ণু।

নলী, নলি (নলশব্দজ) সং, বস্ত্রবপনের নিমিত্ত সূত্রপূর্ণ নল। [শিবলিঙ্গবিশেষ।
নলেশ্বর; সং, পুং—ক্লীং, নলরাজার স্থাপিত
নল্ব (নল্ নলতুল্য দীর্ঘ হওয়া+ব—প্রং) সং, পুং, চারিশত হস্ত পরিমিত স্থান।
নল্ববর্ত্মগা (নল্ব—বর্ত্মন্ পথ—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং, স্ত্রীং, কমলালেবুর গাছ।
নব (নু স্তব করা ইত্যাদি+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, নূতন, নবীন। শিং—১ "কুসুমজন্ম ততো নবপল্লবা।" (রঘু)। ২। (+অল্—ভা) সং, পুং, স্তব। ৩। (নবন্ শব্দজ) নয় সংখ্যা।
নবক (নব+কণ্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, নবসংখ্যা। ২। বিং, ত্রিং, নবসংখ্যান্বিত।
নবকারিকা (নব নূতন—কারিকা কর্ত্রী) সং, স্ত্রীং, নবোঢ়া। ২। নূতনকারিকা।
নবগ্রহ (নবন্ নয়—গ্রহ) সং, পুং, হা—বহুং, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু—এই নয় গ্রহ।
নবগ্ব (নব—গম্ গমন করা+ব(ড্)—ক) বিং, ত্রিং, নবমাসে ফলপ্রাপ্ত হইয়া উত্থিত। ২। নবীনগতিযুক্ত।
নবচত্বারিংশৎ (নব নবাধিক—চত্বারিংশৎ স্বং—স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, উনপঞ্চাশ সংখ্যা, ৪৯।
নবচ্ছাত্র; সং,পুং,প্রথমাধ্যয়নে প্রবৃত্ত ছাত্র।
নবচ্ছিদ্র (নব—ছিদ্র, ৭মী—হিং) সং, ক্লীং, দেহ।
নবজ্বর; সং, পুং, তরুণজ্বর।
নবত (নব নূতন—তন্ বিস্তার করা+অ—প্রং) সং, পুং, কুথ, হস্তী প্রভৃতির পৃষ্ঠে আস্তরণার্থ চিত্রিত কম্বল বা বস্ত্র।
নবতি (নবন্ নয়+অতি—প্রং, অথবা নবন্ নয়বার—দশন্ দশ, নিপাতন) সং,স্ত্রীং, নব্বই সংখ্যা, ৯০। ২। বিং, ত্রিং, তৎসংখ্যাযুক্ত। শিং—১ "ইত্থং দ্বিতীয়ো নবতিং নবাধিকাম্।" (রঘু)।
নবতিকা (নবতি নব্বই [কেশ]+ক(কণ্)—প্রং। অথবা নব—তিক্ গমন করা+অ(ক)—ক, আপ্) সং, স্ত্রীং, তূলিকা, তূলী।

নবদণ্ড; সং, ক্লীং, রাজচ্ছত্রবিশেষ।
নবদল (নব নূতন—দল পত্র) সং, ক্লীং নূতনপত্র; নূতন পদ্মপত্র; পদ্মের কেশর সমীপস্থ পত্র।
নবদশ (নব নবাধিক—দশন্ দশ, দ্বং—স, মধ্যপদলোপ) সং, পুং, উনিশ সংখ্যা ১৯। ২। বিং, ত্রিং, উনবিংশতি সংখ্যা বিশিষ্ট। [সং, পুং, মঙ্গলগ্রহ
নবদীধিতি (নবন্ নয়। দীধিতি কিরণ
নবদুর্গা; সং, স্ত্রীং, শৈলপুত্রী, ব্রহ্মচারিণী চন্দ্রঘণ্টা, কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদা—এই নয় দুর্গামূর্ত্তি।
নবদ্বার (নবন্ নয়—দ্বার) সং, ক্লীং, কর্ণদ্বয় চক্ষুর্দ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু, উপস্থ—দেহস্থ এই নয় দ্বার।
নবধা (নবন্ নয়+ধাচ্—প্রকারার্থে) ক্রিং—বিং, অং, নয় প্রকার। ২। নয়বার। শিং—১ "নবধা গুণিতা নিত্যা।"
নবধাতু; সং, পুং, হেমতারারনাগাশ্চ তাম্র রঙ্গে চ তীক্ষ্ণকং। কাংস্যঞ্চ কান্তলোহঞ্চ ধাতবো নবকীর্ত্তিতাঃ।"
নবম্ (নু স্তব করা+অ অন্)—র্ম্ম। সংস্কৃত নবন্: পারসীক=নোহ। গ্রীক=হেনিয়া। লাটিন্=নবেন্। জর্ম্মেন্=নয়িন্। ইংরেজী=নাইন্। বাঙ্গালা=নয়) বিং, ত্রিং, বহুং, নয় সংখ্যা, ৯।
নবনবতি (নব নবাধিক—নবতি, দ্বং—স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, নিরানব্বই সংখ্যা, ৯৯। ২। বিং, ত্রিং, তৎসংখ্যাযুক্ত।
নবনী (নব নূতন—নী লওয়া+০(ক্বিপ্)—র্ম্ম) সং, স্ত্রীং, ননী, মাখন। শিং—১ "অহো হৈয়ঙ্গবীনানাং নবনীনাং পরং মুদা। লুড্ডুকানাং শর্করাণাং স্বস্তিকানাঞ্চ যত্নতঃ।"
নবনীত (নব নূতন—নীত। দুগ্ধ হইতে যাহা লওয়া যায়) সং, ক্লীং, ননী, মাখন। শিং—১ "নবনীতং যথা দধ্নো দ্বিপদাং ব্রাহ্মণো যথা।" ২ "নবনীতসমাং বাণীং কৃত্বা চিত্তং তু নির্দ্দয়ম্।" [ক্লীং, ঘৃত।
নবনীতক (নবনীত+কণ্—সংজ্ঞার্থে) সং,

নবপত্রিকা ; সং, স্ত্রীং, কদলী দাড়িমী ধান্য হরিদ্রা কচু মানকচু বিল্ব অশোক জয়ন্তী,—এই নব-পত্রযুক্তা স্ত্রী-মূর্ত্তি। ২। দুর্গাদি-যন্ত্রা নবদুর্গা। দুর্গোৎসব উপলক্ষে সপ্তমী-পূজার পূর্ব্বে এতদ্দেশে নবপত্রিকা প্রবেশের নিয়ম আছে।

নবপাঠক ; সং, পুং, নবীন অধ্যাপক।

নবপ্রাশন (নব নবান্ন—প্রাশন ভোজন, ৬ষ্ঠী—ষ, মধ্যপদলোপ) সং, ক্লীং, নবান্ন-ভোজন।

নবফলিকা (নব নূতন—ফল+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, যে স্ত্রীর প্রথমবার ঋতু হইয়াছে। ২। নবোঢ়া।

নববধূ (নব—বধূ স্ত্রী) সং, স্ত্রীং, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া। শিং—১ "আনিতা গুণশালিনী নববধূর্নিত্যোৎসবা মোদতে।"

নবম (নবন্+মট্—পূরণার্থে) বিং, ত্রিং, নয় সংখ্যার পূরক। মী—স্ত্রীং, চন্দ্রের নবম-কলার হ্রাস বা বৃদ্ধিরূপ ক্রিয়াদ্বারা উদ্ভূত তিথি।

নবমালিকা, নবমল্লিকা (নব প্রশংসনীয়—মালিকা, মল্লিকা মল্লিকাফুল, বহুং—স) সং, স্ত্রীং, পুষ্পবিশেষ, নেয়ালিফুল। শিং—১ "উপযযৌ বিদধন্নবমল্লিকাঃ।" ২। সপ্তলা নামে লতা।

নবযজ্ঞ (নব নবধান্য নিমিত্তক—যজ্ঞ, বহুং—স) সং, পুং, নবান্নরূপ যজ্ঞ।

নবযৌবনা (নব নূতন—যৌবন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যুবতী স্ত্রী। শিং—১ "নব-যৌবনসম্পন্নাং সর্ব্বাভরণভূষিতাম্।"

নবরঙ্গ (নবন্—রঙ্গ বর্ণ) সং, ক্লীং, কায়স্থ প্রভৃতি কুলীনদের নয় প্রকারে কন্যা আদান প্রদানরূপ কুলবিশেষ।

নবরত্ন (নবন্—রত্ন মণি, সমাহার দ্বিগু) সং, ক্লীং, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত—এই নয় রত্ন। শিং—১ "মুক্তামাণিক্য-বৈদূর্য্যগোমেদাবজ্রবিদ্রুমৌ। পদ্মরাগং মরকতং নীলঞ্চেতি যথাক্রমম্।" ২। একত্র নয় রত্নের সমবায়। ৩। নবরত্নখচিত অলঙ্কার। ৪। বিক্রমাদিত্য রাজার নয়জন সভাপণ্ডিত ; যথা—"ধন্বন্তরি ক্ষপণকামরসিংহশঙ্কুবেতালভট্ট ঘটকর্পরকালিদাসাঃ, খ্যাতো বরাহ-মিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য।"

নবরস (নব নবগুণিত—রস, বহুং—স, মধ্যপদলোপ) সং, পুং, অলঙ্কারোক্ত শৃঙ্গারাদি স্থায়িভাবক নববিধ রস, যথা—শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস ও অদ্ভুত এই অষ্টবিধ রস নাট্যে প্রযুক্ত হয় ; এতদ্ব্যতিরিক্ত শান্তরস কাব্যে প্রযুক্ত হয় ; ইহা নবম রসরূপে উক্ত। শিং—১ "শৃঙ্গারহাস্যকরুণরৌদ্রবীরভয়ানকাঃ। বীভৎসোঽদ্ভুত ইত্যষ্টৌ রসাঃ শান্তস্তথা মতঃ।"

নবরাত্র (নবন্—রাত্রি) সং, ক্লীং, আশ্বিন মাসের শুক্লা প্রতিপদ্ অবধি নবমী পর্য্যন্ত নয় দিন কর্ত্তব্য দুর্গাব্রতবিশেষ।

নবরাষ্ট্র ; সং, ক্লীং, উশীনর দেশাধিপতির রাজ্য। ২। নূতন রাজ্য।

নবলক্ষণ (নব—লক্ষণ) সং, ক্লীং, বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয়-সম্বন্ধীয় নয়প্রকার ঐশ্বরিক লক্ষণ। ২। আচার বিনয়াদি নয়প্রকার বিপ্র-লক্ষণ। ৩। বিং, ত্রিং, নবলক্ষণ-বিশিষ্ট।

নববরিকা (নব নূতন—বর+কণ্—যোগ) সং, স্ত্রীং, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া।

নববর্ষ ; সং, ক্লীং, ভারতাদি নববর্ষ। ২। পুং, নূতন বৎসর। ৩। নূতন বর্ষণ।

নববাস্ত ; সং, পুং, রাজর্ষিবিশেষ।

নববিংশতি (নব নবাধিক—বিংশতি, বহুং—স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, ঊনত্রিশ সংখ্যা, ২৯। [বিং, অং, নয় নয় করিয়া।

নবশঃ (—শস্, নবন্+শস্—বারার্থে) ক্রিং—

নবশায়ক ; সং, পুং, পরাশর সংহিতোক্ত নয় প্রকার সংকীর্ণ জাতি, যথা—সদ্গোপ, মালাকার, তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্ভকার, কর্ম্মকার, নাপিত। শিং—১ "গোপোমালী তথা তৈলী তন্ত্রী মোদক-বারুজী। কুলালঃ কর্ম্মকারশ্চ নাপিতো-নবশায়কাঃ।"

নবসূতিকা (নব নূতন—সূত সন্তান+কণ্—প্রং, আপ্) সং, স্ত্রীং, ধেনু। ২। নব-প্রসূতা স্ত্রী।

নবাংশ ( নব—অংশ, মুং—স ) সং, পুং, মেষাদি দ্বাদশলগ্নেরপ্রত্যেকেরনবমভাগের এক ভাগকে নবাংশ বলে।

নবান্ন (নব—অন্ন) সং, ক্লীং, নূতন অন্ন। ২। স্বনাম-প্রসিদ্ধ ক্রিয়াবিশেষ ; এই ক্রিয়া না করিয়া নূতন তণ্ডুল ভক্ষণ নিষিদ্ধ। শিং—১ "নবোদকে নবান্নেব গৃহপ্রচ্ছাদনে তথা। পিতরঃ স্পৃহয়ন্ত্যন্নমষ্টকাসু মঘাসুচ।"

নবার্চ্চিঃ (—র্চ্চিস্, নবন্ নয়—অর্চ্চিস্ দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মঙ্গলগ্রহ।

নবাম্বিকা, সং, স্ত্রীং, নয় প্রকার দুর্গামূর্ত্তি। শিং—১ "ব্রহ্মাণী চৈব মাহেশী কৌমারী বৈষ্ণবী তথা, বারাহীনারসিংহী চ মাহেন্দ্রী চণ্ডিকা তথা, মহালক্ষ্মীরিতি প্রোক্তাঃ ক্রমে নৈতা নবাম্বিকাঃ।"

নবাব ( আরবী নায়েব শব্দের বহুবচন ) সং, রাজপ্রতিনিধি, কোন নগরের বা প্রদেশের শাসনকর্ত্তা।

নবাহ (নবন্—অহন্ দিবস) সং, পুং, নয়-দিন, নয়দিন-ব্যাপক-কাল। ২। নয়দিন সাধ্য যাগাদি। ৩। ( নব নূতন—অহন্ দিবস ) নূতনদিন। ৪। পক্ষের প্রথমদিন।

নবীকরণ (নব নূতন—করণ। মধ্যে, ঈ(চ্বি) —আগম) সং, ক্লীং, পুনরায় নূতন করা ; লুপ্ত বা উপেক্ষিত বিষয়ের পুনঃ সংস্থাপন। ২। যাহা হীন অবস্থায় উপস্থিত হইয়াছে তাহার উন্নতিসাধন।

নবীকৃত (নব—কৃত যাহা করা হইয়াছে। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহা নূতন করা হইয়াছে।

নবীন ( নব+ঈন—স্বার্থে ) বিং, ত্রিং, নূতন, নব্য। ২। তরুণ। শিং—১ "নবীন নীরদ শ্যামঃ।"

নবীভাব (নব নূতন—ভাব, মধ্যে, ঈ(চ্বি)—আগম ) সং, পুং, পুনরায় নূতন হওয়া ; বিলুপ্ত বিষয়ের পুনরুদ্দীপন ; লুপ্ত বা উপেক্ষিত বিষয়ের পুনঃ স্থাপিত হওয়া ; যাহা হীন অবস্থায় উপস্থিত হইয়াছে তাহার সেই হীন অবস্থার সংশোধন হওয়া।

নবীভূত ( নব—ভূত হইয়াছে। মধ্যে, ঈ (চ্বি)—আগম ) বিং, ত্রিং, নূতনত্বপ্রাপ্ত, যাহা নূতন হইয়াছে।

নবোঢ়া ( নব—ঊঢ়া বিবাহিতা, মুং—স ) সং, স্ত্রীং, নূতন বিবাহিতা স্ত্রী।

নবোদক (নব—উদক) সং, ক্লীং, নূতন বর্ষণ জল।

নবোদ্ধৃত (নব নূতন—উদ্ধৃত) সং, ক্লীং, নবনীত। ২। বিং, ত্রিং, অল্পকাল যাহার উদ্ধার সাধন হইয়াছে।

নব্বই (নবতি শব্দজ) বিং, নবতি, ৯০ সংখ্যা।

নব্য ( নব+য—স্বার্থে ) বিং, ত্রিং, নূতন, নবীন। ২। যুবা। ৩। অল্পবয়স্ক, অপ্র-বীণ। ৪। ইদানীন্তন, অধুনাতন। ৫। (নু স্তব করা+য—ভাবে) সং, পুং, স্তব। ৬। রক্তপুনর্নবা।

নশ্যৎ (নশ্বর দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যাহা নাশ প্রাপ্ত হইতেছে।

নশ্যৎপ্রসূতিকা ( নশ্যৎ—প্রসূতি + কণ্—যোগ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, মৃতবৎসা, যে স্ত্রীর সন্তান হইয়া মরিয়া যায়।

নশ্বর (নশ্ বিনষ্ট হওয়া+বর(ক্বরপ্)—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, নাশশীল, অনিত্য, অস্থায়ী। শিং—১ "বদন্তি বিশ্বং কবয়ঃ স্ম নশ্বরম্।"

নষ্ট ( নশ্বর দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, নাশপ্রাপ্ত, ধ্বস্ত। শিং—১ "ধ্রুবাণিতস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেবচ।"(হিতোপদেশ)। ২। পলায়িত। শিং—১ "নষ্টেমৃতে প্র-ব্রজিতে ক্লীবে চ পতিতে পতৌ।" ৩। যাহা হারাইয়াছে, যাহার অনুসন্ধান পা-ওয়া যাইতেছে না, অদর্শনপ্রাপ্ত। ৪। যাহার উদ্দেশ পাওয়া যাইতেছে না, অনু-দ্দিষ্ট। ৫। দুষ্ট, দুর্বৃত্ত। শিং—১ "নষ্টস্য কান্যাগতিঃ।" ৬। প্রকৃত গুণহীন। ৭। যাহার আচরণ কদর্য্য হইয়াছে, যাহার চরিত্রভ্রংশ ঘটিয়াছে। ৮। যাহাতে আর কোন কাজ হয় না, অকর্ম্মণ্য। ৯। সদোষ, দোষযুক্ত। ১০। অসৎ, অভদ্র

১১। খল, কুটিল, হিংস্র। ১২। (+ক্ত—ভাবে) নাশ, সংহার।

নষ্টচন্দ্র (নষ্ট—চন্দ্র। প্রবাদ আছে—চন্দ্র গুরুপত্নীহরণ নিবন্ধন কলঙ্কিত হন। ঐ চন্দ্র দর্শন করিলে অকারণে কলঙ্ক ঘটিয়া থাকে) সং, পুং, দোষযুক্তচন্দ্র, ভাদ্র মাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীতে উদিত চন্দ্র। শিং—১ "নষ্টচন্দ্রো ন দৃশ্যশ্চ ভাদ্রে মাসি সিতাসিতে।"

নষ্টচেতন (নষ্ট—চেতনা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অচেতন, চৈতন্যশূন্য।

নষ্টচেষ্ট (নষ্ট—চেষ্টা যত্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্পন্দহীন, জড়।

নষ্টচেষ্টতা (নষ্ট—চেষ্টতা যত্ন) সং, স্ত্রীং, প্রলয়, হর্ষশোকাদিদ্বারা অশেষ চেষ্টানাশ, মূর্চ্ছা।

নষ্টমতি (নষ্ট—মতি) বিং, ত্রিং, যাহার বুদ্ধি নষ্ট হইয়াছে, যাহার বিপরীত বুদ্ধি ঘটিয়াছে, যাহার বুদ্ধি অসৎপথে ধাবিত হইয়াছে, যাহার বুদ্ধি কুতর্ক কুমন্ত্রণা কুপ্রবৃত্তি প্রভৃতির বশীভূত হইয়াছে, দুর্ব্বুদ্ধি, ভ্রষ্টমতি।

নষ্টমার্গণ (নষ্ট—মার্গণ অন্বেষণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নষ্ট বস্তুর অন্বেষণ।

নষ্টবীজ (নষ্ট—বীজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, [নিষ্ফল।

নষ্টা (নষ্ট দেখ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ভ্রষ্টা, কুলটা, দুশ্চরিত্রা, ব্যভিচারিণী।

নষ্টাগ্নি (নষ্ট—অগ্নি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, যে অগ্নিহোত্রীর প্রমাদবশতঃ হোমীয় অগ্নি নির্ব্বাণ হইয়াছে, বীরহা।

নষ্টাপ্তিসূত্র (নষ্ট—আপ্তি প্রাপ্তি—সূত্র সুতা) সং, ক্লীং, লোপ্ত্র, চোরা বস্তুর চিহ্ন, বমাল।

নষ্টামি (নষ্ট শব্দজ) দুষ্টামি।

নষ্টাশ্বদগ্ধরথন্যায়—ন্যায় (৩) দেখ।

নষ্টেন্দুকলা (নষ্ট—ইন্দুকলা চন্দ্রকলা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুহূ, অমাবস্যা।

নসীব (আরবী, নসব ধাতুজ) অদৃষ্ট।

নস্—পুং } (নস্ শব্দ করা+
নসা—স্ত্রীং } (ক্বিপ)—ক, বা আপ্) সং নাসিকা, নাক। "বিবর্ণা হতবাকরাঃ।"

নস্ত (নস্ কুটিল হওয়া+ত—সংজ্ঞার্থে) সং, পুং, নাসিকা। ২। ক্লীং, বৈদ্যকোক্ত পঞ্চবিধ নস্য।

নস্তিত } (নস্ত [পূর্ব্বে দেখ] নাসিকা [নাম
নস্তোত } ধাতুজ] + ত—সংজ্ঞার্থে। নস্ত—উত বোনা) সং, পুং, যে পশুর নাসিকা বিদ্ধ করিয়া রজ্জু বদ্ধ করা যায়, নাকফোড়া বলদ প্রভৃতি।

নস্য (নসা+য—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, নাসিকার হিতজনক, নাসাসম্বন্ধীয়। ২। ক্লীং, নাসিকাতে দেয় চূর্ণাদি, নাস। স্যা—স্ত্রীং, নাসিকা। ২। নাসা-প্রোত রজ্জু।

নস্যধানী (নস্য—ধানী আধার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, যাহাতে নস্য রাখা যায়।

নস্যোত (নস্যা—উত বোনা) সং, পুং, নস্তিত, নাকফোড়া বলদ প্রভৃতি। শিং—১ "মণিসূত্র ইব প্রোতো নস্যোত ইব গোবৃষঃ।"

নহন (নহ বদ্ধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বন্ধন। ২। (+অনট্—ণ) বন্ধনরজ্জু।

নহি (ন—হি) অং, না, নিষেধ, কখনই না শিং—১ "নহ্যস্মিন্ যুজ্যতে কর্ম্ম কিঞ্চিদামৌঞ্জিবন্ধনাৎ।" (মনু)।

নহুষ (নহ্ বন্ধন করা+উষ(উষন্)—ক) সং, পুং, মরুদ্গণবিশেষ। ২। যযাতি রাজার পিতা, তিনি ইন্দ্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন; ব্রাহ্মণের অবমাননা করাতে পরে অগস্ত্য মুনির শাপে সর্পযোনি প্রাপ্ত হন। ৩। সর্পবিশেষ। শিং—১ "বেণো বিনষ্টোঽবিনয়ান্নহুষশ্চৈব পার্থিবঃ।"

নহুষাত্মজ (নহুষ—আত্মজ পুত্র) সং, পুং, যযাতি রাজা।

না (নহ্ বন্ধন করা+আ(ডা)—ক) অং, [নিষেধ, নহি।

নাই (নাস্তি শব্দজ) অং, অভাব, নিষেধ।

নাওন (স্নান শব্দজ) অবগাহন।

নাং (ন—অঙ্গ, যে বীর অঙ্গ নহে) সং, উপপতি, জার।

নাক (ন—অক [অ—ক সুখ] অসুখ। যেখানে অসুখ নাই, ৭মী—হিং) সং, পুং, স্বর্গ। ২। আকাশ। ৩। নৃপবিশেষ।

নাকচর (নাক—চর্ বিচরণ করা+অ(অচ্)—ক) সং, পুং, গগনচারী দেব। ২। গ্রহাদি। ৩। পিতৃদেববিশেষ। "গার্হপত্যা নাকচরাঃ পিতরো লোকবিশ্রুতাঃ।"

নাকতীর্থ; সং, পুং, ধারাপতন তীর্থের নিকটস্থ তীর্থবিশেষ।

নাকনাথ } (নাক স্বর্গ—নাথ, নায়ক,
নাকনায়ক } ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র, স্বর্গাধিপ। শিং—১ "স ব্যতীত্য বিয়দন্তরগাধং নাকনায়ক নিকেতনমাপ।"

নাকর; সং, পুং, গণদেবতাবিশেষ।

নাকবনিতা; সং, স্ত্রীং, অপ্সরা।

নাকসদ্ (নাক স্বর্গ—সদ্ গমন করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, দেবতা। শিং—১ "সন্তর্পণো নাকসদাং বরেণ্যঃ।" (ভট্টি)।

নাকী (নাকিন্, নাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দেবতা। শিং—১ "মন্যসেঽরিবধঃ শ্রেয়ন্ প্রীতয়ে নাকিনামিতি।" (মাঘ)।

নাকু (ন না—অক্ গমন করা+উ—ক) সং, পুং, বল্মীক, উইয়ের ঢিপি। ৩। পর্ব্বত। ২। (নম্ বক্র বা নম্র হওয়া+উ—ক। নম=নাক) মুনিবিশেষ।

নাক্ষত্র } (নক্ষত্র+অ(অণ্), ইক(ষ্ণিক)
নাক্ষত্রিক } ইদমর্থে) বিং, ত্রিং, নক্ষত্রসম্বন্ধীয়। ২। নক্ষত্র দ্বারা পরিমিত সময়কে নাক্ষত্র কাল বলে; ইহা দুইরূপে পরিমিত হইতে পারে। —১। প্রথমাবধি সাতাশটি নক্ষত্রের ভোগ দ্বারা যে নাক্ষত্র কাল পূর্ণ থাকে, তাহাকে যে নাক্ষত্র মাস বলা যায়, তাহা নক্ষত্র যাগাদিতে প্রয়োজনীয়।—২। কোন নক্ষত্র এক নির্দ্দিষ্ট স্থান হইতে পুনরায় সেই স্থানে আসিতে যে সময় অতিবাহিত করে, তাহাই এক নাক্ষত্র অহোরাত্র। এইরূপ ত্রিশ দিনে এক মাস গণনা করিলে, তাহাকে নাক্ষত্র মাস ও সেইরূপ বার মাসে এক নাক্ষত্র বৎসর হয়। কী—স্ত্রীং, গ্রহগণের দশাবিশেষ। শিং—১ "সত্যে লগ্নদশাচৈব ত্রেতায়াংহরগৌরিকা। দ্বাপরে যোগিনী চৈব কলৌ নাক্ষত্রিকী দশা।"

নাগ (নগ পর্ব্বত+অ(অ)—ভবার্থে। যাহারা পর্ব্বতময় দেশে বাস করে, বা উৎপন্ন হয়। অথবা ন—অগ) সং, পুং, কদ্রুসন্তান, সর্প। শিং—১ "অগ্রামবর্ণমং সহ্যো নাগস্য কমলেক্ষণা।" ২। হস্তী। শিং—১"স নাগানামযুতং তুরঙ্গনিযুতং।" ৩। মেঘ। ৪। মেরুর উত্তরস্থিত পর্ব্বতবিশেষ। ৫। নাগদন্ত। ৬। নাগকেশর বৃক্ষ। ৭। মুস্তক। ৮। পুন্নাগবৃক্ষ। ৯। দেহস্থ বায়ুবিশেষ। শিং—১ "উদ্গারে নাগ ইত্যুক্তো নীলজীমূতাসন্নিভঃ।" ১০। অশ্লেষা নক্ষত্র। ১১। দেশবিশেষ। ১২। (শব্দোত্তরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ১৩। ক্লীং, সীসক। ১৪। রাঙ্। ১৫। করণবিশেষ। গী—স্ত্রীং, সর্পী। ২। হস্তিনী। ৩। স্থূলা স্ত্রী। [কুলোদ্ভবা নারী।

নাগকন্যা, নাগকন্যকা; সং, স্ত্রীং, নাগ-

নাগকর্ণ (নাগকর্ণের ন্যায় পত্র, হস্তীর কর্ণের ন্যায় পত্র যাহার, ৬ষ্ঠী—হিং, অন্ত্যপদলোপ) সং, পুং, এরণ্ডবৃক্ষ। ২। হস্তীকর্ণ।

নাগকুমারিকা; সং, স্ত্রীং, গুড়ূচী। ২। মঞ্জিষ্ঠা।

নাগকেশর (নাগ—কেশর এই পুষ্পবৃক্ষের আর একটি নাম) সং, পুং, এক প্রকার পুষ্পবৃক্ষ, নাগেশ্বর বৃক্ষ।

নাগগর্ভ (নাগ সীসক—গর্ভ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিন্দূর।

নাগচূড় (নাগ সর্প—চূড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব।

নাগচ্ছত্রা; সং, স্ত্রীং, যাহার পত্রে সর্পফণার ন্যায় ছত্রাচ্ছাদন আছে, নাগদন্তী বৃক্ষ।

নাগজ (নাগ সীসা ইত্যাদি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, সিন্দূর। ২। রাঙ্। ৩। বিং, ত্রিং, নাগ হইতে জাত।

নাগজিহ্বা (নাগের ন্যায় জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, অনন্তমূল। ২। শারিবৌষধি।

নাগজিহ্বিকা; সং, স্ত্রীং, মনঃশীলা।

নাগজীবন (নাগ সীসক—জীবন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রঙ্গ নামক ধাতুবিশেষ।

নাগদন্ত; সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

নাগদন্ত (নাগ হস্তী—দন্ত দাঁত, ৬ষ্ঠী—

ধ) সং, পুং, হস্তিদন্ত। ২। ঘরের ভিত্তিতে যে গোঁজ পোতা থাকে, দাণ্ডা। শিং—১ "ধবলবসতিমিব অবলম্বিতচারুচামরনাগদন্তধবলগৃহাঃ।" স্তী—স্ত্রীং, বেশ্যা। ২। হাতিশুঁড়াগাছ।

নাগদন্তিকা (নাগ সর্প—দন্ত+কণ্—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, বিছুটীগাছ।

নাগদ্রু ; সং, পুং, সর্পাকার বৃক্ষ, সিজ্‌গাছ।

নাগদ্বীপ ; সং, পুং, নাগপ্রধান দ্বীপ।

নাগনক্ষত্র ; সং, ক্লীং, অশ্লেষানক্ষত্র।

নাগনির্য্যূহ (নাগ হস্তী—নির্য্যূহ ভিত্তিস্থ কাষ্ঠফলকবিশেষ) সং, পুং, নাগদন্ত, গৃহের ভিত্তিনির্গত কাষ্ঠদণ্ড।

নাগপঞ্চমী ; সং, স্ত্রীং, নাগ পূজায় বিহিতা আষাঢ় মাসের কৃষ্ণাপঞ্চমী; এই তিথিতে মনসা পূজা কর্ত্তব্য। শিং—১"সুপ্তে জনার্দ্দনে কৃষ্ণে পঞ্চম্যাং ভবনাঙ্গনে। পূজয়েন্মনসা দেবীং স্নুহীবিটপসংস্থিতাম্।"

নাগপতি (নাগ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনন্তাদি অষ্টনাগ। ২। ঐরাবত।

নাগপদ ; সং, পুং, রতিবন্ধবিশেষ। শিং—১ "পাদৌ স্কন্ধে তথা হস্তে ক্ষিপেন্নিঙ্গং ভগে লঘু। কাময়েৎ কামুকো নারীং বন্ধো নাগপদো মতঃ।" ২। ক্লীং, হস্তীর পদ।

নাগপাশ (নাগ হস্তী, সর্প—পাশ রজ্জু) সং, পুং, বরুণের অস্ত্র। ২। গ্রন্থিবিশেষ, সার্দ্ধদ্বয়াবর্ত্তনে যে গ্রন্থি নিষ্পন্ন হয় তাহাকে নাগপাশ কহে। শিং—১"সার্দ্ধদ্বয়াবর্ত্তনাত্তু নাগপাশ ইতি স্মৃতঃ।" ৩। সর্পরূপপাশ। শিং—১ "বেষ্টিতং নাগপাশেন ভ্রুকুটীভীষণাননম্।"

নাগপাশক ; সং, পুং, রতিবন্ধবিশেষ। শিং—১ "স্বজঙ্ঘাদ্বয়মধ্যস্থাং হস্তাভ্যাং ধারয়েৎ কুচৌ। রমেন্নিঃশঙ্কিতঃ কামী বন্ধোঽয়ং নাগপাশকঃ।"

নাগপুর ; সং, ক্লীং, দেশবিশেষ ; অগ্নিপুরাণে এই দেশের উৎপত্তিবিষয়ে এইরূপ বর্ণিত আছে।—ভাগীরথী শিবজট হইতে নিষ্ক্রান্তা হইয়া হেমকূট, মন্দার, কৈলাস, হিমালয় অতিক্রম করিলে স্থলীল নামে এক দানব পর্ব্বতরূপে তাঁহাকে রোধ করিল। ভগীরথ কৌশিকের আরাধনা করিয়া বাহন নাগ প্রাপ্ত হন। সেই নাগ ঐ পর্ব্বতরূপী দৈত্যকে বিদীর্ণ করিয়াছিল। সেই স্থলেই নাগপুর। গণ্ডওয়ান প্রদেশে নাগপুরস্থ মহারাষ্ট্রীয়দিগের রাজ্যমধ্যে নাগপুর নামে এক বৃহৎ রাজধানী আছে। ইহার দক্ষিণদিক্ দিয়া নাগ নামে এক নদ গমন করিয়াছে ; তাহার নামানুসারে এই নগর নাগপুর নামে খ্যাত হইয়াছে। হস্তিনাপুর। ৩। পাতাল।

নাগপুষ্প (নাগ হস্তী—পুষ্প। হস্তীর মদগন্ধযুক্ত পুষ্প যাহার) সং, পুং, নাগকেশরবৃক্ষ। ২। চম্পকবৃক্ষ। ৩। পুন্নাগবৃক্ষ।

নাগপুষ্পিকা (নাগপুষ্পের ন্যায় পুষ্প, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্বর্ণযূথিকা।

নাগফল ; সং, পুং, ধুন্দুল। [বৃক্ষ।

নাগবন্ধু (নাগ হস্তী—বন্ধু) সং, পুং, অশ্বত্থ-

নাগবল (নাগ হস্তী—বল শক্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হস্তিতুল্য বলবান্। ২। সং, পুং, ভীম।

নাগভগিনী (নাগ বাসুকি—ভগিনী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বাসুকির ভগিনী, জরৎকারী, মনসা। [মহাদেব।

নাগভূষণ (নাগ—ভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

নাগমল্ল (নাগ হস্তী—মল্ল বাহুযোদ্ধা) সং, পুং, ঐরাবত হস্তী।

নাগমাতা (নাগমাতৃ, নাগ সর্প—মাতৃ মা) সং, স্ত্রীং, মনসাদেবী। ২। মনঃশিলা। ৩। কদ্রু।

নাগযষ্টি (নাগ সর্প—যষ্টি লাঠি। যাহা সর্পের ন্যায় দেখায়) সং, স্ত্রীং, পুষ্করিণীর মধ্যে প্রোত কাষ্ঠ, রইকাঠ।

নাগর (নগর+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, নগরজাত, নগরসম্বন্ধীয়। ২। যাহার রসবোধ আছে, রসিক, বিদগ্ধ। ৩। সং, পুং, দেবর, দেওর। ৪। নারাঙ্গা-নেবুর গাছ। ৫। ক্লীং, শুঁঠ। ৬। দেবনাগর অক্ষর। ৭। নাগরমুস্ত। ৮। রতিবন্ধ।

নাগরক (নাগর+কণ্—কুৎসিতার্থে, প্রাবীণ্যার্থে) সং, পুং, চোর। ২। নগররক্ষী

৩। চিত্রকর। ৪। রতিবন্ধবিশেষ। শিং—১ "উরুমূলোপরি স্থিত্বা যোষিদ্যুরুদ্বয়ং রমেৎ। গ্রীবাং ধৃত্বা করাভ্যাঞ্চ বন্ধো নাগরকোমতঃ।"

নাগরক্ত (নাগ পর্ব্বত—রক্ত লাল) সং, ক্লীং, সিন্দূর।

নাগরঙ্গ (নাগ [নাগ সিসক, তজ্জন্যত্বহেতু সিন্দূরকেও নাগ বলে] সিন্দূর—রঙ্গ রং। যাহার সিন্দূরের ন্যায় রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারাঙ্গা নেবু।

নাগরা (আরবী নক্কারা শব্দের অপভ্রংশ) আনদ্ধযন্ত্র; ইহা বাহির্দ্বারিক; মৃত্তিকানির্ম্মিত। ইহার আকার গোলাকারের অর্দ্ধাংশ।

নাগরাজ (নাগ হস্তী, সর্প—রাজন্ রাজা + ষ—প্রং) সং, পুং, অনন্ত, সর্পরাজ। ২। ঐরাবত। ৩। ছন্দোগ্রন্থকারক পিঙ্গল নাগ।

নাগরালি (দেশজ) নাগরের ভাব।

নাগরাহ্ব (নাগর—আহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শুণ্ঠী।

নাগরিক (নগর + ইক(ষ্ণিক)—নিবাসার্থে) বিং, ত্রিং, নগরবাসী। ২। নগরসম্বন্ধীয়।

নাগরী (নাগ—রা দান করা + অ(ড)—ক, ঙীপ্) সং, স্ত্রীং, স্নুহীবৃক্ষ। ২। বিদগ্ধানারী। শিং—১ "হস্তাভীরীং স্মরতু স কথং সংবৃতো নাগরীভিঃ।"

নাগরীট (নাগরী নায়িকাবিশেষ, যে স্ত্রী শাস্ত্রবিরুদ্ধ গোপনে প্রেম করে—অট যে গমন করে। নিপাতন) সং, পুং, লম্পট। ২। উপপতি।

নাগরেণু (নাগ—রেণু গুঁড়া) সং, পুং, সীসকজাত সিন্দূর।

নাগরেয়ক (নগর + এয়(ঢেয়)—নিবাসার্থে, ক—যোগ) বিং, ত্রিং, নাগরিক, নগরবাসী।

নাগরোত্থা (নাগর—উৎ—স্থা থাকা + অ (ড)—ক) সং, স্ত্রীং, নাগরমুথা।

নাগর্য্য (নাগর + য(ষ্যঞ)—ভবার্থে) সং, ক্লীং, নাগরভাব, বিদগ্ধত্ব।

নাগলতা (নাগ—লতা) সং, স্ত্রীং, তাম্বূললতা। ২। পুং-চিহ্ন।

নাগলোক (নাগ সর্প—লোক ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পাতাল, রসাতল।

নাগবর্ত্ম (—বর্ত্মন্) সং, পুং, তীর্থবিশেষ; সরস্বতীর দক্ষিণতীরে অবস্থিত। শিং—১ "ধর্ম্মাত্মা নাগবর্ত্মানং তীর্থমাগমচ্যুতঃ।"

নাগবল্লী } নাগবল্লরী } (নাগ সর্প—বল্লী, বল্লরী = লতা) সং, স্ত্রীং, তাম্বূলবল্লী, পান।

নাগবারিক (নাগ হস্তী—বৃ সেবা করা ইত্যাদি + অক(ণক)—ক) সং, পুং, গরুড়। ২। ময়ূর। ৩। রাজকীয় হস্তী ও হস্তীপক।

নাগবীট (নাগরীট দেখ) সং, পুং, লম্পট।

নাগবীথী; সং, স্ত্রীং, অশ্বিন্যাদি নক্ষত্রত্রয় সংঘটিত গ্রহস্থানত্রয়ান্তর্গত উত্তরস্থানস্থ পথবিশেষ। শিং—১ "অশ্বিনী কৃত্তিকা যাম্যা নাগবীথীতি শব্দিতা।"

নাগবৃক্ষ; সং, পুং, নাগকেশর বৃক্ষ।

নাগসম্ভব (নাগ সীসক—সম্ভব জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

নাগসরঃ (নাগসরস্) সং, ক্লীং, তীর্থবিশেষ।

নাগসাহ্বয় (নাগস হস্তীতুল্য—আহ্বয়, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হস্তিনাপুর। শিং—১ "জগমে তক্ষকস্তূর্ণং নগরং নাগসাহ্বয়ম্।"

নাগহনু; সং, পুং, নখীনামক গন্ধদ্রব্য।

নাগা—সন্ন্যাসীবিশেষ। ২। পার্ব্বতীয় অসভ্য জাতিবিশেষ।

নাগাঙ্গদ (নাগ নাগাকার—অঙ্গদ বাহুভূষণ, রং—স, মধ্যপদলোপ) সং, পুং, সর্পাকার বাহুভূষণবিশেষ।

নাগাঞ্চলা (নাগ সর্প—অঞ্চলা আঁচলা) সং, স্ত্রীং, নাগযষ্টি, রইকাঠ।

নাগাঙ্গনা; সং, স্ত্রীং, হস্তিনী। ২। নাগযষ্টি।

নাগাধিপ } নাগাধিপতি } (নাগ সর্প—অধিপ, অধিপতি = রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনন্ত, সর্পরাজ। ২। ঐরাবত। পা—স্ত্রীং, মনসা।

নাগানন (নাগ হস্তী—আনন মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গণেশ।

নাগান্তক } নাগাশন } নাগারাতি } (নাগ—অন্তক নাশক, ৬ষ্ঠী—ষ। নাগ—অশন ভক্ষক, অরাতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

গরুড়। ২। ময়ূর। ৩। সিংহ। ৪। বন্ধ্যা কর্কোটী।

নাগাহ্ব } (নাগ হস্তী—আহ্বা,আহ্বয়
নাগাহ্বয় } নাম) সং, ক্লীং, হস্তিনাপুর, দিল্লী।

নাগী (নাগিন্, নাগ+ইন্—অস্ত্যর্থে) সং, ফণিভূষণ শিব। "নাগিনমগ্নিবর্চ্চসম্।"

নাগেন্দ্র (নাগ—ইন্দ্র শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, ঐরাবত। শিং—১ "নাগেন্দ্রহস্তাস্ত্বচি কর্কশত্বাৎ।" ২। অনন্ত।

নাগেশ (নাগ—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনন্ত, শেষনাগ। ২। পাণিনি ব্যাকরণের ভাষ্যবিবরণাদি গ্রন্থকারক। ৩। বিদ্বদ্বিশেষ। ৪। শিবলিঙ্গবিশেষ। ৫। তীর্থবিশেষ।

নাগোদ্ভেদ ; সং,ক্লীং, সরস্বতী নদীর প্রকাশস্থানভেদরূপ তীর্থ-বিশেষ। শিং—১ "নাগোদ্ভেদে নরঃ স্নাত্বা নাগলোকমবাপ্নুয়াৎ।"

নাচ, নাচা (নৃত্যশব্দজ) সং, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি।

নাচার (পারসী না নিষেধবাচক—চারা উপায়) বিং, অসহায়, নিরুপায়।

নাচিকেতস্ ; সং,পুং, অগ্নি। ২। মুনিবিশেষ, গৌতমের পুত্র। রোয়ার সাহেব (Dr. Roer) ইহাকে প্লেটো-(Plato)-র সহিত তুলনা করিয়াছেন। একবার যমের নিকট ইনি আত্মার স্বরূপবিষয়ে জিজ্ঞাসা করেন। তাহাতে যম উত্তর দিয়াছিলেন যে, দেবগণও ঐ স্বরূপ অবগত নহেন।

নাচিকেতু ; সং, পুং, বহ্নি, অগ্নি।

নাছ (দেশজ) খিড়কীদ্বার।

নাজীর (আরবী, নজর অর্থে দৃষ্টি, তত্ত্বাবধারণ। যে দৃষ্টি করে অর্থাৎ তত্ত্বাবধারণ করে) আদালতের কর্ম্মচারীবিশেষ।

নাট (নট্ নৃত্য করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নৃত্য, নাচ। ২। অভিনয়। ৩। (নট+ক) দেশবিশেষ, কার্ণাটিক।

নাটক (নট্ নৃত্য করা+অক(ণক)—ক) সং, ক্লীং, রূপক ও উপরূপক এই দুই ভাগে বিভক্ত দৃশ্যকাব্যের রূপক ভাগের প্রথম ও প্রধান প্রকার, অভিনয়গ্রন্থ, যাত্রার পুঁতি, দৃশ্যকাব্য, রঙ্গভূমিতে অভিনয় দ্বারা যে কাব্যের প্রদর্শন হইয়া থাকে, যথা—শকুন্তলা মুদ্রারাক্ষস বেণীসংহার প্রভৃতি। ২। পুং, কামাখ্যাস্থিত পর্ব্বতবিশেষ। ২। বিং, ত্রিং, নর্ত্তক; যথা— "নাচিছে নাটক গায়িছে গায়ক।" স্ত্রী— স্ত্রীং, ইন্দ্রসভা।

নাটকীয় (নাটক+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, নাটকসংক্রান্ত, নাটকে বর্ণনীয়। শিং—১ "পূর্ব্বরঙ্গঃ প্রসঙ্গায় নাটকীয়স্য বস্তুনঃ।"

নাটমন্দির ; সং, ক্লীং, দেবমন্দিরের সম্মুখস্থ প্রাসাদবিশেষ।

নাটাম্র ; সং, পুং, তরমুজ, কাঁকুড়।

নাটিকা (নট্ নৃত্য করা+অক(ণক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নাটক-বিশেষ, যাহাতে চারিটী অঙ্ক থাকে; যথা—রত্নাবলী প্রভৃতি। "নাটিকা ক্লৃপ্তবৃত্তা স্যাৎ স্ত্রীপ্রায়া চতুরঙ্কিকা।" ২। নর্ত্তকী।

নাটিত (নট্ নৃত্য করা+ত(ক্ত)—ক্ম) বিং, ত্রিং, কৃতাভিনয়, যে নাটকের অভিনয় হইয়াছে। ২। (নট্-ণিচ্—নাটি নাচান +ক্ত—ভা) সং, ক্লীং, নর্ত্তন, নাচান। ৩। অভিনয়।

নাটেয় } (নটী নর্ত্তক+এয়(ঢক্), এর,
নাটের } আর—অপত্যার্থে) সং, পুং,
নাটার } নটীর সন্তান।

নাট্য (নট+য(ষ্যঞ্)—ইদমর্থে) সং, ক্লীং, নৃত্য-গীত-বাদ্য এই তিনের সমবায়, তৌর্য্যত্রিক; ইহা ব্রহ্মা কর্ত্তৃক বেদচতুষ্টয় হইতে সঙ্কলিত। ইহা শিবোক্ত। ব্রহ্মার নিকট হইতে ভরত মুনি প্রাপ্ত হইয়া মর্ত্তে প্রচার করেন। ২। নৃত্যক্রিয়া। শিং—১ "সুনাট্যেন নটস্তথা। মহর্ষীং তোষয়ামাস।" ৩। নৃত্য-গীত-বাদ্য-বিষয়ক বিদ্যা। [পুং, শিব।

নাট্যপ্রিয় (নাট্য নৃত্যগীতাদি—প্রিয়) সং,

নাট্যশালা (নাট্য—শালা গৃহ) সং, স্ত্রীং, যে স্থানে নৃত্যগীতবাদ্য হইয়া থাকে। ২। যে স্থানে নাটকের অভিনয় হয়, রঙ্গভূমি, নাটমন্দির। শিং—১ "নাট্যশালা ন কর্ত্তব্যা ঘোরবেশেনমাজ্ঞয়া।" (পুরাণ)

নাট্যাচার্য্য (নাট্য—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, নাট্যবিষয়ক উপদেষ্টা। ২। রঙ্গভূমির অধ্যক্ষ।

নাড়া (নাড়ীশব্দজ) সং, ছেদিত ধান্যের অবশিষ্ট মূল।

নাড়ি, নাড়িকা, নাড়ী (নড়্-ণিচ্=নাড়ি বন্ধন করা+ই—ক) সং, স্ত্রীং, ডাঁটা। ২। নাল। ৩। দেহস্থ শিরা,যে নলাকার যন্ত্রদ্বারা শরীরে রস রক্ত প্রভৃতির সঞ্চার সম্পন্ন হয়। ৪। হস্তস্থিত শিরাবিশেষ,চিকিৎসকেরা অঙ্গুলিদ্বারা যে শিরা স্পর্শ করিয়া রোগের ভাব ও শরীরের অবস্থা অনুভব করেন। ৫। চুঙ্গী। ৬। জলবাহিনী সূর্য্যরশ্মি। ৭। একদণ্ড সময়, ২৪ মিনিট্। ৮। নালী ঘা।

নাড়িকেল, নাড়ীকেল (নারিকেল দেখ) সং, পুং, নারিকেল।

নাড়িন্ধম (নাড়ি বাঁশের চুঙ্গী—ধম [ধ্মা ফুৎকার দেওয়া+অ,খশ্]—ক] যে ফুঁ দেয়) সং, পুং, স্বর্ণকার, সেক্‌রা। ২। বিং, ত্রিং, শ্বাসকারক। শিং—১ "কথং নাড়ীন্ধমান্ মার্গান্।" (ভট্টি)।

নাড়িন্ধয় (নাড়ি—ধে পান করা+অ(খশ্)—ক) বিং, ত্রিং, নাড়ীপানকারক।

নাড়ীক (নাড়ী—কৈ প্রকাশ করা+অ(ক)—ক) সং, পুং, পাটশাক।

নাড়ীচ (নাড়ী চুঙ্গি—চি গমন করা, উৎপন্ন করা+অ(ড)—র্ম) সং, পুং, পাটশাক, নালিতাপাতা।

নাড়ীচক্র; সং, ক্লীং, নাভিস্থ নাড়ীমূল। শিং—১ "নাভিমণ্ডল মাসাদ্য কুক্কুটাণ্ড মিবস্থিতম্। নাড়ীচক্রমিহ প্রাহু স্তস্মান্নাড্যঃ সমুদ্গতাঃ।" ২ "ইড়া চ পিঙ্গলাচৈব সুষুম্না পরমামতা, গান্ধারী হস্তিজিহ্বাচ পুষা চ সুযশা তথা, অলম্বুষা কুহুশ্চৈব শঙ্খিনী দশমীমতা, লোলজিহ্বেব জিহ্বা চ বিজয়া কামদা পরা, অমৃতা বহুলা নাম নাড্যো বায়ুসমীরিতাঃ"—এই ১৬।

নাড়ীচরণ (নাড়ী চুঙ্গী—চরণ পা) সং, পুং, পক্ষী।

নাড়ীজঙ্ঘ (নাড়ী—জঙ্ঘা ঠ্যাং, পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক। ২। বকবিশেষ। ৩। মুনিবিশেষ।

নাড়ীদেহ (নাড়ী নাড়ীসার—দেহ, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) সং, পুং, অতি কৃশ শিবদ্বারপাল, ভৃঙ্গী।

নাড়ীনক্ষত্র (নাড়ী—নক্ষত্র তারা) সং,ক্লীং, জন্মনক্ষত্র।

নাড়ীমণ্ডল (Equator) বিষুবরেখা, সূর্য্য এই রেখায় উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়।

নাড়ীবলয়; সং,ক্লীং, ঘটিকাজ্ঞানার্থ বলয়াকার যন্ত্র, লগ্নাদি জ্ঞানার্থ নাড়ীরূপ কাল জ্ঞানোপায় যন্ত্রবিশেষ।

নাড়ীবিগ্রহ (নাড়ী নাড়ীসার—বিগ্রহ, ৬ষ্ঠী হিং, মধ্যপদলোপ) সং, পুং, অতি কৃশ শিবানুচর, ভৃঙ্গী।

নাড়ীব্রণ, নালীব্রণ (নাড়ী—ব্রণ ক্ষত) সং, পুং, নালী ঘা।

নাড়ীস্বরসঞ্চার; সং, পুং—ক্লীং, নাড়ীভেদে বায়ুর বহনরূপ সঞ্চার।

নাণক (ন না—অণক কুৎসিত) সং,ক্লীং, মুদ্রা, মোহর প্রভৃতি। ২। প্রশস্ত। ৩। পুং, ধর্ম্মপ্রচারক-বিশেষ।

নাতি, নাতিনী (নপ্তৃ শব্দজ) সং, পুত্রের বা কন্যার অপত্য।

নাতিশীতোষ্ণ (ন না—অতি অধিক—শীত এবং উষ্ণ) বিং, ত্রিং, অধিক শীতল ও নয় এবং অধিক উষ্ণও নয়।

নাতোয়ান (না নিষেধ-বাচক—তওয়ান ক্ষমতা) বিং, ত্রিং, ক্ষমতাহীন, অপারক।

নাথ (নাথ্ প্রভু হওয়া, উপতপ্ত হওয়া+অ(অল্)—পা) সং, পুং, প্রভু, কর্ত্তা, অধিপতি। ২। পতি, স্বামী, ভর্ত্তা। শিং—১ "পাণ্ডবানাং ভবান্নাথঃ।" ২। বৃষ প্রভৃতির নাকফোড়া রজ্জু, চর্ম্মরজ্জু।

নাথন (নাথ+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রার্থনা।

নাথবান্ (নাথবৎ,নাথ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পরাধীন, পরতন্ত্র। স্ত্রী—স্ত্রীং, নাথবিশিষ্টা। শিং—১ "বিদুষা শ্রীরিবেন্দ্রেণ ভর্ত্রা নাথবতী সতী।"

নাথহরি (নাথ নাকফোড়া রজ্জু — হৃ গ্রহণ করা + ই — ক) সং, পুং, যে পশুর নাক ফুড়িয়া রজ্জু বদ্ধ করা হয়, নাকফোড়া পশু।

নাদ (নদ্ শব্দ করা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, ধ্বনি, শব্দ। আকাশ হইতে নাদ জন্মে, ঐ নাদ কোন বস্তুন্তরের আঘাতে উৎপন্ন হইয়া বায়ুসংযোগে প্রকৃষ্টরূপে প্রকাশ পাইয়া শ্রাবণ-প্রত্যক্ষ হয়, অর্থাৎ শোনা যায়। নাদ দ্বিবিধ—বর্ণাত্মক ও ধ্বন্যাত্মক; কণ্ঠ, তালু প্রভৃতির অভিঘাতজনিত নাদকে ব্যক্ত বা বর্ণাত্মক নাদ কহে; যেমন বাক্যকথন। কোন বস্তুতে অন্য বস্তুর অভিঘাতে যে নাদ অস্পষ্টরূপে উৎপন্ন হয়, তাহাকে ধ্বন্যাত্মক নাদ কহে; যেমন—একটা কাষ্ঠ লইয়া অন্য কাষ্ঠের সহিত ঠক্‌ঠক শব্দ। বাস্তবিক শব্দমাত্রকেই নাদ বলা যায়। "চকার নাদং ঘননাদসন্নিভম্।" ২। গর্জ্জন।

নাদবিন্দু; সং, পুং, উপনিষদ্বিশেষ। ২। অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ণবিশেষ।

নাদিত (নাদি শব্দ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নাদে পরিপূর্ণ, শব্দিত, নিনাদিত।

নাদী (নাদিন্, নদ্ শব্দ করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, যে শব্দ করে, শব্দায়মান। ২। শব্দিত।

নাদেয় (নদ বা নদী + এয়(ঢেয়) — ভবার্থে) বিং, ত্রিং, নদীজাত, নদীসম্বন্ধীয় (জলাদি)। শিং — ১ "নদ্যা নদস্য বা নীরং নাদেয়মিতি কীর্ত্তিতং।" ২। সং, ক্লীং, সৈন্ধবলবণ। ৩। সৌবীরাঞ্জন। ৪। পুং, কাশতৃণ।

নাদেশ্বর; সং, ক্লীং, কাশীস্থ শিবলিঙ্গবিশেষ। শিং — ১"নাদেশ্বরং সমভ্যর্চ্চ্য কৈঃ কৈর্নাপি সুচিন্তিতম্।" [নদীজাত।

নাদ্য (নদী + য(ষ্য) — ভবার্থে) বিং, ত্রিং,

নানা (নঞ্ + নাঞ্ — প্রং) অং, বহুবিধ, অনেক প্রকার। ২। ব্যতিরেকে। ৩। ভিন্ন। শিং — ১ "নেহ নানাস্তি কিঞ্চন।" ২ "নানা তু বিদ্যা চাবিদ্যা চ।" [শব্দ।

নানাধ্বনি; সং, পুং — ক্লীং, কাহলে বীণাদির

নানাবিধ } (নানা — বিধা প্রকার) বিং,
নানারূপ } ত্রিং, বিবিধ, বহুপ্রকার।

নানার্থ (নানা নানাবিধ — অর্থ) বিং, ত্রিং, যে শব্দের অনেক অর্থ, অনেকার্থযুক্ত, বিবিধ অর্থ।

নান্তরীয়ক (ন — অন্তরীয় + কণ্ — যোগ্য) বিং, ত্রিং, অবশ্যম্ভাবী। ২। ব্যাপ্ত।

নান্দী (নন্দ্-ণিচ্ = নান্দি আনন্দিতহওয়া + ই — ক, ঈপ্। সূত্রধার রঙ্গভূমিতে উপস্থিত হইয়া অভিপ্রেত অভিনয় কার্য্যের নির্ব্বিঘ্ন পরিসমাপ্তির নিমিত্ত যে মঙ্গলাচরণ করে, তাহার নাম নান্দী। স্তবাদি দ্বারা দেবতাদিগকে আনন্দিত অর্থাৎ প্রসন্ন করে, এ জন্য এই মঙ্গলাচরণ নান্দীশব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে) সং, স্ত্রীং, নাটকাদির প্রারম্ভে দেবাদির স্তুতি বা বন্দনা। ২। আরব্ধ কার্য্যের নির্ব্বিঘ্নে সমাপ্তির নিমিত্ত অনুষ্ঠানবিশেষ, মঙ্গলাচরণ। ৩। সমৃদ্ধি, অভ্যুদয়। শিং — ১ "আশীর্ব্বচনসংযুক্তা নিত্যং যস্মাৎ প্রযুজ্যতে। দেবদ্বিজনৃপাদীনাং তস্মাৎ নান্দীতি সংজ্ঞিতা।" ২ "যদ্যপ্যঙ্গানি ভূয়াংসি পূর্ব্বরঙ্গস্য নাটকে। তথাপ্যবশ্যং কর্ত্তব্যা নান্দী বিঘ্নপ্রশান্তয়ে। দেবদ্বিজনৃপাদিনামাশীর্ব্বাদপরায়ণা। নন্দন্তি দেবতা যস্মাৎ তস্মান্নান্দী প্রকীর্ত্তিতাঃ।"

নান্দীক (নান্দী স্তুতি, সৌভাগ্য — ক [কৈ প্রকাশ করা + অ(ক) — ক] যে প্রকাশ করে, ২য়া — ষ) সং, পুং, তোরণস্তম্ভ।

নান্দীকর } (নান্দী — কর [কৃ করা + অ
নান্দীবাদী } (অন্) — ক] যে করে, ২য়া — ষ। নান্দীবাদিন্, নান্দী — বাদিন্ [বদ্ বলা + ইন্(ণিন্) — ক] যে বলে, ২য়া — ষ) সং, পুং, মঙ্গলযুক্ত স্তুতিবাদক। ২। যে ব্যক্তি নান্দী পাঠ করে।

নান্দীপট; সং, পুং, কূপাদির মুখবন্ধন, কূপাদির আচ্ছাদন।

নান্দীমুখ (নান্দী স্তুতি, সৌভাগ্য — মুখ প্রধান, বা নান্দী শুভ — মুখ আরম্ভ) সং, পুং, বৃদ্ধিশ্রাদ্ধভোজী মাতৃ-পিতৃগণ; ইহাঁদের সংখ্যা ছয়; যথা—পিতা, পিতা-

মহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ। শিং — ১ "পিতৃন্ নান্দীমুখান্নাম তর্পয়েদ্বিধিপূর্ব্বকম্।" ২ "কন্যাপুত্রবিবাহে চ প্রবেশে নববেশ্মনঃ। নামকর্ম্মণি বালানাং চূড়াকর্ম্মাদিকে তথা। সীমন্তোন্নয়নে চৈব পুত্রাদিমুখদর্শনে। নান্দীমুখং পিতৃগণং পূজয়েৎ প্রযতো গৃহী।" ২। কূপাদির আচ্ছাদন। ৩। ক্লীং, আভ্যুদয়িক শ্রাদ্ধ, বিবাহাদি শুভকর্ম্মের পূর্ব্বে যে পার্ব্বণশ্রাদ্ধ করে। খী — স্ত্রীং, বৃদ্ধিশ্রাদ্ধভুক্ মাতৃগণ। ২। অবন্তী নগর-বাসিনী মুনিকন্যা। ৩। চতুর্দশাক্ষর ছন্দোবিশেষ।

নাপাক (পারস্য) অপবিত্র, অশুদ্ধ। ২। পাপ।

নাপান (দেশজ) হাব ভাব, ভঙ্গি।

নাপানী (দেশজ) বিলাসিনী।

নাপিত ( ন — আপ্ [মান্য] পাওয়া + ত(ক্ত) — ক) সং, পুং, জাতিবিশেষ, ক্ষৌরকর্ম্ম যে জাতির অসাধারণ ব্যবসায়। শিং — ১ "নরাণাং নাপিতো ধূর্ত্তঃ।"

নাপিতভাণ্ড ( নাপিত — ভাণ্ড ) সং, ক্লীং, যাহাতে নাপিতের ব্যবসায়োপযোগী ক্ষুর থাকে।

নাভি ( নহ্ বন্ধন করা + ই(ইঞ্) — র্ম্ম। হ স্থানে ভ ) সং, পুং — স্ত্রীং, উদর-মধ্যাবর্ত্ত, উদরের মধ্যভাগে গর্ত্তাকার নিম্নাংশ, নাই। শিং — ১ "পুরস্তাদ্বৈ নাভ্যাঃ প্রাণঃ পশ্চাদপানঃ।" ২। পুং, চক্রের মধ্য পিণ্ডিকা। ৩। সম্রাট্। ৪। প্রধান। ৫। ক্ষত্রিয়। ভি, ভী — স্ত্রীং, কস্তূরী। ২। মদ্য। [পুং, গোণ্ড, নাইয়ের গোঁড়।

নাভিকণ্টক ( নাভি — কণ্টক কাঁটা ) সং,

নাভিগুড়ক, নাভিগোলক } (নাভি — গুড়ক, গোলক = গোল) সং, পুং, গোঁড়।

নাভিজ, নাভিজন্মা } ( নাভিজন্মন্, নাভি — জ [জন্ জন্মান + অ(ড) — ক] জাত। জন্মন্ জন্ম। বিষ্ণুর নাভিপদ্ম হইতে ব্রহ্মা জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া, ৫মী — হিং) সং, পুং, পদ্মযোনি, ব্রহ্মা।

নাভিনালা ( নাভি — নালা রজ্জু, পাত্র ) সং, স্ত্রীং, নাভিস্থিত নাড়ী। শিং — ১ "তদক্ষণব্যাচ্যুত নাভিনালা।" (রঘু)।

নাভিবৰ্দ্ধন ( নাভি নাভিস্থিত নাড়ী — বর্দ্ধন ছেদন, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, নাড়ীচ্ছেদন। শিং — ১ "প্রাড়নাভিবর্দ্ধনাৎ পুংসো জাতকর্ম্ম বিধীয়তে।"

নাভিবর্ষ; সং, পুং, আগ্নীধ্র নৃপপুত্রের বর্ষ, জম্বুদ্বীপস্থ নববর্ষমধ্যে বর্ষবিশেষ।

নাভিভূ ( নাভি — ভূ জাত। নাভিজ দেখ ) সং, পুং, ব্রহ্মা। [ত্রিং, দীর্ঘ নাভিযুক্ত।

নাভিল ( নাভি + ল(লচ) — অস্ত্যর্থে ) বিং, নাভিস্থল; সং, ক্লীং, নাভিপ্রদেশ। ২। মধ্যস্থল, সন্ধিস্থান।

নাভীল ( নাভি + ল — প্রং ) সং, ক্লীং, স্ত্রীলোকের উরুসন্ধি, কুঁচকী। ২। নাভির গভীরতা। ৩। কৃচ্ছ্র, কষ্ট।

নাভ্য (নাভি + য(ষ্যৎ) — ইদমর্থে) বিং, ত্রিং, নাভিসম্বন্ধীয়। ২। সং, পুং, মহাদেব। শিং — ১ "নমো নাভায় নাভ্যায় নমঃ কটকটায় চ।"

নাম (নম্ নম্র হওয়া + অ(ঘঞ্) — ণ) অং, সম্ভাবনা। ২। নিশ্চয়। ৩। আশ্চর্য্য। ৪। শোক। ৫। স্মরণ। ৬। বিতর্ক। ৭। ক্রোধ। ৮। ছল। ৯। আখ্যা। ১০। প্রসিদ্ধি। ১১। স্বীকার। ১২। নিন্দা। ১৩। অলীক।

নাম (নামন্, ম্না অভ্যাস করা + মন্ — র্ম্ম। কিম্বা নম্ শব্দ করা + মন্ — প্রং ) সং, ক্লীং, বিভক্তিহীন শব্দকে নাম কহে; বস্তুবিশেষের বা ব্যক্তিবিশেষের বোধক অসাধারণ শব্দ, যে শব্দ দ্বারা বস্তুবিশেষ বা ব্যক্তিবিশেষকে নির্দ্দিষ্ট করা যায়, সংজ্ঞা, আখ্যা। ২। বাচকশব্দ। শিং — ১ "উত্তরস্যাং দিশি গিরির্যো নাম্না গন্ধমাদনঃ।" ২ "সংকীর্ত্তমানেষু রাজ্ঞাং নামসু।"

নামকরণ (নামন্ — কৃ করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, সংস্কারবিশেষ, বিধি পূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা।

নামগ্রহ ( নামন্ — গ্রহ গ্রহণ ) সং, পুং, নামধরা, নাম ধরিয়া আহ্বান করা।

নামগ্রাহ (নাম — গ্রহ্ গ্রহণ করা + অ(ণ) — ক) বিং, ত্রিং, নামগ্রাহক। ২। (+ ঘঞ্ — ভাবে) সং, পুং, নামগ্রহণ।

নামদ্বাদশী ; সং, স্ত্রীং, ব্রতবিশেষ, যাহাতে গৌরী, কালী, উমা, ভদ্রা, দুর্গা, কান্তি, সরস্বতী, মঙ্গলা, বৈষ্ণবী, লক্ষ্মী, শিবা ও নারায়ণী দ্বাদশ দেবীর উপাসনা করিবার বিধি আছে।

নামধর ( নামন্‌—ধৃ ধরা+অ(অন্‌)—ক ) বিং, ত্রিং, লব্ধনামা, গুণ বা ক্রিয়াবিশেষ দ্বারা যাহার নাম খ্যাত হইয়াছে, নাম করিলে অনেকে যাহাকে চিনিতে পারে।

নামধাতু ; সং, পুং, সুবন্ত নাম প্রকৃতিক প্রত্যয়ান্ত ধাতুবিশেষ, নাম পূর্ব্বক ধাতু ; যথা—পুত্র কাম্যাদি।

নামধারক (নাম—ধৃ ধারণ করা+অক(ণক) —ক) বিং, ত্রিং, বিহিত ক্রিয়াবর্জ্জিত নামমাত্র ধারক (ব্রাহ্মণ)। "অত ঊর্দ্ধন্তু যে বিপ্রাঃ কেবলং নামধারকাঃ।"

নামধেয় (নামন্‌+ধেয়—স্বার্থে) সং, ক্লীং, সংজ্ঞা, আখ্যা। ২। বাচক শব্দ। শিং—১ "রাম ইতি—নামধেয়ং গুরুশ্চক্রে।" ২"নামধেয়ানি পৃচ্ছন্তৌ বন্যানাং মার্গশাখিনাম্‌।" (রঘু)।

নামন } (নত হওনার্থ নম্‌ ধাতুজ) সং,
নাবন } অবরোহণ, নাবা। না—স্ত্রীং, বটবৃক্ষের জটা।

নামমাত্র (নাম সংজ্ঞা—মাত্রা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্ববীর্য্যহীন, সংজ্ঞাধারিমাত্র।

নামমালা ; সং, স্ত্রীং, কোষবিশেষ।

নামমুদ্রা (নাম—মুদ্রা, ৭মী—হিং) বিং, ত্রিং, নামাঙ্কিত অঙ্গুরীয়কবিশেষ।

নামযজ্ঞ ; সং, পুং, নামমাত্র যজ্ঞ, দম্ভযজ্ঞ। শিং—১ "আত্মসম্ভাবিতাস্তব্ধা ধনমান মদান্বিতাঃ। যজন্তে-নামযজ্ঞৈস্তে দম্ভেনা বিধিপূর্ব্বকম্‌।" (গীতা)।

নামলিঙ্গ (নাম—লিঙ্গ, দ্বং—স) সং, ক্লীং, শব্দ এবং লিঙ্গ। ২। ( ৬ষ্ঠী—ষ ) শব্দভেদের লিঙ্গ।

নামশেষ ( নামন্‌—শেষ অন্ত, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, মৃত্যু। ২। ( ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং,যাহার নামমাত্র অবশিষ্ট থাকে, মৃত।

নামা (পারসা) লিখন ; যথা—ওকালৎ নামা।

নামাঙ্ক (নাম নামাক্ষর—অঙ্ক, ৭মী—হিং) বিং, ত্রিং, নামাক্ষরে অঙ্কিত। শিং—১ "নামাঙ্কবাণাঙ্কিতকেতুযষ্টিম্‌।" (রঘু)।

নামাঙ্কিত (নাম—অঙ্কিত) বিং, ত্রিং, যাহাতে নাম স্বাক্ষর হইয়াছে, স্বাক্ষরিত। ২। যাহাতে নাম আছে,নামযুক্ত ; যথা—রাম নামাঙ্কিত।

নামানুশাসন ( নাম—অনু—শাস্‌ জ্ঞাপন করা+অন(অনট্‌)—ণ) সং, ক্লীং, শব্দের অর্থবিশেষ জ্ঞাপক অভিধান।

নামাপরাধ ; সং, পুং, ভগবদাদি নামে অবজ্ঞাদিরূপ অপরাধ।

নামাবলি (নাম—আবলি শ্রেণী, ৭মী—হিং) সং, ক্লীং, দেবতার নামযুক্ত উত্তরীয় বস্ত্র। (৬ষ্ঠী—ষ) স্ত্রীং, নামশ্রেণী। ২। নামমালা।

নামাভিহার ( নামন্‌—অভিহার ) সং, পুং, নামান্তর।

নাম্ব (ন নাই—অম্ব কর্ষণাদি জন্য প্রাণিহিংসা, ৭মী—হিং) সং, পুং, অকৃষ্টপচ্য, স্বয়ংজাত ধান্য।

নায় (নী লওয়া ইত্যাদি+অ(ণ)—ক) সং, পুং, নেতা। শিং—১ "নায়ঃ কোহত্র স যেন স্যাং বতাহং বিগতজ্বরঃ।" ২। (নী+ঘঞ্‌—ভাবে। অথবা নয়+ক) নয়, নীতি। ৩। নয়ন, প্রাপণ। শিং—১ "যাতযূয়ং যমশ্রায়াং দিশং নায়েন দক্ষিণাম্‌।" ৪। (নৌ শব্দজ) তরণী, নৌকা ; যথা—"শীঘ্র আসি নায়ে চড়।"(অন্নদা)

নায়ক ( নী লওয়া+অক(ণক)—ক ) সং, পুং,গ্রন্থের প্রধান বর্ণনীয় ধীরোদাত্ত, ধীরপ্রশান্ত, ধীরললিত ও ধীরোদ্ধত এই চতুর্বিধ পুরুষ। ২। উপদেষ্টা। শিং—১"রামোহরিঃ করী ভূভৃত্তানুঃ কর্ত্তা চ চন্দ্রমাঃ। তস্থিবান্‌ ভগবানাত্মা দর্শেতে পুংসি নায়কাঃ।" ৩। সেনাপতি। ৪। হারমধ্যমণি। ৫। প্রণয়ী পুরুষ, প্রেমাসক্ত ব্যক্তি। ৬। সঙ্গীতে—যিনি মার্গ এবং দেশী উভয়বিধ মতের সঙ্গীত স্বয়ং কার্য্যতঃ করিতে পারেন, সঙ্গীতশাস্ত্রের বিশেষ মর্ম্ম সম্যক্‌ অবগত আছেন, গান, বাদ্য, নৃত্য এবং যন্ত্রাদির প্রকরণ সকল উত্তমরূপে শিক্ষা

দিতে পারেন, অভিনয়বিৎ, রস এবং অলঙ্কারের মর্ম্মজ্ঞ, সকল গুণ দোষের এক মাত্র পরীক্ষক, পরের অভিপ্রায় বুঝিতে সক্ষম, যশোভিলাষী, পবিত্রাত্মা, ক্ষমাশীল দাতা এবং ধীর এরূপ সর্ব্বগুণালঙ্কৃত ব্যক্তিকে নায়ক বলা যায়। ৭। গৃহস্বামী; যথা—"নায়কের আশা পূর।" ৮। বিং,ত্রিং, যে লইয়া যায়, প্রাপক। ৯। নেতা। ১০। শ্রেষ্ঠ। ১১। অধ্যক্ষ। ১২। প্রধান।

নায়কাধিপ (নায়ক শ্রেষ্ঠ—অধিপ প্রভু) সং, পুং, নরেন্দ্র, রাজা।

নায়কী—বীণাদির প্রধান তার।

নায়কীয় (নায়ক+ঈয়(ষ্ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, নায়ক-নায়িকাসংক্রান্ত।

নায়িকা (নায়ক দেখ, আপ্) সং, স্ত্রীং, প্রণয়িনী স্ত্রী। ২। কোন গ্রন্থের বর্ণনীয়া প্রধানা স্ত্রী। ৩। ভগবতীর অষ্টশক্তি; যথা—উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চমুণ্ডা, চণ্ডা, চণ্ডবতী।

নায়েব (আরবী) প্রতিনিধি। ২। জমীদারের তরফের গোমস্তাদিগের উপরিস্থ কর্ম্মচারী।

নার—ক্লীং } (নর বিষ্ণু + অ(ষ্ণ)—
নারা—স্ত্রীং } অপত্যার্থে) সং, জল।

শিং—১ "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ।" ২। "অথ কমলং নীরং নারা স্ত্রিয়ামিরা।" ২। ক্লীং,নরসমূহ। ৩। পুং, বৎস, বাছুর। ৪। বালক। ৫। বিং, ত্রিং, নরসম্বন্ধীয়। শিং—১ "নারং স্পৃষ্ট্বা তু সস্নেহং সচেলং জলমাবিশেৎ।"

নারক (নরক+অ(ষ্ণ)—স্বার্থে) সং,পুং,নরক, দুঃখভোগের স্থান। ২। (+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, নরকভোগী। ৩। নরকস্থ। ৪। নরকঘটিত, নরক-সংক্রান্ত।

নারকী (নারকিন্, নারক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নরকস্থ, নরকভোগী। শিং—১ "পরেণ বিহিতং কর্ম্ম স্বকর্ম্মেতি বদেচ্চ যঃ। স উচ্যতে ব্রহ্মঘাতী মহানারকিনারকী।" ২। নরকবাসের উপযুক্ত, যাহার নরকে বাস হওয়া উচিত, পাপিষ্ঠ।

নারঙ্গ (নার মনুষ্যগণ—গ [গম্ গমনকরা + অ(ড)—ক] যে গমন করে) সং, পুং, বিট। ২। (ন—অ—রঙ্গ) নারাঙ্গানেবুর গাছ। ২। পিপ্পলী রস। ৪। যমজ।

নারঙ্গবর্ণক (নারঙ্গ—বর্ণ, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগ) সং, ক্লীং, গৃঞ্জন।

নারদ (নার মনুষ্যসমূহ—দ [দা দান করা + অ(ড)—ক] [উপদেশ] যে দেয়। অথবা নার জ্ঞান—দ যে দেয়। ইনি জন্মকালে বালকদিগকে জ্ঞানদান করেন বলিয়া ইঁহার নাম নারদ। অথবা কল্পান্তরে ব্রহ্মার কণ্ঠ হইতে বহুসংখ্যক নরের জন্ম হয়। ইনি সেই নরদিগকে ব্রহ্মকণ্ঠ দান করেন, সেই জন্য নারদ নামে খ্যাত। অথবা ইঁহার প্রভাবে কণ্ঠদেশ হইতে কালের জন্ম হয় বলিয়া ব্রহ্মা নারদ নাম প্রদান করেন। অথবা নার জীবসমূহ—দ যে দান করে। ইনি সেই জীবসকলকে বীণাতন্ত্রীর ঝঙ্কার মিশ্রিত সুস্বর সঙ্গীত ছলে ব্রহ্মবিদ্যা বিতরণ করেন এই জন্য ইঁহার নাম নারদ। অথবা নার জলে—দ যে দেয়। অনাবৃষ্টিকালে ইঁহার জন্মমাত্র বৃষ্টি হওয়াতে ইঁহার নাম নারদ হইল) সং, পুং, দেবর্ষিবিশেষ; ব্রহ্মার মানসপুত্র; ইনি ব্রহ্মার কণ্ঠদেশ হইতে উৎপন্ন হন। শিং—১ "সর্ব্বসংশয়নির্ম্মোক্তা নারদঃ সর্ব্বলোকবিৎ।" ২। ক্লীং,উপপুরাণবিশেষ।

নারদপঞ্চরাত্র; সং, ক্লীং, নারদকৃত পঞ্চরাত্র তন্ত্রবিশেষ।

নারদপুরাণ; সং, ক্লীং, অষ্টাদশ মহাপুরাণের একখানি।

নারদশিক্ষা; সং, স্ত্রীং, নারদকৃত বর্ণোচ্চারণ [শিক্ষাবিশেষ।

নারদীয় (নারদ+ঈয়(ণীয়)অস্ত্যর্থে) সং, ক্লীং, উপপুরাণবিশেষ।

নারসিংহ; সং, ক্লীং, নরসিংহচরিতাখ্যান উপপুরাণবিশেষ।

নারসিংহী (নরসিংহ+অ(ষ্ণ)—ইদমর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চতুর্থ অবতার অর্দ্ধনর ও অর্দ্ধসিংহরূপী নৃসিংহদেবের ললাট জ্যোতি হইতে উদ্ভূতা শক্তিকলা। শিং—১"নারসিংহী নৃসিংহস্য বিভ্রতী সদৃশং বপুঃ।" ২। নারায়ণী নরমুণ্ডমালিনীদুর্গা।

নারা; সং, স্ত্রীং, জল। (নার দেখ)।

নারাচ (নার নরসমূহ—আ—চম্ ভোজন করা+অ(ড)—ক, ২য়া—ষ) সং, পুং, লৌহময় বাণ। ২। দুর্দ্দিন, মেঘাচ্ছন্ন দিন। ৩। ১৮ অক্ষর ছন্দোবিশেষ।

নারাচী (নারাচ+ঈ—প্রং) সং,স্ত্রীং, নিক্তি, নারাচাকৃতি লৌহময় তুলা।

নারায়ণ (নারা জল—অয়ন স্থান। পূর্ব্বে যাঁহার জলই স্থান ছিল, ৬ষ্ঠী—হিং। মহাভারতে—"সলিল নর হইতে উদ্ভূত হইয়াছে বলিয়া উহার নাম নার; ঐ সলিল পূর্ব্বে আমারই অয়ন অর্থাৎ আশ্রয় ছিল এই কারণে আমার নাম নারায়ণ হইয়াছে।" কিম্বা নার নরসমূহ—অয়ন স্থান। যিনি নরগণের আশ্রয়, ৬ষ্ঠী—ষ। অথবা নার সারূপ্যমুক্তি—অয়ন স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। শিং—১ "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ। তা যদস্যায়নং পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ।" ২ "সারূপ্যমুক্তিবচনো নারেতি চ বিদুর্ব্বুধাঃ। যো দেবোপ্যয়নং তস্য স চ নারায়ণঃ স্মৃতঃ॥ নারাশ্চ কৃতপাপাশ্চাপ্যয়নং গমনং স্মৃতং। যতোহি গমনং তেষাং সোহয়ং নারায়ণঃ স্মৃতঃ॥ নারঞ্চ মোক্ষণম্ পুণ্যময়নং জ্ঞানমীপ্সিতং। তয়োর্জ্ঞানং ভবেদ্‌যস্মাৎ সোহয়ং নারায়ণঃ প্রভুঃ।" ৩ "নারাজ্জাতানি তত্ত্বানি নারানীতি বিদুর্ব্বুধাঃ। তান্যেব চায়নং তস্য তেন নারায়ণঃ স্মৃতঃ॥" ৪ "প্রকৃতেঃ পর এবান্যঃ স নরঃ পঞ্চবিংশকঃ। তস্যেমানি চ ভূতানি নারানীতি প্রচক্ষতে। তেষামপ্যয়নং যস্মাৎ তস্মাৎ নারায়ণঃ স্মৃতঃ।" ২। অজামিলপুত্র।

নারায়ণক্ষেত্র (নারায়ণ—ক্ষেত্র সিদ্ধ স্থান) সং, ক্লীং, নারায়ণস্বামিক গঙ্গাতট। ২। গঙ্গাপ্রবাহ হইতে ৪ হস্ত পরিসর তীর।

নারায়ণতীর্থ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

নারায়ণতৈল; সং, ক্লীং, ঔষধপক্ক তৈলবিশেষ।

নারায়ণপ্রিয় (নারায়ণ—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ২। ক্লীং, পীত চন্দন।

নারায়ণবলি; সং, পুং, নারায়ণের উদ্দেশে প্রদত্ত বলি।

নারায়ণসরস (সরঃ) সং, ক্লীং, তীর্থবিশেষ।

নারায়ণাশ্রম; সং, ক্লীং, তীর্থবিশেষ।

নারায়ণী (নারায়ণ+ঈপ্) সং, স্ত্রীং, নারায়ণের শক্তি। শিং—১ "যশসা তেজসা রূপৈর্নারায়ণসমা গুণৈঃ। শক্তির্নারায়ণস্যেয়ং তেন নারায়ণী স্মৃতা॥" ২ "নারায়ণার্দ্ধাঙ্গভূতা তেন তুল্যা চ তেজসা। তদা তস্য শরীরস্থা তেন নারায়ণী স্মৃতা॥" ২। লক্ষ্মী। ৩। দুর্গা। ৪। গঙ্গা। ৫। মুদ্গলমুনি-পত্নী। ৬। শতমূলী।

নারিক (নার+ইক(ঠিক)—ইদমর্থে) বিং, ত্রিং, জলসংক্রান্ত।

নারিকেল,নারীকেল (নারিক জলময় [স্থান]—ঈর্ গমন করা, বৃদ্ধিপাওয়া+অ(ক)—ক) সং,পুং, লী—স্ত্রীং, স্বনাম-প্রসিদ্ধ ফল বৃক্ষ। ২। ক্লীং,তৎফল। শিং—১ "নারিকেলসমাকারা দৃশ্যন্তেহপি হি সজ্জনা। অন্যে বদরিকাকারা বহিরেব মনোহরাঃ।"

নারী (নর+অ(ঞ)—ধর্ম্ম্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, মনুষ্যজাতির যে অংশ সন্তান প্রসব করে, স্ত্রীলোক। নারী জাতি চতুর্ব্বিধ; যথা—পদ্মিনী,চিত্রিনী, শঙ্খিনী ও হস্তিনী। আর নারীজাতির ত্রিবিধ লক্ষণও বর্ণিত আছে; যথা—সাধ্বী, ভোগ্যা ও কুলটা। ২। ২৩ অক্ষর ছন্দোবিশেষ।

নারীচ (নাড়ীচ দেখ) সং,ক্লীং, নালিতাশাক।

নারীতরঙ্গক (নারী স্ত্রীলোক—তরঙ্গ ভঙ্গি+কণ্—তুল্যার্থে) সং,পুং,কামুক,লম্পট। ২। নারীচিত্ত চঞ্চলকারক উপপতি।

নারীদূষণ (নারী স্ত্রীলোক—দূষণ দোষ) সং, ক্লীং, মদ্যপান, দুর্জ্জনসংসর্গ, স্বামিপরিত্যাগ, ইতস্ততোভ্রমণ, অন্যের গৃহে শয়ন ও বাস—এই ছয় প্রকার স্ত্রীলোকের দোষ।

নারীদেশ (নারী নারীপূর্ণ—দেশ, ময়—স, মধ্যপদলোপ) সং, পুং, যেখানে কেবল নারীগণের বাস আছে; যেমন—প্রমীলাপুর। [নারীপ্রিয়।

নারীষ্ট (নারী—ইষ্ট, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং,

নারীষ্ঠ ; সং, পুং, গন্ধর্ব্ববিশেষ।
নার্য্যঙ্গ ( নাগরঙ্গ দেখ ) সং, পুং, নারাঙ্গা-নেবুর গাছ।
নাল (নল্ বন্ধন করা+অ(ণ)—ক ) সং, ক্লীং, লা—স্ত্রীং, নল, মৃণাল, ফাঁপা ডাঁটা প্রভৃতি। "মৃণাল নালললিতভুজা।" ২। হরিতাল। ৩। শিরা। ৪। (আরবী ভাষা) ঘোড়ার পায়ের লৌহদণ্ড। লি, লী—স্ত্রীং, (নল—ইণ্) নাড়ী,দেহস্থ শিরা। ২। চুঙ্গী। ৩। জলনির্গমপথ। ৪। একদণ্ড কাল।
নালম্বী ; সং, স্ত্রীং, শিবের বীণা।
নালবংশ ; সং, পুং, নল, তৃণবিশেষ।
নালা (প্রণালী শব্দজ) সং, জলনিঃসারণমার্গ, পয়নালা।
নালায়েক (না নিষেধবাচক—লায়েক) সং, পুং, অনুপযুক্ত।
নালিক (নালী+কণ্-যোগ) সং, পুং, মহিষ। ২। ক্লীং, পদ্ম। কা—স্ত্রী, ডাঁটা। নালিতা শাক। ২। চর্ম্মকষা।
নালিজঙ্ঘ (নালি চুঙ্গী—জঙ্ঘা ঠ্যাং) সং, পুং, দাঁড়কাক।
নালিতা ; সং, স্ত্রীং, পাট্‌শাক।
নালিশ (পারসী, নালিদন্ অর্থে চীৎকার করা) অভিযোগ।
নালী ( নল্ বন্ধন করা+ঈ-প্রং ) সং, স্ত্রীং, নালা, যাহা দ্বারা জল নির্গত হয়, জলনির্গম পথ। ২। অনেক দিনের ঘা, পুরাণ ক্ষত।
নালীক ( নালী তন্তুবিশিষ্ট ডাঁটা + কৈ প্রকাশকরা+অ(ড)—ক) সং,পুং, শরীর। ২। শর, বাণ। ৩। শল্যাস্ত্র। শিং—১ "কর্ণিনালীকনারাচামুৎস্বজন্তোমহারথাঃ।" ৪। নারিকেল কমণ্ডলু। শিং—১"নালীকং বিভ্রয়াব্রতী।" ৫। ক্লীং, পদ্মসমূহ। ৬ (নালী+কণ্) পদ্মের বৃন্ত, বোঁটা।
নালীকিনী ( নালীক+ইন্—অস্ত্যর্থে ) সং, স্ত্রীং, নলিনী, পদ্মিনী।
নালীঘটী ( নাড়ী দণ্ডকাল—ঘটী, ড=ল) সং, স্ত্রীং, ঘটীবাদন বাদ্যবিশেষ।
নালীব্রণ (নাড়ী—ব্রণ ক্ষত) সং, পুং, নালী ঘা।

নাবালিগ ( না নিষেধবাচক—আরবী, বালিগ বয়ঃপ্রাপ্ত) অপ্রাপ্তবয়স্ক।
নাবিক ( নৌ নৌকা+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে ) সং, পুং, যে নৌকা চালায়, যে নৌকার হালি ধরে, মাঝী। ২। যে নৌকার কর্ম্ম করে। ৩। বিং, নৌকাসংক্রান্ত। শিং—১ "মহাবাত সমুদ্ভূতামপরীক্ষিতনাবিকাম্।"
নাবিকবিদ্যা ; সং, স্ত্রীং, নৌকা জাহাজ প্রভৃতির পরিচালনী বিদ্যা।
নাবী ; সং, স্ত্রীং, শ্রেণীবদ্ধ নৌকা জাহাজ প্রভৃতি।
নাবী (নাবিন্, নৌ নৌকা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পোতাধ্যক্ষ, নাবিক।
নাবোপজীবী (—জীবিন্) সং, পুং, নৌকাচালনোপজীবী জাতিবিশেষ।
নাব্য (নৌ+য(ষ্ণ্য)—উত্তরণার্থে) বিং, ত্রিং, নৌকা ব্যতিরেকে যাহা পার হওয়া যায় না, যাহাতে বার মাস এরূপ জল থাকে যে নৌকার দ্বারা যাতায়াত ও বাণিজ্য দ্রব্য নয়ন ও আনয়ন চলে। ২। (নব+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, তরুণাবস্থা। ৩। নূতনত্ব।
নাব্যুদক ; সং, ক্লীং, নৌকাস্থিত জল। ২। অগ্নিহোত্রার্থ বহ্নিস্থাপনাঙ্গ স্থাপিত জল।
নাশ (নশ্ বিনষ্ট হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বংস, মৃত্যু। ২। পলায়ন। ৩। অদর্শন। শিং—১ "শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যদ্ধি গচ্ছতি।"
নাশক (নশ্-ণি=নাশি বিনষ্ট করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, ধ্বংসক, ক্ষয়কারী, যে নাশ করে। শিং—১"তে পরস্বাপহর্ত্তারঃ পরস্বনাশক নাশকাঃ।"
নাশন ( পূর্ব্বে দেখ, অন(অনট্)-ভা ) সং, ক্লীং, উচ্ছেদন, বিলোপন। ২। (+অনট্—ক ) বিং, ত্রিং, নাশক। শিং—১ "ত্রিবিধম্ নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।"
নাশিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, নিহত।
নাশী (নাশিন্, নাশ+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, যাহার নাশ আছে, যাহার ধ্বংস

আছে, যাহার বিনাশ ঘটে, যাহার ক্ষয় হইয়া থাকে, যাহা চিরস্থায়ী নহে, নশ্বর। ২। (নশ্-ণি=নাশি বিনষ্টহওয়া+ইন্ (ণিন্)—ক) যে নাশ করে, উচ্ছেদক।

নাষ্টিক (নষ্ট+ইক(ঠিক)—যোগ্যার্থে) বিং, ত্রিং, নষ্টদ্রব্যার্হ, নষ্টদ্রব্যের অধিকারী।

নাষ্ট্র (নশ্-ণি=নাশি নাশ করা+ত্র(ষ্ট্রন্)—ক) বিং, ত্রিং, নাশক।

নাসত্য (নাসা নাসিকা—ত্যজ্ ত্যাগ করা+অ(ড)—র্ম্ম। যে নাসিকাতে তেজ ত্যাগ করে। অথবা ন+অসত্য=নাসত্য অর্থাৎ যে অসাধু নয়, নঞ্—ষ) সং,পুং, দ্বিং, স্বর্গবৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়; ইহারা দেবমধ্যে শূদ্র। শিং—১ "অশ্বিনৌ চ স্মৃতৌ শূদ্রৌ তপস্যগ্রে সমাস্থিতৌ।"

নাসা, নাসিকা } (নাস্ শব্দ করা+অ(অন্), আপ্। নাসা+কণ্, আ) সং,স্ত্রীং, যাহার দ্বারা বায়ুর আকর্ষণ ও নিঃসরণ করা যায়, ঘ্রাণেন্দ্রিয়। শিং—১ "মুখনাসিকাবচনোঽনুনাসিকঃ।" ২। চৌকাঠের উপরকার কাঠ, ঝানুকাঠ।

নাসাদারু; সং, ক্লীং, ঝনুকাঠ, কপালি।

নাসারন্ধ্র (নাসা—রন্ধ্র) সং, ক্লীং, নাসিকার অন্তর্বর্ত্তী শূন্যভাগ, নাসিকার ছিদ্র।

নাসিকন্ধম (নাসিকা—ধ্মা শব্দ করা+অ(খশ্)—ক) বিং, ত্রিং, যে নাসিকা দ্বারা শব্দ করে, যে নাক ডাকায়।

নাসিকন্ধয় (নাসিকা—ধে পান করা+অ(খশ্)—ক) বিং, ত্রিং, যে নাসিকা দ্বারা পান করে বা শুষিয়া লয়।

নাসিকা; সং,স্ত্রীং, (নাসা দেখ)। [শিকনি।

নাসিকামল; সং, পুং—ক্লীং, নাসাস্থিত মল,

নাসিক্য (নাসিকা+য(ষ্য)—তুল্যার্থে) সং, ক্লীং, নাসিকা। ২। (+ষ্য—অপত্যার্থে) পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়।

নাসীর (নাস্ শব্দ করা+ঈরন্—ক, সংজ্ঞার্থে। যাহারা সিংহনাদ করে) সং,ক্লীং, রণস্থলে অগ্রবর্ত্তি সৈন্য,সেনামুখ। শিং—১ "নলস্য নাসীরগতে বিতেনতুঃ।" (নৈষধ)। ২। পুং, অগ্রগামী। ৩। বিং, ত্রিং, সেনাগ্রবর্ত্তী।

নাস্তি (ন—অস্তি [অস্ হওয়া+তি—প্রং] আছে) অং, নাই, বিদ্যমান নহে।

নাস্তিক (নাস্তি [ঈশ্বর] নাই+কণ্—প্রং। অথবা ক শব্দার্থ কৈ ধাতুজ। পরলোক নাই এই বুদ্ধি যাহার এই অর্থে নাস্তিক) বিং,ত্রিং, যে ব্যক্তি বেদকে ঈশ্বরপ্রণীত বলিয়া স্বীকার করে না, যে ব্যক্তি বেদ বা বেদমূলক শাস্ত্রের প্রামাণ্য স্বীকার করে না। ২। যে ব্যক্তি ঈশ্বরের সত্তা স্বীকার করে না, যে ব্যক্তি পরকাল মানে না; ইহারা ছয় শ্রেণীতে বিভক্ত; যথা—মাধ্যমিক, যোগাচার, সৌত্রান্তিক, বৈভাষিক, চার্ব্বাক ও দিগম্বর। শিং—১ "অতিমাত্রোজ্ঝিতভীরনাস্তিকঃ।" (মাঘ)। ২ "নাস্তিকাঃ পশুবুদ্ধয়ঃ।"

নাস্তিকতা—স্ত্রীং, নাস্তিক্য—ক্লীং } (নাস্তিক+তা,য(ষ্য)—ভাবে) সং,বেদকে ঈশ্বরপ্রণীত বলিয়া বিশ্বাস না করা, বেদ বা বেদমূলক শাস্ত্রের প্রামাণ্য স্বীকার না করা, বেদনিন্দা, পরব্রহ্ম ও পরলোকের অস্বীকারকরণ। ২। ঈশ্বরের অস্তিত্ব স্বীকার না করা, ঈশ্বর আছেন বলিয়া বিশ্বাস না করা,নিরীশ্বরবাদ,ঈশ্বরাপলাপ। ৩। নাস্তিকের ব্যবহার, শাস্ত্রবিরুদ্ধ ও সদাচার বহির্ভূত আচার।

নাহ (নহ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ভাবে) সং,পুং, বন্ধন। ২। (+ঘঞ্—ণ) ফাঁদ। ৩। রজ্জু। [অন্যায্য, অন্যায়রূপে।

নাহক্ (না নিষেধবাচক—হক্ যথার্থ)

নাহল; সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নাহুষ (নহুষ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, নহুষপুত্র যযাতি।

নি (নম্ নম্র হওয়া। অথবা নহ্ বন্ধনকরা +ই(ডি)—ক) অং, উপং, নিষেধ। ২। অভাব। ৩। নিকৃষ্ট। ৪। নিশ্চয়। ৫। সংশয়। ৬। সামীপ্য। ৭। নিন্দা। ৮। ভৃশ। ৯। নিবেশ। ১০। বিন্যাস। ১১। নিত্য। ১২। কৌশল। ১৩। উপরম। ১৪। আশ্রয়। ১৫। দান। ১৬। মুক্তি। ১৭। অন্তর্ভাব। ১৮। বন্ধন। ১৯। রাশি। ২০। অধোভাগ।

নিংড়ন } (নিষ্পীড়ন শব্দজ) সং, আর্দ্র
নিঙ্গড়ন } বস্ত্রাদি হইতে জল-নিঃসারণ।
নিঃক্ষত্র } (নির্ না—ক্ষত্র, ক্ষত্রিয়)
নিঃক্ষত্রিয় } বিং, ত্রিং, ক্ষত্রিয়রহিত।
নিঃশঙ্ক (নির্ না—শঙ্কা ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়, শঙ্কারহিত।
নিঃশলাক (Anacanthena) যাহাদের ডানায় অস্থিশলাকামাত্র থাকে না এবং বায়ুক্লোম ও মুখের সহিত সংলগ্ন থাকে না, অপর কণ্ঠস্থ অস্থি পৃথক্ থাকে; যথা—পায়রা-চাঁদা মৎস্য। ২। (নির্ না—শলাকা ময়না, শারিকা। যেখানে পক্ষীরাও গমনাগমন করে না) বিং, ত্রিং, নির্জ্জন, রহঃ, বিজনপ্রদেশ। ৩। নিষ্প্রতিবন্ধ।
নিঃশব্দ (নির্ না—শব্দ ধ্বনি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শব্দরহিত, নীরব।
নিঃশেষ (নির্ না—শেষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শেষরহিত, সম্পূর্ণ। শিং—১ "নিঃশেষচ্যুতচন্দনং স্তনতটং নির্মৃষ্টরাগোঽধরঃ।" (কাব্যপ্রকাশ)।
নিঃশেষিত (নিঃশেষ+ইত—প্রাপ্ত্যর্থে) বিং, ত্রিং, নিঃশেষপ্রাপ্ত, যাহা ফুরাইয়া গিয়াছে।
নিঃশোধ্য (নির্ সম্পূর্ণতা—শোধ্য নির্ম্মল, শোধনীয়) বিং, ত্রিং, নির্ম্মল। ২। শোধনীয়, মার্জ্জিত।
নিঃশ্রয়ণী } (নির্ বাহির—শ্রি গমন
নিঃশ্রয়িণী } করা+অন(অনট্)—ণ। ২য় পক্ষে—নিঃশ্রয়+ইন্—প্রং) সং, স্ত্রীং, অধিরোহিণী, সিঁড়ি।
নিঃশ্রেণী—ণী (নির্ নিশ্চয়—শ্রেণি পঙ্ক্তি, ৭মী—হিং) সং, স্ত্রীং, অধিরোহিণী, সিঁড়ি।
নিঃশ্রেয়স (নির্ নিশ্চিত, ভৃশ—শ্রেয়স্ মঙ্গল, য়ং—স, অ—প্রং) সং, ক্লীং, মুক্তি, পুনর্জ্জন্ম না হওয়া। ২। ভক্তি। ৩। সুখ। ৪। জ্ঞান। ৫। কুশল, মঙ্গল। শিং—১ ১ "পণ্ডিতো হর্ষকৃচ্ছ্রেষু নিঃশ্রেয়সকরং বচঃ।" ৬। প্রত্যয়। ৭। (—স্বস) পুং, শিব।
নিঃশ্বসন, নিঃশ্বসিত; সং, ক্লীং, নিশ্বাস দেখ।
নিঃশ্বাস (নির্ বাহির—শ্বস্ নিঃশ্বাসপ্রশ্বাস ফেলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রাণবায়ুর বহির্নিঃসরণ। শিং—১ "বৃষলীফেনপীতস্য নিঃশ্বাসোপহতস্য চ।"
নিঃষম (নির্ না—সম সমান। র্=ঃ, স=ষ) অং, নিন্দা। ২। শোক।
নিঃসংজ্ঞ (নির্—সংজ্ঞা জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অচেতন।
নিঃসঙ্গ (নির্ না—সঙ্গ সংসর্গ) বিং, ত্রিং, সম্পর্কশূন্য। ২। বিষয়ানুরাগরহিত।
নিঃসত্ত্ব (নির্ না—সত্ত্ব সারপদার্থ ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসার। ২। বলহীন, দুর্ব্বল। ৩। ধৈর্য্যরহিত। ৪। প্রাণীশূন্য।
নিঃসন্ধি (নির্ না—সন্ধি মিলন, সংযোগ। যাহার সন্ধি অদৃশ্য) বিং, ত্রিং, দৃঢ়। ২। সন্ধিরহিত। [ত্রিং, শত্রুরহিত।
নিঃসপত্ন (নির্ না—সপত্ন শত্রু) বিং,
নিঃসম্পাত (নির্ না—সম্পাত [সম্—পত্ গমন করা+অ(ঘঞ্)—ধি] গমন, গতায়াত। যে সময়ে গমনাগমন নাই) সং, পুং, নিশীথ, অন্ধরাত্র। ২। বিং, ত্রিং, গমনাগমনশূন্য। শিং—১ "আকাশমপিবাণৌঘৈ নিঃসম্পাতং বিধীয়তাম্।"
নিঃসম্বল (নির্ না—সম্বল সঙ্গতি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং সঙ্গতিহীন, যাহার কোন সম্বল নাই।
নিঃসরণ (নির্ বাহির—সৃ গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বহির্গমন, নির্গত হওয়া। ২। মৃত্যু। ৩। (+অনট্—ণ) দ্বার। ৪। (+অনট্—র্ম্ম) উপায়। ৫। মুক্তি।
নিঃসহ; বিং, ত্রিং, যে আর সহিতে পারে না।
নিঃসাধ্বস (নির্ না—সাধ্বস ভয়) বিং, ত্রিং, নির্ভয়।
নিঃসার (নির্ না—সার স্থিরাংশ, ৬ষ্ঠী—হিং। অথবা নির্ বাহির—সৃ গমন করা+অ(ঘঞ্)—র্ম্ম) বিং, ত্রিং, সারহীন, সারাংশশূন্য, রসহীন। শিং—১ "মানুষ্যে কদলীস্তম্ভনিঃসারে সারমার্গণম্।" ২। নিস্তেজ। ৩। (ঘঞ্—ণ) সং, পুং, নির্গমপথ।
নিঃসারণ (নির্ বাহির—সারি গমনকরান +অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্ব্বাসন,

বহিষ্করণ। ২। নিংড়ন। ৩। (+অনট্‌ —ণ) গৃহাদির প্রবেশনির্গমপথ।

নিঃসারিত (নির্‌ বাহির—সারি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্কাসিত, বহিষ্কৃত, নির্ব্বাসিত। শিং—১ "সর্ব্বে অর্দ্ধচন্দ্রং দত্ত্বা নিঃসারিতাঃ।"

নিঃসীমা (—সীমন্‌, নির্‌ নির্গত—সীমা সীমা নির্গত হইয়াছে যাহা হইতে, ৫মী—হিং) বিং, ত্রিং, সীমাবহিষ্কৃত, সীমাশূন্য, অসীম। শিং—১ "অহহ মহতাং নিসীমানশ্চরিত্রবিভূতয়ঃ।"

নিঃসৃত (নির্‌ বাহির—সৃ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নির্গত, বহির্গত।

নিঃস্নেহ (নির্‌ নির্গত—স্নেহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্নেহশূন্য। শিং—১"যে প্রতিগ্রহনিঃস্নেহাস্তে নরাঃ স্বর্গগামিনঃ।" ২ "নিঃস্নেহং কীটদূষিতম্‌।" ২। তৈলবর্জ্জিত। হা—স্ত্রীং, অসতী।

নিঃস্নেহফলা (নিঃস্নেহ—ফল, ৬ষ্ঠী—হিং, আপ্‌—স্ত্রীং) সং, স্ত্রীং, শ্বেতকণ্টকারী।

নিস্পৃহ (নির্‌ নির্গত—স্পৃহা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাসনাশূন্য, নিষ্কাম। শিং—১ "ত্রিদিবস্থেষ্বপি নিস্পৃহোঽভবৎ।" (রঘু)।

নিঃস্রব } (নির্‌ বাহির—স্রু গলিত
নিঃস্রাব } হওয়া + অ(অল্‌)—ভা) সং, পুং, ক্ষরণ, দ্রব বস্তুর নির্গমন। ২। (+অল্‌—র্ম্ম) অন্নের মণ্ড, ভাতের মাড়। ৩। নির্গলিত দ্রবদ্রব্য।

নিঃস্ব (নির্‌ না—স্ব ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ধন, দরিদ্র। ২। জ্ঞাতিরহিত।

নিঃস্বভাব (নিঃস্ব নির্ধন—ভাব হওন) সং, পুং, নির্ধনতা, দারিদ্র্য। ২। বিং, ত্রিং, স্বভাবশূন্য।

নিকট (নি—কট্‌ [আবরণ করা] সমীপে যাওয়া+অ(অন্‌)—ক। অথবা নি+কটচ্‌—প্রং) বিং, ত্রিং, যাহার মধ্যে অধিক ব্যবধান নাই, সমীপ, অদূর, অভ্যর্ণ, কাছে। "গম্যতাং কিঞ্চিন্নিকটং সরঃ।"

নিকটবর্ত্তী } (নিকটবর্ত্তিন্‌, নিকট—বর্ত্তিন্‌
নিকটস্থ } [বৃত্‌ থাকা+ইন্‌(ণিন্‌)—ক] যে বিদ্যমান থাকে। নিকট—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, যে নিকটে আছে, সমীপস্থিত।

নিকর (নি উপর—কৃ বিক্ষেপ করা+অ (অপ্‌)—র্ম্ম) সং, পুং, সমূহ, রাশি। শিং—১ "নিষ্যন্দিনীরনিকরেণ কৃতাভিষেকা।" (মাঘ)। ২। সার। ৩। ন্যায্য দেয় ধন। ৪। নিধি, রত্ন।

নিকর্ত্তন (নি—কৃত্‌ ছেদন করা+অন (অনট্‌)—ভা) সং, ক্লীং, ছেদন; যথা— "পরসেনার নিকর্ত্তন।" ২। (+অনট্‌—ক) বিং, ত্রিং, ছেদনকারী।

নিকর্ষণ (নি—কর্ষণ হল দ্বারা কর্ষণ) সং, ক্লীং, নগরমধ্যস্থ বা তৎসন্নিহিত অকৃষ্ট স্থল। ২। নগরাদির বহিঃস্থিত ক্রীড়াভূমি। ৩। সন্নিবেশ।

নিকষ } (নি—কষ্‌,কস্‌ বধকরা, ঘর্ষণকরা
নিকস } +অ(অল্‌)—ধি) সং, পুং, কষ্টিপাথর। ২। সুবর্ণ রজতাদির পরীক্ষাস্থান। শিং—১"নিকষে হেমরেখেব।" ৩। শাণ। ৪। (+অল্‌—র্ম্ম) নিকষোপলরেখা, কষ্টিপাথরের দাগ। শিং—১ "তথা প্রজ্ঞায়তে ব্রহ্ম নিকষং নিকষে যথা।" (মাইকেল এক স্থলে 'নিকষ' শব্দে খড়্গের আবরণ বলিয়া অর্থ করিয়াছেন; যথা—"নিকষে যথা অসি, আবরিব মায়াজালে আমি দোঁহে।")

নিকষণ (নিকষ দেখ, অন(অনট্‌)—ভা) সং, ক্লীং, ঘর্ষণ। ২। উল্লেখন, খনন।

নিকষা (নি—কষ্‌+আ—ক) অং, নিকটে। ২। মধ্যে। শিং—১ "বিলঙ্ঘ্য লঙ্কাং নিকষা হনিষ্যতি।" ৩। (নি—কষ্‌+অল্‌—ক, আপ্‌) স্ত্রীং, সুমালি রাক্ষসের কন্যা। বিশ্রবার ঔরসে ইঁহার গর্ভে রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ ও সুর্পনখা জন্মিয়াছিলেন।

নিকষাত্মজ (নিকষা এই বংশের মাতা—আত্মজ পুত্র) সং, পুং, রাক্ষস।

নিকষোপল; সং, পুং, শাণ। ২। কষ্টিপাথর।

নিকা (আরবী) বিবাহ; ইহা মুসলমানদিগের মধ্যে অতি বিশুদ্ধ বিবাহ; কিন্তু বঙ্গদেশে এরূপ বিবাহকে নিকৃষ্ট ভাবিয়া থাকে।

নিকাম (নি—কম্‌ ইচ্ছা করা+অ(ঘঞ্‌)—ভা) ক্রিং—বিং, ক্লীং, সাতিশয়। শিং—

১ "নিকামতপ্তা বিবিধেন বহ্নিনা।" ২। যথেষ্ট, পর্য্যাপ্ত। ৩। স্বেচ্ছাপূর্ব্বক।

নিকায় (নি—চি একত্র করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, সমূহ। ২। সমানধর্ম্মি ব্যক্তি সমূহ। ৩। লক্ষ্য। ৪। (+ঘঞ্—ধি) বাসস্থান। ৫। গৃহ। ৬। পরমাত্মা।

নিকায্য (নি—চি একত্রকরা+য(ঘ্যণ্)—র্ম্ম, নিপাতন) সং, পুং, আলয়, গৃহ। শিং—১ "ন প্রণায্যঃ জনঃ ক্বচিৎ নিকায্যং তেঽধিতিষ্ঠতি।" (ভট্টি)।

নিকার (নি—কৃ [করা] পরাজয়াদি করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরাভব। ২। অপকার। ৩। অপমান। ৪। মানহানি, অবমাননা, অনাদর। ৫। তিরস্কার, লাঞ্ছনা। ৬। (নি—কৄ ক্ষেপণকরা+অ(ঘঞ্)—ভাবে) ধান্যাদির উৎক্ষেপণ। ৭। খলীকার। ৮। ধিক্কার।

নিকারণ (নি—কৄ-ণিচ্=কারি বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, বধ।

নিকাল্য (নি—কল্ সঙ্কালন করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, চালনীয়।

নিকাশ (নি—কাশ্ শোভা পাওয়া+অ(অন্)—ভাবে) সং, ক্লীং, প্রকাশ। শিং—১ "উবাচ পূর্ণেন্দু নিকাশবক্ত্রম্।"

নিকাষ (নিকষ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, কর্ষণ, ঘর্ষণ। শিং—১ "তেজোভিঃ কণকনিকাষরাজি লৌহৈঃ।" (কিরাত)।

নিকাস } নীকাস } (নি—কাস্ দীপ্তি পাওয়া+অ(অন্)—ক) সং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য। ২। (যাবনিক) হিসাব স্থিরীকরণ। ৩। জলনির্গম পথ।

নিকাসীপোতা (যাবনিক) জমীদারের কর্ম্মচারীরা নিকাস দিবার সময় যাহা দেনদার হয় তাহাকে নিকাসীপোতা কহে।

নিকী } নিখী } (নিক্ষা শব্দজ) সং, উৎকুণ, ডেঙ্গরের বীজ।

নিকুঞ্চক (নি—কুন্চ্ তুচ্ছ হওয়া+অক(ণক)—ক) সং, পুং, পরিমাণবিশেষ, কুড়ব পরিমাণের চতুর্থাংশ। ২। জলবেতস।

নিকুঞ্জ (নি নিরর্থক শব্দ—কুঞ্জ) সং, পুং —ক্লীং, উপবনে উদ্যানে বা অরণ্যে লতা প্রভৃতি দ্বারা আবৃত গুহাকার কুঞ্জ, লতাগৃহ। শিং—১ "কপিচূলমুপযাতি ক্লান্তমস্রেনি কুঞ্জম্।"

নিকুম্ভ (নি—কু পৃথিবী—ক্ষু হওয়া+অ(অন্)—ক, ম—আগম) সং, পুং, কুম্ভকর্ণ রাক্ষসের পুত্র। ২। হর্য্যশ্বের পুত্র। ৩। শিবের অনুচর বিশেষ। শিং—১ "অবেহি মাং কিঙ্করমষ্টমূর্ত্তেঃ কুম্ভোদরং নাম নিকুম্ভতুল্যম্।" ২। দন্তিকা গাছ। স্ত্রী—স্ত্রীং, কুম্ভকর্ণের কন্যা।

নিকুম্ভিলা (নি—কুম্ভ কলসী+ইল—প্রং) সং, স্ত্রীং, লঙ্কাস্থ গুহাবিশেষ; তথায় যজ্ঞাদি সম্পন্ন হয়। ২। দেবীবিশেষ।

নিকুরম্ব (নি—কুর্ শব্দ করা+অম্ব(অম্বচ্)—র্ম্ম) সং, ক্লীং, সমূহ। শিং—১ "অনিল তরলকিসলয়নিকরেণ করেণ লতা নিকুরম্বম্।" (গীতগোবিন্দ)।

নিকৃত (নি—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপকৃত। ২। লাঞ্ছিত, তিরস্কৃত। ৩। পরিভূত। ৪। প্রতারিত। ৫। হতমান, অবমানিত। ৬। (+ক্ত—ভা) সং, ক্লীং, নিকৃতি। ৭। (নি—কৃৎ ছেদন করা+অ(ক)—ক) নীচ, ৮। শঠ।

নিকৃতি (নি—কৃ করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, নিকার। ২। ভৎসনা, তিরস্কার। ৩। অপকার। ৪। দৈন্য। শিং—১ "নিকৃতিপরেষু পরেষু ভূরিধাম্নঃ।" ৫। শঠতা। ৬। নিন্দা। ৭। বসুবিশেষ।

নিকৃত্ত (নি—কৃৎ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। ২। খণ্ডিত।

নিকৃষ্ট (নি—কৃষ্ [কর্ষণ করা] অবজ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপকৃষ্ট, নীচ, জঘন্য।

নিকৃষ্টপ্রবৃত্তি (Lower Propensities) কাম, জিঘাংসা, বুভুক্ষা, অপত্যস্নেহ, আসঙ্গলিপ্সা প্রভৃতি; কেবল আত্মরক্ষা ও পরিবারাদি প্রতিপালনই এই বৃত্তির প্রধান প্রয়োজন।

নিকেচায় (নি—চি [যঙ্লুগন্ত] বারংবার সঞ্চয় করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, পুনঃপুন গোময়াদির রাশীকরণ।

নিকেত—পুং } (নি—কিৎ বাস করা
নিকেতন—ক্লীং } +অ ঘঞ্),অন(অনট্) —ধি) সং, আলয়, গৃহ। শিং—১ "নিকেতংশ্রয়তে পুণ্যোযত্র বিশ্রবসো মুনেঃ।" ২ "গন্ধবহশ্চৈব মলয়াদ্রিনিকেতনঃ।"

নিকোচন (নি—কুচ্ শব্দ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সঙ্কোচন।

নিক্কণ } (নি—ক্কণ্ শব্দ করা+অ(অল্)
নিক্কাণ } পক্ষান্তরে অ(ঘঞ্)—ভাবে)সং, পুং, বীণাদির ধ্বনি। ২। ধ্বনি, শব্দ।

নিকাণন—ক্লীং } (নি—কণ্-ণিচ্=কাণি
নিক্কাণনা—স্ত্রীং } শব্দ করা+অনট্, অন—ভা) সং, বীণাবাদন।

নিক্রমণ (নি—ক্রম্ সঞ্চরণ করা+অন (অনট্)—ধি) সং, ক্লীং, প্রদেশ, স্থান।

নিক্ষণ (নিক্ষ্ চুম্বন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, চুম্বন।

নিক্ষা (নিশ্ একান্ত অনুরক্ত হওয়া+স—সংজ্ঞার্থে। অথবা নিক্ষণ দেখ, অ—প্রং) সং, স্ত্রীং, কেশকীট, নিকী।

নিক্ষিপ্ত (নি সম্যক্‌রূপে—ক্ষিপ্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ফেলিয়া দেওয়া গিয়াছে, যাহা ক্ষেপণ করা গিয়াছে, যাহা দূরে পরিত্যক্ত হইয়াছে, ক্ষিপ্ত, অর্পিত। ২। যাহা নিক্ষেপরূপে স্থাপিত হইয়াছে, ন্যস্ত, গচ্ছিত। ৩। ত্যক্ত।

নিক্ষুভা; সং, স্ত্রীং, সূর্য্যপত্নী। ২। ব্রাহ্মণী।

নিক্ষেপ (নিক্ষিপ্ত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, ন্যাস, গচ্ছিতকরণ। ২। সংস্কারার্থ শিল্পীর নিকট দ্রব্যের অর্পণ। ৩। স্থাপন। ৪। ত্যাগ। ৫। ফেলিয়া দেওয়া, ক্ষেপণ। ৬। (+অল্—র্ম্ম) গচ্ছিত বস্তু।

নিক্ষেপক (নিক্ষিপ্ত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিক্ষেপ করে।

নিখর্ব্ব (নি অতিশয়—খর্ব্ব হ্রস্ব) বিং, ত্রিং, বামন। ২। ক্লীং, দশ সহস্র কোটি সংখ্যা। [বিশেষ।

নিখর্ব্বট; সং, পুং, রাবণসৈন্যগত রাক্ষসনিখাত (নি—খন্ খোঁড়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, খনিত। ২। খুন। ৩। স্থাপিত। ৪। প্রোত। ৫। প্রোথিত, যাহা মৃত্তিকাতে পোতা হইয়াছে; যথা—নিখাতস্তম্ভ। শিং—১ "অষ্টাদশদ্বীপনিখাতযূপঃ।"

নিখিল (নি না—খিল [খ আকাশ—লা গ্রহণকরা+অ(ড)—ক] শূন্য,অভাব,৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, সমুদায়, সমস্ত, সমগ্র। ২। সম্পূর্ণ, অখণ্ড। শিং—১ "সর্ব্বং তু সমবেক্ষ্যেদং নিখিলং জ্ঞানচক্ষুষা।"

নিখুঁত (নি না—খুঁত চূর্ণার্থে ফোদ শব্দজ) বিং, নির্দ্দোষ, দোষহীন।

নিগড় (নি—গড় [ক্ষরিত হওয়া] বন্ধন করা +অ(অন্)—ক) সং,পুং—ক্লীং, লৌহময় পাদবন্ধনী, বেড়ী। ২। লৌহশৃঙ্খল। শিং—১ "পুত্রদারগৃহক্ষেত্রমমত্বনিগড়ার্দ্দিত।" ২ "সংসারে সংনিবন্ধনাম্ নিগড়চ্ছেদ কর্ত্তরি।"

নিগড়িত (নিগড়+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার চরণ নিগড় অর্থাৎ শিকল দিয়া বাঁধা হইয়াছে, শৃঙ্খলবদ্ধ। ২। বদ্ধ।

নিগণ (নি নিশ্চয়—গণ্ গণনা করা+অ—প্রং। যাহা দ্বারা অগ্নির বিদ্যমানতা প্রকাশ পায়) সং, পুং, হোমধূম, হোমের, ধূঁয়া।

নিগদ } (নি নিশ্চয়—গদ, গাদ—কথন)
নিগাদ } সং, পুং, ভাষণ কথন। ২। শব্দ। শিং—১ "যদগৃহীত ন বিজ্ঞাতং নিগাদেনৈব শব্দ্যতে।" ৩। উচ্চৈর্জপ্য মন্ত্র। শিং—১ "নিগদস্ত জনৈর্বেদ্যঃ।

নিগদিত (নি—গদ্ বলা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, কথন, কথা কহা। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উক্ত। ২। নির্দ্দিষ্ট, উল্লিখিত।

নিগম (নি নিয়ত—গম্ গমন করা+অ (অল্)—ধি। যেখানে মনুষ্যেরা নিয়ত গমন করে) সং, পুং, নগর। ২। পথ। ৩। বাণিজ্য। ৪। হট্ট, হাট। ৫। (+অল্)—ভা) নিশ্চয়। ৬। প্রতিজ্ঞা। ৭। (+অল্—ণ) পঞ্চাবয়ব ন্যায়মধ্যে চরম অবয়ব। ৮। ন্যায়-শাস্ত্র। ৯। তন্ত্র-বিশেষ। ১০। বেদবোধক শাস্ত্র। ১১। বেদ। শিং—১ "নিগমকল্পতরোর্গলিতং ফলম্।"

নিগমন ( নি—গম্‌ নির্গত হওয়া+অন (অনট্‌)—ণ) সং, ক্লীং, ন্যায়শাস্ত্রের চরম অবয়ব। ২। পঞ্চম ন্যায়াঙ্গ।

নিগর } (পশ্চাৎ দেখ, অ(অল্‌), অন্য
নিগার } পক্ষে—অ(ঘঞ্‌)—ভাবে) সং, পুং, ভক্ষণ, ভোজন।

নিগরণ (নি—গৃ ভোজন করা+অন(অনট্‌)—ভা) সং, ক্লীং, ভক্ষণ, গিলন, গেলা। ২। (+অনট্‌—ণ) পুং, গলদেশ। ৩। হোমধূম।

নিগাল (নি—গল্‌ ভক্ষণ করা+অ(ঘঞ্‌)—ণ) সং, পুং, অশ্বের গলদেশ। "ঘণ্টাগল সমীপস্থো নিগালঃ কীর্ত্তিতো বুধৈঃ।"

নিগীর্ণ ( নি—গৃ ভক্ষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত। ২। অন্তর্ভাবিত। শিং—১ "বিষয়িণারোপ্যমাণেহন্তঃকৃতে-নিগীর্ণে অন্যস্মিন্নারোপবিষয়ে।"

নিগু (নি নিশ্চয়—গম্‌ গমন করা+উ—প্রং) সং, পুং, চিত্ত, মনঃ।

নিগুৎ (নি—গু শব্দ করা+০(ক্বিপ)—ক) বিং,ত্রিং, ভয়াদিজন্য অব্যক্ত শব্দকারক।

নিগূঢ় (নি—গুহ্‌ আচ্ছাদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংবৃত। ২। লুক্কায়িত। ৩। গুপ্ত, অপ্রকাশিত। ৪। আচ্ছাদিত। ৫। আলিঙ্গিত। ৬। দুর্ব্বোধ,দুর্জ্ঞেয়। ৭। আবৃত, আচ্ছন্ন, তিরোহিত। শিং—১ "সুরাজেবনিগূঢ়মন্ত্রসাধনকথিতবিগ্রহঃ।" (কাদম্বরী)। ৮। সং, ক্লীং, সার, মর্ম্ম, তাৎপর্য্য। ৯। পুং, বনমুদ্গ।

নিগৃহীত ( নি—গ্রহ্‌ [ গ্রহণ করা ] অকৃপা করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, যাহার দণ্ডবিধান হইয়াছে, দণ্ডিত। ২। যাহার শাসন হইয়াছে, শাসিত। ৩। যাহার জয় দমন বা বশীকরণ হইয়াছে, বশীকৃত। ৪। যাহাকে ধরা বা কয়েদ করা হইয়াছে, রুদ্ধ। ৫। যাহার শান্তি উপশম বা নিবারণ করা হইয়াছে, শমিত। ৬। পীড়িত। ৭। নিবর্ত্তিত।

নিগ্রহ (নিগৃহীত দেখ, অ(অল্‌)—ভা) সং, পুং, অনুগ্রহের বিপরীত। শিং—১ "প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি।" ২। বিষ্ণু। শিং—১ "প্রগ্রহো নিগ্রহেবব্যগ্রঃ।" ২ "সর্ব্বং প্রলয়ে নিগৃহ্লাতীতি নিগ্রহঃ।" ৩। তাড়না, প্রহার। ৪। নিরাকরণ। ৫। শাসন, দণ্ড। ৬। বন্ধন। ৭। তিরস্কার, ভৎর্সনা। ৮। সংযম। ৯। চিকিৎসা। ১০। সীমা। ১১। যাতনা। ১২। বিড়ম্বনা। ১৩। নিবারণ।

নিগ্রহস্থান (নিগ্রহ—স্থান) সং, ক্লীং, বাদিপরাজয়।

নিগ্রাহ (নি—গ্রহ্‌ গ্রহণ করা+অ(ঘঞ্‌)—ভাবে) সং, পুং, নিগ্রহ দেখ।

নিগ্রাহক ( নিগৃহীত দেখ, অক(ণক)—ক ) বিং, ত্রিং, নিগ্রহকারক।

নিঘ (নি—হন্‌ আঘাত করা+অ(ক)—ক) বিং, ত্রিং, সমন্তাৎ। ২। সদৃশ। ৩। সং, পুং, সমবিস্তার দৈর্ঘ্যবস্তু। শিং—১"নিঘা নিঘতরুচ্ছন্নৈঃ।" (ভট্টি)।

নিঘণ্টিকা; সং, স্ত্রীং, গুলঞ্চকন্দ।

নিঘণ্টু (নি—ঘনুট্‌+উ—ক) সং,পুং, সূচীপত্র, নির্ঘণ্ট। শিং—১"আদ্যং নৈঘণ্টুকং কাণ্ডং দ্বিতীয়ং নৈগমং তথা।" ২। শব্দসংগ্রহ অর্থাৎ বৈদিক অভিধানবিশেষ; এই সমস্ত গ্রন্থ বেদসংহিতার অর্থ প্রতিপাদনার্থ প্রস্তুত হয়।

নিঘর্ষ (নি—ঘৃষ্‌ ঘর্ষণ করা+অ(অল্‌)—ভাবে) সং, পুং, ঘর্ষণ, ঘষা। শিং—১ "তরুশাখান্তনিঘর্ষজোহনলঃ।" (কিরাত)।

নিঘস (নি—অদ্‌ ভোজন করা+অ(অল্‌)—র্ম্ম। অদ=ঘস ) সং, পুং, ভক্ষণ, আহার।

নিঘাত (নি—হন্‌ নাশ করা+অ(ঘঞ্‌)—ভাবে, হন=ঘাত) সং, পুং, আহনন। ২। উদাত্তাদি হনন পূর্ব্বক অনুদাত্ত করণ। ৩। (+ঘঞ্‌)—র্ম্ম) অনুদাত্ত স্বর। শিং—১ "জ্যানিঘাতকঠিনাঙ্গুলিস্ত্বচৌ।"

নিঘাতি ( নি—হন্‌ বধ করা+ই—সংজ্ঞার্থে। হন্‌=ঘাত) সং,স্ত্রীং, লৌহদণ্ড।

নিঘুষ্ট (নি—ঘুষ্‌ শব্দ করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, নাদ, ধ্বনি। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত।

নিঘ্ন (নি—হন্‌ [বধ করা] নিগ্রহ করা+অ

(টক্)—র্ম্ম) বিং, ত্রিং, আয়ত্ত, বশীভূত। শিং—১ "নিঘ্নস্য মে ভর্তৃনিদেশরৌক্ষ্যং দেবি ক্ষমস্ব।" ২। আহত। ৩। পুরিত। শিং—১ "স্থাপ্যোহত্যবর্গো দ্বিগুণান্ত্য-নিঘ্নঃ।" ৪। গুণিত। ৫। পোষা। ৬। (+টক্—ক) ঘাতক।

নিচয় (নি—চি একত্র করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমূহ। ২। পুর। ৩। (+অল্—ভা) উপচয়, বৃদ্ধি। শিং—১ "সর্ব্বে ক্ষয়ান্তা নিচয়াঃ পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ।" ৪। নিশ্চয়।

নিচায় (নি—চি একত্র করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, ধান্যাদির রাশি।

নিচিত (নিচয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিপূর্ণ। ২। আকীর্ণ, ব্যাপ্ত। ৩। রচিত। সঞ্চিত। ৪। সম্যক্ উপার্জ্জিত। তা—স্ত্রীং, নদীবিশেষ।

নিচুল (নি—চুল্ উন্নত হওয়া+অ(ক)—ক) সং, পুং, স্থলবেতস। ২। বেতস। শিং—১ "স্থানাদস্মাৎ সরসনিচুলাদুৎপতোদঙ্মুখঃ।" (মাঘ)। ২। উত্তরচ্ছদ। ৩। কবিবিশেষ।

নিচুলক (নিচুল দেখ, কণ্—যোগ) সং, ক্লীং, যোদ্ধৃবর্গের চোলাকৃতি সাঁজোয়া।

নিচেরু (নি—চর্ গমন করা+উ(উন্)—ক) বিং, ত্রিং, সঞ্চরণশীল।

নিচোল (নি—চুল্ [ উন্নত হওয়া ] অবগুণ্ঠন করা+অ(অন্)—ণ) সং, ক্লীং, প্রচ্ছদপট, আচ্ছাদনবস্ত্র, পাছুড়ী। ২। উত্তরীয় বস্ত্র। ৩। ঘাগরা। ৪। সাঁজোয়া।

নিচোলক (নিচোল+কণ্—যোগ) সং, পুং, কঞ্চুক, সাঁজোয়া। ২। সৈন্যাদির সন্নাহ।

নিচ্ছবি (নি নিয়ত—ছবি দীপ্তি) সং, স্ত্রীং, ত্রিহুত দেশ।

নিচ্ছিদ্র (নি—ছিদ্র) বিং, ত্রিং, যাহাতে ছিদ্র নাই, নিশ্ছিদ্র। ২। যাহার কোন দোষ নাই, দোষস্পর্শশূন্য।

নিচ্ছিবি (নি না—ছবি দীপ্তি বা বিশ্বাস। অ=ই) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

নিছনি (দেশজ) বিবাহকালীন স্ত্রী-আচারের অঙ্গবিশেষ; যথা—"নিছনিডালা" ২। বালাই; যথা—"কাহার বাছনি রে নিছনি লয়ে মরি।" ৩। বেশবিন্যাস; যথা—"নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড়।"

নিছল (দেশজ) কপটতাশূন্য।

নিজ (নি নিয়ত—জ [জন জন্মান+অ (ড)—ক] যে জন্মে) বিং, ত্রিং, আপনাতে যাহা থাকে বা বর্ত্তে, আপনার সহিত যাহার সংস্রব আছে, স্বকীয়। ২। যাহা স্বভাবতঃ থাকে বা জন্মে, স্বাভাবিক। ৩। নিত্য, চিরস্থায়ী। শিং—১ "সেনা গজেন মথিতস্য নিজ প্রসূনৈঃ।" ৪। ক্রিং—বিং, স্বয়ং, স্বশরীরে।

নিজঘাস; সং, পুং, পার্ব্বতীয় রোষসম্ভূত গণবিশেষ। শিং—১ "নিজঘাসো ঘসশ্চৈব স্থূণাকর্ণঃ প্রশোষণঃ।"

নিজজোত (জোত যাবনিক) যে জমীতে প্রজারা আপনাদের ব্যবহারার্থ চাষ করিয়া থাকে তাহাকে নিজজোত কহে।

নিজস্ব (নিজ—স্ব) সং, ক্লীং, যাহাতে আপনার অসাধারণ স্বত্ব আছে, যে বস্তুতে অন্য কাহার কোন সম্পর্ক বা অধিকার নাই, অসাধারণস্বত্বাস্পদীভূত বস্তু।

নিজিঘৃক্ষয়িষ্যৎ (নি—গ্রহ্ গ্রহণ করা+সন্—ইচ্ছার্থে-ণিচ্+স্যতৃ—ক) বিং, ত্রিং, নিগ্রহেচ্ছু করাইতে প্রবর্ত্তিষ্যমাণ।

নিজিঘৃক্ষু নিজিঘৃক্ষ [নি—গ্রহ্ 'গ্রহণকরা' অক্রূপা করা+সন্—ইচ্ছার্থে] নিগ্রহ করিতে ইচ্ছা করা+উ—ক) বিং, ত্রিং, নিগ্রহ করিতে ইচ্ছুক।

নিজ্যমান (নিজ শোধন করা+আন(শান)—র্ম্ম। য—আগম) বিং, ত্রিং, ক্ষালিত, শোধিত; যথা—"বীরগণ-নিক্ষিপ্ত করবারি সকল নিজ্যমান বসন রাশির ন্যায় নিরীক্ষিত ও সেই খড়্গ সমুদায়ের শব্দ নিজ্যমান বসন শব্দের ন্যায় শ্রুত হইল।"

নিটনকাত (যাবনিক) প্রজার দখলী ভূমিতে পরিমাণ অনুসারে জমা ধার্য্য করাকে নিটনকাত কহে।

নিটল; সং, পুং, কপোল, ভালদেশ। শিং—১ "রাজা নিটলতলে চুম্বিতনিজচরণাম্বুজৈঃ।"

নিটলাক্ষ (নিটল ভালদেশ—অক্ষ অক্ষি,

৬ষ্ঠী—হিং। ভালদেশে যাহার চক্ষু বিদ্যমান আছে) সং, পুং, শিব। শিং—১ "রোষরুক্ষেণ নিটলাক্ষেণ দূরীকৃতচেতনে।"

নিটুট (নি না—টুট ত্রুটি শব্দজ) বিং, ত্রিং, সম্পূর্ণ, নির্দ্দোষ। ২। অক্ষুন্ন।

নিটোল (দেশজ) সম্পূর্ণ, অঙ্গহীন নয়।

নিডীন (নি নিশ্চয়—ডীন উড়ন) সং, ক্লীং, পক্ষির গতিবিশেষ, আস্তে আস্তে গতি।

নিড়ন (দেশজ) সং, তৃণোৎপাটন।

নিড়ানী (দেশজ) সং, নিড়নায়, ফোড়।

নিগুকা; সং, স্ত্রীং, তেওড়া কলাই।

নিতম্ব (নি—তম্ ইচ্ছা করা+ব—র্ম্ম, সংজ্ঞার্থে। অথবা নি—তন্ব্ গমন করা+অল্—র্ম্ম) সং, পুং, স্ত্রীলোকের কটিদেশের পশ্চাদ্ভাগ, পাছা। শিং—১ "তরুণ্যালিঙ্গিতঃ কণ্ঠে নিতম্বস্থানমাশ্রিতঃ।" ২। কটি। ৩। পর্ব্বতের পার্শ্বদেশ, কটকদেশ। শিং—১ "গিরেনিতম্বে মরুতা বিভিন্নম্।" (ভট্টি)। ৪। তট। ৫। স্কন্ধ।

নিতম্বিনী (নিতম্ব+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, প্রশস্ত নিতম্ববতী। ২। নারী। শিং—১ "নিতম্বিনীমিচ্ছসি মুক্তলজ্জাম্।"

নিতম্বী (নিতম্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিতম্বযুক্ত। শিং—১ "মেখলাগুণপদৈর্নিতম্বিভিঃ।"

নিতরাম্ (নি নিয়ত+তরাম্(চতরাম্)—প্রং) ক্রিং—বিং, অং, সর্ব্বদা। ২। অত্যন্ত। ৩। অবশ্য। শিং—১ "তুদন্তি চেতোনিতরাং প্রবাসিনাং।" ২ "ব্রাহ্মণো নিতরাং গুরুঃ।"

নিতল (নি না [জ্ঞাত]—তল অধোভাগ) সং, পুং, সপ্ত পাতালের অন্তর্গত পাতালবিশেষ। শিং—১ "সুতলং বিতলঞ্চৈব নিতলঞ্চ গভস্তিমৎ।"

নিতান্ত (নি—তম্ ইচ্ছা করা+ত(ক্ত)—প্রং) ক্রিং—বিং, ক্লীং, অতিশয়, অত্যন্ত। শিং—১ "নিদ্রাবিনোদিতনিতান্তরতিক্লমানাম্।" (কিরাত)। ২। অবশ্য। ৩। বিং, ত্রিং, অধিক।

নিত্য (নি নিয়ত+ত্য—ভবার্থে) ক্রিং—বিং, ক্লীং, অহরহঃ, সতত, সর্ব্বদা। ২। ধারাবাহিক। ৩। প্রাত্যহিক। শিং—১ "নিত্যং সন্ধ্যামুপাসীতঙ্গ।" ৪। বিং, ত্রিং, যাহার আদি ও অন্ত নাই, যাহা সর্ব্বকাল বিদ্যমান থাকে। ৫। যাহার বিরাম নাই, যাহার বিচ্ছেদ নাই, ধারাবাহিক। ৬। যাহার বৈপরীত্য বা অন্যথাভাব ঘটে না। ৭। যাহার উল্লঙ্ঘন করিতে নাই, যাহার অতিক্রমে প্রত্যবায় আছে। শিং—১ "দমো দানং ক্ষমা বুদ্ধির্হ্রীর্ধৃতিস্তেজ উত্তমম্। নিত্যান্যাসন্ মহাসত্ত্বে শান্তনৌ।" ৫। পুং, সমুদ্র। ৬। ক্রিং—বিং, সর্ব্বদা। ৭। প্রত্যহ। ৮। অবাধে। ত্যা—স্ত্রীং, পার্ব্বতী। ২। মনসাদেবী। ৩। শক্তিবিশেষ।

নিত্যকর্ম্ম—ক্লীং } (নিত্যকর্ম্মন্, নিত্য
নিত্যক্রিয়া—স্ত্রীং } —কর্ম্মন্, ক্রিয়া= কার্য্য) সং, অকারণে প্রত্যবায়জনিত কর্ম্ম, প্রতিদিন অবাধে যে সকল কর্ম্ম করিতে হয়, দৈনন্দিন ব্যাপার। শিং—১ "নিত্যানাং কর্ম্মণাং বিপ্র তস্য হানিরহর্নিশম্। অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম শক্তঃ পততিতদ্দিনে।"

নিত্যক্ষৌর; সং, ক্লীং, অবৈধকেশাদিচ্ছেদন। শিং—১ "নিত্যক্ষৌরং প্রকুর্ব্বীত জন্মমাসে নতু ক্বচিৎ।"

নিত্যগতি (নিত্য চিরস্থায়ী-গতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সদাগতি, বায়ু। শিং—১ "যথাবায়ুর্নিত্যগতির্জলদান্ শতশোঽম্বরে।"

নিত্যদা (নিত্য+দাচ্—কালার্থে) অং, সদা, সর্ব্বদা। শিং—১ "ত্বমাগ্নঃ সর্ব্বভূতানামন্তশ্চরসি নিত্যদা।"

নিত্যদান; সং, ক্লীং, প্রত্যহ কর্ত্তব্য দান।

নিত্যনৈমিত্তিক; সং, ক্লীং, নিত্যনৈমিত্তিকত্বযুক্ত কর্ম্মবিশেষ, পার্ব্বণশ্রাদ্ধাদি।

নিত্যপ্রলয় (নিত্য—প্রলয় ধ্বংস) সং, পুং, চতুর্বিধ প্রলয়ের অন্তর্গত প্রলয়বিশেষ, সুষুপ্তি। "চতুর্বিধস্ত প্রলয়ো নিত্যা চঃ প্রাণিনাম্ লয়ঃ।" [পরমাত্মা।

নিত্যমুক্ত; সং, পুং, কালত্রয়েও বন্ধশূন্য

নিত্যযজ্ঞ; সং, পুং, অগ্নিহোত্রাদি যজ্ঞ।

নিত্যযৌবন (নিত্য নিয়ত—যৌবন যুবা-

বন্থা) বিং, ত্রিং, স্থিরযৌবন। না—স্ত্রীং, দ্রৌপদী। [স্থানবিশেষ।

নিত্যবৈকুণ্ঠ; সং, পুং, সত্যলোকস্থ বিষ্ণুর

নিত্যশঃ (নিত্যশস্,নিত্য+চশস্—প্রং) বিং, ত্রিং, নিত্য নিত্য, সর্ব্বদা।

নিত্যসত্ত্বস্থ (নিত্যসত্ত্ব নিত্যধৈর্য্য—স্থ [স্থা থাকা+অ(ক)—ক] যে থাকে) বিং, ত্রিং, নিত্যধৈর্য্যাবলম্বী।

নিত্যসমাস; সং, পুং, যাহা অসমস্ত অবস্থায় প্রয়োগ হয় না।

নিত্যানন্দ (নিত্য—আনন্দ) বিং, ত্রিং, যে সর্ব্বক্ষণ আনন্দে থাকে,যে সর্ব্বদা আনন্দে কালযাপন করে, সদানন্দ। ২। সং, পুং, ইনি চৈতন্যের সঙ্গী। ইহাঁর মাতার নাম পদ্মাবতী পিতার নাম হাড়াই পণ্ডিত। নিতাই চৈতন্যে মিলিত হইয়া কৃষ্ণগুণগরিমা প্রকাশ করেন।

নিত্যানিত্যবস্তুবিবেক; সং, পুং, ব্রহ্মই নিত্য, তদ্ভিন্ন সমুদায় অনিত্য, ইত্যাকার বিবেচনা।

নিত্যাভিযুক্ত (নিত্য—অভিযুক্ত সম্পূর্ণযোগে ব্যাপৃত) বিং, ত্রিং, যোগবিশেষ। ২। নিত্য যাহার নামে রাজদ্বারে অভিযোগ হয়।

নিদ (নি নিশ্চয়—দো [ছেদন করা] নাশ করা+অ(ক)—ক) সং, পুং, বিষ। ২। (নিদ্রা শব্দের অপভ্রংশ) নিদ্রা; যথা— "যার ঘরে সিঁদ, সেকি যায় নিদ।"

নিদদ্রু (নিদ বিষ—দ্রু বৃক্ষ) সং, পুং, মনুষ্য, মানুষ। ২। বিং,ত্রিং, দদ্রুরহিত।

নিদয়(নি—দয়া) বিং,ত্রিং,নির্দ্দয়,কঠিনহৃদয়।

নিদর্শন (নি সম্যক্‌রূপে বা নিশ্চয়রূপে—দৃশ্ দেখা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, উদাহরণ, দৃষ্টান্ত। শিং—১ "আত্মাহাকাশবজ্জীবৈর্ঘটাকাশৈরিবোদিতম্।" ২ "ঘটাদিবচ্চ সঙ্ঘাতৈর্জ্জাতাবেতন্নিদর্শনম্।" ২। চিহ্ন। ৩। প্রমাণ। না—স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্যহেতুক যদি কাহার উপরে কোন অবাস্তবিক ধর্ম্ম বা কার্য্য আরোপিত করা যায়। শিং—১ "বাক্যার্থয়োঃ সদৃশয়োরৈক্যারোপো নিদর্শনা।"

নিদাঘ (নি নিয়ত—দহ্ দগ্ধ করা+অ (ঘঞ্)—ধি) সং, পুং, গ্রীষ্মকাল; যথা— "নিদাঘ-পীড়িত নর শৈত্য অভিলাষী।" ২। (+ঘঞ্—ণ) ঘর্ম্মজল। ৩। উষ্মা, উত্তাপ। ৪। (+ঘঞ্—র্ম্ম) বিং,ত্রিং,উষ্ণ, তপ্ত।

নিদাঘকর (নিদাঘ গ্রীষ্মকাল—কর [কৃ করা+অ(অন্)—ক] যে করে। অথবা নিদাঘ উষ্ণ—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

নিদাঘকাল; সং, পুং, গ্রীষ্মকাল। শিং—১ "দিনান্তরেভ্যোঽপ্যুপশান্তমন্মথো নিদাঘকালঃ সমুপাগতঃ প্রিয়ে।" (ঋতুসংহার)।

নিদাতা (নিদাতৃ, নি—দো ছেদন করা+ তৃ(তৃচ্)—ক) বিং, ত্রিং, নিরোধক।

নিদান (নি সর্ব্বদা বা নিশ্চয়রূপে—দা [দান করা] হওয়া+অন(অনট্)—ণ। যাহার দ্বারা সমস্ত ফল উৎপন্ন হয়) সং, ক্লীং, মূল কারণ। ২। কারণ। ৩। রোগের মূলানুসন্ধান, চিকিৎসাগ্রন্থবিশেষ। শিং—১ "যথা ভিষক্ চিকিৎসেত রুজাং নিদানবিৎ।" ৪। (+অনট্—ভা) অন্ত, অবসান; যথা—"ধনী আমি কেবল নিদানে।" ৫। বিরাম, নিবৃত্তি, অদর্শন। ৬। (দৈ শুদ্ধ করা) পবিত্রতা। ৭। (দো ছেদন করা) বাছুর বাঁধা দড়ি।

নিদারুণ (নি—দারুণ) বিং, ত্রিং, অতিদারুণ, ভয়ানক। ২। কঠিন। ৩। নির্দ্দয়। ৪। দুঃসহ, অসহ্য।

নিদিগ্ধ (নি—দিহ্ লেপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লেপিত, মাখান। ২। উপচিত। গ্ধা—স্ত্রীং, এলাইচ।

নিদিধ্যাস (নি—ধ্যৈ চিন্তা করা+সন্,ঘঞ্—ভা) সং, পুং, শ্রবণ মনন জ্ঞানের একতানতাসাধ নিরন্তর চিন্তা।

নিদিধ্যাসন(নি—ধ্যৈ চিন্তাকরা+সন্,অন (অনট্)—ভা) সং, ক্লীং, সাতিশয় মনোনিবেশপূর্ব্বক ধারাবাহিক চিন্তা, অবিশ্রামে ও অনন্যচিত্তে প্রগাঢ় ধ্যান। ২। নিরন্তর বিচার।

নিদিষ্ট (নি নিশ্চয়—দিশ বলা, অনুমতি

করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আদিষ্ট। ২। উপদিষ্ট। ৩। কথিত।

নিদেশ (নি—দিশ্ বলা, অনুমতি করা+অ(অল্)—ভা) সং,পুং,আজ্ঞা, অনুমতি। শিং—১"নিদেশং ভবতো যথোক্তমনুপালয়ন্।" ২ "নিদেশে নিরতঃ পিতুঃ।" ২। উক্তি, কথন। ৩। সমীপ, নিকট। ৪। পাত্র। [স্ত্রীং) সং, স্ত্রীং, দিক্।

নিদেশিনী (নিদেশ দেখ, ইন্—প্রং। ঈপ্—

নিদেশবর্ত্তী (—বর্ত্তিন্, নিদেশ—বৃত্ থাকা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, আজ্ঞাবহ। ২। ভৃত্য।

নিদেষ্টা (নিদেষ্টৃ, নিদর্শ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, আদেষ্টা, আজ্ঞাকারক।

নিদ্রা (নি—দ্রা নিদ্রিত হওয়া+ঙ—ভা) সং, স্ত্রীং, সময়বিশেষে শারীরিক ও মানসিক ব্যাপারের বিরাম, যে অবস্থায় জীব অচেতন হইয়া নয়ন মুদ্রিত করিয়া থাকে, ঘুম। শিং—১ "আহারনিদ্রাভয়মৈথুনঞ্চ সামান্যমেতৎ পশুভির্নরাণাম্।" ২। নিমীলন। ৩। আলস্য।

নিদ্রাণ } নিদ্রিত } (নি—দ্রা নিদ্রিত হওয়া+ত(ক্ত)—ক,ইত—প্রং) বিং, ত্রিং, নিমীলিত। ২। নিদ্রাগত। ৩। ঘুমন্ত। ৪। অলস।

নিদ্রালু (নি—দ্রা ঘুমান+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, যাহার ঘুম ধরিতেছে, যাহার নিদ্রার আবেশ ঘটিতেছে, নিদ্রিত, নিদ্রাশীল। "অঙ্গানি নিদ্রালু সবিভ্রমাণি।" ২। অলস। [সং, পুং, অন্ধকার।

নিদ্রাবৃক্ষ (নিদ্রা—বৃক্ষ, যাহার ফলই নিদ্রা)

নিদ্রাসংজনন (নিদ্রা—সংজনন উৎপত্তি, ঘটন) সং, ক্লীং, শ্লেষ্মা।

নিধন (নি—ধন্ [ধনী হওয়া] নষ্ট হওয়া+অ(অপ্)—ভা, কিম্বা নি না—ধন অর্থ) সং, পুং—ক্লীং, মৃত্যু। ২। বিনাশ। ৩। (+অল্—র্ম্ম) বংশ। ৪। লগ্ন হইতে অষ্টম স্থান। ৫। বধতারা,জন্ম হইতে সপ্তমতারা। ৬। বিং,ত্রিং, দরিদ্র, ধনহীন। "কল্পান্তেঽপি ন প্রজাতি নিধনং বিদ্যাখ্যমন্তর্ধনম্।

নিধান (নি ভিতরে—ধা ধারণকরা+অন (অনট্)—র্ম্ম) সং, ক্লীং, নিধি, ভূগর্ভস্থ অস্বামিক রত্নাদি। ২। কুবেরের সম্পত্তিবিশেষ। ৩। (অনট্—ধি) স্থান, আধার। ৪। ভাণ্ডার। শিং—১ "নিধানং তপসাং কৃষ্ণ যজ্ঞস্ত্বং চ সনাতনঃ।" ৪। (+অনট্—ভা) স্থাপন। ৫। অর্পণ। ৬। অপ্রকাশ।

নিধি (নি [illegible]ত—ধা পোষণ করা ইত্যাদি +ই(কি)—র্ম্ম) সং, পুং, কুবের সম্পত্তি বিশেষ—পদ্ম মহাপদ্ম শঙ্খ মকর কচ্ছপ মুকুন্দ কুন্দ নীল খর্ব্ব—এই নয় প্রকার। শিং—১ "নিধিরেষ মহাপদ্মঃ সমানীতো ধনেশ্বরাৎ।" ২। অস্বামিক ধন। ৩। গচ্ছিতবস্তু। ৪। (+কি—ভা) নিক্ষেপ। ৫। (+কি—ধি) আধার। ৬। সমুদ্র।

নিধিনাথ (নিধি স্বর্গীয় সম্পত্তি—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের।

নিধীয়মান (নি—ধা ধারণকরা+আন(শান)—র্ম্ম) বিং,ত্রিং, যাহা স্থাপিত হইতেছে, যাহা গচ্ছিত রাখা যাইতেছে, স্থাপ্যমান।

নিধীশ } নিধীশ্বর } (নিধি—ঈশ, ঈশ্বর=প্রভু) সং, পুং, কুবের।

নিধুবন (নি নিশ্চিত—ধুবন [ধু কাঁপা+অন(অনট্)—ভা] হস্তপদাদিচালন, ৭মী—হিং) সং, ক্লীং, রমণ। ২। মৈথুন, কামকেলি। শিং—১ "নবনিধুবন লীলাঃ কৌতুকেনাভিবীক্ষ্য।"(মাঘ)। ৩। ক্রীড়াকৌতুক,আমোদপ্রমোদ। ২। উপভোগ।

নিধেয় (নি—ধা ধারণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্থাপন করা বা গচ্ছিত রাখা আবশ্যক, যাহা স্থাপন করিতে বা গচ্ছিত রাখিতে হইবেক, নিধানযোগ্য। শিং—১ "শ্রীশ্চ পদ্মালয়া দেবি নিধেয়া বৈষ্ণবোরসি।"

নিধ্যান (নি—ধ্যৈ [চিন্তা করা] দেখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দর্শন।

নিধ্বান (নি—ধ্বন্ শব্দ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বনি, ধ্বান।

নিনঙ্ক্ষু (নিনঙ্ক্ষ [নি—নশ্ নাশ করা+স(সন্)—ইচ্ছার্থে] নাশ করিতে ইচ্ছা করা+উ—ক) বিং, ত্রিং, নাশ করিতে ইচ্ছুক। শিং—১ "নিনঙ্ক্ষু বিক্রমং মুহুঃ।" ২। পলায়নেচ্ছু।

নিনদ } ( নি – নদ্ শব্দকরা + অ(অল্),
নিনাদ } অ(ঘঞ্) – ভা) সং, পুং, শব্দ, ধ্বনি। শিং – ১ "উচ্চচার নিনদোঽস্তসি ত্বয়া।" ২ "জ্যানিনাদমথ শৃণ্বতী তয়োঃ।" ২। গর্জ্জন।

নিনয়ন (নি – নী নীতকরা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, নিষ্পাদন। শিং – ১ "নাভিব্যাহারয়েৎ ব্রহ্ম স্বধানিনয়নাদৃতে।"

নিনর্দ ( নি – নর্দ্ শব্দ করা + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, বেদ শব্দের উচ্চারণবিশেষ।

নিনাদিত (নি – নদ্-ণিচ্ = নাদি শব্দ করান + ত(ক্ত) – র্ম্ম)বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। ২। শব্দে পরিপূর্ণ, নিনাদপূর্ণ। ৩। বাদিত, যাহা বাজান হইয়াছে, যাহাতে শব্দ জন্মান গিয়াছে ; যেমন – বীণা নিনাদিত হইল।

নিনাহ্য (নি – নহ্ বদ্ধকরা + য(ণ্যৎ) – র্ম্ম) বিং, ত্রিং, নীচ কর্ত্তৃক ভূমিতলে খননীয় (মণিক, মহাঘট)।

নিনীষা (নিনীয় [নী লওয়া + স(সন্) – ই-চ্ছার্থে] লইতে ইচ্ছা করা + অ – ভা ) সং, স্ত্রীং, কোন বস্তু বা ব্যক্তিকে একস্থান হইতে স্থানান্তরে লইবার ইচ্ছা, নয়নেচ্ছা।

নিনীষিত ( নিনীষা দেখ, ক্ত – র্ম্ম ) বিং, ত্রিং, একস্থান হইতে স্থানান্তরে লইবার নিমিত্ত অভিপ্রেত বা অভিলষিত।

নিনীষু ( নিনীষা দেখ, উ – ক ) বিং, ত্রিং, কোন বস্তু বা ব্যক্তিকে একস্থান হইতে স্থানান্তরে লইবার নিমিত্ত ইচ্ছু উৎসুক বা উদ্যত, নয়নেচ্ছু।

নিন্দক (নিন্দা দেখ, অক(ণক) – ক) বিং, ত্রিং, অপবাদক, নিন্দাকারী। শিং – ১ "নিন্দকা হি মহাত্মানো ভবন্তি বিশ্বাসঘাতকাঃ।"

নিন্দতল ; বিং, ত্রিং, বিকৃত হস্ত।

নিন্দন – ক্লীং } (নিন্দ্ কুৎসা করা + অন
নিন্দা – স্ত্রীং } (অনট্), অ – ভা, আপ্) সং, কুৎসা, জুগুপ্সা, অপবাদ। শিং – ১ "গুরোর্যত্র পরীবাদো নিন্দাবাপিপ্রবর্ত্ততে।"

নিন্দনীয় (নিন্দ্ নিন্দা করা + অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, অপ্রশংসনীয়। ২। দূষণীয়।

নিন্দার্থবাদ ; সং, পুং, মীমাংসকোক্ত অর্থবাদবিশেষ।

নিন্দিত (নিন্দা দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, গর্হিত, অপবাদিত। ২। নীচ। ৩। দূষিত।

নিন্দু (নিন্দা দেখ, উ – প্রং) সং, স্ত্রীং, মৃতবৎসা স্ত্রী।

নিন্দ্য (নিন্দা দেখ, য – র্ম্ম) বিং, ত্রিং, অপ্রশংস্য, গর্হ্য, দূষণীয়।

নিপ ( নি নিয়ত – প [পা পান করা + অ (ড) – ণ] যাহা দ্বারা পান করা যায় ) সং, পুং, – ক্লীং, ঘট, কলস। ২। পুং, কদম্ববৃক্ষ।

নিপঠ } ( নি – পঠ্ অধ্যয়ন করা + অ
নিপাঠ } (অল্), অ(ঘঞ্) – ভা) সং, পুং, পাঠ, অধ্যয়ন।

নিপতন(নি ভিতরে বা উপরে – পত্ গমন করা, পড়া + অন(অনট্) – ভা) সং, ক্লীং, নিপাত। ২। পড়িয়া যাওয়া।

নিপতিত ( নিপতন দেখ, ত(ক্ত) – ক ) বিং, ত্রিং, সম্যক্ পতিত, যে পড়িয়া গিয়াছে। ২। অধঃপতিত।

নিপত্যা (নি ভিতরে – পৎ পড়া + য(ক্যপ্) – ধি) সং, স্ত্রীং, যুদ্ধভূমি, রণস্থল। ২। পিচ্ছিল ভূমি।

নিপরণ (নি – পৃ প্রীতিলাভ করা + অন (অনট্) – ভা ) সং, ক্লীং, প্রীতির অভাব, অপ্রীতি। ২। সম্যক্ প্রীতি।

নিপাক ( নি – পচ্ পাক করা + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, অতিশয় পাক, পরিপাক।

নিপাত ( নি – পৎ পড়া + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, মৃত্যু, নিধন, মরণ। ২। পতন। ৩। অধঃপতন। শিং – ১ "পয়োধরোৎসেধ নিপাতচূর্ণিতাঃ।" ৪। নিপাতন। ৫। বিনাশ, উচ্ছেদ। ৬। ব্যাকরণে – চ এবং প্র আদি অব্যয় শব্দ। ৭। নিপাতন।

নিপাতন ( নি – পৎ-ণিচ্ = পাতি পড়ান + অন(অনট্) – ভা ) সং, ক্লীং, অধোনয়ন। ২। আঘাত, প্রহার। ৩। বিনাশন, উচ্ছেদন, উন্মূলন। ৪। বধ। ৫। প্রক্ষেপণ, ফেলিয়া দেওয়া। ৬। ব্যাকরণের নিয়মের বৈপরীত্য, লক্ষণ দ্বারা অসিদ্ধ পদে বর্ণাগমাদি কার্য্য, ব্যাকরণে যদৃচ্ছাক্রমে পদসিদ্ধ করিবার সূত্রোক্ত যে সকল নিয়ম আছে তাহা অতিক্রম করিয়া পদসাধন।

নিপাতিত (নিপাতন দেখ, ত(ক্ত)—ক্ত) বিং, ত্রিং, অধোনীত, যাহাকে ফেলিয়া দেওয়া গিয়াছে। ২। পাতিত। ৩। বিনাশিত।

নিপান (নি নিয়ত—পা পান করা+অন (অনট্)—ধি) সং, ক্লীং, পশু পক্ষী প্রভৃতি অনায়াসে পানাদি করিতে পারিবেক এই অভিপ্রায়ে কূপ বা জলাশয়ের নিকট যে খাত করিয়া জল উঠাইয়া পূর্ণ করিয়া রাখে, চৌবাচ্চা। শিং—১ "পরকীয় নিপানেষু ন স্নায়াচ্চ কদাচন।" ২। গোদোহন পাত্র,দুগ্ধভাণ্ড।

নিপীড়ক (নি—পীড়্ ক্লেশ দেওয়া+অক (ণক)—ক) বিং, ত্রিং, যে পীড়া দেয়, যে ক্লেশ দেয়, যে অপকার বা অত্যাচার করে। ২। যে পাক দিয়া জল বা রস বাহির করে, যে নিঙ্‌ড়ায়।

নিপীড়ন (নি—পীড়্ [ক্লেশ দেওয়া] নমস্কার করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অভিবাদন। ২। পদাদি সেবা। ৩। মর্দ্দন। ৪। ক্লেশ প্রদান। শিং—১ "কৃত্বা দীন নিপীড়নাৎ নিজজনে বন্ধা ববে বিগ্রহম্।" ৫। পীড়াপীড়ি। ৬। নিষ্পীড়ন, নিঙ্গড়ন।

নিপীড়িত (নিপীড়ন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার অপকার বা যাহার উপর অত্যাচার করা গিয়াছে, ক্লেশিত, উৎপীড়িত। ২। আক্রান্ত। ৩। অভিবাদিত। ৪। পাক দিয়া যাহার জল বা রস নিঃসারিত করা হইয়াছে,নিষ্পীড়িত। ৫। মর্দ্দিত।

নিপীত (নি—পীত) বিং, ত্রিং, নিঃশেষে পীত।

নিপুণ (নি—পুণ্ সৎকর্ম্ম করা+অ(ক)—ক) বিং, ত্রিং, কার্য্যক্ষম, দক্ষ, পটু, সমর্থ। শিং—১ "অতিমলিনে কর্ত্তব্যে ভবতি খলানাতীব নিপুণা ধীঃ।"

নিপুর (নি নিকৃষ্ট—পুর, স্বং—স) সং, পুং, লিঙ্গদেহ। ২। সূক্ষ্মশরীর।

নিফলা (নি নিবৃত্ত—ফল,৬ষ্ঠী—হিং,আপ্) সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী লতা।

নিবণ (নির্ব্বাণ শব্দজ) নির্ব্বাণ দেখ।

নিবদ্ধ (নি—বন্ধ্ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিহিত। ২। নিয়মিত, বদ্ধ। ৩। গ্রথিত। ৪। রচিত। ৫। নিবেশিত। ৬। আশ্রিত। ৭। স্থিরীকৃত।

নিবন্ধ (নি—বন্ধ্ বন্ধন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, লিপিদ্বারা কোন বিষয়ের সঙ্কলন, রচনা, প্রণয়ন। ২। গ্রন্থ, প্রস্তাব। ৩। বৃত্তি, বার্ষিক; কালবিশেষে দেয়বস্তু। ৪। নিয়ম, ব্যবস্থা। ৫। (+অল্—ভা) বন্ধন। ৬। স্থিরীকরণ। ৭। পুং, নিম্ববৃক্ষ। ৮। ক্লীং, গীত, গান।

নিবন্ধন (নিবন্ধ দেখ, অন(অনট্)—ক) সং, ক্লীং, কারণ, হেতু। ২। (+অল্—র্ম্ম) গ্রন্থ। ৩। নিয়ম, ব্যবস্থা। ৪। রচনা। শিং—১ "অমুংসূত্রপদন্যাসা সদ্বৃত্তিঃ সন্নিবন্ধনা।" (মাঘ)। ৫। বীণা তন্ত্রী উপরিভাগে যাহাতে বদ্ধ থাকে। ৬। নিয়মিত কালে প্রদেয় বস্তু; পারিতোষিক দান। ৭। (অনট্—ভা) বন্ধন। ৮। স্থিরীকরণ।

নিবন্ধা (নিবন্ধ্, নি নিশ্চয়—বন্ধ্ বন্ধন করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, রচয়িতা, গ্রন্থকর্ত্তা। ২। প্রস্তাবলেখক। ৩। টীকাকার। [ত্রিং, বদ্ধ।

নিবন্ধিত (নিবন্ধ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,

নিবর্হণ (নি—বর্হ্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মারণ। ২। উচ্ছেদ। শিং—১ "নিবর্হণং ধর্ম্মধনৈর্বিগর্হিতং বিশিষ্য বিশ্বাসজুষাং দ্বিষামপি।" (নৈষধ)

নিবর্হিত (নি—বর্হ্ বধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপহৃত। ২ নিহত। ৩ উচ্ছিন্ন।

নিভ (নি—ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য সদৃশ। শিং—১"প্রফুল্লতাপিচ্ছনিভৈরভীষুভিঃ।" ২। প্রকাশ। ৩। (+ড—ণ) সং পুং, ব্যাজ, কপট প্রকাশ।

নিভালন (নি—ভল্-ণিচ্=ভালি দর্শন কর +অন(অনট্)—ভা) সং,ক্লীং, দর্শন,দৃষ্টি

নিভৃত (নি নিশ্চিত—ভূত হইয়াছে বিং, ত্রিং, অতীত, গত।

নিভূয়প (নিভূয়—প [পা রক্ষা করা+' (ক)—ক। যিনি মৎস্যাদিরূপে অবতী

হইয়া সকলকে রক্ষা করেন ) সং, পুং, বিষ্ণু।

নিভৃত (নি—ভৃত পোষিত) বিং, ত্রিং, বিনীত। ২। গুপ্ত,লুকায়িত,অস্তমিত। শিং—১"নভসা নিভৃতেন্দুনা তুলাম্।" (রঘু)। ৩। নিশ্চল। ৪। নির্জন। ৫। ধৃত।

নিম (নিম্ব শব্দজ) সং, বৃক্ষবিশেষ, নিম্ববৃক্ষ।

নিমক (পারস্য) লবণ।

নিমকহারাম ( পারস্য নিমক লবণ—আরবী হারাম অবৈধ, নিষিদ্ধ। মুসলমানদিগের মধ্যে এই নিয়ম প্রচলিত আছে যে যাহার লবণ খায় সে তাহার অনিষ্ট করিবে না ) কৃতঘ্ন।

নিমগ্ন (নি—মস্জ্ ডুবা+ত(ক্ত)—ক)বিং, ত্রিং, মগ্ন, যে ডুবিয়া গিয়াছে। শিং—১ "নিমগ্নেনাপ্যন্তর্মননজলধেরন্তরুদকম্।" ২। অনন্যচিত্তে কোন বিষয়ে নিবিষ্ট বা আসক্ত, আবিষ্ট, একাগ্র।

নিমজ্জথু (নি ভিতরে—মস্জ্ ডুবা+অথু (অথুচ্)—ভা) সং, পুং, নিমজ্জন। ২। শয়ন। শিং—১ "তল্পে কান্তান্তরৈঃ সার্দ্ধং মন্যেঽহং ধিঙ্নিমজ্জথুম্।" (ভট্টি)। ২। অন্তর্নিবেশ।

নিমজ্জন (নি—মস্জ্ ডুবা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, নিমগ্ন হওয়া, ডুবিয়া যাওয়া। ২। স্নান, অবগাহন। শিং—১ "দৃঙ্নিমজ্জনমুপৈতি সুধায়াম্।" ৩। (নি—মস্জি ডুবান + অন(অনট্)—ভা ) জলে মগ্ন করা, ডুবাইয়া দেওয়া।

নিমন্ত্রণ ( নি—মন্ত্র্ [ গোপনে পরামর্শ করা ] আহ্বান করা + অন(অনট্)—ভা ) সং, ক্লীং, কোন স্থানে উপস্থিত হইবার নিমিত্ত আহ্বান, কর্ম্মবিশেষের অনুরোধে নির্দ্ধারিত সময়ে আসিবার নিমিত্ত সংবাদদান। ভোজনার্থ আহ্বানেই ইহা সচরাচর প্রযুক্ত হইয়া থাকে। প্রত্যুত যাহার অকরণে প্রত্যবায় আছে তাহাকে নিমন্ত্রণ কহে; যথা—"ইহ ভুঞ্জীত ভবান্।" আর যাহার অকরণে প্রত্যবায় নাই তাহাকে আমন্ত্রণ কহে; যথা—"ইহ শয়ীত ভবান্।"

নিমন্ত্রিত ( নিমন্ত্রণ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আহূত। ২। যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে।

নিময় ( নি—মি পরিমাণ করা+অ(অল্)—ভা) সং, পুং, বিনিময়, বদল।

নিমান (নি—মা পরিমাণকরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, মূল্য।

নিমি ( নি—মা পরিমাণ করা+ই(ডি)—ক ) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ। ২। ইক্ষ্বাকুর পুত্রবিশেষ।

নিমিত্ত ( নি—মা [ মাপা ] ক্ষেপণ করা+ত (ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, প্রক্ষিপ্ত। ২। উৎক্ষিপ্ত। ৩। তুল্য।

নিমিত্ত ( নি—মিদ্ স্নিগ্ধ হওয়া অথবা নিক্ষেপণ করা+ত(ক্ত)—ণ ) সং, ক্লীং, কারণ, হেতু। ২। প্রয়োজন, উদ্দেশ্য। ৩। চিহ্ন, শুভাশুভ চিহ্ন। শিং—১ "নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব।" ৪। শরব্য,লক্ষ্য। ৫। ক্রিং—বিং, জন্যে।

নিমিত্তক ( নিমিত্ত+কণ্—যোগ ) সং, ক্লীং, নিমিত্ত, কারণ। ২। চুম্বন।

নিমিত্তকারণ; সং, স্ত্রীং, সমবায়ি ও অসমবায়ি কারণ ভিন্ন কারণ, তৃতীয় কারণ; যেমন—ঘটের প্রতি কুম্ভকারের দণ্ড চক্র সলিল প্রভৃতি নিমিত্তকারণ।

নিমিত্তকৃৎ (নিমিত্ত—কৃ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, শব্দ দ্বারা দুষ্টাদুষ্ট শকুনকারক কাক।

নিমিত্তবধ (নিমিত্ত—বধ, ৩য়া—ষ) সং, পুং, রোধাদি নিমিত্তক গবাদির বধ।

নিমিত্তবিদ্ (নিমিত্ত [ শুভ বা অশুভ ] চিহ্ন—বিদ্ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে) সং, পুং, যে শুভাশুভ চিহ্ন বুঝিতে পারে, দৈবজ্ঞ, গণক। শিং—১ "নিমিত্তজ্ঞস্তপোধনঃ।" (রঘু)।

নিমিত্তী (নিমিত্তিন্, নিমিত্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিমিত্তযুক্ত।

নিমিষ, নিমেষ (নি—মিষ্ [ স্পর্দ্ধা করা ] পলক ফেলা+অ(অল্),ঘঞ্—ভা)সং, পুং, পক্ষ্মপাত, চক্ষুর্নিমীলন, পলক। শিং—১"পুংসো যাবৎকালম্ কৃত্রিমনেত্রবিকাশানন্তরং পক্ষ্মাকুঞ্চনং জায়তে স নিমেষঃ।"

২ " অক্ষিপক্ষ্মপরিক্ষেপো নিমেষঃ পরিকীর্ত্তিতঃ।" ২। স্পন্দন। ৩। সূক্ষ্মকাল পরিমাণবিশেষ।

নিমিষিত ( নিমিষ্ স্পর্দ্ধা করা+ত(ক্ত)—ভা ) সং, ক্লীং, পক্ষ্ম আকুঞ্চন।

নিমীল—পুং } ( নি—মীল্ চক্ষুমুদ্রিত
নিমীলন— ক্লীং, } করা + অ(অল্), অন (অনট্)—ভা ) সং, ক্লীং, মুদ্রিত-করণ, বোজা। ২। অপ্রকাশ। শিং—১"অপ্রাপ্য চ ভবেৎ পশ্চাদেবং বাপি নিমীলনাৎ।" ৩। সঙ্কোচকরণ। ৪। মরণ। ৫। মোহ। ৬। (ণিজন্ত) বন্ধ করা, মুদ্রিত করা।

নিমীলিকা ( নিমীলন দেখ, অক(ণক)—ক, আপ্ ) সং, স্ত্রীং, বন্ধ হওয়া, মুদ্রিত হওয়া। ২। নিমীলন। ৩। ব্যাজ, ছল। ৪। (ণিজন্ত) বন্ধ করা, মুদিয়া ফেলা বা রাখা।

নিমীলিত (নিমীলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মুদ্রিত, সঙ্কুচিত। ২। আবৃত। ৩। মৃত। ৪। নিস্পন্দ। ৫। মোহিত। ৬। অনবরত। ৭। (+ক্ত—ভা) সং,ক্লীং, নিমীলন।৮। (ণিজন্ত) যাহা মুদ্রিত করিয়াছে।

নিমেষকৃৎ (নিমেষ চক্ষুর্নিমীলন—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

নিমেষণী ( নি—মিষ্ স্পর্দ্ধা করা + অন (অনট্)—ণ,ঈপ্ ) সং, স্ত্রীং, নেত্রপথাশ্রিত নিমেষসাধন শিরাবিশেষ।

নিমেষরুক্ ( —রুচ, নিমেষ চক্ষুর্নিমীলন —রুচ্ যে দীপ্তি পায়) সং,পুং,খদ্যোত, জোনাকীপোকা।

নিম্ন (নি—ম্না অভ্যাস করা+অ(ড)—ক) বিং, ত্রিং, নীচ। ২। অধঃ। ২। গভীর।

নিম্নগ (নিম্ন—গ [গম্ গমন করা+অ(ড) —ক] যে গমন করে, ২য়া—য) বিং, ত্রিং, যাহা নিম্নদিকে যায়, অধোগামী। গা—স্ত্রীং, অধোগামিনী, নদী। " উদধেরিব নিম্নগাশতেষ্বভবন্নাস্য বিমাননা ক্বচিৎ।"

নিম্নপ্রবণ (নিম্ন—প্রবণ অভিমুখ) বিং, ত্রিং, নিম্নাভিমুখ, যাহা নীচের দিকে যায়।

নিম্নোন্নত ( নিম্ন—উন্নত উচ্চ ) বিং, ত্রিং, বন্ধুর, উচ্চনীচ।

নিম্ব } ( নিম্ব্ জলাদিসেক করা+অ
নিম্বক } (অন্)—ক) সং, পুং, নিম্‌গাছ। শিং—১ "আম্রং ছিত্ত্বা কুঠারেণ নিম্বং পরিচরেত্তু যঃ। যশ্চৈনং পয়সা সিঞ্চেৎ নৈবাস্য মধুরো ভবেৎ।"

নিম্বূক ; সং, পুং, কাগ্‌জী নেবুগাছ।

নিম্লোচ (নি—ম্লুচ্ গমনকরা+অ(অল্)—ভা) সং, পুং, অস্তগমন। ২। (+অল্—ধি ) সূর্য্যাস্ত স্থান। চিনী—স্ত্রীং, পুরীবিশেষ।

নিয়ত ( নি—যম্ নিবৃত্ত করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, দমিত। ২। সংযত, বদ্ধ। ৩। শাসিত। ৪। বশীকৃত। ৫। যাহার অতিক্রম বা পরিহার করিতে পারা যায় না। ৬। স্থির, নিশ্চিত। ৭। অবশ্যম্ভাবী। ৮। অবিচ্ছিন্ন। ৯। নিয়মযুক্ত। শিং—১ "প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ।" ১০। (নি না—যম্ বিরত হওয়া+ত—প্রং) অবিশ্রান্ত, নিত্য। ১১। ক্রিং—বিং, ক্লীং, নিত্য, সর্ব্বদা। ১২। সং, ক্লীং, নিত্যকর্ম্ম।

নিয়তাচার (নিয়ত—আচার) বিং, ত্রিং, যাহার আচারের ব্যতিক্রম ঘটে না, সর্ব্বদা যাহার আচার একরূপ থাকে।

নিয়তাত্মা (—ত্মন্, নিয়ত সংযত—আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সংযতাত্মা।

নিয়তাপ্তি (নিয়ত নিশ্চিত—আপ্তি প্রাপ্তি য়ং—স) সং, স্ত্রীং, নাট্যে প্রারব্ধ কার্য্যের অবস্থাবিশেষ।

নিয়তাশন (নিয়ত নিয়মিত—অশন ভোজন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিয়মিতভোজী। ২। সং, ক্লীং, নিয়মিত ভোজন।

নিয়তাহার ( নিয়ত - আহার ) বিং, ত্রিং, যাহার আহার নিয়ত, যে সর্ব্বদা একরূপ আহার করে, যে আহার বিষয়ে যথেচ্ছার করে না।

নিয়তি ( নি—যম্ বিরত হওয়া+তি(ক্তি) —ণ ) সং, স্ত্রীং, ঐশিক নিয়ম, ঈশ্বর যে বিষয় যেরূপে যে সময়ে ঘটিবার যে নিয়ম নির্দ্ধারিত করিয়া রাখিয়াছেন। ২। ঐশিক নিয়মানুসারে জন্মান্তরীণ শুভাশুভ কর্ম্মের

পরিণাম। ৩। পূর্ব্বজন্মে অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মানুসারে ঈশ্বর নির্দ্ধারিত তত্তৎ কর্ম্মের ফলভোগব্যবস্থা। ৪। অতর্কিত বা অনপেক্ষিত ঘটনা। ৫। অনিবার্য্য ঘটনা, অপরিহার্য্য ঘটনা। ৬। দৈব, ভাগ্য, অদৃষ্ট, ভাগধেয়, বিধিনির্ব্বন্ধ। শিং—১"নিয়তিঃ কেন বাধ্যতে।" ৭। মৃত্যু। স্ত্রী—দুর্গা। শিং—১ "স্মৃতি সংস্মরণাদ্দেবী নিয়তী চ নিয়ামতঃ।"

নিয়তেন্দ্রিয় (নিয়ত সংযত—ইন্দ্রিয়, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে ব্যক্তি ইন্দ্রিয় দমন করিয়াছে, যাহার ইন্দ্রিয়গণ উচ্ছৃঙ্খল হইয়া যথেচ্ছাচরণে প্রবৃত্ত করে না।

নিয়ন্তা (নিয়ন্তৃ, নি—যম্ [বিরত হওয়া] নিয়ম করা+তৃ(তৃন্)—ক) সং,পুং, সারথি। ২। বিং, ত্রিং, নিয়ামক, বিধিদায়ক। ৩। যে দমন করে, যে শাসন করে,শাসনকর্ত্তা। শিং—১ "রেখামাত্রমপি ক্ষুণ্ণাদামনোবর্ত্মনঃ পরং। ন ব্যতীয়ুঃ প্রজাস্তস্য নিয়ন্তুর্নেমিবৃত্তয়ঃ।" ৪। পশ্বাদিচালক।

নিয়ন্ত্রণ (নি—যন্ত্র্ বিরতহওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রতিবন্ধ দূরীকরণ।

নিয়ন্ত্রিত (নি নিশ্চয়—যন্ত্র্ সংকুচিত করা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দমিত। ২। নিবারিত। ৩। বদ্ধ। শিং—১ "সংযোগাদ্দৈর্নিয়ন্ত্রিতে।" ৪। সঙ্কোচিত।

নিয়ম (নি—যম্ [বিরত হওয়া] অঙ্গীকার করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, প্রতিজ্ঞা, অঙ্গীকার। ২। বিধি, ব্যবস্থা। ৩। অবধারণ। ৪। ধারা, রীতি। ৫। ব্রতাদি। ৬। দমন। ৭। নিরোধ। ৮। পাপপ্রবৃত্তি নিবৃত্তি জন্য ইন্দ্রিয়বর্গের দমন। ৯। ধর্ম্মকর্ম্ম, ধর্ম্মানুষ্ঠান। ১০। ব্রত উপবাসাদি। শিং—১ "অক্রোধো গুরুশুশ্রূষা শৌচমাহার লাঘবম্। অপ্রমাদশ্চ সততং পঞ্চৈতে নিয়মাঃ স্মৃতাঃ।" ১১। শুচি সন্তোষ তপস্যা অধ্যয়ন এবং ঈশ্বরেতে প্রণিধান। ১২। সূত্র, লক্ষণ। ১৩। বন্ধন।

নিয়মতন্ত্র—যাহাকে কতিপয় নির্দ্ধারিত নিয়মের অনুবর্ত্তী হইয়া চলিতে হয়।

নিয়মন (নিয়ম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দমন। ২। বারণ। ৩। বন্ধন; যথা—"বলৈর্নিয়মনম্।" ৪। ব্যবস্থাপন,বিধিদান, নিয়ম করিয়া দেওয়া। ৫। নিয়ম। শিং—১ "নিয়মনাদাসতাক নরাধিপঃ।"

নিয়মবিধান; সং, ক্লীং, নিয়মকরণ। ২। আইন প্রস্তুত করা।

নিয়মসেবা (নিয়ম—সেবা, ৩য়া—ষ) সং, স্ত্রীং, নিয়মানুসারে বিষ্ণুর সেবা। ইহা আশ্বিন মাসের শুক্লা-একাদশী হইতে সমগ্র কার্ত্তিক মাসে প্রশস্ত বলিয়া নির্দ্দিষ্ট আছে।

নিয়মস্থিতি (নিয়ম—স্থিতি অবস্থান, ৭মী—হিং) সং, স্ত্রীং, তপস্যা। ২। নিয়ম পূর্ব্বক থাকা।

নিয়মানুযায়ী (—যায়িন্) বিং, ত্রিং, নিয়মের অনুযায়ী, নিয়ম অনুসারে কৃত অনুষ্ঠিত বা সম্পাদিত, নিয়মানুগত। ২। যে নিয়ম অনুসারে চলে, যে নিয়ম লঙ্ঘন করে না, নিয়মশালী, নিয়মানুবর্ত্তী, নিয়মানুসারী।

নিয়মানুসারী } নিয়মানুবর্ত্তী } (নিয়ম—অনুসারী, অনুবর্ত্তী) বিং, ত্রিং, যে নিয়ম অনুসারে চলে, যে নিয়ম লঙ্ঘন করে না, নিয়মশালী, নিয়মানুযায়ী, নিয়মানুসারী। ২। নিয়মের অনুবর্ত্তী, নিয়ম অনুসারে কৃত অনুষ্ঠিত বা সম্পাদিত, নিয়মানুগত, নিয়মানুযায়ী।

নিয়মিত (নিয়ত দেখ) বিং, ত্রিং, বদ্ধ। শিং—১ "কিঞ্চিদুদ্ভ্রভঙ্গলীলানিয়মিত জলধিং-রামমন্বেষয়ামি।" ২। দমিত। ৩। নিবারিত, নিষিদ্ধ। ৪। নিয়মবদ্ধ। ৫। ব্যবস্থাপিত। ৬। অবধারিত, নিশ্চিত। ৭। আকৃষ্ট।

নিয়মী (—মিন্) বিং, ত্রিং, শুদ্ধ নিয়মাদি পালন করিলে তাঁহাকে নিয়মী কহে।

নিয়ম্য (নিয়ম দেখ, য—র্ম্ম) বিং,ত্রিং, শিক্ষণীয়। ২। শাসনীয়। ৩। নিয়মযোগ্য। ৪। নিগ্রাহ্য। শিং—১"ত্বয়া নিয়ম্যা ননু দিব্যচক্ষুষা।"

নিযব (নি—যু মিশ্রিত করা+অ(অল্)—ভাবে) সং, পুং, মিশ্রীকরণ।

নিযাতন (নি—যত-ণি=যাতি বধ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বিনাশ-

করণ, নিপাতন। ২। (+অনট্—ক) বিং, ত্রিং, ভয়যুক্ত।

নিযান (নি—যা গমন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, গোচারণস্থান, গোষ্ঠ।

নিয়াম (নি—যম্ বিরত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, নিয়ম।

নিয়ামক (নিয়ম দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিয়ম বা ব্যবস্থা করে, নিয়ন্তা, নিয়মকর্ত্তা, বিধিদায়ী, বিধিদায়ক, ব্যবস্থাপক। শিং—১ "কৃত্তদ্ধিতসমাসানমভিধানং নিয়ামকম্।" ২। যে নিশ্চয় বা নিরূপণ করিয়া দেয়, নিশ্চায়ক, নিরূপক। ৩। সং, পুং, পোতবাহক, নাবিক।

নিযুক্ত (নি—যুজ্ [যোগ করা] আজ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নিয়োগ করা যায়, প্রবর্ত্তিত। শিং—১ "কেনাপি দেবেন হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি।" ২। যাহাকে বেতনদানপূর্ব্বক নিয়মিতরূপে কোন কর্ম্ম করিবার ভার দেওয়া গিয়াছে। ৩। ব্যাপৃত। ৪। অধিকৃত। ৫। আদিষ্ট, আজ্ঞপ্ত। ৬। যে কোন কর্ম্ম করিতে আরম্ভ বা হস্তার্পণ করিয়াছে, প্রবৃত্ত।

নিযুঞ্জান (নিযুক্ত দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে কাহাকে কোন কর্ম্মে বা বিষয়ে নিয়োগ করে বা করিতেছে।

নিযুত (নি—যু মিশ্রিত করা+ত(ক্ত)—ক) সং, পুং—ক্লীং, দশলক্ষ সঙ্খ্যা।

নিযুদ্ধ (নি—যুদ্ধ) সং, ক্লীং, মল্লযুদ্ধ, বাহুযুদ্ধাদি। শিং—১ "নিযুদ্ধং সঙ্কটযুতম্।"

নিযোক্তা (নিযোক্তৃ, নিযুক্ত দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নিয়োগকর্ত্তা, প্রভু। ২। যে আজ্ঞা দেয়, যে আদেশ করে, আদেষ্টা, আজ্ঞাপক। ৩। যে কোন বিষয়ে প্রবৃত্ত করে, প্রবর্ত্তক। ৪। যে কোন বিষয়ের ভার দেয়, ভারদাতা।

নিয়োগ (নিযুক্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, শাসন। ২। আজ্ঞা। শিং—১ "তৎসিষেবে নিয়োগেন স বিকল্প পরাঙ্মুখঃ।" ৩। প্রেরণ। ৪। ভারার্পণ। ৫। মনোযোগ। ৬। নিযুক্ত করা, কর্ম্মে বা পদে প্রতিষ্ঠিত করা। ৭। প্রবৃত্তি। ৮। নিশ্চয়। ৯। অধিকার। শিং—১ "অনিযোজ্যে নিয়োগে মাং নিযুনক্ষি।"

নিয়োগপত্র; সং,ক্লীং, যে পত্র দ্বারা কাহাকে কোন কর্ম্মে বা পদে নিযুক্ত করা যায়।

নিয়োগী (নিয়োগিন্, নিয়োগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে নিযুক্ত হইয়াছে, ব্যাপৃত। ২। যে আদিষ্ট হইয়াছে।

নিযোগ্য (নিযুক্ত দেখ, য(ঘ্যণ্)—ক) সং,পুং, নিয়োগকর্ত্তা, প্রভু। গ্যা—স্ত্রীং, নিয়োগকর্ত্রী।

নিযোজক (নিযুক্ত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিয়োগ করে, নিযোক্তা।

নিযোজন (নিযুক্ত দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, নিযুক্ত করা। ২। আদেশ করা। ৩। প্রেরণ। ৪। প্রবর্ত্তন। ৫। যাহা পূজা সাধনাদি দ্বারা মোক্ষ ফল লাভ হয়। শিং—১ "স্বৈয়েতৎ ক্রিয়[illegible]তি ক্রিয়াসু নিয়োজনং প্রেরণম্।" ([illegible]দাস)।

নিযোজয়িতা (—তৃ, নি—যুজ্-ণিচ=যোজি [যোগ করা] আজ্ঞা করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নিয়োগকর্ত্তা, যে নিযুক্ত করে।

নিযোজিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নিযুক্ত করা হইয়াছে। ২। ব্যাপারিত। ৩। প্রবর্ত্তিত। ৪। আজ্ঞপ্ত। ৫। প্রেরিত। ৬। অধিকারিত।

নিযোজ্য (নিযুক্ত দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, কিঙ্কর, দাস। ২। প্রেষ্য। ৩। যাহাকে নিযুক্ত করা উচিত। শিং—১ "ভবতাং তু নিযোজ্যোঽস্মি।" ২ "অনিযোজ্যে নিয়োগে মাং নিযুনক্ষি।"

নিযোদ্ধা (নিযোদ্ধৃ, নি সমীপ—যুধ্ যুদ্ধ করা+তৃ(তৃন্)—ক) সং, পুং, কুক্কুট। ২। মল্লযোদ্ধা।

নির্ } নিস্ } (নৃ লইয়া যাওয়া+•(ক্বিপ)—ক) উপং, অং, নিশ্চয়। ২। নিষেধ। ৩। নিঃশেষ। ৪। নিতান্ত। ৫। বহিষ্করণ। ৬। নির্গমন।

নিরংশ (নির্ না—অংশ) বিং,ত্রিং, অংশহীন। ২। শাস্ত্রীয় ব্যবস্থানুসারে যাহারা পৈতৃক সম্পত্তির অংশ প্রাপ্ত হয় না।

শিং—১ "পতিতস্তৎ সুতঃ ক্লীবঃ পঙ্গুম্মত্তকো জড়ঃ। অন্ধোঽচিকিৎস্য রোগার্ত্তো ভর্ত্তব্যাস্তে নিরংশকাঃ।" (যাজ্ঞবল্ক্য)। ২। সং, পুং, রাশির ভোগকালের প্রথম ও শেষ দিন। ৩। সংক্রান্তি।

নিরংশু (নির্—অংশু কিরণ) বিং, ত্রিং, জ্যোতিঃহীন।

নিরক্ষ, নিরক্ষদেশ, নিরক্ষবৃত্ত, নিরক্ষরেখা (Equator) বিষুবরেখা, নাড়ীমণ্ডল। পৃথিবীকে উত্তরার্দ্ধ ও দক্ষিণার্দ্ধ এই দুই ভাগ করিলে, যে রেখাদ্বারা ভাগ করিতে হয়, তাহাকে নিরক্ষবৃত্ত বলে। তাহারই উপরস্থ দেশ (উত্তর দক্ষিণে কিয়দংশ পর্য্যন্ত) নিরক্ষদেশ। এখানে দিবারাত্রি সমান।

নিরক্ষান্তর (Latitude, নিরক্ষ—অন্তর) নিরক্ষরেখা হইতে পৃথিবীর কোন এক স্থানের দূরত্ব; ঐ স্থান নিরক্ষের উত্তরে হইলে উত্তর নিরক্ষান্তর, আর দক্ষিণে হইলে দক্ষিণ নিরক্ষান্তর।

নিরগ্নি (নির্ না—অগ্নি অগ্নিসাধ্যকার্য্য, ৫মী—হিং) সং, পুং, শ্রৌতস্মার্ত্তাগ্নিসাধ্য কর্ম্মরহিত ব্রাহ্মণ।

নিরঙ্কুশ (নির্ না—অঙ্কুশ হস্তিশাসন দণ্ড, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনিবার্য্য। ২। স্বেচ্ছাচারী। ৩। প্রতিবন্ধশূন্য। শিং—১"বিক্রয়ার্থং হি যো হন্যাৎ ভক্ষয়েদ্বা নিরঙ্কুশঃ।" [ত্রিং, অঙ্গহীন।

নিরঙ্গ (নির্ না—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং,

নিরঙ্গুল (নির্ না—অঙ্গুলি) বিং, ত্রিং, যাহা অঙ্গুলি হইতে নির্গত হইয়াছে।

নিরঞ্জন (নির্ না—অঞ্জন কজ্জল। যাহার অঞ্জন অর্থাৎ মল নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ম্মল, অঞ্জনরহিত। ২। অবিদ্যাদোষরহিত। ৩। সং, ক্লীং, পরব্রহ্ম। শিং—১ "তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনং পরমং সাম্যমুপৈতি।" ৪। পুং, শিব। শিং—১ "দীর্ঘবাহুর্নিরঞ্জন।" (শিবনামোক্তি)। না—স্ত্রীং, পূর্ণিমা তিথি।

নিরত (নি—রত অনুরক্ত) বিং, ত্রিং, আসক্ত, অনুরক্ত। ২। ব্যাপৃত। ৩। নিযুক্ত।

নিরতি (নি—রম্ ক্রীড়া করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অত্যন্ত আসক্তি।

নিরতিশয় (নির্ না—অতিশয় আধিক্য, ৫মী—হিং) বিং, ত্রিং, অতি, অতিরিক্ত, অত্যধিক। ২। অত্যুৎকৃষ্ট। ৩। সং, পুং, যাহা অপেক্ষা শ্রেষ্ঠ আর নাই, পরমেশ্বর।

নিরত্যয় (নির্ না—অত্যয় দোষ, বিনাশ) বিং, ত্রিং, অত্যয়রহিত, অবিনাশী। ২। নির্ব্বোধ, বাধারহিত। শিং—১"নিরত্যয়ং সাম ন দান বর্জ্জিতম্।" ৩। নির্দ্দোষ।

নিরধিকার (নির্—অধিকার) বিং, ত্রিং, যার অধিকার নাই, অধিকারশূন্য। ২। যে অধিকার হারাইয়াছে,অধিকারচ্যুত।

নরধ্ব (নির্ না—অধ্বন্ পথ) বিং, ত্রিং, পথ হইতে নিষ্ক্রান্ত।

নিরনুক্রোশ (নির্—অনুক্রোশ দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়, অকরুণ।

নিরনুনাসিক (নির্ না—অনুনাসিক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনুনাসিকত্ব শূন্য।

নিরনুরোধ (নির্ অনুরোধ) বিং, ত্রিং, যে কাহার অনুরোধ শুনে না, নিরপেক্ষ।

নিরন্তর (নির্ না—অন্তর অবকাশ, মধ্য সময়, ৫মী—হিং) বিং, ত্রিং, ঘন, নিবিড়, নিরবকাশ, সান্দ্র। শিং—১ "নিরন্তরাঃ শরৌ যেন কৃতা কেচিদ্র নাজিরে।" ৩। নিশ্ছিদ্র। ৪। ক্রিং—বিং, ক্লীং, সর্ব্বদা, অনবরত। শিং—১ "বালবৃদ্ধনিরন্তরা (অযোধ্যা)।"

নিরন্তরাভ্যাস; সং,পুং, সমস্ত আবৃত্তি করা।

নিরন্তরাল (নির্ না—অন্তরাল মধ্য, আড়াল) বিং, ত্রিং, যেখানে স্থান নাই, যেখানে অতি অল্প স্থান আছে, সঙ্কীর্ণ।

নিরন্ন (নির্—অন্ন) বিং, ত্রিং, যাহার অন্নের সংস্থান নাই, দরিদ্র।

নিরন্বয় (নির্ না—অন্বয় বংশ, সম্বন্ধ) বিং, ত্রিং, নিঃসন্তান। ২। যাহার সহিত কোন সম্পর্ক নাই,নিঃসম্পর্ক,সম্বন্ধরহিত। শিং—১"কা ত্বমেকাকিনী ভীরু! নিরন্বয়জনে বনে।" (ভট্টি)। ৩। যাহার বংশ নাই, নির্ব্বংশ।

নিরপত্য (নির্ না—অপত্য সন্তান, ৬ষ্ঠী

—হিং) বিং, ত্রিং, নিঃসন্তান, পুত্রকন্যা-রহিত।

নিরপত্রপ (নির্ না—অপত্রপা লজ্জা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ। পা—স্ত্রীং, নির্লজ্জ। শিং—১ "অপ্সরো মেনকা ব্রহ্মন্ নির্দয়াঃ নিরপত্রপাঃ।"

নিরপরাধ (নির্ না—অপরাধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার অপরাধ নাই, যে অপরাধ করে নাই, নির্দ্দোষ, অকৃতাপরাধ। ২। ক্রিং—বিং, বিনা অপরাধে।

নিরপায়, নিরপায়ী (নির্ না—অপায় অপচয়, নাশ, ৬ষ্ঠী—হিং। নিরপায়িন্, নিরপায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অপায়রহিত, অক্ষয়, অবিনশ্বর।

নিরপেক্ষ (নির্ না—অপেক্ষা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং,যে কোন বিষয়ে কাহার অপেক্ষা রাখে না, অপেক্ষা-রহিত, স্বতন্ত্র, স্বাধীন। ২। যে কোন বিষয়ে কাহার অনুরোধ শুনে না আপন বুদ্ধি ও বিবেচনা অনুসারে কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করে। ৩। উদাসীন। "শরীরনিরপেক্ষেণ তপসা।"

নিরপেক্ষগতি—অন্য বস্তুর গতির সহিত যে গতির কোন সম্বন্ধ না থাকে।

নিরমণ; সং, ক্লীং, অত্যন্তানুরাগ।

নিরম্বু (নির্—অম্বু জল) বিং,ত্রিং,যাহাতে জল পর্য্যন্ত পরিত্যক্ত হইয়াছে, নির্জ্জল; যেমন—নিরম্বু উপবাস।

নিরয় (নির্ নির্গত—অয় সৌভাগ্য, ৫মী—হিং) সং, পুং, পাপীরা মৃত্যুর পর যে স্থানে গিয়া শাস্তিভোগ করে, যন্ত্রণাভোগস্থান, নরক। শিং—১ "নিরয়ে চৈব পতনং যাতনাশ্চ যমক্ষয়ে।"

নিরয়গামী (—গামিন্, নিরয়—গম্ গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে নরকে যায়, কর্ম্মদোষে যাহাকে নরকে যাইতে হয়, নরকগামী।

নিরয়ণ (নির্—অয় গমন করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, নির্গমন। ২। (+অনট্—ণ) নির্গমনোপায়। শিং—১ "পশ্চাৎ নিরয়ণম্ কৃতম্।"

নিরর্গল (নির্ না—অর্গল হুড়কা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অবাধ্য, অনর্গল, নিষ্প্রতিবন্ধক। ২। অর্গলরহিত। ৩। উদ্দাম। ৪। ক্রিং—বিং, অনর্গল, অবাধে, প্রতিবন্ধ ব্যতিরেকে।

নিরর্থক (নির্ না—অর্থ বিধেয়, প্রয়োজন, ৭মী—হিং, কণ্—প্রং) বিং, ত্রিং, ব্যর্থ,নিষ্প্রয়োজন, বিফল। ২। অর্থশূন্য। শিং—১ "প্রসাদো নিষ্ফলো যস্য ক্রোধশ্চাপি নিরর্থকঃ।" ৩। ক্রিং—বিং, বৃথা।

নিরলস (নির্ না—অলস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আলস্যহীন।

নিরব (নি না—রব শব্দ,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশব্দ, মৌনী।

নিরবকাশ (নির্ না—অবকাশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অবকাশশূন্য।

নিরবগ্রহ (নির্ না—অবগ্রহ বাধা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং,স্বতন্ত্র। ২। নিষ্প্রতিবন্ধক। শিং—১ "কেচিৎ ক্রোধসমাবিষ্টাঃ মদান্ধা নিরবগ্রহাঃ।" ২। দৃষ্টির ব্যাঘাতরহিত।

নিরবচ্ছিন্ন (নির্ না—অবচ্ছিন্ন বিচ্ছিন্ন) বিং, ত্রিং, অনবচ্ছিন্ন, নিরন্তর। ২। শুদ্ধ, কেবল। ৩। বিশুদ্ধ, নির্ম্মল।

নিরবদ্য (নির্ না—অবদ্য অকথ্য) বিং, ত্রিং, নির্দ্দোষ, বিশুদ্ধ। ২। উৎকৃষ্ট। শিং—১ "তস্য নিরবদ্যবিদ্যোদ্দ্যোতেন দ্যোতিতস্তত্ত্বতোঽয়মর্থঃ।"

নিরবধি (নির্—অবধি) বিং, ত্রিং, নিরন্তর, সতত। ২। যাহার অবধি নাই, অসীম। ৩। ক্রিং—বিং, অবাধে।

নিরবয়ব (নির্—অবয়ব) বিং, ত্রিং, অবয়বরহিত, নিরাকার। ২। সং, পুং, পরমাণু।

নিরবলম্ব (নির্—অবলম্ব) বিং, ত্রিং, যাহার কোন অবলম্বন নাই, যাহার কোন উপায় নাই, যাহার আশ্রয় বা সহায় নাই, নিরালম্ব, নিরুপায়, নিরাশ্রয়, নিঃসহায়, সহায়হীন।

নিরবলম্বন (নির্ না—অবলম্বন আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, নিরাশ্রয়, অসহায়।

নিরবশেষ (নির্—অবশেষ) বিং, ত্রিং, নিঃশেষ, সমগ্র, সম্পূর্ণ। শিং—১ "যাবৎ নিরবশেষং ভবতি তাবৎ ভাহয়িতা।"

নিরবশেষিত ( নিরবশেষ+ইত—ইদমর্থে ) বিং, ত্রিং, নিঃশেষিত, যাহাতে কিছুই অবশিষ্ট নাই।

নিরবসিত ( নির্—অব—সো নাশ করা+ ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, বহিষ্কৃত। ২। যাহারা ভোজন করিলে পাত্র সংস্কার দ্বারাও শুদ্ধ হয় না।

নিরবহালিকা ( নির্ বাহির—অবহালিকা বেড়া ) সং, স্ত্রীং, প্রাচীর, দেওয়াল।

নিরশন ( নির্ না—অশন ভোজন ) সং, ক্লীং, অনাহার। ২। বিং, ত্রিং, ভোজনরহিত। [রসহীন।

নিরস ( নি না—রস ) বিং, ত্রিং, নীরস,

নিরসন ( নির্ বাহিরে—অস্ ক্ষেপণ করা অন(অনট্)—ভা ) সং, ক্লীং, প্রত্যাখ্যান, নিরাকরণ। শিং—১ "স পিতু র্বিক্রিয়াং দৃষ্ট্বা রাজ্যান্নিরসনং তথা।" ২। নিক্ষেপ। ৩। হনন, বধ। ৪। নিষ্ঠীবন, থুথুফেলা। ৫। নিষ্কাশন।

নিরসনীয় (নিরসন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহার নিরাস করা উচিত বা আবশ্যক, বহিঃখণ্ডনীয়। ২। বহিষ্করণীয়। ৩। নিবারণীয়, নিবর্ত্তণীয়।

নিরস্ত (নিরসন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। ২। পরিত্যক্ত। শিং—১"নিরস্তঃ পরাবস্তুঃ।" ৩। নিরাকৃত, প্রত্যাখ্যত। শিং—১ "নিরস্তগাম্ভীর্য্যমপাস্তপুষ্পকম্।" ৪। দূরীকৃত, বহিষ্কৃত। ৫। ক্ষান্ত, নিবৃত্ত। ৬। নিবর্ত্তিত, নিবারিত। ৭। হত। শিং—১"নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি ক্রমায়তে।" ৮। প্রতিহত। ৯। নিষ্ঠ্যূত। ১০। শীঘ্রোচ্চারিত। ১১। ভৎর্সিত।

নিরস্ত্র ( নির্ না—অস্ত্র, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, যাহার অস্ত্র নাই, অস্ত্রশূন্য।

নিরস্থি (নির্ না—অস্থি, ৫মী—হিং) বিং, ত্রিং, যাহা হইতে অস্থি নির্গত হইয়াছে।

নিরস্যমান (নিরসন দেখ, শান—র্ম্ম, ম—আগম) বিং, ত্রিং, খণ্ড্যমান। ২। দূরীক্রিয়মাণ। ৩। নিবার্য্যমাণ।

নিরহঙ্কার (নির্ না—অহঙ্কার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অহঙ্কারশূন্য, অভিমানবর্জ্জিত। শিং—১"নির্বৈরা নিরহঙ্কারা বিগতক্রোধমৎসরাঃ।" (ভারত)।

নিরহম্ ( নির্ না—অহম্ অহংবুদ্ধি, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, অহঙ্কারশূন্য। শিং—১ "প্রত্যক্ প্রশান্তং সুধিয়োপলম্ভং হ্যনামরূপং নিরহং প্রপদ্যে।"

নিরাক ( নির্—অক্ বক্র গমন করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, পাক। ২। স্বেদ। ৩। (+ঘঞ্)—র্ম্ম) অসৎকর্ম্ম-ফল।

নিরাকরণ (নির্—আ—কৃ [করা] দূর করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিবারণ। ২। খণ্ডন। ৩। প্রত্যাখ্যান, দূরীকরণ। ৪। নির্ণয়, অবধারণ। ৫। মীমাংসা, সিদ্ধান্ত।

নিরাকরিষ্ণু (নিরাকরণ দেখ, ইষ্ণু—ক, শীলার্থে ) বিং, ত্রিং, নিরাকরণশীল। ২। দূরীকরণসমর্থ,প্রত্যাখ্যানকারী। শিং—১ "নিরাকরিষ্ণো র্বৃজিনাদৃতেঽপি।"(রঘু)।

নিরাকাঙ্ক্ষ ( নির্ না—আকাঙ্ক্ষা ) বিং, ত্রিং, নিস্পৃহ, আকাঙ্ক্ষারহিত। শিং—১ "তেষাং বাক্যং নিরাকাঙ্ক্ষম্।"

নিরাকার ( নির্ না—আকার, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, আকাশ। ২। বিষ্ণু। ৩। শিব। ৪। পরমেশ্বর। শিং—১ "তেজঃ স্বরূপো ভগবান্ নিরাকারো নিরাশ্রয়ঃ।" (পুরাণ)। ৫। ( নির্—আকার আহ্বান ) নির্গতাহ্বান। শিং—১ "নিরাকারা নিরানন্দা দীনা প্রতিহতস্বনাঃ।" ৬। তিরস্কার। ৭। বিং, ত্রিং, আকাররহিত, যাহার শরীর নাই।

নিরাকুল (নির্ অতিশয়—আকুল, ষং—স) বিং, ত্রিং, অত্যন্ত আকুল। শিং—১ "অলিকুলসঙ্কুলকুসুমসমূহনিরাকুল বকুল কলাপে।" (গীতগোবিন্দ)। ২। (নির্—আকুল) আকুল নয়, শোক ক্ষোভ দুঃখ ভয় ক্রোধ প্রভৃতি ঘটিলে যে অস্থির হয় না, অব্যাকুল।

নিরাকৃত (নিরাকরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত, দূরীকৃত। ২। নিবারিত। ৩। খণ্ডিত, নিরস্ত। ৪। নির্ণীত, অবধারিত। ৫। মীমাংসিত, সিদ্ধান্তিত।

নিরাকৃতি ( নিরাকরণ দেখ, তি(ক্তি)—ভা )

সং, স্ত্রীং, নিরাকরণ। ২। নিবারণ। ৩। নিরসন। শিং—১ "প্রলয়ঃ সুখদুঃখাভ্যাং চেষ্টাজ্ঞাননিরাকৃতিঃ।" (সাহিত্যদর্পণ)। ৪। বিং, ত্রিং, আকৃতিহীন, নিরাকার। যথা—"পরমাত্মা নিরাকৃতিঃ।" ৫। স্বাধ্যায়হীন। ৬। পঞ্চযজ্ঞত্যাগী।

নিরাকৃতী (—কৃতিন্, নিরাকৃত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিরাকরণকর্ত্তা।

নিরাতঙ্ক (নির্ না—আতঙ্ক ভয়, ৫মী বা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আতঙ্করহিত, নির্ভয়। শিং—১ "পুরুষায়ুষজীবিন্যো নিরাতঙ্কা নিরীতয়ঃ।" (রঘু)।

নিরাতপ (নির্ না—আতপ সূর্য্যকিরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আতপশূন্য। পা—স্ত্রীং, সং, রাত্রি।

নিরাধি (নির্—আধি পীড়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পীড়াশূন্য।

নিরানন্দ (নির্—আনন্দ) বিং, ত্রিং, যাহার আনন্দ নাই, শোক প্রভৃতি কারণে যাহার আনন্দ নষ্ট হইয়াছে, শোকাকুল।

নিরাপদ্ (নির্ না—আপদ্ বিপদ্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার আপদ্ নাই, বিপন্মুক্ত, নিরুপদ্রব। ২। যে আপদ হইতে মুক্ত হইয়াছে। ৩। যাহাতে কোন বিঘ্ন বা উপদ্রব নাই, অকণ্টক। ৪। ক্রিং—বিং, নির্ব্বিঘ্নে, অব্যাঘাতে।

নিরাবাধ (নির্ না—আবাধা বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাধাহীন। ২। সং, পুং, পক্ষাভাসবিশেষ।

নিরাময় (নির্ না—আময় রোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীরোগ, সুস্থ। ২। সং, পুং, বন্যছাগ। ৩। শূকর।

নিরামিষ (নির্ না—আমিষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মাংসাদি আমিষরহিত। শিং—১ "নিরামিষং হবিষ্যং বা সকৃৎ ভুঞ্জীত নান্যথা।"

নিরায়ুধ (নির্ না—আয়ুধ অস্ত্র) বিং, ত্রিং, নিরস্ত্র, আয়ুধশূন্য।

নিরালম্ব (নির্—আলম্ব অবলম্বন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরাশ্রয়, অবলম্বনরহিত। শিং—১ "নিরালম্বো লম্বোদরজননি কং যামি শরণম্।"

নিরালা (দেশজ) বিং, ত্রিং, নিভৃত, নির্জ্জন, বিরল।

নিরালোক (নির্ না—আলোক, ৫মী—হিং) বিং, ত্রিং, যাহা হইতে আলোক নির্গত হইয়াছে, আলোকশূন্য। শিং—১ "কৃত্বা লোকান্ নিরালোকান্।"

নিরাশ (নির্ না—আশা প্রত্যাশা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আশারহিত, হতাশ। শিং—১ "নিরাশাঃ পিতরো যান্তি শাপং দত্ত্বা সুদারুণম্।" ২। নিস্পৃহ।

নিরাশীঃ (নিরাশিষ্, নির্ না—আশিষ্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আশীর্বচনশূন্য। শিং—১ "জগচ্ছরণ্যস্য নিরাশিষঃ সতঃ।"

নিরাশ্রয় (নির্ না—আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসহায়। শিং—১ "নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ।" ২। অশরণ।

নিরাস (নির্ বাহির—আস [অস্ ক্ষেপণ করা+অ(ঘঞ্)—ভাবে] নিক্ষেপ) সং, পুং, নিক্ষেপ, ত্যাগ। ২। নিরসন দেখ।

নিরাহার (নির্ না—আহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আহাররহিত, উপবাসী। ২। সং, পুং, আহারের অভাব। ৩। ক্রিং—বিং, বিনা আহারে।

নিরিন্দ্রিয় (নির্ না—ইন্দ্রিয়) বিং, ত্রিং, ইন্দ্রিয়রহিত, চক্ষুরাদিবিহীন। শিং—১ "যে চ কেচিন্নিরিন্দ্রিয়াঃ।" (মনু)। ২। যাহার পুরুষত্ব নাই, ক্লীব, নপুংসক।

নিরীক্ষক (নিরীক্ষণ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিরীক্ষণ করে, দর্শক।

নিরীক্ষণ—ক্লীং } (নির্—ঈক্ষ্ দেখা+
নিরীক্ষা—স্ত্রীং } অন(অনট্), অ(অল্)—ভা) সং, নয়ন দ্বারা অনুভব করা, দর্শন। "পরস্পরং কটাক্ষনিরীক্ষণং সংজাতম্।"

নিরীক্ষমাণ (নিরীক্ষণ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যে দেখিতেছে।

নিরীক্ষিত (নিরীক্ষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট, অবলোকিত। ২। (+ক্ত—ভা) নিরীক্ষণ, দর্শন।

নিরীক্ষ্যমাণ (নিরীক্ষণ দেখ, আন(শান)—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, দৃশ্যমান, যে বস্তু বা ব্যক্তিকে দেখা যাইতেছে।

নিরীখ ( পারস্ত ) মূল্য, রাজকর্ম্মচারী দ্বারা নির্দ্ধারিত মূল্য। ২। বাজারদর।

নিরীতি (নির্ না—ঈতি) বিং, ত্রিং, ঈতি-শূন্য। ২। কৃষিপ্রতিবন্ধক বৃষ্ট্যাদিরহিত। শিং—১"নিরীতিভাবং গমিতেঽতিবৃষ্টয়া।"

নিরীশ ( নির্ নির্গত—ঈশা লাঙ্গলদণ্ড ) সং, ক্লীং, লাঙ্গলের ফাল।

নিরীশ্বর (নির্ না—ঈশ্বর) বিং, ত্রিং, যাহাতে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার্য্য নহে, বাদবিশেষ। শিং—১ "নিরীশ্বরেণ বাদেন কৃতং শাস্ত্রং মহত্তরম্।" ২। যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না, যে ঈশ্বর মানে না, নাস্তিক।

নিরীশ্বরবাদ ( নিরীশ্বর-বাদ কথন ) সং, পুং, ঈশ্বর নাই এই মত বা সিদ্ধান্ত।

নিরীশ্বরবাদী ( নিরীশ্বরবাদিন্, নিরীশ্বর-বাদী [ বদ্ বলা+ইন্(ণিন্)—ক ] যে বলে ) বিং, ত্রিং, যে ব্যক্তি ঈশ্বর নাই, এই মত বা সিদ্ধান্ত প্রতিপন্ন করে, যে নিরীশ্বরবাদ সংস্থাপন বা অবলম্বন করে।

নিরীহ (নির্ না—ঈহা চেষ্টা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার চেষ্টা নাই, নিশ্চেষ্ট। ২। যে কাহার বিষয়ে হস্তার্পণ করে না, যে কখন অনধিকার চর্চ্চা করে না। ৩। যে কাহার সহিত বিরোধ বা বিবাদ করে না। ৪। শান্তপ্রকৃতি।

নিরুক্ত ( নির্ নিশ্চয়—উক্ত, ৭মী—হিং ) সং, ক্লীং, বেদাঙ্গগ্রন্থ-বিশেষ, বেদের ব্যাখ্যানগ্রন্থ, বেদান্তর্গত দুরূহ শব্দের ব্যাখ্যাকারক শাস্ত্র। শিং—১ "বর্ণাগমো বর্ণবিপর্য্যয়শ্চ দ্বৌচাপরৌ বর্ণবিকারনাশৌ। ধাতোস্তদর্থাতিশয়েন যোগস্তদুচ্যতে পঞ্চবিধং নিরুক্তম্।" ২। বিং, ত্রিং, নির্ণীত, মীমাংসিত। ৩। নিশ্চয়রূপে কথিত। শিং—১ "নিরুক্তা প্রকৃতির্দ্বেধা।" ৪। পদভঞ্জন। শিং—১ "প্রস্তাবস্ত প্রকরণং নিরুক্তং পদভঞ্জনং।"

নিরুক্তকার (নিরুক্ত—কৃ করা+অ(ষণ্)—ক) সং, পুং, নিরুক্ত গ্রন্থকর্ত্তা মুনি। ২। শাকপূর্ণি, ঔর্ণনাভ ও স্থালাষ্ঠিবী এই তিন জন প্রাচীন নিরুক্তকার, যাস্ক আধুনিক।

নিরুক্তজ (নিরুক্ত নিযুক্ত—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপত্তি, ৫মী—ষ) সং, পুং, ক্ষেত্রজপুত্র। শিং—১ "আত্মা পুত্রশ্চ বিজ্ঞেয়স্তস্যানন্তরজশ্চ যঃ। নিরুক্তজশ্চ বিজ্ঞেয়ঃ সুতঃ প্রসৃতজস্তথা।"

নিরুক্তি (নির্ নিশ্চয়—উক্তি, ৭মী—হিং) সং, স্ত্রীং, নিরুক্ত। ২। নির্ব্বচন। ৩। নিঃশেষে কথন। ৪। প্রকৃতি প্রত্যয়াদি অবয়বার্থ কথন দ্বারা সমুদিতার্থের বোধ। শিং—১ "জরৎকারু নিরুক্তিং ত্বং যথাবৎ বক্তুমর্হসি।" ৫। নির্ণয়, মীমাংসা।

নিরুচ্ছ্বাস ( নির্—উচ্ছ্বাস ) বিং, ত্রিং, যেখানে অধিক লোক থাকিতে পারে না, সঙ্কীর্ণ। ২। যেখানে অনেক লোকের সমাগম হইয়াছে, যেখানে অত্যন্ত অধিক লোকে অবস্থিতি করিতেছে, জনাকীর্ণ।

নিরুত্তর (নির্ না—উত্তর) বিং, ত্রিং, যাহার উত্তর বন্ধ হইয়াছে, রোগ প্রভৃতি কারণে এরূপ দুর্ব্বল হইয়াছে যে জিজ্ঞাসার উত্তর দিতে অক্ষম, এরূপ অপ্রস্তুত বা অপদস্থ হইয়াছে যে আর উত্তর দিতে পারিতেছে না, যাহার আর উত্তর দিবার পথ বা ক্ষমতা নাই।

নিরুৎসুক (নির্ অতিশয়—উৎসুক, সুং—স) বিং, ত্রিং, অত্যন্ত উৎসুক। ২। (নির্ না—উৎসুক, ৬ষ্ঠী—হিং) ঔৎসুক্যবর্জ্জিত। শিং—১"মৃগয়াং প্রতি নিরুৎসুকং চেতঃ।" ৩। রৈবতকমনুর পুত্রবিশেষ। শিং—১ "ধৃতিমান ব্যথোবক্রেস্তত্ত্বদর্শী নিরুৎসুকঃ।" ৪। ত্রয়োদশ মন্বন্তরে সপ্তর্ষিমধ্যে ভার্গব-ঋষিবিশেষ।

নিরুদ্ধ (নি—রুধ্ রোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, প্রতিরুদ্ধ, স্থগিত। ২। অবরুদ্ধ, যাহাকে আটক করা গিয়াছে। শিং—১ "যত্ননিরুদ্ধবাষ্পৈঃ।"

নিরুদ্যতি (নির্—উদ্—যম্+ক্তি—ভাবে) বিং, ত্রিং, নিরুদ্যোগ।

নিরুদ্ধান (নি—রুধ্ রুদ্ধ করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে নিরোধ করিতেছে

নিরুপম ( নির্ না—উপমা, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, যাহার উপমা দিবার স্থল নাই, যাহার সহিত উপমা দিবার উপযুক্ত বস্তু বা ব্যক্তি দেখিতে পাওয়া যায় না, অনুপম।

নিরুপাখ্য (নির্—উপ—আখ্যা) বিং, ত্রিং, অনির্ব্বচনীয়। ২। অসৎ পদার্থ; যেমন—বন্ধ্যাপুত্র, আকাশপুষ্পাদি। ৩। সং, ক্লীং, পরব্রহ্ম।

নিরুপাধি (নির্—উপাধি) বিং, ত্রিং, যাহাতে অন্য কোন উদ্দেশ্য নাই, পরিশুদ্ধ; যেমন নিরুপাধি দয়া। ২। যাহাতে চাতুরী নাই, অমায়িক, ছলশূন্য।

নিরুপায় ( নির্ না-উপায়, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, উপায়রহিত। শিং—১ "উচ্ছিদ্যমানোবলিনা নিরুপায়প্রতিক্রিয়ঃ।" ২। সং, পুং, উপায়ের অভাব।

নিরুপ্ত (নির্—বপ্ বপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যজ্ঞাদিতে ভাগানুসারে পৃথক্ পৃথক্‌রূপে দত্ত।

নিরূঢ় (নি—রূঢ় আরূঢ়। অথবা নির্ না—উঢ় বিবাহিত ) বিং, ত্রিং, উৎপন্ন। ২। প্রসিদ্ধ। ৩। অবিবাহিত। ৪। সং, পুং, রূঢ়িলক্ষণা দ্বারা অর্থপ্রতিপাদক শব্দ। শিং—১ "পূর্ব্বস্বামি সম্বন্ধাধীনং তৎস্বাম্যুপরমে যত্র দ্রব্যে স্বত্বং তত্র নিরূঢ়োদায়শব্দঃ।" ( দায়ভাগ )। ৫। পশুযাগবিশেষ। ঢ়া—স্ত্রীং, রূঢ়িহেতুক লক্ষণা।

নিরূঢ়ি (নি—রূঢ়ি) সং, স্ত্রীং, প্রসিদ্ধি। শিং "নৃপ বিদ্যাসু নিরূঢ়িমাগতা।"

নিরূপক (নিরূপণ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিরূপণ করে, নির্ণায়ক।

নিরূপণ (নি—রূপ্ রূপযুক্ত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্ণয়। শিং—১ "নহি সত্তামসত্তাঞ্চ নিরূপণম্।" ২। দর্শন। ৩। বিতর্ক। ৪। নিয়োগ। ৫। বিবরণ।

নিরূপিত (নিরূপণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত। ২। দৃষ্ট। ৩। বিচারিত। ৪। নিযুক্ত।

নির্ঋতি (নির্ বিপরীত—ঋতি শুভ) সং, স্ত্রীং, অলক্ষ্মী, অসৌভাগ্য-দেবী; ইনি লক্ষ্মীর জ্যেষ্ঠা। ২। দক্ষিণপশ্চিম কোণের শাসনকর্ত্রী। ৩। পুং, দিক্‌পাল-বিশেষ, নৈঋ্ত কোণের অধিপতি। ৪। বিং, ত্রিং, নিরুপদ্রব।

নির্ঋথ ( নির্—ঋ গমন করা+থ(থক্)—সংজ্ঞার্থে) সং, পুং, সামবেদ।

নিরেট (দেশজ) বিং, ছিদ্রশূন্য। ২। দৃঢ়, শক্ত।

নিরোধ (নি-রুধ্ আবরণ করা+অ(অল)—ভা) সং, পুং, বেষ্টন, অবরোধ। ২। কারাবন্ধন। ৩। বিনাশ। ৪। প্রতিরোধ। ৫। বারণ। ৬। ক্ষতি। ৭। নিগ্রহ। শিং—১ "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ।"

নিরোধক (নিরোধ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, নিরোধকারক।

নিরোধন ( নিরোধ দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, রুদ্ধকরণ। ২। বাধা।

নির্গ (নির্—গম্ গমন করা+অ(ড)—ধি) সং, পুং, দেশ, জনপদ।

নির্গত (নির্ বাহির—গম্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অপগত। ২। নিঃসৃত, বহির্গত।

নির্গন্ধ ( নির্ না—গন্ধ, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, গন্ধশূন্য। শিং—১ "নির্গন্ধা ইব কিংশুকাঃ।"

নির্গম (নির্গত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, অপগম। ২। বাহির হওন।

নির্গমন ( নির্গম দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, নিঃসরণ, বাহির হওয়া। ২। (+অনট্—ণ) দ্বার। ৩। প্রতিহারী।

নির্গুণ ( নির্ না—গুণ, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, গুণহীন। শিং—১ "সগুণো নির্গুণো বাপি সহায়ো বলবত্তরঃ।" ২। সং, পুং, পরমেশ্বর, সত্ত্বাদিগুণত্রয়বর্জ্জিত পরমাত্মা। শিং—১ "গুণভূম্নির্গুণো মহান্।"

নির্গুণ্ডী (নির্ বাহির—গুণ্ড্ বেষ্টন করা +অ(অন্),ঈপ্) সং, স্ত্রীং, সিন্ধুবার বৃক্ষ, নিসিন্দাগাছ। ২। নীলশেফালিকা বৃক্ষ।

নির্গূঢ় ( নির্ ভিতর—গুহ্ আচ্ছাদন করা, গোপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

সংবৃত। ২। নিতান্ত গূঢ়। ৩। পুং, বৃক্ষের কোটর।

নিগ্রন্থ (নির্ না—গ্রন্থ্ [গাঁইট, বন্ধন] আসক্তি, ৬ষ্ঠী—হিং। বস্ত্রগ্রন্থি ও হৃদয়গ্রন্থিশূন্য বলিয়া) সং, পুং, ক্ষপণক, দিগম্বর। ২। দরিদ্র। ৩। মূর্খ। ৪। মুনি। ৫। দ্যূতকার। ৬। বিং, ত্রিং, নিঃসহায়। ৭। নির্বেদগ্রস্ত। ৮। গ্রন্থিশূন্য। শিং—১ "আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।"

নির্গ্রন্থক } (নির্ না—গ্রন্থ [বন্ধন] সং-
নির্গ্রন্থিক } অব+ক—প্রং) সং, পুং, ক্ষপণক। ২। বিং, ত্রিং, নিপুণ, দক্ষ। ৩। হীন, নীচ।

নির্গ্রন্থন (নির্—গ্রন্থ্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, বধ।

নির্গ্রাহ্য (নির্—গ্রহ্ গ্রহণ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নিশ্চয়রূপে গ্রহণ করিতে পারা যায়।

নির্ঘট (নির্—ঘট্ চেষ্টা করা+অ—প্রং) সং, ক্লীং, রাজকরশূন্য হট্ট। ২। ঘটশূন্য দেশ। ৩। যেখানে অধিক লোকের জনতা হয়, হাট বাজার প্রভৃতি।

নির্ঘণ্ট (নির্—ঘণ্ট্ চেষ্টা করা+অ(অল্)—ণ) সং, পুং, নির্ণয়, নিরূপণ। ২। মীমাংসা, সিদ্ধান্ত, অনুক্রমণিকা, সূচীপত্র। ২। (দেশজ) তন্ন তন্নরূপে অন্বেষণ করা।

নির্ঘাত (নির্—হন্ [বধ করা] শব্দ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বায়ুর শব্দ, বায়ুতে বায়ুতে অভিহত হইয়া যে শব্দ উৎপন্ন হয়। শিং—১ "পবনঃ পবনাভিহতো গগনাদবনৌ যদা সমাপততি ভবতি তদা নির্ঘাতঃ" ২ "বায়ুনাভিহতো বায়ো গগনাচ্চ পতত্যধঃ। প্রচণ্ডঘোরনির্ঘোষো নির্ঘাত ইতি কথ্যতে।" ৩ "যদান্তরীক্ষে বলবান্ মারুতো মারুতাহতঃ। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ।" ২। (+ঘঞ্—ণ) বজ্র। ৩। বিং, ত্রিং, বিষম, নিষ্ঠুর, ভয়ানক, যেমন—নির্ঘাত বাক্য।

নির্ঘাতন (নির্—হন্-ণিচ্—ঘাতি হনন করান+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, শুশ্রুতোক্ত যন্ত্র-নিষ্পাদ্য-ক্রিয়া-বিশেষ। ২। আঘাত করা।

নির্ঘৃণ (নির্ না—ঘৃণা দয়া ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়। ২। নিতান্ত অপদস্থ বা অবমানিত হইলেও যাহার ঘৃণার উদয় হয় না, ঘৃণারহিত। শিং—১ "যজ্জীবাম্যতিনির্ঘৃণঃ।"

নির্ঘোষ (নির্—ঘুষ শব্দ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, উৎকটশব্দ, গভীর ধ্বনি, যে শব্দ শুনিলে ভয় জন্মে, যেমন—বজ্রনির্ঘোষ। শিং—১ "জ্যা নির্ঘোষৈঃ ক্ষোভয়মাস সিংহান্।" ২ "স্নিগ্ধগম্ভীরনির্ঘোষম্।" (রঘু)।

নির্জ্জন (নির্ না—জন লোক, ৭মী—হিং) বিং, ত্রিং, যেখানে কেহ নাই, যেখানে এক ব্যক্তিও নাই, যেমন—নির্জ্জনস্থান। ২। যেখানে লোকের গতায়াত নাই, যেখানে মনুষ্যের গতায়াত নাই; যেমন—নির্জন বন। ৩। সং, পুং, জনশূন্য স্থান, নিভৃত প্রদেশ; যেমন—নির্জনে কথোপকথন করিতেছে।

নির্জ্জর (নির্ না—জরা বৃদ্ধত্ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। শিং—১ "অমরা নির্জ্জরা দেবাস্ত্রিদশাঃ বিবুধাঃ সুরাঃ।" (অমর)। ২। ক্লীং, সুধা, অমৃত। ৩। বিং, ত্রিং, জরারহিত।

নির্জ্জল (নির্ না—জল, ৫মী—হিং) বিং, ত্রিং, যেখানে জল নাই, জলহীন, জলশূন্য, শুষ্ক; যেমন—নির্জল সরোবর। ২। যাহাতে জলপান পর্য্যন্ত পরিত্যক্ত হইয়াছে, নিরম্বু; যেমন—নির্জল উপবাস। ৩। যেখানে জলের ভাগ অধিক নয়, যাহা জলবহুল নয়, অনার্দ্র; যেমন—নির্জল ভূমি, নির্জল মৃত্তিকা। ৪। যেখানে জল দুষ্প্রাপ্য, যেখানে অতিশয় জলকষ্ট; যেমন—নির্জল দেশ।

নির্জ্জলৈকাদশী; সং, স্ত্রীং, জ্যৈষ্ঠমাসীয় শুক্লাএকাদশী। শিং—১ "বৃষস্থে মিথুনস্থেঽর্কে শুক্লাহ্যেকাদশী হি যা। জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন সোপাস্যা জলবর্জ্জিতা।"

নির্জ্জিত (নির্ নিশ্চয়—জি জয় করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপক্ষে যাহাকে জয় করিয়াছে, পরাজিত। শিং—১ "নির্জ্জিতৈরাবতা গজাঃ।" ২। বশীকৃত।

নির্জ্জিহ্ব (নির্ নির্গত—জিহ্বা,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মুখ হইতে যাহার জিহ্বা নির্গত হইয়াছে। ২। (জিহ্বাশূন্য বলিয়া) সং, পুং, ভেক।

নির্জ্জীব (নির্ না—জীব জীবন, জীবিত) বিং, ত্রিং, জীবাত্মারহিত, জীবনশূন্য। শিং—১ "চিতা দহতি নির্জ্জীবং চিন্তা-দহতি জীবিতম্।" ২। অত্যুৎকট শ্রম প্রভৃতি কারণে যে একবার নিতান্ত নির্বীর্য্য হইয়া পড়িয়াছে। ২। যাঁহার জীবন নাই, অচেতন।

নির্ঝর (নির্—ঝৄ জীর্ণ হওয়া+অ(অন্)—ক) সং, পুং, যে জলপ্রবাহ প্রবলবেগে পর্ব্বত হইতে স্রোত বহিয়া পড়ে, ঝরণা। শিং—১ "নাগেন্দ্রৈঃ স্রবদ্ভির্ম্মদনির্ঝরান্।" ২ "ভাগীরথীনির্ঝরশীকরাণাম্।"(কুমার)। ২। বারিপ্রবাহ। ৩। সূর্য্যঘোটক। ৪। তুষানল।

নির্ঝরিণী (নির্ঝর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, প্রবাহবতী নদী।

নির্ঝরী (নির্ঝরিন্, নির্ঝর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত।

নির্ণয়—পুং } (নির্ নিশ্চয় — নী
নির্ণয়ন্—ক্লীং } লওয়া+অ(অল্), অন (অনট্)—ভা) সং, নিশ্চয়, অবধারণ। ২। নিষ্পত্তি, সিদ্ধান্ত। ৩। ফয়সালা, ডিক্রী। শিং—১"নির্ণয়ঃ পুনঃ অনুভূতার্থকথনম্।" ২ "সংশয়ঃ সুগমস্তত্র নির্ণয়স্তত্র দুর্গমঃ।"

নির্ণয়পাদ; সং, পুং, চতুষ্পাদ্ ব্যবহারের মধ্যে নির্ণয়াত্মক অংশবিশেষ।

নির্ণায়ক (নির্ণয় দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নির্ণয় করে, নিশ্চয়কারক। ২। নিষ্পাদক। ৩। সিদ্ধান্তকারী, মীমাংসক।

নির্ণায়ন (নির্—নী-ণিচ্=নীত করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, নির্ণয়করণ। ২। হস্তীর অপাঙ্গদেশ।

নির্ণিক্ত (নির্—নিজ্ পরিষ্কার করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, ক্ষালিত। ২। মুক্ত। ৩। শোধিত, বিগতপাপ। শিং—১ "এনস্বিভির্নির্ণিক্তৈর্ন্নার্থং কিঞ্চিৎ সমাচরেৎ।"

নির্ণিক্তি (নির্ণিক্ত দেখ, তি(ক্তি)—ভাবে) মুক্তি, ক্ষালন। ২। নির্ণিক্ত।

নির্ণিমেষ (নির্ না—নিমেষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিমেষশূন্য, স্থিরনেত্র, যাহার চক্ষুর পলক পড়ে না। ২। সং, পুং, বিষ্ণু।

নির্ণীত (নির্ণয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবধারিত, নিশ্চিত। ২। সিদ্ধান্তিত।

নির্ণেজক (নির্ণিক্ত দেখ, অক(ণক)—ক)বিং, ত্রিং, পরিষ্কারক। ২। সং, পুং—স্ত্রীং, ধোবা, রজক। শিং—১"কারুকান্নং প্রজাং হন্তি বলং নির্ণেজকস্য চ।" (মনু)।

নির্ণেজন (নির্ণেজক দেখ, অন(অনট্)—ভা) বিং, ত্রিং, পরিষ্কারকরণ। ২। (+অনট্—ণ) শুদ্ধি। শিং—১ "কৃত নির্ণেজনাংশ্চৈব ন বিগর্হেত কর্হিচিৎ।"

নির্ণেতা (নির্ণেতৃ, নির্ণয় দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নির্ণায়ক, নিশ্চয়কারক।

নির্ণেয় (নির্ণয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণয় করিবার যোগ্য।

নির্দণ্ড (নির্—দো ছেদন করা, বধ করা+অট—প্রং, নিপাতন) বিং, ত্রিং, নির্দয়। ২। নিষ্প্রয়োজন। ৩। মত্ত। ৪। পরনিন্দাকারী।

নির্দয় (নির্ না—দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দয়াহীন, নিষ্ঠুর। শিং—১ "নির্দয়ং প্রহরন্তি স্ম নিকুম্ভে চ মহাসুরে।" ২। হিংস্র, ক্রূর।

নির্দর (নির্ না—দৃ আদর করা+অ (অল)—র্ম্ম) বিং, ত্রিং, নির্লজ্জ। ২। কঠিন, কর্কশ। ৩। নির্ভয়। ৪। সং, পুং, নির্ঝর। শিং—১ "গিরিনির্দরবাসিনাম্।"

নির্দশ (নির্ নির্গত—দশ, ৬ষ্ঠী—হিং)বিং, ত্রিং, যাহা হইতে দশাহ নির্গত হইয়াছে। শিং—১ "নির্দশং জ্ঞাতিমরণং শ্রুত্বা পুত্রস্য জন্ম চ।"

নির্দ্দশন (নির্ না—দশন্ দন্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দন্ত নির্গত হয় নাই পতিত হইয়াছে, দন্তরহিত।

নির্দ্দহন (নির্ নিশ্চয় বা না—দহ্ দগ্ধ করা+অন(অনট্)—ক) বিং, ত্রিং, অগ্নি-শূন্য। ২। সং, পুং, ভল্লাতক বৃক্ষ। ৩। (+অনট্—ভাবে) ক্লীং, সম্যক্‌দহন।

নির্দ্দিগ্ধ (নির্—দিহ্ লেপন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, লেপিত। ২। বলী, বলবান।

নির্দ্দিশ্যমান (নির্দ্দিষ্ট দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার নির্দ্দেশ করা যাইতেছে, কথ্যমান। ২। আদিশ্যমান।

নির্দ্দিষ্ট (নির্—দিশ্ নিরূপণ করা, দেখান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিরূপিত, নির্দ্ধারিত। ২। উল্লিখিত। ৩। কথিত। শিং—১ "নির্দ্দিষ্টবিষয়ং কিঞ্চিৎ উপাত্তবিষয়ং তথা।" ৪। অঙ্গুল্যাদি দ্বারা প্রদর্শিত। ৫। উপদিষ্ট। ৬। আদিষ্ট।

নির্দ্দেশ (নির্দ্দিষ্ট দেখ, অ(অল্)—ভা) সং, পুং, আদেশ, আজ্ঞা। ২। নিরূপণ। ৩। কথন। ৪। প্রদর্শন। ৫। অবধারণ। ৬। উল্লেখ। ৭। বর্ণন। শিং—১ "ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণ স্ত্রিবিধঃ স্মৃতঃ।" ২ "অযুক্তোঽয়ং নির্দ্দেশঃ।" ৮। (+অল্—ণ) নাম।

নির্দ্দেশক, নির্দ্দেষ্টা (নির্দ্দেষ্ট, নির্দ্দিষ্ট দেখ, অক (ণক), তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে নির্দ্দেশ করে। ২। আজ্ঞাপক। ৩। উল্লেখক। ৪। প্রদর্শক।

নির্দ্দোষ (নির্ না—দোষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দোষরহিত, অপরাধশূন্য। শিং—১ "নির্দ্দোষং দর্শয়িত্বা তু সদোষং যঃ প্রযচ্ছতি।"

নির্ধন (নির্ নষ্ট—ধন, ৬ষ্ঠী—হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, ধনশূন্য, দরিদ্র। শিং—১ "শাশ্বিনস্ত বংশোঽপি নিধনঃ পরিভূয়তে।" ২ "তং রাজা নির্ধনং কৃত্বা।" ২। সং, পুং, বৃদ্ধবৃষভ।

নির্দ্ধার—পুং, নির্দ্ধারণ—ক্লীং (নির্—ধৃ [ধারণ করা] নিশ্চয় করা+অ(ঘঞ্) অন(অনট্)—ভা) সং, অনেকের মধ্যে উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা একের অবধারণ। ২। নির্ণয়। ৩। মীমাংসা, সিদ্ধান্ত।

নির্দ্ধারক (নির্—ধারি [ধারণ করা] নিশ্চয় করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নির্দ্ধারণ করে, নির্ণায়ক।

নির্দ্ধারিত (নির্দ্ধারক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত। শিং—১ "নির্দ্ধারিতেঽর্থে লেখেন খলূক্ত্বা খলুবাচিকম্।" ২। সিদ্ধান্তিত, মীমাংসিত।

নির্দ্ধার্য্য (নির্দ্ধারক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণেয়, নিরূপণীয়।

নির্দ্ধূত (নির্—ধূ [কম্পিত হওয়া] ত্যাগকরা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্জ্জিত, পরিত্যক্ত। শিং—১ "নির্ধূত বীতমপি বালক মুন্নলত্বম্।" (মাঘ)। ২। দূরীকৃত। ৩। ক্ষত।

নির্দ্ধৌত (নির্—ধৌত পরিষ্কৃত) বিং, ত্রিং, ধৌত, ক্ষালিত। ২। মার্জ্জিত, পরিষ্কৃত।

নির্দ্বন্দ্ব (নির্ না—দ্বন্দ্ব জোড়া) বিং, ত্রিং, শীতোষ্ণাদি বা রাগদ্বেষাদি দ্বন্দ্বরহিত। ২। দ্বিগুণ নয়।

নির্ধ্মাপন (নির্—ধ্মা-ণিচ=ধ্মাপি শব্দকরান +অন(অনট্)—ভা) সং, ক্লীং, সুশ্রুতোক্ত শল্যোদ্ধরণার্থ ব্যাপারবিশেষ।

নির্নিমিত্ত (নির্ না—নিমিত্ত কারণ, ৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, অকারণ, নিমিত্তরহিত। ২। আকস্মিক। ৩। নিরর্থক, নিষ্প্রয়োজন।

নির্ব্বন্ধ (নির্—বন্ধ্ বন্ধন করা+অ(অল্) —ভা) সং, পুং, নিয়ম, ব্যবস্থা। ২। আগ্রহ। ৩। উৎকট যত্ন, অভিনিবেশ। ৪। ন্যায় অন্যায় বিবেচনা না করিয়া আপনমত বা অভিপ্রায়ের অনুসরণ, প্রার্থনাতিশয়, জেদ্। শিং—১ "ক এষ নামগ্রহণে ভবতো নির্ব্বন্ধঃ।" ৫। সংযোগ, ঘটনা। শিং—১ "জাতো বৈ বৈরনির্ব্বন্ধঃ কৃষ্ণেন সহ তস্য বৈ।"

নির্ব্বর্হণ (নির্—বর্হ্ বধকরা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, হিংসা, মারণ।

নির্ব্বল (নির্ না—বল শক্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শক্তিহীন, ক্ষীণ।

নির্ব্বোধ (নির্ না—বাধা, ৬ষ্ঠী—হিং) বিং,
ত্রিং, বাধারহিত, নিষ্প্রতিবন্ধক।

নির্ব্বুদ্ধি } (নির্ না—বুদ্ধি, বোধ=
নির্ব্বোধ } জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,
যাহার হিতাহিত বোধ নাই, যে কর্ত্তব্য
অকর্ত্তব্য বিবেচনা করিতে পারে না, অ-
জ্ঞান, মূর্খ।

নির্ভট (নির্—ভট্ পোষণ করা+অ(অন্)
—ক) বিং, ত্রিং, কঠিন, দৃঢ়।

নির্ভয় (নির্ না—ভয় শঙ্কা, ৬ষ্ঠী—হিং)
বিং, ত্রিং, যাহার ভয় নাই, যে কিছুতেই
ভয় পায় না, নিঃশঙ্ক। শিং—১ "নির্ভয়স্ত
ভবেদ্‌যস্য রাষ্ট্রং বাহুবলাশ্রিতম্।" ২।
সং, পুং, শ্রেষ্ঠ অশ্ব। ৩। ক্রিং—বিং,
বিনা ভয়ে।

নির্ভর (নির্—ভৃ পরিপূর্ণ করা+অ(অল্)
—র্ম্ম) বিং, ত্রিং, অতিরিক্ত, অধিক,
বহুল। ২। পূর্ণ। ৩। সং, ক্লীং, সারভাগ।
৪। অতিরেক। ৫। পুং, ভার, আশ্রয়।

নির্ভৎ‍সন (নির্—ভৎ‍স্ ভৎ‍সনা করা+
অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিন্দা। ২।
তিরস্কার। শিং—১ "নির্ভৎ‍সনাপবাদৈশ্চ
তথৈবা প্রিয়য়া গিরা।" ৩। অলক্তক,
আল্‌তা। [ত্রিং, মন্দভাগ্য, দুর্ভগ।

নির্ভাগ্য (নির্ না—ভাগ্য অদৃষ্ট) বিং,

নির্ভিন্ন (নির্—ভিন্ন ভেদিত, পৃথক) বিং,
ত্রিং, বিদলিত, খণ্ডিত। ২। অভিন্ন। ৩।
বিকসিত।

নির্ভীক (নির্ না—ভী ভয়, ৬ষ্ঠী—হিং।
সমাসে ক আগম) বিং, ত্রিং, ভয়রহিত,
নিঃশঙ্ক।

নির্ভৃতি (নির্ না—ভৃতি, ৬ষ্ঠী—হিং) বিং,
ত্রিং, বেতনশূন্য (বেগার)।

নির্ভেদ (নির্—ভেদ ভেদন) সং, পুং,
বিদারণ, বিভাজন।

নির্ম্মক্ষিক (নির্ না—মক্ষিকা, ব্যং—স+
৬ষ্ঠী—হিং) অং, মক্ষিকাভাব। ২। (নির্
না—মক্ষিকা, ৫মী—হিং) ক্লীং, মক্ষিকা
শূন্যস্থান। ৩। তদুপলক্ষণীয় নির্জ্জনস্থান।
"কৃতং ভবতেদানীং নির্ম্মক্ষিকম্।" ৪। বিং,
ত্রিং, নিভৃত, নির্জ্জন। ৫। মক্ষিকাশূন্য।

নির্ম্মন্থন নির্—মন্থ আরাধনা করা,মোছা
+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নীরাজনা,
আরুতি। ২। সেবা। ৩। মোছা।

নির্ম্মৎসর (নির্ না—মৎ—সর, ৬ষ্ঠী—
হিং) বিং, ত্রিং, মাৎসর্য্যবিহীন, গর্ব্বশূন্য।

নির্ম্মথ্যদারু; সং, ক্লীং, অরণি, অগ্নি জ্বালি-
বার কাঠ।

নির্ম্মদ (নির্—মদ মত্ততা) সং, পুং, মদ-
ক্ষরণরহিত হস্তী। ২। বিং, ত্রিং, মত্ততা-
শূন্য। শিং—১ "নির্ম্মদং দুঃখিতং দৃষ্ট্বা-
পিতরো রামমব্রুবন্।" ৩। দানজলহীন।

নির্ম্মনুষ্য (নির্—মনুষ্য) বিং, ত্রিং, যেখানে
মনুষ্য নাই, যেখানে মনুষ্যের গমাগম
নাই, যেখানকার সমস্ত মনুষ্য নষ্ট হই-
য়াছে।

নির্ম্মন্থ—পুং } (নির্—মন্থ্ মন্থন
নির্ম্মন্থন—ক্লীং } করা+অ(অল্), অন
(অনট্)—ভা) সং, সম্যক্ মন্থন। ২।
মর্দ্দন। ৩। স্বর্ষণ। ৪। নিংড়ন।

নির্ম্মন্থ্য (নির্— মন্থন করা+য(ক্যপ্)
—র্ম্ম) সং, , অগ্ন্যুৎপাদনার্থ ঘৃষ্যমান
দারু।

নির্ম্মম (নির্ না—মম মমতা, ৬ষ্ঠী—
হিং) বিং, ত্রিং, মমতাশূন্য, যাহার আ-
মার বলিয়া জ্ঞান নাই, যে ব্যক্তি সকল
বিষয়ে আসা বা আসক্তি শূন্য হইয়াছে,
বাসনারহিত। শিং—১"অতীতেষ্বনপেক্ষা
যে প্রাপ্তেষ্বর্থেষু নির্ম্মমাঃ।"

নির্ম্মল (নির্ না—মল মলা, ৬ষ্ঠী—
হিং) বিং, ত্রিং, মলহীন। ২। স্বচ্ছ। ৩।
পরিষ্কৃত। ৪। শুদ্ধ, নির্দ্দোষ। শিং—১
"মধুনির্ম্মলঃ পবনঃ।" ২ "রামঃ—শশাঙ্ক
ইব নির্ম্মলঃ।" ৫। সং, ক্লীং, নির্ম্মাল্য।
৬। অভ্রক।

নির্ম্মলোপল (নির্ম্মল—উপল প্রস্তর) সং,
পুং, স্ফটিকমণি।

নির্ম্মাংস (নির্ না—মাংস, ৬ষ্ঠী—হিং)
বিং, ত্রিং, মাংসশূন্য। ২। আহারাভাবে
অতি কৃশ (তপস্বী দরিদ্র প্রভৃতি)।

নির্ম্মাংসবক্ত্র (নির্ম্মাংস—বক্ত্র, ৬ষ্ঠী—হিং
সং, পুং, কুমারানুচরবিশেষ।

নির্ম্মাণ—ক্লীং } (নির্—মা[মাপা] গড়া
নির্ম্মিতি—স্ত্রীং } +অন(অনট্), তি(ক্তি) —ভা) সং, গঠন। ২। রচনা। ৩। প্রস্তুন। ৪। প্রস্তুত-করণ। শিং—১ "অহো নির্ম্মাণ বৈদগ্ধী বিধাতুঃ।" ২ "কবিপ্রজাপতীন—রম্যনির্ম্মাণশালিনঃ।" ৩।"নবরসরুচিরাং নির্ম্মিতিমাদধতী ভারতী কবের্জয়তি।" ২। সার। ৩। সামঞ্জস্য। ৪। পরিচ্ছেদ। ৫। (+অনট্—ণ) নির্ম্মাণসাধন কার্য্যাদি।

নির্ম্মাতা (নির্ম্মাতৃ, নির্ম্মাণ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নির্ম্মাণকর্ত্তা যে প্রস্তুত করে।

নির্ম্মাল্য (নির্ম্মল+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, নির্ম্মলতা। ২। (নির্—মাল্য) দেবনিবেদিত পুষ্পাদি। ৩। উপভুক্ত পুষ্পাদি আভরণ। শিং—১ "নির্ম্মাল্যোজ্ঝিতপুষ্পদামনিকরা ষট্পদানাং রতি।" ৪। দেবতার প্রসাদ। ৫। (নির—মল+য(ষ্ণ্য) বিং, ত্রিং, নির্ম্মল, পরিষ্কৃত। ল্যা—স্ত্রীং, জলপরিষ্কারক ফলবিশেষ, নির্ম্মলীফল।

নির্ম্মিত (নির্ম্মাণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,রচিত,গঠিত। ২। প্রস্তুত, কৃত। শিং—১"নিজনির্ম্মিতকার্মিকাবলীমতিসংক্ষিপ্তচিরন্তনোক্তিভিঃ।"

নির্ম্মিৎসা (নির্ম্মিৎস [নির্ম্মাণ দেখ, সন্—ইচ্ছার্থে] নির্ম্মাণ করিতে ইচ্ছা করা+অ (অল্)—ভা, আপ্) সং, স্ত্রীং, নির্ম্মাণ করিবার ইচ্ছা।

নির্ম্মুক্ত (নির্ নিঃশেষ—মুক্ত মুক্তিপ্রাপ্ত) সং, পুং, খোলোস ছাড়া সাপ। ২। বিং, ত্রিং, নিঃশেষে মুক্ত,বহির্গত। ৩। যে মুক্তি পাইয়াছে। ৪। বন্ধনমুক্ত। ৫। বিযুক্ত, পৃথগ্ভূত। শিং—১ "হিমনির্ম্মুক্তয়োর্যোগে চিত্রা চন্দ্রমসোরিব।" (রঘু)। ৬। সঙ্গরহিত।

নির্ম্মুট (নির্—মুট্ চূর্ণ করা ইত্যাদি+অ —প্রং) সং, পুং, বনস্পতি, পুষ্প ব্যতিরেকে ফলজনক বৃক্ষ, যথা—বট, অশ্বথ প্রভৃতি। ২। সূর্য্য। ৩। খর্পর। ৪। ক্লীং, করশূন্য হট্ট, যে হাটের কর নাই।

নির্ম্মূল (নির্ না—মূল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার মূলচ্ছেদ হইয়াছে, যাহার মূল পর্য্যন্ত নষ্ট হইয়াছে, ছিন্নমূল। শিং —১ "আরুহ্য বৃক্ষান্ নির্ম্মূলান্ গজঃ পরিতুষ্টমিব।" ২। যাহার মূল নাই, অমূলক। ৩। যাহার একেবারে লোপ হইয়াছে, যাহার সম্পূর্ণ ধ্বংস হইয়াছে, বিলুপ্ত। [সং, ক্লীং, উৎপাদন।

নির্ম্মূলন (নির্ম্মূল দেখ, অন(অনট্)—ভা)

নির্ম্মৃষ্ট (নির্—মৃজ্ মার্জ্জন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, প্রোঞ্ছিত, মার্জ্জিত। শিং—১ "নির্ম্মৃষ্টরাগোঽধরঃ।"

নির্ম্মোক (নির্ বাহির—মুচ্ ত্যাগ করা +অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, সাপের খোলোস। ২। কঞ্চুক,সাঁজোয়া। ৩। আকাশ। ৪। সাবর্ণিমনুর পুত্রবিশেষ। ৫। (+ঘঞ্) —ভা) মুক্তি, মোচন।

নির্ম্মোচ্য (নির্ নিঃশেষে—মুচ্ মোচন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, মুক্তি পাইবার যোগ্য।

নির্ম্মোহ (নির্ নির্গত—মোহ, ৫মী—হিং) বিং, ত্রিং, মোহশূন্য। ২। সং, পুং, রৈবত মনুর পুত্র। ৩। ত্রয়োদশ মন্বন্তরে সপ্তর্ষি মধ্যে ঋষিবিশেষ।

নির্যন্ত্রণ (নির্ না—যন্ত্র্ সঙ্কুচিত করা+ অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল, অনিবারিত। ২। (নির্ না—যন্ত্রণা,৬ষ্ঠী —হিং) অক্লেশ, যন্ত্রণারহিত।

নির্যাণ (নির্ না—যা গমন করা+অন (অনট্)—ধি) সং, ক্লীং, পশুর পৃষ্ঠাসন। ২। (+অনট্—ণ) পশুর পাদবন্ধনরজ্জু। ৩। হস্তীর চক্ষুর কোণ। ৪। (+অনট্—ভা) মোক্ষ, মুক্তি। ৫। প্রাণবায়ুর দেহ পরিত্যাগ। ৬। নিষ্ক্রমণ, নিঃসরণ। ৭। নির্গমন, বহির্গমন। শিং—১ "নির্যাণং চ রথেনাশু সহসা যৎকৃতং ত্বয়া।"

নির্যাত (নির্—যা গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নির্গত, নিঃসৃত।

নির্যাতক (নির্যাত দেখ, কণ্—যোগ) বিং, ত্রিং, যে অনিষ্ট করে, যে বৈর পরিশোধ করে। শিং—১ "অনধম্মশ্চ যে বিপ্রাঃ প্রেত নির্যাতকাস্তথা।"

নির্যাতন ( নির্ - যত্-ণিচ্=যাতি [যত্নকরান] ফিরিয়া দেওয়া + অন(অনট্) - ভা) সং, ক্লীং, অনিষ্টকারীর অনিষ্ট করা, বৈরশুদ্ধি, প্রতিহিংসা। শিং—১ "নহ্যন্যস্য ভবেচ্ছক্তি বৈরনির্যাতনং প্রতি।" (হরিবংশ)। ২। দান। ৩। প্রত্যর্পণ। ৪। ধনাদির শোধন। শিং—১"বিগণনঋণনির্যাতনম্।" ৫। প্রহার, নিগ্রহ। ৬। মারণ, বধ।

নির্যাম (নির্—যম্ নিবৃত্তকরা + অ(ঘঞ্) —ক) সং, পুং, পোতবাহ, নাবিক।

নির্যাস ( নির্ - যস্ চেষ্টা করা + অ(ঘঞ্) —র্ম্ম ) সং, পুং, নিস্যন্দ, ক্ষরণ। ২। ক্বাথ। ৩। আঠা। শিং - ১ "মুমুচুঃ পাদপাশ্চৈব দাহনির্যাসজং জলম্।" ৪। নিগূঢ়। ৫। নিশ্চয়, সিদ্ধান্ত।

নির্যূহ ( নির্—যূহ্ আবরণ করা,গমনকরা + অ(ক)—র্ম্ম। অথবা নির্ না—যা গমনকরা + উ(ড়ু)—ক=নির্যু—বহ্ বহন করা + অ(ক) — ক ) সং, পুং, দ্বার। ২। নাগদন্ত, গৃহাদির ভিত্তিনির্গত কাষ্ঠফলকদ্বয়। ৩। নির্যাস, ক্বাথ। ৪। (বহ্ + ক—র্ম্ম) কিরীট। ৫। আপীড়।

নির্লক্ষণ (নির্ নির্গত—লক্ষণ, ৬ষ্ঠী - হিং) বিং, ত্রিং, শুভলক্ষণ-শূন্য।

নির্লজ্জ (নির্ না—লজ্জা,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, লজ্জাহীন।

নির্লিপ্ত ( নির্ না - লিপ্ লেপন করা + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, যে কোন সংস্রবে থাকে না, যে একেবারে সংস্রব পরিত্যাগ করিয়াছে, যে কোন বিষয়ে লিপ্ত নয়, সম্বন্ধশূন্য। ২। লেপশূন্য। ৩। সং, পুং, কৃষ্ণ। শিং—১ "নিরুপাধিশ্চ নির্লিপ্তো নিরীহো নিধনান্তকঃ।" ৪। মুনি।

নির্লেখন (নির্ - লিখ্ লেখা + অন(অনট্) —ভাবে) সং, ক্লীং, মলাদির অপসারণ, আঁচড়ান। ২। (+ অনট্ —ণ) তৎসাধন দ্রব্য। শিং—১ "জিহ্বানির্লেখনং রৌপ্যং।"

নির্লেপ (নির্ উপর—লেপ লেপন) বিং, ত্রিং, লিপ্ত। ২। সং, পুং, মুনি। ৩। (নির্ না—লেপ লেপন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কোন বিষয়ে লিপ্ত নয়। ২। নিঃসম্পর্ক। ৩। স্বতন্ত্র। ৪। লেপনশূন্য। শিং - ১ "নির্লেপং কাঞ্চনং ভাণ্ডমদ্ভিরেব বিশুধ্যতি।" ৫। পাপশূন্য। শিং—১ " লোকবেদবিরুদ্ধৈরপি নির্লেপঃ স্বতন্ত্রশ্চেতি মহাপাশুপতাঃ।"

নির্লোড়িত (নির্—লুড়্-ণিচ্=লোড়ি মন্থন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিবেচিত, আলোচিত, দৃষ্ট। ২। বিলোড়িত।

নির্লোম ( নির্লোমন্, নির্ না—লোম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, লোমশূন্য, টাকরোগযুক্ত।

নির্ব্বক্তব্য (নির্ - বচ্ বলা + তব্য — র্ম্ম ) বিং, ত্রিং, নির্বাচ্য, অবয়বার্থ কথন দ্বারা প্রতিপাদ্য।

নির্ব্বচন (নির্ নিশ্চয়—বচন কথন) সং, ক্লীং, নিরুক্তি, নিশ্চয় কথন। শিং—১ " নামনির্ব্বচনং তস্য শ্লোকমেকং সুরাঃ জগুঃ।" ২। বর্ণন। ৩। ব্যাখ্যা। ৪। মীমাংসা। ৫। সিদ্ধান্ত। ৬। নিরূপণ। ৭। বিং, ত্রিং, বচনরহিত, বচনশূন্য, তূষ্ণীম্। শিং—১ "( যেষ্ ) অন্নস্য দানং মধুরা চ বাণী যমস্য তে নির্ব্বচনা ভবন্তি।" ২ "মালোন তাং নির্ব্বচনং জঘান।"

নির্ব্বপণ (নির্—বপ্ [বুনা] দান করা + অন (অনট) — ভা) সং, ক্লীং, দান। ২। পিতৃলোকের উদ্দেশে দান। ৩। অন্নাদি পরিবেশন। শিং — ১ "পিতুর্নির্ব্বপণং যত্র ময়া মূলফলৈঃ কৃতম্।" ২ " অনয়ৈবাবৃতা কার্য্যং পিণ্ডনির্বপণং সুতৈঃ।"

নির্ব্বর (নির্ নির্গত - বর বরণ, ৫মী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ। ২। কঠিন। ৩। নির্ভয়।

নির্ব্বর্ণন (নির্—বর্ণ [স্তুতি করা, রং করা] দেখা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, দর্শন, অবলোকন।

নির্ব্বর্ত্তক (পশ্চাৎ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, যে সম্পাদন করে, নির্ব্বাহক।

নির্ব্বর্ত্তন (নির্ - বৃৎ [হওয়া] নিষ্পন্ন করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, সম্পাদন, নিষ্পাদন।

নির্ব্বর্ত্তিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদিত, সম্পাদিত।

নির্ব্বর্ত্ত্য (নির্ব্বর্ত্তিত দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদ্য। ২। সং, ক্লীং, ব্যাকরণপরিভাষিত কর্ম্মবিশেষ।

নির্ব্বর্ষপ্রদেশ—যে প্রদেশে বৃষ্টি হয় না।

নির্ব্বর্হণ (নির্—বর্হ্ হিংসা করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, নিবর্হণ, মারণ, বিনাশ।

নির্ব্বহণ (নির্ বাহির—বহ্ বহন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্ব্বাহ, নিষ্ঠা। শিং—১ "নির্ব্বহণন্তু নিষ্ঠা স্ত্রী সংহারশ্চ সমাপনে।" ২। নাটকের সন্ধিবিশেষ, নাটকাদির সমাপ্তি। শিং—১ "মুখং প্রতিমুখঞ্চৈব গর্ভো বিমর্ষ এবচ। তথা নির্বহণঞ্চেতি নাটকে পঞ্চসন্ধয়ঃ।"

নির্ব্বাচন (নির্ নিশ্চয়—বাচি বলান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্দ্ধারণ করা, বাছিয়া বাহির করা, স্থিরীকরণ।

নির্ব্বাচ্য নির্ না—বাচ্য কথ্য) বিং,ত্রিং, অনিন্দনীয়। ২। নিরূপণীয়। ৩। ব্যাখ্যেয়। ৪। মীমাংসনীয়।

নির্ব্বাণ (নির্ বা [বহা] নাশ করা ইত্যাদি +ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, তত্ত্বজ্ঞানের উদয় দ্বারা সাংসারিক যন্ত্রণা হইতে পরিত্রাণ, মোক্ষ। ২। অস্তগমন। ৩। নিবিয়া যাওয়া। ৪। নাশ। ৫। নিবৃত্তি, শান্তি। শিং—১"বিহায় সর্ব্বসংকল্পানবুদ্ধ্যা শারীর মানসান্। শনৈর্নির্ব্বাণমাপ্নোতি নিরিন্ধন ইবানলঃ।" ৬। বিরাম। ৭। মিলন। ৮। হস্তীর স্নান। শিং—১"অরুন্তুদমিবালানমনির্ব্বাণস্যদন্তিনঃ। (অনির্ব্বাণস্য=মাজ্জন রহিত)।"৯। শূন্য। ১০। (+ক্ত—ক) বিং, ত্রিং, প্রস্থিত। ১১। নিশ্চল। ১২। শূন্য। ১৩। মুক্ত; যথা—"নির্ব্বাণোমুনি।" ১৪। নিমগ্ন; যথা—"নির্ব্বাণোহস্তী।" ১৫। যাহা নিবিয়া গিয়াছে। শিং—১ "নির্ব্বাণদীপে কিমু তৈলদানম্।" ১৬। নিবৃত্ত। ১৭। শান্ত। ১৮। নষ্ট। ১৯। অস্তগত। ২০। বিশ্রান্ত। ২১। যাহার আর বাণ নাই, বাণশূন্য।

নির্ব্বাণভূয়িষ্ঠ; বিং, ত্রিং, নির্ব্বাণপ্রায়, নির্ব্বাণোন্মুখ। [পাখ্য তীর্থবিশেষ।

নির্ব্বাণমণ্ডপ; সং, পুং, কাশীস্থ মুক্তিমণ্ড-

নির্ব্বাণমস্তক (নির্ব্বাণ—মস্তক স্বরূপ, ৭মী হিং) সং, পুং, মোক্ষ।

নির্ব্বাণরুচি (নির্ব্বাণ—রুচি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মুক্তি সাধনাসক্ত একাদশ মন্বন্তরে দেববিশেষ।

নির্ব্বাণী (নির্ না—বাণী বাক্য,৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, বাক্যরহিত, তুষ্ণীম্ভূত। ২। সং, স্ত্রীং, জৈনদিগের শাসনদেবতাবিশেষ।

নির্ব্বাত (নির্ না—বাত, ৭মী—হিং) বিং, ত্রিং, বায়ুরহিত, স্থির, অচঞ্চল।

নির্ব্বাদ নির্ নিন্দিত—বাদ কথন; যুং—স) সং, পুং, অপবাদ, নিন্দা। শিং—১ "কিমাত্মনির্ব্বাদ কথামুপেক্ষে।" (রঘু)। ২। জনশ্রুতি। ৩। কলহ। ৪। অবজ্ঞা। ৫। অবিবাদ। ৬। (ব্যং—স) বাদাভাব।

নির্ব্বাপ (নির্—বপ্ [বপন করা] দান করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পিতৃলোকের উদ্দেশে দান। শিং—১ "অমাবাস্যান্তু নির্ব্বাপাৎ সর্ব্বকামানবাপ্নুয়াৎ।" ২। নিবাইয়া দেওয়া।

নির্ব্বাপক (নির্ব্বাপণ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নিবাইয়া দেয়। ২। নাশক।

নির্ব্বাপণ (নির্—বাপি গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, দান। ২। বধ, নাশ। ৩। সুখীকরণ। ৪। শমতাপ্রাপণ। শিং—১ "দাহপাকজ্বরবতাং কার্য্যং নির্ব্বাপণং ভবেৎ।" ৫। নিবাইয়া দেওয়া। শিং—১ "দীপনির্ব্বাপণাৎপুংসঃ কুষ্মাণ্ডচ্ছেদনাৎস্ত্রিয়ঃ।"

নির্ব্বাপিত (নির্ব্বাপণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাণপ্রাপিত। ২। নাশিত। ৩। দত্ত।

নির্ব্বাসক (নির্ব্বাসন দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, যে নির্ব্বাসন করে।

নির্ব্বাসন (নির্ বাহির—বাসি বাসকরান +অন(অনট্)—ভা) সং, ক্লীং, দেশান্তরীকরণ, অপরাধাদি কারণে নগরাদি হইতে বহিষ্করণ, দূরীকরণ। শিং—১

"নির্ব্বাসনকনগরাৎ প্রব্রজ্যা চ পরন্তপ।" ২। বধ।

নির্ব্বাসিত (নির্ব্বাসন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিবাসিত, নগরাদি হইতে বহিষ্কৃত। ২। হৃত।

নির্ব্বাহ (নির্—বহ্ [বহন করা] নিষ্পন্ন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিষ্পত্তি। ২। সম্পাদন। ৩। সমাপ্তি। শিং—১ "গৃহিণো যাবতা ধান্যাদিধনেন বর্ষত্রয়ং সমধিকং বা নির্ব্বাহো ভবতি।"

নির্ব্বাহক (নির্ব্বাহ দেখ,অক(ণক)—ক) বিং, ত্রিং, নির্ব্বাহকারক, নিষ্পাদক।

নির্ব্বাহিত (নির্—বহ্‌-ণিচ্=বাহি [বহন করান] নিষ্পন্ন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা সম্পন্ন হইয়াছে, সম্পাদিত।

নির্ব্বিকল্প (নির্ না—বিকল্প, ৫মী—হিং) বিং, ত্রিং, বিকল্পরহিত। ২। বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধশূন্য। ৩। জ্ঞাতৃ-জ্ঞেয়তা-ভেদ-শূন্য। ৪। সং, ক্লীং, অখণ্ড জ্ঞান। শিং—১ "আত্মারামা বিহিতরতয়েন নির্ব্বিকল্পেসমাধৌ।" (বেণীসংহার)।

নির্ব্বিকল্পক (নির্ না—বিকল্প + কণ্—যোগ) বিং, ত্রিং, সন্দেহবিরহিত। ২। সং, ক্লীং, অতীন্দ্রিয় জ্ঞানবিশেষ।

নির্ব্বিকল্পসমাধি; সং, পুং, জ্ঞাতৃজ্ঞানাদি ভেদ না থাকিয়া অদ্বিতীয় পরমাত্মাতে চিত্তের একাগ্রতারূপে অবস্থান।

নির্ব্বিকার (নির্ না—বিকার বিকৃতি, প্রকৃতির অন্যথাভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকারশূন্য, অবিকৃত। শিং—১ "আনন্দং নির্ম্মলং শান্তং নির্ব্বিকারং নিরঞ্জনম্।" ২। সং, পুং, জন্মাদি ষড়্ভাব বিকারহীন পরমেশ্বর, পরব্রহ্ম।

নির্ব্বিঘ্ন (নির্ না—বিঘ্ন বাধা) সং, ক্লীং, ক্লীং, বিঘ্নের অভাব, বিঘ্ন না থাকা। ২। বিং, ত্রিং, বিঘ্নরহিত।

নির্ব্বিচার (নির্ না—বিচার, ৫মী—হিং) বিং, ত্রিং, বিচারশূন্য। ২। সং, পুং, সূক্ষ্মবিষয়ক সমাপত্তিরূপ সমাধিবিশেষ।

নির্ব্বিদ্ } (নির্—বিদ্ [জানা] খেদ করা
নির্ব্বিন্ন } +০(ক্বিপ্), ত(ক্ত)—ক) বিং, ত্রিং, খিন্ন, দুঃখিত। ২। ভয় বা শোকে নিতান্ত কাতর। ৩। নির্ব্বেদযুক্ত। শিং—১ "যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃ পুমান্। ন নির্ব্বিন্নো নাতিসক্তো ভক্তিযোগহস্য সিদ্ধিদঃ।" (ভক্তিরসামৃত)।

নির্ব্বিন্ধ্যা (নির্ হইতে—বিন্ধ্য পর্ব্বতবিশেষ) সং, স্ত্রীং, বিন্ধ্যপর্ব্বত হইতে নিঃসৃতা নদী।

নির্ব্বিবেক (নির্ না—বিবেক বিবেচনা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবেচনারহিত, অবিবেকী। [ত্রিং, অভিন্ন।

নির্ব্বিভেদ (নির্ না—বিভেদ ভেদ) বিং,

নির্ব্বিশঙ্ক (নির্ না—বিশঙ্কা ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশঙ্ক, নির্ভয়।

নির্ব্বিশেষ (নির্ না—বিশেষ প্রভেদ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিন্ন, প্রভেদরহিত। শিং—১ "নির্ব্বিশেষং পরংব্রহ্ম সাক্ষাৎকর্ত্তুমনীশ্বরাঃ।" ২"প্রবাত নীলোৎপল নির্ব্বিশেষম্।" (কুমার)। ২। ক্রিং—বিং, বিশেষ ব্যতিরেকে।

নির্ব্বিষ (নির্ না—বিষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিষরহিত। ষা—স্ত্রীং, নির্বিষীতৃণ।

নির্ব্বিষয় (নির্—বিষয়) বিং, ত্রিং, অগোচর, যাহা ইন্দ্রিয়ের গ্রাহ্য নয়।

নির্ব্বিষ্ট (নির্—বিশ্ [প্রবেশ করা] উপভোগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, লব্ধ, প্রাপ্ত। শিং—১ "নির্ব্বিষ্টমরণং কৃতান্তো নাভিমন্যতে।" ২। অনুভূত, ভুক্ত। শিং—১ "নির্ব্বিষ্টবিষয়স্নেহঃ।" (রঘু)। ৩। বিবাহিত। ৪। কৃতাগ্নিহোত্র। শিং—১"জ্যেষ্ঠেহনির্ব্বিষ্টে কনীয়ান্ নির্ব্বিষন্ পরিবেত্তা ভবতি।" ৫। স্থিত। শিং—১ "স্বনির্ম্মিতেষু নির্ব্বিষ্টো ভুঙ্‌ক্তে ভূতেষু তদ্গুণান্।" ৬। পুষ্ট।

নির্ব্বীজ (নির্ না—বীজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বীজশূন্য। ২। কারণরহিত। ৩। পুরুষত্বহীন। ৪। সং,পুং, সমাধিবিশেষ। জা—স্ত্রীং, কাকলীদ্রাক্ষা।

নির্ব্বীর (নির্ না—বীর যোদ্ধা) বিং, ত্রিং, বীরশূন্য। শিং—১ "নির্ব্বীরমুর্ব্বীতলম্।" রা—স্ত্রীং, পতিপুত্রবিহীনা স্ত্রী, অবীরা।

নির্ব্বীর্য্য ( নির্ না—বীর্য্য তেজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বীর্য্যহীন, নিস্তেজ।

নির্ব্বৃত ( নির্—বৃ [বরণ করা] সন্তুষ্ট হওয়া ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সুখিত। ২। সন্তুষ্ট।

নির্ব্বৃতি ( নির্ব্বৃত দেখ, তি(ক্তি)—ভাবে ) সং, স্ত্রীং, মুক্তি। শিং—১"ন জাতু কামো লভতে স্ম নির্ব্বৃতিম্।" ২। মৃত্যু। ৩। সন্তোষ। ৪। সুখ। ৫। শান্তি। ৬। সিদ্ধি। ৭। অভয়। ৮। অক্ষয়। ৯। অস্তগমন। ১০। বেশ্যা। শিং—১ "বিচার্য্য খলু পশ্যামি তৎসুখং যত্র নির্ব্বৃতিঃ।" ২ "ন ব্রহ্ম সংস্মরসি নির্ব্বৃতিমেষি কেন।"

নির্ব্বৃত্ত ( নির্—বৃত্ [হওয়া] সিদ্ধ হওয়া+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, নিষ্পন্ন, সুসিদ্ধ, সম্পন্ন। শিং—১ "নির্ব্বৃত্তচূড়কে বিপ্রে ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।" (অঙ্গিরা)। ২। (+ক্ত—ক) জাত।

নির্ব্বৃত্তশত্রু ; সং, পুং, দ্বাপরযুগজাত যদু-বংশীয় নৃপবিশেষ।

নির্ব্বৃত্তি ( নির্ব্বৃত্ত দেখ, তি(ক্তি)—ভাবে ) সং, স্ত্রীং, নিষ্পত্তি। শিং—১ "বাচি প্রাণেচ পশ্যন্তো যজ্ঞনির্ব্বৃত্তিমক্ষয়াম্।" ২। ( নির্ না—বৃত্তি জীবিকা, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, জীবিকাশূন্য।

নির্ব্বৃষ্ট ( নির্ নিঃশেষে—বৃষ্ বর্ষণ করা +ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, নিঃশেষে বৃষ্টি।

নির্ব্বেদ ( নির্—বিদ্ [জানা] আপনাকে হেয়জ্ঞান করা+অ(অল্)—ভা) সং, পুং, স্বাবমাননা, আপনাকে ধিক্কার দেওয়া। ২। বৈরাগ্য। শিং—১ "তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ।" ৩। ঔদাসীন্য। ৪। অনুতাপ। শিং—১"তত্ত্বজ্ঞানাপদীর্ষ্যাদের্নির্ব্বেদঃ স্বাবমাননা। দৈন্যচিন্তাশ্রুনিশ্বাসবৈবর্ণ্যোচ্ছ্বাসিতাদিকৃৎ।" ৫। বিং, ত্রিং, বেদবহির্ভূত।

নির্ব্বেদন ( নির্ না—বেদনা, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, ব্যথাশূন্য।

নির্ব্বেশ ( নির্—বিশ্ প্রবেশ করা+অ (অল্)—ভাবে) সং, পুং, বেতন। শিং—১ "কালমেষ প্রতীক্ষতে নির্ব্বেশং ভৃতকো যথা।" (মনু)। ২। ভোগ। ৩। বিবাহ। ৪। মূর্চ্ছা। ৫। লাভ।

নির্ব্বেষ্টন ( নির্ না—বেষ্টন, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, বেষ্টনরহিত। ২। সং, ক্লীং, সূত্রবেষ্টন নালিকা।

নির্ব্যথন (নির্ না বা নিশ্চয়—ব্যথন পীড়ন, ভয়) সং, স্ত্রীং, ছিদ্র, বিবর। ২। অতিশয় পীড়ন। ৩। দুঃখ। ৪। বিং, ত্রিং, ব্যথাশূন্য।

নির্ব্যপেক্ষ (নির্—বি—অপেক্ষা) বিং, ত্রিং, নিরপেক্ষ।

নির্ব্যাজ ( নির্ না—ব্যাজ কপট ) বিং, ত্রিং, অকপট, ব্যাজরহিত।

নির্ব্যাপার (নির্ না—ব্যাপার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ব্যাপারশূন্য। শিং—১ "(তং মণিম্) দধার মৈথিলীকণ্ঠনির্ব্যাপারেণ বাহুনা।" (রঘু)।

নির্ব্যূঢ় (নির্—বি—ঊঢ় [বহ্ বহন করা+ত(ক্ত)—র্ম্ম] ) বিং, ত্রিং, নিশ্চিত, প্রমাণ দ্বারা স্থিরীকৃত (Absolute)। ২। সম্যক্। ৩। পর্য্যাপ্ত। ৪। সমাপ্ত। ৫। ত্যক্ত।

নির্হরণ ( নির্ নিঃশেষ—হরণ ) সং, ক্লীং, শবদাহ। ২। শবাদি বহির্নয়ন। শিং—১ "তস্যানির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব।" ৩। নিঃশেষে হরণ। ৪। নিষ্কাসন ; যথা —বীজ নির্হরণ।

নির্হার ( নির্ বাহির—হৃ হরণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বাহিরকরণ। ২। অগ্নিদাহ। ৩। শল্যাদির উৎপাটন। ৪। মলমূত্রাদি ত্যাগ। শিং—১ "আহারনির্হারবিহারযোগাঃ সুসংবৃতা ধর্ম্মবিদা তু কার্য্যাঃ।" ৫। শবদাহ। শিং—১ "নির্হারতি প্রেতং প্রলোভাক্রান্তমাঙ্কঃ।" ৬। শবাদিবহির্নয়ন। ৭। যথেষ্টনিয়োগ। শিং—১ "ন নির্হারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ কুটুম্বাবহুমধ্যগাৎ।" ৮। অভ্যবকর্ষণ।

নির্হারক (নির্হার দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, নির্হরণকারক, যে শবাদি গৃহ হইতে বহিষ্কৃত করে। শিং—১ "প্রেতনির্হারকাশ্চৈব বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ।"

নির্হারী (—রিন্, নির্হার+ইন্—কর্ত্রাদ্যর্থে

বিং, ত্রিং, যে নির্হরণ করে। ২। অতি-বিস্তৃত। ৩। সং, পুং, অতি দূরগামী গন্ধ।

নির্হিম ( নির্ নির্গত—হিম, ৫মী—হিং ) বিং, ত্রিং, হিমশূন্য।

নির্হৃদয় ( Leptocardia ) এক প্রকার মৎস্য; ইহাদের হৃদয় নাই। এই গণে একমাত্র জাতি আছে; তাহার নাম আম্ফিয়ক্সস্ লান্সিওলেটস্।

নির্হ্রাদ ( নির্—হ্রাদ্ শব্দ করা+অ(অল্)—ভা) সং, পুং, নিনাদ, ধ্বনি। শিং—১ "সারসৈঃ কলনির্হ্রাদৈঃ।"

নির্হ্রাস; সং, পুং, নিতান্ত হ্রাস।

নিলয় ( নি মধ্যে—লী লীন হওয়া+অ (অল্)—ধি ) সং, পুং, গৃহ। ২। বাসস্থান। শিং—১ "নিলয়ঃ শ্রিয়ঃ সততমেতদিতি।" ৩। নিঃশেষে লয়, অদর্শন। শিং —১ "সঞ্চারপূতানি দিগন্তরাণি কৃত্বা দিনান্তে নিলয়ায় গন্তুম্।" ৪। আধার।

নিলয়ন (নিলয় দেখ, অন(অনট্)—ধি) সং, ক্লীং, বাসস্থান। ২। (+অনট্—ভা) লীন হওয়া। শিং—১ "উত্তমাঙ্গে নিলয়নং কপোতকঙ্ক প্রভৃতীনাম্।"

নিলাম / নীলাম } (পোর্টুগীজ ভাষা, Leilam শব্দজ) বিক্রয়বিশেষ।

নিলিম্প ( নি ভিতর বা উপর—লিম্প্ লেপন করা+অ(শক্)—ক) সং, পুং, দেবতা। ম্পা—স্ত্রীং, গাভী, গবী। ম্পিকা—সৌরভেয়ী।

নিলিম্পনির্ঝরী; সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "জটাকটাহসম্ভ্রম ভ্রমন্নিলিম্পনির্ঝরী।"

নিলীন (নি—লী লীন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বেষ্টিত। ২। নিমগ্ন। ৩। অবস্থিত। ৪। বিলীন, সংলগ্ন, মিশিয়া যাওয়া। শিং—১ "সরোজৈশ্চ নিলীনভৃঙ্গৈঃ।"

নিবচনে; অং, বচন-নিয়মে, বাক্সংযমে।

নিবপন (নির্ব্বাপ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পিতৃলোকের উদ্দেশে দান।

নিবরা (নি নাই—বর স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুমারী, অবিবাহিতা।

নিবর্ত্ত (নি—বৃত্[ হওয়া ] ক্ষান্ত হওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, নিবৃত্ত, ক্ষান্ত।

নিবর্ত্তন ( নিবর্ত্তিত দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, প্রত্যাবর্ত্তন, ফিরাইয়া আনা। ২। নিবারণ। ৩। (+অনট্—ধি) বিংশতিবংশপরিমাণ ক্ষেত্র। শিং—১ "নিবর্ত্তন সমং বা যো বিক্রবে বিনিবেদয়েৎ।"

নিবর্ত্তিত ( নি—বৃত্+ণিচ্=বর্ত্তি [ হওয়ান ] ক্ষান্ত করান+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, প্রত্যাকৃষ্ট, যাহাকে ফিরাইয়া আনা হইয়াছে। ২। নিবারিত।

নিবর্হণ ( নি—বর্হ্ বধ করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, উচ্ছেদসাধন। ২। বিনাশ। ৩। মারণ, বধ।

নিবর্হিত ( নিবর্হণ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, বিনাশিত, নিহত। ২। অপহৃত।

নিবসতি (নি মধ্যে—বস্ বাস করা+অতি (অতিচ্)—ধি) সং, স্ত্রীং, গৃহ; যথা—"সতি নিবসতি এল গেল অন্ধকার।" ২। বাসস্থান। ৩। (+অতি—ভা) নিবাস।

নিবসথ (নি মধ্যে—[illegible]স্ বাস করা+অথ (অথচ্)—ধি) স[illegible] পুং, জনপদ, গ্রাম।

নিবসন ( নি ম[illegible]—বস্ বাস করা+অন (অনট্)—ভা ) সং, ক্লীং, নিবাস। ২। (+অনট্—ধি) গৃহ। ৩। (নি—বস্ আচ্ছাদন করা+অন(অনট্)—ণ) বস্ত্র। শিং —১ "প্রাপ্তনাভিনদমজ্জনমাশু প্রস্থিতং নিবসনগ্রহণায়।" (মাঘ)।

নিবহ (নি সর্ব্বদা—বহ্ বহনকরা, পাওয়া +অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমূহ, সকল। শিং—১ "শবরপুলিন্দপ্রধ্বংসকরোঽস্তু-নিবহমোক্ষায়।" ২। (+অন্—ক) সপ্ত বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। শিং—১ "নিবহো যত্র বাতেশ কেষাঞ্চিন্ন সুখপ্রদঃ।"

নিবাত ( নি না—বাত বায়ু, ৭মী—হিং ) বিং, ত্রিং, নির্ব্বাত, বাতশূন্য ( স্থান )। শিং—১ "নিবাত নিষ্কম্পমিব প্রদীপম্।" ২। দৃঢ়। ৩। সন্নদ্ধ। ৪। সং, পুং, দৃঢ়কবচ, শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম। ৫। আশ্রয়।

নিবাতকবচ; সং, পুং, অতি দুর্দ্দান্ত মহাপরাক্রান্ত তিন কোটী অসুর; ইহারা হিরণ্যকশিপুর পুত্র সংহ্রাদের তনয়।

নিবাপ (নির্ব্বাপ দেখ) সং, পুং, মৃত পিতৃ-

লোকের উদ্দেশে দান, শ্রাদ্ধতর্পণপিণ্ড-দানাদি। ২। দান। শিং—১ "যতো নিবাপাঞ্জলয়ঃ পিতৃণাং।"

নিবার (নি—বৃ [বরণ করা] নিষেধ করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, নিবারণ।

নিবারণ (নি—বৃ-ণিচ্=বারি [বরণ করান] নিষেধ করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, নিষেধ, বারণ, মানা। শিং—১ "কণ্ডূয়নৈর্দংশ নিবারণৈশ্চ।"

নিবারণীয় } (নিবারণ দেখ,অনীয়, য—র্ম্ম)
নিবার্য্য } বিং, ত্রিং, যাহা নিবারণ করিতে হইবে বা করা উচিত,নিবারণ করিবার যোগ্য।

নিবারিত ( নিবারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং,যাহাকে বারণ করা হইয়াছে,নিষিদ্ধ।

নিবাস (নি মধ্যে—বস্ বাস করা+অ (ঘঞ্)—ধি) সং, পুং, গৃহ। বাসস্থান। ২। আধার। শিং—১ "শিবেন বৈ যাহি সমীপ্সিতং বনং সুখং নিবাসায়।" ৩। (+ঘঞ্—ভা) বাস। শিং—১ "কুম্ভকারস্য শালায়াং নিবাসং চক্রিরে তদা।"

নিবাসী (—সিন্, নিবাস দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে বাস করে, বাসিন্দা। শিং—১ "অথানাথা প্রকৃতয়ো মাতৃবন্ধুনিবাসিনম্।" (রঘু)।

নিবিড় (নি না—বিল ছিদ্র, ফাঁক। ল=ড) বিং, ত্রিং, সান্দ্র, ঘন। ২। পুরু। ৩। গহন। ৪। স্থূল। ৫। দৃঢ়। ৬। (নি+বিড়চ্) নতনাসিক। শিং—১ "কালিকেব নিবিড়া বলাকিনী।"

নিবিড়ীষ (নিবিড় দেখ। অথবা নি+বিড়ীষ—প্রং) বিং, ত্রিং, নিবিড়, সান্দ্র।

নিবিদ্ ( নি—বিদ্ জানা+০(ক্বিপ্)—ণ ) সং, স্ত্রীং, দেবতাবিষয়ক অতি প্রাচীন বাক্যবিশেষ। অনেকানেক নিবিদ্ ঋগ্বেদ-সংহিতার প্রাচীনতর সূক্ত সমুদয় অপেক্ষা সমধিক প্রাচীন।

নিবিষ্ট (নি—বিশ্ প্রবেশ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রবিষ্ট। ২। প্রাপ্ত, লব্ধ। ৩। আবিষ্ট,মনোযোগী। শিং—১"ভবতি সাম্যেঽপি নিবিষ্টচেতসাম্।" (কুমার)।

নিবীত (নি অধঃ—বীত [বী গমন করা+ক্ত—ক] গমন। যাহার অধোভাগে গমন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র, মালার মত গলায় পরা পৈতা। শিং—১ "উপবীতং ভবেন্নিত্যং নিবীতং কণ্ঠসজ্জনং।" ২। (নি—ব্যে আচ্ছাদন করা+ত(ক্ত)—ণ) উত্তরীয় বস্ত্র। ৩। আচ্ছাদনবস্ত্র। ৪। উড়ানি। ৫। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, ঢাকা।

নিবীতী (নিবীতিন্,নিবীত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে গলায় মালার মত পৈতা পরে। শিং—১ "কৃতোপবীতো দেবেভ্যো নিবীতী চ ভবেত্ততঃ।"

নিবৃত (নি—বৃ [বরণ করা] আবরণ করা+ত(ক্ত)—ণ) সং, ক্লীং, আচ্ছাদন বস্ত্র। ২। উড়ানি। ৩। উত্তরীয় বস্ত্র। ৪। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত। ২। পরিবেষ্টিত।

নিবৃত্ত (নি—বৃৎ [বিদ্যমান থাকা] ক্ষান্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিরত, ক্ষান্ত। ২। নিবৃত্তিপ্রাপ্ত। শিং—১ "নিবৃত্তর্ষৈর্যরুপগীয়মানাৎ।" ৩। প্রত্যাবৃত্ত। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, নিবৃত্তি।

নিবৃত্তসন্তাপন (নিবৃত্ত—সন্তাপন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সন্তাপহীন। শিং—১ "যথা নিবৃত্তসন্তাপা মোদন্তে দিবি দেবতাঃ।" ২। সং, ক্লীং, নিবৃত্ত সন্তাপনীয় রসায়নবিশেষ।

নিবৃত্তাত্মা } (নিবৃত্ত—আত্মা, ৬ষ্ঠী—হিং)
নিবৃত্তাত্মন্ } বিং, ত্রিং, বিষয়বিরতচেতাঃ। ২। সং, পুং, বিষ্ণু। শিং—১ "অনিবৃত্তো নিবৃত্তাত্মা।" ৩। নিবৃত্ত্যাত্মন্।

নিবৃত্তি ( নিবৃত্ত দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, বিরতি, ক্ষান্তি, বিশ্রাম, থামা। ২। প্রবৃত্তির বিপরীত। শিং—১ "প্রবৃত্ত্যপাধিনা বিনাশং প্রাপ্স্যন্ প্রাগভাব এব স্বনিবৃত্তি নিরাকর্ত্তুং সাধ্যোমানো নিবৃত্তি রুচ্যতে।" ২। ন্যায়মতে—যত্নবিশেষ। যথা—"প্রবৃত্তিশ্চ নিবৃত্তিশ্চ তথা জীবনকারণম্।" ৩। স্বংস্যদেশ।

নিবৃত্ত্যাত্মা (নিবৃত্তি—আত্মা স্বরূপ, ৬ষ্ঠী

—হিং) বিং, ত্রিং, নিবৃত্তি যাহার স্বরূপ, (নিষেধ)। শিং—১ "নিষেধস্তু নিবৃত্যাত্মা কালমাত্রমপেক্ষতে।"

নিবেদ—পুং } (নি—বেদি জানান+ নিবেদন—ক্লীং } অ(অল্), অন(অনট্)—ভা) সং, আবেদন, বিজ্ঞাপন, জানান। ২। সমর্পণ; যথা—"আত্মনিবেদনম্।" ৩। বর্ণন।

নিবেদিত (নিবেদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত। ২। সমর্পিত। ৩। দত্ত। ৪। সূচিত। শিং—১ "দিগম্বরত্বেন নিবেদিতং বসু।"

নিবেদ্য (নিবেদন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপনীয়, নিবেদনযোগ্য। ২। সমর্পণীয়।

নিবেশ (নি—বিশ্ প্রবেশ করা+অ(অল্)—ধি) সং, পুং, শিবির। ২। স্থান। ৩। যুদ্ধ। ৪। বিবাহ। ৫। (+ক্ত—ভাবে) সৈন্য-নিবেশ। ৬। প্রবেশ। ৭। উপবেশন। শিং—১ "সেনানিবেশান্ কুর্ব্বন্তুঃ।"২"কুরুক্ষেত্রে নিবেশমভি চক্রতুঃ।"

নিবেশন (নিবেশ দেখ, অন(অনট্)—ধি) সং, ক্লীং, গৃহ। ২। স্থান। ৩। নগর। ৪। (+অনট্—ভাবে) উপবেশন। ৫। প্রবেশ। শিং—১"নিবেশনমস্য ব্যাহৃতিভিছর্ত্বা।"৬। (নিবেশিত দেখ,অন(অনট্)—ভা) স্থাপন। ৭। নিধান। ৮। সংক্রমণ।

নিবেশিত (নি—বেশি প্রবেশ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত, বিন্যস্ত। ২। প্রবেশিত। ৩। সংক্রামিত।

নিশঠ; সং,পুং,বলরামের পুত্র; ইনি রেবতী গর্ভজাত।

নিশমন } (নি—শম্-ণিচ্=শমি [শান্ত নিশামন } হওয়া] দেখা, শুনা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দর্শন। ২। শ্রবণ।

নিশা } (নি—শো [ব্যাপার] অন্তকরা+ নিশ্ } করা+অ(ক)—ক, আপ্। ২য় পক্ষে—নিশ্+০(ক্বিপ্)—ধি) সং, স্ত্রীং, রাত্রি,রজনী। ২। হরিদ্রা। ৩। মেষাদি রাশি। ৪। (+অ—ভা) অবসান, শেষ।

নিশাকর (নিশা রাত্রি—কর কিরণ, ৬ষ্ঠী—হিং। অথবা নিশা রাত্রি—কৃ করা+অ(ট)—ক) সং, পুং, চন্দ্র। শিং—১ "বহুলেঽপিগতে নিশাকরঃ।" ২। কুক্কুট। ৩। ঋষিবিশেষ।

নিশাচর (নিশা—চর যে চরে, ৭মী—ষ) সং, পুং, রাক্ষস। শিং—১ "অর্জ্জুনস্য বচঃ শ্রুত্বা বিত্রস্তোঽভূন্নিশাচরঃ।" ২। পিশাচ। ৩। শৃগাল। ৪। পেচক। ৫। সর্প। ৬। চোর। ৭। চক্রবাক। ৮। বিং, ত্রিং, রাত্রিচর। রী—স্ত্রীং, রাক্ষসী। শিং—১ "রা[illegible]থশরেণ তাড়িতা দুঃসহেন হৃদয়ে নিশাচরী।" ২। পিশাচী। ৩। অভিসারিকা। ৪। কেশীনামক গন্ধদ্রব্য।

নিশাচরপতি (নিশাচর—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূতগণের পতি, শিব।

নিশাচর্ম্ম (নিশাচর্ম্মন্, নিশা রাত্রি—চর্ম্মন্ চাম) সং, ক্লীং, অন্ধকার, তমঃ।

নিশাজল (নিশা রাত্রি—জল) সং, ক্লীং, হিম, শিশির।

নিশাট (নিশা রাত্রি—অট যে গমন করে) সং, পুং, পেচক। ২। নিশাচর। ৩। বিং, ত্রিং, নিশাগতিবিশিষ্ট।

নিশাত (নি—শো তীক্ষ্ণকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শানিত, তীক্ষ্ণীকৃত। শিং—১ "পুরাণি দুর্গাণি নিশাতমায়ুধম্।" (মাঘ)। ২ "তমুদ্যতনিশাতাসিং প্রত্যুবাচ জিজীবিষুঃ।" [ক্লীং, নিশাবসান, প্রভাত।

নিশাত্যয় (নিশা—অত্যয়, ৬ষ্ঠী—ষ) সং,

নিশাদ (নি—শদ্ পতিতহওয়া+অ(ষঞ্)—ক। অথবা নিশা—অদ্ ভোজন করা+অ(অন্)—ক) সং, পুং, চণ্ডাল। ২। ব্যাধ, জীবহিংসক। ৩। বিং, ত্রিং, রাত্রিভোজী। দী—স্ত্রীং, চণ্ডালী।

নিশাদি (নিশা—আদি আরম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সন্ধ্যাকাল।

নিশান (নি—শো তীক্ষ্ণকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তীক্ষ্ণকরণ। শিং—১ নিশানার্জ্জবনিন্দাসু কুলজয়েঽপি কিতো মতঃ।" ২ "তেষাং (শস্ত্রাণাং) নিশানার্থং শাল্মলি শিলামাবর্ষম্।" ২। (যাবনিক) ধ্বজা, চিহ্ন।

নিশান্ত (নি—শম্ শান্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অতি শান্ত। ২। (নিশা—অম্ গমন করা+ক্ত—ধি) সং, ক্লীং, সদন, ভবন। শিং—১ "নিশান্তনারীপরিধান ধূনন।" ২ "তস্যাঃ স রাজোপপদং নিশান্তং কামীব কান্তাহৃদয়ং বিবেশ।" (রঘু)। ৩। (নিশা—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) পুং, রাত্রিশেষ। [চন্দ্র। ২। কর্পূর।

নিশাপতি (নিশা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

নিশাপুত্র (পুষ্টজ্যোতিষ্ক হেতু রাত্রির পুত্রতুল্য) সং, পুং, খেচর নক্ষত্রাদি। শিং—১ "খেচরাশ্চ নিশাপুত্রাস্তথা পাতালবাসিনঃ।"

নিশাপুষ্প (নিশা—পুষ্প্ বিকসিত হওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, কুমুদ, উৎপল। [পুং, চন্দ্র। ২। কর্পূর।

নিশামণি (নিশা রাত্রি—মণি রত্ন) সং,

নিশামন (নি—শামি [আলোচন করা] দেখা, শুনা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পুনঃপুনঃ দর্শন। ২। আলোচনা। ৩। শ্রবণ।

নিশামুখ (নিশা—মুখ প্রথম ক্ষণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রদোষ। শিং—১"স চোপেন্দ্রো বৃষং হত্বা কান্তচন্দ্রে নিশামুখে।"

নিশামৃগ (নিশা রাত্রি—মৃগ পশু) সং, পুং, শৃগাল।

নিশারণ (নি—শৃ-ণি=শারি বধ করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, বধ। ২। (নিশা রাত্রি—রণ যুদ্ধ) রাত্রিযুদ্ধ।

নিশারত্ন (নিশা রাত্রি—রত্ন মণি) সং, ক্লীং, চন্দ্র। ২। কর্পূর।

নিশারুক; সং, পুং, বাদ্যের তালবিশেষ। ২। সপ্তবিধ রূপকের একটি। শিং—১"প্রবিশ্য নর্ত্তকো রঙ্গং বিকীর্য্যকুসুমাদিকং। নিশারুকেণ তালেন কোমলং নৃত্যমাচরেৎ।"

নিশাবন; সং, পুং, শণবৃক্ষ।

নিশাবিহার (নিশা বিহার, ৭মী—ষ) সং, পুং, রাক্ষস। শিং—১ "ইত্থং প্রবাদং যুধি সংহারং প্রচক্রতু রামনিশাবিহারৌ।"

নিশাবৃন্দ; সং, ক্লীং, রাত্রিসমূহ।

নিশাবেদী (নিশাবেদিন্, নিশা রাত্রি—বেদিন্ যে জানে বা শব্দ দ্বারা যে রাত্রির পরিমাণ জানাইয়া দেয়) সং, পুং, কুক্কুট।

নিশাহস (নিশা—হস যে হাস্য করে। রাত্রিতে ইহা প্রস্ফুটিত হয় বলিয়া) সং, পুং, কুমুদ, শ্বেতপদ্ম।

নিশাহ্বা (নিশা—আহ্বা নাম, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

নিশিজল—প্রতিদিবস প্রাতে মলমূত্র ত্যাগ করিয়া নাসিকারন্ধ্র দ্বারা জলপান করিলে সুবুদ্ধি, গরুড়পক্ষী সমান দর্শন ও বার্দ্ধক্য বিহীন হয়।

নিশিত (নি—শো তীক্ষ্ণ করা+ত(ক্ত)——র্ম্ম) বিং, ত্রিং, শাণিত, তীক্ষ্ণীকৃত। ২। সং, ক্লীং, লৌহ।

নিশিপালক; সং, ক্লীং, পঞ্চদশাক্ষর পাদক ছন্দোবিশেষ। ২। পুং, প্রহরীবিশেষ।

নিশিপুষ্পা; সং, স্ত্রীং, শেফালিকা।

নিশীথ (নি নিয়ত—শী শয়ন করা+থ (থক্)—ধি) সং, পুং, অর্দ্ধরাত্র। ২। রাত্রি। শিং—১"নিশীথদীপাঃ সহসা হতত্বিষঃ।"

নিশীথিনী } (নিশীথ+ইন্, ঈপ্, য—অ-
নিশীথ্যা } স্ব্যর্থে) সং, স্ত্রীং, রাত্রি, রজনী।

নিশুম্ভ (নি—শুম্ভ্ বধকরা+অ(অন্)—ক) সং, পুং, শুম্ভদৈত্যের কনিষ্ঠ ভ্রাতা; চামুণ্ডাযুদ্ধে রক্তবীজ নিহত হইলে ইনি দেবীর হস্তে প্রাণত্যাগ করেন। ২। (+অন্—ভাবে) বধ। ৩। মর্দ্দন।

নিশুম্ভন (নিশুম্ভ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, হনন, বধ।

নিশুম্ভমর্দ্দিনী (নিশুম্ভ দৈত্যবিশেষ—মর্দ্দিনী বিনাশকর্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দুর্গা, ভগবতী।

নিশৈত (নিশা রাত্রিতে—ইত [তাহার বাসায়] গত, ৭মী—ষ) সং, পুং, বকপক্ষী।

নিশ্চয় (নির্ নিশ্চয়—চি একত্র করা+অ(অল্)—ভাবে) সং, পুং, নিঃসংশয় জ্ঞান নির্ণয়, অসংশয়। ২। সিদ্ধান্ত। ৩। পরিচ্ছেদ। শিং—১ "অন্যান্নিষিধ্য প্রকৃতস্থাপনং নিশ্চয়ঃ পুনঃ। বদনমিদং ন সরোজং নয়নে নেন্দীবরে এতে। ইহ সবিধে মুগ্ধদৃশো মধুকর ন মুধা পরিভ্রাম্য।"

নিশ্চল (নির্ না—চল [চল্ চলা+অ (অন্)—ক] যে চলে) বিং, ত্রিং, অচল। ২। স্থির। লা—স্ত্রীং, শালপর্ণী। ২। অ-চলা, পৃথিবী। ৩। স্থিরা। শিং—১ "প্রুতি-বিপ্রতিপন্নাতে যদা স্থাস্যতি নিশ্চলা।"

নিশ্চলাঙ্গ (নিশ্চল—অঙ্গ। মৎস্য ধারণার্থ যাহার অঙ্গ নিশ্চলভাবে থাকে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বক। ২। বিং, ত্রিং, স্পন্দ-রহিত।

নিশ্চায়ক (নিশ্চয় দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, নির্ণায়ক। ২। নিশ্চয়কারক।

নিশ্চারক (নির্ না—চর্ গমনকরা+অক (ণক)—ক) সং, পুং, বায়ু। ২। পুরীষক্ষয়। ৩। স্বাস্থ্য। ৪। বিং, ত্রিং, চাররহিত।

নিশ্চিত (নিশ্চয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, নিঃসন্দিগ্ধ। শিং—১ "বেদান্ত বিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ।" ২। (+ক্ত—ক) নিশ্চয়বান্। ৩। ক্রিং—বিং, নিশ্চয়রূপে।

নিশ্চিন্ত (নির্ না—চিন্তা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিন্তারহিত। শিং—১ "নিশ্চিন্তো মৃত্যুরনিশং কলাপরোধী।"

নিশ্চুক্কণ (নির্—চুক্ক্ ঘর্ষণ করা+অন(অ-নট্)—ণ) সং, ক্লীং, মিসী।

নিশ্চেষ্ট (নির্ না—চেষ্টা যত্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চেষ্টারহিত। ২। গতিশক্তি-রহিত। শিং—১ "নিশ্চেষ্টশ্চাভবত্তদা।"

নিশ্চেষ্টতা (Inertia) যে গুণ থাকাতে জড়-বস্তু সকল আপনা হইতে চলিতে পারে না এবং চালিত হইলেও স্বয়ং স্থির হইতে পারে না তাহাকে "নিশ্চেষ্টতা" কহে।

নিশ্চ্যবন; সং, পুং, বৈবস্বত মন্বন্তরে সপ্তর্ষি মধ্যে ঋষিবিশেষ। ২। অগ্নিবিশেষ। শিং—১ "অগ্নির্নিশ্চ্যবনো নাম পৃথিবীং স্তৌতি কেবলম্।" ৩। বিং, ত্রিং, চ্যুতিরহিত।

নিশ্বসিত (নিশ্বাস দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যে নিশ্বাস ফেলিয়াছে; যথা—"নি-শ্বসিতা কালসর্পিণী।" ২। (+ক্ত—ভা) সং, ক্লীং, নিশ্বাস।

নিশ্বসন—ক্লীং } (নির্ বাহির—শ্বস্
নিশ্বাস—পুং } নিশ্বাসপ্রশ্বাস ফেলা+অন(অনট্), অ(ঘঞ্)—ভা) সং, নাসা-গত বায়ু। শিং—১ "নিশ্বাসমুষ্ণমসকৃদ্দীর্ঘমুমুমোচ।" [বিশেষ।

নিশ্বাসসংহিতা; সং, স্ত্রীং, শিবপ্রণীত শাস্ত্র-

নিষক্ত (নি—সন্জ্ আসক্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সংসক্ত, সংলগ্ন। ২। সংক্রান্ত।

নিষঙ্গ (নিষক্ত দেখ, অ(ঘঞ্)—ধি) সং, পুং, বাণের পাত্র, তূণীর। শিং—১ "ততো নি-ষঙ্গ দশমস্ত্রমুক্তৃতম্।" ২। সঙ্গ, সংসর্গ। শিং—১ "কেন কার্য্যনিষঙ্গেণ তমাখ্যাহি মহাবল।"

নিষঙ্গধি (নিষঙ্গ—ধা ধারণ করা+ই কি) —ধি) সং, পুং খড়্গ-পিধান, কোষ, খাপ্। শিং—১ "...তুরস্য নিষঙ্গধিঃ।"

নিষঙ্গী (নিষঙ্গিন্ [illegible] নিষঙ্গ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বা[illegible]ী, তূণীরধারী। ২। সং, পুং, ধৃতরাষ্ট্র[illegible]বিশেষ।

নিষঙ্গীন (নিষঙ্গ+ঈন—অস্ত্যর্থে) বিং, ত্রি, ধনুর্দ্ধারী, ধানুষ্ক।

নিষণ্ণ (নি—সদ্ [গমন করা] অবস্থান করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উপবিষ্ট। ২। শয়িত। ৩। স্থিত। ৪। অবলম্বনকারী। ণ্ণা—স্ত্রীং, উপবিষ্টা। শিং—১ "সংনিষণ্ণা সিতাজ্জে।" ২ "নিষণ্ণা পঙ্কজে পূজ্যা নমো দৈব্যৈ প্রিয়া ইতি।"

নিষদ (নিষণ্ণ দেখ, অ(অল্)—ধি) সং, পুং, নিষাদ-স্বর।

নিষদন (নিষদ দেখ, অন(অনট্)—ধি) সং, ক্লীং, গৃহ। ২। উপবেশন-স্থান।

নিষদ্য (নি—সদ্ গমন করা+য(ক্যপ্)—ধি) বিং, ত্রিং, আধার। দ্যা—স্ত্রীং, পণ্যবীথিকা, হাট, চালা। ২। ক্ষুদ্র খট্বা, ছোট খাট।

নিষদ্বর (নি—সদ্ গমন করা+বর(ষরচ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, কর্দ্দম, কাদা। রী—স্ত্রীং, রজনী।

নিষধ (নি নিয়ত—সদ্ গমন করা+অ (অল্)—ধি। দ=ধ) সং, পুং, দেশ-বিশেষ; ইহা সৌবীর রাজ্যের উত্তরে অবস্থিত ছিল। ২। (+অন্—ক) পর্ব্বত-

বিশেষ ; ইহা ইলাবৃত ও হরিবর্ষের সীমা পর্ব্বত, ইলাবৃতের দক্ষিণে অবস্থিত। ৩। রাজাবিশেষ ; ইনি সূর্য্যবংশীয় অতিথির পুত্র ও কুশের পৌত্র। ৪। নিষাদস্বর। ৫। পুং, বহুং, নিষধদেশীয়লোক। ৬। (+ অল্—র্ম্ম) বিং, ত্রিং, কঠিন। ৭। অধর্ষণীয়।

নিষাদ (নিষন্ন দেখ, অ(ঘঞ্)—ক) সং, পুং, চণ্ডাল। ২। ধীবর, যাহারা মৎস্য ধরিয়া বিক্রয় করিয়া জীবিকানির্ব্বাহ করে ; ইহারা বেণ রাজার শরীর হইতে জাত। ৩। কিরাত। শিং—১ "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীসমাঃ।" ৪। ( যাহাতে মন গমন করে ) সপ্তস্বরের শেষ স্বর। নারদমতে—হস্তি-স্বর তুল্য। ইহার উচ্চারণ স্থান ললাট ; ব্যাকরণমতে—দন্ত। শিং—১ "ষড়্‌জাদয়ঃ ষড়েতেঽত্র স্বরাঃ সর্ব্বেঃ মনোহরাঃ। নিষীদন্তি যতো লোকে নিষাদস্তেন কথ্যতে।" দী—স্ত্রীং, কিরাতী। ২। চণ্ডালী।

নিষাদিত (নি—সদ্‌·ণিচ্=সাদি উপবেশন করান+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, নিষাদন, উপবেশন করণ। ২ ( +ক্ত—র্ম্ম ) বিং, ত্রিং, উপবেশিত।

নিষাদী (—দিন্, নি—সদ্ গমন করা+ইন্ (ণিন্)—ক) সং,পুং, হস্তিপক, মাহুত। ২। হস্ত্যারোহী। ৩। (নিষাদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিষণ্ণ। ৪। উপবিষ্ট। শিং—১ "আতপাত্যয়সংক্ষিপ্তনীবারাসু নিষাদিভিঃ।" ৫। শয়িত। ৬। স্থিত।

নিষিক্ত ( নি—সিচ্ জলাদি সেক করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সিক্ত। ২। ক্ষরিত। শিং—১ "যোনৌ নিষিক্তে রেতসি।"

নিষিদ্ধ ( নি—সিধ্ [ সম্পন্ন করা ] নিবারণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিষিদ্ধ, নিবারিত। ২। বাধিত। শিং—১ "নিষিদ্ধৈ রপ্যোভির্লুলিতমকরন্দৈর্মধুকরৈঃ।" (বেণীসংহার)। ৩। তিরস্কৃত। দ্ধা—স্ত্রীং, প্রতিষিদ্ধা। ২। তিরস্কৃতা, নিবারিতা। শিং—১ "উমেতি মাত্রা তপসে নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম।" (কুমার)।

নিষুপ্ত ( নি—স্বপ্ নিদ্রিত হওয়া+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, নিদ্রিত।

নিষূদন } ( নি—সূদ্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, হত্যা, বধ। ২। নিষেধ, নিবারণ। ৩। ( +অন—ক ) বিং, ত্রিং, বিনাশক।
নিসূদন }

নিষেক ( নিষিক্ত দেখ, অ(অল্)—ভা ) সং, পুং, ক্ষরণ। ২। বর্ষণ। ৩। সেচন। ৪। আধান। ৫। গর্ব্ভাধান। শিং—১ "বৈদিকৈঃ কর্ম্মভিঃ পুণ্যৈর্নিষেকাদির্দ্বিজন্মনাম্।" কার্য্যঃ শরীরসংস্কারঃ।" ২ "যোষিৎসু তদ্বীর্য্যনিষেকভূমিঃ।"

নিষেদিবান্ ( নিষেদিবস্ নিষন্ন দেখ, বস্ (ক্বসু)—ক ) বিং, ত্রিং, উপবিষ্ট। ২। স্থিত। দুষী—স্ত্রীং, উপবিষ্টা। শিং—১ "নিষেদুষীমস্থণ্ডিল এব কেবলে।" (কুমার)।

নিষেধ ( নিষিদ্ধ দেখ, অ(অল্)—ভা ) সং, পুং, নিবারণ, বারণ। ২। তিরস্কার। ৩। (+অল—ণ) অনিষ্টসাধনতাবোধক বেদাদি বাক্যবিশেষ।

নিষেধক } (নিষেদ্ধৃ, নিষিদ্ধ দেখ, অক (ণক), তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নিবারক, যে নিবারণ করে।
নিষেদ্ধা }

নিষেবণ ( নি—সেব সেবা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সেবা, শুশ্রূষা।

নিষেবিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, সেবিত, আরাধিত। ২। অনুসৃত। ৩। অনুযাত।

নিষ্ক (নি—সদ্ গমন করা+ক—ক। অথবা নির্—কৈ প্রকাশ বা দীপ্তি পাওয়া+অ(ড)—ক। নিপাতন) সং, পুং—ক্লীং, মুদ্রা। ২। মোহর। ৩। দীনার, বত্রিশ রতি স্বর্ণ। ৪। ১০৮ মাষা সুবর্ণ পরিমাণ। শিং—১ "সাষ্টং শতং সুবর্ণানাং নিষ্কমাহুর্ধনং তদা।" ৫। সুবর্ণ। ৬। অলঙ্কার। ৭। কণ্ঠভূষণ। ৮। উরোভূষণ। ৯। চারি মাষা। ১০। ষোল কাহন।

নিষ্কণ্টক ( নির্ না—কণ্টক ) বিং, ত্রিং, কণ্টকরহিত। ২। শক্রশূন্য। ৩। নিরাপদ ; যথা—নিষ্কণ্টক রাজ্য।

নিষ্কম্প ( নির্ না—কম্প, ৬ষ্ঠী—হিং )

সং, ক্লীং, কম্পহীন, স্থির। শিং—১ "নিবাতনিষ্কম্পমিব প্রদীপম্।" ২ "নিষ্কম্পবৃক্ষং নিভৃতদ্বিরেফম্।" (কুমার)।

নিষ্কম্ভু; সং, পুং, দেবসেনাপতিবিশেষ।

নিষ্করুণ (নির্ না—করুণা দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অকরুণ, নির্দ্দয়। শিং—১ "হৃতং ন কিং নিষ্করুণেন ধাত্রা।"

নিষ্কর্ম্মা (নিষ্কর্ম্মন্, নির্ না—কর্ম্মন্ কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কোন কর্ম্ম নাই। ২। অলস। ৩। নির্ব্ব্যাপার।

নিষ্কর্ষ (নির্—কৃষ্ ভূমি চসা+অ(অল্)—ভাবে) সং, পুং, নিশ্চয়, ইয়ত্তাপরিচ্ছেদ। শিং—১ "এতদ্বিদন্তোবিদ্বাংসস্ত্রয়ী নিষ্কর্ষমন্বহম্।" ২। সার। ৩। নিঃসারণ।

নিষ্কর্ষণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অপনয়ন। ২। উদ্ধরণ। শিং—১ "ব্রাহ্মমস্তং প্রিয়াশোকশল্যনিষ্কর্ষণৌষধম্।" ৩। নিশ্চয়করণ। নিষ্কাসন।

নিষ্কল (নির্ না—কলা অংশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিস্ফল, বন্ধ্য, নষ্টবীর্য্য। ২। কলাশূন্য, নিরংশ। শিং—১ "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।" ৩। বৃদ্ধ। লা, লী—স্ত্রীং, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর রজো নিবৃত্তি হইয়াছে। ২। ক্লীং, পরব্রহ্ম। শিং—১ "চিন্ময়স্যাদ্বিতীয়স্য নিষ্কলস্যাশরীরিণঃ।" ৩। পুং, আধার।

নিষ্কষায় (নির্—কষায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিত্ত দোষশূন্য। ২। পুং, জিনবিশেষ।

নিষ্কাম (নির্ না—কাম স্পৃহা) বিং, ত্রিং, বিষয়ভোগেচ্ছাশূন্য, কামনারহিত, নিস্পৃহ। শিং—১ "বিশিষ্টফলদাঃ পুংসাং নিষ্কামানাং বিমুক্তিদা।"

নিষ্কালক (নির্ নির্গত—কালক কেশাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কেশাদি মুণ্ডিত হইয়াছে।

নিষ্কাশ (নির্—কশ্ গমন করা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, বারাণ্ডা। ২। (+ঘঞ্—ভা) নিঃসারণ।

নিষ্কাশন } (নিষ্কাশিত দেখ, অন(অনট্)
নিষ্কাসন } —ভা) সং, ক্লীং, নিঃসারণ। ২। নির্ব্বাসন।

নিষ্কাশিত } (নির্ বাহির—কশ্, কস্-ণিচ্=
নিষ্কাসিত } কাশি গমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দূরীকৃত। ২। তাড়িত, নির্ব্বাসিত। ৩। নিঃসারিত। ৪। অধঃকৃত।

নিষ্কিঞ্চন (নির্ নির্গত—কিঞ্চন গম্য ধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধনহীন। ২। বিষয়াস্তরশূন্য।

নিষ্কুট (নির্ না—কুট [কুট+অ(ক)—ক] গৃহ) সং, ক্লীং, গৃহসমীপস্থ উপবন। ২। ক্ষেত্রবিশেষ। ৩। কপাট। ৪। অবরোধ। ৫। অন্তঃপুর। শিং—১ "(পৃথিবীম্) সপর্ব্বতবনাকাশাং সসমুদ্রাং সনিষ্কুটাং।" ৬। পর্ব্বতবিশেষ।

নিষ্কুটি, টী (নির্—কুটি—টি কৌটিল্য, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, এলাচি।

নিষ্কুল (নির্ না—কুল অবয়ব সমূহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং সমস্ত অবয়বশূন্য। ২। সপিণ্ডাদি কুল [illegible]।

নিষ্কুলীকৃত (নিষ্কুল—কৃত+ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, নিষ্কাসিত, নিঃসারিত।

নিষ্কুষিত (নির্—কুষ্ নির্গত করা ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্কাসিত। ২। আকৃষ্ট। ৩। নিঃসারিত। ৪। নিস্বচীকৃত। ৫। ক্ষতবিক্ষত। ৬। খণ্ডিত। শিং—১ "কাকৈর্নিষ্কুষিতং শ্বভিঃ কবলিতং বীচিভিরান্দোলিতম্।" (গঙ্গাস্তোত্র)। ২ "চিরকালোষিতং জীর্ণং কীটনিষ্কুষিতং ধনুঃ।" (ভট্টি)।

নিষ্কুহ (নির্—কুহ্ বিস্ময়াপন্ন করা+অ(ক)—ক) সং, পুং, বৃক্ষের কোটর।

নিষ্কৃতি (নির্ না—কৃতি করণ) সং, স্ত্রীং, পরিত্রাণোপায়, মুক্তি, নিস্তার। শিং—১ "কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ।" ২। উপকারাদির প্রতিশোধ। শিং—১ "যং মাতাপিতরৌ ক্লেশং সহেতে সংভবে নৃণাম্। ন তস্য নিষ্কৃতিঃ শক্যা কর্ত্তুং বর্ষশতৈরপি।"

নিষ্কৃষ্ট (নির্—কৃষ্ট) বিং, ত্রিং, সারভূত। ২। নির্গলিত। ৩। নিষ্পীড়িত।

নিষ্কোষণ (নির্—কুষ্ নিষ্কোষ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বহির্নিঃসারণ।

নিষ্ক্রম (নির্ বাহির—ক্রম্ গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, বহির্গমন। ২। সংস্কারবিশেষ। শিং—১ "অহন্যেকাদশে নাম চতুর্থে মাসি নিষ্ক্রমঃ।" (যাজ্ঞবল্ক্য)। ৩। বুদ্ধিসম্পত্তি। ৪। দুকূল।

নিষ্ক্রমণ (নিষ্ক্রম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বহির্গমন। ২। চতুর্থমাসে কর্ত্তব্য শিশুর গৃহ-নির্গমনরূপ-সংস্কার।

নিষ্ক্রয় (নির্ নিঃশেষ—ক্রী ক্রয় করা++অ(অল্)—ণ) সং, পুং, বেতন। ২। ভাড়া। ৩। মূল্য। ৪। (+অল্—ভাবে) বুদ্ধিযোগ। ৫। সামর্থ্য। ৬। নির্গমন। নিষ্কৃতি। ৭। বিনিময়, বদল। ৮। বিক্রয়। শিং—১ "ন নিষ্ক্রয়বিসর্গাভ্যাং ভর্ত্তুর্ভার্য্যা বিমুচ্যতে।"

নিষ্ক্রান্ত (নিষ্ক্রম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্গত, বহির্গত। শিং—১ "কালী করালবদনাং বিনিষ্ক্রান্তাসিপাশিনী।" ২। যে বহির্গমন করে।

নিষ্ক্রিয় (নির্ না—ক্রিয়া কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্রিয়াশূন্য, জড়। ২। নিষ্কর্ম্মা। ৩। ক্লীং, ক্রিয়াদি ব্যাপারশূন্য ঈশ্বর।

নিষ্ক্বাথ (নির্—ক্বথ্ পাক করিয়া ক্বাথ বাহির করা, কাওয়ান+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, মাংসাদির ক্বাথ, ঝোল।

নিষ্টনৎ (নি—স্তন্ শব্দ করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, শব্দায়মান।

নিষ্টপ্ত (নির্—তপ্ত) বিং, ত্রিং, পরিপক্ব। ২। সম্যক্ তপ্ত।

নিষ্টি; সং, স্ত্রীং, অদিতিসপত্নী, দিতি।

নিষ্ট্য; সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নিষ্ঠ (নি নিশ্চয়রূপে—স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, স্থিত। ২। স্থিতিশীল।

নিষ্ঠা (নি—স্থা [থাকা] নিষ্পত্তিকরা ইত্যাদি+ও—ভা) সং, স্ত্রীং, নির্ব্বাহ। ২। শেষ, অন্ত। ৩। নাশ, ধ্বংস। ৪। দৃঢ়তা। ৫। ধর্ম্মাদিতে ভক্তি, শ্রদ্ধা। শিং—১ "লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্।" ৬। নিষ্পত্তি। ৭। যাচ্ঞা। ৮। উৎকর্ষ। ৯। ব্যবস্থা। ১০। ব্রতাদিক্লেশ। ১১। ক্ত ও ক্তবতু প্রত্যয়। ১২। নিশ্চয়স্থিতি।

নিষ্ঠান (নি—স্থা থাকা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, তরকারি, ব্যঞ্জন। ২। (+অনট্ ভা) মৃত্যু।

নিষ্ঠানক; সং, পুং, নাগবিশেষ।

নিষ্ঠান্ত (নিষ্ঠা নাশ—অন্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নাশান্ত (বস্তু)। শিং—১ "নিশান্তং পশ্য চাপি ত্বং ক্ষাত্রং ধর্ম্মঞ্চ কেবলম্।" (ভারত)।

নিষ্ঠিত (নিষ্ঠা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিতরাংস্থিত। ২। নিষ্ঠাযুক্ত। শিং—১ "বুদ্ধিযোগবলোৎসাহৈঃ সর্ব্বাস্তেষু চ নিষ্ঠিতঃ।"

নিষ্ঠীব, নিষ্ঠেব—পুং } (নি—ষ্ঠীব্,ষ্ঠিব্
নিষ্ঠীবন, নিষ্ঠেবন—ক্লীং } ছেপ ফেলা+অ(অল্), অন(অনট্)—র্ম্ম) সং, মুখজল, থুথু। ২। (+অল্, অনট্—ভা) থুথ ফেলা। ৩। ফেলা।

নিষ্ঠীবিত (নি—ষ্ঠীব্-ণিচ্—ষ্ঠীবি+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, নিষ্ঠীবন-করণ।

নিষ্ঠুর (নি—স্থা থাকা+উর(ডুর)—ক) বিং, ত্রিং, ক্রূর। ২। নির্দ্দয়। ৩। কঠিন। শিং—১ "গিরো দারুণনিষ্ঠুরাক্ষরাঃ।" ৪। নিশ্চল। ৫। (+ডুর—ভা) সং, ক্লীং, পরুষবচন। ৬। অশ্লীলবাক্য।

নিষ্ঠুরিক; সং, পুং, নাগবিশেষ।

নিষ্ঠ্যূত (নি—ষ্ঠীব্ ছেপ ফেলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উদ্গীর্ণ। শিং—১ "বহ্নিনিষ্ঠ্যূতমৈশম্।" ২। নিক্ষিপ্ত। ৩। প্রেরিত। ৪। থুথু করিয়া ফেলা।

নিষ্ণ (নি—স্না স্নানকরা+অ(ড)—ক) বিং, ত্রিং, কুশল, নিপুণ। শিং—১ "আতিথ্য নিষ্ণা বনবাসিমুখ্যাঃ।" (ভট্টি)।

নিষ্ণাত (নি—স্না মগ্ন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রবীণ, বিজ্ঞ। ২। নিপুণ, কুশল। শিং—১ "নিষ্ণাতৈরথ সরসা প্রিয়া সমূহৈঃ।" ৩। পারগত। শিং—১ "বৈশম্পায়ন এবৈকো নিষ্ণাতো যজুষামুত।" ৪। প্রধান।

নিষ্পক্ক ; বিং, ত্রিং, অতিপক্ক ( ব্যঞ্জন দশমূলাদি )।

নিষ্পতন (নির্ বাহির—পত্ গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নির্গমন, নিষ্ক্রমণ।

নিষ্পতিষ্ণু ( নিষ্ —পত্ পতিত হওয়া+ইষ্ণু—ক ) বিং, ত্রিং, নিতান্ত পতনশীল। শিং—১ "ইন্দ্রিয়ানি প্রমাথীনি বুদ্ধ্যা সংযম্য যত্নতঃ। সর্ব্বতো নিষ্পতিষ্ণূনি।"

নিষ্পতিসুতা ( নির্ না—পতি—সুত, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, পতিপুত্রহীনা নারী, অবীরা।

নিষ্পত্তি (নির্—পদ্ [ গমন করা ] সিদ্ধ করা+তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, সমাপ্তি। ২। সিদ্ধি। " নিষ্পত্তিঃ কর্ম্মণো দৈবে পৌরুষেচ ব্যবস্থিতাঃ।" ২। অবধারণ, নিশ্চয়। ৩। পরিপাক। ৪। চুক্তি। ৫। মীমাংসা। ৬। নির্ব্বাহ। ৭। (Ratio) অনুপাত।

নিষ্পত্রাকৃতি ( নির্—পত্র—আকৃতি ) সং, স্ত্রীং, অতিশয় পীড়া, অত্যন্ত ক্লেশ, তীব্র বেদনা। ২। (নির্—পত্র+ডাচ্—কৃতি ) মৃগাদি-শরীর হইতে শর-নিষ্কাসন।

নিষ্পন্দ ( নির্ নির্গত—স্পন্দ, ৬ষ্ঠী—হিং ) বিং,ত্রিং, স্পন্দরহিত। শিং—১ "জ্যাবন্ধনিষ্পন্দভুজেন যস্য।" ২ " মৈথিলীতনয়োদ্গীতনিষ্পন্দমৃগমাশ্রমম্।" (রঘু)।

নিষ্পন্ন (নিষ্পত্তি দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সিদ্ধ। ২। সম্পন্ন। ৩। সমাপ্ত। ৪। জনিত।

নিষ্পরিগ্রহ (নির্ না—পরিগ্রহ অধীনস্থ ব্যক্তি, পত্নী) সং, পুং, পরিব্রাজক। ২। পরমহংস। শিং—১ "আত্মন্যাত্মানমাধায় নির্দ্বন্দ্বো নিষ্পরিগ্রহঃ।" ৩। বিং, ত্রিং, পত্নীশূন্য। ৪। পরিগ্রহশূন্য। ৫। নির্লিপ্ত। ৬। মুক্তসঙ্গ।

নিষ্পবন (নিস্—পূ তুষাদি অপনয়ন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, ধান্যাদির নিস্তুষীকরণ।

নিষ্পাদক ( নির্—পদ্-ণিচ=পাদি নিষ্পন্ন করা+অক(ণক)—ক) বিং,ত্রিং, নিষ্পত্তিকারক। শিং—১ "ন চার্থচিন্তনে তস্য মন্ত্রীসহায়ঃ কিন্তু স্বয়মেব নিষ্পাদকঃ।"

নিষ্পাদন (নির্—পাদি গমন করান+অন—ভা) সং, ক্লীং, নিষ্পত্তিকরণ, শেষকরণ, সম্পাদন, সমাপন, নির্ব্বাহ।

নিষ্পাদিত (নিষ্পাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদ্য, সাধ্য, নির্ব্বাহ করিবার যোগ্য।

নিষ্পাব (নির্—পূ [তুষাদি অপনয়নে] পবিত্র করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিস্তুষীকরণ, ধান্যাদি নিস্তুষ করা। ২।(+ঘঞ্—র্ম্ম) কড়ঙ্গর। ৩। আগ্ড়া। ৪। বাজমান, বরবটী। ৫। ( +ঘঞ্—ণ ) কুলার বাতাস।

নিষ্পিষ্ট (নির্—পিষ্ চূর্ণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং,চূর্ণিত। ২। মর্দ্দিত। ৩। ঘৃষ্ট।

নিষ্পীড়ন (নির্—পীড়্ ক্লেশ দেওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিংড়ন। ২। নিপীড়ন।

নিষ্পুলাক (নির্ না—পুলাক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুলাকরহিত, যে ধান্যাদিতে আগ্ড়া নাই।

নিষ্পেষ } নিষ্পেষণ } (নিষ্পিষ্ট দেখ, অ(অল্), অন (অনট্)—ভা) সং,পুং, ঘর্ষণ। ২। পেষণ। শিং—১ "নারাচক্ষেপণীয়াশ্ম নিষ্পেষোৎপতিতানলম্।" ৩। চূর্ণন। ৪। মর্দ্দন।

নিষ্প্রতিভ (নির্ না—প্রতিভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভাশূন্য। শিং—১" ক্ষীণাকারাসু তারাসু সুপ্তনিষ্প্রতিভাসুচ।" ২। অজ্ঞ। ৩। মূর্খ। ৪। জড়। ৫। দীপ্তিহীন।

নিষ্প্রত্যূহ (নির্ না—প্রত্যূহ বিঘ্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ব্বিঘ্ন। শিং—১ "নিষ্প্রত্যূহমুপাস্মহে ভগবতঃ কৌমোদকী লক্ষ্মণঃ।"

নিষ্প্রভ (নির্ না—প্রভা তেজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রভাশূন্য, নিস্তেজ। ২। পুং, দানববিশেষ।

নিষ্প্রয়োজন (নির্ না—প্রয়োজন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রয়োজনশূন্য।

নিষ্প্রবাণ } (নির্ নির্গত—প্রবাণী তন্ত্র-
নিষ্প্রবাণি } বায়শলাকা) বিং, ত্রিং, নূতন বস্ত্র।

নিষ্প্রাণ (নির্ নির্গত—প্রাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শ্বাসপ্রশ্বাসাদিরহিত। ২। গতপ্রাণ।

নিষ্ফল (নির্ না—ফল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিফল, নিরর্থক। ২। ফলরহিত। শিং—১ "অবগম্য কথীকৃতং বপুঃ প্রিয়বন্ধোস্তব নিষ্ফলোদয়ঃ (কুমার)। ৩। সং, পুং, নাড়াখড়। লা, লী—স্ত্রীং, বন্ধ্যা, নিবৃত্তরজস্কা স্ত্রী।

নিষ্ফেন (নির্ না—ফেন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ফেনশূন্য। শিং—১ "নিষ্ফেনং নির্ম্মলং লঘু।"

নিষ্যন্দ } (নি—স্যন্দ্ ক্ষরিত হওয়া+অ
নিস্যন্দ } (অল)—ভা) সং, পুং, ক্ষরণ, নলন। ২। বর্ষণ। ৩। চুয়ান। ৪। নির্ঝর। ৫। পতন। শিং—১ "হিমনিষ্যন্দ শীতলম্।" ৬। বিং, ত্রিং, নিস্যন্দযুক্ত।

নিষ্যূত (নি—সিব গ্রন্থন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিতান্ত গ্রথিত।

নিস্ (নিস নিষেধ করা+০(ক্বিপ্)—ভাবে। অথবা নি—সো নাশ করা) অং, নিষেধ। ২। নিশ্চয়। ৩। সাকল্য। ৪। অতিক্রম।

নিসম্পাত (নিঃসম্পাত দেখ) সং, পুং, নিশীথ, অৰ্দ্ধরাত্র।

নিসর (নি—সৃ গমন করা+অ(অল্)—ক) বিং, ত্রিং, নিতান্ত গমনশীল।

নিসর্গ (নি নিশ্চয়—সৃজ্ সৃষ্টি করা+অ (অন্)—র্ম্ম) সং, পুং, স্বভাব, প্রাকৃত অবস্থা। শিং—১ "নিসর্গদুর্ব্বোধমবোধ বিক্লবাঃ।"(কিরাত)। ২ "রাগো নলিন্যাহি নিসর্গসিদ্ধঃ।" ২। (+অল—ভাবে) সৃষ্টি।

নিসর্গজ (নিসর্গ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়) বিং, ত্রিং, স্বাভাবিক। ২। প্রাকৃতিক।

নিসিন্ধু; সং, পুং, সিন্ধুবাররৃক্ষ, নিসিন্দাগাছ।

নিশুম্ভ; সং, পুং, দৈত্যবিশেষ। ২। প্রহ্লাদভ্রাতা হ্লাদের পুত্র।

নিসূদক (নি—সূদ্-ণিচ=সূদি পীড়ন করা +অক(ণক)—ক) বিং, ত্রিং, হিংসক।

নিসূদন (নি—সূদ্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিনাশন। ২। নিবর্ত্তন। ৩। (+অনট—ক) বিং, ত্রিং, বধকারক। শিং—১ "যমিন্দ্রশব্দার্থ নিসূদনং হরেঃ।"

নিসৃতা; সং, স্ত্রীং, ত্রিবৃতা, তেউড়ী।

নিসৃষ্ট (নি—সৃজ্ [সৃষ্টি করা] ত্যাগ করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। দত্ত। ৩। অর্পিত, ন্যস্ত। ৪। মধ্যস্থ। "ন স্বামিনা নিসৃষ্টোঽপি শূদ্রো দাস্যাদ্বিমুচ্যতে।"

নিসৃষ্টার্থ (নিসৃষ্ট দত্ত—অর্থ বিধেয়, ৩য়া হিং) সং, পুং, দূত-বিশেষ, যে ব্যক্তি প্রেরয়িতার আদেশ ব্যতিরেকেও স্বয়ং সমুদায় বলিতে পারে, যে ব্যক্তি উভয়ের অভিপ্রায় বুঝিয়া স্বয়ং উত্তরাদি দানে সমর্থ। শিং—১ "যঃ স্বামিনা নিযুক্তোঽপি ধনায় ব্যয়পালনে। কুসীদকৃষিবাণিজ্যে নিসৃষ্টার্থস্তু স স্মৃতঃ।" ২ "ধীরঃ স্থিরমতিঃ শূরঃ স্বামিকার্য্যবিধায়কঃ সপৌরুষপ্রকাশী চ নিসৃষ্টার্থঃ স উচ্যতে।" ৩ "উভয়োর্ভাবমুন্নীয় স্বয়ং বদতি চোত্তরম্। সুশ্লিষ্টং কুরুতে কার্য্যং নিসৃষ্টার্থস্তু সম্মৃতঃ।" ২। কর্ম্মাধ্যক্ষ।

নিস্তনী (নি—স্তন+ঈপ্—অল্পার্থে) সং, স্ত্রীং, বটিকা, বড়ি। ২। স্তনহীনা।

নিস্তন্দ্র (নির্ না—তন্দ্রা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তন্দ্রারহিত। ২। আলস্যহীন।

নিস্তন্দ্রি (নির্ না—তন্দ্রি আলস্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনলস। ২। তন্দ্রারহিত।

নিস্তরণ } (নির্—তৃ পার হওয়া+অন
নিস্তার } (অনট্), অ(ঘঞ্)—ণ) সং, ক্লীং, উপায়, কার্য্যসিদ্ধির হেতু। ২। (+অনট, ঘঞ্—ভা) পার হওন। ৩। উদ্ধার। ৪। মুক্তি। ৫। নির্গমন। ৬। সিদ্ধি। শিং—১ "সংসার তব নিস্তারপদবী ন দবীয়সী। অন্তরা দুস্তরা ন স্যুর্য্যদি রে মদিরেক্ষণাঃ।"

নিস্তব্ধ (নি—স্তন্ভ্ স্থির হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নীরব। ২। স্পন্দরহিত।

নিস্তর্হণ (নির্—তৃহ্ বধ করা+অন(অনট্) ভা) সং, ক্লীং, হনন, বধ।

নিস্তল (নির্—তল্ প্রতিষ্ঠিত হওয়া+অ—প্রং) বিং, ত্রিং, বর্ত্তুল, গোলাকার। ২। নিম্ন। ৩। চঞ্চল। ৪। তলশূন্য। ৫। সং, ক্লীং, লী—স্ত্রীং, বটিকা।

নিস্তারক (নিস্তরণ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, উদ্ধারক, ত্রাণকর্ত্তা।

নিস্তুষ (নির্ না—তুষ) বিং,ত্রিং, তুষরহিত, যাহাতে তুষ নাই।

নিস্তুষক্ষীর (নিস্তুষ—ক্ষীর দুগ্ধ) সং, পুং, গোধূম, গম। [স্ফটিকমণি।

নিস্তুষরত্ন (নিস্তুষ—রত্ন মণি) সং, ক্লীং,

নিস্তুষিত (নির্—তুষ্ [নামধাতুজ]+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। ২। ত্বগ্বিহীন, নিস্তুষ করা। ২। লঘূকৃত।

নিস্তেজাঃ (—তেজস, নির্ না—তেজঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তেজোহীন। শিং—১ "ন ভেতব্যং ভৃশং চৈতে মাত্রা নিস্তেজসঃ কৃতাঃ।"

নিস্তোদ (নির্—তুদ্ পীড়ন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিতান্ত ব্যথিত হওয়া। শিং—১ "সূচীভিরিব নিস্তোদঃ।"

নিস্ত্রিংশ (নির্ বাহির—ত্রিংশৎ ত্রিশ+অ—প্রং) সং, পুং, ত্রিংশৎ অঙ্গুলির অধিক পরিমাণ অস্ত্র, খড়্গ ; যথা—"রাজা যুধিষ্ঠির এই চিত্রকোষ নিহিত হেমমুষ্টি-শোভিত তীক্ষ্ণধার নিস্ত্রিংশ ব্যবহার করিতেন।" শিং—১ "সৈনিকা বদ্ধনিস্ত্রিংশাঃ।" ২। বিং, ত্রিং, নির্দ্দয়, নিষ্ঠুর। ৩। ক্রূর। ৪। ত্রিংশশূন্য।

নিস্ত্রিংশী (নিস্ত্রিংশিন্, নিস্ত্রিংশ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, খড়্গধারী।

নিস্ত্রৈগুণ্য (নির্ না—ত্রৈগুণ্য গুণত্রয়) বিং, ত্রিং, গুণত্রয়রহিত। ২। কামাদিশূন্য, সংসারাতীত। শিং—১"নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।" (গীতা)।

নিস্নেহ (নি—স্নেহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্নেহশূন্য, তৈলবর্জ্জিত। ২। সং, পুং, তান্ত্রিক মন্ত্রবিশেষ।

নিস্পন্দ (নি—স্পন্দ্ ঈষৎ কম্পিত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, স্পন্দরহিত, যাহা নড়িতে চড়িতে পারে না। শিং—১ "নিপত্য নিস্পন্দতরী ভবন্ত্যাম্।" ২। চেষ্টারহিত।

নিস্পৃহ (নির্ না—স্পৃহা বাঞ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্পৃহাশূন্য, নিরাকাঙ্ক্ষ। শিং—১ "নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা।"(গীতা)। ২। নির্লোভ।

নিস্রব } নিস্রাব } (নি—স্রু ক্ষরিত হওয়া+অ(অল্), অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, ভাতের মাড়, ফ্যান। ২। (+অল্, ঘঞ্—ভা) ক্ষরণ। ৩। নির্গমন।

নিস্বন } নিস্বান } (নি—স্বন্ শব্দ করা+অ(অল্), ঘঞ্—ভা) সং,পুং, শব্দ, ধ্বনি। শিং—১ "সুখশ্রবা মঙ্গলতূর্য্যনিস্বনাঃ।"

নিহত (নি নিশ্চয়—হন্ বধকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, হত, বিনাশিত।

নিহনন (নিহত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, হত্যা, বধ।

নিহন্তা (নিহন্তৃ, নিহত দেখ, তৃ(তৃন্)—ক) বিং,ত্রিং, নিঃশেষে হননকর্ত্তা, সংহারক। শিং—১"অনুমন্তা বিশসিতা নিহন্তা ক্রয়বিক্রয়ী।"

নিহন্যমান (নি—হন্ বধকরা+আন(শান)—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, যাহাকে বধ করা যাইতেছে।

নিহব (নি—হ্বে আহ্বান করা+অ(অল্)—ভা) সং, পুং, আহ্বান।

নিহাকা (নি—হা ত্যাগ করা+অক(ণক)—ক, আপ্। উভচর বলিয়া যে কখন স্থলভাগ ত্যাগ করে, কখন জলভাগ ত্যাগ করে) সং,স্ত্রীং, গোধিকা, গোসাপ।

নিহিংসন (নি—হিন্স্ বধকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, হনন, বধ।

নিহিত (নি—ধা [ধারণ করা] দান করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। ২। কৃত। ৩। স্থাপিত। ৪। গুপ্ত। শিং—১"ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ স পন্থা।" ৫। অভিহিত। ৬। নিক্ষিপ্ত।

নিহীন (নি নিতরাম্—হীন ত্যক্ত,বর্জ্জিত) বিং,ত্রিং, নীচ, ইতর। শিং—১"নিহীনৈঃ পরিক্লিশ্যন্তীং।"

নিহ্নব—পুং } নি—হ্নু গোপন করা
নিহ্নুতি—স্ত্রীং } +অ(অল্), তি(ক্তি)—ভা) সং, অপহ্নব, অস্বীকার, ফাঁকি দেওয়া। ২। নিকৃতি। ৩। অবিশ্বাস। ৪। গুপ্ত।

নিহ্নবাপহার (নিহ্নব—অপহার) সং, পুং, তহবিল্ ভাঙ্গা। [অপহ্নুত,অস্বীকৃত।

নিহ্নুত (নিহ্নব দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

নিহ্নুবান(নি—হ্নু গোপনকরা+আন(শান)—ক) বিং, ত্রিং, অপহ্নবকারী।

নিহ্রাদ (নি—হ্রাদ্ শব্দ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিনাদ, শব্দ।

নীকার (নি—কৃ করা+অ(ঘঞ্)—ভা। নি=নী) সং, পুং, অহঙ্কার, ঘৃণা, অবজ্ঞা।

নীকাশ, নীকাস (নি—কাশ্ দীপ্তি পাওয়া +অ(অন্)—ভা) বিং, ত্রিং, সদৃশ, তুল্য। এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ হয় না।

নীচ (ন না—ঈ সৌভাগ্য—চি একত্র করা+অ(ড)—ক) বিং, ত্রিং, নিম্ন। শিং—১(আসনম্)"নাত্যুচ্ছ্রিতং নাতিনীচম্।" ২। অপকৃষ্ট, নিকৃষ্ট, ইতর। শিং—১ "ন প্রাপ্নোতি সুখং কিঞ্চিন্নীচসঙ্গান্মহানপি।"২ "বুদ্ধিশ্চ হীয়তে পুংসাং নীচৈঃ সহ সমাগমাৎ।" ৩। ক্ষুদ্র। ৪। বামন। ৫। সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

নীচক (নীচ+কণ্—যোগ) বিং, ত্রিং, বামন, খর্ব্ব। ২। নিম্ন। কা—স্ত্রীং, উৎকৃষ্ট গাভী।

নীচকৈস্ } (নীচৈস্, টি পূর্ব্বে অক—
নীচৈস্ } আগম। ২য় পক্ষে—নি—চি একত্র করা+ঐস্(ডৈস)—ক) অং, ক্ষুদ্র। ২। অল্প। ৩। অধম। ৪। নীচ।৫। নম্র। ৬। অধঃ। ৭। খর্ব্ব।

নীচগ (নীচ নিম্ন বা গভীর—গ[গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করিতেছে) বিং, ত্রিং, নিম্নগামী। ২। নীচ, অধম। ৩। সং, ক্লীং, জল। গা—স্ত্রীং, নিম্নগা, নদী। ২। স্ত্রীং—বিং, নীচগামিনী। শিং—১ "সঙ্গময়তি বিদ্যৈব নীচগাঽপি নরং সরিৎ।"

নীচগ্রহ; সং, ক্লীং, রবি প্রভৃতি গ্রহের স্ব স্ব উচ্চস্থান হইতে সপ্তম রাশি; যথা— রবির তুলা, সোমের বৃষ, মঙ্গলের কর্কট।

নীচভোজ্য (নীচ—ভোজ্য, ৩য়া—ষ) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ। ২। বিং, ত্রিং, নীচগণের ভোজনীয়।

নীচযোনী (নীচযোনিন্, নীচ—যোনি+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নীচযোনিজাত।

নীচবজ্র (নীচ নীচপ্রিয়—বজ্র) সং, পুং,—, ক্লীং, বৈক্রান্তমণি।

নীচৈর্গতি; সং, স্ত্রীং, মন্দগমন। ২। নিম্নগমন।

নীচৈস্ (নীচকৈস্ দেখ) অং, নীচ। শিং—১ "তথাপি নীচৈর্বিনয়াদদৃশ্যত।" ২। অনুচ্চ। শিং—১ "নীচৈর্গচ্ছত্যুপরি চ দশাচক্রনেমিঃ ক্রমেণ।"

নীড় (নি—ঈড় [স্তুতি করা] বাস করা+অ (ক)—ধি) সং, পুং—ক্লীং, পক্ষীর বাসা, কুলায়। শিং—১ "দিনক্ষয়ে শ্রয়ন্তে নীড়ানি খগাঃ কৃতালয়াঃ।" ২। আশ্রয়, স্থান। শিং—১"বিতদিনির্ব্যূহবিটঙ্কনীড়।" ৩। (+অল—র্ম্ম) রথের অবয়ববিশেষ। শিং—১ "প্রদক্ষিণং রথনীড় পরিহারঃ।"

নীড়ক (নীড়—কৈ প্রকাশিত হওয়া+অ (ক)—ক) সং, পুং, পক্ষী।

নীড়জ } (নীড়—জ[জন্ জন্মান+অ
নীড়োদ্ভব } (ড)—ক] জাত, ৭মী—ষ। নীড়—উদ্ভব উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী। [গরুড়।

নীড়জেন্দ্র (নীড়জ—ইন্দ্র প্রধান) সং, পুং,

নীত (নী লওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপিত, লইয়া যাওয়া। ২। গৃহীত। শিং—১ "নীতং যদি নবনীতং নীতং নীতং কিমেতেন। আতপতাপিতভূমৌ মাধব মা ধাব মা ধাব।" ৩। যাপিত, অতিবাহিত। শিং—১ "এতাবৎকালস্তত্র কথং নীত।"

নীতি (নীত দেখ, তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, নয়। ২। হিতাহিত বিবেচনার শাস্ত্র,শুক্রাচার্য্যাদি প্রণীত শাস্ত্র। শিং—১ "কালে খলু সমারব্ধাঃ ফলং বধ্নন্তি নীতয়ঃ।" ৩। রীতি। ৪। সুধারা। ৫। (+ক্তি—ভা) প্রাপণ, প্রাপ্তি। ৬। যাপন।

নীতিঘোষ (নীতি প্রাপণ—ঘোষ শব্দ) সং, পুং, বৃহস্পতির রথ। ২। নয়ধ্বনি।

নীতিজ্ঞ (নীতি—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং, ত্রিং, নীতিশাস্ত্রবেত্তা।

নীতিমান্ (নীতিমৎ, নীতি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নীতিসম্পন্ন। শিং—১ "কদাচিদথ গাঙ্গেয়ঃ সর্ব্বনীতিমতাং বরঃ।"

নীতিশাস্ত্র; সং, ক্লীং, নীতিজ্ঞাপক শাস্ত্র।

নীত্ত (নী—দা দান করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত।

নীথ (নী+থ(ক্থন্)—প্রং) বিং, ত্রিং, নেতা, প্রাপক। ২। সং, পুং, স্তোত্র। ৩। নয়নহেতু।

নীধ্ } (নি—ধ্র [ধারণ করা] পড়া ইত্যাদি +অ(ক)—ক) সং, ক্লীং,
নীধ্র } ঘরের চালের ছাঁইচ। ২। চক্রধারা, নেমি। ৩। বন। ৪। চন্দ্র। ৫। রেবতী নক্ষত্র। শিং—১ "গৃহাণি নীধ্রৈরিব যত্র রেজুঃ।"

নীপ (নী [সন্তোষ]পাওয়ান+প(পক্)—ণ) সং, পুং, কদম্ববৃক্ষ। ২। নীলাশোকবৃক্ষ। ৩। বন্ধুকবৃক্ষ। ৪। রাজবংশবিশেষ। ৫। দেশবিশেষ। ৬। রুদ্রদেব। ৭। ক্লীং, কদম্বপুষ্প। "তগুনীপ রজসাঙ্গরাগিণঃ।"

নীয়মান (নীত দেখ, আন(শান)—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, প্রাপ্যমাণ, যাহা লইয়া যাওয়া যাইতেছে। ২। গৃহ্যমাণ।

নীর (নী পাওয়া+র(রক্)—ক। অথবা নির্ নির্গত—র অগ্নি। যাহা হইতে বাড়বাগ্নি নির্গত হয়, ৫মী—হিং) সং, ক্লীং, জল। শিং—১ "নিষ্যন্দনীরনিকরেণকৃতাভিষেকা।" (মাঘ)। ২। রস।

নীরজ (নীর জল—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, পদ্ম, জলজ। শিং—১ "নীতং জন্ম নবীননীরজবনে পীতং মধুস্বেচ্ছয়া।" ২। মুক্তা। ৩। পুং, উদ্বিড়াল। ৪। বিং, ত্রিং, জলজাত।

নীরজাঃ (নীরজস্, নির্ না—রজস্ ধূলি ইত্যাদি। র—পূর্ব্বে, ই=ঈ) বিং, ত্রিং, ধূলিরহিত। ২। রজোগুণরহিত। ৩। পরাগ শূন্য (পুষ্পাদি)। শিং—১ "নীরজস্তমতা সত্বভুক্তিনিস্পৃহতাশয়।" ৪। সং, পুং, মহাদেব। ৫। স্ত্রীং, অরজস্বলা, যে স্ত্রী ঋতুমতী নয়।

নীরজাত (নীর—জাত, ৫মী—ষ) বিং, ত্রিং, জলজাত (অম্লাদি)। ২। সং, পুং, চন্দ্র।

নীরজীকারিত (নীর্—রজস্+ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে—কৃ-ণিচ=কারি করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধূলিশূন্য-সম্পাদিত। শিং—১ "নীরাজীকারিতক্ষ্মাম্।"

নীরদ (নীর জল—দ [দা দান করা+অ (ড)—ক] যে দান করে, ২য়া—ষ) সং, পুং, জলদ, মেঘ। শিং—১ "ধূপায়তীব পটলৈর্নবীননীরদানাম্। ২। মুস্তক। ৩। (নি না—রদ দন্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রদহীন, দন্তরহিত। শিং—১ "আস্বাদ্য নিরবশেষং বিরহিবধূনাং মৃদূনি-মাংসানি। করকামিষেণ মন্যে নিষ্ঠীবতি নীরদোহস্থীনি।" (উদ্ভট)।

নীরধি } (নীর—ধি [ধা ধারণ করা+
নীরনিধি } ই(কি)—ধি] যে ধারণ করে, ২য়া—ষ। নীর—নিধি আশ্রয়, ৬ষ্ঠী—ষ। অথবা নীর জল, তোয়ধি দেখ) সং, পুং, জলনিধি, সমুদ্র। শিং—১ "পারে জলং নীরনিধেরপশ্যৎ।

নীরন্ধ্র (নির্ না—রন্ধ্র ছিদ্র। নি=নী) বিং, ত্রিং, ছিদ্ররহিত। ২। ঘন, নিবিড়। শিং—১ "নীরন্ধ্রাস্তমমালিখস্ত জরটচ্ছেদা নলগ্রন্থয়ঃ।" ২ "নীরন্ধ্রমক্রমশিশিরাং।"

নীরপ্রিয় (নীর—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জলবেতস্। ২। বিং, ত্রিং, জলপ্রিয়।

নীরব (নির্ না—রব শব্দ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশব্দ, বাক্য-রহিত, চুপ্ করিয়া থাকা।

নীরস (নির্ না—রস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রসহীন, শুষ্ক। শিং—১ "নীরস তরুবরঃ পুরতো ভাতি। ২। সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

নীরাখু (নীর জল—আখু বিড়াল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলবিড়াল।

নীরাজ (নীর—অজ্ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, জলনকুল, উদ্বিড়াল।

নীরাজন—ক্লীং } (নির্ শান্তিজল—অজ
নীরাজনা—স্ত্রীং } অন ক্ষেপণ, যে সময়

জলক্ষেপণ হয়, ৭মী – হিং) সং, আরাত্রিক-দীপমালা সজলপদ্ম, ধৌতবস্ত্র, বিল্বপত্রাদি, সাষ্টাঙ্গ প্রণাম—এই পঞ্চদ্বারা আরাধনা, আরুতি। শিং—১ "যাবতো দিবসান্ বীর দেব্যা নীরাজনং কৃতং। তাবৎ কল্পসহস্রাণি দুর্গালোকে মহীয়তে।" ২। শান্তিকর্ম্মবিশেষ। ৩। (নির্ সম্যক্‌রূপে —রাজ দীপ্তি পাওয়া+অনট্—ভাবে) অস্ত্রশস্ত্রাদি পরিষ্কারকরণ। ৪। অশ্বপূজনবিশেষ। শিং—১"তুরঙ্গমকরিনরনীরাজনং কুর্য্যাৎ।" ২ "অস্মিন্ পর্য্যায়নির্ব্বৃত্তে গবাং নীরাজনোৎসবে।"

নীরিন্দু; সং, পুং, অশ্বশাখোটক বৃক্ষ, আশ্‌-সেওড়া গাছ।

নীরুচ্ (নির্ নিশ্চয়—রুচ্ দীপ্তি পাওয়া +০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, নিতান্ত দীপ্তিশীল।

নীরুক্ } (নীরুজ্, নির্ না বা বিপরীত—
নীরুজ } রুজ্, রুজা=রোগ, ৫মী বা ৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, রোগহীন, সুস্থ। শিং ১ "ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধৈঃ।" জ্, জা—স্ত্রীং, স্বাস্থ্য।

নীরূপ (নির্ নির্গত—রূপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রূপবিহীন।

নীল (নীল্ রং করা+অ(ক)—ণ) সং, পুং, বর্ণবিশেষ। ২। (+ক—র্ম্ম) পর্ব্বতবিশেষ; ইহা ইলাবৃত বর্ষের উত্তর হইতে রম্যক-পর্ব্বতের সীমা পর্ব্বত। ৩। বানরবিশেষ। ৪। নিধিবিশেষ। ৫। মণিবিশেষ; ইহার অধিষ্ঠাত্রী দেবতা শনি। লা—স্ত্রীং, নীলবর্ণ মক্ষিকা। ২। রাগিণীবিশেষ। লী—স্ত্রীং, (—ণ) বৃক্ষবিশেষ, নীলের গাছ। ২। নীলবর্ণ। ৩। বিং, ত্রিং, নীলবর্ণযুক্ত।

নীলক (নীল+কণ্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, কাচলবণ। ২। বর্ত্তলোহ। ৩। অসন-বৃক্ষ। ৪। (নীল—ক [কৈধাভুজ] শোভা পাওয়া+অ(ক)—ক) পুং, ভ্রমর। শিং—১ "যথা মধুকরীং ধ্যায়ন্ নীলকস্তন্ময়ো ভবেৎ।" ৫। বীজগণিতোক্ত অব্যক্তরাশি সংজ্ঞাবিশেষ।

নীলকণ্ঠ (নীল নীলবর্ণবিশিষ্ট—কণ্ঠ, ৬ষ্ঠী—হিং। সমুদ্রমন্থনকালে মহাদেব কালকূট পান করিয়াছিলেন বলিয়া তাঁহার কণ্ঠদেশ নীলবর্ণ হইয়াছিল) সং, পুং, শিব। ২। ময়ূর। ৩। খঞ্জনপক্ষী। ৪। দাত্যূহ-পক্ষী। ৫। নীলরঙ্গের এক রকম পাখী-বিশেষ। ইহার দর্শন মঙ্গলসূচক। বণিক জাতি অদ্যাপি বিজয়া দশমীর দিন কোন কোন স্থানে প্রতিমা বিসর্জ্জনের পূর্ব্বে এই পক্ষী খুঁজিয়া প্রণাম করিয়া থাকে। ৬। তীর্থবিশেষ; উত্তর হিন্দুস্থানে তিব্বত সন্নিধিতে ইহা স্থিত। ৭। রাক্ষসবিশেষ।

নীলকণ্ঠাক্ষ (নীলকণ্ঠ শিব—অক্ষ অক্ষি শব্দজ) সং, ক্লীং, রুদ্রাক্ষ। ২। বিং, ত্রিং, খঞ্জনের ন্যায় যাহার চক্ষুঃ।

নীলকমল; সং, ক্লীং, নীলোৎপল। শিং—১"গণেশায় নমো নীলকমলামলকান্তয়ে।"

নীলকান্ত } (নীল—কান্ত কমনীয়। নীল
নীলমণি } —মণি প্রস্তর, রং—স), সং, পুং, নীলশিলা, ইন্দ্রনীলমণি।

নীলকুন্তলা; সং, স্ত্রীং, দুর্গা-সখীবিশেষ। শিং—১ "তাং নিরার্য্যাপরা প্রাহ সখী সা নীলকুন্তলাম্।" (পুরাণ)।

নীলক্রান্তা; সং, স্ত্রীং, কৃষ্ণাপরাজিতা।

নীলক্রৌঞ্চ; সং, পুং, কোঁচবক।

নীলগঙ্গা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

নীলগণেশ; সং, পুং, গণ ক্রীড়াখ্য গণেশ।

নীলগ্রীব (নীল নীলবর্ণবিশিষ্ট—গ্রীবা, ৬ষ্ঠী —হিং। সমুদ্র মন্থনকালে মহাদেব কাল-কূট পান করিয়াছিলেন বলিয়া তাঁহার গ্রীবাদেশ নীলবর্ণ হইয়াছিল) সং, পুং, শিব।

নীলচর্ম্মা (—চর্ম্মন্, নীল—চর্ম্মন্ চর্ম্ম, রং—স) সং, ক্লীং, নীলবর্ণ চর্ম্ম। ২। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীলবর্ণ চর্ম্ম বিশিষ্ট। [তন্ত্রবিশেষ।

নীলতন্ত্র; সং, ক্লীং, চীনাচারাদি প্রকাশক

নীলতরু; সং, পুং, নারিকেল বৃক্ষ। ২। নীলবর্ণ বৃক্ষ। [গাছ।

নীলতাল; সং, পুং, হিন্তালবৃক্ষ। ২। তমাল

নীলধ্বজ; সং, পুং, তমালগাছ। ২। নীলবর্ণ পতাকা। ২। নৃপবিশেষ।

নীলপঙ্ক (নীল কৃষ্ণবর্ণ—পঙ্ক পাঁক) সং, ক্লীং, অন্ধকার। ২। কৃষ্ণবর্ণ কর্দ্দম।
নীলপটল; সং, ক্লীং, নীলবস্ত্র।
নীলপদ্ম; সং, ক্লীং, নীলবর্ণ পদ্ম।
নীলপিচ্ছ (নীল—পিচ্ছ লেজ) সং, পুং, শ্যেনপক্ষী।
নীলপৃষ্ঠ (নীল—পৃষ্ঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধূম দ্বারা যাহার পৃষ্ঠ ভাগ নীলবর্ণ, অগ্নি।
নীলমাধব (নীল—মাধব বিষ্ণু। কৃষ্ণবর্ণ বলিয়া) সং, পুং, বিষ্ণু,কৃষ্ণ। ২। জগন্নাথ দেব। শিং—১ "মঞ্জুস্থং নীলমাধবম্।"
নীলমীলিক (নীল কৃষ্ণবর্ণ বা গাঢ় নীলবর্ণ—মীল্ চক্ষুমুদ্রিতকরা+অক(ণক)—ক) সং, পুং, খদ্যোত, জোনাকীপোকা।
নীলমেহী (মেহিন্, নীলমেহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নীলমেহ রোগগ্রস্ত।
নীলরাজি; সং, পুং-ক্লীং,অন্ধকারের বিস্তার। শিং—১"নিশা শশাঙ্কক্ষত নীলরাজয়ঃ।"
নীললাঙ্গু; সং, পুং, ভ্রমরাদি। ২। কুসুমবিশেষ। ৩। দেবতাবিশেষ।
নীললোহিত (নীল—লোহিত রক্তবর্ণ। যাঁহার কণ্ঠে নীলবর্ণ এবং কেশে লোহিত বর্ণ, ৬ষ্ঠী—হিং। কেহ বলেন মহাদেব এক কল্পে নীলবর্ণ হন, কল্পান্তরে লোহিত বর্ণ হইয়াছিলেন) সং, পুং, শিব। শিং—১ "প্রজার্থং বরয়ামাস নীললোহিত সঞ্জিতম্।" ২ "অংশাদৃতে নিষিক্তস্য নীললোহিতরেতসঃ।" ২। (নীল যে সে লোহিত, য়ং—স) বেগুণে রঙ্।
নীলবল্লী; সং, স্ত্রীং, পরগাছা।
নীলবর্ষাভূ; সং, স্ত্রীং, কৃষ্ণবর্ণ মূর্ব্বালতা। ২। পুং, কৃষ্ণভেক।
নীলবসন, নীলবাসাঃ (নীলবাসস্, নীল—বসন্, বাসস্=বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শনৈশ্চর, শনিগ্রহ। ২। বিং, ত্রিং, যাহার বস্ত্র নীলবর্ণ।
নীলবস্ত্র (নীল—বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। ২। ক্লীং, নীলবর্ণ বস্ত্র। শিং—১ "স্ত্রীক্রীড়াশয়নীয়াদৌ নীলবস্ত্রং ন দূষ্যতি।"
নীলবৃষ; সং, পুং, বিশেষ লক্ষণাক্রান্ত বৃষ। শিং—১ "লোহিতো যস্ত বর্ণেন মুখে পুচ্ছে চ পাণ্ডুরঃ। শ্বেতঃ খুরবিষাণাভ্যাং স নীলো বৃষ উচ্যতে।"
নীলবৃষা; সং, স্ত্রীং, বার্ত্তাকী, বেগুণ।
নীলব্রত; সং, ক্লীং, ব্রতবিশেষ।
নীলশিখণ্ড (নীল—শিখণ্ড, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীলবর্ণ শিখণ্ডযুক্ত। ২। সং, পুং, রুদ্রবিশেষ।
নীলশিগ্রু; সং, পুং, নীলবর্ণ পুষ্পযুক্ত শোভাঞ্জন বৃক্ষ।
নীলসরস্বতী; সং, স্ত্রীং, দ্বিতীয় মহাবিদ্যা তারা। শিং—১ "মাতর্নীলসরস্বতি প্রণমতাং সৌভাগ্য সম্পৎপ্রদে।" (স্তোত্র)।
নীলসার; সং, পুং, তিন্দুবৃক্ষ। ২। তুদ্‌গাছ।
নীলাঙ্গ (নীল—অঙ্গ দেহ) সং, পুং, সারস পক্ষী।
নীলাঙ্গু (নি—লনগ্ গমনকরা+উ—সংজ্ঞার্থে। ই=ঈ) সং, পুং, কৃমি, কীট। ২। বিবর, ছিদ্র।
নীলাচল; সং, পুং, পুরুষোত্তমক্ষেত্র, শ্রীক্ষেত্র; নীলগিরি নামক পার্ব্বত্য ভূমির প্রান্ত প্রদেশে জগন্নাথক্ষেত্র প্রতিষ্ঠিত; সেই জন্য পুরুষোত্তমক্ষেত্রের নামান্তর নীলাচল। ২। পর্ব্বতবিশেষ; ইহা দক্ষিণ সমুদ্রতীরে অবস্থিত। ইহার উত্তরে মহানদী। এই স্থানে রোহিণীকুণ্ড আছে।
নীলাঞ্জন (নীল—অঞ্জন) সং, ক্লীং, তুঁতে। শিং—১"নীলাঞ্জনচয় প্রখ্যাম্।"(তন্ত্রসার)। না—স্ত্রীং, বিদ্যুৎ।
নীলাঞ্জসা (নীল—অঞ্জস শীঘ্র+অ এবং আ—প্রং) সং, স্ত্রীং, অপ্সরা-বিশেষ। ২। নদীবিশেষ। ৩। বিদ্যুৎ।
নীলাভ (নীল—আভা) বিং, ত্রিং, নীলবর্ণ।
নীলাম্বর (নীল—অম্বর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। ২। শনৈশ্চর। ৩। রাক্ষস। ৪। ক্লীং, নীলবসন। ৫। (নীল—অম্বর বস্ত্র) আকাশ। ৬। তালীশপত্র।
নীলাম্বু (নীল—অম্বু। নীলবর্ণ অম্বু অর্থাৎ জলরাশি যাহার, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সমুদ্র।
নীলাম্বুজন্ম (—জন্মন্, নীলাম্বু—জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, নীলোৎপল।

নীলালু ; সং, পুং, শ্যামবর্ণ কন্দ, আলুবিশেষ।
নীলাশ্মা ( নীলাশ্মন্, নীল—অশ্মন্ প্রস্তর, স্থং—স) সং, পুং, নীলমণি, নীলশীলা।
নীলিকা ( নীলি+কণ্—যোগ ) সং, স্ত্রীং, নীলবৃক্ষ। ২। নেত্ররোগবিশেষ।
নীলিনী ( নীল কৃষ্ণবর্ণ বা গাঢ়নীলবর্ণ+ইন্—অস্ত্যর্থে ) সং, স্ত্রীং, নীলের গাছ। ২। আজমীর রাজার পত্নী।
নীলিমা (নীলিমন্, নীল+ইমন্—ভাবে) সং, পুং, নীলত্ব, নীলবর্ণ। শিং—১ "কজ্জলমলিনবিলোচনচুম্বনবিরচিতনীলিমরূপম্।" (গীতগোবিন্দ)।
নীলী ( নীলিন্, নীল+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, নীলবর্ণবিশিষ্ট।
নীলীরাগ ; সং, পুং, স্থিরসৌহার্দ্দ, দৃঢ়প্রণয়। ২। নায়ক নায়িকার পূর্ব্বরাগবিশেষ। শিং—১ "ন চাতি শোভতে যন্নাপৈতি প্রেম মনোগতং। নীলীরাগঃ স বিজ্ঞেয়ো যথা শ্রীরামসীতয়োঃ।" ৩। নীলবর্ণ।
নীলীরোগ ; সং, পুং, নেত্ররোগবিশেষ।
নীলোৎপল (নীল—উৎপল পদ্ম) সং, স্ত্রীং, নীলপদ্ম। শিং—১ "বিলম্বিনীলোৎপল কর্ণপূরাঃ।" (মাঘ)।
নীবর (নী লওয়া, পাওয়া+বর—প্রং) সং, পুং, বাণিজ্য। ২। বাস্তব্য,বসতিস্থান। ৩। পরিব্রাজক, ভিক্ষুক। ৪। পঙ্ক। ৫। ক্লীং, জল।
নীবাক (নি—বচ্ বলা+অ(ঘঞ্)—ভাবে) পুং, দুষ্প্রাপ্যত্ব, দুর্ম্ভত্ব।
নীবার (নি—বৃ প্রার্থনাকরা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, তৃণধান্য, উড়ি ধান্য। শিং—১ "অপত্যৈরিব নীবারভাগধেয়োচিতৈর্ম্মৃগৈঃ।" (রঘু)।
নীবি, নীবী ( নি—ব্যে আচ্ছাদনকরা+ই—ণ) সং, স্ত্রীং, মূলধন, পুঁজি। ২। পণ, বাজি। শিং—১ "নিজগৃহমিবায়ুপ্রবিশ্য নীবিং সারমহতীমাদায়।" ৩। কটিবস্ত্রগ্রন্থি, পেটের উপর কাপড়ের দুই খুঁট একত্রে বন্ধন, কোঁড়চী। শিং—১ "নীবীং প্রতি প্রণিহিতে চ করে প্রিয়েণ।" ২ "নীবিরতিক্রম্য সিতেতরস্য।"
নীবৃৎ (নি নিয়ত—বৃৎ বিদ্যমান থাকা+০(ক্বিপ্)—ধি) সং,পুং-স্ত্রীং, দেশ,জনপদ।
নীধ্র ( নি নিশ্চয়—ধৃ বিদ্যমানথাকা+অ—প্রং। নিপাতন) সং, ক্লীং, নীধ দেখ।
নীশার (নি—শৄ হিংসাকরা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, হিম ও বায়ুনিবারক আবরণবস্ত্র, কাণ্ডার মশারি পর্দ্দা প্রভৃতি।
নীহার (নি—হৃ হরণকরা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, তুষার, হিম, বরফ। শিং—১ "নীহারজালমলিনাঃ পুনরুক্তসান্দ্রাঃ।" ২। কুজ্ঝটিকা।
নীহারস্ফোট ( Avalanche ) বৃহদাকার নীহারপিণ্ড, বরফের বড় চাঙ্গড়।
নীহারিকা (Nebulae) যে সকল নক্ষত্র চক্ষুর গোচর নয়, কিন্তু দূরবীক্ষণ দিয়া দেখিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মান হয়।
নু ( নুদ্ প্রেরণ করা+উ(ডু)—ক ) অং, সম্বোধন। ২। প্রশ্ন। ৩। ভেদ। ৪। তর্ক, বিতর্ক। ৫। সংশয়। ৬। ছল। ৭। অনাদর, অবজ্ঞা। ৮। সম্মান। অপমান। ৯। বিকল্প। শিং—১ "অবুদ্ধির্ব্বত কিং রাজা বিপরীতমতির্নু কিম্।" ১০। অনুনয়। ১১। অনুতাপ। ১২। হেতু। ১৩। অতীত।
নুড়ি (দেশজ) অখণ্ডিত ক্ষুদ্রপ্রস্তরবিশেষ।
নুত (নু স্তব করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত। ২। পূজিত। শিং—১ "তীর্থাস্পদং শিববিরিঞ্চি নুতং শরণ্যম্।" ২ "চর্ম্মাম্বরং সুরমুনীন্দ্র নুতং করীন্দ্রং।"
নুতি (নু স্তুতি করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, স্তুতি। ২। প্রশংসা। ৩। পূজা। ৪। প্রণাম।
নুত্ত } ( নুদ্ প্রেরণ করা+ত(ক্ত)—র্ম্ম )
নুন্ন } বিং, ত্রিং, প্রেরিত। ২। নিক্ষিপ্ত। "অদস্তয়ানুত্তমনুত্তমং তমঃ।"(মাঘ)। ৩। নিরস্ত। ৪। পরিত্যক্ত। ৫। ছিন্ন।
নুদি (দেশজ) সং, স্থুলোদর, মোটাপেট।
নুর (আরবী) জ্যোতিঃ, আলোক। ২। মুসলমানেরা দাড়িকে ঈশ্বরের জ্যোতি বলিয়া থাকে।
নুলা ( দেশজ ) বিং, ক্ষুদ্রহস্তবিশিষ্ট। ২। ছিন্নহস্ত।

নূতন } (নব+তন, ত্ব—স্বার্থে। নব স্থানে
নূত্ন } নূ) বিং, ত্রিং, নবীন, অভিনব। শিং—১ "নূতন জলধররুচয়ে।"

নূদ্ (নু নাশ করা+০(ক্বিপ্)—ক) বিং,ত্রিং, বিনাশকারী। ২। সং, পুং, অশ্বত্থাকার ব্রহ্মদারুবৃক্ষ।

নূনম্ (নু+০(ক্বিপ্)—ধি=নূ—নম্ নমস্কার করা+০(ক্বিপ্)—ধি) অং, নিশ্চয়। ২। সত্য। ৩। বিতর্ক। ৪। স্মরণ। ৫। উৎপ্রেক্ষা। ৬। পাদপূরণার্থ শব্দ। "নূনং মন্যে ন দোষেহস্তি নৈষধস্য মহাত্মনঃ।"

নূপুর (নু+০(ক্বিপ্)—ধি=নূ ন্যূনশব্দজ—পৃ পূরণ করা+অ(ক)—ক) সং, পুং—ক্লীং, প্রসিদ্ধ চরণভূষণ, নেপুর। শিং—১ "অপ্সরোনূপুররবৈঃ প্রনৃত্যদ্বরবর্হিণঃ।"

নৃ (নী লওয়া+ঋ(ড়্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, নর, মনুষ্য। ২। পুরুষ। শিং—১ "নৃণামেকো গম্যস্ত্বমসি পয়সামর্ণব ইব।" ৩। পুংলিঙ্গসূচক শব্দ।

নৃকপাল; সং, ক্লীং, নরকপাল। ২। শবমস্তকের খুলি।

নৃকেশরী (নৃকেশরিন্, নৃ—কেশরী সিংহ) সং, পুং, নৃসিংহাবতার।

নৃগ (নৃ—গম্ গমন করা+অ(ড)—ক) সং, পুং, ইক্ষ্বাকুবংশীয় নৃপবিশেষ।

নৃগধুম; সং, পুং, তীর্থবিশেষ।

নৃচক্ষাঃ (নৃচক্ষস্, নৃ নর—চক্ষস্ [চক্ষ্ ভক্ষণ করা+অস্—ক] যে ভক্ষণ করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস।

নৃজগ্ধ (নৃ—অদ্ ভোজন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নরভক্ষক।

নৃজল; সং, ক্লীং, মনুষ্যের নেত্রজল।

নৃতি (নৃত+ই—গাত্র বিক্ষেপার্থে) সং, স্ত্রীং, নৃত্য। [ত্রিং, নর্ত্তনশীল।

নৃতু (নৃত্ নৃত্য করা+উ(কু)—ক) বিং,

নৃত্ত (নৃত্য দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, নৃত্য। ২। অভিনয়। ৩। (+ক্ত—ক) বিং, ত্রিং, নর্ত্তনকারী।

নৃত্য (নৃৎ নাচা+য(ক্যপ্—ভা) সং, ক্লীং, তাল, মান, রসাশ্রয়, বিলাসযুক্ত হাব ভাব প্রকাশ সহকারে আঙ্গিক ক্রিয়ার নাম নৃত্য। শিবপুরাণে—দেবাদিদেব ভগবান্ মহাদেব কর্ত্তৃক নৃত্যের প্রথম সৃষ্টি হয়। নৃত্য দুই প্রকার; যথা—তাণ্ডব ও লাস্য। পুং-নৃত্যের নাম তাণ্ডব এবং স্ত্রী-নৃত্যের নাম লাস্য। "সবিলাসোহঙ্গবিক্ষেপো নৃত্যমিত্যুচ্যতে বুধৈঃ।" ২। অভিনয়। শিং—১ "রঙ্গস্য দর্শয়িত্বা নিবর্ত্ততে নর্ত্তকী যথা নৃত্যাৎ।"

নৃত্যৎ (নৃত্য দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, নর্ত্তনশীল, যে নাচিতেছে।

নৃত্যপ্রিয় (নৃত্য—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তাণ্ডবপ্রিয় শিব। ৩। বিং, ত্রিং, নর্ত্তনপ্রিয়। য়া—স্ত্রীং, কুমারানুচর মাতৃবিশেষ।

নৃত্যশালা; সং, স্ত্রীং, নাট্যশালা, নাচঘর।

নৃত্যস্থান; সং, ক্লীং, রঙ্গস্থান, রঙ্গভূমি।

নৃদুর্গ; সং, ক্লীং, মনুষ্য রথাদি বেষ্টিত নৃপদুর্গবিশেষ, গড়। শিং—১ "নৃদুর্গং গিরিদুর্গং বা সমাশ্রিত্য বসেৎ নৃপঃ।"

নৃদেব (নৃ—দেব, ৭মী—ষ) সং, পুং, নরদেব, রাজা। শিং—১ "অম্লানমালাং বিপুলাং চ পত্রৈর্দেবা নৃদেবাশ্চ ভিদাং ন ভেজুঃ।" (নৈষধ)।

নৃধর্ম্মা (নৃধর্ম্মন্, নৃ নর—ধর্ম্ম+অন্—প্রং) সং, পুং, কুবের। ২। বিং, ত্রিং, নরধর্ম্মাক্রান্ত।


নৃনমন (নৃ—নম্ নমস্কার করা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, মনুষ্যগণের নমস্য দেবাদি।

নৃপ } (নৃ মনুষ্য—প [পা পালনকরা+
নৃপতি } অ(ড)—ক] যে পালন করে, ২য়া—ষ। নৃ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা, নরপতি। শিং—১ "চতুর্যোজন পর্য্যন্তমধিকারো নৃপস্য চ। যো রাজা তচ্ছত গুণঃ স এব মণ্ডলেশ্বরঃ। তত্তদ্দশগুণো রাজা রাজেন্দ্রঃ পরিকীর্ত্তিতঃ।" ২ "জাতাভিষঙ্গোনৃপতির্নিসঙ্গাৎ।"২। কুবের।

নৃপকন্দ; সং, পুং, রাজপলাণ্ডু।

নৃপঞ্জয় (নৃপ—জি জয় করা+অ(খশ্)—ক) সং, পুং, অন্য নৃপজেতা পুরুবংশীয় নৃপবিশেষ।

নৃপক্রম ; সং, পুং, আরগ্বধ বৃক্ষ।
নৃপপ্রিয় ; সং, পুং, বংশবিশেষ, বেউড় বাঁশ। ২। রাজপলাণ্ডু। ৩। শালিধান্য। ৪। আম্র। ৫। বিং, ত্রিং, রাজপ্রিয়। য়া—স্ত্রীং, কেতকী। ২। রাজখর্জ্জূরী।
নৃপপ্রিয়ফলা (নৃপ—প্রিয়—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।
নৃপমান ; সং, ক্লীং, রাজার ভোজনকাল-জ্ঞাপক বাদ্যবিশেষ।
নৃপলক্ষ্ম (নৃপলক্ষ্মন্, নৃপ—লক্ষ্মন্ চিহ্ন)সং, ক্লীং, রাজচ্ছত্র। ২। রাজচিহ্ন।
নৃপবল্লভ ; সং, ক্লীং, চক্রপাণি দত্তোক্ত তৈল। ২। ঘৃতবিশেষ।
নৃপশু (নৃপ মনুষ্য—পশু) সং, পুং, মূর্খ। ২। পুরুষপশু। শিং—১ "যাশ্চ স্ত্রিয়ো নৃপশূন্ খাদন্তি।"
নৃপসভ (নৃপ রাজা—সভা) সং, ক্লীং, ভা—স্ত্রীং, রাজসভা। [ছুঁচা।
নৃপসুতা ; সং,স্ত্রীং, রাজকন্যা। ২। ছুছুন্দরী,
নৃপাংশ (নৃপ—অংশ) সং,ক্লীং, নৃপকে দেয় ষড় ভাগ। ২। পুং, রাজপুত্র।
নৃপাত্মজ (নৃপ—আত্মজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজপুত্র। জা—স্ত্রীং, রাজকন্যা। ২। কটুতুম্বী। [পুং, রাজসূয় যজ্ঞ।
নৃপাধ্বর (নৃপ নরপতি—অধ্বর যজ্ঞ) সং,
নৃপাময় (নৃপ—আময় রোগ) সং, পুং, রাজযক্ষ্মা, ক্ষয়রোগ।
নৃপাল (নৃ—পা-ণ্ডি=পালি পালন করা+অ(অন্)—ক) সং, পুং, মনুষ্যপালক রাজা।
নৃপাবর্ত্ত ; সং, ক্লীং, মণিবিশেষ।
নৃপাসন ; সং, ক্লীং, ভদ্রাসন। ২। সিংহাসন, মণিরচিত আসনবিশেষ। শিং—১"নৃপাসনং তথাহত্রম্।" [ত্রিং, নরশ্রেষ্ঠ।
নৃমণি (নৃ—মণি। মনুষ্যের রত্নস্বরূপ) বিং,
নৃমিথুন ; সং, ক্লীং, মনুষ্যজাতীয় স্ত্রীপুরুষ।
নৃমেধ ; সং, পুং, পুরুষমেধ যজ্ঞ। ২। ঋষিবিশেষ।
নৃযজ্ঞ (নৃ মনুষ্য—যজ্ঞ যাগ) সং, পুং, গৃহস্থের প্রত্যহ-কর্ত্তব্য পঞ্চ-যজ্ঞান্তর্গত অতিথি পূজারূপ যজ্ঞ।
নৃবরাহ (নৃ মনুষ্য—বরাহ শূকর। নরের ন্যায় শরীর এবং বরাহসদৃশ মস্তক বলিয়া) সং, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বরাহ অবতার।
নৃবাহন (নৃ মনুষ্য—বাহন,৬ষ্ঠী—হিং)সং, পুং, কুবের।
নৃবাহঃ (নৃবাহস্, নৃ—বহ্ বহন করা+অস্(অসচ্)—ক) বিং, ত্রিং, মনুষ্যবাহক।
নৃশংস (নৃ মনুষ্য—শন্স্ হিংসা করা+অ(অন্)—ক। যে মনুষ্যদিগকে হিংসা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ক্রূর, নির্দ্দয়। ২। পরানিষ্টকারী।
নৃসিংহ (নৃ মনুষ্য—সিংহ। যাঁহার অর্দ্ধাঙ্গ মনুষ্যাকার, অর্দ্ধাঙ্গ সিংহাকার) সং, পুং, বিষ্ণু। ২। বিষ্ণুর অবতারবিশেষ। শিং—



নৃসিংহ (অবতার)।

১ "সিংহস্য কৃত্বা বদনং মুরারিঃ
সদা করালঞ্চ সুরক্তনেত্রং।
অর্দ্ধং বপুর্বৈ মনুজস্য কৃত্বা
যযৌ সভাং দৈত্যপতেঃ পুরস্তাৎ।"
২ "তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গং।
কেশব ধৃতনরহরিরূপ
জয় জগদীশ হরে।" (জয়দেব)।
৩। (নৃ মনুষ্য—সিংহ প্রধান) মনুষ্য-প্রধান।
নৃসিংহচতুর্দ্দশী ; সং, স্ত্রীং, বৈশাখমাসীয় শুক্লাচতুর্দ্দশী ; এই দিনে হিরণ্যকশিপুর বধার্থ নৃসিংহদেব আবির্ভূত হইয়াছিলেন।

নৃসিংহপুরাণ ; সং, ক্লীং, উপপুরাণবিশেষ।
নৃসেন (নৃ—সেনা, য়ং—স) সং, ক্লীং, না—স্ত্রীং, মনুষ্য-সৈন্য।
নৃসোম (নৃ মনুষ্য—সোম [চন্দ্র] শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—য) সং, পুং, নরচন্দ্র, নরশ্রেষ্ঠ। শিং —১"সোমবংশায়াঃ সম্ভিতো নৃসোমঃ।"
নৃহরি (নৃ মনুষ্য—হরি সিংহ। নৃসিংহ দেখ) সং, পুং, নৃসিংহাবতার। শিং—১ "নৃহরিবামনজামদগ্ন্যঃ।"
নেউল (নকুল শব্দজ) সং, বেজী।



নেউল।

নেংট (নগ্ন শব্দজ কি ?) বিং, উলঙ্গ, বিবস্ত্র।
নেকড়া (দেশজ) সং, ছিন্নবস্ত্র, কানি।
নেকড়িয়া (দেশজ) সং, ব্যাঘ্রবিশেষ, গো-বাঘা।
নেকা (দেশজ) বিং, অস্পষ্টবাক্।
নেকার (ন্যক্কার শব্দজ) সং, বমন, বমি।
নেঙা, নেঙ্গা, নেটা (দেশজ) বিং, যাহার বামহস্তে বলাধিক্য।
নেজক (নিজ্ ধৌত করা+অক(ণক)—ক) সং, পুং, ধোবা, বস্ত্রপরিষ্কারক। শিং—১ "শাল্মলী ফলকে শ্লক্ষ্ণে নেনিজ্যাৎ নেজকঃ শনৈঃ। নচ বাসাংসি বাসোভির্নির্হরেন্নচ বাসয়েৎ।" ২। বিং, ত্রিং, শোধক।
নেজন (নেজক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, শোধন, ধৌতকরণ। ২। (+অনট্—ধি) ধৌতকরণ স্থান, রজকালয়। শিং—১"রাশয়ঃ প্রত্যদৃশ্যন্ত বাসসাং নেজনেম্বিব।" [ভগ্ন, বড়সা।
নেজা (পারস্য ভাষা) অস্ত্রবিশেষ। ২। বিং,
নেড়া (দেশজ) বিং,মুণ্ডিতকেশ। ২। ভিক্ষুকবিশেষ। —ড়্যা, সং, যবন।
নেত (দেশজ) বস্ত্রবিশেষ, ছিন্নবস্ত্র।
নেতা (নেতৃ, নী লইয়া যাওয়া+তৃ(তৃন্)—ক) সং, পুং, নায়ক। ২। প্রভু, স্বামী। ৩। বিং,ত্রিং, যে লইয়া যায়। ৪। প্রেরক। ৫। পথপ্রদর্শক। ৬। প্রাপক। ৭। নির্ব্বাহক।
নেতৃত্ব (নেতৃ+ত্ব—ভাবে) সং, ক্লীং, নায়কতা, অধ্যক্ষতা।
নেত্র (নী পাওয়া+ত্র(ষ্ট্রণ)—ণ) সং, ক্লীং, চক্ষুঃ। ২। বস্ত্রবিশেষ। ৩। বৃক্ষমূল। ৪। রথ। ৫। পথ। ৬। মন্থনদণ্ডবন্ধনরজ্জু। ৭। বস্তিশলাকা। ৮। (+ষ্ট্রণ—ক) বিং, ত্রিং, প্রেরক। ৯। চালক। ১০। রক্ষক। ১১। প্রাপক। ১২। প্রবর্ত্তক। ১৩। নায়ক। ত্রী—স্ত্রীং, নদী। ২। লক্ষ্মী। ৩। নাড়ী। ৪। নারী।
নেত্রকোষ ; সং, পুং—ক্লীং, নেত্রপটল।
নেত্রচ্ছদ (নেত্র—ছদ যে আচ্ছাদন করে, ২য়া—য) সং,পুং, চখের পাতা, চক্ষুঃপক্ষ্ম।
নেত্রপর্য্যন্ত (নেত্র—পর্য্যন্ত কোণসীমা, ৬ষ্ঠী—য) সং, পুং, অপাঙ্গ।
নেত্রপিণ্ড (নেত্র চক্ষুঃ—পিণ্ড মাংস ইত্যাদির পিণ্ড) সং, পুং, বিড়াল। ২। ক্লীং, চক্ষুর্গোলক।
নেত্রপ্রবন্ধ ( নেত্র—প্র—বন্ধ্ আবরণ করা +অ(অল্)—ণ ) সং, পুং, নেত্রপুট। "কর্ণস্রোতঃ সুকুমারকং চ নেত্রপ্রবন্ধমম্।"
নেত্রবন্ধ (নেত্র—বন্ধ, ৬ষ্ঠী—য) সং, পুং—ক্লীং, চক্ষুর্দ্বয়ের আবরণরূপ বাল্যক্রীড়াবিশেষ। শিং—১ "অদৃশ্যনেত্রবন্ধাদৈঃ ক্বচিন্মৃগণেহয়া।"
নেত্রমল ; সং, ক্লীং, চক্ষুর্মল, পিঁচুটি।
নেত্রমুষ্ (নেত্র দৃষ্টি—মুষ্ বোধ করা+০(ক্বিপ্)—ক ) বিং, ত্রিং, দৃষ্টির উপঘাতক। ২। দৃষ্টিপ্রচারনাশক।
নেত্রযোনি ( নেত্র অত্রিনেত্র—যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং,পুং, চন্দ্র। ২। ( যোনি অর্থ স্ত্রীচিহ্ন। প্রসিদ্ধি আছে, ইন্দ্র গুরুপত্নী হরণ করাতে গৌতম মুনি ইহাকে অভিশাপ দিয়াছিলেন, তন্নিমিত্ত ইহার সমুদায় শরীরে যোনিচিহ্নে আচ্ছাদিত হয়, পরে উক্ত মুনির বরে সেই চিহ্ন পরিবর্ত্তন হইয়া লোচনরূপে পরিণত হইয়াছিল বলিয়া) ইন্দ্র।
নেত্ররঞ্জন (নেত্র—রঞ্জন রঞ্জ্ রঞ্জিত করা +অন(অনট্)—ণ) সং, ক্লীং, অঞ্জন, কজ্জল।

নেত্ররুক্ ; সং, স্ত্রীং, নেত্ররোগ।

নেত্ররোগহা ( নেত্ররোগহন্, নেত্র – রোগ হন্ নাশ করা + ০(ক্বিপ্) – ক) সং, পুং, নেত্ররোগনাশক বৃশ্চিকালী বৃক্ষ। ২। বিং, ত্রিং, চক্ষুরোগনাশক। [চক্ষের পাতা।

নেত্রবস্ত্র (নেত্র – বস্ত্র কাপড়) সং, ক্লীং,

নেত্রস্তম্ভ (নেত্র – স্তম্ভ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, চক্ষুর উন্মীলন ব্যাপার না থাকা।

নেত্রান্ত ; সং, পুং – ক্লীং, চক্ষুর প্রান্তভাগ, অপাঙ্গ।

নেত্রাময় ( নেত্র – আময় রোগ, ৬ষ্ঠী – ষ ) সং, পুং – ক্লীং, চক্ষুর পীড়া।

নেত্রাম্বু (নেত্র – অম্বু জল, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, অশ্রু, নেত্রজল।

নেদিষ্ঠ } ( Adjacent, নেদীয়স্, অ-
নেদীয়ান্ } ন্তিক সমীপ + ইষ্ঠ, ঈয়স্ —অত্যর্থে) বিং, ত্রিং, অতি নিকটবর্ত্তী ২। নিপুণ। ৩। পুং, অঙ্কোটবৃক্ষ।

নেপথ্য (নে [নী লওয়া + ০(বিচ্) – ণ] নায়ক – পথ্য উপযুক্ত, মনোহর, যোগ্য) সং, ক্লীং, সজ্জাগৃহ, সাজঘর। শিং – ১ "নেপথ্যং ভূষণস্থানমিতি কোষঃ। রঙ্গা-দ্বহিস্তু নেপথ্যমিতি মুনিঃ।" ২ "নেপথ্যা-ভিমুখমবলোক্য।" ২। বেশ, সজ্জা। ৩। অলঙ্কার। শিং – ১ "উদারনেপথ্য-ভৃতাং স মধ্যে।"

নেপাল (নী লইয়া যাওয়া + ০(বিচ্) – ক =নে—পাল) সং, পুং, দেশবিশেষ।

নেপালিকা (নেপাল – কণ্ – প্রং) সং, স্ত্রীং, (নেপাল উৎপত্তি স্থান বলিয়া) মনঃশীলা।

নেবু (দেশজ) সং, নেবু, জম্বীর।

নেম ( নী পাওয়া + ম – ণ ) সং, পুং, কাল, সময়। ২। অবধি। ৩। অংশ। ৪। প্রাকার, বেষ্টন। ৫। কৈতব, ছল। ৬। গর্ত্ত। ৭। (+ ম – ক) বিং, ত্রিং, ভিন্ন। ৮। সকল। ৯। অর্দ্ধ।

নেমি } (নী পাওয়া + মি – ণ, সংজ্ঞার্থে)
নেমী } সং, স্ত্রীং, চক্রধারা, চাকার প্রান্ত। শিং – ১ "নিয়ন্তর্নেমিবৃত্তয়ঃ।" ২ "অপতন্ ক্রতভ্রমিতনেমিবৃত্তয়ঃ।" ২। কূপোপরিস্থ রজ্জু ধারণার্থ তেকাটা। ৩। কূপসমীপ সমান স্থান। ৪। পুং, তিনিশবৃক্ষ। ৫। (+ ম – ধি) তীর্থস্থান। ৬। জিনবিশেষ। ৭। বজ্র।

নেমিচক্র ; সং, পুং, নৃপবিশেষ।

নেমিশ (নেমি – শৄ বিক্ষিপ্ত হওয়া + অ(ড) – ধি) সং, ক্লীং, নৈমিশারণ্য তীর্থ।

নেশা (আরবী) সং, মত্ততা, মাতলামি।

নেশাখোর (নেশা – খোর খাওয়া) যে নেশা করে।

নেষ্টা (নেষ্টৃ, নী যজ্ঞাদিকার্য্য সম্পাদন করা + তৃ(তৃন্) – ক ) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত।

নেষ্টু ( নিশ্ সংবদ্ধ করা + তু(তুন্) – র্ম্ম ) সং, পুং, পাংশুপিণ্ড, লোষ্ট্র। শিং – ১ "যথা মহার্ণবে ক্ষিপ্তঃ ক্ষিপ্রং নেষ্টুর্বিনশ্যতি।"

নেহারৎ (আরবী) অত্যন্ত, আধিক্য।

নৈঃস্ব (নিঃস্ব + অ(ষ্ণ) – ভাবার্থে) সং, ক্লীং, নির্ধনত্ব। [২। সং, পুং, বিষ্ণু।

নৈক (ন – এক) বিং, ত্রিং, একভিন্ন, অনেক।

নৈকচর (নৈক – চর্ গমন করা + অ(ট) – ক) সং, পুং, শূকরজাতি। ২। বিং, ত্রিং, দলবদ্ধভাবে গমনশীল।

নৈকটিক ( নিকট + ইক(ষ্ণিক) – স্থিতার্থে ) বিং, ত্রিং, নিকটবর্ত্তী। ২। সং, পুং, গ্রামসন্নিহিত আশ্রমবাসী ঋষি। শিং – ১ "আট নৈকটিকাশ্রমান্।" (ভট্টি)।

নৈকট্য (নিকট + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, সামীপ্য, নিকটত্ব।

নৈকভেদ (ন না – এক – ভেদ প্রকার, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, নানাবিধ; অনেক প্রকার।

নৈকমায় (ন না – এক – মায়া, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, অনেক মায়াবিশিষ্ট। ২। সং, পুং, পরমেশ্বর।

নৈকরূপ (ন না – এক – রূপ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, নানারূপধর, বহুরূপধারী। ২। সং, পুং, পরমেশ্বর।

নৈকষেয় (নিকষা + এয়(ষ্ণেয়) – অপত্যার্থে) সং, পুং, নিকষাপুত্র, রাবণ প্রভৃতি।

নৈকসানু (ন না – এক – সানু, ৬ষ্ঠী – হিং) সং, পুং, পর্ব্বতবিশেষ।

নৈকাত্মা (নৈকাত্মন্, ন না—এক—আত্মন্ আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বহুরূপে প্রকাশমান পরমেশ্বর। শিং—১"নৈকাত্মা নৈককর্ম্মকৃৎ।"

নৈকৃতিক (নিকৃতি+কণ্—জীবত্যর্থে, যে নিষ্ঠুরাচার দ্বারা জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, শঠতাপন্ন। ২। নিষ্ঠুর। ৩। কটুভাষী। শিং—১"ন নাস্তিকো নৈকৃতিকোহথ বাপি।"

নৈগম (নিগম+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, উপনিষদ্। ২। বাণিজ্যকারী। ৩। বেদান্তশাস্ত্র। ৪। নীতিশাস্ত্র। শিং—১ "তেষাং প্রতিবিধানার্থং প্রবক্ষ্যাম্যথ নৈগমম্।" ৫। নগরবাসী লোক। ৬। নায়ক। ৭। পথ। ৮। বিং, ত্রিং, বণিক্। "মার্গে চ মহত্তি নিগমে নৈগমানাং।" ৯। নগরবাসী। [ত্রিং, বেদজাত।

নৈগমিক(নিগম+ইক(ষ্ণিক)—ভবার্থে)বিং,

নৈচিক (নীচৈস্ অধঃ, নিম্ন—চর্ গমন করা+ইক(ষ্ণিক)—প্রং। চৈস্,র্=লোপ) সং,ক্লীং,গোরুর মাথা। (—চর্ গমনকরা +অ(টক)—ক) কী—স্ত্রীং, উত্তম গাভী।

নৈচিত্য (নিচিত+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, নিচিত দেশজাত।

নৈত্য (নিত্য+অ(ষ্ণ্য)—স্বার্থে) বিং, ত্রিং, নিত্য দীয়মান।

নৈত্যিক (নিত্য+ইক(ষ্ণিক)—ভবার্থে)বিং, ত্রিং, নিত্য অনুষ্ঠেয়। শিং—১ "সন্ধ্যাং পঞ্চ মহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতিকর্ম্ম চ।"

নৈদাঘ (নিদাঘ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, নিদাঘসম্বন্ধীয়।

নৈদান, নৈদানিক (নিদান+অ(ষ্ণ), ইক (ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, নিদানসম্বন্ধীয়। ২। নিদানাভিজ্ঞ। ৩। নিদানগ্রন্থাধ্যেতা।

নৈদেশিক (নিদেশ + ইক(ষ্ণিক)—কর্ত্রোত্যর্থে) সং, পুং, কিঙ্কর, দাস। শিং—১ "নৈদেশিকৈর্বশ্যবশে অনোহবরম্।"

নৈপালিক (নেপাল—ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, নেপালদেশোদ্ভব। ২। সং, ক্লীং, তাম্র, তাঁবা।

নৈপালী (নেপাল+অ(ষ্ণ)—ভবার্থে। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নবমল্লিকা। ২। শেফালিকা। ৩। মনঃশিলা।

নৈপুণ, নৈপুণ্য (নিপুণ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—তা, কর্ম্মণি) সং, ক্লীং, নিপুণতা, দক্ষতা।

নৈমিত্তিক (নিমিত্ত+ইক(ষ্ণিক)—কৃত বা দত্তার্থে) বিং, ত্রিং, প্রয়োজনার্থক। ২। নিমিত্তাভিজ্ঞ। ৩। নিমিত্তরূপ শকুন শাস্ত্রাধ্যেতা। ৪। মাস সংবৎসরাদিবিশেষ নিয়মশূন্য অবশ্য কর্ত্তব্য নিমিত্তোৎপন্ন পুত্রজন্মাদি নিমিত্তক (শ্রাদ্ধাদি)।

নৈমিত্তিকপ্রলয়; সং, পুং, প্রলয়বিশেষ, ব্রহ্মার দিনাবসান নিমিত্তক ত্রৈলোক্যের লয়।

নৈমিষ (নিমিষ+অ(ষ্ণ)—নিষ্পন্নার্থে। ভগবান্ গৌরমুখ ঋষিকে কহিয়াছিলেন যে আমি নিমেষমধ্যে ঐস্থানে অসুর বিনাশ করায় উহার নাম নৈমিষ নামে প্রসিদ্ধ হইবে। শিং—১ "উবাচ নিমেষেণেদং নিহতং দানবং বলং॥ অরণ্যেহস্মিং স্ততস্ত্বেবং নৈমিষারণ্য সংজ্ঞকং। অপিচ। তস্য [রাজ্ঞঃ] বৈত্রজতঃ ক্ষিপ্রং যত্র নেমিরশীর্য্যত॥ নৈমিষং তৎ স্মৃতং নায়া পুণ্যং সর্ব্বত্র পূজিতং।") সং, ক্লীং, নৈমিষারণ্য। শিং—১ "পৃথিব্যাং নৈমিষং তীর্থমন্তরীক্ষে চ পুষ্করম্। ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং বিশিষ্যতে।" ২। (নিমেষ সূক্ষ্ম সময়+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, নিমেষসম্বন্ধীয়, ক্ষণিক।

নৈমেয় (নিমেয় [নি—মি পরিমাণ করা+অ—প্রং]+য়—ইদমর্থে) সং, পুং, পরিবর্ত্ত, বিনিময়।

নৈয়গ্রোধ (ন্যগ্রোধ+অ(ষ্ণ)—ফলার্থে, য স্থানে ঐয়) সং, ক্লীং, ন্যগ্রোধ, বটফল। শিং—১ "নৈয়গ্রোধং ভবতি স্বধামেবাদরুষ্কৈ।" ২। পুং, বটবৃক্ষ।

নৈয়ঙ্কব (ন্যঙ্কু+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, ন্যঙ্কু মৃগচর্ম্মনির্ম্মিত।

নৈয়মিক (নিয়ম+ইক(ষ্ণিক)—আগতার্থে) বিং, ত্রিং, নিয়মাগত

নৈয়ায়িক ( ন্যায় + ইক(ফিক) — জ্ঞাতার্থে, য স্থানে ঐয় ) সং, পুং, ন্যায়শাস্ত্রজ্ঞ, তার্কিক। ২। ন্যায়াধ্যায়ী।

নৈরন্তর্য্য ( নিরন্তর + য(ফ্য) — ভাবে ) সং, ক্লীং, অবিচ্ছেদ, সাতত্য। শিং — ১ "নৈরন্তর্য্যাত্ সংক্রান্তেস্তেত্ত্বং বিষ্ণুপদীত্বয়ম্।"

নৈরপেক্ষ্য (নিরপেক্ষ + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং; নিরপেক্ষতা।

নৈরয়িক ( নিরয় + ইক(ফিক) — বসত্যর্থে ) বিং, ত্রিং, নরকবাসী। শিং — ১ "পঞ্চেন্দ্রিয়া এব দেবা নরা নৈরয়িকা অপি।"

নৈরাশ্য (নিরাশ + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং, আশাশূন্যতা, হতাশ হওয়া। শিং — ১ "আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখম্।" [ত্রিং, নিরুক্ত গ্রন্থজাত।

নৈরুক্ত ( নিরুক্ত + অ(ফ) — ভবার্থে ) বিং,

নৈঋত (নিঋতি দক্ষিণ-পশ্চিম দিক + অ(ফ) — অপত্যার্থে) সং, পুং, রাক্ষস। ২। দক্ষিণ-পশ্চিম কোণের অধিপতি। ৩। জ্যোতিষে নৈঋতকোণের অধিপতি রাহু। তী — স্ত্রীং, নৈঋতকোণ।

নৈগুর্ণ্য ( নিগুর্ণ + য(ফ্য) — ভাবার্থে ) সং, ক্লীং, সত্ত্বাদিগুণসঙ্গরাহিত্য, নিগুর্ণতা।

নৈর্ম্মল্য (নির্ম্মল + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং, নির্ম্মলতা, স্বচ্ছতা। ২। বিষয়বৈরাগ্য। শিং — ১ "বিষয়েষ্বতিসংরাগো মানসো মল উচ্যতে। তেম্বেব হি বিরাগস্তু নৈর্ম্মল্যং সমুদাহৃতম্।"

নৈবিড্য (নিবিড় + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং, ঘনত্ব, অবিচ্ছেদে সংযোগ। ২। বংশীফুংকার গুণবিশেষ।

নৈবেদ্য (নিবেদ + য(ফ্য) — যোগ্যার্থে) সং, ক্লীং, দেবোদ্দেশে নিবেদনীয় দ্রব্য। শিং — ১ "চতুর্ব্বিধং কুলেশানি দ্রব্যং তে ষড়্রসান্বিতং। নিবেদনাৎ ভবেত্তৃপ্তি নৈবেদ্যং তদুদাহৃতং।"

নৈবেশিক (নিবেশ + ইক(ফিক) — হিতার্থে) বিং, ত্রিং, বিবাহার্থ দীয়মান (দ্রব্য)।

নৈশ (নিশা রাত্রি + অ(ফ) — ভবার্থে) বিং, ত্রিং, নিশাকালীন, রাত্রিসম্বন্ধীয়। শিং — ১ "জগতি নৈশমশীতকরঃ করৈঃ।" (মাঘ)।

নৈশিক (নিশা + ইক(ফিক) — ভবার্থে) বিং, ত্রিং, নিশাজাত, রাত্রিব্যাপক। কী — স্ত্রীং, নিশাব্যাপিনী। শিং — ১ "সুধাকরতনুত্রাণাং বিশুদ্ধিনৈশিকী স্মৃতা।"

নৈশ্চিত্য ( নিশ্চিত + য(ফ্য) — ভাবে ) সং, ক্লীং, স্থিরতা, নিশ্চয়।

নৈষধ (নিষধ দেশবিশেষ + অ(ফ) — পালনার্থে) সং, পুং, নিষধাধিপ, নলরাজা। ২। ক্লীং, শ্রীহর্ষকবিবিরচিত নল নৃপের চরিতরূপ গ্রন্থবিশেষ। ৩। বিং, ত্রিং, নিষধসম্বন্ধীয়। ৪। নিষধদেশবাসী।

নৈষধীয় (নৈষধ + ঈয়(ফীয়) — ইদমর্থে) বিং, ত্রিং, নলসম্বন্ধীয়। [পুং, ব্যাধপুত্র।

নৈষাদ ( নিষাদ + অ(ফ) — অপত্যার্থে ) সং,

নৈষাদক (নিষাদ + অ(ফ) — কৃতার্থে, কণ্ — যোগে) বিং, ত্রিং, নিষাদকৃত।

নৈষাদি (নিষাদ + ই(ফি) — অপত্যার্থে) সং, পুং, ব্যাধপুত্র। শিং — ১ "ন স তৎ প্রতিজগ্রাহ নৈষাদিরিতি চিন্তয়ন্।"

নৈষ্কর্ম্ম্য (নিষ্কর্ম্মন্ + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং, সর্ব্বকর্ম্ম পরিত্যাগ। শিং — ১ "ন কর্ম্মণামনারম্ভাৎ নৈষ্কর্ম্ম্যম্ পুরুষোঽশ্নুতে।" ২। আলস্য। ৩। মুক্তি।

নৈষ্কিক ( নিষ্ক মোহর + ফিক — রক্ষার্থে ) সং, পুং, টাকশালের অধ্যক্ষ। ২। কোষাধ্যক্ষ। ৩। নিষ্কক্রীত।

নৈষ্ক্রমণ ( নিষ্ক্রমণ + অ(ফ) — প্রদানার্থে ) বিং, ত্রিং, শিশুর গৃহ নিষ্ক্রমণ সংস্কারকালে দীয়মান (কার্য্য বা পদার্থ)।

নৈষ্ঠিক (নিষ্ঠা দৃঢ়তা, অন্ত + ইক(ফিক) — প্রাপ্ত্যর্থে) সং, পুং, চিরকাল গুরুগৃহে বাস ও ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক অধ্যায়ী দ্বিজ। শিং — ১ "নৈষ্ঠিকো ব্রহ্মচারী তু বসেদাচার্য্যসন্নিধৌ।" ২। বিং, ত্রিং, অন্তিম, চরমকালীন। ৩। স্থিতিশীল। ৪। মরণকালে বিহিত। ৫। ব্রতবিশেষে আসক্ত। শিং — ১ "নিবেদিতো নৈষ্ঠিকোসুন্দরস্তয়া।" (কুমার)।

নৈষ্ঠুর্য্য (নিষ্ঠুর + য(ফ্য) — ভাবে) সং, ক্লীং, নিষ্ঠুরতা।

নৈসর্গিক ( নিসর্গ + ইক(ফিক) — ভবার্থে)

বিং, ত্রিং, নিসর্গজাত, স্বাভাবিক। শিং —১ "নৈসর্গিকোঽপ্যুৎসহজে বিরোধঃ।"

নৈসর্গিকবিধান (Natural Law) মানবজাতির ঐশিক নিয়মানুসারী পরস্পর ব্যবহার ব্যবস্থাপক শাস্ত্র; যথা—কেহ কাহারও হিংসা করিবেক না ইত্যাদি।

নৈস্ত্রিংশিক (নিস্ত্রিংশ খড়্গ+ইক(ষ্ণিক) —প্রয়োজনার্থে) সং, পুং, খড়্গধারী সৈন্য।

নৈহারিকনক্ষত্র (Nebulous Stars) যে সকল নক্ষত্র নীহারিকা নক্ষত্রের লক্ষণাক্রান্ত বোধ হয়।

নো (নুদ্ প্রেরণ করা+ও(ডো)—ণ) অং, না, নিষেধ। শিং—১"স ন সাধুনা কর্ম্মণা ভূয়ান্নো এবাসাধুনা কনীয়ান্।"

নোঙ্গর (যাবনিক) সং, নৌকা বন্ধকরণের লৌহযন্ত্রবিশেষ।

নোড়া (দেশজ) সং, পেষণী, ক্ষুদ্রশিলা।

নোদন (নুদ্ প্রেরণ করা ইত্যাদি+অন (অনট)—ভা) সং, ক্লীং, ছেদন। ২। নোদিত দেখ, অন(অনট)—ভা) নিবারণ; যথা—সর্ব্বপাপ নোদন। ৩। প্রেরণ। ৪। অপসারণ।

নোদিত (নোদি প্রেরণ করান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। অপসারিত।

নোধা (নব+ধা(ধাচ)—প্রকারার্থে) অং, নবপ্রকার, নবধা। শিং—১"নোধা বিধায় রূপং স্বং সর্ব্বসংকল্পবিদ্ বিভুঃ।" (ভাগবত)

নোপস্থাতা (নোপস্থাতৃ, ন না—উপ সমীপ—স্থা থাকা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, দূরস্থ, নিকটবর্ত্তী নয়। ২। হীনার্থিবিশেষ। শিং—১ "অন্যবাদী ক্রিয়াদ্বেষী নোপস্থাতা নিরুত্তরঃ।"

নোলক (দেশজ) নাসিকাভরণবিশেষ।

নৌ / নৌকা } (নুদ্ প্রেরণ করা+ঔ(ডৌ)—র্ম্ম,সংজ্ঞার্থে। কণ্—স্বার্থে,আপ্। নৌ শব্দের সহিত অন্যান্য ভাষার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=নৌ এবং নাব। গ্রীক=নৌস্। লাটিন=Navis; প্রাচীন জর্ম্মান—Nacho; বাঙ্গালি মাজিদের ভাষা—না এবং লা। ইংরেজী অর্ণবযান সমূহ অথবা রণতরি সমগ্রের নাম Navy) সং, স্ত্রীং, তরণি, জলযান। শিং—১"নোদকে শকটং যাতি ন চ নৌর্গচ্ছতি স্থলে।"

নৌকর্ণধার (নৌকর্ণ হাল—ধৃ ধারণ করা +অ(ষণ্)—ক) সং, পুং, নাবিক। শিং —১ "সুরভিমধুকুসুমানি গন্ধা বণিজো নৌকর্ণধারাশ্চ।"

নৌকর্ম্ম (নৌকর্ম্মন্, নৌ—কর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নৌকাচালন কর্ম্ম।

নৌকাকুষ্ট; সং, ক্লীং, চতুরঙ্গক্রীড়াবিশেষ।

নৌকাদণ্ড; সং, পুং, ক্ষেপণী, দাঁড়।

নৌচর (নৌ—চর গমন করা+অ(ট)—ক) বিং, ত্রিং, নৌযানে ভ্রমণশীল। শিং—১ "যাদোনাথঃ শিবজলপথঃ কর্ম্মণে নৌচরাণাম্।" (রঘু)।

নৌজীবিক (নৌ—জীবিকা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে নৌকা চালন দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

নৌতার্য্য (নৌ—তার্য্য পার হওনের যোগ্য, ৩য়া—ষ) বিং, ত্রিং, নাব্য, নৌকাগম্য।

নৌযায়ী (নৌযায়িন, নৌ—যা গমন করা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, নৌযানে নদ্যাদির পার গমনশীল।

নৌবৎ (আরবী) বাদ্যবিশেষ।

নৌবাহ (নৌ—বহ-ণি=বাহি বহন করা +অ(অন্)—ক) বিং, ত্রিং, নৌকাবাহক, দাঁড়ি।

নৌবিদ্যা; সং, স্ত্রীং, নাবিকবিদ্যা।

ন্যক্ (নি নিকৃষ্ট—অন্চ্ গমন করা+০ (ক্বিপ্)—ক) অং, নীচ, ঘৃণ্য। ২। নিম্ন, নীচু।

ন্যকারুকা; সং, স্ত্রীং, বিষ্ঠার কৃমি।

ন্যক্কার (ন্যক্—কার করণ) সং, পুং, ঘৃণা, অবজ্ঞা,অসম্মান, ধিক্কার।২। বমন, বমি।

ন্যক্ষ (নি—অক্ষ) বিং, ত্রিং, সমগ্র, সকল। ২। নীচ, নিকৃষ্ট। ৩। সং, পুং, মহিষ। ৪। পরশুরাম। ৫। ক্লীং, তৃণ।

ন্যগ্ভাব; সং, পুং, নীচত্ব।

ন্যগ্রোধ (ন্যক্ নিম্ন—রোধ [রুধ্ রোধ করা+অ(অন্)—ক] যে আবরণ করে।

যে নিম্নদেশ রোধ করে) সং, পুং, বটবৃক্ষ ২। বাহুপরিমাণ; বাঁও। ৩। (যিনি সর্ব্ব প্রাণীকে ন্যক্কার করিয়া নিজ মায়ার দ্বারা রোধ করিয়াছেন) বিষ্ণু। ৪। উগ্রসেন নৃপের পুত্র। (বহু মূল বলিয়া যে নিম্ন রোধ করে) ধী – স্ত্রীং, থুলকুড়ী গাছ।

ন্যগ্রোধপরিমণ্ডলা ; সং, স্ত্রীং, বিশালনিতম্বা ক্ষীণমধ্যা সুন্দরী অঙ্গনা। শিং – ১"স্তনৌ সুকঠিনৌ যস্যাঃ নিতম্বে চ বিশালতা, মধ্যে ক্ষীণা ভবেৎ যা সা ন্যগ্রোধপরিমণ্ডলা।" [২। নীচ। ৩। অবজ্ঞেয়।

ন্যঙ্ (ন্যনৃচ, ন্যক্ দেখ) বিং, ত্রিং, ক্ষুদ্র।

ন্যঙ্কু (নি নিয়ত – অনৃচ্ গমন করা + উ – ক, সংজ্ঞার্থে) সং, পুং, বহুশৃঙ্গ-মৃগবিশেষ। শিং – ১ "সদ্যোহতন্যঙ্কুভিরস্রদিগ্ধম্।" ২। মুনিবিশেষ। ৩। বিং, ত্রিং, নিতান্ত গমনশীল।

ন্যঞ্চ্ (নি – অঞ্চ্ গমন করা + ০(বিচ্) – ক) বিং, ত্রিং, নীচ, নিম্ন, ক্ষুদ্র। ২। (+ ০(ক্বিপ্) – র্ম্ম) অবজ্ঞেয়।

ন্যঞ্চৎ (নি – অনৃচ্ গমন করা + অৎ(শতৃ) – ক) বিং, ত্রিং, অধঃস্থ। ২। নীচ।

ন্যঞ্চিত (নি – অনৃচ্ গমন করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, নীচে ক্ষিপ্ত। ২। নিম্নীকৃত।

ন্যন্ত ; সং, পুং, চরম ভাগ।

ন্যয় (নি – ই প্রাপ্ত হওয়া + অ(অল্) – ভা) সং, পুং, নাশ। ২। অপচয়।

ন্যর্থ ( নি – ঋ গমন করা + থ(থন্) – ভা ) সং, পুং, নিকৃষ্ট গতি।

ন্যর্ব্বুদ ; সং, ক্লীং, দশগুণিত অর্ব্বুদসংখ্যা।

ন্যস্ত (নি – অস্ ক্ষেপণ করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। ২। ত্যক্ত। ৩। অর্পিত। ৪। স্থাপিত। ৫। প্রেরিত। ৬। রচিত। ৭। পাতিত। ৮। বিস্তারিত।

ন্যস্তশস্ত্র (ন্যস্ত – শস্ত্র অস্ত্র) সং, পুং, পিতৃলোক। শিং – ১ "ন্যস্তশস্ত্রা মহাভাগাঃ পিতরঃ পূর্ব্বদেবতাঃ।" ২। বিং, ত্রিং, যে অস্ত্র পরিত্যাগ করিয়াছে। শিং – ১"ন্যস্তশস্ত্রং দিলীপঞ্চ তঞ্চ শুশ্রুষুধাং প্রভুম্।"

ন্যস্য ( নি – অস্ ক্ষেপণ করা + য – র্ম্ম ) বিং, ত্রিং, স্থাপনীয়, ত্যক্তব্য। শিং – ১ "অর্জ্জুনাজ্জুর্ন বীভৎসো ন ন্যস্যং গাণ্ডিবং ত্বয়া।"

ন্যাক্য ; সং, ক্লীং, ভৃষ্ট তণ্ডুল, ভাজা চাউল।

ন্যাদ (নি – অদ্ ভক্ষণ করা + অ(ণ) – ভা) সং, পুং, আহার, ভোজন।

ন্যায় ( নি নিশ্চয় – ই গমন করা + অ (ঘঞ্) – ভা) সং, পুং, বিষ্ণু। ২। যাথার্থ্য। ৩। (+ ঘঞ্ – ণ) তর্কশাস্ত্র। ৪। ষড়্দর্শনান্তর্গত দর্শনশাস্ত্র। ৫। উদাত্ত, অনুদাত্ত স্বরিৎ—ত্রিধাস্বর। ৬। নীতি। ৭। যুক্তি। ৮। প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগমন, এই পঞ্চাবয়ববিশিষ্ট ন্যায়বাক্য। এই দর্শনমতে—চার্ব্বাকাদির মত খণ্ডিত হইয়া জগৎকারণতারূপে নিত্য পরাৎপর পরমাত্মা ঈশ্বরের সত্ত্বা নিরূপণ ও সংশয়াদি ছেদনপূর্ব্বক বেদার্থ নির্ণয় হইয়াছে। গৌতম-কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থে ইহার বিশেষ বিবৃতি আছে। শিং – ১"স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্ত বলবান্ ব্যবহারতঃ।" ৯। যুক্তিমূলক দৃষ্টান্তবিশেষ ; ইহা নানাপ্রকার, ইহাদের মধ্যে কতকগুলি প্রসিদ্ধ ন্যায় লিখিত হইতেছে ; যথা—

১। অন্ধগোলাঙ্গুলন্যায়—

এক অন্ধ শ্বশুরালয়ে গমন করিতে করিতে মাঠের মধ্যে এক গোয়ালাকে কহিল, ওহে ভাই! তুমি আমাকে আমার শ্বশুরবাড়ী লইয়া যাইতে পার? গোপ কহিল আমি অনেকের গোরু চরাই, তোমাকে লইয়া যাইতে গেলে গোরু সকল পলায়ন করিবে। অতএব আমার যাওয়া হয় না। তোমার শ্বশুরের এই গোরুটী বড় সুশীলা, ইহার লাঙ্গুল ধরিয়া যাও, এ যে বাটীতে যাইবে সেই তোমার শ্বশুর বাড়ী। অন্ধ রাখালের বাক্য শুনিয়া দৃঢ়মুষ্টিতে গোপুচ্ছ ধরিল। পরে ঐ গোরু দৃঢ়মুষ্টির চাপনে প্রমাদ ভাবিয়া অন্ধকে পদাঘাত ও কণ্টক বন দিয়া টানিয়া লইয়া যাওয়াতে ঐ অন্ধ ভগাঙ্গ ও উলঙ্গ হইয়া দুই এক দণ্ড রাত্রি সময়ে শ্বশুরবাড়ী পৌছিলে পর, শ্বশুরের চাকরেরা অন্ধকে গোচোর জ্ঞানে কিল

লাথী মারিয়া ছাড়াইয়া লইল। ইহার তাৎপর্য্য এই—মূর্খের উপদেশ কখন গ্রহণ করিবে না, করিলে এই গোপোপদিষ্ট অন্ধের ন্যায় হইতে হয়।

২। অন্ধপঙ্গুন্যায়—

এক ব্যক্তি অন্ধ দর্শনসামর্থ্যহীন আর এক ব্যক্তি পঙ্গু অর্থাৎ খোঁড়া গতিশক্তিশূন্য। দুইজনের পার্থক্যে উভয়ের ক্রিয়া সিদ্ধ হইতে পারে না। পঙ্গু অন্ধের স্কন্ধে আরোহণ করিলে যেমন উভয় সংযোগে ক্রিয়াসিদ্ধি হয় এতন্ন্যায়ে প্রকৃতি-পুরুষসংযোগে ভোগমোক্ষ ক্রিয়াসিদ্ধি হয়, বিয়োগে ক্রিয়াসিদ্ধি হয় না, ইহা সাংখ্যদার্শনিকেরা কহেন। পাতঞ্জলদার্শনিকেরা এই অন্ধপঙ্গুন্যায়ের প্রকারান্তরে বর্ণনা করেন; যথা—এক মহাপুরুষের ক্ষেত্রজ্ঞ নামে এক পঙ্গু দাস ও প্রকৃতি নামে এক অন্ধ দাসী আছে। এক দিবস মহাপুরুষ পঙ্গু দাসকে কহিলেন, আমার সংসারের ভার তোমাকে দিলাম। অন্য সময়ে অন্ধদাসীকেও তদ্রূপ আজ্ঞা দিলেন। পরে খোঁড়া ভৃত্য প্রভুর আজ্ঞা পাইয়া আমি খোঁড়া কি প্রকারে সংসার নির্ব্বাহ করিব, এই চিন্তায় উদ্বিগ্ন হইয়া বসিয়া আছে, এমত সময়ে ঐ অন্ধদাসীও তাদৃশ ভাবনায় ভাবিত হইয়া তাহার নিকট বসিল। এতদ্রূপে কাকতালীয় ন্যায়ে অথবা অজাকৃপানক্রীয় ন্যায়ে উভয়ে সহবাস হওয়াতে অন্যোন্যের বিষয় অন্যোন্য অবগত হইয়া দুইজনে যুক্তি করিয়া পঙ্গু-দাস অন্ধদাসীর স্কন্ধে আরোহণ করিয়া পরস্পর সাহায্যে প্রভুর আজ্ঞানুসারে তাঁহার সংসারের সকল কর্ম্ম করিতে লাগিল।

৩। নষ্টাশ্বদগ্ধরথন্যায়—

দুই জন রথে চড়িয়া এক বনের মধ্যে প্রবেশ করিল। দৈবাৎ সেই কাননে দাবানল দ্বারা এক জনের রথ অন্যজনের অশ্ব পুড়িয়া গেল। এতদ্রূপে একজন নষ্টাশ্ব, অন্যজন দগ্ধরথ হইয়া কাননে থাকে। এক দিবস দৈবাৎ দুইজনে দেখা হইল। অনন্তর উভয়ে যুক্তি করিয়া এক জনের রথে অন্যের অশ্ব যোজনা করিয়া অনায়াসে পরম সুখে গন্তব্য দেশ পাইল। এবং বিধ ন্যায়ে নিষ্কাম শুদ্ধ ধর্ম্মরূপ রথে জ্ঞানরূপ অশ্ব সংযোজিত করিয়া মানব অনায়াসে পরমসুখে অবশ্যপ্রাপ্তব্য পরমেশ্বরকে পাইবে ইহা প্রাচীন বৈদান্তিকেরা কহিয়াছেন।

৪। লাজাবন্ধনন্যায়—

এক ক্ষুধার্থ ব্যক্তি ক্ষুধায় কাতর হইয়া এক স্তম্ভেতে ঠেস দিয়া দাঁড়াইয়াছিল। ইতোমধ্যে এক পুরুষ কতকগুলি খৈ আনিয়া ক্ষুধার্ত্তকে কহিল অঁাজলা পাত, আমি কিছু খৈ দি। তাহাতে ক্ষুধার্ত্ত অতিব্যগ্র হইয়া তাড়াতাড়ি করিয়া থামের দুই পার্শ্ব দিয়া অঞ্জলি পাতিলে সেই পুরুষ অঞ্জলিমধ্যে খই দিয়া চলিয়া গেল। অনন্তর ঐ ব্যক্তি মুখ বাড়াইয়া না খাইতে পারে, না অন্যকে দিতে পারে, না ত্যাগ করিয়া বন্ধনমুক্ত হইতে পারে, অল্পে অল্পে লাজা সকল বাতাসে উড়িয়া যাইতে থাকে, তথাপি আমি এই খই খাইব এই দৃঢ়তর প্রত্যাশাতে হস্তদ্বয়ের বন্ধনমুক্ত করিতে না পারিয়া খইয়াবন্ধনে বদ্ধ হইয়া থাকে। এতাদৃশ ন্যায়ে মানবেরা এক অঞ্জলি খই খাইবার ন্যায় অতিতুচ্ছ সাংসারিক ভোগ প্রত্যাশায় এ সংসারে বদ্ধ হইয়া থাকে, ইহা বেদান্তবিদ্ পণ্ডিতেরা কহেন।

৫। অর্দ্ধজরতীয় ন্যায়—

এক উদারস্বভাব বৃদ্ধ ব্রাহ্মণ দুরবস্থায় পড়িয়া আপনার একটি গোরুকে প্রতিহাটে লইয়া যান, ক্রেতারা বয়স জিজ্ঞাসা করিলে ব্রাহ্মণ (মনুষ্যের যেমন অধিক বয়স হইলে প্রাচীন জানিয়া তাহাকে অন্যাপেক্ষা কিছু অধিক দেয়, তেমনি যদি আমি এই গোরুর অধিক বয়স বলি তাহা হইলে অধিক মূল্য হইতে পারিবে, ব্রাহ্মণের মনে মনে এইরূপ স্থির ছিল) কহেন আমার এ পৈতৃক-গো অতি প্রাচীনা। ব্রাহ্মণের এই

বাক্য শুনিয়া ক্রেতারা ফিরিয়া ফিরিয়া যায়। ব্রাহ্মণও প্রতিহাটে গোরু লইয়া যান। এক দিবস কোন ব্যক্তি ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিল, আপনি ত প্রতিহাটে গোরু লইয়া আইসেন, বিক্রয় করেন না কেন? ব্রাহ্মণ আপনার মনোগত ভাব ও ক্রেতাদের নিকট যাহা বলিতেন সমুদয় তাঁহার নিকট বলিলেন। তাহা শুনিয়া ঐ ব্যক্তি বলিল আপনি এ গোরুকে প্রাচীনা কহিবেন না, এক বিয়ানের গাই, অনেক দুদ দেয় কহিবেন, তাহা হইলে গাই বিক্রয় হইবে। পূর্ব্বে আমি এই গাইকে প্রাচীনা কহিয়াছি এক্ষণে তরুণী কি প্রকারে কহিব, এই বিরোধোদ্ভাবন করিয়া ব্রাহ্মণ এই নির্ণয় করিলেন যে এ গো আত্মাংশে [কেননা আত্মা পুরাণ পুরুষ] জরতী, শরীরাংশে তরুণী হইতে পারে, অতএব এ গোকে অর্দ্ধজরতী কহিতে পারি। ব্রাহ্মণ এইরূপ তত্ত্ববিচারে স্থির করিলে পর, এক ক্রেতা উপস্থিত হইয়া ব্রাহ্মণকে গোর বিষয় জিজ্ঞাসা করিল। ব্রাহ্মণ কহিলেন ওহে বাপু! আমার এ গোটী অর্দ্ধজরতী ও অর্দ্ধতরুণী। ক্রেতা হাস্য করিয়া ব্রাহ্মণকে বিষয়মূর্খ স্থির করিয়া গোরুকে লইয়া গেল। অর্দ্ধকুক্কুটীয় ন্যায়ও এইরূপ, বিশেষ এই, অর্দ্ধজরতীয় ন্যায়ে ব্রাহ্মণ পণ্ডিত। অর্দ্ধকুক্কুটীয় ন্যায়ে মুসলমানের মোল্লা। পণ্ডিতেরা এই ন্যায়ের উদাহরণ এই স্থলে দেন, যেখানে বাদী প্রতিবাদীগণের মত কিছু গ্রহণ করা কিছু গ্রহণ না করা।

৬। গতানুগতিকন্যায়—

কতকগুলি ব্রাহ্মণ তর্পণের কোশা তটে রাখিয়া গঙ্গায় অবগাহন করেন। স্নান করিয়া যখন তর্পণের নিমিত্ত কোশা লন, তখন কে কাহার কোশা লন নিশ্চয় থাকে না, এইরূপে কোশা বদল প্রায় প্রত্যহ হয়। এক দিবস এক বৃদ্ধ ব্রাহ্মণ ঐরূপ বিনিময় হয় দেখিয়া নিজ কোশাতে একটি বালুকাপিণ্ড রাখিয়া স্নানার্থ গমন করিলেন। অন্যান্য ব্রাহ্মণেরাও দেখাদেখি নিজ নিজ কোশাতে বালির ডেলা রাখিয়া অবগাহন করিতে গেলেন। পরে ঐ বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া দেখেন যে, সকল কোশাই এক চিহ্নে চিহ্নিত। ইহাতে বৃদ্ধ হাস্য করিয়া কহিলেন আহা এ বড় আশ্চর্য্য! সকল লোকই গতানুগতিক অর্থাৎ দেখাদেখি কর্ম্ম করে, বস্তুতঃ যাথার্থ্য কেহ বিবেচনা করে না। যদি বুদ্ধিপূর্ব্বক করিত তবে একাকার চিহ্ন দিত না। এতদ্রূপে প্রায় সকল লোকেই গড্ডলিকাপ্রবাহন্যায়ে কিংবা অন্ধপরম্পরা ন্যায়ে এই সংসারান্ধকূপে পড়িয়া থাকে।

৭। গড্ডলিকাপ্রবাহন্যায়—

পালের মধ্য হইতে যদি একটি গড্ডলিকা জলে পড়ে, তবে সকল গুলাই জলে পড়ে, এইরূপে একজন প্রধান যাহা করে অন্যে তাহা দেখিয়া করে, যাথার্থ্য কেহ বিবেচনা করে না।

৮। অন্ধপরম্পরান্যায়—

শ্রেণীবদ্ধ অন্ধদের মধ্যে যদি এক অন্ধ গর্ত্তে পড়ে, তবে সকলেই জড়াজড়ি করিয়া তাহাতেই পড়ে, কেহ বিশেষ বিবেচনা করে না।

৯। বকাণ্ডপ্রত্যাশান্যায়—

নদীতীরস্থ মৎস্যাকাঙ্ক্ষী বকাবলী সরিৎতট ত্যাগ করিয়া বৃষসকলের লম্বমান অণ্ডকোষদ্বয়কে সফরী মৎস্য জ্ঞান করিয়া অণ্ডকোষ খসিয়া পড়িলেই খাইবে এই প্রত্যাশাতে বৃষভের পশ্চাৎ পশ্চাৎ গমন করে। অসম্ভাবিত দৃঢ়তর দুরাশাতে বদ্ধ হইয়া বৃষপদাঘাতে বরং নষ্ট হয় তথাপি বৃষের পশ্চাৎ গমন করিতে ছাড়ে না। এ কথার তাৎপর্য্য এই—এ জীবলোক পরমেশ্বরের উপাসনা ত্যাগ করিয়া এতাদৃশ বকাণ্ড-প্রত্যাশারূপ বিষয়-প্রত্যাশাতে নষ্ট হইতেছে।

১০। অন্ধহস্তীন্যায়—

কতকগুলি অন্ধ হস্তী স্পর্শ করিয়া হস্তীর ভিন্ন ভিন্ন আকার স্থির করিল। যে পাদ-

স্পর্শ করিয়াছে সে বলে হস্তী স্তম্ভাকার, যে শুণ্ড স্পর্শ করিল সে বলে হস্তী সর্পাকার, যে উদর স্পর্শ করিয়াছে সে বলে হস্তী ঢাকের মত, যে পুচ্ছ স্পর্শ করিয়াছে সে বলে হস্তী গোলাঙ্গুলাকার, যে কর্ণস্পর্শ করিয়াছে সে বলে হস্তী কুলার মত। অন্ধেরা ঐরূপে বিবাদ করিতেছে এমত সময়ে এক বৃদ্ধ ব্রাহ্মণ বলিলেন তোমরা বিবাদ করিও না, আমি তোমাদের বিবাদ ভঞ্জন করিয়া দিব। প্রত্যেকেই তোমরা হস্তীর এক এক দেশ স্পর্শ করিয়াছ। যাহা তোমরা বলিতেছ তাহা যথার্থই বটে, কিন্তু একজাতি বস্তু নানাপ্রকার হইতে পারে না। ঢাকের ন্যায় উদর, স্তম্ভের ন্যায় পাদ ইত্যাদি—এতাদৃশস্বরূপ হস্তীজাতি জানিও। এতাদৃশ ন্যায়ে বেদান্তীরা বৈশেষিক নৈয়ায়িক মীমাংসক সাংখ্য পাতঞ্জলরূপ পঞ্চদার্শনিক নির্ণীত জগৎকারণ পরমেশ্বরের যে একৈকদেশ তাহার সত্তবানুসারে সঙ্কলন করিয়া জগৎকারণ একরূপ পরমেশ্বর স্থির করিয়াছেন।

১১। দশমন্যায়—

দেশান্তর যাইবার মানসে দশজন একত্র হইয়া এক নদী পার হইল। পরপারে গিয়া তাহারা পরস্পর বলিল দেখ ত আমরা দশজন আসিয়াছি কি না? তাহাতে এক জন আপনাকে ছাড়িয়া নয় জন গণনা করিল, দশম নাই বলিল, পরস্পর সকলেই আপনাকে ছাড়িয়া গণনা করাতে দশম নাই এই চিন্তায় মহা ব্যাকুল হইয়া বসিয়া আছে, ইতিমধ্যে এক আত্মদর্শী আসিয়া উহাদের তাবৎ বৃত্তান্ত শ্রবণ করিয়া উহাদের মধ্যে যে দশম আছে তাহা বিশেষরূপে বুঝাইয়া দিলেন। এতাদৃশ ন্যায়ে এ জীবদের বিশ্বাত্মা পরমেশ্বরের বিস্মরণ ও তৎপ্রযুক্ত বাহ্যবিষয়ের নিমিত্ত শোক সন্তাপ হয়। পরে গুরু বেদান্ত বাক্য শ্রবণাধীন পরমেশ্বরের সাক্ষাৎকার ও তৎপ্রযুক্ত সুখরূপ মোক্ষ প্রাপ্তি হয়, [illegible] বেদান্তীরা কহেন।

১২। উষ্ট্রকণ্টকভোজনন্যায়—

উষ্ট্র যেমন শমীকণ্টক ক্ষত জন্য বহুদুঃখ সহনপূর্ব্বক কিঞ্চিৎ সুখজনক সপত্র শমীকণ্টক ভোজন করে, তেমনি লোকেরা সাংসারিক কিঞ্চিৎ সুখ জন্য বহু কষ্ট ভোগ করে।

১৩। কদম্বগোলকন্যায়—

যেমন কদম্বকুসুমগ্রন্থিতে প্রস্ফুটিত কেশরসমূহ একৈক পুষ্পরূপে প্রকাশ পায়, তেমনি কণ্ঠতালু প্রভৃতি স্থানেতে উচ্চারিত বর্ণ সমূহালম্বনজ্ঞান একৈকপদ বুদ্ধিরূপে প্রকাশিত হয়। ইত্যাকারক কদম্বগোলক ন্যায়ে শব্দোৎপত্তি হয়। প্রস্ফুটিত কদম্বপুষ্প গোলাকার হইয়া থাকে; তাহার গাত্রের সর্ব্বদিকে যে সমস্ত কেশর উৎপন্ন হয় তৎসমুদায়ই এককালে সমভাবে বর্দ্ধিত হইতে থাকে, সুতরাং কি অল্পবয়স্ক কি অধিকবয়স্ক কি ছোট কি বড় সকল কদম্বপুষ্পই ক্ষুদ্রাবস্থা অবধি বৃহদবস্থা পর্য্যন্ত গোলাকার হইয়াই উৎপন্ন হয়। যখন কোন এক বস্তু বা বিষয়ের সর্ব্বদা একভাব থাকে কালে অবয়ব পরিবর্ত্তিত হয় না, তখন তাহাকে কদম্বগোলক ন্যায় শব্দ প্রযুক্ত হয়।

১৪। বীচিতরঙ্গন্যায়—

যেমন বায়ুহেতু জলাভিঘাতে ভিন্ন ভিন্ন সূক্ষ্ম ক্ষণে পরপর উত্তোলিত যে কিঞ্চিৎ কিঞ্চিৎ জল তৎসমুদায় একৈক তরঙ্গরূপে আবির্ভূত হয়, তেমনি কোষ্ঠস্থ বায়ু কণ্ঠতাল্বাদি স্থানাভিঘাতে পৃথক্ পৃথক্ ক্ষণে উত্তরোত্তর উচ্চারিত যে একৈক বর্ণ তৎসমুদায় একৈক পদরূপে প্রকাশ পায়। ইহাকেই বীচিতরঙ্গ ন্যায়ে শব্দোৎপত্তি করিয়া ন্যায়শাস্ত্রে কহিয়াছেন।

১৫। করকঙ্কণন্যায়—

কঙ্কণ শব্দ দ্বারা করের ভূষণবিশেষ বোধ হইলেও কর শব্দ পূর্ব্বক কঙ্কণ দ্বারা করসংলগ্ন কঙ্কণকে বুঝাইল।

১৬। কাকাক্ষিগোলকন্যায়—
কাকের একটি মাত্র চক্ষুর্গোলক উভয় চক্ষুর বিষয়ীভূত হইয়া উভয় চক্ষুর কার্য্য-কারক হইতেছে।

১৭। কূর্ম্মাঙ্গন্যায়—
কচ্ছপ যেমন স্বেচ্ছাক্রমে নিজ অঙ্গ সকল প্রসারণ এবং সংকোচ করে, তদ্রূপ।

১৮। কৈমুতিকন্যায়—
যে ভার দুর্ব্বলেও বহন করিতে পারে, সে ভার অবশ্যই বলবান্ ব্যক্তি বহন করিতে পারিবেক।

১৯। খলেকপোতন্যায়—
বৃদ্ধ যুবা শিশু কপোতসকল যেমন এককালে খলে পতিত হয়, তেমনি সকল পদার্থ এককালে পরস্পর অন্বয়বিশিষ্ট হয়।

২০। গোবলীবর্দ্দন্যায়—
বলীবর্দ্দ শব্দ দ্বারা মহাবৃষভ বোধ হইলেও গোশব্দ পূর্ব্বক বলীবর্দ্দ শব্দ দ্বারা শীঘ্র মহাবৃষভকে বুঝাইল।

২১। চালনীন্যায়—
যেমন চালনী ঘুরাণ দ্বারা তণ্ডুলাদির স্থানান্তর পতন হয়, তদ্রূপ।

২২। দগ্ধপত্রন্যায়—
পত্র সকল দগ্ধ হইয়া গেলে বস্তুতঃ তাহাদের পত্রত্ব থাকে না, কিন্তু পূর্ব্বাকার দ্বারা অবস্থানজ্ঞানমাত্র থাকে।

২৩। দণ্ডচক্রাদিন্যায়—
একধর্ম্মাবচ্ছিন্ন ঘটত্বাদির প্রতি যেমন দণ্ডচক্র প্রভৃতির কারণত্ব আছে।

২৪। দণ্ডাপূপন্যায়—
পিষ্টকসংলগ্ন দণ্ডের এক দেশ যদি ইন্দুরে খাইয়াছে দেখা যায়, তবে অবশ্যই বোধ হইবে যে, পিষ্টক খানিও ইন্দুরে খাইয়াছে।—কোন গৃহস্থ একটী দণ্ডে এক অপূপ অর্থাৎ একখানি পিষ্টক বিদ্ধ করিয়া গৃহের এক কোণে স্থাপন পূর্ব্বক কার্য্যোপলক্ষে বাটী হইতে বহির্গত হইয়াছিলেন। সেই কোণে এক মূষিকের বিবর ছিল, তথায় এক মূষিক থাকিত। মূষিক গর্ত্ত হইতে বহির্গত হইয়া দেখিল যে, তথায় এক পিষ্টক রহিয়াছে। পিষ্টক দেখিবামাত্র মূষিক নিজ নৈসর্গিক লোলুপতাবশতঃ পিষ্টকটী ভক্ষণ করিল, এবং দণ্ডের যে অংশে পিষ্টক সংলগ্ন ছিল, পিষ্টক সঙ্গে সেই দণ্ডেরও কিয়দংশ ভক্ষণ করিল। অনন্তর গৃহস্থ আসিয়া গৃহমধ্যে প্রবেশ করিয়া দেখিলেন, পিষ্টকখান তথায় নাই, এবং দণ্ডের কিয়দংশ ইন্দুরদন্তক্ষত হইয়া পতিত রহিয়াছে। দেখিয়া মনে মনে কহিতে লাগিলেন, যখন মূষিক দণ্ডের একাংশ ভক্ষণ করিয়া ফেলিয়াছে, তখন অবশ্যই পিষ্টকটী খাইয়া থাকিবে তাহার কোন সন্দেহ নাই; কারণ, দণ্ড পিষ্টক অপেক্ষা অনেক কঠিন, যখন তাহাই খাইতে মূষিকের ক্ষমতা হইল, তখন সুকোমল অপূপ অগ্রে না খাইয়া যে ইহা খাইবে এমত সম্ভব হয় না। এই প্রকারে কোন দুষ্কর কার্য্যে সিদ্ধি দেখিয়া কোন সুসাধ্য কার্য্যের সিদ্ধি অনুভূত করাকেই লোকে "দণ্ডাপূপন্যায়" কহিয়া থাকে।

২৫। পঙ্কপ্রক্ষালনন্যায়—
পঙ্ক লেপন করিয়া প্রক্ষালন করা অপেক্ষা পঙ্ক লেপন না করাই শ্রেয়ঃ।

২৬। রাজপুরপ্রবেশন্যায়—
বিশৃঙ্খল গমনাসহিষ্ণু রক্ষিবর্গসম্মুখে রাজপুরে যেমন লোকদের শ্রেণীরূপে প্রবেশ।

২৭। লূতাতন্তুন্যায়—
লূতা মাকড়সা। যেমন সূত্র উৎপাদন করিয়া জাল রচনা করে এবং তাহা হরণ করে, তদ্রূপ।

২৮। বীজাঙ্কুরন্যায়—
অগ্রে বীজ তারপর অঙ্কুর, কি অগ্রে অঙ্কুর তারপর বীজ এইরূপ অনির্ণয় বশতঃ বীজাঙ্কুরপ্রবাহ অনাদি।

২৯। শঙ্খবেলান্যায়—
যেমন কোন ব্যক্তি শঙ্খ শব্দ দ্বারা বেলা বিশেষ নির্ণয় করে।

৩০। শতপত্রভেদন্যায়—

উপরি উপরি স্থিত শতসংখ্যক পত্রের সূচী দ্বারা এককালেই ভেদ হইতেছে এমত ভ্রম হইতেছে, কিন্তু বস্তুতঃ একটি পত্রের ভেদের অনন্তর অপর পত্রের ভেদ হইতেছে।

৩১। শৃঙ্গগ্রাহিতান্যায়—

দুর্দ্দান্ত বৃষভাদির প্রথমতঃ কৌশল দ্বারা একটি শৃঙ্গ গ্রহণ পশ্চাৎ অপর শৃঙ্গ গ্রহণ।

৩২। সর্ব্বাপেক্ষান্যায়—

বহু নিমন্ত্রিতের মধ্যে একজন আগমন করিলে যেমন তাহাকে ভোজনীয় দান করা যায় না সকলের অপেক্ষা করিতে হয়, তদ্রূপ।

৩৩। সূচীকটাহন্যায়—

যেমন স্বল্পশ্রমসাধ্য সূচী-নির্ম্মাণের অনন্তর বহুশ্রমসাধ্য কটাহ নির্ম্মাণ করা যায়।—একদা এক ব্যক্তি একজন কর্ম্মকারের বিপণীতে উপস্থিত হইয়া কহিল, "ওহে কর্ম্মকার! তুমি অন্যান্য কর্ম্ম পরিত্যাগ করিয়া ত্বরায় আমাকে একখানি কটাহ নির্ম্মাণ করিয়া দেও, কটাহ না পাইলে আমার বিস্তর ক্ষতি হইবে।" এই কথা বলিতেছে এমন সময়ে আর এক ব্যক্তি, তথায় আসিয়া একটী সূচীনির্ম্মাণার্থে কর্ম্মকারকে অনুরোধ করিল। কর্ম্মকার ক্ষণকাল চিন্তা করিয়া পূর্ব্বোক্ত কটাহ-ক্রেতাকে সম্বোধন করিয়া কহিল, "মহাশয়! আপনি ক্ষণেককাল বিশ্রাম করুন, ইহাকে একটী সূচী প্রস্তুত করিয়া দিয়া পরে আপনকার কটাহ নির্ম্মাণ করিতেছি।' এই কথায় কটাহ-ক্রেতা কিয়ৎকাল বসিয়া বিশ্রাম করিল। কর্ম্মকার সূচীটী নির্ম্মাণ করিয়া দিয়া তাঁহাকে কটাহ প্রস্তুত করিয়া দিল, এই প্রকারে কোন বহুকালসাধ্য বা কষ্টসাধ্য কর্ম্ম স্থগিত রাখিয়া অল্পকালসাধ্য বা অল্পশ্রমসাধ্য কর্ম্ম সম্পাদন করাকে লোকে "সূচীকটাহ ন্যায়" কহিয়া থাকে

৩৪। স্থবিরলগুড়ন্যায়—

বৃদ্ধের হস্তস্থ যষ্টি যেমন কখন লক্ষ্য স্থানে পড়ে, কখন বা নাও পড়ে, তদ্রূপ।

৩৫। কাকতালীয়ন্যায়—

পক্ক তালোপরিস্থ কাক উড়িয়া যাইবামাত্র যদি তৎকালেই পক্কতাল পতিত হয়, তবে লোকে বলে কাকে তাল ফেলিয়া দিয়াছে কিন্তু বাস্তবিক তাহা নহে, সুপক্ক তালের পতনসময় হওয়াতেই তাহা পতিত হইয়াছে।—এক পর্য্যটক ক্ষুধায় কাতর হইয়া এক বৃক্ষতলে উপবেশন করিলেন; দেখিলেন সম্মুখে একটী তাল-বৃক্ষে কতকগুলি তালফল পাকিয়া রহিয়াছে। তখন মনে মনে ভাবিতে লাগিলেন যদি একটী তাল পতিত হয়, তাহা হইলে, আমার বিলক্ষণ ক্ষুন্নিবৃত্তি হয়। ইতিপূর্ব্বে ঐ বৃক্ষে একটী কাক বসিয়াছিল। কোন কারণে সে তথা হইতে উড়িয়া গেল, কাক যেমন উড়িয়া গেল, অমনি একটী তাল পতিত হইয়া পর্য্যটকের অভীষ্ট সি[illegible] করিল। তিনি এই 'কাক ও তালের' ব্যাপার দর্শনে আশ্চর্য্যাবিষ্ট হইলেন; মনে করিতে লাগিলেন, কি আশ্চর্য্য! বোধ হয়, কাক উড়িয়া গেল বলিয়াই তাল পতিত হইল।" কিন্তু বাস্তবিক কাক কোন হেতুবশতঃ উড়িয়া গেল, এবং তৎকালেই তালের পতনকাল উপস্থিত হওয়াতে তাল পড়িল। লোকে ইহাকে কাকতালীয় ন্যায় বলিয়া থাকে। ইহাতে তালপতনের প্রতি কাকের বাস্তবিক কারণতা না থাকিলেও আপাততঃ কাককেই কারণ বোধ হইতেছে। যে যে স্থলে এইরূপ ঘটনা হয় অর্থাৎ কারণ ভিন্ন অন্যকে কোন কার্য্যের কারণ বলিয়া ভ্রম হয়, সেই সকল স্থলে "কাকতালীয় ন্যায়" ঘটিয়া থাকে।

৩৬। মণ্ডূকপ্লুতন্যায়—

মণ্ডূক ব্যাং। প্লুত লম্ফ। মণ্ডূক যেমন লাফিয়া লাফিয়া গমন করে, তদ্রূপ।

৩৭। সিংহাবলোকনন্যায়—
সিংহ যেমন সমীপস্থ বস্তু না দেখিয়া দূরস্থ বস্তু অবলোকন করে, তদ্রূপ।

৩৮। গঙ্গাস্রোতোন্যায়—
গঙ্গার স্রোতঃ যেমন একাদিক্রমেই চলিতেছে, তদ্রূপ।

৩৯। নরাঙ্কিতন্যায়—
কোন নগরে এক ধনবান্ ব্যক্তি শক্তিমন্ত্রে উপাসক ছিলেন। গঙ্গাধর নামে এক ব্রাহ্মণ তাঁহার পুরোহিত ছিলেন। ঐ শাক্তব্যক্তি পুরোহিতকে ডাকিয়া কহিলেন, "মহাশয়! আপনি এই টাকাটীর ভাল সন্দেশ লইয়া কালী মায়ের পূজা দিয়া আসুন।" গঙ্গাধর সন্তুষ্টচিত্তে টাকাটী লইয়া কালী-মন্দির প্রতি কিয়দ্দূর গমনানন্তর পথের ধারে এক দোকানে সন্দেশ কিনিয়া ভাবিলেন, "যদি এই সন্দেশ লইয়া মায়ের মন্দিরে প্রবেশ করি, তাহা হইলে, দেবলেরা সমুদায় সন্দেশই লইবেক, কেবল প্রসাদস্বরূপ একটীমাত্র আমাকে দিবেক। অতএব তাহা না করিয়া এই দোকানে বসিয়াই মাকে নিবেদন করিয়া দি, এবং সমুদায় প্রসাদই জলযোগ করি।" গঙ্গাধর সন্দেশের লোভ সম্বরণ করিতে না পারিয়া সেইরূপ করিতেই উদ্যত হইলেন, কিন্তু মন্দিরে প্রবেশ না করিলে পাছে মায়ের কোপ জন্মে, মনে মনে এইরূপ বড়ই শঙ্কিত হইতে লাগিলেন। এমত সময়ে পথিমধ্যে এক ব্যক্তি কোন এক ব্যক্তিকে উচ্চৈঃস্বরে কহিয়া উঠিল, "ওরে গঙ্গাধর! কাকে দিলি রে!!!"। পুরোহিত গঙ্গাধর সন্দেশ নিবেদনের জন্যে জলগণ্ডূষ গ্রহণ করিতেছিলেন, ঐ শব্দ কর্ণগোচর হইবামাত্র আর নিবেদন করিতে পারিলেন না, ভয়ে হাত খানি থরথর কাঁপিতে লাগিল, গণ্ডূষ-জল গলিত হইয়া পড়িয়া গেল। সমস্ত সন্দেশ আত্মসাৎ করিতে পারিলেন না, মন্দিরমধ্যে প্রবেশ করিতেই হইল। এস্থলে নরাঙ্কিত ন্যায় ঘটিয়াছে। নর শব্দে মনুষ্য; অঙ্কিত শব্দে সঙ্কেত। কোন মনুষ্য দেনা পাওনা সম্পর্কে কোন ব্যক্তিকে ঐ কথা বলিয়াছিল, কিন্তু পুরোহিত হঠাৎ মনে করিলেন, বুঝি কালী নর দ্বারা সঙ্কেত করিয়া আমাকে শাসন করিলেন।—

ন্যায়পথ; সং, পুং, নীতিসম্মত পথ। ২। মীমাংসাশাস্ত্র।

ন্যায়পরতা (ন্যায়পর+তা—ভাবে) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা যাথার্থ্যের নিরূপণ হয়।

ন্যায়বিরুদ্ধ (Absurd) প্রত্যক্ষ প্রমাণের বিসংবাদী, যুক্তিবিরুদ্ধ, অসম্ভব।

ন্যায়বৃত্ত; সং, ক্লীং, শাস্ত্রবিহিতাচার। ২। বিং, ত্রিং, শাস্ত্রবিহিতাচারী।

ন্যায়সারী (—সারিন্, ন্যায়—স্থ গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যুক্তিপূর্ব্বক কর্ম্মকারী।

ন্যায়ী (ন্যায়িন্, ন্যায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ন্যায়বান্, ন্যায়পর।

ন্যায্য (ন্যায়+য(ঞ্য)—অনপেতার্থে) বিং, ত্রিং, যথার্থ। ২। উচিত। ৩। যোগ্য। শিং—১ "নহ্যেকো বহুভির্বীরৈর্ন্যায্যো-যোধয়িতুং যুধি।"

ন্যাস (নি—অস্ ক্ষেপণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিক্ষেপ। ২। গচ্ছিতকরণ। ৩। বিন্যাস, রাখা। ৪। ত্যাগ। শিং—১ "কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।" ৫। অর্পণ; যথা—পদন্যাস। ৬। নাসিকা ধরিয়া নিশ্বাসের পূরণ স্থিরীকরণ ও রেচনপূর্ব্বক মন্ত্রপ্রয়োগ; যথা—অঙ্গন্যাস করাঙ্গন্যাস মাতৃকান্যাস প্রভৃতি। ৭। সন্ন্যাস। শিং—১ "বক্ত্যে বিবিদিষান্যাসং বিদ্বন্ন্যাসঞ্চ ভেদতঃ।" ৮। (+ঘঞ্—কর্ম্ম) গচ্ছিতবস্তু। ৯। বৃত্তিব্যাখ্যান গ্রন্থবিশেষ। শিং—১ "অমুৎসূত্র পদন্যাসা সদ্বৃত্তিঃ সন্নিবন্ধনা।" ১০। সঙ্গীতে—কোন রাগারম্ভে যে সুরের ব্যবহার হয়, তাহার নাম গ্রহ, রাগের বিশ্রামক যে সুর, তাহার নাম ন্যাস। শিং—১ "ন্যাসঃ স্বরস্তু বিজ্ঞেয়ো যস্তু রাগসমাপকঃ।"

ন্যাসিক ( ন্যাস+কণ্—যোগ, ই—আগম ) বিং, ত্রিং, ন্যাসকারী, যে কোন বস্তু গচ্ছিত রাখে।

ন্যাসী ( ন্যাসিন্, ন্যাস+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ত্যাগশীল, সন্ন্যাসধর্ম্মাবলম্বী।

ন্যুঙ্খ (নি—উন্থ্ গমন করা+অ—প্রং) বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। ২। সং, পুং, সামবেদের অন্তভূত প্রণবষট্ক।

ন্যুব্জ (নি না—উব্জ্ ঋজু হওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, রোগের দ্বারা যাহার পৃষ্ঠদেশ বক্র হইয়া অধোমুখ হইয়াছে, কুব্জ। ২। বক্র। ৩। অধোমুখ, উপুড়। লিং—১"প্রথমে পাত্রে সংস্রবান্ সমবনীয় পাত্রং ন্যুব্জং কুর্য্যাৎ পিতৃভ্যঃ স্থানমসীতি।" ৪। (Convex) যাহা গোল বস্তুর বাহিরের দিক্। ৫। সং, পুং, হাতা। ৬। ক্লীং, কামরাঙ্গা ফল।

ন্যুব্জখড়্গ; সং, পুং, বক্র খড়্গ, বাঁকা তরবার।

ন্যূন ( নি—ঊন্ কম হওয়া+অ—প্রং ) বিং,ত্রিং, অল্প,কম। ২। নীচ। ৩। ক্ষুদ্র।

ন্যূনতা (ন্যূন+তা—ভাবে) সং, স্ত্রীং, অল্পতা। ২। ক্ষুদ্রত্ব। লিং—১ "যঃ পিত্রা সমুপাত্তানি ধনবীর্য্যযশাংসি বৈ। ন্যূনতাং নয়তি প্রাজ্ঞাস্তমাহুঃ পুরুষাধমম্।"

নৃস্থিমালী (নৃস্থিমালিন্, নৃ মনুষ্য—অস্থি হাড়—মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। ২। বিং, ত্রিং, নরাস্থিমালাধারী।

# প

প ; ব্যঞ্জন বর্ণের একবিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। (পা পালন করা +অ(ড) – ক) সং, পুং, রাজা। ২। পাতা। ৩। (পা পান করা + অ(ড) – ভাবে) পান। ৪। (পিড় পড়া + অ(ড) – ক) বায়ু। ৫। অণ্ড। ৬। পত্র। ৭। রক্ষা। ৮। (পা পান করা, পালন করা + ড – ক) বিং, ত্রিং, যে পালন করে। ১০। যে পান করে। (ইহা কোন শব্দের পর প্রযুক্ত হয় ; যথা—গোপ, মধুপ ইত্যাদি)।

পইঠা, পৈঠা (সোপানার্থ পদার শব্দজ কি ?) সং, সিঁড়ি, ধাপ।

পঁহছন (দেশজ) সং, আগমন, উত্তরণ।

পঁইত্রিশ (পঞ্চত্রিংশৎ শব্দজ) বিং সংখ্যা-বিশেষ, ৩৫।

পঁচাত্তর (পঞ্চসপ্ততি শব্দজ) বিং, সংখ্যা-[বিশেষ, ৭৫।

পঁচানব্বই (পঞ্চনবতি শব্দজ) বিং, সংখ্যা-বিশেষ, ৯৫।

পঁচাশী (পঞ্চাশীতি শব্দজ) বিং, সংখ্যা-[বিশেষ, ৮৫।

পঁচিশ (পঞ্চবিংশতি শব্দজ) বিং, সংখ্যা-বিশেষ, ২৫।

পঁয়তাল্লিশ (পঞ্চচত্বারিংশৎ শব্দজ) বিং, [সংখ্যাবিশেষ, ৪৫।

পঁয়ষট্টি (পঞ্চষষ্টি শব্দজ) বিং, সংখ্যা-বিশেষ, ৬৫।

পক্কণ (পক্ [পচ্ পাক করা + ০(ক্বিপ্) – র্ম] পচ্যমান – কণ ধান্যাদির অংশ, ৭মী – হিং। অথবা পচ্ পাক করা + কণ্ – ধি। চ স্থানে ক) সং, পুং, চণ্ডালগৃহ। ২। শবরালয়, ব্যাধের বাসস্থান। ৩। পুং, অগ্নি।

পক্তা (পক্তৃ, পচ্ পাক করা + তৃ(তৃন্) – ক) বিং, ত্রিং, পাচক, পাককর্ত্তা। ২। পুং, অগ্নি।

পক্তি (পচ্ পাক করা + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, রন্ধন, পাক। ২। পাকা।

পক্তিশূল ; সং, ক্লীং, অন্নাদি পাককালে জায়মান শূল রোগবিশেষ।

পক্ত্র (পচ্ পাক করা + ত্র – ণ) সং, ক্লীং, গার্হপত্য অগ্নি।

পক্তিম (পচ্ পাককরা + ত্রিমক্ – ক) বিং, ত্রিং, পাকিম, পরিপাক দ্বারা জাত, পক।

পক্ব (পচ্ পাক করা + ত(ক্ত) – ক, ত=ব) বিং, ত্রিং, পরিণত, পাকা। ২। পাকনিষ্পন্ন। ৩। সিদ্ধ। ৪। দৃঢ়। ৫। বিনাশোন্মুখ।

পক্বকৃৎ (পক্ব – কৃ করা + ০(ক্বিপ্) – ক) বিং, ত্রিং, পাককর্ত্তা। ২। সং, পুং, নিম্ব-বৃক্ষ।

পক্ববারি (পক্ব পাকনিষ্পন্ন, সিদ্ধ – বারি জল) সং, ক্লীং, কাঁজি, আমানি।

পক্বরস (পক্ব – রস) সং, পুং, মদিরা, মদ্য।

পক্বাধান (পক্ব – আধান, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, নাভির অধোভাগস্থ পাকাশয়।

পক্বান্ন (পক্ব – অন্ন, কর্ম – স) সং, ক্লীং, কৃত-

পাকাশয়। "আমং শূদ্রস্য পকান্নং পক্ব-মুচ্ছিষ্টমুচ্যতে।"

পক্বাশয় (পক্ব—আশয় আধার) সং, পুং, নাভিদেশের অধোভাগ।

পক্ষ (পক্ষ্ পরিগ্রহ করা+অ(অন্)—ক) সং, পুং, পঞ্চদশ দিবারাত্রিকেই সচরাচর লোকে একপক্ষ বলিয়া থাকে। কিন্তু পঞ্চদশ তিথি দ্বারা পরিমিত কালকেই পক্ষ বলা যায়। কিন্তু তন্মধ্যেও বিশেষ আছে। যে পঞ্চদশ দিনে পক্ষ, তাহা চন্দ্রদ্বারা পরিমিত। প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি শুক্লপক্ষের তিথি,এবংপ্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত কৃষ্ণপক্ষের তিথি। ২। পক্ষীর ডানা। "উভাভ্যামেব পক্ষভ্যাং যথাখে পক্ষিণাংগতিঃ।" ৩। পিচ্ছ। ৪। বাণের পাখা। ৫। পার্শ্বগৃহ। ৬। ভিত্তি। ৭। পার্শ্ব। ৮। যুগ্ম। ৯। বর্গ। ১০। সহায়। ১১। সখা। ১২। সৈন্য। ১৩। চুল্লীরন্ধ্র। ১৪। মত। ১৫। প্রত্যুত্তর। ১৬। সাধ্য। ১৭। রাজহস্তী। ১৮। দেহার্দ্ধ। ১৯। বিরোধ। শিং—১ "অহমপি ভবদর্থে গৃহীতপক্ষা।" ২০। (কেশাদি শব্দের পরে বসিলে) গুচ্ছ, সমূহ; যথা—কেশপক্ষ ইত্যাদি। ২১। অনুমেয় বস্তুর আধার। ২২। বিং, ত্রিং, সাধ্যবিশিষ্ট।

পক্ষক (পক্ষ+কণ্—যোগ) সং,পুং, পক্ষদ্বার, খিড়্কীদ্বার। ২। পার্শ্ব। ৩। সহায়।

পক্ষগ্রহণ; সং, ক্লীং, ভাব-প্রাধান্য। ২। সাহায্যকরণ।

পক্ষচর (পক্ষ অর্দ্ধমাস—চর [চর্ গমন করা+অ(অন্)—ক] যে গমন করে) সং, পুং, চন্দ্র। ২। হস্তী। ৩। পুং—স্ত্রীং, দ্বন্দ্বচর, চক্রবাক। ৪। অনুচর।

পক্ষজ } (—জন্মন্, পক্ষ অর্দ্ধমাস—
পক্ষজন্মা } জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত। ২য় পক্ষে—পক্ষ অর্দ্ধমাস—জন্মন্ জন্ম) সং, পুং, চন্দ্র। ২। ত্রিবিধ মেঘের একপ্রকার; পূর্ব্বে ইন্দ্র পর্ব্বতদিগের যে সমুদয় পক্ষ ছেদন করিয়াছিলেন, সেই সমুদয় পক্ষ হইতে ইহাদের জন্ম হয়। পর্ব্বতসংলগ্ন মেঘ দেখিলেই পর্ব্বতের পক্ষ বলিয়া বোধ হয়। ৩। বিং, ত্রিং, পক্ষেজাত।

পক্ষতা (পক্ষ+তা—ভা) সং, স্ত্রীং, ন্যায়োক্ত অনুমানেচ্ছাভাব সমানাধিকরণে সাধ্যবত্তা; যেমন—ধূম দর্শনে পর্ব্বতে বহ্নির অনুমান। ২। পক্ষধর্ম্ম।

পক্ষতি (পক্ষ+তি—মূলার্থে) সং, স্ত্রীং, প্রতিপদ্। ২। পক্ষমূল।

পক্ষদ্বার (পক্ষ পার্শ্ব—দ্বার, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পার্শ্বদ্বার, খিড়্কী দ্বার।

পক্ষধর (পক্ষ অর্দ্ধমাস, ডানা—ধর [ধৃ ধারণ করা+অ(অন্)—ক] যে ধারণ করে) সং, পুং, চন্দ্র। ২। পক্ষী। ৩। বিং, ত্রিং, পক্ষধারী।

পক্ষপদী (Pteropoda) যাহাদের পদে পক্ষের ন্যায় গঠন আছে যদ্দ্বারা তাহারা সন্তরণ করিতে পারে; যথা—ক্লাইও, হায়লিয়া প্রভৃতি সমুদ্রজ জীব।

পক্ষপাত (পক্ষ পাখা—পাত পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনুগ্রহ। ২। স্নেহ। ৩। আসক্তি। ৪। পরিচয়। ৫। একপক্ষে আসক্তি, একপক্ষে পতন, একদিকে টান। "সত্যং জনা বাচ্মি ন পক্ষপাতাং।" ৬। পক্ষের পতন। ৭। পক্ষিদিগের জ্বরবিশেষ। শিং—১ "পক্ষপাতঃ পতজ্ঞানাম্।"

পক্ষপাতিতা (পক্ষপাতিন্+তা—ভা) সং, স্ত্রীং, অনুকূলবর্ত্তিতা, সাহায্যকরণ। শিং—১ "ন পরং পথিপক্ষপাতিতানবলম্বে কিমু মাদৃশেঽপি সা।"(নৈষধ)। ২। পক্ষদ্বারা পতন।

পক্ষপাতী (—পাতিন্, পক্ষ—পত্ পড়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনুগ্রাহক, আসক্ত। ২। পক্ষপাতকর্ত্তা,যাহার পক্ষপাত আছে। ৩। একপক্ষে পতনশীল। ৪। পক্ষদ্বারা পতনশীল।

পক্ষপালি (পক্ষ পার্শ্ব—পালি প্রান্তভাগ ইত্যাদি) সং, পুং, খিড়্কীদ্বার।

পক্ষভাগ (পক্ষ পার্শ্ব—ভাগ অংশ) সং, পুং, হস্তীর পার্শ্বদেশ। ২। পার্শ্বদেশ।

পক্ষবান্ (পক্ষ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পক্ষবিশিষ্ট; যথা—পক্ষবান্ পর্ব্বত

পক্ষবাহন (পক্ষ ডানা—বাহন যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী, পাখী।
পক্ষসন্ধি ( পক্ষ—সন্ধি, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, পর্ব্বসন্ধিকাল। [হোম।
পক্ষহোম; সং, পুং, পক্ষ পর্য্যন্ত কর্ত্তব্য
পক্ষাঘাত (পক্ষ—আঘাত) সং, পুং, রোগবিশেষ, বাতব্যাধি; ইহাতে হস্তপদাদি অবশ হইয়া যায়।
পক্ষান্ত } (পক্ষ—অন্ত শেষ, ৬ষ্ঠী—য। পক্ষাবসর } ২য় পক্ষে—পক্ষ—অবসর, ৬ষ্ঠী ষ) সং, পুং, পূর্ণিমা। ২। অমাবস্যা। শিং—১ "পক্ষান্তে মাসয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে ইত্যাদি।"
পক্ষান্তর (পক্ষ—অন্তর) সং, ক্লীং, অন্যপক্ষ।
পক্ষালু ( পক্ষ ডানা+আলু—অস্ত্যর্থে) সং, পুং, পক্ষী।
পক্ষিণী ( পক্ষ+ইন্—অস্ত্যর্থে, ঈপ্ ) সং, স্ত্রীং, বর্ত্তমান ও আগামী দিনযুক্ত রাত্রি, দুইদিন একরাত্রি। শিং—১"দ্বাবহ্ন্যাবেকরাত্রিশ্চ পক্ষিণীত্যভিধীয়তে।" (স্মৃতি)। ২। পূর্ণিমা। ৩। স্ত্রী-পক্ষী। ৪। পূতনা।
পক্ষিরাজ (পক্ষিন্—রাজ রাজন্ শব্দজ+য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়।
পক্ষিল (পক্ষ্ পরিগ্রহ করা+ইল(ইলচ্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং, গৌতমসূত্রকারক বাৎস্যায়ন মুনি। ২। বিং, ত্রিং, সাহায্যকারী।
পক্ষিশালা; সং, স্ত্রীং, চিড়িয়াখানা।
পক্ষিসিংহ ( পক্ষিন্ পাখী—সিংহ শ্রেষ্ঠ ) সং, পুং, পক্ষিরাজ, গরুড়।
পক্ষিস্বামী (—স্বামিন্, পক্ষিন্—স্বামী প্রভু) সং, পুং, পক্ষিরাজ, গরুড়।
পক্ষী (পক্ষিন্, পক্ষ ডানা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষিণী—স্ত্রীং, পাখী। ২। পুং, বাণ। [পুং, গরুড়।
পক্ষীন্দ্র (পক্ষি—ইন্দ্র শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং,
পক্ষ্ম (পচ্ পাক করা+স্ম—ক, শীলার্থে) বিং, ত্রিং, পাচক, পাককর্ত্তা।
পক্ষ্ম (পক্ষ্মন্, পক্ষ্ লওয়া+মন্—ক) সং, ক্লীং, নেত্রলোম। শিং—১"ধূমচ্ছায়ামভজতাং নেত্রে চোচ্ছ্রিতপক্ষ্মণী।" ২। লোম। ৩। পুষ্পকেশর। ৪। পাখীর পাখা, পালখ। শিং—১ "সলিল গুরুভিঃ পক্ষ্মভিঃ।" ৫। সূত্রাদির অগ্রভাগ। ৬। সূক্ষ্মাংশ। [নেত্রলোমবিশিষ্ট।
পক্ষ্মল (পক্ষ্মন্+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং,
পঙ্ক ( পনূচ্ বিস্তার করা+অ(ঘঞ্)—ক ) সং, পুং—ক্লীং, পাপ। ২। কর্দ্দম, পাঁক। শিং—১"আকাশমিব পঙ্কেন ন স পাপেন লিপ্যতে।"
পঙ্ককর্ব্বট (পঙ্ক পাঁক—কর্ব্বট ক্ষুদ্রনগর) সং, পুং, জলযুক্ত পঙ্ক।
পঙ্কক্রীড় (পঙ্ক পাঁক—ক্রীড় যে ক্রীড়া করে) সং, পুং, শূকর। ২। বিং, ত্রিং, পঙ্কে ক্রীড়াকারক।
পঙ্কগড়ক—পুং } (পঙ্ক পাঁক—গড়ক পঙ্কগতি—স্ত্রীং } গড়ুইমাছ। ২য় পক্ষে—পঙ্ক—গতি গমন) সং, পাঁকালমাছ।
পঙ্কগ্রাহ (পঙ্ক পাঁক—গ্রাহ জলজন্তু) সং, পুং, মকর, জলজন্তুবিশেষ।
পঙ্কজ } (পঙ্ক—জ [জন্ জন্মান+অ(ড) পঙ্কজন্ম } —ক] যে জন্মে, ৫মী—ষ। ২য় পক্ষে—পঙ্ক—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং ) সং, ক্লীং, পদ্ম। ২। পুং, সারসপক্ষী। ৩। বিং, ত্রিং, কর্দ্দমজাত।
পঙ্কজিনী (পঙ্কজ+ইন্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পদ্মিনী। ২। পদ্মাকর, পুষ্করিণী।
পঙ্কণ (পনূচ্ বিস্তার করা+অন(অনট্)—ণ) সং, পুং, পক্কণ, শবরালয়।
পঙ্কপ্রক্ষালন ন্যায়—ন্যায় (২৫) দেখ।
পঙ্কপ্রভা (পঙ্ক—প্রভা দীপ্তি) সং, স্ত্রীং, কর্দ্দমযুক্ত নরকবিশেষ।
পঙ্কমণ্ডূক (পঙ্ক পাঁক—মণ্ড্ ভূষিতকরা +উক—প্রং) সং, পুং, শম্বূক, শামুক।
পঙ্করুহ } (পঙ্ক পাঁক—রুহ্, রুহ=যে পঙ্করুহ } জন্মে) সং, ক্লীং, পদ্ম। ২। পুং, সারসপক্ষী। [সং, পুং, কর্কট, কাঁকড়া।
পঙ্কবাস (পঙ্ক—বাস বাসস্থান, ৭মী—হিং)
পঙ্কশূরণ (পঙ্ক পাঁক—শূরণ মূল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ্মাদির মূল। ২। শালূক। ৩। পঙ্কস্থ মূলাদি।
পঙ্কার (পঙ্ক পাঁক—ঋ গমন করা+অ

(খঞ)–ণ) সং, পুং, শৈবাল, শেওলা। ২। আলি, বাঁধ। ৩। সেতু, সাঁকো। ৪। সোপান, সিঁড়ী।

পঙ্কিল (পঙ্ক+ইল–অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্দ্দমযুক্ত, পঙ্কযুক্ত; যথা—পঙ্কিল জল।

পঙ্কেজ (পঙ্কে পাঁকেতে–জ [জন্‌ জন্মান +অ(ড)—ক] যে জন্মে, ৭মী–ষ) সং, ক্লীং, পদ্ম। ২। পুং, সারসপক্ষী।

পঙ্কেরুহ (পঙ্করুহ দেখ) সং, ক্লীং, পদ্ম।

পঙ্‌ক্তি (পন্‌চ্‌ বিস্তৃত হওয়া+তি(ক্তি)– –র্ম্ম) সং, স্ত্রীং, শ্রেণী। ২। এক জাতীয় পদার্থের সংস্থান, সারি, পাঁতি। শিং—১ "এক পঙ্‌ক্ত্যুপবিষ্টা যে ন স্পৃশন্তি পরস্পরম্‌।" ৩। পঞ্চাক্ষর ও দশাক্ষর পরিমিত চরণবিশিষ্ট ছন্দোবিশেষ। ৪। দশ সংখ্যা, ১০।৫। পৃথিবী। ৬। পাক। ৭। (+ক্তি –ভা) গৌরব।

পঙ্‌ক্তিকণ্টক (পঙ্‌ক্তি–কণ্টক, ৭মী–ষ) সং, পুং, পঙ্‌ক্তিদূষক।

পঙ্‌ক্তিগ্রীব (পঙ্‌ক্তি দশ–গ্রীবা, ৬ষ্ঠী–হিং) সং, পুং, দশানন, রাবণ।

পঙ্‌ক্তিচর (পঙ্‌ক্তি–চর যে গমন করে) সং, পুং, কুররপক্ষী। ২। বিং, ত্রিং, যে শ্রেণীর মধ্যে বিচরণ করে।

পঙ্‌ক্তিদূষক (পঙ্‌ক্তি–দূষক যে দোষ করে) সং, পুং, অপাঙ্‌ক্তেয়, যে এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিতে পারে না।

পঙ্‌ক্তিপাবন (পঙ্‌ক্তি–পাবন [পূ পবিত্র করা+অন(অনট্‌)–ক] যে পবিত্র করে) সং, পুং, পঙ্‌ক্তিশোভাপ্রদ সর্ব্ববেদজ্ঞ দ্বিজ। শিং—১ "অগ্র্যাঃ সর্ব্বেষু বেদেষু সর্ব্বপ্রবচনেষু চ। শ্রোত্রিয়ান্বয়জাশ্চৈব বিজ্ঞেয়াঃ পঙ্‌ক্তিপাবনাঃ।"

পঙ্‌ক্তিভোজন—সামাজিক নিয়ম নিবন্ধন শুদ্ধাচারী ব্রাহ্মণগণ কিতব ভ্রূণহা ইত্যাদি ব্রাহ্মণগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করেন না, এইরূপ্‌ ভোজনের নাম পঙ্‌ক্তিভোজন।

পঙ্‌ক্তিরথ (পঙ্‌ক্তি দশ–রথ। যাঁহার দশ দিকে রথ যায়, ৬ষ্ঠী–হিং) সং, পুং, রাজা দশরথ।

পঙ্‌ক্তিবীজ (পঙ্‌ক্তি শ্রেণীবদ্ধ–বীজ, ৬ষ্ঠী –হিং) সং, পুং, বর্ব্বুরবৃক্ষ।

পঙ্গু (পণ্‌ স্তুতিকরা পণকরা+অঙ্গু–প্রং। অথবা খঞ্জ বক্রভাবে গমন করা+উ (কু)–ক। নিপাতন) বিং, ত্রিং, পদবিকল, খোঁড়া। ২। সং, পুং, (অনেক দিন এক রাশি ভোগ করে বলিয়া) শনিগ্রহ।

পঙ্গুল; সং, পুং, রৌপ্যের ন্যায় শ্বেতবর্ণ ঘোটক, সাদা ঘোড়া।

পঙ্গুগ্রাহ (পঙ্গু–গ্রাহ জন্তু) সং, পুং, রাশিচক্রস্থ চিহ্নবিশেষ, মকররাশি।

পচ (পচ্‌ পাক করা+অ(অন্‌)–ক) বিং, ত্রিং, পাচক, পাককর্ত্তা।

পচত (পচ্‌ পাক করা+অ(অতচ)–সংজ্ঞার্থে) সং,পুং,অগ্নি। ২। সূর্য্য। ৩।ইন্দ্র।

পচতিকল্প / পচতিদেশ্য / পচতিদেশীয় } (পচতি যাহা পাক করা যায়+কল্প, দেশ্য, দেশীয় –ঊনার্থে) বিং, ত্রিং, যাহা প্রায় পক্ব হইয়াছে।

পচৎপুট (পচৎ [পচ্‌ পাক করা+অৎ(শতৃ) –ক] এস্থলে সূর্য্য+পুট্‌ দীপ্তি পাওয়া –অ(অন্‌)–ক,সূর্য্যের উত্তাপে যে দীপ্তি পায়) সং, পুং, সূর্য্যমণিবৃক্ষ।

পচত্য (পচত পাক+য–পটুত্বার্থে) বিং, ত্রিং, পাকবিষয়ে নিপুণ।

পচন (পচ দেখ; অন–ণ) সং, পুং, অগ্নি। ২। (+অনট–ক) পাককারী। ৩। (+অনট্‌–ভাবে) ক্লীং, পাক। ২। রন্ধন।

পচপচ (পচ সংহারকর্ত্তা+পচ–প্রকারার্থে, দ্বিত্ব। যিনি সংহর্ত্তা যমাদিরও সংহারক) সং, পুং, মহাদেব।

পচপ্রকুটা (পচ্‌ পাক–প্রকুট ছেদন, ৭মী–হিং) সং, স্ত্রীং, পাকচ্ছেদনার্থ নিয়োগক্রিয়া।

পচম্পচা (পচম্‌ পাচক পদার্থকে–পচ্‌ পাক করা+অ(অন্‌)–ক) সং, স্ত্রীং, দারুহরিদ্রা।

পচা (পচ দেখ, ও–ভা, আপ্‌–স্ত্রীং) সং, স্ত্রীং, পাক। ২। (পাকার্থ পচ্‌ ধাতুজ) বিং, বিকৃত, নষ্ট। [বিশেষ।

পচাদি; সং, পুং, ব্যাকরণোক্ত ধাতুগণ-

পচি (পচ্ [ইহা দ্বারা] পক্ক হওয়া+ই—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। ২। পাক।

পচেলিম (পচ্ পাককরা+কেলিম্—কর্ম্ম-কর্ত্তৃবাচ্যে) বিং,ত্রিং, স্বয়ং পক্ক। ২। সং, পুং, সূর্য্য।৩। অগ্নি। [সং,পুং, পাচক।

পচেলুক (পচ্ পাক করা+এলুক—প্রং)

পচ্ছস্ (পাদ+শস্—প্রং। পাদ=পৎ) অং, পদে পদে, চরণে চরণে।

পচ্য (পচ্ পাক করা+য—র্ম্ম) বিং, ত্রিং, পাকার্হ, পাক করিবার যোগ্য।

পজ্জ (পাদ পা—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত। যে ব্রহ্মার পাদ হইতে জাত, ৫মী—হিং। পাদ=পৎ) সং, পুং, শূদ্র-জাতি। ২। বিং, ত্রিং, পদজাত।

পজ্ঝটিকা; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, যে ছন্দের প্রত্যেক চরণে ১৬টী লঘু স্বর থাকে, তন্মধ্যে গুরুবর্ণ হইলে দুই স্বর ও লঘুবর্ণ হইলে এক স্বর গণনা করিতে হইবে।

পঞ্চ (পঞ্চন্, পনচ্ বিস্তৃত হওয়া+অ(অন্)—ক। পারস্য=পঞ্জ। গ্রীক্=পেনটি। বাঙ্গালা=পাঁচ) বিং, ত্রিং, বহুং, পাঁচ সংখ্যা, ৫।

পঞ্চক (পঞ্চন্ + কণ্—স্বার্থে) সং, ক্লীং, পাঁচ। ২। পঞ্চসমূহ। ৩। বিং, ত্রিং, পঞ্চ-সম্বন্ধীয়। ৪। পঞ্চপরিমিত। ৫। পঞ্চজনের ক্রীত।

পঞ্চকপাল (পঞ্চন্ পাঁচ—কপাল ঘটাদির অর্দ্ধাংশ) সং, পুং, যজ্ঞবিশেষ।

পঞ্চকর্ম্ম (পঞ্চকর্ম্মন্, পঞ্চন্ পাঁচ—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, বমন রেচনাদি পঞ্চ-প্রকার শারীরিক চিকিৎসাবিশেষ। শিং—১ "বমনং রেচনং নস্যং নিরুহশ্চানু বাসনং। পঞ্চকর্ম্মেদমন্যচ্চ জ্ঞেয়মুৎক্ষেপ-ণাদিকম্।"

পঞ্চকষায়; সং, পুং, জম্বু শাল্মলি বাট্যাল বকুল বদর—এই পঞ্চ।

পঞ্চকাম (পঞ্চ—কাম কামদেব) সং, পুং, কাম মন্মথ কন্দর্প মকরধ্বজ ও মীনকেতন এই পাঁচ নামে প্রসিদ্ধ। ২। মদন।

পঞ্চকোণ (পঞ্চ—কোণ, ৬ষ্ঠী—হিং)সং,ক্লীং, পঞ্চকোণাত্মক ক্ষেত্রবিশেষ। ২। তন্ত্রে—যন্ত্রবিশেষ। ৩। লগ্নাবধি নবম পঞ্চমাত্মক স্থান।

পঞ্চকোল (পঞ্চন্ পাঁচ+কোল পিপ্পলী) সং, ক্লীং, চৈ, চিতা, পিপুল, পিপুলের মূল ও শুঁঠ এই পাঁচ।

পঞ্চকোষ (পঞ্চন্—কোষ আবরণ) সং, পুং, বহুং, বৈদান্তিকমতে—পঞ্চবিধ কোষ যাহা আত্মাকে আবরণ করিয়া রহিয়াছে; (১ম) অন্নময়কোষ—অন্নবিকার দ্বারা পুষ্ট স্থূল শরীর। (২য়) প্রাণময়কোষ—পঞ্চ প্রাণাশ্রিত ইন্দ্রিয়নিচয় সহিত প্রাণ। (৩য়) মনোময়কোষ—মনের আশ্রিত ই-ন্দ্রিয়নিচয় সহিত মন। (৪র্থ) বিজ্ঞানময়-কোষ—জ্ঞানের আশ্রিত ইন্দ্রিয়নিচয় সহিত জ্ঞান। (৫ম) আনন্দময়কোষ—অহঙ্কার ও অবিদ্যাত্মক।

পঞ্চক্রোশী; সং, স্ত্রীং, দীর্ঘপ্রস্থে পঞ্চক্রোশ ব্যাপিণী কাশী।

পঞ্চগঙ্গা; সং, স্ত্রীং, ভাগীরথী গোমতী চ কৃষ্ণবেণী পিণাকি[illegible] অথবা চৈব কাবেরী পঞ্চগঙ্গাঃ প্রকী[illegible]তাঃ।

পঞ্চগব্য (পঞ্চন্ পাঁচ—গব্য গোসম্বন্ধীয়, য়ং—স) সং, ক্লীং, দধি দুগ্ধ ঘৃত গোমূত্র গোময়, গোসম্বন্ধীয় এই পাঁচ বস্তু।

পঞ্চগুণ; সং, পুং, শব্দ স্পর্শ রূপ রস গন্ধরূপ পঞ্চগুণ।

পঞ্চগুপ্ত (পঞ্চন্ পাঁচ [অঙ্গ ইত্যাদি]—গুপ্ত লুক্কায়িত) সং, পুং—স্ত্রীং, কচ্ছপ। ২। চার্ব্বাকদর্শন। [বিশেষ।

পঞ্চচামর; সং, ক্লীং, ষোড়শাক্ষর ছন্দো-

পঞ্চচিতিক (পঞ্চ—চিতি প্রস্তর, ৭মী—হিং) সং, পুং, অগ্নিবিশেষ।

পঞ্চচূড়া (পঞ্চন্—চূড়া) সং, স্ত্রীং, অপ্সরো-বিশেষ।

পঞ্চজন (পঞ্চন্ পাঁচ [ভূত]—জন [জন্ জন্মান+অ(অন্)—ক] যে জন্মে, ৫মী—ব) সং, পুং, পুরুষ। ২। হিরণ্যকশিপুর পৌত্র, সংহ্লাদের পুত্র, ক্রতুগর্ভ-সম্ভূত। ইনি সমুদ্রগর্ভে শঙ্খরূপে বাস করিতেন। শ্রীকৃষ্ণ ইহাঁকে গুরু-দক্ষিণাদান সময়ে

বিনাশ করেন। ইহার অস্থিতে পাঞ্চজন্য শঙ্খ হয়। ৩। বিং, ত্রিং, পঞ্চভূতজন্য, (মনুষ্যাদি) শিং—১"স পঞ্চধা পঞ্চজনো-পপন্নং সংচোদয়ন্ বিশ্বমিদং সিসৃক্ষুঃ।"

পঞ্চজনীন (পঞ্চজন+ঈন—প্রং) সং, পুং, নট, অভিনেতা। ২। যাত্রাদির সং, ভাঁড়। ৩। পঞ্চ মনুষ্যের নায়ক বা প্রভু। ৪। বিং, ত্রিং, পঞ্চব্যক্তি-সম্বন্ধীয়।

পঞ্চজ্ঞান (পঞ্চ পঞ্চ পদার্থ—জ্ঞান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বুদ্ধ।

পঞ্চতত্ত্ব (পঞ্চন্—তত্ত্ব ভূতাদি) সং, ক্লীং, সাংখ্যমতে—ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম। ২। পঞ্চ মকার। শিং—১ "মদ্যং মাংসং তথা মৎস্যং মুদ্রাং মৈথুনমেবচ। পঞ্চতত্ত্বমিদং দেবি নির্ব্বাণমুক্তিহেতবে।" ৩। বৈষ্ণবমতে—গুরুতত্ত্ব মন্ত্রতত্ত্ব মনস্তত্ত্ব দেবতত্ত্ব ধ্যানতত্ত্ব।

পঞ্চতন্ত্র; সং, ক্লীং, নীতিশাস্ত্রবিশেষ।

পঞ্চতন্মাত্র (পঞ্চন্—তন্মাত্র সূক্ষ্ম ভূতাদি) সং, ক্লীং, শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। ২। পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত আকাশাদি।

পঞ্চতপ (পঞ্চন্ পাঁচ—তপ) সং, পুং, চারিদিকে অগ্নি প্রজ্বলিত করিয়া গ্রীষ্মের মধ্যাহ্ন সূর্য্যের নিম্নে তপঃসাধন।

পঞ্চতপাঃ (পঞ্চতপস্, পঞ্চন্ পাঁচ—তপস্ তপস্যা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পঞ্চাগ্নি-মধ্যে তপস্বী। শিং—১ "গ্রীষ্মে পঞ্চতপা-স্তথা।"

পঞ্চতা—স্ত্রীং } পঞ্চত্ব—ক্লীং } (পঞ্চন্ পাঁচ+তা, ত্ব—ভাবে) সং, পাঁচে পাঁচ মিশান, মরণ, মৃত্যু। ২। পাঁচের ভাব, পাঁচ অংশে বিভাগ; যথা—"বেদের পঞ্চত্ব দিয়া ভারত পুরাণ। রচিয়াছে আপনি পরম জ্ঞানবান্।" (অন্নদা)।

পঞ্চতিক্ত; সং, স্ত্রীং, চক্রদত্তোক্ত—"নিম্বামৃতা বৃষপটোলনিদিগ্ধিকাঃ।"

পঞ্চতীর্থী (পঞ্চতীর্থ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কাশীস্থ তীর্থপঞ্চক; যথা—জ্ঞানব্যাপী, নন্দিকেশ, তারকেশ, মহাকালেশ্বর ও দণ্ডপাণি তীর্থ। [পাঁচের পূরক।

পঞ্চথ (পঞ্চ+থ(থট্)—পূরণার্থে) বিং, ত্রিং,

পঞ্চদশ (পঞ্চদশন্, পঞ্চন্ পাঁচ—দশন্ দশ, পঞ্চাধিক দশ, মং—স। মধ্যপদলোপ) বিং, ত্রিং, বহুং, পনর সংখ্যা, ১৫। ২। (পঞ্চদশন্+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, পনর সংখ্যার পূরক।

পঞ্চদশাহিক (পঞ্চদশাহ+ইক(ঠিক)—সাধ্যার্থে) বিং, ত্রিং, পঞ্চদশদিনসাধ্য। শিং—১ "তুলাপুরুষ ইত্যেষঃ জ্ঞেয়ঃ পঞ্চদশাহিকঃ।"

পঞ্চদশী (পঞ্চদশ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পূর্ণিমা। ২। অমাবস্যা। ৩। বেদান্ত গ্রন্থবিশেষ।

পঞ্চদেবতা; সং, স্ত্রীং, আদিত্য গণেশ দেবী রুদ্র কেশব এই পঞ্চদেব; কেহ কেহ গণেশাদি পঞ্চ দেবের উল্লেখ করেন।

পঞ্চদ্রাবক—গুঞ্জা, টঙ্কন, মধু, ঘৃত ও গুড়।

পঞ্চধা (পঞ্চন্+ধাচ্—প্রকারার্থে) ক্রিং—বিং, অং, পাঁচপ্রকার। ২। পাঁচবার।

পঞ্চনখ (পঞ্চন্ পাঁচ—নখ) সং, পুং, হস্তী। ২। ব্যাঘ্র। ৩। বিং, ত্রিং, পঞ্চনখযুক্ত—পাঁচ প্রকার পশু। শিং—১ "শশকঃ শল্লকী গোধা খড়্গী (গণ্ডার) কূর্ম্মশ্চ পঞ্চমঃ।"

পঞ্চনদ (পঞ্চন্—নদী+অ—প্রং) সং, পুং, শতদ্রু বিপাশা ইরাবতী চন্দ্রভাগা বিতস্তা—এই পঞ্চ নদীযুক্ত দেশ, পঞ্জাব। ২। ক্লীং, কিরণা, ধূতপাপা, সরস্বতী, গঙ্গা, যমুনা—এই পাঁচ নদী যে স্থানে আছে, তীর্থবিশেষ। শিং—১ "অতঃ পঞ্চনদং নাম তীর্থং ত্রৈলোক্যপাবনম্।"

পঞ্চনিম্ব (পঞ্চ পাঁচ—নিম্ব নিম) সং, ক্লীং, নিম্ববৃক্ষের পত্র, ত্বক্, পুষ্প, ফল ও মূল এই পাঁচ।

পঞ্চনী (পঞ্চন্ পাঁচ—নী পাওয়া+০(ক্বিপ্)—খি) সং, স্ত্রীং, পাশা ও দাবা খেলিবার ছক্।

পঞ্চনীরাজন (পঞ্চ—নীরাজন আরতি) সং, ক্লীং, প্রদীপ, পদ্ম, বসন, আম্র বা তাম্বুল-পত্র এই চতুর্ব্বিধ দ্রব্য দ্বারা প্রতিমার আরতি অনন্তর সাষ্টাঙ্গে প্রণিপাত।

পঞ্চপক্ষী; জ্যোতিষে—পঞ্চপক্ষী দ্বারা গণনা,

অ ই উ এ ও এই পঞ্চ স্বরকে শ্যেন, পেচক, বায়স, তাম্রচূড় ও ময়ূর কল্পনা করিয়া ঐ পঞ্চ স্বরের সাহায্যে বর্ণ, গ্রহ, নক্ষত্র, বার, তিথি, রাশি, দেবতা প্রভৃতি প্রাপ্ত হইয়া নানাপ্রকার প্রশ্নাদি গণনা করিবার উপায় আছে।

পঞ্চপঞ্চনখ (পঞ্চ—পঞ্চনখ পাঁচটী নখবিশিষ্ট জন্তু) সং, পুং, শশক, সজারু, কুম্ভীর, গণ্ডার এবং কচ্ছপ এই পাঁচ প্রকার জন্তু, ইহাদের মাংসভক্ষণ শাস্ত্রানুমোদিত।

পঞ্চপত্র (পঞ্চ—পত্র, ৬ষ্ঠী—হিং। যাহার পাঁচ পাঁচটি করিয়া পত্র আছে) সং, পুং, বৃক্ষবিশেষ, ছান্দলাগাছ।

পঞ্চপদী পঞ্চ—পাদ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ঋগ্‌বিশেষ। ২। কুশদ্বীপস্থ নদীবিশেষ।

পঞ্চপর্ব্ব (—পর্ব্বন্) সং,ক্লীং, চতুর্দ্দশী,অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা।

পঞ্চপল্লব (পঞ্চন্ পাঁচ—পল্লব) সং, ক্লীং, আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুমুর—এই পঞ্চপল্লব। ২। তন্ত্রমতে—পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুল—এই পঞ্চপল্লব।

পঞ্চপাত্র (পঞ্চন্ পাঁচ—পাত্র) সং, ক্লীং, দেবপক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্রশ্রাদ্ধ। ২। পাঁচটী পাত্র।

পঞ্চপিতা (—পিতৃ, পঞ্চ—পিতা,দ্বং—স) সং, পুং, জনকশ্চোপনেতাচ যশ্চ কন্যাং প্রযচ্ছতি। অন্নদাতা ভয়ত্রাতা পঞ্চৈতে পিতরঃ স্মৃতাঃ।" [মৎস্য ও ময়ূরের পিত্ত।

পঞ্চপিত্ত; সং, ক্লীং, বরাহ, ছাগ, মহিষ,

পঞ্চপ্রদীপ (পঞ্চ—প্রদীপ) সং, পুং, পাঁচপ্রদীপবিশিষ্ট আরাত্রিক ধাতুময় পাত্রবিশেষ। শিং—১ "হরেঃ পঞ্চপ্রদীপেন বহুশো ভক্তিতৎপরঃ।" (পুরাণ)।

পঞ্চপ্রাণ; সং, পুং, বহুং, প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, শরীরস্থ এই পঞ্চ বায়ু। [মহাদেব।

পঞ্চবাহু (পঞ্চ—বাহু, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

পঞ্চভদ্র (পঞ্চন্ পাঁচ-ভদ্র সৌভাগ্য) সং, পুং, যে অশ্বের হৃদয়ে পৃষ্ঠে মুখে ও পার্শ্বদ্বয়ে আবর্ত্ত আছে; এই প্রকার অশ্ব জাতি সুলক্ষণাক্রান্ত। ২। ক্লীং, পাঁচনবিশেষ।

পঞ্চভুজ (Pentagon, পঞ্চন্—ভুজ) যে-ক্ষেত্রের পাঁচটী বাহু আছে।

পঞ্চভূত (পঞ্চ—ভূত) সং, ক্লীং, ক্ষিতি, অপ্‌ তেজঃ মরুৎ ব্যোম—এই পাঁচ। শিং—১ "ভূতাদিকাদহঙ্কারাৎ পঞ্চভূতানি জজ্ঞিরে।"

পঞ্চম (পঞ্চন্+ম(মট্)—পূরণার্থে) বিং,ত্রিং, পাঁচের পূরণ। ২। সুন্দর। ৩। রুচির, মনোজ্ঞ। ৪। দক্ষ, নিপুণ। ৫। (এই স্বর নাভি হইতে উদ্গত হইয়া বক্ষঃ হৃদয় কণ্ঠ এবং মস্তক এই পাঁচ স্থানে বিচরণ করে বলিয়া পঞ্চম। শিং—১ "বায়ুঃ সমুদ্গতো নাভেরুরোহৃৎ কণ্ঠমূর্দ্ধসু। বিচরন্ পঞ্চমস্থানপ্রাপ্ত্যা পঞ্চম উচ্যতে।" সঙ্গীত দামোদরে লিখিত আছে—প্রাণাদি পঞ্চবায়ুর সংযোগে উৎপন্ন বলিয়া ইহার নাম পঞ্চম; যথা— "প্রাণোঽপানঃ সমানশ্চ উদানো ব্যান এব চ। এতেষাং সমবায়েন জায়তে পঞ্চমঃ স্বরঃ।") সং, পুং, সপ্তস্বরের পঞ্চমস্বর,কোকিলের রব। ৬। রাগ-বিশেষ। শিং—১ "নাদান্তঃ কলয়ত চূতশিখরে কেলিপিকাঃ পঞ্চমম্।"

পঞ্চমকার (পঞ্চন্—মকার ম অক্ষর। যে পাঁচ শব্দের প্রথমে ম অক্ষর থাকে) সং, ক্লীং, মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন—এই পাঁচ।

পঞ্চমবেদ—মহাভারত; মূলবেদে শূদ্রের ও স্ত্রীলোকের অধিকার না থাকায় তাহাদের জন্য বেদের ন্যায় সমান ফলবিশিষ্ট এই মহাভারতই পঞ্চমবেদ বলিয়া উক্ত আছে।

পঞ্চমহাপাতক; সং, ক্লীং, ব্রহ্মহত্যা সুরাপান ব্রাহ্মণস্বামিক সুবর্ণচৌর্য্য গুরুপত্নীগমন ও এই সমস্ত পাতকীদিগের সংসর্গ—এই পাঁচ। শিং—১ "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ। মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ।"

পঞ্চমহাযজ্ঞ (পঞ্চন্ পাঁচ—মহৎ বড়—যজ্ঞ যাগ) সং,পুং, বেদাধ্যয়ন অগ্নিহোত্র পিতৃ-তর্পণ ভূতবলি অতিথি-পূজা—এই পাঁচপ্রকার গৃহস্থের কর্ত্তব্যকর্ম; এই পঞ্চবিধ মহাযজ্ঞ দ্বারা গৃহস্থের পঞ্চসূনাদি-

জনিত পাপ হইতে মুক্তিলাভ হয়। শিং—১ "দেবযজ্ঞো ভূতযজ্ঞঃ পিতৃযজ্ঞ স্তথৈবচ। ব্রহ্মযজ্ঞো নৃযজ্ঞশ্চ পঞ্চযজ্ঞাঃ প্রকীর্ত্তিতাঃ।" [বিধ হায়।

পঞ্চমার; সং,পুং, বলদেবের পুত্র। ২। পঞ্চ-

পঞ্চমাস্য (পঞ্চম স্বরবিশেষ—আস্য মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পঞ্চমস্বরভাষী, কোকিল। ২। (পঞ্চ—মাস+য(ঝ্য)—ভবার্থে) বিং, ত্রিং, পঞ্চমাসজাত।

পঞ্চমী (পঞ্চম দেখ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দ্রৌপদী। ২। তিথিবিশেষ। ৩। পাশার ছক্। ৪। তন্ত্রোক্ত বিদ্যা বিশেষ। ৫। রাগিণীবিশেষ।

পঞ্চমুখ (পঞ্চন্ পাঁচ—মুখ,৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, পঞ্চানন; পঞ্চমুখ যথা—"পশ্চিমে তু মুখে সদ্যোবামদেবস্তথোত্তরে। পূর্ব্বে তৎপুরুষং বিদ্যাদঘোরঞ্চাপি দক্ষিণে। ঈশানঃ পঞ্চমো মধ্যে সর্ব্বেষামুপরিস্থিতঃ। এতে পঞ্চমুখা বৎস পাপঘ্না গ্রহনাশনঃ।" শিং—১ "স তু পঞ্চমুখঃ খ্যাতো লোকসর্ব্বার্থসাধকঃ।" ২। (পঞ্চ [পন্‌চ্ বিস্তৃত হওয়া+অ(অন্)—ক] বিস্তৃত—মুখ, ৬ষ্ঠী—হিং) সিংহ।

পঞ্চমুদ্রা—আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী, সম্মুখীকরণী এই পাঁচ।

পঞ্চমূত্র; সং, ক্লীং, গোরু, ছাগল, মেষ, মহিষ ও গর্দ্দভের মূত্র।

পঞ্চমূল (পঞ্চন্ পাঁচ—মূল) সং, ক্লীং, লী—স্ত্রীং, পাঁচনবিশেষ।

পঞ্চযজ্ঞ (পঞ্চন্ পাঁচ—যজ্ঞ যাগ) সং,পুং, ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, দৈবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ—এই পাঁচ।

পঞ্চযাম (পঞ্চ—যাম প্রহর, ৬ষ্ঠী—হিং। রাত্রি ত্রিযামা বলিয়া দিবাভাগ উক্ত নামে কথিত হইয়া থাকে) সং, পুং, দিবস। ২। তদভিমানী দেবতাবিশেষ।

পঞ্চরত্ন (পঞ্চন্ পাঁচ—রত্ন মণি) সং, ক্লীং, হীরক মুক্তা নীলকান্ত পদ্মরাগ বিদ্রুম—এই পাঁচ। শিং—১"নীলকং বজ্রকঞ্চেতি পদ্মরাগশ্চ মৌক্তিকং। প্রবলং চেতি বিজ্ঞেয়ং পঞ্চরত্নং মনীষিভিঃ।" (কেহ কেহ হীরকের পরিবর্ত্তে সুবর্ণকে পঞ্চরত্নের মধ্যে নির্দ্দেশ করেন। শিং—১ "অভাবে সর্ব্বরত্নানাং হেম সর্ব্বত্র যোজয়েৎ)।"

পঞ্চরশ্মি (পঞ্চন্—রশ্মি কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

পঞ্চরসা (পঞ্চন্—রস আস্বাদন) সং, স্ত্রীং, আমলকী।

পঞ্চরাত্র (পঞ্চন্ পাঁচ—রাত্রি+য) সং,ক্লীং, পঞ্চ জ্ঞানসাধন গ্রন্থবিশেষ। শিং—১ "রাত্রঞ্চ জ্ঞানবচনং জ্ঞানং পঞ্চবিধং স্মৃতম্। তেনেদং পঞ্চরাত্রঞ্চ প্রবদন্তি মনীষিণঃ।" ২। পাঁচরাত্রি।

পঞ্চরাত্রিক (পঞ্চরাত্র + ইক(ষ্ণিক)—সাধনার্থে। পঞ্চরাত্রি উপাসনা করিবার নিয়ম আছে) সং, পুং, বিষ্ণু।

পঞ্চলক্ষণ (পঞ্চন্ [সৃষ্টি, প্রলয়, বংশবর্ণনা, মনুর রাজত্ব এবং তাঁহার পুত্রাদির চরিত্র] পাঁচ—লক্ষণ চিহ্ন, ৭মী—হিং) সং, ক্লীং, পুরাণশাস্ত্র। শিং—১ "সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ। বংশানুবংশচরিতং পুরাণং পঞ্চলক্ষণম্।"

পঞ্চলবণ (পঞ্চন্ পাঁচ—লবণ) সং, ক্লীং, কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চ্চল—এই পাঁচ প্রকার লবণ।

পঞ্চলোকপাল; সং, পুং, বিনায়কাদি পঞ্চলোকপাল। শিং—১ "বিনায়কং তথা দুর্গাং বায়ুমাকাশমেবচ। অশ্বিনৌ ক্রমতঃ পঞ্চলোকপালান্ প্রপূজয়েৎ।"

পঞ্চলোহ } পঞ্চলোহক } (পঞ্চন্ পাঁচ—লোহ, লোহক) সং, ক্লীং, সুবর্ণ রজত তাম্র রঙ্গ সীসক—এই পঞ্চ ধাতু।

পঞ্চবক্ত্র (পঞ্চন্ পাঁচ—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পঞ্চানন, শিব। শিং—১ "পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্।" ২। রুদ্রাক্ষবিশেষ। ৩। (পঞ্চ (পন্‌চ্ বিস্তৃত হওয়া+অ (অন্)—ক] বিস্তৃত—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সিংহ।

পঞ্চবটী (পঞ্চন্ পাঁচ—বট বটবৃক্ষ,ঈপ্,দ্বিগু—স) সং, স্ত্রীং, অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী এবং অশোক—এই পাঁচ বৃক্ষ; অশ্বত্থ পূর্ব্বে, বিল্ব উত্তরে, বট পশ্চিমে, ধাত্রী

দক্ষিণে অশোক অগ্নিকোণে স্থাপনা করিয়া মধ্যে চতুর্হস্ত পরিমিতা বেদী প্রতিষ্ঠা করিলে পঞ্চবটী হইয়া থাকে। ২। দণ্ডকারণ্যস্থ বনবিশেষ। ৩। তীর্থবিশেষ। শিং—১ "ততো পঞ্চবটীং গত্বা ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ। পুণ্যেন মহতাযুক্তঃ সতাং লোকে মহীয়তে।"

পঞ্চবর্গ (পঞ্চ—বর্গ প্রহরণ,৭মী—হিং) সং, পুং, পঞ্চপ্রহরণান্বিত যাগবিশেষ।

পঞ্চবর্ণ (পঞ্চ—বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পঞ্চবর্ণান্বিত তণ্ডুল চূর্ণ। ২। পঞ্চ বর্ণের গুঁড়ি। শিং—১ "রজাংসি পঞ্চবর্ণানি মণ্ডলার্থে হি কারয়েৎ।"

পঞ্চবল্কল—ন্যগ্রোধ উড়ুম্বর অশ্বত্থ প্লক্ষ ও বেতস বল্কল।

পঞ্চবাণ } (পঞ্চন্ পাঁচ—বাণ, শর, ৬ষ্ঠী—
পঞ্চশর } হিং) সং, পুং, কন্দর্প। ইহার পাঁচ বাণ; যথা—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন। অথবা অরবিন্দ, অশোক, চুত, নবমল্লিকা, নীলপদ্ম। শিং—১"সম্মোহনোন্মাদনৌ চ শোষণস্তাপন-স্তথা। স্তম্ভনশ্চেতি কামস্য পঞ্চবাণাঃ প্রকীর্ত্তিতাঃ।" ২ "অরবিন্দমশোকঞ্চ চুতঞ্চ নবমল্লিকা, রক্তোৎপলঞ্চ পঞ্চৈতে পঞ্চ-বাণস্য সায়কাঃ।" ২। ক্লীং, পঞ্চবাণের সমাহার। ৩। বিং, ত্রিং, পঞ্চবাণবিশিষ্ট।

পঞ্চবীজ (পঞ্চ মধ্যে বিস্তীর্ণ—বীজ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শশা। ২। কর্কট। ৩। দাড়িম্ব।

পঞ্চবৃত্তি (পঞ্চ পঞ্চগুণিত—বৃত্তি, ৬ষ্ঠী—হিং) সং,পুং, প্রাণ, অপান, সমান, ব্যান, উদান এই বৃত্তিপঞ্চকযুক্ত দেহস্থ বায়ু। ২। প্রাণ। ৩। স্ত্রীং, পঞ্চবিধ মনোবৃত্তি।

পঞ্চশস্য (পঞ্চন্ পাঁচ—শস্য) সং, ক্লীং, ধান্য, মুদ্গ, মাস, যব, তিল কিংবা শ্বেত-সর্ষপ—এই পাঁচ।

পঞ্চশাখ (পঞ্চন্ পাঁচ—শাখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর, হস্ত। ২। বিং, ত্রিং, পাঁচ-শাখাযুক্ত।

পঞ্চশিখ (পঞ্চ বিস্তৃত—শাখা চূড়া বা কেশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। ২। মুনিবিশেষ; ইনি ধর্ম্মের ঔরসে হিংসার গর্ভে জাত। ৩। বিং,ত্রিং, পাঁচশিখাযুক্ত।

পঞ্চশিখীকরণ; সং, ক্লীং, পাঁচচুলো করা।

পঞ্চশীর্ষ (পঞ্চ পাঁচ—শীর্ষ মস্তক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্পবিশেষ।

পঞ্চশৈল; সং,পুং, সুমেরুর দক্ষিণস্থ পর্ব্বত-বিশেষ। শিং—১ "পঞ্চশৈলোহথ কৈলাসো হিমবাংশ্চাচলোত্তমঃ।"

পঞ্চসুগন্ধিক (পঞ্চন্ পাঁচ—সুগন্ধি গন্ধ দ্রব্য+কণ্—যোগ) সং, ক্লীং, কর্পূর, কক্কোল, লবঙ্গ, গুবাক, জাতীফল—এই পাঁচ সুগন্ধিদ্রব্য।

পঞ্চসূনা (পঞ্চন্—সূনা [সূ—উন্ বধ করা +অ(অল্)—ধি] বধস্থান, স্বং—স) সং, স্ত্রীং,বহুং, গৃহস্থের গৃহস্থিত ৫টী বধস্থান; —উনন, শীল-লোড়া, ঝাঁটা, ঢেঁকির গড়, কলসীপিড়ি। শিং—১ "পঞ্চসূনা গৃহস্থস্য চুল্লীপেষণ্যুপস্করঃ কণ্ডনীচোদকুম্ভশ্চ বধ্যতে যাশ্চ বা[illegible]ন।"

পঞ্চহোত্র; সং, পুং, বৈবস্বত মনুর পুত্র-বিশেষ।

পঞ্চহ্রদ; সং, পুং, তীর্থবিশেষ।

পঞ্চাক্ষর (পঞ্চ—অক্ষর, ৭মী—হিং) বিং, ত্রিং, মন্ত্রবিশেষ। ২। প্রতিষ্ঠাখ্য ছন্দো-বিশেষ।

পঞ্চাগ্নি (পঞ্চন্ পাঁচ—অগ্নি আগুন, স্বং—স) সং, পুং, বহুং, অন্বাহার্য্য পচন গার্হপত্য আহবনীয় আবসথ্য এই পাঁচ অগ্নি; গরুড়পুরাণে শরীরস্থ পঞ্চাগ্নি এই রূপ নির্দ্দিষ্ট আছে, উদরে গার্হপত্য মধ্য-দেশে দক্ষিণ মুখে আহবনীয় ও মস্তকে সত্য ও পর্ব্বা নামক অগ্নি স্থিতি করে। পঞ্চতপায় সম্বন্ধে পঞ্চাগ্নি এইরূপ; যথা—চতুর্দ্দিকে চারি এবং উপরিস্থ সূর্য্য পঞ্চম অগ্নি। ২। পুং, তপস্বীবিশেষ।

পঞ্চাঙ্গ (পঞ্চন্ পাঁচ—অঙ্গ শরীর) সং,পুং, কচ্ছপ। ২। অশ্ববিশেষ। ৩। ক্লীং, পঞ্চ অবয়ব। ৪। সহায়,সাধনোপায়,দেশকাল-বিভাগ বিপত্তিপ্রতীকার, সিদ্ধি—রাজ্যের এই পঞ্চাঙ্গ। ৫। জপ, হোম, তর্পণ, স্নান, ব্রাহ্মণভোজন—এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ।

৬। এক বৃক্ষের মূল, ত্বক্‌, পত্র, পুষ্প, ফল—এই পাঁচ। ৭। বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বক্ষঃস্থল ও দর্শনেন্দ্রিয় যোগে অবনতি এই পঞ্চাঙ্গ প্রণাম। ৮। তিথি বার নক্ষত্র যোগকরণ এই পাঁচ। শিং—১ ১ "তিথির্বারশ্চ নক্ষত্রং যোগঃ করণমেব চ। পঞ্চাঙ্গস্য ফলং শ্রুত্বা গঙ্গাস্নান ফলং লভেৎ।"

পঞ্চাঙ্গগুপ্ত (পঞ্চন্‌ পাঁচ অঙ্গ অবয়ব—গুপ্ত লুক্কায়িত। মস্তক ও চারি পা—এই পাঁচ অঙ্গ ইহার আচ্ছাদনীর মধ্যে যে লুকাইতে পারে) সং, পুং, কচ্ছপ।

পঞ্চাঙ্গশুদ্ধি (পঞ্চাঙ্গ—শুদ্ধি, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, পঞ্চাঙ্গের শুদ্ধি।

পঞ্চাঙ্গী ; সং, স্ত্রীং, হস্তীর কটিবন্ধন রজ্জু।

পঞ্চাঙ্গুল (পঞ্চন্‌ পাঁচ—অঙ্গুলি। যাহার পত্রে পাঁচ অঙ্গুলির ন্যায় চিহ্ন আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গাবভেরাণ্ডা গাছ। ২। বিং, ত্রিং, পাঁচ অঙ্গুলি পরিমিত।

পঞ্চাতপা (পঞ্চন্‌ পাঁচ—আতপ উত্তাপ, স্বং—স) সং, স্ত্রীং, যোগীর আসনের হস্তপরিমিত দূরে চারিদিকে অগ্নি ও সূর্য্য এই পাঁচপ্রকার আতপ দ্বারা সাধ্য তপস্যাবিশেষ। শিং—১ "হস্তান্তরে চতুর্বহ্নীন্‌ কৃত্বা বৈশ্বনেরেষ্টিনা। তন্মধ্যস্থা সূর্য্যবিম্বং বীক্ষন্তীবহুলাংশুকা।"

পঞ্চাত্মক (পঞ্চ আকাশাদি—আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আকাশাদি পঞ্চভূতাত্মক। শিং—১"পঞ্চাত্মকং দেহমিদং।" (পুরাণ)।

পঞ্চানন } পঞ্চাস্য } (পঞ্চন্‌ পাঁচ—আনন, আস্য মুখ, ৬ষ্ঠী—হিং। অথবা পঞ্চ বিস্তার—আনন পরমায়ুঃ। যাঁহা হইতে প্রাণীদিগের পরমায়ুঃ বৃদ্ধি হয়) সং, পুং, শিব। ২। (পঞ্চ [পন্চ্‌ বিস্তৃত হওয়া+অ(অন্)—ক] বিস্তৃত—আনন, আস্য, ৬ষ্ঠী—হিং) সিংহ। ৩। সিংহরাশি।

পঞ্চাপ্সরঃ ; সং, ক্লীং, সরোবরবিশেষ ; এই স্থানে পঞ্চ অপ্সরা সর্ব্বদা ক্রীড়া করে।

পঞ্চাব্জমণ্ডল (পঞ্চ—অব্জ—মণ্ডল) সং, ক্লীং, সর্ব্বতোভদ্রমণ্ডলের অন্তর্গত পঞ্চপদ্মাত্মক মণ্ডলবিশেষ।

পঞ্চামরা—দূর্ব্বা, বিজয়া (সিদ্ধি), বিল্ব, [illegible] শুণ্ঠী ও কালতুলসী।

পঞ্চামৃত (পঞ্চন্‌ পাঁচ—অমৃত সুধা, দ্বং—স) সং, ক্লীং, দধি দুগ্ধ ঘৃত মধু চিনি।

পঞ্চামৃতযোগ—গুড়ূচী, গোক্ষুর, মুশলী, মুণ্ডিকা ও শতাবরী এই পঞ্চের সম্মিলন।

পঞ্চাম্নায় (পঞ্চন্‌ পাঁচ—অম্নায় বেদ) সং, পুং, বহুং, শিবের পঞ্চমুখ হইতে নির্গত পঞ্চপ্রকার শাস্ত্র, এই শাস্ত্র অনুসারে তান্ত্রিকেরা পূজাদি ক্রিয়া সম্পন্ন করে।

পঞ্চাম্র (পঞ্চন্‌ পাঁচ—আম্র, দ্বিগু—স) সং, ক্লীং, অশ্বত্থ নিম্ব চম্পক বকুল নারিকেল—এই পঞ্চ। ২। তেইশটী বৃক্ষ—১ অশ্বত্থ, ১ পিচুমর্দ্দ, ২ চম্পক, ৩ কেশর, ৭ তাল, ৯ নারিকেল।

পঞ্চাম্ল (পঞ্চ—অম্ল) সং, ক্লীং, অম্লপঞ্চক ; যথা—কোল, দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলঙ্গ। ২। বিং, ত্রিং, উত্তম পঞ্চবিধ অম্লযুক্ত।

পঞ্চায়েৎ (পঞ্চতা শব্দজ) কোন সামাজিক বিষয় মীমাংসা করিবার জন্য উক্ত সমাজভুক্ত পঞ্চলোকের সমবায়।

পঞ্চারী ; সং, স্ত্রীং, পাশার ছক্‌।

পঞ্চার্চ্চিঃ (পঞ্চার্চ্চিস্‌, পঞ্চন্‌ পাঁচ—অর্চ্চিস্‌ কিরণ) সং, পুং, বুধগ্রহ।

পঞ্চাল (পঞ্চ্‌ বিস্তার করা+আল(কালন্‌)—ক) সং, পুং, দেশ-বিশেষ ; কথিত আছে মহারাজ হর্য্যশ্বের পঞ্চপুত্র রাজ্য রক্ষায় যথেষ্ট (পঞ্চ+অলং), সুতরাং দেশটী পঞ্চাল ও পঞ্চপুত্রের বংশীয়েরা পাঞ্চাল। শিং—১"পঞ্চলাঃ পঞ্চবিষয়া যন্মধ্যে নবখং পুরম্‌।" ২ "গচ্ছতাদ্যৈব পঞ্চালান্‌ দ্রুপদস্য নিবেশনে।" ২। বিং, ত্রিং, পঞ্চালদেশীয়। শিং—১ "ক্রিবয় ইতি হ বৈপুরা পঞ্চালানাচক্ষতে।" লী, লিকা—স্ত্রীং, বস্ত্রদন্তাদিনির্ম্মিত পুত্তলি। ২। গানবিশেষ, পাঁচালী, গীতি। ৩। পাশার ছক্‌।

পঞ্চাবত্তী (পঞ্চ—অবত্ত খণ্ডন+ইন্‌—যুক্তার্থে) বিং, ত্রিং, পঞ্চধাখণ্ডিত।

পঞ্চাবস্থ (পঞ্চন্‌ পাঁচ [ভূত]—অবস্থা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শব, মৃতদেহ।

পঞ্চাব্দী (পঞ্চ পঞ্চগুণিত—অব্দি বৎসরাত্মক কাল, ৬ষ্ঠী—দ্বিং) সং, স্ত্রীং, সার্দ্ধদ্বয়বর্ষবয়স্কা গবী, আড়াই বৎসরের গোরু।

পঞ্চাশৎ (পঞ্চন্ + দশন্—প্রং, আ—আগম) সং, স্ত্রীং, একং, পঞ্চাশ সংখ্যা, ৫০। ২। বিং, ত্রিং, তৎসংখ্যক।

পঞ্চাশীতি (পঞ্চ পঞ্চাধিক—অশীতি,দ্বং—স, মধ্যপদলোপ) বিং, ত্রিং, পঁচাশী, ৮৫।

পঞ্চাস্য (পঞ্চানন দেখ)।

পঞ্চিকা (পঞ্চন্ + কণ,আপ্) সং,স্ত্রীং,পঞ্চকপর্দ্দকঘটিত দ্যূতবিশেষ। [পঞ্চপরিমাণযুক্ত।

পঞ্চী (পঞ্চিন্,পঞ্চ + ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং,

পঞ্চীকরণ (পঞ্চন্ পাঁচ—কৃ করা + অন (অনট্)—ভা। মধ্যে, ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, স্থূল সৃষ্টি সম্পাদনার্থে আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী এই সূক্ষ্ম পঞ্চভূতকে ভাগদ্বয়ে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে চারিখণ্ডে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধ ব্যতীত অন্য চারি অর্দ্ধে এক এক খণ্ড যোজিত করে।

পঞ্চীকৃত (পঞ্চন্ পাঁচ—কৃত। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহার পঞ্চীকরণ করা হইয়াছে। শিং—১ "অপঞ্চীকৃতভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনম্।"

পঞ্চেন্দ্রিয় (পঞ্চন্ পাঁচ—ইন্দ্রিয়) সং, ক্লীং, চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্—এই পাঁচ জ্ঞানেন্দ্রিয়। বাক্ পাণি পাদ পায়ু উপস্থ—এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়।

পঞ্চেষু (পঞ্চন্ পাঁচ—ইষু বাণ, ৬ষ্ঠী—দ্বিং) সং, পুং, কন্দর্প। ২। (দ্বং—স) পঞ্চশর।

পঞ্জর (পিন্জ্ বাস করা + অর(অরন্)—ধি) সং, পুং—ক্লীং, পিঞ্জর, খাঁচা। ২। (+অরন্—ক) পাঁজরা। ৩। শরীর। ৪। অস্থিমাত্রাকৃতি শরীর। শিং—১ "তে বদ্ধাঃ শরজালেন শকুন্তা ইব পঞ্জরে।"

পঞ্জরশুয়া (পঞ্জর পিঁজরা—শুয়া শুকশব্দের অপভ্রংশ) সং, পুং, পিঞ্জরবদ্ধ শুকপক্ষী।

পঞ্জরাখেট (পঞ্জর পিঁজরা—আখেট মৃগয়া) সং, পুং, মৎস্যধারণযন্ত্র, পলো প্রভৃতি।

পঞ্জা (পারস্য) অঙ্গুলী সমেত হাতের তালু, কবজী।

পঞ্জি
পঞ্জিকা
পঞ্জী
} (পিন্জ্ সম্পৃক্ত হওয়া + ই(ইন্)—ক। কণ—যোগ) সং, স্ত্রীং, তিথিনক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ, পাঁজি। ২। পাঁইজ। ৩। প্রস্তাবনা। ৪। ব্যাকরণের বৃত্তি গ্রন্থবিশেষ।

পঞ্জীকর (পঞ্জী পাঁজি—কর [কৃ করা + অ(অন্)—ক] যে করে। যে তিথি নক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ করে, ২য়া—ষ) সং,পুং, কায়স্থ, লেখক। শিং—১"কায়স্থে কৃষকৃৎ পঞ্জীকরৌ।"২। বিং,ত্রিং,পঞ্জিকাকারক।

পট (পট্ বেষ্টন করা + অ(অল্)—ণ) সং, পুং—ক্লীং, বস্ত্র। ২। (+অন্—ক) পুং, চিত্রপট, ছবি। ৩। পিয়ালবৃক্ষ। ৪। ক্লীং, চাল। ৫। ছাদ। টী—স্ত্রীং, যবনিকা, পর্দ্দা। ২। বস্ত্রবিশেষ।

পটক (পট দেখ, অক(ণক)—ক) সং, পুং, শিবির, ছাউনি।

পটকা (পটৎশব্দজ) পং, অগ্নিখেলার টোটা।

পটকার (পট বস্ত্র—কার [কৃ করা + অ (অঞ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, তাঁতি। ২। চিত্রকর, পটুয়া।

পটকুটী (পট বস্ত্র কুটী গৃহ) সং, স্ত্রীং, বস্ত্রগৃহ, তাঁবু।

পটচ্চর (পটৎ [পট্ + অৎ(শতৃ)—ক] অনুকরণশব্দ—চর [চর্ আচরণ করা + অ (অন্)—ক] যে আচরে, ২য়া—ষ) সং, পুং, চোর। ২। রোমাণ্ডঃপাতী দেশ। এদেশে বহুতর অগ্নিময় পর্ব্বত আছে। এই দেশ সম্প্রতি ইটালী নামে খ্যাত। ৩। (পটৎ + চরট—প্রং) ক্লীং, জীর্ণবস্ত্র।

পটতাল—প্রথমে দুইটী দীর্ঘ মাত্রাবিশিষ্ট যে একটী তাল সৃষ্ট হয় তাহার নাম পটতাল।

পটপটী—শিশুদিগেরবাদ্যযন্ত্রবিশেষ,ডুগডুগী।

পটমণ্ডপ (পট বস্ত্র—মণ্ডপ গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তাঁবু, বস্ত্রগৃহ।

পটময় (পট বস্ত্র + ময়(ময়ট্)—প্রাচুর্য্যার্থে) বিং,ত্রিং, বস্ত্রনির্ম্মিত। ২। সং,পুং—ক্লীং, তাঁবু। ৩। শাটী।

পটর (পট—রা দান করা + অ(ক)—ক। অথবা পট্ + অরন—প্রং) বিং,ত্রিং, গতিশীল। ২। বস্ত্রদায়ক।

পটল ( পট্ বেষ্টন করা + অল(কলন্) — ণ ) সং, ক্লীং, ছাদ, চাল। ২। তিলক। ৩। পিটক। ৪। পরিচ্ছদ। ৫। পরিবার। ৬। নেত্ররোগ, চকে ছানি পড়া। ৭। ক্লীং, লী — স্ত্রীং, বেদাংশ। ২। তন্ত্রের পরিচ্ছেদ। ৩। পট। ৪। সমূহ। শিং — ১ "নীলপটৈরিব জলদপটলৈরাবৃতে।" ৫। সঞ্চয়। ৬। বাক্স। ৭। পেটরা। ৮। (+ কলন্ — ক ) পুং, গ্রন্থবিশেষ।

পটলপ্রান্ত (পটল চাল — প্রান্ত শেষ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, চালের প্রান্তভাগ, ছাঁইচ।

পটবাপ ( পট বস্ত্র — বাপ যাহা বুনা হইয়াছে ) সং, পুং, বস্ত্রগৃহ, তাঁবু।

পটবাস } ( পট বস্ত্র — বাস গৃহ, বা-
পটবাসক } সিত + ক — স্বার্থে ) সং, পুং, বস্ত্রগৃহ, তাঁবু। ২। গন্ধচূর্ণ। ৩। পিটালি। ৪। শাটী। [গৃহ, তাঁবু।

পটবেশ্ম ( পটবেশ্মন্ ) সং, ক্লীং, পটনির্ম্মিত

পটহ (পট অনুকরণশব্দ — হা ত্যাগ করা + অ(ড) — ক) সং, পুং — ক্লীং, রণঢক্কা। ২। নাগরা। শিং — ১ "ভ্রমর কুৎস্নেহত্র পুরে পটহঘোষণাম্।" ৩। ( + ড — ধি ) পুং, সমারম্ভ, আড়ম্বর। ৪। বধ।

পটাক (পট্ গমনকরা + আক — সংজ্ঞার্থে) সং, পুং, পক্ষিবিশেষ। কা — স্ত্রীং, পতাকা, ধ্বজা।

পটাম্বর (পট — অম্বর) সং, ক্লীং, পট্টবস্ত্র।

পটালুকা ( পট্ গমন করা + আলু — প্রং। কণ্ — যোগ, আপ্ ) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

পটি }
পটিকা } (পট দেখ, ই — প্রং। কণ্ — যোগে পটিকা) সং, স্ত্রীং, বস্ত্রবিশেষ।
পটী } ২। পাড়া, পল্লী।

পটিমা (পটিমন্, পটু + ইমন্ — ভবার্থে) সং, পুং, পটুতা, দক্ষতা, নৈপুণ্য।

পটিষ্ঠ } (পটীয়স্, পটু + ইষ্ঠ, ঈয়স্(ঈয়সু)
পটীয়ান্ } — অতিশয়ার্থে ) বিং, ত্রিং, অতিপটু, সুচতুর।

পটীর ( পট্ গমন করা + ঈর(ঈরন্) — ধি, সংজ্ঞার্থে) সং, ক্লীং, চন্দন। শিং — ১ "পরিপীতপটীররসৈরলসঃ।" ২। ক্ষেত্র। ৩। মেঘ। ৪। বংশলোচন। ৫। উদর। ৬। (+ ঈরন্ — ক) চালনী। ৭। মূলক। ৮। খদির। ৯। পুং, কন্দর্প। ১০। মেঘ। ১১। চন্দনবৃক্ষ। ১২। (+ ঈরন্ — ভাবে) উচ্চতা।

পটু ( পাটি দীপ্তি পাওয়া + উ — ক ) বিং, ত্রিং, দক্ষ, নিপুণ, সমর্থ। শিং — ১ "ভীটৈঃ পটুদিনকরঃকরৈস্তাপয়তে জগৎ।" ২। নীরোগ। ৩। চতুর। ৪। মধুর। ৫। উষ্ণ। ৬। উজ্জ্বল। ৭। তীক্ষ্ণ। ৮। নিষ্ঠুর। ৯। প্রস্ফুটিত। ১০। ধূর্ত্ত। ১১। সং, পুং, পল্‌তা। ১২। পটোল। ১৩। কারবেল্ল। ১৪। চোরক। ১৫। ক্লীং, ছত্রাক। ১৬। লবণ। ১৭। পাংশুলবণ।

পটুক (পটু + কণ্ — যোগ) সং, পুং, পটোল।

পটুপর্ণী }
পটুপত্রক } (পটু পটোল — পর্ণ, পত্র, পত্রিকা = পাতা ) সং, স্ত্রীং,
পটুপত্রিক } ভৈষজ্য লতাবিশেষ।

পটুরূপ ( পটু — রূপ এখানে আতিশয্যার্থে ) বিং, ত্রিং, অতিশয় পটু।

পটুশ ; সং, পুং, রাক্ষসবিশেষ।

পটোটজ ( পট চিত্রবিশিষ্ট পর্দা — উটজ পর্ণকুটীর, কুঁড়েঘর ) সং, ক্লীং, তাম্বু, বস্ত্রনির্ম্মিত গৃহ।

পটোল (পটু দেখ, ওল — ক, সংজ্ঞার্থে) সং, ক্লীং, পল্‌তার ফল। ২। পুং, পল্‌তাগাছ।

পটোলক (পটোল + কণ্ — তুল্যার্থে। পটোলের আকৃতি তুল্য বলিয়া) সং, পুং, শুক্তি, ঝিনুক।

পটোলিকা } (পটোল + ক, ঈ — অল্পার্থে) সং,
পটোলী } স্ত্রীং, ক্ষুদ্রপটোল। ২। ঝিঙ্গা।

পট্ট (পট্ গমন করা, পাওয়া + ত(ক্ত) — র্ম্ম) সং, পুং, পেষণার্থ প্রস্তর, চূর্ণ করিবার প্রস্তর। ২। পাটা। ৩। পিঁড়ি। ৪। চাল। ৫। রাজকীয় সনন্দ, পাট্টা। শিং — ১ "দত্ত্বা ভূমিং নিবন্ধং বা কৃত্বা তু কারয়েৎ — পটে (পট্টে) বা তাম্রপট্টে বা স্বমুদ্রোপরিচিহ্নিতম্।" ৬। পটি। ৭। পাগড়ি। ৮। রাজাসন। ৯। উত্তরীয় বস্ত্র, একপাটা। ১০। পাট, রেশমাদি। ১১। ক্লীং, চৌমাথা। ১২। নগর। ১৩। গ্রাম।

পট্টজ (পট্ট—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, পট্টবস্ত্র, রেশমী কাপড়।

পট্টদেবী } (পট্ট শিরোবস্ত্র, পাগড়ী,
পট্টমহিষী } সিংহাসন—দেবী, মহিষী= রাজ্ঞী) সং,স্ত্রীং, প্রধানা মহিষী, পাটরাণী, সিংহাসনযোগ্যা কৃতাভিষেকা রাজমহিষী।

পট্টন (পট্ গমন করা+তনন্—ধি) সং, ক্লীং, পত্তন, নগর। [পাতা।

পট্টশাক ; সং, পুং—ক্লীং, পাটশাক, নালিতা

পট্টাবাস (পট্ট—আবাস) সং, পুং, তাঁবু।

পট্টিকা (পট্ট+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, পাট।

পট্টিশ-স (পট্ট দেখ, টিশ, টিস—ক, সংজ্ঞার্থে) সং, পুং, অস্ত্রবিশেষ।

পট্টী ; সং, স্ত্রীং, ললাটভূষা। ২। অশ্বের তলপেটি, অশ্বের বক্ষঃস্থল বন্ধনরজ্জু।

পট্টোলিকা (পট্ট রাজকীয় সনন্দ+ওল—প্রং, কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, ভূমির করগ্রহণের ব্যবস্থাপত্র। ২। পাট্টা।

পঠদ্দশা (পঠৎ [পঠ্ পাঠ করা+অৎ(শতৃ)—ক]—দশা) সং, স্ত্রীং, পাঠের অবস্থা, পড়িবার কাল।

পঠন (পঠ্ পাঠ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পাঠ, অধ্যয়ন।

পঠনীয় (পঠ্ পাঠ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পাঠ্য, পড়িবার যোগ্য।

পঠি (পঠ্ পাঠ করা+ই—প্রং) সং, স্ত্রীং, পঠন, অধ্যয়ন।

পঠিত (পঠ্ পাঠ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অধীত, উচ্চারিত।

পঠ্যমান (পঠ্ পাঠ করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পাঠ করা যাইতেছে।

পড়ন } (পাঠনার্থ পঠ্+পতনার্থ পত্
পড়া } ধাতুজ) সং, অধ্যয়ন। ২। পতন।

পড়সী (পাড়াবাসিশব্দজ) সং, প্রতিবাসী।

পণ (পণ্ ক্রয়বিক্রয় করা, স্তুতি করা+অ (অল্)—ম) সং, পুং, প্রতিজ্ঞা। ২। বাজিরাখা। ৩। দ্যূত। ৪। বিক্রেয় দ্রব্য। ৫। গৃহ। (+অল্—ণ) বেতন। ৬। কুড়িগণ্ডা। ৭। কার্ষাপণ। শিং—১ "অশীতিভির্বরাটকৈঃ পণ ইত্যভিধীয়তে।" ৮। ধন। ৯। মূল্য। ১০। বিষ্ণু। শিং—১ "প্রাণদঃ প্রণবঃ পণঃ।" ১১। (+অল্—ভা) ব্যবহার।

পণগ্রন্থি (পণ বিক্রেয় দ্রব্য—গ্রন্থি গাঁইট্) সং, পুং, হাট বাজার প্রভৃতি।

পণন (পণ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিক্রয়, বেচা।

পণফর ; সং, ক্লীং, লগ্নের দ্বিতীয় পঞ্চম অষ্টম ও একাদশ স্থান।

পণব (পণ্ স্তুতি করা+অব—সংজ্ঞার্থে। অথবা পণ—বা গমনকরা+অ(ড)—ক) সং, পুং, বাদ্যযন্ত্র-বিশেষ। ২। দশাক্ষর পরিমিত ছন্দোবিশেষ।

পণবন্ধ (পণ প্রতিজ্ঞা—বন্ধ বন্ধন) সং, পুং, সন্ধি। ২। প্রতিজ্ঞাবন্ধ। ৩। ফলসিদ্ধি। [—র্ম্ম) সং, পুং, পণ্যদ্রব্য।

পণস (পণ্ ক্রয়বিক্রয় ব্যবহার করা+অস

পণাঙ্গনা (পণ মূল্য—অঙ্গনা স্ত্রী। যে স্ত্রী ব্যবহারার্থে পণ গ্রহণ করে) সং, স্ত্রীং, কুলটা, বেশ্যা।

পণাদি ; সং, ক্লীং, বরাটক, কড়ি।

পণায়া (পণ্ ক্রয়বিক্রয় করা+আয়, আ—ভা) সং, স্ত্রীং, ক্রয়বিক্রয়, কেনাবেচা।

পণায়িত } (পণ দেখ, ত(ক্ত)—র্ম্ম। ২য়
পণিত } পক্ষে—পণ—আয় + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত। ২। ব্যবহৃত। ৩। বিক্রীত। ৪। ক্রীত। ৫। বর্ণিত। [সং,ক্লীং, কপর্দ্দক, কড়ি।

পণাস্থি (পণ বিক্রেয় দ্রব্য—অস্থি হাড়)

পণিতব্য (পণ দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রেয়। ২। ব্যবহার্য্য। ৩। স্তোতব্য।

পণিতা (পণ্ বিক্রয় করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, বিক্রেতা, বিক্রয়কারক। ২। ক্রেতা।

পণী (পণিন্, পণ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, ক্রয়াদি ব্যবহারযুক্ত। ২। স্তুতিকারক। ৩। সং, পুং, স্তুতিবিশেষ।

পণ্ড (পণ্ড্ গমন করা+অ—প্রং। অথবা পণ্+ড—র্ম্ম) সং, পুং—ক্লীং, নপুংসক। ২। বিং, ত্রিং, নিষ্ফল।

পণ্ডক ; সং, পুং, সাবর্ণি মনুর পুত্রবিশেষ।
পণ্ডশ্রম (দেশজ) সং, অনর্থক আয়াস, বিফল যত্ন, নিরর্থক শ্রম।
পণ্ডা পণ্ড+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, তীক্ষ্ণবুদ্ধি। ২। শাস্ত্রজ্ঞান। ৩। বেদোজ্জ্বলা বুদ্ধি।
পণ্ডিত (পণ্ডা+ইত—জাতার্থে) সং, পুং, বিদ্বান্, শাস্ত্রজ্ঞ। ২। দক্ষ, নিপুণ ; যথা—রণপণ্ডিত। শিং—১ "পঠকাঃ পাঠকাশ্চৈব যে চান্যে শাস্ত্রচিন্তকাঃ। সর্ব্বে ব্যসনিনো মূর্খা যঃ ক্রিয়াবান্ স পণ্ডিতঃ।" ৩ সঙ্গীতে—যে ব্যক্তি কেবল ঔপপত্তিক তৌর্য্যত্রিক জানেন, অর্থাৎ সঙ্গীতশাস্ত্র মাত্র পরিজ্ঞাত আছেন, ক্রিয়াসিদ্ধ তৌর্যত্রিক অবগত নহেন, তাঁহাকে পণ্ডিত বলা যায়।
পণ্ডিতম্মন্য } পণ্ডিতমানী } (পণ্ডিতং পণ্ডিতকে—মন্ বোধ করা+য(খশ্)—ক, পণ্ডিতমানিন্, পণ্ডিত—মন্ বোধ করা+ইন্(ণিন্)—ক, ২য়া—ষ) বিং,ত্রিং, পণ্ডিতাভিমানী, যে পণ্ডিত না হইয়াও আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে।
পণ্ডিতমানী (পণ্ডিত—মানী অভিমানী) বিং,ত্রিং, পণ্ডিতাভিমানযুক্ত। ২। অজ্ঞান। শিং—১ 'মূর্খাঃ পণ্ডিতমানিনঃ।"
পণ্ডিতমূর্খ ; সং, পুং, যে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় আচরণ করে।
পণ্ডিতায়মান (পণ্ডিত+ক্যঙ্+শান—ক) যে পূর্ব্বে পণ্ডিত ছিল না এক্ষণে হইয়াছে।
পণ্ডুক ; সং, পুং, বাতরোগযুক্ত, পঙ্গু।
পণ্য (পণ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রেয় (দ্রব্য)। ২। ব্যবহার্য্য। শিং—১ "পাশুপাল্যং কৃষিঃ পণ্যং বৈশ্যস্যাজীবনং স্মৃতম্।" ৩। স্তোতব্য।
পণ্যপেষিতা ; সং, স্ত্রীং, বেশ্যা।
পণ্যবিক্রয়শালা (পণ্য—বিক্রয়—শালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হাটচালা। ২। হট্টের গৃহ।
পণ্যবীথিকা, পণ্যবীথী (পণ্য—বীথিকা,বীথী শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বিপণি, শ্রেণীবদ্ধ দোকান। শিং—১ "আপণাঃ পণ্যবীথীচ দ্বয়ং বীথীতি সংজ্ঞিতম্।"
পণ্যশালা (পণ্য বিক্রেয় দ্রব্য—শালা গৃহ) সং, স্ত্রীং, হাট বাজার দোকান প্রভৃতি।
পণ্যস্ত্রী (পণ্য—স্ত্রী, য়ং—স) সং, স্ত্রীং, পণ্যাঙ্গনা, বেশ্যা।
পণ্যাঙ্গনা } পণাঙ্গনা } (পণ্য, পণ—অঙ্গনা স্ত্রী, য়ং—স) সং, স্ত্রীং, বেশ্যা।
পণ্যাজীব (পণ্য বিক্রেয় দ্রব্য—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বণিক্, সওদাগর। [ক্লীং, হাট, বাজার।
পণ্যাজীবক (পণ্যাজীব+কণ্—যোগ) সং,
পতগ (পত [পং গমন করা+অ(অল্)—ণ] পক্ষ—গ [গম্ গমন করা+অ ড)—ক] যে গমন করে। যে পক্ষ দ্বারা গমন করে, ৩য়া—ষ) সং, পুং, বিহঙ্গ, পক্ষী।
পতঙ্গ } পতঙ্গম } (পত পক্ষ—গম্ গমন করা+অ(খ)—ক) সং, পুং, শলভ, ফড়িং। শিং—১ "অয়ি পতঙ্গ লবঙ্গসেতালয়ে পিব মধূনি বিধূয় মধুব্রতান্।" ২। পক্ষী। ৩। সূর্য্য। ৪। অগ্নি। ৫। শর, বাণ। ৬। শালিবিশেষ। ৭। ক্লীং, পারদ। ৮। চন্দনবিশেষ। ৯। চিহ্নবিশেষ, '+' এই চিহ্নকে পতঙ্গ-চিহ্ন কহে।
পতঙ্গকবচ (Entromostraca) যে সকল কীটের দেহ পতঙ্গের কবচের ন্যায় দৃঢ় কবচে আবৃত থাকে ; যথা—ক্যালিগস্ (Calegus) ত্রিদলক (Trilobites) নামক জলজ কীট প্রভৃতি।
পতঙ্গবৃত্ত (পতঙ্গ—বৃত্তি আচরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে পতঙ্গের ন্যায় আচার বিশিষ্ট। [সং, স্ত্রীং, মধুমক্ষিকাবিশেষ।
পতঙ্গিকা (পতঙ্গ+কণ্—তুল্যার্থে, আপ্)
পতঞ্চিকা ; সং, স্ত্রীং, ধনুকের ছিলা।
পতঞ্জলি (পতৎ পতন—অঞ্জলি নিপাতন। কথিত আছে ইনি সর্পাকারে পাণিনি মুনির হস্তে স্বর্গ হইতে পড়িয়াছিলেন) সং, পুং, যোগশাস্ত্রপ্রযোক্তা। ২। পাণিনিভাষ্যকর্ত্তা। ৩। পাতঞ্জলদর্শনপ্রণেতা মুনিবিশেষ। শিং—১ "যোগেন চিত্তস্য, পদেন বাচ্যং, মলং শরীরস্য তু বৈদ্যকেন, যোহপাকরোত্তং প্রবরং মুনীনাং পতঞ্জলিং প্রাঞ্জলিরানতোঽস্মি।"

পতৎ ( পত্ গমন করা+অৎ(শতৃ)—ক ) সং, পুং, পক্ষী। ২। বিং, ত্রিং, পতনশীল।

পতত্র } ( পত্ গমন করা+অ(অল্)—
পতত্র } ভাবে=পত—ত্রৈ ত্রাণ করা+অ(ড)—ক। অথবা পত্—অত্র(অত্রন্)—ণ। ২য় পক্ষে—পতৎ পক্ষী—ত্রৈ+অ(ড)—ক, ২য়া—ষ ) সং, ক্লীং, পক্ষীর ডানা।

পতত্রি } (পতত্র+ই—প্রং। অথবা পত্+
পতত্রী } অত্রি(অত্রিন্)—ক। ২য় পক্ষে—পতত্র+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, পক্ষী।

পতত্রিকেতন ( পতত্রী গরুড়—কেতন ধ্বজ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, গরুড়ধ্বজ বিষ্ণু।

পতত্রিরাজ ( পতত্রি পক্ষী—রাজ রাজা-শ্রেষ্ঠ, অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পক্ষি-রাজ, গরুড়।

পতদ্গ্রহ ( পতৎ [মুখাদি হইতে ক্ষরিত জলাদি] যাহা পড়িতেছে—গ্রহ [গ্রহ্ গ্রহণ করা+অ(অন্)—ক] যে গ্রহণ করে, ২য়া—ষ ) সং, পুং, পিকদান, যাহাতে থুথু ফেলা যায়।

পতদ্ভীরু ( পতৎ পক্ষী—ভীরু ভয়যুক্ত, ৫মী—হিং ) সং, পুং, শ্যেনপক্ষী।

পতন (পৎ অধোগমনকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, চলন। ২। স্খলন। ৩। ভ্রংশ। ৪। নাশ। ৫। পাপ। শিং—১ "বিহিতস্যানুষ্ঠানান্নিন্দিতস্য চ সেবনাৎ। অনিগ্রহাচ্চেন্দ্রিয়াণাং নরঃ পতনমৃচ্ছতি।" ৬। পাতিত্য।

পতনীয় (পত্ গমনকরা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পাত্য, পতনার্হ। ২। (পত্ পতিত হওয়া+অনীয়—ণ) সং, ক্লীং, পাপ।

পতয় (পত্ পতিত হওয়া+অয—ক। জীব কর্ম্মক্ষয়ে যে স্থান হইতে পতিত হয় ) সং, পুং, চন্দ্র। ২। পক্ষী। ৩। পতঙ্গ।

পতয়ালু (পত্-ণ্রি—পতি পড়া+আলু—ক, শীলার্থে ) বিং, ত্রিং, পতনশীল।

পতয়িষ্ণু (পত্ গমনকরা+ইষ্ণু—শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল।

পতর } ( পত্ গমন করা+অর(অরন্)
পতরু } অরু—ক ) বিং, ত্রিং, গমনশীল।

পতস ( পৎ গমন করা+অস—সংজ্ঞার্থে) সং, পুং, বিহঙ্গ, পক্ষী। ২। চন্দ্র। ৩। পতঙ্গ।

পতাকা ( পত্ গমন করা+আক—র্ম্ম, সংজ্ঞার্থে, আপ্) সং, স্ত্রীং, ধ্বজ, নিশান। শিং—১ "যশঃপতাকাং বিপুলাং ত্রিষু লোকেষু বিশ্রুতাম্। উচ্ছ্রিত্য তে গতঃ পুত্রঃ।" ২। ধ্বজপট। ৩। চিহ্ন। ৪। সৌভাগ্য। ৫। নাটকের অঙ্গবিশেষ।

পতাকাস্থানক ; সং, ক্লীং, নাটকাঙ্গবিশেষ।

পতাকিক ( পতাকা+কণ্—যুক্তার্থে, ই—আগম) বিং, ত্রিং, পতাকাযুক্ত।

পতাকী (পতাকিন্, পতাকা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পতাকাধারী। ২। সং, পুং, রথ। ৩। শুভাশুভবোধক চক্রবিশেষ ; ইহা অঙ্কিত করিতে গেলে, তিনটী উর্দ্ধগ রেখাপাত করিয়া তিনটী তির্য্যগ্ রেখা দ্বারা ছিন্ন করিবে, পরে উভয়পার্শ্ব হইতে ছয় ছয়টী কোণিত রেখা দ্বারা চক্র প্রস্তুত করিবে। উহারই নাম পতাকীচক্র। পতাকিনী—স্ত্রীং, সেনা।

পতাপত (পৎ [যঙ্লুগন্ত] পড়া+অ(অন্)—ক, দ্বিত্ব, পৌনঃপুনঃ অর্থে ) বিং, ত্রিং, বারংবার পতনশীল।

পতি (পা রক্ষাকরা+অতি(ডতি)—ক) সং, পুং, ভর্ত্তা। ২। রক্ষক। ৩। প্রভু। ৪। নায়ক। শিং—১ "ভার্য্যায়া ভরণাদ্ভর্ত্তা পালনাচ্চ পতিঃ স্মৃতঃ।

পতিংবরা ( পতিং পতিকে—বৃ মনোনীত করা+অ(খ)—ক, আপ্) সং, স্ত্রীং, স্বয়ম্বরা, স্বেচ্ছায় পতিগ্রাহিণী। ২। কৃষ্ণজীরক।

পতিঘ্ন ( পতি—হন্ বধ করা+অ(টক্)—ক) বিং, ত্রিং, প্রভুহন্তা। ঘ্নী—স্ত্রীং, পতিঘাতিনী, পতিহত্যাকারিণী।

পতিত (পৎ পড়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অধোগত। ২। চলিত। ৩। স্খলিত। ৪। নরক পতনসূচক কর্ম্মকারক, স্বধর্ম্মভ্রষ্ট, পাপী। শিং—১ "স্বধর্ম্মং যঃ সমুচ্ছিদ্য

পরধর্ম্মং সমাশ্রয়েৎ। অনাপদি স বিজ্ঞৈঃ পতিতঃ পরিকীর্ত্তিতঃ।”

পতিতজমি; যে জমীর আবাদ নাই ও যাহাতে কোন কর ধার্য্য নাই।

পতিতোৎপন্ন(পতিত – উৎপন্ন,৫মী – ষ) বিং, ত্রিং, পতিত হইতে উৎপন্ন, ধর্ম্মভ্রষ্টজাত।

পতিত্বন; সং, ক্লীং, যৌবন।

পতিদেবতা, পতিপ্রাণা (পতি – দেবতা, ৬ষ্ঠী হিং) সং, স্ত্রীং, সতী, পতিব্রতা।

পতিমতী (পতি + মৎ(মতু) – অস্ত্যর্থে) সং, স্ত্রীং, স্বামিযুক্তা (ভূম্যাদি)।

পতিবত্নী (পতি + বতু, ঈপ্ – স্ত্রীলিঙ্গে, নৃ – আগম) সং, স্ত্রীং, সভর্ত্তৃকা, সধবা।

পতিবেদন (পতি – বিদ্-ণিচ=বেদি লাভ করান + অন(অনট্) – ভাবে ) সং, পুং, মহাদেব। শিং – ১ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পতিবেদনম্।”

পতিব্রতা পতি – ব্রত নিয়ম, ৬ষ্ঠী – হিং বা ৭মী – হিং। যে বিবাহের অঙ্গীকার ভঙ্গ করে না। অথবা পতি – ব্রত, যাহার পতি ব্রতের ন্যায় অর্থাৎ সদা উপাস্য, ৬ষ্ঠী – হিং) সং,স্ত্রীং, সতী, সাধ্বী, পতিপরায়ণা। শিং – ১ “আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা। মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা।

পতীয়ন্তী ( পতি + য ক্য) – ক=পতীয় – অৎ(শতৃ) – ক, ঈপ্ – স্ত্রীং, নৃ – আগম) সং, স্ত্রীং, স্বাম্যাভিলাষিণী, পতিকামা।

পৎকাষী (পাদ্ – কষ গমন করা + ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, পাদচারী।

পত্তঙ্গ; সং, ক্লীং, রক্তচন্দন। ২। বকমৃগাছ।

পত্তন (পৎ গমন করা + তন তনন্) – ধি। যেখানে বণিকেরা গমন করে। অথবা পৎ গমন – তন বিস্তার, যেখানে গমনের বিস্তার আছে, ৭মী – হিং ) সং, ক্লীং, নগর, শহর,। ২। মৃদঙ্গ।

পত্তনদার (পারস্য) ভূম্যধিকারীর অধীনস্থ ভূসম্পত্তির করদাতা।

পত্তনাধিপতি; সং, পুং, রাজাবিশেষ।

পত্তনি (পত্তন সংস্থাপন) নির্দ্দিষ্ট খাজানা দিবার নিয়মে সংস্থাপিত ভূম্যাদি।

পত্তি (পদ্ গমনকরা + তি – ক। যাহারা পদব্রজে গমন করে)সং,পুং, পদাতিক সৈন্য। শিং – ১ “পত্তীনাং দশকোটীষু নিপতিতেষ্বেকো কবন্ধোত্থিতঃ।” ২। বীর। ৩। (+ ক্তি) সেনাবিশেষ, এক হস্তী, এক রথ, তিন অশ্ব, পঞ্চ পদাতিক। শিং – ১ “একো রথো গজশ্চৈকো নরাঃ পঞ্চ পদাতয়ঃ। ত্রয়শ্চ তুরগাস্তজ্জ্ঞৈঃ পত্তিরিত্যভিধীয়তে।” ৪। পঞ্চপঞ্চাশদাত্মক নরসৈন্য। শিং – ১ “নরানাং পঞ্চপঞ্চাশদেষা পত্তির্বিধীয়তে।” ৫। ( + ক্তি – ভাবে ) গতি।

পত্তিগণক (পত্তি – গণক, ৬ষ্ঠী – ষ)বিং, ত্রিং, পদাতির গণনাকারক।

পত্তিসংহতি; সং, স্ত্রীং, পদাতি সৈন্যবৃন্দ।

পত্নী (পতি + ঈপ্ – জায়ার্থে। নৃ – আগম) সং, স্ত্রীং, বিবাহিতা স্ত্রী, ভার্য্যা।

পত্ন্যাট ( পত্নী ভার্য্যা – আট [আ – অট্ গমন করা + অ(অন্) – ক] যে গমন করে) সং, পুং, পত্নীর বাসগৃহ।

পত্র (পৎ পড়া, গমন করা + র(রক্) – ক। অথবা পৎ – ত্র ষ্ট্রন্) – ক ) সং, ক্লীং, পাতা। ২। বাহন, অশ্ব শকটাদি। ৩। ( + ষ্ট্রন্ – ণ) পক্ষ, পালক। ৪। বাণের পক্ষ। ৫। পুস্তকাদির পাত। ৬। স্বর্ণাদির পাত। ৭। পত্রলতা। ৮। শরপত্র। ৯। চিঠী।

পত্রক (পত্র + কণ – যোগ) সং, ক্লীং, পাতা। ২। তেজপাত। ৩। পত্রাবলী রচনা। ৪। পুং, শালিঞ্চ শাক।

পত্রকাহলা (পত্র পাতা, পক্ষ ইত্যাদি – কাহল শব্দ) সং, স্ত্রীং, পাতার মড়্মড়ানি শব্দ।

পত্রগুপ্ত ( পত্র পাতা – গুপ্ত লুক্কায়িত, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, তেকাঁটাসিজের গাছ।

পত্রঙ্গ } (পত্র – অঙ্গ [শরীর] পদার্থ) সং,
পত্রাঙ্গ } ক্লীং, রক্তচন্দন।

পত্রণা (পত্র বাণের পক্ষ – নী পাওয়া + অ – প্রং। অথবা পত্র – নয় + ড – ণ) সং, স্ত্রীং, বাণের পক্ষরচনা।

পত্রদারক (পত্র পত্রাকার—দৃ বিদীর্ণ করা অক(ণক)—ক) সং, পুং, করাত।

পত্রনাড়িকা (পত্র পাতা—নাড়ী পাত্র+ কণ্‌-যোগ) সং, স্ত্রীং, পাতার শির।

পত্রপরশু } (পত্র সুবর্ণাদির পাত—প-
পত্রপর্শু } রশু, পর্শু=কুঠার) সং, পুং, স্বর্ণাদিচ্ছেদক অস্ত্রবিশেষ, ছেনী।

পত্রপা ; সং, স্ত্রীং, অপত্রপা, লজ্জা।

পত্রপাল (পত্র পাতা—পাল্‌ রক্ষা করা+ অ(অন্‌)—ক) সং, পুং, বড় ছুরী। লী—স্ত্রীং, কর্ত্তনী, কাঁচি। [ভূষণ।

পত্রপাশ্যা ; সং, স্ত্রীং, স্বর্ণাদিরচিত ললাট-

পত্রপিশাচিকা ; সং, স্ত্রীং, জলত্রা, টোকা।

পত্রপুষ্প (পত্র পাতা—পুষ্পের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রক্ততুলসী। ষ্পা—স্ত্রীং, তুলসী।

পত্রপুষ্পক (পত্র পাতা—পুষ্প+কণ্‌—যোগ) সং, পুং, ভূর্জ্জপত্রবৃক্ষ।

পত্রবন্ধ (পত্র পাতা—বন্ধ বন্ধন) সং, পুং, পুষ্পাদিরচনা, পত্রপুষ্পাদি দ্বারা সাজান।

পত্রবাল (পত্র পাতা—বল্‌ বলিষ্ঠ হওয়া +অ(ষঞ)—ণ) সং, পুং, ক্ষেপণী, দাঁড়।

পত্রভঙ্গ (পত্র পাতা—ভন্‌জ্‌ ভগ্ন করা+ অ—প্রং) সং,পুং, ঙ্গী—স্ত্রীং,স্তনকপোলাদিতে কস্তুরিকাদি রচিত পত্রলেখা, পত্রাবলী। [পত্রাকার মঞ্জরীযুক্ত তিলকবিশেষ।

পত্রমঞ্জরী ; সং, স্ত্রীং, পর্ণের অগ্রভাগ। ২।

পত্রমাল (পত্র পত্রাকার—মালা, ৭মী—হিং) সং, পুং, বেতস।

পত্রযৌবন (পত্র—যৌবন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, নবপল্লব, নূতনপত্র। শিং—১"নবোদ্গাতেকিশলয়ংকিশলংপত্রযৌবনম্‌।"

পত্ররথ (পত্র পক্ষ—রথ গতিসাধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী। ২। বাণ।

পত্রল (পং গমন করা+রল—প্রং) সং, ক্লীং, পাতলা দই।

পত্রবল্লী } (পত্র—বল্লী লতা) সং, স্ত্রীং,
পত্রলতা } পত্রাবলীরচনা,তিলকাদি। ২। পানের গাছ। ৩। রুদ্রজটা। ৪। পলাশীলতা।

পত্রলেখা—স্ত্রীং } (পত্র পাতা—লেখা
পত্রবিশেষক—ক্লীং } শ্রেণি, ৬ষ্ঠী—ষ। পত্র—বিশেষক যে বিশেষ করে) সং, স্তনকপোলাদিতে পত্রাবলী রচনা। ২। তিলক।

পত্রবাহ (পত্র পালক—বাহ বহন) সং, পুং, বাণ। ২। বিং, ত্রিং, লিপিবাহক।

পত্রবেষ্ট (পত্র—বেষ্ট যে বেষ্টন করে) সং, পুং, তাড়ঙ্ক, ভূষণবিশেষ।

পত্রশ্রেণী (পত্র—শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দ্রবন্তীলতা। ২। বর্ণ সমুদায়ের পংক্তি।

পত্রশ্রেষ্ঠ ; সং, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

পত্রসুন্দর (পত্র—সুন্দর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্বনামখ্যাত বৃক্ষবিশেষ।

পত্রসূচি (পত্র পাতা—সূচি সূঁচ) সং, স্ত্রীং, কণ্টক, কাঁটা।

পত্রহিম ; সং, ক্লীং, হিমদুর্দ্দিন।

পত্রাখ্য (পত্র পাতা—আখ্যা নাম, ৭মী—হিং) সং, ক্লীং, তেজপাত। ২। তালীশপত্র।

পত্রাঙ্গ ; সং, ক্লীং, রক্তচন্দন। ২। রক্তচন্দন সদৃশ কাষ্ঠবিশেষ। ৩। ভূর্জ্জপত্র বৃক্ষ। ৩। পদ্ম।

পত্রাঙ্গুলি (পত্র—অঙ্গুলি [কার্য্যকারণতা-প্রযুক্ত] অঙ্গুলিব্যাপার, ৭মী—হিং) সং, স্ত্রীং, চন্দনাদি দ্বারা স্তনকপোলাদিতে পত্রাবলী রচনা।

পত্রাঞ্জন (পত্র [পুস্তকের] পাতা—অঞ্জন কজ্জল) সং, ক্লীং, মসী, কালী।

পত্রাঢ্য (পত্র—আঢ্য, ৩য়া—ষ) বিং, ত্রিং, বহুপত্রযুক্ত। ২। সং, ক্লীং, পিপ্পলীমূল। ৩। পর্বততৃণ।

পত্রাবলি } (পত্র পাতা—আবলি, আ-
পত্রাবলী } বলী শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পত্ররচনা, অলকাতিলকা।

পত্রিকা, পত্রা (পত্র+কণ্‌—স্বার্থে,আপ,ঈপ্‌) সং, স্ত্রীং, পত্র, লিখনাধার, লিপি, চিঠি। শিং—১ "আদিত্যাদি গ্রহাঃ সর্ব্বে নক্ষত্রাণি চ রাশয়ঃ দীর্ঘমায়ুঃ প্রকুর্ব্বন্তু যস্যেয়ং জন্মপত্রিকাঃ।

পত্রিকাখ্য ; সং, পুং, কর্পূরবিশেষ। ২। বিং, ত্রিং, পত্রিকানামক।

পত্রিণী ; সং, স্ত্রীং, পল্লব।
পত্রোপস্কর (পত্র—উপস্কর বন্ধনের মসলা) সং, পুং, বৃক্ষবিশেষ, কাসমর্দ্দ।
পত্রোর্ণ (পত্র পাতা-ঊর্ণা রেশম) সং, ক্লীং, ধৌতকৌষেয়, রেশমী বস্ত্র। ২। পুং, বৃক্ষবিশেষ, শ্যোনাকবৃক্ষ।
পত্রোল্লাস (পত্র—উল্লাস যাহা আনন্দিত করে) সং,পুং, মুকুল, বউল। ২। কলিকা, কুঁড়ি। [র=ল) সং, পুং, পন্থা, পথ।
পৎসল (পৎ গমন করা+সর(সরন্)—ণ।
পত্রী (পত্রিন্, পত্র পক্ষ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পক্ষী। ২। বাণ। ৩। পর্ব্বত। ৪। শ্যেন। ৫। বৃক্ষ। ৬। রথ। ৭। তাল-বৃক্ষ। ৮। শ্বেতকিণিহী। ৯। গঙ্গাপত্রী। ১০। পাটী। ১১। বিং, ত্রিং, পত্রবিশিষ্ট।
পথ (পথ্ গমন করা+অ অল্)—ণ) সং, পুং, রাস্তা। ২। উপায়। শিং—১ "তেন বাকোন প্রবিষ্টেন শ্রুতেঃ পথম্।"
পথক (পথ+কণ্—কুশলার্থে) বিং, ত্রিং, পথকুশল, পথাভিজ্ঞ।
পথিক (পথিন্+কণ্—গমনার্থে) বিং,ত্রিং, ভ্রমণকারী। ২। সং,পুং, পান্থ, বিদেশস্থ।
পথিকশালা (পথিক—শালা আবাসস্থান) সং, স্ত্রীং, পথিকদিগের আবাসস্থান, পান্থগৃহ, সরাই।
পথিকসংহতি (পথিক—সংহতি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পথিকসমূহ।
পথিকার (পথিন্ পথ—কৃ করা+অ(ষণ্) —ক) বিং, ত্রিং, মার্গকারক, যে পথ প্রস্তুত করিয়া দেয়। [পথকর।
পথিদেয় (Road cess) সং, ক্লীং, করবিশেষ,
পথিদ্রুম ; সং, পুং, খদিরবৃক্ষ।
পথিন্ } (পথ্ গমন করা+ইন্, ই—ণ)
পথি } সং, পুং, পথ। ২। উপায়। ৩। স্বভাব। ৪। রীতি। শিং—১ "অপস্থানং তু গচ্ছন্তং সোদরোঽপি বিমুঞ্চতি।"
পথিরক্ষঃ (-রক্ষস্, পথিন্—রক্ষ্ রক্ষা করা +অস(অসুন্)—ক) বিং,ত্রিং, মার্গরক্ষক। ২। সং, পুং, রুদ্রবিশেষ।
পথিল (পথ্ গমন করা+ইল(ইলচ্)—ক) সং, পুং, পথিক।

পথিবাহক (পথিন্ পথ—বাহক যে বহন করে) সং, পুং, শাকুনিক, ব্যাধ। ২। নিষ্ঠুর। ৩। ভারবাহক।
পথ্য পথ্ গমন করা+য(ক্য)—যোগ্যার্থে) বিং,ত্রিং,হিত। শিং—১"ব্যাধিতস্যৌষধং পথ্যম্।" ২। যোগ্য। ৩। আরোগ্য। ৪। (পথ বৈদ্যোক্তব্যবস্থা+য—র্ম্ম, অন-পেতার্থে) রোগীর যোগ্য আহার। ৫। পুং, ঋষিবিশেষ। থ্যা—স্ত্রীং,হরীতকী। "শিবা-য়াং বনতিক্তঃ স্যাৎ পথ্যঃ সুন্দরমাতৃকৌ।"
পথ্যাশন (পথ্য—অশন ভোজন, ২য়া—ষ) সং, ক্লীং, হিতকর দ্রব্য ভোজন।
পথ্যাশী (পথ্য—অশ্ ভোজন করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, পথ্যভোজী। শিং —১ "ভবানপি পথ্যাশী বর্ত্ততে।"
পদ্, পাদ্ (পদ্ গমন করা+০(ক্বিপ্)—ণ) সং, পুং, চরণ, পা। ২। কিরণ।
পদ (পদ্ গমন করা+অ(অল্)—ণ) সং, ক্লীং, চরণ। শিং—১"শকুনানামিবাকাশে মৎস্যানামিব চোদকে। পদং যথা ন দৃশ্যেত তথা জ্ঞানবিদাং গতিঃ।" ২। পদ-চিহ্ন। ২। চিহ্ন। ৩। বাচক শব্দ। ৪। বাক্য। শিং—১ "শ্লোকপাদং পদং কেচিৎ সুপ্তিঙন্তমথাপরে। পরেঽবান্তর বাক্যঞ্চ পদমাহুর্বিশারদাঃ।" ৫। আধি-পত্য, ঐশ্বর্য্য। ৬। বস্তু। ৭। ব্যবসায়। ৮। অবকাশ, স্থান। ৯। লক্ষ্য। ১০। পাদ, চতুর্থাংশ। ১১। ত্রাণ। ১২। ছল। ১৩। পুং, কিরণ।
পদক (পদ+কণ—প্রং) সং, পুং, গোত্র-প্রবর্ত্তক ঋষি বিশেষ। ২। (দেবপদাদি চিহ্ন হেতু স্বনাম-খ্যাত কণ্ঠভূষণ। ৩। বিং, ত্রিং, পদবেত্তা।
পদকার (পদ—কার [কৃ করা+অ(ষণ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, বেদের মন্ত্রপদবিভাজক গ্রন্থকর্ত্তা। ২। বিং, ত্রিং, বাক্যরচনাকারক।
পদগ, পদ্গ (পদ, পদ্ পা—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে, ৩য়া—ষ) সং, পুং, পদাতি, পদচারী সৈন্য। ২। বিং, ত্রিং, পদদ্বারা গমনকারী।

পদন্যাস } (পদ—ন্যাস, বিক্ষেপ=
পদবিক্ষেপ } নিক্ষেপ, অর্পণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদার্পণ, পা ফেলা। ২। গোক্ষুর।

পদপাঠ; সং, পুং—ক্লীং, বেদপদ-বিভাজক গ্রন্থবিশেষ। শিং—১ "উদ্গীথরম্য পদপাঠবত্যাঞ্চ সাম্নাম্।" (দেবীমাহাত্ম্য)।

পদভঞ্জন (পদ বাক্য—ভঞ্জন ভঙ্গন) সং, ক্লীং, নিরুক্তগ্রন্থ, দুরূহশব্দের পদব্যাখ্যা।

পদভঞ্জিকা (পদ চিহ্ন ইত্যাদি—ভন্জ্ ভগ্ন করা+অক(ণক)—ক, ই—আগম। আপ্) সং, স্ত্রীং, টীকা, টিপ্পনী। ২। পঞ্জিকা।

পদবি } (পদ্—অবি [অব্ রক্ষাকরা+
পদবী } ই—ক] যে রক্ষা করে, ২য়া—ষ, কিম্বা পদ্+অবি—ণ, অথবা পদ পা—বি গমন, ৭মী—হিং) সং, স্ত্রীং, পথ। ২। পদ্ধতি। ৩। উপনাম। ৪। উপাধি। ৫। ব্যবসায়। শিং—১"নৈবাস্যাকং নয়নপদবীং শ্রোত্রমার্গং গতো বা।"২"সিংহস্যামাত্যপদবী প্রদত্তা।"

পদমালা (পদ—মালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পদশ্রেণী। ২। বিদ্যাবিশেষ। শিং—১ "পদমালাং মহাবিদ্যাং সর্ব্বদেবনমস্কৃতাং। যাচয়ামি সুরেশানমুমাদেহার্দ্ধ ধারিণম্।"

পদষ্ঠীব (পদ—অষ্ঠীব, সমাহার দ্বং—স) সং, ক্লীং, যুগপৎ উপস্থিত চরণ ও জানুদ্বয়।

পদাঙ্ক; সং, পুং, পদচিহ্ন। শিং—১ "চক্রে কৃষ্ণ পদাঙ্কদূতং।" ২ "রতিবলয়পদাঙ্কে।"

পদাঙ্গী; সং, স্ত্রীং, হংসপদী লতা।

পদাজি (পদ—অজ্ গমন করা+ইণ্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, পদাতিক সৈন্য।

পদাত } (পদ—অৎ গমন করা+অ,
পদাতি } ইণ্—ক, ৩য়া—ষ) বিং, ত্রিং,
পদাতিক } পদদ্বারা গমনকারী, পেয়াদা। শিং—১ "একাদশ চমূনাথঃ রাজা দুর্য্যোধনস্তদা। গদামাদায় তেজস্বী পদাতিঃ প্রস্থিতো হ্রদম্।" ২। সং, পুং, পদচারী সৈন্য। (অক্ষৌহিণী দেখ)।

পদার (পদ—ঋ গমন করা+অ—প্রং) সং, পুং, পদধূলি। ২। নৌকা।

পদারবিন্দ } (পদ—অরবিন্দ, অম্ভোজ=
পদাম্ভোজ } পদ্ম) সং, ক্লীং, পাদপদ্ম।

পদার্থ (পদ শব্দ, বস্তু—অর্থ বিধেয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শব্দের প্রতিপাদ্য, দ্রব্য গুণ কর্ম্ম সামান্য বিশেষ সমবায় অভাব—এই সপ্ত। ২। বস্তু। ৩। অভিধেয় পদের অর্থ। শিং—১"দ্রব্যং গুণাস্তথা কর্ম্ম সামান্যং সবিশেষকম্। সমবায়স্তথাভাবঃ পদার্থাঃ সপ্ত কীর্ত্তিতাঃ।" ২"জাত্যাকৃতিব্যক্তয়স্তু পদার্থাঃ।"

পদার্থবিদ্যা (Natural Philosophy) সং, স্ত্রীং, বিশ্বান্তর্গত সমস্ত পদার্থের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র, যে শাস্ত্র দ্বারা জড় পদার্থ সমুদায়ের গুণ ও গতির বিষয় জানা যায়।

পদাসন (পদ পা—আসন বসিবার স্থান) সং, ক্লীং, পাদপীঠ, পা রাখিবার পিঁড়ি। ২। টুল্। [পদাতি সৈন্য।

পদিক (পদ পা+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং,

পদ্ধতি তী (পদ্ পা+হতি [হন্ বধ করা+তি(ক্তি)—র্ম্ম] আঘাত, ৭মী—হিং) সং, স্ত্রীং, পথ। ২। শ্রেণী। ৩। রেখা। ৪। প্রবাহ। ৫। রীতি। ৬। প্রণালী। ৭। আচারগ্রন্থ। ৮। পদবী, উপাধি।

পদ্ম (পদ্ [জলে] গমন করা+ম—ক) সং, পুং—ক্লীং, কমল। শিং—১ "বভৌ বর্ষাসু বিক্লিষ্টং পদ্মমাগলিতং যথা।" ২ "পদ্মবোধনমুদ্যন্তং পশ্য সূর্য্যম্।" ৩"ভগবন্নাভ্যাং পদ্মঃ সমুত্থিতঃ।" ২। নিধিবিশেষ। ৩। সংখ্যাবিশেষ। ৪। হস্তীর মস্তক ও শুণ্ডোপরি চিত্রিত চিহ্নবিশেষ। ৫। ব্যূহবিশেষ। ৬। পুং, নাগবিশেষ। ৭। রতিবন্ধবিশেষ। শিং—১"হস্তাভ্যাঞ্চ সমালিঙ্গ্য নারীপদ্মাসনোপরি। রমেদ্গাঢ়ং সমাকৃষ্য বন্ধোঽয়ং পদ্মসংজ্ঞকঃ।" ৮। তন্ত্রোক্ত দেহের চক্রবিশেষ; দেহস্থিত ষটপদ্ম; যথা—মূলাধার, স্বাধীনতা, মণিপুর, আহত, বিশুদ্ধ ও অজ্ঞান।

পদ্মক (পদ্ম+কণ্—তুল্যার্থে) সং, ক্লীং, বিন্দুজালক। ২। হস্তী প্রভৃতির গাত্রে রক্তবর্ণ বিন্দু বিন্দু চিহ্ন। শিং—১ "পদ্মপ্রতিকৃতি রক্তত্বাৎ পদ্মকম্। তারুণ্যে হি হস্তিনো দেহে রক্তবিন্দবঃ স্যুঃ।" ৩। পদ্মকাষ্ঠ। ৪। কুষ্ঠ।

পদ্মকর (পদ্ম—কর হস্ত। এক হস্তে পদ্ম ধরিয়া আছেন বলিয়া) সং, পুং, সূর্য্য।

পদ্মকী (—কিন্, পদ্মক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ। [কিঞ্জল্ক।

পদ্মকেশর ; সং, পুং—ক্লীং, ভূর্জ্জবৃক্ষ। ২।

পদ্মগন্ধ্য (পদ্ম পদ্মতুল্য—গন্ধ, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ। য—আগম) বিং, ত্রিং, পদ্মগন্ধযুক্ত।

পদ্মগর্ভ (পদ্ম [বিষ্ণুর নাভিপদ্ম]—গর্ভ উৎপাদক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি। ২। পদ্মের মধ্যস্থান।

পদ্মজ (পদ্ম বিষ্ণুর নাভিকমল—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়) সং, পুং, ব্রহ্মা।

পদ্মতন্তু ; সং, পুং—ক্লীং, মৃণাল।

পদ্মনাভ (পদ্ম—নাভি+ড। যাহার নাভিতে পদ্ম আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "পদ্মনাভোঽরবিন্দাক্ষঃ।" ২ "শয়নে পদ্মনাভঞ্চ বিবাহে চ প্রজাপতিঃ।" ২। ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। ৩। নাগবিশেষ। ৪। ভাবিজিনবিশেষ।

পদ্মনাল ; সং, ক্লীং, মৃণাল।

পদ্মনেত্র (পদ্ম পদ্মতুল্য—নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পদ্মতুলনেত্রযুক্ত। ২। সং, পুং, বুদ্ধবিশেষ।

পদ্মপত্র ; সং, ক্লীং, কমলদল। ২। পুষ্করমূল।

পদ্মপলাশলোচন (পদ্মপত্রসদৃশ লোচনবিশিষ্ট বলিয়া) সং, পুং, বিষ্ণু।

পদ্মপাণি (পদ্ম—পাণি হস্ত। এক হস্তে পদ্ম ধারণ করেন বলিয়া) সং, পুং, ব্রহ্মা। ২। বুদ্ধ। ৩। সূর্য্য। ৪। বিং, ত্রিং, কমলহস্তক।

পদ্মপুরাণ ; সং, ক্লীং, ব্যাস-প্রণীত মহাপুরাণবিশেষ ; পাশ্চাত্য পণ্ডিতগণ অনুমান করেন যে ইহা খৃষ্টীয় দ্বাদশ শতাব্দী হইতে ষোড়শ শতাব্দী মধ্যে রচিত।

পদ্মপ্রভ (পদ্ম পদ্মতুল্য—প্রভা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পদ্মতুল্য প্রভাসম্পন্ন। ২। সং, পুং, জৈনঅর্হৎবিশেষ।

পদ্মপ্রিয়া (পদ্ম—প্রিয়, পদ্ম যাহার প্রিয়) সং; স্ত্রীং, জরৎকারুমুনিপত্নী, মনসাদেবী।

পদ্মবন্ধ (পদ্ম—বন্ধ বন্ধন) সং, পুং, চিত্রকাব্যবিশেষ।

পদ্মবন্ধু (পদ্ম—বন্ধু মিত্র, ৬ষ্ঠী—ষ। সূর্য্যোদয়ে পদ্ম প্রস্ফুটিত হয় বলিয়া সূর্য্য পদ্মের বন্ধু) সং, পুং, সূর্য্য। ২। ভ্রমর। ৩। অর্কবৃক্ষ।

পদ্মভূ (পদ্ম—ভূ [ভূ হওয়া+০(ক্বিপ্)—ক] যে হয়, ৫মী—হিং) সং, পুং, ব্রহ্মা।

পদ্মমুখ (পদ্ম পদ্মতুল্য—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কমলতুল্য মুখবিশিষ্ট। খী—স্ত্রীং, দূর্ব্বালতা।

পদ্মমুদ্রা ; সং, ক্লীং, তন্ত্রসারোক্ত মুদ্রাবিশেষ।

পদ্মযোনি } (পদ্ম [বিষ্ণুর নাভিপদ্ম]—যোনি,
পদ্মোদ্ভব } উদ্ভব=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। বা—স্ত্রীং, মনসাদেবী। [পুং, তাম্রবর্ণ মণি, পলা।

পদ্মরাগ (পদ্ম—রাগ রং, ৬ষ্ঠী—হিং) সং,

পদ্মরেখা (পদ্ম সংখ্যাবিশেষ অথবা পদ্মাকার—রেখা) সং, স্ত্রীং, বহুধনসঞ্চয়সূচক করতলস্থ রেখাবিশেষ।

পদ্মলাঞ্ছন (পদ্ম কমল, ছত্রাকৃতি, নিধিবিশেষ—লাঞ্ছন চিহ্ন, নাম) সং, পুং, ব্রহ্মা। ২। সূর্য্য। ৩। কুবের। ৪। রাজা। না—স্ত্রীং, লক্ষ্মী। ২। সরস্বতী। ৩। দুর্গা।

পদ্মবাসঃ ; সং, ক্লীং, পদ্মগন্ধ।

পদ্মবাসা (পদ্ম—বাস বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, লক্ষ্মী, কমলা। ২। সরস্বতী।

পদ্মা (পদ্ম+অ—অস্ত্যর্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, লক্ষ্মী। ২। মনসা। ৩। নদীবিশেষ। ৪। বৃহদ্রথ রাজকন্যা, কল্কীদেবের ভাবি পত্নী। শিং—১ "পদ্মাং পদ্মবিশালাক্ষীং পদ্মনেত্রায় পদ্মিনীং পদ্মজাদেশিতঃ পদ্মনাভায়াদাদ্ যথা শ্রিয়ম্।" ৫। পদ্মচারিণী লতা। ৬। মঞ্জিকাবৃক্ষ। ৭। বুদ্ধার্হন্মাতা। ৮। কুসুমফুল।

পদ্মাকর (পদ্ম—আকর উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরোবর, পদ্মযুক্ত জলাশয়।

পদ্মাক্ষ (পদ্ম—অক্ষ অক্ষিসদৃশ) সং, ক্লীং, পদ্মবীজ। শিং—১ "পদ্মাক্ষৈর্নির্ম্মিতামালা শত্রূণাং নাশিনী মতা।" ২। বিং, ত্রিং, পদ্মতুল্য যাহার চক্ষুঃ।

পদ্মাট (পদ্ম—অট্ গমন করা+অ(অন্)—ক। যে পদ্মের ন্যায় চঞ্চল হয়) সং, পুং, চক্রমর্দ্দন বৃক্ষ, দাদমর্দ্দন।

পদ্মালয়া (পদ্ম—আলয় গৃহ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, লক্ষ্মী, পদ্মা; যথা—
"পদ্মালয়া পদ্মমুখী সীতারে পাইয়া,
রাখিলেন বুঝি পদ্মবনে লুকাইয়া।"
২। লবঙ্গ।

পদ্মাবতী (পদ্ম+বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, মনসাদেবী। ২। পদ্মানদী। ৩। জয়দেবের স্ত্রী। ৪। রাজ-মহিষীবিশেষ। ৫। মালবদেশস্থ নগরবিশেষ, উজ্জয়িনী নগরের একটী পুরাতন নাম; এই নগর সিন্ধু ও মধুমতী নামক দুই নদীর সঙ্গম-স্থলে সন্নিবেশিত আছে। ৬। কর্ণের পত্নী। ৭। মগধরাজ প্রদ্যোতের কন্যা। ৮। কর্ণের পত্নী। ৯। নিত্যানন্দ-জননী।

পদ্মাসন (পদ্ম—আসন, ষং—স) সং, ক্লীং, আসনবন্ধবিশেষ, উপবেশনবিশেষ; বাম ও দক্ষিণ উরুদ্বয় একত্র করিয়া বাম উরুর উপর দক্ষিণ পদ ন্যস্ত করণান্তে পদদ্বয়ের বৃদ্ধাঙ্গুষ্ঠ, পীঠ পশ্চাৎ দিয়া হস্তদ্বয় বিবর্ত্তন পূর্ব্বক ধারণকরত হৃদয়ে চিবুক রক্ষা করিয়া, উভয় চক্ষুদ্বারা নাসাগ্র দেখিতে হয়। শিং—১ "সব্যং পাদমুপাদায় দক্ষিণোপরি ন্যসেত্ততঃ। দক্ষিণং সব্যস্যোপরিষ্ঠাদ্বিধানবিৎ। পদ্মাসনমিতি প্রোক্তং সর্ব্বকর্ম্মসু শস্যতে।" ২। কমলাসন। ৩। রতিবন্ধবিশেষ। ৪। পুং, ব্রহ্মা।

পদ্মিনী (পদ্ম+ইন্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পদ্মসমূহ, কমলিনী। ২। চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে সুলক্ষণা প্রথমা স্ত্রী। "ভবতি কমলনেত্রা নাসিকা ক্ষুদ্ররন্ধ্রা অবিরলকুচযুগা দীর্ঘকেশী কৃশাঙ্গী। মৃদুবচনসুশীলা নৃত্যগীতানুরক্তা সকলতনুসুবেশা পদ্মিনী পদ্মগন্ধা।" ৩। হস্তিনী।

পদ্মিনীকান্ত } (পদ্মিনী—কান্ত, বল্লভ—
পদ্মিনীবল্লভ } স্বামী, প্রিয়, ৬ষ্ঠী—ষ। সূর্য্যোদয়ে পদ্ম প্রস্ফুটিত হয় বলিয়া সূর্য্য পদ্মের কান্তরূপে বর্ণিত হইয়াছে) সং, পুং, সূর্য্য, কমলিনীনায়ক।

পদ্মী (পদ্মিন্, পদ্ম রংযুক্তচিহ্ন কিম্বা পঙ্কজ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। ২। বিং, ত্রিং, পদ্মবিশিষ্ট।

পদ্মেশয় (পদ্মে পঙ্কজে—শয় যে শয়ন করে) সং, পুং, বিষ্ণু। [কুসুমফুল।

পদ্মোত্তর (পদ্ম—উত্তর অত্যুত্তম) সং, পুং,

পদ্য (পদ চরণ+য ক্য)—যুক্তার্থে) সং, ক্লীং, শ্লোক, ছন্দোযুক্ত চতুষ্পাদ্ বাক্য। শিং—১ "ছন্দোবদ্ধপদং পদ্যম্।" ২ "পদ্যং চতুষ্পদী তচ্চ বৃত্তং জাতিরিতি দ্বিধা।" ২। (পদ হইতে জাত বলিয়া) শূদ্র। পদ্যা—স্ত্রীং, স্তুতি, স্তব। ২। পথ, রাস্তা।

পনস (পণ্ স্তুতি করা+অস(অসচ্)—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং—স্ত্রীং, বানরবিশেষ। ২। পুং, কাঁটালগাছ। ৩। কণ্টক। ৪। ক্লীং, কাঁটালফল। শিং—১"পনসস্য যথা জাতং বৃন্তবদ্ধং মহাফলম্। স তথা লম্বতে তত্র হ্যপপাদো হ্যধঃশিরাঃ।" ৫। স্ত্রীং, রোগবিশেষ।

পনায়িত } (পন—আয়+ত(ক্ত)—র্ম্ম।
পনিত } ২য় পক্ষে—পন+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত। ২। বর্ণিত।

পনিষ্টম (পন্ স্তব করা+ইষ—র্ম্ম, তম-আতিশয্যার্থে) বিং, ত্রিং, অতিশয় স্তুত্যতম। [বিং, ত্রিং, অতিশয় স্তাবক।

পনিষ্ঠ (পন পনিতা—ইষ্ঠ—অতিশয়ার্থে)

পনিস্পন্দ (স্পন্দ [যঙলুগন্ত] নি—আগম, অভ্যাসার্থে) বিং, ত্রিং, অতিশয় স্পন্দমান।

পন্থক (পন্থ+কণ্—জাতার্থে) বিং, ত্রিং, পথিমধ্যে জাত।

পন্থাঃ (প্রথমার একবচনান্ত পথিন্ শব্দজ) সং, পুং, পথ। শিং—১ "পন্থাঃ বাতেন শুধ্যতি।" ২। উপায়। শিং—১ "মহাজনো যেন গতঃ স পন্থাঃ।" ৩। স্বভাব।

পন্ন (পদ্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পতিত। ২। চ্যুত, গলিত। ৩। অধোমুখ।

পন্নগ (পন্ন [পদ্ গমন করা+ত(ক্ত)—ক] পতিত—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে। যে পতিত হইয়া

গমন করে। অথবা পদ পা—ন না—গ [ গম্ গমন করা+অ(ড)—ক ] যে গমন করে। যে পাদ দ্বারা গমন করে না) সং, পুং, সর্প। ২। পদ্মকাষ্ঠ। ৩। ক্লীং, সীসক। গী—স্ত্রীং,সর্পী। ২। মনসাদেবী।

পন্নগকেশর (সর্পফণার ন্যায় কেশর বলিয়া) সং, পুং, নাগকেশর পুষ্প।

পন্নগাশন, পন্নগারি (পন্নগ—অশন [অশ্ ভোজন করা+অন—ক] যে ভোজন করে, ২য়া—ষ। পন্নগ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়।

পন্নদ্ধা, পন্নদ্ধী (পদ্—নহ্ বন্ধন করা+ত্র—প্রং। নিপাতন) সং, স্ত্রীং, চর্ম্ম-পাদুকা, জুতা।

পন্নাগার ; সং, পুং, প্রাচ্যগোত্রপ্রবর্ত্তক মুনি-[বিশেষ।

পন্য (পন্ স্তব করা+য—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত্য, স্তবার্হ।

পপি, পপী (পা পানকরা+ই—প্রং। পাধা তু দ্বিত্ব) সং, পুং, চন্দ্র। ২। সূর্য্য। ৩। বিং, ত্রিং, যে পান করে।

পপু (পপি দেখ, উ—প্রং) বিং,ত্রিং, পালক। ২। স্ত্রীং, ধাত্রী।

পপুরি (পৃ প্রীণন করা+ই(কি)—প্রং, পৃ ধাতু, দ্বিত্ব) বিং, ত্রিং, প্রীণনশীল।

পপ্রি (প্রা পূরণ করা+ই—প্রং, দ্বিত্ব) বিং, ত্রিং, পূরণশীল।

পম্পা (পা পানকরা+প—ধি,আপ্,নিপাতন) সং, স্ত্রীং, ওড়ুদেশীয় নদীবিশেষ ; ইহা ঋষ্যমুক্ পর্ব্বত হইতে নিঃসৃত হইয়া তুঙ্গভদ্রায় প্রবাহিত হইয়াছে। ২। সরোবরবিশেষ। শিং—১"পশ্য লক্ষ্মণ পম্পায়াং বকঃ পরমধার্ম্মিকঃ।"

পয়ঃ পয়স (পয়স্, পা পান করা+অস. অস—র্ম্ম, সংজ্ঞার্থে। যাহা পান করা যায়) সং, ক্লীং, দুগ্ধ। ২। জল।

পয়ঃপ্রণালী ; সং, স্ত্রীং, জলনির্গমপথ, নর্দ্দামা।

পয়ঃফেনী ; সং, স্ত্রীং, দুগ্ধফেনী।

পয়গাম্বর (পারস্য) সং, আচার্য্য। ২। দূত।

পয়জার (পারস্য) চটী জুতা।

পয়দল (পারস্য পয় পা) পদাতি সৈন্য।

পয়দাইস (পারস্য, পয়দা জন্মান) জন্ম। ২। ভূমির উৎপন্ন দ্রব্য।

পয়নালা (পয়ঃপ্রণালী শব্দজ) সং,জলপ্রণালী, নর্দ্দামা।

পয়মাল (পারস্য পামাল শব্দজ) পদদলিত। [২। নষ্ট।

পয়মাশ (পারস্য পয়মুদন অর্থ পরিমাণ করা) ভূম্যাদির মাপ।

পয়সা (দেশজ) সং, তাম্রমুদ্রা।

পয়স্য ( পয়স্+য(ষ্য)—বিকারার্থে ) বিং, ত্রিং, দুগ্ধ দ্বারা প্রস্তুত (ঘৃত দধ্যাদি)। ২। দুগ্ধহিত। ৩। সং,পুং, বিড়াল। স্যা—স্ত্রীং, আমিক্ষা। ২। স্বর্ণক্ষীরিকা। ৩। অর্ক-পুষ্পিকা। ৪। কুটুম্বিনী ক্ষুপ। ৫। ক্ষীর-কাকোলী।

পয়স্বল (পয়স্+বল(বলচ্)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জলযুক্ত। ২। সং, পুং, ছাগ।

পয়স্বান্ (পয়স্বৎ,পয়স্+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জলবিশিষ্ট।

পয়স্বিনী (পয়স্ দুগ্ধ, জল+বিন্—অস্ত্যর্থে, ঈপ্) সং,স্ত্রীং, প্রশস্ত দুগ্ধবতী গো। ২। নদী। ৩। রাত্রি। ৪। ছাগী। ৫। কাকোলী। ৬। ক্ষীরকাকোলী। ৭। দুগ্ধফেনী। ৮। ক্ষীরবিদারী। ৯। জীবন্তী।

পয়ার ( দেশজ ) সং, চতুর্দ্দশাক্ষরী ভাষা, [কবিতা।

পয়োগড় (পয়স্ জল—গড় কোঁটা, ক্ষরণ, ৫মী—হিং) সং, পুং, ঘনোপল, শিল, করকা। ২। দ্বীপ।

পয়োগ্রহ (পয়স্—গ্রহ্ গ্রহণকরা+অ(অল্)—ধি) সং, পুং, যজ্ঞিয় পাত্রবিশেষ।

পয়োঘন ( পয়স্ জল—ঘন জমাট ) সং, পুং, বর্ষোপল, করকা।

পয়োজ (পয়স্—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—ষ) সং, ক্লীং, পদ্ম।

পয়োজন্মা (পয়োজন্মন্, পয়স্ জল—জন্মন্ জন্ম,৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘ, বারিদ।

পয়োদ (পয়স্—দ [দা দান করা+অ(ড)—ক] যে দেয়) সং, পুং, মেঘ। ২। মুস্তক। ৩। যদুবংশীয় নৃপপুত্র। দা—স্ত্রীং, কুমারানুচর মাতৃবিশেষ।

পয়োধর (পয়স্ দুগ্ধ, জল—ধর [ধৃ ধারণ করা+অ(অচ্)—ক] যে ধরে, ২য়া—ষ)

সং, পুং, স্ত্রীলোকের স্তন। ২। মেঘ। ৩। ক্লীং, নারিকেল। ৪। কোষকার। ৫। কশেরু।

পয়োধাঃ (পয়োধস, পয়স জল—ধা ধারণ করা+অস্—সংজ্ঞার্থে) সং, পুং, সমুদ্র। ২। মেঘ।

পয়োধারা (পয়স্—ধারা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জলধারা। ২। (৭মী—হিং) নদী।

পয়োধি } (পয়স্ জল—ধি যে ধারণ
পয়োনিধি } করে, নিধি আধার, ২য়া—ষ, ৬ষ্ঠী—ষ। অথবা পয়স জল—ধা, নি—ধা ধারণকরা+ই(কি)—ধি) সং, পুং, সমুদ্র, জলধি। শিং—১ "ন গণিতং যদি জন্ম পয়োনিধৌ হরশিরঃস্থিতিভূরপি বিস্মৃতা।"

পয়োমুক্ (পয়োমুচ, পয়স্—মুচ্ ত্যাগ করা +০(ক্বিপ্)—ক, ২য়া—ষ) সং, পুং, জলধর, মেঘ।

পয়োর (পয়স্ জল—রা পাওয়া+অ(ড)—ক) সং, পুং, খদির, খয়ের।

পয়োব্রত (বিষ্ণুকে পয়ঃ দ্বারা স্নাপন ও পয়োমাত্র পানদ্বারা ব্রতপালন নিবন্ধন এই নাম হইয়াছে) সং, পুং, পয়োমাত্র পানরূপ ব্রতবিশেষ; ফাল্গুন মাসের শুক্লপক্ষে এই ব্রত করিতে হয়। অদিতি কশ্যপের আজ্ঞাক্রমে এই ব্রতাচরণ করিয়া ভগবান্ বামনদেবকে পুত্র লাভ করিয়াছিলেন। শিং—১ "পয়োব্রতস্ত্রিরাত্রং স্যাদেকরাত্রমথাপি বা।"

পয়োষ্ণী; সং, স্ত্রীং, ঋক্ষপর্ব্বত হইতে নিঃসৃতা এবং বিন্ধ্যাচলের দক্ষিণে স্থিত নদী-বিশেষ; অনেকে অনুমান করেন বর্ত্তমান বেণগঙ্গা ইহার নামান্তর। শিং—১ "পয়োষ্ণী সলিলং রুচ্যং পবিত্রং পাপনাশনম্।"

পয়োষ্ণীজাতা (পয়োষ্ণী—জাতা, ৫মী—হিং) সং, স্ত্রীং, সরস্বতী নদী।

পর (পৃ পূর্ণ করা, পালন করা+অ(অল্)—ণ) বিং, ত্রিং, নিষ্ঠ, অ.সক্ত। ২। অনন্তর। ৩। প্রধান, শ্রেষ্ঠ। ৪। অন্য। শিং—১ "যোঽস্মাকং বিদ্যয়াঃ পরং পারং তারয়সি।" ৫। ভিন্ন। ৬। সম্যক্। ৭। দূর। ৮। অধিক। ৯। ন্যায়মতে—দ্রব্যগুণ কর্ম্মবৃত্তি সত্তা, ব্যাপকসামান্য; যথা—"সামান্যং দ্বিবিধং প্রোক্তং পরঞ্চাপরমেব চ।" ১০। (অন্—ক) সং, পুং, পরমাত্মা। ১১। ব্রহ্মার আয়ুঃকাল। শিং—১ "কালসংখ্যাং সমাসেন পূর্ব্বার্দ্ধদ্বয়কল্পিতাং। স এব স্যাৎ পরঃ কালস্তদন্তে পরিপূজ্যতে।" ১২। শক্র। ১৩। অনুবংশজ অঙ্গের পুত্র। ১৪। পৃথুসেনের পুত্র। ১৫। সমরের পুত্র। ১৬। ক্লীং, ব্রহ্ম। শিং—১ "ব্রহ্মবিদাপ্নোতি পরম্।" ১৭। (+অল্—ভা) মুক্তি, মোক্ষ। ১৮। ক্রিং—বিং, কেবল। ১৯। অনন্তর, পশ্চাৎ। ২০। (পারস্য) পক্ষীর পালক, ডানা। [যথা—"গরীব পরওয়ার।"

পরওয়ার (পারস্য পরবরদন্) রক্ষক, পালক;

পরওয়ানা (পারস্য) হুকুমনামা, আজ্ঞাপত্র, অনুমতিপত্র। [করা) প্রতিপালন।

পরওয়ারিস (পারস্য পরবরদন্ প্রতিপালন

পরঃপুমান্ (—পুমস্) সং, পুং, পরমপুরুষ।

পরঃশত (পর অধিক—শত, শত হইতে অধিক, ৫মী—ষ। স্—আগম, রাজদন্তাদি) বিং, ত্রিং, শতাধিক সংখ্যক। ২। সং, ক্লীং, শতাধিক সংখ্যা।

পরঃশ্বঃ (পরশ্বস্, পর অনন্তর—শ্বস্ ভবিষ্যৎ কল্য, ৬ষ্ঠী—ষ, পূর্ব্বে দেখ) ক্রিং—বিং, অং, আগামী দিনের পর দিনে, পরশু। শিং—১ "অদ্যশ্বো বা পরশ্বো চ মৃত্যুর্বৈ প্রাণিনাম্ ধ্রুবম্।"

পরঃষষ্টি (পর অধিক—ষষ্টি ষাট্, পরঃশত দেখ) বিং, ত্রিং, ষষ্ট্যধিকসংখ্যক। ২। সং, স্ত্রীং, ষষ্ট্যধিক সংখ্যা।

পরঃসহস্র (পর অধিক—সহস্র হাজার, পরঃশত দেখ) বিং, ত্রিং, সহস্রাধিক সংখ্যক। ২। সং, ক্লীং, সহস্রাধিক সংখ্যা।

পরকীয় (পর অন্য+ক(কণ্), ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, অন্যের সম্বন্ধীয়, অপরের। য়া—স্ত্রীং, নায়িকাবিশেষ, তাহা পরোঢ়া ও কন্যকা ভেদে দুই প্রকার। অন্যের বিবাহিতা স্ত্রী পরোঢ়া; আর অবিবাহিতা কামিনী, কন্যকা।

পরক্ষেত্র (পর অন্য—ক্ষেত্র স্ত্রী, ভূমি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরস্ত্রী। শিং—১ "অপুত্রেণ পরক্ষেত্রে নিযোগোৎপাদিতঃ সুতঃ।" ২। অন্যের ক্ষেত্র, পরের ভূমি। শিং—১ "আদদানঃ পরক্ষেত্রাৎ ন দণ্ডং দাতুমর্হতি।" ৩। অন্যের শরীর।

পরখ (পরীক্ষা শব্দজ) সং, পর্য্যালোচনা, বিবেচনা করা।

পরগণা (পারস্য) সং, প্রদেশ, চাকলা।

পরগ্রন্থি (পর পশ্চাৎ—গ্রন্থি গাঁইট) সং, পুং, অঙ্গুলিপর্ব্ব, আঙুলের পাব।

পরচক্র (পর—চক্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শত্রুর চক্রান্ত।

পরচ্ছন্দ (পর অন্য—ছন্দ অভিলাষ) বিং, ত্রিং, পরাধীন, পরবশ। ২। সং, পুং, পরের অভিপ্রায়। শিং—১ "পরচ্ছন্দানুবর্ত্তিনঃ।"

পরচ্ছন্দানুবর্ত্তী (পরচ্ছন্দানুবর্ত্তিন্, পরচ্ছন্দ—অনুবর্ত্তিন্ অনুগামী) বিং, ত্রিং, পরাধীন।

পরচ্ছিদ্র; সং, ক্লীং, পরদোষ; যথা—"নীচঃ সর্ষপমাত্রাণি পরচ্ছিদ্রাণি পশ্যতি।"

পরজাত (পর অন্য—জাত উৎপন্ন, ৫মী—ষ) বিং, ত্রিং, অন্যের প্রতিপালিত। ২। অন্য ব্যক্তি হইতে উৎপন্ন।

পরজিত (পর অন্য—জিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, পরপুষ্ট। ২। শত্রু কর্ত্তৃক পরাজিত।

পরঞ্জ, পরাঞ্জ (পরম্ অন্যকে—জি জয় করা+অ(ড)—ক। পরজ শব্দও হয়) সং, পুং, তৈলযন্ত্র, ঘানিগাছ। ২। ফেনা। ৩। ছুরীর ধার।

পরঞ্জন (পর অন্য—জি জয় করা, নিপাতন) সং, পুং, বরুণ।

পরঞ্জয় (পর অন্য—জি জয় করা+অ(খ)—প্রং) বিং, ত্রিং, শত্রুজয়কারী। ২। সং, পুং, বরুণ। [করণ।

পরণ (পরিধান শব্দজ) সং, বস্ত্রাদি পরিধান

পরতন্ত্র (পর অন্য—তন্ত্র অধীন, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, পরাধীন, পরবশ।

পরত্র (পর অন্য+ত্র—প্রং। সপ্তমীস্থানে ত্র) অং, পরকালে। শিং—১ "পরত্র ফলভাগিনঃ।"

পরত্রভীরু (পরত্র পরকাল—ভীরু ভীত) বিং, ত্রিং, ধার্ম্মিক, যাহার পরকালের ভয় আছে।

পরত্ব (পর+ত্ব—ভাবে) সং, ক্লীং, গুণবিশেষ; ইহা দুই প্রকার;—দৈশিক ও কালিক। দৈশিকগুণ, যথা—বহুতর সূর্য্যসংযোগে জ্ঞানজন্য গুণ। কালিকগুণ, যথা—বহুতর কালান্তরিত তত্ত্বজ্ঞানজন্য গুণ।

পরদা (পারস্য) যবনিকা। ২। আবরণ।

পরদাজ (পারস্য পরদাখ্তন্ সম্পন্ন করা) নিষ্পন্ন, সমাধা; যথা—"কার পরদাজ।"

পরদানশিন (পারস্য, পরদা—নিশস্তন বসা। যে পরদার ভিতর বসে) গৃহস্থরমণী, অবরোধবাসিনী স্ত্রীলোক।

পরদারিক (পরদার পরস্ত্রী+ইক(ঝিক)—প্রং) সং, পুং, পরস্ত্রীতে আসক্ত, পরস্ত্রীগমনকারী। [ভিন্ন দেশ।

পরদেশ; সং, পুং, স্বীয় অধিকৃত দেশের

পরদ্বিট্ (পরদ্বিষ্, পর—দ্বিষ্ দ্বেষ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, পরদ্বেষ্টা, পরদূষক, খল।

পরদ্বেষী (—দ্বেষিন্, পর—দ্বিষ্ দ্বেষ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পরদ্বিট্ দেখ।

পরধর্ম্ম; সং, পুং, স্বোচিত বর্ণাশ্রম ধর্ম্মের অতিরিক্ত ধর্ম্ম। শিং—১ "স্বধর্ম্মে মরণং শ্রেয়ঃ পরধর্ম্মোভয়াবহঃ।"

পরধ্যান; সং, ক্লীং, ধ্যানবিশেষ।

পরন্তপ (পরং শত্রুকে—তপ [তাপি তাপ দেওয়া+অ(খ)—ক] যে তাপ দেয়) বিং, ত্রিং, শত্রুর পীড়াদায়ক, যে শত্রুকে পীড়া দেয়। [৩। অপরন্তু। ৪। পরেও।

পরন্তু (পরম্—তু) অং, কিন্তু। ২। অধিকন্তু।

পরপদ (পর শ্রেষ্ঠ—পদ স্থান) সং, ক্লীং, উৎকৃষ্টস্থান। শিং—১ "তদ্বিষ্ণো পরং পদম্। ২। শ্রেষ্ঠপদ, মুক্তি।

পরপাকনিবৃত্ত (পরপাক—নিবৃত্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, পরোদ্দেশ্যক পাকরহিত পঞ্চযজ্ঞ কর্ত্তা। শিং—১ "গৃহীত্বাগ্নিং সমারোপ্য পঞ্চযজ্ঞান্ন নির্বপেৎ। পরপাকনিবৃত্তোঽসৌ মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ।"

পরপিণ্ডাদ ( পর—পিণ্ড ভোজনীয় বস্তু—আদ [অদ্ ভোজন+অ(অন্)—ক] যে খায়,৬ষ্ঠী—ষ+২য়া—ষ) বিং,ত্রিং, পরান্নজীবী, পরান্নদ্বারা যাহার জীবিকা নির্ব্বাহ হয় ।

পরপুরুষ (পর শ্রেষ্ঠ—পুরুষ মনুষ্য) সং, পুং, শ্রেষ্ঠ পুরুষ, বিষ্ণু । ২ । ভিন্ন ব্যক্তি, উপনায়ক, অন্য পুরুষ । শিং—১ "সোৎকণ্ঠং সাপি নিত্যং পরপুরুষশতং মারভাবাদুপৈতি ।"

পরপুষ্ট (পর অন্য—পুষ্ট পালিত । যে অন্য অর্থাৎ কাক কর্ত্তৃক পালিত, ৩য়া—ষ ) সং, পুং, কোকিল । ২ । বিং, ত্রিং, অন্য কর্ত্তৃক প্রতিপালিত । ষ্টা—স্ত্রীং, গণিকা, বেশ্যা । ২ । পরের প্রতিপালিতা ।

পরপুষ্টমহোৎসব ( পরপুষ্ট কোকিল—মহা—উৎসব আনন্দ, ৬ষ্ঠী—ষ । স্ব পুষ্পোদ্গমদ্বারা কোকিলদিগের মহোৎসবজনকত্ব হেতু) সং, পুং, আম্র, আম ।

পরপূর্ব্বা ( পর অন্য [স্বামী]—পূর্ব্ব পূর্ব্বকাল, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, যে স্ত্রীর অন্য পতি পূর্ব্বে ছিল, যে স্ত্রী পূর্ব্বপতি পরিত্যাগ করিয়া পত্যন্তর গ্রহণ করে । শিং—১ "পতিং হিত্বাপকৃষ্টং স্বমুৎকৃষ্টং যা নিষেবতে । নিন্দ্যৈব সা ভবেল্লোকে পরপূর্ব্বেতি চোচ্যতে ।"

পরপ্রতিনপ্তা (পরপ্রতিনপ্তৃ, পর পশ্চাদ্গামী—প্রতি পশ্চাৎ—নপ্তৃ পৌত্র ) সং, পুং, প্রপৌত্রের পুত্র, বৃদ্ধপ্রপৌত্র ।

পরপ্রপৌত্র ( পর পশ্চাদ্গামী—প্রপৌত্র পৌত্রের সন্তান ) সং, পুং, প্রপৌত্রের পুত্র, বৃদ্ধপ্রপৌত্র ।

পরপ্রেষ্য ( পর—প্রেষ্য, ৩য়া—ষ ) সং, পুং, দাস । ষ্যা—স্ত্রীং, দাসী ।

পরপ্রেষ্যত্ব ( পর—প্রেষ্যত্ব দাসত্ব ) সং, ক্লীং, দাসত্ব, পরাধীনতা । [ক্রিয়া ।

পরব (পর্ব্বন্ শব্দজ) উৎসব, আনন্দজনক

পরবশ (পর—বশ বশীভূত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, অন্যব্যক্তির বশীভূত, পরায়ত্ত । ২ । পরাধীন ।

পরবাচ্য ( পর—বাচ্য নিন্দনীয়, ৩য়া—ষ ) বিং, ত্রিং, অন্য কর্ত্তৃক নিন্দনীয় । ২ । সং, ক্লীং, দোষ, নিন্দা, অপবাদ ।

পরব্রহ্ম ( পরব্রহ্মন্, পর—ব্রহ্মন্, যৎ—স ) সং, ক্লীং, পরপুরুষ, পরমেশ্বর । ২ । তৎপ্রতিপাদক উপনিষদ্বিশেষ ।

পরভাগ ( পর শ্রেষ্ঠ—ভাগ, যৎ—স ) সং, পুং, উৎকৃষ্ট ভাগ্য । ২ । উৎকর্ষ । ৩ । গুণোৎকর্ষ । ৪ । শ্রেষ্ঠাংশ । ৫ । শেষভাগ । ৬ । পরের ভাগ ।

পরভাগ্যোপজীবী (পরভাগ্যোপজীবিন্, পরভাগ্য—উপ—জীব বাঁচা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে পরের ভাগ্যের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করে ।

পরভৃৎ ( পর অন্য [ কোকিল ]—ভৃৎ [ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক] যে পোষণ করে, ২য়া—ষ) সং, পুং, কাক, বায়স ।

পরভৃত ( পর অন্য [ কাক ]—ভৃত পুষ্ট, ৩য়া—ষ) সং, পুং, কোকিল । ২ । বিং, ত্রিং, অন্যের প্রতিপালিত । তা—স্ত্রীং, কোকিলা । শিং—১ "প্রাগন্তরীক্ষগমনাৎ স্বমপত্যজাতমন্যৈর্দ্বিজৈঃ পরভৃতাঃ (স্ত্রী) খলু পোষয়ন্তি । ২ "পরভৃতাভিরিতীব নিবেদিতে স্মরমতে রমতেস্ম বধূজনঃ ।"

পরম্ (পর দেখ, অম্—ক) অং, কেবল । ২ । অনন্তর, পশ্চাৎ । ৩ । নিশ্চয় । ৪ । কিন্তু । শিং—১ "স নো জীবেন্নরঃ সংবৎসরাৎ পরম্ ।" ২ "তেষাং ত্রয়ঃ সর্ব্বশাস্ত্রপারগাঃ পরং বুদ্ধিরহিতাঃ ।"

পরম (পর উত্তম—মা পরিমাণ করা+অ (ড)—ক) বিং, ত্রিং, প্রমথ, আদ্য প্রণব । ২ । শেষ । ৩ । প্রকৃত । ৪ । উৎকৃষ্ট,শ্রেষ্ঠ ; যথা—পরমপুরুষ । ৫ । প্রধান । ৬ । অত্যন্ত । ৭ । মহৎ ।

পরমগতি (পরম শ্রেষ্ঠ—গতি গমন) সং, স্ত্রীং, উৎকৃষ্ট গতি । ২ । মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ । ৩ । বিং, ত্রিং, মোক্ষের হেতু । শিং—১ "কৃপাপারাবারঃ পরমগতিরেষ ত্রিজগতাং নমস্তস্মৈ কস্মৈচিদমিতমহিম্নে পুরভিদে ।"

পরমগব ( পরম—গো, যৎ—স ) সং, পুং—স্ত্রীং, উৎকৃষ্টা গাভি ।

পরমগহন (পরম—গহন নিবিড়) বিং, ত্রিং, অত্যন্ত নিবিড়। ২। গভীর।

পরমতগ্রহণ (পরমত ভিন্ন মত বা ধর্ম্ম—গ্রহণ অবলম্বন, ২য়া—ষ) সং, ক্লীং, মতান্তর প্রবেশ। ২। স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক পরধর্ম্ম অবলম্বন, বৈধর্ম্ম্য।

পরমপদ } সং, পুং—ক্লীং, মুক্তি, অপবর্গ। ২। শ্রেষ্ঠস্থান। ৩। পরদেবতার চরণ। শিং—১ "স গন্ধর্ব্বশ্রেণীপতিরপি কবিত্বামৃতনদীনদীনঃ পর্য্যন্তে পরমপদলীনঃ প্রভবতি।"
পরমপদার্থ }

পরমপুরুষ—পুং } সং, পরমেশ্বর, পরব্রহ্ম। শাস্ত্রমতে পুরুষ ও প্রকৃতি সৃষ্টির আদিতত্ত্ব—ইহারাই নিত্য আর সকলই অনিত্য। এই পুরুষের মধ্যে যিনি ক্লেশ, কর্ম্ম, বিপাক, বাসনা প্রভৃতি দ্বারা অভিভূত বা মায়ায় বদ্ধ নহেন তিনি ঈশ্বর বা পরমপুরুষ।
পরমব্রহ্মন্—ক্লীং }

পরমম্ (পর—মা পরিমাণ করা+ডম্—ক) অং, অনুমতি। ২। সম্মতি।

পরমমুক্তি; সং, স্ত্রীং, বিদেহ কৈবল্য, ভোগ দ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান শরীর ধ্বংসানন্তর যে পরব্রহ্ম প্রাপ্তি।

পরমর্ষি ( পরম শ্রেষ্ঠ—ঋষি, য়ং—স ) সং, পুং, বেদব্যাসাদি ঋষি। শিং—১ "ঋষয়ে পরমং যস্মাৎ পরমর্ষিস্ততঃ স্মৃতঃ।"

পরমহংস (পরম প্রধান—হংস তপস্বী, য়ং—স) সং, পুং, সন্ন্যাসিবিশেষ, মহাযোগী; যে মহাত্মা নির্দ্বন্দ্ব ও নিরাগ্রহ হইয়া কেবল তত্ত্বমার্গে ভ্রমণ করেন, যিনি সদা শুদ্ধচিত্ত থাকিয়া কেবল প্রাণধারণোপযোগী দানমাত্র পরিগ্রহ করেন, যাঁহার লাভালাভ দুই তুল্যজ্ঞান, যাঁহার আশ্রয় নাই, দেবপ্রাঙ্গণ, বৃক্ষমূল, নদীপুলিন প্রভৃতি সাধারণভোগ্য ভূমিই যাঁহার আশ্রয়, যাঁহার কোন বিষয়ে যত্ন বা মমতা নাই, যিনি পরাৎপর পরমেশ্বরে চিত্ত অর্পণ পূর্ব্বক শুভাশুভ কর্ম্মক্ষয়ার্থ সন্ন্যাস-ধর্ম্ম গ্রহণ করেন, তিনিই পরমহংস পদবাচ্য। "রক্তকৌপীনবসনো হংস পরম এব চ।"

পরমাণু ( পরম—অণু কণা, য়ং—স ) সং, পুং, যাহার নিজের অবয়ব নাই, কিন্তু পরম্পরায় সকলেরই অবয়ব এবং যাবতীয় সূক্ষ্ম পদার্থের শেষ সীমাস্বরূপ, পদার্থ নিচয় ভাগ করিতে করিতে যখন এমন ভাগে উপস্থিত হয় যে আর তাহা ভাগ করিতে পারা যায় না, তখন তাহাকে পরমাণু বলে, অদৃষ্টগোচর কণামাত্র। শিং—১ "পৃথিবী নিত্যা পরমাণুরূপা।" ২ "পরমাণুভ্যো বিশ্বমুৎপদ্যতে।" ৩ " ধূমোষ্মজলনীহারপরমাণবো গগনগতা নোপলভ্যন্তে।"

পরমাণুসংহতি; সং, স্ত্রীং, অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র পরমাণু একত্রিত হইয়া যে স্থূল জড়পদার্থ উৎপন্ন হয়।

পরমাণ্বঙ্গক (পরমাণু—অঙ্গ শরীর, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগ) সং, পুং, নারায়ণ।

পরমাত্মা (পরমাত্মন্, পরম—আত্মন্ ঈশ্বর, য়ং—স) সং, পুং, পরমেশ্বর, পরব্রহ্ম। শিং—১ "আত্মা দ্বিবিধা জীবাত্মা পরমাত্মা চ।" ২ " পরমাত্মা পরং ব্রহ্ম নির্গুণং প্রকৃতেঃ। পরঃ কারণং কারণানাঞ্চ শ্রীকৃষ্ণো ভগবান্ স্বয়ং।"

পরমাদ্বৈত (পরম—অদ্বৈত ব্রহ্ম) সং, পুং, পরমেশ্বর, পরব্রহ্ম। শিং—১ "নমস্তে পরমাদ্বৈত নমস্তে জ্ঞানদায়ক।"

পরমানন্দ ( পরম—আনন্দ ) সং, পুং, পরমাত্মা। শিং—১ " পরমানন্দ মাধবম্।" ২। ( পরম শ্রেষ্ঠ—আনন্দ ) অত্যন্ত আনন্দ; যথা—কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকি।"

পরমান্ন ( পরম শ্রেষ্ঠ—অন্ন, য়ং—স। ইহা দৈব ও পৈত্রকার্য্যে ব্যবহৃত হয় বলিয়া শ্রেষ্ঠত্ব নিবন্ধন এই নামে অভিহিত হয়) সং, ক্লীং, পায়সান্ন, দুগ্ধ ও শর্করাপক্ব অন্ন।

পরমামুদ্রা; সং, স্ত্রীং, ত্রিপুরাশক্তির পূজাঙ্গ মুদ্রাবিশেষ।

পরমাপ্রকৃতি—মূলপ্রকৃতি; সাঙ্খ্যমতে এই মূল সাম্যাবস্থার প্রকৃতি বিকৃতি হইয়াই জগৎ সৃষ্টি হইয়াছে।

পরমায়ুঃ (পরমায়ুস্, পরম—আয়ুস্ জীবন)

সং, ক্লীং, শেষাবধিক জীবিতকাল, আয়ুঃ। "শতং বর্ষাণি বিংশত্যা নিশাভিঃ পঞ্চভিঃ সহ। পরমায়ুরিদং প্রোক্তং নরাণাং করিণামিহ।"

পরমার্থ (পরম—অর্থ বিধেয়, বস্তু, য়ং—স) সং, পুং, যাথার্থ্য। ২। শ্রেষ্ঠবস্তু। ৩। ধর্ম্ম। ৪। যথেষ্ট ধন।

পরমার্থবিদ্ (পরমার্থ—বিদ্ জানা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, যাথার্থ্যবেত্তা, ঈশ্বরতত্ত্বজ্ঞ।

পরমার্থবিন্দ (পরমার্থ—বিন্দ্ লাভ করা+অ(শ)—ক) বিং, ত্রিং, তত্ত্বজ্ঞানী। ২। প্রচুর ধনলাভকারী। [রাজর্ষিবিশেষ।

পরমার্হত (পরম—অর্হৎ) সং, পুং, জৈন

পরমৃত্যু (পর অন্য—মৃত্যু। যাহার অনেক শত্রু আছে) সং, পুং, কাক।

পরমেশ (পরম—ঈশ, য়ং—স) সং, পুং, বিষ্ণু। ২। পরমেশ্বর।

পরমেশ্বর (পরম—ঈশ্বর, য়ং—স) সং, পুং, শিব। ২। বিষ্ণু। ৩। পরব্রহ্ম, জগদীশ্বর। শিং—১ "কথং নাম ন সেব্যন্তে যত্নতঃ পরমেশ্বরাঃ।" ৪। সম্রাট্। রী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা।

পরমেষ্ঠী (পরমেষ্ঠিন, পরমে স্বর্গের অত্যন্ত উচ্চ স্থানে—স্থিন্ [স্থা থাকা+ইন্(ডিন্)—ক] যে থাকে) সং, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। শিব। ৪। শালগ্রামমূর্ত্তিবিশেষ; ইনি শুক্লাভ, পদ্মচক্রসমন্বিত, বর্ত্তুল, পীত ও পৃষ্ঠে শুষির। ৫। মন্ত্রদাতা গুরু।

পরম্পর (পর, দ্বিত্ব, ম্(মুট্)—আগম) বিং, ত্রিং, অনুক্রম, পরপর। ২। সং, পুং, মৃগবিশেষ। ৩। প্রপৌত্রের পুত্র। ৪। বংশ।

পরম্পরা (পর [মুট্]—পর, আপ্) সং, স্ত্রীং, সন্ততি। ২। ধারা, শ্রেণী, সমূহ। ৩। পরপর, অনুক্রম। ৪। অন্বয়, বংশ।

পরম্পরাক (পরম্পর অনুক্রম—অক গমন, পূজা। অথবা পর অধিক—পর অত্যুত্তম—অক গমন, ব্যবহার। কিম্বা পরম্পরা—আক হিংসন) সং, ক্লীং, যজ্ঞার্থ পশুহনন।

পরম্পরীণ (পরম্পরা+ঈন(খীন)—উপস্থিত্যর্থে) বিং, ত্রিং, পরম্পরায় আগত, ধারাবাহিক, ক্রমাগত।

পরযুগ; সং, ক্লীং, উত্তরযুগ।

পরলোক (পর অন্য—লোক জগৎ, য়ং—ষ) সং, পুং, অন্যলোক, লোকান্তর। ২। ব্রহ্মলোক, সত্যলোক, তপলোক, জনলোক, পিতৃলোক প্রভৃতি সপ্ত ঊর্দ্ধ লোককে পরলোক বলে। মৃত্যুর পর জীবের পুণ্য অনুসারে এই সকল লোক ভোগ হইয়া থাকে। ৩। পরকাল। ৪। মৃত্যু। [গম গমন) সং, পুং, মৃত্যু।

পরলোকগম (পর অন্য—লোক জগৎ—

পরবশ (পর—বশ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, অন্যের বশীভূত।

পরবাণি (পর অত্যুত্তম—বা গমন করা+ণি—ক) সং, পুং, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক। ২। বৎসর। ৩। কার্ত্তিকেয়ের বাহন, ময়ূর।

পরবাদ; সং, পুং, পরাপবাদ। ২। উত্তরবাদ।

পরবাদী (—বাদিন্, পর—বাদী [বদ্ বলা+ইন্(ণিন্)—ক] যে বলে) বিং, ত্রিং, প্রত্যর্থী, উত্তরবাদী।

পরবান্ (পরবৎ, পর—বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, পরাধীন, পরায়ত্ত। [ধৃতরাষ্ট্র।

পরব্রত (পর—ব্রত, ৬ষ্ঠী—হিং) সং, পুং,

পরশ; সং, ক্লীং, রত্নবিশেষ, পরেশপাথর।

পরশু, পরশ্বধ, পরস্বধ } (পর শত্রু—শৃ হিংসা করা+উ(ডু)—ক, ২য়া—ষ। পর শত্রু—শ্বন্ কুক্কুর—ধ [ধে পান করা+অ(ড)—ক] যে পান করে। কুক্কুরের ন্যায় শত্রুকে খায়, ২য়া—ষ। অথবা পর [অন্য] শত্রু—শ্ব [শ্বি পুষ্টি হওয়া+অ(ড)—ক] শত্রুর উন্নতি—ধে পানকরা+অ(ক)—ক। যে শত্রুর শোণিত পান করে অর্থাৎ জীবন নাশ করে। সংস্কৃত =পরশু; গ্রীক—পেলেকুশ) সং, পুং, কুঠার, টাঙ্গি।

পরশুধর (পরশু কুঠার—ধর [ধৃ ধারণকরা+অ(অন্)—ক] যে ধারণ করে। যাহার শরীরে নারায়ণাংশ আছে) সং, পুং, গণেশ। ২। পরশুরাম। ৩। বিং, ত্রিং, পরশুধারী।

পরশুরাম ( পরশু—রাম যে মোহিত করে, ৩য়া—ষ। অথবা পরশুযুক্ত রাম=পরশুরাম) সং, পুং, জমদগ্নির পুত্র, ভার্গব, তিনি কার্ত্তবীর্য্যার্জ্জুনের নিধন, পিত্রাজ্ঞায় মাতৃহত্যা এবং পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন। ২। অবতার,



পরশুরাম (অবতার)।

দশ অবতারের ষষ্ঠ। শিং—
১"কোটীসূর্য্যপ্রতীকাশং বিদ্যুৎপুঞ্জসমপ্রভং।
তেজোরাশিং দদর্শাথ জামদগ্ন্যং প্রতাপবান্॥
নীলমেঘনিভং প্রাংশুং জটামণ্ডলমণ্ডিতং।
ধনুঃপরশুপাণিঞ্চ সাক্ষাৎ কালমিবান্তকং॥
কার্ত্তবীর্য্যান্তকং রামং দৃপ্তক্ষত্রিয়মর্দ্দনং।
প্রাপ্তং দশরথস্যাগ্রে কালমৃত্যুমিবাপরং॥"
২ "ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্।
কেশব ধৃতভৃগুপতিরূপ
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

পরশ্বঃ ( পরশ্বস্, পর—শ্বস্ ভবিষ্যৎ কল্য ) অং, আগামী দিনের পরদিনে। শিং—১ "পরশ্বশ্চ মহাভাগ স্নাতুং গঙ্গাহ্রদং পুরা।"

পরসংজ্ঞক (পর অত্যুত্তম—সংজ্ঞা নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, আত্মা। [পরে।

পরস্তাৎ ( পর+অস্তাৎ—প্রং ) অং, পশ্চাৎ,

পরস্পর (পর অন্য—দ্বিত্ব,স্(সুট্)—আগম) বিং, ত্রিং, অন্যোন্য, ইতরেতর। শিং—১ "পরস্পরাং বিস্ময়বন্তি লক্ষ্মীমালোকয়াঞ্চক্রুরিবাদরেণ।" [ন্যোন্য, মিথ্যং।

পরস্পরাম্ (পরস্পর+আম্—প্রং) অং, অ-

পরস্মৈপদ ( পরস্মৈ [ পর শব্দের চতুর্থীর এক বচন ] পরোদ্দেশ্যার্থ, অন্যের নিমিত্ত—পদ চিহ্ন। ক্রিয়ার ফল অন্যের নিমিত্ত হইলে পচ্ধাতু প্রভৃতির উত্তর তি, তস্ ইত্যাদি প্রত্যয় হয়, এই জন্যে বোধ হয় এই বিভক্তির নাম পরস্মৈপদ) সং, ক্লীং, ধাতুর বিভক্তিবিশেষ।

পরা ( প পূর্ণ করা+আ—ক ) উপং, অং, প্রাধান্য। ২। অহঙ্কার। ৩। অতিক্রম। ৪। গমন। ৫। বধ। ৬। ক্ষতি। ৭। আভিমুখ্য। ৮। প্রাতিলোম্য। ৯। বিক্রম। ১০। তিরস্কার ১১। ধর্ষণ। ১২। বিমোক্ষ। ১৩। অতিশয়। ১৪। প্রাতিকূল্য। ১৫। অনাদর। ১৬। গতি। ১৭। প্রত্যাবৃত্তি। ১৮। ভঙ্গ। শিং—১ "পরাবধগতিদর্শন বিক্রমাভিমুখভৃশাধীন মোক্ষণ প্রাতিলোম্যেষু।" ১৯। স্ত্রীং, নাভিমূল হইতে প্রথমোদিত নাদস্বরূপ বর্ণ। ২০। পরমপুরুষার্থস্বরূপ ব্রহ্মজ্ঞানের হেতু উপনিষদের নাম পরাবিদ্যা।

পরাক্ ( পরাচ, পরা—অনচ্ গমন করা+০(ক্বিপ্)—ক ) অং, কুটিল, বক্র। ২। ঊর্দ্ধগামী। ৩। বিমুখ।

পরাক (পর উত্তম—অক্ গমন করা+অ (অল্)—ণ ) সং, পুং, দ্বাদশদিন উপবাসব্রত। শিং—১"যতাত্মনোঽপ্রমত্তস্য দ্বাদশাহমভোজনম্। পরাকো নাম কৃচ্ছ্রোঽয়ং সর্ব্বপাপাপনোদনঃ।" ২। খড়্গ। ৩। রোগবিশেষ। ৪। জন্তুবিশেষ।

পরাকরণ (পরা পূর্ব্বে—কৃ করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, ঘৃণাকরণ,অবহেলন।

পরাক্রম ( পরা প্রাধান্য, অতিক্রম—ক্রম গমন। কিম্বা পরা—ক্রম্ গমন করা+অ (অল্)—ণ ) সং, পুং, শক্তি। ২। পুরুষকার। [ত্রিং, পরাক্রমশালী, শক্তিসম্পন্ন।

পরাক্রান্ত (পরাক্রম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,

পরাগ ( পরা—গ [গম্ গমন করা+অ(ড) —ক ] যে যায় ) সং, পুং, ধূলি; যথা— "চলিছে পরাগ-পরে দৃষ্টিপথ রোধি ঘন ঘনাকারে।" ২। পুষ্পরেণু। শিং—১"যৎপাদ পঙ্কজপরাগ পবিত্র গাথা ভাগীরথীশিববিরিঞ্চিমুখান্ পুনাতি।" ৩। স্নানীয় গন্ধচূর্ণ। ৪। রেণু। ৫। চন্দন। ৬। পর্ব্বত-

বিশেষ। ৭। (+ড—ভা) খ্যাতি। ৮। উপরাগ।

পরাগকেশর (Stamuse) কেশরের স্থূল সূত্রগাছি ব্যতীত অবশিষ্ট সূত্র সমুদায়; পরাগকেশরের শিরোভাগে ধূলির ন্যায় এক প্রকার গুঁড় গুঁড় পদার্থ থাকে।

পরাগত (পরা—আ—গম্ গমন করা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, ব্যাপ্ত। ২। যুক্ত ৩। বিকসিত। ৪। (পরা ব্যুৎক্রম—গত) প্রত্যাগত।

পরাঙ (পরাঞ্চ্, পরা ব্যুৎক্রম—অনচ গমন করা+ ০(ক্বিপ)—ক) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ, মুখফিরান।

পরাঙ্গদ (পর অন্য [দুর্গা]—অঙ্গ রূপ—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে। যিনি অর্দ্ধ পুরুষ ও অর্দ্ধ নারীরূপ ধারণ করিয়াছিলেন। অথবা পর রিপু, কামদেব—অঙ্গ দেহ—দ যে দান করে। যিনি ক্রোধে কামদেবকে ভস্ম করিয়া পুনরায় তাঁহার মূর্ত্তি প্রদান করেন) সং, পুং, শিব।

পরাঙ্গব (পর অন্য [নদী]—অঙ্গ [পদার্থ] জল—ব [বা প্রাপ্ত হওয়া+অ(ড)—ক] যে পায়) সং, পুং, সমুদ্র।

পরাঙ্মুখ (পরাঙ ব্যুৎক্রমগত—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মুখফিরান, বিমুখ। ২। প্রতিকূল। ৩। নিবৃত্ত।

পরাচিত (পর অন্য—আ—চিত প্রতিপালিত, ৩য়া—ষ) বিং,ত্রিং, পরপুষ্ট, অন্যকর্ত্তৃক প্রতিপালিত। ২। সম্যক্‌ব্যাপ্ত।

পরাচীন (পরাচ বিমুখ+ঈন্(খীন্)—প্রং) বিং, ত্রিং, পরাঙ্মুখ, বিমুখ। ২। প্রাচীন।

পরাজয় (পরা ব্যতিক্রম—জি জয় করা+অ(অল্)—ভা) সং, পুং, পরাভব।

পরাজিত (পরাজয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাভূত,বিজিত, যে হারিয়া গিয়াছে।

পরাঞ্চ্ (পরা—অনূচ্ গমন করা+০(বিচ্)—ক) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ।

পরাৎপর (পরাৎ—পর) বিং, ত্রিং, পর হইতেও পর, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। ২। সং, পুং, পরমেশ্বর। শিং—১ "ইন্দ্রিয়েভ্যো পরেহ্যর্থা হ্যর্থেভ্যশ্চ পরং মনঃ। মনসস্তু পরাবুদ্ধি বুদ্ধেরাত্মা মহান্ পরঃ। মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ। পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরাগতিঃ। পরাৎপরং সামায়ুপৈতি দিব্যম্। ৩। গুরুবিশেষ।

পরাৎপ্রিয় (পর—অদ্ ভোজন করা+০ (ক্বিপ্)—ভা=পরাৎ পরদ্রব্যভোজন—প্রিয়, ৭মী—ষ) বিং,ত্রিং, পরদ্রব্যভোজনে প্রিয়। ২। সং, ক্লীং, উলুখড়।

পরাত্মা (পরাত্মন্, পর শ্রেষ্ঠ—আত্মা, র্‌ং—স) সং, পুং, পরমাত্মা, পরমেশ্বর।

পরাদন (পরা অতিরিক্ত—অদন ভক্ষণীয়) সং, পুং, পারস্যদেশীয় অশ্ব।

পরাদান (পর—আদান সম্যক্‌দান, ৪র্থী—ষ) সং, ক্লীং, পরোপকার নিমিত্ত সম্যক রূপে দরিদ্রকে দান। [ন্যের পীড়া।

পরাধি (পর—আধি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অ-

পরাধীন (পর—অধীন, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, পরবশ, পরতন্ত্র।

পরানসা (পরান [শক্র] রোগ—সো নাশ করা+অ(অল্)—ণ। নিপাতন) সং, স্ত্রীং, চিকিৎসা।

পরান্তক (পর সংসার—অন্তক নাশক, য়ং—স) সং, পুং, (সংহাররূপা বলিয়া) মহাদেব।

পরান্তকাল (পর সংসারোত্তর—অন্তকাল) সং, পুং, মুমুক্ষুগণের দেহান্তকাল। শিং—১ "তে ব্রহ্মলোকেষু পরান্তকালে পরামৃতাঃ পরিমূচ্যন্তি সর্ব্বে।"

পরান্তঃপুষ্ট (Parasita) যাহারা অন্যের দেহমধ্যে আপন জীবনযাত্রা নির্ব্বাহ করে; যথা—কৃমি।

পরান্ন (পর অন্য—অন্ন) সং, ক্লীং, পরের অন্ন। ২। অন্যের পক্ব অন্ন। শিং—১ "পরান্নং পরবাসশ্চ নিত্যং ধর্ম্মরতস্ত্যজেৎ।" গুরু মাতুল শশুর পিতা ও পুত্রের পক্ব অন্ন পরান্ন নহে। শিং—১ "গুর্ব্বন্নং মাতুলান্নং বা শ্বশুরান্নং তথৈবচ। পিতুঃ পুত্রস্য চৈবান্নং ন পরান্নমিতি স্মৃতি।" ৩। বিং, ত্রিং, পরান্নোপজীবী, পরপিণ্ডভোজী।

পরাপতিত (পর—আ—পৎ [গমন করা] আগমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রত্যাগত, সমাগত।

পরাভব (পরা—ভূ [হওয়া] পরাজিত করা+অ(অল্)—ভা) সং, পুং, পরাজয়। ২। তিরস্কার। ৩। অতিক্রম। ৪। বিনাশ। শিং—১ "সন্তোষেণ বিনা পরাভবপদং প্রাপ্নোতি মূঢ়ো জনঃ।"

পরাভিক্ষ (পর—আ—ভিক্ষ্ ভিক্ষা করা+অ(অন)—ক) সং, পুং, বানপ্রস্থাশ্রমী। শিং—১ "অশ্মকুট্টাশনাঃ কেচিৎ পরাভিক্ষাস্তথাপরে।"

পরাভূত (পরাভব দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত, পরাস্ত। ২। তিরস্কৃত।

পরামনন (পরা—মন্ [বোধ করা] অনুতাপ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, চিন্তন, অনুতাপ।

পরামর্শ (পরা—মৃশ্ বিবেচনা করা+অ(অল্)—ভা) সং, পুং, যুক্তি। ২। মন্ত্রণা, বিচার। ৩। স্পর্শ। ৪। বিবেচনা। ৫। ব্যাপ্তিবিশিষ্টের পক্ষবৃত্তিত্বজ্ঞান। শিং—১ "পরামর্শজন্যং জ্ঞানমনুমিতি।" ২ "ব্যাপ্যস্য পক্ষধর্ম্মত্বধীঃ পরামর্শ উচ্যতে।"

পরামর্ষ (পরা—মৃষ্ ক্ষমা করা, সহা+অ(অল্)—ভাবে) সং, পুং, সহন।

পরামাণিক (প্রামাণিক শব্দজ) নাপিত।

পরামৃত (পর অত্যুত্তম—অমৃত জল) সং, ক্লীং, বৃষ্টি, বর্ষণ।

পরামৃষ্ট (পরামর্শ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, বিবেচিত, বিচারিত। ২। স্পৃষ্ট। ৩। সম্বন্ধযুক্ত। শিং—১ "ক্লেশকর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্টঃ।"

পরায়ণ (পর কেবল, [এক বিষয়]—অয়ন গমন। কিংবা অয়ন আসক্তিস্থান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অত্যাসক্ত; যথা—ধর্ম্মপরায়ণ। ২। তৎপর। ৩। অনুরক্ত। ৪। অভীষ্ট। ৫। সং, পুং, বিষ্ণু। ৬। ক্লীং, উত্তম অবলম্বন, শ্রেষ্ঠ আশ্রয়।

পরায়তি (পর—অয়্ গমন করা+অতি—প্রং) বিং, ত্রিং, পশ্চাদ্গামী। ২। (পর—আয়তি আয়ত্ততা, ৭মী—হিং) পরাধীন। ৩। (পর—আয়তি, দ্বং—স) সং, স্ত্রীং, অতি বিস্তার। ৪। (পর—আয়তি, ৬ষ্ঠী—হিং) বিং, অতি বিস্তারাকারযুক্ত।

পরায়ত্ত (পর অন্য—আয়ত্ত অধীন) বিং, ত্রিং, পরাধীন, পরবশ।

পরারি (পর [অন্য] গত—অরি পূর্ব্বতরস্মিন্ বর্ষে) অং, গত বর্ষের পূর্ব্ববর্ষে, তৃতীয়বর্ষ। ২। বিং, ত্রিং, পরশত্রু।

পরার্থ (পর অন্য—অর্থ উদ্দেশ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অন্যোদ্দেশ্যযুক্ত। ২। (পর—অর্থ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্য প্রয়োজন। শিং—১ "পরার্থে প্রাজ্ঞঃ উৎসৃজেৎ।"

পরারু (পৄ পূর্ণ করা, প্রীত করা+আরু—প্রং। অথবা পরা—ঋ গমন করা+উ(উন্)—ক) সং, পুং, করলা, উচ্ছা।

পরারুক (পরারু+কণ্—তুল্যার্থে) সং, পুং, প্রস্তর, পাথর।

পরার্দ্ধ (পর অতিশয়—অর্দ্ধ [ঋধ বৃদ্ধ হওয়া+অ(অল্)—ক] প্রবৃদ্ধ) সং,ক্লীং, শেষার্দ্ধ। পার্থিববর্ষ সংখ্যায় এই সংখ্যকবর্ষ ব্রহ্মার জীবনের অর্দ্ধ। ২। অত্যধিক সংখ্যাবিশেষ, ১,০০,০০,০০,০০,০০,০০,০০,০০০। শিং—১"পারে পরার্দ্ধং গণিতং যদি স্যাৎ।" ২ "নিজেন তস্য মানেন চায়ুর্ব্বর্ষশতং স্মৃতং। তৎপরাখ্যং তদর্দ্ধঞ্চ পরার্দ্ধমভিধীয়তে।"

পরার্দ্ধ্য (পর অত্যুত্তম—অর্দ্ধ+য(যৎ)—যুক্তার্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠতম। ২। সং, পুং, স্বর্লোক। ৩। (+ষ্ণ—স্বার্থে) ক্লীং, পরার্দ্ধ। [দূরদেশ। ২। প্রকৃষ্টতম।

পরাবৎ (পরা—অব্+অৎ(শতৃ)—প্রং) অং,

পরাবরা (পর—অবর, দ্বং—স) সং, স্ত্রীং, বিদ্যাবিশেষ। শিং—১ "পরাবরাণাং পরমাত্মমেব পরমেশ্বরি।"

পরাবর্ত্ত (পরা—বৃৎ বিদ্যমান থাকা+অ(অল্)—ভা) সং, পুং, পরিবর্ত্ত, বিনিময়। ২। প্রত্যাবর্ত্তন।

পরাবর্ত্তব্যবহার (Appeal, পরাবর্ত্ত পরিবর্ত্তনীয়—ব্যবহার আইনানুযায়ী কার্য্য) সং, পুং, পুনর্ব্বার বিচারপ্রার্থনা।

পরাবর্ত্তিত (পরা—বৃৎ-ণিচ্=বর্ত্তি বিদ্যমান থাকান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাবর্ত্তিত, ফেরান।

পরাবসু (পরা—বসু ধন, ৫মী—হিং) সং, পুং, অসুরগণের হোতৃবিশেষ।

পরাবহ (পরা—বহ্ বহন করা+অ(অল্)—ক) সং, পুং, উপরি বর্ত্তমান সপ্ত বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ।

পরাবিদ্ধ (পর শত্রু—আবিদ্ধ ভীরু। যে অত্যন্ত ভীরু দেবতা) সং, পুং, কুবের।

পরাবৃত্ত (পরা—বৃৎ বিদ্যমান থাকা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাবৃত্ত। ২। পলায়িত। ৩। পরিবর্ত্তিত।

পরাবৃত্তি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রত্যাবর্ত্তন। ২। পরিবর্ত্তন।

পরাশর (পর উত্তম—আ—শৃ সম্পন্ন করা +অ(অন্)—ক) সং, পুং, ব্যাসদেবের পিতা, কলি-ধর্ম্মশাস্ত্র-প্রবর্ত্তক ঋষি। শিং—১ "জাতঃ পরাশরোদ্যোগী বাসব্যাং কলয়াহরেঃ।" ২। ইন্দ্র। ৩। চন্দ্র।

পরাশরী (পরাশরিন্, পরাশর এই বংশের আদিপুরুষ ব্যাস কিম্বা তস্য পিতৃকৃত বিধান+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চতুর্থাশ্রমী, ভিক্ষু।

পরাশ্রয়া (পর অন্য—আশ্রয় অবলম্বন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বৃক্ষোপরিজাত লতা, পরগাছা।

পরাসন (পর শত্রু—অস্ ক্ষেপণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, হনন। ২। বধ।

পরাসিসিষু (পরা সম্মুখে—অস্ নিক্ষেপ করা+সন্—ইচ্ছার্থে। উ—প্রং) বিং, ত্রিং, নিক্ষেপ করিতে ইচ্ছুক, পাঠাইতে ইচ্ছুক। ২। পরাভব করিতে অভিলাষী।

পরাসু (পর অন্তর, দূরে—অসু প্রাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মৃত, গতপ্রাণ।

পরাসুতা (পরাসু+তা—ভাবে) সং, স্ত্রীং, মৃত্যু। ২। নিদ্রাবশতা।

পরাস্কন্দী (পরাস্কন্দিন্, পর পরস্ব—আ—স্কন্দ্ শোষণ করা, চুরি করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, তস্কর, চোর। ২। দস্যু।

পরাস্ত (পরা—অস্ [হওয়া] পরাজিত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। শিং—১ "হ্রীর্গিরাস্ত বরমস্ত পুনর্ম্মাস্বীকৃতৈব পরবাগপরাস্তা।" (নৈষধ)।

পরাহ (পর—অহন্ দিন) সং, পুং, পরদিন। শিং—১ "পূর্ব্বাহে তদ্বিধত্বেঽপি পরাহে ত্রিসন্ধ্যব্যাপিত্বে পরাহ এব।"

পরাহত (পরা—হন্ [বধ করা] পরাজিতকরা, আঘাত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাভূত। ২। ব্যবহৃত। ৩। আহত। ৪। ব্যাহত। ৫। তিরস্কৃত। ৬। আক্রান্ত।

পরাহ্ন (পর—অহন্ দিন+ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অপরাহ্ন, বিকাল।

পরি (পৃ পূর্ণ করা+ইন্—ক) উপং, অং, সর্ব্বতোভাবে, চারিদিকে, সম্পূর্ণরূপে। ২। অতিশয়। ৩। লক্ষণ। ৪। চিহ্ন। ৫। ইত্থম্ভাব। ৬। ইত্থং ভূতাখ্যান। ৭। ভাগ। ৮। বীপ্সা। ৯। শেষ। ১০। বর্জ্জন। ১১। ত্যাগ। ১২। আলিঙ্গন। ১৩। আখ্যান। ১৪। দোষাখ্যান (দোষকীর্ত্তন)। ১৫। নিরসন। ১৬। নিরাস। ১৭। পূজা। ১৮। শোক। ১৯। ভূষণ। ২০। ব্যাধি। ২১। ব্যাপ্তি। শিং—১ (লক্ষণে এবং ইত্থং ভূতাখ্যানে) "বৃক্ষং পরিবিদ্যোততে বিদ্যুৎ। সাধুর্দ্দেবদত্তো মাতরং পরি।" ২। (ভাগে) "যদত্র মাংপরিস্যাৎ। হরিং পর্য্যভবল্লক্ষ্মী।" ৩। (বীপ্সায়াম্) "বৃক্ষং বৃক্ষং পরিসিঞ্চতি।" ৪ "পরিত্রিগর্ত্তেভ্যো বৃষ্টো দেবঃ। পরিপরি বঙ্গেভ্যো বৃষ্টো দেবঃ।'পরিসংবৎসরাৎ।"

পরিকথা (পরি ভূষণ—কথা গল্প) সং, স্ত্রীং, আখ্যায়িকাগ্রন্থ, গল্পের পুস্তক। শিং—১ "অথ বাঙ্ময়ভেদাঃ স্যুশ্চম্পূঃ খণ্ডকথাকথা। আখ্যায়িকা পরিকথা কলাপকবিশেষকৌ।"

পরিকম্প (পরি সর্ব্বতোভাবে—কম্প কম্পন) সং, পুং, কম্পন। ২। ভয়।

পরিকর (পরি—কৃ করা + অ(অল্)—ধি) সং, পুং, পর্য্যঙ্ক, শয্যা। ২। (+অল্—ক) সহচর। ৩। সহকারী। ৪। পরিবার। ৫। হস্ত্যশ্বাদি। ৬। (+

অল্—র্ম্ম) উপকরণ। ৭। সমূহ। ৮। আরম্ভ। ৯। নিষ্পত্তি। ১০। কটিবন্ধ, কোমরবাঁধা। ১১। গাঢ়। ১২। বিবেক। ১৩। নাট্যে—মুখসন্ধির অঙ্গবিশেষ। ১৪। কাব্যালঙ্কারবিশেষ। শিং—১ "উক্তি-র্বিশেষণৈঃ সাভিপ্রায়ৈঃ পরিকরো মতঃ।"

পরিকর্ত্তা (পরিকর্ত্তৃ) সং, পুং, জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহসংস্কারক যাচক।

পরিকর্ম্ম (—কর্ম্মন্,পরি ভূষণ—কর্ম্মন্ কর্ম্ম) সং, ক্লীং,প্রসাধন, কুঙ্কুম এবং অলঙ্কারাদি দ্বারা সাজান, অঙ্গসংস্কার। শিং—১ "প্রসাদং কুরু তন্বঙ্গি ক্রিয়তাং পরিকর্ম্ম তে। ভজস্ব মাম্।" র্ম্মা—পুং, পরিচারক,ভৃত্য।

পরিকর্ম্মী (—কর্ম্মিন্, পরিকর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং—স্ত্রীং, পরিচারক, ভৃত্য। ২। প্রসাধক।

পরিকর্ষ (পরি—কৃষ্ কর্ষণ করা+অ(অল্)—ভা) সং, পুং, সমাকর্ষণ।

পরিকল্পন (পরিকল্পিত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, মনন, চিন্তন। ২। রচনা।

পরিকল্পিত (পরি—কৃপ্ পারকহওয়া ইত্যাদি +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠিত। ২। সজ্জিত। ৩। নির্দ্দিষ্ট। ৪। স্থিরীকৃত। ৫। রচিত।

পরিকাঙ্ক্ষিত (পরি গত—কাঙ্ক্ষা অভিলাষ+ইত—অস্ত্যর্থে। যাহার পার্থিব ভোগাভিলাষ নাই) সং, পুং, তপস্বী। ২। বিং, ত্রিং, সম্পূর্ণ অভিলাষযুক্ত।

পরিকীর্ণ (পরি সর্ব্বতোভাবে—কীর্ণ বিক্ষিপ্ত) বিং, ত্রিং, ব্যাপ্ত। ২। বিস্তৃত। ৩। বিস্তৃত। ৪। সমর্পিত।

পরিকীর্ত্তিত (পরি—কীর্ত্তিত প্রশংসিত) বিং, ত্রিং, প্রশংসিত। ২। উচ্চারিত। ৩। কথিত। ৪। গীত।

পরিকূট; সং, ক্লীং, পুরদ্বারকূটক। ২। নগরদ্বারকূটক। ৩। হস্তিনখ।

পরিকৃশ (পরি সর্ব্বতোভাবে—কৃশ ক্ষীণ) বিং, ত্রিং, সর্ব্বতোভাবে কৃশ, অতিশয় ক্ষীণ। [শের উপরিভাগ।

পরিকেশ (পরি—কেশ, ব্যং—স) সং, কে-

পরিক্রম (পরি চতুর্দ্দিকে—ক্রম গমন)সং, পুং, গমন। ২। ইতস্ততঃ পাদবিহার, পদদ্বারা গমন। ৩। প্রদক্ষিণীকরণ।

পরিক্রমসহ (পরিক্রম ইতস্ততঃ গমন—সহ যে সহ্য করে, ২য়া—ষ) সং, পুং, ছাগল।

পরিক্রয়; সং, পুং, বিক্রীত বস্তুর পুনঃক্রয়।

পরিক্রিয়া (পরি চারিদিকে—ক্রিয়া করণ) সং, স্ত্রীং, পরিখাদিদ্বারা বেষ্টন। ২। সংস্করণ। ৩। একদিনসাধ্য যাগবিশেষ।

পরিক্লিষ্ট (পরি অতিশয়—ক্লিশ্ ক্লেশ পাওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, পরিক্ষত। ২। অতিক্লিষ্ট। ৩। উত্যক্ত।

পরিক্ষত (পরি—ক্ষত ক্ষয়প্রাপ্ত) বিং, ত্রিং, ভ্রষ্ট। ২। ক্ষয়প্রাপ্ত। ৩। ক্ষত। ৪। আহত। ৫। নষ্ট।

পরিক্ষয় (পরি—ক্ষি ক্ষয় করা+অ(অল্)—ভা) সং, পুং, ধ্বংস, বিনাশ। ২। পতন।

পরিক্ষিৎ / পরিক্ষিত (পরি—ক্ষি ক্ষীণ হওয়া+০(ক্বিপ্)—ক। ক্ত—র্ম্ম। কুলের ক্ষীণাবস্থায় জন্মিয়াছিলেন বলিয়া বাসুদেব ইহাঁর নাম পরিক্ষিৎ রাখিলেন) সং, পুং, অর্জ্জুনের পৌত্র, অভিমন্যুর পুত্র, জনমেজয়ের পিতা।

পরিক্ষিপ্ত (পরি চতুর্দ্দিকে—ক্ষিপ্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বেষ্টিত, চতুর্দ্দিকে ঘেরা। ২। নিক্ষিপ্ত। ৩। পরিত্যক্ত।

পরিক্ষীণ (পরি অতিশয়—ক্ষীণ ক্ষয়প্রাপ্ত) বিং, ত্রিং, অতিশয় ক্ষীণ। ২। অতিশয় কমিয়া যাওয়া। ৩। ক্ষয়প্রাপ্ত।

পরিক্ষেপ (পরিক্ষিপ্ত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, চতুর্দ্দিকে বেষ্টন। ২। নিক্ষেপ।

পরিক্ষেপক (পরি—ক্ষিপ্ ক্ষেপণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, পরিক্রমশীল।

পরিখা (পরি চতুর্দ্দিকে—খন্ খোড়া+অ(ড)—র্ম্ম, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রাজধানী প্রভৃতির বেষ্টন খাত, গড়খাই, যে সকল স্থান শত্রু হইতে রক্ষা করিবার প্রয়োজন, তাহার চারিদিকে শত হস্ত প্রশস্ত ও দশ হস্ত গভীর খাত করিবে, এবং প্রবেশপথ সঙ্কেতযুক্ত করিবে, যে

সঙ্কেত মিত্র ব্যতীত অন্যে না জানিতে পারে।

পরিখীকৃত (পরিখা—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম, ঈ(চ্বি)—আগম) বিং; ত্রিং, যে স্থানে পরিখা করা হইয়াছে। শিং—১ "পরিখীকৃতসাগরাম্।" (রঘু)।

পরিখেদ (পরি—খিদ্ দুঃখিত হওয়া+অ (অল্)—ভা) সং, পুং, ক্লেশ। ২। পরিশ্রম। [বিখ্যাত, অতি প্রসিদ্ধ।

পরিখ্যাত (পরি—খ্যাত কথিত) বিং, ত্রিং,

পরিগণন (পরি—গণ্ গণনা করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, সর্ব্বতোভাবে গণনা করা। ২। বিধি নিষেধ শাস্ত্রের বিশেষরূপে কীর্ত্তন।

পরিগণিত (পরি—গণিত যাহা গণনা করা হইয়াছে) বিং, ত্রিং, বিধিনিষেধ বিশেষরূপে কথিত। ২। সংখ্যাত, যাহা গণনা করা হইয়াছে।

পরিগত (পরি—গম্ [গমন করা] জানা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত। ২। প্রাপ্ত। ৩। বেষ্টিত। শিং—১ "অথ সবল্কহূকূলকুথাদিভিঃ পরিগতোজ্জ্বল হূদ্ধতবালধিঃ।" (ভট্টি)। ৪। (+ক্ত—ক) গত। ৫। বিস্মৃত। ৬। চেষ্টিত।

পরিগদিত (পরি—গদ্ বলা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, পরিকীর্ত্তন।

পরিগমিত (পরি—গম্-ণিচ্=গমি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অতিবাহিত, যাপিত, কাটান। ২। চালিত।

পরিগহন (পরি—গহ্ প্রবেশ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, অত্যন্ত গহন।

পরিগূঢ় (পরি—গুহ্ গোপন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, অত্যন্ত গুপ্ত।

পরিগৃহীত (পরিগ্রহ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্বীকৃত, যাহা গ্রহণ করা হইয়াছে। ২। উপাত্ত।

পরিগৃহ্য (পরি সর্ব্বতোভাবে—গ্রহ্ গ্রহণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যোগ্য। হ্যা—স্ত্রীং, নারী।

পরিগ্রহ (পরি—গ্রহ্ [গ্রহণ করা] স্বীকার করা ইত্যাদি+অ(অল্)—র্ম্ম) সং, পুং, পত্নী। শিং—১ "কাস্ত্বং শুভে কস্য পরিগ্রহো বা।" (রঘু)। ২। পরিজন, অধিনস্থ ব্যক্তি। ৩। মূল। ৪। শাপ। ৫। শপথ। ৬। সৈন্যপশ্চাদ্ভাগ। ৭। (+অল্—ভা) স্বীকার। ৮। গ্রহণ। ৯। অধিষ্ঠান। ১০। মিলন, সঙ্গম। ১১। আয়ত্তীকরণ। ১২। রাহুবক্তৃস্থ ভাস্কর। [মের অভিমুখে।

পরিগ্রাম (পরি—গ্রাম, ব্যং—স) অং, গ্রা-

পরিগ্রাহ (পরি চারিদিক্—গ্রহ্ গ্রহণ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, যজ্ঞবেদিবিশেষ।

পরিগ্রাহক (পরি চতুর্দ্দিকে—গ্রহ্ গ্রহণ করা+অক(ণক)—ক) সং, পুং, স্বীকারকর্ত্তা, স্বীকারকারক।

পরিঘ (পরি সর্ব্বতোভাবে—হন্ বধ করা +অ(অল্)—ণ) সং, পুং, প্রাচীনকালের যুদ্ধাস্ত্রবিশেষ; ইহা কাষ্ঠনির্ম্মিত ও ইহার মুখ লৌহময়। এই অস্ত্র, ছেদনে প্রযুক্ত হইত না, ইহা মু রবৎ ব্যবহৃত হইত। ২। অর্গল, হুড় শিং—১ "জ্ঞানমার্গে হ্যহঙ্কারঃ পরি ৭। দুরতিক্রমঃ।" ৩। শূল। ৪। বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত যোগবিশেষ। শিং—১ "উৎপত্তিকালে পরিঘো যদিস্যান্নর স্তদা বংশকুঠারকল্পঃ।" (কোষ্ঠীপ্রদীপ)। ৫। (+অল্—ভাবে) প্রতিবন্ধ, ব্যাঘাত। ৬। আঘাত। ৭। (+অল্—র্ম্ম) তোরণদ্বার। ৮। জলপাত্র। ৯। শিশি।

পরিঘট্টিত (পরি—ঘট্ট্ ঘর্ষণ করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ ঘর্ষিত।

পরিঘাত—পুং, পরিঘাতন—ক্লীং } (পরি—হন্ বধ করা অথবা হন্-ণিচ্—ঘাতি বিনাশ করা+অ(ঘঞ্), অন(অনট্)—ণ) সং, পরিঘ, লৌহমুখ মুদ্গর। ২। অর্গল। ৩। প্রতিবন্ধ, ব্যাঘাত। ৪। (+ঘঞ্, অনট্ —ভাবে) হনন, হত্যা। ৫। আঘাত।

পরিঘোষ (পরি—ঘোষ শব্দ) সং, পুং, শব্দ। ২। মেঘের ধ্বনি। ৩। অকথ্যকথা।

পরিচক্ষা (পরি—চক্ষ্ বলা+অ(শ)—ভা) সং, স্ত্রীং, নিন্দা। ২। বর্জ্জন।

পরিচক্ষ্য (পরিচক্ষা দেখ, য(্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, বর্জ্জনীয়।

পরিচতুর্দ্দশ (পরি হীন—চতুর্দ্দশ, ৫মী—হিং) বিং, ত্রিং, পঞ্চদশ সংখ্যান্বিত। শিং—১ "ইন্দ্রসেনাদ্বয়শ্চৈব ভৃত্যাঃ পরিচতুর্দ্দশঃ।"

পরিচয় (পরি সর্ব্বতোভাবে—চি একত্র করা+অ(অল্)—ভা) সং, পুং, জানা শুনা, আলাপ। ২। অভ্যাস। ৩। প্রণয়।

পরিচর (পরি সর্ব্বতোভাবে, পশ্চাৎ—চর [চর্ গমন করা+অ(অন্)—ক] যে গমন করে) সং, পুং, রক্ষিসৈন্য, বডিগার্ড। ২। পরিচারক। ৩। অনুচর। ৪। যুদ্ধসময়ে যে যোদ্ধা কোন রথীর রথ, বিপক্ষপক্ষের প্রহার হইতে রক্ষা করিবার জন্য নিযুক্ত থাকেন ও সৈন্যগণের দোষাদির বিচার করিয়া সামরিক নিয়মে দণ্ডাদি অবধারণ করেন, এবং যে ব্যক্তি রাজ্যের রাজস্বাদির ব্যবস্থাপনকার্য্যে নিযুক্ত থাকেন। ৫। প্রজাসামন্ত ব্যবস্থাপক। ৬। রাজার দণ্ড। ৭। নায়ক।

পরিচর্য্যা (পরি—চর্ [গমন করা] সেবা করা +য(ক্যপ্)—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সেবা, শুশ্রূষা। ২। উপাসনা। শিং—১ "দ্বাপরে পরিচর্য্যাং কলৌ তদ্ধরি কীর্ত্তনাৎ।" ৩। পূজা।

পরিচায্য (পরি পূজা ইত্যাদি—চি একত্র করা+য(ঘ্যণ্)—র্ম্ম। নিপাতন) সং, পুং, যজ্ঞাগ্নি। ২। (+ঘ্যণ্—ধি) যজ্ঞাগ্নিকুণ্ড। ৩। বিং, ত্রিং, সেব্য, শুশ্রূষণীয়।

পরিচারক (পরি—চর্ গমন করা+অক (ণক)—ক) সং, পুং, দাস, ভৃত্য। রিকা—স্ত্রীং, দাসী।

পরিচালকতা (Conductivity) যে গুণ থাকাতে জড়বস্তুসকল এক পরমাণু হইতে পরমাণু-অন্তরে তাপ সঞ্চালন করে তাহাকে পরিচালকতা কহে। যে সকল বস্তু অত্যল্প সময়ের মধ্যে এবং অনায়াসে এক পরমাণু হইতে পরমাণু-অন্তরে তাপ সঞ্চালন করে তাহাদিগকে প্রবল পরিচালক (Good Conductors) বলে। ইহার বিপরীত গুণসম্পন্ন হইলে দুর্ব্বল পরিচালক (Bad Conductors) বলে।

পরিচিৎ (পরি—চি চয়ন করা+০(ক্বিপ্)—র্ম্ম) বিং, ত্রিং, চতুর্দ্দিকে স্থাপিত। ২। (+০(ক্বিপ্)—ক) সং, পুং, পরিচয়কর্ত্তা।

পরিচিত (পরিচয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্লৃপ্ত। ২। অভ্যস্ত। ৩। জ্ঞাত, পরিচয়বিশিষ্ট। শিং—১ "ত্যক্তব্যেয়ং চিরপরিচিতা জন্মভূমীতি বুদ্ধ্যা।"

পরিচেয় (পরিচয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পরিচয়যোগ্য। ২। অভ্যসনীয়।

পরিচ্যুত (পরি—চ্যুত পতিত) বিং, ত্রিং, ভ্রষ্ট, স্খলিত, পতিত।

পরিচ্ছদ্ (পরি—ছদ্ আচ্ছাদন করা+০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, ভূষণবিশিষ্ট। শিং—১ "সেনাপরিচ্ছদস্তস্য।" (রঘু)।

পরিচ্ছদ (পরি সর্ব্বতোভাবে—ছদ্ আচ্ছাদন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, বেশ, পোষাক। শিং—১ "পয়ঃফেননিভাশয্যা দান্তারুক্মপরিচ্ছদা।" (ভাগবত)। ২। পরিজন, অনুচর। ৩। (+অল্—ভাবে) আচ্ছাদন। ৪। আস্‌বাব। ৫। হস্ত্যশ্বাদি উপকরণ। শিং—১"পরিচ্ছদে নৃপার্হেঽর্থে পরিবর্হোঽব্যয়াঃ পরে।" [পোষাক।

পরিচ্ছন্দ (পরিচ্ছদ দেখ) সং, পুং, পরিচ্ছদ,

পরিচ্ছন্ন (পরি—ছদ্ আচ্ছাদন করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিচ্ছদবিশিষ্ট। ২। পরিষ্কৃত। ৩। আচ্ছাদিত। ৪। সজ্জিত। ৫। ভূষিত।

পরিচ্ছিত্তি (পশ্চাৎ দেখ, ক্তি—ভাবে) সং, স্ত্রীং, ব্যবধান, আড়াল। ২। অবধারণ।

পরিচ্ছিন্ন (পরি—ছিদ্ ছেদন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, ইয়ত্তারূপে পরিমিত। ২। নির্ণীত। ৩। সীমাবদ্ধ, অবধিযুক্ত। শিং—১ "পরিচ্ছিন্নামেবং ত্বয়ি পরিণতা বিভ্রতি গিরং ন বিদ্মস্তত্ত্বং বয়মিহ হি যত্ত্বং ন ভবসি।" (মহিম্নঃস্তোত্র)। ৪। বিভক্ত।

পরিচ্ছেদ (পরি ক্রমে ক্রমে, বারংবার—ছেদ [ছিদ্ ছেদন করা+অ(অল্)—র্ম্ম] ছেদন) সং, পুং, পুস্তকের ভাগ। ২। গ্রন্থবিচ্ছেদ। শিং—১"সর্গবর্গপরিচ্ছেদো-

দ্যাতাধ্যায়াঙ্কসংগ্রহাঃ। ৩। অংশ, ভাগ। ৪। সীমা। ৫। নিশ্চয়। ৬। (+অল্—ভা) ইয়ত্তারূপে অবধারণ। ৭। নির্ণয়।

পরিচ্ছেদ্য (পরিচ্ছিন্ন দেখ, য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, ইয়ত্তারূপে নির্দ্দেশ্য। ২। বিভাজ্য।

পরিজন (পরি সম্পূর্ণরূপে—জন [স্বীয়] লোক) সং, পুং, পরিবার, পোষ্যবর্গ। ২। পরিচারক।

পরিজনতা (পরিজন+তা—ভাবে) সং, স্ত্রীং, অধীনতা, পরায়ত্ততা।

পরিজন্মা (পরিজন্মন্, পরি চতুর্দ্দিকে—জন্ জন্মান+মন্—প্রং। নিপাতন) সং, পুং, চন্দ্র। ২। অগ্নি।

পরিজয্য (পরি—জয্য [পরি—জি জয় করা +য—শক্যার্থে]) বিং, ত্রিং, চতুর্দ্দিকে জয় করিতে শক্য।

পরিজল্পিত (পরি—জল্প্ জল্পনা করা+ত (ক্ত)—ভা) সং, ক্লীং, দশাঙ্গচিত্রজল্পান্তর্গত দ্বিতীয় কথনবিশেষ। শিং—১"প্রভোর্নির্দ্দয়তা শাঠ্যচাপল্যাদ্যুপপাদনাৎ। স্ববিচক্ষণতাব্যক্তিভঙ্গ্যা স্যাৎ পরিজল্পিতং।"

পরিজ্ঞান (পরি সর্ব্বতোভাবে—জ্ঞা জানা অন(অনট্)—ভা) সং, ক্লীং, সর্ব্বতোভাবে জানা।

পরিজ্মা (পরিজ্মন্, পরি অগ্রে—জু বেগে চলা+বন্—প্রং) সং, পুং, ইন্দ্র। ২। অগ্নি। [সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ।

পরিডীনক (পরি চারিদিকে—ডীনক উড়ন)

পরিণত (পরি—নম্ নম্র হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পক্ব। ২। অবস্থান্তর প্রাপ্ত। ৩। সর্ব্বতোভাবে নত। ৪। পুং, নদীতীরাদিতে বক্রভাবে দন্তপ্রহারে প্রবৃত্ত হস্ত্যাদি। শিং—১ "তির্য্যগ্দন্তপ্রহারশ্চ গজঃ পরিণতো মতঃ।"

পরিণতি (পরি—নম্ নম্র হওয়া+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অবনতি, পরিপাক। ২। অবস্থান্তর প্রাপ্তি। ৩। অবসান। ৪। শেষ। ৫। বার্দ্ধক্য।

পরিণদ্ধ (পরি—নহ্ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। ২। পরিহিত। ৩। প্রবৃদ্ধ। ৪। পরিবদ্ধ, আলিঙ্গিত।

পরিণয়—পুং } (পরি সম্পূর্ণরূপে—
পরিণয়ন—ক্লীং } নী পাওয়া+অ(অল্) অন(অনট্)—ভাবে) সং, পুং, বিবাহ, দারপরিগ্রহ। [গর্ভজাত।

পরিণয়সম্বন্ধজাত; বিং, ত্রিং, ধর্ম্মপত্নীর

পরিণাম (পরি—নম্ নম্র হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরিপক্বতা। ২। অবস্থান্তর প্রাপ্তি, প্রকৃতির অন্যথাভাব, বিকার; যেমন—কাষ্ঠের বিকার ভস্ম। ৩। শেষ, চরম। ৪। বার্দ্ধক্য। ৫। কাব্যালঙ্কারবিশেষ, আরোপ্যমাণ পদার্থ আরোপের বিষয়ের সহিত অভিন্নরূপে পরিণত হইয়া যদি প্রকৃতার্থের উপযোগী হয়।

পরিণামদর্শী (—দর্শিন্, পরিণাম—দর্শিন্ যে দেখে) বিং, ত্রিং, সূক্ষ্মদর্শী, উত্তরকাল বিবেচনা করিয়া যে কর্ম্ম করে। ২। যে কর্ম্ম করিলে যেরূপ ফললাভ হয়, তাহা যে অনুভব করিতে পারে।

পরিণামশূল; সং, পুং, রোগবিশেষ, অজীর্ণ রোগ।

পরিণামী (পরিণামিন্, পরি—নাম+ইন্—যুক্তার্থে) বিং, ত্রিং, পরিণামযুক্ত।

পরিণায় } (পরি চারিদিকে—নী লওয়া
পরীণায় } +অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, চারিদিকে পাশার গুটিচালা। ২। বিবাহ।

পরিণায়ক (পরি—নী পাওয়া+অক(ণক) ক) সং, পুং, সেনাপতি। ২। স্বামী।

পরিণাহ } (পরিণদ্ধ দেখ, অ(ঘঞ্)—ণ)
পরীণাহ } সং, পুং, বিশালতা। ২। বিস্তার, ওসার। শিং—১ "ধনুঃ শতং পরীণাহো গ্রামাৎ ক্ষেত্রান্তরং ভবেৎ।"

পরিণাহবান্ (পরিণাহবৎ, পরিণাহ দেখ, বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিস্তারযুক্ত।

পরিণাহী (পরিণাহিন্, পরিনদ্ধ দেখ, ইন্—ক) বিং, ত্রিং, বিশাল। ২। বিপুল।

পরিণিংসা (পরি সম্মুখে—নিংস্ চুম্বন করা+অ—প্রং। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চুম্বন। ২। ভক্ষণ।

পরিণীত (পরিণয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিবাহিত।

পরিণেতা (পরিণেতৃ, পরিণয় দেখ, তৃ(তৃন্) —ক) সং, পুং, বিবাহকর্ত্তা, পতি।
পরিণেয় (পরি—নী পাওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, চতুর্দ্দিকে নয়মান। ২। বিবাহ-যোগ্য।
পরিতঃ (পরিতস্, পরি+তস্—প্রং) ত্রিং—বিং, অং, চারিদিকে। ২। সর্ব্বতোভাবে, সম্পূর্ণরূপে।
পরিতপ্ত (পরিতাপ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিতাপযুক্ত।
পরিতাপ (পরি সম্যক্—তাপ [তপ্ তাপ দেওয়া+ঘঞ্—ভা] উষ্ণতা) সং, পুং, উত্তাপ। ২। (+ঘঞ্—ণ) সন্তাপ,শোক, দুঃখ, মনস্তাপ। ৩। ভয়। ৪। কম্প। ৫। (+ঘঞ্—ধি) নরক-বিশেষ।
পরিতুষ্ট (পরি অধিক—তুষ্ট তৃপ্ত) বিং, ত্রিং, সন্তুষ্ট, আনন্দিত। ২। পরিতৃপ্ত।
পরিতোষ (পরি সম্যক্—তোষ তুষ্টি) সং, পুং, সন্তোষ। ২। তৃপ্তি।
পরিত্যক্ত (পরিত্যাগ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিত্যাগ করা হইয়াছে।
পরিত্যজন (পরি—ত্যজ্ ত্যাগ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, পরিত্যাগ।
পরিত্যাগ (পরি সম্পূর্ণরূপে—ত্যজ্ ত্যাগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ত্যাগ, বর্জ্জন, বিসর্জ্জন। শিং—১ "গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথ-প্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে।"
পরিত্যাজ্য (পরিত্যাগ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং,পরিত্যাগ করিবার যোগ্য, বর্জ্জনীয়।
পরিত্রাণ (পরি সম্পূর্ণরূপে—ত্রাণ রক্ষণ) সং, ক্লীং, রক্ষা। শিং—১ "পরিত্রাণায় বিনাশায় চ দুষ্কৃতাম্।" ২। উদ্ধার। ৩। বাঁচান।
পরিত্রাতা } পরিত্রায়ক } (পরিত্রাতৃ, পরি সম্পূর্ণরূপে —ত্রৈ রক্ষা করা+তৃ(তৃন্), অক(ণক)—ক) বিং, ত্রিং, পরিত্রাণকর্ত্তা, রক্ষক। [ত্রিং, বর্ম্মাচ্ছাদিত।
পরিদংশিত (পরিদংশ+ইত—যুক্তার্থে) বিং,
পরিদর (Sponginess of gums, পরি—দর বিদারণ) সং, পুং, দন্তমাড়ির কোমলতা।
পরিদান (পরি পরিবর্ত্তরূপে—দান) সং, ক্লীং, বিনিময়, বদল।
পরিদায়ী (—দায়িন্, পরি—দা দান করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, যে শাস্ত্রদোষ লঙ্ঘন করিয়া দান করে। ২। জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠকে যে কন্যাদান করে।
পরিদেবন } পরিদেবিত } (পরি—দেবি বিলাপকরা+অন(অনট্),ত(ক্ত)—ভা)সং, ক্লীং, না—স্ত্রীং, শোকনিমিত্ত বিলাপ; খেদোক্তি। ২। অনুতাপ। শিং—১ "অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা।"
পরিদেবী(—দেবিন্,পরিদেবন দেখ,ইন্(ণিন্) —ক) বিং,ত্রিং,বিলাপী। ২। অনুতাপী।
পরিধান (পরি চারিদিকে—ধা ধারণ করা +অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, পরিধেয় বস্ত্র। ২। (+অনট্—ভা) পরা। ৩। পিধান, আচ্ছাদন।
পরিধাপন (পরি চারিদিকে—ধাপি ধারণ করান+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, পরিধেয় বস্ত্র। ২। (+অনট্—ভা) পরান।
পরিধায় (পরি—ধা ধারণ করা+অ(ঘঞ্)—র্ম্ম। য—আগম) সং, পুং, পরিচ্ছদ, পোষাক। ২। (+ঘঞ্—ধি) নিতম্ব। ৩। জলস্থান। ৪। (+ঘঞ্—ভা) পরিধান।
পরিধারণ (পরি—ধৃ ধারণকরা+অন(অনট্) —ক) সং, ক্লীং, প্রতিবন্ধক। না—স্ত্রীং, (অনট্—ভা) ধরিয়া রাখা।
পরিধি (পরিধান দেখ, ই(কি)—র্ম্ম) সং, পুং, বৃত্তের সমন্তাৎরেখা, বেড় (Circumference)। ২। চন্দ্র সূর্য্যের মণ্ডল। ৩। পরিবেষ্টন। শিং—১ "ব্যাসেভনন্দাগ্নিহতে বিভক্তে খবাণসূর্য্যৈঃ পরিধিস্তু সূক্ষ্মঃ।" ৪। যজ্ঞিয় তরুশাখা।
পরিধিস্থ (পরিধি [রাজার]চারিদিকে—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) সং, পুং, যুদ্ধকালে শত্রু-প্রহার হইতে রথরক্ষক। ২। রাজার দণ্ডনায়ক পরিচারক। ৩। মোসাহেব। ৪। বিং, ত্রিং, চতুঃপার্শ্বস্থ।
পরিধূপিত (পরি—ধূপিত ধূপদ্বারা সন্তাপিত) বিং, ত্রিং, সুগন্ধীকৃত।

পরিধেয় (পরিধান দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পরিধানযোগ্য, পরিবার উপযুক্ত।

পরিনন্দন (পরি—নন্দ্ আনন্দিত হওয়া+অন(অনট)—ক) বিং,ত্রিং, সন্তোষকারী। ২। (+অনট্—ভা) সন্তোষকরণ।

পরিনির্বপণ; সং, ক্লীং, দান।

পরিনির্ব্বিপ্সা (পরি—নির্—বপ+সন—ই-চ্ছার্থে+অ—ভাবে) সং,স্ত্রীং, দানেচ্ছা।

পরিনির্ব্বিপ্সু (উপর দেখ, উ—ক) বিং, ত্রিং, দানেচ্ছু।

পরিনিষ্ঠা (পরি—নি—স্থা থাকা+অ(ড)—ভা) সং, স্ত্রীং, পর্য্যবসান।

পরিন্যাস; সং, পুং, বিন্যাস। ২। নাট্যে—মুখসন্ধির অঙ্গবিশেষ।

পরিপক্ব (পরি—পক্ব পাকা) বিং, ত্রিং, পরিণত, পাকা। ২। বহুদর্শী।

পরিপণ (পরি—পণ [পণ+অল্—ণ] মূল্য) সং, পুং—ক্লীং,মূলধন, পুঁজি। ২। মূল্য।

পরিপণিত (পরি—পণিত অঙ্গীকৃত) বিং, ত্রিং, ন্যাসীকৃত, নিক্ষিপ্ত।

পরিপত্তি (পরি—পত্ পতিত হওয়া+ই (ইন্)—ক) সং, পুং, অধিপতি। ২। বিং, ত্রিং, সর্ব্বব্যাপী।

পরিপন্থক, পরিপন্থী (পরিপন্থিন্,পরি দোষ-কীর্ত্তন—পন্থক, পন্থিন্ যে পথে গমন করে) বিং, ত্রিং, শত্রু, বিপক্ষ। ২। প্রতিকূল। ৩। দস্যু। ৪। প্রতিরোধক।

পরিপাক, পরীপাক (পরি—পচ্ রন্ধন করা +(ঘঞ্)—ভা) সং, পুং, পরিণাম। ২। শেষাবস্থা। ৩। নৈপুণ্য। ৪। উত্তম পাক। ৫। পক্বতা। ৬। উৎকর্ষ।

পরিপাটি-টী (পরি ক্রমান্বয়ে—পট্-ণিচ্= পাটি গমন করান+ইন্—ভা) সং,স্ত্রীং, অনুক্রম। ২ ।সুশৃঙ্খলা, আনুপূর্ব্বী।

পরিপালিত (পরি—পালিত রক্ষিত) বিং, ত্রিং, প্রতিপালিত, রক্ষিত।

পরিপিষ্টক; সং, ক্লীং, সীসক, সীসা।

পরিপূত (পরি—পূত পবিত্র) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। ২। কুলার বাতাস দ্বারা তুষ পরিষ্কৃত (ধান্যাদি)। শিং—১ "পরিপূতেষু ধান্যেষু শাকমূলফলেষু চ।"

পরিপূর্ণ (পরি সম্যক্—পূর্ পরিপূর্ণ করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সম্পূর্ণ। ২। পরিতৃপ্ত। ৩। ব্যাপ্ত। শিং—১ "পরিপূর্ণং ত্বদস্তু মে।"

পরিপূর্ণতা (পরি সম্যক্—পূর্ণ+তা—ভা) সং, স্ত্রীং, সম্পূর্ণতা। ২। পরিতৃপ্তি।

পরিপৃষ্ট (পরি—পৃষ্ট জিজ্ঞাসিত) বিং,ত্রিং, সম্যক্‌রূপে জিজ্ঞাসিত।

পরিপ্রেক্ষিত (Perspective, পরি—প্র—ঈক্ষ্ দর্শন করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, বস্তু সকল বাস্তবিক সত্তাকালে যেরূপ প্রতীয়মান হয়, আলেখ্যে তাহা-দিগের তদনুরূপ বিন্যাস নিয়ামক বিদ্যা।

পরিপ্লব (পরি সর্ব্বতোভাবে—প্লু গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, কম্প-মান। ২। চঞ্চল, অস্থির। ৩। আকুল। ৪। (+অল্—ভা) প্লাবন। ৫। উপদ্রব।

পরিপ্লুত (পরি সর্ব্বত্র—প্লু লাফিয়া যাওয়া, জলে ভাসিয়া যাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আপ্লুত, সিক্ত। ২। প্লাবিত। শিং —১ "আবাং জটিল যত্রোর্ব্বী সলিলেন পরিপ্লুতা।" ৩। মগ্ন। ৪। চঞ্চল। ৫। কম্পমান। তা—স্ত্রীং, মদিরা, মদ্য। ২। মৈথুনবেদনযুক্ত যোনি। ৩। বিং, জল-সিক্তা।

পরিপ্লুতি (পরিপ্লুত দেখ, তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, চাঞ্চল্য। ২। অতিপ্রসক্তি। ৩। ব্যাপ্তি।

পরিবর্হ (পরি সর্ব্বতোভাবে—বর্হ্ আ-চ্ছাদন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, পরিচ্ছদ, পোষাক। ২। রাজযোগ্য পরি-চ্ছদ হস্তি অশ্ব বস্ত্র কম্বলাদি। ৩। গৃহ-দ্রব্যাদি, উপকরণ, আসবাব। (অন্তঃস্থ বও হয়)।

পরিভব, পরীভব (পরি—ভূ [হওয়া] পরাজয় করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, পরাজয়, পরাভব। ২। অবজ্ঞা। ৩। তির-স্কার। ৪। দর্শন। শিং—১ "প্রায়োমূর্খঃ পরিভববিধৌ নাভিমানং তনোতি।"

পরিভাব, পরীভাব (পরি—ভূ হওয়া,পরিভব করা+অ(ঘঞ্)—ভাবে) পরিভব দেখ।

পরিভাবী (পরিভাবিন্, পরিভাব দেখ, ইন্ (বিন্) — ক ) বিং, ত্রিং, পরিভবকারী, অতিক্রমকারী। ২। তিরস্কারী। ৩। অবজ্ঞাকারী।৪। দ্রষ্টা।

পরিভাষণ ( পরি দোষকীর্ত্তন, পরস্পর — ভাষণ কথন ) সং, ক্লীং, নিন্দাপূর্ব্বক তিরস্কার। ২। নিন্দাবাক্য। ৩। আলাপ, কথোপকথন। ৪। নিয়ম, লক্ষণ।

পরিভাষা (পরি ব্যাপ্ত — ভাষা কথন) সং, স্ত্রীং, গ্রন্থের সঙ্ক্ষেপার্থে সঙ্কেতবিশেষ, সংজ্ঞাবিশেষ। "ন খলু প্রতিহন্যতে কুতশ্চিৎ পরিভাষেব গরীয়সী।" ২। পদার্থবিদ্ পণ্ডিতদিগের পরিস্ফুত ভাষণ, যুক্তিযুক্ত বাক্।

পরিভাষিত (পরি — ভাষ্ বলা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পরিভাষাদ্বারা নিরূপিত। ২। কথিত।

পরিভুক্ত (পরি — ভুজ ভোজন করা + ত (ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, উপযুক্ত, যাহা ভোগ করা গিয়াছে।

পরিভূত (পরিভব দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং,ত্রিং, তিরস্কৃত। ২। অভিভূত। ৩। অনাদৃত।

পরিভোগ ( পরি সম্যক্ — ভুজ্ ভোজন করা + অ(ঘঞ্) — ভা ) সং, পুং, সম্ভোগ। ২। সম্ভোগচিহ্ন। ৩। ভোগদখল।

পরিভ্রম — পুং } (পরি — ভ্রম্ ভ্রমণ করা
পরিভ্রমণ — ক্লীং } + অ(অল্),অন(অনট্) — ভাবে) সং, পুং, সর্ব্বতোভ্রমণ,পর্য্যটন। ২। ভ্রম।

পরিভ্রষ্ট ( পরি — ভ্রষ্ট পতিত ) বিং, ত্রিং, চ্যুত, পতিত। শিং — ১ "তস্মাদ্যোগপরিভ্রষ্টো ভবেৎ।" ২। নষ্ট।

পরিমণ্ডল (পরি চারি দিকে — মণ্ডল গোল, পরিধি) বিং, ত্রিং, বর্ত্তুল, গোল।

পরিমল (পরি — মল্ ধারণ করা + অ(অল্) — র্ম্ম) সং, পুং, কুস্কুম চন্দনাদি মর্দ্দনজনিত সুগন্ধ। ২। সুরভিমাল্য গন্ধাদি ধারণে উৎপন্ন মনোহর গন্ধ। ৩। সর্ব্বতোভাবে সম্বন্ধ। শিং — ১ "সতাং পরিমলোদ্ভূতবন্ধোৎসবঃ।" ৪। পণ্ডিতসমূহ, সজ্জনসমবায়। ৫। সম্ভোগ।

পরিমর্শ (পরি — মৃশ্ স্পর্শ করা + অ(অল্) — ভা) সং, পুং, সংস্পর্শ, ঘর্ষণ।

পরিমর্ষ (পরি — মৃষ্ সহ্য করা + অ(অল্) — ভা) সং, পুং, ঈর্ষা, অসূয়া, দ্বেষ।

পরিমাণ (পরি সম্যক্ — মা পরিমাণ করা অন(অনট্) — ভা ) সং, ক্লীং, হস্তাদি দ্বারা পরিচ্ছেদ, মাপ। ২। ওজন। ৩। সঙ্খ্যাকরণ। ৪। (+ অনট্ — র্ম্ম) বস্তুর দীর্ঘতাদি। [পরিমাণ, ক্ষেত্রফল।

পরিমাণফল (Area) ভূমির মধ্যগত স্থানের

পরিমিত ( পরিমাণ দেখ, ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, পরিচ্ছিন্ন। ২। অল্প। ৩। যথাযোগ্য পরিমাণযুক্ত। শিং — ১ "দ্রবিণং পরিমিতমধিকব্যয়িনং জনমাকুলীকুরুতে।"

পরিমিতি ( পরিমাণ দেখ, তি(ক্তি) — ভা ) সং, স্ত্রীং, পরিমাণ।

পরিমুক্তসঙ্গ ( পরিমুক্ত সম্পূর্ণরূপে পরিত্যক্ত — সঙ্গ বিষয়ভোগ, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, যাহার বিষয়ভোগের অভিলাষ নাই। ২। বিষয়ভোগনিস্পৃহ।

পরিমৃজ্য ( পরি — মৃজ্ মার্জ্জন করা + য (ক্যপ্) — র্ম্ম ) বিং, ত্রিং, পরিশোধনীয়, পরিমার্জ্জনযোগ্য।

পরিমৃদিত } (পরি সম্মুখে — মৃদ্ ঘর্ষণ
পরিমৃষ্ট } করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ঘৃষ্ট। শিং — ১"পরিমৃষ্টকুন্তলা।" ২। আলিঙ্গিত, বিস্তারিত। ৩। আশ্লিষ্ট।

পরিমেয় ( পরিমাণ দেখ, য — র্ম্ম ) বিং, ত্রিং, পরিমাণের যোগ্য। ২। পরিমিত।

পরিমোক্ষ (পরি — মোক্ষ্ [ক্ষেপণ করা] মুক্ত হওয়া + অ(অল্ — ভাবে) সং, পুং, মোচন, পরিত্রাণ, নির্ব্বাণমোক্ষ। শিং ১ "সর্ব্বাশুভানাং পরিমোক্ষকারি সংপূজনং দেববরস্য বিষ্ণোঃ।" (স্মৃতি)। ২। ত্যাগ। ৩। মলত্যাগ। শিং — ১ "পায়ুর্ধমস্য মিত্রস্য পরিমোক্ষস্য নারদ।"

পরিমোষী (পরিমোষিন্, পরি সর্ব্বত্র — মুষ্ চুরি করা + ইন্(ণিন্) — ক) সং, পুং, অপহরণকারী। ২। চৌর।

পরিমোহী (পরি — মুহ মুগ্ধ করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, মুগ্ধকর।

পরিম্লান (পরি—ম্লান মলিন) বিং, ত্রিং, অতিশয় ম্লান, শুষ্ক। শিং—১ "পরিম্লানং পুষ্পম্।" ২। বিশুষ্ক।

পরিরক্ষণ (পরি চারিদিকে—রক্ষ্ রক্ষা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, রক্ষা। ২। উদ্ধার। ৩। অপেক্ষা।

পরিরব্ধ (পরিরম্ভ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত।

পরিরম্ভ—পুং, পরীরম্ভ—পুং, পরিরম্ভণ—ক্লীং } (পরি—রভ্ বেগে গমন করা] আলিঙ্গন করা+অ(ঘঞ্), অনট্—ভা) সং, আলিঙ্গন।

পরিরাটক (পরি—রট্ রটনা করা+অক (ণক)—ক, শীলার্থে) বিং, ত্রিং, চতুর্দ্দিকে রটনাশীল।

পরিরাটী (—রাটিন্, পরি—রট্ রটনা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পরিরাটক দেখ।

পরিল (পরি—লা গ্রহণ করা+অ(ক)—ক) বিং, ত্রিং, চতুর্দ্দিকে গ্রহণশীল।

পরিলিপ্সু, পরিরিপ্সু } (পরি—লভ্ লাভ করা, রভ্ গমন করা + সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, আলিঙ্গনেচ্ছু। ২। রমণেচ্ছু।

পরিলেখন (পরি চতুর্দ্দিকে—লিখ্ লেখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞস্থানে চতুর্দ্দিকে রেখাদিকরণ। [২। বৎসরবিশেষ।

পরিবৎসর (পরি—বৎসর) সং, পুং, সংবৎসর।

পরিবর্জ্জন (পরি—সম্পূর্ণরূপে—বৃজ্ ত্যাগ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পরিত্যাগ। শিং—১ "গোপ্যো ন দোষো মথুরাঙ্গনানাং ধূর্ত্তস্য কৃষ্ণস্য হি রীতিরেষা। বিপর্য্যয়ো যেন কৃতঃ স্বপিত্রোস্তস্যোপপত্নী পরিবর্জ্জনং কিং।" ২। হনন, বধ।

পরিবর্ত্ত, পরীবর্ত্ত—পুং, পরিবর্ত্তন—ক্লীং } (পরি—বৃৎ [বর্ত্তমান থাকা] বদল করা ইত্যাদি+অ(অল্), অন(অনট্)—ভা) সং, বিনিময়, বদল। ২। নিবৃত্তি। ৩। অপবর্ত্তন। ৪। লুণ্ঠন। ৫। পাশফেরা। ৬। যুগান্ত। শিং—১ "ঋতূনাং পরিবর্ত্তেন প্রাণিনাং প্রাণসংক্ষয়ঃ।" ৭। কূর্ম্মরাজ। ৮। গ্রন্থবিচ্ছেদ।

পরিবর্ত্তিত (পরি—বৃৎ-ণিচ=বর্ত্তি [বর্ত্তান] বদল করান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বদল করা হইয়াছে।

পরিবর্ত্তী (—বর্ত্তিন্, পরি—বৃৎ অবস্থান করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পরিবর্ত্তনশীল। শিং—১ "পরিবর্ত্তিনী সংসারে মৃতঃ কোবান জায়তে।"

পরিবর্দ্ধক (পরি—বর্দ্ধক) বিং, ত্রিং, প্রবৃদ্ধিকারক। ২। পালক।

পরিবর্দ্ধিত (পরি—বৃধ্-ণিচ=বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বাড়ান গিয়াছে।

পরিবর্হ (পরি—বর্হ শোভা পাওয়া+অ (অল্)—র্ম্ম) সং, পুং, পরিচ্ছদ। ২। রাজচিহ্ন, চামর ছত্রাদি। ৩। গৃহদ্রব্যাদি।

পরিবসথ (পরি চারিদিকে—বস্ বাসকরা+অথ(অথচ)—সংজ্ঞার্থে) সং, পুং, গ্রাম।

পরিবহ (পরি—বহ্ বহন করা+অ(অন্)—ক) সং, পুং, সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ, সুবহ বায়ুর উপরে স্থিত।

পরিবাদ, পরীবাদ } (পরি দোষকীর্ত্তন—বদ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অপবাদ। শিং—১ "ধীরাঃ পরস্য পরিবাদগিরঃ সহন্তে। ২। বীণার অঙ্গবিশেষ।

পরিবাদক (পরিবাদ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, নিন্দক, অপবাদকারী।

পরিবাদিনী (পরি সম্যক্‌রূপে—বদ্ বলা ইন্(ণিন্)—ক) সং, স্ত্রীং, সপ্ততন্ত্রীযুক্ত বীণা।

পরিবাদী (—বাদিন্, পরিবাদ+ইন্(ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, নিন্দক, অপবাদী। ২। (+ইন্—অস্ত্যর্থে) পরিবাদবিশিষ্ট।

পরিবাপ, পরীবাপ—পুং, পরিবাপন, পরীবাপন—ক্লীং } (পরি—বপ্ মুণ্ডন করা+অ(ঘঞ্), অন(অনট্)—ভা) সং, মুণ্ডন, নেড়া। ২। বপন। ৩। জলস্থান। ৪। পরিচ্ছেদ।

পরিবাপিত (পরিবাপ মুণ্ডন+ইত—প্রং। অথবা বপ্-ণিচ=বাপি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মুণ্ডিত। ২। রোপিত।

পরিবার } (পরি – বৃ [ বরণ করা ] আবরণ
পরীবার } করা + অ(ঘঞ্) – ণ ) সং, পুং, পরিজন। ২। পোষ্য। ৩। আকার। ৪। পরিচ্ছদ। ৫। খড়্গের খাপ্। শিং – ১ "শশাঙ্কঃ—গ্রহগণ পরিবারঃ।" ( মনুষ্য ভিন্ন বুঝাইলে পরীবার )।

পরিবাহ } (পরি সম্যক্‌রূপে – বহ্ বহন
পরীবাহ } করা + অ(ঘঞ্) – ভা) সং, পুং, জলপ্রবাহ, জলোচ্ছ্বাস, জলপ্লাবন। ২। (+ ঘঞ্ – ণ) মোহানা। ৪। জলনির্গম-প্রণালী। ৫। (+ ঘঞ্ – র্ম্ম) রাজোপহার-যোগ্য বস্তু।

পরিবিত্ত (পরি – বিদ্ জানা + ক্ত – ক) সং, পুং, কনিষ্ঠের প্রথমে অগ্ন্যাধান ও বিবাহ সংস্কার হইলে অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতা।

পরিবিত্তি } (পরিবেত্তা দেখ, তি(ক্তিক্), ত
পরিবিণ-ন্ন } (ক্ত) – র্ম্ম) সং, পুং, অগ্রে কনিষ্ঠের বিবাহ হইলে অবিবাহিত জ্যেষ্ঠ-ভ্রাতা। ২। স্ত্রীং, তাদৃশ ভগ্নী।

পরিবিন্দন্ (পরিবিন্দৎ) সং, পুং, পরিবেদন-কর্ত্তা। শিং – ১ "কুলোটোন্মত্ত চৌরাংশ্চ পরিবিন্দন্ ন দুষ্যতি।"

পরিবিষ্টি ; সং, স্ত্রীং, ব্যাপ্তি। ২। পরিচর্য্যা।

পরিবীক্ষণ (পরি – বি – ঈক্ষ্ দর্শন করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, অভিনিবেশ পূর্ব্বক অবলোকন।

পরিবীত } (পরি – বী[গমনকরা] বৃ[বরণকরা]
পরিবৃত } আবরণ করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বেষ্টিত। ২। আচ্ছাদিত।

পরিবৃঢ় ( পরি সম্পূর্ণরূপে – বৃহ্ সমৃদ্ধ হওয়া + ত(ক্ত) – ক) সং, পুং, প্রভু, স্বামী।

পরিবৃতি (পরি – বৃ [বরণ করা] আবরণ করা + তি(ক্তি) – ভা( সং, স্ত্রীং, বেষ্টন। ২। আচ্ছাদন।

পরিবৃত্তি (পরিবর্ত্ত দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, পরিবর্ত্তন, বদল। শিং – ১ "ভূতেষু পরিবৃত্তিং চ পুনরাবৃত্তিমেব চ।" ২। অলঙ্কারবিশেষ।

পরিবৃংহিত (পরি – বৃংহ্ শব্দ করা, বৃদ্ধি করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, সর্ব্বতোভাবে দীপ্তিমান্। ২। সর্ব্বতোভাবেধ্বনিবিশিষ্ট।

পরিবেত্তা (পরিবেত্তৃ, পরি [দেশাচার] পরিবর্জ্জন – বিদ্ [স্ত্রী] লাভকরা + তৃ(তৃন্) – ক) সং, পুং, জ্যেষ্ঠভ্রাতা অবিবাহিত থাকিতে বিবাহকর্ত্তা কনিষ্ঠ ভ্রাতা। শিং – ১ "জ্যেষ্ঠেঽনির্ব্বিষ্টে কনীয়ান্ নির্ব্বিশন্ পরিবেত্তা ভবতি পরিবিন্নো জ্যেষ্ঠঃ পরিবেদনীয়া কন্যা পরিদায়ী দাতা পরিকর্ত্তা যাজকঃ তে সর্ব্বে পতিতাঃ।"

পরিবেদন ( পরিবেত্তা দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ। শিং – ১"ক্লীবে দেশান্তরগতে পতিতে ভিক্ষুকেঽপি বা। যোগশাস্ত্রাভিযুক্তে চ ন দোষঃ পরিবেদনে।" ২। ক্লেশ, যন্ত্রণা। ৩। বিচার। ৪। লাভ। ৫। বিদ্যমানতা। ৬। জ্ঞান।

পরিবেদনা (পরি – বেদি জানা + অন(অনট্) – ভা, আপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, বুদ্ধি। ২। বিবেচনা। ৩। সম্যক্ ব্যথা।

পরিবেদিনী (পরিবেত্তা দেখ, ইন্(ণিন্) – ক, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, পরিবেত্তার স্ত্রী।

পরিবেশ-ষ (পরি – বিশ্ [প্রবেশকরা] বেষ্টন করা + অ(অল্) – ধি। পরি সর্ব্বতোভাবে – বিষ্ ব্যাপা + অ(অল্) – ধি ) সং, পুং, চন্দ্রসূর্য্যের মণ্ডল। ২। মণ্ডল, বেষ্টন, পরিধি। শিং – ১ "বাতেন মণ্ডলীভূতাঃ সূর্য্যাচন্দ্রোমসোঃ করোঃ। মালাভা ব্যোম্নি তন্নুতে পরিবেশঃ প্রকীর্ত্তিতঃ।" ৩। পরিবেষণ।

পরিবেষণ (পরি – বিষ্ বর্ষণ করা, ব্যাপা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, ভক্ষ্য বস্তুর বিভাগপূর্ব্বক অর্পণ। ২। বেষ্টন।

পরিবেষ্টন (পরিবেষ্টিত দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, চারিদিকে ঘেরা, বেষ্টন করা।

পরিবেষ্টিত ( পরি চতুর্দ্দিকে – বেষ্ট্ বেষ্টন করা + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, চারিদিকে বেষ্টিত, পরিবৃত।

পরিব্যাধ ( পরি – ব্যাধ্ পীড়া দেওয়া + অ (ণ) – ক ) সং, পুং, অম্বুবেতস। ২। ক্রমোৎপল। ৩। বিং, ত্রিং, চতুর্দ্দিকে বেধন-কারক।

পরিব্রজ্যা (পরি চারিদিকে—ব্রজ্যা ধর্ম্মার্থ ভ্রমণ) সং, স্ত্রীং, সন্ন্যাসধর্ম্ম, তপস্যা।

পরিব্রাজ্, পরিব্রাজ, পরিব্রাজক (পরি সর্ব্বতোভাবে—ব্রজ্ গমন করা+০(ক্বিপ্), নিপাতন, অ(ঘঞ্), অক(ণ্বক)—ক,অ=আ) সং, পুং, ভিক্ষু, চতুর্থাশ্রমী। "সর্ব্বারম্ভপরিত্যাগো ভৈক্ষ্যাশুং ব্রহ্মমূলতা। নিষ্পরিগ্রহতা দ্রোহসমতা সর্ব্বজন্তুষু। প্রিয়াপ্রিয়পরিষ্বঙ্গে সুখদুঃখবিকারিতা। সংবাহ্যাভ্যন্তরং শৌচং সুখদুঃখবিকারিতা। সর্ব্বেন্দ্রিয়সমাহারো ধারণা ধ্যানমিত্যতা। ভাবসংশুদ্ধিরিত্যেষ পরিব্রাড়্ ধর্ম্ম উচ্যতে।" ২। পর্য্যটক, ভ্রমণকারী। জ্, জা, জিকা—স্ত্রীং, ভিক্ষুকী।

পরিশঙ্কনীয় (পরি সম্পূর্ণরূপে—শঙ্ক্ ভীত হওয়া, আশঙ্কা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শঙ্কা করিবার যোগ্য, ভয়ের বিষয়।

পরিশিষ্ট (পরি—শিষ্ট অবশিষ্ট) বিং, ত্রিং, অবশিষ্ট। ২। সং, ক্লীং, গ্রন্থসমাপ্তির পর যে অবশিষ্ট ভাগ তাহাতে সংযুক্ত করা যায়।

পরিশীলন (পরি—শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অনুশীলন। ২। অবগাহন। ৩। আলিঙ্গন।

পরিশুদ্ধ (পরি সম্যক্—শুধ্ শুদ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত। ২। সংশোধিত। ৩। নিশ্চিত।

পরিশুষ্ক (পরি অধিক—শুষ্ শুষ্ক হওয়া+ত(ক্ত)—ক, ত=ক) বিং, ত্রিং, অতিশয় শুষ্ক, নীরস। ২। সং, ক্লীং, পরিপক্ব মাংসবিশেষ। শিং—১ "মাংসং বহুঘৃতৈর্ভৃষ্টং সিক্তকেচ্ছাম্বুনা মুহুঃ। জীরকাদ্যৈঃ সমাযুক্তং পরিশুষ্কং তদুচ্যতে।"

পরিশেষ (পরি—শেষ অন্ত) সং, পুং, অবশেষ, অবসান, উপসংহার। ২। (পরি—শিষ্ শেষ হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, অবশিষ্ট।

পরিশোধ (পরিশুদ্ধ দেখ, অ(অল্)—ভা) সং, পুং, ঋণশোধ, ঋণাপনয়ন,ধারশোধা। ২। সর্ব্বতোভাবে সংশোধন, শুদ্ধকরা।

পরিশোষ (পরি—শুষ্ শুষ্ক হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, শুষ্কতা, নীরসতা। "মার্ত্তণ্ডে পরিশোষমেতি সলিলম্।"

পরিশ্রম (পরি সম্যক্—শ্রম্ শ্রম করা+অ(অল্)—ভা) সং, পুং, কর্ম্ম করিতে করিতে শ্রান্তি। ২। আয়াস, ক্লেশ।

পরিশ্রমী (—শ্রমিন্, পরিশ্রম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পরিশ্রমকারী।

পরিশ্রয় (পরি—শ্রি সেবা করা, অবলম্বন করা+অ(অল্)—ভা) সং, পুং, আশ্রয়, অবলম্বন। ২। (+অল্—ধি) সমাজ, সভা। [ত্রিং, শ্রান্তিযুক্ত, ক্লান্ত।

পরিশ্রান্ত (পরিশ্রম দেখ, ত(ক্ত)—ক) বিং,

পরিশ্রুতি (পরি—শ্রু ক্ষরিত হওয়া+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অশ্রুজলবিশেষ।

পরিশ্লেষ (পরি—শ্লেষ আলিঙ্গন) সং, পুং, আশ্লেষ, আলিঙ্গন।

পরিষদ্, পর্ষদ্ (পরি সম্যক্‌রূপে—সদ্ গমন করা+০(ক্বিপ্)—ধি) সং, স্ত্রীং, সভা, সমাজ, বহুজন-সমাগম-স্থান। শিং—১"একবিংশ সংখ্যাকৈর্মীমাংসা ন্যায়পারগৈঃ। বেদাঙ্গকুশলৈশ্চৈব পরিষত্তং প্রকল্পয়েৎ। চাতুর্বৈদ্যঃ প্রকল্পী চ অঙ্গবিদ্ধর্ম্মপাঠকঃ। ত্রয়শ্চাশ্রমিণো বৃদ্ধাঃ পরিষৎ স্যাদ্দশাবরা।"

পরিষদ (পরিষদ্ দেখ, অ(অন্)—ক) সং, পুং, সভাসদ, সভ্য। ২। অনুচর।

পরিষদ্বল, পর্ষদ্বল (পরিষদ্, পর্ষদ্+বল—যোগ্যার্থে) সং, পুং, সভাসদ্।

পরিষীবন (পরি—সিব্ বদ্ধ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, গ্রন্থিকরণ, গাঁইট দেওয়া।

পরিষূতি (পরি—ষূ প্রেরণ করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, প্রেরণ। ২। (+ক্তি—ক) বিং, ত্রিং, প্রেরক।

পরিষ্কন্ন, পরিষ্কন্ন (পরিস্কন্দ দেখ, ত(ক্ত)—র্ম্ম)বিং, ত্রিং, পরিপালিত। ২। পরিপুষ্ট। ৩। সং, পুং, কোকিল। ৪। ভৃত্যবিশেষ।

পরিস্কন্দ, পরিষ্কন্দ, পরিস্কন্ন, পরিষ্কন্ন (পরি সম্যক্, চারিদিকে—স্কন্দ্ গমন করা+অ(অল্), ত(ক্ত)—র্ম্ম। স স্থানে ষ=বিকল্পে) বিং, ত্রিং, পরপুষ্ট,

অন্যের দ্বারা প্রতিপালিত (কোকিল)। ২। সং, পুং, ভৃত্যবিশেষ, অন্তঃপুররক্ষক ভৃত্য। ৩। ক্লীং, ইতস্ততোগমন, সম্যক্‌রূপে গমন।

পরিষ্কর (পরি—কৃ করা+অ(অন্)—ক) সং, পুং, রথের রক্ষাদি। শিং—১ "সপ্তর্ষিমণ্ডলং জ্যেষ্ঠং রথস্যাসীৎ পরিষ্করঃ।"

পরিষ্কার } পরিস্কার } (পরি—কৃ [করা] শুদ্ধ করা +অ(ঘঞ্)—ভা, স্(সুম্)—আগম) সং, পুং, স্বচ্ছতা, নির্ম্মলতা। ২। শোধন। ৩। ভূষণ, সজ্জা। ৪। শোভা। ৫। সজ্জিতকরণ। ৬। নির্ম্মলীকরণ।

পরিষ্কৃত } পরিস্কৃত } (পরিষ্কার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্বচ্ছ, নির্ম্মল। ২। শোধিত। ৩। শোভিত। ৪। ভূষিত। ৫। সংস্কৃত, মার্জ্জিত। ৬। বেষ্টিত।

পরিষ্টি (পরি—ইষ্ ইচ্ছা করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, অন্বেষণ।

পরিষ্বঙ্গ (পরি—স্বনৃজ্ আলিঙ্গন করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, আলিঙ্গন।

পরিসঙ্খ্যা (পরি—সঙ্খ্যা গণনা) সং, স্ত্রীং, সঙ্খ্যা। ২। গণনা। ৩। কাব্যালঙ্কারবিশেষ। ৪। তাদৃশান্যপ্রতিষেধ, প্রশ্ন পূর্ব্বকই হউক বা অপ্রশ্ন পূর্ব্বকই হউক কথিত বস্তু যদি তাদৃশ অথবা তদিতরের ব্যবচ্ছেদক হয়।

পরিসভ্য (পরি চারিদিক্—সভ্য সভাসদ্) সং, পুং, সভাসদ্, সভাস্থ ব্যক্তি।

পরিসর (পরি—সৃ গমন করা+অ(অল্)—ধি) সং, পুং, প্রদেশ। ২। পর্য্যন্ত-ভূমি, নদী নগর পর্ব্বতাদির নিকটবর্ত্তি ভূমি। বিস্তার। ৩। মৃত্যু। ৪। বিধি। শিং—১ "মুক্তাজালৈঃ স্তনপরিসরৈঃ (স্তনং পরিসরন্তীতি পরিসরাঃ)।"

পরিসরণ (পরি—সৃ গমনকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পরাভব। ২। মৃত্যু।

পরিসর্প (পরি—সৃপ্ সঞ্চরণকরা+অ(অল্)—ভাবে) সং, পুং, সর্ব্বতোভাবে গমন।

পরিসর্য্যা (পরি চারিদিকে—সৃ গমন করা +য—ভা, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, চারিদিকে গমন, সর্ব্বত্র ভ্রমণ।

পরিসারক (পরি—সৃ গমন করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, চতুর্দ্দিকে গমনশীল।

পরিসীমা (পরিসীমন্, পরি—সীমন্ সীমা) সং, স্ত্রীং, ইয়ত্তা, সীমা। ২। পর্য্যন্ত।

পরিস্তোম } পরিষ্টোম } (পরি চারিদিকে—স্তোম্ প্রশংসা করা+অ(অল্)—র্ম্ম। অথবা স্তু স্তব করা+ম—প্রং) সং, পুং, হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত বস্ত্র বা কম্বল, ঝুল।

পরিস্পন্দ—পুং } পরিস্পন্দন—ক্লীং } (পরি চারিদিক্—স্পন্দ্ গমন করা+অ(অল্), অন(অনট্)—ভা) সং, স্পন্দন, কম্পন, লড়াচড়া। শিং—১ "কোঽপি পরিস্পন্দনসাধনসাধ্যঃ।" ২। (+অল্—ক) পরিজন। ৩। পত্রাবলীরচনা।

পরিস্ফুরৎ (পরি—স্ফুর+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, বিকসৎ। ২। বিচলৎ।

পরিস্রুৎ, পরীস্রুৎ (পরি—স্রু ক্ষরিত হওয়া +০(ক্বিপ্)—ক, ত—যোগ) সং, স্ত্রীং, মদিরা, মদ্য। ২। বিং, ত্রিং, ক্ষরণযুক্ত। শিং—১ "অন্নাৎ পরিস্রুতো রসম্।" ২। (+ক্বিপ্—ভাবে) ক্ষরণ।

পরিস্রুত(Distilled,পরি—স্রু ফোঁটা ফোঁটা পড়া,ক্ষরা+ত(ক্ত)—ক) বিং,ত্রিং,ক্ষরিত, চোয়ান। শিং—১ "উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতম্।" তা—স্ত্রীং, মদিরা, মদ্য।

পরিহরণ (পরি—হৃ লওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ক্ষীণতা। ২। হানি।

পরিহরণীয় (পরি—হৃ হরণ করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাগ করণের যোগ্য। ২। পরিহার্য্য। ৩। গ্রহণযোগ্য।

পরিহানি (পরি—হানি ক্ষতি) সং, স্ত্রীং, ক্ষীণতা। ২। হানি।

পরিহার, পরীহার (পরি—হৃ [হরণ করা] ত্যাগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অসম্মান, অবজ্ঞা,অনাদর। ২। পরিত্যাগ, এড়ান। ৩। মোচন, ছাড়িয়া দেওয়া। ৪। দোষাপনয়। ৫। উপেক্ষা।

পরিহার-পরিকর ; সং, পুং, প্রাপ্তদূষণ।

পরিহার্য্য, পরিহর্ত্তব্য (পরিহার দেখ, য,

তব্য—র্ম্ম) বিং, ত্রিং, পরিহার করিবার যোগ্য, পরিত্যাজ্য। শিং—১ "দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোঽপি সঃ।"

পরিহাস } (পরি সম্যক্—হস্ হাস্য
পরীহাস } করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, কৌতুক, ঠাট্টা, তামাসা। শিং—১ "অন্যমুখে দুর্ব্বাদো যঃ প্রিয়বদনে স এব পরিহাসঃ।" ২ "পঙ্কজপরিহাসক্ষমে লোচনে।"

পরিহিত (পরি—ধা ধারণ করা+ত(ক্ত)—র্ম্ম, ধা স্থানে হি) বিং, ত্রিং, যাহা পরিধান করা গিয়াছে। ২। আচ্ছাদিত। ৩। আমুক্ত।

পরিহীন (পরি—হীন পরিত্যক্ত) বিং, ত্রিং, হ্রাসপ্রাপ্ত, ক্ষীণ। ২। পরিত্যক্ত। ৩। বঞ্চিত।

পরিহৃত (পরিহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত। ২। বিমুক্ত।

পরীক্ষক (পরি সম্যক্, সামীপ্য—ঈক্ষ্ দেখা+অক(ণক)—ক। অথবা পরি—ঈক্ষ্ [প্রমাণ দ্বারা] অবধারণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, পরীক্ষাকারক, গুণদোষ-বিবেচক। শিং—১ "বহ্নিনা পরীক্ষকঃ স্বর্ণস্য স্বর্ণকারঃ।"

পরীক্ষণ—ক্লীং } (পরীক্ষক দেখ, অন,
পরীক্ষা—স্ত্রীং } আ—ভা) সং, গুণদোষ বিবেচনা, তর্কপ্রমাণাদি দ্বারা বস্তুর তত্ত্বাবধারণ, দোষগুণানুসন্ধান। শিং—১ "নাষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্ত পরীক্ষণে।"

পরীক্ষণীয় (পরীক্ষক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পরীক্ষা করিবার যোগ্য।

পরীক্ষিৎ } (পরি—ক্ষি ক্ষয় করা+০
পরীক্ষিত } (ক্বিপ)—ক, ত(ক্ত)—র্ম্ম। মাতৃগর্ভে বিনাশিত হইয়াও ইনি কৃষ্ণকর্ত্তৃক পুনর্জ্জীবিত হইয়াছিলেন) সং, পুং, অর্জ্জুনপৌত্র রাজাবিশেষ, অভিমন্যুর পুত্র। শিং—১ "জাতে কৃষ্ণে চকারোঽথ সোঽভিষেকং পরীক্ষিতঃ।"

পরীক্ষিত (পরীক্ষক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহার পরীক্ষা হইয়াছে, যাহার দোষগুণ বিবেচিত হইয়াছে।

পরীণায় } (পরি—নী লওয়া। অ(ঘঞ্)
পরিণায় } —ভা। অ=আ) সং, পুং, পাশাখেলার গুটি চালা।

পরী (পারস্য) দেবযোনিবিশেষ, যাহারা সৌন্দর্য্যের নিমিত্ত প্রসিদ্ধ।

পরীণাহ (পরি—নহ্ [বন্ধন করা] বৃহৎ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিশালতা। ২। বিস্তার। শিং—১ "ধনুঃ শতং পরীণাহো গ্রামাৎ ক্ষেত্রান্তরং ভবেৎ।"

পরীণাহবৎ (পরীণাহ+বৎ(বতু)—যুক্তার্থে) বিং, ত্রিং, বিস্তারযুক্ত।

পরীত (পরি চতুর্দ্দিকে—ইত গত) বিং, ত্রিং, পরিবৃত, পরিবেষ্টিত। ২। যুক্ত। ৩। পরিগত।

পরীতৎ (পরি সর্ব্বতোভাবে—তন্ বিস্তার করা+০(ক্বিপ)—ক, ৎ—আগম) বিং, ত্রিং, সর্ব্বতোভাবে বিস্তৃত।

পরীপ্সা (পরি—আপ্+সন্—ইচ্ছার্থে+অ—ভাবে) সং, স্ত্রীং, লাভ করিতে ইচ্ছা।

পরীষ্টি (পরি অধিক—ইষ্টি অভিলাষ) সং, স্ত্রীং, গবেষণা, অনুসন্ধান, অন্বেষণ। ২। পরিচর্য্যা, সেবা। ৩। ইচ্ছা, অভিলাষ।

পরীসার (পরি সম্মুখে—সৃ গমন করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, ইতস্ততঃ ভ্রমণ।

পরুৎ (পর পূর্ব্বস্মিন্ বর্ষে+উৎ—প্রং, নিপাতন) অং, পূর্ব্ব বৎসরে, গত বৎসর।

পরুত্ন (পরুৎ গত বৎসর+ত্ন—ভবার্থে) বিং, ত্রিং, গতবর্ষীয়।

পরুদ্বার; সং, পুং, অশ্ব, ঘোটক।

পরুষ (পৃ পূর্ণ করা+উষন্—ক) সং, ক্লীং, কার্কশ্য, কাঠিন্য। ২। বিং, ত্রিং, কর্কশ। ৩। কঠিন। ৪। নিষ্ঠুর। ৫। উদ্ধত। ৬। নানাবর্ণ।

পরুষোক্তি (পরুষ—উক্তি, য়ং—স) সং, স্ত্রীং, নিষ্ঠুর কথন। ২। বিং, ত্রিং, কটুবাক্যকথক।

পরু—পুং } (পৃ পূর্ণকরা+উ,উস্—ক,
পরুস্—ক্লীং } সংজ্ঞার্থে) সং, গ্রন্থি। ২। পর্ব্ব।

পরেত (পর অন্য [জগৎ]—ইত [ইন্ গমন

করা+ত(ক্ত)—ক] গত ) বিং, ত্রিং, মৃত, মড়া। ২। পুং, ভূতযোনিবিশেষ। ৩। প্রেত।
পরেতর (পর—ইতর) বিং, ত্রিং, আত্মীয়।
পরেতরাট্ ( পরেতরাজ, পরেত প্রেত—রাজ্ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, প্রেতপতি, যম।
পরেদ্যবি,পরেদ্যুস (পরস্মিন্—অহনি=পরেদ্যবি, পর+এদ্যুস—দিবসার্থে ) ক্রিং—বিং, অং, পরদিনে, আগামী দিবসে। শিং—১ "পরেদ্যব্যদ্য পূর্ব্বেদ্যুরন্যেদ্যুশ্চাপি চিন্তয়ন্।" (ভট্টি)।
পরেষ্টি ( পর শ্রেষ্ঠ—ইষ্টি পূজা, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, ব্রহ্মা।
পরেষ্টুকা (পর অত্যুত্তম—ইষ্ গমন করা +তু—ক, কণ—যোগ, আপ্) সং, স্ত্রীং, বহুপ্রসবিনী গবী, যে গাভীর অনেক সন্তান হইয়াছে।
পরৈধিত ( পর অন্য—এধিত পালিত ) বিং, ত্রিং, অন্য কর্ত্তৃক পালিত। ২। সং, পুং—স্ত্রীং, কোকিল।
পরোক্ষ ( পরস্—অক্ষি, ব্যং—স, অ—প্রং, অথবা পর—অক্ষ ইন্দ্রিয়, স—আগম ) বিং,ত্রিং,ক্লীং, অং, অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ। শিং—১ "অক্ষাৎ পরং পরোক্ষমিতি ৫মী—ষ, রাজদন্তাদিত্বাৎ পরনিপাতঃ।" ২ "পরোক্ষে কার্য্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনম্।"
[কর্ত্তৃক বিবাহিতা।
পরোঢ়া (পর—ঊঢ়া, ৩য়া—ষ) সং,স্ত্রীং, অন্য
পরোপকার ( পর—উপকার, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, পরের হিতসাধন ব্যাপার।
পরোপজাপ (পর শত্রু—উপজাপ বিচ্ছেদ) সং, ক্লীং, শত্রুদিগের মধ্যে পরস্পর বিচ্ছেদ ঘটান।
পরোয়া (পারস্য, Care) চিন্তা। ২। ভয়।
পরোয়ানা (পারস্য) আজ্ঞাপত্র, হুকুমনামা।
পরোরজস্ ( রজসঃ পরঃ ) বিং, ত্রিং, রজোগুণাতীত।
পরোবরীণ ( পরঃ—অবর+ঈন্—অস্ত্যর্থে, নিপাতন ) বিং, ত্রিং, শ্রেষ্ঠাশ্রেষ্ঠযুক্ত।
পরোবরীয়ান্ ( পরোবরীয়স্, পরঃ—বর + ঈয়স্—অত্যর্থে ) বিং, ত্রিং, শ্রেষ্ঠতম।

পরোষ্ণী (পর অত্যুত্তম—উষ্ণ উত্তাপ, ঈপ্) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা।
পর্কটি-টী—স্ত্রীং } (পৃচ্ স্পর্শ করা+অটি
পর্কটী—পুং } —ক। পর্কটিন্, পৃচ্+অটীন্—ক) সং, পাকুড় গাছ।
পর্জ্জন্য ( পৃষ্ জলসেক করা+অন্য—ক, নিপাতন ) সং, পুং, ইন্দ্র। ২। শব্দকারী মেঘ। শিং—১"অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসংভবঃ। যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ।"
পর্ণ (পর্ণ্ হরিৎবর্ণ হওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, পত্র, পাতা। ২। তাম্বুল, পাণ। ৩। পক্ষ। শিং—১"সুপর্ণো গরুড়োমতঃ।" ৪। পুং, পলাশবৃক্ষ।
পর্ণকার (পর্ণ—কার [কৃ করা+অ(ঘঞ)—ক] যে করে) সং,পুং,পাণবিক্রেতা,বারুই।
পর্ণকুটী ; সং, স্ত্রীং, পত্রনির্ম্মিত ক্ষুদ্রগৃহ, পাতার কুঁড়ে।
পর্ণকৃচ্ছ্র (পর্ণ—কৃচ্ছ্র ব্রতবিশেষ) সং,ক্লীং পত্রভক্ষণরূপ ব্রত। শিং—১ "পর্ণোড়ুম্বর রাজীববিল্বপত্র কুশোদকৈঃ। প্রত্যেকং প্রত্যহাভ্যস্তৈঃ পর্ণকৃচ্ছ্র উদাহৃতঃ।"
পর্ণখণ্ড ; সং, পুং, পুষ্পহীন বনস্পতি। ২। ক্লীং, বৃক্ষসমূহ।
পর্ণচীরপট ; সং, পুং, মহাদেব।
পর্ণচোরক ; সং, পুং, চোরনামক গন্ধদ্রব্য।
পর্ণনর (পর্ণ পাতা—নর মনুষ্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ণনির্ম্মিত মনুষ্যাকৃতি। ২। কোন মনুষ্যের মৃতদেহ না পাইলে তদীয় আত্মীয়জন পত্রদ্বারা তাহার এক প্রতিকৃতি নির্ম্মাণ করে এবং তাহা দাহ করিয়া মৃতের শ্রাদ্ধাদি কার্য্য সমাধা করিয়া থাকে।
পর্ণভোজন ( পর্ণ পাতা—ভোজন ভোজনীয় ) সং, পুং, ছাগল। ২। ক্লীং, পত্রভক্ষণ।
পর্ণমণি ; সং, পুং মণিবিশেষ।
পর্ণময় ( পর্ণ+ময়(ময়ট)—বিকারার্থে ) বিং, ত্রিং, পর্ণবিকার। শিং—১ "যস্য পর্ণময়ী জুহুর্ভবতি।"
পর্ণমুক্ ( পর্ণ—মুচ্ মোচন করা+০(ক্বিপ্)

—ধি) সং, পুং, বৃক্ষের পত্রমোচনাধার, শিশিরকাল [মর্কটিকা।

পর্ণমৃগ ; সং, পুং, বানর, বৃক্ষবিড়াল, বৃক্ষ-

পর্ণরুহ্ (পর্ণ—রুহ্ আরোহণ করা + ০ (ক্বিপ্)—ধি) সং, পুং, বসন্তকাল।

পর্ণলতা (পর্ণ পাতা—লতা) সং, স্ত্রীং, তাম্বূলীলতা।

পর্ণবল্লী ; সং, স্ত্রীং, পলাশীলতা।

পর্ণবীটিকা (পর্ণ—বীটিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্তবকীকৃত তাম্বূল, পানের বীড়া।

পর্ণশয্যা (পর্ণ পর্ণরচিত—শয্যা, য়ং—স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, পত্ররচিতশয্যা।

পর্ণশালা (পর্ণ—শালা গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মুনিদিগের পত্রকুটীর, পাতার ঘর।

পর্ণশালাগ্র ; সং, পুং, ভদ্রাশ্ববর্ষস্থ কুলাচল-বিশেষ।

পর্ণশুষ্ (পর্ণ—শুষ্ শুষ্ক হওয়া + ০(ক্বিপ্) —ধি। যে কালে বৃক্ষের পত্র সকল শুষ্ক হয়) সং, পুং, শীতকাল।

পর্ণসি (পর্ণ + অসি—পূরণার্থে) সং, পুং, জল মধ্যস্থ গৃহ, জলটুঙ্গী। ২। পদ্ম। ৩। শাক। ৪। আভরণক্রিয়া।

পর্ণাদ (পর্ণ—অদ্ ভোজন করা + অ(অন্) —ক) বিং, ত্রিং, ব্রতার্থ পত্রভোজী। ২। সং, পুং, ঋষিবিশেষ।

পর্ণাশন (পর্ণ পত্র—অশন ভোজনীয়) সং, পুং, মেঘ। ২। ক্লীং, পত্রভক্ষণ। ৩। বিং, ত্রিং, পত্রভোজী।

পর্ণাস ; সং, পুং, তুলসীবৃক্ষ।

পর্ণী (পর্ণিন্, পর্ণ পত্র + ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ। ২। বিং, ত্রিং, পত্রযুক্ত।

পর্ণোটজ (পর্ণ পর্ণনির্ম্মিত—উটজ, য়ং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, পর্ণশালা।

পর্দ্দন (পর্দ্দ্ অপানবায়ু ত্যাগ করা + অন (অনট্)—ভা) সং, ক্লীং, বাতকর্ম্ম।

পর্দ্দা (পারস্য) সং, যবনিকা, ব্যবধান, বেড়া।

পর্প (পৃ প্রীত হওয়া + প—সংজ্ঞার্থে, অ-থবা পর্প্ গমন করা + অ—প্রং) সং, ক্লীং, নূতন ঘাস। ২। গৃহ। ৩। খঞ্জ বাহ্য-শকট।

পর্পট (পর্প্ গমন করা + অট—সংজ্ঞার্থে) সং, পুং, ক্ষেতপাপড়া গাছ। ২। মিষ্টান্ন-বিশেষ, পাপর।

পর্পরীক (পৃ পালন করা, দ্বিত্ব + ঈক—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি।

পর্পিক (পর্প বাহ্য-শকট ইত্যাদি + ইক—প্রং। যে বাহ্য-শকটাদি দ্বারা গমনাগমন করে) সং, পুং—স্ত্রীং, খঞ্জ, খোঁড়া।

পর্য্যঙ্ক (পরি সম্যক্‌রূপে—অন্‌ক্ গমন করা + অ(অল্)—ধি) সং, পুং, খট্বা, পালঙ্ক। ২। উপবেশনবিশেষ।

পর্য্যঙ্কবন্ধ (পর্য্যঙ্ক—বন্ধ বন্ধন) সং, পুং, বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন, ফাঁড়বাঁধা। বীরাসন;—“একপাদমথৈকস্মিন্ বিন্যস্যোরৌ নিসংস্থিতম্। ইতরস্মিংস্তথৈ বান্যং বীরাসনমুদাহৃত।” যথা—“পর্য্যঙ্ক-বন্ধং নিবিড়ং বিভেদ।”

পর্য্যটক (পর্য্যটন দেখ, অক(ণক)—ক) সং, পুং, পরিব্রাজক, ইতস্ততঃ ভ্রমণকারী।

পর্য্যটন (পরি চতুর্দ্দিকে—অট্ গমন করা + অন(অনট্)—[illegible]) সং, ক্লীং, ইতস্ততঃ ভ্রমণ, পরিভ্রম[illegible]

পর্য্যনুযোগ ([illegible]—অনুযোগ জিজ্ঞাসা) সং, পুং, দূষণার্হ প্রশ্ন। শিং—১ “এতে-নাস্যাপি পর্য্যনুযোগস্যানবকাশঃ।”

পর্য্যন্ত (পরি—অন্ত শেষ) সং, পুং, পার্শ্ব। ২। প্রান্ত। ৩। সমীপ, নিকট। ৪। সীমা। ৫। অবসান। ৬। বিং, ত্রিং, শেষসীমা-প্রাপ্ত।

পর্য্যন্তভূ (পর্য্যন্ত সমীপ—ভূ স্থান, য়ং—স) সং, স্ত্রীং, পরিসর। ২। নদী নগর পর্ব্বতাদির নিকট ভূমি। [সমাপন।

পর্য্যবসান (পরি অবসান শেষ) সং, ক্লীং,

পর্য্যবসিত (পরি অবসিত শেষিত) বিং, ত্রিং, নিঃশেষিত। ২। সমাপ্ত। ৩। পূর্ব্বা-পর সমালোচন দ্বারা অবধারিত।

পর্য্যবস্থা—স্ত্রীং } (পরি—অবস্থা, অব-
পর্য্যবস্থান—ক্লীং } স্থান থাকা) সং, অবরোধ, আটক। ২। বিরোধ।

পর্য্যবস্থাতা (পর্য্যবস্থাতৃ, পরি—অব—স্থা থাকা + তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রতি-কূল। ২। ব্যাঘাতকারক, অবরোধকারক।

শিং—১ "অতুলঃ পর্য্যবস্থাতা জয়লং সন্তাপদঃ।" (কিরাত)। ৩। শত্রু।

পর্য্যবস্থিত (পর্য্যবস্থা দেখ, ত (ক্ত)—ক) সং, পুং, যিনি সর্ব্বত্র ব্যাপিয়া আছেন, বিষ্ণু।

পর্য্যবেক্ষণ (Observation, পরি—অবেক্ষণ দর্শন) সং, ক্লীং, নিরীক্ষণ, অভিনিবেশপূর্ব্বক অবলোকন। ২। তত্ত্বাবধান।

পর্য্যবেক্ষণিকা (Observatory, পর্য্যবেক্ষণ+কণ্, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গ্রহনক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ।

পর্য্যয় (পরি—অয় গমন করা, হওয়া+অ—প্রাং) সং, পুং, ব্যতিক্রম, বৈপরীত্য। ২। শাস্ত্র ও লৌকিক ব্যবহারাতিক্রান্ত আচার।

পর্য্যয়ণ (পরি—অয়ন গমন) সং, ক্লীং, অশ্বসজ্জা, ঘোড়ার জিন্। [পরিবৃত।

পর্য্যবষ্টব্ধ (পরি—অবষ্টব্ধ বদ্ধ) বিং, ত্রিং,

পর্য্যসন (পরি—অস্ ক্ষেপণ করা+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, অপসারণ, দূরীকরণ, চতুর্দিকে ক্ষেপণ।

পর্য্যস্ত (পরি সর্ব্বতোভাবে—অস্ ক্ষিপ্ত হওয়া+ত(ক্ত)—ক বিং, ত্রিং, পতিত। ২। (+ক্ত—র্ম্ম) বিক্ষিপ্ত। ৩। প্রসারিত ৪। আহত। ৫। হত। ৬। দূরীকৃত। ৭। উদ্বর্ত্তিত।

পর্য্যস্তিকা (পরি সর্ব্বতোভাবে—অস্ হওয়া+তি(ক্তি)—ধি, কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, শয্যা। ২। খট্টা। ৩। কেদেরা।

পর্য্যাকুল (পরি—আকুল) বিং, ত্রিং, ব্যাকুল, কাতর। ২। স্খলিতগতি। ৩। ব্যতিব্যস্ত।

পর্য্যাগলৎ (পরি—আ—গল্ গলা+অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, চ্যোতৎ, ক্ষরৎ।

পর্য্যাণ (পরিযাণ, পরি—যা গমন করা+অন(অনট্)—ণ। নিপাতন) সং, ক্লীং, পশুর পৃষ্ঠের আসন, পালান জিন্ প্রভৃতি।

পর্য্যাপ্ত (পরি—আপ্ পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রচুর, যথেষ্ট। ২। পরিমিত। ৩। সমর্থ। ৪। প্রাপ্ত। ৫। সম্পন্ন। ৬। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, প্রাচুর্য্য। ৭। সামর্থ্য। ৮। তৃপ্তি। ৯। শক্তি।

পর্য্যাপ্তি (পর্য্যাপ্ত দেখ, তি (ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, প্রাচুর্য্য। ২। সম্যক্ প্রাপ্তি। ৩। প্রাপ্তি। ৪। পরিমিতত্ব। ৫। সামর্থ্য। ৬। পরিচ্ছেদ। ৭। নিবারণ। ৮। ন্যায়মতে—স্বরূপসম্বন্ধভেদ।

পর্য্যায় (পরি—ই গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, অনুক্রম, পালা। ২। প্রকার। ৩। সুযোগ। ৪। প্রাচুর্য্য। ৫। নির্ম্মাণ। ৬। দ্রব্যধর্ম্ম। ৭। সম্পর্কবিশেষ, সমানার্থবোধক শব্দ। শিং—১ "যেন সহ সংসম্পর্কঃ সংবন্ধস্তেন সহ তৎপর্য্যায়ঃ। যথা। সমানং কুলভাবঞ্চ দানাদানস্তথৈব চ। তয়োর্বংশসমানং হি পর্য্যায়ঞ্চ প্রচক্ষতে।" ইতি কুলদীপিকা। ৮। অর্থালঙ্কারবিশেষ। [ও জাগরণ।

পর্য্যায়শয়ন; সং, ক্লীং, পর্য্যায়ক্রমে নিদ্রা

পর্য্যায়োক্ত; সং, ক্লীং, অলঙ্কারবিশেষ। ২। বিং, ত্রিং, যথাক্রমে কথিত।

পর্য্যারিণী (পরি—ঋ গমন করা+ইন্(ণিন্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ব্যাধিগ্রস্তা গাভী। শিং—১ "তস্য দক্ষিণাকৃষ্ণা গৌঃ পরিপূর্ণী পর্য্যারিণী।"

পর্য্যালোচন—ক্লীং } (পরি—আ—লোচি
পর্য্যালোচনা—স্ত্রীং } পুনঃপুনঃ অভ্যাস করা+অন(অনট্)—ভা, আপ্) সং, স্ত্রীং, সর্ব্বতোভাবে আলোচনা, পুনঃপুনঃ অনুশীলন। ২। বিতর্ক।

পর্য্যাস (পরি—অস্ [হওয়া] পরিবর্ত্ত করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরিবর্ত্তন। ২। বিস্তার। ৩। বিনাশ। ৪। পতন।

পর্য্যাহার (পরি—আ—হৃ গ্রহণ করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, একস্থান হইতে অন্য স্থানে নয়ন। ২। বোঝা। ৩। কলসী। ৪। জোয়াল্ (Yoke)। ৫। খড়ের গাদি দেওয়া।

পর্য্যুৎসুক (পরি—উৎসুক) বিং, ত্রিং, উৎকণ্ঠিত। ২। অনুরক্ত।

পর্য্যুদঞ্চন (পরি সম্যক্—উৎ ঊর্দ্ধে—অনুচ্ গমন করা+অন(অনট্—র্ম্ম) সং, ক্লীং, ঋণ, ধার, কর্জ্জ।

পর্য্যুদস্ত (পরি–উৎ–অস [হওয়া] নিবারণ করা+ত(ক্ত)–র্ম্ম) বিং,ত্রিং, নিষিদ্ধ, নিবারিত। ২। পরাভূত। ৩। হীনবল।

পর্য্যুদাস (পর্য্যুদস্ত দেখ, অ(ঘঞ্)–ভা। অথবা পরি সর্ব্বতোভাবে–উৎ–অস নিষেধ করা+অ(ঘঞ্)–ভা) সং, পুং, নিষেধ, নিবারণ। ২। পরাভব। শিং–১ "প্রাধান্যন্তু বিধের্যত্র প্রতিষেধেঽপ্রধানতা। পর্য্যুদাসঃ স বিজ্ঞেয়ো যত্রোত্তরপদেন নঞ্। অস্যোদাহরণং। অমাবস্যায়াং পিতৃভ্যো দদ্যাৎ রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্ব্বীত। অত্র শ্রাদ্ধকরণে রাত্রেঃ পর্য্যুদাসঃ।"

পর্য্যুপ্তি (পরি–বপ্ বপন করা+তি(ক্তি)–ভাবে সং, স্ত্রীং, চতুর্দ্দিকে বপন।

পর্য্যুষিত (পরি–বস্ বাস করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, পূর্ব্বদিবসীয়, বাসি। শিং–১ "অপর্য্যুষিতনিশ্ছিদ্রৈঃ প্রোক্ষিতৈর্জন্তুবর্জ্জিতৈঃ। স্বীয়ারামোদ্ভবৈর্বাপি পুষ্পৈঃ সংপূজয়েদ্ধরিং।"

পর্য্যেষণা (পরি–এষণা অন্বেষণ) সং, স্ত্রীং, অনুসন্ধান, অন্বেষণ। ২। তর্কাদি দ্বারা যথাবোধিত ধর্ম্মাদির অন্বেষণ।

পর্ব্ব (পর্ব্বন্,পৃ পূরণকরা+বন্(বনিপ্)–ক) সং, ক্লীং, গ্রন্থি, গাঁইট। ২। সন্ধি। ৩। দর্শ ও প্রতিপদের সন্ধি। ৪। ভঙ্গী। ৫। পাব্। ৬। অষ্টমী চতুর্দ্দশী পূর্ণিমা অমাবস্যা তিথি ও সংক্রান্তি–এই পাঁচ পঞ্চ পর্ব্ব। ৭। বিষুব। ৮। সংক্রান্তি প্রভৃতি কালবিশেষ। ৯। উৎসব, পরব। ১০। অধ্যায়। ১১। প্রস্তাব। ১২। সূক্ষ্মকাল, ক্ষণ। ১৩। বিষুব। ১৪। লক্ষণান্তর। "বিবর্দ্ধমাণো বীর্য্যেণ সমুদ্র ইব পর্ব্বণি।"

পর্ব্বক (পর্ব্বন্ গ্রন্থি+ক। কৈ যোগ করা+অ(ক)–ক]) সং, ক্লীং, উরুসন্ধি, হাঁটু।

পর্ব্বকারী (পর্ব্বকারিন্, পর্ব্ব–কৃ করা+ইন্(ণিন্)–ক) বিং, ত্রিং, ধনলোভাদিপ্রযুক্ত অপর্ব্বদিনে পর্ব্বোক্ত অমাবস্যা ক্রিয়াপ্রবর্ত্তক। শিং–১ "সূচী মাহিষকশ্চৈব পর্ব্বকারী চ যো দ্বিজঃ।"

পর্ব্বগামী (পর্ব্বগামিন্, পর্ব্ব–গম্ গমন করা+ইন্(ণিন্)–ক) বিং, ত্রিং, পর্ব্বকালে স্ত্রীসঙ্গকারক।

পর্ব্বণ; সং, পুং, রাক্ষসবিশেষ। নী–স্ত্রীং, পৌর্ণমাসী। শিং–১ "চন্দ্রস্যোবোদয়ে প্রাপ্তে পর্ব্বণ্যাং সরিতাং পতিঃ।"

পর্ব্বত (পর্ব্ব পূরণ করা+অত–প্রং। অথবা পর্ব্বন্ শব্দজ+ত। যাহার পর্ব্বেতে ভাগ ভাগ আছে) সং,পুং, গিরি, পাহাড়। ২। দেবর্ষিবিশেষ। ৩। মৎস্যবিশেষ, পাব্দা। ৪। গন্ধর্ব্ববিশেষ। ৫। শাকবিশেষ।

পর্ব্বতকাক (পর্ব্বত–কাক) সং, পুং, দাঁড়কাক।

পর্ব্বতজা (পর্ব্বত–জ[ জন্ জন্মান+অ(ড)–ক] যে জন্মে, আপ্, ৫মী–ষ) সং,স্ত্রীং, নদী। ২। পার্ব্বতী, দুর্গা। ৩। বিং, ত্রিং, গিরিভব বস্তু।

পর্ব্বততৃণ; সং, ক্লীং, গিরিতৃণবিশেষ।

পর্ব্বতপতি (পর্ব্বত–পতি, ৬ষ্ঠী–ষ) সং, পুং, হিমালয়।

পর্ব্বতরাট্, পর্ব্বতরাজ; সং, পুং, পর্ব্বতাধিপতি হিমালয়।

পর্ব্বতবাসী (পর্ব্বতবাসিন্, পর্ব্বত–বস্ বাস করা+ইন্(ণিন্)–ক) বিং, ত্রিং, যে বাস করে, পাহাড়িয়া।

পর্ব্বতাধারা (পর্ব্বত–আধার অবলম্বন, ৬ষ্ঠী–হিং) সং, স্ত্রীং, পৃথিবী।

পর্ব্বতারি (পর্ব্বত–অরি, ৬ষ্ঠী–ষ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।

পর্ব্বতাশয় (পর্ব্বত–আশয় আশ্রয়) সং, পুং, জলধর, মেঘ।

পর্ব্বতাশ্রয় (পর্ব্বত–আশ্রয় বাসস্থান, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, পর্ব্বতবাসী, পাহাড়িয়া। ২। সং, পুং, শরভ, অষ্টাপদ মৃগবিশেষ। [বিশেষ।

পর্ব্বতাসন; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসনবিশেষ।

পর্ব্বতীয় (পর্ব্বত+ঈয়,ণীয়,–সম্বন্ধার্থে) বিং,ত্রিং, পর্ব্বতসম্বন্ধীয়। ২। পর্ব্বতবাসী, পাহাড়িয়া।

পর্ব্বধি (পর্ব্বন্ মাসের মধ্যে একদিন–ধি যে ধারণ করে) সং, পুং, চন্দ্র।

পর্ব্বপূর্ণতা (পর্ব্ব উৎসব—পূর্ণতা সম্পূর্ণতা) সং, স্ত্রীং, উৎসবের উদ্যোগ। ২। একত্রীকরণ, সম্মিলিত করা। ৩। উৎসবের পরিপূর্ণতা।

পর্ব্বমূলা; সং, স্ত্রীং, শ্বেত দূর্ব্বা।

পর্ব্বযোনি (পর্ব্বন্ গ্রন্থি—যোনি উৎপত্তি-স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষু প্রভৃতি।

পর্ব্বরীণ; সং, ক্লীং, পর্ব্ব, উৎসব। ২। পুং, পর্ণবৃন্তরস। ৩। পর্ণশিরা। ৪। মৃতক। ৫। দ্যূতকম্বল। ৬। পত্রচূর্ণরস।

পর্ব্বরুট (পর্ব্বরুহ্, পর্ব্বন্ গ্রন্থি—রুহ্ যে জন্মে) সং, পুং, দাড়িম্ব, দাড়িম।

পর্ব্বসন্ধি (পর্ব্বন্ পূর্ণিমা ও অমাবস্যা—সন্ধি সংযোগ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, প্রতিপদ্ ও পঞ্চদশীর মধ্যকাল।

পর্ব্বাস্ফোট (পর্ব্ব=আস্ফোট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গুলি পর্ব্বের আস্ফোটন।

পর্ব্বাহ (পর্ব্বন্ উৎসব—অহন্ দিবস) সং, পুং, পর্ব্বদিন, উৎসবদিন।

পর্ব্বিত; সং, পুং, পাব্দা মাছ।

পর্ব্বেশ (পর্ব্ব—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গ্রহণকালবিশেষের অতিপতিবিশেষ।

পর্শু (পর শত্রু—শৃ হিংসা করা+উ—প্রং, নিপাতন। অথবা স্পৃশ্ স্পর্শ করা +শুন্—ক। স্পৃশ্—পৃ) সং, পুং, পরশু, কুঠার, টাঙ্গি।

পর্শুকা } (পর্শু—কৈ শব্দ করা+অ(ড)
পর্শু } —ক, আপ্। ২য় পক্ষে—পৃ পূরণ করা + শুন্—ক, সংজ্ঞার্থে, উপ্) সং, স্ত্রীং, পার্শ্বাস্থি, পাঁজরা।

পর্শুপাণি (পর্শু কুঠার—পাণি হস্ত, ৬ষ্ঠী হিং। একহস্তে পর্শুধারণ করেন বলিয়া) সং, পুং, গণেশ। ২। পরশুরাম।

পর্শুরাম (পরশুরাম দেখ) সং, পুং, পরশুরাম, জামদগ্ন্য।

পর্ষধ (পরশু দেখ) সং, পুং, কুঠার, পরশু।

পর্ষদ্ (পৃষ্ প্রীত করা+অদ্—ধি, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, সমাজ, সভা।

পর্ষদ্বল (পর্ষদ্+বল—যোগ্যার্থে) সং, পুং, পারিষদ, সভাস্থ ব্যক্তি।

পল (পল্ গমন করা+অল্—ণ, সংজ্ঞার্থে) সং, ক্লীং, পরিমাণবিশেষ, তোলকচতুষ্টয় পরিমাণ। ২। মাংস। ৩। আমিষ। ৪। (+অল্—ভা) প্রতারণ। ৫। চলন। ৬। (+অন্—ক) পুং, সূক্ষ্মকাল। ৭। নিশৃঙ্খল তৃণ, শস্যশূন্য তৃণ, পোয়ালখড়।

পলক (পারস্য) চক্ষের পাতা।

পলক্যা; সং, স্ত্রীং, পালম শাক।

পলক্ষার (পল মাংস—ক্ষার যে ক্ষরে) সং, পুং, রক্ত।

পলগণ্ড (পল [মাংস] "তদুপম" মসলা—গণ্ড চিহ্ন) সং, পুং, রাজমিস্ত্রী।

পলঙ্কট (পল মাংস—কট্ গমন করা+অ(অন্)—ক। শঙ্কাহেতু যাহার মাংস সঙ্কুচিত হয়) বিং, ত্রিং, ভীরু, ভয়শীল।

পলঙ্কর (পল মাংস—কর [কৃ করা+অ (অন্)—ক] যে করে) সং,পুং, ধাতুবিশেষ, পিত্তল।

পলঙ্কষ (পল মাংস—কষ [কষ্ হিংসা করা+অ(ক)—ক] যে হিংসা করে) সং, পুং, রাক্ষস। ২। কণগুগ্গুলু। ষা—স্ত্রীং, মক্ষিকা। ২। লাক্ষা। ৩। রাস্না। ৪। ক্ষুদ্র গোক্ষুর। ৫। কিংশুক। [ফল।

পলটন (Battalion শব্দের অপভ্রংশ) সেনা-

পলপ্রিয় (পল মাংস—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক। ২। বিং,ত্রিং, মাংসপ্রিয়।

পলল (পল্ রক্ষা করা+অল(কল)—ক) সং,ক্লীং, মাংস। ২। নদী প্রভৃতির পলি। ৩। পঙ্ক। ৪। তিলচূর্ণ, তিলকুটা। ৫। (পল মাংস—লা গ্রহণ করা+অ(ড)—ক) পুং, রাক্ষস।

পললজ্বর; সং, পুং, পিত্ত ধাতু।

পলব (পল মাংস, আমিষ—বা পাওয়া+অ(ড)—ণ) সং, পুং, মৎস্যধারণযন্ত্র, মাছধরা পলো।

পললাশয় (পলল মাংস—আশয় আশ্রয়) সং, পুং, ফোড়া, গাড়।

পলস্তারা (Plaster) লেপনীয় দ্রব্য।

পলা (প্রবাল শব্দজ) সং, রত্নবিশেষ। ২। তৈলাদি গ্রহণার্থ দর্ব্বীবিশেষ।

পলাগ্নি (পল মাংস—অগ্নি আগুন) সং, পুং, ধাতুবিশেষ, পিত্ত।

পলাঙ্গ (পল মাংস—গম্ [গমন করা] পা-ওয়া+অ—এবং অথবা পল প্রধান—অঙ্গ) সং, পুং—স্ত্রীং, শিশুমার, শুশুক।

পলাণ্ডু (পল্ [পীড়া হইতে] রক্ষা করা+অণ্ডু—সংজ্ঞার্থে। কিম্বা পৃ পূরণ করা+অণ্ডু, নিপাতিত) সং, পুং, পেঁয়াজ।

পলাদ্, পলাদ } (পল মাংস—অদ্, অদ
পলাদন } অদন [অদ্ ভক্ষণ করা+০(ক্বিপ্), অ(অন্), অন অনট্)—ক] যে ভোজন করে, ইয়া—ষ) সং, পুং, দা। দী—স্ত্রীং, রাক্ষস, রাক্ষসী, ক্রব্যাদ, ক্রব্যাদী।

পলান্ন (পল মাংস—অন্ন। পলে মিশ্রিত অন্ন=পলান্ন, ৩য়া—ষ, মধ্যপদের লোপ) সং, ক্লীং, মাংসপক্ক অন্ন, পলাও।

পলাপ (পল—আপ্ প্রাপ্ত হওয়া+অ(ঘঞ্)—ধি। যে স্থানে বহুল মাংস থাকে) সং, পুং, হস্তিকপোল। ২। কণ্ঠপাশ।

পলায়ন (পরা—অয় গমন করা+অন (অনট্)—ভা, র=ল) সং, ক্লীং, ভয়াদি হেতু প্রস্থান, পালান।

পলায়মান (পলায়ন দেখ, আন শান)—ক) বিং, ত্রিং, যে পলায়ন করিতেছে।

পলায়িত (পরা—অয় গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্থানান্তরে প্রস্থিত।

পলাল (পল্ গমন করা+আল কালন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, তৃণ, পোয়ালখড়।

পলালদোহদ (পলাল পোয়াল খড়—দোহদ ইচ্ছা। যাহার কৃষিকর্ম্মে জল খড় প্রভৃতি আবশ্যক করে। যাহার ফল কখন কখন খড় দিয়া পাকায়) সং, পুং, আম্রবৃক্ষ।

পলাশ (পল [পল্ গমন করা+অ ক)—ক] যে গমন করে—আশ [অশ্ ব্যাপা+অ(অন)—ক] যে ব্যাপে। যে বায়ু দ্বারা চলে এবং যে বৃক্ষকে ব্যাপে) সং, ক্লীং, পত্র। ২। পলাশ+অ—অস্ত্যর্থে। বিস্তৃত পত্র পবিত্র বলিয়া যে প্রশস্তপত্র-বিশিষ্ট) পুং, কিংশুক বৃক্ষ। শিং—১ (পলাশ+অ—ইবার্থে। যে পত্রের ন্যায় রঙ্) হরিদ্বর্ণ, শ্যামবর্ণ। ৫। বিং, ত্রিং, শ্যামবর্ণবিশিষ্ট। ৬। নির্দ্দয়। ৭। (পল মাংস—অশ্ ভক্ষণ করা+অ(অন)—ক) সং, পুং—স্ত্রীং, রাক্ষস। ৮। প্রেত।

পলাশক; সং, পুং, শটী। ২। পলাশবৃক্ষ।

পলাশী (পলাশিন, পলাশ+ই—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষীরীবৃক্ষ। ২। (পল মাংস—আশিন্ [অশ্ ভোজন করা+ইন্ ণিন্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) পুং—স্ত্রীং, রাক্ষস। ৩। স্ত্রীং, লাক্ষা। ৪। লতা-বিশেষ।

পলিক্নী (পলিত পক্বকেশ+ঈপ্—স্ত্রীং, ত স্থানে ক্ন) সং, স্ত্রীং, শুক্লকেশা বৃদ্ধা স্ত্রী, প্রাচীনা, বুড়ী। ২। বালগর্ভিণী গবী।

পলিঘ (পরি সম্পূর্ণরূপে হন্ বধকরা+অ অল্—র্ম্ম। হন=ঘ, র=ল) সং, পুং, ঘট, কলস। ২। প্রাচীর। ৩। পুরদ্বার।

পলিত (পল্ [মৃত্যুর দিকে] গমন করা+ত (ক্ত)—ণ। কিম্বা পলিত+অ—অস্ত্যর্থে) সং, ক্লীং, বৃদ্ধাবস্থাহেতু কেশের শুক্লতা। শিং—১ "পিতৃশ্চ কেশান্ পচন্তি পলিতং তেন জায়তে।" ২। তাপ। ৩। কর্দ্দম। ৪। (+ক্ত—ক) বিং, ত্রিং, বৃদ্ধ।

পলিতঙ্করণ (পলিতং—কৃ করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, যাহার পূর্ব্বে পলিত ছিল না তাহার পলিততা সম্পাদন।

পলিতম্ভবিষ্ণু (পলিতং—ভূ হওয়া+ইষ্ণু—ক, অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, পলিত ভাবযুক্ত।

পল্কান (দেশজ) বিং, অসার, জীর্ণ।

পল্য (পল্+য—ম্ম) বিং, ত্রিং, অত্যন্ত তেজস্কর।

পল্যঙ্ক (পরি—অঙ্ক) সং, পুং, পালঙ্ক, খট্বা। ২। মঞ্চ। ৩। বৃষী। ৪। পর্য্যঙ্কিকা।

পল্যয়ন (পরি—অয় [গমন করা] উপবেশন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, অশ্বাদির পৃষ্ঠাসন, ঘোড়ার জিন।

পল্ল (পল্ল্ গমন করা+অ(অল্)—ধি) সং, পুং, শস্যরক্ষাস্থান, ধান্যপুই। ২। ডোল।
... —ক] পল্ল

—লব অল্প। পত্রের অল্পতাহেতু পল্লব। অথবা পল—লূ ছেদন করা+অ অল্—ম) সং, পুং—ক্লীং, কিশলয়, নূতনপত্র। ২। ছোট ডাল, ফেঁকড়ি। ৩। আলতা। ৪। শৃঙ্গার। ৫। বন। ৬। বলয়। ৭। (+অল্—ভা) বিস্তার। ৮। লূ ছেদন করা +অন—ক) পুং—স্ত্রীং, বিফা।

পল্লবক (পল্লব প্রেম+কণ—প্রং) সং, পুং, বেশ্যাপতি। ২। মৎস্যবিশেষ।

পল্লবগ্রাহিতা ; সং, স্ত্রীং, নানা বিষয়ের কিঞ্চিৎ পল্লবগ্রাহক অর্থাৎ কিঞ্চিৎ জ্ঞান থাকা, খুঁট আঁখুরে।

পল্লবদ্রু (পল্লব—দ্রু বৃক্ষ) সং, পুং, অশোক বৃক্ষ। [পুং, শাখা।

পল্লবাঙ্কুর (পল্লব—অঙ্কুর, ৭মী—তিং) সং,

পল্লবাদ (পল্লব ফেঁকড়ি—অদ ভক্ষণ করা +অ(অন)—ক) সং, পুং, মৃগ, হরিণ।

পল্লবাধার (পল্লব ফেঁকড়ি—আধার যে ধারণ করে) সং, পুং, বৃক্ষের শাখা, ডাল।

পল্লবাস্ত্র (পল্লব ফেঁকড়ি, মুকুল—অস্ত্র, ৬ষ্ঠী—তিং) সং, পুং, কামদেব।

পল্লবিক (পল্লব কাম+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, কামুক, লম্পট।

পল্লবিত (পল্লব+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, পল্লবযুক্ত। ২। বিস্তৃত, বহুলীকৃত। ৩। লাক্ষারক্ত। [অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ।

পল্লবী (পল্লবিন্, পল্লব ছোট ডাল+ইন—

পল্লি, পল্লী (পল্ল দেশ, ই—প্রং) সং, স্ত্রীং, গ্রামখণ্ড, পাড়া; যথা—ব্রাহ্মণপল্লী, গোপপল্লী ইত্যাদি। ২। টিকটিকী। ৩। কুটী।

পল্লীকা (পল্লী+কণ্—যোগ) সং, স্ত্রীং, গৃহগোধিকা, টিকটিকী।

পল্বল (পল্ [মহিষাদির] গমন+বল—ক, অস্ত্যর্থে) সং, পুং—ক্লীং, ক্ষুদ্র জলাশয়, ডোবা। শিং—১ "অমুং সরঃ পল্বলং ম্যাশত্র চণ্ডকর্ণে রবৌ।" ২ "মহিষবরাহাঃ পল্বলনিমগ্নাঃ।"

পব (পূ পবিত্র করা+অ(অল্)—ভা) সং, পুং, ধান্যাদির নিস্তুষীকরণ। ২। শোধন। ৩। (+অন—ক) বায়ু। ৪। (+অস্—ণ) ক্লীং [illegible]

পবন (পূ শুদ্ধ করা+অন—ক) সং, পুং, বায়ু। ২। বিং, ত্রিং, পবিত্র, পরিষ্কৃত। ৩। (+অনট্—ভাবে) ক্লীং, ধান্যাদির নিস্তুষীকরণ, মারণ। ৪। শোধন। ৫। (+অনট্—দি) কুম্ভকারের পোয়ান।

পবননন্দন (পবন—নন্দন তনয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হনুমান। ২। ভীম।

পবনপথ (পবন—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, পুং, আকাশ।

পবনব্যাধি (পবন—ব্যাধি রোগ) সং, পুং, উদ্ধব, কৃষ্ণের সখা। ২। রোগবিশেষ, বায়ুরোগ।

পবনাত্মজ } (পবন—আত্মজ, অঙ্গজ = পবনাঙ্গজ } পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হনুমান। ২। ভীম। ৩। বহ্নি। শিং—১ "বায়োরগ্নিরিতি শ্রুতিঃ।"

পবনাল ; সং, পুং, ধান্যবিশেষ দেধান।

পবনাশ } পবন—অশ [অশ ভোজন পবনাশন } করা+অ(অন), অন—ক) যে খায়, ২য়া—স, অশন ভোজা, ৬ষ্ঠী—তিং) সং, পুং, সর্প। ২। বিং, ত্রিং, বায়ুভক্ষক।

পবনাশনাশ (পবনাশন সর্প—অশ [অশ ভোজনকরা+অন—ক) যে খায়, ২য়া—ষ) সং, পুং, গরুড়। ২। ময়ূর। শিং—১ "স্বযোনিভক্ষ্যপক্ষসম্ভবানাং শ্রুত্বা নিনাদং গিরিগহ্বরেষু। তমোহরিবিম্বপ্রতিবিম্বধারী রুরাবকায়ে পবনাশনাশঃ।"

পবনেশ্বর ; সং, পুং, কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

পবনেষ্ট ; সং, পুং, মহানিম্ব।

পবমান (পূ শুদ্ধ করা+আন(শান)—ক। ম—আগম) সং, পুং, পবন, বায়ু। ২। গার্হপত্য অগ্নি। ৩। সামবেদোক্ত সূক্তবিশেষ। ৪। বিং, ত্রিং, পবিত্রকারক।

পবমানাত্মজ ; সং, পুং, বহ্নিবিশেষ। শিং—১ "পবমানাত্মজো বহ্নি র্হব্যবাহন উচ্যতে।" (মৎস্যপুরাণ)।

পবাকা (পূ শুদ্ধ করা+আক—প্রং) সং, স্ত্রীং, ঝড়। ২। চক্রবাত।

পবি (পূ শুদ্ধ করা+ই(ইন্)—ক) সং, পুং,

পবিত ( পবি দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, পূত, পবিত্র। ২। সং, ক্লীং, সূত্র। ৩। মরীচ।

পবিতা (পবিতৃ, পবি দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, পবিত্রকারক, যে পবিত্র করে। শিং—১ "তন্নুশ্রিয়া যসা তৃণং স মন্মথঃ কুলশ্রিয়া যঃ পবিতাম্বদন্বয়ং।"

পবিত্র (পূ পবিত্রকরা + ইত্র—ক) বিং,ত্রিং, পরিশুদ্ধ। ২। পূত। ৩। প্রযত। ৪। (+ইত্র—ণ। মহাভারতে—গরুড় পরম পবিত্র অমৃত কুশাসনে রাখিয়াছিলেন বলিয়া তদবধি কুশের নাম পবিত্র হইল) সং, ক্লীং, ত্রা—স্ত্রীং, কুশ। ৫। পার্ব্বণ শ্রাদ্ধাদির অর্ঘার্থ হোমঘৃত সংস্কারের জন্য প্রাদেশপ্রমাণ অগর্ভসাগ্র কুশ। শিং—১ "অনন্তর্গর্ভিণং সাগ্রং কৌশং দ্বিদলমেব চ। প্রাদেশমাত্রং বিজ্ঞেয়ং পবিত্রং যত্র কুত্রচিৎ।" ২ "পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।" ৬। ক্লীং, তাম্র। ৭। বর্ষণ। ৮। জল। ৯। অর্ঘপাত্র। ১০। যজ্ঞোপবীত,পৈতা। ১১। ঘৃত। ১২। মধু। ১৩। বেদমন্ত্র। ১৪। পুং, তিলবৃক্ষ। ১৫। পুত্রজীববৃক্ষ। ত্রা—স্ত্রীং, তুলসী। ২। নদীবিশেষ। ৩। হরিদ্রা।

পবিত্রক ( পবিত্র বিশুদ্ধ + কণ্—প্রং ) সং, ক্লীং, শণসূত্র-জাল। ২। ক্ষত্রিয়ের পৈতা। শিং—১ "কার্পাসমুপবীতং স্যাদ্বিপ্রস্যোর্দ্ধবৃতং ত্রিবৃৎ। শণসূত্রময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসৌত্রকম্।" (মনু)। ৩। পুং, কুশ। ৪। অশ্বত্থ। ৫। উড়ুম্বর।

পবিত্রধান্য ; সং, ক্লীং, যব।

পবিত্রারোপণ } (পবিত্র-আরোপণ,আরোহণ, পবিত্রারোহণ } ৬ষ্ঠী—ষ সং, ক্লীং, শ্রাবণ শুক্ল দ্বাদশী তিথিতে বিষ্ণু প্রভৃতি দেবোদ্দেশে উপবীত-দানরূপ উৎসব-বিশেষ। শিং—১ "শ্রাবণস্য সিতেপক্ষে দ্বাদশ্যাং বৈষ্ণবৈর্মুদা। কর্ত্তব্যঃ কৃষ্ণদেবস্য পবিত্রারোপণোৎসবঃ।"

পবিত্রিত (পবিত্র + ইত—সংজাতার্থে, অথবা পবিত্র-ঞি=পবিত্রি + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংশোধিত, পরিষ্কৃত।

পবীনস ; সং,পুং,সর্ব্বোপদ্রাবক অসুরবিশেষ।

পবীর ; সং, ক্লীং, অস্ত্রবিশেষ।

পবীরব ; সং, পুং, বজ্র।

পব্য ( পূ শুদ্ধ করা + য—র্ম্ম ) বিং, ত্রিং, শোধ্য, পবিত্রার্হ।

পশম (পারস্য) সং, ঊর্ণা, লোম।

পশমী (পারস্য) বিং, লোমরচিত।

পশব্য ( পশু + য(ষ্য)—যোগ্যার্থে ) বিং, ত্রিং, পশুর উপযুক্ত। ২। পশুসম্বন্ধীয়।

পশু ( পশ্ বন্ধন করা + উ—সংজ্ঞার্থে। অথবা দৃশ্ দেখা + উ(কু)—ক। যে পার্শ্বের হস্তদ্বারা হিতাহিত দেখে) সং, পুং, চতুষ্পাদ ও লাঙ্গুলবিশিষ্ট জন্তু। ২। ছাগ। শিং—১ "যজ্ঞার্থং পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা।" ৩। মূর্খ। ৪। দেবযোনি। ৫। শিবের অনুচর। ৬। অং, দর্শন।

পশুকল্প ; সং, পুং, যজ্ঞাঙ্গ পশুর বিধান।

পশুক্রিয়া (পশু জন্তু—ক্রিয়া কার্য্য) সং, স্ত্রীং, রমণ, মৈথুন।

পশুগায়ত্রী ; সং, স্ত্রীং, পশুকর্ণে জপ্যমন্ত্রবিশেষ। শিং—১ "পশুপাশায় বিদ্মহে। শিরচ্ছেদায় ধীমহি তন্নঃ পশুঃ প্রচোদয়াৎ।"

পশুচর ; সং, পুং, পশুগণের চরিবার স্থান।

পশুচর্য্যা ( পশু—চর্য্যা আচরণ, ৬ষ্ঠী-ষ) সং, স্ত্রীং, পশুর ন্যায় আচার।

পশুদ ( পশু—দ [দা দান করা + অ(ড)—ক] যে দান করে) বিং, ত্রিং, পশুদাতা।

পশুধর্ম্ম ; সং, পুং, পশুবৎ যথেষ্ট মৈথুনরূপ ধর্ম্ম। ২। বিং, ত্রিং, তদাচারবিশিষ্ট।

পশুপতি (পশু—পতি, ৬ষ্ঠী—ষ। ভারতে—মহাদেব নিরন্তর পশু-পালন, পশুগণের সহিত ক্রীড়া ও পশুদিগের উপর আধিপত্য করেন বলিয়া পশুপতি নামে বিখ্যাত হইয়াছেন। শিং—১"অহঞ্চ সর্ব্ববিদ্যানাং পতিরাদ্যঃ সনাতনঃ। অহং বৈ পতিভাবেন পশুসাধ্য ব্যবস্থিতঃ। অতঃ পশুপতির্নাম ত্বং লোকে খ্যাতিমেষ্যসি") সং, পুং, দেবেশ, শিব ; এইটী পশুপতির যজমানে মূর্ত্তি ; যথা—"পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ।" শিং—১ "ততো দেবৈর্মহাদেবস্তদা পশুপতিঃ কৃতঃ। ঈশ্বরঃ স গবাং মধ্যে বৃষভাঙ্কঃ প্রকীর্ত্তিতঃ।" ২ "গ্রাম্যাঃ

রণ্যানাং ত্বং পতিস্তং পশূনাং খ্যাতো দেবঃ পশুপতিঃ সর্ব্বকর্ম্মা।”

পশুপাল } (পশু—পাল, পালক=যে
পশুপালক } রক্ষা করে) সং, পুং, পশুরক্ষক, রাখাল। শিং—১ “প্রণয়ো মম ঘোষনন্দনে পশুপালে নবযৌবনাঙ্কিতে।”

পশুপাশ; সং, পুং, পশুর বন্ধন। শিং—১ “পশুপাশায় বিদ্মহে।”

পশুপাশক; সং, পুং, রতিবন্ধবিশেষ। শিং —১ “ঊর্দ্ধাংশেন রমেৎ কামী বন্ধোহয়ং পশুপাশকঃ।”

পশুপ্রেরণ; সং, ক্লীং, গবাদির প্রেরণ।

পশুভাব—পশ্বাচার দেখ।

পশুমারম্; অং, পশুরন্যায় হিংসা। শিং— ১ “পশুমারমমারয়ৎ।”

পশুযাগ; সং, পুং, পশুনামক যজ্ঞ। ২। পশুপ্রয়োজক যজ্ঞ।

পশুরজ্জু; সং, স্ত্রীং, পশুবন্ধন রজ্জু।

পশুরাজ (পশু—রাজ রাজন্ শব্দজ, ৬ষ্ঠী —য) সং, পুং, সিংহ, মৃগেন্দ্র।

পশুহরিতকী; সং, স্ত্রীং, আম্রাতক ফল।

পশ্চ } অং, পরে, পশ্চাৎ। শিং—১ “কৈ-
পশ্চা } লাসো হিমবাংশ্চৈব দক্ষিণেন মহাচলৌ। পূর্ব্বপশ্চায়তাবেতৌ।” ২ “তস্মাৎ কুমারো জাতঃ পশ্চৈব প্রচরিত।”

পশ্চাৎ (অপর+অস্তাৎ—প্রং) অং, পরে। ২। পশ্চিমে। ৩। পিছে।

পশ্চাত্তাপ (পশ্চাৎ পরে—তাপ দুঃখ) সং, পুং, অনুতাপ, পস্তান।

পশ্চার্দ্ধ (অপর—অর্দ্ধ। অপর=পশ্চ। অপরশ্চাসাবর্দ্ধশ্চ=পশ্চার্দ্ধ) সং, পুং, অপরার্দ্ধ, পা অবধি নাভি পর্য্যন্ত। শিং—১ “গ্রীবাভঙ্গাভিরামং মুহুরনুপততি স্যন্দনে বদ্ধদৃষ্টিঃ পশ্চার্দ্ধেন প্রবিষ্টঃ।” (শকুন্তলা)।

পশ্চিম (পশ্চাৎ+ইম(ডিম্)—ভবার্থে। সন্ধ্যাকরণ কালে এই দিক পশ্চাৎ থাকে বলিয়া পশ্চিম। মহাভারতে—গরুড় গালবের নিকট পশ্চিম দিকের বৃত্তান্ত কহিতেছেন —এই দিকে ভগবান্ সূর্য্যদেব দিবসের পশ্চাৎ কিরণ সকল বিসর্জ্জন করেন, এই নিমিত্ত ইহা পশ্চিম দিক্ বলিয়া বিখ্যাত) সং, ত্রিং, যে দিকে সূর্য্যাদি অস্ত হয়। ২। চরম, শেষ। ৩। অনন্তর। ৪। ক্লীং, পৃষ্ঠদেশ। মা—স্ত্রীং, প্রতীচী দিক, সূর্য্যাদির অস্তগমনদিক্।

পশ্চিমরাত্র; সং, পুং, রাত্রির শেষভাগ।

পশ্চিমোত্তরা; সং, স্ত্রীং, পশ্চিম ও উত্তরের মধ্যবর্ত্তিনী দিক্, বায়ুকোণ।

পশ্যতোহর (পশ্যতঃ [পশ্যৎ শব্দের ৫মী অথবা ৬ষ্ঠী—১ব] দর্শনকারী হইতে অথবা দর্শনকারির—হর যে [অর্থ] হরণ করে) সং, পুং, চোর, তস্কর(স্বর্ণকার প্রভৃতি)। শিং—১ “যঃ পশ্যতো হরেদর্থং স চৌরঃ পশ্যতোহরঃ।” [ক] বিং,ত্রিং,দর্শনকারী।

পশ্যন্ (পশ্যৎ, দৃশ্ দেখা+অৎ শতৃ)—

পশ্বয়ন; সং, ক্লীং, যাগবিশেষ।

পশ্বযন্ত্র; সং,পুং, পশু নির্গমনার্থ যন্ত্রবিশেষ।

পশ্বাচার (পশু অধিকারিবিশেষ—আচার শিক্ষিত আচরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তান্ত্রিক আচারবিশেষ। ইহার অপর নাম পশুভাব অর্থাৎ যে ব্যক্তি সুরাদর্শন মাত্র সূর্য্যদর্শন করেন, সুরার আঘ্রাণ পাইলে তিন বার প্রাণায়াম করেন, প্রাণান্তেও মাদকস্পর্শ করেন না বা আমিষ ভক্ষণ করেন না, তিনিই যথার্থ পশু। এই পশু শব্দ ঘৃণার্থবাচক নয়, প্রত্যুত যিনি এই আচার অনুসারে তান্ত্রিক কার্য্য সম্পন্ন করিতে পারেন, তিনিই উৎকৃষ্ট ধার্ম্মিক তান্ত্রিক। মহানির্ব্বাণতন্ত্রে লিখিত আছে, যে ব্যক্তি পশু, তিনি এরূপ শুদ্ধাচার হইয়া থাকেন যে, পত্র, পুষ্প, ফল ও জল এ সমস্ত পূজার দ্রব্যও স্বয়ংই আহরণ করিয়া থাকেন। কুব্জিকাতন্ত্রে লিখিত আছে, পশুভাবে অহিংসা পরম ধর্ম্ম। নিরামিষাশী হইয়া পূজা করিতে হয়। ঋতুকাল ব্যতীত স্বীয় স্ত্রীসংসর্গও নিষিদ্ধ এবং রাত্রিতে মন্ত্রমালা স্পর্শ না করিয়া সর্ব্বদা জপ কর্ত্তব্য। শিং—১“বেদোক্তেন যজেদ্দেবীং কামসঙ্কল্প পূর্ব্বকং স এব বৈদিকাচারঃ পশ্বাচার স উচ্যতে।”

পসারী (প্রসারী শব্দজ কি?) সং, দোকানী, বিক্রয়কারী।

পসুরী (প পঞ্চন্ শব্দজ – সুরী সের শব্দজ সং, পাঁচসের।

পস্ত্যা ( অপ – স্ত্যৈ সংহত করা, একত্র নিপাতন) সং, স্ত্রীং, গৃহ, বাসস্থান।

পস্পশ ; সং, পুং, গ্রন্থবিশেষ।

পহ্লব ; সং, পুং, শ্মশ্রুধারী ম্লেচ্ছ জাতি-বিশেষ। শিং – ১ "শকা যবন কাম্বোজাঃ পারদাঃ পহ্লবা স্তথা।"

পহ্লিকা ; সং, স্ত্রীং, বারিপ্রশ্নী।

পা (পা পান করা + ০(ক্বিপ্) – ভাবে) সং, স্ত্রীং, পান। ২। রক্ষা। ৩ (+ক্বিপ্ – ম্ম) পুং, ত্রয়ানিরুক্ত ধর্ম্ম। ৪। (পাদ শব্দজ) সং চরণ, পদ।

পাইক (পদাতিক শব্দজ) সং, গ্রামরক্ষক, পেয়াদা। ২। লাঠিয়াল, থ্যালোয়ার, যা-হারা লাঠি তলোয়ার খেলিতে পারে।

পাইকস্তা ( পারস্য, পাইক পা – কস্ তন্ কর্ষণ করা) যে প্রজা এক গ্রাম হইতে অন্য গ্রামে ভূমি কর্ষণ করে।

পাইকার (দেশজ) ফেরিওয়ালা।

পাইখানা (পারস্য) মল ত্যাগের স্থান।

পাওন (প্রাপণ শব্দজ) সং, লাভ।

পাওনা (প্রাপণ শব্দজ) বিং, প্রাপ্য।

পাংশন (পশ্ বিনাশ করা + অন(অনট্) – ক) বিং, ত্রিং, দূষক। ২। নাশকারক। শিং – ১ "পাপিষ্ঠঃ কুলপাংশনঃ।" (পুরাণ)।

পাংশব (পাংশু ধূলি + অ(ষ্ণ) – প্রং) সং, পুং, লবণবিশেষ, পাঙ্গালুন্। ২। বিং, ত্রিং, ধূলিসম্বন্ধীয়।

পাংশু } (পান্স নাশকরা + উ(কু) – ণ, সং-
পাংসু } জ্ঞার্থে) সং, পুং, রজঃ ধূলি। ২। পাপ। ৩। কর্পূরবিশেষ ৪ সার, অনেক দিনের সঞ্চিত গোবর। ৫। স্থাবর সম্পত্তি। ৬। লবণবিশেষ। শিং – ১ "ঔ-দ্ভিদং পাংশুলবণং যজ্জাতং ভূমিতঃ স্বয়ম্।"

পাংশুকুলী (পাংশু ধূলি – কুল রাশি) সং, স্ত্রীং, রাজমার্গ, রাজপথ।

পাংশুক্ষার ; সং, ক্লীং, ক্ষারলবণ, পাঙ্গ লুন।

পাংশুচত্বর (পাংশু ধূলি চত্বর চাতাল) সং, পুং, করকা, শিল।

পাংশুচন্দন (পাংশু রজঃ – চন্দন) সং, পুং, (বিভূতিভূষণ বলিয়া) মহাদেব, শিব।

পাংশুচামর (পাংশু ধূলি – চামর) সং, পুং, তাঁবু। ২। দূর্ব্বাকর্ণযুক্ত তটভূমি। ৩। ধূলিসমূহ ৪। প্রশংসা।

পাংশুজ (পাংশু ধূলি – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত) সং, ক্লীং, পাঙ্গাস-বর্ণ। ২। পাঙ্গ। ৩। লুন।

পাংশুপত্র ; সং, ক্লীং, বাস্তুক শাক।

পাংশুমর্দন (পাংশু – মৃদ্ মর্দ্দন করা + অন (অনট্) – ধি) সং, পুং, ক্ষেত্রবিভাগ।

পাংশুর (পাংশু ধূলি – রা পাওয়া + অ – ক) সং, পুং, দংশ ডাঁশ। ২। পঙ্গু।

পাংশুরাষ্ট্র ; সং, ক্লীং, পাংশুপ্রধান দেশ।

পাংশুল (পাংশু + ল – অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধূলিযুক্ত। ২। পাপিষ্ঠ। ৩। সং, পুং, শিব। ৪। কাঁটা [illegible]।

পাংশুলা (পাংশু [illegible] + ল – অস্ত্যর্থে, আপ্) সং, স্ত্রীং, অ[illegible] স্ত্রী। ২। রজঃস্বলা ৩। পাংশু ধূলি + ল – অস্ত্যর্থে) পৃথিবী।

পাংসন (পন্স্ নষ্ট করা + অন(অনট্) – ক) বিং, ত্রিং, দূষক। ২। পাপিষ্ঠ।

পাঁইত, পাঁতি (পঙ্‌ক্তি শব্দজ) সং, শ্রেণী, পঙ্‌ক্তি ; যেমন—দন্তের পাঁতি।

পাঁইশ, পাঁশ (পাংশু শব্দজ) সং, ভস্ম, ছাই।

পাঁক (পঙ্ক শব্দজ) সং, কর্দ্দম, কাদা।

পাঁচ (পঞ্চন্ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ।

পাঁচড়া (দেশজ) সং, খোস।

পাঁচন (দেশজ) সং, ঔষধবিশেষ।

পাঁচনী (প্রাজন শব্দজ) সং, গোতাড়ন দণ্ড।

পাঁচপাঁচ (পঞ্চন্ শব্দজ) বিং, সামান্য, পাঁচটার মধ্যে একটা।

পাঁচালী (পঞ্চন্ শব্দজ) গীতবিশেষ। ২। পরস্পর মিলিত বাক্যপ্রবন্ধ।

পাঁজরা (পঞ্জর শব্দজ) সং, উদরের পার্শ্বভাগ।

পাঁজা (পারস্য, পাজাওয়া শব্দের অপভ্রংশ) অগ্নি দ্বারা ইষ্টক পক করিবার জন্য সং-ঞ্চিত ইষ্টকরাশি। ২। একত্রীভূত তৃণ রাশি যাহা দুই হস্তে উত্তোলন করা যায়।

পাঁজী ( পাঞ্জিকা শব্দজ ) সং, বারতিথ্যাদি-জ্ঞাপক পুস্তক।

পাঁঠা (দেশজ) সং, ছাগ। —ঠী, ছাগী।

পাক (পচ্ পাক করা+অ(ঘঞ্)—ভা)সং, পুং, রন্ধন। ২। পরিপাক। ৩। বার্দ্ধক্য-প্রযুক্ত কেশের শুক্লতা। ৪। সিদ্ধি। ৫। ভয়। ৬। পরিণতি। ৭। নিষ্পত্তি। ৮। (+ঘঞ্—কর্ম্মকর্ত্তৃ) ফল, ধান্য। ৯। (+ঘঞ্—ণ) পেচক। ১০। রাক্ষসবিশেষ। ১১। অসুরবিশেষ। ১২। (পারস্য) পবিত্র, নির্ম্মল। ১৩। (দেশজ) জন্য, নিমিত্ত; যথা—তোর পাকে আমার এই যন্ত্রণা। ১৪। পাখা; যথা—পাখসাট। ১৫। (পা পান করা+ক—র্ম্ম) স্তনপায়ী শিশু।

পাকজ (পাক—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, পাকোৎপন্ন। ২। সং, ক্লীং, লবণবিশেষ, কাচলবণ।

পাকদূর্ব্বা; সং, স্ত্রীং, পরিপক্ক দূর্ব্বা।

পাকপুটী (পাক—পুট্ রাশি করা+অ (অল্)—ধি) সং, স্ত্রীং, কুম্ভকারের পোয়ান।

পাকমৎস্য; সং,পুং, ব্যঞ্জনবিশেষ।

পাকযজ্ঞ; সং, পুং, বৃষোৎসর্গ গৃহ প্রতিষ্ঠাদির হোম। ২। চরুহোমাঙ্গ কর্ম্ম।

পাকরঞ্জন (পাক রঞ্জন—রন্জ্ রং করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, তেজপাত।

পাকল (পাক পক্কতা—লা পাওয়া+অ (ড)—ক) সং,পুং, হস্তীর জ্বর। ২। বায়ু। ৩। অগ্নি। ৪। ক্লীং, ঔষধবিশেষ, কুড়। ৫। বিং, ত্রিং, ব্রণাদিপাককারী।

পাকশালা (পাক রন্ধন—শালা গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রন্ধনালয়।

পাকশাসন (পাক দৈত্যবিশেষ—শাসন [শাস্ শাসন করা+অন—ক] যে শাসন করে, ২য়া—ষ। পাক নামক অসুরের শাসনকর্ত্তা বলিয়া) সং, পুং, ইন্দ্র। শিং—১ "পাকং জঘান তীক্ষ্ণাগ্রৈর্মার্গণৈঃ কঙ্কবাসৈঃ। তত্র নাম বিভুর্লেভে শাসনস্থাচ্ছরৈর্দৃঢ়ৈঃ॥ পাকশাসনতাং শক্রঃ সর্ব্বামরপতির্বিভুঃ।"

পাকশাসনি (পাকশাসন + ই(ফি)—অপত্যার্থে) সং, পুং, ইন্দ্রপুত্র, জয়ন্ত। ২। অর্জ্জুন। ৩। বালি বানর।

পাকশুক্লা (পাক রন্ধন, মহন—শুক্ল শ্বেত ৭মী—ষ) সং, স্ত্রীং, কঠিনী, খড়ী।

পাকসংস্থ (পাক—সংস্থা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পাকসাধ্য (যজ্ঞবিশেষ)।

পাকস্থলী (Stomach) সং, স্ত্রীং, উদরের যে অংশে ভুক্ত বস্তু জীর্ণ হয়। ২। পাক করিবার পাত্র। [সং, ক্লীং,রন্ধনালয়।

পাকস্থান (পাক রন্ধন—স্থান, ৬ষ্ঠী—ষ)

পাকা (পক্ক শব্দজ) বিং, পরিণতি অবস্থাপন্ন। ২। সং, স্ত্রীং, বালিকা।

পাকাটি (দেশজ) সং, পাটগাছের কাটী।

পাকান (দেশজ) রন্ধন, পরিপাককরণ। ২। পেঁচদেওন, মোড়ন।

পাকারি (পাক দৈত্যবিশেষ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্বেতকাঞ্চন। ২। পাকশাসন ইন্দ্র।

পাকিম (পাক + ইম(ইমন্)—নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, পাক দ্বারা প্রস্তুত। ২। পাকোন্মুখ। [ত্রিং, পাককর্ত্তা।

পাকী (পাকিন্,পাক+ইন্—অস্ত্যর্থে) বিং,

পাকু (পচ্ পাক করা+উ(কু)—ক) বিং, ত্রিং, পাচক। [সূপকার।

পাকুক (পাকু দেখ, কণ্—যোগ) বিং, ত্রিং,

পাকুড় (পর্কটী শব্দজ) সং, বৃক্ষবিশেষ।

পাক্য (পচ্ পাক করা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, পাকের উপযুক্ত। ২। সং, পুং, যবক্ষার। ৩। ক্লীং,বিট্‌লবণ। ৪। পাক্কালোণ।

পাক্ষিক (পক্ষ অর্দ্ধমাস ইত্যাদি+ইক (ষ্ণিক)—ভবার্থে) বিং,ত্রিং, পক্ষসম্বন্ধীয়, প্রতিপক্ষে যাহা হয়। ২। পক্ষপাতী। ৩। (পক্ষ পাখা) পক্ষিসম্বন্ধীয়। ৪। (পক্ষিন্ পাখী+ইক—প্রহরণার্থে) সং, পুং, যে পাখী মারে। ৫। শাকুনিক।

পাখা (পক্ষ শব্দজ) সং, পালক, ডানা। ২। ব্যজন।

পাখী (পক্ষি শব্দজ) সং, বিহগ, বিহঙ্গম।

পাখোয়াজ (পারস্য) মৃদঙ্গ।

পাগ, পাগড়ী (হিন্দি) সং, উষ্ণীষ, শিরোবেষ্টন-বস্ত্র, তাজ, টুপী।

পাগর (পাগল শব্দের অপভ্রংশ) যথা—"রতি মদ পাগর, নাগরী নাগর।"

পাগল (পা [পা পান করা+০(ক্বিপ্)—ক] যে [সুরা] পান করে—গল্ স্খলিত হওয়া+অন—ক। যে সুরাপায়ীর ন্যায় স্খলিত হয়) বিং, ত্রিং, উন্মত্ত, বাতুল। শিং—১ "পাগলায়াঙ্গহীনায় চান্ধায় বধিরায় চ।" (যঃ স্বকন্যাং দদাতি)।

পাঙ্‌ক্ত (পঙ্‌ক্তি+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, পঙ্‌ক্তিজাত। ২। সং, পুং, দশাক্ষর পাদক ছন্দোবিশেষ।

পাঙ্‌ক্তেয় (পঙ্‌ক্তি + এয়(ঢেয়)—উপবেশনার্থে) বিং,ত্রিং,এক পঙ্‌ক্তিতে ভোজনার্হ।

পাচক (পচ্ পাক করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, জীর্ণকারক। ২। পাককারক। শিং—১ "পুত্রপৌত্রগুণোপেতঃ শাস্ত্রজ্ঞো মিষ্টপাচকঃ। শূরশ্চ কঠিনশ্চৈব সূপকারঃ স উচ্যতে।" ৩। সং, পুং, অগ্নি। ৪। ক্লীং, উদরস্থ রসবিশেষ।

পাচন (পচ্‌-ণিচ্=পাচি পাককরান+অন—ক) সং, ক্লীং, ঔষধবিশেষ, কাথ। ২। (+অনট্—ণ) প্রায়শ্চিত্ত। ৩। পুং,অগ্নি। ৪। বিং, ত্রিং, জীর্ণকারক।

পাচনক (পাচি [ধাতু] পাক করান+অন (অনট্)—প্রং, কণ্—যোগ) সং, পুং, টঙ্কন, সোহাগা।

পাচনী (পাচন+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হরীতকী।

পাচল (পাচন দেখ, অল—প্রং) সং, পুং, অগ্নি। ২। পাচক। ৩। বায়ু। ৪। রন্ধনদ্রব্য।

পাচিকা (পচ্ পাক করা+অক(ণক)—ক, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রন্ধনকারিণী, যে স্ত্রীলোক পাক করে।

পাচ্য (পচ্ পাক করা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, অবশ্য পচনীয়।

পাছা (পশ্চাৎ শব্দজ) সং, পশ্চাদ্ভাগ।

পাছাড় (দেশজ) পিছন হইতে জাপটিয়া ধরিয়া ফেলিয়া দিবার উপক্রম।

পাছু (পশ্চাৎ শব্দজ) ক্রিং—বিং, পিছে।

পাছুড়ী (প্রচ্ছদ-পট শব্দজ) সং, দোপাট্টা গাত্রবস্ত্রবিশেষ।

পা-জামা (পারস্য) পরিচ্ছদবিশেষ।

পাজি (পজ্জ শব্দজ) বিং,অধম, পামর, নীচ।

পাঞ্চকপাল (পঞ্চকপাল+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, পঞ্চকপাল সম্বন্ধীয়।

পাঞ্চজন্য (পঞ্চজন সমুদ্রবাসি-তিমিরূপ অসুরবিশেষ+অ(ষ্ণ্য)—জাতার্থে। পঞ্চজন নামক অসুরের অস্থিতে নির্ম্মিত বলিয়া) সং, পুং, বিষ্ণুর শঙ্খ। ২। অগ্নি।

পাঞ্চজন্যধর (পাঞ্চজন্য—ধর [ধৃ ধারণ করা +অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

পাঞ্চদশ (পঞ্চদশ+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, পঞ্চদশীতে উৎপন্ন। ২। সং, পুং, অলৌকিক বহ্নি।

পাঞ্চপাদিক(পঞ্চপাদ+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার পরিমাণ পাঁচ ফুট।

পাঞ্চভৌতিক (পঞ্চভূত+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পৃথিব্যাদি পঞ্চভূত হইতে জাত (দেহ)। ২। পঞ্চভূতময়। "ন পাঞ্চভৌতিকং শরীরং বহূনামুপাদানাযোগাৎ।"

পাঞ্চলিকা }(পঞ্চা +ইক(ষ্ণিক),আপ্—
পাঞ্চালিকা } ) সং,স্ত্রীং,বস্ত্রাদিনির্ম্মিত পুত্তলি।

পাঞ্চশব্দিক (পঞ্চন্ পাঁচ—শব্দ ধ্বনি+ ইক(ষ্ণিক)—নিষ্পন্নার্থে) সং, ক্লীং, পঞ্চপ্রকার বাদ্য। শিং—১ "অঙ্গজং চর্ম্মজঞ্চৈব তন্ত্রজং কাংস্যজং তথা। ফুৎকৃতঞ্চেতি মুনিভিঃ কথিতং পাঞ্চশব্দিকং।"

পাঞ্চাল (পঞ্চাল দেশবিশেষ+অ(ষ্ণ)—স্বার্থে) সং,পুং, দেশবিশেষ, পঞ্জাব। শিং—১"রাষ্ট্রং দক্ষিণপাঞ্চালং যাতি শ্রুত ধরান্বিতঃ।" ২। তন্নৃপ। ৩। (+ষ্ণ—ভবার্থে) বিং,ত্রিং, পঞ্চালদেশোদ্ভব, পঞ্চালদেশীয়। ৪। ক্লীং, শাস্ত্র।

পাঞ্চালী (পঞ্চাল+অ(ষ্ণ)—নিবাসার্থে,ঈপ্) সং, স্ত্রীং, দ্রৌপদী। ২। কাষ্ঠাদি-পুত্তলি।

পাঞ্চাল্য (পঞ্চাল+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, পঞ্চালদেশীয়।

পাঞ্চবার্ষিক (পঞ্চবর্ষ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, পঞ্চবর্ষবয়স্ক।

পাট (দেশজ) স্থান।

পাটক (পট্ গমন করা+অক(ণক)—ক) সং, পুং, গ্রামের একদেশ। ২। তীর,

তট। ৩। পাশার গুটিকা চালা। ৪। বাদ্য। ৫। মূলধনের ক্ষতি।

পাটচ্চর (পটচ্চর+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, চোর, তস্কর। শিং—১ "নবমালিকাপরিমলপ্রাগভারপাটচ্চরাঃ (অনিলাঃ)।"

পাটন (পট্-ণিচ=পাটী গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, ছেদন, কর্ত্তন। ২। বিদারণ। শিং—১ "অস্থিভঙ্গং গবাং কৃত্বা লাঙ্গূলচ্ছেদনং তথা। পাটনে কর্ণশৃঙ্গানাং মাসার্দ্ধস্ত যবান্ পিবেৎ।"

পাটনী (দেশজ) পারাবারের নাবিক।

পাটপট (পট্+অন্—ক) বিং, ত্রিং, অতিশয় পটু।

পাটল (পাটলা পাটলাপুষ্প+অ(ষ্ণ)—তুল্যার্থে। অথবা পট্-ণিচ+কলচ্—ক) সং, পুং, শ্বেতরক্তবর্ণ, পাট্‌কিলা রঙ্। ২। আশুধান্য। ৩। বৃক্ষবিশেষ। ৪। ক্লীং, পুষ্পবিশেষ। ৫। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত। লা, লি, লী—স্ত্রীং, পারুলগাছ। ক্লীং, স্ত্রীং, তৎপুষ্প।

পাটলদ্রুম; সং, পুং, পুন্নাগবৃক্ষ।

পাটলা (পাট বিস্তার—লা পাওয়া+অ (ড)—ক, আপ্) সং, স্ত্রীং, দুর্গা। ২। পুষ্পবৃক্ষবিশেষ, পারুলগাছ; মহেশের কোপানলে মদন দগ্ধ হইতে আরম্ভ হইয়া, ধনুঃ ভূমে ক্ষেপণ করিয়াছিলেন। সেই ধনুঃ পঞ্চখণ্ডে ভগ্ন হইয়া তাহা হইতে চম্পক, বকুল, পাটলাদি পঞ্চ পুষ্প বৃক্ষ উৎপন্ন হয়। ৩। তৎপুষ্প।

পাটলাপুষ্পসন্নিভ; সং, ক্লীং, পদ্মকাষ্ঠ।

পাটলাবতী; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "অপর্ণানেকপর্ণাচ পাটলা পাটলাবতী।" ২। নদীবিশেষ।

পাটালা (পাটলা দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, পাটলাবৃক্ষ। ২। তৎপুষ্প।

পাটলিত (পাটল+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাটলবর্ণবিশিষ্ট।

পাটলিপুত্র (পাটলি—পুত্র। বোধ হয় এখানে পুর শব্দের সমানার্থ পুত্র শব্দ। যেমন—পাটলিপুর, কুসুমপুর, পুষ্পপুর) সং, ক্লীং, পাট্‌নানগর।

পাটব (পটু+ষ(ষ্ণ)—ভা) সং, ক্লীং, পটুত্ব, নৈপুণ্য। শিং—১ "পাটবং সংস্কৃতোক্তিষু।" ২। আরোগ্য। ৩। (+ষ্ণ—স্বার্থে) বিং, ত্রিং, পটু।

পাটবিক (পটু+ইক(ষ্ণিক)—স্বার্থে) বিং, ত্রিং, পটু, নিপুণ। ২। ধূর্ত্ত, শঠ।

পাটহিকা (পটহ+ইক—প্রং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

পাটা (পট্টকশব্দজ) সং, পাট্টা, ভূমিসম্বন্ধীয় ক্রয়পত্র। ২। তক্তা। —রি, সং, গ্রামসম্বন্ধীয় করগ্রাহক।

পাটিকেল (দেশজ) ইষ্টক, ইট।

পাটিত (পট্-ণিচ=পাটি গমন করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভগ্ন। ২। বিদীর্ণ। ৩। ক্ষত।

পাটী (পট্-ণিচ=পাটি দীপ্তি পাওয়া+ই—ক,ঈপ্) সং,স্ত্রীং, পরিপাটী, শৃঙ্খলা। ২। প্রণালী। ৩। একজাতীয় শ্রেণী।

পাটীগণিত (Arithmetic) সং, ক্লীং, অঙ্কবিদ্যা।

পাটীর (পটীর+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, চন্দনবিশেষ।

পাটেশ্বরী (পাট—ঈশ্বরী) সং, স্ত্রীং, প্রধানা মহিষী।

পাঠ (পঠ্ অধ্যয়ন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, আবৃত্তি। ২। অধ্যয়ন, পড়া। ৩। বেদাধ্যয়ন। ৪। (+ঘঞ্—র্ম্ম) পাঠ্য অংশ।

পাঠক (পাঠ দেখ, অক(ণক)—ক) সং, পুং, পাঠকর্ত্তা, যে ব্যক্তি পাঠ করে, অধ্যেতা। ২। ছাত্র। ৩। (পাঠি অধ্যয়ন করান+অক(ণক)—ক) অধ্যাপক।

পাঠচ্ছেদ (পাঠ—ছেদ, ৬ষ্ঠী—য) সং, পুং, পাঠের বিচ্ছেদ।

পাঠনা (পাঠি পড়ান+অন(অনট্)—ভা) সং, স্ত্রীং, অধ্যাপনা, পড়ান।

পাঠভূ (পাঠ [বেদ] অধ্যয়ন—ভূ স্থান) সং, স্ত্রীং, ব্রহ্মারণ্য, যেখানে বেদাদি শাস্ত্র অধ্যয়ন করে।

পাঠমঞ্জরী, পাঠশালিনী; সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ, শারি।

পাঠশালা ( পাঠ অধ্যয়ন—শালা গৃহ, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, বিদ্যালয়, যেখানে অধ্যয়ন করে।

পাঠা ; সং, স্ত্রীং, লতাবিশেষ।

পাঠান (দেশজ) সং, প্রেরণ, প্রেষণ,চালান,। ২। (পশতু ভাষা কি ?) স্বনামখ্যাত মুসলমানজাতিবিশেষ।

পাঠিত (পাঠি পড়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অধ্যাপিত, পড়ান।

পাঠী ( পাঠিন্, পঠ্ অধ্যয়ন করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, পাঠক। ২। সং, পুং, চিত্রক বৃক্ষ।

পাঠীন } ( পাঠী, পাটী ব্রাহ্মণ+ঈন্—
পাটীন } যোগ) সং,পুং, পাঠক। ২। (পাঠী পৃষ্ঠ—নম্ শব্দ করা+অ—প্রং) বোয়ালমাছ। ৩। গুগ্‌গুল বৃক্ষ।

পাঠ্য ( পঠ্ অধ্যয়ন করা+য(ঘ্যণ্)—র্ম্ম ) বিং,ত্রিং, পাঠযোগ্য, পঠনীয় (গ্রন্থাদি)।

পাড় (দেশজ) সং, তট, তীর।

পাড়া (পল্লী দেশজ) সং, নির্দ্দিষ্টবসতি স্থান।

পাণ (পর্ণ শব্দজ) সং, তাম্বূল।

পাণা (বারিপর্ণী শব্দজ) সং, জলোপরিভাসমান শৈবালবিশেষ।

পাণি (পণ্ ব্যবহার করা+ই(ইণ্)—ণ। অথবা পণ্ ক্রয় বিক্রয় করা+ই—প্রং) সং,পুং, হস্ত, মণিবন্ধাবধি অঙ্গুলি পর্য্যন্ত। ২। কুলিকবৃক্ষ, কুলেখাড়া। ণি, ণী—স্ত্রীং, (+ধি) দোকান। ২। হট্ট।

পাণিক (পণ+ইক(ফিক)—ক্রীতার্থে) বিং, ত্রিং, পণক্রীত। ২। সং, পুং, কুমারানুচরবিশেষ।

পাণিকচ্ছপিকা (পাণি পাণিকৃত—কচ্ছপিকা, ম্বং—স, মধ্যপদলোপ) সং, স্ত্রীং, কূর্ম্মমুদ্রা। শিং—১ "পাণিকচ্ছপিকাং কুর্য্যাৎ কূর্ম্মমন্ত্রেণ সাধকঃ।

পাণিকর্ম্মা (পাণিকর্ম্মন্, পাণি—কর্ম্ম, ৬ষ্ঠী—হিং। হস্ত দ্বারা যিনি বাদনরূপ কর্ম্মে লিপ্ত আছেন) সং, পুং, মহাদেব। ২। বিং, ত্রিং, কর দ্বারা বাদক।

পাণিকূর্চ্চা ; সং, স্ত্রীং, কুমারানুচর মাতৃবিশেষ।

পাণিখাত ; সং, স্ত্রীং, তীর্থবিশেষ।

পাণিগৃহীতী (পাণি—গৃহীত,ঈপ,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পত্নী, ভার্য্যা, পাণিগ্রহণে কৃতসংস্কারা সবর্ণা স্ত্রী।

পাণিগ্রহ ( পাণি—গ্রহ্ গ্রহণ করা+অ (অল্)—ধি) সং, পুং, বিবাহ। শিং—১ " হস্তাঘাতিষু ষষ্ঠতৌলিমিথুনেষূদ্যৎসু পাণিগ্রহঃ।

পাণিগ্রহণ, পাণিপীড়ন (পাণি—গ্রহণ, পীড়ন, ৭মী—[illegible]) সং, ক্লীং, বিবাহ। শিং—১ "পাণিপীড়ন বিধেরনন্তরম্।"

পাণিগ্রহণিক ( পাণিগ্রহণ+কণ্—প্রয়োজনার্থে ) বিং, ত্রিং, বিবাহের অঙ্গীভূত (মন্ত্র)। শিং—১ "পাণিগ্রহণিকা মন্ত্রাঃ নিয়তং দারলক্ষণম্।"

পাণিঘ (পাণি হস্ত—হন্ আঘাত করা+অ(টক্)—ক)। হন্=ঘ) সং,পুং, যে হস্তে মৃদঙ্গের ন্যায় বাদ্য করে বা হস্ত দ্বারা মৃদঙ্গাদি বাদ্য বাজায়, ঢোলী, ঢাকী।

পাণিঘাত ( পাণি—হন্ আঘাত করা+অ (ষণ্)—ক) সং, পুং, হস্তপীড়ক। ২। (+ ঘঞ্—ভাবে) হস্তপীড়ন।

পাণিঘ্ন (পাণি—হন্ আঘাত কর।+অ(টক্) —ক) বিং, ত্রিং, শিল্পী।

পাণিজ (পাণি হস্ত—জন্ উৎপন্ন হওয়া +অ(ড)—ক) সং, পুং, নখ, কররুহ।

পাণিতল (পাণি—তল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, করতল।

পাণিধর্ম্ম ; সং, পুং, পাণিগ্রহণধর্ম্ম।

পাণিনি (পণ-ইন্=পণিন্+ই(ফি)—অপত্যার্থে। অথবা পাণিন+ই(ফি)—তস্য ছাত্রার্থে) সং, পুং, ব্যাকরণসূত্রকর্ত্তা মুনিবিশেষ। ইনি পাটলিপুত্রনিবাসী বর্ষ উপাধ্যায়ের শিষ্য। ইঁহার জন্মস্থান পঞ্জাব প্রদেশস্থ শালাতুর গ্রাম। ইঁহার মাতার নাম দাক্ষী। শিং—১ "কৃৎস্নং ব্যাকরণং চক্রে তস্মৈ পাণিনয়ে নমঃ।"

পাণিনীয়(পাণিনি এই মুনি+ঈয়(ণীয়)—কৃতার্থে) বিং, ত্রিং, পাণিনিমুনি কর্ত্তৃক কৃত। ২। পাণিনি-প্রোক্ত। ৩। পাণিনিগ্রন্থপাঠক।

পাণিবন্ধ (পাণি—বন্ধ্ বন্ধন করা+অ(অল্) —ধি) সং, পুং, বিবাহ।

পাণিভুক্ (পাণি—ভুজ্ ভোজন করা+০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, কর দ্বারা ভক্ষক। ২। সং, পুং, উডুম্বরবৃক্ষ।

পাণিমুক্ত (পাণি হস্ত—মুক্ত পরিত্যক্ত। যাহা হস্ত দ্বারা নিক্ষিপ্ত হয়, ৩য়া—ষ) সং, ক্লীং, বল্লম প্রভৃতি অস্ত্র।

পাণিমুখ (পাণি বিপ্রপাণি—মুখ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, পিতৃলোক। শিং—১"অগ্নিমুখা বৈ দেবাঃ পাণিমুখাঃ পিতরঃ হি ব্রাহ্মণম্।"

পাণিরুহ্ (পাণি—রুহ্ উৎপন্ন হওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, নখ।

পাণিসর্গ্যা (পাণি হস্ত—সৃজ্ গমন করা +য(ঘ্যণ্)—র্গ্য। আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রজ্জু, দড়ী।

পাণিস্বানক (পাণিস্বন্+কণ্—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, পাণিপাদক, তালদায়ক।

পাণিহোম ; সং, পুং, পাত্রব্রাহ্মণহস্তে কর্ত্তব্য হোম।

পাণৌ ; অং, হস্তে।

পাণৌকরণ (পাণৌ হস্তসহিত—কৃ করা +অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিবাহ।

পাণ্ডর (পণ্ড্ গমনকরা+অর—ক,সংজ্ঞার্থে) সং, পুং, পাণ্ডুবর্ণ, পীতশুক্লবর্ণ। ২। শুক্লবর্ণ। ৩। মরুবকবৃক্ষ। ৪। ক্লীং, কুন্দপুষ্প। ৫। গিরিমাটী। ৬। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত।

পাণ্ডরপুষ্পিকা; সং, স্ত্রীং, শীতলাবৃক্ষ।

পাণ্ডব } পাণ্ডবেয় } (পাণ্ডু+অ(ষ্ণ), এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, পাণ্ডুরাজপুত্র, যুধিষ্ঠিরাদি; অভিশপ্ত পাণ্ডুরাজার আজ্ঞানুসারে কুন্তী ধর্ম্ম হইতে যুধিষ্ঠিরকে বায়ু হইতে ভীমকে ও ইন্দ্র হইতে অর্জ্জুনকে পুত্র লাভ করেন এবং মাদ্রী অশ্বিনীকুমারদ্বয় হইতে নকুল ও সহদেবকে প্রাপ্ত হন। ইহারা পাণ্ডুর ক্ষেত্রজ পুত্র বলিয়া প্রসিদ্ধ।

পাণ্ডবাভীল } পাণ্ডবায়ন } (পাণ্ডব—অভী [ভয় নয়] সাহস—ল যে দেয়। পাণ্ডব—অয়ন [সহ] গমন। পাণ্ডুরাজপুত্রের স্বপক্ষ ও সখা হেতু) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

পাণ্ডবীয় (পাণ্ডব + ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, পাণ্ডবসম্বন্ধীয়।

পাণ্ডিত্য (পণ্ডিত+য(ঝ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, পণ্ডিতের ভাব বা ধর্ম্ম, বিচক্ষণতা। শিং—১ "পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্।"

পাণ্ডু (পণ্ড্ গমন করা+উ(কু)—ক, সংজ্ঞার্থে) বিং, ত্রিং, শুক্লপীতবর্ণ, গৌরবর্ণ। ২। শ্বেতবর্ণ। ৩। পাকা। ৪। ভারতে—অম্বালিকা ব্যাসদেবের ভয়ঙ্কর মূর্ত্তি দেখিয়া পাণ্ডুবর্ণা হইয়াছিলেন বলিয়া, তাঁহার পুত্রও পাণ্ডুবর্ণ হইল, এই নিমিত্ত ঐ পুত্রের নাম পাণ্ডু হইল) সং, পুং, কুরুবংশীয় নৃপ-বিশেষ; ইনি কুন্তী ও মাদ্রীকে বিবাহ করেন। একদা ইনি মৃগবোধে মৃগরূপী কোন ঋষিপুত্রকে বধ করিয়াছিলেন। ঐ মৃগ তৎকালে পত্নীর প্রতি আসক্ত ছিল। তাঁহার শাপে পাণ্ডু স্ত্রী-সহবাসে বঞ্চিত হন। একদা মৃগশাপবৃত্তান্ত বিস্মৃত হইয়া মাদ্রীকে আলিঙ্গন করিতেই তাঁহার মৃত্যু হইল। ৫। নেবারোগ। ৬। দেশবিশেষ। ৭। শ্বেতহস্তী। ৮। নাগবিশেষ। ৯। নদবিশেষ।

পাণ্ডুক (পাণ্ডু+কণ্—যোগ) সং, পুং, পাণ্ডুরোগ। ২। পাণ্ডুরাজা। ৩। পাণ্ডুবর্ণ।

পাণ্ডুকম্বলী (পাণ্ডুকম্বলিন্, পাণ্ডুকম্বল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাণ্ডুরকম্বলবিশিষ্ট। ২। সং, পুং, পাণ্ডুবর্ণকম্বলাবৃত রথ।

পাণ্ডুতরু ; সং, পুং, ধববৃক্ষ।

পাণ্ডুতীর্থ ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

পাণ্ডুনাগ ; সং, পুং, পুন্নাগবৃক্ষ।

পাণ্ডুপৃষ্ঠ (পাণ্ডু—পৃষ্ঠ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্লক্ষণরূপ শ্বেতপৃষ্ঠযুক্ত।

পাণ্ডুফল ; সং, পুং, পটোল। লা—স্ত্রীং, চির্ভটী, ফুটী।

পাণ্ডুভূম (পাণ্ডু—ভূমি, ৭মী—হিং) বিং, ত্রিং, পাণ্ডুবর্ণভূমিযুক্ত।

পাণ্ডুমৃৎ (পাণ্ডু পাণ্ডুবর্ণ—মৃৎ মৃত্তিকা) সং, স্ত্রীং, পাণ্ডুবর্ণ ভূমি। ২। খড়ীমাটী।

পাণ্ডুর (পণ্ড্ গমন করা+উর—সংজ্ঞার্থে। অথবা পাণ্ডু শুক্লপীতবর্ণ+র—যোগ) সং, পুং, শুক্লপীতবর্ণ। ২। শুভ্রবর্ণ। ৩। নেবারোগ। ৪। মরুবকবৃক্ষ। ৫। ক্লীং, শ্বিত্ররোগ। ৬। বিং, ত্রিং, তদ্বর্ণবিশিষ্ট।

পাণ্ডুরঙ্গ ; শাকবিশেষ, পাটরাঙ্গা।

পাণ্ডুরদ্রুম ; সং, পুং, কুটজবৃক্ষ, কুড়্চী।

পাণ্ডুরাগ ; সং, পুং, দমনকবৃক্ষ।

পাণ্ডুলেখ্য—ক্লীং } (পাণ্ডু—লেখ্য) সং,
পাণ্ডুলিপি—স্ত্রীং } খস্ড়া লেখা, মুসাবিদা। শিং—১ "পাণ্ডুলেখেন ফলকে ভূমৌ বা প্রথমং লিখেৎ। ন্যূনাধিকং তু সংশোধ্য পশ্চাৎ পত্রে নিবেশয়েৎ।"

পাণ্ডুশর্করা (পাণ্ডু—শর্করা চিনি) সং, স্ত্রীং, পাথুরিরোগ।

পাণ্ডুশর্ম্মিলা (পাণ্ডু পাণ্ডুরাজা—শর্ম্মন্ ভাগ্য+ইল—প্রং) সং, স্ত্রীং, দ্রৌপদী।

পাণ্ডুসোপাক ; সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, ডোম।

পাণ্ড্য ; সং, পুং, দেশবিশেষ ; ইহার উত্তরে বয়রুনদী, দক্ষিণে কন্যাকুমারী, পূর্ব্বে সমুদ্র এবং পশ্চিমে মলয়গিরি ও চেররাজ্য। ২। পাণ্ডুদেশের রাজ্য। শিং—১ "দিশি মন্দায়তে তেজঃ দক্ষিণস্যাং রবেরপি। তস্যামেব রঘোঃ পাণ্ড্যাঃ প্রতাপং ন বিষেহিরে।" [স্তুত্য, স্তবনীয়।

পাণ্য (পণ্ স্তব করা+য—র্ম্ম) বিং, ত্রিং,

পাত (পৎ পড়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পতন, পড়া। ২। গমন। ৩। নাশ। ৪। আপাত। ৫। (+অ(ণ)—ক) রাহুগ্রহ। শিং—১ "দক্ষিণোত্তরতোঽপ্যেবং পাতো রাহুঃ স্বরংহসা।" ২ "স্বং ধ্রুবে কুমুদিনী পতিপাতোরাহুমাহুরিহ কেঽপি তদেব।" ৬। (পা রক্ষাকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত। ৭। (দেশজ) যাহার উপর আহারীয় রাখা যায়।

পাতক (পত্ ণিচ্=পাতি [ধর্ম্ম হইতে] পড়ান +অক(ণক)—ক) সং, ক্লীং, পতনসাধন, পাপ। শিং—১ "নবো মুচ্যেত পাতকাৎ।"

পাতকী (পাতকিন্, পাতক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দুষ্কর্ম্মকারী, পাপী। শিং—১ "এবং পাতকিনঃ পাপমনুভূয় সুদুঃখিতাঃ।"

পাতঙ্গ (Insecta) সং, পতঙ্গবর্গ।

পাতঙ্গি (পতঙ্গ সূর্য্য+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, শনৈশ্চর, শনি। ২। যম। ৩। কর্ণ। ৪। বৈবস্বত মুনি। ৫। সুগ্রীব।

পাতঞ্জল (পতঞ্জলি+অ(ষ্ণ)—উক্তার্থে) বিং, ত্রিং, পতঞ্জলিমুনিপ্রণীত দর্শনশাস্ত্র। ইহা চারিপাদে বিভক্ত ; যথা—(১) যোগপাদ ; ইহাতে যোগের লক্ষণাদি ; (২) সাধনপাদ ; ক্রিয়াযোগাদি সাধনপ্রকরণ ; (৩) বিভূতিপাদ ; ধ্যান ধারণাদি বিভূতিবিবরণ ; (৪) কৈবল্যপাদ ; সিদ্ধিপঞ্চকাদি কৈবল্য।

পাতর (প্রস্তর শব্দজ) সং, শিলা, পাষাণ।

পাতন (পত্-ণিচ্=পাতি গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অধঃক্ষেপণ। শিং—১ "উর্দ্ধাধস্তির্য্যকৃপাতনাদিভী রসস্য নানাবিধা শুদ্ধিরুক্তা" (রত্নাবলী)। ২। বিস্তারণ। ৩। বিন্যাস। ৪। বিনাশন।

পাতসা (পারস্য) সং, বাদসা।

পাতা (পাতৃ, পা রক্ষা করা, পান করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা, রক্ষক। শিং—১ "পাতুঃপাতা পরাৎপরঃ।" ২। পানকর্ত্তা। ৩। বাবুই।

পাতাল (পৎ পড়া+আল(আলঞ্)—ধি। মহাভারতে—মহর্ষি মাতলির নিকট কহিতেছেন, পাত শব্দে পতন, ও অলং শব্দে অত্যন্ত, এই স্থানে হয়গ্রীবরূপী বিষ্ণু প্রতিপর্ব্বে বাক্য দ্বারা বেদাধ্যায়ীদিগের বেদধ্বনি পরিবর্দ্ধিত করিবার নিমিত্ত আবির্ভূত হইলে চন্দ্রাদি জলমূর্ত্তি সকল চন্দ্রকান্ত মণির ন্যায় দ্রবীভূত হইয়া নিপতিত হয়, এই নিমিত্ত এই স্থানের নাম পাতাল হইয়াছে) সং, ক্লীং, অধোভুবন—তল, অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল, সুতল এই সপ্ত। ২। নরক। ৩। বাড়বানল। ৪। গর্ত্তমাত্র। ৫। লগ্নচতুর্থস্থান। শিং—১ "পাতালং হিবুকঞ্চৈব সুহৃদম্ভশ্চতুর্থকং।

পাতালনিলয়, পাতালনিবাস, পাতালৌকস্ (পাতাল—নিলয় গৃহ, —নিবাস বাসস্থান, ওকস্ স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দৈত্য। ২। সর্প। ৩। বিং, ত্রিং, পাতালবাসী।

পাতি (পা পালনকরা + অতি—সংজ্ঞার্থে) সং, পুং, প্রভু, স্বামী।

পাতিক (পাত কম্পন, পতন + কণ্—প্রযোজনার্থে) সং, পুং, শিশুমার, শুশুক।

পাতিত (পত্ ণিচ্=পাতি পড়ান + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষেপিত, পতিত করা। ২। অধঃকৃত। শিং—১ "পাতিত বামজানু স্তদাসনে উপবিশতি।"

পাতিত্য (পতিত + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, পতিতের ধর্ম্ম, পতিতত্ব।

পাতিলী (পাত পতন + ইল—প্রং, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বাগুরা, ফাঁদ। ২। নারী। ৩। মৃত্তিকার পাত্রবিশেষ, পাতিল্।

পাতিব্রত্য (পতিব্রতা + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, পতিব্রতার ধর্ম্ম, সতীত্ব।

পাতী (পাতিন্, পাতিন্, পং পড়া + ইন্ (ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল।

পাতুক (পত্ পতিতহওয়া + উক(উকঞ্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল। ২। সং, পুং, পর্ব্বতাদির ক্রমনিম্ন প্রদেশ, ঢালুস্থান, অত্যুচ্চস্থান। ৩। জলহস্তী।

পাৎকুয়া (পাৎ—কুয়া কূপ শব্দজ) সং, কূপ, ইন্দারা।

পাত্যমান (পত্ ণিচ্=পাতি + আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ফেলিয়া দেওয়া হইতেছে।

পাত্র (পা [ক্রিয়া বা আধেয়] রক্ষা করা + ত্র—ক। কিম্বা পা পান করা + ত্র—ণ) সং, পুং, ভাজন। ২। ক্লীং, বিষয়। ৩। বর; যথা—তোমার কন্যার পাত্র স্থির হইয়াছে। ৪। যোগ্য ব্যক্তি; যথা—ইনি এই কার্য্যের পাত্র বটেন। ৫। (+ত্র—ধি) স্রুবাদি যজ্ঞপাত্র। শিং—১ "বলিহোম ক্রিয়াদীনি বিনাপাত্রৈর্নসিধ্যতি।" ৬। তীরদ্বয়মধ্যবর্ত্তি জলাধার। ৭। প্রণালী। ৮। মন্ত্রী। ৯। নাটকে—অভিনেয় নায়কাদি। ১০। দেহ। ১১। ক্লীং, ত্রী—স্ত্রীং, ভাজন। ১২। স্ত্রীং, কন্যা। ১৩। (পত্র + অ(ষ্ণ)—সমূহার্থে) ক্লীং, পাত্রসমূহ। ১৪। বিং, ত্রিং, পত্রনির্ম্মিত। ১৫। যোগ্য, উপযুক্ত। ১৬। বিদ্যাদিগুণসম্পন্ন। ১৭। শ্রেষ্ঠ। শিং—১ "ন বিদ্যয়া কেবলয়া তপসা বাপি পাত্রতা। যত্র বৃত্তমিমে চোভে তদ্ধি পাত্রং প্রকীর্ত্তিতম্।"

পাত্রট; বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ। ২। সং, পুং, জীর্ণবস্ত্র।

পাত্রটীর (পাত্র + টীর—প্রং। অথবা পাত্র—অট্ গমন করা + ঈর(ঈরন্)—ক) সং, পুং, উপযুক্ত মন্ত্রী। ২। লৌহ কাংস্য ও রজতপাত্র। ৩। অগ্নি। ৪। কাক। ৫। কঙ্কপক্ষী। ৬। ধারক।

পাত্রতা (পাত্র + তা—ভাবে) সং, স্ত্রীং, উপযুক্ততা। ২। গৌরব।

পাত্রপাল (পাত্র—পাল রক্ষক, ২য়া—ষ) বিং, ত্রিং, পাত্ররক্ষক। ২। সং, পুং, তুলাধট। [পুং, পাত্রশুদ্ধি। ২। রায়ভাটী।

পাত্রসংস্কার (পাত্র—সংস্কার, ৬ষ্ঠী—ষ) সং,

পাত্রাসাদন (পাত্র যজ্ঞপাত্র—আসাদন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যজ্ঞপাত্রের যথোক্তক্রমে সংস্থাপন।

পাত্রিক (পাত্র + কণ্—অপহরণার্থে) বিং, ত্রিং, পাত্রাপহারক।

পাত্রীয় (পাত্র + ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, পাত্রসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, যজ্ঞপাত্র।

পাত্রেসমিত (পাত্রে—সমিত সঙ্গত, ভোজনকালে পাত্রেতেই সঙ্গত, কিন্তু কার্য্যকালে নহে) বিং, ত্রিং, যে ব্যক্তি কেবল ভোজনে রত। "স পাত্রে সমিতোঽন্যত্র ভোজনান্মিলিতো ন যঃ।" ২। পাপিবিশেষ। শিং—১ "নিধায় হৃদয়ে পাপং যঃ পরং শংসতি স্বয়ম্। স পাত্রেসমিতোঽথ স্যাৎ।"

পাথ (পা পান করা + থ—ক) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি। ৩। (+থ—র্ম্ম) ক্লীং, জল।

পাথঃ (পাথস্, পা পান করা + অস্—র্ম্ম, থ—আগম) সং, ক্লীং, জল। ২। অন্ন।

পাথিঃ (পাথিস্, পা পান করা+ইস্—সং-জ্ঞার্থে। থ্—আগম) সং, পুং, সমুদ্র। ২। চক্ষুঃ। ৩। ক্লীং, জল।

পাথিক (পথিক+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং—স্ত্রীং, পথিকসন্তান।

পাথিক্য (পথিক+য(ষ্ণ্য)—ভবার্থে) সং, ক্লীং, পথিকভাব, পথিকত্ব।

পাথেয় (পথিন্+এয়(ঢঞ্)—প্রয়োজনার্থে) সং, ক্লীং, পথের সম্বল, পথখরচ। শিং—১ "নিঃশেষিতং মে পাথেয়ম্।" ২। কন্যারাশি। শিং—১ "ক্রিয়তাবুরিজিতুমকুলীরলেয় পাথেয় যুককোর্পাখ্যাঃ।"

পাথোজ (পাথস্—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, পদ্ম।

পাথোদ } (পাথস্—দ [দা দান করা+
পাথোধর } অ(ড)—ক] যে দান করে, ২য়া—ষ। পাথস্—ধর [ধৃ ধারণ করা+অ(অন্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, জলদ।

পাথোধি } (পাথস্—ধা ধারণ করা
পাথোনিধি } +ই(কি)—ধি, ২য়া—ষ। নিধি আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলনিধি, সমুদ্র।

পাথোরুহ } (পাথস্—রুহ্ জন্মান+অ
পাথোরুহ্ } (ক)—ক, ক্বিপ্) সং, ক্লীং, জলজ, পদ্ম।

পাদ্ (পদ্-ণিচ্=পাদি গমন করা+০(ক্বিপ্)—ণ) সং, পুং, চরণ, পা। শিং—১ "সহস্রাক্ষঃ সহস্রপাৎ।"

পাদ (পদ্ গমন করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, চরণ, পা। শিং—১ "ন পাদচালনং কুর্য্যাৎ পাদেন বা কদাচন।" ২। রশ্মি। ৩। চতুর্থাংশ। ৪। শ্লোকের চতুর্থাংশ। ৫। পর্ব্বতের নিকটস্থ ক্ষুদ্র শৈল। ৬। বৃক্ষমূল। ৭। সূর্য্য। ৮। ফিট্।

পাদকটক (পাদ—কটক বলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নূপুর। ২। বাঁকমল।

পাদকৃচ্ছ্র (পাদ চতুর্থাংশ—কৃচ্ছ্র কষ্ট, প্রায়শ্চিত্ত) সং, ক্লীং, ব্রতবিশেষ; এক বার ভক্ষণ এবং দিবসান্তর উপবাস। "একভক্তেন নক্তেন তথৈবাযাচিতে ন চ। উপবাসেন চৈকেন পাদকৃচ্ছ্র উদাহৃতঃ।"

পাদগণ্ডির (পাদ পা—গণ্ড স্ফীত হওন+ইর—প্রং) সং, পুং, শ্লীপদ, গোদ।

পাদগৃহ্য (পাদ—গৃহ্য, পূর্ব্ব নিপাতন) সং, পুং, ময়ূর।

পাদগ্রন্থি (পাদ—গ্রন্থি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুল্‌ফ, গুড়্‌মুড়া।

পাদগ্রহণ (পাদ—গ্রহণ, ২য়া—ষ) সং, ক্লীং, অভিবাদন, চরণবন্দন, পদস্পর্শ। শিং—১ "বিপ্রস্য পাদগ্রহণং।"

পাদচতুর (পাদ—চতুর, ৭মী—ষ) বিং, ত্রিং, পাদচারণে দক্ষ। ২। সং, পুং, ছাগল। ৩। বালুকা, পিপ্পল। ৪। করঞ্জ। ৫। পাদ-দোষ বক্তা পুরুষ।

পাদচত্বর (পাদ পা—চত্বর চাতাল) সং, পুং, ছাগল। ২। বালুকাময় প্রদেশ। ৩। করকা, শিল। ৪। বিং,ত্রিং, পরনিন্দক।

পাদচাপল্য (পাদ পা ইত্যাদি—চাপল্য অস্থিরতা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পাদা-স্ফালন, পাদাঘাত। ২। পদসঞ্চারণ।

পাদচার (পাদ—চর্ [illegible]+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পাইচালি, পরিক্রমণ। ২। গ্রহা-দির আহ্নিক ভোগ।

পাদচারী (পাদচারিন্, পাদ—চর্ গমন করা+ইন্(ণিন্)—ক, ৩য়া—ষ) বিং,ত্রিং, পাদ দ্বারা গমনকারী। ২। সং, পুং, পদাতিক। ৩। বিং, ত্রিং, গমনশীল।

পাদজ (পাদ [ব্রহ্মার] পা—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং,পুং, শূদ্র। ২। বিং, ত্রিং, পাদজাত।

পাদতল (পাদ+তল নিম্নভাগ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চরণের অধোভাগ, পায়ের চেটো।

পাদত্রাণ (পাদ—ত্রাণ রক্ষণ, ৫মী—হিং) সং, ক্লীং, পাদুকা, জুতা। ২। মোজা।

পাদদেশ; সং, পুং, নিম্নদেশ, তলা।

পাদপ (পাদ মূল—প [পা পান করা+অ (ড)—ক] যে পান করে, ৩য়া—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ। ২। পাদপীঠ। পা—স্ত্রীং, পাদুকা।

পাদপরিঘট্টন (পাদ—পরিঘট্টন ঘর্ষণ) সং, ক্লীং, পাদাঘাত। ২। মাড়ান।

পাদপাশ (পাদ পা—পাশ রজ্জু) সং,পুং, অশ্বাদির পাদবন্ধন রজ্জু। শী—স্ত্রীং, শৃ-ঙ্খলা, শিকলী। ২। খেড়য়া।

পাদপীঠ (পাদ—পীঠ চৌকি) সং, ক্লীং, চরণস্থাপনার্থ আসন, পা রাখা টুল।

পাদপীঠিকা (পাদপীঠ পা রাখা টুল+ঈ—তুচ্ছার্থে। কণ্—যোগ) সং, স্ত্রীং, না-পিতাদির ন্যায় নীচ ব্যবসা। শিং—১ "নাপিতাদিকশিল্পে তু কারিকা পাদপী-ঠিকা।" ২। শ্বেত প্রস্তর।

পাদপূরণ (পাদ শ্লোকের চতুর্থাংশ—পূরণ) সং, ক্লীং, উপাক্ষর, বাক্যালঙ্কার, পাদ-পূরণ শব্দ, যথা—চ বা তু হি ইত্যাদি।

পাদপ্রক্ষালন (পাদ—প্রক্ষালন ধৌতকরণ) সং, ক্লীং, পা ধোওয়া।

পাদপ্রধারণ (পাদ—প্রধারণ রক্ষণ) সং, ক্লীং, পাদুকা, জুতা। [নাতি।

পাদপ্রহার (পাদ—প্রহার) সং,পুং,পাদাঘাত,

পাদবন্ধন (পাদ—বন্ধন [ছাঁদন দড়ী দ্বারা] বাঁধা। যাহারা চরণাবচ্ছেদে বদ্ধ থাকে। ৬ষ্ঠী—হিং) সং, পুং, গো মহিষাদি ধন। ২। (৬ষ্ঠী—ষ) গবাদির চরণ বন্ধন।

পাদমূল (পাদ—মূল গোড়া) সং, ক্লীং, চরণের অধোভাগ। শিং—১ "পাদমূলং গোহিরং স্যাৎ পার্ষ্ণি স্তু ঘুটয়োরধঃ।"

পাদরক্ষণ (পাদ—রক্ষণ, ৭মী—হিং) সং, ক্লীং, পাদুকা, জুতা।

পাদরজ্জু (পাদ—রজ্জু দড়ি) সং,স্ত্রীং, হস্তীর পাদবন্ধন রজ্জু। ২। চরণবন্ধনরজ্জু মাত্র।

পাদরথ (পাদ পা—রথ যান) সং, পুং, থী—স্ত্রীং, পাদুকা, জুতা।

পাদরোহণ (পাদ—রোহণ [রুহ্ আরোহণ করা+অন(অনট্)—ক] যে উঠে। মূল দ্বারা যে উঠে) সং, পুং, বটবৃক্ষ।

পাদবল্মীক (পাদ পা—বল্মীক ক্ষুদ্রপাহাড়) সং, ক্লীং, শ্রীপদ, গোদ।

পাদবিক (পদবী পথ+ইক(ষ্ণিক)—কুশ-লার্থে) বিং, ত্রিং, পান্থ, পথিক। ২। ভ্রমণ-কারী।

পাদবিপক্ষস্থান (Antipode) পৃথিবীস্থ কোন জীবের পায়ের ঠিক বিপরীত দিকে যে জীবের পা থাকে সেই স্থান।

পাদবিরজাঃ (—রজস্, পাদ চরণ—বি না—রজস্ ধূলি) সং, স্ত্রীং, পাদুকা, জুতা। ২। (ধূলিবিহীন পা বলিয়া) দেবতা।

পাদশঃ (পাদশস্,পাদ+শস্ (চশস্)—বীপ্সা-র্থে) অং, শ্লোকের প্রতিপাদে, পাদে পাদে।

পাদশাখা ; সং, স্ত্রীং, পাদাঙ্গুলি।

পাদশৈল (পাদ পা—শৈল পাহাড়) সং, পুং, প্রত্যন্ত পর্ব্বত।

পাদস্ফোট (পাদ—স্ফোট ফোড়া) সং, পুং, চরণের অধোভাগে স্ফোটক, পায়ের তলায় ঘা।

পাদহারক (পাদ—হারক [হৃ হরণকরা+অক(ণক)—র্ম্ম) বিং, ত্রিং, পাদ দ্বারা অপসার্য্য।

পাদাঙ্গদ (পাদ চরণ—অঙ্গ সৌন্দর্য্য—দ [দা দান করা+অ(ড)—ক] যে দেয়) সং, ক্লীং, নূপুর।

পাদাৎ (পাদ—অৎ গমন করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, পদাতি সৈন্য।

পাদাত (পাদ—অৎ গমন করা+অ—(অন্)—ক। যে পাদ দ্বারা গমন করে, ৩য়া—ষ) সং, পুং, পদাতি সৈন্য। ২। (পদাতি+অ) ক্লীং, পদাতিসমূহ।

পাদাতি / পাদাতিক } (পাদ—অৎ গমন করা+ই (ইণ্)—ক। পাদাতি+কণ্—স্বার্থে) সং, পুং, পদাতি সৈন্য।

পাদারক (পাদ পা—ঋ গমন করা+অক (ণক)—প্রং) সং, পুং, গোলিন্দ, নৌকার অবয়ববিশেষ।

পাদালিন্দ (পাদ—অলিন্দ) সং, পুং, নৌকা।

পাদাবর্ত্ত (পাদ—আবর্ত্ত ঘূর্ণন, যাহা পাদ দ্বারা কার্য্য সম্পন্ন হয়) সং, পুং, কূপ হইতে জল তুলিবার যন্ত্র, অরঘট্ট।

পাদাবিক (পাদ চরণ—অব গমন করা ইত্যাদি+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, পদাতি সৈন্য।

পাদিক (পাদ চতুর্থাংশ+ইক(ষ্ণিক)—জীব-

ত্যর্থে ) বিং, ত্রিং, চতুর্থাংশ বৃত্তিযুক্ত। ২। চতুর্থাংশ পাদপরিমাণ। ৩। চতুর্থ।

পাদী (পাদিন্, পাদ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মকর কুম্ভীর প্রভৃতি জলজন্তু। শিং—১ "কুম্ভীরকূর্ম্মনক্রাশ্চ গোধামকরশঙ্করঃ। ঘণ্টিকঃ শিশুমারশ্চেত্যাদয়ঃ পাদিনঃ স্মৃতাঃ। ২। চতুর্থাংশভাগী। শিং—১ "সর্ব্বেষামর্দ্ধিনো মুখ্যাস্তদর্দ্ধেনার্দ্ধি নোহংশরে। তৃতীয়িনস্তৃতীয়াংশাশ্চতুর্থাংশাস্ত পাদিনঃ।

পাদুক (পাদ দেখ, উক ( উকঞ্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, পাদকর্ম্মপটু, গমনশীল। ২। প্রসবকালীন যে সন্তানের পদ অগ্রে নির্গ হইয়াছে।

পাদুকা,পাদু (পাদ+উক—প্রং। অথবা পদ-ক্রি—পাদি গমনকরান+উ—ণ। কণ্—যোগ। পদ্ গমন করা+উ—প্রং ) সং, স্ত্রীং, উপানৎ, জুতা।

পাদু(দূ)কাকার } ( পাদুকা—কার, কৃৎ [কৃ
পাদুকাকৃৎ } করা+০(ক্বিপ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং,চর্ম্মকার, পাদুকানির্ম্মাতা। [সং,স্ত্রীং, পাদুকা।

পাদূ (পদ্ ক্রি—পাদি গমন করান+উ—ণ)

পাদূকৃৎ (পাদূ—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, পাদূনির্ম্মাতা, চর্ম্মকার।

পাদ্য (পাদ+য(ক্য)—নিমিত্তার্থে) সং, ত্রিং, পাদপ্রক্ষালনার্থ (জল)।

পান ( পা পান করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, দ্রবদ্রব্যের গলাধঃকরণ। ২। মদ্যপান। ৩। রক্ষণ। ৪। শাণোল্লেখন। ৫। (+অনট্—ধি) পানপাত্র। ৬। পুং, শৌণ্ডিক। (দেশজ) দিক্।

পানগোষ্ঠী } (পান—গোষ্ঠী সভা, ৪র্থী
পানগোষ্ঠিকা } —ষ) সং, স্ত্রীং, যে স্থানে অনেকে একত্র হইয়া পান করে,মদ্যপানসভা, ভৈরবীচক্র।

পানপাত্র ( পান—পাত্র ) সং, ক্লীং, চষক, মদ্যপান করিবার পাত্র। ২। পানরাখিবার পাত্র।

পানবণিক্ ( পানবণিজ্, পান [সুরাদি] পেয়—বণিজ্ ব্যবসায়ী) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

পানা (পান শব্দের অপভ্রংশ) জলমিশ্রিত শর্করাদি। ২। প্রাচীরের পরিসর। ৩। পুষ্করিণ্যাদির জলোপরি ভাসমান শৈবাল বিশেষ।

পানভাজন } ( পান—ভাজন পাত্র।
পানিল } পান+ইল—প্রং) সং, ক্লীং, পানপাত্র।

পানশৌণ্ড ( পান—শৌণ্ড মত্ত ) বিং, ত্রিং, প্রচুর মদ্যপানাশক্ত। ২। পানরত।

পানস (পনস কাঁঠাল+অ (ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, পনসসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, পনসোৎপন্ন মদ্য, কাঁঠালের মদ।

পানীয় ( পা পান করা+অনীয়—র্ম্ম ) সং, ক্লীং, জল। ২। পানার্হদ্রব্যবিশেষ, পানা, শরবৎ। ৩। বিং, ত্রিং, পেয়, পানযোগ্য। ৪। রক্ষণীয়।

পানীকাক } সং, পুং, পানিকৌড়ি।
পানীয়কাক }

পানীয়নকুল (পানীয় জল—নকুল বেঁজী) সং, পুং, জলমার্জ্জার, উদ্বিড়াল।

পানীয়পৃষ্ঠজ (পানীয় জল—পৃষ্ঠ উপরিভাগ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, জলের পানা।

পানীয়ফল ; সং, ক্লীং, শৃঙ্গাটক, শিঙড়।

পানীয়বর্ণিকা ; সং, স্ত্রীং, বালুকা, বালি।

পানীয়শালিকা (পানীয় জল—শালা স্থান +কণ্—যোগ) সং, স্ত্রীং, প্রপা, যে গৃহে জল থাকে, জলচ্ছত্র।

পান্থ ( পথিন্ রাস্তা+অ(ষ্ণ)—কুশলার্থে ) সং, পুং, পথিক, সর্ব্বদা ভ্রমণকারী।

পান্থনিবাস (Inn) সং, পুং, পথিকদিগের অবস্থিতি করিবার স্থান, যে স্থানে নবাগত ব্যক্তিরা ভাটক প্রদান পূর্ব্বক আপাততঃ অবস্থিতি করে।

পান্থশালা (পান্থ পথিক—শালা গৃহ) সং, স্ত্রীং, পথিক লোকদিগের আহারাদি করিবার গৃহ।

পাপ (পা [ ইহা হইতে ] রক্ষা করা+প—অপা) সং,ক্লীং,অধর্ম্ম, দুষ্কৃত। ২। অনিষ্ট।

৩। ( পাপ + অ(ক) – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পাপিষ্ঠ। ৪। পাপজনক।

পাপকৃৎ (পাপ – কৃৎ [কৃ করা + ০(ক্বিপ্) – ক] যে করে, ২য়া – ষ। অথবা পাপ – কৃ করা + ০(ক্বিপ্) – ক, ভূতকাল) বিং,ত্রিং, পাপিষ্ঠ, পাপকারী।

পাপগ্রহ ; সং, পুং, জ্যোতিষোক্ত গ্রহগণ ; যথা—"অর্দ্ধোনেন্দুঃ কুজো রাহুঃ শনিস্তৈ-র্যুত ইন্দুজঃ। রবিঃ পাপা স্তবস্ত্যেতে শুভাশ্চান্যে প্রকীর্ত্তিতাঃ।"

পাপঘ্ন (পাপ – ঘ্ন [হন্ নাশ করা + অ(টক্) – ক] নাশক) বিং, ত্রিং, পাপনাশক। ২। পুং, তিল।

পাপতি ( পত্ [যঙলুগন্ত] পুনঃ পুনঃ পতন + ই(কি) – ক ) বিং, ত্রিং, পুনঃ পুনঃ পতনশীল।

পাপপতি (পাপ অধর্ম্ম – পতি স্বামী) সং, পুং, উপপতি, জার।

পাপপুরুষ (পাপ – পুরুষ মনুষ্য) সং, পুং, মূর্ত্তিমান্ পাপ, পুরুষাকৃতি পাপ।

পাপভাক্ (পাপভাজ্,পাপ – ভাজ্[ভজ্ সেবা করা + ০(বিণ) – ক] যে সেবা করে, ২য়া – ষ) বিং, ত্রিং, পাপী, দুষ্কর্ম্মকারী।

পাপরোগ ( পাপ – রোগ পীড়া ) সং, পুং, বসন্তরোগ। [মৃগয়া, মৃগবধ।

পাপর্দ্ধি ( পাপ – ঋদ্ধি সমৃদ্ধি ) সং, স্ত্রীং,

পাপল ( পাপ + ল – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পাপগ্রাহক, অধর্ম্মবিশিষ্ট। ২। ক্লীং, পরিমাণবিশেষ।

পাপশমন ( পাপ দুষ্কৃত – শমন শান্তিকরণ ) বিং, ত্রিং, পাপনাশক। ২। সং, ক্লীং, পাপঘ্ন প্রায়শ্চিত্তবিশেষ।

পাপাত্মা } ( পাপাত্মন্, পাপ – আত্মন্
পাপাশয় } আত্মা,আশয়,৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, অধার্ম্মিক, পাপকারী, পাপিষ্ঠচিত্ত।

পাপিষ্ঠ } (পাপ + ইষ্ঠ – অত্যর্থে। পাপী-
পাপীয়ান্ } য়স, পাপ + ঈয়সু – অত্যর্থে) বিং, ত্রিং, অতি পাপী।

পাপী (পাপিন্, পাপ + ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পাপযুক্ত।

পাপোষ ( পা – পারস্য পোশিদন্ আবরণ-করা ) পা ঝাড়িবার জন্য আবরণ-বিশেষ।

পাপ্মা ( পাপ্মন্, পা [ইহা হইতে] রক্ষা করা + মন্ – অপা, প – আগম ) সং, পুং, পাপ।

পামন্ – ক্লীং } (পৈ শুষ্কহওয়া + মন্ – ক)
পামা – স্ত্রীং, } সং, খোস, পাঁচড়া। ২। চুল্‌কনা। [পুং, গন্ধক।

পামঘ্ন (পামন্ পাঁচড়া – ঘ্ন নাশকারী) সং,

পামন (পামন্ খোস + ন – অস্ত্যর্থে) বিং, ত্রিং, খোসোরোগী, কচ্ছুরোগবিশিষ্ট।

পামর (পামন্ খোসরোগ – র [রা গ্রহণকরা + অ(ড) – ক ] যে গ্রহণ করে) বিং, ত্রিং, অধম, নীচ, পাপিষ্ঠ। ২। মূর্খ।

পামরোদ্ধরা ( পামর [ এ স্থলে অর্থ পিত্ত ] নীচ – উদ্ধারা [উৎ সম্মুখে – হৃ হরণ করা + অ(অন্) – তা, র্ম্ম। আপ্ – স্ত্রী-লিঙ্গে] নাশকারিণী। যে পিত্ত নাশ করে) সং, স্ত্রীং, গুড়্চী।

পায় ( পা পান করা + অ – প্রং। য – আ-গম ) সং, ক্লীং, জল।

পায়রা (পারাবত শব্দজ) সং, কপোত।

পায়মাল (পারস্য, পামাল শব্দজ) বিং, পদ-দলিত। ২। নষ্ট, ধ্বংস।

পায়স ( পয়স + অ(ক) – বিকারার্থে) সং, পুং – ক্লীং, দুগ্ধশর্করাপক্ব অন্ন, পরমান্ন। ২। টার্পিন্ তৈল। ৩। চন্দন। ৪। বিং, ত্রিং, পয়ঃসম্বন্ধীয়।

পায়া (পারস্য) পদ। ২। চৌকির পা।

পায়িক ( পা রক্ষা করা + অক – প্রং, য, ই – আগম) সং, পুং, পদাতিক সৈন্য।

পায়ু ( পা রক্ষা করা + উণ্ – ক, অন্নাহার নিঃসরণ দ্বারা যে প্রাণীদিগকে রক্ষা করে) সং, পুং, গুহ্যদেশ, মলদ্বার।

পায্য (পা পানকরা + য(ঘ্যণ্) – ভাবে) সং, ক্লীং, পরিমাণ। ২। পান। ৩। (+ঘ্যণ্ – র্ম্ম) পানীয় জল। ৪। বিং, ত্রিং, নিন্দনীয়।

পার ( পার্ কর্ম্মসমাপ্ত হওয়া + অ – প্রং। অথবা পর + ষ – প্রং ) সং, ক্লীং, নদীর পরতীর। ২। উদ্ধার।

৩। (পৃ পূরণকরা, পালন করা+অ(ঘঞ্)—ক) পুং—ক্লীং, প্রান্ত। ৪। পুং, পারদধাতু। শিং—১ "পারংপরং বিষ্ণুরপারপারংপরং পরেভ্যঃ পরমার্থরূপী। স ব্রহ্মপরঃ পরপারভূতঃ সঃ পরাণামপি পারপারঃ।"

পারক (পৃ পূর্ণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, পটু, নিপুণ, সমর্থ। ২। পূর্ত্তিকারক। ৩। পালনকারক। ৪। প্রীতিকারক। ৫। ব্যায়ামকারক।

পারক্য (পর+কণ্—যোগ=পরক+য(ষ্ণ্য) হিতার্থে) ক্লীং, পরকীয়তা, পরাধীনত্ব। ২। সামর্থ্য। ৩। বিং,ত্রিং, পরলোকসংক্রান্ত। ৪। শত্রুসম্বন্ধীয়। ৫। পরকীয়। ৬। (পারক+য(ষ্ণ্য)—প্রং) ক্লীং,সামর্থ্য। ৭। পরলোকসুখদ আচরণ।

পারগ (পার অন্যতীর—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পারগামী। ২। সমর্থ।

পারগত (পার [জগতের] অপরতীর—গত প্রাপ্ত, গিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে পারে গমন করিয়াছে, পারপ্রাপ্ত। ২। উত্তীর্ণ। ৩। পবিত্র। ৪। সং, পুং, জৈন মুনি।

পারগ্রামিক (পর—গ্রাম + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, পরনগরাস্কন্দনোচিত। ২। বৈরী।

পারজায়িক (পর অন্য—জায়া স্ত্রী+ইক (ষ্ণিক)—আসক্ত্যর্থে) সং, পুং, পারদারিক, পরস্ত্রীগমনকারী।

পারটীট (পার+টীট—প্রং) সং,পুং, প্রস্তর।

পারণ—ক্লীং } (পার+অনট্—ভাবে। পারণা—স্ত্রীং } ২য়-পক্ষে+অন—ভাবে, আপ্) সং, উপবাসের পর প্রথম ভোজন। রোহিণী ব্রত ব্যতিরেকে সকল ব্রতের পারণ দিবাভাগে কর্ত্তব্য। ২। (পৃ-ণ্রি= পারি পূরণ করা+অনট্, অন—ভাবে) তৃপ্তি। ৩। (+অন—ক) পুং, মেঘ।

পারত (পার [পৃ পূর্ণ করা] পূর্ণতা—তন্ বিস্তার করা + অ(অন্)—ক। অথবা পৃ-ণ্রি=পারি + তন্—ক) সং, পুং, পারদ, পারা।

পারতন্ত্র্য (পরতন্ত্র অধীন+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, পরতন্ত্রতা, পরাধীনতা। অস্বায়ত্তত্তা।

পারত্রিক (পরত্র পরলোক+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, পারলৌকিক, পরলোকসম্বন্ধীয়।

পারদ (পার পূর্ণতা—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, ধাতুবিশেষ, পারা। ২। (পার অন্যতীর+) বিং, ত্রিং, পারদায়ী।

পারদণ্ডক (পার দৃঢ়তর—দণ্ডক দণ্ডকারণ্য) সং,পুং,উড়িষ্যা দেশের এক অংশ।

পারদর্শী (পারদর্শিন্, পার অপরতীর—দর্শিন্ যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, পরিণামদর্শী। ২। পর্য্যন্তদর্শী। ৩। বিজ্ঞ। ৪। পটু, সমর্থ।

পারদারিক (পর অন্য—দার স্ত্রী+ইক (ষ্ণিক)—আসক্ত্যর্থে) সং, পুং, পরস্ত্রীতে আসক্ত, পরস্ত্রীগামী।

পারদার্য্য (পর অন্য—দার স্ত্রী+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, পরদারগমন।

পারদেশ্য (পর অন্য—দেশ+য(ষ্ণ্য)—প্রং) সং, পুং, পরদেশগত, প্রবাসী।

পারদৃশ্বা (—দৃশ্বন্ পার—দৃশ্ দেখা+বন্ (ক্বনিপ্)—ক) বিং, ত্রিং, পারদর্শী দেখ।

পারমাণবাকর্ষণ (Molecular attraction, পারমাণব [পরমাণু+অ(ষ্ণ)—প্রং]—আকর্ষণ) সং, ক্লীং, পরমাণু সকলের পরস্পর আকর্ষণ।

পারমার্থিক (পরমার্থ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, পরমার্থসম্বন্ধীয়, ধর্ম্মসম্বন্ধীয়। ২। মঙ্গলজনক।

পারম্পর্য্য (পরম্পরা পরপর+য(ষ্ণ)—ভা) সং, ক্লীং, পরম্পরাগতি, অনুক্রম। ২। কুলাদি পরম্পরা।

পারম্পর্য্যোপদেশ (পারম্পর্য্য—উপদেশ) সং, পুং, উপদেশপরম্পরা, ঐতিহ্য।

পারয় (পৃ তুষ্ট করা+য়—প্রং) বিং, ত্রিং, তৃপ্তিকর, প্রীতিপ্রদ। ২। নিপুণ।

পারলৌকিক (পরলোক+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পরকালসম্বন্ধীয়। শিং

—১ "ধর্ম্ম একো মনুষ্যাণাং সহায়ঃ পারলৌকিকঃ।"

পারশব (পার—শব) সং,পুং,শূদ্রাতে ব্রাহ্মণজাত। ইহারা নিষাদজাতি। শিং—১ "যো ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎপাদয়েৎ সুতান্। স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ।" ২ "পরং শবাৎ ব্রাহ্মণস্যৈব পুত্রঃ শূদ্রাপুত্রং পারশবং তমাহুঃ।" ২। পরস্ত্রীতনয়। ৩। (পরশু + অ(ষ্ণ) —সম্বন্ধার্থে) অস্ত্রবিশেষ, লৌহময় অস্ত্র। ৪। লৌহ। ৫। বিং, ত্রিং, পরশুসম্বন্ধীয়।

পারশীক, পারসিক, পারসীক (পারশ্য, পারস্য+ঈক(ষ্ণীক) —প্রং)সং,পুং,পারস্যদেশজাত অশ্ব। ২। পারস্যদেশ; পারস্য রাজ্য। ৩। পুং, বহুং, পারস্য দেশীয় লোক। ৪। বিং, ত্রিং, তদ্দেশীয়।

পারশ্বধ, পারশ্বধিক (পরশ্বধ কুঠার+অ(ষ্ণ), ইক (ষ্ণিক)—প্রং) সং,পুং, পরশু দ্বারা যে যুদ্ধ করে, কুঠারধারী।

পারসী; সং, স্ত্রীং, পারস্য ভাষা। শিং—১ "জ্যেষ্ঠাশ্লেষা মঘা পূর্ব্বা রেবতী ভরণীদ্বয়ে। বিশাখাদ্রে ত্তরাষাঢ়াশতভে পারবাসরে। লগ্নে স্থিরে সচন্দ্রে চ পারসীমার বীংপঠেৎ।" ২। পারস্য দেশভবদ্রব্যাদি।

পারস্ত্রৈণেয়(পরস্ত্রী+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে, ইন্—আগম) সং, পুং, ক্ষেত্রজসন্তান, পরস্ত্রীজাতপুত্র।

পারা (পার দেখ, আপ্—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, নদীবিশেষ, পারিযাত্র পর্ব্বত হইতে নিঃসৃতা নদী।

পারাপত, পারাবত (পার [পৃ সমর্থ হওয়া+অ (ঘঞ্)—ক]বল—আপত[আ—পত্ পড়া+অ(অন্)—ক] পতিত। যে বল দ্বারা পতিত হয়। ২য়-পক্ষে—পার —অব্ রক্ষাকরা+অৎ(শতৃ)—ক,ক)সং, পুং, পায়রা। শিং—১ "ভবনবড়ভৌ সুপ্তপারাবতানাম্।"

পারাপার, পারাবার (পার এ পার—অপার, অবার অন্য পার) সং, পুং, সমুদ্র। ২। ক্লীং, নদী প্রভৃতির উভয় পার।

পারায়ণ (পার সমাপ্তি—অয়ন গমন) সং, ক্লীং, সম্পূর্ণতা,সমাপ্তি। ২। নিয়ম করিয়া সময়মধ্যে কোন গ্রন্থের সম্পূর্ণ পাঠ। পুরাণগ্রন্থের সম্পূর্ণ পাঠকেও পারায়ণ বলা যায়। ৩। (পর—অয়ন+ষ্ণ) অতি উৎকৃষ্ট স্থান।

পারায়ণিক (পারায়ণ + ইক(ষ্ণিক)—অধ্যয়নার্থে) সং, পুং, পারায়ণ-পাঠক।

পারারুক (পার পরতীর—ঋ গমন করা+ উক—প্রং) সং, পুং, প্রস্তর, পাতর।

পারাবত (পারাবতী দেশবিশেষ+অ(ষ্ণ)— ভবার্থে) সং, পুং, পায়রা। ২। মর্কট। ৩। তিন্দুক। ৪। গিরি। বতী—স্ত্রীং, নদী বিশেষ।

পারাবারীণ (পারাবার+ঈন(খীন)—গচ্ছত্যর্থে) বিং, ত্রিং, পারগামী।

পারাশর, পারাশর্য্য, পারাশরি (পরাশর+ অ(ষ্ণ), য(ষ্ণ্য), ই(ষ্ণি)—অপত্যার্থে, উক্তার্থে) সং, পুং, পরাশপুত্র, বেদব্যাস। ২। বিং, ত্রিং, পরাশরপ্রণীত (ধর্ম্মশাস্ত্র)।

পারিকাঙ্ক্ষী (—কাঙ্ক্ষিন্, পরি [জাগতিক ভোগাভিলাষ] ত্যাগ—কাঙ্ক্ষ্ আকাঙ্ক্ষা করা+ইন্—ক। অথবা পারিন্ [পার+ ইন্—প্রং] ব্রহ্মজ্ঞান—কাঙ্ক্ষিন্ যে আকাঙ্ক্ষা করে। কিংবা পারি [পর+ই— প্রং] পারমার্থিক সুখ—কাঙ্ক্ষিন্ যে আকাঙ্ক্ষা করে) সং,পুং, তপস্বী, তাপস।

পারিজাত, পারিজাতক (পরি-জাত যে জন্মিয়াছে, পরিজাত+অ(ষ্ণ)—প্রং। অথবা পারিন্ [পার+ইন্—প্রং] সমুদ্র— জাত, ৭মী—ষ। কন্—স্বার্থে) সং, পুং, সমুদ্রমন্থনোদ্ভূত স্বর্গীয় বৃক্ষ, সুরতরু, দেবতরু। ২। সুগন্ধিদ্রব্য-বিশেষ।

পারিণায্য (পরিণয়+য(ষ্ণ্য)—প্রাপ্ত্যর্থে, অথবা পরি চতুর্দ্দিকে—নী পাওয়া+য প্রং) বিং, ত্রিং, পরিণয়লব্ধ (ধন, যৌতুক)।

পারিণাহ্য (পরিণাহ+য(ষ্ণ্য)—অর্হার্থে। সং, ক্লীং, গৃহসামগ্রী, শয্যা আসন প্রভৃতি। শিং—১"শৌচে ধর্ম্মেঽন্নপক্ত্যাং

পরিণাহস্য চেক্ষণে।" (পরিণাহ=শয্যা আসন, কুণ্ড, কটাহাদি)।

পারিতথ্যা (পরি প্রত্যেক প্রকার [ভাঁক জমক]—তথা সেখানে+অ—প্রং) সং, স্ত্রীং, ললাটের অলঙ্কারবিশেষ, সিঁতি।

পারিতোষিক (পরিতোষ + ইক(ষ্ণিক)—দেয়ার্থে) বিং, ত্রিং, পরিতোষদত্ত, পরিতুষ্ট হইয়া যাহা দান করা যায়, পুরস্কার।

পারিন্দ্র (পারীন্দ্র দেখ) সং, পুং, সিংহ। ২। অজগর সর্প।

পারিন্ (পার+ইন্—প্রং) সং, পুং, সমুদ্র।

পারিপন্থিক (পরি চতুর্দ্দিকে—পথিন্ পথ+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, চোর।

পারিপাট্য (পরিপাটী+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, পরিপাটী, সুশৃঙ্খলা।

পারিপাত্র, পারিপাত্রক (পরি চতুর্দ্দিকে—পা রক্ষা করা+ত্র—প্রং, ষ্ণ। কণ্—যোগ) সং, পুং, পারিযাত্র পর্ব্বত, বিন্ধ্যপর্ব্বতের পশ্চিম মালবদেশের সীমাপর্ব্বত।

পারিপার্শ্বিক (পরি প্রায় [কর্ত্তার ইত্যাদি]—পার্শ্ব+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, সূত্রধারের পার্শ্ববর্ত্তী নট। ২। পারিষদ। ৩। (Satellites) উপগ্রহ, কোন বৃহৎ গ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ; যেমন—পৃথিবীর পারিপার্শ্বিক চন্দ্র। ৪। বিং, ত্রিং, পার্শ্ববর্ত্তী, পার্শ্বচর।

পারিপ্লব (পরিপ্লব+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, চঞ্চল। ২। কম্পমান। ৩। আকুল, কাতর। ৪। পুং, তীর্থবিশেষ। ৫। পঞ্চম মন্বন্তরে প্রকৃতিবিশেষ। ৬। আখ্যান বিশেষ।

পারিভদ্র (পরিভদ্র [পরি—সম্পূর্ণরূপে—ভদ্র সৌভাগ্য+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, পারিজাত বৃক্ষ।

পারিভদ্রক (পরিভদ্র [পরিভদ্র দেখ, কণ্—যোগ]+অ(ষ্ণ)—প্রং) সং, দেবদারু বৃক্ষ। ২। নিম্ববৃক্ষ।

পারিভাব্য (পরিভূ জামিন্+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, প্রতিভূত্ব, জামিনী। ২। (পরিভব [রোগ] পরাজয়+য(ষ্ণ্য)—প্রং) ঔষধ।

পারিভাষিক (পরিভাষা+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পরিভাষাসম্বন্ধীয়।

পারিমাণ্ডল্য (পরিমণ্ডল গোল+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, ন্যায়োক্ত—অসমবায়ি কারণশূন্য পরমাণুপরিমাণ।

পারিমুখ্য (পরিমুখ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অভিমুখতা, সম্মুখতা, বিদ্যমানতা।

পারিমুখিক (পরি চতুর্দ্দিকে—মুখ+ইক (ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, সম্মুখবর্ত্তী।

পারিযাত্র (পরি চতুর্দ্দিকে—যা গমন করা+ত্র, অ(ষ্ণ)—প্রং,অথবা পরিযাত্রা+ষ্ণ) সং, পুং, সপ্তকুলাদ্রির এক কুলপর্ব্বত বিশেষ। নৃপবিশেষ।

পারিযানিক (পরি চতুর্দ্দিকে—যান গমন+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, পথস্থিত রথ গাড়ি প্রভৃতি।

পারিরক্ষক (পারি[পর+ই—প্রং]পারমার্থিক সুখ—রক্ষক যে রক্ষা করে) সং, পুং, তাপস, তপস্বী। [ছত্র চামর সম্বন্ধীয়।

পারিবর্হ (পরিবর্হ+ষ্ণ) বিং, ত্রিং, রাজচিহ্ন

পারিষদ (পরিষদ্+অ(ষ্ণ)—তিষ্ঠত্যর্থে) সং, পুং, সভাসদ্, সভ্য। ২। বিং, ত্রিং, সভাসম্বন্ধীয়। [পুং, পারিষদ।

পারিষদ্য(পরিষদ্+য(ষ্ণ্য)—তিষ্ঠত্যর্থে) সং,

পারিহার্য্য (পরিহার+য(ষ্ণ্য)—প্রং) সং, পুং, করভূষণ, বলয়।

পারিহাস্য (পরিহাস+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং,পরিহাসের ভাব। ২। পরিহাস্য দ্বারা কৃত। শিং—১"সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বা।"

পারী (পৄ পূরণ করা+অ, ঈ—প্রং অথবা পার+ঈপ্) সং,স্ত্রীং, দোহনপাত্র, ভাণ্ড। ২। পুষ্পরেণু। ৩। জলরাশি। ৪। পুর। ৫। হস্তীর পাদবন্ধনরজ্জু। ৬। ভীর।

পারীক্ষিত (পরীক্ষিৎ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, পরীক্ষিতের পুত্র, জনমেজয়।

পারীণ (পার+ঈন(খীন)—গমনার্থে) বিং, ত্রিং, পারগ, পারগত।

পারীন্দ্র (পর অন্য [প্রাণী]—ইন্দ্র প্রভু, নিপাতন) সং, পুং, সিংহ। ২। অজগর সর্প।

পারু (পা রক্ষা করা+রু—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি।

পারুষ্য (পরুষ কর্কশ+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, কটুবাক্যের দাবি। ২। অপ্রিয় ভাষণ। শিং—১ "পারুষ্যমনৃতং চৈব পৈশুনং চাপি সর্ব্বশঃ। অসংবদ্ধপ্রলাপশ্চ বাঙ্‌ময়ং(কর্ম্ম)স্যাচ্চতুর্ব্বিধম্।" ৩। কার্কশ্য। ৪। বিবাদবিশেষ। ৫। অগুরুচন্দন। ৬। ইন্দ্রের উপবন। ৭। পুং, বৃহস্পতি।

পারেরক (পার[পর শত্রু+অ(ষ্ণ)—প্রং] শত্রু—ইর্ ভেদ করা+অক—প্রং) সং, পুং, খড়্গা।

পার্য্যট (পার [পর অন্য+অ—প্রং]—অট্ চেষ্টা করা+অ—প্রং। র=´) সং, ক্লীং, পাংশু, ধূলি।

পার্থ (পৃথা কুন্তী+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, পৃথা-পুত্র, যুধিষ্ঠিরাদি। (জ্যেষ্ঠ পাণ্ডবত্রয় পৃথাপুত্র হইলেও অর্জ্জুন এই নামে প্রসিদ্ধ হন)। ২। নির্জ্জিতবর্ম্মার পুত্র। ৩। গন্ধর্ব্ববিশেষ। ৪। অর্জ্জুনবৃক্ষ।

পার্থক্য (পৃথক্+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, পৃথকত্ব, বিভিন্নতা।

পার্থব (পৃথু বিশাল+অ(ষ্ণ)—ভাবার্থে) সং, ক্লীং, পৃথুতা, স্থূলতা।

পার্থিব (পৃথিবী+অ(ষ্ণ)—ঈশ্বরার্থে) সং, পুং, পৃথিবীশ্বর, রাজা। বী—স্ত্রীং, পৃথিবী-কন্যা, সীতা। ২। বিং, ত্রিং, পৃথিবী-সম্বন্ধীয়। ৩। ক্লীং, তগরপুষ্প।

পার্পর; সং, পুং, যম, কৃতান্ত।

পার্ব্বণ (পর্ব্বন্+অ(ষ্ণ)—কৃত বা দত্তার্থে) সং, পুং, অমাবস্যাদি পর্ব্বে কর্ত্তব্য শ্রাদ্ধ। ২। মৃগবিশেষ। ৩। বিং, ত্রিং, পর্ব্বসম্বন্ধীয়।

পার্ব্বত (পর্ব্বত গিরি+অ(ষ্ণ)—ইদমার্থে) সং, পুং, ঘোড়া নিমের গাছ। ২। বিং, ত্রিং, পর্ব্বতসম্বন্ধীয়।

পার্ব্বতী (পর্ব্বন্ শব্দজ, কিম্বা পর্ব্বত [হিমালয়] গিরি+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, পর্ব্বতকন্যা, গিরিজা, উমা, দুর্গা। শিং—১ "তিথিভেদে কল্পভেদে পর্ব্বতভেদপ্রভেদতঃ। খ্যাতৌ তেষু চ বিখ্যাতা পার্ব্বতী তেন কীর্ত্তিতা॥ মহোৎসববিশেষশ্চ পর্ব্বন্নিতি প্রকীর্ত্তিতম্। তস্যাধিষ্ঠাত্রী দেবী যা সা চ পার্ব্বতী কীর্ত্তিতা। পর্ব্বতস্য সুতা দেবী সাবির্ভূতা চ পর্ব্বতে। পর্ব্বতাধিষ্ঠাতৃদেবী পার্ব্বতী তেন কীর্ত্তিতা॥" ২। নদীবিশেষ, চর্ম্মণ্বতি বা চম্বলে মিলিতা হইয়াছে। ৩। শল্লকী। ৪। গোপালপুত্রিকা। ৫। দ্রৌপদী। ৬। জীবনী। ৭। সৌরাষ্ট্রমৃত্তিকা। ৮। ক্ষুদ্র পাষাণভেদা। ৯। ধাতকী। ১০। সৈংহলী।

পার্ব্বতীনন্দন (পার্ব্বতী—নন্দন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুমার, কার্ত্তিকেয়।

পার্ব্বতীয় (পর্ব্বত+ঈয় (ষ্ণীয়)—ভবার্থে অথবা পর্ব্বতীয়+ষ্ণ) বিং, ত্রিং, পর্ব্বত-জাত, পর্ব্বতসম্বন্ধীয়। ২। পর্ব্বতবাসী।

পার্শব (পর্শু কুঠার+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, পরশুধারী যোদ্ধা।

পার্শ্ব (পর্শু পার্শ্বাস্থি+অ(ষ্ণ)—প্রং অথবা স্পৃশ্ স্পর্শকরা+শ্বন্—র্ম্ম) সং, পুং—ক্লীং, কক্ষের অধোদেশ। ২। একদেশ, পাশ, ধার। ৩। সমীপ, নিকট। ৪। (পর্শু+অ(ষ্ণ)—সমূহার্থে) ক্লীং, পর্শুকাসমূহ।

পার্শ্বক (পার্শ্ব শঠতা+ক—স্বার্থে) বিং, ত্রিং, প্রতারণাপূর্ব্বক যে ধন অন্বেষণ করে। শিং—১ "কুস্বত্যা বিত্তবান্বেষী পার্শ্বক সন্ধিজীবকঃ।"

পার্শ্বক } পার্শ্বচর } (পার্শ্ব—গ, চর [গম্, চর্ গমন করা+অ(অন্), অ(ড)—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অনুচর, পার্শ্ববর্ত্তী ভৃত্য।

পার্শ্বপরিবর্ত্তন (পার্শ্ব—পরিবর্ত্তন ফেরা) সং, ক্লীং, পাশ-ফেরা। ২। ভাদ্রশুক্লএকা-দশীতে হরির পাশ ফেরা হেতু উৎসব-বিশেষ। এইদিনে ভগবান বামপার্শ্ব ত্যাগ করিয়া দক্ষিণপার্শ্বে শয়ন করেন।

পার্শ্বশূল (পার্শ্ব—শূল তীক্ষ্ণ যন্ত্রণা) সং, পুং—ক্লীং, শূলরোগবিশেষ।

পার্শ্বাস্থি (পার্শ্ব—অস্থি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পর্শুকা, পাঁজরা।

পার্ষত (পৃষৎ বিরাটনৃপ+অ(ষ্ণ)—অপ-ত্যার্থে) সং, পুং, ধৃষ্টদ্যুম্ন। ২। বিং, ত্রিং, বিরাটনৃপ সম্বন্ধীয়। তী—স্ত্রীং, দ্রৌপদী।

পার্ষদ (পর্ষদ্ সভা+অ(ষ্ণ)—ভিষ্ঠত্যর্থে) সং, পুং, পরিষদ, সভাসদ্।

পার্ষ্ণি (পৃষ্ সিক্ত করা+নি—র্ম্ম) সং, পুং—স্ত্রীং, গুল্‌ফের অধঃ, গোড়ালি। ২। সৈন্যের পশ্চাদ্ভাগ। ৩। পৃষ্ঠশত্রু। ৪। পৃষ্ঠদেশ। ৫। জিগীষা। শিং—১ "সৈন্য-পৃষ্ঠে পুমান্ পার্ষ্ণি পশ্চাৎ পদজিগী-ষয়োঃ।" ৬। স্ত্রীং, কুন্তী। ৭। উন্মত্তা স্ত্রী।

পার্ষ্ণিগ্রাহ (পার্ষ্ণি সৈন্যের পশ্চাদ্ভাগ—গ্রাহ যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, পশ্চাদ্বর্ত্তী শত্রু রাজা। ২। সৈন্যের পশ্চাদ্ধাবী। ৩। সৈন্যের পশ্চাদ্বর্ত্তী।

পার্ষ্ণিত্র (পার্ষ্ণি সৈন্যের পশ্চাদ্ভাগ—ত্রৈ রক্ষা করা+অ(ড)—ক) সং, ক্লীং, সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষাকারী সৈন্য।

পাল (পাল, পা-ণিচ্ রক্ষা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, রক্ষক। ২। প্রতিপালক। ৩। সং, পুং, দল, সমূহ। ৪। পিকৃদান্।

পালই (দেশজ) সং, ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের রাশি।

পালক (পাল, পা-ণিচ্ রক্ষা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, রক্ষক, পালনকর্ত্তা।

পালখ (পক্ষ শব্দজ) সং, পাখা, ডানা, পুচ্ছ।

পালঙ্ক (পাল রক্ষণ—অক যে গমন করে, বা দান করে) সং, পুং—স্ত্রীং, পালংশাক। ২। পুং, বাজপক্ষী।

পালন (পাল, পা-ণিচ্+অন(অনট্)—ভা) সং, ক্লীং, রক্ষা, পোষণ। ২। ভরণপোষণ। ৩। সদ্যপ্রসূতা গরুর ক্ষীর। ৪। সঙ্গীতে—"যে গীত দ্বারা কোমলকণ্ঠ স্ত্রীজাতিরা আপন আপন শিশু সন্তানদিগকে আসক্ত করে তাহাকে পালন বলা যায়।"

পালয়িতা (পালয়িতৃ, পাল দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, পালনকর্ত্তা, পালক।

পালা (পল্লব শব্দজ) সং, পল্লব। ২। বার, পর্য্যায়। ৩। কালনিরূপণ। ৪। কীর্ত্তন কিম্বা ধর্ম্মসম্বন্ধীয় সঙ্গীতের সম্পূর্ণ ইতিবৃত্তের কিয়দংশ। ৩। বিং, রক্ষিত, পোষা।

পালান (পলায়ন শব্দজ) সং, প্রস্থান। ২। পৌঁছন। (পল্যয়ন শব্দজ) ভারবাহী পশুদিগের পৃষ্ঠের গদি।

পালাশ (পলাশ পত্র বা এই বৃক্ষ+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, হরিতবর্ণ। ২। পলাশ-বৃক্ষসম্বন্ধীয়। ৩। সং, ক্লীং, তেজপাত।

পালাশখণ্ড (পালাশ পলাশবৃক্ষসম্বন্ধীয় ই-ত্যাদি—খণ্ড দেশ। যে দেশে পলাশ-বৃক্ষ প্রচুর আছে) সং, পুং, মগধদেশ, বেহার।

পালি } (পাল্ রক্ষা করা+ই—র্ম্ম, ঈপ্—
পালী } বিকল্পে) সং, স্ত্রীং, রাশি। ২। শ্রেণী, পঙ্‌ক্তি। ৩। প্রান্তভাগ। ৪। প্রদেশ। ৫। খড়্গের তীক্ষ্ণধার। ৬। ক্রোড়। ৭। কোণ। ৮। সেতু। ৯। প্রশংসা-বচন। ১০। হাঁড়ি। ১১। পালা। ১২। ছাত্রাদিদেয় বৃত্তি। ১৩। খোঁড়। ১৪। কেশকীট, উকুণ। ১৫। শ্মশ্রুলা স্ত্রী। ১৬। অতি প্রাচীন ভাষা-বিশেষ, মাগধী ভাষা।

পালিকা (পালী+কণ্—স্বার্থে) সং, স্ত্রীং, অস্ত্রের তীক্ষ্ণ ধার।

পালিত (পাল, পা-ণিচ্+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত। ২। পোষিত। ৩। বর্দ্ধিত।

পালো (দেশজ) সং, ঔষধবিশেষ। ২। গুঁড়া।

পালোয়ান (পারস্য) বীর।

পাল্‌টন (দেশজ) সং, বদল, পরিবর্ত্তন।

পাল্লা (পারস্য) সং, তৌলকরণের পাত্র, তরাজু।

পাবক (পূ পবিত্র করা+অক(ণক)—ক। সহদেব অগ্নিকে স্তুতি করিতেছেন, "আপনি জগৎকে পবিত্র করিতেছেন।" এই জন্যে আপনার নাম পাবক হই-য়াছে) সং, পুং, অগ্নি। ২। বৈদ্যুতাগ্নি। ৩। সদাচারী ব্যক্তি। ৪। বহ্নিমন্থ। ৫। চিত্রক। ৬। ভল্লাতক। ৭। বিড়ঙ্গ। ৮। রক্তচিত্রক। ৯। কুসুম্ভ। ১০। বিং, ত্রিং, পবিত্রকারক।

পাবকি (পাবক+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, পাবকপুত্র, কার্ত্তিকেয়। শিং—১ "কথং তং কৃত্তিকাপুত্রমুক্তবান্ তং সুরং গুরুং। কথঞ্চ পাবকিরসৌ কথং বা মাতৃ-নন্দনঃ।"

পাবন (পূ-ণিচ্=পাবি শুদ্ধকরান+অন—ক)

বিং, ত্রিং, পবিত্র। ২। শোধক, পবিত্রকারক। ৩। (+অন—ভাবে) ক্লীং, পবিত্রীকরণ। ৪। (+অন—ণ) জল। ৫। রুদ্রাক্ষ। ৬। গোময়। ৭। প্রায়শ্চিত্ত। ৮। (+অন—ক) পুং, অগ্নি। ৯। ব্যাসদেব। ১০। সিহ্লক। ১১। পীত। ১২। ভৃঙ্গরাজ। ১৩। বিষ্ণু।

পাবনধ্বনি (পাবন—ধ্বনি শব্দ) সং, পুং, শঙ্খ। ২। পবিত্র শব্দ।

পাবনি (পবন+ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, পবনপুত্র, হনূমান।

পাবনী (পাবন+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "ক্ষৌণীপৃষ্ঠে লুঠন্তী দুরিতচয়মুনির্ভরং ভর্ৎসয়ন্তী পাথোধিং পূরয়ন্তী সুরনগরসরিৎ পাবনী নঃ পুনাতু।" ২। হরীতকী। ৩। তুলসী। ৪। গাভী।

পাশ (পাশি বন্ধন করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, রজ্জু, দড়ি। ২। অস্ত্রবিশেষ। ৩। সূত্র। ৪। ফাঁদ। ৫। (কেশবাচক শব্দের পর প্রযুক্ত হইলে) 'গোছা, সমূহ'। ৬। (কর্ণবাচক শব্দের পর বসিলে) 'সুন্দর'। ৭। (ছত্র ভিষক্ প্রভৃতি শব্দের পর থাকিলে) 'কুৎসিত'। ৮। (পার্শ্ব শব্দজ) সং, পার্শ্ব। —শা (পাশক শব্দজ) সং, অক্ষ, চৌপাড়। ২। কর্ণভূষণ।

পাশক (পাশি বন্ধন করা+অক(ণক)—ক) সং, পুং, পাশা, অক্ষ।

পাশপাণি } (পাশ রজ্জু—পাণি, ৬ষ্ঠী—
পাশভৃৎ } হিং। পাশ—ভৃৎ [ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, বরুণ।

পাশব (পশু+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, পশুপাল, পশুসমূহ। ২। বিং, ত্রিং, পশুসম্বন্ধীয়। [ক্লীং, ঘাস, তৃণ।

পাশবপালন (পাশব—পালন পোষণ) সং,

পাশিত (পাশ রজ্জু+ইত—প্রং) বিং, ত্রিং, পাশযুক্ত। ২। বদ্ধ।

পাশী (পাশিন্, পাশ রজ্জু+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বরুণ। ২। ব্যাধ। ৩। যম। ৪। ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। ৫। বিং, ত্রিং, পাশঅস্ত্রধারী।

পাশীকৃত (পাশ রজ্জু—কৃত। ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, পাশবদ্ধ, দড়ি দিয়া বাঁধা।

পাশুপত (পশুপতি+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, পশুপতির উপাসক, শৈব। ২। বকপুষ্প। ৩। বিং, ত্রিং, শিবসম্বন্ধীয়। ৪। ক্লীং, শিবের অস্ত্রবিশেষ। ৫। ব্রতবিশেষ; দ্বাদশীতে একাহার, ত্রয়োদশীতে অযাচিত ব্রত, চতুর্দ্দশীতে নক্ত ব্রত ও তৎপরদিন-উপবাস দ্বারা এই ব্রত করিতে হয়।

পাশুপতাস্ত্র (পাশুপত—অস্ত্র) সং, ক্লীং, শিবের ত্রিশূল।

পাশুপাল্য (পশুপাল যে গো মহিষ্যাদি পালন করে+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বৈশ্যবৃত্তি, পশুপালন কর্ম্ম।

পাশ্চাত্য } (পশ্চাৎ+য(ষ্ণ্য)—ভবার্থে।
পাশ্চাত্ত্য } পশ্চাৎ+ত্যণ্) বিং, ত্রিং, পশ্চিমদেশীয়। ২। পশ্চিমদিকস্থ। ৩। পশ্চাৎস্থিত। ৪। সং, পুং, যবন।

পাশ্যা (পাশ+য—প্রং) সং, স্ত্রীং, পাশসমূহ।

পাষক; সং, পুং, পাদাভরণবিশেষ, পাযুলী। শিং—১ "রত্নপাশকষট্‌কৈশ্চ বিরাজিত পদাঙ্গুলৈ।"

পাষণ্ড } (পাপ—সন্ দান করা+ড—
পাষণ্ডক } ক, নিপাতন। অথবা পা
পাষণ্ডী } বেদধর্ম্ম—ষণ্ড নিষ্ফল করা। শিং—১ "পালনাচ্চ ত্রয়ীধর্ম্মঃ পাশব্দেন নিগদ্যতে। যণ্ডয়ন্তি তু তং যস্মাৎ পাষণ্ডাস্তেন কীর্ত্তিত।" ২য় পক্ষে—কণ্—যোগ। ৩য় পক্ষে—পাষণ্ডিন্, পাষণ্ড+ইন্—স্বার্থে অথবা পাপ—সন+ডিন্—ক) সং, পুং, বেদবিরুদ্ধাচারী, বিধর্ম্মী। ২। বৌদ্ধক্ষপণকাদি। ৩। নাস্তিক। ৪। ধর্ম্মবহিষ্কৃত। ৫। সদাচার-ভ্রষ্ট। ৬। পামর।

পাষাণ (পিষ্ [মসালা] চূর্ণ করা+আন—ধি) সং, পুং, প্রস্তর, শিলা। ণী—স্ত্রীং, ক্ষুদ্রপাষাণ, বাট্‌খারা।

পাষাণদারক } (পাষাণ প্রস্তর—দারক,
পাষাণদারণ } দারণ [দার্ বিদারণ করা+অনট্—ণ] যে বিদারণ করে) সং, পুং, পাষাণভেদক অস্ত্র, টঙ্ক, টাঙি। ২। ক্লীং, বিদীর্ণপ্রস্তরভাগ।

পাসোরা (দেশজ) সং, বিস্মৃতি, ভ্রম।
পাহাড় (দেশজ) সং, পর্ব্বত, গিরি।
পিঁজরা (পিঞ্জর শব্দজ) সং, খাঁচা।
পিঁপীড়া, পিপীড়া (পিপীলিকা শব্দজ) সং, কীটবিশেষ।
পিঁপুল (পিপ্পলী শব্দজ) সং, ফলবিশেষ।
পিক—পুং, পিকী—স্ত্রীং (পি অনুকরণ শব্দ—কৈ শব্দ করা+অ(ড)—ক, ঈপ্) সং, কোকিল, কোকিলা শিং—১ "কাকঃ কৃষ্ণঃ পিকঃ কৃষ্ণঃ কো ভেদঃ পিককাকয়োঃ। বসন্তসময়ে প্রাপ্তে কাকঃকাকঃ পিকঃপিকঃ।"
পিক্‌দান (যবনভাষা) সং, নিষ্ঠীবনপাত্র।
পিকবন্ধু, পিকবল্লভ, পিকরাগ, (পিক কোকিল—বন্ধু, বল্লভ, রাগ) সং, পুং, আম্রবৃক্ষ।
পিকাঙ্গা; সং, পুং, পক্ষিবিশেষ।
পিকানন্দ (পিক কোকিল—আনন্দ, ৭মী—হিং) সং, পুং, বসন্তকাল।
পিকী; সং, স্ত্রীং, (পিক দেখ)।
পিকেক্ষণা (পিক—ঈক্ষণ চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং, আপ্—স্ত্রীং) বিং, স্ত্রীং, কোকিল চক্ষুর ন্যায় চক্ষুর্বিশিষ্টা।
পিক্ক (পিক্ক্ অনুকরণ শব্দ—কৈ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, হস্তিশাবক। ক্কা—স্ত্রীং, মুক্তাপরিমাণভেদ।
পিঙ্গ (পিন্‌জ্ রংযুক্তহওয়া+অ(ঘঞ)—ণ) সং, পুং, নীলপীতমিশ্রিতবর্ণ। শিং—১ পিঙ্গো দীপশিখাভঃ স্যাৎ পিঙ্গলঃ পদ্মধুলিবৎ"। ২। মূষিক। ৩। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত। ৪। ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ। ৫। হরিতাল। ৬। শাবক। ঙ্গা—স্ত্রীং, গোরোচনা। ২। হরিদ্রা। ৩। দুর্গা। ৪। হিঙ্গু। ৫। নাড়ী। ৬। বংশলোচন। ঙ্গী—স্ত্রীং, শমীবৃক্ষ।
পিঙ্গকপিশা (পিঙ্গ পিঙ্গলবর্ণ—কপিশ মেটিয়া বর্ণ) সং, স্ত্রীং, তৈলপায়িকা।
পিঙ্গচক্ষুঃ (—চক্ষুস্) সং, পুং, কুম্ভীর।
পিঙ্গজট (পিঙ্গ পিঙ্গলবর্ণ—জটা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব।
পিঙ্গল (পিঙ্গ দেখ, অল(অলচ্)—ণ, অথবা পিঙ্গ+ল—অস্ত্যর্থে) সং, পুং, নীলপীতমিশ্রিত বর্ণ, পীতের আভাযুক্ত গাঢ় নীল। ২। নাগবিশেষ। শিং—১"পিশঙ্গো রোচনা পাণ্ডুঃ কদ্রুঃ কনকপিঙ্গলাঃ।" ।৩। নিধিবিশেষ। ৪। মুনিবিশেষ। ৫। বানর। ৬। অগ্নি। ৭। নেউল। ৮। বিষবিশেষ। ৯। একাদশ রুদ্রের একজন। ১০। সূর্য্যের পারিপার্শ্বিক। ১১। মঙ্গলগ্রহ। ১২। বৎসরবিশেষ। ১৩। ক্ষুদ্রপেচক। ১৪। ছন্দোশাস্ত্রকার আচার্য্যবিশেষ; ইনি পিঙ্গলনাগ নামে বিখ্যাত। ১৫। পিঙ্গলাচার্য্যকৃত ছন্দোগ্রন্থবিশেষ। শিং—১"অথ ছন্দঃশাস্ত্রকর্ত্তুঃ পিঙ্গলাচার্য্যস্য স্তুতিরূপং মঙ্গলং নির্ব্বিঘ্নগ্রন্থপরিসমাপ্তয়ে গ্রন্থকৃৎ করোতি।" ১৬। বিং, ত্রিং, কপিলবর্ণযুক্ত। ১৭ লা—স্ত্রীং, দক্ষিণদিগ্‌গজ বামনের পত্নী। ২। নাড়ীবিশেষ। ৩। বেশ্যাবিশেষ; একদা সঙ্কেতস্থানে প্রিয়জন কর্ত্তৃক বঞ্চিতা হইয়া নিতান্ত দুঃখে শান্তবুদ্ধিপ্রাপ্ত হইয়া ভগবানে মানস ন্যস্ত করিয়া পরমগতি লাভ করিয়াছিল। ৪। শিংশপাবৃক্ষ।
পিঙ্গললৌহ; সং, ক্লীং, পিত্তল, পিতল।
পিঙ্গলিকা (পিঙ্গল+ক—প্রং) সং, স্ত্রীং, বলাকা, বকশ্রেণী।
পিঙ্গসার, সং, পুং, হরিতাল।
পিঙ্গাস্ফটিক; সং, পুং, গোমেদমণি।
পিঙ্গাক্ষ, পিঙ্গেক্ষণ (পিঙ্গ পিঙ্গলবর্ণ—অক্ষি, ঈক্ষণ=চক্ষুঃ+অ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। ২। ব্যাধবিশেষ। ৩। বিং, ত্রিং, যাহার চক্ষুঃ পিঙ্গলবর্ণ। ক্ষী—স্ত্রীং, কুমারানুচর মাতৃবিশেষ।
পিঙ্গাশ (পিঙ্গ পিঙ্গলবর্ণ—আশ [অশ্ ভক্ষণকরা+অ—প্রং] মাংস) সং, পুং, পল্লীর প্রধান ব্যক্তি। ২। পাঙ্গাশমাছ। ৩। ক্লীং, জাত্যস্বর্ণ। শী—স্ত্রীং, নীলিকা।
পিচ (দেশজ) সং, বৃক্ষবিশেষ। ২। ফলবিশেষ।
পিচণ্ড, পিচিণ্ড (অপি নিশ্চয়—চম্ ভক্ষণ করা+অ(ড)—ক) সং, পুং, উদর, পেট, ভুঁড়ি। ২। পশুর অবয়ব।
পিচণ্ডিল, পিচিণ্ডিল (পিচণ্ড, পিচিণ্ড+ইল

—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ উদরযুক্ত, ভুঁড়িওয়ালা।

পিচব্য (পিচু কার্পাস+য—প্রং) সং, পুং, কার্পাসবৃক্ষ।

পিচু (পিচ্ [সৌত্র ধাতু] মুছা+উ(চুক্) —র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, কার্পাসতুলা। ২। পরিমাণবিশেষ। ৩। অসুরবিশেষ। ৪। কুষ্ঠবিশেষ। ৫। ভৈরব। ৬। শস্যবিশেষ।

পিচুক ; সং, পুং, মদনবৃক্ষ, ময়নাগাছ।

পিচুতুল ; সং, ক্লীং, তুলবিশেষ।

পিচুমর্দ্দ, পিচুমন্দ (পিচু কুষ্ঠবিশেষ—মর্দ্দ [মৃদ্ মর্দ্দনকরা+অ(অন্)—ক) যে মর্দ্দন করে, ২য়া—ষ) সং, পুং, নিমগাছ।

পিচুটি (পিঞ্জটশব্দজ) সং, নেত্রমল, দূষিকা।

পিচুল (পিচু কার্পাসতুলা—লা গ্রহণকরা +অ(ড)—ক) সং, পুং, ঝাবুক, ঝাউগাছ। ২। কার্পাস। ৩। জলবায়স।

পিচ্চট (পিচ্চ্ ছেদকরা+অট(অটন্)—ক) সং, ক্লীং, সীসক, সীসা। ২। রঙ্গ, রাং। ৩। পুং, নেত্ররোগবিশেষ।

পিচ্ছ (পিচ্ছ্ পীড়নকরা+অ(অন্)—ক) ক্লীং, ময়ূরপুচ্ছ। ২। চুড়া। ৩। পুং, লাঙ্গুল।

পিচ্ছল (পিচ্ছ+অল(কলচ্)—ক) বিং, ত্রিং, পিচ্ছিল।

পিচ্ছলদলা (পিচ্ছিল বৃক্ষ—দল পত্র, পিচ্ছিল=পিচ্ছল) সং, স্ত্রীং, কুলগাছ।

পিচ্ছবাণ ; সং, পুং, শ্যেনপক্ষী।

পিচ্ছা (পিচ্ছ্ ভাগকরা+অ(অল্)—র্ম্ম, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ভাতের মণ্ড। ২। সর্পের লাল। ৩। পুগবৃক্ষ। ৪। পঙ্‌ক্তি, শ্রেণী। ৫। অশ্বের পায়ের ঘা। ৬। কোষ। ৭। মোচা। ৮। শিশুগাছ।

পিচ্ছিকা (পিচ্ছ+ইক—প্রং) সং, স্ত্রীং, পিচ্ছসমূহ। ২। চামরবিশেষ। শিং—১ পিচ্ছিকাং ভ্রাময়িত্বা বহুবিধং হাস্যং কৃত্বা পণমহইং দদস চরণে ইদং অলিং অপিণা কুলামন্ম।"

পিচ্ছিল (পিচ্ছ! ফেন+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, হড়্‌হড়ে, পিছলা। ২। পিচ্ছযুক্ত। ৩। সরস ব্যঞ্জনাদি। ৪। সূপাদি। ৫। স্নিগ্ধ সূপাদি। ৬। মণ্ডযুক্ত ভাত। ৭। জলযুক্ত ব্যঞ্জন। ৮। পুং, শ্লেষ্মাতক বৃক্ষ। লা—স্ত্রীং, পোতিকা। ২। শিংশপাবৃক্ষ। ৩। শিমূলগাছ। ৪। কোকিলাক্ষ। ৫। বৃশ্চিকালুপ। ৬। শূলীতৃণ। ৭। অতসী। ৮। কচ্বী।

পিচ্ছিলক (পিচ্ছিল দেখ, কণ্—যোগ) সং, পুং, ধবনবৃক্ষ।

পিচ্ছিলচ্ছদা ; সং, স্ত্রীং, উপোদকী।

পিচ্ছিলত্বক্ ; সং, পুং, নাগরঙ্গ বৃক্ষ। ২। ধবনবৃক্ষ।

পিচ্ছিলসার ; সং, পুং, মোচরস।

পিছন (দেশজ) সং, পশ্চাদ্বর্ত্তী হওন। ২। নিবর্ত্তন।

পিছল, পিছলা (পিচ্ছিলশব্দজ) বিং, আটাহীন, গড়ানিয়া।

পিঞ্জ (পিন্‌জ্ আঘাতকরা, বধকরা+অ (+অল্)—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাকুল, কাতর। ২। (+অল্—ণ) সং, ক্লীং, বল, শক্তি। ৩। (অল্—ভাবে) পুং, বধ, হত্যা। ৪। কর্পূরভেদ।

পিঞ্জট (পিন্‌জ্ মিলিতহওয়া+অট(অটন্) —ক) সং, পুং, নেত্রমল, পিচুটী। শিং—১"দূষীকা দূষিকা দূষিঃ পিঞ্জেটপিঞ্জটাবপি।"

পিঞ্জন (পিন্‌জ্ স্পর্শকরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, তুলাফোড়া ধনুঃ, ধুনুখারা। ২। (+অনট্—ভাবে) তুলা ফোড়া।

পিঞ্জর (পিঞ্জ বাসকরা, পিঙ্গলবর্ণ হওয়া+অর—র্ম্ম) সং, ক্লীং, পিঁজরা। ২। স্বর্ণ। ৩। পুং, পীতবর্ণ অশ্ববিশেষ। ৪। (+অর —ণ) পিঙ্গলবর্ণ। ৫। পীতরক্তবর্ণ। ৬। ক্লীং, হরিতাল। ৭। দেহাস্থিপুঞ্জ। ৮। বিং, ত্রিং, পীত বা পিঙ্গলবর্ণ যুক্ত।

পিঞ্জল (পিন্‌জ্ বধকরা ইত্যাদি+অল (অলচ্)—র্ম্ম) সং, পুং, অতিশয় ব্যাকুল সৈন্যাদি। ২। ক্লীং, হরিতাল। ৩। কুশপত্র। ৪। বিং, ত্রিং, পিঞ্জরবর্ণবিশিষ্ট। ৫। ব্যাকুল। লী—স্ত্রীং, কুশান্তর বেষ্টিত প্রাদেশ মাত্রসাগ্র কুশপত্র দ্বয়, পবিত্র।

যথা—"অনন্তর্গর্ভিণং সাগ্রং কৌশং দ্বিদলমেবচ। প্রাদেশমাত্রং বিজ্ঞেয়ং পবিত্রং যত্র কুত্রচিৎ। এতদেব হি পিঞ্জল্যা লক্ষণং সমুদাহৃতং।"

পিঞ্জা (পিন্‌জ্ হিংসাকরা+অ—প্রং) সং, স্ত্রীং, তুলা। ২। হরিদ্রা। ৩। হিংসা। ৪। ছড়ী।

পিঞ্জান (পিন্‌জ্ দীপ্তিপাওয়া+আন(শান)—ক) সং, ক্লীং, স্বর্ণ।

পিঞ্জিকা (পিঞ্জি তুলা+কণ্—যোগ) সং, স্ত্রীং, পাঁইজ।

পিঞ্জুল (পিন্‌জ্ বধকরা+উল—সংজ্ঞার্থে) সং, ক্লীং, শলিতা।

পিঞ্জূষ (পিন্‌জ্ পিঙ্গলবর্ণহওয়া+উষ—প্রং) সং, পুং, কর্ণমল, কাণের খোল।

পিঞ্জেট; সং, পুং, নেত্রমল, পিচুটি।

পিঞ্জোলা; সং, স্ত্রীং, পাতার শব্দ।

পিট, পিটক (পিট্ মিলিতহওয়া+অ(ক)—বি, কণ্—স্বার্থে) সং, পুং, পেটারি চুপড়ী প্রভৃতি। ২। ধান্যরক্ষার্থ ডোল। ৩। ত্রিং, বিস্ফোট।

পিটঙ্কোকী; সং, স্ত্রীং, ইন্দ্রবারুণী।

পিটঙ্কাশ; সং, পুং, পর্ব্বতোর্ম্মি মৎস্য।

পিটন (দেশজ) আঘাতকরণ, প্রহারকরণ, মারণ, তাড়ন। [পেষিত তণ্ডুল।

পিটলী (দেশজ) বৃক্ষবিশেষ। ২। জলযুক্ত

পিটাক (পিট্ সংগ্রহকরা+আক—প্রং) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনি।

পিট্টক (পিট্ সংগ্রহকরা+ত—প্রং। ক—যোগ) সং, স্ত্রীং, দন্তমল, দন্তকিট্টক, দাঁতের ছাতা।

পিঠা (পিষ্টক শব্দজ) সং, পূপ। ২। বিং, আঘাতিত। —লী, জলযুক্ত পেষিত তণ্ডুল। ২। বৃক্ষবিশেষ। [খণ্ড।

পিট্‌না (দেশজ) সং, মুদ্গার, পিটিবার কাষ্ঠ-

পিঠর, পিঠকর—পুং } (পিঠ ক্লেশ—রা
পিঠরী—স্ত্রীং } গ্রহণ করা+অর
(করন্)—ক, কণ্—যোগ) সং, পুং, পাত্র, হাঁড়ি। ২। পেটারি। ৩। পুং, মন্থনদণ্ড।

পিড়ক (পিড় রাশিকরা+অক—প্রং) সং, পুং, কা—স্ত্রীং, ব্রণ, ফোড়া, ফুস্কুড়ি।

পিড়া, পিড়ী (পীঠশব্দজ) সং, বেদী। ২। কাষ্ঠাসন।

পিণ্ড (পিণ্ড্ রাশিকরা+অ(অল্)—র্ম্ম) পুং—ক্লীং, গোলাকৃতিক্ষুদ্ররাশি, গোলবস্তু; যথা—লোহপিণ্ড। ৩। ডেলা। ৪। অন্নের ডেলা। "ভীমাপবর্জ্জিতং পিণ্ডমাদত্তে গৃহপালবৎ।" ৫। পিতৃলোকে প্রদেয় বর্ত্তুলাকার খাদ্য সামগ্রীর গ্রাস। শিং—১ "পতন্তি পিতরো হেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ।" ৬। শরীর। ৭। মাংস। ৮। ভোজনীয় বস্তু। ৯। গ্রাস। ১০। দেহৈকদেশ। ১১। গৃহৈকদেশ। ১২। বল। ১৩। পুঞ্জ। ১৪। সমূহ। ১৫। গজকুম্ভ। ১৬। ক্লীং, যজুর্ব্বেদীয়দিগের পিতৃদেয় বর্ত্তুল ভক্ষ্যবস্তু। ১৭। খাদ্যদ্রব্য। ১৮। জীবিকা। ১৯। লৌহ। ২০। বিং, ত্রিং, সংহত। ২১। সান্দ্র।

পিণ্ডক (পিণ্ড+কণ্—যোগ) সং, পুং, সিহ্লনাম গন্ধদ্রব্য বিশেষ। ২। পিশাচ। ৩। পিণ্ডালু। ৪। ক্লীং, বোল। ৫। পিণ্ডমূল।

পিণ্ডখর্জ্জূর; সং, পুং, রী—স্ত্রীং, পিণ্ডিখেজুরের গাছ। ২। পিণ্ডখেজুর।

পিণ্ডদ (পিণ্ড—দ [দা দানকরা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, পিণ্ডদানকর্ত্তা, যে পিণ্ড দেয়। শিং—১ লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্। (স্মৃতি)। ২। অন্নদাতা।

পিণ্ডপদ; সং, ক্লীং, অঙ্কবিশেষ। শিং—১ একীকৃতং রসনিশাকর যুগ্মভুক্তশেষং ততো ভবতিপিণ্ডপদং গৃহস্য।" ২। পিণ্ডস্থান।

পিণ্ডপাদ (পিণ্ড মাংসপিণ্ড—পাদ চরণ) সং, পুং, হস্তী।

পিণ্ডপুষ্প (পিণ্ড—পুষ্প) সং, ক্লীং, অশোকপুষ্প। ২। জবাফুল। ৩। পদ্মপুষ্প। ৪। তগরপুষ্প।

পিণ্ডল (পিণ্ড [মৃত্তিকা ইত্যাদির] রাশি—লা পাওয়া+অ(ড)—ক) সং, পুং, সেতু, সাঁকো।

পিণ্ডস (পিণ্ড অন্নের ডেলা ইত্যাদি—সদ্

গমন করা বা পাওয়া+অ—ক) সং, পুং, ভিক্ষোপজীবী, ভিখারী।

পিণ্ডাভ্র (পিণ্ড গোলাকৃতি বস্তু—অভ্র মেঘ) সং, ক্লীং, করকা, শিল।

পিণ্ডায়স (পিণ্ড সংহত—অয়স্ লৌহ) সং, ক্লীং, ইস্পাত।

পিণ্ডার (পিণ্ড রাশি—ঋ গমনকরা+অ (ঘঞ্)—র্ম্ম) সং, পুং, ক্ষপণক। ২। গোপ। ৩। মহিষীরক্ষক। ৪। বৃক্ষবিশেষ। ৫। নাগবিশেষ। ৬। বলরামের কনিষ্ঠ। ৭। তীর্থবিশেষ। ৮। ক্লীং, শাকবিশেষ। শিং—১"পিণ্ডারং শীতলং বল্যং পিত্তনাশি রুচিপ্রদম্।"

পিণ্ডালু; সং, পুং, কন্দগুড়ূচী। ২। পেড়ালু। চুবড়ি আলু।

পিণ্ডি, পিণ্ডিকা, পিণ্ডী (পিণ্ড্ সংহতহওয়া+ই—র্ম্ম। যেখানে চক্রদণ্ড সংহত হয়) সং, স্ত্রীং, রথাদিচক্রের মধ্যমণ্ডল। ২। চক্রের মধ্যভাগ। ৩। কক্ষ বা জানুর অধঃস্থ মাংসল প্রদেশ, পায়ের ডিম, পার গোছ। ৪। অলাবু। ৫। খেজুর গাছ। ৬। ভক্ষ্যপিণ্ড। ৭। শ্বেতাম্লি। ৮। পীঠ।

পিণ্ডিত (পিণ্ড্ রাশিকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গণিত। ২। গুণিত। ৩। ঘন, সান্দ্র। ৪। সংহত। ৫। পিণ্ডাকৃতীভূত। ৬। পুং, তুরস্ক।

পিণ্ডিল (পিণ্ড রাশি ইত্যাদি+ইল—প্রং) সং, পুং, সেতু, সাঁকো। ২। গণক।

পিণ্ডী; সং, স্ত্রীং, পিণ্ডীতগর। ২। অলাবু। ৩। খর্জ্জূরবিশেষ। ৪। জ্ঞান নিরূপণার্থক উপন্যাস। ৫। পিণ্ডিকা, পিণ্ড। শিং—১ "নীতায় তুরগায়াশু ভক্তপিণ্ডীং সুগন্ধিনীম্। দদ্যাৎ পুরোহিতস্তত্র সংমন্ত্র্য শান্তিমন্ত্রকৈঃ।" (পিণ্ডিন্)। বিং, ত্রিং, শরীরী। যথা—"লিঙ্গং বিনা যথা পিণ্ডী জয়শ্রীস্ত্বাং বিনা তথা।"

পিণ্ডীতক; সং, পুং, মদনবৃক্ষ। ২। ফণিজ ঝক।

পিণ্ডীতগর; সং, পুং, তগর বিশেষ।

পিণ্ডীপুষ্প; সং, পুং, অশোকবৃক্ষ।

পিণ্ডীর (পিণ্ড গোলাকৃতি বস্তু—ঋ [গমনকরা] সমতুল্যহওয়া+অ—প্রং, নিপাতন) সং, পুং, দাড়িম্ববৃক্ষ। ২। হিণ্ডীর। ৩। বিং, ত্রিং, নীরস।

পিণ্ডীশূর (পিণ্ডী গৃহ—শূর বীর) সং, পুং, স্ত্রীবৎ ভীত অথচ আত্মশ্লাঘাকারী, পরদ্বেষী কাপুরুষ। ২। (পিণ্ডী ভোজন—শূর বীর, ৭মী—ষ) কেবল ভক্ষণবিষয়ে বীর, পেটুক।

পিণ্ডোলি; সং, স্ত্রীং, ভুক্তসমুজ্ঝিত।

পিণ্যাক (পিষ্ চূর্ণকরা, পেষণকরা+আক (আকন্)—র্ম্ম, নিপাতন) সং, পুং—ক্লীং, তিলের খলি। ২। কল্ক। ৩। হিঙ্গু, হিং। শিং—১"পিণ্যাকং ভক্ষয়িত্বা তু যো বৈ মামুপসর্পতি।" ৪। কুঙ্কুম।

পিতল (পিত্তলশব্দজ) সং, মিশ্রিত ধাতুবিশেষ।

পিতা (পিতৃ, পা [অপত্যকে] পালনকরা+তৃ তৃচ্)—ক। অন্যভাষার সহিত এই শব্দের সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=পিতৃ; পারশী=পদর্; গ্রীক=পাটর; লাটিন=পাটর; জর্মান=ফাতের; ইংরাজী=ফাদার) সং, পুং, জনক, বাপ। পঞ্চ পিতৃতুল্য গুরু, যথা—অন্নদাতা ভয়ত্রাতা যস্য কন্যা বিবাহিতা। জনিতা চোপনেতা চ পঞ্চৈতে পিতরঃ স্মৃতাঃ।" অন্যত্র সপ্ত পিতৃতুল্য গুরু, যথা—"কন্যাদাতান্নদাতাচ জ্ঞানদাতা ভয়প্রদঃ।" জন্মদো মন্ত্রদো জ্যেষ্ঠভ্রাতাচ পিতরঃ স্মৃতাঃ।" ২। দ্বিং, মাতা পিতা উভয়। ৩। বহুং, চন্দ্রলোকবাসী পিতৃলোক, অগ্নিষ্বাত্ত বর্হিষদ্ সুভাস্বর আজ্যপ উপহূত ক্রব্যাদ সুকালিন্—এই সপ্ত পিতৃলোক।

পিতামহ (পিতৃ+আমহ(ডামহ)—পিতার পিতা অর্থে) সং, পুং, পিতার পিতা। ২। ব্রহ্মা। ৩। (ভারতে—দক্ষ হইতে এই সমস্ত প্রজা সৃষ্ট হইয়াছে বলিয়া লোকে তাঁহাকে পিতামহ বলিয়া নির্দ্দেশ করেন) দক্ষরাজা। হী—স্ত্রীং, পিতার মাতা, ঠাকুর মা।

পিতৃক (পিতৃ+কন্—প্রং) বিং, ত্রিং, পিতৃ-

সম্বন্ধীয়। ২। পিতা হইতে প্রাপ্ত। শিং—১ "পৈত্রঞ্চ পিতৃকঞ্চাপি পিত্র্যঞ্চ পিতুরাগতম্"।

পিতৃকল্প; সং, পুং, পিতৃগণের শ্রাদ্ধাদি বিধান। ২। পিতৃলোকের উৎপত্ত্যাদি-জ্ঞাপক গ্রন্থবিশেষ। ৩। বিং, ত্রিং, পিতৃ-তুল্য।

পিতৃকানন (পিতৃ পূর্ব্বপুরুষ—কানন বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ্মশান।

পিতৃকার্য্য—ক্লীং, পিতৃকৃত্য—ক্লীং, পিতৃক্রিয়া—স্ত্রীং, (পিতৃ পূর্ব্বপুরুষ—কার্য্যাদি, ৬ষ্ঠী—ষিং) সং, শ্রাদ্ধ তর্পণাদি।

পিতৃকুল্যা; সং, স্ত্রীং, তীর্থবিশেষ।

পিতৃগণ; সং, পুং, অগ্নিষ্বাত্তাদি সাত।

পিতৃতর্পণ; সং, ক্লীং, পিতৃলোকের তৃপ্তির উদ্দেশে জলদান। ২। পিতৃলোকের তৃপ্তি।

পিতৃগৃহ (পিতৃ মৃতপূর্ব্বপুরুষ বা পিতা—গৃহ ঘর) সং, ক্লীং, শ্মশান। ২। পিত্রালয়।

পিতৃতিথি (পিতৃ পূর্ব্বপুরুষ—তিথি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অমাবস্যা।

পিতৃতীর্থ (পিতৃ পূর্ব্বপুরুষ—তীর্থ ক্ষেত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গয়াধাম। ২। হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান। শিং—১ "অন্তরাঙ্গুষ্ঠদেশিন্যোঃ পিতৄণাং তীর্থমুত্তমম্।

পিতৃদান (পিতৃ পূর্ব্বপুরুষ—দান) সং, ক্লীং, নিবাপ, শ্রাদ্ধতর্পণাদি, মৃত পিতৃ-উদ্দেশে অন্নবস্ত্রাদি দান।

পিতৃদিন; সং, ক্লীং, অমাবস্যা।

পিতৃদৈবত (পিতৃ—দৈবত দেবতা) সং, ক্লীং, মঘানক্ষত্র। [—ষ) সং, পুং, যম।

পিতৃপতি (পিতৃ পূর্ব্বপুরুষ—পতি, ৬ষ্ঠী

পিতৃপিতা; সং, পুং, পিতামহ।

পিতৃপক্ষ (পিতৃ পিতৃপ্রিয়—পক্ষ, ম্বং—স) সং, পুং, গৌণাশ্বিন কৃষ্ণপক্ষ, প্রেতপক্ষ। ২। বিং, ত্রিং, পিতৃ কুলজাত।

পিতৃপ্রসূ (পিতৃ পিতা বা পূর্ব্বপুরুষ—প্রসূ মাতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পিতামহী। ২। সন্ধ্যাকাল, সায়ংকাল।

পিতৃবন্ধু (পিতৃ—বন্ধু জ্ঞাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পিতার যে কোন ভ্রাতা; পিতার পিতৃষ্বস্রীয় মাতৃষ্বস্রীয় ও মাতুল-পুত্র। শিং—১ "পিতুঃ পিতুঃ স্বসুঃ পুত্রাঃ পিতুর্মাতুঃ স্বসুঃ সুতাঃ। পিতুর্মাতুল-পুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবন্ধবঃ।

পিতৃভোজন (পিতৃ—ভুজ্ ভোজনকরা+অন(অনট্)—র্ম্ম) সং, পুং, মাষশ্রাদ্ধ। ২। ক্লীং, পিতৃগণের ভোজন।

পিতৃমান্ (পিতৃমৎ, পিতৃপিতা+মতু—অস্ত্য-র্থে) বিং, ত্রিং, যাহার পিতা বিদ্যমান আছে। মতী—স্ত্রীং, যে কন্যার পিতা বিদ্যমান আছে।

পিতৃযজ্ঞ (পিতৃ পিতৃলোক—যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রাদ্ধ। ২। তর্পণ। শিং—১ "অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণং। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনং।"

পিতৃযান (পিতৃ—যান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পিতৃগণের চন্দ্রলোক গমন মার্গ।

পিতৃলোক (পিতৃ—লোক জগৎ) সং, পুং, চন্দ্রলোকস্থিত স্থানবিশেষ। ২। বহুং, অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ।

পিতৃবন—ক্লীং, পিতৃবসতি—স্ত্রীং, (পিতৃ মৃত পূর্ব্ব-পুরুষ—বন অরণ্য, বসতি বাসস্থান) সং, শ্মশান।

পিতৃবনেচর (পিতৃবনে—চর্ ভ্রমণকরা+অ(ট)—ক) সং, পুং, শ্মশানবাসী শিব।

পিতৃবর্ত্তী (—বর্ত্তিন্) সং, পুং, রাজাবিশেষ। ২। বিং, ত্রিং, পিতার অনুগত।

পিতৃব্য (পিতৃ+ব্য—তদ্ভ্রাতার্থে। সংস্কৃত= পিতৃব্য; গ্রীক=পাট্রোস্; লাটিন= পাট্রুবস্) সং, পুং, পিতার ভ্রাতা, খুড়াদি।

পিতৃসদন (পিতৃ পিতৃগণ—সদ্ অবস্থান-করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, কুশ।

পিতৃস্বসা (পিতৃস্বসৃ, পিতা—স্বসৃ ভগিনী। স=ষ) পিতার ভগিনী, পিসি। শিং—১ মাতৃস্বসা মাতুলানী পিতৃব্য-স্ত্রী পিতুঃস্বসা। শ্বশ্রূঃ পূর্ব্বজপত্নীচ মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ।"

পিতৃষ্বস্রেয় } (পিতৃষ্বসৃ পিতার ভগিনী+
পিতৃষ্বসেয় } এয়(ঢেয়), ঈয়(ণীয়)—অপ-
পিতৃষ্বস্রীয় } ত্যার্থে) সং, পুং, পিসীর পুত্র, পিসতুত ভাই।

পিতৃসন্নিভ ; বিং, ত্রিং, পিতৃতুল্য।

পিতৃসূ (পিতৃ ভূত—সূ উৎপন্ন) সং, স্ত্রীং, সন্ধ্যাকাল। ২। পিতামহী।

পিতৃহূ ; সং,পুং, দক্ষিণ কর্ণ। শিং—১"পিতৃহূর্দক্ষিণঃকর্ণঃউত্তরো দেবহূঃ স্মৃতঃ।"

পিত্ত (অপি নিশ্চয়রূপে—দো ছেদনকরা, কিংবা দে পালন করা+ত(ক্ত)—ক) সং, ক্লীং, শরীরস্থ ধাতুবিশেষ। শিং—১ "অভিমন্যোস্তত্ত ঘোরং যুদ্ধমবর্ত্তত। শরীরস্য যথা রাজন্! বাতপিত্তকফৈস্ত্রীভিঃ।" ২ "পিত্তএব মুকুটেশ্বরী।"

পিত্তঘ্ন (পিত্ত—ঘ্ন [হন্ নষ্টকরা+অ(টক্) —ক] যে বিনাশ করে) বিং, ত্রিং, পিত্তনাশক। ২। সং, ক্লীং, ঘৃত।—ঘ্নী—স্ত্রীং, গুড়ূচী।

পিত্তজ্বর ; সং, পুং, পিত্তনিমিত্তকজ্বর, পৈত্তিকজ্বর।

পিত্তদ্রাবী (—দ্রাবিন্, পিত্ত—দ্রু-ঞি=দ্রাবি দ্রবকরান+ইন্(ণিন্)—ক)সং,পুং,জম্বীর।

পিত্তরক্ত ; সং, ক্লীং, রক্তপিত্তরোগ।

পিত্তাতিসার ; সং, পুং, পিত্তজনিত অতিসার রোগবিশেষ।

পিত্তারি ; সং, পুং, পর্পট, ক্ষেতপাপ্ড়া। ২। লাক্ষা। ৩। বর্ব্বর।

পিত্তল (পিত্ত—লা [বর্ণ] গ্রহণকরা+অ(ড) —ক) সং, ক্লীং, তাম্রসীসমিশ্রধাতুবিশেষ। ২। বিং, ত্রিং, পিত্তযুক্ত।

পিত্র্য (পিতৃ+য(ব্য)—ইদমর্থে) বিং, ত্রিং, পিতৃসম্বন্ধীয়। শিং—১ "জ্যেষ্ঠ এব তু গৃহ্ণীয়াৎ পিত্র্যং ধনমশেষতঃ।" ২। পিতৃতঃ প্রাপ্ত, পিতা হইতে প্রাপ্ত। ৩। সং, ক্লীং, পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ। ৪। মধু। ৫। পুং, পিতার জ্যেষ্ঠ ভ্রাতা।

পিত্র্যা ; সং, স্ত্রীং, মঘা নক্ষত্র। ২। পূর্ণিমা।

পিৎসন্ (পিৎসৎ, পিৎসন্ [পৎ পতিতহওয়া+সন্—ইচ্ছার্থে] পড়িতে ইচ্ছাকরা+অৎ(শতৃ)—ক) সং, পুং, পক্ষী। ২। বিং, ত্রিং, পতনেচ্ছু।

পিৎসল (পৎ গমনকরা+সল—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বর্ত্ম, পথ।

পিধান (অপি নিশ্চয়রূপে—ধা [প্রচ্ছন্নতা] ধারণকরা + অন(অনট্)—ভা, অ—লোপ) সং, ক্লীং, আচ্ছাদন, আবরণ। ২। ঢাকনি। [পুং, খড়্গকোষ।

পিধানক (পিধান দেখ, কণ্—যোগ) সং,

পিনদ্ধ (অপি—নহ্ বন্ধনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং,বদ্ধ। ২। পরিহিত। ৩। আবৃত।

পিনাক (পা [জগৎ] রক্ষাকরা+আক —ক, আ=ই, ন—আগম) সং, পুং—ক্লীং, শিবের ধনুঃ ও বাদ্যযন্ত্র। ইহার ধনুকের ন্যায় আকার। একটী স্থিতিস্থাপক গুণোপেত যষ্টি তাহার দুই সীমা তন্ত দ্বারা অবনত ভাবে আবদ্ধ। ইহা মহাদেব যুদ্ধকালে শরনিক্ষেপ ও অন্য সময়ে বাদন জন্য ব্যবহার করিতেন। শিং—"জীর্ণঃ পিনাকঃ। ২। ত্রিশূল। ৩। ধূলিবৃষ্টি।

পিনাকধৃক্ (পিনাকধৃশ্, পিনাক—ধৃশ্+০ (ক্বিপ্)—ক) সং, পুং, শিব।

পিনাকী (পিনাকিন্, পিনাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব।

পিন্যাস (অপি—ন্যাস্ [নি—অস্ নিক্ষেপকরা] সুস্বাদকারী মসলায় স্থাপিত বা অর্পিত হওয়া+অ(ঘঞ্)—র্ম্ম) সং, ক্লীং, হিঙ্গু, হিং।

পিপতিষৎ, পিপতিষু (পিপতিষ [পৎ পতিতহওয়া+সন্—ইচ্ছার্থে] পড়িতে ইচ্ছাকরা +অৎ(শতৃ),উ—ক) বিং, ত্রিং, পতনেচ্ছু। ২। সং, পুং, পক্ষী।

পিপাসা (পা পানকরা+সন্—ইচ্ছার্থে,দ্বিত্ব, অ—ভা) সং,স্ত্রীং,পানেচ্ছা,তৃষ্ণা। শিং—১ বুভুক্ষাচ পিপাসা চ প্রাণস্য মনসঃ স্মৃতৌঃ।"

পিপাসিত } (পিপাসা+ইত—জাতার্থে।
পিপাসু } পিপাস [পা পানকরা+সন্—ইচ্ছার্থে]পান করিতে ইচ্ছাকরা+উ—ক) বিং, ত্রিং, পানেচ্ছু, তৃষ্ণার্ত্ত।

পিপীতক ( অপি—পীত+কণ্—যোগ ) সং, পুং, এক ব্রাহ্মণের নাম। কী—স্ত্রীং, বৈশাখ শুক্লদ্বাদশীতে কর্ত্তব্য ব্রত। ক্লীং, ব্রতবিশেষ।

পিপীল, পিপীলক—পুং } (পীল্[ষণ্ড্লু-
পিপীলী, পিপীলিকা—স্ত্রীং } গত্ত] স্তব্ধহওয়া+অ(অন্)—ক,অক(ণক)—প্রং,দ্বিত্ব) সং, পিপীড়া। ২। ক্ষুদেপিপীড়া।

পিঁপুল (পিপ্পলশব্দজ) সং, পিপ্পলী, উষণা।

পিপ্লটা; সং, স্ত্রীং, খাদ্যবিশেষ, গুড়, শর্করা।

পিপ্পল (পা রক্ষাকরা+অল(অলচ)—ক, নিপাতন) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। শিং—১ "অশ্বত্থঃ চলদলঃ পিপ্পলঃ। ২। বন্ধনশূন্য পক্ষী। ৩। ক্লীং,জল। ৪। বস্ত্রখণ্ডবিশেষ।

পিপ্পলক (পিপ্পল+কণ্—যোগ)সং, স্ত্রীং, স্তনের বোঁটা। ২। সূত্র।

পিপ্পলাদ; সং, পুং, মুনিবিশেষ।

পিপ্পলায়ন; সং, পুং, নৃপবিশেষ।

পিপ্পলি, পিপ্পলী (পিপ্পল দেখ, ই, ঈ—প্রং) সং, স্ত্রীং, পিঁপুলগাছ।

পিপ্পলীশ্রেণি; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পিপ্পিকা (প্যায় বৃদ্ধিপাওয়া+ইক—প্রং) নিপাতন) সং,স্ত্রীং, দন্তমল, দাঁতের মলা।

পিপ্লু (অপি নিশ্চয়রূপে—প্লুষ্ দগ্ধকরা +উ—প্রং) সং, পুং, জটুলচিহ্ন, জড়ুর।

পিলসুজ (পারস্য ফতিলসুজ শব্দের অপভ্রংশ। ফতিল অর্থে শলিতা বা বাতি—সোকৃতন্ জলা) দীপাধার।

পিলুক; সং, পুং, পিলুকনামক বৃক্ষ।

পিলুপর্ণী; সং, স্ত্রীং, মোরটা।

পিয়াজ (পারস্য) সং, পলাণ্ডু, প্যাঁজ।

পিয়াদা ( পদাতিশব্দজ ) সং, রাজানুচর, দূত।

পিয়ারা (প্রিয়শব্দজ কি ?) সং, ফলবিশেষ।

পিয়াল, প্রিয়াল (পীয় [সৌত্রধাতু] তৃপ্তকরা+আল(আলন্)—ক) সং,পুং, রাজাদনবৃক্ষ।

পিরান (পারস্য পৈরাহান্ শব্দ সংস্কৃত পরিধান) পরিচ্ছদ বিশেষ, কামিজ, জামা।

পিল্ল (ক্লিন্ন আর্দ্র ইত্যাদি=পিল্ল ) বিং, ত্রিং, যাহার চক্ষে পিচুটি পড়িয়াছে, ক্লিন্নচক্ষুঃ।

পিল্লকা (পিল্ল ক্লিন্নচক্ষুঃ+কণ্—প্রং। হস্তীর চক্ষুঃ সর্ব্বদা আর্দ্র থাকে বলিয়া ) সং, স্ত্রীং, হস্তিনী।

পিব ( পা পান করা+অ(অন্)—ক ) বিং, ত্রিং, পানকর্ত্তা।

পিশঙ্গ ( পিশ্ অবয়বীভূতহওয়া+অঙ্গ (অঙ্গচ)—ক) সং, পুং, ঙ্গা, ঙ্গী—স্ত্রীং, পিঙ্গলবর্ণ। ২। বিং,ত্রিং, তদ্বর্ণযুক্ত। শিং —১ "পিশঙ্গবিগ্রহঃ।"

পিশঙ্গক ( পিশঙ্গ—ক(কণ্)—স্বার্থে ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ। ২। পিশঙ্গ—কৈ প্রাপ্ত হওয়া+অ(ক)—ক) বিষ্ণু।

পিশঙ্গারাতি (পিশঙ্গ বহুরূপ—রাতি ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বহুধনস্বামী।

পিশঙ্গিত ( পিশঙ্গ+ইত—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

পিশঙ্গিলা (পিশঙ্গা—গল্ গ্রাসকরা+অ(খ) —ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পিত্তল।

পিশাচ (পিশিতাশ শব্দজ, পিশিত মাংস—অশ [অশ্ ভোজন করা+অ(অন্)—ক] যে ভোজন করে) সং, পুং, চী—স্ত্রীং, দেবযোনিবিশেষ, ভূত। শিং—১ "যক্ষরক্ষপিশাচশ্চ হিমবন্তং (রক্ষন্তি)।" ২ "মথিতে (অরণেঃ) পাদজজ্ঞে চ পিশাচঃ সম্প্রজায়তে।"

পিশাচকী (পিশাচকিন্, পিশাচ দেবযোনিবিশেষ+ইন্—রক্ষিতার্থে, ক—আগম। এই দেবতার ধনাগার পিশাচ ইত্যাদি কর্ত্তৃক রক্ষিত হয় বলিয়া) সং,পুং,কুবের।

পিশাচমোচন; সং, ক্লীং, স্বনামখ্যাত তীর্থ বিশেষ।

পিশিত (পিশ্ অবয়বীভূত হওয়া+ত(ক্ত) —র্ম্ম) সং, ক্লীং, মাংস।

পিশিতভুক্ (পিশিত মাংস—ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, মাংসভোজী (রাক্ষসাদি)।

পিশিতাশন, পিশিতাশী ( পিশিত—অশন [অশ্ ভোজনকরা+অন—ক ] যে ভোজন করে, ২য়া—ষ। পিশিতা-

শিন্, পিশিত—আশিন্ [অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভোজী, (রাক্ষসাদি)।

পিশীল (পিশ্ অবয়বীভূত হওয়া+ঈল—প্রং) সং, ক্লীং, মৃণ্ময়পাত্রবিশেষ, মাটির সরা।

পিশুন (পিশ্ খণ্ড হওয়া+উন(উনন্)—ক) বিং, ত্রিং, ক্রূর, খল। শিং—১ "সম্মুখবর্ত্তী পিশুনঃ প্রপতন্তি পাদয়োর্নিয়তম্। সঃ পুনরসম্মুখবর্ত্তী রেফৈবায়ং শিরোবর্ত্তী॥"২। সূচক, জ্ঞাপক। ৩। পরস্পরের ভেদকারক। শিং—১"পরস্পরং ভেদশীলে পিশুনো দুর্জ্জনঃ খলঃ।" ৪। চর।৫। সং,পুং, কাক।৬। নারদ। ৭। ক্লীং, কুঙ্কুম।

পিষ্ট (পিষ্ চূর্ণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত। ২। চূর্ণিত। ৩। সং, ক্লীং, পিটা। "অন্নাদষ্টগুণং পিষ্টং পিষ্টাদষ্টগুণং পয়ঃ।" ৪। সীসক।

পিষ্টক (পিষ্ট চূর্ণিত তণ্ডুলাদি+ক(কণ্)—বিকারার্থে) সং, পুং—ক্লীং, পুপ, পিটা রুটি প্রভৃতি। ২। নেত্ররোগবিশেষ। ৩। ক্লীং, তিলচূর্ণ।

পিষ্টপ, বিষ্টপ (বিশ্ প্রবেশ করা+অপ (টপক্)—ধি, নিপাতন) সং, পুং—ক্লীং, ভুবন, জগৎ।

পিষ্টপচন (পিষ্ট পিটা ইত্যাদি—পচন রন্ধন সং, ক্লীং, পিটাভাজা খোলা, রুটিসেকা তাওয়া।

পিষ্টপাককৃৎ (পিষ্ট—পাক—কৃ করা+০ (ক্বিপ্)—ক) বিং,ত্রিং, পিষ্টক পাককর্ত্তা। ২। সং, ক্লীং, পিটা ভাজা খোলা।

পিষ্টপাকভৃৎ (পিষ্টপাক—ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক) সং,ক্লীং, পিষ্টক পাকপাত্র।

পিষ্টবর্ত্তি; সং, পুং, মুদ্গ মসূরাদি চূর্ণ।

পিষ্টসৌরভ (পিষ্ট চূর্ণিত—সৌরভ সুগন্ধ) সং, ক্লীং, চন্দন।

পিষ্টাত, পিষ্টাতক (পিষ্ট [গন্ধদ্রব্যাদি] চূর্ণিত—অৎ গমন করা+অ(অন্)—ক, কণ্—যোগ) সং, পুং, গন্ধচূর্ণ, আবীর। ২। পিটালি।

পিষ্টিক (পিষ্ট+ক,কণ্—সংজ্ঞাতার্থে) সং, ক্লীং, তণ্ডুলচূর্ণভব দ্রবাত্মক বস্তু, পিটালি।

পিষ্টোদক; সং, ক্লীং, তণ্ডুলচূর্ণমিশ্রিত জল।

পিসী (পিতৃষস্ শব্দজ) সং, পিতার ভগিনী।

পিস্তল (পোর্টুগীজ ভাষা) আগ্নেয় অস্ত্রবিশেষ।

পিহিত (পিধান দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত। ২। অবরুদ্ধ। ৩। তিরোহিত।

পীঠ (পিঠ্ ক্লিষ্ট হওয়া+অ(ক)—ধি, নিপাতন) সং, ত্রিং, বসিবার আসন, পিড়ী চৌকি প্রভৃতি। ২। একান্নটী পীঠস্থান, যে যে স্থানে সতীর শরীরাবয়ব পতিত হইয়াছিল (পরপৃষ্ঠায় পীঠস্থানের তালিকা দেখ)।

পীঠকেলি; সং, পুং, পীঠমর্দ্দ নায়কসহায়বিশেষ।

পীঠচক্র (পীঠ—চক্র, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, গোযুক্ত শকটাদি, গরুড় গাড়ী প্রভৃতি।

পীঠন্যাস; সং, পুং, আধারশক্তি প্রকৃত্যাদি পীঠদেবতা সম্বন্ধীয় প্রণব-মন্ত্রের দ্বারা ন্যাসবিশেষ।

পীঠভূ; সং, স্ত্রীং, প্রাকার সমীপস্থ ভূভাগ।

পীঠমর্দ্দ (পীঠ আসন—মৃদ্ মর্দ্দনকরা+অ (অন্)—ক) সং, পুং, নায়কের সহায় বিশেষ, কুপিত স্ত্রী প্রসাদন প্রভৃতি তাহার কার্য্য।

পীঠসর্পী (পীঠসর্পিন্, পীঠ আসন—সর্পিন্ [সৃপ্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, খঞ্জ, খোঁড়া।

পীঠস্থান; সং, ক্লীং, যেখানে সতীর অঙ্গ পড়িয়াছে। ২। পুরাতন দেবালয়।

পীড়ন (পীড়ি ক্লেশদেওয়া+অন (অনট্)—ভা) সং,ক্লীং, দুঃখদেওয়া। ২। উচ্ছেদ, বিনাশ। ৩। মর্দ্দন। ৪। শিং—১ "গর্ভোৎভিঘাত বিষমাসনপীড়নাদ্যৈঃ পাকংদ্রুমাদিব ফলং পততি ক্ষণেন।" ৫। নিপীড়ন। ৬। অভিভব। ৭। সাগ্রহগ্রহণ।

পীড়া (পীড়ন দেখ, ৬—ভা) সং, স্ত্রীং, যন্ত্রণা, ব্যথা, ক্লেশ। ২। উচ্ছেদ। ৩। রোগ।৪। (যে মস্তক পীড়ন করে) কিরীট।

## যে যে স্থানে সতীর শরীরাবয়ব পতিত হইয়াছিল সেই একান্নটী পীঠস্থানের তালিকা।

| পীঠের সংখ্যা। | অঙ্গের নাম। | যেস্থানে পতিত হয়। | ভৈরবীর নাম। | ভৈরবের নাম। | পীঠের সংখ্যা। | অঙ্গের নাম। | যেস্থানে পতিত হয়। | ভৈরবীর নাম। | ভৈরবের নাম। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ব্রহ্মরন্ধ্র | হিঙ্গলার বাহিমালয় | কোট্টরী | ভীমলোচন | ২৭ | ডানকণুই | রণখণ্ডে | বহুলাক্ষী | মহাকাল |
| ২ | ত্রিনেত্র | সর্করে | মহিষমর্দ্দিনী | ক্রোধীশ | ২৮ | বামবাহু | বাহুলায় | বাহুলা | ভীরুক |
| ৩ | নেত্রাংশ-তারা | তারায় | তারিণী | উন্মত্ত | ২৯ | ডানবাহু | বক্রেশ্বরে | বক্রেশ্বরী | বক্রেশ্বর |
| ৪ | বামকর্ণ | করতোয়াতটে | অপর্ণা | বামেশ | ৩০ | বামস্তন | জালন্ধরে | ত্রিপুরমালিনী | ভীষণ |
| ৫ | ডানকর্ণ | শ্রীপর্ব্বতে | সুন্দরী | সুন্দরানন্দ | ৩১ | ডানস্তন | রামগিরি | শিবানী | চণ্ড |
| ৬ | নাসিকা | সুগন্ধায় | সুনন্দা | ত্র্যম্বক | ৩২ | পৃষ্ঠ | বৈবস্বতে | ত্রিপুটা | অম্বকর্ণা |
| ৭ | মনঃ | বক্রনাথে | পাপহরা | বক্রনাথ | ৩৩ | হৃদয় | বৈদ্যনাথে | নবদুর্গা বা জয়দুর্গা | বৈদ্যনাথ |
| ৮ | বাম গণ্ড | গোদাবরী | বিশ্বমাতৃকা | বিশ্বেশ | ৩৪ | নাভি | উৎকলে | বিজয়া | জয় |
| ৯ | ডান গণ্ড | গণ্ডকীতে | গণ্ডকীচণ্ডী | চক্রপাণি | ৩৫ | জঠর | হরিদ্বারে | ভৈরবী | বক্র |
| ১০ | ঊর্দ্ধদন্ত | অনলে | নারায়ণী | সংক্রুর | ৩৬ | কোঁক | কোঁকে | কোকেশ্বরী | কোকেশ্বর |
| ১১ | অধোদন্ত | পঞ্চসাগরে | বারাহি | মহারুদ্র | ৩৭ | কাঁকালি | কাঞ্চীদেশে | বেদগর্ভা | রুরু |
| ১২ | জিহ্বা | জ্বালামুখী | অম্বিকা | বটকেশ্বর বা উন্মত্ত | ৩৮ | বামনিতম্ব | কালমাধবে | কালী | অসিতাঙ্গ |
| ১৩ | কণ্ঠ | কাশ্মীরে | মহামায়া | ত্রিসন্ধ্য | ৩৯ | ডাননিতম্ব | নর্ম্মদা | সোণাক্ষী | ভদ্রসেন |
| ১৪ | গ্রীবা | শ্রীহট্টে | মহালক্ষ্মী | সর্ব্বানন্দ | ৪০ | মহামুদ্রা | কামরূপে | কামাখ্যাদেবী | রামানন্দ |
| ১৫ | ওষ্ঠ | ভৈরব পর্ব্বতে | অবন্তী | লম্বকর্ণ | ৪১ | বামজানু | মগধে | শুভচণ্ডী | তাম্র |
| ১৬ | অধর | প্রভাসে | চন্দ্রভাগা | বক্রতুণ্ড | ৪২ | ডানজানু | স্রোতা | চণ্ডীকা | সদানন্দ |
| ১৭ | মর্ম্ম | প্রভাসখণ্ডে | সিদ্ধেশ্বরী | সিদ্ধেশ্বর | ৪৩ | বামজঙ্ঘা | জয়ন্তা | জয়ন্তী | ক্রমদীশ্বর |
| ১৮ | চিবুক | জনস্থানে | ভ্রামরী | বিকৃতাক্ষ | ৪৪ | ডানজঙ্ঘা | নেপালে | মহামায়া বা নবদুর্গা | কপালী |
| ১৯ | বিহস্তাঙ্গুলি | প্রয়াগে | কমলা বা কল্যাণী | বেণীমাধব | ৪৫ | বামপদ | ত্রিস্রোতা | অমরী | অমর |
| ২০ | ডানহস্তার্দ্ধ, বামহস্ত | মানস-সরোবরে | দাক্ষায়ণী | হর | ৪৬ | ডানপদ | ত্রিপুরায় | ত্রিপুরা | নল |
| ২১ | ডানহস্তার্দ্ধ | চট্টগ্রামে | ভবানী | চন্দ্রশেখর | ৪৭ | ডানপদাঙ্গুষ্ঠ | ক্ষীরগ্রামে | যোগাদ্যা | ক্ষীরখণ্ড |
| ২২ | বামস্কন্ধ | মিথিলায় | মহাদেবী | মহোদর | ৪৮ | ডানপদাঙ্গুলিচতুষ্টয় | কালীঘাটে | কালিকা | নকুলেশ |
| ২৩ | ডানস্কন্ধ | রত্নাবলী | শিবা | শিব বা কুমার | ৪৯ | বামগুল্‌ফ | বিভাসে | ভীমরূপা | কাপালী |
| ২৪ | বামমণিবন্ধ | মণিবন্ধে | গায়ত্রী | শঙ্কর বা সর্ব্বান | ৫০ | ডানগুল্‌ফ | কুরুক্ষেত্রে | সম্বরী বা বিমলা | সম্বর্ত্ত |
| ২৫ | ডানমণিবন্ধ | মণি-বেদে | সাবিত্রী | স্থাণু | ৫১ | বামপদাঙ্গুলি | বিন্ধ্যশেখরে | বিন্ধ্যবাসিনী | পূণ্যভাজন |
| [illegible] | [illegible] | [illegible] | [illegible] | কপিলাম্বর | | | | | |

পীড়ি (পীঠশব্দজ) সং, কাষ্ঠাসন। ২ বেদী।

পীড়িত (পীড়া+ইত—সংজাতার্থে, অথবা পীড়্ পীড়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্লিষ্ট, ব্যথিত,দুঃখিত। ২। পীড়াযুক্ত, রুগ্ন।৩। উচ্ছিন্ন। ৪। মর্দ্দিত। ৫। সং, পুং, তন্ত্রসারোক্ত মন্ত্রবিশেষ। (+ক্ত—ভাবে) ক্লীং, পীড়া।

পীড্যমান (পীড়ন দেখ, আন (শান)—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, যাহাকে পীড়া দেওয়া যাইতেছে, ব্যথ্যমান, ক্লেশ্যমান।

পীত (পা পানকরা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং, হরিদ্রাবর্ণ। ২। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত। ৩। যাহা পানকরা হইয়াছে। ৪। (+ক্ত—ক) পানকর্ত্তা। শিং—১ "বনায়পীত প্রতিবদ্ধবৎসাম্।" (রঘু)। ৫। (+ক্ত—ভাবে) ক্লীং, পান।

পীতক (পীত+ক(কণ্)—স্বার্থে) সং, ক্লীং, হরিতাল। ২। কুঙ্কুম। ৩। অগুরু। ৪। পদ্মকাষ্ঠ। ৫। কুসুমফুল। ৬। পিত্তল। ৭। মাক্ষিক। ৮। পীতচন্দন। পুং,নন্দীবৃক্ষ। ৯। পীতশাল। ১০। শ্যোনাকবৃক্ষ। ১১। হরিদ্রাবৃক্ষ। ১২। অশোকবৃক্ষ। ১৩। অব্যক্ত রাশির সংজ্ঞাবিশেষ। ১৫। রাক্ষসবিশেষ।

পীতকদলী ; সং,স্ত্রীং,স্বর্ণকদলী, চাঁপাকলা।

পীতকন্দ ; সং, ক্লীং, গর্জর, গাঁজর।

পীতকাষ্ঠ ; সং, ক্লীং, পীতচন্দন।

পীতকাবের (পীত হরিদ্রাবর্ণ—কাবের সামান্য আকৃতি বা বস্তু) সং, ক্লীং, কুঙ্কুম। ২। পিত্তল।

পীতচম্পক (পীত হরিদ্রা রং—চম্প চাঁপা ফুল+কণ্—সাদৃশ্যার্থে। চাঁপাফুলের বর্ণের ন্যায় বলিয়া) সং, পুং, প্রদীপ, দীপ। ২। পীতবর্ণ চম্পক পুষ্পবৃক্ষ।

পীততুণ্ড (পীত—তুণ্ড, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কারণ্ডব পক্ষী।

পীততৈলা ; সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী লতা। ২। মহাজ্যোতিষ্মতী লতা।

পীতদারু (পীত হরিদ্বর্ণ—দারু কাষ্ঠ) সং, ক্লীং, দেবদারু, সরল ২। পীতবর্ণ চাঁপাফুলের গাছ।

পীতদুগ্ধা (পীত যাহা পানকরা হইয়াছে—দুগ্ধ। বৎস কর্ত্তৃক যাহার দুগ্ধপান করা হইয়াছে) সং, স্ত্রীং, বেহ্লুষ্যা, দোহনার্থ বদ্ধগাভী।

পীতধড়া (পীত পীতবর্ণ—ধড়া ধটী শব্দজ) সং, স্ত্রীং, হরিদ্রাবর্ণ জীর্ণবস্ত্রখণ্ড।

পীতপর্ণী (পীত হরিদ্রাবর্ণ—পর্ণ পত্র, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিছাটীগাছ।

পীতন (পীত হরিদ্রা রং—নী পাওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, কুঙ্কুম। ২। হরিতাল। ৩। পুং, আমড়াগাছ। ৪। দারুহরিদ্রা।

পীতপাদা (পীত—হরিদ্রা রং—পাদ চরণ) সং, স্ত্রীং, শারিকা পক্ষিণী।

পীতপাণি (পীত—পাণি ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রোগভেদে পীতবর্ণ হস্ত বিশিষ্ট। শিং—১"মার্জ্জারে নিহতে চৈব পীতবর্ণঃ প্রজায়তেঃ।"

পীতপুষ্প (পীত হরিদ্রাবর্ণ—পুষ্প ফুল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চম্পকবৃক্ষ। ২। কর্ণিকারবৃক্ষ।

পীতবালুকা (পীত হরিদ্রাবর্ণ—বালুকা বালি, ধূলি) সং, স্ত্রীং, হরিদ্রা।

পীতবীজা ; সং, স্ত্রীং, মেথিক।

পীতমুদ্গ (পীত হরিদ্বর্ণ—মুদ্গ মুগ) সং, পুং, মুদ্গবিশেষ, সোনামুগ।

পীতমূলক (পীত—মূলক মূলা) সং, ক্লীং, মূলবিশেষ, গার্জ্জর, গাজোর।

পীতযূথী ; সং, স্ত্রীং, স্বর্ণযূথী।

পীতরক্ত ; সং, স্ত্রীং, পুষ্পরাগমণি।

পীতরাগ (পীত—রাগ রং) সং, পুং, পীতবর্ণ। ২। কিঞ্জল। [ পীতবর্ণবিশিষ্ট।

পীতল (পীত+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং,

পীতলক (পীতল হরিদ্রাবর্ণবিশিষ্ট+কণ্—যোগ) সং, ক্লীং, পিত্তল, পিতল।

পীতসার (পীত হরিদ্রারং—সার স্থিরাংশ ৬ষ্ঠী—হিং)সং,ক্লীং,চন্দন। ২। হরিচন্দন। ৩। গোমেদমণি। ৪। পুং, চন্দনবৃক্ষ।

পীতা (পীত+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হরিদ্রা। ২। গোরোচনা। ৩। মহাজ্যোতিষ্মতী। ৪। কপিলশিংশপা। ৫। প্রিয়ঙ্গু। ৬। অতিবিষ।

পীতাঙ্গ (পীত—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পীতবর্ণ অঙ্গবিশিষ্ট। ২। সং, পুং, শ্যোনাক বৃক্ষ।

পীতাব্ধি (পীত [যৎকর্তৃক] পানকরা হইয়াছে—অব্ধি সমুদ্র। বেত্রাসুরের নিধনে, তদীয় সহচর কালেয়গণ দেবগণের ভয়ে দিবসে সমুদ্র মধ্যে লুক্কায়িত থাকিত। নিশাকালে বহির্গত হইয়া আশ্রমবাসী ব্রাহ্মণগণকে উৎপীড়ন করিত। অর্ণববাসনিবন্ধন দেবগণ তাহাদিগকে দমন করিতে অসমর্থ হইয়া জলধি শোষণ করিবার নিমিত্ত অগস্ত্যের নিকট প্রার্থনা করিলে তিনি গণ্ডূষ দ্বারা সমুদ্র পান করিয়াছিলেন বলিয়া, ৩য়া—হিং) সং, পুং, অগস্ত্য-মুনি।

পীতাম্বর, পীতবাসাঃ (পীত—অম্বর বস্ত্র, ৬ষ্ঠী—হিং। পীতবাসস্, পীত—বাসস্ বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ। শিং—১ "ফুল্লেন্দীবর কান্তিমিন্দু বদনং পীতাম্বরং সুন্দরম্।" (কৃষ্ণধ্যান)।

পীতারুণ (পীত—অরুণ, দ্বং—স) সং, পুং, পীত ও অরুণবর্ণ। ২। বিং, ত্রিং, পীত ও অরুণবর্ণ যুক্ত।

পীতাশ্মা (পীতাশ্মন্) সং, পুং, পুষ্পরাগমণি।

পীতি (পা পানকরা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, পান।২। (+ক্তি—ধি) শুণ্ডিকালয়। (+তি—ক) পুং, অশ্ব, ঘোটক, ঘোড়া।

পীতিকা; সং, স্ত্রীং, দারুহরিদ্রা।

পীতী (পীতিন্, পীত ঘৃতাদিপান+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অশ্ব, ঘোটক।

পীতু (পা রক্ষাকরা+তুন্—ক) সং, পুং, (রশ্মি দ্বারা জলপান করেন বলিয়া) সূর্য্য। ২। অগ্নি। ৩। যূথপতি।

পীথ (পা পানকরা+থ(থক্)—সংজ্ঞার্থে। আ=ঈ) সং, পুং, সূর্য্য। ২। অগ্নি। ৩। কাল। ৪। ক্লীং, জল। ৫। ঘৃত।

পীতুদারু; সং, পুং, উডুম্বর।

পীথি; সং, পুং, ঘোটক।

পীন (প্যায়্ বৃদ্ধিপাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্থূল, মোটা। ২। প্রবৃদ্ধ। ৩। সম্পন্ন।

পীনস (পীন মোটা—সো নাশকরা+অ—(ড)—ক) সং, পুং, নাসিকারোগবিশেষ, পীনাসরোগ।

পীনসী (পীনসিন্, পীনস+ইন্—অস্ত্যর্থে) সং, ত্রিং, যাহার পিনাস রোগ আছে।

পীনোধ্নী (পীন স্থূল—উধস্ গোস্তন, ঈপ্, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, স্থূল স্তনী গবী, স্থূলপালানযুক্ত ধেনু।

পীয়ত্নু (পীয় হিংসাকরা+ত্নু—ক, শীলার্থে) বিং, ত্রিং, হিংসাশীল।

পীয়ু (পী পানকরা+উ(কু)—ক) সং, পুং, কাল। ২। কাক। ৩। সূর্য্য।

পীযূষ (পীয় [সৌত্রধাতু] তৃপ্তকরা+ঊষ—(ঊষণ্)—র্ম্ম) সং, ক্লীং, অমৃত, সুধা। ২। পুং, ক্লীং, নবপ্রসূতা গাভীর সপ্তদিন মধ্যে অভিনব দুগ্ধ।

পীযূষমহস্, পীযূষরুচি (পিযূষ অমৃত—মহস্, রুচি=দীপ্তি। যাহার কিরণ অমৃতময়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।

পীলক (পীল্ রোধকরা+অক—প্রং) সং, পুং, পিপীলিকা, পিপীড়া।

পীলা (প্লীহাশব্দজ) সং, রোগবিশেষ।

পীলু (পীলক দেখ, উ—ক) সং, পুং, পুষ্প। ২। পরমাণু। ৩। হস্তী। ৪। কীটবিশেষ। ৫। বৃক্ষবিশেষ। ৬। অস্থিখণ্ড। ৭। বাণ। ৮। তালকাণ্ড।

পীবা (পীবন্, প্যায়্ বা পৈ্য বৃদ্ধিপাওয়া+বন্(ক্বনিপ্)—ক) সং, পুং, বায়ু। ২। বিং, ত্রিং, পীন, স্থূল। ৩। বলিষ্ঠ। বা—স্ত্রীং, উদক।

পীবর (পীবা দেখ, বর(ষরচ্)—ক) বিং, ত্রিং, স্থূল। ২। বলিষ্ঠ। পুং, তামস মন্বন্তরে সপ্তর্ষিমণ্ডলে ঋষি বিশেষ।

পীবরস্তনী (পীবর স্থূল—স্তন, ঈপ্) সং, স্ত্রীং, স্থূলস্তনযুক্তা নারী। ২। পীনোধ্নী।

পুংপ্রভব (Male progenitor) পিতৃক ও মাতৃক উৎপাদয়িতা; যথা—পিতামহ প্রপিতামহ প্রভৃতি, মাতামহ প্রমাতামহ প্রভৃতি।

পুংযোগ; সং, পুং, পুরুষ যোগ। শিং—১ "লক্ষ্মীঃ পুংযোগ মাশংসুঃ।"

পুংরাশি ; সং, পুং, মেষ, মিথুন, সিংহাদি বিষমরাশি।
পুংলিঙ্গ (পুং পুম্স্শব্দজ—লিঙ্গ চিহ্ন, অথবা লিঙ্গ [লিন্গ ব্যক্ত করা+অ(অন্)—ক] যে ব্যক্ত করে, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুরুষবাচক শব্দ। ২। ক্লীং, পুং-চিহ্ন।
পুংবৃষ (পুম্স্ পুরুষ—বৃষ ষাঁড়) সং, পুং, গন্ধমূষিক, ছুঁচা। ২। ষাঁড়। ৩। পুংগব।
পুংশ্চলী (পুম্স্ পুরুষ—চল্ গমন করা+অ(অন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, ব্যভিচারিণী, বেশ্যা ; অসতী, ভ্রষ্টা-স্ত্রী। শিং—১"অহো কো বেদ ভুবনে দুর্জ্ঞেয়ং পুংশ্চলীমনঃ।"
পুংশ্চিহ্ন (পুম্স্ পুরুষ—চিহ্ন) সং, ক্লীং, শিশ্ন, পুরুষোপস্থ। [সন্তান।
পুংসন্ততি (পুম্স্—সন্ততি) সং, স্ত্রীং, পুত্র-
পুংসবন (পুম্স্ পুরুষ—সূ প্রসবকরা+অন (অনট্)—ণ) সং, ক্লীং, গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে কর্ত্তব্য সংস্কারবিশেষ। ২। স্ত্রীলোকের কর্ত্তব্য ব্রতবিশেষ ; অগ্রহায়ণ মাসের শুক্লা প্রতিপদ হইতে, স্বামীর আদেশ লইয়া এ ব্রত করিতে হয়।
পুংস্কামা (পুং পুরুষ—কম্-ণিচ্=কামি কামনা করা+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, পুরুষসঙ্গাভিলাষিণী স্ত্রী।
পুংস্কোকিল ; সং, পুং, পুরুষ-কোকিল। শিং—১ "পুংস্কোকিলরুতেনৈব।"
পুংস্ত্ব (পুম্স্+ত্ব—ভাবে) সং, ক্লীং, পুরুষত্ব, মনুষ্যত্ব। ২। পুংলিঙ্গতা। ৩। শুক্র, বীর্য্য। [দুষ্টরক্ত।
পুঁজ (পূয শব্দজ) সং, স্ফোটকাদিনির্গত ক্লেদ,
পুঁজী (দেশজ) মূলধন, সঞ্চয়। ২। ঐশ্বর্য্য।
পুঁটলী (দেশজ) সং, গাঁঠরী, বস্ত্রাবৃতদ্রব্যসমূহ।
পুঁটী (দেশজ) মৎস্যবিশেষ। ২। ছোট বালিকা। [জলাশয়।
পুকুর (পুষ্করিণীশব্দজ) সং, সরোবর,
পুক্কশ } (পুক্ কুৎসিত—কশ+অন্—ক,
পুক্কষ } অথবা পুঁ পুণ্য—কু [কুৎসিত]
পুক্কস } লুপ্ত—কস্ গমন করা+অ(অন্) ক, নিপাতন) সং, পুং, চণ্ডাল. চাঁড়াল। শিং—১"নৃপায়াং শূদ্রসংসর্গাজ্জাতঃ পুক্কশ উচ্যতে।" ২। (+অন্—ধি) শবরালয়। ৩। বিং, ত্রিং, অধম, নীচ। সী—স্ত্রীং, কণিকা। ২। নালী। ৩। পুক্কশস্ত্রী, চণ্ডালী।
পুঙ্খ (পুম্স্—খন্ খোঁড়া+অ(ড)—ক) সং, পুং, বাণের পক্ষযুক্তস্থান। ২। মূল।
পুঙ্খানুপুঙ্খ—সূক্ষ্মাণুসূক্ষ্ম, সবিশেষ বিবেচনা।
পুঙ্গ (পুম্স্—গম্ গমন করা+অ(ড)—ক) সং, পুং—ক্লীং, রাশি, সমূহ।
পুঙ্গল (পুম্স্—গল্ গলা+অ—প্রং) সং, পুং, আত্মা, জীব।
পুঙ্গব (পুম্স্—গো+অ, য়ং—স) সং, পুং, বৃষ, ষাঁড়। ২। ঋষভৌষধ। (কোন শব্দের পর থাকিলে) শ্রেষ্ঠ ; যথা—মুনিপুঙ্গব।
পুঙ্গবকেতু (পুঙ্গব বৃষ—কেতু ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বৃষধ্বজ, শিব।
পুছন (জিজ্ঞাসার্থপ্রচ্ছধাতুজ) সং, প্রশ্নকরণ।
পুচ্ছ (পিচ্ছ্ পীড়ন করা+অ(ক)—ক) সং, পুং, ক্লীং, লাঙ্গূল, লেজ। ২। পশ্চাদ্ভাগ।
পুচ্ছকণ্টক (পুচ্ছ—কণ্টক, ৬ষ্ঠী—হিং) সং, পুং. বৃশ্চিক।
পুচ্ছটি (পুচ্ছ দেখ, অটি—প্রং) সং, স্ত্রীং, আঙুল মটকান।
পুচ্ছাঙ্কুর (Veodeln) টাইটন্ জীব, ইহারা ঈষৎ পুচ্ছবিশিষ্ট টিকৃটিকীর সদৃশ।
পুচ্ছাঙ্কুরিত (পুচ্ছ—অঙ্কুরিত) বিং, ত্রিং, যে সকল জীবের অল্পমাত্র লাঙ্গূল থাকে।
পুচ্ছী (পুচ্ছিন্, পুচ্ছ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, কুক্কুট। ২। অর্কবৃক্ষ। ৩। বিং, ত্রিং, লাঙ্গূলবিশিষ্ট।
পুঞ্জ (পুম্স্—জন্ জন্মান+অ(ড)—ক) সং, পুং, রাশি, স্তূপ, সমূহ।
পুঞ্জিত (পুঞ্জ+ইত) বিং, ত্রিং, রাশীভূত। ২। রাশীকৃত।
পুঞ্জিষ্ঠ (পুঞ্জ রাশি—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে কিম্বা যাহা থাকে) বিং, ত্রিং, রাশীকৃত।

পুট (পুট্ সংলগ্নহওয়া+অ(ক)—র্ম্ম) সং, ত্রিং, আবরণ। ২। খাপ। ৩। পত্র হস্ত শুষ্ঠ বা চক্ষুর পাতাদ্বারা কৃত পাত্র। ৪। অঞ্জলি। ৫। কৌটা। ৬। খোলবার পাত্র। ঔষধপাক-পাত্র। ৭। মুচি। ৮। পত্রাদি রচিত পাত্র, ঠোঙ্গা। ৯। যুগ্ম। ১০। পুং, ক্লীং, অশ্বের খুর।

পুটক পুট দেখ, ক—স্বার্থে। অথবা পুট—ক [কৈ প্রকাশ করা+অ(ড)—ক] যে প্রকাশ পায়) সং, ক্লীং, পদ্ম। ২। পত্রাদি নির্ম্মিত পাত্র। ৩। খোঙ্গা।

পুটকিত (পুটিত দেখ) বিং, ত্রিং, আবদ্ধ, আবৃত; যথা—
"পুটকিত শিরজট, বিঘটিত সুবিকট,
লটপট কমঠ ভুজঙ্গে।" (অন্নদা)।

পুটকিনী (পুটক+ইন্—সমূহার্থে, ঈপ্) সং, স্ত্রীং, পদ্মিনী, পদ্মসমূহ, পদ্মযুক্তদেশ, পদ্মলতা।

পুটগ্রীব (পুট পরস্পর সংযোজন—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তাম্রকুণ্ড। ২। গর্গরী, গাড়ু।

পুটপাক (পুট—পাক রন্ধন) সং, পুং, গোময়াদির ঠুসীতে ঔষধাদি পাক। শিং—১ "অতস্তু পুটপাকানাং যুক্তিরত্রোচ্যতেময়া।"

পুটভেদ (পুট পরস্পর সংযোজন—ভেদ ভেদন, ৬ষ্ঠী—য) সং, পুং, নদীর বক্রগতি। ২। নগর। ৩। বীণা।

পুটভেদন; সং, ক্লীং, পত্তন, নগর, পুর।

পুটিকা; সং, স্ত্রীং, এলাচ।

পুটাপুটিকা (অগ্রে পুট অর্থাৎ সংশ্লিষ্ট পশ্চাৎ অপুটিক) সং, স্ত্রীং, পূর্ব্বে সংশ্লিষ্টা পশ্চাৎ অসংশ্লিষ্টা।

পুটিত (পুট+ইত—সংজাতার্থে। অথবা পুট+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, যুক্ত করযুগল, অঞ্জলি। ২। হাতের খোড়ল। ৩। আদি এবং অন্তে মন্ত্রবিশেষ (ওঁ রাম ওঁ) দ্বারা পুটাকারতাপ্রাপ্ত। ৪। বিং, ত্রিং, গ্রথিত। ৪। পাটিত। ৫। আবৃত।

পুটী (পুট+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কৌপীন। ২। আচ্ছাদন। ৩। পত্রাদিরচিত পুষ্প পাত্র, ঠোঙ্গা। ৪। পানের দোনা।

পুটোটজ (পুট আবরণ—উটজ গৃহ) সং, ক্লীং, শ্বেতছত্র।

পুটোদক (পুট আবরণ—উদক জল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারিকেলগাছ।

পুড়ন (দেশজ) সং, দহন, জ্বলন।

পুড়াশূর (পিণ্ডীশূর শব্দজ কি?) সং, পুং, দেবতাবিশেষ।

পুণ্ড (পুণ্ড্ পীড়নকরা+অ(অন্)—ক) সং, পুং, তিলক, ফোঁটা।

পুণ্ডরীক (পুণ্ড্ পীড়ন করা, কেহ বলেন শোভনকরা+অরীক—ক, নিপাতন) সং, ক্লীং, শ্বেতপদ্ম। ২। শ্বেতছত্র। ৩। ঔষধবিশেষ। ৪। পুং, অগ্নিকোণের হস্তী। ৫। নৃপবিশেষ। ৬। কুরুবংশীয় নলের পুত্র। ৭। কুরুক্ষেত্রনিবাসী ব্রাহ্মণতনয়। ৮। সর্পবিশেষ। ৯। ব্যাঘ্রবিশেষ। ১০। কোষকারবিশেষ। ১১। হস্তিজ্বর। ১২। সহকার। ১৩। শুভ্রবর্ণ। ১৪। কুষ্ঠরোগ। শিং—১ "সশ্বেতং রক্তপর্যান্তং পুণ্ডরীকদলোপম্।" ১৫। মেদিনীপুর। ১৬। কমণ্ডলু। ১৭। [illegible]কবৃক্ষ। কী—স্ত্রীং, বশিষ্ঠের কন[illegible], প্রাণের পত্নী। ২। একটী অপ্সরা।

পুণ্ডরীকাক্ষ (পুণ্ডরীক শ্বেতপদ্ম—অক্ষি চক্ষুঃ+অ, ৬ষ্ঠী—হিং। মহাভারতে—পুণ্ডরীক শব্দের অর্থ পরম স্থান ও অক্ষ শব্দের অর্থ অব্যয়। বাসুদেব পরম স্থানে বাস করেন ও তাঁহার ক্ষয় নাই বলিয়া তাঁহার নাম পুণ্ডরীকাক্ষ হইয়াছে) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু, হরি, পদ্মচক্ষুঃ। শিং—১ "ত্রাহিমাং পুণ্ডরীকাক্ষ।" ২ "যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচি।"

পুণ্ডরীয়ক; সং, ক্লীং, স্থলপদ্ম।

পুণ্ডর্য্য (পুণ্ড [রোগ] নষ্টকরা, ক্ষয়করা+র্য্য—প্রং) সং, ক্লীং, নেত্ররোগনিবারিকা ভৈষজ্যলতাবিশেষ।

পুণ্ড্র, পুণ্ড্রক (পুণ্ড্ পীড়নকরা+রক্—র্ম্ম। কণ্—যোগ) সং, পুং, পুঁড়ি আক। ২। দৈত্যবিশেষ। ৩। তিলক, ফোঁটা। ৪। চিত্র। ৫। কৃমি। ৬। মাধবীলতা। ৭। দেশবিশেষ, গৌড় প্রভৃতি পূর্ব্বদেশ। ৮।

তিলকবৃক্ষ। ৯। হ্রস্বপ্লক্ষ। ১০। পুং—বহুং, তদ্দেশীয় লোক।

পুণ্ড্রকেলি (পুণ্ড্র ইক্ষু—কেলি ক্রীড়াসাধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হস্তী, গজ।

পুণ্য (পুণ্ ধার্ম্মিক হওয়া, সৎকর্ম্ম করা +য—ভা, র্ম্ম। অথবা পূ শুদ্ধ করা +য—ক, ণ—আগম, হ্রস্ব। যে পবিত্র করে। অথবা পূ+ডুণ্য—ক) সং, ক্লীং, ধর্ম্ম, সুকৃত। শিং—১ "ক্ষীণেপুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।" ২ "পুণ্য জিতা লোকঃ ক্ষীয়তে।" (শ্রুতি)। ২। (পুণ্য+অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পবিত্র, নিষ্পাপ। ৩। পুণ্যবান্। ৪। নির্ম্মল। ৫। মনোজ্ঞ। ণ্যা—স্ত্রীং, তুলসী। শিং—১ "পুণ্যাশ্রমদর্শনেন তাবদাত্মানং পুনীমহে।"

পুণ্যক (পুণ্য—ক [কৈ বিস্তারকরা+অ(ক)—ক] যে বিস্তার করে) সং, ক্লীং, পুণ্যার্থ উপবাসাদি। ২। ব্রতবিশেষ। পার্ব্বতীদেবী এই ব্রত করিয়া বিষ্ণু হইতে অভিন্ন গণেশকে পুত্ররূপে লাভ করিয়াছিলেন। ৩। যাহার স্মরণমাত্র পুণ্যসঞ্চার হয় বলিয়া) সং, পুং, বিষ্ণু।

পুণ্যকর্ম্ম (পুণ্যকর্ম্মন্, পুণ্য—কর্ম্মন্ কর্ম্ম, য়ং—স) সং, ক্লীং, পুণ্যজনক কার্য্য।

পুণ্যকর্ম্মা (পুণ্যকর্ম্মন্, পুণ্য—কর্ম্মন্ কর্ম্ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুণ্যকর্ম্মকারী।

পুণ্যকাল ; সং, পুং, সূর্য্যাদির রাশিবিশেষে প্রবেশ নিবন্ধন যে পবিত্র কাল উপস্থিত হয়, পুণ্যজনককাল।

পুণ্যকীর্ত্তন (পুণ্য—কীর্ত্তন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।" ২। ক্লীং, পুণ্যকথন। ৩। বিং, ত্রিং, পুণ্যজনক কীর্ত্তনকারক।

পুণ্যকীর্ত্তি (পুণ্য—কীর্ত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুণ্যকীর্ত্তিবিশিষ্ট। ২। সং, স্ত্রীং, পবিত্র কীর্ত্তি।

পুণ্যকৃৎ (পুণ্য—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে। যে পুণ্য কর্ম্ম করে, ২য়া—ষ অথবা পুণ্য—কৃ করা+০(ক্বিপ্)—ক, ভূতকাল) বিং, ত্রিং, পুণ্যকর্ম্মকারী, ধার্ম্মিক। শিং—১ "পুণ্যকৃচ্ছাটুকারস্তে কিঙ্করঃ সুরভেষু কঃ।" ২। যে পুণ্যকর্ম্ম করিয়াছেন।

পুণ্যক্ষেত্র ; সং, ক্লীং, পুণ্যভূমি, আর্য্যাবর্ত্ত।

পুণ্যগন্ধ (পুণ্য পবিত্র—গন্ধ) সং, পুং, চম্পক বৃক্ষ, চাঁপা ফুলের গাছ।

পুণ্যগন্ধি (পুণ্য—গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পবিত্রগন্ধযুক্ত।

পুণ্যজন (পুনি পবিত্রতা—অজন যে জন্মায় না। যে পবিত্রতা জন্মায় না, ২য়া—ষ। অথবা—এখানে বিরুদ্ধ লক্ষণা—অর্থাৎ ইহারা কি পুণ্যজনক? না) সং, পুং, রাক্ষস। ২। যক্ষ। ৩। (পুণ্য—জন লোক, য়ং—স) ধার্ম্মিক। ৩। দশ প্রাচেতসের পুত্র। শিং—১ "দশ প্রাচেতসাঃ পুত্রাঃ সন্তঃ পুণ্যজনাঃ স্মৃতাঃ।"

পুণ্যজনেশ্বর (পুণ্যজন যক্ষ—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, যক্ষরাজ, কুবের।

পুণ্যজিত (পুণ্য—জিত, ৩য়া—য) সং, পুং, চন্দ্রলোকাদি।

পুণ্যতৃণ ; সং, পুং, শ্বেত তৃণ।

পুণ্যদর্শন (পুণ্য—দর্শন, যাহার দর্শনে পুণ্য জন্মে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবপ্রতিমাদি। ২। চাষপক্ষী।

পুণ্যনামা (—নামন্) সং, পুং, কুমারানুচর বিশেষ।

পুণ্যভাক্ (পুণ্যভাজ্, পুণ্য—ভাক্ [ভজ সেবাকরা+০(বিণ)—ক] যে ভজনা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পুণ্যশালী।

পুণ্যভূ, পণ্যভূমি (পুণ্য—ভূ, ভূমি, য়ং—স) সং, স্ত্রীং, আর্য্যাবর্ত্ত, হিমালয় ও বিন্ধ্যগিরির মধ্যবর্ত্তী দেশ।

পুণ্যরাত্র (পুণ্য—রাত্রি, ৭মী—হিং) সং, পুং, পুণ্যরাত্রি।

পুণ্যলোক (পুণ্য ধর্ম্ম—লোক জগৎ) সং, পুং, যে জগতে পাপের লেশমাত্রও নাই, স্বর্গ, দেবলোক। ২। ধার্ম্মিক ব্যক্তি।

পুণ্যবান্ (পুণ্যবৎ, পুণ্য+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধার্ম্মিক। ২। ভাগ্যবান্।

পুণ্যশকুন ; সং, ক্লীং, পুণ্যস্থান পক্ষী, ময়ূর হংসকারক প্রভৃতি। শিং—১ "ময়ূরাঃ পুণ্যশাকুনাঃ হংসসারসচাতকাঃ।"

পুণ্যশ্লোক (পুণ্য পবিত্র—শ্লোক যশঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পবিত্রচরিত্র। ২। সং,পুং, বিষ্ণু। ৩। যুধিষ্ঠির। ৪। নলরাজা। কা—স্ত্রীং, দ্রৌপদী। ২। সীতা। শিং—১ "পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ। পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দনঃ॥"

পুণ্যাত্মা (পুণ্যাত্মন্, পুণ্য—আত্মন্ আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুণ্যশীল, ধার্ম্মিক।

পুণ্যোদকা; সং, স্ত্রীং, নদী বিশেষ। তাহার জল অতি পবিত্র।

পুণ্যাহ (পুণ্য পবিত্র—অহন্ দিন+ষ,য়ৎ—স) সং,ক্লীং, পবিত্র দিন। (জমীদারেরা বৎসরের প্রথম দিনকে পুণ্যাহ বলেন)। শিং—১ "পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ওঁ পুণ্যাহমিতি ত্রিঃ।"

পুত্তিকা; সং, স্ত্রীং, ক্ষুদ্রমধুমক্ষিকাবিশেষ।

পুৎ (পূ পবিত্র করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, নরকবিশেষ। ২। বিং, ত্রিং, কুৎসিত।

পুত্তলক (পুত্তল+কণ্—স্বার্থে) সং, পুং, পর্ণাদি নির্ম্মিত—শবপ্রতিমূর্ত্তি পর্ণনর।

পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা (পুত্র+লি(লী)—কৃত্রিমার্থে, ক—স্বার্থে। অথবা পুত্ত+অ(অল্)—ভাবে—লা দানকরা, গ্রহণ করা + ই(ডি)—ক) সং, স্ত্রীং, পুতুল। শিং—১ "পুত্তলীং, মৃণ্ময়ীং কৃত্বা দীপাদিভিরলঙ্কৃতাম্।"

পুত্তিকা (পুৎ অব্যক্তশব্দ—তন্ বিস্তারকরা +অ(ড)—ক, কণ্—স্বার্থে। অথবা পুত্ত +অক(ণক)—ক, আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং, মধুমক্ষিকা। ২। উইপোকা।

পুত্র, পুত্ত্র (পূ পবিত্রকরা+ত্র—সংজ্ঞার্থে। যে পিতামাতাকে পবিত্র করে। পুৎ নরকবিশেষ—ত্রৈ ত্রাণ করা+অ(ড)—ক। যে পুৎনাম নরক হইতে পিতাকে ত্রাণ করে,৫মী—ষ। শিং—১"পুন্নাম্নো নরকাদ্ যস্মাৎ ত্রায়তে পিতরং সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা।" ২"পুন্ত্রাণাৎ পুত্র ইতি শ্রুতিঃ।" ৩ "নরকং পুদিতি খ্যাতম্।") সং, পুং, তনয়, সুত, বেটাছেলে। ঔরসাদি ১২ প্রকার তনয়; যথা—ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমএবচ,গূঢ়োৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চ ষট্। কানীনশ্চ সহোঢ়শ্চ ক্রীতঃ পৌনর্ভবস্তথা, স্বয়ংদত্তশ্চ শৌদ্রশ্চ ষড়দায়াদবান্ধবাঃ। ত্রী—স্ত্রীং, কন্যা। (দ্বিবচনান্ত হইলে) পুত্র ও কন্যা।

পুত্রক, পুত্ত্রক (পুত্র+কণ্—স্বার্থে) সং, পুং, পুত্র। শিং—১ "রাজপুত্র চিরঞ্জীবমাজীব মুনিপুত্রক।" ২। স্নেহপাত্র। ৩। শরভ। ৪। ধূর্ত্ত। ৫। বৃক্ষবিশেষ। ৬। পর্ব্বতবিশেষ। ৭। পতঙ্গক। ৮। অনুকম্পান্বিত জন। ত্রকা, ত্রিকা—স্ত্রীং, কন্যা। ২। দত্তা কন্যা। ৩। পুত্তলিকা। ৪। অলক্তকপত্রিকা।

পুত্রকাম (পুত্র—কাম-ণিঙ=কামি কামনা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, পুত্রাভিলাষী।

পুত্রকাম্যা (পুত্র+কাম্য কাম্যচ্)+অ—ভা) সং, স্ত্রীং, নিজের পুত্র বাঞ্ছা।

পুত্রঘ্নী (পুত্র—হন্ [illegible] করা+অ(টক্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সুশ্রুতোক্ত যোনি রোগবিশেষ। শিং—১ "স্থিতং স্থিতং হন্তি গর্ভং পুত্রঘ্নী রক্তসংস্রবাৎ।"

পুত্রজীব (পুত্র গর্ভ—জীব জীবনদায়ক ৬ষ্ঠী—হিং) সং, পুং, জীয়াপুতের গাছ।

পুত্রদা; সং, স্ত্রীং, বন্ধ্যা কর্কটী।

পুত্রদাত্রী; সং, স্ত্রীং, বন্ধ্যাদোষনাশিনী মালবেপ্রসিদ্ধ লতাবিশেষ।

পুত্রভদ্রা; সং, স্ত্রীং, বৃহজ্জীবন্তী লতা।

পুত্রবল (পুত্র+বল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবান্, যাহার পুত্র আছে।

পুত্রবান্ (পুত্রবৎ,পুত্র+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার পুত্র আছে।

পুত্রসূ (পুত্র—সূ প্রসবকরা+০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, পুত্রপ্রসবকর্ত্রী। শিং—১ "পুত্রসূঃ পুণ্যভূমিঃ স্যাদ্ধনসূঃ পুত্রিকাপ্রসূঃ।"

পুত্রাচার্য্য (পুত্র—আচার্য্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্রের নিকট অধ্যয়নকারী ব্যক্তি। ২। (৬ষ্ঠী—য) পুত্রের অধ্যাপক।

পুত্রিক (পুত্র+ক(কণ্)—অস্ত্যর্থে, ই—আগম) বিং, ত্রিং, পুত্রযুক্ত।

পুত্রিকা (পুত্র+কন্ — স্বার্থে, আপ্) সং,স্ত্রীং, কন্যা। শিং — ১ "পুত্রিকায়াং কৃতায়াঞ্চ যদি পুত্রোঽনুজায়তে।" ২। দত্তা কন্যা। ৩। পুত্তলিকা। ৪। অলক্তক-পত্রিকা।

পুত্রিকাপুত্র (পুত্রিকা কন্যা — পুত্র) সং,পুং, দৌহিত্র। ২। দত্তা কন্যারূপ পুত্র।

পুত্রিকাভর্ত্তা (পুত্রিকাভর্তৃ, পুত্রিকা — ভর্ত্তা স্বামী, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কন্যার স্বামী, জামাতা, জামাই।

পুত্রী ( পুত্রিন্, পুত্র+ইন্ — অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পুত্রবান্, পুত্রযুক্ত। শিং — ১ "জ্যেষ্ঠেন জাতমাত্রেণ পুত্রীভবতি মানবঃ।" ২। স্ত্রীং, কন্যা। ত্রিণী — স্ত্রীং, পুত্রবতী। শিং — ১ "সর্ব্বাসামেকপত্নীনামেকা চেৎ পুত্রিণী ভবেৎ।"

পুত্রীয় ( পুত্র+ঈয়(ণীয়) — সম্বন্ধার্থে ) বিং, ত্রিং,পুত্রসম্বন্ধীয়। শিং — ১"ধন্যং যশস্যং পুত্রীয়মায়ুষ্যং বিজয়ায় চ।" ২। পুত্র-নিমিত্তিক। য়া — স্ত্রীং, ইষ্টিবিশেষ।

পুত্রীয়ন্ (পুত্রীয়ৎ, পুত্রীয় [পুত্র+ঈয় — আপনার পুত্র ইচ্ছার্থে] আপনার পুত্র ইচ্ছাকরা+অৎ(শতৃ) — ক) বিং, ত্রিং, যে +ক্য+অৎ(শতৃ) — ক ) বিং, ত্রিং, যে আপনার পুত্র ইচ্ছা করে, আত্মপুত্রেচ্ছু।

পুত্রেষ্টি } (পুত্র — ইষ্টি [যজ্ দেবপূজা
পুত্রেষ্টিকা } করা+তি(ক্তি) — ধি] যাগ। পুত্রনিমিত্ত যে যজ্ঞ,৪র্থী — ষ। ২য় পক্ষে+কণ্ — যোগ, আপ্) সং, স্ত্রীং, পুত্রজননার্থ যজ্ঞবিশেষ। শিং — ১ "গৃহীত্বা পঞ্চবর্ষীয়ং পুত্রেষ্টিং প্রথমং চরেৎ।"

পুদ্গল (পুর [পূর্ পূরণ করা+অ(অন্) — ক] যে পূর্ণ করে — গল [গল্ গলিত হওয়া+অ(অন্) — ক ] যে ক্ষয় করে, নিপাতন) সং, পুং, বৌদ্ধমতে—দ্ব্যণুকাদি পদার্থ। ২। পরমাণু। শিং — ১ "পূরণাদ্-গলনাদ্দেহে পুদ্গলাঃ পরমাণবঃ।" ৩। আত্মা। ৪। শরীর। ৫। (পুৎ কুৎসিত — গল, ৫মী — হিং) বিং, ত্রিং, সুন্দর, সুশ্রী।

পুনঃপুনঃ (পুনঃপুনর্, পুন্ পরে বলা+অর — প্রং, দ্বিত্ব) অং, বারংবার, মুহুর্মুহুঃ।

পুনঃপুনা (পুনর্ পুনর্ব্বার+পূ পবিত্র করা +নক্ — ক। পুনর্ দ্বিত, এই নদীর বক্রগতি হেতু এই নাম হইল) সং, স্ত্রীং, বেহারের অন্তর্গত নদীবিশেষ। "কীকটেষু গয়াপুণ্যা নদী পুনঃপুনা।"

পুনর্ (পুন্ পরে বলা+অর — ণ) অং,অপ্রথম। ২। দ্বিতীয়বার। ৩। অবধারণ। ৪। অধিকার। ৫। ভেদ। ৬। পক্ষান্তর। শিং — ১"সেতুঃ কিং মুর্খ বধ্যতে। গঙ্গায়াম্যো-ঘহার্য্যাভিঃ সিকতাভিঃ কদা পুনঃ।"

পুনরসু ( পুনর্ — অসু প্রাণ, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, পুনর্জাত।

পুনরাগত (পুনর্ — আগত যে আসিয়াছে) বিং, ত্রিং, প্রত্যাগত, যে পুনর্ব্বার আসিয়াছে।

পুনরাগমন ; সং,ক্লীং, প্রত্যাগমন। শিং — ১ "সংবৎসর ব্যতীতে তু পুনরাগমনায় চ।"

পুনরাধান ; সং, ক্লীং, শ্রৌত ও স্মার্ত্তাগ্নির পুনর্ব্বার আধান। শিং — ১"পুনর্দ্দারক্রিয়াং কুর্য্যাৎ পুনরাধানমেবচ।" (মনু)।

পুনরাবর্ত্ত (পুনর্ — আবর্ত্ত ঘূর্ণন) সং, পুং, পুনরাগমন। ২। ঘূর্ণন। ৩। পুনর্জন্ম।

পুনরাবর্ত্তী ( পুনরাবর্ত্তিন্, পুনর্ — আবৃত্ত প্রত্যাগত হওয়া+ইন্(ণিন্) — ক ) বিং, ত্রিং, ইহলোকে বারংবার আগমনশীল। শিং — ১ "আব্রহ্মভুবনাৎ লোকাঃ পুন-রাবর্ত্তিনোর্জ্জুন।" (গীতা)।

পুনরুক্তজন্মা (পুনরুক্তজন্মন্, পুনর্ দ্বিতীয়-বার — উক্ত কথিত — জন্মন্ জন্ম, ৬ষ্ঠী — হিং) সং, পুং, দ্বিজাত ব্রাহ্মণ।

পুনরুক্তবদাভাস ( পুনর্ — উক্ত — বৎ — আভাস) সং, পুং, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থলে ভিন্নাকার একার্থবোধক দুই বা বহু শব্দ প্রযুক্ত হইলে আপাততঃ পুনরুক্তির ন্যায় বোধ হয়, কিন্তু পরিণামে বিভিন্ন অর্থের প্রতীতি হয়।

পুনরুক্তি (পুনর্ — উক্তি কথন) সং, স্ত্রীং, উক্তের পুনঃ কথন, যাহা একবার উক্ত হইয়াছে তাহা পুনর্ব্বার বলা। [উদ্ভব।

পুনরুৎপত্তি ; সং,স্ত্রীং,উৎপন্ন বস্তুর পুনর্ব্বার

পুনরুৎস্বষ্ট ; সং, পুং, পশুবিশেষ, দুর্ব্বলতা প্রযুক্ত ভারবহনে অক্ষম পশু।

পুনরুজ্জীবিত ( পুনর্ — উৎ — জীবিত ) বিং, ত্রিং, পুনর্ব্বার জীবনপ্রাপ্ত।

পুনর্জ্জন্ম ( পুনর্জ্জন্মন্ ) সং, ক্লীং, পুনর্ব্বার সংসারে জন্মগ্রহণ। শিং — ১"মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জন্ম ন বিদ্যতে।" (গীতা)।

পুনর্নব ( পুনর্ পক্ষান্তর — নব নূতন। ইহার ছেদনেও পুনর্ব্বার নূতন হয়) সং, পুং, নখ, নখর। বা — স্ত্রীং, শোথনাশক শাকবিশেষ।

পুনর্ভব (পুনর্ — ভব [ভূ হওয়া + অ(অন্) — ক] যে হয়। ছেদন করিলেও পুনর্ব্বার হয়) সং, পুং, কররুহ, নখ। ২। (পুনর্ — ভূ হওয়া + অ(অল) — ভাবে) পুনর্জন্ম। ৩। বিং, ত্রিং, পুনর্ব্বারজাত।

পুনর্ভবী ( পুনর্ভবিন্, পুনর্ পক্ষান্তর — ভব যে হয় + ইন্ — অস্ত্যর্থে। দেহান্তরে পুনরায় বিদ্যমান থাকে বলিয়া ) সং, পুং, আত্মা।

পুনর্ভূ (পুনর্ — ভূ হওয়া + ০(ক্বিপ্) — ক। যে একবার অন্যের হইয়া পুনর্ব্বার অন্যের হয়) সং, স্ত্রীং, বিধবা হইয়া দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী। ২। অন্যপূর্ব্বা নারী। শিং — ১ "পুনরক্ষতযোনিস্তাতুহতে যা যথাবিধিঃ, সা পুনর্ভূঃ।" ৩। বিং, ত্রিং, পুনর্জাত।

পুনর্যাত্রা ; সং, স্ত্রীং, নিবর্ত্তযাত্রা, প্রত্যাগমন, জগন্নাথ দেবের দক্ষিণমুখে রথযাত্রা, উল্টারথ ; দ্বিতীয়া হইতে নবম দিনে দশমীতে ইহা কর্ত্তব্য। শিং — ১"পুনর্যাত্রা বিধাতব্যা তথৈব নবমেঽহনি।"

পুনর্ব্বসু ( পুনর্ — বসু বাসস্থান। প্রাণী সকল পক্ক শস্য পাইয়া যাহাতে বাস করে ) সং, পুং, বিষ্ণু। ২। শিব। ৩। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত সপ্তম নক্ষত্র ;



পুনর্ব্বসু (নক্ষত্র)

ইহার অধিষ্ঠাত্রী দেবতা অদিতি। ইহাতে জন্ম হইলে প্রকৃতমিত্র, শাস্ত্রে যত্নশীল, দাতা ও প্রতাপবান্ হয়। ৪। কাত্যায়নমুনি। ৫। নৃপবিশেষ।

পুনান ( পূ পবিত্র করা + আন(শান) — ক ) বিং, ত্রিং, পবিত্রকারক।

পুন্নাগ (পুম্স্ — নাগ হস্তী, মং — স) সং, পুং, শ্বেত-হস্তী। ২। শ্বেতোৎপল। ৩। নরশ্রেষ্ঠ। ৪। প্রধান, শ্রেষ্ঠ। ৫। [যে পুন্নাগের ন্যায়] নাগকেশরবৃক্ষ।

পুন্নাট ; সং, পুং, চক্রমর্দ্দবৃক্ষ। [বিশেষ।

পুন্নামা ('পুৎ' এই নাম যার) সং, পুং, নরক-

পুপ্ফুল্ ( ফুল্ বিকসিতহওয়া, নিপাতন ) সং, পুং, উদরস্থ বায়ু।

পুপ্পুস } (স্ফুর্ স্ফুর্ত্তি পাওয়া + অস(অ-
পুপ্ফুস } সচ্) — ক, নিপাতন) সং, পুং, পদ্মবীজাধার। ২। বীজকোষ। ৩। ফুস্ফুস, ফুল্কা।

পুমান্ ( পুম্স্, পা রক্ষা করা + উমস (ডুমস) — ক, সংজ্ঞা। যে কুলাদি রক্ষা করে) সং, পুং, পুরুষ। ২। মনুষ্য। ৩। পুংলিঙ্গমাত্র। শিং — ১"যেন ধৌতা গিরঃ পুংসাং বিমলৈঃ শব্দবারিভিঃ।"

পুম্বৎ ( পুম্স্ + বৎ — প্রৎ ) অং, পুরুষের ন্যায়। ২। পুংলিঙ্গের ন্যায়।

পুর্ (পুর্ অগ্রে অগ্রে গমনকরা + ০(ক্বিপ্) — শা) সং, স্ত্রীং, নগরী।

পুরঃসর (পুরস্ অগ্র — সর [সৃ গমনকরা + অ (অন্) — ক] যে গমন করে। যে অগ্রে গমন করে) বিং, ত্রিং, অগ্রসর। ২। পরিচয়।

পুর (পৄ পূর্ণ করা + অ(ক) — ধি। যেখানে দ্রব্যাদি পূরিত হয় ) সং, ক্লীং, গৃহ, ভবন। ২। গৃহোপরিস্থ গৃহ। ৩। (আত্মার গৃহ বলিয়া) শরীর। ৪। চর্ম্ম। ৫। (যে স্থানে বিদেশীয় বণিকেরা পণ্যদ্রব্য পূর্ণ করে) ক্লীং, রী — স্ত্রীং, নগর, নগরী। ৬। ক্লীং, পাটলীপুত্র। ৭। পুষ্পগর্ভ। ৮। পুং, গুগ্গুলু। ৯। বিং, ত্রিং, পূর্ণ। ১০। প্রচুর।

পুরঞ্জন (পুর দেহ — জন্ জন্মান + অ(খ)

—ক, যে উৎপন্ন হয়) সং, পুং, আত্মা জীব। শিং—১"পুরুষং পুরঞ্জনং বিদ্যাৎ যদ্ব্যনক্ত্যাত্মনঃ পুরম্।" নী—স্ত্রীং, তদধিষ্ঠানরূপা বুদ্ধি।

পুরঞ্জয় (পুর নগর—জি জয়করা+অ(খশ্)—ক) সং, পুং, শিব। ২। সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ; ইনি বিকুক্ষির পুত্র, অপর নাম ককুৎস্থ। ৩। সৃঞ্জয়ের পুত্র। ৪। বিন্ধ্যশক্তি যবনের পুত্র। ৫। বিং, ত্রিং, পুরজেতা।

পুরঞ্জর; সং, পুং, বাগান। ২। কুক্ষি।

পুরজিৎ(পুর ত্রিপুরাসুর—জিৎ [জি জয়করা +০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, শিব। ২। চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ।

পুরজ্যোতিঃ (পুরজ্যোতিস্, পুর—প্রচুর জ্যোতিঃ কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

পুরট; সং, ক্লীং, সুবর্ণ।

পুরণ (পৃ পূর্ণ করা+অন(অনট্—ক) সং, পুং, সমুদ্র।

পুরতটী (পুর—তটী তীর, প্রান্ত, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হাট। ২। ক্ষুদ্র গ্রাম।

পুরতঃ (পুরতস্, পুর+তস(অতসুচ্)—ক) অং, অগ্রে, সম্মুখে। শিং—১ "পুরতস্তে প্রতস্থিরে।" ২"ভটৈস্ততদাশ্রমপদং পুরতো বিভাতি।"

পুরদ্বার (পুর—দ্বার, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নগরদ্বার। ২। বাটীদ্বার।

পুরদ্বিট্ (পুরদ্বিষ্, পুর অসুরপুর—দ্বিষ্ নষ্টকরা+০(ক্বিপ্)—ক) সং, পুং, শিব, ত্রিপুরারি।

পুরন্দর (পুর অসুরপুর—দৃ বিদারণ করা+অ(খশ্)—ক) সং, পুং, ইন্দ্র। ২। চৌর। শিং—১ "সমাংসমীনা যদি পাকশালা সমাংসমীনা দশ ধেনবঃ স্যুঃ। পুরন্দরস্য বিষয়ং যদি স্যাৎ পুরন্দরস্যাপি পুরং ন যাচে।" ৩। বিষ্ণু। "আদিদেবঃ পুরন্দরঃ।" ৪। ক্লীং, চব্য, চই। রা—স্ত্রীং, গঙ্গা।

পুরন্দরমিশ্র; সং, পুং, ইঁহারই নাম জগন্নাথ মিশ্র। ইনি চৈতন্যদেবের পিতা।

পুরন্ধি—ন্ধ্রী (পুরং গৃহকে—ধৃ ধরা+অ (খ)—ক,ঙীপ্) সং, স্ত্রীং, পতিপুত্রবতী স্ত্রী, গৃহিণী। শিং—১ "গৃহে গৃহে ব্যাঘ্রপুরন্ধ্রিবর্গম্।"

পুরপাল (পুর দেহ বা নগর—পাল রক্ষক, ২য়া—ষ) সং, পুং, দেহপালক জীব। ২। নগরপাল।

পুরভিদ্ (পুর ত্রিপুরাসুরপুর—ভিদ্ ভেদ করা+০(ক্বিপ)—ক) সং, পুং, মহাদেব।

পুরমথন (পুর ত্রিপুরাসুর—মথ পীড়নকরা +অন(অনট্)—ক) সং, পুং, শিব।

পুরমার্গ; সং, পুং, নগরমার্গ।

পুরমানিনী; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পুরয়; সং, পুং, নৃপবিশেষ।

পুররক্ষ (পুর—রক্ষ্ রক্ষাকরা+অ(অন্)—ক) সং, পুং, নগররক্ষক, চৌকিদার।

পুরলা (পুর্+অল(কলচ্)—ক, সংজ্ঞার্থে, আপ্) সং, স্ত্রীং দুর্গা।

পুরবাসী (পুরবাসিন্, পুর—বস্ বাসকরা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, নগরবাসী।

পুরশাসন (পুর—শাস্ শাসনকরা+অন (অনট)—ক) সং, পুং, মহাদেব।

পুরশ্চরণ (পুরস্ চর্ আবরণকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, স্বীয় ইষ্ট দেবতার মন্ত্র সিদ্ধ হইবার জন্য তাঁহাকে পূজা করিয়া তাঁহার মন্ত্র, জপ, হোম, তর্পণ অভিষেক ও ব্রাহ্মণ ভোজন এই পঞ্চাঙ্গ সাধনের দ্বারা পূজা। শিং—১ "জীবহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ।" ২ "পুরশ্চরণহীনোঽপি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ।"

পুরশ্ছদ; সং, পুং, তৃণবিশেষ, উলু।

পুরস্ (পূর্ব্ব+অস্, পূর্ব্বস্থানে পুর্) অং, পূর্ব্ব দিকে দেশে বা কালে। ২। পূর্ব্বে। ৩। প্রথমে। ৪। অগ্রে, সম্মুখে।

পুরসংস্কার (পুর—সংস্কার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দুর্গ সংস্কার, দুর্গের মেরামত।

পুরস্কার—পুং } (পুরস্—কার, ক্রিয়া করণ। প্রথমে বা সম্মুখে করা) সং, সম্মান, পূজা, আদর, অভ্যর্থনা। ২। স্বীকার। ৩। পারিতোষিক দান। ৪। অগ্রেকরণ। ৫। অভিষেক।
পরিস্ক্রিয়া—স্ত্রীং }

পুরস্কৃত (পুরস্—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম, বিং,

ত্রিং, সম্মানিত। ২। পূজিত। ৩। প্রস্তুত। ৪। সম্মুখে স্থাপিত। ৫। অভিষিক্ত। ৬। স্বীকৃত, অঙ্গীকৃত। ৭। গৃহীত। ৮। অবলম্বিত। ৮। অপবাদিত। ৯। শত্রুগ্রস্ত।

পুরস্তাৎ (পুর+স্তাৎ—প্রং) অং, পূর্ব্বদিকে দেশে বা কালে; যথা—পুরস্তাৎ সূর্য্য উদেতি। ২। প্রথমকালে; যথা—পুরস্তাদ্ভুংক্তে। ৩। সম্মুখে।

পুরস্ত্রী; সং, স্ত্রীং, নগরবাসিনী স্ত্রীলোক।

পুরহা (পুর—হন্ বধকরা+০(ক্বিপ্)—ক) সং, পুং, মহাদেব। ২। বিষ্ণু।

পুরা (পূ পূর্ণকরা+আ—প্রং, অথবা পুর+অ(ক)—ক, আপ্) অং, পূর্ব্বকালে। ২। প্রথমে। ৩। পুরাবৃত্ত। ৪। নিকটে। ৫। ভবিষ্যৎ বা অতীত কালে। ৬। পশ্চাৎ। ৭। পুরাণ।

পুরাকল্প (পুরা পুরাণ—কল্প, য়ং—স) সং, পুং, পুরাতন কল্প। ২। অর্থবাদবিশেষ।

পুরাকৃত (পুরা—কৃত করা হইয়াছে) বিং, ত্রিং, পূর্ব্বকালকৃত (পুণ্যাদি), প্রারব্ধকর্ম্ম। শিং—১ "অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতং।"

পুরাগ (পুরা—গ [গম্ গমনকরা+অ(ড)—ক] যে গমন করে) বিং, ত্রিং, পূর্ব্বগামী।

পুরাগত (পুরা—গত গিয়াছে) বিং, ত্রিং, পূর্ব্বতনকালীন।

পুরাণ (পুরা পূর্ব্বকালে+ন—ভবার্থে। অথবা পুরা—নী লওয়া+অ(ড)—র্ম্ম) সং, ক্লীং, সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত—এই পঞ্চ লক্ষণাক্রান্ত ব্যাসাদি মুনি প্রণীত গ্রন্থবিশেষ। শিং—১ "সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ, বংশানুচরিতঞ্চৈব পুরাণং পঞ্চ লক্ষণম্।" ২। পুরাণ অষ্টাদশ; যথা—ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, ভাগবত, নারদীয়, মার্কণ্ডেয়, আগ্নেয়, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, লৈঙ্গ, বারাহ, স্কান্দ, বামন, কৌর্ম্ম, মাৎস্য, গারুড়, ব্রহ্মাণ্ড। ৩। ১৬ পণ, ১ কাহন। "ইদং বা অগ্রেনৈব কিঞ্চ নাসীৎ দ্যৌরাসীদিত্যাদিকং, জগতঃ প্রাগবস্থানমুপক্রম্য সর্গপ্রতিপাদকং বাক্যজাতং পুরাণম্।" ৪। বিং, ত্রিং, প্রাচীন, পুরাতন। ৫। অনাদি; (বিষ্ণু বা ঈশ্বরই একমাত্র আদিতে ছিলেন, তখন এ চরাচর কিছুই ছিল না। এইজন্য ইহাঁকে পুরাণ বলা যায়; যথা—"ত্বমাদিদেবঃ পুরুষঃপুরাণস্ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।"

পুরাণগ (পুরাণ—গ [গম্ গমনকরা+অ(ড)—ক] যে গমন করে) সং, পুং, ব্রহ্মা। ২। পরমাত্মা। ৩। (গৈ গমনকরা+অ(ড)—ক) বিং, ত্রিং, পুরাণগায়ক।

পুরাণপুরুষ (পুরাণ—পুরুষ, য়ং—স) সং, পুং, বিষ্ণু, আদিপুরুষ। ২। বৃদ্ধ।

পুরাতন (পুরা+তন(ট্যন)—ভবার্থে) বিং, ত্রিং, প্রাচীন। ২। অনাদি। শিং—১ "নবং বস্ত্রং নবং ছত্রং নব্যা স্ত্রী নূতনং গৃহম্। সর্ব্বত্র নূতনং শস্তং সেবকান্নে পুরাতনে।"

পুরাধ্যক্ষ (পুর—অধ্যক্ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নগরাধিকৃত। ২। অন্তঃপুরের অধ্যক্ষ অর্থাৎ কঞ্চুকী। সচরাচর সৎকুলোৎপন্ন বৃদ্ধ ব্রাহ্মণ এই কার্য্যে নিযুক্ত হইতেন। শিং—১ "বৃদ্ধঃ কুলোদ্ভতঃ শক্তঃ পিতৃপৈতামহঃ শুচিঃ। রাজ্ঞামন্তঃ পুরাধ্যক্ষঃ বিনীতশ্চ তথেষ্যতে।"

পুরারি (পুর অসুরপুর—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

পুরার্দ্ধবিস্তর (পুর নগর—অর্দ্ধ—বিস্তর বিস্তৃতি) সং, পুং, নগরের অংশ। ২। উপনগর। ৩। অস্ত্রবিশেষ।

পুরাবর্ত্তী; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পুরাবসু (পুরা পূর্ব্ব—বসু দেবতাবিশেষ) সং, পুং, ভীষ্ম।

পুরাবিৎ (পুরাবিদ্, পুরা পূর্ব্ব—বিদ্ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে। যে পূর্ব্ব বিষয় জানে) সং, পুং, পূর্ব্বজ্ঞ, যে ব্যক্তি পূর্ব্বকালের বিবরণ জানে। ২। পণ্ডিত। ৩। বৃদ্ধ।

পুরাবৃত্ত (পুরা পূর্ব্ব—বৃত্ত অতীত। পূর্ব্বে যাহা হইয়াছে। স্বামী বলেন বৃত্ত চরিত্র) সং, ক্লীং, পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস।

পুরাসাহ (পুর শত্রুপুর—সহ্ সহ, পরা-

ভব করা+অ(ষণ্)—ক) সং, পুং, শক্র-পুরবিঘাতক ইন্দ্র।

পুরাসুহৃদ্ (পুর অসুরপুর—অসুহৃদ্ শত্রু, ৬ষ্ঠী—য) সং, পুং, শিব।

পুরী (পুর+ঈপ্) সং, স্ত্রীং, উড়িষ্যার একটী প্রদেশ। ২। সন্ন্যাসীদের উপাধিবিশেষ। ৩। নগরী। ৪। ভবন। ৫। দেহ।

পুরীতৎ (পুরী শরীর—তৎ [তন্ বিস্তার করা+০(ক্বিপ)—ক] যে বিস্তার করে। যে শরীরকে বিস্তার করে, ২য়া—য) সং, পুং—ক্লীং, অন্ত্র, আঁতড়ি।

পুরীততি (পুরী শরীর—ততি [তন্ বিস্তার করা+তি (ক্তি)—ক] যে বিস্তৃত হয়) সং, স্ত্রীং, নাড়ীবিশেষ।

পুরীমোহ (পুরী সহর—মোহ মুগ্ধকরণ) সং, পুং, ধুতুরা।

পুরীষ (পৃ পালন করা+ঈষ(ঈষন্)—ক, সংজ্ঞার্থে। যে বৃক্ষাদির মূল পালন করে) সং, ক্লীং, বিষ্ঠা, মল। শিং—১ "কিং কদাচিৎ পক্ষিপুরীষে সুবর্ণমুৎপদ্যতে।" (পঞ্চতন্ত্র)। ২ "দক্ষিণামুখউৎসর্গং কুর্য্যান্মূত্রপুরীষয়োঃ।" (পুরীষণ শব্দেও বিষ্ঠা হয়)।

পুরীষাধান (পুরীষ—আ—ধা ধারণ করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, দেহস্থ পুরীষাশয় স্থান।

পুরীষী (পুরীষিন্, পুরীষ জল+ইন্—যুক্তার্থে) বিং, ত্রিং, জলযুক্ত।

পুরু (পৃ পূরণ করা+উ(কু)—ক) বিং, ত্রিং, প্রচুর, অধিক। ২। সং, পুং, যযাতিরাজার কনিষ্ঠ পুত্র; ইনি শর্ম্মিষ্ঠা-গর্ভ-সম্ভূত। পিতার জরাগ্রহণ করিয়া ইনি রাজ্যের অধিকারী হন। কুরু-পাণ্ডব ইহাঁর বংশোদ্ভব। ৩। নৃপবিশেষ (Porus); আলেক্জণ্ডারের সহিত ইহার যুদ্ধ হয়। ৪। দৈত্যবিশেষ। ৫। দেবলোক। ৬। পরাগ। ৭। স্ত্রীং, নদীবিশেষ।

পুরুকুৎস; সং, পুং, মান্ধাতার পুত্রবিশেষ। ইহাঁর মানসী কন্যা নর্ম্মদা ঋষিশাপে নদীত্ব প্রাপ্ত হইয়াছে।

পুরুকুৎসব; সং, পুং, দৈত্যবিশেষ। শিং—১ "ইন্দ্রো বিপশ্চিদ্দেবানাং তদ্রিপুঃ পুরুকুৎসবঃ।" সানী—স্ত্রীং, তৎপত্নী।

পুরুজ; সং, পুং, ভরতবংশীয় নৃপবিশেষ।

পুরুজিৎ; সং, পুং, নৃপবিশেষ। ইনি অর্জ্জুনের মাতুল।

পুরুদ (পুরু প্রচুর—দা দান করা+অ(ড)—ক) সং, ক্লীং, সুবর্ণ।

পুরুদংশক (পুরু অধিক—দংশক যে দংশন করে) সং, পুং, হংস।

পুরুদংশাঃ (পুরুদংশস্, পুরু দৈত্যবিশেষ—দংশস্ [দন্শ্ দংশন করা+অস্—ক] যে দংশন করে। যিনি পুরুকে দংশন অর্থাৎ বধ করে, ২য়া—য) সং, পুং, ইন্দ্র।

পুরুদ্রুহ্ (পুরু—দ্রুহ্ অনিষ্ট করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, অধিক দ্রোহকারক। ২। ইন্দ্র।

পুরুধা (পুরু বহু+ধা(ধাচ্)—প্রকারার্থে) অং, বহুপ্রকারে।

পুরুভোজাঃ (পুরুভোজস্, পুরু অধিক—ভুজ ভোজন করা+অস্(অসুন্)—ক বিং, ত্রিং, প্রচুরভোজী, যে অনেক ভোজন করিতে পারে। ২। পুং, মেঘ।

পুরুমিত্র; সং, পুং, মহারথ নৃপবিশেষ। ২। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

পুরুরবাঃ (পুরুরবস্) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ। [কলদাতা।

পুরুরাবা (পুরুরাবন্) বিং, ত্রিং, বহুবিধ

পুরুষ } (পৃ [বল] পূরণকরা+উষ(কুষণ্)-
পূরুষ } ক। অথবা পৃ পালন করা+উষণ—ক। যে পালন করে। কিম্বা পুরু দেহ—শী শয়ন করা+অ(ড)—ক) সং, পুং, পুমান্, মনুষ্য, নর। ২। পুংজাতীয়। ৩। (পুর শরীর—বস্ বাস করা+অ (ক)—ক, সংজ্ঞার্থে। যে শরীরে বাস করে। কেহ বলেন যে শরীরে শয়ন করে, নিপাতন। কেহ বলেন যে শরীর পালন করেন, নিপাতন) আত্মা। ৪। বিষ্ণু। ৫। জগতের আদিকারণ, ঈশ্বর। ৬। (—ভাবে) অশ্বাদির অবস্থানবিশেষ, পশ্চাৎ পদদ্বয়ে ভর দিয়া অগ্রপদদ্বয়ের

উত্তোলন। শিং—১ "যৎকারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্। তদ্বিসৃষ্টঃ স পুরুষো লোকে ব্রহ্মেতি কীর্ত্ত্যতে।" ৭। ব্যাকরণে—প্রথম, মধ্যম ও উত্তম পুরুষ।

পুরুষক (পুরুষ+কণ্—প্রং) সং, ক্লীং, অশ্বের অবস্থিতিবিশেষ, উপরে দুই পা তুলিয়া মানুষের মত দাঁড়ান, শিরপাতোলা।

পুরুষকার (পুরুষ—কার করণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৌরুষ। ২। উৎসাহ। ৩। চেষ্টা। শিং—১ "দৈবে পুরুষকারে চ কিং জ্যায়স্তং ব্রবীহিমে।"

পুরুষগ্রহ—সূর্য্য, মঙ্গল ও বৃহস্পতি।

পুরুষত্ব (পুরুষ+ত্ব—ভাবে) সং, ক্লীং, মনুষ্য। ২। পৌরুষ, উৎসাহ।

পুরুষদঘ্ন, পুরুষদ্বয়স, পুরুষমাত্র (পুরুষ+দঘ্নট্, দ্বয়সট্, মাত্রট্—পরিমাণার্থে) বিং, ত্রিং, পুরুষপরিমিত।

পুরুষদ্বেষী (—দ্বেষিন্, পুরুষ—দ্বিষ্ দ্বেষ করা+ইন্ ণিন্)—ক) বিং, ত্রিং, পুরুষদ্বেষকারী।

পুরুষনক্ষত্র—হস্তা, মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা ও পুষ্যা।

পুরুষপুণ্ডরীক (পুরুষ মনুষ্যজাতি—পুণ্ডরীক পথ এস্থলে শ্রেষ্ঠ অর্থ বুঝাইতেছে) সং, পুং, উৎকৃষ্ট মানব। ২। জৈনদিগের নব বাসুদেবের অন্তর্ভুক্ত সপ্তম বাসুদেব।

পুরুষরাশি—মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ।

পুরুষর্ষভ (পুরুষ—ঋষভ শ্রেষ্ঠ) বিং, ত্রিং, পুরুষশ্রেষ্ঠ।

পুরুষব্যাঘ্র, পুরুষপুঙ্গব, পুরুষসিংহ (পুরুষ নর—সিংহ শ্রেষ্ঠ) সং, পুং, নরশ্রেষ্ঠ।

পুরুষসূক্ত; সং, ক্লীং, বেদোক্ত ষোড়শ মন্ত্র। [পুং, পুরুষাংশবিশেষ।

পুরুষাংশক (পুরুষাংশ+কণ্—স্বার্থে) সং,

পুরুষাদ্, পুরুষাদ (পুরুষ—অদ্ ভোজন করা+০(কিপ্), অ(অন্)—ক) সং, পুং, রাক্ষস। ২। মধ্যদেশবিশেষ।

পুরুষাদ্য (পুরুষ মনুষ্য—আদ্য প্রথম) সং, পুং, বিষ্ণু। ২। আদিনাথ নামে জিনবিশেষ।

পুরুষায়ুষ (পুরুষ—আয়ুস্ জীবিতকাল +অ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পুরুষের জীবিতকাল, শতবর্ষ।

পুরুষার্থ (পুরুষ—অর্থ প্রয়োজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুরুষের ধর্ম্ম অর্থ কাম মোক্ষরূপ প্রয়োজন। ২। সুখ। ৩। সংসার। ৪। মুক্তি। শিং—১ "ধর্ম্মার্থকামমোক্ষাশ্চ পুরুষার্থা উদাহৃতাঃ।"

পুরুষাস্থিমালী (পুরুষাস্থিমালিন্, পুরুষ মনুষ্য—অস্থি হাড়—মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব, অস্থিমালাধারী।

পুরুষোত্তম (পুরুষ—উত্তম। পুরুষের মধ্যে যিনি উত্তম ৭মী—ষ। মহাভারতে—তিনি সর্ব্বভূতের পূরণকর্ত্তা ও সর্ব্বভূত তাঁহাতেই অবসন্ন হয় বলিয়া তাহার নাম পুরুষোত্তম) সং, পুং, পুরুষশ্রেষ্ঠ, বিষ্ণু। শিং—১"অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ।" ২। নীলাচলের অপর নাম। দক্ষিণসাগরতীরে ওড় দেশে স্থিত। ঋষিকুল্যা ও বৈতরণী নামক নদীদ্বয়ের মধ্যবর্ত্তী প্রসিদ্ধ তীর্থ স্থান। স্বয়ং পুরুষোত্তম নারায়ণ এই স্থানে অবস্থান করেন বলিয়া এই স্থানের নাম পুরুষোত্তম। ৩। বিং, ত্রিং, পুরুষশ্রেষ্ঠ।

পুরুহ, পুরুহু (পুরু অনেক—হন্ [বধ করা] শ্রেষ্ঠ হওয়া+অ, উ—প্রং) বিং, ত্রিং, প্রচুর, অধিক।

পুরুহূত (পুরু অধিক—হূত আহূত, নাম। অথবা পুরু দৈত্যবিশেষ—হূত [যুদ্ধার্থ] আহূত, ৩য়া—হিং) সং, পুং, ইন্দ্র।

পুরুহূতি; সং, স্ত্রীং, দাক্ষায়ণী। ২। (পুরু অসংখ্য—হূতি নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

পুরূরবাঃ (পুরূরবস্, পুরু দেবলোক—রবস্ [রু শব্দ করা+অস্—র্ম্ম] রব। যাহার দেবলোক পর্য্যন্ত রব আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ। ইনি বুধের পুত্র। [ত্রিং, বহুধনসম্পন্ন।

পুরুবসু (পুরু—বসু ধন, ৬ষ্ঠী—হিং) বিং,

পুরোগ, পুরোগম, পুরোগামিন্ (পুরস্ অগ্র—গ, গম, গামিন্ [গম্ গমন করা+অ

(ড), অ(অন্), ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, অগ্রগামী। ২। প্রধান।

পুরোগত (পুরস্—গত গিয়াছে) বিং, ত্রিং, যে অগ্রে গমন করিয়াছে। ২। প্রধান।

পুরোগতি (পুরস্ সম্মুখে—গতি গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুর। ২। স্ত্রীং, অগ্রে গমন। ৩। বিং, ত্রিং, অগ্রগ।

পুরোচন; সং, পুং, জতুগৃহে পাণ্ডবগণের দাহার্থ নিয়োজিত দুর্য্যোধনের যবন মন্ত্রী।

পুরোজন্মা (পুরোজন্মন্, পুর অগ্রে—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্রজ ভ্রাতা।

পুরোটি (পুরস্—অট্ ভ্রমণ করা+ই ইন্) —ক) সং, পুং, পত্রঝঙ্কার, রায়ভাটি।

পুরোডাশ, পুরোডাশ (পুরস্ অগ্রে—দাশ্ দান করা+০(বিণ্)—র্ম্ম, দ=ড। যাহা যজ্ঞে অগ্রে দেওয়া যায়) সং, পুং, যজ্ঞীয় ঘৃত। ২। যজ্ঞে পশুশরীরাবয়ব। ৩। যবচূর্ণমিশ্রিত রোটিকাবিশেষ। ৪। হুতশেষ। ৫। পিষ্টক।

পুরোডাশ্য (পুরোডাশ+য(ক্য)—প্রং) বিং, ত্রিং, পিষ্টকোপযোগী। ২। হবির সহিত আহুতি দানোপযোগী।

পুরোধাঃ (পুরোধস্, পুরস্ অগ্রে—ধা ধারণ করা+অস্—ক, র্ম্ম) সং, পুং, ঋত্বিক্, শ্রাদ্ধ যজ্ঞাদি কর্ম্ম কারয়িতা পুরোহিত।

পুরোভাগী (পুরোভাগিন্, পুরস্ প্রথম—ভজ্ সেবা করা—ইন্(ঘিনুন্)—ক) বিং, ত্রিং, যে গুণভাগ ত্যাগ করিয়া কেবল দোষ দর্শন করে।

পুরোবর্ত্তী (পুরোবর্ত্তিন্, পুরস্—বৃৎ বিদ্যমান থাকা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সম্মুখবর্ত্তী, অগ্রেস্থিত।

পুরোহিত (পুরস্ দৃষ্টান্তফলক কর্ম্মেতে—ধা আরোপণ করা+ত(ক্ত)—র্ম্ম। অথবা পুরস্ অগ্রে—হিত ধৃত কিম্বা সম্মানিত) সং, পুং, ঋত্বিক্, শ্রাদ্ধ যজ্ঞাদি কারয়িতা, বেদবেদাঙ্গ তত্ত্বজ্ঞ জপহোম পরায়ণ, বয়স্থ ব্রাহ্মণ এই পদের উপযোগী। শিং—১ "পুরোহিতোহয়মস্মাকং অগ্নিহোত্রাণি রক্ষতু।"

পুল (পুল্ উন্নত হওয়া+অ(ক)—ক) সং, পুং, পুলক, রোমাঞ্চ। ২। বিং, ত্রিং, বিপুল, বৃহৎ।

পুলক (পুল+কণ্—সংজ্ঞার্থে) সং, পুং, রোমাঞ্চ, রোমোদ্গম, শরীরের রোম খাড়া হইয়া উঠা। ২। প্রস্তরবিশেষ। ৩। মণিদোষবিশেষ। ৪। গন্ধর্ব্ববিশেষ। ৫। হরিতাল। ৬। গজান্নপিণ্ড। ৭। শরীরান্তর্বহির্গত কীট। ৮। কপাটের গুল।

পুলকাঙ্গ; সং, পুং, বরুণের পাশ।

পুলকালয়; সং, পুং, কুবের।

পুলকিত (পুলক+ইত—জাতার্থে) বিং, ত্রিং, রোমাঞ্চিত। ২। আহ্লাদিত।

পুলকী (পুলকিন্, পুলক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুলকযুক্ত। ২। সং,পুং, কদম্ববৃক্ষবিশেষ।

পুলস্তি (পুল মহৎ—অস্ ক্ষেপণ করা+তি(ক্তি)—র্ম্ম) সং, পুং, পুলস্ত্য মুনি।

পুলস্ত্য (পুল মহৎ—স্ত্যৈ একত্র করা+অ(ক)—র্ম্ম) সং, পুং, সপ্তর্ষির মধ্যে এক।

পুলহ (পুল মহৎ—হা ত্যাগ করা+অ (ড)—র্ম্ম) সং, পুং, সপ্ত ঋষির মধ্যে এক।

পুলাক (পুল মহত্ত—অক্ গমন করা+অ(অন)—ক) সং, পুং, শস্যহীন ধান্য, তুচ্ছধান্য, আগড়া। ২। ভক্তশিক্থক। ৩। সংক্ষেপ।

পুলাকী (পুলাকিন্, পুলাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, গাছ।

পুলায়িত (পুল উন্নত হওয়া+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ।

পুলিন (পুল বৃহৎ হওয়া+ইন—ক) সং, ক্লীং, তোয়োত্থিত সৈকত-তট, চড়া।

পুলিনবতী; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পুলিন্দ (পুল বৃহৎ হওয়া+ইন্দ(কিন্দ)—ক) সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ, চোয়াড়, যাহারা স্বভাষা ভিন্ন অন্য ভাষা জানে না। ২। ক্লীং,তদ্দেশ।—দা,সং,গাঁঠরি, মোট।

পুলিরিক; সং, পুং, সর্প।

পুলিশ; সং, পুং, জ্যোতিঃ-সিদ্ধান্তকারক মুনিবিশেষ।

পুলোমজা (পুলোমন্ ঋষিবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, শচী, ইন্দ্রপত্নী।

পুলোমজিৎ
পুলোমদ্বিষ্
পুলোমভিদ্ } (পুলোমন্—জিৎ [জি জয়করা+০(ক্বিপ্)—ক] যে জয় করে, দ্বিষ্ যে দ্বেষ করে, ভিদ্ যে ভেদ করে, ২য়া—ষ। প্রসিদ্ধ আছে যে, ইন্দ্র পুলোমার কন্যাকে বলাৎকার করাতে তিনি ইহাঁকে অভিশাপ দেন। উক্ত অভিশাপ মোচনের নিমিত্ত এই দেবতা তাঁহার শ্বশুরকে নষ্ট করিয়াছিলেন) সং, পুং, ইন্দ্র।

পুলোমা (পুলোমন্) পুং, দৈত্যবিশেষ, ইন্দ্রের শ্বশুর। ২। সং, স্ত্রীং, ভৃগুভার্য্যা, চ্যবন ঋষির মাতা।

পুলোমারি (পুলোমন্ দৈত্যবিশেষ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

পুষিত (পুষ্ পালন করা + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিপালিত। ২। বর্দ্ধিত।

পুষ্কর (পুষ্ পোষণ করা+কর(করন্)—ক, সংজ্ঞার্থে। যে শব্দকে পুষ্টি করে। স্বামী বলেন, পুষ্কর জল+অ—অস্ত্যর্থে) সং, ক্লীং, আকাশ। ২। (পুষ্ পোষণ—কর যে করে, যে পোষণ করে, ২য়া—ষ) জল। ৩। (পুষ্কর জল+অ—অস্ত্যর্থে। জলস্থ বলিয়া যে জলবিশিষ্ট) পদ্ম। ৪। পদ্মকোষ। ৫। হস্তিশুণ্ডাগ্র। ৬। মৃদঙ্গাদি বাদ্যভাণ্ডের মুখ। ৭। পরম পবিত্র তীর্থবিশেষ; পূর্ব্বে ব্রহ্মাকর্তৃক ইহা নির্ম্মিত হয়, অধুনা আজমিয়ারের নিকটবর্ত্তী পোকর নামে প্রসিদ্ধ। ৮। সপ্ত দ্বীপের একটী দ্বীপ। ৯। খড়্গাদির খাপ। ১০। খড়্গফলক। ১১। বাণ। ১২। যুদ্ধ। ১৩। পুং, সর্পবিশেষ। ১৪। নৃপবিশেষ, নল রাজার ভ্রাতা। ১৫। বরুণপুত্র। ১৬। মেঘবিশেষ। ১৭। পর্ব্বতবিশেষ। ১৮। রোগবিশেষ। ১৯। সারসপক্ষী।

পুষ্করকর্ণিকা; সং, স্ত্রীং, স্থলপদ্মিনী।

পুষ্করনাভ (পুষ্কর পদ্ম—নাভি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

পুষ্করমালী (—মালিন্, পুষ্করমালা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পদ্মমালাবিশিষ্ট।

পুষ্করশিফা; সং, স্ত্রীং, পদ্মের মুল।

পুষ্করস্থপতি; সং, পুং, মহাদেব।

পুষ্করস্রক্ (পুষ্করস্রজ্, পুষ্কর পদ্ম—স্রজ্ মালা) সং, পুং, দ্বিং, অশ্বিনী-কুমারদ্বয়। ২। বিং, ত্রিং, পদ্মমালাযুক্ত। ৩। স্ত্রীং, পদ্মমালা।

পুষ্করাক্ষ (পুষ্কর পদ্ম—অক্ষি চক্ষুঃ+অ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, পুণ্ডরীকাক্ষ।

পুষ্করাখ্য (পুষ্কর—আখ্যা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সারসপক্ষী। ২। কুষ্ঠরোগের ঔষধবিশেষ। [নায়কবিশেষ।

পুষ্করাবর্ত্তক; সং, পুং, জলাবর্ত্তক মেঘ-

পুষ্করাহ্ব (পুষ্কর পদ্ম—আহ্বা সংজ্ঞা। এই হেতু পদ্মের আর কোন নামও এই পক্ষীকে প্রযুক্ত হয়) সং, পুং, সারসপক্ষী।

পুষ্করী (পুষ্করিন্, পুষ্কর হস্তিশুণ্ডাগ্রজল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। নী—স্ত্রীং, সরোবর, পুকুর। ২। হস্তিনী। ৩। পদ্মিনী, পদ্মের ঝা[illegible]।

পুষ্কল (পুষ্ পো[illegible] করা+কল(কলন্)—ক। কিংবা [illegible]ক+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। ২। বহু, অধিক। ৩। পরিপূর্ণ। ৪। সং, ক্লীং, পরিমাণপাত্রবিশেষ, পশুরি, ৬৪ মুটো। শিং—১ "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ চ পুষ্কলম্।" ৫। পুং, ভরতের পুত্র।

পুষ্ট (পুষ্ পোষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিপালিত। ২। (+ক্ত—ক) স্থুল, বৃদ্ধিযুক্ত। [তের বিয়োজন শক্তি।

পুষ্টতাড়িত (Positive Electricity) তাড়ি-

পুষ্টি (পুষ্ট দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পোষণ, প্রতিপালন। ২। বৃদ্ধি। ৩। স্থূলতা। ৪। অশ্বগন্ধ। ৫। (+তিক্—ক) মাতৃকাবিশেষ।

পুষ্টিকর (পুষ্টি—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) বিং, ত্রিং, বৃদ্ধিকারক। ২। স্থূলতাসম্পাদক।

পুষ্টিকা (পুষ্টি+ক(কণ্)—যোগ) সং, স্ত্রীং, শুক্তি, ঝিনুক।

পুষ্টিকান্ত (পুষ্টি বৃদ্ধি, সৌভাগ্য—কান্ত বন্ধু, ৬ষ্ঠী—ষ) সং,পুং, গণেশ, লম্বোদর।
পুষ্প (পুষ্প্ বিকসিত হওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, কুসুম, ফুল। ২। স্ত্রীরজঃ। ৩। (+অল্—ভা) বিকাশ, প্রকাশ। ৪। কুবেরের পুষ্পকরথ। ৫। নেত্ররোগবিশেষ।
পুষ্পক (পুষ্প দেখ, কণ্—যোগ) সং,ক্লীং, কুবেরের রথ। ২। রত্ননির্ম্মিত কঙ্কণ। ৩। নেত্ররোগবিশেষ। ৪। পিত্তল। ৫। মৃৎ-শকটী। ৬। রসাঞ্জন। ৭। লোহকাংস্য। ৮। কাসীস।
পুষ্পকরণ্ডক (পুষ্প—করণ্ডক চুপড়ী) সং, ক্লীং, পুষ্পচয়ন-পাত্র, ফুলের সাজি। ২। উজ্জয়িনীনগরস্থ মহাকালনামক শিবের উদ্যান। শিং—১ "মহাকালস্যোজ্জয়িনী বিশালাবন্তিকা তথা। তস্যোদ্যানং তু বিজ্ঞেয়ং নাম্না পুষ্পকরণ্ডকম্।"
পুষ্পকরণ্ডিনী (পুষ্প—করণ্ড চুপড়ী+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, উজ্জয়িনী,উজীন।
পুষ্পকালীশ (পুষ্প—কালীশ) সং, পুং, এক প্রকার হীরাকস।
পুষ্পকীট (পুষ্প—কীট পোকা) সং, পুং, ভ্রমর। ২। পুষ্পের কীট।
পুষ্পকেতন, পুষ্পকেতু, পুষ্পচাপ } (পুষ্প—কেতন,কেতু=চিহ্ন। চাপ ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প। ২। পুষ্পকেতু কালকেতু ব্যাধের পুত্র।
পুষ্পগিরি (পুষ্প—গিরি পর্ব্বত) সং, পুং, পর্ব্বতবিশেষ; প্রথিত আছে এই পর্ব্বতে বরুণদেব সর্ব্বদা বাস করিয়া থাকেন।
পুষ্পঘাতক (পুষ্প—ঘাতক নাশকারী। পুষ্প হইলেই বাঁশ মরিয়া যায় বলিয়া) সং, পুং, বংশ, বাঁশ।
পুষ্পচামর (পুষ্প—চামর) সং, পুং, দমন-বৃক্ষ। ২। কেতকবৃক্ষ।
পুষ্পজ (পুষ্প—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মায়) বিং, ত্রিং, পুষ্পজাত। ২। সং, ক্লীং, পুষ্পরস।
পুষ্পদ (পুষ্প—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, বৃক্ষ। ২। বিং, ত্রিং, পুষ্পদাতা।
পুষ্পদংষ্ট্র; সং, পুং, নাগবিশেষ।
পুষ্পদন্ত (পুষ্প—দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ুকোণের হস্তী। ২। নাগবিশেষ। ৩। শিবানুচরগন্ধর্ব্বরাজবিশেষ; ইনি গোপনে শিবদুর্গার কথোপকথন শ্রবণাপরাধে কর্ত্তৃ হইয়া বররুচি নামে বিখ্যাত হন। ভগবতীর সঙ্গিনী জয়া ইঁহার পত্নী। কোন সময়ে ইনি শিবনির্ম্মাল্য লঙ্ঘন দ্বারা খেচরত্ব হারাইয়া শিবের স্তব করিয়া পুনরায় খেচরত্ব প্রাপ্ত হন। ঐ স্তব মহিম্ন স্তব নামে খ্যাত। ৪। বিদ্যাধরবিশেষ।
পুষ্পদন্তক; সং, পুং, মহিম্ন ইত্যাদি স্তব কারক গন্ধর্ব্ববিশেষ।
পুষ্পদাম (পুষ্পদামন্) সং, ক্লীং, পুষ্পনির্ম্মিত মাল্য। ২। ঊনবিংশত্যক্ষর পাদক ছন্দো-বিশেষ। [পুষ্পরস, মকরন্দ।
পুষ্পদ্রব (পুষ্প—দ্রব গলন, ক্ষরণ) সং, পুং,
পুষ্পধ; সং, পুং, পতিত ব্রাহ্মণের সন্তান। শিং—১"ব্রাত্যাত্তু জায়তে বিপ্রাৎ পাপাত্মাভূর্জকণ্টকঃ। আবন্ত্যবাটধানৌ চ পুষ্পধঃ শৈখ এব চ।"
পুষ্পধন্বা (পুষ্পধন্বন্, পুষ্প—ধনুস্ ধনুক, ৬ষ্ঠী—হিং। ধনুস্—ধন্বন্) সং, পুং, মদন, কামদেব, কন্দর্প।
পুষ্পনিক্ষ, পুষ্পন্ধয় (পুষ্প—নিক্ষ যে চুম্বন করে। পুষ্প—ধে পানকরা+অ(খশ্)—ক) সং, পুং, অলি, ভ্রমর।
পুষ্পনির্য্যাস; সং, পুং, পুষ্পরস, মকরন্দ।
পুষ্পপত্র; সং, ক্লীং, ফুলের পাপ্ড়ি।
পুষ্পপত্রী (পুষ্প—পত্রী বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কামদেব।
পুষ্পপথ (পুষ্প স্ত্রীরজঃ—পথিন্ পথ+অ—প্রং) সং, পুং, নারীজাতির রজোনির্গম স্থান, যোনি, স্ত্রীচিহ্ন।
পুষ্পপুর (পুষ্প—পুর নগর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নগরবিশেষ, পাটলীপুর, পাট্না।
পুষ্পফল (পুষ্প—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কপিত্থ, কৎবেল। ২। কুষ্মাণ্ড।
পুষ্পভূষিত (পুষ্প—ভূষিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, পুষ্প দ্বারা ভূষিত। ২। সং, ক্লীং, বণিগ্‌নায়ক রূপক প্রকরণবিশেষ।

পুষ্পমাস ; সং, পুং, চৈত্রমাস, বসন্তকাল।

পুষ্পরক্ত (পুষ্প—রক্ত লাল) সং, পুং, সূর্য্যমণি বৃক্ষ।

পুষ্পরজঃ ; সং, ক্লীং, কুসুমপরাগ।

পুষ্পরথ, পুষ্যরথ ( পুষ্প—রথ। পুষ্য—রথ ) সং, পুং, ভ্রমণার্থ রথ।

পুষ্পরস ( পুষ্প—রস, ৬ষ্ঠী—য ) সং, পুং, মকরন্দ, ফুলের মধু।

পুষ্পরাগ (পুষ্প—রাগ রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মণিবিশেষ, পদ্মরাগমণি, পোখ্‌রাজ।

পুষ্পরেণু (পুষ্প—রেণু ধূলি) সং, পুং, পরাগ, পরাগকেশরের শিরোভাগে ধূলির ন্যায় যে এক প্রকার গুঁড় গুঁড় পদার্থ থাকে।

পুষ্পলাব } (—বিন্, পুষ্প—লাব, লাবিন্
পুষ্পলাবী } যে ছেদন করে) সং, পুং, মালাকার, মালী।

পুষ্পলিট্ } (পুষ্পলিহ্. পুষ্প—লিহ, লিহ্
পুষ্পলিহ্-হ } [লিহ্ আস্বাদন করা+• (ক্বিপ্)—ক] যে আস্বাদন করে, ২য়া—য) সং, পুং, ভ্রমর, ভৃঙ্গ, মধুকর।

পুষ্পবৎ (পুষ্প [পুষ্প্ বিকসিত হওয়া+অ (অল্)—ভা] বিকাশ + বৎ(বতু)—অস্ত্যর্থে) কেচিন্মতে পুষ্পবন্তও হয়) সং, পুং, দ্বিং, চন্দ্রসূর্য্য। ২। (পুষ্প+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুষ্পযুক্ত। ৩। (পুষ্প স্ত্রীরজঃ +বৎ—অস্ত্যর্থে) বতী—স্ত্রীং, রজস্বলা, ঋতুমতী ; যথা—"কতদিনে সাধুর বনিতা পুষ্পবতী।"

পুষ্পবাটী পুষ্পবাটিকা (পুষ্প—বাটী উদ্যান, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, পুষ্পোদ্যান, ফুলবাগান। শিং—১ "দক্ষিণেন পুষ্পবাটিকামালাপ ইব শ্রূয়তে।" (শকুন্তলা)।

পুষ্পবাণ (পুষ্প—বাণ শর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প।

পুষ্পবাহন ; সং, পুং, নৃপবিশেষ।

পুষ্পবাহিনী ; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পুষ্পশকটী ; সং, স্ত্রীং, আকাশবাণী।

পুষ্পশর (পুষ্প—শর বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প ; যথা—

"দেখি পুষ্পশরে, ক্রোধ হইল হরে,
অটল অচল টলে।"

পুষ্পশরাসন (পুষ্প—শরাসন ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প।

পুষ্পশূন্য (পুষ্প—শূন্য বিরহিত) বিং, ত্রিং, যে বৃক্ষের ফুল হয় না। ২। সং, পুং, উদুম্বরবৃক্ষ, ডুম্বুরগাছ।

পুষ্পসময় (পুষ্প—সময়, ৬ষ্ঠী—য) সং, পুং, বসন্তকাল।

পুষ্পসার } (পুষ্প—সার স্থিরাংশ, ৬ষ্ঠী
পুষ্পস্বেদ } —য) সং, পুং, ফুলেরমধু। ২। তুলসী।

পুষ্পহাস (পুষ্প—হাস প্রকাশ, ৬ষ্ঠী—হিং। কুসুম বিকাশের ন্যায় প্রপঞ্চরূপে যিনি প্রকাশমান) সং, পুং, বিষ্ণু। শিং—১ "পুষ্পহাসঃ প্রজাগরঃ।" ২। পুষ্পবিকাশ।

পুষ্পহাসা ( পুষ্প—হাস যে হাস্য করে ) সং, স্ত্রীং, রজস্বলা, ঋতুমতী।

পুষ্পহীন (পুষ্প ফুল, স্ত্রীরজঃ ইত্যাদি—হীন বিরহিত) বিং, ত্রিং, পুষ্পশূন্য, যে বৃক্ষের ফুল হয় না। না—স্ত্রীং, ডুমুরগাছ। ২। নিবৃত্তরজস্কা নারী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে। ৩। বন্ধ্যা-স্ত্রী।

পুষ্পা ; সং, স্ত্রীং, কর্ণপুরী ভাগলপুর।

পুষ্পাগম (পুষ্প—আগম আগমন করা+অ (অন্)—ধি) সং, পুং, বসন্তকাল।

পুষ্পাজীব } ( পুষ্প—আজীব জীবিকা,
পুষ্পাজীবী } ৬ষ্ঠী—হিং। পুষ্পজীবিন্, পুষ্প—আজীব জীবিকা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মালাকার, মালী।

পুষ্পাঞ্জলি (পুষ্প—অঞ্জলি আজ্‌লা, ৬ষ্ঠী—য) সং, পুং, এক আঁজলা ফুল। শিং—১ "পঞ্চ পুষ্পাঞ্জলীন্দত্ত্বা পরিবারার্চ্চনঞ্চরেৎ।"

পুষ্পানন ; সং, ক্লীং, মদ্যবিশেষ, যাহা পান করিলে পুষ্পের ন্যায় মুখপ্রফুল্ল হইয়া উঠে।

পুষ্পায়ুধ (পুষ্প—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প।

পুষ্পার্ণ ; সং, পুং, নৃপবিশেষ।

পুষ্পাবচায়ী(পুষ্পাবচায়িন্, পুষ্প—অবচায়িন্ যে একত্র করে) সং, পুং, পুষ্পাজীব, মালাকার।

পুষ্পাসব (পুষ্প—আসব [সুরা] মধু, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, মকরন্দ, ফুলের মধু।

পুষ্পাস্ত্র (পুষ্প—অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুসুমায়ুধ, কন্দর্প।

পুষ্পিকা (পুষ্প+কণ্—তুল্যার্থে। অথবা পুষ্প+ইক(ফিক)—প্রং, আপ—স্ত্রীং। পূর্ব্ব-পশ্চাৎ একটি একটি পুষ্প লিখিয়া ভণিতা লেখা যাইত এই জন্যে ঐ বাক্যের নাম পুষ্পিকা) সং, স্ত্রীং, অধ্যায়াদির শেষে গ্রন্থকারের নামোল্লেখাদি পূর্ব্বক সমাপ্তি-সূচক বাক্য, ভণিতা। ২। দন্তমল। ৩। লিঙ্গমল। ৪। ঝিল্লীবিশেষ।


পুষ্পিত (পুষ্প+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুসুমিত। ২। (পুষ্প+ত(ক্ত)—ক) প্রকাশিত। ৩। তা—স্ত্রীং, (পুষ্প স্ত্রীরজঃ+ইত—জাতার্থে) ঋতুমতী।

পুষ্পিতাগ্রা (পুষ্পিত—অগ্র, আপ্) সং,স্ত্রীং, ছন্দোবিশেষ,যাহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে ত্রয়োদশ অক্ষর থাকে।

পুষ্পেষু (পুষ্প—ইষু বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুষ্পায়ুধ, কন্দর্প।

পুষ্পোৎসব (পুষ্প স্ত্রীরজঃ ইত্যাদি—উৎসব আনন্দ) সং, পুং, স্ত্রীলোকের প্রথম রজোদর্শনে উৎসববিশেষ। ২। কুসুম-ক্রীড়া। ৩। রজোৎসব।

পুষ্য (পুষ্ পোষণ করা+য(ক্যপ্)—ক) সং, পুং, ষ্যা—স্ত্রীং, নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টমনক্ষত্র। ইহা বাণাকার একতারাযুক্ত। ইহাতে জন্মিলে—"প্রসন্নগাত্রপিতৃমাতৃভক্তঃ,স্বধর্ম্মযুক্তোঽভিনয়াভিযুক্তঃ। ভবেন্মনুষ্যঃ খলু পুষ্যজন্মা, সম্মানচামীকরবাহনাঢ্যঃ।" (কোষ্ঠী-প্রদীপ)। ২। পৌষমাস। ৩। কলিযুগ।


পুষ্যা (নক্ষত্র)।

পুষ্যরথ (পুষ্য নক্ষত্রবিশেষ—রথ) সং, পুং, ভ্রমণার্থ বা উৎসবাদি দর্শনার্থ রথ,ক্রীড়া-রথ।

পুষ্যলক (পুষি [পুষ্ পোষণ করা+ই—ভা] পুষ্টির নিমিত্ত—অল্ পর্য্যাপ্ত হওয়া+অ(অন্)—ক=পুষ্যল+কণ্—যোগ) সং, পুং, কস্তুরীমৃগ। ২। ক্ষপণক। ৩। গোঁজ।

পুষ্যস্নান; সং, ক্লীং, পুষ্যাভিষেক, পৌষ-মাসে চন্দ্র পুষ্যানক্ষত্রে গমন করিলে এই যোগ উপস্থিত হয়। শিং—১ "পৌষে পুষ্যর্ক্ষগে চন্দ্রে পুষ্যস্নানং নৃপশ্চরেৎ।"

পুস্ত } (পুস্ত্ বন্ধন করা+অ(অল্)—কর্ম্ম। কণ্—স্বার্থে) সং, ক্লীং,
পুস্তক } স্তী, স্তিকা—স্ত্রীং, গ্রন্থ, বহি, পুথি, কেতাব। ২। বিং,ত্রিং, বদ্ধ। ৩। (+অল্—ভা) ক্লীং, লিপি লেপন প্রভৃতি শিল্প-কর্ম্ম। শিং—১ "মৃদা বা দারুণা বাথ বস্ত্রেণাপ্যথ চর্ম্মণা। লোহরত্নৈঃ কৃতং বাপি পুস্তমিত্যভিধীয়তে।"

পুস্তকর্ম্ম (—.কর্ম্মন্, পুস্ত লেপন—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, লেপন, চিত্র প্রভৃতি শিল্পকর্ম্ম।

পুস্তকর্ম্মা (পুস্তকর্ম্মন্, পুস্ত শিল্প—কর্ম্মন্ কর্ম্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিল্পী, শিল্প-কারক। [পুস্তকালয়, লাইব্রেরি।

পুস্তকাগার (পুস্তক—আগার গৃহ) সং,ক্লীং,

পুস্ফুসশ্বাসক (Pulmonata) যাহা বায়ুতে পুস্ফুস দ্বারা শ্বাস লয়; যথা—স্থলজ শম্বূক।

পূগ (পূ পবিত্র করা+গ(গক্)—ণ। অথবা পূজ্ পূজা করা। সৎফল বলিয়া যে সেচ-নাদি দ্বারা পূজিত হয়) সং, পুং, গুবাক-বৃক্ষ। ২। কাঁঠালগাছ। ৩। পুঞ্জ, রাশি, সমূহ। ৪। ক্লীং, গুবাক; যথা—

"আবেশে ছাঁদি ধরে ভুজভুজে,
মুখ পূরে মুখ কর্পূর পূগে।"(বিদ্যা)।

পূগকৃত (পূগ রাশি—কৃত) বিং, ত্রিং, স্তূপাকারে স্থাপিত। ২। সংগৃহীত।

পূগপাত্র, পূগপীঠ (পূগ গুবাক—পাত্র। পীঠ চৌকি। পাণ চিবাইয়া যাহাতে নিষ্ঠীবন ফেলা যায়) সং, ক্লীং, নিষ্ঠীবন-পাত্র, পিকদানী।

পূগপুষ্পিকা (পূগ—পুষ্প+কণ্—যোগ) সং, স্ত্রীং, বিবাহকালীন দত্ত পুষ্প ও তাম্বুল।

পূগফল ('পূগ—ফল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গুবাক, সুপারি।
পূগরোট (পূগ গুবাকবৃক্ষ—রুট্ দীপ্তি পাওয়া + অ(অন্)—ক। কণ্—যোগে পূগরোটক শব্দও হয়) সং, পুং, হিন্তাল-বৃক্ষ।
পূজক (পূজ্ পূজা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, পূজাকারক, উপাসক। শিং—১"তথা পুরঃ পূজকপূজ্যয়োশ্চ তদাগমজ্ঞাঃ প্রবদন্তি তাস্ত।" (স্মৃতি)।
পূজন (পূজক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পূজা, অর্চ্চনা। শিং—১ "মৎপূজনং বিধানেন যদীচ্ছেৎ পরমাং গতিম্।"
পূজনীয় (পূজক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আরাধ্য, পূজার যোগ্য।
পূজয়িতা (পূজয়িতৃ, পূজক দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, পূজক। ত্রী—স্ত্রীং, পূজা-কারিণী।
পূজা (পূজক দেখ, ও—ভা, আপ্) সং, স্ত্রীং, অর্চ্চনা, আরাধনা, উপাসনা। ২। সংব-র্দ্ধনা। ৩। প্রশংসা।
পূজারি (পূজক শব্দজ) সং, দেবল ব্রাহ্মণ। ২। বিং, পূজাজীবী।
পূজার্হ (পূজা—অর্হ [অর্হ্ যোগ্য হওয়া +অ(অন্)—ক] যোগ্য) বিং, ত্রিং, পূ-জার যোগ্য। ২। মান্য।
পূজিত (পূজক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্চ্চিত। ২। সেবিত। ৩। আদৃত। ৪। প্রশংসিত। [বিং, ত্রিং, পূজনীয়।
পূজিতব্য (পূজ্ পূজা করা+তব্য—র্ম্ম)
পূজিল (পূজা+ইল—যোগ্যার্থে) বিং, ত্রিং, পূজ্য, আরাধ্য। [পূজিতব্য দেখ।
পূজ্য (পূজ্ পূজা করা+য(য্যণ্)—র্ম্ম)
পূজ্যমান (পূজক দেখ, আন(শান)—র্ম্ম। য—আগম) বিং, ত্রিং, সেব্যমান, যাহাকে পূজা করা যাইতেছে।
পূত (পূ পবিত্র করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। ২। পরিষ্কৃত। ৩। সত্য। ৪। সং, পুং, শঙ্খ। ৫। কুশ। ৬। (পূয় দুর্গন্ধযুক্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দুর্গন্ধযুক্ত।
পূতকারী; সং, স্ত্রীং, নাগলোকের রাজধানী। ২। বাগ্দেবতার নামান্তর।
পূতক্রতায়ী (পূতক্রতু ইন্দ্র+ঈপ্—প্রং। উ স্থানে এ—আগম। এ+ঈ=আয়ী) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী।
পূতক্রতু (পূত—ক্রতু যজ্ঞ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র।
পূতগন্ধ (পূত পবিত্র—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বর্ব্বর, বাবুইতুলসী।
পূতদ্রু (পূত—দ্রু বৃক্ষ) সং, পুং, পলাশ-বৃক্ষ।
পূতধান্য (পূত—ধান্য শস্য) সং, ক্লীং, তিল।
পূতনা (পূত্-ক্রি=পূতি পবিত্র করা+অন—ক, আপ্) সং, স্ত্রীং, হরীতকী। ২। দানবীবিশেষ, বকাসুরের ভগিনী; এই দানবী কংসের আদেশে স্তনে বিষ মাখা-ইয়া শ্রীকৃষ্ণকে সেই স্তন পান করাইয়া-ছিল এবং শ্রীকৃষ্ণের হস্তেই নিহত হইয়া-ছিল। শিং—১ "পূতনা বালঘাতিনী।" ৩। বালকমাতৃকাবিশেষ। ৪। রোগবিশেষ, পেঁচোপাওয়া।
পূতনারি (পূতনা—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ।
পূতনাসূদন } (পূতনা—সূদন যে বধ
পূতনাহা } করে, ২য়া—ষ। পূতনাহন্, পূতনা—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ।
পূতফল; সং, পুং, কাঁঠালগাছ।
পূতা (পূত+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দূর্ব্বা। ২। পবিত্রা।
পূতাত্মা (পূতাত্মন্, পূত পবিত্র—আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পবিত্রাত্মা।
পূতি (পূত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পবিত্রতা। ২। (পূয় দুর্গন্ধ হওয়া+তি (ক্তি)—ভা) দুর্গন্ধ। ৩। বিং, ত্রিং, দুর্গন্ধ-বিশিষ্ট।
পূতিক (পূতি কুগন্ধ+কণ্—যোগ। অথবা কৈ প্রকাশ পাওয়া+অ(ড)—ক) সং, ক্লীং, বিষ্ঠা, মল। ২। পুং, পূতিকরঞ্জবৃক্ষ, পুঁইশাক।

পূতিকরঞ্জ (পূতিক—রন্জ্ রং করা+অ (অন্)—ক) সং, পুং, করঞ্জবিশেষ, নাটা-করঞ্জ গাছ।
পূতিকর্ণক (পূতি—কর্ণ কাণ+কণ্—যোগ) সং, পুং, কর্ণরোগবিশেষ।
পূতিকা (পূয়্ দুর্গন্ধ হওয়া+তি(ক্তি)—প্রং, ক—স্বার্থে) সং, স্ত্রীং, পুঁইশাক। ২। পূতিকরঞ্জলতা।৩। মার্জ্জারী,বিড়ালী।
পূতিকামুখ (পূতিকা পুঁইশাখ—মুখ [আনন] আকৃতি, চেহারা) সং, পুং, শম্বূক, শামুক।
পূতিকাষ্ঠ (পূতি পবিত্রতা—কাষ্ঠ কাঠ) সং, ক্লীং, দেবদারু বৃক্ষ।
পূতিকাষ্ঠক (পূতিকাষ্ঠ+ক(কণ্)—সংজ্ঞার্থে) সং, পুং, সরলবৃক্ষ।
পূতিকীট; সং, পুং, কীট-বিশেষ, গঁধো-পোকা।
পূতিকেশ্বরতীর্থ; সং,ক্লীং, তীর্থবিশেষ।
পূতিগন্ধ (পূতি দুষ্ট—গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্গন্ধযুক্ত, কুৎসিতগন্ধবিশিষ্ট। ২। সং, পুং, গন্ধক। ২। ইঙ্গুদীবৃক্ষ। ৩। ক্লীং, রঙ্গ। [দুর্গন্ধযুক্ত।
পূতিগন্ধি (পূতিগন্ধ দেখ, ই—প্রং) বিং,ত্রিং,
পূতিতৈলা (পূতি দুর্গন্ধ—তৈলা স্নেহ-দ্রব্যবিশেষ। আপ্) সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী লতা। ২। নয়া ফট্কী।
পূতিনস্য (পূতি—নস্য নাসারন্ধ্র) সং,পুং, নাসিকারোগবিশেষ, নাসিকা হইতে দুর্গন্ধ নিঃসৃত হওয়া।
পূতিনিরসনক্রিয়া (Embalming) দুর্গন্ধ-নিবারণোপায়, মৃত শরীর পচিয়া না যাই-বার উপায়।
পূতিমৃত্তিক; সং, ক্লীং, নরকবিশেষ।
পূতিবক্ত্র (পূতি—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্গন্ধমুখযুক্ত।
পূতিবাত (পূতি কুগন্ধ—বাত বায়ু) সং, পুং, বিল্ববৃক্ষ। ২। দুর্গন্ধবায়ু।
পূতীক; সং, পুং, পূতিকরঞ্জ।
পূত্যণ্ড (পূতি দুর্গন্ধ+অণ্ড মুষ্ক বা ডিম্ব) সং, পুং, গন্ধকীট, গঁদোপোকা। ২। কস্তূরী মৃগ।

পূন (পূ পবিত্র করা+ত(ক্ত)—ক, নিপা-তন। ত=ন) বিং, ত্রিং, নষ্ট, নাশপ্রাপ্ত।
পূপ (পূ পবিত্র করা+পক্—ণ, সংজ্ঞার্থে) সং, পুং, রুটী। ২। পিষ্টক, পিটা।
পূপলা (পূপ পিষ্টক—লা গ্রহণ করা বা হওয়া+অ(ক)—ক, আপ্) সং, স্ত্রীং, ঘৃতপক্ক পিষ্টকবিশেষ।
পূপাষ্টকা (পূপ—অষ্টকা [অষ্টন্+কণ্—প্রং, আপ] শ্রাদ্ধবিশেষ) সং, স্ত্রীং, অগ্রহায়ণী পূর্ণিমার পর কৃষ্ণাষ্টমীতে পিষ্টকদ্বারা শ্রাদ্ধ। শিং—১"আদ্যা পূপৈঃ সদা কার্য্যা মাংসৈ-রন্যা ভবেত্তথা। শাকৈঃ কার্য্যা তৃতীয়া স্যাদেষ দ্রব্যগতো বিধিঃ।"
পূয়, পূয়ন (পূয়্ দুর্গন্ধ হওয়া+অ(অন্), অন(অনট্)—ক) সং, ক্লীং, বিকৃতরক্ত, পুঁজ।
পূয়রক্ত; সং,পুং, নাসারোগবিশেষ,যে রোগে পূয়যুক্ত রক্ত নির্গত হয়। শিং—১ "নাসা স্রবেৎ পূয়মসৃঙ্মিশ্রং তং পূয়রক্তং প্রবদন্তি রোগম্।"
পূয়ারি (পূয় পুঁজ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ। ইহার পত্র ব্যবহারে সমগ্র পূয় নির্গত হয় বলিয়া) সং, পুং, নিম্ববৃক্ষ।
পূয়োদ; সং, পুং, নরকবিশেষ।
পূর (পূর্ পরিপূর্ণ হওয়া+অ(ক)—ণ) সং, পুং, জলরাশি। ২। প্রবাহ। ৩। সমূহ। ৪। খাদ্যবিশেষ, পুরী। ৫। ব্রণশুদ্ধি। ৬। (+অল্—ভা) পরিপূরণ।
পূরক (পূর দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, পরিপূর্ণকারক। ২। গুণক, যাহা দ্বারা গুণ করা যায়। ৩। সং, পুং, প্রাণায়াম-বিশেষ, বহির্দ্দেশ হইতে বামনাসিকা দ্বারা প্রাণবায়ুকে অন্তরে আনয়ন। ৪। ক্লীং, মৃতাশৌচকালে দেয় দশপিণ্ড; ইহাকে পূরকপিণ্ড কহে। এই পূরক-পিণ্ডদানে মৃত ব্যক্তির আতিবাহিক দেহ নিবৃত্তি পূর্ব্বক প্রেতদেহ প্রাপ্তি হয়।
পূরণ (পূর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বৃদ্ধি। ২। পরিপূর্ণ হওয়া। ৩। (পূরি পরিপূর্ণ করা+অন(অনট্)—ভা) গুণন। ৪। পরিপূর্ণ করা। ৫। (+অনট্—ণ)

যাপতক্ত, পড়েন্‌। ৬। পুং, সেতু। ৭। সমুদ্র। ৮। বিষ্ণুতৈল। ৯। (+অন—ক) বিং, ত্রিং, গুণক। ১০। পূরক, পূর্ণকারক। ণী—স্ত্রীং, শাল্মলীবৃক্ষ।

পূরয়িতা (পূরয়িতৃ, পূরি পূর্ণ করা+তৃ(তৃন্‌)—ক) বিং, ত্রিং, পূরক, পরিপূর্ণকারক। ২। সং, পুং, বিষ্ণু। শিং—১ "পূর্ণঃ পূরয়িতা পুণ্যঃ।" [কচুরী প্রভৃতি।

পূরিকা (পূরী+ক—প্রং) সং, স্ত্রীং, পূরী

পূরিত (পূর দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গুণিত। ২। ভরিত, পূর্ণ, যাহা পরিপূর্ণ হইয়াছে।

পূরু (প পূর্ণ করা+উ(কু)—ক) সং, পুং, বৈরাজ মনুর পুত্র। ২। জহ্নুপুত্রবিশেষ। ৩। রাক্ষস-বিশেষ। ৪। যযাতির পুত্র-বিশেষ।

পূরুষ (পূর্‌ [পৃথিবী] পরিপূর্ণ হওয়া+উষ (কুষন্‌)—ক) সং, পুং, নর, পুংজাতীয় মনুষ্য। (পুরুষ দেখ)।

পূর্ণ(পূর্‌ পরিপূর্ণকরা+ত(ক্ত)—র্ম্ম,নিপাতন) বিং, ত্রিং, পরিপূর্ণ,সম্পূর্ণ। ২। সকল। ৩। সমর্থ। ৪। অপেক্ষাশূন্য। ৫। সং, পুং, পক্ষিবিশেষের স্বর। ৬। দেববিশেষ। ৭। গন্ধর্ব্ববিশেষ। ৮। নাগবিশেষ। ৯। ক্লীং, জল।

পূর্ণক ; সং, পুং, স্বর্ণচূড়পক্ষী।

পূর্ণককুদ্‌ (পূর্ণ—ককুদ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তরুণবয়স্ক বৃষ।

পূর্ণকাম (পূর্ণ পরিপূর্ণ—কাম ইচ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পূর্ণমনোরথ, যাহার অভিষ্টসিদ্ধি হইয়াছে।

পূর্ণকুম্ভ (পূর্ণ পরিপূর্ণ, পূরিত—কুম্ভ কলস) সং, পুং, জলপূরিত কলস।

পূর্ণপরিবর্ত্তক (Metabola) যাহার জন্মাবধি বারংবার সম্যক্‌রূপে দেহ পরিবর্ত্তন করে; যথা—ডাঁশ, দংশ, মশক, মক্ষিকা, প্রজাপতি প্রভৃতি।

পূর্ণপাত্র (পূর্ণ সম্পূর্ণ—পাত্র) সং, ক্লীং, পুত্রজন্মাদি উৎসব সময়ে পারিতোষিক বস্ত্রাদি। "আনন্দতো হি সৌহার্দ্দ্যাদেত্য বস্ত্রাদিকং বলাৎ। অজন্মিতো হরত্যেব পূর্ণপাত্রস্ত তৎস্মৃতম্‌।" ২। বস্তুসম্পূর্ণপাত্র। ৩। হোমান্তে ব্রহ্মদক্ষিণারূপ দেয় অর্দ্ধ-মণপরিমিত তণ্ডুলাদি। শিং—১ "অষ্ট-মুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োহষ্টৌ চ পুষ্কলং। পুষ্কলানি চ চত্বারি পূর্ণপাত্রো বিধীয়তে।" ৪। জলপূর্ণপাত্র। [পূর্ণিমাতিথি।

পূর্ণমা (পূর্ণ সম্পূর্ণ—মা চন্দ্র) সং, স্ত্রীং,

পূর্ণমাস (পূর্ণ সম্পূর্ণ—মাস) সং, পুং, পূর্ণিমাতে কর্ত্তব্য যাগবিশেষ। সী—স্ত্রীং, পূর্ণিমা তিথি।

পূর্ণমুখ ; সং, পুং, জন্মেজয় সর্পসত্রে দগ্ধ নাগবিশেষ।

পূর্ণযোগ ; সং, পুং, বাহুযুদ্ধবিশেষ।

পূর্ণবৈনাশিক (পূর্ণবিনাশ + ইক(ষ্ণিক)—বদত্যর্থে) সং,পুং,শূন্যবাদী বৌদ্ধবিশেষ। ২। (পূর্ণবিনাশ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, সর্ব্ববিনাশকর।

পূর্ণহোম ; সং, পুং, পূর্ণাহুতি।

পূর্ণা (পূর্ণ+আ—প্রং) সং, স্ত্রীং, পঞ্চমী, দশমী, পূর্ণিমা, অমাবস্যা তিথি। শিং—১ "নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণাপ্রতিপদঃ ক্রমাৎ।"

পূর্ণানক (পূর্ণ—অন্‌ গমন করা, হওয়া+অক—প্রং) সং, ক্লীং, পুত্রজন্মাদি উৎসবকালে দেয় বস্ত্রাদি। ২। পরিপূর্ণ বস্ত্র-বিশেষ। ৩। পটহধ্বনি, ঢাকের শব্দ। ৪। চন্দ্রালোক, চন্দ্রকিরণ।

পূর্ণানন্দ (পূর্ণ—আনন্দ, ৭মী—হিং) সং, পুং, পরমেশ্বর। ২। তন্ত্রপ্রকরণকার প-ণ্ডিতবিশেষ।

পূর্ণাভিষেক ; সং, পুং, তন্ত্রোক্ত কৌলিক অভিষেকবিশেষ।

পূর্ণায়ু (পূর্ণায়ুস্‌, পূর্ণ—আয়ুস্‌ আয়ু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শতায়ুক। ২। সং, ক্লীং, শতবর্ষপরিমিত জীবিতকাল। ৩। পুং, গন্ধর্ব্ববিশেষ।

পূর্ণাবতার ; সং, পুং, নৃসিংহ, রাম, শ্রীকৃষ্ণ, অন্যান্য অবতার কলাবতার বলিয়া প্র-সিদ্ধ। মতবিশেষে শ্রীকৃষ্ণই পরিপূর্ণতম অবতার বলিয়া কথিত আছেন। শিং—১ পূর্ণো নৃসিংহো রামশ্চ শ্বেতদ্বীপ বিরাড়,

বিভুঃ। পরিপূর্ণতমঃ কৃষ্ণো বৈকুণ্ঠে গোলকে স্বয়ম্।"

পূর্ণাশা ; সং, স্ত্রীং, নদীবিশেষ।

পূর্ণি ( পূ পূরণকরা+তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, পূর্ত্তি, পূরণ।

পূর্ণিমা ( পূর্ণ [চন্দ্র] সম্পূর্ণ+ইম—প্রং। অথবা পূর্ণি—মা পরিমাণ করা+অ(ড) —ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শুক্লপক্ষের পঞ্চদশী তিথি।

পূর্ণেন্দু ; সং, পুং, পূর্ণচন্দ্র।

পূর্ণোপমা ; সং, স্ত্রীং, উপমালঙ্কারবিশেষ।

পূর্ত্ত (পূ পূরণ করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, সাধারণের উপকারার্থে পুষ্করিণী ও কূপ খনন প্রভৃতি। ২। পালন। ৩। পূরণ। ৪। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পূরিত। ৫। আচ্ছাদিত, আচ্ছন্ন।

পূর্ত্তি (পূর্ পরিপূর্ণ করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পূর্ণতা, পরিপূরণ।

পূর্ত্তী (পূর্ত্তিন্, পূর্ত্ত+ইন্—প্রং) বিং, ত্রিং, ইচ্ছাপূরক। ২। তৃপ্তিপ্রদ।

পূর্ব্ব (পূর্ব্ব্ পূরণ করা + অ(অন্)—ক। মহাভারতে—গরুড় গালবের নিকট কহিতেছেন, পূর্ব্বকালে দেবগণ প্রথমে এই দিকে বাস করিয়াছিলেন, এই নিমিত্ত ইহার নাম পূর্ব্বদিক্ হইয়াছে, এবং ইহা পূর্ব্বতনদিগের অধিকৃত বলিয়া বিখ্যাত ) সর্ব্বং, ত্রিং, আদি, প্রথম। ২। সমগ্র। ৩। জ্যেষ্ঠ। ৪। পুরাকালীন। ৫। প্রাচ্যদেশীয়। ৬। পশ্চাদ্বর্ত্তী। ৭। সং, পুং, বহুং, পূর্ব্বপুরুষ। ৮। ক্লীং, কারণ। ৯। ইতিবৃত্ত। র্ব্বা—স্ত্রীং,পূর্ব্বদিক্।

পূর্ব্বকর্ম্ম (পূর্ব্বকর্ম্মন্) সং, ক্লীং, প্রথম কর্ম্ম।

পূর্ব্বকায় (পূর্ব্ব প্রথম—কায় শরীর, ১মা —ষ) সং, পুং, নাভির ঊর্দ্ধ শরীরার্দ্ধ।

পূর্ব্বকালিক (পূর্ব্বকাল + ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পূর্ব্বকালসাধ্য। ২। পূর্ব্বকালজাত। ৩। পূর্ব্বকালীন।

পূর্ব্বকাষ্ঠা (পূর্ব্ব—কাষ্ঠা দিক্) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্।

পূর্ব্বকৃৎ ( পূর্ব্ব পূর্ব্বদিক্—কৃ করা+০ (কিপ্)—ক ) সং, পুং, পূর্ব্বদিক্‌সূচক আদিত্য। ২। তদধিপতি ইন্দ্র। ৩। বিং, ত্রিং, পূর্ব্বকারক।

পূর্ব্বগঙ্গা (পূর্ব্ব প্রথম [এইরূপ উক্তি আছে] —গঙ্গা) সং, স্ত্রীং, নর্ম্মদানদী।

পূর্ব্বচিত্তি ; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।

পূর্ব্বজ, পূর্ব্বজন্মা (পূর্ব্ব প্রথম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে। পূর্ব্বজন্মন্, পূর্ব্ব—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং ) সং,পুং,জ্যেষ্ঠভ্রাতা। ২। বহুং,চন্দ্রলোকস্থ পূর্ব্বপুরুষ। ৩। পিতামহাদি। শিং—১"স পূর্ব্বজানাং কপিলেন রোষাৎ।" জা, ম্মা—স্ত্রীং, জ্যেষ্ঠা ভগিনী।

পূর্ব্বজিন ; সং, পুং, বুদ্ধজিনবিশেষ, মঞ্জুঘোষ। ২। বহুং, পূর্ব্বাব্দীয় জৈনধর্ম্মপ্রবর্ত্তক চতুর্ব্বিংশতি মুনিবিশেষ।

পূর্ব্বতন (পূর্ব্ব+তন—ভবার্থে) বিং, ত্রিং, পুরাকালীন, পূর্ব্বকার।

পূর্ব্বদক্ষিণা ; সং, স্ত্রীং, অগ্নিকোণ।


পূর্ব্বদিক্‌পতি (পূর্ব্ব—দিশ্ দেশ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। [দৈত্য।

পূর্ব্বদেব ( পূর্ব্ব—দেব ) সং, পুং, অসুর,

পূর্ব্বপক্ষ ( পূর্ব্ব প্রথম—পক্ষ বিতর্কাদি ) সং, পুং, প্রশ্ন। ২। অভিযোগ। ৩। শুক্লপক্ষ।

পূর্ব্বপর্ব্বত ( পূর্ব্ব প্রাচ্যদেশীয়—পর্ব্বত, ষং—স) সং, পুং, উদয়াচল, উদয়গিরি।

পূর্ব্বফল্গুনী (পূর্ব্ব প্রথম—ফল্গুনী নক্ষত্রবিশেষ) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত একাদশ




পূর্ব্বফল্গুনী (নক্ষত্র)।

নক্ষত্র। ইহা খট্টাকৃতি তারকাদ্বয়যুক্ত। ইহার অধিষ্ঠাত্রীদেব ভগ। ইহাতে জন্মিলে—"শূরস্ত্যাগী সাহসী ভূমিভর্ত্তা, কোপাক্রান্তঃ স্যাচ্ছিরালোহতিদক্ষঃ ধূর্ত্তঃ ক্রূরোহত্যন্তবাতাধিকঃ, প্রাক্ ফল্গুন্যাঞ্চেজ্জন্মকালে চ যস্য।" (কোষ্ঠী)।

পূর্ব্বফল্গুনীভব (পূর্ব্বফল্গুনী—ভব জাত) সং, পুং, বৃহস্পতি।

পূর্ব্বভাদ্রপদ (পূর্ব্ব প্রথম—ভাদ্রপদ নক্ষত্র বিশেষ) সং, পুং, দা—স্ত্রীং, নক্ষত্র-বিশেষ। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতি নক্ষত্র। ইহা খট্বাকৃতি তারকাদ্বয় যুক্ত। অধিদেবতা অজপাদ। ইহাতে জন্মিলে—"জিতেন্দ্রিয়ঃ সর্ব্বকলাসু দক্ষো, জিতারিপক্ষঃ খলু তস্য নিত্যং। ভবেন্মহীয়ান্ সুতরামপূর্ব্বা, পূর্ব্বা যদা ভাদ্রপদা প্রসূতৌ।"



পূর্ব্বভাদ্রপদ (নক্ষত্র)।

পূর্ব্বরঙ্গ (পূর্ব্ব—রঙ্গ নাট্যাদি) সং, পুং, নাট্যক্রিয়ার উপক্রম, নান্দীপাঠাদি, প্রস্তাবনা। ২। নাট্যশালা।

পূর্ব্বরাগ (পূর্ব্ব প্রথম—রাগ অনুরাগ) সং, পুং, প্রথমানুরাগ, পরস্পর দর্শন বা শ্রবণাদি দ্বারা অনুরক্ত নায়ক নায়িকার অসঙ্গতি নিবন্ধন যে অবস্থাবিশেষ; সেই অবস্থা দশপ্রকার; অভিলাষ, চিন্তা, স্মৃতি গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, রোগ, মূর্চ্ছা, মরণ—এই দশ।

পূর্ব্বরাত্র (পূর্ব্ব—রাত্রি+অ, ১মা—ষ) সং, পুং, রাত্রির প্রথম ভাগ।

পূর্ব্বরূপ (পূর্ব্ব—রূপ গঠন) সং, ক্লীং, অর্থালঙ্কার-বিশেষ। ২। ভাবি রোগের পূর্ব্বলক্ষণ, ভাবিচিহ্ন।

পূর্ব্বলক্ষণ (পূর্ব্ব—লক্ষণ চিহ্ন) সং, ক্লীং, ভাবি পদার্থের প্রথম চিহ্ন।

পূর্ব্ববৎ (পূর্ব্ব+বৎ(বতু)—তুল্যার্থে) অং, পূর্ব্বের ন্যায়। [কার্য্যনির্ণয়।

পূর্ব্ববৎসাধন; সং, ক্লীং, কারণ দেখিয়া

পূর্ব্ববয়ঃ (পূর্ব্ববয়স্) সং, ক্লীং, বাল্যাবস্থা।

পূর্ব্ববর্ত্তী (—বর্ত্তিন্, পূর্ব্ব—বৃৎ অবস্থান করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রাগ্বর্ত্তী, অগ্রসর।

পূর্ব্ববাদ (পূর্ব্ব প্রথম—বাদ কথন) সং, পুং, প্রথম আবেদন, প্রথম নালিস। শিং—১ "পূর্ব্ববাদং পরিত্যজ্য যোঽন্যমালম্বতে পুনঃ। সদসংক্রমণাৎ জ্ঞেয়ো হীনবাদী স বৈ নরঃ।"

পূর্ব্ববাদী (—বাদিন্, পূর্ব্ব প্রথম—বদ্ বলা+ইন্(ণিন্)—ক) সং, পুং, যে ব্যক্তি প্রথমে নালিস করে, বাদী। শিং—১ "মিথ্যোক্তৌ পূর্ব্ববাদী তু প্রতিপত্তৌ ন সা ভবেৎ।"

পূর্ব্বশৈল (পূর্ব্ব প্রাচ্যদেশীয়—শৈল পর্ব্বত, য়ং—স) সং, পুং, উদয়পর্ব্বত।

পূর্ব্বসর (পূর্ব্ব প্রথম—সৃ গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, অগ্রসর, অগ্রগামী। শিং—১ "অগ্রেসরো জঘন্যানাং মাভূৎ পূর্ব্বসরো ২ম।"


পূর্ব্বাদ্রি (পূর্ব্ব প্রাচ্যদেশীয়—অদ্রি পর্ব্বত, য়ং—স) সং, পুং, উদয়াচল।

পূর্ব্বাপর (পূর্ব্ব—অপর, দ্বং—স) বিং, ত্রিং, পূর্ব্ব ও অপর। ২। আনুপূর্ব্বিক।

পূর্ব্বার্দ্ধ্য (পূর্ব্বার্দ্ধ+য(ঞ্য)—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বার্দ্ধে জাত।

পূর্ব্বাশা (পূর্ব্ব—আশ দিক্) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্।

পূর্ব্বাষাঢ়া (পূর্ব্ব প্রথম—আষাঢ়া নক্ষত্রবিশেষ) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গতবিংশ নক্ষত্র। ইহা শূর্পাকৃতি, চতুস্তারকান্বিকা। ইহার অধিদেবতা তোয়। ইহাতে জন্মিলে—"ভূয়োভূয়স্তু য়মানানুরক্তো, ভক্তোদেবে বন্ধুমান্যোঽতিদক্ষঃ। পূর্ব্বাষাঢ়া জন্মকালে যদিস্যাৎ, আষাঢ়ঃ স্যাদ্বৈরীবর্গে নিতান্তঃ।"



পূর্ব্বাষাঢ়া (নক্ষত্র)।

পূর্ব্বাহ্ণ (পূর্ব্ব—অহন্ দিন+অ, ১মা—ষ) সং, পুং, দিনের প্রথমভাগ, ১০ দণ্ড। শিং—১ "পূর্ব্বাহ্ণো বৈ দেবানাং মধ্যাহ্নো মনুষ্যাণামিতি (শ্রুতিঃ)।"

পূর্ব্বাহ্ণিক (পূর্ব্বাহ্ণ + ইক(ঞিক)—সাধনার্থে) বিং, ত্রিং, পূর্ব্বাহ্ণসাধ্য। "দৈবং পূর্ব্বাহ্ণিকং কুর্য্যাদপরাহ্ণে তু পৈতৃকম্।"

পূর্ব্বেণ ( তৃতীয়ান্তপূর্ব্বশব্দজ ) অং, পূর্ব্ব দিকে দেশে বা কালে। ২। পূর্ব্বে।

পূর্ব্বেদ্যুস্ ( পূর্ব্ব+এদ্যুস্—দিবসার্থে) অং, পূর্ব্ব দিবসে। শিং—১ "পূর্ব্বেদ্যুরভি মহদীকুল দেবযাত্রা।" ২। প্রাতঃকাল। ৩। ধর্ম্মবাসর।

পূর্ব্বোক্ত (পূর্ব্ব—উক্ত কথিত) বিং, ত্রিং, প্র .যোক্ত, যাহা প্রথমে বলা হইয়াছে।

পূর্ব্বোত্তরা ; সং, স্ত্রীং, পূর্ব্বউত্তরের মধ্যবর্ত্তিনী দিক্, ঈশাণকোণ।

পূল—পুং } (পূল্+অ(অল)—
পূলি, পূলিকা—স্ত্রীং } খি) সং, পুলীপিঠা।

পূষ ( পূষ্ বৃদ্ধি পাওয়া+অ(ক)—ক) সং, পুং, ব্রহ্মদারু বৃক্ষ, তুঁতগাছ।

পূষন্ন ; সং, পুং, বৈবস্বত মনুর পুত্রবিশেষ।

পূষদন্তহর ( পূষ সূর্য্য—দন্ত—হৃ হরণ করা+অ(অন্)—ক। দক্ষযজ্ঞ ভঙ্গকালে পূষার দন্ত ভগ্ন করেন বলিয়া ) সং, পুং, শিবাংশজাত বীরভদ্র।

পূষভাষা ( পূষন্ সূর্য্য—ভাস দীপ্তি, সূর্য্যের স্তায় দীপ্তিমান্ ) সং, স্ত্রীং, ইন্দ্রপুরী, অমরাবতী।

পূষসুহৃৎ (—সুহৃদ্, পূষন্ সূর্য্য—সুহৃদ্ বন্ধু) সং, পুং, শিব।

পূষা (পূষন্, পুষ্ পোষণ করা+অন্(কন্)—ক) সং, পুং, সূর্য্য। ২। স্ত্রীং, পৃথিবী।

পূষাত্মজ (পূষা+আত্মজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘ। ২। ইন্দ্র।

পৃক্কা (স্পৃশ্ স্পর্শ করা+ক—প্রং, নিপাতন) সং স্ত্রীং, পিড়িংশাক।

পৃক্ত ( পৃচ্ সম্পৃক্ত হওয়া+ত(ক্ত)—ক ) বিং ত্রিং, মিশ্রিত ।২। সংলগ্ন ।৩। সম্পর্কবান্। ৪। যুক্ত। ৫। সং, ক্লীং, ধন।

পৃক্তি (পৃক্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, মিশ্রণ। ২। যোগ, সংস্পর্শ। ৩। সম্পর্ক।

পৃচ্ছা ( প্রচ্ছ্ জিজ্ঞাসা করা + ঙ—ভা, আপ্) সং, স্ত্রীং, জিজ্ঞাসা, প্রশ্ন।

পৃতনা ( পৃ পূর্ণ করা+ত(তন্)—ক, আপ্—স্ত্রীং ) সং, স্ত্রীং, সেনা, সৈন্যদল ( অক্ষৌহিণী দেখ )। শিং—১ " গুপ্তঃ মনৈত্য পৃতনাপতিভিঃ পরীতঃ।"

পৃতনাষাট্ ( পৃতনাষাহ্, পৃতনা [illegible] বল—সহ্ [সহ্য করা] [illegible] [illegible] •(ক্বিপ্)—ক) সং, পুং, ইন্দ্র।

পৃথক্ (পৃথ্ ক্ষেপণ করা+অক্(কক্)—[illegible] অং, ভিন্ন, অন্য। ২। ইতর, নীচ।

পৃথক্‌ক্ষেত্র (পৃথক্ ভিন্ন—ক্ষেত্র উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, এক পিতার ঔরসে বিভিন্ন মাতার উদরে জাত সন্তান।

পৃথক্ত্ব ( পৃথক্+ত্ব—ভাবে ) সং, ক্লীং, বৈশেষিকোক্ত পৃথক্ত্ব বুদ্ধিসম্পাদক গুণবিশেষ।

পৃথগাত্মতা ( পৃথগাত্মন্ [পৃথক্ ভিন্ন—আত্মন্ স্বভাব, ৬ষ্ঠী—হিং+তা—ভাবে ) সং, স্ত্রীং, বিবেক, বিরক্ততা, বিরাগ। ২। ইতরবিশেষবিবেচনা।

পৃথগ্‌জন (পৃথক্ [গুণ হইতে] ভিন্ন—জন লোক, মং—ম্) সং, পুং, মূর্খ। ২। নীচ লোক, ইতরলোক। ২। পাপী। ৩। ভিন্নলোক।

পৃথগ্বিধ (পৃথক্—বিধা প্রকার) বিং, ত্রিং, বিবিধ। ২। ভিন্ন ভিন্ন প্রকার।

পৃথা (প্রথ্ বিখ্যাত হওয়া+অ(অন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কুন্তী, পাণ্ডুরাজার স্ত্রী। ২। ব্রাহ্মণীবিশেষ।

পৃথাজ } (পৃথা—জ [জন্ জন্মান+অ
পৃথাসুত } (ড)—ক ] জাত। পৃথা—সুত পুত্র ) সং, পুং, কুন্তীপুত্র, যুধিষ্ঠিরাদি।

পৃথাপতি (পৃথা কুন্তী—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পাণ্ডুরাজা।

পৃথিবী } (প্রথ্ বিখ্যাত হওয়া+ইবি,
পৃথ্বী } বি—প্রং। কিম্বা প্রথ [বিস্তার] পাওয়া—ইবি, বী+প্রং, প্রথ্ স্থানে পৃথ্। যাহা অত্যন্ত বিস্তৃত। অথবা প্রথ +ষিবন্—ক। পুরাণমতে—পৃথুরাজার দুহিতা বলিয়া পৃথিবী, পৃথ্বী) সং, স্ত্রীং, ভূমি, ধরা। শিং—১ "পৃথোরণীয়াং পৃথিবীং ভার্য্যাং পূর্ব্ববিদো বিদুঃ।" ২ "দুহিতৃত্বমনুপ্রাপ্তা দেবী পৃথ্বী তথোচ্যতে।"

পৃথিবীপতি, পৃথিবীপাল, পৃথিবীক্ষিৎ (পৃথিবী—পতি, ৬ষ্ঠী—ষ। পৃথিবী—পাল যে পালন করে, ২য়া—ষ। পৃথিবী—ক্ষিৎ যে প্রভুত্ব করে, সপ্তমী—ষ) সং, পুং, ভূপতি, রাজা। ২। যম।

পৃথিবীভুক্ (—ভুজ, পৃথিবী—ভুজ্ ভোগ করা + ০ (ক্বিপ্)—ক) সং, পুং, ভূপাল।

পৃথিবীরুহ (পৃথিবী—রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, ভূরুহ, বৃক্ষ, গাছ।

পৃথিবীশক্র (পৃথিবী—শক্র ইন্দ্র) সং, পুং, রাজা।

পৃথু (প্রথ্ বিখ্যাতহওয়া + উ(কু)—ক। মহাপ্রতাপশালী বেণতনয় পৃথিবীস্থ বীরগণকে পরাজয় করেন। তাঁহা দ্বারা পৃথিবীমণ্ডল প্রথিত হইয়াছিল বলিয়া তিনি পৃথু নামে বিখ্যাত হইয়াছেন) সং, পুং, প্রাচীনকালের নৃপবিশেষ, বেণরাজপুত্র। ২। অগ্নি। ৩। স্ত্রীং, কৃষ্ণজীরক। ৪। অহিফেন। ৫। বিং,ত্রিং, বিস্তৃত। ৬। বিশাল, বৃহৎ। ৭। স্থূল। শিং—১ "পৃথুকদম্ব কদম্বক রাজিতম্।" (রঘু)।

পৃথুক (পূর্ব্বে দেখ, কন্—যোগ। অথবা পৃথু + কে প্রকাশপাওয়া + অ(ড)—ক) সং, পুং, কা—স্ত্রীং, শিশু, শাবক, বাচ্ছা। ২। সং, পুং—ক্লীং, চিপিটক, চিড়া। শিং—১ "দ্বিঃস্বিন্নমম্নং পৃথুকং শুষ্কং দেশবিশেষকে। নাত্যন্তশস্তং বিপ্রাণাং ভক্ষণে চ নিবেদনে। অভক্ষ্যঞ্চ যতীনাঞ্চ বিধবাব্রহ্মচারিণাম্।"

পৃথুগ্রীব (পৃথু—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, বিস্তীর্ণ গ্রীবাযুক্ত। ২। পুং, রাক্ষসবিশেষ।

পৃথুপত্র (পৃথু স্থূল—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রক্তলশুন।

পৃথুরোমা (পৃথুরোমন্, পৃথু বৃহৎ—রোমন্ লোম [আঁইস]। ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৎস্য। ২। বিং, ত্রিং, বৃহৎ লোমযুক্ত।

পৃথুল (পৃথু + ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ, বড়। ২। বিস্তৃত। ৩। স্থূল।

পৃথুলাক্ষ (পৃথুল স্থূল—অক্ষি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রি, বিশাল নয়নযুক্ত। ২। সং, পুং, পুরুবংশীয় নৃপবিশেষ।

পৃথুবক্ত্র (পৃথু—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্থূল মুখযুক্ত। ক্ত্রা—স্ত্রীং, কুমারানুচর মাতৃকাবিশেষ।

পৃথুশেখর (পৃথু বৃহৎ—শেখর চূড়া) সং, পুং, পর্ব্বত।

পৃথুশ্রবাঃ (পৃথুশ্রবস্, পৃথু—শ্রবস্ কর্ণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বৃহৎকর্ণযুক্ত। ২। সং, পুং, কুমারানুচরবিশেষ। ৩। শশবিন্দুর পুত্রবিশেষ।

পৃথুস্কন্ধ (পৃথু বৃহৎ—স্কন্ধ কাঁধ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর, বরাহ।

পৃথূদক ; সং, ক্লীং, তীর্থবিশেষ ; কপালমোচন তীর্থের কিছুদূরে অবস্থিত।

পৃথূদর (পৃথু—উদর পেট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেষ। ২। বিং, ত্রিং, স্থূলোদর।

পৃথ্বী (পৃথু রাজবিশেষ + ঈপ্—স্ত্রীং। পৃথ রাজার রাজ্য) সং, স্ত্রী, পৃথিবী, ধরিত্রী। শিং—১ "দুহিতৃত্বমনু প্রাপ্তা দেবী পৃথ্বী তথোচ্যতে।" ২। সপ্তদশাক্ষর ছন্দোবিশেষ।

পৃথ্বীধর (পৃথ্বী—ধৃ ধারণকরা + অ(অন্)—ক) [সং, পুং, পর্ব্বত।

পৃদাকু (পর্দ্দ্ অপানবায়ু ত্যাগ করা + আকু—প্রং) সং, পুং, সর্প। ২। বৃশ্চিক। ৩। ব্যাঘ্র। ৪। চিতাবাঘ। ৫। হস্তী। ৬। বৃক্ষ।

পৃশ্নি (স্পৃশ্ স্পর্শ করা + নি—র্ম, বালকেরা যাহাকে অনায়াসে স্পর্শ করে) বিং, ত্রিং, বামন হইতে কিঞ্চিৎ দীর্ঘ, অল্পশরীর। ২। ক্ষুদ্র, সূক্ষ্ম, পাতলা। ৩। দুর্ব্বল। ৪। সং, স্ত্রীং, রশ্মি, কিরণ। ৫। সুতপারাজমহিষী, যিনি জন্মান্তরে দেবকী হইয়াছিলেন। শিং—১ "ত্বমেব পূর্ব্বসর্গে ভূঃ পৃশ্নিঃ স্বায়ম্ভুবে সতি।" ৬। পৃথিবী। ৭। রত্ন। ৮। জলের পানা।

পৃশ্নিকা ; সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।

পৃশ্নিগর্ভ, পৃশ্নিভদ্র (পৃশ্নি দেবকীর নামান্তর—গর্ভ গর্ভস্থিত জীব। পৃশ্নি দেবকী—ভদ্র ভাগ্য, শুভচিহ্ন) সং, পুং, কৃষ্ণ। [পুং, কৃষ্ণ। ২। গণেশ।

পৃশ্নিশৃঙ্গ (পৃশ্নি ক্ষুদ্র—শৃঙ্গ চূড়া) সং,

পৃশ্নী ; সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।

পৃষৎ (পৃষ্ সেচন করা+অৎ-র্ম) সং, ক্লীং, জল বা দ্রবদ্রব্যের বিন্দু। শিং-১ "পৃষদপরুষাবিষাণাগ্রেণ লুঠতি।" ২। পুং, তী-স্ত্রীং, মৃগবিশেষ।

পৃষৎক (পৃষৎ হরিণ+কণ-যোগ। হরিণের ন্যায় দ্রুতগামী) সং, পুং, বাণ, শর।

পৃষত (পৃষৎ দেখ, অত(অতচ্)-র্ম) সং, পুং জলাদির বিন্দু। ২। শ্বেতবিন্দুযুক্ত মৃগবিশেষ। ৩। ভরদ্বাজপুত্র, নৃপবিশেষ। ৪। পাঞ্চালের অধীশ্বর, দ্রুপদের পিতা।

পৃষতাম্পতি, পৃষতাশ্ব (পৃষৎ [দ্বিতীয়ার বহুবচনে পৃষতাম্] হরিণ-পতি প্রভু। পৃষত মৃগবিশেষ-অশ্ব অশ্ববৎগতিসাধন, ৬ষ্ঠী-হিং) সং, পুং, অনিল, বায়ু।

পৃষতী (পৃষৎ+ঈ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হরিণীবিশেষ, শ্বেতবিন্দুযুক্তা মৃগী। ২। অঞ্জন-শলাকা।

পৃষদংশ (পৃষত্ বিন্দু-অংশ, ৬ষ্ঠী-[illegible]) সং, পুং, বায়ু।

পৃষদঘ্ন; সং, পুং, বৈবস্বত মনুর পুত্রবিশেষ।

পৃষদশ্ব (পৃষৎ হরিণ-অশ্ব ঘোটক, ৬ষ্ঠী-হিং) সং, পুং, বায়ু, অনিল। ২। অনরণ্যের পুত্র।

পৃষদাজ্য (পৃষৎ দ্রববস্তুর বিন্দু-আজ্য ঘৃত) সং, ক্লীং, দধিমিশ্রিত ঘৃত।

পৃষদ্বল (পৃষৎ হরিণ+বল-প্রং) সং, পুং, বায়ুর অশ্ব। শিং-১ "ধুবিত্র মরুদান্দোলঃ কুচৈবশ্চামরানিলঃ। পৃষদ্বলস্তু বায়ুশ্বঃ কুবেরে তু প্রমোদিতঃ।"

পৃষন্তি (পৃষৎ দেখ, অন্তি-প্রং) সং, ক্লীং, জলাদির বিন্দু। কণা। শিং-১ "পয়ঃপৃষন্তিভিঃ স্পৃষ্টা বান্তি বাতাঃ শনৈঃ শনৈঃ।

পৃষভাষা; সং, স্ত্রীং, অমরাবতী, ইন্দ্রপুরী।

পৃষাকরা; সং, স্ত্রীং, বাট্খারা।

পৃষাতক (পৃষ দ্রববস্তুর বিন্দু-অৎ গমন করা বা হওয়া+অ এবং ক-প্রং) সং, ক্লীং, দধিমিশ্রিত ঘৃত।

পৃষোদর (পৃষৎ বিন্দু-উদর পেট, ৬ষ্ঠী-হিং, নিপাতন) বিং, ত্রিং, বিন্দুগর্ভিত, যাহার উদরে মণ্ডলাকার চিহ্ন আছে। শিং-১ "ভবেদ্বর্ণাগমাদ্ধংসঃ সিংহো বর্ণ বিপর্য্যয়াৎ। বর্ণাদেশাচ্চ গূঢ়াত্মা বর্ণলোপাৎ পৃষোদরঃ।"

পৃষোদ্যান (পৃষৎ-উদ্যান বাগান। ৎ-লোপ) সং, ক্লীং, ক্ষুদ্র উদ্যান, ছোট বাগান।

পৃষ্ট (প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+ত(ক্ত)-র্ম) বিং, ত্রিং, জিজ্ঞাসিত। শিং-১ "না পৃষ্টঃ কস্যচিৎ ব্রূয়াৎ।" (মনু)। ২ "স পৃষ্টস্তেন কস্ত্বং ভোঃ হেতুশ্চাগমনেঽত্র কঃ।" (দেবীমাহাত্ম্য)। ২। (+ক্ত-ভাবে) জিজ্ঞাসা।

পৃষ্টি (পৃষ্ট দেখ, তি(ক্তি)-ভা) সং, স্ত্রীং, জিজ্ঞাসা। ২। (+ক্তি-ক) বিং, ত্রিং, প্রশ্নকারক। ৩। পার্শ্বস্থ।

পৃষ্ঠ (পৃষ্ সেচনকরা+থ(থক্)-র্ম, সংজ্ঞার্থে) সং, ক্লীং, পশ্চাদ্ভাগ, পিঠ। ২। চরমমাত্র। ৩। পত্রাদির এক পিঠ।

পৃষ্ঠগোপ } (-গোপ্তৃ, পৃষ্ঠ-গুপ্ রক্ষা
পৃষ্ঠগোপ্তা } করা+অ(অন্), তৃ(তৃন্)-ক) বিং, ত্রিং, পৃষ্ঠরক্ষক (যোদ্ধাবিশেষ)।

পৃষ্ঠগ্রন্থি (পৃষ্ঠ পশ্চাদ্ভাগ-গ্রন্থি গাঁইট্) সং, পুং, কুঁজ।

পৃষ্ঠচর (পৃষ্ঠ-চর্ গমন করা+অ(অন্)-ক) বিং, ত্রিং, পশ্চাদ্ভাগে স্থিত। ২। পশ্চাদ্গামী।

পৃষ্ঠচক্ষুঃ (পৃষ্ঠ-চক্ষুঃ অক্ষি, ৬ষ্ঠী-হিং) সং, পুং, কর্কট। ২। ভল্লুক।

পৃষ্ঠজ (পৃষ্ঠ-জ [জন্, জন্মান+অ(ড)-ক] যে জন্মায়) বিং, ত্রিং, পশ্চাৎ জাত।

পৃষ্ঠতঃ (পৃষ্ঠতস্, পৃষ্ঠ+তস্-সপ্তম্যর্থে) অং, পশ্চাদ্ভাগে, পেছনে। ২। পৃষ্ঠদেশে। শিং-১ "তং পৃষ্ঠতঃ প্রষ্ঠমিয়ায় নম্রো হিংস্রেষু দীপ্রাস্ত্রধরঃ কুমারঃ।" (ভট্টি)।

পৃষ্ঠদৃষ্টি (পৃষ্ঠ-দৃষ্টি দর্শন, ৬ষ্ঠী-হিং। আপনার পশ্চাদ্ভাগে দৃষ্টি করে বলিয়া) সং, পুং, ভল্লুক, ভালুক।

পৃষ্ঠমাংসাদ (পৃষ্ঠ পিঠ-মাংস-অদ্ ভক্ষণ করা+অ(অন্)-ক) বিং, ত্রিং, পরোক্ষে অপবাদকারী। ২। পৃষ্ঠমাংসভোজী।

পৃষ্ঠমাংসাদন (পৃষ্ঠমাংস-অদন ভোজন

বিং, ত্রিং, পৃষ্ঠমাংসভোজী। ২। সং, ক্লীং, পরোক্ষে দোষকীর্ত্তন। ৩। পৃষ্ঠের মাংস ভোজন। [গমন।

পৃষ্ঠযান ; সং, ক্লীং, পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক

পৃষ্ঠবংশ (পৃষ্ঠ—বংশ বাঁশ, ৬ষ্ঠী—স) সং, পুং, পৃষ্ঠাস্থি, পিঠের ডাঁড়া।

পৃষ্ঠবাট্—ড্ (পৃষ্ঠবাহ্, পৃষ্ঠ—বাহ যে বহন করে। প্রষ্ঠবাহ্ শব্দও হয়) সং, পুং, পৃষ্ঠ দ্বারা ভারবাহী বৃষ, পাঁটে বাঁধা গরু।

পৃষ্ঠশয় ( পৃষ্ঠ—শয় [ শী শয়ন করা+অ (অন্)—ক ] যে শয়ন করে ) বিং, ত্রিং, উত্তানশয়, উর্দ্ধমুখ।

পৃষ্ঠশৃঙ্গ (পৃষ্ঠ পশ্চাদ্ভাগ—শৃঙ্গ শিং। যাহার শৃঙ্গ পৃষ্ঠের দিকে নোয়ান থাকে) সং, পুং, বন্যছাগল।

পৃষ্ঠশৃঙ্গী (—শৃঙ্গিন্, পৃষ্ঠ পিঠ—শৃঙ্গ শিং +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ভীমসেন। ২। মহিষ। ৩। ক্লীব, নপুংসক।

পৃষ্ঠাস্থিত (পৃষ্ঠ—অস্থি হাড়+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে জীবের পৃষ্ঠে ডাঁড়া হয়।

পৃষ্ঠোদয় (পৃষ্ঠ—উদয়) সং, পুং, মেষ বৃষ কর্কট ধনু মকর মীনলগ্ন।

পৃষ্ঠ্য (পৃষ্ঠ+য(ক্য)—প্রং) সং, পুং, পৃষ্ঠ দ্বারা ভারবাহী অশ্ব, ভেটোঘোড়া। ২। ক্লীং, পৃষ্ঠাস্থি সমূহ। ৩। বিং, ত্রিং, পৃষ্ঠসম্বন্ধীয়।

পৃষ্ণি ( পৃষ্ বিস্তার করা+নি—প্রং। নিপাতন) বিং, ত্রিং, প্রশ্নি। ২। ক্ষুদ্র। স্ত্রীং—পাষ্ণি।

পেঁচ (পারস্য, পেচদন্ ঘোরা) ঘোরা। ২। কষ্ট, ক্লেশ, বিপদ। ৩। ইস্ক্রূপ।

পেঁপে (বোধ হয় এই ফল প্রথমে পাপুয়া নামক দ্বীপ হইতে এদেশে আসে, এই জন্য ইহার উক্ত নাম হইয়াছে) সং, ক্লীং, ফলবিশেষ।

পেগম্বর (পারস্য) ধর্ম্মপ্রবর্ত্তক। ২। দূত।

পেচক (পচ্ পাক করা, ব্যক্ত করা+অক (ণক)—ক, নিপাতন) সং, পুং, পেঁচা পক্ষী। ২। হস্তীর পুচ্ছমূল বা তদগ্র। ৩। গুহ্যদেশাচ্ছাদক মাংসপিণ্ডবিশেষ। ৪। পর্য্যঙ্ক। ৫। মঞ্চ। ৬। মেঘ।

পেচকী ( পেচকিন্, পেচক হস্তীর পুচ্ছমূল+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, হস্তী। ২। বিং, ত্রিং, পেচকযুক্ত।

পেচিল (পেচক হস্তীর পুচ্ছমূল+ইল—অস্ত্যর্থে। পেচক—পেচ) সং, পুং, হস্তী।

পেচু—পুং
পেচুল—পুং
পেচুলী—স্ত্রীং } (পিচ্ আঘাত করা+উ, উল—প্রং) সং, পুং, কচুশাক

পেট—পুং, পেটিকা, পেটী—স্ত্রীং
পেটক—পুং—ক্লীং, পেড়া—স্ত্রীং } (পিট্ সংহত হওয়া+অ(অল্)—ধি, কণ্—যোগ) সং, পেটরা, ঝাঁপি প্রভৃতি। ২। সমূহ।

পেট (পেটক শব্দজ) সং, উদর, জঠর, গর্ভ।

পেটরা ; সং, পেটিকা, পেটেরা।

পেটাও—যাহারা প্রজাদিগের নিকট হইতে জমি লইয়া চাষ করে।

পেটুক ; বিং, ত্রিং, উদরম্ভরি, উদরসর্ব্বস্ব।

[illegible] ( পা পান করা+য—র্ম্ম ) সং, ক্লীং, জল। ২। দুগ্ধ। ৩। অষ্টবিধ অন্নান্তর্গত অন্নবিশেষ। শিং— "ভোজ্যং পেয়ং তথা চুষ্যং লেহ্যং [illegible]ক্ষ্যঞ্চ চর্ব্বণং। নিষ্পেয়ঞ্চৈব ভক্ষ্যং স্যা[illegible]মষ্টবিধং স্মৃতম্।" ৪। বিং, ত্রিং, পানীয়, পানযোগ্য। শিং—১ "মদ্যমদেয়মপেয়মগ্রাহ্যমিতিশ্রুতিঃ।"

পেয়ালা (পারস্য) পাত্রবিশেষ, বাটী।

পেযূষ (পীষ্ [সৌত্রধাতু] তৃপ্ত করা+উষ—প্রং) সং, ক্লীং, পুং, নবপ্রসূতা গাভীর দুগ্ধ। ২। পীযূষ, অমৃত। শিং—১ "আসপ্ত রাত্রপ্রভবং ক্ষীরং পেযূষ উচ্যতে।"

পেরজ ; সং, ক্লীং, উপরত্নবিশেষ।

পেরা ; সং, স্ত্রীং, বাদ্যবিশেষ।

পেরু (পী পান করা+রু—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। ২। সূর্য্য। ৩। সমুদ্র।

পেরেশান (পারস্য) কষ্টযুক্ত, ক্লান্ত।

পেরোজ (পারস্য) সং, ক্লীং, রত্নবিশেষ; ইহা দ্বিবিধ পীতবর্ণ ও হরিতবর্ণ।

পেল (পিল্ প্রেরণ করা বা পেল্ গমন করা+অ(অন্)—ক) সং, ক্লীং, মুষ্ক, অণ্ডকোষ। ২। পুং, ক্ষুদ্রাংশ। ৩। গমন।

পেলব (পেল ক্ষুদ্রাংশ—বা গমন করা+অ(ড)—ক) বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ। ২।

কোমল, নরম, মৃদু। ৩। বিরল। ৪। সূক্ষ্ম। ৫। ভঙ্গুর। ৬। লঘু।

পেবলি—অভিনয়শূন্য কেবল অঙ্গবিক্ষেপ-বাহুল্য দ্বারা নৃত্য করার নাম পেবলি।

পেশ (পারস্য) সম্মুখ।

পেশওয়াজ } (পারস্য নর্ত্তকীদিগের পরি-
পেশবাজ } ধেয় বস্ত্রবিশেষ।

পেশকবচ (পারস্য) দুই পার্শ্বে ধারবিশিষ্ট অস্ত্রবিশেষ।

পেশকস (পারস্য) বক্রাকার ক্ষুদ্র তীক্ষ্ণ অস্ত্রবিশেষ, পেশকজ; ইহা কটিবন্ধনের অভ্যন্তরে গুপ্তভাবে রক্ষিত হয়। ২। কোমরবন্ধ। ৩। উপঢৌকন, সম্মান করিবার জন্য যাহা কিছু নজর দেওয়া যায়।

পেশকার (পারস্য) সহকারী। ২। আদালতের বিচারকের নিকট যে মোকদ্দমার বন্দোবস্ত করিয়া দেয়। ৩। জমিদারীর কাগজপত্র যাহার জিম্মায় থাকে এবং যে ব্যক্তি আবশ্যকমত উহা কাছারীতে বা জমিদারের নিকট পেশ করে ও কাগজপত্র হেপাজতে রাখে তাহাকে পেশকার কহে।

পেশল } (পিশ্ অবয়বীভূত হওয়া+অল
পেষল } (অলচ্)—ক, কিম্বা পেশ+ল
পেসল } —অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুন্দর, মনোহর। ২। (পিষ্ চূর্ণ করা) মৃদু, কোমল। ৩। (পিস্ গমন করা) দক্ষ, নিপুণ। ৪। চতুর। ৫। ধূর্ত্ত। ৬। সং, পুং, বিষ্ণু,। শিং—১ "অক্রূরঃ পেশলো-দক্ষঃ।"

পেশস্কৃৎ; সং, পুং, কীটবিশেষ, কুমীরকে পোকা। শিং—১"কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যাং তেন প্রবেশিতঃ।"

পেশা (পারস্য) ব্যবসা।

পেশাদার (পারস্য) ব্যবসায়ী।

পেশি (পিশ্ অবয়বীভূত হওয়া+ই—ক) সং, পুং, বজ্র। ২। স্ত্রীং, ডিম্ব। ৩। খড়্গাদিকোষ, খাপ্। ৪। শরীরের মাংসপিণ্ড। ৫। সুপক্ক মুকুল। ৬। নদীবিশেষ। ৭। রাক্ষসীবিশেষ। ৮। পিশাচীবিশেষ।

পেশী (Muscle, পেশি দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে যন্ত্র দ্বারা ইচ্ছানার শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালনক্রিয়া সমাধা হয়। ২। পেশী কেবল মাংসরাশি মাত্র। ৩। ডিম্ব। ৪। মুকুল। ৫। খড়্গের খাপ্। ৬। নদীবিশেষ। ৭। পিশাচীবিশেষ। ৮। রাক্ষসীবিশেষ।

পেশীকোষ; সং, পুং, অণ্ডকোষ।

পেশুক (পিশ্ গমন করা+উক—শীলার্থে) বিং, ত্রিং, অভিবর্দ্ধনশীল।

পেষণ (পিষ্ চূর্ণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মর্দ্দন, চূর্ণন। ২। (+অল্—খি) পেষণপাত্র খলাদি।

পেষণি—ণী (পিষ্ চূর্ণ করা+অনি—ণ, ঈপ্) সং, স্ত্রীং, পেষণযন্ত্র। ২। শিল-লোড়া। ৩। যাঁতা।

পেস্তা—কাবুলদেশীয় ফলবিশেষ।

পেস্বর (পিস্ গমনকরা+বর—ক, শীলার্থে) বিং, ত্রিং, গতিশীল।

পৈঙ্গ; সং, পুং, ঋষিবিশেষ।

পৈঙ্গরাজ; সং, পুং, পক্ষিবিশেষ।

পৈঞ্জূষ (পিঞ্জূষ+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, কর্ণ, শ্রোত্র।

পৈঠর (পিঠর স্থালী+অ(ষ্ণ)—পকার্থে) বিং, ত্রিং, স্থালীপক্ক (মাংসাদি)।

পৈঠিক; সং, পুং, অসুরবিশেষ।

পৈঠীনসি; সং, পুং, উপস্মৃতিকারক মুনি-বিশেষ।

পৈণ্ডিন্য (পিণ্ড অন্নাদির ডেলা+ইন্—অস্ত্যর্থে, য—ভাবে) সং, স্ত্রীং, ভিক্ষা-বৃত্তি, যাচ্ঞাকরা।

পৈতা (উপবীত শব্দজ কি?) সং, যজ্ঞো-পবীত।

পৈতামহ (পিতামহ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিতামহসম্বন্ধীয়। ২। পিতা-মহাদাগত। শিং—১"পৈতামহঞ্চ পিত্র্যঞ্চ যচ্চান্যৎ স্বয়মর্জ্জিতং। দায়াদানাং বিভা-গেষু সর্ব্বমেতদ্বিভজ্যতে।"

পৈতৃক (পিতৃ+কণ্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিতৃ-পিতামহাদি সম্বন্ধীয়। শিং—১"পৈ-তৃকন্তু যদাদ্রব্যমনবাপ্ত মবাপ্নুয়াৎ।"

পৈতৃমত্য (পিতৃমতী অনূঢ়া কন্যা+য(ষ্ণ্য)

—ত্যার্থে) বিং, ত্রিং, অনূঢ়াকন্যাতে জাত, কানীন।

পৈতৃষস্রেয় } (পিতৃষ্বসৃ পিসী + এয় পৈতৃষস্রীয় } (ঢেয়), ঈয়(ছীয়)—অপত্যার্থে) সং, পুং, য়া, স্ত্রী—স্ত্রীং, পিতার ভাগিনেয় বা ভাগিনেয়ী।

পৈত্ত, পৈত্তিক (পিত্ত + অ (ষ্ণ), ইক (ষ্ণিক) —সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিত্তসম্বন্ধীয়, পিত্তজন্য রোগ।

পৈত্র, পৈত্র্য, পৈত্রিক (পিতৃ + অ(ষ্ণ), য (ষ্ণ্য), ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পৈতৃক, পিতৃসম্বন্ধীয়। ২। (ত্র) সং, ক্লীং, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগ।

পৈত্রাহোরাত্র (পৈত্র পিতৃসম্বন্ধীয়—অহন্ দিবস—রাত্রি) সং, পুং, পিতৃলোকের এক দিন, তাহা মানুষের এক মাস। শিং—১ "মাসেন স্যাদহোরাত্রঃ পৈত্রো বর্ষেণ দৈবতঃ।"

পৈরববল্কল—পেরুদেশীয় সিঙ্কোনা নামক বৃক্ষের ত্বক্ যাহা হইতে প্রসিদ্ধ কুইনাইন্ প্রস্তুত হয়।

পৈল (পেল + ষ্ণ) সং, পুং, ঋগ্বেদাভিজ্ঞ মুনিবিশেষ।

পৈলব (পীলু + অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, পীলুসম্বন্ধীয়।

পৈশাচ (পিশাচ + অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) সং, পুং, অষ্টপ্রকার বিবাহান্তর্গত বিবাহবিশেষ, বলপূর্ব্বক বিবাহ, ছলপূর্ব্বক কন্যাগ্রহণ। শিং—১ "সুপ্তাং মত্তাং প্রমত্তাং বা রহো যত্রোপগচ্ছতি। স পাপিষ্ঠো বিবাহানাং পৈশাচঃ কথিতোহষ্টমঃ।" ২। বিং, ত্রিং, পিশাচসম্বন্ধীয়।

পৈশুন্য (পিশুন খল + য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সূচনা। ২। খলতা, ধূর্ত্ততা।

পৈষ্টিক (পিষ্ট + ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, পিষ্টসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, পিষ্টকসমূহ। ৩। মদ্যবিশেষ।

পৈষ্টী (পিষ্ট + অ(ষ্ণ), ঈপ্) সং, স্ত্রীং, মদ্যবিশেষ, ধেনোমদ।

পো (পুত্র শব্দজ) সং, সন্তান।

পোআ } (পাব শব্দজ কি ?) সং, সেরের পোয়া } চতুর্থভাগের এক ভাগ। ২। ঢেঁকির দুই পার্শ্বে হাড়িকাষ্ঠের আকৃতি কাষ্ঠখণ্ড।

পোআতি } (প্রসূতিশব্দজ) সং, নবপ্রসূতা পোয়াতি } স্ত্রী। ২। গর্ভিণী।

পোঁটা (দেশজ) সং, নাড়ী, অন্ত্র, আঁত।

পোঁদ, পোঁদা (পায়ু শব্দজ) সং গুহ্যদেশ। ২। পাছা।

পোকা (দেশজ) সং কীট, কৃমি।

পোক্ত } (পারস্য = পোখ্‌তা) বিং, পরিপোক্তা } পক্ক, পাকা, মজবুত। ২। দৃঢ়, কঠিন।

পোগণ্ড (অপ না, অপকৃষ্ট—গম্ গমনকরা + ড—ক। অপ = পো, নিপাতন) বিং, ত্রিং, বিকলাঙ্গ। ২। সং, পুং, ৫ অবধি ১৫ বর্ষের শিশু। শিং—১ "রোগী বৃদ্ধস্ত পোগণ্ডঃ কুর্ব্বন্ত্যন্যত্র তৎ সদা। শরীরে ষড়বস্থাঃ। বাল্যং পোগণ্ডঃ কুমারস্তরুণো বৃদ্ধো দশমী[illegible]বেদ্যকোকাঃ।"

পোট (পুট্ সংযুক্ত হওয়া + অ(অল্)—ভাবে) সং, পুং, স্পর্শ। ২। মিলন।

পোটগল (পোট [বায়ুর সহিত] মিলন—গল্ গমন করা + অ(অন্)—ক। যে বাতাসে তরঙ্গিত হয়) সং, পুং, নল, খাগড়া। ২। কাশ, কেশে। ৩। মৎস্য।

পোটা (পুট্ সংযুক্ত হওয়া + অ(অল্)—ক, আপ্—স্ত্রীং। যে স্ত্রী পুরুষের লক্ষণযুক্ত হয়) সং, স্ত্রীং, যে স্ত্রীলোকের স্তন ও দাড়ি আছে, পুং-লক্ষণা-স্ত্রী।

পোটিক (পোট + ইক—প্রং) সং, পুং, বিস্ফোটক, ফোড়া।

পোট্টলিকা, পোট্টলী; সং, স্ত্রীং, বস্ত্রবদ্ধ দ্রব্য, পুঁটলি, গাঁঠরি।

পোড়ন (দেশজ) সং, দহন, জ্বলন।

পোড়া (দেশজ) বিং, দগ্ধ, কৃতদাহ।

পোড়্; সং, পুং, ললাটাস্থির নিম্নভাগ।

পোত (পূ পবিত্র করা + ত(তন্)—ক, সং, পুং, শাবক। ২। নৌকাদিজলযান। শিং—১ "পোতাক্রমান্ততঃ সর্ব্বে পোতবাহৈরুপাসিতাঃ। অপারে দুস্তরেহগাধে

শান্তি যেপেদ নিত্যশঃ।" (পুরাণ)। ৩। গৃহনির্ম্মাণস্থান, পোতা। ৪। দশম বর্ষীর হস্তী। ৫। (+অন—র্ম্ম) বস্ত্র।
পোতকী, পোতিকা (পুত [নামধাতুজ] দুর্গন্ধ হওয়া+অক—স্ত্রং) সং, স্ত্রীং, পুঁইশাক। ২। শ্যামাপক্ষী।
পোতজ ; সং, পুং, কুঞ্জরাদি।
পোতন (পূ পবিত্র করা+তন—ক) বিং, ত্রিং, পবিত্রতাকারক।
পোতনকপ্রিয় ; সং, পুং, বৃক্ষবিশেষ।
পোতনায়ক (পোত নৌকাদিজলযান—নায়ক অধ্যক্ষ, ৬ষ্ঠী—য) সং, পুং, পোতাধ্যক্ষ, জাহাজাদির কাপ্তেন।
পোতপ্লব (পোত—প্লব [প্লু পার হওয়া+অ(অন্)—ক] ৩য়া—ষ) বিং, ত্রিং, নৌকা দ্বারা যে নদী প্রভৃতি পার হয়।
পোতরক্ষ (পোত নৌকা—রক্ষ্ রক্ষা করা+অ(অল্)—ণ) সং, পুং, নৌকা-প্রভৃতির হাইল।
পোতবণিক্ (পোতবণিজ্, পোত নৌকা—বণিক্ বেণে, ৭মী—য) সং, পুং, জল-পথে বাণিজ্যকারী, সাংযাত্রিক। ২। নৌকাবাণিজ্যকর।
পোতবাহ (পোত—বহ্ বহন করা+অ (ঘঞ্)—ক, ২য়া—ষ) সং, পুং, নাবিক, দাঁড়িমাজী।
পোতা (পোতৃ, পূ পবিত্র করা+তৃ তৃন্—ক) সং, পুং, যজ্ঞাদি কর্ম্মে নিয়োজিত পুরোহিতবিশেষ। ২। বিষ্ণু। ৩ (পারস্য) কোরণ্ড, মুষ্ক।
পোতাচ্ছাদন (পোত বস্ত্র—আচ্ছাদন আ-বরণ) সং, ক্লীং, বস্ত্রকুটিম, তাঁবু।
পোতাধান (পোত—আধান গ্রহণ। বস্ত্র থলিয়া প্রভৃতি দিয়া ধৃত করা যায় বলিয়া) সং, ক্লীং, ক্ষুদ্রমাংসসমূহ, পোনার ঝাঁক।
পোতাধিষ্ঠাননগর ; যে স্থানে জাহাজাদি নোঙর করা থাকে, তাহার অদূরবর্ত্তী নগর।
পোতাশ্রয় (Harbour) যে স্থানে জাহাজাদি নির্বিঘ্নে নোঙর করা থাকে।
পোতাস সং, পুং, কর্পূরবিশেষ।
পোত্র (পূ পবিত্র করা+ত্র—ষ) সং, পুং, শূকরের মুখাগ্র, শূকরের মুখরিণ। ২। ক্রোড়। ৩। বজ্র। ৪। হলমুখ। ৫। বহিত্র।
পোত্রায়ুধ (পোত্র—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—বিং) সং, পুং, বরাহ, শূকর।
পোত্রিরথা ; সং, স্ত্রীং, জিনশক্তিবিশেষ।
পোত্রী (পোত্রিন্, পোত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শূকর, বরাহ। ২। বিং, ত্রিং, পোত্রযুক্ত।
পোদ (দেশজ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
পোদ্দার (পারস্য ফোতাদার শব্দের অপভ্রংশ) টাকা কৃত্রিম কি অকৃত্রিম জানিবার জন্য যে পরীক্ষা করিয়া লয়, টাকা পরীক্ষক। ২। টাকা পয়সা যে ব্যক্তি গণিয়া লয়।
পোয়ান (পবন শব্দজ) সং, ঘটাদি-দাহস্থান।
পোয়াল (পলাল শব্দজ) সং, বিচিলি, খড়।
পোলাও (পারস্য) ঘৃত এবং মাংস দ্বারা তণ্ডুলপাক। ২। (সংস্কৃত=পলান্ন)।
পোলাদ (পারস্য) দামস্কদেশীয় উৎকৃষ্ট ইস্পাত।
পোলিকা ; সং, স্ত্রীং, পিষ্টকবিশেষ, পাতলা রুটি। শিং—১ "কুর্য্যাৎ সমিতয়াতীব তন্বী পর্পটিকা ততঃ। স্নেহয়েত্তপ্তকে তাক্ত পোলিকাং তাং জগুর্বুধাঃ।"
পোষ—পুং } (পুষ্ পালন করা+অ
পোষণ—ক্লীং } (অল্),অন(অনট্)—ভা) সং, ক্লীং, পালন। ২। বর্দ্ধন। শিং—১ "যঃ সর্ব্বদাত্মানপুষৎ স্বপোষম্।"
পোষক (পোষ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, পালক। ২। বাক্যের সাহায্যকারী।
পোষণপ্রবাহ (Nutritive Strength) যে শক্তি দ্বারা অন্ন পানীয় রক্ত মাংসাদিতে পরিণত হইয়া শরীরের পুষ্টি সাধন করে।
পোষয়িতৃ (পোষি পালন করান+ইতৃ—ক) বিং, ত্রিং, পোষণকারক। ২। সং, পুং, কোকিল।
পোষাক (পারস্য) পরিচ্ছদ।
পোষাকী (পারস্য) পোষাকোপযোগী।
পোষুক (পুষ্ পোষণ করা+উক—ক, শী-লার্থে) বিং, ত্রিং, পোষণকারক। শিং—১ "তমসুপোষং পোষুকো ভবতি।"

পোষ্টা (পোষ্টৃ, পুষ্ পালন করা+তৃ(তৃন)—ক) বিং, ত্রিং, প্রতিপালক, পোষণকর্ত্তা। ২। সং, পুং, কাঁটাকরঞ্জ।

পোষ্য (পুষ্ পালনকরা+য(ষ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, পোষণযোগ্য, প্রতিপাল্য।২। ভৃত্য। শিং—১ "মাতা পিতা গুরুঃ পত্নী ত্বপত্যানি সমাশ্রিতাঃ। অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গা অমী নব।"

পোষ্যপুত্র (পোষ্য—পুত্র) সং, পুং, দত্তক পুত্র, পুষ্যপুত্র; অপুত্র ব্যক্তি পিণ্ড ও বিষয় রক্ষার জন্য যে পুত্র গ্রহণ করিয়া পালন করে।

পোষ্যবর্গ ( পোষ্য—বর্গ শ্রেণী ) সং, পুং, যাহাদিগকে প্রতিপালন করিতে হয়, মাতা পিতা সন্তান অতিথি প্রভৃতি।

পোস্ত (পারস্য) অহিফেন গাছের ফল।

পোস্তা ( পারস্য=পুশ্ তি, সংস্কৃত=পৃষ্ঠ ) ঠেকনা, প্রাচীরের রক্ষার্থ যাহা গাঁথিয়া দেওয়া যায়।

পোস্তাবন্দী (পারস্য) বাঁধা।

পৌংশ্চলেয় ( পুংশ্চলী+এয়(ঢেয়) — অপত্যার্থে) সং, পুং, পুংশ্চলী-পুত্র।

পৌংশ্চল্য ( পুংশ্চলী+য(ষ্য)—ভাবার্থে ) সং, ক্লীং, অসতীত্ব।২। পরপুরুষগামিত্য, স্ত্রীপুরুষের ব্যভিচার।

পৌংসবন (পুংসবন+অ(ষ্ণ)—সুশ্রাব্যার্থে) সং, ক্লীং, পুংসবন সংস্কার।

পৌংস্ন (পুম্স পুরুষ+[নন্]+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, পুংস্ত্ব, পুরুষত্ব।২।পুং, সমূহ। ৩। বিং, ত্রিং, পুং-সম্বন্ধীয়। ৪। পুং-যোগ্য। ৫। পুং-হিতকারক।

পৌংস্য; সং, ক্লীং, বল। ২। সংগ্রাম।

পৌগণ্ড ( পোগণ্ড+অ(ষ্ণ)—ভাবে ) সং, ক্লীং, অবস্থাবিশেষ, পোগণ্ডাবস্থা। শিং—১ "যৎবাল্যে তু হরিকৃতং উচুঃ পৌগণ্ডকেঽর্ভকাঃ।" ২ "কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।" (ভাগবত)।

পৌণ্ড্র (পুণ্ড্র+অ(ষ্ণ)—প্রং) সং,পুং, পুণ্ড্র-দেশ। ২। তদ্দেশীয় লোক। ৩। ভীমের শঙ্খ। শিং—১ "পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ।" ৪। পুঁড়ি আক।

পৌণ্ড্রক } পৌণ্ড্রিক } (পৌণ্ড্র+কণ্—যোগ। পুণ্ড্র+ইক(ষ্ণিক)—প্রং)সং,পুং, পুঁড়ি আক। ২। জাতিবিশেষ, পুঁড়ো। ৩। করুষদেশের রাজা।

পৌণ্ড্রবর্দ্ধন; সং, পুং, দেশবিশেষ, বেহার।

পৌতব (পূ শুদ্ধ করা+তু—প্রং, অ—যোগ) সং, ক্লীং, পরিমাণ।

পৌত্তলিক (পুত্তলি+কণ্—পূজনার্থে) বিং, ত্রিং, প্রতিমাপূজক, পুত্তলিপূজক।

পৌত্র (পুত্র+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, ত্রী—স্ত্রীং, পুত্রের পুত্র বা কন্যা।

পৌনঃপুনিক (Recurring, পুনঃপুনর্+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পুনঃপুনর্জাত, যাহা একরূপে বারংবার উৎপন্ন হয়।

পৌনঃপুন্য ( পুনঃপুনর্+য(ষ্য)—অনুষ্ঠান বা সংঘটনার্থে, দ্বিত্ব) সং, ক্লীং, পুনঃপুনঃ, বারংবার।

পৌনরুক্ত(ক্ত্য) (পুনরুক্ত+অ(ষ্ণ), য(ষ্য)—ভা) সং, ক্লীং, পুনঃ কথন। ২। দ্বৈগুণ্য।

পৌনরুক্তিক ( পুনরুক্ত+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে ) বিং, ত্রিং পুনরুক্তার্থাভিজ্ঞ। ২। পুনরুক্ত পদাধ্যায়ী।

পৌনর্ভব (পুনর্ভূ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, পুনর্ভূ পুত্র, দ্বিরূঢ়া-সুত, দুইবার বিবাহিতা স্ত্রীর পুত্র। শিং—১ "যা পত্যা বা পরিত্যক্তা বিধবা বা স্বয়েচ্ছয়া উৎপাদয়েৎ পুনর্ভূত্বা স পৌনর্ভব উচ্যতে।" বা—স্ত্রীং, কন্যাবিশেষ। পৌনর্ভবা কন্যা সপ্তবিধ বলিয়া উক্ত আছে; যথা—বাগ্দত্তা, মনোদত্তা প্রভৃতি।

পৌর ( পুর+অ(ষ্ণ)—ভবার্থে ) বিং, ত্রিং, পুরবাসী, নগরস্থ, নাগরজন। ২। পুর-সম্বন্ধীয়। ৩। উদরপূরক।৪। পূর্ব্বদিগ্দেশে বা পূর্ব্বকালেজাত। ৫। ক্লীং, রামকর্পূর।

পৌরক (পৌর নাগরজন+ক কৈধাতুজ) সং, পুং, বাটীর বহিঃস্থিত উদ্যান।

পৌরণ; সং, পুং, গোত্রপ্রবর্ত্তক ঋষিবিশেষ।

পৌরন্দর ( পুরন্দর+অ(ষ্ণ)—ইদমর্থে )বিং ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়। ২। সং, পুং, জ্যেষ্ঠা নক্ষত্র।

পৌরব (পুরু+অ(ষ্ণ)—জাতার্থে। মহাভারতে—যযাতি তৎপুত্র পুরুকে সম্বোধন করিয়া কহিলেন, বৎস! তুমি আমার জরা গ্রহণ করিয়া যথার্থ পুত্রের কার্য্য করিয়াছ, অতএব তোমার বংশ পৌরব বংশ বলিয়া বিখ্যাত হইবে) বিং, ত্রিং, পুরুবংশীয়, পুরুবংশে উৎপন্ন। ২। সং, পুং, উদীচ্যদেশবিশেষ।

পৌরবীয় (পৌরব পুরুরাজ+ঈয়(ণীয়)—ভক্তিযুক্তার্থে) বিং, ত্রিং, পুরুরাজের প্রতি ভক্তিযুক্ত।

পৌরশ্চরণিক (পুরশ্চরণ+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পুরশ্চরণজাত। ২। সং, পুং, পুরশ্চরণ-প্রতিপাদক গ্রন্থের ব্যাখ্যান পুস্তক।

পৌরস্ত্য (পুরস্ পূর্ব্বে+ত্য(ত্যণ্)—ভবার্থে) বিং, ত্রিং, প্রাচ্য, পূর্ব্বদেশীয়। ২। অগ্রেভব। ৩। প্রথম। [পুরাণসম্বন্ধীয়।

পৌরাণ (পুরাণ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং,

পৌরাণিক (পুরাণ+ইক(ষ্ণিক)—জাতার্থে) সং, পুং, আখ্যান, আখ্যায়িকা, ইতিহাস এবং পুরাণের সূত্র ও উদাহরণে যে পুরাণ পাঠ করে বা জানে, পুরাণশাস্ত্রে পণ্ডিত। ২। বিং, ত্রিং, পুরাণসম্বন্ধীয়। ৩। পূর্ব্বতনকালীন।

পৌরিক (পুর+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পুরজাত। ২। (+ষ্ণিক—ইদমর্থে) পুরসম্বন্ধীয়। ৩। সং, পুং, দাক্ষিণাত্য দেশবিশেষ।

পৌরুষ (পুরুষ+অ(ষ্ণ)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, পুরুষত্ব। ২। পরাক্রম। ৩। তেজঃ। ৪। রেতঃ। ৫। সাহস। ৬। উদ্যম, উদ্যোগ। ৭। ঊর্দ্ধপাণি পুরুষপ্রমাণ। ৮। পুরুষকার। শিং—১. "যৎ স্বয়ং কর্ম্মণ কিঞ্চিৎ ফলমাপ্নোতি পুরুষঃ। প্রত্যক্ষ মেতল্লোকেষু তৎ পৌরুষমিতি স্মৃতম্।" ২ "দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা যত্নে কৃতে যদি ন সিদ্ধতি কোঽত্র দোষঃ।" ৯। বিং, ত্রিং, পুরুষসম্বন্ধীয়। ১০। পুরুষপরিমিত। শিং—১ "জবেঽপি মানেঽপি চ পৌরুষাধিকম্।"

পৌরুষেয় (পুরুষ+এয়(ষ্ণেয়)—কৃতার্থে) বিং, ত্রিং, পুরুষকৃত। ২। মনুষ্যরচিত, মানুষিক। ২। সং, পুং, পুরুষসমূহ। ৩। হত্যা।

পৌরোগব (পুরোগু [পুরস্ অগ্রে—গো নেত্র, ৬ষ্ঠী—হিং] যাহার অগ্রে পাচ্যবস্তুতে দৃষ্টি+অ(ষ্ণ)—অস্ত্যর্থে) সং, পুং, রন্ধনশালাধ্যক্ষ। শিং—১ "পৌরোগবো রুবাণোঽহং বল্লবো নাম নামতঃ।"

পৌরোডাশ (পুরোডাশ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, পুরোডাশসহরচিত মন্ত্র।

পৌরোভাগ্য (পুরোভাগিন্+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, কেবল দোষমাত্র দর্শন।

পৌরোহিত্য (পুরোহিত + য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, পুরোহিতের ধর্ম্ম বা কর্ম্ম।

পৌর্ণমাস (পৌর্ণমাসী+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, পূর্ণিমা তিথিতে কর্ত্তব্য যাগবিশেষ।

পৌর্ণমাসী (পূর্ণমাস+অ(ষ্ণ)—ভবার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পূর্ণিমা তিথি। শিং—১ "যঃ পরমো বিকর্ষঃ সূর্য্যচন্দ্রমসোঃ সা পৌর্ণমাসী।"

পৌর্ব্বপদিক (পূর্ব্বপদ+ইক(ষ্ণিক)—গ্রহণার্থে) বিং, ত্রিং, পূর্ব্বপদগ্রাহক।

পৌর্ব্বাপর্য্য (পূর্ব্বাপর+য(ষ্ণ্য)—ভবার্থে) সং, ক্লীং, পূর্ব্বাপরত্ব। ২। অনুক্রম। ৩। কারণ। ৪। ফল।

পৌর্ব্বার্দ্ধ্য, পৌর্ব্বার্দ্ধিক (পূর্ব্বার্দ্ধ+য(ষ্ণ্য), ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বার্দ্ধজাত।

পৌর্ব্বাহ্নিক (পূর্ব্বাহ্ন+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বাহ্নসম্বন্ধীয়, প্রাতঃকালীন।

পৌর্ব্বিক (পূর্ব্ব+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বকালজাত।

পৌলস্ত্য (পুলস্ত্য+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, পুলস্ত্য-সন্তান—কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ। স্ত্যা—স্ত্রীং, শূর্পনখা। ২। কুম্ভীনসী।

পৌলোমী (পুলোমন্+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, শচী, ইন্দ্রাণী।

পৌষ (পৌষী+অ(ষ্ণ)—যুক্তার্থে। যাহাতে

পুষ্য-নক্ষত্রযুক্তা পূর্ণিমা আছে ) সং, পুং, নবম মাস। ষী—স্ত্রীং, পুষ্যনক্ষত্রযুক্তা পূর্ণিমা, পৌষমাসীয় পূর্ণিমা।

পৌষ্কর (পুষ্কর+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, পুষ্করমূল।

পৌষ্টিক ( পুষ্টি+ক(কণ্)—বর্দ্ধনার্থে ) বিং, ত্রিং, পুষ্টিবর্দ্ধক। ২। সং, ক্লীং, ক্ষৌর-কালে গাত্রাচ্ছাদনবিশেষ, কাবাই। ৩। পুষ্টিসাধন কর্ম্ম।

পৌষ্প ( পুষ্প+অ(ষ্ণ)—নির্ম্মাণার্থে ) বিং, ত্রিং, পুষ্পনির্ম্মিত। ২।(+ষ্ণ—ইদমর্থে) পুষ্পসম্বন্ধীয়।

পৌষ্পী ; সং, স্ত্রীং, পাটলিপুত্র নগর।

প্র (প্রথ্ বিখ্যাতহওয়া+অ(ড)—ক) উপং, অং, উৎকর্ষ। ২। আধিক্য। ৩। গতি। ৪। আরম্ভ। ৫। সর্ব্বতোভাব। ৬। প্রাথম্য। ৭। খ্যাতি। ৮। উৎপত্তি। ৯। ব্যবহার।

প্রকট (প্র+কটচ্—প্রং) বিং, ত্রিং, স্পষ্ট। ২। ব্যক্ত।"প্রকটাপ্রকটাচেতি লীলা সেয়ং দ্বিধোচ্যতে।" [ক্লীং, ব্যক্তীকরণ।

প্রকটন (প্রকটিত দেখ, অনট্—ভাবে) সং,

প্রকটিত (প্র—কট্ [ গমন করা ] প্রকাশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রকাশিত, ব্যক্ত। ২। স্পষ্ট। ৩। বিসারিত।

প্রকটীকৃত ( প্রকট—কৃত করা হইয়াছে। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং,ত্রিং, সম্প্রতি ব্যক্তীকৃত, প্রকাশিত। ২। বিষদীকৃত।

প্রকম্প, প্রকম্পন } (প্র অধিক—কম্প্ কাঁপা+অল্, অন—ক) সং, পুং,কম্পমান। ২। (—কম্পিত+) বায়ু। শিং—১ "প্রকম্পনেনানুচ কম্পিয়ে সুরাঃ।" ৩। নরকবিশেষ। ৪। বিং, ত্রিং, কম্পনকারক। ৫। ( প্র—কম্প্+অনট্—ভা ) ক্লীং, অতিশয় কাঁপনি। ৬। বেপথু। ৭। "বায়ুস্থিতি স্থাপক পদার্থ। ( যে পদার্থ আঘাত বা অন্য কোন উপায়ে অবস্থান্তরিত হইলেও অল্পক্ষণ মধ্যে পূর্ব্বাবস্থাপ্রাপ্ত হয় তাহাকে স্থিতিস্থাপক পদার্থ বলে) আঘাত দ্বারা যে পরমাণুগুলি অপসারিত হয়, তাহারা সম্মুখবর্ত্তী অন্য কতকগুলি পরমাণুকে অপসারিত না করিয়া নিজে অপসারিত হইতে পারে না; কিন্তু তাহাদিগকে অপসারিত করিতে গিয়া আপনারা প্রতিঘাত হয়। এইরূপে তাহাদের একটি গতি জন্মে তদ্দ্বারা তাহারা একবার এক পার্শ্বে আরবার অপর পার্শ্বে অপসারিত হইয়া দোলায়মান হইতে থাকে আহত পদার্থ কয়েক মিনিট ইতস্ততঃ চালিত হইয়া স্থির হয় ও পূর্ব্বভাব অবলম্বন করে। স্থিতিস্থাপক পদার্থের পরমাণু সমূহের এইরূপ গতি ও প্রত্যাগতিকে কম্পন (প্রকম্পন বা Vibration) কহে ঐ প্রকম্পন হইতেই সুরের জন্ম। ঐ প্রকম্পন সুসম্পাদিত যন্ত্র হইতে উত্থিত হইলেই সংগীত-স্বর উৎপন্ন করে (স্বর দেখ)। যদি কোন তার উত্তমরূপে কসিয়া বাঁধা যায় তাহা হইলে তাহার কম্পন সংখ্যা অধিক হইবে অর্থাৎ অল্প সময়ে অধিক কাঁপিয়া স্থির হইবে।"

প্রকর (প্র—কৃ বিক্ষেপকরা+অ(অল্)—র্ম্ম) সং,ক্লীং, সমূহ। ২। পুষ্পাদির স্তবক। ৩। সাহায্য। ৪। অধিকা[illegible]। ৫। প্রকীর্ণ পুষ্পাদি। ৬। (প্র+[illegible] করা+অ(ট)—ক) বিং, ত্রিং, কর্ম্মপটু। ৭। ক্লীং, অগুরু।

প্রকরণ (প্র—কৃ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সম্যক্‌করণ। ২। প্রকার,প্রভেদ। ৩। প্রসঙ্গ। ৪। প্রস্তাব। ৫। দশরূপকের একটি "নাটকের ন্যায়। কিন্তু ইহায় গল্পে সামাজিক প্রতিকৃতি এবং প্রেমবিষয়ক বর্ণনা থাকিবে। প্রকরণ দুই অংশে বিভক্ত,শুদ্ধ ও সঙ্কীর্ণ। শুদ্ধ প্রকরণের নায়িকা বেশ্যা ও সঙ্কীর্ণের নায়িকা কোন ভদ্র বংশের প্রতিপালিতা কামিনী বা সহচরী। প্রকরণের নায়ক নাটকের ন্যায় উচ্চশ্রেণীর ব্যক্তি নহেন। ইহার নায়ক মন্ত্রী,ব্রাহ্মণ বা সম্রান্ত বণিক।—"মৃচ্ছকটিক" "মালতীমাধব" প্রভৃতি প্রকরণ লক্ষণাক্রান্ত।" ৬। গ্রন্থাংশ, অধ্যায়, পরিচ্ছেদ। "উৎপাদ্যেনেতি বৃত্তেন বীররসপ্রধানকম্। শেষং নাটকতুল্যাঙ্গং ভবেৎ প্রকরণং হি তৎ।"

প্রকরী (প্র কৃ করা+অল—খি,ঈ—প্রং)

সং, স্ত্রীং, চত্বর, উঠান। ২। (+অল্—র্ম্ম) নাট্যাঙ্গ। ৩। নাটিকা।

প্রকর্ষ—পুং } (প্র অধিক—কৃষ্ আকর্ষণ করা+অ(অল্)
প্রকর্ষণ—ক্লীং } অন(অনট্)—ভা) সং, পুং, উৎকর্ষ। শিং—১ "গুণপ্রকর্ষেণ জনোঽনুরজ্যতে জনানুরাগপ্রভবা হি সম্পদঃ।" ২। আধিক্য।

প্রকশ (প্র—কশ্ আঘাত করা+অ(অল্)—ভা) সং, পুং, মাড়ন, পীড়ন।

প্রকাণ্ড (প্র প্রকৃষ্ট—কাণ্ড গুঁড়ি) সং, পুং—ক্লীং, বৃক্ষের মূলাবধি স্কন্ধ পর্য্যন্ত, গাছের গুঁড়ি। ২। শাখা, ডাল। ৩। ক্লীং, (শব্দের পরে থাকিলে) প্রশস্ত। ৪। বিং, ত্রিং, উৎকৃষ্ট। ৫। বৃহৎ, বড়।

প্রকাণ্ডর (প্রকাণ্ড গাছের গুঁড়ি—রা পাওয়া+অ(ড)—ক, অথবা প্রকাণ্ড+র—অস্ত্যর্থে) সং. পুং, বৃক্ষ, প্রকাণ্ডবিশিষ্ট।

প্রকাম (প্র অধিক—কম্ বাঞ্ছা করা+অ(ঘঞ্)—র্ম্ম)ত্রিং,ক্লীং, অং, পর্য্যাপ্ত। ২। যথেষ্ট। ৩। অত্যন্ত। [অত্যর্থ।

প্রকামম্; অং, যথেপ্সিত, স্বেচ্ছাক্রমে। ২।

প্রকার (প্র—কৃ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রভেদ। ২। সাদৃশ্য। ৩। বিশিষ্ট জ্ঞানহেতু ভাসমান পদার্থ। ৪। জাতি। ৫। ধারা,রীতি,বিধা, রকম। ৬। কৌশল।

প্রকারতা (প্রকার+তা—ভা) সং, স্ত্রীং, বিষয়তাবিশেষ।

প্রকারান্তর (প্রকার—অন্তর ভিন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, অন্যপ্রকার।

প্রকালন (প্র—কল্-ণিচ্=কালি পীড়নকরা+অন(অনট্)—ক) বিং, ত্রিং, হিংসক। ২। সং, পুং, সর্পবিশেষ। ৩। (+অনট্—ভা) ক্লীং, মারণ।

প্রকাশ (প্র অধিক—কাশ্ দীপ্তি পাওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, দীপ্তি, আলোক। ২। সাদৃশ্য। ৩। আতপ। ৪। প্রকটন। ৫। বিস্তার। ৬। শোভা। ৭। প্রসিদ্ধি। ৮। বিকাশ। ৯। প্রস্ফুটন। ১০। জ্ঞান। ১১। বৈবস্বত মনুর পুত্রবিশেষ। ১২। ক্লীং, কাংস্য। ১৩। (+ঘঞ্—ক) বিং, ত্রিং, সদৃশ। ১৪। প্রস্ফুটিত। ১৫। বিকসিত। ১৬। প্রসন্ন। ১৭। প্রকট। ১৮। প্রসিদ্ধ। ১৯। উদ্ভাবিত। ২০। বিস্তারিত। ২১। স্পষ্ট, ব্যক্ত।

প্রকাশক (প্রকাশ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রকাশকারী, যে প্রকাশ করে। ২। সূর্য্যাদি সাংখ্যমতসিদ্ধ সত্ত্বগুণ। শিং—১ "তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।"

প্রকাশকজ্ঞাতা (—জ্ঞাতৃ, প্রকাশক—জ্ঞা জানা+তৃ(তৃন্)—ক) সং, পুং, কুক্কুট। ২। বিং, ত্রিং, প্রকাশকজ্ঞানবিশিষ্ট।

প্রকাশন (প্রকাশ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকাশকরণ।

প্রকাশাত্মা (—আত্মন্, প্রকাশ দীপ্তি—আত্মন্ আপনি। যিনি স্বয়ংই দীপ্ত, ১মা—হিং) সং, পুং, সূর্য্য। ২। ঈশ্বর। ৩। বিং, ত্রিং, ব্যক্তস্বভাব।

প্রকাশিত (প্রকাশ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শোভিত। ২। দীপিত। ৩। প্রস্ফুটিত। ৪। প্রকটিত। ৫। উদ্ভাবিত। ৬। আবিষ্কৃত। ৭। (+ক্ত—ভা) সং, ক্লীং, প্রকাশ।

প্রকাশ্য (প্রকাশ দেখ, য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, প্রচারযোগ্য, প্রকাশ করিবার উপযুক্ত।

প্রকীর্ণ (প্র—কৄ বিক্ষেপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিক্ষিপ্ত, বিস্তৃত, ছড়ান। শিং—১ "প্রকীর্ণ ভাণ্ডামনবেক্ষ্যকারিণীং সদৈব ভর্ত্তুঃ প্রতিকূলবাদিনীম্। পরস্য বেশ্মাভিরতামলজ্জামেবংবিধাং স্ত্রীং পরিবর্জ্জয়ামি।" ২। নানাপ্রকারমিশ্রিত। শিং—১ "প্রকীর্ণঃ পুষ্পাণাং হরিচরণয়োরঞ্জলিরয়ম্।" ৩। প্রসারিত। ৪। প্রকাশিত। ৫। অসম্বদ্ধ। ৬। উচ্ছৃঙ্খল,উন্মার্গপ্রস্থিত।

প্রকীর্ণক (প্রকীর্ণ দেখ, কণ্—স্বার্থে) সং, ক্লীং, চামর। ২। গ্রন্থবিচ্ছেদ। ৩। বিস্তার। ৪। পুং, অশ্ব। ৫। পাপবিশেষ।

প্রকীর্ত্তিত (প্র—কৄৎ কীর্ত্তন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণিত, কথিত। ২। সম্যক্ কীর্ত্তিত।

প্রকীর্য্য ; সং, পুং, করঞ্জবিশেষ, নাটাকরঞ্জ। ২। ঘৃতকরঞ্জ।

প্রকুপিত (প্র অধিক—কুপ্ রাগান্বিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অতিশয় ক্রুদ্ধ।

প্রকুল (প্র প্রশস্ত—কুল দেহ) সং, ক্লীং, প্রশস্তশরীর, সুশ্রীদেহ।

প্রকুষ্মাণ্ডী ; সং, স্ত্রীং, দুর্গা।

প্রকৃত (প্র—কৃ করা+ত(ক্ত)—ক,র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত, রচিত। ২। প্রস্তাবিত। ৩। যথার্থ, বাস্তবিক। ৪। অধিকৃত। ৫। প্রক্রান্ত। ৬। আরব্ধ।

প্রকৃতি (প্র প্রথম—কৃ করা+তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, প্রধান, আদ্যা। ২। ঈশ্বরসৃষ্ট যাবতীয় পদার্থের সাধারণ নাম। ৩। সত্ত্বরজস্তমো-গুণাত্মক জগতের মূল কারণ। শিং—১"সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ প্রকৃতের্ম্মহান্।" ২ "ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনোবুদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা।" ৪। অজ্ঞান। ৫। কারণ। ৬। স্বভাব। যথা—"প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ।" ৭। স্বাভাবিক অবস্থা। ৮। স্বামী, মন্ত্রী, সহায়, ধন, দেশ, দুর্গ, সৈন্য—এই সপ্তবিধ রাজ্যাঙ্গ। শিং—১ "স্বাম্যমাত্যো জনো দুর্গং কোষো দণ্ডস্তথৈব চ। মিত্রাণ্যেতাঃ প্রকৃতয়ো রাজ্যং সপ্তাঙ্গমুচ্যতে।" ৯। স্ত্রী। ১০। শক্তি। ১১। দেবী। ১২। জননী। ১৩। বেদমাতা সাবিত্রী রাধিকা দুর্গা ষষ্ঠী গঙ্গা মনসা প্রভৃতি। ১৪। পঞ্চভূত। ১৫। ছন্দোবিশেষ,২১ অক্ষরাবৃত্তি। ১৬। অমাত্য। ১৭। পরমাত্মা। ১৮। জীবাত্মা। ১৯। ব্যাকরণে—শব্দ ও ধাতু। শিং—১ "প্রকুর্ব্বন্তীতি প্রকৃতয়ঃ।" ২০। শিল্প। ২১। (+ক্তি—র্ম্ম) প্রজা। ২২। পঞ্চভূতময় শরীর। ২৩। ( +ক্তি—ধি ) যোনি।

প্রকৃতিজ (প্রকৃতি—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) বিং, ত্রিং, স্বভাবজাত। ২। সাংখ্যমতে—সত্ত্বাদিগুণ। শিং—১ "গুণাঃ প্রকৃতিজা মতাঃ।"

প্রকৃতিমণ্ডল ; সং, ক্লীং, স্বামী অমাত্যাদি রাজ্যাঙ্গের সহিত প্রজাসমূহ।

প্রকৃতিবৎ ; অং, প্রকৃতিতুল্য।

প্রকৃতিস্থ (প্রকৃতি—স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, স্বীয় ভাবাপন্ন। ২। স্বাভাবিক।

প্রকৃষ্ট (প্রকর্ষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশস্ত। ২। শ্রেষ্ঠ। ৩। উৎকৃষ্ট।

প্রকৃষ্য (প্রকৃষ্ আকর্ষণ করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ভূমিলগ্ন করিয়া আকর্ষণ করা হয়।

প্রক্৯প্ত (প্র—ক্৯প্ প্রস্তুত করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, রচিত। ২। সম্ভূত।

প্রকেত (প্র—কিত্‌-ণিচ্=কেতি জানান +অ(অন্)—ক) বিং, ত্রিং, বিশেষরূপে জ্ঞাপক। ২। (প্রক সুখ—ই প্রাপ্ত হওয়া+ত(ক্ত)—ণ) সং, ক্লীং, প্রকৃষ্টসুখসাধন।

প্রকোপ (প্র—কুপ্ ক্রুদ্ধহওয়া+অ(অল্) —ভাবে) সং, পুং, অতিশয় কোপ। ২। জ্বরাদির উৎকটতা।

প্রকোপন ( প্র—কুপ ণিচ্=কোপি + অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, বর্দ্ধন। ২। রাগান। ৩। অগ্ন্যাদি উস্কান।

প্রকোপিত (প্রকোপ+ইত—জাতার্থে) বিং, ত্রিং, রাগান।

প্রকোষ্ঠ (প্র—কুশ্ সংলগ্ন হওয়া+ঠ—সংজ্ঞার্থে) সং, পুং, কফুয়ের অধঃপ্রদেশ হইতে মণিবন্ধ পর্য্যন্ত বাহুভাগ। ২। দ্বারের অংশবিশেষ। ৩। দ্বারের পার্শ্বগৃহ। ৪। মহল।

প্রকৃখর ; সং, পুং, অশ্বকবচ।

প্রক্রন্তা (প্রক্রন্তৃ, প্রক্রম দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রক্রমকারী। ২। আরম্ভকর্ত্তা।

প্রক্রম (প্র অধিক, প্রথম—ক্রম্ গমন করা+অ(অল্)—ভা) সং,পুং, প্রথমারম্ভ, উপক্রম। ২। গমন। ৩। অবসর। ৪। অতিক্রম।

প্রক্রান্ত ( প্রক্রম দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আরব্ধ। শিং—১ "আত্তিষ্ঠদ্‌গুজপন্

সন্ধ্যাং প্রক্রান্তামাবমতীমবম্।" ২। গত। ৩। প্রকরণস্থ। ৪। অবহত।

প্রক্রিয়া (প্র—কৃ করা+য—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, প্রকরণ। ২। নৃপাদির চামর ব্যজন এবং ছত্র ধারণ প্রভৃতি ব্যাপার। ৩। প্রয়োগ। ৪। অনুষ্ঠান।

প্রক্লিন্ন (প্র আধিক্য—ক্লিদ্ আর্দ্র হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পরিতৃপ্ত। ২। সম্যক্ ক্লেদযুক্ত।

প্রক্বণ, প্রক্বাণ (প্র প্রধান—ক্বণ্ শব্দ করা+অ(অল্), অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, বীণাধ্বনি। ২। শব্দ।

প্রক্ষালন (প্র সম্পূর্ণরূপে—ক্ষালি ধৌত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ধৌত করণ, পরিষ্করণ।

প্রক্ষালিত (প্রক্ষালন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধৌত, পরিষ্কৃত।

প্রক্ষিপ্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, নিক্ষিপ্ত। ২। বিন্যস্ত। ৩। অন্তর্নিবেশিত।

প্রক্ষেপ—পুং, প্রক্ষেপণ—ক্লীং (প্র—ক্ষিপ্ ক্ষেপণকরা অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, বিক্ষেপ, নিক্ষেপ, ফেলা। ২। বিন্যাস। ৩। সঙ্গীতে—কোন একটী সুরে আঘাত করিয়াই সেই সুর হইতে এক, দুই বা ততোধিক সুর ব্যবধানে, বামহস্তের অঙ্গুলীর ঘর্ষণযোগে অবিচ্ছেদে অধোগতিতে যাওয়ার নাম প্রক্ষেপ।

প্রক্ষেপিকা (প্রক্ষেপ দেখ, অক—ণ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যে শক্তি দ্বারা কোন বস্তু প্রক্ষিপ্ত হয়।

প্রক্ষ্বেড়ন, প্রক্ষ্বেদন (প্র সর্ব্বতোভাবে—ক্ষ্বিড়্, ক্ষ্বিদ্ মুক্ত করা+অন—ণ) সং, ক্লীং, নারাচ অস্ত্র, লৌহময় বাণ।

প্রখর (প্র অধিক—খর তীক্ষ্ণ) বিং, ত্রিং, অত্যুষ্ণ। ২। তীক্ষ্ণ। ৩। তীব্র। ৪। (প্র—খন্ খোঁড়া+রক্—র্ম্ম) সং,পুং,অশ্বতর। ৫। কুকুর। ৬। অশ্বসজ্জা।

প্রখ্য (প্র—খ্যা বলা+অ(ড)—র্ম্ম) বিং, ত্রিং, তুল্য, সদৃশ।

প্রখ্যা (প্র—খ্যা বলা+ঙ—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সাদৃশ্য। ২। খ্যাতি।

প্রখ্যাত (প্র অধিক—খ্যা বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃষ্ট খ্যাতিযুক্ত, বিখ্যাত, প্রসিদ্ধ। শিং—১ "প্রখ্যাতা নব বৈদ্যকেহপিতিথিনির্দ্ধারার্থমেকোহক্ষুতঃ।"

প্রখ্যাতবপ্তৃক (প্রখ্যাত বিখ্যাত—বপ্তৃ পিতা, ৬ষ্ঠী—হিং, কপ্—যোগ) সং, পুং, ভদ্রলোক,সদ্বংশসম্ভূত।

প্রগণ্ড (প্র প্রধান—গণ্ড অংশ) সং, পুং, কনুই অবধি স্কন্ধ পর্য্যন্ত বাহুভাগ। ণ্ডী—স্ত্রীং, দুর্গ ভিত্তি, যেখানে বীরগণ উপবেশন করিয়া থাকে। ২। শিবির।

প্রগত (প্র—গত গিয়াছে) বিং, ত্রিং, পৃথগ্‌ভূত। ২। প্রস্থিত।

প্রগতজানু, প্রগতজানুক (প্রগত পৃথগ্‌ভূত—জানু হাঁটু, ৬ষ্ঠী—হিং। কপ্—স্বার্থে। যাহার জানুর মধ্যে মহদন্তরাল আছে) বিং, ত্রিং, বক্রপাদবিশিষ্ট, খঞ্জপাদ।

প্রগন্ধ; সং, পুং, পর্পট। ২। বিং, ত্রিং, প্রকৃষ্টগন্ধযুক্ত।

প্রগমন (প্র—গম্ গমন করা+অন—প্রং) সং,ক্লীং, দূরে গমন। ২। বিবাদ, কলহ।

প্রগল্ভ (প্র অধিক—গল্ভ্ অহঙ্কারী হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, উদ্ধত। ২। নির্লজ্জ। ৩। দাম্ভিক। ৪। অক্রুদ্ধ। ৫। সমর্থ। ৬। দৃঢ়। ৭। প্রধান। ৮। নির্ভীক। ৯। সাহসী। ১০। উৎসাহী। ১১। প্রত্যুৎপন্নমতি। ১২। অবিনীত। ১৩। প্রতিভান্বিত। ১৪। (+অল—ভা) সং,পুং, গর্ব্ব। ভা—স্ত্রীং, নায়িকাবিশেষ।

প্রগল্ভতা (প্রগল্ভ+তা—ভাবে) সং, স্ত্রীং, ঔদ্ধত্য। ২। নির্লজ্জতা। ৩। প্রতিভা। ৪। অব্যবসায়। ৫। অক্রোধ। ৬। দম্ভ, অহঙ্কার। ৭। সামর্থ্য। ৮। প্রাধান্য। ৯। কার্য্যে নির্ভরতা। ১০। সাহস। ১১। নির্ভীকতা। শিং—১ "নিঃশঙ্কত্বং প্রয়োগেষু বুধৈরুক্তা প্রগল্ভতা।"

প্রগাঢ় (প্র—গাঢ় অধিক) বিং, ত্রিং, অধিক, অতিশয়। ২। দৃঢ়। ৩। কঠিন। ৪। নিবিড়।

প্রগাঢ়া (প্রগাঢ়, প্র অত্যন্তম—গাঢ় [লৌ

গান করা+তৃ(তৃন্)—ক] যে গান করে) বিং, ত্রিং, উত্তমগায়ক।

প্রগুণ (প্র প্রকৃষ্ট—গুণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকৃষ্টগুণশালী। ২। দক্ষ। ৩। সরল, ঋজু। ৪। অনুকূল।

প্রগৃহ্য (প্র—গ্রহ্ গ্রহণ করা+য(ক্যপ্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, ব্যাকরণে—দ্বিবচন-নিষ্পন্ন ঈ উ এ অন্তাদি স্বরসন্ধি যোগ্যতারহিত পদ। শিং—১ "প্রগৃহ্যং পদং যৎ স্বরেণ ন সমুন্নীয়তে।"

প্রগে (প্র—গৈ গান করা+এ(ডে)—ধি) অং, প্রত্যূষ, প্রাতঃকাল।

প্রগেতন (প্রগে+তন্(ট্নন্)—ভবার্থে) বিং, ত্রিং, প্রাতঃকালীন, প্রাভাতিক।

প্রগ্রহ } (প্র—গ্রহ্ গ্রহণ করা+অ
প্রগ্রাহ } (অল্), অ(ঘঞ্)—ণ) সং, পুং, অশ্বাদির লাগাম।২। রজ্জু; যথা—"তখন ত্রিলোকনাথ ব্রহ্মা প্রগ্রহ ও প্রতোদ গ্রহণ পূর্ব্বক মহাদেবকে কহিলেন, ভগবন্! রথারোহণ কর।" ৩। তুলাসূত্র, নিক্তি প্রভৃতির দড়ী। ৪। ভুজ। ৫। কিরণ। ৬। (+অল্—র্ম্ম) বন্দী, কয়েদী। ৭। (—ভাবে) গ্রহণ। ৮। বন্ধন।

প্রগ্ল (প্র—গ্লৈ ক্ষীণ হওয়া+অ(ড)+ক) বিং, ত্রিং, শ্রান্ত, পরিশ্রমযুক্ত।

প্রগ্রীব (প্র অত্যুত্তম—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং—ক্লীং, গৃহাদির প্রান্তে ধারণীয় কাষ্ঠশ্রেণী, বাতায়ন, গবাক্ষ। ২। বিশ্রামার্থ গৃহ। ৩। বৃক্ষের উপরিভাগ। ৪। বিং, ত্রিং, প্রশস্ত গ্রীবাবিশিষ্ট।

প্রঘটাবিদ্ (প্র—ঘটা আড়ম্বর—বিদ্ জানা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, শাস্ত্রগণ্ড। ২। শাস্ত্রাভিজ্ঞ।

প্রঘট্টক (প্র—ঘট্ট্ যোজন করা+অক(ণক)—ক) সং, পুং, একার্থ প্রতিপাদনার্থ গ্রন্থের অবয়ববিশেষ। ২। বিং, ত্রিং, সংযোজক।

প্রঘণ } (প্র—হন্ [পাদ দ্বারা] আঘাত
প্রঘাণ } করা+অ(অল্), অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, অলিন্দ, বাটীর সম্মুখে বাঁধান উঠান। ২। বহির্দ্বার, প্রকোষ্ঠ, পাড়ী-বারাণ্ডা। ৩। তাম্রকুণ্ড। ৪। লৌহ-মুদ্গর।

প্রঘস (প্র—অধিক—অদ্ ভক্ষণ করা+অ(অল্)—ভাবে। অদ্ স্থানে ঘস) সং, পুং, প্রকৃষ্ট ভোজন। ২। (প্র—ঘস্ ভক্ষণ করা+অ(অন্)—ক) রাক্ষস। ৩। অসুরদৈত্য। ৪। বিং, ত্রিং, অদ্মর। সা—স্ত্রীং, কুমারানুচর মাতৃকাবিশেষ।

প্রঘাত (প্র প্রচণ্ডবেগে—ঘাত আঘাত) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম।

প্রঘাস (প্র অধিক—অদ্ ভক্ষণ করা+অ(ঘঞ্)—ভাবে, অদ্ স্থানে ঘস) সং, পুং,প্রকৃষ্টরূপে ভক্ষণীয় হবিঃ। শিং—১ "প্রঘাসিনো হবামহে মরুতশ্চ।" (যজু)।

প্রঘূর্ণ (প্র প্রকৃষ্টরূপে—ঘূর্ণ্ ঘোরা+অ(অন্)—ক) সং, পুং, অতিথি। ২। (+অল্—ভাবে) প্রকৃষ্টরূপে ঘূর্ণন।

প্রঘোষক (প্র অধিক—ঘোষ শব্দ+কণ্—স্বার্থে) সং, পুং, ধ্বনি, শব্দ।

প্রচক্র (প্র—চক্র সৈন্য, বিভাগ) সং, ক্লীং, প্রস্থিত সৈন্য, যে সকল সেনা চলিতে আরম্ভ করিয়াছে, প্রচলৎ সৈন্য।

প্রচক্ষাঃ (প্রচক্ষস্, প্র—চক্ষ্ বলা+অস্—সংজ্ঞার্থে) সং, পুং, বৃহস্পতি।

প্রচণ্ড (প্র অধিক—চণ্ড উষ্ণ) বিং, ত্রিং, অত্যুষ্ণ। ২। প্রখর। শিং—১ "প্রচণ্ড মার্ত্তণ্ড করোত্তাপিতাঃ।" ৩। অসহ্য, দুঃসহ। ৪। ভীষণ, ভয়ানক। ৫। অতিকোপন। ৬। দুর্ব্বহ। ৭। দুর্দ্ধর্ষ। ৮। প্রবল। ৯। প্রতাপশালী।

প্রচণ্ডমূর্ত্তি (প্রচণ্ড—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উগ্রমূর্ত্তি, ভয়ানক দেহবিশিষ্ট। ২। সং, পুং, বরুণবৃক্ষ।

প্রচণ্ডা; সং, স্ত্রীং, ভগবতীর সখীবিশেষ। শিং—১ "উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা-চণ্ডনায়িকা।" ২। শ্বেতদূর্ব্বা।

প্রচয় (প্র—চি একত্র করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, রাশি। ২। জমাট। ৩। বৃদ্ধি,উপচয়। ৪। শিথিলসংযোগবিশেষ। ৫। (+অল্—ভাবে) চয়ন।

প্রচয় (প্র—চয় গমন করা+অ(অল্)—

ধি) সং, পুং, বর্ম্ম, পথ। ২। (+অল্—ভা) গমন। ৩। চলন। ৪। প্রসার। ৫। প্রসিদ্ধি।

প্রচরদ্রূপ (প্রচরৎ [প্র—চর্ গমন করা+অৎ(শতৃ)—ক] প্রকাশমান—রূপ স্বরূপ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, প্রচারিত,প্রচলিত।

প্রচল (প্র—চল্ গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট চলনযুক্ত। ২। চঞ্চল। [পুং,কীটবিশেষ।

প্রচলক (প্রচলন দেখ, কণ্—সংজ্ঞার্থে) সং,

প্রচলন (প্র—চল্ গমনকরা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, প্রচার, চলন।

প্রচলাক (প্র—চল্ গমনকরা+আক—ক) সং, পুং, ময়ূরপুচ্ছ। ২। সর্পফণা। ৩। ভুজঙ্গম।৩। (+আক—ভাবে) শরাঘাত।

প্রচলাকী (—কিন্, প্রচলাক ময়ূরপুচ্ছ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। ২। সর্প।

প্রচলায়িত (প্র—চল্+ক্য=প্রচলায় গমন করান+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নিদ্রাদি বশতঃ ঘূর্ণিত।

প্রচলিত (প্র—চল্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহা চলন হইয়াছে। ২। প্রস্থিত। ৩। প্রসিদ্ধ।

প্রচায় (প্র—চি সংগ্রহ করা, জড় করা+অ(ঘঞ্)—ভা) সং,পুং, হস্তদ্বারা দ্রব্যাদি জড়করণ। ২। (+অল্—র্ম্ম) রাশি। ৩। জমাট। ৪। বৃদ্ধি। ৫। উপচয়।

প্রচার (প্র—চর্ গমন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, চলন। ২। প্রসিদ্ধি। ৩। প্রকাশ।

প্রচারক, প্রচারয়িতা (—য়িতৃ, প্র—চর্-ণিচ্=চরি গমন করান+অক(ণক),তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রকাশক, যে প্রচার করে।

প্রচারণ (প্রচারক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকাশকরণ। ২। চলন।

প্রচারিত (প্রচারক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা প্রচার হইয়াছে।

প্রচাল (প্র—চল্ গমন করা+অ(ঘঞ্)—ভা) সং,পুং, বীণার কাষ্ঠময় অবয়ব।

প্রচালিত (প্র—চল্-ণিচ্=চালি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা প্রচলিত করা হইয়াছে, চালান।

প্রচিকীর্ষু (প্র—কৃ করা+সন্—ইচ্ছার্থে, দ্বিত্ব, উ—ক) বিং, ত্রিং, প্রতিকার করিতে ইচ্ছুক।

প্রচিত (প্র—চি চয়ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং কৃতচয়ন, যাহার পুষ্প চয়ন করা হইয়াছে। ২। প্রচরস্বরযুক্ত। ৩। (—তক) দণ্ডকবিশেষ।

প্রচীয়মান (প্র—চি চয়ন করা+আন(শান)—কর্ম্মকর্ত্তৃ) বিং, ত্রিং, উপচীয়মান,পুষ্যমান, বৃদ্ধিশীল।

প্রচীবল; সং, ক্লীং, বেণার মূল।

প্রচুর (প্র—চোরি [চুরিকরা] বৃদ্ধি পাওয়া+অ(ক)—ক) বিং, ত্রিং, প্রভূত, বহুল, অধিক। ২। সং, পুং, চোর।

প্রচুরপুরুষ (প্রচুর—পুরুষ মানুষ) সং, পুং, অনেক ব্যক্তি। ২। তস্কর, চোর।

প্রচেতাঃ (প্রচেতস্, প্র উৎকৃষ্ট—চেতস্ মনঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরুণ। ২। মুনিবিশেষ, প্রাচীনবর্হিপুত্র দশভ্রাতা। ৩। বিং, ত্রিং, প্রকৃষ্টচিত্ত, হৃষ্টচিত্ত, আহ্লাদিত।

প্রচেতা (প্রচেতৃ, প্র—চি [লাগাম] একত্র করা+তৃ তৃন্)—ক) সং, পুং, সারথি। ২। বিং, ত্রিং, চয়নকারক।

প্রচেতিত (প্র—চিত+ত(ক্ত)—র্ম্ম)বিং,ত্রিং, জ্ঞাত।

প্রচেয় (প্র—চি একত্র করা+য—র্ম্ম) বিং, ত্রিং, বর্দ্ধনীয়। ২। চয়নীয়। ৩। গ্রহণযোগ্য, গ্রাহ্য।

প্রচেলক (প্র উৎকৃষ্ট, দ্রুত—চেল্ গমন করা+অক(ণক)—ক) সং, পুং, ঘোটক, অশ্ব। ২। বিং, ত্রিং, প্রকৃষ্ট গতিযুক্ত।

প্রচোদক (প্র—চুদ্ প্রেরণকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রেরক।

প্রচোদন (প্রচোদক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রেরণ। নী—স্ত্রীং, কণ্টকারী।

প্রচোদিত (প্র—চুদ্-ণিচ্=চোদি প্রেরণ

করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। শিং—১"প্রচোদিতা যেন পুরা সরস্বতী।" ২। নিয়োজিত। ৩। প্রণোদিত। শিং—১ "তদ্গুণৈঃ কর্ণমাগত্য চাপলায় প্রচোদিতঃ।"

প্রচ্ছদ (প্র সম্পূর্ণরূপে—ছদ্-ণিচ্=ছাদি আবরণকরা+অ(ঘ)—ণ) সং,পুং,"আচ্ছাদন, আবরণবস্ত্র। ২। আস্তরণবস্ত্র। ৩। (—ভাবে) আচ্ছাদন।

প্রচ্ছদপট (প্রচ্ছদ আচ্ছাদন—পট বস্ত্র) য়ং—স) সং, পুং, আচ্ছাদন, আবরণ বস্ত্র, পাছুড়ি। ২। আস্তরণবস্ত্র।

প্রচ্ছনা (প্রচ্ছ্ জিজ্ঞাসা করা + অন —ভা) সং, স্ত্রীং, জিজ্ঞাসা, পৃচ্ছা। ২। আমন্ত্রণা।

প্রচ্ছন্ন (প্র—ছদ্ আচ্ছাদন করা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, গোপিত, ঢাকা। শিং—১ "স তু প্রচ্ছন্নো ভূম্যান্বিতঃ।" (পঞ্চতন্ত্র)। ২। সং, ক্লীং, অন্তর্দ্বার, গুপ্তদ্বার।

প্রচ্ছর্দন (প্র—ছর্দ্ বমন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বমন। ২। নাসিকাপুটে বায়ুনিঃসারণের যন্ত্রবিশেষ।

প্রচ্ছর্দ্দিকা (প্র বেগে—ছর্দ্দ্ বমন করা +অক(ণক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বমন, বমি।

প্রচ্ছাদন (প্র সম্পূর্ণরূপে—ছাদি আবরণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আচ্ছাদন। শিং—১ "নবোদকে নবান্নে চ গৃহপ্রচ্ছাদনে তথা।" ২। (+অনট্—ণ) আবরণবস্ত্র। ৩। উত্তরীয় বস্ত্র। ৪। আস্তরণবস্ত্র।

প্রচ্ছাদিত (প্রচ্ছাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত।

প্রচ্ছান (প্র অধিক—ছো ছেদন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রকৃষ্টরূপে ছেদন। ২। শস্ত্রবিস্রাবণবিশেষ।

প্রচ্ছায় (প্র—ছায়া) সং, ক্লীং, প্রকৃষ্টছায়া।

প্রচ্ছিল (প্রচ্ছ+ইল(ইলচ্)—প্রং) বিং, ত্রিং, নির্জ্জল, জলশূন্য।

প্রজ (প্র—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে। যে জায়াতে প্রবেশ করিয়া পুনর্ব্বার সন্তানরূপে জন্মে) সং, পুং, পতি, ভর্ত্তা, স্বামী।

প্রজগ্মি (প্র—গম্ গমন করা+ই(কি)—জ্ঞানার্থে, দ্বিত্ব) বিং, ত্রিং, প্রজ্ঞাশীল।

প্রজঙ্ঘ (প্র প্রকৃষ্ট—জঙ্ঘা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাক্ষসবিশেষ।

প্রজন (প্র—জন্-ণিচ্=জনি উৎপন্ন করান + অ(অল্)—ভাবে) সং, পুং, পশুদিগের প্রথম গর্ভগ্রহণকাল। ২। গবাদির গর্ভগ্রহণ করাওন, পাল্‌দেওয়ান।

প্রজনন (প্রজন দেখ, অন(অনট্)—ধি) সং, ক্লীং, যোনি। ২। (+অনট্—ভা) জন্ম।

প্রজনিকা (প্র—জনি জন্মান+অক(ণক) —ক) সং, স্ত্রীং, জননী, মাতা।

প্রজনিষ্ণু (প্র—জন্ জন্মান+ইষ্ণু(ইষ্ণুচ্)—ক, শীলার্থে) বিং,ত্রিং, জননশীল (জীব)।

প্রজয় (প্র অধিক—জি জয়করা+অ(অল্) —ভাবে) সং, পুং, প্রকৃষ্টরূপে জয়।

প্রজল্প—পুং } (প্র—জল্প্ বলা+অল্,
প্রজল্পন—ক্লীং } অনট্—ভা) সং, বাক্যবিশেষ। শিং—১ "অসূয়ের্ষ্যা মদযুজা যোঽবধীরণমুদ্রয়া। প্রিয়স্য কৌশলোদ্গারঃ প্রজল্পঃ স তু কথ্যতে।" ২। আলাপ, কথন।

প্রজব (প্র প্রকৃষ্ট—জু বেগে চলা+অ(অল্)—ভাবে) সং, পুং, প্রকৃষ্ট বেগ, অতিশয় বেগ।

প্রজবী (প্রজবিন্, প্রজব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় বেগবান্, দ্রুতগামী।

প্রজা (প্র—জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অধিকারস্থ জন। ২। সন্তান, সন্ততি। শিং—১ "বিভিন্নাস্ত প্রজাঃ সর্ব্বাঃ ভবন্তি ভবশীলিনাম্।"

প্রজাগর (প্র—জাগৃ জাগিয়া থাকা+অ(অল্)—ভাবে) সং, পুং, জাগরণ। ২। (+অল্—ক। যিনি নিত্য জাগরণশীল) বিষ্ণু। শিং—১ "পুষ্পহাসঃ প্রজাগরঃ।" ৩। বিং, ত্রিং, জাগরূক। [উৎপন্ন।

প্রজাত (প্র—জাত উৎপন্ন) বিং, ত্রিং,

প্রজাত (প্র—জাত উৎপন্ন) বিং, ত্রিং, উৎপন্ন। ২। পুং, অশ্ববিশেষ।

প্রজাতন্তু (প্রজা—তন্তু, ৬ষ্ঠী—ষ। যে জননব্যাপারের তন্তুস্বরূপ) সং, পুং, সন্তান।

প্রজাতন্ত্র; সং, ক্লীং, প্রজাদিগের হস্তগত রাজ্যশাসন।

প্রজাতা (প্র—জাত [যাহা হইতে] উৎপন্ন হইয়াছে। অথবা প্রজাত গর্ভমোচন+অ, আপ) সং, স্ত্রীং, প্রসূতা, যে স্ত্রীর সন্তান হইয়াছে।

প্রজাতি (প্র—জন্ জন্মান+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পুত্রের পুত্রোৎপত্তি, পৌত্রজন্ম।

প্রজাদ (প্রজা—দ [দা দান করা+অ(ড) —ক] যে দান করে) বিং, ত্রিং, সন্তানপ্রদ, যিনি সন্তান দান করেন। দা—স্ত্রীং, যে ঔষধ সেবন করিলে সন্তান হয়, গর্ভধাত্রীবৃক্ষ।

প্রজাদান; সং, ক্লীং, রৌপ্য, রজত।

প্রজান্তক (প্রজা—অন্তক নাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাল, যম। শিং—১ "অথবা মৃদুবস্তু হিংসিতুং মৃদুনৈবারভতে প্রজান্তকঃ।" (রঘু)।

প্রজানাথ (প্রজা—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা। ২। বিং, ত্রিং, লোকপালক।

প্রজাপ (প্রজা অধিকারস্থ লোক—প [পা রক্ষা করা+অ(ড)—ক] যে রক্ষা করে) সং, পুং, রাজা, প্রজারক্ষক।

প্রজাপতি (প্রজা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। ২। বিশ্বকর্ম্মা। শিং—১ "প্রজাপতিশ্চাক্ষমালাম্।" (দেবী) ৩। জামাতা। ৪। সূর্য্য। ৫। অগ্নি। ৬। পিতা। শিং—১ "জনকো জন্মদানাচ্চ রক্ষণাচ্চ পিতা নৃণাম্। ততো বিস্তীর্ণকরণাৎ কলয়া স প্রজাপতিঃ।" ৭। রাজা। ৮। মরীচি, অত্রি অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, নারদ—ব্রহ্মার সৃষ্ট এই দশ ব্যক্তি। ৯। বিষ্ণু। শিং—১ "পদ্মনাভঃ প্রজাপতিঃ।" ১০। স্বনামখ্যাত কীটবিশেষ।

প্রজাপতিহৃদয়; সং, ক্লীং, সামবেদ।

প্রজাপাল (প্রজা অধিকারস্থ লোক—পাল যে পালন করে ২য়া—ষ) সং, পুং, রাজা। ২। প্রজাপতি।

প্রজায়িনী (প্র সম্মুখে—জন্ জন্মগ্রহণ করা+ইন্(ণিন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, মাতা, জননী, যিনি সন্তান প্রসব করেন।

প্রজাবতী (প্রজা সন্তান+বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ) সং, স্ত্রীং, ভ্রাতার ভার্য্যা। (কেহ কেহ জ্যেষ্ঠ ভ্রাতার ভার্য্যাকে প্রজাবতী বলে)। ২। সন্তানবতী।

প্রজাসৃক্—ট্ (প্রজাসৃজ, প্রজা লোক, পুত্র—সৃজ্ [সৃজ্ সৃষ্টি করা+০(ক্বিপ্) —ক] যে সৃষ্টি করে, ২য়া—ষ) সং, পুং, ব্রহ্মা। ২। পিতা।

প্রজাহিত (প্রজা লোক—হিত উপকারী) সং, ক্লীং, জল। ২। বিং, ত্রিং, প্রজার উপকারী।

প্রজিন, প্রজীন (প্র—জি জয় করা+ত (ক্ত)—প্রং, নিপাতন) সং, পুং, বায়ু।

প্রজুষ্ট (প্র—জুষ্ সেবা করা+ত(ক্ত)—প্রং) বিং, ত্রিং, অত্যন্ত আসক্ত, অনুরক্ত।

প্রজেশ, প্রজেশ্বর (প্রজা—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী——ষ) সং, পুং, রাজা।

প্রজ্ঞ (প্র—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং, ত্রিং, জ্ঞানী, বিচক্ষণ। ২। পণ্ডিত। ৩। প্রণতজানুক।

প্রজ্ঞপ্তি (প্র—জ্ঞা-ণিচ=জ্ঞাপি জানান+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সঙ্কেত, জানান।

প্রজ্ঞা (প্র—জ্ঞা জানা+ঙ—ভা) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। ২। মন্ত্রণা। ৩। সঙ্কেত। ৪। তীক্ষ্ণমতি। ৫। (+ঙ—ক) সরস্বতী।

প্রজ্ঞাকায় (প্রজ্ঞা—কায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মঞ্জুঘোষ।

প্রজ্ঞাচক্ষুঃ (—চক্ষুস্, প্রজ্ঞা—চক্ষুস্ নেত্র, ৬ষ্ঠী—হিং। যে বাহ্যিক অন্ধ) সং, পুং, ধৃতরাষ্ট্র। ২। বিং, ত্রিং, জ্ঞাননেত্রযুক্ত।

প্রজ্ঞান (প্র অধিক—জ্ঞা জানা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বুদ্ধি, জ্ঞান। ২। (+অনট্—ণ) চিহ্ন। ৩। সঙ্কেত। ৪। বিং, ত্রিং, পণ্ডিত।

প্রজ্ঞাল (প্রজ্ঞা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্।

প্রজ্ঞাবান্ (—বৎ, প্রজ্ঞা+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, জ্ঞানী।

প্রজ্ঞী (প্রজ্ঞিন্, প্রজ্ঞা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্ঞানী, পণ্ডিত।

প্রজ্ঞু (প্র পৃথগ্‌ভূত—জানু। জানু=জ্ঞু) বিং,ত্রিং, প্রগতজানুক, খঞ্জপাদ, চলিত-জানু।

প্রজ্বলিত (প্র অধিক—জ্বল্ দীপ্তহওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জ্বলনযুক্ত, জ্বলন্ত।

প্রজ্বালিত (প্র অধিক—জ্বল্-ণিচ=জ্বালি জ্বালান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপিত, জ্বালান।

প্রডীন (প্র প্রথম—ডীন উড়ন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ। ২। তির্য্যগ্‌গমন।

প্রণ (প্র পুরাণশব্দস্থানে প্র আদেশ+ণ—প্রং) বিং, ত্রিং, প্রাচীন, পুরাতন।

প্রণত (প্র—নম্ নম্র হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নম্র। ২। কৃতপ্রণাম। শিং—১ "ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্।" ৩। বক্র। ৪। পটু।

প্রণতি (প্র—নম্ নম্র হওয়া+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রণাম, নম্রভাব। ২। নম্রতা।

প্রণয় (প্র—নী [পাওয়া] প্রীত হওয়া+অ (অল্)—ভা) সং, পুং, প্রেম, ভালবাসা। ২। প্রার্থনা। ৩। শ্রদ্ধা। ৪। পরিচয়। ৫। বিশ্রম্ভ,বিশ্বাস। ৬। প্রসব। ৭। যাচ্ঞা। ৮। নির্ব্বাণ।

প্রণয়ন (প্র—নী [লওয়া] করা ইত্যাদি+অন (অনট্)—ভা) সং, ক্লীং, নির্ম্মাণ। ২। রচনা। ৩। (+অনট্)—ণ) অগ্নিসমিন্ধন মন্ত্রাদি।

প্রণয়বিহতি (প্রণয় প্রার্থনা—বিহতি পরিত্যাগ) সং, স্ত্রীং, অস্বীকার, প্রত্যাখ্যান, নিরাকৃতি।

প্রণয়ী (—য়িন, প্রণয়+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অনুরক্ত পতি বা নায়ক। য়িণী—স্ত্রীং, অনুরক্তা ভার্য্যা। শিং—১ "সীতা সত্যপরায়ণা প্রণয়িণী যস্যানুজো লক্ষ্মণঃ।" ২। অনুরক্তা নায়িকা। ৩। বিং, ত্রিং, প্রেমাস্পদ, অনুরক্ত।

প্রণব (প্র—নু স্তুতিকরা+অ(অল্)—ণ) সং, পুং, ঈশ্বরের গূঢ়নাম ওঁকার। শিং—১ "ঈশ্বরস্য বাচকঃ প্রণবঃ।" ২ "আসীন্মহীক্ষিতামাদ্যঃ প্রণবশ্ছন্দসামিব।" ২। সামবেদের অবয়ববিশেষ। ৩। বিষ্ণু।

প্রণস (প্র প্রগত—নাসিকা, ৬ষ্ঠী—হিং। নাসিকাস্থানে নস) বিং, ত্রিং, যাহার নাসিকা বিগত হইয়াছে।

প্রণাদ (প্র অধিক—নাদ শব্দ) সং, পুং, প্রণয়নিবন্ধন মুখ কণ্ঠাদির শব্দ ; প্রীতিজ শীৎকৃত,আনন্দধ্বনি। ২। তারধ্বনি, উচ্চশব্দ। ৩। কর্ণরোগবিশেষ ; ইহাতে কর্ণবিবরমধ্যে বিবিধধ্বনি শ্রুত হইতে থাকে।

প্রণাম (প্র—নম্ নত হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ভক্তি ও শ্রদ্ধাতিশয্য হেতুক নমস্কার, প্রণতি, প্রণিপাত, করশিরঃ সংযোগ রূপ স্বাপকর্ষ ব্যাপার ; ইহা চতুর্ব্বিধ—অভিবাদন, অষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ ও করশিরঃ-সংযোগ। বাহুদ্বয় জানুদ্বয় মস্তক বাক্য ও দর্শনেন্দ্রিয় সংযোগে পঞ্চাঙ্গ প্রণাম এবং পদদ্বয় জানুদ্বয় করদ্বয় বক্ষঃস্থল মস্তক দর্শনেন্দ্রিয় বাক্য ও মন—এইঅষ্ট সংযোগে অষ্টাঙ্গ প্রণাম।

প্রণায্য (প্র একদিকে—নী গমন করা+য(ণ্যৎ)—র্ম্ম, নিপাতন) বিং, ত্রিং, অসম্মত। ২। নিস্পৃহ। ৩। প্রিয়। ৪। সাধু, ন্যায়বান্।

প্রণাল—পুং } (প্র—নল্ বন্ধন করা
প্রণালী—স্ত্রীং } +অ(ঘঞ্)—ণ) সং, জলনির্গমপথ, পয়নালা, নর্দ্দমা। ২। শ্রেণী। ৩। দ্বার। ৪। রীতি, ধারা। ৫। (Strait) যে সঙ্কীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে পরস্পর সংযুক্ত করে।

প্রণাশ (প্র—নশ্ নষ্ট হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, মৃত্যু, মরণ। ২। পলায়ন।

প্রণিংসিত } (প্র—নিংসি চুম্বন করা
প্রনিংসিত } +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চুম্বিত।

প্রণিঘাতন, প্রনিঘাতন (প্র—নি—হন্ বধ করা+অন(অনট্)—ভা। হন্=ঘাত) সং, ক্লীং, মারণ, হত্যা, বধ।

প্রণিধান (প্র—নি—ধা [ধারণ করা] মনো-

যোগ করা ইত্যাদি+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, মনোনিবেশ, মনের একাগ্রতা। ২। ধ্যান। ৩। যত্ন। ৪। সমাধি দ্বারা দৃষ্টি। ৫। যোগ,সমাধি। ৬। অর্পণ। ৭। ভক্তিবিশেষ। ৮। কর্ম্মের ফলত্যাগ।

প্রণিধি (প্র—নি—ধা ধারণ করা+ই(কি)—র্ম্ম) সং, পুং, দূত। ২। চর, অনুচর। ৩। (+কি—ভাবে) প্রার্থনা। ৪। অবধান, মনোযোগ। ৫। বৃহদ্রথের পুত্র।

প্রণিপাত (প্র—নি—পৎ পতিত হওয়া+অ(ঘঞ্)—ভা) সং,পুং, প্রণাম, নমস্কার। শিং—১"তদ্বিদ্ধি প্রণিপাতেন।" (গীতা)।

প্রণিহিত (প্রণিধান দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,অর্পিত। ২। স্থিরীকৃত। ৩। সমাধিস্থ, সমাহিত। ৪। প্রসারিত। ৫। প্রাপ্ত।

প্রণী (প্র—নী পাওয়া+০(কিপ্)—ক) বিং, ত্রিং, কারক। শিং—১ "সায়ন্তনীং তিথিপ্রণ্যঃ।" (ভট্টি)। ২। সং, পুং, ঈশ্বর।

প্রণীত (প্রণয়ন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, রচিত, নির্ম্মিত, কৃত। ২। পাক দ্বারা রূপরসাদিসম্পন্ন (ব্যঞ্জনাদি)। ৩। কথিত। ৪। প্রেরিত। ৫। প্রবেশিত। ৬। নিক্ষিপ্ত। ৭। সং, পুং, মন্ত্রাদি দ্বারা সংস্কৃত যজ্ঞীয় অগ্নি। শিং—১ "যথাধ্বরে বহ্নিরভিপ্রণীতঃ।" ৮। মন্ত্রসংস্কৃত জল। তা—স্ত্রীং, যজ্ঞপাত্রবিশেষ।

প্রণুত ( প্র—নু স্তব করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত।

প্রণুন্ন (প্র—নুদ্ [প্রেরণ করা] কাঁপা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিযুক্ত। ২। প্রেরিত। ৩। (+ক্ত—ক) কম্পিত।

প্রণেতা (প্রণেতৃ, প্র—নী [লওয়া] করা ইত্যাদি+তৃ(তৃন্)—ক ) বিং, ত্রিং, রচয়িতা, রচনাকারী। ২। নির্ম্মাতা।

প্রণেয় (প্র—নী [লওয়া] বশীভূত হওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, বশ্য, বশতাপন্ন। ২। কৃতলৌকিক সংস্কার। ৩। প্রাপণীয়।

প্রণোদিত (প্র—নুদ্-ণি=নোদি প্রেরণ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। নিয়োজিত। শিং—১ " তস্য তৈঃ কর্ণমাগত্য চাপলায় প্রণোদিতঃ।" (রঘু)।

প্রতক্বা (প্রতক্বন্, প্র—তক্ গমন করা+বন্(কনিপ্)—ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট গতিযুক্ত।

প্রততি (প্র—তন্ বিস্তৃত হওয়া+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, বিস্তার। তি, তী—স্ত্রীং, (+ক্তি—ক) বিস্তারিত লতা।

প্রতদ্বসু (প্রতৎ প্রাপ্ত—বসু ধন, তস্য—হিং) বিং, ত্রিং, প্রাপ্তধন। ২। সং, পুং, বিস্তীর্ণ ধন।

প্রতন (প্র পূর্ব্ব+তন(ষ্টন)—প্রাং) বিং,ত্রিং, পুরাতন, পুরাণ।

প্রতনু (প্র—তনু পাতলা) বিং, ত্রিং, সূক্ষ্ম, সরু, পাতলা।

প্রতপ্ত (প্র—তপ্ উত্তপ্ত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। ২। তাপিত। ৩। উত্তপ্ত।

প্রতর্ক (প্র—তর্ক্ বিতর্ক করা+অ(অল্)—ভাবে) সং, পুং, সংশয়। শিং—১ "ইত্যারূঢ়বাহুপ্রতর্কমপরিচ্ছেদাকুলং মে মনঃ।"

প্রতর্কণ (প্র—তর্ক্ বিতর্ক করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিতর্ক, বাদানুবাদ।

প্রতর্দ্দন (প্র—তৃদ্ তাড়নকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, তাড়ন। ২। (+অনট্—ক ) বিং, ত্রিং, তাড়নকারক। ৩। পুং, দিবোদাস পুত্রবিশেষ।

প্রতল ( প্র অধিক—তল নিম্নতা ) সং, পুং, বিস্তৃতাঙ্গুলিহস্ত, চপেট, চাপড়। ২। ক্লীং, পাতালবিশেষ।

প্রতান (প্র—তন্ বিস্তৃত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, বিস্তার। শিং—১ "লতাপ্রতানৈঃ সংচ্ছন্নঃ।" ২। (+ঘঞ্—র্ম্ম ) লতার তন্তু, সোঁ, আঁস। ৩। ঋষিবিশেষ। ৪। বায়ুরোগবিশেষ।

প্রতানিনী (প্র—তন্ বিস্তৃত হওয়া+ইন্—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং) বল্লী, লতা।

প্রতাপ (প্র—তপ্ উত্তপ্তকরা+অ(ঘঞ্) ভা) সং, পুং, প্রভাব, কোষদণ্ড এবং ধন সৈন্যাদি-জনিত তেজঃ। "কস্তে প্রতাপং সোঢ়ুং সমর্থঃ।" ২ "ভক্তঃ প্রতাপবান্।" ২। আতপ। ৩। উষ্ণতা। ৪। সন্তাপ।

প্রতাপন (প্র—তাপি উত্তপ্ত করান+অন —ক) বিং, ত্রিং, তাপজনক। ২। (+ অনট্—ভাবে) সং, ক্লীং, পীড়ন। ৩। (+ অনট্—বি) পুং, কুম্ভীপাক নামে নরক।

প্রতাপাদিত্য—যশোহরের রাজা; ইনি অতিশয় পরাক্রান্ত ছিলেন। জাহাঙ্গীরের আদেশে মানসিংহ ইহাঁর সহিত যুদ্ধ করিয়া ইহাঁকে বন্দী করেন। বন্দী অবস্থায় জগন্নাথক্ষেত্রে ইনি প্রাণত্যাগ করেন। ২। কাশ্মীররাজ যুধিষ্ঠিরের পুত্র।

প্রতারক (প্র—তৃ [পার হওয়া] বঞ্চনা করা+ অক(ণক)—ক) সং, পুং, বঞ্চক, ধূর্ত্ত, শঠ।

প্রতারণ (প্রতারক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, বঞ্চনা, ঠকান। শিং —১ "যদীচ্ছসি বশীকর্ত্তুং জগদেকেন কর্ম্মণা। উপাস্যতাং কলৌ কল্পলতা দেবী প্রতারণা।" ২ "প্রতারণাসমর্থস্য বিদ্যয়া কিংপ্রয়োজনম্।" (উদ্ভট)। ২। পারপ্রাপণ, উত্তীর্ণ হওয়া।

প্রতারিত (প্র—তৃ-ণিচ্=তারি পার করান +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বঞ্চিত, যাহাকে ঠকান হয়। ২। পার-প্রাপিত।

প্রতি (প্রথ্ বিখ্যাতহওয়া+অতি(ডতি)— ভা) উপং, অং, প্রতিনিধি। শিং—১ "প্রদ্যুম্নঃ কেশবাৎ প্রতি।" ২। বিপরীত। ৩। প্রতিকূল। ৪। পরিবর্ত্ত। শিং—১ "তিলেভ্যঃ প্রতিমাষান্ যচ্ছতি।" ৫। প্রত্যেক। ৬। পুনর্ব্বার। ৭। লক্ষ্য। ৮। উপরি। ৯। লক্ষণ, চিহ্ন। শিং—১ "বৃক্ষং প্রতিবিদ্যোততে বিদ্যুৎ।" ১০। আভিমুখ্য। ১১। বীপ্সা। শিং—১ "বৃক্ষং বৃক্ষং প্রতিসিঞ্চতি।" ১২। ব্যাবৃত্তি। ১৩। প্রশস্তি। ১৪। বিরোধ। ১৫। ইত্থম্ভূত কথন। শিং—১ "সাধুর্বিপ্রো মাতরং প্রতি।" ১৬। অল্প,মাত্রা। ১৭। অংশ, ভাগ। শিং—১ "হরং প্রতি হলাহলম্।" ১৮। প্রতিদিন। ১৯। সাদৃশ্য। ২০। নিশ্চয়। ২১। নিন্দা। ২২। স্বভাব। ২৩। ব্যাপ্তি। ২৪। সমাধি।

প্রতিক (কার্ষাপণ+ইক—ক্রীতার্থে। কার্ষাপণ—প্রতি) বিং, ত্রিং, ষোলপণ দ্বারা ক্রীত, কার্ষাপণিক। [সমীপে।

প্রতিকণ্ঠ (প্রতি—কণ্ঠ, ব্যং—স) অং, কণ্ঠ-

প্রতিকর (প্রতি—কৃ ক্ষেপণ করা+অ(অল্) —ভা) সং, পুং, বিস্তীর্ণতা। ২। বিক্ষেপ।

প্রতিকর্ত্তা (—কর্ত্তৃ, প্রতি—কৃ করা+তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, অপকারীর অপকারক। ২। প্রতীকারকারক।

প্রতিকর্ম্ম (—কর্ম্মন্, প্রতি [শরীর] সম্বন্ধীয় —কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, প্রসাধন। ২। প্রতিকার। ৩। বেশভূষা।

প্রতিকর্ষ (প্রতি—কৃষ্ কর্ষণকরা+অ(অল্) —ভা) সং, পুং, সম্কর্ষণ।

প্রতিকশ (প্রতি—কশ্ গমন করা+অ (অল্)—ক) বিং, ত্রিং, পুরোবর্ত্তী,সহায়। ২। বার্ত্তাবাহক। ৩। (প্রতি—কশা) সং, পুং, কশাঘাতপ্রাপ্ত অশ্ব।

প্রতিকষ্ট; সং, ক্লীং, কর্ম্মানুরূপ কষ্ট।

প্রতিকায় (প্রতি পুনর্ব্বার—কায় দেহ) সং,পুং, লক্ষ্য। ২। প্রতিরূপ, প্রতিমূর্ত্তি। ৩। শত্রু।

প্রতিকার, প্রতীকার (প্রতী বিরুদ্ধ, পরিবর্ত্ত—কৃ করা + অ(ঘঞ্)—ভা) সং, পুং, বৈরনির্যাতন। ২। প্রতিফল। ৩। প্রতিদ্বেষ। ৪। উপশম। ৫। পরিশোধ। ৬। উপায়। ৭। চিকিৎসা।

প্রতিকার্য্য, প্রতীকার্য্য (প্রতিকার দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিকার করিবার যোগ্য।

প্রতিকাশ, প্রতীকাশ (প্রতি পুনর্ব্বার—কাশ যে দীপ্তি পায়) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, তুল্য। শিং—১ "শরদিন্দুপ্রতীকাশং স্বচ্ছং সর্ব্বমনোহরম্ (হস্যম্)।"

প্রতিকুঞ্চিত (প্রতি—কুঞ্চ্ বক্র হওয়া+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, বাঁকা। ২। বক্রীকৃত, যাহাকে বাঁকান হইয়াছে।

প্রতিকূপ (প্রতি ক্ষুদ্র—কূপ কুয়া) সং, পুং, পরিখা, গড়খাই।

প্রতিকূল (প্রতি বিরুদ্ধ, বিপরীত—কূল তীর) বিং, ত্রিং, প্রতিপক্ষ। ২। বাম। ৩। বিরুদ্ধ।

প্রতিকূলতা (প্রতিকূল+তা—ভা) সং, স্ত্রীং, অসহায়তা, বিরুদ্ধভাব।

প্রতিকৃত (প্রতি—কৃত) বিং, ত্রিং, প্রতিকৃত, প্রতিবিধানিত। ২। উপশমিত।

প্রতিকৃতি (প্রতি পুনর্ব্বার—কৃ করা+তি (ক্তি)—ণ) সং, স্ত্রীং, প্রতিমূর্ত্তি। ২। প্রতিবিম্ব। ৩। প্রতিনিধি। ৪। (+ভ—ভা) সাদৃশ্য। ৫। প্রতীকার।

প্রতিকৃষ্ট (প্রতি বিরুদ্ধ—কৃষ্ট কর্ষিত) বিং, ত্রিং, নিকৃষ্ট। ২। দুইবার কৃষ্ট।

প্রতিক্রিয়া (প্রতি—ক্রিয়া কার্য্য) সং, স্ত্রীং, প্রতিকার।

প্রতিক্ষণ (প্রতি বীপ্সা, প্রত্যেক—ক্ষণ,ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, ক্ষণে ক্ষণে,প্রতি-মুহূর্ত্ত।

প্রতিক্ষয় (প্রতি বিরুদ্ধ—ক্ষি নষ্ট করা+অ(অন্)—ক) সং, পুং, রক্ষক।

প্রতিক্ষিপ্ত (প্রতি পুনর্ব্বার, বিরুদ্ধ—ক্ষিপ্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং ত্রিং, প্রেরিত। ২। নিন্দিত। ৩। তিরস্কৃত। ৪। বাধিত। ৫। নিষিদ্ধ, নিবারিত। ৬। আ-হূয়প্রেষিত।

প্রতিক্ষেপ (প্রতি—ক্ষিপ্ ক্ষেপণ করা+অ (অল্)—ভা) সং, পুং, নিরাশ। ২। তিরস্কার।

প্রতিখ্যাতি (প্রতি—খ্যা বলা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিখ্যাতি।

প্রতিগজ (প্রতি বিপক্ষ, বিরুদ্ধ—গজ) সং, পুং, প্রতিপক্ষ-হস্তী।

প্রতিগত (প্রতি পুনঃপুনঃ—গত গিয়াছে, গমন এবং আগমন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ। শিং—১ "গতাগত প্রতিগত সম্পাতাদ্যাশ্চ পক্ষিণাং। গতিভেদাঃ পক্ষি-গৃহং কুলায়ো নীড়মস্ত্রিয়াম্।" ২। বিং, ত্রিং, পরাবৃত্ত।

প্রতিগর্জ্জন } (প্রতি প্রতিকূল—গর্জ্জ্
প্রতিগর্জ্জিত } শব্দ করা+অন(অনট্),ত (ক্ত)—ভা) সং, ক্লীং, প্রতিকূলে গর্জ্জন।

প্রতিগিরি (প্রতি—গিরি পর্ব্বত) সং, পুং, পর্ব্বতসদৃশ। ২। ক্ষুদ্রপর্ব্বত।

প্রতিগৃহীত (প্রতি—গ্রহ্ গ্রহণ করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গৃহীত, স্বীকৃত।

প্রতিগ্রহ (প্রতি—গ্রহ্ গ্রহণ করা+অ (অল্)—ভা) সং, পুং, স্বীকার করণ। শিং—১ "হস্তী কৃষ্ণবিষাণাড়্ প্রতিবেশী যে প্রতিগ্রহাঃ।" ২। প্রত্যভিযোগ। ৩। অনুগ্রহ। ৪। সৈন্যরক্ষা। ৫। (+অল্—র্ম্ম) সৈন্যপৃষ্ঠ। ৬। বেরবৃত্ত। ৭। (+অনৃ—ক) প্রতিকূল গ্রহ। ৮। পিকদান।

প্রতিগ্রহণ (প্রতিগ্রহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্বীকার, দান লওয়া।

প্রতিগ্রাহ (প্রতিগ্রহ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, স্বীকার। ২। (ঘঞ্—র্ম্ম) নিষ্ঠী-বনপাত্র, পিকদান।

প্রতিগ্রাহিত (প্রতি—গ্রহ্-ণি—গ্রাহি গ্র-হণ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্বী-কারিত, গ্রহণ করান।

প্রতিঘ (প্রতি পুনর্ব্বার—হন্ বধ করা+অ(ড)—ণ) সং, পুং, প্রতিবন্ধক। ২। ব্যাঘাত। ৩। কোপ, ক্রোধ; যথা—
"দেখিলা রাক্ষসবল বাহিরিছে দলে
অসংখ্য, প্রতিঘ-অঙ্গ, চতুষ্কন্ধরূপী।"
৪। মূর্চ্ছা। ৫। (+ড—ক) বিং, ত্রিং, প্রতিকূল।

প্রতিঘাত, প্রতীঘাত (প্রতি—হন্ বধ করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, একটী বস্তু আর একটী বস্তুকে আঘাত করিলে আ-হত বস্তু যে পুনর্ব্বার উহাকে আঘাত করে, আঘাত, টক্কর। ২। প্রতিবন্ধ, ব্যা-ঘাত। ৩। নিরাস। ৪। নিক্ষেপ।

প্রতিঘাতন (প্রতি পরস্পর—হন্ বধ করা +অ(অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, হত্যা, বধ। ২। বাধা।

প্রতিঘ্ন (প্রতি পুনর্ব্বার—ঘ্ন [হন্ বধ করা +অ(টক্)—ক] যে বধ করে) সং, ক্লীং, অঙ্গ, শরীর।

প্রতিচ্ছন্দঃ (—ছন্দস্, প্রতি পুনর্ব্বার—ছন্দ্ আচ্ছাদন করা+অস্—প্রং) সং, পুং, প্রতিরূপ। ২। অভিপ্রায়ানুরূপ। ৩। অনু-রোধ। দ—পুং,-ন্দস্—ক্লীং,প্রতিকৃতি।

প্রতিচ্ছন্ন (প্রতি পুনর্ব্বার—ছদ্ আচ্ছা-দন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আ-চ্ছন্ন। ২। প্রতিনিধি।

প্রতিচ্ছায়া (প্রতি পুনর্ব্বার, সদৃশ—ছায়া) সং, স্ত্রীং, প্রতিকৃতি, মৃণ্ময়ী বা শিলময়ী প্রতিমূর্ত্তি। ২। চিত্র, ছবি। ৩। সাদৃশ্য।

প্রতিচ্ছেদ (প্রতি—ছেদ ছেদন) সং, পুং, বাধা, প্রতিবন্ধ।

প্রতিজঙ্ঘা (প্রতি অগ্র—জঙ্ঘা) সং, স্ত্রীং, জঙ্ঘার অগ্রভাগ।

প্রতিজন্য (প্রতি—প্রতিকূল—জন্য যুদ্ধ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, প্রতিবল, বিপক্ষ-পক্ষ।

প্রতিজল্পক (প্রতি—জল্পক গল্প করা, কথোপকথন) সং, পুং, সম্মতিপ্রদান, অন্যের মতের সহিত স্বকীয় মতের মিলন। ২। বাক্যবিশেষ। শিং—১ "ত্বস্ত্যজদ্বন্দ্বভাবেঽস্মিন্ প্রাপ্তির্নার্হত্যমুক্তকং। দূত সম্মাননেনোক্তং যত্র স প্রতিজল্পকঃ।"

প্রতিজাগর (প্রতি অভিমুখ—জাগর সতর্ক) সং, পুং, প্রত্যবেক্ষা, মনোযোগ, সতর্কতা। ২। রক্ষার্থনিয়োগ।

প্রতিজিহ্বা, প্রতিজিহ্বিকা (প্রতি পুনর্ব্বার সদৃশ, প্রতিরূপ—জিহ্বা। প্রতিজিহ্বা+কণ্—যোগ) সং, স্ত্রীং, আল্‌জিভ।

প্রতিজ্ঞা (প্রতি—জ্ঞা [জানা] স্বীকার করা+ঙ—ভা) সং, স্ত্রীং, কর্ত্তব্যরূপে অবধারণ, অঙ্গীকার। ২। (Proposition) পক্ষের সাধ্যবস্তুরূপে নির্দ্দেশ, সাধ্য দুই প্রকার, কোথাও কোন ক্রিয়াসাধ্য আর কোথায় কোন যাথার্থ্য নিরূপণ করা সাধ্য হয়। ৩। যে বিষয়ের ব্যবস্থাপন করিতে হইবে তার উপন্যাস। ৪। অভিযোগ।

প্রতিজ্ঞাত (প্রতিজ্ঞা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, কর্ত্তব্যরূপে অবধারিত। শিং—১ "কিন্তত্র যৎ প্রতিজ্ঞাতং মিথ্যা তৎ ক্রিয়তে কথম্।" ২। অভিযোগের বিষয়।

প্রতিজ্ঞান (প্রতিজ্ঞা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রতিজ্ঞা দেখ।

প্রতিজ্ঞাপত্র (প্রতিজ্ঞা প্রতিজ্ঞাসূচক—পত্র, বৃং—স, মধ্যপদলোপ) সং, ক্লীং, ভাষাপত্রবিশেষ।

প্রতিজ্ঞাবিরোধ; সং, ক্লীং, বিগ্রহস্থানবিশেষ।

প্রতিজ্ঞাসন্ন্যাস; সং, ক্লীং, পক্ষ প্রতিষেধ, প্রতিজ্ঞাতার্থের অপনয়ন।

প্রতিজ্ঞাহানি; সং, ক্লীং, যে স্থানে প্রতিজ্ঞার হানি হয়, বিগ্রহস্থানবিশেষ।

প্রতিজ্ঞেয় (প্রতি অগ্রে—জ্ঞা জানা+য—র্ম্ম) সং, পুং, স্তুতিপাঠক। ২। বিং, ত্রিং, প্রতিজ্ঞার বিষয়, অঙ্গীকার্য্য।

প্রতিতন্ত্র (প্রতি—তন্ত্র মত) সং, ক্লীং, স্বমতবিরুদ্ধ শাস্ত্র। ২। পরম্পরাভিমত সম্বন্ধ অর্থের উপদেশক শাস্ত্র। ৩। অং, প্রত্যেক তন্ত্রানুযায়ী। ৪। প্রত্যেক মতানুযায়ী।

প্রতিতাল (প্রতি সম্বন্ধীয়—তাল স্বর, কুলুপ) সং, পুং, স্বরবিশেষ। লী—স্ত্রীং, তালকোদ্ঘাটন যন্ত্র, চাবিকাটী।

প্রতিতূণী; সং, স্ত্রীং, সুশ্রুতোক্ত বাতরোগবিশেষ।

প্রতিদান (প্রতি পুনর্ব্বার, পরিবর্ত্ত—দান) সং, ক্লীং, পরিবর্ত্ত, বিনিময়, বদল। ২। গচ্ছিত বা গৃহীত দ্রব্যের প্রত্যর্পণ।

প্রতিদারণ (প্রতি পরস্পর দারণ বিদারণ) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ।

প্রতিদিন (প্রতি বীপ্সা, প্রত্যেক—দিন, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, প্রত্যহ, দিনদিন।

প্রতিদিবা (প্রতিদিবন্, প্রতি—দিব্ দীপ্তি পাওয়া + অন(কনিন্)—ক) সং, পুং, প্রত্যহ দীপ্তিশীল সূর্য্য। ২। প্রতিদিন।

প্রতিদিশ (প্রতি—দিশ্ দিক্) সং, ক্লীং, প্রত্যেক দিক্, দিকে দিকে।

প্রতিদেয় (প্রতি পুনর্ব্বার—দেয় দিবার যোগ্য) বিং, ত্রিং, প্রতিদান করিবার যোগ্য, ফিরিয়া দিবার উপযুক্ত। ২। ক্রীত দ্রব্য পুনরায় ফিরাইয়া দেওয়া। শিং—১ "ক্রীত্বা মূল্যেন যঃ পণ্যং দুষ্ক্রীতং মন্যতে ক্রয়ী। বিক্রেতুঃ প্রতিদেয়ন্তত্তস্মিন্নেবাহ্ন্যবিক্ষতম্।"

প্রতিদ্বন্দ্বী (প্রতিদ্বন্দ্বিন্, প্রতি বিরুদ্ধ—দ্বন্দ্বী বিবাদী, অথবা প্রতিদ্বন্দ্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিপক্ষ। ২। শত্রু। ৩। সমকক্ষ।

প্রতিবর্ত্তা (প্রতিধর্ত্তৃ, প্রতি—ধৃ ধারণ করা +তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যে নিরাকরণ করে, নিরাকারক।

প্রতিধা (প্রতি—ধা ধারণ করা+০(ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, প্রতিবিধান।

প্রতিধান (প্রতি—ধা ধারণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিরাকরণ।

প্রতিধি (প্রতিধান দেখ, ই(কি)—র্ম্ম) সং, পুং, স্তোত্রবিশেষ। ২। অন্ন। ৩। ঈষার তির্য্যগ্‌গত কাষ্ঠ।

প্রতিধ্বনি, প্রতিধ্বান (প্রতি পুনরায়—ধ্বনি, ধ্বান=শব্দ) সং, পুং, প্রতিশব্দ।

প্রতিধ্বনিত, প্রতিধ্বাত (প্রতি পুনরায়—ধ্বনিত,ধ্বাত [ধ্বন্, ধ্বা+ক্ত—র্ম্ম] শব্দিত) বিং, ত্রিং, প্রতিশব্দিত। ২। (+ক্ত—ভা) ক্লীং, প্রতিশব্দ।

প্রতিনন্দন (প্রতি=নন্দ্ আনন্দ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অভিনন্দন, প্রশংসা। ২। আশীর্ব্বাদি দ্বারা সম্ভাষণ।

প্রতিনপ্তা (প্রতিনপ্তৃ, প্রতি পুনর্ব্বার,বারংবার—নপ্তৃ পৌত্র) সং, পুং, প্রপৌত্র।

প্রতিনব (প্রতি—নব নূতন) বিং, ত্রিং, অভিনব, নূতন। [পুং, প্রতিধ্বনি।

প্রতিনাদ (প্রতি পুনরায়—নাদ শব্দ) সং,

প্রতিনিধি (প্রতি পরিবর্ত্ত—নি—ধা ধারণ করা+ই(কি)—র্ম্ম) সং, পুং, তুল্য, সদৃশ। ২। প্রতিরূপ। ৩। বদলি। ৪। প্রতিভূ, জামিন। শিং—১ "কাম্যে প্রতিনিধির্নাস্তি নিত্যেনৈমিত্তিকে হি সঃ।"

প্রতিনিনাদ (প্রতি—নিনাদ শব্দ) সং, পুং, প্রতিধ্বনি, প্রতিশব্দ।

প্রতিনিয়ম; সং,পুং, প্রত্যেকবিষয়ক নিয়ম।

প্রতিনিবর্ত্তন (প্রতি—নির্—বৃত্ থাকা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, অভীষ্টবিষয়ের নিবৃত্তি। নিবারণ।

প্রতিনিবৃত্ত (প্রতি—নিবৃত্ত বিরত) বিং, ত্রিং, প্রত্যাগত, ফিরিয়া আসা।

প্রতিনিশ (প্রতি—নিশা) ক্লীং, অং, প্রতিরাত্রিতে।

প্রতিপ } (প্রতি প্রত্যেক—প [পা পালন
প্রতীপ } করা+অ(ড)—ক]যে পালন করে) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, শান্তনুর পিতা, ভীষ্মের পিতামহ।

প্রতিপক্ষ (প্রতি প্রতিকূল, বিরুদ্ধ—পক্ষ সহায়, বং—স) সং, পুং, বিপক্ষ, শত্রু। ২। সাদৃশ্য। শিং—১ "প্রতিবধি প্রতিনিধি প্রতিপক্ষ বিড়ম্বকাঃ।" ২। প্রতিবাদী, আসামী। ৩। প্রত্যর্থী।

প্রতিপত্তি (প্রতি—পদ্ [গমন করা] পাওয়া ইত্যাদি + তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রাপ্তি। ২। পদপ্রাপ্তি। ৩। মান,সম্মান। ৪। সুখ্যাতি, গৌরব। ৫। প্রবৃত্তি। ৬। অভিমান। ৭। নিশ্চয়। ৮। কর্ত্তব্যজ্ঞান। ৯। সম্যক্‌জ্ঞান। শিং—১ "বিষাদলুপ্তপ্রতিপত্তিবিস্মিতম্।" ১০। অঙ্গীকার। ১১। মীমাংসকমতে—ফলশূন্য কর্ম্মাঙ্গ; যথা—যাগাদির পরিত্যক্ত হবি অগ্নিতে নিক্ষেপ, পূজিত প্রতিমাদির জলে বিসর্জ্জন। ১২। অভিযোগ। ১৩। প্রগল্‌ভতা। ১৪। অনুমতি। ১৫। দান। ১৬। উপায়। ১৭। ব্যবস্থা।

প্রতিপত্তিপটহ (প্রতিপত্তি সুখ্যাতি—পটহ ঢাক) সং, পুং, নাগরাবাদ্য।

প্রতিপত্তূর্য্য (প্রতিপদ্—তূর্য্য বাদ্যযন্ত্র) সং, ক্লীং, দগড়বাদ্য।

প্রতিপদ্ (প্রতি—পদ্ [গমন করা] পাওয়া+০(ক্বিপ্)—ধি। যাহাতে চন্দ্র করোদয় পান) সং, স্ত্রীং, চন্দ্রের প্রথম কলার হ্রাস বা বৃদ্ধিযুক্ত প্রক্রিয়া রূপ তিথি, শুক্ল বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি। ২। বুদ্ধি। ৩। দগড়বাদ্য। [পদেপদে। ২। স্থানেস্থানে।

প্রতিপদ (প্রতি প্রত্যেক—পদ) ক্লীং, অং,

প্রতিপন্ন (প্রতিপত্তি দেখ,ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্মানিত। ২। জ্ঞাত। ৩। অবধারিত, নিশ্চিত। ৪। প্রমাণসিদ্ধ, যুক্ত্যাদি দ্বারা সমর্থিত। শিং—১ "প্রতিপন্নং হি বিচেতনৈরপি।" ৫। অঙ্গীকৃত। ৬। গৃহীত। ৭। প্রাপ্ত। ৮। অনুমত। ৯। অভিযুক্ত।

প্রতিপাদক (প্রতিপাদন দেখ,অক(ণক)—ক) বিং, ত্রিং, নির্ব্বাহক। ২। নির্ণায়ক। ৩। প্রতিপত্তিজনক বোধক, জ্ঞাপক। শিং—১

"প্রতিপাদ্য প্রতিপাদকভাবশ্চ সম্বন্ধঃ।"
৪। উৎপাদক।

প্রতিপাদন (প্রতি—পদ্-ণিচ্=পাদি গমন করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দান। ২। সম্পাদন, নির্ব্বাহ। ৩। জ্ঞাপন, বোধন। ৪। প্রতিপত্তি। ৫। উৎপাদন। ৬। স্থিরীকরণ।

প্রতিপাদিত (প্রতিপাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদিত, সম্পাদিত। ২। দত্ত। ৩। স্থিরীকৃত, বিজ্ঞাপিত। ৪। বোধিত।

প্রতিপাদ্য (প্রতিপত্তি দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অভিধেয়। ২। বোধ্য। ৩। বর্ণনীয় বিষয়।

প্রতিপাণ (প্রতি—পণ্ ক্রয় বিক্রয় করা+অ(ঘঞ্)—র্ম্ম, ভা) সং, পুং, আক্ষিক, প্রতিক্ষণ, দ্যূতক্রীড়া।

প্রতিপালক (প্রতি—পাল্ রক্ষা করা+অক (ণক)—ক) বিং, ত্রিং, রক্ষক, যে প্রতিপালন করে। ২। অপেক্ষাকারী।

প্রতিপালন (প্রতিপালক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, রক্ষণ। ২। পোষণ। শিং—১ "কুন্ত্যা প্রসূতস্য কর্ণস্য রাধাপ্রতিপালনাৎ রাধেয়ত্বং সমুচ্ছতে।"

প্রতিপালিত (প্রতিপালক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং যাহাকে প্রতিপালন করা হইয়াছে।

প্রতিপাল্য (প্রতি—পাল-ণিচ্=পালি+য—র্ম্ম) বিং ত্রিং, প্রতিপালনীয়, পোষ্য।

প্রতিপুরুষ (প্রতি—পুরুষ মনুষ্য) সং পুং, প্রতিনিধি, যে অন্যের পরিবর্ত্তে কার্য্য করে। [তদ্স্বরূপ পূজা।

প্রতিপূজন; সং ক্লীং, অন্যের পূজাদর্শনে

প্রতিপোষক (প্রতি—পুষ্ পোষণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, সহায়কারী, আনুকূল্যকারী।

প্রতিপ্রদান (প্রতি—প্র—দা দান করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রতিদান, প্রত্যর্পণ।

প্রতিপ্রয়াণ (প্রতি—প্রয়াণ যে গমন করে) সং, ক্লী, প্রতিনিবৃত্তি, ফিরিয়া যাওয়া।

প্রতিপ্রসব (প্রতি পুনর্ব্বার—প্রসব উৎপাদন) সং, পুং, নিষিদ্ধের পুনর্ব্বিধান।

প্রতিপ্রসূত (প্রতি পুনর্ব্বার—প্রসূত উৎপাদিত) বিং, ত্রিং, যাহার প্রতিপ্রসব করা হইয়াছে। ২। পুনঃসম্ভাবিত।

প্রতিপ্রস্থাতা (প্রতিপ্রস্থাতৃ, প্রতি—প্র—স্থা থাকা+তৃ(তৃন্)—ক) সং, পুং, সোমযাগীয় ঋত্বিক্ বিশেষ।

প্রতিপ্রস্থান (প্রতি প্রতিকূল—প্রস্থান) সং, ক্লীং, বিরুদ্ধপক্ষের আশ্রয়। ২। বিং, ত্রিং, নিগ্রাহ্য।

প্রতিপ্রহার; সং, পুং, কৃতপ্রহারের অনুরূপ প্রহার, প্রতিঘাত। [উপকার।

প্রতিপ্রিয়; সং, ক্লীং, প্রত্যুপকার, উপকারীর

প্রতিফল; সং, ক্লীং, প্রতিবিম্ব। শিং—১ "প্রতিফলমবলোক্য স্বীয়মিন্দোঃ কলায়াং হরশিরসি পরস্যা বাসমাশঙ্কমানা।" (রসমঞ্জরী)। ২। প্রতিশোধ। ৩। প্রত্যুপকার ৪। প্রত্যপকার।

প্রতিফলন (প্রতি—ফল্ ফল ধরা, নিষ্পন্ন হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রতিবিম্বন, প্রতিবিম্বপড়া। শিং—১ "ন বিম্বং ত্বৎপ্রতিফলনলাভাদরুণিতং।" (আনন্দলহরী)।

প্রতিফলিত (প্রতিফলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবিম্বিত। শিং—১ "সাক্ষী স্বান্তে তদুখে প্রতিফলিতবপুঃ।"

প্রতিফুল্লক (প্রতি—ফুল্ল্ বিকসিত হওয়া+কণ্—যোগ) বিং, ত্রিং, প্রফুল্ল, বিকসিত।

প্রতিবধক (প্রতি—বধ্ হত্যা করা+অক (ণক)—ক) সং, পুং, অনিষ্টকারী। ২। প্রতিবন্ধ, বিরোধী।

প্রতিবদ্ধ (প্রতি বিরুদ্ধ—বদ্ধ বাঁধা) বিং, ত্রিং, ব্যাহত। ২। বাধিত।

প্রতিবধ্য (প্রতি—বধ্ বিনাশ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবন্ধনীয়। ২। প্রতিবন্ধার্হ। [পুং, বাধা, বিঘ্ন, ব্যাঘাত।

প্রতিবন্ধ (প্রতি বিরুদ্ধ—বন্ধ্ বন্ধন) সং,

প্রতিবন্ধক (প্রতি বিরুদ্ধ—বন্ধ্ বন্ধন করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, বাধাজনক, ব্যাঘাতকারক। ২। সং, পুং, বিটপ, শাখা।

প্রতিবন্ধা (-বন্ধৃ, প্রতি-বন্ধ্ বন্ধন করা +তৃ(তৃন্)-ক) বিং, ত্রিং, প্রতিকূল, প্রতিবন্ধক।

প্রতিবন্ধি (প্রতি বিরুদ্ধ—বন্ধ্ বন্ধন করা +ইন্-ভাবে) সং, পুং, ব্যাঘাত। ২। (+ইন্-ণ) অনিষ্টান্তরপ্রসঞ্জক বাক্য।

প্রতিবন্ধী (প্রতিবন্ধিন্, প্রতিবন্ধ+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিবন্ধবিশিষ্ট। ২। (প্রতি-বন্ধ·ক্রি=বন্ধি+ইন্(ণিন্) -ক) প্রতিবন্ধক।

প্রতিবল (প্রতি তুল্য, প্রতিকূল-বল) বিং, ত্রিং, সমর্থ, শক্তি। ২। তুল্যবল। শিং-১ "যো মে প্রতিবলো লোকে।" (চণ্ডী)। ৩। সং, ক্লীং, বিপক্ষসৈন্য। ৪। পুং, শত্রু।

প্রতিবোধ (প্রতি-বোধ জ্ঞান) সং, পুং, জাগরণ। ২। স্ফুটন, বিকাস। ৩। প্রবোধ।

প্রতিবোধিত (প্রতি-বোধ বুঝান+ত(ক্ত) -র্ম্ম) বিং, ত্রিং, জাগরিত। ২। বোধিত। ৩। বিকসিত, স্ফুটিত। [সদৃশ।

প্রতিভট; সং, পুং, প্রতিপক্ষ যোদ্ধা। ২।

প্রতিভয় (প্রতি সম্পূর্ণরূপে-ভয় শঙ্কা) বিং, ত্রিং, ভয়ঙ্কর, ভয়হেতু। ২। সং, ক্লীং, শত্রুভয়।

প্রতিভা (প্রতি-ভা দীপ্তি পাওয়া+ঙ-ভা) সং, স্ত্রীং, বুদ্ধি। ২। অসাধারণ বুদ্ধিশক্তি, প্রত্যুৎপন্নমতি। ৩। নবনবোন্মেষশালিনী প্রজ্ঞা। শিং-১ "প্রজ্ঞা নবনবোন্মেষশালিনী প্রতিভা মতা।" ৪। প্রভা, দীপ্তি। ৫। সাদৃশ্য।

প্রতিভাগ (প্রতি-ভাগ অংশ) সং, ক্লীং, প্রত্যেক ব্যক্তি রাজার নিজ ব্যবহারজন্য যে ফলপুষ্পাদি দিয়া থাকে।

প্রতিভাত (প্রতিভা দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপ্ত। ২। উদিত।

প্রতিভান; সং, ক্লীং, বুদ্ধি। ২। প্রভা।

প্রতিভান্বিত } প্রতিভাবান্ } প্রতিভামুখ } (প্রতিভা প্রত্যুৎপন্নমতি -অন্বিত যুক্ত। প্রতিভা-বৎ, প্রতিভা+বৎ(বতু)-অস্ত্যর্থে। প্রতিভা-মুখ বদন) বিং, ত্রিং, অসাধারণ বুদ্ধিশক্তিশালী। ২। প্রাগল্‌ভ্যযুক্ত।

প্রতিভাস (প্রতি-ভাস্ দীপ্তি পাওয়া+অ(অন্)-ক) বিং, ত্রিং, প্রকাশকর্ত্তা। ২। (+ঘঞ্-ভাবে) সং, পুং, প্রকাশ।

প্রতিভাসিত (প্রতি-ভাস্ দীপ্তি পাওয়া +ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপ্ত, খোভিত।

প্রতিভূ (প্রতি প্রতিনিধি-ভূ হওয়া+০(ক্বিপ্)-ক) সং, পুং, তৎস্থলীয়, জামিন।

প্রতিম (প্রতি সমান-মা পরিমাণ করা অথবা প্রতি-মা তুল্য করা+অ(ড)-র্ম্ম) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ; যথা—জলদপ্রতিম।

প্রতিমা (প্রতি-মা পারমাণ ক া বা তুল্য করা+ঙ-র্ম্ম) সং, স্ত্রীং, গজের দন্তদ্বয়ের মধ্যভাগ, গজদন্তবন্ধ। ২। প্রতিমূর্ত্তি। ৩। (+ঙ-ভা) সাদৃশ্য। ৪। (+ঙ-ণ) প্রতিবিম্ব।

প্রতিমান (প্রতিম দেখ, অন(অনট্)-র্ম্ম) সং, ক্লীং, হস্তীর বৃহৎদন্তদ্বয়ের অন্তরাল স্থান। ২। প্রতিমূর্ত্তি, ছবি। ৩। (+অনট্-ণ) প্রতিবিম্ব। শিং-১ "প্রতিমানং প্রতিচ্ছায়া গজদন্তান্তরালয়োঃ।" ৪। (+অনট্-ভা) উপমা। ৫। সাদৃশ্য।

প্রতিমানন1 (প্রতি-মান্ পূজা করা+অন (অনট্)-ভা) সং, স্ত্রীং, পূজা, সম্মান।

প্রতিমার্গক (প্রতি বিপরীত মার্গ পথ+ক(-প্রং) সং, পুং, পুরবিশেষ, শূন্যে স্থিত হরিশ্চন্দ্র রাজার পুরী।

প্রতিমায়া (প্রতি বিপরীত-মায়া) সং, স্ত্রীং, পঠ্যমান কবিতাবলী, স্মরণশক্তির পরিচয় দিবার জন্য যে সমস্ত কবিতা পাঠ করা যায়।

প্রতিমিত্র; সং, পুং, নৃপবিশেষ

প্রতিমুক্ত (প্রতিমোচন দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, পিনদ্ধ, পরিহিত। ২। পরিত্যক্ত। ৩। বন্ধনমুক্ত।

প্রতিমুখ (প্রতি অভি-মুখ) বিং, ত্রিং, অভিমুখ, সম্মুখ। ২। সং, ক্লীং, নাট্যের

সন্ধিবিশেষ। ৩। বিলাস পরিসর্পণাদি। শিং—১ "বিলাসঃ পরিসর্পশ্চ বিধূতং তাপনং তথা। নর্ম্ম নর্ম্মদ্যুতিশ্চৈব তথা প্রগমনং পুনঃ। বিরোধশ্চ প্রতিমুখে তথা স্যাৎ পর্য্যুপাসনং। পুষ্পং বজ্রমুপন্যাসো বর্ণসংহার ইত্যপি।"

প্রতিমূর্ত্তি (প্রতি সমান—মূর্ত্তি আকৃতি) সং, স্ত্রীং, প্রতিকৃতি, আকৃতি, ছবি।

প্রতিমূষিকা; সং, স্ত্রীং, ইন্দুরবিশেষ।

প্রতিমোচন (প্রতি—মুচ্ ত্যাগ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বিমোচন, বন্ধনমোচন। ২। নির্যাতন। ৩। পরিধান।

প্রতিযত্ন (প্রতি অধিক বা সমান—যত্ন চেষ্টা) সং, পুং, লিপ্সা, লাভেচ্ছা। শিং—১ "প্রতিযত্নস্তু সংস্কারে লিপ্সোপগ্রহণেষু চ।" ২। বন্দী, কয়েদী। ৩। গুণান্তরাধানরূপ সংস্কার। ৪। প্রতিগ্রহ। ৫। সম্যক্‌যত্ন। ৬। প্রতিশোধ। ৭। রচনা। ৮। বিং, ত্রিং, যত্নবান্।

প্রতিযাত (প্রতি—যা যাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রতিনিবৃত্ত, ফিরিয়া যাওয়া।

প্রতিযাতনা (প্রতি সমান—যাতি [যন্ত্রণা দেওয়া] পরিমাণ করা+অন(অনট্)—ভা) সং, স্ত্রীং, প্রতিকৃতি, ছবি। ২। তুল্যরূপ যাতনা।

প্রতিযোগ (প্রতি সমান—যুজ্ যোগ করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিপক্ষতা, বিরোধ।

প্রতিযোগী (—যোগিন্, প্রতি সমান—যুজ্ যোগ করা+ইন্(ণিন্)—ক, শীলার্থে) সং, পুং, প্রতিদ্বন্দ্বী, বিরোধী। ২। সদৃশ। ৩। সমকক্ষ, তুল্যবল। ৪। প্রতিপক্ষ। ৫। যাহার অভাব আছে তাহা। ৬। প্রতিকূল।

প্রতিযোজয়িতব্য (প্রতি—যুজ্-ণিচ্=যোজি যুক্ত করান+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যোজনীয়, যাহা যোজিত করিতে হইবে। ২। তন্ত্রী প্রভৃতি দ্বারা যোজনীয়।

প্রতিযোধ (প্রতি সমান—যুধ্ যুদ্ধ করা +অ(অন্)—ক) সং, পুং, প্রতিপক্ষ যোদ্ধা।

প্রতিরথ (প্রতি প্রতিকূল—রথ) সং, পুং, বিপক্ষযোদ্ধা। [পুং, প্রতিধ্বনি।

প্রতিরব (প্রতি পুনর্ব্বার—রব শব্দ) সং,

প্রতিরুদ্ধ (প্রতিরোধ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবরুদ্ধ, আটককরা। ২। নিবারিত।

প্রতিরুরুষু (প্রতি রু ক্রন্দন করা+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, রোদনেচ্ছু। ২। ভাষণেচ্ছু।

প্রতিরূপ (প্রতি সমান—রূপ আকৃতি) সং, ক্লীং, সাদৃশ্য। ২। প্রতিমূর্ত্তি। ৩। প্রতিবিম্ব। ৪। বিং, ত্রিং, সদৃশ। ৫। পুং, দানববিশেষ। তা—স্ত্রীং, মেরুসাবর্ণদুহিতা।

প্রতিরূপ (প্রতিরূপ+ক—যোগ) সং, ক্লীং, তৎস্থানীয়, প্রতিনিধি। ২। প্রতিবিম্ব।

প্রতিরোধ (প্রতি— রুদ্ধ করা+অল্ —ভা) সং, পুং, নিবারণ। ২। চৌর্য্য। ৩। প্রতিবন্ধ। ৪। অবরোধ, আটক। ৫। তিরস্কার। ৬। সৎপ্রতিপক্ষ।

প্রতিরোধক, প্রতিরোধী (—রোধিন্, প্রতিরোধ দেখ, অক(ণক), ইন্(ণিন্)—ক) সং, পুং, চোর। ২। বিং, ত্রিং, যে প্রতিরোধ করে, নিরোধক। ৩। ব্যাঘাতক।

প্রতিরোধিত (প্রতি—রুধ্-ণিচ্=রোধি রুদ্ধ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত। ২। ব্যাহত।

প্রতিলম্ভ; সং, পুং, লাভ। শিং—১ "নৈব নঃ প্রিয়তমোভয়থাপো যদ্যমুং ন বৃণুতে বৃণুতে বা একতো হি ধিগমুম্ গুণজ্ঞামন্যতঃ কথমদঃ প্রতিলম্ভঃ।"

প্রতিলোম (প্রতি বিপরীত—লোমন্ শরীরের রোম+অ—প্রং) বিং, ত্রিং, বাম, প্রতিকূল। ২। ব্যুৎক্রম, উল্টা। "বৈগুণ্যাজ্জননঃ পূর্ব্ব উত্তরঃ প্রতিলোমতঃ।"

প্রতিলোমজ (প্রতিলোম—জ [জন্ জন্মান +অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, ক্ষত্রিয়ের ঔরসে ব্রাহ্মণীর গর্ভজাত, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ের গর্ভজাত ইত্যাদিক্রমে উৎপন্ন। শিং—১ "সংকীর্ণযোনয়ো যে তু প্রতিলোমানুলোমজাঃ।

প্রতিবচন } (প্রতি পুনর্ব্বার পরিবর্ত্ত – বচন,
প্রতিবচস্ } বচস্ = বাক্য) সং, ক্লীং, উত্তর,
প্রত্যুত্তর। ২। প্রতিকূল বাক্য। ৩। সমা-
নার্থক বাক্য। [থি) সং, পুং, গ্রাম।
প্রতিবসথ (প্রতি – বস্ বাস করা + অথ -
প্রতিবস্তূপমা (প্রতি – বস্তু – উপমা) সং,
স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থলে পদার্থ-
দ্বয়ে উপমান উপমেয় ভাব না থাকিলেও
পরস্পর সাদৃশ্য স্পষ্ট প্রতীয়মান হয়,
আর সাধারণ ধর্ম্ম একরূপ হইলেও পৃথক্
আকারে বিন্যস্ত থাকে।

প্রতিবাক্ – স্ত্রীং } (প্রতিবাচ্ প্রতি পু-
প্রতিবাক্য – ক্লীং } নর্ব্বার পরিবর্ত্ত – বাচ
প্রতিবাণি – স্ত্রীং } বাক্য, বাণি) সং,
উত্তর প্রত্যুত্তর। ২। প্রতিকূল বাক্য। ৩।
সমানার্থক বাক্য। ৪। প্রতিধ্বনি।

প্রতিবাত (প্রতি – বাত বায়ু) ক্লীং, অং,
বায়ুপ্রতিকূল। ২। বিং, ত্রিং, যে দিক্
হইতে বায়ু আইসে।

প্রতিবাদ, প্রতীবাদ (প্রতি বিরুদ্ধ – বদ্
বলা + অ(ঘঞ্) – ভা) সং, পুং, প্রতিকূলে
উক্তি, বিরুদ্ধে বলা। ২। আপত্তি।

প্রতিবাদী (প্রতিবাদিন্, প্রতি বিরুদ্ধ –
বাদী [বদ্ বলা + ইন্(ণিন্) – ক] যে
বলে বিং, ত্রিং, প্রতিপক্ষ, আসামী। ২।
প্রত্যর্থী। শিং – ১ "যদাত্ত্বেবম্বিধঃ পক্ষঃ
কল্পিতঃ পূর্ব্ববাদিনা। দদ্যাত্তৎপক্ষসম্বন্ধং
প্রতিবাদী তদোত্তরং।"

প্রতিবাপ (প্রতি – বপ্ – বপনকরা + অ(ঘঞ্)
– র্ম্ম) সং, পুং, মিশ্র ঔষধ, বৃক্ষমূলাদির
ক্বাথ নিষ্কাশনের পর, ঐ ক্বাথের সহিত
যে দ্রব্য মিশ্রিত করা যায়।

প্রতিবারণ (প্রতি – বৃ-ঞি = বারি নিষেধ
করা + অন(অনট্) – ক) বিং, ত্রিং, নিবা-
রক। ২। সং, পুং, দৈত্যবিশেষ। ৩।
(+ অনট্ – ভা) ক্লীং, নিবারণ।

প্রতিবার্ত্তা; সং, স্ত্রীং, প্রত্যুত্তরস্থানীয় বৃত্তান্ত
বিশেষ।

প্রতিবাসর (প্রতি প্রত্যেক, বীপ্সা – বাসর
দিবস) সং, ক্লীং, প্রতিদিন, প্রত্যহ।

প্রতিবাসী (– বাসিন্, প্রতি নিকট – বাসী
যে বাস করে) বিং, ত্রিং, নিকটস্থ গৃহস্থ,
পড়সী।

প্রতিবিধান (প্রতি পুনর্ব্বার, পরিবর্ত্ত – বি
ধা [ধারণ করা] করা + অন(অনট্) – ভা)
সং, ক্লীং, প্রতিকার। ২। সজ্জা।

প্রতিবিধিৎসা (প্রতিবিধিৎস [প্রতিবিধান দেখ
সন্ – ইচ্ছার্থে] প্রতিকার করিবার ইচ্ছা
করা + অ(অল্) – ভা, আপ্) সং, স্ত্রীং,
প্রতিকারেচ্ছা। [যুধিষ্ঠিরের পুত্র।
প্রতিবিন্ধ্য; সং, পুং, দ্রৌপদীর গর্ভসম্ভূত

প্রতিবিম্ব (প্রতি সমান – বিম্ব মূর্ত্তি) সং,
পুং – ক্লীং, প্রতিচ্ছায়া, দর্পণাদিতে পতিত
অনুরূপ আকৃতি। শিং – ১ "যত্র বাক্যদ্বয়ে
বিম্বপ্রতিবিম্বতয়োচ্যতে। সামান্যধর্ম্মো
বাকৈস্তঃ স দৃষ্টান্তো নিগদ্যতে।"

প্রতিবিম্বন (প্রতি সমান – বী গমন করা,
দীপ্তি পাওয়া + ব – প্রং, ম্ – আগম, ঈ
– হ্রস্ব। স্বামী বলেন—শোভার্থ বিম্ব্
ধাতুতেই নিষ্পন্ন। অথবা বিম্ব-ঞি = বিম্বি
+ অনট্ – ভাবে) সং, ক্লীং, স্বচ্ছ পদার্থে
অনুরূপ আকৃতিপতন। শিং – ১ "দৃষ্টা-
ন্তস্ত সধর্ম্মস্য বস্তুনঃ প্রতিবিম্বনম্।"

প্রতিবিম্ববাদ; সং, পুং, জীবের ঈশ্বর প্রতি-
বিম্বতাস্থাপনার্থ বাদবিশেষ। বৈদান্তিকেরা
জীব ও ঈশ্বর বিভিন্নরূপে কল্পনা করিয়া
থাকেন। [করে) সং, পুং, দর্পণ।
প্রতিবিম্বাত (প্রতিবিম্ব – অত্ যে গমন

প্রতিবিম্বিত (প্রতিবিম্ব + ইত – জাতার্থে।
অথবা বিম্ব-ঞি – বিম্বি + ক্ত – র্ম্ম) বিং,
ত্রিং, প্রতিবিম্বপ্রাপ্ত, যাহার প্রতিবিম্ব
পড়িয়াছে, প্রতিফলিত।

প্রতিবিহিত (প্রতিবিধান দেখ, ত(ক্ত) – র্ম্ম)
বিং, ত্রিং, যাহার প্রতিবিধান করা হই-
য়াছে, প্রতিকৃত। ২। সজ্জিত।

প্রতিবেশ, প্রতীবেশ (প্রতি নিকট – বিশ্
প্রবেশ করা + অ(অল্) – ধি) সং, পুং,
সমীপবর্ত্তী বাসস্থান।

প্রতিবেশবাসী (– বাসিন্, প্রতিবেশ – বাসী
যে বাস করে) বি, ত্রিং, প্রতিবাসী, নিক-
টবর্ত্তী গৃহস্থ।

প্রতিবেশী, প্রতীবেশী (– বেশিন্, প্রতিবেশ

+ইন্—অস্ত্যর্থে। অথবা প্রতি—বিশ্ প্রবেশ করা+ইন্(ণিন্)—ক॰) বিং, ত্রিং, প্রতিবাসী, সমীপবর্ত্তী গৃহস্থ। শিং—১ "দৃষ্টিং হি প্রতিবেশিনি ক্ষণমিহাপ্যস্মদ্‌-গৃহে দাস্যসি।"

প্রতিব্যূহ (প্রতি প্রতিরূপ—ব্যূহ, স্বং—স, মধ্যপদলোপ) সং, পুং, সৈন্যবিন্যাসের প্রতিরূপ ব্যূহ।

প্রতিশব্দ (প্রতি পুনরায়, পরিবর্ত্ত—শব্দ) সং, পুং, প্রতিধ্বনি। শিং—১ "প্রতি-শব্দো মহানভূৎ।" (দেবীমাহাত্ম্য)।

প্রতিশয়—পুং } (প্রতি—শী শয়ন
প্রতিশয়ন—ক্লীং } করা+অ(অল্), অন (অনট্)—ভাবে) সং, অভীষ্ট শোভার্থ প্রত্যাদেশ কামনায় দেবোদ্দেশে স্নান ভোজনাদি পরিত্যাগ পূর্ব্বক শয়ন, হত্যা দেওয়া। ২। ধন্বাদেওয়া, নির্ব্বন্ধবাস।

প্রতিশয়িত (প্রতি—শী শয়ন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রতিশয়নকারী, যে হত্যা দেয়, যে ধন্বা দেয়।

প্রতিশাসন (প্রতি—শাসন দমন) সং,ক্লীং, ভৃত্যাদিগকে আহ্বান করিয়া কোন কার্য্যে প্রেরণ।

প্রতিশিষ্ট (প্রতি—শাস্ শাসনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। প্রত্যা-খ্যাত, নিরাকৃত।

প্রতিশীর্ষ; সং, পুং, প্রতিনিধি।

প্রতিশীর্ষক; সং, ক্লীং, নিষ্ক্রয়। ২। মূল্য।

প্রতিশ্যা—স্ত্রীং } (প্রতি—শ্যৈ[গমনকরা]
প্রতিশ্যায়—পুং } ফোঁটা ফোঁটা পড়া+ঙ, অ(ঘঞ্)—ণ) সং, পীনাসরোগ; স্ত্রীসঙ্গ ও বেগ ধারণাদি কারণে এই রোগের উৎপত্তি হয়।

প্রতিশ্রয় (প্রতি সম্পূর্ণরূপে—শ্রি সেবা করা, আশ্রয় করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সভা। ২। আশ্রয়স্থান। ৩। গৃহ। ৪। যজ্ঞশালা।

প্রতিশ্রব (প্রতিশ্রুত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, অঙ্গীকার, স্বীকার।

প্রতিশ্রুৎ (প্রতি পরিবর্ত্ত—শ্রু শ্রবণ করা+০(ক্বিপ্)—র্ম্ম) সং, স্ত্রীং, প্রতিধ্বনি।

প্রতিশ্রুত (প্রতি—শ্রু [শুনা] অঙ্গীকার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত।

প্রতিশ্রুতি (প্রতি—শ্রু শ্রবণ করা+তি (ক্তি)—ভাবে) সং,স্ত্রীং, অঙ্গীকার। ২। প্রতিধ্বনি।

প্রতিষিদ্ধ (প্রতি—সিধ্ [সম্পন্ন করা] নিষিদ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, নিষিদ্ধ।

প্রতিষেদ্ধা, প্রতিষেধক (প্রতিষেদ্ধৃ, প্রতিষিদ্ধ দেখ, তৃ,তৃন্), অক(ণক)—ক) বিং, ত্রিং, নিষেধক, নিবারক। শিং—১ "যোহনু-মন্তাপি ভবতি নিরয়ে প্রতিষেধকঃ।"

প্রতিষেধ (প্রতিষিদ্ধ দেখ, অ(অল্)—ভা) সং, পুং, "ক'র না" এই প্রকার নিষেধ, নিবারণ। শিং—১ "প্রাধান্যস্ত বিধের্যত্র প্রতিষেধেঽপ্রধানতা।"২। পরিহার,ত্যাগ। অর্থালঙ্কারবিশেষ।

প্রতিষ্ক, প্রতিষ্কস (প্রতি—কষ্ বধ করা, কস্ গমন করা+অ(অন্)—ক। স্—আগম) সং, পুং, চর, দূত।

প্রতিষ্কশ (প্রতি—কশ্ শাসন করা+অ (অন্)—ক। স্—আগম) সং, পুং, দূত, বার্ত্তাপুরুষ। ২। বিং, ত্রিং, সহায়। ৩। অগ্রগামী।

প্রতিষ্কষ (প্রতি—কষ্ আঘাত করা+অ (অল্)—ণ। স্—আগম) সং, পুং, চর্ম্ম-রজ্জু, চামের দড়ী।

প্রতিষ্টব্ধ (প্রতিষ্টম্ভ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবন্ধ, ব্যাহত। ২। রুদ্ধ।

প্রতিষ্টম্ভ (প্রতি—স্তন্ভ্ স্তব্ধকরা+অ(অল্)—ভা) সং, পুং, প্রতিবন্ধ, বাধা। ২। রোধ। শিং—১ "বাহুপ্রতিষ্টম্ভ বিবৃদ্ধ-মন্যুঃ।" (রঘু)।

প্রতিষ্টুতি (প্রতি—স্তু স্তব করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, কোন পুরুষ বা কোন দেবদেবীকে লক্ষ্য করিয়া স্তব করা।

প্রতিষ্ঠ (প্রতিষ্ঠা দেখ, অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিষ্ঠাযুক্ত, গৌরবান্বিত। ২। সং, পুং, জৈনবিশেষ।

প্রতিষ্ঠা (প্রতি—স্থা [থাকা] প্রশংসা করা

ইত্যাদি+ত—ভা) সং, স্ত্রীং, সুখ্যাতি, গৌরব, মর্য্যাদা। শিং—১"মা নিষাদ প্রতিষ্ঠাংত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ।" ২। সংস্কারবিশেষ। ৩। (+ত—ভা) ব্রতাদির উদ্‌যাপন। ৪। সমাপ্তি। ৫। স্থিতি। ৬। পুষ্করিণ্যাদি উৎসর্গ; যেমন—পুষ্করিণী প্রতিষ্ঠা। ৭। ছন্দোবিশেষ, চতুরক্ষরাবৃত্তি। ৮। (+ত—ধি) অবলম্বন, আশ্রয়। ৯। আস্পদ, স্থান। ১০। পৃথিবী।

প্রতিষ্ঠান (প্রতি—স্থান) সং, ক্লীং, গোদাবরী-নদী-তীরস্থ নগরবিশেষ, ইহার বর্ত্তমান নাম মঞ্জিলপটন। ২। ব্রতাদির সমাপনবিষয়ে কর্ত্তব্য কর্ম্ম, দেবপূজাঙ্গ সংস্কারবিশেষ। ৩। বিখ্যাতি।

প্রতিষ্ঠাপিত (প্রতি—স্থা-ণিচ্=স্থাপি স্থাপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। ২। অর্পিত। ৩। উৎসৃষ্ট।

প্রতিষ্ঠামান (প্রতিষ্ঠা+আন(শান)—ক) বিং ত্রিং, প্রতিষ্ঠাযুক্ত।

প্রতিষ্ঠিত (প্রতিষ্ঠা+ইত—সংজাতার্থে। অথবা প্রতি—স্থিত) বিং, ত্রিং, বিখ্যাত, প্রশংসিত। ২। সম্মানিত। ৩। সমাপিত। ৪। সংস্কৃত। ৫। বদ্ধমূল। ৬। স্থিত। ৭। স্থাপিত। ৮। খ্যাতযুক্ত। ৯। অধিগত। ১০। সং, পুং, বিষ্ণু। শিং—১"অপ্রমত্তঃ প্রতিষ্ঠিতঃ।"

প্রতিস্নাত (প্রতি—স্না স্নান করা+ত(ক্ত) বিং, ত্রিং, প্রতিস্নাত, বিশুদ্ধ, পবিত্র। ২। পূত।

প্রতিসংবিধান; সং, ক্লীং, প্রতিবিধান।

প্রতিসংহার (প্রতি—সং—হৃ [হরণ করা] নিবৃত্ত করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিবর্ত্তন। ২। প্রত্যাকর্ষণ, সঙ্কোচ।

প্রতিসংহৃত (প্রতিসংহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সঙ্কুচিত, প্রত্যাকৃষ্ট, প্রত্যানীত। ২। নিবর্ত্তিত। ৩। অনুরুদ্ধ।

প্রতিসংক্রম (প্রতি প্রতিরূপ—সংক্রম, স্থং—স, মধ্যপদলোপ) সং, পুং, প্রতিচ্ছায়া। ২। সঞ্চার। ৩। বিং, ত্রিং, প্রতিসংক্রান্ত। ৪। প্রতিচ্ছায়াপন্ন।

প্রতিসংখ্যা—স্ত্রীং, প্রতিসংখ্যান—ক্লীং (প্রতি—সংখ্যা ব্যক্ত করা+ত, অনট্—ভাবে) সং, সাংখ্যপাতঞ্জলোক্ত বুদ্ধিবিশেষ।

প্রতিসঞ্চার (প্রতি—সম্—চর্ গমন করা+অ(অল্)—ধি) সং, পুং, প্রলয়বিশেষ। শিং—১"যদা তু প্রকৃতৌ যাতি লয়ং বিশ্বমিদং জগৎ। তদোচ্যতে প্রাকৃতোঽয়ং বিদদ্ভিঃ প্রতিসঞ্চরঃ।"

প্রতিসন্ধান; সং, ক্লীং, অনুসন্ধান, অনুচিন্তন, অন্বেষণ।

প্রতিসম; বিং, ত্রিং, বিসদৃশ।

প্রতিসমাধান (প্রতি পুনরায়, পরিবর্ত্ত—সম্—আ—ধা [ধারণ করা] করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রতিকার।

প্রতিসমাধেয় (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিকার্য্য।

প্রতিসমাসন (প্রতি—সং—আ—অস্ ক্ষেপণ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, নিরসন, নিবারণ।

প্রতিসর (প্রতি—সৃ গমন করা+অ(অল্)—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, হারযষ্টি, মালার ছড়া। ২। নর। ৩। সৈন্যপৃষ্ঠ। ৪। কঙ্কণ। ৫। প্রাতঃকাল। ৬। মন্ত্রবিশেষ। ৭। পুং, ক্লীং, ভূষণ। ৮। হস্তসূত্র। ৯। হস্তীর আরক্ষ। ১০। বিং, ত্রিং, নিযোজ্য, কিঙ্কর। ১১। (+অল্—ভাবে) ব্রণশোধন, ক্ষতাদি আরোগ্যকরণ।

প্রতিসর্গ (প্রতি প্রতিরূপ বা প্রতিকূল—সর্গ সৃষ্টি) সং, পুং, ব্রহ্মার সৃষ্টির পর দক্ষাদির সৃষ্টি, মরীচ্যাদি কর্তৃক সৃষ্টি। শিং—১"প্রতিসর্গশ্চ যে যেষামধিপাস্তান্ বনস্ব নঃ।"

প্রতিসর্য্য; সং, পুং, রুদ্রবিশেষ।

প্রতিসব্য (প্রতি সম্পূর্ণ—সব্য বাম) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত।

প্রতিসান্ধানিক (প্রতিসন্ধান স্তুতিপাঠ+ইক(ষ্ণিক)—করোত্যর্থে) সং, পুং, স্তুতিপাঠক।

প্রতিসারণ (প্রতি—সৃ-ণিচ্=সারি চালিত করা+অন(অনট্)—ক) বিং, ত্রিং, অপসারক, দূরীকারক। ২। (+অনট্—ভা)

সং, ক্লীং, অপসারণ, দূরীকরণ। ২। সুশ্রুতোক্ত অগ্নিকার্য্যবিশেষ।

প্রতিসারণীয় (প্রতিসারণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, স্থানান্তরে নয়নীয়। ২। সং, পুং, সুশ্রুতোক্ত ক্ষারপাক বিধিবিশেষ।

প্রতিসারিত (প্রতি—স্ব-ণিচ্=সারি গমন করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিচালিত, অপসারিত, সরাইয়া দেওয়া। ২। প্রবর্ত্তিত। ৩। দূরীকৃত। ৪। সংশোধিত।

প্রতিসারী (প্রতিসারিন্, প্রতি—স্ব-ণিচ্=সারি গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রতীপগামী।

প্রতিসীরা (প্রতি—সি বন্ধন করা+র(রক্)—র্ম্ম, আপ্—স্ত্রীং, ই=ঈ) সং, স্ত্রীং, তিরস্করিণী, যবনিকা, পর্দ্দা।

প্রতিসূর্য্য } (প্রতি প্রতিরূপ—সূর্য্য। প্রতিসূর্য্যক } কণ্—যোগে প্রতিসূর্য্যক সং, পুং, সূর্য্য-পরিবেশ। ২। দ্বিতীয়সূর্য্য প্রাদুর্ভাবরূপ আন্তরীক্ষোৎপাতবিশেষ। ৩। কৃকলাস, কাঁকলাস। ৪। টিকটিকী।

প্রতিসৃষ্ট (প্রতি—সৃজ্ ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ২। দত্ত। ৩। বিসৃষ্ট। ৪। প্রত্যাখ্যাত।

প্রতিস্কন্ধ; সং, পুং, কুমারানুচরবিশেষ। ২। নিয়মসন্ধির অঙ্গবিশেষ। [অভিমুখে।

প্রতিস্ত্রী; সং, স্ত্রীং, পরনারী। ২। অং, স্ত্রীর

প্রতিস্মৃতি; সং, স্ত্রীং, স্মৃতিশাস্ত্রবিশেষ।

প্রতিস্রোতঃ (প্রতিস্রোতস্) সং, ক্লীং, প্রতিকূলবাহী স্রোত।

প্রতিস্বর; সং, পুং, প্রতিশব্দ।

প্রতিহত (প্রতি—হন্ [বধ করা] আঘাত করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত। ২। ব্যাহত। ৩। আহত। ৪। প্রেরিত। ৫। দ্বিষ্ট। ৬। প্রতিবদ্ধ। ৭। রুদ্ধ। ৮। প্রতিস্খলিত।

প্রতিহতি (প্রতিহত দেখ, তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, প্রতিঘাত। ২। রোষ।

প্রতিহন্তা } (প্রতিহন্তৃ, প্রতিহর্ত্তৃ, প্রতি প্রতিহর্ত্তা } —হন্ [বধ করা]—হৃ [হরণ করা] নিবারণ করা ইত্যাদি+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নিবারক। ২। প্রতিহরণকর্ত্তা, নাশক। শিং—১ "প্রতিহর্ত্তা ত্বমাপদাম্।" ৩। পুং, ঋত্বিগ্‌বিশেষ।

প্রতিহর্ষণ; সং, ক্লীং, হর্ষণারূপ হর্ষ। ২। প্রতিরূপ সন্তোষ সম্পাদন।

প্রতিহস্ত } (প্রতি—হস্ত হাত। কণ্ প্রতিহস্তক } যোগে প্রতিহস্তক) সং, পুং, প্রতিনিধি, অন্যের পরিবর্ত্তে যে কার্য্য করে।

প্রতিহস্তী (প্রতিহস্তীন্, প্রতিহস্ত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, প্রতিনিধি। ২। গোমস্তা।

প্রতিহার, প্রতীহার (প্রতি—হৃ [হরণ করা] নিবারণ করা ইত্যাদি+অ(ঘঞ্)—ধি) সং, পুং, দ্বার। ২। দ্বারপাল, দৌবারিক। ৩। (+ঘঞ্—ভাবে) পরিহার, ত্যাগ। ৪। (+ঘঞ্—ক) বাজিকর। ৫। মায়া, কপটতা। রী—স্ত্রীং, দ্বারপালিকা।

প্রতিহারণ (প্রতি—হারি গ্রহণ করান+অন(অনট্)—ধি) সং, ক্লীং, প্রবেশদ্বার। ২। প্রবেশন, দ্বারে প্রবেশ করিবার অনুমতি।

প্রতিহারী, প্রতীহারী (প্রতিহারিন্, প্রতিহার+ইন্—স্বার্থে) সং, পুং, রিণী—স্ত্রীং, দ্বারপাল, দ্বারপালী।

প্রতিহার্য্য (প্রতিহার দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পরিহার্য্য, ত্যাজ্য।

প্রতিহাস, প্রতীহাস (প্রতি পুনরায়—হস্ হাস্য করা+অ(ঘণ)—ক) সং, পুং, করবী গাছ। ২। (+ঘঞ্—র্ম্ম) উপহাসকারীর প্রতি হাস্য।

প্রতিহিংসা (প্রতি পরিবর্ত্ত—হিংসা) সং, স্ত্রীং, বৈরশুদ্ধি, বৈরনির্য্যাতন।

প্রতীক (প্রতি বিরুদ্ধ—ই গমন করা+ইক(ইকন্)—ক। অথবা প্রতি+ক—প্রং, নিপাতন, ই=দীর্ঘ) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত। ২। সং, পুং, অঙ্গ, অবয়ব। ৩। সাঙ্গবাদ্যনিষেধ।

প্রতীকার (প্রতিকার দেখ) সং, পুং, প্রতিকার দেখ। [প্রতিকার্য্য দেখ।

প্রতীকার্য্য (প্রতিকার্য্য দেখ) বিং, ত্রিং,

প্রতীকাশ (প্রতি সমান—কাশ্ দীপ্তি

পাওয়া+অ(অন্)—ক অথবা প্রতিকাশ দেখ) বিং, ত্রিং, তুল্য, সদৃশ।

প্রতীক্ষণ—ক্লীং } (প্রতি—ঈক্ষ [দেখা]
প্রতীক্ষা—স্ত্রীং } সমাদর করা ইত্যাদি +অন(অনট্), ভ—ভাবে) সং, অপেক্ষা। শিং—১ "অতঃপরং প্রতীক্ষা ন কার্য্যা।" ২। প্রতিপালন। শিং—১ "নাস্তি ম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্ত প্রতিক্ষণে।" ৩। পূজা।

প্রতীক্ষ্য (প্রতীক্ষা দেখ, য(য্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, আরাধ্য। ২। অপেক্ষণীয়। শিং—১"প্রতীক্ষং তং প্রতীক্ষ্যায়ৈ পিতৃ যন্ত্রে প্রতিশ্রুতিম্।"

প্রতীচী (প্রতি পশ্চাৎ—অন্চ্ গমনকরা +০(ক্বিপ্)—ধি,ঈপ্—স্ত্রীং। পশ্চাৎ অর্থাৎ দিনান্তে সূর্য্য যে দিকে গমন করে) সং, স্ত্রীং, পশ্চিমদিক্।

প্রতীচীন, প্রতীচ্য (প্রতীচী+ঈন(খীন্), য (য্য)—ভবার্থে) বিং, ত্রিং, পশ্চিমদিক্-জাত। ২। পশ্চিমদিকস্থ, পশ্চিমদেশীয়। ৩। স্ত্রীং, পুলস্ত্য-মাতা।

প্রতীচ্ছক (প্রতি প্রতিগত—ইচ্ছা, ৬ষ্ঠী—হিং, ক—যোগ) বিং, ত্রিং, গ্রাহক।

প্রতীত (প্রতি—ই [গমন করা] বোধ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, খ্যাত, প্রসিদ্ধ। ২। সম্মানিত। ৩। জ্ঞাত। ৪। প্রীত। ৫। হৃষ্ট। ৬। জ্ঞানবান্। ৭। অতীত। ৮। বিশ্বস্ত।

প্রতীতি (প্রতীত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, খ্যাতি, প্রসিদ্ধি। ২। জ্ঞান। ৩। সম্মান। ৪। আদর। ৫। হর্ষ। ৬। প্রীতি। ৭। বিশ্বাস।

প্রতীন্দক; সং, পুং, বিদেহদেশ।

প্রতীপ (প্রতি বিরুদ্ধ—অপ্ জল, অ—প্রং, অপ স্থানে ঈপ) সং, পুং, শান্তনু রাজার পিতা। ২। অর্থালঙ্কারবিশেষ। ৩। (Opposite) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত। শিং—১ "প্রতীপথাচরৎ ব্রহ্মন্ পরদারাভিমর্ষণম্।" ৩। পরাঙ্মুখ। ৪। পশ্চিম।

প্রতীপদর্শিনী (প্রতীপ পরাঙ্মুখ—দর্শিনী [দৃশ্—ক্রি=দর্শি+ণিন্—র্ক] যে দেখে) সং, স্ত্রীং, নারী, স্ত্রী, যোষিৎ।

প্রতীপদর্শী (—দর্শিন্; প্রতীপ বিপরীত—দর্শিন্ [দৃশ্ দর্শন করা+ইন্(ণিন্)—ক] যে দেখে) বিং, ত্রিং, বিপরীতদর্শী।

প্রতীমান (প্রতি—মা পরিমাণ করা+অন (অনট্)—ভা, ই=ঈ) সং, ক্লীং, পরিমাণ।

প্রতীয়মান (প্রতি—ই গমন করা+আন (শান)—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, জ্ঞায়মান, যাহা জানা যাইতেছে।

প্রতীর (প্র—তীর তট) সং, ক্লীং, কূল, তীর, তট।

প্রতীবাপ (প্রতি পুনরায়—বপ্ বপন করা +অ(ঘঞ্)—ভা। ই=ঈ) সং, পুং, গলিত স্বর্ণাদির দ্রব্যান্তরের সহিত মিশ্রণ। ২। ন্যাস, নিক্ষেপ। ৩। উপদ্রব।

প্রতীষ্ট (প্রতি—ইষ্ট) বিং, ত্রিং, গৃহীত। ২। অঙ্গীকৃত।

প্রতুদ (প্র—তুদ্ [চঞ্চু দ্বারা] ব্যথিত করা+অ (অন্)—ক) সং, পুং, গৃধ্র কাক ময়ূর পেচক প্রভৃতি।

প্রতোদ (প্র—তুদ্ পীড়া দেওয়া+অ(অল্) —ণ) সং, পুং, অশ্বাদির তাড়নদণ্ড, চাবুক। "প্রতোদমাদায় জবেন গচ্ছন্।"

প্রতোলী (প্র—তুল্ [ওজন করা] গমন করা +অ(অল্)—ধি, ঈপ্) সং, স্ত্রীং, রথ্যা, রাস্তা, নাছ। ২। অভ্যন্তর পথ।

প্রত্ত (প্র—দা দান করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। ২। অক্ত।

প্রত্ন (প্রগে এখানে পুরাতন অর্থ+ত্ন—প্রং। গে=লোপ) বিং, ত্রিং, পুরাতন, পুরাণ।

প্রত্নতত্ত্ববিৎ (—বিদ্, প্রত্ন পুরাতন—তত্ত্ব নিগূঢ়ভাব—বিদ্ যে জানে) সং, পুং, পুরাণ ইতিহাসবেত্তা (Antiquarian)।

প্রত্যক্ (প্রত্যচ, প্রতি—অন্চ্ গমনকরা+০(ক্বিপ্)—ক) অং, পশ্চাৎ। ২। পূর্ব্ব। ৩। পশ্চিমদিক। ৪। বিং,ত্রিং,পশ্চাদ্বর্ত্তী। ৫। পশ্চিমদেশীয়।

প্রত্যক্ষ (প্রতি লক্ষ্য—অক্ষ ইন্দ্রিয়, অথবা প্রতি—অক্ষি চক্ষুঃ,ব্যং—স, অ—

প্রং, কিম্বা প্রতি—অক্ষ ইন্দ্রিয়, ষষ্ঠী—হিং, মধ্যপদলোপ) বিং, ত্রিং, দৃশ্য, সাক্ষাৎ, ইন্দ্রিয়গ্রাহ্য, ইন্দ্রিয়ের বিষয়। শিং—১ "অসম্ভবন্যং ন বক্তব্যং প্রত্যক্ষমপি দৃশ্যতে।" ২। সং, ক্লীং, ইন্দ্রিয়-জন্য জ্ঞান।

প্রত্যক্ষদর্শন (প্রত্যক্ষ—দৃশ্ দেখা+অন (অনট্)—ক) সং, পুং, সাক্ষী, যে স্বয়ং দেখে। ২। (+অনট্—ভা) স্বয়ং দর্শন।

প্রত্যক্ষবাদী (—বাদিন্,প্রত্যক্ষ—বাদিন্ যে বলে। যাহারা প্রত্যক্ষাতিরিক্ত প্রমাণ স্বীকার করে না) সং, পুং, বৌদ্ধ।

প্রত্যক্ষী (প্রত্যক্ষিন্, প্রত্যক্ষ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রত্যক্ষদর্শী। ২। স্বয়ং দ্রষ্টা।

প্রত্যক্ষীকৃত (প্রত্যক্ষ—কৃত করা হইয়াছে। মধ্যে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, যাহা করা হইয়াছে।

প্রত্যগাত্মা (—আত্মন্,প্রত্যক্ জীব—আত্মা স্বরূপ) সং, পুং, পরমেশ্বর, ব্রহ্মচৈতন্য। শিং—১ "কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষদা বৃত্তচক্ষুরমৃতত্বমিচ্ছন্।"

প্রত্যগাশাপতি (প্রত্যক্ পশ্চিম—আশা দিক্, দেশ—পতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পশ্চিমদিকের অধিপতি, বরুণ।

প্রত্যগুত্তরা; সং, স্ত্রীং, পশ্চিম ও উত্তরের মধ্যবর্ত্তী দিক্, বায়ুকোণ।

প্রত্যগ্র (প্রতি—অগ্র প্রথম) বিং, ত্রিং, নূতন, টাটকা। ২। অম্লান। ৩। শোধিত। ৪। সং, পুং, বৃহদ্রথ-পুত্র নৃপতিবিশেষ।

প্রত্যগ্রথ; সং, পুং, অহিচ্ছত্র নগর।

প্রত্যগ্রহ; সং, পুং, চেদিদেশের নৃপতিবিশেষ।

প্রত্যঙ্গ (প্রতি সম্বন্ধীয়—অঙ্গ) সং, ক্লীং, অঙ্গাবয়ব, অঙ্গের অঙ্গ, হস্ত পদ কর্ণ নাসিকা প্রভৃতি অবয়ব। ২। উপকরণ।

প্রত্যঙ্গিরা; সং, স্ত্রীং, দেবীবিশেষ। "অথ প্রত্যঙ্গিরাং বক্ষ্যে পরকৃত্যা নিবর্হিণীম্।"

প্রত্যঙ্মুখ (প্রত্যক্—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পশ্চিমাভিমুখ। শিং—১ "শ্রিয়ং—প্রত্যঙ্মুখো ভুংক্তে।" (মনু)।

প্রত্যক্, প্রত্যচ্ (প্রতি—অন্চ্ গমন করা +০(ক্বিপ্)—ক) বিং, সং, ত্রিং, পশ্চাৎ। ২। পূর্ব্ব। ৩। পশ্চাদ্বর্ত্তী। ৪। পশ্চিমদেশীয়। ৫। পশ্চিমদিক্। ৬। পশ্চিমদেশ।

প্রত্যনীক (প্রতি বিরুদ্ধ,প্রতিকূল—অনীক সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্রতিপক্ষ, শত্রু। ২। বিঘ্ন। ৩। কাব্যালঙ্কারবিশেষ। ৪। বিং, ত্রিং, প্রতিবাদী।

প্রত্যনুমান (প্রতীপ বিরুদ্ধ—অনুমান, ষং—স) সং, ক্লীং, এক ব্যক্তির অনুমানের বিরুদ্ধ অনুমান।

প্রত্যন্ত (প্রতি প্রায়—অন্ত শেষ) সং, পুং, ম্লেচ্ছদেশ। ২। বিং,ত্রিং,প্রান্তবর্ত্তী। ৩। সন্নিহিত, নিকটবর্ত্তী।

প্রত্যন্তপর্ব্বত; সং, পুং, বৃহৎ পর্ব্বতের নিকটবর্ত্তী ক্ষুদ্র পর্ব্বত।

প্রত্যভিজ্ঞা (প্রতি পুনর্ব্বার—অভি—জ্ঞা জানা+ঙ—ভা) সং, স্ত্রীং, স্মরণবিশেষ, 'ইহা সেই' ইত্যাকার জ্ঞান।

প্রত্যভিজ্ঞাদর্শন (প্রত্যভিজ্ঞা—দর্শন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লী, মাহেশ্বর শাস্ত্রবিশেষ।

প্রত্যভিযোগ (প্রতি পুনর্ব্বার—অভিযোগ নালিস) সং, পুং, অভিযোক্তার প্রতি অভিযোগ, অভিযুক্ত ব্যক্তির আত্মদোষ খণ্ডনপূর্ব্বক অভিযোক্তার প্রতিকূলে অভিযোগ, আপীল। শিং—১ "অভিযোগমনিস্তীর্য্য নৈনং প্রত্যভিযোজয়েৎ। অভিযুক্তং নান্যেন নোক্তং বিপ্রকৃতিং নয়েৎ।"

প্রত্যভিবাদ—পুং } (প্রতি পুনরায়—
প্রত্যভিবাদন—ক্লীং } অভিবাদ, অভিবাদন=বন্দনা, প্রণাম) সং,পুজ্য ব্যক্তিকে প্রণাম করিলে তিনি যে আশীর্ব্বাদ করেন।

প্রত্যয় (প্রতি—ই [গমনকরা] জানা ইত্যাদি +অ(অল্)—ভা) সং, পুং, নিশ্চয় জ্ঞান। ২। বিশ্বাস। ৩। শপথ। ৪। হেতু। ৫। আচার। ৬। প্রসিদ্ধি, খ্যাতি। ৭। রন্ধ্র, ছিদ্র। ৮। অধীন। ৯। ব্যাকরণে—শব্দ বা ধাতুর উত্তর ক্রিয়মাণ শব্দ, প্রকৃতির পর জায়মান বিভক্ত্যাদি।

প্রত্যয়কারিণী ( প্রত্যয় : বিশ্বাস—কারিণী যে [করায়] যাহার ) সং, স্ত্রীং, মোহর, মুদ্রা, ছাপদেওয়া।

প্রত্যয়িত (প্রত্যয়+ইত—জাতার্থে। অথবা প্রতি—অয়্+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, বিশ্বস্ত, বিশ্বাসপাত্র। ২। প্রতিগত।

প্রত্যয়ী (—য়িন্, প্রত্যয়+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, বিশ্বাসী, বিশ্বাসকারী।

প্রত্যরি ( প্রতি বিরুদ্ধভাবে—ঋ প্রাপ্ত হওয়া+ই(ইন্)—ক) সং, পুং, শত্রু। ২। জন্ম তারা হইতে পঞ্চম চতুর্দ্দশ ত্রয়োবিংশতি তারা। শিং—১"জন্ম সম্পদ্বিপৎক্ষেমং প্রত্যরিঃ সাধকো বধঃ।"

প্রত্যর্থী (—র্থিন্, প্রতি প্রতিকূল—অর্থ বিধেয়, প্রয়োজন+ইন্—অস্ত্যর্থে ) বি, ত্রিং, বিপক্ষ, শত্রু। ২। প্রতিকূল। ৩। প্রতিবাদী, আসামী। ৪। অর্থিপ্রতিপক্ষ। শি—১"প্রত্যর্থিনোঽগ্রগতো লেখ্যং যথা বেদিতমর্থিনা।"

প্রত্যর্পণ ( প্রতি পুনর্ব্বার—অর্পণ দান ) সং, ক্লীং, প্রতিদান, ফিরিয়া দেওয়া।

প্রত্যর্পিত (প্রতি পুনর্ব্বার—অর্পিত দত্ত) বিং, ত্রিং, প্রতিদত্ত, যাহা ফিরিয়া দেওয়া হইয়াছে। শিং—১ "যাচ্যমানোঽপি যদি ব্রূয়াৎ সত্যং গৃহীতং প্রত্যর্পিতঞ্চেতি।"

প্রত্যবনেজন ; সং, ক্লীং, পিণ্ডোপরি ক্রিয়মান পূর্ব্বানুরূপ জল দান।

প্রত্যবমর্শ } প্রত্যবমর্ষ } (প্রতি—অব—মৃশ, মৃষ্ ক্ষমা করা, স্পর্শ করা+অ(অল্)—ভাবে ) সং, পুং, অনুসন্ধান। শিং—১ "স্মৃতিঃ প্রত্যবমর্শশ্চ তেষাং জাত্যন্তরেঽভবৎ।"(হরিবংশ)। ২। সন্ধান।

প্রত্যবসান (প্রতি—অব—সো [শেষ করা] ভোজন করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, ভোজন, ভক্ষণ।

প্রত্যবসিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্ত, ভক্ষিত।

প্রত্যবস্কন্দ—পুং } প্রত্যবস্কন্দন—ক্লীং } (প্রতি পুনর্ব্বার—অব—স্কন্দ্ গমন করা+অ(অল্), অন(অনট্)—ভা ) সং, প্রত্যর্থীর বস্তুান্তরবিশেষ, যাহীর অনুর্পিত দোষ খণ্ডনার্থ প্রতিবাদী যে কারণ দেখায়। শিং—১"অর্থিনা যোজিতো হেত্বর্থঃ প্রত্যর্থী যদি তদ্বথা। অপরং কারণং ব্রূয়াৎ প্রত্যবস্কন্দনং হি তৎ।"

প্রত্যবস্থাতা (প্রত্যবস্থাতৃ, প্রতি—অব—স্থা [থাকা]বাধা দেওয়া+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রতিপক্ষ। ২। শত্রু। ৩। অবরোধকারক। শিং—১"অন্তকঃ প্রত্যবস্থাতা।"

প্রত্যবহার (প্রতি—অব—হৃ [হরণ করা] নষ্ট করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রলয়, ধ্বংস, নাশ। ২। যুদ্ধার্থ উদ্যুক্ত সৈন্যদিগকে যুদ্ধ হইতে নিবারণ।

প্রত্যবায় (প্রতি—অব—ই গমন করা+অ (অল্)—পা) সং, পুং, পাপ। ২। অনিষ্ট, ক্ষতি। শিং—১"অনুৎপত্তিং তথা চান্যে প্রত্যবায়স্য মন্বতে।" ২। বিপরীত আচরণ।

প্রত্যবেক্ষা—স্ত্রীং } প্রত্যবেক্ষণ—ক্লীং } ( প্রত্যবেক্ষ্য দেখ, ও, অন(অনট্)—ভা)সং, বিশেষরূপে দর্শন, তত্ত্বাবধান। ২। অনুসন্ধান। ৩। বিচার। ৪। প্রতিজাগর।

প্রত্যবেক্ষ্য ( প্রতি পুনর্ব্বার—অব—ঈক্ষ্ দর্শন করা+য—র্ম্ম ) বিং, ত্রিং, প্রত্যবেক্ষণযোগ্য। ২। অনুসন্ধেয়। ৩। বিচার্য্য।

প্রত্যশ্ম (প্রত্যশ্মন্, প্রতি তুল্য—অশ্মন্ প্রস্তর) সং, ক্লীং, গৈরিক, গিরিমাটী।

প্রত্যহ (প্রতি বীপ্সা—অহন্ দিন+অ) অং, প্রতিদিন। শিং—১"গিরিশমুপচচার প্রত্যহং সা সুকেশী।"

প্রত্যাকার (প্রতি তুল্য—আকার আকৃতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খড়্গের খাপ।

প্রত্যাখ্যাত (প্রতি—আ—খ্যা [বলা] নিরাকরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিরাকৃত, নিরস্ত, দূরীকৃত। ২। অস্বীকৃত। ৩। নিরুৎসাহীকৃত।

প্রত্যাখ্যান (প্রত্যাখ্যাত দেখ,অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিরসন, নিরাকরণ, দূরীকরণ। ২। অস্বীকার।

প্রত্যাগত (প্রতি পুনর্ব্বার—আগত আসি-

য়াছে) বিং, ত্রিং, প্রতিনিবৃত্ত, ফিরিয়া আসা।

প্রত্যাগতি (প্রতি—আ—গম্ গমন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রত্যাগমন।

প্রত্যাগম (প্রতি—আ—গম্ গমন করা+অ (অল্)—ভাবে) সং, পুং, ফিরিয়া আসা। শ্লিং—১"তীর্থাৎ প্রত্যাগমেষ্বপি চ।" ২। তীর্থযাত্রাসমারম্ভে তীর্থপ্রত্যাগমেষু চ।"

প্রত্যাদিষ্ট (প্রতি—আ—দিশ্ [বলা] জানান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত,নিরাকৃত। ২। ত্যক্ত। ৩। জ্ঞাপিত।

প্রত্যাদেশ (প্রত্যাদিষ্ট দেখ, অ(অল্)—ভা) সং, পুং, প্রত্যাখ্যান, নিরাকরণ। ২। প্রতিবন্ধ। ৩। পরিত্যাগ। ৪। জ্ঞাপন। ৫। দৈববাণী, ভক্তজনের প্রতি দেবতার আজ্ঞা।

প্রত্যাধান (প্রতি—আ—ধা ধারণ করা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, মস্তক।

প্রত্যাধ্মান; সং, পুং, বাতব্যাধিবিশেষ।

প্রত্যানয়ন (প্রতি পুনর্ব্বার—আ—নী লইয়া যাওয়া+অন(অনট্)—ভা) সং, স্ত্রীং, পুনরুদ্ধার, ফিরিয়া আনা।

প্রত্যানীত (প্রতি—আনীত) বিং,ত্রিং, যাহা ফিরিয়া আনা হইয়াছে।

প্রত্যানিনীষু (প্রতি—আ—নী লইয়া যাওয়া+সন্—ইচ্ছার্থে, দ্বিত্ব, উ—ক) বিং, ত্রিং, প্রত্যানয়নেচ্ছু।

প্রত্যাপত্তি (প্রতি—আ—পদ্ স্থির থাকা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, বৈরাগ্য। ২। পুনরাগমন।

প্রত্যাম্নান (প্রতি—আ—ম্না ম্লান হওয়া+অন(অনট্)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিনিধি।

প্রত্যায়ক (প্রতি—ই গমনকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, বিশ্বাস-কারক। ২। বোধক।

প্রত্যায়ন (প্রতি—ই-ণ্রি—আয়ি প্রাপ্তি করান+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বিশ্বাসজনন। ২। বোধন। [আরম্ভ।

প্রত্যারম্ভ (প্রতি—আরম্ভ) সং, পুং, পশ্চাৎ

প্রত্যালীঢ় (প্রতি—আ—লিহ্ [চাটা] উপবেশন করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, বামনিক্ষেপসময়ে উপবেশন অর্থাৎ বাম পাদ প্রসারণ করিয়া দক্ষিণপাদ সঙ্কুচিত করিয়া বসা। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আস্বাদিত। ৩। ভুক্ত, ভক্ষিত।

প্রত্যাবর্ত্তন (প্রতি—আ—বৃত-ণ্রি—বর্ত্তি অবস্থিতি করান+অন(অনট্)—ভাবে) সং,ক্লীং, প্রতিনিবৃত্তি। ২। প্রতিনিবারণ।

প্রত্যাবৃত্ত (প্রতি পুনর্ব্বার—আ—বৃত্ [বর্ত্তমান থাকা] আগমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রত্যাগত। ২। পুনরাবৃত্ত।

প্রত্যাশা (প্রতি পুনর্ব্বার—আশা আকাঙ্ক্ষা) সং, স্ত্রীং, আকাঙ্ক্ষা, ভরসা। ২। প্রত্যয়।

প্রত্যাশী (প্রত্যাশিন্, প্রত্যাশা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে প্রত্যাশা করে।

প্রত্যাশ্বাস (প্রতি পুনর্ব্বার—আশ্বাস জীবন, আকাঙ্ক্ষা) সং, পুং, পুনর্জীবন। ২। প্রত্যাশা। ৩। স্বাস্থ্য।

প্রত্যাশ্বাসন (প্রত্যাশ্বাস দেখ, অন(অনট্)—ভাবে) সং,ক্লীং, সান্ত্বনার্থ আশ্বাসপ্রদান।

প্রত্যাসঙ্কলিত (প্রতি—আ পূর্ব্বে—সঙ্কলিত যুক্ত) বিং, ত্রিং, পরিসংখ্যাত, নির্দ্ধারিত। ২। নির্ণী[illegible]। ৩। সংযুক্ত।

প্রত্যাসত্তি (প্রতি—[illegible]—সদ্ অবস্থানকরা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, নৈকট্য। ২। ন্যায়মতে—অলৌকিক প্রত্যক্ষজনক সম্বন্ধমাত্র।

প্রত্যাসন্ন (প্রতি—আসন্ন) বিং, ত্রিং, সন্নিহিত, নিকটবর্ত্তী, সমীপস্থ।

প্রত্যাসর, প্রত্যাসার (প্রতি সম্মুখ—আ—সৃ গমন করা+অ(অল্), অ(ঘঞ্)—ধি) সং, পুং, সৈন্যপৃষ্ঠ, পশ্চাদ্বর্ত্তী সৈন্যব্যূহ, ব্যূহের পশ্চাদ্ব্যূহান্তর, ব্যূহপাক্তি।

প্রত্যাহত (প্রতি—আ—হন্ আঘাত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবদ্ধ, ব্যাহত। ২। সঙ্কুচিত, কুণ্ঠিত।

প্রত্যাহরণ (প্রতি—আহরণ) সং, ক্লীং, ফিরিয়া লওন। ২। প্রত্যাবর্ত্তন।

প্রত্যাহার (প্রতি পুনর্ব্বার—আ—হৃ লওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ফিরিয়া লওন। ২। যোগাঙ্গবিশেষ, ঈশ্বরে মনো-

নিবেশার্থ বাহ্যসুখপরিহার, ইন্দ্রিয়নিবর্ত্তন। শিং—১"শব্দাদিবিষয়েভ্যো নিস্পৃহাণাম্যো যোগবিৎ। কুর্য্যাচ্চিত্তানুকারীণি প্রত্যাহারপরায়ণঃ।" ৩। ব্যাকরণে—অচ্, হল্ প্রভৃতি সংজ্ঞা।

প্রত্যাহৃত (প্রত্যাহরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যানীত, প্রত্যাকৃষ্ট।

প্রত্যুক্ত (প্রতি পুনর্ব্বার—উক্ত [বচ্ বলা + ত(ক্ত)—ভা] কথন) সং, ক্লীং, প্রতিবচন, উত্তর। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিভাষিত।

প্রত্যুক্তি (প্রতি পুনর্ব্বার—উক্তি) সং, স্ত্রীং, প্রতিবচন, উত্তর।

প্রত্যুজ্জীবন (প্রতি—উৎ—জীব্ জীবিত থাকা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পুনর্জীবন।

প্রত্যুত (প্রতি—উত সন্দেহ [কিম্!]) অং, উক্তির বৈপরীত্য, বরং।

প্রত্যুৎক্রম—পুং, প্রত্যুৎক্রমণ—ক্লীং, প্রত্যুৎক্রান্তি—স্ত্রীং (প্রতি—উৎ—ক্রম্ গমনকরা+অ(অল্), অন(অনট্), তি(ক্তি)—র্ম্ম) সং, পুং, যুদ্ধোদ্যোগ, প্রকৃষ্ট যুদ্ধের উপক্রম। ২। প্রধান উদ্দেশ্যের উপযোগী অপ্রধান কার্য্য। ৩। (+অল্—ভাবে) উৎক্রমণ।

প্রত্যুত্তর (প্রতি পুনর্ব্বার—উত্তর) সং, ক্লীং, উত্তরের উত্তর।

প্রত্যুত্থান (প্রতি সম্মুখ—উৎ ঊর্দ্ধ—স্থা থাকা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, অভ্যুত্থান, আগতের সম্মানার্থ উত্থান, মান্য ব্যক্তি আসিলে উঠিয়া তাঁহাকে অভ্যর্থনা করা। শিং—১ "প্রত্যুত্থানাভিবাদভ্যাং পুনস্তৎ প্রতিপদ্যতে।"

প্রত্যুৎপন্ন (প্রতি পুনর্ব্বার—উৎপন্ন জাত) বিং, ত্রিং, পুনরুৎপন্ন, পুনর্ব্বার জাত। ২। সত্বর, হঠাৎ।

প্রত্যুৎপন্নমতি (প্রতি—উৎপন্ন—মতি বুদ্ধি, তৎকালোচিত বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভান্বিত, অসাধারণ বুদ্ধিশক্তিবিশিষ্ট, সূক্ষ্মদর্শী, কুশাগ্রীয় বুদ্ধি। ২। হঠাৎ কোন বিষয়ের নির্দেতা। ৩। উপস্থিত বিষয়ে যাহার বুদ্ধি কার্য্যকরী হয়, বিপদের সময় যাহার বুদ্ধি যোগায়। ৩। সং, স্ত্রীং, ঝটিতি উপস্থিত বুদ্ধি।

প্রত্যুৎপন্নমতিত্ব (প্রত্যুৎপন্নমতি+ত্ব—ভা) সং, ক্লীং, কার্য্যকালে বুদ্ধির উদয় হওয়া, বিপৎকালে বুদ্ধিযোগান।

প্রত্যুদাহরণ; সং, ক্লীং, উদাহরণের বিপরীত দৃষ্টান্ত।

প্রত্যুদ্গত, প্রত্যুদ্যাত (প্রতি সম্মুখ—উৎ ঊর্দ্ধ—গম্ গমন করা, যা যাওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রত্যুদ্গমন করা হইয়াছে।

প্রত্যুদ্গম—পুং, প্রত্যুদ্গমন—ক্লীং, (প্রতি সম্মুখ—উৎ ঊর্দ্ধ—গম্ গমন করা+অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, প্রত্যুত্থান, মান্য ব্যক্তি আসিলে আগে গিয়া তাঁহাকে আনয়ন। শিং—১ "একত্রাসনসংস্থিতিঃ পরিকৃতাপ্রত্যুদ্গমাদ্দূরতঃ।"

প্রত্যুদ্গমনীয় (প্রতি—উৎ ঊর্দ্ধ—গম্ গমন করা+অনীয়—র্ম্ম) সং, ক্লীং, ধৌতবস্ত্রযুগল, জোড়, ধুতি, উড়ানি। ২। বিং, ত্রিং, সমুপস্থানযোগ্য, প্রত্যুদ্গমনের যোগ্য।

প্রত্যুদ্ধরণ—ক্লীং, প্রত্যুদ্ধার—পুং (প্রতি পুনর্ব্বার—উৎ উপরি—হৃ লওয়া+অন(অনট্), অ(ঘঞ্)—ভা) সং, পুনরুদ্ধার। ২। পুনঃসংস্থাপন।

প্রত্যুন্নমন (প্রতি—উৎ—নম্ নত হওয়া +অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, প্রতিকূলে অবনমন, বিপরীতভাবে নোয়ান।

প্রত্যুপকার (প্রতি পুনর্ব্বার—উপকার সাহায্য) সং, পুং, কোন ব্যক্তির উপকার করিলে সে উপকর্ত্তার যে উপকার করে, উপকারানুরূপ হিতানুষ্ঠান।

প্রত্যুপকারী (—কারিন্, প্রতি—উপ—কৃ করা+ইন(ণিন্)—ক) বিং, ত্রিং, উপকারীর উপকারকারক।

প্রত্যুপদেশ; সং, পুং, উপকারানুরূপ হিতাচরণ। ২। উপদেশানুরূপ শিক্ষাপ্রদান।

প্রত্যুপহার; সং, পুং, অনুরূপ উপহার, উপঢৌকন দ্রব্য।

প্রত্যুপ্ত (প্রতি—বপ্ বপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, খচিত, গ্রথিত, বসান। ২। প্রোত। ৩। উপ্ত, যাহা বপন করা হইয়াছে; যথা—"প্রত্যুপ্ত বীজ যেমন মেঘের উপর নির্ভর করে।"

প্রত্যুলূক (প্রতি প্রতিকূল—উলূক) সং, পুং, কাক।

প্রত্যূষ, প্রত্যুষ—পুং } (প্রতি—উষ্,ঊষ্ প্রত্যূষস্, প্রত্যুষস্—ক্লীং } বধকরা,উষ্,ঊষ্ রুগ্ন করা+অ(ক), অস্—ক) সং, প্রভাত, প্রাতঃকাল। শিং—১ "স্নানমত্যধিকং কার্য্যং প্রত্যূষস্যাপ্সনো জলে।"

প্রত্যূহ (প্রতি—উহ্ [তর্ককরা] বাধা দেওয়া + অ(ক)—র্ম্ম) সং, পুং, বিঘ্ন, বাধা, ব্যাঘাত।

প্রত্যেক (প্রতি বীপ্সা—এক, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং,একবচনান্ত, একে একে সমুদায়। শিং—১ "প্রত্যেকং বা দ্বয়ং বা ত্রয়মপি চ পরং বীজমত্যন্তগুহ্যম্।"

প্রত্যেতা (প্রত্যেতৃ, প্রতি—ই [গমন করা] জানা ইত্যাদি+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রত্যয়কারী, বিশ্বাসী।

প্রথন (প্রথ্ খ্যাত হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকাশকরণ।

প্রথম (প্রথ্ খ্যাত হওয়া + অম—ক) বিং, ত্রিং, আদিম, আদ্য। ২। মুখ্য, প্রধান, শ্রেষ্ঠ।

প্রথমজ (প্রথম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ব) বিং, ত্রিং, অগ্রজ, জ্যেষ্ঠ। ২। প্রথমোৎপন্ন।

প্রথমতঃ (প্রথমতস্, প্রথম+তস্—সপ্তম্যর্থে) অং, প্রথমে, অগ্রে।

প্রথমবয়সী (—বয়সিন্ প্রথম—বয়স্+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রথম বয়োযুক্ত।

প্রথমবিত্তা; সং, স্ত্রীং, প্রথম বিবাহিতা স্ত্রী, মহিষী।

প্রথমসাহস (প্রথম—সাহস শাস্তি) সং, পুং, সামান্য অর্থদণ্ড, অত্যন্ত সাজা। ২। সার্দ্ধশতপণস্বরূপ দণ্ড। "পণানাং দ্বে শতে সার্দ্ধে প্রথমসাহসঃ স্মৃতঃ।"

প্রথমাঙ্গুলি; সং, স্ত্রীং, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

প্রথমাশ্রম; সং, ক্লীং, ব্রহ্মচর্য্যাশ্রম। শিং—১ "শরীরবন্ধঃ প্রথমাশ্রমো যথা।"

প্রথা (প্রথ্ খ্যাত হওয়া + অ—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রীতি, ধারা। ২। খ্যাতি, প্রসিদ্ধি। ৩। বিস্তার।

প্রথিত (প্রথা দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রসিদ্ধ, খ্যাত। ২। প্রকৃষ্ট। ৩। বিস্তৃত। ৪। সং, পুং, স্বারোচিষ মনুর পুত্রবিশেষ। ৫। বিষ্ণু। শিং—১ "অচ্যুতঃ প্রথিতঃ প্রাণঃ।"

প্রথিমা (প্রথিমন্, পৃথু বৃহৎ+ইমন্—ভা) সং, পুং, পৃথুত্ব, স্থূলত্ব। "প্রথিমানমধানেন ঘনেন জঘনেন সা।" ২। বিস্তার।

প্রথিবী; সং, স্ত্রীং, পৃথিবী।

প্রথিষ্ঠ, প্রথীয়ান্ (পৃথু বৃহৎ—ইষ্ঠ—অতিশয়ার্থে। প্রথীয়স্, পৃথু+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিবৃহৎ। ২। অতিশয় স্থূল।

প্রথিমী (—মিন্, প্রথিমন স্থূলত্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প[ীবা]ন, স্থূল, মোটা।

প্রথু (প্রথ্ বিস্তার [ক]রা+উ—ক। যিনি সমস্ত ব্রহ্মাণ্ড ব্য[াপি]য়া আছেন) সং, পুং, বিষ্ণু।

প্রথুক(প্রথ্ খ্যাত হওয়া+উক—প্রং) সং, পুং, পৃথুক, শাবক, শিশু। ২। চিপিটক।

প্রদ (প্র—দা দান করা+অ(ড)—ক) বিং, ত্রিং, দাতা, দানকারী, যে প্রদান করে।

প্রদক্ষিণ (প্র—দক্ষিণ ডাইন, ব্যং—স) সং, ক্লীং, পূজনীয় বা প্রিয় ব্যক্তির দক্ষিণ দিক্ হইতে চতুর্দ্দিকে বেষ্টন। ২। বন্দনা, আরাধনা। ৩। বিং, ত্রিং, অনুকূল। শিং—১ "প্রদক্ষিণার্চ্চির্হবিরগ্নিরাদদে।"

প্রদত্ত (প্রদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে।

প্রদর (প্র—দৄ বিদারণ করা+অ(অল্)—ভা) সং, পুং, ভঙ্গ, বিদারণ। ২। (+অন্—ক) বাণ। ৩। স্ত্রীলোকের রোগবিশেষ, ঋতুকালে অধিক পরিমাণে রক্তক্ষরণ।

প্রদর্শক (প্রদর্শিত দেখ, অক(ণক)—ক) বিং, যে দেখায়, প্রদর্শনকারী।

প্রদর্শন—ক্লীং } (প্রদর্শিত দেখ, অনট্,
প্রদর্শনী—স্ত্রীং } —ভা, ঈপ্ ) সং, উল্লেখ। ২। দেখান।

প্রদর্শিত (প্র—দৃশ্-ণিচ=দর্শি দেখান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উল্লিখিত। ২। যাহা দেখান হইয়াছে।

প্রদল (প্র—দল্ ভেদ করা+অ(অল্)—ণ। অথবা প্রদর দেখ, র=ল ) সং, পুং, শর, বাণ।

প্রদা ( প্র—দা দান করা+ঙ—ভা ) সং, স্ত্রীং, প্রকৃষ্টদান।

প্রদান (প্র—দা দান করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, দান, বিতরণ, অর্পণ, দেওয়া। শিং—১ "বলিপ্রদানে পূজায়ামগ্নিকার্য্যে মহোৎসবে। সর্ব্বং মমৈবরিতমুচ্চার্য্যং শ্রাব্যমেবচ।"

প্রদায়ী (—য়িন্, প্র সম্যক্—দা দানকরা ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রদানকর্ত্তা; যথা—"মুক্তিপ্রদায়ী তরুরাজ।"

প্রদিক্ (প্রদিশ্, প্র প্রভেদ—দিশ্। যে দুই দিককে প্রভেদ করে) সং, স্ত্রীং, বিদিক্, দুইদিকের মধ্যভাগ।

প্রদিগ্ধ (প্র—দিহ্ লেপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লিপ্ত, মাখান। ২। সং, ক্লীং, মাংসব্যঞ্জনবিশেষ। শিং—১"মাংসং বহুঘৃতৈভৃষ্টং সিক্তং। চোক্ষোষ্ম্না মুহুঃ। জীরকাদ্যৈঃ সমাযুক্তংপরিশুদ্ধং তদুচ্যতে। তদেবঘৃততক্রাঢ্যং প্রদিগ্ধং সত্রিজাতকম্।"

প্রদিষ্ট (প্র—দিশ্ [বলা] নির্দ্দেশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্দ্দিষ্ট। ২। উপদিষ্ট। ৩। দত্ত।

প্রদীপ (প্র—দীপ্ দীপ্তিপাওয়া+অ(অন্)—ক) সং, পুং, দীপ, বর্ত্তিস্থ জ্বলন্ত অগ্নিশিখা। শিং—১ "প্রবর্ত্তিতো দীপ ইব প্রদীপাৎ।" ২। আলোক, দীপ্তি। ৩। বিং, ত্রিং, প্রকাশক। শিং—১ "যশঃপ্রদীপো লোকানাম্।" ৪। আলোকস্বরূপ, শ্রেষ্ঠ; যথা—"ভরতকুলপ্রদীপ।"

প্রদীপন ( প্রদীপ দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, প্রকাশন। ২। উদ্দীপন,উজ্জ্বলকরণ। ৩। (+অনট্—ণ) পুং, বিষবিশেষ। শিং—১ "বর্ণতো লোহিতো যঃ স্যাৎ দীপ্তিমান্ দহনপ্রভঃ। মহাদাহকরঃ পূর্ব্বৈঃ কথিতঃ স প্রদীপনঃ।" ৪। (+অন—ক) বিং, ত্রিং, উদ্দীপক। ৫। প্রকাশক।

প্রদীপ্ত (প্রদীপ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রকাশিত। ২। উজ্জ্বল।

প্রদেয় (প্র—দেয় দানের যোগ্য) বিং,ত্রিং, প্রদানযোগ্য।

প্রদেশ (প্র—দেশ স্থান) সং, পুং, স্থান। ২। দেশ। ৩। একদেশ। ৪। জিলা। ৫। আস্থা। ৬। অবকাশ। ৭। পদ। ৮। প্রাদেশ, বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত পরিমাণ। ৮। ভিত্তি, দেওয়াল।

প্রদেশন (প্র—দিশ্ [বলা] অনুমতি করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আদেশ। ২। দান। ৩। উপায়ন, উপঢৌকন,ভেট। ৪। (+অনট্—ণ) উপায়।

প্রদেশনী } (প্র—দিশ্ [বলা] সঙ্কেত করা
প্রদেশিনী } +অনট্—ণ, ঈপ্। যাহার দ্বারা বস্তু নির্দ্দেশ করা যায়) সং, স্ত্রীং, তর্জ্জনী অঙ্গুলি।

প্রদেহ (প্র—দিহ্ লেপন করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রলেপ, লেপন।

প্রদোষ (প্র আরম্ভ—দোষা রাত্রি, ৭মী—হিং) সং, পুং, রজনীমুখ, সায়ংকাল, রাত্রি আরম্ভের প্রথম চারিদণ্ডকাল। ২। (প্র প্রকৃষ্ট—দোষ, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, দুষ্ট, প্রকৃষ্ট দোষযুক্ত।

প্রদোষক ( প্রদোষ+কণ্—ভবার্থে ) বিং, ত্রিং, প্রদোষকালজাত।

প্রদ্যুম্ন (প্র প্রসিদ্ধ—দ্যুম্ন শক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, কামদেব; ইনি বাসুদেবের চতুর্থাংশ-সম্ভূত। রুক্মিণী-গর্ভে ইঁহার জন্ম হয়। ভারতে—ইনি সনৎকুমারের অংশজাত। শিং—১"অনিরুদ্ধঃ স্বয়ং ব্রহ্মা প্রদ্যুম্নঃ কাম এবচ।"

প্রদ্যোত ( প্র অধিক—দ্যোত দীপ্তি ) সং, পুং, কিরণ, আলোক। ২। দীপ্তি। ৩। নৃপবিশেষ।

প্রদ্যোতন (প্র অধিক—দ্যুৎ দীপ্তি পাওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দ্যুতি, দীপ্তি। ২। (+অন—ক) পুং, সূর্য্য। ৩।। বিং, ত্রিং, দ্যোতনশীল।

প্রদ্যোতিত (প্রদ্যোতন দেখ, ত(ক্ত)—র্ম্ম। প্রদ্যুতিত শব্দও হয়) বিং, ত্রিং, প্রদীপ্ত, প্রকাশিত।

প্রদ্রব } (প্র—দ্রু [গমন করা] পলায়ন
প্রদ্রাব } করা+অ(অল্),অন(ঘঞ্)—ভা) সং, পুং, প্রস্থান, পলায়ন। ২। ধাবন। ৩। প্রকৃষ্ট গতি।

প্রদ্রাণক (প্র—দ্রা কুৎসিতরূপে গমন করা +ত(ক্ত)—ক, কণ্—স্বার্থে, ত=ণ) বিং, ত্রিং, কুৎসিতগতি প্রাপ্ত, অন্ত্যাবস্থাপ্রাপ্ত।

প্রদ্রাবী (প্রদ্রাবিন্, প্র—দ্রু গমন করা+ইন্(ণিন্)—ক, তাচ্ছীল্যার্থে) বিং, ত্রিং, পলায়নশীল।

প্রদ্রুত (প্রদ্রব দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রস্থিত, পলায়িত। ২। ধাবিত।

প্রদ্বার ; সং, ক্লীং, দ্বারপ্রান্তভাগ।

প্রধন ; সং, ক্লীং, যুদ্ধ। ২। নিধন। ৩। বিং, ত্রিং, প্রকৃষ্ট ধনযুক্ত।

প্রধান (প্র—ধন্ [ধনী হওয়া] বধ করা+অ(ঘঞ্)—ধি। যাহাতে শত্রুরা হত হয়) সং, ক্লীং, যুদ্ধ। ২। (+ঘঞ্—ভাবে) মারণ। ৩। নিধন। ৪। বিনাশ,বিদারণ।

প্রধান (প্র—ধা ধারণ করা+অন(অনট্)—ক) সং, ক্লীং, ত্রিগুণাত্মিকা প্রকৃতি, জগতের মূলকারণ। ২। সাকার জগতের প্রথম কারণ। শিং—১ "প্রধানং প্রকৃতিং বিদ্যুক্তঃ।" ৩। বুদ্ধি। ৪। পরমেশ্বর। ৫। পরমাত্মা। ৬। অমাত্য। ৭। সেনাপতি। শিং—১ "মহামাত্রঃ প্রধানঃস্যাৎ।" ৮। (একবচনান্তে, ক্লীবলিঙ্গ) শ্রেষ্ঠ। ৯। বিং, ত্রিং, শ্রেষ্ঠ।

প্রধানধাতু ; সং,পুং, চরম ধাতু, বীর্য্য, শুক্র।

প্রধি (প্র প্রকৃষ্ট—ধা ধারণ করা+ই(কি)—ধি) সং, পুং, চক্রের ধার, নেমি।

প্রধী (প্র প্রকৃষ্ট—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকৃষ্ট বুদ্ধিশালী। ২। স্ত্রীং, প্রকৃষ্টা বুদ্ধি।

প্রধূপিত (প্র—ধূপ্ সন্তপ্ত করা+ত(ক্ত)—র্ম্ম, ক) বিং, ত্রিং, সন্তাপিত। শিং—১ "ব্যসন প্রধূপিতাম্।" ২। প্রদীপ্ত। স্ত্রীং, ক্লেশিতা। ২। সূর্য্যের গন্তব্য দিক্।

প্রধূমিত (প্র প্রকৃষ্ট—ধূম ধূয়া+ইত-অস্ত্যর্থে) বিং, ত্রিং, জলনোম্মুখ, প্রকৃষ্ট ধূমবিশিষ্ট।

প্রধৃষ্য (প্র—ধৃষ্ ধর্ষণ করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ ধর্ষণীয়।

প্রধ্মাত (প্র—ধ্মা শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রপূরিত। ২। বায়ুপূরণ দ্বারা শব্দিত। ৩। শব্দিত,ধ্বনিত। ৪। সন্ধুক্ষিত।

প্রধ্মাপিত (প্র—ধ্মা-ণিচ্=ধ্মাপি শব্দ করান +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধ্বনিত,শব্দিত।

প্রনষ্ট ; বিং, ত্রিং, মৃত। ২। পলায়িত।

প্রপক্ষ (প্র—পক্ষ) বিং, ত্রিং, পক্ষাগ্র।

প্রপঞ্চ (প্র—পন্চ্ বিস্তৃত হওয়া+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমূহ। ২। মায়া। ৩। সংসার। ৪। (+অল্—ভা) বিস্তার; যথা—"আশু যা ঘটিবে, এ প্রপঞ্চরূপে দেব দেখালে তোমারে।" ২ "চঞ্চল হইনু এ প্রপঞ্চ দেখি।" ৫। ভ্রম, ভ্রান্তি। ৬। বঞ্চনা। ৭। বৈপরীত্য, উল্টা, যেমন নেশার ঘোরে মুখে তুলিয়া দিতে নাকে কাণে গুঁজিয়া দেওয়া ; যথা—
"কত মুখ কত জন, বেতাল ভৈরবগণ,
ভাজ খেয়ে ভোজনে প্রপঞ্চ।"

প্রপঞ্চিত (প্রপঞ্চ বিস্তার+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বিস্তৃত। ২। ভ্রমযুক্ত, ভ্রান্তিপূর্ণ। শিং—১ "আত্মানামেবাত্মতয়া বিজানতাং তেনৈব জাতং প্রপঞ্চিতং।"

প্রপতন (প্র-পৎ পড়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রকৃষ্ট পতন, পড়া। ২। মৃত্যু। ৩। বিনাশ।

প্রপথ (প্র—পথ্ গমন করা+অ—প্রং) বিং, ত্রিং, শিথিল, আল্গা।

প্রপথ্যা ; সং, স্ত্রীং, হরীতকী।

প্রপদ (প্র অগ্র—পদ পাদ) সং, ক্লীং, পাদাগ্র, চরণপ্রান্ত।

প্রপদীন (প্রপদ+ঈন(খীন)—ইদমর্থে) বিং, ত্রিং, পাদাগ্রসম্বন্ধীয়।

প্রপন্ন (প্র—পদ্ [গমন করা] পাওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত। ২। শরণাগত, আশ্রিত। শিং—১ "প্রপন্নার্ত্তি হরে। দেবি।"

প্রপা (প্র—পা পান করা+অ—পা) সং, স্ত্রীং, পানীয়শালা, জলছত্র।

প্রপাঠক; সং, পুং, বেদাংশবিশেষ। ২। শ্রৌতগ্রন্থাংশবিশেষ।

প্রপাণি (প্র—পাণি হস্ত) সং, পুং, পাণিতল, হাতের তেলো।

প্রপাত (প্র—পৎ পতিত হওয়া+অ(ঘঞ্)—পা) সং, পুং, পর্ব্বতাদির অত্যুচ্চস্থান বিশেষ, ভৃগুদেশ। ২। অত্যুচ্চ তীর। ৩। (+ঘঞ্—ধি) নির্ঝরপতনস্থান। ৪। (+ঘঞ্—ভাবে) জলাদির পতন।

প্রপান (প্র—পা পান করা+অনট্—পা) সং, ক্লীং, জলছত্র।

প্রপানক (প্র—পান [পা পান করা+অনট্—র্ম্ম]+কণ্—স্বার্থে) সং, ক্লীং, খণ্ড-মরীচাদি মিশ্রিত পানীয় দ্রব্যবিশেষ।

প্রপাপূরণীয় (প্রপাপূরণ+ঈয়(ণীয়)—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, জল পূরণপ্রয়োজক।

প্রপাবন (প্রপা বিশ্রামস্থান—বন) সং, ক্লীং, অরণ্যবিশেষ, কাম্যারণ্য।

প্রপায়ী (প্রপায়িন্, প্র—পা পান করা, রক্ষাকরা ইত্যাদি+ইন্(ণিন্)—ক। আয়্—আগম) বিং, ত্রিং, পানকর্ত্তা। ২। রক্ষাকর্ত্তা।

প্রপিতামহ (প্র অগ্রগামী—পিতামহ) সং, পুং, ব্রহ্মা। ২। পিতামহের পিতা। হী—স্ত্রীং, পিতামহের মাতা। শিং—১"স্বেন ভর্ত্তা সহ শ্রাদ্ধং মাতাভুঙ্‌ক্তে স্বধাময়ং। পিতামহী চ স্বেনৈব স্বেনৈব প্রপিতামহী।"

প্রপিত্ত; অং, উত্তরায়ণ।

প্রপূরিত (প্র—পূর্ পরিপূর্ণ হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিপূর্ণ করা হইয়াছে।

প্রপূর্ব্বগ (প্র প্রকৃষ্ট—পূর্ব্বগ পূর্ব্ববর্ত্তী, রং—স,মধ্যপদলোপ। যাঁহার পূর্ব্বে যিনি বিদ্যমান থাকেন) সং, পুং, পরমেশ্বর।

প্রপৌত্র (প্র পশ্চাদ্গামী—পৌত্র) সং, পুং, ত্রী—স্ত্রীং, পুত্রের সন্তান।

প্রফুল্ল (প্র—ফুল্ল্ বিকসিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রস্ফুটিত, বিকসিত। ২। সহাস্য। ৩। প্রসন্ন।

প্রবন্ধ (প্র—বন্ধ্ বন্ধন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, পরম্পরান্বিত রচনা, সন্দর্ভ। শিং—১ "প্রবন্ধোঽয়ং বন্ধোরখিল জগতাস্তস্য সরসাম্।" ২। (+অল্—ভা) অবিচ্ছেদ। ৩। পূর্ব্বাপরসঙ্গতি। ৪। প্রকৃষ্ট বন্ধন। ৫। পরম্পরান্বিত বাক্যসমূহ।

প্রবন্ধকল্পনা (প্রবন্ধ—কল্পনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সন্দর্ভরচনা।

প্রবন্ধা (প্রবন্ধৃ, প্র—বন্ধ+তৃন্—ক) বিং, ত্রিং, প্রবন্ধকর্ত্তা, রচয়িতা।

প্রবল (প্র অধিক—বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাতিশয় বলবান্। শিং—১ "আক্রান্তঃ স মহাভাগৈস্তু তদা প্রবলারিভিঃ।" ২। সং, পুং; পল্লব। লা—স্ত্রীং, প্রসারিণী। ২। বিং, ত্রিং, প্রকৃষ্ট বলবতী।

প্রবাল (প্র—বল্ বলবান্ হওয়া+অ(ণ)—ক) সং, পুং—ক্লীং, সমুদ্রসম্ভূত রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্নবিশেষ, বিদ্রুম, পলা। শিং—১ "পুংসি ক্লীবে প্রবালঃ স্যাৎ পুমানেব তু বিদ্রুমঃ।" ২। কিশলয়,নূতন পল্লব। ৩। বীণাদণ্ড। ৪। অঙ্কুর।

প্রবালকীট; সং, পুং, সমুদ্রসম্ভূত রক্তবর্ণ কীটবিশেষ।

প্রবালফল; সং, ক্লীং, রক্তচন্দন।

প্রবাহু; সং, পুং, কনুয়ের অধোভাগ।

প্রবুদ্ধ (প্র—বুধ্ বোধ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জ্ঞানী। ২। জাগরিত। শিং—১ "প্রাতস্তরাং পতত্রিভ্যঃ প্রবুদ্ধঃ প্রনয়বিদ্।" ৩। প্রফুল্ল।

প্রবোধ (প্র—বুধ্ বোধ করা+অ(অল্)—ভা) সং, পুং, জাগরণ। ২। বিকাশ। ৩। জ্ঞান। শিং—১ "তাবৎ সত্যং জগদ্ভাতি প্রবোধে সত্যসম্ভবেৎ।" ৪। সান্ত্বনা।

প্রবোধন (প্র—বুধ্-ণিচ্=বোধি বোধকরান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, জাগরিতকরণ। ২। জাগান। ৩। সান্ত্বনা, বোঝান।

৪। উত্তেজনা। ৫। সুগন্ধি দ্রব্যের পূর্ব্ব-গন্ধ পুনরুৎপাদন।

প্রবোধনী, প্রবোধিনী (প্রবোধন দেখ, অনট্-খি, ঈপ্) সং, স্ত্রীং, উত্থানৈকাদশী, কার্ত্তিকী শুক্লা একাদশী।

প্রবোধিত (প্রবোধ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জাগান হইয়াছে। ২। জ্ঞাপিত। ৩। উত্তেজিত। ৪। যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে। ৫। বিকসিত।

প্রভঞ্জন (প্র—ভন্জ্ ভাঙ্গা+অন—ক)সং, পুং, বায়ু। ২। বিং, ত্রিং, ভঞ্জনকারী।

প্রভদ্র; সং, পুং, নিম্ব। দ্রা—স্ত্রীং, প্রসারিণী লতা।

প্রভব (প্র—ভূ হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, উৎপত্তি, জন্ম। ২। প্রভাব, পরাক্রম। ৩। (+অল্—পা) উৎপত্তি-স্থান। শিং—১ "ক সূর্য্যপ্রভবো বংশঃ কচাল্পবিষয়ামতিঃ।" ৩। প্রকাশস্থান। ৪। কারণ। ৫। আদ্যোপলব্ধিস্থান। শিং—১ "বাল্মীকিঃ শ্লোকপ্রভবঃ।" ২ "হিমবান্ গঙ্গা প্রভবঃ।" ৬। বৎসরবিশেষ। ৭। মুনিবিশেষ। ৮। বিং, ত্রিং, উৎপাদক।

প্রভবন্ (প্রভবৎ, প্র প্রধান—ভূ হওয়া +অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, প্রভু, স্বামী সমর্থ।

প্রভবিষ্ণু (প্র—ভূ হওয়া + ইষ্ণু—ক, শীলার্থে) সং, পুং, বটুকভৈরবের অষ্টোত্তরশত নামান্তর্গত নাম-বিশেষ। শিং—১ "প্রভবিষ্ণুঃ প্রভাববান্।" ২। বিষ্ণু। ৩। প্রভু। শিং—১ "ন ভর্ত্তা নৈব চ সুতো ন পিতা ভ্রাতারো নচ। আদানে বা বিসর্গে বা স্ত্রীধনে প্রভবিষ্ণবঃ।" (দায়-ভাগ)। ৪। বিং, ত্রিং, প্রভাবশীল।

প্রভবিষ্ণুতা (প্রভবিষ্ণু দেখ, তা—ভা) সং, স্ত্রীং, প্রভুতা, সামর্থ্য।

প্রভা (প্র অধিক—ভা দীপ্তি পাওয়া+ ঙ—ভা) সং, স্ত্রীং, দীপ্তি, তেজঃ। ২। প্রকাশ। ৩। কুবেরের পুরী ৪। সূর্য্যপত্নী। শিং—১ "বিবস্বান্ কশ্যপাৎ পূর্ব্বমদিত্যামভবৎ পুরা। তস্য পত্নীত্রয়ন্তবৎ সংজ্ঞা রাজ্ঞী প্রভা তথা।" (পুরাণ)। ৫। দুর্গা। ৬। গোপিকাবিশেষ। শিং—১ "দৃষ্টবৎ প্রভয়া গোপ্যাযুক্তো বৃন্দাবনে বনে।"

প্রভাকর (প্রভা দীপ্তি—কর [কৃ করা+ অ(ট)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। সমুদ্র। ৪। অগ্নি। ৫। অর্কবৃক্ষ। ৬। মীমাংসাজ্ঞ পণ্ডিত-বিশেষ। ৭। অত্রিবংশীয় মুনিবিশেষ। ৮। কুশদ্বীপস্থ বর্ষবিশেষ। ৯। অষ্টম মন্বন্তরে দেবগণবিশেষ।

প্রভাকীট (প্রভা দীপ্তি—কীট পোকা) সং, পুং, খদ্যোত, জোনাকি পোকা।

প্রভাঞ্জন; সং, পুং, শোভাঞ্জন।

প্রভাত (প্র—ভা দীপ্তি পাওয়া+ত(ক্ত)-ভা, আরম্ভার্থে) সং, ক্লীং, প্রাতঃকাল, প্রত্যুষ। ২। (+ক্ত—ক) বিং, ত্রিং, প্রভা-যুক্ত।

প্রভাতীর; সং, পুং, নাগবিশেষ।

প্রভাতীর্থ; সং, পুং, তীর্থবিশেষ।

প্রভাপ্রভু; সং, পুং, সূর্য্যদেব।

প্রভাব (প্র—ভূ প্রধান হওয়া+অ(ঘঞ্)—ণ) সং, পুং তেজঃ। ২। প্রতাপ, ধন ও রণজনিত তেজঃ, প্রভুশক্তি। ৩। (+ঘঞ—ভা) [illegible]। ৪। সামর্থ্য। ৫। উদ্ভব ৬। স্বারোচিষ মনুর পুত্রবিশেষ। ৭। বসু বিশেষ। ৮। প্রভাগর্ভজাত সূর্য্যপুত্র বিশেষ।

প্রভাবজ (প্রভাব—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) সং, পুং, প্রভুশক্তি।

প্রভাবতী (প্রভাবান্ দেখ, ঈপ্) সং, স্ত্রীং, বজ্রনামক অসুরের কন্যা। ২। তাপসী বিশেষ। ৩। কুমারানুচর মাতৃকাবিশেষ। ৪। চিত্ররথের ভার্য্যা। ৫। মরুৎ নৃপের পত্নী। ৬। মালিনামকোনবিংশ বৃত্তার্হ-মাতা। ৭। গণদেবতাদিগের বীণা। ৮। ত্রয়োদশাক্ষর ছন্দোবিশেষ।

প্রভাবান্ (প্রভাবৎ, প্রভা দীপ্তি+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দীপ্তিমান্, প্রভা-বিশিষ্ট।

প্রভাষ (প্র প্রকৃষ্টরূপে—ভাষ [ভাষ্ কথা কওয়া+অল্—ভা] কথন) সং, পুং, প্রকৃষ্ট রূপে কথন। ২। অষ্টবসুমধ্যে বসুবিশেষ।

প্রভাস (প্র — ভাস্ দীপ্তি পাওয়া + অ(অন্) — ক। মহাভারতে—যক্ষ্মরোগাক্রান্ত চন্দ্র এই তীর্থে অবগাহনপূর্ব্বক শাপ হইতে মুক্তিলাভ করিয়াছিলেন, এবং এই তীর্থে প্রতি অমাবস্যায় স্নান করিয়া পরিবর্দ্ধিত হন। এই তীর্থ চন্দ্রকে প্রভাসিত করে বলিয়া প্রভাস নামে খ্যাত হইয়াছে) সং, পুং, ভারতবর্ষের পশ্চিমস্থ সোমতীর্থ। ২। বসুবিশেষ। ৩। জৈনগণাধিপবিশেষ। ৪। অষ্টম মন্বন্তরের দেবগণ। ৫। কুমারানুচরবিশেষ। ৬। বিং, ত্রিং, প্রকৃষ্ট দীপ্তিশালী।

প্রভাসন্ত ; সং, পুং, পরমেশ্বর। ২। রুদ্র।

প্রভিন্ন (প্র অধিক — ভিন্ন বিদীর্ণ ইত্যাদি) সং, পুং, মত্ত হস্তী। ২। বিং, ত্রিং, বিদলিত, প্রস্ফুটিত। ৩। প্রকাশিত ৪। প্রকৃষ্টভেদবিশিষ্ট। ৫। (হস্তীগণ্ড প্রভিন্ন হেতু) মদস্রাবী।

প্রভু (প্র প্রধান — ভূ হওয়া + উ(ডু) — ক) সং, পুং, রাজা। ২। স্বামী। ৩। বিষ্ণু। শিং — ১ "প্রভবঃ প্রভুরীশ্বরঃ।" ৪। পারদ। ৫। শব্দ। ৬। অষ্টম মন্বন্তরীয় দেবগণবিশেষ। ৭। বিং, ত্রিং, সমর্থ, শক্ত। ৮। শ্রেষ্ঠ। ৯। নিগ্রহানুগ্রহসমর্থ, স্বামী। শিং — ১ "নিগ্রহানুগ্রহেশক্তঃ প্রভুরিত্যভিধীয়তে।"

প্রভুতা — স্ত্রীং } (প্রভু + তা, ত্ব — ভাবে)
প্রভুত্ব — ক্লীং } সং, আধিপত্য, কর্তৃত্ব। ২। প্রাধান্য। ৩। প্রভাব। ৪। স্বামিত্ব। ৫। সামর্থ্য। ৬। ঐশ্বর্য্য।

প্রভুভক্ত (প্রভু স্বামী — ভক্ত অনুরক্ত, ৭মী — ষ) বিং, ত্রিং, প্রভুর প্রতি অনুরক্ত। ২। সং, পুং, উত্তম ঘোটক। শিং — ১ "প্রভুভক্তাভক্তিলাশ্চ কুলীনেষু কুলোৎকটা।"

প্রভুশক্তি (প্রভু — শক্তি, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, প্রভাব, প্রতাপ।

প্রভূত (প্র অধিক — ভূত যে হইয়াছে) বিং, ত্রিং, প্রচুর। ২। বহু। ৩। উৎপন্ন। ৪। উদ্গত। [ত্রিং, সমর্থ, শক্ত।

প্রভূষ্ণু (প্র — ভূ হওয়া + ষ্ণু — ক) বিং,

প্রভৃতি (প্র — ভৃ পোষণ করা + তি(ক্তি) — ভাবে) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তদাদি, ইত্যাদি, আদি ; যথা— "ততঃ প্রভৃতি পিতরঃ পিণ্ডসংক্রান্ত লেভিরে। ২। অং, অবধি।

প্রভেদ (প্র — ভিদ্ ভেদ করা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, প্রকার। ২। বিভিন্নতা, বৈলক্ষণ্য, ভেদ, বিশেষ। ৩। বিকাশ, প্রস্ফুটন।

প্রভেদনী } (প্রভেদ দেখ, অন(অনট্) —
প্রভেদিকা } ণ, ঈপ্। অক(ণক) — ক, আপ্) সং, স্ত্রীং, ভেদকারিণী। ২। বেধনাস্ত্র।

প্রভেশ্বর ; সং, পুং, তীর্থবিশেষ।

প্রভ্রংশ (প্র — ভ্রন্শ্ পতিত হওয়া + অ (অল্) — ভা) সং, পুং, পতন। ২। নাশ।

প্রভ্রংশথু সং, পুং, নাশাগত রোগবিশেষ। শিং — ১ "প্রাক্সঞ্চিতো মূর্দ্ধ্নি চ পিত্ততপ্তং প্রভ্রংশথুং ব্যাধিমুদাহরন্তি।"

প্রভ্রষ্ট (প্র — ভ্রন্স্ পতিত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, পতিত। ২। নষ্ট।

প্রভ্রষ্টক (প্রভ্রষ্ট + কণ্ — যোগ) সং, ক্লীং, শিখালম্বিমাল্য, চুড়াতে লম্বমান মাল্য।

প্রমতি ; সং, পুং, কশ্যপবংশীয় ঋষিবিশেষ। ২। চ্যবনঋষির পুত্র। ৩। বাগিন্দ্রঋষির পুত্র। ৪। বৎসপ্রীতির পুত্র। ৫। বিং, ত্রিং, প্রকৃষ্টমতিযুক্ত।

প্রমত্ত (প্র — মত্ত উন্মত্ত) বিং, ত্রিং, প্রমাদযুক্ত, অনবহিত, অসাবধান। শিং — ১ "মত্তং প্রমত্তমুন্মত্তং সুপ্তং বালং স্ত্রিয়ং জড়ং। প্রপন্নং বিরথং ভীতং ন রিপুং হন্তি ধর্ম্মবিৎ।" (ভাগবত)। ২। অত্যাসক্ত। ৩। অতিমত্ত।

প্রমত্তত্ব (প্রমত্ত + ত্ব — ভাবে) সং, ক্লীং, প্রমত্ততা।

প্রমথ (প্র অধিক — মথ্ [শিবশত্রুকে] মন্থন করা + অ(অন্) — ক) সং, পুং, শিবের পারিষদ ; ইহারা নৃত্যগীতাদি বিশারদ ও নানা রূপধারী। ২। ঘোটক। ৩। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ। ৪। (+ অল্ — ভাবে) প্রমথন। থা — স্ত্রীং, হরীতকী।

প্রমথন (প্র — মথ্ মন্থন করা + অন(অনট্)

—ভা) সং, ক্লীং, হত্যা, বধ, বিনাশ। ২। উন্মূলন। ৩। বিলোড়ন। ৪। মর্দ্দন। ৫। যন্ত্রণা দেওয়া। ৬। ত্যাগ। ৭। পরিভব।

প্রমথাধিপ (প্রথম—অধিপ, ৬ষ্ঠী—য) সং, পুং, শিব, মহাদেব।

প্রমথিত (প্রমথন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিলোড়িত। ২। মর্দ্দিত। ৩। ক্লেশিত। ৪। সং, ক্লীং, নির্জ্জল ঘোল।

প্রমথেশ (প্রমথ—ঈশ পতি) সং, পুং, মহাদেব।

প্রমদ (প্র—মদ্ হৃষ্ট হওয়া, মত্ত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, মত্ত। ২। প্রমত্ত। ৩। উন্মত্ত। ৪। পুং, ধুস্তূরফল। ৫। দৈত্যবিশেষ। ৬। (+অল্—ভাবে) সং, পুং, আনন্দ, হর্ষ।

প্রমদক; সং, পুং, যে কেবল ইহলোক স্বীকার করে পরলোক মানে না, নাস্তিক।

প্রমদকানন, প্রমদবন (প্রমদ আনন্দ—কানন, বন, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, রাজকীয় অন্তঃপুরোদ্যান। ২। আনন্দকানন।

প্রমদা (প্র উৎকৃষ্ট—মদ রূপসৌভাগ্যজনিত গর্ব্ব, ৬ষ্ঠী—হিং। অথবা মদ-ক্রি+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, সুন্দরী নারী। ২। চতুর্দ্দশাক্ষর ছন্দোবিশেষ।

প্রমদাকানন; সং, ক্লীং, নারীর বিহারযোগ্য উদ্যান, রাজান্তঃপুরযোগ্য উপবন।

প্রমদ্বরা; সং, স্ত্রীং, গন্ধর্ব্বরাজ বিশ্বাবসু হইতে অপ্সরা মেনকার গর্ভে ইহার জন্ম হয়। স্থূলকেশ মুনি ইহাকে লালন পালন করেন। প্রমতি মুনির পুত্র রুরুকে স্থূলকেশ মুনি ঐ কন্যাকে সম্প্রদান করেন।

প্রমনাঃ } (প্রমনস্, প্রমণস্, প্র প্রকৃষ্ট,
প্রমণাঃ } আনন্দিত—মনস্ মন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হৃষ্টচিত্ত, সন্তুষ্টচিত্ত।

প্রময় (প্র—মী বধ করা+অ(অল্)—ভা) সং, পুং, হত্যা, বধ, বিনাশ।

প্রময়ু (প্র—মী বধ করা+উ(উন্)—ক) বিং, ত্রিং, হিংসক।

প্রমা (প্র—মা পরিমাণ করা+অ(ঙ)—প, আপ্। যাহা দ্বারা সকল বস্তু পরিমাণ করা যায়) সং, স্ত্রীং, নিশ্চয়বোধ, প্রমিতি। ২। ন্যায়মতে—তৎপ্রকারক জ্ঞান। শিং—১ "গুণঃ স্যাদ্ভ্রমভিন্নস্তু জ্ঞানমাত্রোচ্যতে প্রমা।"

প্রমাণ (প্রমা দেখ, অন(অনট্)—প)। প্রমাণঃ পুরুষঃ, প্রমাণা স্ত্রী, প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি এতদ্ব্যতিরিক্ত প্রমাণশব্দ অজহল্লিঙ্গবচন, যথা—ধর্ম্মে বেদাঃ প্রমাণম্। পুত্রঃ প্রমাণম্) সং, ক্লীং, নিশ্চয়ের হেতু। ২। প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ—এই চারি; এতদ্ভিন্ন বেদান্তমতে—অর্থাপত্তি ও অনুপলব্ধি নামে দুইটী অতিরিক্ত প্রমাণ আছে। ৩। সাক্ষী। ৪। লেখ্য। ৫। শাস্ত্র। ৬। পরিমাণ। ৭। জ্ঞানসাধন-ইন্দ্রিয়। ৮। (+অনট্—ক) সত্যবাদী। ৯। প্রধান। ১০। প্রমাতা। ১১। (+অনট্—ভা) বিশ্বাস। ১২। যথার্থ জ্ঞান। ১৩। নিশ্চয়। ১৪। ক্লীং, বিষ্ণু। শিং—১ "প্রমাণং প্রাণনিলয়ঃ প্রাণভৃৎ প্রাণজীবনঃ।"

প্রমাণিকা (প্রমাণ+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, ৮ অক্ষর ছন্দোবিশেষ।

প্রমাণীকৃত (প্রমাণ—কৃত। চ্বি(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রিং, প্রমাণরূপে নিশ্চিত।

প্রমাতা (প্রমাতৃ, প্রমা দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রমাণকারক। ২। ন্যায়মতে—শুদ্ধচিত্ত বৃত্তিসাক্ষী। ৩। বেদান্তমতে—প্রতিফলিত মনোবৃত্তি।

প্রমাতামহ (প্র অগ্রগামী—মাতামহ) সং, মাতামহের পিতা। হী—স্ত্রীং, মাতামহের মাতা।

প্রমাথ (প্র—মথ্ মন্থন করা, বধ করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, প্রমথন। ২। মর্দ্দন, পীড়ন। ৩। বধ। ৪। কুমারানুচরবিশেষ। ৫। শিবপারিষদ্ প্রমথগণ। ৬। ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

প্রমাথী (—থিন্, প্র—মথ্ বধ করা, পীড়ন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পীড়াদায়ক, ক্লেশকর। শিং—১ "ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ।" ২। বিনাশশীল, ধ্বংসকারী। ৩। সং, পুং,

রাক্ষসবিশেষ। ষিনী—স্ত্রীং, অপ্সরা-বিশেষ।

প্রমাদ (প্র—মদ্ [মত্ত হওয়া] অনবধান হওয়া, ভোলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অনবধানতা, অসাবধানতা। ২। ভ্রম। ৩। অন্তঃকরণের দৌর্ব্বল্য। শিং—১ "লোভ-প্রমাদবিশ্বাসৈঃ পুরুষো নশ্যতে ত্রিভিঃ।"

প্রমাদবধ—বিদ্বেষব্যতিরেকে আকস্মিক অনিচ্ছাকৃত নরহত্যা।

প্রমাদবান্, প্রমাদী (প্রমাদবৎ, প্রমাদিন্, প্রমাদ অসাবধানতা+বৎ(বতু), ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অসাবধানতাবিশিষ্ট, অসাবধান। শিং—১ "কুরঙ্গমাতঙ্গপতঙ্গ ভৃঙ্গমীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ।"

প্রমাদিকা (প্র—মদ্ [মত্ত হওয়া] অনবধান হওয়া, ভোলা+অক(ণক)—ক, আপ্) সং, স্ত্রীং, দূষিতা কন্যা।

প্রমাপণ (প্র—মী ণিচ্=মাপি বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বধ, বিনাশ, হত্যা, মারণ।

প্রমায়ুক (প্র—মী বধ করা+উক—ক) বিং, ত্রিং, মরণশীল। শিং—১ "প্রমায়ুকং মরণশীলম্।"

প্রমিত (প্রমা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত, বিদিত, অবগত। ২। নিশ্চিত। ৩। পরিমিত। ৪। প্রথমাবধারিত।

প্রমিতাক্ষরা (প্রমিত—অক্ষর, আপ্) সং, স্ত্রীং, সিদ্ধান্ত শিরোমণি ব্যাখ্যানরূপা টীকা, মুহূর্ত্তচিন্তামণি টীকাবিশেষ। ২। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ।

প্রমিতি (প্রমা দেখ, (তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রমা, নিশ্চয়জ্ঞান। ২। প্রমাণ। ৩। পরিমাণ।

প্রমীঢ় (প্র—মিহ্ সিক্ত করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ঘন, নিবিড়। ২। প্রমেহ-বিশিষ্ট, যাহার মূত্রদোষ রোগ আছে।

প্রমীত (প্র—মী বধ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মৃত, হত। "প্রমীতৌ পিতরৌ যস্য।" ২। নিহত। ৩। যজ্ঞার্থে হত।

প্রমীলন (প্রমীলা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিমীলন, মুদ্রণ।

প্রমীলা (প্র—মীল্ চক্ষু মুদ্রিত হওয়া+অ—ভাবে) সং, স্ত্রীং, তন্দ্রা, ঝিমন। ২। অবসাদ। ৩। মুদ্রণ। ৪। (+অন—ক, আপ্) মেঘনাদপত্নী।

প্রমুখ (প্র—মুখ আদি, প্রধান) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) প্রথম। ২। প্রধান, শ্রেষ্ঠ। ৩। প্রভৃতি। ৪। সং, ক্লীং, আরম্ভ। ৫। পুং, প্রথম। ৬। শ্রেষ্ঠ। ৭। সমূহ। ৮। মান্যপুরুষ। ৯। পুন্নাগ-বৃক্ষ।

প্রমুখাৎ—মুখ হইতে।

প্রমুৎ (প্রমুদ্, প্র অধিক—মুদ্ হৃষ্ট হওয়া+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, প্রহৃষ্ট, আহ্লাদিত। ২। প্রফুল্ল, বিকসিত। ৩। সং, স্ত্রীং, অতিশয় হর্ষ।

প্রমুদিত (প্র—মুদ্ হৃষ্ট হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, হৃষ্ট, আহ্লাদিত। ২। প্রফুল্ল, বিকসিত।

প্রমুদিতবদনা; সং, স্ত্রীং, দ্বাদশাক্ষরপাদক ছন্দোবিশেষ।

প্রমৃগ; অং, প্রকৃষ্ট মৃগযুক্ত স্থান।

প্রমৃত (প্র প্রকৃষ্টরূপ—মৃত প্রাণিহিংসিত, ৭মী—হিং) সং, ক্লীং, কর্ষণরূপ জীবনোপায়। শিং—১ "মৃতন্তু যাচিতং ভৈক্ষং প্রমৃতং কর্ষণং স্মৃতম্।" (মনু)।

প্রমৃষ্ট (প্র—মৃজ্ পরিষ্কার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত। ২। মার্জ্জিত। শিং—১ "প্রমৃষ্টকুণ্ডলাং রাধাং মহারাস রসোৎসুকাম্।"

প্রমেদিত (প্র—মিদ্ ণিচ্=মেদি স্নিগ্ধকরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্নিগ্ধীকৃত।

প্রমেয় (প্র—মা পরিমাণ করা+য—র্ম্ম) বিং ত্রিং, প্রমিতির বিষয়। ২। পরিমেয়। ৩। পরিচ্ছেদ্য। ৪। অবধার্য্য। ৫। সং, ক্লীং, ন্যায়মতে—শুদ্ধচৈতন্য। ৬। বেদান্তমতে—দেহেন্দ্রিয় বুদ্ধি প্রভৃতি।

প্রমেহ (প্র—মিহ্ বীজসেক করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, মূত্রদোষ রোগ-বিশেষ।

প্রমেহী (প্রমেহিন্,প্রমেহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রমেহ রোগগ্রস্ত।

প্রমোক—পুং } (প্র—মুচ্ মোচনকরা
প্রমোচন—ক্লীং } +অ(ঘঞ),অন(অনট্)—ভা) সং, মুক্তকরণ। ২। নিস্তুটীকরণ।

প্রমোদ (প্র—মুদ্ হৃষ্ট হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, আমোদ, আনন্দ, হর্ষ।

প্রমোদন (প্র—মুদ্-ণিচ=হর্ষযুক্ত করান+অন(অনট্)—ক) বিং, ত্রিং, হর্ষকারক। ২। সং, পুং, বিষ্ণু। ৩। (+অনট্—ভা) ক্লীং, হর্ষসম্পাদন।

প্রমোদিত (প্রমোদ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আমোদিত, আনন্দিত। ২। সং, পুং, কুবের।

প্রমোদী (প্রমোদিন্, প্রমোদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, হর্ষজনক। নী—স্ত্রীং, জিঙ্গিনীবৃক্ষ।

প্রমোহন (প্র—মুহ্ মুগ্ধ হওয়া+অন(অনট্)—ণ) সং, ক্লীং, মোহসাধন অস্ত্রবিশেষ। ২। (+অন—ক) বিং, ত্রিং, মোহকারক।

প্রম্লোচা; সং, স্ত্রীং, অপ্সরোবিশেষ।

প্রযত (প্র—যম্ বিষয়বিরত হওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, পবিত্র, শুদ্ধ। ২। সংযত, নিয়মবিশিষ্ট। ৩। দত্ত; যথা—"প্রযতদক্ষিণম্।"

প্রযত্ন (প্র অধিক—যত্ন উদ্যোগ) সং, পুং, অধ্যবসায়। ২। প্রয়াস। ৩। প্রকৃষ্টযত্ন; ন্যায়মতে—ইহা তিনপ্রকার; যথা—প্রবৃত্তি, নিবৃত্তি ও জীবনকারণ। শিং—১ "সর্ব্বে প্রযত্নাঃ শিথিলীভবন্তি।"

প্রযস্ত (প্র—যস্ যত্ন করা, ক্লিষ্ট হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সুসংস্কৃত, ঘৃতাদি দ্বারা উত্তমরূপে প্রস্তুত।

প্রয়াগ (প্র সম্যক্—যজ্ দেবপূজা করা+অ(ঘঞ)—ধি। অথবা প্র প্রকৃষ্ট—যাগ যজ্ঞ) সং, পুং, গঙ্গা, যমুনা, সরস্বতী—এই তিন নদীর সঙ্গম-স্থান, এলাহাবাদ। শিং—১ "ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ প্রয়াগমৃষিসংস্তুতম্।" ২। যজ্ঞ। ৩। ইন্দ্র। ৪। অশ্ব।

প্রয়াগভয় (স্বীয় পদচ্যুতি-ভয়ে যে প্রকৃষ্ট যজ্ঞকে ভয় করে) সং, পুং, ইন্দ্র।

প্রয়াণ (প্র—যা গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, যুদ্ধযাত্রা। ২। প্রস্থান, গমন। শিং—১ "উদ্ঘাটিতনবদ্বারে পঞ্জরে বিহগোঽনিলঃ। যত্তিষ্ঠতি তদাশ্চর্য্যং প্রয়াণে বিস্ময়ঃ কুতঃ।" ২ "বৈণ্যং পৃথুং হৈহয়মর্জ্জুনঞ্চ,শাকুন্তলেয়ং ভরতং নলঞ্চ, এতান্ নৃপান্ যঃ স্মরতি প্রয়াণে, তস্যার্থসিদ্ধি পুনরাগমশ্চ।"

প্রযাত (প্র—যা গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গত, প্রস্থিত। ২। সং, পুং, সৌপ্তিক ভৃগু।

প্রযাম (প্র—যম্ নিবৃত্ত করা+অ(ঘঞ)—ভাবে) সং, পুং, দুষ্প্রাপ্যতা, যাহা কদাচিৎ পাওয়া যায়। ২। দৈর্ঘ্য। ৩। সংযম।

প্রয়াস (প্র—যস্ যত্ন করা+অ(ঘঞ)—ভা) সং, পুং, আয়াস, শ্রম। ২। যত্ন। ৩। ইচ্ছা।

প্রযুক্ত (প্র—যুজ্ যোগকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রচিত। ২। অনুষ্ঠিত। ৩। উৎপন্ন। ৪। অর্পিত, যাহা প্রয়োগ করা হইয়াছে, খাটান। ৫। নিযুক্ত। ৬। প্রেরিত। ৭। উল্লিখিত। ৮। উচ্চরিত। ৯। উদাহৃত। ১০। যাহা ধার দেওয়া হইয়াছে। ১১। (+ক্ত—ক) উৎপন্ন। ১২। নিমগ্ন। ১৩। সং, ক্লীং, হেতু, কারণ।

প্রযুক্তি (প্রযুক্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রয়োগ। ২। প্রয়োজন। ৩। শব্দের উচ্চারণবিশেষ। ৪। প্রেরণ। ৫। প্রকৃষ্টাযুক্তি।

প্রযুজ্যমান (প্র—যুজ্ যোগ করা+আন(শান)—র্ম্ম, য—আগম) বিং,ত্রিং,যাহাকে প্রয়োগ করা যাইতেছে।

প্রযুঞ্জান (প্র—যুজ্ যোগ করা+আন(শান)—ক) বিং, ত্রিং, প্রয়োগকারী।

প্রযুত (প্র—যু যুক্ত করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, দশলক্ষ, নিযুত। ২। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংযুক্ত।

প্রযুক্ত; সং, ক্লীং, অত্যন্ত যুদ্ধ।

প্রযোক্তা (প্রযোক্তৃ, প্র—যুজ্ যোগকরা+

তৃ(তৃন্)—ক) বিং,ত্রিং, প্রয়োগকর্ত্তা, প্রবর্ত্তক। ২। অনুষ্ঠাতা। ৩। ঋণদাতা, উত্তমর্ণ। শিং—১ "উত্তমর্ণাধমর্ণৌ দ্বৌ প্রযোক্তৃগ্রাহকৌ ক্রমাৎ।"

প্রয়োগ (প্রযুক্ত দেখ,অ(ঘঞ)—ভা)সং,পুং, উদাহরণ। ২। ফল। ৩। প্রবর্ত্তন। ৪। অনুষ্ঠান। ৫। খাটান। ৬। অভিনয়। ৭। যত্ন। ৮। অর্পণ। ৯। ঋণদান। ১০। নিদর্শন। ১১। উল্লেখ। ১২। নিয়োগ। ১৩। ঘোটক।

প্রয়োগী (প্রয়োগিন্, প্রয়োগ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, প্রয়োগযুক্ত।

প্রযোজক (প্রযোক্তা দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রয়োজনকারী, প্রবর্ত্তক। ২। অনুষ্ঠানকারী। ৩। প্রেরক। ৪। কর্ত্তা।

প্রয়োজন (প্র—যুজ্ যোগকরা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, হেতু। ২। উদ্দেশ্য। ৩। প্রয়োগকরণ। ৪। কার্য্য। ৫। ফল। শিং—১ "পুত্রপ্রয়োজনা দারাঃ পুত্রঃ পিণ্ডপ্রয়োজনঃ। হিতপ্রয়োজনং মিত্রং ধনং সর্ব্বপ্রয়োজনম্।"

প্রযোজ্য (প্রযোক্তা দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং,যাহাকে প্রয়োগ করা যায়। ২। কর্ত্তব্য। ৩। সং, পুং, প্রেষ্য, ভৃত্য। ৪। ক্লীং, মূলধন।

প্রয়োজনীয় (প্রয়োজন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, কার্য্যোপযোগী, আবশ্যক।

প্ররুজ (প্র—রুজ্ রোগযুক্ত হওয়া+অ(ক)—ক) বিং, ত্রিং, প্রকৃষ্টরোগকারক। ২। সং, পুং, দেবসৈন্যাধিপতিবিশেষ। ৩। রাক্ষসবিশেষ।

প্ররূঢ় (প্র—রুহ্ উৎপন্ন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জাত, উৎপন্ন। ২। বদ্ধমূল। ৩। অঙ্কুরিত। ৪। প্রবৃদ্ধ, বর্দ্ধনশীল। ৫। প্রসিদ্ধ। ৬। সং, ক্লীং, উদর।

প্ররোচন (প্র—রুচ্-ণিচ্=রোচি দীপ্তি পাওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উত্তেজনা, উস্‌কে দেওয়া। ২। রুচিসম্পাদন। ৩। প্রস্তাবনাঙ্গবিশেষ।

প্ররোহ (প্র—রুহ্ উৎপন্ন হওয়া+অ(অন্)—ক) সং, পুং, অঙ্কুর। শিং—১ প্লক্ষপ্ররোহ ইব সৌধতলং বিভেদ।" ২। মূল। ৩। বট প্রভৃতি বৃক্ষের শাখোৎপন্ন নামনা, ঝুরি। ৪। (+অল্—ভাবে) উৎপত্তি। ৫। আরোহণ।

প্ররোহিত } (প্ররোহিন্, প্ররোহ+ইত,
প্ররোহী } ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্ররোহবিশিষ্ট, অঙ্কুরিত।

প্রলপন (প্র—লপ্ বলা+অন(অনট্)—ভাবে) সং, পুং, প্রলাপ, অনর্থ বাক্য প্রয়োগ।

প্রলপিত (প্র—লপ্ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। শিং—১ "জনস্থানে ভ্রান্তং কনকমৃগতৃষ্ণান্বিত তধিয়া বচো বৈদেহীতি প্রতিপদমশ্রু প্রলপিতং।" ২। বৃথা উক্ত। ৩।(+ক্ত—ভাবে) সং, ক্লীং, প্রলাপ।

প্রলম্ব (প্র—লম্ব্ লম্বিত হওয়া+অ(অন্)—ক) সং, পুং, দৈত্যবিশেষ। ২। উদ্ভিদের অঙ্কুর। ৩। লতার শোঁ। ৪। শাখা। ৫। বৃক্ষাদির নামনা, ঝুরি। ৬। স্তনস্তন। ৭। হারবিশেষ। ৮। মেঘ। ৯। (+অল্—ভাবে) প্রলম্বন, ঝোলা। ১০। (+অন্—ক) বিং, ত্রিং, লম্ববান্।

প্রলম্বঘ্ন (প্রলম্ব অসুরবিশেষ—ঘ্ন [হন্ বধ করা+অ(টক্)—ক] যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বলরাম, কৃষ্ণের জ্যেষ্ঠ।

প্রলম্বভিৎ (—ভিদ্, প্রলম্ব অসুরবিশেষ—ভিদ্ যে ভেদ অর্থাৎ নাশ করে, ২য়া—ষ) সং, পুং, বলরাম, হলধর।

প্রলম্বাণ্ড ; বিং, ত্রিং, দীর্ঘাণ্ডকোষবিশেষ।

প্রলম্বিত (প্রলম্ব দেখ, ত(ক্ত)—ক) বিং,ত্রিং, যাহা ঝুলিয়া পড়িয়াছে।

প্রলম্ভ (প্র—লভ্ লাভ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, প্রকৃষ্টরূপ লাভ।

প্রলয় (প্র—লী লীন হওয়া+অ(অল্)—ভা। অথবা প্র—লী [জগৎ] ক্ষয় পাওয়া+অ(অল্)—ধি) সং, পুং, কল্পান্ত, ব্রহ্মাণ্ডের বিনাশ ; প্রলয় চারি প্রকার—নিত্য, প্রাকৃত, নৈমিত্তিক, ও আত্যন্তিক। শিং—১ "ভৌমমিদং স্থাবরজঙ্গমম্—

প্রলয়ং বৈ গমিষ্যতি।" ২। মৃত্যু। ৩। ধ্বংস, নাশ। ৪। লয়। ৫। মূর্চ্ছা।

প্রলব (প্র—লূ ছেদন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, ছেদন। ২। (+অল্—র্ম্ম) খণ্ডবিশেষ।

প্রলবিত্র (প্র—লূ ছেদন করা+ইত্র—ণ) সং, ক্লীং, ছেদনসাধন অস্ত্র।

প্রলাপ (প্র—লপ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অনর্থক বাক্য, উন্মত্ত প্রভৃতির ন্যায় কথা বলা। ২। রোগের উপসর্গ-বিশেষ। ৩। বিলাপ।

প্রলাপহা (প্রলাপহন্, প্রলাপ—হন্ বধ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, কুলথ-জাত অঞ্জন।

প্রলাপী (প্রলাপিন্, প্র—লপ্ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রলপনশীল।

প্রলীন (প্র—লী লীন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রলয়প্রাপ্ত। ২। চেষ্টাশূন্য।

প্রলীনতা (প্রলীন দেখ, তা—ভাবে) সং, স্ত্রীং, প্রলয়, মূর্চ্ছা।

প্রলেপ (প্র—লিপ্ লেপন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, লেপন, মাখান। ২। (+অল্—ণ) লেপনদ্রব্য।

প্রলেপক (প্রলেপ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রলেপকর্ত্তা।

প্রলেহ; সং, পুং, ব্যঞ্জনবিশেষ, কোরমা।

প্রলোভ (প্র অধিক—লোভ) সং, পুং, অতিলোভ, অতিশয় লালসা। ২। লাভেচ্ছা।

প্রলোভন (প্র অধিক—লুভ্ ণিচ্=লোভি লাভাকাঙ্ক্ষী হওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, লোভ দেখান। ২। (+অনট্—ক) বিং, ত্রিং, লোভপ্রদর্শক।

প্রলোলুপ (প্র—লোলুভ্(যঙ্লুগন্ত) পুনঃপুনঃ লোভ করা+অ(অন্)—ভা, দ্বিত্ব) বিং, ত্রিং, অত্যন্ত লোভী।

প্রবক্তা (প্রবক্তৃ, প্র প্রকৃষ্ট—বচ্ বলা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, সদ্বক্তা, উত্তম কথক।

প্রবচন (প্র উৎকৃষ্ট—বচন [বচ্ বলা+অন(অনট্)—র্ম্ম] বাক্য, ৭মী—হিং, যং—ম) সং, ক্লীং, বেদাদি শাস্ত্র। ২। উত্তম বচন। ৩। (+অনট্—ভা) বেদার্থজ্ঞান।

প্রবচনীয় (প্রবক্তা দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃষ্টরূপে বাচ্য। ২। উত্তম বক্তা।

প্রবঞ্চক (প্র—বঞ্চি বঞ্চনা করান+অক(ণক)—ক) সং, পুং, প্রতারক, ধূর্ত্ত।

প্রবঞ্চন (প্র—বঞ্চন প্রতারণ) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রতারণা, ঠকান।

প্রবঞ্চিত (প্র—বঞ্চিত প্রতারিত) বিং, ত্রিং, প্রতারিত, যে ঠকে।

প্রবণ (প্র—বণ [শব্দ করা] নত হওয়া ইত্যাদি+অ(অন্)—ক) বিং, ত্রিং, নত। ২। রত। ৩। নম্র। ৪। আসক্ত। ৫। ক্রম-নিম্ন, গড়ানিয়া, ঢালু। ৬। উন্মুখ। ৭। অভিমুখ। ৮। অনুকূল। ৯। ক্ষীণ। ১০। আয়ত্ত। ১১। নিপুণ। ১২। ত্বরিত। ১৩। বিনীত। ১৪। আহিত। ১৫। সং, পুং, চতুষ্পথ, চৌমাথা। ১০। উদর।

প্রবৎস্যৎপতিকা; সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, যাহার পতি বিদেশে যাইবে।

প্রবয়ণ (প্র—অজ্ গমন করা+অনট্—ণ। অজ=বী) সং, ক্লীং, অশ্বাদির তাড়নদণ্ড, চাবুকাদি, প্রাজন ৩।

প্রবয়াঃ (প্রবয়স্, প্র গত—বয়স্ জীবিত-কাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্থবির, বৃদ্ধ, প্রাচীন।

প্রবর (প্র—বর যে আবৃত হয়) সং, ক্লীং, গোত্র। ২। সন্ততি। ৩। পুং, গোত্রপ্রব-মুনি এবং ব্যাবর্ত্তক মুনিবিশেষ। শিং—১ "জমদগ্নি গোত্রস্য প্রবরাঃ।" ৪। (প্র উৎকৃষ্ট—বর শ্রেষ্ঠ) বিং, ত্রিং, অত্যুত্তম। ৫। ক্লীং, অগুরুচন্দন। [ছন্দোবিশেষ।

প্রবরললিত; সং, ক্লীং, ষোড়শাক্ষরপাদক

প্রবরবাহন (প্রবর—বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বিনীকুমারদ্বয়।

প্রবর্গ (প্র—বৃজ্ ত্যাগ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, হোমাগ্নিবিশেষ। ২। বিষ্ণু।

প্রবর্ত্তক (প্র—বৃৎ [থাকা]-ণিচ্=বর্ত্তি লওয়ান ইত্যাদি+অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রবৃত্তি-দায়ক। শিং—১ "প্রবর্ত্তকং বাক্যমুবাচ চোদনাং নিবর্ত্তকং নৈবমুবাচ ভাষ্যকৃৎ।"

২। প্রবর্ত্তক। ৩। অনিবর্ত্তক, অবিচ্ছেদকারী। ৪। প্রণেতা।

প্রবর্ত্তন—ক্লীং } (প্র—বৃৎ-ণিচ্=বর্ত্তি+
প্রবর্ত্তনা—স্ত্রীং } অনট্, অন—ভা, আপ্) সং, ক্লীং, প্রবৃত্তি দান। শিং—১ "ইষ্টার্থপ্রগ্রহে যেষাং কবীনাং স্যাৎ প্রবর্ত্তনম্।" ২। আরম্ভ। ৩। বিং, ত্রিং, প্রবৃত্তিজনক, উত্তেজক। ৪। উত্তেজনা, প্রেরণা। ৫। নিয়োজন।

প্রবর্ত্তমান (প্রবর্ত্তক দেখ, শান—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি কোন কার্য্যে প্রবৃত্ত হইতেছে।

প্রবর্ত্তয়িতা (প্রবর্ত্তয়িতৃ, প্রবর্ত্তক দেখ, তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, প্রবর্ত্তক। ২। অনিবর্ত্তক, অবিচ্ছেদকারী।

প্রবর্ত্তিত (প্রবর্ত্তক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চালিত। ২। যাহাকে প্রবৃত্তি দেওয়া যায়। ৩। উৎপাদিত। শিং—১ "প্রবর্ত্তিতো দীপ ইব প্রদীপাৎ।" (রঘু)। ৪। আরব্ধ। ৫। প্রত্যাবর্ত্তিত, ফেরান। ৬। উত্তেজিত, প্রেরিত।

প্রবর্ত্তী (প্রবর্ত্তিন, প্রবর্ত্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রবৃত্তিযুক্ত। ২। প্রবাহবিশিষ্ট।

প্রবর্দ্ধন (প্র—বৃধ্ বৃদ্ধি পাওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিবর্দ্ধন, বাড়ান। ২। (+অনট্—ক) বিং, ত্রিং, প্রবর্দ্ধক।

প্রবর্হ (প্র—বৃহ্ বৃদ্ধি পাওয়া+অ(অন্)—প্রং) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ।

প্রবলাকী (—কিন্) সং, পুং, ভুজঙ্গ, সর্প। ২। চিত্রমেখলক।

প্রবহ (প্র—বহ্ [বহ্ বহনকরা+অ(অন্)—ক] যে বহে) সং, পুং, সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। ২। (অল্—ভাবে) প্রবাহ। ৩। গৃহনগরাদির বহির্গমন।

প্রবহণ (প্র—বহ্ বহন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, আচ্ছাদিত শকট বা ডুলি। ২। যান। ৩। পোত। ৪। (+অনট্—ভাবে) প্রবাহ।

প্রবহ্লি } (প্র—বল্হ্ বলা+ই—
প্রবহ্লিকা } প্রং। বল্হ্=বক্তা। কণ্—
প্রবহ্লী } যোগে—প্রবহ্লিকা) সং, স্ত্রীং, প্রহেলিকা, হেঁয়ালি।

প্রবাচ্ } (প্রবাচ্, প্র প্রকৃষ্ট—বচ্
প্রবাচক } বলা+০ (ক্বিপ্), অক(ণক) —ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট বক্তা, বাগ্মী।

প্রবাচ্য (প্রবাক দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, সম্যক্ বক্তব্য। ২। নিন্দ্য।

প্রবাণি, প্রবাণী (প্র—বে বস্ত্রাদি বোনা অথবা বী গমনকরা+অন(অনট্)—ণ) সং, স্ত্রীং, তুরী, মাকু।

প্রবাত (প্র প্রকৃষ্ট—বাত, ৭মী—হিং) বিং, ত্রিং, সুখসেব্য বায়ুযুক্ত (দেশাদি)। ২। সং, পুং, নিম্ন, প্রবণ।

প্রবাতা (প্রবাতৃ, প্র—বা বহন হওয়া+তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট গতিযুক্ত (প্রাণ)।

প্রবাদ (প্র বিস্তৃত, নিন্দিত—বাদ কথন) সং, পুং, জনশ্রুতি, জনরব। ২। পরম্পরাগত বাক্য। শিং—১ "ইথং প্রবাদং যুধিলংপ্রহারং প্রচক্রতু রামনিশাবিহারৌ। তৃণায় মত্বা রঘুনন্দনোঽথ বাণেন রক্ষঃ প্রধনাম্নিরাস্থৎ।" (ভট্টি)। ৩। অপবাদ। শিং—১ "ব্যাঘ্রো মানুষং খাদতীতি লোকপ্রবাদো দুর্নিবারঃ।"

প্রবার (প্র—বৃ আবরণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রবার, উত্তরীয়বস্ত্র।

প্রবারণ (প্র—বৃ বরণ করা, বারণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কাম্যদান, উত্তম বস্তুর দান, অভীষ্টদান। ২। নিষেধ।

প্রবাস (প্র—বস্ বাস করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিদেশে স্থিতি, ভিন্নদেশে বাস।

প্রবাসন (প্র—বস্ [ত্বাদিগণীয়]-ণিচ্=বাসি বাস করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিদেশে পাঠান। ২। নির্ব্বাসন। শিং—১ "সীতাপ্রবাসনপটোঃ করুণা কুতস্তে।" ৩। বস্ [চুরাদি] মারণ, বধ।

প্রবাসিত (প্রবাসন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাসিত। ২। যাহাকে বিদেশে পাঠান গিয়াছে। ৩। হত।

প্রবাসী (প্রবাসিন্, প্রবাস+ইন্—অস্ত্যর্থে, অথবা প্র স্থানান্তর—বস্ বাস করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বিদেশস্থ,

বিদেশবাসী। শিং—১ "প্রবাসী সুখমাপ্তি।"

প্রবাহ (প্র—বহ্ বহন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, স্রোতঃ। ২। ক্রমাগত চলন, অবিচ্ছেদ। ৩। অবিচ্ছেদে কার্য্যকরণ। ৪। ব্যবহার। ৫। প্রসার, বিস্তার। ৬। (+ঘঞ্—ণ) উত্তম ঘোটক।

প্রবাহক (প্র—বহ্ বহন করা+অক(ণক)—ক) সং, পুং, রাক্ষস। ২। বিং, ত্রিং, প্রকৃষ্ট বহনকারী।

প্রবাহণ; সং, পুং, ঋষিবিশেষ।

প্রবাহিকা (প্র—বহ্-ণিচ=বাহি বহান+অক(ণক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, গ্রহণী, উদরভঙ্গরোগ।

প্রবাহিত, প্রবাহী (প্রবাহিন্, প্রবাহ+ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রবহণশীল, প্রবাহবিশিষ্ট। হিনী—স্ত্রীং, স্রোতস্বতী নদী।

প্রবাহী (প্রবাহ দেখ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বালুকা, বালি।

প্রবিখ্যাতি; সং, স্ত্রীং, অতি প্রসিদ্ধ।

প্রবিতত (প্র অধিক—বিতত বিস্তৃত) বিং, ত্রিং, অতিশয় বিস্তৃত।

প্রবিদারণ (প্র প্রকৃষ্টরূপে—বি—দৃ-ণিচ=দারি বিদারণ করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ। ২। অনট্)—ধি) প্রকৃষ্টরূপে বিদারণ। ৩। বিস্তার। ৪। প্রস্ফুটিতকরণ। ৫। (+অন+ক) বিং, ত্রিং, অতি বিদারণকারক।

প্রবিলুপ্ত; বিং, ত্রিং, মৃষ্ট। ২। বিলীন।

প্রবিবর (প্র প্রকৃষ্ট—বিবর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকৃষ্ট বিবরযুক্ত। ২। সং, ক্লীং, পীতকাষ্ঠ।

প্রবিশ্লেষ (প্র অধিক—বি না—শ্লিষ্ সংযুক্ত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, অতিশয় ব্যবধান। ২। বিয়োগ, বিশ্লেষ। ৩। বিং, ত্রিং, বিধুর, অতি বিশ্লেষযুক্ত।

প্রবিষ্ট (প্র—বিশ্ প্রবেশ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যাহা প্রবেশ করিয়াছে। ২। অন্তর্গত। ৩। অভিনিবিষ্ট।

প্রবীণ (প্র উৎকৃষ্ট—বীণা বাদ্যযন্ত্রবিশেষ, অথবা বীণা-ণিচ=বীণি [নামধাতু] বীণা বাজান+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিজ্ঞ বহুদর্শী। ২। নিপুণ। ৩। আনন্দিত; যথা—"যথা দুঃখী দেখি অবীণ প্রবীণ-চিত হয়।" ৩। সং, পুং, ভৌত্যমনুর পুত্র।

প্রবীর (প্র খ্যাত—বীর শূর, বং—স) সং, পুং, উত্তম যোদ্ধা। ২। বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ।

প্রবীরবাহু; সং, পুং, রাক্ষসবিশেষ।

প্রবৃৎ (প্র—বৃ বরণ করা+০(ক্বিপ্)—ক) সং, ক্লীং, অন্ন।

প্রবৃত্ত (প্র—বৃৎ [ থাকা ] আসক্ত হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, রত, প্রবৃত্তিবিশিষ্ট। শিং—১"প্রবৃত্ত এব স্বয়মুজ্ঝিত শ্রমঃ।" ২। উৎপন্ন। ৩। চলিত। ৪। আরব্ধ। ৫। নিযুক্ত। শিং—১"প্রবৃত্তমন্যথা কুর্য্যাৎ যদি মোহাৎ কথঞ্চন।" ৬। সং, পুং, প্রবৃত্ত লক্ষণ ধর্ম্মবিশেষ। ৭। (+ক্ত—ভা) ক্লীং, প্রবৃত্তি।

প্রবৃত্তি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা। শিং—১ "প্রবৃত্তিরেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহা[illegible]।" ২। ন্যায়মতে—যত্নবিশেষ; [illegible]র কারণ—চিকীর্ষা, কৃতিসাধ্যজ্ঞান, ইষ্টসাধনজ্ঞান, উপাদান প্রত্যক্ষ। ৩। বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ। ৪। প্রবাহ, স্রোতঃ। ৫। অবন্ত্যাদি দেশ। ৬। গতি। ৭। ব্যাপার। ৮। উৎপত্তি। ৯। হস্তিমদ। ১০। বৈখরী মধ্যমা পশ্যন্তী সূক্ষ্মা—এই চতুর্ব্বিধ শব্দ প্রবৃত্তি।

প্রবৃত্তিজ্ঞ (প্রবৃত্তি সংবাদ, বার্ত্তা—জ্ঞ [জ্ঞা জানা+অ(ক)—ক] যে জানে) সং, পুং, বার্ত্তাবহ, চর।

প্রবৃত্তিনিমিত্ত (প্রবৃত্তি—নিমিত্ত কারণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভিধেয়, বাচ্যার্থ, শক্যতাবচ্ছেদকধর্ম্ম, যথা—ঘটত্ব, গোত্ব প্রভৃতি।

প্রবৃদ্ধ (প্র অধিক—বৃধ্ বাড়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অতি বৃদ্ধিযুক্ত। ২। অতি প্রাচীন। ৩। বিসারিত।

প্রবেক (প্র—বিচ্ পৃথক্ করা+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, মুখ্য, প্রধান।

প্রবেট (প্র—বিট্ শব্দ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, যব।

**প্রবেণি, প্রবেণী** ( প্র — বেণ্ গমন করা ই-ত্যাদি + ই — ক, ঈপ্ ) সং, স্ত্রীং, কেশ-বিন্যাস, বিউনী। ২। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত বস্ত্র বা কম্বল।

**প্রবেল** (প্র — বেল্ চঞ্চল হওয়া + অ(অন্) — ক) সং, পুং, পীতমুদ্গ, সোণামুগ।

**প্রবেশ** ( প্র — বিশ্ ভিতরে যাওয়া + অ (অল্) — ভা ) সং, পুং, অন্তর্নিবেশ, ভিতরে যাওয়া। ২। (+ অল্ — ণ) পথ।

**প্রবেশক** (প্রবেশ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, মধ্যে গমনশীল। ২। অর্থাক্ষেপক মুখাঙ্কবিশেষ।

**প্রবেশন** ( প্রবেশ দেখ, অন অনট্) — ণ ) সং, ক্লীং, সিংহদ্বার, প্রধানদ্বার। ২। (+ অনট্ — ভা) প্রবেশকরণ।৩। বিশ্-ণিচ্ = বেশি প্রবেশকরান) বিং,ত্রিং,প্রবেশসাধন।

**প্রবেশিকা** ( প্রবেশ দেখ, কণ্ — যোগ, ই — আগম, আপ্ ) সং, স্ত্রীং, যাহা দেখাইলে প্রবেশ করিতে পাওয়া যায়, টিকিট।

**প্রবেশিত** ( প্র — বিশ্-ণিচ্ = বেশি ভিতরে যাওয়ান + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, যাহাকে প্রবেশ করান হইয়াছে।

**প্রবেশ্য** ( প্রবেশ দেখ, য(ষ্যণ্) — র্ম্ম ) বিং, ত্রিং, প্রবেশযোগ্য।

**প্রবেষ্ট** } (প্র — বেষ্ট্ বেষ্টন করা + অ
**প্রবেষ্টক** } (অল্) — ণ। প্রবেষ্ট + কণ্ ) সং, পুং, বাহু। ২। দক্ষিণবাহু। শিং — ১ "প্রবেষ্টকেন নিমিত্তং সূচয়িত্বা।" ৩। অধোবাহু। ৪। হস্তিদন্তমাংস। ৫। হস্তীর পৃষ্ঠস্থিত কম্বল বা আস্তরণ।

**প্রবেষ্টা** (প্রবেষ্টৃ, প্রবেশ দেখ, তৃ(তৃন্) — ক) বিং, ত্রিং, প্রবেশকারী, যে প্রবেশ করে।

**প্রব্যক্ত** (প্র - বি — অনৃজ প্রকাশিত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, স্ফুট, স্পষ্ট।

**প্রব্রজিত** ( প্র — ব্রজ্ সর্ব্বতোভাবে গমন করা + ত(ক্ত) — ক) বিং,ত্রিং, প্রবাসগত। ২। ভিক্ষু, যে সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিয়াছে, সন্ন্যাসী। [৩। মুণ্ডীরী।

**প্রব্রজিতা**; সং, স্ত্রীং, তাপসী। ২। মাংসী।

**প্রব্রজ্যা** (প্রব্রজিত দেখ, য(ক্যপ্) — ভা,আপ্ — স্ত্রীং) সং,স্ত্রীং, সন্ন্যাসধর্ম্ম। ২। প্রবাস।

**প্রব্রজ্যাবসিত** (প্রব্রজ্যা — অবসিত নিরুদ্ধবিত, ণমী — ধ ) সং, পুং, যে সন্ন্যাসধর্ম্ম হইতে ভ্রষ্ট হইয়াছে। শিং — ১ "প্রব্রজ্যাবসিতা যত্র ত্রয়ো বর্ণা দ্বিজোত্তমাঃ।" ২"তবাহমিত্যুপগতঃপ্রব্রজ্যাবসিতঃ কৃতঃ।"

**প্রব্রাজ** ( প্র — ব্রজ্ গমন করা + অ(ঘঞ্) — ধি ) সং, পুং, অত্যন্ত নিম্নদেশ। ২। (+ ঘঞ্ — ভাবে) সন্ন্যাস।

**প্রব্রাজন** ( প্র সম্মুখে — ব্রজ্-ণিচ্ = ব্রাজি গমন করান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, নির্ব্বাসন।

**প্রব্রাজিত** (প্র — ব্রজ্-ণিচ্ = ব্রাজি গমনকরান + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাসিত।

**প্রশংসন** — ক্লীং } (প্র — শন্স্ স্তব করা +
**প্রশংসা** — স্ত্রীং } অন(অনট্),অ — ভা, সং, স্ত্রীং, স্তুতি,স্তব। ২। ধন্যবাদ,গুণকীর্ত্তন।

**প্রশংসনীয়** (প্রশংসন দেখ, অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসাযোগ্য, সুখ্যাতিভাজন।

**প্রশংসিত** (প্রশংসন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রশংসা করা হইয়াছে।

**প্রশম** (প্র — শম্ শান্ত হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, শান্তি, উপশম। শিং — ১ "এতানি দশ পাপানি প্রশমং যান্তু জাহ্নবি।" ২। বৈরাগ্য। ৩। নির্ব্বাণ। ৪। অবসাদ। ৫। রন্তিদেবের পুত্র। ৬। বিং, ত্রিং, শান্ত। ৭। স্ত্রীং, অপ্সরাবিশেষ।

**প্রশমন** ( প্র — শম্ [ শান্ত হওয়া ] বধ করা ইত্যাদি + অন(অনট্) — ভা ) সং, ক্লীং, হনন, বধ। ২। নিবারণ, নিবৃত্তিকরণ। শিং — ১"সর্ব্বাবাধা প্রশমনং ত্রৈলোক্যাস্যাখিলেশ্বরী। এবমেব ত্বয়া কার্য্যমস্মদ্বৈরি বিনাশনম্।" ৩। অসুরঞ্জনাদি দ্বারা স্থিরীকরণ। ৪। শান্তি। শিং — ১ "রক্ষা পৌরজনস্য দেশনগরগ্রামেষু গুপ্তিস্তথা, যোধানামপি সংগ্রহোহপিতুলয়ামানব্যবস্থাপনম্, সাম্যং লিপ্সিষু দানবৃত্তিকরণং ত্যাগঃ সমানেহচ্ছনং কার্য্যাণ্যব মহীভুজাম্ প্রশমনান্যেতানি রাজ্যেন বৈ।"

**প্রশমিত** (প্র — শম্-ণিচ্ = শমি শান্ত হওয়ান + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, থামান।

প্রশস্ত (প্র—শন্স্ স্তুতি করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়। ২। শ্রেষ্ঠ।

প্রশস্তাদ্রি; সং, পুং, মধ্যদেশস্থ পর্ব্বত-বিশেষ।

প্রশস্তি (প্রশস্ত দেখ, তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, প্রশংসা। ২। পংক্তি। ৩। "স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণম্। সংকল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানির্বৃত্তিরেব চ" এই অষ্টাঙ্গ মৈথুন।

প্রশান্ত (প্রশম দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট শমতাপ্রাপ্ত; যথা—"প্রশান্তশ্বাপদা-কীর্ণং।" ২। নিবৃত্ত। ৩। নিশ্চল।

প্রশান্তচেষ্ট (প্রশান্ত—চেষ্টা) বিং, ত্রিং, বাহ্য ব্যাপারশূন্য। ২। স্থির।

প্রশাসিতা, প্রশাস্তা (প্রশাসিতৃ, প্রশাস্তৃ, প্র—শাস্ শাসন করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, শাসনকর্ত্তা।

প্রশিষ্য; সং, পুং, শিষ্যের শিষ্য।

প্রশ্ন (প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+ন(নঙ্)—ভা) সং, পুং, পৃচ্ছা, জিজ্ঞাসা। ২। অনুযোগ। ৩। উপনিষদ্ভেদ। [প্রহেলিকা,হেঁয়ালি।

প্রশ্নদূতী (প্রশ্ন—দূতী ক্রীড়ন) সং, স্ত্রীং,

প্রশ্নবিবাক (প্রশ্ন—বি—বচ্ বলা+অ(ঘঞ্)—ক) সং, পুং, প্রশ্নোত্তর দায়ক জ্যোতি-র্ব্বিদ্‌বিশেষ। শিং—১ "মর্য্যাদায়ৈ প্রশ্ন-বিবাকম্।"

প্রশ্নব্যাকরণ (প্রশ্ন—ব্যাকরণ) সং, পুং, শিষ্যকৃত প্রশ্নের উত্তরদায়ক জৈনবিশেষ। ২। ক্লীং, স্পষ্টার্থোত্তর জ্ঞাপন।

প্রশ্নী (প্রশ্ন দেখ, নি—প্রং, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।

প্রশ্রয় (প্র—শ্রি সেবা করা+অ(অল্)—ভা) সং, পুং, স্নেহ। ২। স্নেহযুক্ত সম্মান। ৩। বিনয়। ৪। বিশ্বাস। শিং—১ "প্রত্যুবাচ সতং বৈশ্যঃ প্রশ্রয়াবনতো নৃপম্।" ৫। আবদার, আস্‌কারা।

প্রশ্রিত (প্রশ্রয় দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিনীত। ২। আদৃত।

প্রশ্লথ (প্র—শ্লথ্ বিমুক্ত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, শিথিল, ঢিলা। ২। বিশ্লিষ্ট।

প্রশ্বাস (প্র—শ্বস নিশ্বাস প্রশ্বাস ফেলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, নাসিকাগত বায়ুর নির্গম।

প্রষ্টব্য (প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জিজ্ঞাস্য, প্রশ্নযোগ্য।

প্রষ্টা (প্রষ্টৃ, প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, প্রশ্নকারক। ২। জিজ্ঞাসু।

প্রষ্ঠ (প্র প্রধান—স্থা থাকা+অ(ড)—ক) বিং,ত্রিং, অগ্রসর,অগ্রগামী। ২। অধ্যায়। ৩। প্রধান। ৪। শ্রেষ্ঠ। ৫। প্রথম। ষ্ঠী—স্ত্রীং, অগ্রগামিনী পত্নী।

প্রষ্ঠবাট্ (প্রষ্ঠবাহ্, প্রষ্ঠ অগ্রগামী—বহ্ বহন করা+০(ণ্বি)—ক) সং, পুং, যুগ-পার্শ্বস্থ বাহক (বৃষাদি)।

প্রষ্ঠৌহী (প্রষ্ঠ এখানে প্রথমগর্ভ—বহ্ বহন করা+০(ক্বিপ্)—ক, ঈপ্—স্ত্রীং। ব=উ, অ+উ=ঔ) সং, স্ত্রীং, প্রথম গর্ভবতী গাভী।

প্রসক্ত (প্র—সন্জ্ আসক্তহওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অনবরত, অবিরত। ২। সংসৃষ্ট, সংলগ্ন। ৩। প্রস্তাবিত। ৪। আ-সক্ত।

প্রসক্তি (প্রসক্ত দেখ তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আসক্তি, প্রণয়। ২। প্রবৃত্তি। ৩। উৎসাহ। ৪। প্রসঙ্গ। ৫। আপত্তি। ৬। ব্যাপ্তি।

প্রসঙ্খ্যান (প্র—সম্—খ্যা [বলা] গণনা করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আত্মানুসন্ধান, ধ্যান। ২। সম্যক্ জ্ঞান। শিং—১ "হরঃ প্রসঙ্খ্যানপরো বভূব।" ৩। বিং, ত্রিং, সম্যক্ জ্ঞানযুক্ত। ৪। প্রকর্ষ সংখ্যাযুক্ত।

প্রসঙ্গ (প্র—সন্জ্ আসক্ত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, সম্পর্ক, সম্বন্ধ। ২। সঙ্গতিবিশেষ। শিং—১ "স প্রসঙ্গ উপদ্ঘাতো হেতুতাবসরস্তথা।" ৩। আ-পত্তি। ৪। প্রসক্তি। শিং—১ "ভবেৎ পরবধূসঙ্গ প্রসঙ্গঃ কৃতঃ।" ৫। প্রস্তাব; যেমন—কথাপ্রসঙ্গ। ৬। মৈথুনাসক্তি। ৭। ব্যাপ্তি। শিং—১ "কৃতাকৃতপ্রসঙ্গ নিত্যং তদ্বিপরীতমনিত্যম্।"

প্রসজ্যপ্রতিষেধ (প্রসজ্য [প্র—সন্‌জ্ আসক্ত হওয়া+য(ক্যপ্)—র্ম্ম] প্রসক্তিযোগ্য—প্রতিষেধ, নিষেধ, ৬ষ্ঠী—য) সং, পুং, প্রাপ্তের নিষেধ। শিং—১ "অপ্রাধান্যং বিধের্যত্র প্রতিষেধে প্রধানতা। প্রসজ্য-প্রতিষেধোঽসৌ ক্রিয়য়া সহ যত্র নঞ্। পৌষে চৈত্রে কৃষ্ণপক্ষে নবান্নং নাচরেদ্বুধঃ। ভজেজ্জন্মান্তরে রোগী পিতৃণাং নোপতিষ্ঠতে। অত্র রোগীতি নিন্দাশ্রবণাৎ প্রসজ্যতা। নোপতিষ্ঠেত ইতি শ্রবণাৎ পর্য্যুদাসতা।"

প্রসঞ্জন (প্র—সন্‌জ্ আসক্তহওয়া+অনট্—ভা) সং, ক্লীং, প্রসঙ্গকরণ। ২। অবসর-দান। [প্রসন্নতা। ২। নির্ম্মলতা।

প্রসত্তি (প্রসন্ন দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং,

প্রসত্বা (প্রসত্বন্, প্রসন্ন দেখ, বন(বনিপ্)—সংজ্ঞার্থে) সং, পুং, ধর্ম্ম। ২। ব্রহ্মা। ত্বরী—স্ত্রীং, প্রতিপত্তি, খ্যাতি।

প্রসন্ন (প্র—সদ্ [গমন করা] তুষ্ট হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সন্তুষ্ট। ২। প্রফুল্ল। ৩। অনুকূল। ৪। স্বচ্ছ, নির্ম্মল। ন্না—স্ত্রীং, সুরা, মদিরা। ২। স্ত্রীং, বিং, সন্তুষ্টা। ৩। অনুকূলা। ৪। প্রসাদবিশিষ্টা। শিং—১ "ত্বং বৈ প্রসন্না ভুবি মুক্তিহেতুঃ।"

প্রসন্নতা (প্রসন্ন+তা—ভাবে) সং, স্ত্রীং, অনুগ্রহ, প্রসাদ। ২। হর্ষ। ৩। সন্তোষ। ৪। প্রফুল্লতা। ৫। স্বচ্ছতা, নির্ম্মলতা। ৬। উজ্জ্বলতা।

প্রসন্নাত্মা (প্রসন্নাত্মন্, প্রসন্ন—আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ম্মলচিত্ত, প্রসন্নান্তঃকরণ। ২। সং, পুং, বিষ্ণু। শিং—১ "সুপ্রসাদঃ প্রসন্নাত্মা।" (বিষ্ণুসংহিতা)।

প্রসন্নেরা ; সং, স্ত্রীং, মদিরাবিশেষ।

প্রসভ (প্র গত—সভা [সমাজ] সভাসাধ্য-যুক্তাযুক্ত বিচার, ৭মী—হিং। অথবা প্র প্রকৃষ্টরূপে গত-সভা সভাধিকার, ৫মী—হিং) সং, ক্লীং, অং, বলাৎকার। ২। হঠাৎ। শিং—১ "প্রসভোদ্ধৃতারিঃ।"

প্রসভহরণ—বল পূর্ব্বক হরণ, ডাকাইতি।

প্রসয়ন (প্র—সি বন্ধনকরা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, বন্ধনসাধন তন্ত। ২। জাল।

প্রসর (প্র—সৃ [গমন করা] ব্যাপ ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, বিস্তার। ২। ব্যাপ্তি। ৩। প্রকর্ষ। ৪। স্বার্থপ্রবৃত্তি। ৫। উৎপত্তি। ৬। গমন, চলন। ৭। বেগ। ৮। (+অল্—র্ম্ম) সমূহ। ৯। স্নেহ, প্রণয়। ১০। যুদ্ধ। ১১। নারাচাস্ত্র। ১২। (+অন্—ক) বিং, ত্রিং, গমনশীল।

প্রসরণ—ক্লীং
প্রসরণী—স্ত্রীং } (প্রসর দেখ, অন(অনট্)—ভা, ঈপ্) সং, শত্রুপক্ষের চতুর্দ্দিকে বেষ্টন। ২। ইতস্ততো-গমন। ৩। তৃণকাষ্ঠাদিহেতু সৈন্যদিগের ইতস্ততোভ্রমণ। ৪। ব্যাপ্তি। ৫। উৎপত্তি। ৬। বিস্তার। ৭। স্বার্থপ্রবৃত্তি।

প্রসর্পণ (প্র—সৃপ্ গমন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রসরণ। ২। গমন। ৩। ব্যাপ্তি। ৪। বিস্তার। ৫। সন্তরণ।

প্রসব (প্র—সূ প্রসব করা+অ(অল্)—ভাবে) সং,পুং, উৎপাদন, সন্তান জন্মান। শিং—১ "ঊষঃ প্রসব কালেতু সা সুখেন প্রসূয়তেঃ।" ২। গর্ভমোচন। ৩। উৎপত্তি, জন্ম। ৪। বিস্তার। ৫। (+অল্—র্ম্ম) সন্তান। ৬। ফল। ৭। পুষ্প। ৮। কারণ।

প্রসবক ; সং, পুং, পিয়ালবৃক্ষ।

প্রসববন্ধন (প্রসব পুষ্প—বন্ধন, ৬ষ্ঠী য) সং, ক্লীং, বৃন্ত, বোঁটা।

প্রসবস্থলী (প্রসব—স্থল স্থান+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মাতা, জননী। শিং—১ "ইয়মিয়ং ময়দানবনন্দিনী ত্রিদশনাথজিতঃ প্রসবস্থলী।" ২। উৎপত্তিস্থান।

প্রসবিতা
প্রসবী } (প্রসবিতৃ, প্রসবিন্, প্রসব দেখ, তৃ(তৃন্), ইন্—ক। অথবা প্র—সূ+ইনি—ক) বিং, ত্রিং, প্রসবকর্ত্তা। ২। উৎপাদয়িতা। ত্রী, বিনী—স্ত্রীং, প্রসবকারিণী, জননী।

প্রসব্য (প্র—সব্য বাম) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত। ২। প্রসবনীয়।

প্রসহ (প্র—সহ্ [সহ্য করা] পারগ হওয়া+অ(অন্)—ক) সং, পুং, শিকারী পক্ষী, শ্যেন প্রভৃতি। শিং—১ "কাকো গৃধ্র

উলূকশ্চ চিল্লশ্চ শশঘাতকঃ। চাষো ভা-
সশ্চ কুররঃ ইত্যাদ্যাঃ প্রসহাঃ স্মৃতাঃ।"

প্রসহন (প্র—সহ্ সহ্য করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অভিভব। ২। ক্ষমা। ৩। সহিষ্ণুতা। ৪। আলিঙ্গন। শিং—১ "পরস্পরপ্রসহন চুম্বনাদিকাঃ শুচৌ সুখে বহুলবিধা ভিদা মতাঃ।" ৫। (+অনট্—ক) পুং, শিকারী জন্তু, সিংহ ব্যাঘ্র প্রভৃতি। ৬। বিং, ত্রিং, ক্ষমারহিত।

প্রসহ্য (প্র—সহ্ সহ্য করা+য(যপ্)—ভাবে) অং, বলাৎকার। ২। হঠাৎ। শিং—১ "প্রসহ্য তেজোভিরসংখ্যতাং গতৈঃ।"(মাঘ)। ৩। (+য—র্ম্ম) বিং,ত্রিং, সহ্য করিতে অপারক।

প্রসহ্যচৌর (প্রসহ্য বলাৎকার—চৌর চোর) সং, পুং, দস্যু, ডাকাইত।

প্রসহ্যহরণ; সং, ক্লীং, বলপূর্ব্বক হরণ, ডাকাইতি।

প্রসাতিকা; সং, স্ত্রীং, সূক্ষ্মধান্য, সরুধান।

প্রসাদ (প্র—সদ্ [গমন করা] হৃষ্ট হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রসন্নতা। ২। অনুগ্রহ। শিং—১ "তথৈব ভর্ত্তুঃ স্মরণ প্রসাদাৎ।" ৩। স্বচ্ছতা, নির্ম্মলতা। ৪। প্রসক্তি। ৫। কাব্যের গুণবিশেষ, প্রসিদ্ধার্থপদতা; যে স্থলে পাঠমাত্রই অর্থবোধ হয়, অথচ বর্ণিত বিষয়সম্বন্ধে চিত্তে স্থায়ী ভাব অঙ্কিত হয় এবং গ্রাম্যশব্দে ব্যবহৃত হয় না, সেই স্থলের ভাষাকেই প্রসাদ-গুণবিশিষ্ট বলে। ৬। সৌম্যতা। ৭। স্বাস্থ্য। ৮। দেবনিবেদিত দ্রব্য ও গুরু-জনের ভুক্তাবশিষ্ট। শিং—১ "যে মমানুগতা নিত্যং প্রসাদধন ভোজনৈঃ।"

প্রসাদন (প্র—সদ্-ণিচ্=সাদি [গমন করান] হৃষ্ট হওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রসন্নতাসম্পাদন। ২। অন্ন। না—স্ত্রীং, পরিচর্য্যা, সেবা।

প্রসাধক (প্র—সাধ্ [সিদ্ধ করা] ভূষিত করা ইত্যাদি+অক(ণক)—ক) সং, পুং, অলঙ্কর্ত্তা, প্রসাধনকারী। ২। সম্পাদক, নির্ব্বাহক। ৩। ভৃত্যবিশেষ। শিং—১ "প্রসাধকা ভোজকাশ্চ গাত্র সংবাহকা অপি।" ধিকা—স্ত্রীং, অলঙ্কর্ত্রী, সজ্জা-বিধায়িনী, যে স্ত্রী বেশভূষা করিয়া দেয়। শিং—১ "প্রসাধিকালম্বিতমগ্রপাদমাক্ষিপ্য কাচিৎ দ্রবরাগমেব।" (কুমার)। ২। নীবার, উড়িধান।

প্রসাধন (প্রসাধক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অলঙ্করণ, সাজান। ২। সাধন, সম্পাদন। ৩। কণ্টকশোধন। ৪। প্রকৃষ্ট নিষ্পত্তি। ৫। (+অনট্—ণ) সজ্জাবস্তু। নী—স্ত্রীং, কঙ্কতিকা, চিরুণি।

প্রসাধিত (প্রসাধক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অলঙ্কৃত, সজ্জিত। ২। সম্পাদিত। ৩। পরিষ্কৃত।

প্রসার (প্র—সৃ গমন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, তৃণকাষ্ঠাদির প্রবেশ। ২। বিস্তার। ৩। প্রসরণ। ৪। ইতস্ততো-গমন। ৫। গমন। ৬। নির্গম।

প্রসারণ (প্রসারিত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিস্তারকরণ। [ভাদালিয়া।

প্রসারিণী; সং, স্ত্রীং, লতাবিশেষ, গন্ধ-

প্রসারিত (প্র—সৃ-ণিচ্=সারি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তারিত (Produced), ব্যাপ্ত। ২। অলঙ্কৃত। ৩। সম্পাদিত। ৪। নির্গত।

প্রসারী (প্রসারিন্, প্রসার দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রসরণশীল, বিসারী। ব্যাপী।

প্রসিত (প্র—সি বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাপৃত, নিযুক্ত। ২। আসক্ত। ৩। প্রকৃষ্ট শুভ্র। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, পূয।

প্রসিতি (প্রসিত দেখ, তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, বন্ধনসাধন, রজ্জু শৃঙ্খল প্রভৃতি।

প্রসিদ্ধ (প্র—সিধ্ [সম্পন্ন করা] খ্যাতহওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিখ্যাত। ২। উন্নত। ৩। ভূষিত।

প্রসিদ্ধি (প্রসিদ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, খ্যাতি, প্রতিপত্তি। ২। ভূষা। ৩। সিদ্ধি।

প্রসীদ (প্র—সিদ্ প্রসন্ন হওয়া+হি—লোট্) প্রসন্ন হও।

প্রসুপ্ত (প্র - সুপ্ত নিদ্রিত) বিং, ত্রিং, নিদ্রিত। শিং — ১ "প্রসুপ্তঞ্চ জনার্দ্দনম্।"

প্রসূ (প্র — সূ প্রসব করা + ০(ক্বিপ্) — ক) সং, স্ত্রীং, মাতা। শিং — ১ "ক্ষিতি প্রসূরবাগসৌ জনক এষ মে দুষ্পণঃ।" ২। ঘোটকী। ৩। লতা। ৪। কদলীবৃক্ষ।

প্রসূকা (প্রসূ + কণ্ - যোগ) সং, স্ত্রীং, ঘোটকী।

প্রসূত (প্রসূ দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, উৎপাদিত। ২। উৎপন্ন, জাত। ৩। ক্লীং, কুসুম।

প্রসূতা, প্রসূতি, প্রসূতিকা (প্রসূ দেখ, ত(ক্ত), তি(ক্তি) — ক। কণ — যোগে প্রসূতিকা) সং, স্ত্রীং, জাতাপত্যা, যে স্ত্রীর নব সন্তান হইয়াছে।

প্রসূতি (প্রসূত দেখ, তি(ক্তি) — র্ম্ম) সং, স্ত্রীং, সন্তান, অপত্য। ২। গর্ভ। ৩। (+ক্তি — ভাবে) প্রসব। ৪। উৎপত্তি। ৫। (+ক্তি — পা) কারণ। ৬। মাতা। ৭। ব্রহ্মার দেহাঙ্গরূপ ক্ষত্র ধাতু হইতে স্বয়ম্ভূব মুনি উৎপন্ন হন। প্রজাপ্রসবকারিণী ক্ষেত্ররূপিণী, সমগ্র শক্তি, শতরূপা তাঁহার স্ত্রী। শতরূপার তিন কন্যা—আকুতি, দেবহুতি ও প্রসূতি। প্রজাপতি দক্ষের সহিত ইহাঁর বিবাহ হয়। দক্ষ সন্তান-সন্ততি-জনন-ক্ষমতা স্বরূপ। প্রসূতি সেই ক্ষমতার স্ত্রীলিঙ্গবাচিকা।

প্রসূতিজ (প্রসূতি প্রসব — জ [জন্ জন্মান + অ(ড) — ক] উৎপন্ন) সং, ক্লীং, প্রসবজন্য দুঃখ। ২। দুঃখ, ক্লেশ। ৩। পুং, "যে স্ত্রী স্বামীর অনুমতি নিরপেক্ষ হইয়া জার দ্বারা পুত্র উৎপাদন করে, তাহার সেই পুত্র প্রসূতিজ বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে।"

প্রসূন (প্রসূ দেখ, ত(ক্ত) — র্ম্ম) সং, ক্লীং, পুষ্প। ২। মুকুল। ৩। ফল। ৪। বিং, ত্রিং, উৎপন্ন, জাত। ৫। সূত।

প্রসূনেষু (প্রসূন পুষ্প — ইষু বাণ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কুসুমশর, কন্দর্প।

প্রসৃত (প্র — সৃ [গমন করা] বিস্তার করা ইত্যাদি + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, বিস্তৃত, ব্যাপ্ত। ২। প্রবৃত্ত। ৩। নির্গত। ৪। নিযুক্ত। ৫। বিনীত। ৬। বেগবান্। ৭। বেগিত। ৮। সং, পুং, করকোষ, অর্দ্ধাঞ্জলি, হাতের খোড়ল। ৯। ক্লীং, দুই পল পরিমাণ। তা — স্ত্রীং, জঙ্ঘা।

প্রসৃতি (প্রসৃত দেখ, তি(ক্তি) - র্ম্ম) সং, স্ত্রীং, হস্তকোষ, হাতের খোড়ল।

প্রসৃষ্ট (প্র — সৃজ সৃষ্টি করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃষ্টরূপে সৃষ্ট। শিং — ১ "তৈর্বজ্র নিপাতৈশ্চ প্রসৃষ্টাভিস্তথৈবচ।" ষ্টা — স্ত্রীং, বিস্তৃতাঙ্গুলি। শিং — ১ "অঙ্গুল্যঃ প্রসৃতা যাস্তু তাঃ প্রসৃষ্টা উদীরিতাঃ।"

প্রসেক (প্র — সিচ্ সেচনকরা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, নিষেক, ক্ষরণ। ২। সিঞ্চন।

প্রসেদিকা (প্র অত্যুত্তম — সদ্ গমন করা অক(ণক) — ক, আপ্। ই — আগম) সং, স্ত্রীং, ক্ষুদ্র উপবন।

প্রসেদিবান্ (প্রসেদিবস্, প্র — সদ্ [গমনকরা] হৃষ্ট হওয়া + বস্(ক্বসু) — ক) বিং, ত্রিং, প্রসন্ন। দুষী — স্ত্রীং, প্রসন্না।

প্রসেন ; সং, পুং, অনামিত্র গোত্রজ সত্রাজিতের ভ্রাতা ক্ষত্রিয়বিশেষ।

প্রসেনজিৎ ; সং, পুং, নৃপবিশেষ।

প্রসেব (প্র — সিব্ সেলাই করা + অ(অল্) — র্ম্ম) সং, পুং, বীণাঙ্গ। ২। গোণী, থলিয়া।

প্রসেবক (প্রসব দেখ, অক(ণক) — ক) সং, পুং, বীণাপ্রান্ত বক্রকাষ্ঠ। ২। কেহ বলেন —বীণার প্রান্তস্থ লাউ প্রভৃতি। ৩। সূত্ররচিত ভাণ্ড, ধোকড়া। ৪। বিং, ত্রিং, প্রকৃষ্টদ্যুতিকারক, যে উত্তম সেলাই করিতে পারে। বিকা — স্ত্রীং, থলিয়া, পাত্রবিশেষ।

প্রস্কণ্ব ; সং, পুং, মুনিবিশেষ, কণ্বপুত্র।

প্রস্কন্দন (প্র — স্কন্দ্ গমন করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বিরেচন, উদরভঙ্গ। ২। আস্কন্দন ; যথা—"অগ্নি প্রস্কন্দনপরঃ।"

প্রস্কন্দিকা (প্র — স্কন্দ + অক(ণক) — ক, আপ্) সং, স্ত্রীং, ক্ষয়রোগ।

প্রস্কন্ন (প্র — স্কন্দ্ গমন করা, ফোঁটা ফোঁটা পড়া, শোষণ করা + ত(ক্ত) — ক, নিপাতন)

প্রহুত ( প্র — হু হোম করা + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, যাহা প্রকৃষ্টরূপে হোম করা হইয়াছে। ২। (+ক্ত — ভাবে) সং, ক্লীং, হোম, ভূতযজ্ঞ।

প্রহৃত (প্র — হৃ (হরণ করা] আঘাত করা + ত(ক্ত) — ভা) সং, ক্লীং, প্রহার। ২। (+ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, নিগৃহীত। ৩। আহত, আঘাতপ্রাপ্ত।

প্রহৃষ্ট (প্র অধিক — হৃষ্ হৃষ্ট হওয়া + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, অতিশয় আহ্লাদিত।

প্রহেণক ; সং ক্লীং, পিষ্টকবিশেষ।

প্রহেলিকা, প্রহেলী (প্র — হিল [ কটাক্ষাদি ভঙ্গী করা ] জিজ্ঞাসা করা + অ(অল্) — ণ = প্রহেল + কণ্ — যোগ, আপ, ঈপ্ ) সং, স্ত্রীং, কূটপ্রশ্ন, হেঁয়ালি। শিং — ১"ব্যক্তীকৃত্য কমপ্যর্থং স্বরূপার্থস্য গোপনাৎ। যত্র বাহ্যান্তরাবর্থৌ কথ্যেতে সা প্রহেলিকা।"

প্রহ্লাদ ( প্র — হ্লাদ্ আহ্লাদিত হওয়া + অ(অন্) — ক ) সং, পুং, হিরণ্যকশিপু রাজার পুত্র। ২। নাগবিশেষ। ৩। (+ অল্ — ভা) আহ্লাদ, আনন্দ।

প্রহ্লাদন ( প্র — হ্লাদ-ণিচ্ = হ্লাদি + অনট্ — ভা ) সং, ক্লীং, আহ্লাদকরণ, আনন্দজনন। শিং — ১ " যথা প্রহ্লাদনাচ্চন্দ্রঃ প্রতাপাত্তপনো যথা।" ২। (অন — ক)বিং, ত্রিং, আনন্দজনক।

প্রহ্ব (প্র — হ্বে [ আহ্বান করা ] নত হওয়া ইত্যাদি + অ(ড) — ক। অথবা প্র — হা ত্যাগ করা + ব — ক ) বিং, ত্রিং, নম্র। ২। বিনীত। ৩। প্রবণ। ৪। আসক্ত। শিং — ১ " প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ভক্তিপ্রহ্বেন চেতসা।" ৫। আবর্জ্জিত।

প্রহ্বাঞ্জলি (প্রহ্ব — অঞ্জলি অভ্যর্থনা) বিং, ত্রিং, কৃতাঞ্জলিপুটে মস্তকাবনত ভাবে দণ্ডায়মান।

প্রহ্বায় (প্র সম্মুখে — হ্বে আহ্বান করা + অ — প্রং ) সং, পুং, আহ্বান, স্তব।

প্রাংশু (প্র প্রকৃষ্ট — অংশু কিরণ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, উচ্চ, উন্নত, ঢেঙ্গা। শিং — ১ "প্রাংশুলভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ।" ২। সং, পুং, বৈবস্বত মনুর পুত্রবিশেষ।

প্রাক্ ( প্রাচ্, প্র — অন্চ্ গমন করা + (ক্বিপ্) — ধি ) অং, পূর্ব্বে, প্রথমে। ২। পূর্ব্বদেশ। ৩। অগ্রে।

প্রাকর ; সং, পুং, দ্যুতিমান্ নৃপের পুত্রবিশেষ।

প্রাকরণিক (প্রকরণ + ইক(ষ্ণিক) — প্রাপ্ত্যর্থে) বিং, ত্রিং, প্রকরণপ্রাপ্ত।

প্রাকর্ষিক ( প্রকর্ষ + ইক(ষ্ণিক) — অর্হার্থে) বিং, ত্রিং, নিত্য প্রকর্ষার্হ।

প্রাকাম্য ( প্র — আ — কম্ ইচ্ছা করা + য — ভা। অথবা প্রকাম + য(ষ্ণ্য) — ভা ) সং, ক্লীং, শিবের অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, স্বচ্ছন্দানুবর্ত্তিতারূপ ঐশ্বর্য্য, ভোগেচ্ছা পূর্ণ করিবার ক্ষমতা, যথেচ্ছাচারিত্ব। শিং — ১ "প্রাকাম্যং তে বিভূতিষু।"

প্রাকার (প্র — আ — কৃ [বিক্ষেপ করা] বেষ্টন করা + অ(ঘঞ্) — র্ম্ম) সং, পুং, প্রাচীর। ২। বেষ্টন, বে[illegible]। ৩। ( + ঘঞ্ — ভা) সর্ব্বতো বি[illegible]।

প্রাকারমর্দ্দী ( — মর্দ্দিন্, প্রাকার — মৃদ্ মর্দ্দন করা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, প্রাচীরভেদক।

প্রাকৃত (প্র — অকৃত কৃত নহে, অপকার্য্য) বিং, ত্রিং, নীচ, অধম, পৃথগজন। ২। (প্রকৃতি স্বভাব + অ(ষ্ণ) — ভবার্থে) ভাষাবিশেষ, নাটকাদি প্রসিদ্ধ অপভ্রংশ শব্দবিশেষ, চলিতভাষা। ৩। নৈসর্গিক, স্বাভাবিক। ৪। প্রকৃতিসম্বন্ধীয়, স্বভাবসিদ্ধ। শিং — ১"পিত্রোঃ সংপশ্যতো সদ্যো বভূব প্রাকৃতঃ শিশুঃ।" ৫। সাধারণ, সামান্য। ৬। প্রজাসম্বন্ধীয়।

প্রাকৃতইতিবৃত্ত (Natural History) প্রকৃতিবিষয়ক বৃত্তান্ত অর্থাৎ পৃথিবী ও তদুৎপন্ন বস্তু সমূহের বিবরণ ; জন্তুবিদ্যা, ধাতুবিদ্যা, উদ্ভিদ্‌বিদ্যা প্রভৃতি বিদ্যা সকল প্রাকৃতইতিবৃত্তের অন্তর্গত।

প্রাকৃতজ্বর ; সং, পুং, বর্ষাদি ঋতুভেদে বাতাদি প্রধান জ্বর।

াকৃতত্ত্ববিবেক (Natural Theology) যে শাস্ত্রদ্বারা সৃষ্ট-পদার্থ-দর্শন-জনিত তত্ত্বজ্ঞান জন্মে। [রাজ্যশাসন।

াকৃততন্ত্র (Democracy) প্রজাদের হস্তগত

াকৃতদোষ; সং, পুং, বর্ষাদি ঋতুভেদে বাতাদি প্রকোপজন্য দোষ।

াকৃতপ্রলয়; সং, পুং, ব্রহ্মার লয়নিবন্ধন সমুদায় সৃষ্ট পদার্থের লয়, পরমপুরুষে জগৎকারণীভূতা প্রকৃতির লয়প্রাপ্তি।

াকৃতভূগোল (Physical Geography) যে ভূগোলবৃত্তান্ত দ্বারা পৃথিবীর জল স্থল বিভাগ, পর্ব্বতাদির বিবরণ, ভিন্ন ভিন্ন প্রদেশের জলবায়ু ও তদুৎপন্ন দ্রব্যাদির বিষয় জানা যায়।

াকৃতমানুষ; সং, পুং, সামান্য মনুষ্য। শিং —১ "পঞ্চানামপি যো ভর্ত্তা ন স প্রাকৃতমানুষঃ।"

াকৃতসমাজ (House of Commons) ইংলণ্ডদেশের রাজকীয় সভাসংক্রান্ত সাধারণ লোকদের সমাজ।

াকৃতিক (প্রকৃতি + ইক(ষ্ণিক) — ইদমর্থে) বিং, ত্রিং, স্বাভাবিক, প্রকৃতিসম্বন্ধীয়। শিং —১ "এবং সর্ব্বে প্রাকৃতিকাঃ শ্রীকৃষ্ণং নির্গুণং বিনা।"

াকৃতিকইতিবৃত্ত (Natural History) যে শাস্ত্র দ্বারা সৃষ্ট পদার্থের স্বরূপ ও অবস্থার বিষয় জানা যায়।

াকৃতিককার্য্য; সং, ক্লীং, সৃষ্ট পদার্থ। যে পদার্থ কেবল একমাত্র ইন্দ্রিয়ের গ্রাহ্য; যেমন আলোক, শব্দ, তাপ প্রভৃতি।

াকৃতিকবিজ্ঞান (Natural Science) সং, ক্লীং, যে শাস্ত্রে প্রাকৃতিক-কার্য্য-বিষয়ক জ্ঞান জন্মে।

াক্তন (প্রাক্ পূর্ব্ব + তন, ট্নন) — ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বকালীন। ২। পূর্ব্বজন্মোৎপন্ন, পূর্ব্বজন্মার্জ্জিত, জন্মান্তরীণ। শিং —১ "প্রপেদিরে প্রাক্তনজন্মবিদ্যা।" ৩। পূর্ব্ববর্ত্তী (কারণ)।

াক্তনকর্ম্ম (—কর্ম্মন্, প্রাক্তন পূর্ব্ব — কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, অদৃষ্ট, ভাগ্য। ২। পূর্ব্বকৃত কর্ম্ম (পাপ পুণ্য)।

প্রাক্ফল; সং, পুং, পনসফল, কাঁঠাল।

প্রাক্ফল্গুনী (প্রাক্ অগ্রগামী — ফল্গুনী নক্ষত্রবিশেষ) সং, স্ত্রীং, পূর্ব্বফল্গুনীনক্ষত্র।

প্রাক্ফাল্গুন (প্রাক্ফল্গুনী + অ(ষ্ণ) — ভবার্থে। পূর্ব্বফল্গুনীনক্ষত্রে জাত বলিয়া) সং, পুং, বৃহস্পতি।

প্রাক্শিরস্ (প্রাক্ পূর্ব্ব - শিরস্ মস্তক) বিং, ত্রিং, পূর্ব্বদিক্‌স্থাপিত মস্তক।

প্রাখর্য্য (প্রখর + য(ষ্ণ্য) — ভা) সং, ক্লীং, প্রখরতা, তীক্ষ্ণতা।

প্রাগগ্র (প্রাক্ পূর্ব্ব — অগ্র, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, পূর্ব্বাভিমুখ।

প্রাগভাব (প্রাক্ পূর্ব্ব — অভাব) সং, পুং, প্রাগ্বর্ত্তী অভাব, সংসর্গাভাব, যে বস্তুর যাহা হইতে উৎপত্তি হইবে সে বস্তুর তাহাতে পূর্ব্বে যে অভাব থাকে।

প্রাগল্ভ্য (প্রগল্ভ + য(ষ্ণ্য) — ভা) সং, ক্লীং, প্রগল্ভতা, ঔদ্ধত্য। ২। তেজস্বিতা। শিং —১ "প্রাগল্ভ্যহীনস্য নরস্য বিদ্যা শস্ত্রং যথা কাপুরুষস্য হস্তে। ন তৃপ্তিমুৎপাদয়তে শরীরে বৃদ্ধস্য দারা ইব দর্শনীয়া।" (জ্যোতিষ)। ৩। স্ত্রীদিগের যত্নহেতু ভাববিশেষ।

প্রাগুক্ত (প্রাক্ পূর্ব্ব — উক্ত কথিত) বিং, ত্রিং, পূর্ব্বোক্ত, পূর্ব্বোল্লিখিত।

প্রাগুদীচী (প্রাক্ পূর্ব্ব — উদীচী উত্তর) সং, স্ত্রীং, পূর্ব্বোত্তরকোণ, ঈশানকোণ।

প্রাগ্জ্যোতিষ (প্রাক্ পূর্ব্ব — জ্যোতিষ দীপ্তি) সং, পুং, আসামের অন্তর্গত কামরূপ। শিং —১ "অত্রৈব হি স্থিতো ব্রহ্মা প্রাঙ্নক্ষত্রং সসর্জ্জহ। ততঃ প্রাগ্জ্যোতিষাখ্যেয়ং পুরী শক্রপুরী সমা।" ২। বহুং, তদ্দেশীয় লোক।

প্রাগ্ভার (প্রাক্ প্রথম — ভার) সং, পুং, অগ্রভাগ। ২। উৎকর্ষ। ৩। পর্ব্বতের অগ্রভাগ।

প্রাগ্রহর } (প্র প্রথম, অগ্র — হৃ হরণ
প্রাগ্র্য } করা + অ(অল্) — র্ম্ম। প্র — অগ্র + য(ষ্ণ্য) — ভবার্থে) বিং, ত্রিং, প্রধান।

প্রাগ্রাট (প্র — অগ্র উপরিভাগ — অট যে গমন করে) সং, ক্লীং, পাতলা দই।

প্রাগ্বংশ ( প্রাক্ পূর্ব্ব – বংশ কুল, বাঁশ ) সং, পুং, প্রাচীন স্থূণ যজ্ঞগৃহবিশেষ, যজ্ঞীয় গৃহের সম্মুখবর্ত্তী গৃহ। ২। পূর্ব্ব-বংশ। ৩। যজ্ঞশালার কাষ্ঠবিশেষ। শিং —১ "যজ্ঞশালায়াঃ পূর্ব্বপশ্চিমস্তম্ভয়োরর্পিতং পূর্ব্বপশ্চিমায়তং কাষ্ঠং প্রাগ্বংশঃ।" ৪। বিষ্ণু।

প্রাঘাত (প্র প্রচণ্ডবেগে – আঘাত প্রহার, ৭মী – হিং) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম।

প্রাঘার (প্র – আ – ঘৃ সেচনকরা, ক্ষরা + অ (ঘঞ্) – ভা) সং, পুং, ক্ষরণ, গলন। ২। যজ্ঞীয় অগ্ন্যাদিতে ঘৃতাদি ক্ষরণ। ৩। সেক। ৪। (+ঘঞ্ – ধি) যজ্ঞিয় অগ্নি।

প্রাঘুণ (প্র – আ – ঘুণ্ ভ্রমণ করা + অ(ক) – ক) সং, পুং, অতিথি। ২। আগন্তুক।

প্রাঘুণিক (প্রাঘুণ [প্র – আ – ঘুণ্ ভ্রমণ করা + অ(অল্) – ভা] ভ্রমণ + ইক(ষ্ণিক) – করোত্যর্থে) সং, পুং, অতিথি, আগন্তুক। শিং – ১ "অমিতং মধু তংকথা মম শ্রবণপ্রাঘুণিকীকৃতা জনৈঃ।"

প্রাঙ্ (প্রাচ্, প্রানৃচ্, প্র – অনৃচ্ গমন করা + ০(ক্বিপ্) – ক ) বিং, ত্রিং, পূর্ব্বদেশ, পূর্ব্বদিক্। ২। পূর্ব্বকাল। ৩। পূর্ব্বতন, প্রাচীন।

প্রাঙ্গ (প্র প্রকৃষ্ট – অঙ্গ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, প্রকৃষ্ট দেহবিশিষ্ট। ২। সং, পুং, পণববাদ্য।

প্রাঙ্গণ (প্র – অনৃগ্ গমনকরা + অন(অনট্) – ধি) সং, ক্লীং, অঙ্গন, উঠান। ২। গৃহ-ভূমি। ৩। (+অনট্ – ণ) পণববাদ্য।

প্রাঙ্মুখ (প্রাক্ পূর্ব্ব – মুখ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, পূর্ব্বমুখ। শিং – ১"সর্ব্বতঃ প্রাঙ্মুখো দাতা গৃহীতা চ উদঙ্মুখঃ।"

প্রাচিকা ; সং, স্ত্রীং, বনমক্ষিকা, ডাঁস।

প্রাচী (প্রাঙ্ দেখ, ঈপ্) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্। ২। পূজ্য পূজকের মধ্যবর্ত্তী স্থান।

প্রাচীন (প্রাচ্ পূর্ব্ব + ঈন(খীন) – ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্ব। ২। পূর্ব্বকালীন, পুরাতন। ৩। বৃদ্ধ। ৪। প্রাচ্য, পূর্ব্বদেশীয়। ৫। (প্রাচী পূর্ব্বদিক্ + ঈন(খীন) – ভবার্থে) পূর্ব্বদিগ্ভব।

প্রাচীনগর্ভ ; সং, পুং, মুনিবিশেষ।

প্রাচীনপনস (প্রাচীন পূর্ব্ব – পনস কাঁঠাল গাছ) সং, [illegible], বিল্ববৃক্ষ।

প্রাচীনব[illegible] – বর্হিস্, প্রাচীন পূর্ব্বদেশীয় – ব[illegible] দীপ্তি। যিনি পূর্ব্বদিকে আধিপত্য [illegible]ন) সং, পুং, ইন্দ্র। ২। নৃপবিশে[illegible] ; হবির্দ্ধানের পুত্র, বিষণাগর্ভসম্ভূত। ইনি প্রজাপতি আখ্যা পাইয়াছিলেন।

প্রাচীনামলক ; সং, ক্লীং, পানীয়ামলক, পানী আমলা।

প্রাচীনাবীত (প্রাচীন – পূর্ব্ব – আবীত লম্বিত) সং, পুং, শ্রাদ্ধাদি কর্ম্মে বামকর বহিষ্কৃত করিয়া দক্ষিণস্কন্ধে অর্পিত যজ্ঞসূত্রাদি। শিং – ১ "সব্যং বাহুং সমুদ্ধৃত্য দক্ষিণে তু ধৃতং দ্বিজাঃ। প্রাচীনাবীতমিত্যুক্তং পিত্রে কর্ম্মণি যোজয়েৎ।"

প্রাচীনাবীতী (প্রাচীনাবীতিন্, প্রাচীনাবীত + ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, দক্ষিণস্কন্ধস্থ যজ্ঞসূত্রাদিসম্পন্ন।

প্রাচীপতি (প্রাচী পূর্ব্বদিক্ – পতি, ৬ষ্ঠী – ষ) সং, পুং, পূর্ব্বদিক্পতি, ইন্দ্র।

প্রাচীর (প্র – আ – চী [একত্র করা] আবরণ করা + র(ক্রণ্) – র্ম্ম) সং, ক্লীং, প্রান্তভাগে আবৃতি, বেষ্টন, বেড়া। ২। ভিত্তি, দেওয়াল, পাঁচিল। ৩। ইষ্টকাদিনির্ম্মিত বেষ্টনাকার আবরণ। শিং – ১ "গজৈরভেদ্যা মনুজৈরলঙ্ঘ্যাঃ প্রাচীরখণ্ডা নৃপতের্ভবন্তি।" [আধিক্য।

প্রাচুর্য্য (প্রচুর + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং,

প্রাচেতস ( প্রচেতস্ বরুণ + অ(ষ্ণ) – অপত্যার্থে ) সং, পুং, বরুণপুত্র। ২। বাল্মীকি।

প্রাচ্য (প্রাচ্ পূর্ব্ব + য(ষ্ণ্য) – ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বদেশীয়। ২। পূর্ব্বদিকস্থ। ৩। সং, পুং, পূর্ব্বদেশ। শিং – ১ "শরাবত্যাস্তু যোহবধেঃ। দেশঃ প্রাগ্দক্ষিণঃ প্রাচ্যঃ।"

প্রাচ্যবাট (প্রাচ্য – বাট, ৬ষ্ঠী – হিং) সং, ক্লীং, প্রাগ্দেশস্থ।

প্রাচ্যবৃত্তি (প্রাচ্য – বৃত্তি, মং – স) সং, স্ত্রীং, প্রাচীনাবৃত্তি। ২। ছন্দোবিশেষ।

প্রাচ্ছ্ (প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+০(কিপ্)—ক, নিপাতন) বিং,ত্রিং, জিজ্ঞাসক, প্রাড়্‌বিবাক।

প্রাজক (প্র—অজ্-ণিচ্=আজি গমন করান + অক(ণক)—ক) সং, পুং, সারথি, রথাদিচালক। ২। বিং, ত্রিং, চালক। শিং—১ "যত্রাপবর্ত্ততে যুগ্যং বৈগুণ্যাৎ প্রাজকস্য চ।" (মনু)।

প্রাজন (প্রাজক দেখ, অন(অনট্)—ণ) সং, ক্লীং, তোদন, পশ্বাদির চালনদণ্ড, পাঁচনবাড়ী। ২। (অনট্—ভাবে) চালন।

প্রাজহিত ; সং, পুং, গার্হপত্য অগ্নি।

প্রাজাপত (প্রজাপতি+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, প্রজাপতি ধর্ম্মাত্মক।

প্রাজাপত্য (প্রজাপতি ব্রহ্মা+(ষ্ণ্য)—তদ্দেবতার্থে) সং, পুং, অষ্টবিধ বিবাহান্তর্গত বিবাহবিশেষ। শিং—১ "ব্রাহ্মো দৈবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তথাহসুরঃ।" ২। প্রয়াগ। ৩। ক্লীং, দ্বাদশ-দিবসসাধ্য ব্রতবিশেষ। ৪। রোহিণীনক্ষত্র। ৫। বিং, ত্রিং, প্রজাপতিসম্বন্ধীয়। ত্যা—স্ত্রীং, যজ্ঞবিশেষ, প্রব্রজ্যা আশ্রমে প্রবিষ্ট হইবার পূর্ব্বে সর্ব্বস্ব দক্ষিণা দিয়া যজ্ঞকরণ। শিং—১ "প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিং সর্ব্ববেদসদক্ষিণাং। আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেৎ গৃহাৎ।"

প্রাজিতা (প্রাজিতৃ, প্র—অজ্-ণিচ্=প্রাজি গমন করান+তৃ(তৃন)—ক) সং, পুং, সারথি। ২। বিং, ত্রিং, চালক।

প্রাজেশ (প্রজেশ+অ(ষ্ণ)—তদ্দেবতার্থে) বিং, ত্রিং, প্রজাপতিদেবতাক। ২। সং, ক্লীং, রোহিণীনক্ষত্র।

প্রাজ্ঞ—ত্রিং }
প্রাজ্ঞা—স্ত্রীং } (প্র—আ সম্যক্—জ্ঞা জানা+অ(ণ)—প্রং। অথবা প্রজ্ঞা+ষ্ণ) বিজ্ঞ। ২। দক্ষ,নিপুণ। ৩। পুং, পণ্ডিত। ৪। বুদ্ধি। শিং—১"প্রজ্ঞা প্রাজ্ঞা ধরা জ্ঞপ্তিঃ পণ্ডা সংবেদনং বিদা।" জ্ঞী—স্ত্রীং, বুদ্ধিমতী, ধীমতী। ২। পণ্ডিতের পত্নী।

প্রাজ্য (প্র—অনূজ্ [গমন করা] প্রবৃদ্ধ হওয়া +য(ক্যপ্)—ক) বিং, ত্রিং, প্রভূত, বহু, প্রচুর। ২। (প্র প্রকৃষ্ট—আজ্য ঘৃত) সং, ক্লীং, প্রকৃষ্ট ঘৃত।

প্রাঞ্চ্ (প্র—অনূচ্ গমন করা+০(বিচ্)—ক) বিং, ত্রিং, প্রাচীন।

প্রাঞ্জল (প্র—অনূজ্ গমন করা+অল(অলচ্)—র্ম্ম) বিং, ত্রিং, সরল, সহজ,সোজা, সুখবোধ্য। ২। নির্ম্মল। ৩। উজ্জ্বল। ৪। সুখসেব্য।

প্রাঞ্জলি (প্র প্রকৃষ্টরূপে কৃত—অঞ্জলি, ৩য়া—হিং) বিং, ত্রিং, বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি।

প্রাড়্‌বিবাক (প্রাট্ [প্রচ্ছ্ জিজ্ঞাসা করা+০(কিপ্)—ক] যে বাদী প্রতিবাদীর বাক্য জিজ্ঞাসা করে—বিবাক্ [বি—বচ্ বলা +অ(ঘঞ্)—ক] যে বিবেচনা করিয়া বলে। যে বিবাদানুগত পূর্ব্ব বাক্য জিজ্ঞাসা করিয়া বিচার করে, যং—স। প্রাড়্‌বেকও হয়) সং, পুং, রাজ্যের প্রধান বিচারক,ব্যবহারদর্শী, জজ। শিং—১ "বিবাদানুগতং পৃষ্ট্বা পূর্ব্ববাক্যং প্রযত্নতঃ। বিচারয়তি যেনাসৌ প্রাড়্‌বিবাকস্ততঃ স্মৃতঃ।" (স্মৃতি)।

প্রাণ (প্র—অন্ বাঁচা+অ(অল্)—ণ) সং, পুং, হৃদয়স্থ বায়ু। ২। বায়ু। ৩। বল। ৪। জীবন। ৫। পুং, (বহু) প্রাণ, অপান, সমান, উদান, ব্যান—দেহস্থ এই পঞ্চ বায়ু। শিং—১ "প্রণয়নাৎ প্রক্রমণাচ্চ প্রাণ ইত্যভিধীয়তে।" ২"শরীরান্তঃসঞ্চারী বায়ুঃ প্রাণঃ স চৈকোঽপ্যুপাধিভেদাৎ প্রাণাপানাদিসংজ্ঞাং লভতে।" ৬। ব্রহ্মা। ৭। বিং, ত্রিং, পূরিত।

প্রাণক (প্রাণ দেখ, অক(ণক)—ক। অথবা প্রাণ+কণ্—সংজ্ঞার্থে) সং, পুং, প্রাণী, জীব। ২। বস্ত্র। ৩। বৃক্ষবিশেষ।

প্রাণকর (প্রাণ বল—কৃ করা+অ(ট)—ক) বিং, ত্রিং, বলকারক।

প্রাণগ্রহ ; সং, পুং, প্রাণরূপ ইন্দ্রিয়।

প্রাণচ্ছিদ্ (প্রাণ—ছিদ্ ছেদন করা+০(কিপ্)—ক) বিং, ত্রিং, প্রাণনাশক।

প্রাণজীবন ; সং, পুং, বিষ্ণু। শিং—১"প্রাণভৃৎ প্রাণজীবনঃ।" (বিষ্ণুসংহিতা)।

প্রাণথ (প্রাণ দেখ, অথ—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু। ২। বলবান্। ৩। প্রজাপতি। ৪। তীর্থ।

প্রাণদ (প্রাণ জীবন—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, ক্লীং, জল। ২। রক্ত। ৩। বিং, ত্রিং, প্রাণদাতা, যে প্রাণ দান করে। দা—স্ত্রীং, হরীতকী। ২। গুটিকাবিশেষ। শিং—১ "অক্ষ প্রমাণা গুটিকা প্রাণদেতি চ সা স্মৃতা।"

প্রাণন (প্রাণ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রাণ, জীবন। ২। জীবিত থাকা। ৩। পুং, গলদেশ।

প্রাণনাথ (প্রাণ জীবন—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বামী, পতি, ভর্ত্তা।

প্রাণনিগ্রহ (প্রাণ—নিগ্রহ দমন করা+অ(অল্)—ণ) সং, পুং, প্রাণায়াম।

প্রাণন্ত ; সং, পুং, বায়ু। ২। রসাঞ্জন। ন্তী—স্ত্রীং, হিক্কা।

প্রাণভাস্বান্ (প্রাণভাস্বৎ, প্রাণ জীবন—ভাস্বৎ সূর্য্য। সূর্য্য সমুদ্র হইতে উত্থিত বা উৎপন্ন হইয়াছিলেন বলিয়া) সং, পুং, সমুদ্র।

প্রাণভৃৎ (প্রাণ—ভৃৎ [ভৃ ধারণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে) সং, পুং, প্রাণী, জীব। ২। বিষ্ণু।

প্রাণময়কোষ ; সং, পুং, পঞ্চপ্রাণ ও পঞ্চকর্ম্মেন্দ্রিয়।

প্রাণযম (প্রাণ নিশ্বাস প্রশ্বাস—যম্ রোধ করা+অ(অল্)—ণ) সং, পুং, প্রাণায়াম।

প্রাণযাত্রা(প্রাণ—যাত্রা অগ্রগমন) সং,স্ত্রীং, প্রাণধারণোপায়, জীবিকানির্ব্বাহ।

প্রাণযোনি ; সং, পুং, বিষ্ণু। ২। জগৎপ্রাণ বায়ু।

প্রাণসংযম (প্রাণ নিশ্বাস প্রশ্বাস—সম্—যম্ নিবৃত্ত করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রাণায়াম। ২। প্রাণবায়ুর বিরোধ।

প্রাণসদ্ম (প্রাণসদ্মন্, প্রাণ হৃদয়স্থ বায়ু—সদ্মন্ বাসস্থান) সং, ক্লীং, শরীর, দেহ।

প্রাণসমা (প্রাণ জীবন—সমা তুল্যা) সং, স্ত্রীং, প্রিয়তমা, পত্নী, প্রাণতুল্যা।

প্রাণহর (প্রাণ—হৃ হরণ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, প্রাণনাশক, বলনাশক। শিং—১ "শুষ্কং মাংসং স্ত্রিয়ো বৃদ্ধা বালার্কস্তরুণং দধি। প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃ প্রাণহরাণিষট্।" (চাণক্য)।

প্রাণাত্যয় (প্রাণ—অত্যয় নাশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণনাশের কাল। শিং—১ "প্রাণাত্যয়ে চ সম্প্রাপ্তে যোঽন্নমত্তি যতস্ততঃ।" (স্মৃতি)।

প্রাণাধিনাথ (প্রাণ জীবন—অধি উপরি—নাথ প্রভু) সং, পুং, স্বামী, পতি।

প্রাণান্ত (প্রাণ—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণাবসান, মৃত্যু।

প্রাণাপান ; সং, পুং, প্রাণ ও অপান বায়ু। ২। অশ্বিনীকুমারদ্বয় ; যথা—"প্রাণাপানৌ কথং দেবাবশ্বিনৌ সংবভূবতুঃ।" ৩। প্রাণের ছিদ্ররূপ মুখ্যস্থানবিশেষ।

প্রাণায়াম (প্রাণ—আ—যম্ সংযত করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, দেবতার নাম বা কোন মন্ত্র উচ্চারণ পূর্ব্বক নাসিকার এক ছিদ্র অঙ্গুলি দ্বারা রুদ্ধ করিয়া অন্য ছিদ্র দ্বারা নিশ্বাসবায়ুর আকর্ষণ ও উভয় ছিদ্র রুদ্ধ করিয়া অন্তরে বায়ুরোধ, পরে অপর ছিদ্র দ্বারা বায়ু বিসর্জ্জন এবং একারম্ভেই পুনর্ব্বার ইহার বিপরীত দ্বার দ্বারা ঐরূপ পূরক কুম্ভক ও রেচক। শিং—১ "রেচকপূরককুম্ভকলক্ষণঃ প্রাণনিগ্রহোপায়ঃ প্রাণায়ামঃ।" ২ "প্রাণায়াম শতং কৃত্বা মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ।"

প্রাণিতত্ত্ব / প্রাণিবিদ্যা } (Zoology) প্রাণিগণের আকার প্রকার ও স্বভাবাদি পরিজ্ঞানার্থক বিদ্যা।

প্রাণিদ্যূত (প্রাণিন্—দ্যূত ক্রীড়া, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাজি রাখিয়া মেষ ও কুক্কুটাদির যুদ্ধ করান। [করে।

প্রাণিপ্রদেশ—যে প্রদেশে জীবজন্তু বাস

প্রাণিহিতা (প্রাণী জীব [মনুষ্য]—হিত যোগ্য) সং, স্ত্রীং, পাদুকা, জুতা। ২। বিং, স্ত্রীং, লোকহিতকারিণী।

প্রাণী (প্রাণিন্, প্রাণ+ইন্—অস্ত্যর্থে। অথবা প্র—অন্ বাঁচা+ইন্(ণিন্)—ক) সং, পুং, প্রাণবিশিষ্ট, জীব, জন্তু।

প্রাণীত্য (প্রণীত যাহা লওয়া হইয়াছে + য(ঞ্য)—ভাবে) সং, ক্লীং, ঋণ, ধার, কর্জ্জ। শিং—১ "প্রাণীত্যমৃণমর্থানাং প্রয়োগঃ স্যাৎ কলান্বিকা।"

প্রাণেশ, প্রাণেশ্বর (প্রাণ—ঈশ, ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পতি, ভর্ত্তা। শিং—১ "কন্দর্পে হরনেত্র দীধিতিরিয়ং প্রাণেশ্বরে মন্মথঃ।" (উদ্ভট)। শা, শ্বরী—স্ত্রীং, ভার্য্যা, প্রিয়তমা।

প্রাতঃকৃত্য (প্রাতর্—কৃত্য কর্ত্তব্যকর্ম্ম) সং, ক্লীং, প্রাতঃকালীন কর্ত্তব্য।

প্রাতঃসন্ধ্যা; সং, স্ত্রীং, পূর্ব্বসন্ধ্যা, প্রত্যূষ। ২। প্রাতঃকালে উপাস্য সন্ধ্যা।

প্রাতর্ (প্র আরম্ভ—অৎ গমন করা + অর্—ধি) অং, প্রভাত, দিনাদি।

প্রাতরাশ (প্রাতর্—আশ [অশ্ খাওয়া + অ(ঘঞ্)—ভা] ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাতঃকালীন ভোজন।

প্রাতর্গেয় (প্রাতর্ প্রত্যূষে—গেয় গীতযোগ্য) সং, পুং, বন্দী, স্তুতিপাঠক। ২। বিং, ত্রিং, প্রাতঃকালে গেয়।

প্রাতর্দিন; সং, ক্লীং, পূর্ব্ববর্ত্তী দিন।

প্রাতর্ভোক্তা (প্রাতর্ভোক্তৃ, প্রাতর্ প্রাতঃকাল—ভোক্তৃ যে ভোজন করে) সং, পুং, কাক। ২। বিং, ত্রিং, যে প্রাতঃকালে ভোজন করে।

প্রাতস্তরাম্ (প্রাতর্ + তরাম্—অতিশয়ার্থে) অং, অত্যন্ত প্রাতঃকাল। শিং—১"প্রাতস্তরাং পতত্রিভ্যঃ।"

প্রাতস্ত্রিবর্গা; সং, স্ত্রীং, প্রাতঃস্নান করিলে যিনি ত্রিবর্গ প্রদান করেন, গঙ্গা।

প্রাতিকা (প্র—অৎ গমন করা + অক ণক)—ক) সং, স্ত্রীং, জবাপুষ্প।

প্রাতিকামী (প্রাতিকামিন্) সং, পুং, দুর্য্যোধনের দূতবিশেষ।

প্রাতিকূলিক (প্রতিকূল + ইক(ষ্ণিক)—যুক্তার্থে) বিং, ত্রিং, প্রতিকূলে বর্ত্তমান।

প্রাতিকূল্য (প্রতিকূল + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, প্রতিকূলাচরণ। ২। বৈপরীত্য।

প্রাতিপথিক (প্রতিপথ + ইক(ষ্ণিক)—গত্যর্থে) বিং, ত্রিং, প্রতিপথে গমনশীল।

প্রাতিপদ (প্রতিপদ্ + অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, প্রতিপদ্ তিথিতে জাত।

প্রাতিপদিক (প্রতিপদ প্রত্যেক পদ + ইক (ষ্ণিক)—ভবার্থে) সং, ক্লীং, বিভক্তিশূন্য ব্যক্তিবাচক কিম্বা বিশেষণবাচক শব্দ, নাম, লিঙ্গ। ২। পুং, অগ্নি। শিং—১ "আদৌ প্রতিপদা যেন ত্বমুৎপন্নোঽসি পাবক। ত্বৎপদাৎ প্রাতিপদিকং সংভবিষ্যন্তি দেবতাঃ।" ৩। বিং, ত্রিং, প্রতিপদ সম্বন্ধীয়।

প্রাতিস্ফলিকদূরবীক্ষণ (Reflecting Telescope) আলোকের কিরণ সকল যে দূরবীক্ষণের মুকুরে প্রতিফলিত হইয়া সরল রেখায় গমন পূর্ব্বক প্রতিবিম্ব স্বরূপে পরিণত হয়।

প্রাতিভ (প্রতিভা + অ(ষ্ণ)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিভান্বিত। ২। যোগিগণের যোগ বিঘ্নকারক (উপসর্গবিশেষ)।

প্রাতিভাব্য (প্রতিভূ জামিন + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, প্রতিভূরূপে দেয় ধন। ২। প্রতিভূকর্ম্ম, জামিন হওয়া।

প্রাতিলোম্য (প্রতিলোম + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বৈপরীত্য।

প্রাতিবেশ্য (প্রতিবেশ + য(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, নিকটবাসী।

প্রাতিস্বিক (প্রতিস্ব নিজের প্রতি + ইক (ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, স্বকীয়, অসাধারণ।

প্রাতিহার, প্রাতিহারক, প্রাতিহারিক (প্রতিহার বাজীকর + কণ্—স্বার্থে। প্রতিহার মায়া, কপটতা + ইক(ষ্ণিক)—করোত্যর্থে) সং, পুং, বাজীকর, ভেল্কীকারক। ২। ক্লীং, প্রতিহারিকর্ম্ম। ৩। বিং, ত্রিং, মায়াবী।

প্রাতীপ, প্রাতীপেয় (প্রতীপ এই রাজের পিতা + অ(ষ্ণ), এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, প্রতীপপুত্র, শান্তনু।

প্রাতীপিক (প্রতীপ + ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিকূলাচারী।

প্রাত্যয়িক (প্রত্যয় + ইক(ষ্ণিক)—স্থিত্যর্থে) বিং, ত্রিং, বিশ্বাসী, প্রত্যয়ী। ২। পুং, প্রতিভূ।

প্রাথমকল্পিক (প্রথমকল্প প্রথম শিক্ষণীয় শাস্ত্র + ইক(ষ্ণিক) – অধ্যয়নার্থে ) সং, পুং, বেদাধ্যয়নারম্ভকারী ছাত্র। ২। (+ ষ্ণিক – সম্বন্ধার্থে) বিং, ত্রিং, প্রথমকল্প-সম্বন্ধীয়।

প্রাথমিক ( প্রথম + ইক(ষ্ণিক) – ভবার্থে ) বিং, ত্রিং, আদ্য, প্রথমকৃত, যাহা প্রথমে হয়। ২। প্রথমাধ্যায়ী, প্রথম বেদাধ্যয়নে প্রবৃত্ত।

প্রাথমিকদ্রাঘিমা (First Meridian) ভূ-গোলবেত্তাদের ইচ্ছামত নির্দ্দিষ্ট স্থান দিয়া যে দ্রাঘিমা অঙ্কিত থাকে।

প্রাথম্য (প্রথম + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, প্রথমত্ব। ২। মুখ্যত্ব। শিং – ১ "অস্মাভি-রেব প্রাথম্যেন নানামুনীনাং বচনৈরেবস্মিধো নিবন্ধঃ ক্রিয়তে।"

প্রাদি ; সং, পুং, উপসর্গ সংজ্ঞার্থ প্র পরা অপ প্রভৃতি গণবিশেষ।

প্রাদুর্ভাব (প্রাদুস্ – ভূ হওয়া + অ(ঘঞ্) – ভা) সং, পুং, প্রকটিত হওয়া, উদ্ভব। ২। আবির্ভাব। ৩। প্রথমপ্রকাশ।

প্রাদুর্ভূত ( প্রাদুর্ভাব দেখ, ত(ক্ত) – ক বিং, ত্রিং, আবির্ভূত, প্রকাশিত।

প্রাদুঃ (প্রাদুস্, প্র – অদ্ ভক্ষণ করা + উস্ – ভাবে) অং, ব্যক্তি, প্রকাশ। ২। প্র-ত্যক্ষ। ৩। নাম। ৪। সম্ভাবনা। ৫। সত্তা।

প্রাদেশ (প্র – দিশ্ বলা + অ(ঘঞ্) – ভা) সং, পুং, বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনী বিস্তার করিলে একের অগ্র হইতে অপরের অগ্র পর্য্যন্ত পরিমাণ। শিং – ১ "অঙ্গুষ্ঠস্য প্রদেশিন্যাঃ ব্যাসঃ প্রাদেশ উচ্যতে।" ২। (প্রদেশ + অ(ষ্ণ) – স্বার্থে) দেশ।

প্রাদেশন (প্র – আ - দিশ দান করা + অন (অনট্) – ভাবে) সং, ক্লীং, দান।

প্রাদেশিক (প্রদেশ + ইক(ষ্ণিক) – ভবার্থে) বিং, ত্রিং, প্রদেশজাত।

প্রাদোষিক (প্রদোষ + ইক(ষ্ণিক) – ভবার্থে) বিং, ত্রিং, প্রদোষজাত।

প্রাধনিক (প্রধন যুদ্ধ + ইক(ষ্ণিক) – প্রয়ো-জনার্থে) বিং, ত্রিং, যুদ্ধোপযুক্ত।

প্রাধা ; সং, স্ত্রীং, দক্ষকন্যাবিশেষ, কশ্যপ-পত্নীবিশেষ।

প্রাধানিক ( প্রধান + ইক(ষ্ণিক) – ইদমর্থে ) বিং, ত্রিং, প্রধানসম্বন্ধীয়।

প্রাধান্য (প্রধান + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ, প্রধানত্ব, প্রভুত্ব। শিং – ১ "অপ্রাধান্যং বিধের্যত্র প্রতিষেধে প্রধানতা।"

প্রাধ্ব ( প্র প্রকৃষ্ট – অধ্বন্ পথ + অ – স্বার্থে ) সং, পুং, প্রকৃষ্টপথ, সৎপথ। ২। দূরপথ। ৩। রথাদি। ৪। বিং, ত্রিং, নম্র। ৫। বদ্ধ। ৬। পথগামী।

প্রাধ্বম্ (প্র – আ – ধ্বন্ শব্দ করা + অম্ (ডম্) – ম্ম) অং, আনুকূল্যার্থ। ২। ন-ম্রতা। ৩। বন্ধন।

প্রান্ত (প্র – অন্ত শেষ) সং, পুং, প্রান্ত-ভাগ, শেষসীমা। [দুর্গবিশেষ।

প্রান্তদুর্গ ; সং, ক্লীং, নৃপাশ্রয় স্থানবিশেষ,

প্রান্তপাল ; সং, পুং, নগররক্ষক।

প্রান্তর ( প্র প্রকৃষ্ট – অন্তর ব্যবধান বা অবকাশ, ৭মী – হিং ) সং, ক্লীং, অতি দূর ও ছায়াজলাদিশূন্য* পথ। ২। জন-শূন্য প্রদেশ, মাঠ। ৩। বন, জঙ্গল। ৪। কোটর।

প্রান্তশূন্য ; সং, পুং, ছায়াদিরহিত পথ।

প্রাপক ( প্রাপণ দেখ, অক(ণক) – ক ) বিং, ত্রিং, অধিগন্তা। ২। ( – আপ্-ণিচ্ = আপি পাওয়ান) অধিগমক।

প্রাপণ (প্র – আপ্ পাওয়া + অন(অনট্) – ভা) সং, ক্লীং, প্রাপ্তি। ২। (প্র – আপি পাওয়ান + অন(অনট্) – ভা ) নয়ন, পাওয়ান।

প্রাপণিক (প্র – আপণ দোকান + ইক(ষ্ণিক) – করোত্যর্থে) বিং, ত্রিং, বণিক্।

প্রাপিত ( প্র – আপ্-ণিচ্ = আপি পাওয়ান + ত(ক্ত) – ম্ম) বিং, ত্রিং, নীত, পাও-য়ান। ২। অধিগমিত। ৩। গ্রাহিত।

প্রাপ্ত ( প্র – আপ্ পাওয়া + ত(ক্ত) – ম্ম ) বিং, ত্রিং, লব্ধ। ২। (+ ক্ত – ক) উপস্থিত।

প্রাপ্তকাল ( প্রাপ্ত – কাল, ৬ষ্ঠী – হিং ) বিং, ত্রিং, যাহার কাল উপস্থিত হইয়াছে,

আসন্ন মৃত্যু। শিং—১ "প্রাপ্তকালো ন জীবতি।" ২। প্রাপ্তাবসর।

প্রাপ্তপঞ্চত্ব (প্রাপ্ত লব্ধ—পঞ্চত্ব মৃত্যু, ৩য়া—হিং) বিং, ত্রিং, মৃত।

প্রাপ্তব্যবহার (প্রাপ্ত লব্ধ—ব্যবহার, ৩য়া—হিং) বিং, ত্রিং, বয়ঃপ্রাপ্ত, যে নাবালক নয়।

প্রাপ্তভার (প্রাপ্ত—ভার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভারগ্রস্ত। ২। সং, পুং, ভারসহিষ্ণু বৃষাদি।

প্রাপ্তরূপ (প্রাপ্ত লব্ধ—রূপ আকৃতি, ৩য়া—হিং) বিং, ত্রিং, পণ্ডিত। ২। রম্য, মনোজ্ঞ, সুন্দর।

প্রাপ্তি (প্রাপ্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, লাভ, অধিগম। ২। পাওয়া। ৩। অর্জ্জন। ৪। উন্নতি। ৫। বৃদ্ধি। ৬। উদয়। ৭। উপস্থিতি। ৮। অনুমিতি। ৯। অষ্টবিধ ঐশ্বর্য্যমধ্যে ঐশ্বর্য্যবিশেষ, সর্ব্বত্র গমন করিবার ক্ষমতা। ১০। কংশপত্নীবিশেষ। ১১। কাম-ভার্য্যাবিশেষ। ১২। সুখাঙ্গ-বিশেষ। [কার্য্যের অবস্থাবিশেষ।

প্রাপ্ত্যাশা ; সং, স্ত্রীং, লাভেচ্ছা। ২। আরব্ধ-

প্রাপ্য (প্রাপ্ত দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্তিযোগ্য, লভ্য। ২। গম্য। ৩। ব্যাকরণে কর্ম্মবিশেষ। শিং—১ "ক্রিয়াকৃত বিশেষাণাং সিদ্ধির্যত্র ন বিদ্যতে। দর্শনা-দনুমানাদ্বা তৎ প্রাপ্যমিহকথ্যতে।"

প্রাবল্য (প্রবল+য(ক্য)—ভাবে) সং, ক্লীং, প্রবলতা, প্রাধান্য, উৎকটতা। ২। শক্তি।

প্রাবোধিক (প্রবোধ জাগরণ+ইক(ষ্ণিক) —হিতার্থে) সং, পুং, প্রাতঃকাল, প্রত্যূষ। ২। মগধদেশীয় স্তুতিপাঠক।

প্রাভঞ্জন (প্রভঞ্জন+অ(ষ্ণ)—বিদ্যমানার্থে। প্রভাঞ্জন অধিদেবতা বলিয়া) সং, ক্লীং, স্বাতিনক্ষত্র।

প্রাভব (প্রভু+অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব, প্রাধান্য। [ক্লীং, প্রভুত্ব।

প্রাভবত্য (প্রভবত+য(ষ্ণ্য)—ভাবে) সং,

প্রাভাকর (প্রভাকর+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, মীমাংসক প্রভাকর-সম্বন্ধীয়। ২। তন্মতজ্ঞ।

প্রাভাতিক (প্রভাত+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, প্রাতঃকালীন, প্রভাতকালীন।

প্রাভৃত (প্র—আ—ভৃ পোষণ করা+ত(ক্ত) —র্ম্ম) সং, ক্লীং, উপঢৌকন, ভেট। ২। নৈবেদ্য।

প্রামাণিক (প্রমাণ+ইক(ষ্ণিক)—নির্ব্বার্থে) বিং, ত্রিং, প্রমাণসিদ্ধ। ২। বিশ্বাস্য। ৩। পুং, অধ্যক্ষ। ৪। পণ্ডিত।

প্রামাণ্য (প্রমাণ+য(ষ্ণ্য)—ভাবে) সং, স্ত্রীং, প্রমাণত্ব। ২। বিশ্বাস্যতা।

প্রামাদিক (প্রমাদ+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, অনবধানতা-জনিত।

প্রামাদ্য (প্রমাদ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, অনবধানতা, প্রমাদ।

প্রামীত্য (প্র—আ—মা পরিমাণ করা+য—প্রং। ৎ—আগম। প্রাণীত্য শব্দেও অভিহিত হইয়া থাকে) সং, ক্লীং, ঋণ, ধার, কর্জ্জ।

প্রায় (প্র—ই [গমন করা] মরা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, অভিসন্ধিপূর্ব্বক অনশন-মৃত্যু। ২। মৃত্যু, মরণ। ৩। বাহুল্য। শিং—১ "প্রায়েণ সামগ্র্যবিধৌ গুণানাম্।" (কুমার)। ৪। উপবাস। ৫। বয়স্। ৬। ক্লীং, পাপ। ৭। (+অনু—ক) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ। ৮। অধিক।

প্রায়ণ (প্র—অয় গমন করা+অন(অনট্) —ভাবে) সং, ক্লীং, প্রারম্ভ। ২। দেহ-ত্যাগে স্থানান্তরে গমন।

প্রায়শঃ (প্রায়শস্, প্রায়+শস্(চশস্)—প্রং) অং, বাহুল্যরূপে। ২। সচরাচর।

প্রায়শ্চিত্ত—ক্লীং } (প্রায় [স্ফুট] তপস্যা
প্রায়শ্চিত্তি—স্ত্রীং } —চিত্ত,চিত্তি [চিৎ+ত(ক্ত), তি(ক্তি)—ভাবে] নিশ্চয়) সং, শুদ্ধিলাভ। ২। পাপক্ষয়সাধন কর্ম্ম। শিং—১ "প্রায়োনাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়সংযুক্তং প্রায়-শ্চিত্তমিতি স্মৃতং। নিশ্চয়সংযুক্তং পাপ-ক্ষয়সাধনত্বেন নিশ্চিতমিত্যর্থঃ।"

প্রায়শ্চিত্তী (প্রায়শ্চিত্তিন্, প্রায়শ্চিত্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রায়শ্চিত্তকরণার্হ

ব্যক্তি। শিং—১ "প্রায়শ্চিত্তী ভবেৎ পূতস্তৎপাপং তেষু গচ্ছতি।"

প্রায়শ্চেতন (প্রায় [সুট্]—চেতন) সং, ক্লীং, প্রায়শ্চিত্ত।

প্রায়ঃ (প্রায়স্, প্র—অয়্ গমন করা+অস্—ভাবে) অং, বাহুল্যরূপে। শিং—১ "প্রায়ঃ পয়োধরসমুন্নতিরত্র হেতুঃ।" (উদ্ভট)। ২। তপস্যা।

প্রায়াণিক (প্রয়াণ যাত্রা+ইক্‌ষ্ণিক)—হিতার্থে) বিং,ত্রিং, যাত্রাবিষয়ে হিতজনক শঙ্খ চামরাদি।

প্রায়িক (প্রায়+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, যাহা বাহুল্যরূপে হইয়া থাকে।

প্রায়োগ (প্র—যুজ্ যোজন করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, শকটাদি নিয়োগার্হ বৃষ।

প্রায়োগিক (প্রয়োগ+ইক(ষ্ণিক)—অর্হার্থে) বিং, ত্রিং, প্রয়োগার্হ।

প্রায়োজ্য (প্র—যুজ্-ণিচ্=যোজি যোগ করান+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রয়োজনার্হ।

প্রায়োদ্বীপ (Peninsula, প্রায়স্ বাহুল্যরূপে—দ্বীপ) যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল।

প্রায়োপবিষ্ট (প্রায় মৃত্যু পর্য্যন্ত অনশন—উপবিষ্ট, ৭মী—ষ) বিং,ত্রিং, প্রায়োপবেশবিশিষ্ট।

প্রায়োপবেশ—পুং, প্রায়োপবেশন—ক্লীং, প্রায়োপবেশিকা—স্ত্রীং (প্রায় অভিসন্ধিপূর্ব্বক অনশনমৃত্যু—উপবেশ, উপবেশন, উপবেশ+কণ, আপ্=উপবেশিকা অবস্থিতি, বসা, ৪র্থী—ষ) সং, অভিসন্ধিপূর্ব্বক অনশন মরণার্থ উপবেশন।

প্রায়োপেত (প্রায় প্রায়োপবেশন—উপেত যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, প্রায়োপবিষ্ট।

প্রারব্ধ (প্র প্রকর্ষ—আরব্ধ [আ—রভ্+ক্ত—র্ম্ম] আরম্ভিত) বিং, ত্রিং, যাহা আরব্ধ হইয়াছে। ২। সং, ক্লীং, শরীরারম্ভক অদৃষ্ট।

প্রারব্ধকর্ম্ম (—কর্ম্মন্, প্রারব্ধ—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, যে কর্ম্মদ্বারা শরীর হয়; ভোগ না হইলে কোন ক্রমেই প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হয় না, একারণ জীবন্মুক্ত ব্যক্তিকেও প্রারব্ধকর্ম্ম ভোগ করিবার নিমিত্ত শরীর ধারণ করিতে হয়। শিং—১ "প্রারব্ধকর্ম্ম বিক্ষেপাদ্বাসনা তু ন নশ্যতি।"

প্রারব্ধি (প্র—আ—রভ্ বেগে গমন করা+তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, গজবন্ধনরজ্জু। ২। (+ক্তি—ভা) আরম্ভ।

প্রারম্ভ (প্র প্রকর্ষ—আ—রন্ভ্+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, উপক্রম, প্রথমোদ্যোগ,আরম্ভ। ২। (+ঘঞ্—র্ম্ম) কার্য্য। ৩। বিং, ত্রিং, সৎকার্য্যকারী।

প্রারিপ্সিত (প্র—আ—রভ আরম্ভ করা+সন্—ইচ্ছার্থে+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আরম্ভ করিতে ইষ্ট। ২। সং, ক্লীং, আরম্ভেষ্ট কার্য্য।

প্রারোহ (প্ররোহ+অ(ষ্ণ)—শীলার্থে) বিং, ত্রিং, প্ররোহণশীল।

প্রার্ণ (প্র—ঋণ) সং, ক্লীং, সমধিক ঋণ। ২। বিং, ত্রিং, অধিক ঋণযুক্ত।

প্রার্থন—ক্লীং, প্রার্থনা—স্ত্রীং (প্র প্রকর্ষ—অর্থ-ণিচ্=অর্থি যাচ্ঞা করা+অন (অনট্), অন—ভা, আপ্) সং, যাচ্ঞা। ২। আক্রমণ। ৩। হিংসা। ৪। অভিযান। ৫। অবরোধ। ৬। গর্ভাঙ্গবিশেষ। ৭। মুদ্রাবিশেষ।

প্রার্থনীয়, প্রার্থয়িতব্য (প্রার্থন দেখ, অনীয়, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনা করিবার যোগ্য, যাচিতব্য।

প্রার্থয়িতা (প্রার্থয়িতৃ, প্রার্থন দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, যাচক, প্রার্থনাকারী। শিং—১ "স্থানং নাস্তি ক্ষণং নাস্তি নাস্তি প্রার্থয়িতা নরঃ।"

প্রার্থিত (প্রার্থন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভিলষিত। ২। যাহার নিকট প্রার্থনা করা যায়, যাচিত। ৩। অভিযাত। ৪। আক্রান্ত। ৫। হত। ৬। শত্রুসংরুদ্ধ।

প্রালম্ব (প্র—আ—লন্ব্ লম্বিত হওয়া+অ(অন্)—ক) সং, ক্লীং, হারবিশেষ, ঋজুলম্বি মালা।

প্রালম্বিকা (প্রলম্ব হার+কণ্—প্রং) সং, স্ত্রীং, সুবর্ণহার, সোণার হার।

প্রালেয় (প্রলয় এখানে পর্ব্বত+অ(ষ্ণ)—প্রং, অ=এ। অথবা প্র—আ—লী লীন হওয়া+য—ক) সং, ক্লীং, হিম, শিশির।

প্রালেয়াংশু (প্রালেয় হিম—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিমাংশু, চন্দ্র।

প্রাবট (প্র—আ—বট্ বেষ্টন করা+অ—প্রং) সং, পুং, যব।

প্রাবণ (প্র—আ—বন্ সংলগ্ন হওয়া+অ (খ)—ণ) সং, ক্লীং, খনিত্র।

প্রাবর (পশ্চাৎ দেখ, অ(অল্)—ণ) সং, পুং, প্রাচীর, বেড়া। ২। (+অল্—ধি) দেশ-বিশেষ।

প্রাবরণ—ক্লীং } (প্র—আ—বৃ আব-
প্রাবার—পুং-ক্লীং } রণকরা+অন(অনট্), অ(ঘঞ্)—ণ) সং, উত্তরীয় বস্ত্র, উড়ানি। ২। আবরণবস্ত্র। ৩। প্রকর্ষ আবরণ।

প্রাবারকর্ণ; সং, পুং, উলূকবিশেষ।

প্রাবাস (প্রবাস+অ(ষ্ণ)—দানার্থে) বিং, ত্রিং, প্রবাসে দীয়মান।

প্রাবাসিক (প্রবাস+ইক(ষ্ণিক)—যোগ্যার্থে) বিং, ত্রিং, প্রবাসযোগ্য।

প্রাবীণ্য (প্রবীণ+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, নৈপুণ্য, দক্ষতা, প্রবীণতা।

প্রাবুবূর্ষু (প্র—আ—বৃ আবরণ করা+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, আচ্ছাদনেচ্ছু। ২। পরিধানেচ্ছু।

প্রাবৃট্, প্রাবৃষা (প্রাবৃষ্, প্র—আ—বৃষ্ বর্ষণ হওয়া+০(ক্বিপ্)—ধি, আপ্) সং, স্ত্রীং, বর্ষাকাল।

প্রাবৃড়ত্যয় (প্রাবৃট্ বর্ষা—অত্যয় নাশ) সং, পুং, শরৎকাল।

প্রাবৃত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, বেষ্টিত।

প্রাবৃতি (প্র—আ—বৃ আবরণ করা+তি (ক্তি)—ণ) সং, স্ত্রীং, বেড়া। ২। আবরণ।

প্রাবৃষিক (প্রাবৃষ্ বর্ষা ইত্যাদি+ইক(ষ্ণিক)—ভবার্থে। অথবা প্রাবৃষি বর্ষাকাল—কৈ শব্দ করা। যাহারা বর্ষাগমে রব করিয়া থাকে) সং, পুং, ময়ূর। ২। বিং, ত্রিং, বর্ষাকালীন।

প্রাবৃষিজ (প্রাবৃষি [প্রাবৃষ্ শব্দের সপ্তমীর এক বচন] বর্ষাকালে—জ [জন্ জন্মান+অ (ড)—ক•] যে জন্মায়) বিং, ত্রিং, বর্ষা-কালীন। ২। পুং, কদম্ববৃক্ষ।

প্রাবৃষেণ্য (প্রাবৃষ্+এন্য—ভবার্থে) বিং, ত্রিং, বর্ষাকালীন। ২। সং, পুং, কদম্ব-বৃক্ষ। ণ্যা—স্ত্রীং, কপিকচ্ছু। ২। রক্ত-পুনর্নবা।

প্রাবৃষ্য (প্রাবৃষ্ বর্ষা+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, বর্ষাকালীন। ২। সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

প্রাবেশন (প্র—আবেশন প্রবেশ, ৭মী—হিং) সং, ক্লীং, শিল্পশালা।

প্রাশন (প্র—অশ্ ভোজন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভোজন, আহার।

প্রাশস্ত্য (প্রশস্ত+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, প্রশস্ততা। ২। বিস্তার।

প্রাশিত (প্রাশন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত, গ্রস্ত। ২। (+ক্ত—ভা) সং, ক্লীং, ভক্ষণ। ৩। পিতৃযজ্ঞ। ৪। তর্পণ। শিং—১ "প্রাশিতং পিতৃতর্পণং।"

প্রাশ্নিক (প্রশ্ন+ইক(ষ্ণিক)—করোত্যর্থে) বিং, ত্রিং, প্রশ্নকারী। ২। প্রশ্ন শ্রবণপূর্ব্বক মীমাংসক। ৩। সং, পুং, সভ্য।

প্রাস (প্র—অস্ ক্ষেপণ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, কুন্ত।

প্রাসক (প্রাস+কণ্—সংজ্ঞার্থে) সং, পুং, প্রাস। ২। পাশক, অক্ষ।

প্রাসঙ্গ (প্র—আ—সন্জ্ আসক্ত হওয়া+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, শিক্ষণীয় বৎসাদির স্কন্ধস্থ যুগকাষ্ঠবিশেষ, জোয়াল।

প্রাসঙ্গিক (প্রসঙ্গ+ইক(ষ্ণিক)—উপস্থিত্যর্থে) বিং, ত্রিং, প্রসঙ্গক্রমে উত্থিত। ২। প্রসঙ্গক্রমে আগত। ৩। সম্পর্কীয়।

প্রাসঙ্গ্য (প্রাসঙ্গ+য(ষ্ণ্য)—বহনার্থে) সং, পুং, যুগবাহক বৃষাদি।

প্রাসাদ (প্র—সদ্ গমন করা+অ(ঘঞ্)—ধি, অ=আ। কিম্বা আ পূর্ব্ব—সদ্ধাতু) সং, পুং, বৃহৎ অট্টালিকা। ২। ইষ্টকময় দেবালয়।

প্রাসাদকুক্কুট (প্রাসাদ রাজাদের অট্টালিক

–কুক্কুট কুঁকড়া) সং, পুং, পারাবত, পায়রা।

প্রাসিক (প্রাস কুন্ত+ইক(ষ্ণিক)—ধারণার্থে) বিং, ত্রিং, প্রাস-অস্ত্রধারী। ২। প্রাসসম্বন্ধীয়।

প্রাস্ত (প্র–অস্ ক্ষেপণ করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, প্রক্ষিপ্ত। ২। নিরস্ত। ৩। নির্ব্বাসিত।

প্রাস্থানিক (প্রস্থান + ইক(ষ্ণিক)–বিহিতার্থে) বিং, ত্রিং, প্রস্থানকালোচিত।

প্রাস্থিক (প্রস্থ+ইক(ষ্ণিক)–পরিমাণার্থে) প্রস্থপরিমিত (ধান্যবপনাধার)।

প্রাহ; সং, পুং, নৃত্যবিষয়ক উপদেশ।

প্রাহরিক (প্রহর+ইক(ষ্ণিক)–সম্বন্ধার্থে) বিং, ত্রিং, প্রহরসম্বন্ধীয়। ২। প্রহরনিযুক্ত।

প্রাহ্ণ (প্র পূর্ব্ব–অহ্ন [অহন্] দিন+অ (ষ)–প্রং, য়ং–স) সং, পুং, পূর্ব্বাহ্ণ, দিনাদিভাগ।

প্রাহ্ণে (প্রাহ্ণ+ই–সপ্তমীর একবচন) অং, প্রভাতে, প্রাতঃকালে।

প্রাহ্ণেতন; বিং, ত্রি, পূর্ব্বাহ্ণ-সম্বন্ধীয়।

প্রাহ্ণেতরাম্ } (প্রাহ্ণে প্রত্যূষে+চতরাম্,
প্রাহ্ণেতমাম্ } চতমাম্–প্রং) অং, অতিশয় পূর্ব্বাহ্ণে।

প্রিয় (প্রী তুষ্ট করা+অ(ক)–ক) সং, পুং, স্বামী। ২। মৃগবিশেষ। ৩। বিং, ত্রিং, প্রীতিপাত্র। শিং–১ "ন হি কস্য প্রিয়ঃ কোবা বিপ্রিয়ো বা জগত্ত্রয়ে।" ২ "কালে কার্য্যবশাৎ সর্ব্বে ভবন্ত্যেবা প্রিয়াপ্রিয়াঃ।" ৪। রম্য। ৫। প্রীতিজনক। শিং–১"সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্। প্রিয়ং চ নানৃতং ব্রূয়াৎ।" য়া–স্ত্রীং, ভার্য্যা।

প্রিয়ংবদ } (প্রিয় প্রিয়কে–বদ [বদ্ বলা
প্রিয়বাদী } +অ(খ)–ক] যে বলে। ২য় পক্ষে—প্রিয়বাদিন্, প্রিয়–বাদী যে বলে, ২য়া–ষ, অথবা প্রিয়–বদ্ বলা +ইন্(ণিন্)–ক, শীলার্থে) বিং, ত্রিং, যে প্রিয় কথা বলে। ২। পুং, গন্ধর্ব্ববিশেষ।

প্রিয়ক (প্রিয়+কণ্–যোগ) সং, পুং, মৃদু উচ্চ মসৃণ ও ঘন লোমবিশিষ্ট মৃগ। ২। কদম্ববৃক্ষ। ৩। প্রিয়ঙ্গুবৃক্ষ। ৪। অলি, ভ্রমর। ৫। কুঙ্কুম।

প্রিয়কৃৎ (প্রিয়–কৃ করা+০(ক্বিপ্)–ক) বিং, ত্রিং, প্রিয়কারী। ২। সং, পুং, বিষ্ণু।

প্রিয়ঙ্কর (প্রিয় প্রিয়কে–কর [কৃ করা+ অ(খ)–ক] যে করে) বিং, ত্রিং, প্রিয়কারক। শিং–১ "পিতুঃ প্রিয়ঙ্করো ভর্ত্তা ক্ষেমকারস্তপস্বিনাম্।"

প্রিয়ঙ্গু (প্রিয়–অনুগ্ গমন করা+উ(ডু) –ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, লতাবিশেষ, শ্যামলতা, কলিনীলতা। ২। পিঁপুল।

প্রিয়জন (প্রিয়–জন) সং, পুং, সুহৃদলোক। ২। বিং, ত্রিং, প্রৌঢ়ভাবক্ত।

প্রিয়তর } (প্রিয়+তর,তম–অতিশয়ার্থে)
প্রিয়তম } বিং, ত্রিং, অধিক প্রিয়।

প্রিয়তা (প্রিয়+তা–ভা) সং, স্ত্রীং, স্নেহ। ২। প্রেম। [রতিবন্ধবিশেষ।

প্রিয়তোষণ; সং, পুং, ষোড়শবন্ধাতিরিক্ত

প্রিয়ত্ব (প্রিয়+ত্ব–ভা) সং, ক্লীং, প্রেম। ২। স্নেহ। ৩। প্রণয়।

প্রিয়দর্শন (প্রিয়–দর্শন, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, যাহা দেখিতে সুন্দর, সুদৃশ্য। ২। সং, পুং, শুকপক্ষী। ৩। ক্ষীরিকাবৃক্ষ।

প্রিয়প্রেপ্সু (প্রিয় ইষ্ট–প্রেপ্সু প্রাপণোৎসুক) বিং, ত্রিং, ইষ্টপ্রাপ্তি বিষয়ে উৎসুক।

প্রিয়ভাষণ (প্রিয়–ভাষণ কথন) সং, ক্লীং, প্রিয়কথা বলা। [রাম।

প্রিয়মধু (প্রিয়–মধু মদ্য) সং, পুং, বল-

প্রিয়ম্বদ (প্রিয়ম্ প্রিয়কে–বদ [বদ্ বলা + অ(খ)–ক] যে বলে) বিং, ত্রিং, প্রিয়বাদী। ২। সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। দা–স্ত্রীং, প্রিয়ভাষিণী। ২। শকুন্তলার সখী। ৩। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ।

প্রিয়ম্ভবিষ্ণু } (প্রিয়–ভূ হওয়া+ইষ্ণু
প্রিয়ম্ভাবুক } (খিষ্ণু), উক(খুকঞ্)–প্রং) বিং, ত্রিং, সম্প্রতি প্রিয়ভূত।

প্রিয়বাদী (প্রিয়বাদিন্, প্রিয়–বদ্ বলা+ ইন্(ণিন্)–ক, শীলার্থে) বিং, ত্রিং, যে প্রিয় কথা বলে, প্রিয়ভাষী।

প্রিয়ব্রত; সং, পুং, স্বায়ম্ভুব মনুর জ্যেষ্ঠপুত্র।

প্রিয়সখ (প্রিয় – সখি বন্ধু + অ(ষ) – ক) সং, পুং, প্রিয়বন্ধু, পরমমিত্র। ২। খয়ের গাছ। সখী – স্ত্রীং, সহচরী।

প্রিয়সালক ; পিয়াসালবৃক্ষ।

প্রিয়াল (পৃ প্রীতকরা + আল(কালন্) – ক। ঋ=রি। কণ্ - যোগে প্রিয়ালক শব্দও হয়। ই – দীর্ঘে প্রীয়ালও হয়। অথবা প্রিয় – অল্ ভূষিত করা + অ(ষ ণ্) – ক) সং, পুং, পিয়ালবৃক্ষ। লা – স্ত্রীং, দ্রাক্ষা।

প্রিয়োদিত ; সং, ক্লীং, চাটুবাক্য।

প্রীণ (প্রীত দেখ, ত(ক্ত) – ক, নিপাতন) বিং, ত্রিং, পুরাতন। ২। প্রীত।

প্রীণন (প্রী-ণিচ্ তুষ্ট করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, তর্পণ, তৃপ্তিজনন।

প্রীণস ; সং, পুং, গণ্ডক।

প্রীণিত (প্রী-ণিচ্ + ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, তর্পিত। ২। তোষিত।

প্রীত (প্রী তুষ্ট হওয়া + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, তৃপ্ত। ২। সন্তুষ্ট, আহ্লাদিত।

প্রীতি (প্রী তুষ্ট হওয়া + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, তৃপ্তি। ২। হর্ষ। ৩। সন্তোষ। ৪। প্রেম, অনুরাগ। ৫। কামপত্নীবিশেষ; ইনি জন্মান্তরে অনঙ্গবতী নামে বেশ্যা ছিল। বিভূতিদ্বাদশী ব্রত করিয়া মদনের পত্নী হয়। শিং – ১ "পত্নী সপত্নী সংজাতা রত্যাঃ প্রীতিরিতি শ্রুতা।" ৬। বিষ্কুম্ভাদি যোগের মধ্যে দ্বিতীয় যোগ। শিং – ১ "অভ্যাসাদভিমানাচ্চ তথা সম্প্রত্যয়াদপি, বিষয়েভ্যশ্চ তত্ত্বজ্ঞাঃ রিতুঃপ্রীতিং চতুর্ব্বিধাং।"

প্রীতিজুষা (প্রীতি কন্দর্পপত্নী – জুষ্ সেবা করা + অ(ক) – ক, আপ্) সং, স্ত্রীং, উষা, অনিরুদ্ধপত্নী।

প্রীতিদ (প্রীতি – দ [দা দান করা + অ (ড) – ক] যে দান করে) সং, পুং, বিদূষক, ভাঁড়। ২। বিং, ত্রিং, যে প্রীতি দান করে।

প্রীতিদত্ত (প্রীতি – দত্ত, ৩য়া – ষ) সং, ক্লীং, প্রীতিযোগে দত্তবস্তু। শিং – ১ "প্রীত্যা দত্তন্ত যৎকিঞ্চিৎ শ্বশ্রা বা। শ্বশুরেণ বা পাদবন্দনিকঞ্চৈব প্রীতিদত্ত তদুচ্যতে।"

প্রীতিভোজ্য (প্রীতি – ভোজ্য, ৭ম্যা – ষ) বিং, ত্রিং, প্রীতিযোগে ভক্ষণীয় (অন্নাদি)। শিং – ১ "অন্নানি প্রীতিভোজ্যানি।"

প্রীতিমান্ (প্রীতিমৎ, প্রীতি + মৎ(মতু) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রীতিযুক্ত।

প্রীতিবর্দ্ধন (প্রতি – বৃধ-ণিচ্ = বর্দ্ধি বর্দ্ধিত হওয়া + অন(অনট্) – ক) বিং, ত্রিং, সন্তোষবর্দ্ধক। ২। সং, পুং, বিষ্ণু। ৩। (+ অনট্ – ভাবে) ক্লীং, সন্তোষবৃদ্ধি।

প্রীয়মাণ (প্রী তুষ্ট হওয়া + আন(শান) – র্ম্ম) বিং, ত্রিং, তৃপ্যমান, সন্তুষ্ট।

প্রুষ্ট (প্রুষ্ দগ্ধকরা + ত(ক্ত) – ক, র্ম্ম) বিং, ত্রিং, দগ্ধ, পোড়া, ঝল্সান।

প্রুষ্ব (প্রুষ্ট দেখ, ব – সংজ্ঞার্থে) সং, পুং, গ্রীষ্মঋতু। ২। সূর্য্য। ষ্বা – স্ত্রীং, জলবিন্দু।

প্রেক্ষক (প্রেক্ষা দেখ, অক(ণক) – ক) বিং, ত্রিং, দর্শক।

প্রেক্ষণ (প্র – ঈক্ষ্ দর্শন করা + অন(অনট্) – ণ) সং, ক্লীং, চক্ষুঃ। ২। (+ অনট্ – ভাবে) দর্শন, দেখা।

প্রেক্ষণকূট ; সং, পুং, চক্ষুর্গোলক।

প্রেক্ষণীয় (প্রেক্ষণ দেখ, অনীয় – র্ম্ম) বিং, ত্রিং, দ্রষ্টব্য, সম্যক্ দর্শনীয়।

প্রেক্ষা (প্র – ঈক্ষ্ দেখা + ঙ – ভাবে) সং, স্ত্রীং, প্রজ্ঞা, বুদ্ধি। ২। দর্শন, দৃষ্টি। ৩। পর্য্যালোচনা। ৪। নৃত্য বা নৃত্যদর্শন। ৫। শাখা।

প্রেক্ষাগার ; সং, ক্লীং, নৃপগণের মন্ত্রণাগার।

প্রেক্ষাগৃহ (প্রেক্ষা দর্শন – গৃহ) সং, ক্লীং, দর্শনগৃহ, পর্য্যবেক্ষণিকা, দর্শনার্থ স্তরে স্তরে নির্ম্মিত উপবেশনবিশেষ, গ্যালারি। ২। নাচঘর।

প্রেক্ষাবান্ (প্রেক্ষাবৎ, প্রেক্ষা + বৎ(বতু) – অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্। ২। বিবেচক।

প্রেক্ষিত (প্রেক্ষণ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, [ত্রিং, দৃষ্ট।

প্রেঙ্খৎ (প্র – ইন্খ্ গমন করা + অৎ(শতৃ) – ক) বিং, ত্রিং, চলৎ। ২। স্ফুরৎ।

প্রেঙ্খন
প্রেঙ্খোলন } (প্রেঙ্খা দেখ, অন(অনট্) – ভা। প্রেঙ্খোল্ চপল হওয়া + অন(অনট্) – ভা) সং, ক্লীং,

দোলন, চলন। ২। বীররসপ্রধান একাঙ্কাঙ্গ রূপকবিশেষ। ইহার নায়ক নীচ শ্রেণীর ব্যক্তিবিশেষ।

প্রেঙ্খা (প্র—ইঙ্খ্ গমন করা+অ—ণ) সং, স্ত্রীং, দোলা। ২। (+অ—ভাবে) আন্দোলন। ৩। চলন। ৪। প্রেঙ্খন। ৫। পর্য্যটন। ৬। অশ্বগতি। ৭। গতি। ৮। (+অ—দি) গৃহবিশেষ।

প্রেঙ্খিত } (প্রেঙ্খা দেখ, ত(ক্ত)—র্ম্ম)
প্রেঙ্খোলিত } প্রেঙ্খোল চপল হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দোলিত। ২। চালিত। ৩। কম্পিত।

প্রেত (প্র—ইত [ই গমন করা+ত(ক্ত)—ক] গত। যাহাদের দেহ লয় হইয়াছে বা যাহারা চলিয়া গিয়াছে সেই আতিবাহিক দেহধারী আত্মাদেরই প্রেত বা ভূত বলে) সং, পুং, নরকস্থ প্রাণী; যথাবিহিত ঔর্দ্ধদেহিক সম্পন্ন না হইলে এই প্রেতত্ব ঘটে। ২। পিশাচ। ৩। মৃত ব্যক্তির আত্মা। ৪। বিং, ত্রিং, মৃত। তা—স্ত্রীং, বৈতরণী নদী।

প্রেতকার্য্য } (প্রেত—কার্য্য, কৃত্য, কর্ম্মন
প্রেতকৃত্য } =ক্রিয়া, ৬ষ্ঠী—য) সং, ক্লীং,
প্রেতকর্ম্মন } মৃতের কার্য্য, দাহন সপিণ্ডীকরণাদি। শিং—১ "অকৃত্বা প্রেতকার্য্যাণি প্রেতস্য ধনহারকঃ।"

প্রেতগৃহ } (প্রেত—গৃহ, বন, ৬ষ্ঠী—য)
প্রেতবন } সং, ক্লীং, শ্মশান, শবদাহস্থান।

প্রেতদেহ; সং, পুং—ক্লীং, প্রেতশরীর। শিং—১ "প্রেতদেহং পরিত্যজ্য ভোগদেহং প্রপদ্যতে।" (স্মৃতি)।

প্রেতনদী (প্রেত—নদী, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, বৈতরণী নদী।

প্রেতপক্ষ; সং, পুং, গৌণচান্দ্রাশ্বিন কৃষ্ণপক্ষ। শিং—১ "অমাবস্যাং ক্ষয়োযস্য প্রেতপক্ষেঽথবা পুনঃ।"

প্রেতপটহ (প্রেত মৃত—পটহ ঢাক) সং, পুং, মৃত্যুকালে বাদনীয় বাদ্যবিশেষ।

প্রেতপতি } (প্রেত—পতি, ৬ষ্ঠী—য) সং,
প্রেতরাজ } পুং, যম।

প্রেতপিণ্ড; সং, পুং, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃত ব্যক্তির উদ্দেশে প্রদত্ত পিণ্ড।

প্রেতপুর; সং, ক্লীং, যমালয়। শিং—১ "যাবচ্চ কন্যাতুলয়োঃ ক্রমাদাস্তে দিবাকরঃ। তাবৎশ্রাদ্ধস্য কালঃ স্যাৎ শূন্যং প্রেতপুরং তদা।" (স্মৃতি)।

প্রেতরাক্ষসী; সং, স্ত্রীং, (দর্শনমাত্র প্রেতগণ ভয়ে পলায়ন করে বলিয়া) তুলসী।

প্রেতরাজ; সং, পুং, যম।

প্রেতলোক; সং, পুং, যমলোক। শিং—১ "প্রেতলোকং পরিত্যজ্য আগতা যে মহালয়ে।"

প্রেতবন; সং, ক্লীং, শ্মশান।

প্রেতবাহিত (প্রেত পিশাচ—বাহিত প্রাপিত, ৩য়া—য) বিং, ত্রিং, ভূতাবিষ্ট, যাহাকে ভূতে পাইয়াছে।

প্রেতশিলা; সং, স্ত্রীং, পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তরবিশেষ। শিং—১ "যেয়ং প্রেতশিলা খ্যাতা গয়ায়াম্ সা ত্রিধা স্থিতা।"

প্রেতশৌচ; সং, ক্লীং, মৃত ব্যক্তির সংস্কারাদি।

প্রেতশ্রাদ্ধ; সং, ক্লীং, প্রেতোদ্দেশ্যক শ্রাদ্ধ।

প্রেত্য (প্র—ই গমন করা+য(যপ্)—ভা) অং, লোকান্তরে, পরলোকে।

প্রেত্যজাতি—স্ত্রীং } সং, মরণোত্তর জন্ম,
প্রেত্যভাব—পুং } পুনর্জন্ম।

প্রেত্বা (প্রেত্বন্, প্র—ই গমন করা+বন (কনিপ্)—ক) সং, পুং, ইন্দ্র। ২। বায়ু।

প্রেপ্সু (প্রেপ্স [প্র—আপ পাওয়া+সন্—ইচ্ছার্থে] পাইতে ইচ্ছা করা+উ—ক) বিং, ত্রিং, পাইতে ইচ্ছুক।

প্রেম (প্রেমন্, প্রিয়+ইমন্—ভাবে, প্রিয়=প্র) সং, পুং—ক্লীং, অনুরাগ, প্রণয়, প্রীতি। শিং—১ "যদ্ভাববন্ধনং যূনোঃ স প্রেমা পরিকীর্ত্তিতঃ।" ২। স্নেহ। ৩। পরিহাস। ৪। পুং, ইন্দ্র। ৫। বায়ু।

প্রেমপাতন (প্রেম প্রণয়—পাতন) সং, ক্লীং, অশ্রুবিসর্জ্জন, রোদন।

প্রেমভক্তি; সং, স্ত্রীং, শ্রীকৃষ্ণের প্রতি স্নেহযুক্তা ভক্তি। শিং—১ "প্রেমভক্তেস্তু মাহাত্ম্যং ভক্তেম হাত্ম্যতঃ পরম্।"

প্রেমালিঙ্গন ; সং, ক্লীং, স্নেহভরে আলিঙ্গন। ২। নায়ক নায়িকার আলিঙ্গনবিশেষ।

প্রেমী ( প্রেমিন্, প্রেমন্+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, প্রণয়ী, অনুরক্ত। ২। স্নেহবিশিষ্ট।

প্রেয়ান্ (প্রেয়স্,প্রিয়+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, প্রিয়তম। য়সী—স্ত্রীং, প্রিয়তমা। [—ক) বিং, ত্রিং, প্রয়োজক।

প্রেরক (প্র—ঈর্ প্রেরণ করা+অক(ণক)

প্রেরণ } (প্র—ঈর্ প্রেরণ করা, ইষ
প্রেষণ } [ইচ্ছা করা] প্রেরণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, পাঠান। ২। আজ্ঞাকরণ। ৩। নিয়োগ।

প্রেরিত } (প্র—ঈর্-ণিচ্=এরি, ইষ-ণিচ্=
প্রেষিত } এষি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আজ্ঞপ্ত,আদিষ্ট, নিয়োজিত। ২। যাহাকে পাঠান হইয়াছে। শিং—১ "নপুংসকমিতি জ্ঞাত্বা প্রিয়ায়ৈ প্রেরিতং মনঃ।" ৩। বিসর্জ্জিত।

প্রেত্বা (প্রেত্বন্, প্র—ঈর্ গমন করা+বন্—সংজ্ঞার্থে। ৎ—আগম) সং, পুং, সমুদ্র। ত্বরী—স্ত্রীং, নদী।

প্রেষ, প্রৈষ (প্র—ইষ্ [গমন করা] প্রেরণ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, প্রেরণ। ২। পীড়া, ক্লেশ।

প্রেষ্ঠ (প্রিয়+ইষ্ঠ—অতিশয়ার্থে) বিং, ত্রিং, প্রিয়তম, অতিপ্রিয়। শিং—১ "দুঃসহ প্রেষ্ঠ বিরহ তীব্রতাপধুতা শুভাঃ।" ষ্ঠা—স্ত্রীং, প্রিয়তমা। ২। জঙ্ঘা।

প্রেষ্য, প্রৈষ্য (প্র—ইষ [গমন করা] প্রেরণ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) সং,পুং, দাস, ভৃত্য। ২। দূত। ৩। বিং, ত্রিং, প্রেরণীয়। ষ্যা—স্ত্রীং, দাসী। ২। জঙ্ঘা।

প্রোক্ত (প্র প্রকর্ষ—উক্ত [বচ্+ক্ত—র্ম্ম] কথিত) বিং, ত্রিং, প্রকৃষ্টরূপে কথিত। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, কথন। শিং—১ "অম্বরীশ শুকপ্রোক্তং নিত্যং ভাগবতং শৃণু।" ৩। পাণিনি ঋষি বৈদিক শাস্ত্র সমুদায়কে দুই ভাগে বিভক্ত করিয়াছেন, দৃষ্ট ও প্রোক্ত। সামবেদাদি যে সমস্ত শাস্ত্রকে সাক্ষাৎ ঈশ্বর প্রণীত সুতরাং অতীব প্রাচীন বলিয়া জানিতেন তাহার নাম দৃষ্ট। আর ব্রাহ্মণ কল্পসূত্রাদি যে সমস্ত শাস্ত্র সেরূপ বিশ্বাস করিতেন না তাহাই প্রোক্ত বলিয়া উল্লেখ করিয়াছেন।

প্রোক্ষণ (প্র—উক্ষ্ সেচন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, জলসেচন। ২। যজ্ঞাদিতে পশুবধ। ৩। হত্যা, বধ।

প্রোক্ষিত (প্রোক্ষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভিষিক্ত। ২। সিক্ত। ৩। হত। ৪। যজ্ঞাদিতে হত। ৫। যজ্ঞে সংস্কৃত। ৬। যজ্ঞার্থ মন্ত্র দ্বারা সংস্কৃত (মাংসাদি)। শিং—১ "ভক্ষয়েৎ প্রোক্ষিতং মাংসম্।" ২ "আরণ্যাঃ সর্ব্বদৈবত্যাঃ প্রোক্ষিতাঃ সর্ব্বশো মৃগাঃ।"

প্রোজ্জাসন (প্র উৎ—জস্-ণিচ্=জাসি বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, হত্যা, বধ।

প্রোজ্ঝিত (প্র—উদ্ঝ্ ত্যাগ করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত, বর্জ্জিত। শিং—১ "ধর্ম্মপ্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমোনির্ম্মৎসরাণাং সতাম্।"

প্রোঞ্ছন (প্র—উন্ছ্ খুঁটিয়া লওয়া+অন—ভা) সং, ক্লীং, মার্জ্জন, পোঁছন,মোছা। শিং—১ "প্রোঞ্ছনৈর্বামপাদেন দরিদ্রো ভবতি ধ্রুবম্।"

প্রোঠ ; সং, পুং, নিষ্ঠীবনপাত্র, পিকদান। শিং—১ "স্যাদাচমনকঃ প্রোঠঃ কটকোল পতৎগ্রহঃ।"

প্রোত (প্র—বে সিলাই করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্যূত, সেলাই করা। ২। গুম্ফিত। ৩। গ্রথিত, বদ্ধ। ৪। খচিত। ৫। অন্তর্বিদ্ধ। ৬। ভূগর্ভনিহিত, পোঁতা। ৪। সং, ক্লীং, বস্ত্র।

প্রোতোৎসাদন (প্রোত বস্ত্র—উৎ উপরি—সাদন গৃহ) সং, ক্লীং, বস্ত্রকুট্টিম। ২। আতপত্র, ছত্র।

প্রোৎফুল্ল (প্র—উৎ—ফুল্ল্ বিকসিত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিকসিত। ২। প্রস্ফুটিত। শিং—১ "প্রোৎফুল্লপক্কজরজঃসুরভীকৃতাঙ্গাঃ।"

ফট (স্ফুট্ বিকসিত হওয়া, ভেদ করা + অ (অন্) — ক। নিপাতন) সং, পুং — স্ত্রীং, সর্পের ফণা। টা — পুং-স্ত্রীং, দন্ত। ২। ধূর্ত্ত। ৩। প্রতারণা, শাঠ্য।

ফটকিরী (স্ফটিকারী শব্দজ) সং, বণিক্‌দ্রব্য-বিশেষ।

ফড়িঙ্গা; সং, স্ত্রীং, ঝিল্লিকা। ২। পতঙ্গ।

ফণ (ফণ্ গমন করা + অ(অন্) — ক) সং, পুং, ণা — স্ত্রীং, সর্পের বিস্তারিত মস্তক।

ফণকর, ফণধর, ফণভৃৎ, ফণাকর, ফণাধর, ফণাভৃৎ (ফণ, ফণা — কর যে করে। — ধর [ধৃ ধারণ করা + অ(অন্) — ক] যে ধরে। — ভৃৎ [ভৃ ধারণ করা + ০(ক্বিপ্) — ক] যে ধারণ করে, ২য়া — ষ) সং, পুং, সর্প, ভুজঙ্গ।

ফণবান্, ফণাবান্, ফণী (ফণবৎ, ফণাবৎ, ফণিন্, ফণ, ফণা + বৎ(বতু), ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, সর্প, ফণাধর।

ফণিকেসর; সং, পুং, নাগকেশর।

ফণিখেল; সং, পুং, ভারুই পক্ষী।

ফণিচক্র; সং, ক্লীং, বিবাহাদি কার্য্যে শুভাশুভসূচক সপ্তবিংশতি নক্ষত্রঘটিত সর্পাকার নাড়ীচক্র।

ফণিজা (ফণি সর্প — জ [জন্ জন্মান + অ (ড) — ক] যে জন্মে, আপ্) সং, স্ত্রীং, ফণিমনসাবৃক্ষ।

ফণিজিহ্বা; সং, স্ত্রীং, মহাশতাবরী।

ফণিজ্ঝক (ফণি সর্প — উদ্‌ঝ্ ত্যাগ করা অক(ণক) — ক। স্বামী বলেন ইহার পত্র পুষ্প ফণাভ বলিয়া ফণিজ্ঝক) সং, পুং, জাম্বীর, লেবু। ২। তুলসীবিশেষ।

ফণিতল্পগ (ফণিতল্প — গম্ গমন করা + অ (ড) — ক) সং, পুং, (অনন্তশয্যায় শয়ান) বিষ্ণু। [সং, পুং, বায়ু, অনিল।

ফণিপ্রিয় (ফণিন্ সর্প — প্রিয়, ৬ষ্ঠী — ষ)

ফণিফেন; সং, পুং, অহিফেন, আফিং।

ফণিভুক্ (— ভুজ্, ফণি — ভুজ্ ভোজন করা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, গরুড়।

ফণিমুখ (ফণি — মুখ, ৬ষ্ঠী — হিং) সং, ক্লীং, চৌর্য্যসাধনোপযোগী মৃত্তিকা ক্ষেপণার্থ সর্পমুখাকার যন্ত্রবিশেষ, সিঁদকাটি।

ফণীন্দ্র (ফণিন্ সর্প — ইন্দ্র শ্রেষ্ঠ) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব, বাসুকি।

ফণীশ্বর (ফণিন্ সর্প — ঈশ্বর স্বামী, ৬ষ্ঠী — ষ) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব।

ফণ্ড (ফণ্ গমন করা + ড — সংজ্ঞার্থে) সং, পুং, জঠর, উদর।

ফতুয়া (আরবী) মহম্মদীয় ধর্ম্মশাস্ত্রের ব্যবস্থা। ২। মহম্মদীয় বিচারের ফয়সালা। ৩। অঙ্গরক্ষিণীবিশেষ।

ফতুর (আরবী) বিং, নির্ধন, দরিদ্র।

ফতে (আরবী) জয়।

ফৎকারী (— কারিন্, ফৎ অনুকরণশব্দ — কারী যে করে) সং, পুং, পক্ষী।

ফন্দ, ফন্দী (আরবী ফন্ধ্ শব্দের অপভ্রংশ) চাতুর্য্য, ফাঁদ; যথা—

"বুঝিতে নারিনু বিধির ফন্দ,
করিনু ভালয়ে হইল মন্দ।"

ফয়দা, ফায়দা (আরবী) লাভ। ২। উপকার। ৩। আবশ্যকতা।

ফয়সালা (আরবী) সং, বিচারফল, মোকদ্দমার নিষ্পত্তিপত্র।

ফর (ফল দেখ, র = ল) সং, ক্লীং, ফলক, ঢাল।

ফরমাচ (পারস্য = ফরমায়েশ, ফরমুদন আজ্ঞা করা) আজ্ঞা। [আজ্ঞাপত্র।

ফরমান (পারস্য) হুকুম। ২। রাজাজ্ঞা। ৩।

ফরমাবরদার (পারস্য) আজ্ঞানুবর্ত্তী, দাস।

ফরসা (দেশজ) বিং, নির্ম্মল।

ফরাস (আরবী) যে ভৃত্য বিছানাদি বিছায়।

ফরীয়াদী (পারস্য) বাদী, অভিযোক্তা।

ফরুবক; সং, ক্লীং, পূগপাত্র।

ফরেব (পারস্য, ফরেকৃতন্ বা ফরেবীদন ধাতুজ) বঞ্চনা, ছলনা, ঠকান। [টুকুরা।

ফর্দ্দ (আরবী) তালিকা। ২। টুকুরা, কাগজের

ফর্ফর (স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া + অ(অন্) — ক, নিপাতন) বিং, ত্রিং, অত্যন্ত চঞ্চল। শিং — ১ "গণ্ডূষজলমাত্রেণ শফরী ফর্ফরায়তে।" (উদ্ভট)।

ফর্ফরীক (স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া + ঈক(ঈকন্) — সংজ্ঞার্থে) সং, পুং, চপেট, চাপড়। ২। ক্লীং, নবপল্লব। ৩। মৃদুত্ব। কা — স্ত্রীং, পাদুকা।

ফর্ব্বর (ফর্ব্‌+অর(অরন্‌)—পূরণার্থে) বিং, ত্রিং, পূরক।

ফল (ফল্‌ নিষ্পন্ন হওয়া+অ(অন্‌)—ক) সং, ক্লীং, বৃক্ষলতাদি-জাত শস্য। ২। উৎপন্ন বস্তু। ৩। লাভ। ৪। নিষ্পত্তি। ৫। কার্য্যসিদ্ধি। ৬। ধন। ৭। প্রয়োজন। ৮। স্বর্গাদিসুখ। ৯। সুখ। ১০। দুঃখ। ১১। ফলক, তক্তা, পাটা। ১২। ঢাল। ১৩। খড়্গাদির পাতা। ১৪। বাণের অগ্র-লৌহ। ১৫। ফলা। ১৬। ফাল। ১৭। উত্তর। ১৮। ত্রিফলা। ১৯। মুষ্ক।

ফলক (ফল দেখ, কণ্‌—স্বার্থে) সং, পুং—ক্লীং, ঢাল; যথা—"আস্ফালি ফলকপুঞ্জে।" ২। অস্ত্রের ফলা। ৩। পুং, কপালের অস্থি; যথা—"অর্দ্ধচন্দ্র কপালফলকে সুশোভন।" ৪। কাঠাদিপট্ট। ৫। তক্তা, পাটা। শিং—১ "পাণ্ডুলেখ্যেন (লেখেন) ফলকে ভূমৌ বা প্রথমং লিখেৎ। ঊনাধিকং (ন্যূনাধিকং) তু সংশোধ্যং (সুংশোধ্য) পশ্চাৎ পত্রে নিবেশয়েৎ।" ৬। ধোপার পাট। শিং—১ "শাল্মলে ফলকে শ্লক্ষে নিজ্যাদ্বাসাংসি নেজকঃ।" ৭। নাগকেশর।

ফলকক্ষ; সং, পুং, যজ্ঞবিশেষ।

ফলকণ্টক (ফল—কণ্টক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কণ্টকি ফলবৃক্ষ।

ফলকপাণি (ফলক—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ফলধারী, ঢালী।

ফলকযন্ত্র; সং, ক্লীং, যন্ত্রবিশেষ।

ফলকাম (ফল—কম্‌-ণিচ্‌=কামি বাঞ্ছা করা+অ(অন্‌)—ক) বিং, ত্রিং, বিহিত কর্ম্মের ফল কামনাযুক্ত। শিং—১ "ধর্ম্মবাণিজিকা মূঢ়াঃ ফলকামা নরাধমাঃ।"

ফলকী (ফলকিন্‌, ফলক+ইন্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঢালী। ২। সং, পুং, ফলুই মাছ। [ত্রিং, কৃষ্ণবর্ণ ফলযুক্ত।

ফলকৃষ্ণ; সং, পুং, পানীয়ামলক। ২। বিং,

ফলকেশর (ফল—কেশর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারিকেল বৃক্ষ।

ফলকোষক; সং, পুং, মুষ্ক, অণ্ডকোষ।

ফলগ্রহি (ফল—গ্রহ্‌ গ্রহণ করা+ই—ক) সং, পুং, উচিতকালে ফলধরবৃক্ষ।

ফলগ্রাহী (ফলগ্রাহিন্‌, ফল—গ্রহ্‌ গ্রহণ করা+ইন্‌(ণিন্‌)—ক) সং, পুং, বৃক্ষ। ২। বিং, ত্রিং, ফলগ্রহণকর্ত্তা।

ফলচোরক; সং, পুং, চোরক নামক গন্ধ দ্রব্য।

ফলতঃ (ফল+তস্‌—প্রং) অং, ক্রিং—বিং, বস্তুতঃ, বাস্তবিক, অর্থাৎ।

ফলত্রয় } (ফল—ত্রয় তিন এবং ত্রিক
ফলত্রিক } তিনগুণ) সং, ক্লীং, ত্রিফলা, শুঁঠ পিঁপুল মরীচ।

ফলদ (ফল—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, বৃক্ষ। ২। বিং, ত্রিং, ফলদাতা।

ফলন (ফল্‌+অন(অনট্‌)—ভাবে) সং, ক্লীং, প্রসবন। ২। উৎপত্তি।

ফলপাক (ফল—পাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, করমর্দ্দক। ২। পানীয়ামলক।

ফলপাকান্তা (ফল—পাক পক্কতা—অন্ত শেষ) সং, স্ত্রীং, ফল পক্ক হইলে যে সকল বৃক্ষলতাদি শুষ্ক হয়, ওষধি। শিং—১ "ওষধ্যঃ ফলপাকান্তাঃ।"

ফলপাকী (—পাকিন্‌, ফলপাক+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।

ফলপুচ্ছ; সং, পুং, বরগুালু।

ফলপুষ্পা (ফল—পুষ্প, যাহার ফল পুষ্পের ন্যায়, ৬ষ্ঠী—হিং, আপ্‌—স্ত্রীং) সং, স্ত্রীং, পিণ্ডখর্জ্জুরী।

ফলপুর (ফল—পূর্‌ পরিপূর্ণ করা+অ(অন্‌)—ক) সং, পুং, বীজপূর, দাড়িম্ব।

ফলপ্রদ (ফল—প্রদ যে দান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ফল দান করে। শিং—১ "ফলার্থী ধানামাদায় যযৌ সর্ব্বফলপ্রদঃ।" (ভাগবত)। [ফলশূন্যবৃক্ষ।

ফলবন্ধ্য (ফল—বন্ধ্য, ৭মী—ষ) সং, পুং,

ফলভূমি (ফল [কর্ম্মের] ফল—ভূমি স্থান) সং, স্ত্রীং, কর্ম্মের ফলভোগস্থান। শিং—১ "বর্ষাণি কর্ম্মভূম্যঃ স্যুঃ শেষাণি ফলভূময়ঃ।" [সুখদুঃখাদির অনুভব।

ফলভোগ (ফল—ভোগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

ফলমুদ্গারিকা; সং, স্ত্রীং, পিণ্ডখর্জ্জুর।

ফলবান্‌ (ফল+বত্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ফলযুক্ত।

ফলবৃক্ষক ; সং, পুং, কাঁঠালগাছ।

ফলশালী (ফলশালিন্, ফল—শাল্ শোভা পাওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ফলযুক্ত।

ফলশৈশির ; সং, পুং, বদরবৃক্ষ।

ফলশ্রুতি (ফল [কর্ম্মের ফল] ফল—শ্রুতি শ্রবণ) সং, স্ত্রীং, কর্ম্মের ফলশ্রবণ। শিং—১ "ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরম্।"

ফলশ্রেষ্ঠ (ফল—শ্রেষ্ঠ, ৬ষ্ঠা—য) সং, পুং, [আম্রবৃক্ষ।

ফলহারী (ফলহারিন্, ফল—হৃ হরণ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ফলহারক। ২। স্ত্রীং, কালিকাদেবীবিশেষ। জ্যৈষ্ঠমাসীয় অমাবস্যা তিথিতে লক্ষ ফল দ্বারা ইহার অর্চ্চনার বিধি আছে।

ফলাদন, ফলাশন (ফল—অদন, অশন—ভক্ষণায়, যে ভক্ষণ করে) সং, পুং, শুকপক্ষী। ২। বিং,ত্রিং, ফলভক্ষক।

ফলানা (আরবী) অমুক।

ফলান্ত (ফল—অন্ত শেষ) সং, পুং, বংশ, বাঁশ।

ফলার (ফলাহার শব্দজ) সং, ফলাদি [ভোজন।

ফলিনী (ফল+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা।

ফলী (ফল+অ, ঈপ্) সং,স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা। ২। ফলুইমাছ।

ফলী, ফলিন, ফলিত (ফল+ইন্—অস্ত্যর্থে। ইনন্, ইত—প্রং) বিং, ত্রিং, ফলযুক্ত। ২। সফল।

ফলেগ্রহি, ফলেগ্রাহি (ফল—গ্রহ্ গ্রহণ করা+ই, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ফলগ্রহণকারী। ২। সফল, অবন্ধ্য। শিং—১ "ফলেগ্রহীন্ হংসি বনস্পতিনাম্।"

ফলোত্তমা ; সং, স্ত্রীং, দ্রাক্ষাবিশেষ।

ফলোৎপত্তি (ফল—উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, আম্রবৃক্ষ।

ফলোদয় (ফল—উদয়) সং, পুং, ফলোৎপত্তি। ২। লাভ। ৩। স্বর্গ। ৪। আনন্দ।

ফলোপধায়ক, ফলোপধায়ী (ফলোপধায়িন্, ফল—উপ—ধা ধারণ করা+অক(ণক), ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ফলজনক।

ফল্গু (ফল্ ফলধারণ করা+গু(গুক্)—ক) সং,স্ত্রীং, গয়াস্থ নদীবিশেষ। ২। পুং, বৃথা বাক্য। ৩। লোহিতবর্ণ চূর্ণ, আবীর, ফাগু। ৪। বসন্তকাল। ৫। বিং, ত্রিং, তুচ্ছ, অসার। ৬। মনোহর।

ফল্গুদা ; সং, স্ত্রীং, ফল্গুনদী। শিং—১ "নদী চ ফল্গুদা নাম পিতৃণাং স্বর্গদায়িনী।"

ফল্গুন (ফল্গুনী+অ) সং, পুং, অর্জ্জুন। ২। (ফল্গুনী ফল্গুনীনক্ষত্রযুক্তা পূর্ণিমা+অ—তদ্যুক্তমাসার্থে। অথবা ফল্গু আবিরচূর্ণ—নী লওয়া+অ(ড)—ক) ফাল্গুনমাস। নী—স্ত্রীং, নক্ষত্রবিশেষ। শিং—১ "উত্তরাভ্যাং ফল্গুনীভ্যাং নক্ষত্রাভ্যামহং দিবা। জাতো হিমবতঃ পৃষ্ঠে তেন মাং ফাল্গুনং বিদুঃ।"

ফল্গুনাল (ফল্গুন—অল তুল্য) সং, পুং, ফাল্গুনমাস।

ফল্গুৎসব (ফল্গু—উৎসব) সং, পুং, দোলযাত্রা, হোলাকা উৎসব। শিং—১ "গোবিন্দানুগৃহীতস্তু যাত্রাঙ্গং তৎপ্রকীর্ত্তিতম্। ফল্গুৎসবং প্রকুর্ব্বীত পঞ্চাহানি ত্র্যহাণি বা।" [২। মুকুল।

ফল্য (ফল+য—হিতার্থে) সং, ক্লীং, পুষ্প।

ফল্লকী (ফল্লকিন্, ফল্লক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ফলুইমাছ।

ফল্লফল ; সং, পুং, শূর্পবাত, কুলার বাতাস।

ফসল (যবন ভাষা) সং, শস্যসংগ্রহকাল।

ফস্কা (দেশজ) বিং, অশক্ত, শ্লথ, আলগা।

ফাও (বৃদ্ধ্যর্থ স্ফায়্ ধাতুজ) বিং, পরিমাণের কিঞ্চিৎ অধিক।

ফাঁক (দেশজ) সং, ছিদ্র, অন্তর।

ফাঁদ (দেশজ) সং, পক্ষ্যাদির ধারণযন্ত্র, ফাঁশ।

ফাঁপর (দেশজ) হতজ্ঞান, হতবুদ্ধি।

ফাঁপা (দেশজ) বিং, অসার। ২। স্ফীত, ফুলা।

ফাঁসী (দেশজ) সং, উদ্বন্ধন, ফাঁশ।

ফোঁটা (দেশজ) তিলক, টীপ্।

ফোঁপান (দেশজ), গর্জ্জন করা।

ফাকী (ফক্কিকা শব্দজ) সং, প্রতারণা, চাতুরী।

ফাগ (ফল্গু শব্দজ) সং, রক্তবর্ণ চূর্ণবিশেষ।
ফাজিল (আরবী) বিদ্বান্। বাঙ্গলা ভাষায় এই শব্দ অসার, বাচাল ব্যক্তির উপর প্রয়োগ হইয়া থাকে। ২। আধিক্য; জমাখরচ করিয়া যদি খরচ অধিক হইয়া থাকে তাহাকে 'ফাজিল' বলে।
ফাটক (হিন্দী) তোরণ। ২। কারাগার।
ফাটকী; সং, স্ত্রীং, উপধাতুবিশেষ, ফট্কিরি।
ফাটন (বিদারণার্থ স্ফাট্ ধাতুজ) সং, বিদারণ।
ফাণি(স্ফায় বৃদ্ধিপাওয়া+নি—ক,সংজ্ঞার্থে, নিপাতন) সং, স্ত্রীং, গুড়। ২। দধিমিশ্রিত শক্তু,দই-ছাতু। ৩। করম্ভ।
ফাণিত (ফণ্-ণিচ্=ফাণি গমন করান+ত (ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, গুড়বিকার, ঘনীভূত ইক্ষুগুড়। শিং—১ "স এবেক্ষুবিকারেষু খ্যাতঃ ফাণিত সংজ্ঞয়া।" ২। ফেণী-বাতাসা।
ফান্ট (ফণ্ অনায়াসে উৎপন্ন হওয়া+ত (ক্ত)—ক, নিপাতন) বিং, ত্রিং, অনায়াসে প্রস্তুত। ২। সং, ক্লীং, ক্কাথবিশেষ। শিং —১ "ক্ষুণ্ণদ্রব্যপলে সম্যক্ জলমুষ্ণং বিনিঃক্ষিপেৎ।পাত্রে চতুঃপলমিতি ততস্তু স্রাবয়েজ্জলং। সোহয়ং চূর্ণদ্রবঃ ফান্টো ভিষগ্ভিরভিধীয়তে।" ৩। অশ্বের পাইন।
ফাতনা, ফাতা (দেশজ) সং, তরণ্ডিকা, ছিপের সূত্রসংলগ্ন সোলা।
ফানস (পারস্য) বায়ুনিবারণার্থ কাচনির্ম্মিত আলোকাবরণ, লণ্ঠন, সেজ।
ফাল (ফল্ বিদীর্ণ করা+অ(ঘঞ্)—ণ। যাহা দ্বারা ভূমি বিদীর্ণ করা যায়) সং, ক্লীং, লাঙ্গলের অগ্রলৌহ। ২। (ফাল+অ—অস্ত্যর্থে) পুং, শিব। ৩। বলদেব, বলরাম। ৪। (ফল+অ(ষ্ণ)—নির্ম্মাণার্থে) বিং, ত্রিং, তুলনির্ম্মিত (বস্ত্রাদি)।
ফাল্‌তো (হিন্দী বা দেশজ) অতিরিক্ত, অনাবশ্যকীয়।
ফাল্গুন (ফল্গুন+অ(ষ্ণ)—যুক্তার্থে। মহাভারতে—"আমি হিমাচলপৃষ্ঠে উত্তর-ফাল্গুনী নক্ষত্রযুক্ত দিবসে জন্ম গ্রহণ করিয়াছি এই নিমিত্ত সকলে আমাকে ফাল্গুন বলিয়া সম্বোধন করে") সং, পুং, অর্জ্জুন। ২। ফাল্গুনমাস। নী—স্ত্রীং, ফাল্গুনমাসের পূর্ণিমা। ৩। পূর্ব্বফল্গুনী-নক্ষত্র। ৪। উত্তরফল্গুনীনক্ষত্র।
ফাল্গুনানুজ (ফাল্গুন—অনু অনুযায়ী—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, বসন্তকাল।
ফাল্গুনিক (ফাল্গুন+ইক(ঠিক)—যুক্তার্থে) সং, পুং, ফাল্গুনমাস।
ফিকির (যবন ভাষা) সং, কল্পনা, চিন্তা।
ফিঙ্গক (ফিঙ্গ অনুকরণ শব্দ—ক [কৈ শব্দ করা+অ(ড)—ক] যে শব্দ করে) সং, পুং—স্ত্রীং, ফিঙ্গাপাখী।
ফিঙ্গা (ফিঙ্গক শব্দজ) সং, পক্ষিবিশেষ।
ফিচাল (দেশজ) বিং, ধূর্ত্ত, শঠ, দুষ্ট।
ফিরঙ্গী ফিরঙ্গিন্, ফিরঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ফিরঙ্গদেশোদ্ভব পুরুষ।
ফিরণ (দেশজ) সং, ঘুরণ, ঘোরা।
ফিরিঙ্গী } (পারস্য) সাধারণতঃ ইয়ুরোপীয়
ফিরঙ্গ } দিগকেই বলে। এদেশে খৃষ্ট-ধর্ম্মাবলম্বী বর্ণশঙ্কর জাতিবিশেষকে ফিরিঙ্গী বলে। শিং—১ "পূর্ব্বাম্নায়ে নবশতং ষড়শীতিঃ প্রকীর্ত্তিতা। ফিরঙ্গভাষয়া মন্ত্রাস্তেষাং সংসাধনাদ্ভুবি।"
ফিরিস্তি (পারস্য) তালিকা, সূচীপত্র।
ফী (আরবী) প্রত্যেক।
ফুক; সং, পুং, পক্ষী।
ফুকার (যাবনিক) ডাকা, উচ্চৈস্বরে রোদন করা।
ফুট (স্ফুট্ বিকসিত হওয়া, ব্যক্তহওয়া, ভেদ করা+অ(অল্)—র্ম্ম, নিপাতন) বিং, ত্রিং, বিদীর্ণ। ২। প্রস্ফুটিত। ৩। সং, পুং, সর্পের ফণা।
ফুটন (স্ফুট্ ধাতুজ) সং, ছিদ্রকরণ। ২। প্রকাশকরণ।
ফুটি (স্ফুটী শব্দজ) সং, পক্ক কাঁকুড়।
ফুৎ } (স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া+০(ক্বিপ্)—
ফুঃ } ভাবে, নিপাতন) অং, অনুকরণ শব্দ। ২। তুচ্ছভাষণ। ৩। ফুঁ। শিং—১ "বানরা বহ্নিকণসদৃশানি গুঞ্জাফলানা-

বচিত্য বহ্নিবাঞ্ছয়া ফুৎকুর্ব্বন্তঃ।" ২ "বালঃ পয়সা দগ্ধো দধ্যপি ফুৎকৃত্য ভক্ষয়তি।"

ফুৎকর (ফুৎ সিদ্ধকরণ—কর [কৃ করা+অ(অন্)—ক] যে করে) সং, পুং, অগ্নি।

ফুৎকার—পুং } ফুৎকৃতি—স্ত্রীং } (ফুৎ—কার, কৃতি= করণ) সং, পুং, ফুঁ দেওয়া। ২। ফুসফুস্ শব্দ। শিং—১ "স্ফূর্জ্জৎ ফুৎকৃতিভীতিসম্ভ্রমচমৎকারস্ফুরৎ সম্ভ্রমা।" (কাব্যচন্দ্রিকা)। ৩। ক্রিং—বিং, অবলীলাক্রমে; যথা—"ফুৎকারে করিয়া বৃষ্টি।"

ফুপ্ফুস্ (ফুৎ দেখ) সং, পুং, শরীরস্থ মাংস-পেশীবিশেষ, ফুসফুস, কাপাসে।

ফুরণ(দেশজ) সং,শেষহওন। ২। কর্ম্মনির্দ্ধারণ।

ফুল (ফুল্ল শব্দজ) সং, পুষ্প, কুসুম। লা—বিং, স্ফীত।

ফুলধনু (ফুল ফুলময়—ধনু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প।

ফুলশয্যা (ফুল পুষ্পময়—শয্যা বিছানা, য়ং—স) সং, স্ত্রীং, নববিবাহিতার শয়নার্থ পুষ্পরচিত শয্যা, পুষ্পতল্প।

ফুল্ল (ফুল্ল্ বিকসিত হওয়া+ত(ক্ত)—ক, অন্। অথবা ফল+ক্ত—ক) বিং, ত্রিং, বিকসিত, প্রস্ফুটিত। শিং—১ "ফুল্লেন্দীবরকান্তি সিন্দু বদনং বর্হাবতংস প্রিয়ম্।"(কৃষ্ণধ্যান)। ২। (ফুল্ল্ বিকসিত হওয়া+অ—প্রং) সং, ক্লীং, পুষ্প, ফুল। শিং—১ "শ্রীপঞ্চম্যাং শ্রিয়ং দেবীং ফুল্লৈঃ সংপূজয়েৎ সদা।" ইতি কালিকাপুরাণম্।

ফুল্লদাম (ফুল্লদামন্) সং, ক্লীং, ১৯ অক্ষর ছন্দোবিশেষ।

ফুল্লফাল; সং, পুং, কুলার বাতাস।

ফুল্লরা; সং, স্ত্রীং, শ্রীমন্ত সওদাগরের মাতা।

ফুল্লরীক; সং, পুং, দেশ। ২। সর্প।

ফুল্ললোচন (ফুল্ল—লোচন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রফুল্ল নয়ন। ২। সং, পুং, মৃগ-বিশেষ।

ফুসফুস্; সং, ফুল্‌কা, কাপাসে।

ফেকো—উপবাস করিলে মুখ শুষ্ক হইয়া ধূলিবৎ যে রেণু নির্গত হইয়া থাকে তাহাকে ফেকো বলে।

ফেৎকারিণী—স্ত্রীং, ফেৎকারীয়—পুং, সং তন্ত্রবিশেষ।

ফেন, ফেণ (স্ফায় বৃদ্ধিপাওয়া+ন—ক নিপাতন) সং, গাঁজলা, তরল বস্তুর উপরি উত্থিত বুদ্বুদ, ফেণা। শিং—১ "পয়ঃ ফেননিভা শয্যা।" (পুরাণ)। ২ "বানীরং গগনং ফেনমূনঞ্চ দন্ত্যনান্বিতম্। আহুর্গ-গনমিচ্ছন্তি কেচিৎ মূর্দ্ধন্যনান্বিতম্।"

ফেনক (ফেন+কণ্—সংজ্ঞার্থে) সং, পুং, পিষ্টকবিশেষ।

ফেনকা (ফেন—কৈ শব্দ করা+অ(ক)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, কাই।

ফেনদুগ্ধা; সং, স্ত্রীং, পিষ্টকবিশেষ, দুধ্-ফেনি।

ফেনপ (ফেন—পা পান করা+অ(ড)—ক) বিং, ত্রিং, যাহারা ফেন পান করে। ২। পুং, স্বয়ং পতিত ফল দ্বারা জীবন ধারী মুনিবিশেষ।

ফেনবাহী (ফেনবাহিন্, ফেন—বহ্ বহন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, ফেন-বাহক। ২। সং, পুং, বস্ত্র।

ফেনাগ্র; সং, ক্লীং, বুদ্বুদ।

ফেনিকা } ফেনী } (ফেন+ইক, ঈ—প্রং) সং, স্ত্রীং, মিষ্টান্ন দ্রব্যবিশেষ।

ফেনিল (ফেন+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ফেনযুক্ত।

ফের (দেশজ) বাধা, বিঘ্ন।

ফের } ফেরণ্ড } ফেরু } (ফে অনুকরণ শব্দ—রু শব্দ করা+অ, অণ্ড, উ(ডু)—ক। যে "ফে" এই রব করে) সং, পুং, শৃগাল, শিয়াল।

ফেরফার (দেশজ) উল্টা পাল্টা, ছল কৌশল।

ফেরব (ফে অনুকরণ শব্দ—রু শব্দ করা+অ(অন্)—ক। যে "ফে" এই রব করে) সং, পুং, শৃগাল, জম্বুক; যথা—"রুধির মাংসের লোভে, চারিদিকে শিবা শোভে, "ফে" রবে ভুবন চমৎকার।"২। রাক্ষস। ৩। বিং, ত্রিং, ধূর্ত্ত। ৪। হিংস্র।

ফেরার (আরবী) পলায়ন।

ফেরারী (আরবী) যে পলায়ন করিয়াছে।

ফেরোজ (পারস্য) মণিবিশেষ।

ফেল – ক্লীং, ফেলক – পুং } (ফেল্ গমন করা,
ফেলা, ফেলিকা, ফেলি } ত্যাগ করা
ফেলী – স্ত্রীং——— } +অল্ – র্ম্ম। অক, অ – আ, ইক, ই – প্রং) সং, উচ্ছিষ্ট, এঁটো দ্রব্য। ২। ত্যক্ত বস্তু।

ফেসাদ (আরবী) ঝগড়া, কলহ।

ফৈজত (আরবী, ফজিহৎ শব্দের অপভ্রংশ) অপমান। ২। লজ্জা। ৩। কলঙ্ক। ৪। দুনাম।

ফোড়া (স্ফোটক শব্দজ) সং, ব্রণবিশেষ।

ফোস্কা (দেশজ) সং, অগ্নিদাহজন্য ক্ষত, জলযুক্ত ব্রণ।

ফৌজ (আরবী) জনসমূহ। ২। সেনা।

ফৌজদার (আরবী=ফৌজ – পারস্য=দার) পুলিশ কর্ম্মচারীবিশেষ, মেজষ্টর।

ফৌত (আরবী) সং, মৃত্যু, মরণ।

---

## ব (বর্গ্য—ওষ্ঠ)।

**ব**; ব্যঞ্জনবর্ণের ত্রয়োবিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। (বল্ শব্দ করা +অ(ড) – ক) সং, পুং, বরুণ। ২। সিন্ধু। ৩। (বণ্ শব্দ করা+অ(ড) – ক) তোয়। ৪। (বভ্র্ গমন করা+অ(ড) – অপা) যোনি। ৫। (+ড – ভাবে) গমন। ৬। (বন্ধ্ বন্ধন করা+অ(ড) – ভাবে) বন্ধন। ৭। (বপ্ বোনা+অ(ড) – ণ) তন্তুসন্তান। ৮। (+ড – ভা) বপন।

বউ, বৌ (বধূ শব্দজ) সং, স্নুষা, পুত্রবধূ।

বংহিমন্ (বহুল+ইমন্ – ভাবে) সং, পুং, বাহুল্য।

বংহিষ্ঠ } (বহুল+ইষ্ঠ – অতিশয়ার্থে।
বংহীয়ান্ } বংহীয়স্, বহু+ঈয়সু – অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতি বহুল।

বঁধু (বন্ধু শব্দজ কি ?) প্রণয়ী।

বকুর; বিং, ত্রিং, ভাস্কর। ২। ভয়ঙ্কর।

বকেয়া (আরবী) বাকী, অবশিষ্ট, বক্রী।

বক্‌শিশ (পারস্য, বখ্‌সিদন্ ধাতুজ) দান, পারিতোষিক।

বক্‌সি (পারস্য) সেনাপতি। ২। নাজিরের অধীনস্থ কর্ম্মচারী।

বখিল (আরবী) কৃপণ, ব্যয়কুণ্ঠ।

বখেয়া (পারসী) সেলাইবিশেষ।

বগল (পারসী) বাহুমূল, কক্ষ।

বগলবাজান—অত্যন্ত আনন্দিত হওয়া। ২। জয়ী হওয়া।

বজ্জাত (পারসী বদ্+আরবী জাৎ) জারজ, বেজন্মা।

বড়বা (বল শক্তি – বা গমন করা+অ (ড) – ক, আপ্ – স্ত্রীং, ল=ড) সং, স্ত্রীং, সমুদ্রঘোটকী। ২। কুম্ভদাসী। ৩। দ্বিজযোষিৎ। ৪। অশ্বিনীনক্ষত্র। ৫। অশ্বমুখী সমুদ্রস্থ। দেবীবিশেষ, স্বর্বৈদ্যদ্বয়ের মাতা।

বড়াগ্নি } (বড়বা ঘোটকী – অগ্নি, অ-
বড়বানল } নল অগ্নি। মহাভারতে—ভৃগুনন্দন ঔর্ব্বের ক্রোধানল মহৎ হয়শিরোরূপে পরিণত হইয়া সমুদ্রজল পান করিয়াছিল বলিয়া পণ্ডিতেরা তাহাকে বড়বানল কহেন। অন্যপ্রকার ব্যুৎপত্তি "পুরা কিল উর্ব্বেণ মুনিনা অযোনিজং পুত্রমিচ্ছতা বক্ষো মথিতং তত্র জ্বালাময়ঃ পুরুষো জাতঃ স চ সমুদ্রে বড়বামুখে অবস্থাপিতঃ।") সং, পুং, জলমধ্যস্থ অগ্নি, সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি।

বড়বামুখ (বড়বা ঘোটকী – মুখ প্রধান) সং, পুং, বড়বানল।

বড়বাসুত (বড়বা অশ্বিনী – সুত পুত্র) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়—নাসত্য, দস্র। শিং – ১ "স্ব র্বৈদ্যাবশ্বিনীপুত্রাবশ্বিনৌ বড়বাসুতৌ।" (হেমচন্দ্র)।

বড়বাহৃত } (বড়বা – হৃত, কৃত, ওয়া –
বড়বাকৃত } ষ) সং, পুং, পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ। শিং – ১ "ভক্তদাসশ্চ বিক্রেয়স্তথৈব বড়বাকৃতঃ।"

বণিক্ (বণিজ্, পণ্ ক্রয়বিক্রয় করা+ইজ্ – ক। প=ব) সং, পুং, ক্রয়বিক্রয়কারী, বেণিয়া। ২। (+ইজ্ – ধি) করণবিশেষ।

বণিক্‌পথ (বণিজ্ – পথ পথিন্ শব্দজ, ৬ষ্ঠী – ষ বা ৭মী – হিং) সং, পুং, আপণ, বাজার, হট্ট।

বণিগ্বন্ধু (বণিজ্ বাণিজ্যব্যবসায়ী – বন্ধু মিত্র) সং, পুং, নীলীবৃক্ষ, নীলের গাছ।

বণিগ্বহ (বণিজ্ বাণিজ্যব্যবসায়ী—বহ [বহ্ বহন করা+অ(অন্)—ক] যে বহন করে) সং, পুং, উষ্ট্র, উট।

বণিগ্বৃত্তি (বণিজ্—বৃত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বাণিজ্য, ব্যবসায়।

বণিগ্ভাব (বণিজ্ বাণিজ্যব্যবসায়ী—ভাব) সং, পুং, বণিগ্বৃত্তি, বাণিজ্য।

বণিজ ; সং, পুং, করণবিশেষ। ২। বণিক।

বণিজ্য, বাণিজ্য (বণিজ্+য(ষ্ণ্য)—ভাবে) সং,ক্লীং, জ্যা—স্ত্রীং, ক্রয়বিক্রয়। শিং—১ "চতুরেণ চতুর্ব্বর্গ চিন্তামণিবণিজ্যয়া।"

বদর (বদ্ স্থির থাকা+অর—ক, সংজ্ঞার্থে। যে ছিন্ন হইলেও স্থির থাকে অর্থাৎ পুনঃ পল্লবিত হয়) সং, পুং, রি, রিকা, রী—স্ত্রীং, কুলগাছ। ২। সং, ক্লীং, তৎ ফল। ৩। কার্পাসফল। ৪। রা—স্ত্রীং, কার্পাসী। ৫। পুং, দেবশর্ষপবৃক্ষ। ৬। কার্পাসবীজ।

বদরপাচন ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

বদরফলী, বদরবল্লী ; সং, স্ত্রীং, ভূমিবদরী। ২। লতাবিশেষ।

বদরিকাশ্রম (বদরিকা বদরী—আশ্রম, বদরিকা দ্বারা আবৃত আশ্রম, ৩য়া—ষ) সং, পুং, ব্যাসদেবের আশ্রম, তীর্থবিশেষ, তাহা কাশ্মীরের অন্তর্গত শ্রীনগর নামক নগরে অলকনন্দা নদীর পশ্চিম তীরে আছে।

বদরীপত্র ; সং, পুং, নখী নামক গন্ধদ্রব্য।

বদরীফলা ; সং, স্ত্রীং, নীল শেফালিকা।

বদরীশৈল (বদরী—শৈল পর্ব্বত) সং, ক্লীং, হিমালয়ের পর্ব্বতৈকদেশ ; অধুনা যাহাকে বদ্রীনাথ বলে। ইহা শ্রীনগর প্রদেশে অলকনন্দা নদীর পশ্চিম পার্শ্বে অবস্থিত।

বদল (আরবী) বিনিময়, পরিবর্ত্ত।

বদলান (পারসী) প্রতিদান, পরিবর্ত্তন করা।

বদ্ (পারসী) মন্দ, নিকৃষ্ট।

বদ্নাম (পারসী) কুযশ, অখ্যাতি।

বদ্মাশ (পারসী বদ্+আরবী মাশ্ উপজীবিকা) অন্যায্য উপায়ে যে জীবিকানির্ব্বাহ করে। ২। মন্দলোক।

বদ্ধ (বন্ধ্ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংযত, বাঁধা। ২। গ্রথিত। ৩। উৎপাদিত। ৪। বিহিত।

বদ্ধগুদ (বদ্ধ—গুদ, ৭মী—হিং) সং, ক্লীং, মলবদ্ধকারক রোগবিশেষ। শিং—১ "অন্নাভিমধ্যে পরিবৃদ্ধিমেতি তস্যোদরং বদ্ধগুদং বদন্তি।"

বদ্ধপরিকর (বদ্ধ বাঁধা—পরিকর কটিবন্ধ, ৩য়া—হিং) বিং, ত্রিং, দৃঢ়ীকৃতকটিবন্ধ, যে ব্যক্তি দৃঢ়রূপে কোমর বাঁধিয়াছে।

বদ্ধফল (বদ্ধ—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, করঞ্জবৃক্ষ।

বদ্ধমুষ্টি (বদ্ধ [দানহেতু] অপ্রসারিত—মুষ্টি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দৃঢ়মুষ্টি, কৃপণ। ২। কৃপাণ।

বদ্ধমূল ; বিং, ত্রিং, দৃঢ়মূল, যাহার মূল উৎপাটনযোগ্য নহে।

বদ্ধশিখ (বদ্ধ বাঁধা—শিখা চূড়া, টিকী, ৩য়া—হিং) সং, পুং, শিশু। ২। বিং,ত্রিং, যে শিখা বন্ধন করিয়াছে। শিং—১ "সদোপবীতেন ভাব্যং সদা বদ্ধশিখেন তু।"

বদ্ধাঞ্জলি (বদ্ধ—অঞ্জলি, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃতাঞ্জলি, যোড়হাত।

বদ্বীপ (Delta) নদীর মোহনাস্থিত মাত্রাশূন্য বকারের ন্যায় দ্বীপ, "ব"।

বধ (হন্ বধ করা+অ(অল্)—ভা, হন্=বধ) সং, পুং, বিনাশ করা, হনন, হত্যা। ২। বন্ধন। ৩। নিন্দা।

বধক (বধ দেশ, অক(ণক)—ক) বিং, ত্রিং, হত্যাকারী, যে বধ করে।

বধকর্ম্ম ; সং, ক্লীং, প্রাণনাশজনক ব্যাপার।

বধত্র (বধ্ হত্যা করা+অত্র—ণ,সংজ্ঞার্থে) সং, ক্লীং, আয়ুধ, অস্ত্র।

বধস্থলী (Slaughter-house, বধ সংহার—স্থলী স্থান, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, প্রাণী বধস্থান, মশান।

বধাঙ্গক (বধ হত্যা—অঙ্গ দেহ+কণ—যোগ) সং, ক্লীং, বিষ। ২। কারাগৃহ, বন্ধনালয়।

বধার্হ (বধ—অর্হ যোগ্য, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, বিনাশের যোগ্য, বধের উপযুক্ত।

শিং — ১ "বধাহঃ সুবর্ণশতং দমং দাপ্যস্তু পুরুষঃ।"

বধির (বন্ধ্ [ শ্রবণ ] বন্ধ করা + ইর্ (কির) — ক) বিং, ত্রিং, শ্রবণ-শক্তিহীন, কালা।

বধী ( বধিন্, বধ + ঈন্ — করোত্যর্থে ) বিং, ত্রিং, বধকারক, হত্যাকারী।

বধূ (বন্ধ্ বন্ধন করা, কিম্বা বহ্ বহন করা + উ — ক) সং, স্ত্রীং, স্ত্রী, নারী, যোষিৎ। ২। নবোঢ়া, নূতনবিবাহিতা। ৩। পত্নী, ভার্য্যা। ৪। স্নুষা, পুত্রবধূ, বৌ।

বধূজন (বধূ — জন লোক, য়ং — স) সং, পুং, যুবতী স্ত্রী, বৌ। শিং — ১ "পরভূতাভিরিতীব নিবেদিতে স্মরমতে রমতেস্ম বধূজনঃ।"

বধূটশয়ন ; সং, ক্লীং, বাতায়ন, গবাক্ষ।

বধূটী (বধূ + টী — অল্পার্থে) সং, টি, টিকা — স্ত্রীং, ক্ষুদ্রবধূ, বালিকা বৌ। শিং — ১ "নূতনজলধররুচয়ে গোপবধূটীদুকূলচৌরায়।" [বধূর ঋতুজননরূপ উৎসব।

বধূৎসব ( বধূ — উৎসব, ৬ষ্ঠী — ষ ) সং, পুং,

বধোদর্ক ( বধ — উদর্ক ভবিষ্যৎ ফল ) বিং, ত্রিং, মৃত্যুই যাহার পরিণাম ফল।

বধ্য (হন্ বধকরা + য (ক্যপ্) — ম্ম, হন্ = বধ। অথবা বধ + য — অর্হার্থে ) বিং, ত্রিং, বধের যোগ্য, হননীয়। শিং — ১ "বধ্যো বন্ধগতোঽপি বা।"

বধ্যপাল (বধ্য কারাগার — পাল্ রক্ষাকরা + অ (অন্) — ক) সং, পুং, কারাগৃহ-রক্ষক। শিং — ১ "সাধ্বী বিক্রয়কৃদ্বধ্যপালঃ কেশরিবিক্রয়ী।"

বধ্যভূমি ( বধ্য — ভূমি স্থান ) সং, স্ত্রীং, বধের স্থান, যেখানে সর্ব্বসমক্ষে কোন ব্যক্তির প্রাণদণ্ড করা হয়।

বধ্র ( বন্ধ্ বন্ধন করা + র (ষ্ট্রন্) — ক, ন — লোপ ) সং, ক্লীং, সীসক, সীসা। ধ্রী — স্ত্রীং, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।

বনাত (হিন্দি) উর্ণানির্ম্মিত স্থূল বস্ত্রবিশেষ।

বন্দর (পারসী) নগর, সমুদ্র বা নদীতীরবর্ত্তী নগর, যেখানে বিদেশীয় বণিকগণ বাণিজ্য-দ্রব্য লইয়া আইসে।

বন্দুক (তুর্কী ভাষা) স্বনামখ্যাত আগ্নেয়াস্ত্র।

বন্দোবস্ত (পারসী) স্থিরীকৃত, রাজার সহিত জমিদারগণের বাৎসরিক কর দানের স্থিরীকরণ।

বন্ধ (বন্ধ্ বন্ধন করা + অ (অল্) — র্ম্ম) সং, পুং, গচ্ছিত দ্রব্য। ২। ( + অল্ — ণ ) বৃন্ত। ৩। শরীর। ৪। গ্রন্থি। ৫। বাঁধ। ৬। ( + অল্ — ভা) বন্ধন, বাঁধা। ৭। উৎপত্তি। ৮। ধারা। ৯। যোগ। ১০। রোধ। ১১। গ্রন্থন। ১২। গৃহাদিবেষ্টন।

বন্ধক (বন্ধ দেখ, অক (ণক) — র্ম্ম) সং, পুং, ঋণজন্য স্থাপিত বস্তু। ২। বিনিময়। ৩। গচ্ছিত বস্তু। ৪। ( + অক — ভাবে) ক্লীং, বন্ধক দেওয়া। কী — স্ত্রীং, ( + ণক — ক, ঈপ্। যে পর পুরুষে মন বন্ধন করে) পঞ্চপুরুষগামিনী, পুংশ্চলী, অসতী। ২। হস্তিনী। [রঙ্গ সৈন্য।

বন্ধতন্ত্র (বন্ধ — তন্ত্র সৈন্য) সং, ক্লীং, চতু-

বন্ধন (বন্ধ দেখ, অন (অনট্) — ভা) সং, ক্লীং, সংযমন, বন্ধন। ২। রুদ্ধকরণ। ৩। করণ। ৪। অবরোধ, আটক, রোধ। শিং — ১ "নরো মুচ্যেত বন্ধনাৎ।" ৫। বধ। ৬। হিংসা। ৭। উৎপাদন। ৮। ( + অন — ণ) বৃন্ত। ৯। বাঁধ। ১০। বাণের পুঙ্খ। ১১। ( + অন — ক) পুং — ক্লীং, বন্ধনসাধন রজ্জু, নিগড়, শৃঙ্খলাদি।

বন্ধনবেশ্ম (বন্ধনবেশ্মন্, বন্ধন — বেশ্মন্ গৃহ, ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, কারাগার, বন্ধনালয়।

বন্ধনস্তম্ভ ; সং, পুং, হস্তিবন্ধন স্তম্ভ, আলান।

বন্ধনালয় (বন্ধন — আলয়, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কারাগার।

বন্ধনী (Ligament, বন্ধ দেখ, অন (অনট্) — ণ, ঈপ্ — স্ত্রীং ) সং, স্ত্রীং, ভেদাবরোধক, সূত্রময় ও স্থিতিস্থাপক গুণোপেত পদার্থ ; তদ্দ্বারা শরীরের অস্থি সকল পরস্পর সম্বন্ধ থাকে। ২। ( Bracket ) যে চিহ্নের মধ্যভাগে অনেক গুলি রাশি স্থাপিত হইলে তাহা { ০ } (০) এক রাশিরূপে পরিগৃহীত হয় — এইরূপ চিহ্ন। ৩। বন্ধনসাধন রজ্জু, নিগড়, শৃঙ্খলাদি।

বন্ধিত্র (বন্ধ্ বন্ধন করা + ইত্র — ক) সং, পুং, কামদেব। ২। চর্ম্মব্যজন।

বন্ধু (বন্ধ দেখ, উ—ক, যে স্নেহ দ্বারা মন বন্ধন করে) সং, পুং, জ্ঞাতি, স্বজন। ২। কুটুম্ব। ৩। পিতা। ৪। মাতা। ৫। ভ্রাতা। ৬। মিত্র। ৭। প্রিয়। শিং—১"অত্যাগসহনো বন্ধুঃ।" ৮। পিতৃব্যপুত্র। ৯। এতদ্ভিন্ন বন্ধু ত্রিবিধ; আত্মবন্ধু, পিতৃবন্ধু ও মাতৃবন্ধু। শিং—১ "আত্মপিতৃষ্বসুঃ পুত্রা আত্মমাতৃষ্বসুঃ সুতাঃ। আত্মমাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়াহ্যাত্মবান্ধবাঃ। পিতুঃ পিতৃষ্বসুঃ পুত্রাঃ পিতুর্মাতৃষ্বসুঃ সুতাঃ। পিতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ। মাতুঃ পিতৃষ্বসুঃ পুত্রা মাতুঃর্মাতৃষ্বসুঃ সুতাঃ। মাতুর্মাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবা।" ৯। বন্ধুকবৃক্ষ। ১০। (পিতৃ, মাতৃ, বিপ্র, ক্ষত্রিয় ইত্যাদির পরে থাকিলে) নীচ।

বন্ধুক, বন্ধূক, বন্ধুজীব, বন্ধুজীবক (বন্ধ দেখ, উক, উক—সংজ্ঞার্থে। অথবা বন্ধু+কণ্—যোগ। বন্ধু—জীব্ বাঁচা +অ(অন্)—ক, কণ্—যোগ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ রক্তবর্ণ পুষ্পবৃক্ষ, বাঁধুলি ফুলের গাছ। ২। ক্লীং, বাঁধুলিফুল। ৩। বন্দূক।

বন্ধুতা (বন্ধু+তা—ভাবে) সং, স্ত্রীং, মিত্রতা। ২। (+তা—সমূহার্থে) বন্ধুসমূহ।

বন্ধুদত্ত (বন্ধু—দত্ত, ৩য়া—ষ) সং, ক্লীং, পিতা মাতা কর্ত্তৃক প্রদত্ত স্ত্রীধন।

বন্ধুর, বন্ধূর (বন্ধ দেখ, উর, উর—ক) বিং, ত্রিং, রম্য, সুন্দর। ২। উন্নতানত, উচ্চনীচ, আবুড়াখাবুড়া। ৩। বধির। ৪। ক্ষতিজনক। ৫। নম্র। ৬। সং, পুং, বিহঙ্গ। ৭। হংস। ৮। বক। ৯। ক্লীং, মুকুট। রা—স্ত্রীং, অসতী, বেশ্যা।

বন্ধুল (বন্ধ দেখ, উল—ক) সং, পুং, অসতীপুত্র, জারজসন্তান। ২। বন্ধুকবৃক্ষ। ৩। বিং, ত্রিং, নম্র। ৪। সুন্দর। ৫। বন্ধুর। [বৃক্ষ। ২। ক্লীং, তৎপুষ্প।

বন্ধূক (বন্ধ+উক—ক) সং, পুং, বন্ধুজীবক

বন্ধূলি (বন্ধ দেখ, উলি—প্রং) সং, পুং, বাঁধুলিফুলের গাছ।

বন্ধ্য (বন্ধ্ বন্ধন করা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, ফলশূন্য (বৃক্ষ)। ২। নিষ্ফল। শিং—১ "অবন্ধ্যকোপস্য নিহন্তুরাপদাম্।" ৩। বন্ধনযোগ্য।

বন্ধ্যা (বন্ধ্য দেখ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যে স্ত্রীর সন্তান হয় না, বাঁঝা। ২। শিং—১ "বন্ধ্যাচ বৃষলী জ্ঞেয়া।" ৩। বালাখ্যগন্ধদ্রব্য। ৪। যোনিরোগবিশেষ। শিং—১ "উদাবর্ত্তা তথাবন্ধ্যা বিপ্লুতাচ পরিপ্লুতা।"

বন্ধ্র (বন্ধ দেখ, র—প্রং) সং, পুং, কুক্ষি, উদর। [দুর্গা।

বভ্রবী (বভ্রু শিব+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং,

বভ্রু (ভৃ পালন করা+উ(কু)—ক। বভ্র+উ—ক) সং, পুং, বিষ্ণু। ২। শিব। ৩। অগ্নি। ৪। নকুল। ৫। যদুবংশীয় ব্যক্তিবিশেষ। ৬। মুনিবিশেষ। ৭। দেশবিশেষ। ৮। বিং, ত্রিং, বিপুল, বিশাল, বৃহৎ। ৯। পিঙ্গলবর্ণ।

বভ্রুধাতু; সং, পুং, সুবর্ণ গৈরিক।

বভ্রুবাহন; সং, পুং, মণিপুরের রাজা; ইনি অর্জ্জুন হইতে চিত্রাঙ্গদার গর্ভে জন্ম গ্রহণ করেন।

বম্ভর (বম্ভ অনুকরণ শব্দ—রা করা+অ(ড)—ক) সং, পুং, মধুমক্ষিকা।

বম্ভরালী (বম্ভ অনুকরণ শব্দ—রা করা +ল—ক। ভম্ভরালীও হয়) সং, স্ত্রীং, মক্ষিকা।

বয়নামা (আরবী বয়+পারসী নামা) বিক্রয়পত্র। [(বদন শব্দজ) মুখ।

বয়ান (আরবী) ব্যাখ্যা, অর্থ, বিবরণ। ২।

বর (বৃ বরণকরা+অ(অল্)—ভাবে) সং, পুং, বরণ। ২। (+অল্—র্ম্ম) জামাতা। ৩। প্রার্থনীয় বিষয়। ৪। জার, উপপতি। ৫। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। ৬। ক্লীং, কুঙ্কুম।

বরকন্দাজ (আরবী বরক=বিদ্যুৎ+পারসী আন্দাজ [আন্দাখতন্=নিক্ষেপ করা] মূল অর্থ আগ্নেয়াস্ত্রধারী যোদ্ধা) বাঙ্গালায় সামান্য চাপরাসী বা সিপাহী বুঝায়।

•বরখাস্ত (পারসী, বর্খাস্তন্ ধাতুজ) পদচ্যুত করা। [সহিষ্ণুতা।

বরদাস্ত (পারসী, বর্দাশতন্ ধাতুজ) সহ্য,

বরাৎ (আরবী) প্রয়োজন। ২। কার্য্যানুরোধ।

বরাবর (পারসী) নিকট, সমীপ। ২। সম্মুখবর্ত্তী, পাশাপাশি।

বর্ব্বট (বর্ব্ব্ গমন করা+অটন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, টী—স্ত্রীং, কলাইবিশেষ, বর্ব্বটী কলাই। টী—স্ত্রীং, বেশ্যা, বারাঙ্গনা।

বর্ব্বণা (বর্ব্ব্ গমন করা+অন(অনট্)—প্রং। অথবা বর্ অনুকরণ শব্দ—বন্ শব্দ করা+অ—প্রং) সং, স্ত্রীং, নীলমক্ষিকা।

বর্ব্বর (বর্ব্ব্ গমন করা+অর(অরন্)—ক) সং, পুং, নীচ। ২। পামর। ৩। মূর্খ। ৪। কেশবিশেষ, বাউরি। ৫। দেশবিশেষ, বার্ব্বরি।

বর্ব্বুর (বর্ব্বর দেখ, উর—ক) সং, ক্লীং, জল।

বর্হ—পুং—ক্লীং
বর্হা—স্ত্রীং } (বর্হ্ দীপ্তি পাওয়া +অ(অল্)—খ্ম) সং, ময়ূরপিচ্ছ। যথা—"কং কুরেদেষ বর্হঃ।" এই স্থলে "বর্হ" শব্দ পুংলিঙ্গে ব্যবহৃত হইয়াছে। "বর্হাণি চিত্রাণি বিভর্ত্তি ভুজগাশনঃ।" এই স্থলে ক্লীবলিঙ্গে ব্যবহৃত হইয়াছে। ২। পত্র। ৩। পুং, সঙ্গী।

বর্হিণ (বর্হি+ইনন্) সং, পুং—স্ত্রীং, ময়ূর।

বর্হী (বর্হিন্, বর্হ+ইন্—অস্ত্যর্থে) পুং—স্ত্রীং, ময়ূর। ২। বিং, ত্রিং, ময়ূরপুচ্ছধারী।

বল (বল্ বলিষ্ঠ হওয়া+অ(অন্)—ক) সং,পুং, বলরাম। ২। অনন্ত। ৩। দৈত্যবিশেষ। ৪। কাক। ৫। বরুণবৃক্ষ। ৬। বিং, ত্রিং, বলবান্। ৭। (+অল্—ভাবে) ক্লীং,শক্তি, সামর্থ্য। ৮। সার। ৯। ভার। ১০। স্থৌল্য। ১১। দার্ঢ্য। ১২। (+অল্—ণ) রূপ। ১৩। দেহ। ১৪। গন্ধরস। ১৫। শুক্র। ১৬। রক্ত। ১৭। বপু। ১৮। পল্লব। ১৯। পারিতোষিক। ২০। বল। ২১। মৌল, ভৃত্য, সুহৃৎ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক—এই ছয় প্রকার সৈন্য। লা—স্ত্রীং, অস্ত্রবিদ্যাবিশেষ; বিশ্বামিত্র তাড়কা বধের সময় রামচন্দ্রকে এই বিদ্যা প্রদান করেন।

বলক্ষ (বল শক্তি—ক্ষৈ ক্ষীণ হওয়া+অ(ড)—ক) সং, পুং, শ্বেতবর্ণ। ২। বিং, ত্রিং, শ্বেতবর্ণযুক্ত।

বলজ (বল শক্তি—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) সং, পুং, ধান্যরাশি। ২। ক্লীং, শস্য। ৩। ক্ষেত্র। ৪। পুরদ্বার। ৫। যুদ্ধ। ৬। বিং, ত্রিং, বলজাত, জা—স্ত্রীং, উত্তমা স্ত্রী। ২। জুঁইফুল।

বলৎ (বল বলিষ্ঠ হওয়া+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, বলবিশিষ্ট, চলৎ।

বলদেব (বল—দেব দেবতা, যং—স) সং, পুং, কৃষ্ণের জ্যেষ্ঠ, বলরাম। ২। বায়ু। বা—স্ত্রীং, ত্রায়মাণৌষধি।

বলদ্বিট্ (বলদ্বিষ্, বল দৈত্যবিশেষ—দ্বিষ্ দ্বেষী) সং, পুং, ইন্দ্র।

বলনিসূদন
বলভিদ্
বলারাতি
বলরিপু } (বল দৈত্যবিশেষ—নিসূদন যে বধ করে, ভিদ্ যে বিদীর্ণ করে, ২য়া—ষ। অরাতি, রিপু=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

বলপ্রসূ (বল বলরাম—প্রসূ মাতা, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, রোহিণী,বলরামের মাতা।

বলভদ্র (বল শক্তি—ভদ্র শ্রেষ্ঠ। অথবা বল বলবান্ হইয়াও—ভদ্র সৌম্য) সং,পুং, বলরাম। ২। অনন্ত। ৩। লোধ্র। ৪। গবয়। ৫। বলবান্ ব্যক্তি। ৬। অষ্টদলপদ্মস্থ যোগবিশেষ। দ্রা—স্ত্রীং, কুমারী। ২। ত্রায়মানা।

বলরাম
বলল } (বল শক্তি—রম্ ক্রীড়া করা +(ষণ্)—ক। ২য় পক্ষে—বল



বলরাম (অবতার)।

শক্তি—লা গ্রহণ করা+অ(ড)—ক)

সং, পুং, বলদেব, কৃষ্ণের জ্যেষ্ঠভ্রাতা; ইনি বিষ্ণুর দশ অবতারের মধ্যে ৮ম অবতার;

"কোটিচন্দ্রপ্রতীকাশং হিমাদ্রিসদৃশপ্রভং।
ফণাম[illegible]॥
মণির[illegible]চারুনীলাম্বরচোলিনং।
হলমুষলশঙ্খাসি[illegible]চতুষ্টয়ং॥
হারকেয়ূরবলয়মুদ্রিকাভিরলঙ্কৃতং।
মেখলাকটিসূত্রাঢ্যং দিব্যরত্নপ্রসাধনং॥
দিবহালাক্ষীবমূর্ত্তি চারুহাসং সুনেত্রকং।
হালালোলনালবক্ত্রং হেলাবন্তং স্মরেৎ পরং।
(কল্কিপুরাণ)।

"বহসি বপুষি বিশদে বসনং জলদাভং
হলহতিভীতিমিলিতযমুনাভং।
কেশব ধৃতহলধররূপ
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

বলবত্তা (বলবৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, অতিশয় বল।

বলবান্ (বলবৎ, বল+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শক্তিমান্, বলবিশিষ্ট। ২। প্রবল। ৩। অং, ক্লীং, অতিশয়। শিং—১ "বলবদপি শিক্ষিতানাম্।" (শকুন্তলা)।

বলবিনাশন (বল দৈত্যবিশেষ—বিনাশন যে বিনাশ করে, ২য়া—ষ) সং, পু, ইন্দ্র।

বলবিন্যাস (বল—বিন্যাস স্থাপন) সং, পুং, ব্যূহরচনা, সৈন্যদিগকে শ্রেণীবদ্ধ করা।

বলশালী (—শালিন্, বল—শালী [শাল্+ইন্(ণিন্)—ক] বিশিষ্ট) বিং, ত্রিং, বলবান্, বলিষ্ঠ।

বলসূদন (বল দৈত্যবিশেষ—সূদন যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।

বলস্থিতি (বল সৈন্য—স্থিতি) সং, স্ত্রীং, শিবির, ছাউনি।

বলহা (বলহন্, বল শক্তি—হন্ বধ করা +০(ক্বিপ্)—ক) সং, পুং, শ্লেষ্মা। ২। (বল দৈত্যবিশেষ) ইন্দ্র। ৩। বলরাম।

বলাক—পুং } (বল শক্তি—অক্ গমন
বলাকা—স্ত্রীং } করা+অ(অন্)—ক, আপ্ যে বল দ্বারা অতি ঊর্দ্ধে গমন করে। কিম্বা বল্ আচ্ছাদন করা+আক—প্রং, আপ্) সং, স্ত্রীং, ক্ষুদ্রজাতীয় বকশ্রেণী। কা—স্ত্রীং, [illegible] স্ত্রী।

বলাক্ষিতা; [illegible] স্ত্রীং, রামবীণা।

বলাট; সং, পুং, মুদ্গ, মুগ। ২। (দেশজ) গোয়োনি।

বলাৎ (বল শক্তি—অৎ গমন করা+০(ক্বিপ্)—ণ) অং, বলপূর্ব্বক। ২। হঠাৎ।

বলাৎকার (বল শক্তি—অৎ গমন করা+০(ক্বিপ্)—ণ=বলাৎ—কার [কৃ করা+অ(ঘঞ্)—ক] করণ) সং, পুং, জোর করা। ২। দণ্ডদান। শিং—১ "মত্তাভিযুক্তস্ত্রীবালবলাৎকারকৃতঞ্চ যৎ।"

বলাৎকারাভিগম; সং, পুং, বলাৎকার পূর্ব্বক স্ত্রীলোকের সতীত্ব নাশ।

বলানুজ (বল বলরাম—অনু পশ্চাৎ—জ যে জন্মে) সং, পুং, কৃষ্ণ।

বলারাতি (বল—অরাতি) সং, পুং, ইন্দ্র।

বলাবলেপ (বল—অবলেপ, ৬ষ্ঠী—য) সং, পুং, বলজন্য দর্প, শক্তির অহঙ্কার। "বলাবলেপাদধুনাপি পূর্ব্ববৎ প্রবাধ্যতে তেন জগজ্জিগীষুণা" "বলাবলেপাদথচেন্ডবংস্থা যুদ্ধকাঙ্ক্ষণঃ।"

বলাশ (বল শক্তি—অশ্ [ভোজন করা] নাশ করা+অ(অন্)—ক। ক—যোগে বলাশকও হয়) সং, পুং, শ্লেষ্মা।

বলাহক (বল শক্তি—অ না—হা ত্যাগ করা+অক(ণক)—ক) সং, পুং, মেঘ। ২। পর্ব্বত। ৩। দৈত্যবিশেষ। ৪। নাগবিশেষ। ৫। রমাগর্ভোদ্ভব কল্কিপুত্র।

বলি (বল্ দান করা, বধ করা+ই—ক) সং, পুং, বিরোচনপুত্র দৈত্য। ২। (+ই—ণ) রাজস্ব, কর। ৩। পূজার সমগ্রী। ৪। পূজা। ৫। পূজোপহার; ইহা দশবিধ নির্দিষ্ট আছে; যথা—"মৃগশ্ছাগশ্চ মেষশ্চ লুলাপঃ শূকরস্তথা, শল্লকা শশকো গোধা কূর্ম্মঃ খড়্গী দশ স্মৃতাঃ।" ৬। ভূতযজ্ঞ, জীবগণকে খাদ্যদান। ৭ চামরদণ্ড। লি, লী—স্ত্রীং, (+ই—ক) উদরাদি অঙ্গে—তরঙ্গিত মাংস। ২। জরাবিশ্লথ চর্ম্ম। ৩। ভঙ্গী। ৪। গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসপিণ্ড। ৫। শরীরমধ্যরেখা। ৬। গৃহদারুবিশেষ। ৭। ছাঁইচ।

বলিত (বলি শ্লথচর্ম্ম+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বলিযুক্ত।

বলিদান; সং, ক্লীং, দেবোদ্দেশে পূজোপহারদান। ২। দেবতার উদ্দেশে বিধিপূর্ব্বক পশুঘাতন।

বলিধ্বংসী (—ধ্বংসিন্, বলি অসুররাজ—ধ্বংসী যে ধ্বংস করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ; ইনি বামনরূপ পরিগ্রহ করিয়া বলিকে বিনাশ করেন।

বলিন (বলি জরাবিশ্লথ চর্ম্ম+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলিযুক্ত, জরাবিশ্লথচর্ম্মবিশিষ্ট।

বলিনন্দন (বলি—নন্দন পুত্র, ৬ষ্ঠী—ষ। বলির চারি পুত্র ছিল, তাহাদের মধ্যে বলিনন্দনশব্দে কেবল বাণাসুরকে বুঝায়) সং, পুং, বাণাসুর, বাণরাজা।

বলিন্দম (বলিম্ বলিকে—দম [দম্ দমন করা+অ(খ)—ক] যে দমন করে, ২য়া—ষ) সং, পুং, বলিধ্বংসী, বিষ্ণু।

বলিপুষ্ট (বলি খাদ্যাংশ—পুষ্ট প্রতিপালিত, ৩য়া—ষ) সং, পুং—স্ত্রীং, কাক, কাকী।

বলিপ্রিয়; সং, পুং, লোধ্রবৃক্ষ।

বলিভ (বলি শ্লথচর্ম্ম+ভ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলিযুক্ত।

বলিভুক্ (—ভুজ্, বলি খাদ্যাংশ—ভুক্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং—স্ত্রীং, কাক, বায়স। ২। চটক।

বলিমন্দির (বলি দৈত্যবিশেষ—মন্দির আলয়) সং, ক্লীং, অধোভুবন, পাতাল।

বলিমান (বলিমৎ, বলি শ্লথচর্ম্ম+মৎ(মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলিবিশিষ্ট, বলিন।

বলিমুখ, বলীমুখ (বলি শ্লথচর্ম্ম—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর, কপি।

বলিবিন্ধ্য; সং, পুং, রৈবতক মনুর পুত্রবিশেষ।

বলিষ্ঠ } (বলবৎ+ইষ্ঠ—অতিশয়ার্থে, বৎ—লোপ। বলীয়স, বলবৎ+ঈয়সু—অতিশয়ার্থে, বৎ—লোপ বিং, ত্রিং, অতিশয় বলবান্। ২। সং, পুং, উষ্ট্র।
বলীয়ান্ }

বলিসদ্ম (—সদ্মন, বলি অসুররাজ—সদ্মন্ গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পাতাল, রসাতল।

বলিহা (বলিহন্, বলি দৈত্যবিশেষ—হন্ [হন্ বধ করা+০(ক্বিপ)—ক] যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বলিধ্বংসী, বিষ্ণু।

বলী (বলিন্, বল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্। ২। সং, পুং, বলরাম। ৩। উষ্ট্র। ৪। মহিষ। ৫। বৃষভ। ৬। শূকর।

বলীক } (বল্ আবরণ করা+ইক, ঈক (ঈকন্)—ক) সং, পুং, পটলপ্রান্ত, ছাঁইচ, নীধ্র।
বলিক }

বলীবর্দ্দ (বল শক্তি—বর্দ্ধ [বৃধ্ বৃদ্ধি করা+অন্—ক] বর্দ্ধন, ল=লী, ধ=দ) সং, পুং, বৃষ, বলদ, ষাঁড়। শিং—১ "বলীবর্দ্দ সমারূঢ়ঃ শৃণু তস্যাপি যৎফলম্।"

বলূল (বল+ঊল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্।

বল্য (বল শক্তি+য—হিতার্থে) সং, ক্লীং, প্রধানধাতু, শুক্র। ২। বিং, ত্রিং, বলকারক। ৩। সং, বুদ্ধভিক্ষুক।

বহল (বন্হ্ বৃদ্ধি পাওয়া+অল(কল)—ক) বিং, ত্রিং, অনেক, অধিক। ২। কঠিন, দৃঢ়। ৩। সং, পুং, পোত, নৌকা। ৪। বৃক্ষবিশেষ।

বহু (বন্হ্ বৃদ্ধি পাওয়া+উ(কু)—ক) বিং, ত্রিং, অনেক, অধিক, প্রচুর।

বহুক (বহু অধিক+কণ্—যোগ) সং, পুং, কাঁকড়া। ২। অর্ক। ৩। দাত্যূহ। ৪। জলখাতক। ৫। বিং, ত্রিং, খননকারী।

বহুকর (বহু অধিক—কৃ করা+অ(অন্)—ক) সং, পুং, মার্জ্জনকারী, ঝাড়ুদার। ২। উষ্ট্র। ৩। যে অনেক কার্য্য করে। স্ত্রী—স্ত্রীং, (+অল্—ণ) সম্মার্জ্জনী, খেঙরা।

বহুক্ষম (বহু অধিক—ক্ষম্ সহ্য করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, সহিষ্ণু, সহনশীল, যে ক্লেশাদি সহ্য করিতে পারে। ২। সং, পুং, জৈনদিগের উপাস্য মুনিবিশেষ।

বহুগন্ধ; সং, পুং, কন্দুরুক। ২। ক্লীং, তেজপাত। [—ক) সং, স্ত্রীং, মৃগবিশেষ

বহুগন্ধদা (বহুগন্ধ—দা দান করা+অ(ড)

**বহুগর্হ্যবাক্**, (—বাচ, বহু অধিক—গর্হ্য দূষ্য—বাচ্ বাক্য) বিং, ত্রিং, যে ব্যক্তি অনেক কুৎসিত বাক্য বলে।

**বহুজ্ঞ** (বহু—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, বহুদর্শী, যে অনেক জানে। ২। বহুবিদ্। ৩। অভিজ্ঞ।

**বহুতঃ** (—তস্, বহু অধিক+তস্—প্রং, সপ্তমীস্থানে তস্) অং, বহুপ্রকারে।

**বহুতিথ** (বহু অনেক+তিথ তিথট)—পূরণার্থে) বিং, ত্রিং, বহুসংখ্যক। ২। অধিক পরিমাণ। ৩। বহুর পূরণ, অনেকতম। শি—১ "কালে গতে বহুতিথে।"

**বহুতৃণ** (বহু—তৃণ) সং, ক্লীং, তৃণতুল্য, তৃণবৎ।

**বহুত্র** (বহু+ত্র—প্রং, সপ্তমীস্থানে 'ত্র') অং, বহুস্থানে, অনেকস্থলে।

**বহুত্বক্ক** } (বহু অনেক—ত্বচ্ বল্কল+
**বহুত্বক্** } কণ্—স্বার্থে। —ত্বচ, বহু—ত্বচ্ গাছের ছাল। যাহার বহুত্বকস্তর আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ।

**বহুদর্শী** (—দর্শিন্, বহু অনেক—দর্শী যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, বহুজ্ঞ, বিজ্ঞ।

**বহুদুগ্ধ** (বহু অনেক—দুগ্ধ) সং, পুং, গম, গোধূম। গ্ধা—স্ত্রীং, যে গাভী অনেক দুগ্ধ দেয়। গ্ধিকা, স্নুহীবৃক্ষ।

**বহুধা** (বহু অধিক+ধাচ্—প্রকারার্থে) অং, বহুপ্রকার। ২। বহুবার।

**বহুধার** (বহু অনেক—ধারা অস্ত্রাদির তীক্ষ্ণ প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, অশনি, বজ্র।

**বহুনাদ** (বহু অধিক—নাদ শব্দ) সং, পুং, শঙ্খ, শাঁক।

**বহুপটু** (বহু অধিক—পটু নিপুণ) বিং, ত্রিং, ঈষদূন পটু, পটুকল্প।

**বহুপত্র** (বহু অনেক—পত্র পাতা ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পলাণ্ডু। ২। ক্লীং, অভ্রক ধাতু। ৩। বিং, ত্রিং, অনেক পত্রবিশিষ্ট। ত্রা—স্ত্রীং, তরুণী পুষ্প। ত্রিকা—ভূম্যামলী। ২। মেথিকা। ৩। মহাশতাবরী।

**বহুপর্ণী** (বহু অনেক—পর্ণ পত্র, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমগাছ। ২। বিং, ত্রিং, অনেক পর্ণবিশিষ্ট। র্ণী—স্ত্রীং, মেথিকা। ২। র্ণিকা—স্ত্রীং, আখুকর্ণী।

**বহুপাৎ** } (—পাদ্, বহু অনেক—পাদ, পাদ।
**বহুপাদ** } প্রসিদ্ধ আছে, যে এই বৃক্ষের শাখা হইতে ঝুরি নামিয়া পুনরায় শিকড় প্রাপ্ত হয়) সং, পুং, বটবৃক্ষ।

**বহুপুত্র** (বহু—পুত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনেক পুত্রবিশিষ্ট। ২। সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। ত্রী—স্ত্রীং, শতমূলী।

**বহুপুষ্প**; সং, পুং, নিম্ববৃক্ষ।

**বহুপ্রজ** (বহু অধিক—প্রজা সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। ২। মুঞ্জতৃণ।

**বহুপ্রতিজ্ঞ** (বহু—প্রতিজ্ঞা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনেক বিষয় প্রতিজ্ঞাযুক্ত। শিং—১ "বহুপ্রতিজ্ঞং যৎকার্য্যং ব্যবহারেষু নিশ্চিতম্"

**বহুপ্রদ** (বহু অ[illegible]—প্রদ [প্র—দা দান করা+অ(ড)—ক] যে দান করে) বিং, ত্রিং, বদান্য, অতিশয় দাতা।

**বহুপ্রসূ** (বহু অনেক—প্রসূ যে সন্তান প্রসব করে) সং, স্ত্রীং, যে স্ত্রী অনেক সন্তান প্রসব করিয়াছে।

**বহুফল** (বহু অধিক—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কদম্ববৃক্ষ। ২। বিকঙ্কতবৃক্ষ। ৩। বিং, ত্রিং, বহুফলবিশিষ্ট, উর্ব্বর। লী—স্ত্রীং, আমলকীবৃক্ষ।

**বহুফেনা**; সং, স্ত্রীং, সাতলা।

**বহুবল** (বহু—বল শক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। ২। বিং, ত্রিং, অতিশয় বলবান্।

**বহুভাষী** (বহুভাষিন্, বহু অধিক—ভাষী যে বলে) বিং, ত্রিং, বাচাল, যে অনেক কথা বলে।

**বহুমঞ্জরী**; সং, স্ত্রীং, তুলসী।

**বহুমত** (বহু—মন্ বোধ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অতিশয় আদৃত।

**বহুমল** (বহু অধিক—মল মলা, ৬ষ্ঠী—

হিং) সং, পুং, সীসক, সীসা। ২। বিং, ত্রিং, অনেক মলযুক্ত।
বহুমান (বহু—মান আদর, সম্মান) সং, পুং, অতিশয় আদর, অতিহিত্ব। শিং—১ "ততোঽহসৌ প্রত্যুবাচেদং বহুমানপুরঃসরম্।" [অনেক পথযুক্ত।
বহুমার্গ; সং, ক্লীং, চত্বর। ২। বিং, ত্রিং,
বহুমূর্ত্তি (বহু—মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনেক মূর্ত্তিবিশিষ্ট। ২। সং, স্ত্রীং, বনকার্পাস।
বহুমূর্দ্ধা (বহুমূর্দ্ধন, বহু অনেক—মূর্দ্ধন্ মস্তক) বিং, ত্রিং, যাহার অনেক মস্তক। ২। সং, পুং, (সহস্র শীর্ষ হেতু) বিষ্ণু।
বহুমূল } (বহু অনেক—মূল, ৬ষ্ঠী—
বহুমূলক } হিং। কণ্—যোগ) সং, পুং, ইক্কট তৃণ, একপ্রকার ঘাস। ২। নাগবিশেষ। ৩। বিং, ত্রিং, বহুমূলবিশিষ্ট। লা স্ত্রীং, শতাবরী। ২। লী—স্ত্রীং, মাকন্দী।
বহুমূল্য (বহু অধিক—মূল্য দাম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহার্ঘ, যাহার মূল্য অনেক।
বহুরূপ (বহু অনেক—রূপ মূর্ত্তি) সং, পুং, ধূনা। ২। ব্রহ্মা। ৩। বিষ্ণু। ৪। শিব। ৫। কামদেব। ৬। কৃকলাস। ৭। কেশ। ৮। সর্জ্জরস। ৯। বৃক্ষবিশেষ। ১০। বিং, ত্রিং, নানারূপধারী। পা—স্ত্রীং, দুর্গা। শিং—১ "অরূপা পরভাবস্থা বহুরূপা ক্রিয়াত্মিকা।" [শুক্র) সং,পুং,ব্রহ্মা।
বহুরেতাঃ (বহুরেতস, বহু অধিক—রেতস
বহুরোমা (বহুরোমন্, বহু অধিক—রোমন্ লোম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেষ, ভেড়া। ২। বিং, ত্রিং, অনেক লোমযুক্ত।
বহুল (বন্হ বৃদ্ধি পাওয়া+উল কুল)—ক) বিং,ত্রিং,অনেক। ২। অধিক ৩। (বহু—লা দানকরা+অ(ড)—ক) কৃষ্ণবর্ণবিশিষ্ট। ৪। সং, পুং, অগ্নি। ৫। কৃষ্ণপক্ষ। ৬। কৃষ্ণবর্ণ। ৭। ক্লীং, আকাশ। ৮। সিতমরীচ। লা—স্ত্রীং,গাভী। ২। এলালতা। ৩। নীলের গাছ। ৪। দেবীবিশেষ। ৫। বহুং, কৃত্তিকানক্ষত্র।
বহুলগন্ধা; সং, স্ত্রীং, লতাবিশেষ, এলা।
বহুলাশ্ব; সং, পুং, মৈথিলবংশীয় নৃপবিশেষ।
বহুলীকৃত (বহুল অধিক—কৃত করা হইয়াছে, ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, বিস্তারিত। ২। ধান্যাদি নিস্তুষ করা (আগড়া অপসারণ পূর্ব্বক ধান্যাদি রাশীকরণ)।
বহুবচন (বহু—বচন কথন) সং, ক্লীং, যাহা দ্বারা অনেক বস্তু বুঝায়।
বহুবিধ (বহু নানা—বিধা প্রকার) বিং, ত্রিং, নানাপ্রকার, বিবিধ।
বহুবীজ (বহু অনেক—বীজ) সং, ক্লীং, আতৃপ্য আতাফল। ২। বিং, ত্রিং, প্রচুর বীজবিশিষ্ট।
বহুব্রীহি (বহু—ব্রীহি শস্য) সং, পুং, সমাসবিশেষ, যে যে পদে সমাস করা যায় সেই সেই পদের অর্থ না বুঝাইয়া যাহাতে অন্যার্থের প্রতীতি হয়। ২। বিং, ত্রিং, বহুধান্যবিশিষ্ট। শিং—১ "দ্বন্দ্বো দ্বিগুরপিচাহং মদ্গৃহে নিত্যমব্যয়ীভাবঃ। তৎপুরুষ কর্ম্মধারয় যেন স্যাং সদা বহুব্রীহিঃ।" (উদ্ভট)।
বহুশঃ (বহুশস্, বহু+শস্(চশস্)—বারার্থে) ক্রিং—বিং,অং, বাহুল্যরূপে। ২। বহুবার
বহুশত্রু (বহু—শত্রু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চটক, চড়ুই পাখী। ২। বিং, ত্রিং, বহুশত্রুবিশিষ্ট।
বহুশাল (বহু—শাল্ শোভা পাওয়া+অ (অন্)—ক, সংজ্ঞার্থে) সং,পুং, স্নুহীবৃক্ষ।
বহুশিখা; সং, স্ত্রীং, জলপিপ্পলী। ২। বিং, ত্রিং, অনেক শিখাযুক্ত।
বহুশিরাঃ (বহুশিরস্) বিষ্ণু। শিং—১ "রুদ্রো বহুশিরাঃ বভ্রু।"
বহুশৃঙ্গ; সং, পুং, বিষ্ণু।
বহুশ্রুত (বহু অনেক—শ্রুত যিনি অনেক বার বেদাদি শ্রবণ করিয়াছেন) বিং, ত্রিং, সুশিক্ষিত, সুপণ্ডিত, বেদাদি শাস্ত্রজ্ঞ।
বহুসন্ততি (বহু অধিক—সন্ততি বিস্তার, সন্তান) সং,পুং, বেউড় বাঁশ। ২। অনেক সন্তানবিশিষ্ট। [খদিরবৃক্ষ।
বহুসার (বহু—সার সারভাগ) সং, পুং,

বহুসূ (বহু অনেক—সূ প্রসব) সং, স্ত্রীং, শূকরী। ২। বহুপ্রসূ।

বহুসূতি (বহু অনেক—সূ প্রসব করা+তি ক্তি)—ভা) সং, স্ত্রীং, বহুবৎসপ্রসবিনী গাভী।

বহুস্রবা ; সং, স্ত্রীং, শল্লকীবৃক্ষ।

বহুস্বন (বহু—স্বন শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক, প্যাঁচা। ২। ত্রিং, অনেক শব্দযুক্ত।

বহ্বপত্য (বহু অনেক—অপত্য সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। ২। মূষিক। ৩। বিং, ত্রিং, বহুসন্তানবিশিষ্ট।

বহ্বাশী (বহ্বাশিন্, বহু অধিক—আশিন্ যে ভোজন করে) বিং, ত্রিং, বহুভোজনশীল। ২। বহু আকাঙ্ক্ষাবিশিষ্ট। শিং—১ "বহ্বাশী স্বল্পসন্তুষ্টঃ সুনিদ্রঃ শীঘ্রচেতনঃ। ৩। পুং, ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ।

বহ্বৃক্ (বহ্বৃচ্, বহু অনেক—ঋচ্ বেদমন্ত্র) বিং, ত্রিং, বহুমন্ত্রযুক্ত।

বহ্বৃচ (বহু অনেক—ঋচ্ বেদমন্ত্র+অ—প্রং) সং, পুং, ঋগ্বেদ, ঋগ্বেদের চরণ। ২। ক্লীং, সূক্ত, উত্তম বচন। ৩। বিং, ত্রিং, তদভিজ্ঞ।

বহ্বৃচী (বহু অনেক—ঋচ্ বেদমন্ত্র+ঈ—প্রং) সং, স্ত্রীং, ঋগ্বেদবেত্তার পত্নী।

বা ; অং, অন্তঃস্থ "বা দেখ।

বাকি (আরবী অবশিষ্ট, বক্রী।

বাকৃতা (পারসী, বার্কতন্=বুনা) বস্ত্রবিশেষ।

বাগ (পারসী) উদ্যান।

বাগাৎ (বাগ শব্দের বহুবচন) যে ভূমিতে উদ্যান করা যায়। [বাগান।

বাগিচা (Diminutive of বাগ) ছোট

বাজ (পারসী) শ্যেনপক্ষী, শিকরা।

বাজার (পারস্য) হট্ট।

বাজী (পারসী, বাজিদন্ ক্রীড়াকরা) ক্রীড়া।

বাজু (পারসী) বাহু। ২। অলঙ্কার।

বাজুবন্দ ; বিং, ত্রিং, বাহুতে পরিবার অলঙ্কার।

বাড়ব (বড়বা ঘোটকী+অ(ষ্ণ)—বিদ্যমানার্থে) সং, পুং, বড়বামুখাগ্নি, সমুদ্রীয় অগ্নি। ২। ব্রাহ্মণ। ৩। ক্লীং, বড়বাসমূহ। ৪। করণবিশেষ। ৫। পুং—ক্লীং, পাতাল। ৬। বিং, ত্রিং, বড়বাসম্বন্ধীয়।

বাড়বাগ্নি } (বড়বাগ্নি, বড়বানল+অ(ষ্ণ)—
বাড়বানল } বিদ্যমানার্থে) সং, পুং, বড়বানল, সমুদ্রের অগ্নি। ২। নরকবিশেষ।

বাড়বাগ্র্য ; সং, পুং, ব্রাহ্মণশ্রেষ্ঠ। শিং—১ "ইত্যাকর্ণ্য বচস্তস্য বাড়বাগ্র্যস্য ধীমতঃ"

বাড়বেয় (বড়বা অশ্বমুখী সমুদ্রস্থাদেবীবিশেষ, অশ্বিনীকুমারের মাতা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমার। ২। পুং, সমুদ্রীয় অগ্নি। ৩। বিং, ত্রিং, বড়বাসম্বন্ধীয়।

বাড়ব্য (বাড়ব ব্রাহ্মণ+য(ষ্ণ্য)—সমূহার্থে) সং, ক্লীং, ব্রাহ্মণসমূহ। ২। (বড়বা+য(ষ্ণ্য)—ইদমর্থে) বিং, ত্রিং, বড়বা-সম্বন্ধীয়।

বাড়িঙ্গন ; সং, পুং, বার্ত্তাকু।

বাণ—অন্তঃস্থ 'বাণ' দেখ।

বাণগঙ্গা ; সং, স্ত্রীং, রাবণবাণনির্ভিন্নসোমেশ্বরগিরিভব নদীবিশেষ। শিং—১ "সোমেশাদ্দক্ষিণে ভাগে বাণেনাদ্রিং বিভিদ্য বৈ। রাবণেন প্রকটিতা জলধারাতিপুণ্যদা। বাণগঙ্গেতি বিখ্যাতা যা স্নানাদঘনাশিনী।"

বাণধি (বাণ—ধা ধারণ করা+ই(কি)—ধি) সং, পুং, তূণীর, তূণ।

বাণপুর ; সং, ক্লীং, বাণরাজার পুর, শোণিতপুর।

বাণমুদ্রা ; সং, স্ত্রীং, রিপুনাশিনী মুদ্রাবিশেষ।

বাণযুদ্ধ ; সং, পুং, শিবসহায় বাণরাজার কৃষ্ণের সহিত যুদ্ধ। [শিবলিঙ্গবিশেষ।

বাণলিঙ্গ ; সং, ক্লীং, নর্ম্মদা নদীতে নিক্ষিপ্ত

বাণবার (বাণ—বৃ(ণিচ্)=বারি বারণ করা+অ(অন্)—ক) সং, ক্লীং, কঞ্চুক, সন্নাহ, বর্ম্ম, সাঁজোয়া।

বাণিজ (বণিজ্+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী। ২। বাড়বাগ্নি।

বাণিজিক (বণিজ্+ইক(ষ্ণিক)—স্বার্থে) সং, পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী। ২। বাড়বাগ্নি। ৩। প্রবঞ্চক, শঠ। ৪। ক্লীং, ক্রয়বিক্রয়।

বাণিজ্য (বণিজ্‌+য ষ্যঞ্‌—ভাবে) সং, ক্লীং, বণিগ্‌বৃত্তি, ক্রয়বিক্রয়।

বাণিজ্যবায়ু (Trade-wind) ঈশানকোণ ও অগ্নিকোণ হইতে যে বায়ু নিয়ত বহমান হয়, তদ্দ্বারা জাহাজাদি গমনাগমনের অনেক সাহায্য হয়।

বাণিজ্যাগার (Firm) বাণিজ্যের কুঠী।

বাণি, বাণী—অন্তঃস্থ 'বাণি' দেখ।

বাতিল (আরবী) মিথ্যা, নিষ্ফল, অসিদ্ধ।

বাদর (বদর কার্পাস+অ ষ্ণ)—কৃতার্থে) বিং, ত্রিং, কার্পাসনির্ম্মিত (বস্ত্রাদি)। ২। সং, পুং, কুলগাছ। ৩। ক্লীং, কুলফল। ৪। কার্পাসসূত্র। পুং, রা—স্ত্রীং, কার্পাসবৃক্ষ, কাবাসগাছ।

বাদরায়ণ (বাদর তীর্থস্থান—অয়ন গমন, ৬ষ্ঠী—হিং। বদরিকাশ্রমে নিত্যবাসপ্রযুক্ত এই নামে অভিহিত হইয়া থাকে। অথবা বদরী+ষ্ণায়ন) সং, পুং, বেদব্যাস, ব্যাসদেব।

বাদরায়ণি (বাদরায়ণ+ই ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, ব্যাসদেবপুত্র শুকদেব।

বাদরিক (বদর+ইক(ষ্ণিক)—গ্রহণার্থে) বিং,ত্রিং, ভূমিপতিত বদরফলের একৈকগ্রাহী।

বাদসা (পারসী) রাজা।

বাদাম (পারসী, সংস্কৃত=বাতাম্র) স্বনামখ্যাত ফলবিশেষ।

বাধ (বাধ্‌ পীড়ন করা, ব্যাঘাত করা+অ (ঘঞ্‌)—ভা) সং, পুং, ব্যাঘাত, প্রতিবন্ধ, বারণ, রোধ। ২। উপদ্রব। ৩। পীড়া। ৪। ন্যায়মতে—সাধ্যাভাববৎ পক্ষ। ৫। (+অন্‌—ক) বিং, ত্রিং, রোধক।

বাধক (বাধ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রতিবন্ধক, নিবারক, বাধাজনক। ২। সং, পুং, স্ত্রীলোকের সন্তান-জনন-প্রতিবন্ধক রোগবিশেষ।

বাধন (বাধ দেখ, অন(অনট্‌)—ভা) সং, পুং, পীড়া, দুঃখ। ২। প্রতিবন্ধ। ৩। উপদ্রব। ৪। স্ত্রীং, বাধা।

বাধা (বাধ দেখ, আপ্‌) সং, স্ত্রীং, ব্যথা, দুঃখ। ২। প্রতিবন্ধ। ৩। উপদ্রব।

বাধিত (বাধ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পীড়িত, ব্যথিত। ২। প্রতিবন্ধ, ব্যাহত। ৩। নিবারিত। ৪। বশীভূত। ৫। আয়ত্ত। ৬। বশ।

বাধির্য্য (বধির+য(ষ্যঞ্‌)—ভা) সং,ক্লীং, বধিরতা, শ্রবণশক্তিরাহিত্য। শিং—১ "যদা শব্দবহং বায়ুঃ শ্রোত আবৃত্য তিষ্ঠতি। শুদ্ধঃ শ্লেষ্মান্বিতো বাপি বাধির্য্যং তেন জায়তে।"

বাধ্য (বাধ দেখ, য(ঘ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, বারণযোগ্য, নিষিদ্ধ। ২। পীড়নীয়। ৩। বশীভূত।

বাধ্যতা (বাধ্য+তা—ভা) সং, স্ত্রীং, বশ্যতা, বারণযোগ্যতা, নিষিদ্ধতা।

বাধ্রীনস; সং, পুং, খড়্গী, গণ্ডার।

বান্দা (পারসী) দাস, ভৃত্য।

বান্দী, বাঁদী পারসী সং,স্ত্রীং, দাসী, চাকরাণী।

বান্ধকিনেয় (বন্ধকী অসতী+এয়(ঢক্‌)—অপত্যার্থে ন—আগম) সং,পুং, অসতীপুত্র, জারজ।

বান্ধব (বন্ধু+অ ষ্ণ)—স্বার্থে) সং, পুং, বন্ধু, মিত্র। ২। আত্মীয়,স্বজন। শিং—১"রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ।" ৩। ভ্রাতা। [২। কর।

বাব (আরবী) পুস্তকের অধ্যায় বা পরিচ্ছেদ।

বাবৎ (আরবী) কারণ, বিষয়।

বাবা (তুর্কী ভাষা) পিতা।

বাভ্রবী (বভ্রু শিব+অ(ষ্ণ), ঈপ্‌) সং, স্ত্রীং, দুর্গা।

বায়না (পারস্য) কোন দ্রব্য ক্রয় করিবার অগ্রিম মূল্য, মূল্যের কিয়দংশ দেওয়া।

বারাণ্ডা (পারসী, বারান্দা শব্দজ) ছাদের বহির্ভাগ। ২। উপরিস্থ গৃহের বহির্ভাগ।

বার্ব্বটীর (বর্ব্বটী বেশ্যা+র—অপত্যার্থে) সং, পুং, অসতীপুত্র, জারজ। ২। আম্রপল্লব। ৩। দস্তা, টিন।

বার্হস্পত (বৃহস্পতি+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বৃহস্পতিসম্বন্ধীয়। ২। বৎসর।

বাল (বল্‌ বৃদ্ধি পাওয়া+অ(ণ)—ক। যে নিত্য বুদ্ধীন্দ্রিয় দেহাদিদ্বারা বৃদ্ধি পায়) সং, পুং, লা—স্ত্রীং, ১৬ বৎসর পর্য্যন্ত

বয়স্ক। শিং—১ "আষোড়শাত্তবেদ্‌বাল-শুরুণস্তত উচ্যতে। বৃদ্ধঃ স্যাৎ সপ্ততেরূর্দ্ধং বর্ষীয়াননবতে পরং।" ২। সং, পুং, হয়বালধি। ৩। কেশ। ৪। ঘোটক-শিশু, ঘোড়ার বাচ্ছা। ৫। পাঁচ বৎসরের হস্তী। ৬। নারিকেলবৃক্ষ। ৭। পুং—ক্লীং, গন্ধদ্রব্য-বিশেষ, বালা। ৮। বিং, ত্রিং, অজ্ঞান, মূর্খ। ৯। নূতন। ১০। বালক। লা—স্ত্রীং, নব্যা স্ত্রী। লা, লী—স্ত্রীং, বলয়ভূষণ।

বালক (পূর্ব্বে দেখ, কণ্—যোগ) সং, পুং, শিশুপুত্র। ২। বলয়, বালা। ৩। অঙ্গুরীয়ক, আঙটী। ৪। লাঙ্গূল। ৫। গন্ধদ্রব্য-বিশেষ। ৬। বিং, ত্রিং, অজ্ঞান। —লিকা স্ত্রীং, শিশুকন্যা। ২। বালুকা। ৩। কর্ণ-ভূষণ।

বালকৃমি (বাল কেশ—কৃমি কীট) সং, পুং, কেশকীট, উকুণ।

বালক্রীড়ন (বাল—ক্রীড় ক্রীড়া করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বালকের খেলা। শিং—১ "বালক্রীড়নামন্দুশেখরধনুর্ভঙ্গা-বধি প্রস্তুতা।" (মহানাটক)।

বালক্রীড়নক (বালক্রীড়নক দেখ, কণ্—স্বার্থে) সং, পুং, কপর্দ্দক, কড়ি।

বালখিল্য } (বাল—খিল+য(ষ্য)) সং,
বালিখিল্য } পুং, বৃদ্ধাঙ্গুষ্ঠপরিমাণ মুনি-বিশেষ, ব্রহ্মার শরীরস্থ লোম হইতে ষাটি হাজার বালখিল্য জন্মেন। শিং—১ "বিধিনা নির্ম্মিতা পূর্ব্বং বেদা পরমপাবনা। অগ্নিবেশাদি মুনয়ো বাল-খিল্যাদয়ঃ স্থিতাঃ।"

বালগর্ভিণী (বাল শাবক—গর্ভিণী গর্ভ-বতী) সং, স্ত্রীং, প্রথম গর্ভবতী গাভী।

বালগোপাল; সং, পুং, শ্রীকৃষ্ণমূর্ত্তিবিশেষ। শিং—১ "শ্যামলসুন্দরনৃত্যবিলাসং তং প্রণমামি চ বালগোপালং।"

বালগ্রহ (বাল বালক—গ্রহ) সং, পুং, বাল-কের পীড়াদায়ক উপগ্রহবিশেষ। শিং—১ "বালগ্রহাভিভূতানাং বালানাং শান্তি কারকং। সংঘাতভেদে চ নৃণাং মৈত্রী করণমুত্তমম্।" (দেবীমাহাত্ম্য)।

বালচর্য্য (বাল সন্তান—চর্য্য রীতি, আচরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়। ২। (৬ষ্ঠী—ষ) ক্লীং, বালকের চরিত্র।

বালতনয়; সং, পুং, খদিরবৃক্ষ।

বালতন্ত্র (বাল শিশু—তন্ত্র নিয়ম, কার্য্য-নির্ব্বাহ) সং, ক্লীং, কুমারভৃত্যা, বাল-চিকিৎসা।

বালতৃণ; সং, ক্লীং, নবতৃণ পুষ্প।

বালদলক; সং, পুং, খদির।

বালধন (বাল বালক—ধন সম্পত্তি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নাবালকের ধন, অপ্রাপ্ত-বয়স্ক বালকের সম্পত্তি।

বালধি (বাল কেশ—ধা ধারণ করা+ই (কি)—ক) সং, পুং, সলোমলাঙ্গূল, পুচ্ছ। ২। চামর।

বালপত্র (বাল ক্ষুদ্র—পত্র পাতা, ৬ষ্ঠী—ষ, কণ্—যোগে বালপত্রক শব্দ হয়) সং, পুং, খদির, খয়ের।

বালপাশ্যা (বাল কেশ—পাশ বন্ধনী কিম্বা গোছা+য(ষ্য)—স্থিত্যর্থে, আপ্) সং, স্ত্রীং, ললাটভূষণ, সিঁথি।

বালপুষ্পী (বাল কেশ—পুষ্প ফুল। যে বৃক্ষের পুষ্প [illegible]গণ কেশপাশে ধারণ করে, ৬ষ্ঠী—[illegible]ং) সং, স্ত্রীং, যূথিকা, যুঁইফুলের গাছ।

বালভদ্রক; সং, পুং, বিষবিশেষ।

বালভৈষজ্য (বাল—ভৈষজ্য, ৫মী—হিং) সং, ক্লীং, রসাঞ্জন। ২। শিশুদিগের ঔষধ। [বালকদিগের ভক্ষণীয়।

বালভোজ্য; সং, ক্লীং, চণক। ২। বিং, ত্রিং,

বালমূষিকা (বাল ক্ষুদ্র—মূষিক ইঁদুর) সং, স্ত্রীং, ক্ষুদ্র মূষিক, নেঙটিয়া ইঁদুর।

বালরাজ (বাল বালক—রাজ যে দীপ্তি পায়) সং, ক্লীং, বৈদূর্য্যমণি। ২। পুং, বালকশ্রেষ্ঠ। ৩। বলী।

বালরোগ (বাল—রোগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বালকের ব্যাধি।

বালবৎস (বাল সন্তান—বৎস প্রিয়) সং, পুং, কপোত, পায়রা।

বালবায়জ (বালবায় দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

বালবাসঃ (—বাসস্, বাল—বাস) সং, ক্লীং, কেশনির্ম্মিত বস্ত্র। ২। বালকের বস্ত্র।

বালবাহ্য (বাল কেশ—বহ্ চেষ্টা করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, বালক কর্ত্তৃক বহনীয়। ২। সং, পুং, বন্যছাগল।

বালব্যজন (বাল কেশ—ব্যজন পাখা, বালই ব্যজনস্বরূপ। পশুবিশেষের পুচ্ছে ইহা সদা সর্ব্বদা প্রস্তুত হয় বলিয়া) সং, ক্লীং, চামর, প্রকীর্ণক। শিং—১ "কুর্ব্বন্তি বালব্যজনৈশ্চমর্য্যঃ।" ২। বালকের ব্যজন। "বালব্যজনমোজস্য মক্ষিকাদীন্ ব্যপোহতি।"

বালব্রত ; সং, পুং, মঞ্জুঘোষনামক পূর্ব্বজিনবিশেষ।

বালসন্ধ্যাভ (বালসন্ধ্যা—আভা দীপ্তি, ৬ষ্ঠী—বিং) বিং, ত্রিং, অরুণবর্ণ, রক্তবর্ণ।

বালসূর্য্য ; সং, ক্লীং, বৈদূর্য্যমণি। ২। পুং, প্রাতঃকালীন সূর্য্য।

বালহস্ত (বাল কেশ—হস্ত। বালই হস্তস্বরূপ) সং, পুং, বালধি, সলোমলাঙ্গুল। ২। কেশগুচ্ছ। [ঘর) উপরের ঘর।

বালাখানা পারস্য বালা=উপর—খানা=বাটী,

বালাপোস্ (পারস্য বালা=উপর—পোষিদন=আবরণ করা) গাত্রবস্ত্রবিশেষ।

বালার্ক (বাল—অর্ক সূর্য্য) সং, পুং, নবোদিত সূর্য্য, প্রাতঃকালীন সূর্য্য। শিং—১ "রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীং তনূং।" ২ "বালার্কস্তরুণং দধি।"

বালি } (বালিন্, বাল কেশ+ই, ইন্
বালী } —প্রং। ইহার মাতার কেশ হইতে জন্ম হয়) সং, পুং, বানররাজবিশেষ, কিষ্কিন্ধ্যাপতি, ইন্দ্রপুত্র কপি।

বালিন (বাল কেশ+ইন্—প্রং। পূর্ব্বে দেখ) সং, পুং, ইন্দ্রপুত্র কপি। নী—স্ত্রীং, অশ্বিনীনক্ষত্র।

বালিশ (বাড়ি [বাড় "স্নানকরা" বৃদ্ধিপাওয়া +ই—ভাবে] বৃদ্ধি—শো নাশ করা+অ(ড)—ক। অথবা বলি—শী শয়নকরা +অ(ড)—ক) বিং, ত্রিং, মূর্খ, অজ্ঞান। ২। শিশু। শিং—১ "বালিশমালিশনানমাবোধয় কঙ্কণঝণৎকারৈঃ।" ৩। (বালিন্ [বাল কেশ+ইন্—অস্ত্যর্থে] মস্তক—শী শয়ন করা+অ(ড)—ধি) সং, ক্লীং, উপধান।

বালিহন্তা—ন্তৃ } (বালি, বালিন্ বানর-
বালিহা—হন্ } রাজবিশেষ—হন্তৃ, হা [হন্+০ কিপ্, তৃন্—ক] যে বধ করে, ৬ষ্ঠী—য) সং, পুং, রামচন্দ্র।

বালীশ ; সং, পুং, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালু ; সং, স্ত্রীং, এলবালু নামক গন্ধদ্রব্য।

বালুক ; সং, পুং, পানীয়ালু।

বালুকা (বল্ বৃদ্ধি পাওয়া+উ(উন্)—ণ=বালু, কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, সিকতা, বালি। ২। শাখা হস্তপাদাদি। ৩। কর্কটী। ৪। যন্ত্রবিশেষ। ৫। কর্পূর।

বালুকাগড় (বালুকা বালি—গড় ক্ষরিত হওয়া, গড়িয়া যাওয়া+অ—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, বেলেমাছ।

বালুকাত্মিকা (বালুকা—আত্মন্ স্বরূপ+কণ্—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, শর্করা, চিনি। ২। বিং, ত্রিং, বালুকাময়।

বালুকাপ্রভা ; সং, স্ত্রীং, নরকবিশেষ।

বালুকাময় (বালুকা+ময় ময়ট—পূরণার্থে) বিং, ত্রিং, সিকতাময়। ২। বালুকাপূর্ণ।

বালুকাযন্ত্র; সং, ক্লীং, ঔষধপাকার্থ যন্ত্রবিশেষ।

বালুকাস্বেদ ; সং, পুং, তপ্ত বালুকা দ্বারা তাপ দিয়া স্বেদ নির্গত করা।

বালুকা, বালুঙ্কী, বালুঙ্কিকা, বালুঙ্গী ; সং, স্ত্রীং, কর্কটী।

বালূক ; সং, পুং, বিষবিশেষ।

বালেয় (বাল+এয়(ঢেয়)—যোগ্যার্থে) সং, পুং, দৈত্যবিশেষ। ২। বিং, ত্রিং, পূজার উপযুক্ত। ৩। (বাল+এয়(ঢেয়)—হিতার্থে) বালকের উপযুক্ত, বালকের হিতকর। ৪। মৃদু, কোমল। ৫। পুং, গর্দ্দভ।

বালেষ্ট ; সং, পুং, বদর। ২। বিং, ত্রিং, বালকের অভিলষিত।

বালোপবীত (বাল বালক—উপবীত পৈতা) সং, ক্লীং, দ্বিজবালকের যজ্ঞসূত্র। ২। বালকের পরিধেয় বস্ত্র।

বাল্য (বাল+য(ষ্যঞ্)—ভা) সং, ক্লীং, শৈশব, বাল্যাবস্থা, ১৬ বর্ষ পর্য্যন্ত। শিং—১ "আষোড়শাদ্ভবেদ্বাল্যম্।"

**বাষ্প**, বাস্প (বাধ্ ব্যাঘাত করা+প—সং-জ্ঞার্থে, ধ্=ষ্। অন্য প্রকার ব্যুৎপত্তিতে —অন্তঃস্থ বও হয়) সং, পুং, অশ্রু, নেত্র-জল। ২। উষ্মা, সূক্ষ্ম জলকণা। ৩। কষ্টি-বারি।

**বাষ্পপোত**, বাষ্পীয়পোত } ( Steam-
**বাষ্পীয়তরণী**, বাষ্পীয়নৌকা } Vessel )
কলের জাহাজ।

**বাষ্পমান-যন্ত্র** (Hygrometer) যে যন্ত্রে বায়ুস্থ বাষ্পের পরিমাণ নিরূপিত হয়।

**বাষ্পশকট**, বাষ্পীয়রথ (Steam Carriage) কলের গাড়ি।

**বাষ্পীয়যন্ত্র** (Steam Engine) ধূঁয়াকল।

**বাসিন্দা** (পারসী, বাসিদন্=বাস—দৃ থাকা) অধিবাসী।

**বাহ**—পুং } (বাহ্+অ(অন্)—ক) সং,
**বাহা**—স্ত্রীং } ভুজ।

**বাহাদুর** (পারসী) বীর, সাহসী। ২। অধুনা রাজকীয় কর্ম্মচারীদিগকে ও অন্যান্য সম্ভ্রান্ত ব্যক্তিগণকে গবর্ণমেণ্ট হইতে উপাধি দেওয়া হইয়া থাকে।

**বাহার** (পারসী) বসন্তকাল। ২। সৌন্দর্য্য, চটক।

**বাহু** (বাধ্ ব্যাঘাত করা+উ—ক, ধ=হ) সং, পুং, ভুজ, কক্ষ অবধি অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব। ২। ত্রিকোণাদির পার্শ্বরেখা।

**বাহুক** (বাহু+ক—প্রং, অথবা বাহু—কৃ করা অ ট)—ক) সং, পুং, ঋতুপর্ণ রাজার সারথিবেশধারী নলরাজা। ২। কপি। ৩। নাগবিশেষ। ৪। বিং, ত্রিং দাস, অধীন।

**বাহুকুণ্ঠ**; বিং, ত্রিং, কুণ্ঠিতবাহুযুক্ত, নুলো।

**বাহুকুন্থ** ( বাহু ভুজ—কুন্থ যে শ্লিষ্ট হয় ) সং, পুং, পক্ষ, পাখা।

**বাহুকুলেয়ক** (বাহুকুল+এয়(ঢেয়)—ভবার্থে, কণ্—যোগ) বিং, ত্রিং, বহুকুলজাত।

**বাহুজ** (বাহু [ব্রহ্মার] ভুজ—জ [জন্ জন্মান +অ(ড)—ক] যে জন্মে, ৭মী—স) সং, পুং, (ব্রহ্মার বাহু হইতে উৎপন্ন বলিয়া) ক্ষত্রিয়। ২। শুকপক্ষী। ৩। স্বয়ং জাত তিল। ৪। বিং, ত্রিং, বাহুজাত।

**বাহুত্রাণ** ( বাহু ভুজ—ত্রাণ [ত্রৈ রক্ষা করা+অনট্—ণ] রক্ষণ) সং, ক্লীং, অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবদ্ধ লৌহময় আবরণ।

**বাহুদন্তক**; সং, পুং, ঐরাবত। ২। ইন্দ্র।

**বাহুদন্তী** (দন্তিন্, বাহু ভুজ—দন্ত দাঁত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ঐরাবত। ২। ইন্দ্র।

**বাহুদা** ( বাহু ভুজ—দা [দা দান করা +অ(ড)—ক, আপ্] দাতা। প্রসিদ্ধি আছে যে, লিখিত নামে মুনি এই নদীতে অবগাহন করিয়া ছিন্নহস্ত পুনঃপ্রাপ্ত হন বলিয়া ইহার নাম বাহুদা ) সং, স্ত্রীং, নদীবিশেষ; এই নদী হিমালয় হইতে নিঃসৃতা হইয়াছে।

**বাহুবল**; সং, ক্লীং, যুদ্ধোপযোগী হস্তবল।

**বাহুভূষা** ( বাহু ভুজ—ভূষা ভূষণ ) সং, স্ত্রীং, কেয়ূর, বাজু। ২। বাহুভূষণ।

**বাহুভেদী** ( —ভেদিন্, বাহু—ভিদ্ ভেদকরা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বাহুভেদকারক। ২ সং, পুং, বিষ্ণু।

**বাহুমূল** ( (বাহু ভুজ—মূল ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দোর্মূল, কক্ষ, বগল।

**বাহুযুদ্ধ** (বাহু ভুজ—যুদ্ধ লড়াই) সং, ক্লীং, মল্লযুদ্ধ, হাতাহাতি।

**বাহুল** (বহুলা কৃত্তিকা নক্ষত্রযুক্তা পূর্ণিমা+অ(ষ্ণ)—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, কার্ত্তিক মাস। ২। (বহুল অগ্নি+অ(ষ্ণ)—স্বার্থে। ক—যোগে বাহুলকও হয়) অগ্নি। ৩। (বাহু+ল যে লয়) ক্লীং, বাহুত্রাণ। ৪। (বহুল অনেক+অ(ষ্ণ)—ভা) বহুলত্ব।

**বাহুলেয়** ( বহুলা কৃত্তিকা+এয়(ঢেয়)—অপত্যার্থে কৃত্তিকাকর্তৃক পালিত বলিয়া) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন।

**বাহুল্য** ( বহুল+য ষ্ণ্য)—ভাবে ) সং, ক্লীং, আধিক্য, প্রাচুর্য্য।

**বাহুশালী** ( —শালিন্, বাহু—শাল্ + ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, বাহুবলের শ্লাঘাকারী।

**বাহুসহস্রভৃৎ** (বাহু ভুজ—সহস্র হাজার —ভৃৎ [ভৃ ধারণ করা+০(ক্বিপ)—ক]

যে ধারণ করে) সং, পুং, কার্ত্তবীর্য্যার্জ্জুন; ইনি পরশুরামকর্ত্তৃক নিহত হন।

বাহুবাহবি (বাহু-দ্বিত্ব+ই-প্রং) অং, বাহুযুদ্ধ, হাতাহাতি।

বিন্দু (বিন্দ্ অবয়বীভূত হওয়া+উ-ক, সংজ্ঞার্থে) সং, পুং, দ্রবদ্রব্যের কণা। ২। ক্ষুদ্রচিহ্ন। ৩। অনুস্বার। ৪। ভ্রূমধ্য। ৫। বীজবিশেষ। ৬। (Point) যাহার অবস্থিতি আছে কিন্তু বিস্তৃতি নাই।

বিন্দুসরঃ (বিন্দুসরস্) সং, ক্লীং, সরোবরবিশেষ; ভগীরথ গঙ্গাবতরণার্থ এই স্থানে তপস্যা করিয়াছিলেন। শিং—১ "রম্যং বিন্দুসরোনাম যত্র রাজা ভগীরথঃ। দ্রষ্টুং ভাগীরথীং গঙ্গামুবাস বহুলাঃ সমা।"

বিভ্রক্ষু } (ভ্রস্জ্+সন—ইচ্ছার্থে+উ
বিভর্জিষু } —ক, দ্বিত্ব) বিং, ত্রিং, দাহেচ্ছু।

বিভ্রৎ (ভৃ ধারণ করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, ধারণকারী। "বিভ্রৎবেণুং জঠর অটয়োঃ শৃঙ্গবেত্রে চ কক্ষে।" ২। পোষণকর্ত্তা।

বিবী (হিন্দী) মান্যা স্ত্রীলোক। ২। স্ত্রী।

বিহিদানা (পারস্য) একপ্রকার বীজ ঔষধার্থে ব্যবহৃত হয়।

বীভৎস (বীভৎসা [বধ্ নিন্দাকরা+সন্—স্বার্থে, দ্বিত্ব] নিন্দা+অ(ষঞ)—র্ম্ম) বিং, ত্রিং, অত্যন্ত ঘৃণাকর, অতি কদর্য্য, জুগুপ্সিত। ২। ক্রূর। ৩। ঘৃণাত্মা। ৪। বিকৃত। ৫। পাপী। ৬। সং, পুং, রসবিশেষ, জুগুপ্সা যে রসের স্থায়িভাব। ৭। (বীভৎসু দেখ, +ষঞ্—ক) অর্জ্জুন।

বীভৎসু ("আমি যুদ্ধস্থানে কদাপি বীভৎস কর্ম্ম করি নাই, এই নিমিত্ত লোকে আমাকে বীভৎসু বলে") সং, পুং, অর্জ্জুন, পাণ্ডুরাজার তৃতীয় পুত্র। শিং—১ "বীভৎসুঃ কিং করিষ্যতি।"

বুক্ক (বুক্ শব্দ করা+অ(অন্)—ক) সং, ত্রিং, বক্ষঃস্থল, বুক। ২। পুং, ছাগ। ৩। পুং—স্ত্রীং, সময়। ক্কা—স্ত্রীং, শোণিত।

বুক্কন (বুক্ কুক্কুরাদিকর্ত্তৃক শব্দ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কুক্কুরাদির শব্দ। [মাংস) সং, ক্লীং, বক্ষঃস্থল।

বুক্কাগ্রমাংস (বুক্ক বুক—অগ্র প্রধান—

বুক্কার (বুক্ কুক্কুরাদিকর্ত্তৃক শব্দ করা+আর—প্রং। হিন্দুস্থানের সিংহ কুক্কুরের ন্যায় শব্দ করে বলিয়া) সং, পুং, সিংহের গর্জ্জন।

বুদ্ধ (বুধ্ জানা+ত(ক্ত)—ক) সং, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বৌদ্ধমত-প্রণেতা।



বুদ্ধ (অবতার)।

দশ অবতারের মধ্যে ইনি নবম। শিং—১ "ততঃ কলৌ সম্প্রবৃত্তে সংমোহায় সুরদ্বিষাং। বুদ্ধো নাম্নাঞ্জনসুতঃ কীকটেষু ভবিষ্যতি।"

"শান্তং সদা প্রাণীবধাতিভীতং
বৃহজ্জটাজূটধরোরুমাঙ্গং।
তনুল্লসদ্গৈরিকগৌরবস্ত্রং
যোগীশ্বরং বুদ্ধমহং ভজেয়ং।"

——o——

"নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতম্
সদয়হৃদয় দর্শিতপশুঘাতং।
কেশব ধৃতবুদ্ধশরীর
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

২। জাগরিত। ৩। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদিত, জ্ঞাত।

বুদ্ধগয়া; সং, স্ত্রীং, কীকটস্থ বুদ্ধদিগের গয়াবিশেষ।

বুদ্ধি (বুধ্ জানা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, জ্ঞান, বোধ, নিশ্চয়াত্মিকা মনোবৃত্তিবিশেষ। ২। (+ক্তি—র্ম্ম) মহত্তত্ত্ব। ৩। (+ক্তি—ণ) অন্তঃকরণ। [বিশেষ।

বুদ্ধিকামা; সং, স্ত্রীং, কুমারানুচর মাতৃকা-

বুদ্ধিজীবী (—জীবিন্, বুদ্ধি—জীব্ বাঁচা+

ইন্(ণিন্)—ক ) বিং, ত্রিং, বুদ্ধিমান্, জ্ঞানী। শিং—১ "ভূতানাং প্রাণিনাং শ্রেষ্ঠা প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ।"

বুদ্ধিমান্ (বুদ্ধিমৎ, বুদ্ধি+মৎ(মতুপ্)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিবিশিষ্ট, জ্ঞানী।

বুদ্ধিবৃত্তি; সং, স্ত্রীং, বুদ্ধির ধর্ম্ম, জ্ঞানেন্দ্রিয়, ব্যক্তিগ্রাহিতা উপমিতি অনুমিতি প্রভৃতি; যাবতীয় বস্তুর সত্তা ও গুণ জানা, তাহাদের পরস্পর সম্বন্ধ নিরূপণ করা, এবং নিকৃষ্ট প্রবৃত্তি ও ধর্ম্মপ্রবৃত্তি সমুদায়কে যথানিয়মে নিয়োজন করা বুদ্ধিবৃত্তির প্রধান প্রয়োজন।

বুদ্ধিসহায় ( বুদ্ধি জ্ঞান—সহায় সহচর ) সং, পুং, মন্ত্রী, পরামর্শদাতা।

বুদ্ধীন্দ্রিয় (বুদ্ধি—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—স) সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়, মনঃ চক্ষুঃ শ্রোত্র নাসিকা জিহ্বা ত্বক্।

বুদ্বুদ ( বুদ অনুকরণ শব্দ+(কিপ্)—র্ম=বুদ্—বুদ্ আলোচনা করা+অ(ক) —র্ম ) সং, পুং, জলবিম্ব, জলের ভুড়্‌ভুড়ি। ২। গর্ভস্থ অবয়ববিশেষ। শিং—১ "পঞ্চরাত্রেণ কললং বুদ্বুদাকারতাং ব্রজেৎ।"

বুধ ( বুধ্ জানা+অ(ক)—ক। যে শাস্ত্র জানে ) সং, পুং, চন্দ্রের পুত্র, বুধগ্রহ। ২। পণ্ডিত, বিদ্বান্। শিং—১ "বুধৈরপি ন বুধ্যতে।" ৩। সূর্য্যবংশীয় নৃপবিশেষ।

বুধচক্র; সং, ক্লীং, বুধের রাশ্যাদি সঞ্চার কালে শুভাশুভ চক্রবিশেষ।

বুধচার; সং, পুং, বুধগ্রহের শুভাশুভসূচক সঞ্চার।

বুধতাত; সং, পুং, বুধের পিতা, চন্দ্র

বুধরত্ন (বুধ—রত্ন মণি) সং, ক্লীং, মরকত মণি। [পুং, পুরূরবা রাজা।

বুধসুত (বুধ চন্দ্রের পুত্র—সুত পুত্র) সং,

বুধান ( বুধ্ জানা+আন(শান)—ক ) সং, পুং, গুরু। ২। জ্ঞানী ব্যক্তি। ৩। কবি। ৪। বিং, ত্রিং, প্রিয়বাদী। ৫। ব্রহ্মবাদী।

বুধাষ্টমী; সং, স্ত্রীং, চৈত্র পৌষ এবং হরিশয়নভিন্ন সময়ে বুধবারযুক্তা শুক্লাষ্টমী। শিং—১ "বুধাষ্টমী শুভা পুণ্যা যথোক্ত ফলদায়িনী।"

বুধিত ( বুধ দেখ, ত(ক্ত)—র্ম ) বিং, ত্রিং, অবগত, জ্ঞাত।

বুধিল ( বুধ দেখ, ইল—ক, শীলার্থে ) বিং, ত্রিং, জ্ঞানী, বিদ্বান্।

বুধ্ন ( বুধ্ বুঝা+ন(নক্)—ক, সংজ্ঞার্থে সং, পুং, শিব। শিং—১ "নিবেশ্য বু… চরণং স্মিতাননা।" ২। (বন্ধ্ বন্ধনক… +নক্—ক) বৃক্ষমূল।

বুধ্ন্য (বুধ্ন+য(ণ্য)—ভবার্থে) সং, পুং, গার্হপত্য অগ্নি। ২। রুদ্রবিশেষ।

বুনিয়াদ (পারসী) ভিত্তি।

বুবুধান (বুধ্ জানা+আন(শান)—ক) সং, পুং, আচার্য্য। ২। পণ্ডিত। ৩। দেবতা

বুভুক্ষা (ভুজ্ ভোজন করা+সন্—ইচ্ছার্থে +অ—ভা, আপ্) সং, স্ত্রীং, ভোজনেচ্ছা ক্ষুধা। [ত্রিং, ক্ষুধিত

বুভুক্ষিত ( বুভুক্ষা+ইত—জাতার্থে ) বিং,

বুভুৎসা ( বুধ্ জানা+সন্—ইচ্ছার্থে+অ —ভা, আপ্ ) সং, স্ত্রীং, বুঝিতে ইচ্ছা। ২। জানিতে ইচ্ছা, জিজ্ঞাসা।

বুভূষা ( ভূ হওয়া+সন্—ইচ্ছার্থে+অ—ভা, আপ্ ) সং, স্ত্রীং, সত্তবেচ্ছা।

বুলবুল (পারসী) স্বনামখ্যাত পক্ষীবিশেষ।

বুলি (বুল্ মগ্ন হওয়া, ভাসিয়া উঠা+ই—প্রং) সং, স্ত্রীং, ভগ, স্ত্রীচিহ্ন।

বুলী (হিন্দি) ভাষা, বাক্য।

বুষ } ( বুস্ ত্যাগ করা+অ(ক—র্ম)
বুস } সং, ক্লীং, কুঁড়া। ২। ভূষি। ৩ তুচ্ছধান্য, আগড়া।

বুসা (বুস্ ত্যাগ করা+অ(ক)—ক) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে কনিষ্ঠা ভগিনী।

বুস্ত (বুস্ত্ অনাদর করা+অ(অল্)—র্ম) সং, ক্লীং, স্থালীভৃষ্ট মাংস। ২। পনসাদি ফলের অসার ভাগ, কাঁটালের … প্রভৃতি।

বেআরাম (পারসী) পীড়া, …

বেইমান(পারসী বে—উপ… ইমান্—ধর্ম্ম ) বিশ্বাসী … অসৎ।

বেওয়া (পারসী) বিধবা।

বেওরা (দেশজ) কারণ, ইতিহাস …

বেকার (পারসী বে—কার=কার্য্য) যাহার কর্ম্ম কার্য্য নাই।

বেগম (তুর্কী ভাষা) রাণী। ২। মান্যা স্ত্রী।

বেগানা (পারসী) অজ্ঞাত, অপরিচিত, ভিন্নদেশীয়। [করাকে বেগার বলে।

বেগার (দেশজ) টাকা কড়ি না লইয়া কার্য্য

বেজার (পারসী) অসন্তুষ্ট, রাগান্বিত।

বেঢপ (পারসী বে—দশজ ঢপ) কুৎসিত, বিকলাঙ্গ, মন্দ গঠন।

বেমার (পারসী) পীড়িত।

বেয়াদব (পারসী) অসভ্য।

বেয়াদবী (পারসী) অসভ্যতা।

বেলোয়ারি (পারসী) কাচনির্ম্মিত।

বেশী (পারসী) অধিক, অতিরিক্ত।

বেহায়া (পারসী বে=বিহীন—হায়া=লজ্জা) নির্লজ্জ, লজ্জাবিহীন।

বেহোশ (পারসী বে=বিহীন+হোশ=জ্ঞান) অজ্ঞান। ২। মত্ত।

বোচ্‌কা, বুচকী (তুর্কী ভাষা) বস্ত্রাদির মোট, গাঁটরী।

বোদ্ধা (বোদ্ধৃ, বুধ জানা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, জ্ঞাতা, জানে যে।

বোধ (বুধ বুঝা+অ(অল্)—ভা) সং, পুং, জ্ঞান। ২। বুদ্ধি। ৩। জাগরণ। ৪। দর্শন। ৫। (বুধ-ণিচ্=বোধি) বোধিতকরণ।

বোধক (বুধ-ণিচ্=বোধি জানান+অক(ণক)—ক) বিং, ত্রিং, জ্ঞাপক, সূচক। ২। দ্যোতক। ৩। জাগরিতকারী।

বোধকর } (বোধ জাগরণ—কর [কৃ
বোধকারক } করা+অ(অন্), অক(ণক)—ক] যে করে) সং, পুং, বৈতালিক, স্তুতিপাঠক। শিং—১ "নিশান্তে বোধকারকঃ।" [অভিপ্রায়বেত্তা।

বোধজ্ঞ; সং, পুং, শ্রীকৃষ্ণ। ২। বিং, ত্রিং,

বোধন (বুধ-ণিচ্=বোধি বুঝা, বিজ্ঞাপনকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, জ্ঞান। ২। জ্ঞাপন, জানান। ৩। জাগরণ, জাগান। শিং—১ "শয়নং বোধনং হরেঃ।" ২ "সায়াহ্নে বোধনং কুর্য্যাৎ।" ৪। সন্দীপন, উদ্দীপন। নী—স্ত্রীং, কার্ত্তিকী শুক্লা একাদশী, উত্থানৈকাদশী। ২। পিপ্পলী।

বোধনীয়, বোধ্য (বুধ জানা+অনীয়, য—ম্ম) বিং, ত্রিং, জ্ঞাতব্য, জানিবার যোগ্য।

বোধপ্রবাহ (Sensative Stream) যে শক্তি দ্বারা দর্শন, শ্রবণ, চিন্তা প্রভৃতি কার্য্য করা যায়।

বোধবাসর; সং, পুং, ভগবানের প্রবোধ দিন, উত্থানৈকাদশী।

বোধি (বুধ জানা+ইন—ক) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। ২। (+ইন্—ভাবে) সমাধিবিশেষ। ৩। (+ইন্—ক) বিং, ত্রিং, জ্ঞাতা, বোদ্ধা।

বোধিত (বুধ ণিচ্=বোধি জানান+ত(ক্ত)—ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত। ২। জাগরিত।

বোধিতরু, বোধিদ্রুম (বোধি জ্ঞান—তরু, দ্রুম=বৃক্ষ) সং, পুং, অশ্বত্থবৃক্ষ।

বোধিতব্য (বুধ-ণিচ্=বোধি জানান+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপনীয়, জানাইবার যোগ্য।

বোধিসত্ত্ব (বোধি বুদ্ধি+সত্ত্ব সত্য) সং, পুং, বুদ্ধবিশেষ। ২। বৌদ্ধ।

বৌদ্ধ (বুদ্ধ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, বুদ্ধমতাবলম্বী, নাস্তিক। ২। ক্লীং, বুদ্ধকৃত নিরীশ্বর শাস্ত্র।

বৌধ (বুধ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, বুধের পুত্র, পুরুরবা। [ঋষিবিশেষ।

বৌধায়ন (বুধ+আয়ন(ষ্ণায়ন)—প্রং) সং, পুং,

ব্রততি—তী (প্র—তন্ বিস্তৃত হওয়া+তি(ক্তি)—ম্ম; প=ব) সং, স্ত্রীং, বল্লী, লতা। ২। (+ক্তি—ভাবে) বিস্তার।

ব্রধ্ন (বন্ধ্ বন্ধন করা+নক্—ক, সংজ্ঞার্থে। বন্ধ্=ব্রধ্) সং, পুং, বৃক্ষমূল, শিকড়। ২। (বুধ বোঝা+নক্—ক) শিব। ৩। সূর্য্য। ৪। ব্রহ্মা। ৫। পুত্র। ৬। শরীর। ৭। রোগবিশেষ।

ব্রহ্ম (ব্রহ্মন্, বৃনহ্ [মনুষ্যজাতি] বৃদ্ধি পাওয়া না করা+মন্—ক) সং, পুং, ব্রহ্মা। ২। বিধাতা। শিং—১ "ব্রহ্মণা সহিতঃ শেষঃ।" ৩। ব্রাহ্মণ। ৪। পুরোহিতবিশেষ। ৫ ধর্ম্মশাস্ত্রপ্রযোজক ঋষিবিশেষ। ৬। যোগবিশেষ। ৭। ক্লীং, পরমেশ্বর। ৮। বেদমন্ত্র। ৯। বেদ। ১০। বেদজ্ঞান। ১১।

ব্রহ্মতেজঃ। ১২। তত্ত্ব, তৎসৎ। ১৩। তপস্যা।

ব্রহ্মকন্যকা (ব্রহ্মন্ ব্রহ্মা—কন্যা, এই দেবী ব্রহ্মার মস্তক হইতে জন্মিয়াছিলেন) সং, স্ত্রীং, বাগ্‌দেবী, সরস্বতী। ২। ব্রাহ্মী।

ব্রহ্মকূট, ব্রহ্মগিরি (ব্রহ্মন্ ব্রহ্মা—কূট পর্ব্বতের শৃঙ্গ।—গিরি পর্ব্বত, ৬ষ্ঠী—য) সং, পুং, পর্ব্বতবিশেষ। শিং—১ "ব্রহ্মকূটং সমারুহ্য মুক্তিমেবাপ্নুয়ান্নরঃ।"

ব্রহ্মকূর্চ্চ ; সং, ক্লীং, ব্রতবিশেষ, অহোরাত্র উপবাসের পর পঞ্চগব্যপানরূপ ব্রত।

ব্রহ্মকৃৎ (ব্রহ্ম তপস্যা—কৃ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, বিষ্ণু। ২। তপঃকর্ত্তা।

ব্রহ্মগ্রন্থি ; সং, পুং, যজ্ঞোপবীতের গ্রন্থিবিশেষ।

ব্রহ্মঘাতক (ব্রহ্ম—হন্ বধ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, ব্রাহ্মণহিংসক। ◌িকা—স্ত্রীং, ব্রহ্মহিংসাকারিণী। শিং—১ "পূতিকা ব্রহ্মঘাতিকা।"

ব্রহ্মঘোষ ; সং, পুং, বেদধ্বনি।

ব্রহ্মঘ্ন (ব্রহ্ম—হন্ বধ করা+অ(টক্)—ক, হ=ঘ) বিং, ত্রিং, ব্রহ্মহত্যাকারক। শিং—১ "ব্রহ্মঘ্নমপি চণ্ডালং কং পতন্তং পুনীমহে।"

ব্রহ্মচক্র ; সং, ক্লীং, কার্য্যকারণাত্মক সংসাররূপ চক্র।

ব্রহ্মচর্য্য (ব্রহ্ম বেদ—চর্য্য [চর্ গমন করা+য—ভাবে] আচরণ) সং, ক্লীং, ব্রহ্মচারীর ধর্ম্ম। ২। স্ত্রী পুরুষের স্মরণ কীর্ত্তন প্রভৃতি অষ্টবিধ মৈথুনাভাব। ২। ব্রতবিশেষ। শিং—১ "প্রতিবেদং ব্রহ্মচর্য্যং দ্বাদশাব্দানি পঞ্চ বা।"

ব্রহ্মচারী (ব্রহ্মচারিন্, ব্রহ্ম বেদ—চর্ গমন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, প্রথমাশ্রমী, উপনয়নান্তর যে ব্রাহ্মণতনয় গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করে। ◌িরণী—স্ত্রীং, ব্রহ্মচর্য্যব্রতচারিণী স্ত্রী। ২। দুর্গা। ৩। বারুণীবৃক্ষ। ৪। ব্রহ্মীশাক।

ব্রহ্মজীবী (ব্রহ্মজীবিন্, ব্রহ্ম বেদ—জীবী [জীব্ জীবনধারণ করা+ইন্(ণিন্)—ক] যে বাঁচে, ৩য়া—য) সং, পুং, অপবিত্র ব্রাহ্মণ। ২। মূল্য গ্রহণ পূর্ব্বক বেদাধ্যাপক। ৩। বেদজীবী।

ব্রহ্মজ্ঞ (ব্রহ্মন্—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, বেদজ্ঞ। ২। তত্ত্বজ্ঞানী। শিং—১ "ব্রহ্মজ্ঞোঽস্মীতি বাদিনঃ।" ৩। ব্রহ্মজ্ঞানী, মুনি ঋষি প্রভৃতি। ৪। শ্রীগোপাল। শিং—১ "ব্রহ্মজ্ঞো ব্রহ্মকৃৎ ব্রহ্মা ব্রহ্মকর্ম্মপ্রকাশকঃ।"

ব্রহ্মজ্ঞান ; সং, ক্লীং, ব্রহ্মবিষয়ক জ্ঞান, আত্মতত্ত্ববোধ।

ব্রহ্মডিম্ব—ব্রহ্মাণ্ড।

ব্রহ্মণ্য (ব্রহ্মন্+য(ষ্য)—ইদমর্থে) বিং, ত্রিং, ব্রহ্ম বা ব্রাহ্মণসম্বন্ধীয়। ২। সং, ক্লীং, ব্রহ্মতেজঃ। ৩। (—ভাবে) ব্রহ্মত্ব। শিং—১ "ব্রহ্মণ্যাদেব হীয়তে।" ৪। পুং, ব্রহ্মদারু বৃক্ষ, তুঁতেগাছ। ৫। মুঞ্জতৃণ। ৬। তূলবৃক্ষ। ৭। বিষ্ণু। ৮। শনৈশ্চর।

ব্রহ্মণ্যদেব ; সং, পুং, শ্রীকৃষ্ণ। শিং—১ "নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।"

ব্রহ্মতাল ; সং, পুং, চতুর্ম্মুখ তাল।

ব্রহ্মতীর্থ ; সং, ক্লীং, পুষ্করতীর্থ। ২। অঙ্গুষ্ঠমূলভাগ।

ব্রহ্মত্ব (ব্রহ্মন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মপদ।

ব্রহ্মদণ্ড (ব্রহ্ম ব্রাহ্মণ—দণ্ড যষ্টি) সং, পুং, ব্রাহ্মণের যষ্টি। ২। ব্রাহ্মণের অভিশাপ। শিং—১ "ব্রহ্মদণ্ডহতা যে চ বিপ্রদণ্ডহতাশ্চ যে।" ৩। বশিষ্ঠের সিদ্ধযষ্টি। শিং—১ "একেন ব্রহ্মদণ্ডেন বহবো নাশিতাঃ মম।"

ব্রহ্মদত্ত (ব্রহ্ম ব্রহ্মাতে—দত্ত অর্পিত) সং, পুং, ইক্ষ্বাকুবংশীয় নৃপতিবিশেষ।

ব্রহ্মদর্ভা (ব্রহ্ম—দর্ভা কুশ) সং, স্ত্রীং, যবানিকা, জোঁয়ান।

ব্রহ্মদায় ; সং, পুং, বেদাধ্যয়নানন্তর প্রাপ্ত [ব্রাহ্মণদেয়ধন।

ব্রহ্মদারু (ব্রহ্মন্—দারু বৃক্ষ) সং, পুং, অশ্বত্থাকার বৃক্ষবিশেষ।

ব্রহ্মদৈত্য ; সং, পুং, প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ।

ব্রহ্মনাভ (ব্রহ্মন্ ব্রহ্মা—নাভি+অ। যাহার

নাভিতে ব্রহ্মা হইয়াছেন, ৬ষ্ঠী–হিং) সং, পুং, বিষ্ণু।

ব্রহ্মনাল ; সং, ক্লীং, কাশীস্থ তীর্থবিশেষ।

ব্রহ্মনির্ব্বাণ ; সং, ক্লীং, ব্রহ্মে নিবৃত্তি, ব্রহ্মে লীন হওয়া।

ব্রহ্মপত্র; সং,ক্লীং,পলাশপত্র। শিং–১"ভোজনং ব্রহ্মপত্রেষু কথয়ালোচনং হরেঃ।"

ব্রহ্মপাদপ (ব্রহ্মন্ ব্রাহ্মণ–পাদপ বৃক্ষ) সং, পুং, পলাশ বৃক্ষ।

ব্রহ্মপুত্র (ব্রহ্মন্ ব্রহ্মা–পুত্র) সং, পুং, বিষবিশেষ। ২। স্বনামখ্যাত নদ। ৩। তীর্থবিশেষ। ৪। ক্ষেত্রবিশেষ। ত্রী–স্ত্রীং, সরস্বতী নদী। ২ বারাহিকন্দ।

ব্রহ্মবন্ধু (ব্রহ্মন্ ব্রহ্মা–বন্ধু মিত্র) সং, পুং, অপকৃষ্ট ব্রাহ্মণ, নিন্দিত ব্রাহ্মণ। শিং–১ "বপনং দ্রবিণাদানং স্থানান্নির্য্যাপণন্তথা। এষো হি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ।"

ব্রহ্মভূতি ; সং, স্ত্রীং, সন্ধ্যাকাল। ২। বিং, ত্রিং, ব্রহ্মজাতমাত্র।

ব্রহ্মভূমিজা ; সং, স্ত্রীং, সিংহলী।

ব্রহ্মভূয় (ব্রহ্মন্–ভূয় [ভূ হওয়া+য(ক্যপ্)–ভাবে] হওন, প্রাপণ, ৬ষ্ঠী–ষ) সং, ক্লীং, ব্রহ্মত্ব, ব্রহ্মসাযুজ্য, ঈশ্বরস্বরূপ।

ব্রহ্মমেখল ; সং, পুং, মুঞ্জ।

ব্রহ্মযজ্ঞ (ব্রহ্মন্ বেদ–যজ্ঞ যাগ, ৬ষ্ঠী–ষ) সং, পুং, বেদাধ্যয়ন। শিং–১ "অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্।"

ব্রহ্মযোনি (ব্রহ্মন্–যোনি উৎপত্তিস্থা[illegible] সং, পুং, পর্ব্বতবিশেষ, ব্রহ্মগিরি। [illegible] স্ত্রীং, তীর্থবিশেষ।

ব্রহ্মরন্ধ্র ; সং, ক্লীং, শিরোদেশস্থ ব্র[illegible] স্থানরূপ ছিদ্র, শিরোদেশস্থ ব্রহ্ম[illegible] হেতুভূত স্থান, ব্রহ্মতালু।

ব্রহ্মরাক্ষস ; সং, পুং, ভূতবিশেষ, [illegible] ২। মহাদেবের গণবিশেষ। [illegible]১ "ব্রহ্মরাক্ষস বেতালা কুষ্মাণ্ড[illegible]-দয়ঃ।" ৩। পরিভাষিক ব্রহ্ম[illegible] শিং–১ "মূর্খঃ স্ত্রী কচ্ছপশ্চৈ[illegible]বির এব চ। গৃহীতার্থ ন স্[illegible]ক্তে বাস্করাক্ষসাঃ।"

ব্রহ্মরাত্র ; সং, পুং, ব্রাহ্মমুহূর্ত্ত। শিং–১ "ব্রহ্মরাত্র উপাবৃত্তে বাসুদেবানুমোদিতাঃ।"

ব্রহ্মরাত্রি (ব্রহ্মন্–রা দানকরা+ত্রি–ক। যিনি জনককে ব্রহ্মজ্ঞান দান করিয়াছিলেন, এইরূপ প্রসিদ্ধি আছে) সং, পুং, যাজ্ঞবল্ক্য মুনি। ২। স্ত্রীং, (ব্রহ্মন্–রাত্রি) ব্রহ্মার নিশা, দেবতাদের দুইসহস্র যুগপরিমিত কাল।

ব্রহ্মরীতি ; সং, স্ত্রীং, পিত্তলবিশেষ।

ব্রহ্মর্ষি (ব্রহ্মন্ ব্রাহ্মণ–ঋষি, য়ং–স) সং, পুং, বশিষ্ঠাদি ব্রাহ্মণ ঋষি।

ব্রহ্মর্ষিদেশ (ব্রহ্মর্ষি–দেশ, ৬ষ্ঠী–ষ) সং, পুং, কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল, শূরসেন —এই চারিদেশ।

ব্রহ্মলোক (ব্রহ্মন্ ব্রহ্মা–লোক জগৎ) সং, পুং, ব্রহ্মার ভুবন। শিং–১ "সত্যস্তু সপ্তমো লোকো হ্যপুনর্ভববাসিনাং। ব্রহ্মলোকঃ সমাখ্যাতো হ্যপ্রতীঘাত লক্ষণঃ।"

ব্রহ্মবদ্য } (ব্রহ্মন্ ব্রহ্মা–বদ্ বলা+
ব্রহ্মোদ্য } য, য(ক্যপ্)–র্ম্ম) বিং, ত্রিং, ব্রহ্মোক্ত। ২। (+য–ভাবে) ক্লীং, ব্রহ্মবাক্য। ৩। ব্রহ্মজ্ঞান।

[illegible] (ব্রহ্মন্ ব্রাহ্মণ–বর্চ্চস্ তেজঃ (–প্রং, ৬ষ্ঠী–ষ) সং, ক্লীং, ব্রাহ্মণ[illegible]নুষ্ঠান ও বেদাধ্যয়নজনিত সম্পত্তি, [illegible]তেজঃ।

[illegible]র্ত্ত (ব্রহ্মন্ ব্রাহ্মণ–বৃৎ [বিদ্যমান থাকা] বাস করা+অ(অল্)–ধি) সং, পুং, ব্রহ্মাবর্ত্তদেশ।

[illegible]হ্মবর্দ্ধন (ব্রহ্মন্ ব্রাহ্মণ–বর্দ্ধন। যাহা পূজার ব্যবহার্য্য দ্রব্যমধ্যে অত্যন্ত উপযোগী) সং, ক্লীং, তাম্র, তামা।

ব্রহ্মবাদ (ব্রহ্ম বেদ–বাদ কথন) সং, পুং, বেদাধ্যয়ন, বেদপাঠ। ২। তত্ত্ব নির্ণয়ার্থ বাক্যবিশেষ।

ব্রহ্মবাদী (–বাদিন্, ব্রহ্ম পরমেশ্বর–বাদী যে বলে, ২য়া–ষ) বিং, ত্রিং, বেদান্তমতাবলম্বী। ২। বেদাধ্যায়ী। ৩। ব্রাহ্ম। দিনী –স্ত্রীং, বেদমাতা, গায়ত্রী। শিং–১ "আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।"

ব্রহ্মবিদ্ (ব্রহ্মন্ — বিদ্ জানা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, ব্রহ্মজ্ঞানী। শিং — ১ "ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্। স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ।"

ব্রহ্মবিদ্যা — স্ত্রীং } ( ব্রহ্মন্ ব্রহ্ম — বিদ্যা
ব্রহ্মবেদ — পুং } শাস্ত্র, বেদ জ্ঞান) সং, ব্রহ্মজ্ঞান, বেদান্তশাস্ত্র।

ব্রহ্মবিন্দু ( ব্রহ্ম বেদ — বিন্দু ফোঁটা ) সং, পুং, বেদপাঠকালে মুখনির্গত নিষ্ঠীবনবিন্দু।

ব্রহ্মবৃত্তি (ব্রহ্মন্ ব্রাহ্মণ — বৃত্তি) সং, স্ত্রীং, ব্রাহ্মণের জীবনোপায়, ব্রহ্মস্ব।

ব্রহ্মবেদি ( ব্রহ্মন্ ব্রাহ্মণ — বেদি দেশ ) সং, স্ত্রীং, [illegible] অন্তর্বর্ত্তী দেশবিশেষ।

ব্রহ্মবৈবর্ত্ত (ব্রহ্মন — বিবর্ত্ত + অ(ষ্ণ) — পুং) সং, ক্লীং, অষ্টাদশ পুরাণের অন্তর্গত পুরাণবিশেষ।

ব্রহ্মব্রত ; সং, ক্লীং, সহস্রবর্ষসাধ্য ব্রহ্মলোকদর্শন-ফলক ব্রতবিশেষ।

ব্রহ্মশল্য ( ব্রহ্মন্ ব্রাহ্মণ — শল্য শেল ) সং, পুং, বাবলাগাছ।

ব্রহ্মশাসন ( ব্রহ্মন্ — শাসন আজ্ঞা ) সং, পুং, ব্রহ্মার বিচারগৃহ। ২। ব্রহ্মার আজ্ঞা। ৩। নবদ্বীপের সন্নিহিত গ্রামবিশেষ।

ব্রহ্মশিরঃ ব্রহ্মশিরস্ সং, ক্লীং, ব্রহ্মতেজোময় মহাপ্রভ অস্ত্রবিশেষ।

ব্রহ্মসংহিতা ; সং, স্ত্রীং, ভগবৎসিদ্ধান্তসংগ্রহ গ্রন্থবিশেষ।

ব্রহ্মসতী ; সং, স্ত্রীং, সরস্বতী।

ব্রহ্মসত্র ( ব্রহ্মন্ — সত্র যজ্ঞ ) সং, ক্লীং, ব্রহ্মযজ্ঞ, বেদাধ্যয়ন। শিং — ১ "নৈত্যিকে নাস্ত্যনধ্যায়ো ব্রহ্মসত্রং হি তৎ স্মৃতম্।"

ব্রহ্মসদন ; সং, ক্লীং, কুশাস্তৃত প্রাগগ্র ব্রহ্মাসন। শিং — ১ "ব্রহ্মসদনমাসেত।"

ব্রহ্মসরঃ (ব্রহ্মসরস্) সং, ক্লীং, তীর্থবিশেষ।

ব্রহ্মসাযুজ্য (ব্রহ্মন্ ঈশ্বর — সাযুজ্য [সযুজ যোগের সহিত + য — ভাবে] যুক্তত্ব, ৬ষ্ঠী — য) সং, ক্লীং, ব্রহ্মত্ব, ব্রহ্মভূয়, ঈশ্বরস্বরূপ, ব্রহ্মসহযোগ।

ব্রহ্মসার্ষ্টিতা (ব্রহ্ম — সার্ষ্টিতা তুল্যতা) সং, স্ত্রীং, ব্রহ্মের সহিত সাদৃশ্য।

ব্রহ্মসাবর্ণি ; সং, পুং, মনুবিশেষ, দশমমনু। শিং — ১ "দশমো ব্রহ্মসাবর্ণি রূপশ্লোকসুতো মহান্।"

ব্রহ্মসিদ্ধান্ত ; সং, ক্লীং, জ্যোতিঃসিদ্ধান্তবিশেষ।

ব্রহ্মসূ (ব্রহ্মন্ ব্রহ্মা [সূ প্রসব করা + ০ (ক্বিপ্) — ক]। সং, পুং, অনিরুদ্ধ। ২। (ব্রহ্মণ তপ — সূ [প্রসব করা] যে প্রসব করে) কামদেব।

ব্রহ্মসূত্র (ব্রহ্মন্ ব্রাহ্মণ — সূত্র সূতা, ৬ষ্ঠী — য) সং, ক্লীং, যজ্ঞোপবীত, পৈতা। ২। শারীরিক সূত্র। শিং — ১ "ব্রহ্মসূত্রপদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতম্।" (গীতা)।

ব্রহ্মস্ব ( ব্রহ্মন্ ব্রাহ্মণ — স্ব ধন ) সং, ব্রাহ্মণের ধন। [ব্রাহ্মণ-বধ।

ব্রহ্মহত্যা (ব্রহ্মন্ — হত্যা বধ) সং, স্ত্রীং,

ব্রহ্মহা (ব্রহ্মহন্, ব্রহ্মন্ ব্রাহ্মণ — হন্ বধ করা + ০(ক্বিপ্) — ক, ভূতকাল) বিং, ত্রিং, ব্রাহ্মণবিনাশকারী, ব্রহ্মহত্যাকারী। শিং — ১ "ব্রহ্মহা মুচ্যতে পাপৈঃ।" ২। শূদ্রাপতি ব্রাহ্মণ।

ব্রহ্মহুত (ব্রহ্মন্ ব্রাহ্মণ — হুত তর্পিত) সং, ক্লীং, নৃযজ্ঞ, অতিথিসেবা।

ব্রহ্মা (ব্রহ্মন্) সং, পুং, বিধাতা সৃষ্টিকর্ত্তা। ২। ঋত্বিক্‌বিশেষ।

ব্রহ্মাগ্রভূ ; সং, পুং, অশ্ব, ঘোটক।

ব্রহ্মাঞ্জলি ( ব্রহ্ম বেদ — অঞ্জলি করপুট ) সং, পুং, সামবেদপাঠকালীন স্বরবিভাগার্থ অঞ্জলিকরণ। ২। অধ্যয়নের আদিতে ও অন্তেতে প্রণবোচ্চারণপূর্ব্বক গুরুর নিকট কৃতাঞ্জলি।

ব্রহ্মাণী ( ব্রহ্মন্ + ঈপ্ — স্ত্রীং ) সং, স্ত্রীং, ব্রহ্মার শক্তি, দেবীবিশেষ। শিং — ১ "হংসযুক্ত বিমানাগ্রে সাক্ষসূত্রকমণ্ডলুঃ। আয়াতা ব্রহ্মণঃ শক্তিব্রহ্মাণী সাভিধীয়তে।" ২। ব্রহ্মার পত্নী।

ব্রহ্মাণ্ড (ব্রহ্মন্ বিধাতা — অণ্ড ডিম্ব, ৬ষ্ঠী — ষ) সং, পুং, জগৎ, বিশ্বগোলক।

ব্রহ্মাত্মভূ ; সং, পুং, অশ্ব, ঘোটক।

ব্রহ্মাদনী ; সং, স্ত্রীং, হংসপদী ।

ব্রহ্মাভিজাতা ; সং, স্ত্রীং, গোদাবরী নদী ।

ব্রহ্মাভ্যাস (ব্রহ্ম বেদ—অভ্যাস আলোচনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বেদপাঠ, বেদাধ্যয়ন, পুনঃপুনঃ বেদাবৃত্তিকরণ ।

ব্রহ্মাম্ভঃ (ব্রহ্মাম্ভস্, ব্রহ্মন্ ব্রাহ্মণ—অম্ভস্ জল) সং, ক্লীং, গোমূত্র, গোরুর চোনা ।

ব্রহ্মারণ্য ( ব্রহ্ম বেদ—অরণ্য বন ) সং, ক্লীং, বেদাধ্যয়নভূমি, বেদপাঠের স্থান ।

ব্রহ্মার্পণ ; সং, ক্লীং, সমস্ত বিষয় ব্রহ্মে সমর্পণ । শিং—১ "নাহং কর্ত্তা সর্ব্বমেতদ্ ব্রহ্মৈব কুরুতে তথা । এতৎ ব্রহ্মার্পণং প্রোক্তং ঋষিভিস্তত্ত্বদর্শিভিঃ ।"

ব্রহ্মাবর্ত্ত (ব্রহ্মন্ ব্রাহ্মণ—আবর্ত্ত বাসস্থান) সং, পুং, কুরুক্ষেত্রের সন্নিহিত এবং সরস্বতী ও দৃষদ্বতী এই উভয় নদীর মধ্যবর্ত্তী দেশ । শিং—১ "সরস্বতীদৃষদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরং । তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে ।" ২ । তীর্থবিশেষ ।

ব্রহ্মাসন (ব্রহ্মন্ ব্রহ্মা—আসন, ৪র্থী—ষ) সং, ক্লীং, ধ্যানাসন (ধ্যান অর্থে পরমার্থ চিন্তন, নিরাকারভাবন) । ২ । যোগাসন (যোগ অর্থে চিত্তনিরোধন, সাকারভাবন) ।

ব্রহ্মাস্ত্র (ব্রহ্ম—অস্ত্র) সং, ক্লীং, ব্রহ্মদৈবতাস্ত্র । ২ । ব্রহ্মশাপ ।

ব্রহ্মিষ্ঠ (ব্রহ্মন্ ঈশ্বর—স্থা থাকা+অ(ড)—ক অথবা ব্রহ্মবৎ—ইষ্ঠ) বিং, ত্রিং, ব্রহ্মজ্ঞানী, ব্রহ্মনিষ্ঠ । ষ্ঠা—স্ত্রীং, দুর্গা । শিং—১ "ব্রহ্মিষ্ঠা বেদমাতৃত্বাৎ গায়ত্রী চরণাগ্রজা ।"

ব্রহ্মী (বৃহ্ বৃদ্ধি পাওয়া+মন্, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পাঁকালমাছ ।

ব্রহ্মোত্তর ( ব্রহ্মন্—উত্তর প্রধান অথবা উত্তর অধিকারী) বিং, ত্রিং, ব্রাহ্মণস্বামিক ভূম্যাদি ।

ব্রহ্মোদ্য (ব্রহ্মন্—বদ্ বলা+য(ক্যপ্)—র্ম্ম) সং, ক্লীং, ব্রহ্মপ্রতিপাদকবাক্য ।

ব্রহ্মোদন (ব্রহ্মন্ ব্রাহ্মণ—ওদন অন্ন) সং, ক্লীং, যজ্ঞে ঋত্বিক্‌দিগকে প্রদত্ত অন্ন ।

ব্রাহ্ম (ব্রহ্মন্+অ(ষ্ণ)—ইদমর্থে, সম্বন্ধার্থে, জ্ঞানার্থে) সং, ক্লীং, হস্তের অঙ্গুষ্ঠ মূলদেশ । এই তীর্থে ব্রাহ্মণের আচমন বিহিত । ২ । ব্রহ্মপুরাণ । ৩ । পুং, বিবাহবিশেষ, বরকে আহ্বানপূর্ব্বক সালঙ্কৃত কন্যাদান । ৪ । বেদাধ্যয়নানন্তর গুরুকুল হইতে সমাগত বিপ্রের পূজাদিরূপ রাজধর্ম্ম । ৫ । ব্রহ্মার পুত্র নারদ । হ্মী—স্ত্রীং, ব্রহ্মার শক্তিবিশেষ, মাতৃবিশেষ । ২ । সরস্বতী । ৩ । রোহিণীনক্ষত্র । ৪ । বিং, ত্রিং, ব্রহ্মসম্বন্ধীয় । ৫ । তপস্যাসম্ভূত । ৬ । ব্রহ্মজ্ঞ, কাল্পনিক ব্রহ্মজ্ঞানী নহে ।

ব্রাহ্মণ (ব্রহ্মন্ বিপ্র কিম্বা প্রজাপতি+অ(ষ্ণ)—অপত্যার্থে কিম্বা ব্রহ্মন্ বেদ+অ(ষ্ণ)—অধ্যয়নার্থে । ব্রহ্মার মুখ হইতে জন্ম বলিয়া কিম্বা যে বেদ অধ্যয়ন করে) সং, পুং, শ্রেষ্ঠবর্ণ, দ্বিজোত্তম । শিং—১ "যোগস্তপো দমো দানং ব্রতং শৌচং দয়াঘৃণা, বিদ্যা বিজ্ঞানমাস্তিক্যমেতৎ ব্রাহ্মণলক্ষণম্ ।" ২ । ক্লীং, বেদের অংশবিশেষ । ৩ । ব্রাহ্মণসমূহ । ৪ । বিং, ত্রিং, ব্রহ্মজ্ঞ । ণী—স্ত্রীং, ব্রাহ্মণপত্নী । ২ । ব্রাহ্মণজাতীয়া স্ত্রী ।

ব্রাহ্মণক ( ব্রাহ্মণ+কণ্—কুৎসিতার্থে ) সং, পুং, কুৎসিত ব্রাহ্মণ । ২ । আয়ুধজীবি ব্রাহ্মণপ্রধান দেশ ।

ব্রাহ্মণকাম্যা ; সং, স্ত্রীং, ব্রাহ্মণকামনা ।

ব্রাহ্মণচাণ্ডাল ; সং, পুং, শাস্ত্রনিষিদ্ধ কর্ম্মকারী অপকৃষ্ট ব্রাহ্মণ ।

ব্রাহ্মণপ্রিয় ; সং, পুং, বিষ্ণু । শিং—১ "ব্রহ্মজ্ঞো ব্রাহ্মণপ্রিয়ঃ ।" ২ । বিং, ত্রিং, ব্রাহ্মণের হিতকারী ।

ব্রাহ্মণব্রুব (ব্রাহ্মণ—ব্রুব [ব্রু বলা+অ(ক)—ক] যে বলে । যে আপনাকে অনুপযুক্তরূপে ব্রাহ্মণ বলে) সং, পুং, নীচব্যবসায়ী ব্রাহ্মণ । ২ । অপকৃষ্ট ব্রাহ্মণ । শিং—১ "যুক্তঃ স্যাৎ সর্ব্বসংস্কারৈর্দ্বিজস্তু নিয়মব্রতৈঃ । কর্ম্মকিঞ্চিন্নকুরুতে বেদোক্তং ব্রাহ্মণব্রুবঃ ।"

ব্রাহ্মণযষ্টিকা ( ব্রাহ্মণ—যষ্টি+কণ্—যোগ ) সং, স্ত্রীং, বামনহাটীর গাছ ।

ব্রাহ্মণায়ন (ব্রহ্মণ+আয়ন(ফায়ন)—জাতার্থে) সং, পুং, বিশুদ্ধবংশোদ্ভব ব্রাহ্মণ ।

ব্রাহ্মণ্য (ব্রাহ্মণ+য(ষ্য)—সমূহার্থে) সং, ক্লীং, ব্রাহ্মণসমূহ। ২। (+ষ্য—ভাবে) ব্রাহ্মণত্ব, ব্রাহ্মণধর্ম্ম। ৩। পুং, শনিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত; সং, পুং, অরুণোদয় কালের প্রথম দণ্ডদ্বয়, সূর্য্যোদয়ের প্রাক্কাল। শিং—১ "রাত্রেশ্চ পশ্চিমে যামে মুহূর্ত্তো ব্রাহ্মউচ্যতে।"

ব্রাহ্মাহোরাত্র; সং, পুং, ব্রহ্মার দিবারাত্রি।

ব্রাহ্মিকা (ব্রাহ্মী+কণ্—যোগ, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বামনহাটীর গাছ।

ব্রাহ্ম্য (ব্রহ্মন্+য(ষ্ণ্য)—ভাবার্থে) সং, ক্লীং, বিস্ময়। ২। (+ষ্য—ইদমর্থে) বিং ত্রিং, ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রুবৎ } ব্রুবাণ } (ব্রূ বলা+অৎ(শতৃ), আন (শান)—ক) বিং, ত্রিং, যে বলিতেছে। ২। বক্তা।

## ভ

ভ; ব্যঞ্জনবর্ণের চতুর্ব্বিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। (ভা দীপ্তিপাওয়া +অ(ড)—ক) সং, ক্লীং, নক্ষত্র। ৩। গ্রহ। ৪। পুং, শুক্রাচার্য্য। ৫। রাশি। ৬। ভ্রান্তি। ৭। (ভণ্ শব্দ করা+অ(ড)—ক) ভ্রমর। ৮। (ভ্রম্ ভুলিয়া যাওয়া+অ(ড)—ভাবে) ভ্রম।

ভক্ত (ভজ্ সেবা করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, ওদন, অন্ন, ভাত। ২। (+ক্ত—ক) বিং, ত্রিং, অনুরক্ত, যাহার ভক্তি আছে। ৩। অনুগত, সেবক। ৪। (+ক্ত—র্ম্ম) বিভক্ত।

ভক্তকংস; সং, পুং, ভক্ত আনয়নার্থ পাত্র।

ভক্তকর (ভক্ত [ভজ্ পাক করা, ভাজা+ত(ক্ত)—র্ম্ম] পক্ব—কর করণ) সং, পুং, কৃত্রিম ধূপ। ২। বিং, ত্রিং, পাচক।

ভক্তকার (ভক্ত অন্ন—কার [কৃ করা+অ(ষণ্)—ক] যে করে) সং, পুং, পাচক, যে ব্যক্তি অন্ন পাক করে।

ভক্ততা (ভক্ত+তা—ভাবে) সং, স্ত্রীং, ভক্তের অভিপ্রায়।

ভক্ততূর্য্য (ভক্ত অন্ন—তূর্য্য বিবিধ বাদ্যযন্ত্র) সং, ক্লীং, ভোজনকালে বাদনীয় বাদ্য।

ভক্তদাস (ভক্ত অন্ন—দাস) সং, পুং, অন্নদাস শিং—১"ভক্তদাসশ্চ বিজ্ঞেয়স্তথৈব বাড়বাকৃতঃ।"

ভক্তমণ্ড; সং,ক্লীং, অন্নাগ্রেরস, ভাতের মাড়।

ভক্তবৎসল; বিং, ত্রিং, ভক্তে স্নেহযুক্ত। ২। পুং, বিষ্ণু।

ভক্তি (ভজ্ সেবা করা বা ভনজ্ ভাঙ্গা +তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ, প্রেম। শিং—১ "শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং। ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেৎ নবলক্ষণা।" ২। সেবা। শিং—১ "ভজ ইত্যেষ বৈ ধাতুঃ সেবায়াং পরিকীর্ত্তিতঃ। তস্মাৎ সেবা বুধৈঃ প্রোক্তা ভক্তিঃ সাধনভূয়সী।" ৩। বিভাগ। ৪। রচনা। ৫। ভঙ্গী। ৬। গৌণীবৃত্তি। ৭। উপচার। ৮। অবয়ব। ৯। (+ক্তি—র্ম্ম) অংশ।

ভক্তিমান্ (ভক্তিমৎ, ভক্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভক্তিবিশিষ্ট, যাহার ভক্তি আছে। শিং—১ "গুণবান্ পুত্রবান্ শ্রীমান্ কীর্ত্তিমান্ ভক্তিমান্ ভবেৎ।"

ভক্তিযোগ; সং, পুং, পরমেশ্বরে ভজনসম্বন্ধ। শিং—১ "ভক্তিযোগপ্রকাশায় লোকস্যানুগ্রহায় চ।"

ভক্তিরস; সং, পুং, ভক্তিরূপ রস।

ভক্তিল (ভক্তি সেবা ইত্যাদি—ল যে লয়) বিং, ত্রিং, ভক্তিবিশিষ্ট। ২। সং, পুং, কুলীনাশ্ব, উত্তম ঘোটক। শিং—১"প্রভুভক্তা ভক্তিলাশ্চ কুলীনেষু কুলোৎকটাঃ।"

ভক্ষ (ভক্ষ্ ভোজন করা+অ(অল্)—র্ম্ম) বিং,ত্রিং, ভক্ষণীয়, যাহা ভক্ষণ করা যায়। শিং—১ "মদন্তি [illegible]শরীরভক্ষাঃ।"

ভক্ষক (ভক্ষ্ খাওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, ভক্ষণকারক, ভোক্তা।

ভক্ষ্যকার } ভক্ষস্কার } (ভক্ষ্য খাদ্যদ্রব্য—কার [কৃ প্রস্তুত করা+অ(অন্)—ক] যে প্রস্তুত করে) সং, পুং, খাদ্যদ্রব্যকারক, মিষ্টান্নবিক্রেতা, ময়রা।

ভক্ষণ ( ভক্ষক দেখ, অন(অনট্) — ভা ) সং, ক্লীং, ভোজন, খাদন, খাওয়া।

ভক্ষণীয় } (ভক্ষক দেখ, অনীয়,য(ঘ্যণ্) —
ভক্ষ্য } র্ম্ম ) বিং, ত্রিং, ভোজনীয়, ভক্ষণযোগ্য। ২। ক্লীং, খাদ্যদ্রব্য।

ভক্ষিত (ভক্ষক দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, খাদিত, ভুক্ত।

ভক্ষ্যকার (ভক্ষ্য ভক্ষণীয় — কার [কৃ করা + অ(ষণ্) — ক] যে প্রস্তুত করে) সং,পুং, ভক্ষণীয় বস্তু প্রস্তুতকারক। ২। আপূপিক, পিষ্টকবিক্রয়ী।

ভক্ষ্যপত্রা ; সং, স্ত্রীং, তাম্বূলীলতা।

ভগ ( ভজ্ সেবা করা + গ — র্ম্ম ) সং, ক্লীং, স্ত্রী-যোনি। ২। গুহ্যদেশ। ৩। ঐশ্বর্য্য, বীর্য্য,যশঃ, সৌভাগ্য, জ্ঞান, বৈরাগ্য, এই ছয়। শিং — ১"ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞান বৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতি স্মৃতম্।" ৪। সৌন্দর্য্য, শ্রী। ৫। উৎকর্ষ। ৬। মাহাত্ম্য। ৭। ইচ্ছা। ৮। যত্ন। ৯। ধর্ম্ম। ১০। মোক্ষ। ১১। শক্তি। ১২। পূর্ব্বফাল্গুনীনক্ষত্র। ১৩। (+ গ — ক) পুং, অদিতিগর্ভসম্ভূত দ্বাদশ আদিত্যমধ্যে একজন। ১৪। রবি। ১৫। চন্দ্র।

ভগঘ্ন (ভগ — হন্ নাশ করা + অ(টক্) — ক, দক্ষযজ্ঞধ্বংসকালে ইনি ভগের নেত্র নষ্ট করেন ) সং, পুং, মহাদেব। শিং — ১ "নমস্তে ত্রিপুরঘ্নায় ভগঘ্নায় নমোনমোঃ।"

ভগণ (ভ নক্ষত্র — গণ সমূহ) সং, পুং, কোন গ্রহের একবার দ্বাদশরাশি ভ্রমণের নাম এক ভগণ, দ্বাদশরাশির ভোগকাল। ২। একবার দ্বাদশরাশি ভ্রমণে সমস্ত নক্ষত্র ভোগ হয় বলিয়া ইহার নাম ভগণ, দ্বাদশরাশিসমূহ।

ভগদত্ত ; সং, পুং, কামরূপেশ্বর নৃপবিশেষ, প্রাগ্‌জ্যোতিষাধিপতি, নরকরাজার জ্যেষ্ঠ পুত্র। [সং, ক্লীং, পূর্ব্বফল্গুনীনক্ষত্র।

ভগদৈবত (ভগ যোনি — দৈবত অধিদেবতা)

ভগন্দর (ভগ শিশ্ন, যোনি — দৃ বিদীর্ণকরা + অ(খ) — ক) সং, পুং, গুহ্যদ্বারে ব্রণ-রোগ। শিং — ১ "ভগং পরিসমন্তাদ্‌দ্বে গুদবস্তী তথৈব চ। ভগবদ্দারয়েৎ যস্মাৎ তস্মাদেষ ভগন্দরঃ॥ ভজন্ত্যস্মিন্নিতি ভগং যোনিঃ। ভজন্ত্যনেনেতি ভগং মেহনং। অত্র ভগশব্দেন দ্বয়মপি কথ্যতে। ভগবৎ যোনিবৎ।"

ভগভক্ত (ভগ ধন — ভক্ত, ৭মী — য) বিং, ত্রিং, সক্ত।

ভগভক্ষক ; সং, পুং, নায়ক নায়িকার মেলক, কোটনা।

ভগবদ্গীতা ; সং, স্ত্রীং, ভীষ্মপর্ব্বান্তর্গত কর্ম্মযোগ জ্ঞানযোগ ও ভক্তিযোগসূচক গ্রন্থবিশেষ।

ভগবদ্ভক্ত ; সং, পুং, শ্রীকৃষ্ণভক্তিযুক্ত।

ভগবান্ (ভগবৎ, ভগ ঐশ্বর্য্য ইত্যাদি + বৎ(বতু) — অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভগযুক্ত, ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণসম্পন্ন। ২। পূজ্য,মান্য। ৩। সং, পুং, পরমেশ্বর, ঈশ্বর। ৪। বুদ্ধ। বতী — স্ত্রীং,সর্ব্বদেবীগণের সর্ব্বগুণসম্পন্না দুর্গা। ২। পূজ্যা। শিং — ১ "ধাতুর্ভজেতি সেবায়াং ভগবত্যেব সা স্মৃতা।"

ভগশাস্ত্র ; সং, ক্লীং, কামশাস্ত্র।

ভগস্থান—স্থূলমণ্ডলাভিমানী দেবতার স্থান।

ভগহা (ভগহন্, ভগ — হন্ নাশ করা + ০ (ক্বিপ্) — ক। সংহারকালে যিনি ঐশ্বর্য্য নষ্ট করেন) সং, পুং, বিষ্ণু।

ভগাঙ্কুর ( Clitoris, ভগ যোনি — অঙ্কুর ) সং, পুং, যোনিদ্বারের উপরিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্রমাংসপিণ্ডবিশেষ। ২। চিকু।

ভগাল (ভগ শিব — অল্ ভূষিত করা + অ(অন্) - ক) সং, ক্লীং, নৃকরোটি, মানু-ষের মাথার খুলি।

ভগালী (ভগালিন্, ভগাল মাথার খুলি + ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, শিব।

ভগিনী } ( ভগ যত্ন + ইন্ — অস্ত্যর্থে,
ভগ্নী } ঈপ্ — স্ত্রীং। যাহার পিত্রাদিকে দান করিতে অথবা তাহাদের নিকট দ্রব্য গ্রহণে যত্ন আছে। অথবা ভনজ্ ভগ্ন করা + ক্ত — ক, ঈপ্) সং,স্ত্রীং, সহোদরা, স্বসা। ২। স্ত্রীমাত্র। শিং — ১ "পরিগৃহ্য চ বামাঙ্গী ভগিনী প্রকৃতির্নরী।"

ভগীরথ ; সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ

দিলীপরাজার পুত্র; ইনিই পৃথিবীতে গঙ্গার অবতারণা করেন।

ভগেশ (ভগ ঐশ্বর্য্য—ঈশ প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, ঐশ্বর্য্যের প্রভু।

ভগোল (ভ নক্ষত্র—গোল গোলাকার পদার্থ) সং, পুং, রাশিচক্র।

ভগোস্ (ভগবৎ মান্য+ওস্—প্রং) অং, সম্ভ্রমসূচক সম্বোধন, হে ভগবন্!

ভগ্ন (ভন্জ্ ভগ্ন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। ২। নিরস্ত। ৩। অপমানিত। ৪। ছিন্ন। ৫। (+ক্ত—ক) খণ্ডিত, ভাঙ্গা। ৬। বিনষ্ট। ৭। ক্লীং, রোগবিশেষ।

ভগ্নপাইক (ভগ্ন—পাইক পদাতিক শব্দজ) সং, পুং, যে পদাতি যুদ্ধে ভঙ্গ দিয়া রাজাকে শুভাশুভ সংবাদ দেয়, ভগ্নদূত।

ভগ্নপাদ; সং, ক্লীং, যে নক্ষত্রের তৃতীয় বা প্রথমপাদ রাশ্যন্তরে যোগ হয় এরূপ নক্ষত্র।

ভগ্নপৃষ্ঠ (ভগ্ন অপমানিত—পৃষ্ঠ। পশ্চাৎস্থিত বিষয়ে অমনোযোগী) সং, পুং, পশ্চাদ্ভাগ। ২। সম্মুখভাগ। ৩। বিং, ত্রিং, পশ্চাৎবর্ত্তী। ৪। যাহার পৃষ্ঠদেশ ভাঙ্গিয়া গিয়াছে। [বিশেষ, রচনার ক্রমভঙ্গ।

ভগ্নপ্রক্রম; সং, পুং, কাব্যগত বাক্যদোষ-

ভগ্নপ্রক্রমতা; সং, স্ত্রীং, কাব্যের দোষবিশেষ। [রোগবিশেষ।

ভগ্নসন্ধি; সং, পুং, শরীরস্থ সন্ধিস্থান ভঙ্গ-

ভগ্নসন্ধিক (ভগ্ন—সন্ধি মিলন+কণ্—যোগ। মন্থন দ্বারা যাহা বিভক্ত হয়) সং, ক্লীং, তক্র, ঘোল।

ভগ্নাংশ (Fraction) যে রাশি দ্বারা একের অংশ ব্যক্ত করা যায়, ভাঙ্গা-অঙ্ক।

ভগ্নাত্মা (ভগ্নাত্মন্, ভগ্ন খণ্ডিত—আত্মন্ দেহ, ৬ষ্ঠী—হিং। চন্দ্র বৃহস্পতিপত্নীর সতীত্ব হরণ করাতে শিব ইহাকে ত্রিশূল দ্বারা দ্বিখণ্ডিত করিয়া এই দণ্ড প্রদান করিয়াছিলেন বলিয়া চন্দ্রের ভগ্নাত্মা নাম হইল) সং, পুং, চন্দ্র।

ভগ্নাশ (ভগ্ন—আশা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হতাশ, অভীষ্টের প্রতিঘাতযুক্ত।

ভঙ্ক্তা (ভঙ্ক্তৃ, ভনজ্ ভাঙ্গা+তৃন্—ক) বিং, ত্রিং, ভ...কারক।

ভঙ্কারী, ভঙ্গ... সং, স্ত্রীং, বাদুড়। ২। দংশ, ডাঁ...

ভঙ্গ (ভগ্ন ... অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরাজয় ...। প্রতিবন্ধ। ৩। ভগ্নহওয়া, নাশ। ...নি। ৫। নিরাস। ৬। ভেদ, বিদার... । ব্যসন। ৮। ভঙ্গী। ৯। ভয়। ... রচনা। ১১। (+ঘঞ্—ক) তরঙ্গ, ...। ১২। (+ঘঞ্—র্ম্ম) খণ্ড। ১৩। (...ঞ্—ণ) রোগ। ঙ্গা—স্ত্রীং, ভাঙ, ...।

ভঙ্গপ্রবণ (...tle) বিং, ত্রিং, ভঙ্গুর, যাহা সহজে ...ঙ্গিয়া যায়; যেমন কাচ প্রভৃতি।

ভঙ্গলয় (...ঙ্গ—লয়) সং, পুং, তর্কখণ্ডন, তর্কসিদ্ধি।

ভঙ্গবাসা; সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

ভঙ্গসার্থ (ভঙ্গ [ভঙ্গকরণ] শঠতা, ক্রূরতা ইত্যাদি—স সহিত—অর্থ অভিপ্রায়) বিং, ত্রিং, কুটিল, ক্রূর।

ভঙ্গান (ভঙ্গ তরঙ্গ—অন্ জীবিত থাকা +ঘ(অন্)—ক) সং, পুং, ভাঙ্গনমাছ।

ভঙ্গি } (ভগ্ন দেখ, ইন্—ভাবে) সং, স্ত্রীং,
ভঙ্গী } ভঙ্গ। ২। চাতুরী। ৩। ব্যঙ্গ্য। ৪। ভঙ্গিমা। শিং—১"ভঙ্গী শতং নয়নয়োরপি চাতুরীঞ্চ।" (উদ্ভট)। ৫। শোভা। ৬। পাব। ৭। রচনা। ৮। (+ইন্—ক) তরঙ্গ।

ভঙ্গিমা (ভঙ্গিমন্, ভঙ্গ+ইমন্—ভাবে) সং, পুং, ভঙ্গি, শোভা। শিং—১ "প্রাণনাথ কিমেতত্তে বেশবিন্যাসভঙ্গিমা।"

ভঙ্গিমান্ (ভঙ্গিমৎ, ভঙ্গি তরঙ্গ+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, তরঙ্গের ন্যায় পর্য্যায়ক্রমে উচ্চ ও নিম্ন, ঢেউখেলানে। ২। তরঙ্গযুক্ত।

ভঙ্গীল, সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়ের বৈকল্য।

ভঙ্গুর (ভগ্ন দেখ, ঘুর—ক, শীলার্থে) বিং, ত্রিং, বক্র, বাঁকা। ২। ক্রূর। ৩। ভঙ্গশীল, ভঙ্গপ্রবণ। ৪। বিনশ্বর। শিং—১ শরীরং ক্ষণভঙ্গুরম্।" ৫। সং, পুং, নদীর বাঁক।

ভচক্র; সং, ক্লীং, রাশিচক্র।

ভজন (ভজ্ সেবাকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, পূজা। ২। উপাসনা, আরাধনা, সেবা। শিং—১ "দারাস্তে যে ভজনসহায়াঃ।" ৩। আশ্রয়গ্রহণ, শরণাগত হওয়া। ৪। ভাগ। ৫। দেবাদির উদ্দেশে গীত ও স্তবোগীতিকে ভজন বলে।

ভজমান } (ভজন দেখ, আন(শান), অৎ
ভজৎ } (শতৃ)—ক) বিং, ত্রিং, সেবমান, উপাসনাকারী। ২। বিভাজক। ৩। ন্যায্য, উপযুক্ত।

ভজ্যমান (ভজন দেখ, আন(শান)—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, বিভজ্যমান। ২। যাহা ভাগ করা যায়। ৩। সেব্যমান। ৪। (ভন্জ্ ভগ্ন করা+আন(শান)—র্ম্ম। য, ম—আগম) খণ্ড্যমান।

ভঞ্জক (ভঞ্জন দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, ভঞ্জনকারক, নিরাসক। ২। ভগ্নকারক।

ভঞ্জন (ভন্জ্ ভগ্ন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভঙ্গ। ২। ভগ্নকরণ। ৩। নিরসন। ৪। বিং, ত্রিং, ভঞ্জক। [রোগবিশেষ।

ভঞ্জনক (ভঞ্জন+কণ্—যোগ) সং, পুং, মুখ-

ভট (ভট্ পোষণ করা ইত্যাদি+অ(অন্)—ক) সং, পুং, যোধ, যোদ্ধা। ২। বীর। ৩। ম্লেচ্ছবিশেষ। ৪। পামর। ৫। বর্ণসঙ্কর জাতিবিশেষ। শিং—১ "বর্দ্ধকারাদ্ভটো জাতো নটিক্যাং বরবাহকঃ।" ৬। রজনীচর। টা—স্ত্রীং, ইন্দ্রবারুণী।

ভটিত্র (ভট দেখ, ইত্র—ণ) বিং, ত্রিং, শূল্যমাংসাদি, শলাকা দ্বারা বিদ্ধ করিয়া পক্ব মাংসাদি।

ভট্ট (ভট্+অন্—ক) সং, পুং, যে ব্রাহ্মণ বেদ চতুষ্টয়ের এক খানি কণ্ঠস্থ করিয়াছেন এবং মুখে মুখে আদ্যোপান্ত যথাযথ আবৃত্তি করিতে পারেন, তিনিই এই উপাধি পাইবার যোগ্য, পণ্ডিত। ২। দর্শনশাস্ত্রজ্ঞ। ৩। অধ্যাপক। ৪। স্তুতিপাঠক, ভাট। কুলপঞ্জিকা কীর্ত্তন প্রভৃতি ইহাদের কার্য্য। শিং—১ "বৈশ্যায়াং শূদ্রবীর্য্যেণ পুমানেকো বভুব হ। স ভট্টো বাবদূকশ্চ সর্ব্বেষাং স্তুতিপাঠকঃ।" ৫। (+অন্—ভা) স্বামিত্ব।

ভট্টনারায়ণ—আদিশূরের আনীত পঞ্চ ব্রাহ্মণের মধ্যে একজন।

ভট্টাচার্য্য (ভট্ট তুতাত ভট্ট—আচার্য্য উদয়নাচার্য্য) সং, পুং, যে ব্রাহ্মণ তুতাত ভট্টের মীমাংসা ও উদয়নাচার্য্যের ন্যায় সংগ্রহ অধ্যয়ন করিয়া কৃতবিদ্য হইয়াছেন তিনিই এই উপাধি পাইবার যোগ্য, দর্শনশাস্ত্রজ্ঞ। ২। বেদাধ্যায়ী ব্রাহ্মণেরও এই উপাধি। ৩। অধ্যাপক।

ভট্টার (ভট্ট স্বামিত্ব—ঋ গমন করা বা পাওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, মান্য, পূজ্য।

ভট্টারক (ভট্ট এখানে ক্ষমতা—ঋ গমন করা বা পাওয়া+অ(অন্)—ক, কণ্—যোগ) সং, পুং, নাট্যোক্তিতে—রাজা। ২। মুনি। ৩। পণ্ডিত। ৪। দেবতা। ৫। সূর্য্য। ৬। বিং, ত্রিং, পূজ্য।

ভট্টারকবার; সং, পুং, রবিবার। শিং—১ "সখে স্নায়ুনির্ম্মিতপাশাস্তদদ্য ভট্টারকবারে কথমেতান্ দন্তৈঃ স্পৃশামি।"

ভট্টি; সং, পুং, ভর্ত্তৃহরিপ্রণীত স্বনামপ্রসিদ্ধ রামকথাশ্রয় মহাকাব্য।

ভট্টিনী (ভট্ট স্বামিত্ব+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—অকৃতাভিষেকা মহিষী। ২। ব্রাহ্মণভার্য্যা।

ভড়; সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভড়ং—একপ্রকার শুষির যন্ত্র। ইহা দূরবীক্ষণ যন্ত্রাকার ও তাহারই ন্যায় একটী নলের ভিতর আর একটী এইরূপ স্তবকে স্তবকে থাকে, বাজাইবার সময় বড় করিয়া লওয়া হয়। ইহা প্রাচীনকালের যুদ্ধযন্ত্র।

ভড়িল (ভড়্ [সৌত্রধাতু] সুখী হওয়া+ইল—প্রং) সং, পুং, সেবক, ভৃত্য। ২। শূর, বীর। ৩। ঋষিবিশেষ।

ভণিত (ভণ্ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, উচ্চারিত। শিং—১ "শ্রীজয়দেব ভণিতমিদমদ্ভুতকেশবকেলিরহস্যম্।" ২। (+ক্ত—ভাবে) সং ক্লীং, কথন।

ভণিতা—গ্রন্থকর্ত্তা বা রচয়িতার নাম প্রকাশ করণ।

ভণিতি ( ভণিত দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, বাক্য, কথা, কথন।

ভণ্টাকী ( ভট্ পোষণ করা+আক—ক, ম—আগম) সং, স্ত্রীং, বার্ত্তাকী, বেগুণ। ২। বৃহতী, ব্যাকুড়।

ভণ্ড (ভন্ড্ ভাঁড়াম করা+অ(অন্)—ক) সং, পুং, কৌতুকী, মস্করা, ভাঁড়। ২। অপ্রকৃত। [পক্ষী।

ভণ্ডক (ভণ্ড+কণ্—যোগ) সং, পুং, খঞ্জন

ভণ্ডতপস্বী ( ভণ্ড প্রতারক—তপস্বী ) সং, পুং, ভক্তবিটেল, কপটতপস্বী, বকধর্ম্মী।

ভণ্ডন (ভন্ড্ প্রতারণা করা ইত্যাদি, অন (অনট্)—ভা) সং, ক্লীং, প্রতারণা, ভাঁড়ান। ২। (+অনট্—ণ) কবচ,সাঁজোয়া। ৩। (+অনট্—ধি) যুদ্ধ।

ভণ্ডহাসিনী ( ভণ্ড ভাঁড়—হাসিনী যে হাস্য করে) সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।

ভণ্ডামী (দেশজ) সং, চাতুরী, ছল, ভণ্ডতা।

ভণ্ডি (ভন্ড্ মাঙ্গলিক হওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, বীচি, তরঙ্গ, ঢেউ।

ভণ্ডিকা, ভণ্ডী } ( ভণ্ডি+কণ—যোগ )
ভণ্ডীতকী, ভণ্ডীরী } সং,স্ত্রীং, মঞ্জিষ্ঠা লতা

ভণ্ডির, ভণ্ডীর } (ভন্ড্ মাঙ্গলিক হওয়া,
ভণ্ডিল, ভণ্ডীল } সুখী হওয়া ইত্যাদি+ ইর, ঈর—ণ। র=ল) সং, পুং, শিরীষ বৃক্ষ।

ভণ্ডুক (ভন্ড্ মাঙ্গলিক হওয়া+উক—ক) সং, পুং, মৎস্যবিশেষ, ভাঙ্গর।

ভদন্ত (ভন্দ্ প্রীত হওয়া+অন্ত—ক) বিং, ত্রিং, মান্য, পূজ্য। ২। সম্ভ্রান্ত। ৩। সং, পুং, বৌদ্ধবিশেষ।

ভদাক ( ভন্দ্ শুভ হওয়া+আক—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, মঙ্গল, শুভ।

ভদ্র ( ভদন্ত দেখ, র(রক্)—ক ) সং, ক্লীং, সৌভাগ্য। ২। মঙ্গল। ৩। মুস্তকবিশেষ। ৪। সুবর্ণ। ৫। (ক্রিয়াবিশেষ) ভাল। ৬। সং, পুং, শিব। ৭। দিক্‌হস্তীবিশেষ। ৮। বৃষভ। ৯। গজবিশেষ। ১০। সমূহ। ১১। খঞ্জনপক্ষী। ১২। কদম্ববৃক্ষ। ১৩। রামের চরবিশেষ। ১৪। শ্রীকৃষ্ণের লীলাকাননবিশেষ। ১৫। বলভদ্র। ১৬। জিনবিশেষ। ১৭। রামভদ্র। ১৮। মৌলিকের পঙ্‌ক্তিবিশেষ। ১৯। বিং,ত্রিং, ভাগ্যবন্ত,কুশলী। ২০। শ্রেষ্ঠ। ২১। মঙ্গলজনক। ২২। অনায়াস। ২৩। সাধু। ২৪। ক্লীং, স্ত্রীং, করণবিশেষ।

ভদ্রক (ভদ্র+কণ্—যোগ) সং, ক্লীং, মুস্তকবিশেষ, ভদ্রমুস্তা। ২। পুং, দেবদারুবৃক্ষ। ৩। বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর।

ভদ্রকালী (ভদ্র শিব—কল্ [প্রেরণ করা] নিকটবর্ত্তী হওয়া+অ(অণ্)—ক, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ভগবতীর মূর্ত্তিবিশেষ; ইনি দক্ষযজ্ঞ নাশসময়ে দেবীক্রোধ হইতে উৎপন্না হইয়া বীরভদ্রের সহিত তৎকার্য্য করিয়াছিলেন। শিং—১ "মহামায়া ভদ্রকালী হিত্বা খড়্গেন কাশরং। পপৌ তস্য চ রক্তানি ব্যাদিতাস্যাতিভীষণা।"

ভদ্রকুম্ভ (ভদ্র কুশলী—কুম্ভ কলস) সং, পুং, মঙ্গলার্থ পূর্ণকুম্ভ, জলপূর্ণঘট।

ভদ্রগন্ধিকা (ভদ্র শুভলক্ষণবিশিষ্ট—গন্ধ+কণ্—অস্ত্যর্থে। ই—আগম, আপ্—স্ত্রীং, কোন কোন গ্রন্থে এই শব্দের পরিবর্ত্তে ভদ্রাগ্নিকা শব্দের প্রয়োগ আছে) সং, স্ত্রীং, মুস্তক, মুথা।

ভদ্রঙ্কর (ভদ্র মঙ্গল—কৃ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, ক্ষেমঙ্কর, মঙ্গলকারক।

ভদ্রচূড়; সং, পুং, লঙ্কাসিজ।

ভদ্রজ; সং, পুং, ইন্দ্রযব।

ভদ্রতরুণী; সং, স্ত্রীং, কুব্জকবৃক্ষ।

ভদ্রতুঙ্গ; সং, পুং, তীর্থবিশেষ।

ভদ্রতুরগ; সং, ক্লীং, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

ভদ্রদারু ( ভদ্র শ্রেষ্ঠ—দারু কাষ্ঠ ) সং, পুং—ক্লীং, দেবদারুবৃক্ষ।

ভদ্রনামা (ভদ্রনামন্, ভদ্র—নামন্ নাম) সং, পুং, কাঠঠোক্‌রা পাখী।

ভদ্রপীঠ; সং, ক্লীং, নৃপদেবাদির অভিষেকার্থ পীঠবিশেষ।

ভদ্রবলন (ভদ্র—বল্ বলিষ্ঠ হওয়া+অন (অনট্)—ক) সং, পুং, বলরাম।

ভদ্রবলা; সং, স্ত্রীং, গন্ধভাদালিয়া লতা।

ভদ্রমুখ ; বিং, ত্রিং, ভদ্রতাসূচকমুখযুক্ত, সৌম্যদর্শন।

ভদ্রমুস্তক—পুং } (ভদ্র সৌভাগ্যশালী—ভদ্রমুস্তা—স্ত্রীং } মুস্তক, মুস্তা=মুতা) সং, নাগর মুস্তক, নাগর মুতা।

ভদ্রযব (ভদ্র ভাগ্যবন্ত—যব) সং, ক্লীং, ইন্দ্রযব। [পুং, ইন্দ্রহস্তী, ঐরাবত।

ভদ্ররেণু (ভদ্র কুশলী—রেণু ধূলি) সং,

ভদ্রবট ; সং, ক্লীং, আশ্রমবিশেষ। ২। তীর্থবিশেষ। [লতা।

ভদ্রবর্ষ্মা ( ভদ্রবর্ষ্মন্ ) সং, পুং, নবমল্লিকা

ভদ্রশ্রয় (ভদ্র কুশলী—শ্রয় [আশ্রয়] উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, চন্দন।

ভদ্রশ্রী (ভদ্র অত্যুত্তম—শ্রী শোভা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দনবৃক্ষ। ২। সাধুসম্পৎ। ৩। বিং, ত্রিং, সশ্রীক।

ভদ্রসেন ; সং, পুং, বসুদেবের পুত্রবিশেষ।

ভদ্রসোমা (ভদ্র শিব—স [সহিত] তুল্য—উমা শিবপত্নী। যিনি উমার ন্যায় এই দেবতার তুল্য প্রিয়া) সং, স্ত্রীং, গঙ্গা।

ভদ্রা (ভদ্র দেখ, আপ্—স্ত্রীং) সং,স্ত্রীং,রাস্না। ২। কৃষ্ণা। ৩। ব্যোমনদী। ৪। গঙ্গার একটী শাখা স্রোত, উত্তর কুরুবর্ষে প্রবাহিত। ৫। তিথিবিশেষ, দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী তিথি। ৬। কট্‌ফল। ৭। অনন্তা। ৮। জীবন্তী। ৯। অপরাজিতা। ১০। নীলী। ১১। বচা। ১২। দন্তী। ১৩। হরিদ্রা। ১৪। শ্বেতদূর্ব্বা। ১৫। গো। ১৬। কাকোড়ুম্বরিকা। ১৭। শ্রীকৃষ্ণের পত্নীবিশেষ। ১৮। কাক্ষীবানের তনয়া, ব্যুষিতাশ্বের পত্নী। ১৯। সূর্য্যের কন্যা, ছায়াগর্ভসম্ভূতা। ২০। কৃষ্ণভগ্নী সুভদ্রা। ২১। বিষ্টির শেষ তিন দণ্ড।

ভদ্রাকরণ ; সং, ক্লীং, মুণ্ডন, কামান।

ভদ্রাকৃত (ভদ্র [ডাচ্]—কৃত) বিং, ত্রিং, মঙ্গলপূর্ব্বক মুণ্ডিতমস্তক।

ভদ্রাঙ্গ (ভদ্র—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম।

ভদ্রাত্মজ ( ভদ্র লৌহ—আত্মজ জাত, ৫মী—ষ) সং, পুং, অসি, খড়্গ।

ভদ্রারক (ভদ্র সৌভাগ্য—ঋ গমন করা বা পাওয়া+অক(ণক)—ক) সং, পুং, পৃথিবীর অন্তর্গত অষ্টাদশ ক্ষুদ্র দ্বীপের এক দ্বীপ।

ভদ্রাশ্ব (ভদ্র কুশলী—অশ্ব ঘোটক) সং, পুং, পৃথিবীর নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

ভদ্রাশ্রয় (ভদ্র কুশলী—আশ্রয় বাসস্থান, বাস) সং, পুং, চন্দনবৃক্ষ।

ভদ্রাসন (ভদ্র শ্রেষ্ঠ—আসন বসিবার স্থান, ষং—স) সং ক্লীং, সিংহাসন। ২। বসতিবাটী। ৩। বীরাসন।

ভদ্রেশ্বর (ভদ্র—ঈশ্বর) সং, পুং, কল্পগ্রামস্থ শিবমূর্ত্তি। ২। স্বনামপ্রসিদ্ধ গ্রাম।

ভন্দিল (ভন্দ্ শুভ হওয়া+ইল—সংজ্ঞার্থে) সং, শুভ, মঙ্গল।

ভপতি (ভ নক্ষত্র—পতি প্রধান) সং, পুং, নক্ষত্রনাথ, চন্দ্র। [নক্ষত্রচক্র, রাশিচক্র।

ভপঞ্জর ( ভ নক্ষত্র—পঞ্জর ) সং, ক্লীং,

ভম্ভ ( ভম্ অনুকরণশব্দ—ভা শব্দকরা, দীপ্তিপাওয়া ইত্যাদি+অ(ড)—ক) সং, পুং ধূম, ধূঁয়া। ২ মক্ষিকা, মাছি।

ভম্ভরালিকা (ভম্ভরালী মক্ষিকা+ক—যোগ) সং, স্ত্রীং, দংশ, ডাঁশ।

ভম্ভরালী ( ভম্ অনুকরণশব্দ, দ্বিত্ব—রা করা+লচ্—ক। যে " ভম্ভম্ " এই শব্দ করে ) সং, স্ত্রীং, বৃহৎ মক্ষিকা।

ভম্ভাসার সং, পুং, মগধদেশের নৃপবিশেষ।

ভয় ( ভী ভীতহওয়া+অ(অল)—ভা) সং,ক্লীং, ত্রাস,শঙ্কা আতঙ্ক। ২। (+অল্—পা) ভয়হেতু। [ত্রিং, ভয়কারক।

ভয়ংকর (ভয়—কৃ করা+অ(খন্)—ক) বিং,

ভয়ঙ্কর, ভয়াবহ (ভয়—কৃ করা+অ(খ)—ক। ভয়—আ—বহ বহনকরা+অ অন্—ক ) বিং, ত্রিং, ভয়জনক, ভীষণ, ঘোর।

ভয়ডিণ্ডিম ; সং,পুং, সংগ্রাম পটহ,রণবাদ্য।

ভয়দ ( ভয়—দা দান করা+অ(ড)—ক ) বিং, ত্রিং, ভীষণ।

ভয়দ্রুত ( ভয়—দ্রুত পলায়িত, ৩য়া—ষ ) বিং, ত্রিং, ভয়ে পলায়িত।

ভয়নাশন ( ভয়—নশ্-ণিচ্=নাশি নাশ-করা + অন(অনট্)—ক ) বিং, ত্রিং, ভয়নিবারক। ২। সং, পুং, বিষ্ণু। নী—স্ত্রীং, বিং, ভয়নিবারণকর্ত্রী—স্ত্রীং, ত্রায়-মাণ লতা। [ভয়ে পলায়িত।

ভয়ভ্রষ্ট ( ভয়—ভ্রষ্ট, ৩য়া—ষ ) বিং, ত্রিং,

ভয়ানক ( ভী ভীতহওয়া+আনক—পা ) সং,পুং, কাব্যে—রসবিশেষ,ভয় যে রসের স্থায়ি ভাব। ২। ব্যাঘ্র। ৩। রাহু। বিং, ত্রিং ভয়ঙ্কর, ভয়জনক।

ভয়াপহ ( ভয় শঙ্কা—অপ—হা ত্যাগ-করা+অ(ড)—ক ) বিং, ত্রিং, ভয়-নাশক। ২। সং, পুং, রাজা। ৩। বিষ্ণু।

ভয়াবহ (ভয়—আবহ) বিং, ত্রিং, ভয়জনক।


ভর (ভৃ পোষণ করা+অ(অল)—ভাবে ) সং, পুং, আধিক্য। ২। ভরণ। ৩। গৌরব। ৪। ভার। ৫। পূরণ। ৬। (+অল —র্ম্ম) সমূহ। ৭। (+অন্ —ক ) বিং, ত্রিং, ভরণকর্ত্তা।

ভরগ ( ভর অতিশয়—গম্ গমনকরা+অ(ড)—ক) বিং ত্রিং, অতিশয় গমনশীল।

ভরট ( ভর দেখ, অট—সংজ্ঞার্থে ) সং, পুং, কুম্ভকার, কুমার।

ভরণ(ভর দেখ, অন(অনট্)—ভাবে) সং,ক্লীং, পূরণ।২। পোষণ, প্রতিপালন। ৩। ধারণ। ৪। (+অনট্—ণ) বেতন।

ভরণী (ভরণ দেখ, ঈপ্) সং, স্ত্রীং, অশ্বি-ন্যাদি সপ্ত-বিংশতি নক্ষ-ত্রান্তর্গতদ্বিতীয় নক্ষত্র। ইহা তিনটী নক্ষত্র-যুক্ত ত্রিকোণা-কার। ইহার অধিষ্ঠাত্রী দে-বতা যম। ইহার জাতফল, যথা—"সদা-পকীর্ত্তির্হি মহাপবাদো নানাবিনোদৈশ্চ বিনীতকালঃ। জলে বিলাসী চপলঃ খলঃ স্যাৎ প্রাণি প্রণীতো ভরণীযু জাতঃ।"



ভরণী (নক্ষত্র)।

ভরণীভূ ( ভরণী নক্ষত্রবিশেষ—ভূ জাত ) সং, পুং, রাহুগ্রহ।

ভরণীয় ( ভর দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, ভরণযোগ্য, পোষ্য।

ভরণ্ড ( ভর দেখ, অণ্ড—সংজ্ঞার্থে ) সং, পুং,প্রভু, স্বামী,রাজা।২। বৃষ। ৩। কৃমি।

ভরণ্য ( ভরণ পোষণ + য(ষ্য)—ভা ) বিং, ত্রিং, ভরণীয়। সং ক্লীং, ণ্যা—স্ত্রীং, ভৃতি।

ভরণ্যভুক্ ( ভরণ্যভুজ্ ভরণ্য বেতন—ভুজ্ ভোজন করা + ০(কিপ্)—ক ) বিং, ত্রিং, বেতনগ্রাহী কর্ম্মকর, বেতন লইয়া কর্ম্মকারী।

ভরণ্যু ( ভর দেখ, অন্যু—সংজ্ঞার্থে ) সং, পুং, মিত্র, বন্ধু। সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি। ৪। স্বামী। ৫। ঈশ্বর।

ভরত ( ভৃ পালনকরা+অত(অতচ্)—ক। অথবা ভর—তন্ বিস্তারকরা+অ(ড)—ক ) সং, পুং, দশরথ রাজার মধ্যম পুত্র। ২। ( মহাভারতে—যত্ন পূর্ব্বক আত্মজের ভরণপোষণ করুন। "ভরণ করুন" এই দৈববাণী দুষ্মন্তের প্রতি হওয়াতে তাঁহার পুত্রের নাম ভরত হইল) শকুন্তলাগর্ভজাত দুষ্মন্তরাজপুত্র প্রিয়ব্রত বংশজাত ভরত-রাজা। ইনি জন্মান্তরে জড়ভরত বলিয়া বিখ্যাত হন। ৩। তদ্বংশ। ৪। নাট্যশাস্ত্র-প্রণেতা মুনি। ৫। নট। ৬। ভরতসূত্র। ৭। নায়ক। ৮। নাট্যশাস্ত্র। ৯। শালগ্রাম-বাসী রাজর্ষিবিশেষ। ১০। শবর, ব্যাধ। ১১। তন্তুবায়। ১২। রাজা।

ভরতখণ্ড ; সং, ক্লীং, ভারতবর্ষান্তর্গত কুমারিকাখণ্ড।

ভরতপুত্রক ( ভরত নাট্যশাস্ত্রপ্রণেতা—পুত্র+কণ্—তুল্যার্থে ) সং, পুং, অভি-নয়কারক, নট।

ভরতপ্রসূ ; সং, স্ত্রীং, ভরতমাতা কৈকেয়ী। ২। শকুন্তলা। ৩। ঋষভদেবের পত্নী।

ভরতাগ্রজ (ভরত—অগ্রজ জ্যেষ্ঠ) সং,পুং, রামচন্দ্র।

ভরদ্বাজ (ভর—দ্বা—জ জাত। দ্বাজ অর্থাৎ আমাদের উভয় ভ্রাতাদ্বারা উৎপন্ন এই পুত্রকে ভর অর্থাৎ প্রতিপালন কর; বৃহস্পতি মমতাকে ইহা বলিয়াছেন, এই নিমিত্ত

পুত্রের নাম ভরদ্বাজ হইল। অন্য প্রকার ব্যুৎপত্তি, যথা-ভৃ ভরণকরা+অৎ(শতৃ)—ক=ভরৎ—বাজ। শিং—১ "হে মূঢ়ে মমতে দ্বাজং দ্বাভ্যামাবাভ্যাং জাতমিমং পুত্রং স্বং ভর রক্ষ।"—ততো ভরদ্বাজাখ্যো-হয়ং) সং, পুং, উতথ্যপত্নী মমতার গর্ভে বৃহস্পতির ঔরসজাত মুনিবিশেষ। ২। পক্ষিবিশেষ,ভারুইপাখী।

ভরম (ভৃ ভরণকরা+অম(অমচ)—ক) বিং, ত্রিং, ভরণকর্ত্তা। [হরিদ্বর্ণ, সবুজ রঙ।

ভরিণী (ভরিত হরিদ্বর্ণ+ঈ—প্রং) সং,স্ত্রীং,

ভরিত (ভৃ পালনকরা+ইত—র্ম্ম) বিং, ত্রিং, পালিত। ২। পূরিত। ৩। ভয়যুক্ত। ৪। হরিদ্বর্ণ। ৫। (ভর+ইত—যুক্তার্থে) ভারযুক্ত।

ভরিমা (ভরিমন, ভৃ পোষণকরা+ইমন্—ভা) সং, পুং, ভরণ, প্রতিপালন।

ভরু (ভৃ পোষণকরা+উ—ক, সংজ্ঞার্থে) সং, পুং, বিষ্ণু। ২। শিব। ৩। সমুদ্র। ৪। স্বামী। ৫। স্বর্ণ।

ভরুজ; সং, পুং, ক্ষুদ্র শৃগাল।

ভরুটক; সং,ক্লীং, ভৃষ্ট আমিষ,ভাজা মাংস।

ভর্গ (ভ্রস্জ্ ভর্জ্জনকরা+অ(ঘঞ্)—ক) সং, পুং, শিব। ২। ব্রহ্মা। ৩। সূর্য্যস্থ ঐশ তেজঃ। শিং—১ "আদিত্যান্তর্গতং বর্চো ভর্গাখ্যং তন্মুমুক্ষুভিঃ।" ৪। (+(ঘঞ্)—ভাবে) ভর্জ্জন।

ভর্জ্জন (ভ্রস্জ্ ভাজা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভৃষ্টকরণ, ভাজন, ভাজা।

ভর্ত্তব্য (ভৃ পোষণকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, পোষণীয়, প্রতিপাল্য।

ভর্ত্তা (ভর্ত্তৃ, ভৃ পালনকরা+তৃ(তৃন্)—ক) সং, পুং, পতি, স্বামী। ২। অধিপতি। ৩। রাজা। ৪। প্রভু। ৫।বিং,ত্রিং, পালনকর্ত্তা। ৬। ধারণকর্ত্তা। ৭। পোষক। ৮। পুং, বিষ্ণু। ত্রী—স্ত্রীং, পালনকর্ত্রী।

ভর্ত্তৃঘ্নী (ভর্ত্তৃ—হন্ বধকরা+অ(টক)—ক, ঈপ্) স্ত্রীং, বিং, পতিঘাতিনী।

ভর্ত্তৃতাংগত (ভর্ত্তৃতাং [ভর্ত্তৃ শব্দের দ্বিতীয়ার একবচনে] স্বামিত্বকে—গত প্রাপ্ত) বিং, ত্রিং, অধীনস্থ, বিবাহিত।

ভর্ত্তৃদারক (ভর্ত্তৃ প্রভু—দারক পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, নাট্যে—রাজপুত্র। রিকা—স্ত্রীং, রাজকন্যা।

ভর্ত্তৃহরি (ভর্ত্ত রাজা, প্রধান—হরি বিষ্ণু) সং, পুং, বিক্রমাদিত্যের জ্যেষ্ঠ ভ্রাতা, ভট্টিকাব্যপ্রণেতা। ২। বাক্যপদীয় কর্ত্তা বৈয়াকরণ কবিবিশেষ।

ভর্ৎসন (ভর্ৎস ভর্ৎসনাকরা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, না—স্ত্রীং, কুৎসা, নিন্দা। ২। তর্জ্জন। ৩। তিরস্কার।

ভর্ৎসিত (ভর্ৎসন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত। ২। তিরস্কৃত।

ভর্ম্ম } (ভৃ পালনকরা+মন্, মনিন্
ভর্ম্মন্ } —ণ) সং, ক্লীং, ভৃতি, বেতন। ২। স্বর্ণ। ৩। ভরণ। ৪। নাভিনাড়ী। ৫। (—ভাবে) পোষণ।

ভর্ম্মণ্যা (ভর্ম্মন্ ভৃতি+য—প্রং) সং, স্ত্রীং, ভৃতি, বেতন।

ভলন্দন সং, পুং, কান্যকুব্জদেশীয় নৃপতি-বিশেষ।

ভল্ল (ভল্ল বধকরা+অ(অন্)—ক) সং, পুং, ভালুক। ২। (+অল্—ণ) পুং—ক্লীং,বাণবিশেষ, শুহীদলতুল্য ফলক অস্ত্র, ভালা।

ভল্লক } (ভল্ল+কণ্—যোগ। ভল্ল্ হানি
ভল্লুক } করা+উক—ক) সং, পুং, ঋক্ষ,
ভল্লূক } ভালুক। কা, কী—স্ত্রীং, স্ত্রী-ভালুক।

ভল্লাট; সং, ক্লীং, শশিধ্বজ রাজপুত্র।

ভল্লাত, ভল্লাতক (ভল্ল বাণবিশেষ—অৎ [সতত গমনকরা, পাওয়া] তুল্য হওয়া+অ(অন)—ক, কণ্—যোগে ভল্লাতক। যে অস্ত্রের তুল্য ক্ষত। ভল্লীও হয়) সং, পুং, বৃক্ষবিশেষ, ভেলাগাছ।

ভল্লিকা (ভল্লী+কণ্—স্বার্থে) সং, স্ত্রীং, ভেলাগাছ।

ভব (ভূ হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, স্থিতি। ২।উৎপত্তি। ৩। প্রাপ্তি। ৪। লাভ। ৫। প্রাধান্য। ৬। (+অল্—ধি) জগৎ। ৭। সংসার। ৮। (+অল্—পা) শিব, জলমূর্ত্তিশিব; যথা—"ভবায় জলমূর্ত্তয়ে নমঃ।" ২। ঈশ্বর। ৩। (+অন্

—ক) মঙ্গল। ৪। ক্লীং, চালিতা ফল। ৫। বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) উৎপত্তিজনক। ৬। উৎপন্ন।

ভবক; সং, পুং, আশীর্ব্বাচক।

ভবঘস্মর (ভব—ঘস্মর ভক্ষক) সং, পুং, দাবানল, দাবাগ্নি, বনাগ্নি।

ভবৎ(ভা দীপ্তিপাওয়া+বৎ(ডবতু)—ক) বিং, ত্রিং, তী—স্ত্রীং, যুষ্মদর্থ, তুমি। ২। মান্য, পূজ্য। শিং—১ "ভবতী ভিক্ষাং দেহি।" ৩। ত্রিং, ন্তী—স্ত্রীং, (ভূ হওয়া+অৎ (শতৃ)—ক) উৎপদ্যমান। ৪। বর্ত্তমান। ৫। তী—স্ত্রীং, বিষাক্ত বাণবিশেষ। ৬। দীপ্তিমতী। শিং—১ "স্বর্গারোহণবৈজয়ন্তি ভবতীং ভাগীরথীং প্রার্থয়ে।"

ভবত্যেব (ভবতি [ভূ হওয়া+তি—বর্ত্তমানকাল, ১ম পুরুষ একবচন] যাহা হয় —এব নিশ্চয়ার্থ) যাহা নিশ্চয়ই ঘটিবে।

ভবদারু (ভব—দারু কাষ্ঠ) সং,পুং, দেবদারুবৃক্ষ।

ভবদীয়(ভবৎ যুষ্মদর্থ+ঈয়(ণীয়)—ইমদর্থে) বিং,ত্রিং, যুষ্মৎসম্বন্ধীয়, তোমার। শিং—১ "শ্রুত্বাতিদূরে ভবদীয়কীর্ত্তিং কর্ণৌ চ-তুষ্টৌ ন চ চক্ষুষী মে।"

ভবধর্ম্মর; সং, পুং, দাবানল।

ভবন (ভূ হওয়া+অ(অনট্)—ধি) সং, ক্লীং, আলয়, গৃহ, বাসস্থান। ২। (+অনট্—ভাবে) উৎপত্তি; যথা—

"ভুবন ভবন লয়, ভজন ভবিকময়,
ভারত ভবভয়ভঙ্গে।" (অন্নদা)।

৩। স্থিতি।

ভবনাশিনী (ভব—নাশিনী নাশকর্ত্রী। যাহার পবিত্র স্রোত চিরস্থায়ী সুখ প্রদান করে) সং, স্ত্রীং, সরযূনদী।

ভবনীয় (ভূ হওয়া+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ভবিতব্য, ভব্য। ২। উৎপত্ত্যর্হ।

ভবন্ত (ভূ হওয়া+ঝচ্—প্রং) সং, পুং, কাল, সময়, বর্ত্তমান কাল। ন্তী—স্ত্রীং, পতিব্রতা স্ত্রী।

ভবভূত; সং, পুং, ভবরূপ পরমেশ্বর।

ভবভূতি (ভব জগৎ—ভূতি [জ্ঞানের] উন্নতি) সং, পুং, শ্রীকণ্ঠ, পদ্মনগরনিবাসী কশ্যপবংশীয় ভট্টগোপালনামক শ্রোত্রিয় ব্রাহ্মণের পৌত্র, নীলকণ্ঠের পুত্র। মালতীমাধব উত্তরচরিত বীরচরিত প্রভৃতি নাটকপ্রণেতা স্বনামপ্রসিদ্ধ কবিবিশেষ, ভোজরাজার পণ্ডিত। ২। শিবের ঐশ্বর্য্য।

ভবরুৎ(রুদ্,ভব—রুদ্ রোদনকরা+০(ক্বিপ্) —ণ) সং, স্ত্রীং, প্রেতপটহ, অন্ত্যেষ্টি-ক্রিয়াকালে বাদনীয় বাদ্যবিশেষ।

ভবাচল; সং, পুং, মন্দরগিরির পূর্ব্ববর্ত্তী পর্ব্বত, কৈলাসপর্ব্বত।

ভবাজ (ভব—অজ [অ না—জন্ জন্মান +অ(ড)—ক] যাহার জন্ম নাই। যিনি স্বয়ং উৎপন্ন অথচ অযোনিসম্ভব) সং, পুং, স্বয়ম্ভু, মহাদেব।

ভবাত্মজ (ভব শিব—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। ২। গণেশ।

ভবাত্মজা; সং, স্ত্রীং, মনসাদেবী।

ভবাদৃশ্, ভবাদৃশ, ভবাদৃক্ষ (ভবৎ তুমি—দৃশ্ দেখা+০(ক্বিপ্),অ(টক্),স(সক্)—র্ম্ম। যে তোমার ন্যায় দৃষ্ট হয়) বিং,ত্রিং, ভবৎসদৃশ,তোমার মত, আপনকার তুল্য।

ভবানী (ভব শিব+ঈপ্—স্ত্রীং, আন্—আগম) সং,স্ত্রীং, শিবপত্নী,দুর্গা। শিং—১ "রুদ্রো ভবঃ সমাখ্যাতো ভবঃ সংসারসাগরঃ। ভবঃ কামস্তথা সৃষ্টির্ভবানী পরিকীর্ত্তিতা।"

ভবানীগুরু (ভবানী শিবপত্নী—গুরু এখানে পিতা অর্থ। দুর্গা এই পর্ব্বতের কন্যা বলিয়া) সং, পুং, হিমালয় পর্ব্বত।

ভবাভীষ্ট; সং, পুং, গুগ্‌গুলু।

ভবায়না (ভব জগৎ—অয়ন গমন, আপ্, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, জাহ্নবী, গঙ্গা।

ভবাব্ধি; সং, পুং, সংসাররূপ সমুদ্র। শিং—১ "ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং। ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্।"

ভবিক (ভব [হওন] মঙ্গল+ইক(ঠিক)—সংজাতার্থে) বিং, ত্রিং, শুভজনক, কুশলী। ২। সং,ক্লীং, শুভ, কল্যাণ, মঙ্গল।

ভবিত ; বিং, ত্রিং, ভূত, অতীতোৎপত্তিক।

ভবিতব্য (ভূ হওয়া+তব্য—ভবিষ্যৎ কালে শক্যার্থে—র্ম্ম) বিং,ত্রিং,ভাবী,অবশ্যম্ভাবী, ভবিষ্যতে যাহা অবশ্য হইবেক। শিং—১ "ভবিতব্যমনেনৈব যেনাহং নিধনং গতঃ।" ২"ভবিতব্যং ভবত্যেব যদ্বিধের্মনসি স্থিতম্।"

ভবিতব্যতা (ভবিতব্য+তা—ভাবে) সং,স্ত্রীং, অবশ্যম্ভাবিতা। ২। অদৃষ্ট, ভাগ্য।

ভবিতা } (ভবিতৃ, ভূ হওয়া+তৃ(তৃন্),
ভবিষ্ণু } ইষ্ণু(ইষ্ণুচ)—ক) বিং, ত্রিং, ভাবী, ভবিষ্যৎ। ২। উৎপত্তিশীল।

ভবিন (ভব জগৎ+ইন—কুশলার্থে) সং, পুং, কবি, কাব্যকর্ত্তা।

ভবিল (ভূ হওয়া+ইল—ক) সং, পুং, কামুক, লম্পট। ২। বিং, ত্রিং, ভাবী, যাহা হইবে।

ভবিষ্যৎ } (ভূ হওয়া+অৎ(স্যতৃ)—ক,
ভবিষ্য } স্য—আগম। দ্বিতীয়পক্ষে ৎ—লোপ) বিং, ত্রিং, অনাগত, যাহা পরে হইবেক। ২। সং, ক্লীং, পুরাণবিশেষ।

ভবিষ্যদাক্ষেপ ; সং, পুং,কাব্যদর্শোক্ত শাস্ত্রবিশেষ।

ভবিষ্যদ্বাণী ; সং, স্ত্রীং, যাহা পরে ঘটিবে তাহা অগ্রে বলা।

ভবিষ্যসূচনা ; সং, স্ত্রীং, ভাবী বিষয়ের প্রস্তাব, পরে যাহা ঘটিবে তাহা অগ্রে প্রস্তাব করা।

ভবীয়ান্ (ভবীয়স, ভূ হওয়া+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, বহুতর।

ভব্য (ভূ হওয়া+য—ক) বিং, ত্রিং, শুভজনক। ২। শুভযুক্ত। ৩। শিষ্ট, শান্ত। ৪। সাধু। ৫। ভাগ্যবান্। ৬। সমীচীন। ৭। যোগ্য। ৮। রম্য। ৯। ভাবী। শিং—১ "অবশ্য ভব্যেষ্বনবগ্রহাগ্রহ।" ১০। সং, ক্লীং, শুভ। ১১। সত্য। ১২। সুখ। ১৩। অস্থি। ১৪। চালিতাফল। ১৫। পুং, কামরাঙ্গাগাছ। ১৬। পুং—ক্লীং, রসবিশেষ। ব্যা—স্ত্রীং, দুর্গা।

ভব্যতব্য (ভব্য+তব্য—ভবিষ্যৎ কালে শক্যার্থে—র্ম্ম) বিং, ত্রিং, যাহা হইবার তাহা হইবেক।

ভষ (ভষ্ কুক্কুরাদি কর্ত্তৃক শব্দ করা+অ (অন্)—ক) সং, পুং, ষী—স্ত্রীং, কুক্কুর, কুক্কুরী। [কুক্কুর।

ভষক (ভষ্+অক(ণক)—ক) সং, পুং,

ভষণ (ভষ দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, কুক্কুরের শব্দ, কুক্কুরের ডাক।

ভসদ্ (ভস্ দীপ্তিপাওয়া+অদ্—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, সূর্য্য। ২। জঘন। ৩। যোনি। ৪। সময়। [সং, পুং, ভ্রমর।

ভসন (ভস্ শব্দ করা+অন(অনট্)—ক)

ভসন্ত (ভস্ দীপ্তি পাওয়া+অন্ত—প্রং) সং, পুং, কাল, সময়।

ভসিত (ভস্ দীপ্তি পাওয়া+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ভস্ম, ছাই।

ভসূচক (ভ নক্ষত্র—সূচক জ্ঞাপক) সং, পুং, গণক, দৈবজ্ঞ। [গিয়া।

ভস্কা (দেশজ) বিং, আস্বাহু, জলবৎ, পান-

ভস্ত্রা } (ভস্ দীপ্তি পাওয়া+ত্র—ক,
ভস্ত্রকা } আপ্—স্ত্রীং। দ্বিতীয়,তৃতীয় পক্ষে
ভস্ত্রিকা } কণ্—যোগ, আপ্। চতুর্থপক্ষে
ভস্ত্রী } ঈপ্) সং, স্ত্রীং, বায়ুযন্ত্রবিশেষ, জাঁতা। ২। ভিস্তী। ৩। চর্ম্মপ্রসেবিকা। ৪। চর্ম্মস্থালী। শিং—১ "মাতা ভস্ত্রা পিতুঃ পুত্রো যেন জাতঃ স এব সঃ।"

ভস্ম (ভস্মন্, ভস্ দীপ্তি পাওয়া+মন্—ক) সং, ক্লীং, ছাই, পাঁশ। ২। অশ্মবিকার।

ভস্মক (ভস্মন্+কণ্—প্রং। অথবা ক—করণার্থ কৃ ধাতুজ+অ(ড)—ক) সং, ক্লীং, রোগবিশেষ, যে রোগের প্রভাবে বায়ুপিত্তের আধিক্য ও কফের হ্রাস হয় এবং ভুক্তবস্তু উদরসাৎ হইবামাত্র ভস্ম হইয়া যায়। ২। সুবর্ণ। ৩। রৌপ্য।

ভস্মকার (ভস্মন্—কার কর্ম্মকারী। যে সাবাং প্রভৃতির পরিবর্ত্তে ভস্ম ব্যবহার করে) সং, পুং, রজক, ধোপা।

ভস্মকূট ; সং, পুং, কামরূপস্থ পর্ব্বতবিশেষ। শিং—১ "নন্দনাৎ পূর্ব্বভাগে তু ভস্মকূটো মহাগিরিঃ। যত্র তিষ্ঠতি ভূতেশো মহাদেবো বৃষধ্বজঃ।"

ভস্মগন্ধা, ভস্মগন্ধিকা ; সং, স্ত্রীং, রেণুকাখ্য গন্ধদ্রব্য।

ভস্মতূল (ভস্মন্—তূল্ ওজন করা+অ—প্রং) সং, ক্লীং, গ্রামসমূহ। ২। ধূলিবর্ষণ। ৩। হিম, তুষার।

ভস্মবেধক } (ভস্মন্—বেধক পীড়াদায়ক।
ভস্মাহ্বয় } যে ভস্ম অপেক্ষা শ্বেতবর্ণ। ভস্মন্—আহ্বয় নাম) সং, পুং, কর্পূর।

ভস্মসাৎ(ভস্মন্+সাৎ(চসাৎ)—কাৎস্ন্যার্থে) অং, ছাই হওয়া, ভস্মাকারে পরিণত,ছাই করিয়া ফেলা। ২। সম্যক্ ভস্মীভূত।

ভস্মিত (ভস্ম+ইত) ভস্মিত। ২। বিনাশিত।

ভস্মীভূত (ভস্ম—ঈ(চ্বি)—অভূত তদ্ভাবার্থে—ভূত) ভস্মিত, ভস্মপ্রাপ্ত। ২। বিনাশিত, হত।

ভা (ভা দীপ্তি পাওয়া+ঙ—ভাবে) সং, স্ত্রীং, প্রভা, আলোক। ২। কান্তি। ৩। কিরণ।

ভাই (ভ্রাতৃ শব্দজ) সং, সহোদর, ভ্রাতা।

ভাইজ(ভ্রাতৃজায়া শব্দজ) জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী।

ভাইঝী (ভ্রাতৃপুত্রী শব্দজ) সং,ভ্রাতার কন্যা।

ভাইপো (ভ্রাতৃপুত্র শব্দজ) সং, ভ্রাতৃপুত্র।

ভাওলী—খাজানার পরিবর্ত্তে জমিদার প্রজার নিকট হইতে যে শস্য বিভাগ করিয়া লয়। [২। রাগালাপ।

ভাঁজন (দেশজ) সং, পাটকরণ, দোমড়ান।

ভাঁটা (দেশজ) সং, বর্ত্তুল, বাঁটুল, গণ্ডুক।

ভাঁটী (ভাণ্ডীর শব্দজ) সং, বৃক্ষবিশেষ, ভেঁটফুলের গাছ।

ভাঁড় (ভণ্ড এবং ভাণ্ড শব্দজ) সং, পরিহাসক। ২। ক্ষুদ্র মৃত্তিকাপাত্রবিশেষ।

ভাঁড়ামি, ভাঁড়াম (ভাঁড় শব্দজ) সং, ভণ্ডতা, পরিহাস, প্রবঞ্চনা।

ভাঁড়ার (ভাণ্ডার শব্দজ) সং, ধনাগার, কোষ।

ভাঁড়ারী (ভাণ্ডারী শব্দজ) ভাণ্ডাররক্ষক, কোষরক্ষক। [পরিহাস।

ভাঁতি (ভ্রান্তি শব্দজ) ভ্রম। ২। বিদ্রূপ,

ভাঃ (ভাস, ভাস্ দীপ্তি পাওয়া+০(কিপ্)—ভাবে) সং, স্ত্রীং, প্রভা। ২। কিরণ। ৩। পুং, সূর্য্য।

ভাক্ (ভাজ্, ভাজ্ পৃথক্ করা+০(বিণ্)—ক) বিং, ত্রিং, ভাগী, অংশী; যথা—ধনভাক্ ইত্যাদি।

ভাকুরি (ভা দীপ্তি—কুর্ক্ প্রকাশ করা+ই(কি)—ক) বিং, ত্রিং, দীপ্তিকারক।

ভাকুট; সং, পুং, মৎস্যবিশেষ, ভেট্‌কীমাছ।

ভাকূট (ভা দীপ্তি—কূট পর্ব্বতের শৃঙ্গ বা পরিমাণ) সং, পুং, পর্ব্বতবিশেষ। ২। ভেট্‌কীমাছ। [পুং,সূর্য্য।

ভাকোষ (ভা দীপ্তি—কোষ আধার) সং,

ভাক্ত (ভক্ত অন্ন+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ওদনসম্বন্ধীয়। ২। (ভক্তি গৌণী বৃত্তি+অ(ষ্ণ)—সংজাতার্থে) ঔপচারিক,গৌণীবৃত্তিবোধিত, পারিভাষিক, লাক্ষণিক। ৩। গৌণ, অপ্রধান।

ভাক্তিক (ভক্ত অন্ন+ইক(ষ্ণিক)—প্রতিপালনার্থে) বিং, ত্রিং, অন্ন দ্বারা প্রতিপালিত।

ভাগ ( ভজ্ ভাগ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং,পুং, অংশ,খণ্ড,একদেশ। ২। প্রদেশ, স্থান। ৩। অদৃষ্ট, ভাগ্য। ৪। (+ঘঞ্—ভাবে) বিভাজন। ৫। (হিন্দি) পলায়ন কর।

ভাগধেয় (ভাগ—ধেয় [ধা ধারণ করা+য—র্ম্ম]) সং, পুং—ক্লীং, রাজস্ব। ২। অংশ, ভাগ। ৩। (+য—পা) বিং, ত্রিং, দায়াদ। ৪। (ভাগ+ধেয়—স্বার্থে) ক্লীং, ভাগ্য।

ভাগবত (ভগবৎ ঈশ্বর+অ(ষ্ণ)—কৃতার্থে, যে গ্রন্থ ভগবান্‌কে অধিকার করিয়া কৃত হইয়াছে) সং, ক্লীং, ব্যাসপ্রণীত ভগবদ্বিষয়ক গ্রন্থবিশেষ। ২। বিং,ত্রিং,ভগবদ্ভক্ত, বৈষ্ণব। শিং—১ "সর্ব্বদেবান্ পরিত্যজ্য নিত্যং ভগবদাশ্রয়ঃ। রতস্তদীয়মেবায়াং স ভাগবত উচ্যতে।"

ভাগহর ( ভাগ—হর [হৃ হরণ করা+অ (অন্)—ক] যে গ্রহণ করে ) বিং, ত্রিং, অংশগ্রাহী। ২। (+অল্—ভাবে) অংশ গ্রহণ।

ভাগহার (ভাগ—হার যে হরণকরে) সং,পুং, যে উপায়ে কোন এক নির্দ্দিষ্ট রাশিকে কোন নির্দ্দিষ্টসংখ্যক সমান অংশে বিভাগ করিতে পারা যায়। ২। বিভাগ গ্রহণ।

ভাগাড় (দেশজ) মৃত গবাদি নিক্ষেপস্থান।

ভাগিক (ভাগ অংশ+ইক(ষ্ণিক)—বৃদ্ধ্যর্থে) বিং, ত্রিং, বৃদ্ধিসহিত মুদ্রাদি, সুদী টাকা।

ভাগিনা (ভাগিনেয় শব্দজ) সং, ভগিনীপুত্র।

ভাগিনেয় (ভগিনী+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, য়ী—স্ত্রীং, ভগিনীর সন্তান।

ভাগী (ভাগিন্, ভাগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অংশী। ২। (ভাগ দেখ, ইন্ (ঘিন্)—ক) গ্রহণকারী।

ভাগীয়ান্ (ভাগীয়স্, ভাগ+ইয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিশয় ভাগযুক্ত।

ভাগীরথী (ভগীরথ+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ্। মহাভারতে—দক্ষিণাপ্রদানসময়ে গঙ্গা মহারাজ ভগীরথের ক্রোড়ে উপবেশন করিলেন, তদবধি গঙ্গা ভগীরথের কন্যা হইয়া ভাগীরথী নামে বিখ্যাত হন) সং, স্ত্রীং, গঙ্গা, ভগীরথানীতা।

ভাগুরি; সং,পুং, প্রসিদ্ধ বৈয়াকরণ পণ্ডিত।

ভাগ্য (ভজ্ ভাগকরা+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, অদৃষ্ট, দৈব। ২। প্রাক্তন শুভাশুভকর্ম্ম। শিং—১ "ভাগ্যেনৈতৎ সম্ভবতি।" ৩। (ভাগ+য(ক্য)) বিং, ত্রিং, ভাগযোগ্য। ৪। ভাগবিশিষ্ট। ৫। ভাগিক, সুদী টাকা।

ভাগ্যবান্ (ভাগ্যবৎ, ভাগ্য+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভাগ্যবন্ত, অদৃষ্টবান্। ২। সৌভাগ্যশালী। ৩। শুভাদৃষ্টবিশিষ্ট।

ভাগ্যবিপর্য্যয়; সং, পুং, ভাগ্যের বৈপরীত্য, দুর্ভাগ্য।

ভাঙ্ (ভঙ্গ শব্দজ) মাদকদ্রব্য, সিদ্ধি।

ভাঙ্গড়, ভাঙ্গী (দেশজ) সিদ্ধিখোর, যে ভাঙ্ অর্থাৎ মাদকদ্রব্য সিদ্ধি ইত্যাদি সেবন করে; যথা—"ভাঙ্গড়ের নাহি যম।"

ভাঙ্গন (ভঙ্গশব্দজ) সং, ভগ্নকরণ, ভেদন। ২। ভাঙ্গা। ৩। বিং, ভিন্ন, চূর্ণীকৃত।

ভাঙ্গীন (ভঙ্গ ভাঙ্+ঈন্—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ভঙ্গক্ষেত্র, ভাঙের ক্ষেত।

ভাজক (Divisor, ভজ্ বা ভাজ্ ভাগকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, অংশকারক, যাহা দ্বারা ভাগ দেওয়া যায়।

ভাজকাংশ (ভাজক—অংশ) সং, পুং, গুণনীয়ক।

ভাজন (ভজ্ সেবাকরা কিংবা ভাগকরা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, পাত্র। ২। আধার। শিং—১ "যশ্চ তপ্তো ন তপতি দৃঢ়ং সোহর্থস্য ভাজনম্।" ৩। যোগ্য। ৪। আঢ়কপরিমাণ। ৫। [ভর্জ্জন শব্দজ] সং, ভৃষ্টকরণ, ভাজা।

ভাজিত (ভাজ্ পৃথক্‌করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পৃথক্‌কৃত, বিভক্ত। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, ভাগ, অংশ।

ভাজী (ভজ্ পাককরা, ভাজা+অ(অল্)—র্ম্ম, ঈপ্) সং, স্ত্রীং, ভৃষ্ট ব্যঞ্জনবিশেষ।

ভাজ্য (Dividend, ভাজক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ভাগার্হ, যাহা ভাগ করা যায়। শিং—১ "ভাজ্যো হরঃ শুধ্যতি যদ্‌গুণঃ স্যাৎ।"

ভাট (ভট্ট শব্দজ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, স্তুতিপাঠক, রাজদূত।

ভাটক (ভট্ [পোষণকরা] ভাড়াকরা+অক(ণক)—ক) সং, পুং, মূল্য। ২। ভাড়া।

ভাটা (দেশজ) নদ্যাদির স্বাভাবিক স্রোত।

ভাটিয়ারী—রাগবিশেষ। ইহা সংস্কৃত মতানুযায়িক প্রাচীন রাগ নহে। কথিত আছে বিক্রমাদিত্যের সহোদর মহারাজ ভর্ত্তৃহরি এই রাগের সঙ্কলন করেন, ভর্ত্তৃহরির সঙ্কলনের জন্য ভর্ত্তৃহারিকা অথবা ভটিহারী বা ভাটিয়ারী নামে এই রাগ ব্যবহৃত হইয়া থাকে।

ভাড়া (ভাটক শব্দজ) সং, কেরায়া।

ভাণ (ভণ্ বলা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, নাট্যগ্রন্থবিশেষ, যাহাতে কেবল একটী মাত্র অঙ্ক থাকে। শিং—১ "ভাণঃ স্যাৎ ধূর্ত্তচরিতো নানাবস্থান্তরাত্মকঃ। একাঙ্ক এক এবাত্র নিপুণঃ পণ্ডিতো বিটঃ।" ২। ধূর্ত্তচরিত, কাচ, ব্যাজ। ৩। ক্লীং, ছল, কপট। ৪। জ্ঞান, বোধ।

ভাণিকা (ভাণ+কণ্—অল্পার্থে) সং, স্ত্রীং, এক অঙ্কে সমাপ্ত হাস্যরস-প্রধান নাটক।

ভাণ্ড (ভণ্ শব্দকরা+ড—ক, ষ্ণ) সং, ক্লীং, পাত্র, ভাঁড়। ২। বাদ্যযন্ত্র। ৩। (ভন্দ+অ(অন্)—ক, ষ্ণ) ধন। ৪। মূলধন, পুঁজি।

৫। নদীকূলমধ্য। ৬। (ভা দীপ্তি পাওয়া +অণ্ডন্ – ক) অলঙ্কার, ভূষণ। ৭। অশ্ব-ভূষণ। ৮। (ভণ্ড ভাঁড়+ষ্ণ – স্বার্থে) ভাঁড়ামি।

ভাণ্ডপুট (ভাণ্ড পাত্রবিশেষ, ভাঁড় – পুট্ সংলগ্নহওয়া, ঘর্ষণকরা+অ(অন্) – ক) সং, পুং, নাপিত।

ভাণ্ডপুষ্প; সং, পুং, সর্পবিশেষ।

ভাণ্ডাগার (ভাণ্ড পাত্র – আগার গৃহ, যং – স) পুং, ভাঁড়ার। ২। ক্লীং, ধনাগার।

ভাণ্ডার (ভাণ্ড—ঋ গমনকরা+অ(ঘঞ্) – বি) সং, ক্লীং, ধনাগার, ভাঁড়ার।

ভাণ্ডারী (ভাণ্ডারিন, ভাণ্ডার+ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, ভাণ্ডারাধ্যক্ষ, ভাঁড়ারী।

ভাণ্ডি (ভণ্ড্ মাঙ্গলিক হওয়া+ই(ক্তি) – ইদমর্থে) সং, পুং, নাপিতের ভাঁড়ি।

ভাণ্ডিক (ভাণ্ড [সঙ্গীত]পাত্র+ইক(ষ্ণিক) – কর্ত্রোত্যর্থে) সং, পুং, গায়ক।

ভাণ্ডিবাহ, ভাণ্ডিল (ভাণ্ড ভাঁড়ি – বহ্ বহনকরা+অ – ণ। ভাণ্ড+ইল – অস্ত্যর্থে) সং, পুং, নাপিত।

ভাণ্ডীর (ভাণ্ড পাত্র – ঈর্ গমনকরা+অ (ক) – ক) সং, পুং, বটবৃক্ষ। ২। ভাঁইট গাছ।

ভাত (ভা দীপ্তিপাওয়া+ত(ক্ত) – ক) বিং, ত্রিং, দীপ্তিমান। ২। সং, পুং, প্রভাত, প্রাতঃকাল। ২। (ভক্তশব্দজ) সং, অন্ন।

ভাতার (ভর্ত্তৃশব্দজ) সং, ভর্ত্তা, পতি, স্বামী।

ভাতি (ভাত দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, শোভা, দীপ্তি।

ভাতু (ভাত দেখ, তু – সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। ২। বিং, ত্রিং, দীপ্ত।

ভাদ্র (ভাদ্র+ষ্ণ,ঈপ্ =ভাদ্রী ভাদ্রপদনক্ষত্র-যুক্তা পূর্ণিমা+অ(ষ্ণ) – তদ্যুক্তমাসার্থে) সং, পুং, বৈশাখাদি মাসের পঞ্চম মাস।

ভাদ্রপদ (ভাদ্র গো – পদ পা) সং, পুং, ভাদ্রমাস। শিং – ১ "অথ ভাদ্রপদে মাসি কৃষ্ণাষ্টম্যাং কলৌযুগে।" দা – স্ত্রীং, পূর্ব্ব-ভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র।

ভাদ্রবধূ (ভ্রাতৃবধূশব্দজ) সং, কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী।

ভাদ্রমাতুর (ভদ্রমাতৃ, ভদ্র ভাগ্যবন্ত, সাধু —মাতৃ মাতা+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, সাধ্বী স্ত্রীর পুত্র, সতীতনয়।

ভান (ভা দীপ্তিপাওয়া+অন(অনট্) – ভা) সং, ক্লীং, প্রকাশ। ২। শোভা।

ভানু (ভা দীপ্তিপাওয়া+নু – ক) সং, পুং, সূর্য্য। ২। কিরণ। ৩। শিব। ৪। প্রভু। ৫। রাজা। ৬। অর্কবৃক্ষ। ৭। জৈনবিশেষ। ৮। গন্ধর্ব্ববিশেষ। ৯। (+নু – ভাবে) কান্তি। ১০। বিং, ত্রিং, সুন্দর।

ভানুফলা (ভানু সূর্য্য – ফল যে ফল সূর্য্যের পূজার সময় প্রদত্ত হয়) সং, স্ত্রীং, কদলীফল, কলা।

ভানুমান (ভানুমৎ, ভানু কিরণ+মৎ(মতুপ্) – অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। ২। বিং, ত্রিং, কান্তিমান্। ৩। দীপ্তিমান্। ৩। মতী – স্ত্রীং, বিক্রমাদিত্যের পত্নী। শিং – ১ "তেনাহং নৃপজানামি ভানুমত্যাস্তিলং যথা।" (বর-রুচি)। ৪। দুর্য্যোধনের স্ত্রী।

ভানুবার; সং, পুং, রবিবার।

ভানুসেন; সং, পুং, কর্ণপুত্র বিশেষ।

ভানেমি (ভা দীপ্তি – নেমি পরিধি) সং, পুং, সূর্য্য, দিবাকর। ২। (৬ষ্ঠী – ক্লিং) অর্কবৃক্ষ। [উত্তাপ, উষ্ণতা।

ভাপ (তাপশব্দজ কি?) সং, বাষ্প। ২।

ভাম (ভা দীপ্তিপাওয়া+ম – ক) সং, পুং, সূর্য্য। ২। দীপ্তি। ৩। (ভাম্ ক্রুদ্ধহওয়া +অ(ঘঞ্) – ভাবে) কোপ। ৪। ভগিনী-পতি। মা – স্ত্রীং, কোপনা স্ত্রী। ২। নারী। ৩। সত্যভামা।

ভামক (ভাম+কণ্ – যোগ) সং, পুং, ভগিনীপতি।

ভামিনী (ভাম ক্রোধ+ইন্ – অস্ত্যর্থে, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, অতিকোপনা স্ত্রী। ২। নারী।

ভামিনীবিলাস; সং, পুং, জগন্নাথমিশ্র[illegible] কাব্যগ্রন্থবিশেষ।

ভামী (ভামিন্, ভাম ক্রোধ+ই[illegible] অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্রুদ্ধ, কোপা[illegible]

ভার (ভৃ পালনকরা+অ(ঘঞ্) [illegible] সং, পুং, গুরুত্ব। ২। [illegible]

ষঞ্ - র্ম্ম) রাশি, সমূহ। ৪। (+ষঞ্ -ণ) পরিমাণবিশেষ। ৫। অষ্টাদশ সহস্র তোলকাত্মক ভার। ৬। বাঁক। [পক্ষী।

ভারণ্ড ; সং, পুং, উত্তর কুরুদেশজ শকুন

ভারত (ভরত রাজপুত্র + অ(ষ্ণ) - দানার্থে) ইহা ভরতকে দত্ত হইয়াছিল বলিয়া ভারতনাম হইয়াছে। কিংবা ভরত + অ (ষ্ণ) - কৃতার্থে, ভরতকে অধিকার করিয়া যে গ্রন্থ কৃত হইয়াছে) সং, ক্লীং, ভারতবর্ষ। শিং - ১ "উত্তরং যৎ সমুদ্রস্য হিমাদ্রেশ্চৈব দক্ষিণম্। বর্ষং তদ্ভারতং নাম ভারতীযত্র সন্ততিঃ।" ২। (চতুর্ব্বেদ অপেক্ষা ইহার ভার অধিক বলিয়া ভারত নাম হইয়াছে) গ্রন্থবিশেষ, মহাভারত। ৩। পুং, নট। ৪। অগ্নি। ৫। ভরতের সন্তান। ৬। ভরতসূত্র। ৭। বিং, ত্রিং, ভরতবংশীয়। তী - স্ত্রীং, সরস্বতী। ২। বচন, বাক্য ; যথা—"ভারতের ভারতী ভরসা।" ৩। সন্ন্যাসীদিগের উপাধিবিশেষ। ৪। অলঙ্কারোক্ত বৃত্তিবিশেষ। ৫। ভরতপক্ষী।

ভারতবর্ষ ( ভারত ভরতসম্বন্ধীয় - বর্ষ অংশ, রং - স ) সং, ক্লীং, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ, সমুদ্রের উত্তর হিমালয়ের দক্ষিণস্থ দেশ। শিং - ১ "হিমাহ্বং দক্ষিণং বর্ষং ভরতায় দদৌ পিতা। তস্মাচ্চ ভারতং বর্ষং তস্য নাম্না মহাত্মনঃ।"

ভারদ্বাজ (ভরদ্বাজ মুনিবিশেষ, পক্ষিবিশেষ + অ(ষ্ণ) - নিষ্প্রয়োজনার্থে, অথবা অপত্যার্থে। অপর পক্ষে প্রসিদ্ধি আছে যে, ভরদ্বাজ মুনি জন্ম গ্রহণ করিবার পরে ইহাঁর পিত্রাদি কর্ত্তৃক পরিত্যক্ত হওয়াতে এই পক্ষী দ্বারা প্রতিপালিত হইয়াছিলেন বলিয়া) সং, পুং, ভরদ্বাজ। ২। দ্রোণাচার্য্য। ৩। অগস্ত্যমুনি। ৪। মঙ্গলগ্রহ। ৫। বৃহস্পতিপুত্র। ৬। পক্ষিবিশেষ, ভারুই পাখী। ৭। ক্লীং, অস্থি, হাড়। ৮। বিং, ত্রিং, ভরদ্বাজবংশসম্বন্ধীয়।

ভারভৃৎ (ভার - ভৃ ধারণ করা + ০(ক্বিপ্) - ক) বিং, ত্রিং, ভারধারক। ২। সং, পুং, বিষ্ণু। শিং - ১ "ভারভৃৎ কথিতো যোগী।"

ভারমধ্য (Centre of Gravity) বস্তুর যে স্থানে ভারের সমতা হয়।

ভারয় ; সং, পুং, ভারদ্বাজপক্ষী, ভারুই পাখী।

ভারযষ্টি (ভার - যষ্টি লাঠি, ৬ষ্ঠী - য) সং, স্ত্রীং, ভারবহনদণ্ড, বাঁক।

ভারব (ভার - বা লওয়া + অ(ক) - ক) সং, ক্লীং, ধনুর্গুণ, ধনুকের ছিলা।

ভারবাহ্, ভারবাহ ⎫
ভারবাহক, ভারবাহী ⎬ ( ভার - বাহ্ [বহ বহন করা
ভারহর, ভারহার, ভারী ⎭ + ০(ণিণ্) - ক। - বাহ [বহ্ + অ(যণ্) - ক] যে বহনকরে, ২য়া - য। ভারবাহিন্, ভার - বাহী যে বহন করে, ২য়া - ষ। ভার - হর, হার যে হরণ করে, ২য়া - ষ। ভারিন্, ভার + ইন - অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ভারবহনসমর্থ, ভারবহনকারী। ২। মুটিয়া।

ভারবি ; সং, পুং, কিরাতার্জ্জুনীয়গ্রন্থকর্ত্তা।

ভারবৃক্ষ ; সং, পুং, কাক্ষীনামক গন্ধদ্রব্য।

ভারসহ (ভার - সহ যাহা সহ্য করে, ২য়া - য) বিং, ত্রিং, যাহা ভারে ছিঁড়িয়া পড়ে না। ২। ভারসহনসমর্থ।

ভারাক্রান্ত (ভার - আক্রান্ত, ৩য়া - ষ) বিং, ত্রিং, ভারপীড়িত।

ভারি (ভৃ [ভৎর্সনা করা] ভয় প্রদর্শন করা + ই - প্রং) সং, পুং, সিংহ।

ভারিক (ভার + ইক(ষ্ণিক) - অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভারবাহক, ভারী। ২। ভারযুক্ত।

ভারিট ; সং, পুং, পক্ষিবিশেষ। ২। শ্যাম চটক। [বিশেষ।

ভারুণ্ড; সং, পুং, পক্ষিবিশেষ। ২। সাম-

ভারূপ ; সং, পুং, আত্মা। ২। ক্লীং, ব্রহ্ম।

ভারৌহী (ভারবাহ্ + ঈ - প্রং) সং, স্ত্রীং, ভারবাহিকা, ভারবহনকারিণী।

ভার্গব ( ভৃগু মুনিবিশেষ + অ(ষ্ণ) - অপত্যার্থে) সং, ক্লীং; শুক্রাচার্য্য। ২। পরশুরাম। ৩। ধন্বী, ধনুর্দ্ধারী। ৪। গজ, হস্তী। ৫। ভারতবর্ষ মধ্যে প্রাচ্য দেশান্তর্গত দেশবিশেষ। শিং - ১ "ব্রহ্মোত্তরা প্রবি-

জয়া ভার্গবী প্রেয়মর্দ্দকাঃ।" বী—স্ত্রীং, পার্ব্বতী। ২। শ্রী, লক্ষ্মী। ৩। দূর্ব্বা।

ভার্গবপ্রিয় ( ভার্গব শুক্র—প্রিয় ) সং, পুং, হীরক। [হাটী।

ভার্গী; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ। ২। বামন-

ভর্জ্জিত (ভৃজ্ ভাজা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ভাজা হইয়াছে, ভাজা।

ভার্য্যা (ভৃ পোষণকরা+য(ক্যপ্)—র্ম্ম, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, পত্নী, জায়া।

ভার্য্যাট (ভার্য্যা পত্নী—অট্ গমনকরা +অ(অন্)—ক। যে ভার্য্যাদ্বারা জীবিকা নির্ব্বাহ করে) সং,পুং, যে ব্যক্তি স্বস্ত্রীকে পরপুরুষের নিকট গমনার্থ অনুমতি দেয়।

ভার্য্যাটিক ( ভার্য্যাট+ইক(ষ্ণিক)—যোগ ) সং, পুং, স্ত্রীকর্তৃক পরাজিত ব্যক্তি। ২। হরিণবিশেষ।

ভার্য্যাপতি (ভার্য্যা—পতি স্বামী, দ্বং—স) সং,পুং, জায়াপতি, স্ত্রী-পুরুষ।

ভার্য্যারু (ভার্য্যা—ঋ গমনকরা+উ—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ। ২। মৃগবিশেষ। ৩। পরস্ত্রীতে পুত্রোৎপাদনকারী।

ভার্য্যোঢ় (ভার্য্যা—ঊঢ়) সং, পুং, ঊঢ়ভার্য্য, কৃতদার।

ভাল (ভা দীপ্তিপাওয়া+ল—ক) সং, পুং, ললাট, কপাল। ২। দীপ্তি, তেজঃ। ৩। (ভদ্রশব্দজ) বিং, উত্তম। ৪। মঙ্গল।

ভালচন্দ্র; সং, পুং, শিব। ২। গণেশ।

ভালদর্শন; সং, পুং, সিন্দূর। ২। কপাললোচন মহাদেব।

ভালদৃক্, ভাললোচন (ভালদৃশ্, ভাল—দৃশ্, লোচন=নেত্র। যাঁহার ললাটে নেত্র আছে,৭মী—হিং) সং,পুং, ত্রিনেত্র, শিব।

ভালাঙ্ক (ভাল ললাট—অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং,পুং, ক্রকচ,করাত্। ২। রোহিত মৎস্য। ৩। লক্ষণাক্রান্ত পুরুষ। ৪। কচ্ছপ। ৫। শিব। ৬। শাকবিশেষ।

ভালুক, ভালূক (ভল্ বধকরা+উক, ঊক—ক) সং, পুং, ঋক্ষ, ভল্লুক।

ভাল্লুক, ভাল্লূক (ভল্ল্ বধকরা+উক, ঊক—ক, ষ্ণ) সং,পুং, ঋক্ষ, ভালুক।

ভাব (ভূ হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, উৎপত্তি, জন্ম। ২। স্থিতি। ৩। বিভূতি। ৪। স্বভাব। ৫। আশয়। ৬। অভিপ্রায়। ৭। চেষ্টা। ৮। সম্ভাবনা। ৯। মনঃ। ১০। আত্মা। ১১। ভক্তি। ১২। মনোবিকারবিশেষ, রত্যাদি এবং নির্ব্বেদাদি। ১৩। ক্রিয়া। ১৪। বিলাস। ১৫। শরীরের ভঙ্গী। ১৬। কাম। ১৭। বাক্যের মর্ম্ম। ১৮। উপদেশ। ১৯। অনুরাগ। ২০। ( +ঘঞ্—ক ) পদার্থ, বস্তু। ২১। বিদ্বান্। ২২। চেতনপদার্থ। ২৩। চিত্ত। ২৪। বিজ্ঞ। ২৫। যোদ্ধা। ২৬। সৃষ্টি। ২৭। জগৎ। ২৮। সংসার। ২৯। ব্যাকরণে—ধাত্বর্থ। ৩০। (+অ(ণ)—ক) নাট্যোক্তিতে—মান্য, পূজ্য।

ভাবক (ভূ-ণিচ্=ভাবি চিন্তাকরা, হওয়া+অক(ণক)—ক। অথবা ভাব+কণ্—যোগ) বিং, ত্রিং, উৎপাদক। ২। চিন্তাকারী।

ভাবত, ভাবৎক ( ভবৎ তুমি+অ(ষ্ণ)—ইদমর্থে,ক) বিং, ত্রিং, ভবদীয়, তোমার।

ভাবন—ক্লীং } (ভাবি চিন্তাকরা, মি-
ভাবনা—স্ত্রীং } শ্রিতকরা + অন(অনট্), অন—ভাবে, আপ্) সং, ধ্যান। ২। চতুর্ব্বিধ সংস্কারবিশেষ। ৩। চিন্তা। ৪। মনে মনে কল্পনা। ৫। অনুধ্যান। ৬। বিবেচনা। ৭। সাজান। ৮। অভিষেক। ৯। মিশ্রণ। ১০। পর্য্যালোচনা। ১১। অধিবাসন। ১২। ঔষধসংস্কারবিশেষ, ভাবান। শিং—১ "ভাবৎকং দৃষ্টবৎ শ্বেতদদ্যাম্নাধিস্থ।"

ভাবমিশ্র; সং, পুং, পণ্ডিতশ্রেষ্ঠ।

ভাববৃত্ত (ভাব সৃষ্টি—বৃত্ত প্রবৃত্ত, ৭মী—ষ) সং, পুং, ব্রহ্মা।

ভাববোধক (ভাব—বুধ্ জানা+অক(ণক)—ণ) সং, পুং, অনুভাব।

ভাবাট (ভাব—অট্ গমনকরা+অ(অন্—ক) সং, পুং, সাধু, সজ্জন। ২। কামুক। ৩। নট।

ভাবানুগা, ভাবলীনা; সং, স্ত্রীং, ছায়া।

ভাবার্থ (ভাব—অর্থ বোধ) সং, পুং, অভিপ্রায়, তাৎপর্য্য।

ভাবিক (ভাবি হওয়ান+ইক(ষ্ণিক)—ক) অথবা ভূ হওয়া+অক(ণক)—ক। কিম্বা ভাব+ষ্ণিক) বিং, ত্রিং, স্বাভাবিক। ২। রসাত্মক। ৩। উদ্দীপক। ৪। ভবিষ্যৎ-কালিক। ৫। ভাবযুক্ত। ৬। সং, ক্লীং, অলঙ্কারবিশেষ।

ভাবিত (ভূ-ণিচ্=ভাবি হওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চিন্তিত। ২। মিশ্রিত। ৩। অঙ্গীকৃত। ৪। আর্দ্রীকৃত। ৫। বাসিত। শুদ্ধ, পবিত্রীকৃত। ২। প্রাপ্ত। ৩। প্রাপিত। ৪। সংস্কৃত। ৫। প্রমাণীকৃত।

ভাবিতাত্মা (ভাবিত—আত্মা, ৬ষ্ঠী—হিং। যাঁহারা পরমাত্মাকে প্রাপ্ত বা জ্ঞাত হইয়াছেন অথবা পরমাত্মাকে চিন্তা করিয়াছেন) বিং, ত্রিং, বিশুদ্ধাত্মা।

ভাবিত্র (ভাবি বিদ্যমান থাকা+ইত্র—ক) সং, ক্লীং, ত্রৈলোক্য, স্বর্গ মর্ত্ত্য পাতাল।

ভাবিনী (ভাব শৃঙ্গারচেষ্টা+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং)সং,স্ত্রীং,কামুকী স্ত্রী। ২। স্ত্রীমাত্র। ৩। বর্ত্তমান প্রাগভাব প্রতিযোগিনী।

ভাবী (ভাবিন্, ভূ হওয়া+ইন্(ণিন্)—ক, ভবিষ্যৎকালে) বিং, ত্রিং, ভবিষ্যৎ, আগামী। শিং—১ "বীরপ্রতিপদা নামতব ভাবী মহোৎসবঃ।"

ভাবুক(ভূ হওয়া+উক(ঞুক)—ক, শীলার্থে) সং, ক্লীং, মঙ্গল, শুভ। ২। পুং, ভগিনীপতি। ৩। বিং, ত্রিং, ভাবগ্রাহক। শিং—১"পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ।" ৪। ভাবনাশীল। ৫। শুভজনক।

ভাব্য (ভূ হওয়া+য(ষ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, ভবিতব্য, যাহা অবশ্য হইবে। ২। সাধ্য, নিষ্পাদ্য।

ভাশুর (দেশজ) সং, পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

ভাষণ (ভাষ্ বলা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, কথন, বলা।

ভাষা(ভাষ্ বলা+অ—ভাবে) সং,স্ত্রীং,অর্থযুক্ত কথন। ২। (+অ—র্ম্ম) কথা। ৩। অর্থযুক্ত উচ্চারিত শব্দ। ৪। যদ্দারা লোকে কথাবার্ত্তা কয়, সংস্কৃত বাঙ্গালা প্রভৃতি। ৫। রাগিণীবিশেষ। ৬। বাগ্দেবতা।

ভাষাঙ্গ—যে ক্রিয়াসিদ্ধাংশ ধাতু এবং বর্ণযোগে কণ্ঠে ভাষিতা হয় তাহার নাম ভাষাঙ্গ।

ভাষান্তরিত (ভাষা—অন্তরিত) বিং,ত্রিং,এক ভাষা হইতে অন্য ভাষায় অনুবাদিত।

ভাষাপরিচ্ছেদ; সং, পুং, বিশ্বনাথ ন্যায়পঞ্চাননকৃত ন্যায়পরিভাষাগ্রন্থ।

ভাষাপাদ ভাষা বাক্য—পাদ অংশ, ভাগ) সং,ক্লীং, পূর্ব্বপক্ষপাদ, অভিযোগ, পূর্ব্বপাদ। [শব্দালঙ্কারবিশেষ।

ভাষাসম; সং, পুং, নানা ভাষায় একরূপ

ভাষিত (ভাষ্ বলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উক্ত, কথিত। ২। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, ভাষা, বচন, উক্তি।

ভাষী(ভাষিন্, ভাষ্ বলা+ইন(ণিন্)—ক) বিং, ত্রিং, কথক, যে বলে। ২। (ইহা শব্দের পরে প্রায় প্রযুক্ত হইয়া থাকে; যথা—মিতভাষী, বহুভাষী ইত্যাদি)।

ভাষ্য (ভাষা দেখ, য(ষ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, ব্যাখ্যান, সূত্র বিবরণগ্রন্থ। শিং—১ "সূত্রস্থং পদমাদায় বাক্যৈঃ সূত্রানুসারিভিঃ। স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ"। ২। গৃহবিশেষ। ৩। সূত্র। বিং, ত্রিং, কথনীয়।

ভাষ্যকর, ভাষ্যকার, ভাষ্যকৃৎ } (ভাষ্য দেখ; কর, কার, কৃৎ=যে করে) সং, পুং, টীকালেখক পতঞ্জলি মুনি। শিং—১ "অহঞ্চ ভাষ্যকারশ্চ কুশাগ্রীয়ধিয়াবুভৌ।"

ভাস্, ভাসা—স্ত্রীং, ভাম—পুং, ভাসস্—ক্লীং } (ভাস দীপ্তি পাওয়া+০ (ক্বিপ্)—ভা, অ, অস্—প্রং) সং, দীপ্তি, কান্তি।

ভাস (ভাস্ দীপ্তি পাওয়া+অ(অন্)—ক) সং, পুং, গৃধ। ২। কুক্কুট। ৩। গোষ্ঠ। ৪। ভাসপক্ষী। ৫। কবিবিশেষ।

ভাসন্ত (ভাস্ দীপ্তিপাওয়া+অন্ত—ক) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। ভাসপক্ষী। ৪। বিং,ত্রিং, সুন্দর, মনোহর। ন্তী—স্ত্রীং, নক্ষত্র।

ভাসমান, ভাসী } (ভাস্ দীপ্তি পাওয়া+আন (শান), ইন(ণিন্)—ক) বিং,

ভিস্তি ( ভস্ত্রাশব্দজ ) সং, চর্ম্মনির্ম্মিত বৃহৎ জলপাত্রবিশেষ।

ভী } (ভী ভয়পাওয়া+০(ক্বিপ্), তি
ভীতি } (ক্তি)—ভা ) সং, স্ত্রীং, ভয়, ত্রাস, শঙ্কা। ২। ভয়কম্প।

ভীত(ভী ভয়পাওয়া+ত(ক্ত)—ক) বিং,ত্রিং, ভয়যুক্ত, ত্রস্ত, শঙ্কিত। ২। (+ক্ত—ভা) সং, ক্লীং, ভয়। ৩। পুং, মন্ত্রবিশেষ। শিং—১ "শিবো বা শক্তিরথ বা ভীতাখ্যঃ স প্রকীর্ত্তিতঃ।"

ভীতঙ্কার (ভীত—কৃ করা+খমুঞ্—ভা) ক্লীং,অং,"তুই ভীত" এই বলিয়া।

ভীম (ভী দেখ,ম(মক্)—পা) সং, পুং, মধ্যম পাণ্ডব,বৃকোদর। ২। শিব ; যথা—"ধূমাবতী দেখে ভীম সভয় হইলা।" ৩। দময়ন্তীর পিতা নৃপবিশেষ। ৪। ভয়ানক রস। ৫। অম্লবেতস। ৬। দেবগন্ধর্ব্ব-বিশেষ। ৭। আঙ্গিরস বহ্নি। ৮। দানববিশেষ। ৯। অষ্টাদশঅক্ষর মন্ত্র-বিশেষ। ১০। পরমেশ্বর। ১১। বিং, ত্রিং, ঘোর, ভীষণ, ভয়ানক।

ভীমক ; সং, পুং, পার্ব্বতীর ক্রোধজাত গণবিশেষ। [ভীমৈকাদশী।

ভীমতিথি ; সং, স্ত্রীং, ভীমোপাসিত তিথি,

ভীমদ্বাদশী ; সং,স্ত্রীং, ভীমোপাসিত দ্বাদশী, মাঘমাসীয় শুক্লা দ্বাদশী।

ভীমনাদ (ভীম ভয়ানক—নাদ শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। ২। (মং—স) ভয়ানক শব্দ।

ভীমপরাক্রম (ভীম ভয়ঙ্কর—পরাক্রম, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, ভীষণ পরাক্রমযুক্ত। ২। সং, পুং, বিষ্ণু।

ভীমপুর ; সং, ক্লীং, বিদর্ভনগর।

ভীমরথ ; সং, পুং, অসুরবিশেষ। ২। ধৃত-রাষ্ট্রপুত্রবিশেষ।৩। ধন্বন্তরিবংশোদ্ভব নৃপ-বিশেষ। ৪। নৃপবিশেষ। ৫। কৃষ্ণের পুত্র-বিশেষ।

ভীমরথী (ভীম ভয়ানক—রথ, ঈ—প্রং) সং, স্ত্রীং, প্রাচীন অবস্থাবিশেষ, ৭৭ বৎসর ৭ মাসের ৭মী রাত্রি। ২ নদী-বিশেষ।

ভীমল (ভী ভয়—মল সম্বন্ধ, ৭মী—হিং) বিং, ত্রিং, ভয়ঙ্কর।

ভীমবিক্রান্ত (ভীম ভয়ানক—বিক্রান্ত) সং, পুং, সিংহ। ২। বিং, ত্রিং, ভয়ানক পরাক্রমশালী।

ভীমবেশ (ভীম—বেশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভয়ঙ্কর বেশযুক্ত। ২। সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ। ৩। দানববিশেষ।

ভীমশর ; সং, পুং, ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

ভীমশাসন (ভীম ভয়ানক—শাসন আজ্ঞা) সং, পুং, কৃতান্ত, যম। ২। বিং, ত্রিং, ভয়ঙ্কর শাসনকারী।

ভীমসেন ( ভীম ভয়ানক—সেনা, ৬ষ্ঠী—হিং, কিম্বা মং—স) সং, পুং, মধ্যম-পাণ্ডব, বৃকোদর। ২। কর্পূরবিশেষ। ৩। জন্মেজয়ের পুত্র। ৪। জন্মেজয়ের ভ্রাতা।

ভীমহাস ; সং,পুং, ইন্দ্রতূল, বুড়ির সূতা।

ভীমা ; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "ভীমা দেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতি।" ( দেবীমাহাত্ম্য )। ২। (প্রমীলাসুন্দরী) পরাক্রমে ভীমাসমা।" ৩। কশা। ৪। রোচনাখ্য গন্ধদ্রব্য। ৫। নদীবিশেষ।

ভীমৈকাদশী ; সং, স্ত্রীং, মাঘমাসের শুক্লা একাদশী।

ভীরু } (ভী দেখ, রু(ক্রু), লু(ক্লু—ক)
ভীলু } বিং, ত্রিং, ত্রস্ত, ভীতস্বভাব। ২। সং, পুং, শৃগাল। ৩। ব্যাঘ্র। ৪। ইক্ষু-বিশেষ। রু, রূ—স্ত্রীং, স্ত্রীবিশেষ। ২। কণ্টকারী। ৩। শতাবরী। ৪। শতপা-দিকা। ৫। ছায়া।

ভীরুক } ( ভী দেখ, রুক(ক্রুক), লুক
ভীলুক } (ক্লুক)—ক) বিং, ত্রিং, ভয়-যুক্ত, কাতর। ২। সং, পুং, পেচক। ৩। শৃগাল। ৪। ভল্লুক। ৫। ক্লীং, বন।

ভীরুরন্ধ্র (ভীরু ভয়ানক—রন্ধ্র গুহা গহ্বর) সং, পুং, অগ্নিকুণ্ড, হাপর।

ভীরুহৃদয় (ভীরু ত্রস্ত—হৃদয় অন্তঃকরণ) ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগ, হরিণ। ২। বিং, ত্রিং, শঙ্কিতান্তঃকরণবিশিষ্ট।

ভীষণ (ভী ভয়পাওয়া[প্রেরণে ণিচ্]+অন—ক) বিং, ত্রিং, ভয়ঙ্কর, দারুণ

২। গাঢ়, দৃঢ় ৩। সং, পুং, শিব ৪। বৃক্ষবিশেষ। ৫। ভয়ানক রস। ৬। কপোত। ৭। কন্দুরুক। ৮। হিন্তাল শল্লকী। ৯। (+অনট্—ভাবে) ক্লীং, ভয়প্রদর্শন।

ভীষা (ভী-ণিচ্=ভীষি ভীত হওয়া+অ—ভাবে, আপ্) সং, স্ত্রীং, ভয়প্রদর্শন। শিং—১ "ক্ষেত্রং বা ভীষয়া হরন্।" (মনু)।

ভীষিত (ভীষা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ভয়প্রদর্শিত।

ভীষ্ম (ভী ভয় পাওয়া+ম(মক্)—পা, ষ্—আগম) সং, পুং, পাণ্ডুরাজার পিতামহের ভ্রাতা, শান্তনুরাজার পুত্র, গাঙ্গেয়; তিনি দারপরিগ্রহ ও রাজ্যভোগ করেন নাই। ২। শিব। ৩। রাক্ষস। ৪। বিং, ত্রিং, ভয়ানক, ভয়ঙ্কর।

ভীষ্মক; সং, পুং, বিদর্ভরাজ, রুক্মিণীর পিতা।

ভীষ্মকেশব; সং, পুং, কাশীস্থ কেশবমূর্ত্তি-বিশেষ।

ভীষ্মপঞ্চক; সং, ক্লীং, কার্ত্তিকী শুক্লা একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত এই পঞ্চ তিথিতে কর্ত্তব্য ব্রতবিশেষ। ২। ঐ পাঁচ তিথি।

ভীষ্মরত্ন; সং, ক্লীং, হিমালয়ের উত্তর দেশজাত শুক্লবর্ণ প্রস্তরবিশেষ।

ভীষ্মসূ } (ভীষ্ম—সূ মাতা, কিম্বা সূ
ভীষ্মজননী } প্রসব করা+০(ক্বিপ্)—ক, ৬ষ্ঠী—ষ, ২য়া—য। ভীষ্ম—জননী মাতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভীষ্মের মাতা, গঙ্গা।

ভীষ্মাষ্টমী; সং, স্ত্রীং, মাঘ মাসের শুক্লা অষ্টমী।

ভুঁড়ি (দেশজ) সং, বৃহৎ উদর, বড় পেট।

ভুক্ (ভুজ্, ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, ভোক্তা, যে ভোজন করে; যথা—বলিভুক্, হুতভুক্ ইত্যাদি।

ভুক্ত (ভুজ্ ভোজন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত। ২। উপভুক্ত। ৩। অন্তর্গত; যথা—রাজ্যভুক্ত, অধিকারভুক্ত ইত্যাদি। ৪। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, ভুক্তি।

ভুক্তভোগ (ভুক্ত—ভোগ, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃতভোগ। শিং—১ "জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্যঃ।"

ভুক্তসমুজ্ঝিত; বিং, ত্রিং, ভোজনান্তর ত্যক্ত।

ভুক্তি (ভুক্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভোজন। ২। ভোগ।

ভুগ্ন (ভুজ্ কুটিলহওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বক্র, বাঁকা। ২। বেগাদি দ্বারা বক্রীকৃত। ৩। নত।

ভুজ (ভুজ্ ভোজন করা+অ(ক)—ক) সং, পুং, জা—স্ত্রীং, বাহু, হস্ত। ২। ভূর্জ্জপত্র। ৩। ধনুকের আকৃতি, গোলাকার বস্তু। ৪। ত্রিকোণাদিক্ষেত্রস্থ রেখা-বিশেষ। শিং—১ "তথায়তে তদ্ভুজ-কোটিঘাতঃ।" ৫। বিং, ত্রিং, কুটিল।

ভুজকোটর (ভুজ বাহু—কোটর খোড়ল) সং, পুং, কক্ষ, বগল।

ভুজগ (ভুজ বক্রাকৃতি—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) সং, পুং, গী—স্ত্রীং, সর্প, ফণী। ২। পুং, ষিড়্গা। ৩। বিট্।

ভুজগদারণ (ভুজগ সর্প—দারণ [দৃ বিদীর্ণ করা+অন(অনট্)—ক] যে বিদারণ করে) সং, পুং, গরুড়।

ভুজগান্তক } (ভুজগ সর্প—অন্তক না-
ভুজগাশন } শক, ৬ষ্ঠী—ষ। অশন খাদ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়। ২। ময়ূর।

ভুজগভোজী (—ভোজিন্, ভুজগ—ভুজ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, ময়ূর। ২। গরুড়। ৩। রাজসর্প।

ভুজগশিশুভৃতা; সং, স্ত্রীং, ৯ অক্ষর ছন্দোবিশেষ।

ভুজঙ্গ } (ভুজ্ বক্রাকৃতি—গ [গম্
ভুজঙ্গম } গমন করা+অ(খ)—ক] যে গমন করে) সং, পুং—স্ত্রীং, সর্প। ২। পুং, ষিড়্গা। ৩। বিট্। ৪। জার। ৫। অশ্লেষানক্ষত্র। ৬। ক্লীং, সীসক, সীসা।

ভুজঙ্গপ্রয়াত; সং, ক্লীং, দ্বাদশাক্ষর পাদ-চ্ছন্দোবিশেষ, যাহার ১ম, ৪র্থ, ৭ম ও ১০ম বর্ণ লঘু।

ভুজঙ্গভুক্ (ভুজঙ্গভুজ্, ভুজঙ্গ সর্প—ভুজ্ যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, গরুড়। ২। ময়ূর।

ভুজঙ্গবিজৃম্ভিত ; সং,ক্লীং, ২৬ অক্ষর ছন্দোবিশেষ।

ভুজঙ্গসঙ্গতা ; সং, স্ত্রীং, ৯ অক্ষর ছন্দোবিশেষ।

ভুজঙ্গহা (ভুজঙ্গহন্, ভুজঙ্গ—হন্ বধ করা +০(ক্বিপ্)—ক) সং, পুং, গরুড়।

ভুজঙ্গাক্ষী ; সং, স্ত্রীং, রাস্না।

ভুজঙ্গাখ্য ; সং, পুং, নাগকেশর। ২। বিং, ত্রিং, সর্পনামক।

ভুজঙ্গেশ (ভুজঙ্গ—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাসুকি। ২। অনন্ত। ৩। পিঙ্গলমুনি। ৪। পতঞ্জলিমুনি।

ভুজমধ্য ; সং, ক্লীং, ভুজান্তর, ক্রোড়।

ভুজশিরঃ (ভুজশিরস্, ভুজ বাহু—শিরস্ মস্তক) সং, ক্লীং, স্কন্ধ, কাঁধ।

ভুজা (দেশজ) ভৃষ্ট চাউল, চালভাজা।

ভুজাকণ্ট (ভুজা হস্ত—কণ্ট কাঁটা) সং, পুং, হস্তনখর, হাতের নখ।

ভুজাগ্র (ভুজ—অগ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর, হস্ত।

ভুজাদল (ভুজা বাহু—দল পত্র) সং, পুং, কর, হস্ত।

ভুজান্তর (ভুজ বাহু—অন্তর মধ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বক্ষঃস্থল। ২। অগ্রহস্ত।

ভুজি (ভুজ্ ভোজন করা+ই—ক, সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি, বহ্নি।

ভুজিষ্য (ভুজ্ ভোজন করা+ইষ্য(কিষ্যন্)—ক) সং, পুং, দাস, ভৃত্য। শিং—১ "ভুজিষ্যাঃ সন্তি ভারত।" ২। স্বাধীন ব্যক্তি। ৩। হস্তসূত্র। ষ্যা—স্ত্রীং, দাসী। ২। গণিকা, বেশ্যা।

ভুঞ্জান (পূর্ব্বে দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, ভোগকারী। শিং—১ "ভুঞ্জানো বর্দ্ধয়েৎ পাপমসত্যং সংসদি ব্রুবন্।" ২ "ভুঞ্জানং ক্রব্যসংহতিম্।"

ভুবন (ভূ হওয়া+কন—ক, উ, নিপাতন) সং, ক্লীং, জগৎ—সপ্তপাতাল ও সপ্তস্বর্গ এই চতুর্দ্দশ। শিং—১ "শুষিরং তানি কথ্যন্তে ভুবনানি চতুর্দ্দশ।" ২। জল। ৩। আকাশ।

ভুবনকোষ ; সং,পুং, ভূগোল। ২। জ্যোতিষ [গ্রন্থবিশেষ।

ভুবনেশ্বরী ; সং, স্ত্রীং, মহাবিদ্যামধ্যে দেবীবিশেষ ; ইহার রূপ, যথা—



ভুবনেশ্বরী।

"রক্তবর্ণা সুভূষণা আসন অম্বুজ।
পাশাঙ্কুশ বরাভয়ে শোভে চারি ভুজ।
ত্রিনয়না অর্দ্ধচন্দ্র ললাটে উজ্জ্বল।
মণিময় নানা অলঙ্কারে ঝলমল॥"
(অন্নদামঙ্গল)

২। ত্রিপুরাসুন্দরী মূর্ত্তি।

ভুবন্যু (ভূ হওয়া+কন্যু+উ, নিপাতন) সং, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি। ৪। প্রভু।

ভুবঃ (ভুবর্, ভুবস্, ভূ হওয়া+অসুক্ (অসুক্)—ক) অং, আকাশ, অন্তরীক্ষ।

ভুবর্লোক (ভুবস্ আকাশ—লোক ভুবন) সং, পুং, পৃথিবী ও সূর্য্যের মধ্যপ্রদেশ। শিং—১ "ভূমিসূর্য্যান্তরং যক্ষ সিদ্ধাদি মুনিসেবিতং। ভুবর্লোকস্তু সোঽপ্যুক্তো দ্বিতীয়ো মুনিসত্তম।"

ভুবিঃ (ভুবিস্, ভূ হওয়া+ইস্—সংজ্ঞার্থে উ=উ) সং, ক্লীং, সমুদ্র।

ভুরিক্ (ভুরিজ্, ভৃ পোষণ করা+ইজ্, প্রং, ঋ=উর) সং, স্ত্রীং, পৃথিবী। ২। বাহু।

ভুরুণ্ড ; সং, পুং, জন্তুবিশেষ।

ভুল (দেশজ) সং, বিস্মৃতি।

ভুলন (দেশজ) সং, বিস্মরণ। ২। ভ্রম হওন।
ভূশুণ্ডি ; সং, স্ত্রীং, আগ্নেয়াস্ত্রবিশেষ।
ভুষা, ভুষী (দেশজ) সং, যবগোধূমাদির ত্বক্, ধান্যাদির খোসা।
ভূ (ভূ হওয়া+০(কিপ্)—ক) সং, স্ত্রীং, পৃথিবী। ২। স্থান, প্রদেশ। ৩। আধার। ৪। যজ্ঞাগ্নি। ৫। অং, পাতাল।
ভুঁই (ভূমি শব্দজ) সং, ক্ষেত্র, ক্ষেত।
ভূক (ভূ হওয়া+কক্—ক) সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত। ২। কাল, সময়। ৩। পুং, অন্ধকার।
ভূকক্ষা (Isthmus) সং, স্ত্রীং, যে গ্রীবাকৃতি ভূমিখণ্ড অপর প্রশস্ত ভূমিখণ্ডদ্বয়কে সংযোজিত করে।
ভূকম্প (ভূ পৃথিবী—কম্প কম্পন) সং, পুং, ভূমিকম্প, পৃথিবীর কম্পন। ২। ভূমিজোৎপাতবিশেষ। শিং—১ "ভূকম্পমপি ভূমিজম্।"
ভূকল ; সং, পুং, দুষ্ট অশ্ব, অদম্য ঘোটক।
ভূকর্ণ (Radius of the Equator) ভূ—কর্ণ [Sine] সং, পুং, জ্যোতিঃশাস্ত্রে নিরক্ষমণ্ডলের ব্যাসার্দ্ধ।
ভূকশ্যপ (ভূ পৃথিবী—কশ্যপ) সং, পুং, বসুদেব, কৃষ্ণের পিতা।
ভূকাক (ভূ পৃথিবী—কাক) সং, পুং, কোঁচ বক। ২। নীলবর্ণ কপোত।
ভূকেশ (ভূ পৃথিবী—কেশ চুল) সং, পুং, শৈবাল। ২। বটবৃক্ষ। শা—স্ত্রীং, রাক্ষসী।
ভূক্ষিৎ (ভূ পৃথিবী—ক্ষি ক্ষয় করা+০ (কিপ্)—ক, ৎ—আগম) সং, পুং, শূকর।
ভূখর্জ্জুরী ; সং, স্ত্রীং, ক্ষুদ্রখর্জ্জুরী।
ভূগর (ভূ—গর বিষ) সং, ক্লীং, গরল, বিষ।
ভূগর্ভ (ভূ পৃথিবী—গর্ভ) সং, পুং, ভবভূতি কবি। ২। ভূমির অভ্যন্তর ভাগ।
ভূগোল (ভূ পৃথিবী—গোল মণ্ডল) সং, পুং, ভূমণ্ডল, পৃথিবীমণ্ডল।
ভূগোলবিদ্যা (Geography) যে বিদ্যা দ্বারা পৃথিবীর আকৃতি ধর্ম্ম বিভাগ গতি ও সম্বন্ধ জ্ঞাত হওয়া যায়।
ভূচর (ভূ—চর যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহারা ভূমিতে বাস করে, মনুষ্য গো অশ্ব প্রভৃতি। [বীর মানচিত্র, ম্যাপ্।
ভূচিত্র (ভূ পৃথিবী—চিত্র) সং, ক্লীং, পৃথি-
ভূচ্ছায়া (ভূ পৃথিবী—ছায়া) সং, স্ত্রীং, অন্ধকার।
ভূজন্তু ; সং, পুং, নাগহস্তী।
ভূজম্বু (ভূ পৃথিবী—জম্বু জাম) সং, স্ত্রীং, গোধূম, গম। ২। বিকঙ্কত ফল, বঁইচ।
ভূত (ভূ হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক, ভূতকালার্থে) সং, পুং, দেবযোনিবিশেষ। ২। শিবের অনুচর। ৩। ক্লীং, পৃথিবী জল অগ্নি বায়ু আকাশ এই পঞ্চ। শিং—১ "ভূতেষু সততং তস্যৈ ব্যাপ্তি দেব্যৈ নমোনমঃ।" (দেবীমাহাত্ম্য)। ৪। জন্তু। শিং—১ "জনকঃ সর্ব্বভূতানাম্।" ৫। পিশাচ। ৬। সত্য। ৭। তত্ত্বানুসন্ধান। ৮। বিং, ত্রিং, উৎপন্ন। ৯। অতীত। ১০। লব্ধ। ১১। জাত। ১২। সত্য। ১৩। তুল্য। ১৪। সদৃশ। ১৫। উপমিত। ১৬। স্বরূপ। ১৭। চেতন পদার্থ; প্রাণী। ১৮। উচিত। তা—স্ত্রীং, কৃষ্ণাচতুর্দ্দশী। [উৎপাদিকাশক্তি।
ভূতকলা ; সং, স্ত্রীং, পৃথিব্যাদি পঞ্চভূতের
ভূতকেশ (ভূতানাং কেশ ইব) সং, পুং, স্বনামখ্যাত তৃণ। শী—স্ত্রীং, শেফালিকা। ২। নীলসিন্দুবার।
ভূতক্রান্তি (ভূত পিশাচাদি—ক্রান্তি গমন) সং, স্ত্রীং, ভূতাবেশ, ভূতে পাওয়া।
ভূতগুণ ; সং, পুং, আকাশাদি পঞ্চভূতের গুণ। শিং—১ "শব্দস্পর্শ রূপরসগন্ধাঃ ভূতগুণাঃ স্মৃতাঃ।"
ভূতঘ্ন (ভূত পিশাচাদি—ঘ্ন [হন্ বধকরা +অ(টক্)—ক] যে নাশকরে) সং, পুং, উষ্ট্র, উট। ২। লশুন। ৩। ভূর্জ্জবৃক্ষ। বিং, ত্রিং, ভূতনাশক। ২। ঘ্নী—স্ত্রীং, তুলসী। ৩। মুণ্ডিতিকা।
ভূতচতুর্দ্দশী ; সং, স্ত্রীং, কার্ত্তিকী কৃষ্ণাচতুর্দ্দশী, ইহাকেই যমচতুর্দ্দশী বলে।
ভূতজটা ; সং, স্ত্রীং, জটামাংসী।

ভূতত্ত্ববিদ্যা (Geology) পৃথিবীর অভ্যন্তরস্থ পদার্থ সমুদায়ের নির্ণয়াত্মক শাস্ত্র।

ভূতদ্রাবী (—দ্রাবিন্, ভূত—দ্রু-ণিচ্=দ্রাবি মর্দ্দনকরা+ইন্(ণিন্)—ক) সং, পুং, রক্তকরবীর বৃক্ষ। ২। ভূতাঙ্কুশ বৃক্ষ।

ভূতদ্রুম; সং, পুং, শ্লেষ্মান্তক বৃক্ষ।

ভূতধাত্রী (ভূত প্রাণী—ধাত্রী উপমাতা) সং, স্ত্রীং, ধরিত্রী, পৃথিবী।

ভূতনাথ
ভূতপতি
ভূতভর্ত্তা } (ভূত পিশাচাদি—নাথ, পতি, ভর্তৃ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ২। বটুকভৈরব। শিং—১ "ভৈরবো ভূতনাথশ্চ।"

ভূতনায়িকা (ভূত পিশাচাদি—নায়িকা যে লইয়া যায়) সং, স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী।

ভূতনাশন (ভূত—নাশ্-ণিচ্=নাশি নাশ করা+অন(অনট্)—ক) সং, ক্লীং, সর্ষপ। ২। রুদ্রাক্ষ। ৩। ভল্লাতক।

ভূতপক্ষ (ভূত ভূতপ্রিয়—পক্ষ, য়ং—স, মধ্যপদলোপ) সং, পুং, কৃষ্ণপক্ষ।

ভূতপূর্ণিমা (ভূত—পূর্ণিমা। এই পূর্ণিমাতে ভূতগণ পূজিত হয়) সং, স্ত্রীং, আশ্বিনী পূর্ণিমা, কোজাগর পূর্ণিমা।

ভূতপূর্ব্ব; বিং, ত্রিং, যাহা পূর্ব্বে ছিল, পূর্ব্বকার।

ভূতভাবন (ভূত পৃথিব্যাদি—ভাবন ভূ-ণিচ্=ভাবি হওয়ান]+অন—ক) সং, পুং, সৃষ্টিকর্ত্তা। ২। বটুকভৈরব।

ভূতভৃৎ (ভূত—ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক। ৎ—আগম) সং, পুং, পালনকর্ত্তা। ২। বিষ্ণু। শিং—১ "ভূতকৃৎ ভূতভৃদ্ভাবো ভূতাত্মা ভূতভাবনঃ।

ভূতমারী (—মারিন্ ভূত—মৃ-ণিচ্=মারি বিনাশ করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, চাঁড়ানাম গন্ধদ্রব্য।

ভূতযজ্ঞ (ভূত—যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জীবদিগকে খাদ্যদান, কাক প্রভৃতিকে ভক্ষ্য বস্তু প্রদান। (ইহা গৃহস্থের কর্ত্তব্য পঞ্চযজ্ঞান্তর্গত বলি কর্ম্ম)। শিং—১ "ভূতেভ্যোবলিহরণং ভূতযজ্ঞঃ। (স্মৃতি)।

ভূতল (ভূ—তল নিম্ন) সং, ক্লীং, পাতাল। ২। ধরাতল, পৃথিবীর উপরিভাগ।

ভূতবাস; সং, পুং, বিভীতক, বয়ড়া।

ভূতবিক্রিয়া (ভূত—বিক্রিয়া বিকার) সং, স্ত্রীং, অপস্মার রোগ।

ভূতব্রহ্মা (—ব্রহ্মন্) সং, পুং, দেবল।

ভূতশুদ্ধি (ভূত পৃথিব্যাদি—শুদ্ধি শো[ধন], ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পূজাদিতে বীজবি[শেষ] দ্বারা বামকুক্ষিস্থিত শরীরস্থ পাপপ[ুরুষ] দহন পূর্ব্বক শরীর শোধন।

ভূতসংপ্লব; সং, পুং, প্রলয়। শিং "আভূতসংপ্লবস্থানমমৃতত্বং হি ভাষতে

ভূতসঞ্চার (ভূত পিশাচাদি—সম্ স[ঞ্চার] —চর্ গমন করা+অ(ঘঞ্)—ভা[ব]) সং, পুং, ভূতাবেশ, ভূতে পাওয়া।

ভূতসঞ্চারী (—সঞ্চারিন্, ভূত—সং—চর্ রণকরা+ইন্(ণিন্)—ক) সং, পুং, দাবা[নল]

ভূতসর্গ (ভূত—সর্গ সৃষ্টি) সং, স্ত্রীং, সৃষ্টি; তাহা চতুর্দ্দশবিধ—ব্রাহ্ম, [প্রাজা]পত্যায়, সৌম্য, ঐন্দ্র, গান্ধর্ব্ব, কৌ[বের], রাক্ষস, পৈশাচ, মানুষ, স্থাবর, [তৈর্য্যগ্যো]নিক, সার্প।

ভূতসা[ধনী] (ভূত প্রাণী—সাধনী উৎ[পাদন] ক[ারি]ণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভূমি।

ভূতহন্ত্রী (ভূত—হন্ বধকরা+তৃ[চ্] ক, ঈপ্—স্ত্রীং,) সং, ক্লীং, বন্ধ্যাক[র্কোটকী]। ২। শ্বেতদূর্ব্বা।

ভূতহর; সং, পুং, গুগ্গুলু।

ভূতহারী (—হারিন্) সং, পুং, দেবদারু

ভূতাত্মা (ভূতাত্মন্, ভূত পৃথিব্যা[দি] আত্মন্ স্বরূপ, ৬ষ্ঠী—হিং) সং, দেহ। ২। শিব। ৩। ব্রহ্মা। ৪। ৫। পরব্রহ্ম। ৬। যুদ্ধ।

ভূতাদি (ভূত—আদি) সং, পুং, বিষ্ণু

ভূতাবিষ্ট (ভূত পিশাচ—আবিষ্ট [হ]ওয়া—ষ) বিং, ত্রিং, ভূতগ্রস্ত, ভূত

ভূতারি (ভূ—অরি শত্রু) সং, হিঙ্গু, হিং। ২। [ভূতাবিষ্ট, ভূ

ভূতার্ত্ত (ভূত—আর্ত্ত পীড়িত) বিং,

ভূতার্থ (ভূত সত্য—অর্থ) বিং, যথার্থ, সত্য,। ২। অকৃত্রিম।

ভূতাবাস (ভূত—আবাস বাসস্থান) পুং, শরীর, দেহ। ২। বিষ্ণু।

"বসন্তি ত্বয়ি ভূতানি ভূতাবাসোস্ততো-হরিঃ।" ৩। বিভীতক বৃক্ষ।

ভূতাবেশ ( ভূত—আবেশ প্রবেশ, ৬ষ্ঠী—য ) সং, পুং, ভূতসঞ্চার, ভূতে পাওয়া।

ভূতি ( ভূ হওয়া+তি(ক্তি)—ণ ) সং, স্ত্রীং, শিবের অণিমাদি অষ্ট-বিধ ঐশ্বর্য্য। ২। শিবের অঙ্গস্থ ভস্ম। ৩। মহিমা। ৪। সম্পত্তি। ৫। মঙ্গল। ৬। মাতঙ্গের সিন্দূরাদি সজ্জা, হস্তিশৃঙ্গার। ৭। জাতি। ৮। বৃদ্ধিনামৌষধ। ৯। রোহিষতৃণ। ১০। ভূতৃণ। ১১। ( ক্তি—ভাবে ) উৎপত্তি। ১২। সিদ্ধি। ১৩। অভ্যুদয়। ১৪। উৎকর্ষ।

ভূতিক, ভূতীক ; সং, ক্লীং, ভূনিম্ব। ২। কতৃণ। ৩। কট্‌ফল। ৪। পুং, যমানী।

ভূতিকাম ; সং, পুং, রাজমন্ত্রী। ২। বৃহস্পতি। ৩। বিং, ত্রিং, ঐশ্বর্য্যাভিলাষী। শিং—১ "বায়ব্যং শ্বেতমালভেত ভূতি-কামঃ।"

ভূতিকীল ; সং, পুং, ভূখ্যাত, খানা।

ভূতিগর্ভ ( ভূতি অলৌকিক শক্তি—গর্ভ অঙ্কুর, ৭মী—হিং। প্রথিত আছে যে ইহার মৃত্যুর পর সমসাময়িক কবি কালিদাস ইহাকে পুনরুজ্জীবিত করেন ) সং, পুং, ভবভূতি।

ভূতিনিধান ( ভূতি সিদ্ধি—নিধান আধার ) সং, ক্লীং, ধনিষ্ঠা নক্ষত্র।

ভূতিমান্ ( ভূতিমৎ, ভূতি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐশ্বর্য্যযুক্ত।

ভূতিলয় ; সং, পুং, তীর্থবিশেষ।

ভূতুড়ে (দেশজ) ভূতের ওঝা।

ভূতৃণ ; সং, পুং, ক্লীং, গন্ধতৃণ, গন্ধখড়্।

ভূতেশ ( ভূত পিশাচ—ঈশ প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, শিব।

ভূতেষ্টা ; সং, স্ত্রীং, আশ্বিন কৃষ্ণাচতুর্দ্দশী।

ভূতোড্ডামর ; সং, ক্লীং, তন্ত্রবিশেষ।

ভূতোন্মাদ (ভূত ভূতকৃত—উন্মা? স্বং—স, মধ্যপদলোপ ) সং, পুং, ভূতকৃত উন্মাদ।

ভূতোপহত ( ভূত—উপহত অভিভূত, আক্রান্ত) বিং, ত্রিং, ভূতগ্রস্ত, ভূতাবিষ্ট।

ভূত্তম ( ভূ পৃথিবী—উত্তম ) সং, ক্লীং, কাঞ্চন, স্বর্ণ।

ভূদার (ভূ পৃথিবী—দৄ বিদারণ করা+অ অ(যণ্)—ক) সং, পুং, বরাহ, শূকর।

ভূদেব, ভূসুর (ভূ পৃথিবী—দেব, সুর =দেবতা, ৬ষ্ঠী—য) সং, পুং, ব্রাহ্মণ।

ভূদোষ ; সং, পুং, হিংসা স্তেয় মিথ্যা প্রতারণা প্রভৃতি। যথা—"অষ্টাদশ অক্ষৌহিণী সেনা যুদ্ধবাসনায় ভূদোষ বর্জ্জিতক্ষেত্রে সমাগতওনিধন প্রাপ্ত হয়।"

ভূধন ( ভূ—ধন, পৃথিবীই যাহার ধন, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, রাজা।

ভূধর ( ভূ পৃথিবী—ধর যে ধরে, ২য়া—য) সং, পুং, পর্ব্বত, অনন্তদেব। যন্ত্রবিশেষ। ৪। বটুকভৈরব।

ভূধাত্রী ; সং, স্ত্রীং ভূম্যামলকী।

ভূধ্র ( ভূ পৃথিবী—ধ্র ধারণ করা+অ(ক) —ক। = )সং, পুং, পর্ব্বত। ২। মহীধর। [সং, পুং, চিরাতা।

ভূনিম্ব ( ভূ পৃথিবী—নিম্ব নিমগাছ )

ভূপ, ভূপতি, ভূপাল, ভূভুজ্ ( ভূ পৃথিবী —প [ পা পালন করা+অ(ড)—ক ] যে পালন করে, দ্বিতীয়া—য।—পতি, ৬ষ্ঠী —য।—পাল যে পালন করে, দ্বিতীয়া —য। ভুজ্ [ভুজ্ ভোগকরা+০(ক্বিপ্) ক ] যে উপভোগ করে, দ্বিতীয়া—য) সং, পুং, রাজা, নৃপ।

ভূপদ ( ভূ পৃথিবীতে—পদ [ পা ] মূল, ৭মী—হিং) সং, পুং, তরু, বৃক্ষ। ২। দী—স্ত্রীং, মল্লিকা। [পুং, ভূমি পরিমাণ।

ভূপরিধি (ভূ—পরিধি পরিমাণ, ৬ষ্ঠী—য)সং,

ভূপুত্র ; সং, পুং, নরকাসুর। ২। মঙ্গল গ্রহ।

ভূপুত্রী (ভূ পৃথিবী—পুত্রী কন্যা। ক্ষেত্র-কর্ষণকালীন ইনি হলদ্বারা উত্থিতা হইয়াছিলেন) সং, স্ত্রীং, সীতা, জানকী। শিং—১ "ভূপুত্রী যস্য পত্নী সতু ভবতি কথং ভূপতি রামচন্দ্রঃ।"

ভূভৃৎ (ভূ—ভৃ ধারণকরা, পোষণ করা +০(কিপ্)—ক, ৎ—আগম) সং, পুং, পর্ব্বত। ২। ভূপতি।

ভূময় ( ভূ পৃথিবী+ময় (ময়ট্)—প্রাচুর্য্যার্থে ) বিং, ত্রিং, মৃদাত্মক, মৃন্ময়। য়ী—স্ত্রীং, ছায়া, সূর্য্যপত্নী।

ভূমা ( ভূমন্, ভূ বহুশব্দজ + মন্ — প্রং ) বিং, ত্রিং, ভূয়িষ্ঠ, বহুল, অধিক। ২। সং, পুং, সর্ব্বব্যাপী পুরুষ। ২। ( বহু + ইমন্ — ভাবে, নিপাতন ) বহুত্ব।

ভূমানন্দ ( ভূমা দেখ, আনন্দ ) সং, পুং, অতিশয় আনন্দ।

ভূমি, ভূমী ( ভূ হওয়া + মি(মিক্) — ধি, ঈপ্) সং, পুং — স্ত্রীং, পৃথিবী। যথা — ১ "কেন দিলা নিদারুণ শাপ। ভূমে গেলে বাড়িবেক পাপ।" ২। বাসস্থান। ৩। স্থান। ৪। ক্ষেত্র। ৫। আধার যথা — বিশ্বাসভূমি। ৬। আকর। ৭। যোগীদিগের অবস্থাবিশেষ। ৮। জিহ্বা।

ভূমিকম্প ; সং, পুং, পৃথিবীকম্পন।

ভূমিকা (ভূমি স্থান + কণ্ — স্বার্থে, আপ্ — স্ত্রীং) সং, স্ত্রীং, বেশধারণ, রূপান্তর পরিগ্রহ। ২। সাজান। ৩। রচনা। ৪। গ্রন্থের আভাস। ৫। বক্তব্য বিষয়ের সূচনা। ৬। বেদান্তমতে—চিত্তের অবস্থাবিশেষ। ৭। কক্ষা।

ভূমিকুষ্মাণ্ড ; সং, পুং, ভুঁইকুমড়া।

ভূমিচম্পক (ভূমি পৃথিবী — চম্পক চাঁপা গাছ) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাঁপার গাছ।

ভূমিজ (ভূমি পৃথিবী — জ [জন্ জন্মান + অ (ড) — ক] জাত, ৫মী — ষ ) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকরাজা, নরকাসুর। ৩। বিং, ত্রিং, পৃথিবীজাত। ৪। ক্ষেত্রোৎপন্ন। জা — স্ত্রীং, সীতা, জানকী।

ভূমিজম্বু ; সং, স্ত্রীং, ক্ষুদ্রজম্বু, ছোট জাম।

ভূমিজীবী (ভূমিজীবিন্, ভূমি পৃথিবী — জীবিন্ যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া — ষ) সং, পুং, বৈশ্য। ২। কৃষিজীবী।

ভূমিদেব (ভূমি পৃথিবী — দেব দেবতা, ৬ষ্ঠী — ষ) সং, পুং, ভূদেব, ব্রাহ্মণ।

ভূমিধর (ভূমি — ধৃ ধারণ করা + অ(অন্) — ক) সং, পুং, কুলপর্ব্বত। ২। পর্ব্বত।

ভূমিপ, ভূমিপতি (ভূমি — প [পা পালন করা + অ(ড) — ক] যে পালন করে, ২য়া — ষ। — পতি, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, ভূপতি, রাজা।

ভূমিপাল (ভূমি পৃথিবী — পাল [পাল্ পালন করা + অ(অন্) — ক] যে পালন করে, ২য়া — ষ) সং, পুং, ভূপতি, রাজা।

ভূমিপিশাচ ; সং, পুং, তালবৃক্ষ।

ভূমিপুত্র ; সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর। ত্রী — স্ত্রীং, জানকী।

ভূমিভুজ ( ভূমি পৃথিবী — ভুজ যে উপভোগ করে, ২য়া — ষ) সং, পুং, রাজা।

ভূমিভৃৎ (ভূমি — ভৃ পোষণ করা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, রাজা। ২। পর্ব্বত।

ভূমিমণ্ড ; সং, পুং, লতাবিশেষ, হাপরমালী।

ভূমিমণ্ডপভূষণা ; সং, স্ত্রীং, মাধবীলতা।

ভূমিরুহ, ভূমীরুহ (ভূমি পৃথিবী — রুহ [রুহ্ জন্মান + অ(ক) — ক] যে জন্মে, ৭মী — ষ) সং, পুং, বৃক্ষ, গাছ। শিং — ১ "ছায়া বাঞ্ছ্যতমা নব্যোঢ়বনিতাবাণীব ভূমিরুহা।" (উদ্ভট)।

ভূমিলাভ ; সং, পুং, মৃত্যু। ২। ভূমিপ্রাপ্তি।

ভূমিলেপন (ভূমি পৃথিবী — লেপন লেপনসাধন বস্তু। যে দ্রব্য দ্বারা অনায় গৃহ ইত্যাদির মেজে সর্ব্বদা লেপিয়া থাকে) সং, ক্লীং, গোময়, গোবর।

ভূমিবর্দ্ধন (ভূমি — বর্দ্ধন [বৃধ্-ণিচ্ = বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান + অন — ক] বৃদ্ধি, যাহা দেহের পার্থিব অংশ উপচয়ে দ্বারা যাহা মৃত্তিকা বৃদ্ধি করে, ৫মী — হিং) সং, পুং — ক্লীং, মৃত্তিকাবর্দ্ধক মৃতদেহ, শব, মড়া।

ভূমিষ্ঠ (ভূমি — ষ্ঠ [স্থা থাকা + অ(ড) — ক] যে থাকে, ৭মী — ষ) বিং, ত্রিং, প্রণত, ভূমে পতিত। ২। ভূমেতে স্থিত। ৩। জাত, উৎপন্ন।

ভূমিসম্ভবা (ভূমি পৃথিবী — সম্ভবা কন্যা, ভূপুত্রী দেখ) সং, স্ত্রীং, সীতা, জানকী।

ভূমিস্পৃক্ (ভূমিস্পৃশ্, ভূমি পৃথিবী, ভুঁই — স্পৃশ্ [স্পৃশ্ স্পর্শ করা + ০(ক্বিপ্) — ক] যে স্পর্শ করে) বিং, ত্রিং, ভূমিস্পর্শকারী। ২। সং, পুং, মনুষ্য। ৩। বৈশ্য। ৪। চৌরবিশেষ। ৫। অন্ধ। ৬। খঞ্জ।

ভূমীন্দ্র (ভূমি পৃথিবী — ইন্দ্র প্রধান) সং, পুং, ভূপতি, রাজা।

ভূয়ঃ ( ভূয়স্, বহু + ঈয়সু — অত্যর্থে, ব

স্থানে ভূ, ঈ—লোপ) বিং, ত্রিং, বহুতর, অধিক। ২। সং, ক্লীং, বাহুল্য, আধিক্য। ৩। অং, পুনঃপুনঃ, বারম্বার।

ভূয়িষ্ঠ (বহু+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, প্রচুর, বহুল, অধিক।

ভূরি (ভূ হওয়া+রি(ক্রি)—ক) বিং, ত্রিং, অং, অধিক, অনেক, বহু, প্রচুর। ২। সং, ক্লীং, সুবর্ণ। ৩। পুং, ব্রহ্মা। ৪। বিষ্ণু। ৫। শিব। ৬। সোমদত্তপুত্র। ৭। বাসব।

ভূরিগন্ধা ; সং, স্ত্রীং, পুরানামগন্ধদ্রব্য।

ভূরিগম (ভূরি—গম্ গমন করা—অ (অন্)—ক। ভারপ্রযুক্ত যে ভূরি গমনকরে) সং, পুং, রাসভ, গর্দ্দভ।

ভূরিদক্ষিণ (ভূরি—দক্ষিণা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বহুতর দক্ষিণাদানযুক্ত। ২। সং, পুং, বিষ্ণু। যথা—১"কপীন্দ্রো ভূরিদক্ষিণঃ।"

ভূরিদ্যুম্ন ; সং, পুং, নবম মনুর পুত্রবিশেষ।

ভূরিধামা (—ধামন্) সং, পুং, নবম মনুর পুত্রবিশেষ।

ভূরিপ্রেমা (—মন্, ভূরি প্রচুর—প্রেম) সং, পুং, চক্রবাকপক্ষী।

ভূরিমায় (ভূরি প্রচুর—মায়া কপটতা, শঠতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৃগাল। ২। বিং, ত্রিং, প্রভূত মায়াযুক্ত।

ভূরিশঃ (ভূরিশস্, ভূরি+চশস্—বারার্থে) ক্রিং—বিং, ভূরি ২, বহু ২। ২। বহুবার। শিং—১"কথয়ামান ভূরিশঃ"।

ভূরিশ্রবাঃ (—বস্) সং, পুং, চন্দ্রবংশীয় সোমদত্ত রাজপুত্র ; অর্জ্জুন তাঁহাকে বধ করিয়াছিলেন।

ভূরিহা (ভূরিহন্, ভূরি—হন্ বধকরা—০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, বহুনাশক। ২। সং, পুং, অসুরবিশেষ।

ভূরুণ্ড ; সং, পুং, জন্তুবিশেষ। ণ্ডী-স্ত্রীং, হাতিশুড়াগাছ।

ভূরুহ (ভূ ভূমি—রুহ যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ।

ভূর্ } (ভূ হওয়া+রুক্, সুক্—ক)
ভূঃ } অং, পৃথিবী।

ভূর (দেশজ) গর্ব্ব, অহঙ্কার, জাঁক, বড়াই।

ভূর্জ্জ } (ভূ পৃথিবী—উর্জ্জ্
ভূর্জ্জপত্র } জীবিত হওয়া ইত্যাদি +অ (অন্)—ক) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ। ২। মৃদুত্বক্। শিং—১"ভূর্জ্জত্বচঃ স্পর্শবতীর্দধানা।" (কুমার)

ভূর্জ্জকণ্ঠক (ভূর্জ্জ—কণ্ঠ+কণ্—যোগ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভূর্ণি (ভৃ পোষণকরা নি—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, পৃথিবী। ২। মরুভূমি।

ভূর্লোক (ভূর্ পৃথিবী—লোক ভুবন) সং, পুং, মর্ত্ত্যলোক, পৃথিবী। শিং—১ "পাদগম্যঞ্চ যৎকিঞ্চিৎ বস্ত্বস্তি পৃথিবীময়ং। স ভূর্লোকঃ সমাখ্যাতো বিস্তারোঽস্য ময়োদিতঃ।" (চরণসঞ্চারযোগ্যং গিরিশিখরাদি যাবৎ তাবদুৎসেধো ভূর্লোকো ইত্যর্থঃ।)

ভূলগ্না ; সং, স্ত্রীং, শঙ্খপুষ্পী। ২। বিং, ত্রিং, ভূমিতে সংযোজিত।

ভূলতা (ভূ পৃথিবী—লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কিঞ্চুলুক, কেঁচো।

ভূলিঙ্গশকুনি ; সং, পুং, বিলশায়ি পক্ষিবিশেষ।

ভূল্লেখী (ভূল্লেখিন্, ভূ পৃথিবী—উৎ—লিখ্ [লেখা] চাঁচা, আঁচড়ান ইত্যাদি +ইন্(ণিন্)—ক) বিং ত্রিং, যে সকল পক্ষী মৃত্তিকা আঁচড়াইয়া ভক্ষ্য দ্রব্য অন্বেষণ করে।

ভূবলয় (ভূ—বলয়) সং, ক্লীং, ভূমিপরিধি।

ভূশক্র (ভূ পৃথিবী—শক্র ইন্দ্র) সং, পুং, ভূমীন্দ্র, রাজা।

ভূশয় (ভূ—শী শয়ন করা+অ(অন্)—ক) সং, পুং, বিলশায়ী নকুলাদি। ২। বিষ্ণু। শিং—১"ভূশয়ো ভূষণো ভূতির্বিশোকঃ শোকনাশনঃ।"

ভূষণ—ক্লীং } (ভূষ্ ভূষিতকরা+অন
ভূষা—স্ত্রীং } (অনট্), অ—ভাবে, অপ্—স্ত্রীং) সং, অলঙ্কৃত করণ। (+অনট্—ণ) অলঙ্কার, আভরণ। ২। শিং—১ "কচধার্য্যং দেহধার্য্যং পরিধেয়ং বিলেপনম্। চতুর্দ্ধা ভূষণং প্রাহুঃ স্ত্রীণামন্যচ্চ দৈবিকম্" ।৩। শোভা।৪। সজ্জা।

ভূমা (ভূমন্, ভূ বহুশব্দজ+মন্—প্রং) বিং, ত্রিং, ভূয়িষ্ঠ, বহুল, অধিক। ২। সং, পুং, সর্ব্বব্যাপী পুরুষ। ২। (বহু+ইমন্—ভাবে, নিপাতন) বহুত্ব।

ভূমানন্দ (ভূমা দেখ, আনন্দ) সং, পুং, অতিশয় আনন্দ।

ভূমি } (ভূ হওয়া+মি(মিক্)—ধি,
ভূমী } ঈপ্) সং, পুং—স্ত্রীং, পৃথিবী। যথা—১ "কেন দিলা নিদারুণ শাপ। ভূমে গেলে বাড়িবেক পাপ।" ২। বাসস্থান। ৩। স্থান। ৪। ক্ষেত্র। ৫। আধার যথা—বিশ্বাসভূমি। ৬। আকর। ৭। যোগীদিগের অবস্থাবিশেষ। ৮। জিহ্বা।

ভূমিকম্প; সং, পুং, পৃথিবীকম্পন।

ভূমিকা (ভূমি স্থান+কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বেশধারণ, রূপান্তর পরিগ্রহ। ২। সাজান। ৩। রচনা। ৪। গ্রন্থের আভাস। ৫। বক্তব্য বিষয়ের সূচনা। ৬। বেদান্তমতে—চিত্তের অবস্থাবিশেষ। ৭। কক্ষা।

ভূমিকুষ্মাণ্ড; সং, পুং, ভুঁইকুমড়া।

ভূমিচম্পক (ভূমি পৃথিবী—চম্পক চাপা গাছ) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাঁপার গাছ।

ভূমিজ (ভূমি পৃথিবী—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকরাজা, নরকাসুর। ৩। বিং, ত্রিং, পৃথিবীজাত। ৪। ক্ষেত্রোৎপন্ন। জা—স্ত্রীং, সীতা, জানকী।

ভূমিজম্বু; সং, স্ত্রীং, ক্ষুদ্রজম্বু, ছোট জাম।

ভূমিজীবী (ভূমিজীবিন্, ভূমি পৃথিবী—জীবিন্ যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া—ষ) সং, পুং, বৈশ্য। ২। কৃষিজীবী।

ভূমিদেব (ভূমি পৃথিবী—দেব দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূদেব, ব্রাহ্মণ।

ভূমিধর (ভূমি—ধৃ ধারণ করা+অ(অন্)—ক) সং, পুং, কুলপর্ব্বত। ২। পর্ব্বত।

ভূমিপ } (ভূমি—প [পা পালন করা
ভূমিপতি } +অ(ড)—ক] যে পালন করে, ২য়া—ষ। —পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূপতি, রাজা।

ভূমিপাল (ভূমি পৃথিবী—পাল [পাল্ পালন করা+অ(অন্)—ক] যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, ভূপতি, রাজা।

ভূমিপিশাচ; সং, পুং, তালবৃক্ষ।

ভূমিপুত্র; সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর। ত্রী—স্ত্রীং, জানকী।

ভূমিভুজ (ভূমি পৃথিবী—ভুজ যে উপভোগ করে, ২য়া—ষ) সং, পুং, রাজা।

ভূমিভৃৎ (ভূমি—ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, রাজা। ২। পর্ব্বত।

ভূমিমণ্ড; সং, পুং, লতাবিশেষ, হাপরমালী।

ভূমি উপভূষণা; সং, স্ত্রীং, মাধবীলতা।

ভূমিরুহ } (ভূমি পৃথিবী—রুহ [রুহ্
ভূমীরুহ } জন্মান+অ(ক)—ক] যে জন্মে, ৭মী—ষ, সং, পুং, বৃক্ষ, গাছ। শিং—১ "ছায়া বাঞ্ছ্যতমা নবোঢ়বনিতাবাণীব ভূমিরুহা।" (উদ্ভট)।

ভূমিলাভ; সং, পুং, মৃত্যু। ২। ভূমিপ্রাপ্তি।

ভূমিলেপন (ভূমি পৃথিবী—লেপন লেপনসাধন বস্তু। যে দ্রব্য দ্বারা ভূমির গৃহ ইত্যাদির মেজে সর্ব্বদা লেপিয়া থাকে) সং, ক্লীং, গোময়, গোবর।

ভূমিবর্দ্ধন (ভূমি—বর্দ্ধন [বৃধ-ণিচ=বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান+অন—ক], বৃদ্ধি, স্বীয় দেহের পার্থিব অংশ উপচয়ে দ্বারা যাহা মৃত্তিকা বৃদ্ধি করে, ৫মী—হিং) সং, পুং—, ক্লীং, মৃত্তিকাবর্দ্ধক মৃতদেহ, শব, মড়া।

ভূমিষ্ঠ (ভূমি—ষ্ঠ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রণত, ভূমে পতিত। ২। ভূমেতে স্থিত। ৩। জাত, উৎপন্ন।

ভূমিসম্ভবা (ভূমি পৃথিবী—সম্ভবা কন্যা, ভূপুত্রী দেখ) সং, স্ত্রীং, সীতা, জানকী

ভূমিস্পৃক্ (ভূমিস্পৃশ্, ভূমি পৃথিবী, ভুঁই—স্পৃশ্ [স্পৃশ্ স্পর্শ করা+০(ক্বিপ্)—ক] যে স্পর্শ করে) বিং, ত্রিং, ভূমিস্পর্শকারী। ২। সং, পুং, মনুষ্য। ৩। বৈশ্য। ৪। চৌরবিশেষ। ৫। অন্ধ। ৬। খঞ্জ।

ভূমীন্দ্র (ভূমি পৃথিবী—ইন্দ্র প্রধান) সং, পুং, ভূপতি, রাজা।

ভূয়ঃ (ভূয়স্, বহু+ঈয়স্—অত্যর্থে, বহু

স্থানে ভূ, ঈ—লোপ) বিং, ত্রিং, বহুতর, অধিক। ২। সং, ক্লীং, বাহুল্য, আধিক্য। ৩। অং, পুনঃপুনঃ, বারম্বার।

ভূয়িষ্ঠ (বহু+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, প্রচুর, বহুল, অধিক।

ভূরি (ভূ হওয়া+রি(ক্রি)—ক) বিং, ত্রিং, অং, অধিক, অনেক, বহু, প্রচুর। ২। সং, ক্লীং, সুবর্ণ। ৩। পুং, ব্রহ্মা। ৪। বিষ্ণু। ৫। শিব। ৬। সোমদত্তপুত্র। ৭। বাসব।

ভূরিগন্ধা; সং, স্ত্রীং, পুরানামগন্ধদ্রব্য।

ভূরিগম (ভূরি—গম্ গমন করা—অ (অন্)—ক। ভারপ্রযুক্ত যে ভূরি গমনকরে) সং, পুং, রাসভ, গর্দ্দভ।

ভূরিদক্ষিণ (ভূরি—দক্ষিণা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বহুতর দক্ষিণাদানযুক্ত। ২। সং, পুং, বিষ্ণু। যথা—১"কপীন্দ্রো ভূরিদক্ষিণঃ।"

ভূরিদ্যুম্ন; সং, পুং, নবম মনুর পুত্রবিশেষ।

ভূরিধামা (—ধামন্) সং, পুং, নবম মনুর পুত্রবিশেষ।

ভূরিপ্রেমা (—মন, ভূরি প্রচুর—প্রেম) সং, পুং, চক্রবাকপক্ষী।

ভূরিমায় (ভূরি প্রচুর—মায়া কপটতা, শঠতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৃগাল। ২। বিং, ত্রিং, প্রভূত মায়াযুক্ত।

ভূরিশঃ (ভূরিশস্, ভূরি+চশস্—বারার্থে) ক্রিং—বিং, ভূরি ২, বহু ২। ২। বহুবার। শিং—১"কথয়ামান ভূরিশঃ"।

ভূরিশ্রবাঃ (—বস্) সং, পুং, চন্দ্রবংশীয় সোমদত্ত রাজপুত্র; অর্জ্জুন তাঁহাকে বধ করিয়াছিলেন।

ভূরিহা (ভূরিহন্, ভূরি—হন্ বধকরা—০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, বহুনাশক। ২। সং, পুং, অসুরবিশেষ।

ভূরুণ্ড; সং, পুং, জন্তুবিশেষ। ণ্ডী-স্ত্রীং, হাতিশুড়াগাছ।

ভূরুহ (ভূ ভূমি—রুহ যে জন্মে, ৫মী—য) সং, পুং, বৃক্ষ, গাছ।

ভূর } (ভূ হওয়া+রুক্, হুক্—ক)
ভূঃ } অং, পৃথিবী।

ভূর (দেশজ) গর্ব্ব, অহঙ্কার, জাঁক, বড়াই।

ভূর্জ্জ }
ভূর্জ্জপত্র } (ভূ পৃথিবী—উর্জ্জ্ জীবিত হওয়া ইত্যাদি +অ (অন্)—ক) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ। ২। মৃদুত্বক্। শিং—১"ভূর্জ্জত্বচঃ স্পর্শবতীর্দধানা।" (কুমার)

ভূর্জ্জকণ্ঠক (ভূর্জ্জ—কণ্ঠ+কণ্—যোগ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভূর্ণি (ভৃ পোষণকরা+নি—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, পৃথিবী। ২। মরুভূমি।

ভূর্লোক (ভূর্ পৃথিবী—লোক ভুবন) সং, পুং, মর্ত্ত্যলোক, পৃথিবী। শিং—১ "পাদগম্যঞ্চ যৎকিঞ্চিৎ বস্ত্বস্তি পৃথিবীময়ং। স ভূর্লোকঃ সমাখ্যাতো বিস্তারোহস্য ময়োদিতঃ।" (চরণসঞ্চারযোগ্যং গিরিশিখরাদি যাবৎ তাবদুৎসেধো ভূর্লোকো ইত্যর্থঃ।)

ভূলগ্না; সং, স্ত্রীং, শঙ্খপুষ্পী। ২। বিং, ত্রিং, ভূমিতে সংযোজিত।

ভূলতা (ভূ পৃথিবী—লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কিঞ্চুলুক, কেঁচো।

ভূলিঙ্গশকুনি; সং, পুং, বিলশায়ি পক্ষিবিশেষ।

ভূল্লেখী (ভূল্লেখিন্, ভূ পৃথিবী—উৎ—লিখ [লেখা] চাঁচা, আঁচড়ান ইত্যাদি +ইন্(ণিন্)—ক) বিং ত্রিং, যে সকল পক্ষী মৃত্তিকা আঁচড়াইয়া ভক্ষ্য দ্রব্য অন্বেষণ করে।

ভূবলয় (ভূ—বলয়) সং, ক্লীং, ভূমিপরিধি।

ভূশক্র (ভূ পৃথিবী—শক্র ইন্দ্র) সং, পুং, ভূমীন্দ্র, রাজা।

ভূশয় (ভূ—শী শয়ন করা+অ(অন্)—ক) সং, পুং, বিলশায়ী নকুলাদি। ২। বিষ্ণু। শিং—১"ভূশয়ো ভূষণো ভূতির্বিশোকঃ শোকনাশনঃ।"

ভূষণ—ক্লীং }
ভূষা—স্ত্রীং } (ভূষ্ ভূষিতকরা+অন (অনট্), অ—ভাবে, অপ্—স্ত্রীং) সং, অলঙ্কৃত করণ। (+অনট্—ণ) অলঙ্কার, আভরণ। ২। শিং—১ "কচধার্য্যং দেহধার্য্যং পরিধেয়ং বিলেপনম্। চতুর্ধা ভূষণং প্রাহুঃস্ত্রীণামন্যচ্চ দৈশিকম্" ।৩। শোভা।৪। সজ্জা।

ভূষিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, অলঙ্কৃত । ২ । শোভিত । ৩ । সজ্জিত ।

ভূষ্ণু ( ভূ হওয়া + ষ্ণুক্ — ক, শীলাদ্যর্থে ) বিং, ত্রিং, ভবিষ্যৎ । ২ । উৎপত্তিশীল ।

ভূষ্য ( ভূষণ দেখ, য — র্ম্ম ) বিং, ত্রিং, অলঙ্কার্য্য, ভূষণযোগ্য ।

ভূসংস্কার ; সং, পুং, যজ্ঞাদিতে ভূমি ভাগের শোধন ।

ভূসুত ( ভূ পৃথিবী — সুত পুত্র, ৬ষ্ঠী — ষ) সং, পুং, মঙ্গলগ্রহ । ২ । নরকাসুর । তা — স্ত্রীং, সীতা, জানকী ।

ভূস্পৃক্ } ( ভূ পৃথিবী — স্পৃশ্ [স্পৃশ
ভূস্পৃশ্ } স্পর্শকরা + ০(ক্বিপ্) — ক) যে স্পর্শ করে ) সং, পুং, মনুষ্য, মানুষ । ২ । বিং, ত্রিং, ভূমিস্পর্শকারী ।

ভূস্বর্গ ( ভূ পৃথিবী — স্বর্গ, পৃথিবী-উপরিস্থ স্বর্গ ) সং, পুং, সুমেরু পর্ব্বত ।

ভূস্বামী ( ভূস্বামিন, ভূ পৃথিবী — স্বামিন্ ভূপতি, ৬ষ্ঠী — ষ ) সং, পুং, রাজা, ভূপাত । ২ । জমীদার ।

ভৃকুংস — শ ( ভ্রূ — কুনস্ [শ্] দীপ্তি পাওয়া + অ(অন্) — ক । রূ = ঋ ) সং, স্ত্রীং, স্ত্রীবেশধারী নট ।

ভৃকুটি } ( ভ্রূ — কুট্ কুটিলহওয়া + ই —
ভৃকুটী } ক । ভ্রূ = ভৃ) সং, স্ত্রীং, ভ্রূভঙ্গি, ভ্রূকুটি । শিং — ১"রচিতভৃকুটিবক্ত্রং নন্দিনা দ্বারি রুদ্ধে ।

ভৃগু ( ভ্রস্জ্ ভর্জ্জনকরা + উ ( কু ) — ক ) সং, পুং, মুনিবিশেষ । ২ । বংশবিশেষ । ৩ । শিব । ৪ । শুক্রাচার্য্য । ৫ । অত্যুচ্চ স্থান । ৬ । পর্ব্বতের উচ্চসানু, পর্ব্বতাদির ঢালুপ্রদেশ, গড়ানিয়া জায়গা, আরড়ি । ৭ । জমদগ্নি ।

ভৃগুপতি ( ভৃগু ভৃগুবংশ বা জামদগ্নিবংশ — পতি প্রভু, প্রধান ৬ষ্ঠী — ষ ) সং, পুং, পরশুরাম ।

ভৃগুমান্ ( — মৎ, ভৃগু + মতু — অস্ত্যর্থে ) বিং, ত্রিং, পর্ব্বতের উচ্চসানু বিশিষ্ট ।

ভৃগুসুত ( ভৃগু এই মুনি বা ভৃগুবংশীয় জামদগ্নি — সুত পুত্র ) সং, পুং, শুক্রাচার্য্য । ২ । পরশুরাম ।

ভৃঙ্গ ( ভৃ পোষণকরা + গ(গক্) — প্রং, ন — আগম ) সং, পুং, ভ্রমর । ২ । লম্পট । ৩ । ফিঙ্গাপাখী । ৪ । বৃক্ষবিশেষ । ৫ । ঘিড়ৃগ । ৬ । ভৃঙ্গরাজ, ভীমরুল ।

ভৃঙ্গজ ; সং, পুং, অগুরু সুগন্ধ কাষ্ঠবিশেষ । জা — স্ত্রীং, ভার্গী ।

ভৃঙ্গপ্রিয়া ; সং, স্ত্রীং, মাধবীলতা ।

ভৃঙ্গরাজ ( ভৃঙ্গ ভ্রমর — রাজ্ দীপ্তি পাওয়া + অ(অন্) — ক) সং, পুং, ভ্রমর শ্রেষ্ঠ । ২ । পক্ষীবিশেষ । ৩ । যন্ত্রবিশেষ ।

ভৃঙ্গরিট, ভৃঙ্গরীট } ( ভৃঙ্গ ভ্রমর — রট্
ভৃঙ্গরিটি, ভৃঙ্গরীটি } [বলা] শব্দ করা + অ(অন্) — ক, ই । অ = ই বা ঈ ) সং, পুং, শিবানুচর, ভৃঙ্গী ।

ভৃঙ্গরোল ( ভৃঙ্গ ভ্রমর — রু শব্দকরা + ল(লচ) — ক) সং, পুং, ভীমরুল । ২ । পক্ষীবিশেষ । ৩ । কীটবিশেষ । ৪ । ভৃঙ্গ ।

ভৃঙ্গার ( ভৃ [জল] ধারণকরা + আর (আরন্) — ক অথবা ভৃঙ্গ — ঋ গমন করা + অ(অণ্) — ক) সং, পুং, জলপাত্রবিশেষ, গাড়ু । ২ । অভিষেক পাত্র । ৩ । ভৃঙ্গরাজ । ৪ । ক্লীং, লবঙ্গ । ৫ । সুবর্ণ ।

ভৃঙ্গারিকা } ( ভৃঙ্গ ভ্রমর — অরি শত্রু
ভৃঙ্গারী } + কণ্ — প্রং) সং, স্ত্রীং, ঝিল্লী, ঝিঁ ঝিঁ পোকা ।

ভৃঙ্গি } ( ভৃ ভরণ করা + গিক্ — ক ।
ভৃঙ্গী } ভৃঙ্গিন্, ভৃঙ্গ ভ্রমর ন্যায় কৃষ্ণবর্ণ + ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, শিবের একজন অনুচর । শিং — ১"প্রাপ্তে ... নাগিপত্যং স্বং নাম্না ভৃঙ্গিরিতি স্মৃতঃ ।" ২ । বটবৃক্ষ । ণী — স্ত্রীং, অতিবিষা ।

ভৃঙ্গীশ (ভৃঙ্গী এই দেবতার অনুচর — ঈশ প্রভু, ৬ষ্ঠী — ষ) সং, পুং, শিব, মহাদেব ।

ভৃজ্জন (ভ্রস্জ্ ভর্জ্জন করা + অন(অনট্) — ণ । ভ্রস্জ্ = ভৃজ্জ্) সং, পুং, ভাজনাখোলা ।

ভৃণ্টিকা ; সং, স্ত্রীং, শ্বেতগুঞ্জা ।

ভৃৎ ( ভৃ পোষণ করা, ধারণ করা + ০(ক্বিপ্) — ক । ৎ — আগম) বিং, ত্রিং, পালনকর্ত্তা । ২ । ধারণকর্ত্তা ; যথা — ভূভৃৎ, ধনুর্ভৃৎ ইত্যাদি ।

ভৃত (ভৃ পালন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূর্ণ। ২। পুষ্ট। ৩। বেতনাদি দ্বারা প্রতিপালিত (দাসবিশেষ)। শিং—১ "উত্তমস্তায়ুধীয়ো যো মধ্যমস্তু কৃষীবলঃ। অধমো ভারবাহীস্যাদিত্যেব ত্রিবিধো ভৃতঃ।"

ভৃতক (পূর্ব্বে দেখ, কণ্—যোগ) বিং, ত্রিং, বেতনগ্রাহী, ভৃত্য। ২। (+ক্ত—ণ) সং, ক্লীং, বেতন। ৩। পুং, মাস।

ভৃতভূতি (ভৃত অধিকৃত—ভূতি ক্ষমতা, ঐশ্বর্য্য) বিং, ত্রিং, ক্ষমতাশালী। ২। উন্নত। ৩। বর্দ্ধমান। ৪। ভস্মলেপিত।

ভৃতি (ভৃ পোষণ করা+তি(ক্তি)—ণ) সং, ক্লীং, বেতন। ২। মূলধন, পুঁজি। ৩। মূল্য। ৪। (+ক্তি—ভাবে) ভরণ,পালন। ৫। পূরণ।

ভৃতিজীবী (ভৃতিজীবিন্, ভৃতি বেতন—জীব্ বাঁচা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বেতন-ভোগী, বেতনগ্রাহী।

ভৃতিভুক্ (ভৃতিভুজ্, ভৃতি বেতন—ভুজ্ ভোজন করা+০(কিপ্)—ক) বিং, ত্রিং, বেতনভোগী, বেতনগ্রাহী।

ভৃত্য (ভৃ পোষণ করা+য(ক্যপ্)—র্ম্ম) সং, পুং, দাস। ২। বিং, ত্রিং, পাল্য। ৩। ত্যা—স্ত্রীং,দাসী। ৪। (+য—ভাবে) বেতন। ৫। ভৃতি। শিং—১"কুমার ভৃত্যাকুশলৈঃ।" ৬। চিকিৎসা।

ভৃত্যধ্যাপন (ভৃতি—অধ্যাপন শিক্ষা দেওয়া) সং, ক্লীং, অর্থ গ্রহণ পূর্ব্বক বেদাদি শিক্ষা দেওন।

ভৃমি (ভ্রম্ ভ্রমণ করা, ঘোরা+ই—ক। র=ঋ) সং, পুং, ঘূর্ণবায়ু। ২। আবর্ত্ত, জলের পাক। ৩। (+ই—ভাবে) ভ্রমি, ঘূর্ণা। ৪। ভ্রমণ। শিং—১"কিমু চক্র ভ্রমিকারিতাগুণঃ।" (নৈষধ)।

ভৃশ (ভৃশ্ পতিত হওয়া+অ(ক)—ক) বিং, ত্রিং, বহু, অনেক। ২। অত্যন্ত। ৩। ক্লীং, অং, অত্যর্থ, সাতিশয় বারবার, পুনঃ পুনঃ।

ভৃষদ্ (ভৃষদ্) সং, পুং, পাষাণ, প্রস্তর।

ভৃষ্ট (ভ্রস্জ্ ভাজা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জলসেক ভিন্ন বালুকাগ্নি সংযোগে পক্ব, ভর্জ্জিত, ভাজা।

ভৃষ্টান্ন (ভৃষ্ট ভর্জ্জিত—অন্ন সিদ্ধ তণ্ডুল) সং, ক্লীং, চাল সিদ্ধ করিয়া ভাজা, মুড়ি।

ভৃষ্টি (ভৃষ্ট দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভর্জ্জন, ভাজা। ২। জনশূন্য উদ্যান।

ভেক (ভী ভীত হওয়া+কন্—ক) সং, পুং, কী—স্ত্রীং, মণ্ডূক, ব্যাঙ্। ২। (+কন্—পা) পুং, মেঘ।

ভেকট; সং, পুং, ভেট্‌কিমাছ।

ভেকনি; সং, পুং, ভাঙনমাছ।

ভেকভুক্ (—জ্,ভেক—ভুজ্ [ভুজ্ ভোজন করা+০(কিপ্)—ক] যে ভোজন করে, ২য়া—য) সং, পুং, সর্প, ভুজঙ্গম।

ভেকাসন; সং, পুং, রুদ্রযামলোক্ত আসনবিশেষ।

ভেট, ভেটী (দেশজ) সং, কোন্ রাজা বা মান্য ব্যক্তির নিকট উপস্থিত হইলে যে কোন দ্রব্যাদিদ্বারা উপঢৌকন দেওয়া যায় তাহা,সওগাদ,নজরানা। ২। সাক্ষাৎ করা।

ভেড় (ভিল্ [সৌত্রধাতু] পৃথক্ করা+অ (অন্)—ক, ল=ড অথবা ভী ভয়পাওয়া +ড—ক) সং, পুং, ড়ী—স্ত্রীং, মেষ, ভেড়া।

ভেত্তা (ভেত্তৃ, ভিদ্ বিদীর্ণ করা+তৃ(তৃন্) —ক) বিং, ত্রিং, ভেদকর্ত্তা।

ভেদ (ভিদ্ ভেদকরা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, বিচ্ছেদ, অনৈক্য। ২। বৈলক্ষণ্য। ৩। বিভাগ। ৪। ছেদন। ৫। বিদারণ। ৬। বেধন। ৭। ভঙ্গ। ৮। শত্রুবশীকরণ উপায়বিশেষ। শিং—১ "পরস্পরঞ্চ যে দুষ্টাঃ ক্রুদ্ধা ভীতাবমানিতাঃ। তেষাংভেদং প্রযুঞ্জীত ভেদসাধ্যা হি তে মতাঃ" ৯। উপাধি। ১০। বিশেষ, ভিন্নতা। ১১। প্রকাশ। ১২। রেচন। ১৩। বিরেক, উদরভঙ্গ। ১৪। মনোভঙ্গ। ১৫। উন্মেষ। ১৬। অন্যোন্যাভাব।

ভেদক (ভেত্তা দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, বিদারক। ২। বিশেষকারক। ৩। পৃথক্‌কারক। শিং—১ "ভেদ্যভেদকয়োঃ

শ্লিষ্টং সম্বন্ধোহন্যোন্যমিষ্যতে।" ৪। বিরেচক ঔষধাদি।

ভেদন (ভেত্তা দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিদারণ। ২। ভঙ্গকরণ। ৩। বেধন। ৪। ব্যাঘাতকরণ। ৫। অনৈক্যকরণ, বিচ্ছেদকরণ। ৬। বিরেচন। ৭। হিঙ্গু। ৮। পুং, অম্লবেতস। ৯। শূকর।

ভেদপ্রত্যয় (ভেদ ভিন্ন—প্রত্যয়) সং, পুং, জগতের সকল পদার্থকে ঈশ্বর হইতে ভিন্ন জ্ঞানকরণ।

ভেদিত (ভিদ্-ণিচ্=ভেদি ভেদকরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিদারিত। ২। পৃথক্কৃত। ৩। ছেদিত।

ভেদী (ভেদিন্, ভেত্তা দেখ, ইন্(ণিন্)—ক, বা ভেদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভেদকারী, ভেদবিশিষ্ট।


ভেদুর ভেদির (ভিদ্ [পর্ব্বত] ভেদ করা, উর, ইর—ণ) সং, ক্লীং, ভিদুর, বজ্র।

ভেদ্য (ভেত্তা দেখ, য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, ভেদনীয়, ভেদযোগ্য। ২। বিদার্য্য। ৩। বিশেষ্য। ৪। বিভাজ্য।

ভেন (ভে গ্রহনক্ষত্রাদি—ইন অধিপতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

ভের; সং, পুং, পটহ। ২। ভেরী। ৩। দুন্দুভি।

ভেরি, ভেরী (ভী ভীত হওয়া+রি—পা) সং, —স্ত্রীং, ঢক্কা, বাদ্যযন্ত্রবিশেষ। শিং—১ "ভেরীশব্দমকুস্থাতু যস্তমাং প্রতিবোধয়েৎ।" ২। পটহ। শিং—১ "রবঃ; প্রগল্ভা হত ভেরিসম্ভবঃ।"



ভেরি।

ভেরুণ্ড (ভী ভয় পাওয়া, নিপাতন) বিং, ত্রিং, ভয়ানক। ২। সং, ক্লীং, গর্ভধারণ। ণ্ডা—স্ত্রীং, দেবীবিশেষ। ২। যক্ষিণী বিশেষ। [গাছ।

ভেরেণ্ডা (এরণ্ড শব্দজ) সং, পুং, ভেরেণ্ডা-

ভেল (ভী ভীত হওয়া+র—প্রং, র=ল) সং, পুং, উড়ুপ, ভেলা। ২। মুনিবিশেষ। ৩। বিং, ত্রিং, ভীরু। ৪। মূর্খ। ৫। চঞ্চল।

ভেলক (ভেল+কণ্—স্বার্থে) সং, পুং—ক্লীং, উড়ুপ, ভেলা।

ভেষজ (ভেষ ভয়পাওয়া+অন্—পা=ভেষ [ভয়] এখানে পীড়া—জি জয় করা+অ(ড)—ক) সং, ক্লীং, ভৈষজ্য, ঔষধ। শিং—১ "অজীর্ণে ভেষজং বারি।"

ভেষজাঙ্গ (ভেষজ ঔষধ—অঙ্গ [অবয়ব] অংশ) সং, ক্লীং, অনুপান, ঔষধের সহিত পানীয় রসাদি।

ভৈক্ষ } (ভিক্ষা+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—কৃতার্থে)
ভৈক্ষ্য } বিং, ত্রিং, ভিক্ষালব্ধ (বস্তু)। ২। সং, ক্লীং, (+ষ্ণ, ষ্ণ্য—স্বার্থে) ভিক্ষা, যাচ্ঞা। ৩। (+ষ্ণ, ষ্ণ্য—সমূহার্থে) ভিক্ষা সমূহ।

ভৈক্ষচর্য্যা (ভৈক্ষ—চর্ ভ্রমণ করা+য (ক্যপ্)—ভাবে, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ভিক্ষাচরণ।

ভৈক্ষজীবী—বিন্ } (ভৈক্ষ ভিক্ষালব্ধ
ভৈক্ষভুক্—জ্ } বস্তু—জীবিন্ যে
ভৈক্ষাশী—শিন্ } জীবিকা নির্ব্বাহ করে, ২য়া—ষ।—ভুজ্, আশিন্=যে ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ভিক্ষাজীবী, যে ভিক্ষালব্ধ বস্তু দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

ভৈক্ষজীবিকা; সং, স্ত্রীং, ভিক্ষাবৃত্তি, ভিক্ষা দ্বারা জীবিকা নির্ব্বাহ করা।

ভৈক্ষব (ভিক্ষু+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, ভিক্ষুকসমূহ।

ভৈদিক (ভেদ+ইক(ষ্ণিক)—নিত্যযোগ্যার্থে) বিং, ত্রিং, নিত্যভেদনার্হ।

ভৈম (ভীম+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ভীমসম্বন্ধীয়।

ভৈমী (ভীম+অ(ষ্ণ)—ইদমর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, দময়ন্তী। ২। ভীম-একাদশী, মাঘ-শুক্লৈকাদশী।

ভৈরব (ভীরু+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, শিব, মহাদেব। ২। মহাদেবের ভয়ঙ্কর মূর্ত্তি—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রুদ্ধ, উন্মত্ত, কুপিত, ভীষণ, সংহার এই অষ্ট। ৩। রাগবিশেষ। ৪। নদবিশেষ।

ভৈরবী (ভৈরব দেখ, ঈপ) সং, স্ত্রীং, দুর্গা; ইহার রূপ যথা—



ভৈরবী।

"দেখি ভয়ে মহাদেব গেল এক ভিতে।
ভৈরবী হইয়া সতী লাগিলা হাসিতে।
রক্তবর্ণা চতুর্ভুজা কমলআসনা।
মুণ্ডমালা গলে নানা ভূষণ ভূষণা।
অক্ষমালা পুথী বরাভয় চারি কর।
ত্রিনয়ন অর্দ্ধচন্দ্র ললাট উপর।"
অন্নদামঙ্গল।

নদীবিশেষ। ৩। রাগিণীবিশেষ। ৪। শৈবস্ত্রীবিশেষ। ৫। বিং, ত্রিং, ভয়ঙ্কর। শিং —১ "ভীমং ভৈরবনাদিনী।"

ভৈরবীচক্র—তান্ত্রিক মতাবলম্বী জনগণের সমাজ। ইহারা কুলাচারানুসারে চক্রাকারে উপবিষ্ট হইয়া দেবী পূজার্থ সুরা শোধন করে। শিং—১ "প্রবৃত্তে ভৈরবীচক্রে সর্ব্বে বর্ণা দ্বিজোত্তমাঃ।"

ভৈষজ, ভৈষজ্য } (ভেষজ ঔষধ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—নিষ্প্রয়োজনার্থে অথবা ভিষজ্+ষ্ণ্য) সং, ক্লীং, ভেষজ, ঔষধ। শিং—১ "ভৈষজ্যমব্যবহরেৎ প্রভাতে প্রায়শো বুধঃ।" ২। চিকিৎসা।

ভৈষ্মকী (ভীষ্মক+অ(ষ্ণ)—অপত্যার্থে,ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, ভীষ্মক রাজকন্যা, রুক্মিণী।

ভো, ভোঃ (ভোস্, ভা দীপ্তি পাওয়া+ও (ডো, ওস্(ডোস্)—ণ) অং, সম্বোধন সূচক শব্দ।

ভোঁতা (দেশজ) বিং, অতীক্ষ্ণ, ধাররহিত।

ভোক্তব্য (ভোক্তা দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ভোজনযোগ্য। ২। উপভোগ্য। শিং—১ "যত্নেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনম্।" (স্মৃতি)।

ভোক্তা (ভুজ্ ভোজন করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, ভোজনকর্ত্তা। ২। ভোগী। পুং,বিষ্ণু। শিং—১"ভ্রাজিষ্ণুর্ভোজনং ভোক্তা।"

ভোক্ষ্যভূত (ভোক্ষ্য—ভূত প্রাপ্ত) বিং, ত্রিং, ভোজনার্হ।

ভোগ(ভুজ্ ভোজনকরা+অ(ঘঞ্)—ভাবে) সং,পুং,সুখ।২। ধন।৩। (+ঘঞ্)—ভাবে) সুখদুঃখানুভব। ৪। উপভোগ। ৫। ভোজন। ৬। পালন। ৭। (+ঘঞ্—ক) সর্প। ৮। সর্পের দেহ। ৯। সর্প-ফণা। ১০। (+ঘঞ্—ণ) পণ্যস্ত্রীর বেতন।

ভোগগুচ্ছ; সং, ক্লীং, সম্ভোগার্থে বেশ্যাকে দেয় অর্থ। [বাসগৃহ, অন্তঃপুর।

ভোগগৃহ (ভোগ—গৃহ ঘর) সং, ক্লীং,

ভোগদেহ; সং, পুং, স্বর্গ নরকভোগার্থ সূক্ষ্মশরীর, যে শরীরে সুখ দুঃখ ভোগ হয়। শিং—১ "প্রেতদেহং পরিত্যজ্য ভোগদেহং প্রপদ্যতে।"

ভোগপাল (ভোগ—পাল যে রক্ষা করে) সং, পুং, অশ্বরক্ষক, সহিস্।

ভোগপিশাচিকা (ভোগ ভোজন—পিশাচিকা পিশাচী) সং, স্ত্রীং, বুভুক্ষা, ক্ষুধা।

ভোগভূমি (ভোগ সুখ—ভূমি স্থান) সং, স্ত্রীং, ভারতবর্ষাতিরিক্তবর্ষ। শিং—১ "যতো হি কর্ম্মভূরেষা ততোঽন্যা ভোগভূময়ঃ।" ২। সুখভোগের স্থান, স্বর্গ।

ভোগবান্ (ভোগবৎ, ভোগ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। ২। নৃত্য। ৩। গীত। ৪। বিং, ত্রিং, ভোগবিশিষ্ট। বতী—স্ত্রীং, পাতালগঙ্গা। শিং—১ "ভোগবতীচ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা।" নাগপুরী। ২। কুমারানুচর মাতৃকাবিশেষ।

ভোগসদ্ম (ভোগসদ্মন্, ভোগ—সদ্মন্ বাসস্থান) সং, ক্লীং, বাসগৃহ। শিং—১

"গর্ভাধার বাসগৃহং ভোগসদ্মা পবাধকং।"

ভোগাবলি, ভোগাবলী (ভোগ—আবলী শ্রেণী) সং, স্ত্রীং, স্তুতিপাঠকের স্তুতি,প্রশংসা।২। নাগপুরী। শিং—১"গন্ধ-চন্দনসংযুক্তা রোচনাকুঙ্কুমৈর্যুতা। ভোগা-বলিরিতি খ্যাতা হ্যপূর্ব্বা গণ্ডকাশিনী।

ভোগায়তন (ভোগ—আয়তন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্থূলদেহ।

ভোগার্হ (ভোগ—অর্হ যোগ্য) সং, ক্লীং, ধন, সম্পত্তি।

ভোগাবাস (ভোগ—আবাস, ৪র্থী—ষ) সং, পুং, বাসগৃহ, অন্দরমহল।

ভোগিক (ভোগ+ইক(ষ্ণিক)—পালনার্থে) সং, পুং, অশ্বপালক, সহিস্।

ভোগিকান্ত (ভোগিন্ সর্প—কান্ত বন্ধু) সং, পুং, অনিল, বায়ু।

ভোগিবল্লভ; সং, ক্লীং, চন্দন।

ভোগী (ভোগিন্, ভোগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। ২। অশ্লেষানক্ষত্র। ৩। রাজা। ৪। গ্রামাধ্যক্ষ। ৫। ব্যাবৃত্তিকর। নাপিত। ৬। বিং, ত্রিং, ভোগবিশিষ্ট, ভোগকারী। ৭। সুখী। গিনী—স্ত্রীং, মহিষী ব্যতীত রাজার অন্যান্য স্ত্রী।

ভোগীন্দ্র, ভোগীশ (ভোগিন্ সর্প—ইন্দ্র, ঈশ =রাজা) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব, বাসুকি।

ভোগ্য (ভুজ্ ভোগকরা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, ভোগের যোগ্য, ভোগার্হ। শিং—১ "কাল কালকৃতো নশ্যেৎ ফল-ভোগ্যো ন নশ্যতি"।২। সং, ক্লীং, ধন।৩। ধান্য। গ্যা—স্ত্রীং, গণিকা, বেশ্যা।

ভোজ (ভোগ্য দেখ, অ (অল্)—ধি) সং, পুং, দেশবিশেষ, ভোজপুর, ভোজনস্থান। ২। (+অল্—ক) ধারা নগরের রাজাবিশেষ। ৩। যদুবংশ।

ভোজক (ভুজ্ ভোজন করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, ভোজনসম্পাদক। ২। ভোজনকারক।

ভোজকট (ভোজ—কট্ গমন করা+অন্—ক) সং, পুং, ভোজদেশ ভোজপুর।

ভোজন (ভুজ্ ভোজনকরা+অন(অনট্—ভাবে) সং, ক্লীং, ভক্ষণ। ২ (+অনট্—র্ম্ম) ভক্ষ্যদ্রব্য।

ভোজনপাত্র; সং, ক্লীং, ভক্ষ্যবস্তুর আধার।

ভোজপতি; সং, পুং, কংসরাজ। শিং—১ "মৃত্যুর্ভোজপতে বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাম্—(ভাগবত)।

ভোজপুর; সং, ক্লীং, স্বনামখ্যাত দেশ।

ভোজবিদ্যা; সং, স্ত্রীং, ঐন্দ্রজালিকবিদ্যা, ভেল্কী।

ভোজয়িতা (ভোজয়িতৃ, ভুজ-ণিচ্ ভোজি ভোজনকরান+তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, ভোজনকারয়িতা, যে ভোজন করায়। শিং—১ "কর্ত্তা চ দেহী ভোক্তা চ আত্মা ভোজয়িতা সদা।" (পুরাণ)।

ভোজাধিপ (ভোজ—অধিপ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভোজপুরাধিপতি, কংস।

ভোজ্য (ভোজন দেখ, য (ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষ্য। ২। পিতৃগণের তৃপ্ত্যর্থ দেয় অন্নাদি। ৩। (ভোজ+য(ষ্য)—ইদমর্থে) ভোজবংশীয়।

ভোজ্যসম্ভব (ভোজ্য ভক্ষ্য বস্তু—সম্ভব উৎপত্তি, ৫মী—হিং) সং, পুং, শরীরস্থ রসধাতু প্রভৃতি।

ভোট, ভোটাঙ্গ; সং, পুং, দেশবিশেষ, ভুটান।

ভোভো; অং, সম্বোধনসূচক বাক্য। শিং—১"ভোভো বৃক্ষ পর্ব্বতস্থ।"

ভোর (দেশজ) সং, প্রভাত, নিশাবসান।

ভোরঙ্গ; বাদ্যযন্ত্র বিশেষ, তুরী।

ভোলি (ভা দীপ্তি পাওয়া+ ‌‌—ক) সং, পুং, উষ্ট্র, উট।

ভোস্ (ভা দীপ্তি পাওয়া+ওস্(ডোস)—ণ) অং, সম্বোধন। ২। প্রশ্ন। ৩। বিষাদ।

ভৌত (ভূত পিশাচাদি ইত্যাদি+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ভূতসম্বন্ধীয়। ২। সং,পুং,দেবল ব্রাহ্মণ।৩। ভূতযজ্ঞ। শিং—১"হোমাদৈবো বলির্ভৌতোনৃযজ্ঞো-হতিথিপূজনং।" তী—স্ত্রীং, রজনী,রাত্রি।

ভৌতিক (Physical, ভূত পৃথিব্যাদি অথবা পিশাচ+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, ভূতসম্বন্ধীয়। ২। ভূতকৃত। ৩। সং, পুং, মহাদেব।

ভৌতিকনিয়ম—যে নিয়মে ভৌতিক পদার্থের কার্য্য নির্ব্বাহ হয়; যেমন অগ্নিতে অন্নপাক হয়, জলে নৌকা মগ্ন হয়, বৃক্ষাদি হইতে পতিত হইলে হস্ত পদাদি ভগ্ন হয় ইত্যাদি।

ভৌতিকপদার্থ—জল বায়ু স্বর্ণ রৌপ্য মৃত্তিকা প্রভৃতি অচেতন পদার্থ। ২। যে সকল বস্তু এক প্রাকৃতিক পরমাণুর যোগে উৎপন্ন হয়। ২। পৃথিব্যাদি পঞ্চ ভূতোৎপন্ন বা পিশাচাদি সহযোগ জাত বস্তু।

ভৌম (ভূমি+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। ২। নরকাসুর। শিং—১ "ত্বয়ি ভৌমং গতে জেতুম্।" ৩। অম্বর। ৪। রক্তপুনর্নবা। ৫। (+ষ্ণ—জাতার্থে) বিং,ত্রিং, ভূমিসম্বন্ধীয়, ভূমিজাত; যথা—"ভৌমকলেবর।" মী—স্ত্রীং, (পৃথিবী হইতে উদ্ভূতা বলিয়া) সীতা, জানকী।

ভৌমন; সং, পুং, বিশ্বকর্ম্মা।

ভৌমরত্ন (ভৌম—রত্ন মণি) সং, ক্লীং, প্রবাল, পলা।

ভৌমিক (ভূমি+ইক(ষ্ণিক)—অধিকারার্থে) বিং, ত্রিং, ভূম্যধিকারী, ভূস্বামী। ২। ভূমিস্থিত। ৩। সং, পুং, জাতীয় উপাধি-বিশেষ।

ভৌরিক (ভূরি স্বর্ণ+ইক(ষ্ণিক)—অধিকৃতার্থে) সং, পুং, কনকাধ্যক্ষ, কোষাধ্যক্ষ।

ভ্রংশ (ভ্রন্‌শ্ পতিতহওয়া+অ(অল্)—ভা) সং, পুং, পতন, চ্যুতহওন। শিং—১ "ভ্রংশোধঃপতনং স্মৃতম্।" ২। পলায়ন। ৩। নাশ। [অধঃপতিত।

ভ্রংশিত (ভ্রংশ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং,

ভ্রকুংস—শ (ভ্রূ—কুন্‌স্ [শ্] দীপ্তি পাওয়া+অ(অন্)—ক। ব্রু=র) সং, পুং, স্ত্রীবেশধারী নট।

ভ্রকুটি—টী (ভ্রূ—কুট্ কুটিল হওয়া+ই, ঈ—ভা। ব্রু—র) সং, স্ত্রীং, ক্রোধাদি দ্বারা ভ্রূর বক্রতা, ভ্রূকুটি, ভ্রূভঙ্গী।

ভ্রম (ভ্রম্ ভ্রমণকরা+অ(অল্)—ভা) সং, পুং, মিথ্যাজ্ঞান, ভ্রান্তি; অন্যথাভূত বস্তুর রূপান্তর জ্ঞান, যেমন—জলে স্থল-ভ্রম, স্থলে জল ভ্রম, অদ্বারে দ্বার ভ্রম, দ্বারে অদ্বার ভ্রম। ২। ভ্রমণ। ৩। (+অল্—ধি) জলভ্রম, ঘূর্ণিত। ৪। জলনির্গম স্থান, নর্দ্দমা। ৫। (+অল্—ক) কুম্ভকারের চক্র। ৬। কুন্দযন্ত্র, কুঁদ।

ভ্রমণ (ভ্রম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পর্য্যটন, বেড়ান। ২। ঘোরা। ণী—স্ত্রীং, কারণ্ডিকা।

ভ্রমৎকুটী (ভ্রমৎ—কুটী গৃহ) সং, স্ত্রীং, তৃণাদি নির্ম্মিত ছত্র।

ভ্রমমাণ (ভ্রম্ ভ্রমণ করা+আন(শান্)—ক) বিং, ত্রিং, যাহা ভ্রমণ করিতেছে।

ভ্রমর (ভ্রম দেখ, অর(অরন্)—ক) সং,পুং, রী—স্ত্রীং, মধুকর, ভৃঙ্গ। ২। কামুক।

ভ্রমরক (ভ্রমর মধুকর+ক(কণ)—তুল্যার্থে) সং, পুং, ভৃঙ্গ। ২। বালমুষিক, নেংটিয়া ইঁদুর। ৩। শৃঙ্গ। ৪। জলভ্রম। ৫। (ভ্রমর—ক কৈধাতুজ+অ(ড)—ক) ললাটলম্বিত চূর্ণকুন্তল। ২। বেধন যন্ত্র-বিশেষ (ভুরমীন)।

ভ্রমরকীট (ভ্রমর মধুকর—কীট পোকা) সং, পুং, কুমিরে পোকা। শিং—১"সচ্চিদানন্দধর্ম্মত্বাদ্‌ভ্রমেদ্ ভ্রমরকীটবৎ।"

ভ্রমরপদক; সং, ক্লীং, দ্বাদশাক্ষর পাদক ছন্দোবিশেষ।

ভ্রমরপ্রিয়; সং, পুং, ধারাকদম্ব।

ভ্রমরমারী; সং, স্ত্রীং, মালবদেশ-প্রসিদ্ধ পুষ্পবৃক্ষবিশেষ।

ভ্রমরবিলসিতা; সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদছন্দোবিশেষ; যাহার প্রথম চারি ও শেষ অক্ষর গুরু।

ভ্রমরাতিথি (ভ্রমর—অতিথি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চম্পকবৃক্ষ।

ভ্রমরানন্দ (ভ্রমর—আনন্দ [আ—নন্দি আনন্দ করান], ৭মী—হিং) সং, পুং, বকুল। ২। অতিমুক্তক। ৩। রক্তাম্লান।

ভ্রমরালক (ভ্রমর মধুকর—অলক চূর্ণ কুন্তল) সং, পুং, ভ্রমরক, ললাটস্থিত চূর্ণকুন্তল।

ভ্রমরেষ্ট; সং, পুং, শ্যোনাকবৃক্ষ। ষ্টা—স্ত্রীং, ভার্গী। ২। ভূমিজম্ব।

ভ্রমরোৎসবা ; সং, স্ত্রীং, মাধবীলতা।

ভ্রমাসক্ত ( ভ্রম কুন্দযন্ত্র—আসক্ত অনুরক্ত ) সং, পুং, শস্ত্রমার্জ্জক, অস্ত্রপরিষ্কারক। ২। বিং, ত্রিং, ভ্রমান্বিত।

ভ্রমি } ( ভ্রম দেখ, ই—ক) সং, স্ত্রীং, ঘূর্ণজল, আবর্ত্ত। ২। কুলালচক্র। ৩। (+ই—ভাবে) ভ্রমণ। ৪। ভ্রান্তি। ৫। ঘূর্ণন। ৬। মণ্ডলাকার সৈন্যরচনা। শিং—১"বীরান্ সহস্রশো দৃষ্ট্বা ভ্রমিভিঃ পর্য্যবস্থিতাম্।"
ভ্রমী }

ভ্রমী ( ভ্রমিন্, ভ্রম+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ভ্রমণকারক।

ভ্রষ্ট (ভ্রন্শ পতিতহওয়া+ত(ক্ত)—ক)বিং, ত্রিং, চলিত। শিং—১ "অর্থাদ্ভ্রষ্টস্তীর্থযাত্রাস্তু গচ্ছেৎ সত্যাদ্ভ্রষ্টো রৌরবং বৈ ব্রজেচ্চ।" ২। চ্যুত, অধঃপতিত। ৩। অধার্ম্মিক। ৪। দোষযুক্ত। ৫। নষ্ট। ষ্টা—স্ত্রীং, পতিতা। ২। ব্যভিচারিণী স্ত্রী।

ভ্রাজক ( ভ্রাজ্ দীপ্তি পাওয়া+অক(ণক) —ক ) সং, স্ত্রীং, শরীরস্থ ধাতুবিশেষ, পিত্ত। ২। বিং, ত্রিং, দীপ্তিকারক।

ভ্রাজথ ( ভ্রাজ্ দীপ্তি পাওয়া+অথ্—ভা ) সং, পুং, দীপ্তি। ২। শোভা।

ভ্রাজিষ্ণু ( ভ্রাজ দীপ্তিপাওয়া+ইষ্ণু—ক, শীলার্থে ) বিং, ত্রিং, দীপ্তিশীল। ২। শোভাযুক্ত। ৩। উজ্জ্বল। ৪। সং, পুং, বিষ্ণু। শিং—১"ভ্রাজিষ্ণুর্ভোজনং ভোক্তা সহিষ্ণুর্জগদাদিজঃ।"

ভ্রাজী ( ভ্রাজিন্, ভ্রাজক দেখ, ইন্(ণিন্)—ক, শীলার্থে ) বিং, বিং, দীপ্তিশীল। ২। শোভাযুক্ত।

ভ্রাতা (ভ্রাতৃ, ভ্রাজ্ দীপ্তিপাওয়া+তৃ(তৃচ্) —ক। অন্যান্য ভাষার সহিত সৌসাদৃশ্য দেখ ; সংস্কৃত=ভ্রাতা ; পারসিক=ব্রাদর্ ; গ্রীক্=ফ্রাট্রিয়া ; লাটিন=ফ্রাটর্; জর্ম্মেন=ব্রুদের্ ; ইংরাজি=ব্রদর ; বাঙ্গালা=ভাই) সং, পুং, একপিতৃজাত, সহোদর, ভাই। ২। বৈমাত্রেয়। ৩। দ্বিং, ভ্রাতা ও ভগিনী। ৪। দুই ভাই।

ভ্রাতুষ্পুত্র (ভ্রাতুঃ ষষ্ঠ্যন্ত ভ্রাতৃশব্দ—পুত্র) সং, পুং, ভ্রাতার সন্তান।

ভ্রাতৃক ( ভ্রাতৃ+ক(কণ্)—যোগ্যার্থে ) বিং, ত্রিং, ভ্রাতৃযোগ্য।

ভ্রাতৃজ ( ভ্রাতৃ ভাই—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—ষ ) সং, পুং, ভ্রাতৃপুত্র, ভাইপো। জা—স্ত্রীং, ভ্রাতৃকন্যা, ভাইঝি।

ভ্রাতৃজায়া ( ভ্রাতৃ—জায়া পত্নী, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, ভ্রাতৃপত্নী। শিং—১ "ভ্রাতৃজায়াপহারীচ মাতৃগামী ভবেন্নরঃ।"

ভ্রাতৃদ্বিতীয়া ; সং, স্ত্রীং ভাইদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্লা দ্বিতীয়া। ইহা যমদ্বিতীয়া বলিয়া উক্ত আছে। এই তিথিতে জ্যেষ্ঠা ভগিনী "ভ্রাতস্তবাগ্রজাতাহং ভুঙ্ক্ষ্ব ভক্তমিদং শুভং প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষত।"—এই মন্ত্র পাঠ করিয়া কনিষ্ঠ ভ্রাতাকে ঘৃতগণ্ডূষপ্রদান করেন। (ভগিনী কনিষ্ঠা হইলে) "ভ্রাতস্তবানুজাতাহং—"

ভ্রাতৃব্য ( ভ্রাতৃ ভাই+ব্য—অপত্যার্থে) সং, পুং, ভ্রাতুষ্পুত্র, ভাইপো। ২। শত্রু। "অভিপাপ্মানং ভ্রাতৃব্যং ক্ষপয়তি য এতয়া স্তুতে।" ৩। স্ত্রীং, ভ্রাতৃকন্যা।

ভ্রাতৃশ্বশুর ( পতির ভ্রাতা হইয়াও শ্বশুর স্থানীয় ) সং, পুং, স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা, ভাসুর। ২। ভ্রাতৃ পত্নীর পিতা।

ভ্রাত্রীয়(ভ্রাতৃ ভাই+ঈয়(ণীয়)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, ভ্রাতৃসম্বন্ধীয়। ২। সং, পুং, ভ্রাতৃপুত্র। য়া—স্ত্রীং, ভ্রাতৃকন্যা।

ভ্রান্ত ( ভ্রম্ ভ্রমণকরা+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, ঘূর্ণায়মান। ২। ভ্রমণশীল। শিং—১ "জনস্থানে ভ্রান্তম্।" ৩। ভ্রান্তিযুক্ত। ৪। (+ক্ত—ভাবে) সং, স্ত্রীং, ভ্রমণ। শিং—১ "ভ্রান্তং দেশমনেকদুর্গবিষমং প্রাপ্তং ন কিঞ্চিৎ ফলম্।" ৫। পুং, মত্তহস্তী। ৬। রাজধুস্তূর।

ভ্রান্তি ( ভ্রান্ত দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, ভ্রমণ। ২। ভ্রম, ভুল। ৩। ঘূর্ণন।

ভ্রান্তিমান্ ( ভ্রান্তিমৎ, ভ্রান্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ভ্রান্তিযুক্ত। ২। সং, পুং, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্য হেতুক প্রকৃত বিষয়ে কবিকল্পনাকৃত অন্য বস্তুর যে ভ্রম।

ভ্রান্তিহর (ভ্রান্তি ভ্রম—হর যে হরণ করে) বিং, ত্রিং, ভ্রমনাশক। ২। সং, পুং, মন্ত্রী।

ভ্রামক ( ভ্রান্ত দেখ, অক(ণক)—ক ) সং, পুং, শৃগাল। ২। ধূর্ত্ত। ৩। সূর্য্যাবর্ত্ত। ৪। অয়স্কান্তমণি। ৫। চুম্বক পাথর। ৬। বিং, ত্রিং, ভ্রমজনক।

ভ্রাম্যমাণ (ভ্রম্-ণিচ্=ভ্রামি ভ্রমণ করান+আন(শান)—র্ম্ম, ম—আগম) বিং, ত্রিং, যাহাকে ঘুরান হইতেছে।

ভ্রামর (ভ্রমর মধুকর ইত্যাদি+অ(ষ্ণ)—সম্ভূতার্থে) সং, ক্লীং, ভ্রমরজ মধু। ২। নৃত্যবিশেষ। ৩। পুং, চুম্বক পাথর। ৪। বিং, ত্রিং, ভ্রমরসম্বন্ধীয়। শিং—১ "তদাহং ভ্রামরং রূপং কৃত্বা সংখ্যেয় ষট্পদম্।" রী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। (মহাসুরকে ছলনা করিতে পার্ব্বতী ভ্রমর রূপ ধারণ করিয়াছিলেন)। শিং—১ "ভ্রামরীচ মাংলোকে সদা স্তোষ্যন্তি সর্ব্বতঃ।"

ভ্রাষ্ট্র (ভ্রস্‌জ্ ভাজা+ত্র—ধি, অথবা ভ্রষ্ট+অ(ষ্ণ)—কৃতার্থে ) সং, পুং—ক্লীং, ভর্জ্জনপাত্র ভাজনাখোলা। ২। ক্লীং, আকাশ।

ভ্রূণঘ্ন (ভ্রূণ—ঘ্ন [হন্ বধকরা+অ(টক্)—ক] যে হত্যা করে) বিং, ত্রিং, ভ্রূণহত্যাকারী।

ভ্রূ (ভ্রম ভ্রমণ করা+উ(ডু)—ক) সং, স্ত্রীং, চক্ষুর ঊর্দ্ধ ও ললাটের নিম্নস্থিত রোমরাজি।

ভ্রূকুংস—শ } ( ভ্রূ—কুংস্ [শ্] দীপ্তি-
ভ্রূকুংস—শ } পাওয়া+অ(অন্)—ক)সং, পুং, স্ত্রীবেশধারী নট।

ভ্রূকুটি } ( ভ্রূ—কুট্ কুটিলহওয়া+ই
ভ্রুকুটি } —ণ) সং, স্ত্রীং, ক্রোধাদি দ্বারা ভ্রূর বক্রতা, ভ্রূভঙ্গী। শিং—১ "ভ্রুকুটি ভীষণানাম্।" (দুর্গাধ্যান)।

ভ্রূক্ষেপ (ভ্রূ—ক্ষেপ ক্ষেপণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভ্রূভঙ্গ, ভ্রূচালন, সঙ্কেত জ্ঞাপনার্থ ভ্রূর তির্য্যক্ চালন।" ২। ভ্রূবিলাস। শিং—১ "ভ্রূক্ষেপমাত্রানুমিতপ্রবেশাম্।"

ভ্রূণ (ভ্রূণ্ আকাঙ্ক্ষাকরা + অ(অল্)—র্ম্ম) সং, পুং, বালক। ২। গর্ভস্থ সন্তান।

ভ্রূণহত্যা ( ভ্রূণ—হত্যা বধ ) সং, স্ত্রীং, গর্ভস্থ সন্তানের বিনাশ।

ভ্রূণহা (ভ্রূণহন্, ভ্রূণ—হা যে নষ্ট করে, ২য়া—ষ, অথবা ভ্রূণ গর্ভস্থবালক -হন্ বধকরা+০(ক্বিপ্) ক, ভূতকাল ) বিং, ত্রিং, ভ্রূণহত্যাকারক।

ভ্রূভঙ্গ—পুং } ( ভ্রূ—ভঙ্গ ভাঙা,
ভ্রূভঙ্গি, ঙ্গী—স্ত্রীং } ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভ্রূর কৌটিল্য, ভ্রূকুটি। ২। ভ্রূবিলাস। শিং—১ "কিঞ্চিদ্ভ্রূভঙ্গলীলা নিয়মিত জলধিং রামমন্বেষয়ামি।" (কাব্যপ্রকাশ)।

ভ্রেষ—পুং } ( ভ্রেষ্ গমন করা+অ
ভ্রেষণ—ক্লীং } (অল্), অন(অনট্)—ভা) সং, গমন। ২। ভ্রমণ। ৩। পতন।

---

# ম

ম ; ব্যঞ্জনবর্ণের পঞ্চবিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। (মা পরিমাণ করা+অ(ড)—ক) সং, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। শিব। ৪। যম। ৫। সময়। ৬। চন্দ্র। ৭। (মী বধকরা) বিষ। ৮। মনুষ্য।

মই (দেশজ) সং, বাঁশের সিঁড়ি।

মউ (মধুশব্দজ) সং, মধু।

মউআলু (দেশজ) সং, কন্দবিশেষ।

মউচাক (মধুচক্র শব্দজ) সং, মধুক্রম।

মউড় (মুকুটশব্দজ) সং, টুপী।

মকর (ম মুখশব্দজ—কৃ করা+অ(অন্)—ক। অথবা ম মনুষ্য—কৃ হিংসাকরা +অ(অন্)—ক ) সং, পুং, শৃঙ্গবিশিষ্ট মৎস্যবিশেষ, গঙ্গার বাহন, কামদেবের ধ্বজ। ২। দশমরাশি। উত্তরাষাঢ়ার শেষপাদত্রয় সমগ্র শ্রবণা ও ধনিষ্ঠার পূর্ব্বার্দ্ধের এই নবপাদ এই রাশির ভোগকাল। ৩। (মক ভূষণ—র 'রা' ধাতুজ) কুবেরের নিধিবিশেষ।



মকর (রাশি)

মকরকুণ্ডল ; সং, ক্লীং, মকরাকৃতি কর্ণভূষণ। "মহাকিরীটকটকঃ স্ফুরন্মকরকুণ্ডলঃ"

মকরকেতন ( মকর মকরচিহ্ন – কেতন ধ্বজ, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, কন্দর্প, মীনকেতন। ২ সমুদ্র।

মকরকেতু (মকর – কেতু ধ্বজ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কন্দর্প।

মকরক্রান্তি ( Tropic of Capricorn ) নিরক্ষরেখা হইতে ২৩ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে।

মকরধ্বজ (মকর – ধ্বজ পতাকা, ৬ষ্ঠী – হিং) সং, পুং, মদন, কন্দর্প। শিং – ১ মকরধ্বজ আত্মভূ।"২। রসসিন্দূরবিশেষ। ৩। ঔষধবিশেষ।

মকরন্দ (মকর – দো ছেদনকরা + অ(ড) – ক) সং, পুং, পুষ্পের মধু, পুষ্পরস। ২। কুঁদফুলের গাছ। ৩। ক্লীং, কিঞ্জল্ক, পুষ্পের রেণু। [বিং, ত্রিং, মধুবিশিষ্টা।

মকরন্দবতী ; সং, স্ত্রীং, পাটলাপুষ্প। ২।

মকরন্দিকা ; সং, স্ত্রীং, ঊনবিংশতি অক্ষর পাদক ছন্দোবিশেষ। [বিন্যাস।

মকরব্যূহ ; সং, পুং, মকরাকার সৈন্য

মকররি—যাহা স্থায়ীরূপে বন্দোবস্ত আছে; যে জমার খাজানার হার কমবেশী করা যাইতে পারে না তাহাকে মকররি জমা কহে।

মকরাকর } ( মকর – আকর আধার।
মকরালয় } মকর আলয় গৃহ ) সং, পুং, সমুদ্র।

মকরাকার (মকরাকার ফল যাহার, ৬ষ্ঠী – হিং) সং, পুং, কাঁচা করমচা। ২। মকরমৎস্যাকৃতি। [বিশেষ।

মকরাক্ষ ; সং, পুং, রাবণপক্ষীয় রাজা-

মকরাঙ্ক ( মকর – অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, মকরধ্বজ, মদন। ২। সমুদ্র। ৩। মনুবিশেষ।

মকরাশ্ব ( মকর জলজন্তুবিশেষ – অশ্ব। ইনি মকরপৃষ্ঠে আরোহণ করিয়া আছেন বলিয়া) সং, পুং, বরুণ।

মকরাসন ; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত পূজাঙ্গ আসনবিশেষ ; যথা—"মকরাসনমাবেক্ষ্য বায়ুনাং স্তম্ভকারণাৎ পৃষ্ঠে পাদদ্বয়ং বদ্ধা হস্তাভ্যাং পৃষ্ঠবন্ধনম্।"

মকরিকা (মকর + ইক(ষ্কিক) – সাদৃশ্যার্থে, আপ্) সং, স্ত্রীং, মকরাকার পত্রাবলী।

মকরী (মকরিন্, মকর + ইন্ – অস্ত্যর্থে। মকর আছে যাহাতে) সং, পুং, সমুদ্র।

মকার ( 'ম' এই অক্ষর + কার – স্বার্থে ) সং, পুং, 'ম' অক্ষর। ২। তন্ত্রোক্ত মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন এই পাঁচ।

মকুট (মন্ক্ ভূষিতকরা + উট – ক, নিপাতন) সং, ক্লীং, মুকুট, শিরোভূষণ।

মকুর (মকুট দেখ, উর – ক, সংজ্ঞার্থে,নিপাতন ) সং, পুং, কুম্ভকারের দণ্ড। ২। আদর্শ, দর্পণ। ৩। মুকুল, কুঁড়ি। ৪। বকুলবৃক্ষ।

মকুল (মকুট দেখ, উল ক, নিপাতন) সং, পুং – ক্লীং, মুকুল, কলিকা ২। বকুল।

মকুষ্ঠ (মকু [মন্ক ভূষিত করা + উ – প্রং] – স্থা থাকা + অ(ক) – ক,অথবা ম [মা পরিমাণকরা + অ(ড) – ক] – কুষ্ঠ [কু – স্থা থাকা + অ(ক) – ক]) বিং,ত্রিং,মন্থর, মন্দগামী। ২। সং, পুং, শস্যবিশেষ।


মকল্ল ; সং, পুং, শূলরোগবিশেষ।

মক্কা ( আরবী ) সং, দেশবিশেষ, আরবদেশের রাজধানী। মুসলমানধর্ম্মপ্রবর্ত্তক মহম্মদের জন্মস্থান। এইজন্য উক্ত ধর্ম্মাবলম্বীদিগের মহা তীর্থ। ২। জনার।

মক্কোল (মক্ক গমনকরা + ওল – ক ) সং, পুং, কঠিনী, খড়ী।

মক্ষ (মক্ষ্ রাশিকরা ইত্যাদি + অ (অল্) – ভাবে) সং, পুং, সমূহ। ২। ক্রোধ। ৩। স্বীয়দোষ গোপন করা।

মক্ষিকা } (মক্ষ্ ক্রুদ্ধ হওয়া, রাশিকরা
মক্ষীকা } + অক(ণক) – ক, আপ্ ) সং,



মক্ষিকা।

স্ত্রীং, কীটবিশেষ, মাছি।

মক্ষিকামল ; সং, ক্লীং, সিক্থক, মোম।

মক্ষিকাসন (মক্ষিকা – আসন [অস্ থাকা + অন(অনট্) – ধি) সং, ক্লীং, মধুক্রম, মৌচাক।

মক্ষু (মক্ষ্‌ গমনকরা+উ-ক) বিং, ত্রিং, শীঘ্র গতিবিশিষ্ট।

মখ (মখ্‌ গমনকরা+অ(অল্‌)-ধি) সং, পুং, যাগ, যজ্ঞ, ক্রতু।

মখঘ্ন (মখ যজ্ঞ-ঘ্ন [হন্‌ নাশ করা+অ (টক্‌)-ক]) বিং, ত্রিং, যজ্ঞনাশক।

মখত্রাতা (মখ বিশ্বামিত্র যজ্ঞ-ত্রৈ রক্ষা-করা+তৃ(তৃন্‌)-ক) সং, পুং, রামচন্দ্র।

মখদ্বিট্‌ (-দ্বিষ্‌, মখ-দ্বিষ্‌ দ্বেষকরা+০ (ক্বিপ্‌)-ক) সং, পুং, রাক্ষস। ২। বিং, ত্রিং, যজ্ঞদ্বেষী।

মখমল (আরবী) উর্ণানির্ম্মিত বস্ত্রবিশেষ।

মখাগ্নি (মখ-অগ্নি, ৭মী-ষ) সং, পুং, যজ্ঞে সংস্কৃতাগ্নি।

মখান্ন; সং, ক্লীং, যজ্ঞীয়ান্ন। ২। জলজাত ফলবিশেষ।

মখাসুহৃদ্‌ (মখ [দক্ষ] যজ্ঞ-অসুহৃদ্‌ শত্রু) সং, পুং, শিব, ক্রতুধ্বংসী।

মগজ (পারস্য) সং, পুং, মস্তিষ্ক, মজ্জা।

মগধ (মগ [মনৃগ্‌ গমনকরা+অ(অল্‌)-ণ) দোষ বা পাপ-ধ [ধা ধারণ করা+অ(ড)-ক]) সং, পুং, দক্ষিণ বেহার দেশ। ২। স্তুতিপাঠক। ৩। বহুং, মগধদেশীয় লোক।

মগধেশ্বর (মগধ-ঈশ্বর স্বামী, ৬ষ্ঠী-ষ) সং, পুং, জরাসন্ধ রাজা। ২। মগধদেশের অধিপতি।

মগধোদ্ভবা (মগধ-উৎ-ভূ উৎপন্নহওয়া +অ(অন্‌)-ক, আপ্‌-স্ত্রীং) সং, স্ত্রীং, পিপ্‌পলী। ২। বিং, মগধদেশজাতা।

মগ্ন (মস্‌জ্‌ ডুবা+ত(ক্ত)-ক) বিং, ত্রিং, অন্তঃপ্রবিষ্ট, ডোবা।


মগ্নগিরি (Submarine Rock) যে পর্ব্বত সমুদ্রগর্ভে মগ্ন থাকে।

মঘ (মহ্‌ পূজা করা+অ(অন্‌)-র্ম্ম, হ স্থানে ঘ) সং, পুং, দ্বীপবিশেষ। ২। মগ্‌ নামক ম্লেচ্ছদের দেশ। ৩। (+অন্‌ -র্ম্ম) ক্লীং, সুখ। ৪। (+অন্‌-ভাবে) পূজা। ৫। পুষ্পবিশেষ।

মঘবা (মঘবন্‌, মহ্‌ পূজা করা+অন(ক-নিপ্‌-র্ম্ম, ব-আগম) সং, পুং, ইন্দ্র। (কর্ম্মকারক ইত্যাদির বহুবচনে স্বর-বর্ণ প্রত্যয়ের পূর্ব্বে ব স্থানে উ হয়, পরেও হয়; যথা—মঘোনঃ, মঘোনা, মঘোনে ইত্যাদি, স্ত্রীলিঙ্গে মঘোনী শব্দও হয়) ঘোনী-স্ত্রীং, শচী, ইন্দ্রাণী। ২। জিনদিগের দ্বাদশ চক্রবর্ত্তির অন্তর্গত চক্র-বর্ত্তিবিশেষ।

মঘবান্‌ (মঘবৎ, মঘ [স্বর্গের] সুখ+বৎ (বতু)-অস্ত্যর্থে) সং, পুং, ইন্দ্র। বতী-স্ত্রীং, ইন্দ্রাণী।

মঘা (মঘ দেখ, আপ্‌-স্ত্রীং) সং, স্ত্রীং, দশম নক্ষত্র। ইহা গৃহাকৃতি পঞ্চ



মঘা (নক্ষত্র)।

তারকাময়। কাহার মতে লাঙ্গলাকৃতি। মানব এই নক্ষত্রে জন্মগ্রহণ করিলে কঠোরচিত্ত পিতৃমাতৃভক্ত তীব্রস্বভাব ও বিদ্যাসম্পন্ন হয়। ২। ঔষধবিশেষ।

মঘাত্রয়োদশী; সং, স্ত্রীং, মঘানক্ষত্রযুক্ত ভাদ্রকৃষ্ণাত্রয়োদশী। এই দিনে মধুক্ষা-য়ন দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ করিবার বিধি আছে।

মঘাভব (মঘা-ভূ হওয়া+অ(অন্‌)-ক) সং, পুং, শুক্রাচার্য্য। ২। বিং, ত্রিং, মঘানক্ষত্রজাত। [গ্রহ।

মঘাভূ (মঘা-ভূ জাত) সং, পুং, শুক্র-মঘী; সং, স্ত্রীং, ধান্যবিশেষ, আশুধান্য।

মঙ্‌ক্তা (মস্‌জ্‌ মগ্ন হওয়া+তৃ(তৃন্‌)-ক) বিং, ত্রিং, স্নানকর্ত্তা।

মঙ্কি; সং, পুং, ধনেচ্ছু বণিগ্বিশেষ।

মঙ্কুর (মনৃক্‌ ভূষিত করা+উর-ক) সং, পুং, মুকুর, দর্পণ।

মঙ্ক্ষু } (মস্‌জ্‌ [ডুবা] পবিত্র হওয়া এবং
মঙ্খু } মনৃখ্‌ গমন করা+উ-ক)

অং, দ্রুত, শীঘ্র। ভৃশ, সাতিশয়। ৩। মনোহর।

মঙ্গ (মন্‌গ্‌ গমন করা+অ(অল)—র্ম্ম) সং, পুং, নৌকার শিরোভাগ, নৌকার গলুই।

মঙ্গল (মন্‌গ্‌ গমন করা+অল—র্ম্ম) সং, ক্লীং, ক্ষেম, কুশল, শুভ। ২। (+অল্‌—ক) পুং, কুজগ্রহ। "উপেন্দ্র বীজাৎ পৃথ্যাস্ত মঙ্গলঃ সমজায়তে।" ৩। বিং, ত্রিং, শুভদায়ক। শিং—১"মঙ্গলং কবচং শুভম্‌।" লা—স্ত্রীং, উমা, পার্ব্বতী, দুর্গা। ২। পতিব্রতা স্ত্রী। ৩। শুক্লদূর্ব্বা। ৪। করঞ্জ। ৫। বৃত্তার্হস্মাতৃবিশেষ। ৬। হরিদ্রা। ৭। নীলদূর্ব্বা।

মঙ্গলগীত; মাহাত্ম্যকথা।

মঙ্গলচণ্ডিকা } (মঙ্গলবারে অর্চ্চনীয়া চ-
মঙ্গলচণ্ডী } ণ্ডিকা) সং, স্ত্রীং, দ্বিভূজা রক্তপদ্মাসনস্থা গৌরবর্ণা দেবীবিশেষ। মঙ্গলবারে ইহার অর্চ্চনা করিলে অভিষ্ট সিদ্ধ হয়। এইজন্য হিন্দুমহিলাগণ উক্ত দিনে মঙ্গলচণ্ডিকার আরাধনা করেন।

মঙ্গলচ্ছায় (মঙ্গল প্রশস্ত—ছায়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্লক্ষবৃক্ষ, বটবৃক্ষ।

মঙ্গলপাঠক (মঙ্গল কুশল—পাঠক যে পাঠ করে, ৪র্থী—ষ) সং, পুং, বন্দী, স্তুতিপাঠক।

মঙ্গলসন্নিধান—স্বস্তিক শ্রী প্রভৃতি, যাহা বরণডালায় দেয়।

মঙ্গলাগুরু; সং, ক্লীং, অগুরুবিশেষ।

মঙ্গলাচরণ (মঙ্গল—আচরণ, য়ং—স) সং, ক্লীং, কর্ম্মারম্ভে শুভজনক ক্রিয়া।

মঙ্গল্য (মঙ্গল+য(ক্য)-হিতার্থে) বিং, ত্রিং, শুভকর, শুভজনক। শিং—১ "সর্ব্ব মঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্‌।" ২। সুন্দরং। শিং—১ "রোচনং চন্দনং হেম মৃদঙ্গং দর্পণম্‌ মণিম্‌। গুরুমগ্নিং তথা সূর্য্যং প্রাতঃ পশ্যেৎ সদা বুধঃ।"৩। সুখদ। ৪। সং, ক্লীং, দধি। ৫। চন্দন। ৬। স্বর্ণ। ৭। সিন্দূর। ৮। পুং, অশ্বত্থবৃক্ষ। ৯। বিল্ববৃক্ষ। ১০। নারিকেলবৃক্ষ। ১১। কপিত্থ। ১২। রীঠাকরঞ্জ।

মঙ্গল্যক (মঙ্গল্য+কণ্‌—যোগ) সং, পুং, মসুর, মসুরি কড়াই।

মঙ্গল্যা (মঙ্গল্য দেখ, আপ্‌) সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "শোভনানি চ শ্রেষ্ঠানি যা দেবী দদতে হরে। ভক্তানামার্ত্তিহরিণি মঙ্গল্যা তেন সা স্মৃতা।" ২। মল্লিকা গন্ধযুক্তাগুরু। ৩। রোচনা। ৪। অধঃপুষ্পী। ৫। মিসী। ৬। শুক্লবচা। ৭। প্রিয়ঙ্গু। ৮। মাষপর্ণী। ৯। শতপুষ্পা। ১০। জীবন্তী। ১১। ঋদ্ধি ঔষধ। ১২। হরিদ্রা। ১৩। দূর্ব্বা।

মঙ্গিনী (মঙ্গ নৌকার শিরোভাগ+ইন্‌—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, তরি, নৌকা।

মচকান (দেশজ) বিং, মোড়ান, ঈষৎ ভগ্ন।

মচর্চ্চিকা (ম শিব—চর্চ্চ্‌ অনুশীলন করা+অক(ণক)—ক, আপ্‌—স্ত্রীং) সং, স্ত্রীং, (শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত, উত্তম।

মচ্ছ (মদ্‌ [জলে] হৃষ্ট হওয়া ইত্যাদি+শ—প্রং, অথবা মদ্‌—শী শয়ন করা+অ (ড)—ক) সং, পুং, মৎস্য, মাছ।

মজকুরী—রাজস্ব সম্বন্ধে যে জমা অন্য জমিদারের অধীনস্থ হইয়া চিরস্থায়ীরূপে ভোগ হয় ও যাহার রাজস্ব জমিদারের বা স্থান বিশেষে গবর্ণমেণ্টের কর্ম্মচারীর যোগে আদায় হয়।

মজন (মজ্জন শব্দজ) সং, মগ্নহওন, আসক্ত হওন।

মজবুত (আরবী) শক্ত, কঠিন, দৃঢ়।

মজা (মগ্নার্থ মস্‌জ ধাতুজ) বিং ,গ্র। ২। গলিত। ৩। সং, সুখ। ৪। (আরবী) বিদ্রূপ, ঠাট্টা, তামাসা।

মজুমদার (পারস্য মজুমাদার শব্দজ) বাদসাহী আমলে যে ব্যক্তি রাজস্ব সম্বন্ধীয় হিসাব পত্র রাখিত। বর্তমান কালে উপরোক্ত মজুমদার পদবিশিষ্ট ব্যক্তিগণ বংশানুক্রমে ঐ উপাধি দ্বারা অভিহিত হইয়া আসিতেছেন।

মজুর (পারস্য মজদুর শব্দের অপভ্রংশ) সামান্য শ্রমজীবী, মুটে।

মজ্জকৃৎ (মজ্জন্‌ অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্‌)

—ক, ৎ—আগম] যে করে) সং, ক্লীং, অস্থি, হাড়।

মজ্জথু (মজ্জন দেখ, অথু—ভাবে) সং, পুং, মজ্জন।

মজ্জন (মস্জ্ ডুবা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, স্নান, অবগাহন। ২। মগ্ন হওয়া। ৩। মজ্জা।

মজ্জসমুদ্ভব (মজ্জন্ মজ্জা—সমুদ্ভব উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শুক্র, রেতঃ।

মজ্জা—পুং, } (মজ্জন্, মগজ [অস্থি প্রভৃ-
মজ্জা—স্ত্রীং, } তির মধ্যে] ডুবা + অন্ (কনিন্)—ক। ২য় পক্ষে—অ (অন্)—ক, আপ্—স্ত্রীং) সং, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ। শিং—১ "অস্থিবৎ স্বাগ্নিনা পক্বং তস্য সারো দ্রবো ঘনঃ। যঃ স্বেদবৎ পৃথগ্ভূতঃ স মজ্জেত্যভিধীয়তে।" ২। বৃক্ষসার।

মজ্জারস ; সং, পুং, শুক্র, রেতঃ।

মজ্জাসার ; সং, ক্লীং, জাতীফল।

মঞ্চ } (মন্চ্ উচ্চ হওয়া ইত্যাদি+
মঞ্চক } অ(অন্)—ক। কণ্—যোগে মঞ্চক) সং, পুং, পর্য্যঙ্ক, খট্বা, খাট। ২। মাচা। ৩। টং। ৪। বেদী। ৫। উন্নত স্থান। ৬। উচ্চ মণ্ডপবিশেষ। শিং—১ "দোলায়মানং গোবিন্দং মঞ্চস্থং, মধুসূদনং রথস্থং বামনং দৃষ্ট্বা পুনর্জন্ম ন বিদ্যতে।"

মঞ্চকাশ্রয় (মঞ্চক পর্য্যঙ্ক, শয্যা—আশ্রয় বাসস্থান) সং, পুং, মৎকুণ, ছারপোকা।

মঞ্চমণ্ডপ (মঞ্চ মাচা—মণ্ডপ গৃহ) সং, পুং, শস্য রাখিবার স্থান, গোলা।

মঞ্জর (মঞ্জু মনোজ্ঞতা—রা দান করা+অ(ড)—ক, উ=অ, ২য়া—ষ) সং, ক্লীং, মুক্তা। ২। তিলকবৃক্ষ।

মঞ্জরি } (মঞ্জু মনোজ্ঞতা—ঋ গমন
মঞ্জরী } করা+ই—ক) সং,স্ত্রীং,অঙ্কুর। ২। মুকুল। ৩। বৃন্ত, বোঁটা। ৪ শীষ; যথা—চূতমঞ্জরী, তুলসীমঞ্জরী। ৫। ঝাড়। ৬। মুক্তা। ৭। তিলকবৃক্ষ।

মঞ্জরিত (মঞ্জর+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, অঙ্কুরিত। ২। মুকুলিত।

মঞ্জরীনম্র ; সং, পুং, বেতসবৃক্ষ।

মঞ্জা (মন্জ্ শব্দ করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, ছাগী। ২। মঞ্জরী।

মঞ্জি, মঞ্জী (মন্জ্ মার্জ্জন করা+ই—ক) সং, স্ত্রীং, মঞ্জরী।

মঞ্জিকা ; সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।

মঞ্জিফলা ; সং, স্ত্রীং, কদলী।

মঞ্জিমা (মঞ্জিমন্, মঞ্জু+ইমন্—ভাবে) সং, পুং, মনোজ্ঞতা।

মঞ্জিষ্ঠা (মঞ্জু মনোহর—স্থা থাকা+অ (ড)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, রক্তবর্ণলতাবিশেষ।

মঞ্জীর (মন্জ্ শব্দ করা+ঈর—ক) সং, পুং—ক্লীং, চরণাভরণ, নূপুর। শিং—১ "মণিমঞ্জীরভূষিতৌ চরণৌ।" ২। পুং, মন্থনদণ্ডবন্ধন স্তম্ভ।

মঞ্জিল } (মন্জ্) শব্দকরা + ঈর—ধি)
মঞ্জীল } সং, পুং, রজকোষিত গ্রাম।

মঞ্জু (মন্জ্ মার্জ্জন করা+উ—ক) বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। ২। মধুর। শিং—১ "মঞ্জুকুঞ্জং জগাম।"

মঞ্জুকেশী (মঞ্জুকেশিন্, মঞ্জু মনোহর—কেশ চুল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, কৃষ্ণ। ২। বিং, ত্রিং, মনোহর কেশবিশিষ্ট।

মঞ্জুগমনা (মঞ্জু মনোহর—গমন চলন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হংসী।

মঞ্জুঘোষ (মঞ্জু মনোজ্ঞ—ঘোষ রব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মনোহর ধ্বনিযুক্ত। ২। সং, পুং, মনোহর শব্দ। ৩। পূর্ব্বজিনবিশেষ। ৪। উপাস্যদেবতাবিশেষ।

মঞ্জুপাঠক (মঞ্জু—পঠ্ পাঠ করা, বলা+অক(ণক)—ক) সং, পুং, শুকপক্ষী। ২। বিং, ত্রিং, মনোহর পাঠক।

মঞ্জুপ্রাণ (মঞ্জু মনোজ্ঞ—প্রাণ জীবন) সং, পুং, ব্রহ্মা।

মঞ্জুভাষী (—ভাষিন্, মঞ্জু—ভাষ্ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, মধুরভাষী মিষ্টভাষী। ষী—স্ত্রীং, ত্রয়োদশাক্ষর পাদক ছন্দোবিশেষ।

মঞ্জুল (মঞ্জু দেখ, উল—ক। অথবা মঞ্জু

মনোহর—লা হওয়া + অ(ড)—ক। কিম্বা মঞ্জু+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মনোহর, সুন্দর।২। মধুর। ৩। সমীচীন। ৪। সং, ক্লীং, নিকুঞ্জ। ৫। পুং, শৈবাল।

মঞ্জুষা } (মনূজ্ পরিষ্কার করা + উষ
মঞ্জূষা } (উষন্), উষ(উষন্)—ধি) সং, স্ত্রীং, পেড়া, সিন্দুক। ২। পাষাণ, প্রস্তর। ৩। মঞ্জিষ্ঠা।

মঞ্জুহাসিনী ; সং, স্ত্রীং, ত্রয়োদশাক্ষর পাদক ছন্দোবিশেষ। ২। বিং, মধুরহাস্যবিশিষ্টা।

মটর (দেশজ)সং, কলাইবিশেষ, মটরকলাই।

মটস্ফটি ; সং, পুং, দর্পারম্ভ, দন্তপ্রকাশ।

মট্‌ক (মুকুট শব্দজ) সং, কিরীট, শিরোভূষণ।

মট্‌কা (মুকুট বা মট্‌ক শব্দজ) সং, তৃণময় গৃহের অগ্রভাগ।

মট্টক ; সং, ক্লীং, গৃহের শিরোভাগ, মট্‌কা।

মঠ (মঠ্ বাস করা+অ(অল্)—ধি, যেখানে ছাত্রেরা বাস করে) সং, পুং, টোল, পাঠশালা। ২। আখড়া ; যথা—বাবাজীদিগের মঠ। ৩। মন্দির, দেবালয়। শিং —১ "মঠ প্রতিষ্ঠা কর্ত্তব্যা।" ৪। গন্তীরথ, গাড়ি।

মঠর (মন্ মান্য করা+অর—সংজ্ঞার্থে) ন্=ঠ্) সং, পুং, মুনিবিশেষ। ২। বিং, ত্রিং, মত্ত।

মড়ক (মরক শব্দজ) সং, মারীভয়, বহু মনুষ্যের মৃত্যুসময়।

মড়ল (মৌল বা মণ্ডল শব্দজ) সং, গ্রামের প্রধান প্রজা (মণ্ডল দেখ)।

মড়া (বাঙ্গলা মরা শব্দজ) সং, মৃতদেহ, শব।

মড্ডু (মস্‌জ্ [ডুবা] পবিত্র হওয়া+উ—ক) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ।

মণি—পুং } (মণ্ শব্দ করা+ইন্—ক)
মণী—স্ত্রীং } সং, রত্নবিশেষ, বহুমূল্য প্রস্তরবিশেষ, মুক্তা প্রভৃতি। শিং—১ "অকালে শক্রচাপানামুদয়স্তু যতোভবেৎ। অসৌ ধন্যতরোজ্জ্বেয়ো বহুমূল্যো মণিস্মৃতঃ।" ২। অকালোদিত ইন্দ্রধনু। ৩। অলিঞ্জর, জালা। ৪। লিঙ্গাগ্র। ৫। যোনির অগ্রভাগ। ৬। মণিবন্ধ, কব্জা। ৭। অজাগলস্তন। ৮। পুং, নাগবিশেষ।

মণিক (মণি+কণ্—যোগ, অথবা কৈ শব্দ করা+অ(ড)—ক) সং, ক্লীং, অলিঞ্জর, মাটীর কলসী, জালা।

মণিকর্ণ ; সং, পুং, কামরূপস্থ শিবলিঙ্গবিশেষ।

মণিকর্ণিকা (মণিকর্ণিকা [শিবের] কর্ণভূষণ। বিষ্ণুর তপস্যা দর্শনে বিস্মিত হওয়াতে শিবের কর্ণভূষণ এই স্থানে পতিত হইয়াছিল) সং, স্ত্রীং, কাশীস্থ তীর্থবিশেষ। শিং—১ "বিষ্ণুং প্রতি শিববাক্যম্।" ২ "মম কর্ণাৎ পপাতেয়ং যদা চ মণিকর্ণিকা। তদা প্রভৃতি লোকেঽত্র খ্যাতাস্তু মণিকর্ণিকা।" ২। মণিময় কর্ণভূষণ।

মণিকানন (মণি বহুমূল্যরত্ন—কানন বন এইরূপ ভূষণ প্রচুর থাকে বলিয়া) সং, ক্লীং, কণ্ঠ, গলা।

মণিকার (মণি—কার [কৃ করা+অ(ষণ) —ক] যে করে, ২য়া—য) সং, পুং, মণিপরিষ্কারক। ২। মণিপরীক্ষক, জহরী। ৩। গ্রন্থকারবিশেষ, ন্যায়চিন্তামণিকর্ত্তা।

মণিকূট (মণি মণিময়—কূট শিখর) সং, পুং, পর্ব্বতবিশেষ। শিং—১ "ভস্মকূটস্য বৈশান্যাং মণিকূটো মহাগিরিঃ।"

মণিকেতু ; সং, পুং, কেতুবিশেষ।

মণিগ্রীব (মণি রত্ন—গ্রীবা)সং, পুং, কুবেরপুত্র। ২। বিং, ত্রিং, রত্নকন্ধর।

মণিজলা (মণি মণিপ্রচুর—জল, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ)সং, স্ত্রীং, নদীবিশেষ।

মণিত (মণি দেখ, ত (ক্ত)—ভাবে) সং, ক্লীং, চুম্বনাদি ধ্বনি। ২। রতিকূজিত, রতিকালে স্ত্রীগণের অব্যক্ত শব্দবিশেষ।

মণিতারক (মণি—তারকা, ৬ষ্ঠী—হিং। যাহার চক্ষুর তারা মণির ন্যায় শোভমান) সং, পুং, সারসপক্ষী।

মণিদ্বীপ (মণি মণিময় বা প্রচুর মণিবিশিষ্ট —দ্বীপ। এই দ্বীপে বিস্তর মণি আছে বলিয়া) সং, পুং, ক্ষীরসমুদ্রমধ্যস্থ দ্বীপবিশেষ।

মণিপর্ব্বত ; সং, পুং, বহুলমণিযুক্ত পর্ব্বতবিশেষ।

মণিপুষ্পক ; সং, পুং, সহদেবের শঙ্খ।

মণিপুর ( মণি রত্ন—পূর পূর্ণ ) সং, পুং, নাভিস্থল। ২। ক্লীং, ষট্ চক্রের অন্তর্গত নাভিমধ্যস্থ তৃতীয়চক্র। নাভিপদ্ম। শিং —১ "তদূর্দ্ধে নাভিদেশে তু মণিপূরং মহৎপ্রভং। মেঘাভং বিদ্যুদাভঞ্চ বহুতেজোময়ং ততঃ। মণিবদ্ভিন্নং তৎ পদ্মং মণিপূরং তথোচ্যতে।" [বিশেষ।

মণিব ( মণি+ব — অস্ত্যর্থে ) সং, পুং, রাগ-

মণিবন্ধ ( মণি কজ্জা—বন্ধ, ঘং—স ) সং, পুং, প্রকোষ্ঠ এবং পাণির মধ্যস্থ করগ্রন্থি, হাতের কব্জা। শিং—১ "মণিবন্ধৈর্নিগূঢ়ৈশ্চ সুশ্লিষ্টশুভসন্ধিভিঃ।" ২। সৈন্ধব লবণাকার পর্ব্বতবিশেষ।

মণিভদ্র ; সং, পুং, যক্ষবিশেষ।

মণিমণ্ডপ ; সং, পুং, রত্নময় গৃহ। শিং—১ "মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদীসিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্।" ২। দেবতাপীঠস্থানবিশেষ। [বিশেষ।

মণিমধ্য ; সং, ক্লীং, নবাক্ষরপাদক ছন্দো-

মণিমন্থ (মণি রত্ন—মন্থ যে মন্থন করে) সং, ক্লীং, সৈন্ধবলবণ। ২। পর্ব্বতবিশেষ।

মণিমান্ (মণিমৎ, মণি রত্নবিশেষ+মৎ (মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মণিবিশিষ্ট, মণিভূষিত। ২। সং, পুং, সূর্য্য। ৩। যক্ষবিশেষ। ৪। নৃপবিশেষ। ৫। নাগবিশেষ। ৬। রাক্ষসবিশেষ। ৭। দৈত্যবিশেষ। ৮। পশ্চিমস্থ দেশবিশেষ।

মণিমালা (মণি রত্ন—মালা হার ইত্যাদি) সং, স্ত্রীং, মণিময় হার। ২। দন্তক্ষতবিশেষ। ৩। লক্ষ্মী। ৪। দীপ্তি। ৫। দ্বাদশাক্ষর-পাদক ছন্দোবিশেষ।

মণিরাগ ; সং, ক্লীং, হিঙ্গুল। ২। পুং, মণির বর্ণ। [পুং, দাড়িম্ববৃক্ষ।

মণিবীজ ( মণি রত্ন—বীজ বিচি ) সং,

মণিসর ( মণি—সর যে গমন করে ) সং, পুং, মণিময় হার, মুক্তাহার, মুক্তার মালা। শিং—১ "ঘটয়তি সঘনে কুচযুগগগনে মৃগমদরুচিরূষিতে। মণিসরমমলং তারকপটলং নখদশশশিভূষিতে।"

মণীচক ; সং, ক্লীং, চন্দ্রকান্তমণি। ২। পুং, মাছরাঙ্গা পাখী।

মণীবক ( মন্ শব্দকরা, নিপাতন ) সং, ক্লীং, পুষ্প, ফুল।

মণ্ড ( মণ্ড্ ভূষিত করা+অ(অন্)—ক। অথবা মন্+অ(ড)—ক) সং, পুং—ক্লীং, ফেন। ২। গাদ। ৩। মাড়। ৪। সার। ৫। পিচ্ছ। ৬। পুং, এরণ্ডবৃক্ষ। ৭। ভূষণ। ৮। ক্লীং, দধির মাত। ণ্ডা—স্ত্রীং, সুরা, মদিরা।

মণ্ডক ; সং, পুং, পিষ্টকবিশেষ।

মণ্ডন ( মণ্ড দেখ, অন(অনট)—ণ) সং, ক্লীং, ভূষণ। ২। ( +অনট্—ভাবে ) অলঙ্করণ, সাজান। শিং—১ "চতুর্থামণ্ডনং বাসোভূষামাল্যানুলেপনৈঃ।" ৩। ( +অন—ক ) বিং, ত্রিং, অলঙ্কারক। ৪। পণ্ডিতবিশেষ। শিং—১ "শিষ্যপ্রশিষ্যৈরূপগীয়মানমবেহি তৎ মণ্ডনমিশ্রধাম।"

মণ্ডপ ( মণ্ড ভূষণ—পা পালনকরা+অ (ড)—ক) সং, পুং—ক্লীং, গৃহ, দালান। ২। জনাশ্রয়,জনবিশ্রামস্থান। ৩। দেবোদ্দেশে প্রস্তুত গৃহ ; যথা—চণ্ডীমণ্ডপ। ৪।( মণ্ড—প যে পান করে ) বিং, ত্রিং, মণ্ডপায়ী। পা—স্ত্রীং, নিষ্পাবী।

মণ্ডয়ন্ত ( মন্ড্ ভূষিতকরা+অন্ত—ণ ) সং, পুং, ভূষণ। ২। (+অন্ত—র্ম্ম) নট। ৩। অন্ন। ন্তী—স্ত্রীং, নারী, যোষিৎ।

মণ্ডরী ; সং, স্ত্রীং, ঘুরঘুরিয়া পোকা।

মণ্ডল ( মণ্ড দেখ, অল(কল)—ক, কিম্বা মণ্ড+ল—অস্ত্যর্থে ) সং, স্ত্রীং, চন্দ্রসূর্য্যাদির পরিধি, বেষ্টন। শিং—১ "সূর্য্যমণ্ডলসংস্থস্ক নিত্যং কেতুঃ প্রসর্পতি।" ২। ক্লীং,গোল ; যথা—মণ্ডলাকার উপবিষ্ট হও। ৩। চক্র। ৪। দেশ। ৫। বিভাগ। ৬। স্থান। শিং—১"নক্ষত্র মণ্ডলম্।" ৭। প্রদেশ, রাজ্য। ৮। অরি মিত্রাদি দ্বাদশবিধ রাজা। ৯। ধনুর্দ্ধরদিগের স্থানবিশেষ। ১০। কৃত্রিম রেখাদি দ্বারা রচিত আসনবিশেষ। ১১। নখাঘাত। ১২। বিং, ত্রিং, সমূহ। ১৩। সূর্য্যবিম্ব। ১৪। চন্দ্রবিম্ব। ১৫। পুং, কুক্কুর। ১৬। সর্পবিশেষ। ১৭। (দেশজ) গ্রামের প্রধান

প্রজা ব জেং রাইয়ৎ। যে মহালের সীমা-নাদি জমিদারের প্রতিনিধি স্বরূপে রক্ষণা-বেক্ষণ করে ও সমস্ত গ্রামের খাজানা আদায়ের সুবিধা করিয়া দেয় ও তদ্দরূণে নিষ্করে বা অল্প করে জমী ভোগ করে।

মণ্ডলক (মণ্ডল+কণ্-যোগ) সং, ক্লীং, বিম্ব, চন্দ্র ও সূর্য্যের মণ্ডল। ২। দর্পণ, আর্শি। ৩। কুষ্ঠরোগবিশেষ। ৪। মণ্ডলাকারব্যূহ। ৫। পুং, কুক্কুর।

মণ্ডলনৃত্য ; সং, ক্লীং, মণ্ডলাকার নৃত্য।

মণ্ডলপত্রিকা ; সং, স্ত্রীং, রক্তপুনর্নবা।

মণ্ডলাগ্র (মণ্ডল গোল—অগ্র অগ্রভাগ) সং, পুং, অসি, খড়্গ।

মণ্ডলাধীশ (মণ্ডল সাম্রাজ্য—অধীশ অধিপতি) সং, পুং, মণ্ডলেশ্বর, চতুঃ-শতযোজন দেশাধিপ।

মণ্ডলায়িত (মণ্ডল+য-প্রং, ত-যোগ) বিং, ত্রিং, বর্ত্তুল, গোলাকার।

মণ্ডলী (মণ্ডলিন্, মণ্ডল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। ২। সূর্য্য। ৩। বিড়াল। ৪। খট্টাশ। ৫। বটবৃক্ষ। ৬। বিং, ত্রিং, মণ্ডলবিশিষ্ট, চক্রাকারে সঙ্কুচিত বা ঘূর্ণিত, "নীলকণ্ঠ উড়ি ফিরে, মণ্ডলী দিছেন শিরে, অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে।" (অন্নদা)। লী—স্ত্রীং, দূর্ব্বা।

মণ্ডলেশ } (মণ্ডল দেশ—ঈশ ঈশ্বর
মণ্ডলেশ্বর } প্রভূ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা। ২। সম্রাট্, চতুঃশত যোজন প্রদে-শের অধিপতি। শিং—১ "চতুর্যোজন পর্য্যন্তমধিকারং নৃপস্যাচ। যো রাজা বহুতগুণঃ স এব মণ্ডলেশ্বরঃ।"

মণ্ডহারক (মণ্ড অন্নাদির অগ্ররস—হৃ লওয়া+(ণক)—ক) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

মণ্ডিত (মণ্ড দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভূষিত, সজ্জিত, মোড়া। ২। বেষ্টিত। সং, পুং, বৌদ্ধাধিপতিবিশেষ।

মণ্ডুক (মণ্ড দেখ, উক—ক) সং, ক্লীং, ঢালের ধরিবার স্থান।

মণ্ডুকবাদ্য ; সং, ক্লীং, বাদ্যবিশেষ।

মণ্ডূক (মণ্ড দেখ, উক—ক) সং, পুং, কী—স্ত্রীং, ভেক, ব্যাঙ্। ২। পুং, মুনিবিশেষ। ৩। গাড়তেজাঃ। ৪। ক্লীং, বন্ধবিশেষ।

মণ্ডূকপ্লুতন্যায়—ন্যায় [৩৬] দেখ।

মণ্ডূকসরঃ (মণ্ডূকসরস্) সং, ক্লীং, মণ্ডূকপূর্ণ সরোবরবিশেষ। [লোহার মরিচা।

মণ্ডূর (মণ্ড দেখ, উর—ক) সং, পুং—ক্লীং,

মণ্ডোদক (মণ্ড—উদক জল) সং, ক্লীং, নানাবর্ণ। ২। আলিপনা, পিষ্টতণ্ডুলমিশ্র-জল। ৩। সুশ্রুতোক্ত সুরাকল্পান্ত ক্বাথ-বিশেষ।

মত (মন্ বোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত। ২। অভিপ্রেত, সম্মত। শিং—১ "দূরাহ্বানে চ গানে চ ভোজনে চ প্লুতো মতঃ।" ৩। সম্মানিত। ৪। কুৎসিত। ৫। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, অভিপ্রায়। ৬। সম্মতি।

মতঙ্গ (মদ্ প্রীত হওয়া+অঙ্গ(অঙ্গচ্)—ক, নিপাতন) সং, পুং, মুনিবিশেষ। ২। হস্তী। ৩। মেঘ। ৪। রাজর্ষিবিশেষ। ৫। চণ্ডালবিশেষ। ৬। দানববিশেষ।

মতঙ্গজ (মতঙ্গ মুনিবিশেষ—জ [জন্ জ-ম্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, হস্তী।

মতল্লিকা (মত—অল্ ভূষিত করা+অক (ণক)—ক, আপ্) সং, স্ত্রীং (শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত, উত্তম

মতানুজ্ঞা ; সং, স্ত্রীং, নিগ্রহস্থা শষ।

মতি (মন্ বোধ করা+তি )—ভাবে) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। শিং—১ "ভবৈ-বচ স্থিরা মতিঃ।" ২। অন্তঃকরণ। ৩। (+ক্ত—ণ) মনঃ; যথা—যেমন মতি তেমনি গতি। ৪। স্মৃতি। ৫। ইচ্ছা। শিং—২ "যস্য যত্র কুলেজন্ম তন্মতি-স্তাদৃশী ভবেৎ।" [বুদ্ধিভ্রংশ, কুমতি।

মতিচ্ছন্ন (মতি—ছন্ন) বিং, ত্রিং, মতিচ্ছন্ন,

মতিবিভ্রংশ ; সং, পুং, উন্মাদরোগ।

মতিভ্রংশ, মতিভ্রম—পুং } (মতি বুদ্ধি—
মতিভ্রান্তি—স্ত্রীং } ভ্রংশ ভ্রম ভ্রান্তি) সং, বুদ্ধিভ্রংশ, ভুল।

মতিমান্ (মতিমৎ, মতি+মৎ(মতু)—অ-স্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, সুধী।

মতিষ্ঠ (মতিমৎ + ইষ্ঠ – অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় বুদ্ধিমান্।

মৎ (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ, যেমন মৎপুত্র ইত্যাদি) অং, মদীয়, আমার।

মৎক (মম + কণ্ – যোগ) বিং, ত্রিং, মদীয়, মৎসম্বন্ধীয়। শিং – ১ "নৈতন্মতং মৎকমিতি ব্রুবাণঃ।"(ভট্টি)।২। (মৎ [মদ্ সন্তুষ্ট হওয়া + ০(ক্বিপ্) – ক] সন্তুষ্ট + কণ্ – যোগ) সং, পুং, মৎকুণ।

মৎকুণ (মদ্ + ০ক্বিপ্) – ক – মৎ সন্তুষ্ট – ক্বণ্ শব্দ করা + অ(অন্) – ক, নিপাতন) সং,পুং, ছারপোকা। ২। শ্মশ্রুশূন্য পুরুষ, খোসা। ৩। নির্ব্বিষাণ হস্তী। ৪। নারিকেল। ৫। জঙ্ঘাত্রাণ। ণা – স্ত্রীং,অজাতলোম স্ত্রী-চিহ্ন।

মৎকুণারি ; সং, পুং, ইন্দ্রাশন, সিদ্ধি।

মৎপরায়ণ (মৎ – পরায়ন শ্রেষ্ঠ) বিং, ত্রিং, যে ব্যক্তির স্বীয় আত্মা আত্মাতেই সন্তুষ্ট।

মৎলব (আরবী, তলব শব্দ) ভাব, অর্থ। অভিপ্রায়।

মত্ত (মদ্ মত্ত হওয়া ইত্যাদি + ত(ক্ত) – ক) সং, পুং, ক্রোধান্ধ হস্তী। ২। ধুস্তুর। ৩। কোকিল। ৪। মহিষ। ৫। বিং, ত্রিং, আনন্দিত। ৬। বিহ্বল, মাতাল। ৭। ক্রুদ্ধ। ৮। উন্মত্ত। ত্তা – স্ত্রীং, মদিরা, মদ্য। ২। ১০ অক্ষর ছন্দোবিশেষ।

মত্তকাশিনী } (মত্ত উন্মত্ত – কাশ্, স্
মত্তকাসিনী } দীপ্তি পাওয়া + ইন্(ণিন্) – ক, ঈপ্ – স্ত্রীং) সং, স্ত্রীং, উত্তমা স্ত্রী।

মত্তকীশ (মত্তক [মত্ত ক্রুদ্ধ + কণ্ – যোগ] – ঈশ প্রভু) সং, পুং, হস্তী, গজ।

মত্তময়ূর (মত্ত – ময়ূর, ষৎ – স) সং, পুং, উন্মত্ত ময়ূর। ২। মেঘ। ৩। ত্রয়োদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ ; যাহার ৬ষ্ঠ, ৭ম, ১০ম ও ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট গুরু।

মত্তবারণ ( মত্ত – বারণ হস্তী ) সং, পুং, মত্তহস্তী। ২। ক্লীং, কোঠার বারাণ্ডা। ৩। প্রাঙ্গনাবরণ। ৪। ঘেরা জায়গা। ৫। পূগচূর্ণ।

মত্তাক্রীড়া; সং, স্ত্রীং, ত্রয়োবিংশত্যক্ষর-[পাদক ছন্দোবিশেষ।

মত্তালম্ব (মত্ত উন্মত্ত [শক্র ইত্যাদি] – আলম্ব + অ(অল্) – র্ম্ম) সং, পুং, অপাশ্রয়, ঘেরা জায়গা। ২। বারেণ্ডা।

মত্তেভগমনা ; সং, স্ত্রীং, স্ত্রীবিশেষ। ২। মত্তগজগামিনী।

মত্তেভবিক্রীড়িত ; সং, ক্লীং, একবিংশত্যক্ষরপাদক ছন্দোবিশেষ। ২। মত্ত গজের ক্রীড়া।

মত্য (মতি সমীকরণ + য(ষ্ণ্য) – সাধু-অর্থে) সং, ক্লীং, ফলকবিশেষ, মই। ২। দাত্র প্রভৃতির বাঁট। ৩। জ্ঞানানুশীলন।

মৎস (মদ্ [জলে] হৃষ্ট হওয়া + স – ক) সং, পুং, মৎস্য, মাছ।

মৎসখণ্ড ; সং, পুং, মাছের খণ্ড।

মৎসর (মদ্ [হৃষ্ট হওয়া] দ্বেষ করা ইত্যাদি + সর(সরন্) – ক) সং, পুং, বৈর। ২। দ্বেষ। ৩। ক্রোধ। ৪। অসূয়া। ৫। পরশ্রীকাতরতা। ৬। আত্মধিক্কার। শিং – ১ "নিন্দন্তি মাং সদা লোকাধিগস্তু মমজীবনং। ইত্যাত্মনি ভবেদ্‌যস্তু ধিক্কারঃ স চ মৎসরঃ।" ৭। বিং, ত্রিং, ক্রুদ্ধ। ৮। কৃপণ। ৯। পরশ্রীকাতর। রা – স্ত্রীং, মক্ষিকা। ২। ভৃঙ্গালী।

মৎসরী (মৎসরিন্, মৎসর + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, পরশ্রীকাতর। ২। দুর্জ্জন, খল। ৩। দ্বেষকারী। ৪। ক্রোধী। ৫। ক্রূর।

মৎস্য – পুং } (মদ্ [জলে] হৃষ্ট হওয়া +
মৎস্যী – স্ত্রীং } স্য(স্যন্) – ক। অথবা মন্দ মৃদু + স্যন্ – ণ ) সং, মীন, মাছ। ২। পুং, বিষ্ণুর প্রথম অবতার।—



মৎস্য (অবতার)।

"নাভ্যধোরোহিতসম আকণ্ঠশ্চ নরাকৃতিঃ।
ঘনশ্যামশ্চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রগদাধরঃ॥
শৃঙ্গীমৎস্যানিভোমূর্দ্ধালক্ষীবক্ষোবিরাজিতঃ
পদ্মচিহ্নিত সর্ব্বাঙ্গঃ সুন্দরশ্চারুলোচনঃ।"
২ "প্রলয়পয়োধিজলে ধৃতবানসিবেদং
বিহিতবহিত্রচরিত্রমখেদং।
কেশব ধৃতমীনশরীর
জয় জগদীশ হরে।" (জয়দেব)।
৩। পুরাণবিশেষ। ৪। বিরাটদেশ, বর্ত্তমান জয়পুর, রঙ্গপুর, দিনাজপুর, এবং কুচবেহারকেও মৎস্যদেশ বলা যায়। ৫। দ্বাদশরাশি। শিং—১ "মৎস্যৌ ঘটী নৃমিথুনং সগদং সবীণং।"

মৎস্যকরণ্ডিকা (মৎস্য মাছ—করণ্ড চুপড়ী+কণ্—যোগ) সং, স্ত্রীং, মৎস্যধানী, মাছ রাখা খালুই।

মৎস্যগন্ধা (মৎস্য—গন্ধ, ৬ষ্ঠী—হিং। ইনি মৎস্যের উদরে জন্মগ্রহণ করেন বলিয়া গাত্রে মৎস্যগন্ধ থাকাতে মৎস্যগন্ধানামে বিখ্যাত হন) সং, স্ত্রীং, ব্যাসদেবের মাতা। ২। জলপিপ্পলী।

মৎস্যজাল; সং, ক্লীং, মাছধরা জাল।

মৎস্যজীবী (মৎস্যজীবিন্, মৎস্য মাছ—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, ধীবর, জেলিয়া।

মৎস্যণ্ডী, মৎস্যণ্ডিকা (মন্দ মৃদু—স্যন্দ্ ক্ষরা+অ(অন্)—ক, ঈপ্, কণ্—যোগে মৎস্যণ্ডিকা) সং, স্ত্রীং, খণ্ডবিকার, দলো চিনি। ২। মিছিরি নবাত মঠ প্রভৃতি।

মৎস্যধানী (মৎস্য মাছ—ধা ধারণ করা+অন(অনট্)—ধি) সং, স্ত্রীং, খালুই।

মৎস্যনাশক, মৎস্যনাশন (মৎস্য—নাশক নাশন, নাশকারক, ২য়া—ষ) সং, পুং, কুররপক্ষী।

মৎস্যপুত্রিকা; সং, স্ত্রীং, জন্তুবিশেষ।

মৎস্যবন্ধী (মৎস্যবন্ধিন্, মৎস্য মাছ—বন্ধ বন্ধন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ধীবর, জেলিয়া। শিং—১ "কৈবর্ত্তো ধীবরো দাসো মৎস্যবন্ধী চ জালিকঃ।" (হলায়ুধ)। ন্ধিনী—স্ত্রীং, মৎস্যধানী, খালুই।

মৎস্যরঙ্গ (মৎস্য—রঙ্গ অনুরাগ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

মৎস্যরাজ (মৎস্য মাছ—রাজ শ্রেষ্ঠ) সং, পুং, রোহিত মৎস্য, রুইমাছ। ২। (মৎস্য দেশবিশেষ—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ) বিরাটরাজা। ২। কর্ণরাজ।

মৎস্যবেধন (মৎস্য—বিধ্ বিদ্ধ করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, নী—স্ত্রীং, বড়িশ, বঁড়শী। ২। নী—স্ত্রীং, পক্ষিবিশেষ।

মৎস্যসন্তানিক; সং, পুং, মৎস্যব্যঞ্জনবিশেষ।

মৎস্যাশন (মৎস্য মাছ-অশন ভোজন) সং, পুং, মাছরাঙ্গা পাখী। ২। বিং, ত্রিং, মৎস্যভক্ষক।

মৎস্যাসন; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসনবিশেষ। শিং—১ "অথ মৎস্যাসনং পৃষ্ঠে হস্তোপরিকরাঙ্গুলি। পাদযুগলমানেন বৃদ্ধাঙ্গুষ্ঠস্য যোজনম্।"

মৎস্যোদরী (মৎস্য মাছ—উদর, ৭মী—হিং। মহাভারতে—ব্যাসদেবের মাতাকে মৎস্যের উদরে পাওয়াতে, ইনি মৎস্যের গন্ধ প্রাপ্ত হন, এবং সেই অবধি মৎস্যগন্ধা নামে খ্যাতা হন, অনন্তর ব্যাসদেবের পিতা পরাশর মুনির বরে পদ্মের গন্ধ প্রাপ্ত হন) সং, স্ত্রীং, সত্যবতী, ব্যাসদেবের মাতা। ২। কাশীস্থ তীর্থবিশেষ।

মথন (মথ্ মন্থন করা+অন(অন[illegible])—ভা) সং, ক্লীং, মন্থন, বিলোড়ন, [illegible]। শিং—১ "ক্ষীরোদমথনোদ্ভূত[illegible]রত্নং সমামরৈঃ।" (দেবীমাহাত্ম্য)। ২। বিনাশ। ৩। ক্লেশ। ৪। পুং, গণিকারিকাবৃক্ষ।

মথিত (মথন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিলোড়িত, ঘোঁটা, নাড়াচাড়া। ২। বিনাশিত। ৩। পীড়িত। ৪। হত। ৫। সং, ক্লীং, তক্র, নির্জ্জল ঘোল।

মথী (মথিন্, মথন দেখ, ইন্—প্রং) সং, পুং, মন্থনদণ্ড।

মথুরা, মথুরা, মধুরা (মথ্ বধকরা+উর, উর—ধি, আপ্। এইস্থানে শত্রুঘ্ন মধুনামক অসুরকে বধ করেন বলিয়া) সং, স্ত্রীং,

আগরা প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ নগরী, মধুপুরী। পূর্ব্বে শ্রীকৃষ্ণ এই স্থানে লীলা করেন বলিয়া ইহা মোক্ষদায়ক তীর্থ বলিয়া প্রসিদ্ধ। শিং—১"অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দ্বারবতী চৈব সপ্তৈতা মোক্ষদায়িকা।"

মথুরেশ (মথুরা নগরীবিশেষ—ঈশ অধিপতি) সং, পুং, কৃষ্ণ।

মথ্যমান (মথ্ মন্থনকরা+আন(শান)—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, যাহা মন্থন করা যাইতেছে।

মদ (মদ্ হৃষ্ট হওয়া, মত্ত হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, আনন্দ। ২। আনন্দজনিত সম্মোহ। ৩। মদিরাকৃত মনোবিকার,মত্ততা। ৪। মদরাগ। ৫। উন্মাদ। ৬। (+অল্—ণ) রেতঃ। ৭। অহঙ্কার, গর্ব্ব। শিং—১ "অহং মহাত্মা ধনবান্ মৎতুল্যঃ কোঽস্তি ভূতলে। ইতি যজ্জায়তে চিত্তং মদঃ প্রোক্তঃ স কোবিদৈঃ।" ২ "বুদ্ধের্মোহ সমুদ্ভবদহঙ্কারাদভূন্মদঃ।" ৮। হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত ঘর্ম্মবিশেষ। ৯। উন্মাদজনিত মৃগগণ্ডস্থলাদি হইতে নিঃসৃত স্বেদ; যথা—"চন্দ্রে জিনি মৃগ ভালে মৃগমদ বিন্দু।" ১০। মদ্য। ১১। কস্তূরী।

মদক (যাবনিক) নিদ্রাকর ঔষধবিশেষ।

মদকট (মদ—কট্ গমন করা, পাওয়া+অ (অন্)—ক) সং, পুং, ষণ্ড, ষাঁড়। ২। মত্তহস্তী। ৩। বিং, ত্রিং, মদোৎকট।

মদকল (মদ মত্ততা—কল্ শব্দ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, মত্ততাজন্য মধুরাস্ফুট-শব্দকারী। ২। মদাব্যক্তভাষী। ৩। সং, পুং, মত্তহস্তী।

মদগন্ধ (মদ মত্ততা—গন্ধ ঘ্রাণ) সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। ন্ধা—স্ত্রীং, সুরা, মদিরা। ২। অতসী।

মদঘ্নী; সং, স্ত্রীং, পূতিকা।

মদচ্যুৎ(মদ—চ্যুৎ ক্ষরিতহওয়া+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, মদস্রাবী।

মদৎ (যাবনিক) সাহায্য।

মদৎমাস—বাদসাহী আমলে ধর্ম্মযাজকদিগের ভরণপোষণের সাহায্যার্থ ও ধর্ম্মকার্য্য এবং দান করার জন্য নিষ্করে বা অল্প করে যে ভূমি দেওয়া যায়।

মদধার (মদ মদপ্রধান—ধারা, ৭মী—হিং) সং, পুং, পর্ব্বতবিশেষ।

মদন (মদ্-ক্রি=মদি মত্ত হওয়া+অন—ক। "ঋষয় উচুঃ। মদনাম্মদনাখ্যস্ত্বং শম্ভোদর্পাৎ সদর্পকঃ") সং, পুং, কামদেব। ২। বসন্তকাল। ৩। বৃক্ষবিশেষ। ৪। ধুতুরা গাছ। ৫। ময়নাগাছ। ৬। মাষকলায়। ৭। খদিরবৃক্ষ। ৮। অক্ষোটক বৃক্ষ। ৯। বকুলবৃক্ষ। ১০। ময়নাফল। ১১। আলিঙ্গনবিশেষ। ১২। ভ্রমর। ১৩। বিং, ত্রিং, মত্ততাজনক। না, নী—স্ত্রীং, সুরা, মদিরা।

মদনক; সং, পুং, দমনকবৃক্ষ।

মদনকণ্টক; সং, পুং, সাত্ত্বিক ভাবের আবির্ভাবজন্য রোমাঞ্চ।

মদনকাকুরব (মদন—কাকুরব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পারাবত, কপোত, পায়রা।

মদনগৃহ; সং, ক্লীং, স্ত্রীচিহ্নবিশেষ। ২। লগ্ন হইতে সপ্তমস্থান।

মদনগোপাল (মদন ইব গোপালঃ) সং, পুং, শ্রীকৃষ্ণ। শিং—১ "বন্দে মদনগোপালং কৈশোরাকারমদ্ভুতং।"

মদনচতুর্দ্দশী; সং, স্ত্রীং, চৈত্রমাসের শুক্লা চতুর্দ্দশী এই দিনে মদনমহোৎসবের বিধি আছে।

মদনত্রয়োদশী; সং, স্ত্রীং, চৈত্রমাসের শুক্লাত্রয়োদশী। এই দিনে মদনব্রত করিবার বিধি আছে।

মদনদ্বাদশী; সং, স্ত্রীং, চৈত্রমাসের শুক্লা [দ্বাদশী।

মদনপাঠক (মদন বসন্তকাল—পাঠক যে পাঠ করে। যে এইকালে রব করে) সং, পুং, কোকিল।

মদনমোহন (মদন—মোহন, ২য়া—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ। শিং—১ "শ্রীমন্মদনমোহনম্।" ২। বিং, ত্রিং, অতিসুন্দর।

মদনললিতা; সং, স্ত্রীং, ষোড়শাক্ষরপাদক ছন্দোবিশেষ।

মদনলেখ; সং, পুং, প্রণয়সূচক পত্রিকা।

মদনশলাকা (মদন—শলাকা শারিকা বা শল্য ইত্যাদি) সং, স্ত্রীং, কামোদ্দীপক ঔষধ। ২। সারিকা পক্ষিণী। ৩। কোকিলা।

মদনসারিকা (মদন—সারিকা শালিক) সং, স্ত্রীং, শালিকপক্ষিণী।

মদনা ; সং, স্ত্রীং, সুরা।

মদনাঙ্কুশ (মদন কাম—অঙ্কুশ ডাঙ্গস) সং, পুং, লিঙ্গ। ২। পুং-চিহ্ন। ৩। মৈথুন কালে নখাঘাত। শিং—১"কামাঙ্কুশাঙ্কুশিত কামিমতঙ্গজেন্দ্রে।" (শ্রুতবোধ)।

মদনায়ুধ (মদন কাম—আয়ুধ অস্ত্র) সং, পুং, যোনি, স্ত্রী-চিহ্ন।

মদনালয় (মদন কাম—আলয় আধার, বাসস্থান) সং, পুং, রাজা। ২। পদ্ম। ৩। যোনি, স্ত্রীচিহ্ন। ৪। জ্যোতিষোক্ত লগ্নাবধিক সপ্তম স্থান।

মদনাবস্থা (মদন কাম—অবস্থা দশা) সং, স্ত্রীং, কামদশা।

মদনী ; সং, স্ত্রীং, সুরা। ২। মৃগনাভি। ৩। অতিমুক্তক।

মদনোৎসব (মদন কাম, বসন্ত—উৎসব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তোৎসব, হোলাকা। বা—স্ত্রীং, স্বর্গবেশ্যা।

মদপ্রয়োগ (মদ মত্ততা, হস্তীর গণ্ডস্থলাদি জনিত ঘর্ম্ম—প্রয়োগ যোগ, মিলন) সং, পুং, হস্তীদের মদক্ষরণ।

মদভঞ্জিনী ; সং স্ত্রীং, শতমূলী।

মদয়ন্তী (মদ্-ণিচ্ হৃষ্ট হওয়া+অৎ(শতৃ) —ক, ঈপ্) সং, স্ত্রীং, বনমল্লিকা।

মদয়িতা (মদয়িতৃ, মদ্-ণিচ্=মদি মত্ত হওয়া+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, মদজনক, মাদক।

মদয়িত্নু (মদয়িতা দেখ, ইত্নু—ক, শীলার্থে) সং, পুং, কামদেব। ২। শুঁড়ি। ৩। মত্তব্যক্তি। ৪। মেঘ। ৫। ক্লীং, মদ্য। ৬। বিং, ত্রিং, মাদক। ৭। মদযুক্ত।

মদবিক্ষিপ্ত (মদ মত্ততা—বিক্ষিপ্ত মত্ত, ৩য়া—ষ) সং, পুং, মত্তহস্তী।

মদস্থান ; সং, ক্লীং, মদ্যপান স্থান।

মদস্রাবী (মদস্রাবিন্, মদ-স্রু ক্ষরিত হওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, মদবর্ষী, মদক্ষরণবিশিষ্ট।

মদাঢ্য ; সং, পুং, তালবৃক্ষ। ২। বিং, ত্রিং, মদযুক্ত। ঢ্যা—স্ত্রীং, লোহিত ঝিণ্টী।

মদাতঙ্ক (মদ—আতঙ্ক ভয়) সং, পুং, মদ্যপানজনিত রোগবিশেষ।

মদাত্যয় (মদ মত্ততা—অত্যয় নাশ) সং, পুং, মদ্যপানজনিত পীড়াবিশেষ।

মদান্ধ (মদ—অন্ধ, ৭মী—ষ) বিং, ত্রিং, মত্ততায় হিতাহিত জ্ঞানশূন্য। ২। অতি দর্পী।

মদাম্নাত (মদ গর্ব্ব—আম্নাত [আ—ম্না অনুশীলন করা+ত(ক্ত)—ধি] অভ্যস্ত, সম্মানিত) সং, পুং, গজঢক্কা, হস্তীর উপরিস্থিত ডঙ্কা।

মদাম্বর (মদ—অম্বর বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মত্তহস্তী।

মদার (মদ্ মত্ত হওয়া+আর(আরন্)—ক) সং, পুং, হস্তী। ২। মত্তহস্তী। ৩। শূকর। ৪। নৃপবিশেষ। ৫। বিং, ত্রিং, কামুক। ৬। ধূর্ত্ত, শঠ।

মদালাপী (মদালাপিন্, মদ আনন্দ—আলপ্ বলা+ইন্(ণিন্)—ক। বসন্তকালে এই পক্ষীর গান সর্ব্বদা শুনা যায়) সং, পুং, কোকিল। নী—স্ত্রীং, কোকিলা।

মদাহ্ব (মদ কস্তূরী—আহ্বা নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগনাভি, কস্তূরী।

মদির (মদ্ মত্ত হওয়া+ইর(কির)—ক) সং, পুং—স্ত্রীং, মত্তখঞ্জনপক্ষী। রা—স্ত্রীং, (মদ্-ণিচ্) বারুণীমদ্য। ২। দ্বাবিংশতি অক্ষর ছন্দোবিশেষ। ৩। বিং, ত্রিং, মত্ততাজনক। ৪। পুং, রক্তখদির।

মদিরাক্ষী } মদিরেক্ষণা } (—অক্ষিন্, মদির মদিরা—অক্ষি, ঈক্ষণ, ঈপ্, আপ্, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, মত্তলোচনা রমণী। "মম তু মতমনঙ্গস্মের তারল্যঘূর্ণমদকলমদিরাক্ষীনীবিমোক্ষো হি মোক্ষঃ।"

মদিরাগৃহ ; সং, ক্লীং, মদ্যসন্ধানার্থ গৃহ।

মদিরাশ্ব ; সং, পুং, বিরাট-রাজার সেনাপতিবিশেষ। ২। নৃপবিশেষ।

মদিরাসখ ; সং, পুং, আম্রবৃক্ষ।

মদিষ্ঠা (মদ যে হৃষ্ট বা মত্ত করে+ইষ্ঠ—অত্যর্থে) সং, স্ত্রীং, সুরা, মদিরা।

মদী (মদিন্, মদ্-ণিচ্=মদি তৃপ্ত করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, তর্পক, তৃপ্তি-কারক। [ত্রিং, মৎসম্বন্ধীয়, আমার।

মদীয় ( অস্মদ্+ঈয়(ণীয়)—ইদমর্থে ) বিং,

মদোৎকট (মদ—উৎকট যে মত্ত বা ক্রুদ্ধ হয়) সং, পুং, মত্তহস্তী। ২। বিং, ত্রিং, মদোদ্ধত। ৩. গর্ব্বিত। টা—স্ত্রীং, মদিরা।

মদোদগ্র, মদোদ্ধত (মদ—উদগ্র উন্নত। মদ মত্ততা—উদ্ধত আঘাত প্রাপ্ত, পরাভূত) বিং, ত্রিং, মদমত্ত। শিং—১ "মদোদগ্রাঃ ককুদ্মন্তঃ।" গ্রা—স্ত্রীং, নারী।

মদ্গু ( মস্জ [জলে] হৃষ্ট হওয়া+উ—ক ) সং, পুং, জলচর পক্ষিবিশেষ, পাণিকৌড়ী। ২। যুদ্ধজাহাজ সমূহ।

মদ্গুর, মদ্গুরক (মদ্ হৃষ্ট হওয়া+উর—ক, গ—আগম। মদ্গুর+কণ্—যোগ, নিপাতন) সং, পুং, মাগুর মাছ। ২। সংকীর্ণ জাতিবিশেষ, ডুবুরি। শিং—১ "তস্মাদেতে জলে মগ্নাঃ মদ্গুরা নাম বিশ্রুতাঃ। যে হরন্তি সদাহসংখ্যান্ সমুদ্রোদরচারিণঃ।"

মদ্গুরসী ; সং, স্ত্রীং, শৃঙ্গীমৎস্য, সিঙ্গিমাছ।

মদ্য (মদ্ মত্ত হওয়া+য—ণ) সং, ক্লীং, সুরা মদিরা। শিং—১ "মাধ্বীকমৈক্ষবং দ্রাক্ষং তালখার্জ্জূরপানসং। মৈরেয়ং মাক্ষিকং টাঙ্কং মাধুকং নারিকেলজং। মুখ্যমন্নবিকারোত্থং মদ্যং দ্বাদশধা স্মৃতম্।"

মদ্যাক্রম ; সং, পুং, মাড়বৃক্ষ।

মদ্যপ (মদ্য—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে) বিং, ত্রিং, সুরাপায়ী, যে মদ্যপান করে। ২। পুং, দানববিশেষ।

মদ্যপঙ্ক ; সং, পুং, সুরাকল্ক, মেয়া।

মদ্যমণ্ড ; সং, পুং, মদ্যফেণ। [বীজ।

মদ্যবীজ ; সং, ক্লীং, নানা দ্রব্যকৃত সুরা-

মদ্যামোদ ; সং, পুং, বকুলবৃক্ষ।

মদ্র ( মদ্ হৃষ্ট হওয়া+র—ধি ) সং, পুং, পঞ্জাবের অন্তর্গত দেশবিশেষ। ২। (+র—ভা) আহ্লাদ, হর্ষ। ৩। মঙ্গল। ৪। ভদ্র। [বিং, ত্রিং, মদ্রদেশোৎপন্ন।

মদ্রক ( মদ্র দেশবিশেষ+ক স্বার্থে ) ... কৈধাতুজ )

মদ্রঙ্কর, মদ্রকার (মদ্র হর্ষ, মঙ্গল—কর, কার=যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ক্ষেমঙ্কর, মঙ্গলকারক।

মদ্রনাভ ; সং, পুং, নিষাদ ঔরসে উৎপন্ন জাতিবিশেষ।

মদ্রসুতা (মদ্র দেশবিশেষ—সুতা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মাদ্রী, পাণ্ডুপত্নী।

মধু ( মন্ বোধ করা+উ—ণ, ন=ধ ) সং, পুং—ক্লীং, সুরা। ২। মৌ। ৩। পুষ্পরস। ৪। মধুর-রস। শিং—১ "মকরন্দস্য মদ্যস্য মাক্ষিকস্যাপি বাচকঃ। অর্দ্ধর্চ্চাদিগণে পাঠাৎ পুংনপুংসকয়োর্মধুঃ।" ৫। ক্লীং, জল। ৬। পুং, চৈত্রমাস। ৭। বসন্তকাল। ৮। দৈত্যবিশেষ ; বিষ্ণুর কর্ণমল হইতে এই দৈত্যের জন্ম হয়। শিং—১ "তৎ কর্ণমলচূর্ণেভ্যো মধুনামাসুরোহভবৎ—উৎপন্নঃ স চ পানার্থং যস্মাৎ মৃগিতবান্ মধু। অতস্তস্য মহাদেবী মধুনামাকরোত্তদা।" (কালিকাপুরাণ)। ৯। বিং, ত্রিং, স্বাদু, মিষ্ট। [মধু।

মধুক (মধু+কণ্—যোগ) সং, ক্লীং, যষ্টি-

মধুকণ্ঠ (মধু মিষ্ট—কণ্ঠ কণ্ঠধ্বনি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কোকিল।

মধুকর ( মধু—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, ভ্রমর। ২। প্রণয়ী, বল্লভ। ৩। ভৃঙ্গরাজবৃক্ষ। রী—ভ্রমরী ; যথা—"মধুকরী কল্পনা।"

মধুকৃৎ (মধু মিষ্ট—কৃৎ যে করে, ২য়া—ষ) সং, পুং, ভ্রমর।

মধুকেশট (মধুকে মধুতে—শট্ গমনকরা+অ(অন্)—ক) সং, পুং, ভ্রমর।

মধুকৈটভ ; সং, পুং, স্বনামখ্যাত অসুরদ্বয়। শিং—১ "দৈনন্দিনে তু প্রলয়ে প্রসুপ্তে গরুড়ধ্বজো তস্য শ্রবণবিড়্জাতাবসুরৌ মধুকৈটভৌ।"

মধুকোষ—পুং } (মধু—কোষ ভাণ্ডার,
মধুজালক—ক্লীং } ৬ষ্ঠী—ষ, কিম্বা মধুমক্ষিকা কৃত কোষ) সং, পুং, মৌচাক।

মধুক্রম (মধু—ক্রম, পুনঃ পুনঃ মধুপানের ক্রম যাহাতে, ৭মী—হিং ) সং, পুং, মৌচাক।

মধুগায়ন } (মধু মিষ্ট—গায়ন গায়ক।
মধুঘোষ } ঘোষ রব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কোকিল।
মধুচক্র ; সং, ক্লীং, মৌচাক।
মধুচ্ছত্র ; সং, ক্লীং, মধুচক্র।
মধুজ (মধু মৌ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, শিক্থক, মোম।
মধুজা (মধু দৈত্যবিশেষ—জ উৎপন্ন। মধু দৈত্যের মেদ হইতে পৃথিবী উৎপন্না এরূপ পৌরাণিকী বার্ত্তা আছে, ৫মী—ষ) সং, স্ত্রীং, পৃথিবী।
মধুজিৎ, মধুভিদ্ } (মধু দৈত্যবিশেষ
মধুদ্বিষ, মধুমথন } —জিৎ যে জয় করে, ভিদ্ যে ভেদ করে, দ্বিষ যে হিংসা করে, মথন যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
মধুতৃণ (মধু মিষ্ট—তৃণ) সং, ক্লীং, ইক্ষু।
মধুত্রয় (মধু—ত্রয় তিন) সং, ক্লীং, ঘৃত মধু শর্করা। [পুং, মদন, কামদেব।
মধুদীপ (মধু বসন্ত—দীপ প্রজ্জ্বলন) সং,
মধুদূত (মধু বসন্ত—দূত বার্ত্তাবহ। বসন্ত কালে মুকুলিত হয় বলিয়া) সং, পুং, আম্রবৃক্ষ। তী—স্ত্রীং, পাটলাবৃক্ষ।
মধুদ্রু (মধু মৌ—দ্রু লওয়া+অ(অন্)—ক, উ=লোপ) সং, পুং, মধুকর, ভ্রমর।
মধুদ্রুম (মধু—দ্রুম বৃক্ষ) সং, পুং, মৌলবৃক্ষ। [খাঁড়।
মধুধূলি (মধু মিষ্ট—ধূলি) সং, স্ত্রীং, খণ্ড,
মধুধেনু ; সং,স্ত্রীং, দানার্থ মধু প্রভৃতি দ্রব্যকৃত কল্পিতা সবৎসা ধেনু।
মধুনেতা (—নেতৃ, মধু মৌ—নী পাওয়া +তৃ(তৃন্)-ক) সং, পুং, মধুকর, ভ্রমর।
মধুপ (মধু—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে, ২য়া—ষ) সং, পুং, ভ্রমর, মধুকর। ২। বিং, ত্রিং, মধুপায়ী।
মধুপটল ; সং, ক্লীং, মধুচক্র।
মধুপর্ক (মধু—পৃচ্ সম্পৃক্ত হওয়া+অ (ঘঞ্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, মধু দধি ঘৃত শর্করা জল এই পঞ্চমিশ্র ভক্ষ্যবিশেষ। শিং—১ "দধি সর্পির্জলং ক্ষৌদ্রং সিতৈতাভিস্তু পঞ্চভিঃ। প্রোচ্যতে মধুপর্কস্তু সর্ব্বদেবৌঘতুষ্টয়ে।"
মধুপর্ণী ; সং, স্ত্রীং, গুড়ুচী। ২। গাম্ভারী। ৩। নীলীবৃক্ষ।
মধুপায়ী (—পায়িন্, মধু—পা পান করা+ইন্(ণিন্)—ক, য্—আগম) সং, পুং, ভ্রমর। ২। বিং, ত্রিং, মধুপানকারী।
মধুপুরী (মধু অসুরবিশেষ—পুরী নগরী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মথুরা নগরী।
মধুপুষ্প ; সং, পুং, মৌলবৃক্ষ। ২। শিরীষবৃক্ষ। ৩। অশোকবৃক্ষ। ৪। বকুলবৃক্ষ। ষ্পা—স্ত্রীং, দন্তীবৃক্ষ।
মধুপ্রিয় (মধু মদ্য ইত্যাদি—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। ২। ভূমিজম্বু।
মধুভৃৎ (মধু—ভৃৎ [ভৃ+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে) সং,পুং,ভ্রমর। [মাধবীলতা।
মধুবহুলা (মধু—বহুল, ৭মী—হিং) সং,স্ত্রীং,
মধুমক্ষিকা (মধু—মক্ষিকা মাছি) সং, স্ত্রীং, মৌমাছি।
মধুমথ্ } (মধু—মথ্ মন্থন করা+০
মধুমথন } (ক্বিপ্), অন—ক) সং, পুং, বিষ্ণু।
মধুমান্ (মধুমৎ, মধু+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মাধুর্য্যযুক্ত। শিং—১ "মধুমৎ পার্থিবং রজঃ।" মতী—স্ত্রীং,নদীবিশেষ। ২। দেবীবিশেষ। শিং—১ "তথা মধুমতী সিদ্ধির্জায়তে নাত্রসংশয়।" ৩। যোগিদিগের চিত্তবৃত্তিবিশেষ। ৪। ত্রাক্ষরপাদছন্দোবিশেষ, যাহার প্রথম ছয় অক্ষর লঘু ও শেষ অক্ষর গুরু।
মধুমাধ্বীক } (মধু সুরা—মাধ্বীক,মাধবী
মধুমাধবী } মধু হইতে জাত সুরা) সং, ক্লীং, সুরা, মদ্য।
মধুমারক (মধু—মারি প্রাণত্যাগ করান+অক(ণক)—ক) সং, পুং, ভ্রমর।
মধুমূল ; সং, ক্লীং, মৌ-আলু।
মধুযষ্টি (মধু মিষ্ট—যষ্টি লাঠি) সং, স্ত্রীং, ইক্ষু, আক্। ২। যষ্টিমধু। [যষ্টিমধু।
মধুযষ্টিকা (মধুযষ্টি+কণ্—স্বার্থে) সং, স্ত্রীং,
মধুর (মধু—রা গ্রহণ করা+অ(ক)-ক। কিম্বা মধু+র—অস্ত্যর্থে) সং, পুং, মিষ্ট

রস। ২। মাধুর্য্য গুণ। ৩। ক্লীং, রঙ্গ, টিন। ৪। বিষ। ৫। বিং, ত্রিং, মিষ্টরসযুক্ত। শিং—১ "মধুরয়া মধুবোধিতমাধবী।" ৬। মাধুর্য্যযুক্ত। ৭। প্রিয়দর্শন, সৌম্য, শান্ত। ৮। প্রীতিজনক। ৯। মনোহর। রা—স্ত্রীং, মথুরানগরী। [লেবু।

মধুরজম্বীর ; সং, পুং, জম্বীরবিশেষ, কমলা-

মধুরফল ; সং, পুং, রাজবদর।

মধুরস ( মধু মধুর—রস, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, ইক্ষু। ২। তাল। সা—স্ত্রীং, মূর্ব্বা। ২। দ্রাক্ষা। ৩। দুগ্ধিকা। ৪। গান্তারী।

মধুরস্রবা ( মধুর—স্রু ক্ষরিত হওয়া + অ (অন্)—ক) সং, স্ত্রীং, পিণ্ডখর্জ্জূরী।

মধুরিপু ( মধু—রিপু শত্রু, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, বিষ্ণু।

মধুরোদক (মধুর মিষ্ট· উদক জল) সং, পুং, লবণেক্ষু প্রভৃতি সপ্তসমুদ্রের অন্তর্গত জল-সমুদ্র।

মধুল (মধু মদ্য লা পাওয়া+অ(ড)—ক) সং, ক্লীং, মদ্য, মদ।

মধুলিট্
মধুলিহ
মধুলেহ
মধুলেহী
( মধুলিহ, মধু—লিট্ লিহ, লেহ [লিহ্ আস্বাদন করা+ ০(ক্বিপ্), অ(ক), অন্—ক ] যে আস্বাদ করে, ২য়া—ষ। মধুলেহিন্, মধু—লেহী [লিহ্+ইন্(ণিন্)—ক] যে আস্বাদন করে, ২য়া—ষ ) সং, পুং, মধুকর, ভ্রমর।

মধুবন ( মধু মিষ্ট—বন যে শব্দ করে ) সং, পুং, কোকিল। ২। ক্লীং, (মধুদৈত্যাধিষ্ঠিত বন) বৃন্দাবনস্থ বনবিশেষ। শিং—১ "তত্তাত গচ্ছ ভদ্রং তে যমুনায়াস্তটং শুচি। পুণ্যং মধুবনং যত্র সান্নিধ্যং নিত্যদা হরেঃ।"(ভাগবত)। ২। মথুরার অন্তর্গত বনবিশেষ। ৩। কিষ্কিন্ধ্যাস্থ বনবিশেষ।

মধুবল্লী ; সং, স্ত্রীং, যষ্টিমধু।

মধুবার (মধু মদ্য—বার পরিমাণ) সং, পুং, পুনঃপুনঃ অবিশ্রান্ত মদ্যপান, মধুক্রম।

মধুবীজ (মধু মিষ্ট—বীজ বিচি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

মধুব্রত (মধু—ব্রত আসক্তি, নিয়ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর। শিং—১ "অয়ি পতঙ্গ লবঙ্গ লতালয়ে মধূনি বিধূয় মধুব্রতান।" [খণ্ড।

মধুশর্করা ; সং, স্ত্রীং, মধুজাত শর্করা, সিতা-

মধুশাখ (মধু—শাখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৌলবৃক্ষ।

মধুশিগ্রু ; সং, পুং, রক্তশোভাঞ্জন বৃক্ষ।

মধুশেষ (মধু—শেষ উচ্ছিষ্ট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিক্থ, মোম।

মধুসখ, মধুসহায়
মধুসারথি, মধুসুহৃদ্
( মধু বসন্ত—সখ [ সখি+ষ ] বন্ধু, ৬ষ্ঠী—হিং। মধু—সহায়, ৬ষ্ঠী—হিং। মধু—সারথি, ৬ষ্ঠী—হিং। মধু—সুহৃদ্ বন্ধু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কামদেব, মদন। ২। কোকিল।

মধুসিক্থক ( মধু—সিক্থক মোম ) সং, পুং, স্থাবর বিষবিশেষ।

মধুসূদন (মধু দৈত্যবিশেষ—সূদন [সূদ বধ করা+অন—ক] যে বধ করে, ২য়া—ষ। সর্ব্বতত্ত্বের যথার্থ জ্ঞানলাভ ও মধুদৈত্যকে বিনাশ করিয়াছেন বলিয়া) সং, পুং, বিষ্ণু। শিং—১ "সূদনং মধুদৈত্যস্য যস্মাৎ স মধুসূদনঃ। ইতি সন্তো বদন্তীশং বেদৈর্ভিনার্থমীপ্সিতং। মধু ক্লীবকমাধ্বীকে কৃতকর্ম্ম শুভাশুভে। ভক্তানাং কর্ম্মণাঞ্চৈব সূদনং মধুসূদনং। পরিণামাশুভং কর্ম্ম ভ্রান্তানাং মধুরং মধু। করোতি সূদনং যো হি স এব মধুসূদনঃ।"

মধুস্রব (মধু—স্রু ক্ষরিত হওয়া+অ(অল্)—ক) সং, পুং, মৌলবৃক্ষ। বা—স্ত্রীং, মোরটলতা। ২। মধুযষ্টিকা। ৩। জীবন্তীবৃক্ষ। ৪। মূর্ব্বালতা। ৫। হংসপদী।

মধুস্বর (মধু মধুর—স্বর কণ্ঠধ্বনি, গান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কোকিল।

মধুহা (মধুহন্, মধু মধুনামক অসুর—হন্ [হন্ বধকরা+০(ক্বিপ্)—ক] যে বিনাশ করে) সং, পুং, কৃষ্ণ।

মধুক্ষীর ; সং, পুং, খর্জ্জূরবৃক্ষ।

মধূক—ধূ (মন্ বোধ করা+উক, ঊক—ণ, ন=ধ ) সং, পুং, গুড়পুষ্প, মধুদ্রুম,

মহুয়াগাছ। ২। ক্লীং, যষ্টিমধু। ৩। মধুকপুষ্প। [ – ষ) সং, ক্লীং, মোম।

মধূচ্ছিষ্ট (মধু – উচ্ছিষ্ট ভুক্তাবশিষ্ট, ৬ষ্ঠী

মধূত্থ (মধু – উৎ উপরি – স্থা থাকা + অ (ড) – ক) সং, ক্লীং, সিক্থক, মোম।

মধূত্থবর্ত্তিকা (মধূত্থ মোম – বর্ত্তিকা বাতি ) সং, স্ত্রীং, মোমবাতি।

মধূৎসব (মধু বসন্ত – উৎসব, ৬ষ্ঠী – ষ) সং, পুং, বসন্তোৎসব। ২। চৈত্রীপূর্ণিমা।

মধূপঘ্ন (মধু দৈত্যবিশেষ – উপঘ্ন বিনাশ, আশ্রয়, ৬ষ্ঠী – ষ) সং, পুং – ক্লীং, লবণরাক্ষসের পুরী, মথুরা।

মধ্য (ম সৌন্দর্য্য – ধা ধারণ করা + অ – প্রং। ন = ধ। অথবা মন্ – য(যক্) – র্য্য, নিপাতন ) বিং, ত্রিং, মধ্যবর্ত্তী। ২। মধ্যম। ৩। উপযুক্ত, ন্যায্য। ৪। পুং – ক্লীং, পাশ্চমদিক্। ৫। মধ্যস্থান। ৬। দেহমধ্যভাগ। ৭। কটিদেশ, মাজা। ৮। অভ্যন্তর, অন্তরাল। ৯। ক্লীং, সংখ্যাবিশেষ। শিং – ১ "অন্ত্যং মধ্যং পরার্দ্ধকং।" (লীলাবতী)। ১০। নৃত্যবিশেষ। ১১। তালবিশেষ। ১২। অবসান, বিরাম। ধ্যা – স্ত্রীং, কটিদেশ। ২। নবযৌবনা নায়িকাবিশেষ। ৩। মধ্যবর্ত্তী অঙ্গুল। ৪। ছন্দোবিশেষ, ত্র্যক্ষরা, বৃত্তি। ৫। গ্রহের গতিবিশেষ।

মধ্যগন্ধ (মধ্য [ফল] মধ্যে – গন্ধ, ৭মী – হিং) সং, পুং, আম্রবৃক্ষ।

মধ্যতঃ (মধ্যতস্, মধ্য + পঞ্চমী সপ্তমী স্থানে তস্) অং, মধ্যস্থান হইতে। ২। মধ্যে।

মধ্যদেশ (মধ্য – দেশ) সং, পুং, প্রয়াগ পশ্চিমস্থ দেশবিশেষ; ইহার উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্য পর্ব্বত, পশ্চিমে কুরুক্ষেত্র এবং পূর্ব্বদিকে প্রয়াগ। শিং – ১ "হিমবদ্বিন্ধ্যয়োর্মধ্যং যঃ প্রাগ্ বিনশনাদপি। প্রত্যগেব প্রয়াগাচ্চ মধ্যদেশঃ প্রকীর্ত্তিতঃ।"

মধ্যদেশ্য ( মধ্যদেশ + য(ষ্য) – ভবার্থে ) বিং, ত্রিং, মধ্যদেশজাত। শিং – ১ "শকাশ্চৈব সংসসকা মধ্যদেশ্যা জনাস্তিমে।" (পুরাণ)।

মধ্যন্দিন (মধ্যং – দিনস্য) সং, ক্লীং, দিনের মধ্যভাগ, মধ্যাহ্ন। ২। পুং, বন্ধূকবৃক্ষ।

মধ্যপদলোপী ( – লোপিন্, মধ্যপদলোপ + ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, ব্যাকরণপ্রসিদ্ধ মধ্যপদলোপযুক্ত সমাস।

মধ্যম (মধ্য + ম – ভবার্থে) সং, পুং – ক্লীং শরীরের মধ্যভাগ, কটিদেশ। ২। পুং নিষাদ ঋষভ প্রভৃতি সপ্তস্বরের অন্তর্গত ক্রৌঞ্চস্বর তুল্য পঞ্চম স্বর। ৩। পঞ্চম স্বতৃতীয় শ্রুতিসংশ্রিত অথবা ধৈবত চতুঃশ্রুতিবিশিষ্ট হইলে মধ্যম গ্রাম কহে। ৪। মৃগবিশেষ। ৫। রাগবিশেষ। ৬। মধ্যদেশ। ৭। উপপতিবিশেষ। ৮। গ্রহগণের সাময়িক সংজ্ঞাবিশেষ। শিং – ১ "দশশিরঃপুরমধ্যমভাস্করে ক্ষিতিজসন্নিধিগে সতি মধ্যমঃ।" মা – স্ত্রীং, নবরজস্বলা যুবতী। ২। মধ্যবর্ত্তী অঙ্গুলি। ৩। মধ্যা বৃত্তি। ৪। বাড্‌নিষ্পত্তিবিশেষ। ৫। বিং, ত্রিং, মাঝারি। ৬। মেঝো। ৭। মধ্যস্থিত।

মধ্যমপাণ্ডব ( মধ্যম মেঝো – পাণ্ডব পাণ্ডুপুত্র) সং, পুং, ভী[illegible] বৃকোদর।

মধ্যমভৃতক (মধ্যম – ভৃ[illegible] পরিশ্রমী। যে স্বীয় ও ভূস্বামীর লা[illegible] জন্য কর্ম্ম করে) সং, পুং, কৃষীবল[illegible], কৃষাণ। শিং – ১ "উত্তমশ্চায়ুধীয়োঽত্র মধ্যমস্তু কৃষীবলঃ।"

মধ্যমলোক, মধ্যলোক ( মধ্যম – লোক ভুবন, য়ং – স) সং, পুং, (পাতাল ও স্বর্গলোকের মধ্যবর্ত্তী বলিয়া) পৃথিবী, মর্ত্ত্যলোক।

মধ্যমসংগ্রহ (মধ্যম – সংগ্রহ সম্পর্ক) সং, পুং, অন্যের স্ত্রীর সহিত গোপনে প্রণয় করা, এবং গন্ধমাল্য অলঙ্কার প্রভৃতি দ্বারা তাহাকে প্রলোভিত করা। শিং – ১ "প্রেষণং গন্ধমাল্যানাং ধূপভূষণবাসনাং। প্রলোভনঞ্চান্নপানৈর্মধ্যমঃ সংগ্রহো মতঃ।"

মধ্যমসাহস ; সং, পুং, দণ্ডবিশেষ, পঞ্চশত পণরূপ দণ্ড। শিং ১ "পণানাং দ্বে শতে সার্দ্ধে প্রথমঃ সাহসঃ স্মৃতঃ। মধ্যমঃ পঞ্চ বিজ্ঞেয়ঃ সহস্রন্ত্বেব চোত্তমঃ।" ২। পুং, বলপূর্ব্বক পরকীয় বস্ত্রাদির ভগ্নাক্ষে-

পাদিরূপ সাহসবিশেষ; যথা—"বাসঃ পশ্বন্নপানানাং গৃহোপকরণস্য চ। এতেনৈব প্রকারেণ মধ্যমং সাহসং স্মৃতং।"

মধ্যমান—ইহার গতি দ্রুত ত্রিতালীর ন্যায় দ্রুত বা শ্লথ ত্রিতালীর ন্যায় শ্লথ নহে। মধ্যগতি হেতু এই তালের নাম মধ্যমান। ইহা আট মাত্রার তাল।

মধ্যমাহরণ; সং, ক্লীং, বীজগণিতপ্রসিদ্ধ অব্যক্তমানজ্ঞাপক গণনাবিশেষ।

মধ্যমিকা (মধ্যমা+কন্—যোগ) সং, স্ত্রীং, নবযৌবনা স্ত্রী।

মধ্যমীয় (মধ্যম+ঈয়(ণীয়)—স্বার্থে) বিং, ত্রিং, মধ্যম, মাঝারি।

মধ্যমেশ্বর (মধ্যম—ঈশ্বর) সং, পুং, কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

মধ্যযব (মধ্য মধ্যভাগ—যব শস্যবিশেষ। কখন কখন যবের পরিমাণ আটটী বীজের সহিত সমানানুমিত করা হয়) সং, পুং, ওজনবিশেষ, ছয়টী শ্বেত সর্ষপ পরিমাণ।

মধ্যরাত্র (মধ্যং—রাত্রেঃ, ১মা—ষ,প্রাগ্‌ভাব) সং, পুং, অর্দ্ধরাত্র, নিশীথ।

মধ্যলোকেশ (মধ্যলোক পৃথিবী—ঈশ অধিপতি) সং, পুং, রাজা, ভূপতি।

মধ্যবর্ত্তী (মধ্যবর্ত্তিন্, মধ্য—বর্ত্তী [বৃত স্থিত করা+ইন্(ণিন্)—ক] যে বিদ্যমান থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, মধ্যেস্থিত। ২। পুং, সালেস।

মধ্যবিত্ত (মধ্য বিত্ত ধন) বিং, ত্রিং, ধনী বা নির্ধনী নয়।

মধ্যস্থ (মধ্য—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, মধ্যেস্থিত। ২। উদাসীন,যে কোন পক্ষেই লিপ্ত নয়। শিং—১ "মাধ্যস্থ্যমিষ্টেঽপ্যবলম্বতে।"(কুমার)। ৩। স্বার্থাবিরোধহেতু যে পরার্থঘটক। শিং—১" তে তে সৎপুরুষাঃ পরার্থঘটকাঃ স্বার্থস্য বাধেন যে। মধ্যস্থাঃ পরকীয়কার্য্যকুশলাঃ স্বার্থাবিরোধেন যে। তেঽমী মানুষরাক্ষসাঃ পরহিতং যৈঃ স্বার্থতো হন্যতে যে তু ঘ্নন্তি নিরর্থকং পরহিতং তে কে ন জানীমহে।" ৩। সং, পুং, সালেস।

মধ্যস্থল; সং, স্ত্রীং, কটিদেশ। শিং—১ "কুচৌ মরিচ সন্নিভৌ মুরজমধ্যমধ্যস্থলী।"

মধ্যাহ্ন (মধ্য—অহ্ন দিবসার্থ অহন্ শব্দজ, ১মা—ষ, প্রাগ্‌ভাব) সং, পুং, দিবসের অষ্টম মুহূর্ত্ত, কুতপকাল। শ্রুতিমতে—দিবসের তিনভাগের মধ্যভাগ। শিং—১ "প্রাতঃকালে মুহূর্ত্তাং স্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু। মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তং স্যাৎ।" ২। স্মার্ত্তমতে—দিবসের পঞ্চভাগের তৃতীয়ভাগ।

মধ্বালুক (মধু মিষ্ট—আলু মূলবিশেষ+কন্—যোগ) সং, ক্লীং, মৌ আলু, মিষ্ট আলু।

মধ্বাসব (মধু—আসব মদ্য) সং, পুং, মধুজনিত মদ্য।

মধ্বাসবনিক (মধ্বাসব মদ্য—নী গমন করা+কন্—ক, নিপাতন) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।

মধ্বিজা; সং, স্ত্রীং, সুরা, মদ্য।

মন, মণ (মন্ পূজা করা+অ(অল্)—র্ম্ম। অথবা মা পরিমাণ করা+অন(ডন), অণ (ডণ)—ণ) সং, পুং, পরিমাণ বিশেষ, চল্লিশ সের।

মনঃ (মনস্, মন্ বুঝা+অস্—ণ) সং, ক্লীং, চিত্ত, অন্তঃকরণ। (ন্যায়মতে—সর্ব্বেন্দ্রিয়-প্রবর্ত্তক অন্তরেন্দ্রিয়। বেদান্তমতে—সঙ্কল্পবিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তি।) ২। তৃপ্তি। ৩। বুদ্ধি। ৪। অত্যভিলাষ। শিং—১ "অনিরূপ্যমদৃশ্যঞ্চ জ্ঞানভেদং মনঃ স্মৃতম্।

মনঃশিল, মনঃসিল (মনস্ মন—শিলা পাতর, ইহা অতি মনোহর) সং, পুং, লা—স্ত্রীং, রক্তবর্ণ পার্ব্বতীয় ধাতুবিশেষ। শিং—১"মনঃশিলা বিচ্ছুরিতা নিষেদুঃ।"

মনন (মন্ বুঝা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অনবরত অনুচিন্তন। ২। অনুমান। ৩। বোধন। ৪। ধারণ। ৫। বুদ্ধি। ৬। মানস করা।

মনসবদার (যাবনিক) উপাধিবিশেষ; প্রধান সুবাদারের অধীনে যাহারা শত সৈন্যের নেতা তাহারা উক্ত সম্মানের যোগ্য।

মনসা (মনস্, আপ্। কশ্যপের মানসীকন্যা বলিয়া মনসা) সং, স্ত্রীং, সর্প-বংশীয় দেবীবিশেষ,জরৎকারুমুনির পত্নী। শিং—১"কন্যা সা চ ভগবতী কশ্যপস্য চ মানসী। তেনেয়ং মনসাদেবী মনসা যা চ দীব্যতি। মনসা ধ্যায়তে যা বা পরমাত্মানমীশ্বরী। তেন সা মনসা দেবী যোগেন তেন দীব্যতি।"

মনসি (মনস্, ৭মী—১ব) অং, নিশ্চয়।

মনসিজ (মনসি মনেতে—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে) সং, পুং, কামদেব।

মনসিশয় (মনসি মনেতে—শয়্ [শী শয়ন করা+অ(অন্)—ক] যে শয়ন করে) সং, পুং, মনোভব, কন্দর্প।

মনস্কাম (মনস্—কাম ইচ্ছা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মনের অভিলাষ।

মনস্কার (মনস্ মনের—কার কার্য্য, করণ) সং, পুং, চিত্তভোগ, মনের সুখ অভিলাষ। ২। অনুভব।

মনস্তাপ (মনস্—তাপ দুঃখ) সং, পুং, মনঃপীড়া। ২। অনুতাপ। শিং—১"ব্রাহ্মণেণ সদা দৈবাৎছিন্নং যজ্ঞোপবীতকং। মনস্তাপেন তাপঃ স্যাদাপস্তম্বোঽব্রবীন্মুনিঃ।"

মনস্তাল (মনস্ মন—তল্ উৎসাহভঙ্গ হওয়া+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, দুর্গার বাহন সিংহ।

মনস্থ (মনস্—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, মনঃস্থিত, অন্তঃকরণস্থ। শিং—১ "মনস্থং মনমধ্যস্থং মধ্যস্থং মনবর্জ্জিতম্।" ২। (দেশজ) মানস, অভিপ্রায়।

মনস্বিতা (মনস্বী দেখ, তা—ভাবে) সং, স্ত্রীং, সম্মান। ২। প্রশস্তমন। ৩। আশা, ভরসা। ৪। অধীনতা। ৫। সংবাদ।

মনস্বী (মনস্বিন্, মনস্+বিন্—প্রশংসার্থে) বিং, ত্রিং, প্রশস্ত অন্তঃকরণবিশিষ্ট, মহামনাঃ, উদারচিত্ত। শিং—১ "মনস্বী গর্হিতপন্থাঃ সমারোঢ়ুমসাম্প্রতম্।" ২। মানী। ৩। ধীর, স্থিরচিত্ত। ৪। বীর। স্বিনী—স্ত্রীং, প্রশস্ত অন্তঃকরণবিশিষ্টা। শিং—১ "মনস্বিনীনাং প্রতিপত্তিরীদৃশী।"

মনাক্ (মন্ জানা+আক্—র্ম্ম) অং, ঈষৎ, অল্প। ২। আস্তে আস্তে, মন্দ২।

মনাকা (মন্ জানা+আক—র্ম্ম) সং, স্ত্রীং, করিণী, হস্তিনী।

মনাক্কর (মনাক্—ক্ক কর+অ(অন্)—ক) সং, ক্লীং, মল্লিকাগন্ধযুক্ত অগুরুচন্দনবিশেষ। ২। বিং, ত্রিং, ঈষৎকারক।

মনায়ী } মনাবী } (মনু মুনিবিশেষ+ঈপ্—স্ত্রীং। উ=এ। মনবীও হয়) সং, স্ত্রীং, মনুর পত্নী।

মনিত (মন্ জানা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, বিদিত, জ্ঞাত। ২। (+ক্ত—ভাবে) ক্লীং, জ্ঞান। ৩। কূজিতবিশেষ।

মনীক (মন্ [জানা] উপযুক্ত হওয়া+ইক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অঞ্জন, কজ্জল।

মনীব (আরবী, মুনিব) সং, প্রভু, কর্ত্তা, মুরব্বী।

মনীষা (মনস্—ঈষা গমন, নিপাতন) সং, স্ত্রীং, বুদ্ধি, প্রজ্ঞা।

মনীষিত (মনীষা+ইত—সংজাতার্থে। অথবা মনস্—ঈষ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মনোভিলষিত, বাঞ্ছিত।

মনীষিতা (মনীষা+তা—ভাবে) সং, স্ত্রীং, বুদ্ধিমত্তা।

মনীষী (মনীষিন্, মনীষা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধীর, বুদ্ধিমান্। ২। পুং, পণ্ডিত, বিদ্বান্। শিং—১ "মানোনীয়া মনীষিণাম্।"

মনু (মন্ [বেদ সকল] জানা+উ ক) সং, পুং, ব্রহ্মার পুত্র, মনুষ্য জ ্তির আদি পুরুষ। ২। ধর্ম্মশাস্ত্র-প্রণেতা মুনিবিশেষ; প্রতিকল্পে স্বায়ম্ভুব,স্বারোচিষ,উত্তম,তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি,রুদ্রসাবর্ণি, দেবসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণি—এই চতুর্দ্দশ মনু হইয়া থাকেন, এক্ষণে বৈবস্বতমনু। ২। মন্ত্র। ৩। সূর্য্যপুত্র, পৃথিবীর প্রথম রাজা।

মনুজ } মনুষ্য } (মনু ব্রহ্মার পুত্র—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ। মনু+য—অপত্যার্থে, য—আ-

গম) সং, পুং, মনুর অপত্য, মানুষ, মানব।

মনুজঋণ—ঋণ দেখ।

মনুজেন্দ্র (মনুজ—ইন্দ্র শ্রেষ্ঠ) সং, পুং, নরপতি, রাজা। [পুং, মনুষ্য, মানব।

মনুভূ (মনু মুনিবিশেষ-ভূ জাত) সং,

মনুরাট্ (মনুরাজ্, মনু মনুষ্য—রাজ্ দীপ্তি পাওয়া+•(ক্বিপ্) ক) সং, পুং, কুবের।

মনুষ্যী (মনুষ্য মানুষ+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মানুষী, নারী।

মনুষ্যত্ব—ক্লীং } (মনুষ্য+ত্ব, তা—ভাবে)
মনুষ্যতা—স্ত্রীং } সং, মনুষ্যের ভাব। ২। অবস্থা। ৩। দয়া, বদান্যতা।

মনুষ্যধর্ম্মা (—ধর্ম্মন্, মনুষ্য—ধর্ম্ম+অন্, ৬ষ্ঠী হিং। নরবাহনপ্রযুক্ত কুবেরকে মনুষ্য-ধর্ম্মা বলে) সং, পুং, কুবের, ধনাধিপ।

মনুষ্যযজ্ঞ (মনুষ্য মানুষ—যজ্ঞ যাগ) সং, পুং, নৃযজ্ঞ, অতিথিপূজন।

মনোগত (মনস্ মনে—গত প্রাপ্ত) বিং, ত্রিং, মনস্থ, যাহা মনে রহিয়াছে। ২। সং, ক্লীং, চিন্তা, অনুভব।

মনোগবী (মনস্—গবী স্ত্রী-গো) সং, স্ত্রীং, ইচ্ছা, অভিলাষ।

মনোগুপ্তা (মনস্—গুপ্ত রক্ষিত, পালিত) সং, স্ত্রীং, মনঃশিলা।

মনোজ (মনস্—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—ষ) সং, পুং, কন্দর্প, মদন। ২। বিং, ত্রিং, মনোজাত।

মনোজন্মা, মনোভব } (মনোজন্মন্, মনস্
মনোভূ, মনোযোনি } —জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং।—ভব, ভূ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং। যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী হিং) সং, পুং, কামদেব। বিং,ত্রিং, মনোজাত।

মনোজব (মনস্—জু বেগে চলা+অ(অন্)—ক। অথবা মনস্—জব বেগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বেগবান্। ২। পিতৃতুল্য। ৩। সং, পুং, বিষ্ণু। শিং—১ "মনোজবস্তীর্থকরো বসুরেতা বসুপ্রদঃ।" ৪। মনের বেগ। বা—স্ত্রীং, অগ্নিজিহ্বা নামক দেবীবিশেষ। শিং—১ "কালী করালীচ মনোজবা চ।"

মনোজ্ঞ (মনস্ মন—জ্ঞ [জ্ঞা জানা+অ (ড)—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, মনোহর, রমণীয়। জ্ঞা—স্ত্রীং, মনঃশিলা। ২। রাজপুত্রী। ৩। বন্ধ্যাকর্কোটী। ৪। আবর্ত্তকী। ৫। স্থূলজীরক। ৬। জাতী। ৬। মদিরা।

মনোনীত (মনস্—নীত লব্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, মনোমত মনের অভিলষিত, পসন্দ।

মনোযায়ী (-যায়িন্, মনস্—যা গমনকরা +ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, মনের ন্যায় বেগবান্।

মনোবৃত্তি (মনস্—বৃত্তি ব্যাপার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চিত্তবৃত্তি। ২। ইচ্ছা।

মনোরঞ্জন (মনস্—রঞ্জন সন্তুষ্টকরণ ৬ষ্ঠী —ষ) সং, ক্লীং, মনের প্রফুল্লতাকরণ, মনস্তুষ্টি। [পুং, ইচ্ছা, মনের বাসনা।

মনোরথ (মনস্—রথ যান, ৬ষ্ঠী—ষ) সং,

মনোরম (মনস্—রম-ণ্যি=রমি আনন্দিত করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, সুন্দর, সন্তোষদায়ক। মা—স্ত্রীং, বৌদ্ধদিগের উপাস-দেবতা-বিশেষ। ২। ১০ অক্ষর ছন্দোবিশেষ। ২। গোরোচনা।

মনোলৌল্য (মনস্—লৌল্য লোলতা, চঞ্চলতা) সং, ক্লীং, মনের অস্থিরতা,স্বেচ্ছা-চারিত্ব, খেয়াল।

মনোহত (মনস্—হত আঘাতপ্রাপ্ত) বিং, ত্রিং, প্রতিহত ভগ্নমনাঃ।

মনোহর } (—হারিন্, মনস্—হৃ হরণ
মনোহারী } করা+অ(অন)—ক। ২য়পক্ষে ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সুন্দর, রমণীয়। রা—স্ত্রীং, জাতী। ২। স্বর্ণ। ৩। যূথী।

মনোহর্ত্তা (—হর্ত্তৃ, মনস্—হৃ হরণ করা +তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, মনোহরণ-কর্ত্তা। শিং-১ "ব্যসনং তে হপনেষ্যামি ত্রিলোক্যাং যদি ভাব্যতে। তমানেষ্যে বরং যত্নে মনোহর্ত্তা তমাদিশ।"

মনোহ্বা (মনস্—হ্বে আহ্বান করা+অ (ক)—ক) সং, ক্লীং, মনঃশিলা।

মন্তব্য (মন্ জানা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং চিন্তনীয় মননীয়। শিং—১ "আত্মা বা

অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ।" ২। বিচার্য্য, বিবেচনীয়।

মন্তা (মন্তৃ, মন্ জানা+তৃ(তৃন্)—ক) সং, পুং, পরামর্শদাতা, মন্ত্রী। ২। মননকর্ত্তা।

মন্তু (মন্ জানা+তুন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং, মনুষ্য। ২। রাজা। ৩। প্রজাপতি। ৪। (+তুন্—র্ম্ম) অপরাধ। ৫। ঈর্ষা। ৬। কোপ।

মন্ত্র (মন্ত্র্ মন্ত্রণা করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, বেদের অংশবিশেষ, ঋক্ যজুষাদি। ২। দেবতাবিশেষের উপাসনার উপযোগী বাক্য বা শ্লোক বা পদ। ৩। যে কোন জীবের বশীকরণসাধন তন্ত্রোক্ত বাক্য। ৪। রহস্য। ৫। (+অল্—ভাবে) মন্ত্রণা, পরামর্শ। ৬। বিচার। ৭। সন্ধিবিগ্রহাদি ষাড়্গুণ্যচিন্তা।

মন্ত্রকৃৎ (মন্ত্র মন্ত্রণা—কৃৎ [কৃ করা+০ (ক্বিপ্) ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, মন্ত্রী। ২। মন্ত্রদ্রষ্টা।

মন্ত্রগণ্ডক; সং, পুং, বিদ্যা।

মন্ত্রগূঢ় (মন্ত্র মন্ত্রণা—গূঢ় গুপ্ত) সং, পুং, চর, গুপ্তদূত।

মন্ত্রগৃহ } (মন্ত্র মন্ত্রণা—গৃহ, ভবন, ৬ষ্ঠী—
মন্ত্রভবন } ষ) সং, ক্লীং, পরামর্শ করিবার গৃহ।

মন্ত্রজা; সং, স্ত্রীং, মন্ত্রশক্তি।

মন্ত্রজিহ্ব (মন্ত্র—জিহ্বা আস্বাদন-সাধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

মন্ত্রজ্ঞ (মন্ত্র মন্ত্রণা—জ্ঞ [জ্ঞা জানা+অ (ড)—ক] যে জানে, ২য়া—ষ) সং, পুং, চর, গুপ্তদূত। ২। মন্ত্রী। ৩। মন্ত্রজ্ঞাতা।

মন্ত্রণ—ক্লীং } (মন্ত্র্ মন্ত্রণা করা+অন
মন্ত্রণা—স্ত্রীং } (অনট্), অন—ভাবে, আপ্) সং, গোপনে পরামর্শ। ২। মন্ত্র।

মন্ত্রদাতা (—দাতৃ, মন্ত্র—দাতৃ [দা দানকরা +তৃ(তৃন্)—ক] যে দান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মন্ত্রদানকর্ত্তা, গুরু। ২। পরামর্শদাতা।

মন্ত্রদীধিতি (মন্ত্র দেবাদির উপাসনার উপযোগী বাক্য, শ্লোক বা পদ—দীধিত আলোক) সং, পুং, অগ্নি, বহ্নি।

মন্ত্রপূত (মন্ত্র—পূত, ৩য়া—ষ) বিং, ত্রিং, মন্ত্র দ্বারা পবিত্রীকৃত। শিং—১ "ব্রহ্মাণী মন্ত্রপূতেন তোয়েনান্যে নিরাকৃতাঃ।"

মন্ত্রপূতাত্মা (মন্ত্রপূতাত্মন্, মন্ত্র—পূতাত্মন্ পবিত্র) সং, পুং, গরুড়।

মন্ত্রবিৎ (মন্ত্রবিদ্, মন্ত্র মন্ত্রণা, বিৎ [বিদ্ জানা+০(ক্বিপ্)—ক] যে জানে, ২য়া—ষ) সং, পুং, চর। ২। মন্ত্রী। ৩। বিং, ত্রিং, মন্ত্রজ্ঞ।

মন্ত্রস্পৃক্ (মন্ত্রস্পৃশ্ মন্ত্র—স্পৃশ্ স্পর্শকরা +০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, মন্ত্রকরণক স্পর্শকর্ত্তা।

মন্ত্রিত (মন্ত্র দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা মন্ত্রণা করা হইয়াছে, পরামর্শপূর্ব্বক স্থিরীকৃত। ২। মন্ত্র দ্বারা সংস্কৃত।

মন্ত্রী (মন্ত্রিন্, মন্ত্র মন্ত্রণা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পরামর্শদাতা। ২। সং, পুং, অমাত্য, সচিব। শিং—১"মন্ত্রিণামপি নো কুর্য্যান্মন্ত্রী মন্ত্রপ্রকাশনম্।"

মন্থ (মন্থ্ মন্থন করা+অ(অল্)—ণ) সং, পুং, মন্থনদণ্ড। ২। (+অল্—ভাবে) বিনাশ। ৩। মন্থন, বিলোড়ন। ৪। (+অন্—ক) সূর্য্য। ৫। (+অল্—র্ম্ম) নেত্রমল। ৬। নেত্ররোগ। ৭। শক্তুমিশ্র পেয়বিশেষ। শিং—১ "সক্তুভিঃ সর্পিষাভ্যক্তৈঃ শীতবারিপরিপ্লুতৈঃ। নাত্যচ্ছো নাতিশান্দ্রশ্চ মন্থ ইত্যভিধীয়তে।"

মন্থজ (মন্থ মন্থন—জ [জন্ জন্মান+অ (ড)—ক] উৎপন্ন, ৫মী—ষ) সং ক্লীং, নবনীত, ননী।

মন্থদণ্ডক (মন্থ মন্থন—দণ্ডক যষ্টি) সং, পুং, মন্থনদণ্ড, মউনি।

মন্থন (মন্থ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিলোড়ন, মওয়া। ২। বিনাশ। ৩। (+অনট্)—ণ) পুং, মন্থনদণ্ড।

মন্থনঘটী; সং, স্ত্রীং, দধিমন্থনপাত্র, ঘোলমওয়ার হাঁড়ি। শিং—১ "কলসী মন্থনঘটী মন্থনী চাপি গর্গরী।"

মন্থর (মন্থ্ মন্থন করা+অর(রক্)—ক) বিং, ত্রিং, মন্দগামী। শিং—১ "মদর্থসন্দেশমৃণালমন্থরঃ।" ২। অলস, জড়

৩। অশীঘ্র। ৪। প্রকাণ্ড, বৃহৎ। ৫। পৃথু, ভারি। ৬। নত। ৭। সূচক। ৮। বক্র। ৯। নীচ, নম্র। রা—স্ত্রীং, কেকয়ীর দাসী। ২। পুং, মন্দগামী যোদ্ধা। ৩। কোষ। ৪। ফল। ৫। কোপ। ৬। (+রক্—ণ) মন্থনদণ্ড। ৭। বাধা।

মন্থরু ( মন্থ দেখ, অরু—প্রং ) সং, পুং, চামরের বাতাস।

মন্থশৈল (মন্থ মন্থনদণ্ড—শৈল পর্ব্বত। যে পর্ব্বত দ্বারা সমুদ্র মথিত হইয়াছিল) সং, পুং, মন্দর পর্ব্বত। [মন্থনদণ্ড।

মন্থান ( মন্থ দেখ, আন—ণ ) সং, পুং,

মন্থিনী ; সং, স্ত্রীং, দধিমন্থন পাত্র।

মন্থী (মন্থিন, মন্থ মন্থন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, মন্থনকারী।

মন্দ (মন্দ্ জড়ীভূত হওয়া+অ(অন্)—ক) বিং,ত্রিং,জড়, অলস। ২। মৃদু। ৩। মূর্খ। শিং—১ "মন্দঃ কবিযশঃপ্রার্থী গমিষ্যাম্যুপহাস্যতাম্।" (রঘু)। ৪। অসুস্থ। ৫। অল্প। ৬। মত্ত। ৭। উন্মত্ত। ৮। আত্মম্ভরি। ৯। নীচ। ১০। হতভাগ্য, অভাগ্য। ১১। অতীক্ষ্ণ। ১২। খল। ১৩। অপটু। ১৪। ক্ষীণ। ১৫। অপকৃষ্ট। ১৬। স্বাধীন। ১৭। পুং, শনিগ্রহ। ১৮। যম। ১৯। প্রলয়। ২০। কাক। ২১। গজবিশেষ।

মন্দগ } (মন্দ মৃদু—গ [ গম্
মন্দগামী—মিন্ } গমন করা+অ(ড)—ক], গামী [গম্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, মৃদুগামী, মৃদুগমনশীল।

মন্দজননী ( মন্দ শনি—জননী মাতা ) সং, স্ত্রীং, সূর্য্যপত্নী। ২। শনৈশ্চরমাতা।

মন্দট (মন্দ্ প্রীত হওয়া+অট—ক) সং, পুং, প্রবালবৃক্ষ।

মন্দন (মন্দ্ প্রীত হওয়া, স্তব করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, স্তোত্র, স্তব।

মন্দতা—স্ত্রীং } ( মন্দ+তা, ত্ব—ভাবে )
মন্দত্ব—ক্লীং } সং, মান্দ্য। ২। মূর্খতা।

মন্দফল ( মন্দ অশুভ—ফল ) সং, ক্লীং, অসৎফল, গ্রহফল। ২। জ্যোতিঃশাস্ত্রপ্রসিদ্ধ অঙ্কবিশেষ। (The anomalistic equation of a planet.

মন্দবুদ্ধি (মন্দ অপকৃষ্ট—বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জড়বুদ্ধি, স্থূলবুদ্ধি, নির্ব্বোধ।

মন্দর (মন্দ দেখ, অর(অরন্)—ক) সং, পুং, পর্ব্বতবিশেষ ; এই পর্ব্বতকে মন্থনদণ্ড করিয়া দেবাসুরেরা সমুদ্র মন্থন করিয়াছেন। শিং—১ "মন্থানং মন্দরং কৃত্বা।" ২। মন্দারবৃক্ষ। ৩। মুকুর, আর্শি। ৪। বিং, ত্রিং, বহুল। ৫। মন্দ, অলস।

মন্দমান ; সং, পুং, অগ্নি। ২। প্রাণ। ৩। নিদ্রা।

মন্দসানু ; সং, পুং, স্বপ্ন। ২। জীব।

মন্দা ; সং, স্ত্রীং, সংক্রান্তিবিশেষ। শিং—১ "মন্দা মন্দাকিনীধ্বাংক্ষী ঘোরা চৈব মহোদরী। রাক্ষসী মিশ্রিতা প্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধা নৃপ।" ২। গ্রহগতিবিশেষ।

মন্দাক (মন্দ্ স্তব করা+আক—ণ) সং, স্ত্রীং, স্তুতি, স্তব।

মন্দাকিনী (মন্দ মৃদু—অক্ গমন করা+ইন্(ণিন্)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা। ২। সংক্রান্তিবিশেষ। ৩। ১২ অক্ষর ছন্দঃ।

মন্দাক্রান্তা (মন্দ—আক্রান্ত, আপ্) সং,স্ত্রীং, সপ্তদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ,যাহার প্রথম ৪ অক্ষর, ১০ম, ১১শ, ১৩শ, ১৪শ, ১৬শ, ১৭, বর্ণ গুরু, তদ্ভিন্ন সমুদায় বর্ণ লঘু।

মন্দাক্ষ (মন্দ—অক্ষি ইন্দ্রিয়+অ, ৫মী—হিং) সং,ক্লীং,লজ্জা, ত্রপা। ২। বিং, ত্রিং, সঙ্কুচিতনেত্র।

মন্দাগ্নি (মন্দ [পচনে] অল্পশক্তিক—অগ্নি অনল) সং, পুং, জঠরাগ্নি মান্দ্য, ক্ষুধা প্রভৃতির অল্পতা। শিং—১"অল্পাপি নৈব মন্দাগ্নেবিষমাগ্নেস্তুদেহিনঃ।"

মন্দার (মন্দ্ প্রীত হওয়া+আর(আরন্)—ণ) সং, পুং, স্বর্গীয় দেবতরুবিশেষ। ২। পালিতামাদারগাছ। ৩। হস্ত। ৪। ধূর্ত্ত। ৫। তীর্থবিশেষ। ৬। অর্কবৃক্ষ।


মন্দাস্য (মন্দ—আস্য মুখ) সং, ক্লীং, ত্রপা, লজ্জা। ২। বিং, ত্রিং, সঙ্কুচিতমুখ।

মন্দির (মন্দ্ নিদ্রিত হওয়া+ইর(কির)—

ধি। যেখানে নিদ্রাগত হওয়া যায়) সং, ক্লীং, গৃহ, ভবন। ২। দেবগৃহ। ৩। নগর। ৪। পুর। ৫। পুং, সমুদ্র। ৬। জানুর পশ্চাদ্ভাগ। [বিড়াল।

মন্দিরপশু (মন্দির গৃহ—পশু) সং, পুং,

মন্দিরা—কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ। সং-



মন্দিরা।

গীতে তাল দিবার জন্য ইহার ব্যবহার হয়। ২। মন্দির। "মন্দিরারাস্তুরাবান্।"

মন্দীভূত (মন্দ—ভূ হওয়া+ত(ক্ত)—ক। ঈ(চ্বি)—আগম) বিং,ত্রিং, অল্পীভূত, কম হইয়া যাওয়া। শিং—১ "মন্দীভবতি ভাস্করঃ।" ২। জড়ীভূত।

মন্দুরা (মন্দ্ নিদ্রিত হওয়া+উর—ধি, আপ্) সং, স্ত্রীং, অশ্বশালা। ২। মাদুর।

মন্দেহ (মন্দ—ঈহা চেষ্টা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বহুং, রাক্ষসগণবিশেষ। ইহার সংখ্যা ৩,৫০,০০,০০০ তিন কোটি পঞ্চাশৎ লক্ষ। শিং—১ "তিস্রঃ কোট্যোঽর্দ্ধ কোটী চ মন্দেহা নামরাক্ষসাঃ। উদয়ন্তং সহস্রাংশু মতি যুধ্যন্তি তে সদা। গায়ত্র্যা চাভিমন্ত্র্যোঽর্দ্ধং জলং ত্রিঃ সন্ধ্যয়োঃ ক্ষিপেৎ। তেন শাম্যন্তি তে দৈত্যা বজ্রভূতেন বারিণা।" ২। হা—স্ত্রীং, মন্দচেষ্টা।

মন্দোদরী (মন্দ অল্প—উদর পেট, ঈপ্, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, রাবণের স্ত্রী, ময়দানবের কন্যা। ২। ক্ষীণোদরী স্ত্রী। ৩। মাদুর।

মন্দোদরীশ; সং, পুং, রাবণ।

মন্দোদরীসুত; সং, পুং, ইন্দ্রজিৎ।

মন্দোষ্ণ (মন্দ ঈষৎ—উষ্ণ গরম) বিং, ত্রিং, ঈষৎ উষ্ণ, অল্প গরম।

মন্দ্র (মন্দ্ প্রীত হওয়া+র—ক) বিং, ত্রিং, গম্ভীর। ২। (+র—ণ) পুং, বাদ্যযন্ত্রবিশেষ। ৩। গম্ভীর ধ্বনি (ইহা উদারা স্বর নামে অভিহিত) যথা—জীমূতমন্দ্র।

মন্মথ (মনস্—মথ্ মন্থন করা+অ(অন্)—ক) সং, পুং, কামদেব, কন্দর্প, মদন। শিং—১ "ঋষয়ঃ উচুঃ। যস্মাৎ প্রমথ্য চেতস্ত্বং জাতোঽস্মাকং তথা বিধেঃ। তস্মান্মন্মথনাম্না ত্বং লোকে গেয়ো ভবিষ্যতি।"

মন্মথালয় (মন্মথ—আলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আম্রবৃক্ষ। ২। স্ত্রী-চিহ্নবিশেষ।

মন্মন (মনস্—মন্ বোধ করা, প্রকাশ করা+অ(অন্)—ক) সং, পুং, গদ্গদ ধ্বনি, অস্পষ্ট শব্দ।

মন্যা } (মন্ বোধ করা+য(ক্যপ্)—
মন্যাকা } র্ম্ম, আপ্—স্ত্রীং। মন্যা+কণ্—যোগ) সং, স্ত্রীং, স্নায়ু। ২। গ্রীবার পশ্চাদ্ভাগস্থিত শিরা। ৩। গায়ের শির।

মন্যু (মন্ জানা+যু—র্ম্ম) সং, পুং, শোক। ২। ক্রোধ। ৩। যজ্ঞ। ৪। দৈন্য। ৫। অহঙ্কার। ৬। ক্ষত্রিয়বিশেষ।

মন্বন্তর (মনু ব্রহ্মার পুত্র—অন্তর অবকাশ বা অবধি, ৭মী—হিং) সং, ক্লীং, মনুর রাজ্যশাসন কাল, দেবতাদের ৭১ যুগ।

মবলগ (পারস্য) নগদ টাকা। ২। অধিক।

মবলগে—সাকল্যে, সমুদয়ে।

মম (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ) অং, আমার। ২। মমতা, মায়া।

মমকার—"আমার পুত্র, আমার কলত্র, আমার ধন ইত্যাদি জ্ঞানকে মমকার কহে।"

মমতা—স্ত্রীং } (মম+তা, ত্ব—ভ) সং,
মমত্ব—ক্লীং } মায়া ২। আমার বলিয়া জ্ঞান। শিং—১ "তথাপি মমতাবর্ত্তে মোহগর্ত্তে নিপতিতাঃ।" ২ "মমত্বং মম রাজ্যস্য রাজাঙ্গেষখিলেষপি।" (দেবীমাহাত্ম্য)। ২। অহঙ্কার। ৩। স্নেহ।

মমতাযুক্ত (মমতা আত্মম্ভরিতা, পক্ষপাতিতা—যুক্ত) বিং, ত্রিং, আত্মম্ভরি। ২। অভিমানাদিবিশিষ্ট। ৩। সং, পুং, কৃপণ।

মমাপতাল (মব্য বন্ধ করা, সংশ্লিষ্ট হওয়া+আল—ণ। য-লোপ। ব=ম। আপত—আগম) সং, পুং, ইন্দ্রিয়বিষয়।

ময় ( ময়্ গমন করা+অ(অন্)—ক ) সং, পুং, দৈত্যবিশেষ, দানবগণের শিল্পী। উষ্ট্র। অশ্বতর। ময়া—স্ত্রীং, চিকিৎসা। ময়ী—স্ত্রীং, স্ত্রীজাতি ময়। উষ্ট্রী।

ময়ট ( ময়্ গমন করা+অট—ঘি ) সং, পুং, তৃণনির্ম্মিত কুটীর।

ময়দা (পারস্য) সং, গোধূমচূর্ণ, আটা।

ময়দান (পারস্য) সং, ক্ষেত্র, মাঠ।

ময়না (দেশজ) সং, পক্ষিবিশেষ। মদন পাখী।

ময়রা (দেশজ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, [মোদক।

ময়লা (মল শব্দজ) বিং, মলা, অপরিষ্কৃত।

ময়ান (দেশজ) লুচী প্রস্তুত করিবার পূর্ব্বে ময়দার সহিত ঘৃতমিশ্রণ।

ময়ু (মি [মিষ্ট স্বর ইত্যাদি] ক্ষেপণ করা+উ—ক) সং, পুং, কিন্নর, কিম্পুরুষ। (ময়্ গমন করা) মৃগ। অশ্ব। অশ্বমেধের অশ্ব।

ময়ুরাজ ( ময়ু কিন্নর—রাজ শ্রেষ্ঠ ) সং, পুং, কুবের, ধনাধিপ।

ময়ুষ্টক ; সং, পুং, বনমুদ্গ।

ময়ূখ (মা [সময়] পরিমাণ করা+উখ—ক, মা=ময় ) সং, পুং, কিরণ, দীপ্তি, জ্যোতিঃ। জ্বালা। শোভা। কীল।

ময়ূখমালা ; সং, স্ত্রীং, দীপ্তিসমূহ, কিরণজাল।

ময়ূখমালী (—মালিন্, ময়ূখ—মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য।

ময়ূর—পুং }
ময়ূরী—স্ত্রীং } (মহী পৃথিবী—রু রব করা,নিপাতন। যে পৃথিবীতে



ময়ূর।

রব করে। অথবা মি ক্ষেপণ করা+উর—ক) সং, পক্ষিবিশেষ, শিখী।

ময়ূরক (ময়ূর+কণ্—যোগ) সং, পুং, ময়ূর। অপামার্গ। তুত্থ। ময়ূরশিখা। ক্লীং,তুঁতিয়া।

ময়ূরগ্রীবক (ময়ূরগ্রীবা+কণ্—তুল্যার্থে) সং, ক্লীং, তুঁতে।

ময়ূরচটক ; সং, পুং, গৃহকুক্কুট।

ময়ূরচূড়া ; সং, স্ত্রীং, ময়ূরশিখা।

ময়ূরজঙ্ঘ ; সং, পুং, শ্যোনাকবৃক্ষ।

ময়ূরতুত্থ ; সং, ক্লীং, তুঁতে।

ময়ূরপদক ( ময়ূর—পদ+কণ্—সাদৃশ্যার্থে ) সং, ক্লীং, নখাঘাত, নখের আঁচড়।

মর (মৃ মরা+অ(অল্)—ভাবে) সং, পুং, মরণ। ২। ( +অন্—ক ) বিং, ত্রিং, মরণাধীন।

মরক ( মৃ মরা+অক—ভাবে ) সং, পুং, মারী, মড়ক। শিং—১ "যাবন্মার্ত্তণ্ডসূনুর্গবি ধনুষি ঝসে মন্মথে বাস্তি নার্য্যাং তাবদ্দুর্ভিক্ষপীড়া ভবতি চ মরকং সংশয়ং যান্তি লোকাঃ।"

মরকত }
মরক্ত } (মরক মারিভয়—তৃ পারহওয়া+অ(ড)—ক) সং, পুং, হরিদ্বর্ণ মণিবিশেষ, পান্না। শিং—১ "তুলয়া পদ্মরাগস্যযন্মূল্যমুপজায়তে। লভতেহভ্যধিকং তস্মাৎ গুণৈর্ম্মরকতং বুধৈঃ।"

মরণ ( মৃ মরা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, মৃত্যু, দেহনাশ, প্রাণবায়ুর উৎক্রমণরূপ ব্যাপার, দেহ হইতে আত্মার বিচ্ছেদ। শিং—১ "মরণং প্রকৃতিঃ শরীরিণাম্।" (রঘু)। ক্লীং, বৎসনাভ বিষ।

মরত (মৃ মরা+অত—ভাবে) সং, পুং, মৃত্যু, দেহবিনাশ, মরণ, মরা।

মরন্দ }
মরন্দক } (মকরন্দ, দ্বিতীয়বর্ণ লোপ, কণ্—যোগে মরন্দক। অথবা মর [ভ্রমরাদির] মরণ—দো খণ্ডন করা+অ (খ)—ক) সং, পুং, মকরন্দ, পুষ্পরস।

মরম (মর্ম্ম শব্দজ) শরীরের সন্ধিস্থান। হৃদয়াদি জীবস্থান; যথা—"মরমে মরম যাতনা।"

মরমর (গ্রীক্ ভাষা) সং, শ্বেত প্রস্তর।

মরা (মরণার্থ মৃ ধাতুজ) বিং, মৃত, গতাসু, মড়া।


মরাই (দেশজ) সং, ধান্যের গোলা।

মরামর (মর যাহাদের মৃত্যু আছে অর্থাৎ মনুষ্যাদি—অমর যাহাদের মৃত্যু নাই

অর্থাৎ দেবতা, Mortal and Imortal) মনুষ্য এবং দেবতা; যথা—"ত্রিদিবে, পাতালে, মর্ত্ত্যে, মরামর জীব প্রমাদ গণিলা আতঙ্কে—" (মেঘনাদ)।

মরার; সং, পুং, শস্যরক্ষণস্থান, মরাই।

মরাল (মৃ মরা+আল—ক) সং, পুং, রক্তবর্ণচঞ্চু চরণবিশিষ্টরাজহংস। শিং—১"তত্রা-মরালয়মরালন-রালকেশী।" পাতিহাঁস। অশ্ব। মেঘ। কজ্জল। দাড়িমীবিপিন। বিং, ত্রিং, মসৃণ, স্নিগ্ধ।



মরাল।

মরালক (মরাল+কণ্—স্বার্থে) সং, পুং, কলহংস।

মরিচ ⎫ (মৃ [বিষ] এখানে নাশ করা+
মরীচ ⎭ ইচ, ঈচ—পা) সং, ক্লীং, বর্ত্তুলাকার কটু দ্রব্যবিশেষ, গোলমরিচ।

মরীচি (মৃ [অন্ধকার] এখানে নাশ করা+ঈচি—পা) সং, পুং—স্ত্রীং, কিরণ, রশ্মি। যটত্রসরেণু পরিমাণ। পুং, ব্রহ্মার মানসপুত্র সৃষ্টিকর্ত্তা মুনিবিশেষ।

মরীচিকা (মরীচি কিরণ + কণ্—স্বার্থে, আপ্—স্ত্রীং। অথবা—ক জল, ৭মী—হিং) সং, স্ত্রীং, মৃগতৃষ্ণা, সূর্য্যকিরণে জলভ্রম। দূরপ্রদেশে প্রচণ্ড সূর্য্যকিরণ দর্শনে পিপাসার্ত্ত মৃগ জলভ্রমে তদভিমুখে ধাবমান হয়। মৃগের এইরূপ ভ্রমকে মরীচিকা কহে। (মৃগতৃষ্ণা দেখ)।

মরীচিপ ⎫ (মরীচি কিরণ—প, পায়ী
মরীচিপায়ী ⎭ [পা পান করা+অ(ড), ইন্(ণিন্)—ক] যে পান করে। বালখিল্য মুনিগণ সূর্য্যের কিরণমাত্র পান করেন বলিয়া) সং, পুং, সূর্য্যকিরণপায়ী বালখিল্য মুনিগণ।

মরীচিমালী (মরীচিমালিন্, মরীচিমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, কিরণমালাবিশিষ্ট।

মরু (মৃ [এখানে তৃণাদি] মরা+উ—ধি) সং, পুং, জল ও তৃণাদি শূন্য প্রদেশ। পর্ব্বত। মারওয়ার দেশ। সূর্য্যবংশীয় ভাবি নৃপবিশেষ। ভগবান্ কল্কিরূপে অবতীর্ণ হইয়া ইহাকে রাজ্যাভিষিক্ত করিবেন এরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। শিং—১ "মরো ত্বামভিষেক্ষ্যামি নিজা-যোধ্যাপুরেঽধুনা। হত্বা ম্লেচ্ছানধর্ম্মিষ্ঠান্ প্রজাভূতবিহিংসকান্।"

মরুজ; সং, পুং, নখীনামক গন্ধদ্রব্য।

মরুটা, মরুণ্ডা (মৃ [এইরূপ স্ত্রীর প্রতি প্রেম] মরা অর্থাৎ নষ্ট হওয়া+উট, উণ্ড—প্রং) সং, স্ত্রীং, উচ্চললাটযুক্তা স্ত্রী, যে স্ত্রীর কপাল উচ্চ।

মরুৎ ⎫ (মৃ মরা+উৎ—পা। ২য়-পক্ষে
মরুত ⎭ —মরুৎ+ষ্ণ। ক্রুদ্ধ হইলে যাহা হইতে মরে) সং, পুং, বায়ু। দেবতা।

মরুৎক্রিয়া; সং, স্ত্রীং, অপানোৎসর্গ, বাতকর্ম্ম।

মরুত্ত (মরুৎ—তন্ বিস্তার করা+অ(ড)—ক। অথবা মরুৎ+ত—যোগ) সং, পুং, বায়ু। চন্দ্রবংশীয় নৃপবিশেষ। এই রাজা অতিশয় যাজ্ঞিক ছিলেন।

মরুত্তক; সং, পুং, মরুবক।

মরুৎপতি (মরুৎ দেবতা—পতি শ্রেষ্ঠ। সকল দেবতার শ্রেষ্ঠ বলিয়া) সং, পুং, নারায়ণ।

মরুৎপথ (মরুৎ বায়ু—পথ [পথিন্ শব্দজ] রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ।

মরুৎপাল (মরুৎ দেবতা—পাল পালক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

মরুৎপুত্র (মরুৎ বায়ু—পুত্র সং, পুং, ভীমসেন, পাণ্ডুরাজার দ্বিতীয় পুত্র।

মরুৎপ্লব (মরুৎ বায়ু—প্লব যে লাফিয়া যায়) সং, পুং, সিংহ।

মরুৎফল (মরুৎ বায়ু—ফল) সং, ক্লীং, করকা, শীল।

মরুত্বান্ (মরুত্বৎ, মরুৎ বায়ু+বৎ(বতু)—পালনার্থে) সং, পুং, ইন্দ্র। হনুমান। মেঘ। সমুদ্র।

মরুৎসখ (মরুৎ বায়ু—সখি বন্ধু, ৬ষ্ঠী—ষ, অ—স্বার্থে) সং, পুং, বায়ুসখ, অগ্নি। ইন্দ্র। চিত্রকবৃক্ষ।

মরুদান্দোল (মরুৎ বায়ু—আন্দোল কম্পন) সং, পুং, তালবৃন্ত, পাখা।

মরুদিষ্ট ; সং, পুং, গুগ্গুল।

মরুদ্ধ্বজ ; সং, ক্লীং, বাততূল, বুড়ীর সুতা। শিং—১ "গ্রীষ্মহাসং বংশকফং বাততূলং মরুদ্ধ্বজম্।"

মরুদ্ভবা ; সং, স্ত্রীং, তাম্রমূলা ক্ষুপ, খিরাই।

মরুদ্রথ (মরুৎ বায়ু—রথ) সং, পুং, অশ্ব। দেবরথ, বিমান।

মরুদ্বর্ত্ম (মরুদ্বর্ত্মন্ মরুৎ বায়ু—বর্ত্মন্ রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ, অন্তরীক্ষ।

মরুদ্বাহ (মরুৎ বায়ু—বাহ যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধূম, ধূয়া। অগ্নি।

মরুদ্বিপ, মরুপ্রিয় (মরু জল ও তৃণাদি-শূন্য প্রদেশ—দ্বিপ হস্তী) সং, পুং, উষ্ট্র, উট।

মরুন্মালা ; সং, স্ত্রীং, পৃক্কা, পিড়িং শাক।

মরুভূ, মরুভূমি (মরু বালুকাময়—ভূ, ভূমি) সং, স্ত্রীং, জল ও তৃণাদি বিহীন বালুকাপূর্ণ ভূমি। মারওয়ার দেশ।

মরুভূরুহ ; সং, পুং, করবীর বৃক্ষ। বিং, ত্রিং, মরুভূমিজাত।

মরুল (মৃ মরা+উল—ক) সং, পুং, কারণ্ডব, হংসবিশেষ।

মরুবক (মরু বালুকাময় বা বারিশূন্য ভূমি —বা [গমন করা] জন্ম হওয়া+অ(ড)—ক। কণ্—যোগ) সং, পুং, কণ্টকযুক্ত বৃক্ষবিশেষ, ময়না গাছ। পিণ্ডখর্জ্জূর। জম্বীর। ব্যাঘ্র। রাহু।

মরুসম্ভব ; সং, ক্লীং, চাণক্যমূলক। বিং, ত্রিং, মরুদেশজাত। বা—স্ত্রীং, মহেন্দ্রবারুণী। ক্ষুদ্রদুরালভা।

মরূক (মৃ মরা+উক—সংজ্ঞার্থে) সং, পুং, মৃগবিশেষ। ময়ূর। শটী।

মরূদ্ভবা ; সং, স্ত্রীং, কার্পাসী। যবাস। ক্ষুদ্র খদির।

মরোলি (মৃ [ইহা দ্বারা] মরা+ওলি—ক। কণ্—যোগে মরোলিকও হয়) সং, পুং, জলজন্তুবিশেষ, মকর। শিং—১ "জলরূপস্ত মকরো মরোলিরসিদংষ্ট্রকঃ।"

মর্ক (মর্চ্চ্ শব্দ করা অথবা মর্ক্ [সৌত্র ধাতু] গমন করা+অ(অন্)—ক) সং, পুং, বানর। দেহ। শরীরস্থ বায়ু।

মর্কক (মর্ক গমন+ক—করোত্যর্থে) সং, পুং, গলগণ্ডপক্ষী, হাড়গিলা।

মর্কট (মর্ক্ [সৌত্র ধাতু] গমন করা+অট (অটন্)—ক) সং, পুং, বানর। মাকড়সা। হাড়গিলা-পক্ষী। বিষবিশেষ।

মর্কটক ; সং, পুং, শস্যবিশেষ। বানর। লূতা, মাকড়সা। মৎস্যবিশেষ। দৈত্যবিশেষ।

মর্কটপ্রিয় ; সং, পুং, ক্ষীরবৃক্ষ। বিং, ত্রিং, [বানরের প্রীতিজনক।

মর্কটবাস, মর্কটবাসাঃ } মর্কটবাসস্, মর্কট মাকড়সা—বাস বাসস্থান। —বাসস্ বস্ত্র) সং, পুং, লূতাতন্তু, মাকড়সার জাল।

মর্কটশীর্ষ ; সং, ক্লীং, হিঙ্গুল।

মর্কটাস্য (মর্কট বানর—আস্য বদন। বানরমুখবৎ বর্ণ বলিয়া) সং, ক্লীং, তাম্র, তাঁবা। বিং, ত্রিং, বানরমুখের ন্যায়।

মর্কর ; সং, পুং, ভৃঙ্গরাজ।

মর্করা ; সং, স্ত্রীং, দরী, গুহা। ভাণ্ড, পাত্র। সুরঙ্গা। বন্ধ্যা-স্ত্রী।

মর্চ্চ্যা (দেশজ) সং, মরিচা, লৌহমল।

মর্জূ (মৃজ্ শুদ্ধ করা, মার্জন করা+উ—ভাবে) সং, স্ত্রীং, শুদ্ধি, শোধন। (+উ—ক) পুং, রজক। পীঠমর্দ্দ।

মর্ত্ত্য, মর্ত্ত (মর্ত্ত [মৃ মরা+ত(তন্)—ক] মনুষ্য+য(ষ্য)—স্বার্থে) সং, পুং, মানুষ। (+তন্, ষ্য—ধি) মধ্যমলোক, পৃথিবী।

মর্ত্ত্যধর্ম্মা (—ধর্ম্মন্) বিং, ত্রিং, মনুষ্যধর্ম্মা।

মর্ত্ত্যলোক (মর্ত্ত্য—লোক ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মনুষ্যলোক, পৃথিবী।

মর্ত্ত্যকাম(মৃত্যু—কাম কামনা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মরণেচ্ছু।

মর্দ্দ (পশ্চাৎ দেখ, অ(অল্)—ভাবে) সং, পুং, মর্দ্দন। (+অন্—ক) বিং, ত্রিং, মর্দ্দনশীল।

মর্দ্দন (মৃদ্ মর্দ্দন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পেষণ। দলন। চূর্ণন অঙ্গমর্দ্দন, গা-টেপা। সংবাহন।

মর্দ্দল ( মর্দ্দ্ মর্দ্দন—লা গ্রহণ করা+অ (ড)—ক)সং, পুং,বাদ্যযন্ত্রবিশেষ, মাদল।

মর্দ্দিত (মর্দ্দ-ক্রি=মর্দ্দি মর্দ্দনকরা+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। দলিত। শিং—১ "তিন্তিড়ীফলরসেন মর্দ্দিতো রাগবাণ ইতি বিশ্রুতো রসঃ।" চূর্ণিত।

মর্ম্ম ( মর্ম্মন্, মৃ মরা+মন্—পা ) সং, ক্লীং, শরীরের সন্ধিস্থান। হৃদয়াদি জীবস্থান। শিং—১ "সন্নিপাতঃ শিরাস্নায়ু সন্ধিমাংসাস্থিসম্ভবঃ। মর্ম্মানি তেষু তিষ্ঠন্তি প্রাণাঃ খলু বিশেষতঃ।" স্বরূপ, তত্ত্ব। শিং—১ "মৃগয়া ন বিগীয়তে নৃপৈরপি ধর্ম্মাগমমর্ম্মপারগৈঃ।"তাৎপর্য্য,অভিপ্রায়। সারতত্ত্ব, গূঢ়কথা, রহস্য। অন্তর।

মর্ম্মকীল ; সং, পুং, ভর্ত্তা, স্বামী।

মর্ম্মজ্ঞ
মর্ম্মবিদ্
মর্ম্মবেদী—দিন্ } ( মর্ম্মন্ স্বরূপ কিংবা সন্ধি-স্থান—জ্ঞ, বিদ্, বেদিন্ [ জ্ঞা জানা+ অ(ড)—ক। বিদ্ জানা+০(ক্বিপ্)—ক। বিদ্ জানা+ইন্(ণিন্)—ক] যে জানে, ২য়া—ষ ) বিং, ত্রিং, তাৎপর্য্য-গ্রাহক, পণ্ডিত।

মর্ম্মভেদী (—ভেদিন্, (মর্ম্মন্—ভেদিন্ [ভিদ্ ভেদ করা+ইন্(ণিন্)—ক]যে ভেদ করে) বিং,ত্রিং,মর্ম্মপীড়ক,আন্তরিকব্যথাদায়ক।

মর্ম্মর (মৃ মরা+অর(অরন্)—ক, ম—আগম)সং,পুং,বস্ত্র এবং শুষ্কপত্রাদির অব্যক্ত ধ্বনি,মড়মড়। বিং,ত্রিং,মর্ম্মরধ্বনিকারক। রী—স্ত্রীং, দারুহরিদ্রা। পীতদারু।

মর্ম্মস্পৃক্ (—স্পৃশ্, মর্ম্মন্ অন্তর—স্পৃশ্ [স্পৃশ স্পর্শ করা+০ (ক্বিপ্)—ক] যে স্পর্শ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, আন্তরিকব্যথাদায়ক।

মর্ম্মান্তিক ( মর্ম্মন্ অন্তর—অন্তিক সন্নিহিত, ৬ষ্ঠী—ষ ) বিং, ত্রিং, মর্ম্মপীড়ক। আন্তরিক।

মর্ম্মাবিধ্ (মর্ম্মন্ সন্ধিস্থান—ব্যধ্ বিদ্ধকরা পীড়নকরা+০(ক্বিপ্)—ক)বিং,ত্রিং, মর্ম্মভেদী, মর্ম্মব্যথাদায়ক।

মর্ম্মিক (মর্ম্মন্+ইক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, মর্ম্মজ্ঞ, তাৎপর্য্যগ্রাহক।

মর্য্যা (মৃ মরা+য—প্রং ) সং, স্ত্রীং, সীমা পর্য্যন্ত। (+যৎ—ক) পুং, মনুষ্য। শিং —১ "পেশে। মর্য্যা অপশসে।"

মর্য্যাদক (মর্য্যাদা+কণ্—করোত্যর্থে,আ=অ) বিং, ত্রিং, মর্য্যাদাকর্ত্তা সম্মানকারী।

মর্য্যাদা (পরি—আ—দা দান করা+ঙ —তা, প=ম ) সং, স্ত্রীং, ন্যায়পথে স্থিতি। নিয়ম। সদাচার। মান, সম্ভ্রম। গৌরব, সম্মান। শিং—১ "মর্য্যাদামনুচিন্তয়ন্।" (মর্য্যা সীমা—দা দান করা +ঙ—র্ম্ম) সীমা। কূল, তীর।

মর্শ (মৃশ্ পরামর্শ করা+অ(অল্)—র্ম্ম, ভা) সং, পুং, পরামর্শ,যুক্তি, মন্ত্রণা।

মর্শন ( মৃশ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পরামর্শদান, উপদেশ দেওয়া মন্ত্রণা করা।

মর্ষ—পুং,
মর্ষণ—ক্লীং, } (মৃষ্ ক্ষমাকরা+অ(অল্) অন(অনট্)—ভা) সং,ক্ষমা, সহন। নাশন।

মর্ষিত (মর্ষ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষান্ত, ক্ষমাশীল। (+(ক্ত)—র্ম্ম) নাশিত। (+ক্ত—ভা) সং, ক্লীং, ক্ষমা।

মর্ষিতবান্ (—বৎ, মর্ষ দেখ, তবৎ (ক্তবতু) —ক) বিং, ত্রিং, সহিষ্ণু, সহনশীল। যে ক্ষমা করিয়াছে।

মল (মল্ [শরীর] ধারণ করা+অ(অল্)—র্ম্ম, অথবা মৃজ্ মার্জ্জন করা+অল(কল) —র্ম্ম) সং, পুং—ক্লীং, বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা, রক্ত, পূয প্রভৃতি শরীরের ময়লা। গাদ, কাইট, শিটা, মরচ্যা, পচাবস্তু প্রভৃতি। বাত পিত্ত কফ। শিং—১ "সর্ব্বেষামেব রোগাণাং নিদানং কুপিতা মলাঃ।" পাপ, বিষ্ঠা, কলঙ্ক, স্বেদাদি। শিং—১ "বসাশুক্রমসৃঙ্মজ্জা মূত্রং বিট্কর্ণবিন্নখাঃ। শ্লেষ্মাশ্রুদূষিকাস্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ।" (স্মৃতি)। কর্পূর। বিং, ত্রিং, মলযুক্ত। কৃপণ।

মলঘ্ন (মল—হন্ নষ্ট করা+অ(টক্)—ক) সং, পুং, শাল্মলীকন্দ। বিং, ত্রিং, মলনাশক। ঘ্নী—স্ত্রীং, নাগদমনী।

মলজ (মল—জ [ জন জন্মান+অ(ড)—ক]

জাত, ৫মী—ষ) সং, ক্লীং, পুয়, পুঁজ বিং, ত্রিং, মলোদ্ভূত, মল হইতে উৎপন্ন।
মলদূষিত (মল—দূষিত) বিং, ত্রিং, মলিন।
মলদ্রাবী (—দ্রাবিন্, মল—দ্রাব্ পীড়নকরা +ইন্(ণিন্)—ক) সং, পুং, জয়পাল।
মলন (মল্ ধারণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পেষণ, মর্দ্দন। সমালভন। (+অনট্—ক) পুং, পটবাস, তাঁবু।
মলভুক্ (—ভুজ্, মল—ভুজ্ যে ভোজন করে) সং, পুং, বায়স, কাক।
মলভেদিনী ; সং, স্ত্রীং, কটুকা।
মলম (পারস্য—মরহম্, Ointment) সং, প্রলেপনীয় ঔষধবিশেষ।
মলমাস (মল—মাস) সং, পুং, অধিমাস, মাসবৃদ্ধি, অমাবস্যাদ্বয়যুক্ত রবিসংক্রান্তিরহিত মাস। শিং—১ "অমাবস্যাদ্বয়ং যত্র রবিসংক্রান্তিবর্জ্জিতং। মলমাসঃ স বিজ্ঞেয়ো বিষ্ণুঃ স্বপিতি কর্কটে।"
মলম্বা—তাম্রপত্রের উপর স্বর্ণপত্রদ্বারা আবৃত বা গিল্টী করা; যথা—"বর্করাটকরনাল চকাশিত শৈলশাল, মলম্বাপ্রতিমা রাজ শোভে তরু সব।" ২ "মলম্বা অম্বরে তাম্র এত শোভা যদি ধরে, দেবি, ভাবি দেখ বিশুদ্ধ কাঞ্চন কান্তি কত মনোহর।"
মলয় (মল্ [চন্দনবন] ধারণকরা+অয়(কয়ন্)—ক) সং, পুং, পর্ব্বতবিশেষ, চন্দনাদ্রি, পশ্চিমঘাটপর্ব্বত। দেশবিশেষ, মলবার। দ্বীপবিশেষ। ঋষভদেবের পঞ্চমপুত্র। আরাম, উপবন। নন্দনবন।
মলয়জ (মলয়—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং,—ক্লীং, গন্ধসার, চন্দন। ক্লীং, তৎকাষ্ঠ। পুং, রাহু। বিং, ত্রিং, মলয়জাত।
মলয়-পবন—দক্ষিণে বায়ু। বসন্তের প্রারম্ভেই এই বায়ু প্রবাহিত হইতে আরম্ভ হয়; ইহাকেই দক্ষিণ-পূর্ব্ব (Monsoon) বলে। দক্ষিণে নীলগিরি পর্ব্বতের উপর দিয়া চন্দনাদি বৃক্ষের সুগন্ধ লইয়া আইসে বলিয়া ইহাকে মলয়-পবন বলে। নীলগিরির অন্যতর নাম মলয় পর্ব্বত। কেহ ঘাট পর্ব্বতকেও মলয়াচল বলিয়া থাকে। এইজন্য তথাকার উপকূলের নাম মলয়বর বা (Malabar)।
মলয়া ; সং, স্ত্রীং, ত্রিবৃতা, তেউড়ী।
মলয়াচল ; সং, পুং, মলয়পর্ব্বত।
মলয়ানিল (মলয় পর্ব্বতবিশেষ—অনিল বায়ু) সং, পুং, বসন্তকালীন বায়ু।
মলয়োদ্ভব (মলয়—উদ্ভব যে জন্মে, ৫মী—ষ) সং, ক্লীং, গন্ধসার, চন্দন।
মলাকর্ষী (—কর্ষিন্, মল ময়লা, বিষ্ঠা ইত্যাদি—আ—কৃষ্ আকর্ষণ করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, হাড়ি, মেতর।
মলাকা; সং, স্ত্রীং, কামিনী। বেশ্যা। অধমা স্ত্রী। হস্তিনী। দূতী।
মলাপহা (মল—অপ—হন্ বধ করা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, নদীবিশেষ। শিং—১ "মলাপহা ভীমরথী চ ষট্টগা।"
মলিন (মল+ইনন্—ক, অস্ত্যর্থে) বিং, ত্রিং, মলযুক্ত, মলদূষিত। কৃষ্ণবর্ণ, ময়লা। পাপযুক্ত, পাপিষ্ঠ। ম্লান, বিষণ্ণ। নিত্যনৈমিত্তিক ক্রিয়াত্যাগী। ক্লীং, পাপ। কলঙ্ক। ঘোল। টঙ্কণ।
মলিনতা—স্ত্রীং } (মলিন+তা, ত্ব—ভা)
মলিনত্ব—ক্লীং } সং, মালিন্য। শিং—১ "অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি।"
মলিনমুখ (মলিন কৃষ্ণবর্ণ—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্রূর, খল। ম্লান-বদন। সং, পুং, অগ্নি। বানর। প্রেত।
মলিনাম্বু (মলিন মলযুক্ত—অম্বু জল) সং, ক্লীং, কালী। [সং, পুং, মলিনতা।
মলিনিমা (—মন্, মলিন+ইমন্—ভাবে)
মলিনী } (মল অপরিষ্কার+ইন্—অস্ত্যর্থে। মল+ইষ্ঠ—অত্যর্থে) সং,
মলিষ্ঠা } স্ত্রীং, রজস্বলা নারী, ঋতুমতী স্ত্রী।
মলিম্লুচ (মলী মলযুক্ত—ম্লুচ্ গমন করা +অ(ক)—ক। মলী বৈদিককর্ম্মানর্হত্বেন দুষ্টঃ সন্ ম্লোচতি গচ্ছতীতি মলিম্লুচঃ) সং, পুং, চোর। অগ্নি। বায়ু। মলমাস। শিং—১ "তমতিক্রম্য তু রবির্যদা গচ্ছেৎ কথঞ্চন। আদ্যো মলিম্লুচো জ্ঞেয়ো দ্বিতীয়ঃ প্রকৃতঃ স্মৃতঃ।" [ত্রিং, মলযুক্ত।
মলী (মলিন্, মল+ইন্—অস্ত্যর্থে) বিং,

মলীমস (মল ময়লা+ঈমস—ক, নিপাতন) বিং, ত্রিং, মলিন, অপরিষ্কার, মলদূষিত। সং, পুং—ক্লীং, লৌহ, লোহা। পুং, মলমাস। পুষ্পকাসীস।

মলূক ; সং, পুং, কৃমিবিশেষ।

মল্ল (মল্ল্ ধারণ করা+অ(অন্)—ক) সং, পুং, বাহুযোদ্ধা, মাল। পাত্রবিশেষ, মালা। কপোল, গণ্ডস্থল। দেশবিশেষ। শিং—১ "মল্লাঃ শাল্লাঃ যুগন্ধরাঃ।" বর্ণসঙ্কর জাতিবিশেষ, মালী। বিং, ত্রিং, বলিষ্ঠ, অতিশয় বলবান্। মল্লা—স্ত্রীং, স্ত্রী, নারী, যোষিৎ। মল্লিকা।

মল্লক ( মল্ল দেখ, কণ্—স্বার্থে ) সং, পুং—স্ত্রীং, পাত্রবিশেষ, নারিকেল মালা। দীপাধার, পিলসূজ। পুং, দন্ত।

মল্লজ (মল্ল দেশবিশেষ—জ [জন্ জন্মান +অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, গোলমরিচ। বিং, ত্রিং, মল্লদেশজাত।

মল্লনাগ (মল্ল অতিশয় বলবান্—নাগ হস্তী) সং, পুং, ঐরাবতহস্তী। বাৎসায়নমুনি। পত্রবাহক।

মল্লভূ ⎫ ( মল্ল বাহুযোদ্ধা—ভূ, ভূমি
মল্লভূমি ⎭ =স্থান ) সং, স্ত্রীং, মল্লদিগের ক্রীড়াস্থান, কুস্তির আড্ডা। রণস্থল। দেশবিশেষ।

মল্লযাত্রা ; সং, স্ত্রীং, মল্লগণের সহিত [যুদ্ধার্থ যাত্রা।

মল্লযুদ্ধ ( মল্ল—যুদ্ধ, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, মল্লগণের সংগ্রাম। বাহুযুদ্ধ, হাতাহাতি।

মল্লার (মল্ল—ঋ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, রাগবিশেষ। শিং—১ "আদৌ মালবরাগেন্দ্রস্ততো মল্লারসংজ্ঞিতঃ।" (ঈপ্) রী—স্ত্রীং, রাগিণীবিশেষ।

মল্লি, মল্লী (মল্ল্ ধারণ করা+ই—ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, মল্লিকা, বেলফুল।

মল্লিক (মল্লি [মল্ল্ ধারণ করা+ই—ক] মল্লিকা পুষ্পবৃক্ষ+কণ্—স্বার্থে) সং, পুং, হংসবিশেষ, ঈষৎ ধূসরবর্ণ এবং অল্প লোহিতচঞ্চুচরণবিশিষ্ট হংস। উপাধিবিশেষ। ( আরবী মালিক শব্দজ ) রাজা। জাতিবিশেষ। কা—স্ত্রীং, বেলফুল। মৎস্যবিশেষ। মৃত্তিকার পাত্রবিশেষ।

মল্লিকাক্ষ ⎫ ( মল্লিকা বেলফুল—অক্ষ
মল্লিকাখ্য ⎭ [অক্ষি শব্দ+অ] চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং। মল্লিক—আখ্যা, ৬ষ্ঠী—হিং) সং, পুং; হংসবিশেষ, ঈষৎ ধূসরবর্ণ এবং অল্প লোহিতচঞ্চুচরণবিশিষ্ট হংস। শুক্লবর্ণ-বেষ্টিত চক্ষুর্দ্বয়যুক্ত অশ্ব।

মল্লিকাগন্ধ ; সং, ক্লীং, ম[illegible]।

মল্লিগন্ধি ( মল্লি মল্লি[illegible]ন্ধি আঘ্রাণ ) সং, ক্লীং, অগুরু, সু[illegible]কাষ্ঠবিশেষ।

মল্লিপত্র ; সং, ক্লীং, ছত্রাক।

মল্লীকর সং, পুং, চৌর, তস্কর।

মল্লু (মল্ল্ ধারণ করা+উ—ক) সং, পুং, ভল্লুক, ভাল্লুক।

মবিত (মু বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ।

মশ, মশক (মশ্ শব্দ করা+অ(অন্), অক—ক) সং, পুং, মশা। চর্ম্মময় জলপাত্রবিশেষ। আঁচিল।

মশকী ; সং, স্ত্রীং, উড়ুম্বর বৃক্ষ।

মশহরী (মশ মশক—হৃ হরণ করা+ই—ক, ঈপ্—স্ত্রীং ) সং, স্ত্রীং, মশারি, মশকবারণী।

মশা (মশক শব্দজ) সং, দংশক কীটবিশেষ।

মশান (শ্মশান শব্দজ) সং, সমাধিস্থান, প্রেতভূমি।

মশারি (মশহরী শব্দজ) সং, মশক নিবারক, [প্রাবরণবিশেষ।

মশাল (যবন ভাষা) সং, দেউটী, দীপ।

মশুন ; সং, পুং, কুক্কুর, কুকুর।

মস (মস্ পরিমাণ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, পরিমাণ। ওজন। ভার।

মসলা (আরবী) উপকরণ। (হিন্দী) ঔষধ।

মসার (মস [মস্ পরিমাণ করা+অ(অল্)—ভাবে] পরিমাণ—ঋ গমন করা, পাওয়া + অ(অন্)—ক। কণ্—যোগে মসারকও হয়) সং, পুং, ইন্দ্রনীলমণি।

মসালচী (পারস্য) যে মসাল ধরে।

মসাহরা (যবনভাষা) সং, মাসিক বেতন, মাহিয়ানা।

মসি—সী, শি, শী, ষি, ষী (মস, শ, ষ ওজন করা+ই—ক) সং, পুং—স্ত্রীং, লিখিবার কালী। শেফালিকাবৃন্ত।

মসিক ; সং, পুং, স্বর্গের গর্ত্ত। কা—স্ত্রীং, ক্ষুদ্রবৃক্ষবিশেষ। লিখিবার কালি।
মসিকূপী } (মসি—কূপ ক্ষুদ্র কূয়া। মসিকূপিকা } কণ্—যোগে মসিকূপিকা) সং, স্ত্রীং, মস্যাধার, দোয়াত।
মসিধান (মসি—ধান যে ধারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, নী—স্ত্রীং, মস্যাধার, দোয়াত। [জীবী।
মসিপণ্য (মসি—পণ্য) সং, পুং, লেখনোপ-
মসিপ্রসূ, মসিমণি (মসি—প্রসূ পিতা বা মাতা।—মণি রত্ন) সং, স্ত্রীং, মস্যাধার, দোয়াত। লেখনী। পেন্সিল।
মসিবর্দ্ধন ; সং, ক্লীং, রসগন্ধ।
মসীজীবী (মসীজীবিন্, মসী—জীবী যে বাঁচে, ৩য়া—ষ) সং, পুং, লেখক, লিপিকর।
মসীনা (মসি দেখ, ঈন—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, শস্যবিশেষ, তিসী।
মসূর, মসূর—পুং } (মসি দেখ, উর, ঊর মসূরা—স্ত্রীং } —র্ম্ম) সং, মসূরি কড়াই। রা—স্ত্রীং, বেশ্যা। ধান্যবিশেষ।
মসূরক (মসূর+কণ্—যোগ) সং, পুং, গোল বালিশ।
মসূরবিদলা ; সং, স্ত্রীং, শ্যামলতা।
মসূরি, মসূরী (মসূর দেখ, ই, ঈ—প্রং) সং, স্ত্রীং, ইচ্ছাবসন্ত। কুট্টিনী। বেশ্যা। বালিশ।
মসূরিকা (মসূরা বেশ্যা+কণ্—স্বার্থে) সং, স্ত্রীং, কুট্টিনী। ইচ্ছাবসন্ত। মহশরী, মশারি।
মসৃণ (মসি দেখ, ঋণ—র্ম্ম) বিং, ত্রিং, কোমল, নরম। স্নিগ্ধ, চকচকিয়া। যাহার উপরিভাগ এরূপ সমান যে স্পর্শ করিলে উচ্চনীচ বোধ হয় না। ণা—স্ত্রীং, মসীনা, তিসী।
মস্কর (মস্ক্ গমন করা অথবা মন্ক্ ভূষিত করা+অর—ণ। ন্—লোপ, স্—আগম) সং, পুং, বংশ, বাঁশ। বংশযষ্টি। (+অর—ভাবে) গতি। জ্ঞান। [ভণ্ড।
মস্করা (দেশজ) সং, গল্পকারক, পরিহাসক,
মস্করী (মস্করিন্, মস্কর বংশ [দণ্ড]+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ভিক্ষু, চতুর্থ আশ্রমী। শিং—১ "মা কুরুত কর্ম্মাণি শান্তির্বঃ শ্রেয়সী।" ২ "ধারয়ন্ মস্করিব্রতম্।" (ভট্টি)। চন্দ্র।
মস্ত (মস পরিমাণ করা+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, শিরঃ, মাথা। অগ্রভাগ। বিং, ত্রিং, উচ্চ।
মস্তক (মস্ত+কণ্—যোগ) সং, পুং—ক্লীং, শিরঃ, মাথা। অগ্রভাগ। বিং,ত্রিং, উচ্চ।
মস্তকস্নেহ ; সং, পুং, শিরঃস্থিত মজ্জা। মস্তিষ্ক। শিং—১ "গোদন্ত মস্তকস্নেহো মস্তিষ্কো মস্তলুঙ্গকঃ।"
মস্তকাখ্য (মস্তক—আখ্যা নাম) সং, পুং, বৃক্ষশিরঃ, গাছের আগা।
মস্তদারু ; সং, পুং, দেবদারু।
মস্তমূলক (মস্ত মস্তক—মূল+কণ্—যোগ) সং, ক্লীং, ঘাড়। [সং, স্ত্রীং, পরিমাণ।
মস্তি (মস্ ওজন করা+তি(ক্তি)—ভা)
মস্তিষ্ক (মস্+তি(ক্তি)—ভাবে=মস্তি—মস্ক্ গমন করা, পাওয়া + অ(অন্)—ক, নিপাতন) সং, ক্লীং, মস্তিষ্কের ভিতর ঘৃতের মত যে কোমল বস্তু আছে, মাথার ঘি, মগজ; ইদানীন্তন ইউরোপীয় পণ্ডিতেরা মস্তিষ্ককে মন ও বুদ্ধিস্থান কহেন।
মস্তু (মস্ ওজন করা+তু(তুন্)—র্ম্ম) সং, ক্লীং, দধ্যাদির জলীয়াংশ, মাৎ। শিং—১"মস্তুক্রমহরং স্বল্পং লঘুভুক্তাভিলাষ কৃৎ।"
মস্তুলুঙ্গ ; সং, পুং, মস্তিষ্ক।
মস্যাধার (মসী কালী—আধার আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দোয়াত্।
মহ (মহ্ পূজা করা+অ(অল্)—ভাবে) সং, পুং, উৎসব। যজ্ঞ। তেজঃ। (+অল্—র্ম্ম) মহিষ। বিং, ত্রিং, পূজনীয়।
মহক (মহ্ পূজা করা+কণ্—যোগ) সং, পুং, মহৎব্যক্তি কচ্ছপ। বিষ্ণু।
মহকুমা (Subdivision) উপরিভাগ।
মহক্ক ; বহুস্থানব্যাপী গন্ধ।
মহৎ (মহ দেখ, অৎ—র্ম্ম) বিং, ত্রিং, বৃহৎ, বড়। প্রবল। অধিক, অনেক। প্রধান, শ্রেষ্ঠ। উদার। শিং—১ "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে

দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহৎ শব্দো ন দীয়তে।" সং, ক্লীং, রাজ্য। পুং, মহত্তত্ব। তী—স্ত্রীং, নারদের বীণাযন্ত্র। শিং—১ "অবেক্ষমাণং মহতীং মুহুর্মুহু।" (মাঘ)। বৃহতী।

মহত্তত্ত্ব; সং, ক্লীং, সাঙ্খ্যমতোক্ত চতুর্ব্বিংশতিতত্ত্বান্তর্গত দ্বিতীয় তত্ত্ব বুদ্ধিস্বরূপ। শিং—১ "একা মূর্ত্তিস্ত্রয়ো ভাগা ব্রহ্ম বিষ্ণুমহেশ্বরাঃ। সবিকারাৎ প্রধানাত্তু মহত্তত্ত্বং প্রজায়তে।"

মহত্তর (মহৎ+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) সং, পুং—স্ত্রীং, শূদ্র। বিং, ত্রিং, অতিশয় মহৎ।

মহত্তরিকা (মহৎ—তর, কণ, আপ্) সং, স্ত্রীং, বর্ণসঙ্করজাতিবিশেষ।

মহত্ত্ব (মহৎ+ত্ব—ভাবে) সং, ক্লীং, বৃহত্ত্ব। প্রাধান্য। প্রকর্ষ। আধিক্য। ঔদার্য্য।

মহনীয় (মহ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পূজনীয়, মান্য। [মহর্লোক।

মহর (মহ দেখ, অর্—প্রং) অং, ঊর্দ্ধস্থ

মহর্লোক (মহস্ যজ্ঞ—লোক ভুবন) সং, পুং, ভূলোকাদি সপ্তলোকের মধ্যে চতুর্থ লোক। শিং—১ "চতুর্থে তু মহর্লোকে তিষ্ঠন্তি কল্পবাসিনঃ।"

মহর্ষভী; সং, স্ত্রীং, কপিকচ্ছু।

মহর্ষি (মহা মহৎ শব্দজ—ঋষি, য়ং—স। বেদান্তাদিতে ঈশ্বরকে মহৎ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যিনি বুদ্ধিবলে বর্দ্ধিত হইয়া সম্যক্‌রূপে সেই মহৎ লাভ করিয়াছেন তিনিই মহর্ষি। অথবা যিনি স্বয়ং উৎপন্ন হয়েন তাঁহার নাম মহর্ষি। মরীচি প্রভৃতি ব্রহ্মার মানস হইতে স্বয়ং উৎপন্ন হইয়াছেন, এই প্রকার উৎকর্ষবশতঃ ইহাদের নাম মহর্ষি) সং, পুং, প্রধান ঋষি,ব্যাস প্রভৃতি। শিং—১"বিবর্দ্ধমানৈস্তৈর্বুদ্ধ্যা মহান্ পরিগতঃ পরম্। যস্মাদৃষিঃ পরত্বেন মহাংস্তস্মান্মহর্ষয়ঃ।"

মহল—ঘর, বাসস্থান। প্রকোষ্ঠ।

মহলত—অবকাশ বা সময় লওয়া।

মহলদার—জলকর বনকর ফলকর ইত্যাদিকে সায়রাৎ মহল যে ব্যক্তি বন্দোবস্ত করিয়া লইয়া রাজস্ব আদায়ে ভোগ করে।

মহল্লক } (মহল্ল [যাবনিক] অন্তঃপুর+কণ্
মহল্লিক } —যোগ, দ্বিতীয় পক্ষে—ইক—রক্ষার্থে) সং, পুং, কঞ্চুকী, অন্তঃপুর রক্ষক। শিং—১ "মুষ্কশূন্যোঽনুপস্থো যঃ স্ত্রীস্বভাবো মহল্লিকঃ।" (শব্দমালা)।

মহল্লা—নগর বা সহরের এক খণ্ডাংশ, পল্লি, পাড়া। [তত্ত্বাবধায়ক।

মহল্লাদার—পুলীসের কর্ম্মচারীর অধীনস্থ

মহশীলদার—কোন অভিযুক্ত ব্যক্তির প্রতি যে আর্থিক দণ্ড প্রভৃতি হয় তাহা আদায়ের জন্য যে ব্যক্তিকে নিযুক্ত করা যায়।

মহস্ (মহ দেখ, অস্ (অসুন্)—র্ম্ম) সং, ক্লীং, তেজঃ। উৎসব। যজ্ঞ।

মহস্ (মহ্ পূজা করা+অস্—র্ম্ম) সং, ক্লীং, জ্ঞান। প্রকার। প্রভেদ।

মহা (মহ্ পূজা করা+অ(অল্)—র্ম্ম, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, স্ত্রীগবী, গাভী।

মহাকচ্ছ (মহৎ—কচ্ছ তীর) সং, পুং, সমুদ্র। বরুণ। পর্ব্বত।

মহাকপিত্থ (মহৎ—কপিত্থ কএতবেল) সং, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ। [করমুচা।

মহাকরঞ্জ; সং, পুং, করঞ্জবিশেষ, কাঁটা

মহাকর্ণিকার; সং, পুং, আরগ্বধ, সোঁদাল।

মহাকায় (মহৎ—কায় দেহ, ষষ্ঠী—হিং) সং, পুং, নন্দী, শিবের দ্বারপাল। হস্তী। বিং, ত্রিং, বৃহৎশরীরবিশিষ্ট।

মহাকার্ত্তিকী; সং, স্ত্রীং, রোহিণীনক্ষত্রযুক্তা কার্ত্তিকী পৌর্ণমাসী।

মহাকাল (মহৎ—কাল কৃষ্ণবর্ণ, সময়। ইনি প্রলয়ে জগৎ ভক্ষণ করেন) সং, পুং, রুদ্র, শিব। শিং—১ "মহাকালেন চ সমং বিপরীত রতাতুরাম্।" ভৈরববিশেষ। শিং—১ "মহাকালং যজেদ্দেব্যা।" প্রমথগণবিশেষ। লী—স্ত্রীং, মহাকাল-পত্নী, রুদ্রাণী।

মহাকাব্য (মহৎ—কাব্য কবিতা, য়ং—স) সং, ক্লীং, কোন দেবতার অথবা সদ্বংশজাত অশেষগুণসম্পন্ন ক্ষত্রিয়ের কিম্বা এক বংশোদ্ভব বহু ভূপতিদিগের বৃত্তান্ত লইয়া যে কাব্য রচিত হয়, মহাকাব্য নানা সর্গে

বিভক্ত, তাহাতে অষ্টাধিক সর্গ থাকা আবশ্যক; মহাকাব্য সকল আদিরস বা বীররস প্রধান; মধ্যে মধ্যে অন্যান্য রসেরও প্রসঙ্গ থাকে; যথা—কুমারসম্ভব, রঘুবংশ, মেঘদূত, ভট্টি, কিরাতার্জ্জুনীয়, নৈষধীয় চরিত, শিশুপালবধ প্রভৃতি। শিং — ১ "সর্গবন্ধো মহাকাব্যং তত্রৈকো নায়কো সুরঃ। সদ্বংশঃ ক্ষত্রিয়ো বাপি ধীরোদাত্তগুণান্বিতঃ॥ একবংশভবা ভূপাঃ কুলজা বহবোঽপিবা। শৃঙ্গারবীরশান্তানামেকোঽঙ্গীরস ঈষ্যতে॥ অঙ্গানি সর্ব্বেঽপি রসাঃ সর্ব্বে নাটকসন্ধয়ঃ। ইতিহাসোদ্ভবং বৃত্তমন্যদ্বা সজ্জনাশ্রয়ম্॥ চত্বারস্তস্য বর্গাঃ স্যুস্তেষেকঞ্চ ফলং ভবেৎ। আদৌ নমস্ক্রিয়াশীর্ব্বা বস্তুনির্দ্দেশ এব বা॥ কচিন্নিন্দা খলাদীনাং সত্যঞ্চ গুণকীর্ত্তনম্। একবৃত্তময়ৈঃ পদ্যৈরবসানেঽন্যবৃত্তকৈঃ॥ নাতিস্বল্পা নাতিদীর্ঘাঃ সর্গা অষ্টাধিকা ইহ। নানাবৃত্তময়ঃ ক্বাপি সর্গঃ কশ্চন দৃশ্যতে॥"

মহাকুল (মহৎ — কুল বংশ) বিং, ত্রিং, কুলীন, সৎকুলজাত। সং, ক্লীং, প্রসিদ্ধ বংশ। দশপুরুষাবধি বেদাধ্যায়ী বংশ। শিং — ১ "দশপুরুষবিখ্যাতং শ্রোত্রিয়াণাং মহাকুলম্।"

মহাকুলীন; বিং, ত্রিং, মহাকুলোদ্ভব।

মহাগন্ধ (মহৎ — গন্ধ, ৬ষ্ঠী — হিং) সং, ক্লীং, হরিচন্দন। বোল। পুং, কুটজবৃক্ষ। জলবেতস। ন্ধা — স্ত্রীং, নাগবলী। কেবিকা। চামুণ্ডা।

মহাগব (মহৎ — গো গোরু) সং, পুং, গবয়, গলকম্বলশূন্য গোসদৃশ পশু।

মহাগুরু (মহৎ — গুরু) সং, পুং, পুরুষের পিতা মাতা এবং আচার্য্য। স্ত্রীদিগের পতি। অদত্তা কন্যার পিতা এবং মাতা। শিং — ১ "মহাগুরু নিপাতে চ কাম্যং কিঞ্চিন্নচাচরেৎ।"

মহাগ্রীব (মহৎ — গ্রীবা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, উষ্ট্র, উট। বিং, ত্রিং, বৃহৎগ্রীবাবিশিষ্ট।

মহাঘূর্ণা (মহৎ অধিক — ঘূর্ণ ঘোরা + অ (অন্) — প্রং, আপ্) সং, স্ত্রীং, সুরা, মদিরা।

মহাঘোর; বিং, ত্রিং, অতিভয়ঙ্কর। শিং — ১ "যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী।"

মহাঘোষ (মহৎ — ঘোষ শব্দ ইত্যাদি) সং, ক্লীং, যেখানে অত্যন্ত কোলাহল হয়, যেমন—হাট বাজার প্রভৃতি। ষা — স্ত্রীং, কর্কটশৃঙ্গী। কুন্দুরুকী।

মহাঙ্গ (মহৎ — অঙ্গ দেহ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, উষ্ট্র, উট। গোক্ষুরক। রক্তচিত্রক। বিং, ত্রিং, বিপুলাবয়বযুক্ত।

মহাচণ্ড (মহৎ অধিক — চণ্ড উগ্র, অতিশয় ক্রুদ্ধ) সং, পুং, যমভৃত্য, যমদূত। বিং, ত্রিং, প্রচণ্ড।

মহাচ্ছদ (মহা — ছদ পত্র, ৬ষ্ঠী — হিং) সং, পুং, দেবতাড়বৃক্ষ। বৃহৎ পত্র।

মহাচ্ছায় (মহৎ — ছায়া, ৬ষ্ঠী — হিং) সং, পুং, বটবৃক্ষ। বিং, ত্রিং, বৃহচ্ছায়াযুক্ত।

মহাজন (মহৎ — জন, য়ং — স) সং, পুং, সাধু, ধার্ম্মিক, বেদবাক্যে শ্রদ্ধাবান্ ও খ্যাতাপন্নব্যক্তি। শিং — ১ "বেদা বিভিন্নাঃ স্মৃতয়ো বিভিন্না নাসৌ মুনির্যস্য মতং ন ভিন্নং। ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ স পন্থাঃ।" (ভারত)। বাণিজ্যকারী। মহাদি। বিখ্যাত। উত্তমর্ণ, যে ব্যক্তি সুদ গ্রহণ করিয়া টাকা কর্জ্জ দেয়।

মহাজ্বাল (মহৎ — জ্বালা অগ্নিশিখা) সং, পুং, হোমাগ্নি, যজ্ঞাগ্নি।

মহাজ্বালা; সং, স্ত্রীং, বিদ্যাধরীবিশেষ। বৃহদগ্নিশিখা। [পূর্ণিমা।

মহাজ্যৈষ্ঠী; সং, স্ত্রীং, রবিবারস্থ জ্যৈষ্ঠী

মহাঢ্য; সং, পুং, কদম্ব। মহাধনী।

মহাতমঃপ্রভা (মহা — তমঃ অন্ধকার — প্রভা আলোক) সং, স্ত্রীং, নরকের নিয়ভাগ।

মহাতরু; সং, পুং, স্নুহীবৃক্ষ। বিপুলবৃক্ষ।

মহাতল (মহৎ — তল অধোভাগ, য়ং — স) সং, ক্লীং, সপ্ত পাতালের মধ্যে পঞ্চম পাতাল।

মহাতারা; সং, স্ত্রীং, তন্ত্রোক্ত তারিণীদেবী।

মহাতালী; সং, স্ত্রীং, রাজতালী।

মহাতিক্ত; সং, পুং, নিম্ববৃক্ষ। বিং, ত্রিং, অতিশয় তিক্তরসযুক্ত।

মহাতেজাঃ (—তেজস্,মহৎ—তেজস্ দীপ্তি, পৌরুষ ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়। অগ্নি। ক্লীং, পারদ, পারা। বিং, ত্রিং, অতিশয় তেজস্বী।

মহাত্মা (মহাত্মন্, মহৎ—আত্মন্ স্বভাবাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহামনাঃ, মহাশয়, বদান্য। উদার।

মহাদণ্ড; সং, পুং, যমদূতবিশেষ।

মহাদান; সং, ক্লীং, বিনায়কাদিপূজাঙ্গপাত্মক তুলাপুরুষাদি ষোড়শদান।

মহাদারু; সং, ক্লীং, দেবদারু।

মহাদেব (মহৎ ব্রহ্মাদি—দেব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। শিং—১ "ব্রহ্মাদীনাং সুরাণাঞ্চ মুনীনাং ব্রহ্মবাদিনাং। তেষাঞ্চ মহতাং দেবো মহাদেবঃ প্রকীর্ত্তিতঃ॥ মহতী পূজিতা বিশ্বে মূলপ্রকৃতিরীশ্বরী। তস্যা দেবঃ পূজিতশ্চ মহাদেবঃ স চ স্মৃতঃ॥" বী—স্ত্রীং,দুর্গা। শিং—১"পূজ্যতে যা সুরৈঃ সর্ব্বৈর্মহাংশ্চৈব প্রমাণতঃ। ধাতুর্মহেতি পূজায়াং মহাদেবী ততঃ স্মৃতা।" রাজ্ঞী, পাটরাণী।

মহাদেশ; সং, পুং, অনেক রাজ্যাদিবিশিষ্ট নানাজাতি লোকের বাসস্থান অতি বিস্তীর্ণ ভূভাগ। [বিশেষ।

মহাদৈত্য; সং, পুং, ভৌত্যমন্বন্তরীর দৈত্য-

মহাদ্বন্দ্ব; সং,পুং, রণবাদ্য। অতিশয় কলহ।

মহাদ্রাবক; সং, পুং, ঔষধবিশেষ।

মহাদ্রুম (মহৎ—দ্রুম বৃক্ষ) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। বৃহৎবৃক্ষ, বড়গাছ।

মহাধন (মহৎ—ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধনাঢ্য, অতিশয় ধনশালী। বহুমূল্য। সং, ক্লীং, সুবর্ণ। কৃষিকার্য্য।

মহাধাতু (মহৎ প্রধান—ধাতু আকরিক) সং, পুং, কাঞ্চন, সুবর্ণ।

মহানক; সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ।

মহানট (মহৎ—নট নর্ত্তক) সং, পুং, শিব, মহাদেব।

মহানদী; সং, স্ত্রীং, উড়িষ্যাদেশের মধ্য দিয়া প্রবাহিত নদীবিশেষ। বৃহৎনদী।

মহানন্দ (মহৎ—আনন্দ সুখ) সং, পুং, মুক্তি, মোক্ষ। অতিশয় আনন্দ। বিং,ত্রিং, অতিশয় আনন্দযুক্ত। ন্দা—স্ত্রীং, সুরা, মদ্য। নদীবিশেষ। মাঘমাসের শুক্লানবমী শিং—১"মাঘমাসস্য যা শুক্লানবমী লোকপূজিতা। মহানন্দেতি সা প্রোক্তা সদানন্দকরী নৃণাম্।"

মহানন্দি, সং, পুং, নন্দিবর্দ্ধন রাজপুত্র।

মহানরক; সং, পুং, অতিশয় যাতনাদায়ক স্থান।

মহানল; সং, পুং, দেবনল।

মহানবমী; সং, স্ত্রীং, আশ্বিনশুক্লানবমী। শিং—১ "ততোঽশুনবমী যা স্যাৎ সা মহানবমী স্মৃতা।"

মহানস (মহৎ—অনস অন্ন, ৭মী—হিং+অ—স্বার্থে) সং, পুং—ক্লীং, রন্ধনগৃহ।

মহানাটক; সং, ক্লীং, দশ অঙ্কযুক্ত নাটকবিশেষ; যথা বালরামায়ণ প্রভৃতি। হনূমদ্রচিত রামচরিত নাটকবিশেষ।

মহানাড়ী; সং, স্ত্রীং, কণ্ডরা।

মহানাদ (মহৎ—নাদ শব্দ) সং, পুং, বৃহৎ শব্দ। হস্তী। বর্ষণকারী মেঘ। সিংহ। উষ্ট্র। শঙ্খ। কর্ঠবাদ্য। বিং, ত্রিং, মহাশব্দবিশিষ্ট।

মহানিদ্রা (মহৎ—নিদ্রা, য়ং—স) সং, স্ত্রীং, মৃত্যু, মরণ, নিমীলন।

মহানিশা (মহৎ—নিশা রাত্রি, য়ং—স) সং, স্ত্রীং, মধ্যরাত্র, রাত্রির মধ্যপ্রহরদ্বয়। শিং—১ "মহানিশা তু বিজ্ঞেয়া মধ্যমপ্রহরদ্বয়ম্।" [পুং, রজক, [illegible]।

মহানীচ (মহৎ অধিক—নীচ অ[illegible] সং,

মহানীল (মহৎ—নীল নীলবর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নাগবিশেষ। সিংহলদ্বীপসম্ভূত নীলকান্ত মণি। শিং—১ "যস্ত বর্ণস্য ভূয়স্ত্বাৎ ক্ষীরে শতগুণে স্থিতঃ। নীলতাং তনুয়াৎ সর্ব্বং মহানীল স উচ্যতে।"

মহানীলী; সং, স্ত্রীং, নীলাপরাজিতা।

মহানুভব } মহানুভাব } (মহৎ—অনুভব, অনুভাব—প্রভাব, মহিমা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদারস্বভাব, মহাপ্রভাব। শিং—১ "সুকৃতী পুণ্যবান্ ধন্যো ধর্ম্মী চ ধর্ম্মবানপি। মহাশয়োমহেচ্ছঃ স্যান্মহানুভাব ইত্যপি।" পুং, অতিপ্রতাপ।

মহানেমি ; সং, পুং, কাক।
মহান্ত ; সং, পুং, নবধা ভক্তিযুক্ত কৃষ্ণভক্ত।
মহাপক্ষ (মহা বৃহৎ—পক্ষ ডানা, পার্শ্বদেশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজহংসবিশেষ। ক্ষী—স্ত্রীং, পেচক, পেঁচা।
মহাপথ (মহৎ প্রধান—পথ পথিন্‌শব্দজ) সং, পুং, প্রধানপথ, রাজবর্ত্ম। মরণ। হিমালয়োত্তরস্থ স্বর্গারোহণপথ।
মহাপদ্ম (মহৎ—পদ্ম পঙ্কজ) সং, পুং, নাগবিশেষ। কুবেরের নিধিবিশেষ। লক্ষকোটি সংখ্যা। নৃপবিশেষ। ক্লীং, শুক্লপদ্ম।
মহাপাতক } (মহৎ—পাতক, পাপ, য়ং—
মহাপাপ } স) সং, ক্লীং, অত্যন্ত পাপ; ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের স্বর্ণচুরী, সুরাপান, এবং গুরুভার্য্যা হরণ ও ইহাদের সংসর্গজন্য—পঞ্চবিধ পাপ।
মহাপাতকী (—পাতকিন্, (মহাপাতক+ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, মহাপাপী। পতিত (ব্যক্তি)। [লক্ষীভিক্ষু।
মহাপাসক ; সং, পুং, বুদ্ধভিক্ষু, বৌদ্ধধর্ম্মাব-
মহাপুর ; সং, পুং, তীর্থবিশেষ।
মহাপুরাণ ; সং, ক্লীং, একাদশ লক্ষণযুক্ত ব্যাসপ্রণীত অষ্টাদশ পুরাণ।
মহাপুরুষ (মহৎ—পুরুষ মানুষ) সং, পুং, শ্রেষ্ঠপুরুষ, সাধুব্যক্তি। পুরুষোত্তম, নারায়ণ, শিং—১ "বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্।"
মহাপ্রভু (মহৎ প্রধান—প্রভু) সং, পুং, পরমেশ্বর। শিব। ইন্দ্র। রাজা। মুনি।
মহাপ্রলয় (মহৎ—প্রলয় নাশ, য়ং—স) সং, পুং, সমস্ত ব্রহ্মাণ্ডের বিনাশ এবং ব্রহ্মার বিনাশ, সর্ব্বভূতক্ষয়কাল।
মহাপ্রসাদ (মহৎ—প্রসাদ প্রসন্নতা) সং, পুং, দেবোদ্দেশে নিবেদিত দ্রব্য। অতি প্রসন্নতা। পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য—এই ত্রিবিধ। শিং—১ "পাদোদকঞ্চ নির্ম্মাল্যং নৈবেদ্যঞ্চ বিশেষতঃ। মহাপ্রসাদ ইত্যুক্ত্বা গ্রাহ্যং বিষ্ণোঃ প্রযত্নতঃ।"
মহাপ্রাণ ; সং, পুং, বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ। দাঁড়কাক।
মহাফল (মহৎ—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিল্ববৃক্ষ। বিং, ত্রিং, মহৎ ফলযুক্ত। লা—স্ত্রীং, ইন্দ্রবারুণী। মহাফলযুক্তা। শিং—১ "প্রবৃত্তিরেষাভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা।" [পত্র যাহার নিকট থাকে।
মহাফেজ—মোকদ্দমার দলিল ও কাগজ
মহাফেজখানা—যে স্থানে মহাফেজের জিম্মায় কাগজ পত্র থাকে।
মহাবল (মহৎ অধিক—বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বলবান্। সং, পুং, বায়ু। বুদ্ধ। ক্লীং, সীসক, সীসা। লা—স্ত্রীং, বলাবিশেষ। [পুং, বুদ্ধ।
মহাবোধি (মহৎ—বোধি শিক্ষক) সং,
মহাব্রহ্মন্, মহাব্রাহ্মণ (মহৎ—ব্রাহ্মণ, য়ং—স) সং, পুং, নীচ ব্রাহ্মণ, অন্ত্যেষ্টিক্রিয়াকারয়িতা ব্রাহ্মণ, অগ্রদানি ব্রাহ্মণ। বেদবিৎ ব্রাহ্মণ।
মহাভট ; সং, পুং, অতিশয় যোদ্ধা।
মহাভদ্রা (মহৎ অধিক—ভদ্রা) সং, স্ত্রীং, গঙ্গা, ভাগীরথী। কাশ্মরী।
মহাভাগ (মহৎ—ভাগ ভাগ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অতিশয় সৌভাগ্যশালী। মহাশয়। বিং, ত্রিং, দয়াদি অষ্টগুণযুক্ত।
মহাভারত (মহৎ—ভার+ত। অথবা ভারত, ভরত+ষ্ণ, য়ং—স। মহত্ত্ব ও ভারতবংশ বর্ণনহেতুক ইহার নাম মহাভারত। পূর্ব্বে দেবতারা একদা সমবেত হইয়া তুলযন্ত্রের একদিকে চারিবেদ ও অন্যদিকে এই ভারতসংহিতা রাখিলেন, কিন্তু পরিমাণকালে ভারতসংহিতা সরহস্য বেদচতুষ্টয় অপেক্ষা মহত্ত্ব ও ভারবত্ত্বগুণে অধিক হওয়ায় দেবতারা ইহাকে মহাভারত বলিয়া নির্দ্দেশ করেন) সং, ক্লীং, বেদব্যাসপ্রণীত ইতিহাস শাস্ত্র। আদি, সভা, বন, বিরাট, উদ্যোগ, ভীষ্ম, দ্রোণ, কর্ণ, শল্য, সৌপ্তিক, স্ত্রী, শান্তি, অনুশাসন, অশ্বমেধ, আশ্রমবাস, মুষল, মহাপ্রস্থান, স্বর্গারোহণ এই অষ্টাদশপর্ব্বযুক্ত। শিং—১ "একতশ্চতুরো বেদা ভারতঞ্চৈতদেকতঃ। পুরা কিল সুরৈঃ সর্ব্বৈঃ সমস্ত তুলয়া ধৃতং॥ চতুর্ভ্যঃ সরহস্যেভ্যো বেদেভ্যোহভ্যধিকং যদা। তদা প্রভৃতি লোকেঽস্মিন্ মহাভারত-

মুচ্যতে॥ মহত্ত্বাদ্ভারতত্বাচ্চ মহাভারত-মুচ্যতে।" (আদিপর্ব্ব)।

মহাভীতা (স্পর্শমাত্রে যে ভীত হইয়া সঙ্কুচিত হয়) সং, স্ত্রীং, লজ্জালুলতা। বিং, অতিভয়শীলা।

মহাভীম (মহৎ অধিক—ভীম ভয়ঙ্কর) সং, পুং, শান্তনুরাজা। ভৃঙ্গি নামে শিবের দ্বারপাল। বিং, ত্রিং, অতিশয় ভয়ানক।

মহাভীষ্ম (মহৎ অধিক—ভীষ্ম ভয়ঙ্কর) সং, পুং, শান্তনুরাজা।

মহাভূত (মহৎ—ভূত পৃথিব্যাদি, য়ং—স) সং, ক্লীং, প্রধান ভূত, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম—এই পঞ্চ। শিং—১ "তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা" (রঘু)। শ্রেষ্ঠজীব। পরমেশ্বর।

মহাভৈরব; সং, পুং, শরভরূপী হর। শিং—১ "যোঽহসৌ মহাভৈরবাখ্যঃ সকায়ঃ শারভো হরঃ।"

মহাভোগা; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "মহার্থসাধনী দেবী মহাভোগা ততঃ স্মৃতা।"

মহামণ্ডুক; সং, পুং, পীতবর্ণ ভেক, সোণা-ব্যাঙ্।

মহামতি (মহৎ—মতি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতি বুদ্ধিমান্। শিং—১ "কিমেতন্নাভি জানামি জানন্নপি মহামতে।"

মহামদ (মহৎ—মদ মত্ততা বা হস্তিগণ্ড-নিঃসৃত জল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মত্তহস্তী। অতিশয় হর্ষ। অতিশয় মত্ততা। বিং, ত্রিং, অতি মত্ততাযুক্ত।

মহামনাঃ (মহামনস্, মহৎ উদার—মনস্ মন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহাত্মা, মনস্বী, উদারচিত্ত। শিং—১ "ততো যুধিষ্ঠিরো রাজাধর্ম্মপুত্রো মহামনাঃ।"

মহামহিম (মহামহিমন্, মহৎ—মহিমন্ মহিমা, মাহাত্ম্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় মহিমান্বিত, অতি মহত্ত্ববান্।

মহামাংস; সং, ক্লীং, নরমাংস।

মহামাত্র (মহৎ—মাত্রা ধন, বা হস্ত্যশ্বাদি যাহাদের সেনাপত্যাদি মধ্যে ধন, বা হস্ত্যশ্বাদি আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজমন্ত্রী। শিং—১ "মন্ত্রে কর্ম্মণি ভূষায়াং বিত্তে মানে পরিচ্ছদে। মাত্রা চ মহতী যেষাং মহামাত্রাস্তু তে স্মৃতাঃ।" রাজ্যের কর্ম্মকর্ত্তা। প্রধান ব্যক্তি। হস্তিপক, মাহুত। ধনাঢ্য ব্যক্তি। ত্রী—স্ত্রীং, আচার্য্যপত্নী। মহামাত্রপত্নী।

মহামায়া (মহৎ—মায়া, য়ং—স) সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "মহামায়া প্রভাবেন সংসারস্থিতিকারিণঃ।" জগৎ-কারণভূতা অবিদ্যা, সংসার-ভ্রম।

মহামায়ী (মহামায়া দেখ) সং, স্ত্রীং, দুর্গা।

মহামারী (মহৎ—মারী) সং, স্ত্রীং, মহাকালী। শিং—১ "সৈবকালে মহামারী সৈব স্থষ্টির্ভবত্যজা।" অতিশয় মরক।

মহামাষ; সং, পুং, রাজমাষ, বরবটিকলায়।

মহামুখ (মহৎ বৃহৎ—মুখ বদন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুম্ভীর, কুমীর।

মহামুদ্রা—মন্ত্রের সাধন করিবার যন্ত্র।

মহামুনি (মহৎ—মুনি) সং, পুং, মহর্ষি, অগস্ত্য প্রভৃতি। বুদ্ধদেব। কৃপাচার্য্য। কাল। ব্যাস। তুম্বুরুবৃক্ষ। ক্লীং, ঔষধবিশেষ। [যুক্ত।

মহামূর্দ্ধা (মূর্দ্ধন্) সং,পুং, শিব। বৃহৎ মস্তক-

মহামূল; সং, পুং, রাজপলাণ্ডু।

মহামূষিক; সং, পুং, বৃহৎ উন্দুরু।

মহামৃগ (মহৎ—মৃগ পশু) সং, পুং, হস্তী, গজ। শরভ।

মহামৃত্যুঞ্জয়; সং, পুং, শিবমন্ত্রবিশেষ।

মহামেঘ; সং, পুং, শিব। ভয়ঙ্কর মেঘ।

মহামোহ; সং, পুং, বিষয়-বাসনারূপ অজ্ঞান। সংসার মূলকারণরাগরূপ মোহ। মৈথুনাদি সুখভোগেচ্ছারূপ অন্তঃকরণবৃত্তিবিশেষ। শিং—১ "মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগ সুখৈষণা।"

মহাম্ল (মহৎ অধিক—অম্ল টক) সং, ক্লীং, তেঁতুল।

মহাযজ্ঞ (মহৎ—যজ্ঞ যাগ) সং, পুং, বেদাধ্যয়ন, হোম, অতিথিপূজা, তর্পণ ও জীবগণকে খাদ্যদান—এই পঞ্চ প্রকার যজ্ঞ।

মহাযোগী (মহান্—যোগী) সং, পুং, যাহার চিত্তবৃত্তি বিরুদ্ধ বাহ্য বস্তুর সহিত কোন

সম্পর্ক নাই তিনিই যোগী। তিনি ব্রহ্ম তিনি সচ্চিদানন্দময়প্রকৃতির কার্য্য হইতে সম্পূর্ণরূপে নির্লিপ্ত এইজন্য তিনি মহাযোগী।

মহারজত (মহৎ—রজত রৌপ্য, য়ং—স) সং, ক্লীং, কাঞ্চন। ধুস্তূর, ধুতুরা।

মহারজন (মহৎ—রনৃজ রং করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, স্বর্ণ। কুসুমফুল।

মহারত্ন; সং, ক্লীং, মণিশ্চ করিচক্রাণি বরা স্ত্রী পরিগায়কাঃ। পঞ্চৈতানি তু রত্নানি মহান্তি গৃহনায়কাঃ।"

মহারথ (মহৎ—রথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দশসহস্র ধনুর্ধারিদের সহিত সক্ষম যোদ্ধা। শিং—১ "একো দশসহস্রাণি যোধয়েৎ যস্ত ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স মহারথ উচ্যতে॥ আত্মানং সারথিং চাশ্বান্ রক্ষন্ যুধ্যেত যো নরঃ স মহারথসংজ্ঞঃ স্যাদিত্যাহুর্নীতিকোবিদাঃ।" ২ "রথেনৈকেন যঃ শত্রূন্ সাহঙ্কারো ব্রজত্যলম্। মহারথ সঃ বিজ্ঞেয়ো যুদ্ধশাস্ত্রবিশারদঃ।" বৃহদ্রথ।

মহারস; সং, পুং, খর্জ্জুর। কেশুর। কোষকারবিশেষ। ইক্ষু। কাঞ্জিক। পারদ।

মহারাজ (মহৎ—রাজন্ রাজা, য়ং—স, অ(য)—স্বার্থে) সং, পুং, সম্রাট্, প্রধান রাজা। পূর্ব্বজিনবিশেষ। নখ।

মহারাজদ্রুম; সং, পুং, আরগ্বধ সোঁদাল।

মহারাজাধিরাজ (মহারাজ—অধিরাজ প্রধান রাজা) সং, পুং, সর্ব্বপ্রধান রাজা, সার্ব্বভৌম।

মহারাজিক (মহারাজ+ইক(ষ্ণিক)—সংজ্ঞার্থে) সং, পুং, ২২০ সংখ্যক গণদেবতাবিশেষ।

মহারাত্রি; সং, স্ত্রীং, মহাপ্রলয়রাত্রি। শিং—১"ব্রহ্মণাঞ্চ নিপাতে চ মহাকল্পা ভবেন্নৃপঃ। প্রকীর্ত্তিতা মহারাত্রিঃ সা এব চ পুরাতনৈঃ।" অর্দ্ধ রাত্রের পর মুহূর্ত্তদ্বয়। শিং—১ "অর্দ্ধ রাত্রাৎ পরং যচ্চ মুহূর্ত্তদ্বয়মুচ্যতে। সা মহারাত্রি রুদ্দিষ্টা তদ্দত্তমক্ষয়ং ভবেৎ।"

মহারাষ্ট্র (মহৎ—রাষ্ট্র রাজ্য) সং, পুং, মারহাট্টাদেশ। স্ত্রী+স্ত্রীং, মহারাষ্ট্রদেশীয় ভাষা। জলপিপ্পলী।

মহারুদ্র; সং, পুং, মহাদেব। শিং—১"মহারুদ্রঃ স এবাত্মা মহাবিষ্ণুঃ স এব হি।"

মহারূপ (মহৎ—রূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। বিং, ত্রিং, অতিশয় রূপবান্।

মহারূপক (মহৎ প্রধান—রূপক নাট্যগ্রন্থের অলঙ্কারবিশেষ) সং, ক্লীং, নাট্যগ্রন্থবিশেষ।

মহারোগ (মহৎ—রোগ পীড়া) সং, পুং, রাজযক্ষ্মা প্রভৃতি অসাধ্য রোগ।

মহারোগী (—রোগিন্, মহারোগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মহারোগগ্রস্ত।

মহারোমা (মহারোমন্) সং, পুং, শিব। বিং, ত্রিং, অতি রোমযুক্ত।

মহারৌরব (মহৎ—রুরু দৈত্যবিশেষ+অ(ষ্ণ)—জাতার্থে) সং, পুং, নরকবিশেষ। শিং—১ "মহারৌরব সংজ্ঞস্তু অধোহর্দ্ধং তাম্রসংপুটং। ধম্যতে খদিরাঙ্গারৈর্গুরুর্দারাপনায়কঃ।"

মহার্ঘ (মহৎ—অর্ঘ মূল্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহামূল্য, অতিশয় মূল্যবান্।

মহার্ণব; সং, পুং, মহাসমুদ্র।

মহার্ব্বুদ; সং, ক্লীং, শত কোটি সংখ্যা।

মহার্হ; সং, ক্লীং, শ্বেতচন্দন। বিং, ত্রিং, মহামূল্য। শিং—১ "মহার্হাস্তরণে শুভে।"

মহাল—ভূমিসম্পত্তি; যাহার রাজস্ব গবর্ণমেণ্টকে দেওয়া যায় ও কালেক্টরীর তৌজি রেজেষ্টরীভুক্ত থাকে।

মহালক্ষ্মী (মহৎ—লক্ষ্মী দেবীবিশেষ) সং, স্ত্রীং, দেবীবিশেষ। শিং—১ "ইহ মহালক্ষ্মীং সরোজস্থিতাম্।" রাধা। নারায়ণীশক্তি। শিং—১ "বৈষ্ণবাস্তাং মহালক্ষ্মীং পরাং রাধাং বদন্তিতে।"

মহালয় (মহৎ—আলয় আশ্রয়, ৭মী—হিং) সং, পুং, তীর্থ। পরমাত্মা। আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ, অপরপক্ষ। শিং—১ "তস্যাং দদ্যাৎ ন চেদ্দত্তং পিতৃণাং বৈ মহালয়ে।" বৃহদালয়। য়া—স্ত্রীং, আশ্বিন কৃষ্ণপক্ষের অমাবস্যা।

মহালিঙ্গ ; সং, পুং, শিব । বিং, ত্রিং, বৃহল্লিঙ্গযুক্ত ।

মহালীলসরস্বতী ; সং, স্ত্রীং, তারাবিশেষ । শিং—১ "লীলয়া বাক্‌প্রদাচেতি তেন লীলাসরস্বতী ।"

মহালোল (মহৎ—লোল চঞ্চল) সং, পুং, কাক । বিং, ত্রিং, অতিশয় চঞ্চল ।

মহালোহ (মহৎ—লোহ লৌহ) সং, ক্লীং, অয়স্কান্তমণি, চুম্বক পাথর ।

মহাবন ; সং, ক্লীং, বৃহদ্বন । বৃন্দাবনস্থ চতুরশীতি বনান্তর্গত বনবিশেষ ।

মহাবরা (মহৎ—বর শ্রেষ্ঠ) সং, স্ত্রীং, তৃণবিশেষ, দূর্ব্বা ।

মহাবরাহ (মহৎ—বরাহ শূকর) সং, পুং, বিষ্ণুর অবতারবিশেষ । শিং—১ "মহাবরাহো গোবিন্দঃ সুসেনঃ কনকাঙ্গদী ।"

মহাবরোহ ( মহৎ—অবরোহ ) সং, পুং, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ ।

মহাবল্লী ; সং, স্ত্রীং, মাধবী লতা ।

মহাবস (মহৎ—বস্ যে বাস করে। অথবা মহৎ—বসা মেদঃ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, শিশুমার, শুশুক ।

মহাবাক্য (মহৎ—বাক্য) সং, ক্লীং, বাক্যসমূহ, বৃহৎ বাক্য, অনেক বাক্য। ব্রহ্মপ্রতিপাদক বাক্য, "ওঁ তৎসৎ" ।

মহাবারুণী ; সং, স্ত্রীং, গঙ্গাস্নানের যোগবিশেষ । চান্দ্র চৈত্র মাসের শনিবারযুক্তা কৃষ্ণাত্রয়োদশী । শিং—১ "শনিবার সমাযুক্তা সা মহাবারুণীস্মৃতা ।"

মহাবাহু ("তিনি বাহুদ্বয় দ্বারা রোদসী ধারণ করিতেছেন বলিয়া মহাবাহু বলিয়া বিখ্যাত") সং, পুং, কৃষ্ণ ।

মহাবিদ্যা (মহৎ—বিদ্যা দুর্গা) সং, স্ত্রীং, দেবীবিশেষ ; কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা—এই দশ । শিং—১ "এতা দশমহাবিদ্যা সিদ্ধবিদ্যা প্রকীর্ত্তিতাঃ ।"

মহাবিরাট ; সং, পুং, মহাবিষ্ণু । শিং—১ "সুবিস্তৃতে জলাধারে শয়ানশ্চ মহান্‌ বিরাট্ ।"

মহাবিল ( মহৎ—বিল ছিদ্র, ৬ষ্ঠী—হিং ) সং, ক্লীং, আকাশ । বৃহৎ ছিদ্র । অন্তঃকরণ, মনঃ । জলের জালা ।

মহাবিষ (মহৎ—বিষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দ্বিমুখ সর্প ।

মহাবিষুব ( মহৎ—বিষুব মেষসংক্রান্তি, য়ং—স) সং, ক্লীং, রবির মেষে সংক্রমণ ।

মহাবিষুবচক্র ; সং, ক্লীং, নক্ষত্রঘটিত নরাকার চক্র ।

মহাবিষ্ণু ; সং, পুং, মহাবিরাট্ ।

মহাবীচি (মহৎ—বীচি তরঙ্গ, ৬ষ্ঠী—হিং। অথবা মহৎ—অবীচি) সং, পুং, নরকবিশেষ ।

মহাবীজ্য ( মহৎ প্রধান—বীজ+য(ক্য) —স্বার্থে ) সং, ক্লীং, মুষ্ক ও বক্ষ্ণণের মধ্যভাগ ।

মহাবীর (মহৎ—বীর শূর) সং, পুং, গরুড় । সিংহ । হনুমান্ । যজ্ঞাগ্নি । বজ্র । শ্বেতাশ্ব । পক্ষিবিশেষ । যজ্ঞসাধন মৃণ্ময় পাত্র । বিং, ত্রিং, অতিশয় পরাক্রমশালী (ব্যক্তি) ।

মহাবীর্য্য (মহৎ—বীর্য্য সারাংশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বলবান্ । সং, পুং, ব্রহ্মা । বুদ্ধভেদ । বারাহীকন্দ । র্য্যা—স্ত্রীং, সংজ্ঞা, সূর্য্যপত্নী । বনকার্পাসী । মহাশতাবরী ।

মহাবৃহতী ; সং, স্ত্রীং, বার্ত্তাকী ।

মহাবৃক্ষ ; সং, পুং, স্নুহীবৃক্ষ ।

মহাবেগ (মহৎ—বেগ, ৬ষ্ঠী—[illegible] সং, পুং, শিব । অতিবেগ । বিং, [illegible], অতিশয় বেগযুক্ত ।

মহাব্যাধি (মহৎ—ব্যাধি রোগ) সং, পুং, কুষ্ঠ প্রভৃতি রোগ । শিং—১ "সর্ব্বব্যাধিবিনির্মুক্তো মহাব্যাধিবিশেষতঃ ।"

মহাব্যাহৃতি (মহৎ—ব্যাহৃতি উক্তি, য়ং—স) সং, স্ত্রীং, ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা—এই তিনটী বাক্য ।

মহাব্রণ ( মহৎ—ব্রণ স্ফোটক ) সং, ক্লীং, দুষ্টব্রণ, নালী ঘা । শিং—১ "মহাব্রণ বিমোক্ষায় বিংশাবৃত্তং পঠেন্নরঃ ।"

মহাব্রত ; সং, ক্লীং, দ্বাদশবার্ষিক ব্রতবিশেষ

মহাব্রতী (মহাব্রতিন, মহৎ—ব্রত+ইন্—

অস্ত্যর্থে) সং, পুং, শিব। চন্দ্র। বিং, ত্রিং, মহৎব্রতবিশিষ্ট।

মহাশক্তি (মহৎ—শক্তি ক্ষমতা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় পরাক্রমশালী। সং, পুং, কার্ত্তিকেয়। অতিশয় পরাক্রম।

মহাশঙ্খ (মহৎ—শঙ্খ শাঁখ, সংখ্যা ইত্যাদি) সং,পুং,মানুষাস্থি, মানুষের হাড়। শব-কপাল। কর্ণ এবং নেত্রের মধ্যবর্ত্তী অস্থি। শিং—১"কর্ণনেত্রান্তরালাস্থি মহাশঙ্খঃ প্রকীর্ত্তিতঃ।" তন্ত্রে—বীরাচারপ্রসিদ্ধ নৃকপালাস্থিজাত মালাবিশেষ। শিং—১ "নৃললাটাস্থিখণ্ডেন রচিতা জপমালিকা। মহাশঙ্খময়ী মালা তারাবিদ্যাজপে প্রিয়ে।" ললাট। সংখ্যাবিশেষ। বৃহৎ শঙ্খ। শিং—১ "পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ।" কুবেরের নিধিবিশেষ। অস্ত্রবিশেষ। [অতিশয় ধূর্ত্ত।

মহাশঠ ; সং, পুং, রাজধুস্তুর। বিং, ত্রিং,

মহাশয় (মহৎ—আশয় মন বা অভিপ্রায়, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং,মহামনাঃ। মহাত্মা। মহেচ্ছ। সং, পুং, সমুদ্র।

মহাশয্যা (মহৎ—শয্যা শয়নীয় খট্টা) সং, পুং, সিংহাসন। বৃহৎ শয্যা।

মহাশল্ক (মহৎ—শল্ক আঁইস, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

মহাশিব ; সং,পুং, মহাদেব। শিং—১"মহাশিবং শিবকল্পং শিববীজং শিবাশ্রয়ম্।"

মহাশীতা ; সং, স্ত্রীং, শতমূলী। বিং, ত্রিং, অতি শীতবীর্য্যযুক্ত।

মহাশুক্তি (মহৎ প্রধান—শুক্তি ঝিনুক) সং, স্ত্রীং, মুক্তাপ্রসবিনী শুক্তি।

মহাশুক্ল (মহৎ অধিক, অত্যন্ত—শুক্ল শ্বেত বর্ণ) বিং, ত্রিং, অতিশয় শুভ্রবর্ণ। ক্লা—স্ত্রীং, সরস্বতী।

মহাশুভ্র (মহৎ অধিক - শুভ্র শাদা) সং, ক্লীং, রজত, রৌপ্য। বিং, ত্রিং, অতি শুভ্রবর্ণ।

মহাশূদ্র (মহৎ—শূদ্র চতুর্থবর্ণ) সং, পুং, আভীর, গোপ। দ্রী—স্ত্রীং, আভীরী, গোয়ালিনী।

মহাশ্বেতা (মহৎ অধিক—শ্বেত শুক্লবর্ণ, য়ং—স) সং, স্ত্রীং, সরস্বতী। স্ত্রী-বিশেষ। দুর্গা। প্রসিদ্ধ নগরীবিশেষ। কৃষ্ণ ভূমিকুষ্মাণ্ড। শ্বেত অপরাজিতা।

মহাশ্মশান (মহৎ—শ্মশান প্রেতভূমি। লোকে যেখানে মরিতে গমন করে) সং, ক্লীং, বারাণসী, কাশী। [বৃক্ষ।

মহাশ্যামা ; সং, স্ত্রীং, শ্যামালতা। শিংশপা-

মহাশ্রম ; সং, পুং, তীর্থবিশেষ।

মহাশ্রমণ (মহৎ অধিক—শ্রমণ [ঈশ্বরের উপাসনায়] শ্রম) সং, পুং, বুদ্ধবিশেষ, শাক্য, শাক্যমুনি।

মহাষষ্ঠী ; সং, স্ত্রীং, দুর্গা।

মহাষ্টমী (মহৎ—অষ্টমী) সং, স্ত্রীং, আশ্বিনী শুক্লা অষ্টমী। শিং—১ "আশ্বিনে শুক্লপক্ষস্য ভবেদ্‌যা অষ্টমীতিথিঃ। মহাষ্টমীতি সা প্রোক্তা দেব্যাঃ প্রীতিকরা পরা।"

মহাসত্ত্ব ; সং, পুং, কুবের।

মহাসাগর—অতিবিস্তীর্ণ লবণময় যে জলভাগ পৃথিবীকে বেষ্টন করিয়া আছে।

মহাসান্তপন (মহৎ—সান্তপন ব্রতবিশেষ) সং, ক্লীং, ছয়দিবস কষ্টসাধ্য ব্রতবিশেষ। শিং—১ "পৃথক্‌সান্তপনৈর্দ্রব্যৈঃ ষড়হঃ সোপ বা সকঃ। সপ্তাহেনৈব কৃচ্ছ্রো হ্যয়ং মহাসান্তপনঃ স্মৃতঃ।"

মহাসার ; সং, পুং, দুর্খদির।

মহাসিংহ ; সং, পুং, দেবীবাহন। শরভ।

মহাসুখ (মহৎ—সুখ আনন্দ) সং, ক্লীং, অতিশয় আনন্দ। মৈথুন। পুং, বুদ্ধ।

মহাসূক্ষ্মা (মহৎ অত্যন্ত—সূক্ষ্ম সরু) সং, স্ত্রীং, বালুকা, বালি। ত্রিং, অতি সূক্ষ্ম।

মহাসেন (মহৎ—সেনা,৬ষ্ঠী—হিং) সং,পুং, কার্ত্তিকেয়। শিব বৃহৎসেনাপতি। বৃত্তার্হৎপিতৃবিশেষ।

মহাস্থলী (মহৎ—স্থলী রাশি, স্থান) সং, স্ত্রীং, পৃথিবী। শ্রেষ্ঠস্থান।

মহাস্থান—বগুড়ার তিন ক্রোশ উত্তরে স্থিত প্রদেশ, যেখানে পরশুরামের বাসস্থান ছিল।

মহাস্বন (মহৎ—স্বন শব্দ) সং, পুং, রণবাদ্য। মহৎশব্দ। বিং, ত্রিং, বৃহৎশব্দযুক্ত।

মহাহনু ; সং, পুং, শিব। অসুরবিশেষ। বিং, ত্রিং, বৃহদ্ধনুযুক্ত।

মহাহবিঃ ; সং, ক্লীং, গব্যঘৃত। বিষ্ণু।

মহাহাস ; সং, পুং, অট্টহাস্য।

মহি—'মহী' দেখ।

মহিকা (মহিত দেখ, অক(ণক)—র্ম্ম, আপ) সং, স্ত্রীং, তুষার, হিম।

মহিত (মহ্ পূজা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সম্মানিত, অর্চ্চিত। শিং—১ "কলহংসরামমহিতঃ কৃতবান্।"

মহিন (মহ্ পূজা করা বা পূজিত হওয়া+ইন্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, রাজ্য।

মহিমা (—মন্, মহৎ বৃহৎ+ইমন্—ভা) সং, পুং, শিবের বিভূতি-বিশেষ, স্বীয় শরীরকে স্থূল করিবার ক্ষমতা। শক্তি। মাহাত্ম্য, গৌরব। ঐশ্বর্য্য। উৎকর্ষ। শিং—১ "অধোঽধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপজায়তে।

মহির (মহ্ পূজিত হওয়া+ইর—র্ম্ম) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ।

মহিলা } মহেলা } (মহ্ পূজাকরা,পূজিত হওয়া+ইল—র্ম্ম, আপ) সং,স্ত্রীং,নারী।

মহিষ (মহিলা দেখ, ইষ(টিষচ্)—ণ) সং, পুং,পশুবিশেষ, লুলাপ; যমের বাহন। অসুর-বিশেষ,মহিষা-সুর। ষী—স্ত্রীং, স্ত্রীমহিষ। কৃতা-ভিষেকা রাজ্ঞী। ব্যভিচারিণী স্ত্রী। ঔষধ-বিশেষ।



মহিষ।

মহিষঘ্নী ; সং, স্ত্রীং, মহিষাসুরঘাতিনী দুর্গা। শিং—১"মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ড-মালিনি।"

মহিষধ্বজ } মহিষবাহন } (মহিষ—ধ্বজা চিহ্ন, প-তাকা, ৬ষ্ঠী—হিং। মহিষ—বাহন যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অন্তক, যম। অর্হদ্বিশেষ।

মহিষমর্দ্দিনী (মহিষ অসুরবিশেষ—মর্দ্দিনী [মৃদ্ মর্দ্দন করা+ইন্(ণিন্)—ক, ঈপ] বিনাশকর্ত্রী) সং, স্ত্রীং, মহিষাসুর-বিনাশিনী দুর্গা। অষ্ট[illegible] বিদ্যা। শিং—১ "অষ্টাক্ষরীসমাখ্যাতা বিদ্যা মহিষমর্দ্দিনী।"

মহিষাসুর ; সং, পুং, রম্ভাসুরপুত্র।

মহিষ্ঠ (মহৎ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতি মহৎ।

মহী, মহি (মহ্ পূজা করা+ই—র্ম্ম) সং, স্ত্রীং, পৃথিবী। নদীবিশেষ। গো।

মহীক্ষিৎ (মহী—ক্ষি প্রভুত্বকরা+০(ক্বিপ্)—ক) সং, পুং, ভূপতি, রাজা। শিং—১ "অসীম্মহীক্ষিতামাদ্যঃ প্রণবশ্ছন্দসামিব।"

মহীজ (মহী পৃথিবী—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, ভৌম, মঙ্গলগ্রহ। নরকাসুর। ক্লীং,আর্দ্রক। বিং, ত্রিং, ভূমিজাত। জা—স্ত্রীং, সীতা।

মহীধর } মহীধ্ } (মহী পৃথিবী—ধর, ধৃ [ধৃ ধরা+অ(ক)—ক]=যে ধারণ করে, ২য়া—ষ) সং,পুং, পর্ব্বত,ক্ষিতিধর।

মহীপ } মহীপাল } (মহী—প, পাল=যে রক্ষা করে, ২য়া—ষ) সং, পুং, ভূপতি, রাজা। শিং—১ "স পপাত মহী-পৃষ্ঠে শস্ত্র সংঘসমাহতঃ। নীরক্তশ্চ মহী-পাল রক্তবীজো মহাসুরঃ।" [নৃপ।

মহীপতি(মহী—পতি,৬ষ্ঠী—ষ) সং,পুং,রাজা,

মহীপ্রাচীর (মহী—প্রাচীর প্রান্তভাগে আবৃতি। পৃথিবীকে সম্পূর্ণরূপে বেষ্টন করিয়া আছে বলিয়া) সং, ক্লীং, সমুদ্র।

মহীভুক্ } মহীভুজ } (—ভুজ, মহী—ভুজ,ভুজ যে ভোগ করে) সং, পুং, রাজা।

মহীভৃৎ (মহী—ভৃ ধারণ করা, পোষণ করা +০(ক্বিপ্)—ক, ৎ—আগম) সং, পুং, রাজা। শিং—১"অনুবৃত্তিং ধ্রুবং তেহদ্য কুর্ব্বন্ত্যন্যমহীভৃতাম্।" পর্ব্বত। শিং—১ "মহীভৃত পুত্রবতোঽপি দৃষ্টিস্তস্মিন্নপত্যে ন জগাম তৃপ্তিং।"

মহীময় (মহী+ময়—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, মৃণ্ময়, মৃত্তিকানির্ম্মিত। য়ী—স্ত্রীং, মৃণ্ময়ী। শিং—১ "তৌ তস্মিন্ পুলিনে দেব্যাঃ কৃত্বা মূর্ত্তিং মহীময়ীম্।"

মহীয়ান্ (মহীয়স্, মহৎ বৃহৎ+ঈয়সু—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতি মহৎ। ম-হাত্মা। উত্তম।—য়সী—স্ত্রীং,অতিমহতী।

মহীয্যমান (মহ্ পূজা করা+য (ক্য)+আন(শান)—র্ম্ম। ম—আগম) বিং, ত্রিং, পূজ্যমান। শিং—১ "মহীয্যমানা ভবতাঽতিমাত্রম্।"(ভট্টি)।

মহীরুহ } (মহী—রুহ, রুহ্ [রুহ্+অ (ক),০(ক্বিপ্)—ক]=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ। শাকবৃক্ষ।
মহীরুহ্ }

মহীলতা (মহী—লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কিঞ্চুলুক, কেঁচুয়া।

মহীসুত (মহী—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। নরকাসুর।

মহেচ্ছ (মহতী—ইচ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহাশয়, উন্নতেচ্ছ, উদারস্বভাব।

মহেন্দ্র (মহৎ—ইন্দ্র, য়ং—স) সং,পুং,বিষ্ণু। মহাবীর্য্যবান্ ইন্দ্র। জম্বুদ্বীপের পর্ব্বতবিশেষ, উড়িষ্যা ও উত্তর সরকার অবধি গণ্ডোয়ানা পর্য্যন্ত পরিব্যাপ্ত পর্ব্বত শ্রেণী।

মহেন্দ্রকদলী; সং, স্ত্রীং, কদলীবিশেষ।

মহেন্দ্রনগরী (মহেন্দ্র—নগরী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অমরাবতী। [মাকাল্।

মহেন্দ্রবারুণী; সং, স্ত্রীং, লতাবিশেষ, বড়

মহেন্দ্রাণী (মহেন্দ্র+ঈপ্, আন্—আগম) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী।

মহেলা } (মহ উৎসব—ইলা [পৃথিবী] স্থান, অথবা মহ্ পূজা করা+ইল—র্ম্ম। কণ—যোগে মহেলিকা) সং, স্ত্রীং, নারী, যোষিৎ।
মহেলিকা }

মহেশ } (মহৎ—ঈশ, ঈশ্বর, য়ং—স) সং, পুং, মহাদেব, শিব। শিং—১ "বিশ্বস্থানাঞ্চ সর্ব্বেষাং মহতামীশ্বরঃ স্বয়ং। মহেশ্বরঞ্চ তেনেমং প্রবদন্তি মনীষিণঃ।"
মহেশ্বর }

মহেশবন্ধু; সং, পুং, বিল্ববৃক্ষ।

মহেশী, মহেশ্বরী (মহেশ, মহেশ্বর+ঈপ্) সং, স্ত্রীং, পার্ব্বতী, মহেশ্বরপত্নী। কাঁসা।

মহেম্বাস (মহেষু [মহৎ—ইষু বাণ] বৃহৎ বাণ—আস যে নিক্ষেপ করে, ২য়া—ষ। অথবা মহৎ—ইম্বাস ধনুর্দ্ধর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহাধনুর্দ্ধর। শিং—১ "যুযুধুঃ সংযুগে তেঽপি মহেম্বাসা মহাবলাঃ।" সং,পুং, বৃহৎ ধনুক।

মহোক্ষ (মহৎ—উক্ষন্ বৃষ, য়ং—স, অ—স্বার্থে) সং, পুং, বৃহৎ বৃষ, মহাবৃষভ। শিং—১ "মহোক্ষং বা মহাজং বা শ্রোত্রিয়ায় প্রকল্পয়েৎ।"

মহোৎকা (মহ [বৃহৎ] পুনঃপুনঃ। উৎক সুযোগ, অভ্যন্তরকাল) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

মহোৎপল (মহৎ—উৎপল জলপুষ্প, য়ং—স) সং, ক্লীং, বৃহৎ পদ্ম। সারসপক্ষী।

মহোৎসব (মহৎ—উৎসব, য়ং—স) সং, পুং, মহা আনন্দজনক ব্যাপার। শিং—১ "প্রতিসংবৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসবঃ।"

মহোৎসাহ (মহৎ—উৎসাহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতি উদ্যমযুক্ত। সং, পুং, রাজ্যাঙ্গপ্রাপ্ত রাজপুরুষ। মহৎ চেষ্টা।

মহোদধি—ধী (মহৎ—উদধি সমুদ্র, য়ং—স) সং, পুং, সমুদ্র, মহাসমুদ্র। শিং—১ "লঙ্কা দগ্ধা বনং ভগ্নং লঙ্ঘিতশ্চ মহোদধিঃ।"

মহোদয় (মহৎ—উদয় উত্থান) সং, ক্লীং, কান্যকুব্জদেশ। পুং, আধিপত্য, কর্ত্তৃত্ব। মুক্তি, মোক্ষ। স্বামী। যোগবিশেষ। বিং, ত্রিং, অতিসমৃদ্ধ। অত্যুন্নত।

মহোদরী; সং, স্ত্রীং, মহাশতাবরী। (সমস্ত ব্রহ্মাণ্ড উদরমধ্যে আছে বলিয়া) ভগবতী। বিং, বৃহৎ উদরযুক্তা।

মহোদ্যম; বিং, ত্রিং, মহোৎসাহযুক্ত। সং, পুং, অতিশয় উদ্যোগ।

মহোন্নত; সং, পুং, তাল। বিং, ত্রিং, অত্যুন্নতিযুক্ত।

মহোন্নতি; সং, স্ত্রীং, অতিশয় বৃদ্ধি। শিং—১ "ভুঙ্ক্তে মহদৈশ্বর্য্যং পুত্রাদীনাং মহোন্নতিম্।"

মহোন্মাদ (মহৎ—উন্মাদ উন্মত্ত) সং, পুং, মৎস্যবিশেষ, ফলুইমাছ। বিং, ত্রিং, অতিশয় উন্মত্ত।

মহোরগ (মহৎ—উরগ সর্প) সং, পুং, সর্পগণবিশেষ। বৃহৎসর্প। ক্লীং, তগরমূল।

মহোল্কা (মহতী—উল্কা আকাশাগ্নি, য়ং—স) সং,স্ত্রীং,বৃহৎ উল্কা। শিং—১"বিদ্যুৎস্তনিতনির্ঘাত মহোল্কানাঞ্চ সংপ্লবে।"

মহৌজাঃ (-জস্, মহৎ-ওজস্, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, মহাতেজস্বী। মহাবল।

মহৌষধ (মহৎ-ঔষধ) সং, ক্লীং, রশুন। উত্তম ঔষধ। শুঁঠ। পিপুল।

মহৌষধি-ধী (মহৎ-ওষধি ফল পাকান্ত লতা, বং-স) সং, স্ত্রীং, দূর্ব্বা। রাত্রিকালে দীপ্তিশীল তৃণ-লতাদি। মহাস্নানীয় দ্রব্যবিশেষ। শ্বেতকণ্টকারী। ব্রাহ্মী। কটুকা। অতিবিষা। ছিলমোচিকা।

মহ্যদিব-অর্জ্জুনমিশ্রমতে-দিব্‌শব্দের অর্থ স্বর্গাধিষ্ঠাত্রী দেবতা অথবা অদিতি।

মা (মা পরিমাণ করা+০(ক্বিপ্)-ভাবে) অং, নিন্দা। বিকল্প। নিষেধ। (নিষেধার্থ মা শব্দ ক্রিয়াযোগেই প্রয়োগ হয়)। শিং -১"মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ।" স্ত্রীং, পরিমাণ। জ্ঞান। দীপ্তি। (+ক্বিপ-ক) মাতা। লক্ষ্মী।

মাই (দেশজ) সং স্তন, পয়োধর।

মাংস (মন্ বোধ করা+স-র্ম্ম) সং, ক্লীং, পিশিত, শরীরাংশবিশেষ। পুং, কাল। কীট।

মাংসকারি; সং, ক্লীং, রক্ত।

মাংসচ্ছদা; সং, স্ত্রীং, মাংসরোহিণীবিশেষ।

মাংসজ } (মাংস-জ [জন্ জন্মান +অ(ড)-ক] উৎপন্ন।
মাংসতেজঃ } মাংসতেজস্, মাংস-তেজস্ দীপ্তি) সং, ক্লীং, মেদ, ভুঁড়ি।

মাংসদলন (মাংস প্লীহাত্মক মাংস-দল্ দলন করা+অন (অনট্)-ক) সং, পুং, প্লীহাঘাতক বৃক্ষ।

মাংসদ্রাবী (-দ্রাবিন্, মাংস-দ্রু ণিচ= দ্রাবি জীর্ণ করান+ইন্ (ণিন্)-ক) সং, পুং, অম্লবেতস।

মাংসপেশি-শী (Muscle) সং,স্ত্রীং, যে যন্ত্র দ্বারা ইচ্ছামাত্র শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালনক্রিয়া সমাধা হয়, মাংসপেশী কেবল মাংসরাশি মাত্র; মাংসপিণ্ডী, মসস্।

মাংসফলা; সং, স্ত্রীং, বার্ত্তাকু।

মাংসভক্ষ (মাংস-ভক্ষ যে ভক্ষণ করে, ২য়া-ষ) বিং, ত্রিং, মাংসাশী, মাংসভক্ষণকারী।

মাংসল (মাংস+ল-অস্ত্যর্থে,বিদ্যমানার্থে) বিং, ত্রিং, বলবান্। স্থূল, মোটা। শিং -১"মাংসলৈশ্চ ধনোপেতৈরবক্রৈরধরৈর্নৃপাঃ।"

মাংসসার } (মাংস-সার সারাংশ।
মাংসস্নেহ } মাংস-স্নেহ তৈলাদি দ্রব বস্তু) সং, পুং, মেদ, ভুঁড়ি।

মাংসহাসা (মাংস-হাস হাস্য) সং, স্ত্রীং, চর্ম্ম, চামড়া।

মাংসাদ (মাংস-অদ [অদ্ ভোজন করা +অ(অন্)-ক] যে খায়, ২য়া-ষ) বিং, ত্রিং, মাংসভোজী, মাংসাশী।

মাংসাশী (মাংসাশিন্, মাংস-আশী [অশ্ ভোজন করা+ইন্(ণিন্)—ক] যে খায়, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভক্ষক।

মাংসাষ্টকা; সং, স্ত্রীং, গৌণচান্দ্র মাঘমাসীয় কৃষ্ণাষ্টমী।

মাংসিক (মাংস+ইক (ঞিক)-জীবিত্যর্থে) বিং, ত্রিং, মাংসবিক্রয়ী, কসাই।

মাকড়, মাকড়্সা (মর্কট শব্দজ) সং, লূতা, উর্ণনাভ।

মাকন্দ (মা সৌন্দর্য্য, পরিমিত-কন্দ মূল) সং, পুং, আম্রবৃক্ষ। চন্দনবৃক্ষ। ক্লীং, আম্র। ন্দী-স্ত্রীং, আমলকী। পীতচন্দন। নগরীবিশেষ।

মাকরী (মকর দশম রাশি+অ( [illegible] -ভবার্থে, ঈপ্-স্ত্রীং) সং, স্ত্রীং, [illegible]মাসের শুক্লা সপ্তমী। শিং-১ "[illegible] রোগঞ্চ শোকঞ্চ মাকরী হন্ত সপ্তমী।" বিং, ত্রিং, মকররাশিসম্বন্ধীয়। [পাটের ডাঁটা।

মাকাটী (দেশজ) সং, কার্পাসের বীজ।

মাকাল (মহাকাল শব্দজ) সং, মৎস্যের দেবতা। মহাকাল লতা। ফলবিশেষ; ইহা লালবর্ণ হেতু দেখিতে সুন্দর; যথা— "স্বর্ণকান্তি মাকাল যেমতি মোহে ক্ষুধাতুর প্রাণে।" [তুরী]

মাকু (দেশজ) সং, বস্ত্রনির্ম্মাণের যন্ত্রবিশেষ,

মাক্ষিক, মাক্ষীক (মক্ষিকা মাছি+অ(ঞ)-কৃতার্থে) সং,ক্লীং, মধু। খনিজ স্বর্ণ রৌপ্য

মাক্ষিকজ (মাক্ষিক মধু—জ [জন্ জন্মান +অ(ড)—ক] জাত, ৫মী—য) সং, ক্লীং, শিক্থক, মোম।

মাক্ষিকফল; সং, ক্লীং, মধুনারিকেল।

মাক্ষিকশর্করা; সং, স্ত্রীং, মধুজাত খণ্ডবিশেষ।

মাক্ষিকাশ্রয় (মাক্ষিক মধু—আশ্রয় আধার) সং, ক্লীং, মৌচাক। মোম।

মাখন (দেশজ) সং, নবনীত, ননী।

মাগধ (মগধ্ [কণ্ড্বাদি] যাচ্ঞা করা+অ (ষণ্)—ক। কিম্বা মগধ দেশবিশেষ+অ(ষ্ণ)—জাতার্থে) সং, পুং, রাজাদের এবং সৈন্যসমূহের অগ্রে স্তুতিপাঠক, বন্দী। বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়াগর্ভজাত জাতিবিশেষ, ভাট। বিং, ত্রিং, মগধদেশোৎপন্ন, গুজরাটী। ধী—স্ত্রীং, মগধদেশজাতা গণিকা। মগধরাজকন্যা। যুথিকা পুষ্প, যুঁইফুল। ভাষাবিশেষ, মগধদেশীয় ভাষা। গুজরাটী এলাইচ।

মাগী (দেশজ) সং, বৃদ্ধা স্ত্রী, বুড়া, অধিক বয়স্কা স্ত্রী।

মাগ, মাগু (দেশজ) সং, পত্নী, ভার্য্যা।

মাগুর (মদ্গুর শব্দজ) সং, মৎস্যবিশেষ।

মাঘ (মঘা+ষ্ণ, ঈপ্=মাঘী মঘানক্ষত্র যুক্তা পৌর্ণমাসী + অ(ষ্ণ)—তদ্যুক্তকালার্থে) সং, পুং, দশমমাস। শিশুপালবধকাব্য। শিশুপালবধ কাব্যের রচয়িতা কবি। শিং—১ "তাবদ্বা ভারবের্ভাতি যাবন্মাঘস্য নোদয়ঃ। ঘী—স্ত্রীং, মাঘমাসসম্বন্ধীয়া। মঘানক্ষত্রযুক্তা পূর্ণিমা, মাঘমাসেয়।

মাঘবতী } (মাঘবৎ, মঘবন্+অ, ঈ—
মাঘোনী } প্রং। দ্বিতীয়পক্ষে, ব=উ এবং অ+উ=ও) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্।

মাঘবন (মঘবন্ ইন্দ্র+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়।

মাঘ্য (মাঘ দশমাস+য(ষ্ণ্য)—জাতার্থে, মাঘমাসে যাহা জন্মে) সং, ক্লীং, কুন্দপুষ্প, কুঁদফুল। বিং, ত্রিং, মাঘমাসজাত।

মাঙ্গন (দেশজ) সং, যাচন, ভিক্ষাকরণ। নির্দ্দিষ্ট খাজানার অতিরিক্ত যাহা জমীদার বলপূর্ব্বক প্রজার নিকট আদায় করে, আবুয়াব।

মাঙ্গলিক, মাঙ্গল, মাঙ্গল্য ('মঙ্গল+ইক (ষ্ণিক), অ(ষ্ণ), য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, মঙ্গলকর, শুভজনক।

মাঙ্গল্য (মঙ্গল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মঙ্গল। বিং, ত্রিং, শুভজনক, মঙ্গলকর। শিং—১ "মাঙ্গল্যেষু বিবাহেষু কন্যা সংবরণেষু চ। দশমমাসাঃ প্রশস্যন্তে চৈত্রপৌষবিবর্জ্জিতাঃ।"

মাচ; সং, পুং, বর্ত্ম, পথ।

মাচল (মা ভাগ্য, বন—চল্ [এইরূপ উপায় দ্বারা] গমন করা+অ(অন্)—ক) সং, পুং, চোর। বন্দী, কয়েদী। রোগ, পীড়া। [রচিত উচ্চস্থান।

মাচা (মঞ্চ শব্দজ) সং, পুং, মাচা, বংশ-

মাচিকা (মচ কল্কন করা+অক(ণক)—ক, আপ্) সং, স্ত্রীং, মক্ষিকা, মাছি। অম্বষ্ঠা।

মাচির (মা নিষেধ, না—চির চিরম্ শব্দজ) অং, অবিলম্বে, শীঘ্র। শিং—১ "অস্মিন্ হিমবতঃ শৃঙ্গে নাবং বধ্নীত মাচিরম্।"

মাছ (মচ্ছ শব্দজ) সং, মীন, ঝষ, মচ্ছ।

মাছি, মাচি (মাচিকা শব্দজ) সং, কীটবিশেষ, মাচি।

মাঝ (মধ্য শব্দজ) সং, অভ্যন্তর। সার।

মাজরা (Occurrence) ঘটনা।

মাজড়াস্থান (Place of occurrence) ঘটনাস্থল।

মাজন (মার্জ্জন শব্দজ) সং, রগড়ান, ঘর্ষণ।

মাজল; সং, পুং, পক্ষিবিশেষ, চাসপক্ষী।

মাজা } (মধ্য শব্দজ) মধ্যস্থান। কটি-
মাজার } দেশ।

মাজীবৎ (মা নিন্দিত—জীব বাঁচা+অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, গর্হিতজীবনবিশিষ্ট।

মাজুম (আরবী=মাজুন) সং, মাদকদ্রব্যবিশেষ।

মাজুল (যাবনিক) কর্ম্মচ্যুত।

মাঝ (মধ্য শব্দজ) সং, মধ্যস্থল, ভিতর।

মাঝি (দেশজ) সং, নাবিক। (সাঁওতাল পরগণায় পল্লীর প্রধান প্রজা বা চকদার অথবা প্রধান ব্যক্তিকে মাঝি বলে)।

মাতৃমুখ ⎫ (মাতৃ মাতা—মুখ প্রধান।
মাতৃশাসিত ⎭ মাতৃ—শাসিত দমিত) সং, পুং, মূর্খ, অজ্ঞব্যক্তি।

মাতৃবন্ধু ⎫ (মাতৃ মাতা—বন্ধু, বান্ধব=
মাতৃবান্ধব ⎭ জ্ঞাতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মাতার পিস্তুতো ভাই, মাতার মাস্তুতো ভাই এবং মাতার মামাতো ভাই। শিং—১ "মাতুঃ পিতুঃ স্বসুঃ পুত্রাঃ মাতুর্মাতুঃ স্বসুঃ সুতাঃ, মাতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবঃ।"

মাতৃবাহিনী ; সং, স্ত্রীং, বল্গুলাপক্ষী।

মাতৃষ্বসা—স্ব ⎫ (মাতৃ মাতা—স্বসৃ ভ-
মাতুঃষ্বসা—স্ব ⎬ গিনী,৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং,
মাতুঃস্বসা—স্ব ⎭ মাতার ভগ্নী, মাসী।

মাতৃষ্বস্রীয় ⎫ (মাতৃষ্বসৃ মাতার ভগিনী+
মাতৃষ্বস্রেয় ⎭ ঈয়(ণীয়), এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, য়ী—স্ত্রীং, মাতার ভগিনীর পুত্র বা কন্যা।

মাতোয়ালি—মুসলমানদিগের দাতব্যকার্য্যের তত্ত্বাবধায়ক।

মাত্র (মা পরিমাণ করা+ত্র—ভাবে) সং, ক্লীং,কেবল। অবধারণ। সাকল্য,কার্ৎস্ন্য।

মাত্রা (মা+ত্র—ণ, আপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, অংশ। অল্প পরিমাণ। ধন। পরিচ্ছদ অর্থাৎ হস্ত্যশ্বাদি। অক্ষরাবয়ব। বর্ণের উচ্চারণকাল ; ইহা চারি প্রকার হ্রস্ব, দীর্ঘ, প্লুত এবং ব্যঞ্জন। এক মাত্রার নাম হ্রস্ব ; যেমন—অ, অর্থাৎ সহজে অবর্ণ উচ্চারণ করিতে যে সময় লাগে, তাহাকে হ্রস্ব বা এক মাত্রা কহে। দ্বিমাত্রার নাম দীর্ঘ ; যেমন—অ, অ, সহজে দুইটী অকার উচ্চারণে যে সময় লাগে তাহাকে দীর্ঘ বা দ্বিমাত্রকাল কহে। ত্রিমাত্রার নাম প্লুত ; যেমন—অ, অ, অ, তিনটী অবর্ণ সহজে উচ্চারণ করিতে যে সময় আবশ্যক করে, তাহাকে প্লুত বা ত্রিমাত্রকাল বলে। অর্দ্ধমাত্রাকে ব্যঞ্জন কহে ; যেমন—ক্ খ্ ইত্যাদি। "কালেন মাত্রাসাজ্ঞেয়া মুনিভির্বেদপারগঃ।" পরিমাণ। কর্ণভূষণ। (+ত্র—ভা) অবিচ্ছেদ। ইন্দ্রিয়বৃত্তি। "মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণসুখদুঃখদাঃ।"

মাত্রাপান (মাত্রা অল্প পরিমাণ—পান) সং, ক্লীং, অল্পপান, পরিমিত পান।

মাত্রাবৃত্ত ; সং,ক্লীং, আর্য্যাদি ছন্দোবিশেষ।

মাত্রাসংজ্ঞক ; সং, ক্লীং, ছন্দের উপলক্ষণ।

মাত্রিক (মাত্রা+ইক(ঞ্চি[illegible]—ইদমর্থে) বিং, ত্রিং, প্রাকৃতিক, ভূ[illegible]।

মাৎ (পারস্য) শতর[illegible]য় রাজাকে কিস্তি দেওয়ায় রাজার [illegible]রে যাইবার উপায় না থাকাকে "মা[illegible] বলে। আশ্চর্য্যান্বিত। হতবুদ্ধি। (দেশজ) গুড়ের জলীয় ভাগ।

মাৎসর্য্য (মৎসর শুভদ্বেষ্টা+য(ষ্ণ্য)—ভা) সং, ক্লীং, অন্যশুভদ্বেষ, পরশ্রীকাতরতা।

মাৎসিক (মৎস্য+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) বিং, ত্রিং, জালিক। [পুরাণবিশেষ।

মাৎস্য (মৎস্য+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং,

মাথ (মথ্ বধকরা বা মন্থন করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং,পুং, বর্ত্ম, পথ। (+ঘঞ্—ভা) মন্থন। বধ, হত্যা। বিলোড়ন। ব্যথা।

মাথট (দেশজ) সং, চাঁদা, বহুলোকের দ্বারা অর্থসংগ্রহ।

মাথা (মস্তক শব্দজ) সং, মস্তক, শির।


মাথুর (মথুরা+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, মথুরা-সম্বন্ধীয়। (কংসযজ্ঞ নিমন্ত্রণছলে কৃষ্ণের মথুরাপুরি গমন, কংসধ্বংস, দেবকীর বন্ধনমোচন, কুব্জা মালিনী মিলন) মথুরা হইতে আগত। (+ষ্ণ—ভবার্থে) মথুরাদেশজাত।

মাদ (মদ্ হৃষ্ট হওয়া, গর্ব্বিত হওয়া, মত্ত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, হর্ষ। অহঙ্কার। মত্ততা।

মাদন (মদ্ মত্ত হওয়া+অন(অনট্)—ক) সং,ক্লীং, লবঙ্গ। বিং,ত্রিং, হর্ষোৎপাদক।

মাদক (মদ্-ণিচ্ মত্তহওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, মত্ততাজনক।

মাদল (মর্দ্দল শব্দজ) সং, মৃদঙ্গবিশেষ।



মাদল।

মাদা, মাদি (পারস্য) স্ত্রী-জাতীয়।

মান্দার (মন্দার শব্দজ) সং, বৃক্ষবিশেষ।

মাদুর (মন্দুরা শব্দজ), সং, তৃণনির্ম্মিত আসনবিশেষ।

মাদুলী (মর্দ্দল শব্দজ। অথবা আরবী নাদআলী শব্দের অপভ্রংশ) সং, কবচ, কণ্ঠভূষণবিশেষ।

মাদৃক্ষ } (মাদৃশ, অস্মৎ—দৃশ্ দেখা+
মাদৃক্ } সক্, ০(ক্বিপ্), অ(টক্)—র্থ।
মাদৃশ } যাহাকে আমার মত দেখা যায়)
বিং, ত্রিং, মৎসদৃশ, মত্তুল্য।

মাদ্রী (মদ্র দেশবিশেষ+অ(ষ্ণ)—নিবাসার্থে, ঈপ্) সং, স্ত্রীং, পাণ্ডুরাজার ছোট স্ত্রী, নকুল সহদেবের মাতা। অতিবিষা।

মাদ্রেয় (মাদ্রী+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, মাদ্রীসুত নকুল, সহদেব।

মাধব (মা লক্ষ্মী—ধব স্বামী, ৬ষ্ঠী—য। মহাভারতে—মা শব্দের অর্থ বুদ্ধিবৃত্তি তিনি মৌন ধ্যান ও যোগ দ্বারা আত্মার উপাধিভূত সেই বুদ্ধিবৃত্তি দূরীকৃত করিয়াছেন বলিয়া তাঁহার নাম মাধব) সং, পুং, বিষ্ণু। শিং—১ "মা চ ব্রহ্মস্বরূপা যা মূলপ্রকৃতিরীশ্বরী। নারায়ণীতি বিখ্যাতা বিষ্ণুমায়া সনাতনী॥ মহালক্ষ্মীস্বরূপা চ বেদমাতা সরস্বতী। রাধা বসুন্ধরা গঙ্গা তাসাং স্বামী চ মাধবঃ।" (মধু+অ(ষ্ণ)—স্বার্থে) বৈশাখ মাস। বসন্তকাল। শিং—১ "স মাধবেনাভিমতেন সখ্যা।" বিং, ত্রিং, মধুসম্বন্ধীয়। বী, বিকা—স্ত্রীং, লতাবিশেষ। মিসি। মধুশর্করা। কুষ্ঠ। মদিরা। তুলসী। দুর্গা। মাধবের পত্নী।

মাধুক; সং, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ।

মাধুকরী; সং, স্ত্রীং, ভিক্ষোপজীবীর পঞ্চ স্থান হইতে ভিক্ষাহরণ।

মাধুর (মধু—রা দান করা+অ(ক)—ক) সং, ক্লীং, মল্লিকাপুষ্প। (মধুর+অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, মধুরসজাত।

মাধুরী (মধুর মিষ্ট+অ(ষ্ণ)—ভাবে, ঈপ্) সং, স্ত্রীং, মধুরতা, মিষ্টতা। শোভা, সৌন্দর্য্য, উত্তমতা। শিং—১ "সা বিম্বাধরমাধুরীতি বিষয়াসঙ্গেঽপি চেন্মানসং তস্যাং লগ্ন সমাধি হন্ত বিরহব্যাধিঃ কথং বর্দ্ধতে।" ধীরতা। মদ্য। হৃদয়গ্রাহিতা।

মাধুর্য্য (মধুর মিষ্ট+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মধুরতা, মিষ্টতা। সৌন্দর্য্য। কাব্যের গুণবিশেষ, যে গুণ থাকিলে কাব্য শ্রবণমাত্র চিত্তকে দ্রবীভূত করে; ইহাতে রচনা মধুর হইবে এবং সমাসরহিত বা অল্প সমাসযুক্ত পদাদি থাকিবে। শিং—১ "চিত্তদ্রবীভাবময়োঽহ্লাদো মাধুর্য্যমুচ্যতে।" ২ "মাধুর্য্যং দ্রুতিকারণম্।" ৩ "মূর্দ্ধ্নি বর্গান্ত্যবর্ণেন যুক্তাষ্ট ঠ ড ঢান্ বিনা। রণৌ লঘু চ তদ্ব্যক্তৌ বর্ণাঃ কারণতাং গতাঃ॥ অবৃত্তিরল্পবৃত্তির্ব্বা মধুরা রচনা তথা॥

মাধ্যন্দিন (মধ্যন্দিন+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, মধ্যাহ্ন। শুক্ল যজুর্ব্বেদীয় শাখাবিশেষ। নী—স্ত্রীং, শুক্লযজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

মাধ্যস্থ্য (মধ্যস্থ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মধ্যে স্থিতি, মধ্যস্থতা। শিং—১ "অভ্যর্থনা ভঙ্গভয়েন সাধুর্মাধ্যস্থ্যমিষ্টেঽপ্যবলম্বতেঽর্থে।" ঔদাসীন্য। সালিসি।

মাধ্যাকর্ষণ (Gravitation) পৃথিবীর যে আকর্ষণ-শক্তি প্রযুক্ত বায়ুতে উৎক্ষিপ্ত বস্তু ভূমিতে নিপতিত হয়, বস্তুমাত্রেই ঐ শক্তি বর্ত্তমান আছে এবং তদ্দ্বারা সকল বস্তু পরস্পরকে আকর্ষণ করিতেছে; সেই আকর্ষণ মধ্যদিকে হয় বলিয়া ইহার নাম মাধ্যাকর্ষণ।

মাধ্যাহ্নিক (মধ্যাহ্ন+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, মধ্যাহ্নকাল-সম্বন্ধীয়, মধ্যাহ্নকালীন ব্যাপার।

মাধ্বী (মধু+অ(ষ্ণ)—নিষ্পন্নার্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, মধু দ্বারা প্রস্তুত সুরা। দ্রাক্ষা, মহুয়া ফল। মৎস্যবিশেষ।

মাধ্বীক (মাধ্বী দেখ, কণ্—যোগ) সং, ক্লীং, মধু। মধুজাত সুরা। মহুয়ার মদ্য। শিং—১ "সাধ্বী মাধ্বীকচিন্তা।"

মাধ্বীকফল (মাধ্বীক মধুর—ফল) সং, পুং, মধুনারিকেল।

মাধ্বীকমধুরা; সং, স্ত্রীং, মধুর খর্জ্জুরিকা।

মান (মা পরিমাণ করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, খারী তুলাদি দ্বারা পরিমাণ। হস্তাদিদ্বারা পরিচ্ছেদ, মাপ। "মানবী বা মেয় সিদ্ধিঃ।" (+ অনট্ + ণ) পরিমাণ-সাধন(পাত্রদণ্ডাদি)। সঙ্গীতে—কালক্রিয়ার তাল বিরামোপলক্ষিত কালবিশেষ। ক্রিয়-য়োরন্তরং যুক্ত বিশ্রামো মানমুচ্যতে।" (মন্ গর্ব্বিত হওয়া + অ(ঘঞ্) — ভা) পুং, অহঙ্কার, ধনাদিহেতু চিত্তের উন্নতি, আমার সমান নাই এমত বোধ করা। শিং — ১ "অতি মানে চ কৌরবাঃ।" অনুরক্ত দম্পতির ভাববিশেষ। শিং — ১ "মুঞ্চময়ি মানমনিদানম্।" কোপ। অভি-মান। সম্ভ্রম। (মান্ পূজাকরা + অ(অল্ — ভা) সম্মান, পূজা। শিং — ১"অমানিতাঃ স্ম মানার্হা।"

মানক; সং, পুং, মানকচু। শিং — ১ "মা-নকঃ শোথহৃচ্ছীতঃ পিত্তরক্তহরো লঘুঃ।"

মানকলি; সং, পুং, অভিমানজ কলহ।

মানগ্রন্থি (মান অহঙ্কার — গ্রন্থি, ৫মী — হিং) সং, পুং, অপরাধ, দোষ।

মানদ (মান — দা দান করা + অ(ড) — ক) বিং, ত্রিং, সম্মানপ্রদ, মানরক্ষক।

মানদণ্ড (মান পরিমাণ — দণ্ড, ৬ষ্ঠী — ষ) সং, পুং, পরিমাণ দণ্ড, মাপকাড়ী।

মানন — ক্লীং } (মান্ পূজাকরা + অন(অনট্,
মাননা — স্ত্রীং } অন — ভা, আপ্) সং, সম্মান-করণ, পূজ্যকরণ, আদরকরণ।

মাননীয় (মানন দেখ, অনীয় — র্ম্ম) বিং, ত্রিং, পূজনীয়, মান্য। শিং — ১ "বৈবস্বতো মনুর্নাম মাননীয়োমনীষিনাম্।" (রঘু)।

মানব (মনু ব্রহ্মার পুত্র + অ(ষ্ণ) — অপ-ত্যার্থে বা উক্তার্থে) সং, পুং, মনুষ্য, পুরুষ। বী — স্ত্রীং, নারী। স্বায়ম্ভুবমনু-কন্যা। বিং, ত্রিং, মনুসম্বন্ধীয়।

মানবর্জ্জিত(মান — বর্জ্জিত, ৩য়া — ষ) বিং, ত্রিং, সম্মানরহিত, যার মান নাই। নীচ।

মানবৌম; সং, পুং, তারা বিদ্যার পীঠো-ত্তরে বায়ব্যাদি ঈশ পর্য্যন্ত পূজ্য গুরু-পংক্তিবিশেষ।

মানব্য (মানব কিম্বা মাণব বালক + য(ষ্ণ্য) — সমূহার্থে) সং, ক্লীং, বালকসমূহ (+ ষ্ণ্য — ভাবে) বাল্যাবস্থা।

মানমন্দির (Observatory) যে স্থান হইতে গ্রহ নক্ষত্রাদির পর্য্যবেক্ষণ করা যায়।

মানরন্ধ্রা (মান পরিমাণ — রন্ধ্র ছিদ্র) সং, স্ত্রীং, সময়-নিরূপণার্থ যন্ত্রবিশেষ তাম্রী, তাঁবী। শিং — ১ "ষাসঘোষোহং তাম্রী স্যান্মানরন্ধ্রা বিকালিকা।"

মানস (মনস্, মনঃ + অ(ষ্ণ) — স্বার্থে) সং, ক্লীং, চিত্ত, মনঃ, চিত্তবোধ, ইচ্ছা, অভি-প্রায়। হিমালয়স্থ সরোবরবিশেষ। শিং — ১ "কৈলাসপর্ব্বতে রাম মনসা নির্ম্মিতং পরং। ব্রহ্মণা নরশার্দ্দূল তেনেদং মানসং সরঃ॥ ইতি রামায়ণে।" (+ ষ্ণ — ভবার্থে) বিং, ত্রিং, মনঃসম্ভূত।

মানসজন্মা (মানসজন্মন্ মানস চিত্ত, সরো-বর — জন্মন্, ৬ষ্ঠী — হিং) সং, পুং, কন্দর্প। হংস। বিং, ত্রিং, মানস সরোবরজাত। মনোজাত।

মানসজপ; সং, পুং, মনঃপূর্ব্বক বর্ণশ্রেণীর উচ্চারণ। সর্ব্বকালে সর্ব্বস্থানে এই জপের বিধি আছে। শিং — ১ "ন দোষো মানসে জাপ্যে সর্ব্বদেশেঽপি সর্ব্বদা।"

মানসতীর্থ; সং, ক্লীং, রাগাদিশূন্য মন।

মানসপূজা; সং, স্ত্রীং, মনোরচিত দ্রব্যকরণ বিষয়িনী পূজা।

মানসব্রত; সং, ক্লীং, অহিংসা, দান, সত্য, ব্রহ্মচর্য্য প্রভৃতি। শিং — ১ "অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যমলুব্ধতা। এতানি মানসান্যাহু ব্রতানি তু ধরাধরে।"

মানসালয় (মানস তদাখ্য সরোবর — আ-লয় বাসস্থান, ৬ষ্ঠী — হিং) সং, পুং, হংস, হাঁস।

মানসিক (মনস্ + ইক(ষ্ণিক) — কৃতার্থে, ভ-বার্থে) বিং, ত্রিং, আন্তরিক, মনোবর্ত্তী, মনোগত।

মানসী; সং, স্ত্রীং, বিদ্যাধরীবিশেষ। বিং, মনোভবা।

মানসূত্র (মান অহঙ্কার — সূত্র) সং, ক্লীং, স্বর্ণাদিনির্ম্মিত কটিসূত্র, গোট চন্দ্রহার প্রভৃতি।

মানসৌকাঃ (মানসৌকস্, মানস সরোবর ওকস্ স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস, হাঁস।
মানা (দেশজ) সং, পুং, নিষেধ, বারণ।
মানিকা; সং, স্ত্রীং, মদ্য। এক সের পরিমাণ।
মানিত (মান পূজা করা, গর্ব্বকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সম্মানিত। তা—স্ত্রীং, (মানিন্+তা—ভাবে) মানিত্ব, অহঙ্কার।
মানী (মানিন্, মান অহঙ্কার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভিমানী। মনস্বী, প্রশস্তমনাঃ। মান্য। পুং, সিংহ।—নিনী—স্ত্রীং, অভিমানবতী। "অনবিষ্যে শিরস্তস্য যস্তে মানিনি পুত্রহা।" ফলীবৃক্ষ।
মানুষ (মনু [মুক্]+অ(ঞ)—অপত্যার্থে) সং, পুং, মনুষ্য, নর। শিং—১ "মানুষা মনুজ ব্যাঘ্র সাভিলাষঃ সুতান্ প্রতি।" ষী—স্ত্রীং, নারী। চিকিৎসাবিশেষ। যথা—"আসুরী মানুষী দৈবী চিকিৎসা সা ত্রিধা মতা।"
মানুষিক (মনুষ্য+ইক(ষ্ণিক)—কৃতার্থে) বিং, ত্রিং, মনুষ্যকৃত। (+ষ্ণিক—ইদমর্থে) মনুষ্যসম্বন্ধীয়।
মানুষ্য (মানুষ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মনুষ্যত্ব, মানুষের ধর্ম্ম। মনুষ্য-শরীর। শিং—১ "মানুষ্যে কদলীস্তম্ভে নিঃসারে সারমার্গণম্।" [ক্লীং, মনুষ্য-সমূহ।
মানুষ্যক (মনুষ্য+কণ্—সমূহার্থে) সং,
মানোজ্ঞক (মনোজ্ঞ+অ(ঞ)—ভাবে, কণ্—যোগ) সং, ক্লীং, মনোজ্ঞতা।
মান্ত্রিক (মন্ত্র+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, মন্ত্রবেত্তা। মন্ত্রকারক।
মান্দ্য (মন্দ অলস+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, আলস্য, জড়তা। হানি। অল্পতা। রোগ, পীড়া। মন্দত্ব। বিবাদ।
মান্ধাতা (মান্ধাতৃ, মাম্ আমাকে—ধে পান করা+তৃ(তৃন্)—ক। যুবনাশ্ব রাজার বাম পার্শ্ব হইতে ইহার জন্ম হওয়াতে মুনিরা ইন্দ্রকে জিজ্ঞাসিলেন, এই বালক কি পান করিবে, তখন ইন্দ্র কহিলেন, "মাং ধাস্যতি" অর্থাৎ আমার প্রদেশিনীর অর্থাৎ অঙ্গুলির রস পান করিবে। এই জন্যে এই বালকের নাম মান্ধাতা হইল) সং, পুং, প্রাচীন নৃপবিশেষ, যুবনাশ্ব রাজার পুত্র। শিং—১ "জাতো নামৈষ কং ধাস্যতীতি তে মুনয়ঃ প্রোচুঃ। অথাগম্য দেবরাড়ব্রবীৎ। মাময়ং ধাস্যতি। ততোহসৌ মান্ধাতা নামতোহভবৎ। বক্তে চাস্য প্রদেশিনী দেবেন্দ্রেণ ন্যস্তা তাং পপৌ।"
মান্য (মান—য(ষ্য)—অর্হার্থে বা সাধ্বর্থে। অথবা মান পূজা করা+য(ষ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, মাননীয়। আদরণীয়।
মান্যস্থান; সং, ক্লীং, পূজ্যত্বকারণ। শিং—১ "বিত্তং বন্ধুর্বয়ঃ কর্ম্ম বিদ্যাভবতি পঞ্চমী এতানি মান্যস্থানানি গরীয়ো যদ্যদুত্তরম্।"
মান্যা; সং, স্ত্রীং, মরুন্মালা। শিং—১ "অনির্মান্যা তু মান্যা চ মরুন্মালা চ মোহনা।" পূজ্যা।
মাপত্য; সং, পুং, মদন, কন্দর্প।
মাপন (মা-ণিচ্=মাপি পরিমাণ পাওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পরিমাণকরণ, তৌলকরণ।
মাম (মম+অ(ঞ)—ইদমর্থে) সং, পুং, মাতুল। কৃপণ। বিং, ত্রিং, মৎ-সম্বন্ধীয়।
মামক (মম+কণ্—যোগ) সং, পুং, মাতুল। কৃপণ। বিং, ত্রিং, মদীয়, মৎসম্বন্ধীয়। মমতাযুক্ত। স্বার্থপর।
মামকীন (মম+ঈন(খীন)—ইদমর্থে, একবচনে) বিং, ত্রিং, মৎ-সম্বন্ধীয়, মদীয়।
মামা (মাম শব্দজ) সং, মাতুল, মার ভ্রাতা।
মামুর (যাবনিক) শেষ, অন্ত।
মামুলী (Customary) চিরপ্রচলিত, প্রথামত।
মায় (আরবী) সহিত, একত্রে।
মায়া (মা পরিমাণ করা+য—ণ, আপ্। যাহাতে বিশ্ব পরিমাণ করে) সং, স্ত্রীং, শঠতা, চাতুরী। শিং—১ "মায়াতু শঠতা শাঠ্যং কুসৃতির্নিকৃতিশ্চ সা।" ইন্দ্রজাল, কুহক। মমতা, মোহ। ছদ্মবেশ, ভূমিকা। প্রকৃতি, অবিদ্যা। মিথ্যাবুদ্ধিহেতু অজ্ঞানবিশেষ। ভ্রান্তি। লক্ষ্মী। কৃপা। দম্ভ। বুদ্ধমাতা। শিং—১ "বিসদৃশপ্রতীতিসাধনং মায়া।"

"অঘটনঘটন পটীয়সী মায়া। দুর্গা। শিং—১ "দুর্গে শিবেহভয়ে মায়ে নারায়ণি সনাতনি।" ২ "মাশ্চমোহার্থবচনো যাশ্চ প্রাপণবাচনঃ। তং প্রাপয়তি যা নিত্যং সা মায়া পরিকীর্ত্তিতা।"

মায়াকর } (মায়া—কর, কৃৎ [কৃ করা+অ
মায়াকৃৎ } (ট), ০(ক্বিপ্)—ক ] যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, বাজীকর। মায়াকারী।

মায়াজীবী (—জীবিন্, ময়া—জীব্ জীবিকা নির্ব্বাহ করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, প্রতিহারিক।

মায়াত্তি; সং, পুং, নরবলি।

মায়াদ (মায়া—দ [দা দান করা+অ(ড) —ক] যে দেয়, ২য়া—ষ) সং,পুং, কুম্ভীর।

মায়াদেবীসুত (মায়াদেবী—সুত পুত্র) সং, পুং, বুদ্ধ।

মায়াপটু (মায়া ঐন্দ্রজাল—পটু দক্ষ, ৭মী—ষ) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, কুহকী। ভ্রান্তিকর, ভ্রান্তিজনক।

মায়াফল; সং, ক্লীং, ফলবিশেষ, মাইফল।

মায়ামোহ; সং, পুং, বিষ্ণুর দেহ হইতে নির্গত অসুরমোহক পুরুষবিশেষ।

মায়াবতী; সং, স্ত্রীং, কামপত্নী, রতি। হরকোপানলে কামদেব ভস্মীভূত হইলে, রতি সম্বরাসুরগৃহে মায়াবতী নাম ধারণ করিয়া অবস্থান করেন। শিং—১ "মায়াবতী ভার্য্যা তনয়স্যাস্য তে সতীঃ।"

মায়াবসিক (মায়া চাতুরী—বস্ বাস করা +অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রতারক, প্রবঞ্চক।

মায়াবান্ (মায়াবৎ, মায়া+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুহকী, ঐন্দ্রজালক। কপটাচারী।

মায়াবী—বিন্ } (মায়া+বিন্,ইন্, ইক(ঠিক)
মায়ী—য়িন্ } —অস্ত্যর্থে) বিং,ত্রিং,ঐন্দ্র-
মায়িক } জালিক, কুহকী। কপটাচারী। মায়াবিশিষ্ট। সং, পুং, বিড়াল।

মায়াসীতা; সং, স্ত্রীং, যোগবলে অগ্নিকৃত সীতার প্রতিমূর্ত্তি। শিং—১ "বহ্নির্যোগেন সীতা যা মায়াসীতাং চকার সঃ।"

মায়াসুত; সং, পুং, বুদ্ধ।

মায়ু (মি [দেহমধ্য দিয়া] ক্ষেপণ করা+উ—ক, সংজ্ঞার্থে) সং, পুং, শরীরস্থ ধাতুবিশেষ, পিত্ত।

মায়ুরাজ; সং,পুং, কুবেরের পুত্র।

মায়ূর (ময়ূর+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, ময়ূরসমূহ। বিং, ত্রিং, ময়ূরসম্বন্ধীয়।

মায়ূরিক (ময়ূর+ইক(ষ্ণিক)—গ্রহণার্থে)বিং, ত্রিং, ময়ূরগ্রাহী।

মায়ূরী সং, স্ত্রীং, অজলোম।

মার (মৃ মরা+(ঘঞ্)—ভাবে) সং, পুং, মৃত্যু, মরণ। (মৃ-ণি=মারি মরান+অ (অন্)—ক) কন্দর্প। বিঘ্ন। (+অল্—ভাবে) মারণ, বধ।

মারক (মৃ-ণি=মারি মরান+অক(ণক) —ক, অথবা মার+কণ্—যোগ) সং, পুং, মারী, মড়ক। পক্ষিবিশেষ, বাজপক্ষী। গ্রহবিশেষ। বিং, ত্রিং, হত্যাকারী।

মারকত (মরকত+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, মরকতসম্বন্ধীয়।

মারজাতক; সং, পুং, বিড়াল।

মারজিৎ (মার কাম—জিৎ [জি জয় করা +০(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, বুদ্ধদেব। শিব।

মারণ (মৃ-ণি=মারি মরান+অন(অনট্) —ভা) সং, ক্লীং, হনন, হত্যা, বিনাশ। অভিচারবিশেষ।

মারফৎ (যাবনিক) সঙ্গে, দ্বারা, নিকট।

মারা (মৃধাতুজ) সং, প্রহার করা। আঘাতকরণ।

মারাত্মক (মার—আত্মন্, কণ্—যোগ, ৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, সাংঘাতিক। প্রাণনাশক। শিং—১ "কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ।"

মারি, মারী (মৃ-ণি=মারি মরান+ই—ভা) সং, স্ত্রীং, জনক্ষয়, মড়ক। শিং—১ "মারীভয়ে রাজভয়ে তথা চৌরাগ্নিভয়ে।" দুর্গার শক্তিবিশেষ।

মারিত (মৃ-ণি=মারি মরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, হত, বিনাশিত। ভস্মীকৃত।

মারিষ (মৃষ, ক্ষমা করা, নিপাতন। অথবা

মা নিষেধ—রিষ্ হিংসা করা+অ(ক) —র্ম্ম) সং, পুং, নাট্যোক্তিতে—মান্য ব্যক্তি। শাকবিশেষ। ষা—স্ত্রীং, দক্ষের মাতা।

মারীচ (মরীচ মুনিবিশেষ+অ(ষ্ণ)—প্রং। অথবা মারি—চি একত্রকরা+অ(ড)—ক) সং, পুং, কশ্যপ। তাড়কা রাক্ষসীর পুত্র। মরীচবন, গোলমরীচের গাছ। রাজহস্তী। বিং, ত্রিং, মরীচসম্বন্ধীয়। [ময়রাশি।

মারুণ্ড ; সং,পুং, সর্পের ডিম্ব। পথ। গো-

মারুত (মরুৎ [মৃ মরা+উৎ—প্রং। ক্রুদ্ধ। হইলে যাহার দ্বারা মরে] বায়ু+অ(ষ্ণ)— স্বার্থে। অথবা ইন্দ্র বজ্র দ্বারা দিতির গর্ভ সপ্তখণ্ড করিয়া গর্ভস্থ বালককে বলিলেন, "মারোদীঃ" রোদন করিও না। এই জন্য ইহার নাম মারুত হইল) সং, পুং, পবন, ৪৯ প্রকার বায়ু।

মারুতাত্মজ (মারুত বায়ু—আত্মজ পুত্র) সং, পুং, হনুমান। ভীম।

মারুতাশন (মারুত বায়ু—অশন যে ভক্ষণ করে) সং, পুং, সর্প, পবনাশন। বিং,ত্রিং, বায়ুমাত্রভোজী।

মারুতি (মরুৎ বায়ু+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, হনুমান্। ভীম।

মার্কণ্ড, মার্কণ্ডেয় (কৃণ্ড মুনিবিশেষ+অ(ষ্ণ), এয়(ষ্ণেয়)—অপত্যার্থে, উ—লোপ) সং, পুং, কল্পান্তজীবী মুনিবিশেষ।

মার্গ (মার্গ্ গমন করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, পথ, রাস্তা। পায়ু, গুহ্য। (মার্গ অন্বেষণ করা+অ(অল)—ভা) অন্বেষণ। (মার্গী মৃগশীর্ষা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+অ(ষ্ণ) —তদ্যুক্তকালার্থে) অগ্রহায়ণ মাস। মৃগশিরা নক্ষত্র। (মৃগ হরিণ+অ(ষ্ণ)— ইদমর্থে) মৃগমদ, কস্তূরী। বিং, ত্রিং, মৃগসম্বন্ধীয়।

মার্গক (মার্গ+কণ্-যোগ) সং, পুং, অগ্রহায়ণমাস।

মার্গণ (মার্গ অন্বেষণ করা+অন(অনট্)— —ভা) সং, ক্লীং, প্রার্থনা, যাচ্ঞা। অন্বেষণ, অনুসন্ধান। প্রণয়। (+অন-ক) পুং, বাণ, শর। বিং, ত্রিং, যাচক।

মার্গধেনু ; সং, পুং, যোজন-পরিমাণ, চারি ক্রোশ।

মার্গবিদ্যা ; সং, স্ত্রীং, সঙ্গীতে—দেবতা ও প্রাচীন ঋষি-প্রণীত গীতি বাদ্য ও নৃত্যের প্রকরণবিদ্যা। পথনির্ম্মাণাদি সাঙ্কেতিক বিদ্যা।

মার্গশির, মার্গশীর্ষ (মার্গশিরী, মার্গশির্ষী মৃগশীর্ষা নক্ষত্রযুক্তা পূর্ণিমা+অ(ষ্ণ)— তদ্যুক্তকালার্থে) সং,পুং, অগ্রহায়ণমাস। রী, র্ষী—স্ত্রীং, (মৃগশিরা, মৃগশির্ষী+ষ্ণ, ঈপ) অগ্রহায়ণ মাসের পূর্ণিমা।

মার্গিক (মৃগ হরিণ+ইক(ষ্ণিক)—হননার্থে) বিং, ত্রিং, মৃগহত্যাকারী। (মার্গ পথ+ ইক(ষ্ণিক)—প্রং) পথিক। পান্থ।

মার্গিত (মার্গ্ অন্বেষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অন্বিষ্ট। গবেষিত, অন্বেষিত, যাহা অনুসন্ধান করা গিয়াছে।

মার্গ্য (মৃজ্ পরিষ্কার করা+য—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জনীয়। (মার্গ অন্বেষণ করা+য —র্ম্ম) অন্বেষণীয়। গবেষণীয়।

মার্জ্জ (মৃজ পরিষ্কারকরা+ঘঞ্—ভাবে) সং, পুং, মার্জ্জন। (+ঘঞ্—ক) রজক, ধোপা। বিষ্ণু। (আরবী) ইচ্ছা, বাসনা।

মার্জ্জন—ক্লীং, মার্জ্জনা—স্ত্রীং (মার্জ্জ পরিষ্কার করা+ অন(অনট্)—ভা) সং, পরিষ্করণ, প্রক্ষালন, মাজা, পোঁছা। দোষক্ষালন। ধ্বনি। পুং, লোধবৃক্ষ। নী—স্ত্রীং, (+অনট্—ণ) খিঙ্করী, খেঙরা। ত্রাষ্।

মার্জ্জনীয় (মার্জ্জন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জনের যোগ্য। অগ্নি। শোধন।

মার্জ্জার—পুং, মার্জ্জারী,রিকা—স্ত্রীং (মৃজ্ [মুখ] পরিষ্কার করা+আরন্ —ক) সং, পুং, বিড়াল। খট্টাশ। রক্তচিত্রক, রাংচিতে। রী—স্ত্রীং, বিড়ালী। খট্টাসী। কস্তুরী।

মার্জ্জারক, মার্জ্জারকণ্ঠ ; সং, পুং, ময়ূর, শিখী।

মার্জ্জারকর্ণী, মার্জ্জারকর্ণিকা (মার্জ্জার বিড়াল—কর্ণ কাণ। যাহার কর্ণ বিড়ালের কর্ণের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দেবীবিশেষ, চামুণ্ডাদেবী।

মার্জ্জারীয় } (মার্জ্জন দেখ, আলীয়—সং-
মার্জ্জালীয় } জ্ঞার্থে,ল=র। অথবা মার্জ্জার ঈয়(ণীয়)—প্রং) সং, পুং, বিড়াল। শূদ্র। কায়শোধন, শরীরপরিষ্করণ।

মার্জ্জিত (মৃজ্ পরিষ্কার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রক্ষালিত, পরিষ্কৃত, মাজিত। নির্দ্দোষীকৃত। তা—স্ত্রীং, শর্করাদিমিশ্রিত দধি। শোধিতা।

মার্ত্তণ্ড (মৃতণ্ড+অ(ষ্ণ)—অপত্যার্থে, অথবা শাম্বপুরাণে—পুত্র দ্বিধাকৃত হইলে পিতা বলিতেছেন "হে অণ্ড! ত্বং মার্ত্তো মা ভব" হে পুত্র তুমি পীড়িত হইও না। পিতার এই বচন হেতু মার্ত্তণ্ড নাম হইল, কিম্বা মৃত—অণ্ড+অ—প্রং, মৃত অণ্ডে জন্ম বলিয়া মার্ত্তণ্ড) সং, পুং, সূর্য্য। শূকর। অর্কবৃক্ষ, আকন্দগাছ।

মার্ত্তিক (মৃত্তিকা+অ(ষ্ণ)—জাতার্থে) সং, পুং, শরাব, শরা। বিং, ত্রিং, মৃত্তিকা-নির্ম্মিত।

মার্দ্দঙ্গ (মৃদঙ্গ বাদ্যযন্ত্রবিশেষ+ষ্ণ—প্রং। নগরের মধ্যে বাদিত হয় বলিয়া) সং,ক্লীং, পত্তন, নগর, শহর। (যাহার দ্বারা বাদিত হয়) বিং, ত্রিং, মৃদঙ্গবাদক।

মার্দ্দঙ্গিক (মৃদঙ্গ+ইক(ষ্ণিক)—বাদনার্থে) বিং, ত্রিং, মৃদঙ্গবাদক।

মার্দ্দব (মৃদু+অ(ষ্ণ)—ভাবে) সং,ক্লীং, পরের দুঃখ দেখিয়া যে মানসিক পীড়া জন্মায়। শিং—১ "অভিতপ্তময়োঽপি মার্দ্দবং ভজতে কৈব কথা শরীরিণাম্।" মৃদুত্ব, কোমলত্ব। পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

মার্ষ (মৃষ্ ক্ষমা করা+অ—প্রং) সং, পুং, মারিষ, মান্যব্যক্তি।

মার্ষ্টি (মৃজ্ পরিষ্কার করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, মার্জ্জন, পরিষ্করণ। ম্রক্ষণ,মাখা।

মাল (মা লক্ষ্মী—লা গ্রহণ করা+অ(ড)—ক, কিম্বা মা পরিমাণ করা+র (রক্)—ক। র=ল) সং, পুং, বিষ্ণু। মনুষ্য। (মল+ষ্ণ) অসভ্য জাতিবিশেষ। মেদিনী-পুর প্রদেশে মালভূমি। (মা+ল) পুং—ক্লীং, উন্নত ক্ষেত্র। ক্লীং, কাপট্য, ছলনা। বন। (আরবী) সম্পত্তি,ধন,অর্থ। বাণিজ্য দ্রব্য। পণ্যদ্রব্য। গবর্ণমেণ্টে রাজস্ব দে-ওয়া ভূমি। [কর।

মালওয়াজিব—নিট খাজানা বা কেবল ভূমির

মালক (মালা+কণ্—প্রং। অ—লোপ) সং, পুং, নিম্ববৃক্ষ, নিমগাছ। ক্লীং, স্থলপদ্ম। নারিকেলের মালা। কা, লিকা—স্ত্রীং, মাল্য। [রাগ।

মালকৌশ; সং, পুং, রাগবিশেষ, কৌশিক-

মালখানা (আরবী=মাল+পারস্য=খানা) বহুমূল্য দ্রব্যাদি রাখিবার ঘর।

মালগুজারদার—যে ব্যক্তি মালগুজারি দিয়া থাকে।

মালগুজারি (আরবী) ভূমিকর,খাজানা।

মালচক্রক; সং, ক্লীং, উরুপর্ব্বসন্ধি, মালাই-চাকী। [পুষ্পবাটিকা।

মালঞ্চ (মালা শব্দজ কি?) সং, পুষ্পোদ্যান,

মালতী (মাল বিষ্ণু—অত্ গমন করা+অ, ঈ, কিম্বা মা লক্ষ্মী বা শোভা—লত্ বেষ্টন করা+অ(অন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, মালতী পুষ্প, জাতীলতা। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। নদীবিশেষ। চন্দ্রিকা। যুবতী। নিশা, রাত্রি। কলিকা।

মালতীপত্রিকা; সং, স্ত্রীং, জাতীপ[illegible],জৈত্রী।

মালতীমাধব; সং, পুং, ভবভূতি[illegible] নাটক বিশেষ। [ধ[illegible] যাত্রবান্।

মালদার (আরবী=মাল+[illegible]স্য=দার)

মালয় (মলয় পর্ব্বতবিশেষ [[illegible]ই স্থান হইতে এই কাষ্ঠ আনীত হয়]+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, চন্দনবৃক্ষ। বিং, ত্রিং, মলয়সম্বন্ধীয়।

মালব (মাল—বা গমন করা+অ(ড)—ক) সং,পুং,অবন্তিদেশ,মালোয়া। রাগবিশেষ। ষড় রাগের অন্তর্গত প্রথম রাগ।

মালসা, মাল্‌সা (দেশজ) সং, মৃন্ময়পাত্র-বিশেষ।

মালসাট (যাবনিক) মালকোচা।

মালা (মা দীপ্তি—লা গ্রহণ করা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, শ্রেণী, সারি। মাল্য। সমূহ। ছন্দোবিশেষ। (মল্লশব্দজ) সং, পাত্রবিশেষ। নারিকেলের খোল। জাতিবিশেষ।

মালাকা (মালা+কণ্—নিষ্প্রয়োজনার্থে) সং, স্ত্রীং, মালা, মাল্য।

মালাকার (মালা—কার [কৃ করা+অ(ষণ) —ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, মালী। শিং—১"তৈলিক্যাং কর্ম্মকারাচ্চ মালাকারস্য সম্ভবঃ।" বিং, ত্রিং, মাল্য-নির্ম্মাণকারী।

মালাদীপক; সং, ক্লীং, অর্থালঙ্কারবিশেষ।

মালাদূর্ব্বা (মালা মালাকার—দূর্ব্বা) সং, স্ত্রীং, দূর্ব্বাবিশেষ, গেঁটে দূর্ব্বা।

মালাম (যাবনিক) মল্লখেলা; কুস্তী।

মালি; সং,পুং, রাক্ষসবিশেষ, সুকেশরাক্ষস-পুত্র।

মালিক (মালা+ষ্ণিক—প্রং) সং, পুং, মালাকার জাতি, মালী। রঞ্জক। পক্ষিবিশেষ। বিং, ত্রিং, মাল্যকার। কা—স্ত্রীং, মাল্য। নদীবিশেষ। সুরা। গ্রীবাভূষণ। মল্লিকা। (আরবী) অধিকারী।

মালিক-আলা—সম্পত্তির প্রধান অধিকারী।

মালিকদরজাদৈয়ম—দ্বিতীয় শ্রেণীর মালিক অর্থাৎ পাওনাদার প্রভৃতি।

মালিকদেহা—কোন পল্লী বা সম্পত্তির এক অংশের অধিকারী।

মালিকানা (আরবী=মালিক+পারস্য=আনা) রাজস্ব কি ভূমির কর কিম্বা করের পরিবর্ত্তে সম্পত্তির অধিকারী গবর্ণমেণ্টের নিকট যে টাকা পায়। [কার।

মালিকি (Ownership) নিব্যূঢ় স্বত্ব বা অধি-

মালিনা (পারস্য=মালিদন্ ঘর্ষণ করা) ঘষা। [মলিনতা, ময়লা।

মালিন্য (মলিন+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং,

মালী (মালিন্, মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মালাকার, পুষ্পাজীব। বিং, ত্রিং, মালাযুক্ত। মাল্যকার। লিনী—স্ত্রীং, দুর্গা। মন্দাকিনী, স্বর্গগঙ্গা। নদীবিশেষ। চম্পানগরী, ভাগলপুর প্রদেশ। মালাকারপত্নী। অগ্নিশিখাবৃক্ষ। মাতৃকাভেদ। পঞ্চদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যাহার ৫ম ৬ষ্ঠ ১০ম ও ১৩শ বর্ণ লঘু।

মালু (মল্ ধারণকরা+উ—ক, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, পত্রলতা। নারী।

মালুধান (মালু পত্রলতা—ধান ধারণ) সং, পুং, সর্পবিশেষ, মালুয়া সাপ। অষ্টনাগের অন্তর্গত নাগবিশেষ। নী—স্ত্রীং, লতাবিশেষ। [অবগত হওয়া।

মালুম (আরবী=ইলম জানা) জানা, বুঝা,

মালূর (মা লক্ষ্মী—লা গ্রহণ করা+উর—প্রং। কিম্বা লূ ছেদন করা+রক্—ক) সং, পুং, বিল্ববৃক্ষ। কপিত্থবৃক্ষ, কয়েদ্‌বেলের গাছ। ক্লীং, শ্রীফল।

মালেয় (মালা+এয়(ঢ়েয়)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, মালাসম্বন্ধীয়। য়া—স্ত্রীং, বড় এলাইচ।

মালো (মাল্ল শব্দজ) সং, ধীবর, জেলিয়া।

মালোপমা (মালা—উপমা) সং, স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, যেখানে এক উপমেয়ের বহু উপমান দেখা যায়।

মাল্য (মালা+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, পুষ্প। পুষ্পমালা। মালা। শিরোমালা।

মাল্যবান্ (মাল্যবৎ, মাল্য মালাকারতা+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বতবিশেষ। সুকেশ রাক্ষসের পুত্র এবং রাবণমন্ত্রি রাক্ষসবিশেষ। বিং, ত্রিং, মালাবিশিষ্ট, হারযুক্ত। বতী—স্ত্রীং, নদীবিশেষ [জাতিবিশেষ, মাল।

মাল্ল (মল্ল+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, অসভ্য

মাশব্দিক (মা নিষেধ—শব্দ ধ্বনি, বাক্য+ইক(ষ্ণিক)—কৃতার্থে) বিং,ত্রিং,নিষেধকর্ত্তা, প্রতিষেদ্ধা, নিবারক।

মাশুল (আরবী মহসূল শব্দজ) কর। কোন চিঠি বা দ্রব্যাদি বহন জন্য যে শুল্ক দেওয়া যায়।

মাষ } (মষ্, মস্ বধকরা+অ(ঘঞ্)—ক,
মাস } নামার্থে) সং, পুং, মাষকলায়। স্বর্ণাদির পরিমাণবিশেষ, ৫ বা ১০ কুঁচ পরিমাণ, মাষা। শিং—১ "দশার্দ্ধগুঞ্জং প্রবদন্তি মাষম্।" মূর্খ। ত্বগ্‌দোষবিশেষ।

মাষক (মাষ+কণ্—স্বার্থে) সং, পুং, স্বর্ণাদির পরিমাণবিশেষ, পাঁচরতি।

মাষভক্তবলি; সং, পুং, মাষকলায় মিশ্রভক্ষ্যোপহার। মাস, দধি, এবং তণ্ডুল মিশ্রিত পূজোপহারবিশেষ। কেহ কেহ

হরিদ্রা ঘৃত এবং মধুমিশ্রিত করিয়া থাকেন।

মাষবৰ্দ্ধক (মাষ তৎপরিমিত স্বর্ণ—বৰ্দ্ধ্ ছেদন করা+অক(ণক)—ক) সং, পুং, স্বর্ণকার, সেকরা।

মাষশঃ (মাষ+শস্—বারার্থে) অং, মাষ মাষ, রতি রতি।

মাষাদ (মাষ মাষকলায়—অদ যে খায়) সং, পুং, কাছিম, কচ্ছপ। বিং, ত্রিং, মাষকলায় ভক্ষণকারী।

মাষীণ } (মাষ মাষকলায়+ঈন(খীন)
মাষ্য } য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, মাষকলায়ের ক্ষেত।

মাস্ (মা দীপ্তি—অস্ হওয়া+০ (ক্বিপ্)—ক) সং, পুং, চন্দ্র। ত্রিংশদ্দিনাত্মক কাল, মাস।

মাস (মাস্ চন্দ্র+অ(অন)—অয়মর্থে, চান্দ্র-মাসের এই ব্যুৎপত্তি। সৌরমাস পক্ষে মস্ পরিমাণ করা+অ(ঘঞ)—ণ অথবা মা দীপ্তি—অস হওয়া+অ(অন)—ক। অন্যান্য ভাষার সহিত সৌসাদৃশ্য দেখ—সংস্কৃত=মাস। পারসিক=মাহ্। গ্রীক=মীন। লাটিন=মেন্‌সিস্। ইং =মস্থ্) সং, পুং, শুক্ল কৃষ্ণ উভয় পক্ষাত্মক কাল, বৈশাখাদি দ্বাদশ। (মস পরিমাণ করা+অ—প্রং) পরিমাণবিশেষ, মাষা। (মাংস শব্দজ)। পিশিত।

মাসকাবার (পোর্ত্তুগীজ ভাষায় Mes=মাস—Acabar শেষ) মাসের শেষদিন।

মাসজ্ঞ (মাস—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, মাসজ্ঞাতা। পুং, দাত্যূহ পক্ষী।

মাসপ্রমিত (মাস—প্রমিত পরিমাণকৃত, যাহার দ্বারা মাস পরিমাণ করা হয়) সং, পুং, নবশশী, প্রতিপদের চন্দ্র।

মাসমান (মাস—মান পরিমাণ) সং, পুং, সংবৎসর, বছর। ক্লীং, মাসপরিমাণ।

মাসর (মস্ পরিমাণ করা+অর—প্রং। অ=া) সং, পুং, ভক্তসমুদ্ভব মণ্ড, ভাতের মাড়। [মলিম্লুচ, অধিমাস, মলমাস।

মাসবৃদ্ধি (মাস—বৃদ্ধি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মাসান্ত (মাস—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অমাবস্যা। শিং—১ "পক্ষান্তে নিস্ফলা যাত্রা মাসান্তে মরণং ধ্রুবং।" সংক্রান্তি। শিং—১ "মাসান্তে ম্রিয়তে কন্যা তিথ্যন্তে স্যাদপুত্রিনী।"

মাসাশ (দেশজ) মাসশাশুড়ী।

মাসিক (মাস+ইক(ষ্ণিক)—নিবৃত্তার্থে, দেয়ার্থে) বিং, ত্রিং, মাসে মাসে কর্ত্তব্য বা দেয়। ক্লীং, প্রেতের সম্বৎসরাভ্যন্তরে প্রতিমাসীয় মৃতস্বজাতীয় তিথিকর্ত্তব্য শ্রাদ্ধ। প্রতিমাস কর্ত্তব্য কৃষ্ণ পক্ষনিমিত্তক শ্রাদ্ধ, অন্বাহার্য্য। শিং—১ "পিতৄণাং মাসিকং শ্রাদ্ধং অন্বাহার্য্যং বিদুর্বুধাঃ।"

মাসী (মাতৃস্বসৃ শব্দজ) সং, মাতার ভগিনী।

মাসুরী (মস্ পরিমাণ করা+র—প্রং) সং, স্ত্রীং, শ্মশ্রু, দাড়ি।

মাসুল (যবন ভাষা) সং, রাজস্ব, কর।

মাস্তুল (বোধ হয় পোর্ত্তুগীজ masto শব্দজ) সং, জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ।

মাস্ম (মা নিষেধ+স্ম—যোগ) অং, নিষেধ, নিবারণ।

মাহয়ারি (পারস্য) মাসিক।

মাহা (পারস্য) মাস।

মাহাকুল } (মহাকুল+অ(ষ্ণ), ঈন
মাহাকুলীন } (খীন)—ভবার্থে) বিং, ত্রিং, মহাকুলপ্রসূত।

মাহাতাব (পারস্য) চন্দ্রকিরণ।

মাহাত্ম্য (মহাত্মন্+য(ষ্ণ্য)—[illegible]) সং, ক্লীং, মহাত্মতা, মহত্ত্ব, মহি[illegible], কীর্ত্তি, গৌরব।

মাহিন (মহিন রাজ্য+অ(ষ্ণ)—নিষ্প্রয়োজনার্থে) সং, ক্লীং, রাজ্য।

মাহিনা, মাহিয়ানা (পারস্য) সং, মাসিক বেতন।

মাহির; সং, পুং, শক্র, ইন্দ্র।

মাহিষ (মহিষী+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, মহিষসম্বন্ধীয় (দুগ্ধাদি)। (মহিষী+ষ্ণ) মহিষীসম্বন্ধীয়।

মাহিষক; সং, পুং, ক্ষত্রিয়-নৃপবিশেষ।

মাহিষিক (মহিষী+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, মহিষীপতি, ব্যভিচারিণীর স্বামী।

শিং—১ "মহিষীত্যুচ্যতে নারী যা চ স্যাদ্ব্যভিচারিণী। তাং দুষ্টাং কাময়তি যঃ স বৈ মাহিষিকঃ স্মৃতঃ।" যে ব্যক্তি ব্যভিচারিণী স্ত্রীর ধনে জীবিকা নির্ব্বাহ করে। মহিষোপজীবী। শিং—১ "মহিষীত্যুচ্যতে নার্য্যা ভগেনোপার্জ্জিতং ধনং। উপজীবতি যস্তস্যাঃ স বৈ মাহিষিকঃ স্মৃতঃ।"

মাহিষ্মতী; সং, স্ত্রীং, শিশুপালের পুরী, নর্ম্মদানদীতীরস্থ নগরবিশেষ; ইহার বর্ত্তমান নাম চুলিমহেশ্বর।

মাহিষ্য (মহিষী+য(ষ্যঞ্)—ভবার্থে) সং, পুং, বৈশ্যার গর্ভে ক্ষত্রিয় ঔরসে জাত জাতি।

মাহুত (মহামাত্র শব্দজ কি?) হস্তিচালক।

মাহুতী—গজসৈন্য বা গজারোহী সৈন্য।

মাহেন্দ্র (মহেন্দ্র ইন্দ্র+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়। সং, পুং, মহেন্দ্রসম্বন্ধীয় শুভ দণ্ডবিশেষ। ন্দ্রী—স্ত্রীং, ইন্দ্রাণী। পূর্ব্বাদিক্। গবী।

মাহেয় (মহী পৃথিবী+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। নরকাসুর। (+ষ্ণেয়—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, মহীসম্বন্ধীয়, মৃণ্ময়। য়ী—স্ত্রীং, গবী। সীতা।

মাহেশী; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "মহাদেবাৎ সমুৎপন্না মহাত্ত্বৈরীক্ষ্যতে যতঃ। মাহেশ্বর্য্যা তনুর্যস্যা মাহেশী তেন সা স্মৃতা।"

মাহেশ্বর (মহেশ্বর শিব+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, মহেশ্বরসম্বন্ধীয়। সং, পুং, শিবোপাসক। রী—স্ত্রীং, দুর্গা। মাতৃবিশেষ। যবতিক্তা।

মিছরি, মিসরি (দেশজ) সং, গুড়বিকারবিশেষ।

মিছা (মিথ্যাশব্দজ) বিং, অসত্য, অনৃত।

মিজ্রাফ্ (আরবী জার্ব আঘাত করা) সেতার বাদনকালীন দক্ষিণ হস্তের তর্জ্জনীর অঙ্গুলিত্র।

মিজাজ (আরবী) মনের ভাব, স্বভাব।

মিটন (দেশজ) সং, নিষ্পাদন, থামান।

মিঠাই (মিষ্ট শব্দজ) সং, মিষ্টান্ন, মিষ্টদ্রব্য।

মিত (মা পরিমাণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অল্প। অঙ্গীকৃত। পরিচ্ছিন্ন। পরিমিত। জ্ঞাত। অনুমিত। সঞ্চিত। শব্দিত। (মি ক্ষেপণ করা+ক্ত—র্ম্ম) নিক্ষিপ্ত।

মিতঙ্গম (মিত পরিমিত—গম্ গমন করা +অ(খশ্)—ক) সং, পুং, মা—স্ত্রীং, হস্তী, হস্তিনী। বিং, ত্রিং, পরিমিতগামী, মৃদুগামী।

মিতদ্রু (মিত যে [পৃথিবী] পরিমিত—দ্রু গমন করা+উ(কু)—ক) সং, পুং, সমুদ্র।

মিতভাষী (মিতভাষিন্, মিত—ভাষী [ভাষ্ +ইন্(ণিন্)—ক] যে বলে) বিং, ত্রিং, যে ব্যক্তি অল্প কথা কয়।

মিতম্পচ (মিত পরিমিত—পচ [পচ্ পাক করা+অ(খশ্)—ক] যে পাক করে) বিং, ত্রিং, পরিমিত পাককর্ত্তা। ব্যয়কুণ্ঠ, কৃপণ।

মিতব্যয়ী (মিতব্যয়িন্, মিত পরিমিত—ব্যয়ী যে ব্যয় করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অল্পব্যয়ী।

মিতা (মিত্র শব্দজ) সং, সুহৃৎ, সখা, বন্ধু।

মিতার্থ (মিত—অর্থ বোধ) সং, পুং, পরিমিতভাষী কার্য্যনির্ব্বাহক দূত।

মিতাশন (মিত পরিমিত—অশন [অশ্ ভোজন করা+অন—ক] যে ভোজন করে) বিং, ত্রিং, পরিমিতভোজী।

মিতাক্ষরা; সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ স্মৃতিগ্রন্থবিশেষ। বঙ্গদেশ ভিন্ন ভারতবর্ষের সমস্ত প্রদেশেই এই গ্রন্থের মতানুসারে হিন্দুদিগের দায়ভাগ হইয়া থাকে।

মিতি (মা পরিমাণ করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, পরিমাণ। জ্ঞান। অবচ্ছেদ। পরিচ্ছেদ। (মি ক্ষেপণ করা+তি(ক্তি) —ভা) ক্ষেপণ।

মিত্র, মিত্র (মিদ্ স্নেহ করা+ত্র(ক্ত্র)—ক, অথবা মী [গমন করা] জানা+ডিত্র, যে সকল জানে। কিম্বা মি ক্ষেপণ করা+ক্ত্র—ক) সং, ক্লীং, বন্ধু, সখা, সুহৃদ্, মিতা। (মি ক্ষেপণ করা+ত্র(ক্ত্র)—ক) পুং, সূর্য্য। বিং, ত্রিং, একক্রিয়। স্নিগ্ধ। ত্রা—স্ত্রীং, সুমিত্রা, শত্রুঘ্নজননী। বিশেষণ হইলে স্ত্রী পুংলিঙ্গও হয়।

মিত্রতা—স্ত্রীং } (মিত্র+তা, ত্ব—ভাবে)
মিত্রত্ব—ক্লীং } সং, সৌহার্দ্দ, বন্ধুত্ব। সন্ধি।

মিত্রযু (মিত্র বন্ধু—যা পাওয়া+উ(কু)—প্রং) বিং, ত্রিং, মিত্রবৎসল, মিত্রপ্রিয়।

মিত্রাক্ষর—পদ্যে চরণে চরণে যে মিল থাকে।

মিত্রাবরুণ ; সং, পুং, দ্বিং, আদিত্যবরুণ।

মিথঃ (মিথস্, মিথ্ বধ করা+অস্—ভা) অং, অন্যোন্য, পরস্পর। গোপনে।

মিথি ; সং, পুং, নিমিরাজপুত্র, জনকরাজ।

মিথিলা (মিথ+ইল(কিল)—র্ম্ম, আপ্। অথবা মিথি+ল—অস্ত্যর্থে, আপ্। নিমির পুত্র মিথিরাজা স্বীয় নামে এই নগরী নির্ম্মাণ করিয়াছিলেন বলিয়া মিথিলা নাম হইয়াছে) সং, স্ত্রীং, জনকরাজার পুরী, ত্রিহুত। শিং—১ "নিমেঃ পুত্রস্তু তত্রৈব মিথির্নাম মহান্ স্মৃতঃ। প্রথমং ভুজবলৈর্যেন তৈরহুতস্য পার্শ্বতঃ। নির্ম্মিতং স্বীয় নাম্না চ মিথিলাপুরমুত্তমং। পুরীজননসামর্থ্যাৎ জনকঃ স চ কীর্ত্তিতঃ।" (ভবিষ্যপুরাণম্)।

মিথুন (মিথ্ বধ করা+উন(উনক্)—ক) সং, ক্লীং, স্ত্রীপুরুষের যুগল, জোড়। মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত তৃতীয় রাশি ; ইহার অধিষ্ঠাত্রীদেবতা গদাধারী পুরুষ। ইহাতে জন্মিলে স্বজন-বৎসল, ত্যাগী, ভোগী, ধনী, কামী, দীর্ঘসূত্রী ও অরিনাশক হয়। স্ত্রীসংসর্গ। মিলন, সংযোগ।


মিথুন (রাশি)।

মিথ্যা (মিথ্ বধ করা+য(ক্যপ্)—র্ম্ম, আপ্) অং, অসত্য, অনৃত, মিছা। বৃথা, নিরর্থক। কাল্পনিক।

মিথ্যাচার (মিথ্যা—আচার) বিং, ত্রিং, দাম্ভিক। শিং—১ "কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্। ইন্দ্রিয়ার্থং বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে।" (ভাগবদ্গীতা)।

মিথ্যাদৃষ্টি (মিথ্যা অসত্য—দৃষ্টি দর্শন, জ্ঞান) সং, স্ত্রীং, যজ্ঞাদি সৎকর্ম্মানুষ্ঠানজনিত সুখভোগ অস্বীকরণ। নাস্তিকতা। অসত্যদর্শন।

মিথ্যানিরসন ; সং, ক্লীং, শপথ, দিব্য।

মিথ্যাভিশংসন (মিথ্যা অসত্য—অভিশংসন অপবাদ) সং, ক্লীং, অভিশাপ, "তুমি স্বর্ণ চুরি করিয়াছ" এইরূপ মিথ্যা দোষারোপ।

মিথ্যামতি (মিথ্যা অসত্য—মতি বুদ্ধি) সং, স্ত্রীং, অসত্যবুদ্ধি, মিথ্যাজ্ঞান, ভ্রান্তি।

মিথ্যাবাদী (মিথ্যাবাদিন্, মিথ্যা—বদ্ বলা+ইন্(ণিন্)—ক, পৌনঃপুন্যার্থে) বিং, ত্রিং, যে পুনঃ পুনঃ মিথ্যা বলে।

মিথ্যোত্তর (মিথ্যা—উত্তর) সং, ক্লীং, চারি প্রকার উত্তরের অন্তর্গত উত্তরবিশেষ। চারি প্রকার উত্তর ; যথা—"ইহা মিথ্যা" "আমি জানি নাই" "আমি সে স্থলে থাকি নাই" "সেই কালে আমি জন্মাই নাই।"

মিদ্ধ ; সং,ক্লীং, আলস্য। তন্দ্রা, নিদ্রালুতা, জড়তা।

মিম্মিন ; বিং, ত্রিং, সানুনাসিক বাক্যবিশিষ্ট, খোনা। শিং—১ "আবৃত্য বায়ুঃ সকফো ধমনীঃ শব্দবাহিনীঃ নরান্ করোত্যক্রিয়কান্ মূকমিম্মিন গদ্গদান্।"

মিমঙ্ক্ষা (মিমঙ্ক্ষ [মস্জ্ ডুবা+সন্—ইচ্ছার্থে] মজ্জন করিতে ইচ্ছা করা+অ—ভা) সং, স্ত্রীং, মজ্জন করিতে ইচ্ছা।

মিমঙ্ক্ষু (মিমঙ্ক্ষা দেখ, উ ) বিং, ত্রিং, মজ্জন করিতে ইচ্ছুক।

মিমন্থিষা (মিমন্থিষ [মন্থ্ মন্থন করা+সন্—ইচ্ছার্থে] মন্থন করিতে ইচ্ছা করা+অ—ভা) সং, স্ত্রীং, মন্থন করিতে ইচ্ছা। হননেচ্ছা।

মিমন্থিষু (মিমন্থিষা দেখ, উ—প্রং) বিং, ত্রিং, মন্থন করিতে ইচ্ছুক। আলোচনেচ্ছু। হননেচ্ছু।

মিমিক্ষা (মিহ্ সেচন করা+সন্—ইচ্ছার্থে। অ—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, প্রস্রাব করণেচ্ছা, মূত্রত্যাগেচ্ছা।

মিয়া (হিন্দী) মহাশয়, প্রভু।

মিয়ানা (হিন্দী) যানবিশেষ, পাল্কী।

মিলন (মিল্ সংলগ্ন হওয়া(+অন (অনট্) –ভা) সং, ক্লীং, মিশ্রণ। সংযোগ। ঐক্য। সন্ধিকরণ। স্পর্শন। ঘটন। সাদৃশ্য। ঔপম্য। মিত্রাক্ষর। সাক্ষাৎ।

মিলিত (মিলন দেখ, ত(ক্ত)–ক) বিং, ত্রিং, একত্রিত। সংযুক্ত, মিশ্রিত। সম্বন্ধবিশিষ্ট। প্রাপ্ত।

মিলিন্দ; সং, পুং, ভ্রমর। [করণ।

মিশন (মিশ্রণ শব্দজ) সং, মিলন, একত্র-

মিশ্র (মিশ্র্ মিশ্রিত করা+অ(অন্)–ক) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। মান্য, পূজ্য; যথা –"গৌরবিতাস্ত্বার্য্যমিশ্রাঃ।" পুং,উদগ্রাদি সপ্ত গণান্তর্গত সপ্তমগণ। উপাধিবিশেষ। গজজাতিবিশেষ। শিং–১ "ভদ্রো মন্দ্রো মৃগো মিশ্রশ্চতস্রো গজজাতয়ঃ। (+অন্ –র্ম্ম) মিশ্রিত দ্রব্য। (Mixture)।

মিশ্রক (মিশ্র [পুষ্প ইত্যাদি] সংযুক্ত+কণ্ –সংজ্ঞার্থে) সং, ক্লীং, দেবোদ্যান, দেবতাদিগের উপবন। সঙ্গীতবিশেষ। ঔষর লবণ। বিং, ত্রিং, মিশ্রকারী।

মিশ্রকাবন (মিশ্রক স্বর্গীয় উদ্যান–বন) সং, ক্লীং, ইন্দ্রের উপবন, নন্দনকানন।

মিশ্রণ (মিশ্র দেখ, অন(অনট্)–ভা) সং, ক্লীং, মিলন, যোগ। ঐক্য, মিশন। সঙ্কলন। [পরমাণুর যোগে উৎপন্ন হয়।

মিশ্রপদার্থ–যে সকল পদার্থ বিভিন্ন প্রকৃতির

মিশ্রিত (মিশ্র দেখ, ত(ক্ত)–ক) বিং, ত্রিং, মিলিত, যুক্ত, একত্রিত। তা–স্ত্রীং কৃত্তিকা এবং বিশাখা নক্ষত্রযুক্ত সংক্রান্তিবিশেষ।

মিশ্রেয়া (মিশ্র মিশ্রণ–ই গমন করা+য–প্রং) সং, স্ত্রীং, মধুরিকা, মৌরী। শতপুষ্পা, শালুকা।

মিষ (মিষ্ স্পর্দ্ধা করা+অ(ক)–ক সং, ক্লীং, ছল, কপটতা। ঈর্ষা। দর্শন। (মিষ্ সেচন করা+অ–ভাবে) পুং, সেচন। (মিষ্ স্পর্দ্ধা করা) স্পর্দ্ধন, প্রতিযোগিতা।

মিষ্ট (মিষ্ জলসেক করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, মধুর, সুস্বাদ, সুমধুর। সিক্ত। স্পর্দ্ধাযুক্ত। সময়োচিত। সং, পুং, মধুর রস। ক্লীং, মিষ্টান্ন [মাধুর্য্য, মধুরতা।

মিষ্টতা (মিষ্ট+তা–ভাবে) সং, স্ত্রীং,

মিষ্টান্ন (মিষ্ট–অন্ন ভক্ষণীয় দ্রব্য) সং, ক্লীং, মধুর দ্রব্য, সুস্বাদুবস্তু, মিঠাই।

মিসরদেশ–আফ্রিকা মহাদেশের অন্তর্গত ইজিপ্ট দেশ।

মিসরী (আরবীমিসর অর্থে আফ্রিকা। মিসর দেশজাত বলিয়া) মিষ্টদ্রব্য, গুড়বিকার।

মিসি } (মস্ পরিমাণ করা+ই–প্রং,
মিশি } অ=ই) সং, স্ত্রীং, মৌরী। জটা-
মিষি } মাংসী। নিরাশ্রয়। শতপুষ্পা। উশীরী। অজমোদা। (দেশজ) দন্ত-শোধনার্থ দ্রব্যবিশেষ, মঞ্জন।

মিহিকা (মিহ্ সেচন করা+অক–ক, আপ্) সং, স্ত্রীং, নীহার, হিম, তুষার।

মিহির (মিহ্ [কিরণ] সেচন করা+ইর(কির) –ক) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। মেঘ। বায়ু। চন্দ্র। মুনিবিশেষ। বররুচিপুত্র। বৃদ্ধ। বিক্রমাদিত্যের নবরত্নান্তর্গত রত্নবিশেষ, বরাহমিহির।


মিহিরাণ (মিহির সূর্য্য–অন্ জীবিত থাকা+অ–প্রং) সং, পুং, শিব।

মীঢ় (মিহ্ সেচন করা+ত(ক্ত)–ক) বিং, ত্রিং, মূত্রিত, কৃতপ্রস্রাব।

মীঢ়ুষ্টম; সং, পুং, সূর্য্য। শিব। শিং–১ "তদা সর্ব্বাণি ভূতানি শ্রুত্বা মীঢ়ুষ্টমোদিতং।" চৌর।

মীঢ়ান্ (মীঢ়ুস্, মিহ্ সেচন করা+বস্ (ক্বসু)–ক) সং, পুং, শিব। শিং–১ "ততো মীঢ়াংসমামন্ত্র্য সুনাসীরাঃ মহর্ষিভিঃ।"

মীন (মী বধ করা+ন(নক্)–র্ম্ম) সং, পুং, মৎস্য। রাশিবিশেষ। এই রাশিতে জন্মিলে "মীনলগ্নে সমুৎপন্নে রত্নকাঞ্চনপূরিতঃ। অল্প রোমা মহাপ্রাজ্ঞো দীর্ঘকালপরীক্ষকঃ।" বিষ্ণুর অবতারবিশেষ। (মৎস্য দেখ)।



মীন (রাশি)।

মীনকেতন (মীন মৎস্য—কেতন পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প। সমুদ্র।
মীনগোধিকা (মীন মৎস্য—গোধিকা গোসাপ) সং, স্ত্রীং, জলাশয়, সরোবর।
মীনঘাতী (মীনঘাতিন্, মীন মৎস্য—হন্ বধ করা+ইন্—ক) সং, পুং, বকপক্ষী। বিং, ত্রিং, মৎস্যঘাতক।
মীনধ্বজ (মীন মৎস্য—ধ্বজা পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প। সমুদ্র।
মীনর (মীন মৎস্য—রা [গ্রহণ করা] আক্রমণ করা+অ(ড)—ক) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর।
মীনরঙ্গ (মীন মৎস্য—রন্জ্ [অনুরক্ত হওয়া] বধ করা+অ—প্রং) সং, পুং, মাছরাঙ্গা পাখী। [ভার্য্যা।
মীনা; সং, স্ত্রীং, উষাকন্যা, ইনি কশ্যপের
মীনাক্ষী (মীন মৎস্য—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুবেরের কন্যা। গণ্ডদূর্ব্বা। মৎস্যাক্ষী।
মীনাণ্ডী (মীন মৎস্য—অণ্ড ডিম্ব, মৎস্যঅণ্ডের ন্যায় বলিয়া) সং, স্ত্রীং, শর্করা, চিনি।
মীনাঘাতী (মীনাঘাতিন্, মীন মৎস্য—আঘাতী যে বধ করে) সং, পুং, বকপক্ষী। জেলিয়া।
মীনাম্রীণ (মীন মৎস্য—আম্র আম+ঈন—প্রং) সং, পুং, খঞ্জনপক্ষী। দর্দ্দুরাম্র। [সং, পুং, সমুদ্র।
মীনালয় (মীন মৎস্য—আলয় বাসস্থান)
মীমাংসক (মান্ বিচার করা+সন্+অক (ণক)—ক, কিম্বা মীমাংসা+ক—জাতার্থে) সং, পুং, মীমাংসাশাস্ত্রবেত্তা; যেমন—পূর্ব্বমীমাংসাকর্ত্তা জৈমিনি, বৃত্তিকর্ত্তা কুমারভট্ট, ভাষ্যকর্ত্তা শবরস্বামী, উত্তরমীমাংসাসূত্রকর্ত্তা বেদব্যাস। বিং, ত্রিং, নিষ্পত্তিকারী।
মীমাংসা (মান্ বিচার করা+সন্+অ—ভাবে) সং, স্ত্রীং, ষড়্দর্শনের অন্তর্গত জৈমিনি মুনিপ্রণীত দর্শনশাস্ত্র। বেদান্তশাস্ত্র। সিদ্ধান্ত, নিষ্পত্তি, পূর্ব্বাপরবিরোধ পরিহার।

মীর (মি ক্ষেপণ করা+র—সংজ্ঞার্থে। ই—ঈ) সং, পুং, সমুদ্র। পর্ব্বতের একদেশ। সীমা। পানীয়। (পারস্য) প্রধান ব্যক্তি, সর্দ্দার। মুসলমান সৈয়দদিগের উপাধি।
মীল—পুং } (মীল্ চক্ষু মুদ্রিতহওয়া+
মীলন—স্ত্রীং } অ(অল্),অন(অনট্)—ভা) সং, চক্ষু মুদ্রিতকরণ, বুজা। সঙ্কোচন।
মীলিত (মীলন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপ্রফুল্ল, মুদিত, অবিকাসিত। সঙ্কুচিত। ক্লীং, অর্থালঙ্কারবিশেষ।
মীবর (মী বধ করা+বর—প্রং) বিং, ত্রিং, হিংস্র, হিংস্রক। পূজ্য। সেনানী।
মীবা (মীবন্, মী গমন করা+বন্—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু।
মীবা (মী বধ করা+বা—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, উদরকৃমি। শীকর। সার।
মু (মু বন্ধন করা+০(ক্বিপ্)—ক। অথবা মুচ্ মোচন করা) সং, পুং, বন্ধন। মহেশ্বর। পিঙ্গলবর্ণ। পিণ্ড। মুক্তি।
মুকু (মুচ্ মোচন করা+কু—ভাবে) সং, পুং—স্ত্রীং, মুক্তি, মোক্ষ। শিব। উৎসর্গ।
মুকুট (মনক্ ভূষিত করা+উট—ক, নিপাতন) সং, ক্লীং, কিরীট, শিরোভূষণ। (কেহ কেহ পুংলিঙ্গ নির্দ্দিষ্ট করিয়া থাকেন)। টী—স্ত্রীং, আঙুল মট্কান।
মুকুন্দ (মুকুম্ মোক্ষ—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে) সং, পুং, মুক্তিদাতা, বিষ্ণু। শিং—১ মুকুমব্যয়মাত্মক নির্ব্বাণমোক্ষবাচক তদ্দদাতি চ যো দেবো মুকুন্দস্তেন কীর্ত্তিতঃ। মুকুং ভক্তিরসপ্রেমবচনং বেদসম্মতং। যস্তদ্দদাতি বিপ্রেভ্যো মুকুন্দস্তেন কীর্ত্তিতঃ।" কুবেরেরনিধিবিশেষ। পারদ,পারা।
মুকুন্দক } সং, পুং, পলাণ্ডু। ষষ্টিকব্রীহি।
মুকন্দক }
মুকুম্ (মনক্ ভূষিত করা অথবা মুচ্ মুক্তিকরা+উম্(কুম্)—ভাবে) অং, নির্ব্বাণ মুক্তি। ভক্তিরস। প্রেম।
মুকুর (মনক্ ভূষিত করা+উর—ক, নিপাতন) সং, পুং, দর্পণ, আর্শি। বকুলবৃক্ষ

কুলালদণ্ড। মুকুল। মল্লিকাপুষ্পবৃক্ষ। কুলগাছ।

মুকুল (মুচ্ [পুষ্পাদি] মোচন করা অথবা মন্কৃ ভূষিত করা+উল—ক, চ=ক্) সং, পুং—ক্লীং, ঈষদ্বিকসিত কলিকা, কুঁড়ি। শরীর। আত্মা।

মুকুলিত (মুকুল+ইত—প্রং) বিং, ত্রিং, কলিকাসম্পন্ন, মুকুলযুক্ত। অর্দ্ধমুদিত, ঈষৎ বিকসিত।

মুকুষ্ট } সং, পুং, বনমুদ্গ, মুগানি।
মুকুষ্টক }

মুক্ত (মুচ্ মোচন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মোক্ষপ্রাপ্ত। (+ক্ত—র্ম্ম) বিসৃষ্ট। ত্যক্ত। উন্মুক্ত। উদ্ধৃত। বিরত। আনন্দিত। নির্ম্মল।

মুক্তক (মুক্ত পরিত্যক্ত+কণ্—যোগ) সং, ক্লীং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, বর্ষ বল্লম ইত্যাদি।

মুক্তকঞ্চুক (মুক্ত—কঞ্চুক সাপের খোলস, ৩য়া—হিং) সং, পুং, নির্ম্মুক্ত, খোলস ছাড়া সর্প।

মুক্তকচ্ছ ; সং, পুং, বুদ্ধমতাবলম্বী।

মুক্তকণ্ঠ ; ক্রিং—বিং, উচ্চৈঃস্বরে, গলা ছাড়িয়া দেওয়া।

মুক্তচক্ষুঃ (মুক্তচক্ষুস্, মুক্ত—চক্ষুস্ নয়ন) বিং, ত্রিং, উন্মীলিত-নয়ন। সং, পুং, সিংহ।

মুক্তসঙ্গ (মুক্ত—সঙ্গ বিষয়াসক্তি) বিং, ত্রিং, বিষয়াসক্তিরহিত, বিষয়সঙ্গত্যাগী। সং, পুং, পরিব্রাজক।

মুক্তহস্ত (মুক্ত দানের নিমিত্ত প্রসারিত—হস্ত, ৩য়া—হিং) বিং, ত্রিং, দানশীল, বদান্য।

মুক্তা (মুক্ত দেখ, আপ্—প্রং) সং, স্ত্রীং, মৌক্তিক, মোতী। পুংশ্চলী। গণিকা, বেশ্যা।

মুক্তাকলাপ } (মুক্তা—কলাপ সমূহ,
মুক্তাপ্রালম্ব } প্রালম্ব ভূষণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মুক্তার মালা।

মুক্তাগার—ক্লীং } (মুক্তা—আগার বাস-
মুক্তাপ্রসূ—স্ত্রীং } স্থান। মুক্তা—প্রসূ মাতা, ৬ষ্ঠী—ষ) সং, যে শুক্তিতে মুক্তা জন্মে।

মুক্তাফল (মুক্তা—ফল, ৬ং—স) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তা। শিং—১"করীন্দ্র-জীমূত-বরাহ শঙ্খ মৎস্যাহিশুক্ত্যুদ্ভব-বেণুজানি। মুক্তাফলানি প্রথিতানি লোকে তেষান্তু শুক্ত্যুদ্ভবমেব ভূরি।" কর্পূর। বোপদেবকৃত ভক্তিপ্রধান গ্রন্থবিশেষ। শিং—১ "চতুরেণ চতুর্বর্গচিন্তামণিবণিজ্যয়া। হেমাদ্রির্বোপদেবেন মুক্তাফলমচীকরৎ।"

মুক্তালতা } (মুক্তা—লতা, আবলী শ্রেণী,
মুক্তাবলী } ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মুক্তামালা, মুক্তাহার।

মুক্তাস্ফোট (মুক্তা—স্ফুট্ ভেদ করা+অ (অল্)—ভা) সং, পুং, টা—স্ত্রীং, শুক্তি, ঝিনুক।

মুক্তি (মুচ্ মোচন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, নিত্যসুখপ্রাপ্তি, আত্যন্তিকদুঃখ নিবৃত্তি, অপবর্গ। সংসারবন্ধনরাহিত্য। ব্রহ্মস্বরূপপ্রাপ্তি। দেহের ইন্দ্রিয়াদি হইতে বন্ধনশূন্যত্ব। মোচন। পরিত্রাণ।

মুক্তিকা ; সং, স্ত্রীং, মুক্তা।

মুক্তিমণ্ডপ (মুক্তি মুক্তিপ্রদ—মণ্ডপ) সং, পুং, বিশ্বেশ্বরের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ। জগন্নাথমন্দিরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ।

মুখ (খন্ খনন করা+অ(অল্)—র্ম্ম, নিপাতন, মু—আগম) সং, ক্লীং, আনন, বদন। (প্রজাস্বজায়তঃখাতং তস্মাদাহুর্ম্মুখং বুধাঃ) গৃহাদির দ্বার। নিঃসরণ। গৃহের নিষ্ক্রমণ এবং প্রবেশ পথ। হট্টমণ্ডপাদি প্রবেশ নির্গম। গৃহাঙ্গনাদির নিঃসরণ পথ। আরম্ভ। অগ্রভাগ। উপায়। নাটকাদির সন্ধিবিশেষ। বাক্, শব্দ। নাটক। বিং, ত্রিং, আদ্য। প্রধান। পুং, লকুচবৃক্ষ, ডেয়ো।


মুখকোষ ; সং, পুং, মুখাচ্ছাদন, মুকোষ।

মুখগন্ধক } (মুখ—গন্ধক গন্ধ। মুখ—
মুখদূষণ } দূষণ দোষ। ইহা ভক্ষণ করিলে মুখে অত্যন্ত দুর্গন্ধ হয় বলিয়া ইহার নাম মুখদূষণ) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।

মুখঘণ্টা ; সং, স্ত্রীং, বিবাহের মঙ্গল সময়ে হুলু হুলু ধ্বনি।

মুখচারী (মুখ—চারী) সং, স্ত্রীং, রসনা, জিহ্বা।

মুখচোরা (দেশজ) লজ্জাশীল,লাজুক,সলজ্জ।
মুখজ (মুখ – জ [জন্ জন্মান+অ(ড) – ক] যে জন্মে, ৫মী – ষ) সং, পুং, ব্রাহ্মণ, ব্রহ্মার মুখজাত বর্ণ। দন্ত। বিং, ত্রিং, বদনোৎপন্ন।
মুখনিরীক্ষক (মুখ – নিরীক্ষক যে নিরীক্ষণ করে) বিং, ত্রিং, অলস। মুখদর্শী। পক্ষপাতী। অযথার্থদর্শী।
মুখপূরণ (মুখ – পূরণ পূর্ণ হওয়া) সং, ক্লীং গণ্ডূষ, এককোষ। বিং, ত্রিং, গ্রাস।
মুখবন্ধ ; সং, পুং, কোন গ্রন্থ বা গল্প রচনার প্রারম্ভে প্রকৃত বিষয় উল্লেখ করিবার পূর্ব্বে তৎসম্বন্ধ নানা কথা প্রসঙ্গ, প্রস্তাবনা। [তাম্বূল, পাণ।
মুখভূষণ (মুখ – ভূষণ আভরণ) সং, ক্লীং,
মুখযন্ত্রণ (মুখ – যন্ত্রণ বন্ধন) সং, ক্লীং, কবিকা, লাগাম।
মুখর (মুখ মুখনির্গত বাক্য+র – অস্ত্যর্থে, কিম্বা রা গ্রহণ করা+অ(ড) – ক) বিং, ত্রিং, নিরন্তরভাষী,অতিশয় বক্তা, বাচাল। দুর্ম্মুখ। অপ্রিয়ভাষী। অগ্রভাষী, যে অগ্রে বলে; যথা—"মুখরস্তত্র হন্যতে।" অগ্রবর্ত্তী। শব্দায়মান। সং, পুং, কাক। শঙ্খ।
মুখরিত (মুখর+ইত – প্রং। অথবা মুখর+ই (ক্রি)+ক্ত – ক) বিং, ত্রিং, শব্দায়মান, ধ্বনিত।
মুখলাঙ্গল (মুখ – লাঙ্গল। যাহার মুখ লাঙ্গলের ন্যায়) সং, পুং, বরাহ, শূকর।
মুখবাসন (মুখ – বাসন। সুগন্ধীকরণ) সং, পুং, মুখের সুগন্ধিকারক দ্রব্য, কর্পূরাদি।
মুখবিলুণ্ঠিকা ; সং, স্ত্রীং, অজা, ছাগী।
মুখবিষ্ঠা (মুখ – বিষ্ঠা মল। যাহার মুখস্পর্শে দ্রব্যাদি বিষ্ঠার ন্যায় দুর্গন্ধযুক্ত হয়) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা।
মুখশফ, মুখচীল (মুখ – শফ খুর) বিং, ত্রিং, দুর্ম্মুখ, কটুভাষী।
মুখশুদ্ধি (মুখ – শুদ্ধি শোধন) সং, স্ত্রীং, বক্ত্রশোধন; মুখপ্রক্ষালন, দন্তধাবন। (ভোজনের পর আচমন করিয়া হরীতকী গুবাক প্রভৃতি মুখশোধনীয় দ্রব্যাদি)।
মুখসম্ভব (মুখ [ব্রহ্মার] আনন – সম্ভব জাত) সং, পুং, ব্রহ্মার মুখজাত বর্ণ, ব্রাহ্মণ।
মুখসিন্ধ ; সং, পুং, অশ্ববিশেষ।
মুখসুর (মুখ – সুরা মদ্য) সং, ক্লীং, তালসুরা, তাড়ী।
মুখস্রাব (মুখ – স্রু ক্ষরিতহওয়া+অ(ঘঞ্) – ভাবে) সং, পুং, লালা, থুথু।
মুখাগ্নি (মুখ বদন – অগ্নি আগুন। শাপপ্রদানে দাহকত্ব হেতু যাহাদের মুখ অগ্নি তুল্য) সং, পুং, ব্রাহ্মণ। (মুখ প্রধান – অগ্নি) দাবানল। শবমুখে প্রদত্ত অগ্নি, শবাগ্নি, (শাস্ত্রমতে—শিরঃস্থানে অগ্নি প্রদত্ত হইলেও মুখাগ্নি বলা যায়)।
মুখাপেক্ষা ; সং, স্ত্রীং, অনুরোধ। পক্ষপাত।
মুখাস্ত্র (মুখ – অস্ত্র। মুখই যাহার অস্ত্র) সং, পুং, কর্কট, কাঁকড়া। [দাবানল।
মুখোল্কা (মুখ – উল্কা অগ্নিশিখা) সং, স্ত্রীং,
মুখ্য (মুখ প্রধান+য – ইবার্থে) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ, উত্তম। আদিম।
মুখ্যতর (মুখ্য+তর দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, যাহার অপেক্ষা আর কেহ শ্রেষ্ঠ নাই, সারাৎসার।
মুখ্যসর্গ ; সং, পুং, স্থাবরসৃষ্টি।
মুগ (মুদ্গ শব্দজ) সং, মুগ কলাই।
মুগুর (মুদ্গার শব্দজ) সং, গদা, যষ্টি। ব্যায়ামার্থ ব্যবহৃত কাষ্ঠনির্ম্মিত দ্রব্যবিশেষ।
মুগ্ধ (মুহ্ অচৈতন্য হওয়া+ত(ক্ত) – ক) বিং, ত্রিং, মূঢ়, মোহবশ। সুন্দর,মনোহর। নূতন। মোহিত। গ্ধা – স্ত্রীং, সরলস্বভাবা নায়িকা। নবোঢ়া। মোহিতা।
মুগ্ধবোধ (মুগ্ধ মূঢ়, সুন্দর – বুধ্-ণিচ্=বোধি বুঝান+অ(অল্) – ভাবে) সং,ক্লীং,বোপদেব প্রণীত ব্যাকরণবিশেষ।
মুচঙ্গ (সংস্কৃত=মু মুখ শব্দজ – পারস্য=



মুচঙ্গ।

চঙ্গ বীণা) সং, বাদ্যযন্ত্রবিশেষ। এই যন্ত্র দন্ত দ্বারা কামড়াইয়া বাজাইতে হয়।

মুচির (মুচ্ [মোচন করা] ধনাংশ করা+ইর—ক, শীলার্থে) বিং, ত্রিং, দানশীল, ব-দান্য। সং, পুং, ধর্ম্ম। বায়ু। দেবতা।

মুচী (দেশজ) সং, চর্ম্মকার, চামার।

মুচুকুন্দ (মুচু[মুচ্+উ(কু)—ক]—কুন্দ) সং, পুং, পুষ্প-বৃক্ষবিশেষ। মান্ধাতা রাজার পুত্র। মুনিবিশেষ। দৈত্যবিশেষ। (মুচ্-কুন্দ শব্দও হয়)।

মুচুটী; সং, স্ত্রীং, অঙ্গুলিমোটন, আঙ্গুল মুট্‌কান। মুষ্টি, মুঠা।

মুচ্‌ড়ন (দেশজ) সং, ঈষৎ ভাঙ্গন, অল্প ভগ্ন হওন।

মুচ্ছুদ্দি (আরবী মুৎসদ্দি শব্দের অপভ্রংশ) সং, লেখক। কার্য্যালয়ের তত্ত্বাবধায়ক।

মুঞ্জ (মুঞ্জ্ শব্দ করা+অ(অন্)—ক) সং, পুং, রজ্জুসাধন তৃণবিশেষ, শর।

মুঞ্জকেশ (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কেশ মুঞ্জতৃণের ন্যায়।

মুঞ্জকেশী (—কেশিন্, মুঞ্জ শর, তৃণ—কেশ চুল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

মুঞ্জপৃষ্ঠ; সং, ক্লীং, হিমাচলের শৃঙ্গ-বিশেষ।

মুঞ্জর; সং, ক্লীং, শালূক।

মুঞ্জরণ (মুঞ্জর শব্দজ) কলিজোদ্গম, গজান।

মুঞ্জরিত (মুঞ্জর+ইত—জাতার্থে) বিং, ত্রিং, নবপল্লবোদ্গম, নূতন পত্রাদির উৎপত্তি।

মুঞ্জরী; সং, স্ত্রীং, তুলসীপুষ্প; শীর্ষ; পদ্ম-কেশর।

মুঞ্জাতক; সং, পুং, বৃক্ষবিশেষ।

মুটিয়া (দেশজ) সং, মোটবাহক, ভারিক।

মুঠা, মুঠী (মুষ্টি শব্দজ) সং, কুঞ্চিত করতল। খড়্গাদির বাঁট।

মুড়কী (দেশজ) সং, গুড়মিশ্রিত খৈ।

মুড়ন (মুণ্ডন শব্দজ) সং, কেশচ্ছেদন। শা-খাদিচ্ছেদন।

মুড়ী (দেশজ) সং, ভৃষ্টতণ্ডুল, ভাজা চাউল।

মুণ্ড (মুণ্ড্ ছেদন করা+অ(অল্)—র্ম্ম, না-মার্থে) সং;পুং—ক্লীং, শিরঃ, মস্তক। পুং, দৈত্যবিশেষ। স্থাণুবৃক্ষ। রাহুগ্রহ। নাপিত ক্লীং, মুণ্ডায়স। বিং, ত্রিং, মুণ্ডিত।

মুণ্ডক (মুণ্ড্ মুণ্ডন করা, মুড়া করা+অক (ণক)—ক। অথবা মুণ্ড+কণ্—নিষ্প্রয়ো-জনার্থে) সং, ক্লীং, মস্তক। পুং, নাপিত।

মুণ্ডন (মুণ্ড দেখ, অন(অনট্)—ভা) সং,ক্লীং, মাথা মুড়ন, কামান।

মুণ্ডফল (মুণ্ড মস্তক—ফল। মাতার ন্যায় যাহার ফল) সং, পুং, নারিকেল বৃক্ষ।

মুণ্ডায়স (মুণ্ড—অয়স লৌহ) সং, ক্লীং, লৌহ, লোহা।

মুণ্ডিত (মুণ্ড দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বাপিত, মুড়ান। সং, ক্লীং, লোহ।

মুণ্ডিতিকা; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ।

মুণ্ডী (মুণ্ডিন্, মুণ্ড্-ণিচ্=মুণ্ডি মুণ্ডন করান +ইন্(ণিন্)—ক) সং, পুং, মুণ্ডনকারী, নাপিত। (দেশজ) গোলাকৃতি ক্ষুদ্র সন্দেশ-বিশেষ।

মুদ্, মুদা (মুদ্ হৃষ্টহওয়া+০(ক্বিপ্)—ভাবে, আপ্) সং, স্ত্রীং, প্রীতি, হর্ষ। সন্তোষ। ভার্য্যা।

মুদিত (মুদ্ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রীত। হৃষ্ট, আহ্লাদিত। শিং—১ "আ-র্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা।" আলিঙ্গনবিশেষ।

মুদির (মুদ্ দেখ, ইর(কির)—ক, নামার্থে) সং, পুং, মেঘ। ভেক। বিং, ত্রিং, কামুক, লম্পট। [সায়ী।

মুদী (দেশজ) সং, দোকানী, নানা-দ্রব্য-ব্যব-

মুদ্গ (মুদ্ দেখ, গ(গক্)—ণ) সং, পুং, শস্য-বিশেষ, মুগ কলাই। জলবায়স, পাণি-কৌড়ি।

মুদ্গপর্ণী (মুদ্গপর্ণের ন্যায় পত্র যাহার) সং, স্ত্রীং, বনমুদ্গ, মুগানী।

মুদ্গভুক্, মুদ্গভুজ, মুদ্গভোজী (—ভুজ্, মুদ্গ মুগ কলাই—ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক। ২য়-পক্ষে—ভুজ্+অ(ক)—ক। ৩য়-পক্ষে—ভুজ্+ইন্(ণিন্)—ক। যে মুদ্গ ভোজন করে) সং, পুং, অশ্ব, ঘোটক।

মুদ্গর (মুদ্ হর্ষ—গৃ ভক্ষণকরা+অ(অন্)—ক) সং, পুং, যষ্টিবিশেষ, গদা, মুগুর। ক্লীং, কাষ্ঠমল্লিকাফল। কামরাঙ্গাগাছ।

মুদ্গাল (মুদ্ হর্ষ—গৄ ভক্ষণকরা+অ(অন্) —ক) সং, পুং, গোত্রকারক মুনিবিশেষ। নৃপবিশেষ, হর্য্যশ্বরাজার পুত্র। পুষ্পবৃক্ষ-বিশেষ। ক্লীং, তৃণবিশেষ, রোহিসতৃণ।

মুদ্গাষ্ট } মুদ্গাষ্টক } (মুদ্গা মুগকলাই—স্তক্ প্রতী-ঘাত করা+অ—প্রং) সং, পুং, বনমুদ্গ; বন্যমুগ।

মুদ্গাষ্ঠ } মুদ্গাষ্ঠক } (মুদ্গা মুগকলাই—স্থা [থাকা] তুলনাকরা+অ(অন্)—ক। ক—যোগে মুদ্গাষ্ঠক) সং, পুং, বন্যমুগ।

মুদ্দাই (আরবী) বাদী, বিচারার্থী। শত্রু; যথা —"মধ্যস্থ মুদ্দাই হয়ে দেয় ভুলাইয়া।"

মুদ্রণ—ক্লীং } মুদ্রণা—স্ত্রীং } (মুদ্রা-ণিচ্ মুদ্রিতকরা [ণিচ্—প্রেরণে]+অন(অনট্)—ভা) সং, মুদ্রিতকরণ। নিয়মন। অঙ্গুলি মুদ্রা, হাতের আংটী।

মুদ্রা ( মুদ্ [ইহার দ্বারা] হৃষ্ট হওয়া+র(রক্) —ণ, আপ্ ) সং, স্ত্রীং, মোহর, ছাপ। মোহর টাকা, পয়সা প্রভৃতি। মোহরকরা, ছাপা। প্রত্যয়করণ। ছাপার অক্ষর। ক্ষোদিত লিপি। খোদিত লিপিযুক্ত অঙ্গুরীয়। মুদ্রণ। মদ্যপানোপযোগী চাট্নি। আকার। সীমা। গানাদিসময়ে হস্তমুখাদির ভঙ্গী। পঞ্চমকারান্তর্গত ভ্রষ্টদ্রব্যবিশেষ। (+রক্—ভাবে) বিন্যাস। নিয়মন। তূষ্ণীম্ভাব। (+রক্—ণ) দেবারাধনকালে অঙ্গুল্যাদি সন্নিবেশবিশেষ। শিং—১"মোদনাৎ সর্ব্ব-দেবানাংদ্রাবণাৎপাপসন্ততেঃ। তস্মান্মুদ্রেতি সা খ্যাতা সর্ব্বকামার্থসাধনী।"কতকগুলি প্রচলিত মুদ্রার প্রতিকৃতি প্রদর্শিত হইল।

১। অঙ্কুশমুদ্রা—

দক্ষিণহস্তের মধ্যমাঙ্গুলি সিধা করিবে, তর্জ্জনী অঙ্গুলির মধ্য-পর্ব্ব পর্য্যন্ত মধ্যমাতে সংযোগ করিয়া তাহার অগ্রভাগ কিঞ্চিৎ বাঁকা করিবে, ইহার নাম অঙ্কুশমুদ্রা। শিং—১ "ঋজ্বীং মধ্যমাং কৃত্বা তর্জ্জনীমধ্যপর্ব্বণি। সংযোজ্যাকুঞ্চয়েৎ কিঞ্চিন্মুদ্রৈষাঙ্কুশসংজ্ঞিকা।"



অঙ্কুশমুদ্রা।

২। ধেনুমুদ্রা—

দক্ষিণহস্তের তর্জ্জনী ও অনামিকা বাম হস্তের মধ্যমা ও কনিষ্ঠাতে এবং দক্ষিণ হস্তের মধ্যমা ও কনিষ্ঠা বাম হস্তের তর্জ্জনী ও অনামিকাতে সংযোগ করিতে হইবে, ইহার নাম ধেনুমুদ্রা।



ধেনুমুদ্রা।

৩। নারাচমুদ্রা—

দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগে তর্জ্জনী অঙ্গুলি মিলিত করিতে হইবে, মধ্যমা অনামিকা কনিষ্ঠা করতলস্থ ঊর্দ্ধরেখার সহিত বাঁকা করিয়া রাখিতে হইবে, ইহার নাম নারাচমুদ্রা।



নারাচমুদ্রা।

৪। কূর্ম্মমুদ্রা—

বামহস্তের বৃদ্ধ অঙ্গুলিতে দক্ষিণহস্তের তর্জ্জনী এবং বাম হস্তের তর্জ্জনীতে দক্ষিণ হস্তের কনিষ্ঠা যোজনা করিবে এবং দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলী উন্নত করিবে এবং মধ্যমা অনামিকা বামহস্তের বৃদ্ধ ও তর্জ্জনীর মধ্য দিয়া বাঁকা করিয়া দিবে এবং বামহস্তের মধ্যমা ও অনামিকা এবং কনিষ্ঠা দক্ষিণ-হস্তের পৃষ্ঠে অর্থাৎ ক্রোড়ে বাঁকা করিয়া রাখিবে এবং কূর্ম্মপৃষ্ঠের ন্যায় দক্ষিণ হস্ত করিবে।



কূর্ম্মমুদ্রা।

৫। অবগুণ্ঠনমুদ্রা—

দক্ষিণহস্ত মুঠা করিয়া তর্জ্জনী অঙ্গুলী সিধা এবং অধোমুখ করিয়া দক্ষিণাবর্ত্তে ঐ তর্জ্জনী অঙ্গুলিকে একবার ঘুরাইবে।



অবগুণ্ঠনমুদ্রা।

৬। গালিনীমুদ্রা—


দক্ষিণহস্তের উপরে বামহস্ত রাখিয়া বামহস্তের কনিষ্ঠা ও বৃদ্ধাঙ্গুলি দক্ষিণহস্তের বৃদ্ধা ও কনিষ্ঠাতে যোগ করিয়া উভয় হস্তের তর্জ্জনী, মধ্যমা এবং অনামা পরস্পর সংমিলিত করিবে এবং উভয় হস্তের কনিষ্ঠা এবং বৃদ্ধাঙ্গুলিকে তর্জ্জনী মধ্যমা ও অনামা হইতে ব্যবধান রাখিবে।



গালিনীমুদ্রা।

৭। মৎস্যমুদ্রা—

দক্ষিণহস্তের পৃষ্ঠদেশে বামহস্তের তল ঠিক সমভাবে সংলগ্ন করিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলিদ্বয় বিলক্ষণরূপে চালনা করিবে। তাহার নাম মৎসমুদ্রা।



মৎস্যমুদ্রা।

৮। চক্রমুদ্রা—

উভয় হস্ত মুঠা করিয়া উভয় হস্তের বৃদ্ধ অঙ্গুলিদ্বয় হস্তমধ্যে কনিষ্ঠা অঙ্গুলিদ্বয়ের সহিত সংলগ্ন করিবে, হস্ত ভগ্ন হইবে না, ইহার নাম চক্রমুদ্রা।



চক্রমুদ্রা।

৯। শঙ্খমুদ্রা—

দক্ষিণ হস্তের দ্বারা বাম হস্তের অঙ্গুষ্ঠ মুঠা করিয়া ধরিবে এবং বাম হস্তের অপর চারিটী অঙ্গুলি দক্ষিণ মুষ্টির পৃষ্ঠ সংলগ্ন করিয়া উন্নত করিবে এবং দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ সিধা করিয়া বাম হস্তের ঐ সকল অঙ্গুলির অগ্রভাগে অগ্রভাগ যোজনা করিবে।



শঙ্খমুদ্রা।

১০। গদামুদ্রা—

উভয় হস্ত মুখামুখি করিয়া অঙ্গুলি সকল গ্রথিত করিবে এবং উভয় হস্তের মধ্যমাদ্বয় সংলগ্ন করিয়া সিধা করিয়া উন্নত করিবে।



গদামুদ্রা।

১১। পদ্মমুদ্রা—

হস্তদ্বয় মুখামুখি করিয়া অঙ্গুলি সকল উন্নত করিয়া কিঞ্চিৎ সংকোচিত করিবে এবং উভয় হস্তের অঙ্গুষ্ঠদ্বয় তলে সংলগ্ন করিবে। ইহার নাম পদ্মমুদ্রা।



পদ্মমুদ্রা।

১২। লেলিহামুদ্রা—

দক্ষিণ হস্তের তর্জ্জনী মধ্যমা অনামিকা অঙ্গুলি সমান করিয়া অধোমুখ করিবে এবং অনামিকার অগ্রভাগে বৃদ্ধাঙ্গুলি যোগ করিবে কনিষ্ঠা অঙ্গুলি সরল করিবে।



লেলিহামুদ্রা।

১৩। আবাহনীমুদ্রা—

দুইহস্ত চিতরূপে অঞ্জলি করিয়া অনামিকা অঙ্গুলির মূল পর্ব্বে অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বয়ের শিরোভাগ মিলাইয়া আবাহন করিতে হইবে ইহার নাম আবাহনীমুদ্রা।



আবাহনীমুদ্রা।

১৪। সন্নিধাপনীমুদ্রা—

দুই হস্ত মুঠ করিয়া পরস্পর সংলগ্ন করত বৃদ্ধাঙ্গুলিদ্বয় উন্নত করিবে। ইহাকে সন্নিধাপনীমুদ্রা কহে। উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোস্তু সংযোগাৎ সন্নিধাপনী।"




সন্নিধাপনীমুদ্রা।

১৫। সংবোধিনীমুদ্রা—
দুই হস্ত মুঠ করিয়া বৃদ্ধাঙ্গুলিদ্বয় মুষ্টির মধ্যে প্রবেশ করাইবে। ইহার নাম সংবোধিনী মুদ্রা। শিং—১ "অন্তঃ প্রবেশিকাঙ্গুষ্ঠা সৈব সংবোধিনী মতা।"



সংবোধিনীমুদ্রা।

১৬। সম্মুখীকরণীমুদ্রা—
দুই হস্ত মুঠ করিয়া পরস্পর চিতভাবে সংলগ্ন করিবে। ইহার নাম সম্মুখীকরণীমুদ্রা। শিং—১ "উত্তানমুষ্টি যুগলা সম্মুখীকরণী মতা।"



সম্মুখীকরণীমুদ্রা।

১৭। যোনিমুদ্রা—
কনিষ্ঠা দ্বারা কনিষ্ঠা বদ্ধ করিবে এবং তর্জ্জনীদ্বয়ের দ্বারা অনামিকদ্বয় বদ্ধ করিবে এবং অনামিকদ্বয় উন্নত করিবে এবং অঙ্গুষ্ঠদ্বয়ের অগ্রভাগ মধ্যমার অগ্র পর্য্যন্ত সিধা করিয়া দিবে।



যোনিমুদ্রা।

১৮। ত্রিশূলমুদ্রা—
দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাতে যোগ করিবে এবং অপর অঙ্গুলিত্রয় ফাঁক করিয়া সিধা করিবে। শিং—১ "অঙ্গুষ্ঠেন কনিষ্ঠান্ত বদ্ধাশ্লিষ্টাঙ্গুলিত্রয়ং। প্রসারয়েৎত্রিশূলাখ্যা মুদ্রৈষা পরিকল্পিতা।"



ত্রিশূলমুদ্রা।

১৯। বরমুদ্রা—
দক্ষিণ হস্ত নিম্ন করিবে প্রসারিত করিতে হইবে। ইহাকে বরমুদ্রা কহে। শিং—১ "অধস্থিতো দক্ষহস্তঃ প্রসৃতো বরমুদ্রিকা।"



বর মুদ্রা।

২০। অভয়মুদ্রা—
বাম হস্ত ঊর্দ্ধ করিয়া প্রসারিত করিতে হইবে। ইহাকে অভয়মুদ্রা কহে। শিং—১ "ঊর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা।" (ভ্রমক্রমে দক্ষিণহস্ত অঙ্কিত হইয়াছে)।



অভয়মুদ্রা।

২১। মৃগমুদ্রা—
অনামিকা ও অঙ্গুষ্ঠ মিলিত করিয়া মধ্যমাতে সংযোগ করিবে এবং তর্জ্জনী ও কনিষ্ঠা সিধা করিয়া রাখিবে।



মৃগমুদ্রা।

২২। স্থাপনীমুদ্রা—
আবাহনীমুদ্রা অধোমুখ করিবে।

মুদ্রাঙ্কন (মুদ্রা—অঙ্কন) সং, ক্লীং, মুদ্রিতকরণ, ছাপান।

মুদ্রাঙ্কিত (মুদ্রা—অঙ্কিত চিহ্নিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, মুদ্রা-চিহ্নিত, ছাপা। মোহরকরা। [কল।

মুদ্রাযন্ত্র; সং, ক্লীং, মুদ্রাকরণের যন্ত্র, ছাপার

মুদ্রিকা (মুদ্রা+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, স্বর্ণরৌপ্যাদিনির্ম্মিত মুদ্রা, টাকা, পয়সা মোহর প্রভৃতি। মুদ্রিতলিপি।

মুদ্রিত (মুদ্রা+ইত—প্রং) বিং, [illegible] সঙ্কুচিত, নিমীলিত। [illegible] চিহ্নিত।

মুধা (মুহ্ অচৈতন্য হওয়া . আ(কা)—ক, হ=ধ) অং, বৃথা, নিষ্ফল, নিরর্থক।

মুনফা (আরবী নাফা শব্দজ) লাভ।

মুনসী (পারস্য) লেখক।

মুনাসীব (আরবী) উপযুক্ত, যোগ্য। সুবিধা।

মুনি (মন্ জানা+ই—র্ম্ম, অ=উ। যিনি ধর্ম্মাদি জানেন। কাহার মতে যাহারা মৌনব্রতী) সং, পুং, ঋষি, তপস্বী। শিং—১ "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ স্থিরধীর্মুনিরুচ্যতে।" সপ্তসংখ্যা। বঙ্গসেনতরু। জিন। পিয়ালবৃক্ষ। পলাশবৃক্ষ। বিং, ত্রিং, মননযুক্ত। জ্ঞানী।

মুনিদ্রুম (মুনি অগস্ত্য—দ্রুম বৃক্ষ) সং, পুং, বকপুষ্পবৃক্ষ। শোনাকবৃক্ষ। শ্যোনাকবিশেষ। [তাম্র, তাঁবা।

মুনিপিত্তল (মুনি তপস্বী—পিত্তল) সং, ক্লীং,

মুনিপুঙ্গব (মুনি—পুঙ্গব [বৃষভ] শ্রেষ্ঠ, ষং—স) সং, পুং, মুনিশ্রেষ্ঠ।

মুনিপুত্রক (মুনি ঋষি—পুত্র শিশু+কণ্—তুলনার্থে) সং, পুং, খঞ্জনপক্ষী। দমনকবৃক্ষ। (৬ষ্ঠী—ষ) ঋষিপুত্র।

মুনিপুষ্প; সং, পুং, বকপুষ্প। শিং—১ "কহ্লারং তুলসীপুষ্পং পদ্মঞ্চ মুনিপুষ্পকং।"

মুনিভেষজ (মুনি ঋষি—ভেষজ ঔষধ) সং, ক্লীং, হরীতকী। লঙ্ঘন। অগস্ত্য।

মুনীন্দ্র (মুনি—ইন্দ্র [দেবরাজ] শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধদেব। ঋষিশ্রেষ্ঠ।

মুমুক্ষু (মুচ্ ত্যাগ করা+সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, ত্রিং, মোক্ষেচ্ছু। সংসারবন্ধ হইতে মুক্ত হইতে ইচ্ছু। সং, পুং, যতি, ভিক্ষু।

মুমুচান (মুচ্ মোচন করা+অন (শান)—ক) সং, পুং, মেঘ। বিং, ত্রিং, মুক্ত। শিং—১ "দ্রুপদাদিব মুমুচানঃ।"

মুমূর্ষা (মৃ মরা+সন্—ইচ্ছার্থে+অ—ভা) সং, স্ত্রীং, মরণেচ্ছা।

মুমূর্ষু (মৃ মরা+সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, ত্রিং, আসন্নমৃত্যু। মৃতপ্রায়। মরিতে ইচ্ছুক।

মুর (মুর বেষ্টন করা+অ(ক)—ক, নামার্থে) সং, পুং, দৈত্যবিশেষ। শিং—১ "পার্থেনাথদ্বিষন্ মুরম্।" রা—স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ। নন্দরাজার দাসীবিশেষ। চন্দ্রগুপ্তের মাতা। (+অ(ক)—ভা বেষ্টন।

মুরগী (পারস্য) কুক্কুট।

মুরজ (মুর [কাষ্ঠাদির] বেষ্টন—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৩য়া—ষ) সং, পুং, মৃদঙ্গ। জা—স্ত্রীং, কুবেরের ভার্য্যা।

মুরজফল; সং, পুং, কাঁঠালগাছ।

মুরন্দলা; সং, স্ত্রীং, নর্ম্মদা নদী।

মুরমর্দ্দন (মুর দৈত্যবিশেষ—মর্দ্দন যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

মুররিপু, মুরমথন (মুর দৈত্যবিশেষ—রিপু শত্রু, মথন যে মথিত করে, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

মুরলা (মুর—লা গ্রহণ করা+অ(ড)—ক, আপ্—স্ত্রীং) সং, স্ত্রী, কেরলদেশের নদীবিশেষ। শিং—১ "মুরলামারুতোদ্ধূতম্।"

মুরলী (মুর বেষ্টন—লা গ্রহণ করা+অ(ড)—ক, ঈপ্) সং, স্ত্রীং, বংশী, বাঁশী। কেরলদেশের নদীবিশেষ।

মুরলীধর (মুরলী—ধর [ধৃ ধারণ করা+অ (অন্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ। [অ(অন্)—ক) সং, পুং, কৃষ্ণ।

মুরহর (মুর দৈত্যবিশেষ—হৃ হরণকরা+

মুরহা (মুরহন্, মুর দৈত্যবিশেষ—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

মুরারি (মুর দৈত্য ইত্যাদি—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। শিং—১ "মুরঃ ক্লেশে চ সন্তাপে কর্ম্মভোগে চ কর্ম্মিণাম্। দৈত্যভেদেঽপ্যরিস্তেষাং মুরারিস্তেন কীর্ত্তিতঃ।" [পরীখা, গড়খাই।

মুরুচা (পারস্য, মোরচাল শব্দজ) দুর্গের

মুর্ম্মিণী; সং, স্ত্রীং, অঙ্গারধানিকা, আঙটা।

মুর্ম্মুর (মুর্ বেষ্টন করা+০(ক্বিপ্)—ক= মুর্—মুর্+অ(ক)—ক) সং, পুং, তুষানল, তুষের আগুন। সূর্য্যের অশ্ব। কামদেব।

মুলতান; সং, দেশবিশেষ। রাগিণীবিশেষ।

মুশল, মুসল, মুষল (মুষ বধ করা, মুস্ ছেদন করা+অল(কলন্)—ক) সং, পুং—ক্লীং, অয়োগ্র কাষ্ঠখণ্ড, টেঁকীর মোনা প্রভৃতি। মুদ্গর।

মুষলামুষলি (মুষল—মুষল, ই—প্রং, মুষলদ্বারা২ প্রহার করিয়া এই যুদ্ধপ্রবৃত্ত) সং, গদাযুদ্ধ, লাঠালাঠি।

মুষলী, মুশলী, মুসলী (মুষ, মুস+অল(কলন্)ক, ঈপ্) সং, স্ত্রীং, গৃহগোধিকা। তালমূলিকা।

মুষলী (মুষলিন্, মুষল+ইন্—অস্ত্যর্থে। বলরামের মুষল অস্ত্র বলিয়া ইহার নাম মুষলী হইয়াছে) সং, পুং, বলরাম।

মুষল্য—স (মুষল+য—প্রং) বিং, ত্রিং, মুষল দ্বারা বধ্য।

মুষা (মুষ্ চুরি করা+অ(ক)-ক, আপ্) সং, স্ত্রীং, ধাতুদ্রব্য গলাইবার পাত্র, মূচী।

মুষিত (মুষ্ চুরি করা+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, চোরিত অপহৃত, বঞ্চিত।

মুষ্ক (মুষ্ [রেতঃ, বীর্য্য] চুরি করা+কক্-ক) সং, পুং, অণ্ডকোষ। তস্কর। মোক্ষক-বৃক্ষ। মাংসল। সংহাত।

মুষ্কর (মুষ্ক+র-প্রং) সং, পুং, প্রলম্বাণ্ড, লম্ববান অণ্ডকোষ।

মুষ্ট (মুষ্ চুরিকরা+ত(ক্ত)-র্ম্ম, নিপাতন) বিং, ত্রিং, চোরিত।

মুষ্টি (মুষ্ চুরি করা+ক্তিচ্-ণ) সং, পুং-স্ত্রীং, কুঞ্চিতপাণি, মুঠা। খড়্গাদির বাঁট। পরিমাণ-বিশেষ, চারি তোলা। পল-পরিমাণ। কাল, ঘুষি। (+ক্তি-ভাবে) স্ত্রীং, মোষণ, চুরি।

মুষ্টিক (মুষ্টি মোষণ-কৃ করা+অ-প্রং) সং, পুং, স্বর্ণকার, সেকরা। (মুষ্টি-কৈ শব্দ করা+অ(ড)-ক) কংসরাজের মল্ল-বিশেষ।

মুষ্টিকান্তক (মুষ্টিক অসুরবিশেষ-অন্তক নাশকারী) সং, পুং, বলরাম। প্রথিত আছে যে বলরাম কংসরাজের মল্ল মুষ্টিককে বিনাশ করিয়াছিলেন।

মুষ্টিদ্যূত; সং, ক্লীং, দ্যূতক্রীড়াবিশেষ, পর-মুট্খেলা।

মুষ্টিন্ধয় (মুষ্টি মুঠা-ধে [স্তনা] পান করা+অ-প্রং) সং, পুং, বালক, শিশু।

মুষ্টিমেয় (মুষ্টি-মেয় পরিমেয়) বিং, ত্রিং, মুষ্টি দ্বারা পরিমেয়, অল্পপরিমাণ, অল্প-সংখ্যক।

মুষ্টিবন্ধ (মুষ্টি-বন্ধ অঙ্গুলিবিন্যাস, ৭মী-ষ) সং, পুং, সংগ্রাহ। (৬ষ্ঠী-ষ) মুটা-বাঁধা।

মুষ্টিসংগ্রহ } সং, পুং, মুষ্টিবন্ধ।
মুষ্টিসংগ্রাহ }

মুষ্টীমুষ্টি } (মুষ্টি-মুষ্টী+চি, মুষ্টি দ্বারা
মুষ্টামুষ্টি } প্রহার করিয়া এই যুদ্ধ প্রবৃত্ত, ১মা-হিং) অং, কীলাকীলি, ঘুষোঘুষি।

মুষ্ণৎ (মুষ্ লুণ্ঠন করা+অৎ(শতৃ)-ক) বিং, ত্রিং, চৌর্য্যকারী। বঞ্চিতকারী।

মুসলমান (আরবী সলম্ শব্দজ) সং, মহম্ম-দীয় ধর্ম্মাবলম্বী জাতিবিশেষ।

মুসব্বর (আরবী) গন্ধদ্রব্যবিশেষ।

মুসাফের (আরবী=সফর ভ্রমণ করা) সং, পথিক, ভ্রমণকারী। বিদেশীয়।

মুস্কিল (আরবী) কঠিন। দুরূহ। কষ্টজনক।

মুস্ত-পুং } (মুস্ত্ সংহত হওয়া
মুস্তা-স্ত্রীং } +অ(অন্)-ক। কণ্
মুস্তক-পুং-ক্লীং } -যোগ) সং, মূল-বিশেষ, মুতো। পুং, স্থাবরবিষবিশেষ।

মুস্তাদ (মুস্ত-আদ [অদ্ ভক্ষণ করা+অ(অন্)-ক] যে খায়, ২য়া-ষ) সং, পুং, শূকর, বরাহ।

মুস্তাভ (মুস্তা-ভা দীপ্তি পাওয়া+অ(ড)-ক) সং, ক্লীং, মুস্তকবিশেষ, নাগর-মুতো।

মুস্ত (মুস্ ছেদন করা+তু-প্রং) সং, পুং, মুষ্টি, মুঠা। [ক্লীং, মূষল।

মুস্র (মুস্ ছেদন করা+রক্-প্রং) সং,

মুহির (মুহ্ মুগ্ধ হওয়া+ইর(কির)-ক, সংজ্ঞার্থে) সং, পুং, কামদেব। মূর্খ।

মুহরী (আরবী মুহর্রির শব্দজ) লেখক।

মুহুঃ (মুহুস, মুহ্ মুগ্ধ হওয়া+উস্-ক) অং, পুনঃপুনঃ, বারম্বার। অত্যন্ত। সদ্যঃ। তৎক্ষণাৎ।

মুহূর্ত্ত (হুর্চ্ছ্ বক্র হওয়া+ত(ক্ত)-ক, মু-আগম, অথবা মুর্চ্ছ্) সং, পুং-ক্লীং, দিবারাত্রের ৩০ ভাগের একভাগ, প্রায় দুই দণ্ড। পুং, জ্যোতিঃশাস্ত্রে, জ্যোতিজ্ঞ।

মুহের (মুহ্ মুগ্ধ হওয়া+এর-প্রং) সং, পুং, মূর্খ।

মুহ্যমান (মুহ্ চিত্তবিকৃত হওয়া+আন (শান)-র্ম্ম) বিং, ত্রিং, যাহার চিত্ত বি-কৃত হইয়াছে।

মূ (মূ বন্ধন করা+০(ক্বিপ্)-ভা) সং, স্ত্রীং, বন্ধন।

মূক (মূ বন্ধন করা+কক্-ক) বিং, ত্রিং, বাক্শক্তি-রহিত, বোবা। সং, পুং, মৎস্য। দৈত্যবিশেষ। দীন, দরিদ্র।

মূকতা (মূক+তা-ভাবে) সং, স্ত্রীং, বাক্-শক্তিরাহিত্য।

মূঢ় ( মুহ্ মুগ্ধ হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, মূর্খ, নির্ব্বিবেক, অনভিজ্ঞ। অসক্ত। ভ্রান্ত। অব্যাপৃত। জড়। বালক।

মূঢ়গর্ভ ( মূঢ়-গর্ভ গর্ভস্থ শিশু ) সং, পুং, মৃতভ্রূণ। মৃত গর্ভস্থ শিশু। অলক্ষণ। শিশুসন্তানের জন্ম।

মূত (মূ বন্ধন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং ত্রিং, বদ্ধ। সং, পুং, পুটবদ্ধ। পটবদ্ধ। (মূত্র শব্দজ) প্রস্রাব।

মূত্র (মূত্র্ প্রস্রাব করা+অ(অল্)—ভাবে) সং, ক্লীং, উপস্থনির্গতজল, প্রস্রাব, মুত।

মূত্রকৃচ্ছ্র ( মূত্র—কৃচ্ছ্র কষ্ট, ৎমী—হিং ) সং, ক্লীং, রোগ-বিশেষ, মূত্ররোধ। পাথরি, মুদা প্রভৃতি রোগ।

মূত্রগ্রন্থি ( মূত্র—গ্রন্থি গাঁইট ) সং, পুং, মূত্রাশয়ের মুখপ্রদেশে মূত্র নিরোধ, ক্লোম।

মূত্রদোষ (Gonorrhea, মূত্র—দোষ) সং, পুং, মেহ। মূত্রের সহিত রেতঃক্ষরণ।

মূত্রপথ (Urethra, মূত্র প্রস্রাব—পথ) সং, ক্লীং, মূত্রপ্রণালী।

মূত্রপুট—ক্লীং } (মূত্র—পুট পাত্র, আ-
মূত্রাশয়—পুং } শয় আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তলপেট, নাভির অধোভাগ, মূত্রস্থান।

মূত্রফলা ; সং, স্ত্রীং, শশা। কর্কোটী।

মূত্রল (মূত্র+ল—প্রং) সং, ক্লীং, রঙ্গ, রাং। বিং, ত্রিং, মূত্রবর্দ্ধক। লা—স্ত্রীং, কর্কটী। বালুকী।

মূত্রিত (মূত্র দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতমূত্রোৎসর্গ, মোতা।

মূর্খ (মুহ্ মুগ্ধ হওয়া+অ(খ)—পা। মুহ্ স্থানে মূর্খ) বিং, ত্রিং, অজ্ঞ, মূঢ়, অবোধ, নির্ব্বোধ। সং, পুং, মাষ। গায়ত্রীরহিত, স্বার্থগায়ত্রীরহিত। শিং—১ "ক্রীয়াহীনস্য মূর্খস্য মহারোগিনূ এব চ।"

মূর্খতা (মূর্খ+তা—ভাবে) সং, স্ত্রীং, মূঢ়ত্ব, অবিবেকতা, নির্ব্বুদ্ধিতা। শিং—১ "উ-ন্মাদো মাতৃদোষেণ পিতৃদোষেণ মূর্খতা।"

মূর্চ্ছন—ক্লীং } (মূর্চ্ছ্ মূর্চ্ছিত হওয়া
মূর্চ্ছনা—স্ত্রীং } + অন(অনট্)—ভা ) সং, মূর্চ্ছা, অচৈতন্য। সঙ্গীতে—শাস্ত্রানু-সারে সপ্তস্বরের আরোহণ বা অবরোহণ। আধুনিক সঙ্গীতজ্ঞের মতে কোন সুর হইতে অবিচ্ছেদ গতিতে সুরান্তর প্রকাশ করাকে মূর্চ্ছনা বলিয়া ব্যবহার করেন। শিং—১ "স্ফুটীভবৎগ্রামবিশেষ মূর্চ্ছ-নাম্।" (মাঘ)। প্রতিফলন। ঔষধের সংস্কারবিশেষ। মিশ্রণ। সাক্ষাৎকরণ।

মূর্চ্ছা ( মূর্চ্ছন দেখ, ঙ—ভা ) সং, স্ত্রীং, মোহ, অচৈতন্য। বৃদ্ধি। প্রসার। ব্যাপ্তি, বিস্তার। প্রতিফলন।

মূর্চ্ছাল } ( মূর্চ্ছাবৎ, মূর্চ্ছা+ল, বৎ
মূর্চ্ছাবান্ } —অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূর্চ্ছা-বিশিষ্ট, মোহপ্রাপ্ত।

মূর্চ্ছিত (মূর্চ্ছন দেখ, ত(ক্ত)—র্ম্ম, কিম্বা মূর্চ্ছা+ইত—প্রং) বিং, ত্রিং, মূর্চ্ছা-গত। বর্দ্ধিত, প্রবৃদ্ধ। উন্নত। ব্যাপ্ত। প্রতিফলিত। দীর্ঘ।

মূর্ত্ত (মূর্চ্ছ্ মূর্চ্ছিত হওয়া+ত(ক্ত)—ক, নিপাতন) বিং, ত্রিং, সাকার, মূর্ত্তিমান্। কঠিন। মূর্চ্ছিত। ভূতচতুষ্ক। কানন। ন্যায়মতে—পঞ্চভূতাত্মক দ্রব্য। পৃথিবী, জল, তেজঃ, বায়ু এবং মনঃ।

মূর্ত্তি (মূর্চ্ছ্ মূর্চ্ছিত হওয়া+তি(ক্তি)—ক, নিপাতন ) সং, স্ত্রীং, আকৃতি, কায়া। অঙ্গ, অবয়ব। প্রতিমা। শরীর। স্বরূপ। শিং—১ "আচার্য্যোঃ ব্রহ্মণো মূর্ত্তিঃ পিতা মূর্ত্তিঃ প্রজাপতেঃ।" (+ক্তি—ভা) কাঠিন্য। দ্রব্য। পঞ্চভূত।

মূর্ত্তিমান্ ( মূর্ত্তিমৎ, মূর্ত্তি+মৎ(মতু)—অ-স্ত্যর্থে ) বিং, ত্রিং, মূর্ত্ত, মূর্ত্তিবিশিষ্ট, শরীরী। কঠিন। সং, ক্লীং, শরীর।

মূর্দ্ধক (মূর্দ্ধন্ মস্তক+কণ্—যোগ) সং,পুং, ক্ষত্রিয়, দ্বিতীয় বর্ণ।

মূর্দ্ধকর্প্পরী—স্ত্রীং } ( মূর্দ্ধন্ মস্তক—ক-
মূর্দ্ধখোল—ক্লীং } প্পরি ব্যজনবিশেষ এবং খোল টোপর) সং, অল্পতপত্র, ছত্র।

মূর্দ্ধজ ( মূর্দ্ধন্ মস্তক—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৎমী—ষ ) সং, পুং, শিরোরুহ, কেশ, চুল। বিং, ত্রিং, মস্তকজাত।

মূর্দ্ধন্য (মূর্দ্ধন্ মস্তক+য(ঋ্য)—ভবার্থে) সং, পুং, মস্তক হইতে উচ্চার্য্যমাণ বর্ণ; যথা—ঋ ঋৃ ট ঠ ড ঢ ণ র ষ। বিং, ত্রিং, মূর্দ্ধ হইতে উচ্চারিত। মূর্দ্ধজ, মস্তকোৎপন্ন।

মূর্দ্ধপুষ্প (মূর্দ্ধন্ মস্তক—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিরীষবৃক্ষ।

মূর্দ্ধরস (মূর্দ্ধন্ [মস্তক] উপরিভাগ—রস) সং, পুং, ভাতের মাড়। কেশ।

মূর্দ্ধবেষ্টন (মূর্দ্ধন্ মস্তক—বেষ্টন) সং, ক্লীং, শিরোবেষ্টন, উষ্ণীষ।

মূর্দ্ধা, মূর্দ্ধা (মূর্দ্ধন্, মুর্ব্ব্ বন্ধন করা+অন্ (কনিন্)—ধি, ব=ধ্) সং, পুং, মস্তক। (Base) জ্যামিতিতে কোন ক্ষেত্রের ভূমি।

মূর্দ্ধাভিষিক্ত (মূর্দ্ধন্ মস্তক—অভিষিক্ত, ৭মী—ষ। পূর্ব্বে ক্ষত্রিয়দিগের এই রূপ প্রথা ছিল যে রাজসিংহাসনে উপবেশন করিবার পূর্ব্বে মন্ত্রপূত সপ্তনদীর জল, মধু, নবনীত, দধ্যদ্বারা স্নাত হইতে হয়) সং, পুং, ক্ষত্রিয়। মন্ত্রী। রাজা। ব্রাহ্মণ ও ক্ষত্রিয়াজাত জাতিবিশেষ।

মূর্দ্ধাবসিক্ত; সং, পুং, ক্ষত্রিয়ার গর্ভে ব্রাহ্মণ-ঔরসে উৎপন্ন জাতিবিশেষ।

মূর্ব্বা, মূর্ব্বী (মুর্ব্ব বমন করা+অ(অল্) ণ) সং, মুরগা গাছ, যাহার সূত্রে ধনুকের গুণ হয়।

মূল (মূল্ স্থিতিকরা+অ(ক)+ক) সং, ক্লীং, গাছের গোড়া, শিকড়। মূল। মূলা আলু পলাণ্ডু প্রভৃতি। নিদান, আদিকারণ। আদ্য, প্রথম। পুঁজি, আসল। প্রধান। নবাসবাটী। স্বনগর। নিকুঞ্জ। চরণ। নিকট। প্রথম গ্রন্থ, যে গ্রন্থকে অবলম্বন করিয়া টীকাদি প্রস্তুত করা হয়। (Root) কোন রাশি আপনার দ্বারা একবার বা বহুবার গুণিত হইলে একটী রাশি উৎপন্ন হয়, প্রথমোক্ত রাশিটী সেই উৎপাদিত রাশির মূল। পিপ্পলীমূল। পুষ্করমূল। ত্রিং, নক্ষত্রবিশেষ। (মূল্য শব্দজ) দাম।

মূলক (মূল গোড়া+কণ্—যোগ) সং, পুং, ক্লীং, কন্দবিশেষ, মূলা। পুং, স্থাবরবিষবিশেষ।

মূলকর্ম্ম (—কর্ম্মন্) সং, ক্লীং, অভিচারার্থ মং তন্ত্রাদির যোজন। মন্ত্রৌষধি দ্বারা বশীকরণ, যাদু করা। উপপাতকবিশেষ।

মূলকার (মূল প্রথম গ্রন্থ—কার [কৃ কর+অ(ষণ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, মূলগ্রন্থকর্ত্তা। শিং—১ "নায়ং গণকারঃ কিন্তু মূলকারঃ।"

মূলকারিকা (মূল প্রথম [কার্য্য]—কারিক কর্ম্মচারী) সং, স্ত্রীং, মূল গ্রন্থের অর্থপ্রকাশ পদ্য। চুল্লী, উনান। মূলধনের বৃদ্ধিবিশেষ।

মূলকৃচ্ছ্র (মূল গোড়া—কৃচ্ছ্র ব্রতবিশেষ) সং, ক্লীং, ব্রতবিশেষ, যাহাতে কেবল মূল ভক্ষণ করিয়া জীবন ধারণ করিতে হয়।

মূলজ (মূল গোড়া—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) বিং, ত্রিং, মূল হইতে উৎপন্ন (পদ্ম প্রভৃতি)। মূল নক্ষত্র হইতে উৎপন্ন। সং, পুং, আদ্রক, আদা।

মূলত্রিকোণ; সং, ক্লীং, সূর্য্যাদি গ্রহদিগের রাশিরূপ গৃহবিশেষ। শিং—১ "সিংহো বৃষশ্চ মেষশ্চ কন্যা ধন্বী ঘটোঘটঃ। অর্কাদীনাং ত্রিকোণানি মূলানি রাশয়ঃ ক্রমাৎ।"

মূলদেব, মূলভদ্র (মূল আদি—দেব দেবতা। মূল আদ্য—ভদ্র ভাগ্য) সং, পুং, কংসরাজ, কংসাসুর।


মূলদ্রব্য, মূলধন (মূল আসল—দ্রব্য, ধন) সং, ক্লীং, আসলধন, পুঁজি।

মূলপ্রকৃতি; সং, স্ত্রীং, সাংখ্যমতে—সকলের কারণীভূত সাম্যাবস্থাপন্ন সত্ত্বরজস্তমোরূপ ত্রিগুণাত্মিকা। আদ্যা শক্তি, যাহা হইতে মহত্তত্ত্ব প্রভৃতি সমুদায় জগৎ উৎপন্ন হইয়াছে।

মূলফলদ (মূল—ফল—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে। মূলেও যে ফল প্রসব করে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পনসবৃক্ষ।

মূলশাকট, মূলশাকিন (মূল গোড়া+শাকট, শাকিন—তৎক্ষেত্রার্থে) সং, পুং, মূলক্ষেত্র, মূলা প্রভৃতির ক্ষেত্র।

মূলা ; সং, স্ত্রীং, শতাবরী। নক্ষত্রবিশেষ।



মূলা ( নক্ষত্র )।

একাদশ নক্ষত্রযুক্ত, সিংহপুচ্ছের ন্যায় আকার। ইহার জাতফল—"মূলং বিরুদ্ধা-বয়বং সমূলং কুলং দহত্যেব বদন্তি সন্তঃ। চেদন্যথাতঃ পুরুষা বিশেষাৎ সৌভাগ্যমায়ুশ্চ কুলানুবৃদ্ধিঃ।"

মূলাধার ( মূল—আধার ) সং, পুং, গুহ্য ও লিঙ্গের মধ্যবর্ত্তী অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান।

মূলিক ( মূল গোড়া+ইক—প্রং ) বিং, ত্রিং, মূলভোজী।

মূলী (মূলিন্, মূল+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, মূলবিশিষ্ট। সং, পুং, বৃক্ষ, গাছ। স্ত্রীং, জৈষ্ঠী।

মূলীভূত ( মূল—ভূত হইয়াছে, ঈ(চ্বি)—আগম ) বিং, ত্রিং, হেতুভূত। নিদান-স্বরূপ। [সং, পুং, জটা, বৃক্ষের ঝুরি।

মূলেয় (মূল রোপণ করা+এয়(ঢেয়)—প্রং)

মূল্য ( মূল্ বস্ত্রাদির উৎপত্তির কারণ+য (ণ্য)—প্রং। মূলদ্বারা ক্রয়বিক্রয়ার্থ যাহা) সং, ক্লীং, দ্রব্যের পণ, দাম। ভাড়া। বেতন। বিং, ত্রিং, রোপণযোগ্য। প্রতিষ্ঠা-যোগ্য।

মূষ—পুং } (মূষ্ লুঠ করা+অ(ক)—ক,
মূষা—স্ত্রীং } আপ্) সং, মূষিক। স্বর্ণাদি-দ্রাবণপাত্র, মুচী। গবাক্ষ। শিং—১"এক-দ্বিত্র্যাদি মূষাবহনমিতিমহো ক্রহি মে—"

মূষক } (মূষ্+অক(ণক)—ক। ২য়-পক্ষে
মূষিক } ইক(কিকন্)। ৩য়-পক্ষে—ঈক
মূষীক } (কীকন্)—ক ) সং, পুং—স্ত্রীং, উন্দুর।

মূষকারাতি } ( মূষক, মূষিক ইন্দুর—
মূষিকারাতি } অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, বিড়াল।

মূষা, মূষা ( মূষ্ লুঠিয়া লওয়া+অ—প্রং, আপ্, ঈপ্ ) সং, স্ত্রীং, স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচী। মহামূষিক।

মূষিকপর্ণী ; সং, স্ত্রীং, ইন্দুরকানী-পানা।

মূষিকাঙ্ক } ( মূষিক ইন্দুর—অঙ্ক চিহ্ন,
মূষিকাঞ্চন } ৬ষ্ঠী—হিং। মূষিক ইন্দুর—অঞ্চন গমন, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, গণেশ।

মূষিকাদ ; সং, পুং, নাগবিশেষ।

মৃষ্যায়ণ (অমৃষ্যায়ণ কোন ব্যক্তির পুত্র, অ—লোপ) বিং, ত্রিং, অজ্ঞাতপিতৃক, গূঢ়োৎপন্ন, যাহার জন্মের বিষয় জানা যায় না।

মৃকণ্ডু ; সং, পুং, মার্কণ্ডেয় মুনির পিতা।

মৃগ ( মৃগ্ যাচ্ঞা করা+অ(ক)—র্ম্ম) সং, পুং, হরিণ। পশু। কপোলদেশে শ্বেত-চিহ্নযুক্ত গজবিশেষ। বৈষ্ণবদিগের তিল-কের প্রকারভেদ। হরিণ-শিংএর ন্যায় ডালপালা যুক্ত অর্থাৎ মাথা চেরা হাড়-কাঠের ন্যায় যে তিলক। অথবা মৃগের বর্ণের ন্যায় তিন চারি প্রকার স্বতন্ত্র স্বতন্ত্র রংএর তিলক। নক্ষত্রবিশেষ। মৃগ-নাভি। শিকার। অগ্রহায়ণ মাস। যজ্ঞ-বিশেষ। চতুর্ব্বিধ পুরুষমধ্যে পুরুষবিশেষ। শিং—১"শশকে পদ্মিনী মৃগে তুষ্টা চ চিত্রিণী।" মকররাশি। গী—স্ত্রীং,হরিণী। পুলহভার্য্যা। ত্র্যক্ষরছন্দেবিশেষ। অপ-স্মার রোগ। (+অল্—ভাবে) অন্বেষণ। যাচ্ঞা।

মৃগগামিনী (মৃগ - গম্ গমনকরা+ইন্(ণিন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, বিড়ঙ্গ। বিং, ত্রিং, মৃগতুল্যগমনবতী।

মৃগচেটক ; সং, পুং, খট্টাস, খাটাস।

মৃগজালিকা (মৃগ হরিণ—জালিকা জাল ) সং, স্ত্রীং, বাগুরা, মৃগবন্ধনার্থ যন্ত্র।

মৃগজীবন ( মৃগ হরিণ—জীবন জীবিকা) সং, পুং, ব্যাধ, শিকারী।

মৃগণা ( মৃগ্ অন্বেষণ করা+অন(অনট্)—ভা) সং, স্ত্রীং, নষ্টদ্রব্যের অন্বেষণ।

মৃগতৃট্—তৃষ্ } ( মৃগ হরিণ—তৃষ্, তৃষা,
মৃগতৃষা } তৃষ্ণা, তৃষ্ণিকা। জলাভাস-
মৃগতৃষ্ণা } হেতু মৃগদিগের তৃষ্ণা যাহা-
মৃগতৃষ্ণিকা } তে বর্ত্তে, ৭মী—হিং।
গ্রীষ্মকালে উৎকট রবিরশ্মি সিকতাভূমে

পতিত হইলে বালুকা প্রতিফলিত হইয়া জলবৎ প্রতীয়মান হয়। মৃগগণ দূর হইতে জলভ্রমে ধাবিত হইয়া ভগ্নমনোরথ হইয়া ফিরিয়া আইসে; এই ভ্রান্তিকে মৃগতৃষ্ণা বলে। কেহ তীক্ষ্ণ সূর্য্যকিরণজন্য উদ্ভূত বাষ্পরাশিকে মৃগতৃষ্ণা বলে) সং, স্ত্রীং, মরীচিকা, সূর্য্যকিরণে জলভ্রম।

মৃগদংশক (মৃগ হরিণ—দংশক যে দংশন করে, ২য়া—ষ) সং, পুং, কুক্কুর, শ্বা।

মৃগদ্যু (মৃগ—দিব্ ক্রীড়া করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, মৃগয়াকারী।

মৃগধূর্ত্ত, মৃগধূর্ত্তক (মৃগ—ধূর্ত্ত, ধূর্ত্তক বঞ্চক, ৭মী—ষ) সং, পুং, শৃগাল।

মৃগনাভি (মৃগ হরিণ—নাভি, ৬ষ্ঠী—ষ) সং, পুং—স্ত্রীং, মৃগমদ, কস্তূরী।

মৃগনাভিজ (মৃগ হরিণ—নাভি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, জা—স্ত্রীং, মৃগনাভি।

মৃগনেত্রা (মৃগ মৃগশিরা নক্ষত্র—নী পাওয়া+তৃন্—ক, আপ্। মৃগশিরানক্ষত্র প্রায় যাহার সম্বন্ধে, ৬ষ্ঠী—হিং। অথবা মৃগ হরিণ—নেত্র চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, মৃগশিরা নক্ষত্রযুক্ত রাত্রি। মৃগনয়নী স্ত্রী।

মৃগপতি (মৃগ পশু—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিংহ। সিংহরাশি।

মৃগপিপ্লু (মৃগ হরিণ—পিপ্লু চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, শশাঙ্ক।

মৃগবধাজীব (মৃগ হরিণ—বধ হনন—আজীব যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, মৃগয়াজীবী, ব্যাধ।

মৃগবন্ধনী (মৃগ হরিণ—বন্ধনী বন্ধন) সং, স্ত্রীং, বাগুরা, মৃগবন্ধনার্থ জাল।

মৃগমদ (মৃগ হরিণ—মদ গর্ব্ব, ৫মী—হিং) সং, পুং, মৃগনাভি, মৃগের নাভিতে উৎপন্ন সুগন্ধ দ্রব্যবিশেষ, কস্তূরী।

মৃগয়া (মৃগ্ অন্বেষণ করা+যক্—ধি কিম্বা ভা, নিপাতন, যাহাতে মৃগদিককে অন্বেষণ করা যায়। অথবা মৃগ+যা গমন করা+০(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, বন পর্য্যটন পূর্ব্বক মৃগবধ, শিকার। লক্ষ্যে শরক্ষেপ।

মৃগয়ু (মৃগ হরিণ—যা গমন করা+উ (ডু)—ক) সং, পুং, ব্যাধ। শিং—১"মৃগয়ুরিব মৃগোঽথ দক্ষিণের্ষ্যা।" (ভট্টি)। ব্রহ্মা। শৃগাল।

মৃগরাজ } (মৃগরাজ, মৃগ পশু—রাজ,
মৃগরাট্ } রাজ্ যে দীপ্তি পায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃগেন্দ্র, সিংহ। চন্দ্র। সিংহরাশি। মৃগশিরানক্ষত্র।

মৃগরোমজ (মৃগ পশু—রোমন্ লোম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) বিং, ত্রিং, পশুলোমজাত বস্ত্রাদি, পশমি কাপড়।

মৃগলাঞ্ছন (মৃগ হরিণ—লাঞ্ছন চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগাঙ্ক, চন্দ্র। মৃগশিরা নক্ষত্র। [স্ত্রীং, মৃগাকৃতি চিহ্ন।

মৃগলেখা (মৃগ—লেখা চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং,

মৃগবাহন (মৃগ হরিণ—বাহন যান) সং, পুং, বায়ু। শিং—১"ধাবন্ হরিণপৃষ্ঠস্থ।"

মৃগব্য (মৃগ পশু—ব্যথ্ ব্যথিত হওয়া+অ(ড)—ভাবে) সং, ক্লীং, মৃগয়া, শিকার।

মৃগশিরস্—ক্লীং }
মৃগশিরাঃ—পুং }
মৃগশিরা—স্ত্রীং }
মৃগশীর্ষ—পুং—ক্লীং } (মৃগশিরস্, মৃগ হরিণ—শিরস্, শীর্ষ মস্তক, যং—স) সং, সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চম নক্ষত্র। ইহার আকার মৃগশিরার ন্যায়, পদ্মাকৃতি বিড়ালের ন্যায়, তিনটী তারকা দ্বারা শোভিত। চন্দ্র ইহার অধিদেবতা।


মৃগশিরা (নক্ষত্র)।

ইহার জাতফল। শিং—১ "শরাসনাভ্যাসরতো বিনীতঃ সদাম্বুরক্তো গুণিনাং গুণেষু। তত্ত্বানুপস্নেহভরেণ পূর্ণঃ সন্মার্গবর্ত্তী মৃগজন্মভাগী।"

মৃগহা (মৃগহন্, মৃগ হরিণ—হন্ যে বধ করে) সং, পুং, ব্যাধ।

মৃগাক্ষী (মৃগ হরিণ—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, মৃগনয়নী স্ত্রী।

মৃগাঙ্ক (মৃগ হরিণ—অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগচিহ্ন। শিং—১"লোক-

ছায়াময়ং লক্ষ্ম তবাঙ্কে শশসংস্থিতং ন বিদুঃ সোমদেবাপি যে চ নক্ষত্রযোগিনঃ॥ ( মহাভারতে হরিবংশে ) যথা দর্পণং প্রাপ্য পরাবৃত্তা নয়নরশ্ময়ো গ্রীবাস্থমেব মুখং দর্পণগতমিব পশ্যন্তি এবং চন্দ্রমণ্ডলং প্রাপ্য পরাবৃত্তাস্তে দূরত্বদোষাৎ পৃথিবীমব্যক্তরূপামিব চন্দ্রমণ্ডলগতাং পশ্যন্তি স এব চন্দ্রে কলঙ্ক ইত্যুপচর্য্যতে।" ইতি তট্টীকা।" চন্দ্র। বায়ু। কর্পূর। যক্ষ্মা রোগের ঔষধবিশেষ।

মৃগাঙ্কশেখর (মৃগাঙ্ক চন্দ্র—শেখর ললাট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্রচূড়, শিব।

মৃগাজীব ( মৃগ পশু—আজীব জীবিকা, ৬ষ্ঠী-হিং) সং, পুং, মৃগয়াজীবী ব্যাধ।

মৃগাণ্ডজা (মৃগ—অণ্ড অণ্ডকোষ, মুষ্ক—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, স্ত্রীং, কস্তূরী।

মৃগাৎ (মৃগাদ্, মৃগ—অদ্ ভক্ষণ করা+০ (ক্বিপ্)—ক) সং, পুং, ব্যাঘ্র।

মৃগাদন ( মৃগ হরিণ—অদন [অদ্ ভক্ষণ করা+অন—ক] যে ভক্ষণ করে) সং, পুং, তরক্ষু, নেকড়িয়া বাঘ। নী—স্ত্রীং, ইন্দ্রবারুণী। সহদেবী। মৃগের্ব্বারু। ক্ষুদ্র ব্যাঘ্রী।

মৃগান্তক ( মৃগ হরিণ—অন্তক নাশকারী) সং, পুং, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

মৃগারাতি } মৃগারি } (মৃগ হরিণ—অরাতি, অরি =শত্রু, ৬ষ্ঠী—য) সং, পুং, সিংহ। ব্যাঘ্র। কুক্কুর। শিং—১ "মার্গং মার্গং মৃগয়ন্তি মৃগারাতিরায়ে বিরামে শোকং শোকং গতবতিগতে লক্ষ্মণে লক্ষ্মণেন।" রক্তশিগ্রু।

মৃগাবিৎ (মৃগাবিধ্, মৃগ—ব্যধ্ তাড়না করা +০(ক্বিপ্)—ক) সং, পুং, ব্যাধ।

মৃগিত ( মৃগ্ অন্বেষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অন্বিষ্ট। যাচিত।

মৃগেক্ষণা ( মৃগ—ইক্ষণ। মৃগের ইক্ষণের ন্যায় পুষ্প যাহার) সং, স্ত্রীং, মৃগের্ব্বারু। বিং, মৃগতুল্য নেত্রা।

মৃগেন্দ্র (মৃগ পশু—ইন্দ্র [দেবরাজ] স্বামী, ৬ষ্ঠী—য) সং, পুং, সিংহ।

মৃগের্ব্বারু (মৃগ মৃগপ্রিয়—ইর্ব্বারু কর্কোটী) সং, পুং, শ্বেতেন্দ্রবারুণী, শাদা রাখালশশা।

মৃগ্য ( মৃগ্ অন্বেষণ করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, অনুসন্ধেয়, অন্বেষণীয়, অন্বেষ্টব্য। শিং—১ "ন রত্নমন্বিষ্যতে মৃগ্যতে হি তৎ।"

মৃজ (মৃজ্ শব্দ করা+অ—ভাবে) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, মাদল।

মৃজা ( মৃজ্ পরিষ্কার করা+ঙ—ভা) সং, স্ত্রীং, মার্জ্জন, পরিষ্কার। শুদ্ধি। শিং—১ "শিরসা চ মৃজাবতা।" (ভট্টি)।

মৃজান্বয় (মৃজা—অন্বয়) বিং, ত্রিং, মৃজাযুক্ত, পরিষ্কৃত।

মৃড় ( মৃড়্ হৃষ্ট হওয়া+অ(ক)—ক) সং, পুং, শিব, মহাদেব। ড়ানী—স্ত্রীং, দুর্গা।

মৃড়ঙ্কণ (মৃড় দেখ, অঙ্কণ—প্রং) সং, পুং, বালক, শিশু।

মৃড়ীক (মৃড় দেখ, ঈক(কীকন্)—সংজ্ঞার্থে) সং, পুং, মৃগ, হরিণ।

মৃণাল—ত্রিং } মৃণালী—স্ত্রীং } (মৃণ্ বধ করা+আল (কালন্)—র্ম্ম, যাহা ভক্ষণাদির জন্য হিংসিত হয়) সং, পদ্ম প্রভৃতির নাল, ডাঁটা। পঙ্কান্তর্গত বিস। শিং—১ "সান্দ্রং চন্দনমঙ্গকে বলয়িতাঃ পাণৌ মৃণালীলতা।" ক্লীং, বেণার মূল। শিং—১ "মৃণালসূত্রান্তরমপ্যলভ্যং।"

মৃণালী (মৃণালিন্, মৃণাল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পদ্ম। লিনী—স্ত্রীং, পদ্মিনী।

মৃণ্ময় (মৃদ্ মৃত্তিকা+ময়(ময়ট্)—বিকারার্থে) বিং, ত্রিং, মৃদ্বিকার, মৃত্তিকানির্ম্মিত, মেটে।

মৃত (মৃ মরা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মৃত্যুপ্রাপ্ত, গতপ্রাণ। যাচিত। (+ক্ত—ভা) সং ক্লীং, মরণ। যাচ্ঞার বৃত্তি। শিং—১ "যাচনবৃত্তির্ম্মরণমিব দুঃখজনকত্বাৎ মৃতং। অযাচিতং অমৃতমিব অমৃতং।"

মৃতক (মৃত+কণ্—যোগ) সং, ক্লীং, শব, মৃতশরীর। মরণাশৌচ। শিং—১ "যদিস্যাৎ সূতকে সূতিমৃ তকে চ মৃতিস্তথা।"

মৃতকল্প (মৃত+কল্প—ঈষদূনার্থে) বিং, ত্রিং মৃতপ্রায়, মৃততুল্য।

মৃতকান্তক, মৃতমত্ত ( মৃত মরা—কান্তক

প্রিয়। মৃত শব—মত্ত উন্মত্ত, প্রিয়) সং, পুং, শৃগাল।

মৃতণ্ড; সং, পুং, সূর্য্যপিতা।

মৃতপ (মৃত—পা পালন করা+অ(ড)—ক) সং, পুং, যে ব্যক্তি শবের বস্ত্রাদি দ্বারা, নদীতীরে দাহনের নিমিত্ত শববহনাদি দ্বারা এবং অপরাধীদিগকে দণ্ড দিয়া আপন জীবিকা নির্ব্বাহ করে। শবভক্ষক।

মৃতবৎসা (মৃত—বৎস সন্তান) সং, স্ত্রীং, মৃতাপত্যা, যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না।

মৃতসঞ্জীবনী (মৃত—সঞ্জীবনী জীবিতকারী) সং, স্ত্রীং, যে বিদ্যাবলে মৃত ব্যক্তি জীবনপ্রাপ্ত হয়। গোরক্ষদুগ্ধা।

মৃতস্নাত (মৃত—স্নাত) বিং, ত্রিং, মৃতোদ্দেশেন স্নাত। মৃত উদ্দেশ করিয়া কৃতস্নান ব্যক্তি। সংস্কারার্থে স্নাপিত মৃতদেহ।

মৃতাণ্ড (মৃত—অণ্ড ডিম্ব) সং, পুং, সূর্য্য।

মৃতি (মৃত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং মরণ, মৃত্যু। বিনাশ।

মৃৎকর (মৃদ্ মৃত্তিকা—কর [কৃ করা+অ (অন্)—ক] যে কার্য্য করে) সং, পুং, কুম্ভকার, কুমার।

মৃৎকাংস্য (মৃদ্ মৃত্তিকা—কাংস্য পানপাত্র) সং, ক্লীং, শরাব, শরা।

মৃৎকিরা (মৃদ্ মৃত্তিকা—কির শূকর) সং, স্ত্রীং, ঘুঘুরিয়া পোকা।

মৃত্তিকা (মৃদ্ মৃত্তিকা+তিক(তিকন্)—র্ম্ম, স্বার্থে, আপ—স্ত্রীং) সং, স্ত্রীং, মাটি। গন্ধমাটি। ভূমি।

মৃত্যু (মৃ মরা+ত্যু(ত্যুক্)—ভা) সং, ত্রিং, প্রাণবিয়োগ, মরণ: (+ত্যুক্—পা) পুং, যম। কংস।

মৃত্যুঞ্জয় (মৃত্যুম্ মৃত্যুকে—জয় [জি জয় করা+অ(খশ)—ক] যে জয় করে) সং, পুং, শিব। শিং—১"কতিধা মৃত্যুকন্যানাং ব্রহ্মণাং কোটিশোলয়ে। কালেন লীনঃ শম্ভুশ্চ সত্বরূপী চ নির্গুণে॥ মৃত্যুকন্যা জিতা শশ্বৎ শিবেন গুরুণা মম। ন মৃত্যুনা জিতঃ শম্ভুঃ কল্পে কল্পে শ্রুতৌ শ্রুতং॥"

মৃত্যুনাশক (মৃত্যু মরণ—নাশক নাশকারী) সং, পুং, পারদ, পারা। মৃত্যুনাশক মাত্র।

মৃত্যুপুষ্প (মৃত্যু—পুষ্প, ফুল হইয়াই যে মরিয়া যায়) সং, পুং, ইক্ষু, আক।

মৃত্যুফল—ক্লীং } মহাকালফল। কদলীফল
মৃত্যুফলা—স্ত্রীং }

মৃত্যুভঙ্গুরক (মৃত্যু মরণ—ভঙ্গুর বক্র+কণ্—প্রং) সং, পুং, প্রেতপটহ, মৃত্যুকালে বাদনীয় বাদ্য।

মৃত্যুভৃত্য (মৃত্যু মরণ—ভৃত্য দাস) সং, পুং, রোগ, পীড়া।


মৃত্যুবঞ্চন (মৃত্যু মরণ—বঞ্চন প্রতারণ) সং, পুং, শিব। বিল্ববৃক্ষ। দাঁড়কাক।

মৃৎসা } (মৃদ্ মৃত্তিকা+স, স্ন—প্রশ-
মৃৎস্না } স্তার্থে) সং, স্ত্রীং, প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।

মৃদ্ } (মৃদ্ চূর্ণ হওয়া+০(ক্বিপ্)—র্ম্ম, ও
মৃদা } —ভাবে) সং, স্ত্রীং, মৃত্তিকা, মাটি।

মৃদঙ্কুর; সং, পুং, হারীত পক্ষী। পারাবতবিশেষ।

মৃদঙ্গ (মৃৎ মৃত্তিকা—অঙ্গ, ৬ষ্ঠী—হিং। অথবা মৃদ্+অঙ্গচ্—র্ম্ম। শিং—১ "মৃ-



মৃদঙ্গ।

ত্তিকানির্ম্মিতাশ্চৈব মৃদঙ্গঃ প রকীর্ত্তিতঃ।" পুরাণে—বর্ণিত আছে, ত্রিপুরাসুর বধের পর সেই রুধিরে পৃথিবীমণ্ডল আর্দ্র হইয়া কর্দ্দম উৎপত্তি হয়। ভগবান্ ব্রহ্মা সেই শোণিতাক্ত মৃত্তিকা হইতে মৃদঙ্গ প্রস্তুত করেন এবং সেই অসুরের চর্ম্ম লইয়া উক্ত যন্ত্রের আচ্ছাদনী, শিরানিচয়ে বেষ্টনীও রজ্জু এবং অস্থিতে গুল্ম প্রস্তুত করিয়াছিলেন। ত্রিপুরারি মহাদেব ইন্দ্রাদি বেষ্টিত হইয়া আনন্দে নৃত্য করিয়াছিলেন এবং গজাননকে নৃত্যের সহিত তাল দিতে অনুমতি করেন। সেই অবধি মৃদঙ্গের সৃষ্টি হয়। প্রাচীন মৃদঙ্গ সকল

অধুনাতন মর্দ্দল অথবা দেশীয় খোলের মত দেখিতেছিল। অনেকে খোলকেও মৃদঙ্গ বলিয়া থাকেন, কালক্রমে সভ্যতার সঙ্গে সঙ্গে অধুনাতন মৃদঙ্গের নির্ম্মাণ-কৌশল ও অঙ্গসৌষ্ঠব অনেক পরিমাণে পরিবর্ত্তিত হইয়াছে। সঙ্গীতদর্পণকর্ত্তা কহেন মৃত্তিকানির্ম্মিত যন্ত্র অতি ভঙ্গপ্রবণ বলিয়া দ্বাপরযুগে কৃষ্ণলীলার সময়াবধি উহা কাষ্ঠে নির্ম্মিত হইতে আরম্ভ হয়) সং, পুং, মুরজ, পাখোয়াজ। পটহ। শব্দ, গোলমাল। বংশ, বাঁশ।

মৃদঙ্গফল (মৃদঙ্গ মুরজ—ফল, মৃদঙ্গাকৃতি ফল যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁটাল গাছ।

মৃদঙ্গার; সং, পুং—ক্লীং, পাথরিয়া কয়লা।

মৃদঙ্গী; সং, স্ত্রীং, ঘোষাতকী। সং, পুং, যিনি মৃদঙ্গ বাজাইতে পারেন।

মৃদাকার (মৃদা মৃত্তিকা—কার [কৃ করা+অ (ষণ্)—ক] যে করে) সং, পুং, অশনি,বজ্র।

মৃদিত (মৃদ্ চূর্ণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত, চূর্ণিত, গুঁড়া করা।

মৃদিনী (মৃদা মৃত্তিকা+ইন্—প্রশস্তার্থে) সং, স্ত্রীং, প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।

মৃদু (মৃদ্ চূর্ণ হওয়া+উ(কু)—র্ম্ম) বিং, ত্রিং, কোমল, নরম। আর্দ্র। অতীক্ষ্ণ। মন্দ। নক্ষত্রবিশেষ। স্ত্রীং, গৃহকন্যা।

মৃদুগণ; সং, পুং, চিত্রা অনুরাধা মৃগশিরা এবং রেবতী নক্ষত্র।

মৃদুগমনা (মৃদু কোমল, মন্দ—গমন গতি) সং, স্ত্রীং, হংসী। মন্দগামিনী স্ত্রী।

মৃদুচর্ম্মী, মৃদুচ্ছদ, মৃদুত্বক্, মৃদুত্বচ } (মৃদুচর্ম্মিন্, মৃদু কোমল—চর্ম্ম ছাল +ইন্—অস্ত্যর্থে। মৃদু কোমল—ছদ [আচ্ছাদন] বল্কল। মৃদুত্বচ, মৃদু কোমল—ত্বচ, ত্বচ=ছাল) সং, পুং, ভূর্জ্জ বৃক্ষ, ভোজপাতার গাছ। গিরিজপীলুবৃক্ষ। কুকুরক্র। শ্রীতাল।

মৃদুমক; সং, ক্লীং, সুবর্ণ, সোনা।

মৃদুল (মৃদু+ল—প্রাং। অথবা মৃদ্+উল—র্ম্ম) বিং, ত্রিং, কোমল, নরম। সং, ক্লীং, জল।

মৃদুলোমক (মৃদু কোমল—লোমন্ রোম +কণ্—যোগ) সং,পুং, শশক, খরগোস। বিং, ত্রিং, কোমললোমবিশিষ্ট।

মৃদূৎপল (মৃদু কোমল—উৎপল পদ্ম) সং, ক্লীং, নীলপদ্ম।

মৃদ্বী (মৃদু কোমল+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কোমলাঙ্গী স্ত্রী; যথা—"শিরীষ-মৃদ্বী সীতা।" কপিলদ্রাক্ষা।

মৃদ্বীকা (মৃদ্ চূর্ণ করা+ঈক(ঈকন্)—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, দ্রাক্ষা, আঙুর। কপিল দ্রাক্ষা।

মৃধ (মৃধ্ [আর্দ্র হওয়া] বধ করা+অ(ক)—ধি) সং, ক্লীং, যুদ্ধ, রণ, লড়াই।

মৃষা (মৃষ্ সহ্ করা+আ(কা)—ক) অং, মিথ্যা, অসত্য। বৃথা, বিফল, অনর্থক।

মৃষাধ্যায়ী (—য়িন্) সং, পুং, বক।

মৃষার্থক (মৃষা—অর্থ+কণ্—যোগ) সং, ক্লীং, অত্যন্ত অসম্ভব বাক্য।

মৃষাবাদী (মৃষাবাদিন্, মৃষা মিথ্যা—বাদী যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।

মৃষোদ্য (মৃষা মিথ্যা—বদ্ বলা+য (ক্যপ্)—ভাবে) সং, ক্লীং, মিথ্যাকথন। (+ক্যপ্—র্ম্ম) বিং, ত্রিং, মিথ্যাউক্ত। মিথ্যাবাদী।

মৃষ্ট (মৃজ্ পরিষ্কার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জিত,নির্ম্মলীকৃত। শোধিত, পরিষ্কৃত। (মৃষ্ সহ্ করা+ক্ত—র্ম্ম) ঘৃষ্ট। ক্লীং, মরিচ।

মৃষ্টেরুক; সং, পুং, বদান্য, দাতা। মিষ্ট-দ্রব্যভোজী। অতিথিদ্বেষ্টা। কৃপণ।

মেওয়া (পারস্য) ফল।

মেক্—খোঁটা, পেরেক্। (পারস্য—মেখ)।

মেকল, মেখল } (মি ক্ষেপণ করা+কলন্, খলন্—ক) সং, পুং, পর্ব্বতবিশেষ।

মেকলকন্যকা, মেখলকন্যকা, মেকলাদ্রিজা } (মেকল, মেখল ইহাঁর কল্পিত পিতা ঋষিবিশেষ, অথবা পর্ব্বতবিশেষ—কন্যকা কন্যা। মেকলাদ্রি, মেকল পর্ব্বত—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, স্ত্রীং, নর্ম্মদা নদী।

মেক্ষণ; সং, ক্লীং, যজ্ঞীয় পাত্রবিশেষ।

শিং—১ "ইধ্মজাতীয়মিধ্মার্দ্ধপ্রমাণং মেক্ষণং ভবেৎ। বৃত্তং বাক্ষঞ্চ পৃথুগ্রমবদানক্রিয়াক্ষমং।"

মেখলা (মি ক্ষেপণ করা+খল, আপ্—প্রং) সং, স্ত্রীং, কটিসূত্র। শিং—১"একযষ্টির্ভবেৎ কাঞ্চী মেখলা স্বষ্টযষ্টিকা।" হস্তিবন্ধন। কটিভূষণ, চন্দ্রহার গোট প্রভৃতি। শরপত্রাদি নির্ম্মিত উপবীত। শিং—১ "মৌঞ্জী ত্রিবৃৎসমা শ্লক্ষ্ণা কার্য্যা বিপ্রস্য মেখলা। ক্ষত্রিয়স্য চ মৌর্ব্বী যা বৈশ্যস্য শণতান্তবী।" পর্ব্বতের নিতম্ব দেশ। হস্ত দ্বারা দৃঢ়রূপে ধরিবার নিমিত্ত খড়্গাদির মুখস্থিত চর্ম্মাদিবন্ধন, খড়্গ-বন্ধ। নর্ম্মদানদী। পৃশ্নিপর্ণীলতা। হোমকুণ্ডের উপরিস্থ মৃৎকৃত বেষ্টনবিশেষ।

মেঘ (মিহ্ জলসিক্ত করা+অ(অন্)—ক) সং, পুং, জলধর, বারিবাহ। দৈত্যবিশেষ। রাক্ষসবিশেষ। রাগবিশেষ। মুস্তক, মুতো।

মেঘকফ; সং, পুং, করকা, শিল।

মেঘচিন্তক } (মেঘ—চিন্তক যে চিন্তা
মেঘজীবন } করে। মেঘ—জীবন প্রাণ, ৬ষ্ঠী—হিং। প্রসিদ্ধি আছে যে, এই পক্ষিরা বৃষ্টির জল ভিন্ন অন্য কোন জল পান করে না, এই নিমিত্ত ইহারা বর্ষাকালের নিমিত্ত স্বভাবতঃ চিন্তিত থাকে) সং, পুং, চাতকপক্ষী।

মেঘজ্যোতিঃ (মেঘজ্যোতিস্, মেঘ—জ্যোতিস্ দীপ্তি) সং, পুং, ইরম্মদ, বজ্রাগ্নি।

মেঘডম্বর (মেঘ—ডম্বর আড়ম্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘাড়ম্বর। মেঘগর্জ্জন। শিং—১"অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে।" [সং, পুং, তড়িৎ, বিদ্যুৎ।

মেঘদীপ (মেঘ—দীপ যে উজ্জ্বল করে)

মেঘনাদ (মেঘ—নাদ শব্দ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্রজিৎ রাবণের পুত্র। বরুণদেব। মেঘধ্বনি। পলাশবৃক্ষ। তণ্ডুলীয় শাক।

মেঘনাদানুলসক } (মেঘনাদানুলাসিন্,
মেঘনাদানুলাসী } মেঘনাদ মেঘের শব্দ—অনুলস্ উল্লাসিত হওয়া+অক (ণক), ইন্(ণিন্)—ক) সং, পুং, ময়ূর।

মেঘনামা (মেঘনামন্, মেঘ—নামন্ নাম। মেঘের নামে নাম যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুস্তক, মুতো।

মেঘপুষ্প—ক্লীং } (মেঘ—পুষ্প ফুল।
মেঘপ্রসব—পুং } মেঘ—প্রসব পিতা বা মাতা) সং, ঘনরস, জল।

মেঘভূতি (মেঘ—ভূতি হওন) সং, পুং, অশনি, বজ্র। [পুত্র।

মেঘমাল; সং, পুং, রমাগর্ভজাত কল্কিদেব-

মেঘযোনি (মেঘ—যোনি উৎপত্তি স্থান) সং, পুং, ধূম, ধূঁয়া।

মেঘবর্ত্ম—ত্মন্ } (মেঘ—বর্ত্ম পথ।
মেঘবেশ্ম—শ্মন্ } মেঘ—বেশ্মন্ বাসস্থান) সং, ক্লীং, আকাশ, অন্তরীক্ষ।

মেঘবহ্নি (মেঘ ঘর্ষণ হেতু জাত—বহ্নি) বজ্রাগ্নি।

মেঘবাহন (মেঘ—বাহন যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

মেঘসুহৃদ্ } (মেঘ—সুহৃদ্ বন্ধু। মেঘা-
মেঘানন্দী } নন্দিন্, মেঘ—আনন্দিন্ যে আনন্দিত হয়) সং, পুং, ময়ূর।

মেঘাগম (মেঘ—আগম আগমন, ৭মী—হিং) সং, পুং, বর্ষাকাল। মেঘাগমন।

মেঘাত্যয় } (মেঘ—অত্যয় নাশ, অন্ত
মেঘান্ত } শেষ, ৭মী—হিং) সং, পুং, শরৎকাল। [করকা, শিল।

মেঘাস্থি (মেঘ—অস্থি হাড়) সং, ক্লীং,

মেঘাস্পদ (মেঘ—আস্পদ স্থান) সং, ক্লীং, আকাশ, গগন।

মেচক (মচ্ মিশ্রিত করা+অক(ণক)—ক, অ—এ) সং, পুং, ময়ূরপুচ্ছস্থ চন্দ্রক। ধূম। মেঘ। শ্যামবর্ণ। ক্লীং, অন্ধকার। অঞ্জন। নীলাঞ্জন। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ, কাল।

মেজিয়া, মেঝ (মধ্যশব্দজ) সং, গৃহের মধ্যস্থল, ঘরের মাঝ।

মেড়া (ভেড় শব্দজ) সং, ভেড়া, মেষ।

মেঠ, মেণ্ট, মেণ্ড; সং, পুং, হস্তিপক, মাহুত।

মেঢ্র (মিহ্ সেচন করা+ষ্ট্রন্—ক) সং, পুং, শিশ্ন, পুরুষোপস্থ। মেষ, ভেড়া।

মেণ্ঢ (মিহ [মেঘ দেখ] প্রস্রাবত্যাগ করা

+অ – প্রং। ন – আগম। হ=ঢ) সং, পুং, মেষ, ভেড়া।

মেতর, মেথর (পারস্য=মেহতর। সংস্কৃত=মহত্তর) সং, পায়খানা পরিষ্কারক, নীচ-জাতি।

মেথি } (মেথ্ মনে রাখা, সংসর্গ করা+ই
মেধি } – ণ) সং, পুং, ধান্য মাড়িবার সময় যে কাষ্ঠদণ্ডে গো মহিষাদি বদ্ধ থাকে, সেই কাঠ।

মেথিকা; সং, স্ত্রীং, ক্ষুপবিশেষ, মেথিশাক।

মেদ – পুং } (মিদ্ স্নিগ্ধহওয়া+অ(অল্),
মেদস্ – ক্লীং } অস্ – ণ) সং, অস্থির মজ্জা, বসা। চর্ব্বি।

মেদজ (মেদ – জ [জন্ জন্মান+অ(ড) – ক] যে জন্মায়) সং, পুং, ভূমিগুগ্‌গুলু। বিং, ত্রিং, মেদজাত।

মেদস্কৃৎ (মেদস্ অস্থির মজ্জা – কৃৎ [কৃ করা+০(কিপ্) – ক] যে করে) সং, ক্লীং, মাংস।

মেদিত (মিদ্ স্নিগ্ধ হওয়া+ত(ক্ত) – ক) বিং, ত্রিং, স্নিগ্ধ।

মেদিনী (মেদ+ইন্ – অস্ত্যর্থে, ঈপ্। মধু কৈটভ দৈত্যদ্বয়ের মেদে পরিপ্লুত হওয়াতে ইহার নাম মেদিনী) সং, স্ত্রীং, পৃথিবী। শিং – ১ "মধুকৈটভয়োরাসী-ন্মেদসৈব পরিপ্লুতা। তেনেয়ং মেদিনী দেবী প্রোচ্যতে ব্রহ্মবাদিভিরিতি।"

মেদিনীদ্ভব (মেদিনী পৃথিবী – উদ্ভ পাওয়া +অ(অল্) – ভা) সং, পুং, ধূলি, ধূলা।

মেদুর (মিদ্ স্নিগ্ধ হওয়া+উর(ঘুর) – ক, শীলার্থে) বিং, ত্রিং, স্নিগ্ধ। শিং – ১ "মেঘৈর্মেদুরমম্বরম্।" চিকণ। কোমল, মৃদু। উদ্ভট। পূর্ণ। রা – স্ত্রীং, কাকোলী।

মেদোজ (মেদস্ মজ্জা – জ [জন্ জন্মান +অ(ড) – ক] জাত) সং, ক্লীং, অস্থি।

মেধ (মেধ্ সঙ্গ করা+অ(অল্) – ধি) সং, পুং, যজ্ঞ, যাগ।

মেধা (মেধ্ সঙ্গ করা+ও – ণ। ইহাতে সকল বহুশ্রুত সঙ্গ অর্থাৎ বিষয় করে) সং, স্ত্রীং, ধারণাবতী বুদ্ধি, স্মৃতিশক্তি। বুদ্ধি। মেধাকর ঔষধ।

মেধাঃ (মেধস্, পূর্ব্বে দেখ; অস্ – প্রং) সং, পুং, স্বায়ম্ভুব মনুপুত্র।

মেধাজিৎ (মেধা বুদ্ধি – জিৎ [জি জয় করা+০(কিপ্) – ক] যে জয় করে) সং, পুং, কাত্যায়ন মুনি।

মেধাতিথি (মেধা – অতিথি) সং, পুং, প্লক্ষ-দ্বীপপতি। মনু-টীকাকার-বিশেষ। মুনি-বিশেষ। মেধাবী।

মেধাবতী (মেধাবান্+ঈপ্) সং, স্ত্রীং, মহা-জ্যোতিষ্মতী। বিং, ত্রিং, মেধাবিশিষ্টা।

মেধাবান্ (মেধাবৎ, মেধা+বৎ(বতু) – অ-স্ত্যর্থে) বিং, ত্রিং, মেধাবিশিষ্ট। জ্ঞানী, বুদ্ধিমান্। স্মরণশক্তিবিশিষ্ট।

মেধাবী (মেধাবিন্, মেধা+বিন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, মেধাবিশিষ্ট। জ্ঞানী। পণ্ডিত। সং, পুং, শুকপক্ষী। মদিরা। বিনী – স্ত্রীং, শারিকা। [মেধাবিশিষ্ট, মেধাবী।

মেধির (মেধা+ইর – অস্ত্যর্থে) বিং, ত্রিং,

মেধিষ্ঠ } (মেধীয়স্, মেধাবৎ+ইষ্ঠ, ঈ-
মেধীয়ান্ } য়সু – অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় মেধাযুক্ত।

মেধ্য (মেধ্ সঙ্গ করা+য(ষ্যণ্) – র্ম্ম) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। (মেধ যজ্ঞ+য – র্ম্ম, হিতার্থে) যজ্ঞীয়। সং, পুং, ছাগ। খদির, খয়ের। যব। ধ্যা – স্ত্রীং, নাড়ীবিশেষ। কেতকী। শঙ্খপুষ্পী। ব্রাহ্মী। শ্বেতবচা। শমী। মণ্ডূকী। শিং – ১ "ত্বচং স মেধ্যাং পরিধায় রৌরবীমশিক্ষিতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ।"

মেনকা } (মে আমার – ন না – কা কোন
মেনা } স্ত্রী, আমার তুল্য কোন স্ত্রী নাই এমত যে বোধ করে। অথবা মি ক্ষেপণ করা+ন – ক, আপ্, কণ্) সং, স্ত্রীং, হিমালয়পত্নী। শিং – ১ "মেনাং মুনীনামপি মাননীয়ামাত্মানুরূপাং বিধিনোপযেমে।" (মি ক্ষেপণ করা+নক – ক, আপ্) স্বর্বেশ্যাবিশেষ।

মেনকাত্মজা } (মেনকা – আত্মজা কন্যা,
মেনাজা } ৬ষ্ঠী – ষ। মেনা – জ [জন্ জন্মান+অ(ড) – ক] জাত, মৌ – ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, উমা।

মেনাদ (মে অনুকরণ শব্দ, মিউঁং—নাদ শব্দ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, বিড়াল। ছাগ। ময়ূর।

মেনে (দেশজ) কিন্তু। তবু ; যথা—
"আর জন বলে ভাই সাপ মেনে নয়,
ভূয়েসের গাড়া এটা এ কথা নিশ্চয়।"

মেন্ধী (মা লক্ষ্মী—ইন্ধ্ দীপ্তি পাওয়া+অ (অল্)—ণ, ঈপ্) সং, স্ত্রীং, মেধীবৃক্ষ, মেহদিগাছ।

মেয় (মা পরিমাণ করা+য—র্ম্ম) বিং,ত্রিং, পরিমেয়, পরিমাণযোগ্য। জ্ঞেয়। অনুমেয়।

মেয়ে, মেয়্যা (মায়া শব্দজ) সং, স্ত্রীলোক। কন্যা।

মেরু (মি ক্ষেপণ করা+রু—ক। উচ্চত্ব হেতু ইহাতে কিরণ সকল ক্ষেপণ করে) সং, পুং, হেমাদ্রি, সুমেরু-পর্ব্বত। পৃথিবীর উত্তর এবং দক্ষিণ প্রান্ত ; উত্তরপ্রান্ত উত্তরমেরু,আর দক্ষিণপ্রান্ত দক্ষিণ-মেরু। খড়্গাদির মুষ্টিপ্রদেশ, ৎসরু। পৃষ্ঠবংশ, পিঠের দাঁড়া। জপমালার উপরিস্থ প্রধান বীজ। করমালার অঙ্গুলিপর্ব্ববিশেষ। শিং—১ "তিস্রোঽহ্নঙ্গুল্যাস্ত্রিপর্ব্বাণো মধ্যমা চৈকপর্ব্বিকা। পর্ব্বদ্বয়ং মধ্যমায়া মেরুত্বে নোপকল্পয়েৎ।"

মেরুক (মেরু পর্ব্বতবিশেষ+কণ্—ইবার্থে) সং, পুং, যজ্ঞধূপ, ধূনা।

মেরুদণ্ড (Axis) ভূগোলের অন্তর্গত উভয় কেন্দ্রভেদী কাল্পনিক সরলরেখা ; এই রেখা প্রবলম্বন করিয়া পৃথিবী পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে দৈনন্দিন পরিভ্রমণ করিতেছে। পিঠের শিরদাঁড়া।

মেরুসাবর্ণ ; সং, পুং, চতুর্দ্দশ মনু।

মেল (মিল্ মিলিত হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, লা—স্ত্রীং, মিলন,ঐক্য। জনতা, উৎসবস্থানে বা আপণে লোকারণ্য। (+অল্—ধি) মসী। অঞ্জন। মহানীলী।

মেলক (মেল+কণ্—যোগ) সং, পুং, সঙ্গ, সহবাস। সমূহ। (মিল্-ঞিচ=মেলি মিলন করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি মিলিত হয়,ঐক্যকারক, মিলনকারক।

মেলন (মেল দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, একত্রিত হওন, মিলিত হওয়া।

মেলা (দেশজ) অনেক, প্রশস্ত। তীর্থাদিস্থলে বহুলোকের সমাগম। সমাজ,সভা।

মেলানন্দা—স্ত্রীং } (মেলা মসী—আনন্দ।
মেলান্ধু—পুং } মেলা—অন্ধু কূপ। মেলা
মেলাম্বু—পুং } —অম্বু জল) সং,মস্যাধার, দোয়াত।

মেলানী (দেশজ) উপহার, ভেট, তত্ত্ব ; যথা—"মেনকা মেলানী ভার দিয়াছে কিঞ্চিৎ।"

মেষ (মিষ্ স্পর্দ্ধা করা+অ(অন্)—ক) সং, পুং, মেড়া, ভেড়া। দ্বাদশরাশির


মেষ।


মেষ (রাশি)।

অন্তর্গত প্রথম রাশি ; ইহাতে জন্মিলে—"মেষলগ্নে সমুৎপন্নশ্চণ্ডো মানী ধনী শুভঃ। ক্রোধী স্বজনহন্তা চ বিক্রমী পরবৎসলঃ।" লগ্নবিশেষ। ঔষধবিশেষ, চক্রমর্দ্দবৃক্ষ। ষা—স্ত্রীং, গুজরাটী এলাচি।

মেষলোচন (মেষলোচনের ন্যায় প[illegible]হার) সং, পুং, চক্রমর্দ্দ। বিং, ত্রিং, [illegible]ষচক্ষুতুল্য চক্ষু। [স্ত্রীং, অজাশৃঙ্গী।

মেষবল্লী (মেষশৃঙ্গাকার ফলযুক্তা লতা) সং, মেষশৃঙ্গ ; সং, পুং, স্থাবরবিষবিশেষ। ঙ্গী—স্ত্রীং, অজশৃঙ্গীবৃক্ষ। [সং, পুং, ইন্দ্র।

মেষাণ্ড (মেষ ভেড়া—অণ্ড অণ্ডকোষ)

মেষিকা, মেষী (মেষী ভেড়ী+কণ্—প্রং। মেষ ভেড়া+ই—প্রং) সং, পুং, মূত্ররোগবিশেষ,ধাতুচালা, প্রস্রাবদোষ। মূত্র, প্রস্রাব। মেষ-স্ত্রী, ভেড়ী। তিনিশবৃক্ষ। জটামাংসী।

মেহ (মিহ্ সেচন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, মূত্র। (+অল্—ণ) মূত্ররোগবিশেষ।

মেহন (মিহ্ সেচন করা+অন—ক) সং, ক্লীং, শিশ্ন। (+অন—র্ম্ম) মূত্র। (+অনট্—ভা) মূত্রত্যাগ।

মেহনৎ (আরবী) সং, আয়াস, পরিশ্রম। কষ্ট। [=আনা) বেতন, পারিশ্রমিক।

মেহনৎ-আনা (আরবী=মেহনৎ+পারস্য

মেহেরবাণী (পারস্য) দয়া, অনুগ্রহ।

মৈত্র (মিত্র বন্ধু+অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, মিত্রতা, সৌহার্দ্দ। সংসর্গ। অনুরাধা নক্ষত্র। শিং—১ "মৈত্রাদ্যপাদে স্বপিতী-হবিষ্ণুর্ব্বৈষ্ণবামধ্যে পরিবর্ত্ততে চ।" পুরীষোৎসর্গ, মলত্যাগ। শিং—১ "ততঃ কল্যং সমুথায় কুর্য্যান্মৈত্র্যং নরেশ্বর।" (মৈত্রং=মিত্রদেবতাকপায়ু সম্বন্ধাৎ পুরীষোৎসর্গ)। ২"শরীরচিন্তাং নির্ব্বর্ত্ত্য মৈত্রং কর্ম্ম সমাচরেৎ।"(মৈত্র=মলমূত্রোৎসর্গ)। পুং, ব্রাহ্মণ। মিত্র। বারেন্দ্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। বিং, ত্রিং, মিত্রসম্বন্ধীয়।

মৈত্রাবরুণ } (মিত্র সূর্য্য—বরুণ+অ
মৈত্রাবরুণি } (ষ্ণ), ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, অগস্ত্য, কুম্ভসম্ভব। বশিষ্ঠমুনি।

মৈত্রী—স্ত্রীং } মিত্র বন্ধু+অ(ষ্ণ),য(ষ্ণ্য)
মৈত্র্য—ক্লীং } —ভাবে) সং, মিত্রতা, সৌহার্দ্দ। সংসর্গ, সহযোগ।

মৈত্রেয় (মিত্রা, মিত্র+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, মুনিবিশেষ। বুদ্ধদেব। (মিত্র+ষ্ণেয়) বিং, ত্রিং, মিত্রসম্বন্ধীয়।

মৈত্রেয়িকা (মৈত্রেয় মিত্রসম্বন্ধীয়+ইক—বৈরিতার্থে) সং, স্ত্রীং, মিত্রযুদ্ধ, বন্ধুগণের পরস্পর সংগ্রাম।

মৈথিল (মিথিলা+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, মিথিলারাজা। বিং,ত্রিং, মিথিলাসম্বন্ধীয়।

মৈথিলী (মিথিলা দেশবিশেষ+অ—নিবাসার্থে, ঈপ্) সং, স্ত্রীং, সীতা।

মৈথুন (মিথুন স্ত্রী-পুরুষ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, অগ্ন্যাধানাদি বিবাহ কর্ম্ম। শিং—১"সা প্রশস্তা দ্বিজাতীনাং দারকর্ম্মণি মৈথুনে।" (মৈথুনে=মিথুন শব্দবাচ্যে স্ত্রী-পুংসসাধ্যে অগ্ন্যাধান পুত্রোৎপত্ত্যাদৌ)। স্ত্রীপুরুষের স্মরণ কীর্ত্তন কেলি প্রেক্ষণ গুহ্যভাষণ সংকল্প অধ্যবসায় ক্রিয়ানিষ্পত্তি—এই অষ্টাঙ্গযুক্ত ব্যাপার। সুরত, রতিক্রিয়া।

মৈনাক (মেনকা+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, মেনকাপুত্র, হিমালয়ের জ্যেষ্ঠপুত্র, পর্ব্বতবিশেষ।

মৈনিক (মীন মৎস্য+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, জালিক, ধীবর।

মৈন্দ; সং, পুং, অসুরবিশেষ। বানরবিশেষ।

মৈন্দহা (মৈন্দহন্, মৈন্দ অসুরবিশেষ—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

মৈরেয় (মিরা নগরবিশেষ+এয়(ষ্ণেয়)—ভবার্থে। অথবা মার কাম+এয়(ষ্ণেয়)—জননার্থে) সং, ক্লীং, মিসরদেশ-জাত মদ্যবিশেষ। শিং—১ "মৈরেয়ং ধাতকীপুষ্প গুড়ধানাম্ল সংহিতং।"

মৈরেয়ক; সং, পুং, সৈরিন্ধ্রীর গর্ভে বৈদেহের ঔরসে উৎপন্ন জাতিবিশেষ।

মৈলন্দ; সং, পুং, ভ্রমর।

মৈস্মরতত্ত্ব ( Mesmerism ) কোন ব্যক্তি অন্যের শরীর স্পর্শ করিয়া বা তাহাতে হস্ত বুলাইয়া তাহার চিত্তকে স্বাভিমত পথের অনুবর্ত্তী করিতে সমর্থ হয়, যে শাস্ত্র দ্বারা এই কার্য্য করা যায় তাহার নাম মৈস্মরতত্ত্ব।

মোক্তা (মোক্তৃ, মুচ্ মোচন করা+তৃন্—ক) বিং, ত্রিং, মোচন কর্ত্তা, ত্রাণকর্ত্তা।

মোক্তার (আরবী) আদালতের কোন কার্য্য সম্পন্ন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী।

মোক্ষ (মোক্ষ্ [ক্ষেপণ করা] মুক্ত হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, মুক্তি, নিত্যসুখপ্রাপ্তি, অপবর্গ। পরিত্রাণ। মোচন। মৃত্যু, মরণ। পাটলিবৃক্ষ।

মোক্ষণ (মোক্ষ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, মোচন উদ্ধারকরণ।

মোক্ষধাম; সং, পুং, কৈবল্যধাম, নির্ব্বাণাশ্রম।

মোগল (পারস্য) জাতিবিশেষ, মোঙ্গোলিয়া দেশীয় লোক; এক্ষণে ইহারা মুসলমানধর্ম্মাবলম্বী।

মোঘ (মুহ মুগ্ধ হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, বন্ধ্য, ব্যর্থ, বিফল। শিং—১ "যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা।" (শকু)। হীন। সং, পুং, প্রাচীর। ঘা—স্ত্রীং, পাটলাবৃক্ষ। বিড়ঙ্গ।

মোঘোলি ; সং,পুং, প্রাচীর, বেষ্টন।

মোচ (মুচ্ ত্যাগ করা+অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, কদলীফল। পুং, শোভাঞ্জন বৃক্ষ। চা—স্ত্রীং, কদলীবৃক্ষ। শাল্মলী বৃক্ষ।

মোচক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক) সং, পুং, কদলীবৃক্ষ, কলাগাছ। শোভাঞ্জন বৃক্ষ। মোক্ষক। বিং,ত্রিং, মুক্ত। বৈরাগ্য-যুক্ত। (মুচ্-ণিচ=মোচি মুক্ত করান+অক(ণক)—ক) মুক্তিকারক।

মোচন (মুচ্ ত্যাগ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, মুক্তি। (মুচ্-ণিচ=মোচি+অনট্—ভাবে) পরিত্রাণকরণ। মুক্তি-করণ। ত্যাগকরণ। দম্ভ। শাঠ্য। নী—স্ত্রীং, কণ্টকারী। [মোচনার্হ।

মোচ্য (মুচ্ মুক্তকরা+য—র্ম্ম) বিং, ত্রিং,

মোজা (পারস্য) চরণাবরণ।

মোট (দেশজ) সং, মস্তক দ্বারা বহনীয় বস্তু, ভার। একুন, সমুদায়।

মোটক (মোটন দেখ, অক(ণক)—র্ম্ম) সং, ক্লীং, শ্রাদ্ধাদিকালে প্রয়োজনীয় ভগ্ন কুশ-পত্রদ্বয়; যথা—"ইতি দ্বিগুণভুগ্নদর্ভমোটকং পিতৃব্রাহ্মণ বামপার্শ্বে দদ্যাৎ।"

মোটকী ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

মোটন (মুট্ চূর্ণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, পেষণ। চূর্ণন, গুড়া করা। মোচ্-ড়ান। মট্কান। (+অন—ক) পুং, বায়ু।

মোটনক (মোটন+কণ্) সং, ক্লীং, একা-দশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যাহাতে ১ম, ২য়, ৫ম, ৮ম ও ১১শ বর্ণ গুরু, অবশিষ্ট সমুদায় বর্ণ লঘু।

মোটা (দেশজ) বিং, স্থূল, মাংসল, পীবর। স্ত্রীং, বলা।

মোট্টায়িত ; সং, ক্লীং, নায়িকার ভাববিশেষ; সখীমুখে নায়কবিষয়ক কথাদি উপস্থিত হইলে তাহাতে অবহিতচিত্তে দত্তকর্ণ হইয়া নায়িকার কর্ণকণ্ডূয়ন ও অঙ্গভঙ্গী জৃম্ভিত প্রভৃতি করণ।

মোড়ন (দেশজ) সং, আচ্ছাদন। বক্রকরণ।

মোড়া (দেশজ) সং, ... ও বেত্রনির্ম্মিত আসনবিশেষ। ...।

মোণ (মুণ্ প্রতি... করা+অ(ঘঞ্)—প্রং) সং, পুং, শুষ্ক...। কুম্ভীর। মক্ষিকা। সর্পকরণ্ড।

মোতায়েন (আরবী) নিযুক্ত। স্থিরীকৃত।

মোতাল্লিক (আরবী) সম্বন্ধীয়, সংশ্লিষ্ট, মিলিত।

মোদ (মুদ্ হৃষ্ট হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, আমোদ, হর্ষ, আহ্লাদ।

মোদক (মুদ্-ণিচ=মোদি হৃষ্ট করান+অক(ণক)—ক) সং, পুং—ক্লীং, মোয়া, নাড়ু। পুং, ময়রা, ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রাগর্ভে জাত। বিং, ত্রিং, হর্ষকারক, আহ্লাদজনক।

মোদন (মোদ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, হর্ষ আহ্লাদ।

মোদয়ন্তী (মোদক দেখ, অন্ত—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, বনমল্লিকা, কাটমল্লিকা। শি—১ "মদয়ন্তী গন্ধবতী মোদয়ন্তী খর-স্বরা।" ২ "তৃণশূন্যা মোদয়ন্তী ভূপদী মদয়ন্তিকা।"

মোদিত (মুদ্-ণিচ=মোদি হর্ষ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, হর্ষিত, আনন্দিত। (+ক্ত—ভাবে) ক্লীং, হর্ষ।

মোদী (মোদিন্, মোদ+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, হর্ষযুক্ত, আমোদকারী।

মোনা (দেশজ) ঢেঁকির মুষলের অগ্রভাগে লৌহদণ্ড। [মৌচাক-জাত বস্তু

মোম (মধু শব্দজ কি?) সং, শিক্থ

মোরট (মুর্ বেষ্টন করা+অট—প্রং) সং, ক্লীং, অঙ্কোটপুষ্প। ইক্ষুমূল, আকের গোড়া। সাতদিনের দোওয়া দুগ্ধ। পুং, লতাবিশেষ। টা—স্ত্রীং, মূর্ব্বালতা।

মোল্লা (আরবী, মৌলা শব্দের অপভ্রংশ) শিক্ষক। বিদ্বান্।

মোষ—পুং } (মুষ্ চুরি করা+অ(অল্), অন(অনট্)—ভা)
মোষণ—ক্লীং }

সং, প্রত্যাহরণ। চুরি, চৌর্য্য। লুণ্ঠন। ছেদন। বধ, নাশ। আচ্ছেদ। প্রতারণা।

মোষক } (মোষ্ট, মোষ দেখ, অক(ণক),
মোষ্টা } তৃ(তৃন্)—ক) সং, পুং, তস্কর, চৌর।

মোস্তায়েদ (আরবী) প্রস্তুত, উদ্যত।

মোহ (মুহ মুগ্ধ হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, মূর্চ্ছা, অচৈতন্য। অজ্ঞান। মূর্খতা, অজ্ঞতা। বেদান্তোক্ত—অবিদ্যাবৃত্তি-বিশেষ। দেহাদিতে আত্মাভিমান। বুদ্ধি। শিং—১ "বুদ্ধের্মোহঃ সমভবদ্-হঙ্কারাদভূন্মদঃ।" দুঃখ। শিং—১ "মম মাতা মম পিতা মমেয়ং গৃহিণী গৃহং। এতদন্যং মমত্ব যং স মোহ ইতি কীর্ত্তিতঃ।"

মোহন (মুহ্-ণিচ=মোহি মুগ্ধ হওয়ান+অন—ক) সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। ধুস্তুরবৃক্ষ। বিং, ত্রিং, মোহজনক, মুগ্ধ-কারক। (+অনট্—ভা) ক্লীং, মুগ্ধকরণ। (+অনট্—ণ) সুরত। না—স্ত্রীং, ত্রিপুর-মালিপুষ্প। মরুন্মালা। না—স্ত্রীং, উপো-দকী। বটপত্রী [মিষ্টান্নবিশেষ।

মোহনভোগ; সং, পুং, শর্করা ঘৃতমিশ্রিত

মোহর (পারস্য) মুদ্রা, ছাপ। স্বর্ণমুদ্রা।

মোহরাত্রি; সং, স্ত্রীং, প্রলয়রাত্রি।

মোহানা (দেশজ) পুষ্করিণীর জলনিঃসরণ পথ।

মোহিত (মোহ+ইত—প্রাপ্তার্থে) বিং,ত্রিং, মোহপ্রাপ্ত। (মোহি মুগ্ধ হওয়া+ত—র্ম) মোহপ্রাপিত, মোহজন্মান।

মোহিনী (মোহ+ইন্—অস্ত্যর্থে, অথবা মোহি মুগ্ধ হওয়ান+ইন্(ণিন্)—ক) সং, স্ত্রীং, সমুদ্র মন্থনকালে অসুরগণকে বিমোহিত করিবার নিমিত্ত নারায়ণের অবতারবিশেষ। স্বর্গবেশ্যাবিশেষ। তন্ত্রোক্ত বিদ্যাবিশেষ, ইহার প্রভাবে সকল লোকেই মোহিত ও নিশ্চেষ্ট হইয়া পড়ে। মোহকারিণী, যে মন মুগ্ধ করে।

মোহী (মোহিন্, মুহ্ মুগ্ধ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, মোহপ্রাপ্ত। (মুহ্-ণিচ =মোহি) মোহকারক।

মৌ (মধু শব্দজ) সং, পুষ্পরস, মকরন্দ।

মৌকুলি (মুকুল+ই(ষ্ণি)—প্রং) সং, পুং, বায়স, কাক।

মৌক্তিক (মুক্তা+ইক(ষ্ণিক)—স্বার্থে) সং, ক্লীং, মুক্তা, মতি। শিং—১"জীমূত-করি-মৎস্যাহি-বংশশঙ্খ-বরাহজাঃ। শুক্ত্যুদ্ভবাশ্চ বিজ্ঞেয়া অষ্টৌ মৌক্তিকযোনয়ঃ।"

মৌক্তিকসর; সং, পুং—ক্লীং, মুক্তাহার।

মৌখ (মুখ+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, মুখ-সম্বন্ধীয়। মুখসম্বন্ধাধীন পাপ।

মৌখর্য্য (মুখর+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মুখরতা, বাচালতা।

মৌখিক (মুখ+ইক(ষ্ণিক)—স্বার্থে) বিং, ত্রিং, মুখসম্বন্ধীয়। কাল্পনিক। বাহ্য, যাহা আন্তরিক নয়। [মুগ্ধতা।

মৌগ্ধ্য (মুগ্ধ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং,

মৌচাক (মৌ মধু শব্দজ—চাক চক্র শব্দজ) সং, মধুক্রম, মধুচক্র।

মৌজা (যাবনিক) কোন একটী গ্রামকে মৌজা কহে। [মুঞ্জতৃণনির্ম্মিত মেখলা।

মৌঞ্জী (মুঞ্জ শর+অ(ষ্ণ),ঈপ্) সং, স্ত্রীং,

মৌঞ্জীবন্ধ—পুং, } (মৌঞ্জী—বন্ধ ব-
মৌঞ্জীবন্ধন—ক্লীং, } ন্ধন) সং, পুং, উপনয়কালে মুঞ্জময়ী মেখলাবন্ধন। শিং—১ "মৌঞ্জীবন্ধঃ শুভঃ প্রোক্তশ্চৈত্রে মীন-গতে রবৌ।"

মৌঢ্য (মূঢ়+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, মূঢ়তা, মূর্খতা। বাল্য। [কাক, বায়স।

মৌদ্গলি (মুদ্গল+ই(ষ্ণি)—প্রং) সং, পুং,

মৌদ্গল্য(মুদ্গল+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, মুদ্গল। মুনিপুত্র, গোত্রকারক ঋষি-বিশেষ।

মৌদ্গীন (মুদ্গ মুগ কলাই+ঈন—তৎ-ক্ষেত্রার্থে) সং, ক্লীং, মুগকলাই জন্মিবার উপযুক্ত ক্ষেত্র।

মৌন (মুনি+অ(ষ্ণ)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, অভাষণ, তূষ্ণীম্ভাব, চুপ্। শিং—১ "উচ্চারে মৈথুনে চৈব প্রস্রাবে দন্ত-ধাবনে। স্নানে ভোজনকালে চ ষট্সু মৌনং সমাচরেৎ।"

মৌনতু।—হেঁটমুখ।

মৌনব্রত (মৌন—ব্রত নিয়ম) সং, পুং, নীরব থাকিবার নিয়ম।
মৌনী (মৌনিন্, মৌন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তপস্বী, মুনি। বিং, ত্রিং, মৌনব্রতধারী।
মৌরজিক (মুরজ+ইক(ষ্ণিক)—শিল্প-অর্থে) সং, পুং, মুরজা-বাদ্যকারী, মৃদঙ্গবাদক।
মৌরী (মধুরিকা শব্দজ) সং, বণিকদ্রব্য-বিশেষ, মউরী।
মৌর্খ্য (মূর্খ+য(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, মূর্খতা, মূঢ়তা। [চন্দ্রগুপ্ত রাজা।
মৌর্য্য (মুরা+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং,
মৌর্ব্বী (মূর্ব্বা মুরগা গাছ+অ(ষ্ণ)—ইদমর্থে, ঈপ) সং, স্ত্রীং, ধনুর্গুণ, ধনুকের ছিলা। অজশৃঙ্গী। মূর্ব্বাতৃণসম্বন্ধীয়া।
মৌল (মূল+অ(ষ্ণ)—জাতার্থে) বিং, ত্রিং, আপ্ত। ভূম্যাদির মূলজ্ঞাতা, মোড়ল। শিং—১"যে তত্র পূর্ব্বং সামন্তাঃ পশ্চাদ্দেশান্তরং গতাঃ। তন্মূলত্বাত্তু তে মৌলা ঋষিভিঃ পরিকীর্ত্তিতাঃ।" মূলাগত। সং, পুং, সচিব।
মৌলি—পুং } (মু বন্ধন করা+লি
মৌলি-লী—স্ত্রীং } —প্রং, উ—ঔ। অথবা মূল+ই(ষ্ণি)—প্রং)সং, শিখা,চূড়া। কিরীট, মুকুট। মস্তক। খোপা, সংযত-কেশ। অগ্রভাগ। পুং, অশোকবৃক্ষ। স্ত্রীং, ভূমি, পৃথিবী।
মৌলিক (মূল+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, মূলীভূত, প্রধানস্বরূপ। মূলসম্বন্ধীয়। সং, পুং, কুলীন নয়, বংশজ।
মৌষল (মুষল+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং,ত্রিং, মুষলসদৃশ। শিং—১ "গঙ্গায়াং মৌষলং স্নানং মহাপাতকনাশনং।" মুষলসম্বন্ধীয়। সং, ক্লীং, মহাভারতান্তর্গত "মুষলং কুলনাশনম্" ইত্যাদি প্রতিপাদক ষোড়শ পর্ব্ব।
মৌষ্টা (মুষ্টি+অ(ষ্ণ), আপ) সং, স্ত্রীং, মুষ্টিপ্রহরণক্রীড়া, খেলায় কীলোকীলি।
মৌহূর্ত্ত } (মুহূর্ত্ত+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—
মৌহূর্ত্তিক } জ্ঞাতার্থে) সং, পুং, জ্যোতির্ব্বেত্তা, দৈবজ্ঞ।

ম্রক্ষ (ম্রক্ষণ দেখ, অ(অল্)—ভা) সং, পুং, নিজদোষ গোপন। ম্রক্ষণ।
ম্রক্ষণ (ম্রক্ষ্ মাখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, লেপন, মাখা। এক দ্রব্যের সহিত অন্য দ্রব্যের সংযোজন। মিশ্রণ, মিশান। (+অনট্—ণ) তৈল।
ম্রদিমা (—মন্, মৃদু কোমল+ইমন্—ভা) সং, পুং, কোমলতা, মৃদুত্ব। নম্রতা।
ম্রদিষ্ঠ } (মৃদু কোমল+ইষ্ঠ—অতিশ-
ম্রদিয়ান্ } য়ার্থে। ম্রদিয়স, মৃদু+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিমৃদু।
ম্রিয়মাণ (মৃ মরা+আন(শান)—ক) বিং, ত্রিং, মৃতকল্প, মৃতপ্রায়, অবসন্ন, দুঃখিত।
ম্লান (ম্লৈ কান্তিক্ষয় পাওয়া+ত(ক্ত)—ক) ত্রিং, ক্লান্তিহীন, মলিন। বিষণ্ন, অপ্রসন্ন। বিশীর্ণ। শ্রান্ত, ক্লান্ত। দুর্ব্বল। নির্লজ্জ, লজ্জাশূন্য।
ম্লানি (ম্লান দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিষাদ। মালিন্য, কান্তিক্ষয়। গ্লানি।
ম্লিষ্ট (ম্লেচ্ছ্ অস্পষ্ট কথা বলা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অস্পষ্ট, অস্ফুট, অব্যক্ত। ম্লান। (+ক্ত—র্ম্ম) অপনী[illegible]। সং, ক্লীং, অস্পষ্ট বাক্য।
ম্লেচ্ছ (ম্লেচ্ছ্ অসংস্কৃত [illegible]লা+অ(অন্)—ক) সং, পুং, অ[illegible] জাতিবিশেষ, কিরাত শবর পুলিন্দ [illegible]নাদি। শিং—১ "গোমাংসখাদকো যস্তু বিরুদ্ধং বহুভাষতে। পর্ব্বাচরণবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে।" বিং, ত্রিং, পাপিষ্ঠ, পাপরত। (+অল্—র্ম্ম) অপশব্দ। ক্লীং, হিঙ্গুল
ম্লেচ্ছকন্দ (ম্লেচ্ছ অসভ্যজাতি—কন্দ মূল) সং, পুং, লশুন, রশুন।
ম্লেচ্ছদেশ (ম্লেচ্ছ শিষ্টাচারহীন—দেশ, যং—স। কিম্বা ম্লেচ্ছ [যাহারা অসংস্কৃত বলে এবং শিষ্টাচারহীন] নীচজাতি—দেশ,৬ষ্ঠী—ষ) সং, পুং, চাতুর্ব্বর্ণ্য-ব্যবস্থাদি-রহিত দেশ,ম্লেচ্ছবসতিস্থান। "চাতুর্ব্বর্ণ্যব্যবস্থানং যস্মিন্ দেশে ন বিদ্যতে। ম্লেচ্ছদেশঃ স বিজ্ঞেয়ঃ আর্য্যাবর্ত্তস্ততঃ পরমিতি।" [স] সং, ক্লীং, ম্লেচ্ছদেশ।
ম্লেচ্ছমণ্ডল (পূর্ব্বে দেখ—মণ্ডল দেশ, যং—

ম্লেচ্ছমুখ, ম্লেচ্ছাস্য (ম্লেচ্ছ অসভ্যজাতি—মুখ, আস্য=বদন। এইরূপ প্রসিদ্ধি আছে যে, গ্রীক্‌ বা মুসলমান আক্রমণকারিগণের মুখের ভাব তাম্রের ন্যায় বলিয়া) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

ম্লেচ্ছিত (ম্লেচ্ছ+ইত—প্রং, অথবা ম্লেচ্ছ দেখ, ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, ম্লেচ্ছভাষা, অপশব্দ। অসংস্কৃত বাক্য।

---

# য

**য** ; ব্যঞ্জনবর্ণের ষড়্‌বিংশবর্ণ ; ইহার উচ্চারণস্থান তালু। (যা যাওয়া+অ(ড)—ক) সং, পুং, বায়ু। যশঃ। স্ত্রীং, গতি। যাত্রা। ত্যাগ। যোগ। প্রাপ্তি। বিং, ত্রিং, গমনকর্ত্তা। (+ড—ণ) যান। (যম্ নিযুক্ত হওয়া+অ(ড)—ভা) পুং, সংযমন। (+ড—ক) যম।

যকৃৎ (য [শরীরের দক্ষিণভাগে] যোগ—কৃ করা+০(ক্বিপ্)—ক) সং, ক্লীং, কুক্ষিমধ্যে দক্ষিণভাগস্থ মাংসখণ্ডবিশেষ, পিত্তাশয়। তদ্বর্দ্ধকরোগবিশেষ।

যকৃদাত্মিকা (যকৃৎ—আত্মন্ আপনি+কণ্—যোগ, আপ্। যকৃতের ন্যায় বর্ণ বলিয়া) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা।

যকৃদ্বৈরী ; সং, পুং, যকৃৎনাশক রোহিতকবৃক্ষ।

যক্ষ (যক্ষ্ পূজা করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, দেবযোনিবিশেষ, কুবেরের অনুচর। কুবের। কুবেরের ধন। ধনরক্ষক। ইন্দ্রভবন। (+অল্—ভাবে) পূজা। ক্ষী—স্ত্রীং, কুবেরের পত্নী। যক্ষের পত্নী। পিশাচী।

যক্ষকর্দ্দম (যক্ষ দেবযোনি—কর্দ্দম কাদা। ইহারা ইহার গন্ধপ্রিয় বলিয়া) সং, পুং, কুঙ্কুম, অগুরু, কস্তূরী, কর্পূর, চন্দন এবং কক্কোল (কুঙ্কুম) মিশ্রিত পদার্থ।

যক্ষতরু } যক্ষাবাস } (যক্ষ দেবযোনি—তরু বৃক্ষ, ৬ষ্ঠী—ষ। যক্ষ—আবাস বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বটবৃক্ষ।

যক্ষধূপ (যক্ষ দেবযোনিবিশেষ—ধূপ্ তাপিত করা+অ(অন্)—ক) সং, পুং, ধূনা। টারপিন্‌তৈল।

যক্ষরস (যক্ষ—রস আস্বাদ, (প্র য়) সং, পুং, মদ্যাসব, পুষ্পমধু।

যক্ষরাট্ } যক্ষরাজ } (—রাজ্, যক্ষ—রাজ্ যে দীপ্তি পায়, ৭মী—ষ। যক্ষ—রাজ রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। রঙ্গমণ্ডপ।

যক্ষরাট্‌পুরী (যক্ষরাজ কুবের—পুরী ভুবন) সং, স্ত্রীং, কৈলাসপর্ব্বতোপরি কুবেরের রাজধানী, অলকা।

যক্ষরাত্রি (যক্ষ দেবযোনি—রাত্রি। ইহারা এই সময়ে ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়ায় বলিয়া) সং, স্ত্রীং, কার্ত্তিকী-পূর্ণিমার রাত্রি।

যক্ষসাধন ; সং, ক্লীং, যক্ষোপাসনা।

যক্ষিণী (যক্ষিন্ কুবের+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুবেরের পত্নী। যক্ষভার্য্যা। পিশাচী। বিদ্যাধরী। [সং পুং, কুবের।

যক্ষেন্দ্র, যক্ষেশ (যক্ষ—ইন্দ্র, ঈশ=প্রভু)

যক্ষোড়ুম্বর ; সং, ক্লীং, অশ্বত্থফল।

যক্ষ্মঘ্নী (যক্ষ্মন্ ক্ষয়রোগ—ঘ্ন নাশকারী) সং, স্ত্রীং, দ্রাক্ষা, আঙুর।

যক্ষ্মা (যক্ষ্মন্, যক্ষ্ পূজা করা+মন্—ধি) সং, পুং, ক্ষয়রোগ, কাসবিশেষ। শিং—১ "বৈদ্যো ব্যাধিমতাং যস্মাৎ ব্যাধেযক্ষেন যক্ষ্যতে। স যক্ষ্মা প্রোচ্যতে লোকে শব্দশাস্ত্রবিশারদৈঃ॥ যক্ষ্যতে পূজ্যতে।"

যখন (যদা শব্দজ কি?) ক্রিং—বিং, যে সময়ে, যৎকালে।

যচ্ছন্ (দা দান করা অথবা যম্+অৎ(শতৃ)—ক, দা=যচ্ছ) বিং, ত্রিং, দানকর্ত্তা।

যজত (যজন দেখ, অত—প্রং) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত।

যজতি (যজ্ পূজা করা+অতিচ্—প্রং) সং, পুং, যাগ। শিং—১ "যজতিষু যে যজামহে কুর্য্যান্নানুযাজেষু।

যজত্র (যজন দেখ, অত্র—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নিহোত্রী, নিত্যহোমকর্ত্তা।

যজন (যজ্ পূজা করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞকরণ, যাগকরণ। শিং—১ "অধ্যাপনং অধ্যয়নং যজনং যাজনং তথা।" পূজন।

যজমান (যজন দেখ, আন(শান)—ক, ম—আগম) সং, পুং, যষ্টা, যজ্ঞকারক, যজ্ঞাদির অনুষ্ঠাপক, ব্রতী। যে ব্যক্তি দক্ষিণা দিয়া কর্ম্ম করায়। মহাদেবের অষ্টমূর্ত্তি-মধ্যে প্রধান মূর্ত্তি। শিং—১ "পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ।"

যজাক (যজ্ দান করা+আক—ক) বিং, ত্রিং, দাতা, দানকারী।

যজি (যজন দেখ, ই—ক) সং, পুং, যাজক। যজ্ঞকর্ত্তা। যাগ।

যজুঃ (যজুস্, যজ পূজা করা+উস্—ণ) সং, ক্লীং, বেদবিশেষ, দ্বিতীয়বেদ, এই বেদ দুই ভাগে বিভক্ত—কৃষ্ণযজুঃ ও শুক্লযজুঃ। [যুক্ত বেদবিশেষ।

যজুর্ব্বেদ (যজুস্—বেদ) সং, পুং, শতশাখা-

যজুর্ব্বেদী (যজুর্ব্বেদিন্, যজুস—বিদ্ জানা +ইন্—ক) সং, পুং, যজুর্ব্বেদবেত্তা। যজুর্ব্বেদানুসারে কর্ম্মকারী।

যজ্ঞ (যজন দেখ, ন—ভা) সং, পুং, যাগ, ক্রতু, অধ্বর। হোম।

যজ্ঞকৃৎ (যজ্ঞ—কৃৎ [কৃৎ করা+০ (ক্বিপ্) —ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, যাগ-কর্ত্তা, যাজক। হোমকর্ত্তা।

যজ্ঞদত্ত (যজ্ঞ—দত্ত যাহা দেওয়া হইয়াছে) সং, পুং, একজনের নাম।

যজ্ঞপশু (যজ্ঞ যাগ—পশু জন্তু, ৪র্থী—ষ) সং, পুং, ঘোটক, অশ্ব। ছাগ।

যজ্ঞপুরুষ (যজ্ঞ—পুরুষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। শিং—১ "যজ্ঞপুরুষায় বিষ্ণবে নমঃ।"

যজ্ঞভূষণ ; সং, পুং, শ্বেতদর্ভ।

যজ্ঞযোগ্য (যজ্ঞ—যোগ্য উপযুক্ত) বিং, ত্রিং যজ্ঞার্হ। সং, পুং, উড়ুম্বর বৃক্ষ।

যজ্ঞবল্লী ; সং, স্ত্রীং, সোমবল্লী।

যজ্ঞবাট (যজ্ঞ—বাট আবৃতস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যজ্ঞস্থান, যজ্ঞভূমি।

যজ্ঞসার (যজ্ঞ যাগ—সার সারাংশ) সং, পুং, যজ্ঞডুম্বুর গাছ।

যজ্ঞসূত্র (যজ্ঞ—সূত্র সূতা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যজ্ঞোপবীত, পৈতা। শিং—১ "ঊর্দ্ধন্তু ত্রিবৃতং সূত্রং সধবানির্ম্মিতং শনৈঃ। তন্তুত্রয়মধোবৃত্তং যজ্ঞসূত্রং বিদুর্বুধাঃ।" [দ্রুপদরাজা।

যজ্ঞসেন (যজ্ঞ—সেনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

যজ্ঞাংশভুক্ (যজ্ঞাংশভুজ্, যজ্ঞ যাগ—অংশ ভাগ—ভুজ্ [ভুজ্ ভোজন করা+০ (ক্বিপ্)—ক] যে ভোজন করে) সং, দেবতা।

যজ্ঞাঙ্গ যজ্ঞ যাগ—অঙ্গ অবয়ব) সং, পুং, যজ্ঞসাধন সোমলতাদি। উডুম্বর-বৃক্ষ। খদিরবৃক্ষ। ব্রাহ্মণযষ্টিক। ক্লীং, যজ্ঞের অবয়ব। ঙ্গা—স্ত্রীং, সোমবল্লী।

যজ্ঞারি (যজ্ঞ যাগ—অরি শত্রু) সং, পুং, শিব। রাক্ষস।

যজ্ঞান্ত (যজ্ঞ—অন্ত শেষ) সং, পুং, যজ্ঞ-শেষ। অবভৃথ। দীক্ষান্ত।

যজ্ঞিয় (যজ্ঞ+ইয়—হিতার্থে, অর্হার্থে) বিং, ত্রিং, যজ্ঞকর্ম্মের যোগ্য। যজ্ঞের হিত-কারী। কৃষ্ণসার মৃগের বিচরণযোগ্য। সং, পুং, দ্বাপরযুগ।

যজ্ঞিয়দেশ (যজ্ঞিয়—দেশ) সং, পুং, যাগ-করণোপযুক্ত দেশ। শিং—১ "কৃষ্ণসারস্তু চরতি মৃগো যত্র স্বভাবতঃ। স জ্ঞেয়ো যজ্ঞিয়ো দেশো ম্লেচ্ছদেশস্ততঃ পরঃ।"

যজ্ঞীয় (যজ্ঞ+ঈয়(ণীয়)—ই[illegible]র্থে) বিং, ত্রিং, যজ্ঞসম্বন্ধীয়। সং, পু[illegible] ডুম্বরবৃক্ষ।

যজ্ঞেশ্বর (যজ্ঞ—ঈশ্বর, ৬ষ্ঠ[illegible]) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞোড়ুম্বর (যজ্ঞ—উড়ুম্ব[illegible]) সং, পুং, স্বনাম-প্রসিদ্ধ বৃক্ষ, যজ্ঞডুমুর।

যজ্ঞোপবীত (যজ্ঞ—উপবীত সূত্র, যজ্ঞের দ্বারা সংস্কৃত উপবীত, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যজ্ঞসূত্র, পৈতা।

যজ্যু (যজ্ পূজা করা+যু—প্রং) সং, পুং, যজুর্ব্বেদবেত্তা ব্রাহ্মণ। যজমান।

যজ্বা (যজ্বন্, যজ্ পূজা করা+বন্(বনিপ্) —ক) সং, পুং, যাজ্ঞিক, বেদবিধি অনু-সারে যাগকর্ত্তা।

যৎ (যম্ নিবৃত্ত করা+০(ক্বিপ্)—র্ম্ম) অং, যেমন। যেহেতু। যাহাতে। (যদ্ শব্দজ) বিং, ত্রিং, যে।

যত (যম্ নিবৃত্ত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,

ত্রিং, সংযত, বদ্ধ। নিয়মিত। নিগৃহীত। অনুষ্ঠিত। ( +ক্ত—ভাবে ) সং, ক্লীং, সংযম। পদ দ্বারা গজতাড়ন।

যতঃ (যতস্, যদ্+[পঞ্চমী স্থানে] তস্) অং, যেহেতু। যখন। যেমন। যাহাতে। যাহা হইতে।

যতন (যৎ যত্ন করা+অন—ভা) সং,ক্লীং, যত্ন, চেষ্টা, উদ্‌যোগ।

যতম (য+তম(ডতম)—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ইহাদের মধ্যে যে।

যতমান (পূর্ব্বে দেখ, আন(শান)—ক, ম—আগম) বিং, ত্রিং, যত্নকারী, যত্নবিশিষ্ট।

যতর (য+তর(ডতর)—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ইহাদের দুই জনের মধ্যে যে।

যতব্রত (যত—ব্রত) বিং, ত্রিং, দৃঢ়ব্রত, যথা-নিয়মে নিত্য নৈমিত্তিক উপাসনাদি কর্ম্মের অনুষ্ঠানকারী।

যতাত্মা ( যতাত্মন্, যত—আত্মন্ আপনি, ৬ষ্ঠী—হিং)বিং, ত্রিং, সংযতচিত্ত, নিয়মিতান্তঃকরণবিশিষ্ট। যাহার মনোবৃত্তি বশীভূত আছে।

যতি (যত যত্ন করা+ই—ক, যে যম নিয়মাদিতে যত্ন করে) সং, পুং,তপস্বী, মুনি। ভিক্ষু, পরিব্রাজক। (যম্ নিবৃত্ত করা+ক্তি—ধি। যাহাতে জিহ্বা নিবৃত্ত হয়) স্ত্রীং, শ্লোকাদির স্বর বিচ্ছেদ স্থান, শ্লোকাদির উচ্চারণে জিহ্বার ইষ্টবিচ্ছেদ-স্থান। পাঠবিচ্ছেদ। সন্ধি। ক্রোধ। অনুভূতি। বিধবা। ( যৎ+ডতি—প্রং ) বিং, ত্রিং, বহুৎ, যতগুলিন, যৎ পরিমিত।

যতিচান্দ্রায়ণ; সং, ক্লীং, ব্রতবিশেষ। শিং—১ "অষ্টাবষ্টৌসমশ্নীয়াৎ পিণ্ডান্ মধ্যেদিনে স্থিতে। নিয়তাত্মা হবিষ্যাশী যতিচান্দ্রায়ণং চরন্।"

যতী (যতিন্, যৎ [যম্ নিবৃত্ত করা+ত(ক্ত)—ভা]+ইন্—অস্ত্যর্থে। অথবা যত+ণিন্—ক) সং, পুং, (জিতেন্দ্রিয়, মুনি। সন্ন্যাসী। তিনী—স্ত্রীং, বিধবা।

যৎকিঞ্চিৎ (যৎ যে—কিঞ্চিৎ কিছু) অং, কিয়ৎপরিমাণ, কিছু।

যত্ত (যত্ন দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, প্রযত্নবিশিষ্ট। শিং—১ "ইহ যত্তৈর্নিরাকারৈর্ব্বস্তব্যমিতি রোচয়ে।"

যত্ন ( যৎ যত্ন করা+ন—ভা ) সং, পুং, প্রবৃত্তি। রূপাদি চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণবিশেষ। পরিশ্রম। উদ্যম। অধ্যবসায়। চেষ্টা, উদ্‌যোগ। প্রয়াস।

যত্র (যদ্ যে+[সপ্তমী স্থানে] ত্র—প্রং) অং, যেখানে, যথায়। যে বিষয়ে।

যত্রসায়ংগৃহ—যেখানে সায়ংকাল উপস্থিত হয় সেইখানে যাহারা অবস্থিতি করে।

যথা (যদ্ যে+থাচ্—প্রকারার্থে) অং, যেমন। যৎপরিমাণ। সাদৃশ্য। যোগ্যতা। বীপ্সা। সত্য। স্বার্থ। অনতিক্রম।

যথাংশতস্ (যথা—অংশ+তস্) অং, উচিত অংশ অনুসারে।

যথাকথঞ্চিৎ—যে কোনরূপে, কষ্টেসৃষ্টে।

যথাকাম (যথা—কাম ইচ্ছা। কাম অতিক্রম করে না, ব্যং—স) ক্লীং, ক্রিং—বিং, সেচ্ছানুসারে, যেমন ইচ্ছা।

যথাকাল (যথা—কাল সময়। কাল অতিক্রম করে না, ব্যং—স) ক্লীং, অং, যথাসময়ে, উপযুক্ত সময়ে। দিবসের শেষভাগ।

যথাক্রম (যথা যেমন—ক্রম পর্য্যায়। ক্রম অতিক্রম করে না, ব্যং—স) ক্লীং, অং, ক্রমানুরূপ, ক্রমকে অতিক্রম না করিয়া।

যথাগত (যথা—আগত আসিয়াছে, ব্যং, —স) বিং, ত্রিং, যেখান দিয়া আসিয়াছে, যেরূপে আগত। উৎপন্ন। (যথা—গত) ক্লীং, অং, যেরূপে গত।

যথাজাত ( যথা যেমন—জাত উদ্ভূত ) বিং, ত্রিং, মূর্খ। নীচ, অসভ্য।

যথাতথম্—ক্লীং, ক্রিং—বিং, } (যথা যে-
যথাতথ - বিং, ত্রিং, } মন—তথা

তেমন অর্থাৎ যথাস্বরূপ, ব্যং—স) যথাযোগ্য, যথার্থ। ইতিহাস। পুরাবৃত্ত।

যথাতথা—যেখানে সেখানে।

যথাপূর্ব্ব ( যথা যেমন—পূর্ব্ব, ব্যং—স ) ক্লীং, ক্রিং—বিং, পূর্ব্বানুরূপ, পূর্ব্বমত। পূর্ব্বদিক্‌দেশকালানুরূপ।

যথাযথম্ — ক্লীং, ক্রিং — বিং, } (যথা — যথা,
যথাযথ — বিং, ত্রিং, } ব্যং — স)
যেমন, পূর্ব্বানুযায়ী, যথাযোগ্য।

যথার্থ (যথা যথাভূত — অর্থ সত্য, ৭মী — হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, সত্য। যোগ্য।

যথার্থম্ — ক্লীং, ক্রিং — বিং } (যথা যে-
যথার্থ — বিং, ত্রিং } মন — অর্থ
স্বরূপ অর্থাৎ স্বরূপকে অতিক্রম করে না, ব্যং — স) সত্য। যোগ্য, উপযুক্ত।

যথার্হম্ — ক্লীং, ক্রিং — বিং } (যথা — অর্হ
যথার্হ — বিং, ত্রিং } যোগ্য, ব্যং,
— স) যথোচিত, যথাযোগ্য।

যথাবৎ (যথা + বৎ চ্‌ৎ) — প্রং) অং, বিধিবৎ, বিধানানুসারে। যথার্থ, ঠিক।

যথাবস্থিত (যথা — অবস্থিত) বিং,ত্রিং, প্রকৃত, যেমনটী আছে।

যথাবিধি (যথা — বিধি) অং, বিধানানুসারে।

যথাশক্তি (যথা — শক্তি। শক্তিকে অতিক্রম করে না, ব্যং — স) ক্লীং, ক্রিং — বিং, শক্তি অনুসারে, যথাসাধ্য।

যথাশাস্ত্র (যথা যেমন — শাস্ত্র, ব্যং — স) অং, ক্লীং, শাস্ত্র অনুসারে। শাস্ত্রসম্মত। শিং — ১ "যথাশাস্ত্রন্ত নির্ণীতো যথাব্যাধি চিকিৎসিতঃ।"

যথাসংস্কারকারিতা ; সং, স্ত্রীং, যেমন সংস্কার আছে তদনুরূপ কার্য্য করা।

যথাসুখ (যথা — সুখ) ক্লীং, অং, সুখ অনুসারে।

যথাস্থিত (যথা যেমন — স্থিত নির্ণীত, স্থাপিত) বিং, ত্রিং, প্রস্তুত, সত্য। যোগ্য, উপযুক্ত। অং, যথার্থরূপে।

যথাস্ব (যথা যেমন — স্ব নিজ) ক্লীং, অং, যথাযোগ্যরূপে। বিং, ত্রিং, যথার্থ।

যথাস্বম্ (যথা যেমন — স্ব নিজ, ব্যং — স) ক্লীং, ক্রিং — বিং, যথাযথম্, যথাযোগ্য।

যথেচ্ছাচার (যথা যেমন — ইচ্ছা — আচার আচরণ) সং, পুং, স্বেচ্ছাচার, আপনার ইচ্ছানুসারে আচরণ।

যথেপ্সিতম্ — ক্লীং, ক্রিং-বিং } (যথা —
যথেপ্সিত — বিং, ত্রিং } ঈপ্সিত
বাঞ্ছিত, ব্যং — স) ক্লীং, ইচ্ছানুরূপ, বাঞ্ছানুযায়ী।

যথেষ্ট (যথা যেমন — ইষ্ট [illegible]ঞ্ছিত, ব্যং — স) ক্লীং, অং,ত্রিং, যথা[illegible]মত, ইচ্ছানুরূপ। প্রচুর, বহুতর, অ[illegible]ক।

যথেষ্টাচারী (— চা[illegible]ন্, যথা যেমন — ইষ্ট বাঞ্ছিত — চারিন্ যে গমন করে) সং, পুং, পক্ষী। বিং, ত্রিং, স্বেচ্ছাচারী।

যথোচিত (যথা যেমন — উচিত উপযুক্ত) ক্লীং, অং, যথাযোগ্য, যথোপযুক্ত, উপযুক্তরূপে।

যথোদিত (যথা যেমন — উদিত [বদ্ বলা + ত(ক্ত) — র্ম্ম] কথিত) ক্লীং, অং, যথোক্ত, যেমনটি বলা হইয়াছে। শিং — ১ "যথোদিতৎতে পিতৃভিঃকুরুদারপরিগ্রহং।"

যদ্ (যজ্ পূজাকরা + অদ্(ডদ্) — র্ম্ম) সর্ব্বং, ত্রিং, যে, যিনি, যাহা। অং, যেহেতু।

যদা (যদ্ যে + দা — কালার্থে) অং, যখন, যৎকালে, যে সময়ে। যেহেতু।

যদি (যৎ যত্ন করা + ই — ভা, ৎ = দ্) অং, এক ক্রিয়াতে অন্যের অপেক্ষাসূচক সম্ভাবনা, সংশয়। পক্ষান্তর। অবধারণ।

যদিবা (যদি সংশয় — বা বিকল্পে) অং, অথবা, পক্ষান্তর।

যদু ; সং, পুং, দেবযানির গর্ভজাত যযাতি রাজার জ্যেষ্ঠপুত্র। পুং, বহুং, যদুর বংশ। শ্রীকৃষ্ণের পূর্ব্বপুরুষ। দশার্হদেশ।

যদুনাথ, যদুপতি (যদু — নাথ, পতি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, নারায়ণ।

যদৃচ্ছা (যদ্ যে — ঋচ্ছ্ গমন করা + অ — ভা, আপ্) সং, স্ত্রীং, স্বাতন্ত্র্য, স্বেচ্ছা। অনায়াস। দৈবাৎ। স্বৈরবৃত্তি। শিং — ১ "যদৃচ্ছালাভসন্তুষ্টঃ।"

যদ্ভবিষ্য (যদ্ যে — ভবিষ্য ভবিষ্যৎ) বিং, ত্রিং, দৈষ্টিক, ভাগ্যাপেক্ষী।

যদ্যপি (যদি — অপি নিশ্চিতরূপে) ক্রিং — বিং, যদিও।

যদ্বা (যদ্ যে — বা বিকল্পে, দ্বং — স) অং, পক্ষান্তর। "যদ্বাভ্যুদয়যোগ্যতা।" বুদ্ধি।

যন্তা (যন্ত্, যম্ নিবৃত্তি করা + তৃ(তৃন্) — ক) সং, পুং, সারথি। হস্তিপক, মাহুত। বিং,

ত্রিং, দমনকারক। নিয়ামক। বিরতি-কারক।

যন্ত্র (যন্ত্র্ সঙ্কুচিত করা+অ(অল্)—ণ) সং, ক্লীং, কল। কল-কৌশলে যে কোন কর্ম্ম নির্ব্বাহার্থ নির্ম্মিত পদার্থ। যাঁতা। অগ্নিযন্ত্র, কামান বন্দুক প্রভৃতি। পদার্থ-নিরূপণ সামগ্রী। সূত্রধারের কাষ্ঠপ্রভেদক অস্ত্র, তুরবিন্, ভ্রমর ইত্যাদি। যদ্দ্বারা এক স্থানে প্রযুক্ত বল স্থানান্তরে ভিন্নরূপে কার্য্যকারী হয় তাহাকে যন্ত্র বলে। তন্ত্রে—দেবাদির অধিষ্ঠানচক্র। বাদ্য। পাত্র-বিশেষ। আধারদারু। (+অল্—ভাবে) নিয়ন্ত্রণ।

যন্ত্রক (যন্ত্র কল, দমন ইত্যাদি+কণ্—স্বার্থে) সং,ক্লীং, যন্ত্রকাষ্ঠ, কুঁদ। যাঁতা।

যন্ত্রগৃহ (যন্ত্র এখানে তৈলযন্ত্র—গৃহ ঘর) সং, ক্লীং, তৈলিশালা, ঘানিঘর।

যন্ত্রগোল (যন্ত্র্ যাঁতা—গোল) সং, পুং, মটর কলাই।

যন্ত্রণ (যন্ত্র্ পীড়া দেওয়া ইত্যাদি+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বন্ধন। রোধ। ধারণ। রক্ষণ। সঙ্কটতা। দমন, শাসন। সঙ্কোচন। ণা—স্ত্রীং, যাতনা, ক্লেশ। শর-পত্ররচনা।

যন্ত্রপেষণী (যন্ত্র কল—পেষণী যাঁতা) সং, স্ত্রীং, পেষণার্থ যন্ত্র,যাঁতা।

যন্ত্রভৃত্য—কাপড় প্রভৃতির কলে কার্য্য করিবার নিমিত্ত নিয়োজিত ভৃত্য।

যন্ত্রিকা (যন্ত্র+কন্—যোগ, আপ্) সং, স্ত্রীং, যাঁতি। পত্নীর কনিষ্ঠা ভগ্নী, শ্যালী।

যন্ত্রিত (যন্ত্র+ইত—প্রং, অথবা যন্ত্র+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, বদ্ধ। প্রতিরুদ্ধ। শাসিত, দমিত। সংযমিত।

যন্ত্রী (যন্ত্রিন্, যন্ত্র+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত। সং, পুং, শিল্পকার। যাহারা যন্ত্র বাদন করে, বাদ্যকর। গুণী। ষড়যন্ত্রকারী। ধূর্ত্ত।

যম (যম্-ণিচ=যমি নিবৃত্ত করান+অ(অন্)—ক) সং, পুং, দক্ষিণদিক্পাল, ধর্ম্মরাজ, শমন। শনি। (যম যাহার স্বামী) কাক। বিং, ত্রিং, দ্বিং, যমজ, যুগ্মজাত। (যম্ নিবৃত্ত করা+অ(অল্)—ভাবে) সংযমন, অন্তঃকরণের বহির্বৃত্তি নিবৃত্তি করিয়া কেবল ঈশ্বরে নিয়োগ। শরীরসাধনাপেক্ষ নিত্যকর্ম্ম, অহিংসা সত্যাদি। শিং—১ "অহিংসা সত্যবচনং ব্রহ্মচর্য্যংমকল্কতা। অস্তেয়মিতিপঞ্চৈতে যমাশ্চৈব ব্রতানি চ।" (মনু)। সহিষ্ণুতা। মৃত্যু। উৎসব-বিশেষ। যোগ। মী—স্ত্রীং, যমুনানদী। শিং—১ "যতস্ততঃ সরোযোহর্কঃ সংজ্ঞাং বচনমব্রবীৎ। ময়ি দৃষ্টে সদা যস্মাৎ কুরুষে নেত্রসংযমং॥ তস্মাজ্জনিষ্যসে মূঢ়ে প্রজা-সংযমনং যমং।"

যমক (যম দেখ, কণ্—যোগ) সং, ক্লীং, শব্দালঙ্কার-বিশেষ, ভিন্নার্থক স্বরব্যঞ্জন-সমূহের তাদৃশক্রমে পুনরাবৃত্তি। পুং, সংযম। ত্রিং, দ্বিং, একগর্ভে একদা উৎ-পন্ন সন্তানদ্বয়, যুগ্মজাত।

যমকীট (যম—কীট পোকা) সং, পুং, ঘুঘুরিয়া পোকা।

যমজ (যম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) ত্রিং, দ্বিং, একগর্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয়। সহজাত। তুল্য।

যমতা(যম+তা—ভাবে) সং,স্ত্রীং,যমের ভাব অর্থাৎ মৃত্যু; যথা—

"যদি কর মমতা, হত হয় যমতা,
দিবি ভুবি সমতা গুহ হেরম্বে।"

যমদগ্নি; সং, পুং, পরশুরামের পিতা।

যমদূতক (যম—দূত, ৬ষ্ঠী—ষ, কণ্—যোগ। অথবা কৈ শব্দ করা। যে যমদূতের ন্যায় শব্দ করে) সং, পুং, কাক। যমকিঙ্কর। তিকা—স্ত্রীং, তিন্তিড়ী, তেঁতুল।

যমদ্রুম (যম—দ্রুম বৃক্ষ) সং, পুং, শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ।

যমদ্বিতীয়া; সং,স্ত্রীং,কার্ত্তিকী-শুক্লা-দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।

যমধার (যম—ধারা অস্ত্রের তীক্ষ্ণভাগ) সং, পুং, যে অস্ত্রাদির দুই পার্শ্বে ধার আছে, কিরীচ প্রভৃতি; যথা—

"কোন বীর রোষে তীর দেখি ধীর কাঁপে।
ক্ষুরধার তলবার যমধার দাপে।"

যমন (যম্ নিবৃত্তি করা+অন(অনট্)—ভা)

সং, ক্লীং, সংযমন। বন্ধন। ছেদন। উপরম। বিনাশ। (+অন—ক) পুং, যম।

যমনিকা (যম্ [নিবৃত্ত করা] থামা+অন—ণ, কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, যবনিকা, কানাৎ, পর্দ্দা।

যমপ্রিয় ; সং, পুং, বটবৃক্ষ।

যমভগিনী ; সং, স্ত্রীং, যমুনা।

যমরাট্ } (—রাজ্, যম—রাজ্ যে দীপ্তি
যমরাজ } পায়, রাজ রাজন্ শব্দজ) সং, পুং, যম, শমন, কৃতান্ত।

যমল (যম যুগ্ম—ল লাধাতুজ, অথবা যম দেখ, অল(কল)—র্ম্ম) সং, ক্লীং, যুগ্ম, জোড়া। পুং, বৃন্দাবনস্থ বৃক্ষবিশেষ। লী—স্ত্রীং, পরিচ্ছদাদিবিশেষ।

যমলার্জ্জুন (যমল—অর্জ্জুন) সং, পুং, কুবের পুত্র নলকুবর ও মণিগ্রীব ; ইহারা এক দিন মদমত্ত হইয়া, রমণী লইয়া জলক্রীড়া করিতেছিল ; এমন সময় দেবর্ষি নারদ সেই স্থান দিয়া যাইতেছিলেন। কিন্তু ইহারা তাঁহার সম্মাননা না করায়, তিনি এই অভিসম্পাৎ দেন যে, "তোমরা বৃক্ষরূপধারণ করিয়া ভূমণ্ডলে জন্মগ্রহণ কর।" পরে তাহাদের স্তবে তুষ্ট হইয়া পুনরায় এই বর দিলেন যে, "গোকুলে যাইয়া থাক, সে স্থানে বিষ্ণুর স্পর্শে মুক্তি পাইবে।" একদিন যশোমতি চঞ্চলমতি কৃষ্ণকে উদুখলে অর্থাৎ উখলে বন্ধন করিয়া রাখিয়া গৃহকার্য্যে ব্যাপৃতা আছেন, এমন সময় কৃষ্ণ সেই উখলি সমেত ছুটিয়া নিকটস্থ যমল অর্জ্জুন বৃক্ষের গায়ে গিয়া পড়েন। এই অর্জ্জুনবৃক্ষই শাপভ্রষ্ট বৃক্ষরূপী কুবেরের পুত্রদ্বয়। তাহারা কৃষ্ণের স্পর্শে তৎক্ষণাৎ শাপমুক্ত হইয়া অলকাপুরীতে গমন করিল।

যমলার্জ্জুনহা (—হন্, যমলার্জ্জুন বৃন্দাবনস্থ বৃক্ষরূপী দৈত্য—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

যমবান্ (—বৎ, যম সংযম+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংযমবিশিষ্ট, জিতেন্দ্রিয়। সংযমী। [লুলাপ, মহিষ।

যমবাহন (যম—বাহন, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

যমস্বসা (যমস্বসৃ, যম—স্বসৃ ভগিনী) সং, স্ত্রীং, যমুনানদী। দুর্গা।

যমানী } (যম—আ—নী পাওয়া+০
যমানিকা } (ক্বিপ্)—ক। যমানী+কণ্—যোগ) সং, স্ত্রীং, যবানী, যোয়ান।

যমান্তক (যম—অন্তক নাশকারী) সং, পুং, শিব, মহাদেব। [পুং, যমের বাড়ী।

যমালয় (যম—আলয় গৃহ, ৬ষ্ঠী—ষ) সং,

যমিত (যম্-ণিচ্=যমী নিবৃত্ত করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। ছেদিত। খণ্ডিত। সংযমিত।

যমী (যমিন্, যম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, সংযমবিশিষ্ট। শিং—১ "অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যমকল্মষং। ইতি পঞ্চ যমা যেষাং সন্তীতি যমিনঃ স্মৃতাঃ।"

যমুনা (যম্ বিরত হওয়া+উনন্—ক, আপ্) সং, স্ত্রীং, যমভগ্নী। কা[illegible]ন্দী নদী। শিং—১ "যমস্য ভগিনী [illegible] যমুনা তেন সা মতা।" ইতি দে[illegible]ণম্।" দুর্গা।

যমুনাজনক (যমুনা ক[illegible] নদী—জনক জন্মদাতা) সং, পুং [illegible]।

যমুনাভিদ্ (যমুনা—[illegible] খণ্ডকারী। যিনি লাঙ্গলফলক দ্বারা [illegible]মুনা নদীকে দ্বিখণ্ড করিয়াছিলেন) সং, পুং, বলরাম।

যমুনাভ্রাতা (যমুনাভ্রাতৃ, যমুনা—ভ্রাতৃ ভাই) সং, পুং, যম।

যমেরুকা ; সং, [illegible]ীং, দণ্ডঢক্কা।

যযাতি (য বায়ুর ন্যায়—যাতি [যা গমন করা+তিচ্—ক] গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নহুষ রাজার পুত্র ; তিনি শুক্রশাপে জরাগ্রস্ত হইয়াছিলেন।

যযী (যা গমন করা+ঈ—সংজ্ঞার্থে, দ্বিত্ব) সং, পুং, শিব, মহাদেব। পথ, রাস্তা।

যযু (যা গমন করা+উ—ক, দ্বিত্ব, নিপাতন) সং, পুং, অশ্বমেধীয় অশ্ব। ঘোটক।

যর্হি (যদ্—র্হি) অং, যখন। যেহেতু।

যব (যু মিশ্রিত করা+অ(অল্)—ক) সং, পুং, শস্যবিশেষ। পরিমাণবিশেষ, চারিধান-পরিমাণ। অঙ্গুলিস্থ যবাকার রেখাবিশেষ। (+অল্—ভাবে) বেগ।

যবক (যব+কণ্—স্বার্থে) সং, পুং, শূকধান্যবিশেষ, যব।

যবক্য (যবকা+য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, যব শস্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্র।

যবক্ষার (যব—ক্ষার লবণরস) সং, পুং, ক্ষারবিশেষ, সোরা।

যবক্রীত; সং, পুং, মুনিবিশেষ।

যবগণ্ড (যুবন্ যুবা—গণ্ড যে বদনৈক দেশ হয়। যুবন্=যব) সং, পুং, যবগণ্ড।

যবজ (যব—জ(জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, যবক্ষার। যবানী।

যবদ্বীপ; সং, পুং, উপদ্বীপবিশেষ, যাবা।

যবন (যু মিশ্রিত করা+অন—ধি) সং, পুং, আরবদেশ। তুরস্কদেশ। (+অন—ক) মুসলমান। (জু বেগে চলা) বেগবান্ অশ্ব। বেগ। (যোনি+ষ্ণ—জাতার্থে) জাতিবিশেষ। মুসলমান বা ম্লেচ্ছজাতি। বিধর্ম্মী, অসদাচারী। প্রথিত আছে যে বিশ্বামিত্রের সমস্ত সৈন্য পরাভব করিবার মানসে বশিষ্ঠের গাভীর যোনিদ্বার হইতে কতকগুলি লোক নির্গত হয়। পরে তাহারাই যবন নামে খ্যান হইয়াছিল। বিষ্ণুপুরাণে যবনজাতির উৎপত্তিবিষয় অন্যপ্রকার বর্ণিত আছে। সগর রাজা বিশেষ অপরাধ নিবন্ধন কতকগুলি লোককে তাহাদিগের মস্তক মুণ্ডন করিয়া ভারতবর্ষ হইতে বহিষ্কৃত করিয়া দেন। তাহারাই পরে যবননামে খ্যাত হইয়াছে। উইলসন সাহেব অনুমান করেন যে বাকৃট্রিয়া হইতে আয়োনা বা গ্রীস পর্য্যন্ত সমস্ত গ্রীক উপনিবেশের অধিবাসী গ্রীক্দিগকে হিন্দুরা যবন বলিতেন। বিং, ত্রিং, বেগবান্। নী—স্ত্রীং, যবনস্ত্রী। (+অনট্—ণ, আপ্) পর্দা। যবানী ঔষধ। শিং—১ "সগররাজনৈষায়াং সর্ব্বশিরোমণ্ডনং সর্ব্বধর্ম্মরাহিত্যঞ্চ কৃতং তে চাত্মধর্ম্মপরিত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযুরিতি বিষ্ণুপুরাণোক্তত্বাৎ। যবনঃ মোসলমানেঙ্গরেজোভয়জাতিবাচকঃ।"

যবনাচার্য্য (যবন—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, তাজকগ্রন্থকার পণ্ডিতবিশেষ।

যবনানী (যবন+ঈপ্) সং, স্ত্রীং, যবনের লিপিবিশেষ আর্বি, পার্সী।

যবনাল (যব যবসদৃশ—নালা নাড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধান্যবিশেষ, দেধান।

যবনিকা (জু বেগে চলা+অনট্—ণ, আপ্, জ=য। অথবা যবনী+কণ্, আপ্) সং, স্ত্রীং, তিরস্করিণী, কানাৎ। যবনস্ত্রী।

যবনেষ্ট (যবন—ইষ্ট বাঞ্ছিত) সং, ক্লীং, সীসক, সীসা। মরিচ। গৃঞ্জন। পুং, নিম্ব। পলাণ্ডু। লশুন। ষ্টা—স্ত্রীং, খর্জ্জূরী।

যবফল; সং, পুং, বংশ। কুটজ। জটামাংসী।

যবমধ্য; সং, ক্লীং, চান্দ্রায়ণবিশেষ।

যবময় (যব+ময়—বিকারার্থে) বিং, ত্রিং, যবদ্বারা প্রস্তুত।

যবলাস } (যব—লস্ ইচ্ছা করা+অ—
যবশূক } প্রং। যব—শূক শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ) সং, পুং, যবক্ষার।

যবস (যু মিশ্রিত করা+অস—ক) সং, পুং, —ক্লীং, [illegible]ণ, ঘাস। বিং, ত্রিং, দক্ষ।

যবাগূ (যু মিশ্রিত করা+আগূ—র্ম্ম, যাহা মিশ্রিত করা যায়) সং, স্ত্রীং, যবমণ্ড, যাউ।

যবাগ্রজ (যব—অগ্র [অগ্রভাগ] শীষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, যবক্ষার, সোরা।

যবান (যব বেগ—আ—নী পাওয়া+অ প্রং) বিং, ত্রিং, বেগবান, দ্রুতগামী।

যবানী } (যব—আ—নী পাওয়া+অ,
যবানিকা } ঈ। যবানী+কণ্—প্রং) সং, স্ত্রীং, ঔষধবিশেষ, যোয়ান।

যবিষ্ঠ } (যবীয়স্, যুবন্ যুবা+ইষ্ঠ,
যবীয়ান্ } ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, অতিযুবা। কনিষ্ঠ। শিং—১ "অংশমংশং যবীয়াংসঃ।" (স্মৃতি)।

যব্য (যব+য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, যবশস্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্র। পুং, চান্দ্রমাস। শিং—১ "যব্যদ্বয়ং শ্রাবণাদি সর্ব্বা নদ্যো রজস্বলাঃ।"

যশঃ (যশস্, অশ্ ব্যাপা+অস্—ক, য—আগম) সং, ক্লীং, সুখ্যাতি, কীর্ত্তি।

জীবিতের খ্যাতি। শিং—১ "দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদিপ্রভবং যশঃ। ইতিমাধবী, অতএব যশঃকীর্ত্ত্যোর্ভেদস্যাপি দর্শনাৎ ; যশঃকীর্ত্তিপরিভ্রষ্টা জীবন্নপি নজীবতি। জীবতঃ খ্যাতির্যশো মৃতস্য খ্যাতিঃ কীর্ত্তিঃ।" ইতি কস্যচিৎ প্রয়োগঃ। [সং, পুং, ঢক্কা, ঢাক।

যশঃপটহ (যশস্ যশব্যাপক—পটহ ঢাক)

যশঃশেষ (যশস্—শেষ অন্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃত্যু। কীর্ত্তিবিশেষ। বিং, ত্রিং, মৃত।

যশদ ; সং, ক্লীং, ধাতুবিশেষ, দস্তা।

যশস্কর (যশস্—কৃ করা+অ(ট)—ক) বিং, ত্রিং, যশঃসাধন।

যশস্য (যশস্+য(ক্য)—প্রং) বিং, ত্রিং, যশস্কর, সুখ্যাতিজনক। শিং—১ "ধন্যং যশস্যমায়ুষ্যম্।"

যশস্বান্ (যশস্বৎ যশস্+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কীর্ত্তিমান্, যাহার যশঃ আছে। স্বিনী—স্ত্রীং, বনকার্পাসী। যবতিক্তা। মহাজ্যোতিষ্মতী।

যশস্বী (যশস্বিন্, যশস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কীর্ত্তিমান্, বিখ্যাত।

যশোদ (যশস্—দা দানকরা+অ(ড)—ক) বিং, ত্রিং, কীর্ত্তিদাতা। সং, পুং, পারদ।

যশোদা (যশস্—দা দান করা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, নন্দগোপ-পত্নী।

যশোধন (যশস্—ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যশস্বী।

যষ্টব্য (যজ্ দেবপূজা করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাগার্হ, যজ্ঞের উপযোগী।

যষ্টা (যষ্টৃ, যজ্ পূজা করা+তৃ(তৃন্)—ক) সং, পুং, যাগকর্ত্তা যজমান, যাজ্ঞিক।

যষ্টি (যজ্ পূজা করা+তি(ক্তি)—র্ম্ম, ক—লোপ) সং, পুং, স্ত্রীং, লাঠী। ধ্বজাদিদণ্ড। তন্তু। শাখা। ছড়া, নর। ভার্গী। মধুকা, যষ্টিমধু। পুং, ভুজদণ্ড। শিং—১ "চূতযষ্টিরিবাভ্যাসেবভোপরভৃতোন্মুখী।"

যষ্টিকা (যষ্টি+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, যষ্টি, লাঠি। একনর হার। দীর্ঘিকা, সরোবর। যষ্টিমধু।

যষ্টিগ্রহ (যষ্টি লাঠি—গ্রহ যে গ্রহণ করে) সং, পুং, লগুড়ধারী, যষ্টিধারী।

যষ্টিমধু (যষ্টি—মধু মৌ) সং, ক্লীং, মিষ্ট মূলবিশেষ।

যস্ক ; সং, পুং, মুনিবিশেষ।

যহ্ব (যা গমন করা+ব—প্রং। হ্—আগম) সং, পুং, যজমান, যাজ্ঞিক।

যা (যাতৃ শব্দজ) সং, পতির ভ্রাতৃজায়া।

যাউ (যবাগূ শব্দজ) সং, যবমণ্ড। মাড়।

যাওন, যাওয়া (গমনার্থ যা ধাতুজ) সং, গমন, চলন।

যাঁতা (যন্ত্র শব্দজ) সং, পেষণযন্ত্র, ভস্ত্রা।

যাঁতি (যন্ত্র শব্দজ) সং, গুবাকাদি ছেদনার্থ অস্ত্রবিশেষ।

যাগ (যজ্ পূজা করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, যজ্ঞ, হোম।

যাচক (যাচ্ যাচ্ঞা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, ভিক্ষু, যাচ্ঞাকারী। প্রার্থী।

যাচন—ক্লীং, } (যাচ্ যাচ্ঞা করা+অনট্
যাচনা—স্ত্রীং } —ভা) সং, যাচ্ঞা, ভিক্ষা, প্রার্থনা।

যাচনক (যাচ্+অন—ক, কণ্) বিং, ত্রিং, যাচক। (+অনট্—ভাবে, কণ্) ক্লীং, প্রার্থনা। [ভিক্ষণীয়, প্রার্থনীয়।

যাচনীয় (যাচক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং,

যাচমান (যাচক দেখ, আন(শানচ্)—ক) বিং, ত্রিং, প্রার্থয়মান, যাচ্ঞা করিতেছে, যে ব্যক্তি যাচ্ঞা করিতেছে।

যাচিত (যাচ্ যাচ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত, ভিক্ষিত। মৃত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, প্রার্থনা। শিং—১ "যাচনবৃত্তির্ম্মরণমিব দুঃখজনকত্বাৎ মৃতং। অযাচিতং অমৃতমিব অমৃতম্।"

যাচিতক (যাচিত দেখ, কণ্—নির্ব্বৃত্ত্যর্থে) সং, ক্লীং, প্রার্থিতবস্তু। হাওলাৎ।

যাচ্ঞা (যাচিত দেখ, নঙ্—ভা, আপ্) সং, স্ত্রীং, ভিক্ষা, প্রার্থনা।

যাচ্য (যাচিত দেখ, য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনীয়, যাচিতব্য।

যাজ (যজ্ দান করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ভক্ত, অন্ন, ভাত।

যাজক ( যজ্ পূজা করা+অক(ণক) - ক ) সং, পুং, যাজ্ঞিক। রাজার গজ। ঋত্বিক্, পুরোহিত। মত্তহস্তী।

যাজন (যজ্-ণিচ্=যাজি যাগ করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞক্রিয়া করান, যাগ করান। পৌরোহিত্য। শিং—১ "অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা।"

যাজি } (যাজিন্, যজ্ যাগ করা+ই
যাজী } (ইঞ্), ইন্(ণিন্)—ক) সং, পুং, যাগকর্ত্তা, যাজক। যজ্ঞ।

যাজুষ ( যজুস্ বেদ+অ(ষ্ণ)—ইদমর্থে ) বিং, ত্রিং, যজুর্ব্বেদসম্বন্ধীয়।

যাজ্ঞবল্ক্য (যজ্ঞবল্ক ইহার পিতা+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা যজুর্ব্বেদপ্রবক্তা মুনিবিশেষ। শিং—১ "মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞ্যবল্ক্যোশনোঙ্গিরাঃ—ধর্ম্মশাস্ত্রপ্রযোজকাঃ।"

যাজ্ঞসেনী ( যজ্ঞসেন দ্রুপদরাজা+অ(ষ্ণ) অপত্যার্থে, ঈপ্ ) সং, স্ত্রীং, দ্রৌপদী।

যাজ্ঞিক ( যজ্ঞ+ইক(ষ্ণিক)—প্রং ) সং, পুং, যজ্ঞকর্ত্তা। যাজক,পুরোহিত। দর্ভবিশেষ। রক্তখদির। পলাশ। অশ্বত্থবৃক্ষ। বিং, ত্রিং, যজ্ঞীয়। [চরু।

যাজ্ঞিকান্ন (যাজ্ঞিক—অন্ন) সং, ক্লীং, যজ্ঞের

যাজ্য (যজ্ পূজা করা+য(ণ্যণ্)—র্ম্ম)বিং, ত্রিং, যাজনযোগ্য। যজনীয়, যজ্ঞক্রিয়ার যোগ্য। যাহার জন্য যাগ করা যায়। জ্যা—স্ত্রীং, হোতৃপাঠ্য ঋক্ যাগমন্ত্র। (+ঘ্যণ্—ধি) সং, ক্লীং, যজ্ঞস্থান। দেবতা। প্রতিমা। যথা—"যাজ্যং ক্ষেত্রমলঙ্কারম্।"

যাত ( যা গমন করা+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, গত, অতীত। (+ক্ত—র্ম্ম) লব্ধ। জ্ঞাত। (+ক্ত—ভাবে) ক্লীং, গমন। প্রাপণ। জ্ঞান। অঙ্কুশাঘাত দ্বারা তাড়ন।

যাতনা (যত-ণিচ্=যাতি যন্ত্রণা দেওয়া+অন—ভাবে, আপ্) সং, স্ত্রীং, তীব্রবেদনা, যন্ত্রণা।

যাতযাম (যাত গত—যাম ক্ষান্তি, সহন, উচিত সময়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জীর্ণ। হ্রাসপ্রাপ্ত। পরিভুক্ত। উচ্ছিষ্ট। পরিত্যক্ত। পর্য্যুষিত; যথা—"যাতযাম গতরসম্।" শীর্ণ। পুনঃপুন প্রযুজ্যমান।

যাতব্য (যা যাওয়া+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, অভিগন্তব্য। আক্রমণীয়।

যাতা (যাতৃ, যা গমন করা+তৃচ্—ক, অ =আ) সং, স্ত্রীং, পতির ভ্রাতৃপত্নী, যা। (যা গমন করা+তৃন্—ক) বিং, ত্রিং, গমনকর্ত্তা। ( যত গমন করা+ঋ—ক ) রথচালক, সারথি। মাতলি।

যাতায়াত (যাত গমন—আয়াত আগমন, দ্বং—স) সং, ক্লী, গমনাগমন।

যাতিক, যাতৃক ; সং, পুং, পান্থ, পথিক।

যাতু ( যা গমন করা+তুন্—ক ) সং, পুং, পথিক। সময়। রাক্ষস। বায়ু। বিং, ত্রিং, গমনকর্ত্তা।

যাতুধান ( যাতু রাক্ষস—ধা ধারণ করা +অন—প্রং ) সং, পুং, রাক্ষস, নিশাচর।

যাত্রা ( যা গমন করা+ত্র—ভাবে, আপ্ ) সং, স্ত্রীং, প্রস্থান, গমন। অভিনির্য্যাণ, যুদ্ধার্থ নির্গমন। যাপন। দেবতার উৎসববিশেষ ; যেমন—রথযাত্রা, দোলযাত্রা ইত্যাদি। তীর্থগমন। নির্ব্বাহ। (+ত্র—ণ) উপায়।

যাত্রিক (যাত্রা+ইক(ষ্ণিক)—অর্হার্থে) বিং, ত্রিং, যাত্রাসম্বন্ধীয়। যথায় বা যাহাতে যাওয়া যাইতে পারে। যাত্রাযোগ্য, যাত্রার উপযুক্ত। সং, ক্লীং, পাথেয়, পথখরচ। পুং, উৎসব। উপায়। পথিক।

যাত্রী (যাত্রিন্, যাত্রা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাত্রাকারী।

যাথাতথ্য (যথা—তথা+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, যথার্থতা, প্রকৃততত্ত্ব, সত্যতা।

যাথার্থিক ( যথার্থ+ইক(ষ্ণিক)—ভবার্থে ) বিং, ত্রিং, বাস্তবিক, সত্য।

যাথার্থ্য (যথার্থ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, যথার্থতা, সত্যতা, প্রকৃততত্ত্ব।

যাদঃ (যাদস্, যা [শীঘ্র] গমন করা+অস্—ক, দ্—আগম) সং, ক্লীং, জলচর জন্তু, জলচর জীব। শিং—১ "অপ্ৰস্যাশ্চাভিগম্যশ্চ যাদোরত্নৈরিবার্ণবঃ।"

যাদঃপতি (যাদস্ জলজন্তু—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। বরুণ।

যাদব (যদু ইহার পূর্ব্ব পুরুষ+অ(ষ্ণ)—বংশার্থে) সং, পুং, কৃষ্ণ, যদুনন্দন। বিং, ত্রিং, যদুবংশীয়। যদুসম্বন্ধীয়। ক্লীং, গো-মহিষাদিরূপ ধন। পুং, বহুং, যদুবংশীয় ব্যক্তি। বী—স্ত্রীং, বাসন্তী দেবী। দুর্গা। মদিরা। কুট্টনী। গোধন।

যাদসাং-পতি ; সং, পুং, সমুদ্র।

যাদু (দেশজ) সং বশীকরণ বিদ্যা, মোহিনী।

যাদুকর (দেশজ) যাহারা মায়া দ্বারা ভোজ-ক্রীড়া করে।

যাদৃক্ষ, যাদৃশ্, যাদৃশ (যদ্ যে—দৃশ্ দেখা+সক্—র্ম। ২য়—পক্ষে+ক্বিপ্—র্ম। ৩য়—পক্ষে+টক্ র্ম) বিং, ত্রিং, যেরূপ, যেমন।

যাদৃচ্ছিক (যদৃচ্ছা+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যদৃচ্ছাপ্রাপ্ত, স্বেচ্ছাকৃত, স্বেচ্ছা-নুযায়ী।

যাদোনাথ (যাদস্ জলচর জন্তু—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। বরুণ।

যাদোনিবাসঃ (যাদোনিবাসস্, যাদস্ জল-চর জন্তু—নিবাসস্ বাসস্থান) সং, ক্লীং, জল, বারি।

যান (যা গমন করা+অনট্—ণ) সং, ক্লীং, বাহন, হস্ত্যশ্বশকটনৌকাদি বাহন। (+অনট্—ভাবে) গমন। আক্রমণ। শত্রুর প্রতিকূলে যাত্রা।

যানপাত্র (যান [জল দ্বারা] গমন—পাত্র। কণ—যোগে যানপাত্রকও হয়) সং, ক্লীং, অর্ণবপোত, জাহাজ।

যানী, যান্য (যা গমন করা+ইন্, য(ষ্য)—প্রং) বিং, ত্রিং, যানবাহক।

যাপন (যা-ণিচ্=যাপি যাওয়ান+অনট্—ভাবে) সং, ক্লীং, কালক্ষেপণ, সময় কাটান। বর্ত্তন, অবস্থান। নিরসন। অপ-সারণ।

যাপিত (যা-ণিচ্=যাপি+ক্ত—র্ম) বিং, ত্রিং, অতিবাহিত, কাটান। অপসারিত।

যাপ্য (যা-ণিচ্=যাপি+য—র্ম) বিং, ত্রিং, নিন্দনীয়, অধম। যাপনীয়, ক্ষেপনীয়। গোপনীয়। আবরণীয়। নিঃশেষে অপ্রতী-কার্য্য। সং, পুং, রোগবিশেষ।

যাপ্যযান (যাপ্য নিন্দনীয়, ক্ষেপণীয়—যান বাহন) সং, ক্লীং, শিবিকা, মহাপায়া।

যাভ (যভ স্ত্রীসঙ্গ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, ক্লীং, জম্ভন, মৈথুন।

যাম (যা [দিনের মধ্য দিয়া] যাওয়া+ম—প্রং, কিম্বা যম্ নিবৃত্ত করা+অ(ঘঞ্)—র্ম) সং, পুং, দিবারাত্রির চতুর্থভাগৈক-কাল। প্রহরপরিমিত কাল। সংযম। সময়। (যম+ষ্ণ্য) বিং, ত্রিং, যমসম্বন্ধীয়।

যামঘোষ (যাম প্রহর—ঘোষ শব্দ) সং, পুং, কুক্কুট, কুকুড়া। শৃগাল। পটহ-বিশেষ। ঘটিকাযন্ত্র। ষা—স্ত্রীং, ঘটিকা-যন্ত্র, ঘড়ী।

যামনেমি ; সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

যামল (যমল যুগ্ম+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, যুগ্ম, যোড়া। তন্ত্রশাস্ত্রবিশেষ, ইহা ষড়্বিধ ; যথা—আদি, ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, গণেশ এবং আদিত্যযামল।

যামবতী (যাম প্রহর+বতু—অস্ত্যর্থে,ঈপ্) সং, স্ত্রীং, যামিনী, রাত্রি। হরিদ্রা।

যামাতা (জায়া—মা পরিমাণ করা+তৃচ্—ক) সং, পুং, দুহিতার পতি।

যামি (যা গমন করা+মি—ক, অথবা জামি দেখ, জ=য) সং, স্ত্রীং, ভগিনী। দুহিতা। কুলবধূ। রাত্রি। ধর্ম্মপত্নী। দক্ষিণদিক্। কুলস্ত্রী।

যামিকভট ; সং, পুং, প্রহরী চৌকিদার। শিং—১ "প্রভ্রষ্টদিঙ্মণ্ডলে কালে জাগ্র-দুদগ্র যামিকভটপ্রোৎক্ষিপ্তকোলাহলে।"

যামিক(যাম প্রহর+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যামসম্বন্ধীয়। যামনিযুক্ত। কা—স্ত্রীং, রাত্রি।

যামিত্র (যামি—ত্র [ত্রৈ ত্রাণ করা+অ(ড)—ক] যে ত্রাণ করে) সং,ক্লীং, লগ্ন হইতে সপ্তম রাশি।

যামিত্রবেধ ; সং, পুং, লগ্নসপ্তমস্থানে প্রতি-কূলগ্রহস্থিতি।

যামিনী (যাম প্রহর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, রাত্রি, যামবতী। হরিদ্রা।

যামিনীপতি (যামিনী—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, নিশাপতি।

যাম্যী (যম+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে, ঈপ্) সং, স্ত্রীং, যমসম্বন্ধীয়া দিক্, দক্ষিণাদিক্। যমসম্বন্ধীয় যাতনা প্রভৃতি। ভরণীনক্ষত্র। (যামি কুলবধূ+ঈ—প্রং) কুলস্ত্রী।

যামুন (যমুনা+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, যমুনাসম্বন্ধীয়। সং, ক্লীং, রসাঞ্জন। সীসক।

যামুনেষ্টক ; সং, ক্লীং, সীসক, সীসা।

যামেয় (যামি ভাগিনী+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, ভাগিনেয়, ভগিনীপুত্র।

যাম্য (যামী দক্ষিণদিক্+য(ষ্যঃ)—প্রং) সং, পুং, চন্দনবৃক্ষ। অগস্ত্যমুনি। [বিং, ত্রিং, দক্ষিণদেশীয়। (যম+ষ্যঃ) যমসম্বন্ধীয়।

যাম্যা (যম ধর্ম্মরাজ+য(ষ্যঃ)—সম্বন্ধার্থে, আপ্) সং, স্ত্রীং, দক্ষিণদিক্। ভরণীনক্ষত্র।

যাম্যায়ন (যাম্যা দক্ষিণদিক্—অয়ন গমন, ৭মী—য) সং, ক্লীং, দক্ষিণায়ন, সূর্য্যের দক্ষিণদিকে গমন। শি—১ "যাম্যায়নে হরৌ সুপ্তে সর্ব্বকর্ম্মাণি বর্জ্জয়েৎ।"

যাযজূক (যাযজ্ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ যাগ করা+ঊক—ক, শীলার্থে) সং, পুং, সর্ব্বদা যজ্ঞকারক।

যাযাবর (যাযা [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ যাওয়া +বর—ক, শীলার্থে) সং, পুং, অশ্বমেধের অশ্ব। জরৎকারু মুনি। যে তপস্বীদিগের নিয়মিত বাসস্থান নাই, নিয়ত স্থানে স্থানে পরিভ্রমণ করেন। ব্রাহ্মণ। পর্য্যটক। সন্ন্যাসী। বিং, ত্রিং, সদা ভ্রমণকারী। শিং—১ "যাযাবরাঃ পুষ্পফলেন চান্যে প্রানর্চ্চুরর্চ্চ্যং জগদর্চ্চনীয়ং।"

যাব (যু মিশ্রিত করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, অলক্তক, আলতা।

যাবক (যাব দেখ, কণ্—যোগ) সং, পুং, অলক্তক। (গুণ দ্বারা যবের ন্যায় যে সে যবক+অ—স্বার্থে) কুল্মাস। অর্দ্ধপক্ক যব। বোরোধান।

যাবজ্জীবন (যাবৎ অবধি—জীবন) সং, ক্লীং, জীবিতকাল পর্য্যন্ত, যতকাল জীবিত থাকা যায়।

যাবৎ (যদ্ যে+বৎ(বতু)—পরিমাণার্থে) বিং, ত্রিং, যৎ পরিমাণ, যত, যৎসঙ্খ্যক। যতটুকু। (যা গমন করা+বতি—ভাবে) অং, সাকল্য। যথা—"যাবদ্দত্তং তাবদ্ ভুঙ্ক্তে।" অবধি। পর্য্যন্ত হেতু। অবধারণ। প্রশংসা। সীমা। পরিচ্ছেদ। অধিকার। সম্ভ্রম। সমূহ। পরিমাণ। পক্ষান্তর।

যাবতিথ (যাবৎ যত পরিমাণ+তিথট্—প্রং) বিং, ত্রিং, যাবৎ পরিমিত, যত পরিমাণ। [ত্রিং, সমুদয়, যত আছে।

যাবতীয় (যাবৎ+ঈয়(ণীয়)—প্রং) বিং,

যাবন (যবনদেশ+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। বিং, ত্রিং, যবন সম্বন্ধীয়। [পুং, শস্যবিশেষ, দেধান।

যাবনাল (যবনাল+অ(ষ্ণ)—স্বার্থে) সং,

যাবশূক (যবশূক+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, যবক্ষার, সোরা।

যাব্য (যু মিশ্রিত করা+য—র্ম্ম) বিং, ত্রিং, মিশ্রণীয়, মিশান, যোজনীয়।

যাষ্টীক (যষ্টি লাঠি+ঈক(ষ্ণীক)—প্রহরণার্থে) সং, পুং, যষ্টিধারী যোদ্ধা, লাঠিয়াল। [লোক।

যিনি (যদ্ শব্দজ) সর্ব্বং, যে ব্যক্তি, যে

যিযক্ষু, যিযক্ষমাণ (যজ্ পূজা করা+সন্—ইচ্ছার্থে, উ, আন(শান)—ক) বিং, ত্রিং, যজ্ঞকরণেচ্ছু।

যিযবিষা (যু মিশ্রিত করা+সন্—ইচ্ছার্থে আ—ভা) সং, স্ত্রীং, মিশ্রিত করিতে ইচ্ছা।

যিযবিষু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, মিশ্রিত করিতে ইচ্ছুক।

যিযাসু (যা গমন করা+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, গমন করিতে ইচ্ছুক।

যুক্ত (যুজ্ যোগ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ন্যায্য, উপযুক্ত। মিলিত, সংলগ্ন। নিযুক্ত। অবশিষ্ট। আসক্ত। ব্যাপৃত। পুং, যে যোগীর যোগাভ্যাস হইয়াছে। শিং—১ "জ্ঞানবিজ্ঞান তৃপ্তাত্মা কূটস্থো

বিজিতেন্দ্রিয়ঃ।" সং, ক্লীং, হস্তচতুষ্টয়, চারিহাত।

যুক্তি (যুক্ত দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, ন্যায়। মিলন। রীতি। অনুমান। লোকব্যবহার। কারণ। নাট্যাঙ্গবিশেষ। যথা – "যদি সমরমপাস্য নাস্তিমৃত্যোর্ভয়মিতি যুক্তমিতোঽন্যতঃ প্রযাতুং। অথ মরণমবশ্যমেব জন্তোঃ কিমিতি মুধা মলিনং যশঃ কুরুধ্বং।" মন্ত্রণা। উপায়। সিদ্ধান্ত।

যুগ (যু মিলন করা+গক্ – ক) সং, ক্লীং, যুগ্ম, যোড়া। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারিকাল। চারিহাত পরিমাণ। পুং, ধূর্য্যস্কন্ধগত যানাঙ্গ, রথ শকট লাঙ্গল প্রভৃতির অঙ্গবিশেষ, যোয়ালি।

যুগকীলক; সং, পুং, যোয়ালের খিল।

যুগন্ধর (যুগ যোয়ালি – ধৃ ধরা+অ(খ) – ক) সং, পুং, কূবর, যুগকাষ্ঠে যে কাষ্ঠ সংলগ্ন থাকে, লাঙ্গলের ঈষ্, গাড়ির বোম প্রভৃতি। পর্ব্বত বিশেষ। শিং – ১ "নিষধো মালবান্ বিন্ধ্যো হেমকূটো যুগন্ধরঃ।"

যুগপৎ (যু যোগ করা+গপতক্ – ধি, কিম্বা যুগ যোড়া – পদ্ গমন করা+০(ক্বিপ্) – ক) অং, একদা, এককালে।

যুগপত্র } সং, পুং, কোবিদার বৃক্ষ।
যুগপত্রক } যুগ্মপর্ণ বৃক্ষ।

যুগপার্শ্বগ (যুগ যোয়ালি – পার্শ্ব পাশ – গ [গম্ গমন করা+অ(ড) – ক] যে গমন করে) সং, পুং, কর্ষণ অভ্যাসার্থ লাঙ্গলাদির পার্শ্ব-বদ্ধ গোরু। [যুগ্ম, যোড়া।

যুগল (যুগ যোড়া+ল – অস্ত্যর্থে) সং, ক্লীং,

যুগলমন্ত্র; সং, পুং, লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।

যুগলাখ্য; সং, পুং, বর্ব্বূর বৃক্ষ। যুগ্মনামক।

যুগাংশক (যুগ – অংশক বিভাজক) সং, পুং, বৎসর। যুগের বিভাজক।

যুগাদ্যা; সং, স্ত্রীং, যুগারম্ভ তিথি।

যুগান্ত (যুগ – অন্ত শেষ, ৬ষ্ঠী – ষ) সং, পুং, প্রলয়কাল, ৪ যুগের অবসান।

যুগ্ম (যুজ্ যোগ করা+ম(মক্) – র্ম্ম) সং, ক্লীং, যুগল, যোড়া। দুই শ্লোকের সম্বন্ধ। মিথুনরাশি। মেলন।

যুগ্য (যুগ+য(ণ্য) – বহত্যর্থে)। অথবা যুজ্ যোগ করা+য(ক্যপ্ – র্ম্ম) সং, ক্লীং, বাহন, যান। বিং, ত্রিং, যুগবাহী(পশু)।

যুঙ্ (যুজ্ যোগ করা+০(ক্বিপ্) – ক) সং, পুং, যোগকর্ত্তা। মেলন কর্ত্তা।

যুঞ্জান (যুজ্ যোগ করা+আন(শান) – ক, ন – আগম) সং, পুং, সারথি। বিপ্র। বিং, ত্রিং, যোগাভ্যাসকারী।

যুত (যু যোগ করা+ত(ক্ত) – ক) বিং, ত্রিং, যুক্ত। সংপৃক্ত। মিলিত। অমিলিত। (+ক্ত – ভাবে) সং, পুং, হস্তীকে পদাঘাত। চারিহস্ত পরিমাণ।

যুতক (যুত দেখ, কণ – যোগ) সং, ক্লীং, সন্দেহ। যুগ্ম। যৌতুক। স্ত্রীলোকের বস্ত্রাঞ্চল। শূর্পাগ্র। মৈত্রীকরণ। বিং, ত্রিং, যুক্ত, মিলিত।

যুতি (যু যুক্ত করা+তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, যোগ। মিলন।

যুদ্ধ (যুধ্ যুদ্ধ করা+ত(ক্ত) – ভা) সং, ক্লীং, সংগ্রাম, রণ, সমর, লড়াই, বিবাদ। গ্রহের গতিবিশেষ, গ্রহদিগের পরস্পর মিলন।

যুদ্ধবীর; সং, পুং, যে ব্যক্তির যুদ্ধবিষয়ে সাতিশয় উৎসাহ আছে।

যুদ্ধরঙ্গ (যুদ্ধ – রঙ্গ আনন্দ) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন। সেনানী, স্কন্দ।

যুদ্ধসার (যুদ্ধ – সৃ গমন করা+অ(অন্) – ক) সং, পুং, অশ্ব, ঘোটক। [যোদ্ধা।

যুদ্ধাজীব (যুদ্ধ – আজীব জীবিকা) বিং, ত্রিং,

যুধ্ } (যুধ্ যুদ্ধ করা+০(ক্বিপ্), ও –
যুধা } ভা) সং, স্ত্রীং, যুদ্ধ, সংগ্রাম।

যুধাজিৎ (যুধা যুদ্ধ – জিৎ [জি জয় করা +০(ক্বিপ্) – ক] যে জয় করে) সং, পুং, ভরতের মাতুল।

যুধান (যুধ্ যুদ্ধ করা+আন(কান) – ক) সং,পুং, ক্ষত্রিয়। যোদ্ধা, যুদ্ধকারী।

যুধিষ্ঠির (যুধি যুদ্ধে – স্থির, স্থ=ষ্ঠ) সং, পুং,পঞ্চপাণ্ডবের জ্যেষ্ঠ, ধর্ম্মপুত্র।

যুধ্ম (যুধ্ যুদ্ধ করা+ম – সংজ্ঞার্থে) সং, পুং, সংগ্রাম। ধনুক। বাণ। যোদ্ধা। শেষ যুদ্ধ। শরভ।

যুধ্যমান (যুধ্ যুদ্ধকরা+আন(শান) - ক) বিং, ত্রিং, যুদ্ধকারী, যে যুদ্ধ করিতেছে।

যুনানী (Ionian) গ্রীসের পশ্চিমপার্শ্বস্থ সপ্ত দ্বীপান্তর্গত অধিবাসীগণ।

যুযু; সং, পুং, অশ্ব, ঘোটক।

যুযুক্ষুর (যুযুক্ যুক্ত—খুর) সং, পুং, ক্ষুদ্র ব্যাঘ্র।

যুযুক্ষমাণ (যুজ্ যুক্ত করা, সমাধিস্থ হওয়া +সন্—ইচ্ছার্থে, আন(শান)—ক) বিং, ত্রিং, যোগ করিতে ইচ্ছুক, মুক্তিকামুক।

যুযুৎসু (যুধ্ ইচ্ছা করা+সন্—ইচ্ছার্থে,উ —ক) বিং, ত্রিং, যুদ্ধ করিতে ইচ্ছুক। পুং, ধৃতরাষ্ট্রের ঔরসে বৈশ্যার গর্ভে জাত পুত্রবিশেষ।

যুযুধান (যুধ্ যুদ্ধ করা+আন(কান)—ক) সং, পুং, যোদ্ধা, যুদ্ধকারী। সাত্যকি। ইন্দ্র। ক্ষত্রিয়। [তরুণ, প্রাপ্তযৌবন।

যুবক (যুবন্+কণ্—যোগ) সং, পুং, যুবা।

যুবগণ্ড (যুবন্ যুবা—গণ্ড যে বদনৈকদেশ হয়) সং, পুং, যুবা ব্যক্তির গণ্ডস্থ ব্রণ-বিশেষ, বয়সফোড়া।

যুবজানি (যুবতী—জায়া, ৬ষ্ঠী—হিং, জায়া =জানি) সং, পুং, যুবতীর পতি, যাহার জায়া যুবতী। শিং—১ "যুবজানির্ধনুষ্পাণি-ভূর্মিষ্ঠঃ খবিচারিণঃ। রামো যজ্ঞদ্রুহো হন্তি কালকল্পশিলীমুখঃ।"

"অর্দ্ধেক বয়স্ রাজা এক পাটরাণী,
পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি।"

যুবতি, যুবতী (যুবন্ যুবা+তি—প্রং, ঈপ্ —স্ত্রীং) সং, স্ত্রীং, প্রাপ্তযৌবনা, তরুণী, ষোড়শবর্ষ অবধি ত্রিংশদ্বর্ষ বয়স্কা। শিং —১"আষোড়শাদ্ভবেদ্বালা তরুণী ত্রিংশতা মতা।" নবযৌবনা। স্ত্রীমাত্র। হরিদ্রা।

যুবনাশ্ব; সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ, মান্ধাতার পিতা।

যুবনাশ্বজ (যুবনাশ্ব ইহার পিতা—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—হিং) সং, পুং,সূর্য্যবংশীয় নৃপবিশেষ,মান্ধাতা।

যুবরাজ (যুবন্ যুবা—রাজন্ রাজা+ষ, ষং—স) সং, পুং, ভাবিবুদ্ধবিশেষ। অজিত। রাজপুত্র। রাজকুমার, রাজ্যের উত্তরাধিকারী এবং রাজকার্য্যের সাহায্যকারী রাজপুত্র।

যুবা (যুবন্, যু যোগ করা+অন(কনিন্)—ক) বিং, ত্রিং, তরুণ, ১৬ অবধি ৩০ বর্ষ পর্য্যন্ত বয়স্ক। সুন্দর। বলবান্।

যুষ্মদ্ (যুষ্ সেবা করা+মদ্—ক) সর্ব্বং, ত্রিং, তুমি, মধ্যমপুরুষ।

যুষ্মদীয় (যুষ্মদ্ তুমি+ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, তোমাদের সম্বন্ধীয়, তোমাদের।

যূঁই (যূথিকা শব্দজ) সং, যূথিকা পুষ্প।

যূক (যু [কেশের সহিত] যুক্ত হওয়া+০ (ক্বিপ্)—ক, কণ্—যোগ, উ=ঊ) সং, পুং, কা—স্ত্রীং, কেশকীট, উকুণ।

যূতি (যু মিশ্রিত করা+তি(ক্তি)—ভা, উ =ঊ, নিপাতন) সং, স্ত্রীং, মিশ্রণ।

যূথ (যু যুক্ত হওয়া+থক্—ক, উ=ঊ) সং, পুং—ক্লীং, পশুপক্ষীর স্বজাতীয় পাল, সমূহ।

যূথনাথ } (যূথ পাল—নাথ, ৬ষ্ঠী—য।
যূথপ } যূথ পাল—প [পা পান করা +অ(ড)—ক] যে পালন করে, ৩য়া—ষ) সং, পুং, বন্য গজপালের প্রধান।

যূথিকা } যূথী যূঁইফুল+ইক(ষ্কিক), আপ্,
যূথীকা } ষ্কি,ঈপ্) সং,স্ত্রীং, মাগধীকুসুম। যূঁইফুল।

যূথীন (যূথ+ঈন—প্রং) সং, পুং, যূথপ, বন্য গজসমূহের প্রধান। [মিশ্রণ।

যূনি (যূতি দেখ, ত=ন) সং, স্ত্রীং, সংযোগ,

যূনী (যুবন্, ঈপ্) সং, স্ত্রীং, যুবতী, তরুণী।

যূপ (যু [বলি] বন্ধন করা+প(পক্)—ধি) সং,পুং—ক্লীং, যজ্ঞীয় পশুবন্ধনার্থ সংস্কৃত কাষ্ঠস্তম্ভ। যজ্ঞস্তম্ভ। জয়স্তম্ভ।

যূপকটক (যূপ কাষ্ঠস্তম্ভ—কটক বলয় ইত্যাদি) সং, পুং—ক্লীং, যূপের মস্তকস্থিত বলয়াকার বা ডমরুর আকৃতিবিশিষ্ট কাষ্ঠখণ্ড, চষাল।

যূপদ্রু } (যূপ যজ্ঞস্তম্ভ—দ্রু, দ্রুম=বৃক্ষ।
যূপদ্রুম } এই বৃক্ষের কাষ্ঠই যূপের যোগ্য) সং, পুং, খদির বৃক্ষ। রক্তখদির।

যূপলক্ষ্য (যূপ [যজ্ঞস্তম্ভ] অন্য কোন স্তম্ভ—

লক্ষ্য। জল-বেষ্টিত স্তম্ভোপরি পক্ষীরা আসিয়া বসে বলিয়া) সং, পুং, বিহঙ্গ, পক্ষী।

যূপোচ্ছ্রয় (যূপ যজ্ঞস্তম্ভ—উচ্ছ্রয় উন্নতি, উত্তোলন) সং, পুং, যজ্ঞস্তম্ভস্থাপন উৎসববিশেষ।

যূবান (যুবন্ শব্দজ) যুবক, জোয়ান।

যূষ (যুষ্ বধ করা+অ(ক)—ক) সং, পুং—ক্লীং, দ্বিদলাদির ক্বাথ, ঝোল। পুং, তুতগাছ। ব্রহ্মদারুবৃক্ষ। [বস্তু।

যে (যদ্ শব্দজ) সর্ব্বং, বিশেষ্য ব্যক্তি বা

যেখানে (যে—খানে স্থানে এই পদ হইতে হইয়াছে) ক্রিং—বিং, যে স্থানে, যত্র।

যেন (দেশজ) ক্রিং—বিং, যথা, যেরূপ, অনুমত্যর্থ। [যদ্রূপ, যথা।

যেমন (দেশজ) ক্রিং—বিং, যেমত, যেরূপ,

যো (যোত্র শব্দজ) সং, উপায়, সুযোগ। মূলধন। [যোক্ত্র।

যোআলি—য়া (দেশজ) সং, যুড়িবার কাষ্ঠ।

যোক্তা (যোক্তৃ, যুজ্ যোগ করা+তৃন্—ক) বিং, ত্রিং, যোগকর্ত্তা।

যোক্ত্র (যুজ্ যোগ করা+ত্র—ণ) সং, ক্লীং, হলবন্ধন রজ্জু, যোতদড়ি। যোয়ালি।

যোগ (যুজ্ যোগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, মিলন, ঐক্য। জীবাত্মা ও পরমাত্মার সংযোগ। যুক্তি। সম্বন্ধ। সন্তাব। প্রয়োগ। উপায়। সামাদি চতুর্বিধ উপায়। চিত্তবৃত্তিনিরোধ, মনের বিষয়ান্তরনিবৃত্তি। ধ্যান। বিষ্কুম্ভ মাহেন্দ্র প্রভৃতি সময়াংশ। বর্ম্মবন্ধন। যুক্তি। ধনসম্পত্তির উপার্জ্জন ও বর্দ্ধন। লাভ। দেহস্থৈর্য্য। অপূর্ব্ব অর্থপ্রাপ্তি। শুভকাল। নৈমায়িক। প্রণিধি, চর। বিশ্বাসঘাতক। শকট। নৌকাদি যান। কৌশল। বর্ম্ম, সাঁজোয়া। অঙ্কশাস্ত্রে—দুই বা ততোধিক রাশির সমষ্টিকরণ। জ্যোতিঃশাস্ত্রে—প্রধান নক্ষত্র। পরিণাম। নিয়ম। উপযুক্ততা। (+ঘঞ্—ণ) উপায়, সামাদি চতুর্ব্বিধ উপায়। বশীকরণোপায়। বিষ্কুম্ভাদি। ছল, প্রতারণা। ঔষধ। পতঞ্জলিপ্রণীত দর্শনশাস্ত্রবিশেষ।

যোগক্ষেম (যোগ অলব্ধফলপুষ্পাদি সাধন—ক্ষেম লব্ধশরীরাদির পালন, দ্বং,—স) সং, ক্লীং, অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর রক্ষা। শিং—১ "যোগক্ষেমং বহাম্যহং।" ২"যোগক্ষেমেহন্যথা চেত্তু পালো বক্তব্যতামিয়াৎ।" বাণিজ্য দ্রব্যের ভাটক ও খরিদ বিবেচনা করিয়া উপযুক্ত মূল্য নির্ণয়। শরীরের স্থিতিপালন। শিং—১ "যোগক্ষেমকরং কৃত্বা সীতায়া লক্ষ্মণং ততঃ।" (ভট্টি)। লভ্য। মঙ্গল। উত্তরাধিকারীর অবিভাজ্য ধন।

যোগচর (যোগ অলৌকিক শক্তির অধিকার—চর [গমন] অধিকারকরণ) সং, পুং, হনুমান।

যোগজ (যোগ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, যোগ দ্বারা জাত, যৌগিক। সং, পুং, যোগাভ্যাসজনিত ধর্ম্মবিশেষ। ন্যায়মতে—প্রত্যক্ষসাধন। অলৌকিক সন্নিকর্ষবিশেষ। ক্লীং, অগুরু।

যোগদান (যোগ ছল বা উপাধি—দান) সং, ক্লীং, ছলের দ্বারা দান। "যোগাধমনবিক্রীতং যোগদানপ্রতিগ্রহম্।"

যোগনিদ্রা (যোগ মনের বিষয়ান্তরনিবৃত্তি—নিদ্রা) সং, স্ত্রীং, যোগরূপ নিদ্রা, চিত্তের বিষয়ান্তরনিবৃত্তিরূপ নিদ্রা। প্রলয়কালে পরমেশ্বরের সর্ব্বজীব সংহার ইচ্ছা হেতু যোগব্যাপার। যথা—"যোগনিদ্রাং যযুঃ।" দুর্গা। শিং—১"[illegible] নিরাতঙ্কঃ স্থলা ধম্মা জগদণ্ডকপালতঃ। [illegible]বিভজ্য পুরুষ যাতি যোগনিদ্রেতি সোচ্যতে।"

যোগপট্টিকা (যোগ যোগাভ্যাসার্থ—পট্ট বস্ত্র+ক(—যোগ) সং, স্ত্রীং, যোগীদের বস্ত্রবিশেষ। শিং—১ "পাদুকে যোগপট্টঞ্চ তজ্জন্যাং রৌপ্যধারণং।"

যোগপদক; সং, ক্লীং, পূজাদিকালে ধারণী উত্তরীয়বিশেষ, যোগপাটা।

যোগপীঠ (যোগ—পীঠ আসন) সং, ক্লীং, যোগাসন।

যোগমায়া; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "যা বহির্গচ্ছমিয়েষ তর্হ্যজ্যা যা যোগমায়াজা নন্দজায়য়া।" সংসারমায়া।

যোগরূঢ় ; সং, পুং, অবয়বশক্তি ও অর্থশক্তি দ্বারা অর্থবোধক, যৌগিক অথচ রূঢ় শব্দ ; যেমন পঙ্কজাদি।

যোগবাহ (যোগ—বহ্ বহন করা+অ(ষঞ্)—ণ) সং, পুং, অনুস্বার। বিসর্গ। জিহ্বামূলীয়। উপাধ্মানীয়।

যোগবাহী (যোগবাহিন্, যোগ—বাহিন্ বাহক) বিং,ত্রিং, যোগদ্বারা বহনশীল। সং, পুং,পারদ,পারা। ক্ষারবিশেষ। ভেষজাঙ্গ।

যোগবাহ্য ( যোগ ধাতুর সংযোগ—বাহ্য বহনীয়) সং, স্ত্রীং, পারদ। ক্ষার।

যোগবিদ্ (যোগ—বিদ্ [বিদ্ জানা+০(ক্কিপ্)—ক] যে জানে) সং, পুং, যোগী, তপস্বী।

যোগসার ; সং,পুং,সর্ব্বরোগাপহারক উপায়।

যোগাকর্ষণ ( Cohesion, যোগ—আকর্ষণ ) যে গুণ দ্বারা একাধিক পরমাণু একত্রিত হইয়া থাকে পরস্পর বিচ্ছিন্ন না হয়, পরমাণু সমস্তের সমষ্টীকরণ, বন্ধন।

যোগাড় ( যোগ শব্দজ ) সং, কর্ম্মনির্ব্বাহের উপায়, কর্ম্মের উদ্‌যোগ।

যোগাচার ; সং, পুং, বৌদ্ধ পণ্ডিতবিশেষ।

যোগাধমন (যোগ ছল—আধমন বন্ধক দেওয়া) সং, ক্লীং, ছল দ্বারা বন্ধক দেওয়া। শিং—১ "যোগাধমনবিক্রীতং যোগদান প্রতিগ্রহম্।"

যোগারূঢ় (যোগ—আরূঢ়) বিং, ত্রিং, "যদা তু নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে। সর্ব্বকল্পসংন্যাসী যোগারূঢ় স্তদোচ্যতে" এইরূপ যোগীবিশেষ।

যোগাসন ( যোগ—আসন বসিবার স্থান ) সং, ক্লীং, ধ্যানাসন, যোগসাধনার্থ উপবেশনবিশেষ। ব্রহ্মাসন।

যোগী (যোগিন্, যুজ্ যোগ করা+ইন্(ঘিনুণ্)—ক, শীলার্থে, অথবা যোগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তপস্বী। শিং—১ "স্বর্ণে লোষ্ট্রে গৃহেঽরণ্যে সুস্নিগ্ধে চন্দনে তথা। সমতাভাবনা যস্য স যোগী পরিকীর্ত্তিতঃ।" দণ্ডী,সন্ন্যাসী। ব্রহ্মবিদ্। গিনী—স্ত্রীং, যোগকারিণী নারী। ৬৪ সংখ্যক দেবীবিশেষ। তিথিবিশেষ।

যোগীশ, যোগীশ্বর (যোগিন্—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। যাজ্ঞবল্ক্য।

যোগেশ, যোগেশ্বর (যোগ—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। শিব। যাজ্ঞবল্ক্য মুনি।

যোগেষ্ট (যোগ [ধাতুর] সম্বন্ধ, সংযোগ, বা যোজনার্থ—ইষ্ট বাঞ্ছিত ) সং, ক্লীং, সীসক, সীসা।

যোগ্য (যুজ্ যোগকরা+য(ঘ্যণ্)—প্রং, বা যোগ+য(ক্য)—প্রভবার্থে) বিং, ত্রিং, শক্ত, প্রবীণ। সমর্থ। উপযুক্ত। পবিত্র। নিপুণ। প্রত্যক্ষ। যোগার্হ। সং, পুং, পুষ্যানক্ষত্র। গ্যা—স্ত্রীং,অভ্যাস, অনুশীলন। সূর্য্যপত্নী। সং, ক্লীং, ঋদ্ধিনামক ঔষধ। পিষ্টকবিশেষ। শকটাদির বাহন। চন্দন।

যোগ্যতা (যোগ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, ক্ষমতা। পবিত্রতা। উপযুক্ততা। পদার্থ সমূহের পরস্পর সম্বন্ধে বাধ না থাকা; "বহ্নিদ্বারা সেক করিতেছে," এস্থলে বহ্নি দ্বারা সেকের অসম্ভব প্রযুক্ত পরস্পর সম্বন্ধে বাধ হইল, সুতরাং এস্থলে যোগ্যতা হইল না।

যোগ্যানুপলব্ধি ( যোগ্য—অনুপলব্ধি ) সং, স্ত্রীং, অভাব-জ্ঞান-সাধনবিশেষ।

যোজক (যুজ্-ঞি=যোজি যোগ করান+অক(ণক)—ক) বিং,ত্রিং, সংযোগকারক, মেলক। (Isthmus) যে সংকীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে।

যোজন (যুজ্ যোগ করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, চারিক্রোশ পরিমাণ। পরমাত্মা। যোগ। ক্লীং, না—স্ত্রীং, একত্রকরণ, মেলন। সংঘটন।

যোজনগন্ধা (যোজন চারিক্রোশ পরিমাণ—গন্ধ,যাহার গন্ধ যোজন পর্য্যন্তও বোধগম্য হইয়া থাকে,৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, কস্তূরী। সীতা। সত্যবতী,ব্যাসদেবের মাতা।

যোজিত (যুজ্-ঞি=যোজি যোগ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যুক্তকৃত, মেলিত। নিয়মিত। রচিত।

যোটক; সং, পুং, যোটন, মেলন। সং, ঘটনাকারক, ঘটক।

যোড় (দেশজ) সং, যুগ্ম। মিলন।

যোত্র } (যু যোগ করা+ত্র—ণ। যুজ্
যোক্ত্র } যোগ করা+ত্র—ণ) সং, ক্লীং, লাঙ্গলাদিবাহী বৃষাদির স্কন্ধস্থ কাষ্ঠ-বিশেষ, যোয়াল। যুগাদিবন্ধন রজ্জু, যোত-দড়ি। সম্পত্তি। [সং, পুং, যুদ্ধকারক।

যোদ্ধা (যোদ্ধৃ, যুধ যুদ্ধ করা+তৃ(তৃন্)—ক)

যোধ (যুধ্ যুদ্ধ করা+অ(অন্)—ক) সং, পুং, যোদ্ধা। (+অ(অল্)—ভাবে) যুদ্ধ।

যোধন (যুধ্ যুদ্ধ করা+অনট্—ভা) সং, ক্লীং, যুদ্ধ। (+অনট্—ণ) যুদ্ধাস্ত্র। (+অন—ক) পুং, যোদ্ধা।

যোধসংরাব (যোধ যোদ্ধা—সংরাব শব্দ, জয়ধ্বনি, ৪র্থী—ষ) সং, পুং, যোদ্ধাদের পরস্পর যুদ্ধের নিমিত্ত আহ্বান। পরস্পর স্পর্দ্ধা করা।

যোধী } (যোধিন্, যুধ্ যুদ্ধ করা+ইন্—
যোধেয় } ক। যোধ+এয়(ঢেয়), অ(ষ্ণ)—
যৌধেয় } স্বার্থে) সং, পুং, যোদ্ধা, যুদ্ধকারী।

যোনল (যব—নল নাড়া, ৬ষ্ঠী—হিং। ব =উ, অ+উ=ও) সং, পুং, যবনাল, দেধান।

যোনি (যু যোগ করা+নি—ক) সং, পুং—স্ত্রীং, আকর, উৎপত্তিস্থান; যথা—"বীর-যোনি স্বর্ণলঙ্কা।" কারণ। স্ত্রী-চিহ্নবিশেষ। জল।

যোনিজ (যোনি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, যোনি হইতে জাত; জরায়ুজ এবং অণ্ডজ প্রাণিসমূহ।

যোয়ান—যুবান্ শব্দ দেখ।

যোষা (যুষ্ সেবা করা+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, নারী।

যোষিৎ } (যুষ্ সেবা করা+ইৎ—ক,
যোষিতা } আপ্) সং, স্ত্রীং, নারী।

যৌ (যাবক শব্দজ কি?) সং, লাক্ষা, লা।

যৌক্তিক (যুক্তি+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যুক্তিসিদ্ধ। প্রামাণিক। যুক্তিকারী। সং, পুং, নর্ম্মসচিব।

যৌগিক (যোগ+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, যোগজাত। পুং, প্রকৃতি প্রত্যয় দ্বারা অর্থবাচক শব্দ; যথা—প্রিয় সুখদ ইত্যাদি।

যৌজনিক (যোজন+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যোজন পরিমিত পথ গমন করিতে পারে।

যৌতক } (যুতক যোনিসম্বন্ধ+অ(ষ্ণ)—
যৌতুক } ভবার্থে, কিম্বা যুত বধূবর+অ (ষ্ণ)—ইদমর্থে, কণ্—যোগ। ২য় পরক্ষ—যু যোগ করা+তু—ভাবে, কণ্) সং, ক্লীং, ঔদ্বাহিক, বিবাহকালে দম্পতীর লব্ধধন। অন্নপ্রাশনাদি সংস্কারকালে দত্ত-ধনকেও যৌতুক বলা যাইতে পারে।

যৌতব (যোতু+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, পরিমাণ। [যোদ্ধা। যোদ্ধার পুত্র।

যৌধেয় (যোধ+এয়(ঢেয়)—প্রং) সং, পুং,

যৌন (যোনি+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, যোনিসম্বন্ধীয়। যোনিজাত। বিবাহসম্বন্ধীয়।

যৌবত (যুবতী+অ(ষ্ণ)—সমূহার্থে) সং, ক্লীং, যুবতীসমূহ। সঙ্গীতে—উত্তম পরি-চ্ছদ ও ভূষণাদি পরিধান পূর্ব্বক নটীদের অতি মধুর নৃত্য করার নাম যৌবত।

যৌবন (যুবন্+অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, তারুণ্য, তরুণাবস্থা, ১৬ বৎসর হইতে ৩০ বৎসর পর্য্যন্ত। শিং—১ "আষোড়-শাৎ ভবেদ্বালস্তরুণস্তত উচ্যতে। বৃদ্ধঃ স্যাৎ সপ্ততেরূর্দ্ধং বর্ষীয়ান [illegible] ততঃ পরম্।"

যৌবনকণ্টক (যৌবন [illegible] রুণ্য—কণ্টক কাঁটা) সং, পুং—ক্লীং, যুবগণ্ড, বয়সফোড়া।

যৌবনাশ্ব (যুবনাশ্ব নৃপবিশেষ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, যুবনাশ্ব-রাজপুত্র, মান্ধাতা।

যৌবরাজ্য (যুবরাজ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, যুবরাজের পদ, পিতৃসত্ত্বে পুত্রের রাজ্যপদ।

যৌষ্মাক } (যুষ্মাক যুষ্মদ্ শব্দজ+অ(ষ্ণ)
যৌষ্মাকীণ } ঈন(খীন)—ইদমর্থে) বিং, ত্রিং, যুষ্মৎসম্বন্ধীয়, ভবৎসম্বন্ধীয়।

## র

**র** ; ব্যঞ্জনবর্ণের সপ্তবিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। (রা দান করা+অ(ড)—ক। অথবা রম্ ক্রীড়া করা) সং, পুং, অগ্নি। কামাগ্নি। রঙ্গ, বর্ণ। বেগ। স্বর্ণ। উত্তাপ। বিং, ত্রিং, তীক্ষ্ণ।

রওয়ানা (পারস্য) যাত্রা, গমন।

রওব (আরবী) ভয়।

রং (রঙ্গ শব্দজ) সং, বর্ণ, রঙ্গ।

রংহঃ (রংহস্, রম্ ক্রীড়া করা+অস্—ভাবে, হ—আগম) সং, ক্লীং, বেগ, শীঘ্রতা। [রীতি। অঙ্করাশি।

রকম (আরবী) সং, প্রকার, মত। ধরণ,

রক্ত (রন্জ্ রং করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রঞ্জিত, রং করা। অনুরক্ত, আসক্ত। মধুর, সুশ্রাব্য। লোহিত, রাঙা। ক্রীড়াসক্ত। (+ক্ত—ণ) সং, পুং, কুসুম্ভ। হিঙ্গুল। লোহিতবর্ণ। ক্লীং, শোণিত, রুধির। কুঙ্কুম। তাম্র, তাঁবা। প্রাচীনামলক। পদ্মক। সিন্দূর। হিঙ্গুল। ক্তা—স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। লাক্ষা, লা।

রক্তক (রক্ত+কণ্—যোগ অথবা কৈ প্রকাশ পাওয়া। যে রক্তের ন্যায় প্রকাশ পায়) সং, পুং, অম্লানবৃক্ষ। বন্ধূকবৃক্ষ। রক্তশোভাঞ্জন। রক্তেরণ্ড। ক্লীং, রুধির। রক্তবস্ত্র। বিং, ত্রিং, অনুরাগী, অনুরক্ত।

রক্তকণ্ঠ (রক্ত মধুর, সুশ্রাব্য—কণ্ঠ কণ্ঠধ্বনি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুস্বরকণ্ঠ, যাহার কণ্ঠস্বর উৎকৃষ্ট।

রক্তকন্দ, রক্তকন্দল (রক্ত লালবর্ণ—কন্দ মূল। রক্তকন্দ+ল—প্রং) সং, পুং, বিদ্রুম, প্রবাল, পলা।

রক্তকমল, রক্তকম্বল (রক্ত লালবর্ণ—কমল পদ্ম) সং, ক্লীং, রক্তবর্ণ পদ্ম।

রক্তকাঞ্চন ; সং, পুং, স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ।

রক্তকুমুদ, রক্তকৈরব, রক্তকোকনদ (রক্ত লালবর্ণ—কুমুদ, কৈরব, কোকনদ পদ্ম) সং, ক্লীং, রক্তবর্ণ পদ্ম।

রক্তঘ্ন ; সং, পুং, রোহিতকবৃক্ষ। ঘ্নী—স্ত্রীং, দূর্ব্বা।

রক্তচন্দন ; সং, ক্লীং, রক্তবর্ণ চন্দনকাষ্ঠ।

রক্তচিত্রক ; সং, পুং, রাংচিতার গাছ।

রক্তচূর্ণ (রক্ত লালবর্ণ—চূর্ণ গুঁড়া) সং, ক্লীং, সিন্দূর। রক্তবর্ণ গুঁড়া।

রক্তজিহ্ব (রক্ত লালবর্ণ—জিহ্বা জিভ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। বিং, ত্রিং, রক্তবর্ণ জিহ্বাবিশিষ্ট।

রক্ততুণ্ড (রক্ত লালবর্ণ—তুণ্ড মুখ, চঞ্চু) সং, পুং, শুকপক্ষী। বিং, ত্রিং, লোহিত মুখ।

রক্তদন্তী, রক্তদন্তিকা (রক্ত লালবর্ণ—দন্ত, ঈপ, ৬ষ্ঠী—হিং, রক্তদন্তী+কণ্—যোগ, আপ) সং, স্ত্রীং, ভগবতীর রূপবিশেষ। শিং—১ "ভক্ষয়ন্ত্যাশ্চ তানুগ্রান্ বৈপ্রচিত্তান্ মহাসুরান্। রক্তাদন্তা ভবিষ্যন্তি দাড়িমীকুসুমোপমা।"

রক্তদৃক্ (—দৃশ্, রক্ত—দৃশ্ চক্ষুঃ) সং, পুং—স্ত্রীং, কপোত, কপোতী। বিং, ত্রিং, রক্তবর্ণ চক্ষুর্ব্বিশিষ্ট।

রক্তধাতু (রক্ত লালবর্ণ—ধাতু আকরিক) সং, পুং, গৈরিক, গিরিমাটী। তাঁবা। রক্তবর্ণ ধাতু। দেহজাত রক্তবর্ণ ধাতু।

রক্তনাসিক (রক্ত লালবর্ণ—নাসিকা নাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক, পেঁচা। বিং, ত্রিং, রক্তবর্ণনাসিকাযুক্ত।

রক্তপ (রক্ত শোণিত—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে) সং, পুং, রাক্ষস। বিং, ত্রিং, রক্তপানকর্ত্তা। পা—স্ত্রীং, জোঁক। ডাকিনী, রাক্ষসী।

রক্তপত্রিকা ; সং, স্ত্রীং, নাকুলী। রক্তপুনর্নবা। লোহিতপত্র।

রক্তপদী ; সং, স্ত্রীং, ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

রক্তপল্লব ; সং, পুং, অশোকবৃক্ষ।

রক্তপাদ (রক্ত লালবর্ণ—পাদ পা) সং, পুং, শুকপক্ষী। বিং, ত্রিং, যাহার পা রক্তবর্ণ। দী—স্ত্রীং, লজ্জালু। হংসপাদী।

রক্তপাতা (রক্ত শোণিত—পাত প্রতিপালিত, ৩য়া—হিং) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

রক্তপায়ী (—য়িন্, রক্ত শোণিত—পায়িন্ যে পান করে) সং, পুং, যে সকল কীট

রক্ত পান করে, মৎকুণ, ছারপোকা। য়িনী — স্ত্রীং, জলৌকা, জোঁক।

রক্তপিণ্ড ( রক্ত লালবর্ণ — পিণ্ড গোলাকৃতি ক্ষুদ্র রাশি) সং, ক্লীং, জবাপুষ্প।

রক্তপিত্ত ( রক্ত শোণিত — পিত্ত শরীরস্থ ধাতুবিশেষ ) সং, পুং, রক্তাধিক্য রোগবিশেষ। মুখ হইতে অকস্মাৎ রক্তবমন।

রক্তপুষ্প ; সং, পুং, করবীর। রোহিতবৃক্ষ। রক্তকাঞ্চনবৃক্ষ। দাড়িমবৃক্ষ। বকবৃক্ষ। বন্ধুকবৃক্ষ। পুন্নাগবৃক্ষ। ষ্পা — স্ত্রী, শাল্মলিবৃক্ষ। ষ্পী — স্ত্রীং, পাটলিবৃক্ষ। জবা। আবর্তকী লতা। নাগদমনী। করুণীবৃক্ষ। উষ্ট্রকাণ্ডী। [পুনর্নবা। ভুপাটলি।

রক্তপুষ্পিকা ; সং, স্ত্রীং, লজ্জালু। রক্ত-

রক্তপূরক (যাহার সেবনে রক্ত পূরণ করে ) সং, ক্লীং, বৃক্ষাম্ল।

রক্তফল (রক্ত লালবর্ণ — ফল) সং, পুং, বটবৃক্ষ। লা — স্ত্রীং, বিম্বিকা, তেলাকুচার গাছ। স্বর্ণবল্লী।

রক্তফেনজ ( রক্ত শোণিত — ফেন ফেণা — জ [জন্ জন্মান + অ(ড) — ক] জাত) সং, পুং, বামপার্শ্বস্থ ক্লোম, ফুসফুস্।

রক্তবালুক (রক্ত লালবর্ণ — বালুকা বালি) সং, ক্লীং — স্ত্রীং, সিন্দূর, সিঁদূর।

রক্তবাহী ( — বাহিন্ ) বিং, ত্রিং, শোণিত, বাহক।

রক্তবীজ ( রক্ত শোণিত — বীজ বীচি, ৬ষ্ঠী — হিং ) সং, পুং, অসুরবিশেষ, শুম্ভনিশুম্ভের সেনাপতি। শিং — ১ " যোদ্ধুমভ্যাযযৌ ক্রুদ্ধো রক্তবীজো মহাসুরঃ। রক্তবিন্দুর্যদা ভূমৌ পতত্যস্য শরীরতঃ। সমুৎপততি মেদিন্যাস্তৎপ্রমাণস্তদাসুরঃ।" দাড়িম।

রক্তমোক্ষণ ( রক্ত — মোক্ষণ মোচন ) সং, পুং, শোণিতস্রাব, ফস্তখোলা।

রক্তরেণু (রক্ত লালবর্ণ — রেণু ধূলি) সং, ক্লীং, সিন্দূর। পলাশপুষ্পকলিকা। পুন্নাগবৃক্ষ।

রক্তলোচন (রক্ত — লোচন নেত্র) সং, পুং, কপোত, পায়রা। বিং, ত্রিং, যাহার চক্ষুঃ রাঙা।

রক্তবটী }
রক্তবরটী } ( রক্ত লালবর্ণ — বটী, বরটী — ফুস্কুড়ি, ব্রণ ) সং, স্ত্রীং, মসূরী, ইচ্ছাপসন্ত।

রক্তবর্গ ; সং, পুং, দাড়িম। কিংশুক। লাক্ষা বন্ধুক। নিশাদ্বয়। কুসুম্ভপুষ্প। মঞ্জিষ্ঠা।

রক্তবর্দ্ধন ( রক্ত শোণিত — বর্দ্ধন বৃদ্ধি ) সং, পুং, বার্তাকু, বেগুন।

রক্তশাসন ( রক্ত লালবর্ণ — শাসন রাজ আজ্ঞা। এই পদার্থ প্রস্তুত-সময়ে আজ্ঞাপত্রে রাঙা মোহর ও স্বাক্ষর করা হয় বলিয়া) সং, ক্লীং, সিন্দূর, সিঁদূর।

রক্তসংজ্ঞ ( রক্ত লালবর্ণ বা শোণিত — সংজ্ঞা নাম ) সং, ক্লীং, কুঙ্কুম।

রক্তসন্ধ্যক ( রক্ত লালবর্ণ — সন্ধ্যা সায়ংকাল + কণ — সাদৃশ্যার্থে ) সং, ক্লীং, রক্তকহ্লার, রাঙা সুঁদি।

রক্তসার ; সং, ক্লীং, রক্তচন্দন। রক্তখদির।

রক্তাক্ত (রক্ত — অক্ত বা আক্ত লেপিত) সং, ক্লীং, রক্তচন্দন। বিং, ত্রিং, শোণিতমিশ্রিত রঞ্জিত।

রক্তাক্ষ (রক্ত লালবর্ণ — অক্ষি নেত্র, ৬ষ্ঠী — হিং, অ(ষ) — প্রং) সং, পুং, মহিষ। পারাবত। সারস। চকোরপক্ষী। ক্রূর ব্যক্তি। বিং, ত্রিং, রক্তচক্ষুঃ, রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট। ক্রূর।

রক্তাঙ্গ (রক্ত লালবর্ণ — অঙ্গ দেহ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, মঙ্গলগ্রহ। কম্পিল্ল। মৎকুণ। মণ্ডল। ক্লীং, প্রবাল, পলা। কুঙ্কুম বিং, ত্রিং, রক্তদেহ। ঙ্গী — স্ত্রীং, জীবন্তী মঞ্জিষ্ঠা।

রক্তাতিসার ( রক্ত — অতিসার উদরাময় ) সং, পুং, রোগবিশেষ।

রক্তাধার (রক্ত শোণিত — আধার আলম্ব সং, পুং, শরীরের চর্ম্ম।

রক্তাপহ ( রক্ত — অপ — হন্ নাশ করা + অ (ড) — ক ) সং, ক্লীং, বোল, গন্ধরস।

রক্তাম্বর (রক্ত — অম্বর পরিধেয়) সং, ক্লীং, কাষায়বস্ত্র। শিং — ১ " শবোপরি সমাসীনাং রক্তাম্বরপরিচ্ছদাং।"

রক্তাম্র ; সং, পুং, কোষাম্র

রক্তার্ম্ম (রক্তার্ম্মন্) সং, ক্লীং, নেত্ররোগ-বিশেষ। শিং—১ "পদ্মাভং মৃদুরক্তার্ম্ম যন্মাসং চীয়তে সিতে।"

রক্তার্ব্বুদ ; সং, পুং, রোগবিশেষ।

রক্তালু ; সং, পুং, শকরকন্দ আলু।

রক্তাশয় (Heart, রক্ত—আশয় আধার-স্থান) সং, রক্তের আধার-স্থান,হৃৎপিণ্ড।

রক্তিকা ( রক্ত লালবর্ণ+কণ প্রং ) সং, স্ত্রীং, রত্তিকা, গুঞ্জা। রাজিকা।

রক্তিমা ( রক্ত শোণিত+ইমন্—ভাবে ) সং, পুং, শোণিতবর্ণ, রাঙা রঙ্।

রক্তোৎপল (রক্ত লালবর্ণ—উৎপল পদ্ম) সং, ক্লীং, কোকনদ। পুং, শাল্মলীবৃক্ষ।

রক্তোপল (রক্ত লালবর্ণ—উপল [প্রস্তর] খড়ীমাটী ইত্যাদি) সং, ক্লীং, গিরিমাটী, গৈরিক।

রক্ষ (রক্ষ্ রক্ষা করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা। ( +অ(অল)—ভাবে ) রক্ষা।

রক্ষক (রক্ষ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা, পালনকর্ত্তা। ত্রাণকর্ত্তা।

রক্ষণ (রক্ষ দেখ,অন্ অনট্)—ভা) সং, ক্লীং, পালন, পরিত্রাণ। (+অন—ক) বিং,ত্রিং, রক্ষক।

রক্ষণীয় (রক্ষ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষা করিবার যোগ্য,রক্ষণার্হ। আশ্রয়ার্হ।

রক্ষঃ (রক্ষস্, রক্ষ্ [কুবেরের ধন] রক্ষা করা +অস্—পা। যাহা হইতে যজ্ঞীয় হবি রক্ষিত হয়) সং, পুং, রাক্ষস।

রক্ষঃসভ (রক্ষস্ রাক্ষস—সভা জনতা,৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাক্ষস-সমূহ।

রক্ষা (রক্ষ্ রক্ষা করা+অ—ভাবে, আপ্) সং, স্ত্রীং, পালন। ( +অ—ণ ) রাখী। ভস্ম। লাক্ষা।

রক্ষাকাণ্ড ( রক্ষা—কাণ্ড ) সং, পুং—ক্লীং, রক্ষণার্থ দূর্ব্বাদি গুচ্ছ।

রক্ষাগৃহ (রক্ষা—গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সূতিকাগার।

রক্ষাধিকৃত (রক্ষা—অধিকৃত) বিং, ত্রিং, রক্ষার্থ রাজনিযুক্ত। [ত্বক্।

রক্ষাপত্র ; সং, পুং, ভূর্জ্জবৃক্ষ। ক্লীং, ভূর্জ্জ-

রক্ষিকা (রক্ষা+কণ—প্রং, আপ) সং, স্ত্রীং, রক্ষা, রাখি। শিং—১ "অনেন বিধিনা যস্তু রক্ষিকাবন্ধমাচরেৎ।"

রক্ষিত (রক্ষ্ রক্ষা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্রাত, পালিত। সং,পুং, উপাধি-বিশেষ। বৈদ্যক গ্রন্থবিশেষ।

রক্ষিতা—রক্ষিতৃ ⎫ (রক্ষিত দেখ, তৃ(তৃন্),
রক্ষী—রক্ষিন্ ⎭ ইন্—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা।

রক্ষিসৈনা (Guards) কোন স্থান বা ব্যক্তিকে শত্রুপক্ষের আক্রমণ বা অন্য প্রকার অপ-কার হইতে রক্ষা করিবার নিমিত্ত নিয়োজিত সৈন্য।

রক্ষোঘ্ন ⎫ (রক্ষস্ রাক্ষস—হন্ নাশ
রক্ষোহা ⎭ করা+অ(টক্)—ক। ২য়-পক্ষে ০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, রাক্ষসনাশক, রাক্ষসঘাতক (বস্তু)। সং, ক্লীং, কাঞ্জিক, কাঁজি। হিঙ্গু, হিং। পুং, শ্বেত-সর্ষপ। ভল্লাতক বৃক্ষ। ঘ্নী—স্ত্রীং, বচা।

রক্ষোজননী (রক্ষস্ রাক্ষস—জননী মাতা) সং, স্ত্রীং, রাত্রি। রাক্ষসমাতা।

রক্ষ্ণ (রক্ষিত দেখ, নঙ্—ভাবে) সং, পুং, ত্রাণ, রক্ষণ, পালন। আশ্রয়দান।

রক্ষ্য (রক্ষিত দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষ-ণীয়, রক্ষা করিবার যোগ্য। বারণীয়।

রগ (পারস্য) সং, কপালের পার্শ্বদ্বয়ের শির।

রগড় (দ্রগড় শব্দজ কি?) বাদ্যের শব্দ। ঢক্কাদিতে আঘাতের উপক্রম। মর্দ্দন, ডলা, পেষণ। রহস্য, কৌতুক।

রঘু (রঘ্ গমন করা+উ(কু)—ক) সং, পুং, সূর্য্যবংশীয় দিলীপ রাজার পুত্র,রামচন্দ্রের প্রপিতামহ। শিং—১ "শ্রুতস্য যায়াদয়-মন্তমর্ভকস্তথা পরেষাং যুধি চেতি পার্থিবঃ। অবেক্ষ্য ধাতোর্গমনার্থমর্থবিচ্চকার নাম্না রঘুমাত্মসম্ভবং।" কালিদাস-প্রণীত কাব্য-গ্রন্থবিশেষ। পুং, বহুং, রঘুবংশীয় অজ প্রভৃতি ক্ষত্রিয়।

রঘুকার (রঘু রঘুবংশ [যাহার বর্ণনাত্মক কাব্য এই লেখক কর্ত্তৃক রচিত হইয়াছে]—কার [কৃ করা+অ(ষণ)—ক] যে রচনা করে) সং, পুং, রঘুবংশ-কাব্যকর্ত্তা, কালিদাস।

রঘুনন্দন (রঘু—নন্দন পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রামচন্দ্র। স্মৃতি-সংগ্রাহক পণ্ডিত-বিশেষ।

রঘুনাথ, রঘুপতি, রঘুবর, রঘুদ্বহ, রঘুবংশতিলক } রঘু—নাথ, পতি, বর, উদ্বহ, তিলক=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রামচন্দ্র।

রঘুবংশ (রঘু—বংশ, ৬ষ্ঠী—ষ+৭মী—হিং) সং, পুং, রঘুরাজবংশ। ক্লীং, রঘুর পিতা দিলীপ রাজা অবধি অগ্নিবর্ণ পর্য্যন্তের বর্ণনাত্মক কালিদাস-প্রণীত মহাকাব্য।

রঙ্ক (রন্‌কৃ গমন করা+অ—প্রং, অথবা রম্ ক্রীড়া করা+অ(ক)—ক) বিং, ত্রিং, কৃপণ। দরিদ্র। নীচ, ক্ষুদ্র।

রঙ্কু (রম্ ক্রীড়া করা+উ(কু)—ক, নিপাতন) সং, পুং, মৃগবিশেষ, যে হরিণের পৃষ্ঠদেশ কর্ব্বুরবর্ণ।

রঙ্গ (রন্‌জ্ রংকরা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, রঞ্জকদ্রব্য, রাঙ। বর্ণ, রঙ। টঙ্কণ। খদির-সার। নাট্য নৃত্য গীত অভিনয়াদি। আমোদপূর্ব্বক হেলিতে দুলিতে ভাবভঙ্গি প্রকাশ করা। (+ষঞ্—র্ম্ম) নাট্যশালা। রণভূমি। (+ষঞ্—ণ) পুং—ক্লীং, রাঙ ধাতু। (পারস্য) তামাসা।

রঙ্গচিঙ্গা (দেশজ) চেঙ্গড়া ছেলে, যাহারা রঙ্গ দেখিতে ভাল বাসে।

রঙ্গজ (রঙ্গ রাঙ্, রঙ্—জ [জন্ উৎপন্ন হওয়া+অ(ড) ক] উৎপন্ন) সং, ক্লীং, সিন্দূর, সিঁদূর।

রঙ্গজীবক (রঙ্গ নাট্যশালা, রঙ্—জীবক যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, নাট্যকারক, চিত্রকর। অভিনেতৃবর্গ।

রঙ্গন (রন্‌জ্ রং করা+অনট্—ভাবে) সং, ক্লীং, চিত্রকরণ। পুষ্পবৃক্ষবিশেষ; যথা—
"গড়িল পাঁরুলফুলে তূণ মনোহর।
বোঁটা সহ রঙ্গনে পূরিয়া দিল শর।"

রঙ্গভূতি (রঙ্গ নৃত্যগীত অভিনয়াদি—ভূতি হওন। যে রাত্রি দ্যূতাদি ক্রীড়া দ্বারা অতিবাহিত হয়) সং, স্ত্রীং, কোজাগর পূর্ণিমা।

রঙ্গভূমি (রঙ্গ নৃত্যগীত অভিনয়াদি—ভূমি স্থান) সং, স্ত্রীং, নাট্যশালা। রং স্থল। মল্লভূমি, কুস্তির আড্ডা।

রঙ্গমল্লী (রঙ্গ গীতাদি—মল্ল্ ধারণ ক +অ, ঈ) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশে বীণা।

রঙ্গমাতা (রঙ্গমাতৃ, রঙ্গ অনুরাগ, বর্ণ-মাতৃ মাতা। কণ্—যোগে রঙ্গমাতৃকা হয়) সং, স্ত্রীং, দূতী, কুটনী। লাক্ষা, ল

রঙ্গবীজ (রঙ্গ রাঙ—বীজ [বীচি] সারাংশ সং, ক্লীং, রৌপ[illegible]।

রঙ্গাজীব (রঙ্গ র[illegible] নাট্যশালা—আজী যে জীবিকা নি[illegible] করে) সং, পুং, শিল্পী বিশেষ। চিত্রকর। নট, নাট্যকারক।

রঙ্গাবতারক, রঙ্গাবতারী } (রঙ্গাবতারিন্, রঙ্গ নাট —অবতারক, অবতা [অব—তৃ পার হওয়া+অক(ণক), ই (ণিন্)—ক] যে অবতীর্ণ হয়, ৭মী— সং, পুং, নট, নাট্যকারক।—রিকা, রি —স্ত্রীং, নটী।

রঙ্গী (রঙ্গিন্, রঙ্গ রঙ, অনুরাগ+ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, রঙ্গবিশিষ্ট, রঞ্জিত অনুরাগী।—ঙ্গিনী—স্ত্রীং, রঙ্গবিশিষ্টা

রঙ্গীন (পারস্য রঙ্গ শব্দজ) বর্ণযুক্ত, রংদার

রভ্যঃ (রভ্যস্, রন্‌হ্ গমন করা+অস্—ভ সং, ক্লীং, বেগ, শীঘ্রতা।

রচক (রচ্ সৃষ্টি করা, রচনা করা+অ (ণক)—ক) বিং, ত্রিং, রচনাকারক।

রচন—ক্লীং, রচনা—স্ত্রীং } (রচ-ণিচ্=রচি সৃষ্টি ক রচনা করা+অনট্—ভ সং, শ্রেণী পূর্ব্বক বিন্যাস, সাজান, অ র্পণ। কেশবিন্যাস। মাল্যাদি গ্রন্থন গদ্য বা পদ্যময় বাক্য বিন্যাস। নির্ম্মা গঠন, প্রস্তুতকরণ। স্থাপন। ভূষণ।

রচয়িতা (রচয়িতৃ, রচ-ণিচ্=রচি রচ করা+তৃন্—ক) বিং, ত্রিং, রচনাক নির্ম্মাতা।

রচিত (রচ-ণিচ্=রচি+ক্ত—র্ম্ম) বিং, ত্রি কৃত। নির্ম্মিত, গঠিত। গ্রথিত, গুম্ফিত বিন্যস্ত, অর্পিত। শোভিত। পরিষ্কৃত।

রজ—পুং, রজঃ—ক্লীং } (রন্‌জ্ রং করা হও +অ(অল্)—র্ম্ম। রয়

পক্ষে + অস্ — ণ) সং, ধূলি। পুষ্পরেণু, পরাগ। স্ত্রীলোকের মাসে মাসে যোনি-নিঃসৃত রক্ত, স্ত্রীকুসুম, ঋতু। ইচ্ছা। দ্বেষ অহঙ্কারাদির কারণ গুণবিশেষ। শিং — ১ "রজোজুষে জন্মনি সত্ত্ববৃত্তয়ে স্থিতৌ প্রজানাং প্রলয়ে তমঃস্পৃশে।"

রজঃশয় (রজস্ ধূলি — শয় যে শয়ন করে) সং, পুং, কুক্কুর, কুকুর।

রজঃসারথি (রজস্ ধূলি — সারথি রথাদি চালক) সং, পুং, বায়ু।

রজক (রন্‌জ্ [বস্ত্র রং করা + অক(ষক) — ক, শিল্পী অর্থে) সং, পুং, ধোপা, তীবর-পত্নীগর্ভে ধীবরের ঔরসে জাত জাতি-বিশেষ। রঙ্‌কারক। কী — স্ত্রীং, ধোপানী। রঙ্গকারিণী।

রজত (রন্‌জ্ রঙ্‌ করা + অতক্ — ণ) সং, ক্লীং, রৌপ্য। স্বর্ণ। হস্তিদন্ত। হার। শোণিত। হ্রদ।। বিং, ত্রিং, শুভ্রবর্ণ।

রজতগিরি } (রজত রৌপ্য — গিরি, অচল,
রজতাচল } অদ্রি = পর্ব্বত) সং, পুং, কৈ-
রজতাদ্রি } লাস পর্ব্বত। শিং — ১ "ধ্যায়ে-
ন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারু চন্দ্রাবতংসম্।" [সং, পুং, হনুমান্

রজতদ্যুতি (রজত রৌপ্য — দ্যুতি দীপ্তি)

রজতপ্রস্থ (রজত শুভ্রবর্ণ [বা রৌপ্য] — প্রস্থ পর্ব্বতের উপরিস্থ সমানভূমি) সং, পুং, কৈলাসপর্ব্বত।

রজন (রন্‌জ্ রং করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, রং করা। (দেশজ) বণিক্‌দ্রব্য-বিশেষ।

রজনি } (রন্‌জ্ রং করা + অনি — র্ম্ম)
রজনী } সং, স্ত্রীং, নিশা, রাত্রি। (+ অনি — ণ) হরিদ্রা। লাক্ষা, লা। নীলীবৃক্ষ।

রজনিকর } (রজনী রাত্রি — কর কিরণ,
রজনীকর } ৬ষ্ঠী — হিং। অথবা রজনী — কৃ করা + অ(ট) — ক, ২য়া — ষ) সং, পুং, নিশাকর, চন্দ্র। [পুষ্প।

রজনীগন্ধা; সং, স্ত্রীং, স্বনামখ্যাত শ্বেতবর্ণ

রজনিচর } (রজনী রাত্রি — চর [চর্ গমন
রজনীচর } করা + অ(টক্) — ক] যে চরে) সং, পুং, রাত্রিচর, রাক্ষস। তস্কর। প্রহরী।

রজনীজল (রজনী রাত্রি — জল। রাত্রিতে পতন হয় বলিয়া) সং, ক্লীং, নীহার, শিশির।

রজনীপুষ্প; সং, পুং, পূতিকঞ্জর।

রজনিমুখ } (রজনী রাত্রি — মুখ আদ্য,
রজনীমুখ } ৬ষ্ঠী — ষ) সং, ক্লীং, সূর্য্যের অস্তকাল হইতে চারিদণ্ডকাল, প্রদোষ, সন্ধ্যাকাল, নিশামুখ।

রজনীহাস; সং, স্ত্রীং, শেফালিকা।

রজপূত (রাজপুত্র শব্দজ) সং, বর্ণসঙ্কর জাতি-বিশেষ।

রজসানু (রন্‌জ্ অনুরক্ত হওয়া, রং করা + সানু — সংজ্ঞার্থে) সং, পুং, মেঘ। চিত্ত।

রজস্বল (রজস্ ধূলি ইত্যাদি + বল — অ-স্ত্যর্থে) সং, পুং, মহিষ। বিং, ত্রিং, রজো-যুক্ত। লা — স্ত্রীং, ঋতুমতী।

রজোবল } (রজস্ ধূলি — বল, রস =
রজোরস } সার) সং, ক্লীং, অন্ধকার।

রজোহর (রজস্ ধূলি ময়লা — হর যে হরণ করে) সং, পুং, রজক, ধোপা।

রজ্জু (সৃজ্ সৃষ্টি করা + উ — র্ম্ম, নিপাতন) সং, স্ত্রীং, বন্ধনী, দড়ি। বেণী, চুলের বিউনি।

রঞ্জক (রন্‌জ্-ঞিচ্ = রঞ্জি রং করা + অক (ণক) — ক) সং, পুং, বস্ত্রাদির রংকারক। অনুরাগজনক, প্রীতিকারক। ক্লীং, হিঙ্গুল।

রঞ্জন (রন্‌জ্-ঞিচ্ = রঞ্জি রং করা, অনুরক্ত হওয়া + অনট্ — ভাবে) সং, ক্লীং, রং করা। অন্তঃকরণে অনুরাগ উৎপাদন, সন্তুষ্টকরণ। রক্তচন্দন। (+ অন — ক) বিং, ত্রিং, প্রীতি বা রাগজনক। নী — স্ত্রীং, নীলী। মঞ্জিষ্ঠা। হরিদ্রা। শেফা-লিকা। হরিদ্রা পর্পটী।

রঞ্জনদ্রু; সং, পুং, অচ্ছ্‌কবৃক্ষ, আচ্‌গাছ।

রঞ্জিত (রন্‌জ্-ঞিচ্ = রঞ্জি + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, রঙ্গান, যাহা রং করা হইয়াছে ছোবান। তর্পিত। সন্তোষিত, যাহার অনুরাগ জন্মাইয়া দেওয়া হইয়াছে।

রটন — ক্লীং, } (রট্ বলা + অনট্ — ভা,
রটনা — স্ত্রীং } আপ্) সং, ঘোষণা, প্রচার। বিবরণ। কথন। খ্যাতি।

রটন্তী (রট্ বলা+অৎ(শতৃ)—ক, ঈপ্) সং, স্ত্রীং, মাঘমাসের কৃষ্ণা চতুর্দ্দশী। শিং—১ "মাঘে মাস্য সিতেপক্ষে রটন্তাখ্যা চতুর্দ্দশী। তস্যামুদয়বেলায়াংস্নাতা নাবেক্ষতে যমং।"

রটিত (রটন দেখ,—ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঘোষিত, প্রচারিত। খ্যাত। কথিত।

রড়—রথ কিম্বা শকটাদির দ্রুতগমন-শব্দ। দ্রুতগমন।

রণ (রণ্ শব্দ করা+অ(অল্)—থি) সং, পুং, ক্লীং, যুদ্ধ, সংগ্রাম, সমর, লড়াই। (+অল্—ভাবে) পুং, শব্দ। গমন।

রণৎ (রণ দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, শব্দায়মান। [যুদ্ধজাহাজ।

রণতরি (রণ যুদ্ধ—তরি পোত) সং, স্ত্রীং,

রণরঙ্ক (রণ যুদ্ধ—রঙ্ক নীচ) সং, পুং, রণকাতর হস্তী।

রণরণ (রণ যুদ্ধ, শব্দ, দ্বিত্ব) সং, ক্লীং, অপহৃত বা নষ্ট বস্তুর নিমিত্ত অনুশোচনা। পুং, মশক, মশা।

রণরণক—পুং } (রণ্ শব্দ করা [দ্বিত্ব]
রণরণিকা—স্ত্রীং } +কণ্—প্রং) সং, পুং, উৎকণ্ঠা, দুর্ভাবনা। অতিশয়। শিং—১ "অয়ি সৈবেয়ং রণরণকদায়িনী চিত্রদর্শনাৎ বিরহভাবনা দেব্যাঃ স্বপ্নোদ্বেগং করোতি।"

রণসঙ্কুল (রণ যুদ্ধ—সঙ্কুল মিশ্রিত) সং, ক্লীং, ঘোরতর যুদ্ধ, তুমুল যুদ্ধ, হুড়াহুড়ি।

রণাঙ্গন } (রণ—অঙ্গন, অজির=উঠান)
রণাজির } সং, ক্লীং, সমরক্ষেত্র, যুদ্ধভূমি।

রণালঙ্করণ; সং, পুং, কঙ্কপক্ষী।

রণিত (রণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, শব্দ করা। (+ক্ত—ভাবে) শব্দ।

রণ্ড (রম্ ক্রীড়া করা+ড—ক) বিং,ত্রিং, ধূর্ত্ত। অর্দ্ধচর্ম্মাবচ্ছিন্ন অবয়ব। আশ্রমহীন। বর্ম্মবিহীন। বন্ধ্য, যে ব্যক্তির সন্তান হয় নাই। বন্ধ্যবৃক্ষাদি,যে বৃক্ষের বা লতার ফল বা পুষ্প হয় না।

রণ্ডক (রণ্ডা রাঁড়+ক—প্রং) সং, পুং, ফলহীন বৃক্ষ, রাড়া গাছ। লতাবিশেষ, মুষিকপর্ণী। স্বনামপ্রসিদ্ধ ছন্দোবিশেষ।

রণ্ডা (রম্ ক্রীড়া করা+ড, আ প্রং) সং, স্ত্রীং, বিধবা, রাঢ়। বেশ্যা।

রণ্ডাশ্রমী (রণ্ডাশ্রমিন্, রণ্ড বিফল—আশ্রম +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ৪৮ বৎসর বয়সের পর যে ব্যক্তির স্ত্রীবিয়োগ হয়। শিং—১ "চত্বারিংশদ্বৎসরাণাং সাষ্টানাঞ্চ পরে যদি। স্ত্রিয়া বিযুজ্যতে কশ্চিৎ স তু রণ্ডাশ্রমীমতঃ।"

রত (রম্ ক্রীড়া করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, রতি, রমণ। (+ক্ত—ক) বিং, ত্রিং, অনুরক্ত, আসক্ত।

রতকীল } (রত রমণ—কীল [শঙ্কু]
রতবন্ধ } বন্ধন। রত রমণ—ব্রণ
রতশায়ী } স্বা। রতশায়িন, রত রমণ শায়িন্ যে শয়ন করে) সং, পুং, কুক্কুর।

রতকূজিত (রত রমণ—কূজিত অব্যক্ত ধ্বনি) সং, ক্লীং, স্ত্রী-সংসর্গকালীন সুখব্যঞ্জক অব্যক্ত ধ্বনিবিশেষ, শীৎকার, মণিত [পুং, পতি, স্বামী।

রতগুরু (রত রমণ—গুরু শিক্ষক) সং,

রতজ্বর (রত রতি—জ্বর) সং, পুং, কাক, বায়স।

রততালী (রততালিন্, রত রমণ—তল্ প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+ইন্—প্রং) সং, পুং, কামুক, লম্পট। লী—স্ত্রীং, দূতী, কুট্‌নী।

রতনারীচ (রত রতি—নারী লোক—চি একত্র করা বা চর্ গমন করা+অ—প্রং) সং, পুং, রতিকালে স্ত্রীলোকদিগের শীৎকার শব্দ। কন্দর্প। কুক্কুর। লম্পট।

রতনিধি (রত রমণ—নিধি ধন) সং, পুং, খঞ্জনপক্ষী।

রতর্দ্ধিক (রত রমণ—ঋদ্ধি বৃদ্ধি, কণ্—যোগ) সং, পুং, দিবস। সুখস্নান। অষ্টমঙ্গল।

রতহিণ্ডক (রত রতি—হিন্ড্ গমন করা +অক(ণক)—ক) সং, পুং, স্ত্রী-চৌর। লম্পট, লোচ্চা।

রতান্দুক } (রত রমণ—অন্দুক শৃঙ্খল। রতামর্দ্দ } রত রতি—আ—মৃদ্ মর্দ্দন করা+অ(অন্)—ক) সং, পুং, কুকুর।

রতান্ধ্রী ; সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কোয়াসা।

রতায়নী ( রত রমণ—অয়ন গমন ) সং, স্ত্রীং, বেশ্যা, গণিকা।

রতার্থিনী ; সং, স্ত্রীং, মৈথুনাভিলাষিণী।

রতি (রত দেখ, তি(ক্তিচ্)—ক) সং, স্ত্রীং, স্মরপ্রিয়া, কামপত্নী। (+ক্তি—ভা) অনুরাগ, আসক্তি। ক্রীড়া। রমণ। প্রীতি, সন্তোষ। শিং—১"আময়স্তু রতিরাগসম্ভবঃ।"

রতিকুহর } (রতি রমণ—কুহর গহ্বর। রতিগৃহ } রতি রমণ—গৃহ, মন্দির= রতিমন্দির } ঘর, স্থান) সং, ক্লীং, যোনি, স্ত্রী-চিহ্ন। [দশ বন্ধ।

রতিনাগ ; সং, পুং, ষোড়শবন্ধান্তর্গত পঞ্চ-

রতিপতি } (রতি—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ। রতিপ্রিয় } রতি—প্রিয়, ৬ষ্ঠী—ষ। রতিরমণ } রতি—রমণ যে রমণ করে, ২য়া—ষ) সং, পুং, কন্দর্প, মদন।

রতিমদা (রতি রমণ—মদ্ হৃষ্ট হওয়া+অ—প্রং, আপ্) সং, স্ত্রীং, স্বর্গবিদ্যাধরী, অপ্সরা।

রতিলক্ষ ; সং, ক্লীং, নিধুবন, রমণ।

রতিবন্ধ (রতি রমণ—বন্ধ) সং,পুং, ষোড়শ প্রকার রমণবন্ধবিশেষ। শিং—১"ন ভবন্তি যদা নার্য্যস্তুষ্টা বাদ্যরতে মতাঃ। নানাবিধৈস্তথা বন্ধৈ রন্তব্যাঃ কামিভিঃ স্ত্রিয়ঃ। ১ পদ্মাসনো ২ নাগপাশো ৩ লতাবেষ্টো ৪ হর্দ্ধসংপুটং। ৫ কুলিশং ৬সুন্দরশ্চৈব তথা ৭ কেশর এব চ। ৮ হিল্লোলো ৯ নরসিংহোঽপি ১০ বিপরীতস্তথাপরঃ। ১১ লুব্ধো বৈ ১২ ধেনুকশ্চৈব ১৩ উৎকণ্ঠস্তু ততঃ পরম্। ১৪ সিংহাসনো ১৫ রতিনাগঃ ১৬ বিদ্যাধরস্তু ষোড়শঃ।"

রতিসত্বরা ; সং, স্ত্রীং, পিড়িঙ্গ শাক।

রতোদ্বহ (রত রমণ—উদ্বহ উস্কাইয়া দেওয়া) সং, পুং, কোকিল।

রত্তি } (রম্ ক্রীড়া করা+তি(ক্তি)—ণ, রত্তিকা } কণ্—যোগ, ম=ৎ) সং, স্ত্রীং, পরিমাণবিশেষ, গুঞ্জা, রতি। গুঞ্জাফল।

রত্ন (রম্ ক্রীড়া করা+ন—ক, ম=ৎ) সং, ক্লীং, মণি মুক্তা সুবর্ণাদি বহুমূল্য উৎকৃষ্ট বস্তু। মাণিক্য। বজ্র। শ্রেষ্ঠবস্তু। যে কোন বস্তুর মধ্যে উৎকৃষ্ট। শ্রেষ্ঠ। শিং—১ "হা বিদগ্ধসভান্তররত্ন।"

রত্নকদলী—রামরম্ভা।

রত্নকন্দল (রত্ন—কন্দল অঙ্কুর) সং, পুং, প্রবাল, পলা। [পুং, পর্ব্বতবিশেষ।

রত্নকূট (রত্ন রত্নময়—কূট শিখর) সং,

রত্নগজ ( রত্ন শ্রেষ্ঠ—গজ ) সং, পুং, যে সকল হস্তীর মস্তকে রত্ন জন্মে।

রত্নগর্ভ ( রত্ন—গর্ভ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, কুবের। সমুদ্র। র্ভা—স্ত্রীং, পৃথিবী। সংপুত্রবতী নারী।

রত্নজীবী } (—জীবিন্, রত্ন—জীবী যে রত্নবণিক্ } জীবিকানির্ব্বাহ করে। রত্ন—রত্নবণিজ্ } বণিজ্ ক্রয়বিক্রয়কারী) সং, পুং, রত্নবিক্রেতা, মণিকার, জহুরি।

রত্নত্রিতয় সং, ক্লীং, সদ্দৃষ্টি জ্ঞান ও চরিত্র —এই তিন।

রত্নধেনু ; সং, স্ত্রীং, মহাদানবিশেষ।

রত্ননিধি ; সং, পুং, খঞ্জনপক্ষী।

রত্নপারায়ণ ; সং, ক্লীং, সর্ব্বরত্নের আধার। শিং—১ "সমুদ্রোপত্যকা হৈমী পর্ব্বতাধিত্যকা পুরী। রত্নপারায়ণং নাম্না লঙ্কেতি মম মৈথিলী।"

রত্নময় (রত্ন+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, মণিময়, মণিনির্ম্মিত।

রত্নমুখ্য (রত্ন—মুখ্য প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, হীরক, হীরা।

রত্নরাট্ (—রাজ্, রত্ন—রাজ্ যে দীপ্তি পায়) সং, ক্লীং, মাণিক্য। বিং, ত্রিং, রত্নশ্রেষ্ঠ। [পৃথিবী। বিং, ত্রিং, রত্নযুক্ত।

রত্নবতী (রত্ন+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং,স্ত্রীং,

রত্নবর্ষুক (রত্ন—বর্ষুক বর্ষণশীল) সং, ক্লীং, পুষ্পকরথ। বিং, ত্রিং, রত্নবর্ষণশীল।

রত্নসানু (রত্ন—সানু পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি) সং, পুং, সুমেরু পর্ব্বত।

রত্নসূ (রত্ন—সূ [সূ প্রসব করা+০(ক্বিপ্)—ক] যে প্রসব করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, পৃথ্বী, বসুন্ধরা। রত্নপ্রসবিনী।

রত্নাকর (রত্ন—আকর উৎপত্তি স্থান, ৬ষ্ঠী —ষ) সং,পুং, সমুদ্র। রত্নখনি। বাল্মীকির পূর্ব্ব নাম।

রত্নাঙ্ক (রত্ন—অঙ্ক চিহ্ন) সং, পুং, বিষ্ণুর রথ। রক্তচিহ্ন।

রত্নাচল (রত্ন রত্ননির্ম্মিত—অচল পর্ব্বত) সং,পুং, দানার্থ মণিময় পর্ব্বত। শিং—১ "অতঃপরং প্রবক্ষ্যামি রত্নাচলমনুত্তমম্।"

রত্নাভরণ (রত্ন—আভরণ) সং, ক্লীং, মণিময় অলঙ্কার, জড়াও গহনা।

রত্নাবলী (রত্ন—আবলী শ্রেণী) সং, স্ত্রীং, রত্নহার। রত্নশ্রেণী। বৎসরাজপত্নী। শ্রীহর্ষ কৃত চতুরঙ্কান্বিত নাট্যগ্রন্থবিশেষ। কাব্যালঙ্কারবিশেষ।

রত্নি (ঋ গমন করা+অত্নি(কত্নি)—ক,অরত্নিও হয়) সং, পুং—স্ত্রীং, কনুই অবধি বদ্ধমুষ্টিহস্তাগ্র পর্য্যন্ত পরিমাণ, মুটমূহাত।

রত্যঙ্গ (রতি রমণ—অঙ্গ অবয়ব) সং, ক্লীং, যোনি, স্ত্রী-চিহ্ন।

রথ (রম্ ক্রীড়া করা+থ(কথন্)—ণ) সং, পুং, চক্রযুক্ত যুদ্ধযান। স্যন্দন। শকটাদি। বাহন। চরণ। শরীর। শিং—১"আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব চ।" বেতস বৃক্ষ। বঞ্জুললতা। বানীর। তিনিশবৃক্ষ।

রথকট্যা } (রথ+কট্য, কড্য—সমূহার্থে)
রথকড্যা } সং, স্ত্রীং, রথসমূহ, রথশ্রেণী।

রথক; সং, পুং, মন্দিরাবয়ববিশেষ।

রথকর } (রথ—কৃ করা+অ(ট),অ(ষণ)
রথকার } —ক) সং, পুং, সূত্রধর জাতিবিশেষ। মাহিষ্য হইতে করণীতে জাত জাতিবিশেষ।

রথকুটুম্বী (—কুটুম্বিন্, রথ—কুটুম্বিন্ যে পোষ্যবর্গের কিয়দংশ পোষে) সং, পুং, সারথি, রথপরিচালক।

রথগর্ভক (রথ—গর্ভ ভ্রূণ+কণ্—প্রং) সং, পুং, মনুষ্য-বাহ্য-যান, শিবিকা, ডুলি প্রভৃতি।

রথগুপ্তি (রথ—গুপ্তি গোপন, রক্ষণ) সং, স্ত্রীং, শরীর রক্ষার্থ অথবা শত্রুপ্রহারজন্য শস্ত্রাদি রাখিবার জন্য রথস্থ গুপ্তস্থানবিশেষ, বরূথ।

রথচরণ } (রথ—চরণ, পাদ=পা, ৬ষ্ঠী—ষ)
রথপাদ } সং, পুং, চক্র। চক্রবাক পক্ষী। রথচক্র।

রথদ্রু (রথ—দ্রু বৃক্ষ। এই বৃক্ষের কাষ্ঠ চক্রাদির নিমিত্ত ব্যবহৃত হয়) সং, পুং, তিনিশবৃক্ষ।

রথন্তর (রথ রথা[illegible] দ্বারার ন্যায়]—তৃ [জগৎ] পার হওয়া+অ(খ)—ক) সং, ক্লীং, সামবেদ। ত্রিং, রথসারথি।

রথপর্য্যায়, রথাভ্র (রথ—পর্য্যায় ক্রম। রথ—অভ্র মেঘ বা জল) সং, পুং, বেতস বৃক্ষ, বেতগাছ।

রথযাত্রা (রথ—যাত্রা গমন) সং, স্ত্রীং, আষাঢ়-শুক্ল দ্বিতীয়াতে কর্ত্তব্য উৎসববিশেষ।

রথযুক্ (—যুজ্, রথ—যুজ্ [যুজ্ যোগকরা +০(ক্বিপ্)—ক] যে যোগ করে,২য়া—ষ) সং, পুং, সারথি, রথচালক।

রথাঙ্গ (রথ—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চক্র, চাকা। পুং, চক্রবাক পক্ষী।

রথাঙ্গনামা (—নামন্, রথাঙ্গ চক্র—নামন্ নাম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চক্রবাকপক্ষী। শিং—১"অত্রাবিযুক্তানি রথাঙ্গনাম্নামন্যোন্যদত্তোৎপলকেশরাণি দ্বন্দ্বানি।"

রথাঙ্গপাণি (রথাঙ্গ চক্র—পাণি হস্ত,৬ষ্ঠী—হিং) সং, পুং, চক্রপাণি, বিষ্ণু।

রথাঙ্গী (রথাঙ্গিন্, রথাঙ্গ চক্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চক্রধর, হরি।

রথারোহী (—আরোহিন্, রথ—আরোহী যে আরোহণ করে) বিং, ত্রিং, রথারূঢ়। সং, পুং, রথস্থ যোদ্ধা।

রথিক, রথিন } (রথিন্,রথ+ইক(ষ্ঠিক),ইন,
রথির, রথী } ইর, ইন্—সঙ্করণার্থে) সং, পুং, রথস্বামী। রথারূঢ় ব্যক্তি। রথস্থ যোদ্ধা।

রথোদ্ধতা; সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহাতে ১ম, ৩য়, ৭ম, ৯ম, ও ১১শ বর্ণ গুরু, তদ্ভিন্ন সমুদায় বর্ণ লঘু।

রথ্য (রথ+য—যোগ্যার্থে) সং, পুং, রথবাহক অশ্ব। ক্লীং, চক্র, চাকা। (+য—ইদমর্থে) বিং, ত্রিং, রথসম্বন্ধীয়। শিং—

১ "যদ্রথ্যং স্যাদ্বায়োরিভি চর্ম্মণ্যাং পরিগৃহ্নীয়াৎ।" থ্যা—স্ত্রীং, বর্ত্ম, পথ, রাস্তা। রথসমূহ। আবর্ত্তনী। চত্বর।

রথ্যাবাহী (—বাহিন্, রথ্যা পথ—বহ্ বহন করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, পথিক।

রদ (রদ্ ভেদ করা+অ(অল)—ণ) সং, পুং, দন্ত, দাঁত। (+অন—ভাবে) উৎখাত, খনন। (আরবী) প্রতিবাদ করা। রহিত। খারিজ।

রদচ্ছদ, রদনচ্ছদ (রদ, রদন দাঁত—ছদ আচ্ছাদন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দন্তচ্ছদ, ওষ্ঠ, অধর। (কাহার মতে ক্লীবলিঙ্গ)।

রদন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ণ) সং, পুং, দন্ত, দাঁত। (+অনট্—ভা) ক্লীং, খনন। ছেদন।

রদনী } (রদনিন্, রদিন্, রদন, রদ=দন্ত
রদী } +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দন্তী, গজ।

রদী (আরবী রদ্দী শব্দজ) অপকৃষ্ট দ্রব্য।

রদ্ধ (রধ্ আঘাত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আহত, আঘাতপ্রাপ্ত। ক্ষতিগ্রস্ত।

রদ্ধা (রদ্ধৃ, বধ আঘাত করা+তৃন—ক) বিং, ত্রিং, আঘাতকারী। ক্ষতিকারক।

রন্তিদেব (রন্তি [রম্ রমণ করা+তিক্—ক] রমণ—দেব দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। চন্দ্রবংশীয় রাজাবিশেষ; ইনি সাঙ্কৃতির পুত্র। কুক্কুর।

রন্তু (রম্ ক্রীড়া করা+তু—প্রং) সং, স্ত্রীং, বর্ত্ম, পথ। নদী।

রন্ধক (রধ্ আঘাত করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, আঘাতকারী, ক্ষতিকারক।

রন্ধন (রধ্ পাক করা+অনট্—ভা) সং, ক্লীং, পাক, রান্না।

রন্ধিত (রন্ধন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতরন্ধন, যাহা রন্ধন করা হইয়াছে।

রন্ধ্র (রম্ ক্রীড়া করা+০(ক্বিপ্)—ভাবে +ধৃ ধারণ করা+অ(ক)—ক) সং, ক্লীং, ছিদ্র, বিবর, গর্ত্ত। কুক্ষি। অন্যায় আলস্যাদি দোষ, ছল। শিং—১ "আবৃণোদাত্মনো রন্ধ্রং রন্ধ্রেষু প্রহরন্ রিপূন্।" জ্যোতিষে—লগ্ন হইতে অষ্টমস্থান।

রন্ধ্রকণ্ট; সং, পুং, জালবর্ব্বুরক।

রন্ধ্রবভ্রু (রন্ধ্র ছিদ্র—বভ্রু নকুল) সং, পুং, মূষিক, ইঁদুর।

রফা (আরবী) শান্তি; ঝগড়া মিটান। শেষ।

রভস (রভ্ উৎসুক হওয়া+অস(অসচ্)—র্ম্ম) সং, পুং, বেগ, শীঘ্রতা। হর্ষ। ঔৎসুক্য। শোক। পূর্ব্বাপর বিবেচনা। অভিধানবিশেষ। কার্য্যাকারণগবেষণা। অনুতাপ। বলাৎকার।

রম (রম্-ণিচ্=রমি ক্রীড়া করা+অ(অন্)—ক) সং, পুং, কান্ত, স্বামী। কামদেব। রক্তাশোকবৃক্ষ। রমণ। বিং, ত্রিং, আনন্দজনক। রমণীয়।

রমক (রম্ ক্রীড়া করা+অক(ণক)—ক) সং, পুং, উপপতি, জার।

রমঠ (রম্ ক্রীড়া করা+অঠ—প্রং) সং, ক্লীং, হিঙ্গু, হিং।

রমঠধ্বনি; সং, পুং, হিঙ্গু।

রমণ (রম্-ণিচ্=রমি ক্রীড়া করা+অন—ক) সং, পুং, কন্দর্প। পতি। গর্দ্দভ। বৃষণ। মহাবিষ। বিং, ত্রিং, প্রিয়। ণা, ণী—স্ত্রীং (যা বপুর্গুণোপচারেণ সৌভাগ্যেন কান্তং রময়তি সা) সুন্দরী স্ত্রী। প্রিয়া। পত্নী। অর্দ্ধসমবৃত্তবিশেষ। বালাখ্যবৃক্ষ। শিং—১ "বালা চ রমণী রামা বন্ধ্যা কামকলাপি চ।" (রম্ ক্রীড়া করা +অনট্—ধি) জঘন। (+অনট্—ভাবে) রতি, সুরত, মৈথুন। ক্রীড়া।

রমণক (রমণ+কণ্—প্রং) সং, ক্লীং, জম্বুদ্বীপান্তর্গত বর্ষবিশেষ, রম্যকবর্ষ।

রমণীয় } (রম্-ণিচ্=রমি+অনীয়, য—
রমণ্য } ক) বিং, ত্রিং, রম্য, সুন্দর, মনোরম। শিং—১"ক্ষণে ক্ষণে যন্নবতামুপৈতি তদেবরূপং রমণীয়তায়াঃ।"

রমতি (রম্ ক্রীড়া করা বা নিবৃত্তি হওয়া+অতি—প্রং) সং, পুং, নায়ক। স্বর্গ। কাম। কাক। কাল।

রমা (রম্-ণিচ্=রমি ক্রীড়া করা+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, লক্ষ্মী। প্রিয়া। উপপত্নী। শশিধ্বজরাজকন্যা, কল্কিদেবের স্ত্রী। শোভা।

রমাধব } (রমা—ধব, নাথ, পতি, ৬ষ্ঠী
রমানাথ } —ষ) সং, পুং, বিষ্ণু, লক্ষ্মীশ,
রমাপতি } নারায়ণ।

রমাপ্রিয় (রমা লক্ষ্মী—প্রিয়) সং, ক্লীং, পদ্ম। পুং, বিষ্ণু।

রমাবেষ্ট, সং, পুং, শ্রীবাস।

রমিতা (রমি ক্রীড়া করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রতিপ্রাপিতা। শিং—১ "মুররিপুণা রতিগুরুণা পরিরমিতা প্রমদমিতা।"

রমেশ } (রমা লক্ষ্মী—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী
রমেশ্বর } —ষ) সং, পুং, রমাপতি, বিষ্ণু।

রম্ভ (রন্‌ভ্‌ শব্দ করা+অ(অন্)—ক) সং, পুং, বংশ, বাঁশ। বানরবিশেষ। মহিষাসুরের পিতা, রম্ভাসুর।

রম্ভা (রন্‌ভ্‌ শব্দকরা+অ(অন্)—ক, আপ্‌—স্ত্রীং) সং, স্ত্রীং, কদলী, কলা। অপ্সরাবিশেষ। দেবীবিশেষ, গৌরী। বেশ্যা। (+অল্—ভাবে) গোধ্বনি। উত্তরদিক্‌।

রম্ভোরু (রম্ভা—উরু) সং, স্ত্রীং, যে স্ত্রীর রম্ভার ন্যায় জঘনদেশ।

রম্য (রম্‌ ক্রীড়া করা+য—ধি) বিং, ত্রিং, রমণীয়, মনোরম, সুন্দর। বলকর। সং, পুং, চম্পক। বকবৃক্ষ। ক্লীং, পটোলমূল। প্রধানধাতু। ম্যা—স্ত্রীং, রাত্রি। স্থলপদ্মিনী।

রম্যক (রম্য রমণীয়+কণ্—যোগ) সং, ক্লীং, জম্বুকদ্বীপের বর্ষবিশেষ।

রম্র (রম্‌ হৃষ্ট হওয়া+র—প্রং) সং, পুং, অরুণবর্ণ। শোভা।

রয় (রয়্‌ গমন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, বেগ। নদীপ্রবাহ, স্রোতঃ। শিং—১ "প্রবাহঃ পুনরোঘঃ স্যাদ্বেণী ধারা রয়শ্চ সঃ।"


রল্লক (রল্ল [রং "রম্‌ হৃষ্ট হওয়া+০(কিপ্‌)—ভাবে, ৎ—আগম, ম—লোপ" সুখ, আনন্দ—লা দেওয়া+অ(ড)—ক]+কণ্—যোগ) সং, পুং, কম্বল। পক্ষ্ম, নেত্রলোম। মৃগবিশেষ।

রব (রু শব্দ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, শব্দ, ধ্বনি। গোলমাল।

রবণ (রু শব্দকরা+অন—ক) সং, পুং, উষ্ট্র, উট। কোকিল। গর্দ্দভ। ক্লীং, কাংস্য, কাঁসা। বিং, ত্রিং, শব্দায়মান। তীক্ষ্ণ। চঞ্চল। (+অনট্‌—ভাবে) শব্দকরণ।

রবথ (রব দেখ, অথ—সংজ্ঞার্থে) সং, পুং, কোকিল।

রবাব (পারস্য) ভারতবর্ষে যবনাধিকারের পূর্ব্বে এই যন্ত্রটী রুদ্র-বীণা বলিয়াই প্রসিদ্ধ ছিল। তৎপরে যবনরাজকর্ত্তৃক রবাব



রবাব।

নামে বিখ্যাত। রবাব যন্ত্রও সেতারাদির ন্যায় একটী খোল ও দণ্ড দ্বারা প্রস্তুত হইয়া থাকে; বিশেষের মধ্যে এই যে, ঐ খোল ও দণ্ড এ উভয়ই একখানি অখণ্ড কাষ্ঠ দ্বারা নির্ম্মিত এবং খোলটী গোধাচর্ম্ম অথবা ছাগাদির পাতলা চর্ম্ম দ্বারা আচ্ছাদিত। সহস্র বৎসর অতীত হইল বস্সুদ্‌গ্রামনিবাসী আবদুল্লা এই যন্ত্রের প্রথম সৃষ্টি করিয়া "রুবেব" এই নামকরণ করেন। উইলার্ড সাহেব বলেন স্পেনিস গীটারের অবয়বের সহিত রবাবের অনেকাংশ সমতা আছে। (যন্ত্রকোষ)।

রবি (রু শব্দ করা+ই—ক) সং, পুং, সূর্য্য। আকন্দবৃক্ষ। নায়ক ... রক্ত অশোক বৃক্ষ।

রবিকান্ত (রবি সূর্য্য—কান্ত কমনীয়, ১মা—হিং, কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্তমণি।

রবিজ, রবিতনয়, } (রবি—জ [জন্‌ জন্মান
রবিনন্দন, রবিসুত } +অ(ড)—ক] জাত। রবি—তনয়, নন্দন, সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যপুত্র—শনি। শিং—১ "উরগশতভিষাদ্র্যাস্বাতিমূলাত্রিপূর্ব্বা রবিরবিজকুজাহে ভূতষষ্ঠীনবম্যাং।" সুগ্রীব। যম। সাবর্ণি ও বৈবস্বত মনু। —জা, য়া, ন্দিনী, তা—স্ত্রীং, যমুনা।

রবিনাথ (রবি সূর্য্য—নাথ প্রভু) সং, ক্লীং, পদ্ম। পুং, বন্ধুক পুষ্প।

রবিন্দ (রবি সূর্য্য—দা দান করা+অ—প্রং) সং, ক্লীং, পদ্ম।

রবিপ্রিয় (রবি সূর্য্য—প্রিয়) সং, ক্লীং, রক্ত কমল। তাম্র। পুং, করবীর।

রবিলোহ } (রবি সূর্য্য—লোহ লৌহ।
রবিসংজ্ঞক } রবি সূর্য্য—সংজ্ঞক নাম) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

রশনা (রশ্ শব্দ করা+অন, আ—প্রং) সং, স্ত্রীং, স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহার গোট প্রভৃতি। জিহ্বা।

রশ্মি (অশ্ ব্যাপা+মি—ক,অ=র) সং, পুং, কিরণ। রজ্জু। লাগাম। পক্ষ্ম।

রস (রস্ আস্বাদন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, রসনেন্দ্রিয়গ্রাহ্য বস্তু, আস্বাদ; কটু তিক্ত কষায় লবণ অম্ল মধুর—এই ছয় প্রকার। কাব্যশাস্ত্রের সারভূত আস্বাদন, মনঃপ্রীতিবিশেষ, সহৃদয় জনগণের চিত্তে রতি প্রভৃতি স্থায়িভাব বিভাবাদি দ্বারা পরিপুষ্ট হইয়া আনন্দজনক হইলে তাঁহাকে রস বলে; যথা—শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র শান্ত—এই নয় প্রকার। কেহ কেহ বাৎসল্যকেও রস বলিয়া থাকেন, তন্মতে রস দশপ্রকার। অভিপ্রায়। অনুরাগ। ভোগ্যবস্তু। যুষ। দ্রববস্তু। জল। বিষ। সুবর্ণ। পারদ। মাধুর্য্যাদি গুণ। দেহস্থ ধাতুবিশেষ। শুক্রধাতু। [সিদ্ধ মাংস।

রসক (রস+কণ্—প্রং) সং, পুং, যূষরহিত

রসকলা (রস—কলা স্বর) সং, স্ত্রীং, মৃদু মিষ্ট স্বর। মদমত্তের গীত।

রসকেশর (রস—কেশর কিঞ্জল্ক) সং, ক্লীং, কর্পূর।

রসগন্ধ; সং, পুং, গন্ধরস।

রসগর্ভ (রস পারদ—গর্ভ ভ্রূণ) সং, ক্লীং, রসাঞ্জন। হিঙ্গুল।

রসঘ্ন (রস—ঘ্ন নাশক) সং, পুং, টঙ্কণ, সোহাগা। বিং, ত্রিং, রসনাশক।

রসজ (রস—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, ক্লীং, রক্ত। পুং, মদ্যকীট। গুড়।

রসজ্ঞ (রস—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, স্বাদগ্রাহী, রসিক, ভাবুক, সামাজিক। জ্ঞা—স্ত্রীং, জিহ্বা, রসনা।

রসজ্যেষ্ঠ (রস আস্বাদ, ভাব—জ্যেষ্ঠ অগ্রজ, উৎকৃষ্ট) সং,পুং, মধুর রস, শৃঙ্গার রস।

রসতেজঃ (রসতেজস্, রস—তেজস্ দীপ্তি, শক্তি) সং, ক্লীং, রুধির, রক্ত।

রসদ (পারস্য) সৈন্যদিগের আহারীয় দ্রব্য।

রসদালিকা (রস রসের নিমিত্ত—দল্ মাড়া +অ, ঈ, ক—প্রং) সং, স্ত্রীং, ইক্ষুবিশেষ, পুরি আউক।

রসদ্রাবী (রসদ্রাবিন্) সং, পুং, মধুরজম্বীর।

রসধাতু, রসনাথ (রস—ধাতু আকরিক, নাথ প্রধান) সং, পুং, পারদ, পারা।

রসধেনু; সং, স্ত্রীং, দানার্থ কল্পিতা ইক্ষুরস-নির্ম্মিতা ধেনু।

রসন (রস্ আস্বাদন করা, শব্দ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, রসগ্রহণ, আস্বাদন। শব্দ, ধ্বনি। ধ্বনন। (+অনট্—প) জিহ্বা। —শনা, সনা—স্ত্রীং, জিহ্বা। (+অনট্—ক) কাঞ্চি, মেখলা। রজ্জু। পাশ। রাস্না। গন্ধভদ্রা।

রসনায়ক (রস পারদ—নায়ক যে লইয়া যায়) সং, পুং, শিব, মহাদেব।

রসনালিট্ (রসনালিহ্, রসনা জিহ্বা—লিহ্ আস্বাদন করা, চাটা+০(ক্বিপ্)—ক) সং, পুং, রসনালেহনকারী, কুক্কুর।

রসনেন্দ্রিয় (রস পারা—নেত্র চক্ষুঃ+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, মনঃশিলা।

রসপাকজ (রসন আস্বাদন—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রসনা, জিহ্বা।

রসপাকজ (রসপাকে যে জন্মায়) সং, পুং, গুড়। রুধির ধাতু।

রসফল (রস—ফল, ইহার ফলে রস আছে বলিয়া) সং, পুং, নারিকেল বৃক্ষ।

রসভব (রস উদরস্থ বস্তুর রস—ভব উৎপন্ন) সং, ক্লীং, রুধির, রক্ত।

রসমঞ্জরী; সং, স্ত্রীং, নায়ক নায়িকাভেদক গ্রন্থবিশেষ। শিং—১ "বিদ্বজ্জনমনোভৃঙ্গ-

রসব্যাসঙ্গহেতবে। এবাপ্রকাশ্যতে শ্রীমদ্‌-ভানুনা রসমঞ্জরী।”

রসময় (রস+ময়ট্‌—প্রাচুর্য্যার্থে) বিং, ত্রিং, রসস্বরূপ। রসাত্মক।

রসরাজ (রস আকরিক—রাজ রাজন শব্দজ) সং, পুং, পারদ। রসাঞ্জন। রসিকশ্রেষ্ঠ।

রসবান্‌ (রসবৎ, রস+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রসবিশিষ্ট। সৎকাব্য। সরস। মধুর। বতী—স্ত্রীং, রন্ধনগৃহ, রান্নাঘর।

রসশোধন; সং, ক্লীং, টঙ্কণ। পারদশুদ্ধি।

রসসিন্দূর; সং, ক্লীং, ঔষধবিশেষ, পারদজাত সিন্দূরবিশেষ।

রসা (রস+অ—অস্ত্যর্থে, আপ্‌) সং, স্ত্রীং, পৃথিবী। রসনা। দ্রাক্ষা। শল্লকী। কঙ্গু। কাকোলী।

রসাখন (রসা পৃথিবী—খন যে খনন করে) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া।

রসাঞ্জন (রস পারা—অঞ্জন কজ্জল, ৩য়া—ষ) সং, ক্লীং, রসজাত কজ্জলবিশেষ, সুর্ম্মা। ধাতুবিশেষ।

রসাতল (রসা পৃথিবী—তল অধোভাগ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পাতাল, সপ্তবিধ অধোভুবনের মধ্যে সর্ব্বনিম্নস্থ ভুবন। ভূতল।

রসাধার (রস জল—আধার) সং, পুং, সূর্য্য।

রসাধিক; সং, পুং, টঙ্কণ। কা—স্ত্রীং কাকোলী দ্রাক্ষা।

রসান; সং, ক্লীং, আর্দ্রকরণ, ভিজান। স্বর্ণাদি মার্জ্জন, উজ্জ্বলকরণ।

রসাভাস (রস—আভাস সদৃশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রসতুল্য, অনুচিত বিষয়ে রসবর্ণন, নীচরস, নীচপ্রকৃতিগত রস।

রসাম্ল; সং, ক্লীং, বৃক্ষাম্ল। পুং, অম্লবেতস।

রসায়ন (রস দ্রববস্তু, পারা—অয়ন পথ, গমন) সং, ক্লীং, বিষবিশেষ। জরা ও ব্যাধিনাশক দীর্ঘজীবীকর ঔষধবিশেষ। পর্ণী। জরা। রোগবিশেষ। তক্র, ঘোল। দুই বা বহু পদার্থ পরস্পর সংযুক্ত হইলে এক বস্তুতে পরিণত এবং গুণান্তর বা রসান্তর প্রাপ্ত হয়; যাহা দ্বারা এই বিষয়ের জ্ঞান জন্মে তাহাকে রসায়ন কহে। পুং, গরুড়। বিড়ঙ্গ। রসস্থান।

রসায়নবিদ্যা (Chemistry) যে বিদ্যা অধ্যয়ন করিলে রূঢ় পদার্থ সমুদায়ের গুণ এবং তাহাদের পরস্পর সংযোগ ও বিয়োগের বিষয় জানিতে পারা যায়।

রসায়নফল (রসায়ন রস, বাসকরণ—ফল) সং, স্ত্রীং, হরীতকী।

রসায়নী; সং, স্ত্রীং, গুড়ূচী। কাকমাচী। মহাকরঞ্জ। গোরক্ষদুগ্ধা। মাংসচ্ছদা।

রসাল (রস—আ—লা গ্রহণ করা+অ(ড)—ক) সং, পুং, ইক্ষু। আম্রবৃক্ষ। শিং—১“রসালঃ সালঃ সমদৃশ্যতাহমুনা।” পনস বৃক্ষ। বিং, ত্রিং, রসযুক্ত। লা—স্ত্রীং, রসনা। দূর্ব্বা। পুষ্পবিশেষ। দ্রাক্ষা। পেয়বিশেষ।

রসালসা; সং, স্ত্রীং, ধমনী, নাড়ী।

রসাস্বাদী (—দিন্‌, রস—আস্বাদিন্‌ যে আস্বাদন করে) বিং, ত্রিং, রসের আস্বাদনকারী। সং, পুং, ভ্রমর।

রসিক (রস+ইক(ষ্ণিক)—জ্ঞানার্থে) বিং, ত্রিং, রসজ্ঞ, রসবোধবিশিষ্ট, স্বাদগ্রাহী। সং, পুং, অশ্ব। হস্তী। সারসপক্ষী। কা—স্ত্রীং, রসনা। কাঞ্চী। গুড়।

রসিকেশ্বর; সং, পুং, শ্রীকৃষ্ণ।

রসিত (রস্‌ শব্দ করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, মেঘের শব্দ। ধ্বনি, শব্দ। (রস্‌ আস্বাদন করা+ক্ত—ভা) আস্বাদ। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বাদিত। স্ব[র্ণা]দি দ্বারা খচিত। শব্দিত।

রসুন / রসূন / রসোন (রস্‌ আস্বাদন করা+উন, ওন—প্রং) সং, পুং, মূলবিশেষ, রোসুনা, রসুন।

রসেন্দ্র (রস আকরিক—ইন্দ্র শ্রেষ্ঠ) সং, পুং, পারদ, পারা।

রসোত্তম; সং, পুং, মুদ্গ।

রসোদ্ভব (রস—উদ্ভব জাত) সং, ক্লীং, হিঙ্গুল। বিং, ত্রিং, রসজাত।

রসোপল (রস জল—উপল প্রস্তর) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তা। [বস্ন।

রস্ন (রস দেখ, ন—সংজ্ঞার্থে) সং, ক্লীং, দ্রব্য,

রস্য (রস দেখ, য—র্ম্ম) সং, ক্লীং, রুধির, রক্ত। (রস্ আস্বাদন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, আস্বাদ্য।

রহ—পুং } (রহ্ [সমাজাদি] ত্যাগ করা
রহস্—ক্লীং } +অ(অল্)—র্ম্ম। অথবা রম্ ক্রীড়া করা+অস্—ধি) গোপনীয়। গোপনীয় ধর্ম্মতত্ত্ব। (রম্ ক্রীড়া করা+অস্—ভা) সুরত, শৃঙ্গার+ (+অস্—ধি) অং, নির্জ্জনে।

রহস্য (রহস্ গোপন+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, মর্ম্ম। গুপ্তবিষয়, গোপনীয়। শিং—১ "রহস্যমস্যাঃ স মহদিতি।" নির্জ্জনভব। সং, ক্লীং, গূঢ়তত্ত্ব, যাহার মর্ম্ম বুঝিতে পারা যায় না; রহস্য ত্রিবিধ —ধর্ম্মরহস্য, অর্থরহস্য, কামরহস্য। পরিহাস, কৌতুক। শিং—১ "অরসিকেষু রহস্যনিবেদনং শিরসি মা লিখ মা লিখ মা লিখ।"স্যা—স্ত্রীং, সরস্বতী নদী। রাস্না।

রহিত (রহ্ ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্জ্জিত, ত্যক্ত, বিহীন।

রা (রা দান করা, গ্রহণ করা+০(ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, দান। গ্রহণ। বিভ্রম। (+ক্বিপ্—র্ম্ম) পুং, ধন, স্বর্ণ। শব্দ।

রাং (রঙ্গ শব্দজ) সং, ধাতুবিশেষ, রাঙ্গ।

রাঁড় (রণ্ডা শব্দজ) সং, রণ্ডা, বিধবা। বেশ্যা।

রাঁধন (রন্ধন শব্দজ) সং, রন্ধন, পাককরণ।

রাকা (রা [পরম শোভা] দান করা+অ(ক) —র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, পূর্ণিমা তিথি। নবঋতুমতী স্ত্রী। নদীবিশেষ। কচ্ছুরোগ। অঙ্গিরসের কন্যাবিশেষ।

রাক্ষস (রক্ষ [ইহাদের হইতে] রক্ষা করা+অস—প্রং, কিম্বা রক্ষস্+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, নিশাচর, যাতুধান। কুবেরের ধনরক্ষক। বিবাহবিশেষ, বলপূর্ব্বক বিবাহ। বিং, ত্রিং, রক্ষঃসম্বন্ধীয়। সী—স্ত্রীং, রাক্ষসপত্নী। দংষ্ট্রা। সায়াহ্নবেলা। শিং—১ "সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ। রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু।" চোরনামক গন্ধদ্রব্য। ক্লীং, অস্ত্রচিকিৎসা।

রাক্ষসেন্দ্র (রাক্ষস—ইন্দ্র [দেবরাজ] রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাবণ।

রাক্ষা (রক্ষ [রঙ] রক্ষা করা+অ(অন্)—ক, আপ্, নিপাতন, অ=া) সং, স্ত্রীং, লা, লাক্ষা।

রাখন (রক্ষণ শব্দজ) সং, রক্ষণ, স্থাপন।

রাখাল (রক্ষক শব্দজ কি?) সং, গোরক্ষক।

রাগ (রনজ্ রংকরা ইত্যাদি+অ(ঘঞ্)—ণ) সং, পুং, রক্তবর্ণ। শিং—১ "ধৌতরাগপরিপাটলাধরৈঃ।" অনুরাগ। সন্তোষ। "বীতরাগভয়ক্রোধস্থিতধীর্ম্মুনিরুচ্যতে।" ইচ্ছা। বিষয়েচ্ছা। "তৎ রাগবন্ধিস্ববিতৃপ্তমেব।" রঞ্জকদ্রব্য। (+ঘঞ্—ভাবে) রঞ্জন। উৎসাহ। মাৎসর্য্য। দ্বেষ। (রন্জ্ঞি=রঞ্জি+ঘঞ্—ক) চন্দ্র। নৃপ। স্বর, যে স্বরের ধ্বনিবিশেষে লোকের চিত্তরঞ্জন করে তাহাকেই রাগ কহে। (+ঘঞ্—ধি) স্বরের প্রকারবিশেষ; ভৈরব মালব সারঙ্গ হিন্দোল দীপক মেঘ—এই ছয় স্বর।

রাগচূর্ণ (রাগ রক্তবর্ণ—চূর্ণ, য়ং—স) সং, পুং, রক্তবর্ণ চূর্ণ, ফাগ। স্মর, কন্দর্প। খদিরবৃক্ষ। লাক্ষারস।

রাগচ্ছন্ন } (রাগ—ছন্ন আবৃত। রাগ অ-
রাগরজ্জু } নুরাগ, ইচ্ছা—রজ্জু দড়ি।
রাগবৃন্ত } রাগ—বৃন্ত বোঁটা, আধার) সং, পুং, কামদেব, মদন।

রাগমালা—যে কোন বিষয় বর্ণিত হউক না কেন তাহা কতকগুলি রাগে আবদ্ধ করিয়া পর্য্যায়ক্রমে তালযোগে গান করার নাম রাগমালা। [স্ত্রীং, রতি, কামপত্নী।

রাগলতা (রাগ অনুরাগ, ইচ্ছা—লতা) সং,

রাগষাড়ব; সং, পুং, গুড় এবং তৈলে পাক করা অপক্ব আম্রের আচার।

রাগসূত্র (রাগ রঞ্জন—সূত্র সূতা) সং, ক্লীং, তুলাসূত্র, নিক্তি বা ডাঁড়ির সূতা। পট্টসূত্র। রং করা সূতামাত্র।

রাগাক্ত; সং, পুং, যে ব্যক্তি আশা দিয়া দানে বিমুখ হয়।

রাগার্হ (রাগ—অর্হ যোগ্য) বিং, ত্রিং, যে ব্যক্তি আশা দিয়া আশা পূর্ণ করে না।

রাগী (রাগিন্, রাগ অনুরাগ+ইন্—অ-

স্বার্থে, কিম্বা রনূজ্ রং করা ইত্যাদি ইন্(ঘিনুন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, রাগযুক্ত, অনুরক্ত। কামুক। রঞ্জনকারী। গিণী—স্ত্রীং, স্বরবিশেষ, ৬ রাগের পত্নী-স্বরূপ ৩৬ স্বর। অনুরক্তা স্ত্রী। মেনকার জ্যেষ্ঠা কন্যা।

রাঘব (রঘু রঘুবংশ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং,পুং, রামচন্দ্র। রঘুবংশীয় নৃপ। সমুদ্র। মৎস্যবিশেষ, রাঘববোয়াল। বিং, ত্রিং, রঘুবংশীয়। [রামায়ণ।

রাঘবায়ন (রাঘব—অয়ন স্থান) সং, পুং,

রাঙ্কল; সং, পুং, বৃক্ষের কণ্টক, গাছের কাঁটা।

রাঙ্কব (রঙ্কু মৃগবিশেষ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, পশুরোমনির্ম্মিত বস্ত্রাদি। বিং, ত্রিং, রঙ্কুসম্বন্ধীয়।

রাঙ্গণ ; সং, ক্লীং, পুষ্পবিশেষ, রঙ্গণফুল।

রাঙ্গা (রঙ্গ শব্দজ) বিং, রক্তবর্ণ, লালবর্ণ।

রাজ্ (রাজ্ দীপ্তি পাওয়া+০(ক্বিপ্)—ক) সং, পুং, রাজা, প্রভু। বিং, ত্রিং, শোভমান।

রাজক (রাজন্+কণ্—সমূহার্থে) সং, ক্লীং, রাজসমূহ। পুং, রাজা। (রাজ্ দীপ্তি পাওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, শাসন কর্ত্তা। দীপ্তিশালী।

রাজকদম্ব (কদম্ব—রাজ শ্রেষ্ঠ) সং, পুং, কদম্ববিশেষ। [সুতা।

রাজকন্যা ; সং, স্ত্রীং, কেবিকাপুষ্প। নৃপ-

রাজকীয় (রাজক শাসনকর্ত্তা+ঈয়(ণীয়)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, রাজসম্বন্ধীয়।

রাজকুমার ; অপ্রাপ্তবয়স্ক যুবরাজ কার্য্যের অনুপযুক্ত রাজপুত্র।

রাজগামী (—মিন্) বিং, ত্রিং, রাজসম্বন্ধি। শিং—১ "অনৃতঞ্চ সমুৎকর্ষে রাজগামি চ পৈশুনং।" [শাকবিশেষ।

রাজগিরি ; সং, পুং, মগধস্থ পর্ব্বতবিশেষ।

রাজগ্রীব (রাজ দীপ্তি—গ্রীবা) সং, পুং, মৎস্যবিশেষ, ফলুইমাছ।

রাজঘ (রাজন্ রাজা—ঘ [হন্ বধ করা+অ(ক)—ক] যে বধ করে) বিং, ত্রিং, তীক্ষ্ণ, উগ্র। রাজহন্তা, রাজার নাশক। শিং—১ "প্রদক্ষিণীকৃত্য জয়ায় স্বষ্টয়া ররাজ মীরাজনয়া স রাজঘঃ।" রাজ-শ্রেষ্ঠ।

রাজচিহ্নক (রাজ প্রধান—চিহ্ন+কণ্—প্রং) সং, ক্লীং, উপস্থ, স্ত্রীপুংচিহ্ন।

রাজজম্বু ; সং, পুং, গোলাবজাম। খর্জ্জুর-বিশেষ।

রাজত (রজত রৌপ্য+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, রজতনির্ম্মিত, রৌপ্যময়। শিং—১ "সৌবর্ণং রাজতং তাম্রং পিতৃণাং পাত্রমুচ্যতে।"

রাজতন্ত্র ; সং, ক্লীং, রাজার হস্তগত রাজ্য-শাসন। [গ্রধ।

রাজতরু ; সং, পুং, কর্ণিকার বৃক্ষ। আর-

রাজতাল (রাজ শোভমান—তাল) সং, পুং, লী—স্ত্রীং, গুবাকবৃক্ষ, সুপারিগাছ। শিং—১ "রাজতালী বলধ্বনি।" বৃহৎ তালবৃক্ষ।

রাজতিনিশ (রাজ রাজকীয়—তিনিশ কু-মুড়া) সং, পুং, শশা। কাঁকুড়, ফুটী।

রাজত্ব (রাজন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, রাজা, রাজপদ।

রাজদণ্ড ; সং, ক্লীং, রাজদত্ত দণ্ড। রাজার হস্তস্থিত লগুড়।

রাজদন্ত (রাজ শোভমান—দন্ত) সং, পুং, উপরিশ্রেণীস্থ সম্মুখবর্ত্তী দন্তদ্বয়। সম্মুখীন দন্তচতুষ্টয়।

রাজদেশীয় (রাজন্+দেশী[illegible] ইষদূনার্থে) সং, পুং, রাজদেশ্য। [illegible]জ্ঞ।

রাজধর্ম্ম (রাজন্ রাজা—ধর্ম্ম) সং, পুং, রাজার কর্ত্তব্যকর্ম্ম, প্রজাপালনাদিকর্ম্ম।

রাজধান (রাজন্ রাজা+ধা ধারণ কর+অনট্—ধি) সং, ক্লীং, নী—স্ত্রীং, প্রধান নগরী, যে স্থানে রাজা বাস করেন।

রাজধানক—ক্লীং } (রাজধান, রাজধানী
রাজধানিকা—স্ত্রীং } +কণ্—যোগ) সং, রাজার প্রধান নগরী, যে স্থানে রাজা বাস করেন।

রাজনীতি (রাজন্ রাজা—নীতি হিতা হিত বিবেচনার শাস্ত্র) সং, স্ত্রীং, রাজা শাসননীতিশাস্ত্র, যে নীতি-শাস্ত্র দ্বার

রাজকার্য্য নির্ব্বাহ হয়। সামদানাদি চতুর্ব্বিধ উপায়। শিং—১ "ইতিক্রমাৎ প্রযুঞ্জানঃ রাজনীতিং চতুর্ব্বিধাং।"

রাজনীল (রাজ শোভমান—নীল নীলবর্ণ) সং, ক্লীং, মরকত মণি। ইন্দ্রনীলমণি।

রাজন্য (রাজ্ দীপ্তি পাওয়া+অন্য—প্রং, কিম্বা রাজন্ রাজা+য(ক্য)—সাধ্বর্থে) সং,পুং,ক্ষত্রিয়। রাজপুত্র। অগ্নি। ক্ষীরিকা বৃক্ষ। শিং—১"রাজন্যোপনিমন্ত্রণায় রসতি স্ফীতং যশোদুন্দুভিঃ।"

রাজন্যক (রাজন্য+কণ্—সমূহার্থে) সং, ক্লীং, ক্ষত্রিয়সমূহ, রাজক।

রাজন্বান্ (রাজন্বৎ, রাজন্+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুরাজযুক্ত দেশ, যে দেশে উত্তম রাজা আছে। ন্বতী—স্ত্রীং, সুরাজযুক্তা।

রাজপটোল ; সং, পুং, এক প্রকার কাঁকুড়।

রাজপট্ট (রাজন্ রাজা—পট্ট পাগ্ড়ি) সং, পুং, কৃষ্ণবর্ণ মণিবিশেষ। মুকুট। রাজসনন্দ।

রাজপট্টিকা ; সং, স্ত্রীং, চাতকপক্ষিণী।

রাজপথ (রাজন্ রাজা, প্রধান—পথ [পথিন্ শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজমার্গ, অতি প্রশস্ত রাস্তা। ৪০ হস্ত বিস্তৃত পথ। শিং—১ "ধনূংষি দশ বিস্তীর্ণঃ শ্রীমান্রাজপথ কৃতঃ। নৃবাজিরথনাগানাম সম্বাধঃ সুসঞ্চরঃ।"

রাজপরিচ্ছদ (রাজন্ রাজা—পরিচ্ছদ) সং, ক্লীং, রাজপোষাক।

রাজপুত্র (রাজন্ রাজা বা চন্দ্র—পুত্র সন্তান) সং, পুং, যুবরাজ, রাজকুমার। বুধগ্রহ। অম্বষ্ঠ কন্যাতে ক্ষত্র-জাত জাতিবিশেষ, রজপুত।

রাজপুত্রিকা (রাজন্ রাজা—পুত্র সন্তান কণ্—প্রং) সং, স্ত্রীং, রাজকন্যা। শরারিপক্ষিণী, শরালি পাখী। তিক্ত অলাবুবিশেষ।

রাজপুত্রী ; সং, স্ত্রীং, রাজকন্যা। কুটুতুম্বী। রেণুকা। জাতী। রাজরীতি। ছুছুন্দরী। মালতী।

রাজপুরপ্রবেশ ন্যায়—ন্যায় (২৬) দেখ।

রাজপুরুষ (রাজন্ রাজা—পুরুষ মানুষ) সং, পুং, রাজকর্ম্মচারী। শান্তিরক্ষক।

রাজপুষ্প ; সং, পুং, নাগকেশর পুষ্পবৃক্ষ। ষ্পী—স্ত্রীং, করুণীবৃক্ষ।

রাজফল ; সং, ক্লীং, পটোল।

রাজফণিজ্ঝক ; সং, পুং, নাগরঙ্গবৃক্ষ।

রাজভূয় (রাজন্ রাজা—ভূ হওয়া+য (ক্যপ্)—ভাবে) সং, ক্লীং, রাজা হওয়া। রাজ্য, রাজত্ব।

রাজভূষা (রাজন্ রাজা—ভূষা) সং, স্ত্রীং, রাজপরিচ্ছদাদি।

রাজভোগ্য (রাজ—ভোগ্য) বিং, ত্রিং, নৃপভোগ্য বস্তুমাত্র। ক্লীং, জাতীকোষ। পিয়ালবৃক্ষ।

রাজমণ্ডল (রাজন্ রাজা—মণ্ডল সমূহ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, দ্বাদশবিধ রাজা ; অরি, মিত্র, অরির মিত্র, মিত্রের মিত্র, অরিমিত্রের মিত্র, বিজিগীষুর পুরঃসর এই পাঁচ এবং পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ, পার্ষ্ণিগ্রাহাসার, আক্রন্দাসার, এই চারি—বিজিগীষুর পশ্চাদ্বর্ত্তী এবং বিজিগীষু, মধ্যম ও উদাসীন, এই তিন—সমুদায়ে দ্বাদশ।

রাজমার্গ (রাজন্ রাজা—মার্গ পথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অতি প্রশস্ত রাস্তা। (রাজপথ দেখ)।

রাজমাষ (রাজ দীপ্তিশীল—মাষ মাষকলাই) সং, পুং, বর্ব্বট, বরবটী কলাই।

রাজযক্ষ্মা (রাজযক্ষ্মন্, রাজন্ রাজা—যক্ষ্মা ক্ষয়রোগ, ৬ষ্ঠী—ষ কিম্বা রাজন্—যক্ষ্ পূজা করা+মন্—প্রং, রোগ রাজত্ব হেতু যে পূজিত) সং, পুং, যক্ষ্মা, ক্ষয়রোগ। শিং—১ "রাজ্ঞশ্চন্দ্রমসো যস্মাদভূদেব কিলাময়ঃ। তস্মাত্তং রাজযক্ষ্মেতি কেচিদাহুর্ম্মনীষিণঃ।"

রাজরঙ্গ (রাজ দীপ্তিশীল—রঙ্গ রাং) সং, ক্লীং, রজক, রৌপ্য।

রাজরাজ (রাজন্ রাজা, যক্ষ—রাজ রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। একচ্ছত্ররাজা। চন্দ্র। সম্রাট্।

রাজরাজেশ্বরী—দশমহাবিদ্যার অন্তর্গত দেবীবিশেষ। অন্নদামঙ্গলে ইহার রূপ;



রাজরাজেশ্বরী।

"দেখি ভয়ে পলাইতে চান পশুপতি,
রাজরাজেশ্বরী হয়ে দেখা দিলা সতী।
রক্তবর্ণা ত্রিনয়না ভালে সুধাকর,
চারি হাতে শোভে পাশাঙ্কুশ ধনুঃশর।
বিধি বিষ্ণু ঈশ্বর মহেশ রুদ্র পঞ্চ,
পঞ্চ প্রেত নিয়মিত বসিবার মঞ্চ।"

রাজরীতি; সং, স্ত্রীং, পিত্তলবিশেষ।

রাজর্ষি (রাজ রাজন্ শব্দজ—ঋষি, যং—স) সং, পুং, রাজা অথচ ঋষি, যে রাজা ঋষিবৎ আচরণ করে। রাজশ্রেষ্ঠ।

রাজলক্ষ্মা (রাজলক্ষ্মন্, রাজ রাজকীয়—লক্ষ্মন্ চিহ্ন) সং, পুং, রাজা যুধিষ্ঠির।

রাজলক্ষ্মী (রাজ—লক্ষ্মী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রাজশোভা, রাজশ্রী।

রাজবংশ্য (রাজন্—বংশ+য(ষ্ণ্য)—ভবার্থে) বিং, ত্রিং, রাজবংশোদ্ভব। সং, পুং, জাতিবিশেষ।

রাজবর্ত্ম (রাজবর্ত্মন্, রাজন্ রাজা—বর্ত্মন্ পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজপথ।

রাজবলা (রাজন্ রাজা—বল বেষ্টন) সং, স্ত্রীং, গন্ধভাদালিয়া লতা। গাঁধাল।

রাজবল্লী (রাজ দীপ্তিশীল—বল্লী লতা) সং, স্ত্রীং, তিক্ত ফলবিশেষ, উচ্ছে।

রাজবান্ (রাজবৎ, রাজন্+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রাজমাত্রযুক্তদেশ, যে দেশে রাজা আছে।

রাজবাহ (রাজন্ রাজা—বাহ বাহন) সং, পুং, অশ্ব, ঘোটক।

রাজবাহ্য (রাজন্ রাজা—বাহ্য বহনীয়) সং, পুং, রাজার বহনকারী হস্তী। বিং, ত্রিং, রাজার বহন যোগ্য।

রাজবিপ্লব (Revolution) রাজ্যশাসনের প্রচলিত প্রণালীর পরিবর্ত্তন। রাজদ্রোহ।

রাজবীজী (রাজবীজিন্, রাজন্ রাজা—বীজিন্ [বীজ+ইন্—প্রং] কারণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রাজবংশ্য, রাজবংশীয়।

রাজবৃক্ষ (রাজ দীপ্তিশালী—বৃক্ষ) সং, পুং, সোঁদালির গাছ। পিয়ালবৃক্ষ। লঙ্কাসিজের গাছ।

রাজবৃত্ত (রাজন্—বৃত্ত চরিত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজার চরিত্র, ন্যায়পূর্ব্বক অর্থের উপার্জ্জন বৃদ্ধি রক্ষা এবং সৎপাত্রে দান।

রাজশণ (রাজ দীপ্তিশালী—শণ) সং, পুং, পট, পাট।

রাজশফর (রাজন্ রাজা—শফর পুঁটিমাছ) সং, পুং, ইলিশমাছ।

রাজশয্যা (রাজ—শয্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সিংহাসন।

রাজশৃঙ্গ—ক্লীং } (রাজ রাজকীয়—শৃঙ্গ শিং) সং, [illegible]রমাছ।
রাজছত্র—পুং }

রাজস } (রজস্+অ([illegible]) ক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, রজোগুণপ্রধান। মান পূজা সম্ভ্রমার্থ দম্ভ বশতঃ যে কার্য্য করা হয়, খ্যাতিজনক কর্ম্ম।
রাজসিক }

শিং—১"যেনাস্মিন্ কর্ম্মণা লোকে খ্যাতিমাপ্নোতি পুষ্কলাম্। ন চ শোচত্যসম্পত্তৌ তদ্বিজ্ঞেয়স্তু রাজসম্।"

রাজসদন; সং, ক্লীং, রাজভবন। প্রাসাদ। রাজবাড়ী।

রাজসর্ষপ (রাজ রাজকীয়—সর্ষপ সরিষা) সং, পুং, রাইসরিষা। পরিমাণবিশেষ।

রাজসাযুজ্য (রাজন্ রাজা—সাযুজ্য বিষয়) সং, ক্লীং, রাজত্ব, রাজ্য।

রাজসারস (রাজ রাজকীয়—সারস পক্ষি-বিশেষ) সং, পুং, ময়ূর।
রাজসী (রজস্+ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, রজোগুণময়ী দুর্গা। রাজোগুণসম্বন্ধিনী।
রাজসূয় (রাজ রাজন্ শব্দজ—সূ প্রসব করা+য(ক্যপ্)—ধি, নিপাতন) সং, পুং, —ক্লীং, সম্রাজের সম্পাদ্য সামবেদবিহিত যজ্ঞবিশেষ, অধীনস্থ রাজগণ কর্তৃক সম্পাদ্য। পথ। পর্ব্বতবিশেষ। ধান্যবিশেষ।
রাজস্কন্ধ (রাজন্ রাজা—স্কন্ধ কাঁধ) সং, পুং, অশ্ব, ঘোটক।
রাজস্ব (রাজন্ রাজা—স্ব ধন। রাজাকে দেয় কররূপ ধন) সং, ক্লীং, রাজপ্রাপ্য-ধন, রাজকর।
রাজহংস (রাজন্ রাজা—হংস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রক্তবর্ণ চঞ্চু ও চরণবিশিষ্ট শুক্লবর্ণ হংস। কদম্ব। কলহংস। (যে রাজা হংসের ন্যায় সারগ্রহণ করে) রাজশ্রেষ্ঠ। শিং—১ "রাজহংস তব সৈব শুভ্রতা চীয়তে ন চ ন চাবচীয়তে।"
রাজহর্ষণ ; সং, ক্লীং, তগরপুষ্প।
রাজহাসক (রাজন্ রাজা—হাসক হসনীয়) সং,পুং, কাতলমৎস্য, কাতলামাছ।
রাজা (রাজন্, রন্জ [প্রজাদিগকে] প্রীতিকরা কিম্বা রাজ্ দীপ্তি পাওয়া+অন(কনিন্)—ক) সং, পুং, প্রকৃতিরঞ্জক দীপ্তিশীল নৃপতি। ক্ষত্রিয়। প্রভু। চন্দ্র। ইন্দ্র। যক্ষ। (শব্দের পূর্ব্বে বা পরে থাকিলে) শ্রেষ্ঠ। আদিতে পৃথুরই রাজা নাম ছিল। শিং—১ "পৃথোরেবাদৌ রাজা ইতি সংজ্ঞা আসীৎ। যথা—দেবৈর্ব্বিপ্রৈস্তথা সর্ব্বৈরভিষিক্তে মহামনাঃ। রাজ্ঞশ্চৈবাধিকারে বৈ পৃথর্ব্বৈণ্যঃ প্রতাপবান্। তদা পিত্রা প্রজাঃ সর্ব্বাঃ কদা নৈবানুরঞ্জিতাঃ তেনানুরঞ্জিতাঃ সর্ব্বাঃ সুখৈর্মুদিরে তদা॥ অনুরাগাত্তস্য বীরস্য নাম রাজেত্যভাষতঃ।"
রাজাদন (রাজন্ রাজা—অদন ভক্ষণ) সং, পুং—ক্লীং, পিয়ালবৃক্ষ। পলাশগাছ। কিংশুকবৃক্ষ। ক্ষীরিণী।
রাজাধিরাজ (রাজন্ রাজা—অধিরাজ সম্রাট্) সং, পুং, সার্ব্বভৌম, সম্রাট।
রাজান্ন (রাজ অন্ন আহার্য্য) সং, পুং, অন্ধ্র দেশজাত উৎকৃষ্ট ধান্যবিশেষ। বৈষ্ণবশাস্ত্রে এই অন্ন খাইতে নিষেধ আছে। নৃপস্বামির অন্ন।
রাজার্ক ; সং, পুং, শ্বেত আকন্দ।
রাজার্হ (রাজন্ রাজা—অর্হ যোগ্য) সং, ক্লীং, অগুরু। বিং, ত্রিং, রাজযোগ্য। র্হা—স্ত্রীং, জম্বু।
রাজালুক (রাজ রাজকীয়—আলু মূল, কণ্—যোগ) সং, পুং, মূলবিশেষ। জম্বুবিশেষ।
রাজাবর্ত্ত (রাজন্ রাজা—আবর্ত্ত ঘূর্ণন) সং, পুং, রত্ন-বিশেষ। বিরাটদেশ-জাত হীরক।
রাজাহি (রাজন্—অহি সর্প) সং, পুং, দ্বিমুখ সর্প, দুই মুখ সাপ, রাজসাপ।
রাজি, রাজী (রাজ্ দীপ্তি পাওয়া+ই—ক) সং, স্ত্রীং, শ্রেণী, সারি। রেখা। শরীরস্থ ক্ষুদ্র আধারবিশেষ। (আরবী) সন্তুষ্ট। সম্মত, অনুমোদন।
রাজিকা (রাজ্ দীপ্তি পাওয়া+অক(ণক)—প্রং, অথবা রাজি+কণ্—যোগ) সং, স্ত্রীং, শ্রেণী। রেখা। রাইসর্ষা। ক্ষেত্র।
রাজিত (রাজ্ দীপ্তি পাওয়া+ত(ক্ত)—র্ম্ম) সং, স্ত্রীং, শোভিত, প্রদীপিত।
রাজিল (রাজি শ্রেণী+ল—প্রং) সং, পুং, জলব্যাল, ঢোঁড়াসাপ।
রাজীব (রাজী[দল] শ্রেণী+ব—অস্ত্যর্থে) সং, ক্লীং, পদ্ম। পুং, বৃহৎ মৎস্য। হরিণ-বিশেষ। হস্তী। পক্ষিবিশেষ, সারস। শিং—১ "রাজীবসিংহ ভূগুাংশ্চ।" বিং, ত্রিং, রাজোপজীবী। রাজানুগ।
রাজেন্দ্র (রাজন্ রাজা—ইন্দ্র প্রধান) সং, পুং, প্রধানরাজা, শ্রেষ্ঠরাজা, সম্রাট্। শিং—১ "চতুর্যোজনপর্য্যন্তমধিকারং নৃপস্য চ। যো রাজা তচ্ছতগুণঃ স এব মণ্ডলেশ্বরঃ। তস্মাদ্দশগুণো রাজা রাজেন্দ্রঃ পরিকীর্ত্তিতঃ।"
রাজ্ঞী (রাজন্+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রাজমহিষী, রাণী। সূর্য্যপত্নী। কাংস্য। নীলী।

রাজ্য (রাজন্+য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, রাজত্ব। রাজকার্য্য। দেশ। লক্ষ-গ্রামের আধিপত্য। শিং—১ "লক্ষাধিপত্যং রাজ্যং স্যাৎ সাম্রাজ্যং দশলক্ষকে। শতলক্ষে মহেশানি মহাসাম্রাজ্যমুচ্যতে।"

রাজ্যতন্ত্র; সং, ক্লীং, রাজ্যশাসনপ্রণালী।

রাজ্যসংস্থিতি; সং, ক্লীং, রাজ্যের সুশৃঙ্খলা।

রাজ্যাঙ্গ (রাজ্য—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজ্যের আবশ্যক অঙ্গ; স্বামী, মন্ত্রী, সুহৃৎ, ধন, দেশ, দুর্গ, সৈন্য—এই সাত; প্রকৃতি সমেত অষ্ট; তপস্বী লইয়া নব।

রাটি (রট্ বলা, শব্দ করা+ই—প্রং) সং, ক্লীং, যুদ্ধ, সংগ্রাম। শরালি পাখী।

রাঢ় (রহ্ ত্যাগ করা+অ—প্রং, হ=ঢ়) সং, পুং, ঢ়ী—স্ত্রীং, দেশবিশেষ, বাঙ্গালার মধ্যে গঙ্গার পশ্চিমদিক্‌স্থ দেশ। সৌন্দর্য্য। ঢ়া—স্ত্রীং, সূক্ষ্ম। শোভা। পুরীবিশেষ।

রাঢ়ীয় (রাঢ় দেশবিশেষ+ঈয়—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, রাঢ়দেশীয়।

রাণ (রণ শব্দ করা+অ—প্রং) সং, ক্লীং, পত্রবিশেষ। ময়ূরপিচ্ছ।

রাণী (রাজ্ঞীশব্দজ) সং, স্ত্রীং, মহিষী, রাজ্ঞী।

রাত্রী, রাত্রী (রা [বিশ্রাম] দান করা+ত্রিপ্—ক) সং, স্ত্রীং, রজনী, নিশা।

রাত্রিক (রাত্রি+ক—প্রং) সং, ক্লীং, পঞ্চরাত্র। পুং, এক বৎসর বেশ্যাগৃহবাসী (ব্যক্তি)।

রাত্রিকর (রাত্রি—কর যে করে, ২য়া—ষ, অথবা রাত্রি—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নিশাকর, চন্দ্র।

রাত্রিচর } (রাত্রি—চর যে চরে, ৭মী
রাত্রিঞ্চর } —ষ) সং, পুং, নিশাচর, রাক্ষস। চৌর। রী—স্ত্রীং, নিশাচর, রাক্ষসী। বিং, ত্রিং, রাত্রিতে গমনকর্ত্তা।

রাত্রিজ (রাত্রি—জ [জন জন্মান+অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, রাত্রিতে উৎপন্ন। ক্লীং, নক্ষত্র, তারা।

রাত্রিজল (রাত্রি—জল) সং, ক্লীং, কুয়াসা। শিশির। কুজ্ঝটিকা।

রাত্রিজাগর; সং, পুং, কুকুর।

রাত্রিমট (রাত্রি—অট্ গমন করা+অ-প্রং। ম্—আগম) সং, পুং, রাত্রিচ রাক্ষস। বিং, ত্রিং, রাত্রিতে গমনকর্ত্তা।

রাত্রিমণি (রাত্রি—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) স পুং, চন্দ্র, নিশাকর।

রাত্রিবাসঃ (রাত্রিবাসস্, রাত্রিতে—বাস বস্ত্র) সং, ক্লীং, অন্ধকার। রাত্রিতে প ধেয় বস্ত্র।

রাত্রিবিশ্লেষগামী (রাত্রি—বিশ্লেষ বিচ্ছে —গামী যে গমন করে) সং, প চক্রবাক।

রাত্রিবেদ } (রাত্রিবেদিন্, রাত্রি—বে
রাত্রিবেদী } বেদিন্=যে জানে। যে রা পরিমাণ জানে, অথবা যে রবের দ্ব রাত্রির শেষ জানায়, ২য়া—ষ) সং, কুক্কুট, কুঁকুড়া।

রাত্রিহাস (রাত্রি—হাস যে হাস্য ক যে রাত্রিতে প্রস্ফুটিত হয়) সং, শ্বেতোৎপল, সুঁদি।

রাত্রিহিণ্ডক (রাত্রি—হিন্ড্ গমন কর অক(ণক)—ক) সং, পুং, অন্তঃপুররক্ষ

রাত্র্যট (রাত্রি—অট্ গমন করা+অ( —ক) সং, পুং, নিশাচর। ভূতপ্রে চৌর। রাত্রিভ্রমণকারী।

রাত্র্যন্ধ (রাত্রি—অন্ধ, ৭মী—ষ) বিং, রাতিকাণা। কাকাদি।

রাদ্ধ (রাধ্ নিষ্পন্ন করা বা নিষ্পন্ন হও ত(ক্ত)—র্ম্ম) বিং, [illegible], সিদ্ধ, স পক্ক, ফলিত।

রাদ্ধান্ত (রাদ্ধ সিদ্ধ, নিষ্পন্ন—অন্ত নির্ণয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সি মীমাংসা। ফলস্থিতি।

রাধ (রাধী বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা (ষ্ণ)—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, বৈ মাস। ধা—স্ত্রীং, নক্ষত্রবিশেষ। কৃষ্ণপ্রে গোপীবিশেষ। কর্ণমাতা। বিদ্যুৎ। লক্ষ্মী। বিষ্ণুক্রান্তা। বাণমোক্ষণক ভঙ্গীবিশেষ; দুইপদ পরস্পর এক অন্তরে থাকে। ধা, ধিকা—বৃষভানু নর্ গোপীবিশেষ। ধী—স্ত্রীং, (রাধ্ সি +অ(ঘঞ)—র্ম্ম, ঈপ্) বৈশাখী পূ

শিং—১ "রাধেত্যেবঞ্চ সংসিদ্ধা রাকারো দানবাচকঃ। স্বয়ং নির্ব্বাণধাত্রী যা সা রাধা পরিকীর্ত্তিতা॥ রা চ রাসে চ ভবনাদ্ধা এব ধারণাদহো। হরেরালিঙ্গনাধারাত্তেন রাধা প্রকীর্ত্তিতা।"

রাধন—ক্লীং } (রাধ সিদ্ধ করা+অন
রাধনা—স্ত্রীং } (অনট্), অন—ভা, আপ্) সং, ক্লীং, সাধন। প্রাপ্তি। সন্তোষণ। পূজা। ভাষণ, কথন। [শিলাবৃষ্টি।

রাধরক্ষ; সং,পুং, লাঙ্গল। গুঁড়ি গুঁড়ি বৃষ্টি।

রাধাকান্ত } (রাধা—কান্ত প্রিয়। রাধা
রাধানাথ } —নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ।
রাধাবল্লভ } রাধা—বল্লভ প্রিয়) সং, পুং, শ্রীকৃষ্ণ।

রাধাতনয় } (রাধা ধৃতরাষ্ট্রের সারথি-
রাধাপুত্র } পত্নী—তনয়, পুত্র, সুত=
রাধাসুত } ছেলিয়া। ইহাঁর স্বীয় মাতা কুন্তী কর্ত্তৃক পরিত্যক্ত হইলে, রাধা এই যুবরাজকে পাইয়া প্রতিপালন করিয়াছিলেন বলিয়া) সং, পুং, কর্ণ, অঙ্গরাজ।

রাধাভেদী } (রাধাভেদিন্, রাধা কৃষ্ণ-
রাধাবেধী } প্রেয়সী—ভেদিন্ ভেদকারী, কৃষ্ণের উপর রাধার আধিপত্য থাকাতে, যিনি ইহাঁকে ত্যাগ করিয়াছিলেন। রাধাবেধিন্, রাধা কৃষ্ণপ্রেয়সী—বেধিন্ যে [বধ] আঘাত করে) সং, পুং, অর্জ্জুন।

রাধেয় (রাধা+এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, রাধানাম্নী সূত্রধরী-পালিত পুত্র, কর্ণ।

রান্না (রন্ধন শব্দজ) সং, অন্নাদি পাককরণ।

রাপ্য (রপ্ বলা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং,ত্রিং, কথনীয়।

রাভসিক (রভস+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং,যে অকস্মাৎ কোন কর্ম্ম করিয়া বসে, গোঁয়ার।

রাম (রম্-ণিচ্=রমি ক্রীড়া করা+ণ—ক। যিনি রমার সহিত রমণ করেন। অথবা রা বিশ্ব—ম ঈশ্বর,৬ষ্ঠী—ষ। শিং—১ "রা শব্দো বিশ্ববচনো মশ্চাপীশ্বরবাচকঃ। বিশ্বানামীশ্বরো যো হি তেন রামঃ প্রকীর্ত্তিতঃ॥ রমতে রময়া সার্দ্ধং তেন রামং বিদুর্বুধাঃ। রমাণাং রমণস্থানং রামং রামবিদো বিদুঃ।-রা চেতি লক্ষ্মীবচনো মশ্চাপীশ্বরবাচকঃ। লক্ষ্মীপতিং গতিং রামং প্রবদন্তি মনীষিণঃ।") সং, পুং, বিষ্ণুর তিন অবতার—পরশুরাম, রামচন্দ্র,



রাম (অবতার)।

বলরাম। শিং—১ "কালাম্ভোধর কান্তি-কান্তমনিশং বীরাসনাধ্যাসিনং। মুদ্রাং জ্ঞানময়ীং দধানমপরং হস্তাম্বুজং জানুনি। সীতা পার্শ্বগতাং সরোরুহকরাং বিদ্যুন্নিভাং রাঘবং। পশ্যন্তং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গ ভজে।"

২"বিতরসি দিক্ষু রণে দিক্পতি কমনীয়ং
দশমুখমৌলিবলিং রমণীয়ং।
কেশব ধৃতরামশরীর
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

বরুণ। ঘোটক। পশুবিশেষ। বিং, ত্রিং, মনোহর, রমণীয়। শুভ্র। কৃষ্ণ। হরিণ-বিশেষ। মা—স্ত্রীং, গীতকলাভিজ্ঞ নারী। সুন্দরী নারী। প্রিয়া। নদী। হিঙ্গুল।

রামকরী (রাম রমণীয়—কর যে করে) সং, স্ত্রীং, রাগিণীবিশেষ, রামকেলী রাগিণী।

রামকর্পূর (রাম মনোহর—কর্পূর) সং, পুং, সদ্গন্ধযুক্ত তৃণবিশেষ।

রামগিরি (রাম—গিরি পর্ব্বত, ৬ষ্ঠী—ষ। বন যাত্রাকালে এই পর্ব্বত রামের বিশ্রাম স্থান) সং, পুং, বন্দেলখণ্ডস্থ চিত্রকূট-পর্ব্বত। শিং—১ "যক্ষশ্চক্রে জনকতনয়াস্নানপুণ্যোদকেষু স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্য্যাশ্রমেষু।"

রামচন্দ্র } (রাম—চন্দ্র, যিনি চন্দ্রের
রামভদ্র } ন্যায় আহ্লাদক। রাম—ভদ্র

ভাগ্যবন্ত, ষ্ৎ—স) সং, পুং, দশরথের পুত্র, শ্রীরাম। শিং—১ "রামেতি রামচন্দ্রেতি রামভদ্রেতি বা স্মরন্।"

রামজননী (রাম—জননী) সং, স্ত্রীং, বলদেবমাতা। কৌশল্যা। রেণুকা।

রামঠ (রম্ ক্রীড়া করা+অঠ—সংজ্ঞার্থে। অ=া) সং, ক্লীং, হিঙ্গু, হিং। পুং, আকোঠগাছ। ঠী—স্ত্রীং, নাড়ীহিঙ্গু।

রামণ (রমি+অন—ক) সং, ক্লীং, গিরিনিতম্ব। তিন্দুক, তুঁত।

রামণীয়ক (রমণীয়+কণ্—প্রং) সং, ক্লীং, শোভা, রমণীয়ত্ব। "মণিহারাবলীরামণীয়কম্।" [নবমী, শ্রীরামের জন্মদিন।

রামনবমী; সং, স্ত্রীং, চৈত্রমাসের শুক্লা

রামবল্লভ (রাম—বল্লভ প্রিয়) সং, ক্লীং, ভূর্জপত্র। বিং, ত্রিং, রামপ্রিয়।

রামশিঙ্গা (রামশৃঙ্গ শব্দজ) সং, যন্ত্রবিশেষ; ইহা মাঙ্গল্যকার্য্যে ব্যবহৃত হইয়া থাকে। কীর্ত্তন সময়ে বৈষ্ণবগণ এই যন্ত্রের



রামশিঙ্গা।

ব্যবহার করিয়া থাকেন। ইহা তাম্রে বা কাংস্যে নির্ম্মিত হইয়া থাকে।

রামসখ (রাম সখ [সখি শব্দজ] বন্ধু, ৬ষ্ঠী—ষ। ইনি বানরশ্রেষ্ঠ বালিরাজ কর্ত্তৃক তাড়িত হইলে রাম ইহাকে উক্ত সিংহাসনে আরোহণ করান) সং, পুং, সুগ্রীব।

রামায়ণ (রাম+আয়ন—অধিকৃত্য কৃতার্থে, রামকে অধিকার করিয়া যে গ্রন্থ কৃত হইয়াছে, অথবা রাম—অয়ন বাসস্থান, আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, বাল্মীকিপ্রণীত রামচন্দ্রের উপাখ্যানঘটিত মহাকাব্য।

রামিল (রাম রমণীয়+ইল—প্রং) সং, পুং, কামদেব। রমণ। স্বামী। নায়ক।

রাস্ত (রস্ত বেণু+অ(ষ্ণ)—বিকারার্থে) সং, পুং, ব্রতার্থ ধৃত বংশযষ্টি।

রায় (আরবী) মত, উপদেশ।

রায়ণ (রৈ শব্দ করা+অন—ভা) সং, ক্লীং, পীড়া, ক্লেশ। শব্দকরণ।

রায়বাঁশ—লম্বা লাঠী।

রায়বেঁশে—লাঠিয়াল। [আও

রায়ভাটী; সং, স্ত্রীং, নদীর স্রোতোবি

রায়বার (যাবনিক) যশোবার্ত্তা।

রারস্যমান (রস [যঙ্লুগন্ত] পুনঃপুনঃ শ করা+আন(শান)—ক। ম্—আগ বিং, ত্রিং, শব্দায়মান।

রাল (রা দান করা বা পাওয়া+অল্—ও সং, পুং, সর্জ্জরস, ধূনা। [পুং, শব্দ, র

রাব (রু শব্দকরা+অ(ঘঞ)—ভাবে)

রাবণ (রু-ণিচ=রাবি শব্দ করান+অন ক) সং, পুং, লঙ্কাধিপতি, দশানন।


রাবণগঙ্গা—সিংহলদ্বীপস্থ নদীবিশেষ।

রাবণারি (রাবণ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) পুং, রামচন্দ্র,রাবণহন্তা। "বন্দে লোকা রামং রঘুকুলতিলকং রাঘবং রাবণারিং

রাবণি (রাবণ+ই(ঞি)—অপত্যার্থে) পুং, রাবণপুত্র, ইন্দ্রজিৎ, মেঘনাদ।

রাশি (অশ্ ব্যাপা+ইণ্—ক, নিপাত সং, পুং, পুঞ্জ, স্তূপ, গাদা। নক্ষত্রপ স্বরূপ মেষাদি দ্বাদশ।

রাশিচক্র (রাশি চিহ্ন—চক্র চাকা বৃত্ত) সং, ক্লীং, মেষাদি দ্বাদশ রাশি



রাশিচক্র।

বৃত্ত, মেষাদি দ্বাদশ রাশি ঘটিত কা

চক্র, জ্যোতিশ্চক্র। অঙ্কশাস্ত্রের সংখ্যা। ভাজ্য বা ভাজক।

রাশীকৃত (রাশি—কৃত করা হইয়াছে, ঈ(চ্বি)—অভূততদ্ভাবে) বিং, ত্রিং, পুঞ্জীকৃত, স্তূপাকার করা।

রাষ্ট্র (রাজ্ দীপ্তি পাওয়া+ষ্ট্রন্—ক) সং, পুং—ক্লীং, রাজ্য, জনপদ, দেশ। শিং—১"গৌড়ং রাষ্ট্রমনুত্তমম্।" উপদ্রব। মড়ক প্রভৃতি। প্রচার, প্রকাশ।

রাষ্ট্রবিপ্লব (Revolution) রাজ্য শাসনের প্রচলিত প্রণালীর পরিবর্ত্তন।

রাষ্ট্রিক (রাষ্ট্র জনপদ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, রাষ্ট্রসম্বন্ধীয়। কা—স্ত্রীং, কণ্টকারী।

রাষ্ট্রিয় } (রাষ্ট্র রাজ্য+ইয়, ঈয়—সম্ব-
রাষ্ট্রীয় } ন্ধার্থে) সং,পুং, নাট্যোক্তিতে—রাজশ্যালক। বিং, ত্রিং, রাজ্যসম্বন্ধীয়।

রাস (রস্ শব্দ করা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, কার্ত্তিকী পূর্ণিমায় কৃষ্ণের লীলাবিশেষ। (+ঘঞ্—ভাবে) কোলাহল, গোলমাল। শব্দ। শৃঙ্খলাবন্ধন ন্যায় ক্রীড়া বিশেষ।

রাসক; সং, ক্লীং, নাট্যগ্রন্থবিশেষ।

রাসন (রসনা+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, রসনেন্দ্রিয়জন্য জ্ঞান। বিং, ত্রিং, রসনাসম্বন্ধীয়।

রাসভ—পুং } (রাস দেখ, অভ—ক) সং,
রাসভী—স্ত্রীং } পুং, গর্দ্দভ।

রাসমণ্ডপ } সং, ক্লীং, কৃষ্ণের রাসক্রীড়ার
রাসমণ্ডল } স্থান।

রাসায়নিক (Chemical, রসায়ন+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, রসায়নবিদ্যাসম্বন্ধীয়।

রাসায়নিক-আকর্ষণ(Chemetical attraion) যে গুণ দ্বারা পরস্পর বিভিন্ন প্রকার পরমাণু সকল মিলিত হইয়া একটী স্বতন্ত্রগুণবিশিষ্ট পদার্থে পরিণত হয়।

রাসায়নিক-সম্বন্ধ (Chemical Affinity) যে গুণ দ্বারা ভিন্ন ভিন্ন জাতীয় পরমাণু সকল সংযুক্ত হইয়া গুণান্তর প্রাপ্ত হয় তাহার নাম রাসায়নিক সম্বন্ধ।

রাসেরস (রাস কোলাহল ইত্যাদি—রস স্বাদ, আস্বাদ) সং, পুং, গোষ্ঠীসভা। উৎসব। শৃঙ্গার। পরিহাস। মণ্ডলী। রসায়নবিদ্যা। প্রসবদিন হইতে ষষ্ঠদিবস। ক্রীড়া। [রাধিকা।

রাসেশ্বরী (রাস—ঈশ্বরী) সং, স্ত্রীং, রাধা,

রাস্তা (দেশজ) সং, পথ, মার্গ, বর্ত্ম।

রাস্না (রাস দেখ, নণ্—ক, আ—প্রং) সং, স্ত্রীং, ঔষধবিশেষ, লতাবিশেষ। গন্ধদ্রব্যবিশেষ।

রাহা (পারস্য) রাস্তা, পথ।

রাহাখরচ (পারস্য) পথখরচ।

রাহাজানী (পারস্য রাহা+জদন মারা) পথে দস্যুতা, ডাকাইতী।

রাহিন (আরবী) যে ব্যক্তি সম্পত্তি বাঁধা দেয়।

রাহু (রহ্ ত্যাগ করা+উণ্—ক) সং, পুং, সিংহিকার পুত্র, অষ্টম গ্রহ। (+উণ্—ভাবে) ত্যাগ।

রাহুগ্রস্ত (রাহু—গ্রস্ত ভক্ষিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, চন্দ্রসূর্য্যের গ্রহণ।

রাহুগ্রাহ (রাহু—গ্রাহ গ্রহণ) সং, পুং, চন্দ্র সূর্য্যের গ্রহণ।

রাহুভেদী (রাহুভেদিন্, রাহু সেই দৈত্য—ভেদিন্ খণ্ডকারী) সং, পুং, বিষ্ণু।

রাহুমূর্দ্ধভিদ্ (রাহু দৈত্যবিশেষ—মূর্দ্ধন্ মস্তক—ভিদ্ খণ্ডকারী। যিনি রাহুর শিরশ্ছেদন করিয়াছিলেন, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

রাহুহা (রাহুহন্, রাহু দৈত্যবিশেষ—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

রাহুসংস্পর্শ (রাহু—সংস্পর্শ স্পর্শ) সং, পুং, উপরাগ, চন্দ্রসূর্য্যগ্রহণ।

রাহূচ্ছিষ্ট } (রাহু দৈত্য—উচ্ছিষ্ট উ-
রাহূৎসৃষ্ট } দ্গীর্ণ।—উৎসৃষ্ট সৃজিত) সং, পুং, রশুন, লশুন।

রিকাব, রিকাবী (পারস্য) ছোট থাল।

রিক্ত (রিচ্ বিযুক্ত হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শূন্য, খালি। নিষ্ফল। দরিদ্র। সং, ক্লীং, বন। অবকাশ। শূন্য। ক্তা—স্ত্রীং, চতুর্থী নবমী চতুর্দ্দশী তিথি।

রিক্তহস্ত (রিক্ত শূন্য—হস্ত) বিং, ত্রিং, শূন্যহস্ত। নির্ধন। অকিঞ্চন।

রিক্থ (রিচ্ সম্পৃক্ত হওয়া+থক্—র্ম্ম) সং, ক্লীং, ধন, স্থাবর অস্থাবর সম্পত্তি, যোত্র। শিং—১ "স্বামী রিক্থক্রয় সংবিভাগ।"

রিক্থহারী (রিক্থহারিন্, রিক্থ ধন—হারিন্ যে হরণ করে) বিং, ত্রিং, দায়াদ, উত্তরাধিকারী। মাতুল। ডুমুরবীজ।

রিক্থী (রিক্থিন্, রিক্থ ধন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উত্তরাধিকারী। ধনী।

রিক্ষা (লক্ষ্ চিহ্ন করা+অ—প্রং। অ=ই। ল=র) সং, পুং, লিক্ষা, নিকি। সূর্য্যকিরণগত অণু।

রিঙ্খণ, রিঙ্গণ } (রিন্খ্, রিন্গ্=গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, স্খলন, পতন। গমন। ভ্রংশ। সন্মার্গচ্যুতি। বালকের হস্তপদাদিদ্বারা চলন, হামাগুড়ি।

রিঙ্গিত (রিন্গ্ গমন করা+ক্ত—ভাবে) সং, ক্লীং, গমন। (+ক্ত—ক) গত।

রিধম; সং, পুং, কন্দর্প। বসন্ত।

রিপু (রপ্ বলা+উ—ক, অ=ই) সং, পুং, শত্রু, বিপক্ষ। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য—এই ছয়টী শরীরস্থ রিপু। লগ্নষষ্ঠ স্থান। (আরবী, রফু শব্দজ) বস্ত্রাদি মেরামত করা।

রিপ্র (রী বধ করা+র—প্রং। প—আগম) বিং, ত্রিং, নীচ, অধম।

রিপ্রবাহ (রিপ্র পাপ—বাহ যে বহন করে) সং, পুং, ক্রব্যাদাগ্নি।

রিম্ফ (রিম্ফ আঘাত করা+অ—প্রং) সং, ক্লীং, রাশিচক্র।

রিরংসা (রম্ রমণ করা+সন্—ইচ্ছার্থে, অ—ভাবে, আপ্) সং, স্ত্রীং, রমণেচ্ছা। ক্রীড়ার ইচ্ছা।

রিরংসু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, রমণেচ্ছু। ক্রীড়া করিতে ইচ্ছুক।

রিরী (রি গমন করা+রী—প্রং) সং, স্ত্রীং, পিত্তল, পিতল।

রিশ্য, রিষ্য } (রিষ্, রিশ্=বধ করা+য—প্রং) সং, পুং, মৃগ, হরিণ।

রিষি (ঋষ্ গমন করা+ই—প্রং, যিনি জ্ঞান এবং সংসারের পারে গমন করেন) সং, পুং, মুনি, ঋষি, তপস্বী। শিং—১ "বিদ্যাবিদগ্ধ মতয়ো রিষয়ঃ প্রসিদ্ধাঃ।"

রিষ্ট (রিষ্ বধ করা+ত(ক্ত)—ণ) সং, ক্লীং, কল্যাণ, শুভ। অশুভ। পাপ। (+ক্ত—ভাবে) নাশ। অভাব। পারদ। (+ক্ত—ণ) পুং, খড়্গ। বৃক্ষবিশেষ। (+ক্ত—র্ম্ম) দৈত্যবিশেষ। (+—ক) বিং, ত্রিং, পাপজনক। অশুভদায়ক। অশুভযুক্ত।

রিষ্টি (রিষ্ট দেখ, ক্তি—ণ) সং, স্ত্রীং, অশুভ, অসৌভাগ্য। শুভ। (+ক্তিচ্) পুং, খড়্গ। অমঙ্গল। [স্ত্রীং, গতি। রোদন।

রী (রী গমন করা+০(ক্বিপ্)—ভাবে) সং,

রীজ্যা (হ্রী লজ্জিত হওয়া, নিপাতন) সং, স্ত্রীং, লজ্জা। ঘৃণা।

রীঢ়ক (রিহ্ বধ করা+ত—প্রং, কণ্—যোগ। ই=ঈ) সং, পুং, পৃষ্ঠবংশ, পিঠের শিরদাঁড়া।

রীঠা; সং, স্ত্রীং, রীঠাকরঞ্জ।

রীঢ়া (রিহ্ রণ করা+ক্ত—ভাবে, আপ্। ই=ঈ) সং, স্ত্রীং, অবজ্ঞা, ঘৃণা।

রীণ (রী ক্ষরিতহওয়া, গমনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষরিত, চোয়ান। বিগত।

রীতি (রী গমন করা+ক্তি—ভাবে) সং, স্ত্রীং, ক্রম। ধারা। পদ্ধতি। স্বভাব। ক্ষরণ। লৌহমল। দেশবি[illegible]য় আচার ব্যবহার। ছাঁকা। লোহা[illegible] রচা। ধাতুমাত্রের মরিচা। সীমা। গমন, গতি। স্বাভাবিক ধর্ম্ম। গুণ বা প্রবৃত্তি। কাব্যের রসাদির উপকারক পদসংঘটনাবিশেষ; তাহা চারি প্রকার—বৈদর্ভী, গৌড়ী, পাঞ্চালী, লাটিকা। (+ক্তি—ক) পিত্তল।

রীতিক (রীতি পিত্তল+কণ্—প্রং) সং, ক্লীং, কা—স্ত্রীং, পুষ্পাঞ্জন। ক্লীং, পিত্তল।

রুংশিত (রুন্শ্ দীপ্তিপাওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চর্চ্চিত, ছুরিত, রঞ্জিত।

রুক; বিং, ত্রিং, বহুপ্রদ, অতিশয় দাতা।

রুক্ (রুচ্, রুচ্ দীপ্তি পাওয়া, রোচক হওয়া+০ (ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং,

কান্তি, দীপ্তি, শোভা। স্পৃহা, ইচ্ছা। (রুজ্, রুজ্ পীড়িত হওয়া+০—প্রং) রোগ, পীড়া। ময়নাপাখীর কপচান। বিদ্যুৎ। ঋগ্বেদ।

রুক্প্রতিক্রিয়া (রুজ্ রোগ—প্রতিক্রিয়া প্রতিকার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রোগের প্রতীকার, চিকিৎসা।

রুক্ম (রুচ্ দীপ্তি পাওয়া+মক্—ক) সং, ক্লীং, স্বর্ণ। ধুস্তূর। লৌহ; যথা—রুক্মদণ্ড। নাগকেশর।

রুক্মকারক (রুক্ম স্বর্ণ—কারক [কৃ করা+ +অক(ণক)—ক] যে করে) সং, পুং, স্বর্ণকার।

রুক্মবতী; সং, স্ত্রীং, ১০ অক্ষর ছন্দোবিশেষ।

রুক্মাঙ্গদ; সং, পুং, কলিঙ্গদেশের নৃপতিবিশেষ।

রুক্মিণী (রুক্মী দেখ,ঈপ্) সং,স্ত্রীং, বিদর্ভরাজ ভীষ্মক-দুহিতা; স্বয়ং লক্ষ্মীর অংশে অবতীর্ণা। লোকপরম্পরায় কৃষ্ণের রূপ গুণের কথা শুনিয়া, তিনি মনে মনে তাঁহাকে বিবাহ করেন। রুক্মিণীর রুক্মীপ্রভৃতি পাঁচ ভ্রাতা ছিল, তাহারা সকলেই কৃষ্ণদ্বেষী। তাহারা চেদীশ্বর দামুঘোষের পুত্র শিশুপালের সহিত রুক্মিণীর বিবাহ-সম্বন্ধ করেন। তখন রুক্মিণী অনন্যোপায় হইয়া কৃষ্ণের নিকট সমস্ত সংবাদ দিয়া এক দূত পাঠান। তদনুসারে বিবাহ-রাত্রিতে কৃষ্ণ বিদর্ভে আসিয়া রুক্মিণীকে হরণ করেন এবং সমাগত জরাসন্ধ প্রভৃতি রাজগণকে পরাস্ত করিয়া রুক্মিণীকে দ্বারিকায় লইয়া যান। এইরূপে কৃষ্ণের সহিত রুক্মিণীর রাক্ষস-বিবাহ হয়।

রুক্মিদর্প, রুক্মিদারী, রুক্মিভিদ্ } (রুক্মিন্ নৃপ-বিশেষ—দর্প অহঙ্কার। যিনি রুক্মিণী পরাজয়ের অহঙ্কারী। রুক্মিদারিন্, রুক্মিন্—দারিন্ নাশকারী। রুক্মিন্ রুক্মিণীর জ্যেষ্ঠভ্রাতা—ভিদ্ ভেদকারী, জয়ী) সং, পুং, বলরাম।

রুক্মী (রুক্মিন্, রুক্ম স্বর্ণ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নৃপবিশেষ, ভীষ্মকরাজের জ্যেষ্ঠ পুত্র। বিং, ত্রিং, স্বর্ণস্বামী, স্বর্ণযুক্ত।

রুক্ষ (রুহ্ উৎপন্ন হওয়া+সক্—ক) বিং, ত্রিং, কর্কশ। কঠিন। অচিক্কণ, খস্খসে। নিষ্ঠুর। উগ্র, তীব্র।

রুগ্ন (রুজ্ পীড়িত হওয়া+ত(ক্ত)—ক। মূর্দ্ধন্য ণ) বিং, ত্রিং, রোগান্বিত, পীড়িত। ভগ্ন। বক্র। আহত।

রুচ্, রুচা } (রুচক দেখ, ০(ক্বিপ্)—ভা,আপ্) সং, স্ত্রীং, কান্তি। শোভা। ইচ্ছা।

রুচক (রুচ্ রোচক হওয়া, দীপ্তি পাওয়া অক(ণক)—ক) সং, পুং—ক্লীং, অশ্বাভরণ। মাল্য। মাঙ্গল্যদ্রব্য। লবণ। গন্ধদ্রব্য। আস্বাদ্যরস। স্বর্ণ-পাত্র-বিশেষ। গোরোচনা। বলকারক ঔষধ। বিড়ঙ্গ। পুং, দন্ত। বীজপুর। কপোত। কণ্ঠভূষণ। বিং, ত্রিং, তীব্র, উৎকট।

রুচি, রুচী } (রুচক দেখ, ই(কি)—ভা) সং, স্ত্রীং, প্রীতি, অনুরাগ। স্পৃহা, অভিলাষ। শোভা। দীপ্তি, কিরণ, যথা—"মুখরুচি কতশুচি করিয়াছে শোভা।" বুভুক্ষা। আস্বাদ। গোরোচনা। আলিঙ্গনবিশেষ। পুং, প্রজাপতি।

রুচিত (রুচক দেখ, ইত—প্রং) বিং, ত্রিং, মিষ্ট, সুস্বাদু। উজ্জ্বল। পরিপক্ব।

রুচির (রুচক দেখ, ইর(কির)—ক) বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। মধুর, মিষ্ট। উজ্জ্বল; যথা—"রুচির কিরীট।" ক্লীং, মূলক। কুঙ্কুম। লবঙ্গ। রা—স্ত্রীং, ১৩ অক্ষর ছন্দোবিশেষ।

রুচিরাঞ্জন; সং, পুং, শোভাঞ্জন।

রুচিরাশ্ব; সং, পুং, নৃপতিবিশেষ।

রুচিষ্য (রুচক দেখ, ইষ্য—প্রং) বিং, ত্রিং, মধুর, মিষ্ট। অভিপ্রেত।

রুচ্য (রুচ্+য(ক্যপ্)—ক) বিং,ত্রিং, রুচির, সুন্দর। (রুচি+য(ষ্য)—ভা) রুচিকারক। সং, পুং, কান্ত, পতি। কতকবৃক্ষ। শালিধান্য। চন্দ্র। ক্লীং, সৌবর্চ্চল।

রুচ্যকন্দ; সং, পুং, শূরণ, ওল।

রুজ্, রুজা } (রুজ্ পীড়িত হওয়া+০(ক্বিপ্)—ভাবে। ২য়-পক্ষে-৬—ভা, আপ্) সং, স্ত্রীং, ব্যাধি পীড়া। ভঙ্গ। ক্ষতি, হানি। মেষী। কুষ্ঠ।

রুজাকর ; সং, পুং, ব্যাধি। ক্লীং, কর্ম্মরঙ্গ-ফল।

রুজাসহ ; সং, পুং, ধন্বনবৃক্ষ।

রুটী (রোটি বা রোটিকা শব্দজ) সং, পিষ্টক-বিশেষ।

রুণস্করা ; সং, স্ত্রীং, যে গাভীর দুগ্ধ দোহন করিতে কিছুই কষ্ট হয় না।

রুণ্ড (রুন্‌ট্ লুণ্ঠন করা, চুরিকরা+অ(অন্) —ক, ট=ড) সং, পুং, কবন্ধ, শিরোহীন কলেবর।

রুণ্ডিকা (রুণ্ড+কন্—প্রং, আপ্) সং, স্ত্রীং, রণস্থল। দ্বারের সম্মুখ। বিভূতি। চৌকাঠ। কুট্টিনী। দৈবশক্তি।

রুত } (রু রব করা, কাঁদা+ত(ক্ত), ০
রুৎ } (ক্বিপ্)—ভাবে) সং, ক্লীং, পশু-পক্ষীর শব্দ। রোদন। রব, শব্দ। বিং, ত্রিং, রোদনকারী। শিং—১ "আকর্ণ্য সম্প্রতি রুতং চরণায়ুধানাং।"

রুদথ (রুদ্ ক্রন্দন করা+অথচ্—প্রং) সং, পুং, কুক্কুর। বিদ্যার্থী, ছাত্র।

রুদিত (রুদ্ ক্রন্দন করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ক্রন্দন, রোদন। (+ক্ত—ক) বিং, ত্রিং, রোদনকারী।

রুদ্ধ (রুধ্ আবরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, বেষ্টিত। প্রতিবদ্ধ, বাধিত। ব্যাপ্ত। নিবারিত।

রুদ্র (রুদ্-ণিচ্=রোদি রোদন করা+রক্ —ক) সং, পুং, শিব। অজ, একপাদ, অহির্ব্রধ্ন, পিণাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হর, ঈশ্বর—এই একাদশবিধ গণদেবতাবিশেষ। অন্যমতে —অজৈকপাদ্ অহির্ব্রধ্ন বিরূপাক্ষ সুরেশ্বর জয়ন্ত বহুরূপ ত্র্যম্বক অপরাজিত বৈবস্বত সাবিত্র হর—এই একাদশ গণ। শিং—১ "রুরোদ সস্বরং ঘোরং দেবদেবঃ স্বয়ং শিবঃ রোদমানং যদা ব্রহ্মা মারোদীরিত্যভাষত। রোদনাদ্রুদ্র ইত্যেবং লোকে খ্যাতিং গমিষ্যতি।" একাদশ সংখ্যা। আর্দ্রানক্ষত্র। আদিত্যপত্র বৃক্ষ।

রুদ্রজ (রুদ্র শিব—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত। ইহা শিববীর্য্য হইতে জন্মিয়াছে, এইরূপ প্রসিদ্ধি আছে) সং, পারদ, পারা। কার্ত্তিকাদি।

রুদ্রজটা (রুদ্র শিব—জটা। শিবজটার ন্যায় পিঙ্গলবর্ণ বলিয়া) সং, স্ত্রীং, লতা-বিশেষ।

রুদ্রপত্নী ; সং, স্ত্রীং, অতসী। দুর্গা।

রুদ্রপ্রিয়া (রুদ্র শিব ইত্যাদি—প্রিয়) সং, স্ত্রীং, হরীতকী। পার্ব্বতী।

রুদ্রবিংশতি ; সং, স্ত্রীং, প্রভবাদি ষষ্টিবর্ষান্তর্গত শেষ বিংশতিবর্ষ।

রুদ্রসাবর্ণি ; সং, পুং, দ্বাদশ মনু।

রুদ্রসূ ; সং, স্ত্রীং, একাদশপুত্র-জননী।

রুদ্রাক্রীড় (রুদ্র শিব—আক্রীড় ক্রীড়া-স্থান। সায়ংকালে শিব এইরূপ স্থানে নৃত্য এবং ক্রীড়া করেন, এইরূপ প্রসিদ্ধি আছে) সং, পুং, প্রেতভূমি, [illegible]শান।

রুদ্রাক্ষ (রুদ্র—অক্ষি+ষ) [illegible] পুং, বৃক্ষ-বিশেষ। ক্লীং, রুদ্রাক্ষ বৃ[illegible] ফল ; এই ফলে জপমালা প্রস্তুত [illegible]। শিং—১ "ত্রিপুরস্য বধে কালে [illegible]স্যাক্ষোঽপতংস্তু যে। অশ্রুণো বি[illegible]স্তু তু রুদ্রাক্ষা অভবন্ ভুবি।"

রুদ্রাণী (রুদ্র শিব+ঈপ্—স্ত্রী, আন্—আগম) সং, স্ত্রীং, রুদ্রপত্নী দুর্গা। শিং—২ "রুদ্রস্যেয়ন্তু রুদ্রাণী রৌদ্রং হন্তি করোতি যা।" [মদন, কামদেব।

রুদ্রারি (রুদ্র শিব—অরি শত্রু) সং, পুং,

রুদ্রাবাস (রুদ্র শি[illegible]—আবাস বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বারাণসী, কাশী। কৈলাস। শ্মশান।

রুধির (রুধ্ আবরণ করা+ইর(কির)—ক) সং, ক্লীং, শোণিত, রক্ত। কুঙ্কুম। পুং, মঙ্গলগ্রহ। রক্তবর্ণ। মণিবিশেষ। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট।

রুধিরাখ্য ; সং, ক্লীং, মণিবিশেষ।

রুমা (রু রব করা+ম—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, সুগ্রীবের ভার্য্যা। রাজপুতানার অন্তর্গত সাম্বর প্রদেশের লবণের খনি।

রুমাল (পারস্য, রু মুখ—মালিদন্ ঘর্ষণ করা) সং, ব্যবহার দ্বারা মুখ মুছা যায়। গামছা, গাত্রমার্জ্জনী।

রুম্র (রম্ ক্রীড়া করা+র-প্রং, র=রু) সং, পুং, অরুণ, সূর্য্যসারথি।

রুরু (রু রব করা+রু(ক্রু)-ক) সং, পুং, মহাকৃষ্ণসার, মৃগবিশেষ। দৈত্যবিশেষ।

রুরুদিষু (রুদ্ ক্রন্দনকরা+সন—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, রোদন করিতে ইচ্ছুক।

রুবৎ (রু শব্দ করা+অৎ(শতৃ)-ক) বিং, ত্রিং, শব্দায়মান।

রুবাই (পারস্য) সঙ্গীতবিশেষ, ইহাতে নায়ক নায়িকার এবং বিরহাদির বিষয় বর্ণিত হইয়া থাকে।

রুবু, রুবুক, রুবূক (রু শব্দকরা+উ-প্রং, উ=উব। কণ-যোগে রুবুক। ১ম ও ২য় বর্ণের স্বর দীর্ঘ হয়, যথা—রূবূক, রুবূক) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ। রক্তেরণ্ড।

রুষ্ } (রুষ্ ক্রুদ্ধ হওয়া+০(ক্বিপ্)—
রুষা } ভাবে, আপ্) সং, স্ত্রীং, রোষ, ক্রোধ।

রুষিত } (রুষ্ দেখ, ত(ক্ত)-ক) বিং,
রুষ্ট } ত্রিং, ক্রুদ্ধ, কুপিত।

রুষ্টি (রুষ্ দেখ, তি(ক্তি)-ভা) সং, স্ত্রীং, রোষ, ক্রোধ।

রুহ (রুহ্ উৎপন্ন হওয়া+অ(ক)-ক) বিং, ত্রিং, জাত। (শব্দের পরবর্ত্তী হইলে) তদুৎপন্ন, যথা—ভূরুহ, মহীরুহ ইত্যাদি। আরূঢ়। হা-স্ত্রীং, দূর্ব্বা। মহাসমঙ্গা।

রুহক (রুহ্ [কীট পতঙ্গাদি] গমন করা বা উপরে উঠা+অক-প্রং) সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত, গহ্বর।

রুহিরুহিকা; সং, স্ত্রীং, উৎকণ্ঠা।

রুহ্বা (রুহ্বন্, রুহ্ উৎপন্ন হওয়া + বন্ (ক্বনিপ্)-ক) সং, পুং, বৃক্ষ, গাছ।

রূংষিত (রূষ্ ভূষিতকরা+ত(ক্ত)-র্ম্ম,ং—আগম) বিং, ত্রিং, চর্চ্চিত, ছুরিত, রংকরা।

রূক্ষ (রূক্ষ্ কর্কশ হওয়া+অ(অন্)-ক) বিং, ত্রিং, কর্কশ। কঠিন। নির্দ্দয়। কঠোর ব্রতধারী। বদ্ধত্ব। অননুকূল। স্নেহশূন্য। অচিক্কণ। সং, পুং, বৃক্ষ। ক্ষা-স্ত্রীং, দন্তীবৃক্ষ।

রূক্ষপত্র; সং, পুং, শাখোটবৃক্ষ, শেওড়া গাছ।

রূঢ় (রুহ্ উৎপন্নহওয়া+ত(ক্ত)-ক) বিং, ত্রিং, উৎপন্ন, জাত। প্রসিদ্ধ। প্রবৃদ্ধ। ব্যুৎপত্তিলভ্য অর্থের অর্থাৎ প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া অন্যার্থপ্রকাশক (শব্দ); যথা—গো বৃক্ষাদি। শিং—১ "মুখ্যো লাক্ষণিকো গৌণঃ শব্দঃ স্যাদৌপচারিকঃ। যৌগিকো যোগরূঢ়ো বা রূঢ়ো বা মুখ্য এব সঃ।" ইতি শাব্দিকাঃ।

রূঢ়পদার্থ (Elements) যে সকল বস্তু অন্য পদার্থের পরমাণু যোগে উৎপন্ন না হয়; যথা—স্বর্ণ রৌপ্য গন্ধক প্রভৃতি।

রূঢ়মূল; বিং, ত্রিং, বদ্ধমূল, যাহার মূল বদ্ধ হইয়াছে।

রূঢ়ি (রুহ্ উৎপন্ন হওয়া+ক্তি-ভাবে) সং, স্ত্রীং, উৎপত্তি। প্রসিদ্ধি। (+ক্তি—ণ) প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া শব্দের অর্থবোধকশক্তি। শব্দশক্তিবিশেষ। শিং—১ "শব্দাত্মিকা সতী রূঢ়ির্ভবেদ্যোগাপহারিণী। কল্পনীয়া তু লভতে নাত্মানং যোগবাধতঃ।"

রূপ (রূপ্ রূপযুক্ত করা+অ(অল্)-র্ম্ম) সং, ক্লীং, স্বরূপ, স্বভাব। শরীর। আকৃতি। প্রকার। সৌন্দর্য্য। শুক্লাদি বর্ণ, রং। বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু। গ্রন্থাদির আবৃত্তি। নাম। পশু। শ্লোক। দৃশ্যকাব্য। বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তৎসদৃশ, তুল্য। ক্লীং, এক সংখ্যান্বিত। শিং—১ "রূপং ভজেৎ স্যাৎ পরিপূর্ত্তিকালঃ।"

রূপক (রূপ-ণিচ্=রূপি+অক(ণক)-ক) সং, ক্লীং, আকৃতি, গঠন। নাট্য গ্রন্থের অলঙ্কারবিশেষ। কাব্যের অলঙ্কারবিশেষ, উপমানের সহিত উপমেয়ের অভেদজ্ঞান। শুক্লাদিবর্ণ। আকার। সংখ্যাবিশেষ। গুঞ্জাত্রয় পরিমাণ। শিং—১ "মঙ্কালী প্রোচ্যতে গুঞ্জা সা তিস্রো রূপকং ভবেৎ।" রৌপ্য। (রূপ+কণ্-যোগ) বিং, ত্রিং, মূর্ত্ত। শিং—১ "অভেদো ভাসতে ব-

স্মিন্ প্রমানোপমেয়য়োঃ। রূপকং কথ্যতে সদ্ভিরলঙ্কারোত্তমং যথা। ত্বন্বি যুষ্মাস্থখাস্তোজং লীলালকমধুব্রতং। ন কস্য হ-রতে চেতো লসদ্দশনকেশরং।"

রূপণ ( রূপ-ণিচ্=রূপি + অনট্—ভাবে) সং, ক্লীং, বর্ণন। অভিনয়। নিরূপণ।

রূপতত্ত্ব (রূপ—তত্ত্ব নিগূঢ়ভাব) সং, ক্লীং, শীল। যথা—"স্যাদ্রূপং লক্ষণং ভাবশ্চাত্মপ্রকৃতিরীতয়ঃ। সহজো রূপতত্ত্বঞ্চ ধর্ম্মসর্গৌ নিসর্গবৎ।"

রূপধারী (—ধারিন্) বিং,ত্রিং, সৌন্দর্য্যান্বিত। বেশান্তরগ্রাহী (নট)।

রূপধেয় ; সং, ক্লীং, সৌন্দর্য্য।

রূপনাশন ( রূপ আকৃতি—নাশন বিনাশন) সং, পুং, পেচক, পেঁচা। বিং, ত্রিং, সৌন্দর্য্যের নাশক।

রূপভাগ (Reduction) লঘুকরণ দেখ।

রূপরাশি—যে রাশির ঠিক মূল বাহির হইতে পারে।

রূপবান্ (রূপবৎ, রূপ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সৌন্দর্য্যশালী, সুন্দর। আকারবিশিষ্ট, সাকার। শুক্লাদিবর্ণযুক্ত।

রূপস ; বিং, ত্রিং, রূপবান্।

রূপাজীবা ( রূপ সৌন্দর্য্য—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বেশ্যা।

রূপান্তর (রূপ—অন্তর) সং, ক্লীং, ভিন্নরূপ, বিভিন্ন আকার। অবস্থান্তর। [কন্দর্প।

রূপাস্ত্র ( রূপ সৌন্দর্য্য—অস্ত্র ) সং, পুং,

রূপিকা ; সং, স্ত্রীং, শ্বেত আকন্দ।

রূপী (রূপিন্, রূপ+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং,রূপবিশিষ্ট। সাকার। সৌন্দর্য্যশালী।

রূপ্য ( রূপ + য(ঞ্য)—আহতার্থে। অশ্ববরাহপুরুষাদিরূপ প্রকাশ করিবার জন্য যে তাড়িত হয়) সং, ক্লীং, রৌপ্য, রজত। স্বর্ণ। অলঙ্কারাদি নির্ম্মাণার্থ আহত স্বর্ণ বা রৌপ্য। বিং, ত্রিং, রূপবান্, সুন্দর।

রূপ্যাধ্যক্ষ (রূপ্য রৌপ্য—অধ্যক্ষ তত্ত্বাবধায়ক) সং, পুং, টাকশালের অধ্যক্ষ। অশ্বাদিরূপ গঠিত রজতের অধ্যক্ষ।

রুবুক ( রুবু দেখ ) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেন্দাগাছ।

রূষণ (রূষ্ ভূষিত করা ইত্যাদি+অনট্—ভাবে) সং, ক্লীং, লেপন। ছুরন।

রূষিত (রূষ্ ভূষিতকরা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, ভূষিত। চূর্ণিত। অচিক্কণীকৃত। ছুরিত। ম্রক্ষিত। লেপিত।

রে ( রু শব্দ করা+এ(ডে)—ভাবে) অং, নীচ সম্বোধন। [অস্ত্রবিশেষ।

রেঁদা (দেশজ) সং, কাঠ পরিষ্কার করণার্থ

রেক (রেকৃ শঙ্কা করা+অ(অল্)—ভাবে) সং, পুং, সংশয়, সন্দেহ। পুং, শঙ্কা। নীচ, ইতর। ভেক, ব্যাঙ। ( রিচ নিঃসরণ করা+অ(ঘঞ্)—ভাবে ) বিরেচন, ভেদ। ( দেশজ ) সং, বেত্র-নির্ম্মিত পরিমাণ পাত্রবিশেষ।

রেক্তা ( পারস্য ) সঙ্গীতবিশেষ ; ইহাতে নায়ক নায়িকা এবং বিরহাদি বিষয় বর্ণিত হইয়া থাকে।

রেখা (লিখ্ লেখা+অ—র্ম্ম, আপ্—স্ত্রীং, ল=র) সং, স্ত্রীং, বিস্তৃতিহীন দীর্ঘধরাতল। লম্বাকৃতি চিহ্ন,"।"" —"দাঁড়ী,কসী প্রভৃতি। রাজি, শ্রেণী, সারি। আভোগ। অল্পমাত্র। সম্পূর্ণতা। ছল, কপট। শরীরস্থ শুভাশুভ লক্ষণচিহ্ন।

রেখাগণিত (Geometry) ক্ষেত্রতত্ত্ব। জগন্নাথ পণ্ডিতকৃত গণিতগ্রন্থবিশেষ।

রেচক (রিচ-ণিচ্=রেচি নিঃসা[illegible] করান+অক(ণক)—ক) বিং,ত্রিং, [illegible]রেক,জোলাপ। পুং, প্রাণায়ামকালে [illegible]ন্তর হইতে প্রাণবায়ুর নিঃসারণ। শিং—১ "কুম্ভকো নিশ্চলশ্বাসো মুচ্যমানস্ত রেচকঃ।" যবক্ষার। জয়পালের গাছ। তিলকবৃক্ষ। পিচকারী। শিং—১ "সিচ্যমানোঽচ্যুতস্তাভি র্মহিষীভিঃ স্ম রেচকৈ।"

রেচন ( রেচক দেখ, অনট—ভা ) সং, ক্লীং, বিরেচন, ভেদ। (রিচ্-ণিচ্=রেচি+অন—ক) বিং, ত্রিং, ভেদক।

রেচনক—পুং } কাম্পিল্ল। নী—স্ত্রীং,
রেচনা—স্ত্রীং } কালাঞ্জনী। দন্তীবৃক্ষ। শ্বেতত্রিবৃতা।

রেচিত ( রিচ-ণিচ্=রেচি বিযুক্ত করান+ত(ক)—র্ম্ম ) বিং, ত্রিং, ত্যক্ত। বিব-

র্জ্জিত। শিং—১ "স্যাদ্ ভ্রূবোললিতা-ক্ষেপাদেকস্যা এব রেচিতম্। তয়োর্ম্মূল-সমুৎক্ষেপং কৌটিল্যাদ্‌ভ্রূকুটীং বিদুঃ।"

রেণু (রি বধ করা+নু—ক) সং, পুং—স্ত্রীং, ধূলি, পাংশু। পরাগ, গুঁড়া।

রেণুকা (রেণু+কণ—আ, প্রং) সং, স্ত্রীং, মরিচাকৃতি সুগন্ধি দ্রব্যবিশেষ। পরশু-রামের মাতা।

রেণুকাসুত; সং, পুং, পরশুরাম।

রেণুবাস (রেণু পুষ্পরেণু—বাস বাসস্থান) সং, পুং, অলি, ভ্রমর।

রেণুরূষিত (রেণু ধূলি—রূষিত অচিক্কণী-কৃত) বিং, ত্রিং, ধূলিম্রক্ষিত, ধূলামাখা। সং, পুং, গর্দ্দভ। [পুং, কর্পূর।

রেণুসার (রেণু ধূলি—সার সারাংশ) সং,

রেতঃ (রেতস, রী ক্ষরিত হওয়া+অস—ক, ৎ—আগম) সং, ক্লীং, শুক্র, বীর্য্য। শিববীর্য্য, পারদ, পারা।

রেতুজা; সং, ক্লীং, বালুকা, বালি।

রেতন; সং, ক্লীং, শুক্র, বীর্য্য।

রেত্য (রী গমন করা+য—প্রং, ৎ—আ-গম) সং, ক্লীং, পিত্তল, পিতল।

রেত্র (রী গমন করা+র—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, রেতঃ, শুক্র। পীযূষ, অমৃত। পটবাস। পারদ। সূতক।

রেপ (রি বধ করা+প—ক। অথবা রেপ্ শব্দ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, নিন্দিত। নীচ। নির্দ্দয়। কৃপণ।

রেফ (র+ইফ্—প্রং) সং, পুং, র, ´। শিং—১"সম্মুখবর্ত্তী পিশুনঃ প্রততি পাদয়ো নিয়তং। স পুনরসম্মুখবর্ত্তী রেফৈবায়ং শিরোবর্ত্তী।" (রিফ্ নিন্দা করা+অ (অন্)—ক) বিং, ত্রিং, ক্রূর। কৃপণ। নীচ। কুৎসিত। পুং, রবর্ণ। রাগ, স্নেহ। সমাজ পরিত্যক্ত।

রেফাঃ (রেফস, রিফ্ নিন্দা করা+অস—ক) বিং, ত্রিং, নীচ, অধম। ক্রূর। দুষ্ট। কৃপণ।

রেভণ (রেভৃ শব্দকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, গোধ্বনি, গোরুর শব্দ।

রেয়াৎ (আরবী) দয়া, অনুগ্রহ।

রেরিহাণ; সং, পুং, শিব। অসুর। চৌর। রাক্ষস। অধিনায়ক।


রেবট (রেব্ গমন করা+অট—প্রং) সং, ক্লীং, দক্ষিণাবর্ত্ত শঙ্খ। পুং, শূকর। বেণু। বাতুল। বিষবৈদ্য। মোরঙ্গ তৈল। কদলী-বৃক্ষ। ধূলি। বাত্যা। ঐন্দ্রজাল। সর্প-ক্রীড়ক, মাল।

রেবত (রেব+অত—ক) সং, পুং, জম্বীর। আরগ্বধ বৃক্ষ। রেবতীর পিতা, বলরামের শ্বশুর।

রেবতক; সং, ক্লীং, পারাবত।

রেবতি; সং, স্ত্রীং, কামপত্নী, রতি।

রেবতী (রেবত এক রাজা, বলরামের শ্বশুর +অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈ—প্রং) সং, স্ত্রীং, রেবত রাজার কন্যা, বলরামের পত্নী। (রেব+অত—ক, ঈপ্) অশ্বিন্যাদি সপ্ত-বিংশতি নক্ষত্রান্ত-র্গত শেষ নক্ষত্র। ইহার আকৃতি মর্দ্দলের



রেবতী (নক্ষত্র)।

ন্যায় এবং দ্বাত্রিংশ তারকাযুক্ত। ইহার অধিষ্ঠাত্রী দেবতা পূষাখ্য সূর্য্য। ইহার জাত ফল—"চারুশীলবিভবো জিতে-ন্দ্রিয়ঃ সৎকুলং স্বভবনৈকমানসঃ। মানবো নমু ভবেন্মহীপতী রেবতী ভবতি যস্য জন্মভং।" স্ত্রীগোরু, গাভি। দুর্গা। শিং—১"রেবা তু নর্ম্মদাদেবী নদী বা রেবতী মতা। অতিখণ্ডন বঙ্কা বা লোকে দেবী প্রকীর্ত্তিতা।" মাতৃকাবিশেষ। নদীবিশেষ। বালগ্রহবিশেষ।

রেবতীভব (রেবতী নক্ষত্রবিশেষ—ভব জাত) সং, পুং, শনৈশ্চর, শনিগ্রহ।

রেবতীরমণ, রেবতীশ, রেবতীজানি } (রেবতী বলরামপত্নী—রমণ পতি।—ঈশ প্রভু বা স্বামী) সং, পুং, বল-রাম। চন্দ্র। [বিশেষ।

রেবন্ত; সং, পুং, গুহ্যকাধিপতি সূর্য্য পুত্র-

রেবন্তমনুসূ; সং, স্ত্রীং, সংজ্ঞা।

রেবা (রেব্ গমনকরা+অ(অন্)—ক,আপ্) সং, স্ত্রীং, নর্ম্মদানদী। শিং—১ "রেবাং দ্রক্ষ্যস্যুপলবি মে বিন্ধ্যপাদে বিশীর্ণাং।" রতি, কামপত্নী। নীলীগাছ। দুর্গা।

রেষণ (রেষ্ অশ্ব কর্ত্তৃক ধ্বনি করা, বৃক কর্ত্তৃক ধ্বনি করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, হেষারব। বৃকের গর্জ্জন।

রেসম (পারস্য) সং, ঊর্ণা, পশম।

রেসবৎ (আরবী) উৎকোচ।

রেহন্ (আরবী) বন্ধক দেওয়া।

রৈ (রা দান করা+ঐ(ডৈ)—র্ম্ম) সং, পুং, ধন। স্বর্ণ। শব্দ।

রৈখিক (Lineal, রেখা+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, রেখাসম্বন্ধীয়।

রৈত্য (রীতি পিত্তল+য(ষ্ণ্য)—প্রং) বিং, ত্রিং,রীতি হইতে উৎপন্ন। পিত্তলনির্ম্মিত।

রৈবত(রেবা+অ(ষ্ণ)—প্রং,ত—যোগ,অথবা রেবতী+ষ্ণ) সং, পুং, বিন্ধ্য পর্ব্বতের পশ্চিমদিক্‌স্থ পর্ব্বতবিশেষ। দৈত্যবিশেষ। শিব। চতুর্দ্দশমনুর পঞ্চমমনু। স্বর্ণালুবৃক্ষ।

রৈবতক ; সং, পুং, পর্ব্বত-বিশেষ। ক্লীং, পারেবত বৃক্ষ।

রৈবতিক(রেবতী+ইক(ষ্ণিক) -অপত্যার্থে) সং, পুং, রেবতীপুত্র।

রোক (রুচ্ দীপ্তি পাওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, দীপ্তি। ক্রয়বিশেষ। (রু+কন্—ক) সং, ক্লীং, নৌকা। (+কন্—ধি) গর্ত্ত, ছিদ্র।

রোক্‌সোদ (আরবী) অনুমতি। বিদায়।

রোগ (রুজ্ রুগ্ন হওয়া+অ(ঘঞ্)—ক) সং, পুং, ব্যাধি, পীড়া।

রোগঘ্ন (রোগ—ঘ্ন যে নাশ করে) বিং,ত্রিং, রোগনাশক। সং, ক্লীং, ঔষধ। পুং,বৈদ্য।

রোগভূ (রোগ—ভূ ভূমি) সং, স্ত্রীং, দেহ, শরীর। |রাজযক্ষ্মা, ক্ষয়রোগ।

রোগরাজ (রোগ—রাজ প্রধান) সং, পুং,

রোগশান্তক } (রোগ—শান্তক যে উপ-
রোগহারী } শম করে। —হারিন্, রোগ —হারিন্ যে হরণ করে) বিং, ত্রিং, রোগনাশক। সং,পুং, বৈদ্য, চিকিৎসক।

রোগশিলা ; সং, স্ত্রীং, মনঃশিলা।

রোগশিল্পী ; সং, পুং, বৃক্ষবিশেষ, শরালু।

রোগহ } (রোগহন্, রোগ—হন্ [হন্ বধ
রোগহা } করা+অ(ড), ০(ক্বিপ্)—ক] যে নাশ করে) সং, পুং, বৈদ্য, চিকিৎসক। বিং, ত্রিং, রোগনাশক।

রোগী (রোগিন্,রোগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রুগ্ন, পীড়িত, ব্যাধিত।

রোগ্য (রোগ+য—প্রং) বিং, ত্রিং, অপথ্য, অহিত। রোগসম্বন্ধীয়।

রোচক (রুচ্-ণিচ্=রোচি রোচক হওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, রুচিকারক। দীপ্তিপ্রদ। সং,পুং,ক্ষুধা। কদলী। পলাণ্ডু-বিশেষ। অবদংশ, চাট্‌নি। গ্রন্থিপর্ণ-বিশেষ।

রোচন (রুচ্-ণিচ্=রোচি দীপ্তি পাওয়া, রোচক হওয়া+অন—ক) বিং, ত্রিং, রোচক, রুচিকারক। দীপ্তিপ্রদ। বল-কারক। (রুচ্+অন—ক) সং,পুং,কার্পাস বৃক্ষবিশেষ। পলাণ্ডু। আরগ্বধ। করঞ্জ। দাড়িম্ব। কলম্বলেবু। বায়ুরেচক ঔষধ।

রোচনা (রুচ্ দীপ্তিপাওয়া+অন—ক,আপ্) সং, স্ত্রীং, গোরোচনা, বর্ণ দ্রব্যবিশেষ। গন্ধদ্রব্য। রক্তকহ্লার। উত্তমা স্ত্রী।

রোচনিকা ; সং, স্ত্রীং, বংশরোচনা। শুণ্ডা-রোচনী।

রোচনী ; সং, স্ত্রীং, আমলকী। গোরোচনা। মনঃশিলা। শ্বেতবিবৃতা।

রোচমান (রুচ দীপ্তিপাওয়া+আন(শান) —ক। ম—আগম) সং, পুং, অশ্বের কণ্ঠস্থলস্থ রোমাবর্ত্ত-বিশেষ। বিং, ত্রিং, দীপ্যমান।

রোচিঃ (রোচিস্, রুচ্ দীপ্তি পাওয়া+ইস্—ভাবে) সং, ক্লীং, দীপ্তি, ছবি, কান্তি।

রোচিষ্ণু, রোচী (রোচিন্, রোচমান দেখ, ইষ্ণু, ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, অল-ঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, কান্তিযুক্ত, শো-ভিত। চী—স্ত্রীং, হিলমোচিকা।

রোচ্য (রুচক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, রুচি-কর, প্রীতিকর বিষয়। দীপ্তিযোগ্য।

রোজ (পারস্য) সং, তারিখ, দিবস।

রোজগার (পারস্য) আয়, উপার্জ্জন।

রোজনামা (পারস্য) দৈনিক হিসাবের বহি, যে বহিতে দৈনিক বিবরণ লেখা যায়।

রোজা (যাবনিক) মুসলমানদিগের উপবাসরূপ ব্রতবিশেষ।

রোটি, রোটিকা (রুট্ দীপ্তি পাওয়া+ই—প্রং। ২য়-পক্ষে অক(ণক)—ক,আপ)সং, স্ত্রীং, গোধূমচূর্ণদ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ, রুটী। "শুষ্কগোধূমচূর্ণেন কিঞ্চিৎ পুষ্টাঞ্চ পোলিকাম্। তপ্তকে স্বেদয়েৎ কৃত্বা ভূয়ো হঙ্গারেহপি তাং পচেৎ। সিদ্ধৈষা রোটিকা প্রোক্তা গুণানস্যাঃ প্রচক্ষ্মহে।"

রোদঃ (রোদস, রুদ্ রোদন করা+অস্—ধি) সং, ক্লীং, স্বর্গ। পৃথিবী। আকাশ। দ্বিং, পৃথিবী আকাশ উভয়।

রোদ, রোদন (রুদ্ রোদন করা+অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, ক্রন্দন। মৃতমুদ্দিশ্য রোদননিষেধো যথা, "শ্লেষ্মাশ্রু বান্ধবৈর্মুক্তং প্রেতো ভুঙক্তে যতোহবশঃ। অতো ন রোদিতব্যং হি ক্রিয়া কার্য্যা বিধানতঃ।"

রোদসী (রোদস+ঈপ—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী। স্বর্গ। দ্বিং, স্বর্গ ও পৃথিবী উভয়। "রবঃশ্রবণভৈরবঃ স্থগিত রোদসীকন্দর।"

রোদ্ধা (রোদ্ধৃ, রুধ্ রোধ করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, রোধকর্ত্তা।

রোধ (রুধ আবরণ করা+অ(অল্)—ভা) সং,পুং,বাধা। অবরোধন। (+অল্—ণ) তীর, কূল।

রোধঃ (রোধস, রুধ আবরণ করা+অস্—ণ) সং, ক্লীং, তীর, কূল, রোধ।

রোধক (রোধ দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, নিবারণকর্ত্তা।

রোধন (রোধ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অবরোধ, বাধা, আটক। (+অন—ক) বিং, ত্রিং, রোধকর্ত্তা।

রোধবক্রা, রোধোবক্রা, রোধবতী (রোধ, রোধস্ তীর—বক্র নদীর বাঁক। রোধ তীর+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, তটিনী, নদী। "নিম্নগা রোধবক্রা চ স্রবন্তী সিন্ধুরাপগা।" [বিং,ত্রিং, রোদ্ধা।

রোধী (রোধিন্, রোধ দেখ, ইন্(ণিন্)—ক)

রোধ্র (রোধ দেখ, র—ণ) সং,ক্লীং,অপরাধ। পাপ। (+র—ক) পুং, লোধ্র বৃক্ষ।

রোধ্রপুষ্প, সং, পুং, মধুকবৃক্ষ।

রোধ্রপুষ্পিণী; সং, স্ত্রীং, ধাতকীবৃক্ষ।

রোপ (রুপ্ মূর্চ্ছিত হওয়া+অ(অল্)—ণ) সং, পুং, বাণ, শর। (রুহ-ণিচ্=রোপি+অল্—ভাবে) রোপণ। ক্লীং, ছিদ্র, গর্ত্ত।

রোপণ (রুহ্-ণিচ্=রোপি জন্মান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বীজাদিবপন, বুনন, উৎপাদন, জনন। স্থাপন, অর্পণ। (রুপ্ মুগ্ধহওয়া+অনট্—ভা) আরোপ। বিমোহন, মুগ্ধকরণ। অঞ্জনবিশেষ।

রোপণাবর্ত্তি; সং, স্ত্রীং, নেত্রাঞ্জনবিশেষ।

রোপিত (রুহ্-ণিচ্=রোপি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। প্রোত। উপ্ত, বপন করা। প্রোথিত, পোতা। বিমোহিত। (রুপ্+ক্ত—র্ম্ম) আরোপিত।

রোপ্যাতিরোপ্য; সং, পুং, ধান্যবিশেষ।

রোম (রোমন্, রু শব্দ করা+মন্—ক) সং, ক্লীং, লোম, রোঁয়া। জল।

রোমক (রোমন্—ক কৈধাতুজ) সং, ক্লীং, রুমনগর। পাংশুলবণ,পাঙ্গালুণ। অয়স্কান্ত মণিবিশেষ। পুং, বহুং, রুমনগরবাসী।

রোমকপত্তন; সং, ক্লীং, রোমরাজ্য।

রোমকূপ (রোমন্ লোম—কূপ কূয়া, বিবর) সং, পুং, রোমবিবর।

রোমকেশর, রোমগুচ্ছ (রোমন্ [চমরীর] লোম—কেশর তন্তু-সদৃশ পদার্থ। —গুচ্ছ গোছা) সং, ক্লীং, চামর।

রোমজ (রোমন্ লোম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) বিং, ত্রিং, রোমদ্বারা প্রস্তুত, পশমি।

রোমন্থ, রোমন্থন (রোগ—মন্থ বধ করা+অ (অন্), অন(অনট্)—ক, নিপাতন) সং, পুং, উদ্গীর্য্যচর্ব্বণ,জাওরকাটা।

রোমন্থক, রোমন্থিক (Ruminata, রোমন্থ+কণ্, ইক—প্রং) সং, পুং, যে সকল পশু ভুক্ত বস্তু উদ্গার করিয়া তাহা পুনর্ব্বার চর্ব্বণ করে; যথা—উষ্ট্র, জিরাফা, হরিণ, মেষ, ছাগ, গো, মহিষাদি।

রোমভূমি (রোম—ভূমি স্থল) সং,স্ত্রীং,চর্ম্ম

রোমরাজি } (রোমন্‌—রাজিরেখা,শ্রেণী।
রোমলতা } রোমন্‌-লতা) সং,স্ত্রীং,রোমাবলী।

রোমবান্‌ (—বৎ,রোমন্‌ লোম+বৎ(বতু) —অস্ত্যর্থে) বিং, ত্রিং, রোমবিশিষ্ট, লোমযুক্ত।

রোমবিকার—পুং } (রোমন্‌—বিকার,বি-
রোমবিক্রিয়া—স্ত্রীং } ক্রিয়া=বিকৃতি)সং, রোমাঞ্চ। রোমোদ্গম। রোমভঙ্গ।

রোমবিধ্বংস (রোম—বিধ্বংস) সং, পুং, গাত্র-উকুণবিশেষ।

রোমশ (রোমন্‌, রোমন্‌+শ—অস্ত্যর্থে বিং, ত্রিং, অধিক রোমযুক্ত। সং, পুং, মেষ। শূকর। পিণ্ডালু। কুম্ভী। শা—স্ত্রীং, দগ্ধবৃক্ষ।

রোমশফল; সং,পুং, টিণ্ডিশবৃক্ষ।

রোমহর্ষ—পুং } (রোমন্‌ লোম—
রোমহর্ষণ—ক্লীং } হর্ষ হর্ষণ, ৬ষ্ঠী—ষ।
রোমবিক্রিয়া—স্ত্রীং } সং, লোমস্ফূরণ, গায়ে কাঁটা দেওয়া।

রোমহর্ষণ (রোম—হর্ষণ) সং, পুং, সূত, লোমহর্ষণ মুনিবিশেষ। শিং—১ "অস্যাতে সর্ব্বরোমাণি বচসা হৃষিতানি যৎ। দ্বৈপায়নস্য ভগবংস্ততো বৈ রোমহর্ষণঃ। ভবন্তমেব ভগবান্‌ ব্যাজহার স্বয়ংপ্রভুঃ।"

রোমাঞ্চ (রোমন্‌—অনচ্‌ গমন করা+অ (অল্‌)—ভা) সং,পুং,পুলক,রোমোদ্গম।

রোমাঞ্চিকা; সং, স্ত্রীং, রুদন্তীবৃক্ষ।

রোমাঞ্চিত (রোমাঞ্চ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, রোমাঞ্চযুক্ত, পুলকিত।

রোমালি, রোমালী } (রোমন্‌—আবলী,
রোমাবলি,রোমাবলী } আলি, আলী= শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাভির ঊর্দ্ধ-ভাগে উদরমধ্যস্থ রোমশ্রেণী।

রোমালু; সং, পুং, পিণ্ডালু।

রোমীয়সম্প্রদায় (Romish Church) রোম-নগরীয় ধর্ম্মালয়ের মতানুযায়ী খৃষ্টধর্ম্মা-বলম্বী লোক।

রোমোদ্গম } (রোমন্‌—উদ্গম, উদ্ভেদ,
রোমোদ্ভেদ } ৬ষ্ঠী—ষ) সং, পুং, রোমাঞ্চ।

রোরুদা (রুদ্‌ [যঙ্‌লুগন্ত] পুনঃপুনঃ রোদন করা+অ—ভাবে, আপ্‌) সং,স্ত্রীং,অতিশয় রোদন।

রোরুদ্যমান (রুদ্‌ [যঙ্‌লুগন্ত] পুনঃপুনঃ রোদন করা+আন(শান)—ক) বিং, ত্রিং অতিশয় রোদনশীল।

রোল; সং, পুং, ফলবিশেষ। আর্দ্রক অব্যক্ত শব্দ; যথা—"কিঙ্কিনীর রোল ঘোর রোলে।"

রোলম্ব (রোড্‌ উন্মত্ত হওয়া+অম্বচ্‌—ক ড=ল। অথবা রো [রু শব্দ করা+ (ক্বিপ্‌)—ক] শব্দকারী—লম্ব্‌ গমনকর +অ(অন্‌)—ক। যে শব্দ করিতে করিতে গমন করে) সং, পুং, ভ্রমর। শুষ্কভূমি বিং, ত্রিং, অবিশ্বাসী।

রোশন (পারস্য) আলোক।

রোশনচৌকী (পারস্য) বাদ্যযন্ত্রবিশেষ।

রোশনাই, রোশনি (পারস্য) আলোক।

রোষ (রুষ্‌ ক্রোধ করা+অ(অল্‌)—ভ সং, পুং, ক্রোধ, রাগ।

রোষণ (রোষ দেখ, অন—ক) বিং, ত্রি ক্রোধশীল, রাগী, ক্রোধন। সং, পু পারদ। কষ্টিপাথর। ঊষর ভূমি।

রোষিত (রোষ+ইত-সংজাতার্থে অথ রুষ-ণিচ্‌=রোষি+ক্ত—[illegible]) বিং, ত্রি রোষপ্রাপিত, কোপিত, [illegible]ান।

রোহ (রুহ্‌ উৎপন্ন [illegible] ইত্যাদি+ (অল্‌)—ভাবে) সং[illegible], আরোহণ। ( অ(অন্‌)—ক) প্র[illegible]রোহ, অঙ্কুর। বি ত্রিং, আরোহী।

রোহক (রুহ্‌ উঠা+অক(ণক)—ক) বি ত্রিং, আরোহণকর্ত্তা। সং, পুং, প্রে বিশেষ।

রোহণ (রুহ্‌ উৎপন্ন হওয়া ইত্যাদি+ (অনট্‌)—ভা) সং, ক্লীং, উৎপত্তি, জ উদ্ভব, প্রাদুর্ভাব। আরোহণ। (+অ —ণ) শুক্র, রেতঃ। (+অনট—র্ম্ম) বিদূরাদ্রি। শৈল।


রোহন্ত (রোহণ দেখ, অন্ত—প্রং) সং, বৃক্ষ। ন্তী—স্ত্রীং, লতা।

রোহি (রুহ আরোহণ করা+ইন্‌—ব সং, পুং, বীজ। বৃক্ষ। ধার্ম্মিক।

রোহিণ } (রোহিণী+অ(ষ্ণ)—দেবতার্থে)
রৌহিণ } সং, পুং, ন্যগ্রোধ, বটগাছ। রোহিতক বৃক্ষ। (রুহ্ আরোহণ করা+ইন্—ক, ষ) ক্লীং, দিবসের নবম মুহূর্ত্ত।

রোহিণিকা } (রোহিত রক্তবর্ণ+কণ্
রোহিতিকা } —যোগ। রোহিত শব্দের স্ত্রীলিঙ্গে রোহিণী হয়) সং, স্ত্রীং, ক্রোধাদি হেতুক যে স্ত্রীর শরীর লোহিতবর্ণ হয়।

রোহিণী (রুহ্ উৎপন্ন হওয়া+ইন্—ক, ঈপ্) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ; ইহা



রোহিণী (নক্ষত্র)।

শকুলাকৃতি পঞ্চতারাত্মক। ইহার অধিষ্ঠাত্রী দেবতা ব্রহ্মা। ইহার জাতফল—"স্যাদ্ধর্ম্মকার্য্যে কুশলঃ কুলীনঃ সুচারুদেহো বিলসৎ কলেবরঃ। স্মরাগ্নিনাকুলিতাখিলাশয়ো যো রোহিণীজঃ স ধনী স মানী।" চন্দ্রপত্নী, দক্ষ প্রজাপতির এক কন্যা। বলরামের মাতা। বিদ্যাধরীবিশেষ। নববর্ষবয়স্কা কন্যা। শিং—১ "অষ্টবর্ষা ভবেৎ গৌরী নববর্ষা চ রোহিণী।" স্ত্রী-গবী, গাভী। বিদ্যুৎ। কটুম্ভরা। সোমবল্ক। লোহিতা। জিনদিগের বিদ্যাদেবীবিশেষ। হরীতকী। মঞ্জিষ্ঠা। গলরোগবিশেষ। হরিতাল। রক্তবর্ণা।

রোহিণীকুণ্ড—শ্রীক্ষেত্রস্থ কুণ্ডবিশেষ। কল্পবটের পশ্চিমদিকে উঠা অবস্থিত।

রোহিণীপতি } (রোহিণী—পতি স্বামী।
রোহিণীবল্লভ } রোহিণী—বল্লভ প্রিয়) সং, পুং, চন্দ্র। বসুদেব।

রোহিত } (রুহ্ আরোহণ করা+ইতন্
রোহিতক } —ক) সং, পুং, রুইমাছ। হরিণবিশেষ। রক্তবর্ণ। পদ্মরাগমণি। বৃক্ষবিশেষ। ক্লীং, কুঙ্কুম। ঋজু ইন্দ্রধনুঃ। শোণিত। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট। তা—স্ত্রীং, রাগাদি দ্বারা রক্তবর্ণা। শিং—১ "রোহিণী রোহিতা রক্তা লোহিনী লোহিতা চ সা।"

রোহিতাশ্ব (রোহিত রক্তবর্ণ—অশ্ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। হরিশ্চন্দ্রপুত্র।

রোহিতেয়; সং, পুং, রোহিতক বৃক্ষ।

রোহিৎ (রুহ্ গমন করা বা উৎপন্ন হওয়া +ইৎ—প্রং) সং, পুং, সূর্য্য। বর্ণবিশেষ। মৎস্যবিশেষ। স্ত্রীং, মৃগীবিশেষ। লতাবিশেষ।

রোহী (রোহিন্, রুহ্ উৎপন্ন হওয়া ইত্যাদি+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, উৎপত্তিশীল। আরোহী। সং, পুং, রোহিতকবৃক্ষ। অশ্বত্থবৃক্ষ। বটবৃক্ষ।

রৌক্ম (রুক্ম স্বর্ণ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, স্বর্ণময়।

রৌক্ষ্য (রুক্ষ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, রুক্ষতা, কার্কশ্য, কাঠিন্য।

রৌচ্য; সং, পুং, মনুবিশেষ।

রৌদ্র (রুদ্র শিব ইত্যাদি+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, ক্রোধ। সূর্য্যকিরণ, আতপ। পুং, যম। হেমন্ত ঋতু। শৃঙ্গারাদি নয় রসের মধ্যে এক রস; এই রসে ক্রোধ স্থায়িভাব, শত্রু আলম্বন বিভাব, শত্রুর চেষ্টা, এবং প্রহারাদি উদ্দীপন বিভাব। বিং, ত্রিং, উগ্র, প্রচণ্ড। ভয়ানক। তীব্র। রুদ্রসম্বন্ধীয়। দ্রী—স্ত্রীং, চণ্ডী, দুর্গা। রুদ্রজটা।

রৌপ্য (রূপ্য+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, খনিজলবণবিশেষ। শম্বরলবণ।

রৌরব (রুদ্ রোদন করা, নিপাতন কিম্বা

রু [যঙ্‌লুগন্ত] রোরুয্‌+০(ক্বিপ্‌)—ধি= রোরু এখানে চেতন পদার্থ+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, নরকবিশেষ, যে নরকে গো, স্ত্রী, ভিক্ষুক, ভ্রূণ, ব্রহ্মহত্যাকারী, অগম্যাগামী, তীর্থপ্রতিগ্রাহীরা গমন করে। বিং, ত্রিং, ভয়ঙ্কর। চঞ্চল। ধূর্ত্ত। (রুরু+ষ্ণ) রুরু-সম্বন্ধীয়।

রৌহিণ (রোহিণ+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, চন্দনবৃক্ষ। ক্লীং, দিবসের নবম মুহূর্ত্ত।

রৌহিণেয় (রোহিণী ইহার মাতা+এয় (ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, রোহিণী-নন্দন, বলরাম। বুধগ্রহ। ক্লীং, মরকত-মণি। পুং—স্ত্রীং, গোবৎস।

রৌহিষ (রুহ্‌ উৎপন্ন হওয়া+ইষ(টিষচ)—ক। উ=ঔ) সং, পুং—স্ত্রীং, রুইমাছ। মৃগবিশেষ। তৃণ। ষী—স্ত্রীং, মৃগী। দূর্ব্বা।

# ল

**ল**; ব্যঞ্জনবর্ণের অষ্টাবিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান দন্ত। (লা দান করা+অ (ড)—ক) সং, পুং, শক্র, ইন্দ্র, দেবরাজ। ক্লীং, পৃথ্বীবীজ। লা—স্ত্রীং, (+ড—ভা) দান। গ্রহণ। লী—স্ত্রীং, আশ্লেষ।

লওন (নয়ন শব্দজ) সং, গ্রহণ, ধারণ।

লকচ } (লক্‌ আস্বাদন করা+অচ,
লকুচ } উচ—র্ম্ম) সং, পুং, বৃক্ষবিশেষ, ডেহুয়া কিম্বা মাদারগাছ।

লক্তক (লক্‌ [হীনলোক কর্ত্তৃক] আস্বাদন করা+ত(ক্ত)—র্ম্ম, কণ্‌—স্বার্থে) সং, পুং, জীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া। আল্‌তা।

লক্ষ (লক্ষ্‌ দর্শন করা, চিহ্ন করা+অ (অল্‌)—র্ম্ম) সং, ক্লীং, ক্ষা—স্ত্রীং, শত-সহস্র সংখ্যা। ক্লীং, চাতুরী, প্রবঞ্চনা। শরব্য, লক্ষ্য। দৃষ্টি।

লক্ষক (লক্ষ-ণিচ্‌+অক(ণক)—ক) বিং, ত্রিং, লক্ষণা দ্বারা অর্থবোধক।

লক্ষণ (লক্ষ্‌ দর্শন করা, চিহ্ন করা+অন (অনট্‌)—র্ম্ম) সং, ক্লীং, স্বরূপ। ব্যাকরণ-সূত্র। (+অনট্‌—ণ) নাম। চিহ্ন। (+অনট্‌—ভাবে) পরিচ্ছেদকরণ। পরিচয়। সজাতীয় ব্যবচ্ছেদ। (লক্ষ্‌+অন—ক) সং, পুং, শ্রীরামের ভ্রাতা। (+অনট্‌—র্ম্ম) বিং, ত্রিং, শ্রীমান্‌।

লক্ষণা (লক্ষ দেখ, অন—ক, আপ) সং, স্ত্রী, সারসী। হংসী। (+অন—ণ) শক্যসম্বন্ধ, অধ্যাহার; শব্দের শক্তি-বিশেষ, প্রকৃত অর্থের বোধ হইলে যে শক্তিদ্বারা প্রয়ো-জনবা বহু প্রয়োগবশতঃ প্রকৃত অর্থ-সম্বন্ধীয় অন্য অর্থের বোধ হয়; যথা—"দুর্ব্বাসা অতিশয় দুর্ম্মুখ ছিলেন" এস্থলে মুখ শব্দের বদন রূপ প্রকৃত অর্থ না বুঝাইয়া দুষ্ট হইয়াছে মুখ অর্থাৎ মুখ-সম্বন্ধীয় বাক্য যার—এই অর্থ বুঝাই-তেছে। শিং—১ "লক্ষণা শক্যসম্বন্ধস্তাৎ-পর্য্যানুপপত্তিতঃ। গঙ্গায়াং ঘোষ ইত্যাদৌ গঙ্গাপদস্য শক্যার্থে প্রাকাহরূপে ঘোষস্যা-ন্বয়ানুপপত্তিস্তাৎপর্য্যানুপপত্তির্ব্বা। যত্র প্র-তিসম্বন্ধীয়তে তত্র লক্ষণয়া তীরস্য বোধঃ

লক্ষণীয় (লক্ষ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রি-অনুভবনীয়, অনুভবযোগ্য। দর্শনীয়।

লক্ষিত (লক্ষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রি-দৃষ্ট। উদ্দিষ্ট। জ্ঞাত। লক্ষণাবৃত্তি দ্বা-জ্ঞাত। অনুমতি। অনুভূত। লক্ষ্যীকৃ-বেধনার্থ চিহ্ন। তা—স্ত্রীং, পরকীয়ান্তর্গ-নায়িকাবিশেষ।

লক্ষিতলক্ষণা; সং, স্ত্রীং লক্ষণাবিশে-যথা—"দ্বিরেফপদে বহুব্রীহিলক্ষণ-পদ্মাপিতাদ্রেফদ্বয়যুক্তদসমরপদাদভিধে-ভক্ষোপস্থিতিঃ।"

লক্ষ্ম (লক্ষ্মন্‌, লক্ষ্‌ চিহ্ন করা+মন্‌— সং, ক্লীং, চিহ্ন। প্রধান।

লক্ষ্মণ (লক্ষ্মী+অ(ষ্ণ)—অস্ত্যর্থে, ন প্র-ঈ=অ। অথবা লক্ষ্মন্‌+অ(ষ্ণ)-অস্ত্য-সং, পুং, রামের ভ্রাতা, সুমিত্রার সরসপক্ষী। ক্লীং, চিহ্ন। স্বরূপ। বিং,ত্রিং, সৌভাগ্যশালী। শ্রীমান্‌। স্ত্রীং, সারসী। দুর্য্যোধনের কন্যা, কৃষ্ণ-শাম্বের ভার্য্যা। শ্বেতকণ্টকারী।

লক্ষ্মণপ্রসূ (লক্ষ্মণ—প্রসূ জননী) সং, লক্ষ্মণের মাতা, সুমিত্রা। ঔষধবিশেষ

লক্ষ্মী ( লক্ষ্ দর্শন করা ইত্যাদি+ঈ-র্ম্ম, মৃ-আগম) সং, স্ত্রীং, বিষ্ণুর পত্নী,কমলা। সীতা। দুর্গা। রাজশ্রী। সম্পত্তি। শ্রী, শোভা। সৌন্দর্য্য। ঋদ্ধিনামৌষধ। মোক্ষ প্রাপ্তি। ফলিনীবৃক্ষ। স্থলপদ্মিনী। শমী। দ্রব্য। মুক্তা। রোগঘ্ন মূল-বিশেষ। প্রিয়ঙ্গু বৃক্ষ। বীরপত্নী। হরিদ্রা।

লক্ষ্মীকান্ত ( লক্ষ্মী-কান্ত স্বামী ) সং, পুং, নারায়ণ,বিষ্ণু। শিং-১"জগতঃ পালয়িত্রে চ লক্ষ্মীকান্ত নমোঽস্তু তে।" রাজা।

লক্ষ্মীগৃহ ; সং, ক্লীং, রক্তোৎপল। লক্ষ্মীর বেশ্ম।

লক্ষ্মীজনার্দ্দন ; সং, পুং, শালগ্রামবিশেষ। শিং-১"একদ্বারে চতুশ্চক্রং নবীননীর-দোপমং। লক্ষ্মীজনার্দ্দনং জ্ঞেয়ং রহিতং বনমালয়া।"

লক্ষ্মীপতি ( লক্ষ্মী-পতি প্রভু, স্বামী, ৬ষ্ঠী-ষ) সং, পুং, বিষ্ণু। শিং-১ "বিহায় লক্ষ্মীপতি লক্ষ্মকার্ম্মুকম্।" নরপতি। লবঙ্গলতা। গুবাকবৃক্ষ।

লক্ষ্মীপুত্র ( লক্ষ্মী দেবীবিশেষ বা সীতা-পুত্র, ৬ষ্ঠী-ষ) সং, পুং, কামদেব। অশ্ব। রাম বা সীতার পুত্র-কুশ ও লব। গন্ধর্ব্ব-বিশেষ। [মণি।

লক্ষ্মীপুষ্প (লক্ষ্মী-পুষ্প) সং, পুং, পদ্মরাগ-

লক্ষ্মীফল ; সং, পুং, বিল্ববৃক্ষ।

লক্ষ্মীবান্ ( লক্ষ্মীবৎ, লক্ষ্মী+বৎ (বতু)—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, শ্রীমান্। সৌভাগ্য-শালী। সম্পত্তিশালী। সং, পুং, পনস-বৃক্ষ। রোহিতবৃক্ষ।

লক্ষ্মীশ (লক্ষ্মী-ঈশ প্রভু, পতি ৬ষ্ঠী-ষ) সং, পুং, বিষ্ণু, রমাপতি। আম্রবৃক্ষ। সৌভাগ্যশালী ব্যক্তি।

লক্ষ্মীসমাহ্বয়া ; সং, স্ত্রীং, সীতা, জানকী।

লক্ষ্মীসহজ ( লক্ষ্মী-সহ সহিত-জ(জন্ জন্মান+অ(ড)-ক। দেবতা ও অসুর কর্ত্তৃক সমুদ্র মথিত হইবার সময়, সমুদ্র হইতে লক্ষ্মীর সহিত চন্দ্র উত্থিত হইয়াছিলেন বলিয়া) সং, পুং, চন্দ্র। উচ্চৈঃ-শ্রবাঃ। কর্পূর।

লক্ষ্য ( লক্ষ দেখ, য(য্যণ্)-র্ম্ম ) সং, ক্লীং, শরব্য, বেধ্য, বেধনার্থ লক্ষিত। ছল। চিহ্ন। চাতুরী। শতসহস্র সংখ্যা। বিং, ত্রিং, দ্রষ্টব্য, দর্শনযোগ্য। উদ্দেশ্য। লক্ষণাশক্তি দ্বারা বোধ্য। জ্ঞেয়। অনুমেয়।

লক্ষ্যাসন ; সং, ক্লীং, রুদ্রযামলোক্ত আসন-বিশেষ। শিং-১ "অথ লক্ষ্যাসনং বক্ষ্যে লিঙ্গাগ্রেঽঙ্ঘ্রি তলদ্বয়ম্। গুহ্যদেশে হস্ত-যুগ্মং তলাভ্যাম্বন্ধয়েৎ ভুবি।"

লগড় ; বিং, ত্রিং, সুন্দর, মনোহর।

লগিত (লগ্ লাগিয়া যাওয়া+ত(ক্ত)-ক) বিং, ত্রিং, সংলগ্ন, লাগা। যুক্ত।

লগুড় ( লগিত দেখ, উল-ক, ল=ড ) সং, পুং, বংশময় যষ্টি, লাঠি, ঠেঙ্গা। লৌহময় মুদ্গর। শিং-১ "লগুড়ো লৌহময়ী যষ্টিঃ।" গদা।

লগ্ন ( লসজ্ লজ্জিত হওয়া+ত(ক্ত)-ধি ) সং, ক্লীং, সূর্য্যের রাশি-সংক্রমণ মুহূর্ত্ত। মেষাদি রাশির উদয়কাল। (+ক্ত-ক ) বিং, ত্রিং, লজ্জিত। (লগ্ সংযুক্ত হওয়া +ক্ত-ক ) সংযুক্ত। পুং, স্তুতিপাঠক।

লগ্নক ( লগ্ন দেখ, কণ্-যোগ ) সং, পুং, প্রতিভূ, জামীন।

লগ্নদণ্ড—যেমন কতকগুলি বকুলফুল খুব ঠাস করিয়া একটী সরু কাটিতে গাঁথিলে তাহার কোথাও একটু ফাঁক থাকে না; তেমনি কোন সুগায়ক বা সুবাদক কর্ত্তৃক গান অথবা বাদনকালে সুরের সূক্ষ্মাংশ অথবা শ্রুতিগুলি পরস্পর একটুও বিচ্ছিন্ন না হইয়া যে একটী চমৎকার সুরদণ্ডের ন্যায় প্রতীয়মান হয়, তাহাকেই লগ্নদণ্ড অথবা হিন্দী ভাষায় লাগডাঁট কহে।

লগ্নপত্র—বিবাহের সময়নিরূপক কাগজ, যাহাতে কোন দিন কোন সময়ে বিবাহ স্থির তাহার স্থিরীকৃত পত্র।

লগ্নিকা ( লগ্ন+কণ্-প্রং, আপ্, নিপাতন ) সং, স্ত্রীং, নগ্নিকা, অপ্রাপ্তবয়স্কা, অদৃষ্ট-রজস্কা স্ত্রী। দশবর্ষদেশীয়া।

লম্বট (লনৃম্ব্ গমন করা+অট-প্রং, ন্-লোপ) সং, পুং, বায়ু, অনিল।

লঘিমা (-মন্, লঘু হাল্কা+ইমন্-ভা ) সং, পুং, লঘুত্ব, ভারহীনতা। অগৌরব।

ঐশ্বর্য্যবিশেষ, স্বীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা।

লঘিষ্ঠ } (লঘু হাল্কা+ইষ্ঠ—অত্যর্থে। লঘীয়ান্ } লঘীয়স্, লঘু হাল্কা+ঈয়স্—অত্যর্থে) বিং,ত্রিং, অতিলঘু। অতিক্ষুদ্র।

লঘু (লনৃঘ্ উপবাস করা, শুষ্ক হওয়া+উ (কু)—ক) বিং, ত্রিং, ভারহীন, হাল্কা। অসার। নিস্তেজঃ। নিষ্পৌরুষ। শুষ্ক। শীঘ্র। ক্ষুদ্র। অল্প। হ্রস্ব। সংক্ষিপ্ত। সুন্দর, মনোজ্ঞ। ইষ্ট, বাঞ্ছিত। সূক্ষ্ম। সং, পুং, কৃষ্ণ অগুরু। পুষ্যাদি নক্ষত্র। ব্যাকরণে—হ্রস্ববর্ণ।

লঘুকায় (লঘু ক্ষুদ্র—কায় দেহ) সং, পুং, ছাগল। বিং, ত্রিং, ক্ষুদ্রদেহবিশিষ্ট। ক্লীং, ক্ষুদ্রদেহ।

লঘুকাশ্মর্য্য ; সং, পুং, কট্‌ফলবৃক্ষ।

লঘুগণ ; সং, পুং, অশ্বিনী পুষ্যা হস্তা নক্ষত্র।

লঘুচির্ভিটা ; সং, স্ত্রীং, এর্বোরুক।

লঘুতা—স্ত্রীং } (লঘু+তা, ত্ব—ভাবে) সং, লঘুত্ব—ক্লীং } লাঘব, ভারহীনতা।

লঘুদ্রাক্ষা ; সং, স্ত্রীং, কাকলীদ্রাক্ষা।

লঘুপঞ্চমূল ; সং, ক্লীং, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর সংযুক্ত পঞ্চমূল পাচন।

লঘুলয় (লঘু হাল্কা—লয় সংশ্লেষ, অথবা লঘু ও লয় ধাতুর একার্থ) সং,ক্লীং, বেণার মূল, খশখশিয়া।

লঘুহস্ত (লঘু শীঘ্র—হস্ত হাত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষিপ্রহস্ত, শীঘ্রকারী। শীঘ্রবাণত্যাগী। পটু।

লঘূকরণ (Reduction) যে উপায়ে নিম্নশ্রেণীস্থ রাশিকে উচ্চশ্রেণীতে ও উচ্চশ্রেণীস্থ রাশিকে নিম্নশ্রেণীতে পরিবর্ত্তন করা যায়। হ্রাসকরণ, কমান।

লঘূকৃত (লঘু—কৃত করা হইয়াছে, উ—আগম) বিং, ত্রিং, যাহা লঘু করা যায়, যাহা কমান যায়।

লঘ্বী } (লঘু+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, লাঘব-লঘু } যুক্তা। রথবিশেষ। স্ত্রী-বাহন শকটবিশেষ। অতি কোমল-প্রকৃতি কৃশাঙ্গী কামিনী।

লঙ্কা (লক্ [সুখ] পাওয়া+অ(অল্)—ধি আপ্, নিপাতন) সং, স্ত্রীং, রাবণের পুরী সিংহলদ্বীপ। কুলটা। শাখা। শাকিনী স্ত্রী-ভূত।

লঙ্কাদাহী (—দাহিন্, লঙ্কা নগরীবিশে —দাহিন্ যে দগ্ধ করে। জলন্ত লে দ্বারা যে এই নগরী দগ্ধ করে, ২য়া—ষ সং, পুং, লঙ্কাদাহকারী, হনূমান্।

লঙ্কাধিপতি } (লঙ্কা—অধিপতি, পতি লঙ্কাপতি } প্রভু, শাসনকর্ত্তা, ৬ষ্ঠী— সং, পুং, রাবণ, দশানন।

লঙ্কেশ } (লঙ্কা—ঈশ, ঈশ্বর প্রধা লঙ্কেশ্বর } ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাবণ

লঙ্গ (লনৃগ্ লাগিয়া যাওয়া+অ(অল্) ভাবে) সং, পুং, সঙ্গ, মিলন। উপপতি খঞ্জতা।

লঙ্গূল (লনৃগ্ গমন করা+উল—প্রং) স ক্লীং, লাঙ্গুল, লেজ।

লঙ্ঘন (লনৃঘ্ উপবাস করা গমন করা অন(অনট্)—ভা সং, ক্লীং, উপবা অতিবাহন, যাপন। অতিক্রম। আক্রম অভিঘাত। লাফান, ডিঙ্গান। অ তৃতীয় গতি।

লজ্জমান (লজ্জা দেখ, আন(শান)—ক) ত্রিং, লজ্জাশীল, লাজুক।

লজ্জা (লসৃজ্ লজ্জিত হওয়া+অ—ভ আপ্) সং, স্ত্রীং, ড়া, অন্তঃকর বৃত্তিবিশেষ। অন্য কর্ম্মাদি কা পর-পরিজ্ঞান-ভয়, লাজ।

লজ্জালু (লজ্জা লাজ+আলু—অস্ত্য বিং, ত্রিং, লজ্জাশীল। সং, স্ত্রীং, বিশেষ।

লজ্জাবান্(—বৎ,লজ্জা+বৎ(বতু)—অ বিং, ত্রিং, লজ্জাশীল, লজ্জাযুক্ত।

লজ্জিত (লজ্জা+ইত—ক) বিং, ত্রিং, যুক্ত, লজ্জাশীল। [লজ্জা,

লজ্জ্যা (লজ্জা দেখ, য—প্রং) সং,

লঞ্জ (লনৃজ্ বলিষ্ঠ হওয়া+অ—প্রং পুং, পাদ, চরণ। কচ্ছ, কাছা। লেজ। অনিদ্রা। লাম্পট্য। স্রোত।

লজ্জিকা (লনুজ্ ভৎর্সনা করা+অক—প্রৎ) সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।

লট (লট্ চপলাদি বালভাব প্রকাশ করা, বলা+অ(অল্)—ভা) সং, পুং, প্রমাদবচন, অনবহিত হইয়া বাক্য কথন। দোষ। পাগল। নির্ব্বোধ। চৌর।

লটক, লট্ট, লড্ড (লট দেখ, অক(ণক)—ক) সং, পুং, দুর্জ্জন, অসাধু ব্যক্তি।

লটপর্ণ; সং, ক্লীং, ত্বচ্।

লট্ব (লট্ চপলাদি বালভাব প্রকাশ করা +ব—প্রৎ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, লেট্‌য়া। অশ্ব। রাগবিশেষ। টা—স্ত্রীং, নাটাকরঞ্জা। গ্রাম্যচটকপক্ষী। দুশ্চরিত্রা স্ত্রী। চূর্ণকুন্তল। কুসুমফুল। মিষ্টখাদ্যদ্রব্যবিশেষ। ভ্রমর। বাদ্যবিশেষ।

লড়ন (স্পন্দনার্থ লড়্ ধাতুজ) সং, ক্লীং, স্পন্দন, দোলন।

লড়হ (লড়্ বিলাসকরা+অহ—ক) বিং, ত্রিং, সুন্দর, মনোজ্ঞ। বিলাসবান্। লোল।

লড়াই (দেশজ) সং, যুদ্ধ, রণ, সংগ্রাম।

লড্ডু; সং, পুং, হতভাগ্য, দুশ্চরিত্র। নীচব্যক্তি।

লড্ডু } (লড্+ডু—ক। লড্ডু+কণ্)সং,
লড্ডুক } পুং,—স্ত্রীং, মোদক, লাড়ু।

লড়ক; সং, পুং, পক্ষিবিশেষ।

লণ্ড } (লনৃড উৎক্ষেপ করা+অ(অল্)
লণ্ডা } —ম্ম, আপ্) সং, স্ত্রীং, কঠিন লম্বাকৃতি বিষ্ঠা, ল্যাড়্। শিং—১ "প্রস্বিন্নগাত্রঃ পরিবৃত্তলোচনঃ পপাত লণ্ডং বিসৃজন্ ক্ষিতৌ ব্যসুঃ।"

লণ্ডভণ্ড (দেশজ) সং, উচ্ছিন্ন প্রচ্ছিন্ন। ব্যতিব্যস্ত।

লণ্ডজ; বিং, ত্রিং, লণ্ডনদেশজাত।

লতা } (লৎ বেষ্টন করা+অ(অন্)
লতিকা } —ক, আপ্। লতা+কণ্—স্বার্থে, আকারের পূর্ব্বে ইক—প্রৎ) সং, স্ত্রীং, ব্রততী, লতানিয়া গাছ। শাখারহিত মৃদুবল্লী। সূত্র। শাখা। প্রিয়ঙ্গু। পৃক্কা। অশনপর্ণী। জ্যোতিষ্মতী। লতাকস্তূরিকা। মাধবী। দূর্ব্বা। কৈবর্ত্তিকা। সারিকা। মারী।

লতাজিহ্ব } (লতা—জিহ্বা, রসনা—জিভ)
লতারসন } সং, পুং, ভুজগ, সর্প, সাপ।

লতাতরু (লতা—তরু। যাহাতে লতাসমূহ বেষ্টন করিবার উপযোগী) সং, পুং, কমলালেবুর গাছ। তালবৃক্ষ। শালগাছ।

লতান্ত (লতা—অন্ত শেষভাগ) সং, ক্লীং, পুষ্প।

লতাপনস (লতা—পনস কাঁটাল। ইহার সহিত তুলনা করা যাইতে পারে) সং, পুং, তরমুজ গাছ।

লতাপৃক্কা; সং, স্ত্রীং, পিড়িং শাক।

লতাপ্রতানিনী (লতা—প্রতানিনী বিস্তৃত হওন) সং, স্ত্রীং, গুল্মিনী, শাখাদি দ্বারা বিস্তৃত লতা।

লতাফল; সং, ক্লীং, পটোল।

লতাভদ্রা; সং, স্ত্রীং, ভদ্রালীবৃক্ষ।

লতামণি—পুং } (লতা—মণি রত্ন।
লতাযাবক—স্ত্রীং } লতা—যাবক যব বা তত্তুল্য শস্য। তুল্য আকৃতি বলিয়া) সং, প্রবাল, পলা।

লতাযষ্টি; সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

লতার্ক (লতা—অর্ক উপতপ্ত করা+অ—প্রৎ) সং, পুং, হরিদ্বর্ণ পলাণ্ডু।

লতালক (লতা—অলক চূর্ণকুন্তল) সং, পুং, হস্তী, গজ।

লতাবেষ্ট; সং, পুং, ষোড়শ রতিবন্ধান্তর্গত তৃতীয় বন্ধ। দেশবিশেষ।

লতাবেষ্টিতক; সং, ক্লীং, আলিঙ্গনবিশেষ।

লতাশঙ্খ; সং, পুং, শালবৃক্ষ, শালগাছ।

লতাসাধন; সং, ক্লীং, ইষ্টদেবতার আরাধন।

লত্তিকা (লৎ [সৌত্র ধাতু] আঘাত করা+তিক—প্রৎ) সং, স্ত্রীং, টিক্‌টিকী। গিরগিটী।

লপন (লপ্ বলা+অনট্—ণ) সং, ক্লীং, বদন, মুখ। (+অনট্—ভাবে) কথন।

লপিত (লপন দেখ, ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, কথন, বচন। (লপ্+ক্ত—ম্ম) বিং, ত্রিং, কথিত।

লব্ধ (লভ্ পাওয়া+ত(ক্ত)—ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত। উপার্জ্জিত। গৃহীত। ব্ধা—স্ত্রীং, নায়িকাবিশেষ।

লব্ধবর্ণ (লব্ধ প্রাপ্ত – বর্ণ যশঃ, প্রশংসা, ৩য়া – হিং) বিং, ত্রিং, বিচক্ষণ, পণ্ডিত। প্রসিদ্ধপ্রাপ্ত।

লব্ধি (লব্ধ দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, লাভ। প্রাপ্তি। গ্রহণ।

লব্ধোদয় (লব্ধ – উদয় উৎপত্তি, ৩য়া – হিং) বিং, ত্রিং, জাত, উৎপন্ন।

লভস (লব্ধ দেখ, অস – প্রং) সং, পুং, অশ্বের পাদবন্ধন রর্জ্জু। যাচক। ধন।

লভ্য (লব্ধ দেখ, য – র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য, লাভযোগ্য। ন্যায়, উপযুক্ত।

লমক (রম্ ক্রীড়া করা + অক(ণক) – ক। র = ল) সং, পুং, জার, উপপতি।

লম্পট (রম্ অনুরক্ত হওয়া + অটন্ – ক, প – আগম, র স্থানে ল) সং, পুং, কামুক, লোচ্চা। লোলুপ। আসক্ত। শিং – ১ "যথৈহিকামুষ্মিককামলম্পটঃ সুতেষু দারেষু ধনেষু চিন্তয়ন্।"

লম্পাক; সং, পুং, লম্পট। কাবুলের অন্তর্গত দেশবিশেষ।

লম্পাটহ; সং, পুং, পটহবাদ্য।

লম্ফ (রনৃফ্ লাফ দেওয়া + অ(অল্) – ভা, র স্থানে ল) সং, পুং, উল্লম্ফন, লাফান।

লম্ব (লম্ব্ লম্বিত হওয়া + অ(অন্) – ক) বিং, ত্রিং, দোলায়মান। স্রস্ত, ঝোলান। দীর্ঘ, লম্বা, বিস্তৃত, প্রসারিত। সং, পুং, নর্ত্তক। কান্ত। উৎকোচ, ঘুস। অঙ্কবিশেষ। দীর্ঘ রেখা। (perpendicular) ত্রিভুজ ক্ষেত্রের লম্বমান রেখা, সরল রেখার উপরে ঠিক খাড়া হইয়া যে সরল রেখা থাকে। (– ভাবে) অবলম্বন।

লম্বকর্ণ (লম্ব দীর্ঘ, দোলায়মান – কর্ণ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, ছাগল। হস্তী। রাক্ষস। শ্যেনপক্ষী। দীর্ঘশ্রোত্র। বৃক্ষবিশেষ। শশক। গণেশ। অঙ্কোটবৃক্ষ।

লম্বকেশ; সং, পুং, দীর্ঘাগ্রযুক্ত কুশময়বিষ্টর। শিং – ১ "উর্দ্ধকেশো ভবেৎ ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ।"

লম্বদন্তা; সং, স্ত্রীং, সৈংহলীপিপ্পলী। বিং, ত্রিং, বৃহদ্দশনবিশিষ্ট।

লম্বন (লম্ব দেখ, অনট্ – ভা) সং, ক্লীং, অবলম্বন, আশ্রয়। ঝোলান। দোলন। আশ্রয়গ্রহণ। (+ অন – ক) মাল্যবিশেষ নাভিলম্বিত হার। পুং, কফ।

লম্বমান (লম্ব দেখ, আন(শান) – ক, ম – আগম) বিং, ত্রিং, দোলায়মান, ঝোলান

লম্বা (লনৃব্ লম্বিত হওয়া, শব্দ করা + অ (অন্) – ক, আপ্) সং, স্ত্রীং, লক্ষ্মী। দুর্গা গৌরী, হিমালয়ের কন্যা। দক্ষকন্যা তিক্ত অলাবু।

লম্বিকা (লম্ব দেখ, অক – প্রং) সং, স্ত্রীং অলিজিহ্বা, আল্‌জিভ্।

লম্বিত (লম্ব দেখ, ত(ক্ত) – ক) বিং, ত্রিং অবলম্বিত, আশ্রিত। দোলিত। ঝুলিত যাহা ঝোলান হইয়াছে। পতমান। শব্দিত

লম্বোদর (লম্ব বিস্তৃত – উদর, ৬ষ্ঠী – হিং সং, পুং, গণেশ। শিং – ১ "খর্ব্বং স্থূ তনুং গজেন্দ্রবদনং লম্বোদরং।" বি ত্রিং, দীর্ঘোদর। ঔদরিক, পেটুক।

লম্বোষ্ঠ (লম্ব দীর্ঘ – ওষ্ঠ, ৬ষ্ঠী – হিং) স পুং, উষ্ট্র, উট।

লম্ভন (লনৃভ্ শব্দকরা ইত্যাদি + অন(অন – ভা) সং, ক্লীং, প্রতিলম্ভ। ধ্বনি। প্রাপ লাঞ্ছনা।

লম্ভিত (লভি পাওয়া বা লনৃভ্ শব্দকরা ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, প্রাপিত। শব্দি উক্ত। নিয়োজিত। বর্দ্ধিত। নিন্দি উচ্চীকৃত। পোষিত। অপমানিত।

লয় (লী সংশ্লিষ্ট হওয়া + অ(অল্) – ভা যেখানে গীতাদি সমান ... সং, গীতবাদ্যাদির তাল, সমান সম "কালের অবিচ্ছেদ গতির নাম লয় অভিনয়। লীন হওয়া, মিশিয়া যাও বিনাশ। প্রলয়। আবাস। ক্রীড়া। বিলা সংশ্লেষ। (+ অল – ধি) ঈশ্বর।

লয়ন (লয় দেখ, অনট্ – ধি) সং, ক্লীং, ভ

লয়পুত্রী (লয় গীতবাদ্যাদির তাল বা মান সময় – পুত্রী কন্যা) সং, স্ত্রীং নর্ত্তকী, নটী।

লয়ারম্ভ / লয়ালম্ভ } (লয় সমান সময় ইত্যাদি আরম্ভ, আলম্ভ, যে গমন ক সং, পুং, নর্ত্তক, নট।

ললজ্জিহ্ব (ললৎ দোলায়মান, লেহনকারী —জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র। কুক্কুর। বিং, ত্রিং, হিংস্র।

ললৎ (লড় উৎকণ্ঠিত হওয়া ইত্যাদি+ অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, কম্পমান। দোলায়মান। লেহনকারী। বিলাসযুক্ত। বীপ্সাবিশিষ্ট। উৎক্ষেপবিশিষ্ট। উন্মন্থন-বিশিষ্ট।

ললন (লল্ বা লড় কটাক্ষাদি ভঙ্গী প্রদর্শন করা+অনট্)—ভা, ড=ল) সং, ক্লীং, ক্রীড়া, কেলি। চালন, কম্পন। শিং—১ "অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা।" পুং, বাল। শালবৃক্ষ। পিয়ালবৃক্ষ।

ললনা (লল্ কটাক্ষাদি ভঙ্গী প্রদর্শন করা +অন—ক, আপ্) সং, স্ত্রীং, কান্তা, পত্নী, স্ত্রী। জিহ্বা।

ললনাপ্রিয়; সং, পুং, কদম্ব। ক্লীং, হ্রীবের।

ললন্তিকা (ললৎ কম্পমান+কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং নাভিলম্বিত হার। গোধা। গিরগিটী।

ললাক; সং, পুং, মেহন।

ললাট (লল[লল্ ইচ্ছা করা+অ(অল্)—ভাবে]ইচ্ছা—অট্ গমনকরা+অ(অন্) —ক) সং, ক্লীং, ভাল, কপাল।

ললাটক (ললাট+কণ্—প্রশস্তার্থে) সং, ক্লীং, প্রশস্ত ললাট। ললাট।

ললাটন্তপ (ললাট—তপ্ উত্তপ্ত করা, দাহ করা+অ(খ)—ক) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, ললাটতাপকারী। শিং—১ "লিপির্ললাটন্তপ নিষ্ঠরাক্ষরা।" (নৈষধ)।

ললাটপট্ট; সং, পুং, প্রশস্ত ললাট।

ললাটিকা (ললাট্+কণ্—আপ্) সং, স্ত্রীং, ললাটের ভূষণবিশেষ, টিকা। চন্দনাদি তিলক।

ললাম—পুং,ক্লীং, ললামন্—ক্লীং, } (লল [লল্ ক্রীড়া করা + অ(অন্)—ভাবে] ক্রীড়া—অন্ গমন করা+অ (অন্)—ক। ২য় পক্ষে—কনিন্—প্রং) সং, ভূষণ। ললাটের ভূষণ। চিহ্ন। ললাটস্থ চিহ্ন। শুণ্ড। শৃঙ্গ। পুচ্ছ। শ্রেষ্ঠ। প্রধান। ধ্বজ। পুণ্ড্র। প্রভাব। অশ্ব বা বৃষের ললাটস্থ রঞ্জিত চিহ্ন। নাম। শ্রেণী। ভূষা। রম্য।

ললামক (ললাম ললাট বা চিহ্ন+কণ্—তুল্যার্থে) সং, ক্লীং, ললাটোপরি লম্বমান মাল্য। ললাম।

ললামী; সং, স্ত্রীং, কর্ণভূষণবিশেষ।

ললিত (লল্ ইচ্ছা করা ইত্যাদি, কিম্বা লড় বিলাস করা+ত(ক্ত)—ভাবে) সং, পুং—ক্লীং, বিলাস, স্ত্রীজাতির শৃঙ্গারভাবজ-ক্রিয়াবিশেষ। শিং—১ "ভ্রূনেত্রাদিক্রিয়া-শালিসুকুমারবিধনাতঃ। হস্তপাদাঙ্গবিন্যাস-স্তরুণ্যাং ললিতং বিদুঃ।" ২"অনাচার্য্যো-পদিষ্টং স্যাল্লিলিতং রতিচেষ্টিতং।" ৩"বিন্যাস ভঙ্গিরঙ্গানাং ভ্রূবিলাসমনোহরা। সুকুমারা ভবেদ্‌যত্র ললিতং তদুদীরিতং।" চলন। স্ত্রীনৃত্য। ক্রীড়া। (+ক্ত—র্ম্ম) হারবিশেষ। স্ত্রীগৃহ। পুং, রাগবিশেষ। বিং, ত্রিং, কোমল। সুন্দর, মনোজ্ঞ, প্রিয়। চঞ্চল। ঈপ্সিত, বাঞ্ছিত।

ললিতকান্তা; সং, স্ত্রীং, মঙ্গলচণ্ডিকা।

ললিতা (লল্ ইচ্ছা করা+ক্ত—ক, আপ্) সং, স্ত্রীং, গোপীবিশেষ। নদীবিশেষ। কস্তুরী। নারী। দুর্গা। শিং—১ "যা দুর্গা সৈব ললিতা ললিতা সৈব রাধিকা।"

ললিতাসপ্তমী; সং, স্ত্রীং, ভাদ্র মাসের শুক্লা সপ্তমী। তদ্দিন কর্ত্তব্য ব্রত।

লব (লূ ছেদন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, ছেদন। উচ্ছেদ। বিলাস। বিনাশ। (+অল—র্ম্ম) পুষ্পরেণু। গো-পুচ্ছের লোম। কণা। লেশ, অল্পমাত্র। সূক্ষ্ম সময়বিশেষ। শিং—১ "অষ্টাদশ নিমেষাস্তু কাষ্ঠাকাষ্ঠাদ্বয়ং লবঃ।" রাম-চন্দ্রের দ্বিতীয় পুত্র। পক্ষ। লবণ। (Numerator) বিভাজ্য অঙ্ক, ভগ্নাংশে সমান অংশে বিভক্ত রাশির যে কয়েক অংশ গৃহীত হয়। লাবানামক পক্ষী। ক্লীং, জায়ফল। লবঙ্গ। শিং—১"আচামতি স্বেদলবান্ মুখেতে।"

লবঙ্গ (লব দেখ, অঙ্গ—র্ম্ম) সং, পুং, বৃক্ষবিশেষ। জার, উপপতি। ক্লীং, দেবকুসুম, লঙ্গ।

লবঙ্গক – ক্লীং } লবঙ্গ।
লবঙ্গকলিকা – স্ত্রীং }

লবঙ্গলতা ; সং,স্ত্রীং,পুষ্পবিশেষ।

লবণ (লূ [ ময়লা ] ছেদন করা+অন–ক, কিম্বা লবণ+অ(ক্ষ)–অস্ত্যর্থে) সং, ক্লীং, ক্ষাররসযুক্ত দ্রব্যবিশেষ, লুণ ; ইহা পঞ্চবিধ–সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ, সামুদ্র। পুং, ক্ষাররস। লবণসমুদ্র। কুম্ভীনসীরাক্ষসের পুত্র ; সে শত্রুঘ্ন কর্ত্তৃক নিহত হইয়াছিল। বিং, ত্রিং, ক্ষাররসযুক্ত, লোণা। লাবণ্যযুক্ত। ণা–স্ত্রীং, নদীবিশেষ। দীপ্তি, উজ্জ্বলতা। শিং–১ "আভাতিবেলা লবণাম্বুরাশের্ধারানিবদ্ধেব কলঙ্করেখা।"

লবণকিংশুকা ; সং, স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী।

লবণত্রয় ; সং, ক্লীং, সৈন্ধব বিট্ রুচক।

লবণধেনু ; সং, স্ত্রীং, দানার্থ কল্পিত লবণনির্ম্মিতা ধেনু।

লবণোত্তম (লবণ+উত্তম) সং, ক্লীং, সৈন্ধবলবণ। সিন্ধুদেশজাত খনিজলবণ।

লবণোদক (লবণ–উদক জল, ৬ষ্ঠী–হিং, উদক স্থানে উদ) সং, পুং, লবণ-সমুদ্র।

লবন (লূ ছেদন করা+অন(অনট্)–ভা) সং, ক্লীং, ছেদন, কর্ত্তন।

লবলী (লব লেশ–লা পাওয়া+অ(ড) –ক,ঈপ) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, নোয়াড়িগাছ।

লবাণক (লূ ছেদন করা+আনক–প্রং) সং, পুং, ছেদনাস্ত্র, দাত্র, প্রভৃতি।

লবি (লূ ছেদন করা+ই–প্রং) বিং, ত্রিং, ছিদুর, ছিন্ন, ছেড়া।

লবিত্র (লূ ছেদন করা+ইত্র–ণ) সং,ক্লীং, অস্ত্রবিশেষ, দাত্র, দা কাটারি। বিং, ত্রিং, ছেদনকারক।

লশুন } (অস্ ভোজন করা+উন, উন
লশূন } –র্ম্ম, নিপাতন) সং, পুং, মূলবিশেষ, রশুন।

লষিত (লস্ অভিলাষ করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, অভিলষিত, বাঞ্ছিত।

লম্ব (লষ্ নৃত্যবিষয়ে পটুত্ব প্রদর্শন করা+ব–প্রং) সং, পুং, নর্ত্তক, নট্।

লসৎ (লস্ ক্রীড়া করা+অৎ(শতৃ)–ক) বিং, ত্রিং, শোভমান, উল্লসমান, উজ্জ্বল। চেষ্টমান।

লসা (লস্ ক্রীড়া+অ–আ, প্রং) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

লসিকা (রস্ আস্বাদন করা ইত্যাদি+ইক –প্রং, র=ল) সং, স্ত্রীং, লালা, মুখজাত ক্লেদ, জল। শিং–১ "লালায়াং পিচ্ছলা থ্যাতা লসিকা লাসিকা তথা।"

লসিত (লসা দেখ, ত(ক্ত)–ভাবে) সং,ক্লীং, বিলাস। উল্লাস। চেষ্টা। (+ক্ত–ক) বিং, ত্রিং, শোভিত। চেষ্টিত।

লসীকা (Lymph, লসিকা দেখ, ঈক–প্রং) সং, স্ত্রীং, বর্ণহীন ও সর্ব্বশরীর ব্যাপী জলের ন্যায় এক প্রকার তরল পদার্থ ; দূষিত রক্ত শিরাপথে হৃদয়ে প্রবিষ্ট হইবার পূর্ব্বে এই পদার্থের সহিত মিলিত হয়। ইক্ষুরস।

লস্কর (যবন ভাষা) সং, সেনা, ফৌজ।

লস্ত (লস্ আলিঙ্গন করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত। ক্রীড়িত। শিল্পনৈপুণ্য-প্রদর্শিত।

লস্তক (লস্ত আলিঙ্গিত+কণ্–প্রং) সং, পুং, ধনুকের মধ্যভাগ।

লস্তকী (লস্তকিন্, লস্তক+ইন্–অস্ত্যর্থে) সং, পুং, ধনুক।

লহরি } (ল ইন্দ্রিয়–হৃ হরণ করা+
লহরী } ই–ক) সং, স্ত্রীং, তরঙ্গ, ঢেউ।

লা, লাহা (লাক্ষা শব্দজ) সং, লাক্ষা, জতু।

লাউ (লাবু শব্দজ) সং, তম্বী, অলাবু, কদুফল।

লাক (লক্ষ শব্দজ) বিং, শতসহস্র সংখ্যা, দশ অযুত।

লাক্ষকী ; সং, স্ত্রীং, সীতা, জানকী। শিং –১ "লক্ষ্মশঃ কমলা দাস্যো যস্যাঃ সা লাক্ষকী মতা।"

লাক্ষণিক (লক্ষণ+ইক(ষ্ণিক)–জ্ঞানার্থে) বিং, ত্রিং, লক্ষণজ্ঞ, দৈবজ্ঞ। লক্ষণযুক্ত। লক্ষণসম্বন্ধীয়। লক্ষণজ্ঞেয়। (লক্ষণা+ইক(ষ্ণিক)–প্রং) লক্ষণা দ্বারা অর্থপ্রতিপাদক।

লাক্ষণ্য (লক্ষণ+য(ষ্ণ্য)—জ্ঞানার্থে) বিং, ত্রিং, শুভাশুভ লক্ষণজ্ঞ। লক্ষণযুক্ত। লক্ষণসম্বন্ধীয়।

লাক্ষা (লক্ষ্ চিহ্ন করা+অ(ষ্ণ), আপ্) সং, স্ত্রীং, লোহিতবর্ণক বৃক্ষনির্যাসবিশেষ, জৌ, লা।

লাক্ষাতরু } সং, পুং, পলাশবৃক্ষ। কো-
লাক্ষাবৃক্ষ } শাম্র।

লাক্ষাপ্রসাদ; সং, পুং, পট্টিকালোধ্র।

লাক্ষারস; সং, পুং, অলক্তকরস। আলতা।

লাক্ষিক (লক্ষ বা লাক্ষা+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং,লক্ষসংখ্যা পরিমিত। লাক্ষানির্ম্মিত।

লাগন (লগ্ ধাতুজ) সং, সংযোগ হওন। ক্লেশন। বেদনা পাওয়া।

লাগি (দেশজ) মত্ততা, নেশা।

লাঘব (লঘু+অ(ষ্ণ)—ভাবে) সং, ক্লীং, লঘুত্ব, ভাররাহিত্য। অগৌরব। ক্লৈব্য। আরোগ্য, স্বাস্থ্য। শীঘ্রতা।

লাঙ্গল (লনৃগ্ গমন করা+অল(কল)—ক) সং, ক্লীং, ভূমিকর্ষণ যন্ত্রবিশেষ, হল। গৃহদারু। লিঙ্গ। পুষ্পবিশেষ। তালবৃক্ষ।

লাঙ্গলগ্রহ (লাঙ্গল—গ্রহ যে গ্রহণ করে) সং, পুং, লাঙ্গলধারী, কৃষক।

লাঙ্গলদণ্ড; সং, লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গলের ঈশ।

লাঙ্গলপদ্ধতি (লাঙ্গল—পদ্ধতি রেখা) সং, স্ত্রীং, লাঙ্গলের রেখা।

লাঙ্গলিক (লাঙ্গল+ইক(ষ্ণিক)—প্রং, অথবা লাঙ্গলী কতকগুলি বৃক্ষের মধ্যে একটা+কণ—প্রং) সং, পুং, বিষবিশেষ। লাঙ্গল-ধারী, লাঙ্গলা। [ময়ূরশিখা।

লাঙ্গলিকা; সং, স্ত্রীং, কলিনী। রক্তিকা।

লাঙ্গলী (লাঙ্গলিন্, লাঙ্গল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বলরাম। সর্প। কৃষক। নারিকেলবৃক্ষ। স্ত্রীং, লাঙ্গলাকারপুষ্পবিশেষ। [illegible]বিশেষ।

লাঙ্গুল } (লনৃগ্ আসক্ত হওয়া+উল,
লাঙ্গূল } উল—ক) সং,ক্লীং,বালধি,পুচ্ছ, লেজ।

লাঙ্গূলিকা; সং, স্ত্রীং, পৃশ্নিপর্ণী।

লাঙ্গূলী (লাঙ্গূলিন্, লাঙ্গূল+ইন—অস্ত্যর্থে) সং, পুং, বানর। ঋষভ নামক ঔষধ। বিং, ত্রিং, পুচ্ছবিশিষ্ট।

লাজ—পুং—বহুং } (লাজ্ ভর্জন করা
লাজা—স্ত্রীং } +অ(অল)—র্ম্ম) ভৃষ্ট ধান্য, খৈ। শস্য। আতপতণ্ডুল। পুং, আর্দ্রতণ্ডুল, ভিজাচাউল। ক্লীং, উষীর, বেণার মূল। (লজ্জা শব্দজ) সং, লজ্জা।

লাজাবন্ধনন্যায়—ন্যায় (৪) দেখ।

লাজুক (লাজ শব্দজ) বিং, লজ্জাশীল, লজ্জা-যুক্ত। মুখচোরা।

লাঞ্ছন (লাঞ্ছ্ চিহ্ন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, চিহ্ন। ধ্বজ। কলঙ্ক। নাম। (+অনট্—ভাবে) অঙ্কন। পুং, রাগী-ধান্য।

লাঞ্ছিত (লাঞ্ছন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চিহ্নিত। কলঙ্কিত। ধ্বজযুক্ত। নাম। যুক্ত।

লাট (লট্ বলা ইত্যাদি+অ(ঘঞ্)—ধি) সং, পুং, দেশবিশেষ। দোষ। বৃথাবাক্য। (লাট+ষ্ণ) বস্ত্র। জীর্ণবস্ত্রাদি। বিদগ্ধ ব্যক্তি। বিং, ত্রিং, ব্যবহৃত, পুরাতন, মলিন, বিশ্রী, জীর্ণ।

লাটানুপ্রাস (লাট—অনুপ্রাস তুল্যবর্ণ-বিন্যাস) সং, পুং, শব্দালঙ্কারবিশেষ; তাৎপর্য্যমাত্রে ভেদ থাকিয়া যদি শব্দার্থের পৌনরুক্ত্য হয়।

লাটিম (দেশজ) সং, বর্ত্তুলাকার খেলিবার বস্তু।

লাঠি, লাঠী (লগুড় শব্দজ কি ?) সং, যষ্টি, দণ্ড, বাড়ি।

লাড়ন (ক্ষেপণার্থ লাড়্ ধাতুজ) সং, স্থানান্তরকরণ, চঞ্চলকরণ।

লাড়ু (লড্ডুক শব্দজ) সং, মিষ্টদ্রব্যবিশেষ।

লাথী (দেশজ) সং, পদাঘাত, পদপ্রহার।

লাপ (লপ্ বলা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, ভাষণ, কথন।

লাপ্য (লপ্ বলা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, কথনীয়।

লাফ (লম্ফ শব্দজ) সং, উৎপ্লব, লম্ফ।

লাভ (লভ্ পাওয়া+অ(ঘঞ্)—ভাবে)

সং, পুং, প্রাপ্তি। উপার্জ্জন। ( +ঘঞ্ —র্ম্ম) উপস্বত্ব। ধন।

লামজ্জক (লা যে [উত্তাপ ইত্যাদি] গ্রহণ করে বা সরাইয়া দেয়—মজ্জা সার+কণ্—যোগ) সং, ক্লীং, বেণার মূল, খস্‌খসিয়া।

লাম্পট্য (লম্পট+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, [লম্পটতা, কামুকতা।

লাল (লালা শব্দজ) সং, থুথু, মুখামৃত।

লালন (লাড়ি যত্নে পালন করা+অন(অনট্)—ভা, ড=ল) সং, ক্লীং, সস্নেহ পালন, অতিশয় যত্নের সহিত পালন। শিং—১ "লালয়েৎ পঞ্চবর্ষাণি দশবর্ষাণি তাড়য়েৎ।"

লালপ্যমান (লপ [যঙলুগন্ত] পুনঃপুনঃ বলা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পুনঃপুনঃ কথিত হয়।

লালস (লালসা+ষ্ণ) বিং, ত্রিং, লোলুপ।

লালসা (লস [যঙলুগন্ত]+অ—ভাবে,আপ্) সং, স্ত্রীং, লিপ্সা, স্পৃহা। আশা। ঔৎসুক্য। চঞ্চলতা। গর্ভিণীদোহদ। শিং —১ "দোহদং দৌহৃদং শ্রদ্ধা লালসা স্তুতিমাসি তু।"

লালসীক; সং, ক্লীং, পিচ্ছল।

লালা (লল্-ণিচ্=লালি+অন্, আপ্) সং, স্ত্রীং, মুখাদিজাত দ্রব বস্তু, মুখজাত জল, লাল। শিং—১ "মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সাসবমিব।"

লালাটিক (ললাট+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, ললাটসম্বন্ধীয়। শিং—১ "প্রাপ্তিস্তু লালাটিকী।" ভাগ্যলব্ধ। ললাটভূষণ। কার্য্যক্ষম, অলস। দৈষ্টিক, ভাগ্যাপেক্ষী। পুং, অশ্লেষণবিশেষ।

লালাবিষ } (লালা লাল—বিষ। লালা
লালাস্রাব } লাল—স্রু ক্ষরিত হওয়া+অ(ঘঞ্)—ভাবে। যাহাদের লালে বিষ ক্ষরিত হয়) সং, পুং, মাকড়সা প্রভৃতি।

লালিক (লালা+ইক—প্রং, অথবা কণ্, আপ্) সং, পুং, লুলাপ, মহিষ।

লালিকা (লালা+কণ্, আপ্) সং, স্ত্রীং, সোপহাস উত্তর।

লালিত (লালন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, [প্রতিপালিত।

লালিত্য (ললিত কোমল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, কোমলতা, সুরসতা, রম্যতা। সৌন্দর্য্য। মধুরতা। মনোহারিত্ব। শিং —১ "নৈষধে পদলালিত্যম্।"

লাব—পুং } (লাবি [শস্য] ছেদন করা,
লাবা—স্ত্রীং } ভক্ষণ করা+অ(ঘঞ্)—ক। কণ্—যোগে লাবকও হয়) সং, পক্ষিবিশেষ, লাওয়া পাখী। (লু ছেদন করা+অ(ঘঞ্)—ভাবে) পুং, ছেদন।

লাবণ (লবণ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, লবণসংস্কৃত। লবণমিশ্রিত, লবণযুক্ত। লবণসম্বন্ধীয়। সং, ক্লীং, নস্য। ণ, ণক—পুং, লঙ্কাদি দেশ।

লাবণিক (লবণ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) সং, পুং, লবণবিক্রেতা। বিং, ত্রিং, লবণসংস্কৃত। লবণমিশ্রিত। লবণসম্বন্ধীয়।

লাবণ্য (লবণ লুণ+য(ষ্ণ্য)—প্রং) সং,ক্লীং, লবণত্ব। সৌন্দর্য্য, কান্তি, চাক্‌চিক্য। শিং —১"মুক্তাফলেষু ছায়ায়াস্তরলত্বমিবান্তরা। প্রতিভাতি যদঙ্গেষু তল্লাবণ্যমিহোচ্যতে।"

লাবণ্যার্জ্জিত (লাবণ্য সৌন্দর্য্য—অর্জ্জিত উপার্জ্জিত, লব্ধ) সং, ক্লীং, বিবাহকালীন শ্বশুর ও শাশুড়ী প্রীত হইয়া বধূকে যে ধন দান করেন।

লাবিক (লব্ ছেদন করা+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, লুলাপ, মহিষ।

লাবু, লাবূ (লূ [পীড়া] ছেদন করা+উ—প্রং) লাল, তুম্বী।

লাব্য (লূ ছেদন করা+য—[illegible]) বিং, ত্রিং, ছেদনযোগ্য, কাটিবার উপযুক্ত।

লাস (লস্ ক্রীড়া করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, নৃত্য। স্ত্রীলোকের নৃত্য। যূষ।

লাসক (লাসিকা দেখ, অক(ণক)—ক) সং, পুং, নৃত্যকারী, নর্ত্তক। ময়ূর। ক্লীং, ঘরের মট্‌কা।

লাসিক(লস্+অ(ঘঞ্)—ভাবে+ষ্ণিক)সং, পুং, নর্ত্তক।

লাসিকা } (লস্-ণিচ্=লাসি নৃত্যে নৈ-
লাসিকী } পুণ্য প্রদর্শন করা+অক(ণক) —ক, আপ্, ঈপ্) সং, স্ত্রীং, নর্ত্তকী, লাস্যকারিণী।

লাস্ফোটনী (লসন গমন—আস্ফোটন ভেদন, নিপাতন) সং,স্ত্রীং, বেধনী, সূচাদি।

লাস্য (লস্ ক্রীড়া করা+য(ষ্যণ্)—ভাবে) সং, ক্লীং, নৃত্য, নাচ। স্ত্রীলোকের নৃত্য। শিং—১"পুং-নৃত্যতাণ্ডবংপ্রাহুঃ স্ত্রীনৃত্যং লাস্যমুচ্যতে।" ইতি নারদসংহিতা। তৌর্য্যত্রিক। ভবাশ্রয় নৃত্য। তাললয়াশ্রয় নৃত্য। পুং, নর্ত্তক। স্যা—স্ত্রীং, নর্ত্তকী।

লিকুচ (লকুচ দেখ, অ=ি, নিপাতন) সং, পুং, লকুচবৃক্ষ, ডেহুয়াগাছ।

লিক্কা, লিক্ষা (লক্ষ্ চিহ্ন করা+অ—প্রং। অ=ই, নিপাতন। ক্ষ=ক্ক ও হয়) সং, স্ত্রীং, ক্ষুদ্র উকুন, নিকি। পরিমাণবিশেষ। শিং—১ "জালান্তরগতে ভানৌ যচ্চাণু দৃশ্যতে রজঃ। তৈশ্চতুর্ভি র্ভবেল্লিক্ষা ষড়ভিশ্চ সর্ষপঃ।"

লিখন (লিখ্ লেখা+অনট্—ভা) সং,ক্লীং, লেখন, অক্ষরবিন্যাস। চিত্রকরণ। আঁচড়ান। (+অনট্—র্ম্ম) লিপি, পত্র।

লিখিত (লিখন দেখ, ত(ক্ত)—র্ম্ম) ক্লীং, লেখা পত্রাদি। শিং—১"প্রমাণং লিখিতং ভুক্তিঃ সাক্ষিণশ্চেতি কীর্ত্তিতং।" বিং, ত্রিং, চিত্রিত। অঙ্কিত। যাহা লেখা হইয়াছে। সং, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। (+ক্ত—ভাবে) ক্লীং, লিখন।

লিঙ্গ (লিনৃগ্ গমন করা ইত্যাদি+অ(অন্)—ক) সং, ক্লীং, চিহ্ন। পুংস্ত্বাদি। হেতু, কারণ। সূচন। শিশ্ন, উপস্থ। শিবের মূর্ত্তিবিশেষ। অনুমান। অনুমানসাধন। সাংখ্যোক্ত প্রকৃতি। সামর্থ্য। অর্থপ্রকাশক সামর্থ্য। শিং—১ "যাবতামেব ধাতূনাং লিঙ্গং রূঢ়িগতং ভবেৎ।"

লিঙ্গক; সং, পুং, কপিত্থবৃক্ষ।

লিঙ্গপুরাণ; সং, পুং, ব্যাসপ্রণীত মহাপুরাণবিশেষ।

লিঙ্গবর্দ্ধ; সং, পুং, কপিত্থবৃক্ষ।

লিঙ্গবর্দ্ধিনী; সং, স্ত্রীং, অপামার্গ।

লিঙ্গবৃত্তি (লিঙ্গ সন্ন্যাসী প্রভৃতির বেশধারণ—বৃত্তি জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জীবিকার্থ জটাদি-চিহ্নধারী, ধর্ম্মধ্বজী। কপটসন্ন্যাসী। শিং—১ "জীবিকাদিনিমিত্তস্তু যো বিভর্ত্তি জটাদিকং। ধর্ম্মধ্বজী লিঙ্গবৃত্তির্দ্বয়ং তত্র নিগদ্যতে।"

লিঙ্গালিকা; সং, স্ত্রীং, ক্ষুদ্র মূষিক, নেংটিয়া ইঁদুর।

লিঙ্গী (লিঙ্গিন্, লিঙ্গ চিহ্ন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জীবিকার্থ জটাদিধারী, লিঙ্গবৃত্তি, ভেকধারী, ধর্ম্মধ্বজী। শিং—১ "অলিঙ্গী লিঙ্গবেশেন যো লিঙ্গমুপজীবতি। স লিঙ্গিনাং হরেদেনস্তির্য্যগ্ যোনৌ চ গচ্ছতি।" সং, পুং, হস্তী। ঙ্গিনী—স্ত্রীং, লতাবিশেষ।

লিপি, লিপী, লিবি, লিবী (লিপ্ [কালি দিয়া] লেপন করা+ই—র্ম্ম) সং, স্ত্রীং, পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা। লিখিত পত্রাদি। (+ই—ভাবে) লেখন, অক্ষরবিন্যাস। চিত্রকরণ।

লিপিকর, লিপিকার (লিপি—কর, কার [কৃ করা+অ(ট), অ(ষণ)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, লেখক। চিত্রকর।

লিপিবদ্ধ (লিপি—বদ্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, অক্ষর দ্বারা বিন্যস্ত, লিখিত।

লিপ্ত (লিপ্ লেপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চর্চ্চিত, চন্দনাদি দ্বারা লেপিত। বিষাক্ত। মিলিত, সংযুক্ত। ভক্ষিত। সং, পুং, সূক্ষ্মকালবিশেষ।

লিপ্তক (লিপ্ত বিষাক্ত+কণ—কুৎসিতার্থে) সং, পুং, বিষাক্ত বাণ।

লিপ্তপাদ; বিং, ত্রিং, যে সকল জীবের অঙ্গুলি চর্ম্মদ্বারা লিপ্ত।

লিপ্তিকা; বিং, ত্রিং, দণ্ড; যথা—"বৈশ্বস্য চতুর্থোহংশঃ শ্রবণাদৌ লিপ্তিকাচতুষ্কং অভিজিৎ।"

লিপ্সা (লভ্ পাওয়া+সন্—ইচ্ছার্থে+অ—ভাবে, আপ্। লভ্=লিপ্) সং, স্ত্রীং, লাভেচ্ছা, স্পৃহা, বাঞ্ছা। কামনা। লোভ।

লিপ্সু (লিপ্সা দেখ, উ—ক) বিং, ত্রিং, লুব্ধ, লাভেচ্ছু, গৃধ্নু, লোভী।

লিম্প (লিম্প্ লেপন করা+অ(শ)—ক) সং, পুং, লেপনকর্ত্তা।

লিম্পট (লিপ্ প্রলেপ দ্বারা লেপন করা+অট—প্রং) সং, পুং, লম্পট, কামুক।

লিম্পাক (লিপ্ লেপন করা+আক—প্রং) সং, পুং, লেবুগাছ। গর্দ্দভ। ক্লীং, নিম্বুক-বিশেষ।

লিষ (লষ্ নৃত্যবিশেষে পটুত্ব প্রদর্শন করা+ব(ক্বব্)—প্রং, অ=ই) সং, পুং, নট, নর্ত্তক। নৃত্যব্যবসায়ী।

লীক্ষা, লীক্ষা (লক্ষ্ চিহ্ন করা+অ—প্রং। অ=ঈ, নিপাতন। ক্ষ=কও হয়) সং, স্ত্রীং, লিক্ষা, নিকি।

লীঢ় (লিহ্ আস্বাদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লেহন করা, চাটা। আস্বাদিত। ভক্ষিত। স্পৃষ্ট।

লীন (লী লীন হওয়া+ত(ক্ত)—ক, ত=ন) বিং, ত্রিং, লয়প্রাপ্ত, মিলিত। সংসক্ত। শয়িত। শিং—১ "দিবাকরাদ্রক্ষতি যো গুহাসু লীনং দিবাভীতমিবান্ধকারম্।"

লীলা (লী আলিঙ্গন করা+০(ক্বিপ্)—ভাবে—লা গ্রহণ করা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, শৃঙ্গার-ভাবজাত ক্রিয়া-বিশেষ। অঙ্গ বেশ অলঙ্কার প্রীতি বাক্যাদি দ্বারা প্রিয়তমের অনুকরণ। শিং—১ "অপ্রাপ্তবল্লভসমাগমনায়িকায়াঃ সখ্যাঃ পুরোহত্র নিজচিত্তবিনোদবুদ্ধ্যা। আলাপবেশগতিহাস্যবিলোকনাদ্যৈঃ প্রাণেশ্বরানুকৃতি মা কথয়ন্তি লীলাম্।" বিলাস। শোভা। ভঙ্গী। ক্রীড়া। কেলি। শিং—১"লীলাতামরসাহতোহন্য বিনিতা-নিঃশঙ্কদষ্টাধর।"

লীলাখেল; সং, পুং, ১৫ অক্ষর ছন্দো-বিশেষ। বিং, ত্রিং, বিলাসসুভগ। ক্রীড়া-শীল।

লীলাবতী (লীলা+বৎ(বতু)—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, বিলাসবতী স্ত্রী। কেলিযুক্তা। শৃঙ্গার-ভাবচেষ্টান্বিতা। খেলাবিশিষ্টা। ভাস্করাচার্য্যের কন্যা। ঐ আচার্য্যকৃত অঙ্ক গ্রন্থ-বিশেষ। ন্যায়শাস্ত্রের গ্রন্থবিশেষ। বেশ্যা-বিশেষ।

লীলোদ্যান; সং, ক্লীং, দেববান। ক্রীড়ার্থ উপবন।

লুই (লোমন্ শব্দজ) সং, পশুলোমনির্ম্মিত শীতবস্ত্রবিশেষ। [থাকন।

লুকন (লুক্কায়ন শব্দজ) সং, প্রচ্ছন্নভাবে

লুক্কায়িত (লুক্কায় [লুক্ লোপ—কায় শরীর, ৬ষ্ঠী—হিং] লুপ্ত শরীরের ন্যায় আচরণ করা+ত(ক্ত)—র্ম্ম। অথবা লুন্চ্ অপনয়নকরা+০(ক্বিপ)—ক=লুক্—কায়+ক্বি+ক্ত—ক) বিং, ত্রিং, গুপ্ত, অন্তর্হিত। অদৃষ্ট। প্রচ্ছন্ন।

লুচি (দেশজ) সং, ঘৃতপক্ক গোধূমচূর্ণের পিষ্টকবিশেষ।

লুঞ্চিত (লুন্চ্ ছিঁড়িয়া ফেলা, ত্যাগ করা, দূরীকরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, ছিঁড়িয়া ফেলা। পরিত্যক্ত। দূরীকৃত। অপসারিত। লুন। ভিন্ন।

লুট (চৌর্য্যার্থ লুট্‌ধাতুজ) সং, বলপূর্ব্বক অপহরণ।

লুঠন (লুঠ্ গড়াগড়ি দেওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভূম্যাদিতে অঙ্গ পরিবর্ত্তন। ভূমিতে লোটা, গড়াগড়ি দেওয়া।

লুঠিত } লুঠ্, লুণ্ঠ্ গড়াগড়ি দেওয়া+
লুণ্ঠিত } ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ভূমিতে ঘূর্ণিত, গড়াগড়ি দেওয়া। পৃথিবীতে পরিবৃত্ত। অশ্বাদিগের শ্রমশান্তির জন্য পুনঃ পুনঃ ভূমিতে গড়াগড়ি দেওয়া।

লুণ্টক (লুন্ট্ গড়াগড়ি দেওয়া ইত্যাদি+অক—প্রং) সং, পুং, শাকবিশেষ, নটিয়া শাক।

লুণ্টন (লুন্ট্ লুট করা+অনট্—ভাবে) সং, ক্লীং, অপহরণ।

লুণ্টাক (লুন্ট্ লুটিয়া লওয়া, হরণ করা+আক(ষাক)—ক) সং, পুং—স্ত্রীং, চৌর, তস্কর।

লুণ্ঠক (লুন্ঠ্ চোরি করা, লুটিয়া লওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, স্তেয়কারক, লুণ্ঠকারী। দস্যু। চোর।

লুণ্ঠন (লুণ্ঠক দেখ, অন(অনট্)—ভা) সং, অপহরণ, লুঠ। (লুন্ঠ্ গড়াগড়ি দেওয়া+অনট্—ভা) ভূমিতে লোটা, লুঠন।

লুণ্ঠাক (লুন্ঠ গড়াগড়ি দেওয়া+অক—প্রং) সং, পুং, বায়স, কাক।

লুণ্ঠিত (লুন্ঠ্ চোরি করা+ক্ত—ক) বিং, ত্রিং, অপহৃত। লুঠিত। বলপূর্ব্বক গৃহীত। (লুন্ঠ গড়াগড়ি দেওয়া) ভূমিতে লোটিত।

লুণ্ঠী (লুণ্ঠ্ গড়াগড়ি দেওয়া+অ—ঈ, প্রং) সং, স্ত্রীং, লুঠন, গড়াগড়ি দেওয়া।

লুপ্ (লুপ্ত দেখ, ০(ক্বিপ্)—ভাবে) সং, পুং, লোপ, অভাব, নাশ।

লুপ্ত (লুপ্ লোপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছিন্ন। অপহৃত। (+ক্ত—ক) নষ্ট, লোপপ্রাপ্ত। কৃশ। (+ক্ত—র্ম্ম) ক্লীং, অপহৃত ধন, চুরি করা বস্তু।

লুব্ধ (লুভ্ লাভাকাঙ্ক্ষ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, লোভী। লম্পট। সং, পুং, ব্যাধ। নক্ষত্রবিশেষ।

লুব্ধক (লুব্ধ+কণ্) বিং, ত্রিং, ব্যাধ। শিং—১ "তেহপিক্রূরচমরুচর্ম্মবসনৈর্নীতা ক্ষয়ং লুব্ধকৈঃ।" লম্পট।

লুলাপ (লুল [লুল্ আলোড়ন করা+অ(ক)—ভা] বিলোড়ন—আপ্ পাওয়া+অ(অন্)—ক। যে পঙ্কের বিলোড়নকে পায়) সং, পুং, কাসর, মহিষ।

লুলাপকন্দ ; সং, পুং, মহিষকন্দ

লুলাপকান্তা ; সং, স্ত্রীং, মহিষী।

লুলিত (লুল্ পীড়ন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দোলিত। কম্পিত। রম্য। আন্দোলিত। চালিত। শিং—১ "লুলিত-পতত্রিমালম্।" (+ক্ত—র্ম্ম) মর্দ্দিত। ত্যক্ত।

লুষভ (রুষ ক্রুদ্ধ হওয়া+অভ—প্রং। রুষ্=লুষ্) সং, পুং, মত্তহস্তী।

লূতা } (লূ ছেদন করা+তক্—র্ম্ম,
লূতিকা } আপ্। লূতা+কণ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, মাকড়সা। পিপ্‌পলিকা।

লূতাতন্তু ; সং, পুং, মাকড়সার জাল।

লূতাতন্তু ন্যায়—ন্যায় (২৭) দেখ।

লূতারি ; সং, পুং, দুগ্ধফেনীক্ষুপ।

লূতিকা ; সং, স্ত্রীং, মর্কটক।

লূন (লূ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম, ত=ন বিং, ত্রিং, কর্ত্তিত, ছিন্ন। শিং—১ "গৃহ-লনপক্ষমপাস্যতাম্।"

লূনক (লূন কর্ত্তিত+কণ্—যোগ) সং, পুং, পশু, চতুষ্পদ জন্তু। বিং, ত্রিং, ছেদিত। ত্রুটিত। কর্ত্তিত। ছিন্ন।

লূনি (লূন দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ছেদ, কর্ত্তন।

লূম (লুন দেখ, ম(মক্)—র্ম্ম) সং, পুং, লাঙ্গুল, পুচ্ছ।

লূমবিষ (লূম লাঙ্গুল—বিষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জীবের লাঙ্গূলে বিষ আছে ; বৃশ্চিক প্রভৃতি।

লেই (দেশজ) সং, মণ্ড, কাই, মাড়।

লেখ (লিখ্ লেখা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, দেবতা। লিখিত পত্র। (+অল্—ভাবে) লিখন। (+অল্—র্ম্ম) বিং, ত্রিং, লেখনীয়। খা—স্ত্রীং, (লিখ্+অ—ভাবে) রেখা। লিখন, চিত্রকরণ। (+অ—র্ম্ম) চিহ্ন। শ্রেণী। লিপি। স্থলী।

লেখক (লেখ দেখ, অক(ণক)—ক) সং, পুং, লিপিকর। চিত্রকারক।

লেখন (লেখ দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, লিখন, অক্ষরবিন্যাস। চিত্রকরণ। অঙ্কন। জিভ আঁচড়ান। (+অনট্—ধি) লিখনপত্র। ভূর্জ্জত্বক্। নী—স্ত্রীং, (+অনট্—ণ) কলম। তুলি।

লেখনিক (লেখন+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, লেখহারক, পত্রবাহক। যে স্বহস্তে লেখে। যে পরহস্তে লেখাইয়া স্বয়ং কোন চিহ্ন দ্বারা তাহাতে স্বাক্ষর করে। বিং, ত্রিং, লিপিকর। চিত্রকর।

লেখনীয় (লেখ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, লিখিতব্য, লিখনযোগ্য।

লেখর্ষভ (লেখ দেবতা—ঋষভ শ্রেষ্ঠ, ৭মী—য) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

লেখহার } (লেখ পত্র—হৃ [হরণ করা]
লেখহারক } লইয়া যাওয়া+অ(অন্), অক (ণক)—ক) সং, পুং, পত্রবাহক।

লেখার্হ্য ; সং, শ্রীতালবৃক্ষ। বিং, ত্রিং, লেখনযোগ্য।

লেখিত (লিখ-ণিচ্=লেখি লেখান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা লেখান হইয়াছে, লিপিবদ্ধ করান। চিত্রিত। অঙ্কিত।

লেখ্য (লেখ দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, অক্ষর। লিখিত পত্রাদি বা চিত্রাদি। দলিল দস্তাবেজ। বিং, ত্রিং, লেখনীয়, লিখনযোগ্য।

লেখ্যচূর্ণিকা (লেখ্য লিখিত চিত্রাদি—চূর্ণ্ পেষণ করা, গুঁড়া করা+অক—প্রং) সং, স্ত্রীং, তুলিকা, তুলি।

লেখ্যপত্র (লেখ্য—পত্র পাতা) সং, ক্লীং, লিখিত পত্রাদি, দলিল দস্তাবেজ। তালপাতা।

লেখ্যস্থান (লেখ্য লেখন বা লেখনীয়—স্থান) সং, ক্লীং, আফিস, দপ্তরখানা।

লেজ (দেশজ) সং, লাঙ্গূল, পুচ্ছ।

লেঠা (দেশজ) সং, উৎপাত। গোলযোগ। মুস্কিল। শঙ্কট।

লেণ্ড; সং, ক্লীং, বিষ্ঠা, ন্যাড়। শিং—১ "উৎসসর্জ বৃহল্লেণ্ডং মূত্রঞ্চ ভয়মাপহ।"

লেপ (লিপ্ লেপন করা+অ(অল্)—ভা) সং, পুং, লেপন, লেপা। ভোজন। বন্ধন। প্রলেপ। (+অল্—র্ম্ম) লেপন-সাধন বস্তু। ভক্ষদ্রব্য। বিলেপন। চূর্ণ, চুণ।

লেপক } (লেপিন্, লেপ দেখ, অক(ণক)
লেপী } ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, লেপকর্ত্তা, লেপনকারক। সং, পুং, জাতিবিশেষ, রাজমিস্ত্রী।

লেপন (লেপ দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বিলেপন। লেপা। ম্রক্ষণ। (+অনট—ণ) ম্রক্ষণসাধন বস্তু।

লেপভুক্—জ্ } (লেপ—ভুজ্ ভোজন
লেপভাক্—জ্ } করা + ০(ক্বিপ্)—ক। ২য়-পক্ষে—ভজ্ সেবা করা+০(বিণ্)—ক) সং, পুং, ৪র্থ, ৫ম, ও ৬ষ্ঠ ঊর্দ্ধ-পুরুষ।

লেপ্য (লেপ দেখ, য(ঘ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, লেপন-যোগ্য।

লেপ্যময়ী (লেপ লেপন+ময়—প্রং, কাষ্ঠাদিতে নির্ম্মিত হইয়া যাহা লেপিত হয়) সং, স্ত্রীং, কাষ্ঠাদিনির্ম্মিত পুত্তলিকা, কাঠের পুতুল প্রভৃতি। বিগ্রহ।

লেপ্যস্ত্রী (লেপ্য লেপন—স্ত্রী স্ত্রীলোক) সং, স্ত্রীং, যে স্ত্রীর গাত্র সুগন্ধি দ্রব্য দ্বারা সুবাসিত।

লেফাফা (যবন ভাষা) সং, পত্রাদির আবরক কাগজবিশেষ, মোড়ক।

লেয় (লী গমন করা+য—প্রং) সং, পুং, সিংহরাশি।

লেলিহান (লিহ্ [যঙলুগন্ত]=লেলিহ পুনঃপুনঃ আস্বাদন করা+আন(কা—ক) সং, পুং, শিব। সর্প। বিং, ত্রিং, বারম্বার লেহনকারী। না—স্ত্রীং, অঙ্গুল্যাদি মুদ্রাবিশেষ।

লেশ (লিশ অল্প হওয়া+অ(অন্)—ক) সং, পুং, কণা, বিন্দু। অল্প, কিঞ্চিৎ। (+অন্—ভাবে) শ্লেষ। [ঢিল।

লেষ্টু (লেশ দেখ, তু—ক) সং, পুং, লোষ্ট্র,

লেষ্টুঘ্ন } (লেষ্টু লোষ্ট্র—ঘ্ন নাশ,
লেষ্টুভেদন } ভেদন ভঙ্গন) সং, পুং, লোষ্ট্র ভঙ্গসাধন মুদ্গর, ডেলা ভাঙ্গা মুগুর। মই।

লেসিক; সং, পুং, হস্ত্যারোহী।

লেহ (লিহ আস্বাদন করা+অ(অল)—ভা) সং, পুং, লেহন, জিহ্বা দ্বারা আস্বাদন। ভক্ষণ। বিং, ত্রিং, আস্বাদ্য, ভক্ষ্য খাদ্য।

লেহন (লেহ দেখ, অন(অনট)—ভা) সং, ক্লীং, জিহ্বা দ্বারা রসগ্রহণ, আস্বাদন, চাটন। ভক্ষণ। [টিঙ্কণ, সোহাগা।

লেহিন (লেহ দেখ, ইন—প্রং) সং, পুং,

লেহী (লেহিন্, লেহ দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, লেহনকারী, আস্বাদকারী।

লেহ্য (লেহ দেখ, য(ঘ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, আস্বাদ্য, লেহনীয়। সং, ক্লীং, অমৃত।

লৈঙ্গ (লিঙ্গ+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, লিঙ্গপুরাণ। শিং—১ "মাৎস্যং কৌর্ম্মং তথা লৈঙ্গং শৈবং স্কান্দন্তথৈব চ।" বিং, ত্রিং, লিঙ্গসম্বন্ধীয়।

লোক (লোক্ দেখা+অ(অল)—র্ম্ম) সং, পুং, মনুষ্য। ভুবন, জগৎ; স্বর্গ মর্ত্ত্য পাতাল—এই ত্রিলোক। ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ,সত্য—এই সপ্ত লোক। সমূহ। (+অল্—ভাবে) দৃষ্টি।

লোককান্তা; সং, স্ত্রীং, ঋদ্ধি নামক ঔষধ।

লোকচক্ষুঃ } (লোকচক্ষুস্, লোক জ-
লোকলোচন } গৎ—চক্ষুস, লোচন=

নেত্র) সং, পুং, দিবাকর, সূর্য্য। জনের লোচন।

লোকজিৎ (লোক জগৎ—জিৎ যে জয় করে) সং, পুং, বুদ্ধদেব।

লোকতুষার; সং, পুং, কর্পূর।

লোকন (লোক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, অবলোকন, দর্শন।

লোকনাথ (লোক জগৎ—নাথ প্রভু) সং, পুং, ব্রহ্মা। বুদ্ধ। বিষ্ণু। শিব। শিং—১ "আকিঞ্চনঃ সন্ প্রভবঃ স সম্পদাং স লোকনাথঃ পিতৃসদ্মগোচর।" রাজা।

লোকপাল (লোক-পাল যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, নৃপ, রাজা। ইন্দ্র, অগ্নি, যম, বরুণ, নৈঋর্ত, বায়ু, কুবের, শিব—এই আটজন দিক্‌পাল।

লোকপ্রবাদ } (লোক—প্রবাদ সম্বাদ,
লোকবাদ } বাদ কথন) সং, পুং, জনশ্রুতি, যাহা সচরাচর লোকে বলিয়া থাকে। [সং, পুং, সূর্য্য।

লোকবান্ধব (লোক জগৎ—বান্ধব বন্ধু)

লোকমাতা (লোকমাতৃ, লোক জগৎ—মাতৃ মা) সং, স্ত্রীং, লক্ষ্মী, কমলা।

লোকযাত্রা (লোক ভুবন—যাত্রা গমন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সংসারযাত্রা, জীবন।

লোকযাত্রাবিধান (Political Economy) সংসারযাত্রা নির্ব্বাহের বিধিদর্শক নীতিশাস্ত্রবিশেষ।

লোকরঞ্জন (লোক—রঞ্জন প্রীতিসম্পাদন) সং, ক্লীং, লোকের প্রীতি সম্পাদন, লোককে সন্তুষ্ট করা।

লোকলোচন; সং, পুং, সূর্য্য।

লোকবাহ্য (লোক মনুষ্য—বাহ্য [বহির্ শব্দজ] বহির্ভূত) বিং, ত্রিং, লোকবহির্ভূত, আচারভ্রষ্ট। লোকবহনীয়।

লোকবিনায়ক; সং, পুং, গ্রহবিশেষ।

লোকস্থিতি; সং, স্ত্রীং, লোকমর্য্যাদা জনসমাজ।

লোকান্তর (লোক—অন্তর অন্য) সং, ক্লীং, পরলোক, অন্যলোক।

লোকান্তরিত (লোকান্তর—ইত গত) বিং, ত্রিং, পরলোকগত, মৃত। স্বর্গ।

লোকায়ত (লোক ভুবন—আ—যৎ যত্ন করা+অ—প্রং, অথবা লোক—আয়ত বিস্তীর্ণ, ৭মী—ষ) সং, ক্লীং, নাস্তিকদর্শনশাস্ত্র, চার্ব্বাকমত, নাস্তিক্য। পুং, চার্ব্বাকমতাবলম্বী।

লোকায়তিক (লোকায়ত+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, চার্ব্বাকমতাবলম্বী। নাস্তিক। পুং, চার্ব্বাক।

লোকারণ্য (লোক—অরণ্য বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লোকসমূহ, জনতা।

লোকালোক (লোক [লোক্ দেখা+অ (অল্)—র্ম্ম। সূর্য্য-কিরণ দ্বারা যাহার ভিতর দেখা যায়] দৃষ্ট—আলোক [আ—লোক দেখা+অ(অল্)—র্ম্ম, সূর্য্যকিরণের অস্পর্শ হেতু যাহার বহির্দ্দেশ দেখা যায় না] অদৃষ্ট, য়ং—স) সং, পুং, সূর্য্যকিরণে একদিকে আলোক ও তদভাবে অন্য দিকে অন্ধকারময় ব্রহ্মাণ্ড-বেষ্টন পর্ব্বত।

লোকেশ (লোক ভুবন—ঈশ ঈশ্বর) সং, পুং, ব্রহ্মা। রাজা। বুদ্ধবিশেষ। পারদ।

লোকোত্তর (লোক—উত্তর) বিং, ত্রিং, অলৌকিক, লোকাতীত। অসামান্য।

লোচ (লোচ দীপ্তি পাওয়া+অ—প্রং) সং, ক্লীং, অশ্রু, নেত্রজল।

লোচক (লোচ্ দেখা+অক(ণক)—ক) সং, পুং, অক্ষিতারা, চক্ষুর তারা। (+ণক—র্ম্ম) কজ্জল। মাংসপিণ্ড। স্ত্রীলোকের ললাটভূষণ। নির্ম্মোক। ভ্রূভঙ্গ। নির্ব্বুদ্ধিতা। নীলবস্ত্র। কর্ণভূষণ। মৌর্ব্বী। কদলী। ভ্রশ্লথচর্ম্ম।

লোচন (লোচ্ দর্শন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, নয়ন, চক্ষু। (+অনট্—ভাবে) দর্শন। আলোচনা। (+অনট্—ণ) পুং, সূর্য্য। না—স্ত্রীং, বুদ্ধিশক্তিভেদ। নী—স্ত্রীং, মহাশ্রবণিকা।

লোচিকা; সং, স্ত্রীং, লুচি।

লোচ্চা (দেশজ) সং, লম্পট, কামুক।

লোণা (লবণ শব্দজ) বিং, লবণাক্ত।

লোত } লূ ছেদন করা+ত(ক্ত), ত্র—
লোত্র } প্রং) সং, ক্লীং, লোপ্ত্র, স্তেয়-

ধন। পুং—ক্লীং, নেত্রজল, অশ্রু। চিহ্ন। রণ।

লোধ } (রুধ আবরণ করা+অ(অন্),রন্
লোধ্র } —ক। র=ল) সং, পুং, শ্বেতবর্ণ বৃক্ষবিশেষ, লোধগাছ।

লোপ (লুপ্ত দেখ, অ(অল্)—ভা)সং, পুং, অপচয়, ভ্রংস, নাস। ছেদন। অভাব। তিরোধান। অন্তর্দ্ধান। অদর্শন। ব্যাকরণে—অদর্শনরূপ বর্ণনাশ।

লোপা } (লুপ্‌-ণিচ্=লোপি লোপ-
লোপামুদ্রা } করা+অ(অন্)—ক, আপ্। যে যোষিৎদিগের রূপাভিধানলোপ করে। লোপ—অমুদ্রা [অ—মুদ্ হর্ষ—রা দান করা বা গ্রহণ করা+অ(ড)—ক, আপ্] যে হর্ষ দান করে না। যে পতি শুশ্রূষার লোপ অমুদ্রা অর্থাৎ পতির সেবা না করিলে যাহার আনন্দ জন্মে না) সং, স্ত্রীং, অগস্ত্যপত্নী।

লোপাক } (লুপ ছেদন করা+আক—
লোপাশাক } প্রং। লোপ [নাশ]নষ্ট মাংস
লোপাশক } বা খাদ্য—আপ্ পাওয়া+অক—প্রং। লোপ—অশ্ ভক্ষণ করা+অক—প্রং) সং, পুং, শৃগাল, শিয়াল। পিকা,শিকা—স্ত্রীং,শৃগালী খেঁকশিয়ালী।

লোপ্ত—ক্লীং } (লুপ্ লোপ করা+ত্র
লোপ্ত্রী—স্ত্রীং } (ষ্ট্রন্)—র্ম্ম, ঈপ্) সং, স্তেয়ধন, চোরা বস্তু।

লোভ (লুভ্ লাভাকাঙ্ক্ষী হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, লিপ্সা, আকাঙ্ক্ষা, পরদ্রব্যগ্রহণে অভিলাষ। শিং—১"পরবিত্তাদিকং দৃষ্ট্বা। নেতুং যো হৃদি জায়তে। অভিলাষো দ্বিজশ্রেষ্ঠ স লোভঃ পরিকীর্ত্তিত।"

লোভনীয় (লুভ্-ণিচ্=লোভি+অনীয়—ক) বিং, ত্রিং, লোভজনক, স্পৃহণীয়।

লোভী (লোভিন্, লোভ+ইন্—অস্ত্যর্থে। অথবা লুভ লোভী হওয়া+ইন্(ণিন্)—ক) বিং,ত্রিং, লোভবিশিষ্ট, লোলুপ,লুব্ধ।

লোভ্য (লুভ লাভাকাঙ্ক্ষী হওয়া+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, লোভনীয়। লোভিত। সং, পুং, মুদ্গ।

লোভ্যমান (লোভ দেখ, আন(শান)—র্ম্ম, য, ম—আগম) বিং, ত্রিং, আকৃষ্যমাণ, যে লুব্ধ হয়, যাহাকে লুব্ধ করা যায়।

লোম (লোমন্, লূ ছেদন করা+মন্—র্ম্ম) সং, পুং, শরীরজাত কেশ, রোঁয়া। ক্লীং, পুচ্ছ, লেজ।

লোমকরণী; সং, স্ত্রীং, মাংসচ্ছদা।

লোমকর্ণ (লোমন্ লোমবহুল—কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শশক, খরগোশ। বিং, ত্রিং, লোমযুক্ত কর্ণবিশিষ্ট।

লোমকূপ (লোম—কূপ গহ্বর) সং, পুং, রোমাধার। বিন্দুর আকার গর্ত্ত।

লোমঘ্ন (লোমন্ এখানে মস্তকজাত কেশ—ঘ্ন[হন্ বধ করা+অ(টক্)—ক] যে নাশ করে) সং, ক্লীং, ইন্দ্রলুপ্তক, টাক। বিং, ত্রিং, লোমনাশক।

লোমজ (লোমন্ লোম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) বিং, বিং, পশমী (কাপড় প্রভৃতি)।

লোমপাদ; সং, পুং, অঙ্গদেশীয় নরপতিবিশেষ; ইনি ঋষ্যশৃঙ্গ মুনির শশুর।

লোমপাদপূ; সং, স্ত্রীং, পুরীবিশেষ, অধুনা ভাগলপুর নামে খ্যাত।

লোমফল; সং, ক্লীং, ভব্য।

লোমবিষ (লোমন্ লোম—বিষ) সং, পুং, যে জন্তুর লোম বিষাক্ত, ব্যাঘ্র প্রভৃতি।

লোমশ (লোমন্+শ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লোমবিশিষ্ট। শিং—১ "কদাচিদক্রোমুর্খো কদাচিল্লোমশঃ সুখী" সং, পুং, মুনিবিশেষ। মেষ। শা—স্ত্রীং, কাকজঙ্ঘা। মাংসী। বচা। শূকশিম্বি। মহামেদা। অতিবলা।

লোমশকাণ্ডা; সং, স্ত্রীং, কর্কটী।

লোমশপুষ্পক; সং, পুং, শিরীশবৃক্ষ।

লোমশমার্জ্জার (লোমশ অতিশয় লোমবিশিষ্ট—মার্জ্জার বিড়াল) সং, পুং, গন্ধমার্জ্জার, গন্ধগোকুলা।

লোমহর্ষণ (লোম—হর্ষণ হৃষ্ট হওন, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, রোমাঞ্চ। পুং, পুরাণবক্তা মুনিবিশেষ, সূত; ইনি ব্যাসদেবের শিষ্য ছিলেন। মহর্ষি প্রসন্ন হইয়া স্বপ্র-

নীত সমস্ত পুরাণ তাঁহাকে সমর্পণ করেন। এই নিমিত্ত তিনি পুরাণবক্তা লোমহর্ষণ সর্ব্বত্র সূত নামে প্রসিদ্ধ। কিন্তু ইহা তাঁহার কুলানুযায়ী নাম, প্রকৃত নাম নহে। যেহেতু কল্কিপুরাণে সূতপুত্র নামে লোমহর্ষণের বিশেষণ আছে এবং লোমহর্ষণ নামও তাঁহার আদি নাম নহে। তিনি মধুর বাক্যবিন্যাসদ্বারা শ্রোতৃবর্গের লোমহর্ষণ অর্থাৎ লোমাঞ্চ করিয়া দিতেন, এই নিমিত্ত তাঁহার নাম লোমহর্ষণ। শিং—১ "প্রখ্যাতো ব্যাসশিষ্যোভূৎ সূতো বৈ লোমহর্ষণঃ। পুরাণসংহিতাস্তস্মৈ দদৌ ব্যাস মহামুনিঃ।" (বিষ্ণুপুরাণ)। ২ "তথা ক্ষেত্রে সূতপুত্রো নিহতো লোমহর্ষণঃ। বলরামাস্ত্রযুক্তাত্মা নৈমিষোহভূৎ স বান্ধবা।" (কল্কিপুরাণ)। ৩ "লোমানি হর্ষয়াঞ্চক্রে শ্রোত্রিণাং যঃ স্বভাষিতৈঃ। কর্ম্মণা প্রথিতস্তেন লোমহর্ষণসংজ্ঞয়া।" (কূর্ম্মপুরাণ)। বিং, ত্রিং, রোমাঞ্চকারক।

লোমহৃৎ (লোমন্ লোম—হৃৎ হরণকারী) সং, পুং, হরিতাল।

লোমাঞ্চ—রোমাঞ্চ দেখ।

লোমালিকা (লোমন্ লোম—আলী শ্রেণী +কণ্—যোগ) সং, স্ত্রীং, শৃগালী, খেঁকশিয়ালী। শিং—১ "লোমালিকা দীপ্তজিহ্বা কিখিরুল্কামুখী চ সা।"

লোল (লোড্ উন্মত্ত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, চঞ্চল। চালিত। সতৃষ্ণ, লোলুপ, লোভী। ইচ্ছুক। শ্লথ, শিথিল; যথা —"লোলমাংস।" লা—স্ত্রীং, জিহ্বা। লক্ষ্মী। শিং—১ "লোলালকস্ফুরিতং।"

লোলায়মান (লোল+আয়, আন(শান)—ক, ম—আগম) বিং, ত্রিং, দোলায়মান।

লোলার্ক; সং, পুং, সূর্য্য।

লোলিকা; সং, স্ত্রীং, চাঙ্গেরী। চুকোপালঙ্।

লোলিত (লুল-ঞিং=লোলি+ত(ক্ত)—র্ম্ম) বিং, চালিত। চঞ্চল, কম্পমান। শ্লথ, ঝোলা।

লোলুপ } (লুপ, লুভ্ [যঙলুগন্ত]=লোলুপ,
লোলুভ } লোলুভ পুনঃপুনঃ লোভ করা +অ(অন্)—ক) সং, পুং, অতিলোভী। অভিলাষী, ইচ্ছুক। আসক্ত।

লোষ্ট, লোষ্ট্র—পুং-ক্লীং } (লোষ্ট্ রাশি
লোষ্টু—পুং } করা+অ(অন্) —ক, র, উ) সং, মৃৎখণ্ড, ডেলা, ঢিল। ক্লীং, লৌহমল, মরিচা।

লোহ (লূ ছেদন করা+হ—র্ম্ম) সং, পুং —ক্লীং, লৌহ, লোহা। অস্ত্র-বিশেষ। ধাতু। শোণিত, রক্ত; যথা—"লোহসহ মিশি অশ্রুধারা, অনর্গল বহি হায়, আদ্রিল মহিরে।" (মেঘনাদ)। রক্তচন্দন। ক্লীং, অগুরু।

লোহকণ্টক; সং, পুং, মদনবৃক্ষ।

লোহকান্ত (লোহ লৌহ—কান্ত এখানে রত্ন) সং, ক্লীং, অয়স্কান্তমণি, চুম্বকপাথর।

লোহকার (লোহ—কর [কৃ করা+অ(ষণ) —ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, কর্ম্মকার, কামার। শিং—১ "গোপালাৎ তন্ত্রবায্যাং বৈ কর্ম্মকারোহপ্যভূৎ সুতঃ।"

লোহকিট্ট } (লোহ লোহা—কিট্ট কাইট
লোহচূর্ণ } বা মল।—চূর্ণ গুঁড়া) সং, ক্লীং, লৌহমল, লোহার মরিচা।

লোহজ (লোহ লোহা—জ [জন্ জন্মান +অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, লোহকিট্ট। কাংস্য, কাঁসা।

লোহদ্রাবী } (—দ্রাবিন্, লোহ ধাতু—
লোহশ্লেষণ } দ্রাবিন্ যে দ্রব করে। লোহ ধাতু—শ্লিষ [আলিঙ্গন করা] সংযুক্ত হওয়া দগ্ধ করা ইত্যাদি+অন(অনট্)—ক) সং, পুং, টঙ্কণ, সোহাগা। [নারাচ, লৌহবাণ।

লোহনাল (লোহ লোহা—নাল) সং, পুং,

লোহপৃষ্ঠ (লোহ লোহবৎ কঠিন—পৃষ্ঠ পিঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কঙ্কপক্ষী, কাঁকপাখী। বিং, ত্রিং, লৌহময় পৃষ্ঠযুক্ত।

লোহময় (লোহ+ময়ট—বিকারার্থে) বিং, ত্রিং, লৌহদ্বারা প্রস্তুত, লৌহনির্ম্মিত।

লোহমারক; সং, পুং, শালিঞ্চ শাক।

লোহল (লোহ লোহা—লা পাওয়া+অ (ড)—ক) বিং, ত্রিং, অব্যক্তবাক্, অস্ফুটভাষী, যে ব্যক্তির কথা স্পষ্ট বুঝা যায় না। বিং, ত্রিং, লোহকারক।

লোহবর (লোহ ধাতু—বর শ্রেষ্ঠ) সং, ক্লীং, সুবর্ণ, স্বর্ণ।

লোহাখ্য ; সং, ক্লীং, অগুরু।

লোহাভিসার } (লোহ শস্ত্র—অভি চতু-
লোহাভিহার } র্দ্দিকে—সৃ গমন করা, হৃ লওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, যুদ্ধে যাত্রা করিবার পূর্ব্বে শস্ত্রধারী রাজগণের নীরাজনা বিধি। অস্ত্র শস্ত্র মার্জ্জনা করা।

লোহিকা (লোহ লোহা+কণ্—প্রং, আপ্) সং, স্ত্রীং, লৌহপাত্র, কটাহ প্রভৃতি।

লোহিত (রুহ্ উৎপন্ন হওয়া+ইতন্—ক, র=ল) বিং, ত্রিং, রক্তবর্ণযুক্ত। সং, পুং, রক্তবর্ণ, রাঙ্গা রং। নদবিশেষ। সুরান্তর। মসূর। রক্তালু। মঙ্গলগ্রহ। রুইমাছ। মৃগবিশেষ। সর্প। ক্লীং, শোণিত,রুধির। কুঙ্কুম। রক্তচন্দন। যুদ্ধ।

লোহিতক (লোহিত+কণ্—যোগ) সং, পুং, মঙ্গলগ্রহ। পদ্মরাগমণি। ক্লীং,পিত্তল।

লোহিতচন্দন (লোহিত রক্তবর্ণ—চন্দন) সং, ক্লীং, রক্তচন্দন। কুঙ্কুম।

লোহিতাক্ষ (লোহিত রক্তবর্ণ—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং, অ—প্রং) সং, পুং, বিষ্ণু। কোকিল। বিং, ত্রিং, যাহার চক্ষুঃ রক্তবর্ণ।

লোহিতাঙ্গ (লোহিত রক্তবর্ণ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মঙ্গলগ্রহ।

লোহিতায়স্ } (লোহিত রক্তবর্ণ—অয়স্
লোহিতায়স } লৌহ। অপরপক্ষে অয়স্+অ—প্রং) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

লোহিনী (লোহিত রক্তবর্ণ+ঈ—প্রং। ত=ন) সং, স্ত্রীং, রক্তবর্ণা স্ত্রী। শিং—১ "রোহিণী রোহিতা রক্তা লোহিনী লোহিতা চলা।"

লোহোত্তম (লোহ ধাতু—উত্তম শ্রেষ্ঠ) সং, ক্লীং, সুবর্ণ। [বিশেষ।

লৌ (লোহিত শব্দজ) সং, লৌহ। ঔষধি-

লৌকায়তিক (লোকায়ত চার্ব্বাক শাস্ত্র+ইক(ষ্ণিক)—বিদিতার্থে) সং,পুং, চার্ব্বাকমতাবলম্বী। নাস্তিক।

লৌকিক (লোক+ইক(ষ্ণিক)—ভবার্থে, বিদিতার্থে) বিং, ত্রিং, লোকসম্বন্ধীয়, মানুষিক, লোকব্যবহারসিদ্ধ। পার্থিব। সাংসারিক।

লৌকিকাগ্নি (লৌকিক—অগ্নি) সং, পুং, অসংস্কৃত অগ্নি। শিং—১ "ন পৈত্র্যযজ্ঞিয়ো হোমো লৌকিকাগ্নৌ বিধীয়তে।"

লৌতেয় (Arachnida) লূতাবর্গ। মাকড়সা সমূহ।

লৌল্য (লোল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, চাঞ্চল্য। স্পৃহা। লোভ। কামনা। চাপল্য।

লৌহ (লোহ+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং—ক্লীং, ধাতুবিশেষ, লোহা। চুম্বক দ্রাবক কষক ভ্রামক ধাতু। বিং, ত্রিং, লৌহনির্ম্মিত।

লৌহচারক ; সং, পুং, নরকবিশেষ।

লৌহবর্ত্ম (লৌহবর্ত্মন্, লৌহ লোহা—বর্ত্মন্ পথ) সং, ক্লীং, লৌহনির্ম্মিত পথ, রেলওয়ে।

লৌহভাণ্ড (লৌহ—ভাণ্ড পাত্র) সং, পুং, হামামদিস্তা। ক্লীং, লৌহনির্ম্মিত ভাণ্ড।

লৌহভূ ; সং, স্ত্রীং, কঠিনী।

লৌহিত্য (লোহিত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, রক্তবর্ণ। পুং, ব্রহ্মপুত্র নদ। শিং—১ "তীর্ণলৌহিত্যে।" (রঘু)। রক্তসমুদ্র।

লৌহিত্যা (লোহিত+য(ষ্ণ্য),আ—প্রং) সং, স্ত্রীং,কামরূপদেশের উত্তরদিগ্বর্ত্তিনী নদী।

—

# ব

(অন্তঃস্থ-দন্তৌষ্ঠ্য।)

ব ; ব্যঞ্জন বর্ণের ঊনত্রিংশ অক্ষর। (বা বধ করা+অ(ড)—ক) সং, পুং, বায়ু। বরুণ। বাহু। বরুণালয়। বক্ষঃস্থল। সান্ত্বন। ক্লীং, মন্ত্রবিশেষ। বসন। অং, সাদৃশ্য।

বউনি (বহন শব্দজ) সং, বহনের বেতন। (দেশজ) ব্যবসায়ী লোক সর্ব্বপ্রথমে বিক্রেয় দ্রব্য বিক্রয় করিয়া যে মূল্য পায়

বংশ (বম্ বমন করা+শ—র্ম্ম, নামার্থে যে পূর্ব্বপুরুষদিগকে বমন করে) সং পুং, কুল, গোত্র। একগোত্রোৎপন্ন, পূর্ব্ব পুরুষ বা সন্তান। (বম্ উদ্গীরণ করা

বন্ শব্দ করা+শ—নামার্থে। যে কোঁড়া বমন করে বা যে বায়ু দ্বারা শব্দিত হয়। অথবা বন—শী শয়নকরা+অ(ড)—ক। যে বনে শয়ন করে) বংশ। বাঁশী। স্বরবিশেষ। সমূহ। বর্গ। নাসাবিবর। গর্ব্ব। গৃহের উর্দ্ধকাষ্ঠ। পৃষ্ঠদণ্ড, পিঠের দাঁড়া। ইক্ষু। সালবৃক্ষ।

বংশক (বংশ+কণ্—যোগ) সং, পুং, মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ। ইক্ষুবিশেষ, বাঁশাই, সামসাড়া। ক্লীং, অগুরু চন্দন।

বংশকফ (বংশ বাঁশ—কফ) সং, ক্লীং, আকাশে উড্ডীয়মান সূত্র, বুড়ীর সুতা।

বংশক্ষীরী (বংশ বাঁশ—ক্ষীর গাঢ় দুগ্ধ। ক্ষীরবর্ণ বলিয়া) সং, স্ত্রীং, বংশলোচনা।

বংশজ (বংশ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, সৎবংশজাত, সৎকুলোৎপন্ন। বংশজাত। পুং, বেণুযব। জা—স্ত্রীং, বংশলোচনা।

বংশধর (বংশ—ধর [ধৃ ধারণকরা+অ(অন্)—ক] যে ধারণ করে) বিং, ত্রিং, কুলরক্ষক, বংশপ্রবর্ত্তক, কুলবর্দ্ধন, কুলোদ্বাহ, বংশের স্থাপয়িতা। সন্তান।

বংশনালিকা (বংশ বাঁশী—নাল চোঙ্গা+কণ্—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী।

বংশপত্রক (বংশ বাঁশ—পত্র পাতা। বংশপত্রের ন্যায় এই মৎস্যের আকৃতি বলিয়া) সং, পুং, বাঁশপাতা মাছ। নল, খাগড়া। শাদা ইক্ষু। ক্লীং, হরিতাল।

বংশপত্রপতিত; সং, ক্লীং, সপ্তদশ অক্ষর ছন্দোবিশেষ।

বংশপীত; সং, পুং, কণগুগ্গুলু।

বংশপুষ্পা; সং, স্ত্রীং, সহদেবীলতা।

বংশপূরক; সং, ক্লীং, ইক্ষুমূল।

বংশমর্য্যাদা; সং, স্ত্রীং, বংশ পরম্পরায় প্রাপ্তগৌরব, কুলক্রমাগত মর্য্যাদা। রাজদত্ত উপাধি, খেতাব।

বংশরোচনা
বংশলোচনা
বংশশর্করা } (বংশ—রুচ্ দীপ্তি পাওয়া+অন, আপ্—প্রং, ৭মী—ষ) সং, স্ত্রীং, বাঁশের পর্ব্বের অভ্যন্তরে উৎপন্ন শ্বেতবর্ণ ঔষধবিশেষ, বংশলোচন।

বংশস্থ (বংশ—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে) সং, ক্লীং, ছন্দোবিশেষ। বিং, ত্রিং, বংশে স্থিত।

বংশস্থবিল; সং, ক্লীং, দ্বাদশাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহারা ১ম ৩য় ৬ষ্ঠ ৭ম ৯ম ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট গুরু।

বংশাগ্র—ক্লীং
বংশাঙ্কুর—পুং } (বংশ—অগ্র, অঙ্কুর) সং, বাঁশের কোঁড়া।

বংশানুচরিত (বংশ—অনু অনুক্রম—চরিত অগ্রগত) সং, ক্লীং, বংশের চরিত্রবর্ণন। পুরাণে—পঞ্চলক্ষণান্তর্গত লক্ষণবিশেষ। "সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ। বংশানুচরিতঞ্চেতি পুরাণং পঞ্চলক্ষণং।"

বংশাবলী (বংশ—আবলী শ্রেণী) সং, স্ত্রীং, পূর্ব্বপুরুষদের নামাবলী। কুলজী।

বংশিক (বংশ+ইক—সংজাতার্থে) সং, ক্লীং অগুরু। বিং, ত্রিং, বংশোৎপন্ন। কা—স্ত্রীং, মুরলী, বেণু, বাঁশী। [বেণু, মুরলী।

বংশী (বংশ+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, বাঁশী,

বংশীধর (বংশী—ধর [ধৃ ধারণ করা+অ অন্)—ক যে ধরে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বংশীধারী।

বংশীয়
বংশ্য } (বংশ+ঈয়(নীয়), য(ষ্ণ্য)—ভবার্থে বিং, ত্রিং, বংশোদ্ভব। সদ্বংশজাত। সম্ভ্রান্ত। ছদ্মবেশী।

বক (বচ্ বলা+অ(অন্)—র্ম্ম। যে মৎস্য খাদক বলিয়া কথিত হয়। অথবা বন্ক্ কুটিল হওয়া+অন—ক। যে বক্রভাবে গমন করিয়া থাকে) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ জলচর পক্ষিবিশেষ। শিং—১ "হংস সারসকাচাক্ষবকক্রৌঞ্চশরারিকাঃ। নন্দীমুখী সকাদম্বা বলাকাদ্যাঃ প্লবাঃ স্মৃতাঃ। প্লবন্তে সলিলে যস্মাৎ এতে তস্মাৎ প্লবাঃ স্মৃতাঃ।" (যে হরপ্রিয়রূপে উক্ত হইয়াছে) পুষ্পবৃক্ষবিশেষ, বাসকোনা গাছ, বককুলের গাছ। দৈত্যবিশেষ, বকাসুর, পুতনার ভ্রাতা, কংশের চর; বকপক্ষীর মূর্ত্তি ধরিয়া কৃষ্ণকে গিলিয়া বধ করিতে আসিয়াছিল, কিন্তু কৃষ্ণ তাহাকে ঠোঁট ধরিয়া চিরিয়া বধ করেন। ভীমকর্ত্তৃক হত রাক্ষসবিশেষ। কুবের। যন্ত্রবিশেষ।

বকজিৎ / বকনিসূদন / বকবৈরী } (বক দৈত্যবিশেষ—জিৎ যে জয় করে। নিসূদন যে বধ করে, ২য়া—ষ। বকবৈরিন্, বক দৈত্যবিশেষ—বৈরিন্ শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীম। কৃষ্ণ।

বকন (বাক্ শব্দজ কি ?) সং, অনর্থক ভাষণ, জল্পন। বক্ বক্ করা।

বকনা (দেশজ) সং, অল্পবয়স্কা গবী। যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই।

বকপঞ্চক ; সং, ক্লীং, কার্ত্তিক শুক্লপক্ষের একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত পাঁচ তিথি।

বকবৃত্তি / বকব্রতী } (বক—বৃত্তি জীবিকা। বকব্রতিন্, বক—ব্রত+ইন্—অস্ত্যর্থে। যে বকের ন্যায় মিথ্যা বিনীত হইয়া জীবিকাদি নির্ব্বাহ করে) বিং, ত্রিং, বঞ্চক, শঠ। বকাধার্ম্মিক। সং, পুং, ভণ্ড ধূর্ত্ত ও স্বার্থপর ব্যক্তি। শিং—১ "অধোদৃষ্টির্নৈষ্কৃতিকঃ স্বার্থসাধনতৎপরঃ। শঠঃ মিথ্যাবিনীতশ্চ বকব্রতচরো দ্বিজ।"

বকরী (বর্করী শব্দজ) সং, ছাগী, স্ত্রী ছাগ।

বকাণ্ডপ্রত্যাশান্যায়—ন্যায় (৯) দেখ। সং, স্ত্রীং, বৃথা আশা।

বকারি ; সং, পুং, শ্রীকৃষ্ণ।

বকুল (বচ্ বলা+উল(কুল)—সংজ্ঞার্থে, যে কবিগণ কর্ত্তৃক উক্ত অর্থাৎ বর্ণিত হইয়াছে) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ, বকুলগাছ। ক্লীং, তৎপুষ্প।

বকেয়া (আরবী) সং, অবশেষ, বাকি, বক্রী। পুরাতন, আদিম।

বকেরুকা (বক পক্ষিবিশেষ বা বক্র—ঈর্ গমন করা বা হওয়া+উক—প্রং) সং, স্ত্রীং, বলাকা, বকপঙ্‌ক্তি। বায়ু দ্বারা নত শাখা।

বকোট (বক্ বক্র হওয়া+ওট-প্রং) সং, পুং, বকপক্ষী। [পারিতোষিক।

বক্‌শিশ (পারস্য বখ্‌সিদন ধাতুজ) দান,

বক্‌সি (পারস্য) সেনাপতি। নাজিরের অধীনস্থ কর্ম্মচারী।

বক্তব্য (বচ বলা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বচনীয়, নিন্দনীয়। কথনীয়, বলিবার যোগ্য। (+তব্য—ভাবে) সং, ক্লীং, কথন, বাচ্য। নিন্দা।

বক্তা (বক্তৃ, বক্তব্য দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, বক্তৃপটু, বক্তৃতাশক্তিযুক্ত।

বক্তৃতা (বক্তৃ+তা—ভাবে) সং, স্ত্রীং, বাক্‌পটুতা, বলিবার ক্ষমতা। বাগ্‌বিন্যাস।

বক্ত্র (বক্তব্য দেখ, ত্র—ণ) সং, ক্লীং, মুখ, আনন, বদন, আস্য। বৈদিক ছন্দোবিশেষ। বস্ত্রভেদ। তগরমূল।

বক্ত্রখুর (বক্ত্র মুখ—খুর) সং, পুং, দন্ত।

বক্ত্রজ (বক্ত্র [ব্রহ্মার] মুখ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত ; ব্রহ্মার মুখ হইতে জাত বলিয়া) সং, পুং, ব্রাহ্মণ। বিং, ত্রিং, মুখজাত।

বক্ত্রতাল ; সং, ক্লীং, মুখবাদ্য।

বক্ত্রপট্ট (বক্ত্র মুখ—পট্ট বস্ত্র) সং, পুং, অশ্বাদির মুখবদ্ধ শস্যপূর্ণ থলিয়া, তোবড়া।

বক্ত্রভেদী (বক্ত্রভেদিন্, বক্ত্র মুখ—ভেদিন্ যে ভেদ করে) সং, পুং, তিক্তরস। বিং, ত্রিং, মুখবিদারক।

বক্ত্রবাস (বক্ত্র মুখ—বাসি সুগন্ধ করান +অ(অন্)—ক) সং, পুং, নারঙ্গ। (৬ষ্ঠী—ষ) মুখগন্ধ।

বক্ত্রশোধী (বক্ত্র—শোধি শুদ্ধকরান+ইন্ (ণিন্)—ক) সং, পুং, জম্বীর। মুখশোধক তাম্বুলাদি। [পুং, মুখামৃত, লালা।

বক্ত্রাসব (বক্ত্র মুখ—আসব মদ্য, মধু) সং,

বক্র (বন্ক্ কুটিল হওয়া+রক্—) সং, ক্লীং, নদীর বাঁক। বিং, ত্রিং, অনৃজু, কুটিল, বাঁকা। ক্রূর। শঠ। পুং, শনিগ্রহ। বক্রগতিবিশিষ্ট গ্রহ। মঙ্গলগ্রহ। রুদ্র। ত্রিপুরাসুর। পর্পট।

বক্রকণ্ট / বক্রকণ্টক } সং, পুং, বদরবৃক্ষ। কুটিলকণ্টক। খদিরবৃক্ষ।

বক্রগ্রীব (বক্র বাঁকা—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র, উট। বিং, ত্রিং, যাহার গলা বাঁকা।

বক্রচঞ্চু / বক্রতুণ্ড } (বক্র বাঁকা—চঞ্চু ঠোঁট, তুণ্ড মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুকপক্ষী।

বক্রণ—ক্লীং } (বন্ক্ কুটিল হওয়া+
বক্রণা—স্ত্রীং } অনট্, অন—ভাবে, আপ্) বক্রীকরণ।

বক্রদংষ্ট্র (বক্র বাঁকা—দংষ্ট্রা বড় দাঁত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর, বরাহ।

বক্রনক্র (বক্র বাঁকা—নক্র নাসিকা ইত্যাদি) সং,পুং, পিশুন, খল। শুকপক্ষী।

বক্রনাসিক (বক্র বাঁকা—নাসিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক। বিং, ত্রিং, যাহার নাসিকা বাঁকা।

বক্রপুচ্ছ } (বক্র বাঁকা—পুচ্ছ, বালধি
বক্রবালধি } = লেজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, কুক্কুর। বক্রলাঙ্গূল, বাঁকা লেজ।

বক্রপুষ্প ; সং, পুং, বকবৃক্ষ। পলাশবৃক্ষ।

বক্রভণিত (বক্র বাঁকা—ভণিত কথিত) সং, ক্লীং, বক্রোক্তি, শ্লেষবাক্য।

বক্রম (অব বিপরীত—ক্রম্ গমন করা+অ(অল্)—ভাবে। অ—লোপ) সং, পুং, পলায়ন, প্রস্থান।

বক্রলাঙ্গূল (বক্র বাঁকা—লাঙ্গূল লেজ) সং, পুং, কুক্কুর। ক্লীং, বক্রপুচ্ছ।

বক্রবক্ত্র (বক্র বাঁকা—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। বিং, ত্রিং, যাহার মুখ বাঁকা।

বক্রশল্যা ; সং, স্ত্রীং, কুটুম্বিনীক্ষুপ।

বক্রাঙ্গ (বক্র বাঁকা—অঙ্গ অবয়ব) সং, পুং, হংস। ক্লীং, বাঁকা অঙ্গ। বিং, ত্রিং, কুটিল অবয়বযুক্ত।

বক্রি (বচ্ বলা+ক্রি—প্রং) বিং, ত্রিং, মিথ্যাবাদী, অনৃতভাষী।

বক্রিম } (বন্চ্ বক্রহওয়া+ইম(ক্রিমচ্)
বক্রিমা } —ভাবে। বক্র কুটিল+ইমন্—ভা) সং, পুং, বক্রতা, কৌটিল্য। শঠতা।

বক্রী (বক্রিন্, বক্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং, বক্রবিশিষ্ট। শিং—১ "লগ্নেশো যদি বক্রী স্যাৎ পুংসঃ কার্য্যেষু বক্রতা।"

বক্রোক্তি (বক্র বাঁকা—উক্তি ব্যঙ্গোক্তি, সং—স) সং, স্ত্রীং, দ্ব্যর্থ উক্তি। কাব্যের অলঙ্কারবিশেষ, শ্লেষবাক্য, ব্যঙ্গোক্তি। শিং—১ "অন্যস্যান্যার্থকং বাক্যমন্যথা যোজয়েদ্‌যদি। অন্যঃ শ্লেষেণ কাক্বা বা সা বক্রোক্তিস্ততো দ্বিধা।"

বক্রোষ্ঠিকা (বক্র বাঁকা—ওষ্ঠ ঠোঁট+ক—প্রং) সং, স্ত্রীং, স্মিত্ত, ঈষৎ হাস্য।

বক্ষঃ (বক্ষস্, বক্ষ্ সংহত হওয়া অথবা বহ্ বহন করা+অস্—ক) সং, ক্লীং, উরঃস্থল। হৃদয়, বুক।

বক্ষস্পর্দ্ধিনী ; সং, স্ত্রীং, যে স্ত্রী বুকের উপর স্পর্দ্ধা করে, অতিশয় প্রিয়া পত্নী।

বক্ষণ (বক্ষঃ দেখ, অন—প্রং) সং,ক্লীং,বক্ষঃ।

বক্ষোজ } (বক্ষস্—জ [জন্ জন্মান+
বক্ষোরুহ } অ(ড)—ক] যে জন্মে। ২য়-পক্ষে রুহ্ আরোহণ করা+অ(ক)—ক, ৫মী—ষ) সং, পুং, স্ত্রী-স্তন, পয়োধর।

বক্ষ্যমাণ (বচ্ বলা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বলা যাইবে। বক্তব্য। বাচ্য।

বখিল (আরবী) কৃপণ ব্যয়কুণ্ঠ।

বগল (পারস্য) সং, বাহুমূল, কক্ষদেশ।

বগলামুখী } সং, স্ত্রীং, দশমহাবিদ্যান্তর্গত
বগলা } দেবীবিশেষ। অন্নদামঙ্গলে ইহার রূপ ; যথা—



বগলা (দশমহাবিদ্যা)।

"ধূমাবতী দেখে ভীম সভয় হইলা।
হইয়া বগলামুখী সতী দেখা দিলা।"

রত্নগৃহে রত্নসিংহাসনমধ্যস্থিতা।
পীতবর্ণা পীতবস্ত্রাভরণভূষিতা।
এক হস্তে এক অসুরের জিহ্বা ধরি।
আর হস্তে মুদ্গর ধরিয়া ঊর্দ্ধ করি।
চন্দ্র সূর্য্য অনল উজ্জ্বল ত্রিনয়ন।
ললাটমণ্ডলে চন্দ্রখণ্ড সুশোভন।"

বগাহ (অব—গাহ্ স্নান করা+অ(অল্)—ভা, অ—লোপ) সং, পুং, অবগাহন, মজ্জন, স্নান। শিং—১"পূর্ব্বাপরৌ তোয়নিধী বগাহ্য।"

বগ্নু (বচ্ বলা+নু—প্রং। ব=গ) সং, পুং, বক্তা, বাগ্মী, কথক।

বঙ্ক (বক্র দেখ, অ(অন্)—ক) সং, পুং, নদীর বাঁক, টেক। বিং, ত্রিং, বক্র। ঙ্কা স্ত্রীং, পলায়ন, পালান। পলায়নের প্রান্তভাগ। [কণ্টক, কাঁটা।

বঙ্কিল (বঙ্ক বক্রতা+ইল—প্রং) সং, পুং,

বঙ্ক্য (বক্র দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, বাঁকা। টেড়া।

বঙ্ক্রি (বক্র দেখ, ক্রি—প্রং) সং, ক্লীং, পার্শ্বাস্থি, পাঁজরা। গৃহদারু। বাদ্যবিশেষ।

বঙ্ক্ষণ (বানৃছ্ আকাঙ্ক্ষা করা+অন—ক, নিপাতন, কিম্বা বক্ষঃ দেখ, অন—প্রং, ন—আগম) সং, ক্লীং, ঊরুসন্ধি, কুচ্‌কি।

বঙ্ক্ষু (বঙ্ক্ষ্ সংহত হওয়া+উ—প্রং) সং, স্ত্রীং, গঙ্গার শাখাবিশেষ।

বঙ্গ, বাঙ্গালা (বনৃগ্ খঞ্জ হওয়া+অ(অল্)—ধি, সংজ্ঞার্থে) সং, পুং, বাঙ্গালাদেশ। শিং—১ "রত্নাকরং সমারভ্য ব্রহ্মপুত্রান্তগং শিবে। বঙ্গদেশো ময়া প্রোক্তঃ সর্ব্বসিদ্ধিপ্রদর্শকঃ।" সোমবংশজ বলিরাজের অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ পুণ্ড্র ও সুহ্ম নামে পঞ্চজন ক্ষেত্রজপুত্র জন্মে। তাহাদিগের মধ্যে বঙ্গ নামক পুত্র যে বিভাগে পুরুষানুক্রমে রাজত্ব করেন, তাহার নাম বঙ্গ। পূর্ব্বে এক্ষণকার সমস্ত বাঙ্গালা দেশকে বাঙ্গালা দেশ বলিত না। এখনও বঙ্গ বঙ্গজ ও বাঙ্গাল শব্দ পূর্ব্বদেশ সম্বন্ধেই প্রযুক্ত হইয়া থাকে। যবন রাজাদিগের আধিপত্যসময়ে বাঙ্গালা নামের প্রথম প্রচার হয়। যৎকালে সমসুদ্দীন দিল্লীশ্বরের অধীনতা অস্বীকার পূর্ব্বক বঙ্গের রাজা হন, তৎকালে ঐ বঙ্গদেশই অত্যন্ত সমৃদ্ধিশালী ছিল, তথাকার যবনাধিপেরা ক্রমে ক্রমে পরাস্ত হইলে তিনি সমস্ত গৌড়রাজ্য স্বীয় অধিকারভুক্ত করেন। সেই সময়ে ঐ দেশের নাম বাঙ্গালা হইল। অনন্তর ১৫৭৪ খৃঃ সম্রাট আকবর সমস্ত রাজ্য অধিকার করিয়া সুবাবিভাগকালে ঐদেশের বাঙ্গালা নামই প্রচলিত রাখেন। আইনআকবরি বলেন পূর্ব্বকালের রাজারা নিম্নদেশের অনেক স্থানে দশ হস্ত ঊর্দ্ধ, বিশহস্ত প্রশস্ত এক একটী বাঁধ বা আল দিয়াছিলেন, একারণ বঙ্গ আল এই দুই শব্দের যোগে বাঙ্গাল এবং ঐ বাঙ্গাল হইতে বাঙ্গালা নাম হইয়াছে। এবং প্রাচীন ইউরোপীয়েরা কহেন পূর্ব্বে বেঙ্গালা নামে একটী নগর ছিল, তাহার নামানুসারে ঐ দেশের নাম বাঙ্গালা হইয়াছে। পূর্ব্বকালে ঐ সমৃদ্ধিশালী বেঙ্গালা নগরে ইউরোপীয়েরা বাণিজ্য করিত। ইহাতে বোধ হয় ঢাকার নাম বেঙ্গালা ছিল, এক্ষণে ঢাকার একটী বাজারের নাম বাঙ্গালা-বাজার। আর গৌড় ও বঙ্গ এই দুইটী নাম অনেক পুরাণ ও তন্ত্রে পাওয়া যায়, সুতরাং আধুনিক নহে, আর ঐ গৌড় ও বঙ্গ যখন আধুনিক বাঙ্গালা অন্তর্গত হইল, তখন বাঙ্গালা দেশ যে আধুনিক নহে তদ্বিষয়ে সন্দেহ নাই। কিন্তু বাঙ্গালা নামটী অত্যন্ত প্রাচীন নহে। (+অন্—ক) চন্দ্রবংশীয় বলিরাজার পুত্র। কার্পাস। বেগুণ। (বঙ্গপদে বঙ্গদেশীয় লোকের লক্ষণা বহুবচনান্ত) বঙ্গদেশবাসী লোকসমূহ। ক্লীং, রঙ্গ, রাং। সীসক, সীসা।

বঙ্গজ (বঙ্গ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, ক্লীং, সিন্দুর। বিং, ত্রিং, বঙ্গদেশজাত, বাঙ্গালি।

বঙ্গন (বঙ্গ দেখ, অন—প্রং) সং, পুং, বার্ত্তাকু, বেগুণ।

বঙ্গশুল্বজ (বঙ্গ রাং—শুল্ব তাম্র—জ [জন্

জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) সং, ক্লীং, কাংস্য, কাঁসা। পিত্তল।

বঙ্গসেন (বঙ্গ বাঙ্গালা-দেশ—সি বন্ধন করা+ন—প্রং) সং,পুং, বকফুলের গাছ।

বঙ্গারি (বঙ্গ সীসক—অরি শত্রু) সং,পুং, হরিতাল।

বচ (বচ্ বলা+অ—প্রং) সং, পুং, শুক-পক্ষী। চা—স্ত্রীং, ঔষধবিশেষ, বচ্।

বচক্রু (বচ দেখ, অক্রু—প্রং) বিং, ত্রিং, বাচাল, বহুভাষী। সং, পুং, ব্রাহ্মণ।

বচন (বচ্ বলা+অন(অনট্)—ভা) সং, ক্লীং,কথন। (+অনট্—র্ম্ম) বাক্য। ঋষি-প্রণীত ধর্ম্মশাস্ত্রাদির পদ্য। ব্যাকরণে—সুপ্ তিঙাদিবিভক্তি পদের সঙ্খ্যা, বিভক্তির একত্বাদি, একবচন, দ্বিবচন ও বহু-বচন।

বচনগ্রাহী (—গ্রাহিন্, বচন বাক্য—গ্রাহিন্ গ্রাহ্য, বাধ্য) বিং, ত্রিং, বচনেস্থিত। কথার বাধ্য।

বচনবদ্ধ (বচন—বদ্ধ, ৭মী—ষ) বিং, ত্রিং, সত্যবদ্ধ, প্রতিশ্রুত।

বচনীয় (বচ্ বলা+অনীয়—র্ম্ম) সং, ক্লীং, নিন্দা শিং—১ "বচনীয়মিদং ব্যবস্থিতম্।" বিং, ত্রিং, নিন্দনীয়। কথনীয়। বাচ্য।

বচনীয়তা (বচনীয়+তা—ভাবে) সং, স্ত্রীং, নিন্দা, অপবাদ। শিং—১ "জনপ্রবাদঃ কৌলীনং বিগানং বচনীয়তা।"

বচনেস্থিত (বচনে বাক্যে—স্থিত যে থাকে) বিং, ত্রিং, বশ্য, কথার বাধ্য।

বচর; সং, পুং, কুক্কুট। শঠ, ধূর্ত্ত।

বচলু (বচ্ বলা+অলু—প্রং) সং, পুং, শত্রু, রিপু। অপরাধ, দোষ।

বচঃ (বচস্,বচ্ বলা+অস্—র্ম্ম) সং,ক্লীং, বচন, বাক্য, কথা।

বচসা (বচস্ শব্দজ) সং,বাক্যব্যয়,বকাবকি। বাগ্‌যুদ্ধ। বিতণ্ডা।

বচসাংপতি (বচসাং বচস্ শব্দের ষষ্ঠীর এক বচন—পতি শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি। [স্ত্রীং, বচ্।

বচা (বচ্ বলা+অল্—র্ম্ম, আপ্) সং,

বচোগ্রহ (বচস্ বাক্য—গ্রহ যে গ্রহণ করে) সং, পুং, কর্ণ, শ্রোত্র।

বজ্জাত (পারস্য বদ্—আরবী জাৎ) জারজ, বে-জন্মা।

বজ্‌রা—নৌকাবিশেষ, বৃহৎতরী।

বজ্র (বজ্ গমন করা+র—ক, সংজ্ঞার্থে) সং, পুং-ক্লীং, কুলিশ, ইন্দ্রের অস্ত্রবিশেষ, বাজ্। (অষ্টবজ্র, যথা—বিষ্ণুর চক্র, শিবের ত্রিশূল, বরুণের পাশ, ব্রহ্মার অক্ষ, যমের দণ্ড, ইন্দ্রের কুলিশ, কার্ত্তিকেয়ের শক্তি, কালীর খড়্গ—এই আট প্রকার)। অস্ত্র। হীরক। বজ্রাকৃতি চিহ্ন। শিশু। ছাত্র। অম্ল। অলাবু। তিলকেরক। কটূক্তি। পুং, যোগ-বিশেষ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের এক যোগ। যদুবংশীয় নৃপতিবিশেষ, কৃষ্ণের প্রপৌত্র। কুশ। বিং, ত্রিং, কঠিন। অশ্মসার। বজ্রাকৃতি। দুর্দ্বিদারক। অসহ্য। জ্রা—স্ত্রীং, স্নুহীবৃক্ষ। গুড়ূচী। দুর্গা। শিং—১ "বজ্রাঙ্কুশকরী দেবী বজ্রা তেনোপগীয়তে।"

বজ্রক (বজ্র+কণ্—যোগ) সং, ক্লীং, বজ্রক্ষার। উপগ্রহবিশেষ।

বজ্রকঙ্কট (বজ্র বজ্রের ন্যায় কঠিন—কঙ্কট বর্ম্ম) সং, পুং, হনুমান্।

বজ্রকণ্টক; সং, পুং, স্নুহীবৃক্ষ। কোকিলাক্ষ বৃক্ষ।

বজ্রকন্দ; সং, পুং, সকরকন্দ আলু।

বজ্রকেতু; সং, পুং, নরকরাজ।

বজ্রচর্ম্মা (—চর্ম্মন্) সং, পুং, খড়্গী, গণ্ডার।

বজ্রজিৎ (বজ্র—জিৎ [জি জয় করা+০ (ক্বিপ্)—ক] যে জয় করে। মুহুর্মুহুঃ বজ্রাঘাতেও ইহার শরীর ক্ষতবিক্ষত হয় নাই বলিয়া) সং, পুং, গরুড়।

বজ্রজ্বালা (বজ্র—জ্বালা অগ্নিশিখা) সং, স্ত্রীং, বজ্রাগ্নি, বৈদ্যুতাগ্নি।

বজ্রতুণ্ড (বজ্র বজ্রের ন্যায় কঠিন—তুণ্ড মুখ, ওষ্ঠাধর) সং, পুং, গরুড়। গণেশ। গৃধ্র। মশক। মৎকুণ।

বজ্রদন্ত } (বজ্র বজ্রের ন্যায় কঠিন—
বজ্রদশন } দন্ত, দশন=দাঁত) সং, পুং, শুকর। মূষিক।

বজ্রধর<br>বজ্রপাণি } (বজ্র – ধর [ধৃ ধারণ করা + অ(অন্) – ক] যে ধারণ করে, ২য়া – ষ। বজ্র – পাণি হস্ত, ৬ষ্ঠী – হিং) সং, পুং, ইন্দ্র, দেবরাজ। জিনবিশেষ।

বজ্রনির্ঘোষ<br>বজ্রনিষ্পেষ } (বজ্র – নির্ঘোষ শব্দ। শব্দ – নিষ্পেষ [নির্ – পিষ্ পেষণ করা + অ(অল্) – ভা] এখানে পেষণ বা দুই বস্তুর পরস্পর প্রচণ্ড আঘাতের শব্দ) সং, পুং, বজ্রধ্বনি, বজ্রোৎপন্নশব্দ।

বজ্রপুষ্প ( বজ্র হীরক – পুষ্প ) সং, ক্লীং, তিলপুষ্প, তিলফুল। ষ্পা – স্ত্রীং, শতপুষ্পা।

বজ্ররথ ; সং, পুং, ক্ষত্রিয় জাতি।

বজ্ররদ (বজ্র বজ্রের ন্যায় কঠিন – রদ্ দন্ত) সং, পুং, শূকর।

বজ্রবল্লী (বজ্র – বল্লী লতা) সং, স্ত্রীং, সূর্য্যমুখী ফুল।

বজ্রবারক ; সং, পুং, যাহাদের নাম স্মরণে বা উচ্চারণে বজ্রাহত হইতে হয় না। "জৈমিনিশ্চ সুমন্তশ্চ বৈশম্পায়ন এব চ। পুলস্ত্যঃ পুলহো জিষ্ণুঃ ষড়েতে বজ্রবারকাঃ।"

বজ্রবারাহী ; সং, স্ত্রীং, মায়াদেবী।

বজ্রাঙ্গ (বজ্র বজ্রের ন্যায় কঠিন – অঙ্গ দেহ বা বস্তু) সং, পুং, সর্প। ঙ্গী – স্ত্রীং, শস্যবিশেষ। বিং, ত্রিং, যাহার অঙ্গ বজ্রতুল্য কঠিন।

বজ্রাভ ( বজ্র – আভা দীপ্তি, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, দুগ্ধপাষাণ। বিং, ত্রিং, হীরকতুল্য দীপ্তিশালী।

বজ্রাস্থিশৃঙ্খলা ; সং, স্ত্রীং, কোকিলাক্ষবৃক্ষ।

বজ্রী (বজ্রিন্, বজ্র + ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, বজ্রধারী ইন্দ্র। জৈনমুনি। মহিষ। স্ত্রীং, স্নুহীবিশেষ।

বঞ্চক (বন্চ্-ণিচ্ = বঞ্চি বঞ্চনা করা + অক (ণক) – ক) সং, পুং, শৃগাল। কুক্কুর। চোর। বিং, ত্রিং, প্রতারক, ধূর্ত্ত।

বঞ্চন – ক্লীং<br>বঞ্চনা – স্ত্রীং } (বন্চ বঞ্চনা করা + অন (অনট্) – ভা। ২য়-পক্ষে – অন – ভা, আপ্) সং, ঠকা। (বঞ্চি +) প্রতারণা, ঠকান। শিং – ১ "বঞ্চনঞ্চাবমানঞ্চ মতিমান্ ন প্রকাশয়েৎ।"

বঞ্চিত (বঞ্চক দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, প্রতারিত, যে ঠকিয়াছে। বর্জ্জিত।

বঞ্চুক ( বঞ্চক দেখ, উক – ক ) বিং, ত্রিং, বঞ্চক, প্রতারক।

বঞ্চ্য (বন্চ্ + য(ঘ্যণ্) – র্ম্ম) বিং, ত্রিং, গমনীয়।

বঞ্জুল (বন্চ্ গমন করা + উল – ধি, সংজ্ঞার্থে, চ = জ) সং, পুং, অশোকবৃক্ষ। বেতসবৃক্ষ। পক্ষিবিশেষ। লা – স্ত্রীং, পয়স্বিনী, দুগ্ধবতী গাভী। বিং, ত্রিং, বক্র।

বট (বট্ বেষ্টন করা + অ(অন্) – ক। যে অধিক তল-ভূমি বেষ্টন করে) সং, পুং, বৃক্ষবিশেষ, বড়গাছ। কপর্দ্দক, কড়ি। বর্ত্তুলাকার বস্তু, গোল। সাদৃশ্য। পিষ্টকবিশেষ, বড়া। ত্রিং, গুণ, বটে, দড়ী। টী – স্ত্রীং, বড়ী।

বটক (বট্ + কণ্ – যোগ) সং, পুং, পিষ্টকবিশেষ, বড়া অষ্ট-মাসক পরিমাণ।

বটর (বট দেখ, অর – প্রং) সং, পুং, কুক্কুট। ধূর্ত্ত। চোর। পাগ্ড়ি। মাদুরি। তৃণবিশেষ। বিং, ত্রিং, চঞ্চল।

বটবাসী (বটবাসিন্, বট বড়গাছ – বাসিন্ যে বাস করে, ৭মী – ষ) সং, পুং – সিনী – স্ত্রীং, উপদেবতাবিশেষ, যক্ষ, যক্ষিণী। বিং, ত্রিং, যে বটবৃক্ষে বাস করে।

বটাকর ( বট বেষ্টন – আকর [আ – কৃ করা + অ – প্রং] যে করে ) সং, পুং – স্ত্রীং, রজ্জু, দড়ী। গুণ।

বটারকা ; সং, পুং, প্রসিদ্ধ চোর।

বটি (বট দেখ, ই – প্রং) সং, স্ত্রীং প- জিহ্বিকা, আল্‌জিভ।

বটিকা<br>বটী } ( বট্ + ঈপ্, কণ্, আ[illegible] ) সং, স্ত্রীং, বট। গুলিকা, বড়ী। রজ্জু।

বটু<br>বটুক } (বট [যজ্ঞসূত্র ইত্যাদি] বেষ্টন করা কিম্বা বট্ বলা + উ – সংজ্ঞার্থে। কণ্ – স্বার্থে) সং, পুং, বালক। ব্রাহ্মণকুমার। বালক ব্রহ্মচারী। অজ্ঞান নির্ব্বোধ ব্যক্তি। ব্রহ্মচারীছাত্র। ভৈরববিশেষ। কুটন্নটবৃক্ষ।

বটূকরণ (বটু ব্রহ্মচারীছাত্র – কৃ করা + অন(অনট্) – ভা, উ – আগম) সং, ক্লীং, যজ্ঞোপবীত, উপনয়নসংস্কার।

বঠর (বচ্ বলা + অর – প্রং। চ = ঠ) বিং,

ত্রিং, ধূর্ত্ত, শঠ। মন্দ, জড়। সং, পুং, অম্বষ্ঠ, বৈদ্য। মূর্খ।

বড় (বক্র শব্দজ) বিং, বৃহৎ। শ্রেষ্ঠ।

বড়ভি—ভী (বল্ আচ্ছাদন করা+অভ (অভচ্)—ক, ই, ঈপ্, ল=ড) সং, স্ত্রীং, তৃণনির্ম্মিত গৃহের পাইড় প্রভৃতি, মুদিন। ছাদের উপরি কিছুদিনের জন্য গৃহ, চন্দ্রশালা।

বড়বা (বড়্ আরোহণ করা+অ(অল্)—র্ম্ম, —ব [বা গমন করা+অ(ড)—ক] আপ্) সং, স্ত্রীং, ঘোটকী। সমুদ্রস্থা ঘোটকী। অশ্বিনী।

বড়া (বল্ আচ্ছাদন করা+অ(অন্)—ক, আপ্, ল=ড) সং, স্ত্রীং, গোলাকার পিষ্টকবিশেষ, বটবৃক্ষ। শিং—১ "কদলেনাথবা তালৈর্যুক্তং যত্তাণ্ডুলং পিড়ং। পিড়ং চূর্ণং বটো বড়া।" ইতি শব্দচন্দ্রিকা।

বড়াই (বড় শব্দজ) সং, গৌরব, গর্ব্ব।

বড়িশ—ক্লীং ⎫ (বলি [বড+ই—ভা]
বড়িশা-শী—স্ত্রীং ⎭ মৎস্যখাদ্য—শো গ্রস্থন করা+অ(ড)—ক। যে টোপ গাঁথে) সং, মৎস্যবেধনীবিশেষ, বড়শী।

বড়ী (বটিকা শব্দজ) সং, বটী। গুলি।

বড্ড (বল্ আচ্ছাদন করা+র—প্রং,ল= ড) বিং, ত্রিং, বিপুল, বৃহৎ, বড়।

বড্র (বড্ আরোহণ করা+রক্—ক) বিং, ত্রিং, বিপুল, বৃহৎ।

বণ্ট (বন্ট্ বাঁটা+অ(অল্)—ভা)সং,পুং, ভাগ,অংশ। বণ্টন। (+অল্—র্ম্ম,দাত্রাদির মুষ্টি, বাঁট। বিং, ত্রিং, অবিবাহিত।

বণ্টক (বণ্ট দেখ, অক (ণক)—ক) বিং, ত্রিং, বিভাজক। (বণ্ট+কণ্—স্বার্থে) সং, পুং, বিভাগ, অংশ।

বণ্টন (বণ্ট দেখ, অন(অনট্)—ভা)সং,ক্লীং, বিভাগকরণ। বাঁটন। অংশীকরণ।

বণ্ঠ (বনুঠ্ একাকী ঘুরিয়া বেড়ান+অ(অল্) —র্ম্ম) বিং, ত্রিং, অবিবাহিত। খর্ব্ব। বামন। সং, পুং, কুন্ত, প্রাস-অস্ত্র।

বণ্ঠর (বণ্ঠ দেখ, আর—প্রং) সং, পুং, কুকুরের লেজ। বাঁশের কোঁড়। তালগাছের নূতন পাতা। মেঘ। আচ্ছাদক। কাঁচুলী। অজাবন্ধন রজ্জু। বক্ষঃস্থল। কুক্কুর।

বণ্ড (বন্ শব্দ করা ইত্যাদি+ড—প্রং। অথবা বনুণ্ড বেষ্টক করা ইত্যাদি+অ (অল্)—র্ম্ম) বিং,ত্রিং,লাঙ্গূলহীন,বেঁড়ে। অবিবাহিত। ছিন্নত্বক্। সং, পুং, অনাবৃত মেঢ্র। ধ্বজভঙ্গ। বৃষ। ণ্ডা—স্ত্রীং,অসতী, পাংশুলা। পুংশ্চলী। শিং—১ "কাণকূটবণ্ডামধ্যস্যানেকাশ্চেৎ।"

বণ্ডাল (বনুড্ ভাগ করা+আল—প্রং)সং, পুং, শূরযুদ্ধ। নৌকা। খনিত্র, খন্তা। কোদালি।

বৎ (বা বায়ুচলা+অৎ(ডৎ)—ক) অং, সদৃশ, তুল্য। (এই শব্দ প্রায় অন্য শব্দের উত্তরই প্রয়োগ হয়, যথা—পশুবৎ, সাধুবৎ ইত্যাদি)।

বত (বন্ যাচ্ঞা করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) অং, সম্বোধন। খেদ। করুণা। দুঃখ। হর্ষ। বিস্ময়। শিং—১ "চিত্রং চিত্রং বত বত মহচ্চিত্রমেতদ্বিচিত্রং।"

বতংস—পুং ⎫ (অব—তনুস্ ভূষিত
বতংসক—ক্লীং ⎭ করা+অ(অল্)—ণ। কণ্—স্বার্থে। অ—লোপ) সং, কর্ণভূষণ। শিরোভূষণ। ভূষণ। শিং—১ রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং।"

বতোকা (অব পূর্ব্বে, সম্মুখে—তোক অপত্য। অ—লোপ) সং, স্ত্রীং, যে গাভীর দৈববশতঃ গর্ভস্রাব হইয়াছে।

বত্রিশ (দ্বাত্রিংশৎ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৩২।

বৎস (বদ্ প্রকাশ করা+স—র্ম্ম। যে সামর্থ্য প্রকাশ করে) সং, ক্লীং, বক্ষঃস্থল। (বদ্ বলা, স্নেহ পূর্ব্বক বলা+স—র্ম্ম) পুং, সা—স্ত্রীং, স্নেহব্যঞ্জক শব্দ, সন্তানাদিতে প্রযুজ্য, বাছা। গো শিশু, বাছুর। পশুমাত্রের শিশু। পুং, গো-বৎসরূপধারী কংসের অনুচর অসুরবিশেষ। (বস্ বাস করা+স—প্রং। যাহাতে ঋতু সকল বাস করে) বৎসর।

বৎসক; সং, ক্লীং,পুষ্পকাসীন। পুং,কূটজ। ইন্দ্রযব।

বন্নাথুক ; সং, পুং, মুদ্গা।
বনাজ ( বন—অজ ছাগল ) সং, পুং, বন-ছাগল।
বনাটু ( বন—অট্ গমন করা+উ—ক ) সং, পুং, নীলবর্ণ মক্ষিকাবিশেষ।
বনাত ( হিন্দী ) সং, উর্ণা-নির্ম্মিত স্থূল বস্ত্র-বিশেষ।
বনান (দেশজ) সং, নির্ম্মাণ, গঠন।
বনান্ত (বন—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, বনপ্রান্ত। বনভূমি, বনপ্রদেশ।
বনায়ু ; সং, পুং, দেশবিশেষ, পারস্যদেশ।
বনায়ুজ ( বনায়ু দেশবিশেষ—জ [ জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, বনায়ুদেশজাত অশ্ব।
বনারিষ্টা ; সং, স্ত্রীং, বনহরিদ্রা।
বনার্চ্চক (বন—অর্চ্চ্ গমনকরা+অক(ণক) —ক) সং, পুং, পুষ্পজীবী, মালাকার।
বনালিকা ; সং, স্ত্রীং, হস্তীশুণ্ডী।
বনাশ্রয় ( বন—আশ্রয় বাসস্থান ) সং, পুং, দাঁড়কাক। বিং, ত্রিং, বনবাসী।
বনিত ( বন্ যাচ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, যাচিত। সেবিত।
বনিতা ( বন্ যাচ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, নারী। প্রিয়া, অনুরক্তা ভার্য্যা। [বন।
বনী (বন্+ইন্) সং, পুং, বানপ্রস্থ। স্ত্রীং,
বনীক } ( বনি [বন্ যাচ্ঞা করা+ই—
বনীয়ক } ক ] যাচন+ক্য+অক(ণক)—ক, বিকল্পে য—লোপ ) সং, পুং, যাচক, যাচ্ঞাকারী।
বনেচর (বনে বনেতে—চর যে চরে) সং, পুং, কিরাত। বিং, ত্রিং, বনচর, অরণ্য-চারী।
বনৌকাঃ (বনৌকস্, বন—ওকস্ বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কপি, বানর। বিং, ত্রিং, বনবাসী।
বন্দক ( বন্দ্ স্তব করা+অক(ণক)—ক ) বিং, ত্রিং, বন্দনাকারী, স্তুতিপাঠক।
বন্দন—ক্লীং } (বন্দ্ স্তবকরা+অন(অ-
বন্দনা—স্ত্রীং } নট্), অন—ভাবে, আপ্) সং, অভিবাদন, প্রণাম। স্তব। স্তুতিগান। কবিগণ গ্রন্থারম্ভে অগ্রে দেবতার বন্দনা করিয়া থাকেন। হোমভস্মের তিলক।
বন্দনমালা } (বন্দন স্তব—মালা। ২য়-
বন্দনমালিকা } পক্ষে কণ্—যোগ। বিবাহ এবং উৎসব হেতু পুষ্পাদি ঝুলাইয়া দেয় বলিয়া) সং, স্ত্রীং, বহির্দ্বারোপরিস্থ মঙ্গল-সূচক মাল্য।]
বন্দনীয় (বন্দন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, নমস্য। স্তবনীয়। সং, পুং, পীতভৃঙ্গরাজ। য়া—স্ত্রীং, গোরোচনা।
বন্দর ( পারস্য ) সমুদ্র প্রভৃতির কূলে জাহা-জাদি দ্বারা বাণিজ্য করিবার স্থান।
বন্দা, বন্দকা—স্ত্রীং } (বন্দন দেখ, অ, আ
বন্দাক—পুং } —প্রং। কণ—যোগে বন্দাক, বন্দাকা) সং, বৃক্ষোপরিজাত বৃক্ষ। পরগাছা। (যাবনিক) গোলাম।
বন্দারু ( বন্দন দেখ, আরু—ক ) বিং, ত্রিং, অভিবাদক, বন্দনশীল। সং, পুং, স্তুতি-পাঠক।
বন্দি } (বন্দ্ স্তব করা+ই, ঈ—ক) সং,
বন্দী } স্ত্রীং, কারারুদ্ধ,কয়েদী। মই,সিঁড়ী। বন্দনা।
বন্দিগ্রাহ } (বন্দি [যে রুদ্ধ বা বদ্ধ থাকে]
বন্দিচৌর } কয়েদী—গ্রাহ যে গ্রহণ করে। বন্দি—চৌর চোর ) সং, পুং, সিঁদেল চোর। শিং—১ "বন্দিগ্রাহাং শ্চ বাজিকুঞ্জরাণাঞ্চ হারিণঃ।"
বন্দিপাঠ ; সং, পুং, স্তুতিগ্রন্থ।
বন্দী (বন্দিন্,বন্দ্ স্তুতিকরা+ইন্(ণিন্)—ক) সং, পুং, রাজাদিগের গুণ এবং বীর্য্যা-দির স্তুতিপাঠক। বিং, ত্রিং, বন্দনাকারী।
বন্দীকার ; সং, পুং, বন্দিগ্রাহ, সিঁদেলচোর।
বন্দ্য (বন্দ্ স্তুতি করা+য(ঘ্যণ)—র্ম্ম) বিং, ত্রিং, বন্দনীয়। ন্দ্যা—স্ত্রীং, গোরোচনা।
বন্য ( বন+য(ষ্ণ্য)—সম্বন্ধার্থে, জাতার্থে) বিং, ত্রিং, বনসম্বন্ধীয়। বনোৎপন্ন। ক্লীং, ত্বচ। পুং,বনশূরণ। বারাহীকন্দ। দেবনল।
বন্যা (বন জল,অরণ্য+য(ষ্ণ্য)—সমূহার্থে, আপ্) সং, স্ত্রীং, জলপ্লাবন, বান। অ-রণ্য সমূহ। মুদ্গাপর্ণী। গোপালকর্কটী। গুঞ্জা। মিশ্রেয়া। ভদ্রমুস্তা। গন্ধপত্রা।

বন্যোপাদকী ; সং, স্ত্রীং, বনপুঁই।

বপ—পুং } (বপ্ বীজবুনা, মুণ্ডন করা
বপন—ক্লীং } +অ(অল্),অন(অনট্)—ভাবে) সং, বীজরোপণ। বয়ন। ক্ষৌর, কামান। শিং—১ "প্রয়াগে ভাস্করক্ষেত্রে পিতৃমাতৃবিয়োগতঃ। আধানে সোমপানে চ বপনং পঞ্চসু স্মৃতম্।" অস্থি, মজ্জা। শুক্র।

বপনী (বপন দেখ, অন(অনট্)—ণ, ঈপ্) সং, স্ত্রীং, মাকু। নাপিতাস্ত্রবিশেষ। (+অনট্—ধি) তাঁতঘর।

বপা ( বপ দেখ, অ(অন্)—ক, আপ্ ) সং, স্ত্রীং, ছিদ্র, রন্ধ্র। মেদঃ, চর্ব্বি।

বপিল (বপ্ [রূপক] বীজবুনা+ইল—সংজ্ঞার্থে) সং, পুং, পিতা, জনক।

বপুঃ (বপুস্, বপন দেখ, উস্—ক) সং, ক্লীং, শরীর। প্রশস্ত আকৃতি।

বপুন ( বপ্ বপন করা+উন—প্রং ) সং, পুং, সুর, দেবতা। ক্লীং, জ্ঞান।

বপুষ্টমা ( বপুস্+তম—প্রশস্তার্থে ) সং, পদ্মচারিণী লতা। কাশীরাজ-কন্যা। জনমেজয়-পত্নী।

বপুষ্মান্ (বপুষ্মং, বপুস্ প্রশস্তবক্ষ+মতুপ্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, প্রশস্তশরীরী। পুং, শাল্মলীদ্বীপপতি।

বপ্তা ( বপ্ দেখ, তৃ(তৃন)—ক ) বিং, ত্রিং, বপনকারী। সং, পুং, পিতা, বাপ। কবি। কৃষিবল।

বপ্র ( বপন দেখ, র—ধি, যাহাতে বীজ বুনে) সং, পুং—ক্লীং, ক্ষেত্র। কেদার, ক্ষেতের আলি। তীর, তট। সানু। (+র—র্ম্ম) দুর্গ এবং নগরে পরিখা দ্বারা উদ্ধৃত মৃৎস্তূপ। প্রাচীর। রেণু। ( +র—ক ) পুং,পিতা, বাপ। প্রজাপতি। ক্লীং,সীসক। প্রা—স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

বপ্রক্রিয়া } (বপ্র ক্ষেত্র—ক্রিয়া, ক্রীড়া,
বপ্রক্রীড়া } ৭মী—য) সং, স্ত্রীং, উৎখাতকেলি,শৃঙ্গদন্তাদি দ্বারা খনন। শিং—১ "বপ্রক্রীড়াপরিণতগজপ্রেক্ষণীয়ং দদর্শ।"

বপ্রি ; সং, পুং, ক্ষেত্র। দুর্গতি। সমুদ্র।

বপ্রী ; সং, স্ত্রীং, বল্মীক, উইয়ের ঢিপি।

বম (বম্ নেকার করা+অ(অল্)—ভা) সং, পুং, বমন, উদ্গীরণ। নিঃসারণ।

বমথু (বম দেখ, অথু—ভা) সং, পুং, বমন। নিঃসারণ। হস্তিশুণ্ডনির্গত জলকণা, করশীকর।

বমন (বম দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্গীরণ, নেকার। পীড়া, ক্লেশ। নিঃসারণ। শিং-১ "স্বর্গাভিষ্যন্দবমনম্।" আহুতি। পুং, শণ। নী—স্ত্রীং, জলৌকা, জোঁক।

বমনীয় ( বম দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, বমনযোগ্য। য়া—স্ত্রীং, মক্ষিকা, মাছি।

বমি (বম দেখ, ই—ভা) সং, স্ত্রীং, বমন। (+ই—ক) পুং, অগ্নি। ধূর্ত্ত।

বমিত (বম্-ণিচ্=বমি নেকার করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উদ্গীর্ণ, বান্ত।

বম্ভ ; সং, পুং, বংশ, বাঁশ।

বম্রীকূট ( বম্রী পিপীলিকাবিশেষ—কূট রাশি) সং, পুং, বল্মীক, উইয়ের ঢিপি।

বয়ঃসন্ধি ; সং, পুং, যৌবনাবস্থা।

বয়ঃস্থ } (বয়স্—স্থ [স্থা থাকা+অ(ড)
বয়স্থ } —ক] যে থাকে। যে যুবা বয়েসে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, মধ্যবয়স্ক, যুবা। স্থা—স্ত্রীং, বয়ড়া। আমলকী। হরীতকী। সোমবল্লরী। গুড়ূচী। সূক্ষ্মৈলা। কাকোলী। অত্যম্লপর্ণী। যুবতী।

বয়ঃ (বয়স্, বয়্, বী কিম্বা অজ্ গমন করা +অস্—ক) সং, ক্লীং, পক্ষী। বাল্যাদি জীবনকাল, আয়ুঃ। যৌবন।

বয়নামা (আরবী বয়—পারস্য নামা) বিক্রয়-পত্র।

বয়স্য (বয়স +য(যৎ)—তুল্যার্থে) সং, পুং, সমানবয়স্ক, সখা। স্যা—স্ত্রীং, সখী, সহচরী।

বয়া ( Buoy ) অর্ণবপোত বন্ধন করিবার লৌহযন্ত্রবিশেষ। [মুখ।

বয়ান (আরবী) ব্যাখ্যা, অর্থ। (বদন শব্দজ)

বয়োঽতীত (বয়স্—অতীত। যাহার বয়স অতীত হইয়াছে) বিং, ত্রিং, বৃদ্ধ।

বর (বৃ প্রার্থনা করা, বরণ করা+অ(অল্) —ভা) সং, পুং, প্রার্থনা। দেবতা হইতে

বৃত, দেবতার নিকট যাচিত। শিং—১ "তপোভিরিষ্যতে যস্তু দেবেভ্যঃ স বরো মতঃ।" ইচ্ছা। আশীর্ব্বাদ। কোন কর্ম্ম নির্ব্বাহার্থ নিয়োগ, বরণ। আবরণ। (+ অল্—র্ম্ম) বিবাহকর্ত্তা। জামাতা। পতি। ষিড়্গা, লম্পট। গুগ্‌গুলু। বিং, ত্রিং, জ্যেষ্ঠ। শ্রেষ্ঠ। উৎকৃষ্ট। অভীষ্ট। ক্লীং, অপেক্ষাকৃত উত্তম। কুস্কুম। (বর্গ্য বও হয়)।

বরক (বৃ আবরণ করা+অক—প্রং) সং, ক্লীং, পোতাচ্ছাদন। বস্ত্র। পুং, বনমুক্গা। তৃণধান্যবিশেষ, চীনা।

বরকন্দাজ (আরবী বর্ক বিদ্যুৎ—পারস্য আন্দাজ [আন্দাখ্‌তন নিক্ষেপ করা] আগ্নেয় অস্ত্রধারী যোদ্ধা) বাঙ্গালায় সামান্য চাপরাসি বা সিপাহী।

বরক্রতু (বর শ্রেষ্ঠ—ক্রতু যজ্ঞ) সং, পুং, ইন্দ্র। [করা।

বরখাস্ত (পারস্য বরখাস্‌তন ধাতুজ) পদচ্যুত

বরগা (দেশজ) সং, ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্র কাষ্ঠবিশেষ।

বরচন্দন (বর শ্রেষ্ঠ—চন্দন) সং, ক্লীং, অগুরু। দেবদারু।

বরজ (দেশজ) পানের ক্ষেত।

বরট (বৃ সেবা করা+অটন্—ক, অথবা বর উৎকৃষ্ট—অট গমন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুন্দপুষ্প। পুং, টা, টী—স্ত্রীং, রাজহংস, রাজহংসী। বোল্‌তা। কুসুম্ভবীজ।

বরণ (বৃ বরণ করা, আবরণ করা+অনট—ভাবে) সং, ক্লীং, নিযুক্তকরণ। কন্যাদি দানকালে জামাত্রাদির অভ্যর্থনা ব্যাপার। বেষ্টন। আচ্ছাদন। পূজনাদি। প্রার্থনা। ইচ্ছা। (+অনট্—ণ) পুং, প্রাচীর। (+অনট্)—র্ম্ম) বৃক্ষবিশেষ, বরুণবৃক্ষ। উষ্ট্র। পূজনাদিবৃক্ষ। সংক্রম, সাঁকো। ণা—স্ত্রীং, বারাণসীর উত্তরে স্থিত নদীবিশেষ।

বরণসী } (বরণা—অসী কাশীর উত্তরস্থ
বরাণসী } ও দক্ষিণস্থ নদীদ্বয়, নিপাতন, যে এই নদীদ্বয়ের মধ্যে আছে। অথবা বর অত্যুত্তম—অন্‌স্ জল+অ,ঈ। যে গঙ্গার উপরে আছে) সং, স্ত্রীং, বারাণসী, কাশী।

বরণীয় (বর দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বরণযোগ্য। প্রার্থনীয়। শ্রেষ্ঠ।

বরণ্ড (বৃ আবরণ করা ইত্যাদি+অণ্ডন্—ক) সং, পুং, বারাণ্ডা। ব্রণ, বয়স্‌ফোড়া। সমূহ। বড়িশসূত্র। গাঁঠরী। ণ্ডা—স্ত্রীং, সারিকা বর্ত্তি। শস্ত্রভেদ।

বরণ্ডক (বৃ আবরণ করা+অণ্ডন্—ণ, কণ্—যোগ) সং, পুং, ব্রণ, বরণ্ড। হাতীর হাওদা। বর্ত্তুল, গোল। যুধ্যমানগজদ্বয় মধ্যবর্ত্তিনী ভিত্তি, দেওয়াল। বিং, ত্রিং, ভীত। বিশাল, বড়। কৃপণ।

বরণ্ডালু; সং, পুং, এরণ্ডবৃক্ষ।

বরত্রা (বৃ আবরণ করা+অত্রন্—ণ, আপ্) সং, স্ত্রীং, হস্তীর কক্ষরজ্জু, কাছদড়ি।

বরত্বচ (বর শ্রেষ্ঠ—ত্বচ্ ছাল, ৬ষ্ঠী—হিং, অ—যোগ) সং, পুং, নিম্বগাছ। বিং, ত্রিং, শ্রেষ্ঠত্বক্‌যুক্ত।

বরদ (বর—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে, ২য়া—য) বিং, ত্রিং, অভীষ্টদাতা। প্রসন্ন। প্রসন্নচিহ্নসূচক হস্তাদি বিন্যাসরূপ মুদ্রাবিশেষ। দা—স্ত্রীং, কন্যা। দুর্গা। অভীষ্টদাত্রী। আদিত্য ভদ্রা। অশ্বগন্ধা। মাঘ-শুক্ল-চতুর্থী।

বরদাচতুর্থী; সং, স্ত্রীং, মাঘশুক্লাচতুর্থী।

বরদাস্ত (পারস্য বরদাস্‌তন্ ধাতুজ) সহ্য, সহিষ্ণুতা।

বরপর্ণাখ্য; সং, পুং, ক্ষীরকঞ্চুকী।

বরপুত্র—দেবতার মায়াপ্রভাবে শাপভ্রষ্ট হইয়া যে ভূতলে জন্ম গ্রহণ করে; যেমন —কবি কালিদাস সরস্বতীর বরপুত্র।

বরপ্রদ (বর—প্রদ যে প্রদান করে, ২য়া—য) বিং, ত্রিং, অভীষ্টদাতা। দা—স্ত্রীং, লোপামুদ্রা, অগস্ত্যপত্নী।

বরফ (যবন ভাষা) সং, তুষার, হিমানী।

বরফল; সং, পুং, নারিকেল বৃক্ষ। ক্লীং, শ্রেষ্ঠফল।

বরম্ (বৃ আবরণ করা+অম্—প্রং) অং, ক্লীং, অপেক্ষাকৃত উৎকৃষ্ট, মনাক্ ইষ্ট। "যাচ্ঞামোঘা বরমধিগুণে।" (মেঘদূত)।

বরমুখী ; সং, স্ত্রীং, রেণুকাগন্ধ দ্রব্য।

বরয়িতা ( বরয়িতৃ, বৃ-ণিচ্=বরি বরণকরান +তৃ(তৃন্)-ক) সং, পুং, পাণিগ্রাহক, স্বামী। যাহারা প্রতিনিধি বাছিয়া লয়। ত্রী-স্ত্রীং, পত্নী, স্বয়ংবরা।

বররুচি (বর উৎকৃষ্ট-রুচি দীপ্তি, স্পৃহা, ৬ষ্ঠী-হিং) সং, পুং, কবিবিশেষ, বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের একরত্ন। শি-১ "ধন্বন্তরি ক্ষপণকামরসিংহশঙ্কু-বেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ। খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য।" পাণিনিসূত্রকারক কাত্যায়ন মুনি। বিং, ত্রিং, শ্রেষ্ঠ প্রীতিযুক্ত।

বরল ( বর-লা গ্রহণ করা+অ(ড)-ক, অথবা বরট দেখ, ট স্থানে ল) সং, পুং, -স্ত্রীং, বোল্‌তা। লা-স্ত্রীং, রাজহংসী।

বরলব্ধ; সং, পুং, চম্পকবৃক্ষ। বিং, বরপ্রাপ্ত।

বরবৎসলা (বর বিবাহকর্ত্তা-বৎসল স্নেহবিশিষ্ট, ৭মী-য) সং, স্ত্রীং, শাশুড়ী।

বরবর্ণিনী (বর স্বামী-বর্ণ স্তব করা+ইন্-ক। কিম্বা বর উৎকৃষ্ট-বর্ণ রং +ইন্-অস্ত্যর্থে) সং, স্ত্রীং, অত্যুত্তমা স্ত্রী। সাধ্বী স্ত্রী। শ্যামা। গৌরী। লক্ষ্মী। সরস্বতী। হরিদ্রা। গোরোচনা। লাক্ষা।

বরবাহ্লীক (বর-বাহ্লীক এই দুই শব্দের এক অর্থ) সং, ক্লীং, কুঙ্কুম। [শিব।

বরবৃদ্ধ (বর শ্রেষ্ঠ-বৃদ্ধ বুড়া) সং, পুং,

বরা (বর দেখ, আপ্) সং, স্ত্রীং, ফলত্রিক। রেণুকানামক গন্ধদ্রব্য। গুড়ূচী। মেদা। ব্রাহ্মী। বিড়ঙ্গ। পাঠা। হরিদ্রা। শ্রেষ্ঠা।

বরাক (বৃ আচ্ছাদন করা ইত্যাদি+আক (ষাক)-ক ) বিং, ত্রিং, নীচ, জঘন্য ব্যক্তি। দীন, শোচনীয়। নিরপরাধ। ভিক্ষু। সং, পুং, শিব। যুদ্ধ।

বরাঙ্গ (বর শ্রেষ্ঠ-অঙ্গ, ষং-স) সং, ক্লীং, মস্তক। উপস্থ। গুহ্যদেশ। গুড়ত্বক্। যোনি। ক্লীং, শ্রেষ্ঠাবয়ব। স্ত্রী-পুং-চিহ্ন। পুং, হস্তী। বিষ্ণু। শিং-১ "সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী।" কন্দর্প। বিং, ত্রিং, উত্তম অঙ্গযুক্ত।

বরাঙ্গনা (বর শ্রেষ্ঠ-অঙ্গনা স্ত্রী) সং, স্ত্রীং, উত্তমা স্ত্রী।

বরাট (বৃ আবরণ করা+অট-সংজ্ঞার্থে, অথবা বর অল্প-অট্ গমন করা+অ (অন্)-ক) সং, পুং, টী-স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। রজ্জু।

বরাটক (বর-অট্ গমন করা+অক(ণক) -ক) সং, পুং, পদ্মবীজকোষ। রজ্জু। (বরাট+কন্-স্বার্থে) পুং, টিকা-স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। তুচ্ছবচন। শিং-১ "প্রয়াগে মূত্র্যাতে যেন তেন গঙ্গা বরাটিকা।"

বরাণ (বর শ্রেষ্ঠ-আ-নী পাওয়া+অ -প্রং) সং, পুং, ইন্দ্র। বরুণবৃক্ষ।

বরাৎ (আরবী) প্রয়োজন। কার্য্যানুরোধ।

বরাদন ; সং, ক্লীং, রাজাদন।

বরাম্ল ; সং, পুং, করমর্দ্দ।

বরারক (বর শ্রেষ্ঠ-ঋ গমন করা বা হওয়া+অক-প্রং) সং, ক্লীং, হীরক।

বরারোহ (বর শ্রেষ্ঠ-আরোহ যে আরোহণ করে, ষং-স) সং, পুং, হস্ত্যারোহ হস্তিপক। হা-স্ত্রীং, (অতি গুরুত্ব হেতু শ্রেষ্ঠ আরোহ অর্থাৎ শ্রোণি যাহার, ৬ষ্ঠী -হিং) পরমা সুন্দরী স্ত্রী। কটিদেশ।

বরালিকা ( বর শ্রেষ্ঠ, অত্যুত্তম-আলি সখী, সহচরী) সং, স্ত্রীং, দুর্গা।

বরাবর (পারস্য) ক্রিং-বিং, সম্মুখ। সমীপ।

বরাশি-সি (বর আবরণ-অশ্ ব্যাপা, অস্ হওয়া+ই-প্রং) সং, পুং, স্থূল বস্ত্র, মোটা কাপড়।

বরাসন (বর শ্রেষ্ঠ ইত্যাদি-আসন বসিবার স্থান) সং, ক্লীং, উত্তম আসন। (বর পতি, শ্রেষ্ঠ ব্যক্তি-অস্ দূরীকরণ করা +অন-ক) সং, পুং, মিড়্গা, লম্পট। দ্বারপাল। (বরণের জন্য যাহাকে ক্ষেপণ করা যায়) সং, ক্লীং, জবাপুষ্প।

বরাহ (বর শ্রেষ্ঠ-কিম্বা অভীষ্ট অর্থাৎ মুস্তাদিলাভ-আহ [আ-হন্ আঘাত করা+অ(ড)-ক] যে আঘাত করে। যে ভূমিতে পোত্র আঘাত করে। অন্যান্য ভাষার সহিত সাদৃশ্য দেখ-সংস্কৃত=বরাহ;

ইংরাজি = Boar; বাঙ্গালা = বরা) সং,পুং, শূকর। (যিনি বরাহরূপে জলমগ্ন পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন। অথবা যিনি বর নামক অসুরকে নষ্ট করিয়াছিলেন) বিষ্ণুর অবতারবিশেষ। শিং—১ "ততঃ



বরাহ (অবতার)।

সংরক্তনয়নো হিরণ্যাক্ষো মহাসুরঃ।
কোঽয়ন্তিতি বদন্নোষান্ নারায়ণমুদৈক্ষত॥
বারাহরূপিণং দেবং স্থিতং পুরুষবিগ্রহং।
শঙ্খচক্রোদ্যতকরং দেবানামার্ত্তিনাশনং॥
ররাজ শঙ্খচক্রাভ্যাং তাভ্যামসুরসূদনঃ॥
সূর্য্যাচন্দ্রমসোর্মধ্যে পৌর্ণমাস্যামিবামুদঃ॥"
২ "বসতি দশনশিখরে ধরণী তব লগ্না।
শশিনি কলঙ্ককলেব নিমগ্না।
কেশব ধৃতশূকররূপ
জয় জগদীশ হরে।" (জয়দেব)।

দ্বীপ-বিশেষ। পর্ব্বত-বিশেষ। পরিমাণ-বিশেষ।

বরিবস্ (বৃ সেবা করা ইত্যাদি+ইবস্—ভাবে) সং, ক্লীং, সেবা। পূজা। অর্চ্চনা।

বরিবসিত } (বরিবস্যা পরিচর্য্যা+য(ক্য)
বরিবস্যিত } +ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, পূজিত। সেবিত। অর্চ্চিত।

বরিবসিতা (—তৃন্, বরিবস্+ক্য+তৃন্—ক) বিং, ত্রিং, পূজক। সেবক।

বরিবস্যা (বরিবস্ পরিচর্য্যা+ক্য—ভা, আপ্) সং, স্ত্রীং, সেবা, শুশ্রূষা, পূজা। অর্চ্চনা।

বরিশী (বড়িশী দেখ, ল=র) সং, স্ত্রীং, বড়িশ, বড়্শী।

বরিষ (বৃষ বর্ষণ করা+ইষ—প্রং) সং,ক্লীং, সংবৎসর, বর্ষ। পুং, বৎসর, প্রাবৃট্কাল, বর্ষা।

বরিষণ (বর্ষণ শব্দজ) সং, বৃষ্টিপতন।

বরিষাপ্রিয় (বরিষা বর্ষাকাল—প্রিয়। কেবল বৃষ্টির জল পান করে বলিয়া) সং, পুং, চাতকপক্ষী।

বরিষ্ঠ (উরু মহৎ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠতম। প্রধানতম। বৎস। সং, ক্লীং, তাম্র। মরিচ। পুং, তিত্তিরি পক্ষী। নারঙ্গবৃক্ষ। ষ্ঠা—স্ত্রীং, আদিত্যভক্তা।

বরী; সং, স্ত্রীং, সূর্য্যপত্নী। শতাবরী।

বরীয়ান্ (উরু+ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠতম, বরিষ্ঠ। অতিযুবা। সং, পুং, যোগবিশেষ। "নরো বলীয়ান্ ধনবান্ জনাঢ্যো যোগো বরীয়ান্ যদি জন্মকালে।"

বরীবর্দ্দ (বল শক্তি—বর্দ্ধ বর্দ্ধন, ল=রী, ধ=দ) সং, পুং, বলীবর্দ্দ, বৃষভ।

বরীষু (বৃ বরণ করা+ইষু—প্রং) সং, পুং, মদন, কন্দর্প।

বরুট; সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

বরুড; সং, পুং, নীচজাতিবিশেষ। শিং—১ "রজকশ্চর্ম্মকারশ্চ নটো বরুড় এব চ।"

বরুণ (বৃ [পৃথিবী] বেষ্টন করা+উনন্—ক, সংজ্ঞার্থে) সং, পুং,জলাধিপ, পশ্চিমদিক্পাল। (+উনন্—র্ম্ম) তিক্তশাক-তরু-বিশেষ। সূর্য্য। সমুদ্র। দ্বীপবিশেষ। ক্লীং, জল।

বরুণাত্মজা (বরুণ [জলাধিপতি] স— আত্মজা কন্যা। সমুদ্র-মন্থনকালে ইহাও উৎপন্না হইয়াছিল) সং, স্ত্রীং, বারুণী। সুরা, মদিরা।

বরুণানী (বরুণ+ঈপ্—প্রং, আন—আগম) সং, স্ত্রীং, বরুণের পত্নী।

বরুত্র (বৃ আবরণ করা+উত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, উত্তরীয় বস্ত্র।

বরূথ (বৃ আবরণ করা+উথন্—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, শত্রুপ্রহার হইতে রক্ষিত হইবার জন্য রথস্থ গুপ্তস্থান-বিশেষ, রথগুপ্তি। (+উথন্—ণ) ক্লীং, বর্ম্ম, তনুত্রাণ, সাঁজোয়া। চর্ম্ম। গৃহ।

বরূথী ( বরূথিন্, বরূথ রথগুপ্তি+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, রথ। থিনী—স্ত্রীং, সেনা, বরূথবিশিষ্ট।

বরেণ্য ( বৃ বরণ করা+এন্য—র্ম্ম ) বিং, ত্রিং, শ্রেষ্ঠ, প্রধান। শিং—১ "ওঁ ভূ ভুর্বঃ স্বঃ তৎ সবিতুর্বরেণ্যং।" বরণীয়। উৎকৃষ্ট। প্রার্থনীয়। সং, ক্লীং, কুস্কুম।

বরেন্দ্র (বর শ্রেষ্ঠ—ইন্দ্র, য়ং—স) সং, পুং, ইন্দ্র। রাজা। ন্দ্রী—স্ত্রীং, গৌড়দেশের রাজধানী। প্রাচীন গৌড়। |শিব।

বরেশ্বর (বর শ্রেষ্ঠ, প্রধান—ঈশ্বর) সং,পুং,

বরোট ; সং, ক্লীং, মরুবকপুষ্প।

বরোল ( বৃ আচ্ছাদন করা+ওল—প্রং ) সং, পুং—স্ত্রীং, রাজহংস। বোল্‌তা।

বর্কর—পুং ⎫ ( বৃক্ গ্রহণ করা+অরন্
বর্করী—স্ত্রীং ⎭ —র্ম্ম) সং, যুবাপশু। ছাগল। মেষশাবক। পরিহাস। ক্রীড়া।

বর্করাট (বর্কর যুবাপশু—অট্ [গমনকরা] তুল্য হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, অপাঙ্গদর্শন, কটাক্ষ। বালার্কতেজঃ। যথা—"বর্করাট করজাল, চকাশিত শৈলশাল, মলম্বা প্রতিমারাজ শোভে তরু সব।" নায়িকার স্তনে নায়ককৃত নখক্ষত।

বর্কুট ; সং, পুং, গোঁজ, হুড়কা, খিল।

বর্গ (বৃজ্ বর্জ্জন করা+অ(ঘঞ্)—র্ম্ম। যে বিজাতীয়দের হইতে পৃথক্কৃত হয়) সং, পুং, সজাতীয়সমূহ, দল, শ্রেণী ; যথা—মনুষ্যবর্গ, পশুবর্গ। "সমানধর্ম্মিভিঃ প্রাণিভিরপ্রাণিভিরুপলক্ষিতং বৃন্দং, সংঘ" ; যথা—ক বর্গ, চ বর্গ। অত্র কত্ব খত্বাদিনা বিজাতীয়ত্বেঽপি স্থানসাম্যমস্তি।" ইতি অমরটীকায়াং ভরতৌ। পক্ষ। গ্রন্থের পরিচ্ছেদ। সমান অঙ্কদ্বয়ের পূরণ। (+ঘঞ্—ভাবে) বর্জ্জন, ত্যাগ।

বর্গক্ষেত্র ; সং, ক্লীং, যে ভূমির দৈর্ঘ্য প্রস্থ পরস্পর সমান।

বর্গমূল (Square root) সং, ক্লীং, যে রাশি আপনার দ্বারা গুণিত হয় তাহা সেই গুণনফলের বর্গমূল ; যথা—দুই দুয়ের দ্বারা গুণিত হইয়া ৪ হয়, অতএব ২ চারির বর্গমূল।

বর্গী (সম্ভবতঃ এই শব্দটী বর্গ শব্দের অপভ্রংশ) মহারাষ্ট্ররাজ্যের স্থাপনকর্ত্তা শিবজির উত্তরাধিকারীগণই বর্গ হইয়া অর্থাৎ দল বাঁধিয়া আক্রমণ করিত বলিয়াই এই নামে খ্যাত হইয়াছে।

বর্গীয় ⎫ ( বর্গ+ঈয়(ণীয়), য(ক্য)—সম্ব-
বর্গ্য ⎭ ন্ধার্থে, স্থিতার্থে ) বিং, ত্রিং, বর্গসম্বন্ধীয়।

বর্গোত্তম ; সং, পুং, ত্রিংশ অংশকাত্মক রাশির নবাংশবিশেষ। শিং—১ "চরাণাং ( মেষ কর্কট তুলা মকর ) প্রথমে চাংশে স্থিরাণাং (বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভ) পঞ্চমে তথা। নবমে দ্ব্যাত্মকানাঞ্চ (মিথুন কন্যা ধনু মীন) বর্গোত্তম ইতি স্মৃতঃ।"

বর্চ্চঃ ( বর্চ্চস্, বর্চ্চ্ দীপ্তি পাওয়া+অস্—ক ) সং, ক্লীং, আকার। রূপ। কান্তি। তেজঃ। শুক্র। পুরীষ। মল।

বর্চ্চস্ক (বর্চ্চস্+কণ্—হ্রস্বার্থে) সং, পুং—ক্লীং, পুরীষ, বিষ্ঠা।

বর্চ্চস্বী ( বর্চ্চস্বিন্, বর্চ্চস্+বিন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, তেজস্বী। রূপবান্। সং, পুং, চন্দ্র। শিং—১ "রোহিণ্যামভবদ্বর্চ্চা বর্চ্চস্বী যেন চন্দ্রমাঃ।"

বর্চ্চা ; সং, পুং, চন্দ্রপুত্র।

বর্জ্জন (বৃজ্ ত্যাগ করা+অনট্—ভা) সং, ক্লীং, পরিত্যাগ, রহিতকরণ। হিংসা, বধ।

বর্জ্জনীয় (বর্জ্জন দেখ, অনীয়—র্ম্ম) বিং,ত্রিং, বর্জ্জনের যোগ্য, ত্যাজ্য। মারণীয়।

বর্জ্জিত ( বর্জ্জন দেখ, ত—র্ম্ম ) বিং, ত্রিং, পরিত্যক্ত, নিরাকৃত, রহিত। হত।

বর্ণ (বর্ণ্ প্রেরণ করা+অ(অল্)—র্ম্ম। যে বেদবাক্য দ্বারা আচারাদিতে প্রেরিত হয় ) সং, পুং, ব্রাহ্মণাদি জাতি। (বর্ণ্ স্তব করা, বিস্তার করা, রং করা, বাড়াইয়া বলা, দীপ্ত করা, উদ্যোগ করা+অ (অল্)—র্ম্ম) শুক্লাদি রং। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি। গুণ। স্তব, প্রশংসা। ব্রত। কীর্ত্তি। নাট্যাবেশ। সৌন্দর্য্য। বর্ণনা। রূপ। অঙ্গরাগ। উৎকর্ষ, প্রসিদ্ধি, খ্যাতি, যশঃ। গুণকীর্ত্তন। গীতক্রম।

সুবর্ণ। পুং—ক্লীং, অ আ ক খ প্রভৃতি অক্ষর। ভেদ। বিলেপন। প্রশস্তি, অষ্টবিধ মৈথুনাভাব-রূপব্রত। আকৃতি। জাতি। কষ্টি পাথরের স্বর্ণরেখা। ক্লীং, কুঙ্কুম।

বর্ণক ( বর্ণ রং করা ইত্যাদি+অক—প্রং, অথবা বর্ণ+কণ—যোগ) সং, পুং—ক্লীং, অঙ্গরাগ। বিলেপন দ্রব্য, গাত্রানুলেপনী। চন্দন। যে দ্রব্য দ্বারা কাচ বা মৃৎপাত্রের উজ্জ্বলতা উৎপন্ন হয়। হরিতাল। ( বর্ণ স্তব করা+অক(ণক)—ক ) পুং, স্তুতিপাঠক, গুণকীর্ত্তনকারী। পুং, র্ণিকা—স্ত্রীং, নীলী প্রভৃতি রং। বেশবিন্যাস। ( +অক—ণ ) ক্লীং, ভূষণ। ব্যাখ্যান গ্রন্থবিশেষ।

বর্ণকবি (বর্ণ স্তুতি—কবি কাব্যকর্ত্তা) সং, পুং, কুবেরপুত্র।

বর্ণকূপিকা ( বর্ণ অক্ষর—কূপ কূয়া+কণ—তুল্যার্থে) সং,স্ত্রীং, মস্যাধার, দোয়াত।

বর্ণচারক (বর্ণ রং—চর্ গমন করা+অক—প্রং) সং, পুং, চিত্রকর, পটুয়া।

বর্ণজ্যেষ্ঠ ( বর্ণ ব্রাহ্মণাদিজাতি—জ্যেষ্ঠ অগ্রজ, ৫মী—ষ) সং,পুং,ব্রাহ্মণ। আপন আপন বর্ণাপেক্ষা শ্রেষ্ঠ বর্ণ। লিং—১ "বর্ণজ্যেষ্ঠা চ যা নারী।"

বর্ণতূলি—লী } (বর্ণ অক্ষর—তূলি, তূলী।
বর্ণতূলিকা } কণ—যোগে বর্ণতূলিকা ) সং, স্ত্রীং, লেখনী, কলম।

বর্ণদ ; সং, ক্লীং, কালীয়ক।

বর্ণদাতা (বর্ণদাতৃ, বর্ণ—দাতৃ যে দান করে) সং, পুং, ত্রী—স্ত্রীং, হরিদ্রা।

বর্ণদারু ( বর্ণ রং—দারু কাষ্ঠবিশেষ ) সং, ক্লীং, যে সকল কাষ্ঠে রঙ্ প্রস্তুত হয়।

বর্ণদূত ( বর্ণ বর্ণমালার অক্ষর ইত্যাদি—দূত প্রেরিত) সং, পুং, লিপি, লিখিত পত্রাদি।

বর্ণধর্ম্ম ( বর্ণ ব্রাহ্মণাদি জাতি—ধর্ম্ম ) সং, পুং, ব্রাহ্মণক্ষত্রিয়াদির কর্ত্তব্য কর্ম্ম।

বর্ণন—ক্লীং } ( বর্ণ্ স্তব করা+অনট্,
বর্ণনা—স্ত্রীং } অন—ভাবে, আপ্) সং, গুণকথন। বিবরণ। প্রশস্তি, স্তুতি। রঞ্জন। [বর্ণনযোগ্য।

বর্ণনীয় (বর্ণন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং,

বর্ণপাত্র ; সং, ক্লীং, চিত্রকারের নীলাদি রঙের পাত্র।

বর্ণপুষ্পক ; সং, পুং, রাজতরুণীপুষ্প।

বর্ণপুষ্পী ; সং, স্ত্রীং, উষ্ট্রকাণ্ডী পুষ্পবৃক্ষ।

বর্ণমাতা (বর্ণমাতৃ, বর্ণ অক্ষর—ম মা) সং, স্ত্রীং, লেখনী, কলম।

বর্ণমাতৃকা ( বর্ণ অক্ষর—মা স্বর্গীয় মাতা) সং, স্ত্রীং, সরস্বতী, ব া।

বর্ণমালা (বর্ণ—মালা শ্রেণি, —ষ) সং, স্ত্রীং, বর্ণাবলি। জাতিমাল

বর্ণরেখা, বর্ণলেখা (বর্ণ রং— া, লেখা—শ্রেণী) সং, স্ত্রীং, কঠিন ড়ী।

বর্ণবতী (বর্ণ রং+বৎ—অ ) সং,স্ত্রীং, হরিদ্রা। বিং, ত্রিং, বর্ণবি ।

বর্ণবিলোড়ক ( বর্ণ স্তুতি— —লুড়্ উন্মত্ত হওয়া+অক(ণক)— ) সং, পুং, যে ব্যক্তি অন্যের লিখিত বিবরণে স্বকৃত বলিয়া পরিচয় দেয়। সিঁদেল চোর।

বর্ণসঙ্কর ( বর্ণ—সঙ্কর মিশ্র ) সং, পুং, সঙ্কীর্ণজাতি, মিশ্রজাতি ব্রাহ্মণাদি জাতির অনুলোম বা প্রতিলোমে জাত বর্ণ।

বর্ণসি ; সং, পুং, জল।

বর্ণাঙ্কা ( বর্ণ অক্ষর—অনুক্ গমন করা, আঁকা+অ(অন্)—ণ) সং, স্ত্রীং, লেখনী, কলম।

বর্ণাট ( বর্ণ রং ইত্যাদি—অট্ গমন করা বা হওয়া+অ(অন্)—ক) সং, পুং, চিত্রকর। গায়ক। নট। স্ত্রীকৃতজীবন।

বর্ণাত্মা (বর্ণাত্মন্, বর্ণ অক্ষর—আত্মন্ স্বরূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শব্দ, বাচকবর্ণ।

বর্ণানুভাবকতা ( বর্ণ—অনুভাবকতা ) সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা শুক্লপীতাদি বর্ণের উপলব্ধি হয়।

বর্ণার্হ ; সং, পুং, মুদ্গ। [সুবর্ণ।

বর্ণি ( বর্ণ্ রং করা+ই—প্রং ) সং, ক্লীং,

বর্ণিক ( বর্ণ অক্ষর + ইক — প্রং ) সং, পুং, লেখক, লিপিকর। ( বর্ণ + কণ্, আপ ) কা — স্ত্রীং, কঠিনী, খড়ী। শিং — ১ "লেখন্যাং কর্ণিকাপি স্যাৎ কঠিন্যামপি বর্ণিকা।" লেখনী, কলম। মসি, লিখিবার কালি। তূলি। বর্ণোৎকর্ষ। বার্ণিস্। স্বর্ণোৎকর্ষ।

বর্ণিত ( বর্ণন দেখ, ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, প্রশংসিত, স্তুত। ব্যাখ্যাত। বিবৃত। রঞ্জিত, রূপান্তর প্রাপিত।

বর্ণিলিঙ্গী (বর্ণিলিঙ্গিন্, বর্ণি — লিঙ্গী লিঙ্গযুক্ত, চিহ্নবিশিষ্ট ) সং, পুং, ব্রহ্মচারী। যতি। শিং — ১ "স বর্ণিলিঙ্গী বিদিতঃ সমাযযৌ।"

বর্ণী ( বর্ণিন্, বর্ণ রং ইত্যাদি + ইন্ — অস্ত্যর্থে ) সং, পুং, চিত্রকর। ব্রহ্মচারী। শিং — ১"অথাহ বর্ণী বিদিতো মহেশ্বরঃ।" বিপ্রাদিজাতি। "বর্ণিনাং হি বধো যত্র।" লেখক। র্ণিনী — স্ত্রীং, নারী, যোষিৎ। হরিদ্রা।

বর্ণু ; সং, পুং, নদবিশেষ। আদিত্য।

বর্ণ্য (বর্ণন দেখ, য — র্ম্ম) বিং, ত্রিং, বর্ণনীয়, বর্ণনযোগ্য।

বর্ত্তক — পুং } ( বর্ত্তন দেখ, অক(ণক) — ক ) সং, পক্ষিবিশেষ,
বর্ত্তিকা — স্ত্রীং } ভারই পক্ষী। পুং, অশ্বের খুর। ক্লীং, লৌহবিশেষ।

বর্ত্তজন্মা (বর্ত্তজন্মন্, বর্ত্ত [বৃৎ বর্ত্তমান থাকা অ(অন্) — ভাবে] অবস্থান — জন্মন্ জন্ম) সং, পুং, মেঘ।

বর্ত্তন ( বৃৎ বিদ্যমান থাকা + অন(অনট্) — ভা ) সং, ক্লীং, বৃত্তি, জীবিকা। স্থিতি। অবস্থিতি। বেতন। বর্ত্তুল। নিয়োগ। নী — স্ত্রীং, ( + অনট্ — খি ) পথ। (বৃৎ বিদ্যমান থাকা + অন — ক ) বিং, ত্রিং, বৃত্তিযুক্ত। বর্ত্তমান। স্থিতিশীল। ক্লী — স্ত্রীং, তর্কুপিণ্ড, তুলার পাঁইজ। পুং, বামন। বায়স। (বৃৎ-ণিচ=বর্ত্তি + অনট্ — ভাবে) সং, ক্লীং, স্থাপন। পেষণ।

বর্ত্তনি ( বর্ত্তন দেখ, অনি — সংজ্ঞার্থে ) সং, পুং, পূর্ব্বদেশ। নী — স্ত্রীং, বর্ত্ম, পথ।

বর্ত্তমান (বৃৎ বিদ্যমান থাকা + আন(শান) — ক। ম — আগম) সং, পুং, প্রয়োগের অধিকরণীভূত কাল, প্রারব্ধ ও অসমাপ্ত কাল। বিং, ত্রিং, বিদ্যমান, উপস্থিত, যাহা চলিতেছে। সাক্ষাৎ। স্থিতিশীল।

বর্ত্তরূক ; সং, পুং, নদবিশেষ। কাকের বাসা। আবিল জলাশয়। দ্বারপাল। শিং — ১ "মন্ত্রী প্রস্থিহরোহমাত্যো দ্বাঃস্থিতো বেত্রধারকঃ। দৌঃসাধিকো বর্ত্তরূকো গর্ব্বাটো দণ্ডবাসিনি।"

বর্ত্তি — র্ত্তী } ( বর্ত্তি দীপ্তি পাওয়া + ই — ক, ২য় পক্ষে—কণ, আপ ) সং, স্ত্রীং, প্রদীপ। দীপের দশা, প্রদীপের
বর্ত্তিকা } শলিতা, বাতি। বনপ্রাপ্ত। তূলি। পক্ষিবিশেষ। বর্ণোপরি লেপবিশেষ, বার্নিস।

বর্ত্তিক — পুং } (বৃৎ + তিক — ক) সং,
বর্ত্তিকা — স্ত্রীং } পক্ষিবিশেষ।

বর্ত্তিত ( বৃৎ-ণিচ=বর্ত্তি বর্ত্তান + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, সম্পাদিত, নিষ্পাদিত, কৃত। সম্পন্ন।

বর্ত্তিতব্য (বর্ত্তন দেখ, তব্য — র্ম্ম) বিং, ত্রিং, স্থাতব্য, স্থিতিশীল।

বর্ত্তিষ্ণু ( বৃৎ বর্ত্তমান থাকা + ইষ্ণু — ক, শীলার্থে) বিং,ত্রিং, বর্ত্তনশীল,স্থিতিশীল।

বর্ত্তিষ্যমাণ ( বর্ত্তন দেখ, স্যমান — ক ) বিং, ত্রিং, ভাবি। সং, পুং, ভবিষ্যৎকাল।

বর্ত্তী ( বর্ত্তিন্, বৃৎ বিদ্যমান থাকা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, স্থিতিশীল।

বর্ত্তুল ( বর্ত্তন দেখ, উল — ক ) বিং, ত্রিং, গোলাকার, বৃত্ত। স্থূল। সং, পুং, কলায়বিশেষ, বাঁটুলা কলাই। ক্লীং, গৃঞ্জন। লা — স্ত্রীং, টেকোর বাঁটুল। লী — স্ত্রীং, গজপিপ্পলী।

বর্ত্ম (বর্ত্মন্, বৃৎ থাকা + মন্ — ক) সং, ক্লীং, পন্থা, পথ, রাস্তা, আচার। শিং — ১ "আমনোবর্ত্মনঃ পরম্।" (রঘু)। নেত্রচ্ছদ, চক্ষুর পাতা।

বর্ত্মনি (বর্ত্ত দেখ, অনি — প্রং, ম — আগম) সং, স্ত্রীং, বর্ত্ম, পথ।

বর্দ্ধ (বৃধ্ বৃদ্ধি পাওয়া + অ(অল্) — ভাবে) সং, পুং, বৃদ্ধি, বর্দ্ধন। পূরণ। (বর্দ্ধ্ ছে-

দন করা + অল্ — ভা) ছেদন। বামনহাটির গাছ। ক্লীং, সীসক, সীসা।

বর্দ্ধক (বৃধ্ বৃদ্ধি পাওয়া + অক(ণক) — ক) বিং,ত্রিং, বৃদ্ধিকারক। পূরক। (বর্দ্ধ্ ছেদন করা + ণক — ক) ছেদক, ছেদনকারী।

বর্দ্ধকি (বর্দ্ধ্ ছেদন করা + অ(অন) — ক = বর্দ্ধ — কি [কষ্ বধ করা + ই(ডি) — ক) সং, পুং, সূত্রধার, ছুতার।

বর্দ্ধকী (বর্দ্ধকিন্, বর্দ্ধক + ইন্) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

বর্দ্ধন (বৃধ্ বৃদ্ধি পাওয়া + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বৃদ্ধি, উন্নতি, বাইড়। বাড়ান। (বৃধ-ণিচ্ = বর্দ্ধি বাড়ান) পূরণ। (বর্দ্ধ ছেদন করা) ছেদন। (বৃধ-ণিচ্ = বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান + অন — ক) বিং, ত্রিং, বৃদ্ধিকারক। নী — স্ত্রীং, ক্ষুদ্র জলপাত্র, ঘটী। সম্মার্জ্জনী, খেঙরা।

বর্দ্ধমান (বৃধ্ বৃদ্ধি পাওয়া + আন(শান) — ক) সং, পুং, শরাব, শরা। নগরবিশেষ। পণ্ডিতবিশেষ। ধনীদিগের গৃহবিশেষ। এরণ্ডবৃক্ষ। পশুবিশেষ। জিনবিশেষ। বিষ্ণু। বিং, ত্রিং, বৃদ্ধিশীল।

বর্দ্ধমানক (বর্দ্ধমান + কণ্ — যোগ) সং, পুং, শরাব, শরা। বিং,ত্রিং, বৃদ্ধিশীল। (+ কণ — স্বার্থে) এরণ্ডবৃক্ষ।

বর্দ্ধাপন (বর্দ্ধাপি ছেদনকরান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, নাড়ীচ্ছেদন সংস্কারবিশেষ।

বর্দ্ধিত (বৃধ-ণিচ্ = বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পূরিত। পোষিত, বৃদ্ধিপ্রাপিত, বাড়ান। (বর্দ্ধ ছেদন করা) ছেদিত, ছিন্ন।

বর্দ্ধিষ্ণু (বৃধ্ বৃদ্ধি পাওয়া + ইষ্ণু — ক, শীলার্থে) বিং, ত্রিং, বর্দ্ধনশীল, বৃদ্ধিযুক্ত।

বর্দ্ধ — ক্লীং } (বৃধ্ বৃদ্ধি পাওয়া + ষ্ট্রন্
বর্দ্ধ্রী — স্ত্রীং } — ক) সং, চর্ম্মরজ্জু।

বর্ম্ম (বর্ম্মন্, বৃ আবরণ করা + মন্ — ণ। অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ; সংস্কৃত = বর্ম্ম। লাটিন = আর্‌মা। ইংরাজী = আরমার। স্পেন ও ইটালী = Arma) সং, ক্লীং, তনুত্রাণ, কবচ, সাঁজোয়া। পুং, ক্ষত্রিয়ের উপাধি। "শর্ম্মান্তং ব্রাহ্মণস্য স্যাদ্বর্ম্মান্তং ক্ষত্রিয়স্য চ।"

বর্ম্মহর (বর্ম্মন্ — হর [হৃ হরণ করা + অ (অন্) — ক] যে হরণ করে, ৬ষ্ঠী — ষ) বিং, ত্রিং, কবচধারী। পুং, তরুণ।

বর্ম্মিত } (বর্ম্মিন্, বর্ম্মন্ + ইত, ইন্ — অ-
বর্ম্মী } স্ত্যর্থে) বিং, ত্রিং, বর্ম্মযুক্ত, কবচধারী, সাঁজোয়া পরা।

বর্য্য (বৃ প্রার্থনা করা + য — [illegible] নিপাতন) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। সং, পুং, মদন, কন্দর্প। র্য্যা — স্ত্রীং, পতিম্বরা। কন্যা।

বর্ব্বণা (বর্ অনুকরণ শব্দ — বন্ শব্দকরা + অ — আ, প্রং। বর্গীয় বও হয়) সং, স্ত্রীং, নীলমক্ষিকা, ভণভণিয়া।

বর্ব্বর (বর্ব্ পুনঃপুনঃ প্রার্থনা করা + অ — প্রং। অন্যান্য ভাষার সহিত সৌসাদৃশ্য দেখ ;— সংস্কৃত = বর্ব্বর। গ্রীক এবং লাটিন = Barbarous) সং, পুং, নীচজাতি। পামর। মূর্খ। বাবরী, বাউরিচুল। দেশবিশেষ। ক্লীং, হিঙ্গুল। পীতচন্দন। রা, রী — স্ত্রীং, ক্ষুদ্রজাতীয় মধুমক্ষিকা। বৃক্ষবিশেষ,বাবুই। পুষ্পবিশেষ। শাকবিশেষ।

বর্ব্বরীক (বৃ বরণ করা, দ্বিত্ব, ঈক — প্রং) সং, পুং, বাউরিচুল। বাবুইতুলসী। বামনহাটী। শিব। মহাকাল।

বর্ব্বূর; সং, পুং, বাবলাগাছ।

বর্ষ (বৃষ্ বর্ষণ করা + অ(অল্) — ভাবে) সং, পুং — ক্লীং, বৃষ্টি। (+ অন্ — ক) বৎসর। মেঘ। (+ অপ্ — ধি) জম্বুদ্বীপ। জম্বুদ্বীপের নয় অংশ—কুরু, হিরন্ময়, রুম্যণক, ইলাবৃত, হরি, কেতুমাল, ভদ্রাশ্ব, কিংপুরুষ, ভারত। র্ষা — স্ত্রীং, বহুং প্রাবৃটকাল।

বর্ষকরী (বর্ষ বৃষ্টি — কৃ [করা] চিহ্ন করা + অ(অন্) — ক, ঈপ। বিশেষতঃ ইহা বর্ষাকালে শব্দ করে বলিয়া) সং,স্ত্রীং, ঝিল্লিকা, উইচিংড়া।

বর্ষকেতু; সং, পুং, রক্তপুনর্নবা। বর্ষাচল।

বর্ষকোষ (বর্ষ বৎসর — কোষ শব্দাদি সংগ্রহ ইত্যাদি) সং,পুং, দৈবজ্ঞ, গণক। মাস।

বর্ষজ (বর্ষ বৃষ্টি — জ [জন্ জন্মান + অ(ড)

—ক) জাত) বিং, ত্রিং, বৃষ্টিজাত। বৎসরজাত। মেঘোৎপন্ন। জম্বুদ্বীপজাত। দ্বীপাংশজাত। [বৃষ্টি।

বর্ষণ (বর্ষ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বর্ষণি; সং, স্ত্রীং, বর্ত্তন। কৃতি। ক্রতু। বর্ষণ।

বর্ষধর (বর্ষ রেতঃসেক—ধর [ধৃ ধারণকরা +অ(অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, নপুংসক, খোজা।

বর্ষপর্ব্বত (বর্ষ জম্বুদ্বীপের নয় অংশ—পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হেমকূটাদি সপ্ত পর্ব্বতবিশেষ। শিং—১ "হিমবান্ হেমকূটশ্চ নিষধো মেরু-রেবচ। চৈত্রঃ কর্ণী চ শৃঙ্গী চ সপ্তৈতে বর্ষ-পর্ব্বতাঃ।"

বর্ষপাকী (বর্ষপাকিন্, বর্ষ বৃষ্টি—পাক পক্ব+ইন্—প্রং) সং, পুং, আমড়াগাছ।

বর্ষপুষ্পা (বর্ষাকালে পুষ্প হয় বলিয়া) সং, স্ত্রীং, সহদেবীলতা। [পক্ষী।

বর্ষপ্রিয় (বর্ষ বৃষ্টি—প্রিয়) সং, পুং, চাতক-

বর্ষমান (বৃষ্ বর্ষণ করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে বর্ষণ করিতেছে।

বর্ষবর (বর্ষ রেতোবর্ষণ—বর [বৃ আবরণ করা+অ(অন্)—ক] যে নিরাকরণ করে) সং, পুং, নপুংসক, খোজা। শিং—১ "যে ত্বল্পসত্ত্বাঃ প্রথমমাখ্যীয়াঃ স্ত্রী-স্বভাবিনঃ। জাত্যা ন দুষ্টা কার্য্যেষু তে বৈ বর্ষবরাঃ স্মৃতাঃ।" ২"নষ্টং বর্ষবরৈরিতি।"(রত্নাবলী)।

বর্ষবৃদ্ধি (বর্ষ—বৃদ্ধি) সং, স্ত্রীং, জন্মতিথি। বয়োবৃদ্ধি।

বর্ষা (বর্ষ+আপ। যে সময় বর্ষণ করে) সং, স্ত্রীং, বহুং, শ্রাবণ ভাদ্রমাস, প্রাবৃটকাল।

বর্ষাংশ } (বর্ষ বৎসর—অংশ ভাগ
বর্ষাঙ্গ } এবং অঙ্গ অবয়ব) সং, পুং, মাস। ঙ্গী—স্ত্রীং, রক্তপুনর্নবা।

বর্ষাঘোষ (বর্ষা—ঘোষ শব্দ) সং, পুং, মণ্ডূক, ভেক।

বর্ষাত্যয় } (বর্ষা—অত্যয় নাশ, অব-
বর্ষাবসান } সান শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শরৎকাল।

বর্ষাভূ (বর্ষা—ভূ [ভূ হওয়া+০(ক্বিপ্)—ক] যে হয়, ৭মী—ষ) সং, পুং, ভ্বী—স্ত্রীং, মণ্ডূক, ভেক, ব্যাঙ। পুনর্নবা। পুং, কিঞ্চুলুক। ইন্দ্রগোপকীট। বিং, ত্রিং, বর্ষাজাত।

বর্ষামদ (বর্ষা বৃষ্টি—আমদ যে আমোদ করে, অথবা বর্ষা—মদ যে উন্মত্ত হয়) সং, পুং, ময়ূর। [রাত্রি।

বর্ষারাত্র (বর্ষা—রাত্রি) সং, পুং, বর্ষাকালীন

বর্ষার্চ্চিঃ (বর্ষার্চ্চিস্, বর্ষা—অর্চ্চিস্ দীপ্তি যে বর্ষাকালে দৃশ্য হয়) সং, পুং, মঙ্গলগ্রহ।

বর্ষিক (বর্ষ+ইক(ঞিক)—ইদমর্থে) বিং, ত্রিং, বর্ষ-সম্বন্ধীয়। (বর্ষা+ইক) বর্ষা-সম্বন্ধীয়।

বর্ষিষ্ঠ } (বৃদ্ধ + ইষ্ঠ—অতিশয়ার্থে।
বর্ষীয়ান্ } বর্ষীয়স, বৃদ্ধ+ঈয়সু—অতিশয়ার্থে, বৃদ্ধ স্থানে বর্ষ) বিং, ত্রিং, সর্ব্বজ্যেষ্ঠ, অতিশয় বৃদ্ধ।

বর্ষিন } (বর্ষ দেখ, ইন্, উক(ঞুক)—ক,
বর্ষুক } শীলার্থে) বিং, ত্রিং, বর্ষণশীল, বর্ষণকারী।

বর্ষুকাব্দ (বর্ষুক বর্ষণশীল—অব্দ মেঘ) সং, পুং, বর্ষণশীল মেঘ, যে মেঘ হইতে বারি পতিত হইতেছে।

বর্ষোপল (বর্ষ বৃষ্টি—উপল প্রস্তর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘভব শিলা, করকা।

বর্ষ্ম (বর্ষ্মন্, বর্ষণ দেখ, মন্—ক) সং, ক্লীং, শরীর। পরিমাণ। সুন্দর আকৃতি। উচ্চতা। পাষাণ।

বর্হ (বৃহ্ বৃদ্ধি পাওয়া কিম্বা বর্হ্ দীপ্তি পাওয়া+অ(অল)—র্ম্ম) সং, ক্লীং, ময়ূরপুচ্ছ। গ্রন্থিপর্ণবৃক্ষ। পুং—ক্লীং, পত্র। পুং, সঙ্গী, অনুচর।

বর্হণ (বর্হ দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পত্র, পাত।

বর্হি (বর্হ দেখ, ই—প্রং) সং, পুং, অগ্নি।

বর্হিণ } (বর্হ্ ময়ূরপুচ্ছ+ইনন্—অস্ত্য-
বর্হী } র্থে। বর্হিন্, বর্হ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিখী, ময়ূর, বর্হ বিশিষ্ট।

বর্হিণবাহন } (বর্হিণ, বর্হি ময়ূর—বাহন,
বর্হিবাহন } ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূরবাহন, কার্ত্তিকেয়।

বর্হিধ্বজা (বর্হিন্ ময়ূর—ধ্বজা পতাকা) সং, স্ত্রীং, চণ্ডী, দুর্গা।

বর্হিপত্র ; সং, ক্লীং, ময়ূরপুচ্ছ।

বর্হির্জ্যোতিঃ (বর্হির্জ্যোতিস্, বর্হিস্ কুশ [দ্বারা]—জ্যোতিস্ দীপ্তি, ২য়া—হিং) সং, পুং, অগ্নি, অনল। [দেবতা।

বর্হির্মুখ (বর্হিস্ অগ্নি—মুখ) সং, পুং,

বর্হিষদ্ (বর্হিস্ কুশ বা অগ্নিতে—অদ্ ভক্ষণ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, পিতৃগণবিশেষ।

বর্হিঃ (বর্হিস্, বর্হ দেখ, ইস্—প্রং) সং, পুং, অগ্নি। শিং—১ "বর্হিষি রজতং ন দেয়ম্।" দীপ্তি। যজ্ঞ। পুং—ক্লীং, কুশ। শিং—১"বর্হির্দেবসদনম্।" ক্লীং, গ্রন্থিপর্ণ।

বর্হিঃশুষ্মা (বর্হিঃশুষ্মন্, বর্হিস্ যজ্ঞ—শুষ্মন যে শুষ্ক করে, ২য়া—ষ। অথবা বর্হিস্ কুশ—শুষ্মন্ বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

বল (বল্ বেষ্টন করা+অ(অল)—ভাবে। বর্গ্য ব দেখ) সং, ক্লীং, সৈন্য। (Force) যদ্দ্বারা জড়বস্তুর গতি উৎপাদিত কিম্বা পরিবর্ত্তিত হইতে পারে। বর্গ্য 'ব' দেখ।

বলক্ষ (অব-লক্ষ্ দর্শন করা+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, শুক্লবর্ণ, শাদা। পুং, শ্বেতবর্ণ, সাদা রং।

বলজ (বর্গ্য ব দেখ) সং, পুং, ধান্যরাশি।

বলদ (বল—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, বলদাতা। (বলীবর্দ্দ শব্দজ) সং, বৃষ। দামড়া।

বলন (দেশজ) সং, কথন, বাক্যপ্রয়োগ।

বলভি—ভী (বল আচ্ছাদন করা+অভচ্—ক, ই, ঈপ্) সং, পুং—স্ত্রীং, গৃহের কাঠাম। ছাদের উপরিস্থ গৃহ। গৃহচূড়া, মুটুনি। ছাদ। চাল ও ছাদের পাহাড়। গেট।

বলয় (বল্ [বলিষ্ঠ হওয়া ইত্যাদি] বেষ্টন করা+অয়(অয়ন্)—ক) সং, পুং—ক্লীং, করভূষণ, বালা। মণ্ডল (+অয়ন্—ভাবে) বেষ্টন। পুং, গলরোগবিশেষ।

বলয়িত (বলয়+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বেষ্টিত, ঘেরা, পরিবৃত।

বলবত্তা (বলবৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, অতিশয় বল, শক্তি, সামর্থ্য।

বলহা (বলহন্, বল—হন্ যে বধ করে) সং, পুং, বলরাম।

বলাক (বল+আকন্—প্রং) সং, পুং, বক-জাতিবিশেষ, ক্ষুদ্র বক, কোঁচবক।

বলাকা (বল—অক্ গমন করা+অ(অল)—ক, যে বল দ্বারা অতি ঊর্দ্ধে গমন করে কিম্বা বল্ আচ্ছাদন করা+[illegible]—ক) সং, স্ত্রীং, ক্ষুদ্রজাতীয় বকশ্রেণী। শিং—১"খে ভবন্তং বলাকা।"স্ত্রীং, [illegible]কী-স্ত্রী।

বলাট ; সং, পুং, মুদ্গ। গোধোম।

বলাহক (বারি—বাহক [বহ্ বহন করা+অক(ণক)—ক] যে বহন করে, নিপাতন) সং, পুং, মেঘ। পর্ব্বত। দৈত্য। সর্প-বিশেষ। মুস্তক। শ্রীকৃষ্ণের ঘোটকবিশেষ। বর্গ্য বও হয়)। শিং—১"বলাহকাশ্চাশ-নিশব্দপূরিতাঃ।"

বলি ; সং, ক্লীং, বর্গ্য ব দেখ।

বলির (বলি+র—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কেকর, টেরা।

বলিশ (বল্ মৎস্যখাদ্য—শো গ্রন্থন করা +অ(ক)—ক। যে টোপ গাঁথে) সং, ক্লীং, শি, শী—স্ত্রীং, বড়িশ, বড়শী।

বলী (বলিন্, বল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্।

বলীক (বল্ আবরণ করা+ঈক(ঈকন্)—ক) সং, ক্লীং, ঘরের চালের ছাঁইচ, নীধ্র।

বলীন্দ্র (বলী—ইন্দ্র শ্রেষ্ঠ) বিং, ত্রিং, অতিশয় বলবান্।

বলূক (বল্ বেষ্টন করা+উক—প্রং) সং, ক্লীং, পদ্মমূল। পুং, পক্ষিবিশেষ।

বলূকা (বল+উক—প্রং) বিং ত্রিং, বলবান্।

বলূন ; বিং, ত্রিং, বলবান্।

বল্ক—ক্লীং } বল্ আবরণ করা
বল্কল—পুং—ক্লীং } +অ(ক)—ক। ২য় পক্ষে, কল—ক) সং, বৃক্ষত্বক্, গাছের ছাল। শল্ক, মাছের আঁস। ক্লীং, বল্কল শব্দে দারচিনিও হয়।

বল্কতরু ; সং, পুং, পট্টিকালোধ্র।
বল্কদ্রুম ; সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।
বল্কবান্ (বল্কবৎ, বল্ক আঁস+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বল্কবিশিষ্ট। সং, পুং, মৎস্য। [কণ্টক, কাঁটা।
বল্কিল (বল্ক্ বৃক্ষত্বক্+ইল—প্রং) সং,পুং,
বল্কুত (বল্ আচ্ছাদন করা+কুত—প্রং) সং, ক্লীং, গাছের বল্কল, গাছের ছাল।
বল্গ—পুং } (বল্গ্ গমন করা ইত্যাদি
বল্গন—ক্লীং } + অল্, অনট্—ভাবে) সং,ক্লীং, গতিবিশেষ,প্লুতগমন। ভোজন। বহুভাষণ।
বল্গমান (বল্গ+আন(শান)—ক) বিং, ত্রিং, যাহারা লাফিয়া লাফিয়া যাইতেছে।
বল্গা (বল্গ দৌড়িয়া যাওয়া, লাফমারা+অ (অল্)—ণ) সং, স্ত্রীং, রশ্মি, মুখরজ্জু, লাগাম।
বল্গাহরিণ (Reindeer) সুমেরু সন্নিহিত দেশস্থ হরিণবিশেষ, যে হরিণজাতির মুখে লাগাম দিয়া লোকে শকটাদি টানায়।
বল্গিত } (বল্গা দেখ, ক্ত, অনট—ভা) সং,
বল্গন } ক্লীং, অশ্বের গতিবিশেষ, প্লুতগতি। হস্তপদাদির আস্ফালন। বহুভাষণ, জল্পন। গমন। লম্ফন।
বল্গু (বল আবরণ করা+গুক্—ক) বিং, ত্রিং, মধুর, সুন্দর, মনোহর। সং, পুং, ছাগল।
বল্গুক (বল্গু+কণ—যোগ) বিং, ত্রিং, রুচির, মনোহর। সুন্দর। সং, ক্লীং, চন্দন। বন। পণ, বাজি।
বল্গুপত্র ; সং, পুং, বনমুদ্গ।
বল্গুলা ; সং, স্ত্রীং, বাকুটী। পক্ষিবিশেষ।
বল্গুলিকা ; সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা, আরশুলা।
বল্ভন (বল্ভ ভোজন করা+অন—ভা) সং, ক্লীং, ভক্ষণ, ভোজন।
বল্মিক } (বল আচ্ছাদন করা, বৃদ্ধি
বল্মিকি } পাওয়া+ইক, ইকি, ঈক, ঈকি
বল্মীক } —ক, ম্—আগম) সং, পুং—
বল্মীকি } ক্লীং,উইয়ের ঢিপি। পুং,বাল্মীকি মুনি। গোদ। গলগণ্ড। শোথরোগ। সাতপ মেঘ।
বল্মীকশীর্ষ ; সং, ক্লীং, স্রোতোহঞ্জন।
বল্মীকূট ; সং, ক্লীং, বল্মীক, উইয়ের ঢিপি।
বল্ল (বল্ল্ আচ্ছাদন করা, সঞ্চালন করা+অ(অন্)—ক) সং, পুং, ধান্যাদি শস্য পাছড়ান। গুঞ্জাত্রয় পরিমাণ, ৩ কুঁচ পরিমাণ। শিং—১ "বল্লস্ত্রিগুঞ্জো ধরণঞ্চ তেহষ্টৌ।" বৈদ্যকে—গুঞ্জাদ্বয়। সার্দ্ধগুঞ্জাপরিমাণ শিং—১ "গোধূম দ্বিতয়োন্মিতা তু কথিতা গুঞ্জা তয়া সার্দ্ধয়া বল্লঃ।" ক্লীং, ভক্ষ্যবস্তু। (+অল্—ভাবে) সংবরণ।
বল্লকী (বল্ল্ আচ্ছাদন করা+অক(ণক)—ক, ঈপ্) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, বীণা শল্লকীবৃক্ষ।
বল্লভ (বল্ল্ আচ্ছাদন করা+অভচ—ক) বিং,ত্রিং, দয়িত, প্রিয়। প্রণয়ী। অধ্যক্ষ। পতি। পুং, প্রশস্তকুলোৎপন্ন অশ্ব। নায়ক। পতি। ভা—স্ত্রীং, দয়িতা, প্রিয়া। প্রণয়িনী।
বল্লভপালক (বল্লভ উত্তম অশ্ব—পালক যে পালন করে) বিং, ত্রিং, অশ্বরক্ষক।
বল্লর (বল্ল্ আচ্ছাদন করা+অর—প্রং) সং, ক্লীং, মঞ্জরী। বন। কুঞ্জ। কৃষ্ণাগুরু।
বল্লরি—রী (বল্ল আচ্ছাদনকরা+অরি—ক সং, স্ত্রীং, মঞ্জরী। ব্রততী, লতা। চিত্রমূল।
বল্লব (বল্ল্ ভক্ষ্যদ্রব্য+ব—অস্ত্যর্থে) বিং, বিং, পাচক। সং, পুং, সূপকার। ভীমসেন। (বল্ল্ আচ্ছাদন+ব—প্রং) গোপ। বী—স্ত্রীং, গোপী।
বল্লি } (বল্ল্ আচ্ছাদন করা+ই—ক
বল্লী } সং, স্ত্রীং, ব্রততী, লতা। পৃথিবী।
বল্লিকণ্টকারিকা ; সং, স্ত্রীং, অগ্নিদমনীক্ষুপ।
বল্লিসূরণ ; সং, পুং, অত্যম্লপর্ণী।
বল্লুর (বল্লি দেখ, উর—র্ম্ম) সং, ক্লীং,মঞ্জরী। ক্ষেত্র। নির্জ্জনস্থান। কুঞ্জ। বন। অকৃষ্ট ক্ষেত্র। শাদ্বল। ক্লীং, রা—স্ত্রীং, গহন। উষর। ত্রিং, শুষ্ক মাংস। শূকরমাংস।
বল্লূর (বল্লি দেখ, উর—র্ম্ম) সং ত্রিং,

বৌদ্রাদিদ্বারা শুষ্ক মাংস। শূকরমাংস। পতিত ভূমি। ক্লীং, রা—স্ত্রীং, গহন উষর।

বল্লা ; সং, স্ত্রীং, ধাত্রীবৃক্ষ।

বল্বজ (বল্ [পৃথিবী] বেষ্টন করা+০(ক্বিপ্) —ক=বল্+বজ্ গমন করা+অ(অন্) —ক) সং, পুং, উলুখড়।

বব (ব বাধাতুজ+অ(ড)—ক, দ্বিত্ব) সং, পুং, একাদশ—করণের অন্তর্গত প্রথম করণ।

বশ (বশ্ অভিলাষ করা+অ(অল্)—ভা) সং, পুং,—ক্লীং, অভিলাষ, ইচ্ছা। ক্লীং, স্বাধীনতা। প্রভুত্ব, কর্তৃত্ব। অধীনতা, আয়ত্ততা। (+অন্—ক) আয়ত্ত, অধীন অনুকূল। মন্ত্রাদি দ্বারা মুগ্ধ। পুং, বেশ্যা-গৃহ। শা—স্ত্রীং, বন্ধ্যা স্ত্রী। বন্ধ্যা গবী। কন্যা। নারী। হস্তিনী।

বশকা (বশ আয়ত্ততা+কণ্—যোগ্য) সং, স্ত্রীং, বশীভূতা স্ত্রী।

বশক্রিয়া (বশ অধীনতা—ক্রীয়া কার্য্য) সং, স্ত্রীং, বশীকরণ, বশবর্ত্তী করা।

বশগ (বশ আয়ত্ততা—গ [গম্ গমন করা +অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, বশবর্ত্তী, বশীভূত, আয়ত্ত।

বশতঃ (বশ+[পঞ্চমীস্থানে] তস—প্রং) অং, অধীনতাহেতু, বশীভূততাপ্রযুক্ত।

বশতা (বশ অধীন+তা—ভাবে) সং,স্ত্রীং, অধীনতা, আয়ত্ততা।

বশংবদ (বশ অধীনতা—বদ্ [বল্ বলা+ অ(খ)—ক] যে বলে) বিং, ত্রিং, যে বাক্য দ্বারা বশীভূত করে, প্রিয়বাদী, মিষ্টবক্তা। বশীভূত। [মানথাকে) বিং,ত্রিং,বশীভূত।

বশবর্ত্তী (বশবর্ত্তিন্, বশ—বর্ত্তিন্ যে বিদ্য-

বশাঢ্যক ; সং, পুং, শিশুমার, শুশুক।

বশাতি ; যোদ্ধৃবিশেষ।

বশিক (বশ+ইক—প্রং) বিং, ত্রিং, শূন্য, খালি। কা—স্ত্রীং, অগুরু।

বশিত্ব—ক্লীং } (বশিন্+ত্ব, তা—ভা) সং, শিবের ঐশ্বর্য্য-
বশিতা—স্ত্রীং } বিশেষ, সকলকে বশ করিবার ক্ষমতা। স্বাধীনতা।

বশির ; সং, ক্লাং, সামুদ্রলবণ পুং, গজ-পিপ্পলী। অপামার্গ। বচা।

বশিষ্ট } (অব—শাস্ [অন্য মুনিদিগকে]
বশিষ্ঠ } শাসন করা+ত(ক্ত)—ক, অ—
বসিষ্ঠ } লোপ। ২য়-পক্ষে—বশিন্+ইষ্ঠ —প্রং, বিকল্পে শ স্থানে স, ৩য়-পক্ষে— বস্ বাস করা+ইষ্ঠ—প্রং। অথবা বস্ বাস করা+অল—ভাবে, ইন্—স্থা থাকা +অ(ড)—ক) সং, পুং, মুনিবিশেষ।

বশিষ্ঠাপবাহ—সরস্বতী নদী।

বশী (বশিন্, বশ স্বাধীনতা+ইন্—অ-স্ত্যর্থে) বিং, ত্রিং, স্বাধীন। জি[illegible]তেন্দ্রিয়, যে ব্যক্তি ইন্দ্রিয়গণকে জয় ক[illegible]য়াছে। বশবর্ত্তী। শিনী—স্ত্রী, শমীবৃক্ষ[illegible]চা।

বশীকরণ (বশ আয়ত্ত—করণ[illegible](চ্বি)—অভূততদ্ভাবার্থে) সং, ক্লীং, [illegible]য়ত্তকরণ, অধীনে রাখা। (+অনট[illegible] বশ্যতা-জনক মণিমন্ত্রৌষধাদি।

বশীকৃত (বশ আয়ত্ত—কৃত, ম[illegible]ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) বিং, ত্রি[illegible]য়ত্তীকৃত, যাহাকে বশ করা হইয়াছে

বশীভূত (বশ আয়ত্ত—ভূত [illegible] হইয়াছে, অবশ যে সে বশ হয়,মধ্যে [illegible]চ্)-আগম) বিং,ত্রিং,বশ্যতাপ্রাপ্ত,বশ[illegible],আজ্ঞাবহ।

বশ্য (বশ আয়ত্ততা+য—[illegible]তার্থে। অথবা বশ+য(ক্য) বিং, ত্রিং, আজ্ঞাকারী, বশ-বর্ত্তী। পোষা।

বশ্যকা } (বশ্যা+কণ—যোগ, বশ্য—আ
বশ্যা } —প্রং) সং, স্ত্রীং, বশীভূতা স্ত্রী।

বশ্যতা (বশ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অধী-নতা, আয়ত্ততা।

বষট (বহ বহন করা+অষট(ডষট)—ণ) অং, অগ্নিতে আহুতি দান প্রভৃতির মন্ত্র।

বষটকার (বষট—কার করণ) সং, পুং, দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান, হোম।

বষটকৃত (বষট—কৃত করা হইয়াছে) বিং, ত্রিং, বষট এই মন্ত্র দ্বারা হুত।

বষ্কয় (বষ্ক গমন করা+অয়(অয়ন)—ক) সং, পুং, একবর্ষ-বয়স্ক বৎস, এক বছরের বাছুর।

বষ্কয়ণী } (বষ্কয় বাছুর—নী পাওয়া+০(ক্বিপ)—ক। বষ্কয় বাছুর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, চির-প্রসূতা গবী। যে গাভীর অনেক বাছুর হইয়াছে। শিং—১ "বষ্কয়িণ্যাস্তিদোষঘ্নং তর্পণং বলকৃৎপয়ঃ।"
বষ্কয়িণী }

বসৎ (বস্ বাস করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, বাসকারী। স্থিতিকারী। বাসিন্দা।

বসতি—তী (বস্ বাস করা+অতি—ধি) সং, স্ত্রীং, বাসস্থান। রাত্রি। শিং—১ "বসতীরুষিত্বা।" (+অতি—ভাবে) বাস, স্থিতি।

বসন (বস্ আচ্ছাদন করা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, বস্ত্র, কাপড়। (+অনট্—ভাবে) আচ্ছাদন। বাস, বাসস্থান। স্ত্রী-লোকের কটিভূষণ।

বসন্ত (বস্ বাস করা+অন্ত—ধি) সং,পুং, ঋতুবিশেষ, ফাল্গুন চৈত্র বৈশাখ। স্বনাম-প্রসিদ্ধ রোগ। রাগবিশেষ। (+অন্ত—ক) অতিসার রোগ। নাট্যে—বিদূষকের উ-পাধি। তালবিশেষ।

বসন্তক; সং, পুং, শ্যোনাকবিশেষ।

বসন্তঘোষী (বসন্তঘোষিন্, বসন্ত—ঘোষিন্ যে গান করে) সং, পুং, কোকিল।

বসন্ততিলক; ক্লীং, কা—স্ত্রীং, চতুর্দ্দশাক্ষর-পাদচ্ছন্দোবিশেষ, যাহার ৩য় ৫ম ৬ষ্ঠ ৭ম ৯ম ১০ম ১২শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু। পুষ্পবিশেষ।

বসন্তদূত (বসন্ত—দূত বার্ত্তাবহ) সং, পুং, কোকিল। পঞ্চমস্বর। আম্রবৃক্ষ। তী—স্ত্রীং, মাধবীলতা। কোকিলা। পাটলী বৃক্ষ। গণিকারী।

বসন্তদ্রু; সং, পুং, আম্রবৃক্ষ।

বসন্তসখ (বসন্ত—সখি বন্ধু+ষ,৬ষ্ঠী—হিং) সং, পুং, কামদেব, মদন।

বসা (বস [শরীরে] বাস করা+ও—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, মজ্জা, মেদঃ, চর্ব্বি।

বসাঢ্য (বস—আঢ্য) সং, পুং, শিশুমার, শুশুক।

বসান(বস্ আচ্ছাদনকরা+আন(শান)—ক) বিং, ত্রিং, পরিধানকর্ত্তা, আচ্ছাদয়িতা।

বসাপায়ী (বসাপায়িন্, বসা—পায়িন্ যে পান করে) সং, পুং, কুক্কুর।

বসাস্তর (বসা—আস্তর আস্তরণ) সং, পুং, চর্ব্বির আচ্ছাদন।

বসির; সং, ক্লীং, সামুদ্রলবণ। গজপিপ্পলী।

বসু (বস্ বাস করা+উ—ক) সং, পুং, গঙ্গা হইতে উৎপন্ন গণদেবতাবিশেষ; ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যূষ, প্রভব, এই অষ্ট। কুবের। সূর্য্য। অগ্নি। রশ্মি, কিরণ। দীপ্তি। রাজা। চেদিরাজ। ধনিষ্ঠা নক্ষত্র। হ্রদ। জলাশয়, বিল। বল্গা। মৎস্যবিশেষ। যোক্ত্র। বক-বৃক্ষ। কায়স্থের পদবীবিশেষ। অষ্টসংখ্যা। ক্লীং, ধন। রত্ন। স্বর্ণ। জল। লবণ। বিং, ত্রিং, মধুর। শুষ্ক। স্ত্রীং, দীপ্তি।

বসুক; সং, ক্লীং, সাম্ভরিলবণ। পাংশব। বাস্তূক। পুং, অর্কবৃক্ষ। শিবমল্লী। পুষ্প-বিশেষ। [পুং, যাচক, ভিক্ষু, অর্থী।

বসুকীট (বসু ধন—কীট পোকা) সং,

বসুচ্ছিদ্রা; সং, স্ত্রীং, মহামেদাবৃক্ষ।

বসুদ (বসু ধন—দ [দা দান করা+অ (ড)—ক] যে দান করে) বিং, ত্রিং, ধন-দাতা। সং, পুং, ধনদ, কুবের। দা—স্ত্রীং, পৃথিবী।

বসুদেব (বসু রত্ন—দেব যে দীপ্তি পায়, ৩য়া—ষ) সং, পুং, কৃষ্ণের পিতা।

বসুদেবতা (বসু—দেবতা) সং, স্ত্রীং, ধনিষ্ঠা নক্ষত্র। [বাসুদেব, কৃষ্ণ।

বসুদেবভূ (বসুদেব—ভূঃ জাত) সং, পুং,

বসুধা (বসু ধন—ধা ধারণ করা+০(ক্বিপ্)—ক, ২য়া—ষ) সং,স্ত্রীং, পৃথিবী।

বসুধাধর (বসুধা—ধর [ধৃ ধারণ করা+অ (অন্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, ভূধর, পর্ব্বত।

বসুধাধিপ (বসুধা—অধিপ রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূপতি, রাজা।

বসুধাভৃৎ (বসুধা—ভৃ পোষণ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, ভূপতি। পর্ব্বত, ভূধর।

বসুধারা (বসু ধন—ধৃ ধারণকরা+অ—ভা, আপ) সং,স্ত্রীং,আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে

ভিত্তিতে দত্ত ঘৃতধারা, চেদিরাজ বসুকে দীয়মান ঘৃতধারা। শিং—১ "কুড্যলগ্নাংবসোর্ধারাং সপ্তবারান্ ঘৃতেন তু। কারয়েৎ পঞ্চবারান্ বা নাতিনীচাং ন চোচ্ছ্রিতাং। আয়ুষ্মানিতি শান্ত্যর্থং জপ্ত্বা তত্র সমাহিতঃ। ষড়্ভ্যঃ পিতৃভ্যস্তদনু-শ্রাদ্ধদানমুপক্রমেৎ।" কুবের-পুরী। জৈন শক্তিগণের মধ্যে এক শক্তি।

বসুন্ধর (বসু রত্ন—ধর যে ধারণ করে) সং, পুং, কুবেরের অনুচর।

বসুন্ধরা } (বসু ধন—ধর [ধৃ ধরা+
বসুমতী } অ(খ)—ক, আপ্] যে ধারণ করে। ২য়—পক্ষে বসু ধন+মতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী। [অগ্নি।

বসুপ্রাণ (বসু—প্রাণ জীবন) সং, পুং,

বসুমান; সং, পুং, নৃপবিশেষ।

বসুরোচিঃ (—রোচিস্, বসু—রোচিস্) সং, ক্লীং, যজ্ঞ।

বসুল (বসু ধন—লা পাওয়া+অ(ড)—ক) সং, পুং, দেবতা, অমর।

বসুশ্রেষ্ঠ; সং, ক্লীং, রৌপ্য।

বসুষেণ (বসু ধন—সেনা সৈন্য, ৬ষ্ঠী—হিং। যিনি দরিদ্রদিগকে দান করিতেন) সং, পুং, অঙ্গরাজ, কর্ণ, কুন্তীর জারজ পুত্র। [কুবেরপুরী।

বসুস্থলী (বসু ধন—স্থল স্থান) সং, স্ত্রীং,

বসুহট্ট; সং, পুং, বকবৃক্ষ।

বস্করাটিকা; সং, স্ত্রীং, বৃশ্চিক, বিছা।

বস্ত (বস্ত্ বধ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, ছাগল, ছাগ।

বস্তগন্ধা; সং, স্ত্রীং, অজগন্ধা।

বস্তব্য (বস বাস করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বাসযোগ্য। শিং—১ "বস্তব্যমিতি রোচয়ে।"

বস্তা (পারস্য) গাঁটরী। পুঁটুলী।

বস্তি—পুং } (বস্ আচ্ছাদন করা+
বস্তী—স্ত্রীং } তি—ধি। যে মূত্রাশয় পুটকে আচ্ছাদন করে) সং, স্ত্রীং, নাভির অধোভাগ, তলপেট। বাসস্থান। (+তি—ভাবে) বাস। (+তি—ণ) বহুং, বস্ত্রের দশী।

বস্তিকর্ম্মাঢ্য; সং, পুং, অরিষ্টবৃক্ষ।

বস্তিমল (বস্তি তলপেট—মল) সং, ক্লীং, মূত্র, প্রস্রাব।

বস্তু (বস্ বাস করা+তুন্—ক, সংজ্ঞার্থে। যে ইতস্ততঃ বাস করে) সং, ক্লীং, পদার্থ, দ্রব্য, সামগ্রী। বৃত্তান্ত। সৎপাত্র। সত্য।

বস্তুক (বস্ [ভূমিতে] বাস করা+উক—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, বেতোশাক। কী—স্ত্রীং, শ্বেতচিল্লীবৃক্ষ।

বস্তুতঃ (বস্তুতস, বস্তু+তস্—প্রং) অং, ফলতঃ, বাস্তবিক। যথার্থতঃ।

বস্ত্য (বস্ বাস করা+ত্য—প্রং। যাহাতে বাস করে। অথবা অব—স্ত্যৈ মিলিত হওয়া+অ—ধি। কিংবা বস্তি+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, গৃহ, সদন।

বস্ত্র (বস্ আচ্ছাদন করা+ত্র—ণ) সং, ক্লীং, বসন, কাপড়। আচ্ছাদন।

বস্ত্রকুট্টিম (বস্ত্র কাপড়—কুট্টিম কুঁড়ে ঘর) সং, ক্লীং, ছত্র, আতপত্র। বস্ত্রগৃহ। তাম্বু। [পটগৃহ, তাঁবু।

বস্ত্রগৃহ (বস্ত্র কাপড়—গৃহ ঘর) সং, ক্লীং,

বস্ত্রগ্রন্থি (বস্ত্র কাপড়—গ্রন্থি গাঁইট) সং, পুং, পরিধান বস্ত্রের গ্রন্থি, নীবী।

বস্ত্রপুত্রিকা (বস্ত্র কাপড়—পুত্রী [কন্যা] পুত্তলি+কণ্—প্রং) সং, স্ত্রীং, বস্ত্রনির্ম্মিত পুতুল। [স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

বস্ত্রভূষণ; সং, পুং, সাকরুণ্ডবৃক্ষ। ণা—

বস্ত্রযোনি; সং, স্ত্রীং, বসনোৎপ[illegible]রণ।

বস্থা (অব—স্থা থাকা+ড—[illegible], আপ্) সং, স্ত্রীং, অবস্থা, দশা।

বস্ন (বস্ বাস করা+ন—ণ) সং, ক্লীং, বেতন। ধন। দ্রব্য। ত্বক্। (+ন—ভা) মরণ। পুং, ক্রেয়।

বস্নন; সং, ক্লীং, স্ত্রীলোকের কটিভূষণ।

বস্নসা (বস্ন ত্বক্—সো নাশ করা+অ(ড)—ক, আপ) সং, স্ত্রীং, স্নায়ু, শরীরান্তর্গত সূত্রবৎ সূক্ষ্মনাড়ী।

বস্নৌকসারা (বসু ধন—ওকস স্থান—আ—স্থ গমন করা+অ—প্রং, ইহা দেবতাদিগের আগমন-স্থান। অথবা ওকস্—আ—রা গ্রহণ করা+অ(ড)—ক,

আপ্) সং, স্ত্রীং, অলকাপুরী। অমরাবতী। ইন্দ্রনদী। অযোধ্যা।
বহ (বহ্ বহা+অ(অন্)—ক) সং, পুং, বৃষের স্কন্ধদেশ। ঘোটক। বায়ু। পন্থা। নদ। বাহু। পরিমাণবিশেষ, চারি দ্রোণ পরিমাণ। যান, বাহন। বিং, ত্রিং, বহনকারী; যথা—আজ্ঞাবহ ইত্যাদি। হা—স্ত্রীং, নদী।
বহতি (বহ্ বহন করা+অতি—প্রং) সং, পুং, বায়ু। গো। সচিব। তী—স্ত্রীং, নদী।
বহতু (বহ্ বহন করা+অতু—প্রং) সং, পুং, বৃষভ। পথিক।
বহন (বহ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ধারণ। লইয়া যাওন। বহিয়া যাওয়া। (+অনট্—ণ) জলযান, নৌকা। বাহন।
বহনীয় (বহ্ বহন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বহনযোগ্য, ধারণযোগ্য।
বহন্ত; সং, পুং, বায়ু। বিং, ত্রিং, বাল।
বহমান (বহ্ বহন করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যাহা প্রবাহিত হইতেছে। বহনশীল।
বহর (আরবী) জলযান সমূহ।
বহল (বহ্ বহন করা+অল(অলন্)—ক) বিং, ত্রিং, দৃঢ়, কঠিন। বহুল, অনেক। সং, পুং, পোত, নৌকা। ক্লীং, ভেলা। লা—স্ত্রীং, শতপুষ্পা। স্থূলৈলা।
বহলগন্ধ; সং, ক্লীং, শম্বরচন্দন।
বহলচক্ষুঃ; সং, পুং, মেষশৃঙ্গী।
বহলত্বচ; সং, পুং, শ্বেতলোধ্র।
বহিত্র (বহ্ বহন করা+ইত্র—ণ) সং, ক্লীং, নৌকা, জলযান। পোত। দাঁড়।
বহিঃ (বহিস্, বহ্ বহা+ইস্—ক) অং, বাহ্যদেশ, বাহির। সীমার শেষ।
বহিঃকুটীচর(বহিস্ বাহির—কুটী বক্র—চর যে গমন করে) সং, পুং, কর্কট, কাঁকড়া।
বহিঃস্থ (বহিস্ বাহির—স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, বাহ্য, বাহিরে স্থিত।
বহিরঙ্গ (বহিস্ বাহির—অঙ্গ) সং, পুং, অন্য, পর, অনাত্মীয়। বাহ্য অঙ্গ। ব্যাকরণে—প্রত্যয়-ঘটিত কার্য্য। শিং—১ "অসিদ্ধং বহিরঙ্গমন্তরঙ্গে।"
বহিরিন্দ্রিয় (বহিস্—ইন্দ্রিয়) সং, ক্লীং, চক্ষুঃ, শ্রোত্র, নাসিকা, জিহ্বা, ত্বক্ এই ৫ ইন্দ্রিয়। [বিক্রয়।
বহির্ব্বাণিজ্য; সং, ক্লীং, ভিন্নদেশে ক্রয়
বহির্ব্বাস (বহিস্—বাস) বৈষ্ণবেরা প্রথমতঃ কপনী আঁটিয়া তাহার পর যে একখানা টুকরা কাপড় পরে তাহাই বহির্ব্বাস।
বহির্বাহ (Exosmosis) সং, পুং, যে প্রবাহ দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ জল বাহিরে আইসে।
বহির্ভূত (বহিস্ বাহির—ভূ পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বহির্গত। শিং—১ "পক্ষবিষয়িতাবহির্ভূতসাধ্যবিষয়িতা ঘটিতধর্ম্মাবচ্ছিন্নপ্রতিবধ্যতা শালিসংশয়ঃ পক্ষতা।"
বহির্মুখ (বহিস্—মুখ) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ। শিং—১ "সর্ব্বং পূজাফলং হন্তি শিবরাত্রিবহির্মুখঃ।" বাহ্যবিষয়াসক্ত। দেবতা।
বহিশ্চর (বহিস্ বাহির—চর [চর্ গমন করা+অ(অন্)—ক] যে গমন করে) সং, পুং, কুলীর, কর্কট।
বহিষ্করণ (বহিস্ বাহির—করণ) সং, ক্লীং, দূরীকরণ, বাহির করিয়া দেওয়া।
বহিষ্কৃত (বহিস্ বাহির—কৃত) বিং, ত্রিং, যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে। দূরীকৃত।
বহুতৃণ (তৃণ—বহু) সং, ক্লীং, তৃণতুল্য।
বহুরূপ—নানা আঙ্গিক অভিনয় প্রদর্শন করার নাম বহুরূপ।
বহেড়ুক (বহ্ বহন করা+এড়ুক—প্রং) সং, পুং, বহেড়াগাছ।
বহ্নি (বহ্ বহন করা+নি—ক, সংজ্ঞার্থে। যিনি দেবতাদের জন্যে হবনীয় বহন করেন) সং, পুং, অগ্নি। চিত্রক। ভল্লাতক। নিম্বুক। তন্ত্রে—রেফ।
বহ্নিকরী; সং, স্ত্রীং, ধাই ফুল।
বহ্নিকাষ্ঠ; সং, ক্লীং, দাহাগুরু।
বহ্নিগর্ভ (বহ্নি অগ্নি—গর্ভ ভ্রূণ। ঘর্ষণ দ্বারা অগ্নি উৎপন্ন হয় বলিয়া) সং, পুং, বংশ, বাঁশ। র্ভা—স্ত্রীং, শমীবৃক্ষ, শাঁইগাছ।

বহ্নিচক্রা ; সং, স্ত্রীং, কলিকারীবৃক্ষ।

বহ্নিজ্বালা ; সং, স্ত্রীং, ধাতকীবৃক্ষ।

বহ্নিমন্থ ; সং, পুং, গণিকারিকাবৃক্ষ। অগ্নিমন্থ। [সং, ক্লীং, জল।

বহ্নিমারক (বহ্নি অগ্নি—মারক নাশক)

বহ্নিমিত্র } (বহ্নি অগ্নি—মিত্র বন্ধু।
বহ্নিসখ } বহ্নি—সখ সখি শব্দজ+ষ—প্রং) সং, পুং, বায়ু। জীরক।

বহ্নিমুখ (বহ্নি অগ্নি—মুখ) সং, পুং, দেবতা, অগ্নিমুখ।

বহ্নিরেতাঃ (বহ্নিরেতস্, বহ্নি অগ্নিতে নিষিক্ত—রেতস শুক্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব।

বহ্নিলোহক ; সং, ক্লীং, কাংস্য।

বহ্নিবীজ ; সং, ক্লীং, রংবীজ। নিম্বুক। স্বর্ণ।

বহ্নিশিখ (বহ্নি অগ্নি—শিখা কেশর, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুসুম্ভপুষ্প। কুঙ্কুম।

বহ্য (বহ্ বহন করা+য—ণ) সং, ক্লীং, বাহন, যান। শকট, গাড়ি। হ্যা—স্ত্রীং, মুনীপত্নী।

বা (বা গমন করা+০(কিপ্)—ভাবে) অং, বিকল্প ; যথা—"যবৈর্ব্বা ব্রীহিভির্বা যজেত।" বিতর্ক। নিশ্চয়। সমুচ্চয়। যথা—বায়ুর্বা দহনো বা।" উপমা। যথা—"সিন্ধো বাম্বো মণ্ডলং গোর্বা রসঃ।" সাদৃশ্য। নানার্থ। বিশ্বাস। অতীত। বাক্যশোভার্থক ও পদপূরণার্থক শব্দ। শিং—১"চ বা তু হি চ বা তু হি।"

বাই (বায়ু শব্দজ) সং, বায়ুরোগ, উন্মাদ। নর্ত্তকীবিশেষ।

বাইশ (বাশি শব্দজ) সং, কুঠারবিশেষ। (দেশজ) দ্বাবিংশতি, ২২।

বাউল (বাতুল শব্দজ) সং, ক্ষিপ্ত, পাগল। গৌরাঙ্গ ভক্তবিশেষ। বৈষ্ণব সম্প্রদায়বিশেষ।

বাংশ (বংশ বাঁশ+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বংশসম্বন্ধীয়। শী—স্ত্রীং, বংশলোচন।

বাংশিক (বংশী+ইক(ষ্ণিক)—ক) সং, পুং, বংশীবাদক, যে বাঁশী বাজায়।

বাঁ (বাম শব্দজ) বিং, সব্য, বাম।

বাঁক (বক্র শব্দজ) সং, বক্রতা। বহনদণ্ড।

বাঁকা (বক্র শব্দজ) বিং, বক্র।

বাঁচন (দেশজ) সং, জীবনধারণ, প্রাণরক্ষাকরণ। [মুষ্টি।

বাঁট (দেশজ) সং, পশুর স্তন। খড়্গাদির

বাঁটন (বণ্টন শব্দজ) সং, বিভাগকরণ।

বাঁটুল (বর্ত্তুল শব্দজ) সং, গুলি।

বাঁদর (বানর শব্দজ) সং, মর্কট, শাখামৃগ।

বাঁধ (বন্ধন শব্দজ) সং, সেতু, আলি।

বাঁধন (বন্ধন শব্দজ) সং, অবরোধন। বাঁধা।

বাঁশ (বংশ শব্দজ) সং, বেণু।

বাঁশী (বংশ শব্দজ) সং, মুরলী।

বাক্ } (বাচ্,বচ্ বলা+০(কিপ্),আ
বাচা } —র্ম্ম) সং, স্ত্রীং, বাক্য। শব্দ। বিদ্যা। সরস্বতী। (+কিপ্—ণ) বাগিন্দ্রিয়।

বাক (বচ্ বলা+অ(ঘঞ্)—র্ম্ম) সং,পুং, বাক্য, বচন। শিং—১ "নমো বাকং প্রশাস্মহে।" (উত্তরচরিত)। গ্রন্থবিশেষ। (বক+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বকসম্বন্ধীয়। ক্লীং, বকসমূহ।

বাকল (বল্কল শব্দজ) সং, বৃক্ষত্বক্, ছাল।

বাক্‌ছল ; সং, ক্লীং, বাক্যব্যাজ। শিং—১ "অবিশেষাভিহিতেঽর্থে বক্তুরভিপ্রায়াদর্থান্তরকল্পনম্ বাক্‌ছলং।" [অবশেষ।

বাকী (আরবী ভাষা কিম্বা বক্রী শব্দজ) সং,

বাকুচী ; সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, হাকুচ।

বাকোবাক্য (বাচঃ বাক্যের—ব[illegible] উক্তি) সং, ক্লীং, উত্তর প্রত্যুক্তি কথাকাটাকাটি। সওয়াল জবাব।

বাক্‌কলহ (বাচ্—কলহ ঝগড়া) সং, পুং, বাক্যদ্বারা বিবাদ, কথায় ঝগড়া করা।

বাক্কীর (বাচ বাক্য—কীর শুকপক্ষী। পত্নীর ভ্রাতা) সং, পুং, শ্যালক।

বাক্‌পটু (বাচ—পটু নিপুণ) বিং, ত্রিং, বাগ্মী, উত্তমবক্তা।

বাক্‌পতি (বাক্ বাক্য—প্রতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি। উত্তম বক্তা।

বাক্‌পথ (বাচ—পথ পথিন্ শব্দজ) সং, পুং, বাক্যের বিষয়।

বাক্পারুষ্য (বাচ্ বাক্য—পারুষ্য কটু বাক্যের দাবি) সং, স্ত্রীং, অপ্রিয় বাক্যের উচ্চারণ,কুৎসিত বাক্য প্রয়োগ,কটুবাক্য-ঘটিত বিবাদবিশেষ। রূঢ়কথা।

বাক্প্রণালী ; সং, স্ত্রীং,কথা কহিবার রীতি।

বাক্সূত্র ; সং, ক্লীং, স্বরোৎপাদক সূত্রাকার চর্ম্ম।

বাক্য (বচ বলা+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, বিভক্ত্যন্ত পদসমূহ, ক্রিয়াপদসমূহ, কারকযুক্ত ক্রিয়াপদ এই তিন প্রকার। আদ্য—"প্রকৃতিসিদ্ধমিদং মহাত্মনাং" মহাত্মাদের ইহা প্রকৃতিসিদ্ধ। দ্বিতীয়—"পচতি, পঠতি" পাক করিতেছে, পাঠ করিতেছে। তৃতীয়—"দেবদত্তো গ্রামং গচ্ছতি" দেবদত্ত গ্রামে গমন করিতেছে। শিং—১ "বাক্যং স্যাৎ যোগ্যতাকাঙ্ক্ষা সত্তিযুক্তঃ পদোচ্চয়ঃ।" কথা, বচন।

বাক্যস্থ (বাক্য—স্থ [স্থা থাকা+অ ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, বাক্যেতে স্থিত। কথার বাধ্য।

বাখানি (ব্যাখ্যান শব্দজ) প্রশংসার সহিত বলা।

বাখারী (দেশজ) সং, বংশোদ্ভব শলাকা।

বাগ (পারস্য) উদ্যান।

বাগান (দেশজ) সং, উদ্যান। আয়ত্তকরণ।

বাগর (বাচ বাক্য—গ্ন গমন করা+অ—প্রং) সং, পুং, বাধা, প্রতিবন্ধ। শাণ। নিশ্চয়। বৃক। বাড়বাগ্নি। মুমুক্ষু। পণ্ডিত। পরিত্যক্তভয়। বীর।

বাগারু (বাচ বাক্য-ঋ গমন করা+উ—প্রং) বিং, ত্রিং, যে ব্যক্তি আশা দিয়া হতাশ করে, আশাহন্তা।

বাগিচা (পারসী) সং, উদ্যান, বাগান।

বাগীশ } (বাচ্ বাক্য—ঈশ, ঈশ্বর, বাগীশ্বর } ৬ষ্ঠী—য) সং, পুং, বাক্পতি, উত্তম বক্তা। বৃহস্পতি। ব্রহ্মা। মঞ্জুঘোষ। শা, শ্বরী—স্ত্রীং, বাগ্দেবী, সরস্বতী। শিং—১ "বাগীশাদ্যস্য বদনে লক্ষ্মীর্যস্য চ বক্ষসি।

বাগুরা (বা হিংসা করা+উর—ণ, গ—আগম) সং, মৃগবন্ধনী, জাল, ফাঁদ।

বাগুরিক (বাগুরা+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, ব্যাধ, জালিক।

বাগগুদ ; সং, পুং, পক্ষিবিশেষ।

বাগ্গুলি } (বাচ [বাক্য] আজ্ঞা—বাগগুলিক } গুর্ [উঠান]বাধ্য হওয়া+ই—প্রং। র=ল। অথবা গৃ গ্রাস করা, নিপাতন। বাগগুলি+কণ্—স্বার্থে) সং, পুং, রাজাদের তাম্বূলবাহক।

বাগ্জাল—ক্লীং } সং, বাগাড়ম্বর, কথায় বাগ্ডম্বর—পুং } জাঁকজমক্ করা।

বাগ্দণ্ড (বাক্-দণ্ড শাসন) সং, পুং, তিরস্কার, বাক্য দ্বারা ভৎর্সনা। বাক্য-সংযম।

বাগ্দত্তা (বাক্—দত্ত, ৩য়া—য) সং, স্ত্রীং, বিবাহের পূর্ব্বে যে কন্যাকে বাক্য দান করা হইয়াছে।

বাগ্দরিদ্র (বাক্ বাক্য—দরিদ্র, ৩য়া—য) বিং, ত্রিং, মিতভাষী, যে অল্প কথা কয়। যে বিনীতভাবে ও বিবেচনা করিয়া কথা কয়। [ওষ্ঠাধর।

বাগ্দল (বাক্ বাক্য—দল পত্র) সং,ক্লীং,

বাগ্দান (বাক্—দান) সং, ক্লীং, কন্যাকে বাক্যে দান করা। শিং—১ "ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমেব চ।"

বাগ্দুষ্ট (বাক্ বাক্যের দ্বারা—দুষ্ট) বিং, ত্রিং, বাক্যে দোষযুক্ত। শিং—১ "বাগ্দুষ্টং ভাবদুষ্টঞ্চ ভাজনে ভাবদূষিতে।"

বাগ্দেবী } (বাক্ বাক্য—দেবী,দেবতা, বাগ্দেবতা } ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, সরস্বতী, বাগীশ্বরী।

বাগ্বৈদগ্ধ্য (বাক্—বৈদগ্ধ্য দক্ষতা) সং,ক্লীং, বাক্চাতুর্য্য, বাক্যবিষয়ে পাণ্ডিত্য।

বাগ্মী (বাগ্মিন্, বাক্ বাক্য+মিন্—জ্ঞাস্যর্থে) বিং, ত্রিং, মিতপ্রশস্তবাক্, বক্তা, বাক্পটু। বাচাল। সং, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি।

বাগ্য (বাক্ বাক্য+য—প্রং,) বিং, ত্রিং, বাগ্দরিদ্র, মিতভাষী। নির্ব্বেদ। কল্য।

বাগ্যত (বাক্—যত যে সংযম করে) বিং, ত্রিং, সংযতবাক্য,মৌনী। শিং—১"প্রায়শ্চিত্তমুপাসীনো বাগ্যতস্ত্রিসবনং স্পৃশেৎ।"

বাঘ ( ব্যাঘ্র শব্দজ) সং, শার্দ্দূল।

বাঙ্ক (বঙ্ক নদীর বাঁক+অ—প্রং) সং, পুং, সমুদ্র।

বাঙ্মতী (বাক্ বাক্য+মৎ(মতু)—অস্ত্যর্থে, ঈপ) সং, স্ত্রীং, নদীবিশেষ। শিং—১ "হিমাদ্রেস্তুঙ্গশিখরাৎ প্রোদ্ভূতা বাঙ্মতী নদী।

বাঙ্ময় (বাচ্+ময়(ময়ট্)—অপৃথগ্‌ভাবার্থে) বিং,ত্রিং, বাক্যাত্মক, বাক্যময়,শব্দজাত। ক্লীং, অলঙ্কার শাস্ত্র। বক্তৃতা। সাহিত্য। কাব্যশাস্ত্র। বাক্যজনিত পাপ। শিং—১ "পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ। য়ী—স্ত্রীং, সরস্বতী।

বাঙ্মুখ (বাক্ বাক্য—মুখ আরম্ভ) সং, ক্লীং, উপন্যাস, বাক্যারম্ভ। মুখবন্ধ।

বাচংযম (বাচং বাক্যকে—যম যে সংযম করে, অথবা বাচং বাক্যকে—যম্ সংযম করা+অ(খ)—ক, ব্রতার্থে) সং, পুং, মৌনব্রতাবলম্বীমুনি। বিং,ত্রিং,মিতভাষী।

বাচ ; সং, পুং, মৎস্যবিশেষ।

বাচক (বচ্ বলা+অক(ণক)—ক) বিং, ত্রিং, বোধক, অর্থপ্রকাশক। কথক। পুরাণাদি পাঠক। শিং—১ "ব্রাহ্মণং বাচকং বিদ্যান্নান্যবর্ণ জমব্রবাৎ।" সং, পুং,অভিধা শক্তি দ্বারা অর্থপ্রকাশক শব্দ।

বাচন—ক্লীং } (বচ্-ণিচ=বাচি বলা+
বাচনা—স্ত্রীং } অন(অনট্), অন—ভাবে, আপ্) সং, কথন। পঠন। ব্যাখ্যান।

বাচনক (বাচন+কণ্—যোগ) সং, ক্লীং, প্রহেলিকা, হেঁয়ালী।

বাচনিক (বচন+ইক(ষ্ণিক)—প্রং)বিং,ত্রিং, বচন-নিষ্পন্ন,যাহা বাক্যে বলিয়া দেওয়া যায়, মৌখিক।

বাচ্চা (বৎস শব্দজ) সং, শিশু, বালক।

বাচঃপতি } (বাচস্ বাক্যের—পতি,৬ষ্ঠী
বাচস্পতি } —ষ) সং, পুং, বৃহস্পতি। বাগ্মী, বাক্‌পটু, সদ্বক্তা। বিদ্বান্। পুষ্যা নক্ষত্র।

বাচস্পত্য (বাচস্পতি বাগ্মী+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বাগ্মিতা, উত্তমবক্তৃতা। বিং, ত্রিং, বাচস্পতিসম্বন্ধীয়।

বাচাট } (বাচ্+আট, আল—প্রং) বিং
বাচাল } ত্রিং, বহু কুৎসিতভাষী। অসম্বদ্ধপ্রলাপী।

বাচিক (বাচ বাক্য+ইক(ষ্ণক)—কৃতার্থে) সং, ক্লীং, সন্দেশবাক্য, সংবাদ। বিং, ত্রিং, বাক্যদ্বারা কৃত, বাক্যনিষ্পাদিত।

বাচিকপত্র (বাচিক সংবাদ—পত্র) সং, ক্লীং, লিপি, চিঠী। সংবাদপত্র।

বাচিকহারক (বাচিক সংবাদ—হৃ লইয়া যাওয়া+অক—ক) সং, পুং, সন্দেশহারক, যে সংবাদ লইয়া যায়। দূত।

বাচোযুক্তি } (বাচস্ বাক্যের—যুক্তি
বাচোযুক্তিপটু } মিলন,ন্যায়। বাচোযুক্তি—পটু নিপুণ) বিং, ত্রিং, বাগ্মী, বক্তা।

বাচ্য (বচ্ বলা+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, নিন্দা। ধাতুর উত্তর যে বিশেষ বিশেষ অর্থে বিশেষ বিশেষ প্রত্যয় হয়, বাচ্য আটপ্রকার—কর্ত্তৃ, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, ভাব ও কর্ম্মকর্ত্তৃ। বিং, ত্রিং, নিন্দনীয়, বচনীয়। কুৎসিত। ঘৃণিত। জাতিভ্রষ্ট। দুষ্ট। বক্তব্য, কথনীয়। প্রতিপাদ্য। অভিধেয়,অর্থ,বোধ্য। শিং—১"অর্থোবাচ্যশ্চলক্ষ্যশ্চ ব্যঙ্গশ্চেতি ত্রিধামতঃ। এষাংস্বরূপমাহ। বাচ্যোহর্থোঽভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়া মতঃ। ব্যঙ্গো ব্যঞ্জনয়া তাঃ স্যুস্তিস্রঃ শব্দস্য শক্তয়ঃ।" [বচনীয়তা, নিন্দা।

বাচ্যতা (বাচ্য+তা—ভাবে) সং, স্ত্রীং,

বাচ্যমান (বাচি বলা+আন(শ — র্ম্ম) বিং, ত্রিং, পঠ্যমান, উচ্চার্য্য ...। নিন্দ্য। কথ্যমান।

বাছন (দেশজ) সং, পৃথক করণ, নির্ব্বাচন।

বাছনি (বৎস শব্দের অপভ্রংশ=বাছা)অতিশয় স্নেহের পাত্র, শিশু। যথা—
"কাহার বাছনি রে নিছনি লয়ে মরি।"
২"কেমনে বিদায় তোরে করিরে বাছনি।

বাছা (বৎস শব্দজ) সং, স্নেহপাত্র। শিশু। বিং, পৃথক করা।

বাছুর (বৎস শব্দজ) সং, গোবৎস।

বাজ (বজ্ গমন করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, বেগ। (+ঘঞ্—ক) শরপক্ষ।

শব্দ। ক্লীং, ঘৃত। যজ্ঞ। অন্ন। বারি। পূজা জপাদির সমাপক মন্ত্র। শ্রাদ্ধান্ন। মদ্যবিশেষ। পুং—ক্লীং, পক্ষ, ডানা। মুনিবিশেষ।

বাজপেয় (বাজ মদ্যবিশেষ, কিম্বা অন্ন বা ঘৃত—পেয় [দেবতা কর্ত্তৃক] যাহা পান করা যায়, ৭মী—হিং) সং, পুং—ক্লীং, সামবেদবিহিত যজ্ঞবিশেষ।

বাজপেয়ী (বাজপেয়িন্, বাজপেয়+ইন্—ক) সং, পুং, বাজপেয়-যাগকর্ত্তা।

বাজবহরী; সং, পুং, পক্ষিবিশেষ।

বাজসনেয়; সং, পুং, যজুর্ব্বেদী।

বাজসনেয়ী (বাজসনেয়িন্, বাজসনেয়+ইন্—প্রং) সং, পুং, যজুর্ব্বেদশাখাধ্যেতা।

বাজান (বাদন শব্দজ) সং, ঢক্কাদি বাদ্য-বাদন, শব্দকরণ।

বাজিতা (বাজিন্ অশ্ব+তা—ভাবে) সং, স্ত্রীং, অশ্বত্ব। পক্ষবত্তা। শব্দবত্তা।

বাজিন (বজ্-ণিচ্=বাজি তৈয়ার করা+ইনন্—র্ম্ম, অথবা বাজিন্+অ(ষ্ণ)—দেয়ার্থে) সং, ক্লীং, ছানার জল।

বাজিমেধ; সং, পুং, অশ্বমেধ যজ্ঞ।

বাজী (বাজিন্, বাজ [বাজি গমন করান+অ—ক। যে গমন করায়] পক্ষ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পক্ষী। বাণ। (পূর্ব্বে অশ্বেরা সপক্ষ ছিল, তথাহি আগমে [শালিহোত্রমুনি কর্ত্তৃক প্রেরিত ইন্দ্র অশ্বগণের পক্ষচ্ছেদ করিয়াছিলেন] অশ্ব। গুল্মবিশেষ। অশ্বগন্ধা। গ্রহ। (বাজ বেগ+ইন্) বিং, ত্রিং, বেগবান্। জিনী—স্ত্রীং, ঘোটকী (দেশজ) কুহক, ভেল্কী। (পারস্য=বাজীদন্ ক্রীড়া করা) ক্রীড়া।

বাজীকরণ (বাজিন্ অশ্ব—করণ, মধ্যে ঈ (চি)—আগম) সং, ক্লীং, বাজিবৎ সুরত শক্তিকারী ঔষধাদি।

বাজু (দেশজ) সং, হস্তালঙ্কারবিশেষ।

বাঞ্ছন—ক্লীং } (বান্ছ্ অভিলাষ করা+
বাঞ্ছা—স্ত্রীং } অন, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, ইচ্ছা, স্পৃহা।

বাঞ্ছনীয় (বাঞ্ছন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অভিলষণীয়।

বাঞ্ছিত (বাঞ্ছন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অভীষ্ট, অভিলষিত।

বাট (বট্ বেষ্টন করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, পথ রাস্তা। যথা—যান গঙ্গা দক্ষিণের বাট।" আবৃতস্থান, বারিন্দ্রা। সঙ্গীতে—স্বরের মূর্চ্ছনা। টিকা, টী—স্ত্রীং, বাড়ী, গৃহ। বাস্তু। আবৃত স্থান।

বাটন (দেশজ) সং, মর্দ্দন, পেষণ।

বাটপাড় (দেশজ) সং, পুং, ডাকাইত, দস্যু। বোম্বেটিয়া। নাবিক। তস্কর।

বাটা, বাট্টা (দেশজ) সং, তাম্বূলপাত্র।

বাটালী } (দেশজ) সং, কাষ্ঠচ্ছেদনার্থ
বাট্‌ালী } অস্ত্রবিশেষ। রাস্তা। বাড়ী।

বাট্টক; সং, ক্লীং, ভৃষ্টযব, ভাজাযব।

বাট্যাল } (বাটী [ষষ্ঠ্যন্ত] উদ্যানের—
বাট্যালক } অল [অল্ ভূষিত করা+অ (যণ্)—ক] ভূষণ। যাহা উদ্যানের আভরণ, ৬ষ্ঠী—ষ। কণ্—যোগে বাট্যালক) সং, পুং, বেড়েলা, বৃক্ষবিশেষ।

বাড়ব, বাড়বেয়, বাড়ব্য (বর্গ্য ব দেখ)।

বাড়া (দেশজ) বিং, অধিক, উদ্বৃত্ত।

বাড়ি (বৃদ্ধি শব্দজ কি?) বৃদ্ধি করান; যেমন—ধান্যের বাড়ি দেওয়া।

বাড়ী (বাটী শব্দজ) সং, গৃহ, বসতিস্থান।

বাড়তি (দেশজ) সং, বৃদ্ধি, উন্নতি।

বাঢ় (বহ্-ণিচ্=বাহি বহন করান, পাওয়ান+ত(ক্ত)—র্ম্ম) ক্লীং, সত্য, যথার্থ। অতিশয়। স্বীকার, হাঁ। বিং, ত্রিং, অধিক, অতিশয়। দৃঢ়। ক্লীং, অং, স্বীকার, হাঁ।

বাণ (বণ্ শব্দ করা, গমন করা+অ(ঘঞ্)—ক) সং, পুং, শর, তীর। শরবৃক্ষ। ধ্বনি, শব্দ। বলিরাজার জ্যেষ্ঠ পুত্র, বাণরাজা। অগ্নি। কবিবিশেষ। গোস্তন। ণা—স্ত্রীং, বাণমূল। পুং, ণা—স্ত্রীং, নীলঝিণ্টী বৃক্ষ। ক্লীং, নীলঝিণ্টী পুষ্প।

বাণদণ্ড (বাণ—দণ্ড যষ্টি) সং, পুং, বাণদণ্ড, বেমা।

বাণভট্ট; সং, পুং, কাদম্বরীগ্রন্থকার।

বাণলিঙ্গ; সং, ক্লীং, নর্ম্মদা-নদী-সম্ভূত শিবলিঙ্গবিশেষ।

বাণবার (বাণ—বার [বৃ-ণিচ্=বারি আবরণ

করান+অ (ষণ্)—ক]) সং, পুং—ক্লীং, বারবাণ, বর্ম্ম, সাঁজোয়া।

বাণসুতা (বাণ—সুতা কন্যা) সং, স্ত্রীং, উষা, অনিরুদ্ধ-পত্নী।

বাণহা } বাণারি } (বাণহন্, বাণ বাণ রাজা—হা [হন্ বধকরা+০(ক্বিপ্)—ক' যে বধ করে,২য়া—ষ। বাণ বাণরাজা—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

বাণাশ্রয়—পুং } বাণাসন—ক্লীং } (বাণ শর—আশ্রয় আধার। বাণ শর—অস্ নিক্ষেপ করা+অন—ণ) সং, শরাসন, ধনুক।

বাণি (বণ্ শব্দ করা+ইঞ্—ভাবে) সং, স্ত্রীং, বস্ত্রাদি বপন, বোনা। (+ইঞ্—ণ) বাপদণ্ড।

বাণিজ্য (বণিজ্+য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, বণিগ্‌বৃত্তি, ক্রয়বিক্রয়, ব্যবসায়।

বাণিনী (বাণ শর কিম্বা বাণি বাক্য+ইন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মত্তা স্ত্রী। নর্ত্তকী। বিদগ্ধা নায়িকা। দূতী। ১৬ অক্ষর ছন্দোবিশেষ।

বাণী (বণ্ শব্দ করা+ইঞ্—র্ম্ম) সং, স্ত্রীং, বাক্য। (+ইঞ্—ক) বাগ্দেবী, সরস্বতী। (ইঞ্—ভাবে) বপন, বোনা।

বাত (বা বহা+ক্ত—ক) সং, পুং, বায়ু, বাতাস। রোগবিশেষ। জার। ধৃষ্টনায়ক। বিং, ত্রিং, গত।

বাতক ; সং, পুং, অশনপর্ণী।

বাতকর্ম্ম (বাত বায়ু—কর্ম্মন্) সং, ক্লীং, মরুৎক্রিয়া, পর্দ্দন, পাদা।

বাতকী (বাতকিন্, বাত+ইন্—রোগার্থে, ক—আগম) বিং, ত্রিং, বাতরোগযুক্ত, বেতোরোগী।

বাতকুম্ভ (বাত বায়ু—কুম্ভ আধার) সং, পুং, গজকুম্ভের অধোভাগ। [ধূলি,ধূলা।

বাতকেতু (বাত বায়ু—কেতু চিহ্ন) সং,পুং,

বাতকেলি (বাত বায়ু—কেলি ক্রীড়া) সং, পুং, মধুরালাপ। ইষ্টালাপ। নায়কের দন্তক্ষত চিহ্ন।

বাতগামী (বাতগামিন্, বাত বায়ু—গামিন্ যে গমন করে) সং, পুং, পক্ষী।

বাতগুল্ম (বাত বায়ু—গুল্ম গুচ্ছ, পরিমাণ) সং, পুং, বাতুল, পাগল। রোগবিশেষ। [শিমুড়ীক্ষুপ।

বাতঘ্নী ; সং, স্ত্রীং, শালপর্ণী। অশ্বগন্ধা।

বাততূল (বাত বায়ু—তূল তুলা) সং, ক্লীং, আকাশে উড্ডীয়মান সূত্র, আকাশ বুড়ীর সূতা। [সং, পুং, মেঘ।

বাতধ্বজ (বাত বায়ু—ধ্বজা পতাকা)

বাতপুত্র (বাত বায়ু—পুত্র) সং, পুং, ভীমসেন। হনূমান্। অতিশয় ধূর্ত্ত।

বাতপোথ (বাত বাতরোগ—পুথ্ বধকরা+অ—প্রং) সং, পুং, পলাশবৃক্ষ।

বাতপ্রমী } বাতমোজ } বাতমৃগ } (বাত বায়ু—প্রমী [প্র অভিমুখ—মী গমনকরা+০(ক্বিপ্)—ক। অথবা প্র—মা পরিমাণ করা+ঈ—ক] যে অভিমুখে গমন করে, যে বাতাসের আগে দৌড়ে। বাতং বায়ুকে—অজ্ গমনকরা, ক্ষেপণ করা+অ(থ)—ক। যে বায়ুকে ক্ষেপণ করে। বাত—মৃগ হরিণ, বেগবান্ বলিয়া যে বাতের ন্যায়) সং, পুং, বায়ুর ন্যায় বেগগামী মৃগবিশেষ, বাওটা হরিণ।

বাতমণ্ডলী (বাত বায়ু—মণ্ডল দেশ) সং, স্ত্রীং, বাত্যা, ঘূর্ণাবাতাস।

বাতরক্ত (বাত বায়ু—রক্ত) সং,ক্লীং, রোগবিশেষ।

বাতরক্তঘ্ন ; সং, পুং, কুক্কুরবৃক্ষ, কুকুড়মুড়া।

বাতরক্তারি ; সং, পুং, গুলঞ্চলতা।

বাতরঙ্গ ; সং, পুং, অশ্বত্থবৃক্ষ।

বাতরথ (বাত বয়ু—রথ) সং, পুং, মেঘ।

বাতরায়ণ (বাতর [বাত—রা পাওয়া+অ—প্রং] বায়ুর ন্যায় বেগগামী, বাতযুক্ত—অয়ন গমন) সং, পুং, উন্মত্ত ব্যক্তি। অলস ব্যক্তি। বাণ। বাণনিক্ষেপ। বাতুল। মত্ত। মত্ততাভাণকারী। দেবদারুবৃক্ষ, সরালগাছ। শৃঙ্গ। করপাত্র, করাত।

বাতরূষ (বাত বায়ু—রূষ্ ক্রুদ্ধ হওয়া+অ—প্রং) সং, পুং, বাতুল। শক্রধনু। উৎকোচ, ঘুস।

বাতরোগী (বাতরোগিন্, বাতরোগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাতরোগযুক্ত।

বাতর্দ্ধি (বাত বায়ু—ঋদ্ধি বৃদ্ধি) সং, পুং, কাষ্ঠ ও লৌহ-নির্ম্মিত পাত্র।

বাতল ; সং, পুং, চণক। বিং, ত্রিং, বায়ুকারক।

বাতশীর্ষ (বাত বায়ু—শীর্ষ মস্তক বা উৎপত্তি) সং, ক্লীং, বস্তি, নাভির অধোভাগ।

বাতশোণিত (বাত বায়ু—শোণিত রক্ত, এই দুয়ের দূষিতাবস্থাতে, এইরূপ বর্ণিত আছে) সং, ক্লীং, বাতরক্তরোগ।

বাতসহ (বাত রোগবিশেষ—সহ সহন) বিং, ত্রিং, বাতরোগী। বায়ুগ্রস্ত।

বাতসারথি ; সং, পুং, অগ্নি।

বাতাট (বাত বায়ু—অট যে গমন করে) সং, পুং, সূর্য্যের অশ্ব। বাতমৃগ।

বাতাণ্ড ; সং, পুং, মুষ্করোগবিশেষ।

বাতাদ (বাত—অদ্ ভোজন করা+অ—প্রং) সং, পুং, বাদামগাছ।

বাতাপি (বাত বায়ু—আ—পা পান করা +ই—প্রং। অথবা বাত—আপ্ প্রাপ্ত হওয়া+ই—ক) সং, পুং, অসুরবিশেষ, যাহাকে অগস্ত্যমুনি গ্রাস করিয়াছিলেন।

বাতাপিদ্বিট্ }
বাতাপিসূদন } (বাতাপিদ্বিষ্, বাতাপি—দ্বিষ্ যে দ্বেষ করে এবং সূদন যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, অগস্ত্য মুনি ; দৈত্যবংশোদ্ভূত ইল্বোল ও বাতাপি নামে হিংসাপরায়ণ দুই ভ্রাতা ছিল। জ্যেষ্ঠ ইল্বোল তদীয় কনিষ্ঠ ভ্রাতা বাতাপিকে ছাগরূপী করিয়া রাখিত ; কোন ব্রাহ্মণ তাহাদের গৃহে অতিথি হইলে, ইল্বোল ছাগরূপী বাতাপিকে মাংস পাক করিয়া তাহাকে ভোজন করাইত, পরে সঞ্জীবনী বিদ্যাদ্বারা ঐ ছাগরূপী বাতাপি পুনর্জ্জীবিত হইলে ব্রাহ্মণের উদর বিদীর্ণ করিয়া বহির্গত হইত। ঘটনাক্রমে অগস্ত্যমুনি একদা তাহাদের গৃহে উপস্থিত হইলে ইল্বোল তাঁহাকেও ঐরূপ মাংস ভোজন করিতে দেয় ; কিন্তু মুনিসত্তম যোগবলে দুরাচার দৈত্যদ্বয়ের দুরভিসন্ধি জানিতে পারিয়া বাতাপিকে একেবারে জীর্ণ করিয়া ফেলিলেন। এইজন্য তাহার নাম বাতাপিদ্বিট্। শিং—১ "আতাপির্ভক্ষিতো যেন বাতাপিশ্চ মহাবলঃ। সমুদ্রঃ শোষিতো যেন, স মেঽগস্ত্যঃ প্রসীদতু।"

বাতামোদা (বাত বায়ু—আমোদ দূরগামী সুগন্ধি) সং, স্ত্রীং, কস্তুরী, মৃগনাভি।

বাতায়ন (বাত বায়ু—অয়ন গমন। যাহার দ্বারা বায়ুর গমন হয় অথবা অয়ন পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গবাক্ষ, জানালা। পুং, (বাত বায়ুর ন্যায়—অয়ন গমন, ৬ষ্ঠী—হিং) অশ্ব।

বাতায়ু (বাত বায়ুর ন্যায়—অয় গমন করা+উ—প্রং, অথবা বাত—অয় গতি +উ—প্রং) সং, পুং, হরিণ, মৃগ।

বাতারি ; সং, পুং, এরণ্ডবৃক্ষ। শতমূলী। পুত্রদাত্রী। শেফালিকা। যবানী। ভার্গী। স্নুহী। বিড়ঙ্গ। শূরণ। ভল্লাতক। জতুকা।

বাতালী (বাত বায়ু—আলী শ্রেণী) সং, স্ত্রীং, বাত্যা প্রবলবায়ু।

বাতাশ্ব (বাত বায়ুর ন্যায় শীঘ্রগামী—অশ্ব ঘোটক) সং, পুং, কুলীনাশ্ব, উত্তম ঘোটক। [সং, পুং, বায়ু। সূর্য্য। চন্দ্র।

বাতি (বা বহা, গমন করা+অতি—প্রং)

বাতিক (বাত বায়ু+ইক(ষ্ণিক)—কোপনার্থে) বিং, ত্রিং, বাতোৎপন্ন, বায়ুজনিত (ব্যাধি)। সং, পুং, রোগবিশেষ।

বাতিগ }
বাতিঙ্গণ } (বাতি বায়ু—গ [গণ্ গণনা করা+অ—ক] যে গণনা করে। বাতি বায়ু—গণ্ গণনা করা+অ—প্রং ; যে বাতরোগ উপশম করে) সং, পুং, বার্ত্তাকু, বেগুণ।

বাতিল (আরবী) বিং, মিথ্যা, নিষ্ফল, রদ।

বাতুল }
বাতূল } (বাত বায়ু+উ[উ]ল—প্রং) বিং, ত্রিং, বাতরোগী। বায়ুগ্রস্ত, উন্মত্ত, পাগল। সং, পুং, বাত্যা, বাতসমূহ। [সং, স্ত্রীং, বাহুড়।

বাতুলি (বাত বায়ু+উলি—প্রং, নিপাতন)

বাতোনা ; সং, স্ত্রীং, গোজিহ্বাক্ষুপ। বিং, ত্রিং, বায়ুহীনা।

বাত্যা (বাত+য—সমূহার্থে, আপ্) সং, স্ত্রীং, বাতসমূহ, বলবান্ বায়ু।

বাৎসল্য (বৎসল+য(ষ্ণ্য)—ভাবে) সং, পুং, রসবিশেষ। কারুণ্য, স্নেহ।

বাৎসীপুত্র (বাৎসী ব্রাহ্মণের ঔরসে শূদ্রাণীর গর্ভজাত বালিকা—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নাপিত।

বাৎস্য (বৎস+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, বৎসমুনির পুত্র।

বাৎস্যায়ন (বাৎস্য মুনিবিশেষ+আয়ন (ষ্ণায়ন)—অপত্যার্থে) সং, পুং, বাৎস্যমুনির পুত্র।

বাদ (বদ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরস্পর জিগীষু না হইয়া কেবল প্রকৃত বিষয়ের তত্ত্ব নির্ণয়ার্থ বাদী প্রতিবাদীর যে বিচার, যথার্থ বিচার। বিতর্ক। বাক্য। উক্তি, কথন। প্রবাদ। (+ঘঞ্—র্ম্ম) বাদ্য।

বাদক (বাদি বাজান বা বদ্ বলা+অক (ণক)—ক) বিং, ত্রিং, বাদ্যকর। বক্তা।

বাদন (বদ্-ণি=বাদি বাজান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বাজান। (+অনট্—র্ম্ম) বাদ্য।

বাদভূমি (Forum.) যেখানে বাদানুবাদ হয়।

বাদর (বদর+ষ্ণ—বিকারার্থে) বিং, ত্রিং, কার্পাসনির্ম্মিত (বস্ত্রাদি)।

বাদরঙ্গ; সং, পুং, অশ্বত্থ বৃক্ষ।

বাদরায়ণ } (বাদর তীর্থস্থান—অয়ন
বাদরায়ণি } গমন, ৬ষ্ঠী—হিং। বাদরায়ণ +ই(ষ্ণি)—স্বার্থে, বদরিকাশ্রমে নিত্যবাস প্রযুক্ত এই নামে অভিহিত হইয়া থাকেন) সং, পুং, বেদব্যাস, ব্যাসদেব।

বাদল (বাত বায়ু—দল্ ছিন্নভিন্ন করা+অ—প্রং। ত—লোপ) সং, ক্লীং, যষ্টিমধু। (বার্দ্দল শব্দজ) সং, দুর্দ্দিন, বর্ষা। —লা, বর্ষা। জরী, তার।

বাদবাদী (বাদবাদিন্, বাদ যথার্থ বিচার—বাদিন্ যে বলে) সং,পুং, আর্হত,জৈন।

বাদসা (পারস্য) রাজা।

বাদা (যবন ভাষা) সং, জলময় স্থান, জলা।

বাদানুবাদ (বাদ বিতর্ক—অনুবাদ পশ্চাৎতর্ক) সং, পুং, বাক্য, কলহ, ঝকড়া। তর্কবিতর্ক।

বাদাম } (বাতাম্র শব্দজ) সং, পুং, স্বনাম-
বদাম } খ্যাত বৃক্ষ। ক্লীং, তৎফল। (দেশজ) নৌকার পাইল।

বাদাল (বদাল+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, বোয়াল্‌মাছ।

বাদি (বদ্ [জ্ঞানীর ন্যায়] বলা+ই—প্রং) বিং, ত্রিং, বিদ্বান, পণ্ডিত।

বাদিত (বাদি বাজান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ধ্বনিত, শব্দিত, বাজান।

বাদিত্র (বাদি বাজান+ইত্র—র্ম্ম) সং,ক্লীং, বাদ্যযন্ত্র, বাজনা।

বাদির; সং, ক্লীং, বদরীসদৃশ সূক্ষ্মফল।

বাদিরাট্ (—রাজ্) সং, পুং, মঞ্জুঘোষ।

বাদী (বাদিন্, বদ্ বলা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বক্তা, বলে যে। (Plaintiff) অর্থপ্রকাশকারী,অর্থী, ফরিয়াদী। সঙ্গীতে —যে সুর অন্যান্য সুর অপেক্ষা কোন রাগে প্রধান অথবা স্বামিবৎ ব্যবহৃত হয় তাহাকে বাদী বলে। হিন্দিভাষায় বাদীকে জান বলে।

বাদ্য (বদ্-ণি=বাদি বাজান+য—র্ম্ম। যাহাকে বাজায়) সং, ক্লীং, বাজনা, বাজনার যন্ত্র।

বাদ্যভাণ্ড (বাদ্য বাজনার যন্ত্র—ভাণ্ড [পাত্র] সমূহ) সং, ক্লীং, মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র।

বাধ—পুং, বাধন—ক্লীং, (বর্গ্য ব দেখ)

বান (বন্ শব্দকরা, উপতপ্তকরা+ [illegible]ঞ্) —ক। অথবা বৈ শোষণ করা+ক্ত—ক) সং,ক্লীং, শুষ্কফল। বিং,ত্রিং, শুষ্ক। জীবিত। জঙ্গম। (বা গমন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, গমন। ভিত্তির গর্ত্ত, গোজলা। (বন অরণ্য, জল+অ (ষ্ণ)—সমূহার্থে) বনসমূহ। বন্যা, বৃহৎ প্রবাহ। মাদুরী। গোক্ষীরজ। তক্রক্ষীর। বিং, ত্রিং, বন্য।

বানপ্রস্থ (বন অরণ্য+অ(ষ্ণ)—প্রং, বান বনৈকদেশ—প্রস্থ [প্র—স্থা থাকা+অ (ড)—ক] যে প্রস্থান করে) সং, পুং, তৃতীয় আশ্রমী, ব্রহ্মচর্য্য ও গার্হস্থ্যাশ্রমের পর বনবাসী। তৃতীয় আশ্রম। পলাশবৃক্ষ।

বানর (বনর [বন—রম্ ক্রীড়া করা+অ—ক] যে বনে ক্রীড়া করে+অ(ষ্ণ)—স্বার্থে। রায়মুকুট বলেন, বনের অপত্য বলিয়া বানর। অথবা বা তুল্য—নর মনুষ্য যে নরতুল্য। কিংবা বান [বন+ষ্ণ] বনভব ফল—র [রা গ্রহণকরা+অ(ড)—ক] যে গ্রহণ করে। যে বনভব ফল গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, রী—স্ত্রীং, জন্তুবিশেষ, শাখামৃগ, কপি, বাঁদর। শুকশিম্বী।

বানরপ্রিয়; সং, পুং, ক্ষীরিবৃক্ষ।

বানরেন্দ্র (বানর—ইন্দ্র প্রধান) সং, পুং, সুগ্রীব। হনূমান্। বিং, ত্রিং, বানরশ্রেষ্ঠ।

বানল; সং, পুং, কৃষ্ণবাবুই।

বানস্পত্য (বনস্পতি পুষ্পবিনা ফলধারিবৃক্ষ+য(ষ্ণ্য)—প্রং) সং,পুং, যে সকল বৃক্ষে পুষ্প হইয়া ফল হয়; আম্রবৃক্ষ প্রভৃতি।

বানা (মেঢ্রার্থ বণ্ড শব্দজ) সং, শিশ্ন, মেঢ্র। স্ত্রীং, বর্ত্তিকাপক্ষী।

বানান (দেশজ) সং, ব্যঞ্জন এবং স্বরবর্ণে সংযোগ করিয়া উচ্চারণ।

বানায়ু; সং, পুং, ভারতবর্ষের উত্তরপশ্চিমস্থ দেশবিশেষ।

বানায়ুজ (বানায়ু দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বানায়ুদেশীয় অশ্ব।

বানীর (বন জল+ঈর—প্রং, ষ্ণ) সং, পুং, বেতসলতা, বেতগাছ। বঞ্জুল।

বানীরক (বানীর+কণ্—প্রং) সং, পুং, মুঞ্জ-তৃণ, শর।

বানীরজ; সং, ক্লীং, কুষ্ঠ।

বান্ত (বম্ বমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উদ্গীর্ণ, যাহা বমি করা হইয়াছে।

বান্তাদ (বান্ত বমিকরা বস্তু—অদ [অদ্ ভোজন করা+অ(অন্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, যে বমিকরা বস্তু ভোজন করে। কুকুর।

বান্তি (বান্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বমন, উদ্গীরণ।

বান্তিদা; সং, স্ত্রীং, কটুকীবৃক্ষ। [গাছ।

বান্তিহৃৎ; সং, পুং, লৌহকণ্টক বৃক্ষ, ময়না

বান্দা (পারস্য) দাস, ভৃত্য।

বান্দাবস্ত (পারস্য) স্থির করা, রাজার সহিত জমিদারগণের বাৎসরিক কর দানের স্থিরীকরণ।

বান্দী (পারস্য) দাসী, চাকরাণী।

বান্যা (বন+য(ষ্ণ্য)—সমূহার্থে, আপ্) সং, স্ত্রীং, বনসমূহ।

বাপ (বপ্ ক্ষৌরী করা বা বপন করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, ক্ষৌর, কামান। বপন, বীজরোপণ। বয়ন। (+ঘঞ্—ধি) ক্ষেত্র।

বাপক (বপ্-ণিচ্=বাপি বপনকরান+অক (ণক)—ক) বিং, ত্রিং, বপনকারয়িতা।

বাপদণ্ড (বাপ বয়ন—দণ্ড যষ্টি) সং, পুং, বেমা, কাপড় বুনিবার তাঁত।

বাপন (বপ্-ণিচ্=বাপি রোপণ করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, রোপণাদি করান।

বাপি } (বপ্ বপন করা+ইঞ্—ধি,
বাপী } যাহাতে পদ্মাদি বপন করা যায়) সং, স্ত্রীং, বৃহৎ পুষ্করিণী, দীঘী। শিং—১ "শতেন ধনুর্ভিঃ পুষ্করিণী। ত্রিভিঃ শতৈ দীর্ঘিকা। চতুর্ভিদ্রোণঃ। পঞ্চভিস্তড়াগঃ। দ্রোণাদ্দশগুণা বাপী।"

বাপিত (বাপ+ইত—প্রং, অথবা বপ্-ণিচ্=বাপি বপন করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মুণ্ডিত। রোপিত। যাহা বোনা হইয়াছে। ক্লীং, ধান্যবিশেষ, বাওয়া ধান।

বাপীহ (বাপী জলাশয়—হা ত্যাগ করা+অ(ড)—ক। যে কেবল বৃষ্টির জল পান করে) সং, পুং, চাতকপক্ষী।

বাপু (বৎস শব্দজ কি ?) সং, বাছা, স্নেহ-প্রকাশক সম্বোধন।

বাফ্তা (পারস্য, বাফ্তন্=বুনা) বস্ত্র-বিশেষ। [কর।

বাব (আরবী) পুস্তকের অধ্যায় বা পরিচ্ছেদ।

বাবই (বাবয় শব্দজ) সং, বৃক্ষবিশেষ, বাবুই তুলসী।

বাবৎ (আরবী) কারণ। বিষয়।

বাবা (বপি বা বপ্র শব্দজ। তুর্কীভাষায় বাবা শব্দের অর্থ পিতা। সম্ভবতঃ এই শব্দটী

তুর্কীভাষা হইতে গৃহীত হইয়াছে ) সং, পুং, পিতা, জনক, তাত।

বাবু (দেশজ) বিং, ধনি ব্যক্তিদিগের উপাধি, সুখভোগী।


বাম (বম্‌ বমন করা + অ(ষঞ্‌) — ক, কিম্বা বা গমন করা + ম — ক) বিং, ত্রিং, প্রতিকূল, বিমুখ। দক্ষিণেতর, বাঁ। বামদিক্‌স্থ। বিপরীত। বক্র। সুন্দর, মনোহর। অধম, নীচ। শ্রেষ্ঠ। সং, পুং, শিব। কামদেব। বক্ষঃ। জীব। ক্লীং, ধন। (বাম সুন্দর + আ — প্রং ) মা — স্ত্রীং, নারী, যোষিৎ। লক্ষ্মী। দুর্গা। মী — স্ত্রীং, ঘোটকী। শিং — ১ "অথোষ্ট্রবামী শতবাহিতার্থঃ।" যথা — "চলিলা সুন্দরী বড়বা নামেতে বামী, বাড়বাগ্নিশিখা।" (মেঘ)। গর্দ্দভী। শৃগালী। করিণী। দুর্গাপক্ষে। শিং — "বামং বিরুদ্ধরূপস্ক বিপরীতস্ত গীয়তে। বামেন সুখদা দেবী বামা তেন মতা বুধৈঃ।"

বামণ (ব্রাহ্মণ শব্দজ) সং, দ্বিজ, বিপ্র।

বামদেব (বাম বিরুদ্ধরূপ, বিপরীত — দেব দেবতা, যং — স) সং, পুং, শিব, মহাদেব। মুনিবিশেষ।

বামদেব্য (বামদেব + য(ষ্ণ্য) — প্রং) সং, ক্লীং,

বামন (বম্‌-ণিঞ = বামি বিপরীত বলা + অন — ক। যে অন্যান্য প্রাণীর প্রমাণ হইতে বিপরীত উক্ত) বিং, ত্রিং, খর্ব্ব, হ্রস্ব, ক্ষুদ্র। অল্প। নীচ। (বাম বিপত্তি — ন ছেদক) সং, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বিষ্ণুর পঞ্চম অবতার। শিং — ১



বামন (অবতার)।

"শ্রীবৎসকৌস্তুভোরস্কং পূর্ণেন্দুসদৃশদ্যুতিং।
সুন্দরং পুণ্ডরীকাক্ষং অতিখর্ব্বতরং হরিং॥
বটুবেশধরং দেবং সর্ব্ববেদান্তগোচরং।
মেখলাজিনদণ্ডাদিচিহ্নেনাঙ্কিতমীশ্বরং॥
তং দৃষ্ট্বা দেবতাঃ সর্ব্বা শতক্রতুপুরোগমাঃ।
স্তুত্বা মহর্ষিভি সার্দ্ধং নমশ্চক্রুর্মহৌজসঃ॥"

২ "ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন
পদনখনীরজনিতজনপাবন।
কেশব ধৃতবামনরূপ
জয় জগদীশ হরে॥" (জয়দেব)।

দক্ষিণদিকের হস্তী। পণ্ডিতবিশেষ। শিং — ১ "বামো বিপত্তৌ নশ্ছেদে সাক্ষাদ্‌বেদেষু বর্ত্ততে। সুরাণাং বিপদাং ছেত্তা বামনস্তেন কীর্ত্তিতঃ।"

বামলূর ( বাম বিপরীত — লূ ছেদনকরা + রক্‌ — ক) সং, পুং, বল্মীক, উইয়ের টিপি।

বামলোচনা, বামাক্ষী ( বাম সুন্দর — লোচন চক্ষু, অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী — হিং) সং, স্ত্রীং, সুন্দর স্ত্রী, চারুনেত্রা।

বামাক্ষি ; সং, ক্লীং, বামচক্ষুঃ। দীর্ঘ ঈকার।

বামাচার ( বাম বাঁ — আচার আচরণ, ইহাতে বাম হস্ত দ্বারা মদ্যমাংসাদি সেবন বিধেয় বলিয়া অথবা বাম বেদবিরুদ্ধ — আচার) সং, পুং, তন্ত্র শাস্ত্রোক্ত মদ্যমাংসাদি সেবনরূপ আচারবিশেষ।

বামাবর্ত্ত (বাম - আবর্ত্ত) বিং, ত্রিং, বামদিকে আবর্ত্তযুক্ত।

বামিকা ; সং, স্ত্রীং, চণ্ডিকা।

বামিল (বম্‌ [অন্যের দোষ] বমন করা + ইল — প্রং) বিং, ত্রিং, দাম্ভিক, অহঙ্কারী। বাম, প্রতিকূল।

বামেতর (বাম — ইতর অন্য, পৃথক, ৫মী — ষ) বিং, ত্রিং, দক্ষিণ। যথা — "প্রমীলার বামেতর নয়ন নাচিল।"

বামোরু ( বাম সুন্দর — উরু, ৬ষ্ঠী — হিং, উপ্‌ — প্রং) সং, স্ত্রীং, সুন্দর উরুযুক্তা স্ত্রী।

বায় (বে বস্ত্রাদি বুনা + অ(ষঞ্‌) — ভাবে) সং, পুং, বপন। (বায়ুশব্দজ) বাতাস ; যথা-
"কদম্বের কুঞ্জবনে, বিহর সানন্দ মনে,
শীতল সুগন্ধ মন্দ বায়।"

বায়ক (বয় গমন করা অথবা বে বুনা + অক(ণক) – ক) বিং, ত্রিং, বপনকারী। সং, পুং, সমূহ, রাশি।

বায়দণ্ড (বায় বপন – দণ্ড যষ্টি) সং, পুং, বাপদণ্ড, বেমা। তাঁত।

বায়ন (বায়ি সেবা করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, পূজন। পিষ্টকবিশেষ। (বাদন শব্দজ কি ?) যে বাজায়।

বায়না (পারস্য বা আরবী) কোন দ্রব্য ক্রয় করিবার অগ্রিম মূল্য। মূল্যের কিয়দংশ দেওয়া।

বায়বী (বায়ু + অ(ষ্ণ), ঈপ্ – স্ত্রীং) সং,স্ত্রীং, উত্তরপশ্চিমদিক্, বায়ুকোণ।

বায়ব্য } (বায়ু + য(ষ্ণ্য), ঈয়(ণীয়) –
বায়বীয় } সম্বন্ধার্থে, তদ্দেবতার্থে) বিং, ত্রিং, বায়ুসম্বন্ধীয়। শিং – ১ "বায়ব্যম্বুং নৈঋ্ৰ্তম্বুং ন গৃহ্নীয়াৎ কদাচন।" বায়ুদৈবত। বায়ুকোণ। ক্লীং, গোরজঃস্নান। বিং, ত্রিং, বায়ুসম্বন্ধীয়।

বায়ব্যবায়ু (Mon-soon) যে বাণিজ্য বায়ু ছয়মাস নৈঋ্ৰ্তকোণ ও ছয়মাস ঈশানকোণ হইতে ভারতসমুদ্রে বহমান হয়।

বায়লেট (Violet) ঈষৎ লালের আভাযুক্ত গাঢ় নীল।

বায়স – পুং } (বয় গমন করা + অসচ্
বায়সী – স্ত্রীং } – ক, সংজ্ঞার্থে + ষ্ণ,কিম্বা বয়স্ + অ(ষ্ণ) – প্রং) সং, কাক। অগুরু বৃক্ষ। শ্রীবাস। সী – স্ত্রীং, কাকমাচী। মহাজ্যোতিষ্মতী। কাকতুণ্ডী।

বায়সারাতি } (বায়স কাক – অরাতি,
বায়সারি } অরি = শত্রু, ৬ষ্ঠী – য) সং, পুং, পেচক, পেঁচা।

বায়ু (বা বায়ুচলা + উ(উণ্) – ক, যে বহে) সং, পুং, বাতাস। প্রাণ। [পুং,ধূলি।

বায়ুকেতু ( বায়ু – কেতু ধ্বজা, চিহ্ন ) সং, বায়ুকোণ ; সং, পুং, উত্তরপশ্চিমকোণ।

বায়ুকোষ (Air-bladder) শরীরাভ্যন্তর্গত যে চর্ম্মময় কোষে বায়ু থাকে ; যেমন মাছের পটকা।

বায়ুগণ্ড (বায়ু – গন্ড় বদনৈকদেশ হওয়া + অ – প্রং) সং, পুং, অজীর্ণরোগ।

বায়ুগুল্ম (বায়ু – গুল্ম গুচ্ছ) সং,পুং, জলের পাক, ঘূর্ণাজল।

বায়ুঘরট্ট (Air-mill) বায়ুদ্বারা যে ঘরট্টের কার্য্য সম্পাদিত হয়।

বায়ুদারু (বায়ু – দৃ [বিদীর্ণ হওয়া] বিস্তৃত হওয়া + উ – প্রং) সং, পুং, মেঘ, জলধর।

বায়ুনির্য্যাণযন্ত্র (Air-pump) যে যন্ত্র দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ বায়ু বাহির করা যায়।

বায়ুপরিণাম (Volatile) যে দ্রব্য অনায়াসে বায়ুরূপে পরিণত হইয়া উড়িয়া যায়, যেমন কর্পূর।

বায়ুপুত্র ( বায়ু – পুত্র, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, ভীম। হনূমান্। শিং – ১ "হনূমানঞ্জনাসূনুর্ব্বায়ুপুত্রো মহাবলঃ।"

বায়ুফল (বায়ু – ফল) সং, ক্লীং, শত্রধনু, রামধনুক। করকা, শিল।

বায়ুভক্ষ } (বায়ু – ভক্ষ ভক্ষণ করা + অ
বায়ুভক্ষ্য } (অন্) – ক, বায়ু – ভক্ষ্য ভক্ষণীয়, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, বায়ুভক্ষণকারী। সং, পুং, সর্প।

বায়ুমানযন্ত্র (Barometer) যে যন্ত্রে বায়ুর পরিমাণ নিরূপিত হয়।

বায়ুরোষা (বায়ু – রুষ্ ক্রুদ্ধ হওয়া + অ – আ, প্রং) সং, স্ত্রীং, রাত্রি, রজনী।

বায়ুবর্ত্ম ( বায়ুবর্ত্মন্, বায়ু – বর্ত্মন্ পথ ) সং, ক্লীং, আকাশ।

বায়ুবাহ ( বায়ু – বাহ বাহন ) সং, পুং, ধূম। বাষ্প।

বায়ুবাহিনী (বায়ু – বাহি বহন করান + ইন্ – ঈ, প্রং) সং, স্ত্রীং, বায়ুসঞ্চারিণী শিরা। [পোনা।

বায়ুষ ; সং, পুং, মৎস্যবিশেষ, কালবাউস

বায়ুসখ } (বায়ু – সখি বন্ধু + ষ, ৬ষ্ঠী
বায়ুসখি } – হিং) সং, পুং, অগ্নি,বহ্নি।

বায়ুসম্ভব (বায়ু – সম্ভব জাত) সং, পুং, বায়ুপুত্র – হনূমান্, ভীম।

বায়াস্পদ (বায়ু – আস্পদ স্থান) সং, ক্লীং, আকাশ, নভস্তল।

বার (বৃ-ণি = বারি আবরণ করা + ০(ক্বিপ্)

—ক। যে নিম্নোন্নত আবরণ করে) সং, ক্লীং, জল।

বার (বৃ আবরণ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, বাসর, রবি সোম প্রভৃতি। অবসর। সমূহ। জল। পর্য্যায়, পালা। দ্বার। শিব। ক্ষণ, মুহূর্ত্ত। বিং, ত্রিং, নিবারণীয়। (+ঘঞ্—ভা) নিবারণ। ক্লীং, মদিরাপাত্র। (পারস্য) রাজসভা; যথা—

"বার দিয়া বসিয়াছে বীরসিংহ রায়।"

বারক (বৃ-ণিচ্=বারি+অক(ণক)—ক) বিং, ত্রিং, নিবারক, নিষেধক। প্রতিবন্ধক। সং, পুং, অশ্ববিশেষ। অশ্বের গতিবিশেষ। ক্লীং, ক্লেশের স্থান। হ্রীবের।

বারকী (বারকিন্, বারক প্রতিবন্ধক ইত্যাদি +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। উত্তম ঘোটক। তাম্বূলবিক্রয়ী, বারুই। শত্রু।

বারকীর (বার প্রতিবন্ধক—কৃ ক্ষেপণকরা +অ(অন্)—ক) সং, পুং, শ্যালক. পত্নীর ভ্রাতা। বাড়বানল। উকুণ। ক্ষুদ্রচিরুণী। যুদ্ধঘোটক। ভারবাহক, মুটিয়া।

বারঙ্ক (বার জল—অন্ক্ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, পক্ষী, বিহঙ্গ।

বারঙ্গ (বৃ আবরণ করা+অঙ্গ—প্রং। স্বরের বৃদ্ধি) সং, পুং, খড়্গাদির মুটি, খড়্গা প্রভৃতির বাঁট।

বারট (বার জল—অট্ গমন করা+অ—প্রং) সং, ক্লীং, ক্ষেত্র। ক্ষেত্রসমূহ। টা—স্ত্রীং, রাজহংসী।

বারণ (বৃ-ণিচ্=বারি নিবারণ করা+অন—ক) সং, পুং, হস্তী। (+অনট্—ণ) পুং—ক্লীং, বর্ম্ম। অঙ্কুশ। (+অনট্—ভাবে) ক্লীং. নিষেধ।

বারণীয় (বারণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, নিবারণযোগ্য।

বারণবল্লভা } (বারণ হস্তী—বল্লভা
বারণবুষা—সা } প্রিয়া।—বুষ্,বুস্ ত্যাগ করা+অ—আ, প্রং) সং, স্ত্রীং, কদলী-বৃক্ষ, কলাগাছ।

বারণাবত (বারণ+বতু—অস্ত্যর্থে+ক) সং, ক্লীং, মহাভারতোক্ত নগরবিশেষ।

বারনারী, বারমুখ্যা
বারবধূ, বারবনিতা
বারবাণী, বারবিলাসিনী
বারযোষা, বারযোষিৎ
বারসুন্দরী, বারস্ত্রী
} (বার অনেক—নারী। যে অনেকেরনারী, ৬ষ্ঠী—ষ। অথবা বার [নিগমে উক্তা] বেশ্যা—নারী, যং—স। বার বেশ্যা—মুখ্যা প্রধানা। বারবধূ, বারস্ত্রী ইত্যাদি—বারনারীবৎ) সং,স্ত্রীং, বেশ্যা, গণিকা।

বারংবারম্ (বারম্ [বৃ আবরণ করা+ণম্] সময়, দ্বিত্ব) অং, ক্লীং, পুনঃপুনঃ, মুহুর্মুহুঃ। বারবার।

বারয়িতা (বারয়িতৃ, বৃ-ণিচ্=বারি নিবারণ করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, নিবারক, বারণকারী। পুং, পতি।

বারলা (বার্ জল—অল্ ভূষিত করা+অ—প্রং, অথবা বার ঝাঁক—লা পাওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, রাজহংসী। বোল্তা।

বারবাণ (বার যে বারণ করে—বাণ। যে বাণ বারণ করে) সং,পুং—ক্লীং, সাঁজোয়া।

বারবাণি (বারি সমূহ—বাণি বাক্য) সং, পুং, বংশীবাদক। উত্তমগায়ক। সম্বৎসর। বিচারক, জজ্। স্ত্রীং, বেশ্যা।

বারবেলা (বার নিবারণ—বেলা সময়) সং, স্ত্রীং, সর্ব্বকর্ম্ম-বারণকাল, যে সময় কোন কর্ম্ম করা বিহিত নয়।

বারাংনিধি (বারাম্ জলের—নিধি [illegible]) সং, পুং, বারিধি, সমুদ্র।

বারাঙ্গনা (বার জনসমূহ—অঙ্গনা স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বেশ্যা।

বারাণসী (বার যে বারণ করে—অনস্ জন্ম। যে পুনর্জ্জন্ম বারণ করে কিম্বা বর শ্রেষ্ঠ—অনস্ জল+অ(ক্ষ), ঈপ্। যে গঙ্গার উপর আছে। অথবা বরণা—অসী +ক্ষ, ঈপ্) সং, স্ত্রীং, কাশী, শিবপুরী।

বারাণসেয় (বারাণসী+এয়(ঢেয়)—ভবার্থে) বিং, ত্রিং, বারাণসীজাত।

বারাণ্ডা (দ্বার পিণ্ডার্থ বারুণ্ডী শব্দজ। অথবা পারস্য বারান্দা শব্দজ) সং, উপরিস্থ গৃহের বহিঃপ্রকোষ্ঠ।

বারান্তর (বার সময়—অন্তর অন্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্য সময়, আর বার।

বারাসন (বার জল—আসন থাকিবার স্থান) সং, ক্লীং, জলাধার, জলপাত্র।

বারাহ (বরাহ শূকর বা বিষ্ণু ইত্যাদি+অ (ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, বরাহসম্বন্ধীয়, শূকর-সম্বন্ধীয়। সং, পুং, মহাপিণ্ডীতক বৃক্ষ।

বারাহকর্ণী, বারাহপত্রী ; সং, স্ত্রীং, অশ্বগন্ধা।

বারাহী (বরাহ শূকর কিম্বা বিষ্ণু+অ(ষ্ণ), ঈপ্) সং, স্ত্রীং, বরাহরূপিণীমাতৃকা-বিশেষ। শিং—১ "যজ্ঞবরাহমতুলং রূপং যা বিভ্রতো হরেঃ। শক্তিঃ সাপ্যাযযৌ তত্র বারাহীং বিভ্রতী তনুম্॥" যোগিনী-বিশেষ। তীর্থবিশেষ। পরিমাণবিশেষ। পৃথিবী। শূকরী।

বারি (বৃ-ণিঞ=বারি আবরণ করা+ইঞ্—ক) সং, ক্লীং, জল। গন্ধগুল্ম। বাল। রি, রী—স্ত্রীং, জলপাত্র, কলসী ; যথা—
"ধাতুময়ী মোর বারি প্রতিষ্ঠা করিয়া।
যেই জল রাখে ঘরে প্রত্যহ পূজিয়া।"
সরস্বতী। (+ইঞ্—ণ) হস্তিবন্ধনরজ্জু। (+ইঞ্—ধি) হস্তিবন্ধন স্থান ; যথা—
"বাহিরিল বেগে বারী হতে বারণযূথ।"
বন্দী, কয়েদী। হস্তি ধরিবার ফাঁদ।

বারিকর্পূর (বারি জল—কর্পূর, যাহার বর্ণের সহিত ইহা তুলনা করা যায়) সং, পুং, ইলিশমাছ।

বারিঘরট্ট (Water-mill) বারি দ্বারা যে ঘরট্টের কার্য্য সম্পাদিত হয়।

বারিচর (বারি—চর যে চরে, ৫মী—ষ) সং, পুং, মৎস্য। বিং, ত্রিং, জলচর।

বারিচামর (বারি জল—চামর চমরী-পুচ্ছ) সং, ক্লীং, শৈবাল, শেওলা।

বারিজ (বারি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, শঙ্খ, শম্বূক প্রভৃতি জলজাত বস্তু। ক্লীং, পদ্ম-পুষ্প, জলজ। লবঙ্গ। বিং, ত্রিং, যাহা বারিতে জন্মায়। [ত্রিং, নিবারিত, নিষিদ্ধ।

বারিত (বারি নিবারণকরা+ত(ক্ত)—র্ম্ম বিং,

বারিতস্কর (বারি জল—তস্কর চোর) সং, পুং, মেঘ। শিং—১ "সংজ্ঞাং ভার্য্যাং প্রীতিমতীং ভাস্করো বারিতস্করঃ।" সূর্য্য। মুস্তক।

বারিত্রা (বারি জল—ত্রৈ রক্ষা করা+অ (ড)—ক, আপ্) সং, স্ত্রীং, আতপত্র, ছত্র।

বারিদ, বারিমুচ্ বারিবাহ, বারিবাহন (বারি জল—দ [দা দান করা+অ (ড)—ক] যে দান করে।—মুচ্ [মুচ্ মুক্ত করা+০(ক্বিপ্)—ক] যে ত্যাগ করে—বাহ যে বহন করে, ২য়া—ষ।—বাহন যান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলদ, মেঘ।

বারিধি, বারিনিধি বারিরাশি, বার্দ্ধি (বারি—ধি [ধা ধারণ করা+ই(কি)—ধি] যে ধারণ করে। যে বারি ধারণ করে।—নিধি আধার, ৬ষ্ঠী—ষ, অথবা বারি—ধা ধারণ করা, নি—ধা ধারণ করা+ই—ধি।—রাশি সমূহ, ৬ষ্ঠী—ষ কিম্বা ৭মী—হিং। বার্ জল—ধি যে ধারণ করে, ২য়া—য, অথবা বার্—ধা ধারণ করা+ই(কি)—ধি) সং, পুং, জলধি, সমুদ্র।

বারিনাথ (বারি জল—নাথ প্রভু) সং, পুং, বরুণ। সমুদ্র। মেঘ।

বারিপর্ণী বারিপৃশ্নী (বারি—পর্ণ পাতা, বারি—পৃশ্নী পাণা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পাণা।

বারিপালিকা ; সং, স্ত্রীং, খমূলিকা।

বারিপ্রবাহ (বারি জল—প্রবাহ ক্রমাগত চলন) সং, পুং, নির্ঝর, ঝরণা। জল-প্রবাহ।

বারিমসি (বারি জল—মসি, মসির ন্যায় বলিয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জলদ, মেঘ।

বারিমূলী (বারি জল—মূল গোড়া, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুম্ভিকা, পাণা।

বারিরথ (বারি জল—রথ শকটাদি) সং, পুং, ভেলা, মাড়।

বারিরুহ (বারি—রুহ যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, পদ্ম, জলরুহ। বিং, ত্রিং, জল-জাত।

বারিলোমা (বারিলোমন্, বারি জল—লোমন্ লোম) সং, পুং, বরুণ, জলাধি-পতি। [সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।

বারিবাস (বারি জল—বাস বাসস্থান)

বারিবাহ, বারিবাহন ; সং, পুং, মেঘ। মুস্তা।

বারিশ (বারি জল—শী শয়ন করা+অ (ড)—ক) সং, পুং, জলশায়ী, বিষ্ণু।

বারিসম্ভব ; সং, ক্লীং, লবঙ্গ। সৌবীরাঞ্জন। উশীর। পুং, যাবনালশর।

বারীট (বারি হস্তিবন্ধনস্থান—অট্ গমন করা+অ—প্রং, নিপাতন) সং, পুং, হস্তী, গজ।

বারীন্দ্র } (বারি জল—ইন্দ্র প্রধান, বারীশ } ঈশ প্রভু) সং, পুং, সমুদ্র।

বারু (বৃ আবরণ করা+উ—প্রং) সং, পুং, বিজয়কুঞ্জর, বিজয়ী হস্তী।

বারুই (বারকী শব্দজ) সং, পুং, তাম্বূল-বিক্রয়ী।

বারুণ (বরুণ+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, বরুণ-সম্বন্ধীয়। শিং—১ "পশ্চিমে পুষ্পদন্তঞ্চ বারুণঞ্চ প্রশস্যতে।" সং, ক্লীং, জল। জলদ্বারা স্নান।

বারুণকর্ম্ম (বারুণকর্ম্মন্, বারুণ—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, জলাশয় পুষ্করিণী খননাদি।

বারুণি (বরুণ+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, অগস্ত্যমুনি।

বারুণী (বরুণ+অ(ষ্ণ)—জাতার্থে, ইদমর্থে) সং, স্ত্রীং, মদ্যবিশেষ। পশ্চিমদিক্। শতভিষা নক্ষত্র। ঐ নক্ষত্র যুক্তা চৈত্রকৃষ্ণ-ত্রয়োদশী। শিং—১ "বারুণেন সমাযুক্তা মধৌ কৃষ্ণা ত্রয়োদশী। গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা। (বারুণং= শতভিষা।") দূর্ব্বা। বরুণের স্ত্রী।

বারুণীবল্লভ (বারুণী শতভিষা নক্ষত্র—বল্লভ প্রিয়) সং, পুং, বরুণ।

বারুণ্ড (বৃ আবরণ করা+উণ্ড—প্রং) সং, পুং, সর্পরাজ, অনন্ত। পুং—ক্লীং, নৌকার জলসেচনপাত্র। নেত্রমল, চক্ষুর পিচুটি। কর্ণমল, কাণের খইল। ণ্ডা—স্ত্রীং, দ্বারপিণ্ডী। [চূর্ণবিশেষ।

বারুদ (দেশজ) সং, সোরা গন্ধকাদি মিশ্রিত

বারেন্দ্র (বরেন্দ্র+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ।

বারেন্দ্রী (বরেন্দ্র এক রাজার নাম+অ(ষ্ণ), ঈ—প্রং) সং, স্ত্রীং, বঙ্গদেশের অন্তঃপাতী দেশবিশেষ, রাজশাহীদেশের একদেশ, বরেন্দ্র ভূমি।

বারো (দেশজ) বিং, দ্বাদশ, সংখ্যাবিশেষ, ১২।

বার্ক্ষ (বৃক্ষ গাছ+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, বন, অরণ্য। বিং, ত্রিং, বৃক্ষসম্বন্ধীয়।

বার্চ্চ (বার্ জল—চর্ গমনকরা+অ(অন্)—ক) সং, পুং, বারিচর, হংস প্রভৃতি।

বার্ণিক (বর্ণ অক্ষর+ইক—শিল্পার্থে) সং, পুং, লিপিকর, লেখক।

বার্ত্ত (বৃত্তি জীবন ইত্যাদি+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, আরোগ্য। স্বাস্থ্য। কুশল, মঙ্গল। পাটব, পটুতা। বিং, ত্রিং, নিরাময়, নীরোগ, সুস্থ। মনোহর। পটু। বৃত্তিশালী।

বার্ত্তক ; সং, পুং, পক্ষিবিশেষ, বটের পাখী।

বার্ত্তা (বৃত্ত লোকবৃত্ত অর্থাৎ লোকচরিত্র+অ(ষ্ণ)—অস্ত্যর্থে, আপ্) সং, স্ত্রীং, বৃত্তান্ত, সংবাদ। জনশ্রুতি। (বৃত্তি প্রাণধারণ+অ—অস্ত্যর্থে) বৃত্তি। কৃষি গোরক্ষণাদি। দুর্গা। শিং—১ "পশ্বাদিপালনাদ্দেবী কৃষিকর্ম্মান্তকারণাৎ। বর্ত্তনাদ্ধারণাচ্চাপি বার্ত্তা সা এব গীয়তে।"

বার্ত্তাকু—স্ত্রীং } (বৃং বর্ত্তান বার্ত্তাক—পুং, বার্ত্তাকী—স্ত্রীং } + আকু, আক—ক) ফলবিশেষ, বেগুণ।

বার্ত্তাবহ } (বার্ত্তা—বহ যে বহন করে, বার্ত্তায়ন } হয়া—ষ, বার্ত্তা+অয়ন—প্রং) সং, পুং, দূত, চর, সন্দেশহারক বার্ত্তাশাস্ত্র। বিং, ত্রিং, বৃত্তান্তবাহক (Political Economy) আয় ব্যয় বিষয়ক বিধিদর্শক নীতিশাস্ত্রবিশেষ।

বার্ত্তিক (বার্ত্তা সংবাদ+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, চর, দূত। (বৃত্তি+ইক(ষ্ণিক)—প্রং) বৈশ্যজাতি। বার্ত্তকপক্ষী। ক্লীং, গ্রন্থের টীকাবিশেষ। শিং—১ "উক্তানুক্ত দুরুক্তার্থচিন্তাকারি তু বার্ত্তিকং।"

বার্ত্রঘ্ন (বৃত্রঘ্ন+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, অর্জ্জুন। জয়ন্ত। বিং, ত্রিং, বৃত্রঘ্নসম্বন্ধীয়।

বার্দ্দর (বার্ জল—দৃ বিদারণ করা+অ—প্রং) সং, ক্লীং, দক্ষিণাবর্ত্ত শঙ্খ।

রেশম। জল। কাকচিঞ্চা। কৃষ্ণলাবীজ। ভারতী।

বার্দ্দল (বার্ জল—দ [দা দান করা+অ (ড)—ক] যে দান করে, বার্দ্দ মেঘ—লা গ্রহণ করা+অ(ড)—ক) সং, ক্লীং, দুর্দ্দিন, বাদল। পুং, মস্যাধার, দোয়াত।

বার্দ্ধক (বৃদ্ধ+কণ্—প্রং) সং, ক্লীং, বৃদ্ধাবস্থা। বৃদ্ধসমূহ। বৃদ্ধের কর্ম্ম।

বার্দ্ধক্য (বার্দ্ধক+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, বৃদ্ধাবস্থা, বৃদ্ধত্ব।

বার্দ্ধি (বার্ জল—ধা ধারণ করা+ই(কি)—ধি) সং, পুং, সমুদ্র।

বার্দ্ধুষি } বার্দ্ধুষিক } (বৃদ্ধি+ই(ষ্ণি)—তেনজীবিত্যর্থে। নিপাতন। বার্দ্ধুষি+কণ্। যে বৃদ্ধি দ্বারা বাঁচে) সং, পুং, বৃদ্ধিজীবী, সুদখোর।

বার্দ্ধুষ্য (বার্দ্ধুষি+য ষ্ণ্য)—প্রং, নিপাতন) সং, ক্লীং, সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া। ধান্যাদি বাড়ী দেওয়া।

বার্দ্ধ্র—ক্লীং } বার্দ্ধ্রী—স্ত্রীং } (বৃধ্ বৃদ্ধি পাওয়া+র,ষ্ণ—প্রং) সং,চামড়ার দড়ি।

বার্দ্ধ্রীণস (বার্দ্ধ্রী চর্ম্মরজ্জু—নাসিকা। নাসিকা স্থানে নস্) সং, পুং, গণ্ডার। নাসিকা শ্রোত্রজ্জু পশু। লম্বকর্ণবিশিষ্ট ও শ্বেতবর্ণযুক্ত বৃদ্ধ ছাগ। শিং—১ "ত্রিপ্লবং ত্বিন্দ্রিয়ক্ষীণং শ্বেতং বৃদ্ধমজাপতিং। বার্দ্ধ্রীণসন্ত তং প্রাহুঃ যাজ্ঞিকাঃ পিতৃকর্ম্মণি।" ২ "বার্দ্ধ্রীনসস্য মাংসেন তৃপ্তির্দ্বাদশবার্ষিকী।" পক্ষিবিশেষ। শিং—১ "রক্তপাদো রক্তশিরা রক্তচঞ্চুর্বিহঙ্গমঃ। কৃষ্ণোবর্ণেন চ তথা পক্ষী বার্দ্ধ্রীণসো মতঃ।"

বার্ভট (বার্ জল—ভট্ পোষণ করা+অ—প্রং) সং, পুং, কুম্ভীর।

বার্ম্মণ (বর্ম্মন্+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, বর্ম্মসমূহ, কবচসমূহ।

বার্ম্মুক্ (বার্ম্মুচ, বার্ জল—মুচ্ ত্যাগ করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, জলমুচ্, মেঘ।

বার্য্য (বারি নিবারণ করা+য(য্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, বারণীয়, বারণযোগ্য। (বারি জল+য—ইদমর্থে) বারিসম্বন্ধীয়।

বার্য্যমাণ (বারি নিবারণ করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা নিবারণ করা যাইতেছে।

বার্য্যুদ্ভব (বারি জল—উদ্ভব জাত) সং, ক্লীং, জলজ, পদ্ম।

বারাশি (বার্ জল—রাশি) সং, পুং, বারিরাশি, সমুদ্র।

বার্ব্বট (বার্ জল—বট্ বেষ্টন করা+অ—প্রং) সং, পুং, বহিত্র, নৌকা প্রভৃতি জলযান।

বার্ব্বণা; সং, স্ত্রীং, নীলীমক্ষিকা।

বার্ব্বাহ (বার্—বহ্ বহন করা+অ(ঘণ্)—ক) সং, পুং, মেঘ।

বার্ষক; সং, ক্লীং, সুদ্যুম্নকৃত পৃথিবীর ভাগবিশেষ। শিং—১ "দশধা বিভজন্ ক্ষেত্রমকরোৎ পৃথিবীমিমাং। ইক্ষ্বাকুর্জ্জ্যেষ্ঠ দায়াদো মধ্যদেশমবাপ্তবান্। কোষ্টবে বার্ষকং ক্ষেত্রং রণবৃষ্টির্বভূব হ।"

বার্ষভানবী (বৃষভানু+অ(ষ্ণ)—অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, বৃষভানুর কন্যা, রাধিকা।

বার্ষিক (বর্ষ বৎসর+ইক(ষ্ণিক)—ভবার্থে, দেয়ার্থে, নির্বৃত্তার্থে) বিং, ত্রিং, সং, বৎসরিক, বৎসরসম্বন্ধীয়। প্রতিবর্ষে দেয় (বর্ষা+ষ্ণিক) বর্ষাকালীন। কী—স্ত্রীং, ত্রায়মানা। বর্ষকর্ত্তব্যপূজাদি।

বার্ষিলা (বার্ষ [বর্ষা+অ(ষ্ণ)—ইদমর্থে] বর্ষাসম্বন্ধীয়+ইল—যোগ) সং, স্ত্রীং, করকা, শিল।

বার্ষুক (বৃষ্ বর্ষণকরা+উক(ঞুক)—প্রং) বিং, ত্রিং, বর্ষুক, বর্ষণশীল।

বার্ষ্ণেয় (বৃষ্ণি+এয়(ঢেয়)—অপত্যার্থে) বিং, ত্রিং, বৃষ্ণিবংশসম্ভূত।

বার্হদ্রথ } বার্হদ্রথি } (বৃহদ্রথ ইহঁার পিতা+অ(ষ্ণ), ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, বৃহদ্রথের পুত্র, জরাসন্ধ।

বার্হস্পত্য (বৃহস্পতি+য(ষ্ণ্য)—উক্তার্থে) সং, ক্লীং, বৃহস্পতিপ্রণীত শাস্ত্র। নীতিশাস্ত্র। বৌদ্ধশাস্ত্র। পুং, চার্ব্বাক। বিং, ত্রিং, বৃহস্পতিসম্বন্ধীয়।

বালক (বল্ বেষ্টন করা+অক(ণক)—ক) সং, পুং, বলয়, বালা। অঙ্গুরীয়ক।

বালব (বাল [বল্ সঙ্কলন করা+অ(ঘঞ্) —ভাবে]+ব—অস্ত্যর্থে) সং, পুং, একাদশ করণের অন্তর্গত করণবিশেষ।

বালবায়জ (বালবায় দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) সং, পুং, বালবায়দেশোৎপন্ন মণি, বৈদূর্য্যমণি।

বালাই (দেশজ) সং, বিপত্তি, আপদ্।

বালাম (দেশজ) সং, তণ্ডুলবিশেষ।

বালিশ (পারস্য) উপাধান।

বাল্ক, বাল্কল } (বল্ক, বল্কল+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বল্কলনির্ম্মিত, বৃক্ষত্বক্ দ্বারা নির্ম্মিত। সং, পুং, দৈত্যবিশেষ।

বাল্কলী (বল্কল+অ, ঈপ্) সং, স্ত্রীং, মদিরা, মদ্য।

বাল্তী (দেশজ) সং, দুঃখিনী, অনাথা।

বাল্মিক, বাল্মিকি, বাল্মীক, বাল্মীকি } (বল্মিক, বল্মীক উইয়ের ঢিবি+অ(ষ্ণ), ই(ষ্ণি)—প্রং) সং, পুং, রামায়ণগ্রন্থকার মুনি, আদ্য কবি।

বাবদূক (বদ্[যঙ্লুগন্ত]=বাবদ্ অতিশয় বলা+উক(ঞুক)—ক, শীলার্থে) বিং, ত্রিং, বাচাল, যে অধিক কথা কয়।

বাবয় (বাবয়্ [যঙ্লুগন্ত] অতিশয় গমন করা+অ—প্রং) সং, পুং, বাবুই তুলসী।

বাবুট; সং, পুং, বহিত্র, নৌকা প্রভৃতি।

বাবৃত্ত (বাবৃৎ সেবা করা, বরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সেবিত। কর্ম্মকরণার্থ নিযুক্ত, বরণ করা।

বাবৃত্যমান (বাবৃত+আন(শান)—ক) বিং, ত্রিং, বরণকারী, অভিলাষী।

বাশি (বাশ্ শব্দ করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি, অনল।

বাশিত, বাশন } (বাশ্ শব্দ করা+ত(ক্ত), অন(অনট্)—ভা) সং, ক্লীং, পশুপক্ষ্যাদির শব্দ। আহ্বান।

বাশিতা—স (বাশ শব্দ করা+ত(ক্ত)—প্রং, আপ্) সং, স্ত্রীং, করিণী, হস্তিনী। স্ত্রী, নারী।

বাশিষ্ঠ, বাসিষ্ঠ } (বশিষ্ঠ মুনিবিশেষ+অ(ষ্ণ)—কৃতার্থে) বিং, ত্রিং, বশিষ্ঠসম্বন্ধীয়। সং, ক্লীং, বশিষ্ঠপ্রণীত যোগশাস্ত্র। ষ্ঠী—স্ত্রীং, গোমতী নদী।

বাশুরা (বাশ্ শব্দ করা+উর—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, রজনী, রাত্রি।

বাশ্র (বাশ্ শব্দ করা+র(রক্)—র্ম্ম) সং, ক্লীং, মন্দির, গৃহ। চতুষ্পথ, চৌরাস্তা। পুং, দিবস, দিন।

বাস্কল (বস্ক+অল—ক, ষ্ণ) সং, পুং, যোদ্ধা, বীর। অসুরবিশেষ। বিং, ত্রিং, বৃহৎ।

বাষ্প, বাস্প } (বা গমন করা [সুক্]+প—ক, নিপাতন) সং, পুং, উষ্মা, সূক্ষ্ম জলবিন্দু। ধূম। লৌহ। নেত্রজল, অশ্রু। কণ্ঠবারি। আনন্দ, ঈর্ষা, আর্ত্তি এই ত্রিবিধ কারণজনিত অশ্রুপূর্ব্বজনিত উষ্মা। ষ্পী—স্ত্রীং, ঔষধ।

বাস (বস্ বাস করা+অ(ঘঞ্)—ধি) সং, পুং, গৃহ, বাসস্থান। (+ঘঞ্—ভা) স্থিতি। (বস্ আচ্ছাদন করা+অ(ঘঞ্)—ণ) বস্ত্র। (বাস বাসিত করা+অ(অন্)—ক) সুগন্ধ।

বাসক (বাস্ বাসিত করা+অক(ণক)—ক) সং, পুং—স্ত্রীং, বৃক্ষবিশেষ, বাকসগাছ। বিং, ত্রিং, সুগন্ধকারক।

বাসকর্ণী (বাস গৃহ—কর্ণ কাণ+ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, যজ্ঞশালা।

বাসকসজ্জা, বাসসজ্জা } (বাসক, বাস—বস্ত্র—সজ্জা, ৬ষ্ঠী-হিং) সং, স্ত্রীং, বেশভূষাযুক্তা হইয়া নায়কাকাঙ্ক্ষিণী স্ত্রী, যে নায়িকা বেশভূষা করিয়া বাসগৃহ সাজাইয়া নায়কের আগমন প্রতীক্ষা করিয়া থাকে।

বাসকা; সং, স্ত্রীং, বাসকবৃক্ষ।

বাসগৃহ (বাস—গৃহ ঘর, ৬ষ্ঠী—ষ কিম্বা ৪র্থী—ষ) সং, ক্লীং, শয়নাগার, শয্যাগৃহ। মধ্যগৃহ। অন্তঃপুর গৃহ।

বাসত; সং, পুং, গর্দ্দভ, গাধা।

বাসতেয় (বসতি বাসস্থান বা রাত্রি+এয়(ঢেয়)—প্রং) বিং, ত্রিং, বাসযোগ্য। য়ী—স্ত্রীং, রাত্রি, রজনী।

বাসন—ক্লীং, বাসনা—স্ত্রীং } (বাস্ বাসিতকরা+অ-নট্—ভাবে) সুগন্ধীকরণ,

ধূপন। (বস-ণিচ=বাসি পরিধান করা+অনট্‌—ণ) ক্লীং, বস্ত্র। (বস্‌ বাস করা+অনট—ধি) বাসস্থান। জলপাত্র। জালা। পাত্র। বাক্স। মোড়ক। না—স্ত্রীং, (বস্‌+অন—ভা, আপ্‌) মনোবৃত্তি সংস্কারবিশেষ, স্মৃতিজনক সংস্কার। জ্ঞান; প্রত্যাশা। কল্পনা। যুক্তি। দুর্গা। শিং—১ "বসত্যদৃষ্টা সর্ব্বেষু ভূতেষ্বাত্তর্হিতায় চ। ধাতুর্ব্বসনিবাসেতি বাসনা তেন সা স্মৃতা।" গণিতে—গ্রহস্পষ্টীকরণোপযোগী সংস্কারবিশেষ।

বাসন্ত (বসন্ত+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং,ত্রিং, বসন্ত ঋতুসম্বন্ধীয়। সং, পুং, উষ্ট্র। কোকিল। মলয়বায়ু। মুদ্গ। কৃষ্ণমুদ্গ। মদনবৃক্ষ।

বাসন্তিক (বসন্ত+ষ্ণিক—প্রং। বসন্ত কালই এই উৎসবের সময়) সং, পুং, বিদূষক, ভাঁড়, মস্করা। নট, নর্ত্তক।

বাসন্তী (বাসন্ত+ঈপ্‌) সং,স্ত্রীং, নবমল্লিকা। মাধবীলতা। মদনোৎসব। বনদেবতাবিশেষ। দুর্গা। ১৪ অক্ষর ছন্দোবিশেষ।

বাসন্তীপূজা; সং, স্ত্রীং, চৈত্রমাসীয় দুর্গাপূজা।

বাসযোগ (বাস সুগন্ধ—যোগ) সং, পুং, গন্ধদ্রব্যচূর্ণ (আবির)।

বাসর (বস-ণিচ=বাসি বাস করান+অরন্‌—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লী, দিবস। বিবাহরাত্রির শয়নগৃহ। পুং, নাগবিশেষ।

বাসব (বসু ধন+অ(ষ্ণ)—প্রং। যিনি ধনবিশিষ্ট। অথবা বস্‌ বাস করা+অব—সংজ্ঞার্থে। যিনি স্বর্গে বাস করেন) সং, পুং, ইন্দ্র। বী—স্ত্রীং, ব্যাসের মাতা, সত্যবতী, মৎস্যগন্ধা। ক্লীং, ধনিষ্ঠানক্ষত্র।

বাসবদত্তা; সং, স্ত্রীং, কথাগ্রন্থবিশেষ।

বাসঃ (বাসস্‌, বস্‌-ণিচ=বাসি আচ্ছাদনকরা+অস্‌—ণ) সং, ক্লীং, বস্ত্র।

বাসসন্বিধান—বাসস্থাননির্ম্মাণ।

বাসা (বস্‌ ধাতুজ) বসতিস্থান; পক্ষ্যাদির আবাসস্থান; নীড়, কুলায়। স্ত্রীং, বাসকবৃক্ষ।

বাসি—পুং } (বস্‌ বাস করা+ই—
বাসী—স্ত্রীং } প্রং) সং, কুঠারবিশেষ, বাইস। পত্রবিশেষ। (দেশজ) পর্য্যুষিত। ধৌত।

বাসিত (বাসি [নাম ধাতু] বাঁসিত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সুরভিত, সুগন্ধীকৃত। বিখ্যাত। ভাবিত। (বস্‌-ণিচ=বাসি আচ্ছাদন করান+ত—র্ম্ম) বসনপিহিত, বস্ত্রাচ্ছাদিত। পুরাতন, পুরাণ। আর্দ্রীকৃত। পর্য্যুষিত। অধ্যুষিত। (বাস্‌ শব্দ করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, পক্ষীর শব্দ। তা—স্ত্রীং, (+ক্ত—ক, আপ্‌) করিণী। নারী। [অধিবাসী।

বাসিন্দা (পারস্য, বাসিদন্‌ বাসকরা, থাকা)

বাসিষ্ঠ; সং, ক্লীং, রুধির, রক্ত।

বাসী (বাসিন্‌, বস্‌ বাস করা+ইন্‌(ণিন্‌)—ক) বিং, ত্রিং, বাসকারী।

বাসু (বস্‌ [নিয়ত] বাস করা+উ—ক) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। পুনর্ব্বসুনক্ষত্র। পরমাত্মা।

বাসুকি } (বসুক [বসু রত্ন—ক ম-
বাসুকেয় } স্তক। যাহার মাথায় বসু আছে] কশ্যপ+ই(ষ্ণি), এয়(ঢেয়)—অপত্যার্থে। অথবা বসু ধন—কৈ প্রকাশ পাওয়া+অ(ড)—ক+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, সর্পরাজ।

বাসুকেয়স্বসা (বাসুকেয়স্বসৃ, বাসুকি সর্পরাজ—স্বসৃ ভগিনী) সং, স্ত্রীং, মনসাদেবী।

বাসুদেব (বসুদেব+অ(ষ্ণ)—অপত্যার্থে, অথবা বস্‌ বাস করা+উণ্‌—ধি=বাসু অর্থ সর্ব্বনিবাস—দেব, নিপাতন। মহাভারতে—তিনি সর্ব্বভূতের বাসস্থান ও দেবযোনিসম্ভব বলিয়া তাহার নাম বাসুদেব) সং, পুং, বসুদেবসূনু, কৃষ্ণ। শিং—১ "বসুঃ সর্ব্বনিবাসশ্চ বিশ্বানি যস্য লোমসু। স চ দেবঃ পরং ব্রহ্ম বাসুদেব ইতি স্মৃতঃ।" ২ "সর্ব্ব ত্রাসৌ সমস্তঞ্চ বসত্যত্রেতি বৈ যতঃ। ততঃ স বাসুদেবেতি বিদ্বদ্ভিঃ পরিপদ্যতে।" ৩ "সর্ব্বাণি তত্র ভূতানি বসন্তি পরমাত্মনি।

ভূতেষপি চ সর্ব্বাত্মা বাসুদেবস্ততঃ স্মৃতঃ।" ৪ "বসনাৎ সর্ব্বভূতানাং বাসুত্বাদ্ দেবযোনিতঃ। বাসুদেবোস্ততো জ্ঞেয়ো যোগিভিস্তত্ত্ববাদিভিঃ।"

বাসুদেবপ্রিয়ঙ্করী ; সং, স্ত্রীং, শতাবরী। শ্রীকৃষ্ণপ্রিয়কারিণী।

বাসুপূজ্য ; সং, পুং, জিনবিশেষ।

বাসুভদ্র (বাসু পরমাত্মা—ভদ্র শ্রেষ্ঠ) সং, ক্লীং, কৃষ্ণ।

বাসুরা (বস্-ঞি=বাসি বাসিত করান বা বাস করান+উ—প্রং) সং,স্ত্রীং, হস্তিনী। রাত্রি। স্ত্রী। পৃথিবী।

বাসূ (বস্-ঞি=বাসি বাস করান+উ—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—বালিকা।

বাসৌকঃ (বাসৌকস্, বাস—ওকস্ গৃহ) সং, ক্লীং, বাসগৃহ, শয়নাগার।

বাস্তব } বাস্তবিক } (বস্তু+অ(ষ্ণ)—ইদমর্থে, বস্তুর অংশ জীব, বস্তুর শক্তি মায়া এবং বস্তুর কার্য্য জগৎ এই সকল বস্তুই। (বস্তু + ইক(ষ্ণিক)—স্বার্থে) বিং, ত্রিং, প্রকৃত, যথার্থ, পরমার্থভূত বস্তু।

বাস্তবোষা (বাস্তব সঙ্কেতস্থান—উষা কামুকা স্ত্রী। যে সময়ে নায়িকা সঙ্কেত স্থানে নায়ক আগমন প্রতীক্ষা করিয়া থাকে) সং, স্ত্রীং, রজনী, রাত্রি।

বাস্তব্য (বস্-ঞি=বাসি বাস করান+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বাস্তযোগ্য, বাসযোগ্য। যাহাকে বাস করান যায়, বাসকারী, বাসকর্ত্তা। প্রতিবাসী। সং, পুং, বসতি।

বাস্তু (বস্ বাস করা+তুণ্—ধি) সং, পুং—ক্লীং, বসতিবাটী। গৃহ, ভবন। ক্লীং, বেতুয়াশাক।

বাস্তুক } বাস্তূক } (বাস্তু + কণ্—ভবার্থে। যে বাস্তু ভূমিতে হয়। অথবা বস্ বাস করা+তুক—প্রং। যাহাতে দোষহর রস বা স্বাদু রস বাস করে) সং, ক্লীং, বেতুয়াশাক।

বাস্তুদেব ; সং, পুং, গৃহদেবতা।

বাস্তোষ্পতি } বাস্তোস্পতি } (বাস্তোস্ বসতিবাটীর—পতি স্বামী) সং, পুং, সুরপতি, ইন্দ্র।

বাস্ত্র (বস্ত্র কাপড় + অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বস্ত্রাবৃত। বস্ত্রসম্বন্ধীয়। সং, পুং, বস্ত্রাবৃত রথ।

বাহ (বহ্ বহন করা, বায়ু চলা+অ(ঘঞ)—ণ, ক) সং, পুং, অশ্ব। বৃষ। মহিষ। বায়ু। বাহু। পরিমাণবিশেষ। শিং—১ "বাহো ভারচতুষ্টয়ম্।" বিং, ত্রিং, বাহক।

বাহক (বহ্-ঞি=বাহি বহন করান কিম্বা বহ্ বহন করা+অক(ণক)—ক) সং, পুং, সারথি। বিং, ত্রিং, বহনকর্ত্তা।

বাহদ্বিষৎ (বাহ অশ্ব—দ্বিষৎ শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহিষ।

বাহন (বহ্-ঞি=বাহি পাওয়ান+অন (অনট্)—ণ। যাহাদ্বারা দ্রব্যাদি দেশান্তর পাওয়ায়) সং, ক্লীং, যান, যদ্দ্বারা বহন হয়, হস্ত্যশ্ব নৌকা শিবিকা প্রভৃতি। শিং—১ "প্রাপৎ আশ্রমং শ্রান্তবাহনঃ।" (বাহ্+অনট্—ভাবে) যত্ন।

বাহশ্রেষ্ঠ ; সং, পুং, অশ্ব।

বাহস (বহ্-ঞি=বাহি বহন করান+অস—প্রং) সং, পুং, অজগর, বৃহৎসর্প। বারিনির্গম। সুসনিশাক। পরিমাণ।

বাহাদুর (পারস্য) বীর,সাহসী। অধুনা রাজকীয় কর্ম্মচারীদিগকে ও অন্যান্য সম্ভ্রান্ত ব্যক্তিগণকে গবর্ণমেণ্ট হইতে এই উপাধি দেওয়া হইয়া থাকে।

বাহার (যবন ভাষা) সং, সৌন্দর্য সৌষ্ঠব। বসন্তকাল। রাগবিশেষ।

বাহাবাহবি (বাহু—বাহু, সমাসে ই(চ্)—প্রং) অং, বাহুযুদ্ধ, হাতাহাতি।

বাহিক (বাহ্ বহনীয়+ইক—প্রং) সং, পুং, ঢক্কা। গোবাহ্য শকটাদি। বিং,ত্রিং, ভারবাহক।

বাহিত (বহ্-ঞি=বাহি বহান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, চালিত। প্রাপিত। প্রবাহিত। প্রতারিত, বঞ্চিত। শিং—১ "বাহিত বয়মনেন দুষ্টসিংহেন।" (বাহ+ক্ত—র্ম্ম) সযত্নীকৃত

বাহিত্থ (বাহিন্—স্থা থাকা+অ(ড)—ক, স=৫) সং, ক্লীং, গজকুম্ভের অধোভাগ।

বাহিনী (বাহ্ [পরোক্ত সমুদায়ে দশাধিকা-ষ্টশত বাহ]+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, সেনাবিশেষ, ৮১ হস্তী, ৮১ শকট, ২৪৩ অশ্ব, এবং ৪০৫ পদাতি—এতাবৎ সংখ্যক সৈন্য। (অক্ষৌহিণী দেখ)। (বহ্ বহা +ইন্(ণিন্)—ক, ঈপ্) নদী।

বাহিনীপতি (বাহিনী সেনা, বা নদী—পতি প্রভু)-সং, পুং, সেনাপতি। সরিৎ-পতি, সমুদ্র। [বহির্দেশ।

বাহির (বহিস্ শব্দজ কি ?) সং, বহির্ভাগ,

বাহী (বাহিন্, বহ্ বহন করা+ইন্(ণিন্) —ক) বিং, ত্রিং, বহনকারী।

বাহীক (বাহ বহন+ঈক(ঈকণ্)—ক) সং, পুং, শকট। জাতিবিশেষ। দেশ-বিশেষ, পঞ্জাব। বিং, ত্রিং, বাহক, ভারী। (বহিস+ঈক(ষ্ণীক)—প্রং) বহিঃস্থিত।

বাহু (বহ্ বহন করা+উ(উণ্)—ক) সং, পুং, ভুজ, কক্ষ অবধি অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব। (Side) অঙ্কশাস্ত্রে—ত্রি-কোণাদির পার্শ্বরেখা।

বাহ্য (বহ্ বহন করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, বহনীয়। (+ঘ্যণ্—ণ) সং, ক্লীং, যান, বাহন। (বহিস্ বাহিরে+য(ষ্যঞ)—ভবার্থে) বিং, ত্রিং, বহিঃস্থিত। শিং—১ "যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।"

বাহ্যমান (বহ্-ণিচ=বাহি বহান+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্যমাণ, যাহা বাহিত হইতেছে।

বাহ্যসন্ধিত—যে সকল জীবের অবয়বের সন্ধি বাহিরে থাকে।

বাহ্যেন্দ্রিয় (বাহ্য বাহির—ইন্দ্রিয়) সং, ক্লীং, বহিরিন্দ্রিয়, চক্ষুঃ কর্ণ নাসিকা প্রভৃতি।

বাহ্লিক } (বল্‌হ্ দীপ্তি পাওয়া+
বাহ্লীক } ইকন্, ঈকন্—দি, ঋ) সং, পুং, দেশবিশেষ, তাতার দেশের অন্ত-পাতী বল্‌খ। তদ্দেশজ অশ্ব। গন্ধর্ব্ব-বিশেষ। ক্লীং, কুঙ্কুম। হিঙ্গু, হিং।

বি (বে বিস্তার করা+ই—ক, সংজ্ঞার্থে। যে পক্ষদ্বয় বিস্তার করে) সং, পুং—স্ত্রীং, পক্ষী। পুং, চক্ষুঃ। আকাশ। স্বর্গ।

বি (বা গমন করা+ই ডি)—ভা) অং, উপং, নিশ্চয়। বিপরীত। বিরুদ্ধ। বিষম। বিরক্তি। নিন্দা। অসম্মতি। অসহন। বিশেষ। প্রভেদ। কারণ, হেতু। অভাব। গতি। পরিভব। আলম্বন, অবলম্বন। নিগ্রহ। জ্ঞান। অব্যাপ্তি। ঈষৎ। শুদ্ধি। নিষেধ। বিরোধ। দান। পাদপূরণ। নিয়োগ। বৈপরীত্য। (+ই—ক) পুং—স্ত্রীং, পক্ষী। পুং, আকাশ। চক্ষুঃ।

বিউনি (বেণী শব্দজ) সং, বেণী, কেশবন্ধন-বিশেষ। (বীজন শব্দজ) বাতাস করা।

বিংশ (বিংশতি+অ(ডট্)—পুরণার্থে) বিং, ত্রিং, বিংশতির পুরণ।

বিংশক (বিংশতি+অক(ডক)—অবয়বার্থে) বিং, ত্রিং, বিংশতি সংখ্যা, কুড়ি, ২০।

বিংশতি (দ্বি—দশন) সং, স্ত্রীং, একবং, কুড়ি,বিশসংখ্যা। শিং—১ "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সংখ্যেয়সংখ্যয়োঃ। সং-খ্যার্থে দ্বিবহুত্বেস্তাসু চানবতেঃ স্ত্রিয়ঃ।" তৎসংখ্যাত।

বিংশতিতম (বিংশতি + তম(তমট্)—পুর-ণার্থে) বিং, ত্রিং, বিংশতির পুরণ।

বিক ; সং, ক্লীং, সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ।

বিকঙ্কত (বি—কন্‌ক্ গমনকরা+অত—ক, সংজ্ঞার্থে) সং, পুং, বঁইচগাছ, গ্রন্থিল।

বিকচ (বি না+কচ [কচ্ বন্ধন করা+ অ(অন্)—ভা] বন্ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রস্ফুটিত। (বি—কচ কেশ) কেশরহিত। সং, পুং, কেতু-গ্রহ। ধ্বজা, কেতু। ক্ষপণক। উলঙ্গ। রাক্ষস-বিশেষ। চা—স্ত্রীং, মহাশ্রাব-ণিকা।

বিকচ্ছ (বি না—কচ্ছ কাছা,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কচ্ছরহিত, কাছাহীন।

বিকট (বি—কট্ [আচ্ছাদন করা] বড় হওয়া ইত্যাদি+অ(অন্)—ক। অথবা বি +কটচ্—প্রং) বিং,ত্রিং বিশাল, বিপুল, বৃহৎ, বড়। ভয়ঙ্কর, ভয়ানক। দন্তী,

দন্তুর। বিকৃত। সুন্দর। সং, পুং, বিস্ফোটক। সাকুরুণ্ডবৃক্ষ। টা—স্ত্রীং, বজ্রবারাহী দেবী।

বিকত্থন—ক্লীং } ( বি বিপরীত কত্থ্ প্রশংসা করা+অনট্,
বিকত্থনা—স্ত্রীং } অন—ভাবে, আপ্) সং, ক্লীং, আত্মশ্লাঘা, মিথ্যা-শ্লাঘা, বৃথা-স্তুতি। ( +অন—ক ) বিং, ত্রিং, আত্মশ্লাঘী। শিং—১ "বিকত্থনাশ্চসন্তাজ্যাস্তথা স্যুঃ স্তুতিকারকাঃ।"

বিকম্পিত (বি বিশেষরূপে—কম্প্ কাঁপা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিশেষরূপে কম্পিত, অতিশয় চঞ্চল।

বিকর (বি প্রভেদ—কর করণ) সং, পুং, রোগ, পীড়া। [ভয়ানক।

বিকরাল (বি—করাল ভয়ানক) বিং, ত্রিং,

বিকর্ণ ( বি না। কর্ণ কাণ ) সং, পুং, দুর্য্যোধনের ভ্রাতা। বিং, ত্রিং, কর্ণরহিত।

বিকর্ণিক (বি অভাব, না—কর্ণ+ইক—প্রং। যে দেশ হইতে কর্ণ নির্ব্বাসিত হইয়াছিল) সং, পুং, পঞ্জাবের অন্তর্গত সারস্বত দেশ।

বিকর্ত্তন (বি—কৃৎ ছেদন করা+অন(অনট্)—র্ম্ম। পৌরাণিকেরা বলেন, সূর্য্যপত্নী সংজ্ঞা সূর্য্যের তেজ সহ্য করিতে না পারাতে বিশ্বকর্ম্মা কুন্দদ্বারা তাঁহার তেজ খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করেন) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। বিং, ত্রিং, ছেদনকারী, বিনাশক।

বিকর্ম্মকৃৎ } ( বিকর্ম্মন্ নিষিদ্ধকর্ম্ম—কৃৎ যে করে এবং স্থ [স্থা থাকা
বিকর্ম্মস্থ } +অ(ড)—ক] যে থাকে ) বিং, ত্রিং, নিষিদ্ধকর্ম্মকারী।

বিকর্ষ (বি প্রভিন্ন—কৃষ্ আকর্ষণ করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, শর, বাণ।

বিকর্ষণ (বি—কৃষ্ আকর্ষণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, আকর্ষণ, টানা।

বিকল (বি না—কলা চন্দ্রের ষোড়শাংশ ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অপ্রতিভ, বিহ্বল, অবশ। অসম্পূর্ণ, অসমগ্র। হ্রাসপ্রাপ্ত। কলাহীন। অস্বাভাবিক, অনৈসর্গিক। অসমর্থ। রহিত। হ্রাসপ্রাপ্ত। লা, লী—স্ত্রীং, ঋতুহীনা, নিবৃত্তরজস্কা স্ত্রী। ক্লীং, কলার ষোড়শাংশ।

বিকলাঙ্গ ( বিকল অবশ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, হীনাঙ্গ, খঞ্জ প্রভৃতি। অধিকাঙ্গ।

বিকলেন্দ্রিয় (বিকল অবশ—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার ইন্দ্রিয় অবশ। যাহার হস্তপদাদি ইন্দ্রিয়ের ন্যূনতা আছে।

বিকল্প (বি প্রভিন্ন—কল্প বিধান ইত্যাদি) সং, পুং, ভ্রম, ভ্রান্তি। সংশয়, সন্দেহ। বিপরীত কল্প। বিবিধ কল্পনা। বিভিন্ন কল্পনাবিশেষ। ইচ্ছানুযায়ী কল্পনাবিশেষ। ভেদবুদ্ধি-বিশেষ। ব্যাকরণে—বিভাষা অর্থালঙ্কারবিশেষ।

বিকল্পিত (বিকল্প+ইত—প্রং) বিং, ত্রিং, অনিয়মিত। বিবিধরূপে কল্পিত। সন্দিগ্ধ। বিভাষিত।

বিকস ( বি—কস্ গমন করা+অ—প্রং ) সং, পুং, চন্দ্র। সা—স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

বিকশিত } ( বি—কশ্, কষ্ কস্ বিকসিত হওয়া+ত(ক্ত)—ক)
বিকষিত } বিং, ত্রিং, প্রফুল্ল, [illegible]স্ফুটিত
বিকসিত } প্রকাশিত। ব্যক্ত।

বিকস্বর—শ্ব, স্ব (বিকসিত দেশ [illegible]র—ক, শীলার্থে) বিং, ত্রিং, বিকাস[illegible] প্রকাশশীল। বিসরণশীল। স্বরা—[illegible], রক্তপুনর্বা।

বিকার ( বি বিরুদ্ধ—কৃ করা+অ ঘঞ্) —ভা) সং, পুং, প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি। অস্বাস্থ্য, রোগ। স্খলন।

বিকার্য্য (বি বিরুদ্ধ—কৃ করা+য(ঘ্যণ্) —র্ম্ম) বিং, ত্রিং, বিক্রিয়ার যোগ্য, বিকারযোগ্য।

বিকাল } (বি [দৈবপৈত্রাদি কর্ম্মেতে]
বিকালক } বিরুদ্ধ—কাল সময়) সং, পুং, দৈবপৈত্রাদি কর্ম্মের বিরুদ্ধকাল, বৈকাল, অপরাহ্ণ।

বিকালিকা (বিকাল+ইক—প্রং,আপ্) সং, স্ত্রীং, তাম্রী, তাঁবী, জলঘড়ী।

বিকাশ, বিকাস, বীকাশ, বীকাস (বি—কাশ দীপ্তি পাওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং,

প্রকাশ। উল্লাস। প্রসার, বিস্তার। আকাশ। বিষমগতি। গোপন, বিজন।

বিকাশন, বিকাসন (বিকাশ দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, প্রকাশ। প্রস্ফুটন।

বিকাশী, বিকাসী (বিকাশিন্, বিকাশ + ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিকাশশীল, বিকস্বর। প্রসরণশীল। হর্ষযুক্ত, প্রফুল্ল, হৃষ্ট।

বিকির (বি প্রভিন্ন — কৃ বিক্ষেপ করা + অ (ক) — ক) সং, পুং, পক্ষী। (+ ক — র্ম্ম) কুশ। পূজাকালীন বিঘ্ন নিবারণার্থে ক্ষেপণীয় তণ্ডুলাদি। শিং — ১ "লাজচন্দনসিদ্ধার্থ ভস্মদূর্ব্বাকুশাক্ষতাঃ। বিকিরা ইতি সন্দিষ্টা সর্ব্ববিঘ্নৌবিনাশনাঃ।" (+ ক — ভাবে) বিকিরণ। অগ্নিদগ্ধাদির পিণ্ডদান। শিং — ১ "অসংস্কৃত প্রমীতানাং যোগিনাং কুলযোষিতাং। উচ্ছিষ্ট ভাগধেয়ং স্যাদ্দর্ভেষু বিকিরশ্চ যঃ।"

বিকিরণ (বি — কৃ বিক্ষেপকরা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বিক্ষেপণ। হিংসন। জ্ঞান। বিং, ত্রিং, কিরণ-রহিত।

বিকীর্ণ (বি — কৃ বিক্ষেপ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিক্ষিপ্ত। বিস্তৃত। বিস্তারিত, ছড়ান। শিং — ১ "বিললাপ বিকীর্ণমূর্দ্ধজা সমদুঃখামিব কুর্ব্বতী স্থলীং।" বিখ্যাত।

বিকীর্য্যমান (বি — কৃ বিক্ষেপ করা + আন (শান) — র্ম্ম) বিং, ত্রিং, যাহা বিক্ষেপ করা হইয়াছে।

বিকুক্ষি; সং, পুং, সূর্য্যবংশীয় ইক্ষ্বাকুরাজার পুত্র।

বিকুণ্ঠ; সং, ক্লীং, বৈকুণ্ঠ দেখ।

বিকুণ্ঠিত (বি — কুনৃঠ্ খোঁড়ান, বিকলহওয়া + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, কুণ্ঠীকৃত, আবড়া খাবড়া, ভোঁতা।

বিকুর্ব্বাণ (বি — কৃ করা + আন(শান) - ক) বিং, ত্রিং, হৃষ্ট, সন্তুষ্ট, সুখী। বিকৃতিপ্রাপ্ত।

বিকুস্র (বি — কস্ বিকসিত হওয়া + র — প্রং। অ = উ) সং, পুং, চন্দ্র।

বিকূণিকা (বি — কূণ্ শব্দ করা + অক(ণক) — প্রং, আপ্) সং, স্ত্রীং, নাসিকা, নাক।

বিকূণিত (বি — কূণ্ সঙ্কুচিত হওয়া + ত (ক্ত) — ভা) সং, ক্লীং, সঙ্কোচ। মুদ্রা। (+ ক্ত — ক) বিং, ত্রিং, সঙ্কুচিত। মুদ্রিত।

বিকৃত (বিকার দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিকারপ্রাপ্ত। অন্যথাকৃত। স্বভাবের অন্যথাভব প্রাপ্ত, বিকারবিশিষ্ট। ঘৃণিত। রুগ্ন, পীড়িত। অসম্পূর্ণ। মায়াবী। বিকট। বিকল। বীভৎস। সং, ক্লীং, বিকার।

বিকৃতি (বিকার দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, বিকার, প্রকৃতির অন্যথাভাব। রোগ, পীড়া।

বিকৃষ্ট (বি — কৃষ্ আকর্ষণ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, আকৃষ্ট। উদ্ধৃত।

বিকোষ, বিকোষিত (বি না — কোষ খাপ, আবরণ) বিং, ত্রিং, কোষ হইতে নিষ্কাশিত, খাপ হইতে বাহির করা।

বিক্ক (বিক্ক অনুকরণ শব্দ — ক [শব্দার্থ কৈ ধাতুজ] যে শব্দ করে) সং, পুং, করভ, হস্তিশাবক।

বিক্রম (বি — ক্রম্ [গমন করা] বলবান্ হওয়া ইত্যাদি + অ(অল্) — ভা) সং, পুং, শৌর্য্য, বীরত্ব। পরাক্রম। সামর্থ্য, শক্তি। সাহস। চলন। আক্রমণ। পক্ষীর গতি। (+ অল্ — ক) চরণ। বিক্রমাদিত্য রাজা। ত্রিবিক্রম বিষ্ণু। বৎসরবিশেষ।

বিক্রমাদিত্য, বিক্রমার্ক (বিক্রম সামর্থ্য — আদিত্য, অর্ক = সূর্য্য, ৭মী — য) সং, পুং, উজ্জয়িনীর রাজা, সংবৎনামে বর্ষ গণনার প্রবর্ত্তক।

বিক্রমী (— মিন্, বিক্রম শক্তি, সাহস + ইন্ — অস্ত্যর্থে। অথবা বি — ক্রম্ গমন করা + ইন্(ণিন্) — ক) সং, পুং, সিংহ। শূর, বীর। বিষ্ণু বিং, ত্রিং, পরাক্রমশালী, বিক্রান্ত। প্রভাবশালী।

বিক্রয় (বি — ক্রী দ্রব্যবদল করা + অ(অল্) — ভা) সং, পুং, মূল্যগ্রহণ ও স্বত্বত্যাগ পূর্ব্বক অর্পণ, বেচা।

বিক্রয়িক, বিক্রয়ী (বিক্রয় + ইক(ষ্ণিক)। বি — ক্রী ক্রয় করা + ইন্(ণিন্) — ক) বিং, ত্রিং, বিক্রয়কারী, বিক্রেতা।

বিক্রান্ত (বিক্রম দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং,

বিক্রমশালী, শূর, বীর। সং, পুং, সিংহ। ক্লীং, বৈক্রান্তমণি। (+ক্ত—ভা) বিক্রম।

বিক্রান্তি (বিক্রম দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিক্রম। প্রভা। অশ্বের গতিবিশেষ।

বিক্রিয়া (বিকার দেখ, য, আ—প্রং) সং, স্ত্রীং, বিকার, বিকৃতি।

বিক্রীড়িত (বি নানাবিধ—ক্রীড় খেলা করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, বিবিধ ক্রীড়া, নানাপ্রকার খেলা।

বিক্রীত (বিক্রয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বিক্রয় করা হইয়াছে, যাহা বেচা হইয়াছে।

বিক্রুষ্ট (বি—ক্রুশ্ [রোদন করা] কঠিন হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, কঠিন, নিষ্ঠুর, নির্দ্দয়। আক্রোশবিশিষ্ট, আক্রোশকারী। (+ক্ত—র্ম্ম) আহূত।

বিক্রেতা (বিক্রেতৃ, বিক্রয় দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, বিক্রয়কারক, যে বেচে।

বিক্রেয় (বিক্রয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রয়যোগ্য, যাহা বিক্রয় করা যাইতে পারে। পণ্য।

বিক্লব (বি—ক্লব্ ভীত হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিবশ। বিহ্বল। চঞ্চলচিত্ত। উদ্ভ্রান্ত। কাতর, ভীরু। ভীত। উপহত। অবধারণাসমর্থ। কর্ত্তব্যাকর্ত্তব্যনির্ণয়াসমর্থ। কিংকর্ত্তব্যবিমূঢ়। (+অল্—ভাবে) সং, পুং, ব্যাকুলতা। জড়তা। ঔদাস্য। ভ্রান্তি।

বিক্লিত্তি (বিক্লিন্ন দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অন্নাদির পাক। দ্রবীভাব। আর্দ্রতা।

বিক্লিন্ন (বি—ক্লিদ্ আর্দ্র হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জীর্ণ। আর্দ্র। দ্রবীভূত।

বিক্ষত (বি—ক্ষত আহত, বিদারিত) বিং, ত্রিং, আহত, আঘাতপ্রাপ্ত। ক্ষয়প্রাপ্ত। খণ্ডিত।

বিক্ষাব (বি—ক্ষু [হাঁচা] শব্দকরা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, শব্দ, ধ্বনি। কাশরোগ, কাশী।

বিক্ষিপ্ত (বি বিশেষরূপে, অধিকরূপে—ক্ষিপ্ত নিক্ষিপ্ত) বিং, ত্রিং, বিস্তারিত। ত্যক্ত। যাহার প্রতি ক্ষেপণ করা যায়। প্রেরিত। ক্লীং, যোগশাস্ত্রোক্ত চিত্তের অবস্থাবিশেষ।

বিক্ষিপ্তগতি—বিক্ষিপ্ত দ্রব্যের গতি, কোন বস্তু নিক্ষেপ করিলে সেই বস্তুর যে গতি জন্মে।

বিক্ষেপ (বিক্ষিপ্ত দেখ, ক্ষেপ নিক্ষেপ) সং, পুং, ত্যাগ। নিক্ষেপ, ক্ষেপণ। প্রসারণ। সঞ্চালন। ভয়। প্রেরণ। (+অল্—র্ম্ম) রাজস্ব। সঙ্গীতে—কোন একটী সুরে আঘাত করিয়াই সেই সুর হইতে এক দুই বা ততোধিক সুর ব্যবধানে বামহস্তের অঙ্গুলির ঘর্ষণযোগে অবিচ্ছেদে ঊর্দ্ধগতিতে যাওয়ার নাম বিক্ষেপ।

বিক্ষেপশক্তি; সং, স্ত্রীং, মায়ার শক্তিবিশেষ, যে শক্তি দ্বারা বিশ্ব প্রকাশ হয়; লৌকিক দৃষ্টান্তে রজ্জু সর্প স্থলে আবরণ শক্তি দ্বারা রজ্জুর স্বরূপ তিরোধান ও বিক্ষেপ শক্তি দ্বারা তাহাতে সর্পের আবির্ভাব হয়।

বিক্ষোভ (বি—ক্ষুভ্ চঞ্চল হওয়া, কাতর হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিদারণ। ক্ষোভ, দুঃখ। সংঘট্টন। কম্প, চাঞ্চল্য। ভয়। চিত্তোদ্ভ্রান্তি। উদ্রেক। ঔদাস্য। ঔৎকণ্ঠ্য।

বিখ, বিখু, বিখ্য (বি না—খ, খু, খ্য—নস বা নাসিকা শব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিগতনাসিক, খাঁদা।

বিখনাঃ (বিখনস্) সং, পুং, ব্রহ্মা।

বিখণ্ডিত (বি—খণ্ডিত কর্ত্তিত) বি ত্রিং, বিদীর্ণ। কর্ত্তিত, ছেদিত।

বিখুর (বি—খুর ছেদনকরা+অ(অন্)—ক) সং, পুং, রাক্ষস। চোর।

বিখ্যাত (বি বিশেষরূপে—খ্যা বলা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, খ্যাতাপন্ন, প্রসিদ্ধ।

বিখ্যাতি (বিখ্যাত দেখ, তি(ক্তি)—ভা) সং, পুং, প্রসিদ্ধ, সুখ্যাতি, যশঃ।

বিখ্যাপন (বি—খ্যা-ণিচ্=খ্যাপি বলান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ব্যাখ্যা। বিবরণ। বিজ্ঞাপন। প্রশংসা। কীর্ত্তি।

বিখ্, বিখ (বি না—খ্, খ=নাসিকাশব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নাসিকাহীন, খাঁদা। ছিন্ননাসিক।

বিগণন – ক্লীং } (বি – গণ্ সংখ্যা করা
বিগণনা – স্ত্রীং } + অন – ভা) সং,ঋণাদি পরিশোধ, ঋণমোচন। সংখ্যাকরণ গণনা অবজ্ঞা। [সংখ্যাত। ঋণমুক্ত। মান্য।

বিগণিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং,

বিগত (বি – গম্ গমন করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, অতীত। নষ্ট। প্রস্থিত। কিষ্প্রভ। সম্পাদিত। ভূত। মলিন। ক্লীং, পক্ষীর গতিবিশেষ।

বিগতার্ত্তবা (বিগত – আর্ত্তব স্ত্রীরজঃ, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, নিবৃত্তরজস্কা-স্ত্রী।

বিগম (বি – গম্ গমন করা + অ(অল) – ভা) সং, পুং, অপগম, নিবৃত্তি। নাশ। প্রস্থিতি। নিষ্পত্তি। ক্ষান্তি।

বিগর্হণ – ক্লীং } (বি – গর্হ্ নিন্দা করা
বিগর্হণা – স্ত্রীং } + অন(অনট্), অন – ভা, আপ্) সং, নিন্দা,তিরস্কার, ভর্ৎসনা। অপবাদ। কলঙ্ক।

বিগর্হিত (বিগর্হণ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত, ভর্ৎসিত, দূষিত। নিষিদ্ধ। (+ক্ত – ভাবে) সং, ক্লীং, নিন্দা।

বিগলিত (বি – গল্ ক্ষরিত হওয়া + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, পতিত। স্খলিত। যথা – "বিগলিতবসনং পরিহৃতরসনং ঘটয় জঘনমপিধানং।" ক্ষরিত, যাহা গলিয়া পড়িতেছে। ভ্রষ্ট। স্থানচলিত।

বিগাঢ় (বি – গাহ বিলোড়ন করা, অবগাহন করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, স্নাত, মগ্ন। প্রৌঢ়, প্রবৃদ্ধ। কঠিন, ঘন।

বিগান (বি বিরুদ্ধ – গৈ গান করা + অন (অনট্) – ভা) সং, স্ত্রীং, নিন্দা, অপযশ।

বিগাহ (বিগাঢ় দেখ, অ(অল্) – ভা) সং, পুং, অবগাহন, স্নান। বিলোড়ন।

বিগাহমান (বিগাঢ় দেখ,আন(শান)-ক) বিং, ত্রিং, বিলোড়নকারী। অবগাহনকারী।

বিগীত (বি বিরুদ্ধ – গীত) বিং, ত্রিং, নিন্দিত, গর্হিত, অপবাদিত।

বিগুণ (বি বিরুদ্ধ – গুণ উৎকর্ষ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, বিকৃত। গুণরহিত। শিং – ১"বিগুণেষপি পুত্রেষু ন মাতা বিগুণা ভবেৎ।"

বিগূঢ় (বি – গুহ্ গোপন করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, গুপ্ত। নিন্দিত, গর্হিত।

বিগোচ (বি বিগত – গোচ গুচ্ছ শব্দজ) বিং, ত্রিং, বিশৃঙ্খল।

বিগ্ন (বিজ্ ভীত বা কম্পিত হওয়া + ত (ক্ত) – ক) বিং, ত্রিং, ভীত। উদ্বিগ্ন।

বিগ্র (বি না – গ্র নাসিকা শব্দজ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, ছিন্ননাসিক, নাসিকাবিকল, খাঁদা।

বিগ্রহ (বি নানাবিধ [সুখাদি] – গ্রহ্ গ্রহণ করা + অ(অল্) – ভা) সং,পুং, শরীর, দেহ। মূর্ত্তি। দেবমূর্ত্তি। সমাসের বাক্য। বিস্তার। বিভাগ। বিশেষজ্ঞান। শিং – ১ "অবিগ্রহা গতাদিস্থা যথা গ্রামাদি কর্ম্মভিঃ।" পুং – ক্লীং, যুদ্ধ। বিবাদ,কলহ। প্রহার। বৈর। বিপ্রিয়। শিং – ১ "বিগ্রহাচ্চ শয়নে পরাঙ্মুখীঃ নানুনেতুমবলাঃ সত্বরে।" [ভাগ] সং,ক্লীং, পৃষ্ঠ, পিঠ।

বিগ্রহাবর (বিগ্রহ শরীর – অবর পশ্চা-

বিঘটন (বি – ঘট্ [চেষ্টা করা] বিভিন্ন হওয়া ইত্যাদি + অন(অনট্) – ভা) সং, ক্লীং, বিশ্লেষ, অসংযোগ। ব্যাঘাত। বিরোধ। বিকাশ।

বিঘটিকা (বি বিভাগ – ঘটিকা ঘড়ী) সং, স্ত্রীং, পল, ২৪ সেকেণ্ড।

বিঘটিত (বি – ঘট্ ·ণিচ্ = ঘটি + ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, বিকাসিত। বিশ্লেষিত, বিচ্ছিন্ন। ব্যাহত। বিশেষরূপে রচিত।

বিঘট্টন (বি – ঘট্ট্ [চঞ্চল হওয়া] অভিহত হওয়া + অন(অনট্) – ভা) সং, ক্লীং, বিশ্লেষ, বিস্রংসন। অভিঘাত, আঘাত। সঞ্চালন। লাড়াচাড়া। দৃঢ়সংযোগ।

বিঘট্টিত (বিঘট্টন দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, মথিত। অভিহত। সঞ্চালিত, লাড়াচাড়া। বিশ্লেষিত।

বিঘত (বিতস্তি শব্দজ কি?) সং, দ্বাদশ অঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত।

বিঘস (বি বিশেষরূপে – অদ্ ভোজন করা + অ(অল্) – ভাবে, অদ্ স্থানে ঘস্) সং, পুং, আহার, ভোজন। ভোজনাবশিষ্ট। ক্লীং, মোম।

বিঘসাশী (—শিন্) "যাহারা প্রাতঃকালে ও সায়ংকালে পিতৃলোক অতিথি দেবতা ও আত্মীয়গণকে অন্ন প্রদান পূর্ব্বক স্বয়ং অবশিষ্ট অন্ন ভোজন করে তাহার নাম বিঘসাশী। [কুড়া, ২০ কাঠা।
বিঘা (দেশজ) সং, ভূমির পরিমাণবিশেষ।
বিঘাত (বি—হন্ নাশ করা ইত্যাদি+অ (ঘঞ্)—ভা) সং, পুং, বিঘ্ন, বাধা। ব্যাঘাত। বারণ। আঘাত। বিনাশ।
বিঘাতক (বিঘাত দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, ব্যাঘাতক। আঘাতকারী। বিনাশক।
বিঘাতী (বিঘাতিন্, বিঘাত+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বাধাদায়ক, ব্যাঘাতক। ঘাতক। বিনাশকারী। নিবারক। (বিঘাত+ইন্) নষ্ট। ব্যাহত। ধ্বস্ত।
বিঘোষণ (বি—ঘুষ্ ঘোষণা করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, ঘোষণা করা, ইতস্ততঃ জানান।
বিঘ্ন (বি—হন্ বধ করা+অ(ক)—ণ। যাহার দ্বারা কার্য্য সিদ্ধির নাশ হয়) সং, পুং, প্রত্যূহ, প্রতিবন্ধ, বাধা, ব্যাঘাত।
বিঘ্ননায়ক, বিঘ্নবিনায়ক, বিঘ্ননাশন, বিঘ্নবিনাশন, বিঘ্নরাজ, বিঘ্নেশ, বিঘ্নহারী (বিঘ্ন—না-য়ক [নী ল-ওয়া+অক—ক] যে লয়, ২য়া—ষ। বিঘ্ন—নায়ক [বি—নী "অশুদ্ধ" শাসন করা+অক—ক] শাস্তা, ৬ষ্ঠী—ষ। বিঘ্ন—নাশক, নাশন=যে নাশ করে, ২য়া—ষ। বিঘ্ন—রাজ রাজন্ শব্দজ। যিনি বিঘ্নের রাজা অর্থাৎ শাস্তা, ৬ষ্ঠী—ষ। বিঘ্ন—ঈশ, যিনি বিঘ্ন সকলের ঈশ অর্থাৎ শাস্তা, ৬ষ্ঠী—ষ। বিঘ্নহারিন্, বিঘ্ন—হারিন্ যে হরণ করে, ২য়া—ষ) সং, পুং, গণেশ।
বিঘ্নিত (বিঘ্ন+ইত—জাতার্থে) বিং, ত্রিং, প্রতিহত, ব্যাহত।
বিঘ্ন; সং, পুং, অশ্বের খুর।
বিচকিল (বি—চক প্রতীঘাত করা+ইল—ণ) সং, পুং, মল্লিকাপুষ্পবিশেষ। মদন-বৃক্ষ।
বিচক্ষণ (বি—চক্ষ্ [জ্ঞান পূর্ব্বক] বলা+ +অন—ক) বিং, ত্রিং, জ্ঞানী। বিদ্বান্, পণ্ডিত। বক্তা। দক্ষ, নিপুণ। কুশল। পটু।
বিচক্ষুঃ (বিচক্ষুস্, বি না—চক্ষুস্ নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চক্ষুহীন। বিমনাঃ, উদ্বিগ্ন।
বিচয়—পুং, বিচয়ন—ক্লীং (বি—চি একত্র করা +অ(অল), অন(অনট্) ভা) সং, অন্বেষণ, অনুসন্ধান। চয়ন। একত্রীকরণ।
বিচর্চ্চিকা (বি—চর্চ্চ্ বলা+অক(ণক)—ক, আপ্) সং, স্ত্রীং, কচ্ছুরোগ, পাচড়া প্রভৃতি।
বিচল, বিচলিত (বি—চল্ গমন করা+অ (অন্),ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্খলিত। চ্যুত। ভ্রষ্ট। অস্থির, চঞ্চল। কম্পিত, চলিত।
বিচার (বি—চর্ [গমন করা] নির্ণয় করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, তত্ত্বনির্ণয়, যাথার্থ্যনির্ণয়। নিষ্পত্তি, মীমাংসা। বিবেচনা।
বিচারক (বি—চর্-ণিচ্=চারি—অক(ণক)—ক) সং, পুং, মীমাংসাকারক, নিষ্পত্তি-কারক, বিচারকর্ত্তা, জজ মাজিষ্ট্রেট্ প্রভৃতি।
বিচারণ—ক্লীং, বিচারণা—স্ত্রীং (বি—চারি [গমনকরান] বিবেচনাকরা+অন(অ-(অনট্), অন—ভাবে, আপ্) সং, স্ত্রীং, বিচার। বিবেচনা। ণা—স্ত্রীং, মীমাংসা শাস্ত্র।
বিচারণীয় (বিচারণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বিচার্য্য, বিচারযোগ্য। শাস্ত্র।
বিচারিত (বি—চর্-ণিচ্—চারি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচিত, মীমাংসিত। নির্ণীত কল্পিত।
বিচারী (বিচারিন্, বিচার দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বিচারকারক। কর্ত্তব্যাক-র্ত্তব্যনির্দ্ধারণকর্ত্তা।
বিচার্য্য (বিচারণ দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, বিচার করিবার যোগ্য, বিবেচ্য।
বিচাল (বি—চল্ গমন করা+অ(ঘঞ্)—র্ম্ম) বিং, ত্রিং, অভ্যন্তরস্থ, মধ্যবর্ত্তী।

**বিচিকিৎসা** (বি—কিৎ সংশয় করা+স—ভাবে, আপ্) সং,স্ত্রীং, সন্দেহ,সংশয়।

**বিচিত** (বিচয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অন্বিষ্ট, যাহা অন্বেষণ করা যায়।

**বিচিত্র** (বি—চিত্র্ বিচিত্র করা, বিস্ময়াপন্ন করা+অ(অল্)—র্ম্ম) সং,ক্লীং, নানাবর্ণ। অর্থালঙ্কারবিশেষ। বিং, ত্রিং, নানাবর্ণবিশিষ্ট। রম্য, সুন্দর। আশ্চর্য্য, বিস্ময়কর। ত্রা—স্ত্রীং, মৃগের্ব্বারু।

**বিচিত্রক** ; সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।

**বিচিত্রদেহ** (বিচিত্র [নানা বর্ণে] চিত্রিত, সুন্দর—দেহ শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নানাবর্ণ বা সুন্দর দেহবিশিষ্ট। সং, পুং, মেঘ।

**বিচিত্রবীর্য্য** (বিচিত্র বিস্ময়কর—বীর্য্য শৌর্য্য, ৬ষ্ঠী—হিং) সং, শান্তনু রাজার পুত্র।

**বিচিত্রবীর্য্যসূ** (বিচিত্রবীর্য্য শান্তনুরাজপুত্র—সূ জননী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বিচিত্রবীর্য্যের মাতা, সত্যবতী।

**বিচিত্রাঙ্গ** (বিচিত্র চিত্রিত, সুন্দর—অঙ্গ দেহ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, ময়ূর। ব্যাঘ্র। বিং, ত্রিং, মনোহর দেহ।

**বিচিত্রিত** (বিচিত্র+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নানাবর্ণবিশিষ্ট।

**বিচিন্ত্যমান** (বি—চিন্তি ভাবনা করা+আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিন্তিত হইতেছে।

**বিচেতন** (বি না—চেতনা জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অচেতন, চৈতন্যশূন্য। অবিবেকী।

**বিচেতাঃ** (বিচেতস্, বি বিপরীত, বিরক্ত—চেতস্ মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিমনাঃ, উদ্বিগ্নচিত্ত। অসুখী। অজ্ঞ।

**বিচেয়** (বিচয় দেখ, য—র্ম্ম) বিং,ত্রিং, অন্বেষণীয়, অন্বেষণযোগ্য। অম্ল।

**বিচেষ্টিত** (বি—চেষ্টিত [ক্ত—ভাবে] অন্বেষিত) সং, ক্লীং, বিবর্ত্তন, অঙ্গপরিবর্ত্তন, লুণ্ঠন। বিশেষচেষ্টা। ব্যাপার, ক্রিয়া। বিং, ত্রিং, চেষ্টারহিত। (+ক্ত—র্ম্ম) অন্বেষিত।

**বিচ্ছন্দক** } (বি—ছন্দ অভিলাষ+কন্
**বিচ্ছর্দ্দক** } —যোগ। বি—ছৃদ্ দীপ্তি পাওয়া+অক—প্রং) সং, পুং, দেবালয়বিশেষ, উপরি উপরি নির্ম্মিত দেবগৃহ।

**বিচ্ছর্দ্দি** (বি—চ্ছর্দ্দ্ বমনকরা+অ(অল্)—ভাবে) সং, পুং, সমূহ, রাশি।

**বিচ্ছায়** (বি পক্ষী, অভাব—ছায়া, ৬ষ্ঠী—ষ+ব্যং—স) সং, ক্লীং, পক্ষিচ্ছায়া। ছায়াভাব। পুং, (বিশিষ্টকান্তিযুক্ত বলিয়া) মণি। বিং, ত্রিং, ছায়া-রহিত।

**বিচ্ছিত্তি** (বি—ছিদ্ ছেদন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিচ্ছেদ। অঙ্গরাগ। বৈশিষ্ট্য, চমৎকার। বিনাশ। বৈচিত্র্য, বিচিত্রতা। স্ত্রীলোকের হারবিশেষ। স্ত্রীলোকের শোভাজনক অঙ্গভূষণ রচনা। শিং—১ "আকল্পকল্পনাল্পাপি বিচ্ছিত্তিঃ কান্তিপোষকৃৎ।"

**বিচ্ছিন্ন** (বি—ছিদ্ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিভক্ত। বিযুক্ত, বিভিন্ন। ছিন্নভিন্ন। বিনষ্ট। সমালব্ধ।

**বিচ্ছুরিত** (বি—ছুর্ রঞ্জিত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুলিপ্ত, ম্রক্ষিত। অনুরঞ্জিত।

**বিচ্ছেদ** (বি—ছিদ্ ছেদন করা+অ(ঘঞ্)—ভা) সং,পুং, বিরহ, বিয়োগ। বিভাগ। অভাব। বিভিন্নতা, পার্থক্য। সন্ততিরাহিত্য। (+ঘঞ্—র্ম্ম) খণ্ড।

**বিচ্যুত** (বি—চ্যু পতিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ভ্রষ্ট, পতিত, স্খলিত। বিশিষ্ট ক্ষরিত।

**বিচ্যুতি** (বিচ্যুত দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, ভ্রংশ, পতন, স্খলন। বিশ্লেষ। ক্ষরণ।

**বিছা** (বৃশ্চিক শব্দজ) সং, অলি, কীটবিশেষ।

**বিছানা** (দেশজ) সং, শয্যা, আস্তরণ।

**বিজন** (বি না—জন, ৭মী—হিং) বিং, ত্রিং, নির্জ্জন, বিবিক্ত, রহঃ।

**বিজনন** (বি—জন্ জন্মান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উৎপত্তি, জন্ম। উদ্ভব। প্রসব।

**বিজন্মা** (বিজন্মন্, বি বিরুদ্ধ—জন্মন্, ৬ষ্ঠী

—হিং) বিং, ত্রিং, অনুজাত, বিজাত, জারজ।

বিজপিল ; সং, ক্লীং, কৰ্দ্দম, পঙ্ক। শিং—১ "পিচ্ছলং স্যাৎ বিজপিলং পঙ্কঃ শাদো নিষদ্বরঃ।"

বিজয় (বি—জি জয় করা+অ(অল্)—ভাবে) সং, পুং, জয়, জিৎ। (+অন্—ক। মহাভারতে—"আমি সমরাঙ্গনে রণবিশারদ বীরগণকে পরাজয় না করিয়া প্রতিনিবৃত্ত হই না, এই কারণে লোকে আমাকে বিজয় বলিয়া থাকে") অর্জ্জুন। যম। বিমান। কল্কিপুত্র। য়া—স্ত্রীং, দুর্গা। শিং—১ "বিজিত্য পদ্মনামানং দৈত্যরাজং মহাবলম্। বিজয়া তেন সা দেবী লোকেচৈবাপরাজিতা।" দুর্গার সখীবিশেষ। তিথিবিশেষ, শ্রবণা নক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশী। বিজয়া-দশমী। বিশ্বামিত্র মুনির বিদ্যাবিশেষ। যমের ভার্য্যা। হরীতকী। বচা। জয়ন্তী। শেফালিকা। মঞ্জিষ্ঠা। শমীবিশেষ। অগ্নিমন্থ। সিদ্ধি, ভাঙ্।

বিজয়কুঞ্জর (বিজয় জয়—কুঞ্জর হস্তী, ৪র্থী—ষ) সং, পুং, রাজবাহ্য হস্তী।

বিজয়মর্দ্দল (বিজয় জয়—মর্দ্দল ঢক্কা) সং, পুং, জয়ঢাক।

বিজয়াধূম ; সং, পুং, গাঁজা।

বিজয়াবহ (বিজয় জয়—আবহ [আ—বহ্ "বহা" জন্মান+অ(অন্)—ক] উৎপাদক) বিং, ত্রিং, জয়সূচক।

বিজয়ানপ্তমী ; সং, স্ত্রীং, শুক্ল পক্ষের সপ্তমীতে যদি রবিবার হয়।

বিজয়ী (বিজয়িন্, বিজয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জয়যুক্ত, জয়প্রাপ্ত।

বিজর (বি না—জরা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জরারহিত। [সৌদামিনী।

বিজলী (বিদ্যুৎ শব্দজ কি?) সং, তড়িৎ,

বিজল্প (বি—জল্প্ বলা+অ(অল্)—ভাবে) সং, পুং, বাক্যবিশেষ। শিং—১ "ব্যক্তাসূয়য়া গূঢ়মানমুদ্রান্তরালয়া। অঘদ্বিধি কটাক্ষোক্তির্বিজল্পো বিদুষাং মতঃ।"

বিজাত (বি বিরুদ্ধ—জাত [অপর কর্তৃক] উৎপন্ন) বিং, ত্রিং, জারজ, বিরুদ্ধজন্মা, বিজন্মা, অনুজাত। তা—স্ত্রীং, যে স্ত্রীর সন্তান হইয়াছে।

বিজাতীয় (বি ভিন্ন—জাতি+ঈয়(ণীয়)—প্রং) বিং, ত্রিং, বিভিন্নধর্ম্মাক্রান্ত।

বিজিগীষা (বি—জি জয় করা+সন্—ই-চ্ছার্থে, আপ্) সং, স্ত্রীং, জয়েচ্ছা। ব্যবহার।

বিজিগীষু (বিজিগীষা দেখ, উ—ক) বিং, ত্রিং, জয়েচ্ছু, যে ব্যক্তি জয় করিতে ইচ্ছা করে। শিং—১ "জেতুমেষণশীলশ্চ বিজিগীষুরিতি স্মৃতঃ।"

বিজিগ্রাহয়িষু (বি—গ্রহ্-ণিচ্=গ্রাহি গ্রহণ করান+সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, যুদ্ধ করাইতে ইচ্ছু।

বিজিঘৃক্ষু (বিজিঘৃক্ষ [বি—গ্রহ্ গ্রহণ করা +সন্—ইচ্ছার্থে, অ—প্রং] বিগ্রহ করিতে ইচ্ছা করা+উ—ক) বিং, ত্রিং, বিগ্রহ করিতে ইচ্ছুক, যুদ্ধ করিতে অভিলাষী।

বিজিত (বি—জি জয় করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাভূত, পরাজিত, যাহাকে জয় করা হইয়াছে।

বিজিন } (বিজ্ কম্পিত হওয়া+ইন্,
বিজিল } ইল—প্রং) বিং, ত্রিং, [illegible]যুক্ত
বিজিবিল } ব্যঞ্জনাদি।

বিজিহীর্ষা (বি—হৃ [হরণ করা বিহার করা ইত্যাদি+সন্—ইচ্ছার্থে [illegible]—ভা, আপ্) সং, স্ত্রীং, বিহার করিব[illegible]র ইচ্ছা।

বিজিহীর্ষু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, বিহার করিতে ইচ্ছুক।

বিজিহ্ম (বি—জিহ্ম বক্র) বিং, ত্রিং, বক্র, কুটিল, বাঁকা। শূন্য। অপ্রসন্ন।

বিজৃম্ভণ (বি—জৃম্ভ্ হাইতোলা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, ইচ্ছা। বিকাশ। বিস্তার। হাইতোলা।

বিজৃম্ভমাণ (বিজৃম্ভণ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, বিকাশমান, প্রকাশশীল।

বিজৃম্ভিত (বিজৃম্ভণ দেখ, ক্ত—ভাবে) সং, ক্লীং, বিজৃম্ভণ। বিলসিত। (+ক্ত—ক) বিং, ত্রিং, বিকসিত। (+ক্ত—র্ম্ম) বিস্তারিত। ব্যাপ্ত।

বিজেতা (বিজেতৃ, বি—জি জয় করা+তৃন্—ক) সং, পুং, জয়ী, জয়কর্ত্তা।
বিজেয় (বিজেতা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, জয় করিবার যোগ্য।
বিজ্জল; সং, ক্লীং, শর, বাণ। বিং, ত্রিং, সরসব্যঞ্জনাদি।
বিজ্ঞ (বি বিশেষরূপে—জ্ঞা জানা+অ(ড)—ক) বিং, ত্রিং, প্রবীণ। বিচক্ষণ, জ্ঞানী, বিশেষজ্ঞ। নিপুণ।
বিজ্ঞবুদ্ধি; সং, স্ত্রীং, জটামাংসী।
বিজ্ঞপ্তি } (বি বিশেষরূপে—জ্ঞপ্,
বিজ্ঞাপ্তি } জ্ঞা-ণিচ=জ্ঞাপি জানান+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, নিবেদন, বিশেষ জ্ঞাপন, বৃত্তান্তকথন।
বিজ্ঞব্রুব (বিজ্ঞ—ব্রূ বলা+অ—প্রং) বিং, ত্রিং, যে ব্যক্তি বিজ্ঞ না হইয়াও বিজ্ঞ বলিয়া আপনার পরিচয় দেয়।
বিজ্ঞাত (বি—জ্ঞা জানা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, খ্যাত, বিখ্যাত। বিদিত, অবগত।
বিজ্ঞান (Science, বি বিশেষ, সামান্য কিংবা বিবিধ, বিরূপ—জ্ঞান অবরোধ) সং, ক্লীং, পদার্থের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র; যথা—জ্যোতির্ব্বিদ্যা। জ্ঞান। তত্ত্বজ্ঞান। শিল্পাদি জ্ঞান, চিত্রাদি এবং ব্যাকরণাদি জ্ঞান, ঘটপটাদি জ্ঞান। মায়াবৃত্তিবিশেষ। বেদান্তোক্ত—অবিদ্যাবৃত্তিবিশেষ। বৌদ্ধমতে—আত্মরূপজ্ঞান। শিং—১ "চতুর্দ্দশানাং বিদ্যানাং ধারণং হি যথার্থতঃ। বিজ্ঞানমিতরং বিদ্যাৎ যেন ধর্ম্মো বিবর্দ্ধতে।"
বিজ্ঞানপাদ; সং, পুং, বেদব্যাস।
বিজ্ঞানময়কোষ; সং, পুং, পঞ্চজ্ঞানেন্দ্রিয় সহিত বুদ্ধি।
বিজ্ঞানমাতৃক; সং, পুং, বুদ্ধ।
বিজ্ঞানিক (বিজ্ঞান+ইক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, বিজ্ঞানশাস্ত্রে নিপুণ। বিজ্ঞ, বিচক্ষণ।
বিজ্ঞাপন—ক্লীং } (বি—জ্ঞপ্-ণিচ=জ্ঞাপি
বিজ্ঞাপনা—স্ত্রীং } জানান+অন(অনট্)—ভা) সং, জানান, বিদিতকরণ, নিবেদন।
বিজ্ঞাপনী (Report, বি—জ্ঞাপি+অনট্—ণ) সং, স্ত্রীং, বাচিক অথবা লিপি-দ্বারা কোন বিষয় আবেদন করা, রিপোর্ট। দরখাস্ত, জ্ঞাপনপত্রী।
বিজ্ঞাপিত (বিজ্ঞাপন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবেদিত, যাহা জানান হইয়াছে।
বিজ্ঞেয় (বি—জ্ঞা জানা+য—র্ম্ম) বিং, ত্রিং, জানিবার যোগ্য, জ্ঞাতব্য।
বিঝর্ঝর; বিং, ত্রিং, কর্কশ।
বিঞ্জোলী; সং, স্ত্রীং, শ্রেণী, পঙক্তি, সারি।
বিট (বিট্ গালি দেওয়া, শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, ধূর্ত্ত। শিং—১ "বিটঃ বিপটমস্মুং দদস্ব তস্যৈ।" কামুক, লম্পট। কামতন্ত্রকলা কোবিদ। লবণবিশেষ। পর্ব্বতবিশেষ। খদিরবিশেষ। মূষিক। বিস্তার। নারঙ্গবৃক্ষ।
বিটঙ্ক (বি পক্ষী বা বিশেষরূপে—টঙ্ক্ বন্ধন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং—ক্লীং, কপোতপালিকা, পায়রার খোপ। পক্ষীর উপবেশনযোগ্য স্থান।
বিটপ (বিট্ শব্দ করা+অপ(কপন্)—ক, সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, শাখা, ডাল। পল্লব, ছোট ডাল, ফেকুড়ি। বিস্তার। স্তম্বগুচ্ছ। (বিট্—পা পালন করা+অ(ড)—ক) বিং, ত্রিং, বিটপালক। সং, পুং, ষিড়্গ, অতিশয় লম্পট। আদিত্যপত্র।
বিটপী (বিটপিন্, বিটপ শাখা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, তরু, শাখী। বটবৃক্ষ।
বিটপ্রিয়; সং, পুং, মুদ্গরবৃক্ষ।
বিটমাক্ষিক; সং, পুং, ধাতুবিশেষ।
বিটল (দেশজ) বিং, দুষ্ট, প্রতারক।
বিটি; সং, পুং, পীতবর্ণ চন্দন।
বিট্খদির (বিষ্ বিষ্ঠা—খদির খয়েরগাছ) সং, পুং, গুয়ে বাবলার গাছ।
বিট্চর (বিষ্ বিষ্ঠা—চর যে চরে) সং, পুং, গ্রাম্য শূকর।
বিট্পতি (বিশ্ কন্যা, বৈশ্য—পতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জামাতা, কন্যার পতি। প্রধান বাণিজ্য ব্যবসায়ী।
বিট্সারিকা (বিষ্ বিষ্ঠা—সারিকা পক্ষিণীবিশেষ) সং, স্ত্রীং, গুয়েসালিক।
বিঠর; সং, পুং, বাগ্মী।

বিড় (বিড় ভেদ করা + অ(ক) – ক) সং, ক্লীং, লবণবিশেষ, বিট্‌লবণ।

বিড়ঙ্গ (বিড় ভেদ করা + অঙ্গ(অঙ্গচ) – ক, সংজ্ঞার্থে) সং, পুং, – ক্লীং ঔষধবিশেষ। বিং, ত্রিং, অভিজ্ঞ, বিজ্ঞ।

বিড়ম্বন – ক্লীং, বিড়ম্বনা – স্ত্রীং (বি – ডম্বৃ [প্রেরণ করা] ক্লেশ দেওয়া ইত্যাদি + অন(অনট্), অন – ভাবে, আপ্) সং, যন্ত্রণা, ক্লেশ। অনুকরণ, সদৃশীকরণ। বঞ্চনা, প্রতারণা।

বিড়ম্বিত (বিড়ম্ব দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, দুঃখিত, ক্লেশিত। অনুকৃত, সদৃশীকৃত। বঞ্চিত, প্রতারিত।

বিড়াল – পুং, বিড়ালী – স্ত্রীং (বিড় [ইন্দুর সকল] ভেদ করা + আল(কালন্) – ক, ঈপ্) সং, মার্জ্জার, বিড়াল। নেত্রপিণ্ড।

বিড়ালক (বিড়াল + ক(কণ্) – যোগ সং, পুং, নেত্রৌষধবিশেষ।

বিড়ালপদ ; সং, পুং, তোলকদ্বয় পরিমাণ, দুই তোলা।

বিডীন (বি – ডীন উড়ন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ।

বিড়ুল ; সং, পুং, বেতসলতা, বেতগাছ।

বিড়োজাঃ, বিড়ৌজাঃ (বিড়োজস্, বিড়ৌজস্, বিষ + ০(ক্বিপ্) – ক = বিড় বজ্র দ্বারা বিদীর্ণ পর্ব্বতের খণ্ড – ওজস্ তেজঃ) সং, পুং, ইন্দ্র।

বিড়্জ (বিষ্ বিষ্ঠা – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত) বিং, ত্রিং, বিষ্ঠাজাত।

বিড়্বরাহ (বিষ বিষ্ঠা – বরাহ শূকর) সং, পুং, গ্রাম্যশূকর।

বিতংস (বি – তন্স্ ভূষিত করা + অ(অল্) – ণ) সং, পুং, পক্ষিবন্ধনরজ্জু প্রভৃতি।

বিতণ্ডা (বি – তণ্ড্ [আঘাত করা] তর্ক করা + অ – ভাবে, আপ্) সং, স্ত্রীং, বিতর্ক, মিথ্যা বিচার, স্বমত ব্যবস্থাপন হউক বা না হউক কেবল পরমত খণ্ডনার্থ যে বাগাড়ম্বর। দর্ব্বী, হাতা। কচুশাক। শিলাহ্রদয়। করবীরী।

বিতত (বি – তত বিস্তৃত) বিং, ত্রিং, বিস্তৃত, প্রসারিত। ব্যাপ্ত। বীণাদি বাদ্য।

বিততি (বি – তন্ বিস্তৃত হওয়া + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, বিস্তার। ব্যাপ্তি। সমূহ। দল।

বিতথ (বি গত – তথ্য সত্য, যৌ – হিং, য – লোপ) বিং, ত্রিং, বিফল। মিথ্যা, অসত্য, অলীক।

বিতথ্য (বিতথ + য(ষ্যঃ) – স্বার্থে) বিং, ত্রিং, অসত্য।

বিতক্রু (বি – তম্ ইচ্ছা করা + রু – র্ম্ম, দ্ – আগম) সং, স্ত্রীং, পঞ্জাব-দেশীয় নদীবিশেষ।

বিতন্বৎ (বি – তন্ বিস্তার করা + অৎ(শতৃ) – ক) বিং, ত্রিং, বিস্তারক। উৎপাদক।

বিতরণ (বি – তৄ [পার হওয়া] দান করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, দান, অর্পণ। বণ্টন, বাঁটিয়া দেওন।

বিতর্ক (বি – তর্ক্ তর্ক করা + অ(অল্) – ভা) সং, পুং, বাদানুবাদ, তর্ক, বিচার। আলোচনা। সন্দেহ, সংশয়। অনুমান।

বিতর্দ্দি, বিতর্দ্দী (বি – তর্দ্দ্ [হিংসা করা] উপবেশনকরা + ই – র্ম্ম, সংজ্ঞার্থে। যে অশুভ নাশ করে) সং, স্ত্রীং, বেদিকা, বেদী। মঞ্চ। চৌকী।

বিতর্দ্দিকা (বিতর্দ্দি দেখ, কণ্ – যোগ, আপ্) সং, স্ত্রীং, বেদী। মঞ্চ।

বিতল (বি – তল্ [প্রতিষ্ঠিত হওয়া] নিম্ন হওয়া + অ(অন্) – ক) সং, ক্লীং, সপ্তপাতালের দ্বিতীয় পাতাল।

বিতস্তা (পশ্চাৎ দেখ, ত(ক্ত) – প্রং, আপ্) সং, স্ত্রীং, পঞ্জাবের অন্তর্গত [illegible]বিশেষ, ঝিলম্।

বিতস্তি (বি – তস্ উৎক্ষেপণ করা + তি(ক্তি) – র্ম্ম) সং, পুং – স্ত্রীং, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, বিঘৎ, আদ হাত।

বিতান (বি – তন্ বিস্তার করা + অ(ঘঞ্) – র্ম্ম) সং, পুং – ক্লীং, চন্দ্রাতপ, চাঁদোয়া, পটমণ্ডপ। সমূহ। যজ্ঞ। (+ ঘঞ্ – ভা) বিস্তার। ক্লীং, ছন্দোবিশেষ। অবসর, অবকাশ। বিং, ত্রিং, শূন্য। তুচ্ছ। জড়, মন্দ।

বিতানমূলক ; সং, ক্লীং, উশীর।

বিতায়মান ( বি – তায় বিস্তার করা + আন (শান) – র্ম্ম ) বিং, ত্রিং, বিস্তার্য্যমান।
বিতীর্ণ (বি – তৃ [পার হওয়া] ব্যাপাইত্যাদি + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, অবগাঢ়। ব্যাপ্ত। দত্ত, অর্পিত। উত্তীর্ণ।
বিতুন্ন (বি না – তুন্ন ব্যথিত। যে ব্যথা উপশম করে) সং, ক্লীং, সুনিষন্নক, সুষুণী-শাক। শৈবাল, শেওলা।
বিতুন্নক ( বিতুন্ন + কণ্ – যোগ ) সং, ক্লীং, ধনিয়া। তুঁতে।
বিতৃষ্ণ ( বি না – তৃষ্ণা, ৬ষ্ঠী – হিং ) বিং, ত্রিং, নিস্পৃহ, তৃষ্ণারহিত। উদাসীন।
বিতৃষ্ণা (বি না – তৃষ্ণা) সং, স্ত্রীং, তৃষ্ণা-ভাব, অনিচ্ছা, অরুচি।
বিত্ত (বিদ্ লাভ করা + ত(ক্ত) – ণ। যাহার দ্বারা সুখলাভ হয়) সং, ক্লীং, ধন, স-ম্পত্তি। (বিদ্ জানা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিচারিত। বিদিত, জ্ঞাত। খ্যাত, বিখ্যাত। লব্ধ।
বিত্তমাত্রা ; সং, স্ত্রীং, ধনপরিমাণ।
বিত্তশাঠ্য ; সং, ক্লীং, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা।
বিত্তি (বিদ্ জানা, লাভ করা, তর্ক করা + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, বিচার। লাভ। জ্ঞান। সম্ভাবনা। খ্যাতি।
বিত্তেশ ( বিত্ত ধন – ঈশ, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, ধনী। কুবের। যক্ষ। প্রভু।
বিত্রস্ত ( বি – ত্রস্ ভীত হওয়া + ত(ক্ত) – ক ) বিং, ত্রিং, অতিশয় ত্রাসযুক্ত, অতি ভীত।
বিত্রাস (বিত্রস্ত দেখ, অ(ঘঞ্ – ভা) সং, পুং, অতিশয় ত্রাস, অত্যন্ত ভয়।
বিৎসন ; সং, পুং, বৃষভ, বৃষ।
বিথুর ( ব্যথ্ ভীত হওয়া + উর – প্রং, য = ি ) সং, পুং, চৌর। রাক্ষস।
বিথ্যা ; সং, স্ত্রীং, গোজিহ্বা।
বিদ্ / বিদা } (বিদ্ জানা + ০(ক্বিপ্) – ভা, ঙ, আপ্) সং, স্ত্রীং, জ্ঞান। বিং, ত্রিং, বেত্তা, জানে যে ; ইহা শব্দের পরে ব্যবহৃত হয় ; যথা—শাস্ত্রবিদ্, বিধিবিদ্, ইত্যাদি। [পণ্ডিত। বুধগ্রহ।
বিদ ( বিদ্ জানা + অ(ক) – ক ) সং, পুং,
বিদংশ (বি – দন্শ্ দংশন করা + অ(অল) – র্ম্ম) সং, পুং, অবদংশ, সুস্বাদু বস্তু, চাট। (+ অল্ – ভা) দংশন।
বিদগ্ধ ( বি – দহ্ [ দাহকরা ] নিপুণ হওয়া ইত্যাদি + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, রসিক, রসজ্ঞ। চতুর, নিপুণ। পণ্ডিত। পটু। গ্ধা – স্ত্রীং, নায়িকাবিশেষ, রসিকা স্ত্রী।
বিদগ্ধতা ( বিদগ্ধ + তা – ভাবে ) সং, স্ত্রীং, রসিকতা। নৈপুণ্য। পাণ্ডিত্য।
বিদথ (বিদ্ জানা + অথচ্ – সংজ্ঞার্থে) সং, পুং, জ্ঞানী ব্যক্তি। তপস্বী।
বিদন্ (বিদৎ, বিদ্ জানা + অৎ(শতৃ) – ক) বিং, ত্রিং, বেত্তা, জ্ঞানী, পণ্ডিত।
বিদর ( বি – দৃ বিদারণ করা + অ(অল্) – ভা ) সং, পুং, বিদারণ, ভেদন। প্রস্ফুটন। অতিভয়। ক্লীং, ফণীমনসার গাছ।
বিদর্ভ ( বি না – দর্ভ কুশ, ৭মী – হিং। কুশাঘাতে স্বীয় পুত্রের মরণ হওয়াতে এক মুনি অভিশাপ দেন যে, এই দেশে যেন কুশ না জন্মে। কেহ বলেন—বিদর্ভ দেশের নাম বিরার, বিদর বিরারের অন্ত-র্গত, বিদর উহার মধ্যে আছে বলিয়া সমস্ত দেশকে বিদর্ভ বলে) সং, পুং, র্ভা – স্ত্রীং, বিরারদেশ, যাহাতে কুণ্ডিন-নগর আছে, বড় নাগপুর।
বিদর্ভজা (বিদর্ভ – জা [জন্ জন্মান + অ(ড) – ক, আপ্ ] যে জন্মে, ৫মী – ষ ) সং, স্ত্রীং, দময়ন্তী, নলরাজার পত্নী। "ভ্রময়ত্যু চিতং বিদর্ভজানননীরাজন বর্দ্ধমানকং।" অগস্ত্যমুনির পত্নী, লোপামুদ্রা। রুক্মিণী।
বিদর্ভসুভ্রু ; সং, স্ত্রীং, দময়ন্তী।
বিদল (বি – দল বিদারণ, খণ্ডন) সং, ক্লীং, দ্বিধাকৃত কলায় প্রভৃতি, ডালি। ডালি-মের ছাল। বংশাদিনির্ম্মিত পাত্রবিশেষ। পুং, কলায়। রুটি। বিং, ত্রিং, বিকসিত। দলহীন, দলশূন্য।
বিদলিত (বি – দল্ মাড়া, ছিন্নভিন্ন করা ভেদ করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, ম-র্দ্দিত, চূর্ণীকৃত। বিদারিত। বিকসিত।
বিদা (বিদ্ জানা + ঙ – ভা, আপ্) সং, স্ত্রীং, জ্ঞান। বুদ্ধি।

বিদায় ( বি—দা ত্যাগ করা ইত্যাদি+অ (ঘঞ্)—র্ম্ম, য়—আগম ) সং, পুং, বিসর্জ্জন। দান। গমনানুমতি। শিং—১"বিদায়ং দেহি সম্প্রীত্যা ক্ষণং মাং প্রাণবল্লভে।"

বিদার (বি—দৃ বিদারণ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিদারণ, ভেদকরণ। জলোচ্ছ্বাস। রণ। রী—স্ত্রীং, ভুমি-কুষ্মাণ্ড। শালপর্ণী।

বিদারক (বি—দৃ বিদারণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, বিদারণকর্ত্তা, বিদীর্ণকারক। ( +ঘঞ্—র্ম্ম, কণ্ ) সং, পুং, শুষ্কনদ্যাদিস্থ কূপ। জলমধ্যস্থ বৃক্ষ বা পর্ব্বত। ক্লীং, বজ্ক্ষার।

বিদারণ ( বি—দৃ-ঞি=দারি বিদারণ করা +অন(অনট্)—ভা ) সং, ক্লীং, বিদীর্ণকরণ, ফুরিয়া ফেলা। ভেদন। মারণ, হনন। পুং—স্ত্রীং, সংগ্রাম। যুদ্ধ। কর্ণিকার বৃক্ষ।

বিদারিত (বিদারণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ভেদিত, যাহা বিদীর্ণ করা হইয়াছে।

বিদারু (বিদার দেখ, উ—প্রং) সং, পুং, কৃকলাস, কাঁকলাস।

বিদিক্ ( বিদিশ্ বি প্রভেদ—দিশ্। যে দুই দিক্‌কে ভিন্ন করে ) সং, স্ত্রীং, দুই দিকের মধ্যভাগ, দিকের কোণ, অগ্নি নৈঋ্ঝত বায়ু ঈশান—এই চারি।

বিদিত ( বিদ্ জানা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, জ্ঞাত। প্রার্থিত। (+ক্ত—ক) জ্ঞাতা। (+ঘঞ্—ভাবে) ক্লীং, জ্ঞান। খ্যাতি। লাভ।

বিদিশা ( বিদিশ+আ—প্রং ) সং, স্ত্রীং, মালবদেশান্তর্গত বেত্রবতী নদী তীরস্থ নগরীবিশেষ।

বিদীর্ণ ( বি—দৃ বিদারণ করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ভিন্ন, চেরা, ফাড়া। ভগ্ন। বিস্তৃত, হত।

বিদু ( বিদ্ [অঙ্কুশ] জানা+উ—প্রং ) সং, পুং, হস্তীর কুম্ভদ্বয়ের মধ্য-ভাগ।

বিদুর (বিদ্ জানা+উর(কুর)—ক, শীলার্থে সং, পুং, যুধিষ্ঠিরের পিতৃব্য। বিং, ত্রিং, জ্ঞানী, ধীর, পণ্ডিত। নাগর। বেত্তা, জ্ঞাতা।

বিদুল ( বিদ্ জানা ইত্যাদি+উল—ক ) সং, পুং, বেতগাছ। জলবেতস।

বিদুষী (বিদ্বস্+ঈ—প্রং) সং, স্ত্রীং, বিদ্যাবতী স্ত্রী, পণ্ডিত।

বিদুষ্মতী (বিদ্বস্+মৎ—অস্ত্যর্থে, ঈপ্)সং, স্ত্রীং, পণ্ডিতবতী। শিং—১ "শেষাহি নেবাভবদ্‌যেনৈকেন বিদুষ্মতী বসুমতী মুখ্যেন সংখ্যাবতাং।"

বিদূর (বি অধিক—দূর) বিং, ত্রিং, অতি দূরবর্ত্তী, অনেক অন্তরিত। সং, ক্লীং, অতিদূর। পুং, দেশবিশেষ। পর্ব্বতবিশেষ। মণিবিশেষ, বৈদূর্য্যমণি।

বিদূরগ (বিদূর—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অতিশয়দূরগামী।

বিদূরজ ( বিদূর—জ [ জন্ জন্মান+অ(ড)—ক ] জাত ) সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

বিদূষক (বি—দূষ্ মন্দকর্ম্মকরা+অক(ণক)—ক) সং, পুং, নাট্যে—নায়কের সহায় বিশেষ। নাট্যের নটবিশেষ। অঙ্গ-ভঙ্গী প্রভৃতি দ্বারা যে ব্যক্তি সকলকে হাসায়, ভাঁড়, মস্করা। বিং, ত্রিং, নিন্দক, নিন্দাকারী। কামুক, লম্পট।

বিদূষণ (বিদূষক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, দোষার্পণ, নিন্দা।

বিদেশ ( বি নানাবিধ, ভিন্ন—দেশ ) সং, পুং, স্বদেশভিন্ন দেশ, দেশান্তর, ভিন্নদেশ।

বিদেশী } বিদেশীয় } (বিদেশিন্, বিদেশ+ইন্, ঈয়—নিবাসার্থে) বিং, [illegible], ভিন্ন দেশবাসী।

বিদেহ ( বি না—দেহ শরীর ) সং, পুং, জনকবংশীয় রাজা। বিহার দেশ। বিং, ত্রিং, দেহরহিত। হা—স্ত্রীং, মিথিলা।

বৈদেহকৈবল্য ; সং, ক্লীং, পরমমুক্তি, ভোগ দ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান শরীর ধ্বংসানন্তর যে পরব্রহ্মপ্রাপ্তি।

বিদ্ধ ( ব্যধ্ বিদ্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সমুৎকীর্ণ, ছিদ্রিত, বেঁধা। আহত। তাড়িত। নিক্ষিপ্ত। সদৃশ। বাধিত। প্রেরিত। বক্র।

বিদ্যমান্ (বিদ্ বর্ত্তমান থাকা+আন(শান) —ক) বিং, ত্রিং, বর্ত্তমান, উপস্থিত, স্থিতিশীল।

বিদ্যা (বিদ্ জানা+য(ক্যপ)—ণ, আপ্। যাহার দ্বারা ধর্ম্মাধর্ম্ম জানা যায়) সং, স্ত্রীং, জ্ঞান, অধ্যয়নাদি জন্য বোধ। দর্শনশাস্ত্র। তত্ত্বজ্ঞান। শিং—১ "নাহং দেহশ্চিদাত্মেতিবুদ্ধির্বিদ্যেতি ভণ্যতে।" মন্ত্র। ৪ বেদ, ৬ বেদাঙ্গ, পুরাণ, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র—এই চতুর্দ্দশবিধ। শিং—১ "অঙ্গানি বেদশ্চত্বারঃ মীমাংসা ন্যায়বিস্তরঃ। পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যাহ্যেতাশ্চতুর্দ্দশ। আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বমর্থসাধনম্"—এই ১৮। দুর্গা।

বিদ্যাচণ, বিদ্যাচুঞ্চু (বিদ্যা জ্ঞান+চণ,চুঞ্চু খ্যাতার্থে) বিং, ত্রিং, বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যা হেতুক প্রসিদ্ধ।

বিদ্যাদেবী (বিদ্যা—দেবী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জৈনদেবীবিশেষ। সরস্বতী।

বিদ্যাধন (বিদ্যা জ্ঞান—ধন) সং, ক্লীং, বিদ্যা দ্বারা উপার্জ্জিত ধন। বিদ্যাই ধনস্বরূপ।

বিদ্যাধর (বিদ্যা ইন্দ্রজাল—ধর [ধৃ ধারণ করা+অ(অন্)—ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, রী—স্ত্রীং, দেবযোনিবিশেষ, গন্ধর্ব্ব কিন্নর।

বিদ্যার্থী (বিদ্যার্থিন্, বিদ্যা—অর্থিন্ যে প্রার্থনা করে, ২য়া—ষ। বিদ্যা—অর্থ প্রয়োজন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ছাত্র, শিষ্য, পড়ুয়া, যে বিদ্যাশিক্ষা করিবার প্রার্থনা রাখে।

বিদ্যালয় (বিদ্যা—আলয় গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিদ্যাশিক্ষার স্থান, স্কুল,কলেজ প্রভৃতি। চতুষ্পাঠী, টোল।

বিদ্যাবান্ (বিদ্যাবৎ, বিদ্যা+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিদ্বান্, পণ্ডিত।

বিদ্যাস্নাতক (বিদ্যা—স্নাতক আপ্লুতব্রতী গৃহস্থ) সং, পুং, অধ্যয়ন সমাপনান্তর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট ব্যক্তি।

বিদ্যুজ্জিহ্ব (বিদ্যুৎ—জিহ্বা) সং, পুং, রাক্ষসবিশেষ।

বিদ্যুৎ (বি না—দ্যুৎ [দ্যুৎ দীপ্তি পাওয়া +০(ক্বিপ্)—ক] দীপ্তি,যাহার অধিকক্ষণ দীপ্তি নাই, ৬ষ্ঠী—হিং, কিম্বা যে দীপ্তি পায়) সং, স্ত্রীং, তড়িৎ, সৌদামিনী। সন্ধ্যা। কান্তি। বিং, ত্রিং, দ্যুতিহীন, নিষ্প্রভ।

বিদ্যুৎকেশ; সং, পুং, রাক্ষসবিশেষ।

বিদ্যুৎপ্রিয়; সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

বিদ্যুত্বান্ (বিদ্যুত্বৎ, বিদ্যুৎ+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, বিদ্যুৎবিশিষ্ট।

বিদ্যুন্মালা (বিদ্যুৎ—মালা, স্বং—স) সং, স্ত্রীং, অষ্টাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যে ছন্দে সমুদায় বর্ণ গুরু। বিদ্যুৎসমূহ।

বিদ্যুন্মালী (বিদ্যুন্মালিন্, বিদ্যুন্মালা+ইন্ —প্রং) সং, পুং, রাক্ষসবিশেষ।

বিদ্যুল্লতা (বিদ্যুৎ—লতা, স্বং—স) সং,স্ত্রীং, মেঘজ্যোতিঃ, তড়িৎ।

বিদ্যোত (বি—দ্যুৎ দীপ্তি পাওয়া+অ (অল্)—ভা) সং, পুং, দ্যুতি, প্রভা, দীপ্তি।

বিদ্র (বিধ্ বিদ্ধ করা+র—প্রং, অথবা বি—দ্রু পলায়ন করা+অ—প্রং) সং, ক্লীং, ছিদ্র, রন্ধ্র, বিবর।

বিদ্রধি (বিদ্র বেধন—ধা ধারণ করা+ই —প্রং) সং, পুং, রোগবিশেষ। ক্ষুদ্রব্রণ।

বিদ্রব, বিদ্রাব (বি—দ্রু পলায়ন করা ইত্যাদি +অ(অল্),অ(ঘঞ্)—ভা) সং, পুং, পলায়ন। ভয়। গলন, ক্ষরণ। দ্রবীভাব। নিন্দা। যুদ্ধ। বুদ্ধি।

বিদ্রাবিত (বি—দ্রাবি পলায়ন করান, দ্রব করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত। দ্রবীকৃত।

বিদ্রুত (বিদ্রব দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পলায়িত। দ্রবীভূত। ভীত।

বিদ্রুম (বি [দর্শনে] নিশ্চিত—দ্রুম বৃক্ষ) সং, পুং, পদ্মরাগমণি, প্রবাল,পলা। কিশলয়, নবপল্লব। মুক্তাফলবৃক্ষ।

বিদ্রূপ (দেশজ) সং, ব্যঙ্গ, পরিহাস, তামাসা।

বিদ্রোহ (বি—দ্রুহ্ হিংসা করা+অ(ঘঞ্) ভা) সং, পুং, অনিষ্টাচরণ। বিদ্বেষ।

বিদ্রোহী (বিদ্রোহিন্, বিদ্রোহ+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, অনিষ্টাচরণকারী, বিদ্রোহকারক।

বিদ্বৎকল্প, বিদ্বদ্দেশ্য, বিদ্বদ্দেশীয় (বিদ্বস জ্ঞানী+কল্প, দেশ্য, দেশীয়—হ্রস্বার্থে) বিং, ত্রিং, ঈষদূন বিদ্বান্, পণ্ডিতসদৃশ)

বিদ্বত্তম (বিদ্বস্+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে অধিক বিদ্বান্। সর্ব্বশ্রেষ্ঠ। অদ্বিতীয় পণ্ডিত।

বিদ্বত্তর (বিদ্বস+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, উভয়ের মধ্যে অধিক বিদ্বান্।

বিদ্বান্ (বিদ্বস্, বিদ্ জানা+বস্—ক। শতৃ স্থানে ক্বসু) বিং, ত্রিং, বিদ্যাবান্, জ্ঞানী, পণ্ডিত। শাস্ত্রদর্শী।

বিদ্বিট্, বিদ্বিষ, বিদ্বিষৎ (বিদ্বিষ্ বি—দ্বিষ্ দ্বেষ করা। +০(ক্বিপ্), অ(ক)—ক, অৎ (শতৃ)—ক) সং, পুং, শত্রু, বৈরী। প্রতিদ্বন্দ্বী। দ্বেষ্টা।

বিদ্বিষ্ট (বিদ্বেষ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং যাহাকে বিদ্বেষ করা যায়। বিদ্বেষভাজন।

বিদ্বিষ্টপূর্ব্ব; বিং, ত্রিং, যাহার প্রতি পূর্ব্বে বিদ্বেষ করা হইয়াছে।

বিদ্বেষ—পুং, বিদ্বেষণ—ক্লীং (বি—দ্বিষ্ দ্বেষ করা +অ(অল্), অন(অনট্)—ভা) সং, শত্রুতা, বৈর, দ্বেষ, ঈর্ষ্যা।

বিদ্বেষী (বিদ্বেষিন্, বি—দ্বিষ্ দ্বেষ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, দ্বেষকারী, শত্রু।

বিধ—পুং, বিধা—স্ত্রীং (বি—ধা [ধারণ করা] করা +ড—র্ম্ম, অথবা বিধ্ বিদ্ধ করা+অ(ক)—র্ম্ম। ২য়-পক্ষে—বি—ধা+ড—র্ম্ম অথবা বিধ্+ড—র্ম্ম) সং, বেতন। গজগ্রাস। গজভক্ষ্য অন্ন। (—ভাবে) প্রকার। বিধান। রীতি। ধারা। ধাঁচা। বিধি, নিয়ম। সমৃদ্ধ, বৃদ্ধি। বেধ। বিদ্ধকরণ, বেধ। কর্ম্ম, কার্য্য।

বিধন (বেধন শব্দজ) সং, বেঁধা।

বিধবা (বি না—ধব পতি, ৬ষ্ঠী—হিং, আপ্) সং, স্ত্রীং, মৃতপতিকা, রাণ্ডী, রাঁড়। বিবস্ত্রা।

বিধবাবেদন; সং, ক্লীং, বিধবাবিবাহ।

বিধাঃ (বিধস্, বিধাতা দেখ, অস্—প্রং) সং, পুং, ব্রহ্মা।

বিধাতা (বিধাতৃ, বি—ধা [ধারণ করা] করা +তৃন্—ক, যিনি সমুদয় সৃষ্টি করেন) সং, পুং, ব্রহ্মা। দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা। কন্দর্প। বিং, ত্রিং, নির্ম্মাতা, কর্ত্তা। স্রষ্টা, বিধানকর্ত্তা।

বিধান (বি—ধা [ধারণ করা] করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বিধি, শাস্ত্র-নিয়ম, ব্যবস্থা। সৃষ্টি, নির্ম্মাণ, করণ। জনন। প্রেরণ। আজ্ঞাকরণ। ধন, সম্পত্তি। পূজা, অর্চ্চনা। শত্রুতাচরণ। গ্রহণ। উপার্জ্জন। বিষম। অনুভব। (+অনট্—র্ম্ম) হস্তিকবল, হস্তীর গ্রাস। (+অনট্—ণ) উপায়।

বিধানক (বিধান+কণ্—যোগ) সং, ক্লীং, ব্যথা, ক্লেশ, যাতনা।

বিধানজ্ঞ (বিধান—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং, ত্রিং, বিধিজ্ঞ, বিধানবেত্তা।

বিধানশাস্ত্র—ক্লীং, বিধানসংহিতা—স্ত্রীং (Law) সং, ব্যবস্থাশাস্ত্র, আইন।

বিধায়ক, বিধায়ী (বিধায়িন্, বিধান দেখ, অক (ণক), ইন্(ণিন্)—ক। য—আগম) বিং, ত্রিং, জনক, কারক। ব্যবস্থাপক, নিয়মকারক।

বিধি (বি—ধা [ধারণ করা+ই—(কি)—ক) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। (+ই—ভা) বিধান। ক্রম। নিয়ম। [illegible]াগ। অনুষ্ঠান। (+ই—ণ) শাস্ত্র। শাস্ত্র-বিধান। ভাগ্য, দৈব। অপ্রাপ্ত প্রাপক বাক্যবিশেষ। উপায়। (+ই—র্ম্ম) প্রকার। ব্যাপার। আচার। যজ্ঞ। লক্ষণ, সূত্র।

বিধিজ্ঞ, বিধিদর্শী (বিধি—জ্ঞ [জ্ঞা জানা+অ (ড)—ক] যে জানে, ২য়া—ষ। বিধিদর্শিন্, বিধি—দর্শিন্ যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, নিয়মজ্ঞ, বিধানবেত্তা। শাস্ত্রজ্ঞ। সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদের ভ্রম সংশোধন করেন।

বিধিৎসা ( বি—ধা ধারণ করা + সন্—ইচ্ছার্থে + অ—ভাবে, আপ্ ) সং, স্ত্রীং, বিধান করণেচ্ছা।

বিধিৎসু (বি—ধা ধারণকরা + সন্—ইচ্ছার্থে + উ—ক) বিং,ত্রিং, বিধানেচ্ছু, চিকীর্ষু।

বিধিদেশক ( বিধি—দেশক যে দেখায়, ২য়া—ষ, অথবা দেশক [দিশ্ আদেশ করা + অক(ণক)—ক] উপদেশক ) সং, পুং, সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদের ভ্রম সংশোধন করেন। বিধির উপদেশক।

বিধিপূর্ব্বক ( বিধি—পূর্ব্বক ) ক্রিং—বিং, ক্লীং, নিয়মপূর্ব্বক, বিধান অনুসারে।

বিধিবদ্ধ (বিধি—বদ্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, নিয়মবদ্ধ, নিয়ম বলিয়া প্রচলিত।

বিধিবোধিত ( বিধি—বোধিত, ৩য়া—ষ ) বিং, ত্রিং, বিধানোক্ত, শাস্ত্রসম্মত।

বিধিবৎ ( বিধি + বৎ(চ্‌ৎ)—তুল্যার্থে ) অং, যথাবিধি। যথাশাস্ত্র, শাস্ত্র অনুসারে।

বিধিবিদ্ ( বিধি—বিদ্ যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, বিধিজ্ঞ, নিয়মজ্ঞ। শাস্ত্রজ্ঞ।

বিধিশাস্ত্র (Law) সং, ক্লীং, ব্যবহারশাস্ত্র, আইন। স্মৃতিশাস্ত্র।

বিধু ( বি—ধে পান করা + উ(কু)—ক, কিম্বা ব্যধ্ তাড়না করা + উ(কু)—ক ) সং, পুং, চন্দ্র। কর্পূর। ব্রহ্মা। বিষ্ণু। রাক্ষস। বায়ু। আয়ুধ। পাপক্ষালন, জলস্নান।

বিধুত / বিধূত / বিধূনিত ( বি—ধু, ধূ কাঁপা + ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, কম্পিত। ত্যক্ত। শিং—১"বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্।" দূরীকৃত। অপসারিত। নিঃসারিত।

বিধুনন / বিধূনন ( বি—ধু, ধূ-ঞি কাঁপা + অনট্—ভা, নিপাতন) সং,ক্লীং,কম্পন, কম্প, কাঁপনি। ত্যাগ।

বিধুন্তুদ ( বিধু চন্দ্র—তুদ্ ব্যথা দেওয়া + অ(খশ্)—ক। যে বিধুকে ব্যথা দেয় ) সং, পুং, রাহুগ্রহ।

বিধুপঞ্জর; সং, পুং, খড়্গ, খাঁড়া।

বিধুর ( বি দুঃসহ—ধুর্ কার্য্যভার, ৬ষ্ঠী—হিং, অ—প্রং ) বিং, ত্রিং, কাতর। দুঃখিত, কষ্ট। ভীত। বিকল। অসমর্থ। বিযুক্ত। বিমূঢ়। সং,ক্লীং, বিয়োগ। বিকল বা বৈকল্য। কষ্ট। পুং, শত্রু। রা—স্ত্রীং, রসালা।

বিধুবন (বি—ধূ কাঁপা + অনট্—ভাবে) সং, ক্লীং, কম্পন।

বিধূনিত (বি—ধূ-ঞি কাঁপা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। কম্পিত। ভীত। অভিভূত।

বিধূয়মান ( বি—ধূ কাঁপা + আন(শান)—ক, য—আগম ) বিং, ত্রিং, যাহা কম্পিত হইতেছে।

বিধৃত ( বি—ধৃ ধারণ করা + ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ধৃত, অবলম্বিত। আক্রান্ত। শিং—১"উদস্তবাসা উত্তিষ্ঠেদ্দৃঢ়ং বিধৃতমেহনঃ।"

বিধেয় (বি—ধা ধারণ করা + য—র্ম্ম) বিং, ত্রিং, বশ্য, কথার বাধ্য, অধীন। কর্ত্তব্য, উচিত, বিধিসিদ্ধ। বিধানযোগ্য। বিনয়ী।

বিধ্যমান ( ব্যধ্ পীড়ন করা, বিদ্ধ করা + আন(শান)—র্ম্ম ) বিং, ত্রিং, পীড্যমান। যাহাকে বিদ্ধ করা যায়।

বিধ্বংস ( বি—ধ্বন্‌স্ বিনষ্ট হওয়া + অ(অল্)—ভা ) সং, পুং, বিনাশ। ক্ষয়। বিলোপ। অপকার।

বিধ্বংসিত (বি—ধ্বন্‌সি বিনষ্ট হওয়া + ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, বিনাসিত। অপকারিত।

বিধ্বংসী ( বিধ্বংসিন্, বিধ্বংস + ইন্—ক ) বিং,ত্রিং, বিনাশশীল। শত্রু। অপকারক।

বিধ্বস্ত ( বিধ্বংস দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, বিনষ্ট। অপকৃত।

বিনত (বি—নম্ নত হওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অবনত, প্রণত। বিনীত, নম্র। শিক্ষিত। তা—স্ত্রীং, কশ্যমুনিপত্নী, অরুণ ও গরুড়ের মাতা।

বিনতাসূনু (বিনতা এই দুয়ের মাতা—সূনু পুত্র) সং, পুং, অরুণ। গরুড়।

বিনতি—স্ত্রীং / বিনয়—পুং ( বি—নম্ নত হওয়া + তি(ক্তি)—ভা। বি—নী [লওয়া] নত হওয়া + অ(অল্)—,

তা ) সং, নম্রতা, শিষ্টতা। সুশীলতা। নিবারণ। দমন, শাসন, দণ্ড। শিক্ষা। পরিশোধ। অনুনয়। বিনিয়োগ। য়া—স্ত্রীং, বাট্যালক।

বিনয়গ্রাহী, বিনয়স্থ (বিনয়গ্রাহিন্, বিনয়—গ্রাহিন্ যে গ্রহণ করে। বিনয়—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে ) বিং, ত্রিং, বচনেস্থিত, কথার বাধ্য। বিনীত।

বিনয়ন (বি—নী [ লওয়া ] নত হওয়া+অন (অনট্)—ভা) সং, ক্লীং, শিক্ষা। অপনোদন। অপনয়ন। মোচন।

বিনয়ী ( বিনয়িন্, বিনয়+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, বিনীত, শিষ্ট, নম্র, শান্ত।

বিনশন (বি—নশ্ নষ্টহওয়া+অন(অনট্)—ধি) সং, ক্লীং, কুরুক্ষেত্রস্থ তীর্থবিশেষ। ইহা প্রভাস তীর্থের নিকটস্থ এবং নিষাদপুরী সমীপস্থ। শিং—১ "হিমবৎ বিন্ধ্যয়োর্মধ্যং যৎ প্রাগ্ বিনশনাদপি।" সরস্বতী নদীর অন্তর্দ্ধান দেশ। (+অনট্—ভাবে) বিনাশ।

বিনশ্বর ( বি—নশ্ নষ্ট হওয়া+বর—ক, শীলার্থে) বিং, ত্রিং, অনিত্য, ধ্বংসশীল, অচিরস্থায়ী।

বিনষ্ট (বিনশ্বর দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নষ্ট, নাশপ্রাপ্ত। ধ্বংসবিশিষ্ট। শিং—১ "শিখী বিনষ্টঃ পুরুষো ন নষ্টঃ।" পতিত। শিং—১ "বিনষ্টে বাপ্যশরণে পিতর্য্যুপরত স্পৃহে।" (বিনষ্টে=পতিতে)। মৃত। গত। ক্ষয়িত। অতীত।

বিনস্ (বি—না নাসিকা, ৬ষ্ঠী—হিং, নাসিকাস্থানে নস্) বিং, ত্রিং, বিগতনাসিক, নাসিকাহীন, খাঁদা। [র্জ্জন। অভাব।

বিনা (বি+না—প্রং) অং, ব্যতিরেক। ব-

বিনাকৃত ( বিনা—কৃ করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, ত্যক্ত। বিয়োজিত। রহিত।

বিনামা (দেশজ) সং, উপানৎ,পাপোষ,জুতা।

বিনায়ক ( বি—নী লইয়া যাওয়া+অক (ণক)—ক ) সং, পুং, গণেশ। গরুড়। গুরু, শিক্ষক। বুদ্ধ। বিঘ্ন। য়িকা—স্ত্রীং, গরুড়পত্নী।

বিনাশ (বি—নশ্ নষ্টহওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বংস, উচ্ছেদ। অদর্শন। মৃত্যু। ক্ষয়। অপচয়। লোপ। অভাব।

বিনাশক (বি—নশ্ নষ্ট হওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, সংহারক, ধ্বংসকারক। ঘাতক। অপকারক।

বিনাশিত ( বি—নশ্-ণিচ্=নাশি নষ্ট হওয়ান+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, নিহত, নাশপ্রাপিত।

বিনাশী ( বিনাশিন্, বি—নশ্ নষ্ট হওয়া +ইন্—প্রং ) বিং, ত্রিং, নশ্বর। (নশ্-ণিচ্—নাশি) নাশক।

বিনাশোন্মুখ (বিনাশ—উন্মুখ,৪র্থী—য) বিং, ত্রিং, পক্ব। বিনষ্টপ্রায়। মৃতপ্রায়। মৃতকল্প। ম্রিয়মাণ।

বিনাহ ( বি—নহ্ বন্ধন করা+অ(ঘঞ্) —ণ) সং, পুং, কূপের মুখের আচ্ছাদন।

বিনিঃসৃত (বি—নির্ বাহির—সৃত গত) বিং, ত্রিং, বিনির্গত, বহির্গত।

বিনিগমক ( বি—নি—গমি [ গমন করান ] প্রতিপাদন করা ইত্যাদি+অক(ণক)—ক) বিং, ত্রিং, ব্যবচ্ছেদক। প্রতিপাদক। সংশয়-নিবারক।

বিনিগমনা ( বিনিগমক দেখ ন—ভাবে, আপ্ ) সং, স্ত্রীং, ব্যবচ্ছে (+অন—ণ ) নিশ্চয়োপায়। সিদ্ধান্ত, মীমাংসা।

বিনিদ্র ( বি না—নিদ্রা, ৬ষ্ঠী—হিং ) বিং, ত্রিং, নিদ্রারহিত। জাগরিত। উন্মীলিত। বিকসিত। প্রকাশিত।

বিনিপাত ( বি—নি—পৎ পতিত হওয়া+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, পতন। অপমান। ক্লেশ, দুঃখ। মৃত্যু। দৈবদুঃখ।

বিনিময় ( বি—নি—মী [ গমন করা ] পরিবর্ত্ত করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রতিদান,পরিবর্ত্ত, বদল। বন্ধক, গচ্ছিত। শিং—১"বিক্রয়ৈর্গাং বিনিময়ৈর্দত্ত্বা গোমাংসখাদকে।"

বিনিয়ত (বিনিয়ম দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, নিরুদ্ধ। সংযত। আটক করা। বদ্ধ। শাসিত।

বিনিয়ম ( বি—নি—যম্ নিবৃত্ত করা+অ

(অল)—ভা) সং, পুং, নিয়ম। নিবারণ, নিরোধ, নিষেধ।

বিনিযুক্ত (বিনিয়োগ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। নিযুক্ত। প্রেরিত।

বিনিয়োগ (বি—নি—যুজ্ যোগ করা+অ (ঘঞ্)—ভা) সং, পুং, অর্পণ। প্রয়োগ, কোন বিষয়ে নিয়োজিত করণ। শিং—১ "অনেনেদস্ত কর্ত্তব্যং বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ।" নিয়োগ। প্রেষণ। প্রবেশন।

বিনিযোজিত (বিনিয়োগ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। স্থাপিত। নিযুক্ত। প্রেরিত। প্রবর্ত্তিত।

বিনির্গত (বি—নির্গত বহির্গত) বিং, ত্রিং, নিঃসৃত, বহির্গত। অপসৃত। নিষ্ক্রান্ত। প্রস্থিত। অতীত।

বিনির্জ্জিত (বি—নির্—জি জয় করা+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। পরাভূত।

বিনির্ণয় (বি—নির্ নিশ্চয়—নী লওয়া+অ(অল্)—ভা) সং, পুং, নিশ্চয়, অবধারণ। স্থিরীকরণ। নিষ্পত্তি।

বিনির্ধূত (বি—নির্ধূত কম্পিত) বিং, ত্রিং, দুরবস্থা প্রযুক্ত ইতস্ততঃ চলিত। শিং—১ "ততো দেবা বিনির্ধূতা ভ্রষ্টরাজ্যাঃ পরাজিতাঃ।" বিক্ষিপ্ত। বিশেষরূপে কম্পিত। চঞ্চল।

বিনির্ভয় (বি—নির্ভয়, ৫মী—হিং) বিং, ত্রিং, ভয়শূন্য। সং, পুং, সাধ্যগণবিশেষ।

বিনির্ম্মুক্ত (বি—নির্—মুচ্ মোচন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত, বহির্গত, পৃথগভূত। উদ্ধারপ্রাপ্ত। উদ্ধৃত। উদ্ঘাটিত। অনাচ্ছন্ন।

বিনিবৃত্ত (বি—নির্—বৃত্ [ হওয়া ] সিদ্ধ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সম্পন্ন, নিষ্পন্ন, সমাপ্ত।

বিনিবর্ত্তিত (বি—নি—বৃত্-ণিচ্=বর্ত্তি বর্ত্তান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাবর্ত্তিত, ফেরান।

বিনিবারিত; বিং, ত্রিং, সম্যক্ নিবারিত।

বিনিবৃত্ত (বি—নি না—বৃৎ বর্ত্তমানথাকা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নিরস্ত। প্রত্যাগত।

বিনিবেশিত (বি—নি—বিশ্-ণিচ্=বেশি প্রবেশ করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রবেশিত। অধিষ্ঠিত। সংক্রমিত। প্রতিষ্ঠাপিত।

বিনিশ্বসৎ (বি—নি—শ্বস্ নিঃশ্বাস ফেলা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগকারী।

বিনিষ্পেষ (বি—নির্—পিষ্ চূর্ণ করা+অ (অল্)—ভা) সং, পুং, পেষণ, চূর্ণন। বিনাশ।

বিনিহত (বি—নি—হন্ বধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নাশিত। আহত। মৃত। বিধ্বস্ত। লুপ্ত। তিরোহিত।

বিনীত (বি—নী [লওয়া] নত হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অনুদ্ধত, নম্র, শান্ত, বিনয়ান্বিত। ধার্ম্মিক। জিতেন্দ্রিয়। শিক্ষিত। দণ্ডিত, শাসিত। অপনীত। নিক্ষিপ্ত। উপভুক্ত। নিভৃত। গৃহীত। সুন্দর। সং, পুং, শিক্ষিত অশ্ব। বণিক্। দমনকবৃক্ষ। শিক্ষিত বৃষভাদি।

বিনীয় (বিনীত দেখ, য(ক্যপ্)—র্ম্ম, নিপাতন) সং, পুং, কল্ক, খইল। পাপ। কপট।

বিনীয়মান (বিনীত দেখ, আন(শান)—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষ্যমাণ, যাহাকে শিখান যায়।

বিনেতা (বিনেতৃ, বিনীত দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, শিক্ষক। নিয়মকর্ত্তা। বিনয়কর্ত্তা। সং, পুং, নৃপ, রাজা।

বিনেয় (বিনীত দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়। দম্য। গ্রাহ্য। প্রাপণীয়। দণ্ডনীয়। শিং—১ "শ্রাবয়ন্ত্যর্থলোভেন বিনেয়াস্তেঽপি যত্নতঃ।"

বিনোক্তি (বিনা—উক্তি কথন) সং, স্ত্রীং, অর্থালঙ্কার-বিশেষ, যথায় একের বিহনে অন্য এক সুন্দর বা অসুন্দর হয় না; যথা—"কা নিশা শশিনা বিনা।"

বিনোদ—পুং } বিনোদন—ক্লীং } (বি—নুদ্ [প্রেরণ করা ইত্যাদি] সন্তুষ্ট করা+অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, আমোদিতকরণ। ঔৎসুক্য। প্রবৃত্তি। বিহার, আমোদ-প্রমোদ। অপনোদন, অপনয়ন।

সান্ত্বনা, প্রবোধ দেওয়া। আমোদ। ব্যাপার। আলিঙ্গনবিশেষ। রাজগৃহবিশেষ। শিং—১ "দীর্ঘে ত্রয়ো রাজহস্তাঃ প্রসরে দ্বৌ প্রতিষ্ঠিতৌ। বিনোদ এব দ্বারাণি ত্রিংশৎ কোষ্ঠদ্বয়ং ভবেৎ।" (+অন্, অনট্—ণ) কালযাপনোপায়।

বিন্দ (বিদ্ জানা+অ(শ)—ক) বিং, ত্রিং, লাভবান্।

বিন্দু (বিন্দ্ অবয়বীভূত হওয়া+উ—র্ম্ম, সংজ্ঞার্থে) সং, পুং, দ্রবদ্রব্যের কণা। ক্ষুদ্রচিহ্ন। অনুস্বার। শিং—১ "বিন্দুদ্বিবিন্দুমাত্রৌ বর্ণৌ ক্রমান্মূবী সংজ্ঞোক্তৌ।" ভ্রূমধ্য। দন্তক্ষতচিহ্ন। হস্তীর শুণ্ডে বিরচিত রঙ্গচিহ্ন। নাটকে—গুণীভূত কিন্তু পরস্পর সম্বন্ধ ঘটনা। (Point) যাহার অবস্থিতি আছে কিন্তু বেধ নাই। (+উ—ক) বিং, ত্রিং, বেত্তা, জ্ঞাতা। দাতা।

বিন্দুচিত্রক (বিন্দু ক্ষুদ্রচিহ্ন, দশা—চিত্রক নানাবর্ণে চিত্রিত) সং, পুং, মৃগবিশেষ, যে মৃগের গাত্রে ক্ষুদ্র ক্ষুদ্র দাগ আছে।

বিন্দুজাল, বিন্দুজালক (বিন্দু ক্ষুদ্রচিহ্ন,দাগ—জাল সমূহ। ক—যোগে বিন্দুজালক) সং, ক্লীং, পদ্মক, হস্তিগণ্ডাদিস্থ বিন্দু বিন্দু চিহ্ন। [পাশার ছক্। অশ্ব।

বিন্দুতন্ত্র (বিন্দু—তন্ত্র প্রধান) সং, পুং,

বিন্দুপত্র ; সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।

বিন্দুসরঃ (—সরস্, বিন্দু—সরস্ সরোবর) সং, ক্লীং, তিব্বৎদেশের অন্তর্গত সরোবরবিশেষ।

বিন্ধস ; সং, পুং, চন্দ্র, শশী।

বিন্ধ্য (বি বিরুদ্ধ—ধ্যৈ চিন্তা করা+অ(ক)—ক, নিপাতন। এই পর্ব্বত সূর্য্যের গতিবাধক) সং, পুং, বিহারদেশ হইতে দক্ষিণদেশগামী পর্ব্বতশ্রেণী। শিং—১ "পুরা হি বিন্ধ্যেন দিবাকরস্য গতির্নিরুদ্ধা গগনেচরস্য।" (বিধ্ বিদ্ধকরা+য—ক) ব্যাধ।

বিন্ধ্যকূট (বিন্ধ্য পর্ব্বতবিশেষ—কূট্ অপ্রসন্ন হওয়া + অ—প্রং। অন—প্রত্যয়ে বিন্ধ্যকূটনও হয়) সং, পুং, অগস্ত্যমুনি।

বিন্ধ্যবাসী (—বাসিন্, বিন্ধ্য—বাসী যে বাস করে, ণমী—য) সং, পুং, মুনিবিশেষ, ব্যাড়িমুনি।—সিনী—স্ত্রীং, দুর্গা।

বিন্ধ্যাবলী ; সং, স্ত্রীং, বাণরাজার মাতা।

বিন্ধ্যাবলীসুত (বিন্ধ্যাবলী এই নৃপের মাতা—সুত পুত্র) সং, পুং, বাণরাজা।

বিন্ন (বিদ্ জানা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিচারিত। প্রাপ্ত। জ্ঞাত। বিবাহিত। (+ক্ত—ক) স্থিত।

বিন্যস্ত (বি—নি—অস্ ক্ষেপণকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। যথাক্রমে অর্পিত, সাজান, রচিত। বিক্ষিপ্ত।

বিন্যাস (বিন্যস্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং,স্থাপন। রচনা। সজ্জা,সাজান। স্থান। মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয়াদিতে অঙ্গুলির অর্পণ।

বিপক্তিম (বি—পচ্ পাক করা+ত্রিমক্—জাতার্থে) বিং, ত্রিং, যে পাক দ্বারা জাত, পরিপক্ব।

বিপক্ষ (বি বিরুদ্ধ—পক্ষ পার্শ্ব, সহায়) সং,পুং, ভিন্নপক্ষাশ্রিত,বিরুদ্ধপক্ষ। শত্রু। অনিষ্টাচারী। বিং, ত্রিং, পক্ষহীন।

বিপক্ষতা (বিপক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, বৈর, শত্রুতা। প্রতিকূলতা।

বিপঞ্চী, বিপঞ্চিকা (বি—পন্চ্ (ঞ্চ=পঞ্চি [শব্দ] বিস্তার করা+অ(অন্)—ক, ঈপ্। বিপঞ্চী+ক—যোগ) সং, স্ত্রীং, বীণা,বীণ। বাঁশী।

বিপণ—পুং } (বি—পণ্ ক্রয়বিক্রয় করা
বিপণন—ক্লীং } +অ(অল্),অন(অনট্)—ভা) সং,পুং,বিক্রয় বেচা। বিক্রয়ের ফুরান।

বিপণি—পুং } (বি—পণ্ ক্রয়বিক্রয়
বিপণি-ণী—স্ত্রীং } করা + ই—প্রং) সং, বিক্রয়গৃহ,পণ্যবীথিকা,শ্রেণীবদ্ধ দোকান। হট্ট, হাট বাজার প্রভৃতি। পণ্যদ্রব্য। বাজারের রাস্তা।

বিপণী (বিপণিন্,বিপণ বিক্রয়+ইন্+অস্ত্যর্থে) সং, পুং, ব্যবসায়ী, বণিক্।

বিপত্তি (বি—পদ্ [গমন করা] বিপন্ন হওয়া +তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আপদ্, বিপদ্। দুর্ভাগ্য। নাশ।

বিপথ (বি বিরুদ্ধ—পথ পথিন্ শব্দজ) সং, পুং—ক্লীং, নিন্দিত পথ, কুপথ।

বিপদ্, বিপদা (বি—পদ্ [গমন করা] বিপন্ন হওয়া+০(ক্বিপ্), আ—ভা) সং, স্ত্রীং, আপদ্। মরণ। বিনাশ। দুর্ভাগ্য।

বিপন্ন (বিপদ্ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিপদ্‌গ্রস্ত। বিনষ্ট। দুরবস্থাগ্রস্ত। সং, পুং, সর্প।

বিপরিণত (বি—পরি—নম্ [নতহওয়া] বিপরীত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিপর্য্যস্ত। পরিবর্ত্তিত।

বিপরিণাম (পূর্ব্বে দেখ, অ(অল্)—ভা) সং, পুং, বিপর্য্যাস। পরিবর্ত্তন।

বিপরিণামী (বিপরিণামিন্, পূর্ব্বে দেখ, ইন্—ক) বিং, ত্রিং, পরিবর্ত্তনশীল। বৈপরীত্যবিশিষ্ট।

বিপরিবর্ত্তন (বি—পরিবর্ত্তন) সং, ক্লীং, ফিরান-ঘুরান।

বিপরীত (বি—পরি প্রতিকূল, উল্টা—ইত গত) বিং, ত্রিং, বিরুদ্ধ, উল্টা। প্রতিকূল। রতিবন্ধবিশেষ। তা—স্ত্রীং, কামুকী স্ত্রী।

বিপর্ণক (বি প্রভিন্ন—পর্ণ পাতা+কণ্—যোগ) সং, পুং, পলাশবৃক্ষ।

বিপর্য্যয়, বিপর্য্যায় (বি—পরি বিপরীত—ই গমন করা+অ(অল্), (ঘঞ্)—ভা) সং, পুং, বৈপরীত্য। ব্যতিক্রম। বিনাশ।

বিপর্য্যস্ত (বি—পরি বিপরীত—অস্ হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যয়প্রাপ্ত, ব্যতিক্রান্ত, উল্টে পাল্টে যাওয়া। ছড়ভঙ্গ। পরাবৃত্ত।

বিপর্য্যাস (বি—পরি বিপরীত—অস্ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিপর্য্যয়, বৈপরীত্য। ব্যতিক্রম।

বিপল (বি—পল সূক্ষ্ম কালবিশেষ) সং, পুং, কালের সূক্ষ্ম অংশবিশেষ। পলষষ্টিভাগ।

বিপশ্চিৎ (বি—প্র বিপ্রকৃষ্ট—চি সংগ্রহ করা+০(ক্বিপ্)—ক, নিপাতন। যিনি বিপ্রকৃষ্টকে অর্থাৎ দূরবর্ত্তীকে সংগ্রহ করেন) সং, পুং, বিদ্বান্, পণ্ডিত।

বিপাক (বি—পচ্ পাক করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, রন্ধন, পাক। সুস্বাদ। দুর্গতি। পরিণাম। পক্কতা, পরিপাক, জীর্ণতা। কর্ম্মের বিসদৃশ ফল। ভোগ।

বিপাট (বি—পট্ [দীপ্তি পাওয়া] বিদীর্ণ করা+অ(ঘঞ্)—ক) সং, পুং, শর।

বিপাটন (বি—পট্-ণিচ্=পাটি [দীপ্তি পাওয়ান] বিদীর্ণ করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিদারণ।

বিপাটিত (বিপাটন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিদারিত।

বিপাঠ; সং, পুং, ইষু, বাণ, শর।

বিপাণ্ডুর (বি—পাণ্ডুর পীতশুক্লবর্ণ) বিং, ত্রিং, অতিশয় পাণ্ডুবর্ণ। ফেকাশে।

বিপাদন (বি—পদ্-ণিচ্=পাদি গমন করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ব্যাপাদন, হত্যা, বধ।

বিপাদিকা (বি বিরুদ্ধ—পদ্ গমন করা+অক(ণক)—ণ অথবা কণ্, আপ্) সং, স্ত্রীং, পাদস্ফোট, পা ফাটা। প্রহেলিকা।

বিপাদিত (বিপাদন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাপাদিত, বিনাশিত।

বিপাশ্, বিপাশা (বি বিগত—পাশ রজ্জু+ই—মোচনার্থে, ০(ক্বিপ্), অ, আপ্। মহাভারতে—ভগবান্ বশিষ্ঠ ঋষি পুত্রশোকে স্বয়ং পাশবদ্ধ হইয়া ঐ নদীতে নিমগ্ন হন, পশ্চাৎ ঐ নদী তাঁহাকে বিপাশ করেন বলিয়া বিপাশা নাম হইল) সং, স্ত্রীং, পঞ্জাবের নদীবিশেষ, বেওয়া।

বিপিন (বেপ্ কাঁপা+ইন—ক, নামার্থে। সং, ক্লীং, কানন, বন, অরণ্য।

বিপুল (বি—পুল্ বৃহৎহওয়া+অ(ক)—ক) বিং, ত্রিং, বৃহৎ, বড়। অনেক। মহৎ। অগাধ, গভীর। প্রশান্ত। সং, পুং, সুমেরু। হিমালয়। সম্ভ্রান্ত ব্যক্তি। লা—স্ত্রীং, পৃথিবী। আর্য্যা-ছন্দোবিশেষ।

বিপুলাস্রবা; সং, স্ত্রীং, ঘৃতকুমারী।

বিপূয় (বি—পূ পবিত্র করা+য(ক্যপ্)—র্ম্ম। নিপাতন। পৈতানির্ম্মাণকালে ইহার দ্বারা পবিত্র করা যায় বলিয়া) সং, পুং, মুঞ্জতৃণ, শর। শিং—১ "বসানাং বল্কলে

ত্তঙ্কে বিপুষ্টৈঃ কৃতমেখলাং।" বিং, ত্রিং, পবিত্র।

বিপ্র (বি—প্রা পূরণ করা+অ(ড)—ক। যে ষট্ কর্ম্ম পূরণ করে। অথবা বপ্ বপন করা+র—সংজ্ঞার্থে, নিপাতন। যেখানে ধর্ম্মবীজ বপন করা যায়) সং, পুং, দ্বিজোত্তম, ব্রাহ্মণ। শিং—১ "জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয়লক্ষণম্।"

বিপ্রকর্ষ—পুং, বিপ্রকর্ষণ—ক্লীং (বি—প্র—কৃষ্ [আকর্ষণ করা] অন্তরস্থ হওয়া+অ(অল্), অন(অনট্)—ভা) সং,দূরত্ব। দূরবর্ত্তী হওয়া।

বিপ্রকর্ষণশক্তি—যে শক্তি দ্বারা পরমাণু সকল পরস্পর দূরবর্ত্তী হয়।

বিপ্রকার (বি—প্র হানি, হেয়—কার করণ) সং, পুং, অপকার, অনিষ্ট। উপদ্রব। তিরস্কার, ভৎসনা।

বিপ্রকাষ্ঠ; সং, ক্লীং, তূলবৃক্ষ।

বিপ্রকীর্ণ (বি—প্র সমন্তাৎ—কৃ বিক্ষেপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ইতস্ততো বিক্ষিপ্ত, ছড়াইয়া পড়া। বিপর্য্যস্ত। ছড়ভঙ্গ।

বিপ্রকৃত (বি—প্র হেয়, হানি—কৃত) বিং, ত্রিং,তিরস্কৃত। শিং—১"তস্মিন্ বিপ্রকৃতাঃ কালে।" অপকৃত। উপদ্রুত।

বিপ্রকৃষ্ট (বি—প্র—কৃষ্ [কর্ষণ করা] অন্তরস্থ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অনাসন্ন, দূরস্থ, দূরবর্ত্তী।

বিপ্রচিত্তি, বিপ্রচিত্ত (বি—প্র—চিৎ বোধ করা+তি, ত—ক) সং, পুং, অসুরবিশেষ, দনুর পুত্র।

বিপ্রতিপত্তি (বি না, বিরুদ্ধ—প্রতিপত্তি জ্ঞান) সং, স্ত্রীং, বিরুদ্ধ জ্ঞান। বিরোধ। অস্বীকার। সংশয়।

বিপ্রতিপন্ন (বি না,বিরুদ্ধ—প্রতিপন্ন অবধারিত ইত্যাদি) বিং, ত্রিং, বিরুদ্ধ। অস্বীকৃত। সন্দিগ্ধ।

বিপ্রতিষিদ্ধ (বি—প্রতিষিদ্ধ নিষিদ্ধ) বিং, ত্রিং, নিবারিত, নিষিদ্ধ। বিরুদ্ধ।

বিপ্রতিষেধ (বি—প্রতিষেধ নিষেধ) সং, পুং, তুল্যবল বিরোধ। নিষেধ।

বিপ্রতিসার—রী (বি বিপরীত—প্রতি অভিমুখে—সার [সৃ গমন করা+অ(ঘঞ্)—ভাবে] গমন) সং, পুং, অনুতাপ, পশ্চাৎতাপ। রোষ, ক্রোধ।

বিপ্রতীপ; বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত।

বিপ্রদহ; সং, পুং, শুষ্কফল মূলাদি।

বিপ্রবুদ্ধ (বি—প্রবুদ্ধ জাগরিত) বিং, ত্রিং, জাগরিত। উন্নিদ্র।

বিপ্রয়াণ (বি—প্র—যা গমন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, পলায়ন, প্রস্থান।

বিপ্রযুক্ত (বি প্রভিন্ন—প্রযুক্ত সংযুক্ত) বিং, ত্রিং, বিযুক্ত। বিশ্লিষ্ট। পৃথক্‌কৃত। বিরহিত। বিচ্ছেদপ্রাপ্ত।

বিপ্রয়োগ (বি প্রভিন্ন—প্রয়োগ সংযোগ) সং, পুং, বিরহ, বিয়োগ, পৃথক্‌ভাব। বিবাদ, বিরোধ।

বিপ্রলব্ধ (বি+প্র—লভ্ [লাভ করা] বঞ্চনা করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বঞ্চিত। প্রতারিত।

বিপ্রলব্ধা; সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, যে নায়িকা সঙ্কেতস্থানে নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়।

বিপ্রলম্ভ (বিপ্রলব্ধ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, বঞ্চনা, প্রতারণা। বিবাদ, কলহ। বিয়োগ, বিরহ। পৃথক্‌ভাব। শৃঙ্গাররসবিশেষ। বিরুদ্ধকর্ম্ম।

বিপ্রলাপ (বি—প্র বিরুদ্ধ—লাপ কথন) সং, পুং, বিরোধবচন, বিরুদ্ধ বাক্য কথন, কলহ। অনর্থক বিবাদ। [বৃক্ষ।

বিপ্রলোভী (লোভিন্) সং, পুং, কিংকিরাত-

বিপ্রবাস—পুং, বিপ্রবাসন—ক্লীং (বি—প্র ভিন্ন—বাস বাস করা) সং, দেশান্তরে অবস্থিতি, দেশান্তরে বাস, বিদেশে বাস।

বিপ্রবিদ্ধ; বিং, ত্রিং, অভিহত।

বিপ্রশ্নিকা (বি বিবিধরূপে—পৃচ্ জিজ্ঞাসা করা+ই—প্রং, ন্—আগম। কণ্—যোগ অথবা প্রশ্ন জিজ্ঞাসা করা+কণ্, আপ্)

সং, স্ত্রীং, দৈবজ্ঞা, গণকের স্ত্রী, ভাগ্য-কথয়িত্রী।

বিপ্রসাৎ (বিপ্র+সাৎ(চসাৎ)—প্রং) অং, বিপ্রকে দেয়, বিপ্রায়ত্ত, ব্রাহ্মণাধীন। ব্রাহ্মণকে দত্ত।

বিপ্রিয় (বি না—প্রিয়) বিং, ত্রিং, অপকার। অবজ্ঞাত। ঘৃণিত। বিরক্তিজনক। অপ্রিয়। শিং—১ "ন হি কিঞ্চিদযুক্তং বা বিপ্রিয়ং বা পুরা নম।" অপরাধ। সং, ক্লীং, অনিষ্ট।

বিপ্রুষ্ } (বি না—প্রুষ, প্লুষ দগ্ধ করা
বিপ্লুষ } +০(ক্বিপ)—ক) সং, স্ত্রীং, দ্রব বস্তুর বিন্দু, জলাদি কণা। বেদপাঠকালীন মুখনির্গতজলবিন্দু।

বিপ্রোষিত (বি—প্র ভিন্ন—বস্ বাস করা +ত(ক্ত)—ক, বস্‌স্থানে উষ্) বিং, ত্রিং, প্রবাসিত, বিদেশস্থ।

বিপ্লব (বি—প্লু [গমন করা] উপদ্রব করা ইত্যাদি+অ(অল)—ভা) সং, পুং, বিবাদ। বিনাশ। ভয়প্রদর্শন। বিদ্রোহ, উপদ্রব। দেশলুণ্ঠন। ভয়প্রাপ্তি। ভয়প্রদর্শন। গোলমাল। কষ্ট। বিপদ্। পাপ। দুষ্টতা। হঠযুদ্ধ। ভঙ্গি বা রব দ্বারা শত্রুকে ভয় প্রদর্শন করা।

বিপ্লাব (বি—প্লু লাফিয়া লাফিয়া যাওয়া, জলে ভাসিয়া যাওয়া+অ(ঞ)—ভাবে) সং, পুং, অশ্বের প্লুতগতি। জলপ্লাবন। লুণ্ঠনাদিদ্বারা দেশ ধ্বংস করা। গোলমাল বা উপদ্রব দ্বারা সাধারণের শান্তি নাশ করা।

বিপ্লাবন (বি না—প্লব্‌-ণি=প্লাবি [গমন করান] ব্যাঘাত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ব্যাঘাত, বিঘ্ন। ধ্বংস। হানি। জলপ্লাবন। বিপর্য্যাস।

বিপ্লাবিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিপর্য্যস্ত, উল্টেপাল্টে দেওয়া। (+ক্ত—র্ম্ম) ব্যাহত।

বিপ্লুত (বিপ্লব দেখ, ত(ক্ত)—ক, র্ম্ম) বিং, ত্রিং, বিগত। ব্যসনার্ত্ত। দূষিত। উপক্রুত; যথা—"অবিপ্লুত ব্রহ্মচর্য্য।" বিহ্বল। ভ্রান্ত। অপরাধকারী। বিপর্য্যস্ত। প্রতিকূল। বিপরীত। সং, ক্লীং, ব্যাঘাত। ধ্বংস। হানি। জলপ্লাবন।

বিফল (বি—ফল) বিং, ত্রিং, নিষ্ফল, বৃথা, নিরর্থক। লা—স্ত্রীং, কেতকী।

বিবধ (বি বিগত—বধ হনন, গতি, র্ম্মী—ষ) সং, পুং, সংগৃহীত ধান্য তণ্ডুলাদি। শিং—১ "নিরুদ্ধবিবধাসার।"

বিবন্ধ (বি—বন্ধ্ বন্ধনকরা+অ(অন্)—ক) সং, পুং, রোগবিশেষ, মূত্রপুরীষাবরোধ, কোষ্ঠবদ্ধরোগ।

বিবুধ (বি বিবিধরূপে—বুধ্ জানা+অ (ক)—ক) সং, পুং, দেবতা। যথা—"অভূন্নৃপো বিবুধসখঃ পরন্তপঃ।" (ভট্টি)। পণ্ডিত। চন্দ্র।

বিবুধবনিতা; সং, স্ত্রীং, অপ্সরা।

বিবুধান; সং, পুং, আচার্য্য, পণ্ডিত। দেব।

বিবোধ (বি—বোধ বুদ্ধি) সং, পুং, জাগরণ। বিকাস। জ্ঞান।

বিবোধন (বি—বোধি বুঝান, বিজ্ঞাপন করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উদ্বোধ। বুঝান। জাগরণ। শিং—১ "বিবোধনার্থায় হরের্হরিনেত্রকৃতালয়াৎ।" জ্ঞাপন। বিকাসিত করা।

বিবোধিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, জাগরিত। জ্ঞাপিত। বিকাসিত।

বিব্রুবৎ (বি বিরুদ্ধ—ব্রু বলা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, বিরুদ্ধবক্তা। মৌনী।

বিভক্ত (বি—ভজ্ ভাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিভিন্ন, পৃথক্‌কৃত। সুশ্লিষ্ট। সংক্রমিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, বিভাগ।

বিভক্তকোঠী (Nautilidae) যাহাদের দেহের মধ্যভাগে ব্যবধান আছে; যথা—নটিলস্ জীব।

বিভক্তজ (বিভক্ত বিভাগ করা [হইতেছে বা হইয়াছে]—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, পৈতৃক ধন বিভাগানন্তর উৎপন্ন সন্তান।

বিভক্তি (বি—ভজ্ ভাগ করা+তি(ক্তি)—ভা, প) সং, স্ত্রীং, বিভাগ, বণ্টন। রচনা। ভঙ্গী। ব্যাকরণে—শব্দ বা ধাতুর

পরে যে সকল প্রত্যয় হয়; সুপাদি ও তিঙাদি। শিং — ১ "সংখ্যাত্বব্যাপ্যসামান্যৈঃ শক্তিমান্ প্রত্যয়স্তু যঃ। সা বিভক্তির্দ্বিধা প্রোক্তা সুপ্‌তিঙৌ চেতি ভেদতঃ।"

বিভঙ্গ (বি — ভন্‌জ্‌ ভগ্ন হওয়া + অ(অল্‌) — ভা) সং, পুং, বিন্যাস। ভঙ্গীসংকোচ। (+ অল্‌ — র্ম্ম) খণ্ড, ছেদ।

বিভজনীয় ( বিভক্ত দেখ, অনীয় — র্ম্ম ) বিং, ত্রিং, বিভাগযোগ্য, বিভাজ্য।

বিভব ( বিভূ দেখ, অ(অল্‌) — ভাবে ) সং, পুং, বিভুত্ব, প্রভুত্ব। মোক্ষ, মুক্তি। বৎসরবিশেষ। ঔদার্য্য। মহত্ত্ব। প্রভবাদি ষষ্ঠ বৎসরান্তর্গত দ্বিতীয় বর্ষ। শিং — ১ "সুভিক্ষং ক্ষেমমারোগ্যং সর্ব্বে ব্যাধিবিবর্জিতাঃ। প্রশান্তা মানবাস্তত্র বহুশয্যা বসুন্ধরা। হৃষ্টাঃ পুষ্টাঃ জনাঃ সর্ব্বে বিভবেঽব্দে বরাননে।" ( + অল্‌ — ণ ) ধন, সম্পত্তি।

বিভা (বি বিশেষরূপে — ভা দীপ্তিপাওয়া + ঙ — ভা) সং, স্ত্রীং, প্রভা, দীপ্তি, আলোক। কিরণ। শোভা। প্রকাশ।

বিভাকর (বিভা — কর [কৃ করা + অ(ট) — — ক] যে করে, ২য়া — ষ) সং, পুং, সূর্য্য, প্রভাকর। অগ্নি। অর্কবৃক্ষ।

বিভাগ (বি — ভাজ্‌ ভাগ করা + অ(ঘঞ্‌) — ভাবে) সং, পুং, ভাগ, বণ্টন। (+ ঘঞ্‌ — র্ম্ম ) দায় বা পৈতৃক সম্পত্তির অংশ বা অংশীকরণ। খণ্ড। অঙ্কশাস্ত্রে ভগ্নাংশের ভাজ্য। [ত্রিং, বিভাগকর্ত্তা।

বিভাজক (বি — ভাজক যে অংশ করে) বিং,

বিভাজ্য (বিভক্তি দেখ, য — র্ম্ম) বিভাগযোগ্য। শিং — ১ "কুলে বিনীতবিদ্যানাং ভ্রাতৃণাং পিতৃতোঽপি বা। শৌর্য্যপ্রাপ্তন্তু যদ্বিত্তং বিভাজ্যং তদ্‌বৃহস্পতিঃ।"

বিভাজ্যতা ( Divisibility, বিভাজ্য + তা — ভাবে) সং, স্ত্রীং, জড় পদার্থের প্রতি কোন প্রকার বল প্রয়োগ করিলে যে গুণ দ্বারা উহা নানা খণ্ডে বিভক্ত হইতে পারে। [পিতা।

বিভাণ্ডক ; সং, পুং, মুনিবিশেষ, ঋষ্যশৃঙ্গের

বিভাণ্ডী ; সং, স্ত্রীং, আবর্ত্তকীলতা।

বিভাত (বি — ভা দীপ্তি পাওয়া + ত(ক্ত) — ভাবে) সং, ক্লীং, প্রভাত, প্রাতঃকাল।

বিভাব (বি বিবিধ — ভাব [ভূ হওয়া + অ (ঘঞ্‌) — ণ] স্বভাব) সং, পুং, কাব্যনাটকাদিতে বর্ণিত শোক ক্রোধ উৎসাহ প্রভৃতি স্থায়িভাবের কারণকে বিভাব কহে; তাহা দুই প্রকার—উদ্দীপন ও আলম্বন। (+ ঘঞ্‌ — ভাবে) পরিচয়।

বিভাবন — ক্লীং } ( বি — ভূ-ণি = ভাবি
বিভাবনা — স্ত্রীং } বিবেচনা করান ইত্যাদি অন(অনট্‌), অন — ভাবে, আপ্‌ ) সং, বিবেচনা। চিন্তন। অবধারণ। অনুভবকরণ। প্রকাশন। খ্যাপন। দর্শন। কাব্যের অলঙ্কারবিশেষ; যেখানে কারণ ব্যতিরেকে কার্য্যোৎপত্তি হয়; যথা—মেঘ ব্যতিরেকে বর্ষণ, পুষ্প ব্যতিরেকে ফলোৎপত্তি ইত্যাদি। শিং — ১ "ক্রিয়ায়াঃ প্রতিষেধেঽপি ফলব্যক্তির্বিভাবনা।"

বিভাবনীয় } (বি — ভূ-ণি = ভাবি বিবে-
বিভাব্য } চনা করান + অনীয়, য — র্ম্ম ) বিং, ত্রিং, চিন্তনীয়। অবধারণীয়। বিবেচনীয়। দর্শনীয়।

বিভাবরী (বি — ভা [ নক্ষত্রগণের সহিত ] দীপ্তি পাওয়া + বন(ক্বনিপ্‌) — ক, ঈপ্‌, ন্‌ = র) সং, স্ত্রীং, রজনী, রাত্রি। কুট্টনী। হরিদ্রা। বক্রযোষিৎ। বিবাদবস্ত্রমুণ্ডী। মৌখর্য্য নিরতস্ত্রী। মেদাবৃক্ষ।

বিভাবসু (বিভা প্রভা — বসু ধন, ণী — হিং) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। চিত্রকবৃক্ষ। অগ্নি। চন্দ্র। হারবিশেষ।

বিভাবিত (বিভাবন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। অনুভূত। বিবেচিত, বিমৃষ্ট। বিচিন্তিত। প্রসিদ্ধ। প্রতিষ্ঠিত।

বিভাষা (বি বিভিন্ন, বিরুদ্ধ — ভাষা বচন) সং, স্ত্রীং, বিকল্প, ইচ্ছানুযায়ী কল্পনা, দ্বৈধভাব। [সং, স্ত্রীং, প্রকাশ।

বিভাসা (বি — ভাস্‌ দীপ্তিপাওয়া + ঙ — ভা)

বিভাসিত (বি — ভাস্‌ দীপ্তি পাওয়া + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, দীপিত, প্রকাশিত। জলোপরি শোভিত।

বিভিন্ন (বি—ভিদ্ ভেদ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মিশ্রিত। সংগৃহীত। বিভক্ত। পৃথগ্‌ভূত। অন্যবিধ। বিঘট্টিত। বিদীর্ণ। (+ক্ত—র্ম্ম) বিদারিত। বিদলিত। বিকসিত। নানাবিধ। হতাশ, হতবুদ্ধি। নিঃশেষিত।

বিভীতক (বি না, বিশেষরূপে—ভীত ভয়, কণ্—যোগ। যাহা হইতে রোগভয় নাই, অথবা ভূতাশ্রয়ত্ব হেতু বিশেষরূপে ভয় হয় যাহা হইতে, ৫মী—হিং) সং, পুং, বয়ড়া গাছ।

বিভীষণ (বি—ভী ভয় পাওয়া+অন(অনট্)—ভা। যাহা হইতে ভয় পাওয়া যায়) সং, পুং, রাবণের কনিষ্ঠ ভ্রাতা। নলতৃণ। বিং, ত্রিং, ভয়ঙ্কর। দৃঢ়, ঘন,। ভৃত্য। আত্মা। কাল।

বিভীষিকা (বি—ভী·ণিচ্+অক(ণক)—প্রং, আপ্) সং, স্ত্রীং, ভয় প্রদর্শন, ভয় দেখান।

বিভু (বি প্রধান, কারণ—ভূ হওয়া+উ(ডু)—ক) সং, পুং, প্রভু। ব্রহ্মা। বিষ্ণু। শিব। পরমেশ্বর। ভৃত্য। ব্যাপক। নিত্য। অর্হৎ। বিং, ত্রিং, সর্ব্বমূর্ত্তসংযোগী, সর্ব্বব্যাপী। সমর্থ।

বিভূতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, সম্পত্তি, ঐশ্বর্য্য। সমৃদ্ধি। অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামবসায়িত্ব—শিবের এই অষ্টবিধ ঐশ্বর্য্য। ভস্ম, ছাই।

বিভূষণ—ক্লীং } (বি—ভূষ্ ভূষিত করা
বিভূষা—স্ত্রীং } +অন(অনট্)—ণ) সং, আভরণ, অলঙ্কার। (+অ—ভাবে) শোভা।

বিভূষিত (বিভূষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শোভিত। অলঙ্কৃত।

বিভৃত (বি—ভৃ ধারণ করা, পালন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধৃত। পুষ্ট, প্রতিপালিত।

বিভেদ (বি—ভিদ্ ভেদ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিভিন্নতা, প্রভেদ, বৈলক্ষণ্য। অপগম। বিভাগ। মিশ্রণ। বিকাশ। বিদলন। বিদারণ।

বিভ্রৎ (বি—ভৃ পোষণ করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, ধারণকারী। পোষণকর্ত্তা। শিং—১ "চতুর্দ্দশং নারসিংহং বিভ্রদ্দৈত্যেন্দ্রমূর্জ্জিতং।"

বিভ্রম (বি—ভ্রম্ ভ্রমণ করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, স্ত্রীদিগের শৃঙ্গারভাবজাত ক্রিয়াবিশেষ, অকারণ আসন হইতে উঠিয়া অন্যত্র গমন, নায়কবিষয়ক কথাসক্ত সখীজনের সহিত আলাপ, উচ্চ হাস্য, ক্রোধ প্রকাশ, পুষ্পাদি প্রার্থনা ও সহসা বস্ত্রাদি খণ্ডন ইত্যাদি। শিং—১ "কামৌৎসুক্যকৃতাকারং রূপযৌবনসম্পদা, অনবস্থিতচেষ্টত্বং বিভ্রমঃ পরিকীর্ত্তিতঃ।" লীলা। বিলাস। ভ্রম। সংশয়। ভ্রমণ। ত্বরাপ্রযুক্ত ভূষণাদির স্থানান্তর বিন্যাস। বিজৃম্ভণ। সাদৃশ্য। শোভা। মা—স্ত্রীং, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।

বিভ্রাট্ } (বিভ্রাজ্, বি—ভ্রাজ্ দীপ্তি পা-
বিভ্রাজ } ওয়া+০(ক্বিপ্), অ(অন্)—ক) বিং, ত্রিং, ভ্রাজিষ্ণু, অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল। শোভমান, দীপ্তিমান্। আপদ্, বিপদ, সঙ্কট।

বিভ্রান্ত (বিভ্রম দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ভ্রমযুক্ত, ভুল হওয়া। ত্বরান্বিত।

বিভ্রান্তি (বিভ্রম দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভ্রম, ভুল। ত্বরা।

বিমত (বি বিপরীত, বিরুদ্ধ—মন্ বোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অসম্মত, অনভিমত, বিরুদ্ধমতিযুক্ত। অগ্রাহ্য। অপ্রিয়। অনিষ্ট।

বিমতি (বি বিরুদ্ধ—মতি মনঃ) সং, স্ত্রীং, অনিচ্ছা, অসম্মতি।

বিমথিত (বি—মথ্ মন্থন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত।

বিমনাঃ, বিমনস্ক (—মনস্, বি বিচলিত—মনস্, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) বিং, ত্রিং, উদ্বিগ্ন। বিষণ্ণ, দুঃখিত। ব্যাকুল। অন্যমনস্ক।

বিমনায়মান (বি—মনস্+ক্য+আন(শান)—ক) বিং, ত্রিং, দুঃখিত, বিষণ্ণ।

বিমনীকৃত (বি-মনস্+চ্বি—কৃত) বিং, ত্রিং, দুর্ম্মনাঃ, অপ্রফুল্ল।

বিময় (বি—মি [ক্ষেপণ করা] পরিবর্ত্তন করা + অ(অল্)—ভা) সং, পুং, বিনিময়, বদল।

বিমর্দ্দ—পুং } (বি—মৃদ্ চূর্ণ করা+
বিমর্দ্দন—ক্লীং } অ(অল্), অন(অনট্)—ভা) সং, ঘর্ষণ। পেষণ, চূর্ণন। মন্থন। পরিমল। সম্পর্ক। বিনাশ। সম্বাধ। ঘা-তব। গুল্মবিশেষ। কালকাসুন্দা গাছ।

বিমর্দ্দক; সং, পুং, চক্রমর্দ্দ।

বিমর্দ্দিত (বিমর্দ্দ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ঘৃষ্ট। পিষ্ট। দলিত। মন্থিত, বিলোড়িত। চূর্ণিত। সংঘটিত।

বিমর্দ্দোত্থ (বিমর্দ্দ মর্দ্দ—উত্থ যে উঠে) সং,পুং, মর্দ্দন দ্বারা উৎপন্ন মনোহর গন্ধ।

বিমর্শ—পুং } (বি—মৃশ বিবেচনাকরা
বিমর্শন—ক্লীং } +অ(অল্), অন(অনট্)—ভা) সং, বিতর্ক, তর্ককরণ। তথ্যানুসন্ধান। বিচার। বিবেচনা। যুক্তিদ্বারা পরীক্ষাকরণ। অসন্তোষ। অধৈর্য্য।

বিমর্ষ—পুং } (বি—মৃষ্ সহকরা+অ
বিমর্ষণ—ক্লীং } (অল্),অন(অনট্)—ভা) সং, অসহন। অসন্তোষ। নাট্যাঙ্গ।

বিমল (বি না—মল, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, স্বচ্ছ, নির্ম্মল। সুন্দর, মনোহর। শুভ্র। নিষ্কলঙ্ক। নিষ্পাপ। সং, পুং, পর্ব্বতবিশেষ, শত্রুঞ্জয়পর্ব্বত। জৈনমুনি। লা—স্ত্রীং, দেবীবিশেষ। চামরকষা। ক্লীং, রূপার গিল্টী।

বিমলদান; সং, ক্লীং, নিত্য নৈমিত্তিক কাম্যদান। [স্ফটিকমণি।

বিমলমনি (বিমল নির্ম্মল—মণি) সং, পুং,

বিমলাত্মক; বিং, ত্রিং, নির্ম্মল।

বিমাতা (বিমাতৃ, বি ভিন্ন—মাতৃ মাতা) সং, স্ত্রীং, মাতৃসপত্নী, সৎমা। শিং—১ "মাতুঃ পিতুঃ কনীয়াংসং ন নমেদ্বয়সাধিকঃ। নমস্কুর্য্যাৎ গুরোঃ পত্নীং ভ্রাতৃজায়াং বিমাতরম্।"

বিমাতৃজ (বিমাতৃ—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত) সং, পুং, মাতৃসপত্নীপুত্র, বৈমাত্রেয় ভ্রাতা। জা—স্ত্রীং, মাতৃসপত্নীকন্যা, বৈমাত্রেয়ভগিনী।

বিমান (বি—মন্ বোধ করা+অ(ঘঞ্)—ভাবে, কিংবা মা পরিমাণ করা+অন (অনট্)—ভাবে, অথবা বি না—মান সম্ভ্রম) সং, পুং—ক্লীং, ব্যোমযান, দেবরথ। যান। সিংহাসন। মণ্ডপ। সাততলা ঘর। অশ্ব, ঘোটক। রাজগৃহবিশেষ, রাজপ্রাসাদ। অসম্মান। পরিমাণ।

বিমাননা (বি না—মানি পূজা করা+অন, আপ্) সং, স্ত্রীং, অপমান, তিরস্কার।

বিমার যবনভাষা) সং, রোগ, পীড়া।

বিমার্গ (বি—মৃজ্ মার্জ্জন করা+অ(ঘঞ্)—ণ, অথবা বি না, বিরুদ্ধ—মার্গ পথ) সং, পুং, সম্মার্জ্জনী, খেংরা। কুপথ। কদাচার।

বিমিশ্র (বি—মিশ্র মিশ্রিতকরা+অ(অন্)—ক) বিং, ত্রিং, মিশ্রিত, মিশ্র

বিমিশ্রগণিত (Mixed Mat[illegible]aics) যাহাতে পদার্থ-সম্বন্ধরাশি[illegible]নরূপণ করা হয়।

বিমুক্ত (বি—মুক্ত মুক্তিপ্রাপ্ত) বিং, ত্রিং, মুক্তিপ্রাপ্ত। পরিত্যক্ত। বন্ধন হইতে মুক্ত।

বিমুক্তি (বি—মুক্তি মোচন) সং, স্ত্রীং, বিমোচন, বন্ধন হইতে মোচন। মোক্ষ।

বিমুখ (বি উল্টা, বিরুদ্ধ—মুখ বদন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরাঙ্মুখ, নিবৃত্ত। শিং—১ "স্বাগমৈঃ কল্পিতৈস্ত্বং হি জনান্ মদ্বিমুখান্ কুরু।" অপ্রসন্ন। নিস্পৃহ।

বিমুগ্ধ (বি—মুহ্ অচৈতন্য হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মুগ্ধ, মোহপ্রাপ্ত। স্বাভাবিক জ্ঞানশূন্য।

বিমুদ্র (বি না—মুদ্রা মোহর,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রফুল্ল। মুদ্রাহীন। মুদ্রারহিত, মোহর করা নয়।

বিমূঢ় (বি—মুহ্ মুগ্ধ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অজ্ঞান, মূর্খ। ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য। [ত্রিং, বিবেচিত। বিচারিত।

বিমৃষ্ট (বি—মৃষ্ শোধনকরা+ক্ত—র্ম্ম) বিং,

বিমৃষ্যকারী } (বিমৃষ্যকারিন্, বিমৃষ্য—
বিমৃশ্যকারী } কারিন্ যে করে) বিং, ত্রিং,যে ব্যক্তি বিবেচনা করিয়া কর্ম্ম করে।

বিমৃষ্যবাদী } ( বিমৃষ্যবাদিন্, বিমৃষ্য—
বিমৃশ্যবাদী } বাদিন্ যে বলে ) বিং, ত্রিং, যে ব্যক্তি বিবেচনা করিয়া কথা বলে।

বিমোক্ষণ—ক্লীং } (বি—মোক্ষণ মুক্তি।
বিমোক্ষ—পুং } বি—মুচ্ ত্যাগকরা+
বিমোচন—ক্লীং } অ(অল), অন(অনট্) —ভা) সং, বিমুক্তি, উদ্ধার, পরিত্রাণ, বন্ধনমোচন।

বিমোহ (বি—মুহ্ মুগ্ধ হওয়া+অ(অল্) —ভাবে) সং, পুং, জড়তা, মোহ।

বিমোহন ( বি—মুহ্-ণিচ্=মোহি মুগ্ধ হওয়ান+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, মুগ্ধকরণ, মোহজন্মান, ভুলান। (+অনট্ —ক) বিং, ত্রিং, মোহজনক।

বিমোহিত (বি—মুহ্ মুগ্ধ হওয়া+ত(ক্ত) —র্ম্ম) বিং, ত্রিং, মোহপ্রাপিত। (বিমোহ +ইত—প্রং) মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান। মূর্চ্ছিত। হিতাহিতজ্ঞানশূন্য।

বিম্ব (বী গমন করা, দীপ্তি পাওয়া+বন —ক, ম্—আগম। ঈ—হ্রস্ব। স্বামী বলেন, শোভার্থ বিম্ব ধাতুতেই নিষ্পন্ন ) সং, পুং—ক্লীং, সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। মণ্ডলের ন্যায় গোলাকার ; যথা—নিতম্ব বিম্ব। মূর্ত্তি। প্রতিবিম্ব, ছায়া। সং, পুং, কৃকলাস। ক্লীং, তেলাকুচাফল। যথা— "বিম্বাধরা রমা অম্বুরাশিতলে।" শিং—১ "উমামুখে বিম্বফলাধরোষ্ঠে ব্যাপারয়ামাস বিলোচনানি।" জলবুদ্বুদ।

বিম্বক (বিম্ব+কণ্—যোগ) সং, ক্লীং, চন্দ্র ও সূর্য্যমণ্ডল। তেলাকুচা ফল।

বিম্বজা ; সং, স্ত্রীং, তেলাকুচা।

বিম্বট (বিম্ব—অট্ [গমন করা] "তুল্যরূপে" জন্মান+অ(অন্)—ক) সং, পুং, সর্ষপ।

বিম্বা } (বিম্ব দেখ, কণ্, আপ্) সং,
বিম্বী } স্ত্রীং, তেলাকুচার গাছ। জল-
বিম্বিকা } বুদ্বুদ। চন্দ্র ও সূর্য্য মণ্ডল।

বিম্বাগত (বিম্ব—আগত) বিং, ত্রিং, বিম্ব-প্রাপ্ত, বিম্বিত।

বিম্বিত (বিম্ব+ইত—প্রং) বিং, ত্রিং, প্রতি-বিম্বিত, প্রতিফলিত। আভাসিত।

বিম্বু (বিম্ব দেখ, উ—ক) সং, পুং, গুবাক, সুপারি।

বিম্বোষ্ঠ } (বিম্ব পাকা তেলাকুচা—
বিম্বৌষ্ঠ } ওষ্ঠ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্তবর্ণওষ্ঠবিশিষ্ট, যাহার ওষ্ঠ বিম্বের ন্যায় রক্তবর্ণ।

বিয়চ্চারী (বিয়চ্চারিন্, বিয়ৎ আকাশ— চারিন্ যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, আকাশগামী। সং, পুং, চিলপাক্ষী।

বিয়ৎ ( বি না—যম্ বিরাম করা+• (ক্বিপ্)—ক) সং,ক্লীং, আকাশ, গগন।

বিয়দ্গঙ্গা (বিয়ৎ স্বর্গ—গঙ্গা) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

বিয়দ্ভূতি (বিয়ৎ আকাশ—ভূতি অলৌ-কিকশক্তি) সং, স্ত্রীং, অন্ধকার।

বিয়ন্মণি (বিয়ৎ আকাশ—মণি রত্ন) সং, পুং, সূর্য্য।

বিযম } (বি—যম্ নিবৃত্ত করা+অল্,
বিযাম } ঘঞ্—ভা ) সং, পুং, সংযম, ইন্দ্রিয়দমন। নিবৃত্তি। যাতনা।

বিযাত (বি নিষেধ—যাত ইচ্ছিত। নি-ষিদ্ধ বা অযোগ্য বিষয়ের নিমিত্ত যে ইচ্ছা করে) বিং, ত্রিং, ধৃষ্ট, প্রগল্ভ, নির্লজ্জ, অশিষ্ট।

বিয়াল্লিশ (দেশজ) বিং, সংখ্যাবিশেষ, ৪২।

বিযুক্ত } (বি না—যুক্ত, যুত সংযুক্ত)
বিযুত } বিং, ত্রিং, বিরহিত, রহিত। ত্যক্ত। বিচ্ছিন্ন। বিশিষ্ট।

বিয়ে (বিবাহ শব্দজ) সং, উদ্বাহ, পরিণয়।

বিয়োগ ( বি না—যোগ সংযোগ ) সং, পুং, বিচ্ছেদ, বিরহ। অভাব। গণিতে— রাশির ব্যবকলন।

বিয়োগভাক্ (—ভাজ্) বিং, ত্রিং, বিচ্ছেদ-যুক্ত।

বিয়োগী (বিয়োগিন্, বিয়োগ+ইন্—অস্ত্যর্থে, অথবা বি না—যুজ্ যোগ করা+ ইন(ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, রহিত, পৃথগ্ভূত। অসংযুক্ত, বিরহী, বিচ্ছেদযুক্ত। সং, পুং, চক্রবাকপক্ষী। রথাঙ্গনামা। রথাঙ্গ।—গিনী—স্ত্রীং, বির-হিণী। ছন্দোবিশেষ।

বিয়োজিত ( বি না—যোজিত সংযুক্ত ) বিং, ত্রিং, বিরহিত, পৃথক্‌কৃত, বিচ্ছেদ-প্রাপিত। বিশ্লিষ্ট। শূন্যীকৃত।

বিরক্ত (বি না—রন্‌জ্‌ অনুরক্ত হওয়া +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বৈরাগ্যযুক্ত, উদাসীন। নিস্পৃহ। অননুরক্ত, বিরত। শিং—১"জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ।" চটা, বিমুখ। বিশেষরূপে ত্যক্ত। প্রবণ। ক্তা—স্ত্রীং, দুর্ভগা। অননুকূলা। শিং—১ "যাং চিন্তয়ামি-সততং ময়ি সা বিরক্তা—।"

বিরক্তভাব (বিরক্ত—ভাব গুণ) সং, পুং, বিরাগ, বৈরাগ্য। অননুরাগ, ঔদাস্য। অনিচ্ছা। প্রতিকূলতা। বৈমুখ্য।

বিরক্তি ( বিরক্ত দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং,বিরাগ,বৈরাগ্য। অননুরাগ, ঔদাস্য। অনিচ্ছা।

বিরঙ্গ ; সং, পুং, কুস্কুষ্ঠ।

বিরচিত (বি—রচি সৃষ্টি করা, রচনা করা +ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত, গঠিত। প্রণীত, কৃত। গ্রথিত। বর্ণিত। লিখিত। ভূষিত।

বিরজাঃ (বিরজস্‌, বি না—রজস্‌ স্ত্রীরজঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিগতার্ত্তবা, নিবৃত্তরজস্কা স্ত্রী। বিং, ত্রিং, রজোগুণ-রহিত। ধূলিশূন্য।

বিরজা (বি—রন্‌জ্‌ রঞ্জিত করা+অ(অন্‌) —ক, আপ্‌) সং, স্ত্রীং, দূর্ব্বা। যযাতি রাজার মাতা। রাধার সখিবিশেষ। কৃষ্ণের সখী। জগন্নাথ ক্ষেত্র। নদীবিশেষ। কপিত্থানীবৃক্ষ।

বিরজীকৃত ( বি না—রজস্‌ রজোগুণ ইত্যাদি—কৃত করা হইয়াছে, মধ্যে ঈ(চ্বি)—আগম ) বিং, ত্রিং, রজোগুণ-রহিত। নির্ধূলীকৃত, যাহা ধূলীশূন্য করা হইয়াছে।

বিরঞ্চ } বিরঞ্চি } ( বি বিবিধ [প্রাণী]—রচ্‌ সৃষ্টি করা+অ, ই—প্রং। ম—আগম) সং, পুং, ব্রহ্মা।

বিরত (বি না—রত আসক্ত) বিং, ত্রিং, নিবৃত্ত, শান্ত, উপরত। বিশ্রান্ত। বিমুখ।

বিরতি (বি না—রতি আসক্তি) সং,স্ত্রীং, বিশ্রাম। নিবৃত্তি। শান্তি। বিরাগ।

বিরল (বি পৃথক্‌—রা [এখানে] হওয়া+ অল(কলন্‌)—ক) বিং, ত্রিং, অনিবিড়, ফাঁক্‌ ফাঁক, ছাড়া ছাড়া। শিথিল, আল্‌গা। ব্যবহিত। অল্প। স্বল্প। নির্জ্জন। স্ত্রীং, দধি।

বিরলজানুক ; বিং, ত্রিং, বক্রজানুবিশিষ্ট।

বিরলদ্রবা ; সং, স্ত্রীং, শ্লক্ষ্ণযবাগূ।

বিরস (বি না—রস আস্বাদ) বিং, ত্রিং, রসহীন, বিস্বাদু। বিরক্তিজনক। অতৃপ্তি-কর। স্ত্রীং, অশ্রদ্ধা।

বিরহ (বি—রহ্‌ ত্যাগ করা+অ(অল্‌)—ভাবে) সং,পুং, বিচ্ছেদ, বিয়োগ। ত্যাগ। অস্থিতি। অভাব। শৃঙ্গাররসের বিপ্রলম্ভাখ্য অবস্থাবিশেষ।

বিরহিত ( বিরহ+ইত—সংজাতার্থে ) বিং, ত্রিং, বিহীন। ত্যক্ত। রহিত। বিমুক্ত।

বিরহী ( বিরহিন্‌, বিরহ+ইন্‌—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, বিয়োগী, বিচ্ছে[illegible]। হিণী —স্ত্রীং, বিয়োগিনী।

বিরহোৎকণ্ঠিতা ; সং, স্ত্রীং, [illegible]কাবিশেষ।

বিরাগ ( বিরক্ত দেখ, অ[illegible]—ভা ) সং, পুং, বৈরাগ্য, বিবেক। ঔদাস্য। বিরক্তি, অননুরাগ। বিং, ত্রিং, রাগহীন। শিং —১ "বিষয়েষ্বতিসংরাগো মানসো মল উচ্যতে। তেষ্বেব হি বিরাগো হি নৈর্ম্মল্যং সমুদাহৃতম্‌।"

বিরাগী (বিরাগিন্‌, বিরাগ+ইন্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৈরাগ্যযুক্ত।

বিরাজমান (বি—রাজ্‌ দীপ্তি পাওয়া+ আন(শান)—ক, ম—আগম) বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট, শোভমান। জাঁকজমক-বিশিষ্ট।

বিরাজিত (বি—রাজ্‌ দীপ্তি পাওয়া+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শোভিত, প্রকাশিত।

বিরাট্‌ (বিরাজ, বি বিশেষরূপে—রাজ্‌ দীপ্তি পাওয়া+০(কিপ্‌)—ক। তেজস্বিতা বা ব্যাপকতা হেতু যিনি বিশেষরূপে দীপ্তি পান, সং, পুং, ক্ষত্রিয়। সর্ব্ব-

ব্যাপী পুরুষ, পরমেশ্বর। স্বায়ম্ভুব মনু। ছন্দোবিশেষ। কান্তি। দীপ্তি। বেদান্ত-মতে—স্থূলশরীর সমষ্টীর উপহিতচৈতন্য।

বিরাট (বি—রট্ বলা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, বগুড়ার অর্দ্ধ ক্রোশ উত্তরে স্থিত দেশবিশেষ। ঐ দেশের রাজা।

বিরাটক; সং, পুং, রাজপট্ট।

বিরাটজ (বিরাট দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] উৎপন্ন) সং, পুং, বিরাটদেশীয় হীরক। বিং, ত্রিং, বিরাট-দেশজাত।

বিরাণী (বিরাণিন্, বি—রণ যুদ্ধ+অ এবং ইন্—যোগ) সং, পুং, হস্তী।

বিরাদ্ধ (বি—রাধ্ [সিদ্ধ করা] অপকার করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অপকৃত। অপমানিত। উৎপীড়িত। কোপিত।

বিরাদ্ধা (বিরাদ্ধৃ, বিরাদ্ধ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, অপমানকারক। অপকারক। উৎপীড়ক।

বিরাধ (বি—রাধ সিদ্ধ করা+অ—না-মার্থে) সং, পুং, রাক্ষসবিশেষ। (বিরাধন দেখ, অ—ভা) অপকার। পীড়া, ব্যথা। অপরাধ। বোধ। বিরক্তি।

বিরাধন (বি—রাধ্ [সিদ্ধ করা] অপকার করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অপকার। পীড়া, ব্যথা। পীড়ন।

বিরানব্বই (দ্বি—নব্বই নবতি শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৯২।

বিরাম (বি না—রম্ অনুরক্ত হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিশ্রাম। নিবৃত্তি, উপরম। অবসান। বৈরাগ্য। বিরতি। ব্যাকরণে—পরবর্ণাভাব।

বিরাল—পুং, বিরালী—স্ত্রীং } (বিড়্+আল(কালন্)—ক) সং, মার্জ্জার, বিড়াল।

বিরাব (বি—রু শব্দ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, গোলমাল। বিং, ত্রিং, রবহীন।

বিরাবী (বিরাবিন্, বিরাব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শব্দকারী।

বিরিক্ত (বি—রিচ্ পুনঃপুনঃ বিষ্ঠাক্ষরণ+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিরেচনবিশিষ্ট, যাহার উদর ভঙ্গ হইয়াছে।

বিরিঞ্চ, বিরিঞ্চি } (বি বিবিধ [প্রাণী]—রচ সৃষ্টি করা+অ(অন্), ইন্—ক, ম্—আগম। অ=ই) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব।

বিরিব্ধ (বি—রেভ্ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) ই—আগম, নিপাতন) সং, পুং, স্বর, কণ্ঠধ্বনি।

বিরুত (বি—রু শব্দ করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, কূজিত, অব্যক্তধ্বনি। রব।

বিরুদ (বি—রুদ্ রোদনকরা+অ(ক)—ভা) সং, পুং,—ক্লীং, গদ্যপদ্যময়ী রাজস্তুতি।

বিরুদ্ধ (বি—রুধ্ রোধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপরীত, উল্টা। বিদ্বিষ্ট। বদ্ধ, আটক করা।

বিরূঢ় (বি—রুহ্ উৎপন্ন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অঙ্কুরিত। উৎপন্ন, জাত। বদ্ধমূল। গভীররূপে নিমগ্ন। আরোহণবিশিষ্ট।

বিরূপ (বি নিন্দিত—রূপ আকৃতি) বিং, ত্রিং, কুরূপ, কুৎসিত। প্রতিকূল। ক্লীং, পিপ্পলীমূল। পুং, সুমনোরাজপুত্র। পা—স্ত্রীং, দুরালভা। অতিবিষা।

বিরূপাক্ষ (বিরূপ কুৎসিত—অক্ষ অক্ষি-শব্দজ, অ—প্রং ৬ষ্ঠী—হিং, যেহেতু ইহাঁর তিনচক্ষু) সং, পুং, শিব, ত্রিলোচন। রুদ্রবিশেষ। যাহার চক্ষু বিকৃত। যাহার চক্ষু সাধারণ সংখ্যার অতীত। শিং—১ "বপুর্বিরূপাক্ষমলক্ষ্যজন্মতা।"

বিরূপিকা (বিরূপ+কণ—যোগ) সং, স্ত্রীং, কুরূপা, কুৎসিতা। শিং—১ "ন চ শ্রাদ্ধং কনিষ্ঠস্য যা চ কন্যা বিরূপিকা।"

বিরেক—পুং, বিরেচন—ক্লীং } (বি—রিচ্ পুনঃপুনঃ বিষ্ঠাক্ষরণ+অ(অল্), অনট্—ভা) সং, মলনিঃসারণ, উদরভঙ্গ, ভেদ। (+অন্—ক) বিং, ত্রিং, বিরেচক।

বিরেচক (বি—রেচি নিঃসারণ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, ভেদকারক, জোলাপ।

বিরেফ (বি না—রেফ "" এই বর্ণ ইত্যাদি) সং, পুং, নদ। বিং, ত্রিং, রেফশূন্য।

বিরেভিত (বি—রেভ্ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত।

বিরোক (বি—রুচ্ দীপ্তিপাওয়া+অ(ঘঞ্)—ভা) সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত, বিবর। পুং, সূর্য্যকিরণ।

বিরোচন (বি—রুচ্ দীপ্তি পাওয়া+অন—ক) সং, পুং, সূর্য্য। অগ্নি। অর্কবৃক্ষ। চন্দ্র। প্রহ্লাদের পুত্র, বলিরাজার পিতা। রোহিতকবৃক্ষ। শ্যোনাকবৃক্ষ। ঘৃতকরঞ্জ।

বিরোধ (বি—রুধ্ রুদ্ধ করা+অ(ঘঞ্)—ক) সং, পুং, বৈর। বৈপরীত্য। অ-রোধ। অনৈক্য। যুদ্ধ। বিপদ্। বাধা, আটক। অর্থালঙ্কারবিশেষ।

বিরোধন (বিরোধ দেখ, অনট্—ভাবে) সং, ক্লীং, বিরোধ। (+অন—ক) বিং, ত্রিং, বিরোধকারক।

বিরোধী (বিরোধিন্, বিরোধ+ইন্—অস্ত্য-র্থে) বিং, ত্রিং, বিরুদ্ধ, প্রতিকূল, বিপ-রীত। বিরোধকারী, বিদ্বেষী, রিপু, শত্রু। সং, পুং, বৎসরবিশেষ। ধিনী—স্ত্রীং, বিরোধকারিকা।

বিরোধোক্তি (বিরোধ বৈপরীত্য, বাদা-নুবাদ—উক্তি কথন) সং, স্ত্রীং, কাব্যা-লঙ্কারবিশেষ। বাস্তবিক বিরুদ্ধ নহে কিন্তু বিরুদ্ধের ন্যায় বলা। বিপ্রলাপ।

বিল (বিল্ ভেদ করা+অ(ক)—ক) সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত, বিবর। গুহা। পুং, উচ্চৈঃশ্রবাঃ অশ্ব। বেতগাছ।

বিলকারী; সং, পুং, মূষিক।

বিলক্ষ (বি—লক্ষ্ দর্শন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিস্ময়াপন্ন, চমৎকৃত। অচিহ্নিত। অনুদ্দিষ্ট। প্রকৃতিবিরুদ্ধ। নির্গুণ। লজ্জিত।

বিলক্ষণ (বি না—লক্ষণ চিহ্ন, স্বরূপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসাধারণ, অসা-মান্য। ভিন্ন, পৃথক্। পরীক্ষক, দর্শক। ণা—স্ত্রীং, শয্যাবিশেষ।

বিলগ্ন (বি—লগ্ লাগিয়া যাওয়া+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, কটিদেশ। জন্মলগ্ন। বিং, ত্রিং, কৃশ। সংলগ্ন। বদ্ধ। জনিত। শিং—১ "বিলগ্নমধ্যা।"

বিলঙ্ঘন (বি—লন্ঘ্ ডিঙ্গিয়া যাওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উল্লঙ্ঘন। অতিক্রম।

বিলঙ্ঘিত (বিলঙ্ঘন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত, উল্লঙ্ঘিত।

বিলজ্জ (বি না—লজ্জা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ, লজ্জারহিত, বেহায়া।

বিলন (দেশজ) সং, ব্যয়করণ। বণ্টন। দান-করণ।

বিলপন } বিলপিত } (বি—লপ্ [বলা] শোক করা+অন(অনট্), ত(ক্ত)—ভা) সং, ক্লীং, বিলাপ, শোকবাক্য। মল, কাইট।

বিলপমান (বি—লপ্ [বলা] শোক করা+আন(শান)—ক) বিং, ত্রিং, যে বিলাপ করিতেছে।

বিলম্ব—পুং } বিলম্বন—ক্লীং } (বি—লম্ব লম্বমান হওয়া+[illegible]), অনট্—ভাবে) সং, পুং, দোল[illegible]ন, লম্বন। অশীঘ্রতা, গৌণ, দেরি।

বিলম্বিত (বিলম্ব+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লম্বমান, যাহা ঝুলন হইয়াছে। অশীঘ্র, বিলম্বযুক্ত। সং, ক্লীং, মধ্যম নৃত্য।

বিলম্বী (বিলম্বিন্, বিলম্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অশীঘ্রকারী, বিলম্বকারী। (লম্ব্ লম্বিত হওয়া+ইন্(ণিন্)—ক) অদ্রুত। লম্বনবিশিষ্ট। সংসক্ত। কুড়ে। লম্বমান।

বিলম্ভ (বি বিপরীত—লভ্ লাভ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, অতিদান, অতিসর্জ্জন, বিতরণ।

বিলয় (বি—লী লীন হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, লয়, প্রলয়, ব্রহ্মাণ্ডের নাশ। বিনাশ। ধ্বংস। অন্তর্ধান। বিং, ত্রিং, লয়বহির্ভূত।

বিললা; সং, স্ত্রীং, শ্বেতবলা।

বিলশয় (বিল গর্ত্ত—শয় [শী শয়ন করা+অ(অন্)—ক] যে শয়ন করে, ৭মী—ষ) সং, পুং, সর্প, ভুজগ।

বিলসৎ (বি—লস্ [ক্রীড়া করা] বিলাস করা

ইত্যাদি + অৎ(শতৃ)—ক ) বিং, ত্রিং, শোভমান। বিলাসী। স্ফূর্ত্তিমান্। ক্রীড়াশীল।

বিলসন } ( বি—লস্ [ক্রীড়া করা] বিলাস করা+অন(অনট্), ত
বিলসিত } (ক্ত)—ভা) সং, ক্লীং, বিলাস। লীলা। দীপ্তি, শোভা। স্ফুরণ। ক্রীড়া। প্রকাশ। আভা।

বিলাত (আরবী) মুসলমানেরা আপনাদের স্বদেশকে বিলাত বলিত এক্ষণে বিলাত অর্থে ইংলণ্ড।

বিলাপ ( বি—লপ্ [ বলা ] খেদ করা+অ (ঘঞ্)—ভা ) সং, পুং, পরিদেবন, খেদোক্তি।

বিলাল ( বি—লল্ পাইতে ইচ্ছা করা+অ(ঘঞ্)—প্রং। অথবা বিড়াল দেখ, ড =ল) সং, পুং, যন্ত্র, কল। বিড়াল।

বিলাস (বি—লস্ [ক্রীড়া করা] বিলাস করা +অ(ঘঞ্)—ভা ) সং, পুং, অঙ্গভঙ্গীবিশেষ। শৃঙ্গার চেষ্টাবিশেষ। স্ত্রীলোকদিগের ক্রিয়াবিশেষ, প্রিয়দর্শনাদিজনিত গমনোপবেশনাদির বৈচিত্র্য ও মুখ নেত্রশরীরাদির ভাবভঙ্গী। নায়কের বিলাস এই—ধীরদর্শন বৃষভতুল্য গমন কিংবা অদ্ভুত গমন ও স্মিতপূর্ব্বক কথন প্রভৃতি গুণ। ক্রীড়া, আমোদ প্রমোদ। শোভা। সুখভোগ। স্ফুরণ। প্রাদুর্ভাব।

বিলাসপরায়ণ ( বিলাস—পরায়ণ আসক্ত, ৭মী—ষ ) বিং, ত্রিং, সৌখীন, আমোদ প্রমোদে রত।

বিলাসভবন } ( বিলাস ক্রীড়া—ভবন,
বিলাসমন্দির } মন্দির=গৃহ ) সং, ক্লীং, ক্রীড়াগৃহ, আমোদ প্রমোদের নিমিত্ত নির্ম্মিত গৃহ। বৈঠকখানা। নাচঘর।

বিলাসী ( —সিন্, বি—লস্ ক্রীড়া করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বিলাসপরায়ণ, বিলাসযুক্ত, ক্রীড়াকৌতুকরত। বিলাসশালী। ভোগবান্। সিনী—স্ত্রীং, রমণী, কামিনী, নারী। বেশ্যা। (বিল—আস+ইন্(ণিন্)—ক ) সং, পুং, সর্প। কৃষ্ণ। অগ্নি। চন্দ্র। শিব। কন্দর্প।

বিলিখন ( বি—লিখ [লেখা] বিদীর্ণ করা ইত্যাদি+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, খনন। আঁচড়ান।

বিলীন ( বি—লী লীন হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, লয়প্রাপ্ত, লীন হওয়া। বিনষ্ট। অন্তর্হিত। নিবিষ্ট। দ্রবীভূত। গলিত, ক্ষরিত। মগ্ন। মিশ্রিত।

বিলুপ্ত ( বি—লুপ্ লোপ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লোপপ্রাপ্ত, নষ্ট। লুণ্ঠিত। ছিন্ন। আক্রান্ত। গৃহীত। তিরোভূত।

বিলুভিত ; বিং, ত্রিং, চঞ্চল।

বিলুলিত ( বি—লুল্ [ পীড়ন করা ] চঞ্চল হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, চঞ্চল। কম্পিত। দোদুল্যমান। চালিত। বিদূরিত।

বিলেখন ( বি—লিখ্ [লেখা ] বিদীর্ণ করা ইত্যাদি+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, খনন, খোঁড়া। আঁচড়ান। বিদারণ। মূলোৎপাটন। কর্ষণ। বিভাগকরণ।

বিলেপ (বি—লিপ্ লেপন করা+অ(অল্) —ণ) সং, পুং, প্রলেপদ্রব্য। (+অল্—ভাবে ) লেপন, মাখান। চন্দন। পাভাতের মাড়।

বিলেপন (বিলেপ দেখ, অন(অনট্)—ণ) সং, ক্লীং, লেপনের বস্তু। লেপনযোগ্য সুগন্ধি বস্তু। (+অনট্—ভাবে) চন্দন-কুস্কুমাদি লেপন। মাখান। নী—স্ত্রীং, সুবেশা স্ত্রী। ভাতের মাড়।

বিলেবাসী ( বিলেবাসিন্, বিলে গর্ত্তে—বাসী যে বাস করে ) সং, পুং, সর্প। বিং, ত্রিং, যে গর্ত্তে বাস করে।

বিলেশয় ( বিলে গর্ত্তে—শয় যে শয়ন করে) সং, পুং, সর্প। মূষিক। গোসাপ। শশক। শজারু। যে কোন জন্তু গর্ত্তে বাস করে। শিং—১ "গোধশশভুজঙ্গাখুশল্লক্যাদ্যা বিলেশয়াঃ।"

বিলোকন ( বি—লোক্ নিরীক্ষণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অবলোকন, দর্শন। (+অনট্—ণ) নেত্র, চক্ষুঃ।

বিলোকনীয় ( বিলোকন দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, দেখিবার যোগ্য, দর্শনীয়, সুদৃশ্য।

বিলোকিত ( বিলোকন দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অবলোকিত, দৃষ্ট। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, দর্শন।

বিলোচন ( বি—লোচ্ দর্শন করা+অন (অনট্)—ণ ) সং, ক্লীং, লোচন, চক্ষুঃ। (+অনট্—ভাবে) দর্শন।

বিলোটক ; সং, পুং, নলমীন, বেলেমাছ।

বিলোঠন ( বি—লুঠ্ লুঠ করা+অনট্—ভাবে) সং, ক্লীং, লোঠন।

বিলোড়ন ( বি—লুড্ মন্থন করা + অন (অনট্)—ভা ) সং, ক্লীং, আলোড়ন, মন্থন, ঘোটা।

বিলোড়িত ( বি-লুড্-ণিচ্=লোড়ি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলোড়িত, মথিত। সং, ক্লীং, তক্রে, ঘোল।

বিলোপ—পুং } ( বি—লোপি লোপ
বিলোপন—ক্লীং } করা, ছেদ করা+অ (অল্), অন(অনট্)—ভা ) সং, ক্লীং, লোপ, বিনাশ। তিরোভাব। মৃত্যু। ধ্বংস।

বিলোভন ( বি—লুভ্-ণিচ্=লোভি লাভাকাঙ্ক্ষী হওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, লোভপ্রদর্শন, লোভ দেখান। (+অনট্—ণ) লোভনীয় বস্তু।

বিলোম (বি ভিন্ন, উল্টা—লোমন্ শরীরের চুল, অ—প্রং ) বিং, ত্রিং, প্রতিকূল। বিপরীত, ব্যুৎক্রম, উল্টা। সং, পুং, সর্প। বরুণ। কুক্কুর। ত্রৈরাশিক ফলজ্ঞাপক ক্রিয়াবিশেষ। ক্লীং, জল তুলিবার যন্ত্রবিশেষ। সঙ্গীতে—সাতটী সুরের ক্রমান্বয়ে নিম্নগতির নাম বিলোম বা অবরোহণ।

বিলোমজ ( বিলোম ব্যুৎক্রম—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত ) বিং, ত্রিং, ক্ষত্রিয়ের ঔরসে ব্রাহ্মণীর গর্ভজাত, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভজাত ইত্যাদি ক্রমে উৎপন্ন।

বিলোমজিহ্ব (বিলোম বিপরীত—জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হস্তী, গজ।

বিলোমবর্ণ ( বিলোম [বিবাহের] ক্রম, বিপর্য্যয়—বর্ণ জাতি ) সং, পুং, বর্ণসঙ্কর জাতি।

বিলোমী ; সং, স্ত্রীং, আমলকী।

বিলোল ( বি—লুল্ [ পীড়ন করা ] চঞ্চল হওয়া+অন্—ক) বিং,ত্রিং, চঞ্চল, চপল, কম্পমান। শিং—১ "কাপি বিলাসবিলোলবিলোচনখেলনজনিত মনোজং।" অতিলোভী।

বিল্ল ( বিল গর্ত্ত + ল—প্রং ) সং, ক্লীং, বিল, জলা। আলবাল। হিঙ্গু, হিং।

বিল্লসূ ; সং, স্ত্রীং, প্রসূতদশপুত্রা।

বিল্ব (বিল্ ভেদ করা+ব—সংজ্ঞার্থে) সং, ক্লীং, শ্রীফল, বেল। একপল পরিমাণ। পুং, বেলগাছ।

বিবক্ষা ( বচ্ বলা+সন্—ইচ্ছার্থে, অ—ভা, আপ্ ) সং, স্ত্রীং, বলিবার ইচ্ছা। অভিলাষ, ইচ্ছা।

বিবক্ষিত ( বচ্ বলা+সন্ ইচ্ছার্থে+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বলিবার ইচ্ছার বিষয়, যাহা বলিতে ইচ্ছা করা হইয়াছে।

বিবক্ষু ( বচ্ বলা+সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, ত্রিং, বলিতে ইচ্ছুক। শিং—১ "পুনর্ব্বিবক্ষুঃ স্ফুরিতোত্তরাধরঃ।"

বিবঞ্চিষু ( বঞ্চ্ বঞ্চনা করা + সন্—ইচ্ছার্থে+উ—ক) বিং, ত্রিং, প্রতারণেচ্ছু।

বিবৎসা ( বস্ বাস করা+সন্—ইচ্ছার্থে, অ—ভা, আপ্ ) সং, স্ত্রীং, বাসেচ্ছা, বাস করিবার ইচ্ছা। (বি না—বৎস বাছুর, আপ্ ) মৃতবৎসগবী।

বিবদমান ( বি বিরুদ্ধ—বদ্ বলা+আন (শান)—ক) বিং, ত্রিং, বিরোধী, বিবাদী।

বিবধ (বীবধ দেখ) সং, পুং, বীবধ দেখ।

বিবন্দিষু (বন্দ্ বন্দনা করা+সন্—ইচ্ছার্থে +উ—ক) বিং, ত্রিং, অভিবাদনেচ্ছু।

বিবর ( বি—বৃ আবরণ করা+অ(অল্)—ভাবে) সং, ক্লীং, রন্ধ্র, ছিদ্র, গর্ত্ত। দোষ। বিচ্ছেদ। পৃথক্‌ভাব।

বিবরণ (বি—বৃ [আবরণ করা] অর্থ প্রকাশ করা ইত্যাদি+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, বর্ণন, ব্যাখ্যা। টীকা, অর্থ প্রকাশকরণ। প্রকাশ।

বিবরনালিকা ( বিবর গর্ত্ত, ছিদ্র—নাল চোঙ্গা+কণ্—যোগ) সং,স্ত্রীং,বংশী,বাঁশী।

বিবর্জ্জন (বি — বৃজ্ ত্যাগকরা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বিসর্জ্জন, পরিত্যাগ।

বিবর্ণ (বি না — বর্ণ জাতি, রং) সং, পুং, নীচজাতি। বিং, ত্রিং, বিকৃতবর্ণ, মলিন।

বিবর্ণভাব (বিবর্ণ — ভাব স্বরূপ, ৬ষ্ঠী — য) সং, পুং, বিবর্ণতা, মালিন্য। দীপ্তিহীনতা। কান্তিশূন্যতা। নিষ্প্রভবতা।

বিবর্ত্ত (বি — বৃৎ [থাকা] ঘোরা + অ(অল্) — ভা) সং, পুং, পরিবর্ত্তন। ঘূর্ণন। ভ্রান্তি, ভ্রম। ভ্রমণ। নৃত্য। সমূহ। পরিবর্ত্ত। পরিণাম। বিশেষরূপে স্থিতি।

বিবর্ত্তন (বিবর্ত্ত দেখ, অন(অনট্) — ভা) সং, ক্লীং, ভ্রমণ। ঘূর্ণন। পরিভ্রমণ। প্রত্যাবৃত্তি। প্রত্যাবর্ত্তন। পাশ ফিরিয়া শোয়া। নৃত্য। পরিবর্ত্তন। প্রদক্ষিণীকরণ।

বিবর্ত্তিত (বিবর্ত্ত দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাবর্ত্তিত, ঘূর্ণিত। ভ্রমিত। অপনীত।

বিবর্দ্ধন (বি বিশেষরূপে — বর্দ্ধি বৃদ্ধি পাওয়ান, ছেদ করান + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বিশেষরূপে বাড়ান। ছেদন, খণ্ডন।

বিবশ (বি বিরুদ্ধ — বশ্ ইচ্ছা করা + অ (অল্) — ভাবে, অথবা বি বিগত — বশ অধীনতা, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, অবশ। অবশীভূত, অবাধ্য। অচেতন, নিশ্চেষ্ট। বিহ্বল। স্বাধীন। মৃত্যুভীত। মৃত্যুপ্রার্থী। মৃত্যুকালে নির্ভীক, প্রশান্তচেতাঃ।

বিবস্বান্ (বিবস্বৎ, বিবস্ [বি বিবিধ প্রকার — বস্ বাসকরা + ০(কিপ্) — ক] আবরণ অর্থাৎ তেজোরূপ আবরণ + বৎ(বতু) — অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। দেবতা। অরুণ। অর্কবৃক্ষ। বৈবস্বত মনু। স্বতী — স্ত্রীং, সূর্য্যনগরী।

বিবাক (বি — বচ্ বলা + অ(ঘঞ্) — ক) বিং, ত্রিং, বিবেচনকর্ত্তা।

বিবাদ (বি বিরুদ্ধ — বাদ কথন) সং, পুং, বিরোধ, কলহ। ব্যবহার, মোকদ্দমা।

বিবাদপদ; সং, ক্লীং, বিবাদস্থানীয়, বিরোধীয়। বিবাদের স্থল।

বিবাদী (বিবাদিন্, বিবাদ + ইন্ — অস্ত্যর্থে, অথবা বি বিরুদ্ধ — বদ্ বলা + ইন্ (ণিন্) — ক) বিং, ত্রিং, বিবাদকারী, বিরোধী। সঙ্গীতে—যে রাগে যে সুর সংযোজিত হইলে রাগভ্রষ্ট হয় তাহাকে বিবাদী কহে।

বিবাস — পুং } (বি একদিকে — বস্-
বিবাসন — ক্লীং } ণিচ্=বাসি বাস করান + অ(ঘঞ্), অন(অনট্) — ভা) সং, ক্লীং, নির্ব্বাসন, স্বদেশ হইতে দূরীকরণ।

বিবাসিত (বিবাসন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাসিত, স্বদেশ হইতে দূরীকৃত।

বিবাহ (বি পরস্পররূপে — বহ্ পাওয়া + অ(ঘঞ্) — ভা) সং, পুং, দারপরিগ্রহ, পরিণয়; বিবাহ অষ্টবিধ—ব্রাহ্ম, আর্ষ, প্রাজাপত্য, দৈব, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস, পৈশাচ।

বিবাহিত (বি পরস্পররূপে — বহ্-ণিচ্ — বাহি পাওয়ান + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, কৃতবিবাহ, পরিণীত। (বিবাহ + ইত — অস্ত্যর্থে) সং, পুং, পরিণেতা, বিবাহকর্ত্তা।

বিবাহ্য (বিবাহ দেখ, য(ঘ্যণ্) — র্ম্ম) বিং, ত্রিং, বিবাহযোগ্য। (বি — বহ্ বহন করা + য(ঘ্যণ্) — র্ম্ম) বহনীয়। সং, পুং, জামাতা। বর।

বিবিক্ত (বি — বিচ্ পৃথক্ হওয়া + ত(ক্ত) ক) বিং, ত্রিং, বিজন, নির্জ্জন। শুভ। পবিত্র। একাগ্র। পৃথক্‌কৃত। অসম্পৃক্ত। বিবেকী। বিবেচক। ক্তা — স্ত্রীং, দুর্ভগা।

বিবিক্ষা (বিশ্ প্রবেশ করা + সন্ — ইচ্ছার্থে, অ — ভাবে, আপ্) সং, স্ত্রীং, প্রবেশ করিবার ইচ্ছা।

বিবিক্ষু (বিবিক্ষা দেখ, উ — ক) বিং, ত্রিং, প্রবেশ করিবার ইচ্ছুক।

বিবিগ্ন (বি — বিজ্ ভীত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, ভীত। উদ্বিগ্ন। শঙ্কিত।

বিবিদ্বিবস্ } (বিবিদ্বস্, বিদ্ জানা + বস্
বিবিদ্বান্ } (কসু) — ক) বিং, ত্রিং, যে জানিয়াছে। [নানাবিধ।

বিবিধ বি বহু — বিধা প্রকার) বিং, ত্রিং,

বিবী (হিন্দী) মান্যা স্ত্রীলোক। স্ত্রী।

**বিবীত** ( বি না–বীত গত ) সং, পুং, প্রচুর তৃণাদিবিশিষ্ট পরিরক্ষিত গোমহিষাদি চরিবার স্থান।

**বিবৃত** (বিবরণ দেখ, ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, বিস্তৃত, প্রসারিত। প্রকটীকৃত। ব্যাখ্যাত, বর্ণিত। প্রকাশিত। প্রকটিত। মহৎ। স্পষ্টীকৃত। প্রমাণীকৃত। উন্মুক্ত, খোলা। তা–স্ত্রীং, বাতরোগবিশেষ।

**বিবৃতাক্ষ** ( বিবৃত বিস্তৃত, বৃহৎ–অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী–হিং+অ–প্রং) সং, পুং, কুক্কুট। বিং, ত্রিং, বিস্ফারিতলোচন।

**বিবৃতাস্য** (বিবৃত বিস্তৃত–আস্য মুখ, ৬ষ্ঠী–হিং) বিং, ত্রিং, বিস্তৃতমুখ, যে মুখ ব্যাদান করিয়া থাকে।

**বিবৃত** (বিবরণ দেখ, তি(ক্তি)–ভা) সং, স্ত্রীং, বিবরণ, ব্যাখ্যা, টীকা। শিং–১"বাক্যস্য শেষাৎ বিবৃতের্ব্বদন্তি সান্নিধ্যতঃ সিদ্ধপদস্য বৃদ্ধাঃ।" প্রকাশ, প্রকটন। বিজৃম্ভণ। বিস্তার।

**বিবৃত্ত** (বিবর্ত্ত দেখ, ত(ক্ত)–ক) বিং, ত্রিং, পরাবৃত্ত, ফেরান। তির্য্যক্ চলিত। শিং–১"বিবৃত্তপার্শ্বং রুচিরাঙ্গহারং সমুদ্বহচ্চারু নিতম্বরম্যং।" ঘূর্ণিত। লুঠিত। ত্তা–স্ত্রীং, ক্ষুদ্ররোগবিশেষ।

**বিবৃত্তি** ( বিবর্ত্ত দেখ, তি(ক্তি)–ভা ) সং, স্ত্রীং, চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন। স্ফুরণ।

**বিবৃদ্ধ** (বি–বৃধ্ বাড়া+ত(ক্ত)–ক) বিং, ত্রিং, প্রবৃদ্ধ, বৃদ্ধিপ্রাপ্ত।

**বিবৃদ্ধি** (বি–বৃদ্ধি) সং, স্ত্রীং, সম্যক্ বৃদ্ধি।

**বিবেক** (বি বিশেষরূপে–বিচ্ বিচার করা, পৃথক্ করা+অ(ঘঞ্)–ভাবে) সং, পুং, বিচার, বিবেচনা। ভেদ, বিভিন্নতা। বৈরাগ্য, সংসারে ঔদাস্য। তত্ত্বজ্ঞান, দেহ হইতে ব্রহ্মকে পৃথক্ জ্ঞান করিবার ক্ষমতা। প্রকৃতি পুরুষের ভেদ জ্ঞান। স্নানাগার। চৌবাচ্চা।

**বিবেকদৃশ্বা** (–দৃশ্বন্) বিং, ত্রিং, বিবেকদর্শী, বিবেকী।

**বিবেকিতা** (বিবেকী+তা–ভাবে) সং, স্ত্রীং, বিবেকীর ভাব। শিং–১ "যৌবনং ধনসম্পত্তিঃ প্রভুত্বমবিবেকতা।"

**বিবেকী** (বিবেকিন্, বিবেক+ইন্–অস্ত্যর্থে অথবা বি বিশেষরূপে–বিচ্ বিচার+ইন্(ণিনি)–ক, শীলার্থে) বিং, ত্রিং, বিবেকযুক্ত। বিবেচনাকারী, বিচারক। বৈরাগ্যবিশিষ্ট, বিরাগী। সং, পুং, দেবসেনরাজপুত্র।

**বিবেচক** (বিবেক দেখ, অক(ণক)–ক) বিং, ত্রিং, বিচারশক্তিমান্, বিচারক্ষম, বিবেচনাকারী, বিচক্ষণ।

**বিবেচন**–ক্লীং } (বিবেক দেখ, অন(অনট্)
**বিবেচনা**–স্ত্রীং } অন–ভা ) সং, বিচার। বিতর্ক, বিশেষরূপে আলোচনা।

**বিবেচনীয়** (বিবেক দেখ, অনীয়–র্ম্ম) বিং, ত্রিং, বিবেচনার যোগ্য।

**বিবেচিত** ( বি–বিচ্-ণিচ্=বেচি+ত(ক্ত) –র্ম্ম ) বিং, ত্রিং, বিচারিত, তর্কিত, নিরূপিত। সিদ্ধ। [বিবেচনাযোগ্য।

**বিবেচ্য** (বিবেক দেখ, য–র্ম্ম) বিং, ত্রিং,

**বিবোঢ়া** (বিবোঢ়, বিবাহ দেখ, তৃ(তৃন্)–ক) সং, পুং, বিবাহকর্ত্তা, পতি, বর।

**বিব্রুবন্** ( বিব্রুবৎ, বি না, বিরুদ্ধ–ব্রু বলা+অৎ(শতৃ)–ক) বিং, ত্রিং, মৌনী। বিরুদ্ধবক্তা। শিং–১ "পরার্থবাদী দণ্ড্যঃ স্যাৎ ব্যবহারেষু বিব্রুবন্।"

**বিব্বোক** (বিবু [বি–বা গমন করা+উ (কু)–ভা] গতি–ওক [উচ্ সমবেত হওয়া+অ। ধি। যাহাতে সমবেত হয়] স্থান। গর্ব্বিতা স্ত্রীর গতিবিশেষের স্থান, ৬ষ্ঠী–ষ) সং, পুং, ভাববিশেষ; স্ত্রীদিগের অভিমত বস্তু প্রাপ্তিতেও গর্ব্বহেতু অনাদর। তদ্রূপ করাতে নায়কের প্রণয়বৃদ্ধি হয়।

**বিশ্** ( বিশ্ প্রবেশ করা+০(ক্বিপ্)–ক) সং, পুং, বৈশ্য, বণিগ্ জাতি। মনুষ্য। স্ত্রীং, কন্যা। বিং, ত্রিং, ব্যাপক।

**বিশ** (বিশ্ দেখ, অ(ক)–ক) সং, পুং, বৈশ্যজাতি। মনুষ্য। ক্লীং, মৃণাল। শী–স্ত্রীং, কন্যা। বিং, ত্রিং, ব্যাপক।

**বিশকলিত**; বিং, ত্রিং, বিবেচিত।

**বিশঙ্ক** ( বি না–শঙ্কা ভয়, ৬ষ্ঠী–হিং ) বিং, ত্রিং, শঙ্কারহিত, নির্ভয়।

বিশঙ্কট } (বি অব্যয়শব্দ+শঙ্কটচ্—প্রং।
বিসঙ্কট } ২য়-পক্ষে—বি—সম্—কট্ গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, বিশাল, বৃহৎ, বড়।

বিশঙ্কমান (বি—শন্‌ক্ আশঙ্কাকরা+আন (শান)—ক) বিং, ত্রিং, আশঙ্কাকারী।

বিশদ (বি—শদ্ [গমনকরা] নির্ম্মল হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, শুভ্র, শাদা; যেমন—বিশদবসনা।

২ "সুধন্য চৈত্রমাস, অষ্টমী সুপ্রকাশ,
বিশদপক্ষ শুভক্ষণে।" (অন্নদা)।

নির্ম্মল, পরিষ্কৃত। স্পষ্ট, স্ফুট। বিবিক্তাবয়ব। প্রসন্ন, অনুকূল। সুন্দর, মনোহর। সং,পুং, শুভ্রবর্ণ। [র্ম্মাহিত ধর্ম্মপ্রণালী।

বিশপ্‌তন্ত্র—বিশপ্ প্রভৃতি যাজক দ্বারা নি-

বিশম্বরা; সং, স্ত্রীং, পত্নী।

বিশয় (বি—শী [শয়ন করা] সন্দেহ করা+অ(অল্)—ভা) সং, পুং, সংশয়, সন্দেহ। শিং—১"বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথোত্তরং। নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং স্মৃতং।"

বিশর—পুং } (বি-শৄ বধ করা+অ
বিশরণ—স্ত্রীং } (অল্), অন(অনট্)—ভা) সং, হত্যা, বধ।

বিশরারু (বি—শৄ বধ করা+আরু—ক) সং, পুং, বিহঙ্গম।

বিশল্য (বি না—শল্য শেল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শঙ্কুরহিত, শল্যরহিত, শেলশূন্য। শিং—১ "বিশল্যো বিরুজঃ শীঘ্রমুদতিষ্ঠন্ মহীতলাৎ।" শেলব্যথাশূন্য। যাতনাশূন্য। চিন্তাশূন্য।

বিশল্যকরণী; সং, স্ত্রীং, ঔষধবিশেষ। শিং —১"পূর্ব্বমুক্ত কথিতো যোঽসৌ বীর জাম্ববতা তব। দক্ষিণে শিখরে জাতাং মহৌষধিমিহানয়। বিশল্যকরণীং নাম্না সাবর্ণ্যকরণীং তথা। সংজীবকরণীং বীর সন্ধানীঞ্চ মহৌষধীঃ।"

বিশল্যা (বিশল্য+আ—প্রং। ইহার দ্বারা অস্ত্রাদির বাধা নিবারণ হয়) সং, স্ত্রীং, গুলঞ্চলতা। ঝুঁয়াতাশাক। অগ্নিশিখাবৃক্ষ। দন্তী। ত্রিপুটা। অজমোদা।

বিশস—পুং } (বি—শস্ বধ করা+
বিশসন—স্ত্রীং } অ(অল্), অন(অনট্)—ভা) সং, বধ, হত্যা, মারণ, বিনাশ। পুং, খড়্গ। শিং—১ "অসিবিশসনঃ খড়্গঃ।"

বিশসিত (বি—শাস্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মারিত।

বিশস্ত (বিশস দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, হত, মারিত, নাশিত। কর্ত্তিত, ছিন্ন। সুসভ্য। অতীত।

বিশাংপতি (বিশাম্ মনুষ্যদের—পতি) সং, পুং, মনুষ্যেশ্বর, রাজা। শিং—১ "সংবেশায় বিশাংপতিং বিসসর্জ্জ।"


বিশাই (বিশ্বকর্ম্মা শব্দের অপভ্রংশ) বিশ্বকর্ম্মা।

বিশাকর; সং, পুং, ভদ্রচূড়, লঙ্কাসিজ্।

বিশাখ (বিশাখা নক্ষত্রবিশেষ+অ(ক)—অপত্যার্থে, ইনি এই মূর্ত্তিমৎ নক্ষত্র দ্বারা প্রতিপালিত হইয়াছিলেন) সং, পুং, কার্ত্তিকেয়। যাচক, ভিক্ষু। ধনুর্দ্ধারিদিগের পদ সংস্থান-বিশেষ। পুনর্নবা। (বি—শাখা) শাখাহীন।

বিশাখজ; সং, পুং, নারঙ্গ।

বিশাখা (বি—শাখ্ ব্যাপ্ত হওয়া+অ, আপ্) সং,স্ত্রীং,দ্বিং, ষোড়শ নক্ষত্র। ইহার



বিশাখা (নক্ষত্র)।

রূপ তোরণাকার চতুস্তারকাময়। ইহার জাতফল যথা—সদানুরক্তো বিবিধক্রিয়ায়াং সুবর্ণকারৈরপি সখ্যমেতি। যস্য প্রসূতৌ চ ভবেৎ বিশাখা সখা ন কস্যাপি ভবেৎ প্রসূতঃ।

বিশাতনী; সং, স্ত্রীং, মোচনকর্ত্রী। শিং—১ "যত্ত্বং পৃচ্ছসি মর্ত্ত্যানাং মৃত্যুপাশাবিশাতনীং।"

বিশায় (বি পর্য্যায়ক্রমে—শী শয়ন করা+অ(অল্)—ভাবে) সং, পুং, প্রহরীদিগের পর্য্যায়ক্রমে শয়ন।

বিশারণ (বি—শৃ-ণিচ্=শারি বধ করা+অন(অনট্)—ভা) সং,ক্লীং, মারণ, হত্যা, বধ।

বিশারদ (বিশাল বৃহৎ [যশঃ ইত্যাদি]—দা দানকরা+অ(ড)—ক। ল স্থানে র) বিং, ত্রিং, দক্ষ, নিপুণ, চতুর; যেমন—রণবিশারদ। বিদ্বান্, পণ্ডিত। প্রসিদ্ধ, বিখ্যাত। প্রগল্‌ভ। শ্রেষ্ঠ। নিজ ক্ষমতায় বিশ্বাসবান্। বিস্তৃত। গর্ব্বিত। পুং, বকুল। দা—স্ত্রীং, ক্ষুদ্র দুরালভা।

বিশাল (বি+শালচ্, কিম্বা বিশ্ প্রবেশ করা+আল(কালন্)—ক) বিং, ত্রিং, বৃহৎ, বড়। বিস্তৃত, চৌড়া। বিখ্যাত, অদ্ভুতকর্ম্মা। বিস্তীর্ণ। সং, পুং, মৃগবিশেষ। পক্ষিবিশেষ। নৃপবিশেষ। বৃক্ষবিশেষ। লী—স্ত্রীং, গঙ্গা ও গণ্ডকী নদীর সঙ্গমস্থানের নিকটবর্ত্তী পুরীবিশেষ।

বিশালতা (বিশাল+তা—ভাবে) সং, স্ত্রীং, বৃহত্ত্ব, প্রকাণ্ডতা। ওসার, বহর। বিস্তার।

বিশালতৈলগর্ভ; সং, পুং, অঙ্কোঠবৃক্ষ।

বিশালত্বক্ (বিশালত্বচ্, বিশাল বড়—ত্বচ বল্কল) সং, পুং, সপ্তবর্ণ বৃক্ষ, ছাতিম গাছ।

বিশালপত্র; সং, পুং, কাসালু। শ্রীতাল।

বিশালা (বিশাল দেখ, আপ্) সং, স্ত্রীং, উজ্জয়িনী নগরী। ইন্দ্রবারুণী। মহেন্দ্রবারুণী। তীর্থবিশেষ। দক্ষকন্যা। নদীবিশেষ। গয় নামে ভূপতি গয়াতীর্থে মহাযজ্ঞের অনুষ্ঠান পূর্ব্বক সরস্বতীরে আহ্বান করাতে তিনি তথায় আগমন করেন। গয়ের যজ্ঞকার্য্যে দীক্ষিত মুনিগণ সরস্বতীরে তথায় সমাগত দেখিয়া বিশালা নামে প্রথিত করিয়াছেন।

বিশালাক্ষ (বিশাল বড়—অক্ষি চক্ষুঃ+অ—প্রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। গরুড়। বিষ্ণু। বিং, ত্রিং, সুনেত্র, যাহার চক্ষুঃ বড়, বৃহৎ নয়নযুক্ত। ক্ষী—স্ত্রীং, দুর্গা। সুলোচনা, যে স্ত্রীর চক্ষুঃ উত্তম। যোগিনীবিশেষ। নাগদন্তী। বরস্ত্রী।

বিশিখ (বি বিশিষ্ট—শিখা অগ্রভাগ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাণ, শর, ইষু। শরগাছ। তোমরাস্ত্র। বিং, ত্রিং, শিখারহিত। শিং—১ "বিশিখোঽনুপবীতী চ কুতং কর্ম্ম ন তৎকৃতং।" খা—স্ত্রীং, রথ্যা, রথ। খনিত্রী, খন্তা। চরকার টেকো। নাপিতের স্ত্রী, নাপ্‌তিনী। আতুরাগার, যে গৃহে রোগী থাকে।

বিশিঞ্জান (বি—শিন্জ্ অস্ফুট শব্দ করা+আন(শান)—ক) বিং, ত্রিং, শব্দকারী।

বিশিপ; সং, ক্লীং, মন্দির।

বিশিষ্ট (বি—শিষ্ বিশেষ করা+ত(ক্ত)—ক, কিম্বা শাস্ শাসন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, যুক্ত, মিলিত। [illegible]লক্ষণ। ভিন্ন। অতিশিষ্ট। খ্যাত, [illegible]। সিদ্ধ। পুং, বিষ্ণু। শিং—১ "বিশিষ্টঃ শিষ্টকৃৎ শুচিঃ।"

বিশীর্ণ (বি—শৄ হিংসা করা, ভেদ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, শুষ্ক। কৃশ। জীর্ণ। বিঘটিত, ত্রুটিত, বিশ্লিষ্ট, পতিত।

বিশীর্ণপর্ণ; সং, পুং, নিম্ববৃক্ষ।

বিশীর্য্যমাণ (বিশীর্ণ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, যাহা বিশীর্ণ হইতেছে।

বিশুদ্ধ (বি—শুদ্ধ নির্ম্মল) বিং, ত্রিং, শুচি, পবিত্র। নির্ম্মল। নির্দ্দোষ। ষট্‌চক্রান্তর্গত পঞ্চম চক্র।

বিশুদ্ধগণিত (Pure Mathematics) যাহাতে পদার্থের সহিত কোন সম্বন্ধ না রাখিয়া কেবল রাশির নিরূপণমাত্র করা হয়।

বিশুদ্ধি (বি—শুদ্ধি শোধন) সং, স্ত্রীং, পবিত্রতা। শোধন। সংশোধন। নির্ম্মলতা। শিং—১ "হেয়ঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা।" নির্দ্দোষতা। সাদৃশ্য। একতা। সংশয়। ছেদ।

বিশুষ্ক (বি—শুষ্ক নীরস) বিং, ত্রিং, শুষ্ক, নীরস। ম্লান।

বিশৃঙ্খল (বি না—শৃঙ্খলা শিকল, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, শৃঙ্খলারহিত, শৃঙ্খলাহীন, নিয়মবহির্ভূত, উল্টাপাল্টা। অনিয়মিত। অবাধ্য। দুর্দ্দান্ত।

বিশেষ (বি—শিষ্ বিশেষ করা, গুণ বলা+অ(অল্)—ভা) সং, পুং, প্রভেদ,

বৈলক্ষণ্য। প্রকার, রকম। নিয়ম। বৈচিত্র্য। ব্যক্তি। সার। প্রকর্ষ। তারতম্য। আধিক্য। অবয়ব। দ্রষ্টব্য দ্রব্য। তিলক। কণাদদর্শনোক্ত পদার্থবিশেষ। বৈশেষিকদর্শনোক্ত পদার্থবিশেষ। কাব্যের অলঙ্কারবিশেষ, যদি আধেয় আধারশূন্য হয় কিম্বা এক বস্তু অনেকের গোচর হয় অথবা সমর্থই হউক বা অসমর্থই হউক কোন একটী কার্য্য করিতে গিয়া দৈবাৎ যদি তাহার সেই কার্য্য করা হয়। বিং, ত্রিং, অধিক। উৎকৃষ্ট। ভিন্ন।

বিশেষক (বি – শিষ্-ণিচ্=শেষি+অক(ণক) – ক) সং, পুং – ক্লীং, ললাটের তিলক। তমালপত্র। চিত্রক। পুং, তিলকবৃক্ষ। ক্লীং, শ্লোকত্রয়ের সম্বন্ধ, একবাক্যতাপন্ন শ্লোকত্রয়। বিং, ত্রিং, প্রভেদকারক, বিশেষকারক।

বিশেষজ্ঞ (বিশেষ – জ্ঞ [জ্ঞা জানা+অ (ড) – ক] যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি সবিশেষ জানে, জ্ঞানী।

বিশেষকচ্ছেদ্য; সং, ক্লীং, চতুঃষষ্টিকলান্তর্গত ষষ্ঠকলা।

বিশেষণ (বি – শিষ্ সম্যক্‌রূপে বোধ করা +অন(অনট্) – ণ। যথা ছত্রেণ ছাত্রগত্রাক্ষীৎ) সং, ক্লীং, প্রভেদকারক গুণ ক্রিয়াদি। যথা—"বিশেষণে সবিশেষ কহিবারে পারি।" (অন্নদা)। বিশেষ্যের ধর্ম্ম, যাহা দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ হয়; বিশেষণ ত্রিবিধ—বিশেষ্য-বিশেষণ, বিশেষণবিশেষণ ও ক্রিয়াবিশেষণ; যথাক্রমে উদাহরণ—নূতন গৃহ, পরমদয়ালু, শীঘ্র যাইতেছে। চিহ্ন। অতিশয়করণ।

বিশেষিত (বিশেষ প্রভেদ + ইত – সংজাতার্থে। অথবা বি – শিষ্-ণিচ্=শেষি +ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, ভিন্ন, পৃথক্‌কৃত, প্রভেদিত। বিশেষণ দ্বারা নির্ণীত।

বিশেষোক্তি (বিশেষ – উক্তি, য়ং – স) সং, স্ত্রীং, কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে কারণ সত্ত্বেও কার্য্যের অভাব দেখিতে পাওয়া যায়; যথা—যাঁহারা ধনবান্ হইয়াও নিরহঙ্কৃত হন, যুবা হইয়াও চিত্তচাঞ্চল্য নিবারণ করিতে পারেন, তাঁহারাই প্রকৃত মহাত্মা। অসাধারণ অবস্থাদি বর্ণন।

বিশেষ্য (বিশেষণ দেখ, য(ষ্যণ্) – র্ম্ম) সং, পুং, ধর্ম্মী, যাহা দ্বারা কোন বস্তু বা ব্যক্তি বোধ হয়; যথা—বৃক্ষ, লতা, গো মনুষ্য প্রভৃতি। গুণাদি দ্বারা প্রভেদ্য। অবচ্ছেদ্য। প্রধান, শ্রেষ্ঠ। আদিম, আদি কারণ।

বিশোক (বি না – শোক, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, শোকরহিত। সং,পুং, অশোকবৃক্ষ। কা – স্ত্রীং, যোগশাস্ত্রে—চিত্তবৃত্তিবিশেষ।

বিশোধন (বি – শোধন শুদ্ধি) সং, ক্লীং, বিশুদ্ধকরণ। শিং – ১ "প্রায়শ্চিত্তং বিশোধনম্।" সংশোধন। পবিত্রকরণ। নী স্ত্রীং, নাগদন্তীবৃক্ষ। ব্রহ্মার পুরী। ধিনী –, নাগদন্তী।

বিশোধী (বিশোধিন্, বি – শুধ্-ণিচ্=শোধি নির্ম্মল হওয়া বা করা+ইন্(ণিন্) – ক) বিং, ত্রিং, শোধনকারক।

বিশোষণ (বি – শুষ্ শুষ্ক করা বা হওয়া+ অন(অনট্) – ভা) সং, ক্লীং, শোষণ, শুষ্ককরণ।

বিশ্ন (বিচ্ছ্ দীপ্তি পাওয়া+ন – ভা) সং, পুং, দীপ্তি। কান্তি। স্ফূর্ত্তি। গতি।

বিশ্রণন (বি – শ্রণ দান করা+অন – ভা) সং, ক্লীং, বিতরণ, দান। পাত্রসাৎকরা।

বিশ্রব্ধ – স্র (বি – শ্রন্‌ভ্ বিশ্বাস করা+ত (ক্ত) – ক) বিং, বিশ্বস্ত। নিঃশঙ্ক। গাঢ়। শান্ত। ধৈর্য্যাবলম্বী, ধীর। নীচমনাঃ। অধিক। দৃঢ়। বিশ্রান্ত।

বিশ্রম্ভ – স্র (বিশ্রব্ধ দেখ, অ(ঘঞ্) – ভা) সং, পুং, প্রত্যয়, বিশ্বাস। প্রণয়। স্বচ্ছন্দবিহার। কেলি-কলহ।

বিশ্রম্ভী – স্র (বিশ্রম্ভিন্, বিশ্রম্ভ+ইন্ – অস্ত্যর্থে) বিং,ত্রিং, বিশ্রম্ভযুক্ত। বিশ্বাসী। প্রণয়ী।

বিশ্রবাঃ (বিশ্রবস্, বি – শ্রবস্ কর্ণ) সং, পুং, রাবণের পিতা, মুনিবিশেষ।

বিশ্রাণন, বিশ্রণন ( বি — শ্রণ্‌-ণিচ্‌=শ্রাণি দান করা + অন(অনট্‌) — ভা) সং, ক্লীং, দান, বিতরণ।

বিশ্রাণিত (বিশ্রাণন দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, দত্ত, যাহা বিতরণ করা হইয়াছে।

বিশ্রান্ত (বি — শ্রান্ত ক্লান্ত) বিং,ত্রিং, শ্রান্তিযুক্ত। বিগতশ্রম। নিবৃত্ত, ক্ষান্ত।

বিশ্রান্তি (বি — শ্রম্‌ ক্লান্ত হওয়া + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, বিরাম, নিবৃত্তি, ক্ষান্তি। খেদাপনয়ন, শ্রমাপনয়ন, জিরন, আরাম করা। তীর্থবিশেষ।

বিশ্রাম } ( বি — শ্রম্‌ ক্লান্ত হওয়া + অ
বিশ্রম } (ঘঞ্‌), অ(অল্‌) — ভা) সং, পুং, বিরাম, নিবৃত্তি। জিরন।

বিশ্রাব (বি — শ্রু শ্রবণ করা + অ(ঘঞ্‌) — র্ম্ম) সং, পুং, খ্যাতি, প্রসিদ্ধি। ক্ষরণ। স্রোতঃ। ধ্বনি।

বিশ্রী ( বি না — শ্রী শোভা, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, শ্রীহীন, শ্রীভ্রষ্ট। কুৎসিত, কদাকার।

বিশ্রুত (বি — শ্রু শ্রবণ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিখ্যাত, প্রসিদ্ধ। ধ্বনিত। জ্ঞাত। হৃষ্ট।

বিশ্রুতি ( বিশ্রুত দেখ, তি(ক্তি) — ভা ) সং, স্ত্রীং, খ্যাতি, প্রসিদ্ধি। ক্ষরণ। স্রোত।

বিশ্লথ (বি - শ্লথ্‌ শিথিল হওয়া + অ(অন্‌) — ক) বিং, ত্রিং, শিথিল, আল্‌গা।

বিশ্লিষ্ট (বি না — শ্লিষ্‌ সংযুক্ত হওয়া + ত (ক্ত) — ক) বিং, ত্রিং, বিচ্ছিন্ন, অসংযুক্ত। বিকসিত, প্রস্ফুটিত, প্রকাশিত। বিযুক্ত। শিথিল। বিমুক্ত।

বিশ্লেষ ( বিশ্লিষ্ট দেখ, অ(ঘঞ্‌) — ভা ) সং, পুং, অসংযোগ, বিভিন্ন হওয়া। বিকাস। বিরাগ। শৈথিল্য।

বিশ্ব (বিশ্‌ প্রবেশ করা + ব(কন্‌) — নি,সংজ্ঞার্থে) সং,পুং, বহুং, গণদেবতাবিশেষ। বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরবাঃ, মদ্রব—এই দশ। নাগর। পরিমাণবিশেষ। ক্লীং, জগৎ, ব্রহ্মাণ্ড। শুণ্ঠী। বোল। বিং, ত্রিং, সকল, সমস্ত।

বিশ্বকদ্রু (বিশ্ব সমস্ত + কণ্‌ — স্বার্থে, নিষ্প্রযোজনার্থে=বিশ্বক — দ্রু [দৌড়ন] পশ্চাদাগমকরা + ০(ক্বিপ্‌) — ক। অথবা বিশ্ব — কদ্রু [রোদন করা] শব্দ করা + উ — প্রং, র — আগম) বিং, ত্রিং, খল, ক্রূর। সং, পুং, শিকারী কুকুর। শব্দ, ধ্বনি।

বিশ্বকর্ম্মজা } (বিশ্বকর্ম্মন্‌ দেবশিল্পী —
বিশ্বকর্ম্মসুতা } জ [জন্‌ জন্মান + অ(ড) — ক] জাত, ৫মী — হিং, এবং সুতা কন্যা, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, সূর্য্যপত্নী, ছায়া। সংজ্ঞা।

বিশ্বকর্ম্মা (— কর্ম্মন্‌, বিশ্ব সর্ব্বব্যাপী — কর্ম্মন্‌ কার্য্য, ৬ষ্ঠী — হিং) সং, পুং, দেবশিল্পী, ব্রহ্মার পুত্র ; যথা—

"তুমি বিশ্বকর্ম্ম, জান বিশ্বমর্ম্ম,
তোমাতে বিশ্ব প্রকাশ।
তুমি বিশ্বগড়, তুমি বিশ্বেগড়,
তাই বিশ্বকর্ম্মা নাম।"

সূর্য্য। মুনিবিশেষ। ঈশ্বর, পরমেশ্বর।

বিশ্বকা (বিশ্ব সমস্ত — ক শব্দার্থ কৈধাতুজ) সং, স্ত্রীং, গঙ্গাচিল্লী, গাংচিল্‌।

বিশ্বকৃৎ (বিশ্ব — কৃৎ [কৃ করা + (ক্বিপ্‌) — ক] যে করে) সং,পুং,দেবশিল্পী,বিশ্বকর্ম্মা। জগৎকর্ত্তা।

বিশ্বকেতু (বিশ্ব জগদ্ব্যাপী — কেতু ধ্বজা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, অনিরুদ্ধ, উষাপতি।

বিশ্বক্সেন } (বিশ্বক্‌ সর্ব্বব্যাপী — সেনা,
বিষ্বক্সেন } ৬ষ্ঠী — হিং) সং, পুং, বি[illegible]। ত্রয়োদশ মনু। বিষ্ণুর নির্ম্মাল্যধা[illegible] দেবতা। না — স্ত্রীং, প্রিয়ঙ্গু বৃক্ষ।

বিশ্বগন্ধ (বিশ্ব সমন্তাৎ — গন্ধ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, পলাণ্ডু, পিঁয়াজ। ন্ধা — স্ত্রীং, পৃথিবী।

বিশ্বগ্রন্থি ; সং, স্ত্রীং, হংসপদী।

বিশ্বচ্‌ } (বিশ্বচ্‌, বিশ্ব — অন্‌চ্‌ গমন করা
বিশ্বচ } + ০(ক্বিপ্‌) — ক) অং, সমন্তাৎ, সর্ব্বতঃ, সর্ব্বত্র। বিং, ত্রিং, সর্ব্বব্যাপী।

বিশ্বচক্র ; সং, ক্লীং, মহাদানবিশেষ।

বিশ্বজনীন (বিশ্বজন সর্ব্বলোক + ঈন(খীন) — হিতার্থে) বিং,ত্রিং, সর্ব্বলোকের হিতজনক।

বিশ্বজিৎ (বিশ্ব — জিৎ [জি জয় করা + ০

(ক্বিপ্)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, সর্ব্বদক্ষিণযজ্ঞবিশেষ, যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দিতে হয়। বরুণের পাশ। ন্যায়-বিশেষ। বিং,ত্রিং, যে বিশ্ব জয় করিয়াছে।

বিশ্বতঃ (বিশ্বতস্, বিশ্ব সমস্ত+তস্—প্রং, সপ্তমীস্থানে তস্) অং, সর্ব্বত্র। সর্ব্ব-প্রকারে।

বিশ্বদেব (বিশ্ব সকল—দিব্ ক্রীড়া করা +অ(অল)—ক) সং, পুং, অগ্নি। পুং, বহুং, গণদেবতাবিশেষ। বা—স্ত্রীং, হ্রস্ব গবেধুকা, গোরক্ষচাকুলিয়া। নাগবলা। অরুণ পুষ্পদণ্ডোৎপন্ন।

বিশ্বদ্র্যঙ্ (—দ্রচ্, বিশ্বক সর্ব্বত্র—অনচ্ গমন করা + •(ক্বিপ্)—ক। ক=দ্রি) বিং, ত্রিং, সর্ব্বত্র গমনকারী।

বিশ্বধারিণী (বিশ্ব সমস্ত—ধারিন্ যে ধারণ করে) সং, স্ত্রীং, পৃথিবী।

বিশ্বনাথ (বিশ্ব জগৎ—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, মহাদেব।

বিশ্বপর্ণী; সং, স্ত্রীং, ভূম্যামলকী।

বিশ্বপা (বিশ্ব—পা [পা পালনকরা+•(ক্বিপ্)—ক] যে পালন করে) সং, পুং, বিশ্বের পালনকর্ত্তা, পরমেশ্বর। সূর্য্য। চন্দ্র। অগ্নি।

বিশ্বপ্সা (বিশ্বপ্সন, বিশ্ব সমস্ত—প্সা ভক্ষণ করা+অন্—প্রং) সং, পুং, সর্ব্বভক্ষক, অগ্নি। চন্দ্র। সূর্য্য। দেব। বিশ্বকর্ম্মা।

বিশ্ববোধ; সং, পুং, বুদ্ধ বা বৌদ্ধ মুনি।

বিশ্বভূ; সং, পুং, তৃতীয় বুদ্ধ।

বিশ্বভোজাঃ (—ভোজস্, বিশ্ব সমস্ত—ভুজ্ ভোজন করা+অস্—প্রং) সং, পুং, সর্ব্ব-ভুক্, যে সমুদায় বস্তু ভোজন করে। যে সমুদায় ভোগ করে।

বিশ্বমদা; সং, স্ত্রীং, অগ্নিজিহ্বা। শিং—১ "কালী করালী চ মনোজবা চ সুলোহিতা চৈব চ ধূম্রবর্ণা। স্ফুলিঙ্গিনী বিশ্বমদার্চ্চি সোহগ্নেঃ সপ্তৈব জিহ্বাঃ কসিতা মুনীন্দ্রৈঃ।"

বিশ্বম্ভর (বিশ্বম্ জগৎকে—ভর [ভৃ ভরণ করা+অ(খ)—ক] যে পোষণ করে) সং, পুং, বিশ্বত্রাতা, বিষ্ণু। ইন্দ্র, শচীপতি। বিং, ত্রিং, বিশ্বধারণকর্ত্তা।

বিশ্বম্ভরা (বিশ্বম্ভর দেখ, আপ্) সং, স্ত্রীং, পৃথিবী। শিং—১"বিশ্বম্ভরা তস্করণাচ্চান-স্তানন্তরূপতঃ। পৃথিবী পৃথুকন্যাত্বাদ্বিস্তৃত-ত্বান্মহামুনে।"

বিশ্বয়ু; সং, পুং, বায়ু।

বিশ্বরাজ্ (বিশ্ব সমস্ত—রাজ্ যে [দীপ্তি পায়] শাসন করে) সং, পুং, পরমেশ্বর।

বিশ্বরূপ (বিশ্ব সমস্ত—রূপ মূর্ত্তি। মহা-ভারতে—তাহাতে বিশ্বদেব অবস্থান করি-তেছেন বলিয়া তিনি বিশ্বরূপ নামে প্রখ্যাত হইয়াছেন) সং,পুং, বিষ্ণু,অনন্ত।

বিশ্বরূপক; সং, ক্লীং, কৃষ্ণাগুরু।

বিশ্বরেতাঃ (—রেতস্, বিশ্ব সমস্ত—রেতস্ বীজ) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি।

বিশ্ববলী (—বলিন্,বিশ্ববল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সর্ব্বপ্রকার বিষয় বোধে সমর্থ।

বিশ্ববিদ্যালয় (University) সর্ব্বপ্রকার বি-দ্যার আলোচনাস্থান।

বিশ্ববিধাতা—বিধাতৃ, } (বিশ্ব—বিধাতৃ,
বিশ্ববিধায়ী—বিধায়িন্ } বিধায়িন্ যে দরে। যিনি সমুদায় সৃষ্টি করেন) সং, পুং, বিশ্বস্রষ্টা, সৃষ্টিকর্ত্তা।

বিশ্ববেদাঃ (—বেদস্, বিশ্ব সমস্ত—বিদ্ জানা+অস্—ক) সং,পুং, সর্ব্বজ্ঞ, মুনি। শিং—১ "স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।" দেবতা।

বিশ্বব্যাপী, বিশ্বব্যাপক (বিশ্বব্যাপিন্, বিশ্ব—ব্যাপিন্, ব্যাপক যে ব্যাপে, ২য়া—ষ) বিং,ত্রিং, সর্ব্বত্রগামী, সকলস্থানে বিস্তৃত।

বিশ্বশ্রবাঃ (—শ্রবস্, বিশ্ব—শ্রবস্ কর্ণ) সং, পুং, মুনিবিশেষ।

বিশ্বসন (বি—শ্বস্ [নিশ্বাস ফেলা] বিশ্বাসকরা +অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিশ্বাস, প্রত্যয়।

বিশ্বসহা; সং, স্ত্রীং, অগ্নিজিহ্বা।

বিশ্বসার (বিশ্ব—সার সারাংশ) সং, ক্লীং, তন্ত্রশাস্ত্রবিশেষ।

বিশ্বসিত (বি—শ্বস্ [নিশ্বাসফেলা] বিশ্বাস করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিশ্বাস-পাত্র। বিশ্বাসী।

বিশ্বসৃক্ (—সৃজ্, বিশ্ব সমস্ত—সৃজ্ সৃষ্টি

করা+০(ক্বিপ্)—ক, ২য়া—ষ) সং, পুং, ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা।

**বিশ্বস্ত** ( বিশ্ব—শ্বস্ [ নিশ্বাস ফেলা ] বিশ্বাস করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিশ্বাসপাত্র। (+ক্ত—ক) বিশ্বাসী। শিং—১"ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ। বিশ্বাসাদ্ভয়মুৎপন্নং মূলাদপি নিকৃন্ততি।"

**বিশ্বস্তা** (বি বিফল—শ্বস্ত [শ্বস্ নিশ্বাসফেলা +ত(ক্ত)—ভা ] জীবন, যাহার বিফল জীবন, ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, বিধবা, পতিহীনা স্ত্রী।

**বিশ্বাচী** (বিশ্ব—অনৃচ্ গমনকরা+০(ক্বিপ্) —প্রং ) সং, স্ত্রীং, অপ্সরোবিশেষ। বাহুরোগবিশেষ।

**বিশ্বাত্মা** ( বিশ্বাত্মন্, বিশ্ব—আত্মন্ আত্মা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। বিষ্ণু। ব্রহ্মা।

**বিশ্বামিত্র** ( বিশ্ব সমস্ত—মিত্র বন্ধু, ৬ষ্ঠী —ষ, অ স্থানে আ) সং, পুং, গাধিরাজপুত্র, মুনিবিশেষ; ইনি ক্ষত্রিয় হইয়াও তপোবলে ব্রাহ্মণ হইয়াছিলেন।

**বিশ্বাবসু** ( বিশ্ব—বসু, অ—আ ) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। স্ত্রীং, রাত্রি।

**বিশ্বাস** (বি—শ্বস্ [নিশ্বাস ফেলা] বিশ্বাস করা+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, বিশ্বস্ত, প্রত্যয়। শ্রদ্ধা।

**বিশ্বাসঘাতক** ( বিশ্বাস+ঘাতক যে নাশ করে) সং, পুং, বিশ্বাসহন্তা, অবিশ্বাসী। প্রতারক, বঞ্চক।

**বিশ্বাসী** (বিশ্বাসিন্, বিশ্বাস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে বিশ্বাস করে, যাহার বিশ্বাস আছে। বিশ্বাসপাত্র।

**বিশ্বাস্য** ( বিশ্বাস দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম ) বিং, ত্রিং, বিশ্বাসযোগ্য, বিশ্বসনীয়।

**বিশ্বেদেব**; সং, পুং, বহুং, গণদেবতাবিশেষ। শিং—১ "ক্রতুর্দক্ষো বসুঃ সত্যঃ কামঃ কালস্তথা ধ্বনিঃ। রোচকশ্চাদ্রবা শ্চৈব তথা চান্যে পুরূরবাঃ। বিশ্বেদেবা ভবন্ত্যেতে দশ সর্ব্বত্র পুজিতাঃ।"পুং,বহ্নি।

**বিশ্বেশ** } ( বিশ্ব জগৎ—ঈশ, ঈশ্বর,
**বিশ্বেশ্বর** } ৬ষ্ঠী—ষ ) সং, পুং, শিব, বিশ্বনাথ। কাশীস্থ শিবলিঙ্গ।

**বিশ্বৌষধ**; সং, ক্লীং, শুণ্ঠী।

**বিষ্** ( বিষ্, বিষ্ [মলনাড়ীকে] ব্যাপা+০ (ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, বিষ্ঠা, মল।

**বিষ** ( বিষ্ ব্যাপা+অ(ক)—ক ) সং,পুং, —ক্লীং, গরল, কালকূট, হলাহল, প্রাণনাশকদ্রব্যবিশেষ। ক্লীং, জল। পদ্মাদির মৃণাল। বোল। বৎসনাভ।

**বিষকণ্টকিনী**; সং, স্ত্রীং, বন্ধ্যাকর্কোটকী।

**বিষকণ্ঠ**; সং, পুং, নীলকণ্ঠ, শিব।

**বিষকন্দ**; সং, পুং, নীলকন্দ।

**বিষক্ত** ( বি—সনৃজ্ আলিঙ্গন করা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, আসক্ত, সংলগ্ন।

**বিষঘা**; সং, স্ত্রীং, গুড়ূচী।

**বিষঘাতী**; সং, পুং, শিরীষবৃক্ষ। [illegible]ং, ত্রিং, বিষনাশক।

**বিষঘ্ন** ( বিষ—ঘ্ন [হন্ বধ [illegible]+অ(টক্) —ক] যে নাশ করে, ২য়া [illegible] বিং, ত্রিং, বিষনাশক। ঘ্নী—স্ত্রীং, [illegible]মোচিকা। ইন্দ্রবারুণী। বনবর্ব্বরি[illegible] স্বল্পফলা। ভূম্যাবলী। রক্তপুনর্নবা হরিদ্রা। বৃশ্চিকালী। মহাকরঞ্জ।

**বিষজিহ্ব**; সং, পুং, দেবতাড়বৃক্ষ।

**বিষজ্বর**; সং, পুং, মহিষ।

**বিষণ্ড**; সং, ক্লীং, মৃণাল, পদ্মের ডাঁটা।

**বিষণ্ণ** (বি—সদ্ অবসন্ন হওয়া+ত(ক্ত)— ক) বিং, ত্রিং, বিষাদযুক্ত, খিন্ন, ম্লান।

**বিষণ্ণতা** ( বিষণ্ণ+তা—ভাবে ) সং, স্ত্রীং, বিষাদ, গ্লানি, খেদ। মনোভঙ্গ। স্ফূর্ত্তিহীনতা।

**বিষাদ** (বি—সদ্ [ গমন করা ] নির্ম্মল হওয়া +অ(অন্)—ক) বিং, ত্রিং, শুভ্র। স্বচ্ছ, নির্ম্মল। স্পষ্ট। সং, পুং, শুক্লবর্ণ। ক্লীং, পুষ্পকাসীস। (বিষ—দা দান করা+অ (ড)—ক) পুং, মেঘ। বিং, ত্রিং, বিষদাতা।

**বিষদন্ত** (বিষ—দন্ত দাঁত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প, বিষদন্তবিশিষ্ট।

**বিষদর্শনমৃত্যুক**; সং, পুং, চকোরপক্ষী।

**বিষধর** (বিষ—ধর [ধৃ ধারণ করা+অ(অন্) —ক] যে ধরে, ২য়া—ষ) সং, পুং, ভুজঙ্গ, সর্প।

বিষধাত্রী ( বিষ — ধাত্রী ধাই ) সং, স্ত্রীং, মনসাদেবী।

বিষপুষ্প ; সং, ক্লীং, নীলপদ্ম। বিষযুক্তপুষ্প।

বিষবল্কিকা ; সং, স্ত্রীং, বিচুটী। "দীর্ঘবল্লী তৃণারূঢ়া পত্রমঙ্গুলিসার্দ্ধকম্। পুষ্পং ক্ষুদ্রং ফলঞ্চেব ধাত্রীবৎ পরিকীর্ত্তিতম্। গাত্রস্পর্শাৎ কণ্ডুকরী বিজ্ঞেয়া বিষবল্কিকা।"

বিষভিষক্ (বিষভিষজ্, বিষ — ভিষজ্ চিকিৎসক) সং, পুং, যে ব্যক্তি বিষবিদ্যা জানে, সাপুড়ে।

বিষভৃৎ ( বিষ — ভৃ পোষণ করা + ০(ক্বিপ্) — ক) সং, পুং, সর্প।

বিষম ( বি না — সম সমান ) বিং, ত্রিং, অসমান, অযুগ্ম, বিযোড়। যাহার সমান নাই। কষ্টদ, ক্লেশকর। দুর্গম। দুঃসহ। বিষতুল্য। দুর্গ্রাহ্য। দুর্ব্বোধ। সঙ্কট। দারুণ। উন্নতানত, বন্ধুর। উৎকট। সং, ক্লীং, পদ্যবিশেষ। শিং — ১ "ভিন্নচিহ্নচতুষ্পাদং বিষমং পরিকীর্ত্তিতং।" অর্থালঙ্কারবিশেষ। তালবিশেষ। পুং, অযুগ্ম রাশি ; যথা—মেষ মিথুন সিংহ ইত্যাদি।

বিষমচ্ছদ (বিষম অযুগ্ম — ছদ পত্র, ৬ষ্ঠী — হিং) সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ।

বিষমদলক ( Brachiopoda ) যে সকল ঝিনুকের দুই দল তুল্য নহে ; যথা— অইষ্টর ঝিনুক।

বিষমনয়ন, বিষমনেত্র, বিষমাক্ষ, বিষমেক্ষণ } ( বিষম [ অযুগ্ম ] তিন — নয়ন, নেত্র, অক্ষি, ঈক্ষণ = চক্ষুঃ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, ত্রিলোচন, মহেশ, শিব।

বিষমরাশি—যে রাশি দুই সমান অংশে বিভক্ত হইতে পারে না ; যথা—১, ৩, ৫, ৭, ইত্যাদি।

বিষমস্থ ( বিষম অসমান — স্থ [স্থা থাকা + অ(ড) — ক ] যে থাকে ) বিং, ত্রিং, বিপদ্‌গ্রস্ত। উন্নতানতপ্রদেশস্থ। শিং — ১ "অপ্রাপ্তব্যবহারশ্চ দূতো দানোন্মুখো ব্রতী। বিষমস্থশ্চ নাসেধ্যা ন চৈতানাহ্বয়েন্ নৃপঃ।"

বিষমশিষ্ট ; সং, ক্লীং, অনুচিত শাসন, অন্যায় বিভাগ। দোষবিশেষ।

বিষমায়ুধ, বিষমেষু } (বিষম অযুগ্ম, অসম — আয়ুধ অস্ত্র, ইষু বাণ, ৬ষ্ঠী — হিং) সং, পুং, পঞ্চবাণ, কন্দর্প।

বিষয় (বি — সি বন্ধন করা + অ(অন্) — ক) সং, পুং, ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, রূপ রস গন্ধ স্পর্শ শব্দ প্রভৃতি ভোগ্যবস্তু। জ্ঞেয় বস্তু। জনপদ, দেশ। স্থান। আধার, পাত্র। ভোগ্যবস্তু, ভোগ্যসাধন দ্রব্য। সম্পত্তি, ধন। বর্ণনীয় পদার্থ। ভূত। গৃহ, আবাস। বিশেষপ্রদেশজাত বস্তু। ধর্ম্মনীতি। স্বামী, প্রিয়। নিয়ামক। আরোপাশ্রয়। শুক্র, বীর্য্য।

বিষয়কর্ম্ম—সাংসারিক কার্য্য।

বিষয়াজ্ঞান ; সং, ক্লীং, তন্দ্রা।

বিষয়ায়ী ( বিষয়ায়িন্, বিষয় ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ — অয় [গমন করা] পশ্চাদ্গমন করা + ইন্ — প্রং ) সং, পুং, বিষয়াসক্ত ব্যক্তি। রাজা। ইন্দ্রিয়। কামদেব।

বিষয়ী ( বিষয়িন্, বিষয় + ইন্ — অস্ত্যর্থে ) বিং, ত্রিং, বিষয়যুক্ত। বিষয়াসক্ত। সং, পুং, নৃপ, রাজা। কামদেব, কন্দর্প। ধনী। ক্লীং, ইন্দ্রিয়।

বিষল (বিষ + ল — প্রং) সং, ক্লীং, গরল।

বিষবৎ (বিষ + বৎ — তুল্যার্থে) অং, বিষতুল্য, বিসদৃশ।

বিষবিদ্যা ( বিষ — বিদ্যা ) সং, স্ত্রীং, বিষঘ্ন মন্ত্র, বিষহারক মন্ত্র। বিষচিকিৎসাশাস্ত্র।

বিষবৈদ্য ( বিষ — বৈদ্য, ৬ষ্ঠী — ষ, কিম্বা বিষবিদ্যা + অ(ষ্ণ) — জ্ঞানার্থে, অধ্যয়নার্থে বা) সং, পুং, বিষহারক-মন্ত্র বেত্তা, যে ব্যক্তি বিষবিদ্যা জানে, সাপুড়ে, মাল।

বিষসূচক (বিষ — সূচক জ্ঞাপক) সং, পুং, চকোরপক্ষী।

বিষহর ( বিষ — হর [ হৃ হরণ করা + অ (অন্) — ক] যে নাশ করে, ২য়া — ষ) বিং, ত্রিং, বিষনাশক, গরলনাশক।

বিষহরা, বিষহরী } ( বিষহর দেখ, আপ্, ঈপ্ ) সং, স্ত্রীং, মনসাদেবী।

বিষাক্ত (বিষ — অক্ত লেপিত) বিং, ত্রিং, বিষমিশ্রিত, বিষযুক্ত। [শেল।

বিষাঙ্কুর (বিষ — অঙ্কুর) সং, পুং, শল্যাস্ত্র,

বিষাণ (বি—অস্ হওয়া, অথবা বিষ+আন (কান)—ক) বিং, ত্রিং, পশুর শৃঙ্গ। পশুর বৃহৎ দন্ত। হস্তিদন্ত। শূকরদন্ত। মেষ-শৃঙ্গীবৃক্ষ, ইহার ফল শৃঙ্গাকার। ঔষধের গাছড়া। ক্ষীরকাকোলী।

বিষাণী (বিষাণিন্, বিষাণ পশুর শৃঙ্গ ও বৃহৎ দন্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শৃঙ্গবিশিষ্ট, শৃঙ্গী। সং,পুং, হস্তী। শূকর।

বিষাদ (বি—সদ্ অবসন্ন হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ইষ্টনাশকৃত মনোভঙ্গ, খেদ, দুঃখ। জড়তা। নিশ্চেষ্টতা। কার্য্যে অনুৎসাহ বা অনিচ্ছা।

বিষানন (বিষ বিষযুক্ত—আনন মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।

বিষান্তক (বিষ—অন্তক নাশক। যিনি সমুদ্র-মন্থনোত্থিত বিষ পান করিয়াছিলেন) সং, পুং, শিব। বিং, ত্রিং, বিষনাশক।

বিষায়ুধ, বিষার, বিষাস্য (বিষ—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং। বিষ—অর গমনার্থ ঋ ধাতুজ। বিষ—আস্য মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।

বিষীদৎ (বি—সদ্ বিষন্ন হওয়া+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, বিষন্ন, বিষাদপ্রাপ্ত।

বিষু (বিষ+উ(কু)—ক) অং, সাম্য। নানারূপতা।

বিষুপ, বিষুব, বিষুবৎ (বিষু [দিবারাত্রির] সাম্য—বা গমন করা, পা পালন করা+অ(ড)—ক। বতু—অস্ত্যর্থে) সং, ক্লীং, সমরাত্রিন্দিবকাল, যে সময়ে দিবামান ও রাত্রিমান সমান হয়, সূর্য্যের মেষ ও তুলাসংক্রান্তি।

বিষুবরেখা (Equator) সং, স্ত্রীং, উভয় মেরুর সমদূরবর্ত্তী স্থানে যে মণ্ডলাকার কল্পিত রেখা পূর্ব্বপশ্চিমে গোলকের চতুর্দ্দিকে ব্যাপিয়া আছে; সূর্য্য এই রেখায় উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়।

বিষ্কম্ভ (বি—স্কম্ভ্ স্তব্ধ করা+অ(অল্)—ণ) সং, পুং, প্রথম যোগ। প্রতিবন্ধ, বাধা। বিস্তার। নাটকের অঙ্গবিশেষ। যোগীদিগের আসনবন্ধবিশেষ। অর্গলা, হুড়্কা। বৃক্ষ। স্তম্ভ। খুঁটি। বৃত্তের ব্যাস।

বিষ্কম্ভক (বিষ্কম্ভ+কণ্—যোগ) সং, পুং, নাটকীয় ইতিবৃত্তের নীরস অংশ সকল প্রকৃত প্রস্তাবে বর্ণিত হইলে সামাজিকবর্গের বিরক্তিকর হইতে পারে, এজন্য নাটককর্ত্তারা অপ্রধান ব্যক্তির মুখে সেই সেই অংশের সংক্ষেপে কীর্ত্তন করিয়া সরস অংশের অবতরণ করিয়া থাকেন, নাটকের এই অংশকে বিষ্কম্ভক বলে।

বিষ্কম্ভী (—ম্ভিন্) সং, পুং, অর্গলা।

বিষ্কল (বিষ্ বিষ্ঠা—কল গণনা করা+অ (অন্)—ক) সং, পুং, গ্রাম্য শূকর।

বিষ্কির (বি—কৄ বিক্ষেপ করা+অ(ক)—ক, স্—আগম) সং, পুং, পক্ষী। শিং—১ "বর্ত্তকালাববিকিরকপিঞ্জলকতিত্তিরাঃ। কলিঙ্গকুক্কুটাদ্যাশ্চ বিষ্কিরাঃ সমুদাহৃতাঃ। বিকীর্য্য ভক্ষয়ন্ত্যেতে যস্মাত্তস্মাদ্ধি বিষ্কিরাঃ।"

বিষ্কুম্ভ (বি—স্কুম্ভ্ স্তব্ধ করা+অ(অল্)—ণ) সং, পুং, প্রথমযোগ। প্রতিবন্ধ, বাধা। কীলক, হুড়কা। নাট্যাঙ্গবিশেষ। যোগীদিগের আসনবন্ধবিশেষ।

বিষ্ট (বিশ্ প্রবেশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রবিষ্ট। আবিষ্ট। আশ্রিত।

বিষ্টপ (বিশ্ [যাহার মধ্যে] প্রবেশ করা+টপক্—ধি অথবা বিষ+টপক্—ক) সং, ক্লীং, লোক, ভুবন, জগৎ।

বিষ্টব্ধ (বি—স্তম্ভ্ স্তব্ধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবদ্ধ, বাধাযুক্ত। রুদ্ধ, প্রতিরুদ্ধ।

বিষ্টম্ভ (বি—স্তম্ভ্ স্তব্ধ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, বাধা, প্রতিবন্ধ। রোধ, আটক। অনাহরোগ,মূত্রকৃচ্ছ্র। স্থিরীভাব। আক্রমণ।

বিষ্টম্ভী (—ম্ভিন্) বিং, ত্রিং, প্রতিবন্ধক। বিষ্টম্ভরোগবিশেষজনক।

বিষ্টর (বি—স্তৄ বিস্তার করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, দর্ভমুষ্টি। উপবেশন বা শয়নের আসন। কুশাসন। শিং—১ "ঊর্দ্ধকেশো ভবেদ্‌ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ।

দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ।" দৈব পৈত্র কর্ম্মকালীন প্রকৃত বা কুশ-নির্ম্মিত ব্রাহ্মণের জন্য কল্পিত আসন। (+অন্—ক) বৃক্ষ। রা—স্ত্রীং, গুণ্ডা-সিনী।

বিষ্টরশ্রবাঃ (বিষ্টরশ্রবস্, বিষ্টর বৃক্ষ—শ্রু শ্রবণ করা+অস্—প্রং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

বিষ্টরুহা ; সং, স্ত্রীং, স্বর্ণকেতকী।

বিষ্টার ; সং, পুং, পঙ্ক্তি ছন্দঃ।

বিষ্টি (বিশ্ [ক্লেশমধ্যে] প্রবেশ করা+তি (ক্তি)—ধি) সং, স্ত্রীং, বিনা বেতনে পরি-শ্রম, বেগার। বেতন। নিক্ষেপকরণ। যন্ত্রণাদান। নরকে পাতন। করণবিশেষ। (+তিক্—ক) বিং, ত্রিং, কর্ম্মকর।

বিষ্ঠল ; সং, ক্লীং, দূরস্থান।

বিষ্ঠা (বি বিবিধ প্রকার—স্থা [উদরে] থাকা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, মল, পুরীষ, গু।

বিষ্ণু (বিষ্ ব্যাপা+নুক্—ক, যিনি বিশ্ব ব্যাপেন। অথবা বিষ্ ধাতুর অর্থ সেচন, যিনি বিশ্ব সেচন করেন অর্থাৎ আপ্যা-য়িত করেন। অথবা প্রবেশার্থ বিশ্ ধাতু, যাহাতে ভূত সকল প্রবেশ করে। শিং —১ "যস্মাদ্বিশ্বমিদং সর্ব্বং তস্য শক্ত্যা মহাত্মনঃ। তস্মাদেবোচ্যতে বিষ্ণুর্ব্বিশ-ধাতোঃ প্রবেশনাৎ।" কিংবা তিনি বৃহৎ বলিয়া বিষ্ণু নামে বিখ্যাত হইয়াছেন অথবা তিনি চরণদ্বারা আকাশ আক্রমণ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম বিষ্ণু) সং, পুং, নারায়ণ, সত্ত্বগুণময় ব্যাপকদেব, হরি। ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ। শিং—১ "মন্বত্রিবিষ্ণুহারীত যাজ্ঞবল্ক্যোশনো-ঽঙ্গিরাঃ।" বসুবিশেষ। অগ্নি। শুদ্ধ।

বিষ্ণুঋক্ষ ; সং, ক্লীং, শ্রবণানক্ষত্র।

বিষ্ণুক্রান্তা (বিষ্ণু—ক্রান্ত অতিক্রান্ত) সং, স্ত্রীং, অপরাজিতাফুল।

বিষ্ণুগুপ্ত (বিষ্ণু—গুপ্ত রক্ষিত, ৩য়া—ষ) সং, পুং, চাণক্য পণ্ডিত। কৌণ্ডিন্য মুনি।

বিষ্ণুদৈবত ; বিং, ত্রিং, বিষ্ণু যাহার অধি-ষ্ঠাত্রী দেবতা। শিং—১ "গৃহস্ত সর্ব্ব-দৈবত্যং যদমুক্তং দ্বিজোত্তমাঃ। তজ্-জ্ঞেয়ং বিষ্ণুদৈবত্যং সর্ব্বং বা বিষ্ণু-দৈবতং।" শ্রবণানক্ষত্র।

বিষ্ণুপদ (বিষ্ণু ব্যাপক—পদ স্থান। যে সর্ব্বস্থান ব্যাপক। অথবা বিষ্ণু বামন অবতার হইয়া এক পাদ আকাশ পর্য্যন্ত দিয়াছিলেন বলিয়া বিষ্ণুপদ নাম হইল) সং, ক্লীং, আকাশ। ক্ষীরোদ সমুদ্র। পদ্ম। দী—স্ত্রীং, গঙ্গানদী। শিং—১ "নির্গতা বিষ্ণুপাদাব্জাৎ তেন বিষ্ণুপদী স্মৃতা।" সংক্রান্তিবিশেষ। (Vernal Point) বিষু-বরেখার সহিত অয়নমণ্ডলের সংযোগ-স্থল।

বিষ্ণুরথ (বিষ্ণু—রথ বাহন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়, বিষ্ণুর বাহন।

বিষ্ণুরাত (বিষ্ণু—রা দান করা+ত(ক্ত) —র্ম্ম) সং, পুং, রাজা পরীক্ষিৎ। শিং—১ "দৈবেনাপ্রতিঘাতেন শুক্লে সংস্থামুপেয়ুষি। রাতো বোঽনুগ্রহার্থায় বিষ্ণুনা প্রভবিষ্ণুনা। তস্মান্নাম্না বিষ্ণুরাতো, লোকে খ্যাতিং গমিষ্যতি।"

বিষ্ণুলিঙ্গী ; সং, স্ত্রীং, বার্ত্তিকাপক্ষী।

বিষ্ণুবল্লভা (বিষ্ণু—বল্লভ প্রিয়) সং, স্ত্রীং, লক্ষ্মী। তুলসী। অগ্নিশিখাবৃক্ষ।

বিষ্ণুবাহন } (বিষ্ণু—বাহন রথাদি)
বিষ্ণুবাহ্য } সং, পুং, গরুড়।

বিষ্ণুশৃঙ্খল ; সং, পুং, যোগবিশেষ।

বিষ্বক্ (বিশ্ব—অনূচ্ গমন করা+০(ক্বিপ্) —ক) অং, সমন্তাৎ, সর্ব্বত্র।

বিষ্বক্সেন (বিশ্বকসেন দেখ) সং, পুং, বিষ্ণু।

বিষ্বণন—ক্লীং } (বি—স্বন্ [শব্দকরা]
বিষ্বণ, বিষ্বাণ—পুং } সশব্দ ভোজন করা +অন(অনট্), অ(অল্), অ(ঘঞ্)—ভা) সং, ভোজন। (স্ব) শব্দ করা।

বিষ্য (বিষ+য—প্রং) বিং, ত্রিং, বিষ দ্বারা বধ্য।

বিস—শ, ষ (বিস্ ক্ষেপণ করা+অ(ক)— র্ম্ম) সং, ক্লীং, পদ্মাদির মৃণাল।

বিসংবাদ (বি—সম্—বদ্ [বলা] চাতুরী করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রতা-রণা। বৈলক্ষণ্য, বেমিল। বিরোধ।

বিসংষ্ঠুল (বি—সং—স্থা থাকা+উল(ডুল)—ক) বিং, ত্রিং, বিশৃঙ্খল। অব্যবস্থিত।

বিসকণ্ঠিকা (বিস মৃণাল—কণ্ঠ গলা, ৬ষ্ঠী—হিং, কণ্, আপ্) সং, স্ত্রীং, বলাকা, ক্ষুদ্রজাতীয় বক।

বিসকুসুম; সং, ক্লীং, কমল, পদ্ম।

বিসঙ্কট (বি—সম্—কট্ ভ্রমণ করা+অ—প্রং) সং, পুং, সিংহ। ইঙ্গুদীবৃক্ষ। (বি অব্যয় শব্দ+সঙ্কট—প্রং) বিং, ত্রিং, বিশাল, বৃহৎ।

বিসস্কুল; বিং, ত্রিং, জটিল, গোলমেলে।

বিসজ (বিস মৃণাল—জ [জন্ জন্মান+অ,ড)—ক] জাত) সং, ক্লীং, পদ্ম।

বিসদৃশ; বিং, ত্রিং, বিপরীত, বিরুদ্ধ।

বিসনাভি (বিস মৃণাল—নাভি) সং, পুং, পদ্মিনী, পদ্মসমূহ।

বিসপ্রসূন (বিস মৃণাল—প্রসূন পুষ্প, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পদ্ম।

বিসর (বি—সৃ গমন করা+অল্—র্ম্ম) সং, পুং, সমূহ, দল। (+অল্—ভাবে) বিস্তার। সঞ্চার।

বিসরণ (বিসর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিস্তার। প্রবাহ। উৎপত্তি।

বিসর্গ (বি—সৃজ্ ত্যাগ করা+অল্—ভা) সং, পুং, ত্যাগ, বিসর্জ্জন। মলনির্গম। মোক্ষ। প্রলয়। বিয়োগ। দান। দীপ্তি। (+অল্—র্ম্ম) দ্বিবিন্দুবর্ণ, "ঃ"। দক্ষিণায়ন। ত্যক্ত বস্তু। বিশেষ সৃষ্টি। শিং—১ "বিশ্বসর্গবিসর্গাদি নবলক্ষণলক্ষিতম্।"

বিসর্জ্জন (বি—সৃজ্ ত্যাগ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ত্যাগ। দান। প্রেরণ। প্রতিমাদি জলসাৎকরণ।

বিসর্জ্জনীয় (বিসর্জ্জন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাজ্য। সং, পুং, বিসর্গ, ঃ।

বিসর্প—পুং } (বি—সৃপ [গমন করা] ব্যাপা+অ(ঘঞ্), অন
বিসর্পণ—ক্লীং } (অনট্)—ভা) সং, প্রসরণ, ব্যাপন, বিস্তৃত হওয়া। স্ফোটকাদির উৎসেক।

বিসর্পৎ } (বিসর্পৎ, বিসর্পিন্, বি—সৃপ্+
বিসর্পী } অৎ(শতৃ), ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, বিসরণশীল।

বিসল (বি নানাপ্রকার—সল্ গমন করা+অ—প্রং) সং, ক্লীং, পল্লব, ছোট ডাল।

বিসার (বি—সৃ [গমন করা] বিস্তৃতহওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, বিস্তার। প্রবাহ। উৎপত্তি। (সৃ+ঘঞ্—ক) মৎস্য। রিনী—স্ত্রীং, মাষপর্ণী।

বিসারিত (বি—সৃ-ণিচ্=সারি গমনকরান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তারিত, প্রসারিত।

বিসারী (বিসারিন্, বিসার+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, প্রসারী, বিস্তৃতিশীল। সং, পুং, মৎস্য।

বিসিনী (বিস মৃণাল+ইন্—অস্ত্যর্থে,ঈপ্) সং, স্ত্রীং, পদ্মিনী, মৃণালিনী। শিং—১ "সরসবিসিনীকাণ্ডসঞ্জাতশব্দঃ।"

বিসূচিকা } (বি—সূচি খলতা করা+
বিসূচি } অক(ণক)—ক, আপ্) সং,
বিসূচী } স্ত্রীং, রোগবিশেষ, ওলাউঠা। রোগের লক্ষণ।

বিসূরিত (বি—সূর্ বধ করা+ত(ক্ত)—র্ম্ম) সং, ক্লীং, অনুতাপ, পশ্চাৎতাপ। তা—স্ত্রীং, জ্বর।

বিসৃত (বি—সৃ [গমন করা] ব্যাপা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ব্যাপ্ত। বিস্তৃত।

বিসৃত্বর } (বি—সৃ [গমন করা] ব্যাপা+
বিসৃমর } বর, মর—ক, শীলার্থে) বিং, ত্রিং, বিসারী, ব্যাপনশীল।

বিসৃষ্ট (বি—সৃজ্ ত্যাগ করা+[illegible])—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। নিক্ষিপ্ত [illegible]প্রেরিত। শিং—১ "রবরে বিসৃষ্টঃ।"

বিস্ত (বিস্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং—ক্লীং, এক ভরি স্বর্ণ, মোহর। ১ তোলা।

বিস্তর (বি—স্তৃ [প্রীত করা] বিস্তার করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, সমূহ। প্রচুর। প্রণয়। আসন। বাক্প্রপক। বিশেষ বর্ণন। সংখ্যা। শয্যা। (+অল্—ভাবে) বিস্তার। [পুর্ব্বক।

বিস্তরশঃ (বিস্তর+চশস্—প্রং) অং, বিস্তার

বিস্তার (বিস্তর দেখ, অ,ঘঞ্)—ভা) সং, পুং, বিসরণ, বিস্তৃতি, ব্যাপ্তি। বিশালতা।

ব্যাস। ওসার, চৌড়া। (+ঘঞ্—র্ম্ম) সমাসবাক্য। (+ঘঞ্—ক) বিটপ, শাখা। স্তম্ব, গুচ্ছ, গোছা।

বিস্তারিত (বিস্তার+ইত—সংজাতার্থে অথবা বি—স্তৃ-ণিচ্=স্তারি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রসারিত, ছড়ান।

বিস্তার্য্যতা (Extension) যে গুণ দ্বারা জড়-পদার্থ পূর্ব্বাপেক্ষা অধিক স্থানে বিস্তৃত হয়।

বিস্তীর্ণ (বি—স্তৃ আচ্ছাদন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিস্তৃত, ব্যাপ্ত। বিশাল।

বিস্তীর্ণপর্ণ; সং, ক্লীং, মানক।

বিস্তৃত (বিস্তর দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ব্যাপ্ত, ছড়াইয়া পড়া। বিশাল। লম্বা চৌড়া।

বিস্তৃতি (বিস্তর দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিস্তার, স্থান ব্যাপিয়া থাকা। দৈর্ঘ্য প্রস্থ ও বেধের সাধারণ সংজ্ঞা। বৃত্তের ব্যাস। [স্ফুট, প্রকাশিত।

বিস্পষ্ট (বি—স্পষ্ট ব্যক্ত) বিং, ত্রিং, ব্যক্ত,

বিস্ফার } (বি—স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া
বিষ্ফার } চঞ্চলহওয়া + অ(ঘঞ্)—ভা। অথবা স্ফায়্ বৃদ্ধি পাওয়া+র—ভাবে নিপাতন) সং, পুং, টঙ্কারধ্বনি, ধনুকের ছিলার শব্দ। বিস্তার। স্ফূর্ত্তি। জ্যা, ধনুগুর্ণ। কম্প। স্ফূর্ত্তি।

বিস্ফারিত } (বি—স্ফারি স্ফূর্ত্তি পাওয়া,
বিষ্ফারিত } চঞ্চল হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত, চলিত, স্ফূর্ত্তিযুক্ত। বিস্তারিত। প্রকাশিত। ধ্বনিত।

বিস্ফুরিত } (বি—স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া,
বিষ্ফুরিত } চঞ্চল হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্ফূর্ত্তিযুক্ত, কম্পিত, চঞ্চল। ধ্বনিত। স্ফীত, বর্দ্ধিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, স্ফুরণ। স্পন্দন।

বিস্ফুলিঙ্গ (বি—স্ফু অনুকরণ শব্দ—লিন্গ্ গমন করা+অ(অন্)—ক) সং, পুং, অগ্নি-কণা। বিষবিশেষ।

বিস্ফূর্জ } (বি—স্ফূর্জ্ বজ্র শব্দ করা
বিস্ফূর্জথু } +অ(অল্), অথু—ভা) সং, পুং, উদ্রেক। বজ্রনির্ঘোষ।

বিস্ফোট } (বি—স্ফুট্ ভেদ করা+অ
বিস্ফোটক } (অল্)—ভা। কণ্—যোগে বিস্ফোটক) সং, পুং, টা—স্ত্রীং, ব্রণ, ফোড়া।

বিস্ময় (বি—স্মি [ঈষৎ হাস্য করা] আশ্চর্য্যান্বিত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, আশ্চর্য্য, অদ্ভুত। অহঙ্কার, গর্ব্ব। অদ্ভুত স্থায়িভাব বা রসবিশেষ। শিং—১ "বিবিধেষু পদার্থেষু লোকসীমাতিবর্ত্তিষু। বিস্ফারশ্চেতসো যস্তু স বিস্ময় উদাহৃতঃ।" সংশয়। বিং, ত্রিং, গর্ব্বশূন্য।

বিস্ময়ান্বিত (বিস্ময়—অন্বিত যুক্ত) বিং, ত্রিং, বিস্ময়যুক্ত।

বিস্মরণ (বি না—স্মৃ স্মরণ করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, বিস্মৃতি, ভুল।

বিস্মাপন } (বি—স্মাপি [বি—স্মি বি-
বিস্মায়ন } স্ময়াপন্ন হওয়া+ই—প্রেরণে] বিস্ময় করান+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, বিস্ময়জনন। (+অনট্—ণ) পুং, কুহক, মায়া। গন্ধর্ব্বনগর। (+অন—ক) কামদেব।

বিস্মিত (বিস্ময় দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আশ্চর্য্যাবিষ্ট। বিস্ময়াপন্ন।

বিস্মৃত (বি না—স্মৃ স্মরণ করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্মরণাতীত, বিস্মৃতি-বিশিষ্ট। (+ক্ত—র্ম্ম) বিস্মরণের বিষয়।

বিস্মৃতি (বিস্মৃত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভুল, বিস্মরণ।

বিস্রা; সং, স্ত্রীং, হপুষা।

বিস্র (বিস্ ক্ষেপণ করা+রক্—র্ম্ম) সং, ক্লীং, কাঁচামাংসের গন্ধ। চিতাধূমের গন্ধ। বিং, ত্রিং, কাঁচাগন্ধবিশিষ্ট।

বিস্রংস—পুং } (বি—স্রন্স্ পতিতহওয়া
বিস্রংসন—ক্লীং } +অ(অল্), অন(অনট্)—ভা) সং, পতন। ক্ষরণ।

বিস্রংসী (বিস্রংসিন্, বিস্রংস দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, পতনশীল। ক্ষরণশীল।

বিস্রগন্ধি (বিস্র কাঁচা মাংসের গন্ধ—গন্ধি আঘ্রাণ) সং, পুং, হরিতাল।

বিস্রম্ভ (বি—স্রন্ভ্ বিশ্বাস করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রত্যয়, বিশ্বাস। প্রণয়। পরিচয়।

বিস্রম্ভী (বিস্রম্ভিন্, বিস্রম্ভ দেখ, ইন্(ণিন্) —ক) বিং, ত্রিং, বিস্রম্ভযুক্ত। বিশ্বস্ত। পরিচিত। প্রিয়।

বিস্রসা (বি—স্রন্স্ খুলিয়া পড়া+অ— ভাবে, আপ্) সং, স্ত্রীং, জরা, বার্দ্ধক্য।

বিস্রস্ত (বি—স্রন্স্ পতিত হওয়া+ত(ক্ত) —ক) বিং, ত্রিং, পতিত। চ্যুত। ভ্রষ্ট। ক্ষরিত।

বিস্রুত (বি প্রভিন্ন—স্রু দৌড়িয়া যাওয়া +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিস্তৃত। প্রবাহিত। ক্ষরিত। চ্যুত, ভ্রষ্ট।

বিস্বন } (বি—স্বন্ শব্দ করা+অল্,
বিস্বান } ঘঞ্—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ।

বিহগ } (বিহায়স্ আকাশ—গ [গম্
বিহঙ্গ } গমন করা+অ(ড), খ—ক।
বিহঙ্গম } যে গমন করে, ৭মী—ষ] বিহায়স্ স্থানে বিহ) সং, পুং, পক্ষী। মেঘ। বাণ। সূর্য্য। চন্দ্র। মা—স্ত্রীং, ভারযষ্টি, ভারবহনার্থ বাঁক।

বিহঙ্গরাজ (বিহঙ্গ পক্ষী—রাজ রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পক্ষিরাজ গরুড়। শিং—১ "বিহঙ্গরাজাঙ্গরুহৈরিবায়তৈঃ।" (মাঘ)।

বিহঙ্গিকা (বিহঙ্গ পক্ষী+কণ্—আপ্) সং, স্ত্রীং, ভারযষ্টি, বাঁক।

বিহত (বি—হন্ [বধ করা] ভগ্ন হওয়া ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাহত বিঘ্নিত। বিফল। ভগ্ন।

বিহতি (বিহত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ভঙ্গ। বিঘ্ন, ব্যাঘাত। হত্যা।

বিহনন (বিহত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিঘ্ন, ব্যাঘাত। ভঙ্গ। হত্যা। হিংসা। ধুনুখারা।

বিহর (বি—হৃ [হরণ করা] ক্রীড়া করা ইত্যাদি+অ(অল্)—ভাবে) সং, পুং, বিহার। বিয়োগ, বিচ্ছেদ।

বিহরণ (বিহর দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিহার, ক্রীড়া। ভ্রমণ, দৌড়ন। বিয়োগ, বিচ্ছেদ।

বিহসন (পশ্চাৎ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, হাস্যকরণ, মুচকে হাসা।

বিহসিত (বি—হস্ হাস্য করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, মধুর হাস্য।

বিহস্ত (বি বিনা—হস্ত হাত, অথবা বি বিগত—হস্ত হস্তাবলম্বন) বিং, ত্রিং, ব্যাকুল। উদ্‌ভ্রান্তমতি। ভেবাচাকা। অতি ব্যাপৃত। হস্তহীন। পুং, পণ্ডিত।

বিহস্তিত (বিহস্ত+ইত—প্রং) বিং, ত্রিং, ব্যাকুলিত।

বিহাপিত (বি—হা-ণিচ্=হাপি গমনকরান +ত(ক্ত)—ভা) সং, ক্লীং, দান, বিতরণ। ত্যাগ। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাজিত।

বিহায়স্—পুং-ক্লীং } (বি—হা গমনকরা,
বিহায়স—ক্লীং } ত্যাগকরা+অস্ —সংজ্ঞার্থে, অথবা হয়্-ণিচ্=হায়ি+ অস—ক, সংজ্ঞার্থে। ২য়-পক্ষে বিহায়স্ +ক) সং, আকাশ। পুং, পক্ষী।

বিহায়সা (বিহায়স্+তৃতীয়া স্থানে আ) অং, আকাশ, গগন।

বিহার } (বি—হৃ [হরণ করা] ক্রীড়া করা
বীহার } ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ক্রীড়া। ক্রীড়ার্থ পদ দ্বারা গমন। ভ্রমণ। বিক্ষেপ। (+ঘঞ্—ধি) বৌদ্ধমঠ। ক্রীড়াস্থান। (+ঘঞ্—ণ) স্কন্ধ। বিন্দুরেখকপক্ষী। বৈজয়ন্ত।

বিহারী (বিহারিন্, বিহার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিহারকারী। ভ্রমণকারী।

বিহিত (বি—ধা [ধারণ করা] বিধান করা+ ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠি[illegible] কৃত। দত্ত। কর্ত্তব্য, বিধেয়, [illegible]বাধিত। কথিত।

বিহিতি (বি—ধা ধারণ করা+ক্তি—ভাবে) সং, স্ত্রীং, বিধান। শিং—১ "ক্ষিতিবিজিতি স্থিতিবিহিতি ব্রতরতয়ঃ পরগতয়ঃ।"

বিহিত্রিম (বি—ধা [ধারণ করা] বিধান করা +ত্রিমক্—ক, জাতার্থে) বিং, ত্রিং, বিধানদ্বারা জাত।

বিহিদানা (পারস্য) এক প্রকার বীজবিশেষ, ঔষধার্থে ইহা ব্যবহৃত হয়।

বিহীন (বি—হা ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিরহিত, অভাববিশিষ্ট। বর্জ্জিত, ত্যক্ত।

বিহৃত (বি—হৃত [হৃ হরণ করা+ক্ত—ভাবে] ) সং, ক্লীং, স্ত্রীদিগের বিহার-বিশেষ। শিং—১ "লীলাবিলাসো বিচ্ছিত্তির্ব্বিবোকঃ কিলকিঞ্চিতং। মোট্টায়িতং কুট্টমিতং ললিতং বিহৃতং তথা। বিক্রমশ্চেত্যলঙ্কারাঃ স্ত্রীণাং স্বাভাবিকা দশ।"

বিহৃতি ( বিহার দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, বিহার, ক্রীড়া। বিশেষরূপে হরণ। উদ্ঘাটন, খোলা। বিস্তৃতি।

বিহেঠন (বি—হেঠ্ পীড়ন করা, প্রতারণা করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, হিংসা। আঘাতকরণ। বধকরণ। মর্দ্দন। প্রতারণা দুঃখদান। যাতনা, দুঃখ, কষ্ট।

বিহ্বল (বি—হ্বল্ কাঁপা+অ(অন্)—ক) বিং, ত্রিং, শোকভয়াদি দ্বারা অভিভূত, বিক্লব। বিবশ। অচেতন। দ্রবীভূত।

বীক (অজ্ গমন করা+কণ্—সংজ্ঞার্থে। অজ্=বী) সং, পুং, বায়ু। পক্ষী।

বীকাশ ( বি—কাশ্ দীপ্ত পাওয়া+অ (ঘঞ্)—ভা। ি=ী) সং, পুং, প্রকাশ। গোপন। নিভৃতি।

বীক্ষণ (বি—ঈক্ষ্ দর্শন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, দর্শন, নিরীক্ষণ।

বীক্ষণীয় ( বীক্ষণ দেখ, অনীয়—র্ম্ম ) বিং, ত্রিং, দর্শনীয়, দেখিবার যোগ্য।

বীক্ষিত (বীক্ষণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট, নিরীক্ষিত। আলোচিত। সং, ক্লীং, দর্শন।

বীক্ষ্য (বীক্ষণ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। সং, ক্লীং, বিস্ময়। পুং, নৃত্যকারক। ঘোটক।

বীঙ্খা ( বি—ইঙ্খ্ গমন করা+ঙ—ভা ) সং, স্ত্রীং, গমন। নৃত্য। অশ্বের গতি-বিশেষ। সন্ধি। শূকশিম্বী। [চারা।

বীচ (বীজ শব্দজ) সং, আঁঠি। ধান্যাদির

বীচালি (বীচ—আলি শ্রেণী) সং, ধান্যাদির শুষ্ক তৃণসমূহ। খড়, বিচালী।

বীচি—পুং; বীচি, বীচী—স্ত্রীং } (বে বুনা+ডীচি—র্ম্ম) সং, তরঙ্গ, ঢেউ। দীপ্তি, কিরণ। অবকাশ। সুখ, আনন্দ। অল্প।

বীচিতরঙ্গন্যায়—ন্যায় (১৪) দেখ।

বীচিমালী ( বীচিমালিন্, বীচিমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। সূর্য্য।

বীজ (বি নানাবিধ—জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—পা, ই=ঈ। কিম্বা বী [বে আচ্ছাদন করা+•(ক্বিপ্)—ভাবে] আ-চ্ছাদন—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে) সং, ক্লীং, কারণ। শুক্র। তেজঃ। শস্যের বীজ। অব্যক্তগণিত, অঙ্কবিদ্যা। মন্ত্র। অঙ্কুর। শস্যাদির ফল। আধার, নিধি। তত্ত্ব। মূল।

বীজক; সং, পুং, মাতুলুঙ্গক।

বীজকোশ—ষ (বীজ—কোষ আধার) সং, পুং, পদ্মবীজাধার-পাত্র, যাহাতে পদ্মবীজ থাকে।

বীজগণিত (Algebra) সং, ক্লীং, যে শাস্ত্রে বর্ণমালার অক্ষর গুলিকে সংখ্যাস্বরূপ ধরিয়া এবং কতকগুলি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার করিয়া রাশিবিষয়ক সিদ্ধান্তসকল যুক্তিসহকারে সংস্থাপিত হয়।

বীজগুপ্তি; সং, স্ত্রীং, শিম্বী।

বীজন (বি—অজ্ ক্ষেপণকরা+অন(অনট্)—ভাবে, অ স্থানে ই) সং, ক্লীং, ব্যজন। সঞ্চালন। বাতাস করা। (+অনট্—ণ) ব্যজন-সাধন, পাখা। চামরাদি। সঞ্চালন বস্তু। পুং, চক্রবাক। চকোরপক্ষী।

বীজপুরুষ; সং, পুং, আদিপুরুষ, বংশের প্রধান ব্যক্তি।

বীজপুষ্প; সং, ক্লীং, মরুবক। মদনবৃক্ষ।

বীজপুর (বীজ—পুর যে পরিপূর্ণ হয়) সং, পুং, ফলপুর, লেবুবিশেষ।

বীজমাতৃকা ( বীজ—মাতৃকা জননী ) সং, স্ত্রীং, পদ্মবীজ।

বীজরুহ (বীজ—রুহ যে জন্মে) সং, ধান্যাদি শস্য। [পৃথিবী।

বীজসূ ( বীজ—সূ জননী ) সং, স্ত্রীং,

বীজাকৃত (বীজ [বীজের সহিত]—কৃত, আ (ডাচ্)—আগম) বিং, ত্রিং, বীজবপনানন্তর কৃষ্ট।

বীজাঙ্কুরন্যায়—ন্যায় (২৮) দেখ।

বীজিত (বীজ্ ব্যজন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বাতাস করা হইয়াছে।


বীজী (বীজিন্, বীজ শুক্র, বীর্য্য+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পিতা। মূলপুরুষ, বীজপুরুষ। বিং, ত্রিং, বীজশালী।

বীজোদক (বীজ কারণ—উদক জল) সং, ক্লীং, করকা, শিল।

বীজ্য (বীজ+য(ক্য)—জাতার্থে) বিং, ত্রিং, কুলোৎপন্ন, কোন বংশ হইতে উৎপন্ন। বীজসম্ভূত। (বীজ+য(ঘ্যণ্)—র্ম্ম) বীজনীয়।

বীটিকা, বীটি, বীটী (বি—ইট্ গমন করা+অক, আপ্) সং, স্ত্রীং, সজ্জিত তাম্বূল, পানের বীড়া, খিলী। বন্ধন।

বীণা (বী ক্ষেপণ করা ইত্যাদি+নক্—ক, আপ্) সং, স্ত্রীং, সপ্ততন্ত্রীবিশিষ্ট বাদ্যযন্ত্র, বীণ্; ইহা আমাদিগের অতিপ্রাচীন যন্ত্র, দেবর্ষি নারদ এই যন্ত্র, ব্যবহার করিতেন। ভগবতী সরস্বতীরও এটী অতি প্রিয়যন্ত্র বলিয়া প্রসিদ্ধ। ইহা বিবিধ প্রকার; যথা—ত্রিতন্ত্রী বীণা, কিন্নরী বীণা, রঞ্জনী-বীণা, রুদ্র-বীণা, শারদীয়াবীণা ইত্যাদি। রঞ্জনীবীণার প্রতিকৃতি দেওয়া হইল। বংশদণ্ডের উভয় পার্শ্বে দুইটী অলাবু যোজিত থাকে। বিদ্যুৎ।


বীণা।

বীণাপাণি (বীণা—পাণি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সরস্বতী।

বীণাবতী (বীণা+বতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, সরস্বতী। অপ্সরাবিশেষ।

বীণাস্য (বীণা—আস্য [মুখ] মূর্ত্তি) সং, পুং, নারদমুনি; ইনি এই বাদ্যযন্ত্র সৃজন করিয়াছিলেন।

বীত (বি—ই [গমনকরা] ত্যাগ করা ইত্যাদি +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, পরিত্যক্ত। অপগত। অতীত। মুক্ত। বন্ধনমুক্ত। বিগত। নিবৃত্ত। সং, ক্লীং, অকর্ম্মণ্য হস্তী ও অশ্ব সৈন্য। (+ক্ত—ভাবে) পদ ও অঙ্কুশ দ্বারা আঘাত। গোচারণ স্থান।

বীতংস, বিতংস (বি—তন্স্ ভূষিত করা+অ(ঘঞ্)—ণ। ি=ী—বিকল্পে) সং, পুং, মৃগপক্ষিবন্ধনার্থ যন্ত্র, জাল, ফাঁদ। মৃগপক্ষিদিগের বিশ্বাসের জন্য প্রাবরণ।

বীতন; সং, পুং, দ্বিং, গলদেশের পার্শ্বদ্বয়।

বীতভয় (বীত বিগত—ভয় শঙ্কা) বিং, ত্রিং, ভয়রহিত, নির্ভয়। সং, পুং, বিষ্ণু।

বীতমল; বিং, ত্রিং, নিষ্পাপ। নিষ্কলঙ্ক।

বীতরাগ (বীত বিগত—রাগ অনুরাগ স্পৃহা) বিং, ত্রিং, বিবেকী, নিস্পৃহ। শিং—১ "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে।" সং, পুং, বুদ্ধ।

বীতশোক; সং, পুং, অশোকবৃক্ষ। বিং, ত্রিং, বিগতশোক।

বীতি (বীত দেখ, তি(ক্তি)—ভা, অথবা বি—ইতি) সং, স্ত্রীং, নিবৃত্তি মুক্তি। গতি। ধারণ। ভোজন। দীপ্তি। উৎপাদন। পরিস্করণ। পশুপ্রেরণ। পুং, ঘোটক।

বীতিহোত্র (বীতি পুরোডাশাদি ভোজন নিমিত্ত—হোত্র দেবগণ আহূত হয় যে স্থানে) সং, পুং, অগ্নি। সূর্য্য

বীথি, বীথী, বীথিকা (বিথ্ যাচ্ঞা করা+ই—র্ম্ম, ই=ঈ, কণ—যোগে বীথিকা) সং, স্ত্রীং, শ্রেণী, সারি। পথ। উভয়পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ। দৃশ্যকাব্যবিশেষ।

বীধ্র (বি—ইন্ধ্ দীপ্তি পাওয়া+রক্—র্ম্ম। ন্—লোপ) বিং, ত্রিং, নির্ম্মল, পরিষ্কৃত। সং, পুং, বায়ু। আকাশ। অগ্নি।

বীনাহ (বি—নহ্ বন্ধন করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, কূপের মুখবন্ধন, কূপের আচ্ছাদন, মুখপাট।

বীপা; সং, স্ত্রীং, বিদ্যুৎ।

বীপ্সা (বি—আপ্ [পাওয়া] ব্যাপা+সন্—ইচ্ছার্থে+অ—ভাবে,আপ্) সং,স্ত্রীং,যুগপৎ ব্যাপনেচ্ছা, এককালীন ব্যাপিয়া থাকিবার ইচ্ছা।

বীর (বীর্ শৌর্য্য প্রকাশ করা+অ(অন্)—ক) সং,পুং শৃঙ্গারাদি নয় রসের মধ্যে এক রস। জিন। নট। বিষ্ণু। কুলাচারবিশেষ। ক্লীং, অন্নের মণ্ড। শৃঙ্গী। নড়। মরিচ। পুষ্করমূল। (অজ গমন করা+র—ক) উশীর, বেণা। বিং, ত্রিং, শ্রেষ্ঠ, প্রধান। শূর, বিক্রমশালী। বীরাচারবিশিষ্ট।

বীরক; সং, পুং, করবীর।

বীরজয়ন্তিকা (বীর শূর—জি জয় করা+অন্ত—প্রং, ক—যোগ, আপ্) সং, স্ত্রীং, যুদ্ধস্থলে বীরদিগের নৃত্য।

বীরণ (বি পক্ষী—ঈর্ গমনকরা+অন(অনট্)—ভা, নামার্থে) সং,ক্লীং, উশীরতৃণ, বেণাগাছ। ণী—স্ত্রীং, বক্রদৃষ্টি। গভীর স্থল।

বীরতর; সং, ক্লীং, উশীরবৃক্ষ। পুং, শর। বীরশ্রেষ্ঠ।

বীরতরু (বীর শূর—তরু বৃক্ষ) সং, পুং, অর্জ্জুনবৃক্ষ। কোকিলাবৃক্ষ। বিল্বান্তরবৃক্ষ। ভল্লাতক।

বীরপত্রা; সং, স্ত্রীং, বিজয়া।

বীরপুষ্পী; সং, স্ত্রীং, সিন্দুরপুষ্পী।

বীরপ্রসূ, বীরসূ (বীর শূর—প্রসূ, সূ [ সূ প্রসব করা+০(ক্বিপ্)—ক ] যে প্রসব করে, ২য়া—ষ ) সং, স্ত্রীং, বীরপ্রসবিনী, বীরজননী, বীরমাতা।

বীরভদ্র (বীর শূর—ভদ্র শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অশ্বমেধের ঘোড়া। রুদ্রবিশেষ। শিবের অনুচর-বিশেষ; মহাভারতে—"ভূতভাবন ভগবান্ মহেশ্বর প্রাণপ্রিয়া উমারে এই কথা বলিয়া মুখ হইতে এক ভয়ঙ্কর পুরুষের সৃষ্টি করিলেন, ঐ বীরই বীরভদ্র নামে প্রসিদ্ধ হইয়াছেন। শিং—১ শিব প্রত্যুত্তর করিতেছেন—"মহাবীরোঽসি রে ভদ্র মম সর্ব্বগণেষ্বিহ। বীরভদ্রাখ্যয়া হি ত্বং প্রথিতিং পরমাং ব্রজ। কুরু মে সত্বরং কার্য্যং দক্ষযজ্ঞক্ষয়ং নয়।" বীরশ্রেষ্ঠ।

বীরভার্য্যা (বীর—ভার্য্যা, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, বীরপত্নী।

বীররজস্; সং,ক্লীং, সিন্দূর। [ভীমসেন।

বীররেণু (বীর শূর—রেণু ধূলি) সং, পুং,

বীরবৎসা (বীর শূর, বীর যাহার বৎস অর্থাৎ ছেলিয়া) সং, স্ত্রীং, বীরের মাতা।

বীরবতী (বীর+বতু—অস্ত্যর্থে, ঈপ্) বিং, স্ত্রীং, বীরযুক্তা। শিং—১ "বীরবতী ন ভূমিঃ।" স্ত্রীং, মাংসরোহিণী।

বীরবাহু; সং, পুং, রাক্ষসবিশেষ, রাবণের পুত্র। বিষ্ণু।

বীরবিপ্লাবক (বীর যজ্ঞাগ্নি—বি—প্লু গমন করা+অক(ণক)—ক) সং,পুং, যে ব্রাহ্মণ শূদ্রদত্ত দ্রব্যাদি দ্বারা হোম করে।

বীরবৃক্ষ; সং, পুং, ভল্লাতক। অর্জ্জুনবৃক্ষ। বিল্বান্তর। দেধান।

বীরসেন (বীর শূর—সেনা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নলরাজার পিতা। আরুকবৃক্ষ।

বীরহা (—হন্, বীর যজ্ঞাগ্নি—হন্ যে নাশ করে) সং, পুং, নষ্টাগ্নিব্রাহ্মণ,প্রমাদ। বা কারণান্তরবশতঃ যে সাগ্নিক ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্ব্বাণ হইয়াছে। বিষ্ণু। বিং,ত্রিং, বীরনাশক।

বীরা (বীর দেখ, অ, আ—প্রং) সং, স্ত্রীং, পতিপুত্রবতী নারী। মদিরা। মুরানামক গন্ধদ্রব্য। ক্ষীরকাকোলী। আমলকী। এলবালুকা। রম্ভা। বিদারী। দুশ্চিকা। মলপূ। ক্ষীরবিদারী। কাকোলী। মহাশতাবরী। গৃহকন্যা। ব্রাহ্মী। অতিবিষা। শিংশপা।


বীরাম্ল; সং, পুং, অম্লবেতস।

বীরাশংসন (বীর শূর—আ—শন্স্ স্তব করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অতিশয় ভয়প্রদ যুদ্ধভূমি।

বীরাসন (বীর শূর—আসন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জয়সাধন উপবেশন-বিশেষ, এক পাদ উরুতে স্থাপন করিয়া অপর পাদ উরুতে সংস্থাপন।

বীরুধ্, বীরুধা (বি—রুধ্ আবরণ করা+০(ক্বিপ্)—ক, ই=ঈ) সং, স্ত্রীং, বিস্তৃত বল্লী, লতা।

বীরেশ্বর (বীর—ঈশ্বর প্রধান,প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বীরভদ্র। প্রধান বীর।
বীরোজ্ঝ; সং, পুং, হোমকর্ত্তা।
বীর্য্য (বীর+য(ক্যপ্)—ভা, কর্ম্মণি) সং, ক্লীং, শৌর্য্য, বল। বীরত্ব। সামর্থ্য। গৌরব। প্রতাপ, তেজঃ। প্রভাব। সার। শুক্র, রেতঃ। বীজ।
বীর্য্যবত্তা (বীর্য্যবৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, বীরত্ব।
বীর্য্যবান্ (—বৎ,বীর্য্য+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বীর্য্যবিশিষ্ট, বলবান্।
বীবধ, বিবধ (বি—বধ্ বন্ধনকরা+অ(ঘঞ্)—ভাবে) সং,পুং, ধান্যাদিপ্রাপ্তি, ধান্যাদি লইয়া যাওয়া। (+ঘঞ্—ণ) ক্ষীরাদির ভার। (+ঘঞ্—ধি) পথ। বার্ত্তা।
বীবর (Beaver) সং, স্বনামপ্রসিদ্ধ জন্তু-



বীবর।

বিশেষ।
বীহার (বিহার দেখ) সং, পুং, বৌদ্ধমন্দির। বিহার।
বুক (বক্ষ শব্দজ) বর্গীয় 'ব' দেখ। সাহস; যথা—"বুক বাড়িয়াছে কার সোহাগে, কাল শিখাইব মায়ের আগে।"
বুজন (দেশজ) সং, মুদিত হওন। ছিদ্ররোধ-করণ। [করণ।
বুঝান (দেশজ) সং, জ্ঞাত হওন, হৃদয়ঙ্গম-
বুট (দেশজ) সং, কলাই-বিশেষ, ছোলা।
বুড়া (দেশজ) বিং, বৃদ্ধ, প্রাচীন।
বুনন (দেশজ) সং, বস্ত্রনির্ম্মাণ, বপন, বোনা।
বুরুল (দেশজ) সং, যবত্রয় পরিমাণ,তিনযব।
বুলি (দেশজ) সং, বাক্য, কথা, ভাষা।
বুষ, বুস (বুস্ ত্যাগকরা+অ(ক)—র্ম্ম) সং, ক্লীং,কুঁড়া, তুষ, ভুষি। তুচ্ছধান্য,আগড়া।
বৃংহণ (বৃন্হ্ সমৃদ্ধ হওয়া+অন(অনট্)—ভা) বিং, ত্রিং, পুষ্টিকারক।
বৃংহিত (বৃন্হ্ শব্দ করা, সমৃদ্ধ হওয়া+ত (ক্ত)—ভা) সং, ক্লীং, করিগর্জ্জন, হাতীর শব্দ। (+ক্ত—ক) বিং,ত্রিং, পুষ্ট। বর্দ্ধিত।
বৃক—পুং } (বৃক্ গ্রহণ করা+অ(ক)
বৃকী—স্ত্রীং } —ক, কিম্বা বৃ আবরণ করা+ক—প্রং, ঈপ্) সং, নেকৃড়িয়া বাঘ। কাক। জঠরাগ্নি। বকবৃক্ষ। শৃগাল। ক্ষত্রিয়। অনেকধূপ। সরলদ্রব। কা—স্ত্রীং, অম্বষ্ঠা।
বৃকদংশ (বৃক নেকৃড়িয়াবাঘ—দংশ যে দংশন করে, ২য়া—ষ) সং, পুং, কুক্কুর।
বৃকধূপ (বৃক সেই অর্থ—ধূপ) সং, পুং, নানা সুগন্ধি দ্রব্যে প্রস্তুত ধূপ। সকল বৃক্ষের রস, তার্পিন্।
বৃকধূর্ত্ত (বৃক নেকৃড়িয়াবাঘ—ধূর্ত্ত) সং,পুং, শৃগাল, শিয়াল।
বৃকস্থল; সং, ক্লীং, দেশবিশেষ।
বৃকারাতি, বৃকারি (বৃক নেকৃড়িয়াবাঘ—অরাতি, অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুক্কুর।
বৃকোদর (বৃক অগ্নি—উদর পেট, ৬ষ্ঠী—হিং। বৃকনামে অগ্নি উদরে আছে বলিয়া ভীমের নাম বৃকোদর হইয়াছে) সং, পুং, ভীম, মধ্যমপাণ্ডব। শিং—১"যস্য ভীমো বৃকো নাম জঠরে হব্যবাহনঃ। ময়া দত্তঃ স ধর্ম্মাত্মা তেন চাসৌ বৃকোদরঃ।"
বৃক্ণ (ব্রশ্চ্ ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, লূন। কাটা, ছেঁড়া।
বৃক্ষ (বৃক্ষ্ বেষ্টন করা+অ(অন্)—ক, কিম্বা ব্রশ্চ্ ছেদন করা+সক্—র্ম্ম। ছে... করিলেও যাহা জন্মে) সং, পুং, গাছ, তরু, পাদপ।
বৃক্ষক (বৃক্ষ দেখ, কণ্—হ্রস্বার্থে) সং, পুং, ক্ষুদ্রবৃক্ষ, ছোটগাছ। গুল্ম। বৃক্ষমাত্র।
বৃক্ষচর (বৃক্ষ গাছ—চর যে গমন করে) সং, পুং, কপি, বানর।
বৃক্ষচ্ছায় (বৃক্ষ গাছ—ছায়া) সংপুং, বৃক্ষশ্রেণীর বহুল ছায়া। [টার্পিন্।
বৃক্ষধূপ (বৃক্ষ গাছ—ধূপ) সং, পুং, শ্রীবেষ্ট,
বৃক্ষনাথ, বৃক্ষপাক (বৃক্ষ—নাথ প্রভু। বৃক্ষ—পাক যে পরিপাক করে) সং, পুং, বট বৃক্ষ, বটগাছ।

বৃক্ষবাটিকা ( বৃক্ষ—বাটিকা আবৃতস্থান, ৬ষ্ঠী—ষ। বৃক্ষদ্বারা আবৃত থাকায় যাহা বাটীর ন্যায় বোধ হয়) সং, স্ত্রীং, উপবন, বাগানবাড়ী। নিকুঞ্জ।

বৃক্ষভবন (বৃক্ষ—ভবন বাসস্থান) সং, ক্লীং, বৃক্ষের কোটর।

বৃক্ষভিদ্ (বৃক্ষ—ভিদ্ যে ভেদ অর্থাৎ কর্ত্তন করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, অস্ত্রবিশেষ, বাইশ।

বৃক্ষভেদী (—ভেদিন্, বৃক্ষ—ভেদিন্ যে ভেদ অর্থাৎ কর্ত্তন করে) সং, পুং, অস্ত্রবিশেষ, বাটালী। টাঙ্গী।

বৃক্ষমর্কটিকা (বৃক্ষ—মর্কট বানর+ক—তুল্যার্থে, আপ্) সং, স্ত্রীং, কাঠবিড়াল।

বৃক্ষাদন (বৃক্ষ—অদন [অদ্ ভক্ষণ করা+অন—ক] ভক্ষণীয়) সং, পুং, কুঠার। বাইশ। অশ্বত্থবৃক্ষ।—দনী—স্ত্রীং, বন্দা। বিদারী কন্দ।

বৃক্ষাম্ল (বৃক্ষ—অম্ল টক) সং, ক্লীং, তেঁতুল, পুং, আমড়াগাছ। [পক্ষী।

বৃক্ষালয় (বৃক্ষ—আলয় বাসস্থান) সং, পুং,

বৃজন, বৃজিন (বৃজ্ ত্যাগকরা+অন(অনট্), ইন—ম্ম) সং, ক্লীং, পাপ। অপরাধ। ক্লেশ। রাঙ্গা চামড়া। আকাশ। পুং, কেশ। নিরাকরণ। বিং, ত্রিং, কুটিল, বক্র।

বৃণৎ (বৃ বরণ করা, প্রার্থনা করা+অৎ (শতৃ)—ক) বিং, ত্রিং, ব্যাপনশীল। গমনশীল। বরণশীল।

বৃত (বৃ বরণ করা, আচ্ছাদন করা, প্রার্থনা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কর্ম্মকরণার্থনিযুক্ত; যথা—বৃতব্রাহ্মণ। আচ্ছাদিত। প্রার্থিত।

বৃতপত্রা; সং, স্ত্রীং, পুত্রদাত্রী।

বৃতি (বৃ আবরণ করা+তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, নিয়োগ। আবরণ। প্রার্থনাবিশেষ। গোপন। ( +ক্তি—ণ ) বেষ্টন, বেড়া। বরণ, কর্ম্মকরণার্থ নিয়োগ।

বৃত্ত (বৃৎ বর্ত্তমান থাকা ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জাত। দৃঢ়। বর্ত্তুল, গোলাকার। অতীত। মৃত। (+ক্ত—র্ম্ম) নিযুক্ত। আচ্ছাদিত। অধীত। অভ্যস্ত। অপ্রতিহত। সং, পুং, কচ্ছপ। ক্লীং, চরিত্র। শিং—১ "গুরুপূজা ঘৃণা শৌচং সত্যমিন্দ্রিয়নিগ্রহঃ। প্রবর্ত্তনং হিতানাঞ্চ তৎসর্ব্বং বৃত্তমুচ্যতে।" অক্ষরসংখ্যাত ছন্দঃ। শিং—১ "পদ্যং চতুষ্পদো তচ্চ বৃত্তং জাতিরিতি দ্বিধা। বৃত্তমক্ষরসংখ্যাতং জাতির্মাত্রাকৃতা ভবেৎ। সমমর্দ্ধসমং বৃত্তং বিষমঞ্চেতি তস্ত্রিধা।" (+ক্ত—ভা) বর্ত্তন। অনুষ্ঠান। চেষ্টিত। ন্যায় পূর্ব্বক অর্থোপার্জ্জন, অর্থপালন, অর্থবর্দ্ধন এবং সৎপাত্রে দান—এই চতুর্ব্বিধ। (Circle) যে গোলাকার ক্ষেত্রের ঠিক মধ্যস্থল হইতে সীমা পর্য্যন্ত দুই বা অধিক সরল রেখা টানিলে সকলেই পরস্পর সমান হয়।

বৃত্তকর্কটী; সং, স্ত্রীং, ষড়্ভুজা।

বৃত্তগন্ধি (বৃত্ত—গন্ধ+ইন্) সং, ক্লীং, গদ্যবিশেষ।

বৃত্ততণ্ডুল; সং, পুং, যাবনাল।

বৃত্তপুষ্প; সং, পুং, শিরীষ। কদম্ব। বাণীর কুব্জক। মুদ্গর।

বৃত্তসূচী—উপর্য্যুপরি স্থাপিত বৃত্তসমূহ।

বৃত্তস্থ (বৃত্ত চরিত্র—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে ) বিং, ত্রিং, সচ্চরিত্র। বৃত্তক্ষেত্রস্থিত।

বৃত্তাধ্যয়নর্দ্ধি (বৃত্ত আচরণ—অধ্যয়ন পঠন—ঋদ্ধি সমৃদ্ধি, সম্পত্তি) সং, স্ত্রীং, ব্রহ্মবর্চ্চস, বেদোক্ত আচারপালন ও বেদাধ্যয়নরূপ সম্পত্তি।

বৃত্তান্ত (বৃত্ত চরিত্র ইত্যাদি—অন্ত শেষ, অথবা বৃত্ত জাত—অন্ত নির্ণয়, ৫মী—হিং) সং, পুং, বার্ত্তা, সংবাদ। বিবরণ। প্রকার। কাৎস্ন্য। প্রস্তাব। অবসর। ভাব। একান্তবাচক।

বৃত্তাভাস—বৃত্তের ন্যায়, গোলাকার।

বৃত্তি (বৃত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আহার। ভোজন। জীবিকা। জীবন। ব্যবসায়। দর্শনাদি। ব্যাপার। প্রবৃত্তি। স্থিতি। নাটকের ক্রিয়াবিশেষ। স্বভাব। ব্যাখ্যান গ্রন্থ। আকারান্তরপ্রাপ্তি। ব্যবহার। ব্যাপ্তি। বর্ণরচনা। মনোবৃত্তি

(Faculty) মানসিক শক্তি, মনোনিষ্ঠ ধর্ম্ম। (+ক্তি—র্ম্ম) অক্ষরসংখ্যাত ছন্দঃ। (+ক্তি—ণ) জীবিকা। ব্যবসায়।

বৃত্তের্ব্বারু; সং, পুং, বড়ভুজা।

বৃত্য (বৃ বরণ করা+য(ক্যপ্)—র্ম্ম। ৎ—আগম) বিং, ত্রিং, বরণীয়, বরণ করিবার যোগ্য।

বৃত্র (বৃৎ বর্ত্তমান থাকা+রক্—ক, নামার্থে) সং, পুং, অসুরবিশেষ। শত্রু। অন্ধকার। পর্ব্বতবিশেষ। মেঘ। মন্ত্র। শব্দ।

বৃত্রদ্বিট্ } বৃত্রারি } (বৃত্রদ্বিষ, বৃত্র অসুরবিশেষ—দ্বিষ্ [দ্বিষ্ হিংসা করা+০(ক্বিপ্)—ক] অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

বৃত্রহা (বৃত্রহন্, বৃত্র অসুরবিশেষ—হন্ যে বধ করে, ২য়া—য। অথবা বৃত্র—হন্ বধ করা+০(ক্বিপ্)—ক, ভূৎ কাল) সং, পুং, ইন্দ্র।

বৃথা (বৃ বরণকরা+থাক্—র্ম্ম) অং,নিষ্ফল। নিরর্থক। শিং—১ "বৃথা বৃষ্টিঃ সমুদ্রস্য তৃপ্তস্য ভোজনং বৃথা। বৃথা দানং সমৃদ্ধস্য নীচস্য সুকৃতং বৃথা।"

বৃদ্ধ (বৃধ্ বর্দ্ধিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রাচীন, বুড়া। জ্যেষ্ঠ। বৃহৎ। বৃদ্ধিযুক্ত। গোত্র। পণ্ডিত। দ্ধা—স্ত্রীং, গতযৌবনা, প্রাচীনা, বুড়ী। অঙ্গুষ্ঠ, বুড়ো আঙ্গুল। শিং—১ "আষোড়শাদ্ভবেদ্বালা তরুণী ত্রিংশতা মতা। পঞ্চপঞ্চাশতঃ প্রৌঢ়া বৃদ্ধা ভবতি তৎপরম্।"

বৃদ্ধকন্যক; সং, ক্লীং, তীর্থবিশেষ।

বৃদ্ধকাক; সং, পুং, কাকবিশেষ, দাঁড়কাক।

বৃদ্ধগঙ্গা; সং, স্ত্রীং, নদীবিশেষ, বুড়ীগঙ্গা।

বৃদ্ধত্ব (বৃদ্ধ+ত্ব—ভাবে) সং, ক্লীং, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা, প্রাচীনতা।

বৃদ্ধনাভি (বৃদ্ধ বৃহৎ—নাভি) বিং, ত্রিং, উন্নতনাভি, তুণ্ডিল।

বৃদ্ধপ্রপিতামহ (বৃদ্ধ বুড়া—প্রপিতামহ পিতামহের পিতা) সং, পুং, হী—স্ত্রীং, প্রপিতামহের পিতা বা মাতা।

বৃদ্ধপ্রমাতামহ (বৃদ্ধ বুড়া—প্রমাতামহ মাতামহের পিতা) সং, পুং, হী—স্ত্রীং, প্রমাতামহের পিতা বা মাতা।

বৃদ্ধভাব (বৃদ্ধ—ভাব) সং, পুং, বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা।

বৃদ্ধশ্রবাঃ (বৃদ্ধশ্রবস্, বৃদ্ধ বৃহৎ—শ্রবস্ কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র।

বৃদ্ধসূত্রক (বৃদ্ধা বুড়ী—সূত্র সুতা+কণ্—প্রং) সং, ক্লীং, ইন্দ্রতুল, বুড়ীর সূতা।

বৃদ্ধি (বৃদ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অভ্যুদয়, উন্নতি। বিস্তার। যোগবিশেষ। সুদ। সম্পত্তি। আধিক্য।

বৃদ্ধিজীবী (বৃদ্ধিজীবিন্, বৃদ্ধি সুদ—জীবিন্ যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, বৃদ্ধ্যাজীব, সুদখোর।

বৃদ্ধিশ্রাদ্ধ (বৃদ্ধি অভ্যুদয় নিমিত্ত—শ্রাদ্ধ) সং, ক্লীং, আভ্যুদয়িক শ্রাদ্ধ।

বৃদ্ধোক্ষ (বৃদ্ধ বুড়া—উক্ষ [উক্ষন্ শব্দজ] বৃষ, ষং—স) সং, পুং, বুড়ো ষাঁড়।

বৃদ্ধ্যাজীব (বৃদ্ধি সুদ—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বার্দ্ধুষিক, বৃদ্ধিজীব, সুদখোর।

বৃন্ত (বৃ আবরণ করা+ত(ক্ত)—র্ম্ম, ন—আগম) সং, পুং-ক্লীং, ফল পুষ্প পত্রাদির বোঁটা। কুচাগ্র, স্তনের বোঁটা। জলপাত্র রাখিবার বিঁড়ে। ঘটীধারা।

বৃন্তাক (বৃন্ত বোঁটা—অক্ গমন করা+অ—প্রং) সং, পুং—স্ত্রীং, বার্ত্তাকী বেগুণ।

বৃন্দ (বৃণ্ প্রীত করা+দ—ক) , ক্লীং, সমূহ। পুং—ক্লীং, সংখ্যাবিশেষ, দশ অর্ব্বুদ। ন্দা—স্ত্রীং,তুলসীবৃক্ষ। জলন্ধরপত্নী। রাধা। রাধিকার সখীবিশেষ।

বৃন্দার (বৃন্দ সমূহ+আর—প্রং) বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। প্রীতিজনক। যশস্বী।

বৃন্দারক (বৃন্দ সমূহ + আর, কণ্) সং, পুং, দেবতা। দলপতি। বিং, ত্রিং, প্রধান,শ্রেষ্ঠ। মনোজ্ঞ, সুন্দর। আনন্দজনক, তৃপ্তিকর। উৎকৃষ্ট, সর্ব্বোত্তম। অধিক, বৃহৎ। খ্যাত, যশস্বী।

বৃন্দাবন (বৃন্দা কেদার নৃপতির কন্যা কিম্বা রাধা—বন অরণ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,


স্বনামখ্যাত তীর্থবিশেষ, মথুরাসমীপস্থ বনবিশেষ। শিং—১ "বৃন্দা (কৃষ্ণ পতি হইবার মানসে) যত্র তপস্তেপে তত্তু বৃন্দাবনং স্মৃতং। বৃন্দা যত্র কৃতা ক্রীড়া তেন বা মুনিপুঙ্গব।" ২ "রাধা ষোড়শনাম্নাঞ্চ বৃন্দা নাম শ্রুতো শ্রুতং। তস্যাঃ ক্রীড়াবনং রম্যং তেন বৃন্দাবনং স্মৃতং। গোলকে প্রীতয়ে তস্যাঃ কৃষ্ণেন নির্ম্মিতং পুরা। ক্রীড়ার্থং ভুবি তন্নাম্না বনং বৃন্দাবনং স্মৃতং।"

বৃন্দাবনেশ্বর (বৃন্দাবন—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। রী—স্ত্রীং, রাধা।

বৃন্দিষ্ঠ } বৃন্দীয়ান্ } (বৃন্দীয়স্, বৃন্দারক প্রধান, দেবতা+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে, বৃন্দারকস্থানে বৃন্দ) বিং, ত্রিং, অতি সুন্দর। সর্ব্বশ্রেষ্ঠ। অতিমুগ্ধকর। অত্যুচ্চপদস্থ।

বৃশ (বৃ বরণ করা+শ—প্রং) সং, পুং, মুষিক, ইঁদুর। পুষ্পবিশেষ। ঔষধ। ক্লীং, আদ্র্রক, আদা।

বৃশ্চিক (ব্রশ্চ্ ছেদন করা+ইক(কিকন্)




বৃশ্চিক (রাশি)।

—ক, ব্র স্থানে বৃ) সং, পুং, বিছা। শুয়াপোকা। অষ্টম রাশি। অগ্রহায়ণমাস।

বৃশ্চিকালী (বৃশ্চিক বিছা—আলী শ্রেণী) সং, স্ত্রীং, বিছুটীর গাছ।

বৃষ (বৃষ্ প্রভু হওয়া, বর্ষণ করা+অ(ক)—ক) সং, পুং, ষাঁড়। দ্বিতীয়রাশি। ধর্ম্ম। চতুর্বিধ পুরুষের অন্তর্গত পুরুষবিশেষ, শুক্রলপুরুষ। ইন্দ্র। মুষিক। বিষ্ণু। শক্র। রাধাতনয়, কর্ণ। বলবান্ মনুষ্য,



বৃষ (রাশি)।

মল্ল। শুক্রল। বাসক। শ্রীকৃষ্ণ। ময়ূরপিচ্ছ। গৃহনির্ম্মাণোপযুক্ত নির্ণীত ভূমিখণ্ড। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। কন্দর্প। (+ক—র্ম্ম) শুক্র। জল। ঋষভ নামৌষধ।

বৃষকর্ণী; সং, স্ত্রীং, সুদর্শনা।

বৃষণ (বৃষ্ [বীর্য্য] বর্ষণ করা+অন—ক) সং, পুং, অণ্ডকোষ, মুষ্ক। শিং—১ "স্থূললিঙ্গো দরিদ্রঃ স্যাদ্দ্ঃখ্যেকবৃষণী ভবেৎ। বিষমে স্ত্রী চপলো বৈ নৃপ স্যাৎ বৃষণে সমে। প্রলম্ব বৃষণ্যোঽস্পায়ুর্নিদ্রব্যো মণিভির্ভবেৎ।"

বৃষণশ্ব; সং, পুং, বলবান্ ইন্দ্রঘোটক।

বৃষণ্বসু (বৃষণ—বসু) সং, ক্লীং, ইন্দ্রের ধন।

বৃষদংশক (বৃষ মুষিক—দংশক দংশনকারী) সং, পুং, বিড়াল, মার্জ্জার।

বৃষধ্বজ (বৃ ষাঁড়—ধ্বজ চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। (বৃষ মুষিক—ধ্বজ) গণেশ। (বৃষ ধর্ম্ম—ধ্বজ) পুণ্যবান্ ব্যক্তি। [বৃষনাশক শ্রীকৃষ্ণ।

বৃগনাশন; সং, পুং, বিড়ঙ্গ। অরিষ্টরূপ

বৃষপর্ণী; সং, স্ত্রীং, আখুপর্ণী।

বৃষপর্ব্বা (বৃষপর্ব্বন্, বৃষ ষাঁড়—পর্ব্বন্ গ্রন্থি) সং, পুং, শিব। দৈত্যবিশেষ। বোল্‌তা। তৃণবিশেষ।

বৃষভ (বৃষ+অভক্—ক) সং, পুং, বৃষ, ষাঁড়, বলীবর্দ্দ। বৈদর্ভীরীতিবিশেষ। জিনবিশেষ। কর্ণচ্ছিদ্র। ঋষভনাম ঔষধ। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ভী—স্ত্রীং, বিধবা স্ত্রী। কর্ণশষ্কুলী। হস্তীর কর্ণ। ঔষধ। দ্রব্যবিশেষ। ঋষভ।

বৃষভগতি } বৃষভধ্বজ } (বৃষভ ষাঁড়—গতি গমন, ধ্বজ চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, মহাদেব।

বৃষভানু; সং, পুং, রাধিকার পিতা।

বৃষভাসা (বৃষ শিবের ষাঁড়—ভাস্ দীপ্তি +আপ্। অথবা বৃষ ইন্দ্র। ইন্দ্র যে স্থানে দীপ্তি পায়) সং, স্ত্রীং, অমরাবতী, ইন্দ্রপুরী।

বৃষভেক্ষণ (বৃষভ বেদ—ঈক্ষণ জ্ঞাপক। বেদ তাহার জ্ঞাপক বলিয়া তাহার নাম বৃষভেক্ষণ) সং, পুং, বিষ্ণু।

বৃষল (বৃষ্ বর্ষণ করা+অল(কল)—ক) সং, পুং, অশ্ব। শূদ্র। চন্দ্রগুপ্ত রাজা।

লশুন। পাপী। দুষ্কর্ম্মান্বিত। (বৃষ—লা গ্রহণ করা + অ(ড)—ক) বিং, ত্রিং, অধার্ম্মিক, পাপিষ্ঠ।

বৃষলী (বৃষল+ঈ—প্রং) সং, স্ত্রীং, দ্বাদশ-বর্ষবয়স্কা ঋতুমতী অবিবাহিতা কন্যা। শিং—১ "পিতুর্গেহে চ যা কন্যা রজঃ পশ্যত্যসংস্কৃতা। ভ্রূণহত্যা পিতুস্তস্যাঃ সা কন্যা বৃষলী স্মৃতা।" বন্ধ্যা। নীচ স্ত্রী। শূদ্রা। ঋতুমতী স্ত্রী। মৃতসন্তান-প্রসবকারিণী স্ত্রী।

বৃষলোচন (বৃষ ষাঁড়—লোচন নেত্র) সং, পুং, মূষিক, ইন্দুর। [পুং, শিব।

বৃষবাহন (বৃষ ষাঁড়—বাহন যান) সং,

বৃষবিবাহ; সং, পুং, বৃষোৎসর্গ।

বৃষশক্র (বৃষ কর্ণ—শক্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু।

বৃষস্যন্তী (বৃষস্য [বৃষ পুরুষবিশেষ, ষাঁড়+য(ক্য)—ইচ্ছার্থে, স—আগম] বৃষেচ্ছা-করা+অৎ(শতৃ)—ক, ঈপ্) সং, স্ত্রীং, অতি কামুকী। বৃষার্থিনী গবী। শিং—১ "লক্ষণং সা বৃষস্যন্তী মহোক্ষং গৌরিবাগ-মৎ। মন্মথায়ুধসম্পাতব্যথ্যমানমতিঃ পুনঃ।"

বৃষা (বৃষন্, বৃষ্ বর্ষণ করা+অন(কনিপ্)—ক) সং, পুং, ইন্দ্র। কর্ণ। দুঃখ। ষাঁড়। ঘোটক। যাতনাজন্য অচৈতন্য।

বৃষাকপায়ী (বৃষাকপি বিষ্ণু ইত্যাদি+ঈপ্) সং, স্ত্রীং, লক্ষ্মী। গৌরী। স্বাহা। শচী। জীবন্তী। শতাবরী।

বৃষাকপি (বৃষ ধর্ম্ম—অ না—কন্প্ কাঁপা +ই(কি)—ক) সং, পুং, বিষ্ণু। শিব। অগ্নি। ইন্দ্র।

বৃষাঙ্ক (বৃষ ষাঁড়—অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, বৃষধ্বজ। ধার্ম্মিক ব্যক্তি। নপুংসক, অন্তঃপুররক্ষক। ভেলার গাছ। ময়ুর।

বৃষাঙ্কজ (বৃষাঙ্ক শিব—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, কৃত) সং, পুং, ডমরু বাদ্য।

বৃষাঞ্চন } (বৃষ ষাঁড়—অঞ্চন গতি।
বৃষানক } বৃষ ষাঁড়—অন্ হওয়া এবং কণ্—প্রং) সং, পুং, শিব।

বৃষান্তক (বৃষ ধর্ম্ম—অন্ত শেষ+কণ্—প্রং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

বৃষায়ণ; সং, পুং, চটক, চড়ুই পাখী।

বৃষাহার (বৃষ মূষিক—আহার ভক্ষ্যবস্তু) সং, পুং, বিড়াল, মার্জ্জার।

বৃষি } (ব্রুবৎ—সদ্ অবসন্ন হওয়া ইত্যাদি
বৃষী } +ই(ডি)—ধি। অথবা বৃষ+ই—র্ম্ম) সং, স্ত্রীং, ব্রতীদিগের উপবেশনার্থ কুশাদিনির্ম্মিত আসন।

বৃষী (বৃষিন্, বৃষ ময়ূরপুচ্ছ+অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। ক্রুদ্ধ।

বৃষোৎসর্গ—মৃতব্যক্তির অশৌচ গত হইবার দ্বিতীয়দিনে চতুষ্টয় বৎসতরীর নিতম্বদেশে ত্রিশূলচক্রাঙ্কিত করিয়া বৃষত্যাগরূপ শ্রাদ্ধ-বিশেষ।

বৃষ্ট (বৃষ্ বর্ষণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত। যাহাতে বর্ষণ হয়। (+ক্ত—ক) বর্ষণকারী, যাহা বর্ষণ করিয়াছে।

বৃষ্টি (বৃষ্ট দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বর্ষণ, মেঘ হইতে জলপতন। (+ক্ত—র্ম্ম) বৃষ্টজল।

বৃষ্টিজীবন (বৃষ্টি বর্ষণ—জীবন বাঁচন) বিং, ত্রিং, বৃষ্টিজল দ্বারা উৎপন্ন শস্যে পালিত দেশ। চাতকপক্ষী।

বৃষ্টিভূ (বৃষ্টি বর্ষণ—ভূ হওন, জা[illegible] সং, পুং, ভেক, মণ্ডূক। বিং, ত্রিং, বৃ[illegible]।

বৃষ্টিমানযন্ত্র (Pluviometer) যে য[illegible] বৃষ্টির পরিমাণ নিরূপিত হয়।

বৃষ্ণি (বৃষ্ বর্ষণ করা+নি—ক) সং, পুং, যদুবংশ। কৃষ্ণ। জ্যোতিঃ। ইন্দ্র। অগ্নি। বায়ু। মেষ। গো। বিং, ত্রিং, পামর। প্রচণ্ড, উগ্র।

বৃষ্ণিগর্ভ; সং, পুং, কৃষ্ণ। [এলাইচ।

বৃষ্ণিষ্বী; সং, স্ত্রীং, ভৃঙ্গপর্ণিকা। গুজরাটী

বৃষ্য (বৃষ+য(ক্য)। অথবা বৃষ+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, বীর্য্যকর। পুং, মাষ। ক্লীং, বাজীকর। ষ্যা—স্ত্রীং, ঋদ্ধিনামৌষধ। শতাবরী। আমলকী।

বৃষ্যকন্দা; সং, স্ত্রীং, বিদারী।

বৃহচ্ছল্ক (বৃহৎ বড়—শল্ক আঁইস) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

বৃহৎ ( বৃহ্ বৃদ্ধি পাওয়া+অৎ(শতৃ)—ক ) বিং, ত্রিং, বিপুল, বড়, প্রকাণ্ড।

বৃহতিকা (বৃহতী দেখ, কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, উত্তরীয়বস্ত্র, চাদর। কণ্টকারীর গাছ।

বৃহতী (বৃহ্ বৃদ্ধি পাওয়া+অৎ(শতৃ)—ক, ঈপ্) সং, স্ত্রীং, ক্ষুদ্রবার্ত্তাকী, ব্যাকুড়। বিশ্বাবসুর বীণা। ছন্দোবিশেষ। মহতী। উত্তরীয় বস্ত্র। বাক্য।

বৃহতীপতি (বৃহতী বাক্য—পতি প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাচস্পতি, বৃহস্পতি।

বৃহদ্গৃহ (বৃহৎ বড়—গৃহ ঘর। বৃহদ্গুহ শব্দও হয়। গুহ শব্দের অর্থ গহ্বর। এই দেশ পর্ব্বতময় হওয়াতে ইহার লোকেরা পর্ব্বত গুহায় বাস করিত বলিয়া) সং, পুং, মালবদেশের নিকটবর্ত্তী দেশ,কারূষদেশ।

বৃহদ্গোল (বৃহৎ বড়—গোল গোলাকৃতি বা বর্ত্তুল) সং, ক্লীং, শীর্ণবৃন্ত, তরমুজ।

বৃহদ্ভানু (বৃহৎ বড়—ভানু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। সূর্য্য।

বৃহদ্রথ (বৃহৎ বড়—রথ) সং, পুং, ইন্দ্র। জরাসন্ধের পিতা। যজ্ঞপাত্র। মন্ত্রবিশেষ। সামবেদের অংশ।

বৃহদ্রাবী (—দ্রাবিন্, বৃহৎ বড়, অতিশয় —রাব ধ্বনি+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, ক্ষুদ্রপেচক।

বৃহন্নল ( বৃহৎ বড়—নল নলবৃক্ষ ) সং, পুং, লা—স্ত্রীং, দ্বাদশবর্ষ অজ্ঞাতবাসে বিরাট-কন্যাকে নৃত্যগীত শিক্ষার জন্য ক্লীবরূপী অর্জ্জুনের বৃহন্নলা নাম হইয়াছিল। পুং, দীর্ঘ নলবৃক্ষ, বড় নলগাছ। বাহু।

বৃহস্পতি (বৃহৎ বড় [যেমন দেবতারা]—পতি প্রভু, ৬ষ্ঠী—ষ, ৎ—লোপ, স্—আগম, অথবা বৃহতী বাক্য—পতি, ৬ষ্ঠী—ষ, নিপাতন) সং, পুং, গুরু, সুরাচার্য্য, দেবগুরু; ইনি ধর্ম্মশাস্ত্র প্রযোজক এবং নবগ্রহমধ্যে পঞ্চম গ্রহ।

বৃহস্পতিসূত্র; সং, ক্লীং, বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্রবিশেষ।

বেআরাম (যাবনিক) সং, রোগ, অসুস্থতা।

বেআবরু (পারস্য বে বিহীন—আরবী আবরু মান) অসম্মানসূচক।

বেইমান (পারস্য বে বিহীন—আরবী ইমান ধর্ম্ম) বিধর্ম্মী, অধার্ম্মিক।

বেওকুফ (পারস্য বে বিহীন—আরবী ওকুফ্ জ্ঞান) জ্ঞানহীন, নির্ব্বোধ।

বেওয়া (পারস্য) পতিপুত্রহীনা নারী।

বেওরা (বিবরণ শব্দজ কি ?) বৃত্তান্ত, বিস্তারিত, ইতিহাস। [অসরল।

বেঁকা, বাঁকা (বক্রশব্দজ) বিং, ত্রিং, বাঁকা,

বেঁটে, বেঁটিয়া (দেশজ) খর্ব্ব, হ্রস্ব, খাট, বামন। [রহিত।

বেঁড়ে (বণ্ডশব্দজ) বিং, পুচ্ছহীন, লাঙ্গুল-

বেকট; সং, পুং, ভেট্‌কিমাছ। বিদূষক। তরুণ, যুবা। মণিবিক্রেতা, জহুরী।

বেকার (পারস্য বে বিহীন—কার কার্য্য) যাহার কর্ম্মকাজ নাই।

বেগ (বীজ্ গমন করা+অ(ঘঞ)—ভাবে) সং, পুং, মূর্ত্তপদার্থে উৎপন্ন শীঘ্রতারূপ সংস্কারবিশেষ। ত্বরা, শীঘ্রতা। মূত্র বিষ্ঠাদির নির্গম প্রবৃত্তি। প্রবাহ। আনন্দ, আহ্লাদ। দৃঢ় প্রতিজ্ঞা। মহাকালফল; উদ্যম। প্রণয়। রেতঃ,শুক্র। আস্রবিশেষ। বাণপতি।

বেগড়া (দেশজ) বিং, নষ্ট, বিকৃত। দুষ্ট।

বেগনাশন (বেগ কার্য্যতৎপরতা—নাশন যে নাশ করে। স্থূলত্ব হেতু) সং, পুং, শ্লেষ্মা, কফ।

বেগবল—যে বস্তু যত বলে প্রযুক্ত হয় সেই বস্তুর তদনুরূপ বেগ।

বেগম (তুর্কী ভাষা) সং, রাণী, রাজমহিষী, রাজ্ঞী।

বেগবান্ (—বৎ, বেগ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবিশিষ্ট, ত্বরান্বিত।

বেগসর (বেগ—সর যে গমন করে ) সং, পুং, বেগগামী হয়, অশ্বতর, বেসর।

বেগার (দেশজ) সং, বেতনহীন কার্য্য, অনর্থক শ্রম।

বেগিত, বেগী (বেগিন্, বেগ+ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবান্, ত্বরান্বিত। চালিত। সং, পুং, শ্যেনপক্ষী।

বেগুণ (বঙ্গনশব্দজ) সং, বার্ত্তাকু, বার্ত্তাকী।
বেচন (দেশজ) সং, বিক্রয়করণ, মূল্য গ্রহণ পূর্ব্বক অর্পণ।
বেজিত (বিজ্-ঞি=বেজি ভীত হওয়া+ত (ক্ত)–ক) বিং, ত্রিং, ভীত। ক্লেশিত। ভয়প্রাপিত। ভয়কম্পিত।
বেজী (দেশজ) সং, নকুল, নেউল, বেঁজী।
বেটা (দেশজ) সং, পুত্র,সুত,সন্তান,আত্মজ।
বেট্যা (বটশব্দজ) সং, রশি, রজ্জু, পাটের দড়ি।
বেড় (বেষ্টশব্দজ কি?) সং, বেষ্টন, বৃতি, ঘেরা। –ড়ী, শৃঙ্খল, পাদবন্ধনীয় লৌহ-পাশ। স্থালীধারণার্থ লৌহ যন্ত্রবিশেষ, বাউলী। কেশবিন্যাসবিশেষ, থর।
বেড়ান (দেশজ) সং, ভ্রমণ, চলন, পর্য্যটন।
বেড়ে (দেশজ) বিং, উত্তম,উৎকৃষ্ট,উপাদেয়।
বেণ (বেণ্ গমন করা ইত্যাদি+অ(অন্)–ক) সং, পুং, পৃথুরাজার পিতা। সঙ্কর-জাতিবিশেষ, বৈদ্য।
বেণা (দেশজ) সং,উশীর, তৃণবিশেষ, বীরণ।
বেণি / বেণিকা / বেণী (বেণ+ই–ক। বী গমনকরা+নি–ক) সং, স্ত্রীং, বিন্যস্ত কেশ-পাশ, বিউনী। জলপ্রবাহ; যথা—প্রয়াগে গঙ্গাযমুনাসরস্বতীমেলনং ত্রি-বেণী। স্রোতঃ। বয়ন, বুনন। দেবতাড়-বৃক্ষ। নদীবিশেষ। স্ত্রী-মেষ।
বেণিবেধনী; সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।
বেণিমাধব; সং, পুং, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবতাবিশেষ।
বেণীর; সং, পুং, অরিষ্ট বৃক্ষ।
বেণীসংহার; সং,পুং, ভট্টনারায়ণকৃত নাটক-বিশেষ। বেণীবন্ধন।
বেণু (অজ্ গমন করা+নু–ক, অজ=বী) কিম্বা বন্ শব্দকরা+উ–ক, নিপাতন) সং, পুং, বংশ, বাঁশ। বংশী, বাঁশি। নৃপ-বিশেষ।
বেণুক, বৈণুক (বেণু বাঁশ+কণ্–প্রং। বাঁকারীর মুট থাকে বলিয়া) সং, ক্লীং, গবাদিতাড়নদণ্ড, পাঁচনবাড়ী। ডাঙ্গশ।
বেণুধ্ম (বেণু–ধ্মা বাজান+অ(ড)–ক) সং, পুং, বেণুবাদক, বংশীবাদক।
বেণুযব; সং, পুং, বাঁশের চাউল।
বেণ্য, বেণে, বেণিয়া (বণিক্শব্দজ) সং, বণিক্, ব্যবসায়ী।
বেত (বেত্রশব্দজ) সং, বেতস, বেতগাছ।
বেতণ্ড (অজ্ গমন করা+০(কিপ্)–ক=বে যে গমন করে–তনৃড্ তাড়না করা+অ(অল্)–র্ম্ম) সং, পুং, হস্তী, গজ। তাড়নার্হ উচ্ছৃঙ্খল ব্যক্তি।
বেতন (অজ্ অথবা বী গমন করা+তন–ণ) সং,ক্লীং, কর্ম্মের মূল্য। মজুরি। মাহি-য়ানা। ভাড়া। জীবিকা। রৌপ্য।
বেতস (বে বস্ত্রাদি বোনা+অসচ্–র্ম্ম, ৎ –আগম, অথবা বী [জলপ্লবতা] গমন করা+তস্–নামার্থে) সং, পুং, সী–স্ত্রীং, বাণীরবৃক্ষ, বেতগাছ।
বেতস্বান্ (বেতস্বৎ, বেতস্+বৎ(ড্বতু)–অ-স্ত্যর্থে) বিং, ত্রিং, বেতস-বহুল প্রদেশ, যে প্রদেশে অনেক বেতস বৃক্ষ আছে।
বেতাল (ব শব্দের সপ্তমীর একবচন=বে বায়ুতে–তাল [তল্ স্থির হওয়া+অ (ঘঞ্)–ভাবে] আবাস) সং, পুং, ভূতা-বিষ্ট শব। শিবানুচরবিশেষ। দ্বারপাল, দ্বারী। মল্লবিশেষ। সঙ্গীতে–তালহীনতা।
বেতালভট্ট; সং, পুং, রাজা বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের এক রত্ন।
বেত্তা (বেতৃ, বিদ্ জানা+তৃ(তৃন্)–ক) বিং, ত্রিং, জ্ঞাতা, যে জানে; ইহা কোন শব্দের পর প্রযুক্ত হয়, যথা—শাস্ত্রবেত্তা, নিয়মবেত্তা ইত্যাদি। পরিণেতা। [illegible] ভকর্ত্তা।
বেত্র (অজ্ অথবা বী গমন [illegible]+ত্র–ণ) সং, পুং, বেতগাছ। অসুরবিশেষ। ক্লীং, বেতের যষ্টি।
বেত্রকীয়; বিং,ত্রিং, বেত্রসমূহযুক্ত দেশাদি।
বেত্রধর (বেত্র–ধর [ধৃ ধারণকরা+অ(অন্) –ক] যে ধরে, ২য়া–ষ) সং, পুং, দ্বার-পাল। বিং, ত্রিং, যষ্টিধারী।
বেত্রবতী, বেত্রাবতী (বেত্র+বৎ(বতু)–অ-স্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, মালব দেশের নদীবিশেষ,বেতুয়া নদী। শিং–১ "শরা-বতী বেত্রবতী চন্দ্রভাগা সরস্বতী।" বেত্রা-সুরমাতা।

বেত্রাসন (বেত্র—আসন বসিবার স্থান) সং, ক্লীং, বেত্র-নির্ম্মিত আসন, মোড়া প্রভৃতি।

বেত্রাসুর ; সং,পুং,স্বনামখ্যাত অসুরবিশেষ।

বেত্রী (বেত্রিন্, বেত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দ্বারপাল। বেত্রধারী।

বেদ (বিদ্ [ধর্ম্মাধর্ম্ম] জানা+অ(অল্)—র্ম্ম। তর্কবাদমতে—বেদ অর্থে বিজ্ঞান যাহার আলোচনায় বিশিষ্টরূপে জ্ঞানের উন্নতি হয়, তাহার নাম বেদ) সং, পুং, ধর্ম্ম ও ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষেয় বাক্য, ব্রহ্ম-মুখনির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, শ্রুতি ; ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব—এই চারি বেদ। শাস্ত্র। (+অল্—ভাবে) শাস্ত্রজ্ঞান। জ্ঞান। চারিসংখ্যা, ৪। ছন্দঃ। টিপ্পনী। আখ্যা। যজ্ঞাঙ্গ। শাস্ত্রোক্ত চরিত্র। কুশ-মুষ্টিকৃত পদার্থবিশেষ। (+অন্—ক, র্ম্ম) বিষ্ণু।

বেদগর্ভ ; সং. পুং, ব্রহ্মা। ব্রাহ্মণ। [রক্ষা।

বেদগুপ্তি ; সং, স্ত্রীং, ব্রাহ্মণাদি কর্তৃক বেদ-

বেদন—ক্লীং } (বিদ্ জানা ইত্যাদি+
বেদনা—স্ত্রীং } অন(অনট্), অন—ভাবে, আপ্) সং, অনুভব, বোধ। জ্ঞান। যাতনা, ব্যথা। ক্লেশ, দুঃখানুভব। পরিণয়, বিবাহ। দান, উপঢৌকন। শূদ্রকামিনী উৎকৃষ্ট বর্ণকে বিবাহ করিতে হইলে বরের উত্তরীয়প্রান্ত ধারণ করিবে—এই আচার। শিং—১ "বসনস্য দশা গ্রাহ্যা শূদ্রয়োৎকৃষ্টবেদনে।"

বেদনিন্দক ; সং,পুং, নাস্তিক। বুদ্ধ।

বেদনীয় (বিদ্ জানা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অনুভবনীয়, জ্ঞেয়।

বেদপারগ, বেদবিদ্ (বেদ—পারগ যে পারে গমন করে, ৬ষ্ঠী—ষ। বেদ—বিদ্ যে জানে, ২য়া—ষ) সং, পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ। ব্রহ্মজ্ঞানী। শিং—১"তেহভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ।"

বেদমাতা (—মাতৃ, বেদ—মাতৃ মা) সং, স্ত্রীং, গায়ত্রী। দুর্গা। শিং—১ "ব্রহ্মিষ্ঠা বেদমাতৃত্বাদ্গায়ত্রী চরণাগ্রজা।"

বেদবতী ; সং, স্ত্রীং, কুশধ্বজরাজকন্যা।

বেদবদন ; সং, ক্লীং, ব্যাকরণশাস্ত্র।

বেদবাস (বেদ—বাস বাসস্থান) সং, পুং, বিপ্র, ব্রাহ্মণ।

বেদবিৎ (-বিদ্,বেদ—বিদ্ যে জানে,২য়া—ষ) বিং, ত্রিং, বেদজ্ঞ, বেদবেত্তা। পুং, বিষ্ণু।

বেদবৃত্ত ; সং, ক্লীং, বেদোক্ত আচরণ।

বেদব্যাস (বেদ—বি—আ বিশেষরূপে—অস্ [ক্ষেপণ করা] স্থাপন করা+অ(ঘঞ্)—ক,২য়া—ষ। যুগে যুগে ধর্ম্মের পাদক্ষয় ও মনুষ্যদিগের আয়ুঃ ও শক্তির হ্রাস দেখিয়া বেদের স্থায়িত্ব ও ব্রাহ্মণের প্রতি অনুকূলতা প্রযুক্ত বেদের বিধান করিয়াছিলেন এই নিমিত্ত তাঁহার নাম বেদব্যাস হয়) সং, পুং, বেদবিভাগকর্ত্তা মুনি, ব্যাসদেব, সত্যবতীতনয়।

বেদঃ (বেদস্, বিদ্ জানা+অস্—ক) সং, ক্লীং, বেদসমূহ। হিরণ্য, সোণা, কাঞ্চন। বিং, ত্রিং, বেত্তা।

বেদাগ্রণী (বেদ—অগ্রণী) সং,স্ত্রীং,সরস্বতী।

বেদাঙ্গ (বেদ—অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—এই ছয়প্রকার বেদের অবয়ব গ্রন্থ। [প্রণব, ওঁকার।

বেদাদি (বেদ—আদি প্রথম) সং, পুং,

বেদাধিপ ; সং, পুং, ঋগ্বেদাধিপতির্জীবো, যজুর্বেদাধিপো ভৃগুঃ, সামবেদাধিপো ভৌমঃ, শশিজোহথর্ব্ববেদপঃ।

বেদান্ত (বেদ—অন্ত শেষ) সং, পুং, ব্যাস প্রণীত দর্শনশাস্ত্র, তাহাতে ব্রহ্মের স্বরূপাদি নিরূপিত আছে।

বেদান্তী (বেদান্তিন্,বেদান্ত+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, বেদান্তমতাবলম্বী, বেদান্তবেত্তা।

বেদাভ্যাস (বেদ—অভ্যাস) সং, পুং, অধ্যয়ন বিচার অনুশীলন জপ অধ্যাপন—এই পাঁচ।

বেদার ; সং, পুং, কৃকলাস, কাঁকলাস।

বেদি } (বিদ্ বিদ্যমান থাকা ইত্যাদি
বেদিকা } +ই—ধি,২য়-পক্ষে কণ্—স্বার্থে,
বেদী } আপ্) সং,স্ত্রীং, যজ্ঞাদি করণ জন্য পরিষ্কৃত ভূমি,চতুরস্র ডমরুসদৃশাকৃতি প্রভৃতি। শিং—১"মধ্যেন সা বেদিবিলগ্ন-

মধ্যাঃ ।" মঞ্চ । অঙ্গনাদির মধ্যবর্ত্তী চতুরস্র ভিত্তি । শিং—১ " প্রাগ্দ্বারবেদিবিনিবেশিতপূর্ণকুম্ভঃ ।"বেদির সদৃশ ভিত্তি। নামাঙ্কিত আংটী । মৃত্তিকাস্তূপাকৃতি ভিত্তি । বোল্তা । দি—পুং, (বিদ্+ই—ক) পণ্ডিত ।

**বেদিজা** ( বেদি হোমবেদি হইতে—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত, ৫মী—হিং) সং, স্ত্রীং, দ্রৌপদী ।

**বেদিত** (বিদ্-ণিচ=বেদি জানান+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, জ্ঞাপিত, জানান। নিবেদিত । সাক্ষাৎকৃত । দর্শিত ।

**বেদিতব্য** ( বিদ্ জানা+তব্য—র্ম্ম ) বিং, ত্রিং, জ্ঞাতব্য, জানিবার যোগ্য ।

**বেদিতা** (বেদিতৃ, বিদ্ জানা+তৃ(তৃন্)—ক, ই—আগম) বিং, ত্রিং, জ্ঞাতা, যে জানে । সাক্ষাৎকর্ত্তা ।

**বেদিন** (পারস্য বে বিহীন—আরবী দিন ধর্ম্ম) বিং, ধর্ম্মহীন,বিধর্ম্মী, পাপী ; যথা—"কাফর বাঙ্গালী হিন্দু বেদিন ব্রাহ্মণ ।"

**বেদী** (বেদিন্, বিদ্ জানা+ইন্(ণিন্)—ক) সং, পুং, পণ্ডিত । ব্রহ্মা । পরিণেতা। বিং, ত্রিং, বেত্তা, জ্ঞাতা । [পুং, ব্রহ্মা ।

**বেদীশ** ((বেদী সরস্বতী—ঈশ প্রভু) সং,

**বেদোদয়** (বেদ সামবেদ—উদয় উত্থান। প্রসিদ্ধি আছে যে সূর্য্য হইতে এই বেদের উদয় হইয়াছে) সং, পুং, সূর্য্য ।

**বেদোদিত** (বেদ—উদিত [বদ্ বলা+ক্ত—র্ম্ম] যাহা বলা হইয়াছে) বিং, ত্রিং, বেদোক্ত । শিং—১ "বেদোদিতানাং নিত্যানাং কর্ম্মণাং সমতিক্রমে ।"

**বেদ্য** ( বিদ্ জানা+য(ঘ্যণ্)—র্ম্ম ) বিং, ত্রিং, বোধ্য, জ্ঞেয় । সাক্ষাৎকার্য্য ।

**বেধ**—পুং } (বিধ্ বিদ্ধকরা+অ(অন্),
**বেধন**—ক্লীং } অনট্—ভাবে) সং, ছিদ্রকরণ, বেঁধা । গভীরতা । বস্তুর পুরু পরিমাণ । বিবাহাদিনিষেধক গ্রহসংস্থাপনবিশেষ ।

**বেধক** ( বিধ্ বিদ্ধ করা+অক(ণক)—ক ) বিং, ত্রিং, বিদ্ধকারক, যে বেঁধে । সং, পুং, কর্পূর । ধন্যাক । ক্লীং, গর্ভিত ধান্য ।

**বেধনী** } (বেধ দেখ, অন(অনট্)—ণ,
**বেধনিকা** } ঈপ্ । বেধনী+কণ্—যোগ) সং, স্ত্রীং, মণি এবং শঙ্খাদি বেধনের অস্ত্র, সূচী তুর্পুন প্রভৃতি । হস্তির কর্ণবেধনাস্ত্র মেথিকা । [কস্তূরী ।

বেধমুখ্য ; সং, পুং, কর্চ্চূর । খ্যা—স্ত্রীং,

বেধমুখ্যক ; সং, পুং, হরিদ্রাবৃক্ষ ; কাঁচা হলদি । [মূল ।

বেধস (বেধস্+অ—প্রং) সং, ক্লীং, অঙ্গুষ্ঠ-

বেধাঃ (বেধস্, বিধ্ বিধান করা অথবা বি—ধা ধারণ করা+অস্—ক) সং,পুং, ব্রহ্মা । বিষ্ণু । সূর্য্য । পণ্ডিত । দক্ষপ্রভৃতি স্রষ্টা । শ্বেতার্কবৃক্ষ । অনন্তপুত্র ।

বেধিত (বিধ্ বিদ্ধকরা+ত(ক্ত)—র্ম্ম,অথবা বেধ+ইত—প্রং কিম্বা বেধি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদ্ধ, ছিদ্রিত ।

বেধী (বেধিন্, বিধ্ বিদ্ধ করা+ইন্(ণিন) —ক ) বিং, ত্রিং, বেধক, ছিদ্রকারক । ধিনী—স্ত্রীং, জোঁক । মেথিকা ।

বেধ্য (বিধ্ বিদ্ধ করা+য—র্ম্ম) সং, ক্লীং, বেধ করিবার বিষয়, শরব্য, লক্ষ্য । বিং, ত্রিং, বেধনীয়, বিঁধিবার যোগ্য ।

বেপথু—পুং } (বেপ্ কম্পিত হওয়া+
বেপন—ক্লীং } অথু, অন(অনট্)—ভা) সং, কম্প, কাঁপনি ।

বেপমান (বেপ্ কম্পিতহওয়া+আন(শান) —ক) বিং,ত্রিং,কম্পমান,যে কাঁপিতেছে।

বেম—পুং } (বে বোনা+মন্,
বেমন্—পুং—ক্লীং } মনিন্— সং, বস্ত্রাদিবয়নের যন্ত্রবিশেষ, মাকু । তাঁত ।

বেমার, বিমার (পারস্য) পীড়িত ।

বেয়াদব (পারস্য) অসভ্য ।

বেয়াদবী (পারস্য) অসভ্যতা ।

বের ( বী বা অজ্ গমন করা+রন্—ক সং, পুং—ক্লীং, শরীর । ক্লীং, কুঙ্কুম বার্ত্তাকু ।

বেরক ; সং, ক্লীং, কর্পূর ।

বেল (বেল্ চঞ্চল হওয়া+অ(অন্)—প্রং সং, ক্লীং, উদ্যান ।

বেলম্ব—লয়স্থান বিবর্জ্জন ।

বেলা (বেল্ চঞ্চল হওয়া+অ(অন্)—

আপ্) সং, স্ত্রীং, কাল, সময়। শিং—১ "চতুর্ব্বিংশতি বেলাভিরহোরাত্রং প্রচক্ষতে।" অবসর। সীমা। সমুদ্র। তীর, তট। শিং—১ "বেলামূলে বিভাবরী পরিহীনা।" (ভট্টি)। অম্বু, জল। জোয়ার ভাটা। মর্য্যাদা। হঠাৎ মৃত্যু। পীড়া। শিবের খাদ্য, বিম্ব। বাক্য। সুযোগ। বুধের পত্নী। রাগ। ঈশ্বরভোজন। বাক্।

বেলাকূল (বেলা জোয়ার—কূল তট) সং, ক্লীং, তামলিপ্ত দেশ, তমলুক।

বেলাবোধন (বেলা সময়—বুধ্-ণিচ=বোধি জানান+অন(অনট্)—ক) বিং, ত্রিং, সময়জ্ঞাপক, সময়নিরূপক।

বেলোয়ারি (পারস্য) কাচনির্ম্মিত।

বেল্ল (বেল্ল্ চঞ্চল হওয়া+অ(অল্)—ভা) সং, পুং—ক্লীং, বিড়ঙ্গ। পুং, গমন। কম্পন।

বেল্লজ (বেল সঞ্চালন—জ [জন্ জন্মান +অ(ড)—ক] জাত) সং, ক্লীং, মরিচ।

বেল্লন (বেল চঞ্চল হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, লুণ্ঠন, গড়াগড়ি। চলন। দোলন, সঞ্চালন। রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূলবর্ত্তুল কাষ্ঠবিশেষ, বেলন্। নী—মালাদূর্ব্বা।

বেল্লন্তর; সং, পুং, বীরতরু।

বেল্লহল; সং,পুং, লম্পট,লোচ্চা। লতা।

বেল্লি (বেল্লন দেখ, ই—প্রং) সং,স্ত্রীং, বল্লী,

বেল্লিত (বেল্লন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, কুটিল। কম্পিত, দোলিত। লুণ্ঠিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, চলন। দোলন। লুণ্ঠন।

বেল্যা
বেলে } (বাঙ্গালা বালিশব্দজ) বিং, বালিযুক্ত। সং, মৎস্যবিশেষ।

বেশ
বেষ } (বিশ্ প্রবেশ করা+অ(অল্)—ধি, বিষ্ ব্যাপা+অ(অন্)—ক) সং, পুং, সজ্জা, বস্ত্র অলঙ্কারাদি পরিধান। নেপথ্য। বেশ্যাপল্লী। বেশ্যালয়। গৃহ। প্রবেশ।

বেশক (বিশ্ প্রবেশ করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, প্রবেশকারক। সং, পুং, গৃহ।

বেশধারী; সং, পুং, ছলতপস্বী। বিং, ত্রিং, বেশধারক।

বেশন্ত (বিশ্ প্রবেশ করা+অন্ত—ধি) সং, পুং, ক্ষুদ্রসরোবর, পল্বল। অগ্নি।

বেশর—স (বেশ—রা দানকরা+অ(ড)—ক। ২য়-পক্ষে বেস+অরন্—ক) সং, পুং, অশ্বতর, ঘোটকীতে গর্দ্দভজাত বা গর্দ্দভীতে ঘোটকজাত অশ্ব, খচ্চর।

বেশবার—স (বিশ্ প্রবেশ করা+অ(অল্)—ভা=বেশ প্রবেশ—বৃ প্রার্থনাকরা+অ—প্রং) সং, পুং, ধন্যাকসর্ষপাদি পিষ্ট, বাটনা। ব্যঞ্জনবিশেষ। শিং—১ "নিরস্থি পিশিতং পিষ্টং সিদ্ধং গুড়ঘৃতান্বিতম্। কৃষ্ণামরিচ সংযুক্তং বেসবার ইতিস্মৃতম্।"

বেশী (বেশিন্, বেশ সজ্জা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেশকারক, পরিচ্ছদযুক্ত। (পারস্য) বিং, অধিক, অতিরিক্ত।

বেশ্ম (বেশ্মন্, বিশ্ প্রবেশ করা+মন্—ধি) সং, ক্লীং, ভবন, গৃহ, বাটী।

বেশ্মনকুল (বেশ্মন্ গৃহ—নকুল বেঁজী) সং, পুং, গন্ধমূষিক, ছুঁচা।

বেশ্মভূ (বেশ্মন্ গৃহ—ভূ ভূমি) সং,স্ত্রীং, বাস্তুভূমি, বাসোপযুক্ত স্থান।

বেশ্বর; সং, পুং, অশ্বতর।

বেশ্য (বিশ্ প্রবেশ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, ক্লীং, বেশ্যালয়।

বেশ্যা (বিশ্ প্রবেশ করা+য—ভাবার্থে, আপ্,কিংবা বেশ সজ্জা+য(ষ্য),আপ্) সং, স্ত্রীং, সাধারণস্ত্রী, বারনারী। টুণ্টুকাবৃক্ষ, আকনাদি।

বেশ্যাচার্য্য (বেশ্যা গণিকা—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, পীঠমর্দ্দ, নায়কের সহায়বিশেষ। বেশ্যা প্রভৃতির নৃত্যশিক্ষাগুরু।

বেশ্যাবার (বেশ্যা—বার সমূহ) সং, পুং, বেশ্যাসমূহ।

বেষ্ট (বেষ্টন দেখ, অ(অল)—ভাবে) সং, পুং, বেষ্টন, বেড়া। নির্য্যাস, আঠা। টার্পিন্।

বেষ্টক (বেষ্ট+কণ্—যোগ, অথবা বেষ্টন দেখ, অক(ণক)—ক) সং, ক্লীং, উষ্ণীষ,

পাকাড়ি। নির্য্যাস। টার্পিন্। পুং, কুষ্মাণ্ড। প্রাচীর। বিং, ত্রিং, বেষ্টনকারক।

বেষ্টন ( বেষ্ট্ বেষ্টন করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, বৃতি, বেড়া, চতুর্দ্দিকে আবরণ। প্রদক্ষিণ। কর্ণকুহর। বর্ণ। নৃত্যকালীন হস্তচালন প্রকার। (+অন (অনট্)—ণ) পরিধি, বেড়। উষ্ণীষ।

বেষ্টনক ; সং, পুং, রতিবন্ধবিশেষ।

বেষ্টবংশ ( বেষ্ট বেষ্টন—বংশ বাঁশ ) সং, পুং, বেউড় বাঁশ।

বেষ্টিত (বেষ্টন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঘেরা। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, বেষ্টন। [পানীয়, জল।

বেষ্য ( বিষ্ ব্যাপা+য—প্রং ) সং, ক্লীং,

বেসন (বেস্ গমন করা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, গুঁড়করা ডাইল, বেসম।

বেসেড়া (দেশজ) বিং, বাসি, পর্য্যুসিত।

বেহৎ ( বি—হন্ [ভ্রূণ] বধ করা+অৎ(ডৎ) —ক) সং, স্ত্রীং, গর্ব্ভোপঘাতিনী গৌ।

বেহাই (বিবাহ শব্দজ) সং, বৈবাহিক, কন্যা বা পুত্রের শ্বশুর।

বেহায়া (পারস্য বে বিহীন—হায়া লজ্জা) বিং, নির্লজ্জ, লজ্জাহীন।

বেহার ; সং, পুং, স্বনামপ্রসিদ্ধ দেশ।

বেহারা (বাহক শব্দজ কি ?) সং, যানবাহক, কাহার।

বেহালা (বাহলীন শব্দজ, ইংরাজী Violin, ইটালী Vialo, সম্ভবতঃ এই শব্দটী ভিয়ালো শব্দ হইতে বাঙ্গালায় ব্যবহৃত হইয়াছে) যন্ত্রবিশেষ।

বেহোশ (পারস্য বে বিহীন—হোশ জ্ঞান) অজ্ঞান। মত্ত।

বৈ ( বা গমন করা+ঐ(ডৈ)—ক ) অং, পাদপূরণার্থ। সম্বোধন। অনুনয়।

বৈকক্ষ } (বি—কক্ষ পার্শ্ব+অ(ষ্ণ)—
বৈকক্ষক } প্রং। পক্ষে কণ্—যোগ ) সং, ক্লীং, বক্ষঃস্থলে বক্রভাবে স্থাপিত মাল্য। উত্তরীয়। [বৃক্ষবিশেষ, বঁইচগাছ।

বৈকঙ্কত (বিকঙ্কত+অ(ষ্ণ)—স্বার্থে) সং,পুং,

বৈকটিক (বিকট কঠিন [কার্য্য]+ইক(ষ্ণিক) —প্রং) সং, পুং, মণিকার, জহরী।

বৈকর্ত্তন ( বিকর্ত্তন+অ(ষ্ণ)—প্রং ) বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়। সূর্য্যবংশীয়। পুং, রাধাতনয়। মহাভারতে—"রাধেয় পূর্ব্বে কবচ ও কুণ্ডলদ্বয় ছেদন করিয়া পুরন্দরকে প্রদান করিতে বৈকর্ত্তন নামে বিখ্যাত হইয়াছে।"

বৈকর্ম্ম ; সং, পুং, বাৎস্যমুনি।

বৈকল্পিক (বিকল্প+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, যাহা বিকল্পে হয় ... গ্রহযোগ্য।

বৈকল্য (বিকল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিকলতা, কাতরতা। বিকৃতভাব। খঞ্জতা। অঙ্গহীনতা। ন্যূনতা। অভাব। অসম্পূর্ণ।

বৈকাল ( বিকাল+অ(ষ্ণ)—প্রং ) সং, পুং, বিকাল, অপরাহ্ণ। শেষবেলা।

বৈকুণ্ঠ ( বিকুণ্ঠা ইহার মাতা+অ(ষ্ণ)—অপত্যার্থে, কিম্বা বি বিবিধ—কুণ্ঠা [কুণ্ঠতনয়া] মায়া, যাহার বিবিধ মায়া বিদ্যমান আছে,৬ষ্ঠী—হিং,অ(ষ্ণ)--স্বার্থে, মহাভারতে—"আমি কুণ্ঠিত না হইয়া কলিঙ্গের সহিত পৃথিবীরে, বায়ুর সহিত আকাশকে ও তেজের সহিত বায়ুরে মিলিত করিয়াছি এই নিমিত্ত পণ্ডিতেরা আমারে বৈকুণ্ঠ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন") সং, পুং, বিষ্ণু। ইন্দ্র। ক্লীং, ( বি বিগত—কুণ্ঠ প্রতিবন্ধক ) বিষ্ণুর পুরী। শিং—১ "বিকুণ্ঠায়ামসৌ জজ্ঞে বৈকুণ্ঠৈ দৈবতৈঃ সহেতি বিষ্ণুপুরাণম্।" ২ "বিষ্ণুসহস্রনামটীকায়াং শঙ্করাচার্য্যস্ত্বাহ বিবিধা কুণ্ঠা গতেঃ প্রতিহতিস্তস্যাঃ কর্ত্তা ইতি বৈকুণ্ঠঃ। জগদারম্ভে বিশিষ্টানি ভূতানি পরস্পরং সংশ্লেষন্ তেষাং গতিং প্রত্যবধ্নাদিতি বা বৈকুণ্ঠঃ। মায়া সংশ্লেষিতা ভূমিরদ্ভির্ব্যোম্না চ বায়ুনা। বায়ুশ্চ তেজসা সার্দ্ধং বৈকুণ্ঠত্বং ততো মমেতি শান্তিপর্ব্বণীতি। ইত্যমরটীকায়াং ভরতঃ।" অপিচ। "কুণ্ঠং জড়ঞ্চ বিশ্বৌবং বিশিষ্টঞ্চ করোতি যা। বিকুণ্ঠাং প্রকৃতিং বেদাশ্চত্বারশ্চ বদন্তি তাং ॥ গুণাশ্রয়েণ ভগবান্ তস্যাং জাতঃ স্বস্থয়ে। পরিপূর্ণতমং তেন বৈকুণ্ঠঞ্চ বিদুর্বুধাঃ।"

বৈকৃত ( বিকৃত বিকারপ্রাপ্ত+অ(ষ্ণ)—

ভাবে) সং, ক্লীং, বিকৃতত্ব, বিকার। মানসিক বা কায়িক বিকার। ঘৃণা।

বৈক্রান্ত(বিক্রান্ত+অ—প্রং) সং,ক্লীং,হীরকসদৃশ মণিবিশেষ। স্পর্শমণি, চুম্বকপাথর।

বৈক্লব্য (বিক্লব বিহ্বল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, কাতরতা। বিহ্বলতা। অধীরতা। চিত্তচাঞ্চল্য।

বৈখরী (বি—খন্ খোড়া, নিপাতন। অথবা বি বিশেষরূপে—খ আকাশ—র|রা গ্রহণ করা+অ(ড)—ক, ষ্ণ—স্বার্থে,ঈপ্) সং, স্ত্রীং, কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপারবিশেষ।

বৈখানস ( বি—খন্ খোঁড়া+অ(ড)—ক, অন্ জীবিতহওয়া+অস্—ক, ষ্ণ। যাহাদের মূলাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ হয়) সং, পুং, বানপ্রস্থ, বনবাসী। শিং—১ "বৈখানসেভ্যঃ শ্রুতরামবার্ত্তাঃ।" (বৈখানস+ষ্ণ) বিং, ত্রিং, বানপ্রস্থসম্বন্ধীয়।

বৈগুণ্য(বিগুণ গুণরহিত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, গুণরাহিত্য, বিকৃততা। অপরাধ, দোষ। গুণবিসম্বাদ। নীচতা।

বৈচক্ষণ্য (বিচক্ষণ দক্ষ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিচক্ষণতা, নৈপুণ্য।

বৈচিত্ত্য(বিচিত্তি ভ্রমণকরা+য(ষ্ণ্য)—প্রং) সং, ক্লীং, চিত্তভ্রান্তি, অতিভ্রম।

বৈচিত্র্য(বিচিত্র+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিচিত্রতা,চমৎকারিত্ব। বিভিন্নতা। নানারূপতা। সৌন্দর্য্য।

বৈজনন (বিজনন+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, প্রসবমাস, যে মাসে সন্তান ভূমিষ্ঠ হয়।

বৈজয়ন্ত (বি—জি জয় করা+অন্ত—প্রং, ষ্ণ) সং,ইন্দ্রপুরী। ইন্দ্রধ্বজ। ন্তী,ন্তিকা—স্ত্রীং, পতাকা। জানুপর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা। শিং—১ "উপগীয়মান উদ্গায়ন্ বনিতাশতযূথপঃ। মালাং বিভ্রদ্ বৈজয়ন্তীং ব্যচরন্ মণ্ডয়ন্ বনং।" অধিরোহিণী, সিঁড়ী। শিং—১ "স্বর্গারোহণবৈজয়ন্তি।" জয়ন্তীবৃক্ষ।

বৈজয়ন্তিক ( বৈজয়ন্তী পতাকা+ইক—প্রং) বিং, ত্রিং, পতাকাধারী। ন্তিকা—স্ত্রীং, অগ্নিমন্থ। জয়ন্তীবৃক্ষ। পতাকা।

বৈজয়িক ( বিজয়+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, বিজয়সম্বন্ধীয়, জয়সূচক।

বৈজাত্য ( বিজাত+য ষ্ণ্য)—ভাবে ) সং, ক্লীং, বিজাতীয়তা, বৈলক্ষণ্য। স্বভাবের প্রভেদ। লাম্পট্য।

বৈজিক (বীজ+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং,বীজসম্বন্ধীয়। সং, ক্লীং, পরমাত্মা। হেতু। তৈলবিশেষ। মোরোঙ্গা তৈল। পুং, সদ্যোজাত অঙ্কুর।

বৈজ্ঞানিক (বিজ্ঞান+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, নিপুণ, দক্ষ। বিজ্ঞানসম্বন্ধীয়।

বৈড়ালব্রত(বিড়াল+অ(ষ্ণ)—প্রং=বৈড়াল—ব্রত) সং, ক্লীং, পাপকর্ম্ম গোপন করিয়া আপনাকে ধার্ম্মিক বলিয়া পরিচয় দেওয়া। শিং—১ "যস্য ধর্ম্মধ্বজো নিত্যং সুরধ্বজ ইবোচ্ছ্রিতঃ। প্রচ্ছন্নানিচ পাপানি বৈড়ালং নাম তদ্ব্রতং।"

বৈড়ালব্রতিক, বৈড়ালব্রতী } (বৈড়ালব্রতিন্, বৈড়ালব্রত+ইক, ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, ভণ্ডতাপস, বিড়ালতপস্বী। শিং—১ "ধর্ম্মধ্বজী সদা লুব্ধশ্ছাদ্মিকোলকবঞ্চকঃ, বৈড়ালব্রতিকো জ্ঞেয়ো হিংস্রঃ সর্ব্বাভিনিন্দকঃ।"

বৈঠক(দেশজ) সং, সভা, সমাজ, অধিবেশন।

বৈণ (বেণু+অ(ষ্ণ)—জীবত্যর্থে, উ—লোপ) বিং, ত্রিং, বেণুজীবী। যে বাঁশ কাটে, বা বাঁশের দ্রব্যাদি নির্ম্মাণ করে, ডোম।

বৈণব (বেণু বংশ+অ(ষ্ণ)—কৃতার্থে) বিং, ত্রিং, বংশনির্ম্মিত। বেণুসম্বন্ধীয়। ডোম। বাঁশের দ্রব্য প্রস্তুতকারী। সং, ক্লীং, বেণুফল। বী—স্ত্রীং, বংশলোচন।

বৈণবিক ( বেণু+ইক(ষ্ণিক)—বাদনার্থে ) বিং, ত্রিং, বেণুবাদক, বংশীবাদক।

বৈণিক (বীণা+ইক(ষ্ণিক)—বাদনার্থে) বিং, ত্রিং, বীণাবাদক, যে বীণা বাজায়।

বৈণুক (বেণু+কণ—প্রং) সং, ক্লীং, হস্তীতাড়নার্থে লৌহময়াগ্রভাগ বংশদণ্ড। বিং, ত্রিং, বেণুবাদক।

বৈণ্য ( বেণ এই নৃপের পিতা+য(ষ্ণ্য)—অপত্যার্থে ) সং, পুং, বেণভূপতির পুত্র, পৃথুরাজা।

বৈতংসিক ( বীতংস ফাঁদ বা জাল+ইক (ষ্ণিক)—জীবত্যর্থে ) বিং, ত্রিং, মাংস-বিক্রয়ী, যে পশুপক্ষ্যাদির মাংস বিক্রয় করে।

বৈতনিক ( বেতন+ই(ষ্ণিক)—জীবত্যর্থে ) বিং, ত্রিং, বেতনভুক্। কর্ম্মকার। চাকর। বেতনসাধ্য।

বৈতরণি-ণী ( বিতরণ দান+অ(ষ্ণ)—প্রং, ঈপ্। যাহা দানদ্বারা পার হওয়া যায়। কিংবা বি বিরুদ্ধ—তরণ+অ(ষ্ণ)—অ-স্ত্যর্থে। কিংবা বিতরণি [বি না—তরণি সূর্য্য] পাতাল+অ(ষ্ণ)—ভবার্থে। কিংবা বিতরণি বিনৌকা অর্থাৎ তরণশূন্যা+অ(ষ্ণ)—স্বার্থে ) সং, স্ত্রীং, রাক্ষস-মাতা। প্রেতনদী, যমদ্বারস্থ নদী। শিং—১ "নদী বৈতরণি নাম দুর্গন্ধা রুধিরাবহা। উষ্ণ-তোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী।" কটকের অন্তর্গত নদীবিশেষ, উৎকল-দেশীয় রাজগণের পূর্ব্বতন রাজধানী যাজ-পুর এই নদীতীরে অবস্থিত।

বৈতস ( বেতস+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে ) বিং, ত্রিং, বেতসসম্বন্ধীয় (নম্রতাদি)। সং, পুং, অম্লবেতস বৃক্ষ।

বৈতান, বৈতানিক (বিতান উনান, যজ্ঞ+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—ইদমর্থে ) সং, ক্লীং, হোমার্থ নৈবেদ্য। বেদবিহিত হোম। শিং—১"মরণাদেব কর্ত্তব্যং সংযোগা যস্য নাগ্নিনা। দাহাদূর্দ্ধমশৌচং স্যাদ্‌যস্য বৈ-তানিকো বিধিঃ।" যজ্ঞীয়। অদৃশ্য। অগ্নি। পুং, যজ্ঞীয় বহ্নি। বিং, ত্রিং, যজ্ঞীয়, বিতানসম্বন্ধীয়।

বৈতাল, বৈতালিক (বি বিবিধ [মঙ্গলগীতি বাদ্যাদিকৃত]—তাল+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—তদ্দ্বারা ব্যবহারার্থে ) সং, পুং, স্তুতি-পাঠক, বোধকর ( বোধ—কর যে করে অর্থাৎ যে নৃপকে জাগায় )। বিং, ত্রিং, বেতাল+ইক(ষ্ণিক)—ইদমর্থে ) বেতাল-সম্বন্ধীয়।

বৈতালীয় ( বিতাল+ঈয়(ণীয়)—প্রং ) সং, ক্লীং, মাত্রাসংখ্যাত ছন্দোবিশেষ।

বৈত্রক, বৈত্রকেয় ( বেত্রক [বেত্র+কণ্—যোগ] + অ(ষ্ণ), এয়(ষ্ণেয়)—ইদমর্থে ) বিং, ত্রিং, বেত্রসম্বন্ধীয়।

বৈদগ্ধ, বৈদগ্ধ্য—ক্লীং, বৈদগ্ধী—স্ত্রীং (বিদগ্ধ দক্ষ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—ভা, ঈপ্) সং, পটুতা। চতুরতা। রসিকতা। শোভা। পাণ্ডিত্য। ভঙ্গী।

বৈদর্ভ (বিদর্ভ দেশবিশেষ+অ(ষ্ণ)—সম্ব-ন্ধার্থে, ভবার্থে) বিং, ত্রিং, বিদর্ভদেশসম্ব-ন্ধীয়। বিদর্ভদেশজাত। দন্তশূল, দাঁতের গোড়াফোলা। সং, পুং, বিদর্ভরাজ, দম-য়ন্তীপিতা ভীমসেন। ক্লীং, বাক্‌চাতুর্য্য।

বৈদর্ভী (বিদর্ভ দেশবিশেষ+অ(ষ্ণ),ঈপ্) সং, স্ত্রীং, কাব্যের রীতিবিশেষ; রচনা মধুর এবং সমাসহীন বা স্বল্পসমাসযুক্ত হইলে তাহাকে বৈদর্ভীরীতি কহে। অগস্ত্য-পত্নী। দময়ন্তী। রুক্মিণী।

বৈদল ( বিদল+অ(ষ্ণ)—প্রং ) সং, ক্লীং, ভিক্ষুকের মৃণ্ময়াদি পাত্র। পুং, পিষ্টক।

বৈদান্তিক (বেদান্ত+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে, ইদমর্থে ) সং, পুং, যে ব্যক্তি বেদান্তশাস্ত্র জানে। বিং, ত্রিং, বেদান্তসম্বন্ধীয়।

বৈদিক (বেদ+ইক(ষ্ণিক)—জ্ঞানার্থে বা উ-ক্তার্থে ) সং, পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ; (শুদ্ধ বেদাদি পাঠ করিলে তাঁহাকে "বৈদিক" কহে)। বিং, ত্রিং, বেদবিহিত, বেদোক্ত। শিং—১ "বৈদিকী তান্ত্রিকী সন্ধ্যা যথানু-ক্রমযোগতঃ।"

বৈদূর্য্য (বিদূর পর্ব্বতবিশেষ+য(ষ্ণ্য)—ভবত্যর্থে ) সং, ক্লীং, কৃষ্ণপীতবর্ণ [illegible]-বিশেষ, নীলকান্তমণি।

বৈদুষ্য ( বিদ্বস্ পণ্ডিত+য(ষ্ণ্য)—ভাবে ) সং, ক্লীং, পাণ্ডিত্য, বিচক্ষণতা।

বৈদেশিক (বিদেশ+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিদেশাগত, বিদেশ হইতে আগত। অন্যদেশীয়, ভিন্নদেশীয়।

বৈদেহ ( বিদেহ নগরবিশেষ+অ(ষ্ণ)—ভবার্থে ) সং, পুং, সঙ্করজাতিবিশেষ। বণিক্। মিথিলার রাজা। হী—স্ত্রীং, জন-কনন্দিনী, জানকী, সীতা। বণিক্-পত্নী। গোরোচনা। পিপ্পলী। হরিদ্রা।

বৈদেহক (বৈদেহ+কণ্—প্রং। অথবা বি-

নানাবিধ—দিহ্ [বাণিজ্যসামগ্রী ইত্যাদি] সংগ্রহ করা + অক(ণক)—ক=বিদেহক + অ—যোগ) সং, পুং, বণিক্, বাণিজ্য-ব্যবসায়ী। শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভ-জাত সন্তান।

বৈদ্য (বেদ আয়ুর্ব্বেদ বা বিদ্যা + অ(ষ্ণ) —কুশলার্থে) সং, পুং, আয়ুর্ব্বেদবেত্তা, ভিষক্, চিকিৎসক। বিদ্বান্, পণ্ডিত। শিং—১ "নাবিদ্যানান্ত বৈদ্যেন দেয়ং বিদ্যাধনাৎ কচিৎ।" (বেদ + ষ্ণ) বিং, ত্রিং, বেদসম্বন্ধীয়। দ্যা—স্ত্রীং, কাকোলী।

বৈদ্যক (বৈদ্য + কণ্—স্বার্থে) সং, ক্লীং, আয়ুর্ব্বেদ, চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথ (বৈদ্য চিকিৎসক—নাথ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ভৈরববিশেষ। "হার্দ্দংপীঠং বৈদ্যনাথে বৈদ্যনাথস্তু ভৈরবঃ। দেবতা জয়দুর্গাখ্যা নেপালে জানুনী মম।" দেশবিশেষ। ঐ দেশে প্রতিষ্ঠিত শিবলিঙ্গ। শিং—১ "ঝারখণ্ডে বৈদ্যনাথো বক্রেশ্বরস্তথৈব চ। বীরভূমৌ সিদ্ধিনাথো রাঢ়ে চ তারকেশ্বরঃ।"

বৈদ্যমাতা; সং, স্ত্রীং, বাসক। ভিষক্-জননী।

বৈদ্যবন্ধু (বৈদ্য চিকিৎসক—বন্ধু মিত্র) সং, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ। বৈদ্যের মিত্র।

বৈদ্যুত (বিদ্যুৎ—অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, বিদ্যুৎসম্বন্ধীয়। তড়িন্ময়।

বৈধ (বিধি + অ(ষ্ণ)—অনপেতার্থে) বিং, ত্রিং, বিধিসিদ্ধ, বিধিবোধিত।

বৈধব্য (বিধবা + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, পতিহীনতা, বিধবাত্ব।

বৈধর্ম্ম্য (বিধর্ম্ম + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, নাস্তিকতা। বিভিন্নধর্ম্মবেত্তা।

বৈধাত্র (বিধাতৃ ব্রহ্ম + অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, বিধাতার পুত্র, সনৎকুমার প্রভৃতি। বিং, ত্রিং, বিধাতৃ-সম্বন্ধীয়। ত্রী—স্ত্রীং, ব্রাহ্মী, বামনহাটী।

বৈধৃতি (বি—ধৃতি, ৬ষ্ঠী—হিং, নিং, বৃদ্ধি) সং, পুং, বিষ্কম্ভাদি যোগের অন্তর্গত অন্তিম যোগবিশেষ। বহ্নিবিশেষ।

বৈধেয় (বিধেয় [বি—ধা ধারণকরা + য—র্ম্ম] কর্ত্তব্য + অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, মূর্খ, অজ্ঞান। (বিধি + এয়(ঢেয়)—প্রং) বিধি সম্বন্ধীয়। বিধেয়সম্বন্ধীয়।

বৈধ্যেত; সং, পুং, যমের দ্বারপাল।

বৈনতেয় (বিনতা ইহার মাতা + এয়(ঢেয়) —অপত্যার্থে) সং, পুং, বিনতার পুত্র—গরুড়। অরুণ।

বৈনয়িক (বিনয় + ইক(ষ্ণিক)—ইদমর্থে) সং, পুং, যুদ্ধরথ। শস্ত্রাভ্যাসরথ। বিং, ত্রিং, বিনয়সম্বন্ধীয়।

বৈনায়ক (বিনায়ক গণেশ + অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিনায়কসম্বন্ধীয়।

বৈনায়িক (বিনায় খণ্ডন + ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, বৌদ্ধ, বুদ্ধমতাবলম্বী। শিং—১ "ভিক্ষুকঃ ক্ষপণোঽহ্রীকো বৌদ্ধো বৈনায়িকঃ স্মৃতঃ।"

বৈনাশিক (বিনাশ + ইক—প্রং) বিং, ত্রিং, ক্ষণিক, ক্ষণমাত্রস্থায়ী। পরতন্ত্র। সং, পুং, লূতা, মাকড়্সা। ক্লীং, নাড়ী নক্ষত্রবিশেষ, নিধনতারা।

বৈনীতক (বিনীত + কণ্—যোগ) সং, পুং, —ক্লীং, পরম্পরাবাহন; যথা—শকটা-কর্ষণকারী অশ্ব শকটারূঢ় ব্যক্তির বাহন।

বৈপরীত্য (বিপরীত + য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিপর্য্যয়, উল্টা।

বৈপিত্র (বিপিতৃ + অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, ভিন্ন পিতার পুত্র বা কন্যা; যথা—
"পরাশর অপসর তোর জন্ম দিয়া,
শান্তনু তোমার মায়ে পুন কৈল বিয়া।
বৈপিত্র দু ভাই তাহে জন্মিল তোমার,
একটী বিচিত্রবীর্য্য চিত্রাঙ্গদ আর।"

বৈবোধিক (বিবোধ + ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, বৈতালিক।

বৈভব (বিভু প্রভু + অ(ষ্ণ)—ভাবে) সং, পুং, বিভুতা, সামর্থ্য। বিভব, সম্পত্তি, ঐশ্বর্য্য। মহিমা। বাহুল্য। [ত্রিং, বৈকল্পিক।

বৈভাষিক (বিভাষা + ইক(ষ্ণিক)—র্ম্ম) বিং,

বৈভ্রাজ (বি বিবিধরূপে—ভ্রাজ্ দীপ্তি পাওয়া + অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, কুবেরের উদ্যান।

বৈমাত্র } (বিমাতৃ+অ(ষ্ণ), এয়(ঢ়েয়)
বৈমাত্রেয় } – অপত্যার্থে) সং, পুং, ত্রী, য়ী – স্ত্রীং, বিমাতার পুত্রকন্যা।

বৈমানিক (বিমান আকাশ+ইক(ষ্ণিক) – গমনার্থে) বিং, ত্রিং, বিমানচারী, খেচর। উড্ডয়নে সমর্থ। আকাশবিহারী।

বৈমুখ্য (বিমুখ+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, বিমুখতা, পরাঙ্মুখতা। অপ্রসন্নতা। নিরনুকূলতা। পলায়ন। হটিয়া আসা।

বৈয়র্থ্য (ব্যর্থ+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, বৃথাত্ব, বিফলতা। নিষ্প্রয়োজনতা। লাভশূন্যতা।

বৈয়াকরণ (ব্যাকরণ+অ(ষ্ণ) – জ্ঞানার্থে, অধ্যয়নার্থে বা। য=ঐয়) বিং, ত্রিং, ব্যাকরণবেত্তা। ব্যাকরণাধ্যনকারী, ব্যাকরণঅধ্যেতা। ব্যাকরণসম্বন্ধীয়।

বৈয়াঘ্র (ব্যাঘ্র+অ(ষ্ণ) – ইদমর্থে) বিং,ত্রিং, ব্যাঘ্রের চর্ম্মের আচ্ছাদিত (রথ)।

বৈয়াঘ্রপদ্য (ব্যাঘ্রপদ+য(ষ্ণ্য) – প্রং) সং, পুং, গোত্রকারক মুনিবিশেষ। শিং – ১ "বৈয়াঘ্রপদ্যগোত্রায় সংকৃতিপ্রবরায় চ।"

বৈযাত্য (বিযাত ধৃষ্ট+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, ধৃষ্টতা, অবিনীতভাব। প্রাগল্ভ্য। নির্লজ্জতা। ঔদ্ধত্য।

বৈয়াসকি(ব্যাস+ই(ষ্ণি) – অপত্যার্থে) সং, পুং, ব্যাসের অপত্য, শুকদেব।

বৈয়াসিক } (ব্যাস + ইক(ষ্ণিক) – কৃতা-
বৈয়াসক } র্থে, পক্ষে অ(ষ্ণ), কণ্) বিং, ত্রিং, ব্যাসদেবপ্রণীত। ব্যাসসম্বন্ধীয়। – সিকী, সকী – স্ত্রীং, ব্যাসপ্রণীত সংহিতা।

বৈয়ুষ্ট (ব্যুষ্ট প্রাতঃকাল+অ(ষ্ণ) – ভবার্থে) বিং, ত্রিং, প্রাতঃকালীন।

বৈর (বীর শূর+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, বিরোধ, দ্বেষ, শত্রুতা। শৌর্য্য।

বৈরকার(বৈর – কৃ করা+ষণ্ – ক) বিং,ত্রিং, শত্রুতাচারী। [বিরাগ, বৈরাগ্য। ঘৃণা।

বৈরক্ত্য (বিরক্ত+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং,

বৈরঙ্গ (বহিরঙ্গ শব্দজ) সং, অনাত্মীয়, শত্রু।

বৈরঙ্গিক (বি না – রঙ্গ রাগ+ইক(ষ্ণিক) – স্বার্থে) বিং, ত্রিং, বিরাগার্হ, বিবেকী। মুনি, তপস্বী, সংসারত্যাগী, জিতেন্দ্রিয়।

বৈরনির্যাতন (বৈর শত্রুতা – নির্যাতন প্রত্যর্পণ, ৬ষ্ঠী – য) সং, ক্লীং, প্রতিফল, শত্রুতার প্রতিক্রিয়া, অপকারীর প্রত্যপকার করা, দাদতোলা।

বৈরপ্রতিক্রিয়া – স্ত্রীং } (বৈর শত্রুতা –
বৈরপ্রতীকার – পুং } প্রতিক্রিয়া, প্রতীকার, ৬ষ্ঠী – য) সং, বৈরশোধন, অপকারীর প্রত্যপকারকরণ।

বৈরশুদ্ধি (বৈর শত্রুতা – শুদ্ধি শোধন, ৬ষ্ঠী – য) সং, স্ত্রীং, প্রতীকার, শত্রুতার প্রতিক্রিয়া, দাদতোলা।

বৈরসেনি (বীরসেন+ই(ষ্ণি) – অপত্যার্থে) সং, পুং, নলরাজ।

বৈরস্য (বিরস+য(ষ্ণ্য) - ভাবে) সং, ক্লীং, বিরসতা, অনিচ্ছা।

বৈরাগী (বৈরাগিন্, বিরাগ+ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, বিবেকী, সংসারবাসনাশূন্য। বৈষ্ণব।

বৈরাগ্য (বিরাগ+য(ষ্ণ্য) – স্বার্থে) সং,ক্লীং, বিবেক, সংসারে ঔদাস্য। অননুরাগ, বিরাগ। বৈষ্ণবধর্ম্ম।

বৈরাট (বিরাট+অ(ষ্ণ) – ইদমর্থে) সং, পুং, ইন্দ্রগোপ কীট। বিং,ত্রিং,বিরাটসম্বন্ধীয়।

বৈরাতঙ্ক ; সং, পুং, অর্জ্জুনবৃক্ষ।

বৈরায়মাণ (বৈর+ক্যঙ্+আন(শান) – ক) বিং, ত্রিং, বৈরাচরণকারী।

বৈরিতা (বৈরিন্ শত্রু+তা – ভাবে) সং, স্ত্রীং, শত্রুতা, বিপক্ষতা।

বৈরী (বৈরিন্, বৈর শত্রুতা+ইন অস্ত্যর্থে) বিং,ত্রিং, শত্রু, বৈরযুক্ত,[illegible]ষী।

বৈরূপ্য (বিরূপ+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, বিরূপতা,কদর্য্যতা। বিকৃতি। অযথাভাব।

বৈরোচন } (বিরোচন ইহার পিতা+অ
বৈরোচনি } (ষ্ণ),ই(ষ্ণি) – অপত্যার্থে)সং, পুং, বলিরাজ। বুদ্ধ। সৌরি, সূর্য্যপুত্র। অগ্নিপুত্র।

বৈরোচননিকেতন (বৈরোচন বলিরাজা – নিকেতন আলয়) সং, ক্লীং, বলিসদ্ম, পাতাল।

বৈরোদ্ধার (বৈর শত্রুতা – উদ্ধার ঋণ) সং, পুং, বৈরনির্যাতন, বৈরশুদ্ধি।

বৈলক্ষণ্য (বিলক্ষণ ভিন্ন+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিশেষ, বিভিন্নতা, প্রভেদ। পৃথক্‌ভাব। অন্যপ্রকার।

বৈলক্ষ্য (বিলক্ষ লজ্জিত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, লজ্জা। বিস্ময়। স্বভাবের বৈলক্ষণ্য। শিং—১"বৈলক্ষ্যহেতোর্গতিমেতদীয়াম্।" (নৈষধ)।

বৈল্ব (বিল্ব বেলগাছ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) সং, ক্লীং, বেল। বিং, ত্রিং, বিল্বসম্বন্ধীয়।

বৈবধিক (বীবধ ধান্যাদিপ্রাপ্তি, বার্ত্তা ইত্যাদি+ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) বিং, ত্রিং, ধান্য তণ্ডুলাদি ব্যবসায়ী, পশারি। বার্ত্তাবহ, দূত। নৈগমিক। ভারবাহী।

বৈবর্ণ্য (বিবর্ণ বিকৃতবর্ণ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিবর্ণতা, মালিন্য। কালিমা, লাবণ্যহীনতা।

বৈবস্বত (বিবস্বৎ সূর্য্য+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, বিবস্বতের পুত্র, সপ্তম মনু। যম। শনি। রুদ্রবিশেষ। তী—স্ত্রীং, (বৈবস্বত+ষ্ণ, ঈপ্) দক্ষিণদিক্।

বৈবাহিক (বিবাহ+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং,ত্রিং,বিবাহসম্বন্ধীয়। শিং—১"পঞ্চমে সপ্তমে চৈব যেষাং বৈবাহিকী ক্রিয়া।" বিবাহযোগ্য। শিং—১ "বৈবাহিকীং তিথিং পৃষ্টাঃ।"(কুমার)। সং, পুং, কন্যা বা পুত্রের শ্বশুর, বেহাই।

বৈশদ্য (বিশদ শুভ্র ইত্যাদি+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, শুভ্রতা। নির্ম্মলতা। স্পষ্টতা। প্রসন্নতা।

বৈশম্পায়ন; সং, পুং, ভারতবক্তা ব্যাসশিষ্য মুনিবিশেষ।

বৈশস (বিশস বধ+অ(ষ্ণ)—প্রং) সং,ক্লীং, বিশসন, হত্যা, বধ। বিপদ্, অনিষ্টাপাত। বাধা, প্রতিরোধ। কলহ।

বৈশস্ত্র (বিশস্তৃ শাসন+অ(ষ্ণ)—ভা। কিম্বা বি না—শস্ত্র অস্ত্র, ৬ষ্ঠী—হিং, অ(ষ্ণ)—ভাবে) সং,ক্লীং, অধিকার। শস্ত্ররাহিত্য। শাসন, ক্ষমতা, প্রভাব।

বৈশাখ (বৈশাখী বিশাখানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+অ(ষ্ণ)—তদ্যুক্তকালার্থে) সং,পুং, প্রথম মাস। শিং—১ "বিশাখা তারকা যুক্তা বৈশাখী পূর্ণিমা ভবেৎ। সা বৈশাখী যত্র মাসে স বৈশাখঃ প্রকীর্ত্তিতঃ।" (বিশাখা+ষ্ণ) মন্থনদণ্ড। ক্লীং, ধনুর্দ্ধারীদিগের উপবেশনবিশেষ। খী—স্ত্রীং, বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা।

বৈশিক (বেশ বা বেশ্যা+ইক(ষ্ণিক)—প্রং) সং,পুং, নায়কবিশেষ। ক্লীং, বেশ্যাদিগের ছল, বেশ্যার কান।

বৈশিষ্ট্য (বিশিষ্ট+য(ষ্ণ্য)—ভাবে) সং,ক্লীং, বিশিষ্টত্ব। বৈলক্ষণ্য, প্রভেদ।

বৈশেষিক (বিশেষ বিশেষ পদার্থ+ইক (ষ্ণিক)—নিরূপণার্থে, ইহার মত ন্যায়দর্শনমতের ন্যায়) সং, ক্লীং, কণাদমুনিপ্রণীত দর্শনশাস্ত্র। বিং,ত্রিং, তৎশাস্ত্রজ্ঞ।

বৈশ্য (বিশ্ [প্রান্তরে ইত্যাদি] প্রবেশ করা +০(ক্বিপ্), য(ষ্ণ্য)—প্রং) সং, পুং, তৃতীয় বর্ণ, কৃষক বণিক্ প্রভৃতি। শিং—১ "বিশত্যাশু পশুভ্যশ্চ কৃষ্যাদানরুচিঃ শুচিঃ। বেদাধ্যয়নসম্পন্নঃ স বৈশ্য ইতি সংজ্ঞিতঃ।" শ্যা—স্ত্রীং, বৈশ্যজাতি-স্ত্রী।

বৈশ্রবণ (বিশ্রবস্ ইহার পিতা+ষ্ণ, নিপাতন বিশ্রণাদেশ) সং, পুং, বিশ্রবার পুত্র—কুবের। রাবণ।

বৈশ্রবণালয়, বৈশ্রবণাবাস, বৈশ্রবণোদয় } (বৈশ্রবণ কুবের—আলয়, আবাস=বাসস্থান, ৬ষ্ঠী—ষ। বৈশ্রবণ কুবের—উদয় ফল, সিদ্ধি) সং, পুং, বটবৃক্ষ। কুবেরপুরী।

বৈশ্বদেব (বিশ্বদেব+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিশ্বদেব-সম্বন্ধীয়, বিশ্বদেবের উদ্দেশে দত্ত।

বৈশ্বানর (বিশ্বানর মুনিবিশেষ কিংবা বিশ্ব সমূহ—নর মনুষ্যজাতি+অ(ষ্ণ)—প্রং। সমস্ত নরের কুক্ষিতে অবস্থান হেতুক অগ্নির নাম বৈশ্বানর হইল) সং, পুং, অগ্নি। চিত্রকবৃক্ষ। বেদাংশবিশেষ। অগ্নিলোকাধিপ বহ্নি।

বৈশ্বী (বিশ্ব বিশ্বদেব+অ(ষ্ণ)—প্রং, ঈপ্। ঐ সকল দেবতারা যে নক্ষত্রের উপর আধিপত্য করে) সং, স্ত্রীং, উত্তরাষাঢ়া নক্ষত্র।

বৈষম্য (বিষম অসমান+য(ষ্ণ্য)—ভাবে) সং,ক্লীং, সাম্যাভাব, বিষমত্ব। অসমতা। বিসদৃশতা। বিরুদ্ধভাব।

বৈষয়িক (বিষয়+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিষয়সম্বন্ধীয়।

বৈষ্টুত (বিষ্টুত [বি—স্তু স্তুতি করা+ত—প্রং]+অ(ষ্ণ)—যোগ) সং,ক্লীং, হোমভস্ম, হোমের ছাই। বিং, ত্রিং, বিষ্টুতিসাধ্য (যাগাদি)।

বৈষ্ট্র (বিশ্ প্রবেশ করা+ত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, ভুবন, জগৎ। বায়ু। বিষ্ণু। পিষ্টপ।

বৈষ্ণব (বিষ্ণু+অ(ষ্ণ)—তদ্দেবতার্থে) বিং, ত্রিং, বিষ্ণুসম্বন্ধীয়। বিষ্ণুভক্ত, বিষ্ণুর উপাসক। সং,ক্লীং, হোমভস্ম। মহাপুরাণবিশেষ। বী—স্ত্রীং, বিষ্ণুশক্তি। দুর্গা। গঙ্গা। শিং—১ "বিষ্ণোঃ পাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।" তুলসী। অপরাজিতা। শতাবরী।

বৈসারিণ (বিসারিন্+অ(ষ্ণ)—প্রং) সং,পুং, মীন, মৎস্য।

বৈসাদৃশ্য (বিসদৃশ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বিসদৃশতা, বৈষম্য।

বৈসূচন (বিসূচন [বি—সূচি জানান+অন—প্রং]+ত—যোগ) সং, ক্লীং, নাটকাদিতে পুরুষের স্ত্রীবেশধারণ।

বৈহার্য্য (বিহার+য(ঘ্যণ্)—র্ম্ম) সং, পুং, পরিহাস্যযোগ্য ব্যক্তি, শ্যালকাদি। শিং—১ "যথা বালেষু নারীষু বৈহার্য্যেষু তথৈব চ। সঙ্গরেষু নিপাতেষু তথাপদ্যসনেষু চ। অনৃতং নোক্তপূর্ব্বং মে তেন সত্যেন খং ব্রজ।"

বৈহাসিক (বি—হাস মধুর হাস্য+ইক—প্রং) সং, পুং, বিদূষক, ভাঁড়।

বোঁচা (দেশজ) বিং, বেহায়া, নির্লজ্জ।

বোঁট—টা (বোণ্ট শব্দজ) সং, বৃন্ত, ডাঁটা। চুচুক। [মূঢ়, জ্ঞানহীন।

বোকা (ছাগার্থ বর্কর শব্দজ) বিং, নির্বুদ্ধি,

বোচকা, বুচকী (তুর্কিভাষা) বস্ত্রাদির মোট।

বোঝা (দেশজ) সং, ভার, মোট। জ্ঞান, বোধ।

বোটা (পুট্ সংলগ্ন হওয়া+ত—প্রং। প=ব) সং, স্ত্রীং, চেটী, দাসী।

বোড্র; সং, পুং, গোনসসর্প, বোড়াসাপ। মৎস্য। ড্রী—স্ত্রীং, পণচতুর্থাংশ, বুড়ি, পাঁচগণ্ডা।

বোঢ়ব্য (বহ্ বহন করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বহনীয়, বহনযোগ্য।

বোঢ়া (বোঢ়্, পূর্ব্বে দেখ, তৃন্—ক) সং, পুং, বহনকর্ত্তা। স্থানান্তরপ্রাপক। শিং—১ "ভাগীরথী নির্ঝরশীকরাণাং বোঢ়া।" (কুমার)। বিবাহকর্ত্তা। শিং—১ "পিণ্ডদা বোঢ়ুরেব তে।" ভারবাহক। সারথি। বৃষভ। পথদর্শক।

বোঢ়ু (পূর্ব্বে দেখ, তু—প্রং [illegible], পুং, মুনিবিশেষ।

বৃন্ত, বোঁটা।

বোণ্ট (বা গমন করা+উণ্ট—প্রং) সং,

বোদ; বিং, ত্রিং, আর্দ্র, ভিজা।

বোদাল; সং, পুং, মৎস্যবিশেষ, বোয়ালিমাছ।

বোবা (দেশজ) বিং, মূক, হাবা, বাক্যহীন।

বোরক } (বা গমন করা+উল—প্রং, বোলক } কণ্—যোগ। ল=র, বিকল্পে) সং, পুং, লিপিকর, লেখক।

বোরট; সং, পুং, কুন্দপুষ্প, কুঁদফুল।

বোরপট্টী (বোর শস্যবিশেষ—পট্টী মোটা আচ্ছাদন। বোরতৃণে নির্ম্মিত বলিয়া) সং, স্ত্রীং, মাদুর, পাটী।

বোরব (বোর [বা গমন করা+উর—প্রং]—ব বাধাতুজ+অ(ড)—ক) সং, পুং, ধান্যবিশেষ, বোরধান।

বোরা (দেশজ) সং, গুণ, থলিয়া, ছালা।

বোরুখান; সং, পুং, পাটলবর্ণ অশ্ব।

বোল (বা গমন করা+উল—ক) সং, পুং, গন্ধরস। ক্ষারজল। (দেশজ) বাক্য, কথা, বুলি। বাদ্য অনুমিত শব্দ।

বোল্তা (বরলা শব্দজ) সং, দংশক, কীটবিশেষ।

বোল্লাহ; সং, পুং, অশ্ববিশেষ।

বোহিত্থ; সং, ক্লীং, অর্ণবপোত, জাহাজ।

বৌষট্ (বহ্ বহন করা+ঔষট্(ডৌষট্)—ণ) সং, ঘৃতাদির নিবেদনের মন্ত্র।

ব্যংশক (বি নানাবিধ—অংশ ভাগ+কণ্‌—যোগ) সং, পুং, পর্ব্বত, গিরি।

ব্যংসক (বি—অনুস্‌ ভাগ করা+অক(ণক)—ক) সং, পুং, ধূর্ত্ত, প্রতারক। স্বল্পশ্মশ্রু। শিং—১ "ময়ূরব্যংসকাদয়ঃ।"

ব্যংসিত (ব্যংসক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতারিত, প্রবঞ্চিত।

ব্যক্ত (বি—অনূজ্‌ প্রকাশিত হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিকসিত। স্ফুট, স্পষ্ট। প্রকট। স্থূল। কার্য্য। দৃষ্ট। অনুমতি। প্রকাশিত। ব্যক্তিবিশেষ। মনুষ্য। প্রাজ্ঞ। সং,পুং, বিষ্ণু। শিং—১"ব্যক্তো-বায়ুরধোক্ষজঃ।"

ব্যক্তদৃষ্টার্থ (ব্যক্ত প্রকাশিত—দৃষ্ট অবলোকিত—অর্থ বর্ণনীয় বিষয়) সং, পুং, সাক্ষী। প্রত্যক্ষদর্শী। স্বচক্ষে দর্শনকারী।

ব্যক্তরূপ (ব্যক্ত স্থূলভূত—রূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিং—১ "অদৃশ্যো ব্যক্তরূপশ্চ সহস্রজিদনন্তজিৎ।"

ব্যক্তি (বি—অনূজ্‌ প্রকাশিত হওয়া+ক্তি—র্ম্ম) সং, স্ত্রীং, লোক, জন। জীব। শরীরী। দ্রব্য। বস্তু,পদার্থ। (+ক্তি—ভা) প্রকাশ।

ব্যক্তিগ্রাহিতা; সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা এক একটী বস্তুর সত্তা উপলব্ধ হয়।

ব্যক্তীকৃত (ব্যক্ত—কৃত, ঈ(চ্চি)—আগম বিং, ত্রিং, প্রকাশিত, প্রকটিত। উদ্ঘাটিত, স্পষ্টীকৃত।

ব্যগ্র (বি—অগ্র প্রধান) বিং,ত্রিং, ব্যাকুল, ব্যস্ত। ত্বরিত। ত্রস্ত, চকিত, ভীত। উৎসাহী,উদ্যমশীল। আগ্রহী। আসক্ত। পুং, বিষ্ণু।

ব্যঙ্গ (বি হীন—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অঙ্গহীন, বিকলাঙ্গ। সং, পুং, ভেক, বেঙ্‌। মুখরোগবিশেষ, মুখে কাল কাল দাগ হওয়া। [বিকলীকৃত।

ব্যঙ্গিত (বি—অঙ্গ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,

ব্যঙ্গ্য (বি—অনূজ্‌ ব্যক্ত করা+য(ঘ্যণ্‌)—র্ম্ম) সং, পুং, ব্যঞ্জনাবৃত্তিবোধ্য (অর্থ), তাৎপর্য্যার্থ, নিগূঢ়ভাব। শিং—১ "বাচ্যোর্থোঽভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়া মতঃ। ব্যঙ্গ্যো ব্যঞ্জনয়া তাঃ স্যুস্তিস্রঃ শব্দস্য শক্তয়ঃ।" প্রকাশ্য।

ব্যঙ্গোক্তি (ব্যঙ্গ্য—উক্তি বাক্য) সং, স্ত্রীং, বক্রোক্তি, শ্লেষবাক্য।

ব্যজ—পুং } (বি—অজ্‌ ক্ষেপণ করা,
ব্যজন—ক্লীং } গমন করা+অ(অল্‌), অন(অনট্‌)—ভাবে) সং, বায়ুসঞ্চালন, বাতাসকরণ। নী—স্ত্রীং, (+অনট্‌—ণ) তালবৃন্ত, পাখা।

ব্যঞ্জক (বি—অনূজ্‌ প্রকাশ করা+অক(ণক)—ক) বিং,ত্রিং, প্রকাশক। সং, পুং, হৃদ্গত ভাবাদি প্রকাশক অভিনয়। ব্যঞ্জনা দ্বারা বোধক শব্দ।

ব্যঞ্জন (পূর্ব্বে দেখ, অন(অনট্‌)—ণ) সং, ক্লীং, চিহ্ন। শ্মশ্রু প্রভৃতি চিহ্ন। ক খ ইত্যাদি হলবর্ণ। স্ত্রী-পুং-চিহ্ন। অন্নভোজনের উপকরণ, সূপশাকাদি, তরকারী। ক্লীং,না—স্ত্রীং,(+অন—ণ,আপ্‌)কাব্যের ব্যঙ্গ্যার্থবোধক শক্তি, যে শক্তিদ্বারা তাৎপর্য্যার্থের বোধ হয়। শিং—১ "বিরতা স্বভিধাদ্যাসু যয়ার্থো বোধ্যতে পরঃ। সা বৃত্তির্ব্যঞ্জনা নাম শব্দস্যার্থাদিকস্য চ।"

ব্যঞ্জিত (ব্যঞ্জক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, প্রকটিত, ব্যক্তীকৃত, প্রকাশিত। শিং—১ "অব্যঞ্জিতহর্ষলক্ষণঃ।" ব্যঞ্জনাবোধিত।

ব্যড়ম্বক (ব্যড় [বি—অড়্‌ উদ্যত হওয়া+অ(অল্‌)—ভা] এখানে বিরেচন—ডম্বৃ [গমন করা] ঘটাইয়া দেওয়া, উৎপন্ন হওয়া+অক(ণক)—ক) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

ব্যতিকর (বি—অতি—কৃ [করা] ব্যাপা ইত্যাদি+অ(অল্‌)—ভাবে) সং, পুং, ব্যসন, বিপদ্‌। ব্যাপ্তি। সম্পর্ক, সম্বন্ধ। মিশ্রণ। পরস্পর কর্ম্মকরণ। (+অল্‌—র্ম্ম) সমূহ। (+ট—ক) সম্পর্কযুক্ত।

ব্যতিক্রম (বি—অতি বিরুদ্ধ—ক্রম গতি, অনুক্রম) সং, পুং, ক্রমবিপর্য্যয়, বৈপরীত্য। উল্লঙ্ঘন। উল্টান, বিপরীতকরণ।

ব্যতিক্রান্ত (বি—অতি বিরুদ্ধ—ক্রম্‌ গমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যয়প্রাপ্ত, ব্যত্যস্ত।

ব্যতিরিক্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিভিন্ন। অতিরিক্ত। বর্দ্ধিত। পৃথক্‌কৃত।

ব্যতিরেক (বি—অতি—রিচ্ বিযুক্ত করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রভেদ, বিভিন্নতা। বিনা, অভাব। বৃদ্ধি। অতিক্রম। বাক্যের অলঙ্কারবিশেষ, উপমান অপেক্ষা উপমেয়ের আধিক্য বা ন্যূনতা হইলে ব্যতিরেক অলঙ্কার হয়।

ব্যতিরেকী (ব্যতিরেকিন্, ব্যতিরেক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভাববিশিষ্ট। প্রভেদক।

ব্যতিষক্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আসক্ত। পরস্পর মিলিত। গ্রথিত।

ব্যতিষঙ্গ (বি—অতি—সন্‌জ্ আসক্ত হওয়া +অ(অল্)—ভা) সং, পুং, পরস্পর মিলন। আসক্তি। একত্রে বন্ধন।

ব্যতিহার—তী (বি—অতি—হৃ [হরণ করা] পরস্পর করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, পরস্পর একরূপ ক্রিয়াকরণ। পর্য্যায়করণ। পরিবর্ত্ত, বিনিময়, বদল। গালাগালি, মারামারি।

ব্যতীত (বি—অতীত গত) বিং, ত্রিং, অতিক্রান্ত। বিগত। শিং—১ "অর্দ্ধরাত্রে ব্যতীতে তু সংক্রান্তির্যদহর্ভবেৎ।" লুপ্ত। সম্পন্ন। মৃত।

ব্যতীপাত(বি—অতি—পত্ পড়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, অমঙ্গলজনক উৎপাত, ধূমকেতু,ভূকম্প ইত্যাদি। সপ্তদশ যোগ। শিং—১ "গগনে হিমকরার্কৌ যুগপৎ স্যাতাং যদৈকমার্গস্থৌ। গগনার্দ্ধেহর্কশ্চ যদা শশী স ভবেৎ ব্যতীপাতঃ।" অশ্রদ্ধা, অসম্মান।

ব্যত্যয় } (বি—অতি—ই গমন করা
ব্যত্যাস } +অল্—ভা। বি—অতি—অস্ ক্ষেপণ করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, ব্যতিক্রম। বিপর্য্যয়, বৈপরীত্য।

ব্যত্যস্ত (বি—অতি—অস্ ক্ষেপণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিপরীতভাবে অবস্থিত, বিপর্য্যয়প্রাপ্ত। উল্টাপাল্টা।

ব্যথা (ব্যথ ব্যথিত হওয়া ইত্যাদি+অ—ভাবে, আপ্) সং, স্ত্রীং, পীড়া, দুঃখ, ক্লেশ। বেদনা। শোক। ভয়।

ব্যথিত (ব্যথা দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দুঃখিত। পীড়িত। ভীত। শোকপ্রাপ্ত।

ব্যধ ((ব্যধ্ বিদ্ধ করা, পীড়ন করা+অ(অল্)—ভাবে) সং,পুং, বিদ্ধকরণ, বেঁধা। ব্যথা। ভেদন। প্রহার।

ব্যধ্য (ব্যধ দেখ, য—[illegible] সং, পুং, ধনুগুর্ণ, ধনুকের ছিল[illegible]। বিং,ত্রিং, বেধনার্হ, বিঁধিবার যোগ্য।

ব্যধ্ব (বি কুৎসিত, ঈষৎ—অধ্বন্ পথ+অ—প্রং) সং, পুং, কুৎসিত বর্ত্ম, কুপথ।

ব্যপদেশ (বি—অপ—দিশ্ বলা ইত্যাদি +অ(অল্)—ণ) সং, পুং, ছল, ব্যাজ। নাম। কুল, বংশ। বাক্যবিশেষ। শিং—১ "ব্যাজেনাত্মাভিলাষোক্তির্ব্যপদেশ ইতীর্য্যতে।" (+অল্—ভাবে) নামোল্লেখ কথন।

ব্যপদেষ্টা (ব্যপদেষ্টৃ, ব্যপদেশ দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, কপটী, ছলকারক। নামোল্লেখকারী।

ব্যপনয়ন (বি—অপ এক স্থান হইতে—নী লওয়া+অন(অনট্)—ভা) সং,ক্লীং, প্রত্যাখ্যান। ত্যাগ।

ব্যপনীত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, অপসারিত, দূরীকৃত। তাড়িত, স্থানান্তরীকৃত।

ব্যপরোপণ (বি—অপ—রোহি অবরোহণ করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অবতারণ, নামান। ছেদন। মূলোচ্ছেদন। দূরীকরণ। অপসারণ।

ব্যপরোপিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অবতারিত। ছেদিত। মূলোৎপাটিত। দূরীকৃত।

ব্যপবর্জ্জন (পশ্চাৎ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ত্যাগ। দান। নিবারণ।

ব্যপবর্জ্জিত (বি—অপ—বৃজ্ ত্যাগ করা +ত—র্ম্ম) বিং,ত্রিং, পরিত্যক্ত, বর্জ্জিত। দত্ত। নিরাকৃত, নিষিদ্ধ।

ব্যপবর্ত্তিত (বি—অপ—বর্ত্তিত) বিং, ত্রিং, প্রত্যাবর্ত্তিত।

ব্যপাকৃত (পশ্চাৎ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, অপনীত। অস্বীকৃত। নিরস্ত। নিহ্নুত। দূরীকৃত।

ব্যপাকৃতি (বি – অপ বিরুদ্ধ – আ – কৃ করা + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, অপহ্নব, অস্বীকার। নিবারণ। নিরাকরণ। নিহ্নব।

ব্যপায় (বি – অপ – ই [গমন করা] নাশ করা ইত্যাদি + অ(ঘঞ্) – ভা) সং, পুং, অপনয়ন। বিনাশ। ব্যপায়ত্রয় ধর্ম্ম, সমজাতীয় ধর্ম্ম।

ব্যপাশ্রয় (বি – অপ – আ – শ্রি [সেবা করা] অবলম্বন করা ইত্যাদি + অ(অল্) – ভা) সং, পুং, আশ্রয়, অবলম্বন।

ব্যপেক্ষা (বি – অপ – ঈক্ষ্ দেখা + অ – ভাবে) সং, স্ত্রীং, আকাঙ্ক্ষা, স্পৃহা। বিশেষ অনুরোধ। অপেক্ষা।

ব্যপেত (বি – অপ স্থানান্তর – ই গমন করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, অপগত, দূরীভূত। প্রতিরুদ্ধ, বিরুদ্ধ।

ব্যপোঢ় (বি – অপ – বহ্ [বহন করা] ঘোরা ইত্যাদি + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিপরীত। ঘূর্ণিত। তাড়িত।

ব্যভিচার (বি – অভি – চর্ [গমন করা] বিরুদ্ধাচরণ করা ইত্যাদি + অ(ঘঞ্) – ভা) সং, পুং, কুক্রিয়া, কদাচার। স্ত্রীর পুরুষ সংসর্গ এবং পুরুষের স্ত্রীসংসর্গ। অন্যথাচরণ। স্খলন। অতিব্যাপ্তি। অব্যাপ্তি। ন্যায়াদিমতে—হেতুদোষবিশেষ।

ব্যভিচারী (ব্যভিচারিন্, ব্যভিচার + ইন্ (ণিন্) – ক) বিং, ত্রিং, কুক্রিয়াসক্ত। অন্যথাচারী। অব্যাপ্ত। অতিব্যাপ্ত। সং, পুং, সঞ্চারীভাব, নির্ব্বেদ গ্লানি প্রভৃতি ৩৪ প্রকার শৃঙ্গারাদি রসের ভাববিশেষ। ণী – স্ত্রীং, অসতী, ভ্রষ্টা। পরপুরুষগামিনী স্ত্রী।

ব্যয় (ব্যয়্ খরচ করা + অ(অল্) – ভা) সং, পুং, অপচয়। খরচ। ক্ষয়, নাশ। অভাব। অপগম। ক্লীং, লগ্ন হইতে দ্বাদশস্থান। "লগ্নং ধনং ভ্রাতৃবন্ধুপুত্রশত্রু কলত্রকাঃ। মরণং ধর্ম্মকার্য্যায় ব্যয়া দ্বাদশরাশয়ঃ।"

ব্যয়িত (ব্যয় দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যাহা ব্যয় করা হইয়াছে, অপচিত। বিগত। বিনষ্ট। ক্ষয়িত।

ব্যয়ী (ব্যয়িন্, ব্যয় + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যয়শীল, যে ব্যয় করে।

ব্যর্ণ (বি – অর্দ্দ্ পীড়িত হওয়া + ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, পীড়িত।

ব্যর্থ (বি না, বিগত – অর্থ বিধেয়, প্রয়োজন, ৬ষ্ঠী – হিং, অথবা বি বিগত – অর্থ, ৫মী – হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, নিরর্থক, বৃথা, বিফল। নিষ্প্রয়োজন। অর্থশূন্য। লাভশূন্য।

ব্যলীক (বি – অল্ নিবারণ করা ইত্যাদি + ঈক – প্রং) সং, ক্লীং, পীড়া, মনোদুঃখ। লজ্জা। কামজ। অপরাধ। প্রতারণা। বৈলক্ষ্য। পুং, লম্পট। বিং, ত্রিং, অপ্রিয়। অনৃত, মিথ্যা। অযুক্ত, অকর্ত্তব্য। কষ্টদায়ক। অপরিচিত। আশ্চর্য্য, অদ্ভুত।

ব্যবকলন – ক্লীং<br>ব্যবকলনা – স্ত্রীং } (বি – অব – কল্ গণন করা ইত্যাদি + অন(অনট্) – ভা) সং, ক্লীং, বিয়োগ, অন্তরকরণ, বাকিকাটা। শিং – ১"বদ যে যদি ব্যক্তেযুক্তিব্যবকলনমার্গেঽসি কুশলা।" বিয়োজন।

ব্যবকলিত (ব্যবকলন দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিযোজিত, অন্তরিত। বাকি। (+ ক্ত – ভা) সং, ক্লীং, ব্যবকলন। জমা-খরচ।

ব্যবচ্ছিন্ন (বি – অব – ছিদ্ ছেদন করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, বিভিন্ন, বিভক্ত। বিশেষিত। মোচিত। নির্দ্ধারিত।

ব্যবচ্ছেদ (পূর্ব্বে দেখ, অ(ঘঞ্) – র্ম্ম) সং, পুং, ভেদ, বিভাগ, খণ্ড। (+ ঘঞ্ – ভা) বিভেদ। বিশেষকরণ। মোচন। বাণমোচন, শরবর্ষণ। নির্দ্ধারণ।

ব্যবধা – স্ত্রীং<br>ব্যবধান – ক্লীং<br>ব্যবধি – পুং } (বি – অব – ধা [ধারণ করা] আবরণকরা + ঙ – ভা। ২য় – পক্ষে, অনট – ভা। ৩য় – পক্ষে, ই(কি) – ভা) সং, আচ্ছাদন। তিরোধান। অন্তর, আড়াল।

ব্যবধায়ক (পূর্ব্বে দেখ, অক(ণক) = ক, য – আগম) বিং, ত্রিং, ব্যবধানকর্ত্তা। তিরোধায়ক, আচ্ছাদনকারক।

ব্যবসায় (বি—অব—সো [মরা] উদ্‌যোগ করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা সং, পুং, যত্ন। উদ্যম। কল্পনা, ইচ্ছা। ব্যাপার, কার্য্য। নিশ্চয়। শিং—"ব্যবসায়াত্মিকা বুদ্ধি রেকেহ কুরুনন্দন।" অনুষ্ঠান। অভিপ্রায়। বিষ্ণু। (+ঘঞ্—ণ) বৃত্তি, জীবিকা।

ব্যবসায়ী (ব্যবসায়িন্, ব্যবসায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাণিজ্যকারী। উদ্যোগী। অনুষ্ঠানকারী।

ব্যবসিত (ব্যবসায় দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, চেষ্টিত। উদ্যত। প্রতারিত। স্থিরীকৃত, নিশ্চিত। (+ক্ত—র্ম্ম) অনুষ্ঠিত। অভিপ্রেত। সং, ক্লীং, অবধারণ, নিশ্চয়।

ব্যবস্থা (বি—অব—স্থা [থাকা] স্থির করা ইত্যাদি+ঙ—ভা) সং, স্ত্রীং পৃথক্ পৃথক্ স্থাপন। শাস্ত্রীয় বিধি। নিয়ম। আইন। স্থিতি। স্থিরতা।

ব্যবস্থান (বি—অব—স্থা থাকা+অনট্—ভাবে) সং, ক্লীং, ব্যবস্থিতি। পুং, বিষ্ণু।

ব্যবস্থাপক (বি—অব—স্থা-ণিচ্=স্থাপি স্থাপন করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, বিধিদায়ক। নিয়ামক। সংস্থাপক।

ব্যবস্থাপদ্ধতি; সং, স্ত্রীং, নিয়মপ্রণালী।

ব্যবস্থাপন (ব্যবস্থাপক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ব্যবস্থাপ্রণয়ন আইন প্রস্তুতকরণ। নির্দ্ধারণ, নিরূপণ, নিশ্চিতকরণ।

ব্যবস্থাপিত (ব্যবস্থাপক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্থিরীকৃত। নির্দ্ধারিত। প্রকৃতি প্রাপিত। নিয়ম পূর্ব্বক স্থাপিত। নিয়মিত। [আইন।

ব্যবস্থাসংহিতা; সং, স্ত্রীং, ব্যবস্থাশাস্ত্র,

ব্যবস্থিত (ব্যবস্থা দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পৃথক্‌কৃত। স্থিরীকৃত। নিয়মিত। নির্দ্ধারিত। স্থিত। নিযুক্ত। প্রচারিত। (+ক্ত—ক) সম্যক্ অবস্থিত। শিং—১"অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।"

ব্যবহর্ত্তা (ব্যবহর্ত্তৃ, বি—অব—হৃ [হরণ করা] বিচার করা ইত্যাদি+তৃন্—ক) সং, পুং, ব্যবহারকর্ত্তা, প্রাড়্‌বিবাক। বিচারকর্ত্তা, জজ, হাকিম।

ব্যবহার (বি নানা—অব সন্দেহ—হৃ হরণ করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, ঋণদানাদি ১৮ বিবাদ, মোকদ্দমা। ব্যবসায়। চুক্তি। আচরণ। প্রথা, রীতি। কার্য্য। বাণিজ্য। "বি নানার্থেঽব সন্দেহে হরণং হার উচ্যতে। নানাসন্দেহহরণাদ্ব্যবহার ইতি স্থিতিঃ। নানাবিবাদবিষয়ঃ সংশয়ো হ্রিয়তেঽনেন ইতি ব্যবহারঃ।"

ব্যবহারজ্ঞ (ব্যবহার মোকদ্দমা—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) সং, পুং, প্রাপ্তব্যবহার, যাহার নাবালগতা গিয়াছে। শিং—১ "বাল আষোড়শাদ্বর্ষাৎ পৌগণ্ডোঽপি নিগদ্যতে। পরতো ব্যবহারজ্ঞঃ স্বতন্ত্রঃ পিতরাবৃতে।" বিং, ত্রিং, ব্যবহারবেত্তা।

ব্যবহারদর্শন (ব্যবহার—দৃশ্ দেখা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, মোকদ্দমা-সংক্রান্ত বিধিজ্ঞান, বিচারকরণ।

ব্যবহারদর্শক } (ব্যবহারদর্শিন্, ব্যবহার
ব্যবহারদর্শী } —দৃশ্ দেখা+অক(ণক) ইন্(ণিন্)—ক) সং, পুং, বিচারক, জুরি।

ব্যবহারমাতৃকা (ব্যবহার ঋণদানাদি বিবাদ—মাতৃকা মাতা) সং, স্ত্রীং, ব্যবহারোপযোগিনী ক্রিয়া, মোকদ্দমাসংক্রান্ত যাবতীয় কার্য্য।

ব্যবহারমার্গ } (ব্যবহার ঋণদানাদি বি-
ব্যবহারবিষয় } বাদ—মার্গ পথ) সং, পুং, ঋণদান প্রভৃতি অষ্টাদশবিধ বিবাদের স্থান। [রিপোর্ট।

ব্যবহারবিজ্ঞাপনী; সং, স্ত্রীং, মোকদ্দমার

ব্যবহারবিধি (ব্যবহার ঋণদানাদি বিবাদ—বিধি শাস্ত্রবিধান) সং, পুং, ব্যবস্থাশাস্ত্র, আইন। ধর্ম্মশাস্ত্র।

ব্যবহারশাস্ত্র—ক্লীং } (Law) সং,
ব্যবহারসংহিতা—স্ত্রীং } ব্যবস্থাশাস্ত্র, আইন।

ব্যবহারাজীব (Lawyer, ব্যবহার মোকদ্দমা—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহারা বাদী প্রতিবাদীর প্রতিনিধিস্বরূপ হইয়া মোকদ্দমাসংক্রান্ত যাবতীয় কার্য্য নির্ব্বাহ করে, উকিল প্রভৃতি।

ব্যবহারিক (Practical, ব্যবহার+ইক(ষ্ণিক) — প্রং) বিং, ব্যবহারসিদ্ধ। শিং — ১ "অয়ং কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোক-পরলোকগামী ব্যবহারিকজীবউচ্যতে।" কা — স্ত্রীং, লোকযাত্রা। সম্মার্জ্জনী।

ব্যবহার্য্য ( ব্যবহর্ত্তা দেখ, য(ণ্যৎ)—র্ম্ম ) বিং, ত্রিং, ব্যবহারযোগ্য, অনুষ্ঠেয়।

ব্যবহিত ( ব্যবধা দেখ, ত — র্ম্ম ) বিং, ত্রিং, আচ্ছাদিত। দূরীকৃত। অন্তরিত। অন্তর্হিত। পরস্পর অসংযুক্ত ভাবে অবস্থিত। অধঃকৃত, বিকৃত।

ব্যবহৃত ( ব্যবহর্ত্তা দেখ, ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, আচরিত, অনুষ্ঠিত। উপভুক্ত। বিচারিত।

ব্যবায় (বি — অব — ই গমনকরা+অ(ঘঞ্) — ভাবে ) সং, পুং, স্ত্রীসঙ্গ, মৈথুন। আচ্ছাদন। অন্তর্ধান। পবিত্রতা। ক্লীং, তেজঃ।

ব্যবায়ী ( ব্যবায়িন্, ব্যবায় স্ত্রীসঙ্গ+ইন্ — অস্ত্যর্থে ) সং, পুং, কামুক, লম্পট। শিং — ১ "ব্যবায়ী রেতসো গর্ত্তে মজ্জয়ত্যাত্মনঃ পিতৄন্।"

ব্যশ্নুবান ( বি — অশ্ ব্যপা+আন(শান) — ক) বিং, ত্রিং, ব্যাপক, ব্যাপনশীল।

ব্যষ্টি (বি — অশ্ ব্যাপা+তি(ক্তি) — প্রং ) সং, স্ত্রীং, পৃথক্, ভিন্ন ভিন্ন।

ব্যসন (বি — অস্ [শ্রেয়োমার্গ হইতে] ক্ষিপ্ত হওয়া+অন(অনট্) — ভাবে ) সং, ক্লীং, বিপদ্। পতন। ভ্রংশ, বিনাশ। দুঃখ। পাপ। অমঙ্গল, অশুভ। নিষ্ফলোদ্যম, বৃথা চেষ্টা। বিষয়াসক্তি। দুর্ভাগ্য। অদৃষ্ট, দুরদৃষ্ট। অযোগ্যতা, অক্ষমতা। বায়ুধাত। ব্যপ্তিত্ব। নেসা। কাম ও কোপজনিত দোষ; মৃগয়া, দ্যূত, দিবানিদ্রা, পরনিন্দা, বেশ্যাসক্তি, নৃত্য, গীত, ক্রীড়া, বৃথাভ্রমণ, মদ্যপান—এই দশ প্রকার কামজ দোষ, এবং দুষ্টতা, দৌরাত্ম্য, ক্ষতি, দ্বেষ, ঈর্ষ্যা, প্রতারণা, কটূক্তি, নিষ্ঠুরাচরণ—এই আট প্রকার কোপজ দোষ।

ব্যসনার্ত্ত; বিং, ত্রিং, দৈবীমানুষী পীড়ার্ত্ত।

ব্যসনী (ব্যসনিন্, ব্যসন্+ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যসনযুক্ত। বিপদ্‌গ্রস্ত। কুক্রিয়াসক্ত। আসক্ত।

ব্যসু ( বি না — অসু প্রাণ, ৬ষ্ঠী — হিং ) বিং, ত্রিং, মৃত। শিং — ১ "শেষে জাতো ভবেদ্‌ব্যসুঃ।"

ব্যস্ত ( বি — অস্ [হওয়া] উৎকণ্ঠিত হওয়া ইত্যাদি+ত(ক্ত) — ক ) বিং, ত্রিং, ব্যাকুল, ব্যতিব্যস্ত। বিভক্ত, পৃথক্ পৃথক্। শিং — ১ "ব্যস্তরাত্রিংদিবস্যতে।" অসমস্ত। বিস্তৃত, ব্যাপ্ত। বিপরীত। শিং — ১ "এতেদ্‌ব্যস্তং মহাঘোরদ্।" উৎক্ষিপ্ত। বিপর্য্যস্ত।

ব্যাকরণ ( বি — আ — কৃ [করা] ব্যুৎপন্ন হওয়া+অন(অনট্) — ণ, কিংবা ধি। যাহার দ্বারা বা যাহাতে সাধু শব্দ সকল ব্যুৎপত্তিযুক্ত হয় ) সং, ক্লীং, শব্দব্যুৎপাদক শাস্ত্র যাহা দ্বারা কর্ত্তৃ কর্ম্ম ক্রিয়া সমাসাদি নিরূপণ হয়। (+অনট্ — ভাবে ) ব্যাখ্যান। বিকাসন।

ব্যাকীর্ণ ( বি — আ — কৄ বিক্ষেপ করা+ত (ক্ত) — ক। ত=ণ ) বিং, ত্রিং, বিক্ষিপ্ত, ছড়ান।

ব্যাকুল ( বি — আকুল ) বিং, ত্রিং, ব্যস্ত। ব্যাপৃত। উৎকণ্ঠিত। কাতর। ইতি-কর্ত্তব্যতা-জ্ঞানশূন্য। ব্যাপৃত। ভয়বিধুর।

ব্যাকুলাত্মা; বিং, ত্রিং, শোকাভিহতচিত্ত। শিং — ১ "রামোহহং ব্যাকুলাত্মা।"

ব্যাকৃতি (বি — আ — কৃ শব্দ করা+তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, ছল, বঞ্চনা। ভঙ্গি।

ব্যাকৃত (বি — আ — কৃ [ করা ] ব্যক্ত করা+ ত(ক্ত) — প্রং ) বিং, ত্রিং, প্রকাশিত। ব্যাখ্যাত। পরিবর্ত্তিত, রূপান্তরিত।

ব্যাকৃতি ( পূর্ব্বে দেখ, তি(ক্তি) — প্রং) সং, স্ত্রীং, প্রকাশন। ব্যাখ্যান। বিরুদ্ধ আকৃতি, ভঙ্গী। ব্যাকরণ। পরিবর্ত্তন, রূপান্তরীকরণ।

ব্যাকোষ — শ (বি — কা প্রভিন্ন অথবা বি — আ — কোষ [কুশ, কুষ্+অ(অন্) — ক] কুঁড়ি, খাপ, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত, উন্মিষিত।

ব্যাক্রোশ ( বি – আক্রোশ ) সং, পুং, তিরস্কার। কটূক্তি। দুর্ব্বাক্য, গালাগালি।

ব্যাক্রোশী (বি পরস্পর – আ – ক্রুশ [রোদন করা] ক্রোধ করা ইত্যাদি + অ(ণন্) – ভা, ঋ, ঈপ্ ) সং,স্ত্রীং,পরস্পর কটূক্তি। আক্রোশবাক্য। [অন্যাসঙ্গ।

ব্যাক্ষেপ ( বি – আক্ষেপ ) সং, পুং, বিলম্ব।

ব্যাখ্যা – স্ত্রীং } (বি – আ – খ্যা [ বলা ] ব্যাখ্যান – ক্লীং } বর্ণন করা + অ, আ, অন (অনট্) – ভা) সং, ব্যাখ্যান, বিবরণ,টীকা, অর্থপ্রকাশন। বর্ণন। কথন।

ব্যাখ্যাত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং,ত্রিং, বিবৃত,যাহা ব্যাখ্যা করা হইয়াছে। বর্ণিত, কথিত।


ব্যাখ্যেয় ( ব্যাখ্যা দেখ, য – র্ম্ম ) বিং, ত্রিং, বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য।

ব্যাঘট্টন ( বি – আ – ঘট্ট্ চঞ্চল হওয়া + অন(অনট্) – ভা ) সং, ক্লীং, সঙ্ঘর্ষণ, সঙ্ঘট্টন। আলোড়ন, মন্থন।

ব্যাঘাত (বি – আ – হন্ [ বধকরা ] আঘাত করা + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, অন্তরায়, বিঘ্ন। প্রহার,আঘাত। যোগবিশেষ। কাব্যের অলঙ্কারবিশেষ, কোন ব্যক্তি যে উপায় দ্বারা একবার যে কার্য্য করে সেই উপায় দ্বারা পুনর্ব্বার অন্য ব্যক্তি যদি সেই কার্য্য অন্যথা করে।

ব্যাঘাতক ( ব্যাঘাত দেখ, অক(ণক) – ক ) বিং, ত্রিং, বিঘ্নকারী, প্রতিবন্ধক।

ব্যাঘ্র – পুং } (বি – আ – ঘ্রা গন্ধগ্রহণ ব্যাঘ্রী – স্ত্রীং } করা + অ(ড) – ক, সংজ্ঞা-



ব্যাঘ্র।

র্থে) সং, শ্বাপদ জন্তুবিশেষ, বাঘ, শার্দ্দূল। (কোন শব্দের অন্তে থাকিলে) শ্রেষ্ঠ ; যথা —পুরুষব্যাঘ্র ইত্যাদি। পুং, রক্ত এরণ্ডবৃক্ষ। স্ত্রীং, কণ্টকারী।

ব্যাঘ্রনখ ; সং, পুং, স্নুহীবৃক্ষ। ব্যালনখ। ব্যাঘ্রের নখ।

ব্যাঘ্রনখক (ব্যাঘ্র বাঘ – নখ + কণ্ – যোগ) সং, ক্লীং, নখক্ষত, নখের আঁচড়।

ব্যাঘ্রনায়ক (ব্যাঘ্র বাঘ – নায়ক যে লইয়া যায়) সং, পুং, জম্বুক, শৃগাল, শিয়াল।

ব্যাঘ্রপাদ ; সং, পুং, স্মৃতিশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, ইহার পাদ ব্যাঘ্রের ন্যায় ছিল। পাং-বিকঙ্কতবৃক্ষ। বিকণ্টকবৃক্ষ।

ব্যাঘ্রপুচ্ছ ; সং, পুং, এরণ্ডবৃক্ষ।

ব্যাঘ্রাট (ব্যাঘ্র বাঘ – অট যে গমন করে) সং, পুং, ভরদ্বাজ পক্ষী, ভারুই পাখী।

ব্যাঘ্রাদনী ; সং, স্ত্রীং, ত্রিবৃতা।

ব্যাঘ্রাস্য ( ব্যাঘ্র বাঘ – আস্য মুখ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, মার্জ্জার, বিড়াল। ক্লীং, ব্যাঘ্রমুখ, যাহার ব্যাঘ্রের ন্যায় মুখ।

ব্যাজ (বি – অজ্ [গমন করা] প্রতারণা করা ইত্যাদি + অ(ঘঞ্) – ণ) সং, পুং, ছল, কপট। বাধা। ব্যাঘাত,বিঘ্ন। কালবিলম্ব। টাকার সুদ।

ব্যাজস্তুতি (ব্যাজ কপট – স্তুতি প্রশংসা) সং, স্ত্রীং, কপটস্তব, কপটপ্রশংসা। অলঙ্কারবিশেষ ; নিন্দা দ্বারা স্তুতি ও স্তুতি দ্বারা নিন্দা করা।

ব্যাজোক্তি ( ব্যাজ ছল – উক্তি কথন ) সং, স্ত্রীং, ছলে উক্তি। কাব্যালঙ্কারবিশেষ, স্ফুটরূপে প্রকাশিত বিষয় ছল দ্বারা গোপন।

ব্যাড় ( বি – আ – অড় উদ্যত হওয়া + অ(অন্) – ক ) সং, পুং, সর্প। মাংসহারী পশু, শ্বাপদ। ইন্দ্র। প্রতারক। বঞ্চক।

ব্যাড়ি ( ব্যাড় + ই(ঞি) – অপত্যার্থে ) সং, পুং, প্রসিদ্ধ ব্যাকরণকর্ত্তা ও কোষকর্ত্তা মুনিবিশেষ।

ব্যাত্ত (বি – আ – অৎ [ গমন করা ] বিস্তৃত করা + ত(ক্ত) – র্ম্ম। কিম্বা ব্যাদান দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, প্রসারিত, বিস্তৃত। শিং – ১"স্তব্ধোর্দ্ধকর্ণং গিরিকন্দরাদ্ভুতব্যাত্তাস্যনাসং হনুভেদভীষণং।" মহান্, প্রশস্ত, বিপুল, লম্বাচৌড়া।

ব্যাত্যুক্ষী } (বি—অতি,অভি—উক্ষ্ সে-
ব্যাভ্যুক্ষী } চন করা+অ(ণন্)—ভা, ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, জলক্রীড়াবিশেষ,পরস্পর জলসেচন।

ব্যাদান (বি—আ—দা [ দান করা ] বিস্তৃত করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, প্রসারণ, বিস্তার। উদ্ঘাটন, খোলা।

ব্যাদিত ( ব্যাদান দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, প্রসারিত। উদ্ঘাটিত।

ব্যাদিশ ; সং, পুং, বিষ্ণু। শিং—১"চতুরস্রো গভীরাত্মা বিদিশো ব্যাদিশো দিশঃ।" বিং, ত্রিং, বিশেষ আদেশক।

ব্যাধ (ব্যধ্ বিদ্ধ্ করা, পীড়ন করা+অ(ণ) —ক) সং, পুং, মৃগবধ ব্যবসায়ী জাতি, মৃগবধাজীব। শিং—১ "নাপিতাদ্গোপকন্যায়াং সর্ব্বস্বী তস্য যোষিতি। ক্ষত্রাদ্বভূব ব্যাধশ্চ বলবান্ মৃগহিংসকঃ।" শবর, নীচজাতি। দুষ্ট।

ব্যাধভীত ; সং, পুং, মৃগ।

ব্যাধাম ( বি—আ—ধা ধারণ করা+ম—প্রং ) সং, পুং, অশনি, বজ্র।

ব্যাধি (বি—আ—ধা [ধারণ করা] পীড়িত হওয়া+ই—প্রং) সং, পুং, রোগ, পীড়া। কুষ্ঠরোগ। নায়কের অবস্থাবিশেষ।

ব্যাধিত ( ব্যাধি+ইত—সংজাতার্থে ) বিং, ত্রিং, আতুর, রোগী ; পীড়িত।

ব্যাধুত, ব্যাধূত (বি—আ—ধু, ধূ কম্পিত হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, কম্পিত। চালিত। আন্দোলিত।

ব্যান (বি—অন্ বাঁচা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, সর্ব্বশরীর-ব্যাপী বায়ু। শিং—১"হৃদি প্রাণো গুদেঽপানঃ সমানোনাভিসংস্থিতঃ। উদানঃ কণ্ঠদেশে চ ব্যানঃ সর্ব্বশরীরগঃ।"

ব্যাপক ( বি বিশেষরূপে—আপ্ পাওয়া +অক(ণক)—ক) বিং, ত্রিং, বিস্তারিত, ব্যাপ্তিশীল। দীর্ঘ। আচ্ছাদক। ন্যায়ে—স্বাধিকরণ বৃত্তির অভাবাপ্রতীযোগী। তন্ত্রোক্ত সর্ব্বাঙ্গসম্বন্ধীয় ন্যাসবিশেষ।

ব্যাপত্তি } ( বি—আ—পদ্ গমন করা
ব্যাপদ্ } +তি(ক্তি), •(ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, মৃত্যু। বিপদ্।

ব্যাপন (ব্যাপক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, ব্যাপ্তি, বিস্তার। আচ্ছাদন।

ব্যাপন্ন (ব্যাপত্তি দেখ, ত(ক্ত)—ক) বিং,ত্রিং, মৃত। বিপন্ন। বিপদ্গ্রস্ত। ক্ষতিগ্রস্ত। সংসারে জড়িত।

ব্যাপাদ্ } ( বি—আ—পদ্-ণিচ্=পাদি
ব্যাপাদন } গমন করান+অ(ঘঞ্), অন (অনট্)—ভা) সং, ক্লীং, মারণ, বিনাশ, বধ। পরের অনিষ্টচিন্তন।

ব্যাপাদিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মারিত, বিনাশিত।

ব্যাপার ( বি—আ—পৃ পরিশ্রম করা+অ (ঘঞ্)—ভা ) সং, পুং, ক্রিয়া, কর্ম্ম। ব্যবসায় ; যথা—
"প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে,
খেয়াব তনুর তরী প্রবাস সাগরে।"
নিয়োগ। অভ্যাস, অনুশীলন।

ব্যাপারী (—রিন্, ব্যাপার+ইন্—অস্ত্যর্থে, অথবা ব্যাপার দেখ, ইন্—ক) বিং, ত্রিং, ব্যবসায়ী। ক্রিয়াসক্ত, কার্য্যাসক্ত।

ব্যাপী ( ব্যাপিন্, ব্যাপক দেখ, ইন্(ণিন্)—ক, শীলার্থে ) বিং, ত্রিং, ব্যাপক, ব্যাপনশীল, বিসরণশীল। আচ্ছাদক। বিষ্ণু।

ব্যাপৃত, ব্যাপারিত (বি—আ—পৃ [ পূর্ণকরা] কর্ম্মযুক্ত হওয়া+ত(ক্ত)—ক ব্যাপারে কর্ম্ম + ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, ব্যাপারযুক্ত, কার্য্যে নিযুক্ত, কার্য্যাসক্ত। নিযুক্ত। নিয়োজিত। সং, পুং, সচিব, মন্ত্রী। রাজকর্ম্মচারী।

ব্যাপ্ত (ব্যাপক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছন্ন, আচ্ছাদিত। বেষ্টিত, পরিপূরিত। পূর্ণ। বিস্তারিত। (+ক্ত—ক)ব্যাপ্তিযুক্ত। প্রসিদ্ধ।

ব্যাপ্তি ( ব্যাপক দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ব্যাপন, সর্ব্বত্র অবস্থান। ঐশ্বর্য্যবিশেষ। দর্শনে—সাধ্যবত্তিন্নে অসম্বন্ধ। সহজ গুণ বা ধর্ম্ম ; যেমন—অগ্নিতে উষ্ণতা,সর্ষপে স্নেহ ইত্যাদি। লাভ। প্রাপ্তি। শিবের অনিমাদি বিভূতির মধ্যে এক বিভূতি।

ব্যাপ্য ( ব্যাপক দেখ, য—র্ম্ম বিং, ত্রিং,

ব্যাপ্তিযোগ্য, ব্যাপনীয়, যাহাকে ব্যাপ্ত করা যায়। অল্পদেশবৃত্তি। সং, ক্লীং, সাধন, হেতু। অনুমেয়, সাধ্য; যেমন—ধূম হইতে বহ্নি। কুষ্ঠৌষধ, কুড়।

ব্যাপ্যবৃত্তি; বিং, ত্রিং, অল্পদেশবৃত্তি পদার্থে বিদ্যমান।

ব্যাপ্রিয়মাণ (ব্যাপৃত দেখ; আন(শান)—ক) বিং, ত্রিং, ব্যাপৃত, নিযুক্ত। কার্য্যে ব্যাপৃত, যোড়াগাঁথা।

ব্যাম—পুং } (বি—আ—মা পরিমাণ
ব্যামন—ক্লীং } করা+অ(ঘঞ্),অন(অনট্)—ভাবে। অথবা অম্ গমন করা ইত্যাদি) সং, বাহুদ্বয় উভয় পার্শ্বে সম্পূর্ণ বিস্তৃত করিলে এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ, বাঁও।

ব্যামর্ষ (বি—আ—মৃষ্ ঘর্ষণ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, ধরিয়া তুলিয়া ফেলা। অধৈর্য্য, ব্যাকুলতা।

ব্যামিশ্র; সং, ক্লীং, সংমিলিত। ভিন্ন বিষয়ের একীভাবকরণ। শিং—১"ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।"

ব্যামোহ (বি—আ—মুহ্ মুগ্ধ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, মোহ, অজ্ঞান।

ব্যায়ত (বি—আ—যম্ [নিবৃত্ত হওয়া] দীর্ঘ হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, দীর্ঘ, বিস্তৃত, লম্বা। ব্যাপৃত। দৃঢ়। অতিশয়। দূর। সং, ক্লীং, দৈর্ঘ্য, আয়াম। প্রসার, বিস্তার।

ব্যায়াম (পূর্ব্বে দেখ, অ—প্রং) সং, পুং, শারীরিক শ্রম। শ্রম-সাধন ব্যাপার, মল্লক্রীড়া, কুস্তী। গমনাদি। দুর্গম স্থানে ভ্রমণ। পৌরুষ। ব্যাপার। দৈর্ঘ্য। ব্যাম, বাঁও।

ব্যাযোগ (বি—আ—যুজ যোগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, দৃশ্যকাব্যবিশেষ।

ব্যাল—পুং } (বি—আ—অল্ ভূষিত
ব্যালী—স্ত্রীং } করা+অ(অন্)—ক) সং, সর্প, সর্পী। শ্বাপদ, হিংস্র জন্তু, চিতাবাঘ। দুষ্ট হস্তী। বিং, ত্রিং, ক্রূর। অপকারী। হিংস্র। রাজা। ছন্দোবিশেষ।

ব্যালগন্ধা; সং, স্ত্রীং, নাকুলী।

ব্যালগ্রাহ, ব্যালগ্রাহী (ব্যাল সর্প—গ্রাহ যে গ্রহণ করে, ২য়া—ষ। ব্যালগ্রাহিন্, ব্যাল—গ্রাহিন্ যে গ্রহণ করে,২য়া—ষ) সং, পুং, আহিতুণ্ডিক, সাপুড়ে।

ব্যালজিহ্বা; সং, স্ত্রীং, মহাসমঙ্গীয়।

ব্যালদংষ্ট্র; সং, পুং, গোক্ষুর।

ব্যালনখ; সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

ব্যালমৃগ (ব্যাল—মৃগ হরিণ) সং, পুং, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

ব্যালম্ব; সং, পুং, রক্তেরণ্ড।

ব্যাবক্রোশী } (বি পরস্পর—অব—ক্রুশ্
ব্যাবভাষী } [রোদন করা] ক্রোধ করা ইত্যাদি+অ(ণন্), ষ্ণ, ঈপ্। বি পরস্পর—অব বিরুদ্ধ—ভাষ্ বলা+অ(ণন্), ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধপ্রকাশকরণ।

ব্যাবর্ত্তন (বি—আ—বৃত্ আবর্ত্তন করা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, পরাঙ্মুখ হওয়া, ফেরা। (বি—আ—বর্ত্ত-ণিচ্=বর্ত্তি [বর্ত্তান] নিষেধ করান ইত্যাদি+অনট্—ভা) পরাঙ্মুখীকরণ, ফেরান।

ব্যাবর্ত্তিত (বি—আ—বর্ত্ত-ণিচ্=বর্ত্তি নিষেধ করান ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাঙ্মুখীকৃত।

ব্যাবহারিক (ব্যবহার+ষ্ণিক) বিং, ত্রিং, ব্যবহারসম্বন্ধীয়। ধর্ম্মাধিকরণ-সম্বন্ধীয়। পুং, মন্ত্রী। বিচারক।

ব্যাবহারী (বি পরস্পর—অব সন্দেহ—হৃ হরণ করা+অ(ণন্)—ভা, ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, পরস্পর ব্যবহার। পরস্পর হরণ।

ব্যাবহাসী (বি পরস্পর—অব—হস্ হাস্য করা+অ(ণন্)—ভাবে, ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, পরস্পর হাস্যকরণ। পরস্পর বিচারণা।

ব্যাবৃত্ত (বি—আ—বৃৎ [থাকা] নিষেধ করা ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নিবৃত্ত। শিং—১"ব্যাবৃত্তগতিরুদ্যানে।"(কুমার)। নিষিদ্ধ। খণ্ডিত। পৃথক্কৃত। মনোনীত। বেষ্টিত। অংশীকৃত। স্তুত। (+ক্ত—র্ম্ম) নিবারিত। আচ্ছাদিত

ব্যাবৃত্তি ( পূর্ব্বে দেখ, তি(ক্তি) – ভা ) সং, স্ত্রীং, খণ্ডন। মনোনয়ন। বেষ্টন। স্তুতি। নিরাকরণ। নিষেধ। বাধা। নিবৃত্তি। নিয়োগ। বিপর্য্যাস।

ব্যাস (বি – আ – অস্ [হওয়া] বিভাগ করা ইত্যাদি + অ(ঘঞ্) – ক) সং, পুং, বেদ-বিভাগকর্ত্তা মুনিবিশেষ, পরাশর মুনির ঔরসে মৎস্যগন্ধা নাম্নী এক ধীবর কন্যার গর্ভে, নদীবক্ষে কৃষ্ণ ঝটিকাময় দ্বীপে ইহাঁর জন্ম হয়। পুরাণপাঠক ব্রাহ্মণ। শিং – ১ "নৈয়তকালিককল্পতরৌ ভবিষ্য-পুরাণং। বিস্পষ্টমক্রুতং শান্তং স্পষ্টাক্ষর-পদং তথা। কলস্বরসমাযুক্তং, রসভাবস্ব-মন্বিতং। য এবং বাচয়েদ্‌ব্রহ্মন্ স বিপ্রো ব্যাস উচ্যতে।" ( + ঘঞ্ – ণ ) গোল বস্তুর মধ্যরেখা (Diamoter)। বিস্তার। পরিমাণবিশেষ। সমাসবিগ্রহ বাক্য। (+ ঘঞ্ – ভাবে) বিভাগ।

ব্যাসকূট—ব্যাসরচিত গ্রন্থপ্রতিস্বরূপ দুর্ব্বোধ ও অস্পষ্ট শ্লোককে ব্যাসকূট বলে।

ব্যাসক্ত (বি – আসক্ত রত) বিং,ত্রিং, অতি আসক্ত, সংলগ্ন। উদ্‌ভ্রান্ত, অভিভূত।

ব্যাসঙ্গ (বি – আসঙ্গ সংযোগ) সং, পুং, অতি আসক্তি, বিশেষ সংযোগ, বিশেষ মনোযোগ।

ব্যাসার্দ্ধ (Radius) ব্যাসের অর্দ্ধভাগ।

ব্যাসিদ্ধ (বি না – অসিদ্ধ সম্পন্ন) বিং,ত্রিং, নিষিদ্ধ,নিবারিত। অবরুদ্ধ। বিশেষ স্থানে বা বিশেষ ব্যক্তিকে ভিন্ন অন্য স্থানে বা অন্য ব্যক্তিকে বিক্রয় করিতে নিষিদ্ধ।

ব্যাহত (পশ্চাৎ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং,ত্রিং, প্রতিবদ্ধ। নিষিদ্ধ। প্রতিষিদ্ধ, নিবারিত। বিফলীকৃত। ভীত। দূরীকৃত। হতাশ।

ব্যাহন্যমান (বি – আ – হন্ [বধ করা] নি-ষেধ করা + আন(শান) – র্ম্ম। য, ম – আ-গম) বিং, ত্রিং, প্রতিষিধ্যমান।

ব্যাহার – পুং } ( বি – আ – হৃ [ হরণ ব্যাহরণ – ক্লীং } করা] বলা + অ(ঘঞ্), অন(অনট্) – ভা) সং, কথন, উক্তি।

ব্যাহৃত (ব্যাহার দেখ,ত(ক্ত) – র্ম্ম) বিং,ত্রিং, উক্ত।

ব্যাহৃতি (ব্যাহার দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, উক্তি, কথন। (+ ক্তি – র্ম্ম) মন্ত্রাঙ্গ-বিশেষ, ভূঃ ভুবঃ স্বঃ প্রভৃতি মন্ত্র। শিং – ১ "ওঙ্কারমাদিতঃ কৃত্বা ব্যাহৃতিস্তদনন্তরং। ততোঽধীয়ীত সাবিত্রীমেকাগ্রশ্রদ্ধয়ান্বিতঃ। পুরাকল্পে সমুৎপন্না ভূর্ভুবঃ স্বঃ সনাতনাঃ। মহাব্যাহৃতয়স্তিস্রঃ সর্ব্বাশুভনিবর্হণাঃ।"

ব্যূত ( ব্যে বোনা + ক্ত – র্ম্ম ) বিং, ত্রিং, স্যূত।

ব্যুৎক্রম (বি – উৎ উল্টা – ক্রম নিয়ম) সং, পুং, ক্রমবিপর্য্যয়, ব্যতিক্রম। অ-নিয়ম।

ব্যুত্থান (বি বিশেষরূপে – উৎ উপরি – স্থা থাকা + অন(অনট্) ভা। স – লোপ) সং, ক্লীং, উদয়। বিশেষরূপে উত্থান। উ-ত্থিতি। প্রতিরোধ। বিরোধাচরণ। স্বাধীন হইয়া কার্য্যকরণ। যোগশাস্ত্রে—সমাধি-ভঙ্গের অবসর। নৃত্যবিশেষ।

ব্যুৎপত্তি (বি – উৎ – পদ্ [গমন করা] বোধ করা + তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, শাস্ত্রে বিশেষ সংস্কার। জ্ঞানবিশেষ। বিশেষ উৎপত্তি। শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিভ-জন। কৌশল।

ব্যুৎপন্ন ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) – ক) বিং, ত্রিং, পণ্ডিত। শাস্ত্রজ্ঞানবান্। ব্যুৎপত্তিযুক্ত। প্রকৃতি প্রত্যয়সাহায্যে উৎপন্ন।

ব্যুৎপাদক (বি – উৎ – পাদি [গমন করান] বোধ করান + অক(ণক) – ক) বিং, ত্রিং, ব্যুৎপত্তিজনক, সংস্কারজনক।

ব্যুৎপাদিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃতি প্রত্যয়-সাহায্যে উৎপা-দিত। [ব্যুৎপত্তিলভ্য।

ব্যুৎপাদ্য (পূর্ব্বে দেখ, য – র্ম্ম ) বিং, ত্রিং,

ব্যুদস্ত (পশ্চাৎ দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত, নিবারিত। নিরাকৃত। মর্দ্দিত। পরিত্যক্ত। পরিক্ষিপ্ত। অবনত।

ব্যুদাস (বি – উৎ – অস্ [ক্ষেপণ করা] নি-বারণ করা ইত্যাদি + অ(ঘঞ্) – ভা ) সং, পুং, মর্দ্দন। নিরাস, নিবারণ। নিরা-করণ। ঔদাস্য, অবজ্ঞা। পরিত্যাগ। কোন বস্তুর সমুচিত ব্যবহার না করা।

ব্যুষ্ট (বি—বস্ বাসকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পর্য্যুষিত, বাসি। (বি—উষ=ব্যুষ্ দগ্ধ করা+ক্ত—র্ম্ম) দগ্ধ, ঝলসান। সং, ক্লীং, প্রাতঃকাল, প্রভাত। দিন। ফল।

ব্যুষ্টি (বি—বস্ বাস করা+তি(ক্তি)—ধি। ব=উ) সং, স্ত্রীং, ফল। সমৃদ্ধি। স্তুতি। (বি—উষ্ দগ্ধ করা+তি(ক্তি)—ভা) দাহ। প্রভাত। (বি—বশ্ বশীভূতহওয়া) ইচ্ছা।

ব্যূঢ় (বি—বহ্ [বহনকরা] বড়হওয়া ইত্যাদি ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিপুল, প্রশস্ত। পৃথুল। শিং—১ "ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধঃ।" সংহত। স্ফীত। বিন্যস্ত। শিং—১"ব্যূঢ়াং ক্রুপদপুত্রেণ।" তুল্য। উত্তম, অত্যুত্তম। স্থূল। বিবাহিত। শিং—১ "ব্যূঢ়া কাচন কন্যকা।" পরিহিত। দৃঢ়, সুসম্বদ্ধ। ঠাস।

ব্যূঢ়কঙ্কট (ব্যূঢ় বিন্যস্ত—কঙ্কট সাঁজোয়া) বিং, ত্রিং, সন্নাহবিশিষ্ট।

ব্যূঢ়ি (ব্যূহ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, বিন্যাস, সাজান। স্থূলতা।

ব্যূত (বি—বে বস্ত্রাদি বোনা+ত(ক্ত)—র্ম্ম। ব=উ) বিং, ত্রিং, তন্তুসন্তত, বোনা, তন্তুদ্বারা নির্ম্মিত।

ব্যূতি (ব্যূত দেখ, তি(ক্তি)—ভা। ব=উ) সং, স্ত্রীং, বস্ত্রাদিবয়ন।

ব্যূহ (বি—উহ্ [তর্ককরা] বিন্যাস করা, বিস্তার করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, বলবিন্যাস, সৈন্যরচনা। শিং—১ "সমগ্রস্য তু সৈন্যস্য বিন্যাসঃ স্থানভেদতঃ। স ব্যূহ ইতি বিখ্যাতো যুদ্ধেষু পৃথিবীভুজাম্।" বিস্তার। তর্ক। নির্ম্মাণ, গঠন। (+অল্—র্ম্ম) সৈন্যসমূহ। সমূহ। দেহ।

ব্যূহতন্তু (Tissue) যে সকল মূল বস্তুতে যে অংশ বিরচিত তাহা সেই অংশের ব্যূহতন্তু।

ব্যূহপার্ষ্ণি (ব্যূহ সৈন্যসমূহ—পার্ষ্ণি গুল্ফ বা পশ্চাদ্ভাগ) সং, পুং, সৈন্যসমূহের পশ্চাদ্ভাগ। [সৈন্যরচিত।

ব্যূহিত (ব্যূহ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

ব্যোকার (ব্যো অনুকরণ শব্দ, লৌহ—কার [কৃ করা+অ(যণ্)—ক] যে করে) সং, পুং, কর্ম্মকার, কামার।

ব্যোম (ব্যোমন্, ব্যে আচ্ছাদন করা+মন্—ক, নিপাতন) সং,ক্লীং, আকাশ, নভোমণ্ডল। জল। অভ্রক। সূর্য্যদেবের উপাসনার্থ মন্দির।

ব্যোমকেশ (ব্যোমন্ আকাশ—কেশ চুল, গঙ্গাধারণকালে ব্যোমব্যাপী কেশ যাহার, অথবা চন্দ্র ও সূর্য্যের আকাশকীর্ণ তেজোরাশি তাহার কেশস্বরূপ হওয়াতে তিনি ব্যোমকেশ নামে প্রসিদ্ধ হইয়াছেন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, মহাদেব।

ব্যোমচারী (—চারিন্, ব্যোমন্ আকাশ—চারী [চর্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, দেবতা গ্রহনক্ষত্রাদি। পক্ষী। গগনবিহারী।

ব্যোমধূম (ব্যোমন্ আকাশ—ধূম ধূঁয়া) সং, পুং, মেঘ, জলধর।

ব্যোমমঞ্জর(ব্যোমন্ আকাশ—মঞ্জর ডাঁটা) সং, ক্লীং, ধ্বজা, পতাকা।

ব্যোমমণ্ডল (ব্যোমন্ আকাশ—মণ্ডল স্থান) সং, ক্লীং, ধ্বজা, পতাকা। আকাশমণ্ডল।

ব্যোমমুদ্গর (ব্যোমন্ আকাশ—মুদ্গর গদা) সং, পুং, বায়ুর শব্দ, নির্ঘাত।

ব্যোমযান (ব্যোমন্ আকাশ—যান রথাদি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বিমান, দেবযান। বেলুন।

ব্যোমস্থলী ; সং, স্ত্রীং, পৃথিবী, ধরণী।

ব্যোমাভ ; সং, পুং, বুদ্ধ।

ব্যোষ (বি নানাপ্রকার—উষ্ দগ্ধ করা+অ—প্রং) সং, ক্লীং, ত্রিকটু, শুঁঠ পিপুল মরিচ।

ব্রজ (ব্রজ্ গমন করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং,সমূহ ; যথা—জীবব্রজ। (+অল—ধি) গোষ্ঠ। মথুরাসমীপস্থ গোকুল গ্রাম। পথ। (+অল্—ভাবে) ক্লীং, গমন।

ব্রজক ; সং, পুং, তপস্বী।

ব্রজকিশোর ; সং, পুং, শ্রীকৃষ্ণ।

ব্রজন (ব্রজ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পর্য্যটন, ভ্রমণ।

ব্রজনাথ, ব্রজমোহন } (ব্রজ গোকুলগ্রাম – নাথ প্রভু, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

ব্রজবল্লভ, ব্রজেন্দ্র } (ব্রজ গোকুলগ্রাম – বল্লভ ৬ষ্ঠী – ষ। ব্রজ গোকুলগ্রাম – ইন্দ্র শ্রেষ্ঠ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

ব্রজাঙ্গনা ; সং, স্ত্রীং, গোপী।

ব্রজ্যা (ব্রজ দেখ,য (ক্যপ্) – ভা, আপ্)সং, স্ত্রীং, পর্য্যটন, দেশভ্রমণ। বিজিগীষুর প্রস্থান। গমন। বর্গ। রঙ্গ।

ব্রণ (ব্রণ্ ক্ষত করা + অ(অন্) – ক ) সং, পুং – ক্লীং, ক্ষত, ঘা, ফোড়া।

ব্রণকৃৎ ( ব্রণ ক্ষত – কৃৎ যে করে) বিং, ত্রিং, ক্ষতকারক, অপকারক। পুং, ভল্লাতক।

ব্রণদ্বিট্ (– দ্বিষ্) সং, পুং, ব্রাহ্মণযষ্টিকা। ব্রণদ্বেষক।

ব্রণহ ; সং, পুং, এরণ্ডবৃক্ষ। বিং, ত্রিং, ব্রণঘাতক। হা – স্ত্রীং, গুড়ূচী।

ব্রণিত (ব্রণ + ইত – সংজাতার্থে) বিং, ত্রিং, ব্রণযুক্ত, ক্ষতবিশিষ্ট, যাহাতে ব্রণ হইয়াছে।

ব্রণী ( ব্রণিন্, ব্রণ + ইন্ – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, ব্রণযুক্ত।

ব্রত (বৃ প্রার্থনা করা + অতচ্ – র্ম্ম, কিংবা ব্রজ্ [ইহার দ্বারা স্বর্গে] গমন করা + অ (ঘ) – ণ, নিপাতন ) সং, পুং – ক্লীং, নিয়ম। পুণ্যজনক বা পাপক্ষয়কর কর্ম্ম, চান্দ্রায়ণাদি। ভক্ষণ।

ব্রততি – তী (বৃৎ থাকা + অতি – ক, ঋ = র) সং, স্ত্রীং, লতা, বল্লী। (+ অতি – ভাবে) বিস্তার। [দীক্ষা।

ব্রতসংগ্রহ ; সং, পুং, ব্রত গ্রহণার্থ কৃত

ব্রতস্নাতক (ব্রত – স্নাতক) সং,পুং,যে ব্রাহ্মণ ব্রহ্মচর্য্য আশ্রম সমাপন করিয়াছে।

ব্রতভিক্ষা (ব্রত – ভিক্ষা) সং,স্ত্রীং, উপনয়নকালীন ভিক্ষা।

ব্রতাদেশ (ব্রত – আদেশ নির্দ্দেশ) সং, পুং, উপনয়ন, সংস্কারবিশেষ। শিং – ১ "আদন্তজননাৎ সদ্য আচূড়াদেকরাত্রকং। ত্রিরাত্রমাব্রতাদেশাৎ দশরাত্রমতঃ পরং।"

ব্রতী (ব্রতিন্,ব্রত + ইন্ – অস্ত্যর্থে) সং,পুং, যজমান। নিয়মস্থ। তপস্বী বিং, ত্রিং, ব্রতবিশিষ্ট। শিং – ১"তিথ্যন্তে চোৎসবান্তে বা ব্রতী কুর্ব্বীত পারণং।"

ব্রধ্ন ; সং, পুং, সূর্য্য। বৃক্ষমূল, শিকড়। শিব। ব্রহ্মা। পুত্র। শরীর।

ব্রধ্নপাদ(Rhizopoda) যাহাদের দেহ কিঞ্চিৎ বৃক্ষমূলবৎ পদার্থে নিষ্পন্ন। তড়াগাদির তলে শ্লেষ্মবৎ সূত্ররূপী যে অতি ক্ষুদ্র জীব দৃষ্ট হয়। তাহাই এই বর্গের প্রধান জীব।

ব্রশ্চন (ব্রশ্চ্ ছেদন করা + অন(অনট্) – ভা) সং, ক্লীং, ছেদন, কর্ত্তন। (+ অনট্ – ণ ) স্বর্ণাদিচ্ছেদনসাধন অস্ত্র, ছেনী প্রভৃতি। (+ অন – ক) বিং, ত্রিং, ছেদক। সং, পুং, বৃক্ষছেদনজাত নির্য্যাস। শিং – ১দেবতার্থং হরিঃ শিগ্রুং লোহিতান্ ব্রশ্চনাংস্তথা।" [বায়ু, বাতাস।

ব্রাজি (ব্রজ্ গমন করা + ই – প্রং) সং,পুং,

ব্রাত (বৃ প্রার্থনা করা + অত(অতচ্) – র্ম্ম, অ = আ) সং, পুং, সমূহ, দল। পতিত ব্রাহ্মণের সন্ততি। বরযাত্র বা কন্যাযাত্র। (ব্রত + ষ্ণ) শ্রমজীবী। ( ব্রত + ষ্ণ) ক্লীং, শারীরিক পরিশ্রম। মজুরি।

ব্রাতীন (ব্রাত শারীরিক পরিশ্রম + ঈন(ণীন) – জীবত্যর্থে) সং, পুং, শ্রমী। সজ্বজীবী কুলী, মজুর। শিং – ১"ব্রাতীনব্যালদীপাস্ত্রঃ।" (ভট্টি)। (ব্রত + ণীন) ব্রতনিষ্ঠ।

ব্রাত্য (ব্রত নিয়ম + য(ষ্ণ্য) – হীনার্থে) সং, পুং, সংস্কারহীন। সাবিত্রীপতিত ব্রাহ্মণ, অযোগ্য কালে উপনীত।

ব্রাত্যস্তোম ( ব্রাত্য সংস্কারহীন – স্তোম যজ্ঞ ) সং, পুং, যজ্ঞবিশেষ। শিং – ১ "সাবিত্রীপতিতা ব্রাত্যা ব্রাত্যস্তোমাদৃতে ক্রতোঃ।"

ব্রীড় – পুং, ব্রীড়া – স্ত্রীং, ব্রীড়ন – ক্লীং } (ব্রীড়্ লজ্জিত হওয়া + অ(অল্), ড, অনট্ = ভা, আপ্) সং, ত্রপা, লজ্জা।

ব্রীড়িত (ব্রীড় দেখ, ত(ক্ত) – ক) বিং, ত্রিং, লজ্জিত। (+ ক্ত – ভাবে ) সং, ক্লীং, লজ্জা।

ব্রীহি (ব্রু প্রার্থনা করা+হি—র্ম্ম, নিপাতন) সং, পুং, ধান্য। আশুধান্য।
ব্রৈহিক (ব্রীহি ধান্য+ইক—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধান্যবিশিষ্ট।
ব্রীহিকাঞ্চন ; সং, পুং, মসুরি কলাই।
ব্রীহিপর্ণী ; সং, স্ত্রীং, শালপর্ণী।
ব্রীহী (ব্রীহিন্, ব্রীহি ধান্য+ইন্—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ব্রীহিযুক্ত ক্ষেত্রাদি।
ব্রৈহ (ব্রীহি ধান্য+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, ব্রীহিনির্ম্মিত, ধান্যে প্রস্তুত।
ব্রৈহেয় (ব্রীহি ধান্য+এয়(ঢেয়)—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ধান্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্রাদি।

---

# শ

**শ** ; ব্যঞ্জন বর্ণের ত্রিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান তালু। (শী শয়ন করা+অ(ড)—ধি) সং, স্ত্রীং, কল্যাণ, শুভ। ধর্ম্ম। (+ড—ক) সং, পুং, শিব। শীলা। শাসিতা। (শো তীক্ষ্ণ করা+অ(ড)—র্ম্ম) শস্ত্র।

শংযু } (শম্ কল্যাণ+যু, ব—যুক্তার্থে)
শংব } বিং, ত্রিং, কল্যাণযুক্ত, ভাগ্যবান্। পুং, সর্পবিশেষ। ইন্দ্রের বজ্র। স্ত্রীং, সৌভাগ্য।

শংবর (শম্ কল্যাণ—বৃ বরণ করা, আবরণ করা+অ(অন্)—ক) সং, স্ত্রীং, সলিল, জল।

শংসন—স্ত্রীং } (শন্স্ বলা ইত্যাদি+
শংসা—স্ত্রীং } অন(অনট্), অ—ভাবে) সং, কথন। সূচন। ইচ্ছা। প্রশংসা।

শংসিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিশ্চিত। কুৎসিত। প্রশংসিত। অভিলষিত, বাঞ্ছিত। কথিত। সূচিত। গৃহীত। হিংসিত। অনুষ্ঠিত। স্তুত।

শংসী (শংসিন্, শংসন দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সূচক। জ্ঞাপক। জ্ঞাপনকারক। কথক। [স্তোতা। হোতা।

শংস্তা (শংস্তৃ, শন্‌স্+তৃন্—ক) সং, পুং,

শংস্থ (শম্ কল্যাণ—স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, শুভান্বিত, কল্যাণযুক্ত।

শংস্য (শংসন দেখ, য(ক্যপ)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়, স্তুত্য। বাঞ্ছনীয়। বাচ্য। কথনীয়। হিংসনীয়। গুণবান্। প্রসিদ্ধ কর্ম্মকরা।

শক (শক্ পারকহওয়া+অ(অন্)—ক) সং, পুং, অব্দপ্রবর্ত্তক রাজা, শালিবাহনরাজা। তৎপ্রবর্ত্তিত অব্দ, সংবৎসর। জাতিবিশেষ। দেশবিশেষ। কাঃ, বহুং, শকদেশীয় লোক।

শকট (পূর্ব্বে দেখ, অট(অটন্)—ক) সং, পুং, অসুরবিশেষ; এই অসুর কৃষ্ণকর্ত্তৃক নিহত হয়। পুং—স্ত্রীং, গাড়ি। (স্ত্রীলিঙ্গে শকটী ও শকটিকা হয়। তিনিসবৃক্ষ।

শকটহা (শকটহন্, শকট অসুরবিশেষ—হন্ যে বধ করে, হয়া—ষ) সং, পুং, শকটাসুরের হন্তা, কৃষ্ণ। বিং, ত্রিং, শকটনাশক।

শকটার; সং, পুং, নন্দরাজার মন্ত্রী।

শকটাহ্বা (শকট গাড়ি—আহ্বা নাম। পঞ্চতারকাময় এবং শকটাকৃতি বলিয়া) সং, স্ত্রীং, রোহিণীনক্ষত্র।

শকটিকা (শকটী+কণ্—যোগ) সং, স্ত্রীং, কাষ্ঠাদিনির্ম্মিত খেলাইবার গাড়ি। ক্ষুদ্র শকট, ছোট গাড়ি।

শকল (শক দেখ, অল(কল)—ণ) সং, পুং, —স্ত্রীং, অংশ, খণ্ড, একদেশ। স্ত্রীং, ত্বক্, চর্ম্ম, ছাল। আঁইষ। রঙ্‌বিশেষ।

শকলান্তক; সং, পুং, বিক্রমাদিত্য রা[illegible]

শকলী (শকলিন্, শকল শল্ক+ই[illegible] অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য, মাছ।

শকাব্দ (শক—অব্দ বৎসর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শকনামক নৃপতির প্রচলিত বৎসর।


শকার; সং, পুং, মদ মূর্খতা অভিমানবিশিষ্ট দুষ্কুলজাত এবং ঐশ্বর্য্যশালী রাজার রক্ষিতা স্ত্রীর ভ্রাতা। শ এই বর্ণ।

শকারি (শক শকদেশীয় লোক—অরি শত্রু) সং, পুং, রাজা বিক্রমাদিত্য।

শকুন (শক দেখ, উন—ক) সং, পুং, পক্ষী। গৃধ্র। চিল। উৎসবকালে গীয়মান মঙ্গলগীত। স্ত্রীং, শুভাশুভসূচক চিহ্ন, নিমিত্ত (বাহুস্পন্দন, কাকাদি দর্শন ইত্যাদি)।

শকুনজ্ঞ (শকুন নিমিত্ত—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) বিং,ত্রিং,নিমিত্তজ্ঞ। চিহ্নজ্ঞ। কাকচরিত্র। জ্ঞা—স্ত্রীং, (শকুন পক্ষী—জ্ঞ যে জানে) জ্যেঠী,টিকটিকী।

শকুনি ( শক দেখ, উনি—ক ) সং, পুং, গৃধ্র



শকুনি।

পক্ষী। পক্ষী। চিল। দুর্য্যোধনাদির মাতুলের নাম, সৌবল। করণবিশেষ। বিকুক্ষি রাজার পুত্র। নী—স্ত্রীং, পক্ষিণীবিশেষ, শ্যামাপাখী। [শালা।

শকুনিপ্রপা ; সং, স্ত্রীং, পক্ষিদিগের পানীয়-

শকুনীশ্বর(শকুনি পক্ষী—ঈশ্বর প্রধান) সং, পুং, পক্ষীন্দ্র, গরুড়।

শকুন্ত, শকুন্তি (শক দেখ, উন্ত, উন্তি—প্রং) সং, পুং, পক্ষী। পক্ষীবিশেষ, ভাসপক্ষী। কীটবিশেষ। বিশ্বামিত্রের পুত্রবিশেষ।

শকুন্তলা ( শকুন্ত পক্ষী [ কর্ত্তৃক ]—লা গ্রহণ করা বা পালন করা+অ(ড)—ক, আপ্। মহাভারতে—"সদ্যোজাতকন্যাকে নির্জ্জনকাননে পক্ষিগণ মধ্যে অবিশয়না দেখিয়া আমার হৃদয়ে কারুণ্যরসের উদয় হইল। পরে তথা হইতে আশ্রমে আনয়ন করিয়া স্বীয় কন্যার ন্যায় লালনপালন করিতে লাগিলাম। কন্যাটী শকুন্ত অর্থাৎ পক্ষিকর্ত্তৃকরক্ষিতা হইয়াছিল বলিয়া তাহার নাম শকুন্তলা হইল")সং,স্ত্রীং,দুষ্মন্তরাজার মহিষী, ভরতরাজার মাতা; ইনি বিশ্বামিত্রের ঔরসে মেনকার গর্ভে জন্মগ্রহণ করেন। শিং—১ "নির্জ্জনে তু বনে যস্মাৎ শকুন্তৈঃ পরিরক্ষিতা। শকুন্তলেতি নামাস্যাঃ কৃতঞ্চাপি ততো ময়া।"

শকুল } ( শক দেখ, উল—ক ) সং, পুং,
সকুল } মৎস্য। মৎস্যবিশেষ,শালমাছ।

শকুলগণ্ড ; সং,পুং, মৎস্যবিশেষ,শউলমাছ।

শকুলাক্ষক(শকুল মৎস্য—অক্ষ অক্ষিশব্দজ। যাহার মুকুল মৎস্যের চক্ষুর সহিত উপমিত) সং, পুং, শ্বেতদূর্ব্বা।

শকুলাদনী (শকুল মৎস্য—অদন ভক্ষণীয়) সং, স্ত্রীং, কাঁচড়াদাম। কেঁচো। চক্রাঙ্গী। মাংসী। জলপিপ্পলী। কট্‌ফল।

শকুলার্ভক (শকুল—অর্ভক শাবক) সং,পুং, গড়ুইমাছ।

শকৃৎ ( শক্ [বহিষ্কৃত হইতে] পারক হওয়া +ঋৎ—ক) সং, ক্লীং, অং, বিষ্ঠা, মল।

শকৃৎকরি—পুং } (শকৃৎ বিষ্ঠা—কৃ করা
শকৃৎকরী—স্ত্রীং } +ই—ক, এই অর্থে ) সং, গো প্রভৃতির বৎস, বাছুর।

শকৃদ্দ্বার ; সং, ক্লীং, মলদ্বার, অপানস্থান।

শক্কর; সং, পুং, বৃষ, ষাঁড়। রী—স্ত্রীং, ছন্দোবিশেষ। নদীবিশেষ। মেখলা, চন্দ্রহার। চণ্ডালী।

শক্ত ( শক দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, শক্তিযুক্ত, সমর্থ, ক্ষমবান্। কঠিন। পরিশ্রমী। প্রিয়ংবদ।

শক্তি ( শক দেখ, তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, সামর্থ্য, বল, ক্ষমতা, পরাক্রম। ন্যায়মতে—কার্য্যোৎপাদনযোগ্য ধর্ম্মবিশেষ। প্রভাবজ, উৎসাহজ, মন্ত্রজ—এই ত্রিবিধ রাজশক্তি। কাসূনামক অস্ত্র। তোমর অস্ত্র, লৌহশাবল। প্রকৃতি। গৌরী। লক্ষ্মী। স্ত্রী-দেবতা। দেবীবিশেষ। শব্দাদির বৃত্তিবিশেষ। এই শব্দ দ্বারা এইরূপ অর্থের প্রতীতি হউক এই প্রকার ইচ্ছা; তাহা তিন প্রকার—অভিধা, লক্ষণা, ব্যঞ্জনা।

শক্তিগ্রহ ( শক্তি অস্ত্রবিশেষ—গ্রহ যে গ্রহণ করে) সং, পুং, শিব। কার্ত্তিকেয়। শব্দের অর্থবোধক বৃত্তির জ্ঞান।

শক্তিধর } (শক্তি বল—ধর, ভৃৎ [ভৃ
শক্তিভৃৎ } পোষণ করা+০(ক্বিপ্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। শিং—১ "শক্তিধরঃ কুমারঃ।" বিং, ত্রিং, শক্তিযুক্ত।

শক্তিপর্ণ ; সং, পুং, সপ্তপর্ণবৃক্ষ।

শক্তিপাণি ( শক্তি বল—পাণি হস্ত, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, কার্ত্তিকেয়।

শক্তিমান্ (শক্তিমৎ, শক্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শক্তিবিশিষ্ট, বলবান্। সং, পুং, সপ্ত কুলপর্ব্বতের এক পর্ব্বত।
শক্তিহেতিক (শক্তি অস্ত্রবিশেষ—হেতি প্রহরণাস্ত্র) সং, পুং, শাক্তিক, শক্তি-অস্ত্রধারী যোদ্ধা।
শক্তু (শচ্ বলা ইত্যাদি+তুন্—ক) সং, পুং—ক্লীং, যবাদিচূর্ণ, ছাতু।
শক্তুক; সং, পুং, বিষবিশেষ।
শক্তুফলা (শক্তু শস্যাদিচূর্ণ—ফল) সং, স্ত্রীং, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শক্ত্যর্দ্ধ; সং, পুং, শ্রমদ্বারা কুক্ষি ললাট ও গ্রীবাতে উৎপন্ন ঘর্ম্ম এবং দীর্ঘনিশ্বাস।
শক্তি; সং, পুং, বশিষ্ঠ মুনির জ্যেষ্ঠ পুত্র।
শক্নু, শক্ন, শক্ল (শক্ [পারক হওয়া] বাক্য দ্বারা সন্তুষ্ট করা+নু, ন, ল—ক) বিং, ত্রিং, প্রিয়ংবদ, প্রিয়ভাষী।
শক্য (শক্ পারক হওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, শক্তির বিষয়, শক্তিবোধ্য। সম্ভব, যাহা করিতে পারা যায়। বাচ্য, অভিধা-বৃত্তি দ্বারা বোধ্য। শিং—১ "শক্যোঽর্থোঽভিধয়া জ্ঞেয়ঃ লক্ষ্যো লক্ষণয়া মতঃ।"
শক্যতাবচ্ছেদক; বিং, ত্রিং, শক্য-ধর্ম্ম।
শক্র (শক্ সামর্থ্য প্রকাশ করা+র—ক) সং,পুং, ইন্দ্র, দেবরাজ। পেচক। জ্যেষ্ঠা-নক্ষত্র। কুটজবৃক্ষ। অর্জ্জুনবৃক্ষ।
শক্রক্রীড়াচল (শক্র ইন্দ্র—ক্রীড়া বিহার—অচল পর্ব্বত) সং, পুং, সুমেরুপর্ব্বত।
শক্রগোপ (শক্র ইন্দ্র—গো দীপ্তি—পা রক্ষা করা+অ(ড)—ক) সং, পুং, ইন্দ্র-গোপ, রক্তবর্ণ কীটবিশেষ।
শক্রজ, শক্রজাত (শক্র ইন্দ্র—জ, জাত) সং, পুং, কাক। বিং, ত্রিং, ইন্দ্র হইতে উৎপন্ন।
শক্রজিৎ (শক্র ইন্দ্র—জিৎ [জি জয়করা +০(ক্বিপ)—ক] যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্রজিৎ, রাবণের পুত্র। বিং, ত্রিং, ইন্দ্র-জেতা।
শক্রদ্রুম; সং, পুং, দেবদারুবৃক্ষ।
শক্রধনুঃ (—ধনুস্, শক্র ইন্দ্র—ধনুস্ ধনুক) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ, রামধনুক।
শক্রধ্বজ, শক্রোৎসব (শক্র ইন্দ্র—ধ্বজ পতাকা। —উৎসব পর্ব্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শক্রোত্থান, ইন্দ্রধ্বজের উৎসব, ভাদ্র শুক্ল দ্বাদশীতে পূজ্য ধ্বজাকার স্তম্ভ।
শক্রপুষ্পী; সং, স্ত্রীং, বিশল্যকরণী।
শক্রভিদ্ (শক্র ইন্দ্র—ভিদ্ এখানে পরাভবকারী) সং, পুং, ইন্দ্রজিৎ, রাবণের পুত্র।
শক্রমূর্দ্ধা (—মূর্দ্ধন্, শক্র ইন্দ্র—মূর্দ্ধন্ মস্তক) সং, পুং, বল্মীক, উয়ের ঢিবি।
শক্রবল্লী; সং, স্ত্রীং, ইন্দ্রবারুণী।
শক্রবাহন (শক্র ইন্দ্র—বাহন যান) সং, পুং, ইন্দ্রবাহন, মেঘ।
শক্রশরাসন (শক্র ইন্দ্র—শরাসন ধনুক) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ, রামধনুক।
শক্রশালা; সং, স্ত্রীং, যজ্ঞগৃহ, হোমগৃহ।
শক্রশিরঃ (—শিরস্, শক্র ইন্দ্র—শিরস্ মস্তক) সং, ক্লীং, বল্মীক, উইয়ের ঢিবি।
শক্রসারথি (শক্র—সারথি রথাদিচালক) সং, পুং, মাতলি। [পেচক, পেঁচা।
শক্রাখ্য (শক্র—আখ্যা নাম) সং, পুং,
শক্রাণী (শক্র ইন্দ্র+ঈ—প্রং, আনু—আগম) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী।
শক্রাশন (শক্র ইন্দ্র—অশন ভক্ষণীয়। রাবণের সহিত যুদ্ধে হত বানরগণের শরীরে পতিত অমৃতফোঁটা হইতে যাহা উৎপন্ন হইয়াছে) সং, পুং, কুটজ বৃক্ষ, কুড়চী গাছ। ক্লীং, ভাঙ্গা, ভা[illegible]সিদ্ধি।
শক্রাহ্ব; সং, পুং, ইন্দ্রযব। বিং, ত্রিং, ইন্দ্রনামক।
শক্রোত্থান—ক্লীং, শক্রোৎসব—পুং (শক্র ইন্দ্র—উত্থান, উৎসব) সং, ভাদ্র-মাসের শুক্লপক্ষে দ্বাদশী তিথিতে কৃত উৎসববিশেষ, ইন্দ্রধ্বজের উপলক্ষে উৎসব।
শক্ক (পশ্চাৎ দেখ, অ—প্রং) সং, পুং, শকটাদিবাহক বৃষ, গাড়িটানা বলদ।
শঙ্কনীয় (শন্ক্ ভীত হওয়া, আশঙ্কা করা +অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ভয়ের বিষয়। আশঙ্কার যোগ্য। সন্দেহস্থল।

শঙ্কর (শম্ কল্যাণ—কর [কৃ করা+অ (ট)—ক] যে করে) সং, পুং, শিব। শিং—১ "সদা ধ্যানাচ্চ ভক্তানাং পবনং ষন্নিরাময়ং। ভূতনাথস্ত মপ্যস্মাত্তেনাহং শঙ্করঃ স্মৃতঃ।" বেদান্তভাষ্যকর্ত্তা, শঙ্করাচার্য্য। বিং, ত্রিং, শুভকারক।

শঙ্করপ্রিয়; সং, পুং, তিত্তিরিপক্ষী: বিং, ত্রিং, শিববল্লভ।

শঙ্করাচার্য্য; সং, পুং, বেদান্তভাষ্যকর্ত্তা অদ্বৈতবাদী আচার্য্যবিশেষ।

শঙ্করাবাস; সং,পুং, কর্পূরবিশেষ। কৈলাস।

শঙ্করী (শঙ্কর শিব+ঈ—জায়ার্থে) সং, স্ত্রীং, শিবানী, ভবানী। মঞ্জিষ্ঠা। শমী। বিং, স্ত্রীং, শুভদায়িনী।

শঙ্কা (শঙ্কনীয় দেখ, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, ত্রাস, ভয়। আশঙ্কা, সংশয়। সন্দেহ। সম্ভাবনা, বিতর্ক।

শঙ্কিত (শঙ্কনীয় দেখ, ইত—ক) বিং, ত্রিং, ভীত। সন্দিগ্ধ। অবিশ্বস্ত। (শনক্+ক্ত—র্ম্ম) তর্কিত। পুং, চোরনামক গন্ধদ্রব্য।

শঙ্কিতবর্ণক (শঙ্কিত ভীত—বর্ণ জাতি +কণ্—প্রং) সং, পুং, তস্কর, চোর।

শঙ্কু (শঙ্কনীয় দেখ, উ—পা) সং, পুং, অস্ত্রবিশেষ, শল্য, শেল। কীলক, গোঁজ। দ্বাদশাঙ্গুল কাঠি। স্থাণু, মুড়াগাছ। শিব। বিক্রমাদিত্যের নবরত্নের মধ্যে একরত্ন। সংখ্যাবিশেষ। মৎস্যবিশেষ। কলুষ,পাপ। বর্ষা, সড়কি। লিঙ্গ, মেঢ্র, পুং-চিহ্ন। গন্ধদ্রব্যবিশেষ। হংসী। ভূত। কন্দর্প। বল্মীক। শঙ্করমৎস্য। শিবের অনুচর গন্ধর্ব্ববিশেষ। ভয়, ত্রাস। পত্রের শিরাসমূহ। নৃপবিশেষ। (Index) ঘড়িরকাঁটা।

শঙ্কুকর্ণ (শঙ্কু অস্ত্রবিশেষ—কর্ণ কাণ) সং, পুং, গর্দ্দভ, গাধা। দানববিশেষ।

শঙ্কুচি, শঙ্কোচ; সং, পুং, শঙ্কুমৎস্য, শাঁকোট মাছ।

শঙ্কুপট্ট (Dial Plate) দণ্ডপলাদিচিহ্নিত [শঙ্কুদণ্ডের আধার।

শঙ্কুর (শঙ্কু শঙ্কা—রা দান করা+অ(ড)—প্রং) বিং, ত্রিং, ভীষণ, ভয়ঙ্কর।

শঙ্কুলা (শনক্+উল—পা, আপ্) সং, স্ত্রীং, পূগচ্ছেদক অস্ত্র, যন্ত্রী, জাঁতি।

শঙ্খ (শম্ শান্তহওয়া+খ—ক) সং, পুং—, ক্লীং, সমুদ্রজাত দ্রব্য বিশেষ, শাঁখ। পুং, ললাটের অস্থি। গলদেশ। নাগবিশেষ। কুবেরের নিধিবিশেষ। ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। রণবাদ্যযন্ত্রবিশেষ। সঙ্খ্যাবিশেষ, লক্ষকোটী, দশ নিখর্ব্ব; যথা—"একং দশ শতঞ্চৈব সহস্রমযুতং তথা। লক্ষঞ্চ নিযুতঞ্চৈব কোটিরর্ব্বুদমেব চ। বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খপদ্মৌ চ সাগরঃ। অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথাক্রমম্।" গন্ধদ্রব্যবিশেষ। নখী। রণঢক্কা। হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ।


শঙ্খ।

শঙ্খক (শঙ্খ+কণ্—যোগ) সং, ক্লীং, শঙ্খনির্ম্মিত বলয়, শাঁখা। পুং—ক্লীং, কম্বু, শাঁখ। পুং, শিরোরোগবিশেষ। কপাল, ললাট।

শঙ্খকার (শঙ্খ—কার [কৃ করা+অ(ষণ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, শাঁখারি। শঙ্খব্যবসায়ী।

শঙ্খচরী }
শঙ্খচর্চ্চী } (শঙ্খ ললাটের অস্থি—চর্ গমন করা, চর্চ্চ্ [অনুশীলন করা] লেপন করা+অ—প্রং) সং, স্ত্রীং, ললাটিকা, চন্দনাদিতিলক।

শঙ্খচূর্ণী; সং, স্ত্রীং, উপদেবতাবিশেষ, শাঁখচুন্নী।

শঙ্খজ (শঙ্খ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, পুং, কপোতডিম্বের ন্যায় বৃহৎ মুক্তা। বিং, ত্রিং, শঙ্খ হইতে জাত।

শঙ্খদ্রাবী; সং, পুং, অম্লবেতস।


শঙ্খধ্মা (শঙ্খ—ধ্মা যে বাজায়) সং, পুং, শঙ্খবাদক, যে শাঁখ বাজায়।

শঙ্খনখ—পুং }
শঙ্খনখী—স্ত্রীং } (শঙ্খ—নখ) সং, ক্ষুদ্র শঙ্খ, ছোট শাঁখ, জোগড়া প্রভৃতি। নখীনামক গন্ধদ্রব্য। বৃহন্নখী।

শঙ্খপ্রস্থ (শঙ্খ—প্রস্থ) সং, পুং, চন্দ্রস্থিত [চিহ্ন।

শঙ্খবেলান্যায়—ন্যায় (২৯) দেখ।

শঙ্খভৃৎ ( শঙ্খ — ভৃৎ যে ধারণ করে ) সং, পুং, শঙ্খধারী, বিষ্ণু।
শঙ্খমালা } সং, স্ত্রীং, শাঁখের মালা,
শঙ্খমালিকা } অশ্বাভরণবিশেষ।
শঙ্খমুখ (শঙ্খ — মুখ) সং, পুং, কুম্ভীর, কুমীর।
শঙ্খিকা ; সং, স্ত্রীং, তৃণবিশেষ।
শঙ্খিনী ( শঙ্খিন্ + ঈপ্ — প্রং ) সং, স্ত্রীং, একপ্রকার স্ত্রীজাতি। দীর্ঘকায়া, দীর্ঘকেশা, নাতিস্থূলা, নাতিকৃষা, কোপনস্বভাবা, রতিসমুৎসুকা স্ত্রী। স্ত্রীবিশেষ। উপদেবতাবিশেষ, শাঁকচুন্নী। চোরপুষ্পী। শ্বেতপুন্নাগ। শ্বেতবৃন্দা। শ্বেতচূড়া। বুদ্ধিশক্তিবিশেষ।
শঙ্খিনীফল ; সং, পুং, শিরীষবৃক্ষ। [গাছ।
শঙ্খিনীবাস ; সং, পুং, শাঁখোট বৃক্ষ, শেওড়া
শঙ্খী ( শঙ্খিন্, শঙ্খ + ইন্ — অস্ত্যর্থে ) বিং, ত্রিং, শঙ্খবিশিষ্ট, শঙ্খযুক্ত। সং, পুং, বিষ্ণু। সমুদ্র। শাঁখারি।
শচি = চী ( শচ্ বলা + ই — ক ) সং, স্ত্রীং, ইন্দ্রাণী, ইন্দ্রের পত্নী। শতমূলী। করণান্তর। [সং, পুং, ইন্দ্র।
শচীপতি ( শচী ইন্দ্রাণী — পতি স্বামী )
শজারু ( দেশজ ) সং, স্বনাম-প্রসিদ্ধ জন্তু



শজারু।

বিশেষ, শল্লকী।
শটা (শট্ গমন করা ইত্যাদি + অ(অন্) — ক, আপ্ ) সং, স্ত্রীং, জটা। পশুর কেশর।
শটিত (শট দেখ, ক্ত — ক) বিং, ত্রিং, বাসি, পচা। [চূর্ণ।
শটক ; সং, ক্লীং, ঘৃত-জল-মিশ্রিত শালি-
শঠ (শঠ্ বঞ্চনা করা + অ(অন্) — ক) বিং, ত্রিং, ধূর্ত্ত, খল, দুষ্ট। ধূর্ত্ত, পাজি। মূর্খ, নির্ব্বোধ। নিষ্কর্ম্মা। গূঢ়-বিপ্রিয়কারী নায়ক বা স্বামী, যে এক পত্নীকে বাহ্যিক প্রণয় প্রদর্শন করে, কিন্তু বাস্তবিক অন্যকে ভালবাসে। শিং — ১ "প্রিয়ং ব্যক্তি পুরোঽন্যত্র বিপ্রিয়ং কুরুতে ভৃশম্। ব্যক্তাপরাধচেষ্টশ্চ শঠোঽয়ং কথিতো বুধৈঃ।" উদাসীন ব্যক্তি। ক্লীং, কুঙ্কুম। তগর। লৌহ। পুং, ধুস্তূর।
শঠতা (শঠ + তা — ভাবে) সং, স্ত্রীং, খলতা, ধূর্ত্ততা, ক্রূরতা, দুষ্টামি। প্রতারণা।
শণ ( শণ্ [সূত্র] দান করা + অ(অন্) — ক, নামার্থে) সং, ক্লীং, ক্ষুদ্র বৃক্ষবিশেষ, শণ গাছ।
শণঘণ্টিকা ; সং, স্ত্রীং, শণপুষ্পী।
শণসূত্র ; সং, ক্লীং, পাশজাল। শণজাত জাল।
শণীর ; সং, ক্লীং, শোণ নদের মধ্যস্থিত ক্ষুদ্র দ্বীপ।
শণ্ড (শণ দেখ, ড — ক) সং, পুং, বৃষ, ষাঁড়। নপুংসক, ক্লীব। পুং — ক্লীং, পদ্মসমূহ।
শণ্ডিল ( শণ্ড নপুংসক + ইল — প্রং ) সং, পুং, মুনিবিশেষ।
শণ্ঢ (শণ দেখ, ঢ — ক) সং, পুং, অন্তঃপুরস্ত্রীরক্ষক, খোজা। নপুংসক, হিজ্‌ড়ে। বৃষ, ষাঁড়। সন্তানোৎপাদনে অসমর্থ ব্যক্তি। উন্মত্তব্যক্তি। বর্ব্বর। মত্ত, মাতাল।
শত (শো তীক্ষ্ণকরা + অত(ডত) — ক) সং, ক্লীং, একং, দশগুণিত দশসংখ্যা, ১০০।
শতক (শত + কন্ — পরিমাণার্থে) বিং, ত্রিং, শতসংখ্যাবিশিষ্ট ; যথা — "শান্তিশতকম্" শত কবিতায় নিবদ্ধ (কাব্য)। ক্লীং, শতসংখ্যা।
শতকীর্ত্তি ; সং, পুং, অর্হদ্বিশেষ।
শতকুন্দ ; সং, পুং, করবীর।
শতকুম্ভ ; সং, পুং, স্বর্ণখনি পর্ব্বতবিশেষ।
শতকোটি (শত — কোটি ধারা, ৬ষ্ঠী — হিং) সং, পুং, বজ্র, শতধারাবিশিষ্ট অস্ত্র। স্ত্রীং, ১০০ কোটি সংখ্যা।
শতক্রতু ( শত — ক্রতু যজ্ঞ, ৬ষ্ঠী — হিং। মহাভারতে — "ভগবান্ পুরন্দর দেবগণ সমভিব্যাহারে অরাতিগণকে পরাজয় পূর্ব্বক ক্রমে ক্রমে একশত যজ্ঞের অনুষ্ঠান করিয়া শতক্রতু নামে বিখ্যাত হইয়াছেন" ) সং, পুং, শতাশ্বমেধযজ্ঞকারী, ইন্দ্র।
শতখণ্ড ; সং, ক্লীং, সুবর্ণ, সোণা। শতভাগ।

শতগ্রন্থি ; সং, স্ত্রীং, দূর্ব্বা।

শতঘ্নী (শত—ঘ্নী [হন্ বধ করা+অ(টক্)—ক, ঈপ্] যে নাশ করে) সং, স্ত্রীং, শতপুরুষ-ঘাতক অস্ত্র-বিশেষ, চতুঃশত লৌহকণ্টকব্যাপ্ত যষ্ট্যাকার অস্ত্র। শিং —১ "অয়ঃকণ্টকসংছন্না শতঘ্নী মহতী শিলা।" গলরোগবিশেষ। স্ত্রীবৃশ্চিক।

শতচ্ছদ (শত—চ্ছদ পালখ) সং, পুং, কাঠঠোকরা পাখী। শতদল পদ্ম।

শততম (শত+তম(তমট)—পূরণার্থে) বিং, ত্রিং, শতসংখ্যার পূরক।

শততারা ; সং, স্ত্রীং, শতভিষানক্ষত্র।

শতদন্তিকা ; সং, স্ত্রীং, নাগদন্তী।

শতদ্রু—দ্রূ (শত—দ্রু বেগে গমন করা+উ(কু)—ক। বশিষ্ঠদেব কণ্ঠে শিলা বাঁধিয়া এই নদীতে প্রবেশ করিয়াছিলেন, সেই জন্য ভয়ে ইহা শতধা ধাবিত হইয়াছিল বলিয়া ইহার নাম শতদ্রু হইল) সং, স্ত্রীং, নদীবিশেষ, পঞ্জাবের অন্তর্গত শতলজ্ নদী। শিং —১ "বশিষ্ঠঃ কণ্ঠে শিলাং বদ্ধা নদ্যামস্যাং প্রবিষ্টস্ততো ভীত্যা ইয়ং শতধা দ্রুতা ইতি শতদ্রুঃ।"

শতধা (শত+ধা(ধাচ্)—প্রকারার্থে) অং, শতপ্রকার। শতবার। (শত ১০০ [গ্রন্থি]—ধা ধারণ করা+অ, আপ্) সং, স্ত্রীং, দূর্ব্বা।

শতধামা (শতধামন্, শত [১০০ সংখ্যা] অনেক—ধামন্ দেহ, তেজঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

শতধার (শত—ধারা প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, অশনি, বজ্র। বিং, ত্রিং, শতধারাবিশিষ্ট। শিং —১ "বসোঃ পবিত্রমসি-শতধারং।"

শতধৃতি (শত—ধৃতি যজ্ঞ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র। ব্রহ্মা। স্বর্গ।

শতপত্র (শত—পত্র পাতা, পক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পদ্মপুষ্প। পুং, যাহার একশত পালখ আছে, ময়ূর। সারস। কাঠঠোকরা। শুকপক্ষী। ত্রী—স্ত্রীং, সেঁউতী।

শতপত্রভেদ ন্যায়—ন্যায় (৩০) দেখ।

শতপথ (শত—পথ [পথিন্ শব্দজ] রাস্তা বা উপদেশ) সং, পুং, যজুর্ব্বেদাংশ-বিশেষ। বেদের অংশ ব্রাহ্মণবিশেষ।

শতপথিক (শতপথ+ইক—প্রং) বিং, ত্রিং, নানাপথাবলম্বী। নানামতাবলম্বী।

শতপদ (শত—পদ পা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, নামকরণার্থ প্রথম বর্ণসূচক চক্র চিহ্নবিশেষ। দী—স্ত্রীং, কর্ণকীটী, কাণ-কোটারী, কেন্নো। বৃশ্চিক, বিছা।

শতপদ্ম (শত একশত [পত্র]—পদ্ম) সং, ক্লীং, শ্বেতকমল, শুক্লপদ্ম।

শতপর্ব্বা (শতপর্ব্বন্, শত একশত বা অনেক—পর্ব্বন্ গ্রন্থি) সং, পুং, বংশ, বাঁশ। ইক্ষুবিশেষ। র্ব্বা—স্ত্রীং, শুকপত্রী। কোজাগর পূর্ণিমা। র্ব্বা, র্ব্বিকা—স্ত্রীং, দূর্ব্বা।


শতপাদ } (শত—পাদ্ পা, ৬ষ্ঠী—
শতপাদিকা } হিং, কণ্—যোগে শতপাদিকা) সং, স্ত্রীং, কর্ণকীটী, কাণ-কোটারী।

শতপাদিকা (Myriapoda) বৃশ্চিকবর্গ।

শতপাদিকা ; সং, স্ত্রীং, কাকোলী।

শতপুষ্প (শত—পুষ্প ফুল) সং, পুং, ভারবি, কিরাতার্জ্জুনীয় গ্রন্থকর্ত্তা। ষ্পা—স্ত্রীং, শাকবিশেষ।

শতভিষক্ } (শতভিষজ্, শত—ভিষজ্
শতভিষা } স্বাস্থ্য করা+০(ক্বিপ্), অ,



শতভিষা (নক্ষত্র)।

আপ্) সং, স্ত্রীং, চতুর্ব্বিংশ নক্ষত্র। ইহার আকার শততারাময়ী মণ্ডলাকার। ইহার অধিষ্ঠাত্রী দেবতা বরুণ। ইহার জাতফল—

"শীতভীতিরতিসাহসী সদা নিষ্ঠুরো হি চতুরো নরো ভবেৎ। বৈরিণামতিশয়েন বারুণোড়ু যদি যস্য সম্ভবে।"
শতভীরু ; সং, স্ত্রীং, মল্লিকা।
শতমখ } (শত—মখ, মন্যু যজ্ঞ, ৬ষ্ঠী
শতমন্যু } —হিং) সং, পুং, ইন্দ্র, শতক্রতু। শিং—১ "শতমখমুপতস্থে প্রাঞ্জলিঃ পুষ্পধন্বা।" (কুমার)।
শতমান (শত—মান পরিমাণ) সং, পুং, ক্লীং, একপলপরিমিত রৌপ্য। পরিমাণবিশেষ, আঢ়ক।
শতমারী (শতমারিন্, শত—মারিন্ [মৃ-ণিচ্ =মারি + ইন্(ণিন্)—ক] যে মারিয়া ফেলে) সং, পুং, উত্তম চিকিৎসক।
শতমুখ (শত—মুখ) বিং, ত্রিং, শতমুখযুক্ত। খী—স্ত্রীং, সম্মার্জ্জনী, ঝাঁটা।
শতমূলা ; সং, স্ত্রীং, দূর্ব্বা। বচা।
শতমূলী (শত একশত বা অনেক—মূল) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ লতাবিশেষ।
শতযষ্টিক (শত—যষ্টি গুচ্ছ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, একশতনর হার।
শতরঞ্চ, শতরঞ্চি (সতরঞ্চ দেখ) সং, বিচিত্র সূত্রনির্ম্মিত আসনবিশেষ। ক্রীড়াবিশেষ।
শতরূপা ; সং, স্ত্রীং, ব্রহ্মার কন্যা সাবিত্রী এবং তাহার পত্নী।
শতবীর্য্যা (শত—বীর্য্য বীজ) সং, স্ত্রীং, শ্বেতদূর্ব্বা। শতাবরী। কপিলদ্রাক্ষা।
শতশঃ (শতশস্, শত+শস্(চশস্)—বারার্থে) অং, শতবার। শতশত করিয়া।
শতশৃঙ্গ ; সং, পুং, পর্ব্বতবিশেষ।
শতসহস্র (শত—সহস্র হাজার) সং, ক্লীং, লক্ষসংখ্যা।
শতসাহস্র (শতসহস্র+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, লক্ষসঙ্খ্যক। ক্লীং, লক্ষসঙ্খ্যা।
শতহ্রদা (শত—হ্রদ আলোক, বা হ্রাদ শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ। বজ্র। দক্ষকন্যাবিশেষ।
শতাক্ষী (শত—অক্ষ অক্ষিশব্দজ+অ,ঈপ্) সং, স্ত্রীং, রাত্রি। পার্ব্বতী। শতপুষ্প। শিং—১ "ভূয়শ্চ শতবার্ষিক্যামনাবৃষ্ট্যামনম্ভসি। মুনিভিঃ সংস্তুতা ভূমৌ সম্ভবিষ্যাম্যযোনিজা। ততঃ শতেন নেত্রাণাং নিরীক্ষিষ্যামি যন্মুনীন্। কীর্ত্তয়িষ্যন্তি মনুজাঃ শতাক্ষীমিতি মাং ততঃ।"
শতাঙ্গ (শত—অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্যন্দন, রথ। তিনিসবৃক্ষ।
শতানক (শত—আনক ঢক্কা) সং, ক্লীং, শ্মশান, প্রেতভূমি।
শতানন্দ (শত—আনন্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গৌতমমুনি, জনকরাজার পুরোহিত। দেবকীনন্দন। ব্রহ্মা। বিষ্ণুর রথ।
শতানীক (শত—আ—নী আনয়ন করা+কণ্—প্রং, বা শত—অনীক সৈন্য) সং, পুং, বৃদ্ধ,বুড়া। রাজবিশেষ, জনমেজয়ের পুত্র। সুদাসরাজপুত্র। ব্যাসের শিষ্য। মুনিবিশেষ। বিং, ত্রিং, শতসৈন্যবান্।
শতায়ুঃ (শতায়ুস্, শত—আয়ুস্ জীবন) বিং, ত্রিং, শতবর্ষজীবী।
শতার (শত—ঋ গমন করা+অ—প্রং, অথবা শত—আর কোটী, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, অশনি, বজ্র।
শতাবরী (শত একশত [মূল]—আ—বৃ বরণ করা+অ—প্রং) সং,স্ত্রীং, শতমূলী। ইন্দ্রভার্য্যা। শচী।
শতাবর্ত্ত } (শত—আবর্ত্ত ঘূর্ণন। শতা-
শতাবর্ত্তী } বর্ত্তিন্, শত—আবর্ত্ত [ইঁহার পূজকের মনোমধ্যে] ঘূর্ণন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
শতাব্দী (Century, শত—অব্দ সংবৎসর, দ্বিগু—স) সং, স্ত্রীং, শতবৎসরাত্মক কাল।
শতাহ্বা ; সং, স্ত্রীং, শতপুষ্পা। শতাবরী।
শতিক } (শত+ইক, য—প্রং) বিং, ত্রিং,
শত্য } শতসম্বন্ধীয়। শতদ্বারা ক্রীত। শতময়। যাহাতে শতমুদ্রা কর ধার্য্য আছে।
শতের (শদ্ নাশ করা, গমন করা+এর—প্রং। দ=ত) সং, পুং, শত্রু। হিংসা।
শত্রি ; সং, পুং, হস্তী।
শত্রু (শদ্ গমন করা+রু—ক) সং, পুং, রিপু, বৈরী, বিপক্ষ, দ্বেষ্টা। জ্যোতিষে—লগ্ন হইতে অষ্টম স্থান কামাদি। শাতক।

শত্রুঘ্ন (শত্রু বিপক্ষ—হ্ন [হন্ আঘাত করা+টক্—ক] যে নাশ করে, ২য়া—ষ) সং, পুং, রামের ভ্রাতা, সুমিত্রাপুত্র। বিং, ত্রিং, শত্রুনাশক।

শত্রুজিৎ; সং, পুং, রাজাবিশেষ।

শত্রুঞ্জয় (শত্রু—জি জয় করা+অ—প্রং) সং, পুং, বিমলাদ্রি, গুজরাটের অন্তর্গত গিরনার পর্ব্বত। বিং, ত্রিং, শত্রুজয়কারী।

শত্রুতা (শত্রু+তা—ভাবে) সং, স্ত্রীং, বিপক্ষতা, বৈরিতা, বিদ্বেষ।

শত্রুমর্দ্দন (শত্রু—মর্দ্দন নাশক) সং, পুং, শত্রুঘ্ন, শত্রুনাশক। রিজনী, রাত্রি।

শত্বরী(শদ্ গমন করা+বর—প্রং) সং, স্ত্রীং,

শদ্রি (শদ্ গমন করা+র—প্রং) সং, পুং, মেঘ। অর্জ্জুন। হস্তী। স্ত্রীং, বিদ্যুৎ।

শদ্রু (শদ্ গমন করা+রু—প্রং) বিং, ত্রিং, পতনশীল। গমনশীল। ক্ষয়শীল।

শনি } শনৈশ্চর } (শণ্ দান করা+ই—সংজ্ঞার্থে অথবা শো তীক্ষ্ণ করা+অনিক্—ক। ২য়-পক্ষে শনৈস্ অল্পে অল্পে—চর্ গমন করা—অ(অন্)—ক) সং, পুং, সপ্তম গ্রহ। ইনি ছায়াগর্ভজাত সূর্য্যপুত্র। তদ্দেবতাক দিন। শিং—১"শনৌ বন্ধ্যাং বিজানীয়াৎ।"

শনিপ্রিয়; সং, ক্লীং, নীলমণি।

শনৈঃ } শনকৈঃ } (শনৈস্ শনকৈস্, শণ্ দান করা+ঐস্—ক। কণ্—যোগে শনৈকস্) অং, অল্পে অল্পে। ক্রমে ক্রমে। শি—১"শনৈর্বিদ্যা শনৈঃ কন্থা শনৈঃ পর্ব্বতমারুহেৎ।"

শপ, শপথ—পুং } শপন—ক্লীং } (শপ্ দিব্য করা+অথন্,অনট্—ভাবে) সং, "যদি মিথ্যা বলি নরকে যাইব" ইত্যাদি প্রকার দিব্য, প্রতিজ্ঞা, সত্যাবধারণ। তিরস্কার, ভৎর্সনা, গালি।

শপমান (শপ দেখ, আন(শান)—ক) বিং, ত্রিং, শপথকারী, যে দিব্য করে।

শপ্ত (শপ্ শাপ দেওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শাপগ্রস্ত, অভিশপ্ত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, অঙ্গীকার। পুং, তৃণবিশেষ, উলু।

শফ (শম্-ণ্রিচ্=শমি শান্ত হওয়া+অ (অন্)—ক, ম্=ফ) সং, পুং—ক্লীং, পশ্বাদির খুর। বৃক্ষমূল।

শফর—পুং } শফরী—স্ত্রীং } (শফ খুর—রা [দানকরা] তুল্য হওয়া+অ(ড)—ক) সং, প্রোষ্ঠী, পুঁটিমাছ।

শফরাধিপ (শফর—অধিপ প্রধান) সং, পুং, ইলিশমাছ।

শবল (শপ্+অল(কল)—র্ম্ম) বিং, ত্রিং, নানাবর্ণযুক্ত। পুং, নানাবর্ণ।

শব্দ (শব্দ্ শব্দ করা+অ(অল্)—ভা) সং, পুং, শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, ধ্বনি। বিভক্তিরহিত নাম। নাম। (+অল্—র্ম্ম) বাচক বর্ণ। যশঃ।

শব্দকোষ (Dictionary) সং, পুং, অভিধান, শব্দার্থপ্রকাশক গ্রন্থ।

শব্দগ্রহ (শব্দ—গ্রহ যে গ্রহণ করে) সং, পুং, শ্রবণেন্দ্রিয়, কর্ণ। (৬ষ্ঠী—ষ) শব্দের জ্ঞান।

শব্দন (শব্দ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, শব্দ। বিং, ত্রিং, রব, শব্দায়মান।

শব্দপ্রবৃত্তি (শব্দ—প্রবৃত্তি উৎপত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চতুর্ব্বিধ বাঙ্নিষ্পত্তি, যথা—বৈখরী মধ্যমা পশ্যন্তী ও সূক্ষ্মা।

শব্দব্রহ্ম (শব্দব্রহ্মন্, শব্দ—ব্রহ্মন্) সং, ক্লীং, শ্রুতি, বেদ। শব্দাত্মক ব্রহ্ম।

শব্দভেদী (শব্দভেদিন্, শব্দ—ভেদিন্ [ভিদ্ ভেদ করা+ইন্(ণিন্)—ক] ভেদন) সং, পুং, অর্জ্জুন, শব্দানুসারে বিদ্ধকারী। বাণবিশেষ। পায়ু।

শব্দযোনি (শব্দ—যোনি উৎপত্তিস্থান) সং, স্ত্রীং, শব্দের আকর, যাহা হইতে শব্দের উৎপত্তি হয়, ধাতু প্রভৃতি।

শব্দবেধী (শব্দবেধিন্, শব্দ—বেধিন্ [বিধ্ বিদ্ধ করা+ইন্(ণিন্)—ক] বিদ্ধকরণ। যাঁহার রবে তাঁহার শত্রুরা ভয় প্রাপ্ত হয়) সং, পুং, অর্জ্জুন, শব্দানুসারে বিদ্ধকারী। বাণবিশেষ। দশরথ রাজা। শিং—১ "লব্ধশব্দেন কৌশল্যে কুমারেণ ধনুষ্মতা। কুমারঃ শব্দবেধীতি ময়া পাপমিদং কৃতং।

**শব্দশক্তি** (শব্দ—শক্তি সামর্থ্য) সং, স্ত্রীং, শব্দের অর্থবোধক বৃত্তি, অভিধা লক্ষণা ব্যঞ্জনা প্রভৃতি।

**শব্দশাস্ত্র** ; সং, ক্লীং, ব্যাকরণাদি শাস্ত্র।

**শব্দাধিষ্ঠান** ( শব্দ—অধিষ্ঠান ) সং, ক্লীং, শ্রোত্র, কর্ণ।

**শব্দানুশাসন** (শব্দ—অনুশাসন) সং, ক্লীং, ব্যাকরণ শাস্ত্র।

**শব্দায়মান** (শব্দ্ [নাম ধাতু] শব্দ করা+আন(শান)—ক ) বিং, ত্রিং, শব্দকারী, যে শব্দ করিতেছে।

**শব্দিত** ( শব্দ্ শব্দ করা+ত(ক্ত)—র্ম, কিংবা শব্দ+ইত—প্রং ) বিং, ত্রিং, ধ্বনিত, কৃতশব্দ আহূত।

**শম্** (শী শয়ন করা+ডম্—ধি) অং, কল্যাণ। সুখ।

**শম** ( শম্ শান্ত হওয়া+অ(অল্)—ভা ) সং, পুং, শান্তি, নিরুপদ্রব, অন্তঃকরণের স্থিরতা। অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ। পাণি। উপচার। মনঃসংযম। ক্ষমা। মোক্ষ। নিবৃত্তি। তিরস্কার। হস্ত।

**শমক** (শম দেখ, অক(ণক)—প্রং) বিং,ত্রিং, শময়িতা, শান্তিকারক।

**শমতা** (শম+তা—ভাবে) সং, স্ত্রীং, শান্তি, উপশম, নিবৃত্তি।

**শমথ** (শম দেখ, অথন্—ভাবে) সং, পুং, শান্তি, অন্তঃকরণের স্থিরতা। মনঃসংযম। নিবৃত্তি। মন্ত্রী।

**শমন** (শম্-ণিচ্=শমি শান্ত হওয়ান+অন (অনট্)—ভাবে) সং, ক্লীং, যজ্ঞার্থ পশু বধ। মনঃশান্তি, উপশম। হিংসা, দ্বেষ। তিরস্কার,শাপ। চর্ব্বণ। আঘাত, ক্ষতি। দমন। (+অন—ক) পুং, কৃতান্ত, যম। মৃগবিশেষ। কলায়। নী—স্ত্রীং, রাত্রি।

**শমনস্বসা** (শমনস্বসৃ, শমন যম—স্বসৃ ভগিনী) সং, স্ত্রীং, যমুনানদী, কালিন্দী।

**শমনীষদ্** (শমনী রাত্রি—সদ্ যে গমন করে) সং, পুং, নিশাচর, রাক্ষস।

**শময়িতা** (শময়িতৃ, শম্-ণিচ্=শমি শান্ত হওয়ান+তৃন্—ক) বিং, ত্রিং, নিবারক, দমনকারক। বিনাশক।

**শমল** (শম্ শান্ত হওয়া+অল(কল)—ক) সং, ক্লীং, পুরীষ, বিষ্ঠা। পাপ।

**শমান্তক** ( শম্ অন্তঃকরণের স্থিরতা, মনঃসংযম—অন্তক নাশক) সং, পুং, কামদেব, কন্দর্প।

**শমার্থী** (শমার্থিন্, শম—অর্থিন্ যে যাচ্ঞা করে) বিং, ত্রিং, সন্ধিপ্রার্থী।

**শমি** }
**শমী** } ( শম্-ণিচ্=শমি [ পীড়া ] শান্তি করান+ইন্(ণিন্)—ক) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, শাঁইগাছ।

**শমিত** (শম্-ণিচ্=শমি শান্ত হওয়ান+ক্ত—র্ম) বিং, ত্রিং, দমিত। বিনাশিত।

**শমির** }
**শমীর** } ( শমি, শমী শাঁইগাছ—রা [পাওয়া] তুল্যহওয়া+অ—প্রং। কিংবা শমী বৃক্ষবিশেষ+র=হ্রস্বার্থে, ঈ=ই, বিকল্পে ) সং, পুং, ক্ষুদ্র শমী, ছোট শাঁইগাছ।

**শমিরোহ** }
**শমীরোহ** } ( শমী বৃক্ষবিশেষ—রোহ যে আরোহণ করে) সং, পুং, শিব, মহাদেব।

**শমী** ( শমিন্, শম+ইন্—অস্ত্যর্থে। অথবা শম্ শান্ত হওয়া+ইন্(ণিন্)—ক, শীলার্থে ) বিং, ত্রিং, শমগুণবিশিষ্ট শান্ত। সংযমী, ধীর।

**শমীক** ( শম্ শান্ত হওয়া+ঈকন্—ক ) সং, পুং, মুনিবিশেষ, শৃঙ্গীর পিতা ; রাজা পরীক্ষিৎ এই মুনির গলদেশে মৃত [illegible]র্প প্রদান করিয়াছিলেন।

**শমীগর্ভ** (শমী বৃক্ষবিশেষ [কোন [illegible]দির জন্য ইহার কাষ্ঠ প্রয়োজনীয়]—গর্ভ) সং, পুং, ব্রাহ্মণ। অগ্নি।

**শমীধান্য** ( শমী শিম্বী, মটর ইত্যাদির খোসা—ধান্য শস্য ) সং, ক্লীং, মাষকলাই প্রভৃতি শস্য।

**শমীপত্রা** ; সং, স্ত্রীং, লজ্জালুলতা।

**শমীর** (শমী+র) সং, পুং, ক্ষুদ্র শমী।

**শম্পা** ( শম্ সুখ—পা পান করা+অ(ড)—ক, আপ্। ইহার ভয়ঙ্কর আকৃতি দ্বারা যে সুখ নষ্ট করে ) সং, স্ত্রীং, বিদ্যুৎ, তড়িৎ।

**শম্পাক** ( শম হর্ষ—পাক যে পক্ব করে )

সং, পুং, আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ। অলক্তক, আল্‌তা। রঞ্জন।

শম্ব (শম্ব্ রাশি করা+অ(অন্)—ক। সম্বও হয়) সং, পুং, অশনি, বজ্র। লৌহময়াগ্রভাগ মুদ্গর। মুষলাদির অগ্রলৌহমণ্ডল, শাঁপি। লৌহনির্ম্মিত কাঞ্চী। দরিদ্র। (+অল্—ভাবে) দ্বিতীয়বার কর্ষণ। (শম্ সুখ+ব—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভাগ্যবান্, সৌভাগ্যশালী, শুভান্বিত।

শম্বর (শম্ব্ গমন করা+অরন্—ক) সংজ্ঞার্থে) সং, পুং, অসুরবিশেষ। মৃগবিশেষ। পর্ব্বতবিশেষ। মৎস্যবিশেষ। যুদ্ধ। শ্রেষ্ঠ। বৌদ্ধবিশেষ। চিত্রকবৃক্ষ। অর্জ্জুনবৃক্ষ। ক্লীং, জল। ধন। বৌদ্ধব্রতবিশেষ।

শম্বরকন্দ; সং, পুং, বারাহীকন্দ।

শম্বরসূদন (শম্বর দৈত্যবিশেষ—সূদন যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, মদন, কামদেব। [৬ষ্ঠী—ষ) সং, পুং, কন্দর্প।

শম্বরারি (শম্বর দৈত্যবিশেষ—অরি শত্রু,

শম্বল (শম্বর দেখ, অল(কল)—র্ম্ম) সং, পুং, —ক্লীং, পাথেয়, পথখরচ। কূল, তীর। মাৎসর্য্য। লী—স্ত্রীং, কুট্টনী।

শম্বাকৃত (শম্ব দ্বিতীয় বার কর্ষণ—কৃত। আ(ডাচ্)—আগম) বিং, ত্রিং, দুই বার কৃষ্ট ক্ষেত্র, দুই বার চসা (ক্ষেত্র)।

শম্বু, শম্বূ, শম্বুক, শম্বূক (শম্ শান্ত হওয়া+উ, উ—ক। বু—আগম। ৩য় পক্ষে শম্বু+কণ্ অথবা শম+উক—ক) সং, পুং—স্ত্রীং, জলজন্তুবিশেষ, শামুক। পুং, গজকুম্ভাগ্র। শূদ্রতাপসবিশেষ। গজকুম্ভের অগ্রভাগ। শঙ্খ। ক্ষুদ্র শঙ্খ। দৈত্যবিশেষ।

শম্ভ (শম্ কল্যাণ—ভা দীপ্তি পাওয়া+অ(ড)—ক) বিং, ত্রিং, কল্যাণযুক্ত। বজ্র। শড়কীর ফলা।

শম্ভল (শম্ভ—লা গ্রহণ করা+অ(ড)—ক) সং, পুং, মোরাদাবাদের অন্তর্গত গ্রামবিশেষ। লী—স্ত্রীং, কুট্টনী।

শম্ভলী (শম্ সুখ—ভল্ বর্ণনা করা+অ—প্রং) সং, স্ত্রীং, দূতী, কুট্টনী।

শম্ভু (শম্ কল্যাণ—ভূ হওয়া+উ(ডু)—পা। যাঁহা হইতে মঙ্গল হয়) সং, পুং, শিব, মহাদেব। ব্রহ্মা। বুদ্ধ। বিষ্ণু। শ্বেতার্ক।

শম্ভুপ্রিয়া; সং, স্ত্রীং, আমলকী। দুর্গা

শম্ভুবল্লভ; সং, ক্লীং, শ্বেতকমল।

শম্যা (শম্ শান্ত হওয়া+য, আপ্) সং, স্ত্রীং, যুগকীলক, যুগকাষ্ঠের খিল। দক্ষিণ হস্তগৃহীত তালবিশেষ।

শম্যাক্ষেপ, শম্যাপাত—নহুষাত্মজ একস্থানে দণ্ডায়মান হইয়া বলপূর্ব্বক যুগকীলক নিক্ষেপ করিতেন। সেই নিক্ষিপ্ত কীলক যতদূরে নিপতিত হইত তিনি স্বীয় অবস্থান হইতে ততদূর পর্য্যন্ত এক একটী যজ্ঞবেদী নির্ম্মাণ করাইতেন ঐ রূপ কীলক নিক্ষেপকে শম্যাপাত কহে।

শয় (শী শয়ন করা+অ(অল্)—ধি) সং, পুং, কর, হস্ত। শয়ন। শয্যা। নিদ্রা। সর্প। পণ। (+অল্—ভাবে) শয়ন। (+অন্—ক) বিং, ত্রিং, শয়নকারী।

শয়চান (শ্যেন শব্দজ) সং, শ্যেনপক্ষী, শিকরাপাখী। [ত্রিং, নিদ্রাশীল, নিদ্রালু।

শয়ণ্ড (শী শয়ন করা+অণ্ড—প্রং) বিং,

শয়তান (যবন ভাষা) সং, ভূতরাজ। দুষ্ট।

শয়থ (শী শয়ন করা+অথ—প্রং) সং, পুং, অজগর সর্প। মৃত্যু। বরাহ। মৎস্য। বিং, ত্রিং, নিদ্রালু।

শয়ন (শী শয়নকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, নিদ্রা। স্ত্রী-সঙ্গ, মৈথুন। (+অনট্—ধি) শয্যা। খট্বা।

শয়নীয়, শয়নীয়ক (শয়ন দেখ, অনীয়—ধি। কণ্—যোগে শয়নীয়ক) সং, ক্লীং, শয়নের স্থান, শয্যা। (+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শয়নযোগ্য।

শয়নৈকাদশী (শয়ন—একাদশী) সং, স্ত্রীং, শ্রীহরির শয়নরূপ তিথি, আষাঢ় মাসের শুক্লা একাদশী।

শয়ান (শী শয়ন করা+আন(শান)—ক) বিং, ত্রিং, নিদ্রিত, যে শয়ন করিয়া আছে। [সং, পুং, সর্প। কৃকলাস।

শয়ানক (শী শয়ন করা+আনক—প্রং)

শয়ালু ( শয়ন দেখ, আলু – ক, শীলার্থে ) বিং, ত্রিং, নিদ্রালু, সর্ব্বদা নিদ্রাশীল। সং, পুং, অজগর সর্প। কুক্কুর। শৃগাল।

শয়িত } (শয়ন দেখ, ত(ক্ত), তবৎ –
শয়িতবৎ } ক) বিং, ত্রিং, নিদ্রিত, সুপ্ত, যে শয়ন করিয়াছে। পুং, বসন্তকুসুম। (+ক্ত – ভাবে) সং, ক্লীং, শয়ন।

শয়ু, শয়ুন (শী শয়ন করা + উ, উন – ক) সং, পুং, অজগর, বৃহৎ সর্প।

শয্যা (শী শয়ন করা + য(ক্যপ্) – ধি) সং, স্ত্রীং, শয়নীয়, তল্প, বিছানা। খট্বা। শব্দগুম্ফ। (+য – ভাবে) শয়ন।

শর } (শৃ ভেদ করা + অ(অল্) – ণ) সং,
সর } পুং, বাণতৃণ, খাকৃড়াগাছ। ইষু, বাণ। (+অল্ – র্ম্ম) দধিদুগ্ধের অগ্রভাগ। ক্লীং, জল।

শরজ (শর দধিদুগ্ধের অগ্রভাগ – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত ) সং, ক্লীং, হৈয়ঙ্গবীন, সদ্যোজাত ঘৃত। (শর খাকৃড়াগাছ – জ জাত, ৫মী – হিং ) কার্ত্তিকেয়।

শরজন্মা ( শরজন্মন্, শর খাকৃড়াগাছ – জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, কার্ত্তিকেয়।

শরট * } (শৃ, স্ব বধ করা + অটন্ – ক)
সরট } সং, পুং, কৃকলাস, কাঁকলাস। কুসুম্ভশাক।

শরণ ( শ হিংসা করা + অন – ক ) সং, ক্লীং, গৃহ। রক্ষক। (+অনট্ – ভা) রক্ষা। আশ্রয়। বধ, বিনাশ। ণা – স্ত্রীং, প্রসারণী।

শরণাগত (শরণ রক্ষা – আগত যে আসিয়াছে, ২য়া – য ) বিং, ত্রিং, শরণাপন্ন, রক্ষার্থী। [বিং, ত্রিং, আশ্রিত,রক্ষার্থী।

শরণাপন্ন ( শরণ – আপন্ন প্রাপ্ত, ২য়া – ষ )

শরণার্থী ( শরণার্থিন্, শরণ রক্ষা – অর্থী প্রার্থক, ২য়া – ষ) বিং, ত্রিং, রক্ষাপ্রার্থক। অভয়বাচক। আশ্রয়প্রার্থী।

শরণি, শরণী ( শরণ দেখ, অনি – র্ম্ম ) সং, স্ত্রীং, বর্ত্ম, পথ, রাস্তা। প্রসারণী। জয়ন্তী।

শরণ্ড (শৃ [ফল ইত্যাদি] হিংসা করা + অণ্ড – প্রং) সং, পুং, পক্ষী। কামুক। ধূর্ত্ত। শরট। ভূষণবিশেষ। চতুষ্পাৎ।

শরণ্য (শরণ দেখ, অন্য – প্রং, কিংবা শরণ + য(ষ্য) – প্রং) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা। রক্ষণীয়। রক্ষণসমর্থ। ক্লী – আশ্রয়। গৃহ। রক্ষণ। আঘাত, ক্ষতি। ণ্যা – স্ত্রীং, দুর্গা। শিং – ১ "বিষাগ্নিভয়ঘোরেষু শরণ্যাং স্মরণাদ্‌যতঃ। শরণ্যা তেন সা দেবী পুরাণে পরিপঠ্যতে।"


শরণ্যু (শরণ দেখ, অন্যু – প্রং) সং, পুং, মেঘ। বায়ু। রক্ষাকর্ত্তা।

শরৎকামী (শরৎকামিন্, শরদ্ ঋতুবিশেষ – কামী কামুক, ইচ্ছুক ) সং, পুং, কুক্কুর।

শরৎপর্ব্ব (শরৎপর্ব্বন্, শরদ্ – পর্ব্বন্ উৎসব) সং, ক্লীং, কোজাগর পূর্ণিমা।

শরদ্ (শরণ দেখ, অদ্—ক) সং, স্ত্রীং, ঋতুবিশেষ, আশ্বিন কার্ত্তিক—এই দুই মাস। বৎসর।

শরদ (পারস্য ভাষায় শরদ অর্থে গান করা)



শরদ।

শারদীয় বীণাযন্ত্র। ইহার হইতে খোল পর্য্যন্ত একখানি অখণ্ড কাষ্ঠ দ্বারা প্রস্তুত হইয়া থাকে. ইহার খোলটী গোধাদি চর্ম্ম দ্বারা আচ্ছাদিত, ইহাতে ছয়টী কীলক বা কাণে ছয় গাছি তন্ত যথারীতি আবদ্ধ থাকে। [হেমন্তঋতু।

শরদন্ত ( শরদ্—অন্ত শেষ ) সং, পুং,

শরদিজ (শরদি [সপ্তম্যন্তশরদ্ শব্দজ] শরৎকালে – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত) বিং, ত্রিং, শরৎকালীন, শরৎকালে উৎপন্ন।

শরদ্বান্ ; সং,পুং,গৌতম মুনির পুত্র। (শরের সহিত জন্মিয়াছিলেন এজন্য তাঁহার নাম শরদ্বান্ হইয়াছিল)।

শরধি (শর বাণ—ধা ধারণ করা+ই(কি)—ধি, ২য়া—ষ) সং, পুং, শরাধার, তূণ।

শরপুঙ্খা; সং, স্ত্রীং, নীলীবৃক্ষাকৃতি বৃক্ষবিশেষ।

শরভ (শরণ দেখ, অভচ্—র্ম্ম) সং, পুং, অষ্টপাদ মৃগবিশেষ। শিং—১"অষ্টপাদূর্দ্ধনয়ন উর্দ্ধপাদচতুষ্টয়ঃ। সিংহং হস্তং সমায়াতি শরভো বনগোচরঃ।" উষ্ট্র। করিশাবক। বানরবিশেষ। শলভ। শিশুপালপুত্রবিশেষ। দানববিশেষ।

শরভঙ্গ; সং, পুং, মুনিবিশেষ।

শরভূ (শর খাক্‌ড়াগাছ—ভূ [ভূ হওয়া + ০(ক্বিপ্)—ক] যে হয়, ৫মী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়, শরজন্মা।

শরম (যবনভাষা) সং, লজ্জা, ব্রীড়া।

শরমল্ল (শর খাক্‌ড়াগাছ, বাণ—মল্ল্ ধারণ করা বা ভোগ করা+অ—প্রং) সং, পুং, পক্ষিবিশেষ, গুয়েশালিক। বাণ দ্বারা যুদ্ধকারী।

শরয়ু, শরয়ু—স (শৃ হিংসা করা+অয়ু—ক) সং, নদীবিশেষ, যে নদী অযোধ্যা দিয়া প্রবাহিত হইয়া শোণনদের পশ্চিমে গঙ্গার সহিত মিলিত হইয়াছে।

শরল (শৃ গমন করা+অল—ক। স=শ) বিং, ত্রিং, অকপটহৃদয়, সজ্জন। অবক্র। ক্রূর, বক্র। সং, পুং, দেবদারু গাছ।

শরলক; সং, ক্লীং, সলিল, জল।

শরবাণি (শর বাণ—বণ্ শব্দকরা+ই—প্রং) সং,পুং, বাণের অগ্রভাগ। পদাতি সৈন্য। শরজীবী।

শরব্য (শরু বাণ+য(ঋ্য)—প্রং) সং, ক্লীং, লক্ষ্য। বাণের নিশানা।

শরা (শরাব শব্দজ) সং, মৃৎপাত্রবিশেষ।

শরাটি, শরাড়ি, শরাতি, শরারি, শরালি, শরালী } (শর জল বা ক্ষতি, হিংসা—অট্, অৎ গমন করা+ই—ক। শর বাণ—অল্ [বেগে] সমতুল্য হওয়া+ই—ক, ল=রও হয়; অথবা শর জল বা হিংসা—ঋ গমনকরা+ই—ক; র=ল এবং ড়ও হয়) সং, স্ত্রীং, পক্ষিবিশেষ, শরালি পক্ষী।

শরারু (শৃ হিংসাকরা+আরু—ক,শীলার্থে) বিং, ত্রিং, হিংস্র, ক্ষতিকারক।

শরারোপ (শর বাণ—আরোপ আশ্রয়) সং, পুং, কার্ম্মুক, ধনুক।

শরাব (শর হানি, কিংবা দধি প্রভৃতির সার—অব্ রক্ষা করা + অ(অন্)—ক) সং, পুং, মৃৎপাত্রবিশেষ, শরা। শিং—১ "দীনারমেকং শরাবে নিধায়।" কুড়বদ্বয় পরিমাণ, সের।

শরাবতী (শর খাক্‌ড়াগাছ+বতু—অস্ত্যর্থে, ঈপ্, অ স্থানে আ) সং, স্ত্রীং, নদীবিশেষ। [—ষ) সং, পুং, শরধি, তূণ।

শরাশ্রয় (শর বাণ—আশ্রয় আধার, ৬ষ্ঠী

শরাসন (শর বাণ—অস্ নিক্ষেপ করা+অন(অনট্)—ণ) সং,ক্লীং, কার্ম্মুক,ধনুক।

শরাস্য; সং, ক্লীং, ধনুঃ। শিং—১ "চিচ্ছেদ তস্য তান্ বাণান্ শরাস্যঞ্চ মহামুনে।" [পুং, প্রসব।

শরিমা (শরিমন্, শৃ+ইমন্—ভাবে) সং,

শরীর (শৃ বধকরা বা নষ্টহওয়া+ঈরন্—র্ম্ম। যে রোগাদি দ্বারা শীর্ণ হয়) সং, ক্লীং, দেহ, বিগ্রহ, কলেবর।

শরীরজ (শরীর—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—য) সং, পুং, কাম, কন্দর্প। পুত্র। রোগ। বিং,ত্রিং, দেহজাত, শরীরোৎপন্ন।

শরীরভাক্ (শরীরভাজ্, শরীর—ভাজ্ [ভজ্ ভাগ করা+০(বিণ্)—ক] যে ভাগ করে) সং, ত্রিং, দেহী, মনুষ্য। জীবাত্মা।

শরীরসংস্কার (শরীর—সংস্কার শুদ্ধিজনক কার্য্য) সং, পুং, দেহের পবিত্রতাজনক কর্ম্ম। শরীরের শোভা-সম্পাদন ও পরিষ্কারকরণ।

শরীরী (শরীরিন্, শরীর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, আত্মা, জীবাত্মা। শরীরবিশিষ্ট, দেহী, প্রাণী, জীব। মনুষ্য। জন্তু।

শরু (শৃ বধকরা, নষ্টকরা+উ—ক) সং, পুং, ক্রোধ। বজ্র। বাণ। অস্ত্র।

শর্করজা; সং, স্ত্রীং, সিতাখণ্ড।

শর্করা (শরীর দেখ, করন্—ক, আপ্। সংস্কৃত=শর্করা। লাটিন=সাকারম্।

সুইডিস্ – Socker । ডেনিশ্ = Sukker । আরবী = শক্কর । ইংরাজি = Sugar) সং, স্ত্রীং, খাঁড়, চিনি । খাব্‌রা, খোলা-কুচি। কাঁকর। কুরুই । দানা । খণ্ড,টুকরা। রোগবিশেষ। [শর্করাময় অচলবিশেষ।

শর্করাচল ; সং, স্ত্রীং, দানার্থ কৃত্রিম

শর্করাধেনু ; সং, স্ত্রীং, দানার্থ শর্করা নির্ম্মিত ধেনু ।

শর্করিক } (শর্করা কাঁকর+ইক(ষ্ণিক),
শর্করিল } ইল – অস্ত্যর্থে ) বিং, ত্রিং, শর্করাযুক্ত, কাঁকরযুক্ত ।

শর্করী ; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ । নদী । মেখলা । লেখনী, কলম ।

শর্দ্ধ – পুং } (শৃধ্ অপানবায়ু ত্যাগ
শর্দ্ধন – ক্লীং } করা, আর্দ্র হওয়া+অ (অল্), অন(অনট্) – ভাবে) সং, অপান-বায়ুত্যাগ,মরুৎক্রিয়া,বাতকর্ম্ম । আর্দ্রতা।

শর্দ্ধংজহ, শর্দ্ধঞ্জহ (শর্দ্ধ অপানবায়ু ত্যাগ – হা ত্যাগকরা+অ(খ) – ক) বিং,ত্রিং, মরুৎক্রিয়াকারী, যে বাতকর্ম্ম করে। (শর্দ্ধ আর্দ্রত্ব – হা ত্যাগ করা) সং, পুং, মাষ-কলাই ।

শর্ম্মদ(শর্ম্মন্ – দ [দা দানকরা+অ(ড) – ক] যে দান করে) বিং, ত্রিং, সুখদায়ক । সং, পুং, বিষ্ণু ।

শর্ম্মর (শর্ম্মন্ সুখ – রা দানকরা+অ(ড) – ক) সং, পুং, বস্ত্রবিশেষ । বিং, ত্রিং, সুখ-দায়ক । রা – স্ত্রীং, দারুহরিদ্রা ।

শর্ম্মা (শর্ম্মন্, শৃ [অশুভ] হিংসাকরা+মন্ – ক) সং, পুং, ব্রাহ্মণমাত্রের উপনাম । শিং – ১ “শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্ম ত্রাতা চ ভূভুজঃ। ভূতির্দত্তশ্চ বৈশ্যস্য দাসঃ শূদ্রস্য কারয়েৎ।” র্ম্ম – ক্লীং, সুখ, স্বচ্ছন্দ । কল্যাণ । বিং,ত্রিং, সুখী ।

শর্য্যা (শৃ হিংসাকরা+য – প্রং,আপ্) সং, স্ত্রীং, রজনী, রাত্রি ।

শর্য্যাতি ; সং, পুং, বৈবস্বতমনুপুত্র ।

শর্ব্ব (শরীর দেখ, ব – প্রং, শর্ব্ব বধকরা+অন্ – ক) সং, পুং, শিব, মহাদেব ।

শর্ব্বর (শর্ব্ব্ বধকরা+অর – প্রং) সং,পুং, কামদেব । ক্লীং, অন্ধকার ।

শর্ব্বরী(শর্ব্ব্ বধকরা+বর(ষরন্) – ক,ঈপ্) সং,স্ত্রীং, রাত্রি । নারী, যোষিৎ । হরিদ্রা ।

শর্ব্বলা (শর্ব্ব হিংসন – লা লওয়া+অ, আপ্) সং, স্ত্রীং, তোমরাস্ত্র, শাবল ।

শর্ব্বাণী (শর্ব্ব শিব+ঈপ্, আন – আগম) সং, স্ত্রীং, পার্ব্বতী, শিবানী ।

শর্শরীক (শৃ হিংসাকরা+ঈক – প্রং, দ্বিত্ব) সং,পুং, হিংস্র, খল । অশ্ব । মঙ্গলাভরণ । অগ্নি ।

শল ( শল্ গমন করা+অ – প্রং ) সং, পুং – ক্লীং, শল্লকীলোম, শজারুর কাঁটা। পুং,ব্রহ্মা। উষ্ট্র। কুন্ত-অস্ত্র। ক্ষেত্রবিশেষ।

শলক ( শল্ গমন করা+অক(ণক) – ক ) সং, পুং, লূতা, মাকড়্সা ।

শলঙ্গ ( শল্ গমন করা+অঙ্গ – ক ) সং, পুং, লোকপাল । লবণবিশেষ ।

শলভ (শল্ গমন করা+অভচ্ – ক) সং, পুং,পতঙ্গ, ফড়িং ; ইহা ছয় প্রকার ঈতি-মধ্যে ঈতিবিশেষ । শিং – ১ “অতিবৃষ্টি-রনাবৃষ্টিঃ শলভা মুষিকাঃ খগাঃ পঙ্গপাল।

শলল ( শল্ গমন করা+অ[illegible] ক ) সং, ক্লীং, লী – স্ত্রীং, শল্লকী[illegible], শজারুর কাঁটা ।

শলাকা (পূর্ব্বে দেখ, আক, আপ্) সং, স্ত্রীং, ক্ষুদ্রযষ্টি, শলা। নল, কাঁটা, অঙ্কুর, বাণ, তূলি প্রভৃতি । অস্থি, হাড় । শল্লকী । শল্য, শেল । ছাতার শিক,খাঁচার কাটি । দেশলাই । ময়নাগাছ । দাঁতনকাঠি। খ-ড়িক । কুফন খেলার পাশা। বচ । শা-রিকা । [ষষ্টিদৈব পুরুষ।

শলাকাপুরুষ ; সং, পুং, বৌদ্ধদিগের ত্রি-

শলাট (শৃ হিংসা করা+আট – প্রং, র= ল) সং, পুং, শকটপরিমাণ, একগাড়ি-পরিমিত দ্রব্য ।

শলাটু (শল্ গমন করা+আটু – ক) সং, পুং, অপক্ক ফল । মূলবিশেষ ।

শলাভোলি ; সং, পুং, উষ্ট্র, উট ।

শল্ক (শল্ গমন করা+ক – ক) সং, ক্লীং, খণ্ড । বল্কল । আঁইস ।

শল্কদেহী ( Lepidota, শল্কদেহিন্, শল্ক আঁইস – দেহ শরীর+ইন্ – অস্ত্যর্থে)

বিং, ত্রিং,যে সকল জীবের শরীর আঁইস-বিশিষ্ট, দেখিতে বাইন মৎস্যের ন্যায় কিন্তু ডানাহীন ; যথা—লেপিডোসাইরেল জীব।

শল্কল (শল্ গমন করা+কলন্–ক) সং, ক্লীং, মৎস্যত্বক্,আঁইস। বৃক্ষত্বক্,বল্কল।

শল্কলী } (শল্কলিন্, শল্কিন, শল্কল, শল্ক
শল্কী } আঁইস+ইন্–অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য, মাছ। বিং, ত্রিং, ত্বক্শালী।

শল্য (শল্ গমন করা+য–র্ম্ম) সং, পুং, মদ্রদেশের নৃপবিশেষ, যুধিষ্ঠিরের মাতুল। শজারু পশু। সীমা। মদনবৃক্ষ।পুং–ক্লীং, শঙ্কু, কীলক, শলাকা, শেল। ক্লীং, বাণ। তোমর, লৌহশাবল। বিষ। পান। দুর্ব্বাক্য। অস্থি। ভাগাড়। কণ্টক।

শল্যক (শল্য+কণ্–যোগ) সং, পুং, ময়না গাছ। শজারু। কণ্টকবৃক্ষ।

শল্যকণ্ঠ (শল্য শলাকা–কণ্ঠ) সং, পুং, শল্লকী, শজারু।

শল্যারি (শল্য যুধিষ্ঠিরের মাতুল–অরি শত্রু, ৬ষ্ঠী–ষ) সং, পুং, রাজা যুধিষ্ঠির।

শল্যোদ্ধার (শল্য–উদ্ধার উত্তোলন) সং, পুং, বাস্তুভিটা হইতে মনুষ্যাদির অস্থি উঠাইয়া ফেলা। প্রোথিতবাণাদির উৎপাটন।

শল্ল (শল্ গমন করা+ল, অথবা শল্ল্ গমন করা+অন্–ক) সং, পুং, ভেক্, ব্যাঙ্। ক্লীং,ত্বক্। আঁইস।

শল্লক–স (শল্ গমন করা+অক(ণক)–ক, নিপাতন। অথবা শল্ল+কণ্–যোগ) সং, পুং, বৃক্ষবিশেষ, শণগাছ। ক্লীং, শল্ক, আঁইস। ত্বক্।

শল্লকী (শল্লক+ঈপ্) সং, স্ত্রীং, শজারু। বাবলাগাছ।

শল্লকী (শল্ল্ গমন করা+ক্ত–ক) বিং, ত্রিং, গত।

শল্ব (শল্ গমন করা+ব–প্রং) সং, পুং, ভারতবর্ষের উত্তরস্থিত দেশবিশেষ, শাল্বদেশ।

শব (শব্ গমন করা+অ(অন্)–ক) সং, পুং,–ক্লীং, মৃতশরীর, মড়া। ক্লীং, জল।

শবকাম্য (শব মড়া–কাম্য বাঞ্ছনীয়) সং, পুং, কুক্কুর, কুকুর।

শবযান (শব মড়া–যান রথাদি) সং, ক্লীং, শবরথ। পুং, মড়াফেলা ঘাট।

শবর–পুং } (শব মড়া–রা গ্রহণ
শবরী–স্ত্রীং } করা+অ(ড)–ক) সং, কিরাত, ব্যাধ। পুং, শিব। শাস্ত্রবিশেষ। হস্ত। জল। মীমাংসাকারক পণ্ডিতবিশেষ। [নার্থ থট্টাদি।

শবরথ (শব মড়া–রথ) সং, পুং, শববহ-

শবল (শব্ গমন করা+অল–প্রং) বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণ, নানাবর্ণযুক্ত। পুং, নানাবর্ণ। লা, লী–স্ত্রীং, কর্ব্বুরবর্ণা গবী।

শবসাধন (শব–সাধন সিদ্ধি) সং, ক্লীং, শবের উপরি বসিয়া জপ করা।

শবোরোজ (পারস্য) দিবা এবং রাত্রি।

শশ } (শশ্ লাফিয়া লাফিয়া যাওয়া
শশক } +অ(অন্)–ক। পক্ষে কণ্–যোগ) সং, পুং, জন্তুবিশেষ, খরগোশ। চন্দ্রের লাঞ্ছন। পুরুষবিশেষ, চতুর্ব্বিধ পুরুষের অন্তর্গত এক পুরুষ। শিং–১ "মৃদুবচনসুশীলঃ কোমলাঙ্গঃ সুকেশঃ সকলগুণবিধানঃ সত্যবাদী শশোহয়ং।" লোধগাছ। ধুনা, রজন।

শশধর } (শশ খরগোশ–ধর [ধৃ
শশভৃৎ } ধরা+অ(অন্)–ক], ভৃৎ
শশলাঞ্ছন } [ভৃ পোষণ করা+•
শশাঙ্ক, শশী } (ক্বিপ্)–ক] যে ধারণ করে, ২য়া–ষ। শশ–লাঞ্ছন চিহ্ন,শশ–অঙ্ক চিহ্ন, ক্রোড়, ৬ষ্ঠী–হিং। শশিন্, শশ+ইন্–অস্ত্যর্থে) সং, পুং, চন্দ্র, মৃগাঙ্ক। কর্পূর।

শশপ্লুতক (শশ খরগোশ–প্লুতক লম্ফন) সং,ক্লীং, নখাঘাত, নখের আঁচড়।

শশভৃদ্‌ভৃত ; সং, পুং, শিব। শিং–১ "আত্মানাং যোগনিদ্রাঞ্চ চিন্তয়িত্বা মনস্বিনী। দক্ষিণেঽস্বশরীরস্য ভাগার্দ্ধং শশভৃদ্‌ভৃতঃ।"

শশবিন্দু (শশ খরগোশ–বিন্দু চিহ্ন)সং, পুং,বিষ্ণু। নৃপবিশেষ, চিত্ররথপুত্র। চন্দ্র।

শশবিষাণ (শশ–বিষাণ শৃঙ্গ) সং, ক্লীং,

শশকের শৃঙ্গ ; অতত্ত্য অসম্ভব বা অলীক বিষয়ের উদাহরণ প্রদর্শন কালে ইহার প্রয়োগ হইয়া থাকে।

শশস্থলী (শশ খরগোশ—স্থল স্থান) সং, স্ত্রীং, গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী দেশ, দোয়াব। [খায়) সং, পুং, শ্যেনপক্ষী।

শশাদ, শশাদন (শশ—অদ, অদন=যে

শশিকলা ; সং, স্ত্রীং, পঞ্চদশাক্ষর-পাদচ্ছন্দবিশেষ ; যাহার শেষ অক্ষর গুরু, অবশিষ্ট সমুদায় বর্ণ লঘু। চন্দ্রের অংশ।

শশিকান্ত ; সং, ক্লীং, কুমুদ। পুং, চন্দ্রকান্ত মণি।

শশিপ্রভ (শশিন্ চন্দ্র—প্রভ যে [দীপ্তি] প্রস্ফুটিত হয়, অথবা প্রভা দীপ্তি) সং, ক্লীং, কুমুদ। মুক্তা। বিং, ত্রিং, শুভ্রবর্ণ।

শশিভূষণ, শশিভৃৎ, শশিশেখর } (শশিন্ চন্দ্র—ভূষণ, ভৃৎ যে ধারণ করে, শেখর চূড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, চন্দ্রচূড়।

শশিবদনা (শশিন্—বদন মুখ) সং, স্ত্রীং, চন্দ্রতুল্য মুখবিশিষ্ট স্ত্রীলোক। ষড়ক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার প্রথম চারিবর্ণ লঘু, ৫ম ও ৬ষ্ঠ গুরু। [বার। সর্ব্বদা।

শশ্বৎ (শশ দেখ, বৎ(বতু)—ক) অং, বারং-

শষ্কুল, শস্কুল } (শশ দেখ, কুল—ক) সং, পুং, মৎস্যবিশেষ। বৃক্ষবিশেষ। অপূপবিশেষ। পুং, লী—স্ত্রীং, কর্ণচ্ছিদ্র, কাণের ছিদ্র। লী—স্ত্রীং, তিলতণ্ডুলাদি মিশ্রিত যবাগু।

শষ্প, শস্প } (শস্ বধ করা+প—র্ম্ম, স স্থানে ষ) সং, ক্লীং, বালতৃণ, কচিঘাস। (+প—ভাবে) পুং, প্রতিভাহানি, বুদ্ধিনাশ।

শসন (শস্ বধ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞার্থে পশুহনন। মারণ, বধ।

শস্ত (শন্স সুখী করা, আশীর্ব্বাদ করা, বধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সুখী। কল্যাণযুক্ত। প্রশস্ত। উৎকৃষ্ট। স্তুত। হত। সং, ক্লীং, সুখ। শরীর। কল্যাণ।

শস্তক (শস্ত+কণ্—যোগে) সং, ক্লীং, অঙ্গুলিত্রাণ, দস্তানা।

শস্তা (দেশজ) বিং, সুমূল্য, সুক্রেয়।

শস্ত্র (শস্ বধ করা+ত্র(ষ্ট্রন্)—ণ) সং, ক্লীং, আয়ুধ, অস্ত্র। (যাহা হস্তে ধারণ করিয়া প্রহার করা যায়, তাহার নাম শস্ত্র ; যেমন খড়্গাদি। আর যাহা ফেলিয়া মারা যায়, তাহার নাম অস্ত্র ; যেমন—বল্লম, খোঁচ প্রভৃতি ; অস্ত্র ও শস্ত্রের এই প্রভেদ। শিং—১ "শাস্ত্রাস্ত্রৈর্দ্ধ-ধামুক্তৈরিত্যাদিদর্শনাৎ শস্ত্রাস্ত্রয়োঃ কশ্চিদ্ভেদমাহ। যেন করধৃতেন হন্যতে তৎ শস্ত্রং খড়্গাদি। যেন ক্ষিপ্তেন হন্যতে তদস্ত্রং কাণ্ডাদি।" লৌহ।

শস্ত্রক (শস্ত্র লৌহ+কণ্—স্বার্থে) সং, ক্লীং, লৌহ, লোহা।

শস্ত্রভৃৎ, শস্ত্রধর } (শস্ত্র—ভৃৎ [ভৃ ভরণ করা+০ (ক্বিপ্)—ক], ধর [ধৃ ধরা+অ (অন্)—ক] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, শস্ত্রধারী পুরুষ বিং, ত্রিং, অস্ত্রধারী আয়ুধযুক্ত।

শস্ত্রমার্জ্জ (শস্ত্র—মার্জ্জ পরিষ্কারক) সং, পুং, শস্ত্রমার্জ্জনকারী, সিকল কর।

শস্ত্রজীবী (শস্ত্রজীবিন্, শস্ত্র—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, শস্ত্রাজীব, সৈনিক।

শস্ত্রাজীব (শস্ত্র—আজীব জীবিকা) সং, পুং, শস্ত্রজীবী, সৈনিক।

শস্ত্রী (শস্ত্র+ঈ—হ্রস্বার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র অস্ত্র, ছুরি। (শস্ত্রিন্ শস্ত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শস্ত্রধারী।

শস্য (শস্ হিংসা করা+য—র্ম্ম) সং, ক্লীং, বৃক্ষাদির ফলপুষ্প। কৃষিকার্য্য দ্বারা উৎপন্ন ধান্যাদি। ফলের সারাংশ, শাঁস। সদ্গুণ। (শন্স্ স্তুতি করা+য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়। [সং, পুং, শালবৃক্ষ।

শস্যসম্বর (শস্য ফল—সম্বর বেষ্টনকারী)

শস্যাৎ (শস্য—অদ্ ভক্ষণ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, শস্যভক্ষণকারী।

শহর (যাবনিক) সং, রাজধানী, মহানগর।

শাঁক (শঙ্খ শব্দজ) সং, কম্বু।

শাঁখা (শঙ্খ শব্দজ) সং, স্ত্রীলোকদিগের শঙ্খনির্ম্মিত বলয়বিশেষ।

শাঁখারি (শঙ্খ শব্দজ) সং, শঙ্খকার, শঙ্খ-বণিক্।
শাঁস (শস্য শব্দজ) সং, ফলাদির সারভাগ।
শাক (শক্ [ভোজন করিতে] পারক হওয়া +অ(ঘঞ্)—ক, কেহ বলেন শো [সামর্থ্য] সূক্ষ্ম করা+কণ্—প্রং) সং, পুং—ক্লীং, বৃক্ষের পত্রাদি, পত্র পুষ্প বৃন্ত মূল প্রভৃতি। পুং, ষষ্ঠদ্বীপ। শিং—১ "শাকস্তত্র মহাবৃক্ষঃ সিদ্ধগন্ধর্ব্বসেবিতঃ। যৎপত্রবাতসংস্পর্শাদাহ্লাদো জায়তে পরঃ।" শক্তি। বৃক্ষবিশেষ, সেগুণগাছ। (শক+ষ্ণ) গণনীয় বৎসর; কোন সুপ্রসিদ্ধ রাজার অধিকার অথবা কোন সুপ্রসিদ্ধ ঘটনা অবলম্বন করিয়া যে বৎসর গণনা করা যায়, তাহাকে শাক কহে; যথা—সংবৎ, শকাব্দা প্রভৃতি।
শাকট (শকট গাড়ি+অ(ষ্ণ)—বহত্যর্থে) বিং, ত্রিং, শকটসম্বন্ধীয়। যুগ্য, যুগবাহী পশু। পুং, শ্লেষ্মান্তক বৃক্ষ।
শাকটাখ্য; সং, পুং, ধববৃক্ষ।
শাকটায়ন (শকট—অয়ন+ষ্ণ। শকট+ষ্ণায়ন) সং, পুং, শাব্দিক পণ্ডিতবিশেষ। শিং—১ "ইন্দ্রশ্চন্দ্রঃ কাশকৃৎস্না পিশলী শাকটায়নঃ। পাণিন্যমরজৈনেন্দ্রা জয়ন্ত্যষ্টাদিশাব্দিকাঃ।"
শাকটিক (শকট গাড়ি+ইক(ষ্ণিক)—গমনার্থে) বিং, ত্রিং, শকটদ্বারা গমনকারী।
শাকটীন (শকট গাড়ি+ঈন—প্রং) সং, পুং, শলাট, একগাড়ির বোঝা। বিংশতি তুলাপরিমাণ। বিং, ত্রিং, শকটসম্বন্ধীয়।
শাকম্ভরী (শাক—ভৃ পোষণ করা+অ(খ)—ক, ঈপ্) সং, স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী। শিং—১ "ততোহহমখিলং লোকমাত্মদেহসমুদ্ভবৈঃ। ভরিষ্যামি সুরাঃ শাকৈরাবৃষ্টেঃ প্রাণধারকৈঃ। শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি। তত্রৈব চ বধিষ্যামি দুর্গমাখ্যং মহাসুরম্।" আজমীরের অন্তর্গত নগরবিশেষ,শাম্ভরী। তীর্থবিশেষ। পূর্ব্বে সুব্রতা দেবী মাসে মাসে শাকাহার দ্বারা দিব্য সহস্র বর্ষ অতিবাহিত করিয়াছিলেন। একদা তথায় কতকগুলি মহর্ষি আগমন করিলে সুব্রতা দেবী ভক্তিপূর্ব্বক শাকদ্বারা অভ্যাগত তাপসদিগের আতিথ্য করাতে এই তীর্থের নাম-শাকম্ভরী বলিয়া প্রসিদ্ধ হইয়াছে।
শাকম্ভরীয় (শাকম্ভরী নগরবিশেষ+ষ—ভবার্থে) সং, ক্লীং, লবণবিশেষ, শাম্ভরী।
শাকযোগ্য; সং, পুং, ধান্যক।
শাকরাজ; সং, পুং, বাস্তুকবৃক্ষ।
শাকরী (শকার+অ, ঈপ্) সং, স্ত্রীং, প্রাকৃতভাষা।
শাকল; সং, পুং, নগরবিশেষ।
শাকবিল্ব; সং, পুং, বার্ত্তাকু।
শাকশাকট } (শাক+শাকট, শাকিন—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, শাকক্ষেত্র, শাকের ক্ষেত।
শাকশাকিন
শাকাঙ্গ (শাক শাকভক্ষণ—অঙ্গ উপযোগী, অবয়ব) সং, ক্লীং, গোলমরিচ।
শাকাষ্টকা; সং, স্ত্রীং, গৌণ ফাল্গুনের কৃষ্ণাষ্টমী।
শাকিনী (শাক+ইন্, ঈপ্) সং, স্ত্রীং, দুর্গার অনুচরী, স্ত্রীভূত। শাকযুক্তা ভূমি। শিং—১ "শকটঃ শাকিনী গাবো জালমস্পন্দনং বনং।"
শাকুণ; বিং, ত্রিং, পরপীড়ক, অন্যের ক্লেশদায়ক। পক্ষিসম্বন্ধীয়। শুভাদিসূচক।
শাকুন (শকুন+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, পশুপক্ষ্যাদিরূপ শকুন দ্বারা যে শাস্ত্রে মনুষ্যের শুভাশুভ নিরূপিত হয়, কাকচরিত্র গ্রন্থ। বিং, ত্রিং, নিমিত্তজ্ঞ। কাকচরিত্র।
শাকুনিক (শকুন পক্ষী+ইক(ষ্ণিক)—হননার্থে) সং, পুং, পক্ষিমারক ব্যাধবিশেষ, পেথেড়া। নিমিত্তজ্ঞ। ক্লীং, শকুনিসমূহ।
শাকুন্তলেয় (শকুন্তলা+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে) সং, পুং, শকুন্তলার পুত্র, ভরতরাজা।
শাকুলিক (শকুল মৎস্য + ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, মৎস্যজীবী, ধীবর।
শাক্কর (শক্কর+অ—প্রং) সং, পুং, বৃষভ, ষাঁড়। ক্লীং, ছন্দোবিশেষ।

শাক্ত (শক্তি দুর্গা+অ(ষ্ণ)—তদ্দেবতার্থে) সং, পুং, শক্তির উপাসক, তান্ত্রিক। সম্প্রদায়বিশেষ।

শাক্তীক (শক্তি অস্ত্রবিশেষ+ঈক(ষ্ণীক) —প্রহরণার্থে) সং, পুং, শক্তিঅস্ত্রধারী।

শাক্য
শাক্যমুনি
শাক্যসিংহ } (শাক বংশবিশেষ+অ (ষ্ণ্য)—ভবার্থে। শাক্য—মুনি, স্বং—স। শাক্য—সিংহ শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধ, বৌদ্ধমতপ্রবর্ত্তয়িতা মুনি। শিং—১ "শাকো বৃক্ষবিশেষঃ তত্র ভবা বিদ্যমানাঃ শাক্যাঃ। পিতুঃ শাপেন কেচিদিক্ষ্বাকু-বংশ্যা গৌতমবংশজকপিলমুনেরাশ্রমে শাকবৃক্ষে কৃতবাসশ্চ শাক্যা উচ্যন্তে। তদুক্তং। শাকবৃক্ষপ্রতিচ্ছন্নং বাসং য-স্মাৎ প্রচক্রিরে। তস্মাৎ ইক্ষ্বাকুবংশ্যাস্তে ভুবি শাক্যা ইতি শ্রুতাঃ।"

শাখ (শাখ্ ব্যাপা+অ(অন্)—ক। আপ্—যোগে, শাখা) সং, পুং, কার্ত্তিকেয়। খা—স্ত্রীং, বৃক্ষের অঙ্গবিশেষ, বিটপ, ডাল। বেদের অংশবিশেষ। এক-দেশ। বাহু। গ্রন্থপরিচ্ছেদ। পক্ষান্তর: অন্তিক,সমীপ।

শাখাগ্র ; সং, ক্লীং, অঙ্গুলি। বিটপাগ্র।

শাখানগর (শাখা ডাল-নগর পুরী, ৬ষ্ঠী—ষ, প্রাগ্‌ভাব) সং, ক্লীং, বৃহৎ নগরের প্রান্তবর্ত্তী ক্ষুদ্র নগর, উপনগর।

শাখামৃগ (শাখা—মৃগ পশু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কপি, বানর।

শাখারণ্ড (শাখা বেদের শাখা—রম্ ক্রীড়া করা+ড—প্রং, অথবা শাখা বেদাংশ—রণ্ড নিষ্ফল, ৭মী—ষ) সং, পুং, যে দ্বিজ স্বাবলম্বিত বেদাংশ পরিত্যাগ করিয়া শাখান্তর অধ্যয়ন করে।

শাখারথ্যা ; সং, স্ত্রীং, প্রস্থে ষোড়শহস্ত-পরিমিত পথ।

শাখারস (শাখা—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মকরন্দ, পুষ্পরস।

শাখাশিকা ; সং,স্ত্রীং, বটাদি বৃক্ষের নামূনা।

শাখী (শাখিন্, শাখা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, গাছ। বেদ। নৃপবিশেষ। তুরুস্কদেশীয় লোক। বিং, ত্রিং, শাখা-যুক্ত।

শাখোট (শাখা+ওটন্—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, শেওড়াগাছ।

শাঙ্কর (শঙ্কর শিব+অ(ষ্ণ)—প্রং। শাক্কর শব্দও হয়) সং, পুং, বৃষভ, ষাঁড়। ক্লীং, ছন্দোবিশেষ। বিং, ত্রিং, শঙ্করসম্বন্ধীয়।

শাঙ্করি (শঙ্কর শিব+ই(ষ্ণি)—অপত্যার্থে) সং, পুং, কার্ত্তিকেয়। গণেশ।

শাঙ্খিক (শঙ্খ+ইক(ষ্ণিক)—জীবিত্যর্থে) সং, পুং, শঙ্খবণিক্, শাঁখারী।

শাঙ্গুষ্ঠা ; সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

শাট—পুং
শাটী—স্ত্রীং } (শট্ [অঙ্গে] গমন করা+অ(ষঞ্)—ক) সং, পরি-ধেয় বস্ত্র, শাড়ী, ধুতি। শিং—১ "লম্ব-শাটপটাবৃতঃ।"

শাটক—ক্লীং
শাটিকা—স্ত্রীং } (শট্ [অঙ্গের চারি-দিকে] গমন করা+অক (ণক)—ক) সং, পরিধেয় বস্ত্র, ধুতি, শাড়ী। পুং—ক্লীং, নাটকবিশেষ।

শাট্যায়ন ; সং, পুং, মুনিবিশেষ। ক্লীং, প্রকৃতহোমকর্ম্ম বৈগুণ্য প্রশমনার্থ হোম।

শাঠ্য (শঠ ধূর্ত্ত+য(ষ্ণ্য)—ভাবে) সং,ক্লীং, শঠতা, ধূর্ত্ততা। খলতা।

শাড় (দেশজ) সং, শব্দ। স্পন্দ।

শাড়া (দেশজ) সং, উত্তর। ধ্বনি। স্পন্দন।

শাড়ী (শাটী শব্দজ) সং, স্ত্রীলোকের পরি-ধেয় বসন।

শাণ
শান } (শো তীক্ষ্ণ করা+ণ—ধি) সং, পুং, ণী—স্ত্রীং, কর্ষণ, প্রস্তর কষ্টি-পাথর। (+ণ—করণবাচ্যে) প্রস্তর, শাণ পাথর। ক্রকচ, করাৎ। (শণ+অ (ষ্ণ)—প্রং) ক্লীং, শণসূত্র-নির্ম্মিত বস্ত্র।

শাণিত (শাণ+ইত—সংজাতার্থে অথবা শণ-ণিঃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, তীক্ষ্ণীকৃত, ধারাল।

শাণী (শণ্ দান করা+ই—প্রং) সং, স্ত্রীং, তাম্বু, তাঁবু। ছেঁড়া কাপড়। ইঙ্গিত, ইসারা।

শাণ্ডিল্য (শণ্ডিল মুনিবিশেষ+য(ষ্ণ্য)—অপত্যার্থে) সং, পুং, গোত্রকারক মুনি-বিশেষ। বৃক্ষবিশেষ, বিল্ববৃক্ষ। অগ্নির মূর্ত্তিবিশেষ।

শাত (শো তীক্ষ্ণ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ক্ষীণ, দুর্ব্বল, কৃশ, সরু। শাণিত। সুখী। সুন্দর, দীপ্তিমান্, প্রভাশালী। সং, ক্লীং, সুখ। (শাদি পতিত হওয়ান, পড়া + অ(অল্) — ভাবে) পুং, পাতন। পতন।

শাতকর্ণি; সং, পুং, মুনিবিশেষ।

শাতকুম্ভ (শতকুম্ভ পর্ব্বতবিশেষ + অ(ষ্ণ) — ভবার্থে) সং, ক্লীং, সুবর্ণ, সোণা। পুং, করবীরবৃক্ষ।

শাতন (শদ্‌-ণিচ্ = শাদি পতিত হওয়ান, কৃশীকরণ, পড়া + অনট্ — ভাবে, নিপাতন) সং, ক্লীং, কৃশকরণ, চাঁচা। পতন। শিং — ১ "বসন্তে শস্যানাং জায়তে পত্রশাতনং।" পাতন। ছেদন। বিনাশন।

শাতপত্রক; সং, পুং, চন্দ্রপ্রকাশ।

শাতভীরু; সং, পুং, মদনমালী। মল্লিকা-বিশেষ।

শাতমন্যব (শতমন্যু + অ(ষ্ণ) — প্রং) বিং, ত্রিং, শতমন্যুসম্বন্ধীয়, ইন্দ্রসম্বন্ধীয়।

শাত্রব (শত্রু + অ(ষ্ণ) — স্বার্থে, ভাবে) সং, পুং, রিপু, শত্রু। ক্লীং, শত্রুতা, দ্বেষ। শত্রুসমূহ।

শাদ (শো তীক্ষ্ণ করা + দ — ক) সং, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা। শষ্প, নূতন ঘাস, নবতৃণ। [বর্ণ।

শাদা (শ্বেত শব্দজ) বিং, শুক্ল, শুভ্র, শ্বেত-

শাদ্বল, শাদহরিত (শাদ নবতৃণ + বল — অস্ত্যর্থে। শাদ — হরিত হরিদ্বর্ণ) বিং, ত্রিং, নবতৃণদ্বারা হরিদ্বর্ণ (স্থান, প্রদেশ, স্থলী)।

শান (শো তীক্ষ্ণকরা + অনট্ — ভা) সং, ক্লীং, নিশান, তীক্ষ্ণীকরণ। (+ অনট্ — ণ) পুং, ঘর্ষণযন্ত্র। (+ অনট্ — ধি) কর্ষণপ্রস্তর।

শানপাদ; সং, পুং, পারিপাত্র পর্ব্বত। চন্দন-পিঁড়ি।

শান্ত (শম্ শান্ত হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, শমগুণবিশিষ্ট। সৌম্য। জিতেন্দ্রিয়। অনুদ্ধত। শিষ্ট। শমতাপ্রাপ্ত, নিবৃত্ত। মৃত। বিনষ্ট। বিনীত। পরিষ্কৃত, বিশুদ্ধীকৃত, মলযুক্ত। (শম্-ণিচ্ + ক্ত — র্ম্ম) সং, পুং, কাব্যের নবরসের এক রস, যেখানে সুখ দুঃখ রাগ দ্বেষ প্রভৃতি কোন ইচ্ছা না থাকে, এবং শম প্রধান হয় তাহাকে শান্তরস বলে। বিং, ত্রিং, শান্তিপ্রাপিত, দমিত।

শান্তনব (শান্তনু + অ(ষ্ণ) — অপত্যার্থে) সং, পুং, শান্তনুর পুত্র, ভীষ্ম।

শান্তনু (শং মঙ্গল — তনু শরীর, ৬ষ্ঠী — হিং, অ স্থানে আ, কিংবা শান্তি শব্দজ, মহাভারতে—"তিনি জরাজীর্ণ ব্যক্তিকে স্পর্শ করিবামাত্র সে তৎক্ষণাৎ যুবার ন্যায় সবল হইয়া উঠিল। এই নিমিত্ত তাঁহার নাম শান্তনু।" শিং — ১ "যং যং করাভ্যাং স্পৃশতি জীর্ণং যৌবনমেষ্যতি। শান্তিমাপ্নোতি চৈবাগ্র্যাং কর্ম্মণা তেন শান্তনুঃ।") সং, পুং, চন্দ্রবংশীয় নৃপ-বিশেষ, প্রতীপের পুত্র, ভীষ্মের পিতা।

শান্তম্ (শান্ত + অম্ — প্রং) অং, নিবৃত্তি। শমতাপ্রাপ্ত। বারণ।

শান্তা (শান্ত + আ — প্রং) সং, স্ত্রীং, দশরথ রাজার কন্যা, ঋষ্যশৃঙ্গ মুনির পত্নী।

শান্তি (শান্ত দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, চিত্তের স্থিরতা। নিরুপদ্রব। শমগুণ সৌভাগ্য। মুক্তি। বিশ্রাম, নিবৃত্তি। বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি। বিঘ্নাদিকরণ, মঙ্গল, বিঘ্ননাশ। বিধ্বংস, বিনাশ। তৃষ্ণাক্ষয়। শিং — ১ "যৎকিঞ্চিৎ বস্তু সংপ্রাপ্য স্বল্পং বা যদি বা বহু। যা তুষ্টির্জ্জায়তে চিত্তে শান্তিঃ সা গদ্যতে বুধৈঃ।"

শান্ত্যুদকুম্ভ (শান্ত্যুদ [শান্তি — উদ জল] শান্তিজল — কুম্ভ কলস) সং, পুং, শান্তিজলের কলস।

শাপ (শপ্ দিব্যকরা, শাপদেওয়া + অ(ঘঞ্) — ভা) সং, পুং, অভিসম্পাত, শাপ-দেওয়া। শপথ, দিব্য। নিন্দা।

শাপটিক; সং, পুং, ময়ূর।

শাপাস্ত্র (শাপ অভিসম্পাত — অস্ত্র, ৬ষ্ঠী — হিং। এইরূপ ব্যক্তি দ্বারা শাপ উচ্চারিত হইলে, দেবতাদের পক্ষেও ভয়ঙ্কর হইয়া উঠে বলিয়া) সং, পুং, মুনি, ঋষি।

শাপিত ( শপ্-ঞি=শাপি+ক্ত—র্ম্ম ) বিং, ত্রিং, ভৎর্সিত, নিন্দিত।

শাবল (শর্ব্বলা শব্দজ) সং, খনিত্র, খন্তা।

শাবান (যবন ভাষা) সং, বস্ত্রাদি ক্ষালন জন্য দ্রব্য।

শাবুদ (যবন ভাষা) সং, প্রমাণ, সাক্ষ্য।

শাব্দ (শব্দ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, শব্দসম্বন্ধীয়। [জ্ঞানজনিত জ্ঞান।

শাব্দবোধ ; সং, পুং, শব্দার্থজ্ঞান। শব্দার্থ-

শাব্দিক ( শব্দ+ইক(ষ্ণিক)—জ্ঞানার্থে ) সং, পুং, শব্দশাস্ত্রবেত্তা পণ্ডিত, বৈয়াকরণ।

শাম (শামন্, শম্ শান্তহওয়া+অন্—প্রং) সং, ক্লীং, মিল।

শামন (শমি শান্তহওয়া+অন(অনট্)—ভা) সং,ক্লীং, মারণ, বধ। শান্তি। পুং, যম। নী—স্ত্রীং, দক্ষিণদিক্। [কৃষ্ণবর্ণ।

শামলা ( শ্যামল শব্দজ ) বিং, শ্যামবর্ণ,

শামিত্র ( শম্-ঞি = শমি + ইত্রন্—ধি ) সং, ক্লীং, পশুবধস্থান। (+ইত্রন্—ভাবে) সং, ক্লীং, যজ্ঞ। পশুবন্ধন। যজ্ঞপাত্র।

শামীয়ানা ( যবনভাষা ) সং, আচ্ছাদন, চাঁদনি।

শামুক (শম্বুক শব্দজ) সং, জলশুক্তি, শম্বুক।

শাম্বিক ( শম্বূ শামুক + ইক(ষ্ণিক)—জীবত্যর্থে ) সং, পুং, শাঁখারি।

শাম্বরী ( শম্বর অসুরবিশেষ+অ(ষ্ণ)—কৃতার্থে, ঈপ্ ) সং, স্ত্রীং, ইন্দ্রজাল বিদ্যা, মায়া, কুহক, ভেল্কী।

শাম্বুক } (শম্বুক, শম্বূক+অ(ষ্ণ)—স্বার্থে)
শাম্বূক } সং, পুং, শামুক।

শাম্ভব ( শম্ভু শিব+অ(ষ্ণ)—উপাসনার্থে ইত্যাদি ) সং, পুং, কর্পূর। শিবমল্লী। গুগ্গুলু। বিষবিশেষ। শৈব, শিবের উপাসক। শম্ভুপুত্র। দেবদারুবৃক্ষ। বিং, ত্রিং, শম্ভুসম্বন্ধীয়। বী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। শিং—১ "শাম্ভবী দেবমাতা চ চিন্তা রত্নপ্রিয়া সদা।" নীলদূর্ব্বা।

শায়ক ( শো তীক্ষ্ণ করা+অক(ণক)—ক ) সং, পুং, শর, বাণ। খড়্গ।

শায়িত (শায়ি শোয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,যাহাকে শোওয়ান গিয়াছে। পাতিত।

শার (শৄ হিংসা করা+অ(অল্)—ক) বিং, ত্রিং, কৃষ্ণ রক্ত শুক্ল—এই তিন বর্ণযুক্ত, শবল। নীল পীত মিশ্রবর্ণযুক্ত। কর্ব্বুর, নানাবর্ণ। সং, পুং, হরিতবর্ণ। পীতবর্ণ। বায়ু। পাশক। (+অল্—ভাবে) হিংসা, দ্বেষ।

শারঙ্গ ( শার হিংসন—গম্ গমন করা+অ—প্রং, কিংবা শার, কর্ব্বুর—অঙ্গ, ৬ষ্ঠী—বহিং) সং, পুং, মৃগ। হস্তী। চাতক পক্ষী। ভ্রমর। ময়ূর। বিং, ত্রিং, নানাবর্ণ। ঙ্গী—স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, শারেঙ্।

শারদ (শরদ্ বৎসর, শরৎকাল+অ(ষ্ণ)—স্বার্থে, ভবার্থে) সং, পুং, বৎসর। কাল। বকুল। হরিন্মুদ্গ। পীতমুদ্গ। রোগ। ক্লীং, শ্বেতপদ্ম। শস্য। বিং, ত্রিং, শরৎকালীন। নূতন। বিনীত। অপ্রতিভ। প্রশস্ত। দা—স্ত্রীং, সরস্বতী, বাক্‌দেবী। দুর্গা। বীণাবিশেষ। ব্রাহ্মী। সারিবা। দী—স্ত্রীং, কোজাগর পূর্ণিমা তোয়পিপ্পলী। সপ্তপর্ণ।

শারদীয় ( শরদ্+ঈয়(ণীয়)—[illegible]র্থে ) বিং, ত্রিং, শরৎকালীন, শরৎকা[illegible]ন্ধীয়।

শারি } (শৄ হিংসা +ইঞ্—
শারী } ক) সং, পুং, [illegible]শক্রীড়াদির
শারিকা } বল, গুটি। পক্ষিণীবিশেষ, শালিক ময়না। বীণাদি [illegible] যষ্টি। (+ইঞ্—র্ম্ম) যুদ্ধার্থ সজ্জিত হস্তীর পালান। প্রতারণ। ব্যবহারবিশেষ। পাশক, অক্ষগুটিকা। (+ইঞ্—ণ) কপট। গীতবিশেষ।

শারিফল, শারিফলক (শারি পাশক্রীড়াদির বল—ফল) সং, ক্লীং, পাশার ছক্।

শারিশৃঙ্খলা ; সং, স্ত্রীং, পাশকবিশেষ।

শারীর (শরীর+অ(ষ্ণ)—ইদমর্থে) বিং, ত্রিং, শরীরসম্বন্ধীয়। শরীর হইতে উৎপন্ন। সং, পুং, জীবাত্মা। বৃষ। ক্লীং, বেদান্তসূত্র।

শারীরক ( শরীর+কণ্—যোগ ) সং, ক্লীং, শঙ্করাচার্য্যকৃত বেদান্তমীমাংসাভাষ্য।

শারীরতত্ত্ব, শারীরস্থান (Physiology) শরীরের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র।

শারীরবিধান (Anatomy) যাবতীয় সজীব পদার্থ যে যে নিয়মে অবস্থিতি করে, উৎপন্ন ও বৃদ্ধিপ্রাপ্ত হয়, সেই সেই নিয়মবিধায়ক শাস্ত্র।

শারীরশাস্ত্র—সজীব পদার্থ সমুদায়ের শরীরগত রাসায়নিক কার্য্য যে শাস্ত্র দ্বারা জ্ঞাত হওয়া যায়।

শারীরিক (শরীর+ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, শরীরসম্বন্ধীয়, কায়িক। সং, পুং, জীবাত্মা। ক্লীং, বেদান্তসূত্র।

শারুক (শৃ হিংসা করা+উক(ঞুক)—ক, শীলার্থে) বিং, ত্রিং, হিংস্র, হিংসক।

শার্ক (পূর্ব্বে দেখ, কণ্—প্রং) সং, পুং, শর্করা, চিনি। খাঁড়। মিছরী।

শার্কক (শার্ক+কণ্—যোগ) সং, পুং, দুগ্ধফেন, দুধের ফেনা। শর্করাপিণ্ড, চিনির তাল।

শার্কর (শর্করা চিনি, কাঁকর+অ(ষ্ণ)—যুক্তার্থে) বিং, ত্রিং, শর্করাযুক্ত। শর্করাসম্বন্ধীয়। কাঁকরমিশ্রিত, কাঁকুরে। দানাদার। সং, পুং, দুগ্ধফেন।

শার্ঙ্গ (শৃঙ্গ শিং+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, শৃঙ্গসম্বন্ধীয়। শৃঙ্গনির্ম্মিত। সং, পুং, ধনুক। বিষ্ণুর ধনুক। শিং—১ "স পীতবাসাঃ প্রগৃহীতশার্ঙ্গঃ।" ক্লীং, আর্দ্রক।

শার্ঙ্গক (শার্ঙ্গ দেখ, কণ্—যোগ) সং, পুং, ধনুর্দ্ধারী।

শার্ঙ্গী, শার্ঙ্গপাণি (শার্ঙ্গিন্, শার্ঙ্গ ধনুক+ইন্—অস্ত্যর্থে। শার্ঙ্গ—পাণি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। ধনুর্দ্ধারী।

শার্দ্দূল (শৃ হিংসা করা+দূলচ্—ক) সং, পুং, ব্যাঘ্র। রাক্ষস। শরভ। পক্ষীবিশেষ। চিত্রক। (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।

শার্দ্দূলললিত; সং, ক্লীং, অষ্টাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ।

শার্দ্দূলবিক্রীড়িত; সং, ক্লীং, ঊনবিংশত্যক্ষর-পাদচ্ছন্দোবিশেষ, যাহার ৪র্থ, ৫ম, ৭ম, ৯ম, ১০ম, ১১শ, ১৫শ ও ১৮শ বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় বর্ণ গুরু।

শার্ব্বর (শর্ব্বরী রাত্রি+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, নিবিড় অন্ধকার, গাঢ় অন্ধকার। বিং, ত্রিং, রাত্রিকালীন, শর্ব্বরীসম্বন্ধীয়। শিং—১ "শার্ব্বরস্য তমসো নিষিদ্ধয়ে।" ঘাতুক। রী—স্ত্রীং, রাত্রি।

শাল, সাল (শল্ গমন করা, কিম্বা শাল্ প্রশংসা করা+অ(ঘঞ্)—ক) সং, পুং, মৎস্যবিশেষ। নৃপবিশেষ, শালিবাহন রাজা। (+ঘঞ্—র্ম্ম) প্রাচীর, প্রাকার। বৃক্ষ। সর্জ্জবৃক্ষ। নদবিশেষ।

শালগ্রাম—সা (স সহিত—অর চক্র—গ্রাম সমূহ, ১মা—হিং, স=শ। অথবা শাল শালবৃক্ষ—গ্রাম সমূহ, ৬ষ্ঠী—হিং। কিম্বা শালগ্রাম দেশবিশেষ+অ (ষ্ণ)—প্রং) সং, পুং, কীটচ্ছিদ্রিত চক্রযুক্ত গণ্ডকীস্থিত শিলাখণ্ডবিশেষ, বিষ্ণুর মূর্ত্তিবিশেষ। দেশবিশেষ।

শালঙ্কায়ন; সং, পুং, মুনিবিশেষ। নন্দী, শিবের প্রধান অনুচর।

শালজ; সং, পুং, শালমাছ।

শালনির্য্যাস, সালনির্য্যাস, শালবেষ্ট (শাল—নির্য্যাস, বেষ্ট—আটা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সর্জ্জরস, ধূনা।

শালভঞ্জী, শালভঞ্জি, শালভঞ্জিকা (শাল বৃক্ষবিশেষ—ভনজ্ [ভাঙ্গা] বেঁদা করা+ঈপ্, ই—সম্প্র। যাহার জন্যে শাল কাষ্ঠকে চাঁচে। কণ্—যোগে শালভঞ্জিক, আপ্) সং, স্ত্রীং, কাঠের পুতুল। (+ই—ক) বেশ্যা। (+ই—ধি) ক্রীড়াবিশেষ।

শালসার; সং, পুং, বৃক্ষশ্রেষ্ঠ। হিঙ্গু, হিং।

শালা (শল্ গমন করা+অ, আপ্—প্রং) সং, স্ত্রীং, গৃহ। গৃহের একদেশ। বড় ডাল।

শালাকী (—কিন্, শালাক [শলাকা+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে] + ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অস্ত্রচিকিৎসক। নাপিত। শেলধারী।

শালাঙ্কী (শালা গৃহ—অনক্ গমন করা+অ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, শালভঞ্জিকা, কাঠের পুতুল।

শালাজির (শালা গৃহ—জ জীর্ণ হওয়া

+অ—প্রং) সং,পুং—ক্লীং, শরাব, শরা।
শালাঞ্চি ; সং, স্ত্রীং, শাকভেদ।
শালামৃগ (শালা গৃহ—মৃগ হরিণ) সং, পুং, শৃগাল, শিয়াল।
শালার (শালা গৃহ—ঋ গমন করা+অ—প্রং) সং, পুং, হস্তীর নখ। সিঁড়ি। পাখীর খাঁচা, পিঁজরা।
শালাবৃক (শালা গৃহ—বৃক নেকৃড়িয়া বাঘ) সং, পুং, বানর। কুকুর। শৃগাল। হরিণ। বিড়াল। গন্ধগোকুলা।
শালি-সা (শাড়্ ভাসা+ই(ইঞ্)—ক, ড=ল) সং, পুং, কলমাদি ধান্য। ষষ্টিকাদি ধান্য। গন্ধ-মার্জ্জার।
শালিআনা, শালিয়ানা (যাবনিক) বিং, বাৎসরিক, বার্ষিক।
শালিনী (শালিন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার ৬ষ্ঠ ও ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় বর্ণ গুরু।
শালিনীকরণ ; সং,ক্লীং, তিরস্কার, ভৎর্সনা।
শালিপর্ণী ; সং, স্ত্রীং, মাষপর্ণী।
শালিপিষ্ট (শালি ধান্য—পিষ্ট চূর্ণ) সং, ক্লীং, স্ফটিক মণি।
শালিবাহন (শালি সিংহরূপী যক্ষ—বাহন, ৬ষ্ঠী—হিং। এই রাজা শৈশবকালে এই যক্ষের উপরে আরোহণ করিয়া বেড়াইতেন বলিয়া) সং, পুং, শাকপ্রবর্ত্তক নৃপবিশেষ।
শালিহোত্র (শালি ধান্য, শস্য—হোত্র হোম) সং, পুং, অশ্ব, ঘোটক।
শালী (শালিন্, শালা গৃহ+ইন্—অস্ত্যর্থে, কিম্বা শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া+ইন্-প্রং, ঈ=আ। অথবা শাল+ণিন্—ক) বিং,ত্রিং, বিশিষ্ট, যুক্ত। শিং—১ "কেলিচলন্মণিকুণ্ডলমণ্ডিতগণ্ডযুগস্মিতশালী।" শোভমান।
শালী (শ্যালী বা শ্যালিকা শব্দজ) সং, ভার্য্যার ভগিনী। কৃষ্ণজীরক।
শালীন (শালা গৃহ+ঈন(খীন)—প্রং। যে গৃহ প্রবেশের যোগ্য) বিং, ত্রিং, বিনীত, অপ্রগলভ। সলজ্জ,লাজুক। সদৃশ,তুল্য। শালা-সম্বন্ধীয়। শিং—১"শশাক শালীনতয়া ন গন্তুং।" না—স্ত্রীং, মিশ্রেয়া।
শালু (শৃ হিংসা করা+উ—প্রং, র=ল) সং, পুং, কষায় দ্রব্য। ভেক, ব্যাং। গন্ধর্ব্ববিশেষ। ক্লীং, শালূক, শালুকের গোড়া।
শালুক, শালূক (শল্ গমন করা+উক—ক, পক্ষে উকারের হ্রস্ব) সং, ক্লীং, পদ্মাদির মূল।
শালুর (শল্ গমন করা+উর—ক, শালুর শব্দও হয়) সং, পুং, ভেক।
শালেয় (শালি ধান্য + এয়(ঢেয়)—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, শালি জন্মিবার উপযুক্ত ক্ষেত্র। সং, পুং, মধুরিকা, মৌরি। য়া—স্ত্রীং, মিশ্রেয়া।
শালোত্তর (শালা—উত্তর) সং, ক্লীং, পাণিনি মুনির গুরুর আশ্রম।
শালোত্তরীয় (শালা [ইঁহার গুরুর] গৃহ—উত্তরীয় [উত্তর+ণীয়]। নির্বুদ্ধিতা হেতু গুরুগৃহ হইতে দূরীভূত হইয়া, শিবোপাসনায় এই বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন) সং, পুং, পাণিনি, প্রসিদ্ধ বৈয়াকরণ।
শাল্তী (শাল শব্দজ) সং, শালবৃক্ষনির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা।
শাল্মল—পুং, শাল্মলি—পুং-স্ত্রীং, শাল্মলী—পুং-স্ত্রীং } (শাল্+মলচ্। ২য়-পক্ষে—শল্ দৈর্ঘ্য-হেতু দূরে ... করা +মলি—প্রং, অথবা শল-ত্রি ... শালি+০(ক্বিপ্)—ভাবে—মল + ... (অন্)—ক, ইন্) সং, শিমুলগাছ। সপ্তদ্বীপের এক দ্বীপ।
শাল্মলিপত্রক ; সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ।
শাল্মলী (শাল্মলিন্) সং, পুং, পক্ষীন্দ্র, গরুড়। লিনী—স্ত্রীং, শিমুলগাছ।
শাল্মলীবেষ্ট (শাল্মলী শিমুলগাছ—বেষ্ট নির্য্যাস) সং, পুং, শিমূলগাছের আটা।
শাল্ব (শাল+ব—র্ম্ম) সং, পুং, দেশবিশেষ, মরুদেশ। রাজাবিশেষ।
শাল্বণ ; সং, পুং, বাতঘ্ন ঔষধবিশেষ।
শাব, শাবক (শব গমন করা+অ(ষঞ্)—ক, পক্ষে ক—যোগ) সং, পুং, শিশু,

বৎস, ছানা। (শব+ষ্ণ) বিং, ত্রিং, শব-সম্বন্ধীয়। শিং—১ "গ্রহণে শাবমশৌচং বিমুক্তো সৌতিকং স্মৃতং।"

শাবর (শবর নীচ জাতি বা নীচ লোক+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, শবরসম্বন্ধীয়। শিং—১"সংপূজ্য প্রেষণং কুর্য্যাৎ দশম্যাং শাবরোৎসবৈঃ।" সং, পুং, পাপ। অপরাধ, দোষ। লোধ্রবৃক্ষ। ক্লীং, শবরস্বামি পণ্ডিত কৃত ভাষ্যগ্রন্থ। মৃগচর্ম্ম।

শাশুড়ী (শ্বশ্রূ শব্দজ কি?) সং, শ্বশুরের স্ত্রী।

শাশ্বত, শাশ্বতিক (শশ্বৎ সর্ব্বদা+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, নিত্য, অবিনশ্বর। সং, পুং, বেদব্যাস।

শাষ্কুল (শষ্কুলী মাংস+অ—ভক্ষণার্থে, নিপাতন) বিং, ত্রিং, মাংসাশী, মাংসভোজী।

শাসন (শাস্ শাসন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আজ্ঞা, আদেশ। উপদেশ। দণ্ড,দমন। প্রতিপালন। (+অনট্—ণ) আজ্ঞাপত্র, সনন্দ। লিখিতপত্র। কূটলিখিতাদি। শাস্ত্র, দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ, বেদাদি। (+অনট্—র্ম্ম) রাজদত্ত ভূমি।

শাসনতন্ত্র; সং, ক্লীং, রাজ্যশাসনপ্রণালী।

শাসনপত্র; সং, ক্লীং, পরওয়ানা।

শাসনহর, শাসনহারক, শাসনহারী (শাসন আজ্ঞা—হর,হারক [হৃ হরণ করা+অ(অন্), অক(ণক)—ক] যে হরণ করে। শাসনহারিন্,শাসন আজ্ঞা—হারিন্ যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, আজ্ঞাবাহক, দূত। রাজদূত। পেয়াদা।

শাসনীয় (শাসন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শাসনের যোগ্য, দম্য। শিক্ষণীয়।

শাসিত (শাসন দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, দণ্ডিত। প্রতিপালিত। শিক্ষিত।

শাসিতা (শাসিতৃ, শাস্ শাসন করা—তৃন্—ক) বিং, ত্রিং, শাসনকর্ত্তা। শিক্ষক। উপদেশক, গুরু।

শাস্তা (শাস্তৃ, শাসিতা দেখ, তৃন্—ক) বিং, ত্রিং,শাসনকর্ত্তা। শিং—১"দ্বৌ শাস্তারৌ ত্রিলোকেঽস্মিন্ ধর্ম্মাধর্ম্মৌ প্রকীর্ত্তিতৌ।" শিক্ষয়িতা। উপদেষ্টা। পুং, বুদ্ধ। উপাধ্যায়। রাজা। পিতা।

শাস্তি (শাসিতা দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, শাসন, দণ্ড, নিগ্রহ। নিয়ম।

শাস্ত্র (শাস্ শাসন করা, শিক্ষা দেওয়া+ত্র—ণ) সং,ক্লীং, শাসন, আজ্ঞা। দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ, বেদ তন্ত্র পুরাণ দর্শনাদি।

শাস্ত্রকৃৎ (শাস্ত্র—কৃৎ যে করে, ২য়া—ষ) সং, পুং, শাস্ত্রকর্ত্তা ঋষ্যাদি। বিং, ত্রিং, শাস্ত্রকর্ত্তা।

শাস্ত্রগণ্ড; সং, পুং, যে সকল শাস্ত্র কিছু কিছু জানে।

শাস্ত্রজ্ঞ, শাস্ত্রতত্ত্বজ্ঞ, শাস্ত্রদর্শী, শাস্ত্রবিদ্ (শাস্ত্র—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ। শাস্ত্র তত্ত্বযাথার্থ্য—জ্ঞ যে জানে, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ। শাস্ত্রদর্শিন্, শাস্ত্র—দর্শিন্ যে দেখে, বিদ্ যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে শাস্ত্র জানে, শাস্ত্রে পারদর্শী। গণক। শিং—১ "সংবৎসরো বর্ষকোষো রেখাজীবীগণাঙ্কভুক্। তান্ত্রিকো জ্ঞাতসিদ্ধান্তঃ শাস্ত্রতত্ত্বজ্ঞ ঈরিতঃ।"

শাস্ত্রশিল্পী (শাস্ত্রশিল্পিন্,শাস্ত্র—শিল্পী শিল্প-কর্ম্মচারী) সং, পুং, কাশ্মীর দেশ। বহুং, তদ্দেশীয় লোক।

শাস্ত্রাচরণ (শাস্ত্র—আচরণ যে শিক্ষা জন্য গমন করে) বিং, ত্রিং, শাস্ত্র-পারদর্শী, যে শাস্ত্র জানে।

শাস্ত্রী (শাস্ত্রিন্, শাস্ত্র+ইন্—জ্ঞানার্থে) সং, পুং, পণ্ডিত, শাস্ত্রদর্শী। পণ্ডিতের উপাধিবিশেষ। বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ।

শাস্ত্রীয় (শাস্ত্র+ঈয়(ণীয়)—অনপেতার্থে) বিং, ত্রিং, শাস্ত্রসিদ্ধ, শাস্ত্রসম্মত।

শাস্য (শাস্ শাসন করা+য(ণ্যৎ)—র্ম্ম) বিং, ত্রিং, শাসনীয়, শাসনযোগ্য। উপদেষ্টব্য, শিক্ষণীয়।

শিঁথী (সীমন্ত শব্দজ) সং, সীমন্তে ধারণযোগ্য ভূষণ।

শিংশপা (শীঘ্র বা শীঘ্র—পা পালন করা

অথবা পত্ পড়া+অ(ড)—ক, আপ্, নিপাতন। অথবা শিব মঙ্গল—পা রক্ষা করা+অ(ড)—ক) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, শিশুগাছ। [বিশেষ।

শিউলি (শেফালিকা শব্দজ) সং, পুষ্পবৃক্ষ-

শিকড় (দেশজ) সং, শিফা, বৃক্ষাদির মূল।

শিকল (শৃঙ্খল শব্দজ) সং, জিঞ্জির, নিগড়।

শিকা (শিক্য শব্দজ) সং, দ্রব্যাদিরক্ষণার্থ রজ্জুময় আধারবিশেষ।

শিকার (পারস্য) মৃগয়া।

শিক্ (দেশজ) সং, দীর্ঘ লৌহ, শলাকা।

শিক্থ, শিক্থক (সিক্থ দেখ) সং, ক্লীং, মোম। পুং, একগ্রাস অন্ন।

শিক্য (শক্ পারক হওয়া+য(ষ্যণ্)—ক, নিপাতন, শক্ স্থানে শিক্) সং, ক্লীং, ক্যা—স্ত্রীং, শিকা, রজ্জুবিকার।

শিক্যিত (শিক্য শিকা+ইত—প্রং) বিং, ত্রিং, শিক্যে স্থাপিত, শিকায় ঝুলান।

শিক্ষক (শিক্ষ্-ণিচ্=শিক্ষি উপদেশ দেওয়া+অক(ণক)—ক, অথবা শিক্ষা+কণ্—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, শিক্ষাদায়ক, অধ্যাপক। শাসনকর্ত্তা।

শিক্ষণ (শিক্ষ্ উপদেশ দেওয়া+অনট্—ভাবে) সং, ক্লীং, শিক্ষা, অভ্যাস। অধ্যয়ন। (শিক্ষ-ণিচ্=শিক্ষি উপদেশ দেওয়ান+অনট্—ভাবে) অধ্যাপন। দমন।

শিক্ষণীয় (শিক্ষক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষা করিবার যোগ্য। উপদেষ্টব্য।

শিক্ষয়িতা (শিক্ষয়িতৃ, শিক্ষ-ণিচ্=শিক্ষি+তৃন্—ক) বিং, ত্রিং, শিক্ষক, অধ্যাপক, যে শিক্ষা দেয়।

শিক্ষা(শিক্ষ্ উপদেশ দেওয়া+অ—ণ,আপ্) সং, স্ত্রীং, উচ্চারণ বোধক বেদাঙ্গ গ্রন্থবিশেষ। (+অ—ভাবে) অভ্যাস। বিনয়। উপদেশ। অধ্যয়ন। দমন। শ্যোনাকবৃক্ষ।

শিক্ষাকর (শিক্ষা উচ্চারণনিয়মবোধক শাস্ত্র—কর করণ) বিং, ত্রিং, শিক্ষাকারক, যে শিখে। সং, পুং, বেদব্যাস।

শিক্ষাগুরু; সং, পুং, বিদ্যাদাতা গুরু, শিক্ষক। দীক্ষাগুরু।

শিক্ষিত (শিক্ষ+ক্ত—র্ম্ম। শিক্ষা+ইত—প্রং) বিং, ত্রিং, শিক্ষাপ্রাপ্ত। কৃতবিদ্য। উপদিষ্ট। বিনীত। বশ্য। দক্ষ।

শিক্ষিতাক্ষর (শিক্ষিত [যাহা দ্বারা] শিক্ষাপ্রাপ্ত—অক্ষর বর্ণ, ৩য়া—ষ) সং, পুং, ছাত্র।

শিখণ্ড, শিখণ্ডক (শিখিন্ ময়ূর—অম্ গমন করা+অ(ড)—ক, নিপাতন) সং, পুং, ময়ূরপুচ্ছ। শিখা, চূড়া। কাকপক্ষ, জুল্পী।

শিখণ্ডিক (শিখণ্ড শিখা, চূড়া+ইক বা কণ্—প্রং) সং, পুং, কুক্কুট, কুঁকড়া। কা—স্ত্রীং, শিখা, চূড়া।

শিখণ্ডী (শিখণ্ডিন্, শিখণ্ড+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। ময়ূরপুচ্ছ। দ্রুপদ রাজার পুত্র। কুক্কুট। বাণ। গুঞ্জা। স্বর্ণযূথিকা। বিষ্ণু। বিং, ত্রিং, শিখণ্ডযুক্ত। নী—স্ত্রীং, দ্রুপদকন্যা। ময়ূরী। মল্লিকাবিশেষ।

শিখন (শিক্ষণ শব্দজ) সং, অভ্যাস। উপদেশ।

শিখর (শিখা চূড়া+র—প্রং) সং, পুং, —ক্লীং, পর্ব্বতের শৃঙ্গ। অগ্রভাগ। বৃক্ষাগ্র। রোমাঞ্চ, পুলক। কোটি। কক্ষ। শুষ্কতৃণ। রত্নবিশেষ, যাহার বর্ণ দাড়িম্বীবীজের বর্ণ সদৃশ। খড়্গের অগ্রভাগ। রা—স্ত্রীং, মূর্ব্বা।

শিখরবাসিনী (শিখর [হিমালয় পর্ব্বতের] শৃঙ্গ—বাসিনী বাসকারিণী) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা।

শিখরী (শিখরিন্, শিখর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত। বৃক্ষ। অপামার্গ। কোট্ট। কোষ্টি। বন্দাক। কর্কটশৃঙ্গী। কুন্দুরুক। যাবনাল। পর্ব্বতদুর্গ। টিট্টিভপক্ষী। বিং,ত্রিং, অগ্রভাগবিশিষ্ট। —রিণী —স্ত্রীং, উত্তমা স্ত্রী। মল্লিকা। দুগ্ধের সর ও চিনিমিশ্রিত মিষ্টান্নবিশেষ। রোমাবলী। সপ্তদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যাহার ২য় অবধি ৬ষ্ঠ পর্য্যন্ত এবং ১১শ ১৩শ ১৭শ বর্ণ গুরু অবশিষ্ট সমুদায় লঘু।

শিখলোহিত; সং, পুং, কুকুরমুড়া গাছ।

শিখা (শী শয়ন করা+খক্—প্রং, আপ)

সং, স্ত্রীং, অগ্রভাগ, চূড়া। কিরীট। মস্তকস্থ কেশগুচ্ছ, টিকী। শিখিমৌলি। অর্চ্চিঃ, জ্বালা, আগুনের শীষ। শাখা। কামজ্বর। প্রধান। লাঙ্গলিয়াগাছ। পাদাগ্র।

শিখাকন্দ ; সং, ক্লীং, গঞ্জন।

শিখাতরু ( শিখা আগুণের শীষ–তরু বৃক্ষ) সং, পুং, পিলসুজ।

শিখাধর, শিখাধার, শিখাধারক (শিখা–ধর, ধার, ধারক=যে ধারণ করে) সং, পুং, ময়ূর, শিখী। মঞ্জ ঘোষ।

শিখাবর ; সং, পুং, কাঁটাল গাছ।

শিখাবল (শিখা+বলচ্–অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর, শিখী। লা-স্ত্রীং, ময়ূর শিখা।

শিখাবান্ ( শিখাবৎ, শিখা+বৎ(বতু)–অস্ত্যর্থ) সং, পুং, অগ্নি। কেতুগ্রহ। চিত্রকবৃক্ষ। বিং, ত্রিং, শিখাবিশিষ্ট।

শিখাবৃক্ষ (শিখা অগ্নিশিখা–বৃক্ষ গাছ) সং, পুং, দীপাধার, পিল্‌সুজ।

শিখাবৃদ্ধি (শিখা টিকী–বৃদ্ধি [বর্দ্ধন] সুদ। যাহা সর্ব্বদাই বৃদ্ধি হয়) সং, স্ত্রীং, কায়িকাবৃদ্ধি, মূলধন নষ্ট না করিয়া প্রত্যহ সুদ লওয়া।

শিখিকণ্ঠ, শিখিগ্রীব (শিখিন্ ময়ূর–কণ্ঠা, গ্রীবা +অ–তদ্বর্ণার্থে) সং, ক্লীং, তুথ, তুঁতিয়া।

শিখিধ্বজ ( শিখিন্ অগ্নি, ময়ূর–ধ্বজা চিহ্ন) সং, পুং, ধুম, ধূঁয়া। কার্ত্তিকেয়।

শিখিপ্রিয় ; সং, পুং, লঘুবদর।

শিখিমণ্ডল ; সং, পুং, বরুণবৃক্ষ।

শিখিবর্দ্ধক ; সং, পুং, কুষ্মাণ্ড।

শিখিবাহন (শিখিন্ ময়ূর–বাহন, ৬ষ্ঠী–হিং) সং, পুং, কার্ত্তিকেয়।

শিখিব্রত ; সং, ক্লীং, ব্রতবিশেষ।

শিখী (শিখিন্, শিখা+ইন্–অস্ত্যর্থে) সং, পুং, অগ্নি। ময়ূর। চিত্রকবৃক্ষ। গিরি, পর্ব্বত। শর, বাণ। বলীবর্দ্দ, ষাড়। কেতুগ্রহ। কুক্কুট। ঘোটক। ব্রাহ্মণ। বৃক্ষ। অজলোমা। সিতাবর। মেথিকা। বিং, ত্রিং, শিখাযুক্ত।

শিগ্রু (শি তীক্ষ্ণ করা+রুক্–ক, গ–আগম) সং, পুং, সজিনাগাছ। শাক।

শিগ্রুজ ; সং, ক্লীং, শোভাঞ্জন বীজ।

শিঙ্গা (শৃঙ্গশব্দজ) সং, বাদ্যযন্ত্রবিশেষ।

শিঙ্ঘাণ (শিনৃঘ্ আঘ্রাণ করা+আন–র্ম্ম) সং, ক্লীং, লৌহমল, লোহার মরিচা। কাচপত্র। নাসিকামল, শিকনি।

শিঙ্ঘাণক ( শিনৃঘ্ আঘ্রাণ করা+আণক–প্রং) সং, পুং, শ্লেষ্মা। পুং, ক্লীং, নাসিকামল, শিকনি।

শিঙ্ঘিত (শিনৃঘ্ আঘ্রাণ করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, ঘ্রাত, যাহা ঘ্রাণ করা হইয়াছে।

শিঞ্জ–পুং, শিঞ্জা–স্ত্রীং, (শিন্‌জ অব্যক্তশব্দ করা +অ( অল্), অ–ভাবে, আপ্) সং, শিঞ্জিত দেখ।

শিঞ্জিত ( শিনৃজ্ অব্যক্ত শব্দ করা+ত (ক্ত)–ভাবে ) সং, ক্লীং, ভূষণধ্বনি। অব্যক্ত ধ্বনি। ( শিঞ্জা+ইত ) ধনুগুর্ণ। বিং, ত্রিং, মুখর, শব্দকারী।

শিঞ্জী ( শিঞ্জিন্, শিঞ্জা+ইন্–অস্ত্যর্থে। অথবা শিনৃজ+ণিন্–ক) বিং, ত্রিং, অব্যক্তধ্বনিকারক। ভূষণধ্বনিবিশিষ্ট।

শিঞ্জিনী ( শিঞ্জিন্+ঈ–প্রং ) সং, স্ত্রীং, নূপুর। ধনুগুর্ণ, ধনুকের ছিলা। আঙটা।

শিটা ( দেশজ ) সং, মলা, গাদ, কাইট।

শিত (শি কিম্বা শো তীক্ষ্ণ করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, ক্ষীণ, কৃশ, দুর্ব্বল। ক্ষয়প্রাপ্ত। শাণিত, তীক্ষ্ণ, ধারাল।

শিতদ্রু ( শিত ক্ষীণ–দ্রু বেগে গমন করা +উ–প্রং) সং, স্ত্রীং শতদ্রুনদী, শতলজ্।

শিতশূক ( শিত তীক্ষ্ণ–শূক শস্যাদির সূক্ষ্মাগ্রভাগ) সং, পুং, যব। গোধূম, গম।

শিত্রাণ ( শিরস্ত্রাণশব্দজ ) সং, উপধান, বালিশ।

শিতি ( শি তীক্ষ্ণ করা+তিক্–ক কিম্বা শত্ গমন করা+ই–প্রং ) সং, পুং, কৃষ্ণবর্ণ। শুক্লবর্ণ। ভূর্জ্জপত্রবৃক্ষ। বিং, ত্রিং, ঐ ঐ বর্ণবিশিষ্ট।

শিতিকণ্ঠ ( শিতি কৃষ্ণবর্ণ–কণ্ঠ গলা, ৬ষ্ঠী–হিং ) সং, পুং, শিব, নীলকণ্ঠ। ময়ূর। দাত্যূহপক্ষী।

শিতিচ্ছদ, শিতিপক্ষ ( শিতি শুক্লবর্ণ—ছদ, পক্ষ=পাখ্‌না, ডানা ) সং, পুং, হংস।

শিতিচার ; সং, পুং, শাকবিশেষ।

শিতিসারক ; সং, পুং, তিন্দুবৃক্ষ।

শিতিবাসাঃ ( শিতিবাসস্‌, শিতি কৃষ্ণবর্ণ—বাসস্‌ বস্ত্র, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, বলদেব, নীলাম্বর।

শিথিল ( শ্লথ্‌ মোচন করা+ইল (কিল)—প্রং, নিপাতন ) বিং, ত্রিং, শ্লথ, আল্‌গা, ঢিলা। ক্লান্ত, অবসন্ন। অলস, জড়। সংযোগবিশেষ। শিং—১"প্রচয়ঃ শিথিলাখ্যোঃ যঃ সংযোগস্তেন জন্যতে।" দুর্ব্বল। ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত। পরিত্যক্ত। যাহা ঝাড়িয়া ফেলা হইয়াছে।

শিনি (শি তীক্ষ্ণ করা, অস্ত্রে ধার দেওয়া+নিক্‌—ক) সং, পুং, যদুবংশীয় নৃপবিশেষ।

শিনেনপ্তা ( শিনেনপ্তৃ, শিনি—নপ্তৃ পৌত্র) সং, পুং, সাত্যকি।

শিপি ; সং, পুং, রশ্মি, কিরণ। স্ত্রীং, চর্ম্ম, চামড়া।

শিপিবিষ্ট (শিপি রশ্মি—বিষ্ট প্রবিষ্ট, ৭মী—ষ। মহাভারতে—"আমি শিপি অর্থাৎ তেজপ্রকাশ করিয়া সমুদয় পদার্থে প্রবেশ করি এই নিমিত্ত আমার নাম শিপিবিষ্ট হইয়াছে।) সং, পুং, বিষ্ণু। শিং—১ "নৈকরূপো বৃহদ্রূপ শিপিবিষ্টঃ প্রকাশনঃ।" শিব। দুশ্চর্ম্ম, অনাবৃত মেঢ্র। টাক, ইন্দ্রলুপ্ত। কুষ্ঠরোগী। শিষ্টপ্রয়োগ—১"শৈত্যাৎ শয়নযোগাচ্চ শিপি বারি প্রচক্ষতে। তৎপানাদ্রক্ষণাচ্চৈব শিপয়ো রশ্ময়ো মতাঃ। তেষু প্রবেশাৎ বিশ্বেশঃ শিপিবিষ্ট ইহোচ্যতে।"ইতি ব্যাসবচনম্‌।

শিপ্রা—স (শি+রক্‌—ক, আপ, নিপাতন) সং, স্ত্রীং, মহাকাল নগরীয় নদীবিশেষ ; যে নদী উজ্জয়িনী দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে।

শিফ—পুং, } (শী শয়ন করা+ফক্‌
শিফা—স্ত্রীং, } —ক, নিপাতন ) সং, তন্তুবিশিষ্ট শিকড়, নস্‌না, ঝুরি। স্ত্রীং, নদী। মাংসিকা। শতপুষ্পা। হরিদ্রা। পদ্মকন্দ। মাতা।

শিফাকন্দ, শিফাক ( শিফা তন্তুবিশিষ্ট শিকড়—কন্দ মূল। ক—যোগে শিফাক) সং, পুং, পদ্মমূল, পদ্মের গেঁড়ো।

শিফাধর (শিফা—ধর যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শাখা, ডাল।

শিফারুহ (শিফা—রুহ যে জন্মে) সং, পুং, বটবৃক্ষ।

শিম (শিম্বশব্দজ) সং, শিমগাছ।

শিমুল (শাল্মলীশব্দজ কি ?) সং, বৃক্ষবিশেষ।

শিম্ব—পুং } (শি তীক্ষ্ণ করা
শিম্বা, শিম্বি, শিম্বিকা } +বি—ক অথবা
শিম্বী—স—স্ত্রীং } শম+ডিম্বচ—ক, নিপাতন) সং, শিমগাছ। শিম।

শিয়র (শীর্ষশব্দজ) সং, যে দিকে শয়নকারীর মস্তক থাকে।

শিয়াল, শেয়াল (শৃগালশব্দজ) সং, ফেরু, শিবা।

শির (শ্রি সেবাকরা, মান্য +অ(ক)—র্ম্ম, নিপাতন) সং, ক্লীং, মস্তক, মাথা।

শিরঃ (শিরস্‌, শ্রি সেবা বা করা+অস্‌—র্ম্ম, নিপাতন ) সং, ক্লীং, মস্তক। বৃক্ষাগ্র। অগ্রভাগ। সৈন্যের অগ্রবর্ত্তী দল। প্রধান অধ্যক্ষ। পুং, পিপ্পলীমূল। অজাগর। শয্যা। [সন্ন্যাসী।

শিরঃকপালী ; সং, পুং, নরমস্তককপালধারী

শিরঃপদী (Cephalopoda) যাহাদের পদ মস্তকের নিকট সংলগ্ন ; যথা—কটলফিস্‌ নামক সমুদ্রজীব।

শিরঃফল (শিরস্‌ মস্তক—ফল) সং, পুং, নারিকেল।

শিরজ (শির মস্তক—জ যে জন্মে) সং, পুং, মূর্দ্ধজ, মাথার চুল।

শিরনামা (শিরোনামন্‌ শব্দজ) সং, পত্রের উপরি লিখিত নাম।

শিরপা (শিরঃপদ শব্দজ) সং, অশ্বের অগ্র পদ উত্তোলন। পারিতোষিক, বক্‌শিস্‌।

শিরসিজ } শিরসিরুহ, শিরসি মস্তকে
শিরসিরুট্‌ } —জ, রুহ্‌, রূহ=যে জন্মে)
শিরসিরুহ } সং, পুং, কেশ, মূর্দ্ধজ, মাথার চুল।

শিরস্ত্র, শিরস্ত্রাণ, শিরস্ক (শিরস্—ত্রৈ রক্ষা করা+অ(ড)—ক, অন—ক, ২য়া—ষ। পক্ষে কণ্—যোগ, কিম্বা প্রকাশার্থ কৈ ধাতুজ+অ(ড)—ক) সং, ক্লীং, উষ্ণীষ, পাক্‌ড়ি। টুপি।

শিরস্য (শিরস্ মস্তক + য(ষ্ণ্য)-সম্বন্ধার্থে) বিং,ত্রিং, শিরঃসম্বন্ধীয়। শিরোজ। সং, পুং, নির্ম্মলকেশ, পরিষ্কৃত চুল।

শিরা (Vein, শৃ হিংসা করা+অ(ক)—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, শরীরমধ্যস্থ রক্ত গমনাগমনের পথ, শির, নাড়ী। যে সকল নাড়ী দ্বারা সঞ্চালিত রক্ত পুনর্ব্বার হৃদয়ে আনীত হয়।

শিরাপত্র; সং, পুং, হিন্তাল বৃক্ষ। কপিত্থ।

শিরাল (শিরা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শিরাযুক্ত। সং, ক্লীং, কর্ম্মরঙ্গ।

শিরালক (শিরাল+কণ্—যোগ) সং, পুং, অস্থিভঙ্গবৃক্ষ, হাড়ভাঙ্গার গাছ।

শিরাবৃত্ত; সং, ক্লীং, সীসক, সীসা।

শিরি (শৃ হিংসা করা বা বধ করা+ই—প্রং। ঋ=ইর্) সং, পুং, খড়্গ। বাণ। হিংস্রব্যক্তি। শলভ, পঙ্গপাল।

শিরীষ (শ হিংসা করা+কীষন্—র্ম্ম) সং, পুং, বৃক্ষবিশেষ। ক্লীং, শিরীষফুল। শিং—১ "পদং সহেত শিরীষপুষ্পং ন পুনঃ পতত্রিণঃ।"

শিরোগৃহ (শিরস্ অগ্রভাগ—গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অট্টালিকার সর্ব্বোপরিস্থ গৃহ, চন্দ্রশালা, চিলেঘর।

শিরোধরা, শিরোধি (শিরস্ মস্তক—ধরা, ধি[ধৃ, ধা ধারণকরা+অন্—ক,ই(কি)—ধি] যে ধরে, দ্বিতীয়া—ষ) সং, স্ত্রীং, গ্রীবা, গলদেশ।

শিরোধার্য্য (শিরস্ মস্তক—ধার্য্য, ৭মী—ষ) বিং,ত্রিং, মস্তকে ধারণীয়। অতিশয় মান্য।

শিরোপা (শিরস্ মস্তক—পা রক্ষা করা + অ(ড)—ক) সং, ক্লীং, উষ্ণীষ, পাগড়ি।

শিরোমণি—পুং, শিরোমণি-ণী—স্ত্রীং (শিরস্ মস্তক—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ বা ৭মী—ষ) সং, শিরোরত্ন। মস্তকস্থ রত্ন-ভূষণ, কিরীটস্থিত রত্ন। পণ্ডিতের উপাধিবিশেষ। বাক্যের শেষে থাকিলে শ্রেষ্ঠ প্রধান অর্থ বুঝায়, যথা—শঠশিরোমণি, রমণীশিরোমণি।

শিরোমর্ম্মা (শিরোমর্ম্মন, শিরস মস্তক—মর্ম্মন্ সজীবত্ব) সং, পুং, শূকর।

শিরোরত্ন (শিরস্ মস্তক—রত্ন মণি, ৬ষ্ঠী—ষ বা ৭মী—ষ) সং, ক্লীং, শিরোমণি। কিরীটস্থিত রত্ন। বাক্যের শেষে থাকিলে প্রধান, শ্রেষ্ঠ অর্থ বুঝায়।

শিরোরুজা; সং, স্ত্রীং, সপ্তপর্ণবৃক্ষ।

শিরোরুট্, শিরোরুহ (শিরোরুহ্, শিরস্ মস্তক—রুহ, রুহ[রুহ্ আরোহণ করা +০(ক্বিপ্), অ(ক)—ক] যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, মূর্দ্ধজ, কেশ, মাথার চুল।

শিরোবল্লী (শিরস্ মস্তক—বল্লী লতা) সং, স্ত্রীং, ময়ূরের শিখা।

শিরোবৃত্ত; সং, ক্লীং, মরিচ।

শিরোবেষ্ট—পুং, শিরোবেষ্টন—ক্লীং, (শিরস্ মস্তক—বেষ্ট, বেষ্টন যে বেষ্টন করে, দ্বিতীয়া—ষ) সং, উষ্ণীষ, পাকড়ী।

শিরোস্থি (শিরস্—অস্থি হাড়) সং, ক্লীং, করোটি, মাথার খুলি।

শিল (শিল্ গৃহীতশস্যশেষ আহরণ করা+অ(ক)—ভাবে) সং, ক্লীং, উঞ্ছবৃত্তি, ক্ষেত্র হইতে শস্য লইয়া গেলে পর অবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া। (এক একটী ধান্যাদি খুঁটিয়া লওয়াকে উঞ্ছ এবং ধান্যাদির শীষ খুঁটিয়া লওয়াকে শিল কহে)।

শিলা (পূর্ব্বে দেখ, আপ্—প্রং) সং, স্ত্রীং, পাষাণ, প্রস্তর, পাথর। দ্বারের অধঃস্থিত কাষ্ঠাদি, গোবরাট। স্তম্ভশীর্ষ, খুঁটি বা থামের মাথা। মনঃশিলা। দুই থামের উপরিস্থাপিত দীর্ঘ কাষ্ঠ, পাড়। কর্পূর।

শিলাকর্ণী; সং, স্ত্রীং, শল্লকীবৃক্ষ, বাবলা-গাছ।

শিলাকুট্টক (শিলা প্রস্তর—কুট্ট্ ছেদন করা + অক—প্রং) সং, পুং, টঙ্ক, পাষাণভেদনাস্ত্র।

শিলাজ, শিলাজতু ( শিলা পর্ব্বত—জ জাত। শিলা পাষাণ—জতু লাক্ষা। গ্রীষ্মকালে পর্ব্বত সকল উত্তপ্ত হইলে যে স্বর্ণাদি ধাতুসার তাহা হইতে ক্ষরিত হয় ) সং, ক্লীং, পর্ব্বতজাত উপধাতুবিশেষ। শৈলেয় গন্ধদ্রব্যবিশেষ।

শিলাঞ্জনী ; সং, স্ত্রীং, কালাঞ্জনী বৃক্ষ।

শিলাটক ( শিলা পাথর—অট্ গমন করা +অক—প্রং ) সং, পুং, অট্টালিকা। অট্টালিকার উপরিস্থ ক্ষুদ্র গৃহ, চিলের ছাত। গর্ত্ত।

শিলাতল ; সং, ক্লীং, শিলার উপরিভাগ।

শিলাত্মজ, শিলাসার (শিলা পাথর—আত্মন্ আপনি—জ জাত। শিলা পাষাণ—সার সারাংশ ) সং, ক্লীং, লৌহ, লোহা।

শিলাত্মিকা (শিলা প্রস্তর—আত্মন্ বস্তু+ক —প্রং ) সং, স্ত্রীং, স্বর্ণাদি গলাইবার পাত্র, মূচী।

শিলাধাতু ( শিলা প্রস্তর বা পর্ব্বত—ধাতু আকরীয় ) সং, পুং, সিতোপল, খড়ী। পীতবর্ণ গিরিমাটী।

শিলাপট্ট ( শিলা প্রস্তর—পট্ট সমতল ) সং, পুং, পেষণার্থ শিলা, শিল।

শিলাপুত্র ( শিলা সমতল প্রস্তর—পুত্র ) সং, পুং, ঘর্ষণাল, লোড়া।

শিলাময় ( শিলা+ময়—বিকারার্থে ) বিং, ত্রিং, প্রস্তরনির্ম্মিত।

শিলারম্ভা ; সং, স্ত্রীং, কাষ্ঠকদলী।

শিলাস্থি ( Petrous bone ) যে অস্থিখণ্ডের উপরিভাগে মস্তিষ্ক অবস্থিত।

শিলাসন, শিলাহ্ব (শিলা প্রস্তর বা পর্ব্বত —অসন বাসস্থান কিংবা আসন বসিবার স্থান।—আহ্বা নাম) সং,ক্লীং, শৈলেয়, শিলাজতু।

শিলি ( শিল্ গৃহীত শস্যশেষ আহরণ করা+ই(কি)—র্ম্ম ) সং, পুং, ভূর্জ্জপত্রবৃক্ষ। লি, লী—স্ত্রীং, ছত্রাক পুষ্প। গোবরাট। ভেকী। শল্য।

শিলিন্দ ; সং, পুং, মৎস্যবিশেষ।

শিলীন্ধ্র ( শিলী—ধৃ ধারণ করা+অ(খ)—ক ) সং, পুং, মৎস্যবিশেষ। কদলীবৃক্ষ। ক্লীং, কদলীপুষ্প, মোচা। ছত্রাক, বেঙের ছাতি। করকা, শিল। ন্ধ্রা—স্ত্রীং, পক্ষিণীবিশেষ। মৃত্তিকা। কন্দলী।

শিলীন্ধ্রক ( শিলীন্ধ্র+ক—যোগ ) সং, স্ত্রীং, গোময়চ্ছত্রিকা, গোবরের ছাতা।

শিলীন্ধ্রী ; সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ। কেঁচো। ভেকী। মৃত্তিকা। [রোগ।

শিলীপদ ; সং, পুং, পদরোগবিশেষ, গোদ-

শিলীমুখ ( শিলী হুল—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর। বাণ। যুদ্ধ। জড়ীভূত।

শিলেয় ( শিলা পর্ব্বত+এয়(ঢেয়)—প্রং ) সং, ক্লীং, শৈলজ, শিলাজতু। বিং, ত্রিং, শিলাসম্বন্ধীয়।

শিলোচ্চয় (শিলা—উৎ উপরি—চি একত্র করা+অ—প্রং, অথবা শিলা—উচ্চয় রাশি ) সং, পুং, শৈল, পর্ব্বত পর্ব্বতশৃঙ্গ।

শিলোঞ্ছ (শিল গৃহীতশস্যে আহরণ—উঞ্ছ্ জীবিকার্থ ত্যক্ত ধান্যাদি খুঁটিয়া লওয়া +অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, উঞ্ছবৃত্তি, ক্ষেত্র হইতে শস্যাদি লইয়া গেলে পর অবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া।

শিলোত্থ, শিলোদ্ভব ( শিলা প্রস্তর—উত্থ যে জন্মে। শিলা প্রস্তর বা পর্ব্বত—উদ্ভব উৎপন্ন ) বিং, ত্রিং, শিলা হইতে উৎপন্ন। সং, ক্লীং, শৈলেয়, শিলাজতু।

শিলৌকাঃ ( শিলৌকস্, শিলা পর্ব্বত—ওকস্ স্থান ) সং, পুং, গরুড়।

শিল্প ( শিল্ [ একান্ত রত হওয়া ] নিপুণ হওয়া+পক্—ভাবে) সং,ক্লীং, বস্ত্র নির্ম্মাণাদি কর্ম্ম, কারিকুরি। (+পক্—র্ম্ম) বেণুবীণাদিবাদ্য, নৃত্যগীতবাদ্যাদি। স্রুব।

শিল্পকার, শিল্পকারী (শিল্পকারিন্, শিল্প-কার, কারিন্ [ কৃ করা+অ(ষণ্), ইন্(ণিন্) —ক ] যে করে, ২য়া—ষ ) বিং, ত্রিং, শিল্পী, কারিকর।

শিল্পযন্ত্র—কল।

শিল্পলিপি—প্রস্তরাদিতে ক্ষোদিত অক্ষর।

শিল্পশাল, শিল্পিশাল ( শিল্প—শালা গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লা—স্ত্রীং, শিল্পকর্ম্ম করিবার ঘর, কারখানা ঘর।

শিল্পিক, শিল্পী (শিল্পিন্, শিল্প + ইক, ইন্ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, শিল্পকর্ম্ম-কারী, কারিকর।

শিব (শিব কল্যাণ+অ — অস্ত্যর্থে, কিংবা শো [অশুভ] নাশ করা+ব — ধি। অথবা শী [অণিমাদি অষ্টগুণ] শয়ন করা অর্থাৎ অবস্থান করা+ব — ধি) সং, পুং, শম্ভু, মহেশ, মহাদেব। পারদ। মুক্তি, মোক্ষ। বেদ। বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ। পশুবন্ধন কাষ্ঠ বা স্তম্ভ। লিঙ্গ, মেঢ্র। শিবলিঙ্গ। ক্লীং, সুখ। মঙ্গল। জল। শুভ। সৈন্ধব, সমুদ্রলবণ। শ্বেতটঙ্কণ। অদ্বৈতব্রহ্ম। শিং — ১ "শিবমদ্বৈতং তুরীয়ং মন্যতে।" বিং, ত্রিং, শুভদ। সুখদ। রম্য, রমণীয়।

শিবক (শিব+ক — প্রং) সং, পুং, কীলক, খোঁটা, গোঁজ। গরুদিগের গাত্রকণ্ডূয়-নার্থ গোষ্ঠে নিখাতকাষ্ঠ।

শিবকর, শিবঙ্কর (শিব মঙ্গল — কর যে করে। শিব মঙ্গল — কৃ করা+অ(ট) — ক) বিং, ত্রিং, মঙ্গলকারক, শুভদায়ক।

শিবকীর্ত্তন (শিব — কীর্ত্তন গুণকথন) সং, পুং, বিষ্ণু। শৈব, শিবের উপাসক। ক্লীং, শিবের স্তুতি।

শিবঘর্ম্মজ (শিব — ঘর্ম্ম ঘাম — জ জাত) সং, পুং, মঙ্গলগ্রহ। [কৃষ্ণা চতুর্দ্দশী।

শিবচতুর্দ্দশী; সং, স্ত্রীং, ফাল্গুন মাসের

শিবজ্ঞান (শিব মঙ্গল — জ্ঞান) সং, ক্লীং, শুভাশুভকালবোধক শাস্ত্র।

শিবতাতি (শিব সুখ+তাতি — প্রং) বিং, ত্রিং, ক্ষেমঙ্কর, শুভজনক।

শিবদত্ত; সং, ক্লীং, বিষ্ণুচক্র।

শিবদারু; সং, ক্লীং, দেবদারুবৃক্ষ।

শিবদূতী, শিবদূতিকা (শিব — দূতী [দূত বার্ত্তাবহ+ঈ — প্রং] বার্ত্তাবাহিনী) সং, স্ত্রীং, দেবীবিশেষ, দুর্গা। যোগিনীবিশেষ। শিং — ১ "কৌষিক্যা হৃদয়াদ্দেবী নিঃসৃতা ধ্যানতো হরেঃ। শিবদূতীতি বিখ্যাতা শিবাশতসুসংবৃতা।" [বেলগাছ।

শিবদ্রুম (শিব — দ্রুম বৃক্ষ) সং, পুং,

শিবধর্ম্ম; সং, ক্লীং, উপপুরাণবিশেষ।

শিবধাতু; সং, পুং, পারদ। গোদন্তমণি।

শিবপুরী (শিব — পুরী নগরী) সং, স্ত্রীং, বারাণসী, কাশী।

শিবপ্রিয়; সং, ক্লীং, রুদ্রাক্ষ। পুং, বকবৃক্ষ। স্ফটিক, ধুস্তূর। বিং, ত্রিং, শিবের প্রিয় (দ্রব্য)। য়া — স্ত্রীং, দুর্গা।

শিবরাত্রি (শিব — রাত্রি) সং, স্ত্রীং, শিব-চতুর্দ্দশী, ফাল্গুন কৃষ্ণচতুর্দ্দশীরাত্রি।

শিবনাভি; সং, পুং, শিবলিঙ্গবিশেষ।

শিবলিঙ্গ; সং, ক্লীং, শিবের প্রস্তরমৃত্তি-কাদিময় লিঙ্গমূর্ত্তি।

শিববাহন (শিব — বাহন, ৬ষ্ঠী — ষ) সং, পুং, বৃষ, ষাঁড়। [পারা।

শিববীজ (শিব — বীজ) সং, ক্লীং, পারদ,

শিবসাযুজ্য; সং, ক্লীং, শিবত্ব, শিবস্বরূপ।

শিবা (শিব+আপ্ — প্রং) সং, স্ত্রীং, শৃগালী। হরীতকী। আমলকী। নদীবিশেষ। হরিদ্রা। মুক্তি, মোক্ষ। দূর্ব্বা। শমী-বৃক্ষ। দুর্গা, ভবানী। শিষ্টপ্রয়োগ — ১ "শিবা কল্যাণরূপা চ শিবদা চ শিব-প্রিয়া। প্রিয়ে দাতরি চা শব্দঃ শিবা তেন প্রকীর্ত্তিতা॥ ২ "শশ্চ কল্যাণবচন ইরেবোৎকৃষ্টবাচকঃ। সমূহবাচকশ্চৈব বাকারো দাতৃবাচকঃ। শ্রেয়ঃ সংঘোৎকৃষ্ট-দাত্রী শিবা তেন প্রকীর্ত্তিতা।" ৩"শিবো হি মোক্ষবচনশ্চাকারো দাতৃবাচকঃ। স্বয়ং নির্ব্বাণদাত্রী যা সা শিবা পরি-কীর্ত্তিতা॥"

শিবাক্ষ (শিব — অক্ষ [অক্ষিশব্দজ+ষ] চক্ষু) সং, ক্লীং, রুদ্রাক্ষবীজ।

শিবানী (শিব+ঈপ্ — প্রং, আন্ — আগম। অথবা শিব কল্যাণ — আ — নী লওয়া +অ(ড) — ক, ঈপ্) সং, স্ত্রীং, শিব-পত্নী। পুষ্পবিশেষ। জয়ন্তীবৃক্ষ।

শিবাপ্রিয় (শিবা দুর্গা — প্রিয়) সং, পুং, ছাগল, ছাগ। [সং, পুং, কুক্কুর।

শিবারাতি (শিবা শিয়াল — অরাতি শত্রু)

শিবালয় (শিব — আলয় বাসস্থান) সং, পুং, রক্তুতুলসী। ক্লীং, শ্মশান, গোর-স্থান। শিবের মন্দির।

শিবালু; সং, পুং, শৃগাল।

শিবি (শি তীক্ষ্ণকরা+বি—ক) সং, পুং, শরণাগতরক্ষক স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ, উশীনর রাজার পুত্র। দেশবিশেষ। হিংস্রজন্তু। ভূর্জ্জবৃক্ষ।

শিবিকা (শিবি [নাম ধাতু] সুখদান করা+অক(ণক)—ক, আপ্—প্রং) সং, স্ত্রীং, যানবিশেষ, পাল্কী, ডুলি।

শিবির (শী শয়ন করা বা বিশ্রাম করা+ইর(কির)—ধি। ব্—আগম) সং, ক্লীং, সেনানিবেশ, ছাউনি। পটাবাস। শস্যবিশেষ।

শিবীরথ (শিবী শিবিকাশব্দজ—রথ) সং, পুং, শিবিকা, পাল্কী, ডুলি।

শিবেতর (শিব—ইতর) বিং, ত্রিং, অশিব, অমঙ্গল।

শিশয়িষা (শী শয়ন করা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, শয়ন করিতে ইচ্ছা।

শিশয়িষু (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, শয়ন করিতে ইচ্ছুক। [পাত্রবিশেষ।

শিশি (যবনভাষা) সং, কাচনির্ম্মিত ক্ষুদ্র

শিশির (শশ্ [দক্ষিণে সূর্য্য গেলে] গমন করা+ইর(কির)—ধি, অ স্থানে ইর) সং, পুং, হিম, তুষার। পুং—ক্লীং, শীতকাল, মাঘ ফাল্গুন—এই দুই মাস। বিং, ত্রিং, শীতল। জড়। শিং—১ "শিশিরবসন্তৌ পুনরায়তঃ। ২ আনন্দী হরিচন্দনেন্দুশিশিরঃ স্নিগ্ধো রুণদ্ধ্যন্যতঃ।"

শিশু (শিশ্ গমনকরা+উ—ক। অথবা শো তীক্ষ্ণকরা+উ—ক, দ্বিত্ব) সং, পুং, বালক, পোত, শাবক। ডিম্ব। ৮ বা ১৬ বৎসরের অনধিক বয়স্ক।

শিশুক (শিশু+কণ্—যোগ) সং, পুং, জলচরজন্তুবিশেষ, শুশুক। বৃক্ষবিশেষ। শিশু, শাবক।

শিশুগন্ধা; সং, স্ত্রীং, মল্লিকাবিশেষ।

শিশুত্ব (শিশু+ত্ব—ভাবে) সং, ক্লীং, শৈশব, বাল্যাবস্থা।

শিশুপাল (শিশু—পাল [পা-ক্রি=পালি+অ(ষণ)—ক] যে পালন করে) সং, পুং, চেদিবংশীয় নৃপবিশেষ, দমঘোষের পুত্র

শিশুপালক (শিশু—পাল যে পালন করে+ক—প্রং) সং, পুং, শিশুপাল। কেলিকদম্ব। বিং, ত্রিং, শিশুরক্ষক।

শিশুভাব; সং, পুং, তান্ত্রিকভাববিশেষ। শিশুত্ব।

শিশুপালহা (শিশুপালহন্, শিশুপাল—হন্ [হন্ বধ করা+•(ক্বিপ্)—ক] যে বধ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

শিশুমার (শিশু শাবক—মার [মৃ-ণিচ=মারা+অ(ষণ্)—ক] যে মারে, দ্বিতীয়া—ষ) সং, পুং, জলজন্তুবিশেষ, শুশুক। তারাচক্রবিশেষ।

শিশুবাহক (শিশু—বহ্ বহন করা+অক(ণক)—ক) সং, পুং, বন্যগাছ। বিং, ত্রিং, বালকের বহনকারী।

শিশ্ন (শশ্ গমন করান+ন(নক্)—ক, নিপাতন) সং, পুং, পুরুষ-চি[illegible] পুরুষোপস্থ, মেঢ়।

শিশ্বিদান (শ্বিৎ [শুক্লবর্ণ [illegible]] ধার্ম্মিক বা পবিত্র হওয়া+[illegible]ন—প্রং, দ্বিত্ব, ত=দ) বিং, ত্রিং, নির্দোষী, ধার্ম্মিক। পাপকর্ম্মকারী। [শীর্ষ। মঞ্জরী। শিখা।

শিষ, শীর্ষ (শীর্ষ শব্দজ) সং, ধান্যাদির

শিষ্ট (শাস্ শাসন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শান্ত, ধীর, সুবোধ, সুশীল। শিষ্ট—১ "ন পাণিপাদচপলো ন নেত্রচপলো মুনিঃ। ন চ বাগঙ্গচপল ইতি শিষ্টস্য লক্ষণং।" নীতিজ্ঞ। অবশিষ্ট। বশতাপন্ন, পোষা। শিক্ষিত, বিনীত। প্রধান, বিখ্যাত। আজ্ঞপ্ত। পুং,—মন্ত্রী, সভ্য। সর্দ্দার।

শিষ্টতা (শিষ্ট+তা—ভাবে) সং, স্ত্রীং, শিষ্টের ধর্ম্ম, নম্রতা, ধীরতা। শেষ, অবশিষ্টতা। বিনয়। বশীভূততা।

শিষ্টাচার (শিষ্ট—আচার আচরণ) সং, পুং, সাধুব্যবহার, ভদ্রতা।

শিষ্টি (শাস্ শাসন করা+তি(ক্তি)—ভাবে, নিপাতন) সং, স্ত্রীং, শাসন, তাড়ন। আজ্ঞা, আদেশ। শোধন। বিন্যাস।

শিষ্য (শিষ্ট দেখ, য(ক্যপ)—র্ম্ম) সং, পুং,

ছাত্র, অন্তেবাসী। বিং,ত্রিং, শাসনযোগ্য। উপদেষ্টব্য। শিক্ষিতব্য, শিক্ষণীয়।

শিহ্লু, শিহ্লুক (সিহ্ প্রবহওয়া+ল—প্রং। সি=শ। শিহ্লু+ক—যোগ) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

শী (শী শয়নকরা+•(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, শয়ন, শান্তি।

শীকর—স (শীক্ জলাদি সেক করা+অরন্—ক) সং, পুং, বায়ুপ্রেরিত জলবিন্দু, জলকণা। সূক্ষ্ম বৃষ্টি। বায়ু।

শীঘ্র (শিন্ঘ্ আঘ্রাণকরা+রক্—ভাবে, নিপাতন) ক্রিং—বিং, ক্লীং, অবিলম্ব, দ্রুত, ত্বরা। (+রক্—ক) বিং, ত্রিং, শীঘ্রতাযুক্ত, সত্বর, ত্বরিত।

শীঘ্রগ (শীঘ্র—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে) বিং,ত্রিং,দ্রুতগামী, ত্বরিতগতি।

শীঘ্রচেতন (শীঘ্র—চিৎ বোধকরা, জানা+অন—ক) সং, পুং, কুক্কুর। ত্রিং, দ্রুতচেতনাযুক্ত। [দ্রুততা, সত্বরতা।

শীঘ্রতা (শীঘ্র+তা—ভাবে) সং, স্ত্রীং,

শীঘ্রবেধী(শীঘ্রবেধিন্,শীঘ্র—বেধিন্ যে বিদ্ধ করে) সং, পুং, লঘুহস্ত, ক্ষিপ্রবিদ্ধকারী।

শীঘ্রপুষ্প ; সং, পুং, অগস্ত্যবৃক্ষ।

শীঘ্রায়মাণ (শীঘ্র [নামধাতুজ] দ্রুত গমন করা+আন(শান)—ক। য, ম—আগম) বিং, ত্রিং, শীঘ্রগমনকারী।

শীত (শ্যৈ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, শীতল, শৈত্যগুণযুক্ত। জড়। অলস। ক্বাথিত, সিদ্ধ। (শীত+ষ্ণ) ক্লীং, শৈত্যগুণ, শীতলতা। জল। ত্বক্। পুং, হিমঋতু,শীতকাল। বেতসবৃক্ষ। বহুবারকবৃক্ষ। অশনপর্ণী। পর্পট। নিম্ব। কর্পূর।

শীতক (শীত+কণ্—যোগ) সং, পুং, শীতকাল। দীর্ঘসূত্রী। অলস, কুড়ে, বৃথাকালক্ষেপকারী। নিশ্চেষ্ট, নিবৃত্ত। সুখীমনুষ্য। বৃশ্চিক। অশনপর্ণী।

শীতকর, শীতকিরণ<br>
শীতগু, শীতভানু<br>
শীতময়ূখ, শীতমরীচি<br>
শীতরশ্মি, শীতাংশু } (শীত শীতল—কর, কিরণ, গো, ভানু, ময়ূখ, মরীচি, রশ্মি, অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, হিমকর। কর্পূর।

শীতকুম্ভ ; সং, পুং, করবীর। ম্ভী—স্ত্রীং, জলজবৃক্ষবিশেষ।

শীতচম্পক (শীত শীতল—চম্পক ফুল) সং, পুং, দর্পণ। প্রদীপ।

শীতপর্ণী ; সং, স্ত্রীং, অর্কপুষ্পিকা।

শীতল (শীত শীতলতা—লা দানকরা+অ(ড)—ক, কিংবা শীত শৈত্য+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শৈত্যগুণযুক্ত, ঠাণ্ডা। সং, ক্লীং, চন্দন। শৈলেয়। মৌক্তিক। বেণার মূল। পথ। পুং, চন্দ্র। অশনপর্ণী। লা—স্ত্রীং, দেবীবিশেষ, বসন্ত বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবতা। লী—স্ত্রীং, জলজবৃক্ষবিশেষ।

শীতাবলী ; সং, স্ত্রীং, মহাসমঙ্গা।

শীতশিব (শীত শীতল—শিব মঙ্গলকর) সং, ক্লীং, সৈন্ধবলবণ। শৈলেয় নামে গন্ধদ্রব্য। পুং, মধুরিকা, মৌরী। বা—স্ত্রীং, শমীবৃক্ষ।

শীতা, সীতা (শীত+আ—প্রং) সং, স্ত্রীং, রামচন্দ্রের গৃহিণী, জানকী। লাঙ্গলপদ্ধতি। অতিবলা। কুটুম্বিনী। দূর্ব্বা। শিল্পিকাতৃণ।

শীতাদ্রি (শীত—অদ্রি পর্ব্বত, যং—স) সং, পুং, হিমালয় পর্ব্বত।

শীতাভ, শীতাভ্র (শীত শীতল—আভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং,পুং, চন্দ্র। কর্পূর।

শীতার্ত্ত, শীতালু (শীত—ঋত কিংবা আর্ত্ত, পীড়িত, তৃতীয়া—ষ। শীত+আলু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শীতপীড়িত, শীতকাতর।

শীতাশ্মা (শীতাশ্মন্, শীত শীতল—অশ্মন্ প্রস্তর) সং, পুং, চন্দ্রকান্তমণি।

শীতীভাব (শীত শীতল—ভাব স্বভাব, মধ্যে ঈ(চ্বি)—আগম) মুক্তি, মোক্ষ। শীতলতা।

শীতোত্তম (শীত শীতল—উত্তম) সং,ক্লীং, বারি, জল।

শীৎকার (শীৎ অনুকরণ শব্দ—কার করণ) সং, পুং, শ্রেষ্ঠ স্ত্রীদের রতিকালীন ধ্বনি, শিহরণ, "ইস্" এই শব্দ।

শীৎকৃত (শীৎ অনুকরণ শব্দ—কৃত করা

হইয়াছে ) সং, ক্লীং, রতিকালে স্ত্রীগণের মুখের অব্যক্ত ধ্বনিবিশেষ।

শীত্য ( শীত শীতল বা শীতা লাঙ্গল পদ্ধতি + য – প্রং) বিং, ত্রিং, শীতযোগ্য। কৃষ্ট, চসা।

শীধু, সীধু ( শী শয়নকরা + ধুক্ – ণ ) সং, পুং – ক্লীং, পক্ক ইক্ষুরসজনিত মদ্যবিশেষ। মধু।

শীধুগন্ধ ( শীধু মদ্যবিশেষ – গন্ধ আঘ্রাণ ) সং, পুং, বকুলগাছ।

শীন ( শ্যৈ গমন করা + ত(ক্ত) – ক ) বিং, ত্রিং, ঘনীভূত ( ঘৃতাদি)। মূর্খ। সং, পুং, অজগর, বৃহৎ সর্প।

শীফর ; বিং, ত্রিং, স্ফীত। রম্য।

শীভব ; সং, পুং, শীকর, জলকণা।

শীভ্য ( শীভ্ প্রশংসাকরা + য – প্রং ) সং, পুং, শিব। বৃষ। [পুং, অজগর সর্প।

শীর, শীল (শী শয়নকরা + রক্ – ক) সং,

শীর্ণ ( শৄ হিংসাকরা + ক্ত – ক) বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ। শুষ্ক। ছিন্ন। পতিত।

শীর্ণপাদ, শীর্ণাঙ্ঘ্রি ( শীর্ণ যাহা কুঁকড়িয়া গিয়াছে – পাদ, অঙ্ঘ্রি = পা। ইহার মাতার অভিশাপে কোঁকড়াইয়া গিয়াছিল ) সং, পুং, যম, অন্তক।

শীর্ণবৃন্ত (শীর্ণ সরু অথচ লম্বা – বৃন্ত বোঁটা) সং, ক্লীং, তরমুজ।

শার্ব্বি ( শৄ হিংসাকরা + বি – প্রং ) বিং, ত্রিং, অপহারক। হিংসক। অসভ্য, বন্য। ক্ষতিকারক।

শীর্ষ ( শিরস্ স্থানে শীর্ষ ) সং, ক্লীং, শিরস্, মস্তক, মাথা। কৃষ্ণাগুরু।

শীর্ষক ( শীর্ষ – ক সুখ, ৫মী – হিং অথবা শীর্ষ + কণ্ – যোগ ) সং, ক্লীং, টোপর। পাগড়ী, শিরোস্থি, মাথারখুলি। মস্তক। জয়পরাজয় নিদর্শন পত্র। পুং, রাহুগ্রহ।

শীর্ষচ্ছেদিক ( শীর্ষ – ছেদ ছেদন + ইক প্রং) বিং, ত্রিং, শিরচ্ছেদনযোগ্য, বধ্য।

শীর্ষচ্ছেদ্য ( শীর্ষ – ছেদ্য ছেদনীয় ) বিং, ত্রিং, শিরশ্ছেদনযোগ্য, বধ্য। শিং – ১ "শীর্ষচ্ছেদ্যমতোঽহংত্বাম্।" (ভট্টি)।

শীর্ষণ্য (শিরস্ মস্তক + য(ক্য) = আরোহার্থে। শিরস্ স্থানে শীর্ষণ্ ) সং, ক্লীং, শিরস্ত্রাণ, পাগড়ী। পুং, বিশদ কেশ, পরিস্কৃত চুল। বিং, ত্রিং, মস্তকস্থ। মস্তকজাত। [ক্লীং, শিরস্ত্রাণ, পাগড়ী।

শীর্ষরক্ষ (শীর্ষ মস্তক – রক্ষ রক্ষণ) সং,

শীল ( শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া + অ (অল্) – ণ) সং, পুং – ক্লীং, স্বভাব। সচ্চরিত্র। চরিত্র। পুং, বৃহৎ সর্প। বিং, ত্রিং, বিশিষ্ট, যুক্ত।

শীলন (পূর্ব্বে দেখ, অন(অনট্) – ভা) সং, ক্লীং, আলোচনা। অভ্যাস। প্রবর্ত্তন। পরিদর্শন। অতিশায়ন।

শীলবান্ ( শীলবৎ, শীল স্বভাব + বৎ (বতু) অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুস্বভাবযুক্ত, সুশীল। সচ্চরিত্রশালী।

শীলা ; সং, স্ত্রীং, কৌণ্ডিন্যম[illegible]া।

শীলিত (শীল দেখ, ত(ক্ত) – ম্ম) বিং, ত্রিং, অভ্যস্ত। শিক্ষিত। আলোচিত।

শীবল (শী [জলে] শয়নকরা + বল – প্রং) সং, ক্লীং, শৈবাল। শৈলেয়।

শীবা (শীবন্, শী শয়নকরা + বন্(ক্বনিপ্) – ক ( সং, পুং, অজগর সর্প, বৃহৎ সর্প। বোড়াসাপ।

শুঁটী (দেশজ) সং, কলায়শুটী, ফলত্বক্।

শুঁঠ (শুণ্ঠীশব্দজ ) সং, শুক্না আদা।

শুঁয়া, শুঙ্গা (শুকশব্দজ) সং, ধান্যাদির অগ্রভাগ। [শুঁড়।

শুঁড় (শুণ্ডশব্দজ ) সং, করিকর, হাতীর

শুঁড়ী ( শৌণ্ডিকশব্দজ ) সং, মদ্যবিক্রেতা।

শুক ( শুভ্ দীপ্তিপাওয়া + ক – ক। ভ-লোপ। অথবা শুক + কক্ – ক) সং, পুং, পক্ষিবিশেষ, টিয়াপাখী। ব্যাসের পুত্র, ইনি পরীক্ষিতকে শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইয়াছিলেন। মহাভারতে—মহর্ষি বেদব্যাস ঘৃতাচী নাম্নী অপ্সরাকে দেখিয়া কামাসক্ত হইয়াছিলেন। ঘৃতাচী তাঁহাকে কামার্ত্ত দেখিয়া শুক পক্ষিণীর রূপ [illegible] করিয়াছিলেন। মহর্ষি তাহাকে [illegible] ধারণ করিতে দেখিয়া কাম [illegible] চেষ্টায় অরণী মন্থন করিতে লাগি[illegible] ভবিতব্যতায় অবশ্যম্ভাবিত্ব [illegible]

সেই কাষ্ঠ মধ্যে সহসা তাঁহার শুক্র নিপতিত হইল। মহর্ষি বেদব্যাস তদ্দর্শনে কিছুমাত্র শঙ্কিত না হইয়া পূর্ব্বের ন্যায় কাষ্ঠ ঘর্ষণ করিতে লাগিলেন। কাষ্ঠ ঘর্ষণ নিবন্ধন তত্রত্য শুক্র বারংবার বিলোড়িত হইল এবং অচিরাৎ তাহা হইতে তেজঃপুঞ্জকলেবর ব্রহ্মর্ষি শুকদেব বিনির্গত হইয়া যজ্ঞস্থলে প্রজ্বলিত পাবকের ন্যায় শোভা পাইতে লাগিলেন। শুক্র বিলোড়ন দ্বারা তাঁহার জন্ম হইয়াছিল বলিয়া তিনি শুক নামে বিখ্যাত হইয়াছেন। রাবণের মন্ত্রী। শিয়ালকাঁটার গাছ। শিরীষবৃক্ষ। ক্লীং, বস্ত্র। বস্ত্রাঞ্চল। শিরস্ত্রাণ,উষ্ণীষ,পাগড়ী। কী—স্ত্রীং, কশ্যপপত্নী। [নীরস, ম্লান।

শুকনা (শোষণার্থ শুষ্ ধাতুজ) বিং, শুষ্ক,

শুকনাস (শুক—নাসা নাক, ৬ষ্ঠী—হিং)সং, পুং, তারাপীড় রাজার মন্ত্রী। শ্যোণাক বৃক্ষ। বিং, ত্রিং, শুকের ন্যায় নাসিকাবিশিষ্ট।

শুকপুচ্ছ (শুক টিয়াপাখী—পুচ্ছ লেজ। তুল্য বর্ণের বলিয়া) সং, পুং, গন্ধক।

শুকাদন (শুক টিয়াপাখী—অদন ভক্ষণীয়) সং, পুং, দাড়িম্ব, দালিম।

শুক্ত (শুচ্ শুচি হওয়া+ত(ক্ত)—ক) সং, ক্লীং, মাংস। কাঞ্জিক, আমানী। ব্যঞ্জনবিশেষের যুষ। শিং—১ "কন্দমূলফলাদীনি সস্নেহলবণানি চ। যত্তদ্দ্রব্যেঽভিসূয়ন্তে তচ্ছুক্তমভিধীয়তে। সিদ্ধা। দুর্ব্বাক্য, কটূক্তি। বিং, ত্রিং, পবিত্র। পরিস্কৃত। পর্য্যুষিত বা বিকৃত হইয়া অম্লযুক্ত। নিষ্ঠুর। শ্লিষ্ট। নির্জ্জন। ক্তা—স্ত্রীং, চুক্রিকা।

শুক্তি (শুচ্ শোককরা ইত্যাদি+তি(ক্তি)—ণ) সং, স্ত্রীং, ঝিনুক। অশ্বের বক্ষঃস্থলে লোমাবলীকৃত আবর্ত্তত্রয়। তথাহি-বক্ষঃস্থাঃ শুক্তয়স্তিস্রঃ উর্দ্ধরোমা জয়াবহাঃ।" শঙ্খ। শঙ্খনখ। কপালখণ্ড,মাথার খুলি। অর্শরোগ। চারিতোলা পরিমাণ। গন্ধদ্রব্যবিশেষ। [ঝিনুক।

শুক্তিকা (শুক্ত+ক—যোগ) সং,স্ত্রীং, শুক্তি,

শুক্তিজ, শুক্তিবীজ (শুক্তি—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত। শুক্তি—বীজ বীচি) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তাফল। বিং, ত্রিং, শুক্তিজাত।

শুক্তিমান্ (শুক্তিমৎ) সং, পুং, পর্ব্বতবিশেষ। শিং—১ "মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমান্ গন্ধমাদনঃ। বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ সপ্তৈতে চ কুলাচলাঃ।" বিং, স্ত্রীং, নদবিশেষ।

শুক্র (শুচ্ শুচি হওয়া ইত্যাদি+রক্—ক) সং, পুং, ভার্গব, দৈত্যগুরু। "মহর্ষি ভার্গব মহেশ্বরের উপস্থদ্বার হইতে বহির্গত হইয়াছিলেন বলিয়া শুক্রনামে বিখ্যাত হইয়াছেন।" গ্রহবিশেষ। বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ। অগ্নি। চিত্রকবৃক্ষ। জ্যৈষ্ঠ মাস। ক্লীং, তেজঃ। শরীরস্থ ধাতুবিশেষ, বীর্য্য, রেতঃ। শিষ্টপ্রয়োগ—১ "যথা পয়সি সর্পিস্তু গূঢ়শ্চেক্ষৌরসো যথা। এবং হি সকলে কায়ে শুক্রং তিষ্ঠতি দেহিনাং।" চক্ষুর রোগবিশেষ।

শুক্রকর (শুক্র বীর্য্য—কর যে করে) সং, পুং, মজ্জা। বিং, ত্রিং, বীর্য্যকারক।

শুক্রভুক্ (শুক্রভুজ্, শুক্র—ভুজ ভোজন করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, ময়ূর। বিং, ত্রিং, রেতোভোজক।

শুক্রভূ (শুক্র—ভূ হওন) সং, স্ত্রীং, মজ্জা।

শুক্রল (শুক্র+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শুক্রযুক্ত। লা—স্ত্রীং, উচ্চটাবৃক্ষ।

শুক্রবার (শুক্র গ্রহবিশেষ—বার দিন) সং, পুং, শুক্রগ্রহের ভোগ্য দিন, সপ্তাহের পঞ্চম দিন।

শুক্রশিষ্য (শুক্র শুক্রাচার্য্য—শিষ্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্য, অসুর।

শুক্রাঙ্গ ; সং, পুং, ময়ূর।

শুক্ল (শুচ্ নির্ম্মল হওয়া+লক্—ক) বিং, ত্রিং, শ্বেতবর্ণবিশিষ্ট, শাদা। শুদ্ধ। সং, পুং, শ্বেতবর্ণ, শাদা রং। শুক্লপক্ষ। ক্লীং, রজত, রৌপ্য। নবনীত। চক্ষুর রোগবিশেষ। কাঞ্জিকাদি। বিষ্কম্ভাদি যোগবিশেষ।

শুক্লক (শুক্ল+কণ্—যোগ) সং, পুং, শুক্লপক্ষ। শ্বেতবর্ণ।
শুক্লকর্ম্মা (শুক্লকর্ম্মন্, শুক্ল সাদা, নির্ম্মল—কর্ম্মন্ কার্য্য) বিং, ত্রিং, অকৃষ্ণকর্ম্মা, সংকর্ম্মের অনুষ্ঠাতা, শুদ্ধচরিত্র।
শুক্লকণ্ঠক; সং, পুং, দাত্যূহপক্ষী। বিং, ত্রিং, শ্বেতগলযুক্ত।
শুক্লকন্দ; সং, পুং, মহিষকন্দ। শ্বেতমুল। ন্দা—স্ত্রীং, অতিবিষা।
শুক্লধাতু (শুক্ল শ্বেতবর্ণ—ধাতু আকরীয়) সং, পুং, কঠিনী, খড়ী।
শুক্লপক্ষ (শুক্ল শাদা—পক্ষ মাসার্দ্ধ) সং, পুং, শুক্লপ্রতিপদ অবধি পুর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি।
শুক্লপুষ্প; সং, পুং, ছত্রকবৃক্ষ। কুন্দপুষ্পবৃক্ষ। মরুবক। বিং, ত্রিং, শ্বেতকুসুমযুক্ত। ষ্পা—স্ত্রীং, নাগদন্তী। শীতকুন্তী। ষ্পী—স্ত্রীং, নাগদন্তী। [শর্করা।
শুক্লা (শুক্ল+আ—প্রং) সং, স্ত্রীং, সরস্বতী।
শুক্লাপাঙ্গ (শুক্ল শাদা—অপাঙ্গ চক্ষুর প্রান্ত, ৬ষ্ঠী-হিং) সং, পুং, ময়ূর। বিং, ত্রিং, শ্বেতবর্ণান্তনেত্র।
শুক্লাঙ্গী; সং, স্ত্রীং, শেফালিকা।
শুক্লিমা (শুক্লিমন্, শুক্ল+ইমন্—ভাবে) সং, পুং, শুক্লত্ব, শ্বেত রং।
শুক্লোপলা (শুক্ল শাদা—উপলা প্রস্তর) সং, স্ত্রীং, শর্করা, চিনি। পুং, শাদা পাথর। [সং, পুং, বায়ু, বাতাস।
শুষ্মি (শুষ্ শুষ্ক হওয়া+কৃসি—প্রং)
শুঙ্গ (শম্ শান্ত হওয়া+গ—প্রং, নিপাতন) সং, পুং, বটবৃক্ষ। আমড়া গাছ। পুং, ঙ্গা—স্ত্রীং, ধান্যাদির শুঁয়া।
শুঙ্গাকর্ম্ম (শুঙ্গাকর্ম্মন্, শুঙ্গা—কর্ম্মন্ কার্য্য) সং, ক্লীং, পুং-সবন, সংস্কারবিশেষ। শিং—১ "পুংসবনে চন্দ্রনামা শুঙ্গাকর্ম্মানি শোভনঃ।"
শুঙ্গী (শুঙ্গ ধান্যাদির শুঁয়া+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বটগাছ। পাকুড় গাছ। বিং, ত্রিং, শুঙ্গবিশিষ্ট।
শুচ, শুচা (শুচ শোককরা+০(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, শোক, দুঃখ, মনস্তাপ।
শুচি (শুচ্ নির্ম্মল হওয়া+ইন্—ক) সং, পুং, অগ্নি। চিত্রকবৃক্ষ। জ্যৈষ্ঠমাস। আষাঢ়মাস। সূর্য্য। চন্দ্র। মহাদেব। বৃহস্পতি। ব্রাহ্মণ। অন্নপ্রাশন কালীন হোম। গ্রীষ্মকাল। শৃঙ্গাররস। সৌরাগ্নি। শিং—১ "নির্ম্মথ্যঃ পবমানঃ স্যাৎ বৈদ্যুতঃ পাবকঃ স্মৃতঃ। যশ্চাসৌ তপতে সূর্য্যঃ শুচিরগ্নিস্ত্বসৌ স্মৃতঃ।" শ্বেতবর্ণ, শুক্ল রং। শুদ্ধমন্ত্রী। সদাচার। বিং, ত্রিং, নির্দ্দোষ। অনুপহত। শুদ্ধ, পবিত্র। নির্ম্মল। শ্বেত বর্ণযুক্ত, শুভ্র। অনুকূল। শিষ্টপ্রয়োগ—১ "গবাং পশ্চাৎদ্বিজস্যাঙ্ঘ্রির্যোগিনাং হৃৎ কবেৰ্ব্বচঃ। পরং শুচিতমং বিদ্যাৎ মুখং স্ত্রীবহ্নিবাজিনাম্॥" স্ত্রীং, কশ্যপপত্নী, তাম্রার কন্যা।
শুচিতা (শুচি+তা—ভাবে) সং, স্ত্রীং, শুদ্ধতা, পবিত্রতা। নির্ম্মলতা।
শুচিদ্রুম; সং, পুং, অশ্বত্থবৃক্ষ।
শুচিপ্রণী (শুচি শুদ্ধকরণ—প্রণী সম্পাদন) সং, স্ত্রীং, আচমন।
শুচিস্মিত; বিং, ত্রিং, বিশুদ্ধ হাস্যযুক্ত।
শুচিরোচিঃ (—রোচিস্) সং, পুং, চন্দ্র। শুক্লকিরণ।
শুচিশ্রবা—(মহাভারতে—"আমি পাপস্পর্শ না করিয়া পবিত্র বাক্য সমুদয় শ্রবণ করি এই নিমিত্ত আমার নাম শুচিশ্রবা হইয়াছে।") সং, পুং, কৃষ্ণ।
শুটীরতা—স্ত্রীং } (শৌটীর বীর+তা, য
শুটীর্য্য—ক্লীং } —ভাবে। ঔ=উ) সং, বীর্য্য, পরাক্রম।
শুণ্ঠি, শুণ্ঠী, ণ্ঠিকা—স্ত্রীং (শুণ্ঠ্ পোষণ করা+ই—ণ) সং, স্ত্রীং, শুষ্ক আর্দ্রক, শুঁঠ।
শুণ্ড (শুণ্ গমন করা+ড—ক) সং, পুং, করিহস্ত, হাতির শুঁড়। হস্তীর গণ্ডস্থল হইতে মদক্ষরণ। [পুং, হস্তী।
শুণ্ডধর (শুণ্ড শুঁড়—ধর যে ধরে) সং,
শুণ্ডক (শুণ্ড+ক—যোগ) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি। যুদ্ধবেণু, রণশিঙ্গা।
শুণ্ডপাদ (Cirrhopoda) যে সকল জীবের দেহ বহুখণ্ড চূর্ণময় আবরণে আচ্ছাদিত

এবং তদূর্দ্ধভাগ হইতে এক শুণ্ড নির্গত হয় ; যথা—বার্ণাকুল্ (Barnacles)।

শুণ্ডা ( শুণ্ড দেখ, আপ্—প্রং ) সং, স্ত্রীং, মদ্য। কুট্‌নী। জলহস্তিনী। হাতীর শুঁড়। নলিনী। ( +ড—ধি ) মদ্যগৃহ। বেশ্যা।

শুণ্ডালদেহী ( Polypi ) যাহাদের দেহে অতি সূক্ষ্ম সূক্ষ্ম শুণ্ড আছে; ইহারা দুই গণে বিভক্ত, এই গণের প্রধান জীব প্রবালকীট।

শুণ্ডাপান ; সং, ক্লীং, মদ্যপানগৃহ।

শুণ্ডার ( শুণ্ডা মদ্য+র—প্রং ) সং, পুং, সুরা প্রস্তুতকারী, শুঁড়ী। হস্তী। অপকৃষ্ট শুণ্ডা, জঘন্যমদ্য।

শুণ্ডাল ( শুণ্ডা হাতীর শুঁড় + ল—অস্ত্যর্থে ) সং, পুং, করী, হস্তী।

শুণ্ডিকা ( শুণ্ডা হাতীর শুঁড় + ক, আ ) সং, স্ত্রীং, আল্‌জিভ্। শুণ্ডা।

শুণ্ডী (শুণ্ডিন্, শুণ্ডা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শুঁণ্ডী, সুরাপ্রস্তুতকারক। হস্তী।

শুতুদ্রী, শুতদ্রু—দ্রু ( শতদ্রু দেখ ) সং, ক্লীং, শতদ্রুনদী।

শুদ্ধ ( শুধ্ শুদ্ধ হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, পবিত্র। স্বচ্ছ, নির্ম্মল। উজ্জ্বল। নির্দ্দোষ। শাণিত। ক্ষমতা প্রাপ্ত। অমিশ্রিত। উদ্ধত। শুভ্র। কেবল। সং, ক্লীং, সৈন্ধবলবণ। মরিচ।

শুদ্ধদৎ ( শুদ্ধ—দন্ত ) বিং, ত্রিং, শুভ্রদন্তযুক্ত। শিং—১ "গতে তস্মিন্ জলশুচিঃ শুদ্ধদদ্রাবণঃ শিখী।" (ভট্টি)।

শুদ্ধচারী ( শুদ্ধচারিন্, শুদ্ধ—চর্ গমন করা+ইন্—ক ) বিং, ত্রিং, নির্ম্মলচরিত্র, নির্দ্দোষ।

শুদ্ধজঙ্ঘ ( শুদ্ধ নির্ম্মল, পবিত্র—জঙ্ঘা ঠ্যাঙ্) সং, পুং, গর্দ্দভ, গাধা।

শুদ্ধমতি ; সং, পুং, চতুর্ব্বিংশতি ভূতার্হদন্তর্গত জিনবিশেষ। স্ত্রীং, পবিত্রবুদ্ধি। বিং, ত্রিং, শুদ্ধ বুদ্ধিবিশিষ্ট। শিং—১ "তদন্বয়ে শুদ্ধমতিঃ প্রসূতঃ শুদ্ধিমত্তরঃ।"

শুদ্ধান্ত (শুদ্ধ পবিত্র—অন্ত শেষ, পর্য্যন্ত) সং, পুং, অন্তঃপুর। অন্তঃপুরস্ত্রী। শিং—১ "শুদ্ধান্তসম্ভোগনিতান্ততুষ্টঃ"। অশোচান্তা। ন্তা—স্ত্রীং, রাজ্ঞী, রাজপত্নী। রাজার রক্ষিতা স্ত্রী।

শুদ্ধি ( শুদ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, শোধন, শুদ্ধতা। স্বচ্ছতা, নির্ম্মলতা। মার্জ্জনা, পরিষ্কার। পবিত্রতা। সংস্কারবিশেষ। দুর্গা। শিং—১ "স্মরণাচ্চিন্তনাদ্বাপি শোধ্যতে স হি পাতকাৎ। তেন শুদ্ধিঃ সমাখ্যাতা দেবী রুদ্রতনৌ স্থিতা।"

শুদ্ধোদনি ( শুদ্ধোদন + ই(ঞি)—অপত্যার্থে ) সং, পুং, বৌদ্ধবিশেষ, শাক্যসিংহের পিতা।

শুধরণ ( শুদ্ধার্থ শুধ্ ধাতুজ) সং, শুদ্ধকরণ, সারণ।

শুধু (পূর্ব্বে দেখ) ক্রি—বিং, কেবল, শুদ্ধ।

শুন, শুনক—পুং, শুনি—পুং, স্ত্রীং, (শুন্ গমন করা+অ(ক)ইক্—ক) সং, কুকুর।

শুনঃশেফ ; সং, পুং, ঋচীক মুনি পুত্র; অম্বরীষ রাজা যজ্ঞার্থ তাঁহাকে ক্রয় করিয়াছিলেন এবং বিশ্বামিত্র মুনি রক্ষা করিয়াছিলেন।

শুনক ( শুন+কণ্—যোগ ) সং, পুং, মুনিবিশেষ। কুকুর।

শুনন ( বাঙ্গালা শুন ধাতুজ ) সং, শ্রবণ, শুনা।

শুনাসীর, সুনাসীর ; পুং, ইন্দ্র। পেচক। শিং—১ "শুনাশীরো দ্বিতালব্যঃ শুনাসীরো দ্বিদন্ত্যকঃ। তালব্যাদিদন্তমধ্যঃ শুনাসীরশ্চ দৃশ্যতে।

শুনীর ; সং, পুং, কুকুরীসমূহ।

শুন্ধ্যু (শুন্ধ্ শুদ্ধ করা+যু—প্রং) সং, পুং, অগ্নি, অনল।

শুভ (শুভ্ দীপ্তিপাওয়া+অ(ক)—ক) সং, ক্লীং, ক্ষেম, মঙ্গল। সুখ। পদ্মকাষ্ঠ। পুং, যোগবিশেষ। বিং, ত্রিং, মঙ্গলদায়ক। সুখী। কুশলী। সুন্দর, মনোহর।

শুভংযু (শুভং মঙ্গল+যু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শুভান্বিত, কুশলী। শিং—১ "ক্ষিতিপঃ শুভংযুঃ।" (ভট্টি)।

শুভকর, শুভঙ্কর (শুভ মঙ্গল—কর [কৃ করা +অ(ট)—ক] যে করে) বিং, ত্রিং, শুভজনক, মঙ্গলকর। সং, পুং, স্বনামখ্যাত অঙ্কশাস্ত্রকারক। রী—স্ত্রীং, পার্ব্বতী।

শুভগ্রহ ( শুভ শুভদায়ক—গ্রহ ) সং, পুং, সৌম্যগ্রহ ; যথা—গুরু শুক্র অর্দ্ধাধিক চন্দ্র, পাপগ্রহাযুক্ত বুধ।

শুভপত্রিকা ; সং, স্ত্রীং, শালপর্ণী। মঙ্গল-পত্রিকা।

শুভবাসন ; সং, পুং, মুখবাসন দ্রব্য।

শুভসূচনী ; সং, স্ত্রীং, দেবীবিশেষ, সুবচনী, ইহার ধ্যান ; যথা—"রক্তা পদ্মচতুর্মুখী ত্রিনয়নী চামীকরালঙ্কৃতা পীনোত্তুঙ্গকুচা দুকূলবসনা হিংসাধিরূঢ়া পরা। ব্রহ্মানন্দময়ী কমণ্ডলুকরাঙ্কাভীতিহস্তা শিবা ধ্যেয়া সা শুভসূচনী ত্রিজগতামস্বাপহৃদ্ধারিণী।"

শুভদ (শুভ মঙ্গল—দ [ দা দানকরা+অ (ড)—ক ] যে দান করে) বিং, ত্রিং, শুভদায়ক, শুভজনক। পুং, অশ্বত্থবৃক্ষ।

শুভস্থলী (শুভ মঙ্গলদায়ক—স্থল স্থান) সং, স্ত্রীং, যজ্ঞভূমি। মঙ্গলজনক স্থান।

শুভা ( শুভ দেখ, অ—আ, প্রং ) সং, স্ত্রীং, শোভা। কান্তি। ইচ্ছা। পার্ব্বতীর সখী বিশেষ। দেবসভা। বংশরোচনা। গোরোচনা। শমী। প্রিয়ঙ্গু। শ্বেতদূর্ব্বা। বিং, ত্রিং, মঙ্গলজনিকা।

শুভাঙ্গী ( শুভ সুন্দর—অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুবের-পত্নী। কামদেব-পত্নী। সুন্দর অবয়ববিশিষ্ট স্ত্রী।

শুভ্র (শুভ দেখ, রক্—ক ) সং, পুং, শুক্লবর্ণ। চন্দন। ক্লীং, অভ্রক। রৌপ। গড়-লবণ। কাসীস। বিং, ত্রিং, শুক্লবর্ণবিশিষ্ট উদ্দীপ্ত।

শুভ্রদন্তী, শুভদন্তী (শুভ্র শাদা, শুভ সুন্দর—দন্ত, ঈপ্ ৬ষ্ঠী—হিং ) সং, স্ত্রীং, বায়ুকোণের দিক্ হস্তিনী, পুষ্পদন্তনামক দিগ্-গজের স্ত্রী। সুদতী, উত্তম দন্ত বিশিষ্টা স্ত্রী।

শুভ্ররশ্মি, শুভ্রাংশু (শুভ্র শাদা—রশ্মি অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, সুধাংশু। কর্পূর।

শুভ্রালু ; সং, পুং, মহিষকন্দ।

শুভ্রাংশু ; সং, পুং, চন্দ্র। কর্পূর।

শুম্ভ (শুম্ভ্ দীপ্তি পাওয়া+অ(অন্)—ক) সং, পুং, দৈত্যবিশেষ, নিশুম্ভাসুরের জ্যেষ্ঠভ্রাতা। গবেষ্ঠীর পুত্র এবং প্রহ্লাদের পৌত্র।

শুম্ভঘাতিনী, } ( শুম্ভ অসুর বিশেষ—
শুম্ভমর্দ্দিনী, } ঘাতিনী, মর্দ্দিনী=নিহন্ত্রী) সং, স্ত্রীং, দুর্গা।

শুল্ক ( শুল্ গমনকরা+ক—নামার্থে, যাহার দ্বারা প্রতিবন্ধ যায়, অ=উ, অথবা শুল্ক সৃষ্টিকরা+অ(অল্)—ভাবে ) সং, পুং—ক্লীং, করবিশেষ, মাসুল। বিবাহের পণ। যৌতুক। মূল্য। পণ, বাজী।

শুল্ল ; সং, ক্লীং, রজ্জু, দড়ি। তাম্র, তাঁবা।

শুল্ব ( শুল্ব্ পরিমাণকরা+অ—প্রং, অথবা শুধ্ শুদ্ধহওয়া ইত্যাদি+ব—প্রং, ধ=ল ) সং, ক্লীং, তাম্র। রজ্জু। যজ্ঞকর্ম্ম। আচার। জলসন্নিধি।

শুল্বারি ( শুল্ব তাম্র—অরি শত্রু ) সং, পুং, গন্ধক

শুশ্রুবান্ (শুশ্রুবস্, শ্রু শুনা+বস্ (ক্বসু) —ক, ভূতকালে, দ্বিত্ব ) বিং, ত্রিং, যে শুনিয়াছে। ["শিশোঃ শুশ্রূষণ শুশ্রাঃ।"

শুশ্রূ ; সং, স্ত্রীং, মাতা, জননী শিং—

শুশ্রূষণ ( শ্রু শুনা+সন্ পাসনার্থে, ইচ্ছার্থে, অন(অনট্)— দ্বিত্ব) সং, ক্লীং, সেবা, উপাসনা। ইচ্ছা।

শুশ্রূষা ( শ্রু শুনা+সন্—উপাসনার্থে, ইচ্ছার্থে, অ—ভা, আপ্, দ্বিত্ব) সং, স্ত্রীং, শ্রবণেচ্ছা। পরিচর্য্যা, সেবা। কথন।

শুশ্রূষু ( শুশ্রূষা দেখ, সন্—ইচ্ছার্থে, উপাসনার্থে, উ—ক, দ্বিত্ব ) বিং, ত্রিং, শ্রবণেচ্ছু। সেবক।

শুষ—পুং, শুষি স্ত্রীং (শুষ্ শুষ্কহওয়া+ইক্—ভাবে) সং, শোষণ, নীরসকরণ। (+ই—ক) বিবর, ছিদ্র, গর্ত্ত।

শুষির (শুষ্ শুষ্কহওয়া+ইর (কিরচ্)—ক, কিম্বা শুষি+র—অস্ত্যর্থে) সং, ক্লীং, রন্ধ্র, ছিদ্র, গর্ত্ত। বংশ্যাদিবাদ্য। অবকাশ। যে সকল যন্ত্র ফুৎকার দ্বারা বাদিত হয়, যথা—বংশী, শঙ্খ ইত্যাদি। পুং, মূষিক। অগ্নি। বিং, ত্রিং, সচ্ছিদ্র, রন্ধ্রযুক্ত। রা—স্ত্রীং, নদীবিশেষ। নলীনামক গন্ধদ্রব্যবিশেষ।

শুষিল (শুষ্ শুষ্কহওয়া+ইর—প্রং, র=ল) সং, পুং, বায়ু।

শুষ্ক (শুষ্ শুষ্কহওয়া+ত(ক্ত)—ক, ত স্থানে ক) বিং, ত্রিং, নীরস, শুকনা। অকারণ, হেতুশূন্য, নিরর্থক। শীর্ণ।

শুষ্কল (শুষ্ক দেখ, কল—প্রং, অথবা শুষ্ক—লা গ্রহণকরা+অ(ড)—ক) সং, পুং,—ক্লীং, আমিষ, মাংস। বিং, ত্রিং, আমিষ-ভোজী।

শুষ্কলী (শুষ্কল+ঈ—প্রং) সং, স্ত্রীং, শুষ্ক-মাংস। মাংস।

শুষ্কবৈর; সং, ক্লীং, উদ্দেশ্যশূন্য কলহ।

শুষ্কাঙ্গী (শুষ্ক শুকনা—অঙ্গ অবয়ব) সং, স্ত্রীং, গোধিকা, গোসাপ।

শুষ্কার্দ্র (শুষ্ক শুকনা—অর্দ্র আদা) সং, ক্লীং, শুণ্ঠী, শুঁঠ।

শুষ্ণ (শুষ্ক দেখ, ন—প্রং) সং, পুং, সূর্য্য। অগ্নি।

শুষ্ম (শুষ্ক দেখ, মক্—ক) সং, পুং, সূর্য্য। অগ্নি। বায়ু। পক্ষী। অর্চ্চিঃ। ক্লীং, তেজঃ। শৌর্য্য, বল।

শুষ্মা (শুষ্মন্, শুষ্ক দেখ, মন্—ক) সং, পুং, অগ্নি। সূর্য্য। চিত্রকবৃক্ষ। ক্লীং, তেজঃ। শৌর্য্য, বল। বায়ু। দীপ্তি।

শূক (শো তীক্ষ্ণ করা+উকক্—ক, নিপাতন) সং, পুং—ক্লীং, শস্যাদির সূক্ষ্মাগ্র ভাগ, শুঁয়া। দয়া। শিখা। সবিষজল মলোদ্ভব জন্তুবিশেষ।

শূকক (শূক+কণ্—যোগ) সং, পুং, শস্য-বিশেষ, যব। প্রাবৃটকাল। রস।

শূককীট, শূককীটক (শূক শুঁয়া—কীট, তৃতীয়া—ষ) সং, পুং, শূয়াপোকা।

শূকধান্য (শূক শুঁয়া—ধান্য, ৩য়া—ষ) সং, ক্লীং, সূক্ষ্মাগ্র শস্য, ধান্য, যবাদি।

শূকর, সূকর—পুং } (শূক শুঁয়া+র—
শূকরী—স্ত্রীং } প্রং, কিংবা শূ অনুকরণশব্দ—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) সং, বরাহ, শূয়ার। স্ত্রীং, বরাহ-ক্রান্তা। শূকর-পত্নী।

শূকরকন্দ; সং, পুং, বারাহীকন্দ।

শূকদংষ্ট্রক; সং, পুং, ক্ষুদ্র রোগবিশেষ।

শূকবতী; সং, স্ত্রীং, কপিকচ্ছু।

শূকা; সং, স্ত্রীং, কপিকচ্ছু।

শূকল; সং, পুং, দুর্ব্বিনীত অশ্ব, দুষ্টঘোড়া।

শূক্ষ্ম (সূক্ষ্ম দেখ, স=শ) বিং, ত্রিং, অল্প। সরু, মিহি। কৃতক, কৃত্রিম। পরমাত্ম-বিষয়ক।

শূতিপর্ণ; সং, পুং, আরগ্বধ বৃক্ষ।

শূদ্র (শুচ্ পবিত্র হওয়া+রক্—ক, উ উ, চ্ স্থানে দ) সং, পুং, ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের অন্তর্গত চতুর্থবর্ণ। ব্রহ্মার পদ হইতে জাত। দ্রা—স্ত্রীং, শূদ্রজাতীয়া স্ত্রী। দ্রাণী, দ্রী—শূদ্রের পত্নী।

শূদ্রপ্রিয়; সং, পুং, পলাণ্ডু।

শূদ্রাবেদী (শূদ্রাবেদিন্, শূদ্রা—আবেদিন্ যে বিবাহ করে) সং, পুং, যে ব্যক্তি শূদ্রজাতীয়া স্ত্রীর পাণিগ্রহণ করে। শিং—১ "শূদ্রাবেদী পতত্যত্রেরুতথ্য তনয়স্য চ। শৌনকস্য সুতোৎপত্ত্যা তদপত্যতয়া ভৃগোঃ।"

শূন } (শ্বি বৃদ্ধিপাওয়া+ত(ক্ত), ক্তবতু
শূনবান্ } —ক) বিং, ত্রিং, স্ফীত।

শূনা (শ্বি বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক, আপ্) সং, স্ত্রীং, মাংসের হাট। বধ্য-ভূমি, প্রাণীবধ স্থান। শিষ্টপ্রয়োগ—১ "পঞ্চশূনা গৃহস্থস্য চুল্লীপেষণ্যুপস্করঃ। কণ্ডনী চোদকুম্ভশ্চবধ্যতে যাশ্চ বাহয়ন্।" আল্‌জিভ্।

শূনাবান্ (শূনাবৎ, শূনা মাংসবিক্রয়ের স্থান +বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, কসাই।

শূন্য (শু অতিশয়—ঊন+য—প্রং, স=শ, অথবা শূনা প্রাণিবধ+য(ষ্ণ)—হিতার্থে) সং, ক্লীং, আকাশ। বিন্দু, রিক্ততা সূচক '০' এই চিহ্ন নির্জ্জন স্থান। অভাব। বিং, ত্রিং, রিক্ত, খালি। নির্জ্জন। রহিত। তুচ্ছ। ন্যা—স্ত্রীং, নলী। ফণীমনসা। বন্ধ্যা।

শূন্যগর্ভ, শূন্যমধ্য (শূন্য খালি—গর্ভ, মধ্য) বিং, ত্রিং, যাহার ভিতর খালি, ফাঁপা।

শূন্যবাদী (শূন্যবাদিন্, শূন্য আকাশ—বাদী যে বলে, ২য়া—ষ) সং, পুং, নাস্তিক-বিশেষ, বৌদ্ধ।

শূপকার ; সং, পুং, শূদ্রের পাচক।
শূয়মান ( শ্বি বৃদ্ধিপাওয়া+আন(শান) – ক) বিং, ত্রিং, যাহা স্ফীত হইতেছে।
শূয়ার ( শূকর শব্দজ ) সং, বরাহ, শূকর।
শূর (শূর্ সাহসী হওয়া+অ(অন্) – ক) সং, পুং, যাদববিশেষ, কৃষ্ণের পিতামহ। সূর্য্য। বীর, সাহসী। সিংহ। শূকর। চিত্রক। সাল। লকুচ। ময়ূর। বিং, ত্রিং, বলবান্।
শূরণ ( শূর [ অর্শরোগ ] বধকরা+অন – ক ) সং, পুং, খাদ্য মূল, ওলাদি। বৃক্ষবিশেষ, শ্যোনাক বৃক্ষ।
শূরতা – স্ত্রীং, শূরত্ব – ক্লীং, } (শূর+তা, ত্ব – ভাবে) সং, শৌর্য্য, পরাক্রম, সাহস।
শূরসেন (শূর সাহসী – সেনা সৈন্য, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, যদুবংশীয় নৃপবিশেষ। দেশবিশেষ, মথুরা।
শূর্প, সূর্প ( শূর্প্ পরিমাণকরা+অ – প্রং শ্+প – ক) সং, পুং, ক্লীং, তণ্ডুলাদি পরিষ্করণার্থ বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, কুলা। দ্রোণদ্বয় পরিমাণ।
শূর্পক ( শূর্প দেখ, রক – প্রং ) সং, পুং, অসুরবিশেষ, কন্দর্পের শত্রু।
শূর্পকর্ণ, শূর্পশ্রুতি (শূর্প কুলা – কর্ণ, শ্রুতি। যাহার কর্ণ শূর্পের ন্যায় বৃহৎ ) সং, পুং, হস্তী, গজ। বিং, ত্রিং, শূর্পতুল্য কর্ণযুক্ত।
শূর্পণখা ( শূর্প কুলা – নখ, শূর্পের মত যাহার নখ, ৬ষ্ঠী – হিং ) সং, স্ত্রীং, রাবণের ভগিনী।
শূর্পী, সূর্পী (শূর্প+ঈ – হ্রস্বার্থে ) সং, পুং, ক্ষুদ্র শূর্প, ছোট কুলা। শূর্পণখা।
শূর্পপর্ণী ; সং, স্ত্রীং, শিম্বীবিশেষ।
শূর্ম্ম – পুং, শূর্ম্মি, শূর্ম্মিকা, শূর্ম্মী – স্ত্রীং, } ( শু [ শোভা-শব্দজ] সৌন্দর্য্য – উর্ম্মি ঢেউ, ই – লোপ, বিকল্পে। কিম্বা সু সুন্দর – উর্ম্মি ঢেউ, নিপাতন,স=শ ) সং, লৌহ প্রতিমা। কর্ণিকবিশেষ।
শূল্ (শূল্ রোগগ্রস্ত হওয়া+অ(ক) – ক) সং, পুং – ক্লীং, উদরজাত বেদনা রোগবিশেষ। ব্যথা। শূলাকৃতি অস্ত্র। ত্রিশূল। মৃত্যু। ধ্বজা। পুং, যোগবিশেষ। চিহ্ন। মুনিবিশেষ। বিক্রেতব্য। লা – স্ত্রীং শঙ্কু, কীলক। বেশ্যা। শিং – ১ "অট্টশূলা জনপদাঃ শিবশূলাশ্চতুষ্পথাঃ।"
শূলক ; সং, পুং, দুর্ব্বৃত্ত ঘোটক।
শূলগ্রন্থি ; সং, স্ত্রীং, মালাদূর্ব্বা।
শূলদ্বিট্, শূলহৃৎ ( শূলদ্বিষ্ শূল – দ্বিষ্ দ্বেষকরা, হৃ হরণকরা+(ক্বিপ্)-ক) সং, পুং, হিঙ্গু, হিং।
শূলধন্বা ( শূলধন্বন্, শূল – ধন্বন্ [ ধনুক । এখানে অস্ত্র, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শিব।
শূলধর ( শূল – ধর যে ধরে, ২য়া – ষ ) সং, পুং, শিব। রা, রিণী – স্ত্রীং, দুর্গা।
শূলধৃক্(শূলধৃষ্,শূল – ধৃষ্ সাহসীহওয়া+০ (ক্বিপ্) – ক) সং, স্ত্রীং, দুর্গা। পুং, শিব, ত্রিশূলধারী।
শূলনাশন ; সং, ক্লীং, সৌবর্চ্চল লবণ।
শূলপাণি, শূলভৃৎ (শূল – পাণি হস্ত, ৬ষ্ঠী – হিং। শূল – ভৃৎ যে ধারণ করে, ২য়া – ষ) সং, পুং, শিব। স্ত্রীং, দুর্গা।
শূলহন্ত্রী ; সং, স্ত্রীং, যবানী।
শূলাকৃত, শূল্য ( শূল – কৃত যাহা করা হইয়াছে, আ(ডাচ্) – আগম। শূল+য (য্য) – কৃতার্থে ) বিং, ত্রিং, শলাকাগ্রে বিদ্ধ করিয়া পক্ব মাংস, শীক-কাবাব। শিষ্টপ্রয়োগ – ১ "কালখণ্ডাদিমাংসানি গ্রথিতানি শলাকয়া। ঘৃতং সলবণং দত্ত্বা নির্ধূমে দহনে পচেৎ॥ তত্তুশূল্যমিতি প্রোক্তং পাককর্ম্ম বিচক্ষণৈঃ।"
শূলাপাল ; সং, পুং, বেশ্যাপাল।
শূলিক ( শূল লৌহ শলাকা, শীক+ইক – প্রং ) সং, ক্লীং, শলকৃত মাংস। পুং, শশক। বিং, ত্রিং, শলযুক্ত।
শূলিন ; সং, পুং, ভাণ্ডীরবৃক্ষ।
শূলী ( শূলিন্, শূল+ইন্ – অস্ত্যর্থে ) সং, পুং, শিব। শশ। বিং, ত্রিং, শূলধারী। শূলরোগী। -লিনী – স্ত্রীং, দুর্গা।
শৃকাল শৃগাল – সৃ } সৃজ্ [ চাতুরী ] সৃষ্টিকরা +আল – প্রং, কিম্বা শৃঙ্গ শিং – অ না – আ লা গ্রহণ করা+অ (ড) – ক, নিপাতন ) সং, পুং, লী – স্ত্রীং,

শিয়াল, শিবা, গোমায়ু। পুং, দৈত্য-বিশেষ। নৃপবিশেষ। খিট্খিটে, কটু-ভাষী ব্যক্তি। ভীত বীর। বিং, ত্রিং, নিষ্ঠুর। খল।

শৃগালকণ্টক (শৃগাল শিয়াল—কণ্টক কাঁটা) সং, পুং, শেয়ালকাঁটা গাছ।

শৃগালকোলি (শৃগাল শিয়াল—কোলি কুল-গাছ) সং, পুং, শেয়াকুল গাছ।


শৃগালিকা, শৃগালী ( শৃগালী+কণ্—যোগ। শৃগাল+ঈ—প্রং ) সং, স্ত্রীং, ভয়ে পলায়ন। খেঁকশিয়ালী। স্ত্রীশৃগাল। ভূমিকুষ্মাণ্ড। কোকিলাক্ষ। বিদারী।

শৃঙ্খল (শৃঙ্গ শিং, কিন্তু এখানে শিকলির কড়া—খল্ সংগ্রহকরা+অ(অল্)—ণ, নিপাতন ) সং, পুং—ক্লীং, লা—স্ত্রীং, পুরুষের কটিভূষণ। পুরুষের কটিবস্ত্র-বন্ধ। লৌহময় পাদবন্ধনী, শিকল, নিগড়। বন্ধন। নিয়ম, রীতি। বন্ধনী,ব্র্যাকেট চিহ্ন।

শৃঙ্খলক (শৃঙ্খল+ক—প্রং,অথবা কৈ প্রকাশ করা+অ(ড)—ক) সং, পুং, উষ্ট্রবিশেষ। কাষ্ঠনির্ম্মিত পাদবন্ধনী দ্বারা বদ্ধ করভ। শৃঙ্খল।

শৃঙ্খলিত ( শৃঙ্খল+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, শৃঙ্খলবদ্ধ, নিগড়িত।

শৃঙ্গ (শৃ হিংসাকরা+গক্—ক, নিপাতন) সং, ক্লীং, শিখর, পর্ব্বতের অগ্রভাগ। ধনুকাদির অগ্র। বিষাণ, শিং। চিহ্ন। প্রভাব। প্রভুত্ব। প্রাধান্য, উৎকর্ষ। পিচ্কিরী যন্ত্র। শৃঙ্গনির্ম্মিত বাদ্যযন্ত্র বিশেষ, শিঙা। তীক্ষ্ণ অগ্রভাগ। পদ্ম। কৃত্রিমফোয়ারা। অতিসূক্ষ্ম। কামোদ্রেক। পুং, মুনিবিশেষ। ঔষধীয় মূলবিশেষ, জীবক। কুর্চ্চশীর্ষকবৃক্ষ।



'শৃঙ্গ"

শৃঙ্গগ্রাহিতান্যায়—ন্যায় (৩১) দেখ।

শৃঙ্গজ (শৃঙ্গ—জ জাত) সং, ক্লীং, অগুরু। পুং, শর, বাণ। বিং, ত্রিং, শৃঙ্গজাত।

শৃঙ্গধর ( শৃঙ্গ—ধর যে ধরে ) সং, পুং, পর্ব্বত।

শৃঙ্গবান্ ( শৃঙ্গবৎ, শৃঙ্গ+বৎ(বতু)—অস্ত্য-র্থে ) সং, পুং, পর্ব্বতবিশেষ। বিং, ত্রিং, শৃঙ্গবিশিষ্ট।

শৃঙ্গবের (শৃঙ্গ শিং—বের শরীর, আকার, ৬ষ্ঠী—হিং ) সং, ক্লীং, আদ্রক, আদা, শুঁঠ। নগরবিশেষ, গুহচণ্ডালের পুরী, চণ্ডাল-গড়।

শৃঙ্গাট, শৃঙ্গাটক, শৃঙ্গাটিক, (শৃঙ্গ শিং—অট্ গমন করা+অ(যণ)—ক। পক্ষে কণ্ যোগ। ৩য় পক্ষে+ষিক—প্রং) সং, ক্লীং, চতুষ্পথ, চৌরাস্তা। জলকণ্টক, পানিফল। পুং, জলকণ্টকলতা, পানিফলের গাছ। কামাখ্যাদেশস্থ পর্ব্বতবিশেষ।

শৃঙ্গার ( শৃঙ্গ + আর—প্রং, কিম্বা শৃঙ্গ প্রাধান্য—ঋ [ গমন করা ] পাওয়া—অ (যণ)—ক, ইহা কাব্যরসের মধ্যে প্রধান) সং,পুং, আদ্যরস; ইহাতে রতি স্থায়ীভাব; নায়ক নায়িকা আলম্বন, চন্দ্র চন্দনাদি উদ্দীপন, ভ্রূবিক্ষেপ কটাক্ষাদি অনুভাব; ইহা দ্বিবিধ—বিপ্রলম্ভ ও সম্ভোগ। শিং—১ "পুংসঃ স্ত্রিয়াং স্ত্রিয়াঃ পুংসি সম্ভোগং প্রতি যা স্পৃহা, স শৃঙ্গারঃ ইতি খ্যাতো রতিক্রীড়াদিকারণং।" সুরত, রতিক্রীড়া। গজভূষণ, হস্তীর মস্তকে সিন্দূরাদিকৃত সজ্জা। নাট্য। নাট্যরস। ক্লীং, লবঙ্গ। সিন্দূর। সুগন্ধি-চূর্ণ। আদ্রক।

শৃঙ্গারক, } ( শৃঙ্গ+আরক—অস্ত্যর্থে,
শৃঙ্গারভূষণ, } শৃঙ্গার—ভূষণ আভরণ ) সং, ক্লীং, সিন্দূর। বিং, ত্রিং, শৃঙ্গবিশিষ্ট।

শৃঙ্গারযোনি ( শৃঙ্গার—যোনি উৎপত্তি ) সং, পুং, মদন, কন্দর্প।

শৃঙ্গারী (শৃঙ্গারিন, শৃঙ্গার+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। সুপারি গাছ। মাণিক্য। উত্তম বেশ। শৃঙ্গারবিশিষ্ট।

শৃঙ্গি—ঙ্গী; সং, স্ত্রীং, মৎস্যবিশেষ, শিঙ্গী মাছ, শিংমাছ। স্বর্ণ। লতা-বিশেষ।

শৃ[illegible]ক ( শৃঙ্গ মৎস্য ইত্যাদি+ক—প্রং)

সং, ক্লীং, বিষবিশেষ। কা—স্ত্রীং, প্রতিবিষা।

শৃঙ্গিণ (শৃঙ্গ শিং+ইন্—প্রং) সং, পুং, মেষ, ভেড়া।

শৃঙ্গী (শৃঙ্গিন্, শৃঙ্গ শিং, অগ্রভাগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। শিখরী, পর্ব্বত। শাখী, বৃক্ষ। মুনিবিশেষ। বিং, ত্রিং, শৃঙ্গবিশিষ্ট। ঙ্গী—স্ত্রীং, মৎস্য-বিশেষ। ঙ্গিণী—স্ত্রীং, গবী। শ্লেষ্মন্নীবৃক্ষ। মল্লিকাবৃক্ষ। জ্যোতিষ্মতীবৃক্ষ।

শৃঙ্গীকনক; সং, ক্লীং, অলঙ্কারার্থ সুবর্ণ।

শৃণি, স্বনি (শৃ [মর্ম্মস্থান] হিংসা করা+নি—প্রং, ঋ স্থানে ঋ। স্ব [মর্ম্মস্থানে] বমন করা+নি—প্রং) সং, পুং—স্ত্রীং, অঙ্কুশ, ডাঙশ।

শৃণ্বৎ (শ্রু শ্রবণ করা + অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, শ্রবণকারী।

শৃত (শ্রা পাককরা+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, ক্বথিত বা পক্ব (দুগ্ধ ঘৃত বা জল।)

শৃধু, শৃধূ (শৃধ অপান বায়ু ত্যাগ করা ইত্যাদি+উ, ঊ—ক) সং, পুং, অপান, গুহ্যদ্বার। বুদ্ধি। কুৎসিত।

শেখর (শিনুখ্ গমন করা+অরন্—ক) সং, পুং, কিরীটস্থ পুষ্প। শিখাস্থিত মাল্য। চুড়া। কিরীট, শিরোভূষণ। গীতাঙ্গ ধ্রুববিশেষ।

শেপাল (শেবাল দেখ, ব=প) সং, পুং, শৈবাল, শেয়ালা।

শেপ } —পুং } (শেফস্, শী শয়নকরা+প,<br>
শেফ } } ক, ফস্—ক, যে শুক্রপাতে<br>
শেফঃ—ক্লীং } শয়ন করে) সং,ক্লীং, শিশ্ন, লিঙ্গ। বিং, ত্রিং, শয়নকর্ত্তা।

শেফালি—লী, } (শেফ [শী শয়ন-<br>
শেফালিকা } করা + ফ—প্রং] যে শয়ন করে—অলি ভ্রমর, ৬ষ্ঠী—হিং। শেফালী+ক, আ—প্রং, ঈ—হ্রস্ব) সং, স্ত্রীং, শিউলি ফুল বা গাছ। নীলসিন্ধু-বার।

শেবালী; সং, স্ত্রীং, আকাশমাংসী।

শেমুষী (শে [শী শয়ন করা+০(বিচ্)—ভাবে] জড়তা, মোহ—মুষ চুরিকরা+অ (ক)—ক, ঈপ্। কিম্বা শম্ [ইন্দ্রিয়গণ শান্ত করা+বস্, ঈ—প্রং) সং, স্ত্রীং, বুদ্ধি, মতি।

শেয়ান (দেশজ) বিং, চতুর, চালাক, ধূর্ত্ত।

শেয়ালা (শৈবাল শব্দজ) সং, শেওলা, জলবাস।

শের (দেশজ) সং, পরিমাণবিশেষ।

শেল (শূলশব্দজ) সং, শল্যনামক অস্ত্র-বিশেষ, শূল।

শেলু (শিল্ গৃহীতশস্যশেষ আহরণ করা+উ—প্রং) সং, পুং, বহুবারকবৃক্ষ, চালিতাগাছ।

শেব (শী শয়ন করা+ব—প্রং) সং, পুং, শিশ্ন, মেঢ্র। উচ্চতা। সর্প।

শেবধি—স (শেব সুখ—ধা ধারণকরা+ই—প্রং,কিংবা শে[শী শয়নকরা+০(বিচ্) —ধি] ধনাদি মোহ—অবধি) সং, পুং, কুবেরের নিধি।

শেবল, শেবাল (শী [জলে] শয়ন করা+বল, বাল—প্রং) সং, ক্লীং, শৈবাল, শেয়ালা।

শেবলিনী (শেবল শেয়ালা+ইন্—অস্ত্যর্থে, ঈ) সং, স্ত্রীং, নদী।

শেশ্বীয়মান (শ্বি [যঙ্ লুগন্ত] বৃদ্ধি পাওয়া, স্ফীত হওয়া+আন(শান)—ক) বিং, ত্রিং, অতিশয় উচ্ছূন, অতিশয় স্ফীত।

শেষ (শিষ্ বধ করা, শেষ রাখা—অ(অন্) —ক) সং, পুং, সর্পরাজ অনন্তদেব। বলরাম। বাসুকি। ভগবানের দ্বিতীয় মূর্ত্তি। (+অল্—ভাবে) বিনাশ, ধ্বংস। নিষ্পত্তি। অন্ত। অবশেষ। ক্লীং, প্রসাদ, অনুগ্রহ। পুং, ক্লীং, উপযুক্তের বস্তু। (+অল্—ক) বিং, ত্রিং, অবশিষ্ট। পরিত্যক্ত। উচ্ছিষ্ট। ষা—স্ত্রীং, (+অল্—প) প্রসাদ-দত্ত মাল্য, অনুগ্রহপূর্ব্বক প্রদত্ত মালা।

শেষবৎসাধন; সং, ক্লীং, কার্য্য দেখিয়া কারণের অনুমান।

শৈক্ষ (শিক্ষা বেদের উচ্চারণ নিয়মবোধক শাস্ত্র+অ(ষ্ণ)—অধ্যয়নার্থে) সং, পুং, প্রাথমকল্পিক, প্রথম শিক্ষণীয় শাস্ত্রা-ধ্যয়নকারী ছাত্র।

শৈক্ষিক ( শিক্ষা+ইক(ষ্ণিক)—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, শিক্ষাশাস্ত্রবেত্তা।

শৈখরিক (শিখর চূড়া বা অগ্রভাগ+ইক (ষ্ণিক)-প্রং)সং,পুং,অপামার্গ,আপাংগাছ।

শৈঙ্ঘাণত্বক্ ( Pituitary membrane ) নাসারন্ধ্রের অভ্যন্তরস্থ সূত্রময় ত্বক্; তাহার উপরিভাগ সর্ব্বদা এক প্রকার রসসংযোগে আর্দ্র থাকে।

শৈত্য (শীত শীতল+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, শীতলত্ব, শীতগুণ।

শৈথিল্য (শিথিল+য(ষ্ণ্য)—ভাবে) সং,ক্লীং, শিথিলত্ব, অদৃঢ় সংযোগ। অসত্বরতা। অবসন্নতা। আল্‌গা দেওয়া।

শৈনেয় ( শিনি+এয়(ষ্ণেয়)—অপত্যার্থে ) সং, পুং, সাত্যকি, কৃষ্ণের সারথি।

শৈরজ্ঞান ; সং, ক্লীং, শিরাদ্বারা যে জ্ঞান জন্মে।

শৈরীয়ক ; সং, পুং, নীলঝিণ্টী।

শৈল (শিলা প্রস্তর + অ(ষ্ণ)—সমূহার্থে ইত্যাদি) সং, পুং, ভূধর, পর্ব্বত। ক্লীং, শৈলেয় গন্ধদ্রব্য। বিং,ত্রিং,শিলাসম্বন্ধীয়, পার্ব্বতীয়। লী—স্ত্রীং, (শীল+ষ্ণ, ঈপ্) কৌশল, সাঙ্ক্ষিপ্ত প্রণালী। স্বভাব।

শৈলজ, শৈলক (শৈল পর্ব্বত—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, পঞ্চমী—য। শৈল+ক—যোগ) সং, ক্লীং, পার্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ। জা—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। সৈংহলী। গজপিপ্পলী।

শৈলসুতা (শৈল [পর্ব্বত] হিমালয়—সুতা কন্যা, ৬ষ্ঠী—য) সং,স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। গঙ্গা। শিং—১ "মাতঃ শৈলসুতাসপত্নি বসুধাশৃঙ্গারহারাবলি—।"

শৈলধন্বা (শৈলধন্বন্, শৈল পর্ব্বত—ধন্বন্ ধনুক) সং, পুং, শিব, মহাদেব।

শৈলধর (শৈল [পর্ব্বত] গোবর্দ্ধনগিরি—ধর যে ধরে, ২য়া—য) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

শৈলপত্র ; সং, পুং, বিল্ববৃক্ষ।

শৈলভিত্তি (শৈল পর্ব্বত—ভিদ্ ভেদ করা, বিদারণকরা+তি—প্রং) সং, পুং, টঙ্ক, পাষাণদারণাস্ত্র।

শৈলরাজ, শৈলপতি ( শৈল—রাজ রাজন শব্দজ—পতি প্রভু, ৬ষ্ঠী—য) সং, পুং, হিমালয় পর্ব্বত।

শৈলশিবির (শৈল পাহাড়—শিবির তাঁবু বা স্থান) সং, ক্লীং, সমুদ্র।

শৈলাখ্য, শৈলজ ; সং, ক্লীং, শৈলেয়, শিলাজতু।

শৈলাট (শৈল পর্ব্বত—অট্ গমনকরা+অ (অন্)—ক) সং,পুং, সিংহ। ব্যাধ। পার্ব্বতীয় জাতি। দেবপূজক। শুক্ল কাচ, স্ফটিক।

শৈলাদি ( শিলাদ+ই(ষ্ণি)—অপত্যার্থে ) সং, পুং, নন্দী, শিবের অনুচরবিশেষ।

শৈলালী ( শৈলালিন্, শিলালিন্ [শিলাল ইহার শাস্ত্র+ইন্—জীবত্যর্থে বা অনুশীলনার্থে] নৃত্যাদি শাস্ত্ররচয়িতা মুনিবিশেষ+অ(ষ্ণ)—প্রং) সং,পুং, নট,নৃত্যকারক।

শৈলিক্য ; সং, পুং, সর্ব্বলিঙ্গী, সর্ব্বপ্রকার বেশধারী, ধূর্ত্ত।

শৈলী(শীল+অ(ষ্ণ)—স্বার্থে,ঈপ্) সং,স্ত্রীং, কৌশল,সংক্ষিপ্তপ্রণালী। শিং—১"আচার্য্যাণামিয়ং শৈলী যৎ সামান্যেনাভিধায় বিশেষেণ বিবৃণোতি।"

শৈলূষ (শিলূষ এক নৃত্যোপদেশক+অ (ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, নট, নর্ত্তক। ভিল্লজাতি। ধূর্ত্ত। বিল্ববৃক্ষ। শিং—১ "রে রে শৈলূষাপসদ।"

শৈলূষিক ( শিলূষ + ইক(ষ্ণিক)—প্রং ) বিং, ত্রিং, নট। শিং—১"বৃত্ত্যন্বেষী নটানন্ত স তু শৈলূষিকঃস্মৃতঃ।"—কী—স্ত্রীং, শৈলূষিকজাতি। শিং-১"নটীং শৈলূষিকীং চৈব রজকীং বেণুজীবিনীম্।"

শৈলেন্দ্র (শৈল পর্ব্বত—ইন্দ্র প্রধান, শ্রেষ্ঠ) সং, পুং, হিমালয় পর্ব্বত। পর্ব্বতশ্রেষ্ঠ।

শৈলেন্দ্রস্থ ; সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।

শৈলেয় (শৈল পর্ব্বত+এয়(ষ্ণেয়)—ভবার্থে) সং, ক্লীং, শৈলজ গন্ধৌষধিবিশেষ। সৈন্ধব-লবণ। পুং, সিংহ। ভ্রমর। বিং, ত্রিং, শৈলসম্ভূত, শৈলজাত। শৈলসম্বন্ধীয়। য়ী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা।

শৈলোদ্ভবা ; সং, স্ত্রীং, ক্ষুদ্র পাষাণভেদী।

শৈল্য (শিলা+য(ষ্ণ্য)—প্রং) বিং, ত্রিং, শিলাসম্বন্ধীয়।

শৈব (শিব+অ(ষ্ণ)—তদ্দেবতার্থে) সং, পুং, শিবের উপাসক, শিবভক্ত। বসুক। ধুস্তূর। আচার বিশেষ। ক্লীং, শৈবাগম। শিবপুরাণ। শিং—১ "ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং ভাগবতং তথা।" বিং, ত্রিং, শিবসম্বন্ধীয়।

শৈবল, শৈবাল—স (শী [জলে] শয়নকরা +বলঞ্, বালঞ্—ক) সং, পুং, ক্লীং, জলজাত উদ্ভিজ্জবিশেষ, শেয়ালা।

শৈবলিনী (শৈবল শেয়ালা+ইন্—অস্ত্যর্থে, ঈপ্—স্ত্রীং) সং, স্ত্রীং, তটিনী। নদী।

শৈব্য (শিব+ষ্ণ্য) বিং, ত্রিং, শিবসম্বন্ধীয়। (শিবি+ষ্ণ্য) সং, পুং, কৃষ্ণের অশ্ববিশেষ। নৃপ এবং পাণ্ডবদিগের সেনাপতিবিশেষ। বিং, ত্রিং, শিব সম্বন্ধীয়। ব্যা—স্ত্রীং, হরিশ্চন্দ্র-পত্নী।

শৈশব (শিশু+অ(ষ্ণ)—ভাবে). সং, ক্লীং, শিশুত্ব, বাল্যাবস্থা। শিং—১"শৈশবেহভ্যস্তবিদ্যানাং যৌবনে বিষয়ৈষিণাং।"

শৈশির (শিশির+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, শিশিরসম্বন্ধীয়। শিং—১ "তপস্তপস্যৌ শৈশিরাবৃতুঃ।" সং, পুং, শ্যামবর্ণ চটকপক্ষী।

শৈষ্যোপাধ্যায়িকা (শিষ্য—উপাধ্যায় অধ্যাপক+ইক—প্রং) সং, স্ত্রীং, শিষ্যদের অধ্যাপনা।

শোওন (শয়নশব্দজ) সং, শয়ন, শয্যাগ্রহণ।

শোঁকন (দেশজ) সং, ঘ্রাণ লওন, গন্ধগ্রহণ।

শোক (শুচ্ শোককরা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, ইষ্টবিয়োগজ মনোদুঃখ, প্রিয় ব্যক্তির মৃত্যু অথবা দুঃখাদি হেতুক চিত্তের বিকলতা।

শোকনাশ; সং, পুং, অশোকবৃক্ষ।

শোকহারী; সং, স্ত্রীং, বনবর্ব্বরিকা।

শোকারি (শোক ইষ্টবিয়োগজ মনোদুঃখ—অরি শত্রুবৎ) সং, পুং, কদম্ব বৃক্ষ।

শোচন—ক্লীং } (শুচ্ শোককরা+ শোচনা—স্ত্রীং } অনট্, অন—ভাবে, আপ্) সং, শোক করা।

শোচিঃ (শোচিস্, শুচ্ নির্ম্মলকরা+ইস্—ক) সং, স্ত্রীং, প্রভা, জ্বালা, শিখা।

শোচিষ্কেশ (শোচিস্ শিখা—কেশ চুল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। চিত্রকবৃক্ষ।

শোচ্য, শোচনীয় (শুচ্ শোক করা+য, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শোকের বিষয়, যাহাকে উদ্দেশ করিয়া শোককরা যায়। অনুকম্প্য।

শোচ্যক; বিং, ত্রিং, ক্ষুদ্র, নীচ। কনিষ্ঠ।

শোটীর্য্য (শুটীর বীর+য—প্রং) সং, ক্লীং, বীর্য্য, পরাক্রম। গর্ব্ব, দম্ভ।

শোঠ (শুঠ্ আলস্যকরা+অ—প্রং) সং, পুং, মূর্খ। অলস। ধূর্ত্ত। নীচ। পাপাত্মা।

শোণ (শোণ্ রক্তবর্ণ করা বা হওয়া+অ (অন্)—ক) সং, পুং, রক্তবর্ণ। পাটনার নিকটস্থ নদবিশেষ। অগ্নি। মঙ্গলগ্রহ। রক্তবর্ণ ঘোটক। সমুদ্র। রক্তবর্ণ ইক্ষুবিশেষ। ক্লীং, রুধির। সিন্দূর। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট, লোহিতবর্ণযুক্ত।

শোণঝিণ্টী; সং, স্ত্রীং, কুরুবক। কণ্টকিনী।

শোণপত্র; সং, পুং, রক্তপুনর্ণবা।

শোণরত্ন (শোণ গাঢ় রক্তবর্ণ—রত্ন মণি) সং, ক্লীং, পদ্মরাগ মণি।

শোণাক, শোণক (শোণ রক্তবর্ণ—অক্ গমনকরা বা হওয়া+অ—৫ শোণ +কণ্—যোগে) সং, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ।

শোণিত (শোণ রক্তবর্ণ+ইত—জাতার্থে) সং, ক্লীং, রুধির, রক্ত। কুঙ্কুম। বিং, ত্রিং, রক্তবর্ণযুক্ত, লোহিত।

শোণিতপুর (শোণিত রক্তবর্ণ—পুর নগর) সং, ক্লীং, বাণাসুর, বাণরাজারপুরী।

শোণিতাহ্বয়; সং, ক্লীং, কুঙ্কুম।

শোণিমন্ (শোণ+ইমন্—ভাবে) সং, পুং, রক্তিমা, রক্তত্ব।

শোণী; সং, স্ত্রীং, রক্তোৎপল তুল্যবর্ণা স্ত্রী।

শোথ, শোফ, শোথক (শু [বৃদ্ধি] গমনকরা, পাওয়া+থ, ফ—ক। কণ্—যোগে

শোথক ) সং, পুং, স্ফীততা রোগ, ফুলা-রোগ, গোদ।

শোধক (শুধ্-ণ্ডি=শোধি নির্ম্মল হওয়া, বা করা + অক(ণক) – ক ) বিং, ত্রিং, শোধনকারক, পাবন।

শোধন্নী ; সং, স্ত্রীং, পুনর্নবা। শালপর্ণী।

শোধন (শুধ্ শুদ্ধকরা+অন(অনট্) – ভাবে) সং, ক্লীং, অপহৃত দ্রব্য সংখ্যানির্ণয়। নির্দোষকরণ, ভুল শুধরান। শুদ্ধি। পরিশোধ, প্রতিদান। ধাতুনির্দোষকরণ। হরণ, ভাগকরণ। (শুধ-ণ্ডি=শোধি+অনট্ – ভাবে) পরিষ্করণ। বিরেচন। অপনয়ন। মল, বিষ্ঠা। তুতিয়া, তুঁতে। নী – স্ত্রীং, (+অনট্ – ণ) সম্মার্জ্জনী, ঝাঁটা। তাম্রলবলী। বীলী। বিং, ত্রিং, ( শুধ্ – ণ্ডি=শোধি+অন – ক) পরিষ্কারক, শুদ্ধিকারক।

শোধনীয়, শোধ্য (শুধ্-ণ্ডি=শোধি+অনীয়, য – র্ম্ম ) বিং, ত্রিং, শোধনের যোগ্য।

শোধিত ( শুধ্-ণ্ডি=শোধি+ক্ত – র্ম্ম ) বিং, ত্রিং, পরিষ্কৃত, মার্জ্জিত। অপনীত। কেশকীটাদিরহিত (ব্যঞ্জনাদি)।

শোভ (শুভ্ দীপ্তিপাওয়া+অন্ – ক) বিং, ত্রিং, শোভনশীল।

শোভন ( শোভি দীপ্তি পাওয়া+অন – ক ) বিং, ত্রিং, শোভাযুক্ত, শোভাজনক। সুন্দর, মনোজ্ঞ। সং, পুং, যোগবিশেষ। গ্রহ। ক্লীং, পদ্ম। না – স্ত্রীং, হরিদ্রা। গোরোচনা।

শোভনক ( শোভন+কণ্ – যোগ, কিংবা প্রকাশার্থ "কৈ" ধাতুজ ) সং, পুং, শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

শোভা ( শোভন দেখ, আ – ভা ) সং, স্ত্রীং, কান্তি, দীপ্তি। সৌন্দর্য্য। হরিদ্রা। গোরোচনা।

শোভাঞ্জন – স, শোভাঞ্জন (শোভা সৌন্দর্য্য – শুঞ্জ্ ম্রক্ষিতকরা+অন – প্রং)সং, শজিনাগাছ। [অনুভব করিতে পারা যায়।

শোভানুভাবকতা—যে বৃত্তিদ্বারা শোভার

শোভিক ( শোভা+ইক(ঠিক) – প্রং ) বিং, ত্রিং, শোভাশালী, সুন্দর।

শোভিত ( শোভন দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, শোভাযুক্ত, ভূষিত। [যাওন।

শোয়া ( শয়ন শব্দজ ) সং, শয়ন, নিদ্রা

শোরৎ (শ্রুতি শব্দজ। হিন্দীভাষায় শ্রুতিকে শোরৎ বলে ) সুরের সূক্ষ্মাংশ।

শোরা (যবনভাষা) সং, যবক্ষার, ক্ষারবিশেষ।

শোলা (দেশজ) সং, জলতৃণ-বিশেষ।

শোশুচ্যমান ( শুচ্ [যঙ্ লুগন্ত] শোক করা + আন(শান) – ক ) বিং, ত্রিং, অতিশয় শোককারী।

শোষ ( পশ্চাৎ দেখ, অ(অল্) – ভাবে ) সং, পুং, নীরসতা। (শুষ্-ণ্ডি=শোষি+) রসাকর্ষণ। যক্ষ্মারোগ

শোষক (শুষ্-ণ্ডি=শোষি শুষ্ককরা বা হওয়া+অক(ণক) – ক) বিং, ত্রিং, শোষণকর্ত্তা, রসাকর্ষক।

শোষণ ( শুষ্-ণ্ডি=শোষি+অন(অনট্) – ভাবে) সং, ক্লীং, রসাকর্ষণ, শুষ্ক করা। (+অন – ক ) পুং, মদনের বাণবিশেষ। শিং – ১ "উন্মাদনঃ শোষণশ্চ তাপনঃ স্তম্ভনস্তথা। মারণশ্চেতি বিজ্ঞেয়াঃ কামস্য পঞ্চসায়কাঃ। শ্যোনাকবৃক্ষ। বিং, ত্রিং, শোষণকর্ত্তা।

শোষিত ( শোষক দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, নীরসীকৃত, যাহা শুষ্ক করা হয়। শিং – ১ "সমুদ্রো শোষিতো যেন স মেহগস্তঃ প্রসীদতু।"

শৌক ( শুক টিয়াপাখী+অ(ষ্ণ) – সমূহার্থে ) সং, ক্লীং, শুকপক্ষীসমূহ। স্ত্রীদিগের করণবিশেষ।

শৌকর ( শকর+অ(ষ্ণ) – সম্বন্ধার্থে ) বিং, ত্রিং, শকরসম্বন্ধীয়। সং, ক্লীং, তীর্থবিশেষ।

শৌক্তিকেয়, শৌক্তেয় ( শুক্তিকা, শুক্তি+ এয়(ঢ়েয়) – সম্বন্ধার্থে ) সং, ক্লীং, মুক্তা। বিং, ত্রিং, শুক্তিসম্বন্ধীয়।

শৌক্ল্য ( শুক্ল+য(ষ্ণ্য) – ভাবে ) সং, ক্লীং, শুক্লতা, শুভ্রত্ব, শ্বেতগুণ। [শিকারী পক্ষী।

শৌঙ্গেয় (শুঙ্গা+এয়(ঢ়েয়) – প্রং) সং, পুং,

শৌচ (শুচি পবিত্র+অ(ষ্ণ) – ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, শুদ্ধি, শুচিতা, পবিত্রতা,

নির্ম্মলতা। শিং—১"অভক্ষ্যপরিহারশ্চ সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ। স্বধর্ম্মে চ ব্যবস্থানং শৌচমিত্যভিধীয়তে॥"
শৌচিক (শুচি+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, শৌণ্ডিকের ঔরসে কৈবর্ত্তকন্যার গর্ভজাত জাতি।
শৌচেয় (শুচি নির্ম্মলীকরণ+এয়(ঢ্ক্)—প্রং) সং, পুং, রজক, ধোপা।
শৌটীর (শৌট্ অহঙ্কারকরা+ঈর—প্রং) বিং, ত্রিং, গর্ব্বিত, অহঙ্কৃত। সং, পুং, বীর। দাতা।
শৌটীর্য্য (শৌটীর বীর+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, বীর্য্য, পরাক্রম। গর্ব্ব।
শৌণ্ড (শুণ্ডা মদ্য+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, মত্ত, মাতাল। অত্যাসক্ত। বিখ্যাত।
শৌণ্ডিক, শৌণ্ডী (শৌণ্ডিন্, শুণ্ডা মদ্য+ইক(ষ্ণিক),ইন্—জীবত্যর্থে) সং, পুং, জাতিবিশেষ, শুঁড়ি। শিং—১"ততো-গান্ধিককন্যায়াং কৈবর্ত্তাদেব শৌণ্ডিকঃ।"
শৌণ্ডির, শৌণ্ডীর (শুণ্ডা মদ্য+ইর, ঈর—প্রং) বিং, ত্রিং, অহঙ্কারী, গর্ব্বিত। তেজস্বী।
শৌদ্ধোদনি (শুদ্ধোদন ইক্ষ্বাকুবংশীয় নৃপবিশেষ+ই(ষ্ণি)—বংশার্থে) সং, পুং, বৌদ্ধবিশেষ।
শৌদ্র (শূদ্র+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, ব্রাহ্মণাদির ঔরসে শূদ্রাগর্ভজাত পুত্র। (শূদ্র+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, শূদ্রসম্বন্ধীয়। [পুরাণবক্তা।
শৌনক (শুনক+ষ্ণ) সং, পুং, মুনিবিশেষ।
শৌনিক (শূনা প্রাণিবধ স্থান+ইক (ষ্ণিক) —প্রং) সং, পুং, মাংসবিক্রেতা, যে ব্যক্তি মাংস বিক্রয় করে, কসাই। মৃগয়া। বিং, ত্রিং, মৃগয়াশীল।
শৌভ (শুভ মঙ্গলদায়ক+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, হরিশ্চন্দ্র রাজার শূন্যস্থ পুরী। পুং, দেবতা। সুপারিগাছ।
শৌভাঞ্জন; সং, পুং, শোভাঞ্জন বৃক্ষ।
শৌভিক (শোভা+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, ইন্দ্রজালিক, কুহকী, মায়াবী।
শৌরি—স (শূর একনাম কিম্বা বীর+ই (ষ্ণি)—প্রং) সং, পুং, কৃষ্ণ। শনিগ্রহ।
শৌর্পিক, } (শূর্প কুলা+ইক(ষ্ণিক), য
শৌর্প্য } —পরিমিতার্থে) বিং, ত্রিং, শূর্প পরিমিত, কুলাপরিমাণ।
শৌর্য্য (শূর বীর+য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সাহস, বীরত্ব, বীর্য্য, বল। নাট্যক্রীড়াবিশেষ। আরভটী।
শৌল্ক, } (শুল্ক+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—
শৌল্কিক } প্রং) সং, পুং, শুল্কাধ্যক্ষ, টোলকলেক্টর। বিং, ত্রিং, শুল্কসম্বন্ধীয়।
শৌল্কিকেয়; সং, পুং, বিষবিশেষ।
শৌল্বিক (শুল্ব তামা+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, কংসকার, কাঁসারি।
শৌবন (শ্বন্+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, ক্লীং, কুক্কুরশাবক। (+ষ্ণ—সম্বন্ধার্থে) কুক্কুরসম্বন্ধীয়।
শৌবনদন্ত (Canine teeth) যে দন্ত কুক্কুরের দন্তের ন্যায় সূচল, ইহা দ্বারা আহারীয় দ্রব্য ছেদন ও ধারণ করিয়া রাখা যায়।
শৌবস্তিক (শ্বস্ কল্য+ক—ভবার্থে, অথবা শ্বস্+তিক + অ(ক)—ক, ষ্ণ। কিংবা শ্বস্ [তুট্]+ ষ্ণিক) বিং, ত্রিং, ভাবি-দিনস্থায়ী (বস্তু)। শিং—১ "শৌবস্তিকত্বং বিভবা ন যেষাং ব্রজন্তি তেষাং দয়সে ন কস্মাৎ।" (শৌবস্তিকত্বং = ভাবিদিন স্থিতত্বং)।
শৌবাপদ (শ্বাপদ শিকারী জন্তু+অ(ষ্ণ)—প্রং, ঔ—আগম) বিং, ত্রিং, শ্বাপদ-সম্বন্ধীয়, হিংস্রজন্তুসম্বন্ধীয়।
শৌষ্কল (শুষ্কলী শুষ্কমাংস+অ(ষ্ণ)—প্রং) বিং,ত্রিং, আমিষাশী, মৎস্যমাংসভোজী। সং, পুং, শুষ্কমাংসের মূল্য।
শ্চোত, শ্চ্যোত (শ্চুৎ, শ্চ্যুৎ ক্ষরিত হওয়া + অ(অল্)—ভা) সং, পুং, ক্ষরণ। প্রোক্ষণ। [ত্রিং, ক্ষরণশীল, গলৎ।
শ্চ্যোতৎ (পূর্ব্বে দেখ, অৎ(শতৃ)—ক) বিং,
শ্মন্ (শী শয়ন করা+মন্—ক) সং, ক্লীং, মুখ। পুং, শব।
শ্মশান (শব মড়া-শয়ন স্থান, ৬ষ্ঠী—ষ,

শব স্থানে শ্ম, শয়ন সে শান, কিম্বা শ্মন্ শব—শী শয়ন +আন(ডান)—ধি। শিং—১"শ্ম শব্দেন শবঃ প্রোক্তঃ শানং শয়নমুচ্যতে। নির্ব্বচন্তি শ্মশানার্থং মুনে শব্দার্থকোবিদাঃ। মহাস্ত্যপি চ ভূতানি প্রলয়ে সমুপস্থিতে। শেরতেঽত্র শবোভূত্বা শ্মশানস্ক ততো ভবেৎ") সং, ক্লীং, প্রেতভূমি, শবদাহস্থান। মহাশ্মশান—যথা, বারাণসী।

শ্মশানকালী ; সং, স্ত্রীং, শ্মশানস্থ কালিকাবিশেষ।

শ্মশানবাসী, শ্মশানবেশ্মা (শ্মশানবাসিন্, শ্মশান শবদাহ স্থান—বাসিন্ যে বাস করে। শ্মশান—বেশ্মন্ বাসস্থান) সং, পুং, শিব, মহাদেব। শিং—১ "শ্মশানবাসী মাংসাশী খর্পরাশী যথান্তকৃৎ।" বিং, ত্রিং, যে শ্মশানে বাস করে।

শ্মশ্রু (শ্মন্ মুখ—শ্রি আশ্রয় করা+উ (ডুন্)—ক, কিংবা উপলক্ষ্যার্থে শ্রু ধাতু) সং, ক্লীং, মুখরোম, গোঁপদাড়ী।

শ্মশ্রুল (শ্মশ্রু+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্মশ্রুবিশিষ্ট, যাহার গোঁপদাড়ী আছে।

শ্মশ্রুমুখী ; সং, স্ত্রীং, শ্মশ্রুযুক্তা নারী।

শ্মশ্রুবর্দ্ধক (শ্মশ্রু—বর্দ্ধক যে ছেদন করে) সং, পুং, ক্ষৌরিক, নাপিত।

শ্মীলন (শ্মীল্ নয়ন মুদ্রিতকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, চক্ষুঃ মুদ্রিতকরণ, চোখবুঝা।

শ্যাকুল (শৃগালকোলি শব্দজ) সং, কণ্টকময় লতাবিশেষ।

শ্যান (শ্যৈ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গত, প্রাপ্ত। ঘনীভূত। শুষ্ক। শিং—১ "পথশ্চাশ্যানকর্দ্দমান্।" (রঘু)। সং, ক্লীং, ধূম, ধূঁয়া।

শ্যাম (শ্যৈ গমনকরা+ম(মক্)—ক) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট। হরিৎবর্ণবিশিষ্ট। সং, পুং, কৃষ্ণবর্ণ। হরিৎবর্ণ। মেঘ। কোকিল। বৃদ্ধদারক। ধুস্তূর। পীলুবৃক্ষ। দমনকবৃক্ষ। গন্ধতৃণ। প্রয়াগস্থ বটবৃক্ষবিশেষ। শ্যামাকতৃণ। ক্লীং, মরিচ। সামুদ্রলবণ।

শ্যামকণ্ঠ (শ্যাম কৃষ্ণবর্ণ বা নীলবর্ণ—কণ্ঠ) সং, পুং, ময়ূর। শিব। পক্ষিবিশেষ।

শ্যামকন্দা ; সং, স্ত্রীং, অতিবিষা।

শ্যামগ্রন্থি ; সং, স্ত্রীং, গণ্ডদূর্ব্বা।

শ্যামপত্র (শ্যাম কৃষ্ণবর্ণ—পত্র পাতা) সং, পুং, তমালবৃক্ষ।

শ্যামল (শ্যাম কৃষ্ণবর্ণ—ল [লা গ্রহণকরা+অ(ড)—ক] কিম্বা শ্যাম+ল—অস্ত্যর্থে) সং, পুং, কৃষ্ণবর্ণ। হরিৎবর্ণ। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট। হরিৎবর্ণবিশিষ্ট। লা—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। অশ্বগন্ধা। কটভী। জম্বূ। কস্তূরী। লিকা—স্ত্রীং, নীলী।

শ্যামলতা (শ্যাম—লতা) সং, স্ত্রীং, শ্যামবর্ণ লতা। (শ্যামল+তা—ভাবে) শ্যামত্ব, কালিমা। [সং, পুং, শ্রীকৃষ্ণ।

শ্যামসুন্দর (শ্যামবর্ণ হইলেও যিনি সুন্দর)

শ্যামা (শ্যাম + আ—প্রং) সং, স্ত্রীং, দেবীবিশেষ, কালিকা। প্রিয়ঙ্গুলতা। রোচণীলতা। নীলদূর্ব্বা। তুলসী। রাত্রি। হরিদ্রা। যমুনা নদী। কৃষ্ণত্রিবৃত্তিকা। নীলিকা। গুগ্গুলু। সোমলতা। গুন্দ্রা। কৃষ্ণা। অম্বিকা। গুড়ূচী। কস্তূরী। বটপত্রী বন্দা। নীলপুনর্নবা। পিপ্পলী। পদ্মবীজ। ছায়া। শিংশপা। পক্ষিণীবিশেষ, শ্যামাপাখী। কৃষ্ণবর্ণা স্ত্রী। শিষ্টপ্রয়োগ—১"শীতকালেভবেদুষ্ণা উষ্ণকালে চ শীতলা। তপ্তকাঞ্চনবর্ণাভা সা শ্যামা পরিকীর্ত্তিতা।"

শ্যামাক, শ্যামক (শ্যামা, শ্যাম+কণ্—যোগ) সং, পুং, ধান্যবিশেষ।

শ্যামাঙ্গ (শ্যাম কৃষ্ণবর্ণ—অঙ্গ দেহ) সং, পুং, বুধগ্রহ। বিং,ত্রিং, যাহার শরীর কৃষ্ণবর্ণ। শিং—১ "শ্যামাঙ্গীং শশিশেখরাং।"

শ্যামিকা (শ্যাম+কণ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, শ্যামবর্ণ। মালিন্য। লৌহান্তর সংসর্গ, খাদ। শিং—১ "হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধি শ্যামিকাপি বা।"

শ্যাল, শ্যালক—স (শ্যৈ গমন করা+আল(কালন্)—ক, পক্ষে কণ্—যোগ) সং, পুং, পত্নীর ভ্রাতা। লী, লিকা—স্ত্রীং, পত্নীর ভগিনী।

শ্যাব (শৈ্য গমন করা+বন্ – ক) সং, পুং, কপিশবর্ণ, কৃষ্ণপীত মিশ্রবর্ণ। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত।

শ্যাবদন্ত (শ্যাব – দন্ত) বিং, ত্রিং, স্বাভাবিক কৃষ্ণবর্ণ দশনযুক্ত। প্রধান দন্তদ্বয় মধ্যস্থ ক্ষুদ্র দন্তবিশিষ্ট। প্রধান দন্তের উপর অন্য দন্তযুক্ত।

শ্যেত (শৈ্য গমন করা+ইতচ্ – ক) সং, পুং, শুভ্রবর্ণ, শাদা। বিং, ত্রিং, শ্বেতবর্ণযুক্ত। [পুঁটী মাছ।

শ্যেতকোলক; সং, পুং, মৎস্যবিশেষ,

শ্যেন (শৈ্য গমন করা+ইন – ক) সং, পুং, বাজপক্ষী। বস্তুবিশেষ। পাণ্ডুরবর্ণ। নী – স্ত্রীং, শ্বেতবর্ণা। বাজপক্ষিণী।

শ্যৈনম্পাত – পুং } (শ্যেন বাজপক্ষী
শ্যৈনম্পাতা – স্ত্রীং } – পাত পতন+অ (ক), আপ্। ম্ – আগম) সং, স্ত্রীং, শ্যেন দ্বারা মৃগয়া। মৃগয়া, শিকার।

শ্যোণাক (শৈ্য গমন করা+ণাক – প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ।

শ্রৎ (শ্রী পাক করা + অৎ(ডৎ) – ক। এই অব্যয় শব্দ প্রায় ধা ধাতুর পূর্ব্বেই থাকে; যথা—শ্রদ্ধা) অং, বিশ্বাস, ভক্তি।

শ্রথন (শ্রথ্ বন্ধন করা ইত্যাদি+অনট্ – ভা) সং, ক্লীং, বন্ধন। মোচন। মোক্ষ। শৈথিল্য। যত্ন। মারণ, বধ।

শ্রদ্দধান (শ্রৎ ভক্তি – ধা ধারণ করা+ আন(শান) – ক, দ্বিত্ব) বিং, ত্রিং, শ্রদ্ধাযুক্ত, ভক্তিমান্। শিং – ১ "তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া।"

শ্রদ্ধা (শ্রৎ ভক্তি – ধা ধারণ করা+ঙ – ভাবে, আপ্) সং, স্ত্রীং, ভক্তি। ধর্ম্মকার্য্যে দৃঢ় বিশ্বাস। বিশ্বাস, প্রত্যয়। স্পৃহা। ইচ্ছা। আদর। চিত্তপ্রসাদ, মনের নির্ম্মলতা। শিং – ১ "প্রত্যয়ো ধর্ম্মকার্য্যেষু তথা শ্রদ্ধেত্যুদাহৃতো। নাস্তি হ্যশ্রদ্দধানস্য ধর্ম্মকৃত্যে প্রয়োজনং।"

শ্রদ্ধালু (শ্রদ্ধা+আলু – প্রং, বা শ্রৎ – ধা ধারণ করা+আলু – ক, শীলার্থে) বিং, ত্রিং, শ্রদ্ধাবিশিষ্ট, ভক্তিমান্। সং, স্ত্রীং, কোন দ্রব্যে স্পৃহাবতী গর্ভিণী।

শ্রদ্ধাবান্ (শ্রদ্ধাবৎ, শ্রদ্ধা+বৎ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্রদ্ধাযুক্ত, ভক্তিমান্।

শ্রম্ভ (শ্রম্ভ্ গ্রন্থন করা+অ(অল্) – ভাবে) সং, পুং, শ্রন্থন, মোচন, শিথিলীকরণ। বিষ্ণু।

শ্রন্থন – ক্লীং } (শ্রন্থ্ গ্রন্থন করা বা
শ্রন্থনা – স্ত্রীং } মোচন করা ইত্যাদি+ অন(অনট্), অন – ভাবে, আপ্) সং, ক্লীং, গ্রন্থন, গাঁথা। হত্যা, বধ। মোচন। বন্ধন। পুনর্ব্বার হৃষ্টকরণ। শিথিলকরণ।

শ্রন্থিত (শ্রন্থ্ বন্ধন করা, বা শ্রন্থ বধকরা ইত্যাদি + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, গুম্ফিত। বদ্ধ। মুক্ত। হত। অধঃকৃত। ব্যাহত।

শ্রপিত (শ্রা, শ্রৈ-ণিচ্=শ্রপি পাককরান+ ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, (দুগ্ধ ঘৃত জল ভিন্ন) পক্ব।

শ্রম (শ্রম্ পরিশ্রম করা, ক্লান্ত হওয়া+ অ(অল্) – ভা) সং, পুং, শ্রান্তি, পরিশ্রম। খেদ। তপঃ। শাস্ত্রাভ্যাস।

শ্রমণ (শ্রম্ ক্লান্ত হওয়া + অন – ক) সং, পুং, সন্ন্যাসী, ভিক্ষু। বিং, ত্রিং, নীচকর্ম্মজীবী, নীচব্যবসায়ী, শ্রমজীবী। নীচ, ঘৃণিত, অপকৃষ্ট। ণা – স্ত্রীং, সন্ন্যাসিনী। শবরীবিশেষ। সুদর্শনা। মাংসী। মুণ্ডীরী।

শ্রমবারি, শ্রমজল (শ্রম – বারি, জল, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, ঘর্ম্ম, স্বেদ, ঘা...

শ্রমবিভাগ (Division of la... ) একটী কর্ম্ম সম্পাদনার্থ কেবল এক ব্যক্তি শ্রম না করিয়া ভিন্ন ভিন্ন ব্যক্তি দ্বারা তাহার এক এক অংশ সম্পাদিত হইলে তাহাকে শ্রমবিভাগ কহে।

শ্রমী (শ্রমিন্, শ্রম+ইন্ – অস্ত্যর্থে, অথবা শ্রম পরিশ্রম করা+ইন্ – ক, শীলার্থে) বিং, ত্রিং, শ্রমশীল, পরিশ্রমকারী, যাহারা পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

শ্রমোপজীবী (শ্রমোপজীবিন্, শ্রম – উপজীবী যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, পরিশ্রমকারী, যাহারা পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

শ্রয়—পুং } (শ্রি আশ্রয় করা+ শ্রয়ণ—ক্লীং } অ(অল্), অন(অনট্)—ভাবে) সং, আশ্রয়। অবলম্বন।

শ্রব—পুং } (শ্রবস্,শ্রু শুনা+অ(অল্) শ্রবঃ—ক্লীং } অস্—ণ)সং,শ্রবণেন্দ্রিয়,কর্ণ। (+অল্, অস্—ভাবে) আকর্ণন, শ্রবণ। প্রসিদ্ধি, খ্যাতি। কীর্ত্তি। ক্ষরণ, চ্যুতি।

শ্রবণ (শ্রু শুনা+অন(অনট্)—ণ) সং, ক্লীং, শ্রবণেন্দ্রিয়, কর্ণ। (+অনট্—ভাবে) শ্রবণ। পুং, ণা—স্ত্রীং, (জ্যোতিষে—ইহা ক্লীবলিঙ্গ রূপে ব্যবহৃত আছে। যথা অমার্কপাতে শ্রবণং যদি স্যাৎ।") অশ্বিন্যাদি অন্তর্গত দ্বাবিংশ নক্ষত্র। ইহার জাতফল যথা—"শাস্ত্রানুরক্তো বহুপুত্রমিত্রঃ সৎপুত্র ভক্তির্ব্বির্জ্জিতারিবর্গঃ।



শ্রবণা (নক্ষত্র)।

চেজ্জন্মকালে শ্রবণা হি যস্য প্রেম্ণা পুরাণ শ্রবণে প্রবীণঃ।" মুণ্ডরিকাবৃক্ষ।

শ্রবণপথ—পুং } (শ্রবণ—পথ [পথিন্ শ্রবণেন্দ্রিয়—ক্লীং } শব্দজ] রাস্তা। (শ্রবণ—ইন্দ্রিয়) সং, কর্ণ, কাণ।

শ্রবায্য (শ্রু [ঘৃত] বিন্দু বিন্দু পড়া, ঝরা+আয্য—প্রং) সং, পুং, বলিযোগ্যপশু, যজ্ঞীয়পশু।

শ্রবিষ্ঠা (শ্রববৎ [শ্রব কর্ণ, খ্যাতি+বৎ—অস্ত্যর্থে] খ্যাতিবিশিষ্ট + ইষ্ঠ—অতার্থে। বৎ—লোপ) সং, স্ত্রীং, ধনিষ্ঠানক্ষত্র।

শ্রবিষ্ঠাজ (শ্রবিষ্ঠা নক্ষত্রবিশেষ—জ জাত) সং, পুং, বুধগ্রহ। বিং, ত্রিং, ধনিষ্ঠা নক্ষত্রে জাত।

শ্রব্য } (শ্রু শুনা+য, অনীয়—র্ম্ম) বিং, শ্রবণীয় } ত্রিং, শ্রোতব্য, শুনিবার যোগ্য।

শ্রব্যকাব্য; সং,ক্লীং,যে কাব্য শ্রবণের যোগ্য, অভিনেতব্য নহে; নাটক ভিন্ন কাব্য।

শ্রাণ (শ্রা, শ্রৈ পাককরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পাকবস্তু, পাককরা দ্রব্য। ঘর্ম্মাক্ত। সিক্ত, ভিজা। ণা—স্ত্রীং, যবাগূ, যাউ।

শ্রাণন (শ্রণ ণিচ=শ্রণি দান করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, দান, বিতরণ। ভাতের মণ্ড।

শ্রাদ্ধ (শ্রদ্ধা+অ(ষ্ণ)—দানার্থে) সং, ক্লীং, পিতৃকৃত্য, একোদ্দিষ্ট পার্ব্বণাদি। শিষ্টপ্রয়োগ—১ "সংস্কৃত ব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতম্। শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে॥" ২ "শ্রদ্ধয়া অন্নাদের্দ্দানং শ্রাদ্ধং।" ৩ "সম্বোধনপদোপনীতান্ পিত্রাদীন্ চতুর্থ্যন্তপদেনোদ্দিশ্য হবিস্ত্যাগঃ শ্রাদ্ধম্।" বিং, ত্রিং, শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধাপ্রযুক্ত যাহা দেওয়া হয়।

শ্রাদ্ধদেব (শ্রাদ্ধ—দেব দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অন্তক, যম। পিতৃলোক। বৈবস্বতমনু।

শ্রাদ্ধিক (শ্রাদ্ধ শ্রাদ্ধে দেয় বস্তু+ইক(ষ্ণিক)—ভোজনার্থে) বিং, ত্রিং, শ্রাদ্ধভোজী, শ্রাদ্ধভোক্তা। শ্রাদ্ধসম্বন্ধীয় দ্রব্য। শিং—১ "ঋতুসন্ধিষু ভুক্ত্বা বা শ্রাদ্ধিকং প্রতিগৃহ্য চ।"

শ্রান্ত (শ্রম্ ক্লান্তহওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, শ্রমযুক্ত, ক্লান্ত। খিন্ন। শান্ত, নিবৃত্ত। ভোগতৃপ্ত।

শ্রান্তি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, শ্রম। ক্লেশ। খেদ। বিশ্রাম, নিবৃত্তি।

শ্রাম (শ্রম্ ক্লান্ত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং,পুং, মাস। মণ্ডপ, গৃহ। কাল, সময়।

শ্রামণের; সং, পুং, প্রব্রজিত, জৈনভিক্ষু।

শ্রায় (শ্রি আশ্রয় করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, আশ্রয়, অবলম্বন। (শ্রী লক্ষ্মী+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে। ঈ=অয়, অ=আ) বিং, ত্রিং, শ্রীসম্বন্ধীয়। লক্ষ্মীসম্বন্ধীয়।

শ্রাব (শ্রু শুনা+অ(ঘঞ্)—ভাবে)সং,পুং, আকর্ণন, শ্রবণ।

শ্রাবক (শ্রু শুনা+অক(ণক)—ক) সং, পুং, শাক্যমুনির শিষ্যবিশেষ। কাক বিং, ত্রিং, শ্রোতা, শ্রবণকর্ত্তা, যে শ্রবণ করিতেছে।

শ্রাবণ (শ্রাবণী শ্রবণানক্ষত্র যুক্ত পৌর্ণ-

মাসী + অ(ষ্ণ) – তদুক্তমাসার্থে) সং, পুং, বৈশাখাদি দ্বাদশ মাসের অন্তর্গত চতুর্থমাস। (শ্রবণ+ষ্ণ) বিং, ত্রিং, শ্রবণেন্দ্রিয় জন্য (জ্ঞান)। পাষণ্ড, পামর। (শ্রবণা + ষ্ণ) শ্রবণানক্ষত্রসম্বন্ধীয়। ণী – স্ত্রীং, (শ্রবণ+ষ্ণ,ঈপ) শ্রাবণ মাসের পূর্ণিমা। থুলকুঁড়ি। দধ্যালীবৃক্ষ। মুণ্ডিতিকাবৃক্ষ।

শ্রাবণিক (শ্রাবণী শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী+ইক(ষ্ণিক) – তদুক্তমাসার্থে) সং, পুং, শ্রাবণমাস।

শ্রাবস্তী (শ্রাবি ঝরা+অন্ত – প্রং, নিপাতন) সং, স্ত্রীং, নগরীবিশেষ, ধর্ম্মপত্তন নামে পুরী।

শ্রাবিত (শ্রাবি শুনান+ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, যাহা শ্রবণ করান হইয়াছে।

শ্রাব্য (শ্রু শুনা+য(ঘ্যণ) – র্ম্ম) বিং, ত্রিং, শ্রবণযোগ্য, শ্রোতব্য। (গীত এবং বাদ্য এই দুইটী শ্রবণপ্রত্যক্ষ হয়, এই হেতু এই দুইটীকে শ্রাব্য সঙ্গীত কহা যায়) শুনিবার উপযুক্ত। শুনাইবার যোগ্য।

শ্রিত (শ্রি আশ্রয়করা+ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, আশ্রিত। সেবিত। উপজীবিত।

শ্রিতবান্ (পূর্ব্বে দেখ, তবৎ(ক্তবতু) – ক) বিং, ত্রিং, আশ্রয়কারী, যে আশ্রয় করিয়াছে।

শ্রী (শ্রি সেবাকরা+০(ক্বিপ) – র্ম্ম,ই=ঈ। যাহাকে সমস্ত লোক সেবা করে) সং, স্ত্রীং, লক্ষ্মী। সম্পত্তি। শোভা। বেশবিন্যাস। সৌন্দর্য্য। কীর্ত্তি। সরস্বতী। ত্রিবর্গ। দীপ্তি, আলোক। প্রকার। উপকরণ। বিভূতি। বুদ্ধি। বৃদ্ধি। সিদ্ধি। বিল্ববৃক্ষ। লবঙ্গ। সরলবৃক্ষ। (জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে ইহার প্রয়োগ হয়)। নামের উপাধিবিশেষ। শিষ্টপ্রয়োগ – ১ "দেবাদি নাম্নঃ পূর্ব্বং শ্রীশব্দপ্রয়োগঃ কর্ত্তব্যঃ।" যথা—"দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাম্। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ॥" পুং, রাগবিশেষ।

শ্রীকণ্ঠ (শ্রী [নীলবর্ণের] শোভা – কণ্ঠ গলা, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শিব। ভবভূতি কবির উপনাম। হস্তিনার উত্তরপশ্চিমস্থ কুরুজাঙ্গল দেশ।

শ্রীকণ্ঠপদলাঞ্ছন (শ্রীকণ্ঠ – পদ উপনাম বা খেতাব – লাঞ্ছন চিহ্ন। "শ্রীকণ্ঠ" এই আখ্যা দ্বারা যিনি বিদিত হইয়াছেন) সং, পুং, ভবভূতি, উত্তরচরিত বীরচরিত মালতীমাধব নাটককর্ত্তা। দেশবিশেষ।

শ্রীকণ্ঠসখ (শ্রীকণ্ঠ শিব – সখ [সখি শব্দজ] বন্ধু) সং, পুং, কুবের।

শ্রীকন্দা; সং, স্ত্রীং, বন্ধ্যাকর্কোটী।

শ্রীকর (শ্রী ভাগ্য – কর যে করে) সং, পুং, বিষ্ণু। স্মৃতিগ্রন্থকারক পণ্ডিতবিশেষ। ক্লীং, রক্তোৎপল। বিং,ত্রিং, শোভাকারক, সৌন্দর্য্যজনক।

শ্রীকরণ (শ্রী 'শ্রী' এই শব্দ – করণ করিবার অস্ত্রশস্ত্রাদি) সং, ক্লীং, লেখনী, কলম।

শ্রীকান্ত, শ্রীনাথ } (শ্রী লক্ষ্মী – কান্ত
শ্রীপতি } স্বামী, ৬ষ্ঠী – ষ। শ্রী – নাথ, ৬ষ্ঠী – ষ। শ্রী – পতি, ৬ষ্ঠী – ষ) সং, পুং, লক্ষ্মীপতি, বিষ্ণু।

শ্রীকারী (– কারিন্) সং, পুং, মৃগবিশেষ।

শ্রীখণ্ড (শ্রী শোভা ইত্যাদি – খণ্ড অংশ) সং, পুং – ক্লীং, চন্দন কাষ্ঠ।

শ্রীগর্ভ (শ্রী ভাগ্য – গর্ভ উৎপত্তি) সং, পুং, বিষ্ণু। খড়্গ। শিং – "শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তুতে।"

শ্রীগ্রহ (শ্রী – গ্রহ গ্রহণ) সং, পুং, শকুনিপ্রপা, পক্ষীর পানীয়শালা।

শ্রীঘন (শ্রী সৌভাগ্য – ঘন রাশি) সং, পুং, বুদ্ধদেব। ক্লীং, দধি।

শ্রীদ (শ্রী ধন – দ [দা দানকরা+অ(ড) – ক] যে দেয়) সং, পুং, কুবের, ধনাধিপ। বিং, ত্রিং, ধনদাতা। শোভাদায়ক। [বিশেষ

শ্রীদাম; সং, পুং, কৃষ্ণসহচর গোপ-

শ্রীধর (শ্রী লক্ষ্মী – ধর যে ধারণ করে, ২য়া – ষ) সং, পুং, বিষ্ণু। শালগ্রামমূর্ত্তিবিশেষ। শিং – ১ "অতিস্নিগ্ধং দ্বিচক্রঞ্চ

বনমালাবিভূষিতং। শ্রীধরং দেবি বিজ্ঞেয়ং শ্রীপদং গৃহিণাং সদা।"

শ্রীনন্দন (শ্রী লক্ষ্মী—নন্দন পুত্র) সং, পুং, কামদেব। লক্ষ্মীপুত্র।

শ্রীনিকেতন, শ্রীনিবাস (শ্রী লক্ষ্মী—নিকেতন, নিবাস=বাসস্থান) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। (৬ষ্ঠী—ষ) লক্ষ্মীর আলয়

শ্রীপথ (শ্রী রাজকীয় যৌতুক—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, পুং, রাজপথ।

শ্রীপঞ্চমী; সং, স্ত্রীং, মাঘশুক্লপঞ্চমী। ভগবান্ কার্ত্তিকেয় পঞ্চমীতে লক্ষ্মীর সহিত সম্মিলিত হইয়াছিলেন, এই জন্য ঐ তিথি শ্রীপঞ্চমী বলিয়া প্রসিদ্ধ হইল। শিং—১" চতুর্থী বরদা শুক্ল তত্র গৌরী সুপূজিতা। সৌভাগ্যমতুলং কুর্য্যাৎ পঞ্চম্যাং শ্রীরপিশ্রিয়ং।

শ্রীপর্ণ (শ্রী সৌন্দর্য্য বা লক্ষ্মী—পর্ণ পত্র) সং, ক্লীং, পদ্ম। অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপর্ণী; সং, স্ত্রীং, গম্ভারীবৃক্ষ। কট্‌ফলবৃক্ষ। শাল্মলীবৃক্ষ। হঠবৃক্ষ। অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপিষ্ট (শ্রী সরলবৃক্ষ বা দেবদারুবৃক্ষ—পিষ্ট চূর্ণিত) সং, পুং, সরলবৃক্ষের রস, টার্পিন্। [পুং, অশ্ব। কামদেব।

শ্রীপুত্র (শ্রী ভাগ্য বা লক্ষ্মী—পুত্র) সং,

শ্রীপুষ্প; সং, ক্লীং, লবঙ্গ। পদ্মকাষ্ঠ।

শ্রীফল (শ্রী লক্ষ্মী ইত্যাদি [যাঁহাকে ইহা দেওয়া যাইতে পারে [—ফল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিল্ববৃক্ষ। ক্লীং, বেল। রাজাদনী। লা—স্ত্রীং, নীলী। ক্ষুদ্রকারবেল্লী। লী—স্ত্রীং, আমলকী। নীলী।

শ্রীভদ্রা; সং, স্ত্রীং, ভদ্রমুস্তক।

শ্রীভ্রাতা (শ্রীভ্রাতৃ, শ্রী লক্ষ্মী—ভ্রাতৃ ভাই। সমুদ্রমন্থনকালে লক্ষ্মীর সহিত ইহারাও উত্থিত হইয়াছিল বলিয়া) সং, পুং, অশ্ব। চন্দ্র।

শ্রীমান্ (শ্রীমৎ, শ্রী সম্পত্তি, সৌন্দর্য্য +মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐশ্বর্য্যশালী, ধনী। সুন্দর, সুশ্রী। শ্রীযুক্ত। সং, পুং, তিলকবৃক্ষ। অশ্বত্থবৃক্ষ। বিষ্ণু। শিব। কুবের। মতী—স্ত্রীং, শ্রীবিশিষ্টা। তি—স্ত্রীং, রাধিকা।

শ্রীমুখ (শ্রী সৌভাগ্য—মুখ প্রধান) সং, পুং, পত্রপৃষ্ঠে 'শ্রী' শব্দলিখন। ক্লীং, শোভাযুক্ত আনন।

শ্রীমূর্ত্তি; সং, স্ত্রীং, দেববিগ্রহ। বিষ্ণুপ্রতিমা।

শ্রীযুত, শ্রীযুক্ত (শ্রী লক্ষ্মী ইত্যাদি—যুক্ত, যুত, তৃতীয়া—ষ) বিং, ত্রিং, শ্রীমান্, লক্ষ্মীবান্। শোভাযুক্ত, শোভিত। (জীবৎ পুরুষের নামের পূর্ব্বে ইহা দত্ত হয়)।

শ্রীরঙ্গপত্তন (ট্র); সং, ক্লীং, মান্দ্রাজের অন্তর্গত। শৃঙ্গপত্তন দেশ।

শ্রীরাগ (শ্রী—রাগ স্বরের প্রকারবিশেষ) সং, পুং, ছয় রাগের মধ্য তৃতীয় রাগ।

শ্রীরাম (শ্রী [যুক্ত বা যুত উহ্য করিতে হইবে] শ্রীযুক্ত অর্থাৎ সৌভাগ্যবান্ ইত্যাদি—রাম, ষং—স) সং, পুং, রামচন্দ্র, দশরথের পুত্র।

শ্রীরামনবমী; সং, স্ত্রীং, চৈত্রশুক্লনবমী।

শ্রীল (শ্রী ভাগ্য+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্রীযুক্ত, সৌভাগ্যবান, লক্ষ্মীমান্।

শ্রীলতা; সং, স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী।

শ্রীবৎস (শ্রী লক্ষ্মী—বৎস প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত্ত লোমাবলী। গৃহবিশেষ। সুড়ঙ্গবিশেষ। নৃপবিশেষ।

শ্রীবৎসকী (শ্রীবৎসকিন্, শ্রীবৎস বিষ্ণুর বক্ষঃস্থ চিহ্নবিশেষ+কণ—সাদৃশ্যার্থে ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যে অশ্বের বক্ষঃস্থলে কুটিল আবর্ত্ত আছে।

শ্রীবৎসভৃৎ, শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবৎসাঙ্ক, শ্রীবরাহ, } (শ্রীবৎস—ভৃৎ যে ধারণ করে, ২য়া—ষ। শ্রীবৎস—লাঞ্ছন, অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং। শ্রী শ্রীযুক্ত—বরাহ অবতারবিশেষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

শ্রীবল্লী; সং, স্ত্রীং, কণ্টকবৃক্ষ বিশেষ।

শ্রীবাস (শ্রী সরল বা দেবদারুবৃক্ষ, কিংবা লক্ষ্মী—বাস বাসস্থান) সং, পুং, সরলবৃক্ষের নির্য্যাস, টার্পিন্। পদ্ম। বিষ্ণু। শিব।

শ্রীবাটী; সং, স্ত্রীং, নাগবল্লীবিশেষ।

শ্রীবৃক্ষ (শ্রী মঙ্গলদায়ক—বৃক্ষ গাছ) সং,

পুং, অশ্বত্থ বৃক্ষ। বিল্ববৃক্ষ। শিং—১ "শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহং।

শ্রীবৃক্ষ, শ্রীবৃক্ষক; সং, পুং, অশ্বের হৃদয়াদিস্থিত শ্বেতরোমাবর্ত্ত।

শ্রীবৃক্ষকী (শ্রীবৃক্ষকিন্, শ্রীবৎস বিষ্ণুর বক্ষঃস্থলস্থ চিহ্ন+ক, ইন্—প্রং, শ্রীবৎস স্থানে শ্রীবৃক্ষ) সং, পুং, বক্ষঃস্থল গলদেশ ও মুখে আবর্ত্তবিশিষ্ট অশ্ব।

শ্রীবেষ্ট (শ্রী সরল বা দেবদারু বৃক্ষ—বেষ্ট নির্য্যাস) সং, পুং, সরলবৃক্ষরস, টার্পিন। [ষ) সং, পুং, বিষ্ণু।

শ্রীশ (শ্রী লক্ষ্মী—ঈশ ঈশ্বর, পতি, ৬ষ্ঠী—

শ্রীসংজ্ঞ (শ্রী লক্ষ্মী—সংজ্ঞা নাম। প্রায় সমুদায় লক্ষ্মী অর্থবোধক শব্দ এই বণিকৃদ্রব্যে প্রযুক্ত হইয়া থাকে বলিয়া) সং, ক্লীং, লবঙ্গ।

শ্রুগ্দারু; সং, পুং, বিকঙ্কত বৃক্ষ, বঁইচ গাছ।

শ্রুত (শ্রু শুনা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আকর্ণিত, যাহা শ্রবণ করা গিয়াছে। জ্ঞাত। প্রসিদ্ধ। সং, ক্লীং, (গুরু হইতে যাহা শুনা যায়) বেদ। শাস্ত্র। শিং—১ "অভূন্নপো বিবুধসখঃ পরন্তপঃ শ্রুতান্বিতঃ দশরথ ইত্যুদাহৃতঃ।" শাস্ত্রজ্ঞান। অধ্যয়ন।

শ্রুতকীর্ত্তি (শ্রুত আকর্ণিত—কীর্ত্তি যশঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুশধ্বজ রাজকন্যা, শত্রুঘ্নের পত্নী। পুং, দেবর্ষিবিশেষ। বিং, ত্রিং, বিখ্যাত, কীর্ত্তিযুক্ত।

শ্রুতদেবী (শ্রুত [শাস্ত্র ইত্যাদি] যাহা শ্রবণ করা গিয়াছে—দেবী) সং, স্ত্রীং, সরস্বতী।

শ্রুতবান্ (শ্রুতবৎ, শ্রু শ্রবণকরা+তবৎ (ক্তবতু)—ক) বিং, ত্রিং, যে শ্রবণ করিয়াছে। (শ্রুত শাস্ত্র+বতু—অস্ত্যর্থে) শাস্ত্রজ্ঞ, বিদ্বান্।

শ্রুতবোধ; সং, পুং, কালিদাসকৃত ছন্দোগ্রন্থবিশেষ। শিং—১ "ছন্দসাং লক্ষণং যেন শ্রুতমাত্রেণ বুধ্যতে। তদহং কথয়িষ্যামি শ্রুতবোধমবিস্তরং।" সুগমার্থক গ্রন্থ।

শ্রুতশালী (শ্রুতশালিন্, শ্রুত শাস্ত্র—শাল্ প্রশংসা করা+ইন্—ক) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ, বিদ্বান্।

শ্রুতশ্রবাঃ (শ্রুতশ্রবস্, শ্রুত—শ্রবস্ কীর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুপালের পিতা। শিং—১ "নিবর্ত্ততেহরিঃ ক্রিয়য়া স শ্রুতশ্রবসঃ সুতঃ।" স্ত্রীং, শিশুপালমাতা।

শ্রুতশ্রবোঽনুজ (শ্রুতশ্রবস্ সূর্য্যপুত্রমধ্যে একজন—অনুজ কনিষ্ঠ) সং, পুং, শনৈশ্চর, শনিগ্রহ।

শ্রুতর্ষি; সং, পুং, ঋষিবিশেষ, সুশ্রুতাদি।

শ্রুতায়ু; সং, পুং, সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ।

শ্রুতার্থ; সং, পুং, শাব্দ বোধবিষয়ীভূতার্থ, শ্রবণমাত্রে যাহা বোঝা যায়।

শ্রুতি (শ্রু [ধর্ম্মাধর্ম্ম] শ্রবণকরা+তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, বেদ (লিখন প্রণালী সৃষ্ট হইবার পূর্ব্বে বেদ, শিষ্যানুশিষ্যক্রমে শ্রুতি-পরম্পরায় চলিয়া আসিয়াছিল, এই নিমিত্ত ইহার একটী নাম শ্রুতি)। কিম্বদন্তী, পুরুষপরম্পরাগতপ্রবাদ। বাচক শব্দ। সূক্ষ্ম স্বরবিশেষ, স্বরের অবয়ব। যখন কোন গায়ক বা বাদক এক স্বর হইতে অন্যস্বর অবিচ্ছেদে প্রকাশ করে, সেই উভয় সুরের মধ্যস্থলে যে অতি সূক্ষ্ম সুরাংশ গুলি অনুভূত হয় তাহাকে শ্রুতি কহে। (+ক্তি—ণ) কর্ণ। (+ক্তি—ভাবে) শ্রবণ

শ্রুতিকট (শ্রুতি বেদ, কর্ণ ইত্যাদি—কট গমনকরা+অ—প্রং) সং, পুং, প্রায়শ্চিত্ত, পাপশোধন। সর্প।

শ্রুতিকটু (শ্রুতি—কটু কঠোর) সং, পুং, অলঙ্কারে—দুঃশ্রাব্যতা দোষ।

শ্রুতিজীবিকা (শ্রুতি বেদ—জীবিকা জীবন, যাহা বেদে বিদ্যমান আছে) সং, স্ত্রীং, ধর্ম্মশাস্ত্র। বেদজীবনোপায়।

শ্রুতিধর } (শ্রুতি শ্রবণমাত্র—ধর যে ধারণ
শ্রুতধর } করে) বিং, ত্রিং, শ্রবণমাত্র অভ্যাসকারক, সে ব্যক্তি কোন বিষয় শুনিবামাত্র অভ্যাস করিতে সমর্থ হয়।

শ্রুতিমূল (শ্রুতি—মূল কারণ) সং, ক্লীং,

বেদরূপ ধর্ম্মবোধন প্রমাণ। যজ্ঞ। (শ্রুতি — কর্ণ — মূল) কর্ণমূল।

শ্রুতিবেধ ( শ্রুতি কর্ণ — বেধ বিদ্ধকরণ, ৬ষ্ঠী — য ) সং, পুং, কর্ণবেধ, সংস্কার-বিশেষ।

শ্রুব — ক্লীং } (শ্রু ক্ষরিত হওয়া + অ(ক)
শ্রুবা — স্ত্রীং } — পা) সং, পুং, যজ্ঞ, যাগ। ক্লীং, যজ্ঞে ব্যবহার্য্য পাত্রবিশেষ, ঘৃত-ক্ষেপপাত্র।

শ্রূয়মাণ (শ্রু শুনা + আন(শান) — র্ম্ম) বিং, ত্রিং, যাহা শ্রবণ করা যায়।

শ্রেঢ়ী (Progression, শ্রেণি — ঢৌক্ গমন করা + অ(ঢ) — ক, ঈপ্) সং, স্ত্রীং, অঙ্ক-শাস্ত্রে—গণনা প্রকারবিশেষ, কতকগুলি রাশি যদি এরূপে বিন্যস্ত থাকে, যে প্রত্যেকেই স্ব স্ব পরবর্ত্তী রাশি অপেক্ষা সমান পরিমাণে গুরু বা লঘু, তবে তাহাকে শ্রেঢ়ী কহে।

শ্রেণি, শ্রেণী ( শ্রি সেবা করা + নি — ক ) সং, স্ত্রীং, পঙ্ক্তি, সারি। দল। কারুসং-হতি। সেচনপত্র। সমানব্যবসায়ী ব্যক্তি-গণ।

শ্রেণিক ( শ্রেণি পঙ্ক্তি ইত্যাদি + ক — প্রং ) সং, পুং, মগধদেশীয় নৃপবিশেষ। কা — স্ত্রীং, তাঁবু, পটবাস।

শ্রেয়াংশ ; সং, পুং, বৃন্তার্হবিশেষ।

শ্রেয়ান্ (শ্রেয়স্, প্রশস্য + ঈয়সু — অত্যর্থে) বিং, ত্রিং, ধর্ম্ম, পুণ্য। মোক্ষ, মুক্তি, অপ-বর্গ। মঙ্গল, শুভ। সৌভাগ্য। সুখ। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। শুভকর। অতিপ্রশস্ত। য়সী — স্ত্রীং, হরীতকী। পাঠা। করিপি-প্পলী। রাস্না। শুভযুক্তা।

শ্রেয়ঃকল্প ( শ্রেয়স্ + কল্প — সাদৃশ্যার্থে ) বিং, ত্রিং, শুভ কিংবা শ্রেষ্ঠ সদৃশ।

শ্রেয়স্কর (শ্রেয়স্ — কর যে করে) বিং, ত্রিং, শুভকর, মঙ্গলজনক।

শ্রেষ্ঠ ( প্রশস্য + ইষ্ঠ — অত্যর্থে) বিং, ত্রিং, অতি প্রশস্ত, প্রধান। শ্রেষ্ঠ। সং, পুং, কুবের। রাজা। ব্রাহ্মণ। বিষ্ণু। ক্লীং, গোদুগ্ধ। [প্রাধান্য, উৎকর্ষ। উত্তমতা।

শ্রেষ্ঠতা ( শ্রেষ্ঠ + তা — ভাবে ) সং, স্ত্রীং

শ্রেষ্ঠাশ্রম ( শ্রেষ্ঠ প্রধান — আশ্রম ) সং, পুং, প্রধান আশ্রম, গৃহস্থাশ্রম।

শ্রেষ্ঠী ( শ্রেষ্ঠিন্, শ্রেষ্ঠ প্রধান + ইন্ — প্রং ) সং, পুং, বণিক্‌বিশেষ, শেঠ। শিং — ১ "স হি শ্রেষ্ঠীচত্বরে প্রতিবসতি।"

শ্রোণ ( শ্রোণ্ রাশিকরা + অ — প্রং, অথবা শৃ হিংসাকরা + ন — প্রং) সং, পুং, পঙ্গু, পদবিকল, খোঁড়া। বিং, ত্রিং, পঙ্গু। ণা — স্ত্রীং, শ্রবণানক্ষত্র। কাঞ্জিক।

শ্রোণি, শ্রোণী (শ্রোণ্ রাশিকরা + ই — ক) সং, স্ত্রীং, কটিদেশ। নিতম্ব। শিং — ১ "শ্রোণীতীর্থশিলঞ্চ নেত্রশফরং ধর্ম্মিল্ল-শৈবালকং।" পথ।

শ্রোণিফলক (শ্রোণি কটিদেশ — ফলক চর্ম্ম, ফলকের ন্যায় শ্রোণি, য়ং — স ) সং, ক্লীং, কটির নিম্ন প্রদেশ।

শ্রোণিবিম্ব ; সং, ক্লীং, কটিসূত্র, ঘুনসী গোট প্রভৃতি।

শ্রোণিসূত্র ; সং, ক্লীং, খড়্গাবন্ধনসূত্র। কটিবন্ধনসূত্র, ঘুনসী।

শ্রোতঃ ( শ্রোতস্, শ্রু শুনা, ক্ষরিত হওয়া + অস্ — ক। ৎ তুট্) — আগম) সং, ক্লীং, নদ্যাদির বেগ। ( + অস্ — ণ ) জ্ঞানে-ন্দ্রিয়।

শ্রোতব্য (শ্রু শুনা + তব্য — র্ম্ম) বিং, ত্রিং, শ্রবণীয়, শ্রবণযোগ্য।

শ্রোতা ( শ্রোতৃ, শ্রু শুনা + তৃ(তৃন্) — ক ) বিং, ত্রিং, শ্রবণকর্ত্তা, যে শুনে।

শ্রোত্র, শ্রৌত্র ( শ্রু শুনা + ত্র — ণ ) সং, ক্লীং, শ্রুতি,শ্রবণেন্দ্রিয়, কর্ণ। ( + ত্র — র্ম্ম) বেদ। ( শ্রোত্র + ষ্ণ — স্বার্থে ) শ্রোত্রিয়ের ধর্ম্ম।

শ্রোত্রিয় (ছন্দস্ বেদ + ইয় — অধ্যয়নার্থে, ছন্দস্ স্থানে শ্রোত্র, কিংবা শ্রোত্র [শ্রূয়তে ধর্ম্মাধর্ম্মাবনেন] বেদ + ইয় — জ্ঞানার্থে বা অধ্যয়নার্থে ) সং, পুং, বেদাধ্যায়ী ব্রাহ্মণ, বেদজ্ঞ বিপ্র। সচ্চরিত্র ব্রাহ্মণ। বিং, ত্রিং, সুশীল, সচ্চরিত্র, সৎকুলজাত। শিষ্টপ্রয়োগ—১ "জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যাভ্যাসী ভবেদ্বিপ্রঃ শ্রোত্রিয় স্ত্রিভিরেব হি॥ ২

একাংশাখাং সকল্পাং বা ষড় ভিরঙ্গৈ-রধীত্য চ। ষট্‌কর্ম্ম নিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ''॥

শ্রৌত (শ্রুতি বেদ+অ(ষ্ণ)—কৃতার্থে) বিং, ত্রিং, শ্রুতিসিদ্ধ, বেদবিহিত। শিং,—১ ''শ্রৌতং কর্ম্ম স্বয়ং কুর্য্যাদন্যোঽপি স্মার্ত্তমাচরেৎ। অশক্তৌ শ্রৌতমপ্যন্যঃ কুর্য্যাদাচারমন্ততঃ।'' ২ ''ধর্ম্মজ্ঞৈর্ব্বিহিতো ধর্ম্মঃ শ্রৌতঃ স্মার্ত্তো দ্বিধা দ্বিজৈঃ। দানাগ্নিহোত্রসম্বন্ধমিজ্যা শ্রৌতস্য লক্ষণং। স্মার্ত্তো বর্ণাশ্রমাচারো যমৈশ্চ নিয়মৈর্যুতঃ। পূর্ব্বেভ্যো বেদয়িত্বেহ শ্রৌতং সপ্তর্ষয়োঽব্রুবন''। গার্হপত্য আহবনীয় দক্ষিণাগ্নি—এই ত্রিবিধ অগ্নি।

শ্রৌত্র (শ্রোত্র+অ(ষ্ণ)—স্বার্থে) সং, ক্লীং, কর্ণ। বৈদিককর্ম্ম।

শ্লক্ষ্ণ (শ্লিষ্ আলিঙ্গনকরা+স্ন(কৃন্ন)—প্রং, ই—লোপ) বিং, ত্রিং, সূক্ষ্ম। কৃশ। মনোহর। স্নিগ্ধ, চিক্কণ। অল্প।

শ্লথ (শ্লথ্ ঢিলা হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, শিথিল, অদৃঢ়, ঢিলা। দুর্ব্বল।

শ্লাঘা (শ্লাঘ্ প্রশংসাকরা+অ—ভাবে,আপ্) সং, স্ত্রীং, প্রশংসা। অভিলাষ, ইচ্ছা। পরিচর্য্যা, সেবা। নিজগুণ খ্যাপন।

শ্লাঘ্য, শ্লাঘনীয় (পূর্ব্বে দেখ, য(ঘ্যণ),অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, আশ্বাস্য, স্পৃহনীয়। প্রশংসনীয়, প্রশংসারযোগ্য। প্রশস্ত।

শ্লিকু (শ্লিষ্ আলিঙ্গনকরা+উ—প্রং, ষ=ক্) সং, পুং, ভৃত্য। লম্পট। ক্লীং, জ্যোতিঃশাস্ত্র। [স্ত্রীং, আলিঙ্গন।

শ্লিষা ( শ্লিষ্ আলিঙ্গনকরা+আ—ভা) সং,

শ্লিষ্ট ( শ্লিষ্ আলিঙ্গনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, শ্লেষযুক্ত, অনেকার্থবাচক। সংস্পৃষ্ট। সংযুত। (+ক্ত—র্ম্ম) আলিঙ্গিত।

শ্লীপদ ( শ্রী—পদ ) নং, ক্লীং, শোথরোগ, গোদ।

শ্লীপদপ্রভব (শ্লীপদ স্ফীতপাদ—প্রভব উৎপত্তি) নং, পুং, আম্রবৃক্ষ।

শ্লীল ( শ্রী সৌভাগ্য+ল—অস্ত্যর্থে, র=ল) বিং, ত্রিং, শ্রীযুক্ত।

শ্লেষ (শ্লিষ্ আলিঙ্গনকরা+অ(অল্)—ভা) সং, পুং, যোগ, সংযোগ। আশ্লেষ, আলিঙ্গন। দাহ। শব্দের অলঙ্কারবিশেষ, শব্দের অনেকার্থ যোগ। কাব্যালঙ্কারবিশেষ।

শ্লেষ্মা, শ্লেষ্মক (শ্লেষ্মন্, শ্লিষ [শরীর] আলিঙ্গনকরা+মন্—ক। শ্লেষ্মন্+ক—যোগ) সং, পুং, কফ, সর্দ্দি।

শ্লেষ্মঘ্না; সং, স্ত্রীং, মল্লিকা। কেতকী। বিং, ত্রিং, শ্লেষ্মানাশক। ঘ্নী—স্ত্রীং, জ্যোতিষ্মতী। মল্লিকা। ত্রিকটু।

শ্লেষ্মণ, শ্লেষ্মল(শ্লেষ্মন্ কফ+ন,ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্লেষ্মাবিশিষ্ট, কফযুক্ত।

শ্লৈষ্মিক ( শ্লেষ্মন্+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং, ত্রিং, শ্লেষ্মাসম্বন্ধীয়।

শ্লৈষ্মিকঅন্তস্ত্বক্, শ্লৈষ্মিক ঝিল্লী } (Mucous membrane) ত্বকের যে ভাগ দ্বারা শরীরের অভ্যন্তর ভাগ আবৃত; তাহা হইতে অনবরত এক প্রকার রস নির্গত হয়।

শ্লোক (শ্লোক্ পদ্যরচনাকরা, প্রথিত হওয়া +অ(অল্)—র্ম্ম। রামায়ণে বলে—শোক হইতে শ্লোক হইয়াছে। কেননা বাল্মীকির রসনা হইতে প্রথমতঃ শোকসূচক ''মা নিষাদ'' ইত্যাদি শ্লোক নির্গত হয়) সং, পুং, পদ্য, কবিতা। ছন্দোবিশিষ্ট বাক্য। সুখ্যাতি, প্রসিদ্ধি। যশঃ, কীর্ত্তি। শিং—১''ক উত্তম শ্লোকগুণান্ [illegible]।'' শিষ্টপ্রয়োগ—২ ''মা নিষা[illegible] প্রতিষ্ঠাং ত্বম্—॥—॥ পাদবদ্ধোঽক্ষরসমস্তন্ত্রীলয়সমন্বিতঃ। শোকার্ত্তস্য প্রবৃত্তো মে শ্লোকো ভবতু নান্যথা''॥

শ্বঃ (শ্বস, পরাহন্ স্থানে শ্ব, কিম্বা আগামি অহন্ এই অর্থে, নিপাতন) অং, পরদিনে, আগামি দিনে, কল্য।

শ্বঃশ্রেয়স (শ্বস্ সৌভাগ্য—শ্রেয়স্ মঙ্গল, অ—প্রং) ক্রিং—বিং, ক্লীং, মঙ্গল, কল্যাণ। সুখ। পরমাত্মা। বিং, ত্রিং, কল্যাণী। সুখী।

শ্বগণ (শ্বন্ কুক্কুর—গণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুক্কুরসমূহ।

শ্বগণিক, শ্বগণী (শ্বগণিন্, শ্বগণ+ইক, ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিকারী, যে ব্যক্তি কুকুর লইয়া শিকার করে।

শ্বদন্ত—যে দন্ত কুকুরের ন্যায় সুচল, শৌবনদন্ত।

শ্বদংষ্ট্রা; সং, স্ত্রীং, গোক্ষুরক।

শ্বধূর্ত্ত (শ্বন্ কুকুর—ধূর্ত্ত শঠ) সং, পুং, শৃগাল, শিয়াল।

শ্বনিশ—ক্লীং, শ্বনিশা—স্ত্রীং, } (শ্বন্ কুকুর—নিশা রাত্রি) সং, মত্ত কুকুর-নিশা, যে রাত্রিতে কুকুর সকল মত্ত হইয়া চীৎকার করে।

শ্বপক্, শ্বপচ, শ্বপাক, } (শ্বপচ্, শ্বন্ কুকুর—পচ্ [ স্বীয় ভক্ষ্যজন্য] পাককরা, কিংবা স্বীয় সম্পত্তির ন্যায় রক্ষা করা+(ক্বিপ্), অ(অন্), অ(ঘঞ্)—ক) সং, পুং, ব্যাধ। চণ্ডাল, চাঁড়াল।

শ্বফল্ক; সং, পুং, বৃষ্ণিপুত্র, অক্রূরের পিতা।

শ্বভীরু (শ্বন্ কুকুর—ভীরু ভীত, ৫মী—ষ) পুং, শৃগাল, শিয়াল।

শ্বভ্র (শ্বভ্র্ গর্ত্তকরা+অ(অল)—র্ম্ম) সং, ক্লীং, রন্ধ্র, ছিদ্র, গর্ত্ত, গহ্বর।

শ্বয়থু (শ্বি স্ফীত হওয়া+অথু—ভাবে) সং, পুং, স্ফীতি। বৃদ্ধি। শোথ, স্ফীততা রোগ।

শ্ববৃত্তি (শ্বন্ কুকুর—বৃত্তি ব্যবহার, পরপিণ্ড উপজীব্য বলিয়া কুকুরের ন্যায় বৃত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সেবা, চাকরী। শিং, —১ "সেবা শ্ববৃত্তিরাখ্যাতা তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ।"

শ্বব্যাঘ্র (শ্বন্ কুকুর—ব্যাঘ্র বাঘ) সং, পুং, চিতাবাঘ, কুকুরের ন্যায় বাঘ।

শ্বশুর (আশু [ অব্যয়শব্দ ] মান্যতা—অশ্ ব্যাপা+উর—ক, নিপাতন, সংস্কৃত=শ্বশুর। লাটিন=সসর্) সং, পুং, ভর্ত্তার ও পত্নীর পিতা। মান্য ব্যক্তি।

শ্বশুর্য্য (শ্বশুর+য(ষ্য)—অপত্যার্থে) সং, পুং, দেবর, দেওর। ভাসুর। শ্যালক, শালা।

শ্বশ্রূ (শ্বশুর+উপ্—পত্নী অর্থে। উ, অ—লোপ। সংস্কৃত=শ্বশ্রূ; লাটিন=সক্রু। গ্রীক=হেকুরা।) সং, স্ত্রীং, ভর্ত্তার ও পত্নীরমাতা, শাশুড়ী।

শ্বসন (শ্বস্ নিশ্বাস ফেলা+অন (অনট্)—ণ) সং, পুং, বায়ু। ময়নাগাছ। (+অনট্—ভাবে) ক্লীং, নিশ্বাস। জীবন।

শ্বসমান (শ্বস্ নিশ্বাস ফেলা+আন (শান)—ক) বিং, ত্রিং, যে নিশ্বাস ফেলিতেছে।

শ্বসনাশন, শ্বসনোৎসুক (শ্বসন বায়ু—অশন ভক্ষণীয়। শ্বসন বায়ু—উৎসুক অনুরক্ত) সং, পুং, সর্প।

শ্বসিত (শ্বসন দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, নিশ্বাস, নাসাগতবায়ু। জীবিত, জীবন।

শ্বস্তন, শ্বস্ত্য (শ্বস্ কল্য+ষ্টন,ত্যপ্—ভবার্থে) বিং, ত্রিং, ভবিষ্যৎ, আগামি দিনভব। ক্লীং, ভবিষ্যৎকাল।

শ্বা (শ্বন্, শ্বি বৃদ্ধিপাওয়া+অন্(কনিন্)—ক, নিপাতন) সং, পুং, কুকুর, কুক্কুর। শুনী—স্ত্রীং, কুক্কুরী।

শ্বাগণিক (শ্বগণ কুক্কুরসমূহ+ইক (ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, ব্যাধ। কুক্কুরসমূহ দ্বারা মৃগয়াকারী।

শ্বান (শ্বন্+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, কুকুর। শুনী—স্ত্রীং, কুক্কুরী।

শ্বাপদ (Carnivora, শ্বন্ কুক্কুর—আ—পদ্ সদৃশহওয়া+অ(ষ্ণ)—প্রং, কিম্বা শ্বন্ কুকুর—পদ পা, যাহার কুক্কুরের ন্যায় পাদ, অর্থাৎ থাবা, ৬ষ্ঠী—হিং, নিপাতন) সং, পুং, শিকারী জন্তু, যে সকল পশু মাংস ভক্ষণ করিয়া দেহ যাত্রা নির্ব্বাহ করে; যথা—বিড়াল, কুক্কুর, শৃগাল, ব্যাঘ্র,ভল্লূক, নেউল, গন্ধগোকুল প্রভৃতি। (শ্বাপদ+ষ্ণ) বিং, ত্রিং, শ্বাপদসম্বন্ধীয়।

শ্বাবিৎ, শ্বাবিধ } (শ্বাবিধ্, শ্বন্ কুকুর—আ—বিধ বিদ্ধকরা+০(ক্বিপ্), অ(ক)—ক) সং, পুং, শজারু পশু।

শ্বাস (শ্বসন দেখ, অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, নিশ্বাস, নাসাগতবায়ু। (+ঘঞ্—ণ) বায়ু। (+ঘঞ্—ধি) শ্বাসকাস রোগ।

শ্বাসপ্রশ্বাসধারণ; সং, ক্লীং, প্রাণায়াম।

শ্বাসহেতি (শ্বাস নিশ্বাস বা দীর্ঘনিশ্বাস ফেলা—হেতি অস্ত্র) সং, স্ত্রীং, নিদ্রা।

শ্বাসকুঠার ; সং, পুং, শ্বাস রোগের ঔষধ-বিশেষ।

শ্বাসী (শ্বাসিন্,শ্বাস নিশ্বাস+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বায়ু। বিং, ত্রিং, শ্বাসযুক্ত।

শ্বাসারি ; সং,পুং, পুষ্করমূল।

শ্বিত্র (শ্বিৎ শুক্লবর্ণ হওয়া+রক্—ণ) সং, পুং, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।

শ্বিত্রী ( শ্বিত্রিন্, শ্বিত্র+ইন্—অস্ত্যর্থে ) বিং, ত্রিং, শ্বিত্ররোগযুক্ত। শিং—১"শ্বিত্রী বস্ত্রং শ্বা রসং চ চৌরী লবণহারকঃ।" কুষ্ঠরোগী।

শ্বেত (শ্বিৎ শুক্লবর্ণ হওয়া+অ(অন্)—ক) সং, পুং, শুক্লবর্ণ। দ্বীপবিশেষ। পর্ব্বত-বিশেষ, ধবলগিরি। শুক্রগ্রহ। শাদা মেঘ। কপর্দ্দক, কড়ী। দৈত্যগুরু, শুক্র। শঙ্খ। শিবের অবতারবিশেষ। রাজাবিশেষ। ক্লীং, রৌপ্য, রজত। মিছরি। বেল-ওয়ারি কাঁচ। বিং, ত্রিং, শুক্লবর্ণ-বিশিষ্ট। তা—স্ত্রীং, বরাটিকা। শঙ্খিনী। কাষ্ঠপাটলা। অতিবিষা। অপরাজিতা। শ্বেতবৃহতী। শ্বেতকণ্টকারী। পাষাণ-ভেদী। শিলাবল্কলা। শ্বেতদূর্ব্বা। বংশলোচনা। স্ফটী। শর্করা।

শ্বেতক (শ্বেত+কণ্—যোগ) সং,পুং, বরাটক, কড়ী। ক্লীং, রৌপ্য, রূপা।

শ্বেতকুঞ্জর, শ্বেতগজ, শ্বেতদ্বীপ ( শ্বেত শাদা—কুঞ্জর, গজ, দ্বিপ=হস্তী) সং, পুং, ইন্দ্রগজ, ঐরাবতী হস্তী।

শ্বেতকেতু (শ্বেত শাদা—কেতু ধ্বজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঋষিবিশেষ। বুদ্ধমতস্থ ব্যক্তিবিশেষ। কেতুগ্রহবিশেষ।

শ্বেতকেশ ; সং, পুং, রক্তশিগ্রু।

শ্বেতকোল ; সং, পুং, পুঁটী মাছ।

শ্বেতগরুৎ (শ্বেত শাদা—গরুৎ পক্ষ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, হংস। বিং, ত্রিং, শুক্ল-বর্ণপক্ষবিশিষ্ট।

শ্বেতচ্ছদ ( শ্বেত শাদা—ছদ পালখ, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, হংস। বাবুই তুলসী। শুক্লপক্ষশালী, শুক্লবর্ণপক্ষযুক্ত।

শ্বেতদ্বীপ ; সং, পুং, চন্দ্রদ্বীপ। ইহা বৈকুণ্ঠাখ্য বিষ্ণুধাম। শিং—১ "শ্বেতদ্বীপং গতবতি ত্বয়ি দ্রষ্টুং তদীশ্বরং। তত্র হায়মভূৎ প্রশ্নস্তং মাং যমনুপৃচ্ছসি।

শ্বেতধাতু (শ্বেত শাদা—ধাতু আকরীয়) সং, পুং, খটিকা, খড়ী।

শ্বেতধামা ( শ্বেতধামন্, শ্বেত শাদা—ধামন্ কিরণ) সং, পুং, চন্দ্র। কর্পূর। সমুদ্র-ফেন।

শ্বেতনীল ( শ্বেত শাদা—নীল কৃষ্ণবর্ণ বা গাঢ় নীলবর্ণ) সং, পুং, মেঘ। শুক্ল ও নীলবর্ণ।

শ্বেতপত্র ( শ্বেত শাদা—পত্র পালখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্বেতচ্ছদ, হংস। ক্লীং, শুক্লপর্ণ।

শ্বেতপত্ররথ (শ্বেতপত্র হংস—রথ বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

শ্বেতপত্রবাহন (শ্বেতপত্র হংস—বাহন রথাদি) সং, পুং, হংসবাহন, ব্রহ্মা।

শ্বেতপর্ণাস ; সং, পুং, শ্বেততুলসী।

শ্বেতপিঙ্গ, শ্বেতপিঙ্গল (শ্বেত শাদা—পিঙ্গ, পিঙ্গল=পীতের আভাযুক্ত গাঢ় নীল) সং, পুং, সিংহ। শুক্লপীতবর্ণ।

শ্বেতপুষ্প ( শ্বেত শাদা—পুষ্প ফুল ) সং, পুং, সিন্ধুবার বৃক্ষ। ষ্পা—স্ত্রীং, লতা-বিশেষ, ঘোষাতকী। নাগদন্তী। মৃগে-র্ব্বারু। ষ্পিকা—স্ত্রীং, মহাশণপুষ্পিকা।

শ্বেতমাল ; সং, পুং, মেঘ। ধূ

শ্বেতরক্ত (শ্বেত শাদা—রক্ত লাল, শ্বেত-মিশ্রিত রক্তবর্ণ ৩য়া—ষ ) সং, পুং, পাটলবর্ণ, গোলাপিরং। বিং, ত্রিং, পাটলবর্ণবিশিষ্ট।

শ্বেতরথ ( শ্বেত শাদা—রথ শকটাদি) সং, পুং, শুক্রগ্রহ। শুক্লবর্ণরথ।

শ্বেতরোচিঃ ( শ্বেতরোচিস্, শ্বেত শাদা—রোচিস্ দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। বিং, ত্রিং, শুক্লতেজোযুক্ত।

শ্বেতবাজী (শ্বেতবাজিন্, শ্বেত শাদা—বাজি অশ্ব+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চন্দ্র। অর্জ্জুন। শুক্লঘোটক।

শ্বেতবাহ ( শ্বেত শাদা—বাহ অশ্ব ) সং, পুং, ইন্দ্র। অর্জ্জুন।

শ্বেতবাহন (শ্বেত শাদা—বাহন যান) সং,

পুং, চন্দ্র। অর্জ্জুন (যুদ্ধ করিবার সময় আমার রথে শ্বেতাশ্ব সংযোজিত হয় এই নিমিত্ত আমার নাম শ্বেতবাহন হইয়াছে)। মকর।

শ্বেতবৃহ্মা ; সং, স্ত্রীং, বনতিক্তা।

শ্বেতবৃহতী ; সং, স্ত্রীং, শুক্ল ক্ষুদ্র বার্ত্তাকী।

শ্বেতশুঙ্গ (শ্বেত শাদা—শুঙ্গা ধান্যাদির শুঁয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যব।

শ্বেতসার(শ্বেত শাদা—সার সারাংশ, মাইজ) সং, পুং, খদির বৃক্ষ। (Starch) ইহা তুষারের ন্যায় শ্বেতবর্ণ, দেখিতে উজ্জ্বল, অঙ্গুলি দ্বারা চাপিলে অল্প শব্দ হইয়া থাকে; গোধূম গোলআলু প্রভৃতিতে অধিক পরিমাণে দৃষ্ট হইয়া থাকে।

শ্বেতহয় (শ্বেত শাদা—হয় অশ্ব) সং, পুং, ইন্দ্রের অশ্ব। অর্জ্জুন। শুক্লবর্ণ ঘোটক।

শ্বেতোদর (শ্বেত শাদা—উদর পেট) সং, পুং, কুবের। শুক্লবর্ণ জঠর।

শ্বেতোহী (শ্বেতবাহ ইন্দ্র+ঈ—প্রং) সং, স্ত্রীং, ইন্দ্রাণী, শচী।

শ্বৈত্য (শ্বেত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, ধাবল্য, শুক্লত্ব। শুভ্রতা, নির্ম্মলতা।

শ্বোবসীয়স (শ্বস্ এবং বসু এই দুই অব্যয় শব্দের অর্থ এখানে মঙ্গল+ঈয়সু—প্রং, ক) সং, ক্লীং, পরদিনভাবি শুভ। মোক্ষ, কুশল। বিং, ত্রিং, ভাবি শুভযুক্ত।

---

# ষ

ষ, ব্যঞ্জনের একত্রিংশবর্ণ। (সো নাশকরা +অ (ড)—ক) সং, পুং, কেশ, চুল। শিক্ষক। নাশ, ক্ষতি, ধ্বংস। অবশেষ। প্রাক্তন সংস্কার বা জ্ঞানলোপ। মুক্তি, নির্ব্বাণ। স্বর্গ। নিদ্রা। ক্লীং. অঙ্কুর। ধৈর্য্য। বিং, ত্রিং, বিজ্ঞ। শ্রেষ্ঠ। শোভন।

ষট্ (ষষ্, ষো নাশকরা+০(ক্বিপ)—ক, নিপাতন। অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=ষষ্। পারস্য শশ্। গ্রীক=হেক্স্। লাটিন=সেক্স্। জার্ম্মেন=সেখস। ইংরাজী—সিক্স্। বাঙ্গালা=ছয়।)ত্রিং, বহুং ছয় সংখ্যা,৬।

ষট্ক (ষষ ছয়+কণ্—প্রং) বিং, ত্রিং, ছয় সংখ্যা, ৬।

ষট্কর্ম্ম (ষটকর্ম্মন্, ষষ্ ছয়—কর্ম্মন্ কার্য্য, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ—এই ছয় কর্ম্ম। তন্ত্রে—শান্তি, বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষ, উচ্চাটন, মারণ—এই ছয় কর্ম্ম। র্ম্মা—পুং, ঐ ছয় কর্ম্মকারী ব্রাহ্মণ। শিং —১"ইজ্যাধ্যয়নদানানি যাজনাধ্যাপনে তথা। প্রতিগ্রহশ্চ তৈর্যুক্তঃ ষট্কর্ম্মা বিপ্র উচ্যতে"॥

ষট্কোণ (ষষ্ ছয়—কোণ) সং,ক্লীং, বজ্র। জ্যোতিষে—লগ্ন হইতে ষষ্ঠ স্থান। বিং, ত্রিং, যাহার ছয়টী কোণ আছে।

ষট্চক্র (ষষ্ ছয়—চক্র, দ্বিগু—স) সং, ক্লীং, দেহ মধ্যস্থ সুষুম্নানাড়ী মধ্যবর্ত্তি দ্বিদল এবং চতুর্দ্দল পদ্মাকার ৬ চক্র।

ষট্চত্বারিংশৎ (ষষ্ ছয়—চত্বারিংশৎ চল্লিশ, ছয় অধিক চল্লিশ, য়ং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, একং, ছচল্লিশ সঙ্খ্যা, ৪৬। তৎসঙ্খ্যক।

ষট্চরণ (ষষ্ ছয়—চরণ পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষট্পদ, ভ্রমর। উকুণ। ছয় পা।

ষট্ত্রিংশৎ (ষষ্ ছয়—ত্রিংশৎ ত্রিশ, ছয় অধিক ত্রিশ, য়ং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, একং, ছত্রিশ সঙ্খ্যা, ৩৬।

ষট্পদ (ষষ্ ছয়—পদ পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর। দী—স্ত্রীং, উকুণ। ভ্রমরী। ৬ চরণযুক্ত ছন্দঃ।

ষট্পদপ্রিয় (ষট্পদ ভ্রমর—প্রিয়। পদ্ম কুমুদ ইত্যাদি শব্দেও প্রযুক্ত হইয়া থাকে) সং, পুং, নাগকেশর বৃক্ষ।

ষট্পদাতিথি (ষট্পদ ভ্রমর—অতিথি) সং, পুং, আম্রবৃক্ষ। চম্পক।

ষট্পঞ্চাশৎ (ষষ্ ছয়—পঞ্চাশৎ পঞ্চাশ, ছয় অধিক পঞ্চাশ, য়ং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, একং, ছাপ্পান্ন সঙ্খ্যা, ৫৬। তৎসঙ্খ্যক।

ষট্প্রজ্ঞ (ষষ্ ছয় [বিষয়]—প্রজ্ঞ যে জানে) সং, পুং, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ,

সামাজিক নিয়ম, অর্থাৎ লোকাচার, বার্ত্তাশাস্ত্র অর্থাৎ তত্ত্বজ্ঞান—এই ছয় বিষয়ে অভিজ্ঞ, বৌদ্ধ। কামুক, লম্পট।

**ষড়ক্ষীণ** (ষষ্ ছয়—অক্ষি চক্ষুঃ+অ,ঈন—প্রং) সং, পুং, মৎস্য, মাছ।

**ষড়ঙ্গ** (ষষ্ ছয়—অঙ্গ অবয়ব, অংশ, দ্বিগু—স) সং, ক্লীং, হস্তদ্বয়, পদদ্বয়, কটি, মস্তক—দেহের এই ৬ অঙ্গ। হৃদয়াদি ৬ অবয়ব। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—বেদের এই ৬ অঙ্গ। গোমূত্র, গোময়, ক্ষীর, সর্পি, দধি, রোচন এই ছয় গব্য। মৌল, ভৃত্য, সুহৃৎ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক—এই ছয়প্রকার সেনাবয়ব। আদ্যশ্রাদ্ধ সম্বন্ধে—পীঠাদি ৬। বিং, ত্রিং, এই ছয় অঙ্গবিশিষ্ট। পুং, ক্ষুদ্রগোক্ষুরক।

**ষড়ঙ্গজিৎ** (ষড়ঙ্গ ছয়অঙ্গ—জিৎ যে জয় করে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। বিং, ত্রিং, ষড়ঙ্গজেতা।

**ষড়ঙ্ঘ্রি** (ষষ্ ছয়—অঙ্ঘ্রি পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর।

**ষড়ভিজ্ঞ** (ষষ্ ছয় [ বিদ্যা বা ধর্ম্ম ]—অভিজ্ঞ বহুদর্শী) সং, পুং, দিব্যচক্ষুঃ, শ্রোত্র, পরচিত্তজ্ঞান, পূর্ব্বজন্মস্মরণ, আত্মজ্ঞান, বিয়দ্গতি (অর্থাৎ আকাশে গমন করিবার ক্ষমতা), কায়ব্যূহসিদ্ধি (যে কোন দেহধারণ করিবার ক্ষমতা)—এই ছয় বিষয়ে অভিজ্ঞ, বৌদ্ধ।

**ষড়শীতি** (ষষ্ ছয়—অশীতি আশী, ছয় অধিক আশী, য়ং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, একং, ছেয়াশী সংখ্যা, ৮৬। সংক্রান্তিবিশেষ, মিথুন কন্যা ধনু ও মীনরাশিতে সূর্য্যের স ক্রমণ।

**ষড়শীতিচক্র** ; সং, ক্লীং, মিথুন, কন্যা ধনু মীন রাশিস্থ রবির শুভাশুভ ফলজ্ঞানার্থ নক্ষত্রাঙ্গ নরাকার চক্র।

**ষড়ানন** (ষষ্ ছয়—আনন মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্কন্দ, কার্ত্তিকেয়।

**ষড়াম্নায়** ; সং, পুং, শিবের ষড়বক্ত্র বিনির্গত ষট্ প্রকার তন্ত্র শাস্ত্র।

**ষড়ূষণ** (ষষ্ ছয়—উষণ ঝালমশলা) সং, ক্লীং, শুঁঠ পিঁপুল মরিচ প্রভৃতি মিশ্রিত ছয় প্রকার কটু দ্রব্য।

**ষড়্গব** (ষষ্ ছয়—গো গোরু+অ—যোগ) বিং, ত্রিং, ছয় গোরু দ্বারা আকৃষ্ট (হলাদি) শিং—১ "অষ্টাগবং ধর্ম্ম্যহলং ষড়্গবং জীবিকার্থিনাং।" (সমাহার—দ্বন্দ্ব)। সং, ক্লীং, ছয়টী গোরু।

**ষড়গয়া** ; সং, স্ত্রীং, ষড়্বিধ গয়া। শিং—১ "গয়াগজো গয়াদিত্যো গায়ত্রী চ গদাধরঃ গয়া গয়াসুরশ্চৈব ষড়্গয়া মুক্তিদায়িকা।

**ষড়্গুণ** (ষষ্ ছয়—গুণ সময়, বার) সং, পুং, বহুং, সন্ধি, বিগ্রহ, [illegible], আসন, দ্বৈধ, আশ্রয়—রাজাদিগে[illegible]ই ছয় গুণ। বিং, ত্রিং, ছয় সঙ্খ্যাদ্বা[illegible]গণিত।

**ষড়্জ** (ষষ্ ছয় [ স্থান ]—জ [জন জন্মান +অ(ড)—ক, যে জন্মে, ৫মী—ষ। নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা ও দন্ত—এই ছয় স্থান হইতে উৎপন্ন হয় বলিয়া এই স্বরের নাম ষড়্জ) সং, পুং, তন্ত্রীকণ্ঠোত্থিত স্বরবিশেষ; উহা ময়ূরস্বরতুল্য, খরজ্; শিং—১ "ষড়্জসংবাদিনী-কেকা।" ২ "ষড়জং রৌতি ময়ূরো হি গাবো নর্দন্তিচর্ষভং। অজা বিরৌতি গান্ধারং ক্রৌঞ্চো নদতি মধ্যমং।"

**ষড়্দর্শন** ; সং, ক্লীং, পূর্ব্বমীমাংসা বেদান্ত সাংখ্য পাতঞ্জল ন্যায় বৈশেষিক এই ছয় দর্শনশাস্ত্র।

**ষড়্দুর্গ** ; সং, ক্লীং, ধন্বদুর্গ মহীদুর্গ গিরিদুর্গ মনুষ্যদুর্গ মৃদ্দুর্গ বনদুর্গ এই ছয়।

**ষড়ধা** (ষষ্ ছয়+ধাচ্—প্রকারার্থে) অং, ছয়বার। ষড়্বিধ।

**ষড়ভুজ** ; সং, পুং, ষড়হস্তযুক্ত। চৈতন্যদেব। জা—স্ত্রীং, খরবুজা।

**ষড়্রস** (ষষ্ ছয়—রস) সং, ক্লীং, মধুর, তিক্ত, কষায়, অম্ল, কটু—এই ছয়।

**ষড়্বক্ত্র** (ষষ্ ছয়—বক্ত্র মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।

**ষড়্বর্গ** (ষষ্ ছয়—বর্গ শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য—এই ছয়।

**ষড়্বিধ** (ষষ্ ছয়—বিধা প্রকার) বিং, ত্রিং, [ছয় প্রকার।

ষড় বিন্দু ( ষষ্ ছয়—বিন্দু দ্রবদ্রব্যের কণা বা ক্ষুদ্র চিহ্ন) সং, পুং, বিষ্ণু। কীট-বিশেষ। পক্বতৈলবিশেষ।

ষণ্ড (ষণ্ দানকরা+ড—ক)সং, পুং, স্বাধীন বৃষ, ষাঁড়। ক্লীব, নপুংসক। সমূহ। বৃক্ষ। পুং—ক্লীং, পদ্মসমূহ। সমূহ।

ষণ্ডালী (ষণ্ড ষাঁড়, নপুংসক—অল্ পারক হওয়া+অ, ঈ—প্রং) সং, স্ত্রীং, তৈলমান-বিশেষ, ছটাক। সরোবর। কামুকী স্ত্রী।

ষণ্ঢ ( ষণ্ড দেখ, ঢ—ক ) সং, পুং, নপুং-সক, ক্লীব।

ষণ্মাস্য (ষণ্মাস+য ( ষ্য )—ভাবার্থে। ষাণ্মাস্যওহয়) বিং, ত্রিং, যাহা ছয় মাসে সম্পন্ন হয়, ছয়মাসসাধ্য।

ষণ্মুখ (ষষ্ ছয়—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়। ক্লীং, ছয়মুখ।

ষত্ব (ষ মূর্দ্ধন্য ষকার+ত্ব—ভাবে) সং, ক্লীং, মূর্দ্ধন্য ষকারের ভাব।

ষর্ষপী ; সং, স্ত্রীং, খঞ্জনাকৃতি পক্ষিবিশেষ।

ষষ্টি (ষষ্ ছয়—দশতি) সং, স্ত্রীং, একং, ষাইট সংখ্যা, ৬০। তৎসংখ্যক।

ষষ্টিক (ষষ্টি ষাইট [দিন]+কণ্—যোগ)সং, পুং—স্ত্রীং, ধান্যবিশেষ, ৬০ রাত্রিতে যে ধান্য পক্ক হয়। বিং, ত্রিং, ষষ্টিসঙ্খ্যা দ্বারা ক্রীত। কা—স্ত্রীং, ষষ্টিকধান্য।

ষষ্টিক্য(ষষ্টিক+য(ষ্য)—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ষষ্টিক ধান্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্রাদি।

ষষ্টিতম (ষষ্টি+তমট্—পূরণার্থে) বিং, ত্রিং, ষাইটের পূরণ।

ষষ্টিধা (ষষ্টি ষাইট+ধা(ধাচ্)—প্রকারার্থে) অং, ষাইটপ্রকার। ৬০ বার।

ষষ্টিলতা; সং, স্ত্রীং, ভ্রমরমারী।

ষষ্টিসংবৎসর ; সং, পুং, প্রভবাদি ষষ্টি-সংখ্যক বৎসর।

ষষ্ঠ, ষষ্ঠক (ষষ্ ছয়+থ—পূরণার্থে। ষষ্ঠ+ক—প্রং) বিং, ত্রিং, ছয়ের পূরণ।

ষষ্ঠান্নকাল(ষষ্ঠান্ন—কাল সময়, কণ্—যোগে ষষ্ঠান্নকালক ) সং, ক্লীং, দুই বা তিন দিন অন্তর ভোজন। [সং, পুং, হস্তী।

ষষ্টিমত্ত (ষষ্টিন্ ছয় [বর্ষ]—মত্ত ক্রুদ্ধ)

ষষ্টিহায়ন (ষষ্টিন্ ছয়—হায়ন বৎসর। তখন সম্পূর্ণ বয়োপ্রাপ্ত হয়) সং, পুং, হস্তী। একপ্রকার ধান্য। ষষ্টিসংখ্যক বৎসর।

ষষ্ঠী, ষষ্ঠিকা (ষষ্ঠ+ঈ—প্রং। ষষ্ঠী+ক—প্রং ) সং, স্ত্রীং, কাত্যায়নী, দুর্গা। তিথি-বিশেষ। দেবীবিশেষ। মাতৃকাবিশেষ। স্কন্দপত্নী। শিং—১ "ষষ্ঠাংশরূপা প্রকৃতে-স্তেন ষষ্ঠী প্রকীর্ত্তিতা"।

ষাড়ব ; সং,পুং, গীত, গান। রস। ছয়স্বরের মিলিত রাগরাগিণী। শিং—১ "ঔড়বঃ পঞ্চভিঃ প্রোক্তঃ স্বরৈঃ ষড়্ভিস্তু ষাড়বঃ।"

ষাড়্গুণ্য ( ষড়্গুণ+য(ষ্য )—স্বার্থে) সং, ক্লীং, সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব, সমাশ্রয়—এই ছয় গুণ। শিং—১"ষাড়্গুণ্যমুপযুঞ্জতে"।

ষাণ্মাতুর ( ষষ্ ছয়—মাতৃ মা, ৬ষ্ঠী—হিং, অ (ষ্ণ)—অপত্যার্থে। কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী—ইনি এই ছয়ের সুত বলিয়া) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।

ষাণ্মাসিক ( ষণ্মাস+ইক (ষ্ণিক )—ভবার্থে) বিং,ত্রিং,ষণ্মাসসম্বন্ধীয়, ছয় মাসে কর্ত্তব্য (শ্রাদ্ধাদি)। [ষত্বণত্ব প্রতিপাদক (গ্রন্থ।)

ষাত্বণত্বিক ( ষত্বণত্ব+ষ্ণিক ) বিং, ত্রিং,

ষিড়্গ (সিট্ ঘৃণাকরা+গ(গক্)—ক) সং, পুং, কামুক, লম্পট। উপপতি।

ষোড়ন্ ( ষোড়ং, ষষ্ ছয়—দং দন্তশব্দজ ) সং, পুং, ছয়দন্তবিশিষ্ট বৃষ।

ষোড়শ (ষোড়শন্+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, ষোল সংখ্যার পূরণ।

ষোড়শ (ষোড়শন্, ষষ্ ছয়—দশন্ দশ, ছয় অধিক দশ, যং—স, নিপাতন। মধ্য-পদলোপ) বিং, ত্রিং বহুং, ষোল-সঙ্খ্যা, ১৬।

ষোড়শক, ষোড়শদান, (ষোড়শন্ ষোল+কণ্—যোগ। ষোড়শন্ ষোল—দান) সং, ক্লীং, ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বুল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা,গো, কাঞ্চন, রজত—শ্রাদ্ধাদিকালে এই ষোড়শ প্রকার দ্রব্য দান।

ষোড়শমাতৃকা ; সং, স্ত্রীং, ষোড়শসংখ্যক দেবীবিশেষ। যথা—"গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ। শান্তিঃপুষ্টিধৃতিস্তুষ্টিকুলদেবাত্মদেবতা।''

ষোড়শাংশু (ষোড়শন্ ষোল—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুক্রগ্রহ। বিং, ত্রিং, ষোড়শকিরণযুক্ত।

ষোড়শাঙ্গ (ষোড়শন্ ষোল—অঙ্গ অবয়ব, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, ষোল অঙ্গবিশিষ্ট। সং, পুং, গুগ্‌গুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, শৈলেয়—এই ১৬ প্রকার সুগন্ধিদ্রব্য-মিশ্রিত ধূপ।

ষোড়শাঙ্ঘ্রি (ষোড়শন্ ষোল—অঙ্ঘ্রি পা, ষষ্ঠী—হিং) সং, পুং, কর্কট, কাঁকড়া। বিং, ত্রিং, ষোড়শচরণযুক্ত।

ষোড়শার্চ্চিঃ (ষোড়শার্চ্চিস্, ষোড়শন্ ষোল—অর্চ্চিস্ কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুক্রগ্রহ। [সং, পুং, শঙ্খ।

ষোড়শাবর্ত্ত (ষোড়শন্ ষোল—আবর্ত্ত ঘূর্ণন)

ষোড়শার (ষোড়শন্ ষোল—আর কোণ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, ষোড়শদল পদ্ম।

ষোড়শী (ষোড়শিন্, ষোড়শ+ইন্—প্রং) সং, পুং, যজ্ঞপাত্রবিশেষ, সসোমক পাত্র। শিং—১ "অতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতি নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্ণাতি।" স্ত্রীং, কালী, তারা প্রভৃতি দ্বাদশমহাবিদ্যার মধ্যে এক মহাবিদ্যা।

ষোড়শোপচার (ষোড়শন্ ষোল—উপচার) সং, পুং, বহুং,আসন,স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, চন্দন—পূজার এই১৬ উপচার। শক্তিপূজায়—পাদ্য অর্ঘ্য আচমনীয় স্নান বসন ভূষণ গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য আচমন মদ্য তাম্বূল তর্পণ নতি এই ১৬।

ষোঢ়া (ষষ্+ধাচ্—প্রকারার্থে) অং, ছয় প্রকার। ছয়বার। শিং—১ "সপ্রসঙ্গ উপোদ্‌ঘাতো হেতুতাবসরস্তথা। নির্ব্বাহ কৈককার্য্যত্বে ষোঢ়া সঙ্গতিরিষ্যতে।"

ষ্ঠীবন (ষ্ঠীব থুথুফেলা+অনট্—ভাবে) সং, ক্লীং, থুৎকারক্ষেপণ।

ষ্ঠ্যূত (ষ্ঠীব্ ছেপ ফেলা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত। বান্ত, বমন করা। থুথু ফেলা।

---

# স

স, ব্যঞ্জনের দ্বাবিংশতিবর্ণ। (সো গমনকরা +অ(ড)—ক) পুং, শিব। বিষ্ণু। বায়ু। সর্প। জীবাত্মা। চন্দ্র। ভৃগু। দীপ্তি। সা—স্ত্রীং, লক্ষ্মী। গৌরী। শ[illegible]। শ্রী। ক্লীং, জ্ঞান। চিন্তা। [illegible] যাইবার উপযুক্ত রাস্তা।

সইস (আরবী সাইস শব্দ, সাস অর্থে শাসন করা) সং, অশ্বপাল।

সঈ (সখীশব্দজ) সং, সঙ্গিনী, বয়স্যা।

সওয়ার (পারস্য) চড়নদার।

সওয়ারি (পারস্য ভাষায় রাজাদের বহির্গমনকে সওয়ার বলে) সং, যান, পাল্‌কী আদি। বাদ্য যন্ত্র বিশেষ, যথা রসনচৌকি, ডঙ্কা প্রভৃতি। রাজাদিগের বহির্গমনকালে এই যন্ত্রগুলি বাদিত হইত বলিয়া ইহাদের নাম সওয়ারি যন্ত্র।

সওয়াল (আরবী) সং, প্রশ্ন, জিজ্ঞাসা। অনুরোধ। পূর্ব্বপক্ষ।

সওদা (পারস্য) বাণিজ্য, ব্যবসা। বাণিজ্য দ্রব্য।

সওদাগর (পারস্য) সং, বণিক্, বাণিজ্য ব্যবসায়ী। [বেশ।

সং, (দেশজ) বিং, নটাদির কৌতুকাবহ

সংকণ্ঠকণ্ঠাস্থিক (Pharyngognatha) যাহাদের কণ্ঠের অস্থি সকল একত্রে সংলগ্ন হইয়া এক খণ্ড হয়। এই লক্ষণ তাহাদের প্রধান এবং সর্ব্বত্র তুল্য; যথা—কাদাখোঁচা, মৎস্য।

সংক্রম, সঙ্ক্রম—পুং, ক্লীং, } (সম্—ক্রম্
সংক্রাম, সঙ্ক্রাম—পুং, } গমন করা অ (অল্), অ(ঘঞ্)—ভাবে) সং, গমন। সংক্রমণ। সূর্য্যাদির রাশ্যন্তর সঞ্চার।

শিং—১ "ত্রুটেঃ সহস্রভাগো যঃ স কালো রবিসঙ্ক্রমঃ।" সংক্রান্তি। প্রাপ্তি। প্রবেশ। (+অল্, ঘঞ্—ণ) সেতু। সোপান। উপায়।

সংক্রমণ, সঙ্ক্রমণ (সম্—ক্রম্ গমন করা অনট্—ভা) সং, ক্লীং, গমন। প্রবেশ। প্রাপ্তি। সংক্রান্তি, সূর্য্যাদির রাশ্যন্তরে প্রবেশ। (+অনট্—ণ) সোপান। সেতু, সাঁকো। উপায়।

সংক্রমিত, সঙ্ক্রমিত, সংক্রামিত, সঙ্ক্রামিত (সম্—ক্রমি [ক্রম -ণিচ্=ক্রামি] গমন করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, নিবেশিত, স্থাপিত। প্রবেশিত। গমিত। প্রতিবিম্বিত।

সংক্রান্ত, সঙ্ক্রান্ত (সংক্রম দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রতিবিম্বিত। সম্বন্ধীয়। সংক্রমণবিশিষ্ট। গত, প্রাপ্ত। যুক্ত। প্রবিষ্ট। সঞ্চারিত। ব্যাপ্ত।

সংক্রান্তি, সঙ্ক্রান্তি (সংক্রম দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সঞ্চার, গমন। সূর্য্যাদির রাশ্যন্তরে গমন। প্রতিবিম্বন। ব্যাপ্তি।

সংক্রামক, সঙ্ক্রামক (সংক্রম দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, এক স্থান হইতে অন্য স্থানে প্রবেশকারক। (Infectious) যাহা কোন বস্তুর সংস্রবে উৎপন্ন হয়, যথা—সংক্রামক রোগ।

সংগৃহীত, সঙ্গৃহীত (সংগ্রহ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সঙ্কলিত, আহৃত।

সংগোপন, সঙ্গোপন (সম্ সম্যক্—গুপ্ গোপন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, সম্পূর্ণরূপে গোপন, লুকান।

সংগোপিত, সঙ্গোপিত (সম্—গুপ্ গোপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লুক্কায়িত।

সংগ্রহ, সঙ্গ্রহ—পুং, সংগ্রহণ, সঙ্গ্রহণ—ক্লীং, (সম্—গ্রহ্ [গ্রহণ করা] বুঝা+অ(অল্), অন (অনট্)—ণ। সংক্ষেপে গ্রহণ করা যায় অর্থাৎ নানা স্থানে বিপ্রকীর্ণ অর্থ সকল বুঝা যায় যাহা দ্বারা) সং, একত্রীকরণ। সঙ্কলন। সঞ্চয় গ্রহণ। সংক্ষেপ। মুষ্টিবন্ধ। উচ্চতা। আদ্যপক্ষে শিষ্টপ্রয়োগ—১ "বিস্তরেণোপদিষ্টানামর্থানাং সূত্রভাষ্যয়োঃ। নিবন্ধো যঃ সমাসেন সংগ্রহং তং বিদুর্বুধাঃ। ২ ইতস্ততঃ আকৃষ্য একত্র নিবন্ধনং সংগ্রহঃ। ৩ নানা গ্রন্থস্থা অর্থাঃ সংগৃহ্যন্তে একস্থানস্থাঃ ক্রিয়ন্তে ইতি সংগ্রহো গ্রন্থবিশেষঃ।" বৃহৎ। উত্তুঙ্গ। স্বীকার। মহদ্যোগ। ব্যাড়ি প্রণীত ব্যাকরণ গ্রন্থবিশেষ।

সংগ্রহণী, সঙ্গ্রহণী (সংগ্রহ দেখ, অন—ঈ, প্রং) সং, স্ত্রীং, গ্রহণীরোগ, উদর-ভঙ্গ-রোগ। একত্রীকরণ, সঞ্চয়। গ্রহণ। সংক্ষেপ। মুষ্টি। উচ্চতা।

সংগ্রহীতা, সংগ্রাহক, (সংগ্রহীতৃ, সংগ্রহ দেখ, তৃন্, অক(ণক)—ক) বিং, ত্রিং, সংগ্রহকর্ত্তা।

সংগ্রাম, সঙ্গ্রাম (সংগ্রাম্ যুদ্ধকরা+অ (অল্)—ভা) সং, পুং, যুদ্ধ, সমর, রণ।

সংগ্রামপটহ (সংগ্রাম রণ—পটহ ঢক্কা) সং, পুং, রণবাদ্য, যুদ্ধসময়ে বাদনীয় বাদ্য।

সংগ্রাহ, সঙ্গ্রাহ (সম্—গ্রহ্ গ্রহণ করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, ফলকের মুষ্টি, ফলকগ্রহণস্থান। মুষ্টিদ্বারা বন্ধন। মুষ্টি।

সংগ্রাহী, সঙ্গ্রাহী (–হিন্, সংগ্রহ দেখ, ইন্—ক) বিং, ত্রিং, সংগ্রহকর্ত্তা। পুং কুটজ বৃক্ষ।

সংচূর্ণিত (সম্ সম্যক-চূর্ণিত) বিং, ত্রিং, [সম্যক্ বিদলিত।

সংঘাতবল (Resultant Force) দুই কিম্বা ততোধিক বল দ্বারা যে কার্য্য সম্পন্ন হয় শুদ্ধ একটি মাত্র বল দ্বারা সেই কার্য্য সাধন করিতে হইলে যে বল প্রয়োগ করিতে হয় তাহাকে উহাদিগের সংঘাতবল কহে।

সংজ্ঞপন, সঞ্জ্ঞপন—ক্লীং, সংজ্ঞপ্তি, সঞ্জ্ঞপ্তি—স্ত্রীং, (সম্—জ্ঞা-ণিচ্=জ্ঞপি [জানান] বধ করা+অন(অনট্)—ভা) সং, আলম্ভন, মারণ, বধ। বিজ্ঞাপন।

সংজ্ঞা, সঞ্জ্ঞা (সম্—জ্ঞা জানা+ড—ণ, আপ্। যাহা দ্বারা সকল বস্তু জানা যায়) সং, স্ত্রীং আখ্যা, নাম। চৈতন্য, জ্ঞান। বুদ্ধি। সঙ্কেত, হস্তাদি দ্বারা অর্থসূচনা।

সূর্য্যপত্নী। ইহার গর্ভে মনু, যম ও যমুনা জন্মে। ইনি সূর্য্যতেজ সহ্য করিতে না পারিয়া ছায়াকে সংজ্ঞারূপে সূর্য্য-পার্শ্বে থাকিতে অনুরোধ করেন। গায়ত্রী। বিশেষ্যপদ।

সংজ্ঞান; সং, ক্লীং, সঙ্কেত। জ্ঞান।

সংজ্ঞাসুত; সং, পুং, শনি।

সংজ্ঞাপন, সঞ্জ্ঞাপন (সম্—জ্ঞাপি জানান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিজ্ঞাপন।

সংজ্ঞু (সম্ এক সঙ্গে, মিলিত—জানু, জানু=জ্ঞ) বিং, ত্রিং, সংহতজানু, মিলিত-জানু, যাহার জানুদ্বয় পরস্পর মিলিত।

সংজ্বর (সম্ সম্যক্—জ্বর্ রোগী বা সন্তপ্ত হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, সম্যক্ জ্বর, অতিশয় সন্তাপ।

সংবংহয়ৎ (সম্—বন্হ্ল-ণিচ্+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, সম্যক্ বর্দ্ধনকারী।

সংয (সম্ একসঙ্গে—যম্ নিবৃত্ত করা+অ—প্রং, ম্—লোপ) সং, পুং, কঙ্কাল, দেহের অভ্যন্তরস্থ যথাবৎ অবস্থিত সমুদায় অস্থি।

সংযৎ (সম্—যম্ বিষম বিরত হওয়া+০(ক্বিপ্)—ধি। ৎ—আগম) সং, পুং, সংগ্রাম, রণ, যুদ্ধ, লড়াই। সংশয়।

সংযত (সম্—যম্ নিবৃত্ত করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, রুদ্ধ। কৃতসংযম। নিয়মিত।

সংযতব্রত (সংযত—ব্রত নিয়ম) বিং, ত্রিং, কৃতসংযম, নিয়মবিশিষ্ট।

সংযতাত্মা (সংযতাত্মন্, সংযত—আত্মন্, ৩য়া—হিং) বিং ত্রিং, নিয়মিতচিত্ত, স্থিরমনাঃ।

সংযতেন্দ্রিয় (সংযত—ইন্দ্রিয়, ৩য়া—হিং) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়জয়কারী।

সংযদ্বর (সংযত দেখ, বর—ক, ৎ—আগম। কিংবা সংযৎ সংগ্রাম—বর প্রধান) সং, পুং, নৃপ, রাজা।

সংযন্তা (সংযন্তৃ, সংযত দেখ, তৃ (তৃন্)—ক) বিং, ত্রিং, সংযমকারী, নিয়ন্তা।

সংযম, সংযাম—পুং, সংযমন—ক্লীং } (সংযত দেখ, অ (অল্), অ (ঘঞ্), অন(অনট্)—ভা) সং, বন্ধন। সমাধি, যোগ, ধ্যান। ইন্দ্রিয়নিগ্রহ। ব্রতাদির পূর্ব্ব দিন কর্ত্তব্য আচার বিশেষ। ব্রত, নিয়ম। চতুঃশাল গৃহ। পুং, যম। শিং—"বৈবস্বতঃ সংযমনঃ।"

সংযমনী (সংযত দেখ, অন, ঈপ্—প্রং) সং, স্ত্রীং যমপুরী। শিং—১ "অস্তোহপি যে সংযমিনঃ সংযমন্যামুশন্তি তং।"

সংযমিত (সম্—যম্-ণিচ্=যমি নিবৃত্তকরণ+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ দমিত। নিয়মিত। কৃতসংযম।

সংযমী (সংযমিন্, সংযম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মুনি, যোগী, জিতেন্দ্রিয়, সমাধিমান্। বিং, ত্রিং, ইন্দ্রিয়-সংযমযুক্ত। নিয়মবান্।

সংযাত্রা (সম—যা [গমন করা] দ্বীপান্তর গমন করা+ত্র, আ—প্রং) সং, স্ত্রীং, জলপথে দ্বীপান্তরে গমন।

সংযান (সম্ সম্যক্, একসঙ্গে—যা গমন করা বা পাওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সম্যক্ প্রকারে গমন, মিলিত হইয়া যাওয়া। পুং—ছাঁচ।

সংযাব (সম্ একসঙ্গে—যু যুক্ত হওয়া, মিশ্রিত করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, ঘৃত ক্ষীর প্রভৃতি দ্বারা পক্ব গোধূমচূর্ণ, খাদ্য বিশেষ।

সংযুক্ (সংযুজ্, সম্—যুজ্ যোগ করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, গুণাঢ্য, গুণবান্। সংযুক্ত। সং, পুং, জামাতা।

সংযুক্ত, সংযুত (সম্—যু, যুজ্ যোগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংযোগবিশিষ্ট, সংলগ্ন, একত্রিত, মিলিত।

সংযুগ (পূর্ব্বে দেখ, অ—প্রং) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম, বিগ্রহ। সংযোগ।

সংযোগ (সংযুক্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, মিলন, মিশ্রণ। সম্পর্ক।

সংযোগিত, সংযোগী, } (সংযোগিন্, সংযোগ মিলন+ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংযোগবিশিষ্ট।

সংযোজন (সম্ সহিত—যুজ্ যোগ করা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, একত্রিত করণ, মিশ্রণ। মৈথুন।
সংযোজিত (সম্—যোজি যোগকরা + ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংমেলিত, মিশ্রীকৃত, সংযোগ করা, একত্রিত করা, এক পদার্থ হইতে অন্য পদার্থে সংযুক্ত করা।
সংরক্ষ—পুং
সংরক্ষণ—ক্লীং } (সম্—রক্ষ্ রক্ষা করা + (অল্), অন (অনট)—ভা) সং, রক্ষণ, পরিত্রাণ। তত্ত্বাবধারণ।
সংরব্ধ (সম্—রভ্ [শব্দকরা] ক্রোধ করা ইত্যাদি + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্রুদ্ধ। বেগত। (+ ক্ত—র্ম্ম) উৎসাহিত।
সংরম্ভ (সম্—রভ্ [শব্দকরা] ক্রোধ করা ইত্যাদি + অ(ঘঞ্)—ভা) সং, পুং, ক্রোধ। আক্রোশ। গর্ব্ব। সম্ভ্রম। বেগ। শিং—"অবৃষ্টিসংরম্ভমিবাম্বুবাহম্।" (কুমার)। উৎসাহ। শিং—১ "কার্য্যারম্ভেষু সংরম্ভঃ স্থেয় উৎসাহ ইষ্যতে।" জাঁক। যুদ্ধ।
সংরম্ভী (সংরম্ভিন, সংরম্ভ + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংরম্ভবিশিষ্ট।
সংরাধন (সম—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি + অন(অনট্)—ভা) সং, ক্লীং, আরাধনা, সেবা।
সংরাধিত (সম্—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আরাধিত, সেবিত, অর্চ্চিত।
সংরাব (সম—রু শব্দ করা + অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বনি, নাদ, শব্দ।
সংরাবী (সংরাবিন্, সম্—রু শব্দ করা + ইন—ক) বিং, ত্রিং, শব্দবিশিষ্ট, শব্দকারক।
সংরুদ্ধ (সম্—রুধ্ রোধ করা + ত (ক্ত)—র্ম্ম)বিং, ত্রিং, নিরুদ্ধ, প্রতিরুদ্ধ। প্রতিবদ্ধ।
সংরূঢ় (সম্—রুহ্ উৎপন্ন হওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অঙ্কুরিত। উৎপন্ন, জাত। প্রবৃদ্ধ।
সংরোধ (সংরুদ্ধ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রতিবন্ধ। অবরোধ। নিক্ষেপ।
সংরোহ (সম্—রুহ্ উৎপন্নহওয়া ইত্যাদি + অ(অন্)—ক) সং, পুং, অঙ্কুর। (+ অল্—ভাবে) জন্ম, উৎপত্তি।
সংলগ্ন (সম্—লগ্ লাগিয়া যাওয়া + ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সংযুক্ত, মিলিত। সঙ্গত, একত্রীভূত।
সংলয় (সম্—লী লীন হওয়া + অ(অল্)—ভাবে) সং, পুং, নিদ্রা। প্রলয়।
সংলাপ (সম্ সহিত—লপ্ বলা + অ (ঘঞ্)—ভা) সং, পুং, পরস্পর কথাবার্ত্তা, মিথোভাষণ। উক্তি প্রত্যুক্তিভাবে প্রীতিপূর্ব্বক পরস্পর কথোপকথন। শিং—১ "সংলাপো মিথোভাষণম্"।
সংবৎ (সংবদ্, সম্—বদ্ বলা অথবা বয়্ গমন করা + ০(ক্বিপ্)—ক) অং, বৎসর। বিক্রমাদিত্য রাজার প্রচলিত অব্দ,এক্ষণে সংবৎ, ১৯৪০।
সংবৎসর (সম্—বস্ বাস করা + সর—ধি, যাহাতে ঋতু সকল বাস করে) সং, পুং, বৎসর, বর্ষ।
সংবদন (সম্—বদ্ বলা + অন(অনট্)—ভা) সং, ক্লীং, কথন। সংবাদ। সদৃশীকরণ। দৃষ্টি। ক্লীং, না—স্ত্রীং, বশীকরণ। আলোচন। মন্ত্রৌষধি দ্বারা মুগ্ধকরণ।
সংবনন(সম্—বন্ [যাচঞা করা] অধীন করা ইত্যাদি + অন(অনট্)—ভা) সং, ক্লীং, বশীকরণ। আলোচন। মন্ত্রৌষধি দ্বারা বশীকরণ।
সংবর (সম্—বৃ বরণকরা + অ(অল্)—ভা) ক্লীং, জল। ধন। বৌদ্ধব্রত বিশেষ। পুং, অসুরবিশেষ। মৎস্যবিশেষ। মৃগবিশেষ। শৈলবিশেষ। বৌদ্ধবিশেষ। সেতু।
সংবরণ (সম্—বৃ বরণ করা ইত্যাদি + অন (অনট্)—ভা) সং, ক্লীং, বরণ। বরমাল্যদান। সংগোপন। আবরণ। নিবারণ।
সংবরিত (সম্—বরি আচ্ছাদনকরা + ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গোপিত। আচ্ছাদিত।

সংবর্ত্ত (সম্ — বৃৎ বর্ত্তান + অ(অল্) — ভা) সং, পুং, মহাপ্রলয়। (+ অম্ — ক) মেঘ। মেঘনায়কবিশেষ। প্রলয়কালীন মেঘবিশেষ। স্মৃতিকারক মুনিবিশেষ। কর্ষকফলবৃক্ষ।

সংবর্ত্তক (সম্ — বর্ত্তি বর্ত্তান + অক(ণক) — ক) সং, পুং, বলরাম। বলরামের লাঙ্গল। বড়বানল, সাগরাগ্নি।

সংবর্ত্তকী (সংবর্ত্তকিন্, সংবর্ত্তক ইঁহার লাঙ্গল + ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, বলরাম।

সংবর্ত্তি, সংবর্ত্তিকা (সম্ [মৃণালের] নিকট — বৃৎ বর্ত্তান + ই, অক — প্রং) সং, স্ত্রীং, পদ্মের কেশরসমীপস্থ দল। পদ্মাদির নব পত্র। দীপাদির দশা।

সংবর্দ্ধক (পশ্চাৎ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, সংবর্দ্ধনকারী, বৃদ্ধিকারক। সম্মানকারক।

সংবর্দ্ধন (সম্ সম্যক্ — বৃধ্ বর্দ্ধিত হওয়া + অন(অনট্) - ভা) সং, ক্লীং, না — স্ত্রীং, বৃদ্ধি, বাড়ান। সম্মানন।

সংবর্দ্ধিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত। শিং — ১ উবাচ বাগ্মী-দশন প্রভাভিঃ সংবর্দ্ধিতোরঃস্থলতার-হারঃ।" বৃদ্ধিপ্রাপিত, বাড়ান।

সংবর্ম্মিত (সম্ — বর্ম্মন্ সাঁজোয়া + ইত — অস্ত্যর্থে) বিং, ত্রিং, বর্ম্মাচ্ছাদিত, সাঁ-জোয়া পরা।

সংবলিত, সম্বলিত (সম্ — বল্ বেষ্টন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, সহিত, মিশ্রিত, মিলিত। চলিত। যোজিত। চূর্ণিত। বেষ্টিত।

সংবসথ (সম্ — বস্ বাস করা + অথ — ধি) সং, পুং, গ্রাম, পল্লী। বাসস্থান।

সংবহ (সম্ — বহ্ বহনকরা + অ(অল) — ভা) সং, পুং, সম্যক্ বহন। (+ অন্ — ক) বায়ুবিশেষ, যে বায়ু মেঘ সমুদয়কে পৃথক্‌রূপে সঞ্চালন ও আকাশমার্গে প্রাণী গণের বিমান বহন করে। (সমান, উদান, ব্যান, অপান, ও প্রাণ এই পাঁচটী বায়ুর অপর পাঁচটী নাম সংবহ, উদ্বহ, বিবহ, আবহ, প্রবহ)।

সংবাটিকা ; সং, স্ত্রীং, শৃঙ্গাটক, পানিফল।

সংবাদ (সম্ সহিত — বদ্ বলা + অ(ঘঞ্) — ভা) সং, পুং, সমাচার, খবর। বৃত্তান্ত। সাদৃশ্য। সম্ভাষণ। পরস্পর কথাবার্ত্তা।

সংবাদী (সংবাদিন্, সংবাদ + ইন্ — অস্ত্য-র্থে) বিং, ত্রিং, সদৃশ, তুল্য। একরূপ সম্ভাষী।

সংবাস (সম্ সহিত — বস্ বাস করা + অ (ঘঞ্) — ধি) সং, পুং, বাসস্থান, গৃহ, বাড়ী। নগরের মধ্যেই হউক বা বা-হিরেই হউক পুরবাসীদের অনাবৃত বিহারস্থান। সভা, সমাজ। (+ ঘঞ্ — ভাবে) বাস।

সংবাহ — পুং, } সম্ — বাহি [সুখ] পাও-
সংবাহন — ক্লীং, } য়ান + অ(ঘঞ্), অন (অনট্) — ভাবে) সং, অঙ্গমর্দ্দন, গা-টেপা। ভারাদিবহন।

সংবাহক (পূর্ব্বে দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, অঙ্গমর্দ্দনকারী, যে গা টিপিয়া দেয়। বাহক। [ত্রিং, মর্দ্দিত (অঙ্গ)।

সংবাহিত (সংবাহ দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং,

সংবিগ্ন (সম্ — বিজ্ ভীত হওয়া + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, ভীত। উদ্বিগ্ন।

সংবিত্তি (সম্ — বিদ্ জানা + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, বোধ, অনুভব। চেতনা, বুদ্ধি। সংবিদ্। পূর্ব্বস্মৃতি।

সংবিদ্, সংবিদা (সম্ — বিদ্ জানা ইত্যাদি + ০(ক্বিপ্), আ — ভা) সং, স্ত্রীং, জ্ঞান। বুদ্ধি। প্রতিজ্ঞা। নিয়ম। আচার। যুদ্ধস্থলে চীৎকার ধ্বনি। সঙ্কেত। সমাধি। সম্ভা-ষণ। সন্তোষ। পণ। (+ ক্বিপ্ — ধি) যুদ্ধ। (+ ক্বিপ্ — ণ) নাম। ভঙ্গা।

সংবিদিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং ত্রিং, প্রতিজ্ঞাত। অবগত। জ্ঞাত।

সংবিধা — স্ত্রীং, } (সম্ — বি — ধা [ধারণ
সংবিধান — ক্লীং, } করা] রচনা করা ইত্যাদি + আ, অনট্ — ণ) সং, সেবার সামগ্রী। (+ অনট্ — ভা) রচনা, সজ্জা, উপচার। আয়োজন। ঘটনা। বৈচিত্র্য।

সংবিভক্ত (সম্ — বি — ভজ্ ভাগকরা + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বিভক্ত, পৃথক্‌কৃত।

সংবিষ্ট ( সম্—বিশ্ [প্রবেশ করা] শয়ন করা ইত্যাদি+ত(ক্ত)—ক ) বিং,ত্রিং, শয়িত, নিদ্রিত, সুপ্ত। নিবিষ্ট।

সংবীক্ষণ ( সম্ সম্যক্—বি বিবিধ—ঈক্ষ্ দেখা+অন অনট্)—ভা। সম্যক্ তাৎপর্য্য হেতু বিবিধ প্রকারে দর্শন) সং, ক্লীং, অন্বেষণ। দর্শন।

সংবীত ( সম্ সম্যক্—ব্যে আচ্ছাদন করা +ত(ক্ত)—র্ম্ম ) বিং,ত্রিং, আবৃত। রুদ্ধ। গুপ্ত। (সম্—বি—ইত [ই গমনকরা+ক্ত—ক] গত) সংমিলিত,সঙ্গত। একত্রীভূত।

সংবৃত ( সম্ সম্যক্—বৃ আচ্ছাদন করা +ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত। গুপ্ত। গোপিত। একান্তে স্থিত, লুক্কায়িত।

সংবৃতি (পূর্ব্বে দেখ, তি (ক্তি)—ভা ) সং, স্ত্রীং, গোপন। আবরণ, আচ্ছাদন।

সংবৃত্ত (সম্—বৃৎ হওয়া ইত্যাদি+ত(ক্ত) —ক ) বিং, ত্রিং, সম্পাদিত, নিষ্পন্ন। জাত। গোপিত। সং, পুং, বরুণ।

সংবৃত্তি ( সম্ সহিত—বৃৎ আবরণ করা ইত্যাদি+তি(ক্তি)—ভা ) সং, স্ত্রীং, গোপন। নিষ্পত্তি, সিদ্ধি।

সংবেগ ( সম্ সম্যক্—বিজ্ ভীতহওয়া +অ(ঘঞ্)—ভা ) সং, পুং, ভয়। ভয়জনিত ত্বরা। অতিবেগ। আবেগ।

সংবেদ ( সম্—বিদ্ জানা+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, অনুভব। জ্ঞান, বোধ।

সংবেদন ( পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, না—স্ত্রীং, অনুভব।

সংবেদ্য ( সংবেদ দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম ) বিং, ত্রিং, জ্ঞেয়। অনুভবযোগ্য।

সংবেশ ( সংবিষ্ট দেখ, অ (ঘঞ্)—ভা ) সং, পুং, নিদ্রা। শয়ন। পীঠ, আসন। উপবেশন। সুরত। (+ঘঞ্—ধি) শয্যা।

সংবেশন ( সম্—বিশ্ [ প্রবেশকরা ] রতিক্রীড়া করা ইত্যাদি+অন (অনট্)—ভা) সং, ক্লীং, রতিক্রিয়া, রমণ।

সংব্যান ( সম্ সম্যক্—ব্যে আচ্ছাদন করা+অন(অনট্)—ণ ) সং, ক্লীং, উত্তরীয় বস্ত্র। বসন, বস্ত্র, কাপড়।

সংশপ্তক ( সম্ সম্যক্—শপ্ত প্রতিজ্ঞা+কণ্, ৬ষ্ঠী—হিং) সং,পুং, যে সকল সৈন্য শপথ বা সংগ্রাম হইতে বিচলিত না হয়, প্রধান প্রধান সৈন্য, যুদ্ধ হইতে অনিবর্ত্তি সৈন্য। নারায়ণী সেনাবিশেষ। খালনা সৈন্য।

সংশয় ( সম্—শী [ শয়নকরা ] সন্দেহকরা+অ(অল্)—ভা ) সং, পুং, সন্দেহ, দ্বৈধজ্ঞান। শিষ্টপ্রয়োগ—১ "স সংশয়ো ভবেদ্ যা ধীরেকত্রাভাবভাবয়োঃ। সাধারণাদিধর্ম্মস্য জ্ঞানং সংশয়কারণম্।"

সংশয়স্থ ( সংশয়—স্থ [ স্থা থাকা+অ(ড) —ক ] যে থাকে ) বিং, ত্রিং, সন্দেহযুক্ত, সংশয়াপন্ন।

সংশয়াত্মা ( সংশয়াত্মন্, সংশয়—আত্মন্ আপনি ) বিং, ত্রিং, সন্দিগ্ধচিত্ত। শিং—১ "সংশয়াত্মা বিনশ্যতি।"

সংশয়ান, সংশয়ালু, সংশয়িতা } ( সংশয়িতৃ, সংশয় দেখ, আন (শান), আলু, তৃ(তৃন্)—ক ) বিং, ত্রিং, সংশয়বিশিষ্ট, সন্দিগ্ধচিত্ত।

সংশরণ ( সম্ একসঙ্গে—শৄ হিংসাকরা +অন(অনট্)—ভা ) সং,ক্লীং, যুদ্ধারম্ভ, যুদ্ধোপক্রম।

সংশিত ( সম—শো [ নাশকরা ] নির্ণয় করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং,নির্ণীত, স্থিরীকৃত,নির্দ্ধারিত। সম্পূর্ণ। সম্যক্‌রূপে সম্পাদিত, নির্ব্বাহিত। ব্রতবিষয়ক যত্নবান্; যথা—"সংশিতো ব্রাহ্মণঃ।" সম্যক্ শাণিত, তীক্ষ্ণ।

সংশিতব্রত ( সংশিত সম্পূর্ণ—ব্রত ) বিং, ত্রিং, যে ব্যক্তি যথানিয়মে নিত্য নৈমিত্তিক প্রায়শ্চিত্ত উপাসনাদি কর্ম্মের অনুষ্ঠান করে।

সংশুদ্ধি—স্ত্রীং, সংশোধন—ক্লীং } ( সম্ সম্যক্—শুদ্ধি, শোধন=পরিষ্কার ) সং, পরিষ্করণ, মার্জ্জন, সম্যক্ শোধন। শরীরপরিষ্কার, দেহমার্জ্জন।

সংশোধক ( সম্ সম্যক্—শুধ্ পরিষ্কারকরা+অক(ণক)—ক) বিং, ত্রিং, সংশোধনকারী, পরিষ্কারক। শোধনকর্তা।

সংশোধিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, মার্জ্জিত। পরিশোধিত।

সংশ্চৎ, সংশ্বৎ ( সম্—চি একত্রকরা, শ্বি বৃদ্ধিপাওয়া+অৎ(শতৃ)—ক, নিপাতন। প্রথম পক্ষে, শ্—আগম ) সং, ক্লীং, কপট, প্রতারণা, ছল।

সংশ্যান ( সম্—শ্যৈ [ গমনকরা ] সঙ্কুচিত হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, শীতদ্বারা সঙ্কুচিত, জড়হওয়া। ঘনীভূত।

সংশ্রয় ( সম্—শ্রি [ সেবাকরা ] পাওয়া ইত্যাদি+অ(অল্)—ভা ) সং, পুং, আশ্রয়। শিং—১ "স্তুতা সুরৈঃ পূর্ব্বমভীষ্ট সংশ্রয়াস্তথা সুরেন্দ্রেণ দিনেষু সেবিতা।" প্রাপ্তি। ব্যাপ্তি। (+অল্—র্ম্ম) কারণ।

সংশ্রব } ( সম্—শ্রু [ শুনা ] অঙ্গী-
সংশ্রাব } কারকরা ইত্যাদি+অ(অল্), অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রতিজ্ঞা, অঙ্গীকার। সম্পর্ক।

সংশ্রিত (সংশ্রয় দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আশ্রিত, শরণাপন্ন। শিং—১ "ন প্রাচীমগ্রতঃ শস্তো নোদীচীং শক্তিসংশ্রিতাং।"

সংশ্রুত (সংশ্রব দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিজ্ঞাত, অঙ্গীকৃত।

সংশ্লিষ্ট (সম্—শ্লিষ্ আলিঙ্গনকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আশ্লিষ্ট, আলিঙ্গিত। মিলিত, যুক্ত। সম্বদ্ধ।

সংশ্লেষ ( পূর্ব্বে দেখ, অ(অল্)—ভা ) সং, পুং, আলিঙ্গন। মিলন। সম্পর্ক, সম্বন্ধ।

সংসক্ত ( সম্—সন্জ্ আসক্ত হওয়া+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, সংলগ্ন। সম্পৃক্ত। মিলিত। আসক্ত। সংস্থষ্ট। সমস্তাৎ বিস্তীর্ণ। শিং—১ "পাদ্তেষুসংসক্ত নমেরুশাখম্।" (কুমার)।

সংসক্তি (Chemical attraction or affinity) যে গুণ থাকাতে সন্নিকৃষ্ট পদার্থ দ্বারা পরমাণু সকল সংসক্ত অর্থাৎ মিলিত হয় তাহাকে সংসক্তি কহে।

সংসদ্ ( সম্—সদ্ গমনকরা+০(ক্বিপ্)—ধি ) সং, স্ত্রীং, সভা, সমাজ।

সংসরণ ( সম্ সহিত ইত্যাদি—সৃ গমন করা+অন(অনট্)—ভাবে ) সং, ক্লীং, অবাধে সৈন্যগমন। যুদ্ধারম্ভ। গমন। জন্ম। সংসার। সঙ্গতি। (+অনট্—ধি) প্রধান পথ, বড় রাস্তা।

সংসর্গ ( সম্—সৃজ্ [ সৃষ্টিকরা ] সহবাস করা+অ(অল্)—ভা) সং, পুং, সহবাস। সম্পর্ক, সম্বন্ধ।

সংসর্গাভাব (সংসর্গ—অভাব) সং, পুং, প্রাগভাব, ধ্বংস, অত্যন্তাভাব—এই ত্রিবিধ।

সংসর্গী (সংসর্গিন্, সংসর্গ+ইন্—অস্ত্যর্থে কিংবা সম্—সৃজ্ সহবাস করা+ইন্ (ঘিনুণ্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, সংসর্গবিশিষ্ট, সম্বন্ধী। সহবাসী।

সংসর্প (সম্ সম্যক্—সৃপ্ গমনকরা+অ (অল্)—ভা ) সং, পুং, সম্যক্ প্রকারে গমন। সর্পাদির ন্যায় গতি।

সংসর্পী (সংসর্পিন্, পূর্ব্বে দেখ, ইন ( ণিনু ) —ক, শীলার্থে) বিং, ত্রিং, সর্ব্বতোভাবে গমনশীল। প্রসরণশীল, বিস্তারী।

সংসার ( সম্ সম্যক্ [ মনুষ্যজাতি ]—সৃ গমন করা + অ(ঘঞ্)—ধি ) সং, পুং, মর্ত্ত্যলোক। জগৎ। মায়াজন্য বাসনা, অবিদ্যাবন্ধন। পরিবার।

সংসারগুরু ( সংসার জগৎ—গুরু ) সং, পুং, কামদেব, কন্দর্প। জগৎগুরু।

সংসারমার্গ ( সংসার [ জগৎ ] বা মনুষ্যজাতি—মার্গ পথ ) সং, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

সংসারী ( সংসারিন্, সংসার+ইন্—অস্ত্যর্থে ) সং, পুং, সংসারস্থ। জগৎস্থ। দেহী, শরীরী। পরিবারী।

সংসিক্ত ( সম্—সিচ্ জলাদি সেক করা +ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আর্দ্র।

সংসিদ্ধ ( সম্—সিদ্ধ নিষ্পন্ন ) বিং, ত্রিং, স্বভাবসিদ্ধ। সুনিষ্পন্ন। সুসম্পাদিত।

সংসিদ্ধি ( সম্—সিদ্ধি নিষ্পত্তি ) সং, স্ত্রীং, প্রকৃতি, স্বভাব। স্বাভাবিক অবস্থা। সমাপ্তি। সিদ্ধি। নিষ্পত্তি। মত্তা স্ত্রী। মোক্ষ। শিং—১ "কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতাজনকাদয়ঃ।"

সংসৃতি ( সংসার দেখ, তি(ক্তি)—ভাবে )

সং, স্ত্রীং, সংসার। প্রবাহ, স্রোতঃ। সঙ্গে গমন।

সংসৃষ্ট (সংসর্গ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং; সংসর্গবিশিষ্ট, মিলিত, সম্বন্ধ। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, সম্বন্ধ।

সংসৃষ্টি (সংসর্গ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সংসর্গ, মিলন, সহবাস। উপমাদি অলঙ্কারের মধ্যে দুই বা বহু অলঙ্কারের প্রত্যেকের প্রাধান্য থাকিলে সংসৃষ্টি কহে।

সংসৃষ্টী (সংসৃষ্টিন্, সংসৃষ্ট+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, একত্র সহবাসী, একান্নবর্ত্তী, যুক্ত, বিভাগানন্তর মিলিত।

সংস্কর্ত্তা (সংস্কর্ত্তৃ, সম্—কৃ [সুম্]+তৃন—ক) বিং,ত্রিং,সংস্কার কারক। পাচক। শিং—১ "সংস্কর্ত্তা চোপহর্ত্তা চ ষড়েতে ঘাতকাঃ স্মৃতাঃ।

সংস্কার (সম্ সম্যক্—কৃ করা+অ(ঘঞ্) ভাবে, স—আগম)সং,পুং,পূর্ব্বকর্ম্ম বাসনা, পূর্ব্বকৃত কর্ম্মের স্মরণজনক শক্তিবিশেষ। শাস্ত্রাভ্যাস জনিত বাসনা। স্মৃতিহেতুক মনোবৃত্তি গুণবিশেষ। গুণবিশেষ; তাহা ত্রিবিধ—বেগাখ্য সংস্কার, স্থিতিস্থাপক সংস্কার; ভাবনাখ্য সংস্কার। জাতকর্ম্মাদি দশবিধ ব্যাপার; বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন—এই দশবিধ শুদ্ধিজনক কার্য্য। শুদ্ধি। নির্ম্মলীকরণ। ভূষিতকরণ। জীর্ণোদ্ধার, মেরামত। ব্যাকরণাদি শুদ্ধি। ব্যাকরণাদি শাস্ত্রে ব্যুৎপত্তি। প্রস্তুতকরণ। উদ্দীপ্তকরণ। মার্জ্জন। মন্ত্রাদি দ্বারা শোধন। প্রোক্ষণ। শাস্ত্রাভ্যাসজন্য ব্যুৎপত্তি। বেগ। স্থিতিস্থাপক গুণ। পাক।

সংস্কারক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, সংস্কারকারক। শোধক। পরিষ্কারক। পাচক।

সংস্কারজ (সংস্কার—জ [জন্ জন্মান+অ (ড)-ক] জাত) বিং, ত্রিং, সংস্কার দ্বারা জাত।

সংস্কারবর্জ্জিত; সং, পুং, উপনয়নসংস্কার হীন। বিং, ত্রিং, দশ সংস্কার হীন।

সংস্কৃত (সংস্কার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সজ্জিত, ভূষিত। শোধিত। মন্ত্রপূত। পক্ক। বিশুদ্ধরূপে প্রস্তুত। পরিষ্কৃত। নির্ম্মলীকৃত। সং, ক্লীং, ব্যাকরণ লক্ষণাধীন সাধনযুক্ত শব্দ, পবিত্রভাষা, দেববাণী।

সংস্কৃত্রিম (সম্ [সুম্]—কৃ করা+ত্রিমক্—ক) বিং,ত্রিং, সংস্কারদ্বারা নির্ব্বৃত্ত। সংস্কৃত।

সংস্ক্রিয়া (সম্—কৃ করা+অ(শ)—ভাবে, আপ্) সং, স্ত্রীং, সংস্কার, শোধন। পরিষ্কারকরণ। শবদাহাদি ক্রিয়া।

সংস্তম্ভ—পুং, } (সম্—স্তন্ভ্ স্তব্ধকরা
সংস্তম্ভন—ক্লীং, } +অ(অল্), অন(অনট্)—ভা) সং, স্থিরীকরণ। দৃঢ়ীকরণ। নিবারণ, থামান।

সংস্তর (সম্—স্তৃ আস্তরণ করা+অ(অল্) র্ম্ম) সং, পুং, শয্যা। (+অল্—ভাবে) পল্লবাদি রচিত আস্তরণ। (+অল্—ধি) যজ্ঞ।

সংস্তব (সম্—স্তু [স্তবকরা] আলাপ করা +অ(অল্)—ভা) সং, পুং, আলাপ, পরিচয়। প্রশংসা, স্তুতি।

সংস্তবান (সম্—স্তু স্তবকরা, প্রশংসা করা +আন(শান)—ক) বিং, ত্রিং, বাগ্মী, সদ্বক্তা। উদ্গাতা। হর্ষ।

সংস্তাব (সম্ [গীতাংশে যাহাতে সকলে একত্র হইয়া গান করে, ধুয়ায়] একসঙ্গে—স্তু [ঈশ্বরকে] স্তবকরা+অ (ঘঞ্) ধি) সং, পুং, যজ্ঞেতে ব্রাহ্মণেরা মিলিত হইয়া যে স্থানে বসিয়া স্তবাদি পাঠ করে (+অ(ঘঞ্)—ভাবে) পরিচয়। স্তুতি।

সংস্তুত (সংস্তব দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরিচিত। প্রশংসিত, স্তুত। শিং—১ "মুনিভিঃ সংস্তুতা ভূমৌ সন্তবিষাম্যযোনিজা।"

সংস্ত্যায় (সম্—স্ত্যৈ শব্দকরা, সংহত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, নিবিড়

সন্নিবেশ। বিস্তার। সংঘাত, সমূহ। গৃহ। আলাপ।

সংস্থ (সম্ সম্যক্—স্থা থাকা ইত্যাদি+অ (ড)—ক) বিং, ত্রিং, স্থিত, অবস্থিত। মৃত। সদৃশ। সং, পুং, চর, দূত। স্বরাজ্যবাসী। স্থা—স্ত্রীং, (+ও—ভাবে, আপ্) ন্যায় পথে স্থিতি। সচ্চরিত্র। স্থিতি। জীবনকাল। শেষ, নাশ, মৃত্যু। সাদৃশ্য। সমাপ্তি। ব্যবস্থা। ব্যক্তি। যজ্ঞবিশেষ। নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক—এই চতুর্ব্বিধ প্রলয়। শিং—১ "নৈমিত্তিকঃ প্রাকৃতিকো নিত্য আত্যন্তিকো লয়ঃ। সংস্থেতি কবিভিঃ প্রোক্তশ্চতুর্ধাস্য স্বভাবতঃ।" প্রকাশ। মূর্ত্তি, আকৃতি। সভা, সমাজ। রাজাজ্ঞা।

সংস্থান (পূর্ব্ব দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, অবয়ব-সঙ্ঘাত, আকৃতি। নাশ, মৃত্যু। বিন্যাস। নির্ম্মাণ। সঞ্চয়। স্থিতি। রাশি। চিহ্ন। সন্নিবেশ। চতুষ্পথ।

সংস্থাপন (সম্—স্থাপি স্থিতি করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, স্থাপিত করা, রাখা। স্থিরীকরণ। শিং—১ "ধর্ম্মসংস্থাপনার্থায় সংভবামি যুগে যুগে।"

সংস্থাপিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্থাপনকরা হইয়াছে।

সংস্থিত (সংস্থ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, মৃত। সমাপ্ত। স্থিত। সন্নিবিষ্ট।

সংস্থিতি (সংস্থ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সংস্থান। মৃত্যু। গৃহ।

সংস্পর্শ (সম্—স্পৃশ্ স্পর্শ করা+অ (অল্)—ভা) সং, পুং, সম্যক্ স্পর্শ, ত্বগিন্দ্রিয় গ্রাহ্য গুণবিশেষ।

সংস্পৃষ্ট (পূর্ব্বে দেখ, ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ স্পর্শবিশিষ্ট, সংযুক্ত।

সংস্ফাল (সম্—স্ফল্ চলিত হওয়া+অ—প্রং) সং, পুং, মেষ, ভেড়া।

সংস্ফুট (সম্—স্ফুট্ বিকসিত হওয়া+অ (ক)—ক) বিং, ত্রিং, প্রস্ফুটিত, বিকসিত।

সংস্ফেট, সংস্ফোট (সম্—স্ফিট্ অনাদরকরা, বধকরা; স্ফুট্ বধকরা+অ—প্রং) সং, পুং, সংগ্রাম, যুদ্ধ।

সংস্মরণ (সম্—স্মৃ স্মরণকরা+অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সংস্মৃতি। সংস্কার জন্য জ্ঞান।

সংস্মৃতি (সম্—স্মৃ স্মরণকরা+তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, স্মরণ, মনে রাখা।

সংস্রব, সংস্রাব, (সম্—স্রু [গমনকরা] মিলিত হওয়া + অ(অল্), অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, সম্পর্ক, সম্বন্ধ। মিলন।

সংহত (সম্—হন্ [বধকরা] মিলিত হওয়া ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃঢ়। মিলিত। জমাট্। সঞ্চিত। আঘাতপ্রাপ্ত। সম্যক্ হত।

সংহতি (পূর্ব্বে দেখ, তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, সঙ্ঘ, সমূহ। সঙ্ঘাত, অবয়বসংশ্লেষ। নীরন্ধ্রতা। নিবিড়সংযোগ। সম্যক্‌বধ। (Molecular attraction) যে গুণ থাকাতে স্বজাতীয় পরমাণুগণ পরস্পরকে আকর্ষণ করিয়া একত্র হইয়া থাকে তাহার নাম সংহতি।

সংহনন (সম্ সম্যক্—হন্ আঘাতকরা, বা বধকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, শরীর, দেহ। সম্যক্ আঘাত। সঙ্ঘাত। বধ।

সংহরণ (সংহার দেখ, অন(অন[illegible]—ভা) সং, ক্লীং, সংহার, বিনাশ। সং[illegible]। সঙ্ক্ষেপ। সঙ্কোচ। [বিং, তি[illegible] সংহারকর্ত্তা।

সংহর্ত্তা (সংহর্ত্তৃ, সংহার দেখ, তৃন্—ক)

সংহর্ষ (সম্—হৃষ্ [তুষ্ট হওয়া] দ্বেষকরা ইত্যাদি+অ (অন্)—ক) সং, পুং, বায়ু। (+অল্—ভাবে) আমোদ প্রমোদ। অন্য শুভদ্বেষ। পরস্পর স্পর্দ্ধা। ঘর্ষণ। রোমাঞ্চ। মাৎসর্য্য।

সংহার (সম্—হৃ [হরণ করা] বিনাশকরা ইত্যাদি+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, প্রলয়। বিনাশ, ধ্বংস। সংক্ষেপ। সংগ্রহ, সঙ্কলন। সঙ্কোচ। প্রত্যাকর্ষণ। (+ঘঞ্—ক) ভৈরববিশেষ। (+ঘঞ্—ধি) নরকবিশেষ। [বিশেষ।

সংহারমুদ্রা; সং, স্ত্রীং, মুদ্রা দেখ। ভৈরব-

সংহিত (সম্—ধা [ধারণ করা] সংগ্রহ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং,

মিলিত। সংগৃহীত। একত্রীকৃত, একত্রীভূত। (Plus) যোগচিহ্ন, '+' এই চিহ্ন।
সংহিতপুষ্পিকা ; সং, স্ত্রীং, মিশ্রেয়া।
সংহিতা (সংহিত+আ—প্রং) সং, স্ত্রীং, মন্বাদিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, স্মৃতিশাস্ত্র। কর্ম্মকাণ্ড প্রতিপাদক বেদের শাখা।
সংহূতি (সম্ একসঙ্গে—হ্বে আহ্বানকরা +তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অনেক লোক কর্ত্তৃক একবারে কৃতআহ্বান।
সংহৃত (সংহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, সংগৃহীত। প্রত্যাকৃষ্ট। কৃতসংহার। শিং —১ "অহং বিভূত্যাবহুভিরিহ রূপৈর্যদা স্থিতা। তৎ সংহৃতং ময়ৈকৈব তিষ্ঠাজৌ স্থিরো ভব।" সঙ্কিত। নষ্ট। বিনাশিত, হত। সঙ্ক্ষিপ্ত। সঙ্কুচিত।
সংহৃতি (সংহার দেখ, তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, সংহার। সঙ্কোচ। সংগ্রহ। গ্রহণ, আক্রমণ, আটককরণ। [উদ্গত।
সংহৃষ্ট (সম্—হৃষ্ট) বিং,ত্রিং, সম্যক হৃষ্ট।
সংহ্রাদ (সম্—হ্রাদ্ শব্দ করা+অ(অল) —ভা) সং, পুং, শব্দ, গোলমাল, ধ্বনি।
সংহ্রাদী (সংহ্রাদিন্, পূর্ব্বে দেখ, ইন্—ক) বিং, ত্রিং, হ্রাদযুক্ত, শব্দকারক, শব্দায়মান।
সংহ্রীণ (সম্—হ্রী লজ্জিত হওয়া+ত(ক্ত) —ক) বিং, ত্রিং, লজ্জাশীল, লাজুক।
সংহ্লাদ (সম্—হ্লদ্ সন্তুষ্ট হওয়া—অ (অল্)—ভা) সং, পুং, আহ্লাদ।
সক (স তিনি, সে+ক—যোগ) সং, পুং, তিনি, সে, সেই ব্যক্তি।
সকট (স সহিত—কট অধম) বিং, ত্রিং, অধম, নীচ। সং, পুং, শাখোট বৃক্ষ, শেঁওড়াগাছ।
সকণ্টক (স সহিত বা সমান—কণ্টক কাঁটা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৈবাল, শেওলা। করঞ্জ বিশেষ, নাটাকরঞ্জগাছ। বিং, ত্রিং, কণ্টকযুক্ত।
সকর (স সহিত—কর) বিং, ত্রিং, হস্তযুক্ত। রাজস্ব বিশিষ্ট। শুণ্ডযুক্ত। কিরণবিশিষ্ট।
সকর্ম্মক (স সহিত—কর্ম্মন্ কর্ম্ম, ১মা—হিং, কণ্—যোগ) সং, পুং, কর্ম্মযুক্ত ধাতু, যে ক্রিয়ার কর্ম্ম আছে। কর্ম্মান্বিত ক্রিয়ার্থক। শিং—১ "কচিৎ সকর্ম্মকাদ্ধাতোর্ভাবেঽপিক্রিয়াব্যাপ্তিরস্তি। যথা—কাং দিশং গন্তব্যং"।
সকল (স সহিত—কলা অংশ, ১মা—হিং) বিং, ত্রিং, সমুদায়, সম্পূর্ণ, সমস্ত, সমগ্র। কলাসহিত।
সকাম (স [সহ] সহিত—কাম কামনা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কামনাবিশিষ্ট, সাভিলাষ।
সকাশ (স সহিত—কাশ্ দীপ্তি পাওয়া +অ—প্রং) বিং, ত্রিং, সমীপ, নিকট। বিং, ত্রিং, কাশযুক্ত।
সকুল্য (স সমান—কুল বংশ+(ক্য)—প্রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সগোত্র, একবংশ, সপিণ্ডের ঊর্দ্ধ তিন ও অধঃ তিন পুরুষ। শিং—১ "দশাহেন সপিণ্ডাস্তু শুধ্যন্তি প্রেতসূতকে। ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা চ শুধ্যন্তি গোত্রজাঃ।"
সকৃৎ (বারার্থে স্ প্রত্যয়ান্ত এক শব্দের স্থানে সকৃৎ) অং, একবার। সহিত। সর্ব্বদা। স্ত্রীং, বিষ্ঠা।
সকৃৎগর্ভ (সকৃৎ—গর্ভ) সং, পুং, খেসর। র্ভা—স্ত্রীং, একমাত্র গর্ভিণী।
সকৃৎপ্রজ (সকৃৎ—প্রজা সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জা—স্ত্রীং, বায়স, কাক। বিং, ত্রিং, একপ্রসবী।
সকৃৎফলা (সকৃৎ একবার—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ, কলাগাছ।
সক্ত (সনূজ্ আসক্ত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং. অর্পিত। আসক্ত। মনোযোগী, অভিনিবিষ্ট। সংলগ্ন।
সক্তি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সঙ্গ,আসক্তি। সংযোগ। নিবেশ। অভিনিবেশ।
সক্তু (সচ্ জলাদি সেক করা+তুন্—র্ম্ম) সং, পুং—স্ত্রীং, যবাদি চূর্ণ, ছাতু। শিং —১ "মেষাদৌ সক্তবো দেয়া বারিপূর্ণা চ গর্গরী।"
সক্তুফলা, সক্তুফলী ; সং, স্ত্রীং, শমীবৃক্ষ।
সক্থি (সনূজ্ আসক্ত হওয়া+থি(ক্থিন্)

—প্রং) সং, ক্লীং, উরু। [illegible]টের অঙ্গবিশেষ।

[স]ক্কা (যাবনিক) সং, ভিস্তি।

[স]খা (সখি, স সমান—খ্যা বলা+ইন্—র্ম্ম, লোক কর্ত্তৃক যে সমান উক্ত হইয়াছে) সং, পুং, মিত্র, বয়স্য, সুহৃৎ। সহচর। সহায়। শিং—১"অত্যাগসহনো বন্ধুঃ, সদৈবানুমতঃ সুহৃৎ। একক্রিয়ং ভবেন্মিত্রং সমপ্রাণঃ সখা মতঃ।"

সখিতা—স্ত্রীং } (সখি+তা, ত্ব—ভাবে)
সখিত্ব—ক্লীং } সং, সখ্য, বন্ধুত্ব।

সখী (সখি+ঈ—প্রং) সং, স্ত্রীং, সহচরী, বয়স্যা। [সখীত্ব, মৈত্রী, মিত্রতা, বন্ধুত্ব।

সখ্য (সখি+য ষ্ণ্য)—ভা, কর্ম্মণি) সং, ক্লীং,

সগন্ধ (স সমান, সহিত—গন্ধ সম্পর্ক, আঘ্রাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জ্ঞাতি, একবংশোৎপন্ন। বিং, ত্রিং, গন্ধযুক্ত। গর্ব্বযুক্ত।

সগর (স সহ—গর বিষ, ১মা—হিং। বাহু রাজা হৃতরাজ্য হইয়া গুর্ব্বিণী যাদবী রাজ্ঞীর [ভোজনের সহিত সপত্নী দত্ত গর অর্থাৎ বিষ খাইলেও যাহার গর্ভ পতন হয় নাই] সহিত বনে গমন করেন। তিনি সেই বনে তনু ত্যাগ করিলে রাজ্ঞী ঔর্ব্ব মুনির আশ্রমে সন্তান প্রসব করেন। সন্তানটি বিষের সহিত জন্মিয়াছিল বলিয়া সগর নাম হইল; যথা—"ব্যজায়ত মহাবাহুর্গরেণৈব সহ দ্বিজ। সগরো নাম তেনাভূৎ বালকোতিমনোহরঃ।") সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ, বাহুরাজার পুত্র। বিং, ত্রিং, বিষযুক্ত।

সগর্ভ, সগর্ভ্য (স সমান—গর্ভ উদর, ৬ষ্ঠী—হিং। সগর্ভ+য(ষ্ণ্য)—ভবার্থে) সং, পুং, র্ভা—স্ত্রীং, সহোদর, সোদর। সহোদরা, সোদরা। অভ্যন্তরিত সূক্ষ্ম পত্রাদি যুক্ত কুশদূর্ব্বাদি। শিং—১ "দর্ভান্ সগর্ব্বানাদায় নব সপ্ত চ পঞ্চ বা।" বিং, ত্রিং, গর্ভযুক্ত।

সগোত্র (স সমান—গোত্র বংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রা—স্ত্রীং, জ্ঞাতি, একবংশোৎপন্ন। ক্লীং, কুল, বংশ।

সগ্ধি (স সহ—অদ্ ভক্ষণ করা+তি (ক্তি)—ভা, অদ্ স্থানে ঘস্, স্—লোপ, ঘ=গ) সং, স্ত্রীং, সহভোজন, মিলিত হইয়া আহার করা।

সঙ্কট (সম্ সম্যক্—কট্ আবরণ করা+অ(অল্)—ক, অথবা সম্+কটচ্) বিং, ত্রিং, সঙ্কীর্ণ, অল্পপ্রস্থ, সুঁড়ি। আপদ্‌জনক। জনতাযুক্ত। নিবিড়। অভেদ্য, অপার, অমুত্তীর্য্য। সং, ক্লীং, দুঃখ, ক্লেশ। জনতা, ভিড়, সম্মর্দ্দ। বিপদ্। টা—স্ত্রীং, দেবীবিশেষ। যোগিনীবিশেষ; যথা—"মঙ্গলা পিঙ্গলা ধন্যা ভ্রামরী ভদ্রিকা তথা। উল্কা সিদ্ধিঃ সঙ্কটা চ যোগিন্যোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ।"

সঙ্কটস্থল (Isthmus) যোজক, ভূকন্ধরা।

সঙ্কটাক্ষ; সং, পুং, ধববৃক্ষ। বিং, ত্রিং, কটাক্ষ সহিত।

সঙ্কথন—ক্লীং } (সম্ একসঙ্গে—কথন,
সঙ্কথা—স্ত্রীং } কথা) সং, পরস্পর কথোপকথন। মিথোভাষা, সংলাপ।

সঙ্কর, সঙ্কার (সম্—কৃ বিক্ষেপ করা বা কৃ করা+অ(অল)—র্ম্ম) সং, পুং, সম্মার্জ্জনীক্ষিপ্ত ধূল্যাদি, অবস্কর। (—কৃ+অল্—ভাবে) মিশ্রণ, মিলন। বর্ণসঙ্কর জাতি। পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্রাব স্থান। রী—স্ত্রীং, নবদূষিতা কন্যা।

সঙ্করীকরণ (সঙ্কর বর্ণসঙ্করজাতি—[illegible], মধ্যে, ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, মিশ্রণ, একত্রীকরা। জাতিভ্রংশ করণ। নববিধ পাপান্তর্গত পাপবিশেষ।

সঙ্কর্ষণ (সম্—কৃষ্ চসা ইত্যাদি+অন—ক, র্ম্ম) সং, পুং, বলরাম। (+অন্—ভা) ক্লীং, আকর্ষণ। কর্ষণ, কৃষিকর্ম্ম।

সঙ্কল—পুং } (সম্—কল্ [গণনা করা]
সঙ্কলন—ক্লীং } সংগ্রহ করা ইত্যাদি+অ(অল্), অনট্—ভা, অথবা সম্+কলন্—প্রং) সং, সংগ্রহ। যোগ, মিলন। অঙ্কযোগ, ঠিক দেওয়া।

সঙ্কলিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম, অথবা সম্+কলিত—প্রং) বিং, ত্রিং, একত্রিত। সংগৃহীত। যোজিতাঙ্ক, ঠিক

দেওয়া আঁক। শিং—১ "অথ সঙ্কলিত ব্যবকলিতয়োঃকরণসূত্রং।" যোজিত, যাহা যোগ করা হইয়াছে; যথা—"রতন-সঙ্কলিত আভা কৌষেয় বসনে।"

ল্প (সম্—ক্লৃপ্ [পারক হওয়া] মনে মনে ইচ্ছা করা+অ(অল)—ভা) সং, পুং, মানসকর্ম্ম। মনোরথ। অভিলাষ, ইচ্ছা।

ল্পজন্মা ⎫ (সঙ্কল্পজন্মন্, সঙ্কল্প
ল্পভব ⎬ মনোরথ—জন্মন্ জন্ম,
ল্পযোনি ⎭ ভব উৎপত্তি, যোনি উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং,পুং, কন্দর্প, মনসিজ,কাম। শিং—১ "সঙ্কল্পযোনেরভিমানভূতম্।" (কুমার)।

ল্পিত (সঙ্কল্প দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং, অভিপ্রেত, বাঞ্ছিত, ইষ্ট। কর্ত্তব্যরূপে স্বীকৃত। চিন্তিত, ধ্যাত।

সুক (সম্—কস্ গমন করা+উকন্—ক) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল। অনিত্য। দুর্বল। দুর্জ্জন। সঙ্কীর্ণ। অপবাদশীল।

শ (সম্—কাশ্ দীপ্তি পাওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, সমীপ, নিকট। শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, তুল্য। শিং—১ "তরুণাদিত্যসঙ্কাশম্।"

ল (সম্—কিল্ শুক্লবর্ণ হওয়া+অ—ক) সং, পুং, দহনোল্কা, জ্বলন্ত অগ্নি।

র্ণ (সম্—কৄ [বিক্ষেপ করা] নিরন্তর ব্যাপা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বহুলোক-সমাকীর্ণ, ভিড়। সমাকীর্ণ, ব্যাপ্ত। নানাবিধ বস্তু মিলিত। বর্ণসঙ্কর। অপবিত্র। সঙ্কুচিত। পরস্পর বিজাতীয়। অপ্রশস্ত। মিশ্রিত। সঙ্কট। সং, পুং, বর্ণসঙ্কর জাতি। মিশ্রিত রাগ। শিং—১ "বিশেষ্যনিঘ্নৈঃ সঙ্কীর্ণৈর্নানার্থৈরব্যয়ৈরপি।"

র্ত্তন—ক্লীং ⎫ (সম্—কৄৎ প্রশংসা
র্ত্তনা—স্ত্রীং ⎭ করা + অন(অনট্)—ভা) সং, সম্যক্‌রূপে গুণাদি কথন। সম্যক্ প্রকারে দেবতাদের নামোচ্চারণ। গানের দ্বারা দেবগুণাদি বর্ণন। বর্ণনা। উচ্চারণ।

সঙ্কীর্ত্তিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণিত। উচ্চরিত। সংস্তুত। শিং—১ "সংকীর্ত্তিতমঘং পুংসো দহেদেধেন যথানলঃ।"

সঙ্কুচিত (সম্—কুচ্ কোঁকড়ান+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, নিমীলিত, মুদ্রিত। অপ্রফুল্ল, মুদিত। অপ্রসারিত, কুণ্ঠিত। সঙ্ক্ষিপ্ত।

সঙ্কুটন (সম্—কুট কুটিলতা প্রকাশ করা + অনট্—ভাবে) সং, ক্লীং, মৃত্যু।

সঙ্কুল (সম্ একসঙ্গে—কুল্ রাশি করা + অ(ক)—ক) বিং, ত্রিং, তুমুল, বহুলোক সমাকীর্ণ। ব্যাপ্ত। মিশ্রিত। সঙ্কীর্ণ। সং, ক্লীং, পরস্পর বিরুদ্ধ বাক্য। সংগ্রাম, যুদ্ধ। জনতা, ভিড়।

সঙ্কেত (সম্—কিৎ [সন্দেহ করা] বলা+অ(অল)—ভা) সং, পুং, স্বাভিপ্রায়ব্যঞ্জক চেষ্টাবিশেষ, ইঙ্গিত, ইসারা। চিহ্ন। বোধ, নিয়ম। সন্ধান, সূত্র। নিয়োগ, চুক্তি। গুপ্তস্থান। শব্দের অর্থবোধনশক্তি, অভিধা। (+অন্—র্ম্ম) প্রিয়সঙ্গমের নিরূপিত স্থান।

সঙ্কেতিত (সঙ্কেত+ইত—প্রং) বিং, ত্রিং, সঙ্কেতযুক্ত। (সঙ্কেত+ক্ত—র্ম্ম) অভিধাবোধিত (শব্দার্থ)। শিং—১ "সাক্ষাৎ সঙ্কেতিতং যোঽর্থমভিধত্তে স বাচকঃ।"

সঙ্কোচ (সঙ্কুচিত দেখ, অ(অল)—ভা) সং, পুং, বহুবিষয়ক বাক্যার্থের অল্প বিষয়ে স্থাপন। সঙ্ক্ষেপ। সামান্যবিষয়ের বিশেষকরণ। জড়ীভাব। শিং—১ "যস্মিন্ প্রমুদিতে রাজ্ঞি তমঃ সঙ্কোচতি ক্ষিতৌ।" বন্ধন। মুদ্রণ, প্রস্ফুটিত না হওয়া। মৎস্য বিশেষ, সঙ্করমাছ। ক্লীং, কুঙ্কুম।

সঙ্কোচন (সঙ্কুচিত দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সঙ্কোচকরণ। নী—স্ত্রীং, লজ্জালুলতা।

সঙ্কোচ্যতা (Compressibility) জড়পদার্থের যে গুণ থাকাতে উহাকে চাপিয়া সঙ্কুচিত করা যায়।

সঙ্ক্রন্দন (সম্—ক্রন্দ-ণিচ্=ক্রন্দি রোদন করান+অন—ক) সং,পুং, ইন্দ্র। (সম—

ক্রন্দ্‌ রোদন করা+অন(অনট্‌)—ভা) ক্লীং, ক্রন্দন, অতি রোদন।

সঙ্ক্রম—পুং } (সম্‌ সম্যক্‌প্রকারে—
সঙ্ক্রমণ—ক্লীং } ক্রম্‌ গমন করা + অ
সঙ্ক্রাম—পুং } (অল্‌), অ(ঘঞ্‌), অন (অনট্‌)—ভাবে) সং, কষ্টগতি, প্রতিহতগমন। গমন, পর্য্যটন। গ্রহগণের এক রাশি হইতে রাশ্যন্তরে গমন। শিং—১ "ক্রুটেঃ সহস্রভাগো যঃ স কালো রবিসঙ্ক্রমঃ।" একস্থান হইতে অন্যস্থানে গমন। অতিক্রম। সমকালীনতা, এককালে ঘটা। প্রাপ্তি। (+অল্‌, ঘঞ্‌, অনট্‌—ণ) সেতু। সোপান। উপায়।

সঙ্ক্রমিত } (সম্‌—ক্রম্‌-ণিচ্‌=ক্রামি+ত
সঙ্ক্রামিত } (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রবেশিত। নিবেশিত। গমিত। প্রতিবিম্বিত।

সঙ্ক্রান্তি (সঙ্ক্রম দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, গ্রহগণের একরাশি হইতে রাশ্যন্তরে গমন। গতি। অবস্থা পরিবর্ত্তন। প্রতিবিম্বন। প্রতিরূপকরণ, ভাগ। সঞ্চার। ব্যাপ্তি।

সঙ্ক্লেদ (সম্‌ একসঙ্গে—ক্লেদ সমল জল) সং, পুং, আর্দ্রতা, ভিজা।

সঙ্ক্ষয় (সম্‌ সম্যক্‌—ক্ষি ক্ষয় পাওয়ান+অ(অল্‌)—ভা) সং, পুং, নাশ, ধ্বংস। প্রলয়।

সঙ্ক্ষিপ্ত (সম্‌—ক্ষিপ্‌ [ক্ষেপণ করা] সঙ্কোচ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অল্পীকৃত, সংক্ষেপ করা। সঞ্চিত। ত্যক্ত, পরিত্যক্ত। নিক্ষিপ্ত। গৃহীত। আটক করা।

সঙ্ক্ষীয়মাণ (সম্‌—ক্ষি ক্ষয় পাওয়া+আন (শান)—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষয়প্রাপ্যমাণ।

সঙ্ক্ষুব্ধ (সম্‌—ক্ষুভ্‌ চঞ্চল হওয়া, কাতর হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সঞ্চলিত, বিলোড়িত। আকুল।

সঙ্ক্ষেপ (সঙ্ক্ষিপ্ত দেখ, অ(অল্‌)—ভা) সং, পুং, সঙ্কোচ। অল্পীকরণ, কমান। চুম্বক।

সঙ্ক্ষেপণ (সঙ্ক্ষিপ্ত দেখ, অন(অনট্‌)—ভা) সং, ক্লীং, সঙ্ক্ষেপকরণ, চুম্বক করা।

সঙ্ক্ষোভ (সম্‌—ক্ষুভ্‌ চঞ্চল হওয়া, কাতর হওয়া+অ(অল্‌)—ভা) সং, পুং, চাঞ্চল্য, সঞ্চলন। ভয়চকিততা। ধর্ষণ। অতিক্ষোভ। গর্ব্ব, অহমিকা।

সঙ্খ্য (সম্‌—খ্যা পরস্পর নামোচ্চারণ করা +অ(ড)—ধি) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ।

সঙ্খ্যা (সম্‌—খ্যা [বলা] গণনা করা ইত্যাদি +ঙ—ভাবে, আপ্‌) সং, স্ত্রীং, গণনা, একত্ব দ্বিত্বাদি। শিং—১ "একং দশ ... চৈব সহস্রমযুতন্তথা, লক্ষঞ্চ ... কোটিরর্ব্বুদমেব চ। বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খপদ্মৌ চ সাগরঃ, অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথোত্তরম্‌।" বিচার। বিচারণা। (+ঙ—ণ) বুদ্ধি।

সঙ্খ্যাত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, গণিত, গণনা করা। বিখ্যাত।

সঙ্খ্যান (সঙ্খ্যা দেখ, অন(অনট্‌)—ভাবে) সং, ক্লীং, গণনা, গণা। ধ্যান।

সঙ্খ্যাপন; সং, ক্লীং, স্থিরীকরণ।

সঙ্খ্যাবান (সঙ্খ্যাবৎ, সঙ্খ্যা+বৎ(বতু)—অস্ত্যর্থে। যাহার সঙ্খ্যা আছে অর্থাৎ যে গণিত হয়। অথবা সঙ্খ্যা বুদ্ধি+বতু—অস্ত্যর্থে) সং,পুং, পণ্ডিত, জ্ঞানী। বিং, ত্রিং, সংখ্যাবিশিষ্ট।

সঙ্খ্যেয় (সঙ্খ্যা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, গণ্য, গণনীয়, সঙ্খ্যাযোগ্য।

সঙ্গ (সন্‌জ্‌ আসক্ত হওয়া+অ(ঘঞ্‌)—ভাবে) সং, পুং, সংসর্গ, সহবাস। প্রতিবন্ধ। অনুরাগ। বিষয়ানুরাগ। শিং—১ "ধ্যায়তো বিষয়ান্‌ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।" মিলন। সম্বন্ধ। বন্ধুত্ব। বাসনা। আসক্তি। নদীগণের মিলন স্থান।

সঙ্গণিকা (সম্‌—গণ্‌ গণনাকরা+অক—প্রং) সং,স্ত্রীং,অপ্রতিরূপকথা,অনুপমকথাবার্ত্তা।

সঙ্গত (সম্‌—গম্‌ [গমন করা] মিলিত হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উপযুক্ত, যুক্তিযুক্ত। সম্বদ্ধ। মিলিত। সাক্ষাৎকৃত। সঞ্চিত। দৃষ্ট। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, মিত্রতা। মিলন, যোগ। গ্রহগণের সমসূত্রে অবস্থিতি। সঙ্গীতে—গীত কিংবা কোন যন্ত্রাদির সহিত বোল সংযোগে তাল দেওয়ার নাম "সঙ্গত" যাবনিক ভাষায় তাহাকে "ঠেকা" কহে

সঙ্গতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, মিলন, যোগ। সঙ্গম। সম্বন্ধ। জ্ঞান। সংস্থান, সঞ্চয়। ন্যায়ে—অনন্তরাভিধান প্রয়োজক জিজ্ঞাসা জনক জ্ঞান বিষয়। শিং—১ "সপ্রসঙ্গ উপোদ্‌ঘাতো হেতুতাবসরস্তথা নির্ব্বাহকৈক্য-কার্য্যৈক্যে ষোঢ়া সঙ্গতিরিষ্যতে।"

সঙ্গম (সঙ্গত দেখ, অ(অল্)—ভা) সং, পুং, নদ্যাদির মিলন ; যথা—গঙ্গাসাগরসঙ্গম। স্ত্রীপুরুষের সংযোগ, সহবাস। সম্ভোগ।

সঙ্গর (সম্—গৃ [ভোজন করা] যুদ্ধ করা ইত্যাদি+অ(অল্)—ধি) সং, পুং, যুদ্ধ। আপদ্। সম্পদ্। (+অল—র্ম্ম) প্রতিজ্ঞা। প্রশ্ন। নিয়ম। জ্ঞান। বিষ। ক্রয়বিক্রয় নির্দ্ধারণ। (+অল্-ভাবে) কর্ম্মকরণ। ক্লীং, শমীবৃক্ষের ফল।

সঙ্গব (সম্—গো গোরু। যে সময়ে গোসকল দোহনার্থ সঙ্গত হয়) সং, পুং, প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়। শিং—১ "প্রাতঃকালো মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু।"

সঙ্গিরমাণ (সম্—গৃ [বিজ্ঞাপন করা] অঙ্গীকার করা+আন(শান)—ক) বিং, ত্রিং, প্রতিজ্ঞাকারী।

সঙ্গী (সঙ্গিন্, সঙ্গ+ইন্—অস্ত্যর্থে। অথবা সনুজ্ আসক্ত হওয়া + ঘিনুণ—ক) বিং, ত্রিং, সহচর, সমভিব্যাহারী। আসক্ত, সংসক্ত।

সঙ্গীত (সম্—গীত গান) সং, ক্লীং, গান। তৌর্য্যত্রিক, নৃত্য-গীত-বাদ্য। বিং, ত্রিং, সম্যক্‌গীত।

সঙ্গীতশাস্ত্র ; সং, পুং, যে শাস্ত্রদ্বারা গান, বাদ্য এবং নৃত্যের প্রকরণ সম্যক্‌রূপে জানিতে পারা যায় তাহাকে সঙ্গীতশাস্ত্র কহে।

সঙ্গীতি (সম্ একসঙ্গে—গৈ গান করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, আলাপ, কথোপকথন। সঙ্গীত।

সঙ্গীর্ণ (সম্—গৃ [ভোজনকরা] প্রতিজ্ঞাকরা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিজ্ঞাত, অঙ্গীকৃত।

সঙ্গৃহীত (সম—গৃহীত) বিং, ত্রিং, সঙ্কলিত। আকৃত।

সঙ্গুপ্ত (সম্—গুপ্ত লুক্কায়িত) বিং, ত্রিং, লুক্কায়িত। সং, পুং, বৃক্ষ।

সঙ্গূঢ় (সম্ সম্যক্—গুহ্ গোপন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লুক্কায়িত। সম্বৃত, আচ্ছাদিত। রেখাদিদ্বারা রাশীকৃত (ধান্যাদি)। সঙ্কলিত।

সঙ্গোপন (সম্ সম্যক্—গুপ্ গোপনকরা +অন(অনট্)—ভা) সং, ক্লীং, সম্পূর্ণরূপে গোপন করা, লুকান।

সঙ্ঘ (সম্—হন্ [বধকরা] পরিচ্ছন্ন হওয়া+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, সমূহ, রাশি, গণ। দল।

সঙ্ঘচারী (—চারিন্, সঙ্ঘ ঝাঁক—চর্ গমন করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, মৎস্য, মাছ। বিং, ত্রিং, বহুলোকের সহিত গমনকারী।

সঙ্ঘজীবী (—জীবিন্, সঙ্ঘ জনতা—জীবিন্ যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, ব্রাতীন, মুটিয়া।

সঙ্ঘট, সঙ্ঘট্ট—পুং<br>সঙ্ঘটন, সঙ্ঘট্টন—ক্লীং<br>সঙ্ঘটনা—স্ত্রীং<br>(সম্—ঘট্ [চেষ্টা করা] ঘট্ট্ চালিত করা] মিলিত হওয়া ইত্যাদি+অ(অল্), অন(অনট্), অন—ভাবে, আপ্) সং, মেলন, যোজন। সঙ্ঘর্ষ। পরস্পর ঘর্ষণ। গঠন। ঘটনা। ঘোট্টন।

সঙ্ঘট্টা ; সং, স্ত্রীং, বল্লী, লতা।

সঙ্ঘট্টিত (সঙ্ঘট্ট দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংযোজিত। পরস্পর মর্দ্দিত। গঠিত, নির্ম্মিত। চালিত। ঘর্ষিত।

সঙ্ঘতল ; বিং, ত্রিং, যুক্তকরতলদ্বয়, জোড়হাত।

সঙ্ঘর্ষ—পুং<br>সঙ্ঘর্ষণ—ক্লীং<br>(সম্—ঘৃষ্ [ঘস] স্পর্শ করা + অ(অল্), অন (অনট্)—ভাবে) সং, পরস্পর স্পর্দ্ধা, আত্মপ্রাধান্যসূচক অহঙ্কার বাক্য। বাজি রাখা। ঘর্ষণ, ঘষা। মর্দ্দন। ঘোটন। ধীরে ধীরে গমন। বহিয়া যাওয়া।

সঙ্ঘশঃ (সঙ্ঘশস্, সঙ্ঘ+চশস্—প্রং) অং,

ভূরিশঃ, বহুশঃ। একত্রিত, দলেদলে, পালেপালে।

সঙ্ঘস (সম্—ঘস্ ভক্ষণ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, ভোজন। (+অল্—র্ম্ম) ভক্ষ্য।

সঙ্ঘাটিকা (সম্—ঘট্ [চেষ্টা করা] মিলিত হওয়া ইত্যাদি+অক, আপ্—প্রং) সং, স্ত্রীং, যুগ্ম, জোড়া। ঘ্রাণ। দূতী, কুটনী। জলকণ্টক।

সঙ্ঘাত (সঙ্ঘ দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, সমূহ। সমষ্টি। আঘাত। হত্যা, বধ। ঘন। নিবিড় সংযোগ, জমাট। কফ। নরকবিশেষ। নাটকে—গতিবিশেষ।

সঙ্ঘাতপত্রিকা; সং, স্ত্রীং, শতপুষ্পা।

সঙ্ঘুষিত, সঙ্ঘুষ্ট (সম্—ঘুষ্ ঘোষণা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্প্রকারে ঘোষিত, প্রচারিত। শব্দিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, শব্দ। ঘোষণা।

সঙ্ঘৃষ্ট (সম্—ঘৃষ্ ঘসা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত, ঘসা।

সচরাচর (স সহিত—চরাচর স্থাবরাস্থাবর, ১মা—হিং) বিং, ত্রিং, সর্ব্বসাধারণ। জগৎ। স্থাবর জঙ্গম।

সচি } (সচ [ইন্দ্রকে] আপ্যায়িত করা+
সচী } ই—র্ম্ম, পক্ষে ঈ—প্রং) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।

সচীনন্দন; সং, পুং, জয়ন্ত। চৈতন্যদেব।

সচিল্লক (স সহ—চিল্ল কুৎসিত চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্লিন্নচক্ষুঃ, পিচুটী পড়া চোখ।

সচিব (সচি [সচ্ সম্বন্ধ করা+ই—ভাবে] বন্ধুতা—বা গমন করা, পাওয়া+অ(ড)—ক) সং, পুং, সহায়, সঙ্গী। অমাত্য, মন্ত্রী। কৃষ্ণধত্তূরক।

সচেতন (স সহ—চেতনা চৈতন্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চৈতন্যবিশিষ্ট, চেতনাযুক্ত, প্রাণী।

সচেষ্ট (স সহিত—চেষ্টা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চেষ্টাযুক্ত, উদ্যোগী, চেষ্টিত। সং, পুং, আম্র। [হরিদ্রা, হলুদ।

সচ্চারা (সৎ—চার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,

সচ্চিদানন্দ (সৎ নিত্য—চিৎ জ্ঞান—আনন্দ সুখ, দ্বং—স) সং, পুং, নিত্যজ্ঞানসুখস্বরূপ ব্রহ্ম, পরমেশ্বর। "সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্।" বিং, ত্রিং, নিত্যজ্ঞানসুখময়। শিং—১ "মুকুন্দং সচ্চিদানন্দং প্রণিপত্য প্রণীয়তে।"

সচ্ছল, স্বচ্ছল (সচ্ছীল শব্দজ) বিং, দাতা, বদান্য, ব্যয়ী।

সজাগ (স সহ শব্দজ—জাগ জাগরণ শব্দজ) বিং, জাগ্রৎ, ঈষৎ নিদ্রাযুক্ত।

সজাতি (স সমান—জাতি, দ্বং—স) বিং, ত্রিং, সমান শ্রেণী, একজাতি। সং, পুং, এক জাতীয় স্ত্রীপুরুষের সন্তান। শিং—১ "সবর্ণেভ্যঃ সবর্ণাসু জায়ন্তে হি সজাতয়ঃ।"

সজাতীয় (স সমান—জাতি+ঈয় (ণীয়)—প্রং) বিং, ত্রিং, একজাতীয়। একধর্ম্মাক্রান্ত, এক শ্রেণীভুক্ত। একবিধ। সদৃশ, তুল্য।

সজীব (স সহ—জীব জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জীবিত, যাহার জীবন আছে।

সজুষ (স সহিত—জুষ্ সেবা করা+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, একত্র সেবাকারী, সহায়। প্রীতিযুক্ত।

সজূস্ } (স সহিত—জুষ্ তুষ্ট হওয়া
সজূঃ } +০(ক্বিপ্)—ক) অং, সহিত শিং—১ "সজূঃ কৃত্য রতিং বসেৎ।"

সজ্জ (সস্জ সুসজ্জিত হওয়া+অ(অচ্)—ক) বিং, ত্রিং, সজ্জিত, সাজান যত। প্রস্তুত। সন্নদ্ধ, সন্নাহবিশিষ্ট বর্ম্মিত, সাঁজোয়াপরা। প্রাকারাদি দ্বারা সুরক্ষিত।

সজ্জক্রম; বিং, ত্রিং, সজ্জিত, প্রস্তুত।

সজ্জন (সৎ সাধু—জন লোক, দ্বং—স) বিং, ত্রিং, সুজাত, সৎকুলোদ্ভব, কুলীন। সাধু, সুজন। শিং—১ "নিজাচারগ্রাহিণো যে কুলস্থো বেদসংযুতম্। পাপাভিলাষরহিতাঃ সজ্জনাস্তে প্রকীর্ত্তিতাঃ।" সং, ক্লীং, না—স্ত্রীং, (সসজ সুসজ্জিত হওয়া +অনট্, অন—ভাবে, আপ্) রক্ষিসৈন্যের অবস্থিতি স্থান, চৌকী। ঘট, ঘাট। সজ্জা। আয়োজন। সাজান। গজসজ্জীকরণ, হস্তীকে সাজান। সৈন্যস্থাপন, ঘাটি।

সজ্জা ( সজ্জ দেখ, অ—ভাবে, আপ্ ) সং, স্ত্রীং, বেশ,ভূষা। সাজ। সন্নাহ,সাঁজোয়া। আয়োজন।

সজ্জিত ( সজ্জ দেখ, ত(ক্ত)—ক, কিম্বা সজ্জা+ইত—প্রং) বিং, ত্রিং, ভূষিত। সাজান। বর্ম্মিত, সন্নদ্ধ। উদ্যুক্ত। আয়োজিত।

সজ্য (স সহিত—জ্যা ধনুকের ছিলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জ্যাযুক্ত, আরোপিতমৌর্ব্বিক।

সঞ্চ (সঞ্চয় দেখ, অ—প্রং) সং, পুং; পুস্তক লিখিবার নিমিত্ত পত্রসমূহ, সাঁচ।

সঞ্চৎ (সঞ্চয় দেখ, অং—প্রং। ই—লোপ) সং, পুং, বঞ্চক, প্রতারক।

সঞ্চয় (সম্ একসঙ্গে—চি একত্র করা +অ(অল্)—ভা) সং, পুং, সমূহ, রাশি। সংগ্রহ।

সঞ্চয়ন ( সঞ্চয় দেখ, অন(অনট্)—ভা ) সং, ক্লীং, সংগ্রহকরণ।

সঞ্চয়ী ( সঞ্চয়িন, সঞ্চয়+ইন্—অস্ত্যর্থে, কিম্বা সম্—চি চয়নকরা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সংগ্রহকারক।

সঞ্চর—পুং } ( সম্—চর্ গমন করা সঞ্চরণ—ক্লীং } +অ(অল্), অন(অনট্)—ণ) সং, সেতু, সাঁকো। পথ। স্থান। শরীর। (+অল্, অনট্—ভাবে) গমন। কম্পন। চলন।

সঞ্চরিত (সঞ্চর দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রচলিত। প্রস্থিত, গত।

সঞ্চরিষ্ণু ( সঞ্চর দেখ, ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, সঞ্চরণশীল, ভ্রমণকারী।

সঞ্চলন ( সম্—চল্ গমন করা+অন (অনট্)—ভা) সং, ক্লীং, কম্পন, দোলন, নড়াচড়া। প্রচলন।

সঞ্চান; সং, পুং, শ্যেনপক্ষী, শিকরে পাখী।

সঞ্চায্য (সঞ্চয় দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম, নিপাতন) সং, পুং, যজ্ঞবিশেষ।

সঞ্চার—পুং } (সম্—চর্ গমন করা সঞ্চরণ—ক্লীং } +অ(ঘঞ্), অনট্—ভা) সং, গতি। বৃদ্ধি। গ্রহাদির রাশ্যন্তরে সংক্রমণ, সংক্রম। বিস্তার। কষ্টগতি। কষ্ট, বিপদ। পথপ্রদর্শন। উত্তেজন। চালন। সংক্রামণ। সর্পমণি। (+ঘঞ্, অনট্—ণ) সেতু। পথ।

সঞ্চারজীবী ( সঞ্চারজীবিন্, সঞ্চার দুঃখ, ক্লেশ, দায়—জীবিন্ যে বাঁচে ) বিং, ত্রিং, শরণাগত, শরণাপন্ন। দুরবস্থাগ্রস্ত।

সঞ্চারিকা ( সঞ্চার দেখ, অক(ণক)—প্রং ) সং, স্ত্রীং, দূতী। যুগ্ম, যোড়া। ঘ্রাণ। বায়ু।

সঞ্চারিত ( সম্—চর্-ণিচ্=চারি গমন করান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ইতস্ততঃ চালিত।

সঞ্চারী (সঞ্চারিন্, সম্—চর্ গমন করা +ইন(ণিন্)—র্ক ) সং, পুং, নির্ব্বেদ, আবেগ প্রভৃতি ব্যভিচারী ভাব। ধূপ। বায়ু। সঙ্গীতে—কোন শ্লোক কিম্বা কোন গান অথবা ছন্দঃ সম্বন্ধে সকলের যেমন চারিটী করিয়া চরণ থাকে, তেমনি আলাপেরও চারিটী চরণ নির্দ্দিষ্ট আছে। প্রথমে যেটীর দ্বারা মুখবন্ধন করা যায় অথবা যেটী প্রথম চরণ হয়,তাহার নাম আস্থায়ী; দ্বিতীয় চরণের নাম অন্তরা; তৃতীয় চরণের নাম সঞ্চারী; চতুর্থের নাম আভোগ। বিং,ত্রিং, সঞ্চরণশীল। গমনশীল,অস্থায়ী। আগন্তুক। রিণী—স্ত্রীং, হংসপদী।

সঞ্চালী (সম্—চল্ গমন করা+অ—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

সঞ্চিত (সঞ্চয় দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংগৃহীত, সঞ্চয়করা। সম্ভৃত, রাশীকৃত।

সঞ্চিত্রা; সং, স্ত্রীং, মূষীকর্ণী।

সঞ্চেয় (সঞ্চয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, সঞ্চয়নীয়, সঞ্চয় করিবার যোগ্য।

সঞ্জ (সম্ সমানরূপে, সকল [মানবজাতি] —জ [জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ণ] যাহার দ্বারা "জাত" সৃষ্ট) সং, পুং, ব্রহ্মা। শিব। ঞ্জা—স্ত্রীং, ছাগী।

সঞ্জন (সন্জ্ আসক্ত হওয়া+অনট্—ভাবে) সং, ক্লীং, বন্ধন। সজ্বটন।

সঞ্জবন (সম্—জু গমন করা+অন(অনট্) —ভা) সং, ক্লীং, চতুঃশাল, পরস্পরাভিমুখ গৃহচতুষ্টয়, চকমিলন ঘর।

সঞ্জাত (সম্—জন্ উৎপন্ন হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, জাত, উৎপন্ন।

সঞ্জিহীর্ষু (সম্—হৃ [হরণ করা] সংহার করা ইত্যাদি+স—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, সংহার করিতে ইচ্ছুক।

সঞ্জীবন (সম্—জীব-ণিচ্=জীবি বাঁচান+অন—ক) বিং, ত্রিং, জীবিতকারী। নী—স্ত্রীং, জীবনদায়িনী ওষধি-বিশেষ। (জীব বাঁচা+অনট্—ভাবে) সং, ক্লীং, জীবনধারণ। সঞ্জবন।

সট (সট্ অংশ করা ইত্যাদি+অ(অন)—ক, নামার্থে, আপ্) সং, পুং—ক্লীং, টা—স্ত্রীং, জটা। কেশর, সিংহাদির ঘাড়ের চুল। শিখা।

সটাঙ্ক (সটা কেশর—অঙ্ক চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ, কেশরী।

সটি, সটিকা, সটী (সট খণ্ডিত হওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ, বন আদা।

সটীক (স সহিত—টীকা টীপ্পনী, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, টীকাসহিত, যাহার টীকা আছে।

সট্টক; সং, ক্লীং, প্রাকৃত ভাষায় রচিত নাটকবিশেষ; যথা—কর্পূরমঞ্জরী প্রভৃতি।

সড়ক (সরণি শব্দজ) সং, রাস্তা, বর্ত্ম, পথ।

সড়্গড় (দেশজ) সং, অভ্যাস, আয়ত্ত, মুখস্থ।

সড়্সড়ী (দেশজ) বিং, নীরস, শুষ্ক, ভাজা।

সণ্ডশ; সং, পুং, সন্দংশ, সাঁড়াশি।

সণ্ডীন (সম্—ডী আকাশে গমন করা+ত(ক্ত)—ভা। ত স্থানে ন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ, উড়িয়া বৃক্ষাদির উপরে বসা।

সতত (সম্—তন্ বিস্তার করা+ত(ক্ত)—প্রং, ম্—লোপ) ক্রিং—বিং, ক্লীং, নিরন্তর, সর্ব্বদা। ক্লীং, ক্রিয়াবিশেষ।

সতত্ত্ব (স সমান—তত্ত্ব প্রকৃতি) সং, ক্লীং, প্রকৃতি, স্বভাব। শিং—১ "সতত্ত্বতোঽন্যথা প্রথা।"

সতরঞ্জ (আরবী ভাষা; এই শব্দটী সংস্কৃত "চতুরঙ্গ" শব্দ হইতে আরবীতে সৎরঞ্জ হইয়াছে। পারস্য ভাষায় ইহার অর্থ—সং একশত—রঞ্জ যে রঞ্জিত করে। যে ক্রীড়া শত ব্যক্তিকে আনন্দিত করে) সং, ক্রীড়াবিশেষ।

সতর্ক (স সহিত—তর্ক বুদ্ধি দ্বারা বিবেচনা, ১মা—হিং) বিং, ত্রিং, তর্কযুক্ত, সাবধান।

সতা (সপত্নী শব্দ হইতে সতীন। সতীন হইতে দেশ ব্যবহারে সতা) সং, স্ত্রীং, সপত্নী; যথা—"গঙ্গা না[illegible] সতা তার তরঙ্গ এমনি—"

সতানন্দ (সং উত্তম—আনন্দ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গৌতম মুনির পুত্র, জনকরাজ-পুরোহিত।

সতিন (সপত্নী শব্দজ) সং, এক স্বামীর ভার্য্যা।

সতী (অস্ হওয়া+অৎ—ক, ঈপ্) সং, স্ত্রীং, সাধ্বী স্ত্রী, পতিব্রতা স্ত্রী। দক্ষ-কন্যা, শিবানী, ভবানী। শিং—১ "সতী সতী যোগবিসৃষ্টদেহা।" ২ "লুকাইয়া দশ মূর্ত্তি সতী হৈলা সতী।" ৪ অক্ষর ছন্দো-বিশেষ। সৌরাষ্ট্রমৃত্তিকা। দান। অবসান।

সতীত্ব (সতী+ত্ব—ভাবে) সং, ক্লীং, পাতিব্রত্য, সতী স্ত্রীর ধর্ম্ম।

সতীন (সতী—নী লওয়া+অ(ড)—ক) সং, পুং, বংশ। সতীনক।

সতীর্থ, সতীর্থ্য (স সমান—তীর্থ গুরু, ৬ষ্ঠী—হিং, পক্ষে স সমান—তীর্থ গুরু+য(ক্যু)—বাসার্থে) সং, পুং, সমকালে এক গুরুর শিষ্য। সহাধ্যায়ী, একপাঠী; যথা—"একদা নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র একলব্য দ্রোণ সন্নিধানে সমাগত হইল; কিন্তু সে অস্পৃশ্য ম্লেচ্ছজাতি সাধারণের সতীর্থ ও সমতুল্য হয়, ইহা নিতান্ত অনভিপ্রেত।"

সতীল (সতী সাধ্বী স্ত্রী—লক্ষ্ করা+অ—প্রং) সং, পুং, বংশ। বায়ু। মাষকলাই। লা—স্ত্রীং, তেওড়া কলাই।

সতুষ (স সহিত—তুষ) সং, ক্লীং, তুষযুক্ত শস্য। ধান্য।

সতৃট্ } (সতৃষ., স সহিত—তৃষ্, তৃষ্ণা,
সতৃষ্ণ } ১মা—হিং) বিং, ত্রিং, তৃষ্ণাযুক্ত, পিপাসিত। অভিলাষী। সস্পৃহ। তেজস্বী। বলবান্।

সতেজাঃ (সতেজস্, স সহিত—তেজস্, ১মা—হিং) বিং, ত্রিং, তেজস্বী, বলবান্।

সৎ ( অস হওয়া+অৎ(শতৃ)—ক ) বিং, ত্রিং, সত্য। প্রশস্ত, উত্তম। শোভন। গুণ। বিদ্যমান, বর্ত্তমান। নিত্য, চিরস্থায়ী। সাধু। বিদ্বান্। জ্ঞানী, বিচক্ষণ। মান্য, পূজ্য। সং, ক্লীং, ব্রহ্ম; যথা—"ওঁ তৎসৎ।" অং, আদর।

সৎকদম্ব; সং, পুং, কেলিকদম্ব।

সৎকর্ত্তা (—কর্তৃ) সং, পুং, বিষ্ণু। বিং, ত্রিং, সৎকারক।

সৎকর্ম্ম; সং, ক্লীং, বেদবিহিত ক্রিয়া।

সৎকাঞ্চনার; সং, পুং, রক্তকাঞ্চন বৃক্ষ।

সৎকাণ্ড; সং, পুং, চিল্লপক্ষী, চিল।

সৎকার—পুং } (সৎ মান্য—কার ক-
সৎকৃতি—স্ত্রীং } রণ, কৃতি ক্রিয়া, ক্রিয়া
সৎক্রিয়া—স্ত্রীং } কর্ম্ম, যৎ—স ) সং, সমাদর। পূজা, সম্মান। পুরস্কার। মঙ্গল। শবদাহাদি কর্ম্ম।

সৎকৃত ( সৎ মান্য—কৃত যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, পুরস্কৃত। পূজিত, সমাদৃত। সুসম্পন্ন। সৎকারপ্রাপিত।

সত্তম ( সৎ উত্তম+তম—অত্যর্থে ) বিং, ত্রিং, অতি উত্তম, অতিসৎ। অতিশোভন, পূজ্যতম। অতিশয় সাধু।

সত্তা ( সৎ বিদ্যমান+তা—ভাবে ) সং, স্ত্রীং, স্থিতি, বিদ্যমানতা। শিং—১ "যদ্যপি পাপস্য কার্য্যানন্বিতত্বেন তৎসত্তায়ামপ্রামাণ্যং প্রতিভাতি।" উৎপত্তি। উৎকর্ষ। উৎকৃষ্টতা। দ্রব্য গুণ ও কর্ম্মে নিষ্ঠজাতি। সাধুতা।

সত্র } ( সদ্ গমন করা+ত্র—ধি ) সং,
সত্ত্র } ক্লীং, যজ্ঞ। গৃহ। অরণ্য। আচ্ছাদন। সদাদান, সদাব্রত। কৈতব। ধন। সরোবর। যাগবিশেষ।

সত্রশালা (সত্র দান—শালা গৃহ) সং, ক্লীং, অন্নাদিদানগৃহ।

সত্রা } (স সহিত—ত্রা রক্ষা করা+
সত্রা } ০(ক্বিপ্)—ক) অং, সহিত, সমভিব্যাহারে।

সত্রাজিৎ (সত্র—আ-জি জয় করা+০(ক্বিপ্)—ক, ৎ—আগম) সং, পুং, সত্যভামার পিতা।

সত্রি (সদ্ গমন করা, বা হিংসা করা ইত্যাদি+ত্রি—প্রং ) সং, পুং, মেঘ। হস্তী। বিং, ত্রিং, জয়শীল, জয়কারী।

সত্রী (সত্রিন্, সত্র গৃহ, দান ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহপতি, গৃহস্থ। বিং, ত্রিং, যজ্ঞশীল, যে ব্যক্তি এখন তখন যজ্ঞ করিয়া থাকে।

সত্ত্ব } (সৎ উত্তম ইত্যাদি+ত্ব—ভা,
সত্ব } পক্ষে ৎ—লোপ) সং, পুং—ক্লীং, প্রাণী, জন্তু। ক্লীং, প্রকৃতির তিন গুণের মধ্যে প্রধান গুণ; এই গুণ দ্বারা মনুষ্যের মনে সত্য ন্যায় ধর্ম্ম দয়া ভক্তি মহত্ত্ব পবিত্রাদি জন্মে। দ্রব্য, পদার্থ। মনঃ, অন্তঃকরণ। স্বভাব। ব্যবসায়। স্বাভাবিক অবস্থা। বল, শক্তি। ধৈর্য্য। উৎসাহ। স্থিতি। ধন। প্রাণ। জীবন। চৈতন্য। আত্মা। পরাক্রম। সাহস। পিশাচাদি। রস। ত্ব—সত্তাজাতি, বিদ্যমানতা। শিং—১ "ঊনং ন সত্ত্বেষধিকো ববাধে।" ২ "সত্ত্বানুরূপাহরণীকৃতশ্রীঃ।"

সত্ত্ববান্ (সত্ত্ববৎ, সত্ত্ব+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সত্ত্বগুণবিশিষ্ট। স্থায়ী। স্বাভাবিক। ধার্ম্মিক, নিষ্পাপ।

সত্ত্বস্থ (সত্ত্ব—স্থ [স্থা থাকা+অ(ড)—ক] যে থাকে ) বিং, ত্রিং, সত্ত্ববৃত্তিশালী। সত্ত্বপ্রধান। "ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।" [পদ্মপত্র।

সৎপত্র (সৎ উত্তম—পত্র) সং, ক্লীং, নূতন

সৎপুত্র (সৎ—পুত্র) সং,পুং, উত্তম সন্তান। বেদাদিবিহিত পিত্রাদি কার্য্যকর্ত্তা।

সৎপ্রতিপক্ষ (সৎ হওন—প্রতিপক্ষ বিরুদ্ধপক্ষ) সং, পুং, সমকক্ষ, প্রতিযোগী। ন্যায়শাস্ত্রে—হেতুদোষবিশেষ।

সৎফল ( সৎ উত্তম—ফল) সং, পুং, দাড়িম্ববৃক্ষ, ডালিমগাছ।

সত্য (সৎ যে হয়+য(ক্য)—প্রং) সং, ক্লীং, অমিথ্যা, যথার্থ্য। শপথ। প্রতিজ্ঞা। প্রথম যুগ, কৃতযুগ, ১৭,২৮,০০০ বৎসর ইহার পরিমাণ। পুং, উর্দ্ধ, সপ্ত ভুবনের উপরিস্থিত লোক, ব্রহ্মলোক। রামচন্দ্র। বিষ্ণু। (মহাভারতে—তিনি সত্যে ও সত্য তাঁহাতে প্রতিষ্ঠিত আছে এই নিমিত্ত তাঁহার নাম সত্য)। বিং,ত্রিং, প্রকৃত, যথার্থ। শিং—১"যথার্থকথনং যচ্চ সর্ব্বলোকসুখপ্রদং। তৎ সত্যমিতি বিজ্ঞেয়মসত্যং তদ্বিপর্য্যয়ম্।" ২ "আত্মার্থে বা পরার্থে বা পুত্রার্থে বাপি মানবাঃ। অনৃতং যে ন ভাষন্তে তে বুধাঃ স্বর্গগামিনঃ। তস্মাৎ সত্যকৃতং পঞ্চ তদনষ্টফলং ভবেৎ।"

সত্যঙ্কার (সত্য—কার [কৃ করা+অ(ঘঞ্) —ভাবে] করণ, ম—আগম) সং, পুং, "আমি অবশ্য এই দ্রব্য ক্রয় করিব," এই বলিয়া সত্য করা, প্রতিজ্ঞা। (Hostage) চিকীর্ষিত কার্য্যের অবশ্য-ক্রিয়া স্থাপনার্থ পরহস্তে দীয়মান বস্তু বা ব্যক্তি।

সত্যঙ্কারকৃত; বিং, ত্রিং, "আমি অবশ্য এই দ্রব্য ক্রয় করিব," এই সত্য করিয়া যাহা কিছু দেওয়া যায়, বায়না।

সত্যতপাঃ (সত্যতপস্) সং,পুং, মুনিবিশেষ; ইনি প্রথমে ব্যাধ ছিলেন, পরে তপস্যা করিয়া দুর্ব্বাসা মুনির বরে সর্ব্বশাস্ত্রে পারদর্শী হইয়াছিলেন।

সত্যধৃতি; সং, পুং, ঋষিবিশেষ।

সত্যনারায়ণ (সত্য—নারায়ণ বিষ্ণু, যৎ—স) সং, পুং, দেবতাবিশেষ, সত্যপীর।

সত্যপুর; সং, ক্লীং, বিষ্ণুলোক, বৈকুণ্ঠ।

সত্যফল; সং, পুং, বিল্ববৃক্ষ।

সত্যভামা (সত্য—ভাম সুন্দর+আপ্) সং, স্ত্রীং, কৃষ্ণের এক স্ত্রী; ইনি সত্রাজিৎ নৃপের কন্যা।

সত্যভারত (সত্য—ভারত মহাভারত) সং, পুং, বেদব্যাস, ব্যাসদেব।

সত্যম্ (সৎ+যম্—প্রং) অং, প্রশ্ন। স্বীকার।

সত্যযৌবন (সত্য—যৌবন তরুণাবস্থা) সং, পুং, দেবযোনিবিশেষ, বিদ্যাধর।

সত্যলোক; সং,পুং, সপ্তলোকান্তর্গত লোকবিশেষ। শিং—১ "ষড়্গুণেন তপোলোকাৎ সত্যলোকো বিরাজতে। অপুনর্মারকা যত্র ব্রহ্মলোকো হি স স্মৃতঃ।"

সত্যবচাঃ (সত্যবচস্, সত্য—বচস্ বাক্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঋষি, মুনি। বিং, ত্রিং, সত্যবাদী।

সত্যবতী (সত্যবৎ+ঈপ্—[illegible] সত্যপালন করিয়াছিলেন বলিয়া) [illegible] স্ত্রীং, ব্যাসদেবের মাতা, পরাশরমুনির গান্ধর্ব্ব পত্নী। ইহার পূর্ব্ব নাম মৎস্যগন্ধা—ধীবরকন্যা। নারদমুনিপত্নী। ঋচিকপত্নী।

সত্যবাক্ (—বাচ্, সত্য—বাচ্ বাক্য, অথবা সত্য—বচ্ বলা+০(ক্বিপ্)—ক, শীলার্থে) সং, পুং, ঋষি। কাক। বিং, ত্রিং, সত্যবাদী।

সত্যবাদী (—বাদিন্, সত্য—বদ্ বলা+ ইন্(ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, সত্যবক্তা, যে সত্যবাক্য বলে।

সত্যবান্ (সত্যবৎ, সত্য+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, নৃপবিশেষ, সাবিত্রীপতি। মুনিবিশেষ। বিং, ত্রিং, সত্যযুক্ত।

সত্যব্রত (সত্য—ব্রত নিয়ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ। ভীষ্ম। বিং, ত্রিং, সত্যপরায়ণ, সত্যনিষ্ঠ।

সত্যসঙ্গর (সত্য—সম্—গৄ গ্রাস করা+ অ(অল্)—ক) সং, পুং, কুবের। বিং,ত্রিং, সত্যপ্রতিজ্ঞ।

সত্যসন্ধ (সত্য—সন্ধা প্রতিজ্ঞা, ৬ষ্ঠী—হিং) বিং; ত্রিং, সফলপ্রতিজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ। সং, পুং, ভরত। শ্রীরামচন্দ্র। শিং—১ "রাজেন্দ্রং সত্যসন্ধং দশরথতনয়ং শ্যামলং শান্তমূর্ত্তিং।" জনমেজয়। ন্ধা—স্ত্রীং, দ্রৌপদী।

সত্যা; সং, স্ত্রীং, সীতা, জানকী। সত্যবতী, ব্যাসমাতা। সত্যভামা। দুর্গা।

সত্যাকৃতি (সত্য—আ[ডাচ্]—কৃ করা+ তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, "অবশ্য আমি ক্রয় করিব" এইরূপ সত্যকরা, বায়না দেওয়া। [অগস্ত্য মুনি। কুম্ভযোনি।

সত্যাগ্নি (সত্য—অগ্নি আগুন) সং, পুং,

সত্যানৃত ( সত্য—অনৃত মিথ্যা, যাহাতে সত্যমিথ্যায় মিশ্রিত ) সং, ক্লীং, বাণিজ্য, ব্যবসায়।

সত্যাপন—ক্লীং } (সত্যাপি [ নামধাতু ] সত্যাপনা—স্ত্রীং } বলা, বা সত্যাবলোকন করা, অথবা সত্য-ক্রি=সত্যাপি+অন (অনট্)—ভা) সং, সত্যাকৃতি, সত্যঙ্কার, সত্যকরণ। [ত্রিং, সত্যবাদী।

সত্যোদ্য (সত্য—বদ্ বলা+য—ক) বিং,

সত্র (সত্র্ সংযোজিত করা, বিস্তার করা+অ—প্রং) সং, ক্লীং, বহুদিনসাধ্য যজ্ঞ। নৃপবিশেষ, শ্রীকৃষ্ণের শ্বশুর। সত্র দেখ।

সত্রা ; অং, সহিত, সমভিব্যাহারে।

সত্রী (সত্রিন্, সত্র গৃহ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহস্থ। বিং, ত্রিং, যজ্ঞশীল।

সত্বর (সহ সহিত—ত্বরা শীঘ্রতা, ১মা—হিং ) ক্রিং—বিং, ক্লীং, শীঘ্র, অবিলম্ব। বিং, ত্রিং, ত্বরাযুক্ত।

সৎসার ( সৎ অত্যুত্তম—সার সারাংশ ) সং, পুং, কবি। চিত্রকর। বৃক্ষবিশেষ। বিং, ত্রিং, উত্তমসারযুক্ত।

সদ (সদ্ গমন করা+অ (অল্)—ভা) সং, পুং, লাভ। (+অল্—র্ম্ম) ক্ষেত্রফল।

সদংশক (স সহিত—দংশক দাঁত) সং, পুং, কর্কট, কাঁকড়া। বিং, ত্রিং, দন্তযুক্ত।

সদংশবদন (স সহিত—দংশ দন্ত বা চঞ্চু—বদন মুখ) সং, পুং, কঙ্কপক্ষী।

সদঃ (সদস্, সদ্ [যাহাতে] গমন করা+অস্—ধি) সং, স্ত্রীং—ক্লীং, সভা, পরিষদ্।

সদঞ্জন ; সং, ক্লীং, কুসুমাঞ্জন।

সদন (সদ্ গমন করা+অন(অনট্)—ধি) সং, ক্লীং, নিলয়, গৃহ, বাড়ী। (+অনট্—ভাবে) বিষাদ। (+অন—ক) জল।

সদয় (সহ সহিত—দয়া, ১মা—হিং) বিং, ত্রিং, দয়ালু, কৃপাবিশিষ্ট। ( সৎ—অয় ) সং, পুং, শুভাবহ বিধি।

সদর (যাবনিক) বিং, প্রকাশ্য। মুখ্য, প্রধান।

সদস্য (সদস্ সভা+য(ষ্যং)—সাধু-অর্থে) সং, পুং, যজ্ঞাদিস্থলে বিধিদর্শক, যজ্ঞাদি কর্ম্মে নিযুক্ত কর্ম্মকরদিগের ভ্রমসংশোধনকারী। বিং, ত্রিং, সামাজিক, সভাসদ্।

সদা (স সর্ব্ব+দা(দাচ্)—কালার্থে) সং, সর্ব্বকালে, সর্ব্বদা, নিয়ত, অবিশ্রান্ত।

সদাগতি (সদা সর্ব্বদা—গতি গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ু। সূর্য্য। আত্মা। মুক্তি। পরমেশ্বর। বিং, ত্রিং, সর্ব্বদা গমনশীল।

সদাচার (সৎ সাধু—আচার, য়ং—স) সং, পুং, উত্তম আচার, সাধুর আচার। সদ্ব্যবহার। শিং—১ "সরস্বতী দৃশদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরং। তদ্দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে॥ তস্মিন্ দেশে য আচারঃ পারম্পর্য্যক্রমাগতঃ। বর্ণানাং সান্তরালানাং সদাচারঃ স উচ্যতে।" (মনু)।

সদাতন (সদা সর্ব্বদা+তন(ট্যুল)—ভবার্থে) বিং, ত্রিং, সর্ব্বকাল-স্থায়ী, চিরস্থায়ী, নিত্য। সং, পুং, বিষ্ণু। [নদী।

সদাতোয়া ; সং, স্ত্রীং, এলাপর্ণী। করতোয়া

সদাত্মা ( সদাত্মন্, সৎ—আত্মন্ আপনি ) বিং, ত্রিং, সদন্তঃকরণ।

সদাদান (সদা সর্ব্বদা—দান হস্তীর গণ্ডস্থল প্রভৃতি স্থান হইতে নিঃসৃত মদ-জল ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঐরাবত হস্তী। মত্তহস্তী। গণেশ। ক্লীং, সদাব্রত।

সদানন্দ (সদা সর্ব্বদা—আনন্দ সুখ, হর্ষ, য়ং—স) সং, পুং, শিব। বিং, ত্রিং, সর্ব্বদা হর্ষযুক্ত। শিং—১ "সমানন্দে সদানন্দঃ সদানন্দো ভবিষ্যতি।"

সদানর্ত্ত (সদা সর্ব্বদা—নর্ত্ত নৃত্যকারক) সং, পুং, খঞ্জনপক্ষী। বিং, ত্রিং, সর্ব্বদা নৃত্যকারক।

সদানীরা, সদানীরবহা ( সদা—নীর জল, ৬ষ্ঠী—হিং। শ্রাবণমাসে সকল নদীই রজস্বলা হয়, কিন্তু ইহা নহে, সর্ব্বদাই জল থাকে বলিয়া ইহার নাম সদানীরা) সং, স্ত্রীং, করতোয়া নদী। শিং—১ "অর্থাদৌ কর্কটে দেবী ত্র্যহং গঙ্গা রজস্বলা। সর্ব্বা রক্তবহা নদ্যঃ করতোয়াম্বুবাহিনী।"

সদাপুষ্প (সদা সর্ব্বদা—পুষ্প ফুল) সং, পুং, নারিকেল গাছ। বিং, ত্রিং, সর্ব্বদা কুসুমযুক্ত। ষ্পী—স্ত্রীং, রক্তার্কবৃক্ষ।

সদাফল (সর্ব্বদাই ফল যাহার) সং, পুং,

স্কন্ধফল। নারিকেল। বিল্ব। লা—স্ত্রীং, ত্রিসন্ধিপুষ্প। বার্ত্তাকুবিশেষ।

সদাভদ্রা ; সং, স্ত্রীং, গাম্ভারীবৃক্ষ।

সদাযোগী (—যোগিন্, সদা সর্ব্বদা—যোগ চিত্তবৃত্তিনিরোধ ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সদাশিব (সদা—শিব সুখদ, ৫মী—হিং) সং, পুং, মহাদেব। [অধীনে থাকে।

সদীয়াল (যাবনিক) একশত সৈন্য যার

সদৃক্, সদৃক্ষ, সদৃশ (সদৃশ্, স সমান—দৃশ্ দেখা +০(ক্বিপ্), সক্, টক্—র্ম্ম, অথবা দৃশ্, দৃক্ষ, দৃশ = দর্শন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনুরূপ, সমান, তুল্য। উপযুক্ত, যোগ্য।

সদৃশব্যবস্থা (Homeopathy) যে ঔষধ সেবন করিলে কোন রোগের সদৃশ রোগ উৎপন্ন হয়, সেই ঔষধ দ্বারাই উক্ত রোগ বিনাশিত হয়, যে চিকিৎসা শাস্ত্র এইরূপ বিধান করে তাহাকে সদৃশব্যবস্থা কহে।

সদৃশস্পন্দন ; সং, ক্লীং, নিষ্পন্দ।

সদেশ (স সমান—দেশ স্থান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সমীপস্থ। এক বা সমান দেশায়।

সদ্গতি (সৎ উত্তম-গতি গমন) সং, স্ত্রীং, উত্তমগতি, মুক্তি, নির্ব্বাণ। সংব্যবহার, সৎচরিত্র।

সদ্ধেতু (সৎ—হেতু) সং,পুং, ন্যায়ে—হেত্বাভাস দোষরহিত দোষ। পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষসত্ত্ব, অবাধিতবিষয়ত্ব, অসৎপ্রতিপক্ষিতত্ব, এই পঞ্চরূপ উপপন্ন হেতু =সদ্ধেতু।

সদ্ভাব (সৎ যে হইতেছে বা সাধু—ভাব উৎপত্তি ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সত্তা, স্থিতি। সাধুতা, প্রণয়, বন্ধুতা। সৎধাতু। সৎ মেজাজ। সততা।

সদ্ভূত (সৎ সত্য—ভূত হইয়াছে) বিং, ত্রিং, সত্য, যথার্থ।

সদ্ম (সদ্মন্, সদ্ গমন করা+মন্—ধি) সং, ক্লীং, গৃহ, নিকেতন, আবাস। (+মন্—ক) জল।

সদ্যঃ (সদ্যস্, স সমান—দ্যস্ দিবাশব্দজ। সমে অহনি=সদ্যস্, নিপাতন) অং, তৎক্ষণে, তখনি। বর্ত্তমান সময়ে, উপস্থিত দিবসে।

সদ্যঃকৃত (সদ্যস্ তখনি—কৃত করা হইয়াছে) সং, ক্লীং, আখ্যা, নাম। বিং, ত্রিং, তৎক্ষণাৎকৃত।

সদ্যস্ক (সদ্যস্ তৎক্ষণে+কণ্—প্রং) বিং, ত্রিং, অভিনব, নূতন। সদ্যোজাত।

সদ্যোজাত (সদ্যস্ তৎক্ষণে—জাত উৎপন্ন) সং, পুং, বৎস, বাছুর। [illegible]বের মূর্ত্তিবিশেষ। "প্রীয়তাং দেব[illegible]হত্র সদ্যোজাতঃ পিনাকধৃক্।" [illegible] সদ্যোজাতায় নমঃ।" বিং, ত্রিং, তৎক্ষণে উৎপন্ন।

সদ্যোভাবী (সদ্যোভাবিন্, সদ্যস্ তৎক্ষণে—ভাবিন্ হওন) সং, পুং, তর্ণক, সদ্যোজাত বৎস।

সদ্রু (সদ্ গমন করা+রু—ক, শীলার্থে) বিং, ত্রিং, গমনশীল, গমনকারী। অবস্থিত। অবসন্ন।

সদ্বৃত্ত (সৎ সাধু—বৃত্ত চরিত্র, বৃং—স+৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সংব্যবহার, সাধুস্বভাব, সচ্চরিত্র। বিং, ত্রিং, সচ্চরিত্রবিশিষ্ট। সুগোল।

সদ্বৃত্তি (সতী—বৃত্তি ব্যবহার, ব্যাখ্যানগ্রন্থ) সং, স্ত্রীং, সংব্যবহার। সংব্যাখ্যানগ্রন্থবিশেষ।

সদ্বৃত্তিভাক্ (—ভাজ্, সদ্বৃত্তি—ভজ্+০(ণ্বি)—ক) বিং, ত্রিং, সদ্বৃত্তিবিশিষ্ট।

সধর্ম্মা (সধর্ম্মন্, স সমান—ধর্ম্ম, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং) বিং, ত্রিং, একধর্ম্মাক্রান্ত। সদৃশ, তুল্য। একরূপ, সমবিধ।

সধর্ম্মচারিণী (স [পতির] সহিত—ধর্ম্ম কর্ত্তব্য—চারিণী [চর্ গমন করা+ণিন্—ক, ঈপ্] যে আচরণ করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, ভার্য্যা, পত্নী।

সধর্ম্মিণী (সধর্ম্মিন্+ঈপ্) সং, স্ত্রীং, পত্নী, সহধর্ম্মচারিণী।

সধর্ম্মী (সধর্ম্মিন্, স সহিত বা সমান—ধর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, একধর্ম্মাক্রান্ত। সদৃশ, তুল্য।

সধবা (সহ সহিত—ধব পতি, আপ্,

১মা – হিং) সং, স্ত্রীং, সভর্ত্তৃকা, পতিবত্নী, জীবৎপতিকা স্ত্রী, যাহার পতি আছে।

সধি (স সহিত – ধা ধারণ করা + ই – প্রং) সং, পুং, অগ্নি, অনল।

সধিস্ (সহ্ সহ্য করা + ইস্ – প্রং) সং, পুং, বৃষ, ষাঁড়। [সধ্রী।

সধ্রীচী (সধ্রচ্ + ঈপ্) সং, স্ত্রীং, সহচরী,

সধ্র্যঙ্ } (সধ্র্যচ, স সহ – অনূচ্ গমন
সধ্র্যক্ } করা + ০(ক্বিপ্), ০(বিচ্) – ক) বিং, ত্রিং, সহচর, সঙ্গী। সহায়। স্ত্রীং, পত্নী। সহচরী।

সন (সন্ দান করা, সেবা করা ইত্যাদি + অ – প্রং) সং, পুং – স্ত্রীং, হস্তীর কর্ণাস্ফালন। পুং, ঘণ্টাপাটলিবৃক্ষ। নী – স্ত্রীং, গৌরী। দীপ্তি, আলোক।

সনক (সন্ সেবা করা + অক – ক) সং, পুং, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।

সনৎ (সন্ সেবা করা বা দান করা + অৎ – ক) সং, পুং, ব্রহ্মা। অং, সর্ব্বদা, সদা।

সনৎকুমার (স্বামিমতে সনৎ ব্রহ্মা – কুমার পুত্র, ৬ষ্ঠী – য, কিম্বা সং নিত্য – কুমার, যং – স) সং, পুং, ব্রহ্মার পুত্র মুনিবিশেষ। হরিবংশে এই নামের কারণ। যথা—"যথোৎপন্নস্তথৈবাহং কুমার ইতি বিদ্ধি মাম্। তস্মাৎ সনৎকুমারেতি নামৈতন্মে প্রতিষ্ঠিতম্।"

সনন্দ (সহ সহিত – নন্দ আনন্দ, ১মা – হিং) সং, পুং, ব্রহ্মার পুত্রবিশেষ। বিং, ত্রিং, আনন্দযুক্ত। নন্দসহিত। (দেশজ) প্রমাণস্বরূপ লিখিত পত্রাদি।

সনা } (সন্ সেবা করা + আচ্ – ক,
সনাৎ } আৎ – প্রং। অথবা সদা, নিপাতন) অং, সর্ব্বদা, নিত্য।

সনাতন (সনা নিত্য + তন(ট্যুন) – ভবার্থে) বিং, ত্রিং, সদাতন, চিরস্থায়ী, নিত্য। সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব। নী – স্ত্রীং, সরস্বতী। লক্ষ্মী। দুর্গা। শিং – ১ "সর্ব্বকালে সনাপ্রোক্তা বিদ্যমানে তনীতি চ। সর্ব্বত্র সর্ব্বকালেষু বিদ্যমানা সনাতনী।" ২ "নিগু ণস্য চ নিত্যস্য বাচকস্য সনাতন। সদা নিত্যা নিগুণা যা কীর্ত্তিতা সা সনাতনী।"

সনাথ (সহ সহিত – নাথ প্রভু, ১মা – হিং) বিং, ত্রিং, নাথবিশিষ্ট। সহিত, যুক্ত।

সনাভি (স সহিত বা সমান – নাভি নাই, ৬ষ্ঠী – হিং) সং, পুং, সপিণ্ড, সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি। বিং, ত্রিং, সদৃশ, তুল্য। স্নেহযুক্ত।

সনামক ; সং, পুং, শোভাঞ্জনবৃক্ষ।

সনি (সন্ সেবা করা, দান করা + ই – ভাবে) সং, পূজা। দান। পুং, নী – স্ত্রীং, অধ্যেষণা, পূজ্য ব্যক্তির সৎকার পূর্ব্বক কোন কর্ম্মে নিয়োজন। দান। নিয়োগ। প্রার্থনা। প্রদেশ, অঞ্চল।

সনিত (সন্ দান করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, প্রতিপন্ন, সুখ্যাতিযুক্ত।

সনিষ্ঠীব, সনিষ্ঠেব (স [সহ] সহিত – নি – ষ্ঠীব্, ষ্ঠিব্ ক্ষেপ ফেলা + অ ঘঞ্) – ধি) সং, ক্লীং, অম্বুকৃত, নিষ্ঠীবনযুক্ত বাক্য।

সনীড় (স সমান – নীড় বাসা) বিং, ত্রিং, সবিধ, সমীপ, নিকট। তুল্য। নীড়যুক্ত।

সন্ত ; সং, পুং, সংহততল, যুক্তকরদ্বয়।

সন্তত (সম্ – তন্ বিস্তার করা + ত(ক্ত) – ক) ক্লীং, অনাদি, অনন্ত, অবিচ্ছিন্ন। ক্রিয়াবিশেষ। সতত, নিরন্তর। বিং, ত্রিং, অবিরত। সম্যক্ বিস্তৃত। বহুল।

সন্ততি (সম্ সহিত বা সমানরূপে – তন্ বিস্তার করা + তি(ক্তি) – ধি) সং, স্ত্রীং, বংশ, গোত্র। পুত্র বা কন্যা, সন্তান। পঙ্ক্তি, শ্রেণী। বিস্তার। (+ ক্তি – ভা) ব্যাপ্তি। পারম্পর্য্য, অবিচ্ছেদ। ধারা।

সন্তপ্ত (সম্ – তপ্ উত্তপ্ত বা দগ্ধ করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, সন্তাপযুক্ত, ক্লিষ্ট। পথশ্রমে পরিশ্রান্ত। জ্বরিত। উত্তপ্ত। দগ্ধ, জ্বলন্ত। অগ্নি-বিশুদ্ধ। শিং – ১ "সন্তপ্তচামীকরবল্কবজ্রং বিভাগবিন্যস্ত মহার্ঘরত্নম্।" (ভট্টি)।

সন্তমস (সম্ সমূহ – তমস্ অন্ধকার + অ – যোগ) সং, ক্লীং, সাতিশয় অন্ধকার,

ব্যাপক অন্ধকার, গাঢ় অন্ধকার। মহামোহ। শিং—১ "নিমজ্জয়ন্ সন্তমসে পরাশয়ং বিধিস্ত বাচ্যঃ ক্ব তবাগমঃ কথা।" (নৈষধ)।

সন্তরণ (সম্—তৃ পার হওয়া, ভাসা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সাঁতার। পারগমন।

সন্তরিক—যে সকল জীব সাঁতার দেয়।

সন্তর্পণ(সম্—তৃপ্-ণিচ্=তর্পি প্রীতকরা+অন—ক) বিং, ত্রিং, তৃপ্তিকর। প্রীতিজনক। (+অনট্—ভাবে) সং, ক্লীং, তৃপ্তকরণ। দ্রাক্ষাদিযুক্ত লাজাচূর্ণ খাদ্যবিশেষ।

সন্তান (সম্—তন্ বিস্তারকরা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, বংশ। অপত্য, পুত্র কন্যা। দেবতরুবিশেষ। প্রবন্ধ। ধারা। (+অনট্—ভাবে) অবিচ্ছেদ, প্রবাহ। বিস্তার। ব্যাপ্তি।

সন্তানক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক, কিংবা সন্তান+কণ—যোগ) সং, পুং, কল্পবৃক্ষ, দেবতরু। শিং—১ "সন্তানকানামখিলং যস্তা গন্ধেন বাসিতং।" বিং, ত্রিং, বিস্তৃত, ব্যাপনশীল। নিকা—স্ত্রীং, ছুরির ধার। ফেন। ক্ষীরের সর। লূতাতন্তু, মাকড়শার জাল।

সন্তানবান্ (সন্তানবৎ, সন্তান+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অপত্যবিশিষ্ট, যাহার সন্তান আছে।

সন্তানিত (সন্তান+ইত—প্রং) বিং, ত্রিং, বিস্তারিত।

সন্তাপ (সন্তপ্ত দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, সংজ্বর, উষ্ণতা, উত্তাপ। মনস্তাপ, অন্তর্দাহ, দুঃখ। রিপু। অনুতাপ।

সন্তাপন (সম্—তপ্-ণিচ্=তাপি উত্তপ্ত বা দগ্ধ করান+অন—ক) সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। বিং, ত্রিং, সন্তাপজনক। (+অনট্—ভাবে) ক্লীং, তাপদান।

সন্তাপিত (সন্তাপ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, সন্তাপযুক্ত, দুঃখিত। সন্তপ্ত। উত্তপ্ত, উষ্ণ।

সন্তি (সন্ দান করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, দান, বিতরণ। অবসান, শেষ।

সন্তুষ্ট (সম্ সম্যক্—তুষ্ তৃপ্ত) বিং, ত্রিং, সন্তোষযুক্ত, তৃপ্ত, আহ্লাদিত।

সন্তোষ (সম্ সম্যক্—তুষ্ তুষ্ট হওয়া+অ(ঘঞ্)—ভা) সং,পুং, তৃপ্তি আহ্লাদ, হর্ষ।

সন্ত্রাস (সম্—ত্রাস) সং, [illegible] সম্যক্ ভয়।

সন্দংশ—পুং } (সম্—দন্শ দংশন
সন্দংশিকা, সন্দংশী—স্ত্রীং } করা+অ(অন্)—ক) সং, সাঁড়াশি, কাতরি, জাঁতি, চিমটা, সোন্না প্রভৃতি। শিং—১ "দশনসন্দংশেন বকগ্রীবাং চকর্ত্ত।"

সন্দর্ভ (সম্ সহিত, একসঙ্গে—দৃভ্ গ্রন্থন করা, সংগ্রহ করা+অ(অল্)—ভা) সং, পুং, প্রবন্ধ, পরম্পরান্বিত রচনা। শিং—১ "গূঢ়ার্থস্য প্রকাশশ্চ সারোক্তিঃ শ্রেষ্ঠতা তথা। নানার্থবত্ত্বং বেদ্যত্বং সন্দর্ভঃ কথ্যতে বুধৈঃ।" সংগ্রহ। বিস্তার। (+অল্—র্ম্ম) গ্রন্থ।

সন্দর্শন (সম্ সম্যক্রূপে—দৃশ্ দেখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, ভালরূপে দেখা, পরীক্ষা। অবলোকন, নিরীক্ষণ। জ্ঞান। মূর্ত্তি, আকৃতি, চেহারা। (দৃশ্-ণিচ্=দর্শি) দেখান।

সন্দষ্ট (সন্দংশ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংশ্লিষ্ট, সংলগ্ন। কামড়ান।

সন্দান (সম্—দো ছেদন করা+অন(অনট্)—র্ম্ম) সং, ক্লীং, দাম, রজ্জু। শৃঙ্খল। বন্ধনসাধন বস্তু। (+অনট্—ভাবে) বন্ধন। সম্যক্ ছেদন। (সম্ সহিত—দান হস্তীর মদজল) পুং, হস্তীর জানুদ্বয়ের অধোভাগ, হস্তীর গুল্‌ফের ঊর্দ্ধদেশ। হস্তীর কপোলদেশ, যে স্থান হইতে মদজল ক্ষরিত হয়।

সন্দানিত } (সন্দান+ইত—প্রং। সম্—
সন্দিত } দো ছেদন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, শৃঙ্খলিত, নিগড়িত, পদাদিতে বদ্ধ। ছিন্ন।

সন্দানিনী (সন্দান গবাদিবন্ধন রজ্জু+ইন্

–ঈপ্ ) সং, স্ত্রীং, গোগৃহ, গোয়াল ঘর।

সন্দাব (সম্ – দ্রু গমনকরা + অ(ঘঞ্) – ভা) সং, পুং, প্রস্থান, পলায়ন। হটিয়া আসা।

সন্দিগ্ধ (সম্ – দিহ্ [লেপন করা] সংশয় করা + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, সন্দেহযুক্ত, সন্দিহান। সংশয়িত।

সন্দিষ্ট (সম্ – দিশ্ [বলা] আদেশ করা ইত্যাদি + ত(ক্ত)—ভা) সং, ক্লীং, আদেশ। বার্ত্তা, সংবাদ। (+ ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, কথিত। আদিষ্ট। আজ্ঞপ্ত।

সন্দিষ্টার্থ (সন্দিষ্ট আদেশ – অর্থ প্রয়োজন, ৬ষ্ঠী – হিং) সং, পুং, দূত, সন্দেশহর।

সন্দিহান ( সন্দিগ্ধ দেখ, আন(শান) – ক ) বিং, ত্রিং, সন্দেহান্বিত, সংশয়যুক্ত, সংশয়ী।

সন্দী (সম্ – দো ছেদন করা + অ(ড) – র্ম্ম, ঈপ্ ) সং, স্ত্রীং, খট্টা, খাট। শয্যা। আসন্দী।

সন্দীপ্য ; সং, পুং, ময়ূরশিখাবৃক্ষ।

সন্দৃব্ধ (সম্ – দৃন্ভ গ্রন্থন করা + ক্ত – র্ম্ম) বিং, ত্রিং, গ্রথিত।

সন্দেশ ( সন্দিষ্ট দেখ, অ(ঘঞ্) – ভা ) সং, পুং, আদেশ। বার্ত্তা, খবর। মিষ্টান্নবিশেষ।

সন্দেশবহ, সন্দেশহর, সন্দেশহার (সন্দেশ খবর – বহ যে বহন করে, ২য়া – ষ। হর, হারক = যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, বার্ত্তাবহ, দূত।

সন্দেহ ( সন্দিগ্ধ দেখ, অ(অল্)—ভা ) সং, পুং, সংশয়, দ্বৈধজ্ঞান। অর্থালঙ্কারবিশেষ।

সন্দোহ (সম্ একসঙ্গে – দুহ্ পূরণ করা + অ(অল্) – র্ম্ম) সং, পুং, সমূহ, গণ, রাশি। যথা—"ব্রাহ্মণীসন্দোহ।" (সম্ সম্যক্ – দুহ্ দোহন করা + অ(অল্) – ভা) সম্যক্ দোহন। দুগ্ধ। শিং – ১ "সন্দোহশ্চাষ্টমেহহনি।"

সন্দ্রাব (সম্ – দ্রু বেগে গমন করা + অ (ঘঞ্) – ভা) সং, পুং, পলায়ন, প্রস্থান। বেগে গমন।

সন্ধা (সম্ – ধা [ধারণ করা] মিলন করা ইত্যাদি + ও – ভাবে, আপ্) সং, স্ত্রীং, প্রতিজ্ঞা, পণ। সন্ধি, মিলন। স্থিতি। সন্ধ্যাকাল। অনুসন্ধান।

সন্ধাতব্য (পূর্ব্বে দেখ, তব্য – র্ম্ম) বিং, ত্রিং, যাহার সহিত সন্ধি কর্ত্তব্য।

সন্ধান—ক্লীং, সন্ধানী – স্ত্রীং (সন্ধা দেখ, অনট্ – ভা) সং, সন্ধি, মিলন। মিশ্রণ। প্রাপ্তি। বন্ধন। অন্বেষণ। পালন। ত্বক্‌সঙ্কোচ। আমানী, কাঁজি। সংযোজন। সুস্বাদু বস্তু। সঙ্ঘটন। ধনুকে বাণযোজনা। শিং – ১ "তদাশু কৃতসন্ধানং প্রতিসংহরশায়কং।" মদ্যপানাদি। মদ্য সজ্জীকরণ (সন্ধীয়তে সন্ধানং বংশাঙ্কুরফলাদীন্ বহুকালং সন্ধায় যৎক্রিয়তে)।

সন্ধানিত (সন্ধান সংযোজন + ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, সঙ্ঘটিত, সংযোজিত।

সন্ধি ( সন্ধা দেখ, ই(কি) – ভা ) সং, পুং, মিলন, বিজিগীষু এবং অরির ব্যবস্থাপূর্ব্বক ঐক্য। মিলন। শরীরের অস্থি প্রভৃতির মিলনস্থান। সত্য ত্রেতাদি যুগের মধ্য সময়। সিঁধ। সুরঙ্গ। যোনিদ্বার। বিশ্রাম। নাটক গ্রন্থের অংশবিশেষ। সাধন, কারণ। ব্যাকরণে— বর্ণদ্বয়জাত বর্ণবিকারবিশেষ। শিং – ১ "সন্ধিরেকপদে নিত্যো নিত্যো ধাতুপসর্গয়োঃ। সূত্রেষ্বপি ভবেন্নিত্যঃ সৈবান্যত্র বিভাষয়া। ইতি প্রাহুঃ।"

সন্ধিচৌর (সন্ধি সিঁধ—চৌর চোর) সং, পুং, সিঁদাল চোর।

সন্ধিজ ; সং, ক্লীং, আসবাদি।

সন্ধিজীবক (সন্ধি [অন্যদের] মিলন – জীবক যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, যে ব্যক্তি শঠতা দ্বারা অর্থোপার্জ্জনের চেষ্টা পায়। কোট্‌না।

সন্ধিত (সন্ধা মিলন + ইত - সংজাতার্থে) বিং, ত্রিং, সংযুক্ত, মিলিত। বদ্ধ। সন্ধিদ্বারা বদ্ধ। পুনর্ম্মিলিত, পুনর্ম্মিত্রভূত।

সন্ধিৎসু (সন্ধা দেখ, সন্ – ইচ্ছার্থে, উ – ক) বিং, ত্রিং, সন্ধান করিতে ইচ্ছু।

সন্ধিনী ( সন্ধা মিলন + ইন্(ণিন্) — ক, ঈপ্) সং, স্ত্রীং, বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী। অকালে দুগ্ধদায়িনী গাভী। শিং — ১ "ন পীবেৎ সন্ধিনীক্ষীরম্।"

সন্ধিপূজা ; সং, স্ত্রীং, নবমীর আদ্যদণ্ডে পূজা। [গাছ।

সন্ধিবন্ধ ; সং, পুং, ভূঁমিচম্পক, ভূঁইচাঁপার

সন্ধিবন্ধন (সন্ধি শরীরের অস্থি প্রভৃতির মিলন-স্থান, গাঁইট — বন্ধন বাঁধন) সং, ক্লীং, শিরা। [কাল।

সন্ধিবেলা ; সং, স্ত্রীং, দিনরাত্রির মিলন-

সন্ধিলা ( সন্ধি ছিদ্র ইত্যাদি + ল — প্রং, অথবা সন্ধি — ল যে লয় ) সং, স্ত্রীং, সুরঙ্গা। নদী। মদ্য।

সন্ধিহারক(সন্ধি সুরুঙ্গা — হারক যে লইয়া যায়) সং, সন্ধিচোর, সিঁদাল চোর।

সন্ধুক্ষিত ( সম্ — ধুক্ষ্ দীপ্ত হওয়া + ত (ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, উদ্দীপিত, প্রজ্বালিত। উত্তেজিত।

সন্ধেয় (সন্ধা দেখ, য — র্ম্ম) বিং, ত্রিং, সন্ধি করিবার যোগ্য।

সন্ধ্যা (সন্ধি [দিবারাত্রির] মিলন + ক্য, অথবা সম্ — ধ্যৈ ধ্যান করা + য — র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, দিবারাত্রির মিলনকাল, প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা। তৎকালে উপাস্য মন্ত্ররূপ দেবতা। যুগসন্ধি, সত্য, ত্রেতাদি যুগের মিলন, কাল। চিন্তা, উপাসনা। প্রতিজ্ঞা। সীমা। নদীবিশেষ। পুষ্পবিশেষ।

সন্ধ্যাংশ (সন্ধ্যা — অংশ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, সত্য ত্রেতাদি যুগের প্রথম ও শেষ অংশ। শিং — ১ "সন্ধ্যাসন্ধ্যাংশ সহিতং বিজ্ঞেয়ং তচ্চতুর্যুগম্।" যুগসন্ধি।

সন্ধ্যানাটী (সন্ধ্যানাটিন্, সন্ধ্যা প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা—নাটিন্ যে নৃত্য করে) সং, পুং, শিব, মহাদেব।

সন্ধ্যাবল (সন্ধ্যা সায়ংসন্ধ্যা — বল শক্তি) সং, পুং, নিশাচর, রাক্ষস।

সন্ধ্যাবলি (সন্ধ্যা সায়ংসন্ধ্যা [যখন শিব পূজিত হন] — বলি পূজোপহার ) সং, পুং, শিবালয়স্থ মৃৎকাষ্ঠাদিনির্ম্মিত বৃষ।

সন্ধ্যারাম (সন্ধ্যা এই দেবের কন্যা, যাঁহাকে ইনি ভাল বাসিতেন] — আ — রম্ ক্রীড়া করা ইত্যাদি + অ(ঘঞ্) — ক) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি।

সন্ন ( সদ্ গমন করা + ত(ক্ত) — ক ) বিং, ত্রিং, ক্ষীণ। হীন, রহিত। অবসন্ন। নষ্ট, গত। জড় ও স্থাবর। ভগ্নোৎসাহ। পুং, পিয়ালবৃক্ষ। [হিং) সং,পুং, পিয়ালবৃক্ষ।

সন্নকদ্রু (সন্নক খর্ব্ব — দ্রু ... , ৬ষ্ঠী —

সন্নত (সম্ — নত প্রণত) ... ত্রিং, প্রণত। শব্দিত, ধ্বনিত।

সন্নতি (সম — নম্ নমস্কার করা, নম্র হওয়া, শব্দ করা + তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, প্রণাম, প্রণতি। অবনতি, নম্রতা। শিং — ১ "যত্র স্ত্রীঃ শ্রীঃ স্থিতা তন যত্র শ্রীস্তত্র সন্নতিঃ।" শব্দ, ধ্বনি। হোমবিশেষ।

সন্নদ্ধ (সম্ — নহ্ বন্ধন করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, বর্ম্মিত, সন্নাহবিশিষ্ট, সাঁজোয়া পরা। অস্ত্র-সজ্জিত। ব্যূহ-বিন্যাসযুক্ত। শ্রেণীবদ্ধ। উৎপন্ন। আততায়ী,বধোদ্যত। যাহার বাহুতে কবচ আছে। (+ক্ত — র্ম্ম) বদ্ধ। মন্ত্রাদিসংযুক্ত।

সন্নয় (সম্ একসঙ্গে — নী পাওয়া বা লইয়া যাওয়া + অ(অল্) — ভা) সং, পুং, সমূহ। পশ্চাৎভাগে স্থিত সৈন্য।

সন্নহন (সম্ — নহ্ বন্ধন করা + অন(অনট্) — ভা) সং, ক্লীং, বর্ম্মপরিধান। উদ্যোগ। অস্ত্রবন্ধন। রণসজ্জা।

সন্নাহ (পূর্ব্বে দেখ, অ(ঘঞ্) — ণ) সং, পুং, কবচ,অঙ্গত্রাণ, বর্ম্ম, সাঁজোয়া। পরিচ্ছদ।

সন্নাহ্য (সন্নাহ সাঁজোয়া + য(ক্য) — অর্হার্থে ) সং, পুং, যুদ্ধোপযুক্ত হস্তী। বিং, ত্রিং, সন্নাহযোগ্য, বর্ম্মিত।

সন্নিকর্ষ (সম্ একসঙ্গে — নি — কৃষ্ আকর্ষণ করা + অ(অল্) — ভা) সং, পুং, সান্নিধ্য, নৈকট্য। ইন্দ্রিয়গোচর। বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ। ন্যায়ে—সামান্যলক্ষণা, জ্ঞানলক্ষণা, যোগজ—এই ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষসাধন উপায়।

সন্নিকর্ষণ ( সন্নিকর্ষ দেখ, অনট্ — ভা ) সং, ক্লীং, সন্নিধান।

সন্নিকৃষ্ট (পূর্ব্বে দেখ, ত(ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, সন্নিহিত, নিকটবর্ত্তী। ইন্দ্রিয়সম্বন্ধবিষয়।

সন্নিধ পশ্চাৎ দেখ, অ(ড) - ভা সং, ক্লীং, সামীপ্য, নৈকট্য। (+ড - ক) বিং, ত্রিং, সমীপস্থ।

সন্নিধান - ক্লীং } সন্নিধি - পুং } (সম্ - নি - ধা ধারণকরা + অন অনট্), ই(কি) - র্ম্ম) সং, সামীপ্য, নিকট। আবির্ভাব। স্থিতি। আশ্রয়। সমাগম। ইন্দ্রিয়বিষয়। (সং - নিধান, নিধি) সাধুদের স্থান। উত্তমনিধি।

সন্নিধাপন (সম্ - নি - ধা-ঞি = ধাপি ধারণ করান + অন(অনট্) - ভা) সং, ক্লীং, সংস্থাপন, রাখা।

সন্নিপতিত (সম্ - নি - পৎ গমন করা + ত (ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, একত্র মিলিত। সম্যক্প্রকারে পতিত। উপস্থিত। মৃত। মিশ্রিত। অবতীর্ণ। আগত।

সন্নিপাত - পুং } সন্নিপাতন - ক্লীং } (সম্ - নি - পৎ গমন করা + অ(ঘঞ্), অন (অনট্) - ভা) সং, পুং, সমূহ। একত্র মিলন। ত্রিদোষজ বিকার রোগবিশেষ, বাত-পিত্ত-কফের মিলন। সংগ্রাম, যুদ্ধ। সম্যক্প্রকারে পতন। নাশ। অবতরণ। উপস্থিতি। তালবিশেষ। শিং - ১ "এক এব গুরুর্যত্র সন্নিপাতঃ স উচ্যতে।"

সন্নিবদ্ধ (সম্ - নি নিশ্চয় - বন্ধ্ বন্ধন করা + ত(ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, দৃঢ়বদ্ধ। গ্রথিত, রচিত।

সন্নিবন্ধ - পুং } সন্নিবন্ধন - ক্লীং } (সম্ সম্পূর্ণরূপে বা সং উত্তম - নিবন্ধ বন্ধন। সম্ - নি নিশ্চয় - বন্ধন বাঁধন) সং, দৃঢ়বন্ধন; যথা—"সদ্বৃত্তিঃ সন্নিবন্ধনঃ।" (মাঘ)। গ্রন্থন, রচনা। সম্যক্রূপে একত্র সঙ্কলন। বিং, ত্রিং, উত্তম ভাষ্যগ্রন্থযুক্ত। উত্তম প্রীতিদানযুক্ত।

সন্নিভ (সম্ - নিভ [নি - ভা দীপ্তি পাওয়া + অ(ড) - ক] তুল্য) বিং, ত্রিং, সঙ্কাশ, সদৃশ, তুল্য।

সন্নিবিষ্ট (সম্ - নি - বিশ্ প্রবেশ করা + ত(ক্ত) - ক) বিং, ত্রিং, গৃহীতাসন, উপবিষ্ট। শিং - ১ "সরসিজাসনসন্নিবিষ্টঃ।" সম্মুখে উপস্থিত। নিকটস্থ। সংক্রান্ত।

সন্নিবৃত্ত (সম্ - নিবৃত্ত) বিং, ত্রিং, নিবৃত্ত, বিরত। প্রত্যাগত।

সন্নিবৃত্তি (সম্ - নিবৃত্তি) সং, স্ত্রীং, প্রত্যাবর্ত্তন। নিবৃত্তি, বিরতি। অপগম।

সন্নিবেশ (সম্ - নি - বিশ্ প্রবেশ করা + অ(ঘঞ্) - ধি) সং, পুং, আশ্রম। স্থান। নিকট। নগরাদির বহিঃস্থিত বিহারভূমি। ভিতরে প্রবেশ করান। সমষ্টি, সংগ্রহ। পুরঃবহিঃস্থপ্রদেশ। (+ঘঞ্ - ভা) স্থিতি। বিন্যাস। সংযোগ। যোগ, মিলন।

সন্নিহিত (সম্ - নি - ধা ধারণ করা + ত (ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, নিকটবর্ত্তী, সমীপস্থ। সম্যক্স্থাপিত। (+ক্ত - ভা) ক্লীং, সন্নিধান।

সম্মান (সং উত্তম - মান মান্য) সং, ক্লীং, সম্মান, আস্থা।

সম্মার্গ (সং উত্তম - মার্গ পথ) সং, পুং, সচ্চরিত্র।

সন্ন্যস্ত (সম্ - নি - অস্ ক্ষেপণ করা + ত (ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত। সমর্পিত। শিং - ১ "যোগসন্ন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ং।" নিক্ষিপ্ত।

সন্ন্যাস (সম্ - নি - অস্ ক্ষেপণ করা + অ (ঘঞ্) - ভা) সং, পুং, ভিক্ষুধর্ম্ম, চতুর্থ আশ্রম। সংসারের কামনা পরিত্যাগ। শিং - ১ "কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ। সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ॥ ২ সন্ন্যাসঃ কর্ম্মণাং ন্যাসঃ কৃতানামকৃতৈঃ সহ। কুশলাকুশলাভ্যাঞ্চ গ্রহাণং ন্যাস উচ্যতে।" ত্যাগ। নিক্ষেপ, গচ্ছিত রাখা। হঠাৎ মৃত্যু। সমর্পণ। জটামাংসী।

সন্ন্যাসন (সম্ - নি - অস্ ক্ষেপণ করা + অন(অনট্) - ভা) সং, ক্লীং, সংসার পরিত্যাগ। নিক্ষেপকরণ। গচ্ছিতরাখা।

সন্ন্যাসী (সন্ন্যাসিন্, সন্ন্যাস + ইন্ - অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভিক্ষু, চতুর্থাশ্রমী, যে সন্যাস আশ্রম অবলম্বন করিয়াছে। শিং - ১ "সদন্নে বা কদন্নে বা লোষ্ট্রে বা কাঞ্চনে তথা। সমবুদ্ধির্যস্য শশ্বৎ স সন্ন্যাসীতি কীর্ত্তিতঃ। দণ্ড কমণ্ডলুং রক্তবস্ত্র-

মাত্রঞ্চ ধারয়েৎ। "নিত্যং প্রবাসী নৈকত্র স সন্ন্যাসীতি কীর্ত্তিতঃ।"

সপ (আরবী সফ্) সং, দীর্ঘ কাটীর মাতুর।

সপক্ষ (স সমান—পক্ষ সহায় ইত্যাদি ১মা—হিং) সং, পুং, একপক্ষাবলম্বী, সহায়। অনুকূল। তুল্য। যাহার পক্ষ অর্থাৎ ডানা আছে।

সপক্ষতা (সপক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, একপক্ষাবলম্বন, আনুকূল্য, সাহায্য। পক্ষ অর্থাৎ ডানা থাকা।

সপত্ন (সপত্নী+অ—তুল্যার্থে, অথবা সহ একার্থে—পৎ যত্ন করা+ন—ক) সং, পুং, শত্রু, বৈরী, রিপু।

সপত্নারি; সং,পুং, বংশবিশেষ, বেউড়বাঁশ।

সপত্নী (স সমান—পতি স্বামী, ৬ষ্ঠী—হিং, ঈপ্—প্রং, ন্—আগম) সং, স্ত্রীং, সমানপতিকা স্ত্রী, সতীনী।

সপত্রকৃত, সপত্রাকৃত (স সহিত—পত্র বাণের পক্ষ—কৃত যাহা করা হইয়াছে, আ[ডাচ্]—আগম) বিং, ত্রিং, বাণবিদ্ধ (মৃগাদি)। সপত্র বাণ বেধন দ্বারা পীড়িত। অতিশয় উৎপীড়িত, সাতিশয় ক্লেশিত।

সপত্রাকরণ—ক্লীং } (স সহিত—পত্র
সপত্রাকৃতি—স্ত্রীং } বাণের পক্ষ—কৃ করা +অন(অনট্), তি(ক্তি)—ভা) সং, অতিশয় পীড়ন। বাণবিদ্ধকরণ।

সপদচক্ষুঃ (Podophthalmia) যাহাদের চক্ষুঃ দীর্ঘ মূলোপরি স্থাপিত: চিঙ্গড়ী ও কাঁকড়া।

সপদি (সহ্—পদ্ গমন করা+ই—ক, ম্—লোপ) অং, তৎক্ষণাৎ, তখনি। দ্রুত, শীঘ্র। শিং—১ "ভবতি সপদি পাকাবয়ে হৃদয়নশেধিতশোকশল্যং।"

সপর্য্যা (সপর [কণ্ড্বাদি] পূজা করা+য(ক্য), অ, আপ্—প্রং) সং, স্ত্রীং, পূজা, অর্চ্চনা, আরাধনা। শিং—১ "বৎসোৎসুকাপিস্থিমিতা সপর্য্যাং প্রত্যগ্রহীৎসেতি ননন্দতুস্তৌ।" ২ "যোহহং সপর্য্যাবিধিভাজনেন।"

সপিণ্ড (স সমান—পিণ্ড অন্নের ডেলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সনাভি, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি।

সপিণ্ডীকরণ (সপিণ্ড সনাভি—করণ,মধ্যে ঈ(চ্বি)—অভূততদ্ভাবার্থে) সং, ক্লীং, মৃত্যুর এক বর্ষান্তে কর্ত্তব্য শ্রাদ্ধ, প্রেতত্ব বিমোচনার্থ করণীয় শ্রাদ্ধ, পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রণ, একত্র পিণ্ডভোজন করান।

সপিণ্ডীকৃত; বিং, ত্রিং, যাহাদের উদ্দেশে সপিণ্ডীকরণ শ্রাদ্ধ করা হইয়াছে। যথা—"সপিণ্ডীকৃতাঃ প্রেতাঃ।"

সপীতি (স সহিত—পীতি পান) সং, স্ত্রীং, সহপান, একত্র মিলিত হইয়া পান।

সপ্ত (সপ্তন্, সপ্ একত্রিত হওয়া+তন্—র্ম্ম। অন্যান্য ভাষার সহিত ইহার সৌসাদৃশ্য দেখ। সংস্কৃত=সপ্তন্; পারসীক=হফত্; গ্রীক=হেপ্টা; লাটিন=সেপ্টেম্; জর্ম্মেন্=সেপ্ত্; ইংরাজী=সেবেন্; বাঙ্গালা=সাত) বিং, ত্রিং, বহুং, সাত সংখ্যা, ৭।

সপ্তক (সপ্তন সাত [নর ইত্যাদি]+কণ্—স্বার্থে অথবা ক কৈ ধাতুজ) বিং,ত্রিং, সপ্তসংখ্যাবিশিষ্ট। সাতের পূরণ। শিং—১ "ঘোটকে সপ্তকে মেষতুলে বৃষোহপ্যপো তথা।" সং, ক্লীং, সপ্তসংখ্যা, ৭। সঙ্গীতে—স, ঋ, গ, ম, প, ধ, নি এই কয়েকটী স্বর একত্র হইলে তাহাকে একটী পূর্ণ স্বরগ্রাম বলা যায় ইহাকে সপ্তক বলে।

সপ্তকী (সপ্তন্—কৈ প্রকাশ করা+অ(ড)—ক) সং, স্ত্রীং, ৭ নর কাঞ্চী, মেখলা।

সপ্তগ্রন্থিশুণ্ড (Chilopoda) যাহাদের মুখপুরোভাগের শুণ্ডদ্বয়ের প্রত্যেকে সাত গ্রন্থি আছে; যথা—সামান্য বৃশ্চিক।

সপ্তচত্বারিংশৎ (সপ্তন্ সাত—চত্বারিংশৎ চল্লিশ, সাত অধিক চল্লিশ, যং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, একং,সাতচল্লিশ, ৪৭। তৎসঙ্খ্যক।

সপ্তচ্ছদ } (সপ্তন্ সাত—ছদ, পর্ণ,
সপ্তপর্ণ } পলাশ=পাতা, ৬ষ্ঠী—হিং)
সপ্তপলাশ } সং, পুং, সাতিমগাছ, বিষমচ্ছদ।

সপ্তজিহ্ব } (সপ্তন্ সাত—জিহ্বা জিভ,
সপ্তজ্বাল } জ্বালা অগ্নিশিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তার্চ্চিঃ, অগ্নি। অগ্নির সাত জিহ্বার নাম ; যথা—"কালী করালী চ মনোজবা চ সুলোহিতাচৈব সুধূম্রবর্ণা, উগ্রা প্রদীপ্তা চ কৃপীটযোনেঃ সপ্তৈব কীলাঃ কথিতাশ্চ জিহ্বাঃ।" কাহারও মতে—উগ্রা ও প্রদীপ্তা স্থলে স্ফুলিঙ্গিনী বিশ্বনিরূপিণী চ লোলায়মানেতি চ সপ্তজিহ্বাঃ।" সাত্ত্বিকদিগের যাগকর্ম্মে ইহাদিগের ভিন্ন নাম যথা—হিরণ্যা, কনকা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা, অতিরক্তা। কাম্যকর্ম্মে—পদ্মরাগা, সুবর্ণা, ভদ্রলোহিতা, লোহিতা, শ্বেতা, ধূমিনী, করালিকা।

সপ্ততন্তু (সপ্তন্ সাত [অগ্নির জিহ্বা বা প্রার্থনা]—তন্ বিস্তার করা+তু—খি) সং, পুং, ক্রতু, যজ্ঞ।

সপ্ততি (সপ্তন্ সাত+দশতি) সং, স্ত্রীং, একং, সোত্তর সংখ্যা, ৭০। তৎসংখ্যক।

সপ্ততিতম (সপ্ততি+তমট্—পূরণার্থে) বিং, ত্রিং, সপ্ততি সংখ্যার পূরণ।

সপ্তদশ (সপ্তদশন্+অ(ডট্)—পূরণার্থে) বিং, ত্রিং, সতর সংখ্যার পূরণ। "ততঃ সপ্তদশে জাতঃ সত্যবত্যাং পরাশরাৎ।"

সপ্তদশন্ (সপ্তন্ সাত—দশন্ দশ, যং—স, মধ্যপদলোপ) বিং, ত্রিং, বহুং, সতরসংখ্যা, ১৭।

সপ্তদীধিতি (সপ্তন্ সাত—দীধিতি প্রভা, কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তার্চ্চিঃ, অগ্নি।

সপ্তদ্বীপা ; সং, স্ত্রীং, পৃথিবী। (দ্বীপ দেখ)।

সপ্তধা (সপ্তন্ সাত+ধাচ্—প্রকারার্থে) অং, সাত প্রকার। সাতবার।

সপ্তধাতু ; সং, পুং, শরীরের সপ্তসংখ্যক ধাতু। শিং—১ "রসাস্রমাংসমেদোঽস্থি মজ্জানঃ শুক্রসংযুতাঃ। শরীরস্থৈর্য্যদা সম্যক্ বিজ্ঞেয়াঃ সপ্তধাতবঃ।"

সপ্তপদী (সপ্ত পদের সমাহার) সং, স্ত্রীং, বিবাহকালে মণ্ডলিকায় গন্তব্য সপ্তপদ।

সপ্তপর্ণ ; সং, পুং, ছাতিমগাছ।

সপ্তপ্রকৃতি ; সং, স্ত্রীং, মহৎ অহঙ্কার সহিত সূক্ষ্ম পঞ্চভূতাত্মক দেহ।

সপ্তভদ্র (সপ্তন্ সাত—ভদ্র ভাগ্যবন্ত) সং, পুং, শিরীষবৃক্ষ।

সপ্তম (সপ্তন্ সাত+ম(মট্)—পূরণার্থে) বিং, ত্রিং, সাতের পূরণ। মী—স্ত্রীং, তিথিবিশেষ।

সপ্তরক্ত ; সং, পুং, বহুং, রক্তবর্ণ শরীরে সপ্তস্থান ; যথা—করতল, পদতল, অপাঙ্গ, জিহ্বা, তালু, ওষ্ঠ, নখ।

সপ্তর্ষি (সপ্তন্ সাত—ঋষি, যং—স) সং, পুং, বহুং, ৭ নক্ষত্র। মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ—এই সাত ঋষি।

সপ্তলা (সপ্তন্ সাত [পত্র ইত্যাদি]—লা পাওয়া+অ(ড)—ক) সং, স্ত্রীং, নবমালিকা পুষ্প। গুঞ্জা। পাটলা।

সপ্তলোক ; সং, পুং, বহুং, ভূস্, ভুবস্, স্বর্, মহর্, জন, তপস্, সত্য এই ৭ উপরিস্থ লোক।

সপ্তশতী ; সং, স্ত্রীং, দেবীমাহাত্ম্যসূচক গ্রন্থ, চণ্ডী। সাতশত।

সপ্তশলাক ; সং, পুং, জ্যোতিষোক্ত বিবাহের শুভাশুভ দিননির্ণয়ার্থ চক্রবিশেষ।

সপ্তসপ্তি } (সপ্তম্ সাত—সপ্তি ঘোটক, অশ্ব=ঘোড়া, ৬ষ্ঠী—হিং)
সপ্তাশ্ব } সং, পুং, সূর্য্য, দিনকর।

সপ্তসাগর ; সং, পুং, বহুং, লবণ ইক্ষু সুরা সর্পিঃ দধি দুগ্ধ জল—এই সপ্তপদার্থময় ৭ সমুদ্র। মহাদানবিশেষ।

সপ্তস্বরা—বাদ্যযন্ত্র-বিশেষ, সাতটী পাত্রে যথোচিত ভাবে জলপূর্ণ করিয়া বাজাইতে



সপ্তস্বরা।

হয়। এইরূপ যন্ত্র কাংস্য প্রভৃতি নানা প্রকার ধাতুর হইতে পারে।

সপ্তাংশু (সপ্তন্ সাত—অংশু কিরণ,

৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। শনিগ্রহ। বিং, ত্রিং, ক্রূরনেত্র।

সপ্তাংশুপুঙ্গব (সপ্তন্ সাত—অংশু কিরণ—পুঙ্গব শ্রেষ্ঠ) সং, পুং, শনিগ্রহ।

সপ্তাঙ্গ (সপ্তন্—অঙ্গ) সং, ক্লীং, বহুং, স্বাম্যমাত্য সুহৃৎ কোষ রাষ্ট্র দুর্গ বলানি চ, রাজ্যাঙ্গানি।

সপ্তার্চ্চিঃ (সপ্তার্চ্চিস্, সপ্তন্ সাত—অর্চ্চিস্ জ্বালা, প্রভা, ৬ষ্ঠী—হিং, সপ্ত অর্চ্চিসের নাম সপ্তজিহ্ব শব্দে দেখ) সং, পুং, অগ্নি। চিত্রকবৃক্ষ। শনিগ্রহ। বিং, ত্রিং, ক্রূরনেত্র।

সপ্তাশ্ব (সপ্তন্—অশ্ব) সং, পুং, সূর্য্য। গায়ত্রী উষ্ণিক্ অনুষ্টুপ্ বৃহতী পংক্তি ত্রিষ্টুপ্ জগতী এই ৭ ছন্দঃ। ৭ অশ্ব।

সপ্তাহ (সপ্তন্ সাত—অহন্ দিন) সং, ক্লীং, সাতদিন।

সপ্তি (সপ্ [সৈন্য মধ্যে] একত্রিত হওয়া +তি(ক্তি)—র্ম্ম) সং, পুং, অশ্ব।

সপ্রতিভ (স সহিত—প্রতিভা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভান্বিত, অসাধারণ বুদ্ধিসম্পন্ন।

সফর—পুং } (স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া,
সফরী—স্ত্রীং } নিপাতন। যে শয়ান হইয়া স্ফূর্ত্তি পায় অর্থাৎ পার্শ্ব দ্বারা গমন করে) সং, পুঁটীমাছ। শিং—১ "ত্রস্যন্তী চলসফরী বিঘট্টিতোরুঃ।" (মাঘ)। ২"গণ্ডূষ জলমাত্রেণ সফরী ফরফরায়তে।"

সফরিয়া (আরবী) ভ্রমণকারী।

সফল (স সহিত—ফল, ১মা-হিং) বিং, ত্রিং, ফলবিশিষ্ট, সুসিদ্ধ। লাভজনক।

সফেদ (পারস্য) শুভ্র।

সবল (সহ—বল) বিং, ত্রিং, সৈন্যযুক্ত। সামর্থ্যবান্।

সব্রহ্মচারী (সব্রহ্মচারিন্, স সমান—ব্রহ্মন্ বেদ—চর্ আচরণ করা+ইন্(ণিন্)—ক। যাহারা এক গুরু হইতে বেদাধ্যয়ন জন্য ব্রহ্মচর্য্যাখ্য ব্রত আচরণ করে) সং, পুং, সতীর্থ, একবিধ বেদপাঠ ব্রত ও আচারবিশিষ্ট এক গুরুর শিষ্য।

সভর্তৃকা (স সহিত—ভর্তৃ স্বামী, ১মা-হিং, কপ্, আপ্) সং, স্ত্রীং, পতীবত্নী, সধবা, এয়ো।

সভা (স সহিত—ভা দীপ্তি পাওয়া+০ ক্বিপ্)—ধি, আপ্। অভীষ্ট নিশ্চয়ার্থ যেখানে সকলে একত্রিত হইয়া শোভা পায়) সং, স্ত্রীং, পরিষদ্, সমাজ, কোন কার্য্যের নিমিত্ত যেখানে অনেক লোক একত্রিত হয়। জনতা। গৃহ। সভ্য (অত্র ভা দীপ্তিঃ প্রকাশো জ্ঞানমিতি যাবৎ। তয়া সহ সাক্ষাৎ পরম্পরয়া বা বর্ত্ততে ইতি সভা)।

সভাজন (সভাজ্ সেবা করা ইত্যাদি+ অন(অনট্)—ভা) সং, ক্লীং, সৎকার, পূজা। গমনাগমন সময়ে সুহৃদাদির আলিঙ্গন আরোগ্য স্বাগত প্রশ্নাদি দ্বারা সম্ভাষণ, কুশলাদি প্রশ্ন জিজ্ঞাসা। আনন্দন। (সভা—জন লোক) পুং, সভ্য, সভাসদ্। (সহ—ভাজন) বিং, ত্রিং, ভাজনযুক্ত।

সভাজিত(সভাজ্ প্রীতকরা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংকৃত, পূজিত। স্বাগত প্রশ্নাদি জিজ্ঞাসিত।

সভাসদ্ (সভা—সদ্ [সদ্ গমন করা+০ (ক্বিপ্)—ক] যে গমন করে, যে উপবেশন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, সভ্য, সামাজিক। শিং—১"শ্রুতা [illegible] সম্পন্নাঃ কুলীনাঃ সত্যবাদিনঃ। র [illegible] সভাসদঃ কার্য্যাঃ শত্রৌ মিত্রে চ য [illegible]মাঃ।" বিজ্ঞ।

সভাস্তার (সভা—স্তৃ আবরণ করা+অ— প্রং) সং, পুং, সভ্য, সামাজিক।

সভিক } (সভা+ইক(ষ্ঠিক), ঈক(ষ্ঠীক)
সভীক } —প্রং) সং, পুং, দ্যূতসভাধ্যক্ষ।

সভ্য (সভা+য(ষ্য)—সাধ্বর্থে) সং, পুং, সামাজিক, সভাসদ্। সাধু, সজ্জন। সভিক। সদ্বংশজাত। বিং, ত্রিং, বিশ্বস্ত। সভাসম্বন্ধীয়। বিজ্ঞ। দ্যূতকর।

সম্ (সো+ডম্—ক) অং, সংযোগ (সহিত, একসঙ্গে)। সম্যক্। সমূহ। সৌন্দর্য্য। সঙ্গ, মিলন। সঙ্গত। শোভন। সমান, তুল্য। প্রকর্ষ। আশ্লেষ। প্রকৃষ্ট। সমুচ্চয়। নৈরন্তর্য্য। ঔচিত্য। আভিমুখ্য।

সম (সম্ অবিকল হওয়া+অ(অন্)—ক) বিং, ত্রিং, সমগ্র, সকল। তুল্য, সদৃশ, সমান, একবিধ। সাধু। অবক্কুর, শ্রেষ্ঠ। কালিকরা। বর্গমূল আনয়নার্থ অঙ্কোপরি দত্ত ঋজুরেখা। যুগ্ম। ক্লীং, সঙ্গীতে—যে স্থান হইতে তালের প্রথম উৎপত্তি হয় তাহাকে সম কহে। অর্থালঙ্কারবিশেষ। মা—স্ত্রীং, বৎসর।

সমকক্ষ ; বিং, ত্রিং, তুল্য প্রতিযোগী। তুল্যবল।

সমকন্যা ( সম সম্পূর্ণ—কন্যা কুমারী ) সং, স্ত্রীং, বিবাহোপযুক্ত কুমারী।

সমকেন্দ্রিক ( Concentrical ) যে যে বস্তুর কেন্দ্র একস্থানে বা সমসূত্ররূপে থাকে।

সমকোণ (Right-angle) এক সরল রেখার উপর অন্য এক সরল রেখা লম্বভাবে পতিত হইলে যে কোণ উৎপন্ন হয়।

সমকোল ; সং, পুং, ভুজঙ্গ, সর্প।

সমক্র ( সম্ একসঙ্গে—অনচ্ গমন করা +ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, তুল্যরূপে গমনকারী। তুল্যরূপে অবস্থাপিত।

সমক্ষ ( সম্ অভিমুখ—অক্ষি চক্ষুঃ, ব্যং—স, অ—প্রং) অং, চক্ষুঃসমীপে। (সম্—অক্ষ ) বিং, ত্রিং, সম্মুখ, প্রত্যক্ষ, অগ্রতঃ, পুরতঃ।

সমগন্ধক (সম সমান, তুল্য—গন্ধ আঘ্রাণ +কণ্—প্রং) সং, পুং, কৃত্রিম ধূপ।

সমগন্ধিক ( সমগন্ধ+ইক—অস্ত্যর্থে ) সং, ক্লীং, উশীর, বেণার মূল। বিং, ত্রিং, তুল্যগন্ধযুক্ত।

সমগুণশ্রেঢ়ী (Geometrical Progression) যে সকল রাশির প্রত্যেকেরই স্ব স্ব পরবর্ত্তী রাশির সহিত সমান অনুপাত।

সমগ্র ( সম সমূহ—গ্রহ্ গ্রহণ করা+অ (ড)—ক ) বিং, ত্রিং, সমস্ত, সকল, সমুদায়, সম্পূর্ণ।

সমঙ্গা (সম্ একসঙ্গে—অনৃগ্ গমন করা বা উৎপন্ন হওয়া+অ(ষঞ্)—ণ, আপ্) সং,স্ত্রীং,মঞ্জিষ্ঠা লতা। লজ্জালুতা। বরাহক্রান্তা। বালা।

সমজ ( সম সমান, তুল্য—জন্ উৎপন্ন হওয়া+অ(ড)—ক) সং, পুং, পশুসমূহ। মূর্খসমূহ। ক্লীং, বন।

সমজ্ঞা (সম সকল—জ্ঞা জানা+০(ক্বিপ) —ণ) সং, স্ত্রীং, কীর্ত্তি, যশঃ, সুখ্যাতি।

সমজ্যা (সম্ একসঙ্গে—অজ্ গমন করা +য(ক্যপ)—ধি, আপ্) সং,স্ত্রীং, সমাজ, সভা। কীর্ত্তি।

সমঞ্জস (সম্ সহিত—অঞ্জসা সত্য, ১মা —ষিং কিম্বা সম্ সম্যক্—অঞ্জস্ ঔচিত্য, ৬ষ্ঠী—ষিং, অ—প্রং) বিং,ত্রিং, উচিত, যোগ্য। উপযুক্ত। অভ্যস্ত, পরিচিত। যথার্থ, নির্ভুল, সত্য। সদৃশ। সুজন। সমীচীন,উত্তম। সুজন। ক্লীং, উপযুক্ততা, যোগ্যতা।

সমঞ্জসীভূত ( সমঞ্জস—ভূত হইয়াছে, মধ্যে, ঈ(চি)—আগম ) বিং, ত্রিং, যে যে স্থানে বা অবস্থায় অবস্থিতি করাতে কেহ কাহারও হানি না করে। মিলিত।

সমতল, সমদেশ ( Level ) সমানভূমি, যাহা উচুনীচু নহে।

সমতা ( সম সমান+তা—ভা ) সং, স্ত্রীং, তুল্যতা, সাদৃশ্য, সাম্য। একরূপতা।

সমতীত ( সম্—অতীত গত ) বিং, ত্রিং, অতীত, গত।

সমত্রয় ; সং, ক্লীং, সমভাগযুক্ত হরীতকী নাগর গুড়ত্রয়।

সমদর্শন, সমদৃষ্টি, সমদর্শী } (সম—দর্শন, দৃষ্টি, ৬ষ্ঠী—ষিং। সমদর্শিন্, সম—দর্শিন্ যে দেখে) বিং, ত্রিং, যে সকলকে একরূপ দেখে, সর্ব্বত্র সমদর্শক। শিং— ১ "বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি, শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ।" ২ "দুঃখে সুখে চ বিপ্রেন্দ্র যা দৃষ্টিবর্ত্ততে সদা। তথা শত্রৌ চ মিত্রে চ সমদৃষ্টিশ্চ সা স্মৃতা।" পণ্ডিত। তত্ত্বজ্ঞানী। বিবেকী, আত্মবোধসম্পন্ন ব্যক্তি।

সমদলক (Lamellibranchiata) যে সকল ঝিনুকের দুই দল তুল্য ; যথা—সামান্য ঝিনুক।

সমধিক ( সম সম্যক্—অধিক ) বিং, ত্রিং, অত্যধিক, বহু, প্রচুর।

সমধৃত ; সং, ত্রিং, সমান, তুল্য, একবিধ।
সমধ্ব ; সং, ত্রিং, একসঙ্গে ভ্রমণকারী, সাথী।
সমনুব্রত ; সং, ত্রিং, সম্পূর্ণরূপে ভক্ত।
সমন্ত (সম্‌ সম্যক্‌—অন্ত শেষ) সং, পুং, সীমা, প্রান্ত, পর্য্যন্তভাগ। বিং, ত্রিং, সমস্ত, সকল।
সমন্ততঃ, সমন্তাৎ (সমন্ততস্‌, সম সহিত—অন্ত শেষ+[পঞ্চমীস্থানে] তস্‌, আৎ—প্রং) অং, সর্ব্বতঃ, সকলদিকে।
সমন্তদুগ্ধা ; সং, স্ত্রীং, স্নুহীবৃক্ষ।
সমন্তপঞ্চক (পরশুরাম ক্ষত্রিয়রুধিরে চতুর্দ্দিক পঞ্চ হ্রদে ব্যাপ্ত করিয়াছিলেন বলিয়া) সং, ক্লীং, কুরুক্ষেত্রস্থ তীর্থবিশেষ। শিং—১ "ত্রিঃ সপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ। সমন্তপঞ্চকে পঞ্চ কৃতবান্‌ রুধিরৈর্হ্রদান্‌। স তেষু তর্পয়ামাস পিতৄন্‌ ভৃগুকুলোদ্বহঃ।"
সমন্তভদ্র (সমস্ত প্রত্যেক বিষয়ে—ভদ্র ভাগ্যবন্ত) সং, পুং, বুদ্ধদেব।
সমন্তভুক (—ভুজ্‌, সমন্ত সমুদায়—ভুজ্‌ যে ভোজন করে) সং, পুং, অগ্নি, অনল।
সমন্যু (স সহিত—মন্যু ক্রোধ, ১মা—হিং) সং, পুং, শিব, মহাদেব। বিং, ত্রিং, সক্রোধ, কোপযুক্ত। সশোক।
সমন্বয় (সম্‌—অন্বয় সম্বন্ধ) সং, পুং, সংযোগ, মিলন। অবিরোধ। প্রাকৃতিক কার্য্যকারণ প্রবাহ।
সমন্বিত (সম্‌ সম্যক্‌—অন্বিত যুক্ত) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত। অবিরুদ্ধ।
সমপদ ; সং, পুং, রতিবন্ধবিশেষ। ধনুর্দ্ধারীদিগের অবস্থানবিশেষ।
সমপৃষ্ঠ ; বিং, ত্রিং, অবন্ধুর, উচ্চনীচ নয়।
সমভাব (সম—ভাব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমতা, সাদৃশ্য, একরূপতা।
সমভিব্যাহার (সম্‌—অভি—বি—আ—হৃ [হরণ করা] আসক্ত হওয়া+অ(ঘঞ্‌)—ভা) সং, পুং, সঙ্গ, একত্রাবস্থান।
সমভিব্যাহারী (সমভিব্যাহারিন্‌, সমভিব্যাহার দেখ, ইন্‌(ণিন্‌)—ক) বিং, ত্রিং, সঙ্গী, সাথী। সহিত।
সমভিব্যাহৃত (সমভিব্যাহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, একত্রিত, সমভিব্যাহারে চলিত, যুক্ত। সহিত।
সমভিহার (সম্‌ সহিত—অভি—হৃ গ্রহণ করা+অ(ঘঞ্‌)—ভা) সং, পুং, পৌনঃপুন্য, বারংবার। আতিশয্য। শিং—১ "ক্রিয়াসমভিহারেণ বিরাধ্যন্তং সহেত কঃ।"
সমম্‌ (সম্‌ অবিকল হওয়া+অম্‌—ক) অং, সহ, সহিত। একদা। যুগপৎ, এককালে। শিং—১ "সম[illegible] সমাক্রান্তং দ্বয়ং দ্বিরদগামিনা।" ([illegible])।
সমমণ্ডল (Temperate Zone) গ্রীষ্মমণ্ডলের উত্তর ও দক্ষিণে উদীচ্য-বৃত্ত ও উদীচ্যেত্তর-বৃত্ত পর্য্যন্ত দুই ভূভাগ।
সময় (সম্‌ সমান—ই গমন করা+অ (অন্‌)—ক। অথবা সম্‌—যা যাওয়া+অ(ড)—ক। কিম্বা সম্‌—মি ক্ষেপণকরা+অ(অন্‌)—ণ) সং, পুং, কাল। যোগ্যকাল। অবসর। শপথ। আচার। প্রতিজ্ঞা। সঙ্কেত। সীমা। সিদ্ধান্ত। নিয়ম। নির্দ্দেশ। কর্ত্তব্যনির্ব্বাহ। বাক্য, বক্তৃতা, প্রচার, ঘোষণা। দুঃখাবসান। নিদেশাজ্ঞা, উপদেশ। ধর্ম্ম। (সম্‌—অয়) বিং, ত্রিং, সৌভাগ্যশালী। [পরিভাষা, সঙ্কেত।
সময়কার (সময় করার—কার করণ) সং, পুং,
সময়া (সম্‌—ই গমন করা+আ—ক) অং, সমীপে, নিকটে। মধ্যে। কর্ত্তব্য।
সময়াধ্যুষিত (সময় কাল—অধি অতীত—উষিত স্থিত) সং, ক্লীং, সময়বিশেষ, যখন সূর্য্য বা তারা কিছুই দৃষ্টিগোচর হয় না। শিং—১ "উদিতেঽনুদিতে চৈব সময়াধ্যুষিতে তথা।"
সমর (সম্‌ একসঙ্গে—ঋ গমন করা+অ (অল্‌)—ধি) সং, পুং—ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, রণ, লড়াই।
সমরপোত—যুদ্ধজাহাজ।
সমরমূর্দ্ধা (—মূর্দ্ধন্‌, সমর রণ—মূর্দ্ধন্‌ মস্তক, অগ্রভাগ) সং, যুদ্ধের সম্মুখ।
সমরশায়ী (—শায়িন্‌, সমর—শায়িন্‌ যে শয়ন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি যুদ্ধে প্রাণত্যাগ করে।

সমরাঙ্গন ( সমর—অঙ্গন ) সং, ক্লীং, যুদ্ধক্ষেত্র, রণস্থল।

সমরাশি ( Even Number ) যে রাশি দুই সমান অংশে বিভক্ত হইতে পারে, যথা ২, ৪, ৬, ৮, প্রভৃতি।

সমর্ণ (সম্—অর্দ্ পীড়ন করা, যাচ্ঞা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্দ্দিত, সম্যক্ পীড়িত। প্রার্থিত।

সমর্থ ( সম্—অর্থ [ যাচ্ঞা করা ] শক্ত হওয়া ইত্যাদি+অ(অন্)—ক ) বিং, ত্রিং, শক্তিবিশিষ্ট, বলবান্। ক্ষমতাপন্ন, ক্ষমতাবান্। যোগ্য, উপযুক্ত। হিত। প্রশস্ত। অভীষ্ট। যুক্তিসঙ্গত।

সমর্থতা ( সমর্থ+তা—ভাবে ) সং, স্ত্রীং, সামর্থ্য, শক্তি,বল। যোগ্যতা,উপযুক্ততা।

সমর্থন—ক্লীং, সমর্থনা—স্ত্রীং } (সমর্থ দেখ, অন(অনট্)—ভাবে, আপ্) সং, বিবেচনা। মীমাংসা। মানা। সম্ভাবনা। উৎসাহ। অসাধ্য বিষয়ের অনুষ্ঠানার্থ উৎসাহ। "ইহা উচিত, ইহা অনুচিত" ইহার নিশ্চয়। দৃঢ়ীকরণ। সামর্থ্য। বিবাদভঙ্গকরা।

সমর্থক (সমর্থ[গন্ধের] যোগ্য+কণ্—যোগ) সং, ক্লীং, চন্দনকাষ্ঠ।

সমর্থিত (সমর্থ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচিত। মীমাংসিত। দৃঢ়ীকৃত। স্থিরীকৃত। সম্ভাবিত।

সমর্দ্ধক (সম্—ঋধ্ বৃদ্ধি পাওয়া+অক—ক) বিং, ত্রিং, বরদ, অভীষ্টপ্রদাতা।

সমর্পণ (সম—অর্পণ দান) সং, ক্লীং, দান, অর্পণ। স্থাপন।

সমর্পিত (সম্—অর্পিত দত্ত) বিং, ত্রিং, অর্পিত, দত্ত। স্থাপিত।

সমর্য্যাদ ( স সহিত—মর্য্যাদা সীমা, ১মা—হিং) বিং, ত্রিং, সমীপ, নিকট। সীমাযুক্ত। সচ্চরিত্র।

সমল (স সহিত—মল ময়লা,১মা—হিং) বিং, ত্রিং, আবিল, মলযুক্ত, মলিন। সং, ক্লীং, বিষ্ঠা।

সমবকার (সম্—অব—কৃ করা+অ(ঘঞ্)—র্ম্ম) সং, পুং, নাটকবিশেষ।

সমবতার (সম্ সহিত—অব নিম্ন—তৃ [পার হইয়া যাওয়া] যাওয়া ইত্যাদি+অ(ঘঞ্)—ণ ) সং, পুং, তীর্থ, ঘাট। সোপান,ধাপ। (+ঘঞ্—ভা) অবতরণ।

সমবধান (সম্ সম্যক্—অবধান মনোযোগ) সং, ক্লীং, সম্যক্ মনোযোগ। নিষ্পত্তি।

সমবর্ত্তী (সমবর্ত্তিন্, সম সকল, সমান—বৃৎ বাছিয়া লওয়া+ইন্—প্রং ) সং, পুং, যম, কৃতান্ত। বিং, ত্রিং, তুল্যরূপে স্থিত।

সমবস্থা ( সম্—অবস্থা ) সং,স্ত্রীং, কালকৃত বিশেষ, অবস্থা। (সম সমানবস্থা—অবস্থা) সমান অবস্থা, তুল্যদশা।

সমবস্থান (সম্—অবস্থান) সং, ক্লীং, সমভাবে অবস্থিতি।

সমবায় (সম্—অব—ই [গমন করা] যুক্ত হওয়া+অ(অল্)—ভাবে) সং,পুং, নিত্যসম্বন্ধ। মিলন। গণ,সমূহ। দর্শনশাস্ত্রে—সম্বন্ধবিশেষ। যথা—"ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মণোঃ। তেষু জাতেশ্চ সম্বন্ধ সমবায়ঃ প্রকীর্ত্তিতঃ।"

সমবেত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, মিলিত। শিং—১ "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।" একত্রীকৃত বা ভূত। সঞ্চিত। সম্বন্ধ। একশ্রেণীভুক্ত। নিত্যসম্বন্ধ, নিত্যযুক্ত। যথা—"যৎ সমবেতং কার্য্যং ভবতি জ্ঞেয়ন্ত সমবায়িজনকং তৎ।"

সমশ্নুবান (সম্—অশ্ ব্যাপা+আন(শান)—ক, শীলার্থে) বিং, ত্রিং, ব্যাপনশীল, ব্যাপ্তিবিশিষ্ট।

সমষ্টি (সম্—অশ্ ব্যাপা+তি(ক্তি)—র্ম্ম) সং, স্ত্রীং, সম্যক্‌ব্যাপ্তি। সমস্ততা, সামগ্র্য, সাকল্য। সংশ্লীভূত সমস্ত পদার্থ। শিং—১ "সমষ্টিরীশঃ সর্ব্বেষাং স্বাত্মতাদাত্ম্যবেদনাৎ। তদভাবাত্তদন্যে তু জ্ঞায়ন্তে ব্যষ্টিসংজ্ঞয়া।"

সমষ্টিলা, সমষ্ঠীল } (সম্ একত্রে—স্থা থাকা +ইত—প্রং। নিপাতন। অথবা সম সঙ্গে—অস্থি হাড়—লা

গ্রহণ করা+অ(ড)—ক) সং, স্ত্রীং, তৃণবিশেষ, যাহা জলাভূমিতে জন্মায়,পাড়নদূর্ব্বা। কেহ বলেন, কাঁকুড়বিশেষ।

সমসন (সম্ একসঙ্গে—অস্ ক্ষেপণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সমাস। সঙ্ক্ষেপকরণ।

সমসংস্থান (Equilibrium) উভয়দিকে ভারের সমতাকরণ।

সমসুপ্তি (সম সকল—সুপ্তি নিদ্রা) সং, স্ত্রীং, কল্পান্ত, মহাপ্রলয়।

সমস্ত (সম্ একসঙ্গে—অস্ ক্ষেপণ করা +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সমুদায়, সম্পূর্ণ, সকল। একত্রীকৃত, সঞ্চিত, যুক্ত। সঙ্ক্ষিপ্ত। কৃতসমাস, যাহা সমাস করা হইয়াছে।

সমস্থলী (সম সমান—স্থল স্থান) সং, স্ত্রীং, গঙ্গাযমুনার মধ্যবর্ত্তী দেশ,দোয়াব।

সমস্বামিত্ব—তুল্যস্বত্ব, তুল্যাধিকার।

সমস্যা (সম্—অস্ [ক্ষেপণ করা] সঙ্ক্ষেপ করা+য—র্ম্ম, আপ) সং, স্ত্রীং, শ্লোক সম্পূরণার্থ প্রশ্ন, শ্লোকের পাদ পূরণার্থ প্রশ্ন। (+য—ভাবে) সঙ্ঘটন। মিশ্রণ।

সমহা; সং, স্ত্রীং, কীর্ত্তি, যশঃ।

সমা (সম+অন্—ক, আপ্) সং, স্ত্রীং, সংবৎসর।

সমাংশিক } (সমাংশিন্, সম সমান—
সমাংশী } অংশ ভাগ+ইক, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সমানভাগী, তুল্যঅংশী।

সমাংসমীনা (সমা বৎসর + ঈন(খীন), আপ, দ্বিত্ব) সং, স্ত্রীং, প্রতিবর্ষপ্রসবিনী গবী।

সমাকর্ষী (সমাকর্ষিন্, সম্—আ—কৃষ্ [আকর্ষণ করা] গমন করা+ইন(ণিন্)—ক) সং, পুং, অতি দূরগামী গন্ধ, অতিনির্হারী গন্ধ। বিং, ত্রিং, আকর্ষণকারী।

সমাকুল (সম্ সম্যক্—আকুল) বিং, ত্রিং,ব্যাকুল, কাতর। সংশয়িত, সন্দিগ্ধ। হতবুদ্ধি।

সমাক্রান্ত (সম্—আক্রান্ত) বিং,ত্রিং, ব্যাপ্ত, বিস্তৃত। আক্রান্ত। গৃহীত। অধিষ্ঠিত।

সমাখ্যা (সম্ সমূহ—আ—খ্যা বলা+অ—ভা) সং, স্ত্রীং, যশ, কীর্ত্তি। আখ্যা নাম। শিং—১ "সপিণ্ডীকরণসমাখ্যা সিদ্ধর্থ্যং সুতরাং তত্র তথাচরণং।"

সমাগত (সম্ একসঙ্গে—আগত) বিং,ত্রিং, মিলিত। উপস্থিত। সাক্ষাৎকৃত, সাক্ষাৎপ্রাপ্ত।

সমাগতি—স্ত্রীং } (সম্ একসঙ্গে—আ-
সমাগম—পুং } গতি, আগম=আগমন) সং, উপস্থিতি, আগমন। মিলন, সঙ্গম।

সমাঘাত (সম্ একসঙ্গে, সম্যক্—আঘাত প্রহরণ) সং, পুং, সংগ্রাম, যুদ্ধ। হত্যা, বধ। সম্যক্ আঘাত।

সমাচার (সম্—আ চর্ গমন করা+অ —ভা,ং, কিম্বা সম্—আচার আচরণ) সং, পুং, উত্তম আচরণ। শিং—১ "পুণ্যস্ত্রীণাং সমাচারং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।" (দেশজ) সংবাদ, খবর।

সমাচ্ছন্ন (সম্—আচ্ছন্ন আচ্ছাদিত) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত, ঢাকা।

সমাজ (সম্ তুল্য বা সহিত—অজ্ গমন করা+অ(ঘঞ)—ধি) সং, পুং, সমূহ, দল, গণ। সভা, পরিষদ্। বৈষ্ণবদিগের সমাধিস্থান। (+ঘঞ—ভাবে) একসঙ্গে গমন।

সমাজ্ঞা (সম সমূহ—আ—জ্ঞা জানা+অ—প্রং, আপ্) সং, স্ত্রী খ্যাতি, যশঃ।

সমাদর (সম্ সম্যক্—আদর) সং, পুং, সম্যক্ আদর, সম্মান, সম্বর্দ্ধনা।

সমাদান (সম্ সহিত—আদান গ্রহণ) সং,ক্লীং, উপযুক্ত দানগ্রহণ। বৌদ্ধদিগের নিত্যকর্ম্ম।

সমাদৃত (সম্—আদৃত) বিং,ত্রিং, সম্মানিত, আদরপ্রাপ্ত। অত্যাদৃত।

সমাধা—স্ত্রীং } (সম্—আ—ধা [ধারণ
সমাধান—ক্লীং } করা] নিষ্পন্ন করা ইত্যাদি+ও, আপ, অনট্—ভাবে) সং, সিদ্ধান্ত। বিরোধভঞ্জন। নিষ্পত্তি। নিয়ম। তপস্যা। অনুসন্ধান। সমর্থন। চিত্তের একাগ্রতা। ধ্যান। প্রতীকার।

সমাধি ( পূর্ব্বে দেখ, ই—প্রং। যাহাতে মন সমাহিত করা যায়) সং, পুং, কারণসমূহ। নিয়ম। নিদ্রা। নিবেশ। ইন্দ্রিয়াদির নিরোধ দ্বারা কোন একবিষয় মনোনিবেশ করিলে তাহাকে একাগ্রতা বলে। একাগ্রতা মনোমধ্যে বদ্ধমূল হইলে তাহাকে ধারণা, এবং ধারণা বদ্ধমূল হইলে তাহাকে ধ্যান, এবং ঐ ধ্যান বদ্ধমূল হইলে তাহাকে "সমাধি" বলে। সমাধিতে "অহংজ্ঞান" লোপ হয়; কেবলমাত্র ধ্যেয় বস্তুকেই উদ্ভাসিত করে; যথা—"তদেবার্থমাত্র নির্ভাসং স্বরূপ শূন্যমিব সমাধিঃ।" সাধারণতঃ ঈশ্বর প্রণিধান দ্বারা উৎকৃষ্ট সমাধি লাভ হয়; পরমাত্মার সহিত জীবাত্মার ঐক্য হইলেই সমাধি হয়; যথা—সমাধিঃ সমতাবস্থা জীবাত্ম পরমাত্মনো। নিস্তরঙ্গ পদপ্রাপ্তিঃ পরমানন্দরূপিণী। নিঃশ্বাসোচ্ছ্বাস মুক্তো বা নিষ্পন্দোচল লোচনঃ। শিবধ্যায়ী সুলীনশ্চ স সমাধিস্থ উচ্যতে।" আশ্রিত-রক্ষণ-চিন্তা। যোগ, ধ্যান। আরোপ। প্রতিজ্ঞা, সম্মতি, চুক্তি। প্রতিশোধ। বিবাদভঞ্জন। জলাভাব হওয়াতে শস্য সঞ্চয় করিয়া রাখা। ভবিষ্যযুগের জৈনমুনিবিশেষ। ইন্দ্রিয়ের নিরোধন। অসাধ্য বিষয়ে অধ্যবসায়। মৌনীভাব। সমর্থন। কাব্যের গুণবিশেষ, যথায় দুই ঘটনা দৈবক্রমে এক সময়ে ঘটে, এবং এক ক্রিয়ার সহিত দুই কর্ত্তার অন্বয় হইয়া ঐ ঘটনা দ্বারা প্রকাশিত হয়; যথা—"উৎকণ্ঠিতা চ কুলটা জগামাস্তঞ্চ ভানুমান" অর্থাৎ এক কালেই সূর্য্য অস্ত গেলে এবং কুলটা কামিনী উৎকণ্ঠিতা হইয়া গেল। সমাধান। শিং—১ "নিত্যং শুদ্ধং বুদ্ধিযুক্তং সত্যমানন্দমদ্বয়ং। তুরীয়মক্ষরং ব্রহ্ম অহমস্মি পরং পদং। অহং ব্রহ্মেত্যবস্থানং সমাধিরিতি গীয়তে।"

সমাধিক্ষেত্র, সমাধিস্থান (Burial Ground) যে স্থানে মৃতদেহ ভূগর্ভে নিহিত করে, গোরস্থান। [স্তম্ভ।

সমাধিস্তম্ভ—ভূগর্ভনিহিত শবোপরি নির্ম্মিত

সমাধিস্থ ( সমাধি—স্থা থাকা+অ(ড)—ক ) বিং, ত্রিং, সমাধিযুক্ত। শিং—১ "মনঃ সংকল্পরহিতমিন্দ্রিয়ার্থানচিন্তয়ন্। যস্য ব্রহ্মণি সংলীনং সমাধিস্থঃ স কীর্ত্তিতঃ।"

সমাঘ্রাত ( সম্ সম্যক্—আ—ঘ্রা শব্দ করা, অগ্নিসংযোগ করা+ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, সম্যক্ শব্দিত। গর্জ্জিত। সমুদ্দীপিত। উৎসাহিত।

সমান (স সমান—মান পরিমাণ, ৬ষ্ঠী—হিং। অথবা সম্—আ—নী লওয়া+অ (ড)—ক) বিং, ত্রিং, তুল্য, সদৃশ। অভিন্ন, একরূপ। ( সম্—অন্ বাঁচা+অ (ঘঞ্)—ভা ) সং, পুং, শরীরান্তর্গত নাভিস্থিত বায়ুবিশেষ। একস্থানোচ্চার্য্য বর্ণ।

সমানকালীন (Contemporary) বিং, ত্রিং, তুল্যকালোৎপত্তিক।

সমানয়ন (সম্—আ—নী [ লওয়া ] আনয়ন করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আনয়ন। সঙ্গতি, মিলন।

সমানবল (Equal Force) "কোন জড়বিন্দুর উপর বিপরীত দিক হইতে বল প্রযুক্ত হইলে যদি ঐ বিন্দুটী কোন দিকে না যাইয়া স্থির হইয়া থাকে তাহা হইলে দুইটী বলকে সমান বল কহে।"

সমানাধিকরণ; সং, ক্লীং, জাতীয় সাধারণ গুণ। একধর্ম্ম যাহাতে সমান জাতীয় কোন পদার্থেরই ব্যাবৃত্তি থাকে না।

সমানীত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আনীত। সঙ্গত, মিলিত।

সমানুপাত (Proportion) দুই অথবা বহুসংখ্যক অনুপাতের সমানত্ব সম্বন্ধ।

সমানোদক (সমান—উদক জল। তর্পণে সমান অর্থাৎ এক উদক ইহার, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি, যাহাদের তর্পণ করিতে হয়।

সমানোদর্য্য—পুং } ( সমান—উদর+
সমানোদর্য্যা—স্ত্রীং } য(ঞ্য)—জননার্থে) সং, সহোদর, সহোদরা।

সমান্তরশ্রেঢ়ী ( Arithmetical Progression) যে সকল রাশি স্ব স্ব পরবর্ত্তী রাশি

অপেক্ষা সমান পরিমাণে গুরু অথবা সমান পরিমাণে লঘু।

সমান্তরাল ( Parallel ) যে দুই সরল রেখা উভয় পার্শ্বে অবিশ্রান্ত বৃদ্ধি পাইলেও পরস্পর সংস্পর্শ করে না।

সমাপ(সম সমান—অপ জল+ক। যেখানে জলযাগ হয়) সং, পুং, দেবযজন স্থান।

সমাপক (সম্ একসঙ্গে—আপ্ ণিচ=আপি পাওয়া+অক(ণক)—ক) বিং, ত্রিং, সমাপ্তিকারক, সমাপনকারী।

সমাপন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সমাপ্তি, সম্পূরণ, শেষ। পরিচ্ছেদ। বধ। সমাধান। লাভ।

সমাপত্তি (সম্—আ—পদ্ [গমনকরা] দুঃখিত হওয়া ইত্যাদি + তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, যদৃচ্ছা সঙ্গতি, সমকালে উপস্থিতি, মিলন। পরস্পর আপত্তি।

সমাপন্ন (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সমাপ্ত। সাধিত নির্ব্বাহিত। হত। আপদ্ গ্রস্ত। (+ক্ত—র্ম্ম) প্রাপ্ত, লব্ধ।

সমাপিকা; সং, স্ত্রীং, বাক্যসমাপক ক্রিয়া।

সমাপিত (সমাপক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত। নিষ্পন্ন। সম্পূর্ণ, যাহার কিঞ্চিন্মাত্র অবশিষ্ট নাই, সমাপ্তিপ্রাপিত, শেষিত। মারিত। [সম্প্রাপ্ত।

সমাপ্ত ( সম্—আপ্ত ) বিং, ত্রিং, সম্পূর্ণ।

সমাপ্তি (সমাপক দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সমাপন, শেষ। বিরোধভঞ্জন। প্রাপ্তি। [+অ,য—প্রং) সং,পুং, শাস্ত্র।

সমাম্নায় ( সম্—আ—ম্না অনুশীলন করা

সমাম্নায়িক ( সমাম্নায়+ইক—প্রং ) বিং, ত্রিং, শাস্ত্রে পঠিত। শাস্ত্রসম্বন্ধীয়।

সমাযাত ( সম্—আ—যা গমন করা+ত (ক্ত)—ক) বিং, ত্রিং, সমাগত। উপস্থিত।

সমাযোগ (সম্—আ—যুজ্ যোগ করা+অ (ঘঞ)—ভা) সং, পুং, সংযোগ। সমূহ। প্রয়োজন। পরিচ্ছদ।

সমারাধন (সম্—আরাধন সেবা) সং,ক্লীং, আরাধনা, সেবা।

সমারোহ (সম্—আ—রুহ্ [উৎপন্ন হওয়া] উন্নত হওয়া+অ(অল্)—ভা ) সং, পুং, অত্যুন্নতি, আড়ম্বর, জাঁকজমক। আরোহণ। সম্মত হওয়া।

সমালব্ধ ( পশ্চাৎ দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, লেপিত। রঞ্জিত। হত। মেলিত।

সমালম্বী (—ম্বিন্) সং, পুং, ভূতৃণ।

সমালম্ভ—পুং } (সম্—আ—লভ্ [শব্দ
সমালম্ভন—ক্লীং } করা]বধকরা+অ(ঘঞ),
সমালভন—ক্লীং } অন (অনট্) —ভা )
সং, কুঙ্কুমাদি বিলেপন। মারণ,বধ।

সমালী (স সহিত—মালা) সং, স্ত্রীং, পুষ্পাকর, ফুলের তোড়া।

সমাবর্জ্জিত ( সম্—আবর্জ্জিত ) বিং, ত্রিং, বক্রপাতিত, বক্রভাবে নোওয়ান।

সমাবর্ত্তন ( সম্—আ—বৃৎ [বেদাধ্যয়ন হইতে] নিবৃত্ত হওয়া+অন(অনট্)—ভা ) সং,ক্লীং, ব্রহ্মচর্য্যের পর গৃহধর্ম্মে প্রবেশ। প্রত্যাগমন।

সমাবিদ্ধ ( সম্—আ—ব্যধ্ [বিদ্ধকরা] সংযোজন করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংঘট্টিত, সংযোজিত।

সমাবিষ্ট (সম্—আ—বিশ্ প্রবেশ করা+ত(ক্ত)—ক ) বিং, ত্রিং, অভিনিবিষ্ট, একাগ্রচিত্ত, মনোযোগী। প্রবিষ্ট।

সমাবৃত ( সম্—আ—বৃ আবরণ করা+ত (ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, আবৃত, বেষ্টিত।

সমাবৃত্ত ( সমাবর্ত্তন দেখ, ত(ক্ত)—র্ম্ম ) সং, পুং, বেদাধ্যয়নান্তর গৃহধর্ম্মে প্রবিষ্ট। শিং—১ "অতঃপরং সমাবৃত্তঃ কুর্য্যাদারপরিগ্রহম্।" প্রত্যাগত।

সমাবেশ ( সমাবিষ্ট দেখ, অ(ঘঞ)—ভা ) সং, পুং, প্রবেশ। সংস্থিতি। একত্র অবস্থান। মনোযোগ। (+বিশ্ ণিচ=বেশি প্রবেশ করান+) একত্র স্থাপন।

সমাবেশিত ( সমাবেশ+ইত—সংজাতার্থে, অথবা সম্—আ—বিশ্ ণিচ=বেশি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রবেশিত। স্থাপিত। সহাবস্থিতি, একত্র অবস্থিত। অভিনিবেশিত। [আশ্রয়, অবলম্বন। রক্ষা।

সমাশ্রয় ( সম্ সম্যক্—আশ্রয় ) সং, পুং,

সমাশ্রিত ( সম্ সম্যক্—আশ্রিত ) বিং, ত্রিং, আশ্রিত। রক্ষিত।

সমাস (স সহিত—মাস মাস, ১মা—হিং) সং, পুং, সংবৎসর।

সমাস ( সম্—অস্ [ ক্ষেপণ করা ] সঙ্ক্ষেপ করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, সঙ্ক্ষেপ। সংগ্রহ। সমর্থন। সমাহার, মিলন। দ্বি বা বহু পদের একপদীকরণ; সমাস ছয় প্রকার—দ্বন্দ্ব, বহুব্রীহি, কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বিগু, অব্যয়ীভাব। শিং—১ "সমসনং পদয়োঃ পদানাম্বা একপদীকরণং সমাসঃ।"

সমাসক্ত (সম্—আসক্ত) বিং, ত্রিং, সংলগ্ন। যুক্ত। অভিনিবিষ্ট। অত্যাসক্ত। লব্ধ। বশীকৃত।

সমাসঙ্গ (সম্—আ সর্ব্বদা—সন্‌জ্ আলিঙ্গন করা+অ(অল্)—ভা) সং, পুং, সংযোগ। অত্যাসক্তি। অন্তর্নিবেশন।

সমাসন্ন (সম্—আ—সদ্+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সন্নিহিত, নিকটবর্ত্তী। (+ক্ত—র্ম্ম) প্রাপ্ত।

সমাসাদিত ( সম্—আ—সদ্-ণি=সাদি [গমন করান] পাওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত, লব্ধ। সমানীত। আহৃত। উদ্ধৃত। আক্রান্ত।

সমাসাদ্য ( সম্—আ—সদ্ [গমন করা] পাওয়া+য—র্ম্ম ) বিং, ত্রিং, প্রাপ্য, লভ্য।

সমাসার্থা (সমাস সঙ্ক্ষেপ—অর্থ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সমস্যা।

সমাসীন (সম্—আস্ উপবেশন করা+আন(শান)—ক ) বিং, ত্রিং, উপবিষ্ট, আসীন।

সমাসোক্তি ( সমাস—উক্তি কথন ) সং, স্ত্রীং, কাব্যের অলঙ্কারবিশেষ; সমানকার্য্য সমান লিঙ্গ ও সমান বিশেষণ দ্বারা যে স্থলে প্রকৃত বিষয়ে অন্যের ব্যবহার সমারোপ হয়।

সমাহত (সম্—আ—হন্ [বধ করা] আঘাত করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আহত, তাড়িত।

সমাহার (সম্—আ—হৃ [হরণ করা] মিলন করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, মিলন। সংগ্রহ। সঙ্ক্ষেপ। সমূহ। দ্বিগু দ্বন্দ্বসমাসবিশেষ।

সমাহিত ( সমাধা দেখ, ত(ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, অঙ্গীকৃত। অভ্রান্তচিত্ত। সমাধিনিষ্ঠ। অবহিত,একাগ্রচিত্ত। নিষ্পাদিত। মীমাংসিত। স্থাপিত। সঞ্চিত। সমাধিক্ষেত্রে নিহিত। বিশোধিত। অবিচলিত, দৃঢ়।

সমাহৃত (সমাহার দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত। সংগৃহীত, একত্রীকৃত। সংমিলিত। সঙ্ক্ষিপ্ত। আয়োজিত, আনীত।

সমাহৃতি ( সম্—আ—হৃ [হরণ করা] সঙ্ক্ষেপে প্রতিপন্ন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, সংগ্রহ। সঙ্ক্ষেপ। আয়োজন, আহরণ।

সমাহ্বয় (সম্—আ—হ্বে আহ্বান করা +অ(অল্)—ভাবে) সং, পুং, প্রাণিদ্যূত, মেষ কুক্কুটাদি দ্বারা যুদ্ধ করান। শিং—১ "প্রাণিভিঃ ক্রিয়মাণস্তু স বিজ্ঞেয়ঃ সমাহ্বয়ঃ।" দ্যূত। যুদ্ধে আহ্বান। যুদ্ধ। (+অল্—ণ) নাম।

সমিক (সম+ইক—প্রং) সং, ক্লীং, অস্ত্রবিশেষ, বড়শা, খোঁচ।

সমিৎ (সম্ সহিত—ই গমন করা+০ (ক্বিপ্)—ধি, ৎ—আগম) সং, স্ত্রীং, যুদ্ধ।

সমিত (Equal) তুল্যতা বোধক চিহ্ন, "="
এই চিহ্ন।

সমিতা ( পশ্চাৎ দেখ, ত(ক্ত)—প্রং ) সং, স্ত্রীং, গোধূমচূর্ণ, ময়দা। শিং—১ "গোধূমা ধবলা ধৌতাঃ কুট্টিতাঃ শোষিতাস্ততঃ। প্রোক্ষিপ্তাঃ সা বিনিষ্পিষ্টাশ্চালিতাঃ সমিতা স্মৃতা।"

সমিতি (সম্ সহিত—ই গমন করা+তি(ক্তি)—ধি) সং, স্ত্রীং, যুদ্ধ। সভা। সঙ্গ।

সমিথ (সম্ একসঙ্গে—ইন্ গমন করা+থ—প্রং) সং, পুং, অগ্নি। যুদ্ধ। আহুতি।

সমিদ্ধ (সম্—ইন্ধ্ দীপ্তি পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, প্রজ্জ্বলিত, প্রদীপ্ত। দীপিত, উত্তেজিত।

সমিধ্ (সম্—ইন্ধ্ দীপ্তি পাওয়া+০ (ক্বিপ্)—ণ) সং, স্ত্রীং, অগ্নি জ্বালনার্থ তৃণাদি। হোমাদি জ্বালনার্থ কাষ্ঠাদি।

সমিধ (সম্—ইন্ধ্ দীপ্তি পাওয়া+অ(ক)—র্ম্ম) সং, পুং, অগ্নি। (+ক—র্ম্ম) যজ্ঞ-কাষ্ঠ।

সমিন্ধন (সম্—ইন্ধ্ দীপ্তি পাওয়া+অন (অনট্)—ণ) সং, ক্লীং, অগ্নিজ্বালনার্থ কাষ্ঠাদি। (+অনট্—ভাবে) উদ্দীপন।

সমীক (সম্ বিহ্বল হওয়া+ঈকন্—ক) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ।

সমীকরণ (Equation, সম—করণ, মধ্যে ঈ(চ্বি)—আগম) সং, ক্লীং, গণিতে—অজ্ঞাত সঙ্খ্যাজ্ঞানার্থ প্রক্রিয়াবিশেষ; কোন ব্যক্ত রাশি অবলম্বন করিয়া তত্তুল্য কোন অব্যক্ত রাশির পরিমাণ নির্ণয়করণ। একজাতীয় করণ। তুল্য-করণ। সদৃশীকরণ, অনুরূপ করা।

সমীক্ষ, সমীক্ষ্য (সম্—ঈক্ষ্ দেখা+অ(অল্)—ণ, ক্ষ্য) সং, ক্লীং, সাঙ্খ্য-দর্শন। ক্ষা—স্ত্রীং, প্রকৃতি। বুদ্ধি প্রভৃতি চতুর্ব্বিংশতি তত্ত্ব। বুদ্ধি। বেদাঙ্গ গ্রন্থ-বিশেষ। মীমাংসা দর্শন। (+অল্—ভাবে) দৃষ্টি, দর্শন। যত্ন। অন্বেষণ। বিবেচনা। সম্যক্‌জ্ঞান।

সমীক্ষণ (সম্ সম্যক্—ঈক্ষ্ দেখা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অন্বেষণ, অনুসন্ধান। আলোচনা। উত্তমরূপে দর্শন।

সমীক্ষিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আলোচিত। অন্বেষিত। উত্তমরূপে দৃষ্ট।

সমীক্ষ্যকারী (সমীক্ষ্যকারিন্, সমীক্ষ্য [সম্ ঈক্ষ্ দর্শনকরা+য(যপ্)—প্রং]—কারী [কৃ করা+ইন্(ণিন্)—ক] যে করে) বিং, ত্রিং, যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্য করে।

সমীক্ষ্যবাদী (সমীক্ষ্যবাদিন্, সমীক্ষ্য—বাদিন্ যে বলে) বিং, ত্রিং, যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া বাক্য বলে।

সমীচ (সম্—ই গমন করা+চ—প্রং, ণী) সং, পুং, সমুদ্র। চী—স্ত্রীং, মৃগী। বন্দনা, স্তুতি।

সমীচীন (সম্যচ্ সত্য ইত্যাদি+ঈন্ (ণীন)—প্রং) বিং, ত্রিং, সত্য, যথার্থ। উপযুক্ত। উত্তম। সং, ক্লীং, সত্য।

সমীদ; সং, পুং, গোধূমচূর্ণ, ময়দা।

সমীন (সমা বৎসর+ঈন(ণীন)—প্রং) বিং, ত্রিং, বাৎসরিক, বৎসরসম্বন্ধীয়।

সমীনিকা (সমীন বৎসর+কণ্—প্রং) সং, স্ত্রীং, সমাংসমীনা, প্রতিবর্ষ প্রসবিনী গাভী।

সমীপ (সম্ সঙ্গত—অপ্ জল, ৭মী—হিং, অ—প্রং, অ স্থানে ঈ) বিং, ত্রিং, অন্তিক, নিকট, সন্নিহিত।

সমীয় (সম+ঈয়(ণীয়)—প্রং) বিং, ত্রিং, সমসম্বন্ধী। তুল্যকারণক।

সমীর } (সম্—সকল [স্থানে] ঈর্
সমীরণ } গমন করা+অ(অন্), অন—ক) সং, পুং, বায়ু। শমীবৃক্ষ। (+অল্—ভাবে) প্রেরণ।

সমীরিত (সম্—ঈর্ প্রেরণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। উচ্চারিত। শিং—১ "চতুর্ম্মুখসমীরিতা।" (কুমার)। ক্লীং, প্রেরণ।

সমীহা (সম্—ঈহ্ চেষ্টা করা অ—ভা, আপ্) সং, স্ত্রীং, উদ্যোগ, [illegible]। ইচ্ছা। সন্ধান।

সমীহিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ চেষ্টিত। অভীষ্ট। সং, ক্লীং, চেষ্টা। ইচ্ছা।

সমুখ (স সহিত—মুখ মুখ-[-ব্যাপার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাগ্মী, বক্তা। যাহার মুখ আছে।

সমুচিত (সম্ সম্যক্—উচিত) বিং, ত্রিং, উপযুক্ত, যোগ্য। সমঞ্জস।

সমুচ্চয় (সম্—উৎ—চি একত্র করা+অ (অল্)—ভাবে) সং, পুং, সমাহার, মিলন। সমূহ, রাশি। অনেক পদার্থের এক ক্রিয়াতে অন্বয়; যথা—এবং, আরো, চ, অপিচ, তথা ইত্যাদি। অর্থালঙ্কার-বিশেষ।

সমুচ্চিত (সম্—উৎ—চি সংগ্রহ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, রাশীকৃত। সংগৃহীত। সমুচ্চয়যুক্ত।

সমুচ্চর, সমুচ্চার (সম্ সম্যক্—উৎ—চর্ [গমন করা] শব্দ করা, ত্যাগ করা+অ(অল্), অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, সম্যক্ উচ্চারণ। পরিত্যাগ। (+অন্, ঘঞ্—ক) বিং, ত্রিং, সকরণশীল।

সমুচ্চরৎ (সম্—উদ্—চর্ গমন করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, উৎপতনশীল। উচ্চারক।

সমুচ্ছলিত (সম্ সম্যক্—উৎ ঊর্দ্ধ—শল্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সমস্তাৎ বিস্তীর্ণ, ছয়লাপ।

সমুচ্ছেদ (সম্—উৎ—ছিদ্ ছেদন করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধ্বংস, বিনাশ। উন্মূলন।

সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায় (সম্—উৎ উপরি—শ্রি সেবা করা+অল্, ঘঞ্—ভাবে) সং, পুং, উচ্চতা, উৎসেধ। অভ্যুন্নতি, বৃদ্ধি। বিরোধ।

সমুচ্ছ্রিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উচ্চ, উন্নত। বর্দ্ধিত।

সমুচ্ছ্বসিত (সম্—উৎ উপরি—শ্বস্ নিশ্বাসপ্রশ্বাস ত্যাগ করা+ত(ক্ত)—ভা) বিং, ত্রিং, পুনরুজ্জীবিত। উচ্ছ্বাসযুক্ত।

সমুচ্ছ্বাস (পূর্ব্বে দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, নিশ্বাসপ্রশ্বাস। স্ফীতি। স্ফূর্ত্তি।

সমুজ্ঝিত (সম্ সম্যক্—উজ্ঝিত ত্যক্ত) বিং, ত্রিং, পরিত্যক্ত।

সমুৎকীর্ণ সম্—উৎ—কৄ [বিক্ষেপ করা] বিদারণ করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষোদিত। বিদ্ধ। বিদীর্ণ, ভগ্ন। শিং—১"মণৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রস্যেবাস্তি মে গতি।"

সমুৎক্রম (সম্—উৎ ঊর্দ্ধ—ক্রম গমন) সং, পুং, উচ্চলন, ঊর্দ্ধগমন।

সমুৎক্রোশ (সম্ সম্যক্—উৎ—ক্রুশ্ রোদন করা, চীৎকার করা+অ(অল্)—ক) সং, পুং, কুররপক্ষী। (+অল্—ভা) উচ্চশব্দ।

সমুত্থ, সমুত্থিত (সম্ সম্যক্—উৎ উপর—স্থা থাকা+অ(ড), ত(ক্ত)—ক) বিং, ত্রিং, উৎপন্ন, জাত। উদিত, উত্থিত, উঠা।

সমুত্থান (সম্—উৎ উপর—স্থা থাকা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, উত্থান, উঠা, উদয়। উৎপত্তি। উত্তোলন; যথা—"ইন্দ্রধ্বজসমুত্থানং।" কার্য্যারম্ভ। উদ্যোগ। রোগনির্ণয়। রোগশান্তি, রোগমুক্তি।

সমুৎপত্তি (সম্—উৎ উপরি—পদ্ গমন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, উৎপত্তি।

সমুৎপন্ন (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ক। দ্, ত—ন্ন) বিং, ত্রিং, উৎপন্ন, জাত। উদ্ভূত। ঘটিত, প্রবৃত্ত।

সমুৎপাট—পুং, সমুৎপাটন—ক্লীং (সম্—উৎ ঊর্দ্ধ—পাটি গমনকরান+অ(ঘঞ্), অন(অনট্)—ভা) সং, উন্মূলন। [বিং, ত্রিং, উন্মূলিত।

সমুৎপাটিত (সমুৎপাট দেখ, ত(ক্ত)—র্ম্ম)

সমুৎপিঞ্জ (সম্—উৎ—পিন্জ্ বধ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, অতিশয়ব্যাকুল, অত্যন্ত কাতর। সং, পুং, আকুল সৈন্য, যে সকল সেনা ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়াছে।

সমুৎসাদিত (সম্ সম্যক্—উৎ—সাদি [গমন করান] বিনাশ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, উন্মূলিত।

সমুৎসুক (সম্ সম্যক্—উৎসুক উৎকণ্ঠিত) বিং, ত্রিং, উৎকণ্ঠিত, চিন্তিত। ইষ্টলাভের জন্য আগ্রহযুক্ত, ঔৎসুক্যশালী।

সমুৎসৃষ্ট (সম্ সম্যক্—উৎ—সৃজ্ ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ত্যক্ত।

সমুৎসেধ (সম্ সম্যক্প্রকারে—উৎ—সিধ্+অ(ঘঞ্)—ভা) সং, পুং, উচ্চতা, উচ্ছ্রায়।

সমুদ্ভূত (সম্—উদ্ভূত) বিং, ত্রিং, সমুৎপন্ন।

সমুদক্ত (সম্ সহিত—উৎ উপরি—অন্চ্ গমন করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উদ্ধৃত, কূপাদি হইতে উত্তোলিত।

সমুদয় (সম্—উৎ—ই গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, সমগ্র, সকল,

সমূহ। উত্থান, উদয়, উন্নতি। সংগ্রাম। যুদ্ধ। দিবস। ক্লীং, লগ্ন। জ্যোতিষে—ষণ্নাড়ীচক্রান্তর্গত চতুর্থ নাড়ী।

সমুদাগম(সম্ সম্যক্—উৎ—আগম জ্ঞান) সং, পুং, সম্যক্‌জ্ঞান।

সমুদাচার (সম্ সহিত—উৎ—আচার আচরণ) সং, পুং, শিষ্টাচার, সম্যক্ আচার। আশয়, অভিপ্রায়।

সমুদায় (সমুদয় দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, সমগ্র, সকল। যুদ্ধ। উদয়, উন্নতি। পশ্চাৎ ভাগে স্থিত সৈন্য।

সমুদিত (সম্—উদিত [উদ্—ই গমনকরা +ত(ক্ত)—ক] উঠা) বিং, ত্রিং, উত্থিত। উন্নত। উৎপন্ন, জাত। (সম্—বদ্ বলা +ক্ত—র্ম্ম) সম্যক্ কথিত।

সমুদীরণ (সম্—উৎ—ঈর্ গমন করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সম্যক্ কথন।

সমুদীরিত (সমুদীরণ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ কথিত, উচ্চারিত। (+ক্ত ভা) সং, ক্লীং, উদীরণ।

সমুদ্গ, সমুদ্গক (সম্—উৎ—গম্ গমন করা+অ(ড)—ক, ২য় পক্ষে কণ্—যোগ) সং, পুং, সম্পুটক, কৌটা, খুড়ি, ঠোঙ্গা প্রভৃতি।

সমুদ্গত (সম্—উদ্গত উদিত) বিং, ত্রিং, [উদিত। উৎপন্ন।

সমুদ্গম (সম্—উৎ উপরি—গম্ গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, উদয়। উৎপত্তি।

সমুদ্গীত (সম্—উদ্ উচ্চ—গীত) বিং, ত্রিং, উচ্চৈর্গীত।

সমুদ্গীর্ণ (সম্—উদ্গীর্ণ বমিত) বিং, ত্রিং, উদ্গীর্ণ, বমিত। উচ্চারিত, কথিত। উত্তোলিত।

সমুদ্দিষ্ট (সম্ সম্যক্—উৎ—দিশ্ [দান করা, বলা] লক্ষ্য করা ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ উদ্দিষ্ট।

সমুদ্ধত (সম্—উদ্ধত ধৃষ্ট) বিং,ত্রিং, অবিনীত। অশিষ্ট। গর্ব্বিত, অহঙ্কৃত। উদ্গত। উত্থাপিত। (+ক্ত—র্ম্ম) উৎক্ষিপ্ত।

সমুদ্ধরণ—ক্লীং } (সম্—উৎ—ধৃ ধারণ করা—হৃ হরণ করা+অন(অনট্), অ(ঘঞ্)—ভা) সং, উদ্ধার, মোচন। বমন। উন্মূলন। উত্তোলন।
সমুদ্ধার—পুং }

সমুদ্ধৃত (সম্—উৎ—ধৃ, হৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মোচিত, উদ্ধার করা। উদ্ধৃত। উত্তোলিত। বান্ত। উন্মূলিত। অসদ্ব্যবহার প্রাপ্ত। অংশ করিয়া গৃহীত, অংশীকৃত। গৃহীত, অধিকৃত।

সমুদ্ধর্ত্তা (সমুদ্ধর্ত্তৃ, সম্—উদ্—হৃ লওয়া +তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, উদ্ধারকর্ত্তা। উন্মূলয়িতা। ঋণশোধনকর্ত্তা।

সমুদ্ভব (সম্—উৎ—ভূ হওয়া+অ(অল্)—ভাবে) সং, পুং, উৎপত্তি, জন্ম। (+অল্—ণ) কারণ। (+অন্—ক) বিং, ত্রিং, জাত, উদ্ভূত।

সমুদ্ভাসিত (সম্—উদ্ভাসিত দীপ্ত) বিং, ত্রিং, প্রদীপ্ত। শোভিত। উজ্জ্বলীকৃত।

সমুদ্ভূত (সম্—উদ্ভূত) বিং, ত্রিং, উৎপন্ন।

সমুদ্যত (সম্ সম্যক্—উদ্যত উদ্যুক্ত) বিং, ত্রিং, সম্যক্ উদ্যত,সম্যক্ উদ্যুক্ত।

সমুদ্যম (সম্ সম্যক্—উদ্যম উদ্যোগ) সং, পুং, সম্যক্ উদ্যম। চেষ্টা। আরম্ভ।

সমুদ্র (সম্ সম্যক্—উন্দ্ ক্লিন্ন হওয়া+র—অপা, চন্দ্রোদয় হেতু জলরাশি ক্লিন্ন হয় ইহাতে। "অপাং চৈব সমুন্নেন স সমুদ্র ইতি স্মৃতঃ।" ইতি বায়ু পুরাণং॥ কিংবা স সহিত—মুদ্রা মর্য্যাদা, ১মা—হিং। কিংবা সম্ সম[illegible]—উৎ উদ্গাত—র অগ্নি, ৭মী—[illegible]। কিম্বা স সহিত—মুদ্র [মুদ্ হ[illegible]—রা দান করা+অ(ড)—ক] রত্নাদি, ১মা—হিং, অথবা সম্—উৎ—রা দান করা+অ(ড)—ক) সং, পুং, অম্বুধি, জলরাশি, সাগর। (সহ—মুদ্রা) বিং, ত্রিং, মুদ্রিত, ছাপা। মুদ্রাযুক্ত।

সমুদ্রকফ(সমুদ্র সাগর—কফ শ্লেষ্মা) সং,পুং, সমুদ্রের ফেনা।

সমুদ্রকান্তা(সমুদ্র—কান্ত স্বামী,৬ষ্ঠী—হিং) [সং,স্ত্রীং, নদী,সরিৎ

সমুদ্রগ (সমুদ্র—গ [গম্ গমন করা+অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) সং, পুং, পোতবণিক্। গা—স্ত্রীং, নদী। বিং, ত্রিং, সমুদ্রস্থিত। সমুদ্রগামী।

সমুদ্রগৃহ ( সমুদ্র – গৃহ ঘর ) সং, ক্লীং, জলযন্ত্র গৃহ। গ্রীষ্মকালে তাপ নিবারণ জন্য রাজা বা ধনী ব্যক্তিরা এই গৃহ নির্ম্মাণ করিতেন, ইহার উপরে জল থাকিত এবং ছাদের ছিদ্র দিয়া বর্ষণের ন্যায় জলবিন্দু গাত্রে পতিত হইত।

সমুদ্রচুলুক (সমুদ্র – চুলুক গণ্ডূষ। যিনি গণ্ডূষ দ্বারা সমুদ্র পান করিয়াছিলেন ) সং, পুং, অগস্ত্য মুনি।

সমুদ্রচৌর্য্য—বম্বেটিয়াগিরি।

সমুদ্রদয়িতা (সমুদ্র – দয়িতা প্রণয়িনী) সং, স্ত্রীং, নদী, তরঙ্গিণী।

সমুদ্রনবনীত (সমুদ্র – নবনীত। সমুদ্রমন্থন দ্বারা যাহা উৎপন্ন হইয়াছে) সং, ক্লীং, সুধা, অমৃত। চন্দ্র, সুধাকর।

সমুদ্রমেখলা, সমুদ্ররসনা } (সমুদ্র – মেখলা, রসনা= কটিভূষণ, যে কটিবন্ধনের ন্যায় সমুদ্র কর্ত্তৃক বেষ্টিত।

সমুদ্রাম্বরা } সমুদ্র – অম্বর পরিচ্ছদ, যে সমুদ্র কর্ত্তৃক আচ্ছাদিত বা ভূষিত) সং, স্ত্রীং, পৃথিবী।

সমুদ্রযান (সমুদ্র—যান গমন) সং, ক্লীং, অর্ণবপোত, জাহাজ। সমুদ্রযাত্রা।

সমুদ্রারু (সমুদ্র – ঋ গমন করা + উ – প্রং) সং, পুং, কুম্ভীর। তিমিঙ্গিল মৎস্য। সেতুবন্ধ। রামের সেতু।

সমুদ্রীয় ( সমুদ্র + ঈয়(নীয়) – সম্বন্ধার্থে ) বিং, ত্রিং, সমুদ্রসম্বন্ধীয়।

সমুদ্বহ (সম্ – উদ্ – বহ্ বহন করা + অ (অন্) – ক) বিং,ত্রিং, শ্রেষ্ঠ। বহনকারী। যে বা যাহা উপরে এবং নীচে প্রচলিত হইয়াছে। উদ্বহনকর্ত্তা।

সমুন্দন (সম্ – উন্দ্ আর্দ্র হওয়া + অন (অনট্) – ভা) সং, ক্লীং, আর্দ্রতা, ভিজা।

সমুন্ন (পূর্ব্বে দেখ, ত(ক্ত) – ক) বিং, ত্রিং, ক্লিন্ন, আর্দ্র, সিক্ত।

সমুন্নত ( সম্ – উন্নত ) বিং, ত্রিং, সম্যক্ উন্নত। উন্নতিবিশিষ্ট, বৃদ্ধিযুক্ত। উচ্চ। মহৎ।

সমুন্নতি (সম্ – উন্নতি) সং, স্ত্রীং, সম্যক্ উন্নতি, বৃদ্ধি। মহত্ত্ব। উচ্চতা। উচ্চপদ।

সমুন্নদ্ধ (সম্ – উদ্ – নহ্ [বন্ধন করা] গর্ব্ব করা ইত্যাদি + ত(ক্ত) – ক) বিং, ত্রিং, পণ্ডিতম্মন্য। গর্ব্বিত। উৎপন্ন। বদ্ধ। উদ্‌বদ্ধ। অধ্যক্ষ, প্রধান। শ্রেষ্ঠ।

সমুন্নয় – পুং, সমুন্নয়ন – ক্লীং } (সম্ – উৎ ঊর্দ্ধে – নী লওয়া + অ(অল্), অন(অনট্) – ভা) সং, উৎক্ষেপণ। ঊর্দ্ধে নয়ন। উদ্ভাবন। লাভ, প্রাপ্তি।

সমুপচিত (সম্ – উপ – চি একত্র করা + ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত। বহুলীকৃত। বর্দ্ধিত। সং, গৃহীত। বৃদ্ধিপ্রাপ্ত।

সমুপজোষম্ (সম্ – উপ – জুষ্ সেবা করা + অম্ – প্রং) অং, আনন্দ, হর্ষ। ভাগ্যবশতঃ, সৌভাগ্যক্রমে।

সমুপধান (সম্ – উপ – ধা [ধারণ করা] স্থাপন করা ইত্যাদি + অন(অনট্) – ভা ) সং, ক্লীং, উৎপাদন, জনন। স্থাপন। রক্ষাকরণ।

সমুপবেশ ( সম্ – উপ – বিশ্ প্রবেশ করা + অ(অল্) – ধি) সং, পুং, অভ্যর্থনা। বসান।

সমুপস্থা (সম – উপ সমীপে – স্থা থাকা + অ – প্রং) সং, স্ত্রীং, নৈকট্য, সামীপ্য। ঘটনা।

সমুপেত (সম্ – উপেত) বিং, ত্রিং, সমাগত।

সমুপেয়িবান্ (সমুপেয়িবস্, সম্ – উপ সমীপ – ই গমন করা + বস্ – ক, দ্বিত্ব ) বিং, ত্রিং, উপস্থিত। প্রাপ্ত।

সমুপোঢ় (সম – উপ – বহ্ বহা + ত(ক্ত) —র্ম্ম ) বিং, ত্রিং, সমাসন্ন। সঙ্গত। সঞ্জাত। সমুদিত। দান্ত, দমিত, চাপিয়া রাখা।

সমুল্লসন্ (সমুল্লসৎ, সম্ – উদ্ – লস্ [ক্রীড়াকরা] দীপ্তি পাওয়া + অৎ(শতৃ) – ক) বিং, ত্রিং, উল্লাসযুক্ত, দীপ্তিমান্।

সমুল্লসিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, উল্লাসযুক্ত, আনন্দিত। শোভিত। ক্রীড়াশীল।

সমুল্লেখ – পুং, সমুল্লেখন – ক্লীং } ( সম্ – উৎ – লিখ্ [লেখা] আঁচড়ান ই-

ত্যাদি + অ(অল্), অন(অনট্) – ভা) সং, খনন। আঁচড়ান। কুন্দন। কথন। চাঁচা।

সমূঢ় (সম্ – বহ্ বহন করা + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, রাশীকৃত, পুঞ্জীকৃত। পুঞ্জিত। ধৃত। সঞ্চিত। ভুগ্ন। বিবাহিত। পরিষ্কৃত। শোধিত। সদ্যোজাত। দমিত। অনুপদ্রুত। সঙ্গত।

সমূরু (সম্ বিহ্বল হওয়া + উরু – প্রং) সং, পুং, মৃগবিশেষ।

সমূল } (স সহিত – মূল। কণ্ – সমূলক } যোগে সমূলক) বিং, ত্রিং, মূলসহিত। সহেতুক। কারণসহিত। সত্য।

সমূহ (সম্ – বহ্ বহনকরা – উহ তর্ককরা + অ(ঘঞ্) – র্ম্ম) সং, পুং, সমুদায়, রাশি। (+ ঘঞ্ – ভাবে) সম্যক্‌তর্ক।

সমূহনী (সমূহ [মলয়ার] রাশি – নী লওয়া + অ, ঈপ) সং, স্ত্রীং, সম্মার্জ্জনী, খেঙরা।

সমূহ্য (সম্ সম্যক্‌প্রকারে – বহ্ বহন করা বা উহ্ তর্ক করা + য(ণ্যৎ) – র্ম্ম, নিপাতন) সং, পুং, যজ্ঞাগ্নি। যজ্ঞাগ্নি সংস্কারবিশেষ। বিং, ত্রিং, তর্কণীয়, তর্ক করিবার যোগ্য।

সমৃদ্ধ (সম – ঋধ্ বৃদ্ধিপাওয়া + ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, সমৃদ্ধিযুক্ত। বৃদ্ধিযুক্ত। সম্পন্ন, সম্পত্তিশালী। উৎপন্ন, জাত।

সমৃদ্ধি (পূর্ব্বে দেখ, তি(ক্তি) – ভা) সং, স্ত্রীং, সম্পত্তি, ঐশ্বর্য্য। উন্নতি, বৃদ্ধি। শ্রেয়ঃ, মঙ্গল। কৃতকার্য্যতা। প্রভাব, আধিপত্য। ঐশ্বর্য্যবিশিষ্টতা। [ঐশ্বর্য্যবিশিষ্টতা।

সমৃদ্ধিমত্তা; সং, স্ত্রীং, সম্পত্তিশালিতা,

সমেত (সম্ সঙ্গে – এত [আ – ই গমন করা + ক্ত – ক] আগত) বিং, ত্রিং, সহিত। সংযুক্ত, মিলিত। সঙ্গত। প্রাপ্ত। উপস্থিত।

সমেধিত (সম্ – এধিত [এধ-ণিচ্ = এধি বৃদ্ধি পাওয়ান + ক্ত – র্ম্ম] বৃদ্ধিযুক্ত) বিং, ত্রিং, সংবর্দ্ধিত, উন্নত। উন্নমিত।

সমোদক (সম তুল্য – উদক জল) সং, ক্লীং, অর্দ্ধজলযুক্ত ঘোল।

সম্প (সম্ – পৎ পতিত হওয়া + অ(ড) –, ক ৎ – লোপ) সং, পুং, পতন।

সম্পত্তি } (সম্ – পদ্ [গমন করা] সমৃদ্ধ সম্পদ্ } হওয়া ইত্যাদি + তি(ক্তি), • (ক্বিপ্) – র্ম্ম) সং, স্ত্রীং, বিভূতি, ঐশ্বর্য্য। ধন। লক্ষ্মী। শোভা। গুণোৎকর্ষ। উৎকর্ষ। গৌরব। [পদে দাঁড়ান।

সম্পদ (সম একত্রে – পদ) সং, ক্লীং, যুক্ত

সম্পদ্বর (সম্ – পদ্ গমন করা + বর – সংজ্ঞার্থে) সং, পুং, রাজা, নরপতি।

সম্পন্ন (সম্পত্তি দেখ, ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, সমগ্র, সম্পূর্ণ। নিষ্পন্ন, সম্পাদিত। সহিত। যুক্ত, বিশিষ্ট। (+ ক্ত – ক) সম্পত্তিযুক্ত, ঐশ্বর্য্যবিশিষ্ট।

সম্পরায় (সম্ – পরা – ই গমন করা + অ (অল্) – ধি) সং, পুং, আপদ্। যুদ্ধ। আয়তি, উত্তরকাল। সন্তান।

সম্পরায়ক—য়িক (সম্পরায় যুদ্ধ + কণ্ – স্বার্থে, ইক(ষ্ণিক) – প্রং) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ। [স্বীক গ্রহণ।

সম্পরিগ্রহ (সম্ – পরিগ্রহ গ্র সং, পুং,

সম্পর্ক (সম্ সহিত – পৃচ্ হওয়া + অ(ঘঞ্) – ভা) সং, সংসর্গ। সম্বন্ধ। সংযোগ, মিলন মৈথুন, স্ত্রীসংসর্গ।

সম্পর্কী (সম্পর্কিন্, সম্পর্ক + ইন্ – অস্ত্যর্থে) বিং, ত্রিং, সম্পর্কবিশিষ্ট, সম্বন্ধ।

সম্পর্কীয় (সম্পর্ক + ঈয় ণীয়) – প্রং) বিং, ত্রিং, সম্বন্ধবিশিষ্ট, সম্বন্ধীয়। সংক্রান্ত।

সম্পা (সম্ – পৎ পড়া + অ(ড) – ক, আপ) সং, স্ত্রীং, বিদ্যুৎ, ক্ষণপ্রভা। শিং – ১"পঙ্কাদেন মদেন পঙ্কিলতনুঃ সম্পাতি সম্পাততঃ সম্পাভানুভুজঙ্গমগ্ন বিজহৌ যাস্তি ভুজঙ্গান্তয়ং।"

সম্পাক (সম্ সম্যক্‌রূপে – পাক) বিং, ত্রিং, ধৃষ্ট, অবিনীত। লম্পট। অল্প। তর্ককারী। সং, পুং, আরগ্বধ বৃক্ষ।

সম্পাট (সম্ – পট গমন করা + অ – প্রং) সং, পুং, তর্কু, টেকো।

সম্পাত (সম – পৎ পতিত হওয়া + অ (ঘঞ্)—ভা) সং, পুং, পতন। উড্ডয়ন, উড়া। গমন। প্রবেশ। সমূহ।

সম্পাতি (সম—পা পালন করা, পান করা +অতি—প্রং, কিংবা সম্—পত্ পড়া +ইঞ্—ক, অথবা সম্পা—অং গমন করা+ই—ক) সং, পুং, গরুড়ের পুত্র পক্ষিবিশেষ, জটায়ুর জ্যেষ্ঠ।

সম্পাদক (সম্—পদ্-ণিচ্=পাদি গমন করান+অক(ণক)—ক) বিং,ত্রিং, নিষ্পাদক, কার্য্যনির্ব্বাহক।

সম্পাদন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, নিষ্পাদন, নির্ব্বাহ, সমাপন। উপার্জ্জন।

সম্পাদিত (সম্পাদক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং,ত্রিং,নিষ্পাদিত, নির্ব্বাহিত,সমাপিত।

সম্পাদ্য (সম্পাদক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদন করিবার যোগ্য, নিষ্পাদ্য। (Problem) যে প্রকার প্রতিজ্ঞায় কোন ক্রিয়া সাধন উদ্দেশ্য।

সম্পীড়—পুং } (সম্—পীড় পীড়িত
সম্পীড়ন—ক্লীং } হওয়া+অ(অল্), অন (অনট্)—ভা) সং, প্রেরণ। সম্যক্ নিষ্পীড়ন, ক্লেশ দেওয়া।

সম্পুট, সম্পুটক (সম্—পুট [দ্রব্যের সহিত] সংলগ্ন হওয়া+অ(ক)—প্রং, ২য়-পক্ষে—কণ্-যোগ) সং, পুং, কৌটা, ঠোঙ্গা, খুড়ি, পেটরা প্রভৃতি। কুরুবক। একজাতি পদার্থের মধ্যে ভিন্ন জাতীয় পদার্থের সম্যক্ ব্যাপ্তি। শিং—১ "সকামঃ সংপুটো জাপ্য নিষ্কামঃ সংপুটং বিনা।" রতিবন্ধবিশেষ।

সম্পূর্ণ (সম্ সম্যক্—পূর্ণ) বিং, ত্রিং, পরিপূর্ণ। সমগ্র। সমাপ্ত। শিং—১ "গৃহীতেঽস্মিন্ ব্রতে দেবযদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তন্মে ভব তু সম্পূর্ণং ত্বৎপ্রাসাদাৎ জনার্দ্দন।" সং, পুং, রাগের জাতিবিশেষ, যে রাগ সপ্তস্বরবিশিষ্ট। র্ণা—স্ত্রীং, একাদশীবিশেষ। শিং—১"আদিত্যোদয় বেলায়াঃ প্রাঙ্মুহূর্ত্তদ্বয়ান্বিতা। সৈকাদশী হি সংপূর্ণা বিদ্ধান্যা পরিকীর্ত্তিতা।"

সম্পৃক্ত (সম্—পৃচ্ মিলিত হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, মিলিত, মিশ্রিত। সম্বন্ধ। খচিত, গ্রথিত।

সম্প্রতি (সম্—প্রতি, দ্বং—স) অং, ইদানীং, অধুনা, এক্ষণে।

সম্প্রতিপত্তি (সম্ একসঙ্গে—প্রতিপত্তি অঙ্গীকার, সম্মতি, জ্ঞান) সং,স্ত্রীং, বাদীর অভিযোগ শ্রবণ করিয়া প্রতিবাদীর তাহা স্বীকার করা। স্বীকার। সম্যক্‌জ্ঞান। সঙ্গ, সমভিব্যাহারী হওয়া। অভিমতি। সাহচর্য্য, সহায়তা। চুক্তি। আপোষ। আক্রমণ। কার্য্যকরণ। সম্পাদন।

সম্প্রতীতি (সম্—প্রতীতি খ্যাতি, জ্ঞান) সং, স্ত্রীং, খ্যাতি, প্রসিদ্ধি। প্রত্যয়,জ্ঞান।

সম্প্রদাতা (—দাতৃ, পশ্চাৎ দেখ, তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, সম্প্রদানকর্ত্তা।

সম্প্রদান (সম্—প্র—দা দান করা+অন (অনট্)—সম্প্রং) সং, ক্লীং, দানীয় ব্যক্তি, যাহাকে কোন বস্তু দান করা যায়। (+অনট্—ভা) দান। কারকবিশেষ।

সম্প্রদায় (সম্—প্র—দা [দানকা] উপদেশ করা+অ(ঘঞ্)—র্ম্ম, য—আগম) সং, পুং, গুরুপরম্পরাগত সদুপদেশ। সমাজ। দল। সজাতীয়।

সম্প্রধারণ—ক্লীং } (সম্—প্র—ধৃ-ণিচ্=
সম্প্রধারণা—স্ত্রীং } ধারি [ধারণ করান] নিশ্চয় করা+অন(অনট)—ভা, আপ্) সং, উচিত অনুচিত বিবেচনা, কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়। অবধারণ।

সম্প্রয়োগ (সম্—প্র—যুজ্ যোগ করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, ধনাদি বিনিয়োগ, প্রয়োগ, খাটান। সম্বন্ধ, সম্পর্ক। নিধুবন, রমণ। সাপেক্ষতা। ইন্দ্রজাল। বশীকরণাদিকর্ম্ম. বিং, ত্রিং, ইন্দ্রিয়বিষয় সম্বন্ধ।

সম্প্রযোগী (—যোগিন্, পূর্ব্বে দেখ, ইন্—ক) সং, পুং, প্রয়োগকর্ত্তা। কামুক, লম্পট। ঐন্দ্রজালিক।

সম্প্রসাদ (সম্—প্র—সদ্ [গমনকরা] প্রসন্ন হওয়া ইত্যাদি+অ(ঘঞ্)—ভা) সং, পুং, যোগাদিশাস্ত্রোক্ত চিত্তের নির্ম্মলতা সম্পাদক যত্নবিশেষ। সুষুপ্তি। প্রসন্নতা। বিশ্বাস।

সম্প্রসারণ (সম্—প্র—সৃ-ণিচ্=সারি গমন

করান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিস্তারণ। ব্যাকরণের সংজ্ঞাবিশেষ, ই উ ঋ ৯ স্থানে য ব র ল হওয়া। মুগ্ধবোধে—'জি' সংজ্ঞা।

সম্প্রস্থিত (সম্—প্রস্থিত) বিং, ত্রিং, যে প্রস্থান করিয়াছে। প্রস্থানোদ্যত।

সম্প্রহার (সম্—প্রহার) সং, পুং, যুদ্ধ। সম্যক্‌প্রহার। হনন। গমন।

সম্প্রাপ্ত (সম্—প্রাপ্ত [প্র—আপ্+ক্ত—র্ম্ম]) বিং, ত্রিং, লব্ধ, যাহা পাওয়া গিয়াছে। (+ক্ত—ক) আগত, উপস্থিত। ফলিত।

সম্প্রাপ্তি (সম্—প্রাপ্তি) সং, স্ত্রীং, প্রাপ্তি, লাভ। সমাগতি, উপস্থিতি। শিং—১ "আত্মনেপদ সংপ্রাপ্তৌ পরস্মৈ কুত্রচিদ্ ভবেৎ।"

সম্প্রীতি (সম্—প্রী তুষ্টহওয়া+তি(ক্তি)—ভা) সং,স্ত্রীং, সম্যক্‌প্রণয়। সন্তোষ। হর্ষ।

সম্প্লব (সম্—প্লু গমন করা+অ(অল্)—ভা) সং, পুং, সংক্ষোভ, চাঞ্চল্য। চতুর্দ্দিকে বর্দ্ধিত, বন্যা।

সম্ফাল (সম্—ফল্ ফলধারণ করা+অ—প্রং) সং, পুং, মেষ।

সম্ফুল্ল (সম্ সম্যক্—ফুল্ল প্রস্ফুটিত) বিং, ত্রিং, প্রফুল্ল। প্রস্ফুটিত, বিকসিত।

সম্ফেট; সং, পুং, নাট্যোক্তিতে আস্ফালন, দ্বন্দ্বযুদ্ধ।

সম্ব (সম্ব্ গমন করা+অ(অল্)—ভাবে) সং, ক্লীং, জল। বারদ্বয় কর্ষণ, দুইবার চসা। প্রতিলোমকর্ষণ, উল্টাদিকে চসা।

সম্বদ্ধ (সম্—বন্ধ্ বন্ধন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সম্বন্ধযুক্ত, সম্বন্ধবিশিষ্ট। সংযুক্ত, মিলিত। (+ক্ত—র্ম্ম) বদ্ধ।

সম্বন্ধ (সম্ সহিত—বন্ধ [বন্ধ্ বন্ধনকরা+অ(অল্)—ভা] বন্ধন) সং, পুং, সংসর্গ, সম্পর্ক। সংযোগ, মিলন। সঙ্ঘটন। সৌভাগ্য,সমৃদ্ধি। যোগ্যতা। সমীচীনতা, উপযুক্ততা। (+অল্—ণ) সখ্য, মিত্রতা। কুটুম্বিতা। ব্যাকরণে—জন্যজনকতাদি। বিং, ত্রিং, শক্ত, সমর্থ। উপযুক্ত, সমীচীন, মিলিত।

সম্বন্ধী (সম্বন্ধিন্, সম্বন্ধ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কী। কুটুম্ব। সদ্‌গুণবিশিষ্ট, বিদ্বান, সুদৃশ্য ইত্যাদি।

সম্বর (সম্ব্ গমন করা+অর(অরন্)—ক, কিম্বা সম্—বৃ আবরণকরা+অ(অল্)—ভা) সং,ক্লীং, জল। সংবরণ, ইন্দ্রিয়দমন। দমন। বৌদ্ধদিগের ব্রত-বিশেষ। পুং, দৈত্য-বিশেষ। হরিণ-বিশেষ। মৎস্য-বিশেষ। পর্ব্বত। নাটকবিশেষ। সেতু।

সম্বরণ (সম্—বৃ আবরণ করা ইত্যাদি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বরণ। বরমাল্যদান। সঙ্গোপন, আবরণ। দমন। ইন্দ্রিয়সংযম।

সম্বরারি (সম্বর দৈত্যবিশেষ—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামদেব, কন্দর্প।

সম্বল (সম্ব্ গমন করা+অলচ্—ণ) সং, পুং—ক্লীং, পাথেয়, পথ-খরচ। সংস্থাপন, পুঁজি। (+অলচ্—ক) ক্লীং, জল।

সম্বাকৃত (সম্ব দ্বিতীয়বার কর্ষণ—কৃত করা হইয়াছে, মধ্যে, আ—আগম) বিং, ত্রিং, দ্বিতীয়বার কৃষ্ট (ভূম্যাদি)। প্রতিলোমকৃষ্ট, উল্টাদিকে চসা।

সম্বাদী—সঙ্গীতে বাদীর সহগামী সুর।

সম্বাধ (সম্—বাধ্ পীড়ন করা ইত্যাদি+অ(অল্)—ভা) সং, পুং, ভয়। সঙ্কট। বাধা। ভিড়, সঙ্ঘর্ষ। যোনিমার্গ। নরকের পথ। (সম্—বাধা) বিং, ত্রিং, অপ্রশস্ত, সঙ্কীর্ণ, কমচৌড়া। জনতাপূরিত।

সম্বাধন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বাধা দেওয়া। দ্বারপাল।শূলাগ্র।

সম্বিদা—সিদ্ধি, বিজয়া।

সম্বুদ্ধ (সম্ সম্যক্—বুদ্ধ জ্ঞানী) সং, পুং, বুদ্ধাবতার। বিং,ত্রিং, চৈতন্যবিশিষ্ট, জাগরিত।

সম্বুদ্ধি—স্ত্রীং }
সম্বোধন—ক্লীং } (সম্—বুধ্ [জানা] সামুখ্য করা + তি(ক্তি), অন(অনট্)—ভা) সং, আহ্বান। অভিমুখীকরণ, আমন্ত্রণ। দর্শন। বিশেষণ। ব্যাকরণে—বিভক্তিবিশেষ।

সম্ভলী (সম্ সহিত—ভল্ নিরূপণ করা, বলা+অ—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, দূতী।

সম্ভব (সম্ সম্যক্ — ভূ হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, উৎপত্তি, জন্ম। সম্ভাবনা। যোগ্যতা। সঙ্কেত। উপায়। যুক্তি, আপোষ। ক্ষতি,ধ্বংস। সমীচীনতা, উপযুক্ততা। শক্তি, ক্ষমতা। পরিচয় সখ্য। (+ অল্ — র্ম্ম) হেতু, কারণ। (+ অন্ — ক) বর্ত্তমান যুগের তৃতীয় জৈন। বিং, ত্রিং, উৎপন্ন। মেলক।

সম্ভব্য (সম্ সহিত — ভব হওন + য — প্রং, কিম্বা পূর্ব্বে দেখ, য — র্ম্ম) বিং, ত্রিং, সম্ভাবনাযোগ্য, সম্ভাবনীয়। সং, পুং, কপিথ, কয়েদ্‌বেল।

সম্ভার (সম্ — ভৃ ধারণ করা ইত্যাদি + অ (ঘঞ্) — ভা) সং, পুং, সংগ্রহ। সমূহ, রাশি। পরিপূর্ণতা। পুষ্টিসাধন, পোষণ। সরবরাহ। (+ ঘঞ্ — র্ম্ম) উপকরণ।

সম্ভাবন — ক্লীং, সম্ভাবনা — স্ত্রীং } (সম্ — ভাবি চিন্তা করা, যোগ্য হওয়া ইত্যাদি + অন(অনট্) — ভা) সং, অনুগ্রহ। সুখ্যাতি, যশঃ। পূজা, সৎকার। চিন্তা। যোগ্যতা। স্বীকার। সম্পাদন। উৎকটকোটিক সংশয়, "যদি এ প্রকার হয়" এই তর্ক। অভিসন্ধি। কাব্যালঙ্কারবিশেষ। ব্যাকরণে—ক্রিয়াতে যোগ্যতার অধ্যবসায়।

সম্ভাবিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, সৎকৃত, পূজিত। অনুগৃহীত। সম্ভাবনার বিষয়। সন্দেহের বিষয়। বিখ্যাত, প্রসিদ্ধ। নিশ্চয়প্রধান। চিন্তিত। সম্ভাবনার যোগ্য। তর্কিত। বহুমত। "অকীর্ত্তিং চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াং। সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে।"

সম্ভাব্য (সম্ভাবন দেখ, য(ঘ্যণ) — র্ম্ম) বিং, ত্রিং, শ্লাঘ্য। প্রশংসনীয়। সম্ভাবনাযোগ্য। প্রতর্ক্য।

সম্ভাস — পুং, সম্ভাষা — স্ত্রীং, সম্ভাষণ — ক্লীং } (সম্ একসঙ্গে — ভাষ বলা + অ(অল্), অন (অনট্) -- ভাবে) সং, পরস্পর কথোপকথন, আলাপন।

সম্ভিন্ন (সম্ — ভিন্ন) বিং, ত্রিং, মিলিত। ভগ্ন। বিদলিত। সঙ্ক্ষোভিত, চালিত। প্রস্ফুটিত। শিং — ১ "করৈরিন্দোরন্তশ্ছুরিত ইব সম্ভিন্নমুকুলঃ।"

সম্ভূত (সম্ — ভূ হওয়া + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, উৎপন্ন, উদ্ভূত, জাত।

সম্ভূতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, বিভূতি। উৎপত্তি, উদ্ভব। যোগ। ক্ষমতা, শক্তি। ঈশ্বরের ঐশ্বর্য্যবিশেষ। শিং — ১ "সম্ভূতিং য উপাসতে।"

সম্ভূয়সন্ধান; সং, ক্লীং, পরস্পর মিলিত হইয়া সন্ধিকরণ।

সম্ভূয়সমুত্থান (সম্ভূয় [সম্ একসঙ্গে — ভূ হওয়া + যপ্] একত্রিত হইয়া — সমুত্থান উঠা, কার্য্যারম্ভ) সং, ক্লীং, অংশীদিগের মিলিয়া বাণিজ্য, সাজায় বাণিজ্য। তদ্ঘটিত বিবাদ।

সম্ভৃত (সম্ভার দেখ, ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, যত্নসিদ্ধ। সঞ্চিত। দত্ত। লব্ধ। পরিপূর্ণ। সম্যক্ বর্দ্ধিত। প্রস্তুত। সঙ্কলিত। জনিত। পরিপুষ্ট।

সম্ভৃতি (সম্ভার দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, ভরণ, প্রতিপালন। সম্যক্ পোষণ। পরিপূর্ণতা। প্রস্তুতকরণ। সঞ্চয়। বর্দ্ধন।

সম্ভেদ (সম্ — ভিদ্ [ভেদ করা] মিলিত হওয়া ইত্যাদি + অ(ঘঞ্) — ভা) সং, পুং, নদীমিলন, নদীসমুদ্রের যোগ। নদীর সঙ্গমস্থান। মিলন। স্ফুটন। ভেদন। একরূপতা।

সম্ভোগ (সম্ — ভোগ উপভোগ) সং, পুং, উপভোগ, সুখাস্বাদন। রতিক্রিয়া। জিনশাসন। হর্ষ। কেলিনাগর। শৃঙ্গারবিশেষ। শিং — ১ "দর্শনস্পর্শনাদীনি নিষেবতে বিলাসিনৌ। যত্রানুরক্তাবন্যোহন্যাং সম্ভোগঃ সমুদাহৃতঃ।"

সম্ভ্রম (সম্ — ভ্রম্ [ভ্রমণ করা] মান্য হওয়া ইত্যাদি + অ(অল্) — ভা) সং, পুং, ভয়। ভয়াদিজনিত, ত্বরা। সম্মান, গৌরব, মান্যতা। আদর। ভ্রান্তি। ঘূর্ণন। আনন্দ বা ভয়াদিজনিত ব্যস্ততা, আবেগ। সূত্র।

সম্ভ্রান্ত (পূর্ব্বে দেখ, ত(ক্ত) — ক) বিং, ত্রিং, মান্য গৌরবান্বিত, সম্ভ্রমশালী। আদরণীয় ত্বরাবিশিষ্ট। সম্যক্ ভ্রান্ত।

সম্ভ্রান্ততন্ত্র ( Aristocracy ) সম্ভ্রমশালী ব্যক্তিদিগের হস্তগত রাজ্যশাসন।

সম্ভ্রান্তসমাজ ( House of Lords ) ইংলণ্ড দেশের রাজকীয় সভা-সংক্রান্ত সম্ভ্রমশালী ব্যক্তিদের সভা।

সম্মত (সম্ — মন্ [বোধ করা] অনুমতি করা ইত্যাদি + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, অনুমত। অভিপ্রেত, অভিমত।

সম্মতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি) — ভা) সং, স্ত্রীং, অনুমতি, আদেশ। মত। অভিপ্রায়। সম্মান। ইচ্ছা, বাসনা। ঐকমত্য। আত্মবোধ।

সম্মদ (সম্ — মদ্ হৃষ্ট হওয়া + অ(অল্) — ভা) সং, পুং, আমোদ, আহ্লাদ, হর্ষ। বিং, ত্রিং, সুখী, আনন্দিত।

সম্মর্দ্দ (সম্ — মর্দ্দ্ মর্দ্দন করা + অ(অল) — ধি) সং, পুং, যুদ্ধ। ( + অল্ — ভাবে ) জনতা, ভিড়। সঙ্ঘর্ষ।

সম্মাতুর (সং উত্তম, সাধু — মাতৃ মা + অ — অপত্যার্থে) সং, পুং, সতীতনয়, পতিব্রতাপুত্র।

সম্মাদ (সম্ সম্যক্‌রূপে — মদ্ গর্ব্ব করা, মত্ত হওয়া + অ(ঘঞ্) — ভাবে) সং, পুং, অতিরোষ, উন্মাদ, মত্ততা।

সম্মান (সম্ — মান্ পূজা করা + অ(অল) — ভা) সং, পুং, পূজা, সমাদর, গৌরব। (মা পরিমাণকরা) ক্লীং, সম্যক্ পরিমাণ।

সম্মানন — ক্লীং } ( সম্ — মান্ পূজা
সম্মাননা — স্ত্রীং } করা + অনট্, অন — ভা, আপ্) সং, সম্মান।

সম্মানিত ( সম্মান দেখ, ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, সংকৃত, সমাদৃত, পূজিত।

সম্মার্জ্জক (পশ্চাৎ দেখ, অক(ণক) — ক) বিং, ত্রিং, পরিষ্কারক। সং, পুং, সম্মার্জ্জনী।

সম্মার্জ্জন (সম্ — মৃজ্ শুদ্ধ করা, মার্জ্জন করা + অনট্ — ভা ) সং, ক্লীং, শোধন, পরিষ্করণ। ( + অনট্ — ণ ) নী — স্ত্রীং, খিঙ্গরী, মার্জ্জনী, ঝাঁটা।

সম্মিত ( সম্ সহিত — মিত পরিমিত ) বিং, ত্রিং, সদৃশ, তুল্য, সমান। পরিমিত। তুল্যপরিমাণ।

সম্মিলন (সম্ — মিল্ সংলগ্নহওয়া + অনট — ভা) সং, ক্লীং, সংযোগ, মিলন, একত্র হওন।

সম্মিলিত ( পূর্ব্বে দেখ, ত(ক্ত) — ক ) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত, একত্রিত।

সম্মিশ্র ( সম্ একসঙ্গে — মিশ্র মিশান ) বিং, ত্রিং, মিশ্রিত, সংযুক্ত। শিং — ১ "সম্মিশ্রা যা চতুর্দ্দশ্যা অমাবাস্যা ভবেৎ ক্বচিৎ।"

সম্মুখ (সম্ সমীপ — মুখ) বিং, ত্রিং, সমক্ষ, অভিমুখ।

সম্মুখীন (সম্মুখ + ঈন( ) — প্রং) বিং, ত্রিং, অভিমুখে স্থিত, সম্মুখবর্ত্তী। অভিমুখ।

সম্মূঢ় (সম্ — মুহ্ [মুগ্ধ হওয়া] একত্রিত হওয়া ইত্যাদি + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, রাশীকৃত। ভগ্ন। শীঘ্রজাত। নির্ব্বোধ, অজ্ঞান। মোহযুক্ত, মুগ্ধ।

সম্মূর্চ্ছন — ক্লীং } ( সম্ — মূর্চ্ছ্ মূ-
সম্মূর্চ্ছনা — স্ত্রীং } র্চ্ছিত হওয়া ইত্যাদি + অন(অনট্) — ভা) সং, মোহ, মূর্চ্ছা। বৃদ্ধি। অভিব্যাপ্তি। ব্যাপ্তি। বিস্তার। উচ্চতা, উচ্ছ্রায়।

সম্মৃষ্ট (সম্ — মৃজ্ শুদ্ধ করা + ত(ক্ত) — র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, মার্জ্জিত, নির্ম্মলীকৃত।

সম্মোদ (সম্ সম্যক্ — মুদ্ হৃষ্ট হওয়া + অ(ঘঞ্) — ভা ) সং, পুং, আমোদ, আনন্দ, প্রীতি, হর্ষ।

সম্মোহ (সম্ — মোহ) সং, পুং, মুগ্ধকরণ।

সম্মোহন ( সম্ — মোহি মোহ করান + অন — ক) বিং, ত্রিং, মোহজনক, মোহকারক। সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। ( + অনট্ — ভাবে) মুগ্ধকরণ।

সমম্লিষ্ট (সম্ — ম্লেচ্ছ্ [অপভাষা বলা] মিলিত হওয়া ইত্যাদি + ত(ক্ত) — ক) বিং, ত্রিং, মিশ্রিত, মিলিত। অস্পষ্ট।

সম্যক্ (সম্ সহিত — অনুচ্ গমন করা + ০(ক্বিপ্) — ক ) অং, সর্ব্বপ্রকারে, সমগ্ররূপে। উপযুক্তরূপে। উত্তমরূপে।

সম্যক্, সম্যঙ্ (সম্যচ্, সম্যক্, সম্ সহিত অনুচ গমন করা + ০(ক্বিপ) — ক্)

বিং, ত্রিং, সত্য, যথার্থ। শুদ্ধ। সহিত। মনোজ্ঞ, সুন্দর। যোগ্য। সঙ্গত,উপযুক্ত। সমুদয়, সম্পূর্ণ, সকল।

সম্রাট্ (সম্রাজ্, সম্ সম্যক্ — রাজ্ দীপ্তি-পাওয়া + ০(ক্বিপ্) — ক) সং, পুং, সার্ব্ব-ভৌম, রাজসূয় যজ্ঞকারী, সর্ব্বভূমীশ্বর রাজা, রাজাধিরাজ, সসাগরা ধরার অধীশ্বর। রাজসূয়যাজী, দ্বাদশ রাজমণ্ডলের অধীশ্বর এবং রাজাগণের নিয়োগকর্ত্তাকে সম্রাট্ কহে। শিং — ১ "যেনেষ্টং রাজ-সূয়েন মণ্ডলস্যেশ্বরশ্চ যঃ। শাস্তি যশ্চা-জ্ঞয়া রাজ্ঞঃ স সম্রাট্।"

সযোনি ; সং, পুং, ইন্দ্র।

সর ( সৃ গমন করা + অ(অন্) — ক ) সং, পুং, দুগ্ধ দধি প্রভৃতির সার। বাণ। লবণ। ক্লীং, সরোবর। ভূষণবিশেষ। মাল্য, নর, ছড়া। মধু। জল। পুং — স্ত্রীং, নির্ঝর, ঝরণা। বিং, ত্রিং, গমন-কারী, এই অর্থে প্রায় যোগে ব্যবহার হয় ; যথা—অনুসর, অবসর ইত্যাদি। (+ অল্ — ভাবে) পুং, গমন।

সরঃ ( সরস, সৃ [স্নান কিম্বা পান করিবার জন্য ইহাতে] গমন করা + অস্ — ধি) সং, ক্লীং,সরোবর,পুষ্করিণী। (+ অস্-ক) জল। দধ্যগ্র। গতি। বাণ। লবণ। পুং — স্ত্রীং, নির্ঝর। বিং, ত্রিং, সারক। গমনকর্ত্তা।

সরঃকাক (সরস্ সরোবর — কাক) সং, পুং, হংস। কী — স্ত্রীং, হংসী।

সরক ( সৃ গমন করা + অক — ক ) সং, ক্লীং, সরোবর। আকাশ। স্বর্গ। পুং-ক্লীং, ঐক্ষক মদ্য। অবিচ্ছিন্ন অশ্বগশ্রেণী,প্রধান পথ, সড়ক। (+ অক — অপা) মদ্যপাত্র। (+ অক — ভাবে) মদ্যপান। মদ্যপরিবে-শন। বিং, ত্রিং, গমনশীল।

সরগরম (পারস্য) বিং, উষ্ণ। উৎসাহশীল।

সরঘা (সর যে কেহ গমন করে — হন্ বধ করা + অ(ড) — ক, আপ্) সং, স্ত্রীং, মধু-মক্ষিকা, মৌমাছি।

সরজ (সর দধি দুগ্ধ প্রভৃতির সার — জ [জন্ জন্মান + অ(ড) — ক] উৎপন্ন ) সং, ক্লীং, নবনীত, ননী।

সরজাঃ, সরজস্ক ( সরজস্, স সহ — রজস্ ঋতু, ১মা — হিং, ২য়-পক্ষে কণ্ — যোগ ) বিং, ত্রিং, রজোবিশিষ্ট, ধূলিযুক্ত। সং, জস্, স্কা — স্ত্রীং, ঋতুমতী স্ত্রী।

সরট,সরটু (সৃ গমনকরা + অটন্,অটু — ক) সং, পুং, কৃকলাস। টিকটিকী।

সরটি ( সৃ গমন করা + অটি — প্রং ) সং, পুং, বায়ু। মেঘ।

সরণ (সৃ গমনকরা + অনট্ — ভা) সং, ক্লীং, গমন। লৌহমল। ( + অন — ক ) বিং, ত্রিং, গমনশীল। ণা — স্ত্রীং, প্রসারণী, গন্ধভাদালি।

সরণি-ণী ( পূর্ব্বে দেখ, অনি — ক, ণ ) সং, স্ত্রীং, বর্ত্ম, পথ, সরাণ। পঙ্‌ক্তি, শ্রেণী। গলরোগবিশেষ। রীতি।

সরণ্ড (সৃ গমন করা + অণ্ড — প্রং, শরণ্ড ও হয়) সং, পুং, ধূর্ত্ত। সরট। গিরিগিটী। ভূষণবিশেষ। কামুক। পক্ষী।

সরণ্যু ( সৃ গমন করা + অন্যু — প্রং ) সং, পুং, মেঘ। বায়ু। জল। বসন্ত। অগ্নি।

সরৎ (সৃ গমন করা + অৎ(শতৃ) — ক) সং, পুং, সূত্র, সুতা।

সরত্নি ( সৃ গমন করা + অত্নি — প্রং ) সং, পুং, বদ্ধমুষ্টি হস্ত।

সরদী (পারস্য) শীতলতা, আর্দ্রতা।

সরপত্রিকা ; সং, স্ত্রীং, পদ্মপত্র। পদ্ম।

সরপোষ (পারস্য) সং, ঢাকন, আচ্ছাদন।

সরফরাজ ( পারস্য ) প্রশংসা করা, দম্ভ করা, স্পর্দ্ধা।

সরম (দেশজ) লজ্জা।

সরমা ( সৃ গমন করা + অম — প্রং, অথবা স সহিত — রম [রম্ ক্রীড়া করা + অ (অন্) — ক] যে খেলা বা শিকার করে, আপ্ ) সং, স্ত্রীং, বিভীষণ পত্নী। কুক্কুরী। কশ্যপ-কন্যা।

সরযু ( সৃ গমনকরা + যু — ক ) সং, পুং, বায়ু। যু, যূ — স্ত্রীং ( + অযু, অযূ — ক ) অযোধ্যার নিকটবাহিনী নদী।

সরল (সৃ [বিস্তারে, সৌগন্ধে ইত্যাদি] গমন করা + অল — ক) সং, পুং, দেবদারু বৃক্ষ। শালগাছ। বিং, ত্রিং, অকপট, উদার,

সাধু। অবক্র, সোজা। লা—স্ত্রীং, নদী-বিশেষ। ত্রিপুটা।

সরলদ্রব (সরল বৃক্ষবিশেষ—দ্রব যে দ্রব হয়) সং, পুং, সরলবৃক্ষের রস, টার্পিন্‌।

সরলাঙ্গ ; সং, পুং, শ্রীবেষ্ট।

সরস (সরসী দেখ, অস—প্রং, কিংবা স সহিত—রস, ১মা—হিং) সং, ক্লীং, সরোবর। বিং, ত্রিং, রসযুক্ত। মধুর। সুস্বাদ। নূতন। সা—স্ত্রীং, শ্বেতত্রিবৃতা।

সরসম্প্রভ ; সং, ক্লীং, ত্রিকণ্ট বৃক্ষ, তেকাটা-সিজের গাছ।

সরসিক (সরস্‌ সরোবর+ইক—প্রং) সং, পুং, সারসপক্ষী।

সরসিজ, সরসীরুহ (সরসি সরোবরে—জ [জন্‌ জন্মান+অ(ড)—ক] যে জন্মে। সরসী সরোবর—রুহ [রুহ্‌ জন্মান+অ(ক)—ক] যে জন্মে, ৭মী—হিং) সং, ক্লীং, পদ্ম, সরোজ, পঙ্কজ।

সরসী (সৃ [স্নান কিম্বা পান করিবার জন্য ইহাতে] গমন করা+অস্‌—ধি, ঈপ্‌) সং, স্ত্রীং, সরোবর।

সরস্বতী (সরস্বৎ+ঈপ্‌—প্রং) সং, স্ত্রীং, বাগ্দেবী। ব্রহ্মাণী। বাণী, বাক্য। নদী-বিশেষ। নদী। উত্তমা স্ত্রী। কাক। সোম-লতা। মুনিপত্নী। জৈনদিগের দেবীবিশেষ। শিং—১ "সরস্বতী শ্রুতিমহতী ন হীয়-তাম্‌।"

সরস্বান্‌ (সরস্বৎ, সরস্‌ হ্রদ+বৎ(বতু)—অস্ত্যর্থে, কিংবা সরস রসের সহিত+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র, সাগর। সরোবর। নদ। মহিষ। বিং, ত্রিং, রসযুক্ত।

সরহস্য (স সহিত—রহস্য) বিং, ত্রিং, সমন্ত্রক, মন্ত্রসহিত।

সরা ; সং, স্ত্রীং, নির্ঝর। প্রসারণী।

সরাই (পারস্য) সং, পান্থশালা, পথিক-দিগের উত্তরিবার স্থান, পথে যাত্রীদিগের বিশ্রাম করিবার স্থান।

সরাগ (স সহিত—রাগ অনুরাগ, রং, ১মা—হিং) বিং, ত্রিং, অনুরক্ত। রঞ্জিত। রক্তবর্ণ। অনুরাগী, বাসনাযুক্ত।

সরাগং—অধিকারীর জমীকে সরাগং বলে।

সরাব (সর জল—অব্‌ রক্ষা করা+অ(অন্‌)—ক) সং, পুং, মৃণ্ময় পাত্রবিশেষ, সরা। [পুং—স্ত্রীং, নির্ঝর, ঝরণা।

সরি, সরী (সৃ গমন করা+ই—প্রং) সং, সরিকা ; সং, স্ত্রীং, হিঙ্গুপত্রী।

সরিৎ (সৃ গমন করা+ইৎ—ক) সং, স্ত্রীং, নদী। সূত্র। দুর্গা। শিং—১"ক্রিয়াকারণ-রূপত্বাৎ সরণাচ্চ সরিন্মতা।"

সরিৎপতি } (সরিৎ [illegible]—পতি, ৬ষ্ঠী
সরিতাম্পতি } —ষ। [illegible]াম্‌ নদী সক-
সরিত্বান্‌ } লের [illegible]তি। সরিত্বৎ, স-
রিৎ নদী+বৎ(বতু)—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র, সাগর।

সরিৎসুত (সরিৎ সেই নদী—সুত পুত্র) সং, পুং, গাঙ্গেয়, ভীষ্ম।

সরিদ্বরা, সরিতাম্বরা (সরিৎ নদী—বর অত্যুত্তম, শ্রেষ্ঠ। সরিতাম্‌ নদীসকলের—বর অত্যুত্তম) সং, স্ত্রীং, গঙ্গা। শিং—১ "ত্বং দেব সরিতাং নাথ ত্বং দেবি সরিতাম্বরে। উভয়োঃ সঙ্গমে স্নাত্বা মু-ঞ্চানি দুরিতানি বৈ।"

সরিমা (সরিমন্‌, সৃ গমন করা+ইমন্‌—ভা) সং, পুং, গমন। বায়ু।

সরিল (সলিল দেখ, ল=র) সং, ক্লীং, জল।

সরিষপ ; সং, পুং, সর্ষপ, সরিষা।

সরীসৃপ (সৃপ্‌ [যঙ্‌লুগন্ত] গমন করা, দ্বিত্ব, অ(অন্‌)—ক) সং, পুং, যাহারা বুকে হাঁটিয়া যায় ; সর্প, বৃশ্চিক, ভেকাদি। জ্যোতিষে—মীন বৃশ্চিক কর্কটরাশি।

সরু (সৃ গমন করা+উ—ক) বিং, ত্রিং, ক্ষীণ, সূক্ষ্ম। সং, পুং, খড়্গের মুষ্টি, মুট।

সরূপ (স সমান—রূপ, ১মা—হিং) বিং, ত্রিং, সমানরূপ। সদৃশ।

সরূপতা (সরূপ+তা—ভা) সং, স্ত্রীং, এক-রূপতা, তুল্যতা, সাদৃশ্য।

সরোজ, সরোজন্মা (সরস্‌ সরোবর—জ [জন্‌ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—যা। সরোজন্মন্‌, সরস্‌—জন্মন্‌ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পদ্ম। বিং, ত্রিং, সরোজাত।

সরোজিনী (সরোজ পদ্ম+ইন্—সমূহার্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, কমলিনী, পদ্মিনী, পদ্মের ঝাড়। পদ্মবহুল পুষ্করিণী।

সরোজী (সরোজিন্, সরোজ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ব্রহ্মা।

সরোৎসব (সর জল—উৎসব আনন্দ) সং, পুং, সারসপক্ষী।

সরোরুট্, সরোরুহ (সরোরুহ্, সরস্ সরোবর—রুহ্, রুহ [রুহ্ জন্মান+০(ক্বিপ্), অ(ক)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং,ক্লীং, পঙ্কজ, পদ্ম।

সরোরুহাসন (সরোরুহ পদ্ম—আসন বসিবার স্থান। জগৎসৃষ্টির কারণ পদ্ম মধ্য হইতে ইহাঁর প্রথমে আবির্ভাব; এই পুষ্প বিষ্ণুর নাভি হইতে উৎপন্ন হইয়াছিল) সং, পুং, পদ্মাসন, ব্রহ্মা।

সরোবর (সরস্ পুষ্করিণী—বর শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ্মাদিযুক্ত পুষ্করিণী।

সর্ক; সং, পুং, বায়ু। মন। প্রজাপতি।

সর্গ (সৃজ্ সৃষ্টি করা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, সৃষ্টি, নির্ম্মাণ। উৎপত্তি। স্বভাব। নিয়ম। নিশ্চয়। শিং—১ "যদি সর্গ এষ তে।" মোহ। মোক্ষ। যত্ন, চেষ্টা। উৎসাহ। অধ্যায়, গ্রন্থের পরিচ্ছেদ। অনুমতি। বস্তুর প্রবণতা, মত, চুক্তি। পরিত্যাগ। মলত্যাগ।

সর্গবন্ধ (সর্গ অধ্যায়—বন্ধ বন্ধন, ৭মী—হিং) সং, পুং, বহুৎ, অধ্যায়বিশিষ্ট গ্রন্থ, মহাকাব্য।

সর্জ্জ, শর্জ্জ (সৃজ্ সৃষ্টি করা+অ(অন্)—ক) সং, পুং, শালগাছ। শালগাছের রস, ধুনা।

সর্জ্জক; সং, পুং, পীতশাল। শাল।

সর্জ্জগন্ধা; সং, স্ত্রীং, রাস্না।

সর্জ্জন (সৃজ্ ত্যাগ করা ইত্যাদি+অনট্—ভা) বিসর্জ্জন, ত্যাগ। সৃষ্টি। (+অনট—র্ম্ম) সং, ক্লীং, সৈন্যের পশ্চাদ্ভাগ।

সর্জ্জমণি (সর্জ্জ শালগাছ—মণি রত্ন) সং, পুং, সর্জ্জবৃক্ষের নির্য্যাস, ধুনা।

সর্জ্জরস (সর্জ্জ শালগাছ—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধুনা, শালআঠা।

সর্জ্জি, সর্জ্জিকা, সর্জ্জী (সৃজ্ ত্যাগ করা+ই—র্ম্ম। কণ্—যোগে সর্জ্জিকা) সং, স্ত্রীং, ক্ষারবিশেষ, সাজীমাটী। র্জ্জি, র্জ্জী—স্ত্রীং, নদীবিশেষ।

সর্জ্জূ (সর্জ্জ্ উপার্জ্জন করা+উ—প্রং) সং, পুং, বণিক্, ব্যবসায়ী। স্ত্রীং, বিদ্যুত। হার। অভিসরণ, পশ্চাদ্গমন।

সর্প—পুং, সর্পী—স্ত্রীং (সৃপ্ গমন করা+অ (অল্)—ক) সং, সরীসৃপবিশেষ, সাপ। (+অল্—ভাবে) গমন। শিং—১ "অপ্রিয়েণাস্তু তান্ দৃষ্ট্বা কেশাঃ শীর্য্যন্ত বেধসঃ। হীনাঃ স্বশিরসো ভূয়ঃ সমরোহন্ ততঃ শিরঃ ॥ সর্পণাত্তেঽভবন্ সর্পা হীনত্বাদ হয়ঃ স্মৃতাঃ।" নাগকেশর। শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ।

সর্পকঙ্কালী; সং, স্ত্রীং, সর্পবিষঘাতিনী লতাবিশেষ।

সর্পণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, গমন, গতি।

সর্পদংষ্ট্র; সং, পুং, দন্তীবৃক্ষ। ষ্ট্রা—স্ত্রীং, বৃশ্চিকালী। ষ্ট্রিকা—স্ত্রীং, অজশৃঙ্গী।

সর্পদণ্ডা; সং, স্ত্রীং, সৈংহলী। ণ্ডী—স্ত্রীং, গোরক্ষী।

সর্পদমনী; সং, স্ত্রীং, বন্ধ্যাকর্ক্কোটী।

সর্পভুক্ (সর্পভুজ্, সর্প—ভুজ্ [ভুজ্+০ ০(ক্বিপ্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, সর্পভক্ষক, ময়ূর। গরুড়।

সর্পরাজ (সর্প—রাজ রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাসুকি, অনন্তদেব।

সর্পসত্র (সর্প—সত্র যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সর্পযজ্ঞ, সর্পনাশক যজ্ঞ, সর্পকুল ধ্বংসের নিমিত্ত যজ্ঞ।

সর্পসত্রী (সর্পসত্রিন্, সর্প—সত্র যজ্ঞ+ইন্—অস্ত্যর্থে। সর্পাঘাতে ইহাঁর পিতার মৃত্যু হওয়াতে, তৎপ্রতীকারার্থে সর্পকুল ধ্বংসের নিমিত্ত ইনি এক যজ্ঞ করেন। এই যজ্ঞে মন্ত্রবলে সমুদায় সর্পগণেরা উপস্থিত হইতে থাকে। প্রধান প্রধান কতকগুলি ব্যতীত আর সমুদায় বিনাশিত হইয়াছিল। সর্পসত্র করিয়াছিলেন বলিয়া সেই অবধি ইহাঁর নাম সর্পসত্রী

হইল) সং, পুং, সর্পসত্রকারী পরীক্ষিৎ রাজারপুত্র, জনমেজয়।
সর্পহা (সর্পহন্, সর্প—হন্ যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, নকুল, বেঁজী।
সর্পাক্ষ; সং, ক্লীং, রুদ্রাক্ষ। ক্ষী—স্ত্রীং, গন্ধনাকুলী।
সর্পাখ্য; সং, পুং, মহিষকন্দবিশেষ। নাগকেশর। বিং, ত্রিং, সর্পনামক।
সর্পাবাস; সং, ক্লীং, চন্দন। সর্পস্থান।
সর্পাশন (সর্প—অশন [অশ্ ভক্ষণ করা +অন—ক] যে ভক্ষণ করে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর। গরুড়। নকুল, বেঁজী।
সর্পিঃ (সর্পিস্, সৃপ্ গমন করা+ইস্—ক) সং, ক্লীং, ঘৃত, আজ্য, হবিঃ।
সর্পিণী (সর্প+ঈ—প্রং, ইন্—আগম) সং, স্ত্রীং, ভুজঙ্গী, স্ত্রীসর্প।
সর্পী (সর্পিন্, সৃপ্ গমন করা+ইন্(ণিন্) —ক) বিং,ত্রিং, বিসর্পণশীল, গমনশীল।
সর্পেষ্ট, সর্পেষ্ট; সং, ক্লীং, শ্রীখণ্ড, চন্দন।
সর্ব (সর্ব্ গমন করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, সমগ্র, সমুদায়, সকল। (সৃ+বন্—ণ) সং,পুং,শিব। বিষ্ণু। (মহাভারতে —তিনি সমুদায় কার্য্য করণের মূলীভূত ও সর্ব্বজ্ঞ বলিয়া তাঁহার নাম সর্ব্ব)। শিং—১ "অসতশ্চ সতশ্চৈব সর্ব্বস্য প্রভবাব্যয়াঃ।"
সর্ব্বংসহ (সর্ব্ব—সহ সহ্ করা+অ(খ) —ক) সং, পুং, সকলসহিষ্ণু।
সর্ব্বংসহা (সর্ব্ব সকল [মনুষ্য]—সহ [সহ্করা] বহন করা+অ(খ)—ক,আপ) সং, স্ত্রীং, বসুমতী, পৃথিবী।
সর্ব্বকর্ত্তা (সর্ব্বকর্তৃ, সর্ব্ব সকল [পদার্থ] —কর্তৃ স্রষ্টা) সং, পুং, ব্রহ্মা, বিধাতা।
সর্ব্বকর্ম্মীণ (সর্ব্ব সকল—কর্ম্মন্ কার্য্য+ঈন(খীন)—নৈপুণ্যার্থে) বিং, ত্রিং, সকল কর্ম্মক্ষম। শিং—১"সংগ্রামে সর্ব্বকর্ম্মীণৌ বাহু যস্যোপজানুকৌ।"
সর্ব্বকেশী (সর্ব্বকেশিন্, সর্ব্ব—কেশ+ইন —অস্ত্যর্থে) সং, পুং, নট, নৃত্যকারক।
সর্ব্বগ (সর্ব্ব সকল—গ [গম্ গমন করা +অ(ড)—ক] যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বত্রগামী, সর্ব্বব্যাপী। সং, পুং, শিব। আত্মা। বায়ু। ব্রহ্মা। ক্লীং, জল। গা—স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা।
সর্ব্বগত (সর্ব্ব—গত গিয়াছে) বিং, ত্রিং, সর্ব্বব্যাপী, সর্ব্বত্রস্থিত।
সর্ব্বগ্রন্থি; সং, পুং, পিপ্পলীমূল।
সর্ব্বঙ্কষ (সর্ব্ব—কষ্ গমন করা+অ(খ) —ক) সং, পুং, পাপ। বিং, ত্রিং, সর্ব্বাতিক্রামক, যে সকলকে অতিক্রম করিয়া উঠে, সর্ব্বপ্রধান। পাপী।
সর্ব্বজনীন (সর্ব্ব সকল—জন লোক+ঈন(খীন)—হিতার্থে) বিং, ত্রিং, সকলের হিতকারী। সর্ব্বলোক হিতকর। বিখ্যাত।
সর্ব্বজ্ঞ (সর্ব্ব সকল—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে, ২য়া—ষ) সং, পুং, শিব। বুদ্ধ। বিং, ত্রিং, যিনি সকল জানেন। জ্ঞা—স্ত্রীং, দুর্গা। শিং—১ "সর্ব্বজ্ঞা সর্ব্ববেত্তৃত্বাচ্ছাম্ভি [illegible]রুচ্যতে।"
সর্ব্বতঃ (সর্ব্বতস্, সর্ব্ব স[illegible] [সপ্তমী স্থানে] তস্) অং, সকল[illegible], সকল বিষয়ে, সকল প্রকারে, স[illegible]পে।
সর্ব্বতন্ত্র (Republic) সাধার[illegible]তন্ত্র। স্বতঃসিদ্ধ, যে কথা প্রমাণসাপেক্ষ নহে, আপনা হইতেই সিদ্ধ হয়।
সর্ব্বতিক্তা; সং, স্ত্রীং, কাকমাচী।
সর্ব্বতোভদ্র (সর্ব্বতস্ চারিপার্শ্বে—ভদ্র মঙ্গল) সং, পুং—ক্লীং, উৎসর্গ বা প্রতিষ্ঠাদি কর্ম্মে পূজাধার চতুষ্কোণ মণ্ডলবিশেষ, যাহার দশদিকে দ্বার। চিত্রকাব্যবিশেষ। দেবগৃহবিশেষ। চতুর্দ্দিকে দ্বারযুক্ত ধনীদিগের গৃহবিশেষ। জ্যোতিষে—শুভাশুভ জ্ঞানার্থ মণ্ডলবিশেষ। পুং, নিম্ববৃক্ষ। বিষ্ণুরথ। ব্যূহবিশেষ। বংশ, বাঁশ। বিং, ত্রিং, সর্ব্বত্র মঙ্গলদায়ক। দ্রা—স্ত্রীং, গম্ভারী।
সর্ব্বতোমুখ (সর্ব্বতস্ চতুর্দ্দিকে—মুখ বদন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সর্ব্বদিগভিমুখ, সর্ব্বদিগ্‌বর্ত্তী। সকল বিষয়ে স্থিত। সং, ক্লীং, জল। আকাশ। পুং, পঞ্চানন,

শিব। চতুর্ম্মুখ, ব্রহ্মা। আত্মা। ব্রাহ্মণ। স্বর্গ। অগ্নি। শিং—১ "সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষি শিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ সর্ব্বকর্ম্মসু।"

সর্ব্বত্র (সর্ব্ব সকল+[সপ্তমীস্থানে] ত্র) অং, সকলদিকে, সকল স্থানে, সকল কালে। সকল-বিষয়ে।

সর্ব্বথা (সর্ব্ব সকল+থাচ্—প্রকারার্থে) অং, সকল প্রকারে। ভৃশ, অতিশয়। হেতু। স্বীকার। নিশ্চয়।

সর্ব্বদমন } সর্ব্বন্দম } (সর্ব্ব সকল—দমন [দম্-ণ্রি=দমি+অন—ক] যে দমন করে) সং, পুং, শকুন্তলাপুত্র, দুষ্মন্তপুত্র, ভরত। বিং, ত্রিং, সকলের দমনকারী।

সর্ব্বদর্শী (সর্ব্বদর্শিন্, সর্ব্ব—দর্শিন্ যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বদ্রষ্টা, যিনি সমুদায় দর্শন করেন, অভিজ্ঞ। সং, পুং, বুদ্ধ। পরমেশ্বর।

সর্ব্বদা (সর্ব্ব সকল+দা—কালার্থে) অং, সদা, সকলসময়ে।

সর্ব্বদেবমুখ (সর্ব্ব সকল—দেব দেবতা—মুখ বদন, যে দেবতাদিগের মুখস্বরূপ) সং, পুং, অগ্নি, বহ্নি।

সর্ব্বদ্রু‌ঙ্ } সর্ব্বদ্র্যঙ্ক } (সর্ব্ব—অন্চ্ পূজা করা+০(ক্বিপ্), অ—প্রং। দ্রি—আগম) বিং, ত্রিং, সকলের পূজাকারক।

সর্ব্বধুরীণ (সর্ব্ব সকল—ধুর্ ভার—ঈন(ণীন)—বহত্যর্থে) বিং, ত্রিং, সকলভার বাহক।

সর্ব্বনাম (সর্ব্বনামন, সর্ব্ব—নামন্ নাম) সং, ক্লীং, সকলের সংজ্ঞা। ব্যাকরণের সংজ্ঞা বিশেষ, বিশেষ্যের পরিবর্ত্তে যাহা ব্যবহৃত হয়; সর্ব্ব যদ্ তদ্ প্রভৃতি সকলের নাম।

সর্ব্বনাশ (সর্ব্ব—নাশ ধ্বংস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমস্তক্ষয়, সকল ধ্বংস।

সর্ব্বপথীন (সর্ব্ব—পথিন্+ঈন(ণীন)—প্রং) বিং, ত্রিং, সকল পথগামী। সর্ব্বপথজ্ঞ।

সর্ব্বভক্ষ (সর্ব্ব সকল—ভক্ষ যে ভক্ষণ করে) সং, পুং, হুতাশন, বহ্নি, অগ্নি। ক্ষা—স্ত্রীং, ছাগী। বিং, ত্রিং, যে সমুদায় বস্তু বা খাদ্য আহার করে।

সর্ব্বভক্ষ্য; বিং, ত্রিং, যে সমুদায় খাদ্য বা বস্তু ভক্ষণ করে। যে ভক্ষ্যাভক্ষ্য বিবেক না থাকাতে সমুদায় বস্তু আহার করিতে প্রবৃত্ত হয়।

সর্ব্বভোগীন (সর্ব্ব—ভোগ + ঈন(ণীন)—প্রং) বিং, ত্রিং, যাহা সর্ব্বভূতের ইষ্টসাধক, ভোগোপযুক্ত।

সর্ব্বমঙ্গলা (সর্ব্ব সকল—মঙ্গল মোক্ষ, যিনি সকল মোক্ষ দান করেন অথবা মঙ্গল মোক্ষ—আ যে দান করে) সং, স্ত্রীং, দুর্গা, শঙ্করী। শিং—১ "মঙ্গলং মোক্ষবচনং চা শব্দো দাতৃবাচকঃ। সর্ব্বান্ মোক্ষান্ যা দদাতি সা এব সর্ব্বমঙ্গলা॥ হর্ষে সম্পদি কল্যাণে মঙ্গলং পরিকীর্ত্তিতং। তান্ দদাতি চ যা দেবী সা এব সর্ব্বমঙ্গলা।" ২ "সর্ব্বমঙ্গলশব্দশ্চ সম্পূর্ণাশ্চর্য্যবাচকঃ। আকারো দাতৃবচনস্তস্মাৎ সা সর্ব্বমঙ্গলা।" ৩ "সর্ব্বাণি হৃদয়স্থানি মঙ্গলানি শুভানি চ। দদাতি চেপ্সিতান্ লোকে তেন সা সর্ব্বমঙ্গলা।"

সর্ব্বময় (সর্ব্ব+ময়(ময়ট্)—অপৃথক্-ভাবার্থে) বিং, ত্রিং, সর্ব্বাত্মক, সকলস্বরূপ। বিড়াড়্রূপী। সং, পুং, ঈশ্বর।

সর্ব্বমূল্য (সর্ব্ব সকল [দ্রব্যের]—মূল্য) সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি।

সর্ব্বমূষক (সর্ব্ব সকল [বস্তু]—মূষ্ লুটিয়া লওয়া+অক(ণক)—ক) সং, পুং, কাল, সময়। কালে সকলই ধ্বংস হইয়া থাকে।

সর্ব্বমেধ (সর্ব্ব—মেধ্+অ(অন্)—ক) বিং, ত্রিং, সর্ব্বসংহারক। সর্ব্বসঙ্গী। পুং, সর্ব্বযজ্ঞ।

সর্ব্বরস (সর্ব্ব সকল—রস আস্বাদ) সং, পুং, ধুনা। বাদ্যযন্ত্রবিশেষ। বিদ্বান্। লবণরস।

সর্ব্বরসোত্তম (সর্ব্ব—রস—উত্তম) সং, পুং, লবণরস, (সকল রসের মধ্যে সাতিশয় স্বাদু বলিয়া)।

সর্ব্বরাত্র (সর্ব্ব সকল—রাত্রি, অ—প্রং) সং, পুং, সমস্তরজনী, সমুদায় রাত্রি।

সর্ব্বরী (সৃ গমন করা+বনিপ্—ক, ঈপ্) সং, স্ত্রীং, রাত্রি।

সর্ব্বরীকর (সর্ব্বরী [শর্ব্বরী শব্দজ] রাত্রি—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।

সর্ব্বর্ত্তুপরিবর্ত্ত (সর্ব্ব—ঋতু—পরিবর্ত্ত। ইহাতে ছয় ঋতুর পরিবর্ত্ত হয়) সং, পুং, বৎসর, বর্ষ।

সর্ব্বর্ত্তুফল (সর্ব্ব—ঋতু—ফল). সকল ঋতু জাত ফল। শিং—১ "সর্ব্বর্ত্তুকুসুমাকীর্ণে সর্ব্বর্ত্ত ফলশোভিতে।"

সর্ব্বলা—লী (সর্ব্ব সকল—লা লওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, তোমরাস্ত্র, শাবল।

সর্ব্বলিঙ্গী (সর্ব্বলিঙ্গিন্, সর্ব্ব সকল—লিঙ্গ [জাতির] চিহ্ন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বেদবিরুদ্ধাচারী বৌদ্ধক্ষপণক পাষণ্ড, পামর, ধূর্ত্ত।

সর্ব্বলোক (সর্ব্ব সকল—লোক জগৎ) সং, পুং, নিখিল ব্রহ্মাণ্ড।

সর্ব্বলোকপিতামহ (সর্ব্ব সকল—লোক ভুবন—পিতামহ। স্বায়ম্ভুব মনু ব্রহ্মার আদেশানুসারে মনুষ্য ও অন্যান্য জীব জন্তু প্রভৃতি সমুদায় সৃষ্টি করিয়াছিলেন। এই নিমিত্ত তিনি সর্ব্বলোকের পিতাস্বরূপ পরিগণিত। ব্রহ্মা সেই আদি পিতা। স্বায়ম্ভুব মনুর পিতা এই নিমিত্ত সর্ব্বলোকপিতামহ) সং, পুং, ব্রহ্মা, বিধাতা।

সর্ব্বলোহ (সর্ব্ব সকল—লোহ লৌহ) সং, পুং, লৌহময় বাণ। শিং—১ "প্রক্ষেড়নঃ সর্ব্বলোহো নারাচ এষণশ্চ সঃ।"

সর্ব্ববল্লভা (সর্ব্ব সকল—বল্লভা প্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অসতী, কুলটা। বিং, ত্রিং, সকলপ্রিয়।

সর্ব্ববিদ্ } (সর্ব্ববেদিন্, সর্ব্ব—বিদ্,বেদী
সর্ব্ববেদী } [বিদ্ জানা + ০(ক্বিপ্), ণিন্—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বজ্ঞ, সকল জ্ঞানযুক্ত, যিনি সকল জানেন। পুং, পরমেশ্বর।

সর্ব্ববেদ (সর্ব্ব—বেদ+অ—প্রং) সং, পুং, যে ব্রাহ্মণ সর্ব্ব বেদ অধ্যয়ন করিয়াছে। বিং, ত্রিং, সর্ব্বজ্ঞ।

সর্ব্ববেদাঃ (সর্ব্ববেদস, সর্ব্ব সকল—বেদি পাওয়ান+অস্—ক) সং, পুং, সর্ব্বস্বদক্ষিণ যাজ্ঞিক।

সর্ব্ববেশী (সর্ব্ববেশিন্, সর্ব্ব সকল—বেশ পরিচ্ছদ বা ভূষণ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নট, সকলবেশধারী।

সর্ব্বশঃ (সর্ব্বশস্, সর্ব্ব+চশস্—প্রং) অং, সকলপ্রকারে, সাধারণরূপে।

সর্ব্বশাস্তিকৃৎ; সং, পুং, ভরতরাজ। শকুন্তলার পুত্র।

সর্ব্বশুচি (সর্ব্ব—শুচি। যিনি সকলকে পবিত্র করেন) সং, পুং, অগ্নি।

সর্ব্বসহ্নত; সং, পুং, ষষ্টিধান্য। বিং, ত্রিং, সর্ব্বত্রোচিত।

সর্ব্বসন্নাহ; সং, পুং, সর্ব্বান্তর্ব্বর্ত্তী আত্মা। সমুদয় সৈন্য সমবেত এবং সজ্জিত করা।

সর্ব্বসমতা; সং, স্ত্রীং, সকলের প্রতি সমান জ্ঞান বা ব্যবহার। সমুদায়ের ঐকমত্য।

সর্ব্বসহ; সং, পুং, গুগ্গুলু। ত্রিং, সকল সহিষ্ণু।

সর্ব্বসিদ্ধি; সং, পুং, শ্রীফল। সকলসাধন।

সর্ব্বস্ব (সর্ব্ব—স্ব ধন, স্বকীয়) সং, ক্লীং, সমুদায় ধন, সকল সম্পত্তি। সার।

সর্ব্বস্বদক্ষিণ; সং, পুং, বিশ্বজিৎ নামক যজ্ঞবিশেষ।

সর্ব্বস্বার (সর্ব্বস্ব—আর) সং, পুং, অচিকিৎস্য রোগার্ত্ত আসন্নমরণ ব্যক্তির আত্মঘাতরূপ যজ্ঞ।

সর্ব্বস্বী (সর্ব্বস্বিন্) সং, পুং, গোপকন্যার গর্ভে নাপিতের ঔরসজাত বর্ণসঙ্কর জাতিবিশেষ।

সর্ব্বাঙ্গ (সর্ব্ব সকল—অঙ্গ অবয়ব, যং—স) সং, ক্লীং, সকল অবয়ব।

সর্ব্বাঙ্গসুন্দর; সং, পুং, ঔষধবিশেষ।

সর্ব্বাঙ্গীণ (সর্ব্বাঙ্গ+ঈন(খীন)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সকল অবয়বীয়, সকল অঙ্গসম্বন্ধীয়। সর্ব্বাঙ্গ-ব্যাপক। শিং—১ "বসানস্তনুকনিভে সর্ব্বাঙ্গীণে তনুত্বচৌ। কাণ্ডীরঃ খাড়্গিকঃ শার্ঙ্গী রক্ষন্ বিপ্রাং স্তনুত্রবান্।" (ভট্টি)। সকল অবয়বের হিতকারী। সম্পূর্ণ, নিখুঁত।

সর্ব্বাণী (সর্ব্ব শিব+ঈপ্—প্রং, আন্—আগম, কিংবা সর্ব্ব—নী পাওয়া+০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, সর্ব্বপত্নী, ভবানী,

দুর্গা। শিং—১ "সর্ব্বাণ্মোক্ষং প্রাপয়তি জন্মমৃত্যুজরাদিকং। চরাচরাংশ্চ বিশ্বস্থান্ সর্ব্বাণী তেন কীর্ত্তিতা।"

সর্ব্বাধিকারী (সর্ব্বাধিকারিন্, সর্ব্ব সকল + অধিকার + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার সকল বিষয়ে অধিকার আছে, মন্ত্রী প্রভৃতি। কায়স্থের উপাধিবিশেষ।

সর্ব্বানুভূতি; সং, স্ত্রীং, শ্বেতত্রিবৃৎ। জিনবিশেষ। বিং, ত্রিং, তত্ত্বজ্ঞানী।

সর্ব্বান্নীন (সর্ব্ব সকল—অন্ন ভাত + ঈন (খীন)—ভোজনার্থে) বিং, ত্রিং, সর্ব্বান্নভোজী, যে সকলের অন্ন ভোজন করে।

সর্ব্বাপেক্ষান্যায়—ন্যায় (৩২) দেখ।

সর্ব্বাভিসন্ধী (সর্ব্বাভিসন্ধিন্, সর্ব্ব সকল —অভি—সম্—ধা [ধারণ করা] লক্ষ্য করা + ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৈড়ালব্রতিক, ছদ্মতপস্বী। যে সকল বিষয়ে উপহাস করে।

সর্ব্বাভিসার (সর্ব্ব সকল—অভি—সৃ গমন করা + অ(ঘঞ্)—ভা) সং, পুং, চতুরঙ্গ সৈন্য শ্রেণীবদ্ধ করণ।

সর্ব্বার্থসাধিকা; সং, স্ত্রীং, দুর্গা। শিং—১ "সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।"

সর্ব্বার্থসিদ্ধ (সর্ব্ব সকল—অর্থ বিধেয়, প্রয়োজন—সিদ্ধ নিষ্পন্ন, ৭মী—ষ। ইহাঁর জন্মে তাঁহার পিতার সমুদায় অভিলাষ সিদ্ধ হইয়াছিল বলিয়া) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং, সকলপ্রয়োজন সিদ্ধিযুক্ত।

সর্ব্বাবসর (সর্ব্ব সকল [পদার্থ]—অবসর অবকাশ) সং, পুং, অর্দ্ধরাত্র, নিশীথ।

সর্ব্বাস্ত্রা; সং, স্ত্রীং, জৈনমতে ষোড়শ বিদ্যাদেবীর মধ্যে এক দেবী।

সর্ব্বাহ্ণ (সর্ব্ব সকল—অহন্ দিন) সং, পুং, সমস্তদিন, সমুদায় দিবস।

সর্ব্বেশ্বর (সর্ব্ব সকল—ঈশ্বর প্রভু, ৬ষ্ঠী —য) সং, পুং, শিব, মহাদেব। সার্ব্বভৌম, সকলের রাজা। বিং, ত্রিং, সকলের প্রভু।

সর্ব্বোত্তর (সর্ব্ব—উত্তর) বিং, ত্রিং, সকলের অপেক্ষা অধিক। সর্ব্বপ্রধান।

সর্ব্বৌঘ (সর্ব্ব সমুদায়—ওঘ সমূহ) সং, পুং, চতুরঙ্গ সেনা সমবেত করণ। গুরুবেগ।

সর্ব্বৌষধি (সর্ব্ব—ওষধি) সং, স্ত্রীং, কুষ্ঠ মাংসী হরিদ্রা বচা শৈলেয় চন্দন চম্পক মুরা কর্পূর মুস্তা—এই কয়।

সর্ষপ }
সরিষপ } (সৃ গমন করা + অপ—ক, ষ্—আগম) সং, পুং, শস্যবিশেষ, সরিষা। বিষবিশেষ। ষড়্‌লিখ্যাপরিমাণ। শিং—১ "জলান্তরগতে ভানৌ যচ্চাণু দৃশ্যতে রজঃ। তৈশ্চতুর্ভির্ভবেল্লিখ্যা লিখ্যাষড়্‌ভিশ্চ সর্ষপঃ।" পী—স্ত্রীং, খঞ্জন পক্ষী।

সল, সলিল (সল্ গমন করা + অ, ইল—ক) সং, ক্লীং, অম্বু, বারি, জল।

সলজ্জ (সহ—লজ্জা) বিং, ত্রিং, সব্রীড়।

সলিলকুন্তল (সলিল জল—কুন্তল কেশ) সং, পুং, শৈবাল, শেওলা।

সলিলক্রিয়া (সলিল—ক্রিয়া কার্য্য) সং, ত্রিং, তর্পণাদি। জলদ্বারা চিতা ধৌতকরণ।

সলিলজ (সলিল জল—জ [জন্ জন্মান + অ(ড)—ক] জাত) সং, ক্লীং, জলজ, পদ্ম। বিং, ত্রিং, জলজাত।

সলিলধি, সলিলনিধি (সলিল জল—ধা, নি —ধা ধারণ করা + ই—ধি) সং, পুং, জলনিধি, সমুদ্র। [পুং, জলাশয়।

সলিলাশয় (সলিল জল—আশয় স্থান) সং,

সলিলেন্ধন (সলিল জল—ইন্ধন প্রজ্বলন) সং, পুং, বাড়বানল।

সলীল (স সহিত—লীলা, ১মা—হিং) বিং, ত্রিং, লীলাযুক্ত, ক্রীড়াকারী। শিং—১ "লসদ্বিতানভূষিতে সলীলবিভ্রমালসং।" ভঙ্গীসহিত। কৌতুকী, কৌতূহলী।

সল্লকী (সল্ গমন করা + অক—ক, ল—দ্বিত্ব) সং, স্ত্রীং, সজারু পশু। বাব্‌লা গাছ।

সব (সূ প্রসব করা + অ(অল্)—র্ম্ম) সং, পুং, যজ্ঞে প্রস্তুত আসব। অপত্য, সন্তান। সূর্য্য। চন্দ্র। (+অল্—ভাবে) প্রসব। (+অল—ধি) যজ্ঞ। ক্লীং, জল।

পুষ্পরস। সোমরস নিষ্পীড়ন ও পান। (সর্ব্বশব্দজ) বিং, সকল।

সবন ( সু প্রসব করা + অন(অনট্) — ভা ) সং, ক্লীং, যজ্ঞে স্নান। স্নান। সোমরসপান। প্রসব। চন্দ্র। পুং, পুষ্করদ্বীপপতি। (+অনট্ — ধি) ক্লীং, যজ্ঞ।

সবন্ধকপ্রয়োগ—কোন বস্তু বন্ধক রাখিয়া ঋণদান।

সবয়াঃ (সবয়স্, স সমান — বয়স্ জীবনকাল, ৬ষ্ঠী — হিং) বিং, ত্রিং, বয়স্য, স্নিগ্ধ, সহচর। শিং — ১ " সবয়োভিরন্বিতা।" সমসাময়িক ব্যক্তি। বিং, ত্রিং, সমবয়স্ক। সমসাময়িক।

সবর ; সং, পুং, জল। মহাদেব।

সবর্ণ (স সমান — বর্ণ জাতি, রং, ১মা — হিং) বিং, ত্রিং, তুল্য, সদৃশ। সমানবর্ণ, সমানজাতি। সমানবর্ণযুক্ত। ব্যাকরণে— একস্থানোচ্চরিত বর্ণ ; যথা—"সবর্ণেনাকদীর্ঘ।" র্ণা — স্ত্রীং, সূর্য্যপত্নী, ছায়া।

সবল ( স সহিত — বল, ১মা — হিং ) বিং, ত্রিং, বলবান্, শক্তিবিশিষ্ট। সসৈন্য, সেনাসহিত।

সবহা ; সং, স্ত্রীং, ত্রিবৃতা।

সবাস (স সহিত — বাস গন্ধ, গৃহ) বিং, ত্রিং, গন্ধযুক্ত, সুগন্ধ। যাহার গৃহ আছে, গৃহস্থ।

সবাসা ( সবাসস্, স সহ — বাসস্ বস্ত্র ) বিং, ত্রিং, বস্ত্রপিহিত, কাপড়পরা।

সবলি ; সং, পুং, অপরাহ্ণ, বৈকাল।

সবিকল্পক ( স সহিত — বিকল্প ইচ্ছানুযায়ী কল্পনা + ক(কণ্) — যোগ ) সং, ক্লীং, ন্যায়ে—বিশেষণবিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। বেদান্তে—জ্ঞাতৃজ্ঞেয়-ভেদজ্ঞান। বিং, ত্রিং, সন্দিগ্ধ। উভয়প্রকারে মতানুযায়ী, যে স্থলে উভয়প্রকার কল্পনারই প্রবৃত্তি হয়।

সবিকাশ ( স [ সহশব্দজ ] সহিত — বিকাশ প্রসার ) বিং, ত্রিং, প্রফুল্ল, বিকসিত। অসঙ্কুচিত। প্রসারিত, বিস্তারিত।

সবিগ্রহ ; বিং, ত্রিং, শরীরবিশিষ্ট। তাৎপর্য্যসূচক, বোধক।

সবিতা (সবিতৃ, সূ [সর্ব্বলোক] প্রসব করা + তৃন্ — ক) সং, পুং, সূর্য্য, দিনকর। অর্কবৃক্ষ। ঈশ্বর। শিং — ১"তৎসবিতুর্বরেণ্যং।" ২ "ধীশব্দ বাচ্যো ব্রহ্মাণং প্রচোদয়তি সর্ব্বদা। সৃষ্ট্যর্থং ভগবান্ বিষ্ণুঃ সবিতা স তু কীর্ত্তিতঃ॥ সর্ব্বলোকপ্রসবনাৎ সবিতা স তু কীর্ত্ত্যতে। যতস্তদ্দেবতা দেবী সাবিত্রী ত্যুচ্যতে ততঃ।" বিং, ত্রিং, জনয়িতা ; যথা—"বিশ্বের রক্ষিতা, বিশ্বের সবিতা, তাই সে সবিতা নাম।"

সবিতৃদৈবত (সবিতৃ সূর্য্য — দৈবত দেবতা। সূর্য্য এই নক্ষত্রের উপর আধিপত্য করেন বলিয়া ) সং, পুং, হস্তানক্ষত্র।

সবিতৃল ( সবিতৃ সূর্য্য + ল — সম্বন্ধার্থে ) বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়।

সবিত্রী (সূ প্রসবকরা + তৃন্ — ক, ঈপ্) সং, স্ত্রীং, জনয়িত্রী, মাতা। গাভী।

সবিধ ( স সমান — বিধা প্রকার ) বিং, ত্রিং, তুল্য, সদৃশ। সমীপ, নিকট। শিং — ১ "যস্য ন সবিধে দয়িতা দবদহনস্তুহিনদীধিতিস্তস্য।" ২ " সবিধেঽপি ন সূক্ষ্মসাক্ষিণী।" [প্রকার।

সবিশেষ ( সহ — বিশেষ ) বিং, ত্রিং, সম্যক্

সবিস্ময় (স সহিত — বিস্ময় আশ্চর্য্য, ১মা — হিং) বিং, ত্রিং, বিস্ময়যুক্ত।

সবুর (আরবী সবার শব্দজ) সহিষ্ণু, সহ্য।

সবৃদ্ধিক ( সহ — বৃদ্ধি + কণ্ — যোগ ) বিং, ত্রিং, বৃদ্ধিযুক্ত। সুদসমেত।

সবেশ, সবেষ ( স [ সমান বা সহ শব্দজ ] সামান্য, সহিত — বেশ প্রবেশ, পরিচ্ছদ, ভূষণ ইত্যাদি ) বিং, ত্রিং, সবিধ, নিকট। বেশযুক্ত, ভূষিত।

সব্য (সূ প্রসব করা + য — র্ম্ম) বিং, ত্রিং, বাম। দক্ষিণ। প্রতিকূল। পশ্চাৎদিকে।

সব্যসাচী ( সব্যসাচিন্, সব্য বাম — সচ্ যুক্ত হওয়া + ইন্(ণিন্) — ক। দক্ষিণ হস্তের ন্যায় যে বামহস্তেও বাণ ক্ষেপণ করে। মহাভারতে—"উভৌ মে দক্ষিণে পাণী গাণ্ডীবস্য বিকর্ষণে। তেন দেবমনুষ্যেষু সব্যসাচীতি মাং বিদুঃ।") সং, পুং, অর্জ্জুন, উভয়হস্তে বাণ ক্ষেপণ সমর্থ।

সব্যাজ (সহ—ব্যাজ) বিং, ত্রিং, ছলযুক্ত। সপ্রতিবন্ধ।
সব্যেষ্ঠ, সব্যেষ্ঠা } (সব্যেষ্ঠ্, সব্যে বামে—স্থা থাকা+অ(ড), ডন্—ক) সং, পুং, সারথি, রথবামপার্শ্বস্থ বীর।
সব্রীড় (স সহিত—ব্রীড়া লজ্জা) বিং, ত্রিং, সলজ্জ, বিনীত।
সশঙ্ক (স সহিত—শঙ্কা ভয়, ১মা—হিং) বিং, ত্রিং, শঙ্কাযুক্ত, ভীত, চকিত, ত্রস্ত।
সশল্য (স সহিত—শল্য শেল) বিং, ত্রিং, কণ্টকবিদ্ধ, শেলবিদ্ধ। পীড়াদায়ক, কষ্টদায়ক, দুষ্কর।
সসজ্জ (স সহিত—সজ্জা, ১মা—হিং) বিং, ত্রিং, সজ্জিত, সজ্জাযুক্ত।
সসত্ত্ব (স সহিত—সত্ত্ব জন্তু, ১মা—হিং) বিং, ত্রিং, প্রাণিযুক্ত। শিং—১ "ন সসত্ত্বেষু গর্ত্তেষু ন গচ্ছন্নাপি সংস্থিতঃ।" সং, ত্ত্বা—স্ত্রীং, গর্ভবতী, গর্ভিণী স্ত্রী।
সসৌষ্ঠব (স সহিত—সৌষ্ঠব বেগ) বিং, ত্রিং, বেগগামী, সত্বর। অতিসুন্দর।
সসন (সস্ নিদ্রিত হওয়া ইত্যাদি+অন (অনট্)—ভা) সং, ক্লীং, যজ্ঞার্থ পশু বধ। বধ।
সসাধ্বস (সহ—সাধ্বস) বিং, ত্রিং, সভয়।
সস্ত্রীক (স সহিত—স্ত্রী, ১মা—হিং, কণ—যোগ) বিং, ত্রিং, সপত্নীক, স্ত্রীসহিত, ভার্য্যার সহ। শিং—১ "সস্ত্রীকো ধর্ম্মমাচরেৎ।"
সস্পৃহ (স সহিত—স্পৃহা ইচ্ছা) বিং, ত্রিং, সাভিলাষ, স্পৃহাযুক্ত, লালস, ইচ্ছুক, লোভী।
সস্মিত (স সহিত—স্মিত ঈষৎহাস্য, ১মা—হিং) বিং, ত্রিং, ঈষৎ হাস্যযুক্ত, সহাস্য।
সশা (দেশজ) সং, স্বনামখ্যাত ফলবিশেষ।
সস্য (সস্ নিদ্রিত হওয়া+য—ণ, শস্যও হয়) সং, ক্লীং, বৃক্ষাদির ফল। ধান্যাদি। শাঁস। শস্ত্র। গুণ, উৎকৃষ্টতা।
সস্যক (সস্য+কণ্—যোগ) সং, পুং, মণিবিশেষ। খড়্গ।
সস্যসংবর (সস্য ফল—সংবর আচ্ছাদন) সং, পুং, শালগাছ।
সস্বেদা (স সহিত—স্বেদ ঘর্ম্ম) সং, স্ত্রীং, দূষিতা কুমারী। স্বেদযুক্তা, ঘর্ম্মক্লিন্না।
সহ (সহ্ সহ্য করা+অ(অল্)—ভাবে) সং, পুং—ক্লীং, বল, শক্তি। অং, সহিত। সাহিত্য। সাকল্য। সাদৃশ্য। বিদ্যমানতা। সমৃদ্ধি। সম্বন্ধ। (+অন্—ক) বিং, ত্রিং, সহিষ্ণু। সহায়। সমর্থ। পুং, অগ্রহায়ণ মাস। হা—স্ত্রীং, পৃথিবী। মুসব্বর গাছ। সিদ্ধীবিশেষ, মুদ্গাপর্ণী। ঔষধদ্রব্যবিশেষ, নখী। দণ্ডোৎপলা। শুক্লযব।
সহকর্ম্মা (সহকর্ম্মন্, সহ সহিত—কর্ম্মন্ কার্য্য) বিং, ত্রিং, সহায়, সাহায্যকারী।
সহকার (সহ সহিত—কৃ বিক্ষেপ করা +অ(ঘণ্)—ক) সং, পুং, সুগন্ধ আম্রবৃক্ষ। আম্রপল্লব। (সহ—কৃ করা+অ (ঘঞ্)—ভা) সহায়তা, সাহায্য।
সহকারী (সহকারিন্, সহ সহিত—কৃ করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সহায়, সাহায্যকারী। কারণবিশেষ।
সহকৃৎ (সহ—কৃ করা+০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, সহকারী।
সহকৃত্বা (সহকৃত্বন্, সহ—কৃ করা+ক্বনিপ্—ক) বিং, ত্রিং, সহকারী। ত্বরী—স্ত্রীং, সহকারিণী।
সহগমন (সহ সহিত—গমন) সং, ক্লীং, সহিত গমন। সহমরণ, স্বামীর সহিত চিতাগ্নিতে জীবিতাবস্থায় শরীর দাহ করণ।
সহচর (সহ সহিত—চর যে গমন করে) বিং, ত্রিং, অনুচর, সঙ্গী। শিং—১ "সহচরমধুহস্তন্যস্তচূতাঙ্কুরাস্ত্র।" বয়স্য, সখা। জামিন, প্রতিভূ।
সহচরী (সহচর+ঈ—প্রং) সং, স্ত্রীং, পত্নী, ভার্য্যা। সখী, সঙ্গিনী। পীতঝিণ্টী।
সহচারী (সহ—চর্ গমন করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, সঙ্গী।
সহজ (সহ সহিত—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মে) সং, পুং, সহোদর, এক জননীর গর্ভোৎপন্ন ভ্রাতা। স্বভাব।

বিং, ত্রিং, স্বাভাবিক। সুলভ, অনায়াসসিদ্ধ। সহজাত, প্রাকৃতিক, নৈসর্গিক। শিং—১ "সহজপ্রাকৃতাবপি।" জ্যোতিষে—জন্মলগ্ন হইতে তৃতীয় স্থান।

সহজন্যা; সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।

সহজমিত্র (সহজ স্বাভাবিক—মিত্র সুহৃৎ) সং, ক্লীং, স্বাভাবিকসুহৃৎ, ভাগিনেয়, পৈতৃষস্ত্রীয় মাতৃষস্ত্রীয় প্রভৃতি, ইহারা বিষয়ের অংশী নয় বলিয়া স্বাভাবিক মিত্র।

সহজশত্রু, সহজারি (সহজ স্বাভাবিক—শত্রু, অরি) সং, পুং, স্বাভাবিক শত্রু, বৈমাত্রেয় পিতৃব্য ও তাহার পুত্রাদি, ইহারা পৈতৃক ধনের অংশী, সুতরাং জন্মের সঙ্গেই ইহাদিগের শত্রুভাব উৎপন্ন হয়।

সহজেতর (সহজ—ইতর) বিং, ত্রিং, অস্বাভাবিক, অলৌকিক।

সহণ্ডুক; সং, ক্লীং, মাংসব্যঞ্জনবিশেষ।

সহদেব (সহ সহিত—দেব যে খেলা করে) সং, পুং, মাদ্রীর পুত্র, পাণ্ডুর কনিষ্ঠ পুত্র। জরাসন্ধপুত্র মগধাধিপতি। বা—স্ত্রীং, প্রিয়ঙ্গুবৃক্ষ। দণ্ডোৎপল। বী—স্ত্রীং, সর্পাক্ষী।

সহধর্ম্মিণী, সহধর্ম্মচারিণী (সহ সহিত—ধর্ম্ম+ইন্—প্রং, ঈপ্। সহ—ধর্ম্ম—চারিণী [চর্ গমন করা+ইন্(ণিন্)—ক] যে স্ত্রী আচরণ করে) সং, স্ত্রীং, পত্নী, ভার্য্যা, ভর্ত্তার সহিত ধর্ম্মানুষ্ঠানকারিণী।

সহন (সহ্ সহ্য করা+অন—ক) বিং, ত্রিং, সহিষ্ণু। (+অনট্—ভাবে) সং, ক্লীং, ক্ষমা, সহ্যকরা। প্রতীক্ষা।

সহনীয় (পূর্ব্বে দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, সোঢ়ব্য, সহ্য করিবার যোগ্য।

সহভাবী (সহভাবিন্, সহ সহিত—ভূ হওয়া+ইন্—প্রং) বিং, ত্রিং, সহায়, আনুকূল্যকারী। সহোদর, সোদর। সহচর। সহিত উৎপন্ন।

সহমরণ (সহ সহিত—মরণ) সং, ক্লীং, অনুমরণ, মৃত পতির সহিত মরণ, মৃত স্বামীর সহিত জলচ্চিতায় অধিরোহণ পূর্ব্বক প্রাণত্যাগ।

সহমৃতা (সহ সহিত—মৃতা) সং, স্ত্রীং, যে স্ত্রী মৃত স্বামীর সহগমন করে।

সহযায়ী (সহযায়িন্, সহ সহিত—যা যাওয়া+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, একত্র গমনকারী, যাহারা মিলিত হইয়া গমন করে।

সহরসা; সং, স্ত্রীং, মুদ্গপর্ণী।

সহর্ষ (স সহিত—হর্ষ আহ্লাদ, ১মা—হিং) বিং, ত্রিং, হর্ষযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত।

সহবাস (সহ সহিত—বস্ বাস করা+অ(ঘঞ্)—ভা) সং,পুং, একত্র অবস্থিতি, একসঙ্গে বাস।

সহবিন্মূত্রোৎসর্গী (Monotremata, সহ—বিট্ বিষ্ঠা—মূত্র—উৎসর্গী যে ত্যাগ করে) সং, পুং, যে স্তন্যপায়ী পশু মল মূত্রাদি এক দ্বার দিয়া পরিত্যাগ করে; যথা—প্লাটিপাস্ ও একিনিডীপশু।

সহস্ (সহ্ সহ্য করা+অস্—বি) সং,পুং, অগ্রহায়ণ মাস। (+অস্—র্ম্ম) ক্লীং, বল, শক্তি। তেজঃ, জ্যোতিঃ।

সহসা (সহ্ সহ্য করা+অসা—প্রং। অথবা সহ—সো+আ(ডা)—ক) অং,শীঘ্র। হঠাৎ, অকস্মাৎ। অবিমর্ষ। (সহ—হস্ হাস্য করা+অ, আপ্) সং, স্ত্রীং, হাস্যকারিণী। শিং—১ "ন স... সহসা পরিরব্ধুম্।" ২ "শ্লথয়িতুং ক্ষণমক্ষমতাং গতা ন সহসা সহসা কৃতবেপথু।"

সহমান (সহ্ সহ্য করা+অমান—প্রং) সং, ক্লীং, ময়ূর। যজ্ঞ। বিং,ত্রিং, সহিষ্ণু।

সহস্য (সহ্ সহ্য করা+য(ক্যু)—প্রং, নিপাতন) সং, পুং, পৌষমাস।

সহস্র (স সমান—হস্ হাস্য করা+র—ক) সং, ক্লীং, দশশত সঙ্খ্যা, হাজার, ১০০০। তৎসংখ্যাক।

সহস্রকর, সহস্রকিরণ (সহস্র—কর, কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, সহস্রাংশু।

সহস্রকৃত্ব (সহস্র+কৃত্ব—প্রং) অং, হাজার বার। বারবার, অসংখ্যবার।

সহস্রদংষ্ট্র } (সহস্র—দংষ্ট্র দন্ত, ৬ষ্ঠী
সহস্রদংষ্ট্রী } —হিং। সহস্রদংষ্ট্রিন্, সহস্র—দংষ্ট্র দাঁত + ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পাঠীন মৎস্য, বোয়ালমাছ।

সহস্রদৃক্ (সহস্রদৃশ্, সহস্র—দৃশ্ চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সহস্রনয়ন, ইন্দ্র।

সহস্রদোঃ (সহস্রদোস্,সহস্র—দোস্ বাহু) সং, পুং, কার্ত্তবীর্য্য অর্জ্জুন।

সহস্রধা (সহস্র+ধাচ্—প্রকারার্থে) অং, সহস্রপ্রকার। সহস্রবার।

সহস্রনয়ন, সহস্রনেত্র (সহস্র—নয়ন,নেত্র= চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র।

সহস্রপতি, সহস্রাধিপতি ; সং, পুং, প্রদেশের বা সহস্র গ্রামের শাসনকর্ত্তা।

সহস্রপত্র (সহস্র—পত্র পাতা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সহস্রদলপদ্ম। পদ্ম।

সহস্রপাদ-২ (—পাদ্, সহস্র—পাদ চরণ, রশ্মি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। বিষ্ণু। শিং—১ "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।" ব্রহ্মা। পরমেশ্বর।

সহস্রভুজ (সহস্র—ভুজ বাহু) সং, পুং, বিষ্ণু। কার্ত্তবীর্য্যার্জ্জুন। জা—স্ত্রীং, মহিষাসুর-মর্দ্দিনী দেবী।

সহস্ররশ্মি } (সহস্র—রশ্মি, অংশু=কিরণ,
সহস্রাংশু } ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, সহস্রকিরণ।

সহস্ররোম (সহস্র—রোমন্) সং, ক্লীং, [কম্বল।

সহস্রলোচন } (সহস্র—লোচন, অক্ষ
সহস্রাক্ষ } অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র।

সহস্রবদন, সহস্রানন, সহস্রাস্য (সহস্র—বদন, আনন, আস্য=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সহস্রবাহু ; সং, পুং, বাণাসুর। কার্ত্তবীর্য্যার্জ্জুন। বিষ্ণু। শিং—১ "সহস্রবাহু ভব বিশ্বমূর্ত্তে।"

সহস্রবীর্য্যা (সহস্র—বীর্য্য প্রতাপ, তেজঃ) সং, স্ত্রীং, দূর্ব্বা।

সহস্রশিখর (সহস্র—শিখর চূড়া) সং,পুং, [বিন্ধ্যপর্ব্বত।

সহস্রাক্ষ (সহস্র—অক্ষি চক্ষুঃ+ষ, ৬ষ্ঠী—হিং। গৌতম মুনির অভিশাপে ইন্দ্রের সর্ব্বশরীর স্ত্রীচিহ্নসদৃশ চিহ্নে আচ্ছাদিত হয়, পরে ইহাঁর বরে উক্ত চিহ্ন সকল চক্ষু হয় বলিয়া) সং, পুং, ইন্দ্র। বিষ্ণু।

সহস্রাণীক ; সং, পুং, শতানীকরাজপুত্র।

সহস্রার (সহস্র—আর কোণ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শিরোমধ্যস্থ সুষুম্নানাড়ীস্থিত সহস্রদলপদ্ম।

সহস্রাস্য (সহস্র—আস্য) সং, পুং, বিষ্ণু।

সহাঃ (সহস, সহ্ সহ্য করা+অস্—প্রং) সং, পুং, অগ্রহায়ণ মাস। হেমন্তকাল।

সহাধ্যায়ী (সহাধ্যায়িন্, সহ সহিত—অধ্যায়ী যে অধ্যয়ন করে) সং, পুং, একপাঠী, এক গুরুর শিষ্য।

সহানুভূতি (Sympathy) অন্যের সুখ দুঃখাদিতে তাদৃশ সুখ দুঃখাদি অনুভব করা।

সহায় (সহ সহিত—ই গমন করা+অ (অন্)—ক) সং,পুং,ত্রিং,সহচর। সাহায্যকারী, যে আনুকূল্য করে, সহকারী।

সহায়তা (সহায়+তা—ভাবে) সং, স্ত্রীং, সাহায্য, আনুকূল্য। সহায়সজ্জ।

সহার (সহ্ সহ্‌করা+আর—প্রং) সং,পুং, আম্রবৃক্ষ। মহাপ্রলয়। ত্রিং, হারণসহিত।

সহিত (সহ্ সঙ্গে+ইত—ক, কিম্বা সহ্ সহ্য করা+ত (ক্ত)—প্রং, ই—আগম) বিং, ত্রিং, সমভিব্যাহৃত। সংযুক্ত। (সম্—হিত) হিতকর, ইষ্টসাধক।

সহিতা } (সহিতৃ, সহ্ সহ্যকরা+তৃন্,
সহিষ্ণু } ইষ্ণু—ক) বিং, ত্রিং, সহনশীল, ক্ষমাবান্, প্রতীক্ষাশীল।

সহিষ্ণুতা (সহিষ্ণু+তা—ভাবে) সং, স্ত্রীং, সহনশীলতা, ক্ষমা, প্রতীক্ষা।

সহুরি (সহ্ সহ্য করা+উরি—প্রং) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। স্ত্রীং, পৃথিবী।

সহৃদয় (স সহিত—হৃদয় অন্তঃকরণ, ১মা—হিং) বিং, ত্রিং, সামাজিক, রসজ্ঞ। প্রশস্তচিত্ত,সদন্তঃকরণ। বিদ্বান্। কাব্যার্থভাবনাধীন পরিপক্ববুদ্ধি।

সহৃল্লেখ ; সং, ক্লীং, দূষিত অন্ন। "বিচিকিৎসা তু হৃদয়ে অন্নে যস্মিন্ প্রজায়তে। সহৃল্লেখন্তু বিজ্ঞেয়ং পুরীষন্তু স্বভাবতঃ।"

সহোক্তি ( সহ সহিত – উক্তি কথন ) সং, স্ত্রীং, কাব্যের অলঙ্কারবিশেষ ; যে স্থলে সহশব্দার্থ বলে একটী পদ দুই বিষয়ের বাচক হয়।

সহোটজ ( সহ – উটজ ) সং, পুং – ক্লীং, পর্ণকুটীর, পাতার ঘর। শিং – ১ "মুনীনাঞ্চ চিতাকুট্যাং পর্ণোটজসহোটজো।"

সহোঢ় ( সহ সহিত – ঊঢ়া পরিণীতা, কিম্বা স সহিত – হোঢ় অপহৃত দ্রব্য) সং, পুং, দ্বাদশবিধ পুত্রের একপুত্র, গর্ভবতী কুমারীর বিবাহানন্তর জাত পুত্র। অপহৃত দ্রব্য সহিত ধৃত তস্কর।

সহোঢ়জ (সহ সহিত – ঊঢ়া পরিণীতা – জ [ জন্ জন্মান + অ(ড) – ক ] জাত ) বিং, ত্রিং, অজ্ঞাতগর্ভা পরিণীতার পুত্র।

সহোত্থায়ী (সহোত্থায়িন্, সহ সহিত – উত্থায়ী যে উত্থান করে) বিং,ত্রিং, যাহারা সঙ্গে সঙ্গে উত্থান করে, যাহারা এক সময়ে বাড়িয়া উঠে।

সহোদর (সহ সমান – উদর গর্ভ, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, রা – স্ত্রীং, এক মাতার গর্ভজাত। তুল্য।

সহোর (সহ্ সহ্য করা + ওর – প্রং) বিং, ত্রিং, সাধু, ধার্ম্মিক।

সহ্য ( সহ্ সহ্য করা + য – র্ম্ম ) বিং, ত্রিং, সহনীয়, সহনযোগ্য। সমান, উপযুক্ত, প্রচুর। মিষ্ট, মনোজ্ঞ। শক্ত, সমর্থ। সং, পুং, ভারতবর্ষের পর্ব্বতবিশেষ, পশ্চিমঘাট পর্ব্বতের উত্তরাংশ। ক্লীং, স্বাস্থ্য, আরোগ্য। সাম্য। মধুর্য্য।

সাংক্রামিক,সাঙ্ক্রামিক(সংক্রাম + ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, সংক্রমশীল, যাহার সংক্রমণ হয়, স্পর্শেতে যাহা উৎপন্ন হয়, ছোঁয়াটে।

সাংগ্রামিক, সাঙ্গ্রামিক (সংগ্রাম যুদ্ধ + ইক (ষ্ণিক) – ইদমর্থে) বিং,ত্রিং,যুদ্ধোপযোগী। যুদ্ধসম্বন্ধীয়। যুদ্ধনিপুণ, রণদক্ষ। সং, পুং, সেনাপতি।

সাংদৃষ্টিক (সংদৃষ্টি + ইক(ষ্ণিক) – প্রং) সং, ক্লীং, পূর্ব্বদৃষ্ট বিষয়ের মনে মনে কল্পনা। কোন কার্য্যের তৎক্ষণাৎ যে ফল হয়।

সাংযাত্রিক (সংযাত্রা দ্বীপান্তর গমন + ইক (ষ্ণিক) – প্রয়োজনার্থে ) সং, পুং, পোতবণিক্, যাহারা জলপথে বাণিজ্য করে।

সাংযুগীন ( সংযুগ যুদ্ধ + ঈন(খ)ীন) – তত্রসাধ্বর্থে) সং, পুং, যুদ্ধকুশল, রণপণ্ডিত, দক্ষসৈনিক, নিপুণ সেনাপতি।

সাংরাবিণ ( সম্ একসঙ্গে – রাবিন্ [ রু শব্দ করা + ইন্(ণিন্) – ক ] যে শব্দ করে, অ(ষ্ণ) – প্রং) সং, ক্লীং, হট্টের শব্দ, হাটের গোলমাল। একত্রে চীৎকার।

সাংবৎসর ( সংবৎসর বর্ষ + অ(ষ্ণ) – জ্ঞাতার্থে ) সং,পুং, গণক, দৈবজ্ঞ। ( + ষ্ণিক – ভবার্থে ) বিং, ত্রিং, বার্ষিক।

সাংবৎসরিক ( সংবৎসর বর্ষ + ইক(ষ্ণিক) – ভবার্থে ) বিং, ত্রিং, সংবৎসর সম্বন্ধীয়, বার্ষিক। প্রতিবর্ষকর্ত্তব্য (শ্রাদ্ধ)।

সাংবাদিক ( সংবাদ বাদানুবাদ, খবর + ইক(ষ্ণিক) – প্রং ) সং, পুং, নৈয়ায়িক। বিং, ত্রিং, সংবাদদাতা।

সাংশয়িক ( সংশয় সন্দেহ + ইক(ষ্ণিক) – প্রং ) বিং, ত্রিং, সংশয়াপন্ন, সন্দিহান। অস্থিরবুদ্ধি, অকৃতপ্রতিজ্ঞ, অকৃতনিশ্চয়।

সাংসর্গিক (সংসর্গ + ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, সংসর্গসম্বন্ধীয়।

সাংসারিক(সংসার + ইক(ষ্ণিক) – সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সংসারসম্বন্ধীয়। সংসারোপযোগী।

সাংসিদ্ধিক (সংসিদ্ধি সমাপ্তি + ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, স্বভাবসিদ্ধ।

সাংস্থানিক ( সম্ একসঙ্গে – স্থান + ইক (ষ্ণিক) – প্রং ) বিং, ত্রিং, একদেশীয়, একদেশস্থ।

সাঁকো (সংক্রম শব্দজ) সং, সেতু, পুল।

সাঁচা (দেশজ) বিং, সত্য, যথার্থ, অকৃত্রিম।

সাঁজোয়া (সজ্জা শব্দজ) সং, বর্ম্ম, অস্ত্রনিবারণার্থ কবচ। [যন্ত্রবিশেষ।

সাঁড়াশী (সন্দংশ শব্দজ) সং, লৌহনির্ম্মিত

সাঁতার (সন্তরণ শব্দজ) সং,জলোপরি ভাসন।

সাকম্ (স সহিত – অক্ গমনকরা + অম্ – ক) অং, সহ, সহিত, সঙ্গে। "সাকম্ কুরঙ্গশাবাক্ষ্যা মধুপানলীলাং কর্ত্তুং।"

সাকল্য (সকল+য–প্রং) সং,ক্লীং, সমুদায়, সম্পূর্ণ। হোমার্থমিশ্রিত তিলাদি দ্রব্য।

সাকাঙ্ক্ষ (স সহিত–আকাঙ্ক্ষা, ১মা–হিং) বিং, ত্রিং, আকাঙ্ক্ষাযুক্ত, সস্পৃহ, লালস, লোভী, ইচ্ছুক।

সাকার (স সহিত–আকার আকৃতি, ১মা–হিং) বিং, ত্রিং, আকৃতিবিশিষ্ট, যাহার আকার আছে (দেবাদি)।

সাকূত (স সহিত–আকূত অভিপ্রায়) বিং, ত্রিং, সাভিপ্রায়, অভিপ্রায়যুক্ত।

সাকেত (সহ–আ–কিত + অ(অল)–ধি) সং, পুং–ক্লীং, অযোধ্যানগর। শিং–১ "জনস্য সাকেত নিবাসিনস্তৌ।"

সাক্তুক (সক্তু যবাদিচূর্ণ+কণ্–প্রং) সং, পুং, যব। ক্লীং, সক্তুসমূহ। বিং, ত্রিং, সক্তুসম্বন্ধীয়।

সাক্ষর (স সহিত–অক্ষর বর্ণ, ১মা–হিং) বিং, ত্রিং, অক্ষরযুক্ত, বিদ্বান্। ক্লীং, স্বনামলিখন, সহি করা।

সাক্ষাৎ (স সহিত–অক্ষ [অক্ষিশব্দজ] চক্ষুঃ–অং গমন করা+০(কিপ্)–ক) অং, সম্মুখ, প্রত্যক্ষ। প্রত্যক্ষীভূত। মূর্ত্তিমান্। স্বয়ং। তুল্য, সদৃশ।

সাক্ষাৎকার (সাক্ষাৎ–কার করণ) সং, পুং, প্রত্যক্ষ করা। দেখা করা।

সাক্ষী (সাক্ষিন্, স সহিত [বিদ্যমানতায়]–অক্ষি চক্ষুঃ+ক্ষ+ইন্–প্রং, অথবা সাক্ষাৎ+ইন্–দ্রষ্টবানর্থে, নিপাতন) বিং, ত্রিং, প্রত্যক্ষদর্শী, স্বয়ংদ্রষ্টা। বৃত্তান্তজ্ঞ। উপদ্রষ্টা।

সাক্ষ্য (সাক্ষিন্+য(ষ্ণ্য)–ভাবে) সং, ক্লীং, সাক্ষীর কর্ম্ম, প্রমাণ লওয়া।

সাখ্য (সখি মিত্র+য(ষ্ণ্য)–ভাবে) সং, ক্লীং, সখ্য, মিত্রতা।

সাগর (সগর একরাজা+অ(ষ্ণ)–অয়মর্থে। সগররাজা যাহাকে অবতারিত করিয়াছিলেন) সং, পুং, সমুদ্র। মৃগবিশেষ। সঙ্খ্যাবিশেষ, দশপদ্ম সঙ্খ্যা।

সাগরগামিনী (সাগর–গামিনী যে গমন করে, ২য়া–ষ) সং, স্ত্রীং, নদী, সরিৎ। সূক্ষ্মেলা।

সাগরনেমি, সাগরমেখলা, সাগরাম্বরা (সাগর–নেমি চক্রের প্রান্ত, বেড়। মেখলা কটিবন্ধ, চন্দ্রহার। অম্বর বস্ত্র, ৬ষ্ঠী–হিং, আপ্) সং, স্ত্রীং, পৃথিবী।

সাগরশাখা–স্থলভাগে প্রবিষ্ট সঙ্কীর্ণ সাগরাংশ।

সাগরালয় (সাগর সমুদ্র–আলয় বাসস্থান) সং, পুং, বরুণ, জলাধিপতি।

সাগরোত্থ (সাগর সমুদ্র–উত্থ উৎপন্ন) সং, ক্লীং, সমুদ্রলবণ।

সাগ্নিক (স সহিত–অগ্নি আগুন+কণ–প্রং) সং, পুং, যে ব্যক্তি সতত যাগশীল ও যাহার যজ্ঞাগ্নি নির্ব্বাপিত হয় না, অগ্নিহোত্রী দ্বিজ।

সাঙ্কর্য্য (সঙ্কর মিশ্রণ+য(ষ্ণ্য)–প্রং) সং, ক্লীং, মিশ্রণ, মিলন। সঙ্করত্ব।

সাঙ্কেতিক (সঙ্কেত+ইক(ষ্ণিক)–প্রং) বিং, ত্রিং, সঙ্কেতকারক। (Practice) সংক্ষিপ্ত উপায় অবলম্বন করিয়া অঙ্ক কসা।

সাঙ্ক্ষেপিক (সঙ্ক্ষেপ+ইক–প্রং) বিং,ত্রিং, সঙ্ক্ষেপকারক। সংক্ষিপ্ত।

সাঙ্খ্য (সঙ্খ্যা [সম্ সম্যক্–খ্যা "বস্তুতত্ত্ব" প্রকাশকরা+০(কিপ্)–ণ] সম্যক্ জ্ঞান+য–প্রং, অথবা সংখ্যা+ষ্ণ) সং,ক্লীং, কপিলমুনি-প্রণীত দর্শনশাস্ত্র; ইহাতে প্রকৃতি, বুদ্ধিতত্ত্ব, অহঙ্কার, সূক্ষ্মপঞ্চভূত, স্থূলপঞ্চভূত ও একাদশ ইন্দ্রিয়—এই চতুর্ব্বিংশতি পদার্থ, পুরুষসহিত পঞ্চবিংশতি। শিং–১ "সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তুতত্ত্ব মনযেতি সঙ্খ্যা সম্যক্‌জ্ঞানং তস্যাং প্রকাশমানমাত্মতত্ত্বং সাঙ্খ্যম্। ইতি শ্রীভগবদ্গীতা টীকায়াং শ্রীধরস্বামী।"

সাঙ্গ (স সহিত–অঙ্গ অবয়ব, ১মা–হিং) বিং, ত্রিং, অঙ্গযুক্ত, সম্পূর্ণ। যাহার সমুদয় অঙ্গ সম্পূর্ণ কোন অঙ্গই বিকল নাই।

সাংগ্রামিক (সংগ্রাম+ইক(ষ্ণিক)–প্রং) বিং, ত্রিং, যুদ্ধোপযোগী। যুদ্ধসম্বন্ধীয়।

সাজ্ঘাতিক (Bryozoa) যে সকল ক্ষুদ্রঝিনুক একত্র সন্নিষ্ট হইয়া পিণ্ডাকারে থাকে; সাজ্বা নামক ঝিনুক।

সাজ্ঘাতিক (সঙ্ঘাত+ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, মারাত্মক, প্রাণনাশক। জন্ম হইতে ষোড়শ নক্ষত্র।

সাচি (সচ্ সেবা করা+ইঞ্ – ক) অং, বক্র, নত, তির্য্যক্।

সাচিব্য (সচিব মন্ত্রী+য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, মন্ত্রীত্ব। সাহায্য, সহায়তা।

সাচীকৃত (সাচি বক্র – কৃত, ঈ(চ্বি)—আগম, নিপাতন) বিং, ত্রিং, বক্রীকৃত, নোয়ান। শিং – ১ "সাচীকৃতা চারুতরেণ তস্থৌ।" বিরূপকৃত, অযথাকথিত।

সাজ (সজ্জা শব্দজ) সং, বেশ, ভূষণদ্রব্য। অস্ত্রশস্ত্রাদি।

সাজাত্য (সজাতি+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, সজাতীয়তা, একধর্ম্মাক্রান্ততা। একবিধতা।

সাজোয়াল (যাবনিক) তহশীলদার।

সাঙ্কারিক (সঙ্কার+ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, সঙ্কারযোগ্য।

সাঞ্জন (স সহিত – অঞ্জন কাজল) সং, পুং, কৃকলাস, কাঁকলাস।

সাট (দেশজ) সং, সংক্ষেপ, স্বল্পতা।

সাটোপ (স সহিত – আটোপ গর্ব্ব) বিং, ত্রিং, গর্ব্বযুক্ত, সাহঙ্কার। বিকট।

সাড়া (দেশজ) সং, শব্দ। উত্তর। ঠার।

সাড়ে (সার্দ্ধশব্দজ কি?) বিং, অর্দ্ধের সহিত।

সাত (সং দান করা কিম্বা সো নাশ করা +ত(ক্ত) – প্রং, নিপাতন। অথবা সাত সুখী হওয়া + অ(অল্) – ভাবে) সং, ক্লীং, শর্ম্ম, সুখ। কুশল, মঙ্গল। আনন্দ, হর্ষ। (সন্ সেবা করা+ত(ক্ত) – র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। (সো নাশ করা+ক্ত – ক) বিনষ্ট। (সপ্তন্ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৭।

সাতচল্লিশ (সপ্তচত্বারিংশৎ শব্দজ) বিং, [সঙ্খ্যাবিশেষ, ৪৭।

সাতত্য (সতত+য(ষ্ণ্য) – প্রং) সং, ক্লীং, অবিচ্ছেদ।

সাতন্ত্র্য (সতন্ত্র+য(ষ্ণ্য) – প্রং) সং, ক্লীং, [স্বেচ্ছাচারিত্ব।

সাতয় (সাতি [সৌত্রধাতু] হৃষ্ট হওয়ান+অ – প্রং) বিং, ত্রিং, সুখজনক।

সাতবাহন (সাত সিংহরূপী গন্ধর্ব্ব – বাহন, ৬ষ্ঠী – হিং। এই রাজা শৈশবকালে এই গন্ধর্ব্বের উপর আরোহণ করিয়া বেড়াইতেন বলিয়া) সং, পুং, শালিবাহন রাজা।

সাতষট্টি (সপ্তষষ্টি শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৬৭।

সাতাত্তর (সপ্তসপ্ততি শব্দজ) বিং, সঙ্খ্যা- [বিশেষ, ৭৭।

সাতি (সো নাশ করা+তি(ক্তি) – ভাবে) সং, স্ত্রীং, বিনাশ। তীব্রবেদনা। পীড়া। অবসান। (সন্ দান করা+ক্তি – ভা) দান।

সাতিশয় (স সহিত - অতিশয় আধিক্য, ১মা – হিং) বিং, ত্রিং, অতিশয়িত, অধিক।

সাতিসার (স [সহশব্দজ] সহিত – অতিসার উদরাময়রোগ) বিং, ত্রিং, অতিসার রোগযুক্ত, উদরাময়বিশিষ্ট।

সাত্যকি (সত্যক বৃষ্ণিবংশীয় একজন+ই(ষ্ণি) – অপত্যার্থে) সং, পুং, যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ, কৃষ্ণের সারথি।

সাত্যবত } সাত্যবতেয় } (সত্যবতী এই কবির মাতা +অ(ষ্ণ), এয়(ষ্ণেয়) – অপত্যার্থে) সং, পুং, সত্যবতী-তনয়, বেদব্যাস।

সাত্বৎ (সাতি সুখী করান+বৎ(বতু) – প্রং) সং, পুং, উপাসক, পূজক। শিং – ১ "ভগবান্ সাত্বতাং পতিঃ (সাত্ব [সত্ব+ষ্ণ – প্রং] – অং সা গমনকরা ০(ক্বিপ্) – ক) সং, পুং, যদুবংশীয়দিগের দেশবিশেষ। যদুবংশীয় লোক।

সাত্বত (সাত্বৎ+অ(ষ্ণ) – প্রং) সং, পুং, বিষ্ণু; (মহাভারতে - "ঐ সত্ত্বশালী পুরুষ কদাপি সত্ত্ব হইতে পরিচ্যুত হন না বলিয়া তাঁহার নাম সাত্ত্বত।") বলদেব। বিষ্ণুভক্তবিশেষ। শিং – ১ "সত্ত্বং সত্ত্বাশ্রয়ং সত্ত্বগুণং সেবেত কেশবং। যোহনন্যত্বেন মনসা সাত্বতঃ সমুদাহৃতঃ।" ২ "ভগবান্ সাত্বতাং পতিঃ।" পুং, বহুং, সত্বৎদেশীয় লোক।

সাত্বতী (সাত্বত+ঈপ্ – প্রং) সং, স্ত্রীং, নাটকের বৃত্তিবিশেষ। বসুদেব-ভগিনী, শিশুপালের মাতা।

সাত্ত্বিক ( সত্ত্ব মনোগুণ বা আশয়+ইক (ষ্ণিক)—নির্ব্বৃত্তার্থে ) সং, পুং, ব্রহ্মা। অন্তঃকরণের ভাববিশেষ; ইহার কার্য্য অষ্টবিধ; যথা—স্তম্ভ স্বেদ রোমাঞ্চ বৈস্বর্য্য বেপথু বৈবর্ণ্য অশ্রু প্রলয় (মূর্চ্ছা)। শিং —১ "সত্ত্বোৎকটে মনসি যে প্রভবন্তি ভাবা স্তে সাত্ত্বিকা ইতি বিদুর্নিপুণ-বাস্তে ॥ ইতি সর্ব্বানন্দঃ ॥ তে চ যথা। স্বেদঃস্তম্ভোঽথরোমাঞ্চঃ স্বরভঙ্গোঽথ বেপথুঃ, বৈবর্ণ্যমশ্রুপ্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ ॥ প্রলয়ঃ=মূর্চ্ছা। ইতি ভরতঃ।" বিং, ত্রিং, সত্ত্বগুণজাত। সত্ত্বগুণসম্বন্ধীয়। কোন ফলাকাঙ্ক্ষা না রাখিয়া যে কর্ম্ম করা হয়। সত্য, যথার্থ। সং। সাধু। কা —স্ত্রীং, দুর্গা।

সাথ (সহিত শব্দজ) সঙ্গে।

সাদ ( সদ্ অবসন্ন হওয়া, হিংসা করা ইত্যাদি+অ(ঘঞ্)—ভা ) সং, পুং, অবসন্নতা,আলস্য। কার্শ্য, ক্ষীণতা। বিনাশ। হিংসা। পবিত্রতা, বিশুদ্ধি। ইচ্ছা। গর্ভিণীর ভক্ষণেচ্ছা, দোহদ।

সাদন ( সদ্-ণিচ্=সাদি গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, সদন, গৃহ। উচ্ছেদন,বিনাশকরণ। বিনাশন। অবসাদন, ক্লান্তকরণ। দূরীকরণ।

সাদর (স সহিত—আদর) বিং, ত্রিং, আদর সহিত, আদরযুক্ত।

সাদি } ( সদ্ গমন করা ইত্যাদি+ই
সাদী } (ইঞ্)—ক। সাদিন্, সদ্ গমন করা+ইন্(ণিন্)—ক ) সং, পুং, অশ্বারোহী গজারোহী বা রথারোহী যোদ্ধা। বায়ু। সারথি। বিং, ত্রিং, অবসন্ন, ক্লান্ত, শ্রান্ত।

সাদিত ( সদ্-ণিচ্=সাদি গমন করান+ত (ক্ত)—র্ম্ম ) বিং, ত্রিং, বিনাশিত, বিধ্বস্ত, ক্ষয়িত, ভগ্ন, ছিন্ন। দুর্ব্বলীকৃত। অবসাদপ্রাপিত।

সাদৃশ্য (সদৃশ তুল্য+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, তুল্যতা, সাম্য। আলেখ্য।

সাধ (দেশজ) সং, বাসনা, অভিলাষ। গর্ভিণীর ইচ্ছামতে ভোজন, দোহদ।

সাধক ( সাধ্-ণিচ্=সাধি সিদ্ধকরান+অক (ণক)—ক ) বিং, ত্রিং, সাধনকর্ত্তা, সিদ্ধকারক, নিষ্পাদক। আরাধক, অর্চ্চক, সেবক। তন্ত্রে—মন্ত্রাদি সিদ্ধিকারক শিষ্য। যথা—"সাধকঃ সিদ্ধিমাপ্নুয়াৎ।" কা—স্ত্রীং, দুর্গা। শিং—১ "সাধনাৎ সিদ্ধিরিত্যুক্তা সাধকা বাথ ঈশ্বরী।"

সাধন (সাধ্ [কর্ম্ম] নিষ্পন্নকরা+অন(অনট্)—ণ) সং,ক্লীং, করণকারকবিশেষ। কারণ, হেতু। উপায়। সহায়। সৈন্য। বাহন। সম্পত্তি। মন্ত্রসিদ্ধকরণ। প্রমাণ। উপকরণ। যুদ্ধোপকরণ। শিশ্ন। ( +অনট্—ভা ) সিদ্ধি। আরাধনা। ( সাধ্-ণিচ্=সাধি +অনট্—ভাবে) গমন। অনুগমন। হত্যা, বধ। দাপন। ধাতুমারণ,পারদাদিশোধন। বিনাশন। নিষ্পাদন। অন্ত্যেষ্টিক্রিয়া। না—স্ত্রীং, সিদ্ধি। নিষ্পাদন। উপাসনা। আরাধনা।

সাধনীয় (সাধক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, সাধনযোগ্য. নিষ্পাদ্য। আরাধনীয়।

সাধন্ত (সাধক দেখ, অন্ত—প্রং) সং, পুং, যাচক, ভিক্ষুক।

সাধর্ম্ম্য (সধর্ম্ম ধর্ম্মের সহিত+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সাদৃশ্য,সমান ধর্ম্মবত্তা।

সাধারণ (স সহিত—ধারণা+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, তুল্য, একবিধ। যাহা সকলেরই আছে, সামান্য। অনেকের সম্বন্ধীয় (একবস্তু)। ন্যায়মতে—হেত্বাভাসবিশেষ। ণী—স্ত্রীং, কুঞ্চিকা, চাবি।

সাধারণগতি—সচল দ্রব্যের উপরিস্থ পদার্থের গতি।

সাধারণতন্ত্র ( Republic ) যেখানে রাজা নাই, সর্ব্বসাধারণ লোকের মতানুসারে যাবতীয় রাজকার্য্য নির্ব্বাহ হয়।

সাধারণধর্ম্ম ; সং, পুং, চতুর্ব্বর্ণের কর্ত্তব্য ধর্ম্ম। যথা—"প্রজনার্থং স্ত্রিয়োঃ সৃষ্টাঃ সন্তানার্থঞ্চ মানবাঃ। তস্মাৎ সাধারণো ধর্ম্মঃ শ্রুতৌ পত্ন্যা সহোদিতঃ। প্রজাসর্জন রূপ জন্তুমাত্রের ধর্ম্ম। শিং—১ "অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়সংযমঃ। দমঃ ক্ষমার্জ্জবং দানং সর্ব্বেষাং ধর্ম্মসাধনম্।"

সাধারণস্ত্রী (সাধারণ সামান্য—স্ত্রী, ৬ষ্ঠী—ব) সং, স্ত্রীং, বেশ্যা, বারাঙ্গনা।

সাধারণ্য (সাধারণ+য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সাধারণের ধর্ম্ম, যাহা সকলেতে আছে।

সাধিকা (সাধ্ নিষ্পন্ন করা+অক—প্রং) সং, স্ত্রীং, সুষুপ্তি, গাঢ়নিদ্রা। শাসনকর্ত্রী।

সাধিত (সাধ্‌ ণিচ্=সাধি সিদ্ধ করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দণ্ডিত। সম্পাদিত, নিষ্পাদিত। শোধিত, পরিশোধিত। দাপিত, যাহা দেওয়ান যায়। প্রমাণাদি দ্বারা উদ্ভাবিত। বিনাশিত। অর্থদণ্ডে দণ্ডিত। ঋণপরিশোধিত।

সাধিদৈবত (স সহিত—অধিদেবতা+অ(ক্ব)—প্রং) বিং, ত্রিং, অধিষ্ঠাত্রীদেবতাসহিত। [সং, পুং, সাধুত্ব।

সাধিমা (সাধিমন্, সাধু+ইমন্—ভাবে)

সাধিষ্ঠ } (সাধীয়স্, সাধু সং বা বাঢ়
সাধীয়ান্ } অতিশয়+ইষ্ঠ, ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় সাধু। অতিন্যায্য। যোগ্য, উপযুক্ত। কঠিন। (বাঢ়+ইষ্ঠ, ঈয়সু) অতিভৃশ।

সাধিষ্ঠান (স সহিত—অধিষ্ঠান) সং, ক্লীং, দেহস্থ ষট্‌চক্র মধ্যে একচক্র।

সাধু (সাধ্ সিদ্ধ করা+উ—ক) বিং, ত্রিং, সৎ, উত্তম। মহৎ। সজ্জন, ধার্ম্মিক। সুন্দর। হিত। বণিক্। সদ্বংশজাত। সমর্থ। যোগ্য, উপযুক্ত। নিপুণ। বার্দ্ধুষিক, সুদ্‌খোর। উচিত। সং, পুং, মুনি। বুদ্ধ। বণিক্। সাধুর লক্ষণ; যথা—"ন প্রহৃষ্যতি সম্মানে নাবমানে চ কুপ্যতি, ন ক্রুদ্ধঃ পরুষং ক্রয়াদিত্যেতৎ সাধুলক্ষণম্।" ২ "নির্ব্বৈরঃ সদয়ঃ শান্তো দম্ভাহঙ্কারবর্জ্জিতঃ। নিরপেক্ষো মুনির্বীত রাগঃ সাধুরিহোচ্যতে।"

সাধুতা (সাধু+তা—ভাবে) সং, স্ত্রীং, সৌজন্য, শিষ্টতা, ভদ্রতা।

সাধুধী (সাধু ধার্ম্মিক—ধা ধারণ করা+অ, ঈপ্) সং, স্ত্রীং, শ্বশ্রূ, শাশুড়ী। বিং, ত্রিং, সুন্দর বুদ্ধিযুক্ত।

সাধুপুষ্প সং, ক্লীং, স্থলপদ্ম।

সাধুবাদ (সাধু—বদ্ বলা+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রশংসা, "সাধু" এই কথা বলা, ধন্যবাদ।

সাধুবাহ } (সাধুবাহিন্, সাধু সুন্দর,
সাধুবাহী } মনোজ্ঞ—বাহ বহন+ইন্—প্রং) সং, পুং, সুশিক্ষিত অশ্ব।

সাধুবৃক্ষ; সং, পুং, কদম্ববৃক্ষ। বরুণবৃক্ষ।

সাধুবৃত্ত, সাধুশীল (সাধু সং—বৃত্ত, শীল =চরিত্র) বিং, ত্রিং, সৎস্বভাববিশিষ্ট, সচ্চরিত্র।

সাধৃত (স [সহ শব্দজ] সহিত—আধৃত ধৃত) সং, ক্লীং, ময়ূরসমূহ। পণ্যবীথী। ছত্র।

সাধ্য (সাধু দেখ, য(ষ্যণ্)—র্ম্ম) সং, পুং, মনঃ, মন্তা, প্রাণ, নর, পাম, বীর্য্যবান্, বিনির্ভয়, নয়, দংস, নারায়ণ, বৃষ, প্রভু —এই দ্বাদশবিধ গণদেবতাবিশেষ। যোগবিশেষ। বিং, ত্রিং, সাধনীয়, সাধনযোগ্য, নিষ্পাদ্য। শক্য। জ্ঞেয়। প্রতিবিধেয়, প্রতিকারযোগ্য। নিবর্ত্তনীয়। জেয়। প্রতিপাদ্য। (+ষ্যণ্—ণ)পুং, শর।

সাধ্যতা (সাধ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, সাধ্যনিষ্ঠ ধর্ম্ম।

সাধ্যতাবচ্ছেদক (সাধ্যতা—অবচ্ছেদক) বিং, ত্রিং, সাধ্যনিষ্ঠ ধর্ম্মের বিশেষকারক।

সাধ্বস (সাধু সজ্জন—অস্ ক্ষেপণ করা +অ(অল্)—র্ম্ম) সং, ক্লীং, ভয়, ত্রাস, শঙ্কা। মনের আবেগ, ব্যাকুলতা। শিং —১ "সাধ্বসদত্তহস্তা।" সম্ভ্রম

সাধ্বী (সাধু+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পতিব্রতা, সতী। শিং—১ "পতিং যা নাভিচরতি মনোবাক্ কায়সংযতা। সা ভর্ত্তৃলোকানাপ্নোতি সদ্ভিঃ সাধ্বীতি চোচ্যতে।" ২ "আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা। মৃতে ম্রিয়তে যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা।" উত্তমা, শ্রেষ্ঠা-স্ত্রী। শিং—১"সাধ্বীমসাধ্বীকচিন্তাং পরিহর।"

সানন্দ (স সহিত—আনন্দ হর্ষ) বিং, ত্রিং, সহর্ষ, আনন্দযুক্ত, আহ্লাদিত। সং, পুং, গুচ্ছকবিশেষ।

সানন্দূর; সং, পুং, তীর্থবিশেষ।

সানসি (সন্ দান করা + অসি—প্রং, অ =।) সং, পুং, সুবর্ণ, সোণা।

সানিকা } (সন্ [হর্ষ] দান করা + অক
সানেয়িকা } —প্রং। সানেয়ী + কণ্—
সানেয়ী } যোগ, পক্ষে এয়—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী। সানাই।

সানু (সন্ [সুখ] দান করা + উ(ঞুণ্)—ক) সং, পুং—ক্লীং, পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি, গিরিতট, প্রস্থ। অগ্রভাগ। বন। বাত্যা। বিপশ্চিৎ, বিদ্বান্। পথ। পল্লব। পুং, পণ্ডিত। সূর্য্য।

সানুজ (সানু—জ [জন্ জন্মান + অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, সানু হইতে জাত। (সহ—অনুজ) অনুজসহিত। সং, ক্লীং, প্রপৌণ্ডরীক। পুং, তুম্বুরুবৃক্ষ।

সানুমান্ (সানুমৎ, সানু + মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত, শৈল। শিং—১ "সানুমানাম্রকূটঃ।"

সান্তপন (সম্ সম্যক্‌রূপে—তাপন [তপ্-ঞি=তাপি তাপ দেওয়ান + অনট্—ভাবে, ক্ত]) সং, ক্লীং, ব্রতবিশেষ, গোময় গোমূত্র দুগ্ধ দধি ঘৃত ও কুশোদক ক্রমেক্রমে ছয় দিন এই ছয় দ্রব্য ভক্ষণ করিয়া সপ্তম দিনে পারণ, অর্থাৎ উপবাস করিতে হয়।

সান্তর (স সহিত—অন্তর ব্যবধান, ১মা—হিং) বিং, ত্রিং, ব্যবধানবিশিষ্ট, বিরল, তফাৎ। সচ্ছিদ্র, গর্ত্ত করা।

সান্তরতা—যে গুণ থাকাতে জড় বস্তুর পরমাণুদিগের মধ্যে কিঞ্চিৎ কিঞ্চিৎ অবকাশ বা অন্তর থাকে তাহাকে সান্তরতা কহে।

সান্তানিক (সন্তান + ইক(ষ্ণিক)—ইদমর্থে) বিং, ত্রিং, সন্তানসম্বন্ধীয়। বিস্তরণশীল। সং, পুং, সন্তানোৎপাদনের নিমিত্ত পত্নীকারী ব্রাহ্মণ।

সান্ত্ব (সান্ত্ব্ শান্ত করা + অ(অল্)—ভা) সং, ক্লীং, কর্ণ মনঃপ্রীতিজনক প্রিয়বচন, প্রবোধজনক বাক্য। সাম, সন্ধি। বিং, ত্রিং, প্রিয়। অভিমত।

সান্ত্বন—ক্লীং } (পূর্ব্বে দেখ, অন(অনট্)
সান্ত্বনা—স্ত্রীং } —ভা) সং, ক্লীং, প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া, সমাশ্বসন, শান্ত করা। সাম, সন্ধি। প্রণয়। সস্নেহ সাদর সম্ভাষণ ও কুশল প্রশ্ন।

সান্দীপনি; সং, পুং, মুনিবিশেষ।

সান্দৃষ্টিক (সম্ সহিত—দৃষ্ট দর্শন + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, তাৎকালিক (ফল)। পূর্ব্বদৃষ্টানুসারী (ন্যায়বিশেষ)।

সান্দ্র (স সহিত—অন্দ্ বন্ধন করা + রক্—ক) বিং, ত্রিং, নিবিড়, ঘন। প্রবৃদ্ধ। মৃদু। স্নিগ্ধ। মনোজ্ঞ। সং, ক্লীং, অরণ্য, বন। শিং—১ "সা দূরে চ সুধাসান্দ্রতরঙ্গিত বিলোচনা।"

সান্ধিক (সন্ধা চোয়ান + ইক—প্রং) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি। (সন্ধি + ইক—প্রং) বিং, যে সন্ধি করে।

সান্ধিবিগ্রহিক (সন্ধিবিগ্রহ + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, সন্ধিবিগ্রহে নিপুণ, কোন্ সময় সন্ধি বা কোন সময় বিগ্রহ করিতে হয় তাহা যাহারা উত্তমরূপে জানে।

সান্ধ্য (সন্ধ্যা + অ(ষ্ণ)—ভবার্থে) বিং, ত্রিং, সন্ধ্যাকালীন, সন্ধ্যাসম্বন্ধীয়।

সান্নহনিক (সন্নহন + ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, সন্নাহবিশিষ্ট, কবচিত। বর্ম্মিত। যে আসন্ন বিপদ দর্শন করিয়া সৈন্যদিগকে বর্ম্ম পরিধান করিতে ডাকিয়া বলে। পুং, যে বর্ম্ম বহন করিয়া যায়।

সান্নায্য (সম্—নী [যজ্ঞীয় অগ্নি] আনয়ন করা + য(ঘ্যণ্)—র্ম্ম, নিপাতন) সং, ক্লীং, হবির্বিশেষ, মন্ত্রপূত ঘৃত। হবনীয় আজ্য।

সান্নিধ্য (সন্নিধি নিকট + য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, সন্নিধান, সামীপ্য।

সান্নিপাতিক (সন্নিপাত একত্রমিলন + ইক (ষ্ণিক)—কোপনার্থে) বিং, ত্রিং, মিশ্রিত, সমষ্টিজাত। ত্রিদোষজ, বাত-পিত্ত-কফজ, সাজ্বাতিক। শিং—১ "বীর্য্যবন্তৌষধানীব বিকারে সান্নিপাতিকে।"

সান্ন্যাসিক (সন্ন্যাস [জগৎ সংসারের] কামনা পরিত্যাগ + ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, সন্ন্যাসী, ভিক্ষু।

সান্বয় (সহ—অন্বয়) বিং, ত্রিং, বংশসহিত।

সাপত্ন } ( সপত্ন শত্রু+অ(ঞ), য(ঞ্য)
সাপত্ন্য } —ভাবে, স্বার্থে ) সং, ক্লীং, শত্রুতা। পুং, শত্রু। ( সপত্নী+ঞ, ঞ্য—অপত্যার্থে) সপত্নীতনয়। বিং,ত্রিং, সপত্নীজাত। ক্লীং, বহুপত্নীকতা।

সাপরাধ (স সহিত—অপরাধ, ১মা—হিং) বিং, ত্রিং, অপরাধী, দোষী।

সাপিণ্ড্য (সপিণ্ড জ্ঞাতি+য(ঞ্য)—ভাবে) সং, ক্লীং, সপিণ্ডতা, জ্ঞাতিত্ব। অশৌচ গ্রহণোপযোগী জ্ঞাতিধর্ম্মবিশেষ।

সাপেক্ষ (স সহিত—অপেক্ষা, ১মা—হিং) বিং, ত্রিং, অপেক্ষাযুক্ত। পরস্পরাপেক্ষী। সাকাঙ্ক্ষ।

সাপ্তপদীন ( সপ্তন্ সাত—পদ [ অন্যের সহিত ] পদক্ষেপ, গতি + ঈন(খীন)—প্রাপ্তার্থে ) সং, ক্লীং, সখ্য, বন্ধুতা, সপ্তপদ-নির্বৃত্ত, সাতটীমাত্র কথায় যে বন্ধুত্ব উৎপন্ন হয়।

সাপ্তপৌরুষ (সপ্তন্ সাত—পুরুষ+অ(ঞ) —প্রং) বিং, ত্রিং, সপ্তপুরুষ ব্যাপক।

সাফল্য ( সফল+য(ঞ্য)—ভা ) সং, ক্লীং, সফলতা, ফলোৎপত্তি। লাভজনকতা।

সাম (সামন্, সো [পাপ এবং বিরোধ] নাশ করা+মন্—ক ) সং, ক্লীং, সামবেদ। তন্মন্ত্র। গান-বিশেষ। সন্ধি। সান্ত্বনা। প্রিয়বচন।

সামক ( সম সমান+অক—ক ) সং, ক্লীং, মূলঋণ, আসল টাকা। ( সো নাশ করা +অক—প্রং, নিপাতন ) তর্কুশাণ, টেকোর বাঁটুল। শাণপাথর।

সামগ ( সামন্ সামবেদ—গৈ গান করা অ(টক্)—ক, ২য়া—ষ ) সং, পুং, সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ, যে ব্রাহ্মণ সাম গান করে। শিং—১ "বটবাঃ সামগা ইচ।" গী—স্ত্রীং, সামগায়ক ব্রাহ্মণের পত্নী।

সামগর্ভ ; সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সামগ্র্য—ক্লীং } (সমগ্র সকল+য(ঞ্য)
সামগ্রী—স্ত্রীং } —প্রং, ঈপ্) সং, সাকল্য। সমুদায়। শিং—১"প্রায়েণ সামগ্র্যবিধৌ গুণানাম্।"কারণকলাপ। শিং—১ সামগ্রীচেন্ন ফলবিরহো ব্যাপ্তিরেবেতি তত্ত্বং।" দ্রব্য, বস্তু। দলবল। অস্ত্রশস্ত্র। ভাণ্ডার।

সামজ (সামন্ সামবেদ—জ [জন্ জন্মান +অ(ড)—ক ] জাত। ব্রহ্মার সামবেদ গানকালে উৎপন্ন হইয়াছিল বলিয়া) সং, পুং, হস্তী, গজ।

সামঞ্জস্য (সমঞ্জস উচিত ইত্যাদি+য(ঞ্য) —ভাবে) সং, ক্লীং, ঔচিত্য, উপযুক্ততা। সমীচীনতা, উৎকর্ষ। মিল।

সামধেনী ( সমিধ্ অগ্নি প্রজ্বালনার্থ তৃণ কাষ্ঠাদি—আ—ধা ধারণ করা+অন(অনট্)—ণ, ঈপ্ ) সং, স্ত্রীং, অগ্নিসন্দীপন মন্ত্রবিশেষ, ধার্য্যা, অগ্নিপ্রজ্বলন মন্ত্র।

সামনী ( সো [ বিরোধ ] নাশ করা+মন্—প্রং, ঈপ্ ) সং, স্ত্রীং, পশুবন্ধন-রজ্জু।

সামন্ত ( সমন্ত [ সম্ সংলগ্ন—অন্ত একদেশ, ৬ষ্ঠী—হিং] অবিষয়ান্তর ভূমি+অ (ঞ)—ইহার ঈশ্বরার্থে ) সং পুং, সমীপস্থ রাজা। সামান্য রাজা প্রতিবেশী। শ্রেষ্ঠ প্রজা (মণ্ডল)। শিং— "যং পরম্পরয়া মৌলাঃ সামন্তা [illegible]মাগতম্।" অধিনায়ক। বিং, ত্রিং, [illegible]বর্ত্তী। ক্লীং, সামীপ্য।

সামন্তেশ্বর (সামন্ত সা[illegible] রাজা—ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চক্রবর্ত্তী, সম্রাট্।

সামন্য (সামন্ সামবেদ+য(ঞ্য)—জ্ঞাতার্থে) সং, পুং, সামবেদজ্ঞ ব্রাহ্মণ।

সাময়িক ( সময়+ইক(ঞিক)—যোগ্যার্থে ) বিং, ত্রিং, সময়োচিত, কালোপযুক্ত। নিয়মানুযায়ী। শিং—১ "নিজধর্ম্ম বিরোধেন যস্তু সাময়িকো ভবেৎ।"

সামযোনি (সামন্ সামবেদ—যোনি উৎপত্তি স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। হস্তী। বিং, ত্রিং, সামবেদোৎপন্ন।

সামরিকপোত—যুদ্ধজাহাজ।

সামরিকবিচারালয় ( Court-Martial ) যে বিচারালয়ে সৈন্য প্রভৃতির অপরাধের বিচার হয়।

সামর্থ্য ( সমর্থ বলবান্+য(ঞ্য)—ভাবে ) সং, ক্লীং, বল, শক্তি। যোগ্যতা, ক্ষমতা শব্দের প্রতিপাদ্য।

সামর্ষ ( স সহিত—অমর্ষ ক্রোধ ) বিং, ত্রিং, অমর্ষযুক্ত, ক্রুদ্ধ।

সামবাদ ; সং, পুং, প্রিয়বাক্য।

সামবায়িক(সমবায়+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, অমাত্য, মন্ত্রী। দলপতি। বিং, ত্রিং, সমবায়সম্বন্ধীয়।

সামাজিক ( সমাজ সভা+ইক(ষ্ণিক)—সাধ্বর্থে) সং, পুং, সভ্য, সভাসদ্। সহৃদয়, রসজ্ঞ। বিং, ত্রিং, সমাজসম্বন্ধীয়।

সামাজিকতন্ত্র—সমাজসম্বন্ধীয় নিয়ম।

সামাজিকনিয়ম (Social Laws) জনসমাজে অনেক ব্যক্তিকে মিলিত হইয়া বিস্তর কার্য্যনির্ব্বাহ করিতে হয়, যে সমস্ত নির্দ্দিষ্ট নিয়মানুসারে সেই সমুদায় কার্য্যসম্পন্ন করা উচিত, তাহার নাম সামাজিকনিয়ম।

সামাজিকমৃত্যু—রাজদ্রোহ প্রভৃতি উৎকট অপরাধে অপরাধীর সমাজ বহিষ্করণ।

সামানাধিকরণ্য ( সমানাধিকরণ একাশ্রয়+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, একাশ্রয়বৃত্তি, একস্থানস্থায়িত্ব। সাধারণ গুণ বা ধর্ম্মের অবস্থিতি স্থান।

সামান্য (সমান সাধারণ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, প্রকার, রকম। গোত্ব মনুষ্যত্বাদি জাতিসাধর্ম্ম্য। সামগ্র্য। সাধারণের কার্য্য। কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে সাধারণ ধর্ম্মবলে অনেক বস্তু একত্র সম্বন্ধ হয়। বিং, ত্রিং, সাধারণ, সচরাচর, যাহা সকলের আছে।

সামান্যলক্ষণা ; সং, স্ত্রীং, বস্তুদর্শনে তৎসজাতীয় মাত্রের জ্ঞানজনক উপায়।

সামান্যা (সামান্য+আ—প্রং) সং, স্ত্রীং, সাধারণী স্ত্রী, বেশ্যা।

সামালন (বাঙ্গলা সামাল ধাতুজ) সং, সাবধান হওন। রক্ষণ, আত্মরক্ষা করণ।

সামি (সান্ত্ব্ সান্ত্বনা করা+অ—প্রং, সান্ত্ব স্থানে সাম, অ=ই অথবা সাম+ই) অং, অর্দ্ধ, কিয়দংশ। নিন্দনীয়।

সামিধেনী (সম্—ইন্ধ্ অগ্নিপ্রজ্বলন করা +অনট্—ণ, আপ্) সং, স্ত্রীং, অগ্নিসন্দীপন মন্ত্র, ঋগ্বেদ হইতে যে মন্ত্র পাঠ করা যায়। সমিৎ কাষ্ঠ।

সামিধেন্য (সমিধ্ অগ্নি প্রজ্বলন তৃণ কাষ্ঠাদি+এন্য—প্রং) সং, পুং, মন্ত্র বা বন্দনা ইত্যাদি।

সামিল (সমিল শব্দজ) বিং, সম্মলিত, অন্তর্গত, সংক্রান্ত। অন্তর্ভুক্ত, একসঙ্গের।

সামীচী ; সং, স্ত্রীং, বন্দনা, স্তুতি।

সামীপ্য (সমীপ নিকট+য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, নৈকট্য। সান্নিধ্য। শিং—১ "সামীপ্যাশ্লেষবিষয়ৈর্ব্যাপ্ত্যাধারশ্চতুর্ব্বিধঃ।"

সামুদ্র (সমুদ্র সিন্ধু, চিহ্ন+অ(ষ্ণ)—ভবার্থে ইত্যাদি) সং, ক্লীং, সমুদ্রলবণ। সমুদ্রফেন। শরীরস্থ চিহ্ন। দেহস্থ চিহ্ন-ঘটিত ভদ্রাভদ্র লক্ষণসূচক শাস্ত্র। বিং, ত্রিং, ঐ শাস্ত্রব্যবসায়ী। সমুদ্রজাত। সমুদ্রসম্বন্ধীয়। পুং, সমুদ্রযাত্রী, নাবিক।

সামুদ্রক (সমুদ্র দেখ, কণ্) সং, ক্লীং, হস্তাদি রেখা দ্বারা স্ত্রীপুরুষের শুভাশুভ লক্ষণজ্ঞাপক গ্রন্থ।

সামুদ্রিক (সমুদ্র চিহ্ন+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) সং, পুং, শরীরচিহ্নের শুভাশুভ প্রকাশক দৈবজ্ঞ। বিং, ত্রিং, শরীর চিহ্নসম্বন্ধীয় শাস্ত্রাদি। সমুদ্রসম্বন্ধীয়।

সাম্নী ( সামন্ সামবেদ+ঈ—প্রং ) সং, স্ত্রীং, বৈদিকচ্ছন্দোবিশেষ।

সাম্পরায়িক (সম্পরায় যুদ্ধ+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, যুদ্ধ, সংগ্রাম। বিং, ত্রিং, যুদ্ধসম্বন্ধীয়। পারলৌকিক। শিং—১ "প্রভুঃ প্রথমকল্পস্য যোঽনুকল্পেন বর্ত্ততে। ন সাম্পরায়িকং তস্য দুর্ম্মতের্ব্বিদ্যতে ফলং।"

সাম্প্রতম্ (সম্—প্র—তন্ বিস্তার করা+অম্(ডম্)—ক, অ স্থানে আ) অং, উচিত, যুক্ত। (সম্প্রতি+ডম্) ইদানীং, সম্প্রতি, এক্ষণে। উপস্থিত সময়ে।

সাম্য ( সম তুল্য+য(ষ্ণ্য)—ভাবে ) সং, ক্লীং, সমতা, তুল্যতা, সাদৃশ্য।

সাম্যভাব—"যদি কোন দ্রব্য একাধিক বল দ্বারা এককালে ভিন্ন ভিন্ন দিকে আকৃষ্ট হইয়াও কোন দিকে না যাইয়া একস্থানে থাকে তাহা হইলে সেই দ্রব্যটীকে স্থিতিসম্পন্ন বা সাম্যভাবাপন্ন বলে।"

সাম্রাজ্য (সম্রাজ্ রাজাধিরাজ+য(ষ্ণ্য) – ইদমর্থে) সং, ক্লীং, সর্ব্বপ্রধান রাজ্য, সম্রাটের শাসনাধীন রাজ্য। সার্ব্বভৌমত্ব। শিং – ১ "ভজ সাম্রাজ্যদীক্ষিতম্।"

সায় (সো নাশ করা+অ(ঘঞ্)–ক) সং, পুং, সায়ংকাল, দিনান্ত। শর, বাণ। শেষ। নাশ। (+ঘঞ্ – ভাবে) অবসান; যথা—"হরগৌরী বিয়া হৈল সায়।" স্বীকার, সম্মতি; যথা—"হিমালয় মেনকা যদ্যপি দিলা সায়।"

সায়ক (সো নাশ করা+অক(ণক)–ণ) সং, পুং, বাণ, শর। খড়্গ। য়িকা – স্ত্রীং, ক্রমে ক্রমে অবস্থিতি।

সায়ন্তন (সায়ম্+তন্(ট্যুল্) – ভবার্থে) বিং, ত্রিং, সন্ধ্যাকালীন। শিং – ১ "বিধেঃ সায়ন্তনস্যান্তে।" ২ "সন্ধ্যাং সায়ন্তনীং কুর্য্যাৎ দ্বাদশ্যাদিষ্বপি প্রিয়ে।"

সায়ম্ – অং } (সো নাশ করা+অম্ (ডম্) – ক। সায় শেষ
সায়াহ্ন – পুং } – অহন্ দিন+ষ, ৬ষ্ঠী – ষ) সং, সন্ধ্যাকাল, দিনান্ত, দিনকে পাঁচভাগ করিলে তাহার পঞ্চমভাগকে সায়াহ্ন কহে।

সাযুজ্য (সযুজ [স সহিত – যুজ যোগ করা+০(ক্বিপ্) – ক] যুক্ত+য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, সহযোগ, অভেদ। সাম্য, সাদৃশ্য। পঞ্চপ্রকার মুক্তির অন্তর্গত মুক্তিবিশেষ। শিং – ১ "সালোক্য সাষ্টি সামীপ্য সারূপ্যৈকত্বমপ্যুত। দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ।" একত্ব = সাজুয্য।

সার (সৃ [বহুকাল] গমন করা+অ(ঘঞ্) – ক) সং, পুং, শ্রেষ্ঠাংশ। বৃক্ষের মজ্জা। তেজঃ, বল। সর। (+ঘঞ্ – ভা) কাঠিন্য, দৃঢ়তা। উৎকর্ষ। অতিশয়। তত্ত্বার্থ। মজ্জা। বায়ু। পীড়া। বীরতা। নবনীত। সর। (+ঘঞ্ – ক) ক্লীং, জল। ধন। উপযুক্ততা। বৃক্ষাদির উত্তেজক বস্তু। রহস্য। অর্থালঙ্কার-বিশেষ। বিং, ত্রিং, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। স্থায়ী। নানাবর্ণ। ন্যায্য।

সারক (সৃ-ণিচ্ = সারি গমন করান+ণক – ক) বিং, ত্রিং, রেচক, ভেদক। জারক।

সারখদির; সং, পুং, বিট্‌খদির।

সারগন্ধ (সার সারাংশ – গন্ধ ঘ্রাণ) সং, পুং, শ্রীখণ্ড, চন্দন।


সারগ্রাহী (সারগ্রাহিন্, সার – গ্রাহী যে গ্রহণ করে, ২য়া – ষ) বিং, ত্রিং, শ্রেষ্ঠাংশ গ্রাহক, সারগ্রহণকারী।

সারঘ (সরঘা মধুমক্ষিকা+অ(ষ্ণ) – কৃতার্থে) সং, ক্লীং, সরঘাকৃত। মধু।

সারঙ্গ (সৃ গমনকরা+অঙ্গচ্ – ক) সং, পুং, চাতকপক্ষী। ভ্রমর। হরিণ। হস্তী। সিংহ। রাজহংস। কোকিল। কামদেব। মেঘ। রাগবিশেষ। ময়ূর। বৃক্ষ। পরিচ্ছদ। ফেনা। পদ্ম। পুষ্প। শঙ্খ। মণি। পৃথিবী। রাত্রি। জ্যোতি। ভ্রমর। ছত্র। ক্লীং, বাদ্যযন্ত্রবিশেষ। বস্ত্র। স্বর্ণ। ধনুক। চন্দন। কর্পূর। (সার – অঙ্গ) বিং, ত্রিং, নানাবর্ণ, শবল। [ব্যাধ। মৃগাবিৎ।

সারঙ্গিক (সারঙ্গ+ইক – প্রং) সং, পুং,

সারঙ্গী (সারঙ্গ দেখ) এই যন্ত্রটী অতি প্রাচীন কাল হইতে ভারতবর্ষে প্রচলিত আছে



সারঙ্গী।

ইহার ধ্বনি-কোষ ও দণ্ড উভয়ই এক খানি অখণ্ড কাষ্ঠ দ্বারা নির্ম্মিত [ধ্ব]নি-কোষটী পাতলা চর্ম্ম দ্বারা [আচ্ছা]দিত এবং দণ্ডটী কাষ্ঠের পটরি[কা]য় আবৃত থাকে। দণ্ডের ঊর্দ্ধভাগে উভয় পার্শ্বে দুই দুইটী করিয়া চারিটী কীলক এবং ঐ চারিটী কীলকে চারিগাছি তন্ত্র সংবদ্ধ করা যায়। দণ্ডের পার্শ্বে নির্ম্মাতার ইচ্ছাধীন অপর কয়েকটী কীলক এবং তাহাতে কীলক সংখ্যানুগত পিত্তল নির্ম্মিত তার পার্শ্বতন্ত্রিকারূপে সংযোজিত করা থাকে।

সারজ (সার দধি দুগ্ধাদির সর – জ [জন্ জন্মান+অ(ড) – ক] উৎপন্ন) সং, ক্লীং, নবনীত, মাখন।

সারট (Sauria) টিকটিকী সদৃশ ও তৎসদৃশ জীব; যথা—গোধা, পল্লী, বহুরূপা প্রভৃতি।

সারণ (সৃ-ণিচ্=সারি গমন করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, অপসারণ, চালন। (+অন—ক) পুং, অতিসার রোগ। রাবণের মন্ত্রিবিশেষ। রাক্ষসবিশেষ। সং, ক্লীং, দোষশুদ্ধি। সারিয়া লওয়া, শোধরাণ।

সারণি—ণী (সৃ-ণিচ্=সারি গমন করান+অনি—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্রনদী।

সারণিক (সরণি পথ+ই—প্রং) সং, পুং, পথিক, অধ্বগ।

সারণ্ড (সৃ-ণিচ্=সারি গমন করান+অণ্ড—প্রং) সং, পুং, সর্পাণ্ড, সাপের ডিম।

সারতরু (সার—তরু বৃক্ষ) সং,পুং, কদলীবৃক্ষ।

সারথি (সৃ-ণিচ্=সারি [অশ্বদিগকে] গমন করান+অথিন্—ক,কিংবা সরথ [স সহিত—রথ, ১মা—হিং] অশ্ব+ই(ঞি)—প্রেরণার্থে) সং, পুং, রথাদিচালক, যন্তা। সহায়। শিং—১ "নিমিত্ত শকুনজ্ঞানো-হয়শিক্ষাবিশারদঃ। হয়ায়ুর্ব্বেদতত্ত্বজ্ঞো ভূবিভাগবিশেষবিৎ। স্বামিভক্তো মহোৎসাহঃ সর্ব্বেবাক্ প্রিয়ংবদঃ। শূরশ্চ কৃতবিদ্যশ্চ সারথিঃ পরিকীর্ত্তিতঃ।"

সারথ্য (সারথি+য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, সাহায্য। রথাদিচালন। যান।

সারদা (সার [জ্ঞানের] শ্রেষ্ঠাংশ—দা দান করা+অ(ড)—ক, আপ্, ২য়া—ষ) সং, স্ত্রীং, সরস্বতী। দুর্গা।

সারদ্রুম ; সং, পুং, খদিরবৃক্ষ।

সারভাণ্ড (সার সারাংশ—ভাণ্ড পাত্র) সং, ক্লীং, অকৃত্রিম পাত্র ; যথা—মৃগনাভি প্রভৃতি।

সারমিতি ; সং, পুং, শ্রুতি, বেদ।

সারমেয়—পুং } (সরমা কুক্কুরী+এয়
সারমেয়ী—স্ত্রীং } (ঢেয়)—অপত্যার্থে) সং, কুক্কুর, কুক্কুরী।

সারলোহ (সার সারাংশ—লোহ) সং,ক্লীং, লৌহসার,ইস্পাত। [লতা, অকাপট্য।

সারল্য (সরল+য(ষ্ণ্য)—ভা) সং,ক্লীং, সর-

সারস—পুং } (সরস্ সরোবর+অ
সারসী—স্ত্রীং } (ষ্ণ)—ভবার্থে ইত্যাদি) সং, হংস। স্বনাম প্রসিদ্ধ জলচর পক্ষী। সং, ক্লীং, পদ্ম। বিং, ত্রিং, সরোবরসম্বন্ধীয়। (সহ—রস+অ(ষ্ণ)—প্রং)পুং,চন্দ্র।

সারসন (সার শক্তি—সন্ দান করা+অ(অন্)—ণ) সং, ক্লীং, স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহারাদি। পুরুষের কটিবন্ধন।


সারস্বত (সরস্বতী বাক্‌দেবী+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, পুং, দিল্লীর উত্তর পশ্চিমস্থ দেশবিশেষ। তদ্দেশীয় ব্রাহ্মণ। মুনিবিশেষ, কথিত আছে ইনি সরস্বতী নদী হইতে উৎপন্ন হইয়াছিলেন। বিল্বদণ্ড, বেলগাছের যষ্টি। ব্রহ্মার দিনরূপ কল্পবিশেষ। ব্যাকরণবিশেষ। বিং, ত্রিং, সরস্বতীসম্বন্ধীয়। বিদ্বান্। (সরস্বৎ+ষ্ণ) সমুদ্রসম্বন্ধীয়।

সারাল ; সং, পুং, শস্যবিশেষ, তিল।

সারি—রী (সৃ-ণিচ্=সারি গমন করান+ইঞ্—ক) সং, স্ত্রীং, শালিকপক্ষিণী। পাশক, পাশগুটিকা।

সারিকা (সারি দেখ, অক(ণক)—ক) সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ, শালিকপাখী। পাশগুটিকা।

সারিন্দা (সারঙ্গ শব্দের অপভ্রংশ) গ্রাম্য যন্ত্রবিশেষ। ইহার সমুদয় অঙ্গ কাষ্ঠনির্ম্মিত। ইহার ধ্বনিকোষ কিয়ৎভাগ



সারিন্দা।

চর্ম্মাচ্ছাদিত এবং কতকভাগ শূন্য থাকে। এই যন্ত্রে অশ্বপুচ্ছের কেশনির্ম্মিত তিনটী তার তিনটী কীলকে আবদ্ধ থাকে।

সারিবা (সারি [শৃ হিংসা করা+ই—প্রং] হিংসন+বন্—যোগ। শ=স) সং, স্ত্রীং, লতাবিশেষ, অনন্তমূল।

সারূপ্য(সরূপ সমানরূপ+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সমানরূপতা। মুক্তিবিশেষ, যাহাতে ঈশ্বরের তুল্যরূপ হওয়া যায়।

সার্থ (সৃ-ণিচ্=সারি গমন করান+থন্—ক) সং, পুং, সমূহ। সঙ্গী, সাথী। জন্তু-

সমূহ। (স সহিত—অর্থ ধন, ১মা—হিং) বণিক্‌সমূহ। বিং, ত্রিং, ধনী, ধনবান্‌, ধনাঢ্য। অর্থযুক্ত।

সার্থক (স সহিত—অর্থ শব্দের প্রতিপাদ্য, প্রয়োজন, ১মা—হিং, কণ্‌—যোগ) বিং, ত্রিং, অর্থযুক্ত। সফল। অন্বর্থ। বণিক্‌দলের অধিনায়ক।

সার্থবাহ (সার্থ সমূহ—বাহ যে বহন করে, ২য়া—ষ) সং, পুং, বণিক্‌, দলবদ্ধ হইয়া বাণিজ্যকারী। পথদর্শক।

সার্দ্ধ (স সহিত—অর্দ্ধ) বিং, ত্রিং, অর্দ্ধসহিত, অর্দ্ধযুক্ত।

সার্দ্ধম্‌ (স সহিত—ঋধ্‌ বৃদ্ধি পাওয়া+অম্‌—ক) অং, সহ, সহিত।

সার্প (Ophidia) সর্প প্রভৃতি জীব।

সার্পিষ, সার্পিষ্ক (সর্পিস ঘৃত+অ, ক—প্রং) বিং, ত্রিং, ঘৃতসম্বন্ধীয়। ঘৃতদ্বারা সংস্কৃত।

সার্প্য (সর্প সাপ+য(ষ্ণ্য)—প্রং) সং, পুং, র্পী—স্ত্রীং, অশ্লেষানক্ষত্র। বিং,ত্রিং, সর্পসম্বন্ধীয়।

সার্ব্ব (সর্ব্ব সকল [জ্ঞান ইত্যাদি]+অ (ষ্ণ)—প্রং) সং, পুং, জিন, বুদ্ধ। বিং, ত্রিং, সর্ব্বহিতকর। সর্ব্বসম্বন্ধীয়।

সার্ব্বকালিক (সর্ব্বকাল+ইক(ষ্ণিক)—ভবার্থে) বিং,ত্রিং, যাহা সকল সময়ে হয়।

সার্ব্বজনীন (সর্ব্বজন সকল মনুষ্য+ঈন (ষ্ণীন)—হিতার্থে) বিং, ত্রিং, সর্ব্বলোকহিত। সর্ব্বজনের ইষ্টসাধক, সর্ব্বজনের প্রয়োজনীয় বা উপযুক্ত। সর্ব্বলোকবিদিত।

সার্ব্বত্রিক (সর্ব্বত্র সকল স্থান+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, সর্ব্বত্রব্যাপী, সকল স্থানে স্থিত, সকল স্থানের উপযুক্ত।

সার্ব্বধাতুক (সর্ব্ব—ধাতু+কণ্‌—প্রং) বিং, ত্রিং, সর্ব্বধাতুসম্বন্ধীয়।

সার্ব্বভৌম (সর্ব্বভূমি সকল স্থান+অ(ষ্ণ)—ঈশ্বরার্থে) সং, পুং, উত্তর দিগ্‌গজ, কুবেরের হস্তী। সম্রাট্‌, চক্রবর্ত্তী, রাজা, সমুদায় ভূমির অধীশ্বর। বিং, ত্রিং, জগৎব্যাপী, জগদ্বিখ্যাত।

সার্ব্বলৌকিক (সর্ব্বলোক+ইক(ষ্ণিক)—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, সর্ব্বলোকসম্বন্ধীয়। সর্ব্বজনবিদিত। সর্ব্বত্রপ্রসিদ্ধ। পৃথিবীর সর্ব্বত্র পরিচিত। সকলের উপর।

সার্ব্ববিভক্তিক (সর্ব্ব—বিভক্তি+কণ্‌—প্রং) বিং, ত্রিং, সর্ব্ববিভক্তিজাত।

সার্ব্ববেদ্য (সর্ব্ব সকল—বেদ+য(ষ্ণ্য)—জ্ঞাতার্থে) সং, পুং, সমুদায় বেদবেত্তা ব্রাহ্মণ।

সার্ষপ (সর্ষপ+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, সর্ষপসম্বন্ধীয়। সর্ষপপ্রস্তুত। সং, ক্লীং, সর্ষপতৈল।

সার্ষ্টি (সহ—অ—ঋষ্টি) সং, স্ত্রীং, নির্ব্বাণ মুক্তিবিশেষ, সমানৈশ্বর্য্য। ঈশ্বরের সহিত সমান ঐশ্বর্য্যশালী হওয়া।

সাল (সল্‌ গমন করা+অ(ঘ [illegible])—ধি) সং, পুং, প্রাকার, প্রাচীর। [illegible]। সর্জ্জবৃক্ষ। লা—স্ত্রীং, গৃহ। ম[illegible]-বিশেষ, সালমাছ। (শালা শব্দই ব[illegible] হইয়া থাকে)।

সালনির্য্যাস, সালান (সাল [illegible]ই বৃক্ষ—নির্য্যাস আঠা) সং, পুং, [illegible]াস, ধুনা।

সালপুষ্প (সাল সালবৃক্ষ [illegible]প ফুল) সং, ক্লীং, স্থলপদ্ম।

সালভঞ্জিকা (সাল সালবৃক্ষ ইহার কাষ্ঠ—ভন্‌জ্‌ [ভাঙ্গা] রেঁদাক[illegible]+অক—প্রং, আপ্‌। যাহার জন্যে সাল কাষ্ঠকে চাঁচে) সং, স্ত্রীং, পুত্তলিকা, পুতুল। বেশ্যা।

সালবেষ্ট (সাল সেই বৃক্ষ—বেষ্ট আঠা) সং, পুং, সর্জ্জরস, ধুনক, ধুনা।

সালাকরী (সালা গৃহ—কৃ করা+অ(অন্‌)—ক,ঈপ্‌) সং,স্ত্রীং,যুদ্ধে পরাজিতা নারী।

সালার (সাল দেওয়াল—ঋ গমন করা+অ(অল্‌)—ণ) সং, স্ত্রীং, ভিত্তিস্থ কীলক, ডাণ্ডা, গোঁজ প্রভৃতি।

সালোক্য, সালোকতা (স সহিত—লোক ভুবন+য(ষ্ণ্য), তা—বাসার্থে) সং,ক্লীং, মুক্তিবিশেষ, তুল্যলোক-বাসরূপ মুক্তি,একলোকে ঈশ্বরের সহিত সহবাস।

সাল্ব (সাল+ব) সং, পুং, নৃপবিশে। দেশবিশেষ।

সাম্বহা (—হন্, সাম্ব দৈত্যবিশেষ—হা [হন্ বধ করা+০(ক্বিপ্)—ক] যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সাম্বিক; সং,পুং, পক্ষিবিশেষ, সালিকপাখী।

সাবধান (সহ সহিত—অবধান মনোযোগ) বিং, ত্রিং, অপ্রমত্ত, অবহিত, সতর্ক, মনোযোগী।

সাবন (সূ প্রসব করা+অন—প্রং, অথবা সবন+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, সূর্য্য-সম্বন্ধীয়। সবনসম্বন্ধীয়। সং, পুং, যজমান, যে যজ্ঞার্থ পুরোহিত নিযুক্ত করে। যজ্ঞবিশেষ, যজ্ঞকর্ম্মের সমাপন। বরুণ। দিবারাত্র। জ্যোতিষে—প্রাকৃতিক সূর্য্যোদয় হইতে আবার সূর্য্যোদয় পর্য্যন্ত এক সাবন দিন। ত্রিংশৎ অহোরাত্রাত্মক মাস। শিং—১ "ত্রিংশতা সৌরদিবসৈঃ সাবনঃ পরিকীর্ত্তিতঃ।" ২ "চান্দ্রঃ শুক্লাদি দর্শান্তঃ সাবনস্ত্রিংশতা দিনৈঃ।" বর্ষবিশেষ। শিং—১ "সৌরেণাব্দস্তু মানেন যদা ভবতি ভার্গবঃ। সাবনেন চ মানেন দিনষট্কং প্রপূর্য্যতে।"

সাবর (শাবর দেখ) সং, পুং, পাপ। অপরাধ। লোধ্রবৃক্ষ।

সাবর্ণ (সবর্ণ [পূর্ব্বজের] সদৃশ+অ(ষ্ণ)—অপত্যার্থে) সং, পুং, দ্বিতীয় মনু। শিং—১ "ছায়া সংজ্ঞাসুতো যোঽসৌ দ্বিতীয়ঃ কথিতো মনুঃ। পূর্ব্বজস্য সবর্ণোঽসৌ সাবর্ণস্তেন কথ্যতে।"

সাবর্ণলক্ষ্য; সং, ক্লীং, চর্ম্ম, চামড়া।

সাবর্ণি (সবর্ণা সূর্য্যের পত্নী + ই(ঞি)—অপত্যার্থে) সং, পুং, সূর্য্যতনয়, অষ্টম মনু। গোত্রবিশেষ।

সাবশেষ (স সহিত—অবশেষ) বিং, ত্রিং, অবশিষ্ট। অসম্পূর্ণ।

সাবাস (পারস্য সাদবাস শব্দের অপভ্রংশ) প্রশংসাসূচক ধ্বনি।

সাবিত্র (সবিতৃ সূর্য্য+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত। পুং, ব্রাহ্মণ। শিব। সূর্য্য। গর্ভ। বসুবিশেষ। বিং, ত্রিং, সবিতৃসম্বন্ধীয়।

সাবিত্রী (সবিতৃ সূর্য্য+অ(ষ্ণ)—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, সত্যবান্ রাজার পত্নী, অশ্বপতি রাজার কন্যা। বেদের মন্ত্রবিশেষ, গায়ত্রী। ব্রহ্মার পত্নী। সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবী। দুর্গা। শিং—১ "সর্ব্বলোকপ্রসবনাৎ সবিতা স তু কীর্ত্ত্যতে। যতস্তদ্দেবতা দেবী সাবিত্রীত্যুচ্যতে ততঃ। বেদপ্রসবনাচ্চাপি সাবিত্রী প্রোচ্যতে বুধৈঃ।"

সাবিত্রীপতিত (সাবিত্রী—পতিত) সং, পুং, যথাকালে যে ব্রাহ্মণের উপনয়ন হয় নাই।

সাবিত্রীব্রত; সং, ক্লীং, জ্যৈষ্ঠমাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে কর্ত্তব্য স্ত্রীলোকদিগের ব্রতবিশেষ।

সাবিত্রীসূত্র (সাবিত্রী বেদের মন্ত্রবিশেষ—সূত্র সূতা) সং, ক্লীং, যজ্ঞোপবীত, পৈতা।

সাবিনী (সূ প্রসব করা+ইন্(ণিন্)—ক) সং, স্ত্রীং, নদী।

সাশয়ন্দক; সং, পুং, জেঠী, টিকটিকী।

সাশূক; সং, পুং, কম্বল।

সাশ্রূধী; সং, স্ত্রীং, শ্বশ্রূ, শাশুড়ী।

সাসহি (সহ [যঙ্লুগন্ত] সহ্য করা+ই—প্রং) বিং, ত্রিং, সতত সহনক্ষম।

সাস্থিতাম্রার্দ্ধি; সং, ক্লীং, কাংস্য।

সাস্না (সস্ নিদ্রিতহওয়া+নণ্—ক, আপ্) সং, স্ত্রীং, গোরুর গলকম্বল।

সাস্র (স সহিত—অস্র চক্ষুর জল, রক্ত বা কোণ) বিং, ত্রিং, অশ্রুজলসহিত। রোদনকারী, রোরুদ্যমান। সরক্ত। কোণসহিত।

সাহঙ্কার (স সহিত—অহঙ্কার গর্ব্ব) বিং, ত্রিং, অহঙ্কৃত, গর্ব্বিত।

সাহচর্য্য (সহচর সঙ্গী+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সঙ্গ, সংসর্গ, সহচরত্ব। সামানাধিকরণ্য। একাধারে থাকা।

সাহজিক (সহজ+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, স্বাভাবিক।

সাহয়; বিং, ত্রিং, সহনকারয়িতা।

সাহস (সহস্ বল+অ(ষ্ণ)—প্রং) সং, ক্লীং, অন্তঃকরণের বিক্রম, উৎসাহ। নির্ভয়, ভয়রাহিত্য। দ্বেষ। দণ্ড। অনৌচিত্য। দুষ্কর্ম্ম, অত্যাচার। দস্যুবৃত্তি।

সহসাকৃত কর্ম্ম, অবিমৃষ্যকরণ। বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্ম—মনুষ্যমারণং স্তেয়ং পরদারাভিমর্ষণং, পারুষ্যমনৃতঞ্চৈব সাহসং পঞ্চধাস্মৃতম্। পুং, অগ্নিবিশেষ। শিং—১ "প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে তু সাহসঃ। লক্ষ হোমে চ বহ্নিঃস্যাৎ কোটিহোমে হুতাশনঃ।" দণ্ড। বিং, ত্রিং অবিমৃষ্যকারিতা।

সাহসাঙ্ক (সাহস বিক্রম—অঙ্ক চিহ্ন) সং, পুং, রাজা বিক্রমাদিত্য।

সাহসিক } (সাহস+ইক—প্রং। সাহসী } সিন্, সাহস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সাহসকর্ম্মকারী, দস্যু প্রভৃতি। নির্ভীক, নির্ভয়। পারদারিক। পরুষবাদী। অনৃতবাদী।

সাহস্র (সহস্র+অ(অ)—সমূহার্থে) সং, ক্লীং, বহুসহস্র। সহস্র সংখ্যায় সংখ্যাত দল। সহস্রমাত্র। শিং—১ "হরিস্তে সাহস্রং কমলবলিমাধায়—।" বিং, ত্রিং, তৎসঙ্খ্যক। সহস্রসম্বন্ধীয়। সহস্র মুদ্রায় ক্রীত। পুং, সহস্রসৈনিক সংখ্যাত সেনা।

সাহায়ক } (সহায়+কণ্, য(ষ্য)—ভা, সাহায্য } কর্ম্মণি) সং, ক্লীং, আনুকূল্য, সহায়তা।

সাহিত্য (সহিত+য(ষ্য)—ভাবে ইত্যাদি) সং, ক্লীং, সংসর্গ, মিলন। সম্বন্ধবিশেষ, একক্রিয়ান্বয়িত্ব। বুদ্ধি বিশেষ বিশেষ্যত্ব। (সম—হিত+য(ষ্য)—প্রং) কাব্যশাস্ত্র।

সাহেব (ফোর্সী) প্রধান ব্যক্তি। প্রভু। ... দিগকে বুঝায়।


সাহ্য (সহ সাহিত, একসঙ্গে+য—প্রং) সং, ... সাহিত্য, ঐক্য, মিলন, যোগ।

সাহকৃৎ (সাহ্য ঐক্য—কৃৎ যে করে) সং, পুং, সমভিব্যাহারী, সঙ্গী

সাহ্বয় (স সহিত—আহ্বয় নাম) সং, পুং, প্রাণিদ্যূত, সমাহ্বয়, যুদ্ধকারক পক্ষী, কুক্কুট, বুলবুল প্রভৃতি। বিং, ত্রিং, সনামক। শিং—১ "জগাম গজসাহ্বয়ম্।"

সিউনি (সেচনী শব্দজ) সং, জল সেচন পাত্রবিশেষ

সিংহ (হিন্স্ হিংসা করা+অ(অন্)—ক, নিপাতন। অথবা সিচ্ সেচন করা+অ(ক)—ক) সং, পুং, মৃগেন্দ্র, পশুরাজ।



সিংহ।

পঞ্চমরাশি। ইহার জাত-ফল, যথা—

"সিংহলগ্নে সমুদ্ভূতো ভোগী শত্রুবিমর্দ্দনঃ। স্বল্পোদারোহল্পপুত্রশ্চ সোৎসাহী গজবিক্রমঃ।" (কোঃ প্রঃ)। (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।



সিংহ (রাশি)।

সিংহকেশর (সিংহ—কেশর ঘাড়ের চুল) সং, পুং, বকুল বৃক্ষ। সিংহের জটা।

সিংহতল (সিংহ—তল তেলো) সং, পুং, কৃতাঞ্জলি, যোড়হাত।

সিংহদ্বার (সিংহ প্রধান কিম্বা সিংহাকৃতি যুক্ত—দ্বার দোর, যং—স) সং, ক্লীং, সিংহমূর্ত্তি চিহ্নিত প্রবেশদ্বার, ফটক, সিংদরজা।

সিংহধ্বনি } (সিংহ [সিংহের ন্যায়]— সিংহনাদ } ধ্বনি, নাদ=শব্দ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যোদ্ধাদিগের আস্ফালনসূচক-শব্দ, বারগর্জ্জিত। সিংহের ডাক।

সিংহপুচ্ছী; সং, স্ত্রীং, চিত্রপর্ণিকা। পৃশ্নিপর্ণী। মাষপর্ণী।

সিংহমুখ (সিংহ—মুখ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, হস্তীর ভূষণবিশেষ। সিংহের মুখ।

সিংহযান, সিংহরথা (সিংহ মৃগেন্দ্র—যান, রথ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সিংহবাহিনী, দুর্গা।

সিংহল (সিংহ মৃগেন্দ্র—লা গ্রহণ করা, দান করা+অ(ড)—ক, অথবা ল—প্রং) সং, ক্লীং, লা—স্ত্রীং, সিলোন, লঙ্কা।

ক্লীং, রঙ্গ, রাঙ্। টিন। পিত্তল। দারু-চিনি।

সিংহলীল; সং, পুং, রতিবন্ধবিশেষ।

সিংহবাহিনী (সিংহ—বাহ [সিংহরূপবাহ] +ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, দুর্গা, ভগবতী। শিং—১ "সিংহমারুহ্য কল্পান্তে নিহতো মহিষো যথা। মহিষঘ্নী ততো দেবী কন্যা বৈ সিংহবাহিনী।"

সিংহবিক্রান্ত (সিংহ মৃগেন্দ্র—বিক্রান্ত পরাক্রান্ত) সং, পুং, অশ্ব, ঘোটক। বিং, ত্রিং, সিংহতুল্য পরাক্রমশালী।

সিংহবিন্না; সং, স্ত্রীং, মাষপর্ণী।

সিংহসংহনন (সিংহ প্রধান বা অত্যুত্তম—সংহনন শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুশ্রী ও সুগঠন। সিংহতুল্য দৃঢ়াঙ্গ; যথা "সিংহসংহননো যুবা।"

সিংহাণ (সিংহ—আণ) সং, পুং, সিংহনাদ।

সিংহান, সিঙ্ঘান (শিন্ঘ আঘ্রাণ করা+আন—র্ম্ম, নিপাতন) সং, ক্লীং, লৌহমল, লৌহের মরিচা। নাসিকামল, সিকনী।


সিংহাবলোকন্যায়—ন্যায় (৩৭) দেখ।

সিংহাসন (সিংহ সিংহাদিখচিত এবং, স্বর্ণময়]—আসন, ৩য়া—ষ) সং, ক্লীং, সিংহচিহ্নিত আসন, রাজাসন, রাজার বসিবার আসন। শিং—১"পদ্মংশঙ্খো গজো হংসঃ সিংহো ভৃঙ্গো মৃগো হয়ঃ, অষ্টৌ সিংহাসনানি।" ষোড়শবন্ধান্তর্গত চতুর্দ্দশবন্ধ।

সিংহাস্য; সং, পুং, বাসক। বিং, ত্রিং, সিংহতুল্য মুখ।

সিংহিকা (সিংহী রাহুর মাতা+কন্—স্বার্থে) সং, স্ত্রীং, রাহুর মাতা, কশ্যপপত্নী।

সিংহী (সিংহ+ঈপ্) সং, স্ত্রীং, সিংহপত্নী,



সিংহী।

স্ত্রীসিংহ। রাহুর মাতা। বার্ত্তাকুবৃক্ষ, বেগুণ গাছ। কণ্টকারী। বাসক। বৃহতী। মুদ্গপর্ণী।

সিঁড়ী (দেশজ) সং, সোপান, পইঠা।

সিঁদুর (সিন্দূর শব্দজ) সং, রক্তবর্ণ চূর্ণবিশেষ।

সিঁধ (সন্ধি শব্দজ) সং, সুড়ঙ্গ।

সিকতা (সিক্ [সৌত্র ধাতু] সেচন করা+অতক্—ক, আপ্) সং, স্ত্রীং, (বহুবচনান্ত) তাঃ, বালুকা। (সিকতা+অ, আপ্) স্ত্রীং, বালুকাময়দেশ।

সিকতাময় (সিকতা+ময় (ময়ট্)—সংসর্গার্থে) বিং, ত্রিং, বালুকাময়, বালুকাযুক্ত। সং, ক্লীং, বালুকাময় তট। দ্বীপ, যাহার উপকূল বালুকাময়।

সিকতাবান্ (সিকতাবৎ, সিকতা+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বালুকাময়, যাহাতে কেবল বালী, বেলে।

সিকতিল (সিকতা+ইল—যুক্তার্থে) বিং, ত্রিং, সিকতাবিশিষ্ট, বালুকাময়।

সিকি (দেশজ) বিং, মুদ্রার চারিভাগের এক ভাগ। চতুর্থাংশ, পোয়া।

সিক্ (সিচ্, সিচ্ জলাদি সেক করা+(কিপ্)—ক) সং, স্ত্রীং, বস্ত্র, কাপড়। বিং, ত্রিং, সেককর্ত্তা, যে সেচন করে।

সিক্ত (সিচ্ জলাদি সেক করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আর্দ্রীকৃত। অভিবৃষ্ট, যাহার উপর জল বর্ষণ করা হইয়াছে।

সিক্থ (পূর্ব্বে দেখ, থক্—ক) সং, পুং, এক গ্রাস অন্ন। ক্লীং, মোম, মধূচ্ছিষ্ট। নীলী, নীলবড়ি।

সিক্থক (সিক্থ+কন্—যোগ) সং, ক্লীং, মধূচ্ছিষ্ট, মোম।

সিকনি (সিঙ্ঘাণ শব্দজ) সং, নাসিকামল।

সিক্য (সিক্ গমন করা+য—ক) সং, ক্লীং, স্ত্রীং, সিকে।

সিক্ষ্য; সং, পুং, স্ফটিকমণি।

সিচয় (সিচ জলাদি সেক করান+অয়ক্—ক) সং, পুং, বস্ত্র, কাপড়। জীর্ণ বস্ত্র।

সিঞ্চৎ (সিক্ত দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, সেচনকারী, সেককারক, যে সেচন করিতেছে। তা—স্ত্রীং, পিপ্পলী।

সিত (ষো নাশ করা+ত(ক্ত)—ক, ও স্থানে ই) সং, পুং, শুক্লবর্ণ। শুক্রাচার্য্য

শর, বাণ। বিং, ত্রিং, শুক্লবর্ণযুক্ত, শাদা। (সি বন্ধন করা+ক্ত—র্ম্ম) বদ্ধ। নষ্ট। সম্পন্ন। সমাপ্ত। জ্ঞাত। ক্লীং, রৌপ্য। মূলক। চন্দন। তা—স্ত্রীং, শর্করা, চিনী। শ্বেতদূর্ব্বা। চন্দ্রিকা। মদ্য। মিছরি। মল্লিকা। সুশ্রী কামিনী।

সিতকণ্ঠ (সিত শাদা—কণ্ঠ) সং, পুং, দাত্যূহপক্ষী, ডাকপাখী। বিং, ত্রিং, শ্বেতবর্ণ কণ্ঠযুক্ত।

সিতকর (সিত শাদা—কর কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর।

সিতকুঞ্জর; সং, পুং, ইন্দ্র। ইন্দ্রহস্তী।

সিতগুঞ্জা; সং, স্ত্রীং, শ্বেতগুঞ্জা।

সিতচ্ছত্র (সিত শাদা—ছত্র ছাতা, য়ং—স) সং, ক্লীং, শ্বেতবর্ণছত্র, রাজাধিরাজের ছত্র। ত্রা—স্ত্রীং, শতপুষ্পা।

সিতচ্ছদ (সিত শাদা—ছদ পালখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজহংস। হংস, হাঁস। দা—স্ত্রীং, শ্বেতদূর্ব্বা।

সিতদীধিতি } (সিত শাদা—দীধিতি,
সিতরশ্মি } রশ্মি=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর।

সিতদীপ্য; সং, পুং, শ্বেতজীরক।

সিতধাতু (সিত শাদা—ধাতু আকরীয়) সং, পুং, কঠিনী, খড়ী।

সিতপক্ষ (সিত শাদা—পক্ষ পালখ) সং, পুং, রাজহংস। হংস। শুক্লপক্ষ। "মাঘে মাসি সিতপক্ষে সপ্তমী কোটিভাস্করা।"

সিতপর্ণী; সং, স্ত্রীং, অর্কপুষ্পিকাবৃক্ষ।

সিতপুষ্প; সং, ক্লীং, কৈবর্ত্তীমুস্তক। পুং, তগরবৃক্ষ। শ্বেতরোহিত। কাশ। ষ্পা—স্ত্রীং, মল্লিকা। ষ্পী—স্ত্রীং, শ্বেত অপরাজিতা।

সিতমণি (সিত শাদা—মণি রত্ন) সং, পুং, স্ফটিকমণি। চন্দ্রকান্তমণি।

সিতরঞ্জন (সিত শাদা—রঞ্জন রঙ্ করা) সং, পুং, পীতবর্ণ, হরিদ্রারং।

সিতশিব (সিত শাদা—শিব সুখদ) সং, ক্লীং, সৈন্ধবলবণ।

সিতশিম্বিক (সিত শাদা—শিম্বিকা শিম) সং, পুং, গোধূম, গম।

সিতশূক (সিত শাদা—শূক শুঁয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যব।

সিতসপ্তি (সিত শাদা—সপ্তি অশ্ব) সং, পুং, শ্বেতবাহন, অর্জ্জুন।

সিতসার; সং, পুং, শালিঞ্চশাক।

সিতসিন্ধু (সিত শাদা—সিন্ধু নদী) সং, স্ত্রীং, গঙ্গা, জাহ্নবী।

সিতাংশু (সিত শাদা—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর।

সিতাখণ্ড (সিতা শাদা—আখণ্ড শর্করা) সং, পুং, মধুশর্করা।

সিতাগ্র (সিত শাদা—অগ্র অগ্রভাগ) সং, পুং, কণ্টক, কাঁটা।

সিতাঙ্ক (সিত শাদা—অঙ্ক চিহ্ন বা স্থান) সং, পুং, বালুকাগড় মৎস্য, বেলিয়া মাছ।

সিতাদি (সিতা শর্করা—দা দেওয়া+ই—প্রং) সং, পুং, গুড়, খাঁড়।

সিতানন (সিত শাদা—আনন মুখ) সং, পুং, গরুড়। বিং, ত্রিং, শুক্লমুখযুক্ত।

সিতাপাঙ্গ (সিত শাদা—অপাঙ্গ চক্ষুর প্রান্তভাগ) সং, পুং, ময়ূর, শিখী।

সিতাভ (সিত শাদা—আভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর। বিং, ত্রিং, শ্বেত। ভা—স্ত্রীং, তক্রা।

সিতাভ্র—পুং—ক্লীং } (সিত শাদা—
সিতাভ্রক—ক্লীং } অভ্র মেঘ। কন্—যোগে সিতাভ্রক) সং, কর্পূর।

সিতাম্বর (সিত—অম্বর) সং, পুং, শ্বেতবস্ত্রপরিহিত ব্রতী। বিং, ত্রিং, শুক্লবস্ত্র পরিধায়ী।

সিতাম্ভোজ, সিতাব্জ (সিত—অম্ভোজ, অব্জ=পদ্ম, য়ং—স) সং, ক্লীং, শ্বেতপদ্ম।

সিতালক; সং, পুং, শ্বেতমন্দারক।

সিতালতা (সিতা শাদা—লতা লতানিয়া গাছ) সং, স্ত্রীং, শ্বেতদূর্ব্বা।

সিতাবর (সিত শুভ্রতা—আ—বৃ আবরণ করা+অ—প্রং) সং, পুং, শাকবিশেষ, সুষুণীশাক।

সিতাশ্ব (সিত শাদা—অশ্ব ঘোড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অর্জ্জুন, শ্বেতবাহন।

সিতাসিত (সিত শুভ্র [চর্ম্ম]—অসিত কৃষ্ণবর্ণ [বস্ত্র]) সং, পুং, বলদেব। শুক্র সহিত শনি। শিং—১ "সিতাসিতৌ চন্দ্রমসো ন কশ্চিৎ বুধঃ শশী সৌম্যসিতৌ রবীন্দু।" বিং, ত্রিং, শুক্ল ও কৃষ্ণ।

সিতাহ্বয়; সং, পুং, শ্বেতশিগ্রু। শ্বেতরোহিত।

সিতি (সি বন্ধন করা+তিক্‌-ক) সং, পুং, শুক্লবর্ণ। কৃষ্ণবর্ণ। বিং, ত্রিং, তদ্বর্ণবিশিষ্ট। (+ক্তি—ভাবে) সং, স্ত্রীং, বন্ধন।

সিতিকণ্ঠ (সিতি কৃষ্ণবর্ণ—কণ্ঠ গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীলকণ্ঠ, শিব। ময়ূর। দাত্যূহপক্ষী, ডাকপাখী।

সিতিমা (সিতিমন্‌, সিতি+ইমন্‌—ভাবে) সং, পুং, শ্বেতত্ব, শৌক্ল্য। শিং—১ "সিতং সিতিম্না সুতরাং মুনের্বপুঃ।" কৃষ্ণতা।

সিতিবাসাঃ (সিতিবাসস্‌, সিতি কৃষ্ণবর্ণ—বাসস্‌ বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলদেব, বলরাম।

সিতেতর (সিত শাদা—ইতর বৈপরীত্যাদি) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণযুক্ত, শুভ্রভিন্ন অন্যবর্ণ। পুং, শ্যামশালি। কুলত্থ।

সিতেতরগতি (সিতেতর কৃষ্ণবর্ণবিশিষ্ট—গতি গমন) সং, পুং, অগ্নি, বহ্নি।

সিতোদর (সিত শাদা—উদর পেট, ৬ষ্ঠী—হিং। ইহার বর্ণ কাল ছিল, কিন্তু ধবল রোগের চিহ্ন দ্বারা শাদা হইয়াছিলেন) সং, পুং, কুবের। ক্লীং, শুক্লকুক্ষি। বিং, ত্রিং, শুক্লকুক্ষিযুক্ত।

সিতোপল (সিত শাদা—উপল প্রস্তর) সং, ক্লীং, কঠিনী, খড়ী। পুং, স্ফটিকমণি। লা—স্ত্রীং, শর্করা, চিনি।

সিদ্ধ (সিধ্‌ নিষ্পন্ন হওয়া+ত(ক্ত)—ক) সং, পুং, দেবযোনিবিশেষ। মুনি। কালত্রয়দর্শী ঋষি। যোগী। বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ। ঐন্দ্রজালিক। ঔষধগুল্মবিশেষ। ক্লীং, সৈন্ধবলবণ। (+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পন্ন। পক্ক। ফলিত। প্রসিদ্ধ। বিচারিত। প্রমাণীকৃত। নিত্য। মুক্ত। নিপুণ, পারদর্শী, কৃতবিদ্য। প্রতিপন্ন, প্রতিপাদিত। পক্ক। প্রস্তুত, মিশ্রিত। দীপ্তিশীল। পরিশোধিত। মন্ত্রসিদ্ধবিশিষ্ট। দ্ধা—স্ত্রীং, ঋদ্ধি। যোগিনীবিশেষ।

সিদ্ধগঙ্গা } (সিদ্ধ আকাশস্থ দেবযোনি-
সিদ্ধসিন্ধু } বিশেষ, ঋষি—গঙ্গা, সিন্ধু=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মন্দাকিনী, স্বর্গঙ্গা। গঙ্গা।

সিদ্ধদেব (সিদ্ধ যোগী, ঋষি—দেব দেবতা) সং, পুং, শিব, মহাদেব।

সিদ্ধধাতু } (সিদ্ধ রসায়ন বিদ্যা দ্বারা
সিদ্ধরস } সম্পন্ন—ধাতু রস) সং, পুং, পারদ, পারা।

সিদ্ধপীঠ (সিদ্ধ—পীঠ স্থান) সং, পুং, ক্লীং, যে স্থানে লক্ষ বলি, কোটি সঙ্খ্যক হোম এবং তৎপরিমিত মহাবিদ্যা জপ হইয়াছে। শিং—১ "জাতো লক্ষবলির্যত্র, হোমে বা কোটিসঙ্খ্যকঃ, মহাবিদ্যাজপাঃ কোট্যঃ, সিদ্ধপীঠঃ প্রকীর্ত্তিতঃ।"

সিদ্ধবিদ্যা(স্বতঃসিদ্ধা বিদ্যা অর্থাৎ মন্ত্র যাহার) সং,স্ত্রীং,কালী তারা প্রভৃতি দশমহাবিদ্যা।

সিদ্ধসাধন; সং, ক্লীং, ন্যায়ে—সাধ্যবত্তা হেতু নিশ্চয়সত্ত্বেও পুনরনুমান দোষ। সং পুং, গৌরসর্ষপ।

সিদ্ধসাধ্য; সং, পুং, মন্ত্রবিশেষ।

সিদ্ধসেন (সিদ্ধ স্বর্গীয় দেবযোনিবিশেষ—সেনা, যিনি স্বর্গীয় সেনাগণের উপর আধিপত্য করেন) সং,পুং, কুমার, কার্ত্তিকেয়।

সিদ্ধান্ত (সিদ্ধ সম্পন্ন—অন্ত শেষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পূর্ব্বপক্ষ নিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষস্থাপন, মীমাংসা। জ্যোতিষশাস্ত্রবিশেষ।

সিদ্ধান্তাচার (সিদ্ধান্ত—আচার) সং, পুং, তান্ত্রিক আচারবিশেষ। শিং—১ "আত্মানাং দেবতাং মত্বা যজেদ্দেবীঞ্চ মানসৈঃ। সদাশুদ্ধঃ সদা শান্তঃ সিদ্ধান্তা চার উচ্যতে।"

সিদ্ধান্তী (সিদ্ধান্তিন্‌, সিদ্ধান্ত+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, মীমাংসা-দর্শন-মতাবলম্বী। সিদ্ধান্তকারী, মীমাংসক।

সিদ্ধাপগা ( সিদ্ধ আকাশস্থ দেবযোনি-বিশেষ, ঋষি—অপগা নদী, ৬ষ্ঠী—ষ ) সং, স্ত্রীং, সুরনদী, সিদ্ধগঙ্গা।

সিদ্ধার্থ ( সিদ্ধ সম্পন্ন—অর্থ প্রয়োজন, ধন ইত্যাদি, ৩য়া—হিং) সং,পুং, শ্বেত-সর্ষপ। জৈনের পিতা। বুদ্ধদেব। বিং, ত্রিং, প্রসিদ্ধার্থ। কৃতার্থ। সিদ্ধকার্য্য।

সিদ্ধি (সিদ্ধ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, নিষ্পত্তি। ফলোৎপত্তি, সফলতা। যোগ-বিশেষ। শুভ। মুক্তি, মোক্ষ। পাক। ঐশ্বর্য্য। বৃদ্ধি। অন্তর্দ্ধান। জ্ঞান। শুদ্ধি। জয়লাভ। প্রভাবসিদ্ধি, মন্ত্রসিদ্ধি, উৎ-সাহসিদ্ধি—রাজাদিগের এই ত্রিবিধ সিদ্ধি। অনিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য। পুরু-ষার্থ। (+ক্তি—ণ) পাদুকা. যাহা চরণে দিলে ইচ্ছামত অনায়াসে সর্ব্বত্র গমনা-গমন করিতে পারা যায়। মাদক দ্রব্য-বিশেষ, ভাঙ্গ।

সিদ্ধিদ (সিদ্ধি—দ দা দান করা+অ(ড) —ক) যে দান করে) বিং, ত্রিং, সিদ্ধি-দাতা। পুং, বটুকভৈরব।

সিদ্ধিযোগ ; সং, পুং, যোগবিশেষ, যদি শুক্রবারে নন্দা, বুধবারে ভদ্রা, শনিবারে রিক্তা মঙ্গলবারে জয়া এবং বৃহস্পতিবারে পূর্ণাযুক্ত হয় তাহাকে সিদ্ধিযোগ কহে। “শুক্রে নন্দা, বুধে ভদ্রা, শনৌ রিক্তা,কুজে জয়া, গুরৌ পূর্ণা চ সংযুক্তা সিদ্ধিযোগঃ প্রকীর্ত্তিতঃ।”

সিদ্ধিলী ; সং, স্ত্রীং, ক্ষুদ্র পিপীলিকা, খুদি-পিঁপিড়া।

সিদ্ধেশ্বরী ; সং,স্ত্রীং, দেবীবিশেষ। শিং—১ “কৃষ্ণেন বলভদ্রেণ গোপৈঃ কংসজিঘাংসুভিঃ। সঙ্কেতকং কৃতং তত্র মন্ত্রনিশ্চয়-কারকং। তদা সঙ্কেতকৈঃ সা চ সিদ্ধা দেবী প্রতিষ্ঠিতা। সিদ্ধিপ্রদা ভোগদা চ তেন সিদ্ধেশ্বরী স্মৃতা।”

সিদ্ধৌঘ ; সং, পুং, গুরুক্রমবিশেষ।

সিধ্ম—ক্লীং—স্ত্রীং } (সিধ্ [দেহের উপর] গমন করা+ম, মন্
সিধ্মন্—ক্লীং }
—প্রং) সং, কিলাসরোগ, ছুলি।

সিধ্মবান্, সিধ্মল (সিধ্মবৎ, সিধ্মন্+বৎ(বতু্), ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কিলাসী, ছুলি রোগবিশিষ্ট।

সিধ্য (সিধ্ নিষ্পন্নকরা বা হওয়া+য(ক্যপ্) —ক) বিং, ত্রিং, কার্য্যসাধক। সং, পুং, পুষ্যানক্ষত্র।

সিধ্র (সিধ্ নিষ্পন্ন হওয়া+র(রক্)—প্রং) সং, পুং, সাধু, ধার্ম্মিক। বৃক্ষ।

সিধ্রকাবণ (সিধ্রকা এক গাছের নাম—বন, ন=ণ) সং, ক্লীং, দেবোদ্যান।

সিন (সি বন্ধন করা+নক্— ) সং, পুং, গ্রাস। ক্লীং, শরীর। কা বিং, ত্রিং, শুভ্রবর্ণ। নী—স্ত্রীং, শু ।

সিনীবালী ( সিনী [ সা ভাগ্য+ইন্—প্রং, ঈপ্ ] শুভ্রা চন্দ্র —বল্ ধারণ করা+অ(যণ্)—ক, ঈপ্ ) সং, স্ত্রীং, চতুর্দ্দশীযুক্ত বা প্রতিপদ্যুক্ত অমাবস্যা, যা-হাতে চন্দ্রকলা দৃষ্ট হয়। দুর্গা।

সিন্দুক, সিন্দুবার ( স্যন্দ্ ক্ষরিত হওয়া+উ —প্রং, কণ্—যোগ, য=ই। সিন্দু ক্ষরণ —বৃ আচ্ছাদন করা+অ—প্রং ) সং, পুং, বৃক্ষবিশেষ, সিন্দুবার বৃক্ষ, নিসিন্দা গাছ। শিং—১ “মুক্তাকলাপীকৃতসিন্দু-বারম্।” (কুমার)।

সিন্দূর ( স্যন্দ্ ক্ষরিত হওয়া+ঊর—ক ) সং, ক্লীং, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিঁদুর। পুং, বৃক্ষবিশেষ। রী—স্ত্রীং, রক্তবস্ত্র।

সিন্দূরকারণ (সিন্দূর সিঁদুর—কারণ হেতু, আদি) সং, ক্লীং, সীসক, সীসা।

সিন্দূরতিলক (সিন্দূর সিঁদুর—তিলক ল-লাটস্থ চিহ্ন, ফোঁটা ) সং, পুং, হস্তী। কা—স্ত্রীং, সধবা নারী, যে স্ত্রীর কপালে সিন্দূরের টিপ আছে।

সিন্ধু (স্যন্দ্ ক্ষরিত হওয়া+উ—ক, নিপা-তন) সং, পুং, সমুদ্র, সাগর। কাশ্মীরাদি দেশের সিন্ধুনামক নদ, ইণ্ডস্। সিন্ধু-দেশ। হস্তী। গজমদ। রাগবিশেষ। ক্ষুদ্র-বৃক্ষবিশেষ। শ্বেতটঙ্কণ। পুং, বহুং, সিন্ধু-দেশবাসী। স্ত্রীং, নদী।

সিন্ধুকফ (সিন্ধু সমুদ্র—কফ শ্লেষ্মা) সং, পুং, সমুদ্রফেন।

সিন্ধুকর ; সং, ক্লীং, শ্বেতটঙ্কণ।

সিন্ধুখেল ( সিন্ধু সিন্ধুনামক নদ, ইণ্ডস্—খিল ক্রীড়া করা+অ(ঘ-ঞ্)—প্রং) সং, পুং, সিন্ধুদেশ।

সিন্ধুজ (সিন্ধু সমুদ্র, নদী, দেশবিশেষ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, সৈন্ধবলবণ। পুং, চন্দ্র। কর্পূর। উচ্চৈঃশ্রবা। বিং, ত্রিং, সমুদ্রজাত। নদীজাত। জা—স্ত্রীং, লক্ষ্মী।

সিন্ধুজন্মা ( সিন্ধুজন্মন্, সিন্ধু সমুদ্র—জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং ) সং, পুং, চন্দ্র, সমুদ্রোদ্ভব। ক্লীং, সৈন্ধবলবণ।

সিন্ধুনন্দন (সিন্ধু সমুদ্র—নন্দন পুত্র। সমুদ্র মন্থনে ইনিও উত্থিত হইয়াছিলেন বলিয়া) সং, পুং, চন্দ্র। কর্পূর। নী—স্ত্রীং, লক্ষ্মী।

সিন্ধুনাথ ( সিন্ধু নদী—নাথ পতি, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, সমুদ্র, নদীপতি।

সিন্ধুপুত্রী ; সং, স্ত্রীং, লক্ষ্মী।

সিন্ধুপুষ্প ( সিন্ধু সমুদ্র—পুষ্প ফুল ) সং, পুং, শঙ্খ, শাঁখ।

সিন্ধুমন্থজ ( সিন্ধুমন্থ সেই সমুদ্রমন্থন [পর্ব্বত]—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত ) সং, ক্লীং, সৈন্ধবলবণ। অমৃত।

সিন্ধুর (স্যন্দ [ইহার গণ্ডস্থলাদি হইতে ঘর্ম্মবিশেষ] ক্ষরিত হওয়া+উর—প্রং, নিপাতন, অথবা সিন্ধু মদজল+র—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী, গজ।

সিন্ধুরদ্বেষী (—ষিন্, সিন্ধুর হস্তী—দ্বেষিন্ শত্রু, ৬ষ্ঠী—ষ ) সং, পুং, সিংহ।

সিন্ধুবার ( সিন্ধু দেশবিশেষ, সমুদ্র বা গজমদ—বৃ-ঞি=বারি আবরণ করা, প্রার্থনা করা+অ(ষণ)—ক ) সং, পুং, ক্ষুদ্র বৃক্ষবিশেষ, নিসিন্দাগাছ। সিন্ধুদেশীয় বা পারস্যদেশীয় উত্তম অশ্ব।

সিন্ধুশয়ন (সিন্ধু সেই সমুদ্র—শয়ন খট্টা) সং, পুং, ক্ষীরোদশায়ী, বিষ্ণু।

সিন্ধূদ্ভব, সিন্ধূপল (সিন্ধু—উদ্ভব উৎপন্ন। সিন্ধু—উপল প্রস্তর) সং, ক্লীং, সৈন্ধবলবণ।

সিপ্র (সপ্ সম্পর্ক রাখা+রক্—ক, নিপাতন) সং, পুং, চন্দ্র। ঘর্ম্মজল। প্রা—স্ত্রীং, উজ্জয়িনীর সমীপে প্রবাহিনী নদী মহাকালদেশীয় নদী। শিং—১ "সিপ্রাতরঙ্গানিলকম্পিতাসু।" স্ত্রীলোকের কটিবন্ধ। স্ত্রী-মহিষ।

সিম (সি বন্ধন করা+মন্—ক) বিং, ত্রিং, সমুদায়, সকল।

সিয়ন (সীবন শব্দজ) সং, সূচীকর্ম্ম।

সিয়ান (দেশজ) বিং, চতুর, চালাক, ধূর্ত্ত।

সির ( সি বন্ধন করা+রক্—প্রং, নিপাতন ) সং, পুং, পিপ্পলীমূল। রা—স্ত্রীং, নাড়ী। জলবাহিনা, জল বহিবার চর্ম্মাদি পাত্র, ভিস্তী।

সিবর ; সং, পুং, হস্তী, গজ।

সিষাধয়িষু ( সাধ্ নিষ্পন্ন করা+সন্—ইচ্ছার্থে, উ—ক ) বিং, ত্রিং, সাধন করিতে ইচ্ছু।

সিসৃক্ষা ( সৃজ্ সৃষ্টি করা+সন্—ইচ্ছার্থে, অ—ভাবে, আপ্ ) সং, স্ত্রীং, সৃষ্টি করিবার ইচ্ছা, নির্ম্মাণেচ্ছু।

সিহ্ল, সিহ্লক ( স্নিহ্ স্নিগ্ধ হওয়া+ল—প্রং, নিপাতন, ক—যোগে সিহ্লক ) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। ধুনা।

সীকর (সীক্ জলসেক করা+অরন্—ক ) সং, পুং, জলকণা, গুঁড়ি গুঁড়ি বর্ষণ। বায়ু। শিং—১ "গঙ্গাশীকরিণো মার্গে মরুতস্তং সিষেবিরে।"

সীতা ( সি [ভূমিকে] খনন করা+ত(ক্ত)—ক, নামার্থে, আপ্, নিপাতনহেতু দীর্ঘ ) সং, স্ত্রীং, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গল চিহ্নিত রেখা। বৈদেহী, রামচন্দ্রের পত্নী, জানকী, যজ্ঞভূমি কর্ষণকালে ইনি লাঙ্গলের মুখে পৃথিবী হইতে উৎপন্ন হইয়াছিলেন। শিং—১ "অথ মে কৃষতঃ ক্ষেত্রং লাঙ্গলাদুত্থিতা ততঃ। ক্ষেত্রং শোধয়তা লব্ধা নাম্না সীতেতি বিশ্রুতা॥—২ অযোনিজা পদ্মকরা বালার্কশতসন্নিভা। সীতামুখে সমুৎপন্না বালভাবেন সুন্দরী॥ সীতা মুখোদ্ভবাৎ সীতা ইত্যস্যৈ নাম চাকরেৎ।" স্বর্গগঙ্গার শাখাবিশেষ। লক্ষ্মী। দুর্গা। বনদেবতাবিশেষ। মদ্য।

সীতাপতি (সীতা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রামচন্দ্র, রঘুনাথ।

সীৎকার (সীৎ অনুকরণশব্দ—কার করণ) সং, পুং, অব্যক্ত মুখশব্দবিশেষ।

সীৎকৃত ( সীৎ অনুকরণ শব্দ—কৃত করা হইয়াছে ) সং, ক্লীং, অনুরাগ জনিত অব্যক্ত মুখশব্দবিশেষ।

সীত্য ( সীতা লাঙ্গল চিহ্নিত রেখা+য—প্রং ) বিং, ত্রিং, কৃষ্ট ক্ষেত্রাদি। সং, ক্লীং, ধান্য। শস্য। [ক্লিশ্যৎ।

সীদৎ ( সদ্+অৎ(শতৃ)—ক ) বিং, ত্রিং, সীদ্য; সং, ক্লীং, আলস্য।

সীধু (সীধ্+উ—র্ম্ম) সং, ক্লীং, শীধু দেখ। পুং, মদিরিকা, মদ্য। মদ্যবিশেষ, গুড়জ মদ্য।

সিধুগন্ধ ( সীধু মদ্যবিশেষ—গন্ধ ঘ্রাণ ) সং, পুং, বকুলবৃক্ষ।

সীধ্র; সং, ক্লীং, অপান, গুহ্যদ্বার।

সীপ; সং, পুং, জলপাত্রবিশেষ, কোষা।

সীমন্ত (সীমন্ [কেশের] সীমা—অন্ত শেষ, নিপাতন ) সং, পুং, কেশবীথি, সিঁথি, ঝাপটা। সীমন্তোন্নয়ন। পুং, ক্লীং, মস্তক।

সীমন্তক (সীমন্ত+কণ্—অধিকারার্থে। অথবা কৈ প্রকাশ পাওয়া+অ(ড)—ক) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

সীমন্তিত (সীমন্তি সীমন্তযুক্ত করান+ত (ক্ত)—র্ম্ম। অথবা সীমন্ত+ইত ) বিং, ত্রিং, সীমন্তযুক্তকৃত। দ্বিবিভক্ত।

সীমন্তিনী (সীমন্ত সিঁথি+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নারী, স্ত্রী, বধূ।

সীমন্তোন্নয়ন (সীমন্ত সিঁথি—উন্নয়ন উত্তোলন, ৭মী—হিং) সং, ক্লীং, গর্ভিণী স্ত্রীর চতুর্থ বা ষষ্ঠ বা অষ্টম মাসে কর্ত্তব্য সংস্কারবিশেষ।

সীমা (সীমন্, সি বন্ধন করা+মন্—প্রং, অথবা সীমন্+ডাম্ ) সং, পুং, অন্ত, অবধি। ক্ষেত্র। ঝাড়।

সীমা (সীমন্+আপ্) সং, স্ত্রীং, অন্ত, অবধি,প্রান্তভাগ। মর্য্যাদা। স্থিতি। ক্ষেত্র। সমুদ্রবেলা। তীর। মুষ্ক, অণ্ডকোষ।

সীমানা (সীমন্ শব্দজ) সং, অবধি। গ্রামাদির নির্ণীত অন্তভাগ। [নালিশ।

সীমাবিবাদ; সং, পুং, ভূমির সীমা উপলক্ষে

সীর ( সি বন্ধন করা+রক্—ক, ই—ঈ ) সং, পুং, হল, লাঙ্গল। সূর্য্য।

সীরক ( সীর লাঙ্গল+কণ্—উপমানার্থে ) সং, পুং, শিশুমার, শুশুক।

সীরধ্বজ ( সীর লাঙ্গল—ধ্বজা চিহ্ন ) সং, পুং, জনকরাজা।

সীরপাণি, সীরী } (সীর লাঙ্গল—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং। সীরিন্, সীর লাঙ্গল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হলধর, বলরাম।

সীলন্ধ; সং, পুং, মৎস্যবিশেষ, সিলিন্দা মাছ।

সীবন (সিব্ সেলাই করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তন্তুসন্তান, সূচীকর্ম্ম, সেঁয়ান। নী—স্ত্রীং, ( +অনট্—ণ ) সূচী। লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত সীবন।

সীস, সীসক, সীসপত্রক } (সী [সি বন্ধনকরা+০(ক্বিপ্)—ভাবে] বন্ধন—সো নাশকরা+অ(ড)—ক। ২য়-পক্ষে কণ্—যোগ) সং, ক্লীং, সীসাধাতু।

সু ( সু গমন করা+উ(ডু)—ভাবে ) অং, উত্তম। শোভন, সুন্দর। শুভ। অতিশয়, অত্যন্ত। অনায়াস। পূজা। উৎকর্ষ। সৌন্দর্য্য। সমৃদ্ধি। কষ্ট। হর্ষ। [illegible]মতি। সং, পুং, প্রসব। [illegible]লীপথ।

সুঁড়ী, সুড়ি ( দেশজ ) সং, [illegible]শস্ত পথ,

সুঁতী (স্রোতস্ শব্দজ) সং, [illegible]দ্রখাল, নালা, ক্ষুদ্র জলপথ। [কুমুদ।

সুঁদী (সৌগন্ধিক শব্দজ) সং, শ্বেতোৎপল,

সুকণ্ডু ( সু অধিক—কণ্ডু সেই রোগ ) সং, পুং, কণ্ডুরোগ, চুলকনা প্রভৃতি।

সুকন্দক, সুকুন্দক } (সু উত্তম—কন্দ মূল+কণ্—যোগ) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।

সুকর (সু অনায়াস—কৃ করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, সুসাধ্য, অক্লেশ-সাধ্য, অনায়াসসাধ্য। সুখকর। রা—স্ত্রীং, সুশীলা গাভী।

সুকর্ম্মা (সুকর্ম্মন্, সু উত্তম—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সৎক্রিয়ান্বিত। কর্ম্মঠ। সং, পুং, বিশ্বকর্ম্মা। যোগবিশেষ।

সুকল (সু উত্তম—কল্ শব্দ করা, ডাকা +অ(অন্)—ক) বিং, ত্রিং, দাতা ও ভোক্তা। দানভোগে সমর্থ। মধুরাস্ফুট শব্দকারক। অবিকল।

সুকাণ্ড ; সং,পুং, কারবেল্ল। বিং,ত্রিং, সুন্দর-কাণ্ডযুক্ত বৃক্ষাদি। ণ্ডিকা—স্ত্রীং, কাণ্ডীর লতা।

সুকাণ্ডী (সুকাণ্ডিন্,সু উত্তম—কাণ্ড ঝাড়, ঝোপ+ইন্—প্রং) সং, পুং, অলি,ভ্রমর।

সুকামা ; সং, স্ত্রীং, ত্রায়মাণা।

সুকুমার (সু অত্যন্ত—কুমার কোমল, বালক, য়ং—স) বিং, ত্রিং, অতিমৃদু, অতি কোমল। অতি বালক। সং, পুং, পুড়ি ইক্ষু। শস্যবিশেষ। বনচম্পক-বিশেষ। এক দৈত্য। রা—স্ত্রীং, জাতী। ডবলমল্লিকা। কদলী। নদীবিশেষ। পৃক্কা।

সুকুমারক (সুকুমার+কণ্—যোগ) সং, পুং, শালি। সুন্দর বালক। শিং—১ "সিংহঃ প্রসেনমবধীৎ সিংহো জাম্ববতা হতঃ। সুকুমারক মা রোদীস্তব হ্যেষ স্যমন্তকঃ।"

সুকুমারবিদ্যা (Polite Learning) সং,স্ত্রীং, সাহিত্যাদি শাস্ত্র।

সুকালী (সুকাল+ইন্) সং, পুং, বহুং, গোত্রপ্রবর্ত্তক ঋষিবিশেষ।

সুকাষ্ঠক ; সং, ক্লীং, দেবদারুকাষ্ঠ। ষ্ঠা—স্ত্রীং, কাষ্ঠকদলী। কট্বী।

সুকৃৎ (সু শুভ—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করিতেছে) বিং, ত্রিং, সুকৃত-কারী, পুণ্যাত্মা, পুণ্যবান্, ধার্ম্মিক। সৌভাগ্যশালী।

সুকৃত (সু শুভ—কৃত যাহা করা হইয়াছে) সং, ক্লীং, পুণ্য, ধর্ম্ম। ভাগ্য। শুভ, দান। পুরস্কার। দয়া, বদান্যতা। বিং, ত্রিং, পুণ্যবান্, পুণ্যাত্মা, ধার্ম্মিক। সুনির্ম্মিত, সুবিহিত। ভাগ্যবান্। যাহা উত্তমরূপে করা হইয়াছে।

সুকৃতপরিণাম ; সং, পুং, পুণ্যপরিপাক। বাঞ্ছিত সম্পত্তি।

সুকৃতি (সু উত্তমরূপে—কৃতি করণ) সং, স্ত্রীং, সৎকর্ম্ম। পুণ্য, ধর্ম্ম। অদৃষ্ট, ভাগ্য। শুভ।

সুকৃতী (সুকৃতিন্, সুকৃত পুণ্য+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধার্ম্মিক, পুণ্যবান্। ভাগ্যবান্, সৌভাগ্যশালী। শুভযুক্ত।

সুকেতু (সু উত্তম—কেতু ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তাড়কা রাক্ষসীর পিতা।

সুকেশী (সু উত্তম—কেশ চুল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। বিং, ত্রিং, শোভনকেশযুক্ত স্ত্রী। [বদরী।

সুকোলী ; সং,স্ত্রীং, ক্ষীরকাকোলী। শোভন

সুখ (সু উত্তম—খ [জ্ঞানের] ইন্দ্রিয় কিম্বা সু শুভ—খন্ খোড়া+অ(অল্)—ভা,অথবা সুখ্ হৃষ্টকরা+অ(অল্)—ভা) সং, ক্লীং, প্রীতি, হর্ষ, আনন্দ। স্বচ্ছন্দ। স্বর্গ। জল। (+অন্—ক) বিং, ত্রিং, সুখজনক। প্রিয়, মনোহর। মধুর। সুখী। খা—স্ত্রীং,বরুণপুরী। (সুখ+অ) ত্রিং,সুখী।

সুখকর (সুখ—কর [কৃ করা+অ(ট)—ক] যে করে) বিং, ত্রিং, সুখজনক। সুসাধ্য।

সুখঙ্করী ; সং, স্ত্রীং, জীবন্তীবৃক্ষ।

সুখচর (সুখ—চর্ গমন করা+অন্—ক) বিং, ত্রিং, সুখগামী। (+অল্—ধি) গ্রামবিশেষ।

সুখচার (সুখ আনন্দ—চর্ গমন করা+অ(ঘঞ্)—ক) সং, পুং, উৎকৃষ্ট অশ্ব, সুন্দর ঘোটক।

সুখজাত (সুখ—জাত উৎপন্ন) বিং, ত্রিং, সুখযুক্ত, সুখী, আমোদী। শিং—১ "সুখজাতঃ সুরাপীতো নৃজঙ্ঘো মাল্যধারয়ঃ।"

সুখদ [সুখ—দ [দা দান করা+অ(ড)—ক] যে দান করে, ২য়া—য) বিং, ত্রিং, সুখদায়ক, হর্ষপ্রদ। সং,পুং, বিষ্ণু। তাল-বিশেষ। দা—স্ত্রীং, স্বর্গবেশ্যা। শমীবৃক্ষ।

সুখবাস ; সং, পুং, শীর্ণবৃন্ত, তরমুজ।

সুখভক্ (সুখভাজ্, সুখ—ভজ্ ভাগকরা +০(ণ্বি)—ক) বিং, ত্রিং, সুখভাগী, সুখী। ইষ্টপরিষঙ্গ।

সুখমোদা ; সং, স্ত্রীং, সল্লকীবৃক্ষ।

সুখরাত্রি ; সং, স্ত্রীং, দীপান্বিতা অমাবস্যাতে পূজ্যা লক্ষ্মী।

সুখাধার (সুখ আনন্দ—আধার আশ্রয়) সং, পুং, স্বর্গ, সুখের স্থান।

সুখায়ত } (সুখ আনন্দ—আয়ত সংযত। সুখ আনন্দ—অয়ন গমন) সং, পুং, সুশিক্ষিত অশ্ব, উত্তম ঘোটক।
সুখায়ন }

সুখাবহ (সুখ—আ—বহ্ বহন করা +অন্—ক, ২য়া—ষ) বিং, ত্রিং, সুখদায়ক, সুখজনক।

সুখাশ (সুখ আনন্দ—অশ্ ভক্ষণকরা+অ (অন্)—ক, কিম্বা সুখ সুখকর—আশা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরুণ। রাজতিনিশ বৃক্ষ। তরমুজ। ভোজনবিলাসী। বিং,ত্রিং, শোভনাশাযুক্ত।

সুখী (সুখিন্, সুখ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুখবিশিষ্ট, প্রীতিমান্, সন্তুষ্ট। পুং, যতি।

সুখোৎসব (সুখ আনন্দ—উৎসব) সং,পুং, পতি, স্বামী। আনন্দোৎসব।

সুখোদক ; সং, ক্লীং, উষ্ণোদক।

সুখ্যাতি (সু—খ্যাতি যশঃ) সং, স্ত্রীং, প্রশংসা, যশঃ, প্রসিদ্ধি।

সুগ (সু উত্তম—গম্ গমন করা+অ(ড) —ক) সং, ক্লীং, বিষ্ঠা, মল। বিং, ত্রিং, শোভনগামী। সুবোধ্য। সুগম।

সুগত (সু শুভ—গত যে গিয়াছে কিম্বা জ্ঞাত। মৎকর্ত্তৃক শুভ জানা যায়) সং, পুং, বুদ্ধদেব। বিং,ত্রিং, সুন্দরগতিবিশিষ্ট।

সুগন্ধ (সু উত্তম—গন্ধ, ৬ষ্ঠী—হিং+য়ং —স) সং, পুং, চন্দনবৃক্ষ। উত্তমগন্ধ। গন্ধক। গন্ধবণিক্। ক্লীং, নীলোৎপল। চন্দন। জিরা। গন্ধতৃণবিশেষ। বিং, ত্রিং, সদ্গন্ধযুক্ত। উত্তম গন্ধবিশিষ্ট। ন্ধা—স্ত্রীং, তুলসী। চুনবিশেষ। মল্লিকা। শ্যামালতা। মাধবী। বন্ধ্যাকর্কোটকী। রুদ্রজটা।

সুগন্ধি (পূর্ব্বে দেখ, ই—প্রং) বিং, ত্রিং, সদ্গন্ধযুক্ত, সুরভি ধার্ম্মিক। সহকার। সং, পুং, পরমাত্মা। ক্লীং, সুগন্ধ ঔষধদ্রব্য। পিপ্পলীমূল। গন্ধতৃণবিশেষ। ধন্যাক, ধনিয়া।

সুগন্ধিক (সু প্রয়োজনাতিরিক্ত শব্দ—গন্ধ আঘ্রাণ+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, শ্বেতপদ্ম পদ্মের মূল উশীর। ধুনা।

সুগন্ধিমূষিকা (সুগন্ধি সুরভি—মূষিকা ইন্দূর) সং, স্ত্রীং, ছুছুন্দরী, ছুঁছা।

সুগম (সু উত্তমরূপে—গম্ গমন করা, পাওয়া কিম্বা জানা+অ(অল্)—র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসলভ্য। সুগম্য। সুজ্ঞেয়।

সুগহন ; বিং, ত্রিং, নিবিড়। না—স্ত্রীং, কুস্বা।

সুগৃহীত (সু উত্তমরূপে—গৃহীত) বিং, ত্রিং, উত্তমরূপে গৃহীত। ধৃত।

সুগৃহীতনামা (—নামন্, সু [illegible]—গৃহীত যাহা গ্রহণ করা গিয়াছে [illegible]নামন্ নাম) বিং, ত্রিং, প্রাতঃস্মরণী[illegible] [illegible]ণ্যশ্লোক।

সুগ্রীব (সু সুন্দর—গ্রীবা ঘাড়, ৬ষ্ঠী—হিং) সং,পুং, কৃষ্ণের অশ্ববিশেষ। বানররাজ, কিষ্কিন্ধ্যাধিপতি। শিব। ইন্দ্র। রাজহংস। হংস। ৯ম জৈনের পিতা। বীর। জলাশয়। পর্ব্বত-বিশেষ। অস্ত্রবিশেষ। বাসুকি। বিং, ত্রিং, সুন্দরগ্রীবাযুক্ত। বী—স্ত্রীং, তাম্রাগর্ভজাতা কশ্যপদুহিতা। [সং, পুং, রামচন্দ্র।

সুগ্রীবেশ (সুগ্রীব বানররাজ—ঈশ প্রভু)

সুগোচ (দেশজ) সং, সদুপায়, সুযোগ।

সুঘটিত(সু—ঘট্ চেষ্টা করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উত্তমরূপে সংযোজিত। উত্তম রূপে সাজান। উত্তমরূপে কল্পিত।

সুচরিত (সু—চরিত আচরণ) সং, ক্লীং, সাধু আচরণ। বিং, ত্রিং, উত্তমরূপে আচরিত। সচ্চরিত্র।

সুচরিত্রা (সু উত্তম—চরিত্র) সং, স্ত্রীং, সাধ্বী, সৎস্বভাববিশিষ্টা।

সুচর্ম্মা (—চর্ম্মন্) সং, পুং, ভূর্জ্জবৃক্ষ। বিং, ত্রিং, শোভন। চর্ম্মবিশিষ্ট।

সুচারু (সু অত্যন্ত—চারু মনোহর, য়ং —স) বিং, ত্রিং, অতিশয় মনোহর, অতি সুন্দর।

সুচিত্রক (সু অত্যন্ত—চিত্রক চিত্রবিচিত্রিত) সং, পুং, মাছরাঙ্গা পাখী। চিত্রসর্প, কালনাগিনী সাপ। বিং, ত্রিং, সুন্দর চিত্রযুক্ত। ত্রা—স্ত্রীং, চির্ভিটা।

সুচির (সু অত্যন্ত—চির অধিককাল) সং,ক্লীং, অং, অতি দীর্ঘকাল। বিং,ত্রিং,

দীর্ঘকাল-স্থায়ী। শিং—১ "সুচিরমুষিতং বল্কলধরৈঃ।"

সুচিরম্ (সু অত্যন্ত—চিরম্ অধিককাল) অং, বহুকাল, অধিককাল।

সুচিরায়ুঃ (—য়ুস্, সু অত্যন্ত—চির অধিক কাল—আয়ুস্ জীবন) সং, পুং, দেবতা।

সুচুটী (সু উত্তম—চুট্ ছেদ করা+অ—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, চিমটা।

সুচেতাঃ (—তস্, সু উৎকৃষ্ট—চেতস্ মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সতর্ক। সন্তুষ্ট-চিত্ত।

সুচেলক (সু উত্তম—চেল বস্ত্র+কণ্—যোগ) সং, পুং, শোভন বস্ত্র, উত্তম কাপড়।

সুচ্ছত্রী; সং, স্ত্রীং, শতদ্রু নদী।

সুজন (সু উত্তম-জন লোক, য়ং—স) বিং, ত্রিং, সজ্জন, ধার্ম্মিক, সাধু।

সুজনতা (সুজন+তা—ভাবে) সং, স্ত্রীং, সৌজন্য, সাধুতা, ভদ্রতা।

সুজন্মা, সুজাত (—জন্মন্, সু শোভন—জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং। সু শোভন রূপে—জাত যে জন্মিয়াছে) বিং, ত্রিং, শোভনজন্মা। বিবাহিত স্বামীর ঔরসে উৎপন্ন। সৎকুলোদ্ভব। সম্যক্‌উৎপন্ন। সুন্দর।

সুজয় } (সু—জয়, জেয়) বিং, ত্রিং, অনা-
সুজেয় } য়াসে জেতব্য।

সুজল্প; সং, পুং, বাক্যবিশেষ। শিং—১ "যত্রার্জ্জবাং সগাম্ভীর্য্যং সদৈন্যং সহ-চাপলং। সোৎকণ্ঠঞ্চ হরিঃ স্পৃষ্টঃ স সুজল্পো নিগদ্যতে।"

সুজাতা; সং, স্ত্রীং, তুবরী।

সুড়ঙ্গ (সুড়ঙ্গা শব্দজ) সং, সন্ধি, সিঁধ। গর্ত্ত।

সুডীন; সং, পুং, পক্ষির গতিবিশেষ।

সুত (সু প্রসব করা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং, পুত্র। রাজনন্দন, যুবরাজ। তা—স্ত্রীং, দুহিতা, কন্যা। বিং, ত্রিং, উৎপন্ন। স-স্বন্ধ। নিষ্পীড়িত।

সুতক (সুত+কণ্—প্রং) সং, ক্লীং, জননা-শৌচ; যথা—"সুতকে মৃতকে তথা।" ২ "মাতুশ্চন্দ্রকং তৎ স্যাৎ।"

সুতনু (সু সুন্দর, উত্তম—তনু দেহ, কৃশ) বিং, ত্রিং, অতিশয় কৃশ। সুন্দরদেহ। নু, নূ—স্ত্রীং, শোভনাঙ্গী, সুন্দরী। শিং—১ "সুতনু! সত্যমলঙ্করণায় তে।" (মাঘ)।

সুতপাঃ (সুতপস্, সু অত্যন্ত—তপ্ উ-ত্তপ্ত করা+অস্—প্রং) সং, পুং, সূর্য্য। (সু উত্তম—তপস্ তপস্যা) মুনি। ত্রিং, তপস্বী। ক্লীং, উত্তম তপস্যা।

সুতপাদিকা; সং, স্ত্রীং, হংসপাদিকা।

সুতরাম্ (সু অতিশয়+চতরাম্—প্রং) অং, অত্যন্ত। অবশ্য। অগত্যা। অবধারিত অর্থের অতিশয় ঔচিত্য। শিং—১ "ধেয়া তদসাসিংকাতরাক্ষা নিরীক্ষ্য-মাণঃ সুতরাং দয়ালুঃ।"

সুতর্দ্দন (সু অত্যন্ত—তর্দ্ বধ করা+অন—প্রং) সং, পুং, কোকিল, পিক।

সুতল (সু অত্যন্ত—তল অধোভাগ, য়ং—স) সং, পুং, ষষ্ঠপাতাল। অট্টালিকা-বন্ধ, অট্টালিকার মূলপত্তন। বিং, ত্রিং, উত্তম তলযুক্ত (গৃহাদি)।

সুতবান্ (সুতবৎ, সুত+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতবঙ্করা; সং, স্ত্রীং, সপ্ত পুত্রের মাতা।

সুতহিবুক; সং, পুং, যোগবিশেষ।

সুতাত্মজ (সুত পুত্র বা সুতা কন্যা—আত্মজ পুত্র বা আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৌত্র। দৌহিত্র। জা—স্ত্রীং, পৌত্রী। দৌহিত্রী।

সুতিক্ত; সং, পুং, পর্পট। ক—পারিভদ্র। ভূনিম্ব। ক্তা—স্ত্রীং, কোষাতকী।

সুতী (সুতিন্, সুত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতীক্ষ্ণ (সু অত্যন্ত—তীক্ষ্ণ, য়ং—স) সং, পুং, মুনিবিশেষ। শিং—১ "শরভঙ্গঃ প্রদি-শ্যারাৎ সুতীক্ষ্ণমুনিকেতনম্।" শোভাঞ্জন। বিং, ত্রিং, অতি তীক্ষ্ণ। অতিশয় ধারাল।

সুতুঙ্গ (সু অত্যন্ত—তুঙ্গ উচ্চ) বিং, ত্রিং, অতিশয় উচ্চ। সং, পুং, নারিকেলবৃক্ষ। জ্যোতিষে—গ্রহগণের উচ্চাংশবিশেষ।

সুত্রামা (সুত্রামন্, সু উত্তম—ত্রৈ [জগৎ] রক্ষা করা+মন্—ক) সং, পুং, ইন্দ্র।

সুত্বা (সুত্বন্, সু প্রসব করা+বন্(ক্বনিপ্) —ক, ৎ—আগম) সং, পুং, যজ্ঞস্নায়ী। সোমপায়ী। [লাভ।

সুদ (যবন ভাষা) সং, বৃদ্ধি, ধন প্রয়োগের

সুদক্ষিণ (সু অত্যন্ত—দক্ষিণ নিপুণ, যং—স) সং,পুং, বিদর্ভ দেশের নৃপবিশেষ। ণা—স্ত্রীং, দিলীপ রাজার পত্নী। বিং, ত্রিং, উত্তম দক্ষিণাযুক্ত।

সুদণ্ড ; সং, পুং, বেত্র, বেত। ণ্ডিকা—স্ত্রীং, গোরক্ষী।

সুদন্ (সুদৎ, সু শোভন—দন্ত দাঁত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শোভন দন্তবিশিষ্ট। তী—স্ত্রীং, সুন্দরী স্ত্রী। শিং—১ "সুদতীজনমজ্জনার্পিতৈঃ।" ন্তী—স্ত্রীং, দিক্‌করিণীবিশেষ।

সুদম (সু অনায়াসে—দম্ দমন করা+অ(খল্)—র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসে দমনীয়, সুজেয়।

সুদর্শ } সুদর্শন } (সু সুন্দররূপে—দৃশ্ দেখা +অ(খল্), অন—র্ম্ম) সং, পুং, বিষ্ণুর চক্রনামক অস্ত্র। সুমেরু। গোলাব্ জাম। বর্ত্তমান কালের অষ্টাদশ জৈনমুনি পিতা। গৃধ্র, শকুনি। বিং, ত্রিং, সুন্দরসুদৃশ্য, দেখিতে উত্তম। র্শ—পুং—র্শন—ক্লীং, সুন্দরদর্শন। নং—ক্লীং, নী—স্ত্রীং, অমরাবতী, ইন্দ্রপুরী। না—স্ত্রীং, ঔষধ। আজ্ঞা। বৃক্ষবিশেষ। সুদৃশ্যকামিনী।

সুদামা (সুদামন্ সু উত্তম—দামন্ রজ্জু, কিম্বা সু অত্যন্ত—দা দান করা+মন্—প্রং) সং, পুং, মেঘ। পর্ব্বত। সমুদ্র। ঐরাবত। গোপবিশেষ। এক ব্রাহ্মণ,যাহাকে শ্রীকৃষ্ণ ধনী করিয়াছিলেন। বিং, ত্রিং, অতিশয় দাতা। উত্তম দাতা। স্ত্রীং, নদীবিশেষ।

সুদায় (শু শুভ—দায় দান) সং, পুং, যৌতুকাদি দান।

সুদারু ; সং, পুং, পারিপাত্র পর্ব্বত, বিন্ধ্যপর্ব্বতের একপাদ।

সুদি ; অং, শুক্লপক্ষ।

সুদিন ; সং, ক্লীং, শুভদিন।

সুদীর্ঘ (সু অত্যন্ত—দীর্ঘ লম্বা, যং—স) বিং, ত্রিং, অতিদীর্ঘ, অধিক লম্বা। র্ঘা—স্ত্রীং, চিনাকর্কটী।

সুদীর্ঘঘর্ম্মা ; সং, স্ত্রীং, অসনপর্ণী।

সুদুঃখিত (সু অতিশয়—দুঃখিত, যং—স) বিং, ত্রিং, সাতিশয় ক্লেশযুক্ত, অত্যন্ত ব্যথিত।

সুদ্যুয় ; সং, পুং, বৈবস্বতমনুর পুত্র।

সুদুর্লভ (সু অত্যন্ত—দুর্লভ দুষ্প্রাপ্য, যং—স) বিং, ত্রিং, অত্যন্ত দুষ্প্রাপ্য, যাহা প্রাপ্ত হওয়া দুঃসাধ্য।

সুদুশ্চর, সুদুষ্কর (সু অত্যন্ত—দুর্ দুঃখ —চর্ গমন করা+অ(অল)—র্ম্ম। সু অত্যন্ত—দুষ্কর দুঃসাধ্য, যং—স) বিং, ত্রিং, সাতিশয় ক্লেশে সম্পাদনীয়, অতিদুঃসাধ্য, অতিদুরুত্তীর্য্য।

সুদুস্তর (সু অত্যন্ত—দুস্তর দুষ্পার, যং—স) বিং, ত্রিং, অতিদুস্তর, দুষ্পার, যাহা পার হওয়া দুঃসাধ্য।

সুদূর (সু অত্যন্ত—দূর অসন্নিকৃষ্ট, যং—স) বিং, ত্রিং, অতি দূরবর্ত্তী, বহুদূরস্থ। সং, ক্লীং, বহুদূর।

সুদূরপরাহত (সুদূর—পরাহত, ৭মী—য) বিং, ত্রিং, অতি দূরে নিরাকৃত, একান্ত নিরস্ত।

সুদৃক্ (সুদৃশ্, সু উত্তম—দৃশ্ [দৃশ দেখা +•(ক্বিপ্)—ভা, ণ] চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুনয়ন, সুন্দর [illegible]বিশিষ্ট। শিং—১ "ভীতা সুদৃক্ পিধারাস্য ভেজে ভীতিবিড়ম্বনং।" সং, স্ত্রীং, সুন্দরী স্ত্রী।

সুদৃঢ় (সু অত্যন্ত—দৃঢ় কঠিন, যং—স) বিং, ত্রিং, অতিদৃঢ়, বড়কঠিন।

সুদৃশ্য (সু উত্তম—দৃশ্য দর্শনীয়, যং—স) বিং, ত্রিং, সুন্দর, দেখিতে সুশ্রী।

সুধন্বা (সুধন্বন্, সু উত্তম—ধনুস্ ধনুক, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং) সং, পুং. উত্তম ধনুর্দ্ধারী। বিশ্বকর্ম্মা। নৃপবিশেষ। অনন্তদেব।

সুধর্ম্মা (সুধর্ম্মন্, সু অত্যন্ত—ধর্ম্ম, ৭মী—হিং+৬ষ্ঠী—হিং, অন্—প্রং) সং, পুং, দেবগণের সভা। গৃহস্থ। বিং, ত্রিং, অতি

ধার্ম্মিক। বর্ত্তমান কালের শেষ জৈনের একজন প্রধান শিষ্য। র্ম্মা, র্ম্মী—স্ত্রীং, দেবসভা।

সুধা (সু সুখে—ধৈ পান করা কিংবা ধা [জীবন] ধারণ করা, পোষণ করা+অ(ড)—র্ম্ম, আপ্) সং, স্ত্রীং, অমৃত। মূর্ব্বা। স্নুহী। বিদ্যুৎ। চূণ। পুষ্পরস। জল। ইষ্টকা। গঙ্গা। হরীতকী। চন্দ্রিকা। শালপর্ণী।

সুধাংশু, সুধাকর, সুধাঙ্গ (সুধা—অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং। সুধা—আকর উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—ষ। সুধা—অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী—হিং। বোধ হয় চন্দ্র দেবতাদিগের সুধার ভাণ্ডারস্বরূপ) সং, পুং, চন্দ্র, শশী।

সুধাংশুরত্ন (সুধাংশু চন্দ্র—রত্ন মণি) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তা।

সুধাজীবী (—জীবিন্, সুধা চূণকাম—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং, রাজমিস্ত্রী।

সুধাধার, সুধানিধি (সুধা—আধার, নিধি=আশ্রয়, ৬ষ্ঠী—ষ, কিম্বা সুধা—আ—ধা, নি—ধা ধারণ করা+অ(ঘঞ্), ই(কি)—ধি) সং, পুং, চন্দ্র, শশী।

সুধাপাণি (সুধা—পাণি হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধন্বন্তরি, দেবচিকিৎসক।

সুধাভুক্ (—ভুজ্, সুধা—ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক) সং, পুং, অমৃতভোজী, দেবতা।

সুধাভৃতি; সং, পুং, চন্দ্র। যজ্ঞ।

সুধাময় (সুধা অমৃত, চূর্ণ বা ইষ্টক+ময়ট্—প্রং) বিং, ত্রিং, অমৃতময়। চূর্ণময়। সং, পুং, প্রাসাদ, অট্টালিকা।

সুধামোদক; সং, পুং, যবাসশর্করা।

সুধাবর্ষী (—বর্ষিন্, সুধা—বৃষ্ বর্ষণ করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, চন্দ্র। ব্রহ্মা। বুদ্ধবিশেষ।

সুধাবাস (সুধা—আবাস বাসস্থান) সং, পুং, চন্দ্র; যথা—"নমস্তে রোহিণীকান্ত সুধাবাস নমোঽস্তুতে।"

সুধাসিন্ধু; সং, পুং, অমৃতসমুদ্র।

সুধাসূতি (সুধা—সূতি জন্ম, উৎপত্তি) সং, পুং, চন্দ্র। যজ্ঞ। পদ্ম।

সুধাস্রবা (সুধা—স্রু ক্ষরিত হওয়া+অ—প্রং, আপ্) সং, স্ত্রীং, আলজিভ্।

সুধাহর, সুধাহৃৎ (সুধা+হর, হৃৎ=যে হরণ করে। ইহার মাতা বিনতাকে কশ্যপ মুনিপত্নী কদ্রুর দাসীত্ব হইতে মোচন করিবার অভিপ্রায়ে, কদ্রুসন্তান সর্পগণের সুধার বিষয় গোচর হওয়াতে সুধার কারণ ইনি চন্দ্রকে অপহরণ করেন বলিয়া। বিনতাও এই মুনির এক পত্নী ছিলেন) সং, পুং, গরুড়।

সুধিতি (সু—ধি+ক্তি—র্ম্ম) সং, স্ত্রীং, কুঠার।

সুধী (সু শোভন—ধী বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পণ্ডিত, বিদ্বান্। সাতিশয় বুদ্ধিমান্। স্ত্রীং, সুন্দর বুদ্ধি। বিং, ত্রিং, সুবুদ্ধি।

সুধু (শুদ্ধ শব্দজ) বিং, কেবল, একমাত্র।

সুধোদ্ভব (সুধা—উদ্ভব উৎপন্ন) সং, পুং, ধন্বন্তরি। বা—স্ত্রীং, হরিতকী।

সুনন্দ (সু উত্তমরূপে—নন্দ-ণিচ্=নন্দি আনন্দিত করান+অ(অন্)—ক) সং, ক্লীং, বলরামের মুষল। শ্রীকৃষ্ণের পার্শ্বচর। বিং, ত্রিং, আনন্দজনক, আনন্দদায়ক। ন্দা—স্ত্রীং, উমাসখীবিশেষ। ইন্দুমতীর সখী। পার্ব্বতী। নারী। গোরোচনা। ইষের মূল।

সুনয়ন (সু উত্তম—নয়ন চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ, মৃগ। না—স্ত্রীং, সুনেত্রা নারী।

সুনাভ (সু উত্তম—নাভি) সং, পুং, মৈনাক পর্ব্বত, হিমালয়ের পুত্র। বিং, ত্রিং, নাভিবিশিষ্ট (চক্র)।

সুনার; সং, পুং, কুক্কুরীর স্তনদুগ্ধ। সাপের ডিম। চড়ুই পাখী। [নাসা।

সুনাসিকা; সং, স্ত্রীং, কাকনাসা। শোভন

সুনাসীর (সু উত্তম—নাসীর অগ্রবর্ত্তীসৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র।

সুনিশ্চিত (সু সম্পূর্ণরূপে—নিশ্চিত) বিং, ত্রিং, অবধারিত, স্থিরীকৃত। সং, পুং, বুদ্ধবিশেষ।

সুনিষণ্ণ, সুনিষণ্ণক (সু উত্তম—নিষণ্ণ মদ্য বা নিদ্রা কর্ত্তৃক অবনমন। পক্ষে কণ্—যোগ) সং, ক্লীং, সুষুণীশাক।

সুনিষ্টপ্ত ( সু অত্যন্ত-নিষ্টপ্ত উত্তপ্ত ) বিং, ত্রিং, অতিশয় উত্তপ্ত, অত্যন্ত উষ্ণ।

সুনীতি ( সু উত্তম-নীতি, য়ং-স ) সং, স্ত্রীং, উত্তমনীতি, সদাচরণ। ধ্রুবমাতা। বিং, ত্রিং, নীতিমান্।

সুনীথ (সু উত্তমরূপে-নী পাওয়া+থ-প্রং) বিং, ত্রিং, সাধু, ধার্ম্মিক।

সুনীল; সং, ক্লীং, লামজ্জক। পুং, দাড়িম।

সুন্দ ( সুন্দ+অন্-ক ) সং, পুং, দৈত্যবিশেষ। কপিবিশেষ।

সুন্দর (সু উত্তমরূপে-দৃ আদর করা+অ-র্ম্ম, ন্-আগম। কিংবা সু-উন্দ্ [মনকে] আর্দ্র করা+অর-প্রং, অথবা সুন্দ+অরন্-ক) বিং, ত্রিং, মনোহর, রম্য, সুরূপ। সং, পুং, কামদেব। রী-স্ত্রীং, সুরূপা স্ত্রী। সুঁদীর গাছ। অর্দ্ধসম ছন্দোবিশেষ। হরিদ্রা।

সুন্দরিকা; সং, স্ত্রীং, সরোবরবিশেষ।

সুন্নত (আরবী) মহম্মদীয়ানদিগের বাল্যকালে পুরুষাঙ্গের অগ্রভাগের ত্বক্‌চ্ছেদন সংস্কারবিশেষ।

সুম্বং (সু যাগ করা+অং-ক, ন্, ব্-আগম) বিং, ত্রিং, যজ্ঞকারী।

সুপক্ক (সু উত্তম-পক্ক, য়ং-স) বিং,ত্রিং, উত্তম পরিপক্ক, সুপরিণত। সুসিদ্ধ। সং, পুং, সুগন্ধি আম্র।

সুপচ (সু-পচ্ পাক করা+অ(খল্)-র্ম্ম) বিং, ত্রিং, লঘুপাক দ্রব্য। (+অন্-ক) সুঠুপাচক।

সুপত্র (সু উত্তম-পত্র পাতা) সং, ক্লীং, তেজপত্র, তেজপাত। বিং, ত্রিং, সুন্দরপত্রযুক্ত। সুন্দর পক্ষযুক্ত। সুন্দর বাহনযুক্ত। ত্রা-স্ত্রীং, রুদ্রজটা। শতাবরী। শালপর্ণী।

সুপথ } (সু উত্তম-পথিন্ রাস্তা, সুপথিন্ } য়ং-স, অ-প্রং) সং, পুং, সুন্দরপথ, সম্মার্গ। সদাচার। সুরীতি।

সুপদ্ম; সং, পুং, পদ্মনাভদত্তকৃত ব্যাকরণবিশেষ। শোভন পদ্ম। দ্মা-স্ত্রীং, ঔষধবিশেষ, বচ।

সুপর্ণ (সু সুন্দর-পর্ণ পালখ, ৬ষ্ঠী-হিং। গরুড় বজ্রাঘাতে আহত হইয়াও হাস্যমুখে কহিলেন, দেখ দেবরাজ! বজ্রাঘাতে আমার কিছুই হয় নাই; কিন্তু বজ্রের সম্মানার্থে একটী পক্ষ পরিত্যাগ করিতেছি। দেবগণ এই পক্ষটী সুন্দর দেখিয়া ইহার নাম সুপর্ণ রাখিলেন) সং, পুং, গরুড়। স্বর্ণচূড়পক্ষী। কুক্কুট। বিং, ত্রিং, সুন্দর পর্ণযুক্ত। র্ণা, র্ণী-স্ত্রীং, পদ্মিনী। বিনতা, গরুড়মাতা।

সুপর্ণক (সু উত্তম-পর্ণ পালখ+কণ্-যোগ) সং, পুং, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমগাছ। আরগ্বধবৃক্ষ। গরুড়।

সুপর্ণকেতু ( সুপর্ণ গরুড়-কেতু চিহ্ন, ৬ষ্ঠী-হিং) সং, পুং, গরুড়ধ্বজ, বিষ্ণু।

সুপর্ণিকা; সং, স্ত্রীং, স্বর্ণজীবন্তী। পলাশী। শালপর্ণী। রেণুকা। বাকুচী।

সুপর্ব্বা ( সুপর্ব্বন্, সু উত্তম, অত্যন্ত-পর্ব্বন্ গাঁইট, ৬ষ্ঠী-হিং ) সং, পুং, দেবতা। বাণ। বাঁশ। তিথিবিশেষ। ধূম। ক্লীং, সুন্দর পর্ব্ব। স্ত্রীং, শ্বেতদূর্ব্বা। সুন্দর পর্ব্ববিশিষ্টা।

সুপাত্র (সু উত্তম-পাত্র ভাজন, য়ং-স ) সং, পুং, যোগ্য ব্যক্তি, উপযুক্ত পাত্র। উত্তম ভাজন।

সুপারী ( দেশজ ) সং, গুবাক ফল, পূগ, গুয়া। [রোধ।

সুপারীস (যবন ভাষা) সং, উপরো[illegible] অনু-

সুপার্শ্ব (সু উত্তম-পার্শ্ব পাশ) [illegible], পুং, পক্ষিবিশেষ। সম্পাতির পুত্র। বর্ত্তমান খন্দেশ্। সপ্তম জৈনমুনি। প্লক্ষবৃক্ষ।

সুপীবা (সুপীবন্, সু উত্তমরূপে-পা পান করা + বন্(ক্বনিপ্)-প্রং ) বিং, ত্রিং, উত্তমরূপে পানকারী।

সুপুষ্প (সু উত্তম-পুষ্প ফুল) সং, পুং, পালিতামাদারগাছ। শিরীষবৃক্ষ। ক্লীং, লবঙ্গ। হরিদ্রা। রাজতরুণী। ষ্পা-স্ত্রীং, কদলী। পুষ্পবিশেষ।

সুপ্ত ( স্বপ্ নিদ্রিত হওয়া+ক্ত-ভাবে ) সং, ক্লীং, নিদ্রা। শয়ন। ( +ক্ত-ক ) বিং, ত্রিং, নিদ্রিত। শয়িত। ইন্দ্রিয়জ্ঞানশূন্য।

সুপ্তঘাতক (সুপ্ত নিদ্রিত—ঘাতক হত্যাকারী) বিং, ত্রিং, হিংস্র, হিংস্রক।

সুপ্তজন (সুপ্ত নিদ্রিত—জন লোক) সং, পুং, অর্দ্ধরাত্র। নিদ্রিত লোক।

সুপ্তজ্ঞান (সুপ্ত নিদ্রিত—জ্ঞান) সং, ক্লীং, স্বপ্ন, স্বপন।

সুপ্তি (সুপ্ত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, নিদ্রা, ঘুমান। স্বপ্ন। শিং—১ "করোতি সুপ্তির্জনদর্শনাতিথিম্।" শয়ন। বিশ্রম্ভ, বিশ্বাস।

সুপ্রতিভা; সং, স্ত্রীং, মদিরা, মদ্য। উজ্জ্বল বুদ্ধি।

সুপ্রতিষ্ঠা (সু—প্রতিষ্ঠা) সং, স্ত্রীং, দেবোদ্দেশে মন্দিরাদি বিধান। যশঃ, খ্যাতি। ৫ অক্ষর ছন্দোবিশেষ।

সুপ্রতীক (সু সুন্দর—প্রতীক অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, ঈশান কোণের হস্তী। কামদেব। বিং, ত্রিং, শোভনাঙ্গ, সুন্দররূপে নির্ম্মিত।

সুপ্রতীত; বিং, ত্রিং, উত্তমরূপে জ্ঞাত। সাতিশয় প্রসিদ্ধ স্পষ্টপ্রমাণীভূত।

সুপ্রভ (সু উত্তম—প্রভা দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দর প্রভাযুক্ত। ভা—স্ত্রীং, সুষ্ঠু দীপ্তি। অগ্নিজিহ্বাবিশেষ। বাকুচী।

সুপ্রভাত (সু শুভ—প্রভাত প্রাতঃকাল) সং, ক্লীং, শুভসূচক প্রাতঃকাল। (সু অত্যন্ত—প্রভাত দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাতিশয় দীপ্তিবিশিষ্ট। তা—স্ত্রীং, নদীবিশেষ।

সুপ্রলম্ভ (সু সুখে, উত্তমরূপে—প্র—লভ্ পাওয়া+অ—প্রং) বিং, ত্রিং, সুখলভ্য, অনায়াসে প্রাপ্য।

সুপ্রলাপ (সু উত্তমরূপে—প্রলাপ কথন) সং, পুং, সূক্তি, সুবচন, বক্তৃতা, বাগ্মিতা।

সুপ্রসন্ন (সু উত্তমরূপ, অত্যন্ত—প্রসন্ন হৃষ্ট) বিং, ত্রিং, সাতিশয় প্রসন্ন। সং, পুং, কুবের।

সুপ্রসাদ (সু অত্যন্ত, উত্তম—প্রসাদ প্রসন্নতা) সং, পুং, শিব। সাতিশয় প্রসন্নতা, একান্ত অনুকূলতা।

সুপ্রাতঃ (সু উত্তম—প্রাতর্ প্রাতঃকাল) বিং, ত্রিং, শোভন প্রাতঃকালবিশিষ্ট।

সুফল (সু সুন্দর—ফল) সং, পুং, বিল্ব, বেল। দাড়িম্ব। শিম্বীবিশেষ। বিং, ত্রিং, উত্তম ফলশালী, সুন্দর সুমিষ্ট ফলোৎপাদক। লা—স্ত্রীং, অলাবু, লাউ। কদলী। দ্রাক্ষাবিশেষ। ইন্দ্রবারুণী। কপিত্থ।

সুফেন (সু উত্তম—ফেন ফেনা) সং, ক্লীং, সমুদ্রের ফেনা।

সুবচনী (শুভসূচনী শব্দজ) দেবীবিশেষ।

সুবন্ধ (সু—বন্ধ বন্ধন) সং, পুং, শস্যবিশেষ, তিল।

সুবুদ্ধি (সু উত্তম—বুদ্ধি বোধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তম বুদ্ধিশালী।

সুবোধ (সু উত্তম—বোধ জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তম বুদ্ধিশালী, সাতিশয় বুদ্ধিমান্। যাহাকে অনায়াসে বুঝান যায়। যে শীঘ্র বুঝিতে পারে। পুং, জ্ঞান। জাগরণ।

সুভগ (সু উত্তম, শ্রেষ্ঠ—ভগ ভাগ্য, শ্রী, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দর, লোচনানন্দদায়ক যাহাকে স্ত্রীগণ কামনা করে। প্রিয়। ভাগ্যবান্, সৌভাগ্যশালী। সুখদ। সোহাগা। পুং, অশোকবৃক্ষ। চম্পক। গা—স্ত্রীং, স্বামির সোহাগিনী কামিনী। সম্ভ্রান্তা গৃহিণী। বনমল্লিকা, গিরিমল্লিকা। হরিদ্রা। নীলদূর্ব্বা। প্রিয়ঙ্গু। কস্তুরী। সুবর্ণকদলী। তুলসী। তৃণবিশেষ।

সুভগম্ভাবুক (সুভগ—ভূ হওয়া+খুকঞ্—ক) বিং, ত্রিং, সম্প্রতি যে সুভগ হয়।

সুভগম্মন্য (সুভগ—মন্ বোধ করা+অ (খশ্)—ক+য) বিং, ত্রিং, যে আপনাকে সুভগ অর্থাৎ সুন্দর বা প্রিয় বলিয়া মনে করে।

সুভঙ্গ (সু—ভঙ্গ ভাঙ্গন) সং, পুং, নারিকেলবৃক্ষ।

সুভদ্র (সু অতিশয়—ভদ্র সৌভাগ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সৌভাগ্যবিশিষ্ট, উত্তম। অতিশয় মঙ্গলযুক্ত। সং, পুং, বিষ্ণু। নৃপতিবিশেষ।

সুভদ্রক (সুভদ্র+কণ্—যোগ) সং, পুং, বিমান, ব্যোমযান। বিল্ববৃক্ষ।

সুভদ্রা (সুভদ্র+আপ্) সং, স্ত্রীং, কৃষ্ণের ভগিনী, অর্জ্জুন-পত্নী। লতাবিশেষ, ঘৃতমন্দার গাছ।

সুভাষিত (সু উত্তমরূপ—ভাষা বাক্য+ইত—প্রং, কিম্বা ভাষ্ বলা+ত—প্রং) বিং, ত্রিং, উত্তমরূপে কথিত। সং, ক্লীং, সুবচন, সূক্তি।

সুভিক্ষ (সু উত্তমরূ—ভিক্ষ্ যাচ্ঞা করা, ভিক্ষা দ্বারা লাভ করা+অ—প্রং) বিং, ত্রিং, প্রচুর ভিক্ষা বা ভক্ষ্যবিশিষ্ট। ক্ষা—স্ত্রীং, বৃক্ষবিশেষ।

সুভীরক; সং, পুং, পলাশবৃক্ষ।

সুভূ (সু উত্তম—ভূ হওয়া+০(ক্বিপ্)—ক) বিং, ত্রিং, সুজাত, সুজন্মা। স্ত্রীং, উৎকৃষ্ট ভূমি।

সুভৃশ (সু—ভৃশ অতিশয়) বিং, ত্রিং, অতিশয়, বহু।

সুভ্রূ (সু সুন্দর—ভ্রূ চক্ষের ভুরু, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সুন্দরী নারী, সুন্দর ভ্রূবিশিষ্টা নারী। বিং, ত্রিং, সুন্দর ভ্রূযুক্ত।

সুম (সু উত্তম—মা লক্ষ্মী, ইহা লক্ষ্মীর আদৃত) সং, ক্লীং, পুষ্প, কুসুম। পুং, চন্দ্র। আকাশ।

সুমত (সু উত্তমরূপ—মন্ বোধ করা+ক্ত—ক) বিং, ত্রিং, সুবুদ্ধিশালী। বন্ধুত্ববিশিষ্ট। প্রিয়।

সুমতি (সু উত্তম—মতি বুদ্ধি, য়ং—স) সং, স্ত্রীং, সুবুদ্ধি। দয়া। বন্ধুত্ব। বর্ত্তমান কল্পের ৫ম জৈনমুনি। অতীত কল্পের এক জৈনমুনি। বিং, ত্রিং, সুন্দরমতিযুক্ত।

সুমদাত্মজা (সু অত্যন্ত—মদ মত্ততা—আত্মজা কন্যা) সং, স্ত্রীং, অপ্সরা, স্বর্গবেশ্যা।

সুমধুর (সু অতিশয়—মধুর মিষ্ট, য়ং—স) বিং, ত্রিং, অতিমধুর, অতিশয়মিষ্ট।

সুমধ্যম (সু উত্তম—মধ্যম কটি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তম কটিযুক্ত, যাহার কটিদেশ উত্তম। মা—স্ত্রীং, যে স্ত্রীর কটিদেশ উত্তম।

সুমন (সু উত্তম—মন্ বোধ করা+অ—প্রং) সং, পুং, গোধূম, গম। ধুস্তূর। বিং, ত্রিং, মনোহর। না—স্ত্রীং, জাতীপুষ্পবৃক্ষ।

সুমনাঃ (সুমনস্, সু উত্তম—মনস্ মন, ৬ষ্ঠী—হিং, পুষ্পপক্ষে সু শোভন—মন্ বোধ করা+অস্—র্ম্ম, কিম্বা সু শোভন—মনস্ মন, ৭মী—হিং। অথবা সু সুস্থির—মনস্ মন, ৬ষ্ঠী—হিং, মধ্যপদলোপ) সং, পুং, দেবতা। বিদ্বান্, পণ্ডিত। বিল্ববৃক্ষ। বিং, ত্রিং, মহামনাঃ। প্রীত, সন্তুষ্ট। ক্লীং, স্ত্রীং, বহুং, (কদাচিদেকবচনং) (মনকে আনন্দিত করে বলিয়া) পুষ্প। স্ত্রীং, মালতীপুষ্প। পুষ্পমালা। [মুনিবিশেষ।

সুমন্তু; সং, পুং, অথর্ব্ববেদের শাখাপ্রচারক

সুমন্ত্র (সু উত্তম—মন্ত্র মন্ত্রণা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দশরথ রাজার সারথি ও মন্ত্রী।

সুমিত্রা (সু উত্তম—মিত্র বন্ধু+আ—প্রং) সং, স্ত্রীং, দশরথের ছোট স্ত্রী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা।

সুমুখ (সু উত্তম—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়পুত্র। গণেশ। শাকবিশেষ। পণ্ডিত, অধ্যাপক। নাগবিশেষ। ক্লীং, নখক্ষতবিশেষ। বিং, ত্রিং, সুন্দর, মনোজ্ঞ। বিদ্বান্। সুন্দরমুখযুক্ত। খা, খী—স্ত্রীং, সুবদনা। দর্পণ। খী—১১অক্ষর ছন্দোবিশেষ।

সুমেধাঃ (সুমেধস্, সু উত্তম—মেধা বুদ্ধি, ৬ষ্ঠী—হিং, অস্—প্রং) বিং ত্রিং, সুবুদ্ধি, উত্তম বুদ্ধিসম্পন্ন।

সুমেরু (সু উত্তম—মি [কিরণ] ক্ষেপণ করা+রু—প্রং) সং, পুং, পৃথিবীর মধ্যস্থ পর্ব্বতবিশেষ। পৃথিবীর উত্তর প্রান্ত। জপমালা মধ্যস্থগুটিকা। বিং, ত্রিং, সর্ব্বশেষ।

সুমেরুবৃত্ত (Arctic Circle) উত্তর মেরু হইতে ২৩৷৷০ অক্ষাংশ অন্তরে স্থিত রেখা।

সুমেরুসমুদ্র (Arctic Ocean) পৃথিবীর উত্তরমেরুর চতুষ্পার্শ্ববর্ত্তী সমুদ্র।

সুযাত্র (সু—যাত্রা) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, শোভনগতিমান্।

সুযামুন (সু উত্তম—যমুনা সেইনদী+অ(ষ্ণ)—প্রং) সং, পুং, বিষ্ণু। বৎসরাজ। কৌশাম্বীরাজ। প্রাসাদ। পর্ব্বতবিশেষ।

সুয়া (সোহাগী শব্দের অপভ্রংশ) প্রিয়া।

সুযাত্র (সু—যাত্রা) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, শোভনগতিমান্।

সুযোগ (সু উত্তম—যোগ উপায় ইত্যাদি, যুং—স) সং, ক্লীং, সুসময়। সদুপায়।

সুযোধন (সু উত্তমরূপে—যুধ্ যুদ্ধ করা +অন—র্ম্ম) সং, পুং, দুর্য্যোধন।

সুর (সু আধিপত্য করা+রক্—ক, কিম্বা সুর্ প্রভু হওয়া+অ(ক)—ক, অথবা সু উত্তমরূপে—রাজ্ দীপ্তি পাওয়া+অ(ড)—ক) সং, পুং, দেবতা। সূর্য্য। পণ্ডিত। রী—স্ত্রীং, দেবী। (স্বর শব্দজ) স্বর দেখ।

সুরকৃতা ; সং, স্ত্রীং, গুড়ূচী।

সুরক্ত (সু উত্তমরূপে—রন্জ্ অনুরক্ত হওয়া ইত্যাদি+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অতিশয় অনুরক্ত। উত্তমরূপে রঞ্জিত। অতিসুশ্রাব্য, অতিশয় মধুর। মধুরকণ্ঠ-ধ্বনি যাহার।

সুরক্তক ; সং, পুং, কোষাম্র। স্বর্ণগৈরিক।

সুরগণ্ড ; সং, পুং, রোগবিশেষ, রাজগাঁড়।

সুরগুরু (সুর দেবতা—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি, দেবাচার্য্য।

সুরগ্রামণী (সুর দেবতা—গ্রামণী যে ল-ইয়া যায়) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

সুরঙ্গ (সু উত্তম—রঙ্গ রং, ৫মী—হিং) সং, ক্লীং, হিঙ্গুল। পুং, সুড়ঙ্গ, গর্ত্তবিশেষ। অতি উজ্জ্বল রং। কমলালেবু।

সুরঙ্গধাতু ; সং, পুং, গৈরিক।

সুরঙ্গযুক্ (সুরঙ্গযুজ্, সুরঙ্গ সুড়ঙ্গ—যুজ্ যে যোগ করে বা করে) সং, পুং, সুড়ঙ্গ কাটিয়া যে চুরি করে।

সুরঙ্গা, সুরুঙ্গা } (সুরক্ত দেখ, অ—প্রং। পক্ষে অ=উ) সং, স্ত্রীং, সুড়ঙ্গ। সন্ধি, সিঁধ। গন্ধতৃণবিশেষ। বেলোয়ার কাচ।

সুরঙ্গিকা ; সং, স্ত্রীং, মূর্ব্বা।

সুরজঃফল ; সং, পুং, পনসবৃক্ষ।

সুরজ্যেষ্ঠ (সুর দেবতা—জ্যেষ্ঠ অগ্রজ) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি।

সুরঞ্জন (সু উত্তমরূপ—রঞ্জন সন্তুষ্টকরণ) সং, পুং, গুবাকবৃক্ষ, সুপারিগাছ।

সুরত (সু উত্তমরূপে—রম্ ক্রীড়া করা +ত(ক্ত)—ভা) সং, ক্লীং, রমণ, রতিক্রীড়া। (+অন্—ক) বিং, ত্রিং, অতি অনুরক্ত। দয়ালু। স্ত্রীং, (সুর+তা—সমূহার্থে) দেব-সমূহ। (+তা—ভাবে) দেবত্ব।

সুরততালী (সুরত রতিক্রীড়া—তাল স্বর ইত্যাদি+ঈপ্) সং, স্ত্রীং, দূতী, কুট্নী। শিরঃস্থিত মাল্য।

সুরতোষক (সুর দেবতা—তুষ্ তুষ্ট হওয়া +অক(ণক)—ক) সং, পুং, কৌস্তুভ মণি। বিং, ত্রিং, দেবতাদের প্রীতিকর।

সুরথ (সু—রথ) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ। বিং, ত্রিং, উত্তমরথযুক্ত।

সুরদারু (সুর দেবতা—দারু কাষ্ঠ) সং, পুং, দেবদারু বৃক্ষ।

সুরদীর্ঘিকা (সুর দেবতা—দীর্ঘিকা দীঘী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সুরনদী, স্বর্গঙ্গা।

সুরদুন্দুভি ; সং, স্ত্রীং, তুলসী।

সুরদ্বিপ (সুর দেবতা—দ্বিপ হস্তী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবহস্তী, ঐরাবতাদি।

সুরদ্বিট্ (সুরদ্বিষ্, সুর দেবতা—দ্বিষ্ যে দ্বেষ করে, ৪র্থী—ষ) সং, পুং, অসুর, দানব। রাহু।

সুরধনুঃ (সুরধনুস্, সুর দেবতা—ধনুস্ ধনুক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শক্রধনুঃ, রামধনুক।

সুরধুনী, সুরনদী, সুরনিম্নগা } (সুর দেবতা—ধুনী, নদী, নিম্নগা=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবনদী, গঙ্গা।

সুরধূপ ; সং, পুং, ধূনা।

সুরনাল ; সং, পুং, দেবনল।

সুরপতি (সুর দেবতা—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

সুরপথ (সুর দেবতা—পথ পথিন্ শব্দজ+অ—প্রং, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ।

সুরপর্ণিকা (সুর দেবতা—পর্ণ পত্র+কণ্—যোগ) সং, স্ত্রীং, পুন্নাগবৃক্ষ।

সুরপাদপ (সুর দেবতা—পাদপ বৃক্ষ) সং, পুং, কল্পবৃক্ষ, দেবতরু।

সুরপ্রিয় ; সং, পুং, অগস্ত্যপুষ্পবৃক্ষ। ইন্দ্র। বৃহস্পতি।

সুরভি (সু—রভ্ হৃষ্ট হওয়া ইত্যাদি+ই ক) সং, পুং, সুগন্ধদ্রব্য। বসন্তকাল। চৈত্রমাস। চম্পকবৃক্ষ। জাতীফলবৃক্ষ। শমীবৃক্ষ। কণগুগ্‌গুলু। গন্ধতৃণ। ধুনা। ধীর। কদম্ববৃক্ষ। বকুলবৃক্ষ। ক্লীং, স্বর্ণ। গন্ধক। জাতীফল। বিং, ত্রিং, সুগন্ধি। মনোরম। প্রিয়। পণ্ডিত,জ্ঞানী। ধার্ম্মিক। বিখ্যাত। ভি, ভী—স্ত্রীং, গাভি। কামধেনু, দেবগাভি (মহাভারতে—"অমৃতপান নিবন্ধন প্রজপতির পরম পরিতৃপ্তি হওয়াতে তাহার মুখ হইতে সুগন্ধ উদ্গার উদ্গীর্ণ এবং সেই উদ্গার প্রভাবে সুরভি সমুৎপন্ন হইল")। ঔষধের গাছড়াবিশেষ। সুরা। পৃথিবী। মাতৃকাঁবিশেষ। তুলসী। মল্লিকা।

সুরভিকা; সং, স্ত্রীং, স্বর্ণকদলী।

সুরভিত (সুরভি+ইত—অস্ত্যর্থে। অথবা সু—রভ্ হৃষ্ট হওয়া+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সৌরভযুক্ত, সুগন্ধবিশিষ্ট। খ্যাত। তা—স্ত্রীং, (সুরভি+তা) সৌরভ।

সুরভীরসা; সং, স্ত্রীং, শল্লকীবৃক্ষ।

সুরভূমি; সং, স্ত্রীং, স্বর্গ। প্লক্ষাদিদ্বীপ।

সুরমৃত্তিকা; সং, স্ত্রীং, তুবরী।

সুরর্ষি (সুর দেবতা—ঋষি, যং—স) সং, পুং, দেবর্ষি, নারদ তুম্বুরু প্রভৃতি।

সুরলতা; সং, স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী।

সুরলা (সুর দেবতা—লা পাওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, জাহ্নবী, গঙ্গা। নদীবিশেষ। [শব্দ।

সুরলাসিকা; সং, স্ত্রীং, বংশীবাদ্য, বাঁশীর

সুরলোক (সুর দেবতা—লোক ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবলোক, স্বর্গ।

সুরবর্ত্ম (সুরবর্ত্মন্, সুর দেবতা—বর্ত্মন্ পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ।

সুরবস্ত্র—বল্কলনির্ম্মিত বস্ত্র।

সুরবিদ্বিষ্ট (—দ্বিষ্, সুর—বিদ্বিষ শত্রু) সং, পুং, অসুর, দৈত্য।

সুরবৈরী, সুরশত্রু (সুর দেবতা—বৈরী, শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্য, অসুর।

সুরশাখা (—শাখিন্, সুর দেবতা—শাখিন্ বৃক্ষ) সং, পুং, দেবতরু, কল্পবৃক্ষ।

সুরশ্রেষ্ঠা; সং, স্ত্রীং, ব্রাহ্মী।

সুরস (সু উত্তম—রস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বাদু, সুস্বাদু, মিষ্ট। কাব্যে—রসযুক্ত। সং, পুং, সুন্দর রস। সিন্ধুবারবৃক্ষ। ক্লীং, ত্বক্, বল্কল। গন্ধতৃণ। সা—স্ত্রীং, তুলসী। মেদিনী। মিশ্রেয়া ব্রাহ্মী। মহাশতাবরী। নদীবিশেষ। নাগমাতা। শিং—১ "অব্রুবন্ সূর্য্যসঙ্কাশাং সুরসাং নাগমাতরং।" দুর্গা। অতিধৃতি ছন্দোবিশেষ।

সুরসদ্ম (—সদ্মন্, সুর দেবতা—সদ্মন্ গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবলোক, স্বর্গ।

সুরসরিৎ, সুরসিন্ধু (সুর দেব[illegible]—সরিৎ, সিন্ধু—নদী, ৬ষ্ঠী—ষ) সং[illegible]ং, সুরনদী, গঙ্গা।

সুরসাষ্ট; সং, পুং, বৃক্ষগণ[illegible]ষ; যথা—"নিগুণ্ডীতুলসী ব্রাহ্মী বৃহ[illegible]ণ্টকারিকা। পুনর্নবেতি মুনিভিঃ সুরস[illegible]কীর্ত্তিতঃ।"

সুরসুন্দরী, সুরাঙ্গনা (সুর [illegible]বতা—সুন্দরী, অঙ্গনা=স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গবেশ্যা, অপ্সরা। বিদ্যুৎ। মৎস্যবিশেষ। দুর্গা। যোগিনীবিশেষ।

সুরা, সুরী (সু [মত্ততা] প্রসব করা+অ(ক)—ক, আপ, ঈপ্) সং, স্ত্রীং, মদ্য, মদিরা—গৌড়ী, পৈষ্টী, মাধ্বী। চষক, পানপাত্র। সর্পিণী। [ৎপত্তিস্থান।

সুরাকর; সং, পুং, নারিকেল বৃক্ষ। মদ্যো-

সুরাথ (যাবনিক) প্রশস্ত রাস্তা।

সুরাচার্য্য (সুর দেবতা—আচার্য্য গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি, দেবগুরু।

সুরাজক; সং, পুং, ভৃঙ্গরাজ।

সুরাজীব, সুরাজীবী (—জীবিন্, সুরা মদ্য—জীব, জীবিন্ যে বাঁচে, ৩য়া—ষ) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

সুরাপ (সুরা—প [পা পান করা+অ(ড)—ক] যে পান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মদ্যপায়ী, মাতাল। শিং—১ "ব্রহ্মহা জায়তে যক্ষ্মী সুরাপঃ শ্যাবদন্তকঃ।" মদ্যরক্ষক। [—ষ) সং, স্ত্রীং, গঙ্গা।

সুরাপগা (সুর দেবতা—আপগা নদী, ৬ষ্ঠী

সুরাপাণ (সুরা মদ্য—পা পান করা+

অন – প্রং ) সং, পুং, বহুং, প্রাচ্য, পূর্ব্ব-দেশীয় লোক।
সুরাপান ; সং, ক্লীং, চাট্নি। মদ্যপান।
সুরাপীত ; বিং, ত্রিং, মদ্যপায়ী।
সুরামণ্ড ; সং, পুং, সুরার অগ্রভাগ।
সুরারি (সুর দেবতা – অরি শত্রু, ৬ষ্ঠী – ষ) সং, পুং, সুরশত্রু, অসুর।
সুরার্হ (সুর দেবতা – অর্হ যোগ্য) সং, ক্লীং, স্বর্ণ। হরিচন্দন।
সুরালয় (সুর দেবতা, বা সুরা মদ্য – আলয় গৃহ) সং, পুং, সুমেরুপর্ব্বত। স্বর্গ। মদিরা-গৃহ, শুঁড়ির দোকান।
সুরাষ্ট্র (সু উত্তম – রাষ্ট্র দেশ, বং – স) সং, পুং, সৌরাষ্ট্র, সুরাট্দেশ।
সুরাষ্ট্রজ ; সং, ক্লীং, তুবরিকা। পুং, কৃষ্ণমুদ্গ। বিষবিশেষ। বিং, ত্রিং, তদ্দেশজাত। জা – স্ত্রীং, তুবরীকা।
সুরুঙ্গা ; সং, স্ত্রীং, সুরঙ্গ দেখ।
সুরুঙ্গাহি (সুরঙ্গ দেওয়ালের গর্ত্ত, সিঁধ – অহি সর্প) সং, পুং, সন্ধিচোর, সিঁধাল চোর।
সুরূপ (সু উত্তম – রূপ, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, উত্তমরূপবিশিষ্ট, রূপবান্। জ্ঞানী, বিচক্ষণ, পণ্ডিত। পা – স্ত্রীং, শালপর্ণী। ভার্গী।
সুরুহক (সু উত্তম – রুহ্ আরোহণ করা + অক(ণক) – ক) সং, পুং, গর্দ্দভাভ অশ্ব, যাহার গর্দ্দভের ন্যায় বর্ণ।
সুরেজ্য (সুর দেবতা – ইজ্য গুরু,আচার্য্য) সং, পুং, বৃহস্পতি। জ্যা – স্ত্রীং, তুলসী।
সুরেন্দ্র (সুর দেবতা – ইন্দ্র, ৬ষ্ঠী – ষ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।
সুরেন্দ্রজিৎ (সুরেন্দ্র ইন্দ্র – জিৎ [জি জয় করা + ০(ক্বিপ্) – ক] যে জয় করে। গরুড় কর্ত্তৃক অমৃত অপহৃত হওয়াতে ইন্দ্র তাহা পুনঃপ্রাপণের নিমিত্ত ইহার পশ্চাদ্গামী হইবার সময়, গরুড় এই দেবতাকে আঘাত করিয়াছিল বলিয়া) সং, পুং, গরুড়। ইন্দ্রজিৎ।
সুরেভ (সু উত্তম – রেভ্ শব্দ করা + অ – প্রং) সং, ক্লীং, রঙ্গ, রাং।
সুরেশ্বর (সুর দেবতা – ঈশ্বর প্রভু) সং, পুং, শিব। ইন্দ্র। রী – স্ত্রীং, গঙ্গা। দুর্গা।
সুরৈ (সু প্রচুর – রৈ ধন, ৬ষ্ঠী – হিং) সং, পুং – স্ত্রীং, সম্পত্তিশালী, ধনাঢ্য।
সুরোত্তর (সুর দেবতা [পূজন] – উত্তর শ্রেষ্ঠ, ৭মী – ষ) সং. পুং, শ্রীখণ্ড, চন্দন।
সুরোদ (সুরা মদ্য – উদ জল) সং, পুং, সুরাসমুদ্র।
সুলক্ষণ (সু উত্তম – লক্ষণ চিহ্ন, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, উত্তম লক্ষণাক্রান্ত। ণা – স্ত্রীং, পার্ব্বতীর সখীবিশেষ।
সুলভ (সু সুখে – লভ্ পাওয়া + অ(খল্) – র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসলভ্য, সুখলভ্য, অযত্ন-সিদ্ধ। ভা – স্ত্রীং, মাসপর্ণী। ধূম্রপত্রা।
সুলূ (সু উত্তম – লূ [লূ ছেদন করা + ০ (ক্বিপ্) – ক] যে ছেদন করে) বিং, ত্রিং, উত্তমছেদক, যে ভাল করিয়া কাটিতে পারে।
সুলোচন (সু সুন্দর – লোচন চক্ষুঃ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, হরিণ। বিং, ত্রিং, উত্তম লোচনবিশিষ্ট। না – স্ত্রীং, সুনয়না-স্ত্রী। হরিণী।
সুলোমা ; সং, স্ত্রীং, তাম্রবল্লী। মাংসচ্ছদা।
সুলোহক (সু উত্তম – লোহ লোহা + কণ্ – যোগ) সং, ক্লীং, পিত্তল, পিতল।
সুলোহিত (সু অত্যন্ত – লোহিত রক্তবর্ণ) বিং, ত্রিং, অতিশয় রক্তবর্ণ। তা – স্ত্রীং, অগ্নির জিহ্বাবিশেষ। [সুন্দরানন।
সুবক্ত্র ; সং, পুং, বনবর্ব্বরী। বিং, ত্রিং,
সুবচন (সু উত্তম – বচন বাক্য) সং, ক্লীং, শোভন বাক্য, সুন্দর উক্তি।
সুবচনী, শুভসূচনী (সু শুভ – বচন, বাক্য + ঈপ্ – প্রং) সং, স্ত্রীং, শক্তির ভেদ-বিশেষ, দেবীবিশেষ। শিং – ১ "বিপদি স্ত্রিয়ো যস্যাঃ পূজাং মঙ্গতে কুর্ব্বন্তি চ। আচারমার্ত্তণ্ডে শুভসূচনীতি বর্ত্ততে।"
সুবচাঃ (সুবচস্, সু উত্তম – বচস্ বাক্য, ৬ষ্ঠী – হিং) বিং, ত্রিং, বাগ্মী, উত্তম বক্তা। [ঢং।
সুবত (আরবী) আকৃতি। মুখশ্রী। অবস্থা।

সুবন (সু প্রসব করা+বন—প্রং) সং, পুং, সূর্য্য। অগ্নি। চন্দ্র। [স্ত্রী।

সুবয়াঃ (—বয়স্, সু—বয়স্) সং, স্ত্রীং, প্রৌঢ়া

সুবর্চ্চক ; সং, পুং, স্বর্জ্জিকাক্ষার।

সুবর্চ্চল (সু উত্তমরূপ—বর্চ্চ্ দীপ্তিপাওয়া +অল—প্রং) সং, পুং, দেশবিশেষ। লা—স্ত্রীং, সূর্য্যপত্নী। অতসী। তিসি, মসিনা। সূর্য্যমুখী পুষ্প। আদিত্যভক্তা। ব্রাহ্মী।

সুবর্চ্চাঃ (—বর্চ্চস্, সু—বর্চ্চস্ তেজ) বিং, ত্রিং, শোভন তেজবিশিষ্ট।

সুবর্ণ (সু সুন্দর—বর্ণ রং, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, স্বর্ণ, সোণা। ১৬ মাসা পরিমিত সোণা। হরিচন্দন। ধন, সম্পত্তি। পুং—ক্লীং, মোহর। কর্ষপরিমাণ। পুং, যজ্ঞবিশেষ। ধুস্তূর। গৈরিক, গিরিমাটী। বিং, ত্রিং, সুরূপ, সুন্দরবর্ণ। সুন্দর অক্ষরযুক্ত। শিং—১ "ন সুবর্ণময়ী তনুঃ পবং নম্রু বাগপি তাবকী তথা।" শ্রেষ্ঠজাতিতে উৎপন্ন। র্ণা—স্ত্রীং, কৃষ্ণাগুরু। হরিদ্রা। স্বর্ণক্ষীরী।

সুবর্ণক (সুবর্ণ+কণ্—যোগ) সং, ক্লীং, পিত্তল। পুং, সোঁদালি গাছ। স্ত্রীং, সুন্দর বর্ণযুক্তা।

সুবর্ণকদলী (সুবর্ণ সোণা—কদলী কলাগাছ) সং, স্ত্রীং, চাঁপা কলার গাছ। চাঁপাকলা।

সুবর্ণকার, সুবর্ণকৃৎ (সুবর্ণ সোণা—কার, কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, স্বর্ণকার, সেক্‌রা।

সুবর্ণনকুলী ; সং, স্ত্রীং, মহাজ্যোতিষ্মতী।

সুবর্ণবণিক (—বণিজ্, সুবর্ণ সোণা—বণিজ্ বেণিয়া) সং, পুং, অম্বষ্ঠ ঔরসে বৈশ্যার গর্ভে জাত মধ্যমবর্ণসঙ্কর জাতিবিশেষ, সোণারবেণিয়া।

সুবর্ণবর্ণ (সুবর্ণ সোণা—বর্ণ রং) সং, পুং, বিষ্ণু। র্ণা—স্ত্রীং, হরিদ্রা।

সুবর্ণবিন্দু (সুবর্ণ সোণা—বিন্দু ক্ষুদ্রচিহ্ন) সং, পুং, বিষ্ণু। [বলবিশিষ্ট।

সুবলিত (সু—বল—ইত যুক্ত) বিং, ত্রিং,

সুবসন্তক (সু অত্যুত্তম—বসন্ত বসন্তকাল +কণ্—যোগ) সং, পুং, মদনোৎসব।

সুবহ (সু সুখে—বহ্ বহন করা+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসে বহনীয়, সুখবাহ্য। যে সুখে অনায়াসে বহন করিতে পারে। ধৈর্য্যশালী। হা—স্ত্রীং, সেফালিকা। বীণা। রাস্না। এলাপর্ণী। শল্লকী। ত্রিবৃতা। রুদ্রজটা। হংসপদী। গন্ধনাকুলী।

সুবা (আরবী) প্রদেশ।

সুবাদার (আরবী ও পারসী) এক প্রদেশের শাসনকর্ত্তা। দেশীয় সৈন্যদিগের এক প্রকার পদ।

সুবাস (সু উত্তম—বাস গন্ধ, গৃহ) সং, পুং, সৌরভ। সুখেবাস। উত্তম নিবাস। উত্তমবাসস্থান। বিং, ত্রিং, সুগন্ধ।

সুবাসিত (সুবাস+ইত—জাতার্থে) বিং, ত্রিং, সুবাসযুক্ত।

সুবাসিনী (সু সুখে—বস্ বাস করা+ইন্(ণিন্)—ক, ঈপ, কিংবা সুবাস+ইন্—অস্ত্যর্থে, ঈপ) সং, স্ত্রীং, পিত্রালয় নিবাসিনী স্ত্রী। চিরণ্টী। সৌরভযুক্তা স্ত্রী।

সুবিচার (সু উত্তম—বিচার বিবেচনা) সং, পুং, সূক্ষ্ম বিচার, উত্তমরূপে মীমাংসা।

সুবিদ্ (সু উত্তমরূপ—বিদ্ জানা+০ (ক্বিপ্)—ক) বিং, ত্রিং, পণ্ডিত। গুণবান্।

সুবিদ (সু উত্তমরূপ—বিদ্ জানা+অ (ক)—ক) সং, পুং, কঞ্চুকী, অন্তপুররক্ষক।

সুবিদৎ (সুবিদ্ পণ্ডিত—অং সতত গমন করা] সঙ্গে থাকা+০(ক্বিপ্)—ক) সং, পুং, রাজা, নৃপ।

সুবিদত্র (সু উত্তমরূপ—বিদ্ জানা+অত্র—প্রং) বিং, ত্রিং, কুটুম্ব, পরিজন।

সুবিদল্ল (সুবিদৎ নৃপ—লা পাওয়া+অ (ড)—ক, নিপাতন) সং, ক্লীং, কঞ্চুকী। অন্তঃপুর। ল্লা—স্ত্রীং, বিবাহিতা স্ত্রী।

সুবিধা (সু উত্তম—বিধা প্রকার, বং—স) অং, উত্তম প্রকার, সুযোগ।

সুবিধি (সু উত্তম—বিধি বিধান) সং, পুং, সুনিয়ম, উত্তমবিধান।

সুবিনীতা ; সং, স্ত্রীং, সুকরা গো। বিং, ত্রিং, অতিশয় বিনয়বিশিষ্ট।

সুবৃত্ত (সু উত্তম—বৃত্ত চরিত্র,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সচ্চরিত্র, সাধু, সদাচার। উত্তম বর্ত্তুল। ত্তা—স্ত্রীং, শতপত্রী। কাকলীদ্রাক্ষা।

সুবেল (সু উত্তমরূপ—বেল্ চঞ্চল হওয়া +অ—প্রং, কিম্বা সু—বেলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রণত। শান্ত। দান্ত। সং, পুং, ত্রিকূটপর্ব্বত।

সুবেশ, সুবেষ (সু উত্তম—বেশ সজ্জা, য়ং—স) সং, ক্লীং, উত্তম সজ্জা। পুং, শ্বেতেক্ষু। বিং, ত্রিং, উত্তম বেশযুক্ত।

সুবেশ } (সু উত্তম—বেশ সজ্জা, ৬ষ্ঠী
সুবেশী } হিং। সুবেশিন, সুবেশ উত্তম সজ্জা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উত্তম বেশধারী।

সুব্যক্ত (সু—ব্যক্ত প্রকাশিত) বিং, ত্রিং, স্পষ্ট, প্রকাশিত, উদ্ঘাটিত, প্রকটিত। ক্লীং, ত্রিং—বিং, স্পষ্টরূপে।

সুব্রত (সু উত্তম—ব্রত নিয়ম,৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, ধার্ম্মিক। শোভন ব্রতানুষ্ঠায়ী। পুং, বর্ত্তমান কল্পের ২০শ জীন। ভবিষ্য-কল্পের এক জৈন মুনি। তা—স্ত্রীং, বর্ত্ত-মান কল্পের ১৫শ জৈনমুনির মাতা। সুদোহা গবী। সচ্চরিত্রা পত্নী।

সুশর্ম্মা (সুশর্ম্মন্,সু অত্যন্ত—শর্ম্মন্ সুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নৃপতিবিশেষ, ত্রি-গর্ত্ত দেশের রাজা। নিন্দিত ব্রাহ্মণবিশেষ। শিং—১ "সুশর্ম্মা নাম দুর্ম্মেধাঃ সীমা পাপাত্মনামভূৎ।" তৃতীয় মনুর পুত্র-বিশেষ। বিং, ত্রিং, অতিশয় সুখী।

সুশল্য ; সং, পুং, খদির।

সুশবী ; সং, স্ত্রীং, কারবেল্ল। কৃষ্ণজীরক।

সুশাক ; সং, ক্লীং, আর্দ্রক। পুং, চঞ্চু।

সুশান্তা; সং, স্ত্রীং, শশিধ্বজরাজপত্নী।

সুশিক্ষিত (সু উত্তমরূপ—শিক্ষিত শিক্ষা-প্রাপ্ত) বিং, ত্রিং, উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত।

সুশিখ (সু সুন্দর—শিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। বিং, ত্রিং, উত্তম শিখাযুক্ত। ক্লীং, চন্দনবিশেষ।

সুশীত } (সু অতিশয়—শীত, শীতল
সুশীতল } =ঠাণ্ডা, য়ং—স) বিং, ত্রিং, অতিশীতল। ক্লীং, চন্দনবিশেষ। তা—স্ত্রীং, শতপত্রী।

সুশীম (সু অত্যন্ত—শৈ গমন করা+ম—প্রং) সং, পুং, শৈত্য, শীতলতা। বিং, ত্রিং, শীতল।

সুশীল (সু উত্তম—শীল স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সচ্চরিত্র। পুং, বিষ্ণুর পার্শ্বচরবিশেষ। চোলরাজ। লা—স্ত্রীং, কৃষ্ণের এক স্ত্রী। যমের ভার্য্যা।

সুশীলতা (সুশীল+তা—ভাবে) সং, স্ত্রীং, নম্রতা, বিনয়, সৎস্বভাব।

সুশ্রাব্য (সু উত্তমরূপ—শ্রু শ্রবণ করা+য(ঘ্যণ্)—র্ম্ম) বিং,ত্রিং, উত্তমরূপে শ্রবণ-যোগ্য, সুমধুর।

সুশ্রী } ( সু উত্তম—শ্রী, কণ্—যোগ,
সুশ্রীক } ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শ্রীযুক্ত, শ্রীমান্, সুন্দর।

সুশ্রুত (সু উত্তম—শ্রুত যাহা শ্রবণ করা হইয়াছে) সং, পুং, বিশ্বামিত্রপুত্র প্রসিদ্ধ চিকিৎসা-গ্রন্থকারবিশেষ। তৎকৃত গ্রন্থ-বিশেষ। ক্লীং, সুন্দর শ্রবণ। যাহা উত্তম-রূপে শুনা হইয়াছে। বেদে—কৃতবিদ্য।

সুশ্লিষ্ট (সু অত্যন্ত—শ্লিষ্ট সংযুক্ত) বিং, ত্রিং, নিবিড় সংযোগবিশিষ্ট, দৃঢ়রূপে সংযুক্ত।

সুষম (সু সুন্দর—সম সমান, সকল+অ—প্রং ) বিং, ত্রিং, সুন্দর, শোভন। সমান, তুল্য, সদৃশ। মা—স্ত্রীং, পরম শোভা, উৎকৃষ্ট সৌন্দর্য্য। শিং—১ "মার-মাসুষমা চারু রুচা মারবধূত্তমা।"

সুষবী (সু উত্তমরূপ—সু গমন করা, প্রে-রণ করা+অ—প্রং, ঈপ্ ) সং, স্ত্রীং, কারবেল্ল, করলা। কৃষ্ণজীরক। জীরক।

সুষি—স্ত্রীং } (শুষ্ শুষ্ক হওয়া+ই,
সুষির—ক্লীং } ইর—প্রং, শ স্থানে স) সং, গর্ত্ত, ছিদ্র। বংশীবিশেষ।

সুষীম (সু সুন্দর—সীমা প্রান্ত) বিং,ত্রিং, শীতল। সুন্দর, মনোজ্ঞ। সং, পুং, সর্প-বিশেষ। চন্দ্রকান্তমণি। স্বর্ণ, সোণা।

সুষুপ্ত (সু অত্যন্ত—স্বপ্ নিদ্রিত হওয়া +ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গভীর নিদ্রিত,

সুষুপ্তিযুক্ত। অজ্ঞ, আত্মবোধশূন্য। (+ ক্ত—ভা) সং,ক্লীং,সুষুপ্তি অবস্থা। শিং—১ "যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি তত্ সুষুপ্তম্।"

সুষুপ্তি (পূর্ব্বে দেখ. তি(ক্তি)—ভা) সং,স্ত্রীং, অচেতনে নিদ্রা,সুনিদ্রা, পুরীতৎ নাড়ীতে মনঃসংযোগ জন্য গভীর নিদ্রা; তদবস্থায় কোন স্বপ্নাদি দর্শন হয় না।

সুষুম্না (সুষু অব্যক্ত শব্দ—ম্না অনুশীলন করা+অ(ড)—ক, আপ্) সং, স্ত্রীং, শরীরস্থ নাড়ীবিশেষ; মেরুদণ্ডের বহিভাগে ঈড়া পিঙ্গলা নাড়ীর মধ্যবর্ত্তী নাড়ী। সূর্য্যরশ্মি।

সুষেণ (সু উত্তম—সেনা সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। বেতসবৃক্ষ। করমর্দ্দক। চিকিৎসক বানরবিশেষ।

সুষেণিকা; সং, স্ত্রীং, কৃষ্ণত্রিবৃতা।

সুষোমা; সং, স্ত্রীং, নদীবিশেষ।

সুষ্ঠু (সু উত্তম—স্থা থাকা+উ(ডু)—ক) অং, অতিশয় সুন্দর। শ্রেষ্ঠ। সত্য।

সুসংযত; বিং, ত্রিং, যথাবিধি নিয়মবিশিষ্ট। দৃঢ়বদ্ধ।

সুসংস্কৃত (সু উত্তমরূপ—সংস্কৃত পক্ক) বিং, ত্রিং, উত্তম সংস্কারবিশিষ্ট, বিলক্ষণ ব্যুৎপন্ন। ঘৃতাদি নানা দ্রব্যে উত্তমরূপে পক্ক।

সুসত্যা; সং, স্ত্রীং, জনক রাজার ভার্য্যা।

সুসমৃদ্ধ; বিং, ত্রিং, অতিশয় সম্পত্তিশালী।

সুসম্পন্ন; বিং, ত্রিং, অতি ধনাঢ্য, অতিশয় সমৃদ্ধিশালী। উত্তমরূপে নিষ্পন্ন।

সুসহ (সু সুখে—সহ্ সহ্য করা+অ (খল্)—র্ম্ম) বিং, ত্রিং, সুখসহ্য, অনায়াসে সহনীয়। [অনায়াস-সাধ্য, সহজ।

সুসাধ্য (সু সুখে—সাধ্য সাধনীয়) বিং,ত্রিং,

সুসার (সু—সার শ্রেষ্ঠ) বিং,ত্রিং, সর্ব্বোৎকৃষ্ট। কুলান, প্রতুল। সং, পুং, রক্তখদির।

সুসিকতা; সং, স্ত্রীং, শর্করা।

সুস্থ (সু উত্তমরূপে—স্থ [স্থা থাকা+অ (ড)—ক] যে থাকে) বিং, ত্রিং, নীরোগ, স্বাস্থ্যযুক্ত। স্বচ্ছন্দ। সুখী। সুস্থির। সুন্দর।

সুস্থতা (সুস্থ+তা—ভাবে) সং,স্ত্রীং, স্বাস্থ্য, আরোগ্য।

সুস্থির (সু অত্যন্ত, সুখে—স্থা থাকা+ ইর—ক) বিং, ত্রিং, অতিস্থির, অচঞ্চল। সুস্থ। দৃঢ়, বদ্ধমূল।

সুস্না; সং, পুং, শমীধান্য।

সুস্নাত (সু উত্তম—স্না স্নানকরা+ত(ক্ত) —ক) বিং, ত্রিং, যে উত্তমরূপে স্নান করিয়াছে। মাঙ্গল্যদ্রব্য দ্বারা স্নাত। পুং, যজ্ঞান্তে স্নানকারী। (+ক্ত—ভা) সং, ক্লীং, উত্তম স্নান।

সুস্পষ্ট (সু অত্যন্ত—স্পষ্ট) বিং,ত্রিং, অতিস্ফুট, অতিশয় স্পষ্ট।

সুস্মিতা; সং, স্ত্রীং, স্ত্রীবিশেষ। ত্রিং, সুন্দর এবং ঈষৎ হাস্যযুক্ত।

সুস্মূর্ষমাণ (স্মৃ স্মরণ করা + সন্—ইচ্ছার্থে + আন(শান)—ক) বিং, ত্রিং, স্মরণেচ্ছু।

সুহস্তি; সং, পুং, বৌদ্ধবিশেষ।

সুহিত (সু উত্তমরূপ—হিত [ধা ধারণ করা+ত(ক্ত)—ক] ধৃত ইত্যাদি) বিং, ত্রিং, তৃপ্ত, সন্তুষ্ট। (+ক্ত—র্ম্ম) বিহিত, সাধিত, কৃত, সুসম্পাদিত। উপযুক্ত, সমীচীন। (+ক্ত—ক) ক্লীং, অ[illegible]ত। তা—স্ত্রীং, অগ্নির জিহ্বাবিশে[illegible]

সুহৃদ্ (সু উত্তম—হৃদ্ মন [illegible]ষ্ঠী—হিং) সং, পুং, সদা অনুগত, [illegible]মিত্র, সখা। সাহায্যকারী। সহায়। সুহৃদয়। জ্যোতিষে—লগ্ন হইতে চতুর্থ স্থান।

সুহৃদয় (সু উত্তম—হৃদয় মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, প্রশস্তমনাঃ, সদন্তঃকরণবিশিষ্ট। শুদ্ধচিত্ত।

সুহৃদ্বল (সুহৃদ্—বল সৈন্য) সং, ক্লীং, মিত্ররূপ সৈন্য। [পুত্র।

সুহোত্র; সং, পুং, চন্দ্রবংশীয় বৃহদিযুরাজ-

সুহ্ম(সুহ্নভ্ দীপ্তিপাওয়া+অন্—ক) সং,পুং, দেশবিশেষ; ইহা বঙ্গদেশের উত্তর বা উত্তর পূর্ব্বাংশে হইবার সম্ভাবনা; উইলসন সাহেব ইহাকে ত্রিপুরা ও আরাকান বলিয়া অনুমান করেন। পুং—বহুং, যবন জাতিবিশেষ।

সূ (সূ প্রসব করা, প্রেরণ করা ইত্যাদি + ০(ক্বিপ্) — ভা) সং, স্ত্রীং, প্রসব। প্রেরণ। ( + ক্বিপ্ — ক ) বিং, ত্রিং, প্রসবকর্ত্তা, উৎপাদক। [বিশেষ।

সূঁই (সূচীশব্দজ) সং, সীবনার্থ লৌহশলাকা

সূক (সূ প্রসব করা, প্রেরণ করা + ০(ক্বিপ্) — ক, কণ্ — যোগ) সং, পুং, বাণ। বায়ু। পদ্ম।

সূকর (শূকর দেখ, শূ=সূ) সং, পুং, শূকর, বরাহ। কুম্ভকার। মৃগবিশেষ।

সূকা ; সং, স্ত্রীং, শারিকাপক্ষিণী।

সূক্ত (সু উত্তম — উক্ত কথিত) সং, ক্লীং, সমীচীন বাক্য, সদ্বচন। বেদোক্ত স্তোত্র মন্ত্রাদি। ক্তা — স্ত্রীং, শারিকা।

সূক্তি (সু উত্তম — উক্তি বচন) সং, স্ত্রীং, বেদবচন, বেদমন্ত্র। সৎবচন।

সূক্ষ্ম (সূচ্ জ্ঞাপন করা + স্মন্ — র্ম) বিং, ত্রিং, অল্প। ক্ষুদ্র। ক্ষীণ, সরু। অতীন্দ্রিয়। সং, পুং, অণু। ক্লীং, কৈতব, ছল। কপটতা। অধ্যাত্মবস্তু। অধ্যাত্মশাস্ত্র। অলঙ্কারবিশেষ। ক্ষ্মা — স্ত্রীং, শব্দপ্রবৃত্তিবিশেষ। ছোট এলাচী। মল্লিকাবিশেষ। যূথিকা। বালুকা।

সূক্ষ্মকোণ (Acute Angle) সমকোণ অপেক্ষা লঘুকোণ।

সূক্ষ্মতণ্ডুল ; সং, পুং, খস্খস। লা — স্ত্রীং, পিপ্পলী।

সূক্ষ্মদর্শনযন্ত্র—অণুবীক্ষণ, যে যন্ত্রদ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম বস্তু দর্শন করা যায়।

সূক্ষ্মদর্শী (—দর্শিন্, সূক্ষ্ম—দর্শিন্ যে দেখে, ২য়া — ষ) বিং, ত্রিং, অতিশয় বুদ্ধিমান্।

সূক্ষ্মদেহী (Infusoria) এই সকল জীব সামান্য নয়নে অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ভিন্ন দৃষ্ট হয় না। প্রাচীন ডোবার জলের কীট এই বর্গে লক্ষিত হয়।

সূক্ষ্মপত্র (সূক্ষ্ম ক্ষুদ্র — পত্র পাতা) সং,পুং, বাবলাগাছ। ধন্যাক। বনজিরা। সর্ষপবিশেষ। রক্তবর্ণ ইক্ষুবিশেষ। লঘুবদর। বনবর্ব্বরী। ত্রিকা — স্ত্রীং, শতপুষ্পা। শতাবরী। লঘুব্রাহ্মী। ক্ষুদ্রোপোদকী। দুরালভা। আকাশমাংশী।

সূক্ষ্মফল ; সং, পুং, ভূকর্ব্বুদার। লা — স্ত্রীং, ভূম্যামলকী।

সূক্ষ্মভূত ; সং, ক্লীং, অপঞ্চীকৃত আকাশাদি পঞ্চভূত, ক্ষিত্যাদি পঞ্চভূতের সূক্ষ্মাংশবিশেষ।

সূক্ষ্মশরীর (সূক্ষ্ম — শরীর দেহ) সং, ক্লীং, পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি—আত্মার ভোগসাধন এই সপ্তদশ।

সূচক (সূচ্‌-ণি=সূচি জানান + অক(ণক) — ক) সং, পুং, চর, গূঢ়পুরুষ, গোয়েন্দা। পিশুন খল। সীবনী, ছুঁচ। সূচীকর্ম্মকারী। কুকুর। বিড়াল। কাক। সূত্রধর। শিক্ষক। দলপতি। বুদ্ধ। সিদ্ধ। পিশাচ। বিং, ত্রিং, জ্ঞাপক, প্রকাশক। কথক।

সূচন — ক্লীং } (সূচ্ জানান + অনট্, অন —<br>সূচনা — স্ত্রীং } ভা, আপ্) সং, জ্ঞাপন। কথন। অঙ্গভঙ্গী দ্বারা জানান, সঙ্কেত বা চিহ্নাদিদ্বারা জানান। বিদ্ধকরণ। দুষ্টামি, পেজোমি। দৃষ্টি। অভিনয়। হিংসন। দোষাবিষ্করণ।

সূচি, সূচী (সিব্ সেলাই করা + চট্ — ণ, ই — প্রং। সিব্ স্থানে সূ) সং, স্ত্রীং, সীবনী, ছুঁচ। (সূচ্ সূচনা করা + ই — ণ) জ্ঞাপনী। সূক্ষ্ম অগ্রভাগ। নর্ত্তকী বা গায়কদিগের করাদ্যভিনয়।

সূচিক (সূচী ছুঁচ + ইক(ষ্ণিক) — প্রং, অথবা কণ্ — যোগ) সং, পুং, সূচীকর্ম্মকারী, দরজী। কা — স্ত্রীং, হস্তিশুণ্ড। ছুঁচ।

সূচিকাধর (সূচিকা হস্তিশুণ্ড — ধর যে ধরে) সং, পুং, গজ, হস্তী।

সূচিকাভরণ (সূচিকা — ভরণ) সং, ক্লীং, সূচ্যগ্রমাত্র সেব্য ঔষধবিশেষ।

সূচিকামুখ (সূচিকা ছুঁচ — মুখ) সং, ক্লীং, শঙ্খ, শাঁখ।

সূচিত (সূচ্ জানান + ত(ক্ত) — র্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত, বোধিত। কথিত। হিংসিত। যোগ্য।

সূচিপুষ্প ; সং, ক্লীং, কেতকীপুষ্প।

সূচিরোমা (সূচিরোমন্, সূচি [ছুঁচ] শূকরের কুঁচি — রোমন্ লোম) সং, পুং, বরাহ, শূকর। বিং, ত্রিং, সূচিতুল্য লোমবিশিষ্ট।

**সূচিবদন** (সূচি ছুঁচের ন্যায় ধারাল নাক বা শুঁড়-বদন মুখ) সং, পুং, নকুল, বেঁজী। মশা।

**সূচিবান্** (সূচিবৎ, সূচি [ছুঁচ] চঞ্চু+বৎ (বতু)—অস্ত্যর্থে) সং, পুং, গরুড়।

**সূচীকটাহন্যায়**—ন্যায় (৩৩) দেখ।

**সূচীচঞ্চু**—যে সকল পক্ষীর চঞ্চু ন্যূনাধিক ভাবে গোল ও ক্রমে সরু হইয়া সূচীর ন্যায় হয়।

**সূচীমুখ** ; সং, ক্লীং, মণি, রত্ন। ব্যূহবিশেষ।

**সূচ্য** } (সূচ্ জানান—য, অনীয়,
**সূচনীয়** তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপ-
**সূচিতব্য** নীয়, বোদ্ধব্য। কথনীয়।

**সূচ্যগ্রস্থূলক** (সূচি ছুঁচ—অগ্র অগ্রভাগ—স্থূলক স্থূল) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

**সূচ্যাস্য** (সূচী ছুঁচ—আস্য মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুষিক, ইন্দুর।

**সূত** (সূ প্রসব করা+ত(ক্ত)—ক) সং, পুং, সারথি। সূর্য্য। সূত্রধর জাতি, ছুতার। ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে উৎপন্ন প্রতিলোমজ সঙ্কীর্ণ জাতি। স্তুতি-পাঠক, বন্দী। পুরাণ-বক্তাবিশেষ। অগ্নি-পুরাণে—"পিতামহের যজ্ঞে সূতিতে অর্থাৎ সোমরসাভিসব ভূমিতে পুরাণজ্ঞ সূতের উৎপত্তি হয়।" কূর্ম্মপুরাণে—পৃথু রাজার যজ্ঞে বিষ্ণু সত্যরূপে উৎপন্ন হইয়া পুরাণ প্রকাশ করেন।" পুং—ক্লীং, পারদ, পারা। বিং, ত্রিং, প্রসূত, জাত, উৎপন্ন। (+ক্ত—র্ম্ম) প্রেরিত। উৎপাদিত। তা—স্ত্রীং, সূতিকা।

**সূতক** (সূত+কণ্—যোগ) সং, ক্লীং, জন্ম। জননাশৌচ। পুং—ক্লীং, পারদ। কা—স্ত্রীং, সূতিকা।

**সূতপুত্র** (সূত সূর্য্য—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ণ, সূর্য্যসন্তান।

**সূতলী** (সূত্র শব্দজ) সং, শণের দড়ী।

**সূতা** } (সূ প্রসব করা+ত(ক্ত)—ক।
**সূতিকা** পক্ষে কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, নবপ্রসূতা স্ত্রী।

**সূতা** (সূত্র শব্দজ) সং, তন্তু, সূত।

**সূতি** (সূ প্রসব করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, প্রসব। প্রভব। উৎপত্তি, জন্ম। সন্তান। সীবন, সেলাই করা।

**সূতিকাগার** } (সূতিকা—আগার গৃহ,
**সূতিকাগৃহ** ভবন=ঘর, ৬ষ্ঠী—ষ) সং,
**সূতিকাভবন** ক্লীং, প্রসবগৃহ, আতুরঘর।

**সূতিগৃহ** } (সূতি প্রসব, জন্ম—গৃহ)
**সূতীগৃহ** সং, ক্লীং, প্রসবগৃহ।

**সূতিমারুত** } (সূতি প্রসব—মারুত,
**সূতিবাত** বাত=বায়ু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রসব-বেদনা। যে বায়ু সন্তানকে গর্ভ হইতে বহিঃসারণ করে।

**সূত্থান** (সু উত্তমরূপ—উত্থান উদ্‌যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কর্ম্মদক্ষ, পটু। চতুর।

**সূত্যা** (সূ [সন্তান বা ফল] ধারণ করা+য (ক্যপ্)—ভাবে, ৎ—আগম) সং, স্ত্রীং, যজ্ঞস্নান। যজ্ঞে সোমলতারসপান।

**সূত্যাশৌচ** (সূতি সন্তানপ্রসব—অশৌচ অপবিত্র) সং, ক্লীং, জননাশৌচ, শুভ অশৌচ।

**সূত্র** (সিব্ সেলাই করা+ত্র—প্রং, সিব্ স্থানে সূ, কিম্বা সূত্র গাঁথা ইত্যাদি+অ(অল্)—ণ) সং, ক্লীং, তন্তু, সূতা। ব্যবস্থা, নিয়ম। শাস্ত্র। দর্শ শাস্ত্র ধর্ম্ম-শাস্ত্র নীতিশাস্ত্র বা শব্দশ র প্রথম প্রণেতারগ্রথিত সজ্ঞিপ্ত ক্য-বিশেষ। শিং—১"স্বল্পাক্ষরমসন্দিগ্ধং রবদ্বিশ্বতো-মুখং, অস্তোভমনবদ্যঞ্চ সূত্রং সূত্রবিদো বিদুঃ।" নাট্যশাস্ত্রের উপক্রম। আইন-বিষয়ক মত বা নিষ্প ত্তি। উপবীত, পৈতা।

**সূত্রকণ্ঠ** (সূত্র সূতা—কণ্ঠ গলা) সং, পুং, ব্রাহ্মণ। খঞ্জনপক্ষী। কপোত। ঘুঘু।

**সূত্রকোণ** (সূত্র রজ্জু—কোণ) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, ডমরুবাদ্য।

**সূত্রগণ্ডিকা** ; সং, স্ত্রীং, সূতার নলী।

**সূত্রধার** (সূত্র প্রয়োগানুষ্ঠান—ধৃ ধরা+অ(ষণ)—ক) সং, পুং, ইন্দ্র। সূত্রধর জাতি, ছুতার। নাট্যপ্রস্তাবক প্রধান নট। সূত্রপ্রণয়নকর্তা। শিং—১ "বর্ত্তনীয়তয়া সূত্রং প্রথমং যেন সূচ্যতে। রঙ্গভূমিং সমাক্রম্য সূত্রধারঃ স উচ্যতে।"

সূত্রপুষ্প (সূত্র সূতা—পুষ্প ফুল) সং, পুং, কার্পাসবৃক্ষ।

সূত্রভিদ্ (সূত্র সূতা—ভিদ্ যে ভেদ করে) সং, পুং, সূচী কর্ম্মকারী, দরজী।

সূত্রলা (সূত্র সূতা—লা পাওয়া+অ(ক)—ক) সং, স্ত্রীং, তর্কু, টেকো। তুলার পাঁইজ।

সূত্রামা—সু (সুত্রামন্, সু উত্তমরূপে—ত্রৈ [ভুবন] পালন করা+মন্—ক, উ=ঊ) সং, পুং, ইন্দ্র।

সূত্রালী (সূত্র সূতা—আলী শ্রেণী) সং, স্ত্রীং, গলসূত্র, কণ্ঠস্থিত সূতা।

সূত্রী (সূত্রিন্, সূত্র সূতা, নিয়ম ইত্যাদি +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, কাক। বিং, ত্রিং, সূত্রবিশিষ্ট।

সূদ (সূদ্-ণিচ্=সূদি হিংসা করা + অ (অন্)—ক) সং, পুং—স্ত্রীং, সূপকার, পাচক। (+অন্—র্ম্ম) ব্যঞ্জন। সারথ্য। অপরাধ। পাপ। চাটনি। কর্দ্দম।

সূদন (সূদ্-ণিচ্=সূদি হিংসা করা+অন —ক) বিং, ত্রিং, বিনাশক। প্রিয়। (+ অনট্—ভাবে) সং, ক্লীং, হনন, বধ। অঙ্গীকার করা। নিরাস করা।

সূদশালা (সূদ পাচক—শালা গৃহ) সং, স্ত্রীং, পাকশালা, রন্ধনগৃহ।

সূন (সূ প্রসবকরা+ত(ক্ত)—ভা) সং,ক্লীং, প্রসব, জন্ম। (+ক্ত—ক) পুষ্প। বিং, ত্রিং, প্রকাশিত, প্রস্ফুটিত প্রফুল্ল। শূন্য, খালি, রিক্ত। জাত।

সূনা (সূ+ন—ধি, আপ্) সং, স্ত্রীং, বধস্থান, বধ্যভূমি,কশাইখানা। কন্যা। মাংসবিক্রয়-স্থান। উনন, শিলনোড়া, ঝাঁটা, উদূখল-মূষল, কলসীপিড়ী—গৃহস্থের এই পাঁচ সূনা। আঘাতকরণ। গলাফোলা। কটি-বন্ধন। কিরণ।

সূনী (সূনিন্, সূনা বধ্যভূমি+ইন্—প্রং) সং, পুং, ব্যাধ। মাংসবিক্রয়ী, কসাই।

সূনু (সূ প্রসব করা+নুক্—র্ম্ম) সং, পুং, তনয়, পুত্র। কনিষ্ঠ ভ্রাতা। দৌহিত্র। রবি। নু, নূ—স্ত্রীং, কন্যা।

সূনৃত (সু—নৃৎ নৃত্য করা+অ(ক্)—ক, উ=ঊ। অথবা সু—ঋত) সং, ক্লীং, সত্য অথচ প্রিয়বাক্য। মঙ্গল, শুভ। বিং, ত্রিং, সত্য। প্রিয়। সত্য এবং প্রিয়বক্তা।

সূপ (সূ প্রসবকরা+পক্—র্ম্ম, উ=ঊ) সং, পুং, ব্যঞ্জনবিশেষ, ডাল। ঝোল। ভাণ্ড। বাণ। (+পক্—ক) বিং, ত্রিং, পাচক।

সূপকার—পুং } (সূপ ব্যঞ্জন—কার
সূপকারী—স্ত্রীং } [কৃ করা+অ(ষণ্)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, পাচক, রন্ধনকারী।

সূপধূপন, সূপাঙ্গ (সূপ ব্যঞ্জন—ধূপন সু-গন্ধীকরণ; অঙ্গ অবয়ব) সং, ক্লীং, হিঙ্গু, হিং। [ক্ষীর, দুগ্ধ। জল। আকাশ।

সূম (সূ প্রসব করা+ম—প্রং) সং, ক্লীং,

সূর (সূ প্রসব করা+রক্—ক) সং, পুং, সূর্য্য। (সূর+অ(ক)—ক) পণ্ডিত, জ্ঞানী। বর্ত্তমান কল্পের সপ্তদশ জৈনের পিতা।

সূরণ (সূর্ বধ করা+অন(অনট্)—ভাবে) সং, পুং, বেণার মূল। ওলাদির মূল। বৃক্ষবিশেষ।

সূরত (সু উত্তমরূপে—রম্ ক্রীড়া করা বা শান্ত হওয়া+ক্ত—ক, সু=সূ) বিং, ত্রিং, কৃপালু। স্থির, নিশ্চয়।

সূরসূত (সূর সূর্য্য—সূত সারথি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যসারথি, অরুণ।

সূরি (সূর+ই—ক) সং, পুং, কবি, পণ্ডিত, বিদ্বান্। কৃষ্ণ। জৈনগুরুগণের সাধারণ উপাধি। (সূ প্রসব করা+ই(ক্রি)—ক) সূর্য্য।

সূরী (সূরিন্, সূর্ [মূর্খতা] হিংসা করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, পণ্ডিত, জ্ঞানী, বিচক্ষণ, বিদ্বান্; যথা—সূরীভবভূতি।

সূর্ক্ষণ (সূর্ক্ষ্ অনাদরকরা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, অনাদর, অবজ্ঞা।

সূর্প (সূর্প্ পরিমাণ করা+অ—প্রং। কিম্বা শৃ হিংসা করা+প—ক। শ=সূ। শূর্প শব্দই ব্যবহৃত হইয়া থাকে) সং, পুং—ক্লীং, তণ্ডুলাদি পরিষ্করণ পাত্র, শূর্প, কুলা। পরিমাণবিশেষ। র্পী—স্ত্রীং, ক্ষুদ্র কুলা।

সূর্পণখা (শূর্প কুলা—নখ, শূর্পের মত যাহার নখ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, রাবণের ভগিনী।

সূর্য্য (সৃ [আকাশে] গমন করা+য(ক্যপ্)—ক, নিপাতন, কিংবা সূর+য—স্বার্থে) সং, পুং, দিবাকর, আদিত্য। বালির পুত্র। র্য্যা—স্ত্রীং, সূর্য্যপত্নী। নবোঢ়া স্ত্রী। ঔষধদ্রব্যবিশেষ, তিক্ত অলাবু।

সূর্য্যকান্ত (সূর্য্য—কান্ত, চন্দ্রকান্ত দেখ) সং, পুং, মণিবিশেষ, কাচমণি, আতসমণি।

সূর্য্যকাল (সূর্য্য দিবাকর—কাল সময়) সং, পুং, দিবস, দিন।

সূর্য্যগ্রহ; সং, পুং, সূর্য্য। সূর্য্যগ্রহণ। রাহু, কেতু। কলসীর তলা।

সূর্য্যজ, সূর্য্যতনয় (সূর্য্য—জ [জন্ জন্মান+অ (ড)—ক] জাত, ৫মী—হিং। সূর্য্য—তনয় পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। শনিগ্রহ। মনুবিশেষ। সুগ্রীব। বালী। কর্ণ। জা, য়া—স্ত্রীং, যমুনা নদী। বিদ্যুৎ।

সূর্য্যভক্ত (সূর্য্য—ভক্ত পুষ্প) সং, পুং, বন্ধুক পুষ্পবৃক্ষ। বিং, ত্রিং, সূর্য্যের উপাসক।

সূর্য্যমণি, সূর্য্যাশ্মা (সূর্য্যাশ্মন্, সূর্য্য—মণি রত্ন, অশ্মন্ পাথর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্তমণি। পুষ্পবৃক্ষবিশেষ।

সূর্য্যমুখী; সং, স্ত্রীং, পুষ্পবিশেষ।

সূর্য্যাবর্ত্ত (সূর্য্য—আ—বৃৎ বেষ্টন করা+অ(অন্)—ক) সং, পুং, সূর্য্যমুখ পুষ্পবৃক্ষ।

সূর্য্যাহ্ব (সূর্য্য—আহ্বা নাম) সং, ক্লীং, তাম্র, তাঁবা। পুং, আকন্দগাছ।

সূর্য্যেন্দুসঙ্গম (সূর্য্য—ইন্দু চন্দ্র—সঙ্গম মিলন, দ্বং—স+৭মী—হিং) সং, পুং, অমাবস্যা।

সূর্য্যোঢ় (সূর্য্য—ঊঢ় বহন করা গিয়াছে) সং, পুং, সূর্য্যাস্তের পর আগত অতিথি। অস্তগত সূর্য্য।

সৃক (সৃ গমন করা+কণ্—প্রং) সং, পুং, কুমুদ। পদ্ম। বায়ু। বাণ।

সৃকণ্ডু; সং, স্ত্রীং, কণ্ডুরোগ, চুল্‌কণা।

সৃকাল, সৃগাল (শৃকাল দেখ) সং,পুং,শিয়াল।

সৃক, সৃক্কন, সৃক্কি—ক্লীং, সৃক্কণী—স্ত্রীং (সৃজ্ [থুথু] সৃষ্টি করা+কণ—ক, পক্ষে—কনিন্—ক) সং, ওষ্ঠের প্রান্তভাগ। (ইহা বকারান্তও হয়)।

সৃগ (সৃ গমন করা+গ—প্রং) সং, পুং, ভিন্দিপাল, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ। খর্ব্ব বাণ, ইহা হস্তে করিয়া বা চোঙের ভিতর দিয়া ছুড়িতে হয়।

সৃগাল—পুং, সৃগালী, -লিকা—স্ত্রীং (সৃজ্ সৃষ্টি করা+কালন্—ক) সং, শিয়াল।

সৃজন (সৃজ্ সৃষ্টি করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, সৃষ্টি, নির্ম্মাণ। বর্ষণ।

সৃণি—পুং, সৃণি, সৃণী—স্ত্রীং (সৃ [করিকুম্ভে] গমন করা+নিক্—ক) সং, শত্রু। অঙ্কুশ, ডাঙ্গশ, হস্তিশাসনাস্ত্র।

সৃণিকা, সৃণীকা (সৃ গমনকরা+নি—যোগ, ক—প্রং, কিম্বা সৃ গমন করা+ঈক—প্রং, ন্—আগম। অথবা সৃণি+কন্,আপ) সং, স্ত্রীং, লালা, মুখের জল।

সৃত (সৃ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গত, বিগত।

সৃতি (সৃ গমন করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, গতি, গমন। আঘাত করণ। ক্ষতিকরণ। (+ক্তি—ণ) বর্ত্ম, পথ।

সৃত্বর (সৃ গমন করা+বর(ক্ব...)—ক, শীলাদ্যর্থে, ৎ—আগম) বি...ং, গমনশীল। চঞ্চলস্বভাব।

সৃদাকু (সৃ গমন করা+আকু—প্রং, দ্—আগম) সং, পুং, বায়ু। অগ্নি। বজ্র। প্রতিসূর্য্যক। সূর্য্যমণ্ডল। স্ত্রীং, নদী।

সৃপাটিকা (সৃ গমন করা+পাট—প্রং, কণ্—যোগ, আপ্) সং, স্ত্রীং, চঞ্চু, পাখীর ঠোঁট।

সৃপ্ত (সৃপ্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গত, প্রস্থিত।

সৃপ্র (সৃপ্ গমন করা+র—প্রং) সং, পুং, চন্দ্র, নিশাকর।

সৃমর (সৃ গমন করা+মর(ক্মর)—শীলাদ্যর্থে) সং, পুং, জন্তুবিশেষ। মৃগবিশেষ। বিং, ত্রিং, গমনশীল

সৃষ্ট (সৃজ্ সৃষ্টি করা+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, রচিত, নির্ম্মিত, কৃত। যুক্ত, মিলিত। পরিত্যক্ত। ভূষিত। অধিক। নির্ণীত।

সৃষ্টি (সৃজ্ সৃষ্টি করা+তি(ক্তি)-ভা) সং, স্ত্রীং, নির্ম্মাণ, রচনা। (+ক্তি-র্ম্ম) স্বভাব। জগৎ। শিল্প।

সেঁউতী (সেচনী শব্দজ) নৌকার জল ফেলিবার জন্য কাঠের বাঁশের বেতের বা লৌহাদি নির্ম্মিত পাত্র; যথা— "কাঠের সেঁউতী মোর হৈলা অষ্টাপদ।"

সেঁওতি (সেবন্তী শব্দজ) সং, পুষ্পবিশেষ।

সেঁকুটন (দেশজ) সং, মুখনাসিকা বিকৃতকরণ।

সেঁতান (সিক্ত শব্দজ) বিং, আর্দ্র, ভিজা।

সে ('সঃ' এই পদজাত) সর্ব্বং, বুদ্ধিস্থ ব্যক্তি।

সেই (সে-ই এব শব্দজ) সং, তাহাই।

সেক (সিচ্ জলাদি সেক করা+অ(ঘঞ্)-ভা) সং, পুং, জলপ্রক্ষেপ। ভিজান।

সেকপাত্র (সেক সেচন-পাত্র) সং, ক্লীং, জলসেচনাধার, সিঁউনী প্রভৃতি।

সেকরা (স্বর্ণকার শব্দজ) সং, স্বর্ণজীবী জাতিবিশেষ। [সং, ক্লীং, মূলক, মূল।

সেকিম (সিচ্ সেচন করা+ইম-প্রং)

সেক্তা (সেক্তৃ, সিচ্ সেচন করা+তৃ(তৃন্)-ক) বিং, ত্রিং, সেচনকর্ত্তা। নিষেককর্ত্তা। সং, পুং, ভর্ত্তা, স্বামী।

সেক্ত্র (সিচ্ সেচন করা+ত্র-প্রং) সং, ক্লীং, সেকপাত্র, সেচনী।

সেখ (আরবী) বৃদ্ধব্যক্তি। প্রধান ব্যক্তি। মহম্মদীয় পুরোহিত। মুসলমান জাতিবিশেষ; যাহারা মহম্মদের বংশাবলী।

সেখানে (সে-খানে স্থানে এই পদজ) ক্রিং-বিং, সেইস্থানে, তথায়।

সেগুণ (দেশজ) সং, বৃক্ষবিশেষ।

সেচক (সেক দেখ, অক(ণক)-ক) সং, পুং, মেঘ। বিং, ত্রিং, সেচনকারী।

সেচন (সেক দেখ, অন(অনট্)-ভা) সং, ক্লীং, সেক, উক্ষণ। ক্ষরণ। আর্দ্রীকরণ। নং-ক্লীং, নী-স্ত্রীং, (+অনট্-ণ) সেকপাত্র, জলক্ষেপণপাত্র। [তরমুজ।

সেটু (সিট্ অনাদরকরা+উ-প্রং) সং, পুং,

সেতার (পূর্ব্বে সংস্কৃত ত্রিতন্ত্রী বলিয়া ব্যবহৃত ছিল। যবনরাজাদিগের রাজত্বকালে সঙ্গীতের ক্রিয়াসিদ্ধাংশ উঁহাদের নিকট বিশেষ আদৃত হওয়াতে সংস্কৃত নামের ঐক্য রাখিয়া আমীর খস্রু এই ত্রিতন্ত্রীকে "সেতার" এই আখ্যা প্রদান করেন। পারস্যভাষায় 'সে' শব্দের অর্থ তিন তন্ত্র অর্থাৎ তার) সং, বাদ্যযন্ত্রবিশেষ।

সেতিকা; সং, স্ত্রীং, অযোধ্যা।

সেতু (সি বন্ধন করা+তু(তুন্)-ণ) সং, পুং, জলবন্ধ, ক্ষেত্রাদির আলি, জাঙ্গাল, ভেড়ী। সাঁকো, পুল। মর্য্যাদা।

সেতুবন্ধ (সেতু-বন্ধ বন্ধন, ৭মী-হিং) সং, পুং, ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত হইতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত শ্রেণীবদ্ধ পর্ব্বতশ্রেণী; কথিত আছে হনুমান্ রামের আজ্ঞায় এই সেতু বন্ধন করিয়াছিলেন। শিং-১"সেতুবন্ধে সমুদ্রস্য গঙ্গাসাগরসঙ্গমে। ব্রহ্মহা মুচ্যতে পাপী মিত্রদ্রোহী ন মুচ্যতে।" সাঁকো, পুল। সেতু।

সেত্র (সি বন্ধন করা+ত্র-প্রং) সং, ক্লীং, নিগড়, বেড়ী। [সেখানে, তথায়।

সেথা (সে-থা 'স্থানে' পদজ) বিং, ত্রিং,

সেনা (সি [শত্রু] বন্ধন করা+ন-র্ম্ম, আপ্, কিংবা স সহিত-ইন প্রভু, দলপতি +আপ্) সং, স্ত্রীং, সৈন্য। সৈন্যদল।

সেনাঙ্গ (সেনা-অঙ্গ অবয়ব, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, সৈন্যদলের অবয়ব, হস্তী অশ্ব রথ পদাতি—এই চারি।

সেনাচর; বিং, ত্রিং, সৈন্যভুক্ত ব্যক্তি।

সেনানিবেশ; সং, পুং, শিবির, ছাউনি।

সেনানী, সেনাপতি (সেনা-নী লইয়া যাওয়া+০(ক্বিপ্)-ক, ২য়া-ষ। সেনা-পতি, ৬ষ্ঠী-ষ) সং, পুং, সৈনাধ্যক্ষ। কার্ত্তিকেয়।

সেনামুখ (সেনা-মুখ বদন) সং, ক্লীং, ৩ হস্তী, ৩ রথ, ৯ অশ্ব, ১৫ পদাতি— এতৎসঙ্খ্যক সৈন্য; (অক্ষৌহিণী দেখ)। সেনাগ্রভাগ। পুরদ্বারের সম্মুখবর্ত্তী পথ।

সেফ (সি বন্ধন করা+ফ-ক) সং, পুং, শিশ্ন।

সেভ (শেফ দেখ, শ=স) সং, পুং, শিশ্ন।
সেমন্তী; সং, স্ত্রীং, সেঁউতী ফুল।
সেরু (সি বন্ধন করা+রু—ক) বিং, ত্রিং, বন্ধনকারী।
সেলাম (আরবী) নমস্কার, শান্তি।
সেলামৎ (আরবী সলম্ শান্তি) মঙ্গল, নিরাপদ।
সেলামী (আরবী) জমীদারের নিকট হইতে পাট্টা লইবার সময় যাহা কিছু দেওয়া যায় তাহাকে সেলামী বলে।
সেব (সেব্ সেবা করা+অ(অল্)—ভা) সং, পুং, সেবা।
সেবক (সেব্ সেবা করা+অক(ণক)—ক) বিং, ত্রিং, পরিচারক। দাস, ভৃত্য। সেবাকারী। অনুজীবী। (সিব্ সেলাই করা+অক(ণক)—ক) সীবনকর্ত্তা, দরজী প্রভৃতি।
সেবধি (সেব সেবা—ধা ধারণ করা+ই (কি)—ক) সং, পুং, কুবেরের নিধি, রত্ন শঙ্খ পদ্মাদি।
সেবন (সেবক দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, সেবা। উপাসনা, আরাধনা। উপভোগ। (সিব্ সেলাই করা) সীবন, সেলাই। না—স্ত্রীং, উপাসনা। (+অনট্—ণ) নী—স্ত্রীং, সূচী, ছুঁচ।
সেবা (সেবক দেখ, অ—ভা, আপ্) সং, স্ত্রীং, পরিচর্য্যা, শুশ্রূষা। উপভোগ। আশ্রয়। উপাসনা। [পাণ্ডা।
সেবাত (সেবক শব্দজ) বিং, পূজারী, পূজক,
সেবিত (সেবক দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, উপাসিত, আরাধিত। উপভুক্ত। আশ্রিত। রক্ষিত। অভ্যস্ত, ব্যবহৃত।
সেব্য (সেবক দেখ, য(ঘ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, সেবনীয়, আরাধ্য, উপাস্য। প্রভু। অভ্যাস, অনুশীলন বা ব্যবহার করিবার উপযুক্ত। যত্ন করিবার যোগ্য। সং, ক্লীং, বেণার মূল।
সেব্যমান (সেবক দেখ, আন(শান)—র্ম্ম, য, ম্—আগম) বিং, ত্রিং, আরাধ্যমান, যাহাকে সেবা করা যায়।
সেহার; সং, পুং, দুগ্ধের ন্যায় শুভ্রবর্ণ অশ্ব।

সৈংহ (সিংহ+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সিংহসম্বন্ধীয়। সিংহতুল্য।
সৈংহিক, সৈংহেয় (সিংহিকা ইহার মাতা ইক(ষ্ণিক), এয়(ঢেয়)—অপত্যার্থে) সং, পুং, সিংহিকা-পুত্র, রাহুগ্রহ।
সৈকত (সিকতা বালুকা+অ(ষ্ণ)—ইদমর্থে) সং, ক্লীং, পুলিন, বালুকাময় তট। বিং, ত্রিং, বালুকাময় (স্থান), বালিময়।
সৈকতিক (সিকতা বালুকা ইত্যাদি+ইক (ষ্ণিক)—প্রং) সং, পুং, সন্ন্যাসী। ক্ষপণক। ক্লীং, যাত্রাকালীন বদ্ধ মঙ্গলসূত্র। বিং, ত্রিং, সন্দেহজীবী। ভ্রমজীবী।
সৈকতিল (সিকতা বালুকা+ইল—প্রং। অথবা সিকতিল+ষ্ণ—স্বার্থে) বিং, ত্রিং, সিকতাবিশিষ্ট।
সৈতবাহিনী (সৈত [সিত শুভ্র+ষ্ণ—প্রং] —বাহিনী নদী) সং, স্ত্রীং, বাহুদানদী।
সৈনাপত্য (সেনাপতি+য(ষ্ণ্য)—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সেনাপতির কর্ম্ম বা পদ। বিং, ত্রিং, সেনাপতি-সম্বন্ধীয়।
সৈনিক (সেনা+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, প্রহরী, সেনাভুক্ত ব্যক্তি, সেপাই। সেনাশ্রেণী। সেনারক্ষক। সেনাসমবেত, মিলিত হস্ত্যশ্বরথপদাতি, সেনাভুক্ত পুরুষাদি। বিং, ত্রিং, সেনাসম্বন্ধীয়।
সৈন্ধব (সিন্ধু দেশবিশেষ, সমুদ্র অ(ষ্ণ) —নিবাসার্থে) সং, পুং, অশ্ব ঘোটক। পুং, ক্লীং, সমুদ্রজাত লবণ। বিং, ত্রিং, সিন্ধুদেশীয়। সমুদ্রজাত। বী—স্ত্রীং, রাগিণীবিশেষ।
সৈন্ধী; সং, স্ত্রীং, তালাদির রস, তাড়ী।
সৈন্য (সেনা মিলিত হস্ত্যাশ্বরথপদাতি+য(ষ্ণ্য)—তত্র সমবেতার্থে, স্বার্থে) সং, ক্লীং, শ্রেণীবদ্ধ যোদ্ধা; মৌল ভৃত্য সুহৃৎ শ্রেণী দ্বিষৎ বন্য—এই ৬ প্রকার। পুং, অস্ত্রধারী সেপাই। বিং, ত্রিং, সেনাসমবেত।
সৈমন্তিক (সীমন্ত কেশ-বীথী [যেখানে সিঁদুর দেয়]+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, সিঁদূর। [দৌহিত্র হোসেনের বংশজ।
সৈয়দ (আরবী) প্রধান ব্যক্তি। মহম্মদের

সৈরিক ( সীর লাঙ্গল + ষ্ণিক — প্রং ) সং, পুং, লাঙ্গলিক, লাঙ্গলধারী, কৃষক। হেলে গোরু। বিং, ত্রিং, লাঙ্গলসম্বন্ধীয়।

সৈরন্ধ্রী
সৈরিন্ধ্রী } ( স্বৈর স্বেচ্ছাধীনতা + ধৃ ধারণ করা — অ, ঈপ্, নিপাতন। অথবা সীরন্ধ্র [সীর হল — ধৃ ধারণ করা + অ — ক] কৃষক + অ(ষ্ণ) — প্রং, ঈপ্ — স্ত্রীং ) সং, স্ত্রীং, পরবেশ্মস্থা শিল্পকারিণী, পরগৃহস্থিত স্ববশা শিল্পকারিণী। দ্রৌপদী; ইনি বিরাটরাজার ভবনে এক বৎসরকাল সৈরিন্ধ্রীর কার্য্য করিয়াছিলেন সেই অবধি ইহার নাম সৈরিন্ধ্রী হইয়াছে।

সৈরিভ (সীর লাঙ্গল বা সূর্য্য — ইভ হস্তী + অ(ষ্ণ) — প্রং) সং, পুং, মহিষ। স্বর্গ।

সৈরীয়, সৈরীয়ক
সৈরেয়, সৈরেয়ক } (সৈর [সীর লাঙ্গল + ষ্ণ — প্রং] লাঙ্গলসম্বন্ধীয় "লাঙ্গল ইত্যাদি দ্বারা উন্মূলিত" + ঈয়, এয় — প্রং। কন্ — যোগে, সৈরীয়ক, সৈরেয়ক) সং, পুং, ঝিন্টী, ঝাঁটীবৃক্ষ।

সৈবাল (সেবাল [সেবা — অল্ ভূষিত করা + অ(অন্) — ক] + অ(ষ্ণ) — প্রং ) সং, ক্লীং, শৈবাল, শেয়ালা।

সোঁটা (দেশজ) সং, যষ্টি, লাঠী।

সোজা (দেশজ) বিং, সরল, অবক্র, অকুটিল।

সোঢ় ( সহ্ সহ্য করা + ত(ক্ত) — র্ম্ম ) বিং, ত্রিং, যাহা সহ্য করা হইয়াছে।

সোঢ়া ( সোঢ়, পূর্ব্বে দেখ, তন্ — ক ) বিং, ত্রিং, সহনকারক, সহনশীল, ক্ষমাযুক্ত। শক্ত, সমর্থ। [হিরণ্য।

সোণা ( স্বর্ণ শব্দজ ) সং, সুবর্ণ, কনক,

সোন্না (দেশজ) সং, স্বর্ণকারের চিমৃটা।

সোৎকণ্ঠ ( স সহিত — উৎকণ্ঠা উদ্বেগ, ১মা — হিং ) বিং, ত্রিং, উৎকণ্ঠাযুক্ত, উদ্বিগ্ন, শোককারী।

সোৎপ্রাস (স সহিত — উৎপ্রাস [উদ্ — প্র — অস হওয়া + অ(ঘঞ্) — ভাবে ] অধিক, উদ্যম, ১মা — হিং) সং, পুং·ক্লীং, ঈষৎহাস্যযুক্ত বাক্য। শ্লেষবাক্য। বিং, ত্রিং, বৃদ্ধিযুক্ত, অধিক। সোল্লুণ্ঠ (বাক্য)।

সোদর
সোদর্য্য } (স সমান — উদর পেট, ৬ষ্ঠী — হিং। সোদর + য(ষ্ণ্য) — স্বার্থে) সং, পুং, একগর্ভজ ভ্রাতা। রা, র্য্যা — স্ত্রীং, সহোদরা ভগিনী।

সোনহ; সং, পুং, লশুন, রশুন।

সোন্মাদ ( স সহিত — উন্মাদ বাতুলতা ) বিং, ত্রিং, উন্মত্ত, পাগল।

সোপপ্লব (স সহিত — উপপ্লব রাহু, ১মা — হিং ) বিং, ত্রিং, রাহুগ্রস্ত (চন্দ্র বা সূর্য্য)।

সোপাক; সং,পুং, নীচজাতিব্যক্তি, পুক্কশীর গর্ভে চণ্ডালের ঔরসজাত ব্যক্তি, বধাদিকার্য্য নিয়োগ করিবার উপযুক্ত।

সোপাধিক (স সহিত — উপাধি + কণ্ — প্রং) বিং, ত্রিং, উপাধিযুক্ত।

সোপান (স সহিত — উপান [উপ উর্দ্ধ — অন্ বাঁচা কিন্তু এখানে গমন করা + অ(অল্) — ণ] উর্দ্ধগমন, ১মা — হিং) সং, ক্লীং, আরোহিণী, সিঁড়ী। শিং — ১ "সোপানমার্গেযু চকার শব্দং ঠঠং ঠঠং ঠঃ ঠঠঠং ঠঠং ছঃ।"

সোম
সোমন্ } (সু প্রসব করা + ম, মন্ — ক ) সং, পুং, চন্দ্র। কুবের। যম। বায়ু। বসুবিশেষ। কর্পূর। জল। অমৃত। পর্ব্বত। বানরবিশেষ। যজ্ঞে প্রস্তুত রসবিশেষ, সোমলতার রস। বিং, ত্রিং, সৌম্য, মনোহর। (সহ — উমা) সং, পুং, শিব। [অমাবস্যা।

সোমক্ষয় (সোম চন্দ্র — ক্ষয়) সং, পুং,

সোমগর্ভ (সোম চন্দ্র — গর্ভ ভ্রূণ) সং, পুং, বিষ্ণু, নারায়ন।

সোমজ (সোম চন্দ্র — জ [জন্ উৎপন্ন হওয়া + অ(ড) — ক] উৎপন্ন) সং, ক্লীং, দুগ্ধ। গজ। বুধ। বিং, ত্রিং, চন্দ্রজাত।

সোমতীর্থ (সোম চন্দ্র — তীর্থ পুণ্যস্থান, ৬ষ্ঠী — য, সং, পুং, ভারতবর্ষের পশ্চিম প্রদেশস্থ পুণ্যস্থানবিশেষ, প্রভাসতীর্থ।

সোমধারা (সোম চন্দ্র — ধারা ধারণ) সং, স্ত্রীং, আকাশ, অন্তরীক্ষ।

সোমপ
সোমপা
সোমপীতী
সোমপীথী (সোম যজ্ঞে প্রস্তুত রসবিশেষ—প [পা পানকরা +অ(ড)—ক] যে পান করে, ২য়া—ষ। সোম—পা পান করা+০(ক্বিপ্)—ক, ২য়া—ষ। সোমপীতিন্, সোম—পীতি পান+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যজ্ঞেসোমরসপায়ী।

সোমপত্র (সোম লতাবিশেষ—পত্র পাতা) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

সোমপুতিকা (সোম সোমলতা—পুতিকা পূতিকরঞ্জলতা) সং, স্ত্রীং, পূতিকরঞ্জলতা, যজ্ঞে সোমলতার প্রতিনিধি হইয়া থাকে।

সোমবন্ধু (সোম চন্দ্র—বন্ধু। রাত্রিতে প্রস্ফুটিত হয় বলিয়া) সং, ক্লীং, জলজ পুষ্পবিশেষ, কুমুদ। পুং, সূর্য্য।

সোমযাগ (সোম লতাবিশেষ—যাগ যজ্ঞ) সং, পুং, সোমলতারস-পানাত্মক বর্ষত্রয়সাধ্য যজ্ঞবিশেষ।

সোমযাজী (সোমযাজিন্, সোম—যজ্ যাগ করা+ইন্(ণিন)—ক, অথবা সোম [দ্বারা] —যজ্ পূজা করা+ইন্(ণিন্)—ক) সং, পুং, সোমযাগকর্ত্তা।

সোমযোনি (সোম চন্দ্র—যোনি উৎপত্তিস্থান) সং, ক্লীং, পীতবর্ণ সুগন্ধি চন্দন।

সোমরাজী (সোমরাজিন্, সোম চন্দ্র—রাজ্ দীপ্তি পাওয়া+ইন্—প্রং) সং, পুং, ওষধিবিশেষ, সোমরাজের গাছ। স্ত্রীং, ৬ অক্ষর ছন্দোবিশেষ।

সোমলতা
সোমলতিকা (সোম চন্দ্র—লতা লতানিয়া গাছ) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ লতাবিশেষ।

সোমবল্ক (সোম চন্দ্র—বল্ক গাছের ছাল) সং, পুং, শ্বেত খদির। কট্ফল।

সোমবল্লী (সোম চন্দ্র—বল্লী লতা) সং, স্ত্রীং, গুড়ূচী। সোমলতা। সোমরাজ।

সোমসংজ্ঞ (সোম চন্দ্র—সংজ্ঞা নাম) সং, ক্লীং, কর্পূর।

সোমসিদ্ধান্ত (সোম [চন্দ্র] এই শাস্ত্রগুরু—সিদ্ধান্ত [সত্যতা] যাহার) সং, পুং, শৈবমতাবলম্বী পণ্ডিতবিশেষ। বুদ্ধিবিশেষ। চন্দ্রপ্রোক্ত জ্যোতিষগ্রন্থবিশেষ।

সোমসিন্ধু; সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সোমসুৎ (সোম সোমযাগ—সু প্রসব করা+০(ক্বিপ্)—ক, ভূতকালে) সং,পুং, যাজ্ঞিক, সোমযাগকর্ত্তা, সোমযাগনির্ব্বাহক পুরোহিত।

সোমসুতা (সোম চন্দ্র—সুতা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রেবা, নর্ম্মদা নদী।

সোমসূত্র; সং, ক্লীং, জলনিঃসরণ স্থান।

সোমা (সোমন্, সু প্রসব করা+মন্—ক) সং, পুং, চন্দ্র।

সোমাল (সোম—অল্ [ভূষিত করা] সমতুল্য হওয়া+অ—প্রং) বিং, ত্রিং, কোমল, নরম।

সোমোদ্ভবা (সোম চন্দ্র [চন্দ্রবংশীয়]—উদ্ভব জন্ম, ৬ষ্ঠী—হিং। কিম্বা সোম সোমরস—উদ্ভব, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নর্ম্মদা নদী।

সোয়ার (পারস্য) অশ্বারোহী সেনা।

সোয়ারী (পারস্য) যানবিশেষ।

সোল্লুণ্ঠ (স সহিত—উল্লুণ্ঠ পরিহাস, ১মা—হিং) বিং, ত্রিং, পরিহাসযুক্ত, ঠাট্টার সহিত। পার্শ্বপরিবর্ত্তনাদি যুক্ত।

সোল্লুণ্ঠন (স সহিত—উল্লুণ্ঠ পরিহাস, ১মা—হিং) সং, ক্লীং, পরি[হাস]যুক্ত বাক্য, ঠাট্টা। [কারী।

সোসর (দেশজ) সদৃশ, তুল্য, সমান সাহায্যকারী।

সোহাগ (দেশজ) সং, আদরকরণ, বাৎসল্যকরণ।

সোহাগা (দেশজ) সং, টঙ্কণ।

সোহিনী (সুহনী শব্দজ) রাগিণীবিশেষ। (সোহাগিনী শব্দের অপভ্রংশ); যথা—"শিবসোহিনী।"

সোহেলা (যাবনিক) উৎসব সাময়িক আনন্দগর্ভ গান।

সৌকরিক (সূকর শূয়ার+ইক—প্রং) সং, পুং, শিকারী, ব্যাধ প্রভৃতি।

সৌকর্য্য (সুকর [সু সুখে—কৃ করা+অ (খল্)—র্ম] সুসাধ্য+য(ষ্ণ্য)—ভাবে)

সং, ক্লীং, সুসাধ্যতা, সুবিধা। অনায়াস। শূকরত্ব।

সৌকুমার্য্য (সুকুমার অতিমৃদু+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সুকুমারতা, মার্দ্দব, কোমলতা। যৌবন।

সৌখশায়নিক, সৌখসুপ্তিক (সুখ-শয়ন, সুখ-সুপ্তি+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, সুখ-শয়ন-জিজ্ঞাসু, বৈতালিক। স্তুতিপাঠক।

সৌখীন (সুখ+ঈন—প্রং) বিং, ত্রিং, সুখেচ্ছু, বিলাসী।

সৌখ্য (সুখ+য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, সুখ। সুখসন্তান। সুখধারা, সুখবিস্তৃতি।

সৌগত (সুগত বুদ্ধ+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, বৌধ, নাস্তিক।

সৌগতিক (সুগত বুদ্ধ+ইক(ষ্ণিক)—প্রং) সং,পুং, বৌদ্ধসন্ন্যাসী। সন্ন্যাসী ব্রাহ্মণ। সন্দেহ। ঈশ্বরে অবিশ্বাস, নাস্তিক।

সৌগন্ধ, সৌগন্ধ্য (সুগন্ধ+অ(ষ্ণ), য(ষ্ণ্য)—স্বার্থে) সং, ক্লীং, সুগন্ধ, সৌরভ।

সৌগন্ধিক (সু মনোহর—গন্ধ ঘ্রাণ+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, কহ্লার। নীলোৎপল। পদ্মরাগমণি। পুং, গন্ধক। সুগন্ধদ্রব্য-ব্যবসায়ী, গন্ধবণিক্।

সৌচি, সৌচিক (সূচী ছুঁচ+ই(ষ্ণি),ইক(ষ্ণিক)—জীবত্যর্থে) সং, পুং, সূচী-কর্ম্মোপজীবী, দরজী।

সৌজন্য (সুজন সজ্জন+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সুজনতা, সাধুতা, ভদ্রতা, সদ্ব্যবহার।

সৌত্র, সৌত্রিক (সূত্র+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, ব্রাহ্মণ। ব্যাকরণে—গণপাঠধৃতধাতুবৎ দৃষ্টপ্রয়োগ নয় অথচ কেবল শব্দবিশেষসাধনার্থ স্বীকৃত সূত্রনিবেশিত ধাতুবিশেষ, যাহা হইতে কেবল ধাতুসিদ্ধবিশেষ্য সাধিত হয়। বিং, ত্রিং, সূত্রসম্বন্ধীয়, সূত্রানুযায়ী।

সৌদামনী, সৌদামিনী, সৌদাম্নী (সুদামন্ ইন্দ্রের হস্তী+ষ্ণ, ঈ—পত্ন্যর্থে, নিপাতন। ২য় পক্ষে ই—আগম। ৩য় পক্ষে অ—লোপ কিংবা সুদামা মালা+অ(ষ্ণ)—ভবার্থে, ঈপ্, সৌদামনী অর্থাৎ মালাকার। অথবা স্বামী বলেন সুদামন্ পর্ব্বত+অ(ষ্ণ), ঈপ্, অর্থাৎ স্ফটিকময় পর্ব্বত প্রান্তভাগভবা বিদ্যুৎ অতিস্ফুট হয়) সং, স্ত্রীং, তড়িৎ, বিদ্যুৎ। অপ্সরাবিশেষ।

সৌদায়িক (সুদায় বন্ধুকুল, যৌতুকাদি দান+ইক(ষ্ণিক)—প্রং) বিং, ত্রিং, স্ত্রী-ধনবিশেষ, পিতৃ মাতৃ ভর্ত্তৃকুল হইতে লব্ধধন।

সৌধ (সুধা চূণ+অ(ষ্ণ)—সংসর্গার্থে) সং, পুং—ক্লীং, রাজসদন, প্রাসাদ। ইষ্টকাদি নির্ম্মিত ভবন, হর্ম্ম্য, কোটাবাড়ী। সুধা-ধবলিত গৃহ। বিং, ত্রিং, সুধাসিত।

সৌনন্দ; সং, ক্লীং, বলদেবের মুষল।

সৌনন্দী (সৌনন্দিন্, সৌনন্দ ইহাঁর মুষল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মুষলী, বল-দেব।

সৌনিক (সূনা বধ্যভূমি+ইক(ষ্ণিক)—প্রং) সং, পুং, পশুপক্ষীর মাংসবিক্রয়-কর্ত্তা, কসাই।

সৌন্দর্য্য (সুন্দর+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, সুন্দরতা, রূপ, সুশ্রীকতা।

সৌপর্ণ (সুপর্ণ গরুড়+অ(ষ্ণ)—স্বার্থে) সং, পুং, গরুড়। মরকত মণি। বিং, ত্রিং, সুপর্ণসম্বন্ধীয়।

সৌপর্ণেয় (সুপর্ণী বিনতা+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, গরুড়। মরকত মণি। গায়ত্র্যাদি ছন্দ। শিং—১ "গায়ত্র্যাদীনিছন্দাংসি সৌপর্ণেয়ানি পাক্ষিণঃ।" বিং, ত্রিং, সুপর্ণসম্বন্ধীয়।

সৌপ্তিক (সুপ্ত [নিদ্রা] বা নিদ্রার সময়+ইক(ষ্ণিক)—প্রং) সং, ক্লীং, রাত্রি-যুদ্ধ, নিশা-রণ। মহাভারতের পর্ব্ববিশেষ। বিং, ত্রিং, সুপ্তসম্বন্ধীয়। [রাজাবিশেষ।

সৌভ; সং,ক্লীং, হরিশ্চন্দ্র রাজার পুরী। পুং,

সৌভদ্র, সৌভদ্রেয় (সুভদ্রা কৃষ্ণের ভগিনী+অ(ষ্ণ), এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, সুভদ্রার পুত্র, অভিমন্যু। সুভদ্রা হরণ করাতে যে যুদ্ধ ঘটিয়াছিল।

সৌভাগিনেয় (সুভগা+এয়(ঢ়েয়)—অপত্যার্থে) সং, পুং, সুভগা স্ত্রীর পুত্র।

সৌভাগ্য (সুভগ ভাগ্যবান্, সুন্দর, প্রিয় +ষ(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, শুভাদৃষ্ট। যোগবিশেষ। মনোহরত্ব। সৌন্দর্য্য। বল্লভত্ব। সুভগত্ব। প্রিয়ত্ব। রক্তসীসক। পুং, যোগবিশেষ। [বাজীকর।

সৌভিক (সৌভ+ইক–প্রং) সং, পুং,

সৌভ্রাত্র (সুভ্রাতৃ উত্তম ভ্রাতা+ষ(ষ্ণ)– ভাবে) সং, ক্লীং, সুভ্রাতৃত্ব, ভ্রাতৃবর্গের পরস্পর স্নেহ।

সৌমনস্য (সুমনস্ প্রীত+য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, প্রীতি। প্রসন্নতা।

সৌমিত্র, সৌমিত্রি (সুমিত্রা ইহার মাতা +অ(ষ্ণ), ই(ষ্ণি) – অপত্যার্থে) সং, পুং, সুমিত্রা-পুত্র, লক্ষ্মণ, শত্রুঘ্ন।

সৌমেধিক (সু শ্রেষ্ঠ – মেধা ধারণাবতী বুদ্ধি+ইক(ষ্ণিক) – প্রং) সং, পুং, সিদ্ধ, মুনি প্রভৃতি। যাহার দিব্য জ্ঞান আছে। বিং, ত্রিং, উত্তম মেধাবিশিষ্ট।

সৌমেরুক (সুমেরু সেই পর্ব্বত+কণ্– যোগ, অ – প্রং) সং, ক্লীং, সুবর্ণ। বিং, ত্রিং, সুমেরুসম্বন্ধীয়।

সৌম্য (সোম চন্দ্র+য(ষ্ণ্য) – অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, সোমের পুত্র, বুধগ্রহ। বিপ্র। জগতের একখণ্ডবিশেষ। বিং,ত্রিং, সুন্দর, মনোজ্ঞ, সুদৃশ্য। প্রসন্ন। সাধু। সোমদৈবত। শান্তমূর্ত্তি। নিপুণ।

সৌম্যধাতু; সং, পুং, কফ, শ্লেষ্মা।

সৌর (সূর সূর্য্য+অ(ষ্ণ) – অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, শনি। যম। মনুবিশেষ। বালী। সুগ্রীব। কর্ণ। সূর্য্যের উপাসক। বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়।

সৌরজগৎ (Solar System) এক সূর্য্য ও তাহার চতুর্দ্দিকে পরিভ্রমণকারী গ্রহগণ এবং তাহাদের পারিপার্শ্বিক—এই সমস্ত।

সৌরভ (সুরভি সুগন্ধ+অ(ষ্ণ) – প্রং) সং, ক্লীং, কুঙ্কুম। সুগন্ধ। সৌন্দর্য্য। কুকুরবিশেষ।

সৌরভেয় (সুরভি গাভি+এয়(ঢ়েয়) – অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, বৃষ, ষাঁড়। স্ত্রী – স্ত্রীং, গবী। সুরভিকন্যা। বিং, ত্রিং, সুরভিসম্বন্ধীয়।

সৌরভ্য (সুরভি সুগন্ধ+য(ষ্ণ্য) – প্রং) সং, ক্লীং, সুগন্ধ। সৌন্দর্য্য। কুঙ্কুম। কুক্কুরবিশেষ। পুং, কুবের।

সৌরসেন; সং, পুং, স্কন্দ, কার্ত্তিকেয়।

সৌরসৈন্ধব (সুরসিন্ধু দেবতাদিগের নদী +অ(ষ্ণ) – যোগ) সং, পুং, সূর্য্যঘোটক। বিং, ত্রিং, সুরসিন্ধুসম্বন্ধীয়।

সৌরাজ্য (সু – রাজন্ + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, সাধুরাজ-বিশিষ্টত্ব, সুরাজত্ব।

সৌরাষ্ট্র (সুরাষ্ট্র সুরাজা+অ(ষ্ণ) – প্রং) সং, পুং, দেশবিশেষ, সুরাট্‌দেশ। পুং, বহুং, তদ্দেশীয় লোক। ক্লীং, কাংস্য। স্ত্রী – স্ত্রীং, সৌরাষ্ট্রদেশীয় সুগন্ধিমৃত্তিকা।

সৌরাষ্ট্রিক (সুরাষ্ট্র দেশবিশেষ+ষ্ণিক – প্রং) বিং, ত্রিং, সুরাষ্ট্রদেশসম্বন্ধীয়। পুং, বিষবিশেষ।

সৌরি (সূর সূর্য্য+ই(ষ্ণি) – অপত্যার্থে) সং, পুং, শনৈশ্চর। যম। অসনবৃক্ষ। (সূরি+ই(ষ্ণি) – অপত্যার্থে) কৃষ্ণ। বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়।

সৌরিক (সুর দেবতা, সুরা মদ্য+ইক (ষ্ণিক) – প্রং) সং, পুং, স্বর্গ। সুরাবিক্রয়কারী। বিং, ত্রিং, স্বর্গীয়। সুরাসম্বন্ধীয়।

সৌরিরত্ন; সং, ক্লীং, নীলকান্ত মণি।

সৌব (স্ব স্বয়ং+অ(ষ্ণ) – প্রং) বিং, ত্রিং, স্বীয়, স্বকীয়। সং,ক্লীং, রাজাজ্ঞা ঘোষণা-পত্র।

সৌবগ্রামিক (স্বগ্রাম+ইক(ষ্ণিক) – প্রং) বিং, ত্রিং, স্বগ্রামোৎপন্ন, নিজগ্রামজাত।

সৌবর (স্বর+অ – প্রং) বিং, ত্রিং, স্বরসম্বন্ধীয়।

সৌবর্গ (স্বর্গ+ষ্ণ) বিং, ত্রিং, স্বর্গীয়। সং, পুং, সুর।

সৌবর্চ্চল (সুবর্চ্চল দেশবিশেষ+অ(ষ্ণ) – প্রং) সং, ক্লীং, লবণবিশেষ, সচলবণ। ক্ষার, সোরা।

সৌবর্ণ (সুবর্ণ সোনা+অ(ষ্ণ) – বিকারার্থে) বিং, ত্রিং, সুবর্ণময়, স্বর্ণনির্ম্মিত।

সৌবস্তিক (স্বস্তি মঙ্গল+ইক(ষ্ণিক) – প্রং, ব=ঔব) সং, পুং, পুরোহিত। বিং, ত্রিং, স্বস্তিবাচক, মঙ্গলকারক, হিতজনক

সৌবিদল্ল, সৌবিদ (সুবিদ্ [সু শোভন – বিদ্ জানা + ০ (ক্বিপ্) – ক] পণ্ডিত – অং গমন করা + ০ (ক্বিপ্) – ক, সুবিদৎ রাজা – লা গ্রহণকরা + অ(ড) – ক, ২য়া – ষ, সুবিদল্ল অন্তঃপুর + অ(ষ্ণ) – তত্র নিযুক্তার্থে) সং, পুং, অন্তঃপুর-রক্ষক, কঞ্চুকী।

সৌবীর, সৌবীর্য্য (সুবীর দেশবিশেষ + অ (ষ্ণ), য(ষ্ণ্য) – প্রং) সং, পুং, সিন্ধুনদের নিকটবর্ত্তী দেশবিশেষ। ক্লীং, বদর, কুল। কাঞ্জিক, আমানী।

সৌবীরক ; সং, ক্লীং, কাঞ্জিকবিশেষ। সং, পুং, বদরবৃক্ষ।

সৌবীরাঞ্জন ; সং, ক্লীং, অঞ্জনবিশেষ।

সৌষ্ঠব (সুষ্ঠু + অ (ষ্ণ) – ভাবে) সং, ক্লীং, সৌন্দর্য্য। উৎকর্ষ। আধিক্য, প্রাচুর্য্য। "স সৌষ্ঠবৌদার্য্যবিশেষশালিনীম্।" নাটকের অংশবিশেষ। লঘুতা, ক্ষিপ্রতা।

সৌসাদৃশ্য (সুসদৃশ + য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, উত্তমসাদৃশ্য, মিল।

সৌহার্দ্দ, সৌহার্দ্দ্য, সৌহৃদ, সৌহৃদ্য } (সুহৃদ্ মিত্র + অ (ষ্ণ), য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, সখ্য, প্রণয়, বন্ধুত্ব। সৌজন্য।

সৌহিত্য (সুহিত তৃপ্ত + য(ষ্ণ্য) – ভাবে) সং, ক্লীং, অতিতৃপ্তি, সন্তোষ। শিং – ১ "নাতি সৌহিত্যমাচরেৎ।" পর্য্যাপ্ত-ভোজন।

স্কন্দ (স্কন্দ্ গমন করা + অ(অন্) – ক) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন। শরীর। নদী-তট। রাজা। বিদ্বান্, দক্ষ। পারদ। (+ অস্ – ভাবে) গতি।

স্কন্দন (স্কন্দ্ গমন করা, শুষ্ক করা + অন (অনট্) – ভা) সং, ক্লীং, গতি। রেচন। ক্ষরণ। শোষণ। শৈত্য প্রয়োগ করিয়া রক্তস্রাব নিবারণ।

স্কন্দাংশক (শিবের বীর্য্যে উৎপত্তি ও স্কন্দের অংশ আছে বলিয়া) সং, পুং, পারদ।

স্কন্ধ (ক মস্তক – ধা ধারণ করা + অ(ড) – ক, স্ – আগম) সং, পুং, অংস, কন্ধরা, কাঁধ। শরীর। ব্যূহ, সৈন্যরচনা। মূল অবধি শাখানির্গম স্থান পর্য্যন্ত বৃক্ষভাগ, গাছের গুঁড়ি। সৈন্যাধ্যক্ষ। যুদ্ধ। সমূহ। পথ। নৃপতি, রাজা। অভিষেক সামগ্রী। সেনাবিভাগ। বক, কোঁচবক। চুক্তি, নির্দ্দিষ্ট কার্য্য। বিজ্ঞ প্রাচীন মনুষ্য। পণ্ডিত, শিক্ষক। ককুদ্, ষাঁড়ের ঝুঁটি। পঞ্চ ইন্দ্রিয়ের পঞ্চবিষয় রসগন্ধাদি। ছন্দোবিশেষ। গ্রন্থপরিচ্ছেদ, গ্রন্থের অধ্যায়। বৌদ্ধমতে জ্ঞানের পঞ্চ অংশ—বিষয়প্রপঞ্চ—রূপস্কন্ধ; বিষয়জ্ঞানপ্রপঞ্চ—বেদনাস্কন্ধ; আলয়বিজ্ঞানপ্রপঞ্চ—বিজ্ঞানস্কন্ধ; নামপ্রপঞ্চ—সংজ্ঞাস্কন্ধ; বাসনাপ্রপঞ্চ—সংস্কারস্কন্ধ। ন্ধা – স্ত্রীং, শাখা। লতা।

স্কন্ধচাপ (স্কন্ধ কাঁধ – চাপ ধনুক) সং, পুং, ভারযষ্টি, বাঁক।

স্কন্ধজ (স্কন্ধ গাছের গুঁড়ি – জ [জন্ জন্মান + অ(ড) – ক] জাত) সং, পুং, আগাছা, যাহা অন্য গাছের গুঁড়িতে জন্মে।

স্কন্ধতরু (স্কন্ধ গাছের গুঁড়ি – তরু বৃক্ষ) সং, পুং, নারিকেল বৃক্ষ।

স্কন্ধদেশ (স্কন্ধ – দেশ অংশ, য়ং – স) সং, পুং, অংস, কন্ধরা, কাঁধ। হস্তিস্কন্ধ, যে স্থানে হস্তিপক উপবেশন করে।

স্কন্ধমল্লক ; সং, পুং, কঙ্কপক্ষী।

স্কন্ধরুহ (স্কন্ধ গাছের প্রধান গুঁড়ি – রুহ যে জন্মে) সং, পুং, বটবৃক্ষ।

স্কন্ধবন্দনা ; সং, স্ত্রীং, মধুরিকা।

স্কন্ধবাহ, স্কন্ধবাহক (স্কন্ধ কাঁধ – বাহ, বাহক যে বহন করে, ৩য়া – ষ) সং, পুং, স্কন্ধ দ্বারা শকটাদিবাহক বৃষ, বলদ বা ভারবাহী।

স্কন্ধশাখা (স্কন্ধ গুঁড়ি – শাখা, ৬ষ্ঠী – ষ) সং, স্ত্রীং, বৃক্ষের প্রধান শাখা।

স্কন্ধশৃঙ্গ (স্কন্ধ কাঁধ – শৃঙ্গ শিং) সং, পুং, লুলাপ, মহিষ।

স্কন্ধাগ্নি ; সং, পুং, বৃহৎ কাষ্ঠাগ্নি।

স্কন্ধাবার (স্কন্ধ রাজা, সৈন্য – আ – বৃ আবরণ করা + অ(ঘঞ্) – ক) সং, পুং, সেনাবিশেষ, কটক। রাজার শরীররক্ষক সেনা। সেনানিবেশ, তাম্বু, শিবির, ছাউনি। রাজধানী। [শকটাদিবাহক বৃষ।

স্কন্ধিক (স্কন্ধ কাঁধ + ইক – প্রং) সং, পুং,

স্কন্ধী (স্কন্ধিন্, স্কন্ধ গাছের গুঁড়ি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তরু, বৃক্ষ। বিং,ত্রিং, স্কন্ধসম্বন্ধীয়।

স্খন্ন (স্কন্দ্ গমন করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং,চ্যুত, পতিত। ক্ষরিত। গত। শুষ্ক।

স্তম্ভন (স্তন্‌ভ্ রোধ করা+অনট্—ভা) সং, ক্লীং,শব্দ। রোধ।

স্খদন (স্খদ্ বিদীর্ণ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিদারণ। পরাজয়। ক্লেশোৎপাদন। বিনাশন।

স্খলৎ (স্খল্ পিছলিয়া যাওয়া+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, যে স্খলিত হইতেছে, অথবা স্খলিত হওয়া যাহার স্বভাব।

স্খলন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, পিছলন। প্রতিঘাত। উছট খাওয়া। ধর্ম্ম হইতে পতন। ভ্রংশ, পতন। মোচন। ধাক্কা। ভ্রম হওন। ক্ষোভ। বিকল হওন, বিকৃতি। বাক্যের অর্দ্ধ উচ্চারণ। ভ্রমবশতঃ অনুদ্দিষ্ট বাক্য কথন। আঘাতাদি দ্বারা চাঞ্চল্য। স্থানচ্যুতি। বিফলহওন। বিরুদ্ধাচরণ।

স্খলিত (স্খলৎ দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, স্খলন। পতন। চলন। যুদ্ধে কূটপ্রয়োগ। (+ক্ত—ক) বিং, ত্রিং, পতিত, চ্যুত, ভ্রষ্ট। গত, চলিত। বিচলিত। কুণ্ঠিত। অর্দ্ধোচ্চরিত। প্রতিহত। বিকৃত। মত্ত। [পুং, বক্ষোজ, পয়োধর, কুচ।

স্তন (স্তন্ শব্দ করা+অ(অল্)—র্ম্ম) সং,

স্তনন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, শব্দ, ধ্বনি। মেঘধ্বনি। কাতরধ্বনি।

স্তনন্ধয় } (স্তন—ধে পান করা+অ(খশ্)
স্তনপ } —ক, পা পান করা+অ(ড)—ক) সং, পুং, য়ী, পা—স্ত্রীং, স্তন্যপায়ী, অতি শিশু।

স্তনভব ; সং, পুং, রতিবন্ধবিশেষ।

স্তনয়িত্নু (স্তন্-ণিচ্=স্তনি শব্দ করা+ইত্নু—ক, শীলাদ্যর্থে) সং, পুং, পুং, মেঘ। বিদ্যুৎ। মস্তক, মুস্তা। (+ইত্নু—ভাবে) মেঘধ্বনি। পীড়া। মৃত্যু।

স্তনমুখ, স্তনবৃন্ত—পুং } (স্তন—মুখ, বৃন্ত
স্তনশিখ—স্ত্রীং, স্তনাগ্র—ক্লীং } বোঁটা, শিখা চূড়া, অগ্র অগ্রভাগ, ৬ষ্ঠী—ষ) সং, চুচুক, কুচাগ্র, স্তনের বোঁটা।

স্তনান্তর (স্তন—অন্তর মধ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্তনদ্বয়ের মধ্যভাগ, হৃদয়, বক্ষঃস্থল। স্তনদ্বয়ের মধ্যভাগস্থিত চিহ্নবিশেষ, যাহা দ্বারা ভাবি বৈধব্য সূচিত হয়।

স্তনিত (স্তন্-ণিচ্=স্তনি শব্দ করা+ত(ক্ত)—ভাবে) সং, ক্লীং, বজ্রধ্বনি। মেঘধ্বনি। রতিশব্দ। গর্জিত। করতালি শব্দ। (+ক্ত—র্ম্ম) শব্দিত। (+ক্ত—ক) বিং, ত্রিং, শব্দকারক।

স্তনিতফল ; সং, পুং, বিকণ্টকবৃক্ষ।

স্তন্য (স্তন+য(ষ্যৎ)—ইদমর্থে) সং, ক্লীং, স্তনদুগ্ধ, মাইদুধ।

স্তন্যজীবী, স্তন্যপায়ী, (Mamalia, স্তন্যজীবিন্, স্তন্য স্তনদুগ্ধ—জীবী যে বাঁচে, ৩য়া—ষ। স্তন্যপায়িন্, স্তন্য স্তনদুগ্ধ—পায়ী যে পান করে, ৩য়া—ষ) সং, পুং, যাহারা স্তন্যপান করিয়া বর্দ্ধিত ; যথা —"মনুষ্য, গো, মহিষাদি ; ইহারা জরায়ুজ।

স্তব্ধ (স্তন্‌ভ্ স্থির হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্তম্ভিত, জড়ীভূত, স্তব্ধ। দৃঢ়ীভূত। মূর্চ্ছিত। বধির।

স্তব্ধকর্ণ ; বিং, ত্রিং, নিশ্চলোর্দ্ধকর্ণ।

স্তব্ধরোমা (—রোমন্, স্তব্ধ দৃঢ়ীভূত—রোমন্ লোম) সং, পুং, বরাহ, শূকর।

স্তভ (স্তন্‌ভ্ স্থির হওয়া+অ—প্রং) সং, পুং, অজ, ছাগ।

স্তম্ব (স্থা থাকা+অম্বচ্—ক) সং, পুং, কাণ্ড, ধান্যাদি বৃক্ষের ডাঁটা। স্কন্ধহীন বৃক্ষ, ঝাড়। গোছা, তৃণাদরি আটি। হস্তিবন্ধনস্তম্ভ। ক্লীং, খুঁটি, থাম। অজ্ঞান অবস্থা। [সং, পুং, ব্রীহি, ধান্য।

স্তম্বকরি (স্তম্ব গোছা—কৃ করা+ই—ক)

স্তম্বঘন, স্তম্বঘ্ন (স্তম্ব গোছা—ঘন, ঘ্ন [হন্ বধ করা,ছেদনকরা+অ(টক্)—ক, হন্=ঘন, ঘ্ন] যে ছেদন করে) সং, পুং, তৃণাদি ছেদনের অস্ত্র, কাস্ত্যা প্রভৃতি।

স্তম্বেরম (স্তম্বে আলানে—রম্ ক্রীড়াকরা +অ(অনু)—ক) সং, পুং, হস্তী, গজ।

**স্তম্ভ** ( স্তন্ভ দেখ, অ(অন্)-ক ) সং, পুং, থাম, খুঁটি। বৃক্ষগুঁড়ি। (+অল্-ভাবে) অচঞ্চলতা, স্থিরীভাব। জড়ীভাব। প্রতিবন্ধ, রোধ। শীতাদি নিবন্ধন জড়তা। রোগাদিহেতু অজ্ঞান অবস্থা। ইন্দ্রজাল দ্বারা চেষ্টারোধ।

**স্তম্ভকর** ; সং, পুং, বেষ্টন।

**স্তম্ভন** ( স্তন্ভ দেখ, অন(অনট্)-ভা ) সং, ক্লীং, অবরোধ। নিবারণ, থামান। স্থিরীকরণ। দৃঢ়করণ। জড়ীকরণ। রক্তে গতিরোধ। ইন্দ্রজাল দ্বারা চেষ্টারোধ। তন্ত্রে—ষট্কর্ম্মান্তর্গত অভিচার-বিশেষ। (+অনট্-ণ) জড়ীকরণ সাধন। (+অন-ক) পুং, কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণ; যথা—"উন্মাদনঃ শোষণশ্চ তাপন স্তম্ভনস্তথা। সম্মোহনশ্চ পঞ্চৈতে বিখ্যাতাঃ কামশায়কাঃ।"

**স্তম্ভিত** (স্তন্ভ-ণি=স্তন্ভি+ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, জড়ীকৃত। স্থিরীকৃত। নিবারিত। অবরুদ্ধ। দৃঢ়ীকৃত।

**স্তর** ( স্তৃ আস্তরণ করা+অ(অল্)-র্ম্ম ) সং, পুং, তবক, থাক্, ভূমি প্রভৃতির বিভাগবিশেষ। তল্প, শয্যা।

**স্তরিমা** (স্তরিমন্, স্তৃ আস্তরণকরা+ইমন্-প্রং) সং, পুং, তল্প, শয্যা। [ধূঁয়া।

**স্তরী** (স্তৃ আচ্ছাদন করা+ঈপ্) সং, স্ত্রীং,

**স্তব**—পুং } (স্তু স্তুতি করা+অ(অল্)
**স্তবন**—ক্লীং } অন(অনট্)-ভা) সং, পুং, স্তুতি, প্রশংসা, গুণবর্ণন।

**স্তবক** ( স্থা থাকা+অবক-ক, নিপাতন ) সং, পুং, গুচ্ছ, থলো। সমূহ। গ্রন্থের পরিচ্ছেদ। (স্তব+কণ্) স্তব। বিং, ত্রিং, স্তবকারক।

**স্তবকিত** ( স্তবক+ইত-প্রং ) বিং, ত্রিং, গুচ্ছীকৃত, তোড়া। যাহার স্তবক হইয়াছে। [পুং, ইন্দ্র, দেবরাজ।

**স্তবেষ্য** ( স্তু স্তুতি করা+এষ্য-প্রং ) সং

**স্তাবক** (স্তু স্তব করা+অক(ণক)-ক) সং, পুং, স্তুতিকারক, গুণগায়ক।

**স্তিমিত** ( স্তিম্ ক্লিন্ন হওয়া+ত(ক্ত)-ক ) বিং, ত্রিং, আর্দ্র, ভিজা। নিশ্চল, স্থির, জড়; যথা—স্তিমিতলোচন। (+ক্ত-ভা) সং, ক্লীং, আর্দ্রতা। জড়তা, নিশ্চলতা। [পুং, সমুদ্র। বাধা, প্রতিবন্ধ।

**স্তিস্তি** ( স্তন্ভ দেখ, ই-প্রং, অ-ই ) সং,

**স্তৌর্ম্মি** ; সং, পুং, নভঃ। রুধির। তৃণজাতি। অধ্বর্য্যু। পয়ঃ। শক্র।

**স্তুত** (স্তব দেখ, ত(ক্ত)-র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত। সঙ্কীর্ত্তিত, যাহার স্তবকরা যায়।

**স্তুতি** ( স্তব দেখ, তি(ক্তি)-ভা ) সং, স্ত্রীং, প্রশংসা, স্তব, গুণকথন। দুর্গা। শিং-১। "স্তুতিঃ সিদ্ধিরিতি খ্যাতা স্ত্রিয়াঃ সংপ্রস্তুণাচ্চ সা।"

**স্তুতিপাঠক, স্তুতিব্রত** ( স্তুতি স্তব-পাঠক যে পাঠ করে, ২য়া-ষ। স্তুতি-ব্রত নিয়ম, ৬ষ্ঠী-হিং ) সং, পুং, রাজাদের যাত্রাকালীন বীরত্বাদির স্তবকর্ত্তা, বন্দী। সূত, মগধজাতি।

**স্তুতিবাদ** ( স্তুতি-বাদ বাক্য, ৬ষ্ঠী-ষ ) সং, পুং, প্রশংসা বাক্য।

**স্তুত্য** ( স্তব দেখ, য(ক্যপ্)-র্ম্ম ) বিং, ত্রিং, স্তোত্রার্হ, স্তবের যোগ্য।

**স্তুভক, স্তুভ** ( স্তুভ্ স্তব্ধ হওয়া+অ-প্রং ) সং, পুং, অজ, ছাগ।

**স্তূপ** ( স্তূপ্ উন্নত হওয়া, রাশিকরা+অ(অন্)-ক) সং, পুং, রাশি, সমূহ। ঢিবী, রাশীকৃত ( মৃত্তিকাদি )। নিষ্প্রয়োজন।

**স্তূয়মান** ( স্তব দেখ, আন(শান)-র্ম্ম ) বিং, ত্রিং, যাহার স্তব করা যাইতেছে।

**স্তেন** (স্তেন্ চুরি করা+অ(অন্)-ক) সং, চোর, তস্কর। বর্ণসঙ্কর জাতিবিশেষ। দেবাদিকে নিবেদনীয় অন্নাদিভোক্তা। শিং-১ "ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ। তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্ক্তে স্তেন এব সঃ।" (+অল্-ভাবে) ক্লীং, চৌর্য্য, চুরি।

**স্তেম** ( স্তিম্ ক্লিন্ন হওয়া+অ(অল্)-ভা ) সং, পুং, আর্দ্রীভাব, সরসতা।

**স্তেয়** } (স্তেন্ চুরি করা+য-প্রং, ন
**স্তৈন** } -লোপ। স্তেন চোর+অ(ষ্ণ),
**স্তৈন্য** } য(ষ্ণ্য)-ভাবে) সং, ক্লীং, চৌর্য্য, অপহরণ।

স্তেয়ী (স্তেয়িন্, স্তেয় চৌর্য্য+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চৌর, তস্কর। স্বর্ণকার, সেকরা।

স্তৈমিত্য (স্তিমিত+য(ষ্যঞ)—ভাবে) সং, ক্লীং, আর্দ্রতা। জড়তা।

স্তোক (স্তুচ্ নির্ম্মল হওয়া, প্রসন্ন হওয়া+অ(ঘঞ)—র্ম্ম) বিং, ত্রিং, অল্প, ঈষৎ। প্রবোধ। সং,পুং, চাতকপক্ষী। জলবিন্দু। ক্রিং—বিং, অল্পে অল্পে। শিং—১ "বিয়ন্তি বহুতরং স্তোকমূর্ব্ব্যাং প্রযান্তি।"

স্তোকক (স্তোক ঈষৎ—কৈ শব্দ করা+অ(ক)—ক) সং, পুং, চাতকপক্ষী।

স্তোতা (স্তোতৃ, স্তু স্তব করা+তৃ(তৃন্)—ক) বিং, ত্রিং, স্তবকর্ত্তা, স্তুতিকারক। স্তুত, বন্দী।

স্তোত্র (স্তোতা দেখ, ত্র—ভাবে) সং, ক্লীং, স্তুতি, স্তব, আরাধনা বাক্য।

স্তোত্রিস্; স্তোত্রসাধন (ঋগাদি)।

স্তোভ (স্তুভ্ স্তব্ধ হওয়া+অ(অল্)—ভা) সং, পুং, স্তম্ভন। বাধা দেওয়া, আটক করা। অগৌরব, অসম্মান, গ্লানি। সামবেদের বিচ্ছেদ। নিরর্থক শব্দ।

স্তোম (স্তোম্ প্রশংসা করা ইত্যাদি+অ(অল্)—র্ম্ম) সং, পুং, রাশি, সমূহ। শিং—১ "শব্দস্তোমমহানিধিঃ।" যজ্ঞ। (+অল্—ভাবে) স্তব। (+অল্—র্ম্ম) ক্লীং, ধন। মস্তক। শস্য। ভাটক। লৌহাগ্রদণ্ড। বিং, ত্রিং, বক্র, বাঁকা। নত।

স্ত্যান (স্ত্যৈ শব্দ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, সংহত, মিলিত। আঘ্রাণ। ঈষৎ শুষ্ক কর্দম। মসৃণ। স্থূল। ধ্বনিত, শব্দিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, প্রতিধ্বনি। শব্দ। সংহতি। ঘনত্ব। সান্দ্রতা। আলস্য।

স্ত্যেন (স্ত্যৈ শব্দ করা ইত্যাদি+ইন্—প্রং) সং, পুং, চোর। অমৃত।

স্ত্রী (স্ত্যৈ শব্দকরা+র(ড্ ট্)—র্ম্ম, ঈপ্) সং, স্ত্রীং, যোষিৎ, অবলা, নারী। পত্নী, ভার্য্যা।

স্ত্রী-আচার; সং, পুং, বিবাহকালীন স্ত্রীদিগের ব্যবহারের অঙ্গবিশেষ।

স্ত্রীঘোষ (স্ত্রী—ঘোষ শব্দ) সং, পুং, প্রত্যুষ, প্রভাত।

স্ত্রীচিত্তহারী (—হারিন্, স্ত্রী—চিত্ত—হারী যে হরণ করে) বিং, ত্রিং, মনোহর। পুং, ঘোরস্তবৃক্ষ।

স্ত্রীচিহ্ন (স্ত্রী—চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ভগ, যোনি।

স্ত্রীচোর (স্ত্রী—চোর চোর) সং, পুং, কামুক, লম্পট।

স্ত্রীজননী; সং, স্ত্রীং, কেবল কন্যাপ্রসবিনী।

স্ত্রীজিত (স্ত্রী—জিত পরাজি[illegible]া—ষ) সং, পুং, স্ত্রীর বশীভূত প[illegible] স্ত্রৈণ।

স্ত্রীত্ব (স্ত্রী+ত্ব—ভাবে) সং, ক্লীং, নারীত্ব, স্ত্রীর-ধর্ম্ম। স্ত্রীলিঙ্গ।

স্ত্রীধন; সং, ক্লীং, স্ত্রীলোকের স্বত্ববৎ বস্তু।

স্ত্রীধর্ম্ম (স্ত্রী—ধর্ম্ম স্বাভাবিক অবস্থা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঋতু, রজঃ। স্ত্রীলোকের কর্ত্তব্য কর্ম্ম।

স্ত্রীধর্ম্মিণী (স্ত্রীধর্ম্ম+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, ঋতুমতী, রজস্বলা।

স্ত্রীধর্ষণ; সং, ক্লীং, স্ত্রীলোকের উপর বলপ্রকাশ, বলাৎকার।

স্ত্রীপর (স্ত্রী—পর রত, ৭মী—ষ) সং, পুং, নারীপ্রিয়, লম্পট।

স্ত্রীপুংধর্ম্ম (স্ত্রী—পুমস্—ধর্ম্ম বিধান) সং, পুং, স্ত্রী ও পুরুষের পরস্পর কর্ত্তব্য কর্ম্ম, তদ্বিষয়ক বিবাদ।

স্ত্রীপুংস (স্ত্রী—পুমস্+অ—প্রং) সং, পুং, দ্বিং, স্ত্রীপুরুষ, মিথুন।

স্ত্রীপুংসলক্ষণা; সং, স্ত্রীং, স্ত্রী ও পুরুষের লক্ষণাক্রান্ত স্ত্রী।

স্ত্রীপূর্ব্ব; সং, পুং, স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত [পুরুষ।

স্ত্রীপ্রিয়; সং,পুং, আম্রবৃক্ষ। ত্রিং, নারীপ্রিয়।

স্ত্রীরঞ্জন; সং, ক্লীং, তাম্বূল।

স্ত্রীরত্ন (স্ত্রী—রত্ন মণি) সং, ক্লীং, উত্তমা স্ত্রী, নারীশ্রেষ্ঠ।

স্ত্রীলিঙ্গ (স্ত্রী—লিঙ্গ চিহ্ন ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্যাকরণ-সংস্কারযুক্ত স্ত্রীবাচক (শব্দ)। যোনি।

স্ত্রীবশ, স্ত্রীবিধেয় (স্ত্রী—বশ অধীন, বিধেয় শাসিত) সং, পুং, স্ত্রীর অধীন পুরুষ।

স্ত্রীসঙ্গ ; সং, পুং, সম্ভোগ, রমণ।
স্ত্রীসভ (স্ত্রী—সভা সমাজ) সং, ক্লীং, স্ত্রীলোকের সভা।
স্ত্রীস্বভাব ; সং,পুং, অন্তঃপুররক্ষক, মহল্লক।
স্ত্রৈণ (স্ত্রী+ন(নণ্)—ভাবে, অধীনার্থে ইত্যাদি+ষ্ণ) সং, ক্লীং, স্ত্রীত্ব, স্ত্রীস্বভাব। "স্ত্রৈণেন নীতা বিকৃতিং লঘিম্না।"(ভট্টি)। স্ত্রীসমূহ। পুং, স্ত্রীজিত, স্ত্রীবশীভূত পুরুষ। বিং, ত্রিং, স্ত্রীসম্বন্ধীয়।
স্ত্রৈণতা (স্ত্রৈণ+তা—ভাবে) সং, স্ত্রীং, স্ত্রীবশতা, স্ত্রীর বশীভূততা।
স্থ (স্থা থাকা+অ(ড)—ক) বিং, ত্রিং, স্থিত, বিদ্যমান, বর্ত্তমান।
স্থগ(স্থগ্ আচ্ছাদনকরা+অ(অন্)—ক)বিং, ত্রিং, ধূর্ত্ত। নির্লজ্জ। গী—স্ত্রীং, তাম্বুলকরঙ্ক, পানের বাটা।
স্থগন (স্থগ্ আচ্ছাদন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, তিরোধান, গোপন। আচ্ছাদন।
স্থগিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত। তিরোহিত। নিবৃত্ত। অবরুদ্ধ।
স্থগী ; সং, স্ত্রীং, তাম্বূলপত্র। [কুঁজ।
স্থগু (স্থগ আচ্ছাদনকরা+উ—প্রং)সং,ক্লীং,
স্থণ্ডিল(স্থা থাকা+অণ্ডিল—ধি, অথবা স্থল+ইল—ধি) সং,ক্লীং,যজ্ঞার্থ প্রস্তুত পরিষ্কৃত ভূমি, সমান ভূমি। বালুকাদি প্রস্তুত হোমার্থ মণ্ডলবিশেষ। সীমা। শিং—১ "নিষেদুষী স্থণ্ডিল এব কেবলং।"
স্থণ্ডিলশায়ী } (স্থণ্ডিলশায়িন্, স্থণ্ডিল—
স্থণ্ডিলেশয় } শী শয়নকরা+ইন্(ণিন্)—ক, ব্রতার্থে, ৭মী—ষ। স্থণ্ডিলে যজ্ঞভূমিতে—শয় [শী শয়নকরা+অ(অন্)—ক] যে শয়ন করে) বিং, ত্রিং, যজ্ঞভূভাগে শয়নকারী ব্রতী।
স্থণ্ডিলসিতক (স্থণ্ডিল বেদি—সো নাশ করা+ত(ক্ত)—প্রং। কণ্—যোগ) সং, ক্লীং, হোমকুণ্ড। যজ্ঞকুণ্ড।
স্থপতি (স্থ স্থিত—পতি প্রভু, য়ং—স) সং, পুং, অন্তঃপুর-রক্ষক, কঞ্চুকী। বার্হস্পত্য যাগকর্ত্তা। অধীশ্বর, অধিপতি। মন্ত্রী। বৃহস্পতি। স্বরাম। রাজমিস্ত্রী। শিল্পী। সূত্রধর। সারথি। কুবের। বিং, ত্রিং, প্রধান, মুখ্য, সত্তম।
স্থপুট (স্থ স্থিত—পুট্ সংলগ্ন হওয়া+অ—প্রং) সং, ত্রিং, অস্থির সন্ধিস্থান। উন্নতানত। শিং—১ "স্থপুটগতমপি ক্রব্যমব্যগ্রমত্তীতি।" কষ্টজীবী। দুঃখাদিতে নম্রীভূত বা কুব্জীকৃত। বিষমস্থানে সঞ্চারী (জীব)।
স্থল (স্থল স্থিতি করা+অ(অন্)—ক) সং, ক্লীং, লী—স্ত্রীং, স্থান। প্রদেশ। জলশূন্য অকৃত্রিম ভূমি। পাত্র। থলী। থালী। থাল। ক্লীং, পটবাস, তাম্বু। ঢিবি। বিবাদ বা বর্ণনার বিষয়। পুস্তকের অংশ।
স্থলকন্দ ; সং, পুং, বনওল।
স্থলচর (স্থল—চর [চর্ গমনকরা+অ(অন্)—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহারা স্থলে বাস করে।
স্থলপদ্ম (স্থল জলশূন্য ভূমি—পদ্ম) সং, ক্লীং, স্বনামপ্রসিদ্ধ পুষ্পবিশেষ। পুং, মানকচু।
স্থলপদ্মিনী ; সং, স্ত্রীং, স্থলপদ্মসমূহ। তদ্যুক্ত বৃক্ষ। শিং—১ "দদর্শ দূনঃ স্থলপদ্মিনীং নলঃ।"
স্থলমঞ্জরী ; সং, স্ত্রীং, অপামার্গ।
স্থলসঙ্কট (Isthmus) যোজক, ভূকন্ধরা।
স্থলীয় (স্থল+ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, স্থলসম্বন্ধীয়, স্থানীয়।
স্থলেরুহা ; সং, স্ত্রীং, গৃহকুমারী। দগ্ধবৃক্ষ।
স্থবি (স্থা থাকা+ই—প্রং, স্থা=স্থব) সং, পুং, তন্তুবায়, তাঁতি। স্বর্গ। জঙ্গম।
স্থবির (স্থা [বহুকাল] থাকা+ইর(কির)—ক, স্থা স্থানে স্থব) বিং, ত্রিং, বৃদ্ধ, প্রাচীন। জীর্ণ। অচল, স্থির। সং, পুং, ব্রহ্মা। বৃদ্ধ ব্যক্তি। রা—স্ত্রীং, মহাশ্রাবণী।
স্থবিরলগুড়ন্যায়—ন্যায় (৩৪) দেখ।
স্থবিষ্ঠ } (স্থবীয়স্, স্থূল+ইষ্ঠ, ঈয়স্
স্থবীয়ান্ } —অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থূল, অতিশয় মোটা।
স্থা (স্থা থাকা+০(ক্বিপ্)—ভাবে) সং, স্ত্রীং, স্থিতি, থাকা।

স্থাণু (স্থা থাকা+নু—ক) সং, পুং, শিব; (মহাভারতে—"তিনি প্রাণের উৎপত্তি ও স্থিতির কারণ এবং সমাধিদ্বারা সাক্ষীরূপ হইয়াও অবিকৃত রহিয়াছেন বলিয়া তিনি স্থাণু নামে কীর্ত্তিত হইয়াছেন।") কীল, খোঁটা, গোঁজ। স্তম্ভ। বর্ষা,সড়কি। বল্মীক, উয়ের ঢিবি। পুং, ক্লীং, শাখা শূন্যবৃক্ষ, মুড়োগাছ। বিং, ত্রিং, স্থির। স্থবির; যথা—"দেখি কোটি কোটি হরে, স্থাণু স্থাণু হৈলা ডরে—"

স্থাণুতীর্থ; সং, ক্লীং, তীর্থবিশেষ।

স্থাণ্ডিল (স্থণ্ডিল ভূমি ইত্যাদি+অ—প্রং) বিং, ত্রিং, স্থণ্ডিলশায়ী। ভিক্ষু।

স্থাণ্বাশ্রম (স্থাণু—আশ্রম) সং, পুং,হিমাচলস্থিত শিবের তপশ্চরণ আশ্রমবিশেষ। শিং—১ "স্থাণ্বাশ্রমং হৈমবতং জগাম।"

স্থাণ্বীশ্বর; সং, পুং, শিবলিঙ্গবিশেষ।

স্থাতব্য (স্থা থাকা+তব্য—ধি) বিং, ত্রিং, স্থিতিযোগ্য, স্থেয়, থাকিবার উপযুক্ত।

স্থাতা (স্থাতৃ, স্থা থাকা+তৃন্—ক) বিং, ত্রিং, স্থিতিকারী, যে থাকে।

স্থান(স্থা থাকা+অন(অনট্)—ধি) সং,ক্লীং, স্থল। পদ। অবকাশ। গৃহ, বাটী, বাড়ী। নিকট। নগরের মধ্যস্থ পরিষ্কৃত ভূমি। নগর। কার্য্য, কর্ম্ম, ব্যবসায়। গ্রন্থসন্ধি। আধার। ভাজন। (+অনট্—ভাবে) স্থিতি। স্থৈর্য্য। সন্নিবেশ। সাদৃশ্য।

স্থানক (স্থান+কণ্—যোগ) সং, ক্লীং, আলবাল। নগর। ফেন। বুদ্বুদ।

স্থানচঞ্চলা; সং, স্ত্রীং, বর্ব্বরীবৃক্ষ।

স্থানচ্যুত; বিং, ত্রিং, পদচ্যুত।

স্থানসন্নিবেশ; সং, পুং, স্থাননির্ণয় ও তাহার সীমাদি নিরূপণ।

স্থানাবরোধকতা (Resistance) যে গুণ দ্বারা জড়পদার্থ আপনার আশ্রয়স্থান রুদ্ধ করিয়া রাখে।

স্থানিক (স্থান+ইক—প্রং) সং, পুং, স্থানাধ্যক্ষ। বিং, ত্রিং, স্থানীয়।

স্থানী (স্থানিন্, স্থান+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্থানবিশিষ্ট, স্থিতিশীল; যথা—"স্থানিবদাদেশ।"

স্থানীয় (স্থা থাকা+অনীয়—ধি) বিং,ত্রিং, স্থিতিযোগ্য। স্থানস্থিত। (Local,স্থান+ঈয়—প্রং) স্থানসম্বন্ধীয়। সং,ক্লীং,নগর।

স্থানে (স্থান+ই—সপ্তমীর এক বচন) অং, যুক্ত, যোগ্য। উচিত। শিং—১ "স্থানে ভবানেক নরাধিপঃ সন্নিতি।" (রঘু)। সত্য। সদৃশ। তদনুসারে। সুতরাং।

স্থাপক (স্থা-ণিচ=স্থাপি রাখা+অক(ণক) —ক) বিং, ত্রিং, সংস্থাপনকারী, যে রাখে। নাট্যে—সূত্রধারান্তে কাব্যার্থস্থাপক নট। মন্দিরাদি প্রতিষ্ঠাকর্ত্তা।

স্থাপত্য (স্থা [অন্তঃপুরমধ্যে সম্ভ্রান্ত লোকের উপপত্নী বা স্ত্রী] যে থাকে—পতি প্রভু +য—প্রং) সং, পুং, অন্তঃপুররক্ষক। ক্লীং, স্থপতির কর্ম্ম।

স্থাপন—ক্লীং } (স্থাপক দেখ, অন (অ-
স্থাপনা—স্ত্রীং } নট্),অন—ভা) সং,ক্লীং,

অর্পণ, রাখা। নিবেশন, নিয়োগকরণ। আরোপণ। পুংসবন। আলয়, আবাস। সমাধি। নী—স্ত্রীং, পাঠা।

স্থাপিত (স্থা-ণিচ=স্থাপি + ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। নিবেশিত। গচ্ছিত। ন্যস্ত। আরোপিত। নিশ্চিত।

স্থাম (স্থামন্, স্থা থাকা+মন্—ভাবে) সং, ক্লীং, সামর্থ্য, শক্তি, জোর। স্থিরতা।

স্থায়িভাব(স্থায়িন্ স্থিতিশীল—ভা গুণ) সং, পুং, রতি, হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপ্সা, বিস্ময়, শম—এই নয়টী; রসের অবস্থিতি কাল পর্য্যন্ত ইহারা থাকে বলিয়া ইহাদের নাম স্থায়িভাব। ভারমধ্যের সহিত নিম্নভাগের সংযোগ থাকা।

স্থায়ী (স্থায়িন্, স্থা থাকা+ইন্(ণিন্)—ক, ভবিষ্যৎকালে, য—আগম) বিং, ত্রিং, স্থিতিবিশিষ্ট. অচল। স্থির। পুং, অলঙ্কারে রসানুকুল রত্যাদিভাব।

স্থায়ুক (স্থা থাকা+উক(ঞুক)—ক, শীলাদ্যর্থে, য—আগম) বিং, ত্রিং, স্থায়ী, স্থিতিশীল। সং, পুং, গ্রামাধ্যক্ষ, মণ্ডল।

স্থাল (স্থা থাকা+অলচ্—ধি) সং, ক্লীং, পাত্রবিশেষ, থাল।

স্থালী (স্থাল+ঈপ্) সং, স্ত্রীং, হাঁড়ী, পাকপাত্র। থালী। পাটলাবৃক্ষ।

স্থালীপুলাক ; সং, পুং, ন্যায়বিশেষ।

স্থালীবিল (স্থালী পাকপাত্র—বিল ফাঁক) সং, ক্লীং, পাকপাত্রের অভ্যন্তরস্থ শূন্যভাগ।

স্থালীবিলীয় } (স্থালীবিল+অ, য—প্রং)
স্থালীবিল্য } বিং, ত্রিং, হাঁড়ীতে দিবার যোগ্য, রাঁধিবার উপযুক্ত।

স্থাবর (স্থা থাকা+বর—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্থিতিশীল, অচল, বৃক্ষপর্ব্বতাদি, স্থায়ী পদার্থ ( Moveable )। সং, পুং, পর্ব্বত। ক্লীং, ধনুকের ছিলা।

স্থাবির, স্থাবির্য্য (স্থবির বৃদ্ধ+অ(ষ্ণ), য (ষ্যঃ)—ভাবে) সং, ক্লীং, স্থবিরত্ব, বৃদ্ধাবস্থা, স্ত্রীলোকের পঞ্চাশের পর এবং পুরুষের সত্তরের পর।

স্থাসক (স্থা থাকা+স—ক, কণ্—যোগ) সং, পুং, গন্ধচূর্ণ। ভূষার্থ চূর্ণবিশেষ। জলবুদ্বুদ, জলবিম্ব। ছাপ।

স্থাস্নু (স্থা থাকা+স্নু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্থিতিশীল, স্থায়ী। শিং—১ "চ্যুতাদিবঃ স্থাস্নুরিবাচিরপ্রভা।"(ভট্টি)।

স্থিক ; সং, পুং, কটি, প্রোথ, নিতম্ব।

স্থিত (স্থা থাকা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্থির। অবধারিত। ঘটিত। উপস্থিত। অভিযুক্ত। আক্রান্ত। উর্দ্ধ দণ্ডায়মান। স্থিতিশালী। প্রতিজ্ঞাবিশিষ্ট।

স্থিতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, অবস্থান, থাকা। অবধারণ। স্থিরতা। মর্য্যাদা। সীমা। পালন। অবস্থা, দশা। নিবৃত্তি। নিষ্পত্তি। (+ক্তি—ধি) স্থান।

স্থিতিবিরোধ—এক সময়ে একত্র দ্রব্যদ্বয়ের অনবস্থান।

স্থিতিস্থাপক ( Elasticity, স্থিতি—স্থাপক যে স্থাপন করে, ২য়া—ষ) সং, পুং, পূর্ব্বস্থানে স্থাপনকারী গুণবিশেষ ; আকুঞ্চন প্রসারণ ও অভিঘাতাদি করিলেও বস্তু সকল যে নৈসর্গিক গুণপ্রভাবে পুনর্ব্বার পূর্ব্বভাব প্রাপ্ত হয়।

স্থির (স্থা থাকা+ইর(কির)—প্রং) বিং, ত্রিং, ধীর। যাহা ঠাণ্ডা হইয়া জমাট বাঁধিয়া গেছে। নিয়ত, বিশ্বাসযোগ্য। স্থায়ী, বাক্য মন বা কর্ম্ম দ্বারা নিশ্চল। দৃঢ়, কঠিন। নিশ্চিত। সং, পুং, দেবতা। কার্ত্তিকেয়। শনিগ্রহ। পর্ব্বত। বৃষ। বৃক্ষ। মোক্ষ। রা—স্ত্রীং, অচলা, পৃথ্বী। ওষধিবিশেষ, কাকোলী। শিমুলগাছ।

স্থিরগন্ধ ; সং, পুং, চম্পকবৃক্ষ।

স্থিরচ্ছদ (স্থির দৃঢ়—ছদ পত্র) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ।

স্থিরচ্ছায় (স্থির স্থায়ী—ছায়া) সং, পুং, ছায়াপ্রধান বৃক্ষ। বৃক্ষ।

স্থিরজিহ্ব (স্থির নিশ্চল—জিহ্বা) সং,পুং, মৎস্য, মাছ।

স্থিরজীবিতা ; সং, স্ত্রীং, শাল্মলিবৃক্ষ।

স্থিরতর (স্থির+তর—অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থির। সুনিশ্চিত। চিরস্থায়ী। দৃঢ়তর। সুধীর, অতিধীর। [অবধারণ। দৃঢ়তা।

স্থিরতা (স্থির+তা—ভাবে) সং,স্ত্রীং, স্থৈর্য্য।

স্থিরদংষ্ট্র (স্থির কঠিন—দংষ্ট্র দাঁত) সং, পুং, ভুজঙ্গ, সর্প। বরাহরূপী বিষ্ণু।

স্থিরপত্র ; সং, পুং, হিন্তাল।

স্থিরপুষ্প ; সং, পুং, চম্পকবৃক্ষ। বকুল। ষ্পী—পুং, তিলকবৃক্ষ।

স্থিরফলা ; সং, স্ত্রীং, কুষ্মাণ্ডী।

স্থিরমতি ; সং, স্ত্রীং, নিশ্চলাবুদ্ধি।

স্থিরযৌবন (স্থির চিরস্থায়ী—যৌবন তরুণাবস্থা) সং, পুং, বিদ্যাধর। বিং, ত্রিং, চিরযৌবনবিশিষ্ট।

স্থিররাগা ; সং, স্ত্রীং, দারুহরিদ্রা।

স্থিরায়ুঃ (স্থিরায়ুস্, স্থির স্থায়ী—আয়ুস্ জীবন) সং, পুং, শিমুলগাছ। বিং, ত্রিং, চিরজীবী।

স্থিরীকৃত (স্থির—কৃত করা হইয়াছে, মধ্যে ঈ(চ্বি)—আগম) বিং,ত্রিং,নির্ণীত,দৃঢ়ীকৃত।

স্থুল (স্থুড় আচ্ছাদন করা+অ—প্রং, ড =ল) বিং, ত্রিং, দীর্ঘ।

স্থূণা (স্থা থাকা+ন—ধি, আপ্, নিপাতন) সং, স্ত্রীং, লৌহপ্রতিমা, লৌহমুদ্গার। গৃহস্তম্ভ, ঘরের খুঁটী। কামারের হাপর। রোগ।

স্থূণাকর্ণ ; সং, পুং, অস্ত্রবিশেষ।

স্থূম ; সং, পুং, চন্দ্র। দীপ্তি, আলোক।

স্থূর (স্থা থাকা+উর—ক) সং, পুং, বৃষ। ষাঁড়। মনুষ্য। ভার। বিং, ত্রিং, ভারবাহক (বৃষাদি)।

স্থূরী (স্থূরিন্, স্থূর ভার+ইন্—অস্ত্যর্থে, কিম্বা স্থূল+ইন্—অস্ত্যর্থে, ল=র) সং, পুং, পৃষ্ঠে ভারবহনকারী অশ্ব। বিং, ত্রিং, ভারবাহী (অশ্বাদি)।

স্থূরীপৃষ্ঠ (স্থূরিন্—পৃষ্ঠ, মধ্যে ঈ(চ্বি)—আগম) সং, পুং, নবারূঢ় অশ্ব।

স্থূল (স্থূল্ মোটা হওয়া, বৃদ্ধি পাওয়া+অ (অন্)—ক) বিং, ত্রিং, ইন্দ্রিয়গ্রাহ্য। পুষ্ট। অসূক্ষ্ম, পীবর, মোটা। মন্দ। প্রকাণ্ড। মূর্খ। সং, ক্লীং, রাশি, সমূহ।

স্থূলক (স্থূল+কণ্—প্রং) বিং, ত্রিং, স্থূল। সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

স্থূলকঙ্গু (স্থূল মোটা—কঙ্গু শস্যবিশেষ) সং, পুং, ধান্যবিশেষ, বোর-ধান।

স্থূলকণা ; সং, স্ত্রীং, স্থূলজীরক।

স্থূলকণ্টক ; সং, পুং, জালবর্ব্বুর।

স্থূলকন্দ ; সং, পুং, রক্তলশুন। শূরণ। হস্তিকন্দ। মাণকন্দ।

স্থূলকোণ (Obtuse Angle) সমকোণ অপেক্ষা বৃহৎকোণ।

স্থূলক্ষ্বেড় (স্থূল বৃহৎ—ক্ষ্বেড় বংশশলাকা) সং, পুং, শর, বাণ।

স্থূলচর্ম্মী
স্থূলত্বক্ } (Pachydermata, স্থূলচর্ম্ম+ইন্—অস্ত্যর্থে। স্থূলত্বচ, স্থূল—ত্বচ্ চর্ম্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জীবের দেহ স্থূল চর্ম্মে আবৃত থাকে ; যথা—হস্তী, টেপর, খড়্গী, শূকর, হিপপটেমস্ প্রভৃতি।

স্থূলচাপ (স্থূল বৃহৎ—চাপ ধনুক) সং, পুং, তুলা পরিষ্কার করিবার ধনুঃ, ধুন্থারা। |নতা। আধিক্য। বৃহত্ত্ব।

স্থূলতা (স্থূল+তা—ভাবে) সং, স্ত্রীং, পী-

স্থূলতাল ; সং, পুং, হিন্তাল।

স্থূলদলা ; সং, স্ত্রীং, গৃহকন্যা।

স্থূলনাস
স্থূলনাসিক } (স্থূল বৃহৎ—নাসা, নাসিকা=নাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর, বরাহ। বিং, ত্রিং, স্থূলনাসিকাবিশিষ্ট।

স্থূলপট্ট (স্থূল—পট্ট বস্ত্র) সং, পুং, কার্পাস, কাবাসগাছ।

স্থূলপট্টাক (স্থূল বৃহৎ, মোটা—পট্ট বস্ত্র—অক্ হওয়া+অ—প্রং) সং, পুং, স্থূল বস্ত্র, মোটা কাপড়।

স্থূলপাদ (স্থূল বৃহৎ, মোটা—পাদ পা) সং, পুং, হস্তী, গজ। গোদা।

স্থূলপুষ্প ; সং, পুং, বকবৃক্ষ। ষ্পা—স্ত্রীং, পর্ব্বতজাতা। পরাজিতা।

স্থূলভূত ; সং, ক্লীং, পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ—পঞ্চীকৃত এই পাঁচভূত।

স্থূললক্ষ—ক্ষ্য (স্থূল রাশি—লক্ষ্ চিহ্ন+অ(অন্)—ক, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, বহুপ্রদ, অতিদাতা। বিদ্বান্, কৃতবিদ্য। কৃতজ্ঞ।

স্থূলবল্কল ; সং, পুং, রক্তলোধ্র।

স্থূলশীর্ষিকা (স্থূল বৃহৎ—শীর্ষ মস্তক+কণ্—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র পিপীলিকা। ইহার মস্তক স্থূল।

স্থূলষট্পদ (স্থূল—ষষ্ ছয়—পদ পা) সং, পুং, বরোল, বোল্‌তা।

স্থূলাস্য (স্থূল বৃহৎ—আস্য মুখ বা মস্তক) সং, পুং, সর্প। বিং, ত্রিং, যাহার মুখ বড়।

স্থূলোচ্চয় (স্থূল বৃহৎ—উচ্চয়) সং, পুং, গণ্ডশৈল। গজের মধ্যম [illegible]বিশেষ। হস্তিদন্তরন্ধ্র। অসম্পূর্ণতা। [illegible]গু, ব্রণ।

স্থেয় (স্থা থাকা+য—ধি) বিং, ত্রিং, স্থিরতর। স্থাপনীয়। সং, পুং, সংশয়নির্ণায়ক, বিবাদ পক্ষের নির্ণেতা, মধ্যস্থ, জুরি। পুরোহিত।

স্থেষ্ঠ
স্থেয়ান্ } (স্থেয়স্, স্থির+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থির, স্থিরতর। দৃঢ়তর।

স্থৈর্য্য (স্থির+য(ষ্ণ্য)—ভাবে) সং, ক্লীং, স্থিরতা। দৃঢ়তা। অবধারণ।

স্থোরী
স্থৌরী } (—রিন্, স্থোর শক্তি+ইন্—প্রং, কেহ বলেন স্থূরা ভারবহনীয় পশুর পৃষ্ঠের গদি+ইন্—অস্ত্যর্থে, নিপাতন) সং, পুং, ভারবাহক অশ্ব।

স্থৌলশীর্ষ ; বিং, ত্রিং, বৃহন্মস্তকযুক্ত।
স্থৌল্য (স্থূল+ষ(ষ্য)—ভাবে) সং, ক্লীং, স্থূলতা, পীনতা।
স্নপন (স্না-ণিচ্=স্নপি স্নান করান+অন (অনট্)—ভা) সং, ক্লীং, স্নান, সেক। শিং—১ "পূজনাৎ স্নপনং শ্রেষ্ঠং স্নপনাত্তর্পণং স্মৃতং।" জলাদি দ্বারা অভিষেককরণ। আর্দ্রীকরণ। ধৌতকরণ।
স্নপিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্নাত, সিক্ত। অভিষেচিত। ক্ষালিত।
স্নব (স্নু ক্ষরিত হওয়া+অ(অপ্)—ভা) সং, পুং, নিস্রব, ক্ষরণ, গলন।
স্নসা (স্নস্ ফেলিয়া দেওয়া+আপ্) সং, স্ত্রীং, স্নায়ু।
স্নাত (স্না স্নান করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, অভিষিক্ত। যে স্নান করিয়াছে। ধৌত। ক্ষালিত।
স্নাতক (পূর্ব্বে দেখ, ক্—যোগ) সং, পুং, আপ্লুতব্রতী গৃহস্থ, ব্রহ্মচর্য্য সমাধানপূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট, ব্রহ্মচর্য্যানন্তর সমাবর্ত্তন সময়ে স্নানকারী।
স্নাতকব্রত ; সং, ক্লীং, স্নাতকের কর্ত্তব্য ব্রত। শিং—১ "অলাভে চৈব কন্যায়াঃ স্নাতকব্রতমাচরেৎ।" (স্মৃতি)।
স্নান (স্নাত দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, সর্ব্বাঙ্গ ক্ষালন। অবগাহন, মজ্জন। বারুণ, বায়ব্য, আগ্নেয় ও ব্রাহ্ম এই চতুর্ব্বিধ স্নান।
স্নানতৃণ (স্নান ধৌতকরণ—তৃণ) সং, ক্লীং, কুশতৃণ।
স্নানযাত্রা ; সং, স্ত্রীং, জ্যৈষ্ঠ পূর্ণিমায় শ্রীকৃষ্ণের মহাস্নানরূপ উৎসব।
স্নানীয় (স্নান+ঈয়(নীয়)—প্রং) বিং, ত্রিং, স্নানোপযুক্ত, স্নানযোগ্য। স্নানসাধন (স্নানার্থ জল, গন্ধচূর্ণাদি, তৈলহরিদ্রাদি)। শিং—১ "স্নানীয়ং তে প্রযচ্ছামি স্নানং কুরু ত্রিলোচনে।"
স্নাপক (স্না-ণিচ্=স্নাপি স্নান করান+অক(ণক)—ক) বিং, ত্রিং, যে স্নান করায়।
স্নায়ী (স্নায়িন্, স্নাত দেখ, ইন্(ণিন্)—ক, য—আগম) বিং, ত্রিং, স্নানকর্ত্তা, যে স্নান করে।
স্নায়ু (Nerve, স্নাত দেখ উণ—ক, য—আগম) সং, স্ত্রীং, দেহবর্ত্তী সূত্রবৎ সূক্ষ্ম নাড়ী, সর্ব্বশরীরব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম শিরাবিশেষ ; ইহা থাকাতেই পেশী সকল সঙ্কুচিত হয় ; ইহা শরীরের সঞ্চালনক্রিয়াসাধন ও অনুভূতিসাধন।
স্নাব ; সং, পুং, মাংসপেশী।
স্নিগ্ধ (স্নিহ্ স্নিগ্ধ হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, চিক্কণ। কোমল। মধুর। স্নেহের পাত্র। নিবিড়। সুশ্রাব্য। শীতকারক। মসৃণ। স্নেহযুক্ত। রম্য। সং, পুং, বয়স্য, সখা। রক্তেরণ্ড। সরলবৃক্ষ। ক্লীং, তেজঃ। মধূল্য, মোম। ভক্তমণ্ড। বেধ। ধ্বা—স্ত্রীং, মজ্জা।
স্নিগ্ধতণ্ডুল ; সং, পুং, ষষ্টিধান্য।
স্নিগ্ধতা (স্নিগ্ধ+তা—ভাবে) সং, স্ত্রীং, চিক্কণতা। স্নেহ। প্রিয়তা।
স্নিগ্ধদারু ; সং, পুং, সরলবৃক্ষ। দেবদারু।
স্নিগ্ধপত্রক ; সং, পুং, গজরতৃণ। ঘৃতকরঞ্জ। গুচ্ছকরঞ্জ।
স্নিগ্ধপত্রা ; সং, পুং—স্ত্রীং, বদরী। পালঙ্ক্য। কাশ্মরী।
স্নিগ্ধফলা ; সং, স্ত্রীং, নাকুলী।
স্নু (স্নু [ইহা হইতে বরফ বা জল] ক্ষরিত হওয়া+উ—প্রং) সং, পুং, সানু, পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি। স্ত্রীং, স্নায়ু। শিং—১ "ত্রিষ্টুপ্ মাংসাৎ স্নুতোহনুষ্টুপ্ জগত্যস্থঃ প্রজাপতেঃ।"(স্নুতঃ=স্নায়ুতঃ)।
স্নুক্ (স্নুহ্, স্নুহ্ বমন করা+০(কিপ্)—ক। বমির ঔষধের ন্যায় ইহার দুগ্ধ ব্যবহৃত হইয়া থাকে) সং, স্ত্রীং, স্নুহীবৃক্ষ।
স্নুত (স্নু ক্ষরিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, গলিত, পতিত, ক্ষরিত।
স্নুষা (পূর্ব্বে দেখ, সক্—ক, আপ্) সং, স্ত্রীং, পুত্রবধূ। স্নুহীবৃক্ষ।
স্নুহি—হী (স্নুহ্ বমন করা ইত্যাদি+ই—ক) সং, স্ত্রীং, সিজগাছ, মনসাগাছ।
স্নেহ (স্নিহ্ স্নিগ্ধ হওয়া+অ(ঘঞ্)—ভা) সং, পুং, প্রেম, দয়া, বাৎসল্য। তৈলাদি

দ্রববস্তু। প্রিয়বস্তু। চিক্কণতা। ন্যায়ে—গুণবিশেষ।

স্নেহন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, তৈলাদি ম্রক্ষণ। স্নেহকরণ।

স্নেহপ্রিয় (স্নেহ তৈল—প্রিয়) সং, পুং, প্রদীপ।

স্নেহভূ (স্নেহ তৈলাদিদ্রববস্তু—ভূ জাত) সং,পুং, শ্লেষ্মা, কফ। বিং,ত্রিং, স্নিগ্ধভূমি।

স্নেহরঙ্গ (স্নেহ তৈল—রঙ্গ রাং) সং,পুং, শস্যবিশেষ, তিল।

স্নেহবস্তি; সং, স্ত্রীং, তৈলপিষ্টকাখী।

স্নেহবান্ (স্নেহবৎ, স্নেহ+বতু—অস্ত্যর্থে) বিং,ত্রিং, স্নেহযুক্ত। বতী—স্ত্রীং, মেদান।

স্নেহবীজ; সং, পুং, পিয়ালবৃক্ষ। বিং, ত্রিং, স্নেহকারণ।

স্নেহাশ (স্নেহ তৈল—অশ যে [খায়] ধ্বংস করে) সং, পুং, প্রদীপ।

স্নেহিত (স্নেহ+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্নেহযুক্ত। সং, পুং, বয়স্য, বন্ধু।

স্নেহী (স্নেহিন্, স্নেহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রেমী। স্নেহযুক্ত। তৈলাদিযুক্ত। সং, পুং, বয়স্য, বন্ধু। চিত্রকর।

স্নেহু (স্নিহ্ স্নিগ্ধ হওয়া+উ—প্রং) সং, পুং, রোগবিশেষ। চন্দ্র। [গ্ধতা।

স্নৈগ্ধ্য (স্নিগ্ধ+য—ভাবে) সং, ক্লীং, স্নি-

স্নৈহিক (স্নেহ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, স্নেহদ্রব্যবিশিষ্ট, তৈলাদিবৎ।

স্পন্দ—পুং, স্পন্দন—ক্লীং } (স্পন্দ্ ঈষৎ কম্পিত হওয়া+অ(অল্), অন (অনট্)—ভাবে) সং, স্ফুরণ,ঈষৎকম্পন, নড়াচড়া; যথা—"চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনং।" চলন।

স্পন্দনপ্রবাহ (Locomotive Stream) যে শক্তি দ্বারা রক্ত হৃৎপিণ্ড এবং হস্ত পদাদি অঙ্গপ্রত্যঙ্গ সকল চালিত হয়।

স্পন্দিত (স্পন্দ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, কম্পিত, স্ফুরিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, স্পন্দন, কম্পন।

স্পরিশ; সং, পুং, স্পর্শ, ছোঁয়া।

স্পর্দ্ধা, স্পর্দ্ধনা } (স্পর্দ্ধ্ পরকে পরাভব করিতে ইচ্ছা করা+অ, অন—ভাবে, আপ্) সং, স্ত্রীং, প্রতিযোগিতা, অন্য ব্যক্তিকে পরাভব করিবার ইচ্ছা, মাৎসর্য্য প্রকাশ। সাদৃশ্য। ক্রমশঃ উন্নতি। সঙ্ঘর্ষ। সদৃশীকরণ। ভিড়।

স্পর্দ্ধী (স্পর্দ্ধিন্, স্পর্দ্ধা+ইন্—অস্ত্যর্থে, অথবা স্পর্দ্ধ্ স্পর্দ্ধা করা+ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, স্পর্দ্ধাযুক্ত। সদৃশ।

স্পর্শ (স্পৃশ্ স্পর্শ করা+অ(অল)—ভা) সং, পুং, স্পর্শন, ছোঁয়া। ত্বগিন্দ্রিয় গ্রাহ্য গুণবিশেষ। (স্পর্শ+) দান। (স্পৃশ্+অন—ক) বর্গীয় পঞ্চবিংশতি বর্ণ। শিং—১ "স্পর্শস্তস্যাভবজ্জীবঃ স্বরো দেহ উদাহৃতঃ।" যোগ। বায়ু। পদার্থ। প্রণিধি। বিং, ত্রিং, স্পর্শকারী। র্শা—স্ত্রীং, কুলটা।

স্পর্শক (পূর্ব্বে দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং, স্পর্শকারী, যে ছোঁয়।

স্পর্শজ্যা (Tangent) বৃত্তে সংলগ্ন যে সরল রেখা বৃদ্ধি পাইলেও বৃত্তকে ছেদ না করে।

স্পর্শতন্মাত্র; সং, ক্লীং, বায়ুর উপাদানকারণ স্পর্শমাত্র গুণ বা সূক্ষ্মভূতবিশেষ।

স্পর্শন (স্পর্শ দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্পর্শ, ছোঁয়া। বিতরণ, দান। গ্রহণ। পুং, বায়ু।

স্পর্শমণি (স্পর্শ—মণি পাথর স্পর্শমাত্রে সুবর্ণজনক মণি, ৬য়া—ষ) সং, পুং, পরশ পাথর।

স্পর্শলজ্জা; সং, স্ত্রীং, লজ্জালুবৃক্ষ।

স্পর্শবান্ (—বৎ, স্পর্শ+বৎ(বতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুখস্পর্শ, কোমল। স্পর্শবিশিষ্ট।

স্পর্শশুদ্ধা; সং, স্ত্রীং, শতমূলী।

স্পর্শস্যন্দ; সং, পুং, ভেক।

স্পর্শাজ্ঞতা; সং, স্ত্রীং, বাতরোগবিশেষ।

স্পর্শানন্দা (স্পর্শ—আনন্দ হর্ষণ) সং, স্ত্রীং, অপ্সরা, সর্ব্বেশ্যা।

স্পর্শী (স্পর্শিন্, স্পৃশ্ স্পর্শ করা+ণিন্—ক) বিং, ত্রিং, স্পর্শকারী। (স্পর্শ+ইন্—অস্ত্যর্থে) স্পর্শযুক্ত।

স্পাশ (স্পশ্ পীড়নকরা ইত্যাদি+অ(অন্)

—ক) সং, পুং, চর, গূঢ়পুরুষ, গোয়েন্দা। (+অম্—ভাবে) যুদ্ধ। ভয়ানক জন্তু বারণাদির সহিত যুদ্ধকরণ।

স্পষ্ট (স্পশ্ পরিষ্কার করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্ফুট, ব্যক্ত প্রকাশিত।

স্পষ্টীকৃত (স্পষ্ট—কৃত করা হইয়াছে, মধ্যে ঈ(চ্বি)—আগম) বিং, ত্রিং, ব্যক্তীকৃত, যাহা বিশদ করা হইয়াছে। ব্যাখ্যাত।

স্পৃশ্, স্পৃশা (স্পর্শ দেখ, ০(ক্বিপ্)—ভাবে, আপ্) সং, স্ত্রীং, স্পর্শ। (+ক্বিপ্—ক) বিং, ত্রিং, স্পর্শকারী।

স্পৃশা (স্পৃশ্ স্পর্শ করা+অ—প্রং, আপ্) সং, স্ত্রীং, ওষধিবিশেষ, কাকোলী।

স্পৃশী (স্পর্শ দেখ, অ—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, কণ্টকারী বৃক্ষ।

স্পৃশ্য (স্পর্শ দেখ, য(ক্যপ্)—র্ম্ম) বিং, ত্রিং, স্পর্শযোগ্য, স্পর্শনীয়।

স্পৃষ্ট (স্পর্শ দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্পর্শ করা হইয়াছে, ছোঁয়া। ব্যাপ্ত। (+ক্ত—ভা) সং, ক্লীং, স্পর্শ।

স্পৃষ্টক (স্পৃশ্+ত(ক্ত)—ভা, কণ্—যোগ) সং, ক্লীং, আলিঙ্গন-বিশেষ। শিং—১ "যদ্ যোষিতঃ সম্মুখমাগতয়াঃ অন্যাপদেশাৎ ব্রজতো নরম্য, গাত্রেণ গাত্রং ঘটতে তদেতদালিঙ্গনং স্পৃষ্টকমাহুরার্য্যাঃ।"

স্পৃষ্টাস্পৃষ্ট—ক্লীং } (স্পৃষ্ট=দ্বিত্ব, অ—ভা) স্পৃষ্টাস্পৃষ্টি—অং } পরস্পর স্পর্শন, ছোঁয়াছুঁয়ি। শিং—১ "তীর্থে বিবাহে যাত্রায়াং সংগ্রামে দেশবিপ্লবে। নগর গ্রামদাহে চ স্পৃষ্টাস্পৃষ্টি ন দুষ্যতি।"

স্পৃষ্টি (স্পর্শ দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, স্পর্শন, ছোঁয়া।

স্পৃহণীয় (স্পৃহ-ণিচ=স্পৃহি বাঞ্ছা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছনীয়, অভিলষণীয়। লোভনীয়। আশ্চর্য্য। শ্লাঘ্য। "অহো বতাসি স্পৃহণীয়বীর্য্যঃ।"

স্পৃহয়ালু (পূর্ব্বে দেখ, আলু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্পৃহাবিশিষ্ট, লোভী।

স্পৃহা (স্পৃহ-ণিচ=স্পৃহি+অ—ভা, আপ্) সং, স্ত্রীং, বাঞ্ছা, ইচ্ছা। গ্রহণেচ্ছা। লোভ। গণনা।

স্ফট; সং, পুং, মাতুলুঙ্গক।

স্ফট (স্ফুট্ স্ফীত করা+অন্—ক। ট—অ) সং, পুং, টা—স্ত্রীং, সর্পের ফণা।

স্ফটি—টী (স্ফট্ বিদীর্ণ করা+ই—ক) সং, স্ত্রীং, ফট্‌কিরি।

স্ফটিক } (স্ফুট্ ভেদ করা+ইক—প্রং, স্ফটীক } অথবা স্ফটি+কণ্—প্রং) সং, পুং, অতিস্বচ্ছ শুভ্রবর্ণ প্রস্তরবিশেষ, সূর্য্যকান্তমণি, ফটিক। শিং—১ "হিমালয়ে সিংহলে চ বিন্ধ্যাটবি তটে তথা। স্ফটিকং জায়তেচৈব নানারূপং সমপ্রভম্। হিমাদ্রৌ চন্দ্রসঙ্কাশং স্ফটিকং তৎ দ্বিধা ভবেৎ। সূর্য্যকান্তঞ্চ তত্রৈকং-চন্দ্রকান্তং তথাপরং॥ সূর্য্যাংশু স্পর্শমাত্রেণ বহ্নিং বমতি যৎ ক্ষণাৎ। সূর্য্যকান্তং তদাখ্যাতং স্ফটিকং রত্নবেদিভিঃ। পূর্ণেন্দুকরসংস্পর্শাদমৃতং শ্রবতি ক্ষণাৎ। চন্দ্রকান্তং তদাখ্যাতং দুর্লভং তৎ কলৌ যুগে।"

স্ফটিকময় (স্ফটিক+ময়—বিকারার্থে) বিং, ত্রিং, স্ফটিকমণিনির্ম্মিত।

স্ফটিকাচল (স্ফটিক শাদাপাথর—অচল পর্ব্বত, ৬ষ্ঠী—য) সং, পুং, কৈলাস পর্ব্বত।

স্ফটিকাদ্রিভিদ্ (স্ফটিকাদ্রি কৈলাস পর্ব্বত—ভিদ্ যে ভেদ করে] লজ্জিত হয়। শ্রবন্ধ হেতু যে লজ্জিত হয়) সং, পুং, কর্পূর।

স্ফটিকাভ্র (স্ফটিক—অভ্র) সং, পুং, কর্পূর।

স্ফটিকারি; সং, পুং, ফট্‌কিরি।

স্ফরণ (স্ফর্ চঞ্চল হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্ফুরণ, কম্পন।

স্ফাটক; সং, ক্লীং, স্ফটিক। পুং, জলবিন্দু।

স্ফাটিক } (স্ফটিক+অ(ষ্ণ)—স্বার্থে) সং, স্ফাটীক } ক্লীং, স্ফটিকমণি। বিং, ত্রিং, স্ফটিকনির্ম্মিত। [পুং, স্ফটিকমণি।

স্ফাটিকোপল (স্ফাটিক—উপল প্রস্তর) সং,

স্ফাত (স্ফায়্ বৃদ্ধি পাওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বৃদ্ধিযুক্ত, স্ফীত।

স্ফাতি (পূর্ব্বে দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, বৃদ্ধি, উন্নতি।

স্ফার (স্ফর্ স্ফূর্ত্তি পাওয়া+অ ঘঞ্)—ক, কিংবা স্ফায় বৃদ্ধি পাওয়া+র—ক, নিপাতন) বিং, ত্রিং, প্রচুর, বহুল। বৃদ্ধি-যুক্ত। বৃহৎ। বিস্তৃত। উচ্চরূপে শব্দিত। (—ভাবে) বিকাশ।

স্ফারণ (স্ফর্-ণিচ্=স্ফারি চঞ্চল হওয়ান, স্ফূর্ত্তি পাওয়ান+অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্ফুরণ, স্ফূর্ত্তি। বিকাশ। কম্পন। জ্যাস্ফালন।

স্ফাল (স্ফল্ স্ফূর্ত্তি পাওয়া, চলিত হওয়া+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, স্ফুরণ, স্ফূর্ত্তি। আস্ফালন।

স্ফিক্ (স্ফিচ্, স্ফায় বৃদ্ধি পাওয়া+ডিচ্—ক) সং, স্ত্রীং, দ্বিং, নিতম্বদ্বয়, পাছা।

স্ফির (স্ফায় বৃদ্ধি পাওয়া+ইর(কির)—ক, নিপাতন) বিং, ত্রিং, প্রচুর, বহু, অনেক। প্রবৃদ্ধ।

স্ফীত (স্ফায় বৃদ্ধি পাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রবৃদ্ধ। বর্দ্ধিত। শিং—১ "স্ফীতান্ জনপদাংস্তত্র।" ফুলা। ফাঁপা। অধিক, অনেক। পদোন্নতিপ্রাপ্ত, কৃতকার্য্য। হৃষ্ট। পৈতৃক রোগে আক্রান্ত।

স্ফীতি (স্ফায় বৃদ্ধি পাওয়া+ক্তি—ভাবে) সং, স্ত্রীং, প্রবৃদ্ধি। ফুলিয়া উঠা।

স্ফুট (স্ফুট্ বিকসিত হওয়া, ব্যক্ত হওয়া, ভেদকরা+অ(ক)—ক) বিং, ত্রিং, বিকসিত। প্রফুল্ল। স্পষ্ট। ব্যক্ত। দীপ্ত। প্রদীপ্ত। নির্ম্মল। বিদীর্ণ, ফুটা। বিশদ। নিশ্চিত। শুভ্র। জ্ঞাত। বিস্তৃত। সং, ক্লীং, উৎপ্রেক্ষাদ্যোতক শব্দ। টা—স্ত্রীং, সর্পের ফণা।

স্ফুটন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিকশন। ব্যক্তহওন। বিদলিত হওয়া। [টকী।

স্ফুটবন্দনী; সং, স্ত্রীং, পারাবতপদী। নফ-

স্ফুটি—টী (পূর্ব্বে দেখ, ই—ক) সং, স্ত্রীং, ফুটিফল। পাদস্ফোট রোগ।

স্ফুটিত (স্ফুট দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, বিকসিত। ছিদ্রিত, ফুটো। বিদীর্ণ। ব্যক্তীকৃত। স্পষ্টীকৃত। বিস্তারিত।

স্ফুৎকর; সং, পুং, অগ্নি, বহ্নি।

স্ফুৎকার (স্ফুৎ অনুকরণ শব্দ—কার [কৃ করা+অ(ঘঞ্)—ক] করণ) সং, পুং, ফুৎকার, ফুঁদেওয়া।

স্ফুর (স্ফুর্ চঞ্চল হওয়া ইত্যাদি+অ(ক)—ক) সং, পুং, ফলক, ঢাল। স্ফুরণ। বৃদ্ধি পাওয়া, ফুলা।

স্ফুরণ—ক্লীং } (স্ফুর্ স্ফূর্ত্তি পাওয়া, চ-
স্ফুরণা—স্ত্রীং } ঞ্চল হওয়া+অন(অনট্)—ভা) সং, ক্লীং, স্পন্দন, ঈষৎ কম্পন। দীপ্তি।

স্ফুরন্ (স্ফুরৎ, পূর্ব্বে দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, স্ফূর্ত্তিবিশিষ্ট। কম্পমান। দীপ্যমান।

স্ফুরিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—ভা) সং, ক্লীং, কম্পন। উদ্রেক। দীপ্তি। পলক। প্রতি-বিম্বন। (+ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত। দীপ্ত, উজ্জ্বল। প্রতিবিম্বিত।

স্ফুর্জথু—পুং } (স্ফুর্জ্ বজ্র শব্দ
স্ফুর্জথু—পুং } করা + অথু—ভা,
স্ফুর্জা, স্ফুর্জ্জা—স্ত্রীং } অ, আপ্) সং, পুং, বজ্রধ্বনি, বজ্রনির্ঘোষ।

স্ফুল (স্ফুল্ চলিত হওয়া, স্ফূর্ত্তি পাওয়া (অন্)+অ—ক) সং, ক্লীং, বস্ত্রবেশ্ম, তাঁবু।

স্ফুলিঙ্গ (স্ফু অনুকরণ শব্দার্থ শব্দজ—লিঙ্গ্ গমন করা+" ণ্)—ক) সং, পুং, অগ্নিকণা, আগুনের ফিন্কী।

স্ফুলিঙ্গিনী (স্ফুলিঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, অগ্নির সপ্তজিহ্বার অন্তর্গত জিহ্বা-বিশেষ।

স্ফূর্ত্তি (স্ফুরণ দেখ, তি(ক্তি)—ভাবে, উ=ঊ) সং, স্ত্রীং, কম্প, স্পন্দ। হর্ষ। প্রতিভা। বিকাশ।

স্ফূর্ত্তিমান্ (স্ফূর্ত্তিমৎ, স্ফূর্ত্তি+মৎ(মতু)—অস্ত্যর্থে) সং, ক্লীং, প্রতিভাযুক্ত। বিকাশ-যুক্ত। স্ফূর্ত্তিবিশিষ্ট। বিং, ত্রিং, পাশু-পতাখ্য (শৈববিশেষ)। শিং—১ "পাকা-র্থিকঃ পাশুপতশ্চিদ্রূপঃ স্ফূর্ত্তিমান্ মতঃ।"

স্ফেষ্ঠ } (স্ফেয়স্, স্ফির অনেক+ইষ্ঠ,
স্ফেয়ান্ } ঈয়সু—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যধিক, অতিশয়।

স্ফোট ( স্ফুট দেখ, অ(অল্)—ভাবে ) সং, পুং, ব্যাকরণে—পূর্ব্ব পূর্ব্ব বর্ণের অনুভব সহিত চরমবর্ণ ব্যঙ্গ্য-অখণ্ড শব্দবিশেষ। ফোড়া। আব্। টা—স্ত্রীং, সর্পফণা।

স্ফোটক ( স্ফুট দেখ, অক(ণক)—ক ) সং, পুং, ফোড়া। আব্।

স্ফোটন (স্ফুট-ক্রি=স্ফোটি+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিদারণ। ভঙ্গ। বিকাশন। প্রকাশন। নী—স্ত্রীং, ( +অনট্—ণ ) বেধনী, ছিদ্রকারক যন্ত্র, তুরপুন প্রভৃতি।

স্ফোটবীজক ; সং, পুং, ভল্লাতক।

স্ফোটায়ন ; সং, পুং, মুনিবিশেষ।

স্ফ্য ; সং, পুং, খড়্গাকারা খাদির যজ্ঞকাষ্ঠ।

স্ম (স্মি ঈষৎ হাস্য করা+অ(ড)—ক) অং,ক্রিয়াপদযোগে—অতীত কালবাচক ; যথা—"হন্তি স্ম রাবণং রামঃ।" পাদ-পূরণার্থক।

স্ময় (স্মি ঈষৎ হাস্য করা+অ(অল্)—ভাবে) সং, পুং, অদ্ভুত, আশ্চর্য্য। গর্ব্ব, অহঙ্কার।

স্মর ( স্মৃ স্মরণ করা+অ(অল্)—র্ম্ম ) সং, পুং, কামদেব। (+অল্—ভাবে) স্মরণ। (+অন্—ক) বেদব্যাখ্যাতা। বিং, ত্রিং, স্মরণকর্ত্তা।

স্মরকূপক-পুং-স্ত্রীং } ( স্মর কামদেব—
স্মরগৃহ—ক্লীং } কূপ কূয়া+কণ্—তুল্যার্থে। স্মর কামদেব—গৃহ) সং. যোনি, স্ত্রীচিহ্ন।

স্মরগুরু (স্মর কামদেব—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, কন্দর্পের পিতা, হরকোপানলে ভস্ম হইবার পর কন্দর্প কৃষ্ণের ঔরসে রুক্মিণীর গর্ভে প্রদ্যুম্ননামে জন্মগ্রহণ করিয়াছিলেন।

স্মরচক্র ; সং, পুং, রতিবন্ধবিশেষ।

স্মরণ ( স্মৃ স্মরণ করা+অন(অনট্)—ভা ) সং, ক্লীং, ধ্যান, চিন্তা। স্মৃতি, মনে করা, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান।

স্মরণীয় (স্মরণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, স্মরণের যোগ্য, স্মর্ত্তব্য।

স্মরদশা ((স্মর কামদেব—দশা অবস্থা, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, মদনাবস্থা, কামদশা ; নয়নপ্রীতি, চিত্তাসঙ্গ, সঙ্কল্প, অনিদ্রা, ক্ষীণতা, বিষয়নিবৃত্তি, ত্রপানাশ, উন্মাদ, মূর্চ্ছা, মৃত্যু। শিং—১ "নয়নপ্রীতিঃ প্রথমং চিত্তাসঙ্গস্ততোহথসঙ্কল্পঃ। নিদ্রাচ্ছেদস্তনুতা বিষয়নিবৃত্তিস্ত্রপানাশঃ। উন্মাদো মূর্চ্ছা মৃতিরিত্যেতাঃ স্মরদশা দশৈব স্যুঃ।" ২ "দৃঙ্মনঃসঙ্গ-সঙ্কল্পা জাগরঃ কৃশতা রতিঃ, হ্রীত্যাগোন্মাদমূর্চ্ছান্তা ইত্যনঙ্গদশা দশ।" ৩ "অঙ্গেষ্বসৌষ্ঠবং তাপঃ পাণ্ডুতাকৃশতারুচিঃ। অধৃতিঃ স্যাদনালম্বস্তন্ময়োন্মাদমূর্চ্ছনাঃ। মৃতিশ্চেতি ক্রমাজ্জ্ঞেয়া দশ স্মর দশা ইহ।"

স্মরধ্বজ ( স্মর কামদেব—ধ্বজ চিহ্ন ) সং, পুং, বাদ্য। চিহ্ন, মেঢ্র, উপস্থ। কামদেবের লাঞ্ছনমৎস্য। জা—স্ত্রীং, চন্দ্রিকাশোভিত নিশা। ক্লীং, স্ত্রীচিহ্ন।

স্মরপ্রিয়া ( স্মর কামদেব—প্রিয়া পত্নী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রতি, কামপত্নী।

স্মরলেখনী(স্মর কামদেব—লেখনী কলম, লিখন) সং,স্ত্রীং, শারিকাপক্ষিণী, শালিক বা ময়না পাখী।

স্মরবল্লভ ( স্মর কামদেব—বল্লভ প্রিয় ) সং, পুং, অনিরুদ্ধ, প্রদ্যুম্নের পুত্র।

স্মরবীথিকা (স্মর কামদেব—বীথি দোকান+কণ্—প্রং) সং, স্ত্রীং, বারাঙ্গনা, বেশ্যা।

স্মরসখ (স্মর কামদেব—সখি বন্ধু, ৬ষ্ঠী—ষ+ষ) সং,পুং, চন্দ্র। মদনবন্ধু, বসন্ত।

স্মরস্তম্ভ ; সং, পুং, উপস্থ, মেঢ্র।

স্মরস্মর্য্য (স্মর কামদেব—স্মর্য্য স্মরণীয়) সং, পুং, গর্দ্দভ, গাধা।

স্মরহর } (স্মর কামদেব—হর যে নাশ
স্মরারি } করে,২য়া—ষ। স্মর—অরি শত্রু, ৬ষ্ঠী—ষ, অসুরগণের ভয়ে ভীত দেবগণের উত্তেজনায় যে সময় কামদেব মহাযোগরত মহাদেবের ধ্যান ভঙ্গ করিতে যাইয়া হরশরীরে সম্মোহন বাণ হানেন, তখন তাহাতে মহাদেবের ধ্যান ভঙ্গ হইয়া ললাট হইতে প্রলয়াগ্নি তুল্য জ্ঞানজ্যোতিঃ বহির্গত হইয়া মদনকে ভস্মীভূত করে) সং, পুং, শিব।

স্মরাঙ্কুশ(স্মর কামদেব—অঙ্কুশ ডাঙ্গশ) সং, পুং, নখর, নখ। নায়ক, লম্পট।

স্মরাসব (স্মর কামদেব—আসব মদ্য) সং, পুং, লালা, থুথু।

স্মর্তব্য (স্মৃ স্মরণ করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, স্মৃতিযোগ্য, স্মরণীয়।

স্মারক (স্মৃ-ণিচ্=স্মারি স্মরণ করান+অক (ণক)—ক) বিং, ত্রিং, স্মৃতিজনক। স্মরণ কারী। উদ্বোধক।

স্মারিত (স্মৃ-ণিচ্=স্মারি স্মরণ করান+ত (ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্মরণ করাইয়া দেওয়া হয়।

স্মার্ত্ত (স্মৃতি+অ(ষ্ণ)—জ্ঞানার্থে ইত্যাদি) বিং, ত্রিং, স্মৃতিসম্বন্ধীয়। স্মৃতিশাস্ত্রোক্ত। শিং—১ "শ্রৌতং কর্ম্ম স্বয়ং কুর্য্যাদন্যোঽপি স্মার্ত্তমাচরেৎ।" স্মৃতিশাস্ত্রে পণ্ডিত।

স্মিত (স্মি ঈষৎ হাস্য করা+ত(ক্ত)—ভা) সং, ক্লীং, ঈষৎ হাস্য। শিং—১ "মুখং বিকসিতস্মিতম্।" (+ক্ত—ক) বিং, ত্রিং, হসিত। বিস্মিত। বিকসিত। শিং —১ "ঈষৎপ্রফুল্লিতৈর্গণ্ডৈঃ কটাক্ষৈঃ সৌষ্ঠবান্বিতৈঃ, অদৃষ্টদন্তকুসুমৈরুত্তমানাং স্মিতং ভবেৎ।"

স্মৃত (স্মৃ স্মরণ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, স্মরণের বিষয়, যাহার স্মরণ হইয়াছে।

স্মৃতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)—ভাবে) সং, স্ত্রীং, স্মরণ, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান। (+ক্তি—র্ম্ম) মন্বাদি মুনিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, ধর্ম্মসংহিতা। ইচ্ছা। ভান। বুদ্ধি।

স্মৃতিমান্ (স্মৃতিমৎ, স্মৃতি স্মরণ+মৎ(মতু) —অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্মরণযুক্ত, স্মরণকারী। তীক্ষ্ণ স্মৃতিশক্তি সম্পন্ন।

স্মৃতিবিরুদ্ধ; বিং, ত্রিং, ধর্ম্মশাস্ত্রবিপরীত।

স্মৃতিহেতু; সং, পুং, স্মরণকারণ।

স্মের (স্মি ঈষৎ হাস্য করা+র—ক, শীলার্থে) বিং, ত্রিং, ঈষৎহাস্যযুক্ত। শিং —১ "মহাজনঃ স্মেরমুখো ভবিষ্যতি।" বিকসিত। স্পষ্ট, স্ফুট। পুং, প্রকাশ। শিং —১ "সেব্যা নিতম্বাঃ কিমু ভূধরাণামুত-স্মরস্মেরবিলাসিনীনাম্।"

স্মেরবিষ্কির(স্মের ঈষৎহসন—বিষ্কির পক্ষী) সং, পুং, শিখী, ময়ূর।

স্যদ (স্যন্দ্ গমন করা ইত্যাদি+অ(ঘঞ্) —ভা) সং, পুং, বেগ, শীঘ্রতা।

স্যন্দ (পূর্ব্বে দেখ, অ(অন্)—ভাবে) সং, পুং, ক্ষরণ। গমন। রথ। বেগ।

স্যন্দন (স্যন্দ দেখ, অন—ক, অনট্—ণ) সং, পুং—ক্লীং, চক্রযুক্ত যুদ্ধপ্রয়োজন যান, রথ। পুং, বায়ু। বৃক্ষবিশেষ। গতকল্পের জিন। তিনিশবৃক্ষ। ক্লীং, ক্ষরণ। গতি। জল। বিং, ত্রিং, গতিশীল, বেগবান্। (+অনট্—ভাবে) গমন। বেগ।

স্যন্দনদ্রুম; সং, পুং, তিনিশবৃক্ষ।

স্যন্দনারোহ (স্যন্দন রথ—আরোহ [আ —রুহ + অ(অন্)—ক] আরোহণ করে, ২য়া—ষ) সং, পুং, রথী, রথস্থ-যোদ্ধা।

স্যন্দনি; সং, পুং, তিনিশ ।

স্যন্দনী } (স্যন্দ হওয়া+অনি,
স্যন্দিনী } ইন্—প্রং ) সং, স্ত্রীং, লালা, মুখজাত জল। গাভী, যে যমজ বৎস প্রসব করে।

স্যন্দী (স্যন্দিন্, স্যন্দ্ ক্ষরিত হওয়া, গমন করা+ইন্(ণিন্)—ক, শীলার্থে) বিং, ত্রিং, ক্ষরণশীল। গমনশীল।

স্যন্ন (স্যদ দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষরিত। পতিত। গত।

স্যন্নবাণ (স্যন্ন—বাণ) বিং, ত্রিং, ক্ষত।

স্যমন্তক (স্যম+অন্ত—র্ম্ম, কন) সং, পুং, কৃষ্ণের হস্তস্থিত ভূষণ মণিরত্ন। শিং—১ "মণিঃ স্যমন্তকো হস্তে ভুজমধ্যে তু কৌস্তুভঃ।" বৃক্ষবিশেষ।

স্যমীক (স্যম্ ধ্বনি করা+ঈক—প্রং) সং, পুং, বল্মীক, উয়ের ঢিপি। সময়। মেঘ। কা—স্ত্রীং, নীলীবৃক্ষ।

স্যূত (সিব্ সেলাই করা+ত(ক্ত)—র্ম্ম) সং, পুং, সূত্রনির্ম্মিতপাত্র, গোণী, থলিয়া, বগলী। বিং, ত্রিং, বোনা। প্রোত। সেলাই করা, রিপুকরা। সূতাবসান। গ্রথিত।

স্যূতসন্ধি (Suture) যাহাদের সন্ধিস্থল সেলাই করা; মস্তকের অস্থিগুলি এরূপে

সম্বন্ধ যে, দেখিলে বোধ হয়, যেন সেগুলি সেলাই করা হইয়াছে, এজন্য তাহাদের সংযোগ-স্থলকে স্যূতসন্ধি কহে।

স্যূতি (স্যূত দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, তন্তুসন্তান, বোনা। সেলাই করা। বংশ, সন্ততি। থলিয়া।

স্যূন (স্যূত দেখ, নক্—ক, সিব্=স্যূ) সং, পুং, কিরণ। সূর্য্য। থলিয়া, ধুকুড়ী।

স্যূম (স্যূত দেখ, ম—প্রং, সিব্=স্যূ) সং, পুং—ক্লীং, রশ্মি, কিরণ। ক্লীং, জল।

স্যোন (স্যূত দেখ, ন—প্রং, সিব্=স্যো) সং, পুং, সূর্য্য। কিরণ। স্যূত। মোটা থলিয়া, চট। ধুকুড়ী। ক্লীং, আনন্দ।

স্রংসন—ক্লীং } (স্রন্স্ পতিত হওয়া
স্রংসনা—স্ত্রীং } +অন(অনট্)—ভাবে) সং, অধঃপতন, স্খলন। বিশ্লেষ। বিচ্যুতি।

স্রংসিনীফল (স্রংসিনী দোলায়মান্—ফল) সং, পুং, শিরীষবৃক্ষ।

স্রংসী (স্রংসিন্, স্রংসন দেখ, ইন্(ণিন্)—ক) বিং,ত্রিং, অধঃপতনশীল। চ্যুতিশীল। স্খলিত, ভ্রষ্ট, পতিত। পুং, পীলুবৃক্ষ।

স্রক্—গ্ (স্রজ্, সৃজ্ সৃষ্টি করা+০(ক্বিপ্)—র্ম্ম) সং, স্ত্রীং, মাল্য, মালা, হার।

স্রগ্ধর (স্রজ্—ধর যে ধরে) বিং, ত্রিং, মাল্যধারী। রা—স্ত্রীং, একবিংশত্যক্ষর-পাদছন্দোবিশেষ; যাহাতে প্রথম চারি, ৬ষ্ঠ, ৭ম, ১৪শ,১৫শ, ১৭শ, ১৮শ, ২০শ ও ২১শ বর্ণ গুরু।

স্রগ্বান্, স্রগ্বী (স্রগ্বৎ, স্রগ্বিন্, স্রজ্ মালা+বৎ(বতু), বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মাল্যধারী,হারযুক্ত। গ্বিণী—স্ত্রীং, জগতী-ছন্দোবিশেষ।

স্রজিষ্ঠ } (স্রক্+ইষ্ঠ, ঈয়সু—অত্যর্থে)
স্রজীয়ান্ } বিং, ত্রিং, মাল্যবিশিষ্ট।

স্রজ্বা (স্রজ্বন্) সং, স্ত্রীং, প্রজাপতি। রজ্জু। তন্তুপট সংঘাত।

স্রব—পুং } (স্রু ক্ষরিত হওয়া+অ
স্রবণ—ক্লীং } (অল্), অন(অনট্)—ভা) সং, ক্ষরণ। পতন,গলন। উৎস, ফোয়ারা।

স্রবদ্গর্ভা; সং, স্ত্রীং, দৈববশে পতিতগর্ভা গৌ।

স্রবদ্রঙ্গ (স্রব গমনশীল—দ্রঙ্গ নগর) সং, পুং, হাট, বাজার।

স্রবন্ (স্রবৎ, স্রব দেখ, অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, ক্ষরণশীল, গলৎ।

স্রবন্তী (স্রবৎ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, নদী, নির্ঝরিণী। গুল্মস্থান। ওষধিভেদ।

স্রষ্টা (স্রষ্টৃ, সৃজ্ সৃষ্টি করা+তৃ(তৃন্)—ক) সং, পুং, বিধাতা, ব্রহ্মা। শিব। বিং, ত্রিং, সৃষ্টিকর্ত্তা।

স্রস্ত (স্রন্স্ পতিত হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষরিত, চ্যুত। বিগলিত, স্খলভ্রষ্ট। বিযুক্তীকৃত।

স্রস্তর; সং, পুং, আসন; যথা—"অশ্বস্রস্তরে ত্র্যহমনশ্নন্ত আসীরন্।"

স্রাক্ (স্রে পাক করা বা পক্ককরা+০(ক্বিপ্)—প্রং, কিম্বা স্রা পরিপক্কতা—অক্ পাওয়া+০(ক্বিপ্)—প্রং) অং, দ্রুত, শীঘ্র।

স্রাব (স্রব দেখ, অ(ঘঞ্)—ভা) সং, পুং, ক্ষরণ, পতন। ভ্রংশ।—বণী—স্ত্রীং, ঋদ্ধি-বৃক্ষ। [ক্ষরণশীল। সং, ক্লীং, মরিচ।

স্রাবক (স্রব দেখ, অক(ণক)—ক) বিং, ত্রিং,

স্রুক্ } (স্রুচ্, স্রু [ঘৃত] ক্ষরিত হওয়া+০
স্রুচা } (ক্বিপ্)—ণ, চ—আগম) সং, স্ত্রীং, যজ্ঞাগ্নিতে ঘৃতপ্রক্ষেপণার্থ খদিরাদি কাষ্ঠ-রচিত পাত্রবিশেষ।

স্রুগ্দারু; তং, ক্লীং, ব্যাঘ্রপাদ্বৃক্ষ।

স্রুত (স্রব দেখ, ত(ক্ত)—ক) বিং, ত্রিং, ক্ষরিত, গলিত,পতিত। তা—স্ত্রীং, ওষধি-বিশেষ, হিঙ্গুপত্রী।

স্রুতি (স্রব দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, ক্ষরণ, নিস্যন্দ, গলন। পতন।

স্রুব—পুং } (স্রুক্ দেখ, অ(ক)—ণ)
স্রুবা—স্ত্রীং } সং, যজ্ঞাগ্নিতে ঘৃত প্রক্ষে-পণার্থ কাষ্ঠরচিত পাত্রবিশেষ, স্রুক্। বা—স্ত্রীং, বৃক্ষবিশেষ, বিকঙ্কত বৃক্ষ। শল্লকী-বৃক্ষ। মূর্ব্বালতা।

স্রু (স্রব দেখ, ০(ক্বিপ্)—ক) সং, স্ত্রীং, যজ্ঞ-পাত্রবিশেষ, স্রুব।

স্রোত } (স্রোতস্, স্রু গমন করা+স্কু,
স্রোতঃ } অস্—ক, ত—আগম) সং, ক্লীং

জলপ্রবাহ। (+ত—পা, ধি) ইন্দ্রিয়। (+ত, অস্—ভাবে) সপ্তবিধ গজ-মদক্ষরণ।

স্রোতস্য (স্রোতস্+য—প্রং) সং,পুং, শিব। চৌর।

স্রোতস্বতী } (স্রোতস্+বৎ(বতু), বিন্
স্রোতস্বিনী } —অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নদী। বিং,ত্রিং, স্রোতযুক্ত।

স্রোতস্বান্ } (স্রোতস্বৎ, স্রোতস্বিন্, স্রোতস্
স্রোতস্বী } +বৎ(বতু), বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্রোতবিশিষ্ট।

স্রোতোঞ্জন ; সং, ক্লীং, যমুনাস্রোতে সৌবীরদেশে উৎপন্ন অঞ্জন।

স্রোতোবহ—পুং } (স্রোতস্—বহ্ বহন
স্রোতোবহ্—স্ত্রীং } করা + অ(অন্), ০ (ক্বিপ্)—ক) সং, নদী।

স্ব (স্বন্ শব্দ করা+অ(ড)—ক) সং, পুং, (সর্ব্বনাম) আত্মা, স্বয়ং। (ক্বচিৎ ক্লীং) জীবাত্মা। (সর্ব্বনাম নহে) জ্ঞাতি। পুং, ক্লীং, ধন। (সর্ব্বনাম) বিং, ত্রিং, স্বকীয়।

স্বক } (স্ব আপন+ঈয়(ণীয়)—ইদ-
স্বকীয় } মর্থে, অক—আগম। স্ব আপন +কণ্—প্রং) বিং, ত্রিং, স্বীয়, নিজ।

স্বকম্পন (স্ব আপনি—কম্পন কাঁপন) সং, পুং, বায়ু, বাতাস।

স্বকুলক্ষয় (স্ব আপনি—কুল বংশ—ক্ষয় নাশ) সং,পুং,মৎস্য,মাছ। নিজবংশ নাশ।

স্বগত (স্ব আত্মা—গত যে গিয়াছে, ২য়া—ষ) বিং, আত্মগত, আত্মনিষ্ঠ, মনোগত। সং, ক্লীং, নাট্যে—মনে মনে আলপনীয় ব্যক্তিভিন্ন রঙ্গভূমিস্থ জনগণের শ্রবণযোগ্য বাক্য ; অভিনয়কালে কোনও নট সন্নিহিত ব্যক্তিবর্গের নিকট গোপন করিবার নিমিত্ত বিষয় বিশেষের মনে মনে যে আন্দোলন করে, তাহার নাম স্বগত। শিং—১ "অশ্রাব্যং খলু যদ্বাস্ত তদিহ স্বগতম্ মতম্।"

স্বগুপ্তা ; সং, স্ত্রীং, শূকশিম্বী। লজ্জালু।

স্বগৃহ ; সং, পুং, কলিকার পক্ষী। পুং—ক্লীং, নিজালয়।

স্বঙ্গ (সু সুন্দর—অঙ্গ অবয়ব) বিং, ত্রিং, সুরূপ, সুন্দর অঙ্গবিশিষ্ট।

স্বচ্ছ (সু অতিশয়—স্বচ্ছ নির্ম্মল) বিং, ত্রিং, নির্ম্মল, কালুষ্যরহিত। প্রতিবিম্বধারণক্ষম (কাচ প্রভৃতি)। শুভ্র, শুক্ল। সুস্থ, নীরোগ। পুং, স্ফটিক। চ্ছা—স্ত্রীং, শ্বেতদূর্ব্বা।

স্বচ্ছতা (স্বচ্ছ+তা—ভাবে) সং, স্ত্রীং, নির্ম্মলতা। প্রতিবিম্বধারণক্ষমতা, যে গুণ দ্বারা কোন বস্তুর ভিতর দিয়া আলোক আসিতে পারে।

স্বচ্ছন্দ (স্ব আপনি—ছন্দ অভিলাষ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—য) বিং, ত্রিং, স্বাধীন, স্বেচ্ছানুবর্ত্তী, অবাধিত। সুস্থ। অযত্নজাত। শিং—১"স্বচ্ছন্দবনজাতেন শাকেনাপি প্রপূর্য্যতে।" সং, পুং, স্বেচ্ছা, স্বেচ্ছাচার। [অভ্রকধাতু।

স্বচ্ছপত্র (স্বচ্ছ—পত্র পাতা, স্তর) সং,ক্লীং,

স্বচ্ছবালুক ; সং, ক্লীং, বিমলোপরস।

স্বজ (স্ব আপনি—জ [জন্ জন্মান+অ (ড)—ক] যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, আত্মোৎপন্ন। শরীরজাত। সং, ক্লীং, রক্ত, শোণিত। পুং, পুত্র। ঘর্ম্ম। জা—স্ত্রীং, কন্যা।

স্বজন (স্ব আপনি—জন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বন্ধু, আত্মীয়, কুটুম্ব।

স্বজাতি ; সং, স্ত্রীং, নিজশ্রেণী।

স্বতঃ (স্বতস্, স্ব আপনি+[পঞ্চমীস্থানে] তস্—প্রং) অং, নিজ হইতে, আপনা হইতে, স্বয়ং।

স্বতঃপ্রবৃত্ত ; বিং, ত্রিং, স্বয়ংপ্রবৃত্ত, স্বেচ্ছানুসারে কোন কার্য্যে ব্যাপৃত।

স্বতঃসিদ্ধ ; বিং, ত্রিং, যাহা কোন প্রমাণসাপেক্ষ নহে,আপনা হইতেই সিদ্ধ হয়।

স্বতন্ত্র (স্ব আপনি—তন্ত্র অভিলাষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বাধীন, আত্মবশ।

স্বতা (স্ব+তা—ভাবে) সং, স্ত্রীং, স্বকীয়ত্ব। শিং—১ "কামঃ স্বতাং পশ্যতি।"

স্বত্ব (স্ব আপনি+ত্ব—ভাবে) সং, ক্লীং, অধিকার ধনাদিতে প্রভুত্ব, দ্রব্যের ক্রয় বিক্রয়াদিতে বিনিযোজক ধর্ম্ম।

স্বত্বাস্পদীভূত ; বিং, ত্রিং, স্বত্বস্থানীয়, অধিকৃত।

স্বদন (স্বদ্ আস্বাদন করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আস্বাদন। লেহন। (সু—অদন ভক্ষণ) ভক্ষণ।

স্বদার (স্ব—দারা) সং, পুং, স্বস্ত্রী।

স্বধর্ম্ম ; সং, পুং—ক্লীং, বেদাদিবিহিত ধর্ম্ম ; স্বজাতি উক্ত আচার।

স্বধা (স্বদ্ আস্বাদন করা+আ—র্ম্ম, দ=ধ) অং, দেবোদ্দেশে হবির্দ্দান। পিতৃলোকের উদ্দেশে পিণ্ডাদি দান। (+আ—ণ) তদ্দানের মন্ত্র। পিতৃলোকের ভোজ্যবস্তু, পিণ্ডোদকাদি। (স্ব নিজ—ধা ধারণ করা+অ(ড)—ক, আপ্) স্ত্রীং, দেবীবিশেষ, অগ্নিপত্নী। মাতৃকাদেবীবিশেষ, পিতৃলোকের পত্নী। শিং—১"নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ।"

স্বধাপ্রিয় (স্বধা পিতৃলোকের পিণ্ডাদি দানের মন্ত্র—প্রিয়) সং, পুং, অগ্নি। কৃষ্ণতিল।

স্বধাভুক্ (স্বধাভুজ্, স্বধা—ভুজ্ [ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, পিতৃলোক। পূর্ব্বপুরুষ। দেবতা।

স্বধিতি—পুং } (স্বদ্ ছেদন করা+
স্বধিতী—স্ত্রীং } তি(ক্তি)—ণ, দ=ধ)
সং, পুং—স্ত্রীং, পরশু, কুঠার।

স্বধিতিহেতিক (স্বধিতি পরশু—হেতিক অস্ত্রান্বিত) সং, পুং, পরশুধারি যোদ্ধা।

স্বন (স্বন্ শব্দ করা+অ(অল্)—ভা) সং, পুং, ধ্বনি, স্বর।

স্বনচক্র ; সং, পুং, রতিবন্ধবিশেষ।

স্বনিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। (+ক্ত—ভাবে) সং, ক্লীং, বজ্রধ্বনি। মেঘধ্বনি। শব্দ।

স্বনিতাহ্বয় ; সং, পুং, তণ্ডুলীয় শাক।

স্বনোৎসাহ ; সং, পুং, গণ্ডক।

স্বন্ত (সু শোভন—অন্ত শেষ) বিং, ত্রিং, যাহার শেষ ভাল, শুভোদর্ক।

স্বপন—ক্লীং } (স্বপ্ নিদ্রিত হওয়া+
স্বপ্ন—পুং } অনট্, নঙ্—ভাবে) সং,
নিদ্রা। নিদ্রিত ব্যক্তির বিজ্ঞান, নিদ্রাবস্থায় বিষয়ানুভব।

স্বপিতিকর্ম্মা (—কর্ম্মন্) সং, পুং, শয়নকর্ত্তা।

স্বপ্নকৃৎ (স্বপ্ন নিদ্রা—কৃৎ [কৃ করা+০(ক্বিপ্)—ক] যে করে) বিং, ত্রিং, নিদ্রাকারক। সং, ক্লীং, সুষুনীশাক।

স্বপ্নক্ (স্বপ্নজ্, স্বপ্ নিদ্রিত হওয়া+নজ্(ঙ্জ)—ক) বিং, ত্রিং, নিদ্রাশীল, নিদ্রিত। শয়নশীল।

স্বপ্নদোষ ; সং, পুং, নিদ্রিত অবস্থায় রেতঃ[স্খলন।

স্বভাজন ; সং, ক্লীং, আনন্দন।

স্বভাব (স্ব আপনি—ভাব হওন ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রকৃতি, স্বরূপ, আত্মভাব। স্বাভাবিক অবস্থা। উদ্দেশ্য, অভিপ্রায়।

স্বভাবজ (স্বভাব—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) বিং, ত্রিং, স্বাভাবিক, স্বভাবজাত।

স্বভাবতঃ (স্বভাবতস্, স্বভাব+তস্—প্রং) [অং, স্বাভাবিকরূপে।

স্বভাবোক্তি (স্বভাব—উক্তি কথন) সং, স্ত্রীং, স্বভাবকথন। কাব্যে—অলঙ্কারবিশেষ, কোন বস্তুর যথাবৎ বর্ণন।

স্বভূ (স্ব আপনি—ভূ [ভূ হওয়া+০(ক্বিপ্)—ক] যে হইয়াছে, ৫মী—ষ) সং, পুং, আত্মভূ—ব্রহ্মা, বিষ্ণু, শিব। কন্দর্প।

স্বমেক ; সং, পুং, সংবৎসর, বর্ষ। শিং—১ "স্বমেকমেকং বরদা তৃপ্তা ভবতি চণ্ডিকা।"

স্বয়ংগুপ্তা ; সং, স্ত্রীং, শূকশিম্বিকা।

স্বয়ংদত্ত, স্বয়ন্দত্ত ; সং, পুং, পুত্রবিশেষ, পিতৃমাতৃ বিহীন বা তাহাদিগের কর্ত্তৃক পরিত্যক্ত যে পুত্র স্বয়ং অন্যের পুত্রতা স্বীকার করে।

স্বয়ংবর (স্বয়ম্ আপনি—বর মনোনীতকরণ) সং, পুং, বিখ্যাত পদস্থ ব্যক্তি আহ্বান করতঃ সভা করিয়া তন্মধ্য হইতে স্ত্রীকর্ত্তৃক স্বয়ং পতিগ্রহণ। স্বয়ংবর স্থান।

স্বয়ংবরা (স্বয়ম্ আপনি—বৃ মনোনীত করা+অ(অন্)—ক, আপ্) সং, স্ত্রীং, স্বয়ং পতিগ্রাহিণী স্ত্রী।

স্বয়ংহারিকা ; সং, স্ত্রীং, স্ত্রীবিশেষ।

স্বয়ঙ্কৃত (স্বয়ম্ আপনি—কৃত করা হইয়াছে) বিং, ত্রিং, আত্মকৃত। শিং—১

"ঋত্বিক্ চ ত্রিবিধো দৃষ্টঃপূর্ব্বৈজ্জু ষ্টঃ স্বয়ংকৃতঃ।" স্বাভাবিক, অযত্নসিদ্ধ। সং, পুং, কৃত্রিমপুত্র। শিং—১ "মাতাপিতৃবিহীনস্তু কৃত্রিমঃ স্যাৎ স্বয়ংকৃতা।"

স্বয়ম্ (সু—অয় গমন করা+অম্—ক) অং, আপনি, নিজে। সামর্থ্য।

স্বয়ম্ভু } স্বয়ম্ভূ } (স্বয়ম্ আপনি—ভূ হওয়া+উ(ডু), ০(ক্বিপ্)—ক) সং, পুং, ব্রহ্মা। সৃষ্টিবিষয়ে রজোগুণময় ব্রহ্মা, পালনবিষয়ে সত্ত্বগুণময় বিষ্ণু, সংহারবিষয়ে তমোগুণময় মহেশ্বর—এই ত্রিমূর্ত্তি। সময়। বিং, ত্রিং, স্বভাবজাত; যথা—"উন্নত স্বয়ম্ভু শম্ভু কুচ হৃদিমূলে।"

স্বয়ম্ভুব(স্বয়ম্ভূ ব্রহ্ম+অ—নিষ্প্রয়োজনার্থে, বা অপত্যার্থে। কিম্বা স্বয়ম্ আপনি—ভূ হওয়া+অ—প্রং) সং, পুং, ব্রহ্মা। প্রথমমনু। বা—স্ত্রীং, ধূম্রপত্রা।

স্বর্ (স্ব শব্দ করা+০(বিচ্)—ধি, ঋ=অর্) অং, স্বর্গ, সুরলোক। আকাশ। প্রভা, সৌন্দর্য্য। সূর্য্য ও ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান। পরলোক। নিরবচ্ছিন্ন সুখ।

স্বর (স্বৃ শব্দ করা+অ(অল্)—ভাবে) সং, পুং, উদাত্ত [উৎ উচ্চ—আ—দা উচ্চারণ করা+ত(ক্ত)—র্ম্ম, যে উচ্চ করিয়া উচ্চারিত হয়], অনুদাত্ত [অন্ না—উদাত্ত যে উচ্চ করিয়া উচ্চরিত হয়], স্বরিত [স্বর+ইত—জাতার্থে, যাহাতে গুরুলঘু মিলিয়া স্বরসংজাত হইয়াছে] এই ত্রিবিধ কণ্ঠধ্বনি। স্বন, শব্দ। অ ই প্রভৃতি বর্ণ। তন্ত্রে—প্রাণাদিবায়ুর ব্যাপারবিশেষ। ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ—এই সপ্তবিধ গানাঙ্গধ্বনি, সুর। শিং—১ "সস্বরো যঃ শ্রুতিস্থানে স্বনন্ হৃদয়রঞ্জকঃ। ষড়্জর্ষভ গান্ধারো মধ্যমঃ পঞ্চমস্তথা। ধৈবতশ্চ নিষাদশ্চ স্বরাঃ সপ্তপ্রকীর্ত্তিতাঃ। ময়ূরবৃষভচ্ছাগক্রৌঞ্চকোকিলবাজিনঃ। মাতঙ্গশ্চক্রমেণাহুঃ স্বরানেতান্ সুহৃর্গমান্ ইতি।" নিষাদ (নি—সদ্ [স্বর সকল] শয়ন করা+অ—ধি) তথাহি নিষীদন্তি স্বরা অস্মিন্নিষাদস্তেন হেতুনা। অংশেষ সন্ধিবিষয়ং স হি ব্যাপ্যাবতিষ্ঠতে। ঋষভ (ঋষ্ [ঋতু] গমন করা, পাওয়া+অভ—প্রং) তথাহি বায়ুঃ সমুদ্গতো নাভেঃ কণ্ঠশীর্ষসমুদ্গতঃ। নদতৃষ্যভবদ্‌যস্মাত্তেনৈব ঋষভঃ স্মৃতঃ। গান্ধার (গান্ধ গন্ধসমূহ [স্বরান্তরের গন্ধসমূহ]—ঋ পাওয়া+অ—ক) তথাহি বায়ুঃ সমুদ্গতো নাভেঃ কণ্ঠশীর্ষ সমাহতঃ। নানাগন্ধবহঃ পুণ্যো গান্ধারস্তেন হেতুনা। ষড়্জ (ষষ্ ছয়—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) তথাহি নাসাং কণ্ঠমুরস্তালু জিহ্বাং দন্তংশ্চ সংশ্রিতঃ। ষড়্ভ্যঃ সংজায়তে যস্মাত্তস্মাৎ ষড়্জ ইতি স্মৃতঃ। মধ্যম (মধ্য নাভিদেশ+ম—ভবার্থে) তথাহি তদ্বদেবোত্থিতো বায়ুরুরঃ কণ্ঠ সমাহতঃ নাভিপ্রাপ্তো মহানাদো মধ্যমস্তেন স স্মৃতঃ। ধৈবত (ধীমৎ পণ্ডিত+অ—গেয়ার্থে, ন=ব অথবা ধে [স্বরসমূহ] পান করা+ঐবত—প্রং) তথাহি অভিসন্ধয়তে যস্মাৎ স্বরাংস্তৈনৈষ ধৈবতঃ। স তু তাবৎ প্রধানত্বাৎ ললাটে ব্যবতিষ্ঠতে। পঞ্চম (পঞ্চ পাঁচ [স্বর]+ম—পূরণার্থে) তথাহি বায়ুঃ সমুদ্গতো নাভেরুহো হৃৎকণ্ঠ মূর্দ্ধসু। বিচরন্ পঞ্চমস্থান প্রাপ্ত্যা পঞ্চম উচ্যতে। সম্পূর্ণ স্বর; যথা—ষ ঋ গ ম প ধ নি। প্রাণাদি বায়ুর কার্য্যবিশেষ। প্রয়োজনবশতঃ [illegible] বা শব্দবিশেষের গুরু উচ্চারণ।

স্বরগ্রাম—"কেবল সাতটী ধাতুমাত্র অবলম্বন করিয়া তালযোগে কোন রাগ গান করার নাম স্বরগ্রাম।"

স্বরঘ্ন; সং, পুং, গলরোগবিশেষ।

স্বরপত্তন (স্বর নিয়মানুসারে উচ্চারণ—পত্তন নগর) সং, ক্লীং, সামবেদ, এই বেদ সুর করিয়া উচ্চারণ করিতে হয়।

স্বরভঙ্গী (—ঙ্গিন্) সং, পুং, পক্ষিবিশেষ।

স্বরলাসিকা (স্বর গানাঙ্গধ্বনি—লস্ নৈপুণ্য প্রদর্শন করা+অক(ণক)—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী।

স্বরস (স্ব নিজ—রস অভিপ্রায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বাভিপ্রায়, আপনমত, নিজ

মত। পেষণজাতরস। বিলক্ষণ রসবোধ। শিলাপিষ্ট কল্কবিশেষ।

স্বরাট্ (স্বরাজ্, স্ব আপনি—রাজ্ দীপ্তি পাওয়া + ০(ক্বিপ্)—ক) সং, পুং, স্বয়ংদীপ্ত, ঈশ্বর।

[করিতে পারা যায়।

স্বরানুভাবকতা—যে বৃত্তিদ্বারা স্বরের অনুভব

স্বরাপগা (স্বর্ স্বর্গ—আপগা নদী) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, সুরনদী।

স্বরালু; সং, পুং, বচা।

স্বরিত (স্বর গানাঙ্গধ্বনি + ইত—সংজাতার্থে) সং, পুং, ৩য় স্বর, লঘুগুরুমিলিত স্বর, উদাত্ত-অনুদাত্ত মিলিত স্বর। বিং, ত্রিং, স্বরযুক্ত। উচ্চরিত। (স্বর + ক্ত—র্ম্ম) আক্ষিপ্ত।

[রাজ।

স্বরীশ্বর (স্বর্—ঈশ্বর) সং, পুং, ইন্দ্র, দেব-

স্বরু (স্ব শব্দ করা + উ—ক) সং, পুং, অশনি, বজ্র। বাণ। সূর্য্যকিরণ। বৃশ্চিকবিশেষ। (+ উ—ধি) যজ্ঞ। যপখণ্ড।

স্বরুচি (স্ব আপনি—রুচি অভিলাষ) বিং, ত্রিং, স্বতন্ত্র, স্বেচ্ছাবর্ত্তী। সং, স্ত্রীং, স্বেচ্ছা।

স্বরূপ (স্ব নিজ—রূপ আকৃতি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রকৃতি, স্বভাব। স্বাভাবিক অবস্থা। (স্ব—রূপ্-ণিচ + অ(অন্)—ক) বিং, ত্রিং, পণ্ডিত। সুন্দর, মনোজ্ঞ। প্রকৃত। সদৃশ, তুল্য।

স্বরূপযোগ্য (স্বরূপ—যোগ্য সক্ষম, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কার্য্যসাধনযোগ্য।

স্বরূযোগ্যতা (স্বরূপযোগ্য + তা—ভাবে) সং, স্ত্রীং, কার্য্যসাধনযোগ্যতা, সিদ্ধি করিবার ক্ষমতা।

[স্বরূপতা।

স্বরূপসম্বন্ধ; সং, পুং, অভিন্নসম্বন্ধ, তৎ-

স্বরেণু; সং, স্ত্রীং, সূর্য্যপত্নী, সংজ্ঞা।

স্বর্গ (সু সুখ—ঋজ্ পাওয়া + অ(ঘঞ)—ধি, অথবা স্বর্—গৈ গান করা + অ(ড)—র্ম্ম) সং, পুং, সুরলোক, দেবনগরী। ভূস্, ভুবস্, স্বর্, মহস্, জন, তপস্, সত্য এই—সপ্ত। নিরবচ্ছিন্ন সুখ।

স্বর্গঙ্গা (স্বর্ স্বর্গ—গঙ্গা) সং, স্ত্রীং, মন্দাকিনী, সুরনদী।

স্বর্গণিকা (স্বর্ স্বর্গ—গণিকা বেশ্যা) সং, স্ত্রীং, স্বর্বেশ্যা, অপ্সরা।

স্বর্গত (স্বর্ স্বর্গ—গত গিয়াছে) বিং, ত্রিং, যে স্বর্গে গমন করিয়াছে, মৃত।

স্বর্গতি (স্বর্ স্বর্গ—গতি গমন, ৭মী—ষ) সং, স্ত্রীং, স্বর্গে গমন। মৃত্যু। পারলৌকিক সুখ।

[পুং, ইন্দ্র, দেবরাজ।

স্বর্গপতি (স্বর্গ—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং

স্বর্গবধূ (স্বর্গ—বধূ স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সুরবধূ, অপ্সরা।

স্বর্গলোকেশ (স্বর্গলোক—ঈশ প্রভু) সং, পুং, ইন্দ্র। শরীর।

স্বর্গাচল (স্বর্গ—অচল পর্ব্বত) সং, পুং, সুমেরুপর্ব্বত।

স্বর্গাপগা (স্বর্গ—অপগা নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, গঙ্গানদী।

স্বর্গগিরি, স্বর্গিরি (স্বর্গ, স্বর্—গিরি পর্ব্বত) সং, পুং, সুমেরু পর্ব্বত।

স্বর্গী (স্বর্গিন্, স্বর্গ + ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দেবতা, সুরলোকবাসী। বিং, ত্রিং, মৃত।

স্বর্গৌকাঃ (স্বর্গৌকস—ওকস্ স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সুর, দেবতা।

স্বর্গ্য, স্বর্গীয় (স্বর্গ + য(যৎ), ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, স্বর্গসম্বন্ধীয়। স্বর্গসুখজনক।

স্বর্জ্জিক; সং, পুং, সর্জ্জিকাক্ষার।

স্বর্ণ (সু সৌন্দর্য্য—ঋণ্ পাওয়া + অ(অন্)—ক। কিম্বা সু সুন্দর—অর্ণ বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কাঞ্চন, সুবর্ণ, সোণা। সুবর্ণকর্ষ। ধুস্তূর, ধুতুরা। নাগকেশর।

স্বর্ণকণ; সং, পুং, কণগুগ্গুলু।

স্বর্ণকায় (স্বর্ণ সোণা—কায় দেহ) সং, পুং, গরুড়। বিং, ত্রিং, সুবর্ণময় শরীর।

স্বর্ণকার, স্বর্ণকৃৎ (স্বর্ণ—কার, কৃৎ [কৃ করা + অ(ষণ্), ০(ক্বিপ)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, সেকরাজাতি।

স্বর্ণচূড় (স্বর্ণ—চূড়া শিখা) সং, পুং, পক্ষিবিশেষ, চাসপক্ষী। কুক্কুট।

স্বর্ণজ (স্বর্ণ—জ [জন্ জন্মান + অ(ড)—ক] জাত) সং, ক্লীং, টিন্ধাতু।

স্বর্ণদী, স্বর্নদী (স্বর্ স্বর্গ—নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মন্দাকিনী। গঙ্গা।

স্বর্ণদীধিতি (স্বর্ণ—দীধিতি কিরণ) সং, পুং, অগ্নি, বহ্নি। [বৃক্ষ।

স্বর্ণদ্রু (স্বর্ণ—দ্রু বৃক্ষ) সং, পুং, আরগ্বধ-

স্বর্ণপক্ষ (স্বর্ণ—পক্ষ পালখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়, সুবর্ণপক্ষশালী।

স্বর্ণপদ্মা (স্বর্ণ—পদ্ম, স্বর্ণপদ্মধারণ করে বলিয়া) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, সুরনদী।

স্বর্ণপাঠক; সং, পুং, টঙ্কণ, সোহাগা।

স্বর্ণপুষ্প (স্বর্ণ—পুষ্প ফুল) সং, পুং, চম্পকবৃক্ষ। সোঁদালি গাছ। বাবলাগাছ। ষ্পা—স্ত্রীং, কলিকারি। স্বর্ণুলী।

স্বর্ণফলা; সং, স্ত্রীং, পীতরম্ভা।

স্বর্ণলতা; সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী।

স্বর্ণবণিক্ (স্বর্ণবণিজ, স্বর্ণ—বণিজ্ ব্যবসায়ী) সং, পুং, সোণারবেণিয়া জাতি।

স্বর্ণবর্ণা; সং, স্ত্রীং, হরিদ্রা।

স্বর্ণবিন্দু (স্বর্ণ—বিন্দু ক্ষুদ্র চিহ্ন) সং, পুং, বিষ্ণু। সুবর্ণকণা। [মণি।

স্বর্ভানব; সং, পুং, রত্নবিশেষ, গোমেদক

স্বর্ভানু (স্বর্ স্বর্গ—ভানু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাহুগ্রহ।

স্বর্যাত (স্বর্ স্বর্গ—যাত, ৭মী—ষ) বিং, ত্রিং, স্বর্গত, মৃত।

স্বর্লোক (স্বর্ স্বর্গ—লোক ভুবন, য়ং—স) সং, পুং, সুরলোক, স্বর্গ।

স্বর্বধূ, স্বর্বেশ্যা (স্বর্ স্বর্গ—বধূ, বেশ্যা স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অপ্সরা।

স্বর্বাপী (স্বর্ স্বর্গ—বাপী জলাশয়) সং, ক্লীং, সুরনদী, গঙ্গা।

স্বর্বৈদ্য (স্বর্ স্বর্গ—বৈদ্য চিকিৎসক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্বিং, স্বর্গের চিকিৎসক, অশ্বিনীকুমারদ্বয়।

স্বর্লীন; সং, পুং, দানববিশেষ।

স্বল্প (সু অতিশয়—অল্প) বিং, ত্রিং, অতি অল্প। অতি ক্ষুদ্র।

স্বল্পকেশী; সং, পুং, ভূতকেশ। বিং, ত্রিং, অত্যল্পকেশবিশিষ্ট।

স্বল্পপত্রক; সং, পুং, গৌরশাক।

স্ববশ (স্ব—বশ অধীন) বিং, ত্রিং, স্বায়ত্ত, আত্মবশ।

স্ববাসিনী (স্ব জ্ঞাতি [মধ্যে]—বাসিন্ যে বাস করে, ৭মী—ষ) সং, স্ত্রীং, চিরপিতৃগৃহবাসিনী বিবাহিতা অবিবাহিতা কন্যা।

স্ববীজ (স্ব আপনি—বীজ) সং, পুং, আত্মা। ক্লীং, নিজকারণ।

স্বসা (স্বস্, সু—অস্ হওয়া+ঋ—ক) সং, স্ত্রীং, ভগিনী, বোন।

স্বস্তি (সু শুভ—অস হওয়া+তি(ক্তি)—ভাবে) অং, আশীর্ব্বাদ। শুভ, ক্ষেম, মঙ্গল। পুণ্যাদি। স্বীকার, হাঁ। সন্তোষ।

স্বস্তিক (স্বস্তি+কণ্—যোগ) সং, পুং—ক্লীং, সম্মুখে বারাণ্ডা বা চাঁদনিযুক্ত প্রাসাদ। যোগাঙ্গ আসনবিশেষ। সং, পুং, মাঙ্গলিক দ্রব্য। পিটুলিনির্ম্মিত মাঙ্গল্য দ্রব্যবিশেষ। সর্পফণা। সর্পফণাকৃতি হস্তপাত্র, হাতের ঠোঙা। চতুষ্পথ, চৌরাস্তা। আকৃতিবিশেষ, যাহা বস্ত্র বা দ্রব্যের উপর অধিকৃত হইলে উহার শুভোৎপাদন করে। চতুষ্ক, আসন-বিশেষ। পিষ্টকবিশেষ। লম্পট। লশুন।

স্বস্তিমুখ (স্বস্তি—মুখ আরম্ভ) সং, পুং, লেখ, লিপি। ব্রাহ্মণ। বিং, ত্রিং, স্তুতিপাঠক।

স্বস্তিবাচন (স্বস্তি মঙ্গল—বাচন উচ্চারণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মঙ্গলকার্য্যারম্ভে মঙ্গল কথন, স্বস্তিশব্দের উচ্চারণ।

স্বস্তিবাচনিক (স্বস্তিবাচন+ইক(ষ্ণিক)—প্রাং) বিং, ত্রিং, স্বস্তিবাচনকারক। স্বস্তিবাচনসম্বন্ধীয়।

স্বস্ত্যয়ন (স্বস্তি মঙ্গল—অয়ন [আ—ই গমন করা+অন(অনট্)—ভা] আগমন, ৭মী—হিং) সং, ক্লীং, কু গ্রহ শান্তির নিমিত্ত বেদাদিবিহিত মঙ্গলকর্ম্মানুষ্ঠান, শুভাবহবিধি। দানগ্রহীতা ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ।

স্বস্থ (স্ব আপনি—স্থ যে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, নিরুদ্বিগ্ন, নিঃসন্দিগ্ধ চিত্ত, স্থির। বিনায়াসে সুখে অবস্থিত। শিং—১ "স্বস্থা ভবন্তু ময়ি জীবতি ধার্ত্তরাষ্ট্রাঃ।" সন্তুষ্ট-চিত্ত। সমাহিত-চিত্ত। সুস্থ, নীরোগ। (স্বর্ স্বর্গ—স্থা থাকা+অ(ড)—ক) স্বর্গস্থ, মৃত।

স্বস্রীয় ( স্বসৃ ভগিনী + ঈয়(ণীয়) – অপত্যার্থে ) সং, পুং, য়া – স্ত্রীং, ভগিনীর পুত্র বা কন্যা। বিং, ত্রিং, ভগিনীসম্বন্ধীয়।

স্বাক্ষপাদ ; সং, পুং, নৈয়ায়িক, তার্কিক।

স্বাক্ষর (স্ব – অক্ষর) সং, পুং, সহি, দস্তখৎ।


স্বাগত ( সু শুভ – আগত আগমন ) সং, ক্লীং, সুখে আগমন। শিং – ১ "স্বাগতং স্বানধীকারান্।" ( কুমার )। কুশলপ্রশ্ন। শুভাগমন। তা – স্ত্রীং, ১১ অক্ষর ছন্দোবিশেষ।

স্বাঙ্কিক ; সং, পুং, মার্দ্দঙ্গিক।

স্বাচ্ছন্দ্য ( স্বচ্ছন্দ + য(ষ্ণ্য) – ভাবে ) সং, ক্লীং, স্বচ্ছন্দতা, স্বাধীনতা। সুস্থতা, স্বাস্থ্য।

স্বাতন্ত্র্য (স্বতন্ত্র স্বেচ্ছাচারী + য(ষ্ণ্য) – ভা) সং, ক্লীং, স্বতন্ত্রতা, স্বাধীনতা।

স্বাতি – তী (সু শুভ, অথবা স্ব আপন – অৎ গমন করা + ই – ক) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ, ইহাতে জাতফল, যথা— "কন্দর্পরূপপ্রভয়া সমেতঃ কান্তাজনপ্রীতিরতিপ্রসন্নঃ। স্বাতিঃ প্রসূতৌ যদি নিত্যং স্যাৎ মহামতিঃ প্রাপ্তবিভূতিযোগঃ।" সূর্য্যপত্নীবিশেষ। খড়্গা।



স্বাতী (নক্ষত্র)।

স্বাত্মরক্ষা (Fencing) আক্রমণ অথবা আত্মরক্ষার্থে তরবারি প্রয়োগবিষয়ক নৈপুণ্যসাধন-বিদ্যা।

স্বাদ ( স্বাদ্ আস্বাদন করা + অ(অণ্) – ভা ) সং, পুং, রসানুভব, লেহন। প্রীতি। + অল্ – র্ম্ম) রস, আস্বাদ।

স্বাদন ( স্বাদ দেখ, অন(অনট্) – ভা ) সং, ক্লীং, রসগ্রহণ, আস্বাদানুভব। (+ অনট্ – র্ম্ম) রস।

স্বাদিত ( স্বাদ দেখ, ত(ক্ত) – র্ম্ম ) বিং, ত্রিং, ভক্ষিত, গৃহীতস্বাদ। আস্বাদিত, লীঢ়। প্রীত।

স্বাদু ( স্বদ্ আস্বাদ করা + উণ্ – ক ) বিং, ত্রিং, দুঃ – দু কিম্বা দ্বী – দুঃ, মিষ্ট, মধুর, সুস্বাদ। মনোজ্ঞ। সং, পুং, মধুররস। ওষধিবিশেষ, জীরক। মধু, গুড়। দু, দ্বী – স্ত্রীং, দ্রাক্ষা।

স্বাদুকা ; সং, স্ত্রীং, নাগদন্তী।

স্বাদুখণ্ড ; সং, পুং, গুড়।

স্বাদুগন্ধা ; সং, স্ত্রীং, ভূমিকুষ্মাণ্ড।

স্বাদুধন্বা ; সং, পুং, কামদেব। [কোলি।

স্বাদুফল ; সং, ক্লীং, বদরীফল। লা – স্ত্রীং,

স্বাদুরসা ; সং, স্ত্রীং, ওষধিবিশেষ, কাকোলী। দ্রাক্ষাজাতসুরা। দ্রাক্ষা। আমড়া। শতাবরী।

স্বাদুকণ্টক ( স্বাদু মিষ্ট – কণ্টক কাঁটা ) সং, পুং, বিকঙ্কতবৃক্ষ। গোক্ষুরীলতা। বিকণ্টকবৃক্ষ।

স্বাদ্বম্ল ( স্বাদু মিষ্ট – অম্ল টক ) সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

স্বাধিকার (স্ব আপনি – অধিকার, ৬ষ্ঠী – ষ) সং, পুং, নিজ অধিকার, নিজ কর্ত্তব্য। শিং – ১"কশ্চিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারাৎ প্রমত্তঃ শাপেনাস্তংগমিতমহিমা।"

স্বাধিষ্ঠান ; সং, ক্লীং, লিঙ্গমূলস্থ সুষুম্না নাড়ীর অন্তর্গত ষট্ দলপদ্মবিশেষ।

স্বাধীন ( স্ব আপনি – অধীন বশ, ৬ষ্ঠী – ষ ) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, আত্মবশ, পরাধীন নয়, স্বতন্ত্র।

স্বাধীনতা ( স্বাধীন + তা – ভাবে ) সং, ক্লীং, স্বতন্ত্রতা, আত্মবশতা।

স্বাধীনপতিকা } (স্ব আপনি – অধীন বশ
স্বাধীনভর্ত্তৃকা } – পতি, ভর্ত্তৃ স্বামী, ৬ষ্ঠী – হিং) সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, নায়ক যাহার বশীভূত। শিং – ১ "কান্তো রতিগুণাকৃষ্টো ন জহাতি যদন্তিকম্। বিচিত্রবিভ্রমা মত্তা সা স্যাৎ স্বাধীনভর্ত্তৃকা।"

স্বাধ্যায় (সু সুকৃত – আ আবৃত্য – অধ্যায় অধ্যয়ন। সুকৃতির জন্য আবৃত্তিপূর্ব্বক অধ্যয়ন অথবা আবৃত্তিপূর্ব্বক বেদাধ্যয়ন; আভিধানিক নাম জপ ও জাপ। কোন কোন মতে শাস্ত্রমাত্রেরই সুন্দর ও বিশিষ্টরূপে অধ্যয়নকে স্বাধ্যায় কহে। "সু" শব্দের অর্থ সুন্দর, আ শব্দে বিশিষ্টরূপে এবং অধ্যায় শব্দে অধ্যয়ন। ইহার যুক্তি সুস্পষ্ট। যোগাদি শাস্ত্রে উল্লিখিত হই-

য়াছে "ধর্ম্মস্যাৎ পরমার্থায় সতং স্যাদাত্মশুদ্ধয়ে। ক্ষমাস্যাৎ লোকলাভায় স্বাধ্যায়ে ব্রহ্মহেতবে।" অর্থাৎ ধর্ম্ম দ্বারা পরমার্থ, সত্য দ্বারা আত্মশুদ্ধি, ক্ষমাদ্বারা লোকজয়, এবং স্বাধ্যায় দ্বারা পরমার্থ লাভ হয়। বিজ্ঞানমতে স্ব শব্দে ঈশ্বর, আ শব্দে প্রকৃতি এবং অধ্যায় শব্দে আলোচনা। বেদে এই পুরুষ প্রকৃতির সর্ব্বতোভাবে আলোচনা আছে। এই জন্য ইহার নাম স্বাধ্যায় অথবা স্ব শব্দে আত্মা, ও অধ্যায় শব্দে সবিশেষ বিচার পূর্ব্বক অধ্যয়ন। কিম্বা স্ব শব্দে সুখাধিষ্ঠান স্বর্গ যে স্বর্গ ঈশ্বর রূপের নামান্তর মাত্র। এবং অধ্যায় শব্দে প্রাপ্তিক ব্যাপ্তি। কোন কোন তন্ত্রমতে স্ব শব্দ স্বাধিষ্ঠান চক্র এবং অধ্যায় শব্দে কুলকুণ্ডলিনীর সাক্ষাৎদর্শন। ভক্তি শাস্ত্রমতে স্ব শব্দে বিষ্ণু, অধ্যায় শব্দে অধিষ্ঠান, সেই বিষ্ণুতে অধিষ্ঠান অথবা স্ব শব্দে অসাধারণ এবং অধ্যায় শব্দে প্রাপ্তি। কোন কোন মতে স্বাধ্যায়ের অর্থ যোগ। কেন না "যোগকর্ম্মসু কৌশলম্, যোগে ব্রহ্মত্মনোরৈক্যম্।" অর্থাৎ যোগ শব্দের লৌকিক অর্থ কর্ম্মদক্ষতা এবং পারলৌকিক অর্থ ব্রহ্ম ও আত্মার একতা) সং, পুং, বেদাধ্যয়ন, বেদপাঠ। বেদাংশবিশেষ।

স্বাধ্যায়বান্, স্বাধ্যায়ী (স্বাধ্যায়বৎ, স্বাধ্যায় + বৎ(বতু) — অস্ত্যর্থে। স্বাধ্যায়িন্, স্বাধ্যায় + ইন্ — অস্ত্যর্থে) সং, পুং, বেদপাঠক, যে বেদ পড়ে। [পুং, স্বন, ধ্বনি, শব্দ।

স্বান (স্বন্ শব্দ করা + অ(ঘঞ্) — ভা) সং,

স্বান্ত (স্বন্ শব্দ করা + ত(ক্ত) — ক, নিপাতন) সং, ক্লীং, চিত্ত, মনঃ। গহ্বর। (+ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, ধ্বনিত।

স্বাপ (স্বপ্ নিদ্রিত হওয়া + অ(ঘঞ্) — ভা) সং, পুং, নিদ্রা। নিদ্রাবস্থায় বিষয়ানুভব, স্বপ্ন। অচৈতন্য। পক্ষাঘাত, স্পর্শশক্তি-রাহিত্য। পক্ষাঘাত রোগ।

স্বাপতেয় (স্ব নিজ বা ধন — পতি স্বামী + এয়(ঢেয়) — ইদমর্থে) সং, ক্লীং, ধন, সম্পত্তি, বিভব।

স্বাপদ (শ্বাপদ দেখ, শ = স) সং, পুং, বন্যজন্তু। হিংস্রজন্তু।

স্বাভাবিক (স্বভাব প্রকৃতি + ইক(ষ্ণিক) — ভবার্থে) বিং, ত্রিং, স্বভাবসিদ্ধ, নৈসর্গিক।

স্বামিজঙ্ঘী (— ঙ্ঘিন্) সং, পুং, পরশুরাম।

স্বামিত্ব (স্বামিন্ + ত্ব — ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব, কর্তৃত্ব। স্বত্ব, অধিকার।

স্বামী (স্বামিন্, স্ব ঐশ্বর্য্য + মিন্ — অস্ত্যর্থে) সং, পুং, অধিপতি, প্রভু। রাজা। শিং — ১ "স্বাম্যমাত্যঃ সুহৃৎ কোষো রাষ্ট্র দুর্গবলানি চ।" পতি, ভর্ত্তা। পণ্ডিত ব্রাহ্মণ। গুরু। কার্ত্তিকেয়। বিষ্ণু। শিব। বাৎস্যায়ন মুনি। গরুড়। পরমহংস; যথা—শ্রীধর স্বামি প্রভৃতি। বিং, ত্রিং, অধিকারী। প্রভু।

স্বায়ম্ভুব (স্বয়ম্ভূ ব্রহ্মা + অ(ষ্ণ) — অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, স্বয়ম্ভূ-পুত্র, প্রথম মনু। বিং, ত্রিং, স্বয়ম্ভূসম্বন্ধীয়। শিং — ১ "ধাম স্বায়ম্ভুবং যযুঃ।" বী — স্ত্রীং, ব্রাহ্মী।

স্বারাট্ (স্বারাজ্, স্বর্ স্বর্গ - রাজ্ দীপ্তি পাওয়া + ০(ক্বিপ্) — ক, ৭মী — ষ) সং, পুং, স্বর্গের রাজা, ইন্দ্র।

স্বারাজ্য (স্বরাজ্ + য(ষ্ণ্য) — ভা) সং, ক্লীং, ঈশ্বরত্ব। (স্বারাজ্ + ষ্ণ্য) স্বর্গরাজ্য। ইন্দ্রত্ব।

স্বারোচিষ (স্বরোচিষ + অ(ষ্ণ) — অপত্যার্থে) সং, পুং, দ্বিতীয় মনু।

স্বার্জ্জিত (স্ব — অর্জ্জিত) বিং, ত্রিং, স্বয়ংলব্ধ।

স্বার্থ (স্ব আপনি — অর্থ প্রয়োজন ইত্যাদি, ৬ষ্ঠী — ষ) সং, পুং, স্বকার্য্য, নিজ প্রয়োজন। স্বীয় অর্থ। বিশেষণ। লিঙ্গার্থবিশেষ।

স্বার্থপর, স্বার্থপরায়ণ (স্বার্থ — পর, পরায়ণ তৎপর, ৭মী — ষ) বিং, ত্রিং, স্বকার্য্যসাধনে তৎপর, নিজপ্রয়োজনসিদ্ধি বিষয়ে ব্যগ্র।

স্বার্থিক (স্বার্থ + ইক(ষ্ণিক) — র্ম্ম) বিং, ত্রিং, স্বার্থে বিহিত (ব্যাকরণোক্ত প্রত্যয়)। নিজ অর্থ দ্বারা সম্পাদিত। স্বার্থপর।

স্বাস্থ্য (সুস্থ + য(ষ্ণ্য) — ভাবে) সং, ক্লীং,

সুস্থতা, আরোগ্য। সন্তোষ। নিরুদ্বেগ, নিশ্চিন্ততা। সুখ।

স্বাহা (সু শুভ—আ—হ্বে [দেবতাদিগকে] আহ্বান করা+আ(ডা)—ণ, কিম্বা স্বদ্ আস্বাদন করা+আ—প্রং, দ=হ) অং, দেবোদ্দেশে অগ্নিতে ঘৃত প্রদান। তদ্দানের মন্ত্র। (+আ—র্ম্ম) অগ্নির ভার্য্যা। মাতৃকাবিশেষ; যথা—"নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ।"

স্বাহাপতি, স্বাহাপ্রিয় (স্বাহা অগ্নিপত্নী—পতি স্বামী, প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি।

স্বাহাভুক্ (স্বাহাভুজ্, স্বাহা—ভুজ্ [ভুজ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, দেবতা।

স্বিৎ (সু—ই গমন করা+০(ক্বিপ্)—ক, ৎ—আগম) অং, প্রশ্ন। বিতর্ক। সংশয়। পাদপূরণার্থক।

স্বিন্ন (স্বিদ্ ঘর্ম্মাক্ত হওয়া ইত্যাদি+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, স্বেদযুক্ত, ঘর্ম্মাক্ত; যথা—"স্বিন্নস্রাতোর্ম্মলাদিব।" আর্দ্র। পক্ক। ক্লিন্ন।

স্বীক (স্ব—ঈক(ষ্ণীক)—প্রং) বিং, ত্রিং, স্বকীয়।

স্বীকার (স্ব আপনি—কার করণ+ঈ(চি)—অভূততদ্ভাবার্থে) সং, পুং, প্রতিজ্ঞা, অঙ্গীকার। পরিগ্রহ। প্রতিগ্রহ, গ্রহণ। আয়ত্তীকরণ। বশীকরণ।

স্বীকৃত (স্ব আপনি—কৃত যাহা করা হইয়াছে, ঈ(চি)—অভূত তদ্ভাবার্থে) বিং, ত্রিং, অঙ্গীকৃত। সম্মত। পরিগৃহীত। প্রতিগৃহীত, গৃহীত। আয়ত্তীকৃত।

স্বীয় (স্ব আপনি+ঈয়(ণীয়)—ইদমর্থে) বিং, ত্রিং, স্বকীয়, আত্মীয়, নিজ। য়া—স্ত্রীং, নায়িকাবিশেষ, স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা (স্ব আপনি—ইচ্ছা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, যদৃচ্ছা, আপন ইচ্ছা, স্বচ্ছন্দ।

স্বেচ্ছাচারী (স্বেচ্ছাচারিন্, স্বেচ্ছা—আচারিন্ যে আচরণ করে, ৩য়া—ষ) বিং, ত্রিং, স্বাধীন, যে আপন ইচ্ছানুরূপ আচরণ করে। অবাধ্য।

স্বেচ্ছামৃত্যু (স্বেচ্ছা আপন ইচ্ছা—মৃত্যু মরণ) সং, পুং, ভীষ্ম।

স্বেদ (স্বিদ্ ঘর্ম্মাক্ত হওয়া ইত্যাদি+অ(অল্)—ভাবে) সং, পুং, তাপ। ঘর্ম্ম, ঘাম। ক্লেদ। বাষ্প। উষ্ম।

স্বেদজ (স্বেদ ক্লেদ—জ [জন্ জন্মান+অ(ড)—ক] যে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, উষ্মজাত, কৃমিদংশমশকাদি।

স্বেদন (স্বিদ্-ণিচ=স্বেদি ঘর্ম্মাক্ত করান+অনট্—ভাবে) সং, ক্লীং, স্বেদ, ঘর্ম্ম। ঘর্ম্মজনন, ঘর্ম্মোৎপত্তি। ঘর্ম্মনিঃসারণ, ভাপ্রা। (+অনট্—ণ, ঈপ্) নী—স্ত্রীং, লৌহময় পাকপাত্র।

স্বেদনিকা (স্বেদনী [স্বেদন ঘর্ম্ম+ঈপ্]+কণ্—যোগ) সং, স্ত্রীং, লৌহময় পাকপাত্র। ভর্জ্জন-পাত্র।

স্বৈর (স্ব আপনি—ঈর্ গমন করা, প্রেরণ করা+অ(অন্)—ক) বিং, ত্রিং, আত্মবশ, স্বাধীন, স্বচ্ছন্দ। মন্দ, জড়। (+অল্—ভাবে) সং, ক্লীং, স্বেচ্ছাধীনতা, যথেচ্ছাচার।

স্বৈরচারী (স্বৈরচারিন্, স্বৈর—চারী [চর্ গমনকরা+ইন্(ণিন্)—ক] যে গমন করে) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, অবাধ্য। রিণী—স্ত্রীং, ব্যাভিচারিণী স্ত্রী।

স্বৈরতা, স্বৈরিতা (স্বৈর, স্বৈরিন্+তা—ভা) সং, স্ত্রীং, স্বাধীনতা, যথেচ্ছাচারিতা।

স্বৈরিন্ধ্রী (স্বৈর—স্বাচ্ছন্দ্য—ধ্বৃ ধারণ করা নিপাতন) সং, স্ত্রীং, পরবেশ্মস্থা শিল্পকারিণী।

স্বৈরী (স্বৈরিন্, স্বৈর দেখ, ইন্(ণিন্)—ক) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, অবাধ্য। রিণী—স্ত্রীং, ব্যাভিচারিণী। চতুঃপুরুষগামিনী।

স্বোপার্জ্জিত (স্ব—উপার্জ্জিত) বিং, ত্রিং, স্বার্জ্জিত।

স্বোরস; সং, পুং, স্বরস, শিলাপিষ্ট তৈলবিশেষ।

## হ

**হ**; ব্যঞ্জনবর্ণের ত্রয়স্ত্রিংশৎবর্ণ। ইহার উচ্চারণস্থান কণ্ঠ। (হা ত্যাগ করা, কিংবা হন্ বধ করা+অ(ড)—ক) সং, পুং, শিব। বিষ্ণু। জল। শূন্য,'০'। গগন। ধারণ। মঙ্গল। স্বর্গ। রক্ত। ঘোটক। ভয়। ধ্যান। আকাশ। জ্ঞান। চন্দ্র। যুদ্ধ। রোমাঞ্চ। গন্ধ। চিকিৎসক। কারণ। উদ্দেশ্য। হা—স্ত্রীং, পরিত্যাগ। বীণা। ক্লীং, ঈশ্বর, পরমাত্মা। আনন্দ, হর্ষ। আহ্বান। অস্ত্রশস্ত্র। মণিপ্রভা। বীণাধ্বনি। (হা+অ(ড)—ভাবে) অং, সম্বোধন। পাদপূরণার্থক। কোপ। নিন্দা। নিয়োগ। নিগ্রহ। চিন্তন। মৃত্যু। পুং, ছেদন। উপদেশ। ধারণ। বিং, ত্রিং, হাস্য, উচ্চহসিত। মত্ত, সুরামত্ত।

**হওন** (দেশজ) সং, বর্ত্তন। জন্মান।

**হওয়া** (দেশজ) সং, জন্মান, উৎপত্তি।

**হংস** (হন্ বধ করা+স—র্ম্ম) সং, পুং, হাঁস। (+স—ক) বিষ্ণু। সূর্য্য। পরমাত্মা। ব্রহ্মা। শিব। অশ্ব। মাৎসর্য্য। মহিষ। পরমব্রহ্ম। পরমাত্মা। "হংসং তনৌ সন্নিহিতং চরন্তং।" গূঢ়মন্ত্রবিশেষ, অর্জপামন্ত্ররূপবর্ণ। শিং—১ "হংকারেণ বহির্যাতি সকারেণ বিশেৎ পুনঃ।" নির্লোভ যতি। নরপতি। গুরু। পর্ব্বত। মৎসর। দেহস্থ বায়ুবিশেষ। অশ্ববিশেষ। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, প্রধান। (হন্+অন্—ক, সুক্—আগম) সং, পুং, ভেষজ। সী—স্ত্রীং, (+স—র্ম্ম) স্ত্রীহাঁস। চন্দনবিশেষ।

**হংসক** (হংস—কৈ প্রকাশ পাওয়া+অ(ড)—ক) সং, পুং, পাদাভরণবিশেষ, পাঁইজোর, মল, নূপুর। (হংস+কণ্) রাজহংস। হংস। তালবিশেষ। সিকা—স্ত্রীং, হংসী।

**হংসকূট**; সং, পুং, পর্ব্বতবিশেষ। ককুৎ।

**হংসগদ্গদা** (হংস—গদ্ শব্দ করা, দ্বিত্ব, অ, আপ্) সং, স্ত্রীং, মধুরভাষিণী।

**হংসগামিনী** (হংস—গামিনী [গম্ গমন করা+ণিন্—ক] যে গমন করে, য়ং—স) সং, স্ত্রীং, হংসবৎ গমনশীলা নারীবিশেষ। ব্রহ্মাণীদেবী।

**হংসদাহন** (হংস—দাহন পোড়ান, উদ্দীপন) সং, ক্লীং, অগুরু, সুগন্ধিকাষ্ঠবিশেষ।

**হংসনাদিনী** (হংস—নাদিনী [নদ্ শব্দ করা +ণিন্—ক, ঈপ্] যে রব করে, য়ং—স) সং, স্ত্রীং, পরম সুন্দরী স্ত্রী, যাহার মধ্যভাগ ক্ষীণ, বিপুল নিতম্বদেশ, হস্তীর ন্যায় গমন ও কোকিলের ন্যায় স্বর। শিং—১ "গজেন্দ্র-গমনা তন্বী কোকিলানাং রুতান্বিতা। নিতম্বেগুর্ব্বিণী যা সা কথ্যতে হংসনাদিনী।"

**হংসপদী**; সং, স্ত্রীং, গোধাপদী।

**হংসপাদ** (হংস—পাদ পা, যাহার সহিত ইহাদের বর্ণ আকৃতি প্রভৃতির তুলনা করা যায়) সং, পুং, হিঙ্গুল।

**হংসমালা** (হংস—মালা) সং, স্ত্রীং, পাতিহাঁস। হংসশ্রেণী।

**হংসমাষা**; সং, স্ত্রীং, মাষপর্ণী।

**হংসরথ, হংসবাহন** (হংস—রথ, বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি।

**হংসলোহক**; সং, ক্লীং, পিত্তল, পিত্তল।

**হংসাভিখ্য** (হংস—অভিখ্যা সৌন্দর্য্য, শোভা। তুল্য বর্ণ হেতু) স ং, রজত, রৌপ্য।

**হংসারূঢ়**; সং, পুং, ব্রহ্মা। স্ত্রীং, ব্রহ্মাণী।

**হংহো** (হং—হো উভয়ই সম্বোধনসূচক অব্যয়, অথবা হং অব্যক্ত শব্দ—হা ত্যাগ করা+ও—প্রং) অং, সম্বোধন, প্রায় গর্ব্বিত ব্যক্তিরাই ব্যবহার করে। প্রশ্ন।

**হক** (আরবী) বিং, যথার্থ, ন্যায্য। স্বত্ব।

**হক্ক** (হক্ অনুকরণ শব্দ—ক শব্দার্থ কৈ ধাতুজ) সং, পুং, গজসমাহ্বান, হাতির ডাক।

**হজম** (আরবী) পরিপাক। আত্মসাৎ করা।

**হজরত** (আরবী) সম্ভ্রান্ত ব্যক্তিকে সম্বোধন করিবার জন্য এই শব্দ ব্যবহৃত হয়। প্রভু।

**হজ্জত** (আরবী) তর্কবিতর্ক। ঝগড়া।

হঞ্জি ; সং, পুং, ক্ষুৎ, হাঁচী।

হঞ্জে, হঞ্জা (হিণ্ড্ অনাদর করা+এ—ভা, নিপাতন) অং, নাট্যে—ভৃত্যার প্রতি স্ত্রীলোকের সম্বোধনসূচক শব্দ।

হটন, হঠন (দেশজ) সং, পশ্চাৎ গমন। পরাস্ত হওন।

হট্ট (হট্ দীপ্তি পাওয়া+ট—ক) সং, পুং, ক্রয়বিক্রয়স্থান, হাট।

হট্টবিলাসিনী (হট্ট হাট—বি—লস্ ক্রীড়া করা, আমোদকরা+ইন্ (ণিন্)—ক, ঈপ্) সং, স্ত্রীং, বারাঙ্গনা, বেশ্যা। গন্ধৌষধি-বিশেষ।

হঠ (হঠ্ বলাৎকার করা+অ(অল্)—ভা) সং, পুং, বলাৎকার। লুঠ। প্রসভ। পশ্চাদ্ঘাতি। [স্ত্রীং, শৈবাল, শেওলা।

হঠপর্ণী (হঠ পানা—পর্ণ পাতা) সং, হঠবন্দীকরণ—বলপূর্ব্বক কারারুদ্ধ করা।

হঠাৎ (হঠ শব্দজ) ক্রিং—বিং, অকস্মাৎ, দৈবাৎ।

হঠান (দেশজ) সং, পরাস্তকরণ, পরাভবকরণ। [কুম্ভিকা, পানা।

হঠালু, হঠী (হঠী—আলু মূল) সং, পুং,

হড়ি (হঠ্ বলাৎকার করা+ই—ধি) সং, পুং, কাষ্ঠযন্ত্রবিশেষ, হাড়িকাঠ।

হড়িক, হড্ডক, হড্ডিক (হঠ+ইক—ক) সং, পুং, ঝাড়ুদার, হাড়িজাতি।

হড্ড (হঠ+ড—ক) সং, ক্লীং, অস্থি, হাড়।

হড্ডক, হড্ডিক (হড্ড+কণ্, ষ্ণিক—প্রং) সং, পুং, হাড়ি জাতি।

হড্ডজ (হড্ড হাড়—জ [জন্ জন্মান+অ(ড)—ক] জাত) সং, ক্লীং, মজ্জা।

হড্ডিপ ; সং, পুং, মলেগ্রহি, হাড়ি।

হণ্ডা (হন্+ডা—ক) সং, স্ত্রীং, হাঁড়া। অং, দাসীকে সম্বোধন করিবার শব্দ।

হণ্ডিকা, হণ্ডী (হণ্ডা+কণ্—আপ্—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, মৃৎপাত্রবিশেষ, হাঁড়ী।

হণ্ডে (হিণ্ড্ অনাদর করা+এ—ভা, নিপাতন) অং, নাট্যে—নীচজাতীয়া স্ত্রীলোকের প্রতি সম্বোধনসূচক শব্দ।

হত (হন্ বধ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, বিনষ্ট। বিনাশিত। ব্যাহত। প্রতিহত। গুণিত। নিরাশ। কুৎসিত। দগ্ধ। তুচ্ছ। (+ক্ত—ভা) সং, ক্লীং, হনন। গুণন।

হতক (হত+কণ্—যোগ) সং, পুং, ভীরু, কাপুরুষ। নীচ। নষ্টপ্রায়, মৃত। হতভাগ্য।

হতজীবিত (হত—জীবিত প্রাণ) বিং, ত্রিং, মৃত, গতাসু। ক্লীং, নৈরাশ্য।

হতমূর্খ ; সং, পুং, অতিমূঢ়, গণ্ডমূর্খ। শিং—১ "ক্রূরঃ খলো হতমূর্খঃ পাপশীলো ভবেন্নরঃ।"

হতস্মর (হত—স্মর কামদেব, ৬ষ্ঠী—হিং, কামদেব যৎকর্ত্তৃক ভস্মীভূত হইয়াছিল) সং, পুং, মহাদেব।

হতাদর (হত বিনষ্ট—আদর, সং—স+৬ষ্ঠী—হিং) সং, পুং, অসম্মান, অমর্য্যাদা। বিং, ত্রিং, অবজ্ঞাত।

হতাধ্বর (হত—অধ্বর যজ্ঞ, ৬ষ্ঠী—হিং, শিবের মানহানি মানসে দক্ষরাজা শিবহীন যজ্ঞ আরম্ভ করেন, সেই যজ্ঞে সতীদেবী পতির অবমাননায় প্রাণত্যাগ করেন। শিব ইহা শ্রবণে সতীশোকে একান্ত অধীর হইয়া দক্ষের যজ্ঞ নাশ করেন) সং, পুং, শিব।

হতাশ (হত বিনষ্ট—আশা আকাঙ্ক্ষা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়। নিরাশ, আশারহিত। দুষ্ট। নিষ্ফল, বন্ধ্য। দুর্ব্বল।

হতি (হন্ বধ করা+তি (ক্তি)—ভা) সং, স্ত্রীং, হনন। ব্যাঘাত। অপকর্ষ। গুণন।

হতোঽস্মি (হত—অস্মি আমি) বিং, ত্রিং, আমি হত হইলাম। স্ত্রীলিঙ্গে—হতাস্মি।

হতৌজাঃ (হতৌজস্, হত নষ্ট—ওজস্ বল) বিং, ত্রিং, হীনবল। পুং, দৌর্ব্বল্য-সহকৃত জ্বর।

হত্নু (হন্ বধ করা, আঘাত করা+ত্নু—ক) সং, পুং, ব্যাধি, রোগ। অস্ত্র।

হত্যা (হন্ বধ করা+য(ক্যপ্)—ভা, আপ্, ন—স্থানে ৎ) সং, স্ত্রীং, বধ, হনন। শিং—১ "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।" বিনাশ, হিংসা।

হথ ; বিং, ত্রিং, বিষণ্ণ।

হদন (হদ্ বিষ্ঠাত্যাগ করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, বিষ্ঠাত্যাগ।

হদ্দ (আরবী) সীমা। চূড়ান্ত। শেষ।

হদ্দা ; সং, স্ত্রীং, মেষাদিলগ্নের ত্রিংশদংশ।

হনন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, বধ, হত্যা, মারণ। শিং—১ "স্যাৎ প্রাণবিয়োগফলকব্যাপারো হননং স্মৃতং।" গুণন, পূরণ।

হনু—পুং } (হন্ বধ করা+উ—র্ম্ম)
হনু, হনূ-স্ত্রীং } সং, গণ্ডদেশের উপরিভাগ, চোয়াল। স্ত্রীং, রোগ। অস্ত্র। মৃত্যু।

হনুমান্ } (হনুমৎ, হনু+মৎ(মতু্)—
হনূমান্ } অস্ত্যর্থে) সং,পুং, অঞ্জনাগর্ভজাত বানর। [রাক্ষস,নিশাচর।

হনূষ (হন্ বধ করা+ঊষ—প্রং) সং, পুং,

হন্ত (হনু দেখ, ত(ক্ত)—ভাবে) অং, বিষাদ। খেদ। অনুকম্পা, করুণা। সম্ভ্রম। বাক্যারম্ভ। হর্ষ অন্তকলন।

হন্তকার ; সং, পুং, অতিথিকে দেয় তণ্ডুল, ১৬গ্রাসপরিমাণ ভিক্ষান্ন। হন্তশব্দপ্রয়োগ।

হন্তব্য (হন্ বধ করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, হননীয়, বধযোগ্য। গুণ্য।

হন্তা (হন্তৃ, পূর্ব্বে দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, হননকর্ত্তা, বধকারক।

হন্তু (হন্ বধ করা+তু—প্রং) সং, পুং, মৃত্যু। বৃষ। [যথার্থানুসন্ধান, তথ্য।

হন্দীয়ৎ (যবন ভাষা) সং, সুক্ষ্ম বিচার,

হন্ন (হদ্ বিষ্ঠাত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, কৃতপুরীষোৎসর্গ।

হন্যমান (হন্ বধ করা+আন(শান)—র্ম্ম, য—আগম) বিং,ত্রিং, যাহাকে হনন করা হইতেছে।

হপুষা ; সং, স্ত্রীং, বণিগ্দ্রব্যবিশেষ।

হপ্তা (পারসী) সপ্তাহ।

হম্ (হা ত্যাগ করা+অম্(ডম্)—ভাবে) অং, ক্রোধোক্তি।

হম্ভা } (হম্ অনুকরণ শব্দ—ভা দীপ্তি
হম্মা } পাওয়া+গ, আ—প্রং, ২য় পক্ষে
হম্বা } হম্—মা। ৩য় পক্ষে—হম্—বা)
সং, স্ত্রীং, গোধ্বনি, গোরুর শব্দ।

হয় (হয় বা—হি গমন করা+অ(অন্)—ক) সং, পুং, অশ্ব, ঘোটক। ইন্দ্র। সপ্তসংখ্যা, ৭। য়া—স্ত্রীং, ঘোটকী।

হয়কাতরা ; সং, স্ত্রীং, অশ্বকাতরাবৃক্ষ।

হয়গন্ধ ; সং, ক্লীং, কাচলবণ। ন্ধা—স্ত্রীং, অশ্বগন্ধা। অজমোদা।

হয়গ্রীব (হয় ঘোটক—গ্রীবা ঘাড়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দৈত্যবিশেষ ; এই দৈত্য বেদ হরণ করিয়া লইয়া গেলে বিষ্ণু মৎস্যাবতারে ইহাকে বধ করিয়াছিলেন। বিষ্ণুর অবতারবিশেষ, নৃসিংহ অবতার। রাজর্ষিবিশেষ। বা—স্ত্রীং, দুর্গা। শিং—১ "নারসিংহী হয়গ্রীবা হিরণ্যাক্ষবিনাশিনী।"

হয়ঙ্কষ (হয় ঘোটক—কষ আঘাত করা+অ—প্রং) সং, পুং, সারথি। মাতলি, ইন্দ্রসারথি।

হয়জ্ঞ (হয়—জ্ঞ [জ্ঞা জানা+অ(ড)—ক] যে জানে) সং, পুং, অশ্বশাস্ত্রবেত্তা অশ্বপালক, সহিস। [পুং, মহিষ।

হয়দ্বিষন (হয়দ্বিষৎ, হয়—দ্বিষৎ শত্রু) সং,

হয়ন (হয় দেখ, অন(অনট্)—ভা) সং, ক্লীং, কর্ণীরথ, আচ্ছাদিত শকট বা ডুলি।

হয়প্রিয় (হয় ঘোটক—প্রিয়) সং, পং, শস্যবিশেষ, যব। য়া—স্ত্রীং, অশ্বগন্ধা। খর্জ্জূরী।

হয়মার } (হয় ঘোটক—মার, মারক
হয়মারক } যে মারিয়া ফেলে) সং, পুং, করবীর বৃক্ষ।

হয়মারণ (হয় ঘোটক—মারণ হনন) সং, পুং, অশ্বত্থবৃক্ষ।

হয়রাণ (আরবী) আশ্চর্য্যান্বিত। ক্লান্ত। কষ্টযুক্ত।

হয়বাহন ; সং, পুং, সূর্য্যপুত্র রেবন্ত।

হয়শীর্ষ ; সং, পুং, বিষ্ণু, নারায়ণ। শালগ্রাম মূর্ত্তিবিশেষ।

হয়ানন্দ ; সং, পুং, মুদ্গ।

হয়ারি ; সং, পুং, করবীর।

হয়াশনা ; সং, স্ত্রীং, শল্লকীবৃক্ষ।

হর (হৃ হরণ করা, লওয়া+অ(অন্)—ক) সং, পুং, শিব। অগ্নি। গর্দ্দভ। ভাজক অঙ্ক, ভগ্নাংশসম্বন্ধীয় রাশি যত সমান অংশে বিভক্ত হয়। শিং—১ "অন্যোন্যহারাভিহতৌ হরাংশৌ।" বিং,ত্রিং, বহন-

কারক, যে লইয়া যায়। হরণকারী। (+ অল্—ভাবে) হরণ। (+অল্—ষ্ম) ভাগ।

হরক ; সং, পুং, শিব। অগ্নি। গর্দ্দভ। হরণ।

হরকরা (পারসী হর্ অর্থে প্রত্যেক—কার অর্থে কার্য্য, যে প্রত্যেক কার্য্য করে) পত্রাদিবাহক। চর, দূত।

হরগুণ—শিবের স্বাভাবিক গুণ; যথা—চারুচন্দ্রকলা শোভিত বদন, রজতের ন্যায় উজ্জ্বল অঙ্গ, ধবলবর্ণ প্রভৃতি।

হরগৌরী ; সং, স্ত্রীং, অর্দ্ধনারীশ্বর রূপ। শিব-পার্ব্বতীর মূর্ত্তিবিশেষ। শিব এবং পার্ব্বতী।

হরচূড়ামণি ; সং, পুং, চন্দ্র।

হরণ (পূর্ব্বে দেখ, অন(অনট্)—ভাবে) সং, ক্লীং, গ্রহণ। অপহরণ। বহন। ভাগকরণ। ভুজ, বাহু। (+অনট্—ষ্ম) যৌতুক দান, গুরুদক্ষিণাদি দান।

হরনেত্র ; সং, ক্লীং, সংখ্যাত্রয়। শিবচক্ষুঃ।

হরফ (আরবী) বর্ণমালার অক্ষর। পদাতিক।

হরবীজ } (হরতেজস, হর শিব—বীজ
হরতেজঃ } রেতঃ, তেজস, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পারদ। [স্ত্রীং, গঙ্গা, জাহ্নবী।

হরশেখরা (হর শিব—শেখরা চূড়া) সং,

হরাদ্রি (হর শিব—অদ্রি পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৈলাসপর্ব্বত।

হরি (হৃ [ সকল মনুষ্যের হৃদয় ইত্যাদি ] লওয়া, হরণ করা+ই—ক কিংবা হৃ [রুদ্ররূপে বিশ্বকে] সংহার করা+ই—ক) সং,পুং, বিষ্ণু। "রুদ্ররূপেণ সংহৃত্য বিশ্বানামপি নিত্যশঃ। ভক্তানাং পালকো যো হি হরিস্তেন প্রকীর্ত্তিতঃ।" শিব। ব্রহ্মা। ইন্দ্র। যম। বায়ু। অগ্নি। চন্দ্র। সূর্য্য। সিংহ। রশ্মি। অশ্ব। শুকপক্ষী। বানর। কিরণ। সর্প। ভেক। কোকিল। ময়ূর। পশু। হংস। পৃথিবীর নববর্ষের মধ্যে একটী বর্ষ। ভর্ত্তৃহরিপণ্ডিত। বিং, ত্রিং, হরিৎবর্ণ। পিঙ্গলবর্ণ। কপিলবর্ণ।

হরিক (হরি+কণ্—যোগ) সং, পুং, পীত-হরিতবর্ণ অশ্ব। চোর। পাশক্রীড়ক।

হরিকেলীয় (হরি বিষ্ণু—কেল ক্রীড়া+ঈয়—প্রৎ) সং, পুং, বঙ্গদেশ।

হরিকেশ (হরি বিষ্ণু—ক ব্রহ্মা—ঈশ প্রভু) সং, পুং, শিব। যক্ষবিশেষ; ইনি শিবের প্রসাদে দণ্ডপাণিত্ব এবং ক্ষেত্রপালত্বাদি প্রাপ্ত হইয়াছিলেন।

হরিগৃহ ; সং, ক্লীং, হরিমূর্ত্তি গৃহ। একচক্র পুরীবিশেষ।

হরিচন্দন (হরি ইন্দ্র—চন্দন [চন্দ আহ্লাদ করা+অন—ক] আহ্লাদজনক, ৬ষ্ঠী—ষ) সং, পুং-ক্লীং, দেবতরুবিশেষ। (হরি স্বর্ণবর্ণ—চন্দন, কর্ম্ম—স, কিম্বা হরি ইন্দ্র—চন্দন, ৬ষ্ঠী—ষ, অথবা হরি ভেক, তদাকারে পর্ব্বত ভাগে জাতহেতু হরিচন্দন) পীতবর্ণ সুগন্ধ কাষ্ঠবিশেষ, গোশীর্ষ নামক শ্বেত চন্দন। ক্লীং, কুঙ্কুম। চন্দ্রিকা, জ্যোৎস্না। পদ্মকেশর।

হরিণ (হৃ লওয়া+ইন—ক) সং, পুং, মৃগ, কুরঙ্গ। পাণ্ডুবর্ণ। বিষ্ণু। শিব। সূর্য্য। হংস। জগতের ক্ষুদ্রতর বিভাগবিশেষ। বিং, ত্রিং, পাণ্ডুরবর্ণবিশিষ্ট। বিশদ। ণী—স্ত্রীং, মৃগী, কুরঙ্গিণী। পদ্মিনী প্রভৃতি চতুর্ব্বিধ স্ত্রীর একবিধ স্ত্রী, চিত্রিণী স্ত্রী। অপ্সরাবিশেষ। ছন্দোবিশেষ, সপ্তদশ অক্ষরে প্রতিপাদ নিবদ্ধ। মঞ্জিষ্ঠা। স্বর্ণযূথী। তরুণী। বরাঙ্গী। হরিদ্বর্ণা স্ত্রী।

হরিণনর্ত্তক (হরিণ মৃগ—নর্ত্তক নৃত্যকারী) সং, পুং, কিন্নর, স্বর্গের গায়ক।

হরিণপ্লুতা ; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ; প্রথম ও তৃতীয় পাদে ১১ অক্ষর এবং দ্বিতীয় ও চতুর্থপাদে ১২ অক্ষর।

হরিণহৃদয় (হরিণ মৃগ—হৃদয় মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভীরু, ভীতস্বভাব।

হরিণাক্ষী (হরিণ—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং, অ, ঈপ) সং, স্ত্রীং, মৃগনয়ন তুল্য নয়নবিশিষ্টা স্ত্রী। গন্ধদ্রব্যবিশেষ। হট্টবিলাসিনী।

হরিণাঙ্ক (হরিণ—অঙ্ক চিহ্ন বা ক্রোড়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, মৃগাঙ্ক।

হরিৎ (হৃ লওয়া+ইৎ—ক) সং, পুং, নীলপীত মিশ্রিতবর্ণ, সবুজবর্ণ। ঘাস-

হল (হল্ কর্ষণ করা+অ(অল্)—ণ) সং, ক্লীং, লাঙ্গল, হাল। পুং, ককারাদি সমস্ত ব্যঞ্জনবর্ণ।

হলকা (আরবী) সমূহ, দল ; যথা—"ষোড়শ হলকা হাতী, অযুত তুরঙ্গ সাথী।"

হলদ্দী (হলং কৃষক—দে পালন করা+অ—প্রং) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

হলধর, হলভৃৎ (হল লাঙ্গল—ধর, ভৃৎ যে ধারণ করে, ২য়া—ষ) সং,পুং, লাঙ্গলী, বলদেব। কৃষক।

হলন্ত (হল্—অন্ত) সং, পুং, ব্যঞ্জনবর্ণ।

হলফ (আরবী) শপথ।

হলভূতি, হলভৃতি (হল লাঙ্গল—ভূ হওয়া, ভৃ ধারণ করা+তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, কৃষিকর্ম্ম, চাস।

হলা (হা—লা গ্রহণ করা+অ(ড)—ক) অং, নাট্যে—সখীর প্রতি স্ত্রীলোকের সম্বোধনসূচক শব্দ। স্ত্রীং, সখী। পৃথিবী। মদ্য। জল।

হলায়ুধ (হল—আয়ুধ অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম, বলদেব।

হলাহ ; সং, পুং, নানাবর্ণবিশিষ্ট অশ্ব।

হলাহল (হল লাঙ্গল—আ সমন্তাৎ—হল্ চসা+অ(অন্)—ক, যে লাঙ্গলের ন্যায় সর্ব্বত্র কর্ষণ করে, স্বার্থে 'অ' করিলে হালহল। নিপাতন হেতু 'ল' লোপে হাহল) সং, পুং—ক্লীং, বিষবিশেষ, কালকূট। পুং, সর্পবিশেষ, ব্রহ্মসর্প। অঞ্জনা। বুদ্ধবিশেষ। শিং—১"হলাহলং হালহলং হাহলঞ্চ হলাহলং।" ইতি রুদ্র।

হলি (হল্ কর্ষণ করা+ই—র্ম্ম) সং, পুং, হলকৃত রেখা। (+ই—ভাবে) কৃষি। (+ই—ণ) বৃহৎহল।

হলিপ্রিয় (হলিন্ বলরাম—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কদম্ববৃক্ষ। য়া—স্ত্রীং, সুরা, মদিরা। রেবতী।

হলী (হলিন্, হল লাঙ্গল+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, বলরাম। কৃষক। স্ত্রীং, কলিকারী বৃক্ষ।

হলীন ; সং, পুং, শাকবিশেষ।

হলীমক ; সং, পুং, পাণ্ডুরোগবিশেষ।

হলীষা (হল—ঈষা) সং, স্ত্রীং, লাঙ্গলদণ্ড।

হলুদ, হল্দী (হরিদ্রাশব্দজ) সং, বরবর্ণিনী, হরিদ্রা।

হল্কা (দেশজ) সং, অগ্নিশিখা।

হল্য (হল লাঙ্গল+য(ক্য)—কৃষ্টার্থে ইত্যাদি) বিং, ত্রিং, হলকৃষ্ট (ক্ষেত্রাদি)। লাঙ্গলসম্বন্ধীয়। ক্লীং, বৈরূপ্য। ল্যা—স্ত্রীং, হলসমূহ।

হল্লক (হ্লাদ্ আহ্লাদিত হওয়া+অক—প্রং, নিপাতন) সং, ক্লীং, রক্তকহ্লার। ক্রোধোক্তি।

হল্লা (আরবী হামলা শব্দের অপভ্রংশ) সং, আক্রমণ। গোলমাল।

হল্লীষ, হল্লীষক, হল্লীস, হল্লীসক (হেলা স্ত্রীলোকের ভাব বিশেষ, লীলা—লষ, লস্ =নৃত্যবিশেষে পটুত্ব প্রদর্শন করা+অ (অল্)—নি, নিপাতন। কণ্—যোগে হল্লীষক, হল্লীসক) সং, ক্লীং, স্ত্রী[illegible]কদিগের মণ্ডলাকারে নৃত্য, একজন [illegible] ও আট বা দশজন স্ত্রী একত্রিত [illegible] গান ও নৃত্য।

হব (হু হোম করা ইত্যাদি [illegible](অল্)—ভাবে) সং, পুং, হোম, য[illegible] (হ্বে আহ্বান করা+অ(অল্)—[illegible]) আহ্বান। আজ্ঞা।

হবন (পূর্ব্বে দেখ, অন(অনট্)—নি) সং, পুং, হোম, যজ্ঞ। নী—স্ত্রীং, (+অনট্)—ণ) হোমকুণ্ড।

হবনায়ুঃ (হবনায়ুস্, হবন হোম—আয়ুস্ জীবন) সং, পুং, অগ্নি, বহ্নি।

হবনীয় (হব দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, হোমযোগ্য। (+অনীয়—ণ) হোমার্থ বস্তু।

হবিঃ (হবিস্, হু হোম করা+ইস্—প্রং) সং, ক্লীং, ঘৃত। হব্যঘৃত। হবনীয় দ্রব্যমাত্র। জল। হোম।

হবিত্রী (হু হোম করা+ইত্র—প্রং, আপ্) সং, স্ত্রীং, হোমকুণ্ড, হবনী।

হবিরশন (হবিস্ ঘৃত—অশন ভক্ষণীয়, ভক্ষণ) সং, পুং, অগ্নি। ক্লীং, ঘৃতভোজন।

হবির্গন্ধা ; সং, স্ত্রীং, শমী।

হবির্গেহ ( হবিস্ ঘৃত—গেহ ঘর, ৬ষ্ঠী—ষ ) সং, ক্লীং, হোমদ্রব্যাদি রক্ষার্থ গৃহ, হোমগেহ।

হবির্ভুক্ ( হবির্ভুজ্, হবিস্—ভুজ্ [ ভুজ্ ভোজন করা+০(ক্বিপ্)—ক] যে ভোজন করে) সং, পুং, অগ্নি। দেবতা।

হবির্মন্থ ; সং, পুং, গণিকারীবৃক্ষ।

হবিষ্য (হবিস্ ঘৃত+য(ষ্যৎ)—ভবার্থে) সং, ক্লীং, ঘৃতান্ন। (+ষ্য—স্বার্থে) পক্কনবনীত।

হব্য ( হু হোম করা+য—ণ ) সং, ক্লীং, ঘৃত। হবনীয় দ্রব্য, হবিঃ, হোমার্থ বস্তু, চরুপ্রভৃতি, ঘৃতাদি। (+য—ভা) হোম। বিং, ত্রিং, হোমযোগ্য। (+য—ক) সং, পুং, শাকদ্বীপাধিপতি।

হব্যকব্য—যজ্ঞের ঘৃত।

হব্যপাক ( হব্য হবনীয় দ্রব্য—পচ্ পাক করা+অ(অল্)—র্ম্ম) সং, পুং, চরু, হোমার্থ পক্ক বস্তু। ( +অল্—ধি ) হবনীয় বস্তুর পাকপাত্র।

হব্যবাট্ (হব্যবাহ্), হব্যবাহ, হব্যবাহন, হব্যাশ, হব্যাশন } (হব্য হবনীয় দ্রব্য—বাহ্, আশ, অশন [বহ্ বহন করা+০(ণি)—ক। পক্ষে অশ্ ভোজন করা+অন্—ক। অশ্ ভোজন করা+অন—ক] যে ভোজন করে, ২য়া—য ) সং, পুং, অগ্নি, অনল।

হস—পুং, হসন—ক্লীং } (হস্ হাস্যকরা+অ(অল্), অন(অনট্)—ভাবে ) সং, হাস্য, হাস্য।


হসনী, হসন্তী, হসন্তিকা ( হস্ হাস্য করা +অন—প্রং, ঈপ্। হস্ হাস্য করা+ অৎ(শতৃ)—ক, ঈপ্। ৩য়-পক্ষে কণ্—যোগ, আপ্ ) সং, স্ত্রীং, অঙ্গারধানী, আঙ্গটা, অগ্নিপাত্র। মল্লিকাবিশেষ। শাকিনীবিশেষ।

হসনীমণি ( হসনী অগ্নিপাত্র—মণি রত্ন ) সং, পুং, অগ্নি, বহ্নি।

হসন্ (হসৎ, হস্ হাস্য করা+অৎ(শতৃ)—ক) বিং, ত্রিং, হাস্যকারী, যে হাসে।

হসিত (হস্ হাস্য করা+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, সহাস্য। বিকসিত। (+ক্ত—ভা ) সং, ক্লীং, হাস্য। শিং—১ "বিকাসিত কপোলান্তমুৎফুল্লাননলোচনম্, কিঞ্চিল্লক্ষিত দন্তাগ্রং হসিতং তদ্বিদো বিদুঃ।"

হস্ত (হস্ হাস্য করা+তন্—ক) সং, পুং, কর, মণিবন্ধ অবধি অঙ্গুল্যগ্র পর্য্যন্ত। হস্তিশুণ্ড। ২৪ অঙ্গুলি পরিমাণ। ( কেশ শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ। পুং, স্তা—স্ত্রীং, অষ্টাবিংশতি নক্ষত্রান্তর্গত ত্রয়োদশ নক্ষত্র। ইহার আকার হস্তাকার এবং পঞ্চতারাত্মক। ইহাতে জন্ম হইলে—



হস্তা নক্ষত্র)।

"দাতা যশস্বী সুতরাং মনস্বী ভূদেবদেবার্চ্চন কৃত্যযত্নঃ। প্রসূতিকালে কিল যস্য হস্তা হস্তান্বিতা তস্য সমস্তসম্পৎ।" সমূহ।

হস্তপক্ষ ( Cairoptera ) যাহাদের হস্ত বা পুরঃপদ পক্ষরূপে পরিণত অর্থাৎ যে সকল জীব চর্ম্মযুক্ত কর সাহায্যে উড়ে; যেমন বাদুড় প্রভৃতি।

হস্তপুচ্ছ (হস্ত হাত—পুচ্ছ লেজ, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, হাতের পোঁছা।

হস্তলেখ ; সং, পুং, মকূস। শিং—১ "যদভ্যাসায় লিখনং হস্তলেখঃ স উচ্যতে।"

হস্তবান্ (হস্তবৎ, হস্ত+বৎ(বতুঃ)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কৃতহস্ত, লঘুহস্ত।

হস্তবারণ (হস্ত হাত—বারণ নিবারণ) সং, ক্লীং, মারণোদ্যত ব্যক্তির নিবারণ।

হস্তবিম্ব (হস্ত হাত—বিম্ব লালফল) সং, ক্লীং, স্থাসক, গন্ধদ্রব্য-চূর্ণ।

হস্তসিদ্ধি ; সং, স্ত্রীং, ভৃতি, বেতন।

হস্তসূত্র ( হস্ত—সূত্র সূতা, ৬ষ্ঠী—য ) সং, ক্লীং, বলয়। হস্ত পরিহিত সূত্র।

হস্তামলক ( হস্ত—আমলক আমলকী ফল, ৬ষ্ঠী—য ) সং, পুং, করস্থিত আমলকী ফল। বেদান্ত গ্রন্থবিশেষ। [তুলান।

হস্তাবর্ত্তন ; সং, ক্লীং, হস্তদ্বারা স্পর্শ, হাত

হস্তিক ( হস্তিন্ হাতী + কণ্ – সমূহার্থে ) সং, ক্লীং, হস্তিসমূহ।

হস্তিকক্ষ্য ( হস্তিন্ হাতী – কণ্ বধ করা + স – প্রং এবং য – যোগ ) সং, পুং, সিংহ। ব্যাঘ্র। [বিশেষ।

হস্তিকর্ণ ; সং, পুং, এরণ্ডবৃক্ষ। উপদেবতা-

হস্তিকর্ণক ; সং, পুং, কিংশুকবিশেষ।

হস্তিকর্ণদল ; সং, পুং, পলাশবিশেষ।

হস্তিগিরি ( হস্তিন্ হাতী – গিরি পর্ব্বত) সং, পুং, দেশবিশেষ, কাঞ্চীদেশ।

হস্তিঘোষা ; সং, স্ত্রীং, বৃহদ্‌ঘোষা।

হস্তিচারিণী ; সং, স্ত্রীং, মহাকরঞ্জ।

হস্তিদন্ত ( হস্তিন্ হাতী – দন্ত দাঁত, ৬ষ্ঠী – ষ ) সং, পুং, নাগদন্তক, দ্রব্যাদি স্থাপনার্থ ভিত্তিপ্রোত কীলক। হাতীর দাঁত। মূলক, মূলা।

হস্তিনখ (হস্তিন্ হাতী – নখ নখর, ষং – স) সং, পুং – ক্লীং, পুরদ্বারস্থিত মৃত্তিকাস্তূপ।

হস্তিনাপুর } ( হস্তিন্ এক রাজার নাম –
হস্তিনপুর } পুর নগর, ৬ষ্ঠী – ষ) সং, ক্লীং, চন্দ্রবংশীয় হস্তিনামক রাজনির্ম্মিত নগর, প্রাচীন দিল্লী নগর। শিং – ১ "সুহোত্রস্যাপি দায়াদো হস্তীনাম বভুব হ। তেনেদং নির্ম্মিতং পূর্ব্বং পুরৈব হস্তিনাপুরম্।"

হস্তিপ, হস্তিপক ( হস্তিন্ হাতী – প [ পা পালন করা + অ (ড) – ক] যে পালন করে, ২য়া – ষ। পক্ষে কণ্ – যোগ ) সং, পুং, হস্তিপালক, মাহুত।

হস্তিপর্ণিকা ; সং, স্ত্রীং, রাজকোশাতকী।

হস্তিপর্ণী ; সং, স্ত্রীং, ওষধিবিশেষ, মোরাতা লতা। অলাবুবিশেষ।

হস্তিমদ (হস্তিন্ হাতী – মদ ক্ষরিত জল, ৬ষ্ঠী – ষ) সং, পুং, মত্ত বা বন্য হস্তীর শুণ্ডের ২ ছিদ্র, গণ্ডদ্বয়, শিশ্ন, ও চক্ষুর্দ্বয়—এই ৭ স্থান হইতে ক্ষরিত জল।

হস্তিমল্ল (হস্তিন্ হাতী – মল্ল বাহুযোদ্ধা) সং, পুং, গণেশ। ঐরাবত হস্তী। শঙ্খনামে নাগ। ভস্মস্তূপ। ধূলিবর্ষণ। হিমানী।

হস্তিরোহণকা ; সং, পুং, মহাকরঞ্জ।

হস্তিবাহ (হস্তিন্ হাতী – বাহ [বহ্ বহন করা + অ (অন্) – ক ] যে বহন করে ) সং, পুং, অঙ্কুশ, ডাঙ্গশ।

হস্তিবিষাণী ; সং, স্ত্রীং, কদলী।

হস্তিশুণ্ডা (হস্তিন্ হাতী – শুণ্ডা শুঁড়) সং, স্ত্রীং, হাতিশুঁড়ার গাছ। হাতীর শুঁড়।

হস্তী (হস্তিন্, হস্ত শুণ্ড + ইন্ – অস্ত্যর্থে) সং, পুং, করী, গজ। সুহোত্র রাজপুত্র, ইঁহা হইতেই হস্তিনাপুর নাম হইয়াছে। স্তিনী – স্ত্রীং, করিণী। চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে এক প্রকার স্ত্রী।

হস্তে (হস্ত + এ – প্রং) অং, স্বীকার।

হস্তেকরণ (হস্তে [সপ্তম্যন্ত] হাতে—করণ) সং, ক্লীং, পাণিগ্রহণ, বিবাহ।

হস্ত্য (হস্ত + য (ক্ষ্য) – প্রং) বিং, ত্রিং, হস্তদত্ত। হস্তকৃত।

হস্ত্যারোহ (হস্তিন্ হাতী – আরোহ [ আ – রুহ্ আরোহণ করা + অ (অন্) – ক ] যে আরোহণ করে, ২য়া – ষ) সং, পুং, হস্তিপক। নিষাদী, হস্তিস্থ। গজারূঢ় ব্যক্তি। [ত্রিং , মূঢ়।

হস্র ( হস্ উপহাস করা + র – ) বিং,

হহল ; সং, ক্লীং, হলাহল, কা ।

হহা } (হ এই শব্দ – হা গে করা
হাহা } + ০(ক্বিপ্ ) – ক) পুং, গন্ধর্ব্ব, স্বর্গীয় গায়ক। (+ ০ক্বিপ্ – ভাবে) অং, আকস্মিক দুঃখ, শোক। বিস্ময়। সম্ভ্রম।

হা (হা ত্যাগ করা + আ (ডা) – ভাবে) অং, বিষাদ, শোক, পীড়া ইত্যাদি সূচক। আনন্দসূচক। হায়। কুৎসা। পুং, গর্ত্ত।

হাই (হাকিকাশব্দজ) সং, জৃম্ভণ, মুখব্যাদান।

হাইর (দেশজ) সং, পরাভব, পরাজয়।

হাইল (দেশজ) সং, নৌকাদণ্ড, বহিত্র।

হাউই (পারসী) আতোশবাজীবিশেষ।

হাওদা (আরবী) হস্তিপৃষ্ঠে বসিবার চৌকি।

হাওয়া (আরবী) বাতাস, বায়ু।

হাঁ (দেশজ) স্বীকার, সম্মতি। মুখব্যাদান।

হাঁক (দেশজ) সং, দীর্ঘ চীৎকার, ডাক।

হাঁকন (বাঙ্গালা হাঁক ধাতুজ) সং, চীৎকারকরণ, ডাকন।

হাঁচন (হঞ্চি শব্দজ) সং, ক্ষুৎকরণ, হাঁচা।
হাঁচি (হঞ্চি শব্দজ) সং, ক্ষুৎ, হাঁচা।
হাঁটন (দেশজ) সং, চলন, গমন, সরণ।
হাঁটু (দেশজ) সং, জানুসন্ধি।
হাঁড়া (হণ্ডিকা শব্দজ) সং, বৃহৎ মৃৎপাত্র-বিশেষ।
হাঁড়ী (হণ্ডী বা হণ্ডিকা শব্দজ) সং, মৃত্তিকা-পাত্রবিশেষ। [দীর্ঘ নিঃশ্বাস।
হাঁপ (দেশজ) সং, শ্বাসত্যাগ, শ্রমজন্য
হাঁম, হাম (দেশজ) সং, ক্ষুদ্রাকার ব্রণ-বিশেষ।
হাঁস (হংস শব্দজ) সং, মরাল, হংস।
হাকিম (আরবী, হুকুম=আজ্ঞা দেওয়া) বিচারপতি, শাসনকর্ত্তা। রাজকীয় উচ্চ-পদস্থ ব্যক্তি। [মোৎসর্গ।
হাগন, হাগা (দেশজ) সং, মলত্যাগ, পুরী-
হাঙ্গর (হাং অনুকরণ শব্দ–গর [গৃ ভোজন করা+অ(অন্)–ক] যে ভোজন করে। অথবা হা–অঙ্গ–রা দান করা +অ(ড)–ক) সং, পুং, হিংস্র জলজন্তু-বিশেষ, হাঙর।
হাঙ্গামা (পারস্য) গোলমাল, চীৎকার। দাঙ্গা, লড়াই। আক্রমণ।
হাজা (দেশজ) বিং, জলপ্লাবনে বিনষ্ট।
হাজার (পারস্য) বিং, সহস্র, দশশত, ১০০০।
হাজি (আরবী হজ=একস্থান হইতে অন্য স্থানে গমন) যে মক্কা তীর্থে যাত্রা করিয়াছে। মক্কাতীর্থযাত্রী হিন্দু। [ইচ্ছুক।
হাজির (আরবী) বিং, উপস্থিত, প্রস্তুত,
হাজিরজবাব (আরবী) উপস্থিত বক্তা, রসিক।
হাজিরজামিন (আরবী) যে ব্যক্তি আদালতে অন্য ব্যক্তির নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত হওনের দায়িত্ব গ্রহণ করে।
হাট (হট্ট শব্দজ) সং, বাজার, ক্রয়বিক্রয়-স্থান।
হাটক (হট দীপ্তি পাওয়া+ণক(ণক)–ক) সং, ক্লীং, স্বর্ণ। পুং, ধুস্তুর। দেশ-বিশেষ। (হাটক+ষ্ণ) বিং, ত্রিং, স্বর্ণ-নির্ম্মিত।
হাটকময় (হাটক স্বর্ণ+ময়(ময়ট)–বিকারার্থে) বিং, ত্রিং, স্বর্ণময়, স্বর্ণনির্ম্মিত।
হাটকেশ্বর; সং, পুং, গোদাবরী নদীতীরস্থ শিব। শিং–১ "এতস্মিন্নন্তরে প্রাপ্তাঃ সর্ব্বে এবর্ষি পার্থিবাঃ। দ্রষ্টুং ত্রৈলোক্য-ভর্ত্তারং ত্র্যম্বকং হাটকেশ্বরম্। ততঃ কপি-বরঃ প্রাপ্তো ঘৃতাচ্যা সহ সুন্দরি। স্নাত্বা গোদাবরীতীর্থে দিদৃক্ষুর্হাটকেশ্বরম্।"
হাড় (হড্ড শব্দজ) সং, অস্থি, হড্ড।
হাড়গিলা } (হাড় অস্থি–গিলা যে
হাড়িগিলা } গিলে) সং, অস্থি-ভক্ষক পক্ষী-বিশেষ।
হাড়ি (হড়ি এবং হড়িক বা হড্ডিক শব্দজ) সং, কাষ্ঠযন্ত্রবিশেষ, হাইড়। নীচজাতি-বিশেষ, মেথর।
হাড়িকাট (হাড়ি হড়ি শব্দজ–কাঠ কাষ্ঠ শব্দজ) সং, পশুচ্ছেদনার্থ কাষ্ঠযন্ত্রবিশেষ। পাদবন্ধন কাষ্ঠ।
হাত (হস্ত শব্দজ) সং, কর, ভুজ, পাণি।
হাতড়ী (হাত শব্দজ) সং, লৌহমুদ্গরবিশেষ, আঘাত যন্ত্র।
হাতব্য (হা ত্যাগ করা+তব্য–র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্তব্য, ত্যাগযোগ্য।
হাতা (হস্ত শব্দজ) সং, দর্ব্বী, খন্তাকা, পাত্রবিশেষ।
হাতিয়ার (হস্তশব্দজ) সং, অস্ত্র, যুদ্ধোপকরণ-বিশেষ।
হাতী (হস্তী শব্দজ) সং, করী, হস্তী।
হাতুড়িয়া (দেশজ) মূর্খ বৈদ্য, কুচিকিৎসক।
হার (হন্ বধ করা বা হা ত্যাগ করা+ত্র–প্রং) সং, ক্লীং, বেতন, মূল্য, ভাড়া। প্রমথন। মারণ। রাক্ষস।
হান (হা ত্যাগ করা+অন(অনট্)–ভা) সং, ক্লীং, ত্যাগ। শিং–১ "হিমহানকৃতা ন কৃতা কচন।" ক্ষতি; বিক্রম। (+ক্ত–ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত।
হানন (হনন শব্দজ) সং, প্রহারণ। আঘাত-করণ।
হানা (হন্ ধাতুজ কি?) অস্ত্রদ্বারা আঘাত-করণ। জলস্রোতে উৎপন্ন গর্ত্ত। অমঙ্গল। (পারস্য) কণ্ঠদেশ, গলা; যথা—"রত্নভরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানার।"
হানি (হান দেখ, তি(ক্তি)–ভাবে, ত=ন)

সং, স্ত্রীং, গতি। (হা+নি—ভাবে) ত্যাগ। নাশ। ক্ষতি, অপচয়।

হানী—কবিবর মাইকেল মধুসূদন হানী অর্থে "যে হনন করে" ব্যবহার করিয়াছেন; যথা—"পুত্রহানী শত্রু সে দুর্ম্মতি, ভীম প্রহরণে তারে সংহারি সংগ্রামে।"

হানুক (হন্ বধ করা বা আঘাত করা+উক—ক) বিং, ত্রিং, হত্যাকারী। ক্ষতিকারক। [মৃত্যু, মরণ।

হান্ত্র (হন্ বধ করা+ত্র—প্রং) সং, ক্লীং,

হাপুত্রিকা, হাপুত্রী; সং, স্ত্রীং, খঞ্জনপক্ষিণী।

হাপর (দেশজ) সং, ধাতু আবর্ত্তন পাত্র।

হাফিকা; সং, স্ত্রীং, জৃম্ভা, হাই।

হামেশা (পারসী) ক্রিং—বিং, সর্ব্বদা। ক্রমাগত, অনবরত, চিরকাল।

হাম্বান (হম্বা শব্দজ) সং, গোরুর চীৎকার।

হায় (হা শব্দজ) অং, খেদ প্রকাশক শব্দ।

হায়ন (হা [ভাব] ত্যাগ করা+অন (ণন্ট)—ক, য—আগম, নিপাতন) সং, পুং—ক্লীং, বৎসর, বর্ষ। পুং, ধান্যবিশেষ। অগ্নিশিখা।

হায়া (আরবী) সং, লজ্জা, সরম।

হার (হৃ [মন ইত্যাদি] হরণ করা+অ (ঘঞ্)—ক) সং, পুং, মুক্তাদিমালা। (+ঘঞ্—ভাবে) যুদ্ধ। ভাগ। (+ঘঞ্—ক) বিং, ত্রিং, ভাজক। বাহক। হারক। হরিসম্বন্ধীয়। রা—স্ত্রীং, (+অ—ভাবে, আপ্) হরণ।

হারক (হৃ হরণ করা ইত্যাদি+অক (ণক)—ক) সং, পুং, কিতব, ধূর্ত্ত। চৌর। গদ্যবিশেষ। বিজ্ঞানবিশেষ। শাখোটবৃক্ষ। ভাজক অঙ্ক। বিং, ত্রিং, বাহক। হরণকারী। দ্যূতকার।

হারগুলিকা (হার—গুলিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মুক্তাহারের গুলি।

হারহারা; সং, স্ত্রীং, কপিলদ্রাক্ষা।

হারহূর; সং, পুং, মদ্য। রা—স্ত্রীং, দ্রাক্ষা।

হারাণ (হারি শব্দজ) সং, পরাজয়করণ, পরাস্তকরণ।

হারাম (আরবী) মুসলমানদিগের অস্পৃশ্য জন্তু, শূকর

হারাবলী (হার—আবলী) সং, স্ত্রীং, মুক্তাবলী; যথা—শৃঙ্গার হারাবলী। "পুরুষোত্তমকৃত কোষবিশেষ। শিং—১ "সান্দ্রী সতাং ভজতু কণ্ঠমসৌ প্রিয়েব হারাবলী বিরচিতা পুরুষোত্তমেন।"

হারি } (হৃ লওয়া, হরণ করা ইত্যাদি+
হারী } ইঞ্—ভাবে) সং, স্ত্রীং, পরাভব। (+ইঞ্—ক) পথিক লোকের পরিবার। পথিকশ্রেণী। বিং, ত্রিং, মনোহর, রুচির। রী—স্ত্রীং, মুক্তা।

হারিকণ্ঠ (হারি হার শব্দজ—ক) সং, পুং, কোকিল। বিং, ত্রিং, হারযুক্ত।

হারিণিক (হরিণ মৃগ+ইক) সং, পুং, হরিণঘাতক, ব্যাধ।

হারিত (হৃ-ঞি=হারি [illegible] ন+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। অপহারিত। (হরিত+ষ্ণ) হরিৎবর্ণযুক্ত। পুং, শুকপক্ষী।

হারিতক; সং, ক্লীং, শাক।

হারিদ্র (হরিদ্রা+অ(ষ্ণ)—প্রং) বিং, ত্রিং, হরিদ্রাবর্ণ। সং, পুং, কদম্ববৃক্ষ। বিষবিশেষ। ক্লীং, সুবর্ণ।

হারী (হারিন্, হৃ [মন] হরণ করা+ইন্ (ণিন্)—ক) বিং, ত্রিং, মনোহর। বাহক। অপহারক। (হার+ইন্ হারবিশিষ্ট। শিং—১ "কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ।" অপহারক। রণকারী। (হার+ইন্—অস্ত্যর্থে) হারযুক্ত।

হারীত (হরিত সবুজবর্ণ+অ(ষ্ণ), ই=ঈ) সং, পুং, শুকপক্ষী। সংহিতাকার মুনিবিশেষ। প্রতারণা। কৈতব।

হারীতক; সং, পুং, হারিল পক্ষী।

হার্দ্দ } (হৃদ্ অন্তঃকরণ+অ(ষ্ণ), য
হার্দ্দ্য } (ষ্য)—ভাবে) সং, ক্লীং, হৃদ্দাতা, প্রণয়, প্রীতি, স্নেহ। বিং, ত্রিং, হৃজ্জাত। হৃদয়জ্ঞেয়। মনোজ্ঞ।

হার্দ্দী (হার্দ্দিন্, হার্দ্দ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্নেহযুক্ত। শিং—১ "অজনেন চ সত্যকস্তেষু হার্দ্দী তথাপ্যতি।"

হার্য্য (হৃ হরণ করা+য (ঘ্যণ)—র্ম্ম) বিং,

ত্রিং, বহনীয়। গ্রহণযোগ্য। গ্রাহ্য। ভাজ্য। অপহরণীয়। নিবার্য্য।

হাল (হাল লাঙ্গল+অ(ষ্ণ)—অস্ত্যর্থে, কিংবা হাল্ কর্ষণ করা+অ(অন্)—ক) সং, পুং, বলরাম। শালিবাহন রাজা। লাঙ্গল। (যাবনিক) অবস্থা; যথা—"রাণীর দেখিয়া হাল, জিজ্ঞাসয়ে মহীপাল।" বর্ত্তমান সময়। লা—স্ত্রীং, (হাল+ষ্ণ, আপ) সুরা, মদিরা। তাড়ী। লী—স্ত্রীং, কনিষ্ঠা শ্যালিকা, ছোটশ্যালী।

হালক; সং, পুং, পীতহরিতবর্ণ অশ্ব।

হালহল, হালহাল; সং, ক্লীং, বিষবিশেষ, হলাহল।

হালাক (আরবী) বধ, নষ্ট।

হালাল (আরবী) বিং, বৈধ, যাহা ধর্ম্মসম্মত। মুসলমান ধর্ম্মের নিয়মানুযায়ী পশু-পক্ষ্যাদির কণ্ঠচ্ছেদন করা।

হালাহ; সং, পুং, চিত্রবর্ণ ঘোটক।

হালাহল (হলাহল+অ(ষ্ণ)—প্রং। হলাহল দেখ) সং, পুং—ক্লীং, কালকূট-বিশেষ। পুং, কীটবিশেষ। লা—স্ত্রীং, গিরিকা, নেংটিয়া ইঁদুর। লী—স্ত্রীং, সুরা, মদ্য।

হালাহলধর (হালাহল বিষ-ধর [ধৃ ধরা +অ(অন্)—ক] যে ধরে, ৬ষ্ঠী—য) সং, পুং, বিষধর, সর্প।

হালি (যবন ভাষা) বিং, ত্রিং, নবোৎপন্ন। নূতন, একেলে, এবছরে। (দেশজ) সং, নৌকাদণ্ড, বহিত্র।

হালিক (হল লাঙ্গল+ইক(ষ্ণিক)—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, হলসম্বন্ধীয়। হালিয়া। হলবাহক। লাঙ্গলধারী, কৃষক।

হালিনী; সং, স্ত্রীং, স্থূলপত্নী।

হালু (হল্ কর্ষণ করা+উ—প্রং) সং, পুং, বদন, দন্ত। [মিঠাই ওয়ালা।

হালুইকর (আরবী) সং, মিষ্টান্নপ্রস্তুতকারক,

হালুয়া (আরবী) ঘৃত চিনি ও ময়দা বা শুজী দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ, মোহনভোগ।

হাল্কা (দেশজ) বিং, লঘু, পাতলা।

হাবশী (Absynian শব্দের অপভ্রংশ কি?) আবাসনিয়ার অধিবাসী। কাফ্রি।

হাব (হু হোম করা+অ(ঘঞ্)—ধি, রাগিরা হুত হয় ইহাতে, কিংবা হু [রাগিরা কামাগ্নিতে] হোম করা+অ(ঘঞ্)—ণ) সং, পুং, স্ত্রীলোকের শৃঙ্গারভাবজাত বিলাস বিব্বোক বিভ্রমললিত হেলা-লীলা এই সকল ক্রিয়াবিশেষ। শিং —১ "যুবানোহননেন হূয়ন্তে নারী-ভির্মদনানলে। অতো নিরুচ্যতে হাব স্তে বিলাসাদয়ো মতাঃ।" ২ "গ্রীবা-রেচকসংযুক্তো ভ্রূনেত্রাদিবিকাশকৃৎ। ভাবাদীষৎ প্রকাশো যঃ স হাবঃ ইতি কথ্যতে।" (হ্বে আহ্বান করা+ঘঞ্—ভা) আহ্বান। [ব্যক্তি।

হাবা (দেশজ) বিং, নির্ব্বোধ। বাক্যহীন

হাবাতিয়া (দেশজ) হতভাগ্য, মন্দাদৃষ্ট, নির্ধন। যে অন্নাভাবে হা অন্ন যো অন্ন করে।

হাবেলী (আরবী) বাসস্থান।

হাস (হস্ হাস্য করা+অ(ঘঞ্)—ভাবে) সং, পুং, হাস্য। শিং—১ "কপোলাক্ষি ক্রতোরাসো ভিন্নোষ্ঠৈঃ স মহাস্থনাম্। বিদীর্ণাস্যশ্চ মধ্যানামধমানাং সশব্দকঃ।"

হাসল (আরবী) কর্ত্তব্যসম্পাদন।

হাসি (হস ধাতুজ) সং, হাস্য, হাস।

হাসিকা (হস্-ণিচ্=হাসি হাস্য করান+অক(ণক)—ক, আপ্) সং, স্ত্রীং, নীচা, দাসী। যে হাসায়।

হাসিকা (হা ত্যাগ করা+অস্—প্রং। অক—আগম) সং, পুং, বেদে—চক্ষু।

হাসিল (আরবী) লভ্য, উৎপন্ন দ্রব্য। হাসিল হওয়া=কার্য্যসিদ্ধি।

হাস্তিক (হস্তিন্ হাতী+ইক(ষ্ণিক)—সমূহার্থে) সং, ক্লীং, হস্তিসমূহ। পুং, হস্ত্যারোহ। বিং, ত্রিং, হস্তিসম্বন্ধীয়।

হাস্তিন (হস্তিন্ এক রাজার নাম+অ(ষ্ণ)—কৃতার্থে) সং, ক্লীং, হস্তিনাপুর। (হস্তী অর্থাৎ গজ) হস্তিপ্রমাণ।

হাস্য (হস্ হাস্য করা+য(ষ্যণ্)—ভাবে) সং, ক্লীং, হাসি। (হাস+ষ্ণ) সং, পুং, কাব্যের রসবিশেষ। (+ঘ্যণ্—র্ম) বিং ত্রিং, পরিহসনীয়, উপহসনীয়।

হাহল, হাহাল (হলাহল দেখ) সং, ক্লীং, কালকূট, হলাহল।

হাহা (হা বিষাদসূচক অব্যয়শব্দ—হা পাওয়া+০(কিপ্)—ক, ডা) সং, পুং, গন্ধর্ব্ব, কুবেরানুচর। অং, দুঃখ শোক বিস্ময় ও সম্ভ্রমসূচক শব্দ। খেদজনক শব্দ, শোকধ্বনি।

হাহাকার (হাহা শোকধ্বনি—কার করণ) সং, পুং, কলরব। শোকধ্বনি। কাতরতাজন্য কলরব। যুদ্ধকলরব। অশ্বাদি প্রেরণধ্বনি।

হি (হি গমন করা+ই(ডি)—ক) অং, হেতু। নিশ্চয়। অবধারণ। বিশেষ। প্রশ্ন। সম্ভ্রম। অসূয়া। পাদপূরণ। ব্যগ্রতা। শোক।

হিং (হিঙ্গু শব্দজ) সং, বণিক্দ্রব্যবিশেষ।

হিংচা (হিলমোচি শব্দজ) সং, শাকবিশেষ, জলজ শাক।

হিংসক (হিন্স্ বধ করা+অক(ণক)—ক) সং, পুং, হিংস্রজন্তু। শত্রু। অথর্ব্ববেদবেত্তা ব্রাহ্মণ। বিং, ত্রিং, দ্বেষ্টা, হিংসাকারক, ঘাতক। শিং—১ "ভোক্তা অনুমন্তা সংস্কর্ত্তা ক্রয়বিক্রয়ি হিংসকাঃ। উপহর্ত্তা ঘাতয়িতা হিংসকাশ্চষ্টধাধমাঃ।"

হিংসা—স্ত্রীং } (হিন্স্ বধ করা+
হিংসন—ক্লীং } অনট্,অ—ভাবে, আপ্) সং, হত্যা, বধ, হনন। অপকার, ক্ষতি। দ্বেষ। ঈর্ষ্যা।

হিংসাকর্ম্ম (হিংসাকর্ম্মন্, হিংসা—কর্ম্মন্ কার্য্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভিচার, মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন বশীকরণ—এই ছয়।

হিংসারু (হিংসা—ঋ গমন করা+উ—প্রং, কিম্বা হিংসক দেখ, আরু—প্রং) সং, পুং, শার্দ্দূল, ব্যাঘ্র।

হিংসালু (হিংসক দেখ, আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, হিংসাশীল, ঘাতক। অপকারক, হিংসা করা যাহার স্বভাব।

হিংসালুক (হিংসালু+কণ্—যোগ) সং, পুং, হিংস্রকুকুর। বিং, ত্রিং, হিংসাশীল।

হিংসিত (হিংসক দেখ, ত(ক্ত)—ম্ম) বিং, ত্রিং, যাহাকে হিংসা করা হয়। হত, নাশিত।

হিংসীর (হিন্স-ণিচ=হিন্সি বধ করান বা আঘাত করান+ঈর—প্রং) সং, পুং, ব্যাঘ্র। খল।

হিংস্য (হিংসক দেখ, য(ষ্যণ্)—র্ম্ম) বিং, ত্রিং, হিংসাযোগ্য, বধ্য।

হিংস্র } (হিংসক দেখ, র—ক, শীলা-
হিংস্রক } দ্যর্থে, পক্ষে কণ্—যোগ) বিং,ত্রিং, হিংসাশীল, হননকারক,ঘাতুক। অপকারক। সং, পুং, হিংসাকারক জন্তু।

হিংস্রা; সং, স্ত্রীং, এলাবলী। কাকাদনী। মাংসী। জটামাংসী। গবেড়ুকা। গবেধুকা। নাড়ী। শিরা।

হিঁচড়ন (দেশজ) সং, কেশমার্জ্জন। টানন, আকর্ষণ। [চার্থ প্রশ্ন।

হিঁয়ালি (প্রহেলিকা শব্দজ কি ?) সং, গূ-

হিক্কা (হিক্ক্ শব্দ করা+অ—ভাবে, আপ্) সং, স্ত্রীং,রোগের উপসর্গবিশেষ, হেঁচকী।

হিক্কার (হিং অনুকরণ শব্দ—কার (কৃ করা +অ(ণ)—ক) যে করে) সং,পুং, ব্যাঘ্র।

হিঙ্গু (হিম—গম্ গমন করা+উ(ডু)—ক) সং, পুং—ক্লীং, নির্য্যাসবিশেষ, হিং।

হিঙ্গুনির্য্যাস; সং, পুং, নিম্ববৃক্ষ। হি[illegible]স।

হিঙ্গুপত্র; সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

হিঙ্গুল } (হিঙ্গু হিং—লা [illegible] করা,
হিঙ্গুলি } গ্রহণ করা+অ(ড) ই(ডি), উ
হিঙ্গুলু } (ডু)—ক) সং, পুং—ক্লীং, রঞ্জন দ্রব্যবিশেষ, হিঙ্গুল।

হিঙ্গুলিকা; সং, স্ত্রীং, কণ্টকারী।

হিঙ্গুলী; সং, স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।

হিঙ্গুল; সং, ক্লীং, মধুমূল, মৌ আলু।

হিজড় (দেশজ) সং, ক্লীব, নপুংসক, খোজা।

হিজরী (পারসী) সং, মুসলমানের প্রচলিত শাক।

হিজ্জ } (হিং [হি+০(কিপ্)—ক]—
হিজ্জল } জল) সং, পুং, বৃক্ষবিশেষ, হিজলগাছ।

হিঞ্জীর (হিণ্ড্+ঈর প্রেরণ করা+অ(ক) —ক, নিপাতন) সং, পুং, হস্তিপাদ বন্ধন রজ্জু বা শৃঙ্খল।

হিজ্জল ; সং, পুং, নিচুলবৃক্ষ।

হিড়িম্ব (হিয়ড় + ইম্ব(কিম্ব) - ক) সং, পুং, রাক্ষসবিশেষ ; সে ভীমকর্ত্তৃক নিহত হয়। ম্বা - স্ত্রীং, তদ্ভগিনী, ঘটোৎকচের মাতা।

হিড়িম্বজিৎ, হিড়িম্বরিপু, হিড়িম্বাপতি (হিড়িম্ব - জিৎ [জি জয় করা + ০(ক্বিপ্) - ক] যে জয় করে, ২য়া - ষ। হিড়িম্ব - রিপু শত্রু, ৬ষ্ঠী - ষ, হিড়িম্বা - পতি, ৬ষ্ঠী - ষ) সং, পুং, ভীম।

হিণ্ডন (হিনৃড় গমন করা + অন(অনট্) - ভা) সং, ক্লীং, ভ্রমণ। বিলেখন। লেখন। রমণ।

হিণ্ডিক (হিণ্ড্ [হিনৃড্ গমন করা + অ - প্রং] + ইক - প্রং) সং, পুং, গণক, দৈবজ্ঞ।

হিণ্ডির — ণ্ডী (হিণ্ড্ গমন করা, ঘৃণা করা + ইর, ঈর - ক) সং, পুং, অস্থিবিশেষ। সমুদ্রাদির ফেন। বার্ত্তাকু। পুরুষ।

হিণ্ডী (হিনড্ [সেই অসুর] ঘৃণাকরা + অ, ঈপ্) সং, স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী।

হিত (ধা পোষণ করা + ত(ক্ত) - র্ম্ম) বিং, ত্রিং, যোগ্য, উপযুক্ত। পথ্য। উপকারক। প্রিয়। গত। অনুকূল। ব্যবহার্য্য। ধৃত। (হি + ত(ক্ত) - ভাবে) সং, ক্লীং, ইষ্টসাধন। মঙ্গল। গমন।

হিতকর, হিতকারী (হিত মঙ্গল - কর [কৃ করা + অ(ট) - ক] যে করে, ২য়া - ষ। হিতকারিন্, হিত মঙ্গল - কারী [কৃ করা + ইন(ণিন্) - ক] যে করে, ২য়া - ষ) বিং, ত্রিং, মঙ্গলদায়ক, উপকারক।

হিতকাম ; বিং, ত্রিং, হিতৈষী।

হিতপ্রণী (হিত উপযুক্ত - প্রণী যে উপদেশ দেয়) সং, পুং, চর, দূত।

হিতবাদী (- বাদিন্, হিত মঙ্গল - বাদী যে বলে, ২য়া - ষ) বিং, ত্রিং, হিতকথনশীল, সৎপরামর্শদায়ক।

হিতার্থী (হিতার্থিন্, হিত মঙ্গল - অর্থী যে আকাঙ্ক্ষা করে, ২য়া - ষ) বিং, ত্রিং, মঙ্গলপ্রার্থী।

হিতাবলী ; সং, স্ত্রীং, ঔষধবিশেষ।

হিতৈষণা (হিত - ইষ্ [ণি = ইষি ইচ্ছা করান + অন(অনট্) - ভা) সং, স্ত্রীং, হিতেচ্ছা, পরের উপকার সাধন।

হিতৈষী (- ষিন্, হিত মঙ্গল - এষিন্ [ইষ্ ইচ্ছা করা + ইন্(ণিন্) - ক] যে ইচ্ছা করে, ২য়া - ষ) বিং, ত্রিং, হিতেচ্ছাকারী, হিতাভিলাষী।

হিতোক্তি (হিত প্রিয় - উক্তি কথন) সং, স্ত্রীং, প্রিয়বচন, হিতকর বাক্য।

হিতোপদেশ (হিত উপকার - উপদেশ, মং - স) সং, পুং, সৎপরামর্শদান। বিষ্ণুশর্ম্মাকৃত মিত্রলাভ, সুহৃদ্ভেদ, বিগ্রহসন্ধি, নামক কথা চতুষ্টয়াত্মক নীতিগ্রন্থবিশেষ।

হিন্তাল, হীন্তাল (হীন অধম - তাল, নিপাতন) সং, পুং, হেঁতালগাছ।

হিন্দু (হীন - দূষ্ দোষ, নিপাতন। হিন্দুশব্দ সংস্কৃত নহে ; বেদ, স্মৃতি, দর্শন ও রামায়ণাদি কোন প্রাচীন গ্রন্থে উহা দৃষ্ট হয় না। যে পুরাতন পারসীক ভাষা ইতিপূর্ব্বে আবস্তিক বলিয়া লিখিত হইয়াছে, ঐ শব্দটী সেই ভাষার অন্তর্গত। পশ্চাৎ, সংস্কৃত সপ্তসিন্ধু ও আবস্তিক হপ্তহেন্দু শব্দের প্রসঙ্গ পাঠ করিলে বোধ হইবে, আবস্তিক হেন্দু শব্দ সংস্কৃত সিন্ধু শব্দেরই রূপান্তর মাত্র। পারস্যদেশের কীলরূপা শিলালিপিতে উহা হিদুস বলিয়া লিখিত আছে। গ্রীকেরা ইন্দুইস শব্দ উল্লেখ করিয়া থাকে। তন্ত্রবিশেষে হিন্দুশব্দ উল্লিখিত ও তাহার ব্যুৎপত্তি লিখিত আছে বটে, কিন্তু তাহা কেবল ঐ তন্ত্রের আধুনিকত্ব সপ্রমাণ করিয়া দিতেছে। কেবল হিন্দু শব্দ নয়, এই অংশে তন্ত্র-বচনে ইংরেজ, ফিরিঙ্গি ও লণ্ডন নগরের নাম সন্নিবেশিত থাকিয়া উহার অতিমাত্র আধুনিকতার সুস্পষ্ট পরিচয় প্রদান করিতেছে। *শিং — ১ "হীনঞ্চ দূষয়ত্যেব হিন্দুরিত্যুচ্যতে প্রিয়ে। পূর্ব্বাম্নায়ে নবশতং ষড়শীতিঃ প্রকীর্ত্তিতাঃ। ফিরিঙ্গিভাষয়া মন্ত্রাস্তেষাং সংসাধনাৎ কলৌ। অধিপা মণ্ডলানাঞ্চ সংগ্রামেষ্ব পরাজিতাঃ ॥ ইংরেজা নব ষট্ পঞ্চ লণ্ড্রজাশ্চাপি ভাবিনঃ।"*) সং, পুং, জাতিবিশেষ, হিঁদু।

হিন্দোল – পুং } ( হি অব্যয়শব্দ – দুল্
হিন্দোলী – স্ত্রীং } দোলান + অ(ঘঞ্) – ভা, অথবা হিল্লোল + অল্ – ভাবে) সং, দোলা, ঝুলন। হিন্দীভাষায় ঝুলনশব্দকে হিণ্ডোল বলে। ঝুলনযাত্রা। যানবিশেষ। (+ অন্ – ক) রাগবিশেষ। লী – ডুলী। ঝুলী।

হিন্দোলক ; সং, পুং, যানবিশেষ।

হিম ( হন্ বধ করা + ম(মক্) – ক। হন্ = হি ) সং, ক্লীং, তুষার, নীহার। চন্দন। চন্দনদ্রব। শৈত্য, শীতলতা। শীতল-স্পর্শ। টিন। মুক্তা। পথ। নবনীত। পুং, হিমগিরি, হিমালয় পর্ব্বত। চন্দ্র। চন্দন-বৃক্ষ। কর্পূর। ঋতুবিশেষ। বিং, ত্রিং, শীতল।

হিমকটিবন্ধ (Arctic Zone) উদীচ্যবৃত্ত ও উদীচ্যোত্তরবৃত্ত হইতে উত্তর ও দক্ষিণ মেরু পর্য্যন্ত দুই ভূভাগ।

হিমকর ( হিম শীতল – কর কিরণ, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, চন্দ্র। কর্পূর। বিং, ত্রিং, শীতস্পর্শবিশিষ্ট।

হিমকূট (হিম তুষার বা শীতল – কূট স্তূপ) সং, পুং, শিশির ঋতু। শীতকাল।

হিমগিরি (হিম তুষার কিম্বা শীতল – গিরি পর্ব্বত, ৬ষ্ঠী – ষ + য়ং – স) সং, পুং, হিমালয় পর্ব্বত।

হিমজ ( হিম হিমালয় পর্ব্বত – জ [ জন্ জন্মান + অ(ড) – ক ] জাত ) সং, পুং, মৈনাক পর্ব্বত। জা – স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। বিং, ত্রিং, হিমালয় পর্ব্বতে জাত।

হিমতৈল ; সং, ক্লীং, কর্পূরতৈল।

হিমদ্যুতি, হিমদীধিতি ( হিম শীতল – দ্যুতি দীপ্তি, দীধিতি কিরণ, ৬ষ্ঠী – হিং) সং, পুং, শীতকিরণ, চন্দ্র।

হিমদ্রুম ; সং, পুং, মহানিম্ব।

হিমপ্রস্থ ( হিম শীতল – প্রস্থ বাসস্থান ) সং, পুং, হিমালয় পর্ব্বত।

হিমমণ্ডল—হিমকটিবন্ধ।

হিমবান্ (হিমবৎ, হিম তুষার, শৈত্য + বৎ (বতু) – অস্ত্যর্থে ) সং, পুং, হিমালয় পর্ব্বত। বিং, ত্রিং, শীতল, শৈত্যগুণ-যুক্ত, ঠাণ্ডা।

হিমবালুকা ( হিম তুষার – বালুকা বালি, য়ং – স ) সং, স্ত্রীং, কর্পূর।

হিমশর্করা ; সং, স্ত্রীং, যাবনালী।

হিমশিলা ; সং, স্ত্রীং, তুষার, বরফ।

হিমশৈল (হিম তুষার – শৈল পর্ব্বত, ৬ষ্ঠী – ষ + য়ং – স) সং, পুং, হিমালয়পর্ব্বত।

হিমশৈলজা ( হিমশৈল হিমালয়পর্ব্বত – জা [ জন্ জন্মান + অ(ড) – ক, আপ্ ] যে জন্মে, ৫মী – ষ ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা।

হিমসংহতি (হিম শীতল – সংহতি [সমূহ, রাশি] বহুদ্রব্যের একত্র হওন) সং, স্ত্রীং, হিমানী, বরফ।

হিমহাসক (হিম শীতল বা শীতকাল – হস্ হাস্য করা + অক(ণক) – ক ) সং, পুং, হিন্তালবৃক্ষ।

হিমা ; সং, স্ত্রীং, সূক্ষ্মেলা। রেণুকা। ভদ্র-মুস্তা। নাগরমুস্তা। পৃক্কা। চণিকা।

হিমাংশু ( হিম শীতল – অংশু কিরণ, ৬ষ্ঠী – হিং ) সং, পুং, শীতকিরণ, চন্দ্র। কর্পূর।

হিমাগম ( হিম তুষার – আগম আগমন, ৭মী – হিং) সং, পুং, শীতকাল, হেমন্তঋতু।

হিমাঙ্গ ( হিম শীতল – অঙ্গ অবয়ব য়ং – স ) সং, ক্লীং, শীতল অঙ্গ, [illegible]র।

হিমাদ্রি ( হিম তুষার কিম্বা শীত[illegible] অদ্রি পর্ব্বত, ৬ষ্ঠী – ষ + য়ং – স, কিম্বা হিমে যুক্ত অদ্রি = হিমাদ্রি, ৩য়া – ষ ) সং, পুং, হিমালয় পর্ব্বত।

হিমাদ্রিজা } ( হিমাদ্রি হিমালয়পর্ব্বত
হিমাদ্রিতনয়া } – জা [ জন্ জন্মান + অ(ড) – ক, আপ্ ] যে জন্মে, ৫মী – ষ। হিমাদ্রি হিমালয় পর্ব্বত – তনয়া কন্যা, ৬ষ্ঠী – ষ ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। ক্ষীরিণী।

হিমানী ( হিম তুষার + ঈ – মহদর্থে, আন – আগম) সং, স্ত্রীং, হিমসংহতি, বরফ। যাবনালশর্করা।

হিমারাতি } (হিম শীতল – অরাতি, অরি
হিমারি } = শত্রু ) সং, পুং, অগ্নি। সূর্য্য। চিত্রকবৃক্ষ। অর্কবৃক্ষ।

হিমালয় (হিম তুষার—আলয় গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভারতবর্ষের উত্তর সীমায় পূর্ব্বপশ্চিম সমুদ্র পর্য্যন্ত ব্যাপী পর্ব্বত, পার্ব্বতীর পিতা। য়া—স্ত্রীং, ভূম্যামলকী।

হিমাবতী ; সং, স্ত্রীং, ওষধিবিশেষ, স্বর্ণক্ষীরী।

হিমাব্জ ; সং, ক্লীং, উৎপল।

হিমাশ্রয়া ; সং, স্ত্রীং, স্বর্ণজীবন্তী।

হিমাহ্ব, হিমাহ্বয় (হিম তুষার—আহ্বা, আহ্বয়=নাম, ৬ষ্ঠী—হিং) সং, কর্পূর। বর্ষবিশেষ।

হিমিকা (হিম কোয়াশা+কণ, আপ) সং, স্ত্রীং, শিশির, হিমকণা, তৃণাদির উপরিভাগে পতিত হিম। কুজ্ঝটিকা।

হিমেলু (হিম শীতল+এলু—প্রং) বিং, ত্রিং, হিমক্লেশিত, হিমার্ত্ত।

হিমোত্তরা ; সং, স্ত্রীং, কপিলদ্রাক্ষা।

হিমোদ্ভবা ; সং, স্ত্রীং, শটী।

হিম্মত (আরবী) সাহস। বীরত্ব।

হিম্মতওয়ালা (আরবী, হিম্মত দেখ, হিন্দিওয়ালা) সাহসী। মনস্বী।

হিম্য (হিম তুষার+য—জাতার্থে) বিং, ত্রিং, হিমজাত, হিমোৎপন্ন। শীতল।

হিয়া (হৃদয় শব্দজ) সং, বক্ষঃস্থল, বুক।

হিরঙ্গু ; সং, পুং, রাহুগ্রহ।

হিরণ (হৃ লওয়া+অন(অনট্)—র্ম্ম. ঋ=ইর) সং, ক্লীং, স্বর্ণ। রেতঃ। বরাটিক, কড়ি।

হিরন্ময় (হিরণ্ হিরণ্য শব্দজ+ময়(ময়ট্)—বিকারার্থে) বিং, ত্রিং, হিরণ্যবিকার, স্বর্ণময়। সং, পুং, ব্রহ্মা। ক্লীং, নববর্ষ মধ্যে বর্ষবিশেষ।

হিরণ্য (হৃ লওয়া+অন(কন্যণ্)—র্ম্ম. ঋ=ইর) সং, ক্লীং, সুবর্ণ। রৌপ্য। ধন। রেতঃ। ধুস্তূর। অকুপ্য। দ্রব্য। বরাটক। পরিমাণবিশেষ।

হিরণ্যকশিপু (হিরণ্য স্বর্ণ—কশিপু গ্রাসাচ্ছাদন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দৈত্যবিশেষ, প্রহ্লাদের পিতা ; বিষ্ণু নৃসিংহাবতারে ইহাকে বিনাশ করিয়াছিলেন।

হিরণ্যগর্ভ (হিরণ্য স্বর্ণ—গর্ভ উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং, কিম্বা গর্ভ ভ্রূণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। শিলাবিশেষ। শিং—১ "এতস্য অণ্ডং হিরণ্যবর্ণমভবৎ ॥ তথা চ স্মৃতিঃ। হিরণ্যবর্ণমভবত্তদণ্ডমুদকেশয়ং। তত্র জজ্ঞে স্বয়ং ব্রহ্মা স্বয়ম্ভুরিতি বিশ্রুতঃ ইতি ॥ উপচারাৎ হিরণ্যবর্ণমণ্ডং হিরণ্যং।" ইতি ভরতঃ।

হিরণ্যদ (হিরণ্য স্বর্ণ—দ [দা দান করা+অ ড)—ক] যে দেয়) সং, পুং, সমুদ্র। দা—স্ত্রীং, পৃথিবী।

হিরণ্যনাভ (হিরণ্য স্বর্ণ—নাভি) সং, পুং, মৈনাকপর্ব্বত।

হিরণ্যবাহ (হিরণ্য স্বর্ণ—বহ্ বহন করা+অ—প্রং) সং, পুং, শোণ নদ। শোণনদ। [শোণ নদ। শিব।

হিরণ্যবাহু (হিরণ্য স্বর্ণ—বাহু ভুজ) পুং,

হিরণ্যরেতাঃ (হিরণ্যরেতস, হিরণ্য স্বর্ণ—রেতস্ শুক্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। চিত্রকবৃক্ষ। সূর্য্য। শিব।

হিরণ্যবর্ণা (হিরণ্য স্বর্ণ—বর্ণ রং) সং, স্ত্রীং, নদী, তরঙ্গিণী।

হিরণ্যাক্ষ (হিরণ্য স্বর্ণ—অক্ষ অক্ষি শব্দজ, ৬ষ্ঠী—হিং+অ—প্রং) সং, পুং, হিরণ্যকশিপুর ভ্রাতা ; বিষ্ণু বরাহাবতারে ইহার প্রাণ বধ করিয়াছিলেন।

হিরুক্ (হি গমন করা+রুক্(ক্রুক্)—ভা) অং, ত্যাগ, বিনা, ব্যতিরেক, ভিন্ন। মধ্যে। নিকটে।

হিলমোচি, হিলমোচিকা, হিলমোচী (হিল [হিল্+অ ক)—ক] কটাক্ষাদি ভঙ্গীকরণ—মুচ্ মোচন করা+ই—ক। কণ্—যোগে হিলমোচিকা) সং, স্ত্রীং, হিঞ্চাশাক, হেলঞ্চা।

হিল্ল ; সং, পুং, শরারিপক্ষী।

হিল্লোল (হিল্লোল্ দোলন+অ(অল্)—ভা) সং, পুং, দোলন। (+অন্—ক) তরঙ্গ, ঢেউ। রতিবন্ধবিশেষ।

হিল্বলা ; সং, স্ত্রীং, মৃগশিরানক্ষত্রের শিরোদেশস্থ পঞ্চতারক।

হিবা (আরবী ওহব=দানক) দানপত্র।

হিবুক (হিন্ব প্রীত করা+উক(উকক্)—ক) সং, ক্লীং, লগ্নচতুর্থ স্থান।

হিসাব (আরবী) সং, গণনা।
হিস্যা (আরবী) অংশ ভাগ।
হিস্যাদার (আরবী) অংশীদার।
হিহি; অং, আহ্লাদসূচক শব্দ, হাস্যশব্দ। সং, পুং, গন্ধর্ব্বের নাম।
হী (হন্ বধ করা+ঈ ডী)—ভাবে) অং, হাস্য শব্দ। বিস্ময়। শোক। বিষাদ। দুঃখ। হেতু।
হীন (হা ত্যাগ করা+ত(ক্ত)—র্ম্ম, ত স্থানে ন) বিং, ত্রিং, পরিত্যক্ত, রহিত, বর্জ্জিত, উন। নিন্দনীয়। অধম, নীচ। শূন্য। পুং, প্রতিবাদিবিশেষ। শিং—১ "অন্যবাদী ক্রিয়াদ্বেষী নোপস্থায়ী নিরুত্তরঃ। আহূত প্রপলায়ী চ হীনঃ পঞ্চবিধঃ স্মৃতঃ।"
হীনবর্ণ; সং, পুং, নীচবাদী।
হীনবাদী (হীনবাদিন্, হীন বর্জ্জিত বা নিন্দনীয়—বাদ বাক্য+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূক, বোবা। বিরুদ্ধার্থবাদী। শিং—১ "পূর্ব্ববাদং পরিত্যজ্য যোহন্যমালম্বতে পুনঃ। বাদসংক্রমণাজ্জ্ঞেয়ো হীনবাদী স বৈ নরঃ।"
হীনাঙ্গ (হীন—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অঙ্গহীন। বিকলাঙ্গ। ঙ্গী—স্ত্রীং, পিপীলিকা। [প্রকার চিহ্ন।
হীনিত (Minus) বিয়োগচিহ্ন, "—" এই
হীন্তাল; সং, পুং, বৃক্ষবিশেষ, হেঁতালগাছ।
হীয়মান (হা ত্যাগকরা+আন—প্রং) বিং, ত্রিং, যাহা পরিহীন হইতেছে, হ্রাসহওয়া।
হীর (হৃ লওয়া+অ(ক)—ক, ঋ=ঈর্) সং, পুং, শিব। ইন্দ্রের বজ্র। সর্প। হার। সিংহ। শ্রীহর্ষের পিতা। পুং, ক্লীং, হীরক।
হীরক, হীর (হীর+কণ্—যোগ) সং, ক্লীং, রত্নবিশেষ, হীরা, জহর। শিং—১ "গুরুণি সর্ব্বরত্নানি বজ্রমেকং পরং লঘু। ভিদ্যন্তেহন্যানি বজ্রেণ তন্ন কেনাপিভিদ্যতে।"
হীরা (হীর+আপ) সং, স্ত্রীং, লক্ষ্মী। মৎস্যবিশেষ। পিপীলিকা। কাশ্মীরী। (হীরক শব্দজ) সং, রত্নবিশেষ।
হীরাঙ্গ (হীর হীরা—অঙ্গ অবয়ব) সং, পুং, ইন্দ্রের বজ্র।
হীলুক; সং, ক্লীং, গৌড়ীমৎস্য, রমসরাপ।
হীহী (হী—দ্বিত্ব) অং, আহ্লাদসূচক শব্দ, হাস্যধ্বনি।
হুঁ (হুম্ শব্দজ) অং, স্বীকার বোধকশব্দ।
হুঁকা (আরবী) সং, তামাকুর ধূমপানার্থ যন্ত্র। [অনুমতি।
হুকুম (যবন ভাষা) সং, আজ্ঞা, আদেশ,
হুঙ্কার—পুং, হুঙ্কৃত—ক্লীং, হুঙ্কৃতি—স্ত্রীং (হুম্ অনুকরণ শব্দ—কার, কৃত=করণ) সং, হুঙ্কার শব্দ। বণ্যবরাহধ্বনি। গর্জ্জন। বিং, ত্রিং, গর্জ্জিত।
হুবহু (আরবী) ঠিকঠিক, সম্পূর্ণরূপে।
হুড়; সং, পুং, মেষ। চোর নিবারণার্থ ভূমিতে প্রোথিত লৌহকীলক। সেনাশ্রয়স্থান। রথোপরি মলমূত্র ত্যাগ করিবার শৃঙ্গ।
হুড়্কা (হুড়ুক্ক শব্দজ) সং, দ্বারবন্ধ করিবার কাষ্ঠ। পতিসংসর্গত্যাগিনী স্ত্রী।
হুড়াহুড়ি (দেশজ) সং, ঠেলাঠেলি, মারামারি।
হুড়ুক্ক (হুড়ুক্ অনুকরণ শব্দ শব্দ করা+অ—প্রং) সং, পুং, [illegible]বিশেষ। দাত্যূহপক্ষী। মত্তব্যক্তি। [illegible]।
হুড়ূম; সং, পুং, ভৃষ্টচিপিট, চড়াভাজা।
হুণ্ড (হুন্ড্ ভিড় হওয়া, একত্র করা+অ—প্রং) সং, পুং, ব্যাঘ্র। গ্রাম্যশূকর। মূর্খ। রাক্ষস। মেষ। [চিঠি।
হুণ্ডী (দেশজ) সং, অর্থসম্বন্ধীয় টাকার
হুত (হু হোম করা+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, দেবোদ্দেশে মন্ত্রপূর্ব্বক অগ্নিক্ষিপ্ত (ঘৃতাদি)। তর্পিত। সং, পুং, হোমকরা অগ্নি। (+ক্ত—ভা) ক্লীং, হোম।
হুতভুক্, হুতবহ, হুতাশ, হুতাশন (হুতভুজ্, হুত অগ্নিক্ষিপ্তঘৃতাদি—ভুজ্ যে ভোজন করে, ২য়া—ষ। হুত—বহ্ বহন করা+অ(অন্)—ক] যে বহন করে, ২য়া—ষ। হুত—আশ [অশ্ ভোজন করা+অ(অন্)—ক] যে ভোজন করে, ২য়া—ষ। হুত—অশ ভোজন করা+অন—ক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি, হোমঘৃতাদি ভক্ষক।

হুতি (হু হোম করা+তি (ক্তি) – ভা) সং, স্ত্রীং, হবন, হোম।

হুম্ } (হ্বে আহ্বান করা+উম্(ডুম্),
হূম্ } উম(ডুম)–ণ) অং, স্বীকার। সম্মতি। নিষেধ। স্মৃতি। সংশয়। গানধ্বনি। অসূয়া। প্রশ্ন। বিতর্ক।

হুমজুত (আরবী) মান্য। চরিত্র।

হুল (দেশজ) সং, সূক্ষ্মাগ্রভাগ।

হুলহুলী (হুল+অ(ক)–ক, দ্বিত্ব, ঈপ্) সং, স্ত্রীং, স্ত্রীলোকদের মঙ্গলসূচক মুখশব্দ, হুলুধ্বনি।

হুলু (হুলহুলী শব্দজ) সং, স্ত্রীলোকদের মঙ্গলধ্বনি।

হুলুস্থুল (দেশজ) সং, গোলযোগ, গোলমাল।

হুশিয়ার (পারসী) বিং, মনোযোগী, চতুর, [বিজ্ঞ।

হুশিয়ারী (পারস্য) সাবধানতা।

হুহু } (হ্বে আহ্বান করা+উ(ডু)–র্ম্ম,
হূহু } নিপাতন) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ।

হূঃ অং, আহ্বান। অবজ্ঞা। শোক। গর্ব্ব।

হুঙ্কার–পুং } (হুম্ অনুকরণ শব্দ–
হুঙ্কৃত–ক্লীং } কার, কৃত=করণ) সং, "হুম্" এই অবজ্ঞাসূচক শব্দ।

হূণ (হ্বে আহ্বান করা+নক্–ক) সং, পুং, অসভ্যজাতিবিশেষ। ভারতবর্ষের উত্তরস্থ ম্লেচ্ছ দেশবিশেষ। তদ্বাসস্থান। শিং–১"মরুহূণাবরোধানাং।"

হূত (হ্বে আহ্বান করা+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, আহূত। (+ক্ত–ভাবে) সং, ক্লীং, আহ্বান।

হূতি (পূর্ব্বে দেখ, তি(ক্তি)–ভা) সং, স্ত্রীং, আহ্বান, ডাকা। আহুতি।

হূন (হূণ দেখ) সং, পুং, ম্লেচ্ছ দেশবিশেষ। তদ্দেশীয় রাজা। ম্লেচ্ছজাতিবিশেষ।

হূয়মান (হ্বে আহ্বান করা+আন(শান) –র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আহ্বান করা যাইতেছে।

হূরব (হু ভয় বা ক্রোধের চীৎকারধ্বনি–রব শব্দ) সং, পুং, শৃগাল, শিয়াল।

হূর্চ্ছন (হূর্চ্ছ্ বক্রহওয়া+অনট্–ভা) সং, ক্লীং, কুটিলতা, বক্রতা।

হূহূ } (হ্বে আহ্বান করা+উ(ড়ু)–র্ম্ম,
হূহূ } দ্বিত্ব) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। অং, যাতনাসূচক ধ্বনি।

হৃচ্ছয় (হৃদ্ অন্তঃকরণ–শয় [শী শয়ন করা+অ(অন্)–ক] যে শয়ন করে, ৭মী–ষ) সং, পুং, কামদেব, মদন।

হৃণীয়া } (হৃণী [কণ্ড্বাদি] লজ্জিত হওয়া
হ্রণীয়া } +য(ক্য), অ–ভাবে,আপ্) সং, স্ত্রীং, নিন্দা। লজ্জা, ত্রপা।

হৃৎ (হৃ হরণ করা+০(ক্বিপ্)–ক, ৎ–আগম) বিং, ত্রিং, হরণকারী।

হৃৎকম্প (হৃদ্–কম্প) সং, পুং, হৃদয়কম্পন।

হৃত (হৃ লওয়া+ত(ক্ত)–র্ম্ম) বিং, ত্রিং, আকৃষ্ট। অপহৃত। আনীত। ছিন্ন।

হৃত্তত্ত্ববিবেক (Phrenology) কোন ব্যক্তির মস্তকের গঠন দেখিয়া তদীয় মনোবৃত্তি সমুদায় যে শাস্ত্র দ্বারা নিরূপিত হয়।

হৃৎপিণ্ড (Heart) হৃদয়স্থিত রক্তাদির আধারস্থান।

হৃদ্ } (হৃ হরণ করা+০(ক্বিপ্)–ক,
হৃদয় } ৎ–আগম, ৎ=দ্। হৃ হরণ করা+অয়(কয়ন্)–ক, দ্–আগম) সং, ক্লীং, বক্ষঃস্থল। শিং–১ "যতো নির্যাতি বিষয়ো যস্মিংশ্চৈব প্রলীয়তে। হৃদয়ং তদ্বিজানীয়াৎ মনসঃ স্থিতিকারণম্।" চিত্ত, মনঃ। জীবিত।

হৃদয়গ্রন্থি ; সং, পুং, হৃদ্বন্ধ।

হৃদয়গ্রাহী (–গ্রাহিন্, হৃদয়–গ্রাহিন্ [গ্রহ্ গ্রহণ করা+ইন(ণিন্)–ক] যে গ্রহণ করে) বিং, ত্রিং, মনোহারী।

হৃদয়ঙ্গম (হৃদয় অন্তঃকরণ–গম যে গমন করে) বিং, ত্রিং, হৃদয়গত, হৃদ্য, মনোগত। উপযুক্ত। মনোহর।

হৃদয়বান্ (–বৎ,হৃদয় অন্তঃকরণ+বৎ(বতু) –অস্ত্যর্থে) বিং, ত্রিং, মনস্বী,সদন্তঃকরণ, প্রশস্তচিত্ত।

হৃদয়স্থান (হৃদয় অন্তঃকরণ–স্থান) সং, ক্লীং, বক্ষঃস্থল, বুক।

হৃদয়াত্মা ; সং, পুং, কঙ্কপক্ষী।

হৃদয়ালু, হৃদয়িক, হৃদয়ী (হৃদয়িন্, হৃদয় অন্তঃকরণ+আলু, ইক, ইন্–অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্তচিত্ত, সদন্তঃকরণ।

হৃদয়েশ (হৃদয় অন্তঃকরণ—ঈশ ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণেশ্বর, স্বামী, ভর্ত্তা, কান্ত, বল্লভ। শা—স্ত্রীং, প্রণয়িনী, কান্তা।

হৃদিকা ; সং, স্ত্রীং, কৃপাচার্য্যের মাতা।

হৃদিকাসুত (হৃদিকা ইহার মাতা—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃপাচার্য্য।

হৃদিস্পৃক্ (—স্পৃশ্, হৃদি অন্তঃকরণে—স্পৃক্ [স্পৃশ্ স্পর্শ করা+০(ক্বিপ্)—ক] যে স্পর্শ করে) বিং, ত্রিং, হৃদ্য, প্রিয়, মনের মত। মর্ম্মস্পৃক্। মনোহর।

হৃদ্গত (হৃদ্ অন্তঃকরণ—গত [গম্ গমন করা+ত(ক্ত)—ক] যে গিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, মনোগত, হৃদয়স্থ, চিত্তস্থ।

হৃদ্গোল ; সং, পুং, পর্ব্বতবিশেষ।

হৃদ্য (হৃদ্ অন্তঃকরণ+য(যৎ)—প্রং) বিং, ত্রিং, হৃদয়ঙ্গম, মনোগত। মনোজ্ঞ। প্রিয়। বাঞ্ছিত। দ্যা—স্ত্রীং, বৃদ্ধিনামৌষধি।

হৃদ্যগন্ধ ; সং, পুং, বিল্ববৃক্ষ। ক্লীং, সূক্ষ্মজীরক। সৌবর্চ্চল। ন্ধা—স্ত্রীং, জাতী। ন্ধি—ক্লীং, ক্ষুদ্রজীরক।

হৃদ্যতা (হৃদ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, প্রণয়, প্রেম, সদ্ভাব।

হৃল্লাস (হৃদ্ অন্তঃকরণ—লস ক্রীড়া করা +অ(ঘঞ্)—ভা) সং, পুং, হিক্কা, হেঁচ্কী।

হৃল্লেখ (হৃদ্ অন্তঃকরণ—লিখ্ লেখা+অ(অণ্)—ভা) সং, পুং, জ্ঞান। তর্ক। [illegible]—স্ত্রীং, ঔৎসুক্য।

হৃষিত (হৃষ হৃষ্ট হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আহ্লাদিত, হৃষ্ট। প্রীত। হর্ষিত, পুলকিত। প্রণত। লজ্জিত, বর্ম্মিত, বিস্মিত। (+ক্ত—র্ম্ম) প্রহৃত।

হৃষীক (হৃষ্ অলীক ব্যবহার করা+ঈকক্—ক) সং, ক্লীং, ইন্দ্রিয়। জ্ঞানেন্দ্রিয়।

হৃষীকেশ (হৃষীক ইন্দ্রিয়—ঈশ ঈশ্বর, ৬ষ্ঠী—ষ। মহাভারতে—"তিনি অতিশয় হৃষ্ট, সুখী ও ঐশ্বর্য্যবান্ বলিয়া হৃষীকেশ নাম হইয়াছে") সং, পুং, বিষ্ণু, নারায়ণ, পরমাত্মারূপ। শিং—১ "ইন্দ্রিয়াণি যদ্বশে বর্ত্তন্তে স পরমাত্মা।"

হৃষ্ট (হৃষ হৃষ্ট হওয়া+ত(ক্ত)—ক) বিং, ত্রিং, আহ্লাদিত, আনন্দিত। মুদিত। প্রীত, সন্তুষ্ট। পুলকিত, রোমাঞ্চিত। প্রহসিত। বিস্মিত।

হৃষ্টরোমা (—রোমন্, হৃষ্ট আনন্দিত—রোমন্ লোম) বিং, ত্রিং, পুলকিত, রোমাঞ্চিত।

হৃষ্টি (হৃষ্ট দেখ, তি(ক্তি)—ভা) সং, স্ত্রীং, হর্ষ, আনন্দ। গর্ব্ব।

হে (হি গমন করা+এ(ডে)—ভাবে) অং, সম্বোধন। আহ্বান। অসূয়া।

হেঁট, হেট (দেশজ) বিং, অধঃ। নম্র।

হেঁয়ালি (প্রহেলিকা শব্দজ কি?) সং, অস্পষ্টার্থ প্রশ্ন।

হেক্কা (হিক্ক্ হিক্কাতোলা+অ—প্রং, ই=এ) সং, স্ত্রীং, হিক্কা, হেঁচ্কী।

হেঠ (হেঠ্ বাধা দেওয়া+অ(অন্)—ক) সং, পুং, বাধা, প্রতিবন্ধক। ক্ষতি।

হেড়জ ; সং, পুং, ক্রোধ, কোপ।

হেড়াবুক ; সং, পুং, অশ্ববিক্রয়কারী।

হেতি (হন্ বধ করা+তি(ক্তি)—ক, নিপাতন) সং, পুং—স্ত্রীং, অস্ত্র, শস্ত্র। স্ত্রীং, সূর্য্যকিরণ। অগ্নিশিখা। তেজোমাত্র। সাধন।

হেতু (হি গমন করা+তুন—ক) সং, পুং, কারণ। বীজ, মূল। প্রয়োজন। ন্যায়মতে ব্যাপকজ্ঞাপক। অলঙ্কারবিশেষ।

হেতুক (হেতু+কণ্—স্বার্থে) [illegible] পুং, কারণ। বিং, ত্রিং, হেতুসম্বন্ধী[illegible]

হেতুতা (হেতু+তা—ভাবে) সং, স্ত্রীং, হেতুর ধর্ম্ম, কারণতা, হেতুত্ব।

হেতুমান্ (—মৎ, হেতু+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, হেতুবিশিষ্ট, কার্য্য।

হেতুবাদ (হেতু—বাদ কথন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হেতুকথন।

হেত্বাভাস (হেতু—আভাস অনুরূপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নিকৃষ্ট হেতু। দুষ্ট হেতু প্রকৃত বিষয়ের বাস্তবিক সাধক না হইলেও আপাততঃ প্রকৃত বিষয়ের সাধক বলিয়া যাহাকে বোধ হয়। ব্যভিচার, বিরুদ্ধতা, অসিদ্ধি, সৎপ্রতিপক্ষতা, বাধ—এই পাঁচ হেতু দোষ।

হেথা (দেশজ) ক্রিং—বিং, অত্র, এখানে।
হেদে—সম্বোধনসূচক অব্যয়।
হেন (দেশজ) বিং, এমন, ঈদৃশ।
হেম, হেমন্ (হি গমন করা+ম, মন্—ক) সং, ক্লীং, স্বর্ণ, সুবর্ণ, সোণা। ধুস্তূর। কেশর। মাষকপরিমাণ। কৃষ্ণবর্ণাশ্ব।
হেমকন্দল (হেম স্বর্ণ—কন্দল অঙ্কুর) সং, পুং, প্রবাল, পলা।
হেমকান্তি; সং, স্ত্রীং, দারুহরিদ্রা।
হেমকার (হেম স্বর্ণ—কার [কৃ করা+অ (ষণ)—ক] যে করে, ২য়া—ষ) সং, পুং, স্বর্ণকার, সেকরা।
হেমকূট (হেম স্বর্ণ—কূট শৃঙ্গ ৬ষ্ঠী—হিং) সং, পুং, কিংপুরুষবর্ষস্থ হিমালয়ের উত্তরেস্থিত পর্ব্বতবিশেষ।
হেমকেলি (হেম স্বর্ণ—কেলি যে ক্রীড়া করে) সং, পুং, অগ্নি, অনল।
হেমকেশ (হেম স্বর্ণ—কেশ চুল) সং, পুং, শিব, মহাদেব।
হেমগন্ধিনী; সং, স্ত্রীং, রেণুকাখ্যগন্ধদ্রব্য।
হেমচন্দ্র; সং, পুং, অভিধান চিন্তামণি নামক কোষকর্ত্তা। স্বর্ণময় শশি, সোণার চাঁদ।
হেমজ্বাল (হেম স্বর্ণ—জ্বালা অগ্নিশিখা) সং, পুং, অগ্নি।
হেমতার (হেম স্বর্ণ—তৃ পার হওয়া+অ—প্রং) সং, ক্লীং, তুত্থ, তুঁতিয়া।
হেমদুগ্ধ; সং, পুং, উড়ুম্বর বৃক্ষ।
হেমন্ত (হন [সন্তাপ] বধ করা+অন্ত—ক. হন্=হি, ম—আগম। কিম্বা হিম—অন্ত শেষ, ৬ষ্ঠী—হিং, মনীষাদি) সং, পুং—ক্লীং, হিমসময়, হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষমাস। হিমালয় পর্ব্বত; যথা—
"দক্ষগৃহ ছাড়ি, হেমন্তেরই বাড়ী,
জনমিলা সতী আসি।"
হেমন্তনাথ; সং, পুং, কপিত্থ।
হেমপর্ব্বত (হেম স্বর্ণ—পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুমেরু পর্ব্বত।
হেমপুষ্প (হেম স্বর্ণময়—পুষ্প ফুল) সং, ক্লীং, অশোকপুষ্প। পুং, চম্পকবৃক্ষ। ষ্পী—স্ত্রীং, মঞ্জিষ্ঠা। স্বর্ণজীবন্তী। কর্দলু। যুবকী। কণ্টকারী।
হেমফলা; সং, স্ত্রীং, স্বর্ণকদলী।
হেমমালা; সং, স্ত্রীং, যমের পত্নী।
হেমমালী (—মালিন, হেমমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ।
হেমরাগিণী (হেম স্বর্ণ—রাগ রং+ইন্—প্রং, ঈপ) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।
হেমল (হেমন্ স্বর্ণ—লা লওয়া বা পাওয়া+অ—প্রং) সং, পুং, স্বর্ণকার। কষ্টি-পাথর। কৃকলাস।
হেমলক—এক প্রকার বিষবৃক্ষ।
হেমলতা; সং, স্ত্রীং, স্বর্ণজীবন্তী।
হেমশঙ্খ (হেম স্বর্ণ—শঙ্খ শাঁখ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
হেমসার; সং, ক্লীং, তুত্থ।
হেমা (হেমন্, হি গমন করা+মন্—প্রং) সং, পুং, বুধগ্রহ। স্ত্রীং, অপ্সরা। সুন্দরী স্ত্রী।
হেমাঙ্গ (হেম স্বর্ণ—অঙ্গ অবয়ব) সং, পুং, গরুড়। সিংহ। সুমেরু। ব্রহ্মা। চম্পক বৃক্ষ। বিষ্ণু। ক্লীং, স্বর্ণ অঙ্গ। বিং, ত্রিং, স্বর্ণ অঙ্গযুক্ত।
হেমাদ্রি (হেম স্বর্ণ—অদ্রি পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুমেরু পর্ব্বত।
হেমাহ্ব; সং, পুং, বনচম্পক। ধুস্তূর। হ্বা—স্ত্রীং, স্বর্ণজীবন্তী।
হেম্না; সং, পুং, বুধগ্রহ।
হেয় (হা ত্যাগ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাজ্য, তুচ্ছ।
হের (হি গমন করা+রক্—ক) সং, ক্লীং, মুকুটবিশেষ। হরিদ্রা আসুরী মায়া।
হেরম্ব (হে আহ্বানসূচক অব্যয়, কিংবা শিবেতে—অম্ব্ কিংবা রম্ব্ শব্দ করা+অ (অন)—ক) সং, পুং, গণেশ। ম-হিষ। গর্ব্বিত বীর। বৃক্ষবিশেষ।
হেরিক; সং, পুং, চর, দূত।
হেরুক; সং, পুং, বুদ্ধবিশেষ। মহাকাল-গণ। শিবলিঙ্গবিশেষ।
হেলঞ্চী; সং, স্ত্রীং, হিলমোচিকা, হেলাঞ্চ।
হেলন (হেড় ঘৃণা করা+অন, অনট্)—ভা) সং, ক্লীং, অবজ্ঞা, অসম্মান, অনাদর।
হেলা (হেড় ঘৃণা করা+অ—ভাবে, আপ)

সং, স্ত্রীং, অবলীলা। অবহেলা। অবজ্ঞা। (হিল্ কটাক্ষাদি ভঙ্গীকরা+অ—ভাবে, আপ্) লীলা, স্ত্রীলোকের ভাববিশেষ।

হেলান (দেশজ) সং, বক্রভাবকরণ। দোলান। [য়াসে, অক্লেশে।

হেলায় (হেলা শব্দজ) ক্রিং—বিং, অনা-

হেলাবুক্র ; সং, পুং, অশ্ববিক্রেয়ী।

হেলি } (হিল্ কটাক্ষাদি ভঙ্গী করা+
হেলী } ই, ইন (িন)—ক) সং, পুং, সূর্য্য। আলিঙ্গন। স্ত্রীং, হেলা।

হেলাঞ্চা (হেলঞ্চী শব্দজ) সং, হিংচাশাক।

হেষা (হেষ্ অশ্বডাকা+অ—ভা,আপ্) সং, স্ত্রীং, অশ্বধ্বনি, ঘোটকের শব্দ, ঘোড়ার ডাক।

হেষী (হেষিন্, হেষা অশ্বধ্বনি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অশ্ব, ঘোটক।

হেহে (হে—দ্বিত্ব) অং, সম্বোধনসূচক শব্দ।

হৈ (হ্বে আহ্বান করা+ঐ (ডৈ)—ভা) অং, আহ্বান। সম্বোধন। নিষেধ। পাদপূরণার্থক।

হৈতুক (হেতু কারণ+কণ্—প্রং) সং,পুং, যে ব্যক্তি যুক্তি প্রদর্শন করিয়া সৎকর্ম্মের অনুষ্ঠানে সন্দিহান হয়। শিং—১ "ত্রৈবিদ্যো হৈতুকস্তর্কী নিরুক্তো ধর্ম্মপাঠকঃ।" বিং, ত্রিং, হেতুসম্বন্ধীয়।

হৈম (হেমন্ স্বর্ণ+ষ্ণ—বিকারার্থে) বিং, ত্রিং,হেমসম্বন্ধীয়, সৌবর্ণ, হিরণ্ময়। (হিম তুষার+ষ্ণ—সম্বন্ধার্থে) হিমসম্বন্ধীয়, শীতল। সং, ক্লীং, হিমভবজল, শিশির। পুং, ভূনিম্ব।

হৈমন } (হেমন্ত হিমঋতু+অ(ষ্ণ)—ভ-
হৈমল } বার্থে, ত—লোপ হিমল শীতল—অ প্রং) সং, পুং, অগ্রহায়ণ মাস। পুং—ক্লীং, হেমন্তঋতু। বিং, ত্রিং, হেমন্তকালীন, হিমসম্বন্ধীয়।

হৈমন্ত (হেমন্ত হিমঋতু+অ(ষ্ণ)—ভবার্থে) সং, পুং—ক্লীং, হেমন্তঋতু। অগ্রহায়ণ মাস। বিং, ত্রিং, হেমন্তসম্বন্ধীয়। হিমকালীন।

হৈমন্তিক (হেমন্ত হিমঋতু+ইক(ষ্ণিক)—ভবার্থে) সং, ক্লীং, শালিধান্য, আমন ধান। শিং—১ "হৈমন্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গাস্তিলা যবাঃ।" বিং, ত্রিং, হিমকালীন। হেমন্তসম্বন্ধীয়।

হৈমবত (হিমবৎ হিমালয় পর্ব্বত+অ(ষ্ণ)—সম্বন্ধার্থে) সং, ক্লীং, ভারতবর্ষ। শিং—১ "এতদ্ধৈমবতং বর্ষং ভারতী যত্র সন্ততিঃ।" বিং, ত্রিং, হিমালয়সম্বন্ধীয়।

হৈমবতী(হিমবৎ হিমালয় পর্ব্বত+অ(ষ্ণ)—প্রভবত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। গঙ্গা। হরীতকী। স্বর্ণক্ষীরী। শ্বেতবচা। রেণুকা। কপিলদ্রাক্ষা। অতসী।

হৈয়ঙ্গবীন (হ্যস্ পূর্ব্বদিনে—গোদোহ দুগ্ধ+ঈন (খীন)—উদ্ভবার্থে, নিপাতন) সং, ক্লীং, সদ্যোজাত ঘৃত, পূর্ব্বদিনের দোহিত দুগ্ধোত্থ ঘৃত। শিং—১ "হৈয়ঙ্গবীনমাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্।"

হৈরিক ; সং, পুং, তস্কর, চোর।

হৈহয়, হৈহেয় ; সং, পুং, দেশবিশেষ। তদ্দেশীয় রাজা কার্ত্তবীর্য্য।

হো (হ্বে ডাকা+ও(ডো)—ভা) অং,সম্বোধনসূচক শব্দ। সম্বোধন। আহ্বান। বিস্ময়।

হোড় } (হোড়্ গমনকরা+অ(অল্)—
হোঢ় } ণ) সং, পুং, নৌকাবিশেষ, হুড় নৌকা। মৌলিক কায়স্থের পদ্ধতিবিশেষ। (+অল—র্ম্ম) ক্লীং,লোপ্ত্র, চোরিতদ্রব্য।

হোড়া (হোড়্, হুড় [পরধন] পাওয়া +আ—ক) সং, পুং, চোর, তস্কর।

হোতা (হোতৃ, হু হোম করা+তৃন্—ক) সং, পুং, পুরোহিত, যজ্ঞাদিস্থলে ঋকপ্রযোক্তা। ঋক্‌বেদজ্ঞ। যষ্টা, যজমান। বিং, ত্রিং, যজ্ঞকর্ত্তা।

হোত্র (হু হোম করা+ত্র—ভা) সং, ক্লীং, হোম। (+ত্র—ণ) হবিঃ, হোম্য ঘৃত। ত্রা—স্ত্রীং, স্তুতি, স্তব।

হোত্রী (হোত্রিন্, হোত্র হোম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হোমকারক, যাজ্ঞিক। স্ত্রীং, যজমানরূপা শিবের মূর্ত্তি।

হোত্রীয় (হোত্র হোম+ঈয়(ণীয়)—প্রং) সং,ক্লীং, হবির্গৃহ। বিং, ত্রিং, হোত্রসম্বন্ধীয়। (হোতৃ+ঈয়(ণীয়)—প্রং) হোতৃসম্বন্ধীয়।

হোথা (দেশজ) ক্রিং-বিং, তত্র, সেখানে।

হোম (হু হোম করা+ম-ভা) সং, পুং. দেবোদ্দেশে মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে ঘৃতাদি ক্ষেপণ। শ্রাদ্ধীয় অগ্রভাগ মন্ত্রপাঠ পূর্ব্বক শ্রাদ্ধীয় ব্রাহ্মণকে দান।

হোমক } (হোমিন্, হু হোম করা+অক (ণক), ইন্(ণিন্)-ক) সং, পুং, হোতা, হোমকর্ত্তা।
হোমী }

হোমকুণ্ড ; সং, ক্লীং, হোমার্থ কুণ্ড।

হোমধান্য ; সং, ক্লীং, তিল।

হোমি (হু হোম করা+ই-প্রং) সং, পুং, অগ্নি। ঘৃত। জল।

হোম্য (হোম+ষ্য-প্রং) সং, ক্লীং, হোমোপযুক্ত ঘৃত। বিং. ত্রিং, হোমসম্বন্ধীয়।

হোরা (হোড় গমন করা+অ(অন)-ক, আপ, ড=র) সং, স্ত্রীং, লগ্ন। ২॥০ দণ্ডপরিমিতকাল, ইংরেজদের ঔঅর অর্থাৎ এক ঘণ্টা। রাশিপরিমাণের অর্দ্ধাংশ। শাস্ত্রবিশেষ। রেখা। শিং-১ "চতুর্স্তিংশতি বেলাভিরহোরাত্রং প্রচক্ষতে। পশ্চিমার্দ্ধরাত্রাদি হোরাণাং বিদ্যতে ক্রমঃ।"

হোল (দেশজ) সং, মুষ্ক, অণ্ডকোষ।

হোলক ; সং, পুং, স্বেদবিশেষ।

হোলাকা (হো [হু হোম করা+ডো(ডি) -ক]-লক্ আস্বাদন করা+অ(ঘঞ্) -ক, আপ্) সং, স্ত্রীং, বসন্তোৎসব, হোলী।

হোলী (হোলাকা শব্দজ) সং, দোলযাত্রা, বসন্তোৎসব।

হোশ (পারস্য) জ্ঞান, বুদ্ধি, মন।

হৌ (হ্বে আহ্বান করা+ঔ-প্রং) অং, সম্বোধন। আহ্বান।

হৌজ (আরবী) পুকুর। চৌবাচ্ছা। ক্ষুদ্র জলাশয়।

হৌতৃক (হোতৃ পুরোহিত+কণ্-প্রং) বিং, ত্রিং, হোতৃসম্বন্ধীয়।

হৌম্য (হোম+য(ষ্ণ্য)-যোগ্যার্থে) সং, ক্লীং, হোমোপযুক্ত ঘৃত। বিং,ত্রিং, হোমসম্বন্ধীয়।

হ্যঃ (হ্যস্, অহন্ দিন, গতে অহনি, এই অর্থে নিপাতন) সং, গতদিনে, পূর্ব্বদিনে।

হ্যস্তন, হ্যস্ত্য (হ্যস পূর্ব্বদিনে+তন্(ট্যুল্) -ভবার্থে) বিং, ত্রিং, গতদিবসীয়, পূর্ব্বদিবসীয়।

হ্রদ (হ্রাদ্ শব্দকরা+অ(অন্)-ক, নিপাতন) সং, পুং, অকৃত্রিম বৃহৎ জলাশয়। আলোক। রশ্মি।

হ্রদগ্রহ (হ্রদ-গ্রহ বাসস্থান) সং, পুং, কুম্ভীর, কুমীর।

হ্রদিনী (হ্রদ্+ইন্-অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নদী। বিদ্যুৎ।

হ্রসিমা-পুং } (হ্রসিমন্, হ্রস্ব খর্ব্ব+ইমন্, ত', ত্ব-ভাবে) সং, ক্ষুদ্রতা, লঘুতা, হ্রাস।
হ্রস্বতা-স্ত্রীং }
হ্রস্বত্ব-ক্লীং }

হ্রসিষ্ঠ } (হ্রস্ব খর্ব্ব+ইষ্ঠ-অত্যর্থে। হ্রসীয়স্, হ্রস্ব+ঈয়সু-অত্যর্থে) বিং, ত্রিং, অতিহ্রস্ব।
হ্রসীয়ান }

হ্রস্ব (হ্রস্ খর্ব্ব হওয়া+ব-ক) বিং, ত্রিং, খর্ব্ব, ক্ষুদ্র, লঘু, ছোট। সং, পুং, একমাত্রা-কালোচ্চার্য্য স্বরবর্ণ। পুং-স্ত্রীং, প্রকৃত পুরুষপ্রমাণ হইতে ন্যূন মনুষ্য, বামন। ক্লীং, পরিমাণবিশেষ। গৌরসুবর্ণ শাক। পুষ্পকাসীস।

হ্রস্বগর্ভ, হ্রস্বদর্ভ ; সং, পুং, কুশ।

হ্রাদ (হ্রাদ্ শব্দ করা+অল্-ভা) সং, পুং, শব্দ, গোলমালধ্বনি। পুং, দৈত্যবিশেষ, হিরণ্যকশিপুর পুত্র।

হ্রাদিনী (হ্রাদ শব্দ+ইন্-অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নদী। বজ্র। বিদ্যুৎ। শল্লকী।

হ্রাদী (হ্রাদিন্, হ্রাদ্+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, হ্রাদযুক্ত, শব্দকারক।

হ্রাস (হ্রস শব্দ করা+অ(ঘঞ্)-ভা) সং, পুং, ক্ষীণতা, ক্ষয়। শব্দ।

হ্রিণীয়া } (হ্রিণী [কণ্ড্বাদি] লজ্জিত হওয়া +য(ক্য), অ-ভা, আপ্) সং, স্ত্রীং, লজ্জা। ঘৃণা। নিন্দা।
হ্রিনীয়া }

হ্রিত (হ্রী লজ্জিত হওয়া+ত(ক্ত)-প্রং, ঈ=ই। কিম্বা হৃ লওয়া+ক্ত-প্রং, ঋ=রি) বিং, ত্রিং, লজ্জিত। বিভক্ত। নীত। সং, ক্লীং, অংশ।

হ্রিবের, } সং, ক্লীং, স্বনামখ্যাত গন্ধদ্রব্যবিশেষ। বালা।
হ্রীবের, হ্রীবেল }

হ্রী (হ্রী লজ্জিত হওয়া+০(ক্বিপ্)—ভা) সং, স্ত্রীং, ব্রীড়া, লজ্জা।

হ্রীকা, হ্লীকা (হ্রী লজ্জিত হওয়া+কণ্—প্রং, আপ্। পক্ষে র=ল) সং, স্ত্রীং, শঙ্কা, ভয়। ত্রপা, লজ্জা।

হ্রীকু, হ্লীকু (হ্রী লজ্জিত হওয়া+কু—প্রং। পক্ষে র=ল) বিং, ত্রিং, লজ্জিত। সং, পুং, জতু, জৌ। টীনধাতু।

হ্রীজিত (হ্রী লজ্জা—জিত পরাজিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, লজ্জাশীল, লাজুক।

হ্রীণ } হ্রী লজ্জিত হওয়া+ত(ক্ত)—ক)
হ্রীত } বিং, ত্রিং, লজ্জিত।

হ্রীমান্ (হ্রীমৎ, হ্রী লজ্জা+মৎ(মতু)—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লজ্জাযুক্ত।

হ্রেপিত (হ্রীপ্-ণি=হ্রেপি লজ্জিতহওয়ান+ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, লজ্জাপ্রাপিত।

হ্রেষা, হ্লেষা (হ্রেষ্ অশ্বডাকা+অ—ভা, আপ্। পক্ষে র=ল) সং, স্ত্রীং, অশ্বধ্বনি, ঘোড়ার ডাক।

হ্লাদ—পুং } (হ্লাদ্ আনন্দিত হওয়া
হ্লাদন—ক্লীং } +অ(অল্), অন(অনট্)—ভা) সং, আহ্লাদ, আনন্দ।

হ্লাদিত (পূর্ব্বে দেখ, ত(ক্ত)—র্ম্ম) বিং, ত্রিং, আনন্দিত, আহ্লাদিত।

হ্লাদিনী (হ্রাদিনী দেখ, র=ল) সং, স্ত্রীং, বিদ্যুৎ। বজ্র। শক্তিবিশেষ।

হ্লাদী (হ্লাদিন্, হ্লাদ+ইন্—অস্ত্যর্থে, অথবা হ্লাদ্ আনন্দিতহওয়া+ইন্(ণিন্)—[illegible]) বিং, ত্রিং, আহ্লাদযুক্ত।


হ্লীকা; সং, স্ত্রীং, লজ্জা।

হ্বান (হ্বে আহ্বান করা+অন(অনট্)—ভা) সং, ক্লীং, আহ্বান, হুতি।


সম্পূর্ণ।

RAJ... LIBRARY
1908
COOCHBEHAR.


## জ্যোতিষে—অষ্টাবিংশতি নক্ষত্র।




অশ্বিনী




ভরণী




কৃত্তিকা




রোহিণী



মৃগশিরা



আর্দ্রা।




পুনর্ব্বসু




পুষ্যা


## জ্যোতিষে—অষ্টাবিংশতি নক্ষত্র।




অশ্লেষা




মঘা




পূর্ব্বফল্গুনী




উত্তরফল্গুনী




হস্তা




চিত্রা




স্বাতী




বিশাখা




অনুরাধা



জ্যেষ্ঠা



মূলা



পূর্ব্বাষাঢ়া

# দশমহাবিদ্যা।



তারা



ষোড়শী



ভুবনেশ্বরী



ভৈরবী


দশমহাবিদ্যা ।



ছিন্নমস্তা



বগলা



ধূমাবতী



মাতঙ্গী

দশাবতার




মৎস্য



কূর্ম্ম



বরাহ



নৃসিংহ



বামন



পরশুরাম

## দশাবতার।



রামচন্দ্র



বলরাম




বুদ্ধ



কল্কি

## বাদ্যযন্ত্র।


(শুষির যন্ত্র)



শিঙা



রামশিঙা




শঙ্খ




তুবড়ী




সানাই



বাদ্যযন্ত্র।
(তত যন্ত্র)
বীণা
সারঙ্গ
সুরসারঙ্গ
স্বরত
সপ্তস্বরা
মুচঙ্গ
একতারা
রবাব
গোপীযন্ত্র
সারিন্দা
আনন্দলহরী
শরদ
(আনদ্ধ যন্ত্র)
মৃদঙ্গ
তবলা
খোল
জোড়খাই


## বাদ্যযন্ত্র।


নাগরা



ডম্বরু


জগঝম্প



খঞ্জনী


মাদল

(ধাতুনির্ম্মিত)


মন্দিরা



করতাল


খরতালী

## বৃক্ষশ্রেণী।


কাফি


যব


গোলমরিচ


চা


শুঁঠি